OLD TESTAMENT

IN BENGALI.

ধর্ম্মপুস্তকের আদিভাগ।

THE

OLD TESTAMENT

IN THE

BENGALI LANGUAGE.

TRANSLATED OUT OF THE ORIGINAL HEBREW

BY THE

CALCUTTA BAPTIST MISSIONARIES

WITH NATIVE ASSISTANTS.

CALCUTTA:

PRINTED BY J. THOMAS, AT THE BAPTIST MISSION PRESS, CIRCULAR ROAD.

1845.

ইংলণ্ডীয় ও বঙ্গদেশীয় পণ্ডিতকর্ত্তৃক

ইব্রীয় ও কস্‌দীয় ভাষাহইতে

ভাষান্তরীকৃত

ধর্ম্মপুস্তকের আদিভাগ।

ইংলণ্ড ও আমেরিকাদেশীয় ধর্ম্মসমাজের উপকারদ্বারা

মুদ্রাঙ্কিত হইল।

কলিকাতা।

বাং সন ১২৫২ ইং সন ১৮৪৫।

ধর্ম্মপুস্তকের নামমালা।

আদিভাগ।

অন্তভাগ।

পুস্তকের সঙ্কেতমালা।

সঙ্কেত।		পুস্তকের নাম।
আ	..	আদিপুস্তক।
আম	..	আমোস্।
ইফ	..	ইফিষীয়দের প্রতি পত্র।
ইব্রি	..	ইব্রীয়দের প্রতি পত্র।
ইস্টে	..	ইস্টের্।
ইস্র	..	ইস্রা।
উ	..	উপদেশক।
ওব	..	ওবদিয়।
১ ক	..	করিন্থীয়দের প্রতি প্রথম পত্র।
২ ক	..	করিন্থীয়দের প্রতি দ্বিতীয় পত্র।
কল	..	কলসীয়দের প্রতি পত্র।
গ	..	গণনাপুস্তক।
গল	..	গলাতীয়দের প্রতি পত্র।
গী	..	গীতপুস্তক।
১ তী	..	তীমথিয়ের প্রতি প্রথম পত্র।
২ তী	..	তীমথিয়ের প্রতি দ্বিতীয় পত্র।
তীত	..	তীতের প্রতি পত্র।
১ থি	..	থিষলনীকীয়দের প্রতি প্রথম পত্র।
২ থি	..	থিষলনীকীয়দের প্রতি দ্বিতীয় পত্র।
দা	..	দানিয়েল্।
দ্বি	..	দ্বিতীয় বিবরণ।
ন	..	নহূম।
নি	..	নিহিমিয়।
পর	..	পরমগীত।
১ পি	..	পিতরের প্রথম পত্র।
২ পি	..	পিতরের দ্বিতীয় পত্র।
প্র	..	প্রকাশিত ভবিষ্যদ্বাক্য।
প্রে	..	প্রেরিতদের ক্রিয়ার বিবরণ।
ফি	..	ফিলীমোনের প্রতি পত্র।
ফিল	..	ফিলিপীয়দের প্রতি পত্র।
১ বং	..	বংশাবলির প্রথম পুস্তক।
২ বং	..	বংশাবলির দ্বিতীয় পুস্তক।
বি	..	বিচারকর্তৃবিবরণ।
বিল	..	যিরিমিয়ের বিলাপ।
ম	..	মথিলিখিত সুসমাচার।
মল	..	মলাখি।
মা	..	মার্কলিখিত সুসমাচার।
মী	..	মীখা।
যা	..	যাত্রাপুস্তক।
যাক	..	যাকুবের পত্র।
যি	..	যিহোশূয়।
যির	..	যিরিমিয়।
যিশ	..	যিশয়িয়।
যিহি	..	যিহিস্কেল্।
যিহূ	..	যিহূদার পত্র।
যূ	..	যূনস্।
যূব	..	আয়ূব।
যো	..	যোহন্‌লিখিত সুসমাচার।
১ যো	..	যোহনের প্রথম পত্র।
২ যো	..	যোহনের দ্বিতীয় পত্র।
৩ যো	..	যোহনের তৃতীয় পত্র।
যোয়	..	যোয়েল্।
১ রা	..	রাজাবলির প্রথম পুস্তক।
২ রা	..	রাজাবলির দ্বিতীয় পুস্তক।
রূ	..	রূৎ।
রো	..	রোমীয়দের প্রতি পত্র।
লূ	..	লূকলিখিত সুসমাচার।
লে	..	লেবীয় পুস্তক।
১ শি	..	শিমূয়েলের প্রথম পুস্তক।
২ শি	..	শিমূয়েলের দ্বিতীয় পুস্তক।
সিখ	..	সিখরিয়।
সিফ	..	সিফনিয়।
হ	..	হবক্কূক্।
হগ	..	হগয়।
হি	..	হিতোপদেশ।
হো	..	হোশেয়।

পদের সঙ্কেত.......... প।

অধ্যায়ের সঙ্কেত .. .. .. অধ্য।

আদিপুস্তকের ৩ অধ্যায়ের ১৫ পদ, তাহার সঙ্কেত .. .. আ ৩; ১৫ ।।

আদিপুস্তক।

অর্থাৎ

মূসালিখিত প্রথম পুস্তক।

---

১ অধ্যায়।

১ পৃথিবী ও আকাশের সৃষ্টি ও দীপ্তির সৃষ্টি, ৬ শূন্যের সৃষ্টি, ৯ শুষ্ক ভূমির সৃষ্টি, ১১ বৃক্ষাদির সৃষ্টি, ১৪ চন্দ্র সূর্য্যাদির সৃষ্টি, ২০ মৎস্য ও পক্ষির সৃষ্টি. ২৪ গ্রাম্য ও বন্য পশ্বাদির সৃষ্টি, ২৬ ঈশ্বরের সাদৃশ্যে মনুষ্যের সৃষ্টি, ২৯ মনুষ্যাদির ভক্ষ্য।

১ আদিতে ঈশ্বর আকাশমণ্ডলের ও পৃথিবীর সৃষ্টি করি- ২ লেন। পৃথিবী বস্তুহীন ও প্রাণিশূন্য ছিল, এবং অন্ধকার গভীর জলের উপরে ছিল, ও ঈশ্বরের আত্মা জলের উপরে * ব্যাপ্ত ছিলেন।

৩ পরে, দীপ্তি হউক, ঈশ্বর এই আজ্ঞা করিলে দীপ্তি ৪ হইল। তখন ঈশ্বর দীপ্তিকে উত্তম দেখিয়া অন্ধকার- ৫ হইতে তাহাকে পৃথক্ করিয়া দীপ্তির নাম দিবস, ও অন্ধকারের নাম রাত্রি রাখিলেন। এবং সন্ধ্যা ও প্রাতঃকাল হইলে প্রথম দিবস হইল।

৬ পরে, জলের মধ্যে শূন্য জন্মিয়া জলকে দুই ভাগে ৭ পৃথক্ করুক, এই আজ্ঞাদ্বারা ঈশ্বর শূন্যের সৃষ্টি করিয়া জলকে অধঃস্থিত ও ঊর্দ্ধস্থিত দুই ভাগে পৃথক্ করি- ৮ লেন; তাহাতে সেই রূপ হইল। এবং ঈশ্বর ঐ শূন্যের নাম আকাশ রাখিলেন। এবং সন্ধ্যা ও প্রাতঃকাল হইলে দ্বিতীয় দিবস হইল।

৯ পরে ঈশ্বর এই আজ্ঞা করিলেন, আকাশের নীচস্থ তাবৎ জল এক স্থানে একত্র হউক, ও স্থল সপ্রকাশ হউক; ১০ তাহাতে তদ্রূপ হইল। তখন ঈশ্বর স্থলের নাম পৃথিবী, ও জলরাশির নাম সমুদ্র রাখিলেন, এবং তাহা উত্তম দেখিলেন।

১১ অপর ঈশ্বর আজ্ঞা করিলেন, এই পৃথিবীতে তৃণ ও সবীজ ওষধি ও নানা জাতীয় সবীজ ফলদায়ক বৃক্ষ ১২ উৎপন্ন হউক; তাহাতে সেই রূপ হইল; অর্থাৎ পৃথিবীতে তৃণ ও সবীজ নানা জাতীয় ওষধি ও সবীজ নানা জাতীয় বৃক্ষ উৎপন্ন হইল; তখন ঈশ্বর সেই সকলকে ১৩ উত্তম দেখিলেন। এবং সন্ধ্যা ও প্রাতঃকাল হইলে তৃতীয় দিবস হইল।

১৪ অপর ঈশ্বর আজ্ঞা করিলেন, রাত্রিহইতে দিবসকে বিভিন্ন করণের নিমিত্তে, এবং দিবস ও বৎসর ও ঋতু ও চিহ্নের নিমিত্তে আকাশমণ্ডলে জ্যোতির্গণ উৎপন্ন হউক্; ১৫ এবং পৃথিবীতে আলো দিবার জন্যে আকাশমণ্ডলে স্থিত ১৬ হউক্; তাহাতে সেইরূপ হইল। এই প্রকারে ঈশ্বর দিনের উপরে কর্ত্তৃত্ব করিতে এক মহাজ্যোতি, ও রাত্রির উপরে কর্ত্তৃত্ব করিতে তদপেক্ষা এক ক্ষুদ্র জ্যোতি, এই দুই বৃহৎ ১৭ জ্যোতির এবং নক্ষত্রগণের সৃষ্টি করিলেন। পরে পৃথিবীতে দীপ্তি দানের জন্যে, এবং দিবারাত্রির উপরে কর্ত্তৃত্ব করণার্থে, এবং দীপ্তিকে ও অন্ধকারকে পৃথক্ ১৮ করণার্থে ঈশ্বর ঐ জ্যোতির্গণকে আকাশ মণ্ডলে স্থাপন করিলেন; এবং ঈশ্বর সে সকলকে উত্তম দেখিলেন। ১৯ এবং সন্ধ্যা ও প্রাতঃকাল হইলে চতুর্থ দিবস হইল।

২০ পরে জলের মধ্যে নানা জাতীয় উরোগামি প্রাণিবর্গ, এবং পৃথিবীর ঊর্দ্ধে আকাশমণ্ডলে † উড়িতে পারে ২১ এমত পক্ষিগণ বাহুল্যরূপে উৎপন্ন হউক্, এই আজ্ঞা করিয়া ঈশ্বর বৃহৎ মৎস্যাদি ও নানা জাতীয় উরোগামি জলচর প্রাণিবর্গ ও নানা জাতীয় পক্ষিগণের সৃষ্টি ২২ করিলেন। পরে ঈশ্বর এই সকলকে উত্তম দেখিয়া এই আশীর্ব্বাদ করিলেন, তোমরা প্রজাবন্ত ও বহুবংশ হইয়া সমুদ্রের জল পরিপূর্ণ কর, এবং পৃথিবীর উপরে ২৩ পক্ষিগণ অনেক হউক্। এবং সন্ধ্যা ও প্রাতঃকাল হইলে পঞ্চম দিবস হইল।

২৪ তাহার পর ঈশ্বর আজ্ঞা করিলেন, পৃথিবীতে গ্রাম্য ও বন্য পশু ও উরোগামি জন্তু প্রভৃতি নানা জাতীয় ২৫ জন্তুবর্গ উৎপন্ন হউক্; তাহাতে সেই রূপ হইল। এই রূপে ঈশ্বর নানা জাতীয় গ্রাম্য ও বন্য পশুগণকে ও ভূমির নানা জাতীয় উরোগামি জন্তুগণকে সৃষ্টি করিয়া সকলকেই উত্তম দেখিলেন।

২৬ পরে ঈশ্বর কহিলেন, আমরা আপনাদের প্রতিমূর্ত্তিতে ও সাদৃশ্যে আদমের (অর্থাৎ মনুষ্যের) সৃষ্টি করি; তাহারা জলচর মৎস্যগণের ও খেচর পক্ষিগণের এবং

[১ অধ্য; ১]. ইব্রি ১১; ৩। প্রে ১৪; ১৫। যো ১; ১, ৩। ইব্রি ১, ১০॥—[৩] গী ৩৩; ৯। ২ ক ৪; ৬॥—[৯] যির ৫; ২২। যূব ৩৮; ৯, ১০, ১১॥—[১১] গী ১০৪; ১৪, ১৫, ১৬॥—[১৬] যূব ৩৮; ৩১, ৩২। গী ৮; ৩। ১৪৭; ৪। যিশ ৪০; ২৬॥—[২১] যূব ৪১;॥—[২৪] যূব ৩৯;॥—[২৬] কল ১; ১৫। ইব্রি ১; ৩। আ ৫; ১। ৯; ২। ৬৭; ২৯। প্রে ১৭; ২৮, ২৯। ইফ ৪; ২৪। কল ৩; ১০। যাক ৩; ৯॥

* (ইব্রি) জলের মুখের ওপরে (বা) মহাবায়ু জলের ওপরে বহিল। হো ১৩; ১৫। † (ইব্রি) আকাশমণ্ডলের মুখের ওপরে।

গ্রাম্য ও বন্য পশুগণের ও তাবৎ পৃথিবীর এবং ভূমি ২৭ স্থিত উরোগামি প্রাণিবর্গের উপরে কর্তৃত্ব করিবে। পরে ঈশ্বর আপন প্রতিমূর্ত্তিতে মনুষ্যের সৃষ্টি করিলেন; ঈশ্বরের প্রতিমূর্ত্তিতেই তাহার সৃষ্টি করিলেন, পুরুষ ও স্ত্রী ২৮ করিয়া তাহাদিগের সৃষ্টি করিলেন। পরে ঈশ্বর তাহাদিগকে এই আশীর্ব্বাদ করিলেন, তোমরা প্রজাবন্ত ও বহুবংশ হও, এবং পৃথিবীকে পরিপূর্ণ করিয়া বশীভূত কর, এবং জলচর মৎস্যগণ ও খেচর পক্ষিগণ ও ভূমিস্থ উরোগামি জন্তুগণের উপরে কর্তৃত্ব কর।

২৯ ঈশ্বর আরো কহিলেন, দেখ, পৃথিবীস্থ তাবৎ সবীজ ওষধি ও তাবৎ সবীজ ফলদায়ি বৃক্ষ তোমাদের আহা- ৩০ রার্থে দিলাম। এবং বন্য পশু ও খেচর পক্ষী ও ভূমিস্থ সজীব উরোগামি জন্তু, এই সকলের আহারার্থে তাবৎ ৩১ হরিদ ওষধি দিলাম; তাহাতে সেই মত হইল। পরে ঈশ্বর আপন সৃষ্ট বস্তু সকলের প্রতি দৃষ্টি করিলে সকলকেই উত্তম দেখিলেন। এবং সন্ধ্যা ও প্রাতঃকাল হইলে ষষ্ঠ দিবস হইল।

২ অধ্যায়।

১ বিশ্রামবারের নিরূপন, ৪ ও সৃষ্টির বৃত্তান্ত, ৭ ও এদন্ উদ্যান প্রস্তুত করন, ১৫ ও তাহার মধ্যে মনুষ্য স্থাপন, ১৮ ও স্ত্রীর সৃষ্টির বৃত্তান্ত।

১ এই রূপে আকাশের ও পৃথিবীর এবং তদুভয়স্থ সমস্ত ২ বস্তুর সৃষ্টি *সাঙ্গ হইল। পরে সপ্তম দিনে ঈশ্বর আপন কৃত কর্ম্ম সমাপ্ত করিয়া আপন কৃত কার্য্যহইতে বিশ্রাম ৩ করিলেন। এবং ঐ দিন সমস্ত সৃষ্ট ও কৃত কার্য্যহইতে বিশ্রামের দিন হওয়াতে ঈশ্বর আশীর্ব্বাদ করিয়া ঐ সপ্তম দিনকে পবিত্র করিলেন।

৪ সৃষ্টি কালে আকাশের ও পৃথিবীর এই বিবরণ। যে সময়ে প্রভু পরমেশ্বর পৃথিবীর ও আকাশের সৃষ্টি ৫ করিলেন, সেই সময়ে ক্ষেত্রে কোন তৃণ ছিল না, ও ক্ষেত্রে কোন ওষধি ছিল না; কেননা প্রভু পরমেশ্বর পৃথিবীতে বৃষ্টি করাইতেন না, ও কৃষি কর্ম্ম করিতে ৬ মনুষ্য ছিল না। কিন্তু পৃথিবীহইতে কুজ্ঝটিকা† উঠিয়া তাবৎ ভূমিকে জলাভিষিক্ত করিত।

৭ অপর পরমেশ্বর মৃত্তিকাদ্বারা মনুষ্য নির্ম্মাণ করিয়া তাহার নাসারন্ধ্রে প্রাণবায়ু প্রবেশ করাইলে সে সজীব ৮ প্রাণী হইল। পরে প্রভু পরমেশ্বর পূর্ব্বদিক্স্থিত এদন্ নামক দেশে এক উদ্যান প্রস্তুত করিয়া সেই স্থানে ৯ আপন সৃষ্ট ঐ মনুষ্যকে রাখিলেন। এবং প্রভু পরমেশ্বর সেই উদ্যানের মধ্যস্থানে অমৃত বৃক্ষ ও সদসৎ জ্ঞানদায়ক বৃক্ষ ও ভূমিতে প্রত্যেক জাতীয় সুদৃশ্য ও ১০ সুখাদ্য বৃক্ষ উৎপন্ন করিলেন। এবং উদ্যানে জলসেচন করণার্থে এদন্হইতে এক নদী নির্গত হইয়া ভিন্ন২ চতুর্ম্মুখ হইয়া গমন করিল। তাহার পীশোন্ ১১ নামক প্রথম নদী স্বর্ণোৎপাদক হবীলা দেশসমূহকে বেষ্টন করিয়া গেল। ঐ দেশের স্বর্ণ অতি উত্তম, এবং ১২ সেই স্থানে রক্ত ও বৈদূর্য্য ‡ মণি জন্মে। এবং তাহার ১৩ গীহোন্ নামক দ্বিতীয় নদী সমস্ত কূশ্ দেশ বেষ্টন করিয়া গেল। এবং তাহার হিদ্দেকল্ নামক তৃতীয় ১৪ নদী অশূরিয়া দেশের পূর্ব্বদিক্ দিয়া গমন করিল। এবং তাহার চতুর্থ নদীর নাম ফরাৎ।

পরে প্রভু পরমেশ্বর আদম্কে লইয়া ঐ উদ্যানের কর্ম্ম ১৫ ও তাহার রক্ষা করিতে নিযুক্ত করিলেন। এবং প্রভু পর- ১৬ মেশ্বর তাহাকে এই আজ্ঞা দিলেন, তুমি এই উদ্যানের সমস্ত বৃক্ষের ফল স্বচ্ছন্দে § ভোজন করিও; কিন্তু সদসৎ ১৭ জ্ঞানদায়ক বৃক্ষের ফল ভোজন করিও না, কেননা যে দিনে তাহা করিবা, সেই দিনে নিতান্ত || মরিবা।

অনন্তর প্রভু পরমেশ্বর কহিলেন, একাকী থাকা মনু- ১৮ ষ্যের বিহিত নয়, আমি তাহার উপযুক্ত এক সহকারী নির্ম্মাণ করিব। প্রভু পরমেশ্বর কর্তৃক মৃত্তিকা নির্ম্মিত বন- ১৯ পশু ও খেচর পক্ষিগণের কি নাম আদম্ রাখিবে, তাহা জানিতে যে সময়ে ঈশ্বর তাবৎ প্রাণিকে তাহার নিকটে আনিলেন, তৎকালে সে যাহার যে নাম রাখিল, তাহার সেই নাম হইল। কিন্তু আদম্ যে পশুদের ও খেচর ২০ পক্ষিদের ও বন পশুদের নাম রাখিল, তাহাদের মধ্যে আদমের উপযুক্ত এক সহকারী প্রাপ্ত হইল না। অন- ২১ ন্তর প্রভু পরমেশ্বর আদম্কে ঘোর নিদ্রিত করিয়া সেই নিদ্রা সময়ে তাহার এক পঞ্জর লইয়া মাংসদ্বারা সেই ক্ষত স্থান পূরাইলেন। এবং প্রভু পরমেশ্বর কর্তৃক আদম্- ২২ হইতে নীত যে পঞ্জর, তদ্দ্বারা এক স্ত্রী নির্ম্মাণ করিয়া তাহাকে আদমের নিকটে আনিলেন। তখন আদম্ ২৩ কহিল, এ আমার অস্থির অস্থি ও মাংসের মাংস; এবং এ স্ত্রী নরহইতে জন্মিয়াছে, এই নিমিত্তে ইহার নাম নারী রাখিতে হইবে। এবং মনুষ্য আপন পিতা মাতাকে ২৪ ত্যাগ করিয়া আপন স্ত্রীতে আসক্ত হইবে, এবং সে দুই জন একাঙ্গ হইবে। ঐ সময়ে আদম্ ও তাহার স্ত্রী ২৫ উভয়ে উলঙ্গ থাকিলেও তাহাদের লজ্জা বোধ ছিল না।

৩ অধ্যায়।

১ সর্পের খলতা, ৮ ও তদ্দ্বারা মনুষ্যদের পতন, ১৪ ও সর্পকে শাপ দেওন, ১৬ ও নারী ও পুরুষকে শাপ দেওন, ২২ ও তাহাদিগকে বস্ত্র দিয়া উদ্যানহইতে দূর করন।

প্রভু পরমেশ্বরের সৃষ্ট ভূচর জন্তুদের মধ্যে সর্প অতি- ১ শয় খল ছিল। সে ঐ নারীকে কহিল, ওগো, এই উদ্যানের

---

[২৮] গী ৮; ৬-৮। ১১৫; ১৬॥—[৩০] গী ১০৪; ১৪। ম ৬; ২৬। যিশ ১১; ৭॥
[২ অধ্যা;২] যা ২০; ১১। ইব্রু ৪; ৪॥—[৫] আ ৭; ১১॥—[৭] গী ১০৩; ১৪। ১ ক ১৫; ৪৫-৪৭॥—[৯] যিহি ৩১; ৯, ১৬, ১৮॥ প্রু ২; ৭। ২২; ২, ১৪। দ্বি ১; ৩৯। যিশ ৭; ১৫, ১৬। যূ ৪; ১১॥—[১৭] প ৯। রো ৬; ২৩। ১ ক ১৫; ৫৬। যাক ১; ১৫॥ [১৮] ১ ক ১১; ৯॥—[১৯] আ ১; ২৪॥—[২১] ১৫; ১২॥—[২৩] ইফ ৫; ৩০। ১ ক ১১; ৮॥—[২৪] ম ১৯; ৫। মা ১০; ৭, ৮। ১ ক ৬; ১৬। ইফ ৫; ৩১॥

* (ইব্) সৈন্য। † (বা) স্রোত। ‡ (বা) গুল্গুলু। § (ইব্রু) খাইয়া খাও। || (ইব্) মরিয়া মরিবা।

এক বৃক্ষের ফল ভোগ করিতে পরমেশ্বর তোমাদিগকে
২ নিষেধ করিয়াছেন, ইহা কি সত্য? তাহাতে নারী সর্পকে
কহিল, আমরা এই উদ্যানের তাবৎ বৃক্ষের ফল ভোজন
৩ করিতে পারি; কেবল উদ্যানের মধ্যস্থিত বৃক্ষের ফল
বিষয়ে ঈশ্বর কহিয়াছেন, তোমরা তাহা ভোজন করিও
না এবং স্পর্শও করিও না, তাহা করিলেই মরিবা।
৪ তখন সর্প নারীকে কহিল, তোমরা অবশ্য মরিবা না,
৫ বরং যে দিনে তাহা খাইবা, সেই দিনে তোমাদের চক্ষুঃ-
প্রকাশ হইলে ঈশ্বরের ন্যায় ভালমন্দ জ্ঞান পাইবা,
৬ ইহা ঈশ্বর জানেন। তখন নারী ঐ বৃক্ষকে সুদৃশ্য ও
সুখাদ্য ও জ্ঞান প্রদানার্থে বাঞ্ছনীয় জানিয়া, তাহার
ফল পাড়িয়া ভোজন করিল, এবং আপন স্বামিকে দিলে
৭ সেও ভোজন করিল। তাহাতে তাহাদের উভয়ের চক্ষুঃ-
প্রকাশ হইলে, তাহারা আপনাদের উলঙ্গতা বোধ
পাইয়া বটপত্র সিঙ্গাইয়া কটিবন্ধ করিল।

৮ পরে দিবাবসানে উদ্যানের মধ্যে গমনাগমনকারি প্রভু
পরমেশ্বরের রব শুনিয়া আদম্ ও তাহার স্ত্রী তাঁহার
৯ সম্মুখহইতে বৃক্ষগণের মধ্যে লুকাইল। তখন প্রভু
পরমেশ্বর আদমকে ডাকিয়া কহিলেন, তুমি কোথায়?
১০ তাহাতে সে কহিল, আমি উদ্যানে তোমার রব শুনিয়া
উলঙ্গতা প্রযুক্ত ভয় করিয়া আপনাকে লুকাইয়াছি।
১১ তিনি কহিলেন, তুমি উলঙ্গ আছ, ইহা তোমাকে কে বুঝা-
ইয়া দিল? যে বৃক্ষের ফল ভোজন করিতে তোমাকে
নিষেধ করিয়াছি, তুমি কি সেই বৃক্ষের ফল ভোজন করি-
১২ য়াছ? তাহাতে আদম কহিল, তুমি যে স্ত্রীকে আমার সঙ্গিনী
করিয়াছ, সে আমাকে ঐ বৃক্ষের ফল দিলে আমি খাই-
১৩ লাম। প্রভু পরমেশ্বর নারীকে কহিলেন, এ কি করিলা?
নারী কহিল, সর্পের প্রবঞ্চনাতে আমি খাইলাম।

১৪ পরে প্রভু পরমেশ্বর সর্পকে কহিলেন, তুমি এই কর্ম্ম
করিয়াছ, এই জন্যে গ্রাম্য ও বন্য পশুগণের অপেক্ষা
অধিক শাপগ্রস্ত হইয়া বক্ষঃস্থল দিয়া গমন করিবা, এবং
যাবজ্জীবন ধূলী ভোজন করিবা। এবং আমি তোমাতে ও
১৫ নারীতে, এবং তোমার বংশেতে ও তাহার বংশেতে
পরস্পর বৈরিভাব জন্মাইব; তাহাতে সে তোমার
মস্তকে আঘাত করিবে, এবং তুমি তাহার পাদমূলে
আঘাত করিবা।

১৬ পরে তিনি নারীকে কহিলেন, আমি তোমার প্রসব
বেদনার অতিশয় বৃদ্ধি করিব, তাহাতে তুমি অতি কষ্টেতে
সন্তান প্রসব করিবা; এবং স্বামির অধীনী হইয়া থা-
১৭ কিলে* সে তোমার উপরে কর্তৃত্ব করিবে। অনন্তর তিনি
আদমকে কহিলেন, যে বৃক্ষের ফল ভোজন করিতে আমি
তোমাকে নিষেধ করিয়াছি, তুমি স্ত্রীর কথা শুনিয়া সেই
বৃক্ষের ফল ভোজন করিলা, এই নিমিত্তে ভূমি অভিশপ্ত
হইল; তুমি যাবজ্জীবন ক্লেশ পাইয়া তাহার শস্যাদি
ভোজন করিবা। এবং তাহাতে সেয়াল কাঁটা ও নানা ১৮
কণ্টক বৃক্ষ জন্মিবে†, এবং তুমি ক্ষেত্রের ওষধি ভোজন
করিবা। এবং যে মৃত্তিকাহইতে জন্মিয়াছ, যাবৎ ১৯
তাহাতে লীন না হও, তাবৎ ঘর্ম্মাক্ত মুখে আহার
করিবা; কেননা তুমি মৃত্তিকা, এবং পুনশ্চ মৃত্তিকাতে লীন
হইবা। পরে আদম্ ঐ স্ত্রীর নাম হবা (অর্থাৎ জীবন) ২০
রাখিল, কেননা সে তাবৎ সজীব লোকের মাতা। পরে ২১
প্রভু পরমেশ্বর চর্ম্মের বস্ত্র প্রস্তুত করিয়া আদমকে ও
তাহার স্ত্রীকে পরিধান করাইলেন।

অনন্তর প্রভু পরমেশ্বর কহিলেন, দেখ, মনুষ্য ভাল ২২
মন্দ জ্ঞান পাইয়া আমাদের একের মত হইল; এখন
সে যেন হস্ত বিস্তার করিয়া অমৃত বৃক্ষের ফল পাড়িয়া
ভোজন করিয়া অমর না হয়, এই নিমিত্তে প্রভু পরমে- ২৩
শ্বর তাহাকে এদনের উদ্যানহইতে দূর করিয়া তাহার
উৎপাদক মৃত্তিকাতে কৃষি কর্ম্ম করিতে তাহাকে নিযুক্ত
করিলেন। এই রূপে তিনি সেই মনুষ্যকে দূর করিয়া ২৪
অমৃত বৃক্ষের পথ রক্ষা করিতে এদন্ উদ্যানের পূর্ব্ব-
দিগে ঘূর্ণায়মান তেজোময় খড়্গধারি স্বর্গীয় কিরূবগণকে
রাখিলেন।

৪ অধ্যায়।

১ কাবিল্ ও হাবিলের বৃত্তান্ত, ৯ ও হাবিল্কে বধ করণ প্রযুক্ত
কাবিলের প্রতি অভিশাপ, ১৬ ও কাবিলের বংশাবলী;
২৫ ও শেৎ ও হনোকের জন্ম।

অপর আদম্ আপন স্ত্রী হবাতে উপগত হইলে সে ১
গর্ব্ভবতী হইয়া কাবিল্ (অর্থাৎ লাভ) নামক এক পুত্র
প্রসব করিয়া কহিল, পরমেশ্বরহইতে আমার এক পুত্র
লাভ হইল। পরে সে হাবিল্ (অর্থাৎ অলীক) নামে তা- ২
হার সহোদরকে প্রসব করিল; ঐ হাবিল্ মেষপালক ও
কাবিল্ কৃষক ছিল। অপর কালানুক্রমে কাবিল্ প্রভুর ৩
উদ্দেশে আপন কৃষি কর্ম্মের ফল উৎসর্গ করিল। এবং ৪
হাবিল্ আপন পালের ‡ প্রথম জাত হৃষ্টপুষ্ট পশু উৎসর্গ
করিল। কিন্তু পরমেশ্বর কাবিল্কে ও তাহার উৎসৃষ্ট ৫
বস্তু অগ্রাহ্য করিয়া হাবিল্কে ও তাহার উৎসৃষ্ট বস্তু
গ্রাহ্য করিলেন, এই নিমিত্তে কাবিল্ ক্রুদ্ধ হইয়া বিষণ্ণ-
বদন হইল। তাহাতে পরমেশ্বর তাহাকে কহিলেন, তুমি ৬
কেন ক্রোধ করিলা? ও কেন বিষণ্ণবদন হইলা? যদি সৎ- ৭
কর্ম্ম কর, তবে কি গ্রাহ্য হইবা§ না? আর যদি সৎক্রিয়া
না কর, তবে পাপ দ্বারে থাকে; তোমার ভ্রাতা‖ তোমার

[৩ অধ্যা; ১] প্র ১২; ৮। ২০; ২। ২ ক ১১; ৩। যো ৮; ৪৪ ॥—[২] আ ২; ১৬, ১৭॥—[৪] যো ৮; ৪৪ ॥—[৫] ২ থি ২; ৪ ॥—[৭] প ৫। আ ২; ২৫॥—[১০] যিশ ২; ১১। প্র ৬; ১৫, ১৬॥—[১৩] ২ ক ১১; ৩॥—[১৪] যী ৭; ১৭॥—[১৫] যিশ ৭; ১৪। যী ৫; ৩। গল ৪; ৪,৫। লূ ১: ৩৫। য ১; ২০, ২১। ১ যো ৩; ৮। ইব্র ২; ১৪, ১৫। কল ২; ১৫ ॥—[১৬] ১ তী ২; ১২-১৫॥—[১৭] যুব ১৪; ১। গী ৯০; ১০। রো ৮; ২০॥—[১৯] ২ থি ৩; ১০। আ ২; ৭। ঙ ১২; ৭। রো ৫; ১২-১৯॥—[২২] প ৫,৭। আ ২; ৯॥ [৪ অধ্যা; ৫] ইব্র ১১; ৪॥

* (বা) স্বামির প্রতি তোমার ইচ্ছা থাকিলে। † (বা) সে জন্মাইবে ‡ (বা) মেষের বা ছাগের § (বা) তোমার মঙ্গল হইবে।
‖ (বা) পাপ বলি।

বশীভূত *থাকিবে, ও তুমি তাহার উপরে কর্তৃত্ব ৮ করিবা। অপর কাবিল্ আপন ভ্রাতার সহিত কথোপ-কথন করিল; পরে তাহারা ক্ষেত্রে গেলে † কাবিল্ আক্রমণ করিয়া আপন ভ্রাতা হাবিল্কে বধ করিল।

৯ অনন্তর পরমেশ্বর কাবিল্কে জিজ্ঞাসা করিলেন, তোমার ভ্রাতা হাবিল্ কোথায়? তাহাতে সে উত্তর করিল, আমি জানি না, আমি কি আপনার ভ্রাতার রক্ষক? ১০ তাহাতে তিনি কহিলেন, তুমি কি করিলা? তোমার ভ্রাতার রক্ত ভূমিহইতে আমার প্রতি উচ্চৈঃস্বর করি- ১১ তেছে। অতএব যে ভূমি তোমার হস্তদ্বারা হত ভ্রাতার রক্ত পান করিয়াছে, সেই ভূমিতে তুমি অভিশপ্ত ১২ হইলা। তাহাতে কৃষিকর্ম্ম করিলেও বহুশস্য উৎপন্ন হইবে না, এবং পৃথিবীতে পর্য্যটনকারী ও ভ্রমণকারী ১৩ হইবা। তাহাতে কাবিল্ পরমেশ্বরকে কহিল, এমত দণ্ড ১৪ আমার অসহ্য ‡। অদ্য যদি তুমি আমাকে এই স্থান-হইতে দূর করিয়া দেও, তবে আমি তোমার সাক্ষাৎ হইতে বহিষ্কৃত হইয়া পৃথিবীতে পর্য্যটনকারী ও ভ্রমণ কারী হইলে কোন লোক আমাকে পাইলেই বধ করিবে। ১৫ তাহাতে পরমেশ্বর কহিলেন, যে কেহ কাবিল্কে বধ করিবে, তাহার সাত গুণ দণ্ড হইবে; অতএব কেহ তাহাকে দেখিয়া যেন বধ না করে, এই জন্যে পরমে-শ্বর কাবিলেতে এক চিহ্ন রাখিলেন।

১৬ কাবিল্ প্রভুর সাক্ষাৎহইতে প্রস্থান করিয়া এদ- ১৭ নের পূর্ব্বদিগে নোদ্ নামক দেশে বাস করিল। পরে কাবিল্ আপন স্ত্রীতে উপগত হইলে সে গর্ব্ভবতী হইয়া হনোক্ নামে এক পুত্র প্রসব করিল, এবং এক নগর পত্তন করিয়া আপন পুত্রের নামানুসারে তাহার ১৮ নাম হনোক্ রাখিল। ঐ হনোকের পুত্র ঈরদ্, ও ঈরদের পুত্র মিহূয়ায়েল্, ও মিহূয়ায়েলের পুত্র ১৯ মিথূশায়েল, ও মিথূশায়েলের পুত্র লেমক্। ঐ লেম-কের দুই স্ত্রী, এক স্ত্রীর নাম আদা ও অন্যের নাম ২০ সিল্লা ছিল। ঐ আদার গর্ব্ভে উৎপন্ন যে যাবল্, সে ২১ তাম্বুগৃহবাসি পশু পালকদের আদিপুরুষ ছিল। এবং যূবল্ নামে তাহার এক ভ্রাতা বীণাবাদকদের ও বংশী- ২২ বাদকদের আদি পুরুষ ছিল। আর সিল্লার গর্ব্ভ জাত তূবল্কাবিল্ নামে পুত্র পিত্তলের ও লৌহের নানা প্রকার কর্ম্ম করিতে নিপুণ ছিল; ঐ তূবল্কাবিলের নয়মা ২৩ নাম্নী এক ভগিনী ছিল। পরে লেমক্ আপন স্ত্রীদিগকে কহিল, হে আদা ও হে সিল্লা, তোমরা আমার কথা শুন; হে আমার নারীগণ, আমার বাক্যে মনোযোগ কর; আমি আক্রান্ত হওয়াতে এক মনুষ্যকে, ও আঘাত ২৪ প্রাপ্ত হওয়াতে এক যুবকে বধ করিলাম §। যদ্যপি কাবিলের বধের প্রতিফল সাত গুণ হয়, তবে আমার বধের প্রতিফল সাতাত্তর গুণ হইবে।

২৫ অনন্তর আদম্ পুনর্ব্বার হবা স্ত্রীতে উপগত হইলে সে গর্ব্ভবতী হইয়া আর এক পুত্র প্রসব করিল, এবং কাবিল্ কর্ত্তৃক হত হাবিলের প্রতিনিধি স্বরূপ আর এক পুত্র পরমেশ্বর আমাকে দিলেন, ইহা কহিয়া সে তাহার নাম শেৎ (অর্থাৎ প্রতিনিধি) রাখিল। ২৬ পরে ঐ শেতের এক পুত্র জন্মিলে সে তাহার নাম ইনোশ্ রাখিল; তৎকালে লোকেরা পরমেশ্বরের নামে প্রার্থনা করিতে ‖ লাগিল।

৫ অধ্যায়।

১ আদমের বিবরণ, ৬ ও শেতের বিবরণ, ৯ ও ইনোশের বিবরণ, ১২ ও কৈননের বিবরণ, ১৫ ও মহললেলের বিবরণ, ১৮ ও যেরদের বিবরণ, ২১ ও হনোকের বিবরণ, ২৫ ও মিথূশেলহের বিবরণ, ২৮ ও লেমকের বিবরণ।

১ আদমের বংশাবলির বিবরণ, যে দিনে ঈশ্বর মনুষ্যের সৃষ্টি করিলেন, সেই দিনে আপন সাদৃশ্যে তাহার ২ সৃষ্টি করিলেন; স্ত্রী ও পুরুষ করিয়া তাহাদিগের সৃষ্টি করিলেন। এবং সেই দিনে তাহাদিগকে আশীর্ব্বাদ করিয়া আদম্ (অর্থাৎ মনুষ্য) এই নাম দিলেন। ৩ এবং আদমের এক শত ত্রিশ বৎসর বয়সের সময়ে তাহার সদৃশ ও তুল্য এক পুত্র জন্মিলে তাহার নাম শেৎ রাখিল। ৪ এই শেতের জন্মের পর আদম্ আট শত বৎসর জীবৎ থাকিয়া আরো সন্তান সন্ততির জন্ম দিল। ৫ সর্ব্ব শুদ্ধ নয় শত ত্রিশ বৎসর বয়স হইলে তাহার মৃত্যু হইল।

৬ পরে শেতের এক শত পাঁচ বৎসর বয়স হইলে ৭ ইনোশ্ নামে তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর শেৎ আট শত সাত বৎসর জীবৎ থাকিয়া আরো ৮ সন্তান সন্ততির জন্ম দিল। সর্ব্বশুদ্ধ নয় শত বারো বৎসর বয়সে তাহার মৃত্যু হইল।

৯ ইনোশের নব্বই বৎসর বয়স হইলে কৈনন্ নামে ১০ তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর ইনোশ্ আট শত পনের বৎসর জীবৎ থাকিয়া আরো সন্তান ১১ সন্ততির জন্ম দিল। সর্ব্বশুদ্ধ নয় শত পাঁচ বৎসর বয়সের সময়ে তাহার মৃত্যু হইল।

১২ ঐ কৈননের সত্তর বৎসর বয়স হইলে মহললেল্ নামে ১৩ তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর কৈনন্ আট শত চল্লিশ বৎসর জীবৎ থাকিয়া আরো সন্তান ১৪ সন্ততির জন্ম দিল। সর্ব্বশুদ্ধ নয় শত দশ বৎসর বয়-সের সময়ে তাহার মৃত্যু হইল।

১৫ ঐ মহললেলের পঁয়ষট্টি বৎসর বয়স হইলে যেরদ্ ১৬ নামে তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর মহললেল্ আট শত ত্রিশ বৎসর জীবৎ থাকিয়া আরো

[৮] য ২৩; ৩৫। ১ যো ৩; ১২। যিহূ ১১ ॥—[১০] ইব্রু ১২; ২৪ ॥—[১৪] আ ১; ৬ ॥—[২৪] প ১৫ ॥—[২৫] ১ রা ১৮; ২৪, ৩৬ ॥

[৫ অধ্যা; ১-৩২] ১ বং ১; ১। লূ ৩; ৩৬-৩৮ ॥—[১] আ ১; ২৬। ইফ ৪; ২৪ ॥—[২] আ ১; ২৭। ২; ২১, ২২॥—[৩] ৪; ২৫ ॥—[৬] ৪; ২৬ ॥

* (ইব্রু) তাহার ইচ্ছা তোমার প্রতি। † (বা) থাকিলে। ‡ (বা) আমার পাপ এমৎ বড়, যে ক্ষমা হইতে পারে না। § (বা) করিব। ‖ (বা) বিখ্যাত হইতে।

১৭ সন্তান সন্ততির জন্ম দিল। সর্ব্বশুদ্ধ আট শত পঁচানব্বই বৎসর বয়সের সময়ে তাহার মৃত্যু হইল।

১৮ যেরদের এক শত বাষষ্টি বৎসর বয়স হইলে হনোক্ ১৯ নামে তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর যেরদ্ আট শত বৎসর জীবৎ থাকিয়া আরো সন্তান ২০ সন্ততির জন্ম দিল। সর্ব্বশুদ্ধ নয় শত বাষষ্টি বৎসর বয়সের সময়ে তাহার মৃত্যু হইল।

২১ হনোকের পঁয়ষষ্টি বৎসর বয়স হইলে মিথূশেলহ ২২ নামে তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর হনোক্ তিন শত বৎসর পর্য্যন্ত ঈশ্বরের সহিত গমনা- ২৩ গমন করিল, এবং আরো সন্তান সন্ততির জন্ম দিল। সে ঈশ্বরের সহগামী হইয়া সর্ব্বশুদ্ধ তিন শত পঁয়ষষ্টি ২৪ বৎসর বয়সের সময়ে অন্তর্হিত হইল; ফলতঃ ঈশ্বর তাহাকে আপনার নিকটে লইয়া গেলেন।

২৫ পরে মিথূশেলহের এক শত সাতাশি বৎসর বয়স ২৬ হইলে লেমক্ নামে তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর সে সাত শত বিরাশি বৎসর জীবৎ থাকিয়া ২৭ আরো সন্তান সন্ততির জন্ম দিল। সর্ব্বশুদ্ধ নয় শত ঊনসত্তরি বৎসর বয়সের সময়ে তাহার মৃত্যু হইল।

২৮ অনন্তর লেমকের এক শত বিরাশি বৎসর বয়সের সময়ে তাহার এক পুত্র হইলে, ভূমিতে আমাদের পরিশ্রম ২৯ ও ক্লেশজনক ঈশ্বরের যে অভিশাপ আছে, তদ্বিষয়ে ঐ পুত্র আমাদের সান্ত্বনা জন্মাইবে, ইহা ভাবিয়া লেমক্ ৩০ ঐ পুত্রের নাম নোহ (অর্থাৎ সান্ত্বনাকারী) রাখিল। ঐ নোহের জন্মের পর লেমক্ পাঁচ শত পঁচানব্বই বৎসর ৩১ জীবৎ থাকিয়া আরো সন্তান সন্ততির জন্ম দিল। সর্ব্বশুদ্ধ সাত শত সাতাত্তরি বৎসর বয়সের সময়ে তাহার ৩২ মৃত্যু হইল। পরে নোহের পাঁচ শত বৎসর বয়স হইলে শাম্ ও হাম্ ও যেফৎ নামে তাহার তিন পুত্র জন্মিল।

৬ অধ্যায়।

১ অবিহিত বিবাহের কথা, ৫ ও মনুষ্যের দুষ্কৃতা প্রযুক্ত প্লাবনের কথা, ৯ ও নোহের বংশাবলি, ১৪ ও জাহাজ নির্ম্মাণের কথা।

১ এই রূপে পৃথিবীতে মনুষ্যের বৃদ্ধি হইলে ও অনেক ২ ২ কন্যা জন্মিলে, ঈশ্বরীয় লোকেরা ঐহিক লোকদের কন্যাগণকে পরম সুন্দরী দেখিয়া আপন ২ ইচ্ছামতে ৩ প্রত্যেক জন বিবাহ করিতে লাগিল। অতএব পরমেশ্বর কহিলেন, আমার আত্মা মনুষ্যের সহবাসে সর্ব্বদা থাকিবেন্ না,*কেননা তাহারা পাপেতে মাংসপিণ্ডমাত্র; তাহাদের জীবৎকাল কেবল এক শত বিশ বৎসর ৪ হইবে। ঐ সময়ে পৃথিবীতে মহাবীর ছিল, এবং ঈশ্বরীয় লোকদের ঔরসে ঐহিক লোকদের কন্যাগণের গর্ভজাত অনেক ২ সন্তান ছিল; তাহারা পূর্ব্ব কালে পরাক্রমী ও প্রসিদ্ধ বীর ছিল।

৫ অপর ঈশ্বর পৃথিবীতে মনুষ্যদের নানা অত্যাচার ও সর্ব্বদা অন্তঃকরণের কল্পনা†কেবল দুষ্ট, ইহা দেখি- ৬ লেন; এবং পরমেশ্বর পৃথিবীতে আপনার মনুষ্য সৃষ্টি করণ নিমিত্তে শোক ও মনেতে অনুতাপ করিয়া কহি- ৭ লেন, আমি মনুষ্য ও উরোগামি ও পদগামি জন্তু‡ও খেচর পক্ষি প্রভৃতি যে সকল পৃথিবীতে সৃষ্টি করিয়াছি, সে সকলকেই নষ্ট করিব; কেননা ইহাদের সৃষ্টি করণ প্রযুক্ত আমার অনুতাপ হইতেছে। কিন্তু নোহ পর- ৮ মেশ্বরের অনুগ্রহের পাত্র হইল।

নোহের বংশাবলির বিবরণ। ঐ নোহ আপন বংশে ৯ সাধু ও ধার্ম্মিক হইয়া ঈশ্বরের সহগামী ছিল। এবং ১০ শাম্ ও হাম্ ও যেফৎ নামে তাহার তিন পুত্র ছিল। অপর পৃথিবী ঈশ্বরের সাক্ষাতে দুষ্ট, এবং দৌরাত্ম্যে ১১ পরিপূর্ণ হইয়াছে। পৃথিবী দুষ্ট ও পৃথিবীস্থ তাবৎ ১২ প্রাণির পথ সদোষ, ইহা ঈশ্বর পৃথিবীতে অবলোকন করিয়া দেখিলেন। তখন ঈশ্বর নোহকে কহিলেন, ১৩ আমার গোচরে সকল মনুষ্যের অন্তিম কাল উপস্থিত, কেননা তাহাদের দৌরাত্ম্যে পৃথিবী পরিপূর্ণ হওয়াতে আমি পৃথিবীর সহিত‖তাহাদিগকে বিনাশ করিব। তুমি ১৪ গোফর্ কাষ্ঠ দ্বারা এক জাহাজ নির্ম্মাণ কর; এবং তাহার মধ্যে কুঠরী§ নির্ম্মাণ করিয়া তাহার ভিতরে বাহিরে ধুনা দিয়া লেপন কর। এবং তাহার দীর্ঘতা ১৫ তিন শত হস্ত, ও প্রস্থতা পঞ্চাশ হস্ত, ও উচ্চতা ত্রিশ হস্ত; এই প্রকারে তাহার নির্ম্মাণ কর। এবং তাহার ১৬ ছাতের এক হাত নীচে বাতায়ন প্রস্তুত করিয়া রাখ, ও তাহার পার্শ্বে দ্বার রাখ, এবং তাহার প্রথম ও দ্বিতীয় ও তৃতীয় তালা নির্ম্মাণ কর। কেননা আমি আকাশের ১৭ নীচস্থ তাবৎ প্রাণিকে নষ্ট করণার্থে পৃথিবীতে জলপ্লাবন করিব, তাহাতে পৃথিবীর তাবৎ প্রাণী প্রাণত্যাগ করিবে। কিন্তু তোমার সহিত আমি নিয়ম স্থির করি; ১৮ তাহাতে তুমি আপন পুত্রগণকে ও স্ত্রীকে ও পুত্রবধূদিগকে সঙ্গে লইয়া জাহাজে আরোহণ করিবা। প্রত্যেক ১৯ জাত্যনুসারে সমস্ত জীব জন্তুর স্ত্রী ও পুরুষ যুগ্ম ২ লইয়া প্রাণ রক্ষার্থে তাহাদিগকে আপনার সহিত জাহাজে আন; ফলতঃ পক্ষী ও পশু ও পৃথিবীতে উরোগামী ২০ দুই ২ আপন জাত্যনুসারে প্রাণ রক্ষার্থে তোমার নিকটে যাইবে। এবং তোমাদের ও ইহাদের আহারার্থে ২১ উপযুক্ত সামগ্রী আনিয়া আপনার নিকটে সঞ্চয় কর। তাহাতে নোহ সেই রূপ করিল, ঈশ্বরের আজ্ঞা- ২২ নুসারেই তাবৎ কর্ম্ম করিল।

---

[২২] যিহূ ১৪, ১৫। আ ১৭; ১॥—[২৪] ইব্রি ১১; ৫। ২ রা ২; ১১॥—[২৯] ইব্রি ১১; ৭। আ ৩; ১৭॥
[৬ অধ্যা; ৫] আ ৮; ২১। রো ৩; ১০-২০॥—[৮] ১ পি ৩; ১৯-২২॥—[৯] ২ পি ২; ৫॥—[১০] আ ৫; ৩২॥—
[১৭] প ১৩॥—[১৮] ইব্রি ১১, ৭॥

* (বা) মনুষ্যকে নিষেধ করিবেন না। † (বা) প্রতিদিন কল্পনার প্রত্যেক উৎপত্তি। ‡ (বা) মনুষ্য অবধি ... জন্তু পর্য্যন্ত।
‖ (বা) পৃথিবীহইতে। § (বা) বাসা।

৭ অধ্যায়।

১ জাহাজ আরোহন করিতে নোহের প্রুতি ঈশ্বরের আজ্ঞা, ৭ ও নোহের ও তাহার পরিবারের ও পশু প্রভৃতির জাহাজ আরোহন, ১৭ ও প্লাবনের বিবরন।

১ পরমেশ্বর নোহকে কহিলেন, তুমি সপরিবারে জাহাজে আরোহণ কর, কেননা এই কালে তোমা-
২ কেই সাধু দেখিতেছি। অতএব পৃথিবীতে যেন এই সকলের বংশ থাকে, তন্নিমিত্তে শুচি পশুর স্ত্রী-
৩ পুরুষ লইয়া প্রত্যেক জাতির সাত * যোড়া, এবং অশুচি পশুর স্ত্রীপুরুষ লইয়া প্রত্যেক জাতির দুই যোড়া, এবং খেচর পক্ষিগণের স্ত্রীপুরুষ লইয়া প্রত্যেক জাতির সাত * যোড়া আপনার সঙ্গে লও।
৪ কেননা সপ্তাহের পর আমি চল্লিশ দিবারাত্রি পৃথিবীতে বৃষ্টি করাইব, এবং পৃথিবীস্থিত আমার সৃষ্ট
৫ তাবৎ প্রাণী বিনষ্ট করিব। তখন নোহ পরমেশ্বরের
৬ আজ্ঞানুসারে তাবৎ কর্ম্ম করিল। এই নোহের ছয় শত বৎসর বয়সের সময়ে পৃথিবীতে জলপ্লাবন হইল।

৭ পরে জলপ্লাবনের ভয়ে নোহ ও তাহার স্ত্রী ও পুত্রগণ এবং পুত্রবধূগণ সকলে জাহাজে আরোহণ
৮ করিল। এবং নোহের প্রতি ঈশ্বরের আজ্ঞানুসারে শুচি
৯ ও অশুচি পশু ও পক্ষী ও ভূচর উরোগামি জন্তুগণ
১০ যোড়া২ জাহাজে আরোহণ করিল। পরে সপ্তাহ গত
১১ হইলে পৃথিবীতে জলপ্লাবনের আরম্ভ হইল। তাহাতে নোহের বয়সের ছয় শত বৎসর দ্বিতীয় মাসের সপ্তদশ দিনে মহাসমুদ্রের সমস্ত উনুই ভাঙ্গিয়া গেল, এবং
১২ আকাশস্থ মেঘ দ্বার সকল মুক্ত হইল। তাহাতে পৃথিবীতে চল্লিশ দিবা রাত্রি মুষল ধারে বৃষ্টি হইতে লাগিল।
১৩ সে দিনে নোহ ও তাহার স্ত্রী, ও শাম্ ও হাম্ ও যেফৎ নামক তিন পুত্র ও পুত্রবধূগণ জাহাজে আরোহণ
১৪ করিল। এবং প্রত্যেক জাতীয় গ্রাম্য ও বন্যপশু ও প্রত্যেক জাতীয় উরোগামি জন্তু এবং প্রত্যেক জাতীয়
১৫ ভূচর ও খেচর পক্ষী তাবৎ সজীব প্রাণী† স্ত্রীপুরুষ যুগ্ম ২
১৬ হইয়া নোহের নিকটে জাহাজে আরোহণ করিল। এবং ঈশ্বরের আজ্ঞানুসারে তাবৎ প্রাণির স্ত্রীপুরুষ যোড়া ২ আরোহণ করিলে পর পরমেশ্বর দ্বার রুদ্ধ করিলেন।

১৭ এই রূপে পৃথিবীতে চল্লিশ দিন পর্য্যন্ত প্লাবন হইল, এবং জল বৃদ্ধি পাইলে জাহাজ মৃত্তিকা ছাড়িয়া ভাষিয়া
১৮ উঠিল। পরে ক্রমে২ পৃথিবীতে অতিশয় জলবৃদ্ধি
১৯ হইলে জাহাজ ভাষিয়া গেল। এই রূপে পৃথিবীতে অত্যন্ত জল বাড়িল; তাহাতে আকাশের নীচস্থ তাবৎ
২০ মহাপর্ব্বত মগ্ন হইল, ও তাহার উপরে পনের হাত
২১ জল উঠিলে সকল পর্ব্বত মগ্ন হইল। তাহাতে ভূচর তাবৎ
২২ প্রাণী মরিল; ফলতঃ পক্ষী এবং গ্রাম্য ও বন্য পশু ও পৃথিবীর উরোগামি জন্তু ও মনুষ্য ও শুষ্ক ভূমিস্থ তাবৎ প্রাণী মরিল। এই রূপে পৃথিবীর উপরিস্থ প্রত্যেক ২৩
প্রাণী, অর্থাৎ মনুষ্য ও পশু ও উরোগামি জন্তু ও আকাশীয় পক্ষি সকল বিনষ্ট হইল; পৃথিবীতে সমস্তই বিনষ্ট হইল, কেবল নোহ ও তাহার সঙ্গী জাহাজস্থ প্রাণিরা বাঁচিল। এই রূপে পৃথিবী জলপ্লা- ২৪
বিত হইলে এক শত পঞ্চাশ দিন পর্য্যন্ত জল থাকিল।

৮ অধ্যায়।

১ প্লাবনের হ্রাস, ৬ ও দাড়কাককে ওড়াইয়া দেওন, ১০ ও কপোতকে ওড়াইয়া দেওন, ১৫ ও জাহাজহইতে নামিতে ঈশ্বরেব আজ্ঞা, ২০ ও ঈশ্বরের ওদ্দেশে নোহের আহুতি করন ও তাহার প্রুতি ঈশ্বরের প্রুতিজ্ঞা।

পরে ঈশ্বর নোহকে ও তাহার সঙ্গি জাহাজস্থিত ১
পশ্বাদি তাবৎ প্রাণিকে স্মরণ করিয়া পৃথিবীতে প্রবল বায়ু বহাইলে জল নিবৃত্ত হইল। এবং মহাসমুদ্রের উনুই ২
ও আকাশের মেঘদ্বার সকল বদ্ধ হইলে আকাশের বৃষ্টি নিবৃত্ত হইল। তাহাতে ক্রমে ২ জল বহিয়া এক শত ৩
পঞ্চাশ দিনে হ্রাস পাইল; এবং সপ্তম মাসের সপ্তদশ ৪
দিনে অরারট্ নামক পর্ব্বতের উপরে জাহাজ লাগিয়া রহিল। পরে ক্রমে২ দশ মাস পর্য্যন্ত জল বহিয়া ‡ ৫
অল্পতর হইল; ঐ দশ মাসের প্রথম দিনে পর্ব্বতগণের শৃঙ্গ দৃষ্ট হইল।

অপর আরো চল্লিশ দিন গত হইলে নোহ আপন ৬
নির্ম্মিত জাহাজের বাতায়ন খুলিয়া একটা দাঁড়কাককে উড়াইয়া দিল। তাহাতে সে পৃথিবীর জলশুষ্ক হওন ৭
পর্য্যন্ত গতায়াত করিল। পরে নোহ ভূমির জল হ্রাস ৮
বুঝিবার জন্যে পুনর্ব্বার এক কপোতকে উড়াইয়া দিল। তাহাতে পৃথিবী জলাচ্ছাদিত প্রযুক্ত সে পদার্পণ করিবার ৯
স্থান না পাইয়া পুনর্ব্বার জাহাজে তাহার নিকটে প্রত্যাগমন করিল; তখন নোহ হস্ত বিস্তার করিয়া কপোতকে ধরিয়া জাহাজের ভিতরে আপনার নিকটে আনিল। §

অপর আর সপ্তাহ বিলম্বে নোহ জাহাজহইতে ১০
সেই কপোতকে উড়াইয়া দিল। তাহাতে সে চঞ্চু ১১
দ্বারা জিত বৃক্ষের এক পত্র ছিড়িয়া লইয়া সন্ধ্যাকালে তাহার নিকটে ফিরিয়া আইল; তাহাতে পৃথিবীর জলের আরো হ্রাস হইয়াছে, নোহ ইহা বুঝিল। পরে ১২
আর এক সপ্তাহ গত হইলে নোহ সেই কপোতকে উড়াইয়া দিল, কিন্তু সে তাহার নিকটে আর ফিরিয়া আইল না। নোহের বয়সের ছয় শত এক বৎসরের প্রথম ১৩
মাসের প্রথম দিনে পৃথিবীতে জল শুষ্ক হওনের উপক্রম হইল; তাহাতে নোহ জাহাজের ছাত খুলিয়া অবলোকন করিয়া ভূমিকে শুষ্ক দেখিল। এই রূপে ১৪
দ্বিতীয় মাসের সাতাইশ দিনে পৃথিবী শুষ্ক হইল।

[৭ অধ্যা; ১] আ ৬; ১৮ ।।—[২] লে ১১;।।—[১০] য ২৪; ৩৮। লূ ১৭; ২৬ ।।—[১৫] আ ৬; ১৯,২০ ।।—[২৩] ৬; ১৭, ১৮ ।।
[২৪] প ১১। আ ৮; ৩, ৪ ।।
[৮ অধ্যা; ২] আ ৭; ১১।।—[৩] ৭; ২৪।।—[৬] ৬; ১৬ ।।—

* (ইব্রু) সাত সাত। † (ইব্রু) যাহাতে জীবাত্মার নিশ্বাস প্রুশ্বাস। ‡ (ইব্রু) আসিয়া যাইয়া। § (ইব্রু) প্রুবেশ করাইল।

১৫ পরে ঈশ্বর নোহকে কহিলেন, তুমি এখন আপন স্ত্রী ১৬ ও পুত্রগণ ও পুত্রবধূগণকে সঙ্গে লইয়া জাহাজহইতে ১৭ নাম। এবং তোমার সহিত যে পশু ও পক্ষী ও পৃথিবীর উরোগামী প্রভৃতি জীবজন্তু আছে,সেই সকলকে তোমার সঙ্গে বাহিরে আন; তাহাতে তাহারা পৃথিবীতে অনেক ১৮ হউক্ এবং পৃথিবীতে প্রজাবন্ত ও বহুবংশ হউক্। তখন নোহ আপন স্ত্রী ও পুত্রগণ ও পুত্রবধূগণকে সঙ্গে লইয়া ১৯ জাহাজহইতে নামিল। এবং স্ব ২ জাত্যনুসারে প্রত্যেক পশু ও পক্ষী ও উরোগামী ও তাবৎ ভূচর জন্তু নির্গত হইল।

২০ অনন্তর নোহ পরমেশ্বরের উদ্দেশে যজ্ঞবেদি নির্ম্মাণ করিয়া কতক শুচি পশু ও শুচি পক্ষী লইয়া বেদির ২১ উপরে হোম করিল। তাহাতে পরমেশ্বর তাহার *সৌরভ আঘ্রাণ করিয়া মনে ২ কহিলেন, মনুষ্যদের দোষে পৃথিবীকে আর অভিশাপ দিব না; যদ্যপি বাল্যকালাবধি মনুষ্যের মনের কল্পনা দুষ্ট, তথাপি যেমত করিলাম,সেমত আর কখনো তাবৎ প্রাণিকে সংহার করিব ২২ না। যে পর্য্যন্ত পৃথিবী থাকে,তাবৎ† বপনের ও ছেদনের সময়, এবং শীত ও গ্রীষ্ম,এবং গ্রীষ্মকাল ও শীতকাল, এবং দিবা ও রাত্রি, এই সকলের নিবৃত্তি হইবে না।

৯ অধ্যায়।

১ নোহের প্রতি ঈশ্বরের আশীর্ব্বাদ, ৮ ও নোহের সঙ্গে ঈশ্বরের নিয়ম স্থির করণ, ১৮ ও নোহের মত্ত হওনের বৃত্তান্ত ও কনিষ্ঠ পুত্র হাম্‌কে অভিশাপ দেওন, ২৮ ও নোহের মৃত্যু।

১ পরে ঈশ্বর নোহকে ও তাহার পুত্রগণকে এই আশীর্ব্বাদ করিলেন,তোমরা প্রজাবন্ত ও বহুবংশ হইয়া পৃথি- ২ বীকে পরিপূর্ণ কর। পৃথিবীর তাবৎ পশু ও খেচর পক্ষী ও ভূচর উরোগামি জন্তু ও সমুদ্রের মৎস্য সকলেই তোমাদেরহইতে ভীত ও শঙ্কাযুক্ত হইবে, এই সকল ৩ তোমাদের হস্তে সমর্পিত আছে। প্রত্যেক গমনশীল প্রাণী তোমাদের খাদ্য হইবে, আমি হরিদ ওষধির ৪ ন্যায় এই সকল তোমাদিগকে দিলাম। কিন্তু সজীবন ৫ অর্থাৎ সরক্ত মাংস ভোজন করিও না। আমি তোমাদের ও জীবনরূপ রক্তপাতের পরিশোধ লইব; আমি পশুর নিকটে ও মনুষ্যের নিকটেও তাহার পরিশোধ লইব; প্রত্যেক মনুষ্যের ‡ নিকটেই মনুষ্যের জীবনের পরি- ৬ শোধ লইব। যে কেহ মনুষ্যের রক্তপাত করিবে, মনুষ্যকর্ত্তৃক তাহার রক্তপাত হইবে; কেননা পরমেশ্বর ৭ আপন সাদৃশ্যে মনুষ্যের সৃষ্টি করিয়াছেন। তোমরা প্রজাবন্ত ও বহুবংশ হও, এবং পৃথিবীতে বহুতর হইয়া বর্দ্ধিষ্ণু হও।

৮ অপর ঈশ্বর নোহকে ও তাহার সঙ্গি পুত্রগণকে ৯ কহিলেন, দেখ, তোমাদের ও তোমাদের ভাবিবংশের ১০ ও তোমাদের সঙ্গি জাহাজহইতে নির্গত গ্রাম্য ও বন্য পশু ও পক্ষি প্রভৃতি পৃথিবীস্থ তাবৎ প্রাণির সহিত আমি নিয়ম স্থির করি। ১১ আমি তোমাদের সহিত এই নিয়ম স্থির করি, জলপ্লাবনের দ্বারা তাবৎ প্রাণী আর বিনষ্ট হইবে না; এবং জলপ্লাবনের দ্বারা পৃথিবীও আর কখনো বিনষ্ট হইবে না। ১২ ঈশ্বর আরো কহিলেন, আমি তোমাদের ও তোমাদের সঙ্গি তাবৎ প্রাণির ও ভাবিবংশের সহিত যে নিয়ম স্থির করি, তাহার এই এক চিহ্ন থাকিবে। ১৩ আমি মেঘে আপন ধনুঃ স্থাপন করি, তাহা পৃথিবীর সহিত আমার নিয়মের চিহ্ন হইবে। ১৪ যে সময়ে আমি পৃথিবীর ঊর্দ্ধে মেঘের সঞ্চার করিব, এবং সেই মেঘধনু দৃষ্ট ১৫ হইবে, তৎকালে তোমাদের ও প্রত্যেক প্রকার প্রাণির সহিত আমার এই নিয়ম আছে, ইহা আমার স্মরণে হইলে তাবৎ প্রাণি বিনাশের জন্যে আর জলপ্লাবন হইবে না। ১৬ কেননা মেঘধনুকের প্রতি আমার দৃষ্টিপাত হইলে পৃথিবীস্থ তাবৎ প্রাণির সহিত আমার চিরস্থায়ি নিয়ম আছে, ইহা আমার স্মরণে আসিবে। ১৭ ঈশ্বর নোহকে কহিলেন, পৃথিবীস্থ সমস্ত প্রাণির সহিত আমার স্থাপিত নিয়মের এই লক্ষণ হইবে।

১৮ ঐ শাম্ ও হাম্ ও যেফৎ নামে নোহের যে তিন পুত্র জাহাজহইতে বহির্গত হইল,তাহাদের মধ্যে হাম্ কিনান্ বংশের পূর্ব্বপুরুষ ছিল। ১৯ নোহের এই তিন পুত্রের বংশেতে তাবৎ পৃথিবী ব্যাপ্ত হইল। ২০ পরে নোহ কৃষি কর্ম্মে প্রবৃত্ত হইয়া দ্রাক্ষাক্ষেত্র করিল। ২১ তাহাতে সে দ্রাক্ষারস পান করিয়া মত্ত হইয়া তাম্বুর মধ্যে বিবস্ত্র হইয়া পড়িল। ২২ তাহাতে কিনানের পিতা হাম্ আপন পিতাকে উলঙ্গ দেখিয়া বাহিরে আপন দুই ভ্রাতাকে সমাচার দিল। ২৩ তখন শাম্ ও যেফৎ তাহার বস্ত্র লইয়া স্কন্ধেতে রাখিয়া পশ্চাৎ হাঁটিয়া উলঙ্গ পিতাকে আচ্ছাদিত করিল; তাহারা পশ্চাৎ হাঁটিয়া পিতার উলঙ্গতা দেখিল না। ২৪ পরে নোহ দ্রাক্ষারসের নিদ্রাহইতে জাগৃত হইয়া আপন কনিষ্ঠ পুত্রের আচরণ জানিয়া কহিল। কিনান্ অভিশপ্ত হউক্ ||, ২৫ সে আপন ভ্রাতাদের দাসানুদাস হইবে। ২৬ সে আরো কহিল, শামের প্রভু পরমেশ্বর ধন্য হউন্; কিনান্ শামের দাস হইবে, ২৭ ও ঈশ্বর যেফতের উন্নতি করিবেন; তাহাতে সে শামের তাম্বুতে বাস করিবে, ও কিনান্ তাহার দাস হইবে।

২৮ জলপ্লাবনের পরে নোহ আর তিন শত পঞ্চাশ বৎসর বাঁচিল। ২৯ এবং নোহ সর্ব্বশুদ্ধা নয় শত পঞ্চাশ বৎসর বয়সের সময়ে প্রাণত্যাগ করিল।

---

[১৬] আ ৭; ১৩, ১৪ ॥—[১৭] ১; ২২ ॥—[২১] ৬; ৫। য ১৫; ১৯। রো ৩; ১০-২০॥—[২২] যিশ ৫৪; ৯॥
[৯ অধ্য; ১, ২] আ ১; ২৮॥—[২] হো ২; ১৮ ॥—[৩] আ ১; ২৯॥—[৪] লে ১৭; ১০-১৪ ॥—[৫] আ ৪; ১০ ॥—
[৬] য ২৬; ৫২। প্র ১৩; ১০॥—[৭] প ১ ॥—[৮-১৭] আ ৮; ২১। ৬;১৮॥—[১৬] যিশ ৫৪; ৯ ॥—[১৯] প্রে ১৭; ২৬॥
* (ইব্রু) বিশ্রামের। † (ইব্রু) পৃথিবীর তাবৎ দিন। ‡ (ইব্রু) মনুষ্যের ভ্রাতার। || (বা) হইবে।

১০ অধ্যায়।

১ নোহের জ্যেষ্ঠপুত্র যেফতের বংশাবলি, ৬ ও কনিষ্ঠ পুত্র হামের বংশাবলি, ২১ ও মধ্যম পুত্র শামের বংশাবলি।

১ ঐ নোহের শাম্ ও হাম্ ও যেফৎ নামক তিন পুত্রের বংশাবলি। জলপ্লাবনের পরে তাহাদের এই সকল
২ সন্তান সন্ততি হয়। গোমর্ ও মাজূজ্ ও মাদয়্ ও যূনান্ ও তূবল্ ও মেশক্ ও তীরস্, ইহারা যেফতের
৩ পুত্র। অস্কিনস্ ও রীফৎ ও তোগর্ম, ইহারা গোমরের
৪ পুত্র। এবং ইলীশা ও তর্শীশ্ ও কিত্তীম্ ও দোদানীম্,
৫ ইহারা যূনানের পুত্র। এই সকল হইতে নানা উপদ্বীপের দেবপূজকগণ স্থানে ২ বিভক্ত হইল, এবং সকলের পৃথক ২ ভাষা ও বংশ ও জাতি হইল।

৬ এবং কূশ্ ও মিসর্ ও পুট্ ও কিনান্, ইহারা হামের
৭ পুত্র। সিবা ও হবীলা ও সপ্তা ও রয়মা ও সব্‌তিকা, ইহারা
৮ কূশের পুত্র। এবং রয়মার পুত্র শিবা ও দিদন্। এবং
৯ কূশের পুত্র নিম্রোদ্; সে পৃথিবীর মধ্যে পরাক্রমী হইতে লাগিল ও পরমেশ্বরের সাক্ষাতে পরাক্রান্ত ব্যাধ হইল; অতএব লোকেরা অদ্যাপি এই দৃষ্টান্ত কহে, পরমে-
১০ শ্বরের সাক্ষাতে নিম্রোদের তুল্য পরাক্রান্ত ব্যাধ। এবং শিনিয়র্ দেশে বাবিল্ ও এরক্ ও অক্কদ্ ও কল্‌নী,
১১ এই সকল নগর তাহার প্রথম রাজ্য হইল। সে তথা-হইতে অশূরিয়া দেশে গিয়া নিনিবী ও রিহোবোৎ
১২ ও কেলহ ও নিনিবী ও কেলহের মধ্যস্থিত মহানগর
১৩ রেষন্, এই সকল নগরের পত্তন করিল। এবং লূদীয় ও
১৪ অনামীয় ও লিহাবীয় ও নপ্তুহীয় ও পথ্রুষীয় ও পিলেষ্টীয়দের আদিপুরুষ কস্‌লূহীয় এবং কপ্তোরীয়, এই
১৫ সকল মিসরের পুত্র। ঐ কিনানের জ্যেষ্ঠ পুত্র সীদোন্,
১৬ তাহার পর হেৎ ও যিবূষীয় ও ইমোরীয় ও গির্গাশীয় ও
১৭ হিব্বীয় ও অর্কীয় ও সীনীয় ও অর্বদীয় ও সিমারীয় ও
১৮ হমাতীয়, এই সকল পুত্রেতে কিনান্ দেশ ব্যাপিয়া গেল।
১৯ তাহাতে সীদোন্‌হইতে গিররের দিগে অসা অবধি এবং সিদোম্ ও অমোরা ও অদ্‌মা ও সিবোয়ীম্ ও
২০ লেশা পর্য্যন্ত কিনানীয়দের বসতির সীমা ছিল। এই সকলেই হামের বংশ, কিন্তু ইহাদের মধ্যে গোষ্ঠী ও ভাষা ও দেশ ও জাতি ভেদ ছিল।

২১ জ্যেষ্ঠ যেফতের ভ্রাতা শাম্ ইব্রীয় লোকের আদি পুরুষ ছিল, এবং তাহারও সন্তান সন্ততি ছিল।
২২ তাহার এই সকল বংশ, এলম্ ও অশুর্ ও অর্ফক্-
২৩ ষদ্ ও লূদ্ ও অরাম্। ঐ অরামের বংশ ঊষ্ ও হূল্
২৪ ও গেথর্ ও মশ্। এবং অর্ফক্‌ষদের বংশ শেলহ ও
২৫ শেলহের পুত্র এবর্। ঐ এবরের দুই পুত্র; একের নাম পেলগ্ (অর্থাৎ ভাগ), কেননা তৎকালে পৃথিবী বিভক্তা
২৬ হইল; তাহার ভ্রাতার নাম যক্তন্। এবং যক্তনের পুত্র অল্‌মোদদ ও শেলফ্ ও হৎসর্মাবৎ ও যেরহ ও
২৭ হদোরাম্ ও ঊষল্ ও দিক্‌ল ও ওবল্ ও অবীমায়েল
২৮ ও শিবা ও ওফীর্ ও হবীলা ও যোবব্। এ সকল
২৯ যক্তনের বংশ। মেষা অবধি পূর্ব্বদিকের সিফর পর্ব্বত
৩০ পর্য্যন্ত তাহাদের বসতি ছিল। এই সকলেই শামের
৩১ বংশ; ইহাদের মধ্যে দেশ ও গোষ্ঠী ও ভাষা ও
৩২ জাতি ভেদ ছিল। এই সকলের গোষ্ঠী ও জাতি ভেদ থাকিলেও তাহারা নোহের পুত্রদের বংশ ছিল; এবং জলপ্লাবনের পরে ইহাদেরহইতে নানা জাতি পৃথি-বীতে বিভক্ত হইল।

১১ অধ্যায়।

১ বাবিল্ নির্ম্মাণদ্বারা লোকদের ভাষা ভেদ করণ, ১০ ও শামের বংশাবলি, ২৭ ও তেরহের বংশাবলি, ৩০ ও তেরহ, ইব্রাম্ ও লোটের হারণে গমন ও সেখানে তেরহের মৃত্যু।

১ পূর্ব্বে পৃথিবীস্থ তাবৎ লোকের এক ভাষা * ও একরূপ
২ উচ্চারণ * ছিল। পরে লোকেরা পূর্ব্বদিগে ভ্রমণ করিতে২ শিনিয়র্ দেশের এক প্রান্তর পাইয়া সে স্থানে বসতি
৩ করিল। এবং পরস্পর † পরামর্শ করিল, আইস আমরা ইষ্টক নির্ম্মাণ করিয়া উত্তমরূপে ‡ দগ্ধ করি; ইহাতে তাহাদের প্রস্তরের পরিবর্ত্তে ইষ্টক হইল, ও চূণের
৪ পরিবর্ত্তে শিলাজতু হইল। পরে তাহারা কহিল, আইস আমরা আপনাদের নিমিত্তে এক নগর ও গগণস্পর্শ এক উচ্চগৃহ নির্ম্মাণ করি; তাহাতে আমাদের সুখ্যাতি হইবে এবং আমরা তাবৎ পৃথিবীতে ছিন্নভিন্ন হইব না। পরে
৫ ঐ মনুষ্যেরা যে নগর ও গৃহ নির্ম্মাণ করিতেছিল,
৬ পরমেশ্বর তাহা দেখিতে নামিয়া আইলেন। পরমেশ্বর কহিয়াছিলেন, দেখ, ইহারা সকলেই এক জাতি এবং ইহাদের ভাষাও এক, এবং তাহারা এই কর্ম্মে প্রবৃত্ত হইতেছে; এবং এখন যাহা ২ করিতে মনস্থ করিতেছে,
৭ তাহাহইতে নিবৃত্ত হইবে না। অতএব তাহারা যেন আপনাদের ভাষা আপনারা পরস্পর বুঝিতে না পারে, এই জন্যে আইস, আমরা নীচে সে স্থানে গিয়া তাহাদের
৮ ভাষার ভেদ জন্মাই। এই রূপে পরমেশ্বর তাহাদিগকে তাবৎ পৃথিবীর দিগ্‌দিগন্তরে ছিন্নভিন্ন করিলে তাহাদের
৯ নগর পত্তনের নিবৃত্তি হইল। এই নিমিত্তে সেই নগরের নাম বাবিল্ (অর্থাৎ ভেদ) থাকিল; কেননা পরমেশ্বর তাবৎ পৃথিবীর ভাষার ভেদ জন্মাইয়া তথাহইতে তাহা-দিগকে তাবৎ পৃথিবীতে ছিন্নভিন্ন করিলেন।

১০ শামের বংশাবলি। জলপ্লাবনের পরে দুই বৎসর গত হইলে শামের এক শত বৎসর বয়সে অর্ফক্‌ষদ্
১১ নামে তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর শাম্ পাঁচশত বৎসর জীবৎ থাকিয়া আরো সন্তান সন্ত-তির জন্ম দিল।
১২ এবং অর্ফক্‌ষদের পঁয়ত্রিশ বৎসর বয়স

[১০ অধ্য; ৩২] আ ৯; ১৯ ॥—[১১ অধ্য; ৫] আ ৬; ১২ ॥—[৭] ১; ২৬ ॥—[৮] ১০; ৩২ ॥—[৯] প্রে ২; ৬-১১ ॥
[১০-২৬] আ ১০; ২২-৩১। লূ ৩; ৩৪-৩৬ ॥

* (ইব্রী) ওষ্ঠাধর, কথা † (ইব্রী) মানুষ আপন প্রতিবাসির সহিত। ‡ (ইব্রী) দাহার্থে।

১৩ হইলে শেলহ নামে তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর অর্ফক্ষদ্ চারিশত তিন বৎসর জীবৎ ১৪ থাকিয়া আরো সন্তান সন্ততির জন্ম দিল। এবং শেলহের ত্রিশ বৎসর বয়স হইলে এবর্ নামে তাহার এক পুত্র ১৫ জন্মিল। তাহার জন্মের পর শেলহ চারিশত তিন বৎসর জীবৎ থাকিয়া আরো সন্তান সন্ততির জন্ম দিল। ১৬ এবং এবরের চৌত্রিশ বৎসর বয়স হইলে পেলগ্ নামে ১৭ তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর এবর্ চারিশত ত্রিশ বৎসর জীবৎ থাকিয়া আরো সন্তান ১৮ সন্ততির জন্ম দিল। এবং পেলগের ত্রিশ বৎসর বয়স ১৯ হইলে রিয়ূ নামে তাহার এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর পেলগ্ দুইশত নয় বৎসর জীবৎ থাকিয়া ২০ আরো সন্তান সন্ততির জন্ম দিল। এবং রিয়ূর বত্রিশ বৎসর বয়স হইলে সিরূগ্ নামে তাহার এক পুত্র জন্মিল। ২১ তাহার জন্মের পর রিয়ূ দুইশত বৎসর জীবৎ থাকিয়া ২২ আরো সন্তান সন্ততির জন্ম দিল। এবং সিরূগের ত্রিশ বৎসর বয়স হইলে নাহোর্ নামে তাহার এক পুত্র ২৩ জন্মিল। তাহার জন্মের পর সিরূগ্ দুই শত বৎসর জীবৎ ২৪ থাকিয়া আরো সন্তান সন্ততির জন্ম দিল। এবং নাহোরের উনত্রিশ বৎসর বয়স হইলে তেরহ নামে তাহার ২৫ এক পুত্র জন্মিল। তাহার জন্মের পর নাহোর্ একশত উনিশ বৎসর জীবৎ থাকিয়া আরো সন্তান সন্ততির ২৬ জন্ম দিল। এবং তেরহের সত্তরি বৎসর বয়স হইলে ইব্রাম্ ও নাহোর্ ও হারণ্ নামে তাহার তিন পুত্র জন্মিল।

২৭ তেরহের বংশাবলি। ঐ তেরহের পুত্র ইব্রাম্ ও ২৮ নাহোর্ ও হারণ্। এবং হারণের পুত্র লোট্, কিন্তু হারণ্ আপন পিতা তেরহের অগ্রে আপন জন্মস্থান কস্দীয়দের ঊর্ নামক নগরে প্রাণত্যাগ করিল। ২৯ পরে ইব্রাম্ ও নাহোর্ বিবাহ করিল; ইব্রামের স্ত্রীর নাম সারী, ও নাহোরের স্ত্রীর নাম মিল্কা। ঐ নাহোরের স্ত্রী মিল্কা হারণের কন্যা ছিল, ও ঐ হারণ্ মিল্কার ও যিষ্কার পিতা ছিল।

৩০ ঐ সারী বন্ধ্যা হইল, তাহার সন্তান হইল না। অনন্তর ৩১ তেরহ ইব্রাম্ পুত্রকে ও হারণের পুত্র লোট্ নামক পৌত্রকে এবং ইব্রামের ভার্য্যা সারী নাম্নী পুত্রবধূকে সঙ্গে লইয়া কস্দীয়দের ঊর্ নামক নগরহইতে কিনান্ দেশের উদ্দেশে যাইতে২ হারণ্ নগরে উত্তরিয়া সে ৩২ স্থানে বাস করিল। পরে তেরহ ঐ হারণ্ নগরে থাকিয়া দুই শত পাঁচ বৎসর বয়সের সময়ে প্রাণত্যাগ করিল।

১২ অধ্যায়।

১ ইব্রামের প্রতি ঈশ্বরের আশীর্ব্বাদ, ৪ ও হারণ্‌হইতে ইব্রামের গমন, ৬ ও কিনান্‌দেশে তাহার ভ্রমণ, ১০ ও দুর্ভিক্ষ্য প্রযুক্ত তাহার মিসরে গমন, ১৪ ও ইব্রামের স্ত্রীকে রাজার লইয়া যাওন ও পুনর্ব্বার দেওন।

১ অনন্তর পরমেশ্বর ইব্রাম্‌কে কহিলেন, তুমি আপন দেশ ও জ্ঞাতি ও কুটুম্ব ও পৈতৃকবাটী পরিত্যাগ করিয়া ২ আমি যে দেশ তোমাকে দেখাই, সেই দেশে চল। আমি তোমাহইতে এক মহাজাতি উৎপন্ন করিয়া তোমাকে আশীর্ব্বাদ করিব, তাহাতে তুমি বিখ্যাত ও মঙ্গলদাতা ৩ হইবা। এবং যাহারা তোমাকে আশীর্ব্বাদ করে, আমি তাহাদিগকে আশীর্ব্বাদ করিব; ও যাহারা তোমাকে অভিশাপ দেয়, আমি তাহাদিগকে অভিশাপ দিব; তোমাহইতে পৃথিবীর তাবৎ বংশ আশীর্ব্বাদ প্রাপ্ত হইবে।

৪ পরে ইব্রাম্ পরমেশ্বরের আজ্ঞানুসারে গমন করিল; তাহাতে লোট্‌ও তাহার সঙ্গে গেল। ইব্রামের হারণ্‌হইতে গমন কালে পঁচাত্তর বৎসর বয়স ছিল। ৫ এই রূপে ইব্রাম্ সারী ভার্য্যাকে ও ভ্রাতৃপুত্র লোট্‌কে এবং হারণে প্রাপ্ত আপনাদের সঞ্চিত ধন ও দাস দাসীগণকে লইয়া কিনান্‌দেশে যাইতে যাত্রা করিয়া সেই দেশে উপস্থিত হইল।

৬ অনন্তর সেই দেশে ভ্রমণ করিতে২ শিখিম্ স্থানের নিকটস্থ মোরির প্রান্তরে উত্তরিল; তৎকালে কিনানীয় ৭ লোকেরা সেই দেশে বাস করিত। পরে পরমেশ্বর ইব্রাম্‌কে দর্শন দিয়া কহিলেন, আমি তোমার বংশকে এই দেশ দিব; অতএব ইব্রাম্ সেই স্থানে দর্শনদাতা ৮ পরমেশ্বরের উদ্দেশে যজ্ঞবেদি নির্ম্মাণ করিল। পরে সে ঐ স্থান ত্যাগ করিয়া বৈথেলের পূর্ব্বদিগের পর্ব্বতে গিয়া তাম্বু স্থাপন করিল; তাহার পশ্চিমে বৈথেল্ ও পূর্ব্বদিগে অয়্ নগর ছিল; এবং সে স্থানেও পরমেশ্বরের উদ্দেশে এক যজ্ঞবেদি করিয়া তাঁহার নামে ৯ প্রার্থনা করিল। তাহার পরে ইব্রাম্ ভ্রমণ *করিতে২ আরো দক্ষিণ দেশে গমন করিল।

১০ ঐ সময়ে সে দেশে দুর্ভিক্ষ্য হওয়াতে ইব্রাম্ মিসর্ দেশে বাস করিতে যাত্রা করিল; কেননা কিনান্ দেশে ১১ অতিশয় দুর্ভিক্ষ্য বাড়িল। পরে মিসর্ দেশে প্রবেশ করিতে উদ্যত হইলে ইব্রাম্ নিজ পত্নী সারীকে কহিল, ১২ দেখ, তুমি দেখিতে সুন্দরী, তাহা আমি জানি। একারণ মিসরীয় লোকেরা তোমাকে দেখিয়া আমার ভার্য্যা জানিলে আমাকে বধ করিয়া তোমাকে জীবৎ রাখিবে। ১৩ অতএব আমি বিনয় করি, তুমি আমার ভগিনী, এই কথা কহিও; তাহাতে তোমাদ্বারা আমার মঙ্গল হইবে, ও তোমাদ্বারা আমার প্রাণ রক্ষা হইবে।

১৪ পরে ইব্রাম্ মিসরে প্রবেশ করিলে মিসরীয় লোকেরা ১৫ ঐ স্ত্রীকে পরমসুন্দরী দেখিল। এবং রাজার অধ্যক্ষগণ তাহাকে দেখিয়া রাজার সাক্ষাতে তাহার প্রশংসা

[১২ অধ্যা; ১] আ ১১; ২৬। প্রে ৭; ২। য ২১; ২৯।।—[৩] গল ৩; ৮, ৯।।—[৪] ইব্রু ১১; ৮।।—[৫] আ ১১; ৩১। ১০; ১৫-১৯।।—[৭] ৮; ২০।।—[৮] ইব্রু ১১, ৯। আ ৪; ২৬।।—[১০-২০] ২০; ১-১৮। ২৬; ১-১১।।—[১৩] ২০; ১২।। [১৪] ৯; ২২। ১০; ১৩।।

* (ইব্রু) গমন ও যাত্রা।

করিল; তাহাতে সেই স্ত্রী রাজার বাটীতে আনীতা ১৬ হইল। এবং তন্নিমিত্তে রাজা ইব্রামকে সমাদর করিয়া তাহাকে মেষ ও গোরু ও গর্দ্দভ ও গর্দ্দভী ও উষ্ট্রাদি ১৭ এবং দাসদাসী দিল। কিন্তু সেই নারী ইব্রামের ভার্য্যা, এই জন্যে পরমেশ্বর সপরিবারে রাজার নানা মহাক্লেশ ১৮ ঘটাইলেন। অতএব রাজা ইব্রামকে ডাকিয়া কহিল,তুমি ১৯ আমার সহিত এ কি ব্যবহার করিলা? ঐ নারী তোমার ভার্য্যা, এ কথা আমাকে কেন কহিলা না? তাহাকে আপনার ভগিনী কেন বলিলা? তাহাতে আমি তাহাকে বিবাহ করিতে লইলাম; তুমি এখন তোমার সেই স্ত্রীকে ২০ লইয়া যাও। তখন রাজার আজ্ঞাতে ভৃত্যবর্গ সর্ব্বস্বের সহিত তাহাকে ও তাহার স্ত্রীকে বিদায় করিল।

১৩ অধ্যায়।

১ ইব্রামের ও লোটের মিসরহইতে গমন ও তাহাদের পালকদের বিরোধ, ১০ ও লোটের সিদোমে গমন, ১৪ ও ইব্রামের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞাদি।

১ তদনন্তর ইব্রাম্ ও তাহার স্ত্রী ও লোট্ সকলে সকল সম্পত্তি লইয়া মিসর্ হইতে গিয়া দক্ষিণ দেশে উত্ত- ২ রিল। ঐ ইব্রাম্ পশুতে ও স্বর্ণরূপ্যেতে অতিশয় ধনবান্ ৩ ছিল। পরে সে পূর্ব্বযাত্রানুসারে দক্ষিণ হইতে বৈথেল্-দিগে যাইতে ২ বৈথেলের ও অয়ের মধ্যবর্ত্তি যে স্থানে ৪ পূর্ব্বে তাহার তাম্বু স্থাপিত ছিল, সেই স্থানে উপস্থিত হইয়া আপন পূর্ব্বনির্ম্মিত যজ্ঞবেদির নিকটে পরমে- ৫ শ্বরের নাম লইয়া প্রার্থনা করিল। এবং ইব্রামের সঙ্গী যে লোট্,তাহারও অনেক ২ মেষ ও গো ও তাম্বু থাকাতে ৬ সেই দেশে একত্র বাস সম্পোষ্য হইল না, তাহাদের প্রচুর সম্পত্তি হওয়াতে তাহারা একত্র বাস করিতে ৭ পারিল না। এবং ইব্রামের পশুপালকদের ও লোটের পশুপালকদের সহিত পরস্পর বিরোধ হইল; তৎকালে সেই দেশে কিনানীয় ও পিরিষীয় লোকেরা ৮ বসতি করিত। অতএব ইব্রাম্ লোটকে কহিল, আমি তোমাকে বিনয় করি,তুমি আমার জ্ঞাতি *; তোমাতে ও আমাতে, এবং তোমার পশুপালকগণে ও আমার পশু- ৯ পালকগণে বিরোধ না হউক্। তোমার সম্মুখে কি সমস্ত দেশ নাই? অতএব তোমাকে বিনতি করি, তুমি আমাহইতে পৃথক হও; হয়, তুমি বামে যাও, আমি দক্ষিণে যাই; কিম্বা তুমি দক্ষিণে যাও,আমি বামে যাই।

১০ তখন লোট্ চক্ষু তুলিয়া দেখিল সোয়র্ দিগে যর্দ্দন্ নদীর তাবৎ প্রান্তর পরমেশ্বরের উদ্যানের তুল্য মিসর্ দেশের ন্যায় সর্ব্বত্র জলস্থলে উত্তম বটে; কেননা তৎকালে সিদোম্ ও অমোরা পরমেশ্বর কর্ত্তৃক বিনষ্ট হয় নাই। অতএব লোট্ যর্দ্দনের তাবৎ প্রান্তর মনো- ১১ নীত করিয়া পূর্ব্বদিগে প্রস্থান করিল; এই রূপে তাহারা পরস্পর পৃথক্ হইল। তাহাতে ইব্রাম্ কিনান্ দেশে ১২ বাস করিল, এবং লোট্ সেই প্রান্তর স্থিত সকল নগরের মধ্যে সিদোম্ নগরের নিকটে তাম্বু স্থাপন করিল। ঐ সিদোমের লোকেরা অতিদুষ্ট ও পরমেশ্বরের ১৩ গোচরে অতি পাপিষ্ঠ হইল।

এই রূপে ইব্রাম্‌হইতে লোট্ পৃথক হইলে পর, ১৪ পরমেশ্বর ইব্রামকে কহিলেন, তুমি এই স্থানহইতে চক্ষু তুলিয়া উত্তর দক্ষিণ পূর্ব্ব পশ্চিমে দেখ। তুমি যত দূর ১৫ দেখিতে পাইবা, তাবৎ ভূমি চিরকালের নিমিত্তে তোমাকে ও তোমার বংশকে দিব। এবং পৃথিবীর ধূলির ১৬ ন্যায় তোমার বংশ বৃদ্ধি করিব; কেহ যদি ধূলি গণিতে পারে,তবে তোমার বংশ গণ্য হইবে। উঠ,এই দেশের ১৭ দীর্ঘ প্রস্থে ভ্রমণ কর, সেই তাবৎ ভূমি তোমাকে দিব। তখন ইব্রাম্ তাম্বু তুলিয়া হিব্রোণের নিকটস্থ ১৮ মম্রি নামক প্রান্তরে গিয়া বাস করিল, এবং সেখানে পরমেশ্বরের উদ্দেশে এক যজ্ঞবেদি নির্ম্মাণ করিল।

১৪ অধ্যায়।

১ চারি রাজার সহিত পাঁচ রাজার যুদ্ধ করণ, ১৩ ও লোটের লুঠ ও পরহস্তগত হওন ও ইব্রামের দ্বারা পুনশ্চ মুক্ত হওন, ১৭ ও প্রত্যাগমনের সময়ে সিদোমের রাজা ও মল্কীষেদক্ রাজার সঙ্গে সাক্ষাৎকরণ ও তাহার কথোপকথন।

অনন্তর শিনিয়রের্ অম্রাফল্ নামে রাজা, ও ইল্লা- ১ সরের্ অরিয়োক্ নামে রাজা ও এলমের কিদর্লায়োমর্ নামে রাজা এবং অন্যজাতীয় তিদিয়ল্ নামে রাজা, ইহারা সিদোমের বিরা নামক রাজার ও অমোরার ২ বির্শা নামক রাজার ও অদ্মার শিনাব্ নামক রাজার ও সিবোয়িমের শিমেবর্ নামক রাজার ও সোয়রের অর্থাৎ বিলার রাজার সহিত যুদ্ধ করিল। তাহাতে ৩ সকলে সিদ্দীমের প্রান্তরে অর্থাৎ লবণ সমুদ্রে একত্র হইল। কারণ তাহারা দ্বাদশ বৎসর পর্য্যন্ত ঐ ৪ কিদর্লায়োমর্ রাজার বশীভূত থাকিয়া ত্রয়োদশ বৎসরে তাহার অবশ হইল। এই জন্যে চতুর্দ্দশ বৎসরে ৫ কিদর্লায়োমর্ রাজা আপন সহায় রাজগণের সহিত আসিয়া অস্তিরোৎ-কর্ণয়িম্ দেশীয় রিফায়ীয় লোকদিগকে ও হম্ দেশীয় সুষীয় লোকদিগকে ও শাবি-কিরিয়াথয়িম্ দেশীয় এমীয় লোকদিগকে ও এল্ ৬ পারণ্ প্রান্তর অবধি সেয়ীর্ পর্ব্বত নিবাসি হোরীয় লোকদিগকে জয় করিল। এবং তাহারা তথাহইতে ৭ ফিরিয়া ঐণ্মিস্‌পটের অর্থাৎ কাদেশের মধ্য দিয়া

[১৭] গী ১০৫; ১৫ ॥

[১৩ অধ্য; ১] আ ১২; ৯ ॥—[৩] ১২; ৮, ৯ ॥—[৪] ১২; ৮। ৪; ২৬ ॥—[৭] ১২; ৬ ॥—[৮] ১ পি ২; ১২ ॥

[১০] আ ২; ১০। ১৯; ॥—[১৫] ১২; ৭ ॥—[১৬] ১২; ২ ॥—[১৮] ইব্রু ১১; ৯ ॥

[১৪ অধ্য; ১] আ ১০; ১০। ১১; ২ ॥—[২] ১৩; ১০। ১৯; ২৩॥

* (ইব্রু) আমরা মনুষ্য ভ্রাতৃগণ।

গিয়া অমালেকীয় লোকদের তাবৎ দেশকে ও হৎস-সোন্-তামর্ নিবাসি ইমোরীয় লোকদিগকে পরাস্ত ৮ করিল। অতএব সিদোমের রাজা ও অমোরার রাজা ও অদ্মার রাজা ও সিবোয়িমের রাজা ও বিলার ৯ অর্থাৎ সোয়রের রাজা, এই পাঁচ রাজা একত্র হইয়া এলম্ দেশের কিদর্লায়োমর্ রাজার ও অন্য জাতীয়-দের তিদিয়ল্ রাজার ও শিনিয়রের অম্রাফল্ রাজার ও ইল্লাসরের অরিয়োক্ রাজার এই চারি রাজার ১০ সহিত সিদ্দীম্ প্রান্তরে যুদ্ধ করিতে লাগিল। তাহাতে ঐ সিদ্দীম্ প্রান্তরে পঙ্কের খাত ছিল; এবং সিদো-মের ও অমোরার রাজগণ পলাইতে তাহার মধ্যে পতিত হইল; এবং অবশিষ্টেরা পর্ব্বতে পলায়ন ১১ করিল। অতএব তাহারা সিদোমের ও অমোরার সমস্ত সম্পত্তি ও ভক্ষ্য দ্রব্য লুটিয়া লইয়া প্রস্থান করিল। ১২ এবং ইব্রামের ভ্রাতৃপুত্র সিদোম্ নিবাসি লোট্কে ও তাহার সমস্ত সম্পত্তি লইয়া গেল।

১৩ তখন এক জন পলায়ন করিয়া ইব্রীয় ইব্রাম্কে সমাচার দিল; ঐ সময়ে ইব্রাম্ ইষ্কোলের ও আনেরের ভ্রাতা ইমোরীয় মম্রির প্রান্তরে বাস করিতেছিল, এবং ১৪ তাহারা ইব্রামের সহায় ছিল। তখন ইব্রাম্ আপন ভ্রাতৃপুত্রকে ধরিয়া লইয়া যাওনের সমাচার শুনিবামাত্র আপন গৃহজাত তিনশত অষ্টাদশ শিক্ষিত * ভৃত্যকে সুসজ্জ করিয়া শত্রুগণের পশ্চাৎ২ ধাবমান হইয়া ১৫ দান্ নগর পর্য্যন্ত গেল। পরে আপন ভৃত্যগণকে দুই দল করিয়া রাত্রিকালে শত্রুগণের প্রতি আক্রমণ করিল, এবং দম্মেষকের বামস্থিত হোবা নগর পর্য্যন্ত ১৬ তাহাদের পশ্চাৎ ধাবমান হইল। এবং সকল সম্পত্তি ও আপন ভ্রাতৃপুত্র লোট্ ও স্ত্রীগণ ও সম্পত্তি ও লোক সকলকে ফিরাইয়া আনিল।

১৭ এইরূপে ইব্রাম্ কিদর্লায়োমর্কে ও তাহার সহায় রাজগণকে জয় করিয়া প্রত্যাগমন করিলে পর, সিদোমের রাজা তাহার সহিত সাক্ষাৎ করিতে শাবী ১৮ প্রান্তরে অর্থাৎ রাজার প্রান্তরে উপস্থিত হইল। এবং সর্ব্বোপরিস্থ ঈশ্বরের যাজনকারী মল্কীষেদক্ নামে ১৯ শালমের রাজা রুটী ও দ্রাক্ষারস লইয়া ইব্রাম্কে এই আশীর্ব্বাদ করিল, আকাশের ও পৃথিবীর স্বামী সর্ব্বো-২০ পরিস্থ ঈশ্বর ইব্রামের মঙ্গল করুন। সর্ব্বোপরিস্থ ঈশ্বর ধন্য হউন, তিনি তোমার শত্রুগণকে তোমারই হস্তে সমর্পণ করিলেন। তখন ইব্রাম্ সমস্ত দ্রব্যের ২১ দশমাংশ তাহাকে দিল। অনন্তর সিদোমের রাজা ইব্রাম্কে কহিল, তুমি সমস্ত সম্পত্তি লও, কিন্তু লোক-২২ দিগকে † আমাকে দেও। তাহাতে ইব্রাম্ সিদোমের রাজাকে উত্তর করিল, আমি আকাশের ও পৃথিবীর স্বামি সর্ব্বোপরিস্থ প্রভু পরমেশ্বরের নামে দিব্য করিয়া কহিতেছি, আমার যুবলোকেরা যাহা ভোজন করি-২৩ য়াছে, এবং আমার সহকারি আনের্ ও ইষ্কোল্ ও মম্রি ইহাদের যে ভাগ প্রাপ্তব্য, তদ্ব্যতিরেকে যাহা আছে, ২৪ তাহা তোমার। আমি ইব্রাম্কে ধনবান্ করিয়াছি, এমত কথা যেন না বল, এই জন্যে তোমার এক গাছ সূতা কি জূতার বন্ধন রজ্জুও আমি লইব না।

১৫ অধ্যায়।

১ ইব্রাম্কে সন্তান দিতে ও সেই সন্তানকে কিনান্দেশ দিতে ঈশ্বরের প্রতিজ্ঞা ও ঈশ্বরের উদ্দেশে ইব্রামের বলিদান করণ।

১ ঐ ঘটনার পরে পরমেশ্বর ইব্রাম্কে স্বপ্নবৎ দর্শন দিয়া এই বাক্য কহিলেন, হে ইব্রাম্, ভয় করিও না, ২ আমি তোমার ঢাল ও মহাপুরস্কার স্বরূপ। তাহাতে ইব্রাম্ উত্তর করিল, হে প্রভো পরমেশ্বর, তুমি আমাকে কি দিবা? আমি নিজে নিঃসন্তান এবং এই দম্মেষকীয় ইলীয়েষর্ নামে আমার গৃহের ধনাধিকারী আছে। ৩ ইব্রাম্ পুনশ্চ কহিল, দেখ, তুমি আমাকে সন্তান দিলা না, সুতরাং আমার গৃহজাত কোন লোক আমার উত্তরা-৪ ধিকারী হইবে। তখন ইব্রামের প্রতি পরমেশ্বর এই কথা কহিলেন, ঐ ব্যক্তি তোমার উত্তরাধিকারী হইবে না, কিন্তু যে তোমার ঔরসে জন্মিবে, সেই তোমার উত্ত-৫ রাধিকারী হইবে। পরে তিনি তাহাকে বাহিরে আনিয়া কহিলেন, তুমি আকাশে দৃষ্টি করিয়া যদি তারাগণ গণিতে পার, তবে গণিয়া বল। তিনি আরও কহিলেন, ৬ এই রূপ তোমার বংশ হইবে। তখন সে পরমেশ্বরেতে বিশ্বাস করিলে তিনি তাহার বিশ্বাসকে পুণ্যার্থে গণনা ৭ করিলেন। পরে পরমেশ্বর তাহাকে কহিলেন, যিনি তোমাকে এই দেশ অধিকার দিতে কল্দীয়দের ঊর্ ৮ নগর হইতে আনিলেন, সেই পরমেশ্বর আমি। তখন সে কহিল, হে প্রভো পরমেশ্বর, আমি যে এই দেশের ৯ অধিকারী হইব, তাহা কিসে জানিব? পরমেশ্বর কহি-লেন, তুমি তিন বৎসরের এক গোবৎসকে ও তিন বৎস-রের এক ছাগীকে ও তিন বৎসরের এক মেষকে এবং এক ঘুঘুকে ও এক কপোতকে আমার নিকটে আন। ১০ তাহাতে সে ঐ সকল পশু তাঁহার নিকটে আনিয়া দ্বিখণ্ড করিয়া এক খণ্ডের অগ্রে অন্য খণ্ড রাখিল, কিন্তু পক্ষি-১১ গণকে দ্বিখণ্ড করিল না। পরে হিংস্র পক্ষিগণ সেই মৃত পশুদের উপরে নামিলে ইব্রাম্ তাহাদিগকে খেদাইয়া ১২ দিল। পরে সূর্য্যের অস্তগমন সময়ে ইব্রাম্ ঘোর নিদ্রিত ১৩ হইয়া মহান্ধকারে ভয়গ্রস্ত হইল। তখন পরমেশ্বর

---

[১২] আ ১৩; ১১ ॥—[১৪] বি ১৮; ২১ ॥—[১৫] যিশ ৭; ৮ ॥—[১৮] গী ১১০; ৪। ইব্রু ৭; ১-২১ ॥—[২৩] প ১৩ ॥ [১৫ অধ্য; ২] আ ১১; ৩০ ॥—[৫] ১৩; ১৬। ১২; ২ ॥—[৬] রো ৪; ৩, ২১-২৪। গল ৩; ৬ ॥—[৭] আ ১২; ১, ৭। ১৩; ১৫ ॥—[১২] ২; ২১ ॥

* (বা) অস্ত্রবীর। † (ইব্রু) প্রাণ।

ইব্রামকে কহিলেন, তোমার সন্তানগণ চারি শত বৎসর পরদেশে থাকিয়া দাস্য কর্ম্ম করিয়া ক্লেশ ভোগ করিবে, ১৪ ইহা নিশ্চয় জানিবা; কিন্তু যাহারা তাহাদিগকে দাস্য কর্ম্ম করাইবে, আমি তাহাদের দণ্ড করিব; পরে তাহারা যথেষ্ট ধন লইয়া সেই দেশহইতে নির্গত হইবে। ১৫ এবং তুমি কুশলে পূর্ব্বপুরুষদের নিকটে যাইবা ও ১৬ অতি বৃদ্ধাবস্থাতে কবর প্রাপ্ত হইবা। এবং তোমার বংশের চতুর্থ পুরুষ এই দেশে প্রত্যাগমন করিবে; কেননা অদ্যাপি ইমোরীয় লোকদের পাপ সম্পূর্ণ হয় ১৭ নাই। অপর সূর্য্য অস্তগত ও অন্ধকার হইলে ঐ দুই ২ খণ্ডের মধ্য দিয়া চুলার ধূম ও অগ্নিপ্রদীপ চলিয়া ১৮ গেল। এবং সেই দিনেই পরমেশ্বর ইব্রামের সহিত নিয়ম নির্দ্ধার্য্য করিয়া কহিলেন, আমি এই মিসরীয় ১৯ নদী অবধি ফরাৎ নামক বড় নদী পর্য্যন্ত কেনীয়- ২০ দের ও কিনসীয়দের ও কদ্মোনীয়দের ও হিত্তীয়দের ২১ ও পিরিষীয়দের ও রিফায়ীয়দের ও ইমোরীয়দের ও কিনানীয়দের ও গির্গাশীয়দের ও যিবূষীয়দের তাবৎ দেশ তোমার বংশকে দিব।

১৬ অধ্যায়।

১ সারাদ্বারা ইব্রামের সহিত হাজিরার বিবাহ, ৪ ও কর্ত্রী-দ্বারা দুঃখ পাইয়া হাজিরার পলায়ন ও ঈশ্বরের আজ্ঞাদ্বারা তাহার পুত্যাগমন।

১ ঐ ইব্রামের স্ত্রী সারী বন্ধ্যা ছিল, এবং মিসরীয়া ২ হাজিরা নামে তাহার এক দাসী ছিল। তাহাতে সারী ইব্রামকে কহিল, পরমেশ্বর আমাকে বন্ধ্যা করিয়াছেন; অতএব আমি বিনতি করি, তুমি আমার এই দাসীতে উপগত হও, তাহাতে আমি ইহাহইতে পুত্র পাইতে * পারিব; তখন ইব্রাম্ সারীর বাক্যে স্বীকৃত হইল। ৩ তাহাতে তাহার স্ত্রী সারী ঐ মিসরীয়া হাজিরা দাসীকে লইয়া আপন স্বামি ইব্রামের সহিত বিবাহ দিল; ঐ সময়ে ইব্রাম্ কিনান্ দেশে দশ বৎসর বসতি করিয়াছিল।

৪ অপর ইব্রাম্ হাজিরাতে উপগত হইলে সে গর্ভবতী হইল; এবং আপনার গর্ভ হইয়াছে, ইহা বুঝিয়া সে নিজ ৫ কর্ত্রীকে তুচ্ছজ্ঞান করিতে লাগিল। তাহাতে সারী ইব্রামকে কহিল, আমার প্রতি এই অন্যায়ের ফল তোমার হউক; আমি আপনার যে দাসীকে তোমার ক্রোড়ে দিয়াছি, সে এখন আপন গর্ভ জানিয়া আমাকে তুচ্ছ জ্ঞান করিতেছে; পরমেশ্বরই তোমার ও আমার ৬ বিচার করুণ। তাহাতে ইব্রাম্ সারীকে কহিল, দেখ, সে তোমার দাসী তোমারই হস্তগতা আছে; তোমার ইচ্ছানুসারে † তাহার প্রতি কর; তাহাতে সারী হাজিরার প্রতি কঠিন ব্যবহার করিলে ‡ সে তাহার নিকটহইতে পলায়ন করিল। ৭ পরে পরমেশ্বরের দূত শূরের পথে প্রান্তরের মধ্যে এক সজল কূপের নিকটে তাহাকে দেখিয়া ৮ কহিলেন, হে সারীর দাসি হাজিরা, তুমি কোথাহইতে আইলা এবং কোথায় যাইবা? তাহাতে সে কহিল, আমি ৯ আপন কর্ত্রী সারীর নিকটহইতে পলাইতেছি। তখন পরমেশ্বরের দূত তাহাকে কহিলেন, তুমি আপন কর্ত্রীর নিকটে ফিরিয়া গিয়া তাহার হস্তের বশীভূতা হও। ১০ আর পরমেশ্বরের দূত কহিলেন, আমি তোমার বংশের এমত বৃদ্ধি করিব, যে বাহুল্য প্রযুক্ত অগণ্য ১১ হইবে। পরমেশ্বরের দূত তাহাকে আরো কহিলেন, দেখ, তোমার গর্ভহইতে যে পুত্র জন্মিবে, তাহার নাম ইস্মায়েল্ (ঈশ্বর শুনেন) রাখিবা, কেননা ১২ পরমেশ্বর তোমার দুঃখের কথা শুনিলেন। এবং সে অবাধ্য পুরুষ হইবে, ও তাহার হস্ত সকলের বিরুদ্ধে ও সকলের হস্ত তাহার বিরুদ্ধে থাকিবে; এবং সে নিজ ১৩ ভ্রাতৃগণের পূর্ব্বদিগে বসতি করিবে। অপর হাজিরা আপনার সহিত কথোপকথন করিলেন যে পরমেশ্বর, তাঁহার নাম মদ্দর্শক ঈশ্বর রাখিল। কেননা সে কহিল, ১৪ আমি কি মদ্দর্শককে দর্শন করি নাই? এবং সেই কূপের নাম বের্-লহয়্-রোয়ী, অর্থাৎ স্বয়ং জীবি মদ্দর্শকের কূপ রাখিল। সেই কূপ কাদেশের ও বেরদের মধ্যে ১৫ আছে। পরে হাজিরা পুত্র প্রসব করিলে ইব্রাম্ হাজিরাহইতে জাত সেই পুত্রের নাম ইস্মায়েল্ ১৬ রাখিল। ইব্রামের ছেয়াশী বৎসর বয়সের সময়ে হাজিরা ইস্মায়েল্‌কে প্রসব করিল।

১৭ অধ্যায়।

১ ইব্রাহীমের সহিত ঈশ্বরের নিয়ম স্থির করণ ও সেই নিয়মের চিহ্ন ত্বকচ্ছেদ, ১৫ ও সারার নাম পরিবর্ত্ত হওন ও পুত্র পুসব করণের কথা, ২৩ ও ইব্রাহীমের ও ইস্মায়েল্ আদির ত্বকচ্ছেদন।

১ ইব্রামের নিরানব্বই বৎসর বয়সে পরমেশ্বর তাহাকে দর্শন দিয়া কহিলেন, আমি সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমার ২ সাক্ষাতে ধর্ম্মাচরণ করিয়া সিদ্ধ হও। আমি তোমার সহিত আপন নিয়ম স্থির করিয়া তোমার অতিশয় ৩ বংশ বৃদ্ধি করিব। তখন ইব্রাম্ অষ্টাঙ্গ প্রণাম করিলে ঈশ্বর তাহার সহিত আলাপ করিয়া পুনশ্চ কহিলেন, ৪ দেখ, আমিই তোমার সহিত আপন নিয়ম স্থির করি-৫ তেছি, তুমি বহুজাতির আদিপুরুষ হইবা। এবং তোমার নাম ইব্রাম্ (মহাপিতা) আর থাকিবে না, কিন্তু ইব্রাহীম্ (বহুলোকের পিতা) এই নাম হইবে। ৬ কেননা আমি তোমাকে বহুজাতির আদিপুরুষ করিয়া তোমার অত্যন্ত বংশবৃদ্ধি করিব; এবং তোমাহইতে বহু-জাতি জন্মাইব, ও রাজগণ তোমাহইতে উৎপন্ন হইবে।

[১৩] প্রে ৭; ৬ ॥—[১৪] যা ১২; ২৯-৩৬ ॥—[১৮] আ ১৩; ১৫ ॥
[১৬ অধ্য] গাল ৪; ২২-৩০ ॥—[২] আ ১১; ৩০ ॥—[৩] ১২; ৪ ॥—[৭] ২৫; ১৮ ॥—[১৫] প ১১। ২১; ৯-২১ ॥
[১৭ অধ্য; ১] আ ১২; ৪। ১৬; ৩। ৫; ২৪ ॥—[২] ১৫; ১৮ ॥—[৪, ৫] রো ৪; ১৬, ১৭। গাল ৩; ৭ ॥

* (ইব্রী) ঘর বনাইব † (ইব্রী) তোমার দৃষ্টিতে যাহা ভাল আছে। ‡ (ইব্রী) ক্লেশ দিলে।

৭ আমি তোমার ও তোমার ভাবিবংশের বিষয়ে যে নিয়ম স্থির করিলাম, তাহা চিরস্থায়ী হইবে; তাহাতে আমি ৮ তোমার ও তোমার ভাবিবংশের ঈশ্বর হইব। এবং তুমি এখন এই যে কিনান্ দেশে প্রবাস করিতেছ, ইহা সমুদয় আমি তোমাকে ও তোমার ভাবিবংশকে চিরকাল অধিকারার্থে দিব, ও আমি তাহাদের ঈশ্বর ৯ হইব। আর ঈশ্বর ইব্রাহীম্‌কে কহিলেন, তুমি ও তোমার ভাবিবংশ পুরুষানুক্রমে আমার নিয়ম পালন ১০ করিবা। তোমার ও তোমার ভাবিবংশের সহিত আমার এই যে নিয়ম, তাহা তোমরা পালন করিবা; তোমা-১১ দের প্রত্যেক পুত্রসন্তানের ত্বকছেদ হইবে। তোমরা আপনাদের লিঙ্গাগ্রচর্ম্ম ছেদন করিলে তাহা তোমাদের ১২ সহিত আমার নিয়মের চিহ্ন হইবে। পুরুষানুক্রমে তোমাদের প্রত্যেক পুত্রসন্তানের আট দিন বয়সে ত্বকছেদন হইবে, এবং তোমার অনৌরসজাত বিদেশীয় যে সন্তান তোমার গৃহে জাত কিম্বা মূল্যদ্বারা ক্রীত হয়, ১৩ তাহার ত্বকছেদ হইবে। এবং তোমার গৃহজাত কিম্বা মূল্যদ্বারা ক্রীত বালকের ত্বকছেদ অবশ্য কর্ত্তব্য; তাহাতে চিরকালের জন্যে তোমাদের মাংসেতে ১৪ আমার নিয়মের চিহ্ন থাকিবে। কিন্তু যে পুত্রসন্তানের লিঙ্গাগ্রচর্ম্ম ছেদন না হইবে, সে আমার নিয়ম ভঙ্গ করাতে আপন লোকদের মধ্যহইতে উচ্ছিন্ন হইবে।

১৫ তদনন্তর ঈশ্বর ইব্রাহীম্‌কে কহিলেন, তুমি আপন ভার্য্যা সারীকে আর সারী (কুলীনা) বলিয়া ডাকিও না; ১৬ তাহার নাম সারা (রাজ্ঞী) হইল। আমি তাহাকে এই বর দিতেছি, সে তোমার এক পুত্র প্রসব করিবে; আমি তাহাকে এই বর দিতেছি, সে নানা জাতির আদিমাতা হইবে *এবং তাহার বংশে নানা দেশীয় রাজগণ উৎপন্ন ১৭ হইবে। তখন ইব্রাহীম্ অষ্টাঙ্গ প্রণাম করিয়া হাসিয়া মনে ২ কহিল, কি পুরুষের শত বৎসর বয়সে সন্তান জন্মিবে? নব্বই বৎসর বয়সে কি সারা পুত্র প্রসব ১৮ করিবে? তাহাতে ইব্রাহীম্ ঈশ্বরকে কহিল, ইস্মায়েল্ ১৯ তোমার গোচরে বাঁচিয়া থাকুক। তখন ঈশ্বর কহিলেন, তোমার ভার্য্যা সারা তোমার জন্যে নিতান্ত পুত্র প্রসব করিবে, এবং তুমি তাহার নাম ইস্‌হাক্ (হাস্য) রাখিবা, এবং আমি তাহার ও তাহার ভাবিবংশের ২০ সহিত চিরস্থায়ী নিয়ম স্থির করিব। এবং তোমার ইস্মায়েল্ বিষয়ক প্রার্থনাও শুনিলাম; দেখ, আমি আশীর্ব্বাদদ্বারা তাহাকে বহুপ্রজ করিয়া তাহার অতিশয় বংশবৃদ্ধি করিব; তাহাহইতে দ্বাদশ রাজা উৎপন্ন ২১ হইবে, ও আমি তাহাকে বড় জাতি করিব। কিন্তু আগামি বৎসরের এই সময়ে সারার গর্ব্ভে যে ইস্‌হাক্ জন্মিবে, তাহার সহিত আমি আপন নিয়ম স্থির করিব। এই রূপ কথোপকথন করিয়া ঈশ্বর ইব্রা- ২২ হীমের নিকটহইতে ঊর্দ্ধগমন করিলেন।

অনন্তর ইব্রাহীম্ ইস্মায়েল্ পুত্রকে ও আপন গৃহ- ২৩ জাত ও মূল্যেক্রীত আপন গৃহের সকল পুরুষকে লইয়া ঈশ্বরের আজ্ঞানুসারে তদ্দিনেই তাবতের লিঙ্গাগ্রচর্ম্ম ছেদন করিল। ইব্রাহীমের নিরানব্বই বৎসর বয়স ২৪ হইলে তাহার লিঙ্গাগ্রের ত্বকছেদ হইল। এবং তাহার ২৫ পুত্র ইস্মায়েলের তের বৎসর বয়সে লিঙ্গাগ্রের ত্বকছেদ হইল। এই রূপে ইব্রাহীমের ও তাহার পুত্র ইস্- ২৬ মায়েলের এক দিনেই ত্বকছেদ হইল। এবং তাহার ২৭ গৃহজাত ও অন্য জাতীয় মূল্যদ্বারা ক্রীত তাহার গৃহের তাবৎ পুরুষেরও লিঙ্গাগ্রের ত্বকছেদ হইল।

১৮ অধ্যায়।

১ ইব্রাহীমের তিন স্বর্গদূতকে অতিথি করণ ও তাঁহাদের কথোপকথন, ১৬ ও তাহাদের পথ দেখাইতে সিদোমের দিগে ইব্রাহীমের গমন, ২২ ও সিদোমের রক্ষার্থে ইব্রাহীমের নিবেদন।

পরে এক দিন উত্তাপ সময়ে ইব্রাহীম্ মম্রী প্রান্তরে ১ আপন তাম্বুগৃহদ্বারে বসিয়াছিল; ইতিমধ্যে পরমেশ্বর সেই স্থানে তাহাকে দর্শন দিলেন। তাহাতে সে আপন ২ চক্ষু তুলিয়া সম্মুখে দণ্ডায়মান তিন পুরুষকে দেখিল, এবং দেখিবামাত্র সাক্ষাৎ করিতে তাম্বুদ্বার হইতে বেগে গিয়া ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিয়া কহিল; হে ৩ প্রভো, নিবেদন করি, যদি আমার প্রতি অনুগ্রহ করিলেন, তবে এই ভৃত্যের স্থান হইতে যাইবেন না। বিনয় ৪ করি, অল্প জল আনাইয়া দি, পাদপ্রক্ষালন করিয়া এই বৃক্ষ তলে বিশ্রাম করুণ। এবং কিছু খাদ্য ৫ আনিয়া দি, তাহাদ্বারা অন্তঃকরণ আপ্যায়িত † করুণ; পরে গমন করিবেন; এই জন্যে আপন দাসের নিকটে আগত হইলেন; তখন তাহারা কহিল, যাহা বলিতেছ তাহাই কর। তাহাতে ইব্রাহীম্ শীঘ্র তাম্বুগৃহে সারার ৬ নিকটে গিয়া কহিল, তিন শের ময়দা ছানিয়া চুলাতে সেকিয়া শীঘ্র ‡ পূপ প্রস্তুত কর। পরে ইব্রাহীম্ ত্বরায় ৭ পালের নিকটে গিয়া উৎকৃষ্ট কোমল বৎস লইয়া ভৃত্যকে দিলে সে তাহা শীঘ্র রন্ধন করিল। তখন সে ৮ দধি, দুগ্ধ, ও পক্ক বৎসের মাংস আনিয়া তাহাদের সাক্ষাতে রাখিল, এবং তাহাদের ভোজন সময়ে বৃক্ষতলে তাহাদের নিকটে দাঁড়াইল। অদনন্তর তাঁহারা ৯ তাহাকে জিজ্ঞাসিলেন, তোমার ভার্য্যা সারা কোথায়? সে কহিল, দেখ, সে তাম্বুতে আছে। তাহাতে তাহাদের ১০ এক ব্যক্তি কহিলেন, আমি আগামি বৎসরের এই সময়ে অবশ্য আসিব; এবং দেখ, তোমার স্ত্রী সারার এক পুত্র জন্মিবে। এই কথা সারা তাম্বু দ্বারের পশ্চাৎ

[৬] আ ২৫; ১-১৮। আ ৩৬; । ম ১; ৬-১২ ।।—[৭] গল ৩; ১৩।।—[৮] আ ১৫; ১৮।।—[১৬] গল ৩; ২২-৩১। ম ১; ৬-১২ ।।—[১৯] প ১৭। প ৭ ।।—[২০] আ ২৫; ১২-১৮।।—[২১] প ৭। প ১১ ।।
[১৮ অধ্য; ১] আ ১৩; ১৮।।—[২] ইব্রু ১৩; ২ ।।—[১০] আ ১৭; ২১ ।।

* [ইব্রু] নানা জাতি হইবে। † (বা) স্থির কর। ‡(ইব্রু) শীঘ্র কর।

১১ থাকিয়া শুনিল। সেই সময়ে ইব্রাহীম্ ও সারা অতি-বৃদ্ধ ছিল, এবং সারার স্ত্রীধর্ম্ম নিবৃত্ত হইয়াছিল। ১২ তাহাতে সারা হাসিতে২ মনে২ কহিল, আমার ও আমার স্বামির বৃদ্ধদশাতে কি এমত আনন্দ হইবে? ১৩ তখন পরমেশ্বর ইব্রাহীম্কে কহিলেন, আপনার বৃদ্ধাবস্থাতে কি নিশ্চয় সন্তান জন্মিবে? ইহা ভাবিয়া ১৪ সারা কেন হাসিল? পরমেশ্বরের অসাধ্য কোন্ কর্ম্ম? আগামি বৎসরের এই সময়ে আমি ফিরিয়া আসিব, ১৫ তখন সারার পুত্র হইবে। তাহাতে সারা অস্বীকার করিয়া কহিল, আমি হাসি নাই; কেননা সে ভয় পাইল। তাহাতে তিনি কহিলেন, তুমি অবশ্যই হাসিলা।

১৬ পরে সেই ব্যক্তিরা তথাহইতে উঠিয়া সিদোমের দিগে প্রস্থান করিলে ইব্রাহীম্ পথ দেখাইতে তাহাদের ১৭ সঙ্গে২ চলিল। পরে পরমেশ্বর কহিলেন, আমি যাহা করিতে উদ্যত হই, তাহা কি ইব্রাহীম্ হইতে লুকাইব? ১৮ ইব্রাহীম্হইতে মহান ও বলবান এক জাতি উৎপন্ন হইবে, ও পৃথিবীর তাবৎ জাতি তাহাহইতে মঙ্গল ১৯ প্রাপ্ত হইবে। আমি তাহাকে জানি, সে আপন ভাবি-সন্তানগণকে ও পরিবারদিগকে পরমেশ্বরের পথে চলিতে এবং ন্যায় ও ধর্ম্ম করিতে আজ্ঞা দিবে; তাহাতে ইব্রাহীমের বিষয়ে পরমেশ্বরের উক্ত প্রতিজ্ঞা ২০ সিদ্ধ হইবে। পরমেশ্বর আরো কহিলেন, সিদোমের ও অমোরার মহাধ্বনি উঠিতেছে, তাহাদের পাপ অতি ২১ গুরুতর; এই জন্যে আমি নীচে দেখিতে গিয়া আমার নিকটে আগত ধ্বনি অনুসারে তাহারা সর্ব্বতোভাবে করিয়াছে কি না, তাহা জানিব।

২২ পরে সেই ব্যক্তিরা তথাহইতে ফিরিয়া সিদোমের দিগে গমন করিলেন; কিন্তু ইব্রাহীম্ পরমেশ্বরের ২৩ সাক্ষাতে তখনও দণ্ডায়মান থাকিল। পরে ইব্রাহীম্ নিকটে গিয়া কহিল, তুমি কি পাপিদের সহিত ধার্ম্মিক-২৪ দিগকেও সংহার করিবা? নগরের মধ্যে পঞ্চাশ জন ধার্ম্মিক হইতে পারে, তন্মধ্যস্থিত পঞ্চাশ জন ধার্ম্মিক-দের জন্যে কি সেই স্থানকে রক্ষা না করিয়া বিনষ্ট ২৫ করিবা? পাপিদের সহিত ধার্ম্মিকদের বিনাশ করা, এই প্রকার কর্ম্ম তোমাহইতে দূরে থাকুক; ও ধার্ম্মিকগণকে পাপিদের সমান করা তোমাহইতে দূরে থাকুক। সমস্ত পৃথিবীর বিচারকর্ত্তা কি ন্যায় করিবেন না? ২৬ তাহাতে পরমেশ্বর কহিলেন, আমি যদ্যপি সিদোম্ নগরে পঞ্চাশ জন ধার্ম্মিক দেখি, তবে তাহাদের নিমিত্তে ২৭ তাবৎ স্থান রক্ষা করিব। তাহাতে ইব্রাহীম্ কহিল, দেখ, আমি মৃত্তিকা ও ভস্মমাত্র হইলেও প্রভুর প্রতি কথা ২৮ কহিতে উদ্যত হইয়াছি। যদি পঞ্চাশ জন ধার্ম্মিকের পাঁচ জন ন্যূন হয়, তবে পাঁচ জন ত্রুটির জন্যে কি সকল নগর বিনষ্ট করিবা? তিনি কহিলেন, আমি পঁয়তাল্লিশ জন পাইলেও তাহা বিনষ্ট করিব না। সে তাঁহাকে পুনর্ব্বার ২৯ কহিল, সে স্থানে যদি চল্লিশ জন পাওয়া যায়? তিনি কহি-লেন, চল্লিশ জন পাইলেও তাহা করিব না। আর বার সে ৩০ কহিল, প্রভু বিরক্ত হইবেন না, তবে আরো কহি; যদি সেখানে ত্রিশ জন পাওয়া যায়? তিনি কহিলেন, ত্রিশ জন পাইলেও তাহা করিব না। সে কহিল, দেখ, প্রভুর প্রতি ৩১ আমি সাহসী হইয়া পুনর্ব্বার কহি, যদি সেখানে বিংশতি জন পাওয়া যায়? তিনি কহিলেন, বিংশতি জন পাইলেও তাহা নষ্ট করিব না। সে কহিল, ইহাতে প্রভু ক্রুদ্ধ হই-৩২ বেন না, আমি কেবল আর এক বার কহি; যদি সেখানে দশ জন পাওয়া যায়? তিনি কহিলেন, দশ জন পাইলেও তাহা নষ্ট করিব না। তখন পরমেশ্বর ইব্রাহীমের ৩৩ সহিত এই রূপ কথোপকথন শেষ করিয়া প্রস্থান করিলেন, এবং ইব্রাহীম্ ও স্বস্থানে প্রস্থান করিল।

১৯ অধ্যায়।

১ লোটের কাছে দুই দূতের আগমন ও তাহাদের প্রতি সিদোম্ লোকদের কুব্যবহার এবং লোটের ও তাহার দুই কন্যার রক্ষা ও সিদোম্ লোকদের ও লোটের স্ত্রীর বিনাশ, ২৭ ও সিদোমের বিনাশে ইব্রাহীমাদির রক্ষা, ৩০ ও লোট্ ও তাহার দুই কন্যার কুব্যবহার দ্বারা মোয়াব্ ও অম্মোনীয় লোকদের উৎপত্তি।

১ অপর সন্ধ্যাকালে দুই স্বর্গ দূত সিদোম্ নগরে উপ-স্থিত হইলে, নগর দ্বারে উপবিষ্ট লোট্ তাহাদিগকে দেখিয়া উঠিয়া তাহাদের সহিত সাক্ষাৎ করিল, এবং ২ ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিয়া কহিল, হে আমার প্রভুগণ, আমি বিনয় করি, অদ্য রাত্রিতে এই দাসের গৃহে আসিয়া বাস করুণ এবং পাদ প্রক্ষালন করুণ; পরে প্রত্যূষে উঠিয়া যাত্রা করিবেন; তাহাতে তাঁহারা কহি-৩ লেন, না, আমরা সমস্ত রাত্রি পথেই থাকিব। তাহাতে লোট্ অতিশয় যত্ন করিলে তাঁহারা তাহার সঙ্গে তাহার বাটীতে গিয়া প্রবেশ করিলেন; তখন সে তাঁহাদের জন্যে তাড়ীশূন্য রুটী প্রভৃতি খাদ্য সামগ্রী ৪ প্রস্তুত করিলে তাঁহারা ভোজন করিলেন। কিন্তু তাঁহা-দের শয়নের পূর্ব্বে সিদোম্ নগরীয় আবাল বৃদ্ধ তাবৎ লোক চতুর্দ্দিগহইতে আসিয়া তাহার ঘর ৫ ঘেরিল। এবং লোট্কে ডাকিয়া কহিল, অদ্য রাত্রিতে যে মনুষ্যেরা তোমার বাটীতে আইল, তাহারা কোথায়? তাহাদিগকে আমাদের নিকটে বাহিরে আন, আমরা ৬ তাহাদিগেতে উপগত হইব। তখন লোট্ বাহিরে ৭ আসিয়া দ্বার রুদ্ধ করিয়া কহিল, হে ভাই সকল, আমি ৮ বিনয় করি, এমত কুব্যবহার করিও না। দেখ, আমার দুই অনূঢ়া কন্যা আছে, তাহাদিগকে তোমাদের নিকটে আনি, তোমরা তাহাদের সহিত স্বেচ্ছাচার কর, কিন্তু এই মনুষ্যদের প্রতি কিছুই করিও না,

---

[১২] ১ পি ৩; ৬ ॥—[১৪] লূ ১; ৩৭। প ১০ ॥—[১৭] গী ২৫; ১৪ ।—[১৮] আ ১২; ৩। গল ৩; ৮, ৯ ॥
[২১] আ ১১; ৫ ॥—[২৫] লূ ১৮; ১-৭ ॥—[২৬] য ২২; ২৪ ॥—[২৭] আ ৩; ১৯ ॥—[৩২] যাক ৫; ১৬ ॥
[১৯ অধ্যা; ১] আ ১৮; ২২ ॥—[২] ১৮; ১। ইব্রি ১৩; ২ ॥—[৫] রো ১; ২৪, ২৭॥

৯ কেনন। তাহারা আমার গৃহ আশ্রয় করিল। তখন তাহারা কহিল, সরিয়া যাও; এবং পুনশ্চ কহিল, এই এক বিদেশী আমাদের মধ্যে প্রবাস করিতে আসিয়া আমাদের বিচারকর্ত্তা হইতে চাহে; এখন তাহাদের অপেক্ষা তোমার প্রতি আরো কুব্যবহার করিব; তাহাতে তাহারা লোটের প্রতি আক্রমণ করিয়া কবাট ১০ ভাঙ্গিতে গেল। তখন সেই দুই লোক হস্তদ্বারা আপনাদের নিকটে গৃহেতে লোট্কে টানিয়া লইয়া দ্বার রুদ্ধ ১১ করিলেন, এবং দ্বারের নিকটস্থিত ক্ষুদ্র ও মহল্লোকদিগকে অন্ধ করিলেন; তাহাতে তাহারা দ্বার খুঁজিতে ২ ১২ পরিশ্রান্ত হইল। পরে ঐ মনুষ্যেরা লোট্কে কহিলেন, এই নগরে তোমার আর কে ২ আছে? পুত্র ও কন্যা ও জামাতাদি, এবং যে ২ বিষয় এই নগরে থাকে, সে সমস্ত ১৩ এই স্থান হইতে লইয়া যাও। কেননা আমরা এই স্থানকে উচ্ছিন্ন করিব, পরমেশ্বরের সাক্ষাতে এই নগরের বড় ধ্বনি উঠিয়াছে; অতএব পরমেশ্বর এই নগরকে ১৪ উচ্ছিন্ন করিতে আমাদিগকে পাঠাইয়াছেন। তখন লোট্ বাহিরে গিয়া তাহার কন্যার সহিত বিবাহিত জামাতাদিগকে কহিল, উঠ, এ স্থান হইতে বাহির হও, পরমেশ্বর এই নগরকে উচ্ছিন্ন করিবেন; কিন্তু জামাতা সকল উপহাসকারির ন্যায় তাহাকে বোধ করিল। ১৫ অপর প্রভাত হইলে দূতগণ লোট্কে সত্বর করিয়া কহিলেন, উঠ, আপনার যে স্ত্রী ও যে দুই কন্যা এখানে আছে, * তুমি তাহাদিগকে লইয়া যাও; নতুবা ১৬ নগরের দণ্ডেতে † বিনষ্ট হইবা। তথাপি সে বিলম্ব করিলে পরমেশ্বরের অনুগ্রহ প্রযুক্ত তাহারা তাহার ও তাহার স্ত্রীর ও দুই কন্যার হস্ত ধরিয়া নগরের ১৭ বাহিরে লইয়া রাখিলেন। এই রূপে তাহাদিগকে বাহির করিয়া তাহাদের এক ব্যক্তি লোট্কে কহিলেন, প্রাণ রক্ষার্থে পলায়ন কর, পশ্চাদ্দিগে দৃষ্টি করিও না, এবং এই সকল প্রান্তরের মধ্যেও থাকিও ১৮ না; পর্ব্বতে পলায়ন কর, নতুবা বিনষ্ট হইবা। তাহাতে লোট্ উত্তর করিল, হে আমার প্রভো, এমন নহে; ১৯ এখন এই ভৃত্যের প্রতি অনুগ্রহ ও অতিশয় দয়া করিয়া প্রাণ রক্ষা করিলেন; আমি পর্ব্বতে পলায়ন করিতে পারি না; কি জানি, সেখানে বিপদ ঘটিলে ২০ মরিব। দেখ, এখন পলায়ন করিতে ঐ যে নগর নিকটবর্ত্তি, সে ক্ষুদ্র আছে; ঐ স্থানে পলাইতে আজ্ঞা করুণ, তাহাতে আমার প্রাণ বাঁচিবে, তাহা কি ক্ষুদ্রস্থান নয়? এই জন্যে ঐ স্থানের নাম সোয়র্ (ক্ষুদ্র) হইল। ২১ তাহাতে তিনি কহিলেন, ভাল, তোমাকে অনুগ্রহ করিয়া ‡ তাহাও স্বীকার করিতেছি, তুমি যে নগরের ২২ জন্যে প্রার্থনা করিতেছ, তাহা নষ্ট করিব না। কিন্তু শীঘ্র সে স্থানে পলায়ন কর; কেননা তুমি সে স্থানে উপস্থিত না হইলে আমি কিছু করিতে পারিব না। পরে লোট্ সোয়র্ নগরে প্রবেশ করিলে ‖ ঐ দেশে ২৩ সূর্য্যোদয় হইল। তখন পরমেশ্বর আপনাহইতে ফলতঃ ২৪ আকাশ হইতে সিদোমের ও অমোরার উপরে সগন্ধক অগ্নি বৃষ্টি করিয়া সেই সমুদয় নগর ও প্রান্তর ও ২৫ তন্নিবাসি লোক ও সেই ভূমিতে জাত তাবৎ বস্তুকে বিনষ্ট করিলেন। ঐ সময়ে লোটের স্ত্রী পশ্চাদ্দিগে ২৬ দৃষ্টি করাতে লবণ স্তম্ভ হইল।

অপর ইব্রাহীম্ প্রত্যূষে উঠিয়া পূর্ব্বে যে স্থানে ২৭ পরমেশ্বরের সাক্ষাতে দাঁড়াইয়াছিল, তথায় উপস্থিত হইয়া সিদোমের ও অমোরার ও সেই সকল প্রান্তরের ২৮ ভূমির প্রতি অবলোকন করিলে সেই দেশ হইতে অগ্নি কুণ্ডের ধূমের ন্যায় ধূম উঠিতে দেখিল। কিন্তু ঈশ্বর ২৯ সেই প্রান্তরস্থিত তাবৎ নগরের বিনাশ কালে ইব্রাহীম্কে স্মরণ করিলেন, এবং লোটের বাসস্থান নগরের বিনাশক অগ্নির মধ্যহইতে লোট্কে বাহির করিলেন।

অনন্তর লোট্ সোয়রে বাস করিতে শঙ্কা করিয়া ৩০ তাহাহইতে নির্গত হইয়া আপন দুই কন্যার সহিত পর্ব্বতে বাস করিল; তাহাতে সে ও তাহার দুই কন্যা গুহাতে বাস করিল। অপর তাহার জ্যেষ্ঠা কন্যা ৩১ কনিষ্ঠাকে কহিল, আমাদের পিতা বৃদ্ধ, এবং সাংসারিক ব্যবহারানুসারে আমাদিগেতে উপগত হইতে এ দেশে কোন পুরুষ নাই। আইস, আমরা পিতাকে ৩২ দ্রাক্ষারস পান করাইয়া পিতার বংশ রক্ষার্থে তাহার সহিত শয়ন করি। পরে সেই রাত্রিতে তাহারা ৩৩ আপন পিতাকে দ্রাক্ষারস পান করাইলে তাহার জ্যেষ্ঠা কন্যা উঠিয়া গিয়া পিতার সহিত শয়ন করিল; কিন্তু সে যে শয়ন করিল ও উঠিয়া গেল, তাহা লোট্ জানিল না। অপর পরদিনে সেই জ্যেষ্ঠা কনিষ্ঠাকে ৩৪ কহিল, দেখ, আমি গত রাত্রিতে পিতার সহিত শয়ন করিলাম; আইস, অদ্য রাত্রিতেও পিতাকে দ্রাক্ষারস পান করাই; তাহাতে তুমি পিতার বংশ রক্ষার্থে যাইয়া তাহার সহিত শয়ন কর। তাহাতে সেই রাত্রিতেও ৩৫ পিতাকে দ্রাক্ষারস পান করাইয়া তাহার কনিষ্ঠা কন্যা উঠিয়া তাহার সহিত শয়ন করিল; কিন্তু সে যে শয়ন করিল ও উঠিয়া গেল, তাহা লোট্ জানিল না। এই রূপে ৩৬ লোটের দুই কন্যাই আপন পিতা হইতে গর্ব্ভবতী হইল। পরে জ্যেষ্ঠা কন্যা পুত্র প্রসব করিয়া তাহার নাম ৩৭ মোয়াব্ রাখিল; সে এখনকার মোয়াবীয় লোকদের আদিপিতা। এবং কনিষ্ঠা কন্যাও পুত্র প্রসব করিয়া ৩৮ তাহার নাম বিনম্মি রাখিল, সে এখনকার অম্মোনীয় লোকদের আদিপিতা।

---

[৯] ২ পি ২; ৭, ৮।।—[২৪] লূ ১৭; ২৮-৩০।।—[২৫] আ ১৩. ১০। ১৪; ৩।।—[২৬] প ১৭। লূ ১৭; ৩২। লূ ৯; ৬২।।—[২৭] আ ১৮; ২২।।—[২৯] ১২; ২। গী ৩৪; ২২।২ পি ২; ৬-১০।।—[৩০] প ২০।।—[৩১] আ ১৩; ১৩।।

* (ইব্রু) প্রাপ্ত হয়। † (বা) পাপেতে। ‡ (ইব্রু) তোমার মুখ গ্রাহ্য করিয়া। ‖ (বা) আগত হইলে।

২০ অধ্যায়।

১ ইব্রাহীমের আপন স্ত্রীকে ভগিনী কথনে অবীমেলক্ কর্ত্তৃক তাহার স্ত্রীর গৃহীত হওন ও স্বপ্নযোগে ঈশ্বর কর্ত্তৃক অনুযুক্ত হইয়া ইব্রাহীমের স্ত্রীকে ফিরিয়া দেওন।

১ অনন্তর ইব্রাহীম্ তথাহইতে দক্ষিণ দেশে যাত্রা করিয়া কাদেশের ও শূরের মধ্য স্থিত গিরর্ প্রদেশে ২ প্রবেশ করিয়া বসতি করিল। কিন্তু ইব্রাহীম্ আপন ভার্য্যা সারার বিষয়ে কহিল, সে আমার ভগিনী; এই নিমিত্তে গিররের রাজা অবীমেলক্ লোক পাঠাইয়া ৩ সারাকে গ্রহণ করিল। তাহাতে রাত্রিতে ঈশ্বর স্বপ্নযোগে অবীমেলকের নিকটে আসিয়া কহিলেন, দেখ, ঐ গৃহীতা স্ত্রী তোমার মৃত্যুর হেতু, কেননা সে ৪ স্বামির সহিত বিবাহিতা আছে। কিন্তু অবীমেলক্ তাহাতে উপগত না হওয়াতে কহিল, হে প্রভো, ৫ নির্দ্দোষ হইলেও কি এক জাতিকে বিনষ্ট করিবা? উনি আমার ভগিনী, এই কথা কি সেই ব্যক্তি আমাকে কহিল না? এবং উনি আমার ভ্রাতা, এমন কথা কি ইনিও কহেন নাই? অতএব মনের সরলতাতে ও ৬ হস্তের নির্দ্দোষতাতে এ কার্য্য করিলাম। তখন ঈশ্বর স্বপ্নযোগে তাহাকে কহিলেন, তুমি মনের সরলতাতেই এ কর্ম্ম করিয়াছ, তাহা আমি জানিয়া তাহাকে স্পর্শ করিতে তোমাকে না দিয়া আমার বিরুদ্ধে পাপ ৭ করিতে তোমাকে নিবৃত্ত করিলাম। অতএব এখন সেই মনুষ্যের ভার্য্যা তাহাকে ফিরিয়া দেও, কেননা সে ভবিষ্যদ্বক্তা; সে তোমার জন্যে প্রার্থনা করিবে, তাহাতে তুমি বাঁচিবা; কিন্তু যদি তাহাকে ফিরিয়া না দেও, তবে ৮ অবশ্য তুমি সপরিবারে মরিবা, ইহা জ্ঞাত হও। পরে অবীমেলক্ প্রত্যূষে উঠিয়া ভৃত্যদিগকে ডাকিয়া ঐ বৃত্তান্ত সকল তাহাদের কর্ণগোচরে কহিলে তাহারা ৯ অতিশয় ভীত হইল। পরে অবীমেলক্ ইব্রাহীম্কে ডাকিয়া কহিল, তুমি আমাদের প্রতি এ কি ব্যবহার করিলা? তুমি যে আমার প্রতি ও আমার রাজ্যের প্রতি এত বড় অপরাধ ঘটাইতে চাহিলা, আমি তোমার কাছে এমত কি দোষ করিলাম? তুমি আমার প্রতি ১০ অকর্ত্তব্য কর্ম্ম করিলা। অবীমেলক্ ইব্রাহীম্কে আরো ১১ কহিল, তুমি কি দেখিয়া এমত কর্ম্ম করিলা? তখন ইব্রাহীম্ কহিল, এ দেশে ঈশ্বরের প্রতি ভয় মাত্র নাই, ইহারা আমার স্ত্রীর লোভে আমাকে বিনষ্ট করিবে, ইহা আমি ১২ ভাবিলাম; আর সে আমার ভগিনীও বটে, কেননা সে আমার পিতৃ কন্যা, মাতৃ কন্যা নহে, এবং আমার ১৩ ভার্য্যা হইল। যখন ঈশ্বর আমাকে পৈতৃক বাটী-হইতে ভ্রমণ করাইলেন, তখন আমি তাহাকে কহিলাম, তুমি আমার প্রতি এই অনুগ্রহ কর, আমরা যে২ স্থানে যাইব, সেই২ স্থানে তুমি আমাকে ভ্রাতা বলিয়া পরিচয় দিও। ১৪ তখন অবীমেলক্ মেষ ও গোরু ও দাস ও দাসী আনাইয়া ইব্রাহীম্কে দিল, এবং তাহার স্ত্রী সারাকেও তাহার স্থানে সমর্পণ করিল। ১৫ পরে অবীমেলক্ কহিল, দেখ, এই সকল দেশ তোমার গোচরে আছে; তোমার যথা ইচ্ছা তথা বসতি কর। ১৬ এবং সারাকেও কহিল, দেখ, তোমাতে ও অন্য সকলেতে যাহা ঘটিল, তাহার নিমিত্তে তোমার ভ্রাতার স্থানে সহস্র থান রূপা প্রায়শ্চিত্তের দান * দিলাম। এই রূপে সে অনুযুক্তা হইল। ১৭ পরে ইব্রাহীম্ ঈশ্বরের কাছে প্রার্থনা করিলে ঈশ্বর অবীমেলককে ও তাহার স্ত্রীকে ও তাহার দাসীকে সুস্থ করিলেন; তাহাতে তাহারা পুত্র প্রসব করিল। ১৮ কেননা পরমেশ্বর ইব্রাহীমের ভার্য্যা সারার নিমিত্তে অবীমেলকের গৃহস্থিত-দের গর্ব্ভ রোধ করিয়াছিলেন।

২১ অধ্যায়।

১ ইস্হাকের জন্ম ও স্তন্যদুগ্ধ ত্যাগ করণ, ৯ ও হাজিরা দূরীকৃতা হইলে দূতদ্বারা তাহার শান্তি পাওন, ২২ ও ইব্রাহীমের সহিত অবীমেলকের নিয়ম স্থির করণ, ৩৩ ও বের্শেবাতে ইব্রাহীমের প্রার্থনা করণ।

১ অপর পরমেশ্বর আপন বাক্যানুসারে সারার সহিত সাক্ষাৎ করিয়া তাহার প্রতি প্রতিজ্ঞা সফল করিলেন। ২ তাহাতে সারা ইব্রাহীমের বৃদ্ধাবস্থাতেই গর্ব্ভবতী হইয়া ঈশ্বরোক্ত নিরূপিত সময়ে পুত্র প্রসব করিল। ৩ তখন ইব্রাহীম সারার গর্ব্ভজাত ঐ পুত্রের নাম ইস্হাক্ (হাস্য) রাখিল। ৪ এবং ঈশ্বরাজ্ঞানুসারে ঐ পুত্র ইস্হা-কের আট দিন বয়সের সময়ে ত্বকছেদ করিল। ৫ ইব্রা-হীমের এক শত বৎসর বয়সের সময়ে তাহার পুত্র ইস্হাকের জন্ম হইল। ৬ অপর সারা কহিল, ঈশ্বর আমাকে হাস্য করাইলেন, ইহা শুনিয়া সকলেই আমার উদ্দেশে হাস্য করিবে। ৭ সে আরো কহিল, সারা কি পুত্রগণকে স্তন পান করাইবে, এমন কথা ইব্রাহীম্কে কে বলিতে পারিত? কেননা আমি এখন তাহার বৃদ্ধা-বস্থাতে পুত্র প্রসব করিলাম। ৮ অপর বালক বড় হইয়া স্তন পান ত্যাগ করিল; এবং যে দিনে ইস্হাক্ স্তন পান ত্যাগ করিল, সেই দিনে ইব্রাহীম্ মহাভোজ প্রস্তুত করিল।

৯ অনন্তর মিসরীয় হাজিরার গর্ব্ভজাত ইব্রাহীমের পুত্র পরিহাস করিতেছে, ইহা দেখিয়া সারা ইব্রাহীম্কে ১০ কহিল, তুমি এই দাসীকে ও ইহার পুত্রকে দূর করিয়া দেও; এ দাসীপুত্র আমার পুত্র ইস্হাকের সহিত উত্ত-রাধিকারী হইবে না। ১১ কিন্তু এই কথা শুনিয়া ইব্রাহীম্

[২০ অধ্য] আ ১২; ১০-২০ ।।—[১] ১৬; ৭, ১৪।।—[৩] ১২; ১৭ ।।—[৪] ১৮; ২৩ ।।—[৭] ১২; ২, ৩ । ১৮; ২৩-৩০। ১১; ২১। যূব ৪২; ৮ ।।—[১৩] আ ১২; ১২, ১৩ ।।—[১৭] প ৭ ।।—[১৮] গী ১০৫; ১৫ ।।
[২১ অধ্য; ১, ২] আ ১৭; ১৬। ১৮; ১০। ইব্রু ১১; ১১ ।।—[৩] আ ১৭; ১৭। ১৮; ১২ ।।—[৪] ১৭; ১০-১৪ ।।—[৫] ১৮; ১১, ১২ ।।—[৬] প ৩ ।।—[৯-১৩] আ ১৬; । গল ৪; ২২-৩০ ।।—[৯] গল ৪; ২৯ ।।

* (ইব্রু) চক্ষুর আচ্ছাদনার্থে।

অতি দুঃখিত হইল, যেহেতুক সেও তাহার পুত্র ছিল। ১২ তখন ঈশ্বর ইব্রাহীম্‌কে কহিলেন, তুমি আপন দাসী ও দাসীপুত্রের নিমিত্তে দুঃখিত হইও না; সারা যাহা তোমাকে কহিতেছে, তাহার সেই বাক্যেতে মনোযোগ কর; কেননা ইস্‌হাক্‌হইতে তোমার বংশ বিখ্যাত ১৩ হইবে। এবং এই দাসী পুত্র তোমার বংশ, এই জন্যে ১৪ তাহাহইতেও এক জাতি উৎপন্ন করিব। অতএব ইব্রাহীম্ প্রত্যূষে উঠিয়া রুটী ও জল পূর্ণ কুপা লইয়া হাজিরার স্কন্ধে রাখিল, এবং বালক দিয়া তাহাকে বিদায় করিল। তাহাতে সে প্রস্থান করিয়া বের্শেবা নামক প্রান্তরে ভ্রমণ ১৫ করিতে লাগিল। পরে কুপাস্থ জল শেষ হইলে হাজিরা ১৬ এক ঝোপের নীচে বালককে রাখিয়া তাহার সম্মুখহইতে এক তীর পরিমাণ দূরে গিয়া বসিল, এবং আমি যেন বালকের মৃত্যু না দেখি, ইহা কহিয়া বালকের সম্মুখ-হইতে দূরে বসিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল। ১৭ তখন ঈশ্বর বালকের রব শুনিলে তাঁহার দূত আকাশ হইতে ডাকিয়া হাজিরাকে কহিল, হে হাজিরা, তোমার কি হইল? ভয় করিও না, ঈশ্বর ঐ স্থানে স্থিত বালকের ১৮ রোদন শুনিলেন; তুমি উঠিয়া বালককে তুলিয়া হস্তে ধর; আমি তাহাহইতে এক মহাজাতি উৎপন্ন করিব। ১৯ তখন ঈশ্বর তাহার চক্ষুঃ প্রসন্ন করিলে সে সজল কুপ দেখিতে পাইয়া তথায় গমন পূর্ব্বক কুপা জলে পূরিয়া ২০ বালককে পান করাইল। পরে ঈশ্বর বালকের সহায় থাকিলেন, অপর সে ক্রমে২ বড় হইয়া প্রান্তরে বাস ২১ করাতে ধনুর্দ্ধর হইল। এবং পারণ্ নামক প্রান্তরে বসতি করিল। পরে তাহার মাতা মিসর্ দেশীয় কন্যার সহিত তাহার বিবাহ দিল।

২২ ঐ সময়ে অবীমেলক্ ও ফীখোল্ নামে তাহার সেনাপতি ইব্রাহীম্‌কে কহিল, পরমেশ্বর তোমার সকল ২৩ কার্য্যে সহায় আছেন। অতএব তুমি আমার ও আমার পুত্র পৌত্রের প্রতি বিশ্বাস ঘাতকতা করিবা না; এবং তোমার প্রতি যেরূপ অনুগ্রহ করিয়াছি, তদনুসারে আমার প্রতি ও তোমার এখনকার প্রবাসস্থান এ দেশের প্রতি অনুগ্রহ করিবা, এই কথা আমার ২৪ সাক্ষাতে ঈশ্বরের দিব্য করিয়া বল। তাহাতে ইব্রাহীম্ ২৫ কহিল, এই দিব্য করিব। কিন্তু অবীমেলকের ভৃত্যগণ ইব্রাহীমের সজল কূপ বলেতে অধিকার করিয়াছিল, এই জন্যে ইব্রাহীম্ অবীমেলক্‌কে অনুযোগ করিল। ২৬ তাহাতে অবীমেলক্ কহিল, এই কর্ম্ম কে করিল, তাহা আমি জানি না, এবং তুমিও আমাকে জানাও ২৭ নাই; এবং আমি কেবল অদ্য এ কথা শুনিলাম। পরে ইব্রাহীম্ মেষ ও গোরু লইয়া অবীমেলক্‌কে দিল, এবং ২৮ উভয়ে এক নিয়ম স্থির করিল। অপর ইব্রাহীম্ পাল-হইতে সাতটা মেষ বাচ্চা পৃথক করিয়া রাখিলে অবী- ২৯ মেলক্ তাহাকে জিজ্ঞাসিল, তুমি কি অভিপ্রায়ে এই সাত মেষ বাচ্চা পৃথক করিয়া রাখিলা? ইব্রাহীম্ ৩০ কহিল, আমি যে কূপ খুদিয়াছি, তাহার প্রমাণার্থে আমাহইতে এই সাত মেষ বাচ্চা গ্রহণ কর। অতএব ৩১ সেই স্থানের নাম বের্শেবা (দিব্যের কূপ) হইল, কেননা সেই স্থানে তাহারা উভয়ে দিব্য করিল। এই ৩২ কূপে তাহারা বের্শেবাতে নিয়ম স্থির করিলে পর অবীমেলক্ ও ফীখোল্ নামে তাহার সেনাপতি গাত্রো-থান করিয়া পিলেষ্টীয়দের দেশে প্রত্যাগমন করিল।

৩৩ পরে ইব্রাহীম্ সেই বের্শেবার নিকটে উপবন প্রস্তুত করিয়া তাহার মধ্যে নিত্যস্থায়ি প্রভু পরমেশ্বরের ৩৪ নামে প্রার্থনা করিল; এবং ইব্রাহীম্ পিলেষ্টীয়দের দেশে বহু কাল * পর্য্যন্ত প্রবাস করিল।

২২ অধ্যায়।

১ ইব্রাহীমের আপন পুত্র ইস্‌হাক্‌কে বলিদান করিতে আজ্ঞা পাওন ও তাহাতে প্রবৃত্ত হইলে ঈশ্বরের দূতদ্বারা নিষিদ্ধ হওন, ১৫ ও এই কর্ম্ম প্রযুক্ত ঈশ্বরের আশীর্ব্বাদ, ২০ ও ইব্রাহীমের ভ্রাতা নাহোরের বংশাবলি।

১ এই সকল ঘটনার পরে পরমেশ্বর পরীক্ষার্থে ইব্রা-হীম্‌কে কহিলেন, হে ইব্রাহীম্। তাহাতে সে উত্তর ২ করিল, দেখ, আমি উপস্থিত আছি। তখন তিনি কহি-লেন, তুমি আপন পুত্রকে, অর্থাৎ যে অদ্বিতীয় পুত্র ইস্‌হাক্‌কে তুমি ভাল বাসিতেছ, তাহাকে লইয়া মোরিয়া দেশে যাও, এবং আমি তথাকার যে পর্ব্বত বলিব, সেই পর্ব্বতের উপরে তাহাকে বলিদান করিয়া ৩ হোম কর। তাহাতে ইব্রাহীম্ প্রত্যূষে উঠিয়া গর্দ্দভ সাজাইয়া দুই ভৃত্য ও ইস্‌হাক্ পুত্রকে সঙ্গে লইল, এবং হোমের নিমিত্তে কাষ্ঠ কাটিলে পর গাত্রোত্থান ৪ করিয়া ঈশ্বরের নির্দ্দিষ্ট স্থানের প্রতি যাত্রা করিল। পরে তৃতীয় দিবসে ইব্রাহীম্ চক্ষু তুলিয়া অতি দূর হইতে ৫ সেই স্থান দেখিল; তখন ইব্রাহীম্ ভৃত্যদিগকে কহিল, তোমরা এই স্থানে গর্দ্দভের সহিত থাক; আমি ও বালক দুই জন ঐ স্থানে গিয়া আরাধনা করি, পশ্চাৎ ৬ তোমাদের কাছে ফিরিয়া আসিব। তখন ইব্রাহীম্ যজ্ঞ কাষ্ঠ লইয়া আপন পুত্র ইস্‌হাকের স্কন্ধে দিয়া হস্তে অগ্নি ও খড়্গ লইল; পরে উভয়ে একত্র চলিয়া গেল। ৭ অপর ইস্‌হাক্ আপন পিতা ইব্রাহীম্‌কে ডাকিয়া কহিল, হে আমার পিতঃ। তাহাতে সে উত্তর করিল, হে আমার পুত্র, আমি উপস্থিত আছি †। তখন সে জিজ্ঞাসিল, অগ্নি ও কাষ্ঠ দেখ, কিন্তু হোমের মেষ শাবক কোথায়? তাহাতে ৮ ইব্রাহীম্ কহিল, হে আমার পুত্র, ঈশ্বর আপনি হোমার্থে মেষ শাবক যোগাইবেন ‡। পরে উভয়ে একত্র চলিয়া

[১২] রো ৯; ৭, ৮। ইব্রু ১১; ১৮॥—[১৩] আ ১৭; ২০॥—[১৮] প ১৩॥—[২০] প ১৮। আ ১৬; ১২॥—[২২-৩২] ২৬; ২৬-৩৩॥—[২২] ২০; ২॥—[৩৩] ৪; ২৬॥

[২২ অধ্যা; ১] রো ৫; ৩, ৪॥—[২] ইব্রু ১১; ১৭-১৮। ২ বং ৩; ১॥—[৩] লূ ১৪; ২৬-৩৩॥—[৬] যো ১৯; ১৭॥

* (ইব্রু) অনেক দিন। † (ইব্রু) আমাকে দেখ। ‡ (বা) দেখিবেন।

৯ গেল। অপর ঈশ্বরের নির্দিষ্ট স্থানে উপস্থিত হইলে ইব্রাহীম্ সেখানে এক যজ্ঞ বেদি করিয়া তদুপরি কাষ্ঠ সাজাইয়া ইস্‌হাক্ পুত্রকে বান্ধিয়া বেদির কাষ্ঠোপরি ১০ রাখিল। পরে ইব্রাহীম্ হস্ত বিস্তার করিয়া পুত্রকে বধ ১১ করণার্থে খড়্গ গ্রহণ করিল। এমন সময়ে আকাশ হইতে পরমেশ্বরের দূত হে ইব্রাহীম্২ বলিয়া ডাকিলে সে ১২ কহিল,আমি উপস্থিত আছি। তাহাতে তিনি কহিলেন, তুমি ঐ বালকের প্রতিকূলে হস্ত তুলিয়া তাহার প্রতি কিছুই করিও না, কেননা ঈশ্বরের প্রতি তোমার ভয় আছে, ইহা এখন বুঝিলাম; যেহেতুক তুমি আমাকে আপনার একমাত্র পুত্রকে দিতেও অসম্মত হইলা না। ১৩ তখন ইব্রাহীম্ চক্ষু তুলিয়া চাহিলে আপন পশ্চাদ্দিগে ঝোপের লতাতে বদ্ধশৃঙ্গ এক মেষ দেখিল।তাহাতে ইব্রাহীম্ গিয়া সেই মেষকে লইয়া আপন পুত্রের পরিবর্ত্তে ১৪ হোমার্থে তাহাকে উৎসর্গ করিল। এবং ইব্রাহীম্ সেইস্থানের নাম যিহোবা-যিরি * রাখিল। এই জন্যে অদ্যাপি লোকেরা কহে,পর্ব্বতে পরমেশ্বর যোগাইবেন * *।

১৫ অপর পরমেশ্বরের দূত আকাশহইতে ইব্রাহীম্‌কে ১৬ দ্বিতীয় বার ডাকিয়া কহিলেন, পরমেশ্বর কহিতেছেন, তুমি আমাকে আপনার এক মাত্র পুত্রকে দিতে অসম্মত ১৭ হইলা না। তোমার এই কার্য্য প্রযুক্ত আমি আপন নামে দিব্য করিয়া কহিতেছি, তোমাকে আশীর্ব্বাদ করিয়া আকাশস্থ নক্ষত্রগণের ও সমুদ্রের বালুকার ন্যায় তোমার অতিশয় বংশ বৃদ্ধি করিব; তাহারা ১৮ শত্রুগণের নগর § অধিকার করিবে। এবং পৃথিবীস্থ তাবৎ জাতি তোমার বংশদ্বারা আশীর্ব্বাদ পাইবে; ১৯ কেননা তুমি আমার আজ্ঞা পালন করিয়াছ। পরে ইব্রাহীম্ সেই দাসদের নিকটে ফিরিয়া গেলে তাহারা উঠিয়া একত্র বের্শেবাতে গেল। এবং ইব্রাহীম্ বের্শেবাতে বাস করিল।

২০ ঐ ঘটনার পরে এক লোক ইব্রাহীম্‌কে এই সমাচার দিল, দেখ, তোমার নাহোর্ নামক ভ্রাতার ঔরসে ও ২১ মিল্‌কার গর্ব্ভে পুত্রগণ জন্মিয়াছে; তাহার জ্যেষ্ঠ পুত্রের নাম উষ্ ও তাহার ভ্রাতা বূষ্ ও অরামের পিতা ২২ কিমূয়েল্। এবং কেষদ্ ও হসো ও পিল্‌দশ্ ও যিদ্‌লফ্ ২৩ ও বিথূয়েল্। ঐ বিথূয়েলের কন্যা রিবকা। এই আট জন ইব্রাহীমের নাহোর্ নামক ভ্রাতা হইতে মিল্‌কার ২৪ গর্ব্ভে জন্মিল। এবং নাহোরের রূমা নামে উপপত্নীর গর্ব্ভে টেবহ ও গহম্ ও তহশ্ এবং মাখা জন্মিল।

২৩ অধ্যায়।

সারার মৃত্যু ও মকপেলা কবরস্থানে তাহার কবর দেওন।

১ সারার আয়ুর বৎসর এক শত সাতাইশ ছিল, ২ এবং তাহার আয়ু এত বৎসর হইলে, সে কিনান্ দেশের হিব্রোণে অর্থাৎ কিরিয়থর্ব্বে মরিল। তাহাতে ইব্রাহীম্ সারার নিমিত্তে শোক ও বিলাপ করিতে ৩ ভিতরে গেল। পরে মৃত স্ত্রীর নিকটহইতে উঠিয়া গিয়া ৪ ইব্রাহীম্ হেতের সন্তানদিগকে কহিল, আমি তোমাদের মধ্যে যাত্রী ও প্রবাসিলোক আছি,অতএব আপন দৃষ্টি গোচর হইতে মৃত স্ত্রীকে কবর দিতে তোমাদের মধ্যে ৫ আমাকে কবর স্থানের অধিকার দেও। তাহাতে হেতের ৬ সন্তানেরা ইব্রাহীম্‌কে উত্তর করিল, হে প্রভো,আমাদের কথা শুন; তুমি আমাদের মধ্যে প্রবল † রাজা; এখন আমাদের কবর স্থানের মধ্যে উত্তম কবরে আপন মৃত স্ত্রীকে রাখ, আমাদের কেহ নিজের কবরে তোমার মৃত ৭ স্ত্রীকে রাখিতে নিষেধ করিবে না। তখন ইব্রাহীম্ উঠিয়া হেতের সেই দেশ নিবাসী সন্তানগণকে নমস্কার ৮ ও সম্ভাষ করিয়া কহিল, আমার দৃষ্টিহইতে মৃত স্ত্রীকে কবরে রাখিতে যদি তোমাদের মনস্থ থাকে, তবে আমার কথা শুন। তোমরা আমার জন্যে সোহরের ৯ পুত্র ইফ্রোণের স্থানে নিবেদন কর, তিনি তোমাদের মধ্যে কবর স্থানের অধিকারার্থে মক্‌পেলাতে তাহার ক্ষেত্রের অন্তে যে গুহা, তাহা আমাকে দিউন; তাহার ১০ যত মূল্য হয়,তাহা ‡ লইয়া দিউন। তখন হেতীয় ইফ্রোণ্ হেতীয় সন্তানদের মধ্যে বসিয়া থাকাতে ঐ নিজ নগর দ্বারে প্রবেশকারি তাবৎ হেতীয় সন্তানদের সাক্ষাতে ‖ ১১ ইব্রাহীম্‌কে উত্তর করিল, হে আমার প্রভো, আমার কথা শুন, আমি তোমাকে সেই স্থান ও তাহাতে স্থিত গুহা দিলাম; আমি নিজ লোকদের সাক্ষাতেই তাহা তোমাকে দিলাম, তুমি আপন মৃত স্ত্রীকে কবরে দেও। ১২ তাহাতে ইব্রাহীম্ তদ্দেশীয় লোকদের সাক্ষাতে প্রণাম ১৩ করিল ও তদ্দেশীয় সকলের কর্ণগোচরে ইফ্রোণ্‌কে কহিল, তুমি যদি নিশ্চয় আমাকে তাহা দেও, তবে নিবেদন করি, আমার কথা শুন। আমি সেই ক্ষেত্রের মূল্য দি, তুমি তাহা গ্রহণ কর, পরে আমি সে ১৪ স্থানে মৃত স্ত্রীর কবর দিব। তাহাতে ইফ্রোণ্ ইব্রা- ১৫ হীম্‌কে উত্তর করিল, হে আমার প্রভো, আমার কথা শুন, সেই ভূমির মূল্য চারিশত রৌপ্য মুদ্রামাত্র; তাহাতে তোমার ও আমার কি হইতে পারে? ১৬ অতএব তুমি আপন মৃত স্ত্রীকে কবরে দেও। ইফ্রোণের এমত কথা শুনিয়া ইব্রাহীম্ হেতের সন্তানদের কর্ণগোচরে ইফ্রোণ্ কর্তৃক উক্ত তৎকালের বণিকদের মধ্যে চলিত চারিশত রৌপ্য মুদ্রা তৌল করিয়া ইফ্রোণ্‌কে ১৭ দিল। অতএব মম্রীর পূর্ব্বে মক্‌পেলার ইফ্রোণের যে ক্ষেত্র ছিল, তাহার মধ্যে যে গুহা ও তাহার

[১০] ইব্রু ১১; ১৭-১৯ ॥—[১২] রো ৮; ৩২। যাক ২; ২১ ॥—[১৩] ১ শি ১৫; ২২। মী ৬; ৭,৮ ॥—[১৪] গী ১২॥
[১৬] ইব্রু ৬; ১৩-১৮। রো ৮; ৩২ ॥—[১৭] আ ১৫; ৫। ১৭; ৪-৭। ইব্রু ১১; ১২ ॥—[১৮] আ ১৮; ১৮। প্রে ৩; ২৫। গাল ৩; ৮, ৯, ১৬। ইব্রু ১১; ১৭। যাক ২; ২০-২৩ ॥—[২০] আ ১১; ২৯ ॥—[২৩] ২৪; ১৫, ৬৭ ॥
[২৩ অধ্য; ৩] আ ১০; ১৫ ॥—[৪] ৪৯; ২৯-৩২। ৫০; ২৪, ২৫ ॥—[১০] রূ ৪; ১-৪ ॥—[১৭] আ ১৫; ৭ ॥

* পরমেশ্বর দেখিবেন। ** (বা) দেখিবেন। § (ইব্রু) নগরের দ্বার। † (ইব্রু) ঈশ্বরীয় ‡ (ইব্রু) সম্পূর্ণমূল্য। ‖ (ইব্রু) কর্ণে।

১৮ চতুর্দ্দিগের সীমাতে যে বৃক্ষ, সেই সকলেতে হেতের সন্তানদের ও সেই নগর নিবাসিদের সাক্ষাতে ইব্রা-
১৯ হীমের স্বত্ত্বাধিকার স্থির করা গেল। অনন্তর ইব্রাহীম্ মম্রীর পূর্ব্বে মক্‌পেলা স্থান স্থিত গুহাতে আপন ভার্য্যা সারার কবর দিল। সেই স্থান কিনান্‌দেশের হিব্রোণ্
২০ আছে। এই রূপে হেতের সন্তানদের দ্বারা সেই ভূমি ও তন্মধ্যস্থিত গুহা ইব্রাহীমের কবরস্থানের অধিকারার্থে স্থিরীকৃত হইল।

২৪ অধ্যায়।

১ ইব্রাহীমের আপন ভৃত্যকে দিব্য করাওন, ১০ ও সেই ভৃত্যের যাত্রা ও প্রার্থনা করণ, ১৫ ও রিব্‌কার সহিত সাক্ষাৎ করণ ও ঈশ্বরের ধন্যবাদ করণ ২৮ ও ঐ ভৃত্যকে লাবনের অতিথি করণ, ৩১ ও রিব্‌কাকে ভৃত্যের চাহন ও লাবন্ ও বিথূয়েলের তাহাকে দিতে স্বীকার করণ. ৫৫ ও রিব্‌কার ভৃত্যের সহিত যাত্রা করণ, ৬২ ও ইস্‌হাকের সহিত সাক্ষাৎ করণ।

১ ইব্রাহীম্ বহুসংখ্য বয়স প্রযুক্ত বৃদ্ধতম ছিল এবং পরমেশ্বর ইব্রাহীম্‌কে সর্ব্ব কর্ম্মে আশীর্ব্বাদ করিয়া-
২ ছিলেন; সে আপন গৃহের সর্ব্বাধ্যক্ষ বৃদ্ধ ভৃত্যকে কহিল, আমি বিনয় করি, তুমি আমার জঙ্ঘাতে হস্ত
৩ দিয়া আমার কাছে স্বর্গ মর্ত্ত্যের প্রভু পরমেশ্বরের নামে এই দিব্য কর, আমার পুত্রের বিবাহার্থে আমার এই বাস স্থান কিনানীয় লোকদের কন্যা গ্রহণ না
৪ করিয়া আমার দেশের জ্ঞাতিদের নিকটে গিয়া
৫ আমার পুত্র ইস্‌হাকের জন্যে কন্যা আনিবা। তখন সেই ভৃত্য তাহাকে কহিল, যদি কোন কন্যা আমার সহিত এই দেশে আসিতে সম্মতা না হয়, তবে যে দেশহইতে তুমি আসিয়াছ, সেই দেশে কি তোমার
৬ পুত্রকে লইয়া যাইব? তাহাতে ইব্রাহীম্ কহিল,সাবধান, আমার পুত্রকে সেখানে কদাচ লইয়া যাইও
৭ না। কেননা স্বর্গের প্রভু পরমেশ্বর আমাকে পৈতৃক বাটী ও জ্ঞাতিদের মধ্যহইতে আনিয়া, আমি তোমার বংশকে এই দেশ দিব, এমত দিব্য করিয়াছেন; অতএব তিনি তোমার অগ্রে আপন দূত পাঠাইলে তুমি আমার পুত্রের বিবাহের জন্যে তথাহইতে এক কন্যা
৮ আনিও। কিন্তু যদি সেই দেশহইতে কোন কন্যা আসিতে সম্মতা না হয়, তবে তুমি ঐ দিব্য হইতে মুক্ত হইবা; কিন্তু আমার পুত্রকে সে দেশে লইয়া যাইও
৯ না। তাহাতে সেই ভৃত্য আপন প্রভু ইব্রাহীমের জঙ্ঘাতে হস্ত দিয়া তদ্বিষয়ে সেই রূপ দিব্য করিল।

১০ পরে সেই ভৃত্য আপন প্রভুর উষ্ট্রগণের মধ্যহইতে দশ উষ্ট্র ও প্রভুর নানা সম্পত্তি হস্তে লইয়া প্রস্থান করিয়া অরাম্-নহরয়িম্ দেশের নাহোর্ নগরে উপস্থিত হইল। পরে সন্ধ্যাকালে যে সময়ে কন্যাগণ জল
১১ তুলিতে আইসে, *তৎকালে সে নগরের বহিঃস্থ কূপের নিকটে উষ্ট্রদিগকে বসাইয়া রাখিল, এবং এই প্রার্থনা
১২ করিল। হে আমার স্বামি ইব্রাহীমের প্রভু পরমেশ্বর, আমি প্রার্থনা করি, আমার প্রভু ইব্রাহীমের প্রতি অনুগ্রহ করিয়া অদ্য আমার সহিত সাক্ষাৎ কর।দেখ,
১৩ আমি এই কূপের নিকটে দাঁড়াইয়া থাকিতে২ নগর বাসিদের যে কন্যাগণ জল তুলিতে আসিতেছে, তাহা-
১৪ দের মধ্যে কোন কন্যাকে, তুমি আপন কলশ নামাইয়া আমাকে জল পান করাও, এই কথা কহিলে, সে যদি বলে, পান কর, এবং তোমার উষ্ট্রগণকে ও পান করাইব, তবে যে কন্যাকে আপন ভৃত্য ইস্‌হাকের জন্যে নিযুক্ত করিয়াছ, সে সে হউক্, তাহাতে তুমি আমার প্রভুর প্রতি অনুগ্রহ করিয়াছ, ইহা আমি জানিব।

১৫ এই কথা কহিতে২ ইব্রাহীমের নাহোর্ নামক ভ্রাতার স্ত্রী মিল্‌কার গর্ব্ভজাত যে বিথূয়েল্ তাহার কন্যা রিব্‌কা স্কন্ধে কলশ লইয়া বাহিরে আইল।সেই কন্যা
১৬ পরম সুন্দরী ও অবিবাহিতা ছিল, এবং কোন পুরুষের উপভুক্তা নহে। সে কূপে নামিয়া কলশ পূরিয়া উঠিয়া
১৭ আসিতেছে, এমন সময়ে সেই ভৃত্য দৌড়িয়া তাহার সঙ্গে সাক্ষাৎ করিয়া কহিল, আমি বিনয় করি, তোমার কলশহইতে আমাকে কিঞ্চিৎ জল পান করিতে দেও।
১৮ তাহাতে সে কহিল, হে মহাশয়, পান কর, ইহা বলিয়া সে শীঘ্র কলশ হাতের উপরে নামাইয়া তাহাকে পান
১৯ করিতে দিল। এবং তাহাকে পান করাইয়া কহিল, যাবৎ সকল উষ্ট্রের পান সমাপ্ত না হয়, তাবৎ আমি
২০ তাহাদের জন্যেও জল তুলিব। তাহাতে সে শীঘ্র নিপানে কলশের জল ঢালিয়া পুনশ্চ জল তুলিতে কূপের নিকটে
২১ দৌড়িয়া গিয়া তাবৎ উষ্ট্রের নিমিত্তে জল তুলিল।তাহাতে সে পুরুষ নিরীক্ষণ করিয়া, পরমেশ্বর কর্তৃক আপনার যাত্রা সফল হইবে কি না, নীরব হইয়া তাহা ভাবিতে
২২ লাগিল। এবং উষ্ট্রদের জল পান করাইলে সেই পুরুষ তাহার জন্যে অর্দ্ধমুদ্রা পরিমিত সুবর্ণের নথ, এবং দশ মুদ্রা পরিমিত সুবর্ণের দুই হস্তের বালা লইয়া কহিল,
২৩ নিবেদন করি, তুমি কাহার কন্যা? তাহা আমাকে বল। আমাদের রাত্রি যাপনার্থে কি তোমার পিতার বাটীতে
২৪ স্থান আছে? তাহাতে সে উত্তর করিল,নাহোরের ঔরসে মিল্‌কার গর্ব্ভে জাত যে বিথূয়েল্ তাহার কন্যা আমি।
২৫ সে আরো কহিল, আমাদের পোয়াল ও কলাই যথেষ্ট আছে, এবং রাত্রি যাপনার্থে স্থানও আছে। তখন
২৬ সে ব্যক্তি মস্তক নমন করিয়া পরমেশ্বরকে প্রণাম
২৭ করিয়া কহিল, আমার স্বামী ইব্রাহীমের প্রভু পরমেশ্বর ধন্য হউন, কেননা তিনি আমার স্বামির প্রতি

[২৪ অধ্য; ২] আ ১৫; ২, ৩ ॥—[৩] ৯; ২৫ ॥—[৪] যা ৩৪; ১৫, ১৬। দ্বি ৭; ৩। ১ ক ৭; ৩৯। ২ ক ৬; ১৪ ॥—[৭] আ ১২; ১, ৭। ১৭; ৮ ॥—[১১] ২৯; ৯, ১০। যা ২; ১৬ ॥—[১২] হি ৩; ৬। ফি ৪; ৬ ॥—[১৫] গী ১৩৯; ৪। আ ২২; ২২, ২৩ ॥—[১৮,১৯] হি ৩১; ২৬। ফি ৪; ৮ ॥—[২৪] প ১৫ ॥—[২৬] প ১২ ॥—[২৭] ইফ ৫; ২০। গী ৫০; ২৩॥

* (ইব্রি) জল বহনকারিণী বাহিরে আইসে।

অনুগ্রহ ও সত্যাচরণ করিতে নিবৃত্ত হন নাই; এবং পরমেশ্বর আমাকেও যাত্রাদ্বারা আমার প্রভুর জ্ঞাতির গৃহেতে আনিলেন।

২৮ অপর সেই কন্যা দৌড়িয়া গিয়া আপন মাতার গৃহের ২৯ লোকদিগকে ঐ কথা জানাইল। লাবন্ নামে রিব্‌কার এক ভ্রাতা ছিল; সে বাহিরে কূপে ঐ মনুষ্যের নিকটে ৩০ দৌড়িয়া গেল। এবং এই পুরুষ আমাকে অমুক কথা কহিল, আপন ভগিনী রিব্‌কার প্রমুখাৎ ইহা শুনিয়া, ভগিনীর নথ ও হস্তে বালা দেখিয়া সেই পুরুষের নিকটে গিয়া কূপের সমীপে উষ্ট্রদের সহিত তাহাকে ৩১ দাঁড়াইয়া থাকিতে দেখিয়া কহিল, হে পরমেশ্বরের অনুগৃহীত লোক, তুমি বাহিরে দাঁড়াইতেছ কেন? ঘরে আইস, ঘর প্রস্তুত আছে,এবং উষ্ট্রদেরও স্থান আছে। ৩২ তাহাতে ঐ মনুষ্য ঘরে গেলে সে তাহার উষ্ট্রদের সজ্জা খুলিয়া তাহাদিগকে পোয়াল ও কলাই দিয়া তাহার ও ৩৩ তৎসঙ্গি লোকদের পাদ প্রক্ষালনার্থে জল দিল। এবং তাহার সম্মুখে ভোজনের অন্ন স্থাপিত হইলে সে কহিল, বক্তব্য কথা না বলিয়া আমি ভোজন করিব না। তাহাতে ৩৪ লাবন্ কহিল, কহ। তখন সে কহিতে লাগিল, আমি ৩৫ ইব্রাহীমের ভৃত্য; পরমেশ্বরের মহাশীর্ব্বাদে আমার প্রভু বড় মানুষ হইলেন, এবং পরমেশ্বর তাহাকে পাল ২ মেষ ও গবাদি এবং উষ্ট্র ও গর্দ্দভ এবং রৌপ্য ৩৬ ও স্বর্ণ এবং দাস ও দাসী দিয়াছেন। এবং আমার প্রভুর স্ত্রী সারা বৃদ্ধাবস্থাতে তাহার জন্যে এক পুত্র প্রসব ৩৭ করিলে সে তাহাকে আপন সর্ব্বস্ব সমর্পণ করিল। এবং আমার প্রভু আমাকে এই দিব্য করাইয়া কহিলেন, তুমি আমার পুত্রের বিবাহের জন্যে আমার এখানকার বাসস্থান কিনান্ দেশীয়দের কোন কন্যাকে না লইয়া ৩৮ আমার পৈতৃক বাটীতে জ্ঞাতিদের নিকটে গিয়া আমার ৩৯ পুত্রের জন্যে কন্যা আনিও। তাহাতে আমি প্রভুকে কহিলাম, যদি কোন কন্যা আমার সঙ্গে না আইসে? ৪০ তাহাতে তিনি কহিলেন, আমি যে পরমেশ্বরের সাক্ষাতে যাতায়াত করি, তিনি তোমার সঙ্গে আপন দূত পাঠা- ৪১ ইয়া তোমার যাত্রা সফল করিবেন। তাহাতে তুমি আমার পৈতৃক বাটীর জ্ঞাতিদের হইতে আমার পুত্রের জন্যে কন্যা আনিবা। আর তাহারা যদি কন্যা না দেয়, তবে দিব্যহইতে মুক্ত হইবা; আমার জ্ঞাতিদের ৪২ নিকটে গেলেই তুমি দিব্যহইতে মুক্ত হইবা। অতএব অদ্য আমি কূপের নিকটে আসিয়া এই প্রার্থনা করি- লাম, হে আমার স্বামি ইব্রাহীমের প্রভু পরমেশ্বর, ৪৩ যদি আমার কৃত যাত্রা সফল কর, তবে দেখ, আমি এখন এই সজল কূপের নিকটে দাঁড়াইয়া থাকিতে২ যে কন্যা জল তুলিতে আইসে, তোমার কলশ হইতে আমাকে কিঞ্চিৎ জল পান করিতে দেও, এই কথা আমি ৪৪ বিনয় করিয়া তাহাকে কহিলে সে যদি বলে, পান কর, এবং তোমার উষ্ট্রদের জন্যেও জল তুলিয়া দিব; তবে যে কন্যাকে পরমেশ্বর আমার প্রভুর পুত্রের জন্যে নিযুক্ত করিয়াছেন, সে সেই হউক। এই কথা আপন ৪৫ মনে ভাবিতেছিলাম,ইতিমধ্যে রিব্‌কা স্কন্ধে কলশ লইয়া বাহিরে আইল, এবং সে কূপে নামিয়া জল তুলিলে আমি কহিলাম, বিনয় করি,আমাকে জল পান করাও। ৪৬ তাহাতে সে শীঘ্র স্কন্ধহইতে কলশ নামাইয়া কহিল, পান কর,এবং তোমার উষ্ট্রদিগকেও পান করিতে দিব। তখন আমি পান করিলে পর সে উষ্ট্রগণকেও পান ৪৭ করাইল। পরে আমি তাহাকে জিজ্ঞাসিলাম, তুমি কাহার কন্যা? তাহাতে সে উত্তর করিল, নাহোরের ঔরসে মিল্‌কার গর্ব্ভজাত যে বিথুয়েল্, আমি তাহার কন্যা। তখন তাহার নাসিকাতে নথ ও হস্তে বালা পরাইলাম। এবং যিনি তাহার পুত্রের জন্যে ভ্রাতার কন্যা গ্রহণ করিতে আমাকে প্রকৃত পথে লইয়া গেলেন, ৪৮ আমি ভূমিষ্ঠ হইয়া,আমার স্বামি ইব্রাহীমের সেই প্রভু পরমেশ্বরকে প্রণাম করিয়া ভজনা ও ধন্যবাদ করিলাম। ৪৯ অতএব তোমরা যদি এখন যথার্থ রূপে আমার প্রভুর প্রতি অনুগ্রহ কর, তবে তাহা বল; আর যদি না কর, তাহাও বল;তাহাতে আমি দক্ষিণে কিম্বা বামেতে যাইব। ৫০ তখন লাবন্ ও বিথুয়েল্ উত্তর করিল, পরমেশ্বরহইতে এই ঘটনা হইল,ইহাতে আমরা ভাল মন্দ কিছুই বলিতে ৫১ পারি না। দেখ, ঐ রিব্‌কা তোমার সম্মুখে উপস্থিতা আছে; উহাকে লইয়া প্রস্থান কর; তাহাতে পরমেশ্বরের বাক্যানুসারে সে তোমার প্রভুর পুত্রের ভার্য্যা হউক। ৫২ তখন ইব্রাহীমের ভৃত্য তাহাদের এই কথা শুনিয়া ভূমিষ্ঠ ৫৩ হইয়া পরমেশ্বরকে প্রণাম করিল। এবং ভৃত্য রূপার ও সুবর্ণের পাত্র ও বস্ত্র বাহির করিয়া রিব্‌কাকে দিল, এবং তাহার ভ্রাতাকে ও মাতাকেও বহুমূল্য দ্রব্য ৫৪ দিল। পরে সে ও তাহার সঙ্গিগণ ভোজন পান করিয়া রাত্রিতে তথায় বাস করিল।

৫৫ অনন্তর তাহারা প্রাতঃকালে উঠিলে সেই ভৃত্য কহিল, আমার প্রভুর নিকটে যাইতে আমাকে বিদায় কর। তাহাতে রিব্‌কার ভ্রাতা ও মাতা কহিল, এই কন্যা আমাদের নিকটে কিছু দিন *থাকুক, একান্তপক্ষে দশ ৫৬ দিন †থাকুক, পরে সে যাইবে। কিন্তু সে তাহাদিগকে কহিল, আমাকে বিলম্ব করাইও না, কেননা পরমেশ্বর আমার যাত্রা সফল করিলেন, এখন প্রভুর নিকটে ৫৭ যাইতে আমাকে বিদায় কর। তাহাতে তাহারা কহিল, আমরা কন্যাকে ডাকিয়া তাহার সম্মুখে জিজ্ঞাসা করি। ৫৮ পরে তাহারা রিব্‌কাকে ডাকিয়া কহিল, তুমি কি এই মনুষ্যের সহিত যাইবা? তাহাতে সে কহিল, ৫৯ যাইব। তখন তাহারা রিব্‌কা ভগিনীকে ও তাহার ধাত্রীকে ও ইব্রাহীমের ভৃত্যকে ও তাহার লোকদিগকে ৬০ বিদায় করিয়া রিব্‌কাকে এই আশীর্ব্বাদ করিল, তুমি

[৩০] হি ১১; ৮॥—[৩৫] হি ১০; ২২॥—[৩৬] আ ২১; ১০॥—[৪০] ১৭ : ১॥—[৫০] ৩১; ২৪॥—[৫২] প ২৭॥

* (বা) এক বৎসর † (বা) দশ মাস॥

আমাদের ভগিনী, সহস্র ২ লোকের জননী হও; তোমার ৬১ বংশ আপন শত্রুগণের নগর অধিকার করুক। পরে রিব্কা ও তাহার দাসীগণ উঠিয়া উষ্ট্রারোহণ করিয়া সেই মনুষ্যের পশ্চাৎ যাত্রা করিল। এই রূপে সেই ভৃত্য রিব্কাকে লইয়া প্রস্থান করিল।

৬২ অপর ইস্হাক্ দক্ষিণ দেশে বাস করাতে বের্লহয়্-৬৩ রোয়ী নামক স্থানে উপস্থিত হইল। এবং সন্ধ্যাকালে ধ্যান *করিতে ক্ষেত্রে গেল। ইতিমধ্যে চক্ষু তুলিয়া ৬৪ চাহিলে উষ্ট্রগণকে আসিতে দেখিল। এবং রিব্কা চক্ষু তুলিয়া ইস্হাক্কে দেখিয়া উষ্ট্র হইতে নামিল ৬৫ এবং ঐ ভৃত্যকে জিজ্ঞাসা করিল, আমাদের সঙ্গে সাক্ষাৎ করিতে ক্ষেত্রের মধ্যে আসিতেছে, এই পুরুষ কে? তাহাতে ভৃত্য কহিল, উনি আমার প্রভু। অতএব রিব্কা আবরক লইয়া আপনাকে আচ্ছাদন করিল। ৬৬ পরে সেই ভৃত্য ইস্হাক্কে আপনকৃত কর্ম্মের তাবৎ ৬৭ বিবরণ কহিল। তখন ইস্হাক্ রিব্কাকে গ্রহণ করিয়া সারা মাতার তাম্বুতে লইয়া গিয়া তাহাকে বিবাহ করিল, এবং তাহার প্রতি প্রেম করিল। তাহাতে ইস্হাক্ মাতৃমরণ শোকহইতে সান্ত্বনাযুক্ত হইল।

২৫ অধ্যায়।

১ কিটূরাদ্বারা ইব্রাহীমের বংশাবলি ও তাহার মৃত্যু ও কবর দেওন, ১১ ইস্হাকের প্রতি ঈশ্বরের আশীর্ব্বাদ ১২ ও ইস্মায়েলের বংশাবলি ও মৃত্যু ১৯ ও ইস্হাকের যমজপুত্রের জন্ম ২৭ ও এষৌর ব্যবসায় কর্ম্ম ও জ্যেষ্ঠাধিকার বিক্রয় করণ।

১ পরে ইব্রাহীম্ কিটূরা নাম্নী আর এক স্ত্রীকে বিবাহ ২ করিলে তাহার গর্ব্ভে সিম্রণ্ ও যক্ষন্ ও মিদান্ ও মিদিয়ন্ ও যিশ্বক্ ও শূহ, এই সকল পুত্র জন্মিল। ৩ এবং ঐ যক্ষনের ঔরসে শিবা ও দিদন্ জন্মিল। এবং ঐ দিদনের পুত্র অশূরীয়দের ও লিটূশীয়দের ৪ ও লিয়ুম্মীয়দের আদিপুরুষ ছিল। এবং মিদিয়নের পুত্র ঐফা ও এফর্ ও হনোক্ ও অবীদ ও ইল্দায়া, ৫ এই সকল কিটূরার বংশ। পরে ইব্রাহীম্ ইস্হাক্কে ৬ আপন সর্ব্বস্ব দিল, কিন্তু উপপত্নীদের সন্তানদিগকে কিঞ্চিৎ ২ দিয়া আপনার জীবদ্দশাতেই ইস্হাকের নিকটহইতে তাহাদিগকে পূর্ব্বদিগস্থ পূর্ব্বদেশে থাকিতে ৭ বিদায় করিল। ইব্রাহীম্ এক শত পঁচাত্তর বৎসর ৮ আপন জীবৎকাল যাপন করিল। পরে বৃদ্ধ ও পূর্ণায়ু হইয়া উত্তম বৃদ্ধাবস্থাতে প্রাণত্যাগ করিয়া আপন ৯ লোকদের নিকটে সংগৃহীত হইল। অপর তাহার পুত্র ইস্হাক্ ও ইস্মায়েল্ মম্রীর পূর্ব্বে হেতীয় সোহরের পুত্র ইফ্রোণের ভূমিস্থিত মক্পেলা গুহাতে তাহার কবর দিল। কেননা ইব্রাহীম্ হেতীয় সন্তানদের কাছে ১০ সেই ভূমি ক্রয় করিয়াছিল। ইব্রাহীমের ও তাহার ভার্য্যা সারার কবর সেই স্থানে ছিল।

ইব্রাহীমের মৃত্যু হইলে ঈশ্বর তাহার ইস্হাক্ পুত্রকে ১১ আশীর্ব্বাদ করিলেন; তাহাতে ইস্হাক বের্-লহয়্-রোয়ী নামক স্থানে বাস করিল।

সারার দাসী মিসরীয়া হাজিরার গর্ব্ভজাত ইস্মায়েল্ ১২ নামে ইব্রাহীমের যে পুত্র, তাহার বংশাবলি। নাম ১৩ ও জন্মানুসারে ইস্মায়েলের সন্তানদের নাম এই। ইস্মায়েলের জ্যেষ্ঠপুত্র নিবায়োৎ; পরে কেদর্ ও অদ্বেল্ ও মিব্সম্ ও মিশ্ম ও দূমা ও মসা ও হদর্ ও ১৪ তেমা ও যিটূর্ ও নাফীশ্ ও কেদ্মা, এই সকল ইস্- ১৫ মায়েলের পুত্র; ও তাহাদের নামানুসারে তাহাদের ১৬ নগর ও গড় ছিল, এবং তাহারা আপন ২ জাত্যনুসারে দ্বাদশ অধ্যক্ষ ছিল। পরে ইস্মায়েল্ এক শত ১৭ সাঁইত্রিশ বৎসর বয়সের সময়ে প্রাণত্যাগ করিয়া আপন লোকদের নিকটে সংগৃহীত হইল। পরে তাহার ১৮ তাবৎ ভ্রাতৃগণের পূর্ব্বদিগে বাসানুসারে † তাহার সন্তানগণ হবীলা ও মিসরের পূর্ব্বস্থিত শূর্ অবধি অশূরিয়ার দিগে বসতি করিল।

ইব্রাহীমের পুত্র ইস্হাকের বংশাবলি। ইব্রাহীমের ১৯ পুত্র ইস্হাক্; ঐ ইস্হাক্ চল্লিশ বৎসর বয়ঃক্রমে ২০ অরামীয় লাবনের ভগিনী যে পদ্দন-অরামস্থ বিথূয়েলের কন্যা রিব্কা, তাহাকে বিবাহ করিল। কিন্তু ২১ ঐ রিব্কা বন্ধ্যা হওয়াতে তাহার পুত্রার্থে ইস্হাক্ পরমেশ্বরের কাছে প্রার্থনা করিল। তাহাতে পরমেশ্বর তাহার প্রার্থনা শুনিলে তাহার স্ত্রী রিব্কা গর্ব্ভবতী হইল। পরে তাহার গর্ব্ভমধ্যে পুত্রগণ জড়াজড়ি করিলে, ২২ আমার এমন কেন হইল? এরূপ কি হইয়া থাকে? ইহা ভাবিয়া সে পরমেশ্বরের কাছে জিজ্ঞাসা করিতে গেল। তাহাতে পরমেশ্বর তাহাকে কহিলেন, তোমার গর্ব্ভে ২৩ দুই জাতি আছে, ও তোমার উদরহইতে দুই প্রকার লোক নিঃসৃত হইবে; তাহার এক অন্যাপেক্ষা বলবান হইবে, ও জ্যেষ্ঠ কনিষ্ঠের সেবা করিবে। পরে প্রসবকাল ২৪ সম্পূর্ণ হইলে তাহার গর্ব্ভহইতে যমজপুত্র জন্মিল। তাহার জ্যেষ্ঠ রক্তবর্ণ এবং সর্ব্বাঙ্গ লোমশ বস্ত্রের ন্যায় ২৫ ছিল। এই জন্যে তাহার নাম এষৌ (লোম ব্যাপ্ত) রাখিল। কিঞ্চিৎ পরে তাহার পাদ মূল ধরিয়া তাহার ২৬ অনুজ ভূমিষ্ঠ হইল। অতএব তাহার নাম যাকূব্ (পদাপহারক) হইল। ইস্হাকের ষষ্টি বৎসর বয়সের সময়ে এই যমজপুত্র হইল।

পরে বালকগণ বড় হইলে এষৌ মৃগয়াতে নিপুণ ২৭

---

[৬০] আ ২২; ১৭ ॥—[৬২] ১৬; ১৪ ॥—[৬৩] গী ১; ২। ১১৯; ১৫ ॥—[৬৭] ইব্রু ১১; ৯ ॥
[২৫ অধ্য; ২] ১ বং ১; ৩২ ॥—[৫] আ ২৪; ৩৬ ॥—[৬] ১৭; ১৯। ২১; ১২ ॥—[৮] ১৫; ১৫ ॥—[১০] ২৩; ॥
[১১] ১৭; ১৯ ॥—[১২] ১৬; ১৫ ॥—[১৩] ১ বং ১; ২৯-৩১ ॥—[১৬] আ ১৭; ২০ ॥—[১৮] ১৬; ১২ ॥
[২০] ২৪; ৬৭ ॥—[২৩] রো ৯; ১০-১৩। মল ১; ২, ৩ ॥

* (বা) প্রার্থনা। † (ইব্রু) সে পরিল ও।

ও বনবাসী হইল। কিন্তু যাকূব্ মৃদু ও তাম্বুগৃহ-
২৮ বাসী হইল। ইস্হাক্ মৃগমাংস অতি সুস্বাদু বোধ
করাতে * এষৌকে ভাল বাসিত, কিন্তু রিব্কা যাকূব্‌কে
২৯ ভাল বাসিত। অনন্তর এক সময়ে এষৌ ক্ষেত্রহইতে
আসিয়া ক্লান্ত হইল, তৎকালে যাকূব্ ব্যঞ্জন পাক
৩০ করিতেছিল। তাহাতে সে যাকূব্‌কে কহিল, নিবেদন
করি, আমি ক্লান্ত হইয়াছি, ঐ রাঙ্গা ব্যঞ্জন দ্বারা †
আমাকে আপ্যায়িত কর। এই জন্যে তাহার নাম
৩১ ইদোম্ (রাঙ্গা) বিখ্যাত হইল। তখন যাকূব্ কহিল,
অদ্য তুমি আমার কাছে আপন জ্যেষ্ঠাধিকার বিক্রয়
৩২ কর। এষৌ উত্তর করিল, দেখ, এখন আমি মৃতকল্প,‡
৩৩ জ্যেষ্ঠাধিকারে আমার কি ফল? যাকূব্ কহিল, তুমি
অদ্য আমার কাছে দিব্য কর। তাহাতে সে তাহার
কাছে দিব্য করিয়া আপন জ্যেষ্ঠাধিকার যাকূব্‌কে
৩৪ বিক্রয় করিল। তখন যাকূব্ এষৌকে রুটী ও মসূরের
রাঙ্গা দাইল দিলে সে ভোজন পান করিয়া উঠিয়া গেল।
এই রূপে এষৌ আপন জ্যেষ্ঠাধিকার তুচ্ছ জ্ঞান করিল।

২৬ অধ্যায়।

১ দুর্ভিক্ষপ্রযুক্ত ইস্হাকের গিরর্ দেশে যাওন ও সেখানে আপন স্ত্রীকে ভগিনী কথন ১২ ও ইস্হাকের ধনবৃদ্ধি ১৭ ও কূপের বিষয়ে দাসগণের বিবাদ ও বের্শেবাতে বাস করন ২৬ ও ইস্হাকের সহিত অবীমেলকের নিয়ম স্থির করণ ৩২ ও দিব্যের কূপ কাটন ৩৪ ও এষৌর বিবাহদ্বারা পিতামাতাকে দুঃখ দেওন।

১ পূর্ব্বে ইব্রাহীম্ বর্ত্তমান থাকিতে যেরূপ দুর্ভিক্ষ্য
হইয়াছিল, তদপেক্ষা সেই দেশে আর এক দুর্ভিক্ষ উপ-
স্থিত হইলে ইস্হাক্ গিরর্ দেশে পিলেষ্টীয়দের রাজা
২ অবীমেলকের কাছে গেল। পরমেশ্বর প্রত্যক্ষ হইয়া
তাহাকে কহিয়াছিলেন, তুমি মিসর্‌দেশে যাইও না,
৩ আমি তোমাকে যে দেশ বলিব, তাহাতে বাস কর, ও
সেই দেশে প্রবাস কর; তাহাতে আমি তোমার সহায়
হইয়া তোমাকে আশীর্ব্বাদ করিব, এবং তোমাকে ও
তোমার বংশকে ঐ সমস্ত দেশ দিয়া তোমার পিতা ইব্রা-
হীমের নিকটে আপনকৃত দিব্যের নিয়ম সফল করিব।
৪ আমি আকাশের তারাগণের ন্যায় তোমার বংশবৃদ্ধি
করিয়া তাহাদিগকে ঐ সকল দেশ দিব, ও তোমার বংশ-
৫ দ্বারা পৃথিবীস্থ তাবৎ জাতি আশীর্ব্বাদ পাইবে। কেননা
ইব্রাহীম্ আমার বাক্য মানিয়া আমার বিধান আজ্ঞা ও
৬ বিধি ও ব্যবস্থা পালন করিয়াছে। পরে ইস্হাক্ গিররে
৭ বাস করিল। তাহাতে সে স্থানের লোকেরা তাহার
ভার্য্যার পরিচয় জিজ্ঞাসিলে সে কহিল, উনি আমার
ভগিনী। কেননা রিব্কা পরম সুন্দরী হওয়াতে তথাকার
লোকেরা তাহার নিমিত্তে আমাকে বধ করিবে, এই
নিমিত্তে সে তাহাকে ভার্য্যা কহিতে ভয় করিল। কিন্তু সে ৮
স্থানে বহুকাল বাস করিলে পর এক সময়ে পিলেষ্টীয়
রাজা অবীমেলক্ বাতায়নের দ্বার দিয়া নিরীক্ষণ করিয়া
ইস্হাক্‌কে আপন ভার্য্যা রিব্কার সহিত ক্রীড়া করিতে
দেখিল। অতএব অবীমেলক্ রাজা ইস্হাক্‌কে ডাকাইয়া ৯
কহিল, ঐ স্ত্রী অবশ্য তোমার ভার্য্যা; তবে তুমি ভগিনী
বলিয়া তাহার পরিচয় কেন দিলা? তখন ইস্হাক্ উত্তর
করিল, তাহার জন্যে যেন আমার মৃত্যু না হয়, এই
নিমিত্তে কহিলাম। তাহাতে অবীমেলক্ কহিল, তুমি আ- ১০
মাদের সহিত এ কি ব্যবহার করিলা? যদি কোন লোক
তোমার ভার্য্যার সহিত অনায়াসে শয়ন করিত, তবে
তুমি আমাদিগকে দোষগ্রস্ত করিতা। পরে অবীমেলক্ ১১
সকল লোকদের প্রতি এই আজ্ঞা দিল, যে কেহ ঐ মনু-
ষ্যকে কিম্বা তাঁহার স্ত্রীকে স্পর্শ করিবে, সে বধ্য হইবে।

অনন্তর ইস্হাক্ সেই দেশে চাসকর্ম্ম করিয়া পর- ১২
মেশ্বরের আশীর্ব্বাদে সেই বৎসরেই শতগুণ লভ্য
করিল ‖। এই রূপে বর্দ্ধিষ্ণু হইল, এবং উত্তর ২ § উন্নত ১৩
হইয়া অতি মহান হইল। তাহাতে তাহার পাল ২ গোরু ১৪
ও মেষ এবং অনেক দাস ও দাসী হইল, এবং পিলে-
ষ্টীয় লোকেরা তাহার প্রতি ঈর্ষা করিতে লাগিল। এবং ১৫
তাহার পিতা ইব্রাহীমের সময়ে দাসগণ যে ২ কূপ
খুদিয়াছিল, পিলেষ্টীয় লোকেরা মৃত্তিকাদ্বারা সে
সকল বুজাইয়া ফেলিল। পরে অবীমেলক্ ইস্হাক্‌কে ১৬
কহিল, তুমি আমাদের নিকটহইতে প্রস্থান কর, কেননা
তুমি আমাদের হইতে অতি বলবান হইতেছ।

পরে ইস্হাক্ তথাহইতে যাত্রা করিয়া গিররের ১৭
উপত্যকাতে তাম্বু স্থাপন করিয়া সে স্থানে বাস করিল।
এবং আপন পিতা ইব্রাহীমের বর্ত্তমান সময়ে কৃত ১৮
যে ২ জলের কূপ ইব্রাহীমের মৃত্যুর পরে পিলেষ্টী-
য়েরা বুজাইয়াছিল, সেই সকল ইস্হাক্ আরবার
খুদিয়া আপন পিতৃদত্ত নাম পুনর্ব্বার রাখিল। অপর ১৯
ইসহাকের দাসগণ সেই উপত্যকা খুদিয়া এক স্রোতো-
বাহি ** কূপ পাইল। তাহাতে গিরর্ দেশীয় পশু- ২০
পালকেরা ইস্হাকের পশুপালকদের সহিত বিবাদ
করিয়া কহিল, এই জল আমাদের; অতএব ইস্-
হাক্ সেই কূপের নাম এষক্ (বিবাদ) রাখিল,
যেহেতুক তাহারা তাহার সহিত বিবাদ করিল। পরে ২১
তাহার দাসগণ আর এক কূপ খুদিলে তাহারা তন্নি-
মিত্তেও বিবাদ করিল; তাহাতে ইস্হাক্ তাহার নাম
সিট্না (ঘৃণা) রাখিল। এবং তথাহইতে প্রস্থান ২২
করিয়া অন্য এক কূপ খনন করিল, তাহার নিমিত্তে

[২৯] প ২৩ ॥—[৩০] প ২৫ ॥—[৩৩] ইব্রু ১২; ১৬ ॥
[২৬ অধ্য; ১] আ ১২; ১০ ॥—[৩] ১৩; ১৪-১৭ ॥—[৪] ২২; ১৬-১৮। গাল ৩; ৮, ৯, ১৬॥—[৬-১১] আ ২০; ১-১৭। ১২; ১০-২০ ॥—[৭] ২৪; ৪৮ ॥—[১১] গী ১০৫; ১৫॥—[১২] প ৩ ॥—[১৫] ২১; ২৫ ॥

* (ইব্রু) তাহার মুখে হওয়াতে। † (ইব্রু) ঐ রাঙ্গাতে। ‡ (বা) মুমূর্ষু।
‖ (ইব্রু) পাইল। § (ইব্রু) যাইতে২। ** অমৃত জলের।

তাহারা বিবাদ না করিলে তাহার নাম রিহোবোৎ (স্থান) রাখিল, এবং সে কহিল, এখন পরমেশ্বর আমাদিগকে স্থান দিলেন, আমরা দেশে বর্দ্ধিষ্ণু
২৩ হইব। অনন্তর সে তথাহইতে বের্শেবাতে গেলে সেই
২৪ রাত্রিতে পরমেশ্বর তাহাকে দর্শন দিয়া কহিলেন, আমি তোমার পিতা ইব্রাহীমের ঈশ্বর, ভয় করিও না, আমি আপন দাস ইব্রাহীমের নিমিত্তে তোমার সহায় আছি, ও তোমাকে আশীর্ব্বাদ করিয়া তোমার
২৫ বংশবৃদ্ধি করিব। পরে ইস্‌হাক্ সে স্থানে যজ্ঞবেদি নির্ম্মাণ করিয়া পরমেশ্বরের নামে প্রার্থনা করিল। পরে সে সেই স্থানে তাম্বু স্থাপন করিলে তাহার দাসগণ এক কূপ খুদিল।

২৬ অনন্তর অবীমেলক্ অহুষৎ নামক আপন মিত্রকে ও ফীখোল্ নামক সেনাপতিকে সঙ্গে লইয়া গিরর্-
২৭ হইতে ইস্‌হাকের নিকটে উপস্থিত হইলে ইস্‌হাক্ তাহাদিগকে কহিল, তোমরা আমার প্রতি দ্বেষ করিয়া আপনাদের মধ্যহইতে আমাকে দূর করিলা; এখন
২৮ আমার কাছে কি নিমিত্তে আইলা? তাহাতে তাহারা উত্তর করিল, পরমেশ্বর তোমার সহায় আছেন, ইহা আমরা নিতান্ত বুঝিলাম *; এই জন্যে কহিলাম, আমাদের সহিত তোমার এক শপথ হউক, ও আমাদের
২৯ সহিত তোমার এই নিয়ম হউক। তুমি আমাদের প্রতি কোন হিংসা করিবা না, কেননা আমরা তোমাকে স্পর্শ করি নাই, ও তোমার মঙ্গল ব্যতিরেক কিছুই করি নাই, বরং তোমাকে শান্তিতে বিদায় করিয়াছি, এবং এখনও
৩০ তুমি পরমেশ্বরের অনুগ্রহের পাত্র আছ। তখন ইস্‌হাক্ তাহাদের নিমিত্তে ভোজ প্রস্তুত করিলে তাহারা ভোজন
৩১ পান করিল। পরে তাহারা প্রত্যূষে উঠিয়া পরস্পর দিব্য করিল; তখন ইস্‌হাক্ তাহাদিগকে বিদায় করিলে তাহারা কুশলে তাহাহইতে প্রস্থান করিল।

৩২ অপর সেই দিনে ইস্‌হাকের দাসগণ আসিয়া আপনাদের কৃত কূপের বিষয়ে সংবাদ দিয়া তাহাকে
৩৩ কহিল, জল পাইলাম। অতএব সে সেই কূপের নাম বের্শেবা (দিব্যের কূপ) রাখিল, এবং অদ্যাবধি সেই স্থানের নগর বের্শেবা নামে বিখ্যাত আছে।

৩৪ অনন্তর এষৌ চল্লিশ বৎসর বয়ঃক্রমে হিত্তীয় বেরির যিহূদীৎ নাম্নী কন্যাকে এবং হিত্তীয় এলোনের বাসি-
৩৫ মৎ নাম্নী কন্যাকে বিবাহ করিল। কিন্তু তাহারা ইস্‌হাকের ও রিব্‌কার মনের দুঃখদায়িকা হইল।

২৭ অধ্যায়।

১ মৃগমাংসের জন্যে এষৌকে ইস্‌হাকের প্রেরণ ৫ ও যাকুবের প্রতি রিব্‌কার পরামর্শ ১৪ ও রিব্‌কার পরামর্শদ্বারা যাকুবের আপন পিতা ইস্‌হাক্‌কে ভ্রান্ত করিয়া আশীর্ব্বাদ প্রাপ্ত হওন ৩০ ও মৃগমাংস আনিয়া আশীর্ব্বাদ পাইতে এষৌর চেষ্টা করন ও চেষ্টা করিলে পিতার অস্বীকার ৪১ ও এষৌর ক্রোধ প্রযুক্ত যাকুবকে বধ করিতে মনস্থ করন।

১ অনন্তর ইস্‌হাক্ বৃদ্ধ হইলে চক্ষুর নিস্তেজ হওন প্রযুক্ত স্পষ্ট রূপে দেখিতে পারিল না; সে আপন জ্যেষ্ঠ পুত্র এষৌকে ডাকিয়া কহিল, হে আমার পুত্র। তাহাতে
২ সে উত্তর করিল, দেখ, আমি উপস্থিত আছি। তখন ইস্‌হাক কহিল, দেখ, আমি এখন বৃদ্ধ; কখন্ আমার
৩ মৃত্যু হইবে, তাহা জানি না। অতএব তুমি এখন তূণ ও ধনুক ও অস্ত্র লইয়া ক্ষেত্রে যাইয়া আমার জন্যে
৪ মৃগমাংস আন†। এবং আমি যেরূপ ভাল বাসি, সেই মত সুস্বাদু খাদ্য প্রস্তুত করিয়া আমার নিকটে আন; তাহাতে আমি ভোজন করিয়া মৃত্যুর পূর্ব্বেই তোমাকে আশীর্ব্বাদ করিব।

৫ ইস্‌হাক্ এষৌ পুত্রকে এই যে ২ কথা কহিল, তাহা রিব্‌কা শুনিল। অতএব এষৌ মৃগমাংসার্থে মৃগয়া
৬ করিয়া আনিতে ক্ষেত্রে গেলে পর রিব্‌কা আপন
৭ পুত্র যাকুব্‌কে কহিল, দেখ, তোমার পিতা তোমার এষৌ ভ্রাতাকে এই কথা কহিল, তুমি মৃগমাংস ও সুস্বাদু খাদ্য প্রস্তুত করিয়া আন, তাহাতে আমি ভোজন করিয়া মৃত্যুর পূর্ব্বেই পরমেশ্বরের সাক্ষাতে তোমাকে আশীর্ব্বাদ করিব; তাহার এই কথা শুনিলাম।
৮ অতএব হে আমার পুত্র, এখন আমি তোমাকে
৯ যে আজ্ঞা দি, আমার সেই বাক্য শুন। তুমি এখন পালে গিয়া তথাহইতে উত্তম দুইটা ছাগ বৎস আন, তাহাতে তোমার পিতা যেরূপ ভাল বাসেন,
১০ তদ্রূপ সুস্বাদু খাদ্য আমি পাক করিয়া দি। তুমি তাহা লইয়া আপন পিতার নিকটে যাও, তাহাতে সে তাহা ভোজন করিয়া মৃত্যুর পূর্ব্বেই তোমাকে
১১ আশীর্ব্বাদ করিবে। তখন যাকুব্ আপন মাতা রিব্‌কাকে কহিল, দেখ, আমার ভ্রাতা এষৌ লোমশ, কিন্তু
১২ আমি নির্লোম; ইহাতে যদি পিতা আমাকে স্পর্শ করিয়া প্রবঞ্চক জ্ঞান করেন, তবে আশীর্ব্বাদ প্রাপ্তি
১৩ দূরে থাকুক, অভিশাপ গ্রস্ত হইব। কিন্তু তাহার মাতা কহিল, হে পুত্র, সেই অভিশাপ আমাতে বর্ত্তুক, কেবল আমার কথা মানিয়া পালে গিয়া ছাগবৎস আন।

১৪ তাহাতে যাকুব্ গিয়া তাহা লইয়া মাতার নিকটে আনিলে মাতা তাহার পিতা যেরূপ ভাল বাসে, সেই
১৫ রূপ সুস্বাদু খাদ্য রন্ধন করিল। তখন রিব্‌কা জ্যেষ্ঠ পুত্র এষৌর গৃহস্থিত উত্তম বস্ত্র লইয়া কনিষ্ঠ
১৬ পুত্র যাকুব্‌কে পরিধান করাইল। এবং ঐ ছাগের চর্ম্ম লইয়া তাহার হস্তে ও গলদেশে জড়াইয়া
১৭ দিল। এবং সেই পক্ব সুস্বাদু খাদ্য ও রুটী যাকুবের
১৮ হস্তে দিল। তখন যাকুব্ আপন পিতার নিকটে

[২৩-২৫] আ২১; ৩৩ ॥—[২৬-৩১] ২১; ২২-৩২ ॥—[২৭] হি ১৬; ৭ ॥—[৩৩] আ২১; ৩১ ॥—[৩৪] ২৪; ৩, ৪ ॥
[২৭ অধ্য; ৩] আ ২৫; ২৭, ২৮ ॥—[১১] ২৫; ২৫ ॥—[১৩] প ৪২, ৪৩ ॥

* (ইব্রি) দেখিয়া দেখিলাম। † (ইব্রি) মৃগয়া কর ॥

গিয়া কহিল, হে পিতঃ; তাহাতে সে উত্তর করিল, ১৯ আমি উপস্থিত আছি, হে বৎস, তুমি কে? যাকুব্ আপন পিতাকে কহিল, আমি তোমার জ্যেষ্ঠ পুত্র এষৌ; তুমি আমাকে যাহা আজ্ঞা করিয়াছ, আমি তাহা করিলাম। এখন নিবেদন করি, তুমি উঠিয়া বসিয়া মৃগমাংস ভোজন ২০ করিয়া * আমাকে আশীর্ব্বাদ দেও। তাহাতে ইস্হাক্ পুত্রকে কহিল, হে পুত্র, তুমি এত শীঘ্র তাহা কিরূপে পাইলা? সে কহিল,আমার প্রভু পরমেশ্বরই আমাকে † ২১ তাহা আনিয়া দিলেন। ইস্হাক্ যাকুবকে আরো কহিল, হে পুত্র, আমার নিকটে আইস, তুমি আমার এষৌ পুত্র নিশ্চয় কি না, তোমাকে স্পর্শ করিয়া দেখিব। তখন ২২ যাকুব্ ইস্হাক্ পিতার নিকটে গেলে সে তাহাকে স্পর্শ করিয়া কহিল, এই স্বর যাকুবের বটে, কিন্তু এই হস্ত ২৩ এষৌর। এইরূপে সে তাহাকে চিনিতে পারিল না, কারণ সে এষৌ ভ্রাতার হস্তের তুল্য আপন হস্ত লোম-যুক্ত করিয়াছিল; অতএব সে তাহাকে আশীর্ব্বাদ করিল। ২৪ পরে সে কহিল, তুমি কি নিতান্তই আমার এষৌ পুত্র? ২৫ তাহাতে সে কহিল, আমি সেই বটি। তখন ইস্হাক্ কহিল, হে পুত্র, তাহা নিকটে আন, আমি পুত্রের আনীত মৃগমাংস ভোজন করিয়া ‡ তোমাকে আশীর্ব্বাদ করি। তাহাতে নিকটে আনিয়া দিলে ইস্হাক্ তাহা ভোজন করিল, এবং দ্রাক্ষারস আনিয়া দিলে তাহাও ২৬ পান করিল। পরে তাহার পিতা ইস্হাক্ কহিল, হে ২৭ পুত্র, এখন নিকটে আসিয়া আমাকে চুম্বন কর। তখন সে নিকটে গিয়া চুম্বন করিলে ইস্হাক্ তাহার বস্ত্রের গন্ধ পাইয়া তাহাকে আশীর্ব্বাদ করিয়া কহিল, পর-মেশ্বরের আশীর্ব্বাদ যুক্ত ক্ষেত্রের ন্যায় আমার পুত্রের ২৮ সৌগন্ধ। অতএব ঈশ্বর আকাশের শিশির দ্বারা উর্ব্বরা ভূমিতে উৎপন্ন শস্য ও দ্রাক্ষারস প্রাচুর্য্য ২৯ করিয়া তোমাকে দিউন। ও নানা লোকেরা তোমার অধীন হউক, ও নানা জাতীয়েরা তোমাকে নমস্কার করুক, ও তুমি আপন গোত্রের মধ্যে প্রধান হও, এবং তোমার মাতৃ পুত্রেরা তোমাকে নমস্কার করুক। এবং যে তোমাকে অভিশাপ দেয়, সে অভিশপ্ত হউক; এবং যে তোমাকে আশীর্ব্বাদ করে, সে আশীর্ব্বাদ প্রাপ্ত হউক।

৩০ এই রূপে ইস্হাক্ যাকুবকে আশীর্ব্বাদ করিলে পর যাকুব্ আপন পিতা ইস্হাকের সাক্ষাৎহইতে বহির্গত হইবামাত্র তাহার ভ্রাতা এষৌ মৃগয়াহইতে আসিয়া ৩১ সুস্বাদু খাদ্য প্রস্তুত করিয়া পিতার নিকটে আনিয়া কহিল, হে পিতঃ, উঠ, পুত্রের মৃগমাংস ভোজন করিয়া ৩২ * আমাকে আশীর্ব্বাদ কর। তাহাতে তাহার পিতা ইস্হাক্ কহিল, তুমি কে? সে কহিল, আমি তোমার জ্যেষ্ঠ পুত্র এষৌ। ৩৩ তখন ইস্হাক্ অতিশয় || কম্পিত হইয়া কহিল, তবে যে মৃগয়া করিয়া আমার নিকটে মৃগমাংস আনিলে আমি তোমার আগমনের পূর্ব্বেই তাহা ভোজন করিলাম সে কে? আমি তাহাকে আশীর্ব্বাদ দিলাম; সেই আশীর্ব্বাদ যুক্ত থাকিবে। ৩৪ তখন এষৌ পিতার এমন কথা শুনিয়া অতিশয় বিলাপ করিয়া ব্যাকুল চিত্তে রোদন করিতে লাগিল, এবং আপন পিতাকে কহিল, হে পিতঃ, আমাকেও আশীর্ব্বাদ কর। ৩৫ তাহাতে ইস্হাক্ কহিল, তোমার ভ্রাতা আসিয়া বঞ্চনা করিয়া তোমার প্রাপ্তব্য আশীর্ব্বাদ লইল। ৩৬ তাহাতে এষৌ কহিল, তাহার নাম কি যথার্থ যাকুব্ § নয়? কেননা সে দুই বার আমাকে প্রবঞ্চনা করিল; দেখ, সে পূর্ব্বে আমার জ্যেষ্ঠাধিকার লইল, এবং এখনও আমার প্রাপ্তব্য আশীর্ব্বাদ লইল। সে পুনর্ব্বার কহিল, তুমি কি আমার জন্যে একটিও আশী-র্ব্বাদ রাখ নাই? ৩৭ তখন ইস্হাক্ এষৌকে উত্তর করিল, দেখ, আমি তাহাকে তোমার প্রভু করিলাম, এবং তাহার কুটুম্ব সকলকে তাহার অধীন করিলাম, এবং তাহার প্রতিপালনার্থে শস্য ও দ্রাক্ষারস দিলাম; অতএব, হে পুত্র, এখন তোমার জন্যে আর কি করিতে পারি? ৩৮ তাহাতে এষৌ পুনর্ব্বার আপন পিতাকে কহিল, হে পিতঃ, তোমার কি কেবল এক আশীর্ব্বাদ? হে পিতঃ, আমাকেও আশীর্ব্বাদ কর। ইহা কহিয়া এষৌ উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল। ৩৯ পরে তাহার পিতা ইস্হাক্ এই কথা কহিল, যে দেশে উর্ব্বরা ভূমি ও আকাশের শিশির নাই**, সেই দেশে ৪০ তোমার বসতি হইবে; তুমি খড়্গ ব্যবসায় দ্বারা কাল যাপন করিবা ও আপন ভ্রাতার অধীন হইবা। কিন্তু যখন তোমার প্রভুত্ব হইবে, তখন আপন গ্রীবা-হইতে তাহার যোয়ালি ভাঙ্গিবা।

৪১ এই রূপে যাকুব্ আপন পিতাহইতে আশীর্ব্বাদ পাইল; এই জন্যে এষৌ ঈর্ষা করিয়া মনে ২ ভাবিল, পিতার অন্তিম কাল প্রায় উপস্থিত; তাহার পরে যাকুব্ ভ্রাতাকে বধ করিব। ৪২ কিন্তু জ্যেষ্ঠ পুত্র এষৌর এমত কথা রিবকার কর্ণগোচর হইলে সে কনিষ্ঠ পুত্র যাকুবকে কহিয়া পাঠাইল, দেখ, তোমার ভ্রাতা এষৌ তোমাকে বধ করিতে মনস্থ করিয়া সুস্থির আছে। অত-এব, হে পুত্র, আমার কথা শুন। ৪৩ তুমি পলাইয়া হারণ্ নগরে আমার ভ্রাতা লাবনের নিকটে যাও। ৪৪ এবং যদবধি তোমার ভ্রাতার ক্রোধ নিবৃত্তি না হয়, তাবৎ §§

[২৩] প ১৬ ॥—[২৯] আ ২৫; ২৩। ১২; ৩॥—[৩৩] ইব্রি ১১; ২০॥—[৩৪-৪০] ইব্রি ১২; ১৬,১৭॥—[৩৬] আ ২৫; ২৬, ৩৩। ২৯; ২৫॥ ৩১; ৪১। ৩৭; ৩১-৩৪॥—[৩৭] প ২৯। ২ শি ৮; ১৪। ইব্রি ১২; ১৭॥—[৪০] ২ রা ৮; ২০-২২॥—[৪৩] আ ২৪; ১০, ২৯॥

* (ইব্রি) তোমার প্রাণ। † (ইব্রি) আমার সম্মুখে। ‡ (ইব্রি) আমার প্রাণ। || (ইব্রি) মহাকম্পেতে। § প্রবঞ্চক। ** (বা) আছে। §§ (বা) এক বৎসর।

৪৫ কাল সেখানে থাক। পরে তোমার প্রতি ভ্রাতার ক্রোধ নিবৃত্ত হইলে এবং তুমি তাহার প্রতি যাহা করিয়াছ, তাহা সে বিস্মৃত হইলে, আমি লোক পাঠাইয়া তথাহইতে তোমাকে আনিব; এক দিনে ৪৬ তোমাদের দুই জনকেই কেন হারাইব? অনন্তর রিব্কা ইস্হাক্কে কহিল, এই হিত্তীয়দের কন্যাগণের বিষয়ে আমার প্রাণ ব্যাকুল হইতেছে; যদি যাকূব্ হিত্তীয় কন্যাদের অর্থাৎ এই দেশীয় কন্যাদের মধ্যে ইহাদের তুল্য কোন কন্যাকে বিবাহ করে, তবে আমার প্রাণ ধারণে কি সুখ?

২৮ অধ্যায়।

১ যাকূবকে পদ্দন-অরাম্ দেশে প্রেরণ, ৬ ও ইস্মায়েলের কন্যাকে এষৌর বিবাহ করণ, ১০ ও যাকূবের যাত্রার বিবরণ ও স্বপ্ন দর্শন, ১৮ ও স্বপ্ন দর্শনের স্থানের নাম বৈথেল্ রাখন এবং সেই স্থানে মানস করণ।

১ পরে ইস্হাক্ যাকূব্কে ডাকিয়া আশীর্ব্বাদ করিল, এবং এই আজ্ঞা দিয়া তাহাকে কহিল, তুমি কিনান্ দেশীয় ২ কন্যাকে বিবাহ করিও না। উঠ, পদ্দন্-অরামে আপন মাতামহী বিথুয়েলের গৃহে গিয়া সে স্থানে আপন মাতুল ৩ লাবনের কোন কন্যাকে বিবাহ কর। সর্ব্বশক্তিমান্ ঈশ্বর আশীর্ব্বাদ করিয়া তোমাকে বহু গোষ্ঠী * কর- ৪ ণার্থে ফলবন্ত ও বহুপ্রজ করুণ। এবং ইব্রাহীমের প্রতি দত্ত আশীর্ব্বাদ তোমাতে ও তোমার বংশেতে সফল করুণ; তাহাতে ঈশ্বর ইব্রাহীম্কে যে দেশ দিয়াছেন, ও যে স্থানে এখন তুমি বিদেশী, সেই দেশ † তোমার ৫ অধিকার হইবে। পরে ইস্হাক্ যাকূব্কে বিদায় করিলে সে পদ্দন্-অরামে অরামীয় বিথুয়েলের পুত্র লাবনের, অর্থাৎ যাকূবের ও এষৌর মাতা রিব্কার ভ্রাতার নিকটে প্রস্থান করিল।

৬ অপর ইস্হাক্ যাকূব্কে আশীর্ব্বাদ করিয়া বিবাহার্থে পদ্দন্-অরামে বিদায় করিল, এবং আশীর্ব্বাদের সময়ে কিনানীয় কন্যাকে বিবাহ করিতে নিষেধ করিল; ৭ এবং যাকূব্ মাতা পিতার আজ্ঞানুসারে পদ্দন্-অরামে ৮ প্রস্থান করিল; ইহা দেখিয়া এষৌ আপন পিতা ইস্হাকের ‡ কিনান্ দেশীয় কন্যার প্রতি অসন্তোষ ৯ জানিয়া তাহার স্ত্রীগণ থাকিলেও ইস্মায়েলের নিকটে গিয়া ইব্রাহীমের পুত্র ইস্মায়েলের পুত্রী নিবায়োতের ভগিনী মহলৎ ‖ নাম্নী কন্যাকে বিবাহ করিল।

১০ পরে যাকূব্ বের্শেবাহইতে হারণের প্রতি যাত্রা ১১ করিল, এবং সূর্য্য অস্তগত হইলে সে এক স্থানে উত্তরিয়া রাত্রিবাস করিল। তখন সে তথাকার প্রস্তরকে বালিশ ১২ করিয়া সেই স্থানে নিদ্রা যাইতে শয়ন করিল। তাহাতে সে স্বপ্নে এক সোপান দেখিল, তাহার মূল পৃথিবী স্থিত ও মস্তক গগণস্পর্শী, এবং তাহার দ্বারা ঈশ্বরের দূতগণ নামিতেছে ও উঠিতেছে; ১৩ এবং পরমেশ্বর তদুপরি দণ্ডায়মান হইয়া কহিলেন, আমি পরমেশ্বর, তোমার পূর্ব্বপুরুষ ইব্রাহীমের ও ইস্হাকের ঈশ্বর, তুমি যে দেশে শয়ন করিতেছ, এই দেশ আমি তোমাকে ও তোমার বংশকে দিব। ১৪ তোমার বংশ পৃথিবীর ধূলির ন্যায় অসংখ্য হইবে, এবং তুমি পূর্ব্ব ও পশ্চিম ও উত্তর ও দক্ষিণ চারিদিগে বৃদ্ধি পাইবা §, এবং তোমাহইতে ও তোমার বংশহইতে পৃথিবীস্থ তাবৎ জাতি আশীর্ব্বাদ পাইবে। ১৫ এবং তুমি যে ২ স্থানে যাইবা, সেই স্থানে আমি তোমার সহায় হইয়া তোমাকে রক্ষা করিয়া পুনর্ব্বার এই দেশে আনিব; আমি তোমাকে ত্যাগ করিব না, কিন্তু তোমার কাছে যাহা ২ কহিয়াছি, তাহা সফল করিব। ১৬ পরে নিদ্রাভঙ্গ হইলে যাকূব্ জাগিয়া কহিল, অবশ্য এই স্থানে পরমেশ্বর আছেন, কিন্তু আমি তাহা জানিলাম না। ১৭ এবং ভয়েতে আরো কহিল, এ কেমন ভয়ানক স্থান! এই স্থান অবশ্য ঈশ্বরের গৃহ ও স্বর্গদ্বার স্বরূপ।

১৮ পরে যাকূব্ প্রত্যূষে উঠিয়া বালিশের নিমিত্তে যে প্রস্তর রাখিয়াছিল, তাহা স্তম্ভরূপে স্থাপন করিয়া তাহার উপরে তৈল ঢালিয়া দিল। ১৯ এবং সেই স্থানের নাম বৈথেল্ (ঈশ্বরের গৃহ) রাখিল, কিন্তু পূর্ব্বে ঐ স্থানের নাম লূস্ ছিল। ২০ এবং সে মানস করিয়া এই প্রতিজ্ঞা করিল, যদি ঈশ্বর আমার সহায় হইয়া আমার গন্তব্য পথে আমাকে রক্ষা করেন, ২১ এবং আহারার্থে অন্ন ও পরিধানার্থে বস্ত্র দেন, এবং পুনর্ব্বার আমাকে কুশলে পিত্রালয়ে ফিরিয়া আনেন, তবে পরমেশ্বর আমার প্রভু হইবেন, ২২ এবং এই আমার স্থাপিত স্তম্ভরূপ প্রস্তরেতে ঈশ্বরের মন্দির নির্ম্মিত হইবে; এবং তিনি আমাকে যাহা কিছু দিবেন, তাহার দশমাংশ আমি তাঁহাকে অবশ্য দিব।

২৯ অধ্যায়।

১ হারণ্ ক্ষেত্রে যাকূবের উপস্থিত হওন, ৯ ও রাহেলের কাছে পরিচয় দেওন ও লাবনের কাছে আতিথ্য লওন, ১৫ ও রাহেল্কে পাইবার জন্যে সাত বৎসর দাস্য কর্ম্ম করণ, ২১ ও ভ্রান্তিতে রাহেলের পরিবর্ত্তে লেয়াকে পাইয়া রাহেলের জন্যে পুনর্ব্বার সাত বৎসর দাস্য কর্ম্ম করণ, ৩১ ও লেয়ার সন্তান হওন।

১ পরে যাকূব্ যাইতে ২ পূর্ব্ব দেশে ** উপস্থিত হইয়া ২ দেখিল, প্রান্তরের মধ্যে এক কূপের নিকটে তিন পাল মেষ শয়ন করিয়া আছে; কারণ লোকেরা মেষ

[২৭ ; ৪৬] আ ২৬ ; ৩৪, ৩৫ ॥—[২৮ অধ্য ; ১,২] আ ২৪ ; ২-৪ ॥—[২] ২৪ ; ২৯ ॥—[৩] ২৬ ; ২-৫ ॥—[৪] ১৭ ; ৪-৮ । ২২ ; ১৫-১৮ ॥—[৯] ২৫ ; ১৩ ॥—[১২] যো ১ ; ৫১ ॥—[১৩] আ ২৬ ; ২৪ ॥—[১৪] প ৩, ৪ । আ ২৬ ; ২-৫ । গল ৩ ; ৮, ৯, ১৬ ॥—[১৫] আ ৩২ ; ৯-১২ । ৪৮ ; ১৫, ১৬ ॥—[১৮] লে ৮ ; ১০, ১১ ॥—[২০] আ ৩১ ; ১৩ ॥—[২২] ৩৫;৬-১৫ ॥

* (ইব্রু) লোকদের জনতা। † (ইব্রু) তোমার প্রবাস দেশ। ‡ (ইব্রু) দৃষ্টিতে। ‖ (বা) বাসিমৎ। § (ইব্রু) বিস্তারিত হইবা।
** (ইব্রু) পূর্ব্বীয় সন্তানদের দেশে।

পালকে সেই কূপের জল পান করায়; কিন্তু সেই কূপের নিকটে তাবৎ পাল একত্র হওন পর্য্যন্ত সেই কূপের মুখে ৩ এক খান বৃহৎ প্রস্তর আচ্ছাদন থাকে। পরে লোকেরা তাহার মুখহইতে প্রস্তর সরাইয়া মেষ পালকে জলপান করায়, এবং পুনর্ব্বার কূপের মুখে প্রস্তর দেয়। ৪ যাকূব্ তাহাদিগকে জিজ্ঞাসিল, হে ভাই সকল, তোমাদের নিবাস কোথায়? তাহাতে তাহারা কহিল, হারণ্ ৫ নগরে। তখন যাকূব্ জিজ্ঞাসিল, তোমরা নাহোরের পৌত্র লাবন্‌কে চিন কি না? তাহারা কহিল, ৬ চিনি। যাকূব্ জিজ্ঞাসিল, সে কেমন * আছে? তাহারা কহিল, সে ভাল আছে; ঐ দেখ, তাহার কন্যা রাহেল্ ৭ মেষ পাল লইয়া আসিতেছে। তখন যাকূব্ কহিল, এখনও অনেক বেলা† আছে; মেষপাল একত্র করণের সময় হয় নাই; তোমরা মেষ পালকে জলপান করাইয়া ৮ পুনর্ব্বার চরাইতে লইয়া যাও। কিন্তু তাহারা কহিল, যে পর্য্যন্ত তাবৎ পাল একত্র না হয়, ও কূপের মুখহইতে প্রস্তর সরান না যায়, তাবৎ আমরা তাহা করিতে পারি না; তাহা হইলে আমরা মেষদিগকে জলপান করাইব।

৯ যাকূব্ তাহাদের সহিত এই রূপ কথা কহিতেছে, ইতোমধ্যে রাহেল্ আপন পিতার পশুপাল লইয়া ১০ উপস্থিত হইল, কেননা সে মেষপালিকা ছিল। তখন যাকূব আপন লাবন্ মাতুলের কন্যা রাহেল্‌কে ও তাহার পশুপালকে দেখিয়া নিকটে গিয়া কূপের মুখহইতে প্রস্তর সরাইয়া লাবন্ মাতুলের পশুপালকে জলপান করাইল।

১১ পরে যাকূব্ রাহেল্‌কে চুম্বন করিয়া উচ্চৈঃস্বরে ১২ ক্রন্দন করিয়া, আপনি যে তাহার পিতার কুটুম্ব ও রিব্‌কার পুত্র, এই পরিচয় দিলে রাহেল্ শীঘ্র গিয়া ১৩ আপন পিতাকে সংবাদ দিল। তাহাতে লাবন্ আপন ভাগিনেয় যাকূবের সংবাদ ‡ পাইয়া ত্বরায় তাহার সহিত সাক্ষাৎ করিতে গিয়া তাহাকে আলিঙ্গন ও চুম্বন করিয়া আপন গৃহে লইয়া গেল; পরে সে আপন আগ১৪ মনের সমস্ত বিবরণ লাবন্‌কে জ্ঞাত করিল। তাহাতে লাবন্ কহিল, তুমি আমার অস্থি ও মাংস স্বরূপ। পরে যাকূব্ তাহার গৃহে এক মাস ‖ বাস করিল।

১৫ অনন্তর লাবন্ যাকূব্‌কে কহিল, তুমি কুটুম্ব হইয়া কি বিনা বেতনে আমার দাস্য কর্ম্ম করিবা? অতএব ১৬ কি বেতন লইবা? তাহা বল। ঐ লাবনের দুই কন্যা ছিল; তাহার জ্যেষ্ঠার নাম লেয়া ও কনিষ্ঠার নাম ১৭ রাহেল্। লেয়া ক্লিন্নাক্ষী ছিল, কিন্তু রাহেল্ রূপবতী ১৮ ও সুন্দরী ছিল; এবং যাকূব্ তাহাকে ভাল বাসিত, এই জন্যে সে উত্তর করিল, তোমার কনিষ্ঠা কন্যা রাহেলের জন্যে আমি সাত বৎসর তোমার দাস্য কর্ম্ম করিব। তাহাতে লাবন্ কহিল, অন্য পাত্রকে ১৯ দান করা অপেক্ষা তোমাকে দান করা উত্তম বটে, অতএব আমার নিকটে থাক। এই রূপে যাকূব্ রাহে- ২০ লের জন্যে সাত বৎসর দাস্য কর্ম্ম করিল; রাহেলের প্রতি তাহার এমত অনুরাগ ছিল, যে সাত বৎসরও তাহার অল্প দিন বোধ হইল।

পরে যাকূব্ লাবন্‌কে কহিল, আমার নিয়মিত কাল ২১ সম্পূর্ণ হইল, এখন আমার ভার্য্যা আমাকে দেও, আমি তাহাতে গমন করিব। তাহাতে লাবন্ ঐ স্থানের তাবৎ ২২ লোককে নিমন্ত্রণ করিয়া ভোজন করাইয়া রাত্রিকালে ২৩ আপন কন্যা লেয়াকে লইয়া তাহার নিকটে আনিয়া দিলে যাকূব্ তাহাতে উপগত হইল। এবং লাবন্ ২৪ আপন কন্যা লেয়ার দাস্যকর্ম্মার্থে সিল্পা নামে আপন দাসীকে দিল। কিন্তু প্রভাত হইলে সে যে লেয়া, ২৫ ইহা দেখিয়া যাকূব্ লাবন্‌কে কহিল, তুমি আমার সহিত এ কি ব্যবহার করিলা? আমি কি রাহেলের জন্যে তোমার দাস্য কর্ম্ম করিলাম না? তবে কেন আমার প্রতি বঞ্চনা করিলা? তখন লাবন্ কহিল, ২৬ আমাদের এই স্থানে জ্যেষ্ঠা অদত্তা থাকিতে কনিষ্ঠাকে দান করা অকর্ত্তব্য। এখন তাহার সাত দিন ২৭ যাপন কর; পরে যদি আরো সাত বৎসর আমার দাস্য কর্ম্ম কর, তবে অন্য কন্যাকেও তোমাকে দান করিব। তাহাতে যাকূব্ সেই প্রকার করিল, অর্থাৎ ২৮ তাহার সাত দিন যাপন করিল। পরে লাবন্ ২৯ তাহার সহিত আপন কন্যা রাহেলের বিবাহ দিল, এবং রাহেলের দাস্যকর্ম্মার্থে বিল্‌হা নামে আপন দাসীকে দিল। তখন সে রাহেলেতেও উপগত হইল; ৩০ এবং লেয়ার অপেক্ষা রাহেল্‌কে অধিক ভাল বাসিল; এবং রাহেলের জন্যে আর সাত বৎসর লাবনের দাস্য কর্ম্ম করিল।

পরে পরমেশ্বর লেয়াকে অবজ্ঞাতা দেখিয়া তাহাকে ৩১ গর্ব্ভ ধারণের শক্তি দিলেন, কিন্তু রাহেল্ বন্ধ্যা হইল। অতএব লেয়া গর্ব্ভবতী হইয়া পুত্র প্রসব করিলে তাহার ৩২ নাম রূবেন্ (পুত্রকে দেখ) রাখিল; কেননা সে কহিল, পরমেশ্বর অবশ্য আমার দুঃখ দেখিয়াছেন; অতএব স্বামী আমাকে এখন ভাল বাসিবেন। অপর ৩৩ সে পুনর্ব্বার গর্ব্ভবতী হইয়া পুত্র প্রসব করিয়া কহিল, আমি অবজ্ঞাতা আছি, পরমেশ্বর ইহা শ্রবণ করিয়া আমাকে এই পুত্রও দিলেন; পরে তাহার নাম শিমিয়োন্ (শ্রবণ) রাখিল। এবং আর বার সে ৩৪ গর্ব্ভবতী হইয়া পুত্র প্রসব করিয়া কহিল, এত দিনের পর স্বামী আমাতে আসক্ত হইবেন, কেননা আমি তাহার তিন পুত্র প্রসব করিলাম; অতএব তাহার নাম লেবি (আসক্ত) রাখিল। পরে পুনর্ব্বার তাহার ৩৫

[২৯ অধ্যা; ৯, ১০] যা ২; ১৬, ১৭ ॥—[১২] আ ২৭; ৪৩ ॥—[১৩] ২৪; ২৯, ৩০ ॥—[১৪] বি ৯; ২ ॥—
[২২] বি ১৪; ১০ ॥—[২৫] আ ২৭; ৩৬ ॥—[২৭] বি ১৪; ১২ ॥—[৩০] প ২০ ॥—[৩৪] গী ১৮; ২, ৪ ॥

* (ইব্রু) কি তাহার কল্যাণ। † (ইব্রু) দিন বড়। ‡ (ইব্রু) শ্রবণ। ‖ (ইব্রু) দিবসদের এক মাস।

গর্ব্ভ হইলে সে পুত্র প্রসব করিয়া কহিল, এখন আমি পরমেশ্বরের প্রশংসা করি; অতএব তাহার নাম যিহূদা (প্রশংসা) রাখিল। তাহার পর তাহার গর্ব্ভ নিবৃত্তি হইল*।

৩০ অধ্যায়।

১ লেয়ার প্রতি রাহেলের ঈর্ষা, ১৪ ও রাহেলের দূদাফল পাওন, ১৯ ও লেয়ার পুনশ্চ সন্তান সন্ততি হওন, ২২ ও রাহেলের সন্তান যূষফের জন্ম, ২৫ ও যাকূব্ পিত্রালয়ে যাইতে চাহিলে তাহার সহিত লাবনের নিয়ম স্থির করণ, ৩৭ ও সম্পত্তি পাইতে যাকূবের ওপায়।

১ অপর আপনাতে যাকূবের পুত্র জন্মিল না, ইহা দেখিয়া রাহেল্ ভগিনীর প্রতি ঈর্ষা করিয়া যাকূব্কে কহিল, ২ আমাকে সন্তান দেও, নতুবা আমি মরিব। তাহাতে যাকূব্ রাহেলের প্রতি ক্রোধ করিয়া কহিল, তোমার গর্ব্ভের ফল নিবারণ করিলেন যে ঈশ্বর, তাঁহার প্রতিনিধি ৩ কি আমি? তখন রাহেল্ কহিল, তবে আমার দাসী বিল্হাতে গমন কর, সে পুত্র প্রসব করিয়া আমার ৪ কোলে দিলে আমি তাহাহইতে পুত্রবতী হইব†। ইহা বলিয়া সে আপন দাসী বিল্হাকে স্বামির সহিত ৫ বিবাহ দিল। তখন যাকূব্ তাহাতে গমন করিলে বিল্হা ৬ গর্ব্ভবতী হইয়া যাকূবের এক পুত্র প্রসব করিল। তখন রাহেল্ কহিল, ঈশ্বর আমার প্রতি ন্যায় করিলেন, কেননা তিনি আমার কাকুক্তি শুনিয়া আমাকে পুত্র দিলেন; অতএব সে তাহার নাম দান্ (ন্যায়) রাখিল। ৭ অনন্তর রাহেলের বিল্হা দাসী পুনর্ব্বার গর্ব্ভ ধারণ ৮ করিয়া যাকূবের দ্বিতীয় পুত্র প্রসব করিল। তখন রাহেল্ কহিল, আমি মহাযত্নেতে‡ ভগিনীর সহিত মল্ল যুদ্ধ করিয়া জয় করিলাম। অতএব সে তাহার নাম ৯ নপ্তালি (মল্ল যুদ্ধ) রাখিল। অনন্তর লেয়া আপনার গর্ব্ভ নিবৃত্তি বুঝিয়া আপনার সিল্পা নামে দাসীকে লইয়া ১০ স্বামির সহিত বিবাহ দিল। তাহাতে লেয়ার সিল্পা দাসীর গর্ব্ভহইতে যাকূবের এক পুত্র জন্মিল। তখন লেয়া ১১ কহিল, এক দল আসিতেছে; অতএব তাহার নাম গাদ্ ১২ (দল) রাখিল। অনন্তর লেয়ার দাসী সিল্পা যাকূবের ১৩ দ্বিতীয় পুত্র প্রসব করিল। তাহাতে লেয়া কহিল, আমি ধন্যা||, সকল স্ত্রীলোক আমাকে ধন্যা কহিবে; অতএব সে তাহার নাম আশের্ (ধন্য) রাখিল।

১৪ অপর গম কাটনের সময়ে রূবেন্ বাহিরে গিয়া ক্ষেত্রে দূদাফল পাইয়া আনিয়া আপন মাতা লেয়াকে দিল; তাহাতে রাহেল্ লেয়াকে কহিল, তোমার ১৫ পুত্রের আনীত দূদাফল কিছু আমাকে দেও। তাহাতে সে কহিল, তুমি আমার স্বামিকে লইলা, এ কি ক্ষুদ্র বিষয়? তুমি আমার পুত্রের দূদাফলও লইতে চাহ? তখন রাহেল্ কহিল, তোমার পুত্রের দূদাফলের পরিবর্ত্তে সে অদ্য রাত্রিতে তোমার সহিত শয়ন ১৬ করিবে। পরে সন্ধ্যাকালে ক্ষেত্রহইতে যাকূবের আগমন সময়ে লেয়া তাহার সঙ্গে সাক্ষাৎ করিতে বাহিরে গিয়া কহিল, অদ্য রাত্রিতে আমার সহিত তোমাকে শয়ন করিতে হইবে, কেননা আমি আপন পুত্রের দূদাফল দিয়া তোমাকে ভাড়া করিলাম; অতএব সে ১৭ সেই রাত্রিতে তাহার সহিত শয়ন করিল। তাহাতে ঈশ্বর লেয়ার প্রার্থনা শুনিলে সে পুনর্ব্বার গর্ব্ভবতী ১৮ হইয়া যাকূবের পঞ্চম পুত্র প্রসব করিল। তখন লেয়া কহিল, ঈশ্বর আমাকে বেতন দিলেন, কেননা আমি স্বামিকে আপন দাসী দিলাম; অতএব সে তাহার নাম ইষাখর্ (বেতন) রাখিল।

১৯ অনন্তর লেয়া পুনর্ব্বার গর্ব্ভধারণ করিয়া যাকূবের ২০ ষষ্ঠ পুত্র প্রসব করিল। তখন লেয়া কহিল, ঈশ্বর আমাকে উত্তম যৌতুক দিলেন, এখন আমার স্বামী আমার সহিত বাস করিবে, কেননা আমাতে তাহার ছয় পুত্র জন্মিল; অতএব সে তাহার নাম সিবূলূন্ ২১ (বাস) রাখিল। অনন্তর তাহার এক কন্যা জন্মিলে তাহার নাম দীণা রাখিল।

২২ অনন্তর ঈশ্বর রাহেল্কে স্মরণ করিয়া তাহার প্রার্থনা ২৩ শুনিয়া তাহাকে গর্ব্ভ ধারণের শক্তি দিলেন। তখন তাহার গর্ব্ভ হইলে সে পুত্র প্রসব করিয়া কহিল, ২৪ ঈশ্বর এখন আমার অপমান দূর করিলেন। পরে সে তাহার নাম যূষফ্ (বৃদ্ধি) রাখিয়া কহিল, পরমেশ্বর আমাকে আরো এক পুত্র দিউন।

২৫ অপর রাহেল্হইতে যূষফ্ জন্মিলে যাকূব্ লাবন্কে কহিল, আমাকে আপন দেশে স্বস্থানে যাইতে বিদায় ২৬ কর। এবং আমি যাহাদের জন্যে তোমার দাস্য কর্ম্ম করিলাম, আমার সেই স্ত্রীগণ ও পুত্রগণকে আমাতে সমর্পণ করিয়া যাইতে দেও; কেননা যে রূপ তোমার ২৭ দাস্য কর্ম্ম করিলাম, তাহা তুমি জ্ঞাত আছ। তখন লাবন্ তাহাকে কহিল, বিনয় করি, তুমি এখন আমার প্রতি অনুগ্রহ কর, কেননা আমি অনুভবে জানিলাম, কেবল তোমার নিমিত্তেই পরমেশ্বর আমাকে আশী- ২৮ র্ব্বাদ করিলেন। অতএব সে কহিল, তুমি আপনি আমার স্থানে যে রূপ বেতন স্থির করিবা, আমি তাহাই ২৯ তোমাকে দিব। তখন যাকূব্ তাহাকে কহিল, আমি যে রূপ তোমার দাস্য কর্ম্ম করিলাম, এবং আমার নিকটে তোমার পশুগণ যে রূপ আছে, তাহাও তুমি ৩০ জ্ঞাত আছ। কেননা আমার আগমনের পূর্ব্বে তোমার অল্প সম্পত্তি ছিল, কিন্তু এখন প্রচুর§ হইয়াছে; আমার আগমনাবধি** পরমেশ্বর তোমার মঙ্গল

[৩০ অধ্যা; ১] আ ২৯; ৩১। প ২৩। যূ ৪; ৩, ৮, ৯ ॥—[৩, ৪] আ ১৬; ২, ৩ ॥—[৯] প ৩, ৪ ॥—[২২] প ১। আ ৮; ১ ॥—[২৫] ২৮; ৪ ॥—[২৬] ২৯; ২০, ৩০ ॥—[২৭] ২৩; ২৮, ২৯ ॥—[২৮] ২৯; ১৫ ॥

* (ইব্রী) সে প্রসব করিতে বিরাম করিল। † (ইব্রী) ঘড় বনাইব। ‡ ঈশ্বরের যত্নেতে। || (ইব্রী) আমার ধন্যা হওয়াতে। § (ইব্রী) অতিশয় বর্দ্ধিত। ** (ইব্রী) আমার চরণে।

করিয়াছেন; কিন্তু আমি আপন পরিবারের জন্যে ৩১ কবে সঞ্চয় করিব? তাহাতে লাবন্ কহিল, আমি তোমাকে কি দিব? যাকূব্ কহিল, তুমি আমাকে আর কিছুই না দিয়া যদি আমার প্রতি এক কর্ম্ম কর, তবে আমি তোমার পশুদিগকে পুনর্ব্বার চরাইয়া প্রতিপালন ৩২ করিব। অদ্য আমি তোমার সকল পশু পালের মধ্যে গিয়া কর্ব্বুরবর্ণ ও চিত্র বিচিত্র গবাদি এবং কপিশবর্ণ মেষ সকল ও কর্ব্বুরবর্ণ ও চিত্র বিচিত্র ছাগ সকলকে বিভিন্ন ৩৩ করি; সেই সকল আমার বেতন স্বরূপ হইবে। ইহার পরে * যখন তোমার সাক্ষাতে আমার বেতন উপস্থিত হইবে, তখন আমার যাথার্থ্যের এক প্রমাণ হইবে; তাহাতে যদি ছাগদের মধ্যে কর্ব্বুরবর্ণ ও চিত্র বিচিত্র ভিন্ন ও মেষদের মধ্যে কপিশ বর্ণ ভিন্ন থাকে, তবে ৩৪ তাহা আমার চৌর্য্য রূপে গণ্য হইবে। তখন লাবন্ ৩৫ কহিল, ভাল, তোমার কথানুসারেই হইবে। অপর সে সেই দিনে বিচিত্র ও কর্ব্বুরবর্ণ ছাগ সকল ও বিচিত্র ও কর্ব্বুরবর্ণ ছাগী সকল, এবং যাহাতে২ কিঞ্চিৎ শুক্ল বর্ণ ছিল, এবং কপিশবর্ণ মেষ সকল পৃথক করিয়া ৩৬ আপন পুত্রদের হস্তে সমর্পণ করিয়া যাকূব্ হইতে দূরে তিন দিনের পথে পাঠাইল; পরে যাকূব্ লাবনের অবশিষ্ট পশুপাল চরাইতে লাগিল।

৩৭ অপর যাকূব্ লিব্নী ও লূস্ ও অর্মোন্ বৃক্ষের সরস শাখা কাটিয়া তাহার ছাল খুলিয়া কাষ্ঠের শুক্ল ৩৮ রেখা বাহির করিল। পরে যে সময়ে পশুগণ জলপানার্থে আইসে, তৎকালে তাহারা যেন গর্ব্ভধারণ করে, এই নিমিত্তে জলপানের সময়ে পশুদের সঙ্গমে তাহাদের সম্মুখে পানপাত্রের মধ্যে ঐ শাখা সকল উচ্চ করিয়া ৩৯ রাখিতে লাগিল। অতএব তাহাদের সেই শাখার নিকটে গর্ব্ভধারণ করাতে চক্র চিত্রিত ও কর্ব্বুরবর্ণ ও ৪০ বিচিত্র বৎস সকল জন্মিল। তাহাতে যাকূব্ সেই বৎস সকল পৃথক করিল এবং লাবনের চক্র চিত্রিত ও কপিশবর্ণ বৎসের সম্মুখে আপন পাল রাখিল; এই রূপে সে লাবনের পালের সহিত না রাখিয়া ৪১ আপন পালকে পৃথক করিল। এবং বলবান পশুগণ যেন শাখার নিকটে গর্ব্ভধারণ করে, এই জন্যে পানপাত্রের মধ্যে পশুদের সম্মুখে ঐ শাখা রাখিল; কিন্তু দুর্ব্বল পশুদের সম্মুখে রাখিল না। ৪২ তাহাতে যত বলবান পশু, প্রায় সকলি যাকূবের হইল, ৪৩ কিন্তু দুর্ব্বল পশুগণ লাবনের হইল। অতএব যাকূব্ † অতি বর্দ্ধিষ্ণু হইল, এবং তাহার পশু ও দাস ও দাসী ও উষ্ট্র ও গর্দ্দভ যথেষ্ট হইল।

৩১ অধ্যায়।

১ লাবনের নিকটহইতে যাকূবের পলায়ন, ১৭ ও লাবনের ঠাকুরের রাহেলের চুরী করণ, ২২ ও লাবনের যাকূবের পলায়ন সম্বাদ পাওন ১৫ ও তাহার পশ্চাৎ ধাবমান হওন, ৩০ ও তাম্বুতে ঠাকুর অন্বেষণ ৩৬ ও লাবনের প্রতি যাকূবের তিরস্কার, ৪৩ ও যাকূবের সহিত লাবনের নিয়ম স্থির করণ।

১ অপর যাকূব্ আমাদের পিতার সর্ব্বস্ব লইল, আমাদের পিতার ধনহইতে তাহার এই সকল ঐশ্বর্য্য হইল, ২ যাকূব্ লাবনের পুত্রদের এই কথা শুনিল। এবং লাবন্ তাহার প্রতি পূর্ব্বকার† ন্যায় নহে, ইহাও যাকূব্ তাহার ৩ মুখ দেখিয়াই বুঝিল। এবং পরমেশ্বর যাকূব্কে কহিলেন, তুমি আপন পৈতৃকদেশে জ্ঞাতিদের নিকটে ৪ ফিরিয়া যাও, আমি তোমার সহায় আছি। অতএব যাকূব্ প্রান্তরে পশুদের নিকটে রাহেল্কে ও লেয়াকে ৫ ডাকাইয়া কহিল, আমি দেখিলাম তোমাদের পিতার মুখ আমার প্রতি পূর্ব্বকার ‡ মত নহে, কিন্তু আমার ৬ পিতার ঈশ্বর আমার সহায় আছেন। আমি যথা সাধ্য তোমাদের পিতার দাস্য কর্ম্ম করিলাম, তাহা তোমরা ৭ জ্ঞাত আছ; তথাপি তোমাদের পিতা আমাকে প্রবঞ্চনা করিল, ও দশবার আমার বেতনের অন্যথা করিল; কিন্তু ঈশ্বর আমার ক্ষতি করিতে তাহাকে ৮ দিলেন না; কেননা চিত্র বিচিত্র তাবৎ পশুগণ তোমার বেতন স্বরূপ হইবে, এই কথা সে যদি আপনি কহিল, তবে সকল পশুহইতেই চিত্র বিচিত্র পশুগণ জন্মিল। এবং রেখাবিশিষ্ট পশু সকল তোমার হইবে, যদি ৯ ইহা কহিল, তবে সকল পশুই রেখাবিশিষ্ট হইল। এই রূপে ঈশ্বর তোমাদের পিতার পশুধন লইয়া আমাকে ১০ দিলেন। কেননা পশুদের গর্ব্ভধারণকালে আমি স্বপ্নেতে স্বচক্ষুতে দেখিলাম, পালের মধ্যে স্ত্রীপশুদের উপরে যত পুংপশু উঠিতেছে, সকলি চক্রচিত্রিত ও চিত্রবিচিত্র ও ১১ রেখাবিশিষ্ট। তখন ঈশ্বরের দূত স্বপ্নে আমাকে যাকূব্ বলিয়া ডাকিলে আমি উত্তর করিলাম, আমি উপস্থিত ১২ আছি। তাহাতে তিনি কহিলেন, ঐ চাহিয়া দেখ, স্ত্রীপশুদের উপরে যত পুংপশু উঠিতেছে, সকলি চক্রচিত্রিত ও চিত্র বিচিত্র ও রেখাবিশিষ্ট; কেননা তোমার প্রতি লাবন্ যেরূপ ব্যবহার করে, তাহা আমি দেখিলাম। ১৩ যে স্থানে তুমি স্তম্ভে অভিষেক ও আমার নিকটে মাননি করিয়াছ, সেই বৈথেলের ঈশ্বর আমি; এখন উঠিয়া এই দেশ ত্যাগ করিয়া আপন জ্ঞাতিদের দেশে ১৪ ফিরিয়া যাও। তাহাতে রাহেল্ ও লেয়া উত্তর করিল, পিতার বাটীতে আমাদের কি কিছু অংশ ও অধিকার ১৫ আছে? এখন আমরা কি তাহার কাছে বিদেশি রূপে গণ্য হইলাম না? কেননা তিনি আমাদিগকে ১৬ বিক্রয় করিয়া মুল্যভোগ করিয়াছেন। অতএব ঈশ্বর

[৩০] ১ তী ৫; ৮ ॥—[৩৭] আ ৩১; ৯-১২ ॥—[৪৩] ২৪; ৩৫ । ২৬; ১৩, ১৪ ॥
[৩১ অধ্য; ৬] আ ৩০; ২৭ ॥—[৭] ২৫; ২৬, ৩৩ । ২৭; ৩৬ । ২৯; ২৫ । প ৪১ ॥—[৮, ৯] ৩০; ৩১-৪৩ ॥—[১৩] ২৮, ১০-২২ । প ৩ ॥—[১৫] ২৪; ৩৩ ॥

* (ইব্রি) কল্যে। † (ইব্রি) এই মনুষ্য। ‡ (ইব্রি) কল ও পরশ্ব।

আমাদের পিতাহইতে যে সকল ধন লইয়াছেন, সে সকলি আমাদের ও আমাদের বংশের; ঈশ্বর তোমাকে যাহা কহিলেন, তুমি তাহাই কর।

১৭ তখন যাকূব্ গাত্রোত্থান করিয়া আপন সন্তানগণ ১৮ ও স্ত্রীদিগকে উষ্ট্রারোহণ করাইয়া পদ্দন্-অরাম্ হইতে যে পশু ও যে সম্পত্তি উপার্জ্জন করিয়াছিল, কিনান্ দেশে আপন পিতা ইস্হাকের নিকটে যাইতে তাহা ১৯ লইয়া গেল। তৎকালে লাবন্ মেষ লোমচ্ছেদন করিতে গিয়াছিল; এই অবকাশে রাহেল্ আপন পিতার ২০ পুত্তলিকাদিগকে হরণ করিল। পরে যাকূব্ কোন সমাচার না দিয়া অরামীয় লাবন্কে বঞ্চনা করিয়া * ২১ তাহার অজ্ঞাত সারে পলায়ন করিল। এই রূপে সে আপন সর্ব্বস্ব লইয়া পলায়ন করিল, এবং ফরাৎ নদী পার হইয়া গিলিয়দ্ পর্ব্বত সম্মুখে রাখিয়া চলিল।

২২ পরে তৃতীয় দিনে লাবন্ যাকূবের এরূপ পলায়নের ২৩ সম্বাদ পাইয়া আপন কুটুম্বদিগকে সঙ্গে লইয়া তাহার পশ্চাৎ ২ সপ্ত দিনের পথ দৌড়িয়া গিয়া গিলিয়দ্ ২৪ পর্ব্বতে তাহাকে ধরিল। কিন্তু ঈশ্বর রাত্রিতে স্বপ্নযোগে উপস্থিত হইয়া অরামীয় লাবন্কে কহিলেন, সাবধান হও, যাকূব্কে ভাল ব্যতিরেকে মন্দ † কথা কহিও না।

২৫ পরে লাবন্ যাকূব্কে ধরিল; ঐ মিলনের সময়ে যাকূবের তাম্বু পর্ব্বতোপরি স্থাপিত ছিল; তাহাতে লাবন্ও কুটুম্বদের সহিত গিলিয়দ্ পর্ব্বতোপরি তাম্বু ২৬ স্থাপন করিল। পরে লাবন্ যাকূব্কে কহিল, তুমি কেন এমন কর্ম্ম করিলা? আমাকে বঞ্চনা করিয়া * খড়্গ-ধৃত লোকদের ন্যায় আমার কন্যাদিগকে কেন লইয়া ২৭ গেলা? তুমি আমাকে বঞ্চনা করিয়া * কেন গোপনে পলাইলা? আমাকে সংবাদ দিলা না; তাহা দিলে আমি তোমাকে আহ্লাদে তবলের ও বীণার বাদ্য ও গান ২৮ পুরঃসরে বিদায় করিতাম। তুমি পুত্রগণকে ও কন্যা-গণকে চুম্বন করিতেও আমাকে দিলা না, এ অতি অজ্ঞা-২৯ নের কর্ম্ম করিলা। তোমাকে হিংসা করিতে আমার হস্ত সমর্থ বটে; কিন্তু গত রাত্রিতে তোমার পিতার ঈশ্বর আমাকে কহিলেন, সাবধান হও, যাকূব্কে ভাল ব্যতিরেকে মন্দ † কিছুই কহিও না।

৩০ আর পিত্রালয়ে যাইতে তোমার একান্ত বাঞ্ছা হও-য়াতে তুমি যাইতে উদ্যত হইয়াছ; সে যাহা হউক, কিন্তু ৩১ আমার ঠাকুর সকলকে কেন চুরি করিলা? তাহাতে যাকূব্ লাবন্কে উত্তর করিল, তুমি যদি আমাহইতে আপন কন্যাগণকে বলেতে কাড়িয়া লও, ইহা ভাবিয়া ৩২ আমি ভয় পাইলাম। কিন্তু তুমি অন্বেষণ করিয়া যাহার স্থানে ঠাকুর সকল পাইবা, সে বাঁচিবে না। আমার স্থানে তোমার যাহা আছে, তাহা আমাদের কুটুম্বদের সাক্ষাতে অন্বেষণ করিয়া লও; কেননা যাকূব্ রাহেলের ঐ চুরি করণ জানিত না। ৩৩ তখন লাবন্ যাকূবের ও লেয়ার ও দুই দাসীর তাম্বু গৃহে গিয়া অন্বেষণ করিল, কিন্তু পাইল না। পরে সে লেয়ার তাম্বুহইতে রাহেলের তাম্বু গৃহে প্রবেশ করিল। ৩৪ কিন্তু রাহেল্ সেই পুত্তলিকাদিগকে লইয়া উষ্ট্রের সজ্জার ভিতরে রাখিয়া তদুপরি বসিয়া-ছিল; তাহাতে লাবন্ তাহার তাম্বু গৃহের সকল স্থান অন্বেষণ করিলেও তাহা পাইল না। ৩৫ তখন রাহেল্ পিতাকে কহিল, আমি আপনকার সাক্ষাতে উঠিতে পারিলাম না, তাহাতে, হে প্রভো, অসন্তুষ্ট হইবেন না, কেননা আমি স্ত্রীধর্ম্মিণী আছি; এই কারণ সে অন্বেষণ করিলেও পুত্তলিকাদিগকে পাইল না।

৩৬ তখন যাকূব্ ক্রোধ করিয়া লাবন্কে ভর্ৎসনা পূর্ব্বক কহিল, আমার কি দোষ ও কি পাপ আছে, যে তুমি প্রজ্বলিত হইয়া আমার পশ্চাৎ ২ দৌড়িয়া আইলা? ৩৭ তুমি আমার সকল দ্রব্য অন্বেষণ করিয়া আপন গৃহের বস্তুর একটিও কি পাইলা? তবে তাহা আমার ও তোমার এই কুটুম্বদের সাক্ষাতে রাখ, ইহারা উভয় পক্ষের বিচার করিবে। ৩৮ এই বিংশতি বৎসর পর্য্যন্ত তোমার গৃহে থাকিলাম; তাহাতে তোমার মেষীদের কি ছাগীদের গর্ব্ভপাতও হইল না, এবং তোমার পালের কোন মেষকে খাইলাম না; ৩৯ বরং হিংস্র জন্তু যাহাকে ছিন্ন ভিন্ন করিল, তাহাও তোমার নিকটে আনিলাম না; সে ক্ষতি আপনি স্বীকার করি-লাম; এবং দিনে কিম্বা রাত্রিতে যাহার চুরি হইল, তাহার পরিবর্ত্ত আমাহইতে লইলা! ৪০ আমি দিনের উত্তাপে ও রাত্রির শীতে মৃতকল্প হইলাম; আমার চক্ষু-হইতে নিদ্রা দূরে গেল। ৪১ এই প্রকারে আমি বিংশতি বৎসর পর্য্যন্ত তোমার গৃহে দাস্য কর্ম্ম করিলাম; তাহাতে তোমার দুই কন্যার জন্যে চৌদ্দ বৎসর, ও তোমার পশুদের জন্যে ছয় বৎসর দাস্য বৃত্তি করি-লাম। তাহার মধ্যে তুমি আমার বেতন দশ বার অন্যথা করিলা। ৪২ যিনি আমার পৈতৃক ঈশ্বর ও ইস্হাকের ভয় স্থান, তিনি যদি আমার সহায় না হইতেন, তবে অবশ্য এখন তুমি আমাকে রিক্ত হস্তে বিদায় করিতা। ঈশ্বর আমার দুঃখ ও হস্তের পরিশ্রম দেখিয়াছেন, এই জন্যে গত রাত্রিতে তোমাকে ধমকাইলেন।

৪৩ তখন লাবন্ যাকূব্কে উত্তর করিল, এই কন্যাগণ আমারি কন্যা, ও এই বালকেরা আমারি বালক, ও এই পশুপাল আমারি পশুপাল; যাহা ২ দেখিতেছ, এ সকলি আমার আছে। ৪৪ অতএব এই আপন কন্যা-দিগকে ও তাহাদের প্রসূত সন্তানদিগকে এখন কি করিতে পারি? আইস, তোমাতে ও আমাতে নিয়ম স্থির করি, তাহা তোমার ও আমার সাক্ষী থাকিবে। ৪৫ তখন যাকূব্ এক প্রস্তর লইয়া স্তম্ভ স্থাপন করিল। ৪৬ এবং

[১৯] বি ১৭; ৫ ॥—[২৪] আ ২০; ৩। ২৪; ৫০ ॥—[২৫] ইি ১৬; ৭॥—[২৯] প ২৪। গী ১০৫; ১৪ ॥—[৩০] প ১১ ॥—[৩৮] আ ৩০; ৩০ ॥—[৩৯] প ১৫ ॥—[৪১] প ৭। ২৯; ২০, ৩০ ॥—[৪২] যা ৩; ৭, ৮॥

* (ইব্রি) মন চুরি করিয়া। † (ইব্রি) ভাল হইতে মন্দ পর্য্যন্ত।

যাকূব্ আপন কুটুম্বদিগকে কহিল, তোমরাও প্রস্তরের
রাশি কর; তাহাতে তাহারা প্রস্তর আনিয়া এক রাশি
করিল, এবং সেই স্থানে সেই রাশির উপরে আপ-
৪৭ নারা ভোজন করিল। অনন্তর লাবন্ তাহার নাম যিগর্-
সাহদূথা (সাক্ষির রাশি) নাম রাখিল, কিন্তু যাকূব্
৪৮ তাহার নাম গলিয়েদ্ (সাক্ষির রাশি) রাখিল। তখন
লাবন্ কহিল,এই রাশি অদ্য তোমার ও আমার সাক্ষী
থাকিল; অতএব তাহার নাম গলিয়েদ্ এবং মিস্পা
৪৯ (প্রহরী) রাখিল। কেননা সে কহিল, আমরা পরস্পর
অদৃষ্ট হইলে পরমেশ্বর আমার ও তোমার প্রহরী
৫০ থাকিবেন। তুমি যদি আমার কন্যাদিগকে ক্লেশ দেও,
কিম্বা আমার কন্যা ব্যতিরেকে অন্য স্ত্রীকে বিবাহ
কর, তবে সেই সময়ে কেহ নিকটে না থাকিলেও ঈশ্বর
৫১ আমার ও তোমার সাক্ষী হইবেন। লাবন্ যাকূব্কে
আরো কহিল, এই রাশি দেখ, এবং আমার ও
৫২ তোমার মধ্যবর্ত্তি আমার স্থাপিত এই স্তম্ভ দেখ। আমি
অপকার করিতে এই রাশি পার হইয়া তোমার নিকটে
যাইব না, এবং তুমিও এই রাশি ও স্তম্ভ পার হইয়া
আমার নিকটে আসিবা না, তাহার সাক্ষী এই রাশি ও
৫৩ তাহার সাক্ষী এই স্তম্ভ; ইহাতে ইব্রাহীমের ঈশ্বর ও
নাহোরের ঈশ্বর ও তাহাদের পিতার ঈশ্বর আমাদের
মধ্যে বিচার করিবেন; তখন যাকূব্ আপন পিতা ইস্-
৫৪ হাকের ভয় স্থানের ঐ দিব্য করিল। পরে সে সেই
পর্ব্বতে বলিদান করিয়া আহার করিতে আপন কুটুম্ব-
দিগকে ডাকিল, তাহাতে তাহারা ভোজন করিয়া পর্ব্বতে
৫৫ সমস্ত রাত্রি যাপন করিল। পরে লাবন্ প্রত্যূষে
উঠিয়া আপন কন্যাদিগকে ও বালকগণকে চুম্বন
করিয়া আশীর্ব্বাদ করিল, এবং যাত্রা করিয়া আপন
দেশে প্রস্থান করিল।

৩২ অধ্যায়।

১ যাকূবের দর্শন ও এষৌর প্রতি সম্বাদ প্রেরণ ৬ ও দূতের প্রত্যাগমন ও যাকূবের প্রার্থনা ১৩ ও উপঢৌকন প্রস্তুত করণ ১৬ ও উপঢৌকন প্রেরণ ২৪ ও যাকূবের মল্লযুদ্ধ করণ ৩১ ও খঞ্জ হইয়া নদী পার হওন।

১ তদনন্তর যাকূব্ যাত্রা করিলে ঈশ্বরের দূতগণ তাহাকে
২ দর্শন দিল। তখন যাকূব্ তাহাদিগকে দেখিয়া কহিল,
ইহারা ঈশ্বরের সৈন্য, অতএব সেই স্থানের নাম
৩ মহনয়িম্ (দুই সৈন্য) রাখিল। তাহার পর যাকূব্
অগ্রস্থিত সেয়ীর্ দেশের ইদোম্ প্রদেশে *এষৌ ভ্রাতার
নিকটে দূতগণকে প্রেরণ করিয়া তাহাদিগকে এই আজ্ঞা
৪ করিল, তোমরা আমার প্রভু এষৌকে এই সমাচার
দেও, তোমার দাস যাকূব্ তোমাকে জানাইল, আমি
অদ্যপর্য্যন্ত লাবনের নিকটে প্রবাস করিয়া আসি-
তেছি। আমার গোরু ও গর্দ্দভ ও পশু পাল ও দাস ও ৫
দাসী আছে, তাহাতে আমি আপন প্রভুর অনুগ্রহ
দৃষ্টি পাইবার জন্যে তোমাকে সংবাদ পাঠাইলাম।

অপর দূতগণ প্রত্যাগমন করিয়া যাকূব্কে কহিল, ৬
আমরা তোমার এষৌ ভ্রাতার কাছে গিয়াছিলাম;
তিনি চারি শত লোক সঙ্গে লইয়া তোমার সহিত সাক্ষাৎ
করিতে আসিতেছে। তাহাতে যাকূব্ অতিশয় ভীত ৭
ও দুঃখিত হইল, এবং সঙ্গি লোকদিগকে ও গো
মেষাদির সমস্ত পালকে ও উষ্ট্রগণকে বিভক্ত করিয়া
দুই দল করিয়া কহিল, এষৌ আসিয়া যদ্যপি এক ৮
দলকে প্রহার করে, তথাপি অন্য দল বাঁচিয়া পলা-
য়ন করিবে। তখন যাকূব্ কহিল, হে আমার পিতঃ ৯
ইব্রাহীমের ঈশ্বর ও আমার পিতা ইস্হাকের ঈশ্বর,
তুমিই পরমেশ্বর, তুমি আপনি আমাকে কহিলা, তুমি
আপন দেশে জ্ঞাতিদের নিকটে প্রত্যাগমন কর,তাহাতে
আমি তোমার সহিত সদ্ব্যবহার করিব। তুমি এই ১০
দাসের প্রতি যে রূপ দয়া ও বিশ্বস্ততা প্রকাশ করিয়াছ,
তাহার কিঞ্চিতেরও যোগ্য আমি নহি†; কেননা
আমি যষ্টি মাত্র লইয়া এই যর্দ্দন্ নদী পার হইয়া-
ছিলাম, কিন্তু এখন আমি দুই দলের কর্ত্তা
হইয়াছি। এখন এষৌ ভ্রাতার হস্তহইতে আমাকে ১১
রক্ষা কর, কেননা সে আসিয়া পাছে আমাকে ও
বালকগণকে ও ‡ তাহাদের মাতাদিগকে বধ করে, এই
ভয় করি। তুমি কহিলা, আমি অবশ্য তোমার মঙ্গল ১২
করিয়া সমুদ্রের অসংখ্য বালির ন্যায় তোমার বংশ
বৃদ্ধি করিব।

অপর যাকূব্ সেই রাত্রিতে সেই স্থানে থাকিয়া ১৩
উপস্থিত § পশুগণ হইতে কতক ২ লইয়া এষৌ ভ্রাতার
জন্যে উপঢৌকন প্রস্তুত করিল, অর্থাৎ দুই শত ছাগী ১৪
ও বিংশতি ছাগ, এবং দুই শত মেষী ও বিংশতি মেষ,
এবং ত্রিশ সবৎসা দুগ্ধবতী উষ্ট্রী, ও চল্লিশ গাবী ১৫
ও দশ বৃষ, এবং বিংশতি গর্দ্দভী ও দশ গর্দ্দভ
প্রস্তুত করিল।

পরে পাল সকল পৃথক ২ করিয়া আপন দাস- ১৬
গণের হস্তে এক ২ সমর্পণ করিয়া তাহাদিগকে আজ্ঞা
দিল, তোমরা আমার অগ্রে ২ যাও, এবং মধ্যে ২ স্থান
রাখিয়া প্রত্যেক পালকে পৃথক কর। পরে সে ১৭
অগ্রগামি দাসকে এই আজ্ঞা দিল, এষৌ ভ্রাতার সহিত
তোমার সাক্ষাৎ হইলে সে যখন জিজ্ঞাসিবে, তুমি
কাহার দাস? কোথায় যাইতেছ? এবং তোমার অগ্র-
স্থিত এই সকল কাহার? তখন তুমি উত্তর করিবা, ১৮

[৪৫, ৪৬] আ ২৮; ১৮ ॥—[৫৪] ২৬; ৩০॥—[৫৫] প ২৮ ॥
[৩২ অধ্য; ১] গী ৯১; ১১ ॥—[২] ২ রা ৬; ১৫-১৭। গী ৬৮; ১৭ ॥—[৩] আ ৩৬; ৮ ॥—[৪] হি ১৫; ১ ॥
[৯] গী ৫৬; ৯। গী ৫০; ১৫। আ ২৮; ১৩। ৩১; ৩,১৩ ॥—[১০] ২ শি ৭; ১৮। আ ৩০; ৪৩ ॥—[১১] হো ১০; ১৪ ॥
[১২] আ ২৮; ১৩-১৫ ॥—[১৩] হি ১৭; ৮ ॥

* (ইব্রু) ক্ষেত্রে। † (ইব্রু) তাহা সকলহইতে ক্ষুদ্র আছি। ‡ (ইব্রু) বালকাদের উপরে। § (ইব্রু) যে হাতে আইল।

এই সকল তোমার দাস যাকুবের; তিনি আপন প্রভু এষৌকে এই সকল উপঢৌকন দিলেন; ঐ দেখ, ১৯ তিনি আমাদের পশ্চাৎ আসিতেছেন। এই রূপে দ্বিতীয় ও তৃতীয় প্রভৃতি পালের পশ্চাদ্গামি সকল ভৃত্যকে আজ্ঞা দিয়া কহিল, এষৌর সহিত সাক্ষাৎ ২০ হইলে তোমরা এই প্রকারে কথা কহিও। আরো কহিও, দেখ, তোমার দাস যাকুব্ আমাদের পশ্চাৎ আসিতেছে। কেননা সে মনে করিল, অগ্রে উপঢৌকন পাঠাইয়া তাহাকে শান্ত করিয়া পশ্চাৎ তাহার সহিত সাক্ষাৎ করিব, তাহাতে সে আমার প্রতি অনুগ্রহ* করিলেও ২১ করিতে পারে। অতএব তাহার অগ্রে উপঢৌকন দ্রব্য গেল, কিন্তু আপনি সেই রাত্রিতে নিজ দলের মধ্যে ২২ থাকিল। পরে রাত্রিতে সে উঠিয়া আপনার দুই স্ত্রী ও দুই দাসী ও একাদশ পুত্রকে যব্বোক্ ঘাটে পার ২৩ করিতে সঙ্গে লইল। এবং তাহাদিগকে নদী পার করাইয়া আপনার তাবৎ দ্রব্য পারে পাঠাইয়া দিল।

২৪ তখন যাকূব্ তথায় একাকী থাকিলে এক পুরুষ প্রভাত অবধি তাহার সহিত মল্ল যুদ্ধ করিলেন, কিন্তু ২৫ তাহাকে জয় করিতে পারিলেন না। ইহা দেখিয়া তিনি যাকুবের উরুর সন্ধি স্থানে আঘাত করিলেন। তাহার সহিত এই রূপ মল্ল যুদ্ধ করাতে যাকুবের উরুর ২৬ সন্ধি স্থানচ্যুত হইল। পরে সেই পুরুষ কহিলেন, আমাকে ছাড়, কেননা প্রভাত† হইল। তখন যাকুব্ কহিল, তুমি আমাকে আশীর্ব্বাদ না করিলে তোমাকে ২৭ ছাড়িব না। পুনশ্চ সেই পুরুষ কহিলেন, তোমার ২৮ নাম কি? সে উত্তর করিল, যাকুব্। তিনি কহিলেন, তুমি যাকুব্ নামে আর বিখ্যাত হইবা না; কিন্তু ইস্রায়েল্ (ঈশ্বরজয়ী) নামে বিখ্যাত হইবা; কেননা তুমি রাজার ন্যায় ঈশ্বরের ও মনুষ্যের সহিত যুদ্ধ করিয়া ২৯ জয় করিলা। তখন যাকুব্ কহিল, আমি প্রার্থনা করি, আপনকার কি নাম বলুন? তিনি কহিলেন, তুমি কি জন্যে আমার নাম জিজ্ঞাসা কর? পরে তথায় যাকুব্- ৩০ কে আশীর্ব্বাদ করিলেন। তখন যাকুব্ সেই স্থানের নাম পিনূয়েল্ (ঈশ্বরের বদন) রাখিল; কেননা সে কহিল, আমি ঈশ্বরের বদন প্রত্যক্ষ দেখিলেও আমার প্রাণ বাঁচিল।

৩১ পরে সে পিনূয়েল্ পার হইলে সূর্য্যোদয় হইল; কিন্তু তাহার উরুর সন্ধি মুক্ত হওয়াতে সে উরুতে ৩২ খঞ্জ হইল। অতএব ইস্রায়েলের বংশ অদ্যাপি উরুর সঙ্কোচিত প্রধান শিরা ভোজন করে না, কেননা দূত যাকুবের উরুর সন্ধিস্থান স্পর্শ করিলে তাহার শিরা সঙ্কোচিত হইল।

৩৩ অধ্যায়।

১ এষৌর সহিত যাকূবের সাক্ষাৎ করণের কথা ১৬ ও যাকুবের সুক্কোতে যাওনের কথা ১৮ ও যাকূবের শিখিম্ নগরে উপস্থিত হইয়া ভূমি বিক্রয় করণ ও বেদি নির্ম্মাণ করণ।

১ অনন্তর যাকূব্ চক্ষু তুলিয়া চাহিয়া চারি শত লোকের সহিত এষৌকে আসিতে দেখিল; তাহাতে সে আপন সন্তানদের সহিত লেয়াকে ও রাহেল্‌কে ও দুই দাসীকে ২ পৃথক ২ করিল। ফলতঃ অগ্রে আপন সন্তানদের সহিত দাসীদিগকে, তৎপশ্চাতে আপন সন্তানদের সহিত লেয়াকে, সর্ব্ব শেষে যূষফের সহিত রাহেল্‌কে ৩ নিযুক্ত করিয়া আপনি সকলের অগ্রে গিয়া সাত বার ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিতে ২ আপন ভ্রাতার নিকটে ৪ উপস্থিত হইল। তখন এষৌ তাহার সঙ্গে মিলিতে দ্রুতগমনে আসিয়া যাকূবের গলা ধরিয়া আলিঙ্গন ও ৫ চুম্বন করিল, এবং উভয়েই রোদন করিল। এবং চক্ষু তুলিয়া স্ত্রীগণকে ও বালকগণকে দেখিয়া জিজ্ঞাসিল, ইহারা তোমার কে? তাহাতে সে কহিল, ঈশ্বর তোমার দাসের প্রতি দয়া করিয়া এই সকল সন্তান দিয়াছেন। ৬ তখন দাসীগণ ও তাহাদের সন্তানগণ নিকটে আসিয়া ৭ প্রণাম করিল। পরে লেয়া ও তাহার সন্তানগণ আসিয়া প্রণাম করিল; সর্ব্ব শেষে যূষফ্ ও রাহেল্ নিকটে ৮ আসিয়া প্রণাম করিল। এষৌ জিজ্ঞাসিল, আমি অগ্রে যে সকল পশু পালের দর্শন করিলাম, তাহা কিসের নিমিত্তে‡? যাকূব্ কহিল, প্রভুর অনুগ্রহ পাই- ৯ বার জন্যে। তখন এষৌ কহিল, ও হে ভাই, আমার যথেষ্ট আছে; তোমার যাহা থাকে, তাহা আপনার ১০ জন্যে রাখ§। যাকূব্ কহিল, এমন নয়, নিবেদন করি, আমি আপনকার দৃষ্টিতে যদি অনুগ্রহ পাইলাম, তবে আমার হস্তহইতে উপঢৌকন দ্রব্য গ্রহণ কর; কেননা আমি ঈশ্বরের মুখ দর্শনের ন্যায় তোমার মুখ ১১ দর্শন করিলাম, তাহাতে তুমিও আমাতে তুষ্ট হইলা। অতএব এখন আপনকার জন্যে যে উপঢৌকন দ্রব্য আনীত হয়, তাহা গ্রহণ কর, এই আমার প্রার্থনা; কেননা ঈশ্বরের অনুগ্রহেতে আমার যথেষ্ট ‖ আছে; এই রূপ অতি আগ্রহ পূর্ব্বক প্রার্থনা করিলে এষৌ ১২ তাহা গ্রহণ করিল। পরে এষৌ কহিল, আইস, আমরা যাই; আমি তোমাদের অগ্রে ২ গমন করি। ১৩ তাহাতে যাকূব্ কহিল, এই বালকগণ কোমল, ও দুগ্ধবতী মেষী ও গবাদি পাল আমার সঙ্গে আছে, তাহা প্রভু দেখিতেছেন; এক দিন মাত্র অধিক চালা- ১৪ ইলে সকল পালই মরিবে। অতএব নিবেদন করি,

[২০] হি ১৮; ১৩। ২১; ১৪ ॥—[২৪] হো ১২; ৪। কল ২; ১ ॥—[২৫] গী ১৩৮; ৬ ॥—[২৮] আ ৩৩; ৪। ৩৫, ৫ ॥
[২৯] বি ১৩, ১৭, ১৮। হি ৩০; ৪। যিশ ৯; ৬ ॥—[৩০] আ ১৬; ১৩। যা ৩৩; ১৪। ইব্রু ১; ৩ ॥
[৩৩ অধ্যা] হি ১৬; ৭ ॥—[১] আ ৩২; ৬, ১১ ॥—[৪] ৩২; ২৮ ॥—[৫] গী ১২৭; ৩ ॥—[৮] আ ৩২; ১৩-২০ ॥—
[১০] য ১৮; ১০ ॥—[১১] আ ১৪; ২৩। ১ শি ২৫; ২৭, ২৮ ॥

* (ইব্রু) মুখাপেক্ষা। † (ইব্রু) প্রত্যূষের উদয়। ‡ (ইব্রু) তাহাতে তোমার সম্বর্ক কি? § (ইব্রু) হউক। ‖ (ইব্রু) সকলই।

হে আমার প্রভো,আপনি আপন দাসের অগ্রে ২ যাউন; সেয়ীর্ প্রদেশে আমার প্রভুর নিকটে উপস্থিত হওন পর্য্যন্ত পশুগণের ও বালকগণের গমন শক্তি*অনুসারে ১৫ অল্পে২ লইয়া যাই। এষৌ কহিল, তবে আমার সঙ্গি কতক লোক তোমার নিকটে রাখিয়া যাই। যাকুব্ কহিল, তাহাতে প্রয়োজন কি†? আমার প্রতি কেবল প্রভুর অনুগ্রহ হউক্।

১৬ তাহাতে এষৌ সেই দিনেই সেয়ীরের পথে প্রত্যা-১৭ গমন করিল। কিন্তু যাকুব্ সুক্কোতে গমন করিয়া আপনার জন্যে গৃহ, ও পশুদের জন্যে কুটীর নির্ম্মাণ করিল; এই জন্যে সেই স্থান সুক্কোৎ (কুটীর) নামে বিখ্যাত আছে।

১৮ এই রূপে যাকুব্ পদ্দন্-অরাম্ হইতে প্রত্যাগমন করিয়া নির্ব্বিঘ্নে‡ কিনান্ দেশের শিখিমের এক নগরে উপস্থিত হইয়া নগরের বাহিরে তাম্বু স্থাপন করিল। ১৯ পরে শিখিমের পিতা হমোর্ বংশীয় লোকদিগকে রূপার এক শত মুদ্রা§দিয়া সেই তাম্বু স্থাপনের ভূমিখণ্ড ২০ ক্রয় করিয়া তথায় এক বেদি নির্ম্মাণ করিল, এবং তাহার নাম এল্-ইলোহী- ইস্রায়েল্ (ইস্রায়েলের সর্ব্ব শক্তিমান ঈশ্বর) রাখিল।

৩৪ অধ্যায়।

১ শিখিম্দ্বারা দীণার ভ্রষ্টা হওন ও ত্বক্ছেদদ্বারা বিবাহের সম্বন্ধ করণ, ১০ ও হমোর্ ও শিখিমের কথাদ্বারা লোকদের ত্বক্ছেদ স্বীকার, ২৫ ও ত্বক্ছেদ দ্বারা পীড়িত লোকদের প্রতি যাকুবের দুই পুত্রের আক্রমণ ও বধ করণ ও লুঠ করণ।

১ অপর যাকুবের লেয়া স্ত্রী জাতা দীণা নাম্নী কন্যা সেই দেশের কন্যাদের সহিত সাক্ষাৎ করিতে বাহিরে ২ গেলে পর হিব্বীয় হমোর্ নামে অধিপতির পুত্র শিখিম্ তাহাকে দেখিয়া হরণ করিয়া বলাৎকারে সঙ্গ করিয়া ৩ তাহাকে ভ্রষ্টা করিল; এবং যাকুবের ঐ কন্যা দীণাতে তাহার মন মগ্ন হওয়াতে সে মনোহর বাক্য কহিয়া ৪ তাহার সহিত প্রেম করিল। পরে শিখিম্ আপন পিতা হমোর্কে কহিল, তুমি এই কন্যার সহিত আমার ৫ বিবাহ দেও। অনন্তর শিখিম্ আমার দীণা কন্যাকে ভ্রষ্টা করিল, এই কথা যাকুব্ শুনিল। ঐ সময়ে তাহার পুত্রগণ প্রান্তরে পশুপাল চরাইতেছিল; অত-এব যাকুব্ তাহাদের আগমন পর্য্যন্ত স্তব্ধ হইয়া ৬ থাকিল। অপর শিখিমের পিতা হমোর্ যাকুবের ৭ সহিত কথোপকথন করিতে গেল। আর যাকুবের পুত্রগণ ঐ বিষয়ের সম্বাদ পাইয়া প্রান্তরহইতে আইল। এবং যাকুবের কন্যাকে বলাৎকারে সঙ্গ করণে ইস্রায়েলের বিরুদ্ধে শিখিমের এই অধম ও অকর্ত্তব্য ব্যবহার করাতে মনস্তাপিত ও অতি ৮ ক্রোধান্বিত হইল। তখন হমোর্ তাহাদের সহিত কথোপকথন করিয়া কহিল, তোমাদের এই কন্যাতে আমার পুত্র শিখিমের মন আসক্ত হইল; অতএব নিবেদন করি, আমার পুত্রের সহিত তাহার বিবাহ দেও, এবং আমাদের সহিত বিবাহের সম্বন্ধ কর; ৯ তোমাদের কন্যাগণ আমাদিগকে দান কর, এবং আমাদের কন্যাদিগকেও গ্রহণ কর। তোমরা যদি ১০ আমাদের সহিত বাস করিবা, তবে তোমাদের সম্মুখে এই দেশ আছে, তাহাতে বাস কর, ও বাণিজ্য কর, ও অধিকার কর। এবং শিখিম্ দীণার পিতাকে ও ১১ ভ্রাতৃগণকে কহিল, তোমরা আমার প্রতি অনুগ্রহ দৃষ্টি কর; তাহাতে যাহা কহিবা,তাহাই দিব। যৌতুক ও দান ১২ যত অধিক চাহিবা, তোমাদের বাক্যানুসারে তাহাই দিব; কিন্তু আমার সহিত ঐ কন্যার বিবাহ দেও। তখন ১৩ শিখিমের তাহাদের দীণা ভগিনীকে ভ্রষ্টা করাতে যাকু-বের পুত্রগণ শিখিম্কে ও তাহার পিতা হমোর্কে ছলোক্তি করিয়া কহিল, আমরা অত্বক্ছেদীকে আপ-১৪ নাদের ভগিনী দিতে পারি না; তাহাতে আমাদের অখ্যাতি হইবে। কিন্তু আমাদের ন্যায় তোমরা ১৫ প্রত্যেক পুরুষ যদি ত্বক্ছেদী হও, তবে আমরা এই পণেতে স্বীকার করিব। তোমাদিগকে আপনা-১৬ দের কন্যা দিব; এবং আমরা তোমাদের কন্যা-গণকে গ্রহণ করিয়া তোমাদের সহিত বাস করিয়া এক জাতি হইব। কিন্তু তোমরা যদি ত্বক্ছেদ বিষয়ে ১৭ আমাদের কথা না শুন, তবে আমরা ঐ কন্যাকে লইয়া যাইব। তখন তাহাদের এই কথাতে হমোর্ ১৮ ও তাহার পুত্র শিখিম্ সন্তুষ্ট হইল। এবং সেই ১৯ যুবা অবিলম্বে সেই কর্ম্ম করিল, কেননা সে যাকুবের কন্যাতে অত্যন্ত অনুরক্ত ছিল; ঐ শিখিম্ আপন পিতৃ পরিবার সকল হইতে সম্ভ্রান্ত ছিল।

পরে হমোর্ ও তাহার পুত্র শিখিম্ আপন নগর-২০ দ্বারে আসিয়া নগরনিবাসিদের সহিত কথোপকথন করিয়া কহিল, এ লোকেরা আমাদের সহিত নির্ব্বি-২১ রোধী; অতএব ইহাদিগকে এই দেশে বাস ও বাণিজ্য করিতে দেওয়া যাউক,কেননা দেখ, এই দেশ তাহাদের নিমিত্তে যথেষ্ট আছে, এবং তাহাদের কন্যাগণকে আমরা গ্রহণ করিব, ও আমাদের কন্যাগণ তাহা-দিগকে দিব। কিন্তু তাহাদের এই পণ আছে, আমাদের ২২ মধ্যে প্রত্যেক পুরুষ যদি তাহাদের সদৃশ ত্বক্ছেদী হয়, তবে তাহারা আমাদের সহিত বাস করিয়া এক জাতি হইতে সম্মত আছে। আর তাহাদের ধন ২৩ ও সম্পত্তি ও পশু সকল কি আমাদের হইবে না? আমরা তাহাদের কথা স্বীকার করিলে তাহারা আমা-দের সহিত বাস করিবে। তখন যে২ লোক নগরের ২৪ দ্বারের বাহিরে গেল, সকলেই হমোরের ও তাহার পুত্র শিখিমের ঐ কথা মানিল, এবং তাহার নগর দ্বারের বহির্গামি তাবৎ লোকেরই ত্বক্ছেদ হইল।

[১৪] আ ৩২; ৩ ‖—[১৮] ১২; ৬ ‖—[১৯] ২৩; ১৪-১৮। যো ৪; ৫ ‖—[৩৪ অধ্য; ১] আ ৩০; ২১ ‖—[২৪] ২৩; ১০ ‖

* (ইব্রি) চরণ শক্তি। † (ইব্রি) তাহা কেন? ‡ (বা) শালেমে। § (বা) এক শত মেষশাবক।

২৫ অপর তৃতীয় দিবসে তাহারা পীড়িত হইলে দীণার ভ্রাতা শিমিয়োন্ ও লেবি, যাকূবের এই দুই পুত্র খড়্গ গ্রহণ করিয়া অকস্মাৎ নগর আক্রমণ করিয়া তাবৎ ২৬ পুরুষকে বধ করিল। এবং হমোর্কে ও তাহার পুত্র শিখিম্কে খড়্গাঘাতে বধ করিয়া শিখিমের গৃহ- ২৭ হইতে দীণাকে লইয়া গেল। এবং তাহাদের ভগিনীকে ভ্রষ্টা করাতে যাকূবের পুত্রগণ হত লোকদের নিকটে ২৮ আসিয়া নগর লুঠ করিল। এবং তাহাদের মেষ ও গোরু ও গর্দ্দভ সকল, এবং নগরস্থ ও ক্ষেত্রস্থ তাবৎ ২৯ দ্রব্য গ্রহণ করিল। এবং তাহাদের শিশু ও স্ত্রীগণকে বন্দি করিয়া তাহাদের তাবৎ ধন ও গৃহের সর্ব্বস্ব লুঠ ৩০ করিল। তখন যাকূব্ শিমিয়োন্কে ও লেবিকে কহিল, তোমরা এতদ্দেশীয় অর্থাৎ কিনানীয় ও পিরিষীয় লোকদের নিকটে আমাকে দুর্গন্ধ স্বরূপ করিয়া ব্যাকুল করিলা; আমার লোক অল্প, এই প্রযুক্ত তাহারা আমার বিরুদ্ধে একত্র মিলিয়া আমাকে বধ করিবে; ৩১ তাহাতে আমি সপরিবারে বিনষ্ট হইব। তাহারা উত্তর করিল, যেমন বেশ্যার সহিত, তেমনি কি সে আমাদের ভগিনীর সহিত ব্যবহার করিবে?

৩৫ অধ্যায়।

১ ঈশ্বরের যাকূব্কে বৈথেলে প্রেরণ করণ ৬ ও সেখানে বেদি নির্ম্মাণ করণ ও দেবোরার মরণ ৯ ও বৈথেলে যাকূব্কে ঈশ্বরের আশীর্ব্বাদ করণ ১৬ ও প্রসববেদনার কষ্টেতে রাহেলের মরণ ২১ ও যাকূবের বংশাবলি ২৭ ও ইস্হাকের মৃত্যু ও কবর দেওন।

১ অনন্তর ঈশ্বর যাকূব্কে কহিলেন, তুমি উঠিয়া বৈথেলে গিয়া সে স্থানে বাস কর; এবং তোমার এষৌ ভ্রাতার নিকটহইতে পলায়ন কালে যে ঈশ্বর তোমাকে দর্শন দিয়াছেন, তাঁহার উদ্দেশে সেই স্থানে যজ্ঞবেদি ২ নির্ম্মাণ কর। তাহাতে যাকূব্ আপন পরিজনদিগকে ও সঙ্গি লোকদিগকে কহিল, তোমাদের কাছে যে সকল দেবপ্রতিমা * আছে, তোমরা তাহা দূর করিয়া অন্য ৩ বস্ত্র পরিধান করিয়া শুদ্ধ হও। এবং আইস, আমরা উঠিয়া বৈথেলে যাই; এবং যে ঈশ্বর আমার দুঃখসময়ে প্রার্থনা শুনিয়া আমার গমন পথে সহায় হইয়াছেন, তাঁহার উদ্দেশে সেই স্থানে এক যজ্ঞবেদি নির্ম্মাণ করি। ৪ তাহাতে তাহারা আপনাদের নিকটস্থিত দেব প্রতিমা ও কর্ণকুণ্ডল সকল লইয়া যাকূব্কে দিলে সে ঐ সকল লইয়া শিখিম্ দেশস্থিত অলোন্ বৃক্ষের তলে পুতিয়া রাখিয়া ৫ তথাহইতে যাত্রা করিল। কিন্তু চতুর্দ্দিকস্থিত নগরে ঈশ্বরহইতে ভয় উপস্থিত হওয়াতে তথাকার লোকেরা কেহ যাকূবের পুত্রদের পশ্চাৎ২ তাড়না করিতে গেল না।

৬ পরে যাকূব্ ও তাহার সঙ্গিগণ কিনান্ দেশের ৭ লূস্ নগরে অর্থাৎ বৈথেলে আইলে সে এক যজ্ঞবেদি নির্ম্মাণ করিয়া সেই স্থানের নাম এল-বৈথেল্ (বৈথেলের ঈশ্বর) রাখিল; কারণ যাকূবের ভ্রাতৃভয়ে পলায়ন কালে ঈশ্বর সেই স্থানে তাহাকে দর্শন দিয়াছিলেন। ৮ অপর ঐ স্থানে রিব্কার দিবোরা নাম্নী দাসীর মৃত্যু হইলে বৈথেলের নিকটস্থ অলোন্ বৃক্ষের তলে তাহার কবর হইল, এবং সেই স্থানের নাম অলোন্-বাখুৎ (শোক বৃক্ষ) হইল।

৯ পরে যাকূব্ পদ্দন্-অরাম্হইতে প্রত্যাগমন করিলে ঈশ্বর তাহাকে পুনর্ব্বার দর্শন দিয়া আশীর্ব্বাদ ১০ করিলেন। এবং ঈশ্বর তাহাকে কহিলেন, এখন তোমার যাকূব্ নাম আছে, কিন্তু কেবল যাকূব্ নাম থাকিবে না; ইস্রায়েল্ নামও হইবে; অপর তাহার ১১ নাম ইস্রায়েল্ রাখিলেন। ঈশ্বর তাহাকে আরো কহিলেন, আমিই সর্ব্বশক্তিমান ঈশ্বর, তুমি ফলবান হইয়া বৃদ্ধি পাও; তোমাহইতে এক জাতি কেবল নয়, অনেক জাতি উৎপন্ন হইবে, ও তোমার ঔরসে ১২ রাজগণ জন্মিবে। এবং আমি ইব্রাহীম্কে ও ইস্হাক্কে যে দেশ দিতে প্রতিজ্ঞা করিয়াছি, সেই দেশ তোমাকে ১৩ ও তোমার ভাবিবংশকে দিব। এইরূপ কথোপকথন ১৪ করিয়া ঈশ্বর তথাহইতে ঊর্দ্ধগমন করিলেন। তাহাতে যাকূব্ সেই ঈশ্বরের কথোপকথন স্থানে এক স্তম্ভ অর্থাৎ প্রস্তরের এক স্তম্ভ স্থাপিত করিয়া তাহার ১৫ উপরে পানীয় নৈবেদ্য ও তৈল ঢালিল। এবং যাকূব্ ঈশ্বরের সহিত কথোপকথন স্থানের নাম পুনর্ব্বার বৈথেল্ (ঈশ্বরের গৃহ) রাখিল।

১৬ অনন্তর তাহারা বৈথেল্হইতে প্রস্থান করিল, কিন্তু ইফ্রাথায় উপস্থিত হওনের অল্প পথ † অবশিষ্ট থাকিতে রাহেলের প্রসব বেদনা হইল; এবং তাহার ১৭ প্রসব করণে অতি কষ্ট হইল। এবং প্রসব ব্যথা অতিশয় হইলে ধাত্রী তাহাকে কহিল, ভয় করিও না, তুমি ১৮ এবারও পুত্র প্রসব করিবা। পরে মরণকালে প্রাণ বিয়োগ সময়ে সে পুত্রের নাম বিনোনী (কষ্টজাত পুত্র) রাখিল, কিন্তু তাহার পিতা তাহার নাম বিন্য়ামীন্ (দক্ষিণ হস্ত পুত্র) রাখিল। ১৯ এইরূপে রাহেলের মৃত্যু হইলে ইফ্রাথা অর্থাৎ বৈৎলেহমে যাওন পথের ২০ নিকটে তাহার কবর হইল। পরে যাকূব্ সেই কবরের

[২৫-২৯] ৪৯; ৫, ৬, ৭ ॥—[৩০] যা ৫, ২১। গী ১০৫; ১২ ॥
[৩৫ অধ্য; ১] আ ২৮; ১০-২২ ॥—[২] যি ২৪; ১৫, ২৩। আ ৩১; ১৯, ৩৪। যা ১৯; ১০ ॥—[৩] আ ২৮; ১৫। ৩১; ৪২। ৩২; ॥—[৪] যা ৩২; ৩। বি ৮; ২৪-২৭। যি ২৪; ২৬ ॥—[৫] যা ১৫; ১৬। গী ১০৫; ১২-১৪ ॥—[৬] আ ২৮; ১৯ ॥—[৭] ২৮; ১২-১৫, ২২ ॥—[৮] ২৪; ৫৯ ॥—[১০] ৩২; ২৮ ॥—[১১,১২] ২৮; ১২-১৫ ॥—[১১] ১৭; ১-৮ ॥—[১২] ১৩; ১৪-১৭। ২৬; ৩ ॥—[১৪] ২৮; ১৮ ॥—[১৫] ২৮; ১৯ ॥—[১৬] প ১৯ ॥
[১৭, ১৮] ১ শি ৪; ২০-২২ ॥—[১৯] যী ৫; ২। ম ২; ১৬-১৮ ॥

* (ইব্রু) বিদেশি দেব। † (ইব্রু) ভূমি।

উপরে এক স্তম্ভ স্থাপন করিল, তাহার নাম অদ্যাপি রাহেল্ কবর স্তম্ভ বলে।

২১ পরে ইস্রায়েল্ তথাহইতে প্রস্থান করিয়া পাল-গড় পার হইয়া তাহার নিকটে তাম্বু স্থাপন করিল। ২২ সেই দেশে বাস করণকালে রূবেন্ আপন পিতার বিল্হা নাম্নী উপপত্নীতে গমন করিলে ইস্রায়েল্ ২৩ তাহা শুনিল। যাকূবের দ্বাদশ পুত্র; তাহাদের মধ্যে লেয়ার গর্ব্ভজাত রূবেন্ জ্যেষ্ঠ, এবং শিমিয়োন্ ও ২৪ লেবি ও যিহূদা ও ইষাখর্ ও সিবূলূন্। এবং রাহে-২৫ লের পুত্র যূষফ্ ও বিন্য়ামীন্। এবং রাহেলের ২৬ বিল্হা দাসীর পুত্র দান্ ও নপ্তালি। এবং লেয়ার সিল্পা দাসীর পুত্র গাদ্ ও আশের্; যাকূবের এই সকল পুত্র পদ্দন্-অরামে জন্মিয়াছিল।

২৭ পরে ইব্রাহীম্ ও ইস্হাক্ যে মম্রী স্থানে অর্থাৎ অর্ব্ব নগরে বাস করিয়াছিল, এবং অদ্যাবধি যাহাকে হিব্রোণ্ বলে, সেই স্থানে যাকূব্ আপন পিতা ইস্-২৮ হাকের নিকটে উপস্থিত হইল। তৎকালে ইস্হাকের ২৯ বয়ঃক্রম এক শত আশী বৎসর ছিল। পরে ইস্হাক্ বৃদ্ধ ও পূর্ণায়ু হইয়া প্রাণত্যাগ করিয়া আপন লোক-দের সহিত সংগৃহীত হইল; এবং তাহার পুত্র এষৌ ও যাকূব্ তাহার কবর দিল।

৩৬ অধ্যায়।

১ কিনান্ দেশীয় এষৌর বংশাবলি, ৬ ও সেয়ীর পর্ব্বতে তাহার গমন, ৯ ও সেয়ীর পর্ব্বতে তাহার বংশাবলি, ১৫ ও তাহার পুত্রজাত রাজগণের নাম, ২০ ও সেয়ীরের বংশাবলি, ৩১ ও ইদোমের রাজগণের নাম, ৪০ ও এষৌজাত রাজগণের নাম।

১ ঐ এষৌর নাম ইদোম্ও ছিল; তাহার বংশাবলি। ২ এষৌ কিনানীয়দের দুই কন্যাকে অর্থাৎ হিত্তীয় এলো-নের কন্যা আদাকে, ও হিব্বীয় সিবিয়োনের অনার ৩ গর্ব্ভজাত কন্যা অহলীবামাকে, তদ্ভিন্ন ইস্মায়েলের বাসিমৎ নাম্নী কন্যা নিবায়োতের ভগিনীকে বিবাহ ৪ করিল। অনন্তর এষৌর ঔরসে আদার গর্ব্ভে ইলীফস্, ৫ ও বাসিমতের গর্ব্ভে রূয়েল্ জন্মিল। এবং অহলি-বামার গর্ব্ভে যিয়ূশ্ ও যালম্ ও কোরহ জন্মিল; এষৌর এই সকল সন্তান কিনান্দেশে জন্মিল।

৬ পরে এষৌ আপন ভার্য্যাগণ ও পুত্রগণ ও কন্যাগণ ও গৃহস্থিত অন্য ২ সকল লোককে *, এবং আপন পশু সকলকে এবং কিনান্দেশে উপার্জ্জিত তাবৎ সম্পত্তি লইয়া যাকূব্ ভ্রাতার নিকটহইতে অন্যদেশে প্রস্থান ৭ করিল। কেননা তাহাদের প্রচুর ঐশ্বর্য্য হওয়াতে একত্র বাস সম্ভব হইল না, এবং তাহাদের সেই ৮ প্রবাস স্থানে পশুধন প্রযুক্ত নির্ব্বাহ চলিল না। এই রূপে এষৌ সেয়ীর্ পর্ব্বতে বাস করিল; ঐ এষৌর নাম ইদোম্ও ছিল।

৯ অপর সেয়ীর্ পর্ব্বতস্থ ইদোমীয়দের † পূর্ব্বপুরুষ এষৌর বংশাবলি, অর্থাৎ এষৌর সন্তানদের নাম। ১০ এষৌর আদা নাম্নী স্ত্রীর গর্ব্ভজাত পুত্র ইলীফস্ ও বাসি-মৎ নাম্নী স্ত্রীর গর্ব্ভজাত পুত্র রূয়েল্। ১১ এবং ইলীফসের পুত্র তৈমন্ ও ওমার্ ও সিফো ‡ ও গয়িতম্ ও কিনস্। ১২ এবং এষৌর পুত্র ইলীফসের তিম্না নাম্নী উপপত্নীতে জাত অমালেক্; এই সকলি এষৌর আদা পত্নীর ১৩ পৌত্র। এবং রূয়েলের সন্তান নহৎ ও সেরহ ও শম্ম ও মিসা; ইহারা এষৌর ভার্য্যা বাসিমতের পৌত্র। ১৪ এবং এষৌর অহলিবামা ভার্য্যা যে সিবিয়োনের পৌত্র অনার কন্যা, তাহার সন্তান যিয়ূশ্ ও যালম্ ও কোরহ।

১৫ এষৌর পুত্র রাজগণের বংশাবলি। এষৌর জ্যেষ্ঠ পুত্র যে ইলীফস্, তাহার পুত্র রাজা তৈমন্ ও রাজা ১৬ ওমার্ ও রাজা সিফো ও রাজা কিনস ও রাজা কোরহ ও রাজা গয়িতম্ ও রাজা অমালেক্; ইহারা ইলী-ফসের পুত্র আদার পৌত্র ইদোম্ দেশের রাজা ছিল। ১৭ এষৌর পুত্র রূয়েলের সন্তান রাজা নহৎ ও রাজা সেরহ ও রাজা শম্ম ও রাজা মিসা; ইহারা রূয়ে-লের ঔরসজাত পুত্র এষৌর বাসিমৎ ভার্য্যার পৌত্র ১৮ ইদোম্ দেশের রাজা ছিল। এবং এষৌর অহলিবামা স্ত্রীর পুত্র রাজা যিয়ূশ ও রাজা যালম্ ও রাজা কোরহ; ইহারা অনার কন্যা যে এষৌর ভার্য্যা অহলিবামা ১৯ তাহার গর্ব্ভজাত রাজা। ইহারা এষৌর অর্থাৎ ইদোমের ঔরসজাত পুত্র ও রাজা।

২০ পূর্ব্বকালের তদ্দেশ নিবাসি হোরীয় সেয়ীরের সন্তান লোটন্ ও শোবল্ ও সিবিয়োন্ ও অনা ও ২১ দিশোন্ ও এৎসর্ ও দীশন্। ইহারা ইদোম্ দেশীয় ২২ সেয়ীরের পুত্র হোরীয় লোকদের রাজা ছিল। লোট-নের পুত্র হোরি ও হেমম্ §, এবং লোটনের তিম্না নামে ২৩ ভগিনী ছিল। এবং শোবলের পুত্র অল্বন্ ‖ ও মান-হৎ ও এবল্ ও শিফো ও ওনম্। ২৪ এবং সিবিয়োনের পুত্র অয়া ও অনা; এই অনা আপন পিতা সিবিয়োনের গর্দ্দভ চরাওন সময়ে বনে উষ্ণজলের উনুই ** পাইয়া-২৫ ছিল। ঐ অনার পুত্র দিশোন্ ও কন্যা অহলিবামা। ২৬ এবং দিশোনের পুত্র হিম্দন্ †† ও ইশ্বন্ ও যিত্রন্ ও ২৭ কিরাণ্। এবং এৎসরের পুত্র বিল্হন্ ও সাবন্ ২৮ ও যাকন্ ‡‡। এবং দিশনের পুত্র উস্ ও অরান্। ২৯ এবং হোরীয়দের সন্তান রাজা লোটন্ ও রাজা শোবল্ ৩০ ও রাজা সিবিয়োন্ ও রাজা অনা ও রাজা দিশোন্ ও রাজা এৎসর ও রাজা দিশন্। এই হোরীয়দের সন্তানগণ সেয়ীর্ দেশস্থ রাজগণের মধ্যে রাজা ছিল।

---

[২১] মী ৪ ; ৮ ॥—[২২] আ ৪৯ ; ৩, ৪ ॥—[২৭] আ ২৭ ; ১৩, ৪৪, ৪৫ । ১৩ ; ১৮ । ২৩ ; ২ ॥—[২৯] ২৫ ; ৮, ৯ ॥
[৩৬ অধ্য ; ১] আ ২৫ ; ৩০ ॥—[২] ২৬ ; ৩৪ ॥—[৩] ২৮ ; ৯ ॥—[৪,৫] ১ বং ১ ; ৩৫ ॥—[৬] আ ৩৩ ; ১৬ ॥
[৭] ১৩ ; ৬ ॥—[৮] প ২ । ৩৩ ; ১৬ ॥—[১১-৩০] ১ বং ১ ; ৩৬-৪২ ॥

*(ইব্রু)প্রাণী। †(ইব্রু)ইদোমের। ‡(বা)সিফি। §(বা)হোমম্। ‖(বা)অলিয়ন্। **(বা)অশ্বতর। ††(বা)অম্রাম্। ‡‡(বা)অকন্।

৩১ অপর ইস্রায়েলের সন্তানদের রাজত্ব হওনের পূর্ব্বে ৩২ ইহারা ইদোম্ দেশের রাজা ছিল। বিয়োরের বেলা নামে পুত্র ইদোম্ দেশে রাজত্ব করিল, এবং দিন্‌হাবা নগর তাহার রাজধানী ছিল। ৩৩ এবং বেলা মরিলে পর তাহার পদে বস্রা নিবাসি সেরহের পুত্র যোবব্ ৩৪ তথায় রাজত্ব করিল। এবং যোবব্ মরিলে পর তৈমন্ ৩৫ দেশীয় হূশম্ তাহার পদে রাজত্ব করিল। এবং হূশম্ মরিলে পর বিদদের পুত্র যে হদদ্ মোয়াবের প্রান্তরে মিদিয়নকে জয় করিল, সে তাহার পদে রাজত্ব করিল; এবং তাহার রাজধানীর নাম অবীৎ ৩৬ ছিল। এবং হদদ্ মরিলে পর মস্রেকার নিবাসি ৩৭ সম্‌ল তাহার পদে রাজত্ব করিল। এবং সম্‌ল মরিলে পর ফরাৎ নদীর নিকটবর্ত্তি রিহোবোৎ ৩৮ নিবাসি শৌল্ তাহার পদে রাজত্ব করিল। এবং শৌল্ মরিলে পর অক্‌বোরের পুত্র বাল্‌হানন্ তাহার ৩৯ পদে রাজত্ব করিল। এবং অক্‌বোরের পুত্র বাল্‌হানন্ মরিলে পর হদর্* তাহার পদে রাজত্ব করিল; পায়ূ নগরে তাহার রাজধানী ছিল, এবং মিহেটবেল্ নামে তাহার স্ত্রী ছিল, সে মট্রেদের কন্যা ও মেষাহবের দৌহিত্রী ছিল।

৪০ এষৌহইতে উৎপন্ন এবং নাম ও স্থান ও গোষ্ঠী ভেদে ৪১ যে ২ রাজা ছিল, তাহাদের নাম। রাজা তিম্ন ও রাজা অল্‌বা ও রাজা যিথেৎ ও রাজা অহলীবামা ও রাজা ৪২ এলা ও রাজা পীনোন্ ও রাজা কিনস্ ও রাজা তৈমন্ ও রাজা মিব্‌সর্ ও রাজা মগ্দীয়েল্ ও রাজা ঈরম্। ৪৩ ইহারা আপন ২ রাজ্য ভেদে ও রাজধানী ভেদে ইদোম্ দেশের রাজা ছিল। এষৌ এই ইদোমীয়দের আদিপুরুষ ছিল।

৩৭ অধ্যায়।

১ যূষফের প্রতি ভ্রাতৃগণের দ্বেষ, ৫ ও যূষফের দুই স্বপ্ন দর্শন ৯ ও তাহাকে ভ্রাতৃগণের কাছে যাকুবের প্রেরণ, ১২ ও শিখিমে তাহাদিগকে অন্বেষণ করণ, ১৫ ও তাহাদের সহিত সাক্ষাৎ করণ, ১৮ ও যূষফকে বধ করিতে তাহাদের পরামর্শ করণ, ২৩ ও ইস্মায়েলীয়দের কাছে যূষফকে বিক্রয় করণ, ২৯ ও তাহার বস্ত্র রক্ত মৃক্ষিত দেখিয়া যাকুবের শোক করণ।

১ যাকুব্ আপন পিতার প্রবাস স্থান কিনান্ দেশে বাস করিলে পর তাহার প্রতি যাহা ২ ঘটিয়াছিল, তাহার ২ বিবরণ। যূষফ্ সতের বৎসর বয়সের সময়ে আপন ভ্রাতৃগণের সহিত পশুপাল চরাইত, এবং সে আপন পিতৃ ভার্য্যা বিল্‌হার ও সিল্পার পুত্রগণের সহচর ছিল, এবং পিতার নিকটে আসিয়া ঐ ভ্রাতৃগণের কুব্যবহারের কথা কহিত। ৩ এবং ঐ যূষফ্ ইস্রায়েলের বৃদ্ধাবস্থার সন্তান হওন প্রযুক্ত ইস্রায়েল্ সকল পুত্র অপেক্ষা তাহাকে অধিক ভাল বাসিত এবং তাহাকে নানাবর্ণের † উত্তরীয় বস্ত্র প্রস্তুত করিয়া দিয়াছিল। ৪ কিন্তু পিতা সকল পুত্র অপেক্ষা যূষফ্‌কে অধিক ভাল বাসে, ইহা দেখিয়া তাহার ভ্রাতৃগণ তদবধি তাহাকে ঘৃণা করাতে তাহার প্রতি প্রেমের কথা কহিতে পারিল না।

৫ অপর যূষফ্ স্বপ্ন দেখিয়া আপন ভ্রাতাদিগকে তাহা কহিল; ইহাতে তাহারা তাহার প্রতি আরো অধিক ঘৃণা করিল। ৬ ফলতঃ সে কহিল, আমি এক স্বপ্ন দেখিলাম, তাহা নিবেদন করি শুন। ৭ দেখ, আমরা ক্ষেত্রেতে আটি বান্ধিতেছিলাম, তাহাতে আমার আটি উঠিয়া দাঁড়াইল, কিন্তু তোমাদের আটি চতুর্দিগে দাঁড়াইয়া আমার আটিকে প্রণাম করিল। ৮ ইহাতে তাহার ভ্রাতৃগণ তাহাকে কহিল, তুমি কি আমাদের উপরে নিতান্ত রাজত্ব করিবা? আমাদের উপরে কি প্রভুত্ব করিবা? তাহাতে তাহারা ঐ স্বপ্ন ও কথা প্রযুক্ত তাহার প্রতি আরো ঘৃণা করিল।

৯ পরে যূষফ্ আর এক স্বপ্ন দেখিয়া ভ্রাতৃগণের সাক্ষাতে কহিল, দেখ, আমি আরো এক স্বপ্ন দেখিলাম; দেখ, সূর্য্য ও চন্দ্র ও একাদশ নক্ষত্র আমাকে প্রণাম করিল। ১০ কিন্তু যূষফ্ আপন পিতা ও ভ্রাতৃগণের সাক্ষাতে তাহা কহিলে তাহার পিতা তাহাকে ধমকাইয়া কহিল, তুমি এ কেমন স্বপ্ন দেখিলা? আমি ও তোমার মাতা ও ভ্রাতৃগণ আমরা ভূমিষ্ঠ হইয়া কি তোমাকে প্রণাম করিব? ১১ তাহাতে তাহার ভ্রাতৃগণ তাহার প্রতি আরো ঈর্ষা করিল, কিন্তু তাহার পিতা সে কথা মনে রাখিল।

১২ অপর যূষফের ভ্রাতৃগণ পিতার পশুপাল চরাইতে ১৩ শিখিমে গেলে পর ইস্রায়েল্ যূষফ্‌কে কহিল, তোমার ভ্রাতৃগণ কি শিখিমে পশুপাল চরায় না? আইস, আমি তাহাদের কাছে তোমাকে পাঠাই; তাহাতে যূষফ্ কহিল, আমি উপস্থিত আছি। ১৪ তখন ইস্রায়েল্ তাহাকে কহিল, তুমি গিয়া তোমার ভ্রাতৃগণ ও পশুপাল ভাল ‡ আছে কি না, তাহা দেখিয়া আমাকে সংবাদ দেও। এই রূপে সে হিব্রোণের উপত্যকাহইতে যূষফকে বিদায় করিলে সে শিখিমে গেল।

১৫ তখন এক মনুষ্য যূষফ্‌কে প্রান্তরে ভ্রমণ করিতে দেখিয়া জিজ্ঞাসা করিল, তুমি কি অন্বেষণ করিতেছ? ১৬ সে কহিল, আপন ভ্রাতৃগণের অন্বেষণ করিতেছি; তাহারা কোথায় পশুপাল চরাইতেছে? বিনয় করি, তাহা আমাকে বল। ১৭ সে মনুষ্য কহিল, তাহারা এস্থানহইতে গিয়াছে, কেননা আমরা দোথনে যাইব, তাহাদের এই কথা শুনিলাম; অতএব যূষফ্ পশ্চাৎ ২ গিয়া দোথনে আপন ভ্রাতাদের সাক্ষাৎ পাইল।

[৩৬; ৩১-৪৩] ১ বং ১; ৪৩-৫৪ ॥—
[৩৭ অধ্য; ১] আ ৩৫; ২৭। ইব্রু ১১; ৯ ॥—[২] আ ৩০; ২২-২৪। ৩৬; ২৩-২৬ ॥—[৩] ২ শি ১৩; ১৮ ॥—
[৭] আ ৪২; ৬, ৯। ৪৩; ২৬। ৪৪; ১৪ ॥—[৯] ৪৬; ২৯ ॥—[১১] প্রে ৭; ৯। লূ ২; ৫১ ॥—[১৪] আ ৩৪; ২৫, ২৬, ৩০ ॥

* (বা) হদদ্। † (বা) নানা খণ্ড যুক্ত বা আস্তীন্ বিশিষ্ট। ‡ (বা) মঙ্গল।

১৮ অপর তাহাদের নিকটে তাহার যাওনের সময়ে তাহারা দূরহইতে তাহাকে দেখিয়া বধ করিতে মন্ত্রণা ১৯ করিয়া পরস্পর কহিল,ঐ দেখ,স্বপ্নদর্শক * আসিতেছে। ২০ আইস, আমরা উহাকে বধ করিয়া কোন গর্ত্তে ফেলিয়া দি; পরে কোন হিংসুক জন্তু তাহাকে খাইয়াছে, এই কথা কহিব; তাহাতে তাহার স্বপ্ন সকলের কি হয়, ২১ তাহা দেখি। কিন্তু রূবেন্ তাহা শুনিয়া তাহাদের হস্তহইতে তাহাকে রক্ষা করণার্থে কহিল, না, আমরা ২২ উহাকে বধ করিব না। রূবেন্ তাহাদের হস্তহইতে তাহাকে রক্ষা করিয়া পিতার নিকটে পাঠাইতে মনস্থ করিয়া পুনর্ব্বার তাহাদিগকে কহিল, রক্তপাত না করিয়া উহাকে প্রান্তরের গর্ত্ত মধ্যে ফেলিয়া দেও, কিন্তু উহার প্রতি হাত তুলিও না।

২৩ পরে যূষফ্ ভ্রাতৃগণের নিকটে আইলে তাহারা ২৪ তাহার গাত্রীয় বস্ত্র,অর্থাৎ নানাবর্ণের বস্ত্র কাড়িয়া লইয়া তাহাকে এক গর্ত্তে ফেলিয়া দিল; কিন্তু সেই গর্ত্ত শূন্য, ২৫ তাহাতে জল ছিল না। পরে তাহারা ভোজন করিতে বসিয়া চাহিয়া দেখিল, গিলিয়দ্হইতে এক দল ইস্মায়েলীয় লোক উষ্ট্রবাহনে সুগন্ধি দ্রব্য ও গুল্গুলু ও গন্ধ- ২৬ রস লইয়া মিসর্ দেশে যাইতেছে। তখন যিহূদা ভ্রাতৃগণকে কহিল,ভ্রাতৃবধ করিয়া রক্ত গোপন করাতে আমা- ২৭ দের কি লাভ? আইস,আমরা তাহাকে হিংসা না করিয়া † এই ইস্মায়েলীয়দের হস্তে বিক্রয় করি; কেননা সে আমাদের ভ্রাতা ও আমাদের মাংস স্বরূপ; তাহাতে ২৮ তাহার ভ্রাতৃগণ স্বীকার করিল। তখন সেই মিদিয়ন্ নিবাসি বণিকেরা নিকটস্থ হইলে তাহারা যূষফ্কে গর্ত্তহইতে টানিয়া তুলিল; এবং ইস্মায়েলীয়দের হস্তে বিংশতি রৌপ্যমুদ্রা লইয়া যূষফ্কে বিক্রয় করিল; তাহাতে তাহারা যূষফ্কে মিসরদেশে লইয়া গেল।

২৯ পরে রূবেন্ ফিরিয়া গর্ত্তের নিকটে গেল; যূষফ্ গর্ত্তে ৩০ নাই, ইহা দেখিয়া সে আপন বস্ত্র চিরিল। এবং ভ্রাতাদের নিকটে গিয়া কহিল, বালক নাই, আমি এখন ৩১ কোথায় যাইব? পরে তাহারা যূষফের বস্ত্র লইয়া এক ছাগ বাচ্চা মারিয়া তাহার রক্ত তাহাতে মাখাইল। ৩২ পরে তাহার পিতার নিকটে সেই নানাবর্ণ বস্ত্র পাঠাইয়া দিল ও কহিল, আমরা এই মাত্র পাইলাম, ইহা ৩৩ তোমার পুত্রের বস্ত্র বটে কি না? তাহাতে সে তাহা চিনিয়া কহিল, ইহা আমার পুত্রের গাত্র বস্ত্র বটে; কোন হিংসুক জন্তু তাহাকে খাইয়াছে, যূষফ্ অবশ্য ৩৪ খণ্ডে ২ ছিন্ন হইয়াছে। তখন যাকুব্ আপন বস্ত্র চিরিয়া কটিদেশে চট পরিধান করিয়া পুত্রের জন্যে ৩৫ অনেক দিন পর্য্যন্ত শোক করিল। পরে তাহার পুত্রগণ ও কন্যাগণ উঠিয়া তাহাকে সান্ত্বনা করিতে যত্ন করিল, কিন্তু সে প্রবোধ না মানিয়া কহিল, আমি শোকেতে পুত্রের নিকটে পরলোকে গমন করিব; এই রূপে তাহার পিতা তাহার জন্যে রোদন করিল। ৩৬ পরে সেই মিদিয়নীয়েরা যূষফ্কে মিসরে লইয়া গিয়া পোটীফর্ নামে ফিরৌণের রক্ষক সেনাধিপতির নিকটে তাহাকে বিক্রয় করিল।

৩৮ অধ্যায়।

১ যিহূদা ও তাহার তিন পুত্র এর্ ও ওনন্ ও শেলার বিবরণ ১২ ও স্ত্রী মরণের পর যিহূদার তিম্নাতে যাওন ১৫ ও তাহার পুত্রবধূতে উপগত হওন ২৪ ও তাহার দোষ প্রকাশ ২৭ ও তাহার পুত্রবধূর পেরস্ ও সেরহ এই দুই পুত্র হওন।

১ ঐ সময়ে যিহূদা আপন ভ্রাতৃগণের নিকটহইতে অদুল্লমীয় হীরা নামে এক মনুষ্যের নিকটে গেলে ২ সেস্থানে শূয় নামে কিনানীয় পুরুষের এক কন্যাকে দেখিয়া তাহাকে লইয়া তাহাতে উপগত হইল। ৩ অতএব সে গর্ব্ভবতী হইয়া এক পুত্র প্রসব করিলে তাহার নাম এর রাখিল। ৪ পরে পুনর্ব্বার গর্ব্ভবতী হইয়া পুত্র প্রসব করিলে তাহার নাম ওনন্ রাখিল। ৫ পুনর্ব্বার তাহার গর্ব্ভ হইলে সে পুত্র প্রসব করিয়া তাহার নাম শেলা রাখিল; ইহার জন্মকালে যিহূদা কিষীবে ছিল। ৬ পরে যিহূদা তামর্ নাম্নী কন্যাকে আনিয়া আপন জ্যেষ্ঠ পুত্র এরের বিবাহ দিল; ৭ কিন্তু যিহূদার জ্যেষ্ঠ পুত্র এর পরমেশ্বরের সাক্ষাতে দুষ্ট হইলে পরমেশ্বর তাহাকে বিনষ্ট করিলেন। ৮ তাহাতে যিহূদা ওননকে কহিল, তুমি আপন ভ্রাতার স্ত্রীকে বিবাহ কর, ও তাহাতে উপগত হইয়া ভ্রাতার বংশ উৎপন্ন কর। ৯ কিন্তু ঐ বংশ আপনার হইবে না, ইহা বুঝিয়া সে ভ্রাতৃভার্য্যাতে গমন করিলেও ভ্রাতৃবংশ উৎপন্ন করণে অনিচ্ছাতে ভূমিতে রেতঃপাত করিল। ১০ অতএব তাহার এমত কর্ম্মেতে পরমেশ্বর অসন্তুষ্ট হইয়া ‡ তাহাকেও নষ্ট করিলেন। ১১ তখন যিহূদা ঐ তামর্ নাম্নী পুত্রবধূকে কহিল, যে পর্য্যন্ত আমার শেলা পুত্র বড় না হয়, তাবৎ তুমি বিধবা হইয়া আপন পিত্রালয়ে গিয়া থাক। কেননা সে ভাবিল, পাছে ভ্রাতাদের ন্যায় শেলাও মরে। অতএব তামর্ পিত্রালয়ে গিয়া বাস করিল।

১২ অপর শূয়ের কন্যা যিহূদার ভার্য্যার মরণের পর বহুদিন গত হইলে যিহূদা সান্ত্বনা যুক্ত হইয়া অদুল্লমীয়ের হীরা নামক বন্ধুর সহিত তিম্নাতে আপন মেষলোম ছেদকদের নিকটে চলিল। ১৩ তখন তামার্ শ্বশুর তিম্নাতে আপন মেষলোম কাটিতে যাইতেছে, এক জন তামর্কে এই সমাচার দিল। ১৪ তাহাতে তামর্ বৈধব্য বস্ত্র ত্যাগ করিয়া আবরক বস্ত্র পরিধান করিয়া আপনাকে আচ্ছাদন করিয়া ঐনমের নিকটে §তিম্নার পথের ধারে বসিয়া

[২৫] বি ৮; ২২, ২৪ ॥—[২৬] ১ তী ৬; ১০। যো ১২; ৪-৬ ॥—[২৮] প্রে ৭; ৯। ম ২৬; ১৪,১৫ ॥—[২৯,৩০] প ২২। প ৩৪। আ ৪৪; ৩০,৩১ ॥—[৩১,৩২] ২৭; ৩৬ ॥—[৩৩] প ২০ ॥—[৩৫] ৪২; ৩৮ ॥—[৩৬] ৩৯; ১ ॥
[৩৮ অধ্য; ২-৭] ১ বং ২; ৩ ॥—[৮] দ্বি ২৫; ৫ ॥—[১৩] ১ শি ২৫; ৪, ৮, ১১ ॥—[১৪] প ১১ ॥

*(ইব্রু)স্বপ্নপতি।†(ইব্রু)আমাদের হস্ত তাহার উপরে না হউক।‡(ইব্রু)কর্ম্ম পরমেশ্বরের দৃষ্টিতে মন্দ হওয়াতে।§(বা)প্রকাশস্থানে।

থাকিল; কারণ সে দেখিল, শেলা বড় হইলেও তাহার সহিত বিবাহ হইল না।

১৫ তখন যিহূদা তাহাকে দেখিয়া বেশ্যা জ্ঞান করিল, ১৬ কেননা সে মুখ আচ্ছাদন করিয়াছিল। তাহাতে সে পুত্রবধূকে চিনিতে না পারিয়া পথের পার্শ্বে তামরের নিকটে গিয়া কহিল, আইস, আমি তোমাতে উপগত হইব; তাহাতে তামর্ কহিল, তুমি উপগত হওনের কারণ ১৭ আমাকে কি দিবা? সে কহিল, পালহইতে একটা ছাগ বৎস পাঠাইয়া দিব; তামর্ কহিল, যাবৎ তাহা ১৮ না দেও, তাবৎ আমাকে কি বন্ধক দিবা? যিহূদা কহিল, কি বন্ধক দিব? তামর্ কহিল, তোমার মোহর ও বলয়* ও হস্তের যষ্টি। তখন যিহূদা তামর্‌কে সেই সকল দিয়া তাহাতে উপগত হইলে সে গর্ব্ভবতী ১৯ হইল। পরে তামর্ উঠিয়া প্রস্থান করিল, এবং আবরক ২০ বস্ত্র ত্যাগ করিয়া বৈধব্যের বস্ত্র পরিধান করিল। অনন্তর যিহূদা ঐ স্ত্রীহইতে বন্ধক লইতে আপন অদুল্লমীয় বন্ধুদ্বারা ছাগবৎস পাঠাইয়া দিল, কিন্তু সে ২১ তাহার দেখা পাইল না। অতএব সে তথাকার লোকদিগকে জিজ্ঞাসিল, ঐনম্ গ্রামের নিকটে পথের পার্শ্বে যে বেশ্যা বসিয়াছিল, সে কোথায়? তাহারা কহিল, ২২ এ স্থানে কোন বেশ্যা থাকে না। পরে সে যিহূদার নিকটে ফিরিয়া গিয়া কহিল, আমি তাহার দেখা পাইলাম না, এবং সেস্থানের লোকেরাও কহিল, এ স্থানে ২৩ কোন বেশ্যা থাকে না। তখন যিহূদা কহিল, তাহার স্থানে যাহা আছে, সে তাহা লউক, আমরা কেন লজ্জাস্পদ† হইব? দেখ, আমি ছাগবৎস পাঠাইয়াছিলাম, কিন্তু তুমি তাহার দেখা পাইলা না।

২৪ অপর প্রায় তিন মাসের পরে কেহ যিহূদাকে কহিল, তোমার তামর্ পুত্রবধূ ব্যভিচারিণী হইয়াছে, তাহাতে তাহার গর্ব্ভ হইয়াছে; তখন যিহূদা কহিল, তাহাকে ২৫ বাহিরে আনিয়া অগ্নিতে দগ্ধ কর। পরে তাহাকে বাহিরে আনিলে সে শ্বশুরকে কহিয়া পাঠাইল, যাহার এই সকল বস্তু, সেই পুরুষ হইতে আমার গর্ব্ভ হইয়াছে; আরো কহিল, এই মোহর ও বলয়* ও যষ্টি ২৬ কাহার? তাহা চিনিয়া দেখ। তখন যিহূদা সেই সকল বস্তু আপনার স্বীকার করিয়া কহিল, সে আমাহইতেও অধিক ধর্ম্মিষ্ঠা, কেননা আমি তাহাকে আপন শেলা পুত্রকে দিলাম না; কিন্তু যিহূদা তাহাতে আর উপগত হইল না।

২৭ অপর তামরের প্রসবকাল উপস্থিত হইলে তাহার ২৮ উদর হইতে যমজ সন্তান জন্মিল। আর তাহার প্রসব বেদনা উপস্থিত হইলে এক বালকের হস্ত বাহির আইল; তাহাতে ধাত্রী তাহার সেই হস্তে রক্তবর্ণ সূত্র বাঁধিয়া ২৯ কহিল, এই বালক জ্যেষ্ঠ হইবে। কিন্তু সে আপন হস্ত টানিয়া লইলে তাহার ভ্রাতা ভূমিষ্ঠ হইল; তখন ধাত্রী কহিল, তুমি কি প্রকারে ভেদ করিয়া আইলা? অতএব তাহার নাম পেরস্ (ভেদ) হইল। ৩০ পরে হস্তে রক্তবর্ণ সূত্রবদ্ধ তাহার ভ্রাতা ভূমিষ্ঠ হইলে তাহার নাম সেরহ রাখিল।

৩৯ অধ্যায়।

১ পোটীফরের গৃহে যূষফের উন্নতি, ৭ ও পোটীফরের স্ত্রী যূষফেতে প্রেমাসক্ত হইয়া আপন অভিপ্রায় না পাইয়া মিথ্যা অপবাদদ্বারা তাহাকে কারাগারে বদ্ধ করাওন।

১ যূষফ্ মিসরদেশে আনীত হইলে পর ফিরৌণরাজের রক্ষক মিস্রীয় পোটীফর্ নামে সৈন্যাধিপতি তাহার আনয়নকারি ইস্মায়েলীয় লোকদের হইতে যূষফ্‌কে ২ ক্রয় করিল। কিন্তু পরমেশ্বরের সহায়তা প্রযুক্ত যূষফ্ ভাগ্যবান হইল ও আপন মিস্রীয় প্রভুর গৃহে বাস ৩ করিল। কারণ পরমেশ্বরের সহায়তাতে তাহার কৃত সমস্ত কর্ম্মই সফল হয়, ইহা সেই প্রভু আপনি দেখিল। ৪ অতএব সে তাহাকে অনুগ্রহ করিয়া আপনার সেবাতে নিযুক্ত করিল, এবং আপন বাটীর অধ্যক্ষ করিয়া ৫ তাহার হস্তে সকল সম্পত্তি সমর্পণ করিল। এইরূপে সে যূষফ্‌কে আপন বাটীর ও সকল সম্পত্তির অধ্যক্ষ করিলে যূষফের জন্যে তদবধি সেই মিস্রীয় ব্যক্তির বাটীর প্রতি পরমেশ্বরের অনুগ্রহ হওয়াতে বাটীর ও ক্ষেত্রের তাবৎ সম্পদের প্রতি তাঁহার আশীর্ব্বাদ ৬ বর্ত্তিল। অতএব সে যূষফের হস্তে আপন সর্ব্বস্বের এমত ভার দিল, যে আপনি ভোজন পান ব্যতিরেকে আর কোন কর্ম্মের অনুসন্ধান জানিত না।

৭ যূষফ্ রূপেতে ও সৌন্দর্য্যেতে মনোহর ছিল; একারণ তাহার প্রভুর ভার্য্যা যূষফের প্রতি দৃষ্টি করিয়া তাহাকে কহিল, তুমি আমার সহিত শয়ন কর। ৮ কিন্তু যূষফ্ অস্বীকার করিয়া প্রভুর স্ত্রীকে কহিল, দেখ, এই বাটীতে আমি যাহা করি, প্রভু তাহার কিছুই অনুসন্ধান করেন না; তিনি আমার হস্তে সর্ব্বস্ব সমর্পণ ৯ করিয়াছেন। এই বাটীতে আমার তুল্য বড় কেহ নাই; তুমি তাহার ভার্য্যা, এই নিমিত্তে কেবল তোমা ব্যতিরেকে আমার প্রতি আর কিছুই বারণ নাই; অতএব কি রূপে এত বড় দুষ্টতা করিয়া ঈশ্বরের গোচরে পাপ ১০ করিতে পারি? তথাপি সে স্ত্রী যূষফ্‌কে আপনার সহিত শয়ন করিতে কিম্বা আপনার নিকটে থাকিতে প্রতি দিন ১১ কহে; কিন্তু যূষফ্ তাহা স্বীকার করে না। পরে এক দিনে কোন কার্য্য ক্রমে যূষফ্ গৃহমধ্যে গেলে তথায় অন্য কোন ১২ ভৃত্য না থাকাতে, আমার সহিত শয়ন কর, ইহা বলিয়া সে স্ত্রী যূষফের বস্ত্র ধরিয়া টানাটানি করিল; কিন্তু যূষফ্ তাহার হস্তে আপন বস্ত্র ত্যাগ করিয়া বাহিরে পলাইল। ১৩ তখন যূষফ্ তাহার হস্তে বস্ত্র ত্যাগ করিয়া বাহিরে পলা-

---

[২০] প ১৭ ॥—[২৪] লে ২১; ৯। দ্বি ২২; ২১ ॥—[২৫] প ১৮ ॥—[২৯] ১ বং ২; ৪। ম ১; ৩ ॥
[৩৯ অধ্য; ১] আ ৩৭; ২৮, ৩৬ ॥—[৩-৫] ৩০; ২৭ ॥—[৯] যা ২০; ১৪। গী ৫১; ৪। হি ৫; ২০-২৬ ॥

* (বা) তাহার রজ্জু। † (ইব্র) অপমান।

১৪ ইল, ইহা দেখিয়া সে স্ত্রী ঘরের লোকদিগকে ডাকিয়া কহিল, কর্ত্তা আমাদের সহিত হাস্য করিতে এই ইব্রীয়কে আনিয়াছেন; সে আমার সঙ্গে শয়ন করিতে ১৫ আমার নিকটে আইল। তাহাতে আমি উচ্চৈঃস্বরে * ডাকিলে আমার উচ্চৈঃস্বর শুনিয়া বস্ত্র ত্যাগ করিয়া ১৬ বাহিরে পলাইয়া গেল। এবং সে স্ত্রী স্বামির গৃহাগমন অপেক্ষা করিয়া † ঐ বস্ত্র আপনার নিকটে রাখিল। ১৭ পরে সে আপন স্বামিকে সেই বাক্যানুসারে কহিল, তুমি যে ইব্রীয় দাসকে আমাদের নিকটে আনিয়াছ, সে আমার সহিত হাস্য করিতে নিকটে আইল। ১৮ কিন্তু আমি চীৎকার করিয়া ডাকিলে সে এই বস্ত্র ১৯ ত্যাগ করিয়া বাহিরে পলাইয়া গেল। তখন তোমার দাস আমার প্রতি এইরূপ করিয়াছে, আপন ভার্য্যার ২০ মুখে এই কথা শুনিলে যূষফের প্রভু ক্রোধেতে প্রজ্বলিত হইয়া যূষফ্‌কে লইয়া রাজবন্দিগণের বাস স্থান কারাগারে রাখিল; তাহাতে যূষফ্ সে কারাগারে ২১ থাকিল। কিন্তু যূষফের প্রতি পরমেশ্বরের সহায়তা ও কৃপা হওয়াতে ‡ কারারক্ষক তাহাকে অনুগ্রহ করিল। ২২ এবং সে কারাস্থিত তাবৎ বন্দি লোকের ভার যূষফের হস্তে দিল; তাহাতে বন্দিগণ প্রভৃতি যূষফের আজ্ঞা- ২৩ নুসারে তাবৎ কর্ম্ম করিতে লাগিল। এবং সে যূষফের হস্তে যাহা ২ সমর্পণ করিল, তাহার অনুসন্ধানও করিল না, কেননা সে যাহা ২ করিল, পরমেশ্বর তাহার সহায় হইয়া তাহা সফল করিলেন।

৪০ অধ্যায়।

১ ফিরৌণের পানপাত্রবাহককে ও মোদককে যূষফের সহিত কারাগারে রাখন, ৫ ও ঐ দুই জনের স্বপ্নের তাৎপর্য্য যূষফ্‌দ্বারা প্রকাশিত হওন, ২০ ও যূষফের কথানুসারে স্বপ্নের সফলতা, ও পানপাত্রবাহকের অকৃতজ্ঞতা।

১ অপর মিসরের রাজার পানপাত্রবাহক ও মোদক আপনাদের মিস্রীয় রাজার কাছে অপরাধ করিলে ২ ফিরৌণ্ ঐ প্রধান পানপাত্রবাহকের ও প্রধান মোদ- ৩ কের প্রতি ক্রুদ্ধ হইয়া যে রক্ষক সৈন্যাধিপতির কারাগারে যূষফ্ ছিল, সেই স্থানে তাহাদিগকে বন্দী ৪ করিয়া রাখিল। তাহাতে রক্ষক সৈন্যাধিপতি যূষফের হস্তে তাহাদিগকে সমর্পণ করিলে যূষফ্ তাহাদের তত্ত্বাবধারণ করিতে লাগিল। এই রূপে তাহারা অনেক দিন কারাগারে থাকিল।

৫ কারাগারে বদ্ধ মিস্রীয় রাজার পানপাত্রবাহক ও মোদক দুই জন এক রাত্রিতে দুই প্রকার অর্থ বিশিষ্ট ৬ দুই স্বপ্ন দেখিল। তাহাতে যূষফ্ প্রাতঃকালে নিকটে ৭ গিয়া তাহাদিগকে বিষণ্ণ § দেখিল। তখন ফিরৌণের যে অধ্যক্ষেরা তাহার সহিত প্রভুর কারাগারে বদ্ধ ছিল, তাহাদিগকে জিজ্ঞাসা করিল, অদ্য তোমাদের মুখ বিষণ্ণ § কেন? ৮ তাহারা উত্তর করিল, আমরা উভয়েই স্বপ্ন দেখিয়াছি, কিন্তু তাহার তাৎপর্য্য বলে এমত কেহ নাই; তখন যূষফ্ তাহাদিগকে কহিল, তাৎপর্য্য বুঝিবার শক্তি কি ঈশ্বরহইতে হয় না? বিনয় করি, তোমাদের স্বপ্ন আমাকে বল। ৯ তখন প্রধান পানপাত্রবাহক যূষফ্‌কে আপন স্বপ্নের কথা প্রকাশ করিয়া কহিল, আমি স্বপ্নে এক দ্রাক্ষালতা দেখিলাম। ১০ তাহার তিন শাখা পল্লবিতা হইলে তাহাতে পুষ্প হইল, এবং স্তবকে ২ তাহার ফল হইয়া পক্ক হইল। ১১ তখন আমার হস্তে ফিরৌণের পানপাত্র থাকাতে সেই পাত্রে আমি দ্রাক্ষাফল লইয়া নিঙ্গড়াইয়া ফিরৌণের হস্তে সেই পাত্র দিলাম। ১২ তাহাতে যূষফ্ তাহাকে কহিল, ইহার তাৎপর্য্য এই; ঐ তিন শাখাতে তিন দিন বুঝায়। ১৩ তিন দিনের মধ্যে ফিরৌণ্ তোমার বিচার করিয়া ‖ তোমাকে নিজ পদে নিযুক্ত করিবে; তাহাতে তুমি পূর্ব্বের ন্যায় পানপাত্রবাহক হইয়া পুনর্ব্বার ফিরৌণের হস্তে পানপাত্র দিবা। ১৪ কিন্তু যখন তোমার মঙ্গল হইবে, তখন আমাকে স্মরণ করিও, এবং আমার প্রতি অনুগ্রহ করিয়া ফিরৌণের গোচরে আমার বিষয় কথা কহিয়া আমাকে এই কারাগারহইতে উদ্ধার করিও। ১৫ কেননা ইব্রীয়দের দেশহইতে আমাকে নিতান্তই চুরি করিয়া আনিয়াছে; কিন্তু আমি যে এই কূপ রূপ কারাগারে বদ্ধ হই, আমি এস্থানেও এমত কোন কর্ম্ম করি নাই। ১৬ অপর প্রধান মোদক তাহার কথার উত্তম তাৎপর্য্য দেখিয়া যূষফ্‌কে কহিল, আমিও স্বপ্ন দেখিয়াছি, আমার মস্তকোপরি শুক্ল পিষ্টকের ** তিনটী চুপড়ি ছিল। ১৭ তাহার উপরের চুপড়িতে ফিরৌণের ভোজনার্থে নানা প্রকার †† পক্কান্ন ছিল; তাহাতে পক্ষিগণ আসিয়া আমার মস্তকোপরিস্থ চুপড়িহইতে তাহা লইয়া খাইল। ১৮ তখন যূষফ্ উত্তর করিল, ইহার অভিপ্রায় এই, সেই তিন চুপড়িতে তিন দিন বুঝায়। ১৯ তিন দিনের মধ্যে ফিরৌণ্ তোমার বিষয়ে বিচার করিয়া ‡‡ তোমাকে বৃক্ষোপরি উদ্বন্ধন করিবে, এবং পক্ষিগণ আসিয়া শরীরহইতে তোমার মাংস খাইবে।

২০ অপর তৃতীয় দিনে ফিরৌণের জন্মদিন উপস্থিত হইলে সে আপন সকল ভৃত্যদের জন্যে ভোজ প্রস্তুত করিল। ২১ তাহাতে আপনার তাবৎ দাসের সাক্ষাতে প্রধান পানপাত্রবাহকের ও প্রধান মোদকের বিচার করিল §§। ২২ ফিরৌণ্ আপনার হস্তে পানপাত্র দিতে প্রধান পানপাত্রবাহককে তাহার নিজ পদে পুনর্ব্বার নিযুক্ত করিল;

---

[২০] গী ১০৫; ১৮। ১ পি ২; ১৯॥—[২৩] প ২, ৩॥
[৪০ অধ্য; ৩, ৪] আ ৩৯; ২০, ২৩॥—[৮] ৪১; ১৬। দা ২; ২৭, ২৮, ৪৭॥—[১০] প ২০; ২১॥—[১৪] প ২৩॥
[১৯] প ২২॥—[২০] মা ৬; ২১॥—[২১] প ১৩॥—[২২] প ১৯॥

* (ইব্রু) রব। † (ইব্রু) পর্য্যন্ত ‡ (ইব্রু) বিস্তার করাতে। § (ইব্রু) মন্দ। ‖ (ইব্রু) মস্তক উঠাইয়া। ** (বা) ছিদ্র পরিপূর্ণ। †† (ইব্রু) মোদকের কর্ম্ম। ‡‡ (ইব্রু) তোমাহইতে মস্তক উঠাইয়া (বা পদ লইয়া)। §§ (ইব্রু) মস্তক উঠাইল।

কিন্তু যূষফের অর্থকথনানুসারে প্রধান মোদককে
২৩ উদ্বন্ধন করিল। তথাপি প্রধান পানপাত্রবাহক যূষফ্কে স্মরণ করিল না; কিন্তু বিস্মৃত হইল।

৪১ অধ্যায়।

১ ফিরৌণের দুই প্রকার স্বপ্ন দর্শন, ৮ ও যূষফের বিষয়ে পানপাত্রবাহকের সম্বাদ দেওন, ১৪ ও ফিরৌণের যূষফকে আপন স্বপ্ন কথা কথন, ২৫ ও রাজার স্বপ্নের তাৎপর্য্য জ্ঞাপন ও উপদেশ করণ, ৩৭ ও যূষফের উন্নতি ৪৬ ও মিসরে শস্য রক্ষা করণ, ৫০ ও যূষফের দুই পুত্র হওন ৫৩ ও দুর্ভিক্ষের আরম্ভ।

১ অনন্তর দ্বিতীয় বৎসরের শেষে ফিরৌণ্ এই স্বপ্ন
২ দেখিল। সে নদী কূলে দাঁড়াইয়া থাকিলে নদীহইতে সাতটা হৃষ্টপুষ্ট সুন্দর গোরু উঠিয়া প্রান্তরে চরিতে
৩ লাগিল। পরে আর সাতটা কৃশ ও কুৎসিত গোরু নদীহইতে উঠিয়া নদীর তীরে ঐ গোরুদের নিকটে
৪ দাঁড়াইল। পরে সেই কৃশ কুৎসিত গোরু ঐ সপ্ত হৃষ্টপুষ্ট সুন্দর গোরুকে গ্রাস করিল। তখন ফিরৌণের
৫ নিদ্রা ভঙ্গ হইল। তাহার পরে ফিরৌণ্ নিদ্রিত হইলে দ্বিতীয় বার স্বপ্ন দেখিল; এক বোঁটাতে সাত স্থূলা-
৬ কার উত্তম শীষ উঠিল। পরে পূর্ব্বীয় বায়ুতে শুষ্ক
৭ আর সাত ক্ষীণ শীষ উঠিল। এবং সেই সাত ক্ষীণ শীষ ঐ সাত স্থূলাকার পূর্ণ শীষ গ্রাস করিল। পরে ফিরৌণের নিদ্রা ভঙ্গ হইলে স্বপ্ন মাত্র হইল।

৮ পরে প্রাতঃকালে তাহার মন উদ্বিগ্ন হইলে সে লোক পাঠাইয়া মিসর্দেশের তাবৎ মায়াবিদিগকে ও জ্ঞানিদিগকে ডাকাইল; কিন্তু ফিরৌণ্ তাহাদের কাছে স্বপ্নের কথা কহিলে তাহাদের মধ্যে কেহই ফিরৌণ্কে
৯ তাহার অভিপ্রায় কহিতে পারিল না। তখন প্রধান পানপাত্রবাহক ফিরৌণ্কে নিবেদন করিল, অদ্য আপন অপ-
১০ রাধ স্মরণ করিতেছি। ফিরৌণ্ আপন দুই ভৃত্যের প্রতি, অর্থাৎ আমার ও প্রধান মোদকের প্রতি ক্রোধান্বিত হইয়া আমাদিগকে রক্ষক সৈন্যাধিপতির কারাগারে
১১ বদ্ধ করিয়াছিলেন। তাহাতে আমি এবং সে এক রাত্রিতে স্বপ্ন দেখিলাম; এবং দুই জনের স্বপ্নের দুই প্রকার
১২ অর্থ হইল। তখন সে স্থানে আমাদের সহিত রক্ষক সৈন্যাধিপতির এক ইব্রীয় যুবদাস ছিল। আমরা তাহাকে স্বপ্ন কহিলে সে আমাদের স্বপ্নের অর্থ কহিল;
১৩ প্রত্যেক জনের স্বপ্নের অভিপ্রায় কহিল। তাহাতে সে আমাদিগকে যেরূপ ফল কহিয়াছিল, তদ্রূপই ঘটিল; অর্থাৎ মহারাজ আমাকে নিজ পদে নিযুক্ত করিলেন, ও তাহাকে উদ্বন্ধন করিলেন।

১৪ তখন ফিরৌণ্ যূষফ্কে আনিতে পাঠাইলে লোকেরা কারাগারহইতে তাহাকে শীঘ্র আনিল*। পরে সে ক্ষৌর কর্ম্ম করিয়া ও বস্ত্রান্তর পরিধান করিয়া ফিরৌণের নিকটে উপস্থিত হইল। তখন ফিরৌণ্ যূষফ্কে কহিল,
১৫ আমি এক স্বপ্ন দেখিয়াছি, তাহার তাৎপর্য্য কেহ কহিতে পারিল না; কিন্তু তুমি তাহা শুনিয়া তাহার তাৎপর্য্য
১৬ কহিতে পার, ইহা শুনিলাম। তাহাতে যূষফ্ ফিরৌণ্কে উত্তর করিল, তাহা আমি পারি না, কিন্তু ঈশ্বর
১৭ ফিরৌণ্কে মঙ্গলযুক্ত উত্তর দিবেন। তখন ফিরৌণ্ কহিল, আমি স্বপ্নেতে নদীর তীরে দাঁড়াইয়াছিলাম।
১৮ তাহাতে নদীহইতে সাত হৃষ্টপুষ্ট সুন্দর গোরু উঠিয়া
১৯ প্রান্তরে চরিতে লাগিল। পরে মিসর্দেশে যাদৃশ কখন দেখি নাই, এমত আরো সাত কৃশ ও কুৎসিত
২০ গোরু উঠিল। এবং এই কৃশ কুৎসিত গোরু সেই
২১ পূর্ব্বের হৃষ্টপুষ্ট সাত গোরুকে গ্রাস করিল। কিন্তু তাহারা † তাহাদিগকে গ্রাস করিলে গ্রাস করিয়াছে, এমত বোধ হইল না; কেননা পূর্ব্বকার ন্যায় কুৎসিত
২২ থাকিল; তখন আমার নিদ্রা ভঙ্গ হইল। পরে আমি পুনর্ব্বার এক স্বপ্ন দেখিলাম, এক বোঁটাতে স্থূলাকার
২৩ উত্তম সাত শীষ উঠিল। পরে পূর্ব্বীয় বায়ুতে শুষ্ক ও
২৪ ক্ষীণ ও ম্লান ‡ সপ্ত শীষ উঠিল। এবং ঐ ক্ষীণ ম্লান সাত শীষ সেই স্থূলাকার উত্তম সাত শীষ গ্রাস করিল। এই স্বপ্ন আমি মায়াবিদিগকে কহিলাম, কিন্তু কেহ ইহার অভিপ্রায় কহিতে পারিল না।

২৫ তখন যূষফ্ ফিরৌণ্কে উত্তর করিল, ফিরৌণের দুই স্বপ্নের এক অভিপ্রায়; ঈশ্বর যাহা করিতে উদ্যত আছেন,
২৬ তাহাই ফিরৌণ্কে জ্ঞাত করিয়াছেন। ঐ সপ্ত উত্তম গোরু সপ্ত বৎসর স্বরূপ, এবং ঐ সপ্ত শীষেতেও সপ্ত বৎসর
২৭ বুঝায়; দুই স্বপ্নই সমান। এবং তাহার পশ্চাৎ উঠিয়াছে যে কৃশ ও কুৎসিত সপ্ত গোরু, তাহারাও সপ্ত বৎসর স্বরূপ; এবং পূর্ব্বীয় বায়ুতে শুষ্ক যে সপ্ত কৃশ শীষ,
২৮ তাহারা দুর্ভিক্ষের সপ্ত বৎসর হইবে। আমি ফিরৌণ্কে কহিতেছি, ঈশ্বর যাহা করিতে উদ্যত আছেন, তাহা
২৯ ফিরৌণ্কে দেখাইতেছেন। দেখ, অগ্রে সমস্ত মিসর্দেশে
৩০ সপ্ত বৎসর অতিশয় সুভক্ষ্য হইবে। পশ্চাৎ সপ্ত বৎসর এমত দুর্ভিক্ষ হইবে, যে মিসর্দেশের সমস্ত সুভক্ষ্যের
৩১ বিস্মৃতি হইবে। এবং সেই দুর্ভিক্ষেতে দেশ নষ্ট হইবে, এবং সেই দুর্ভিক্ষ দ্বারা পূর্ব্বকার সুভক্ষ্যের অনুভব
৩২ হইবে না; এবং তাহা অতি অসহ্য § হইবে। ফিরৌণের দুই বার স্বপ্ন দর্শনের ভাব এই, ঈশ্বর ইহা নিশ্চয় ‖
৩৩ করিয়া শীঘ্র ঘটাইবেন। অতএব ফিরৌণ্ এক বিবেচক জ্ঞানি পুরুষের চেষ্টা করিয়া তাহাকে মিসর্দেশের
৩৪ উপরে নিযুক্ত করুণ। আর ফিরৌণ্ এই কর্ম্ম করুণ; যে সপ্ত বৎসর সুভক্ষ্য হইবে, সেই সময়ে দেশে অধ্যক্ষগণ নিযুক্ত করিয়া মিসর্দেশহইতে পঞ্চমাংশ লউন।
৩৫ পশ্চাৎ সেই উত্তম বৎসরের শস্য সংগ্রহ করিয়া তাহারা প্রতি নগরে খাদ্যের জন্যে ফিরৌণের হস্তে তাহা সঞ্চয়

[৪০; ২৩] ঙ ২;১৬ ॥—[৪১ অধ্য; ৮] দা ২; ১, ২। দা ৪; ৫, ৭। যা ৭;১১॥—[৯-১৩] আ ৪০;॥—[১৪] গী ১০৫;১৯,২০॥ [১৬] আ ৪০; ৮। দা ২; ২৭, ২৮॥—[১৭-২৪] প ১-৮॥—[৩৩] হি ১০; ২১। ২৪; ৩-৭ ॥

* (ইব্রু) দৌড়াইল। † (ইব্রু) তাহাদের অন্তরস্থ। ‡ (বা) ক্ষুদ্র। § (বা) ভারী। ‖ (বা) নিরূপণ।

৩৬ করিয়া রক্ষা করুক। এইরূপে মিসর্দেশে ভাবি-দুর্ভিক্ষের সপ্ত বৎসর দেশস্থদের জন্যে ভক্ষ্য সঞ্চিত থাকিলে দুর্ভিক্ষেতে দেশ নষ্ট * হইবে না।

৩৭ তখন ফিরৌণের ও তাহার সকল ভৃত্যদের দৃষ্টিতে ৩৮ এই কথা উত্তম বোধ হইল। তাহাতে ফিরৌণ্ ভৃত্য-দিগকে কহিল, ইহার তুল্য পুরুষ, যাহাতে ঈশ্বরের ৩৯ আত্মা আছে, এমত আর কাহাকে পাইব? তখন ফিরৌণ্ যূষফকে কহিল, ঈশ্বর তোমাকে এই সকল জ্ঞাত করিয়াছেন; অতএব তোমার তুল্য বিবেচক ৪০ ও জ্ঞানী আর কে আছে? আমি তোমাকে আপন গৃহের অধ্যক্ষ কর্ম্মে নিযুক্ত করিলাম, আমার তাবৎ লোক তোমার কথার বশীভূত থাকিবে; কেবল ৪১ সিংহাসনে আমি তোমাহইতে বড় থাকিব। ফিরৌণ্ যূষফ্কে আরো কহিল, দেখ, তাবৎ মিসর্দেশের ৪২ উপরে আমি তোমাকে নিযুক্ত করিলাম। পরে ফিরৌণ্ আপন হস্ত হইতে অঙ্গুরীয় খুলিয়া যূষফের হস্তে দিয়া তাহাকে সূক্ষ্মবস্ত্র পরিধান করাইয়া তাহার গলদেশে ৪৩ সুবর্ণ হার দিল। এবং তাহাকে আপনার দ্বিতীয় রথে আরোহণ করাইল, এবং লোকেরা তাহার অগ্রে২ অব্রেক্২ (হাঁটু পাত ২ †) বলিয়া ঘোষণা করিল। এই রূপে সে তাহাকে সমস্ত মিসর্দেশের অধ্যক্ষ ৪৪ করিল। পরে ফিরৌণ্ যূষফ্কে কহিল, আমি যদি ফিরৌণ্ হই, তবে তোমার আজ্ঞা বিনা সমস্ত দেশে ৪৫ কোন লোক হাত পা নাড়িতে পারিবে না। এবং ফিরৌণ্ যূষফের নাম সাফিনৎ পানেহ (নিগূঢ়বাক্য-প্রকাশক) রাখিল। এবং ওন্ নগরবাসি পোটীফের নামক যাজকের ‡ আসিনৎ নাম্নী কন্যার সহিত তাহার বিবাহ দিল। পরে যূষফ্ সমুদয় মিসর্দেশে গমনাগমন করিতে লাগিল।

৪৬ যূষফ্ ত্রিশ বৎসর বয়সের সময়ে ফিরৌণের সাক্ষাতে উপস্থিত হইল; তখন যূষফ্ ফিরৌণের নিকটহইতে প্রস্থান করিয়া মিসর্দেশের সর্ব্বত্র ভ্রমণ করিল। পরে সেই সুভিক্ষের সপ্ত বৎসর পৃথিবীতে প্রচুর রূপে শস্য ৪৭ জন্মাইল। সেই সপ্ত বৎসরে মিসর্দেশে জাত সকল ৪৮ শস্য সংগ্রহ করিয়া প্রতি নগরে সঞ্চয় করিল। এবং যে ২ নগরের চারিদিগের ভূমিতে যত শস্য হইল, ৪৯ তাহা সেই ২ নগরে সঞ্চয় করিল। এই রূপে যূষফ্ সমুদ্রের বালুকার ন্যায় এমত শস্য সংগ্রহ করিল, যে তাহার গণনা করণ ত্যাগ করিল, কেননা তাহা অপরিমিত ছিল।

৫০ অপর দুর্ভিক্ষ বৎসরের পূর্ব্বে যূষফের ঔরসে ওন্ নগর নিবাসি পোটীফের যাজকের ‡ আসিনৎ নাম্নী কন্যাতে দুই পুত্র জন্মিল। তাহাতে যূষফ্ তাহাদের ৫১ জ্যেষ্ঠের নাম মিনশি (বিস্মৃতি) রাখিল, কেননা সে কহিল, ঈশ্বর আমার সকল ক্লেশের ও পিতৃগৃহের বিস্মৃতি জন্মাইয়াছেন। এবং দ্বিতীয় পুত্রের নাম ৫২ ইফ্রয়িম্ (ফলবান) রাখিল, কেননা সে কহিল, দেশে দুঃখগ্রস্ত যে আমি, আমাকে ঈশ্বর ফলবান করিয়াছেন।

৫৩ পরে মিসর্দেশে যে সুভক্ষ্যের সপ্ত বৎসর ছিল, তাহা সম্পূর্ণ হইল, এবং যূষফের বাক্যানুসারে দুর্ভিক্ষের ৫৪ সপ্ত বৎসরের আরম্ভ হইল। তাহাতে অন্য সমস্ত দেশে দুর্ভিক্ষ হইল, কিন্তু সমস্ত মিসর্দেশে ভক্ষ্য ৫৫ ছিল। পরে সমস্ত মিসর্দেশে দুর্ভিক্ষ ঘটিলে প্রজা-বর্গ ফিরৌণের নিকটে ভক্ষ্যের জন্যে প্রার্থনা করিল; তাহাতে ফিরৌণ্ সকল মিস্রীয়দিগকে কহিল, তোমরা যূষফের নিকটে যাও; সে যাহা কহে, তাহাই কর। ৫৬ তখন সর্ব্বদেশেই দুর্ভিক্ষ হইল; এবং দেশের তাবৎ স্থানে অতি প্রবল দুর্ভিক্ষ হইলে যূষফ্ সকল স্থানের গোলা খুলিয়া মিস্রিদিগকে শস্য বিক্রয় করিতে ৫৭ লাগিল। এবং নানাদেশীয় লোকেরা মিসর্দেশে যূষফের নিকটে শস্য ক্রয় করিতে আইল, কেননা সকল দেশেই প্রবল দুর্ভিক্ষ হইল।

৪২ অধ্যায়।

১ যাকূবের পুত্রদের মিসরে শস্য কিনিতে যাওন, ৫ ও যূষফের নিকটে উপস্থিত হওন, ৯ ও তাহাদের সহিত যূষফের ব্যবহার, ও শিমিয়োন্কে বদ্ধ করিয়া বিন্যামীন্কে আনিতে আজ্ঞা দেওন, ২১ ও তাহাদের ভ্রাতার প্রতি কৃত দোষ স্মরণ হওন, ২৫ ও থলিতে টাকা রাখিয়া যূষফের তাহাদিগকে বিদায় করণ, ২৯ ও বাটীতে গিয়া পিতার কাছে সকল সমাচার দেওন, ৩৫ ও যাকূবের ভয় ও বিন্যামীন্কে পাঠাইতে অস্বীকার করণ।

১ অপর মিসর্দেশে শস্য আছে, এই কথা শুনিয়া যাকূব্ আপন পুত্রদিগকে কহিল, তোমরা পরস্পর ২ আপনাদের প্রতি দৃষ্টি করিয়া আছ কেন? সে আরো কহিল, দেখ, আমি শুনিলাম মিসরে শস্য আছে, অত-এব তোমরা তথায় গিয়া আমাদের জন্যে শস্য ক্রয় ৩ করিয়া আন; তাহাতে আমরা না মরিয়া বাঁচিব। পরে যূষফের দশ ভ্রাতা শস্য ক্রয় করিতে মিসরে গেল। ৪ কিন্তু যাকূব্ যূষফের সহোদর বিন্যামিন্কে ভ্রাতৃগণের সঙ্গে পাঠাইল না, কেননা সে কহিল, যদি ইহাকেও বিপদ ঘটে।

৫ তখন যাত্রাকারি লোকদের সঙ্গে ইস্রায়েলের পুত্রগণ শস্য ক্রয় করিতে গেল, কেননা কিনান্দেশেও দুর্ভিক্ষ ৬ ছিল। তখন যূষফ্ ঐ দেশের অধ্যক্ষ হওয়াতে সকল

[৩৭,৩৮] দা ৪; ১৮। ৫; ১১॥—[৪০-৪৪] গী ১০৫; ২১, ২২। দা ২; ৪৬-৪৮। ৬; ৩। প্রে ২; ৩১-৩৫॥—[৪২] ইষ্ট ৩; ১০, ১২। ৮; ২, ৮। দা ৫; ৭॥—[৪৩] ইষ্ট ৬; ৬-৯॥—[৪৬] ১ রা ১২; ৬, ৮॥—[৪৭] প ২৯॥—[৪৮] প ৩৪॥
[৫১, ৫২] যিশ ৪৯; ৪-৮॥—[৫৪] প ৩০। গী ১০৫; ১৬॥—[৫৫] যো ৬; ৩০-৩৭॥—[৫৭] রো ১০; ১২॥
[৪২ অধ্য; ১] আ ৪১; ৪৯, ৫৭॥—[২] প্রে ৭; ১২॥—[৬] আ ৪১; ৪১, ৫৬। রো ১০; ১২। প্রু ১; ৭॥

* (ইব্রু) উচ্ছিন্ন। † (বা) স্নেহকারি পিতা। ‡ (বা) অধ্যক্ষের।

দেশের লোকদের স্থানে শস্য বিক্রয় করিতেছিল; তাহাতে যূষফের ভ্রাতৃগণও আসিয়া তাহাকে ভূমিষ্ঠ ৭ হইয়া প্রণাম করিল। তখন যূষফ্ আপন ভ্রাতাদিগকে দেখিয়া চিনিল, কিন্তু তাহাদের কাছে অপরিচিতের ন্যায় ব্যবহার করিয়া নিষ্ঠুর কথাতে কহিল*, তোরা কোথাহইতে আসিয়াছিস? তাহারা কহিল, কিনান্ ৮ দেশহইতে শস্য কিনিতে আসিয়াছি। কেননা যূষফ্ আপন ভ্রাতাদিগকে চিনিলেও তাহারা তাহাকে চিনিতে পারিল না।

৯ তখন যূষফ্ তাহাদের বিষয়ে পূর্ব্বদৃষ্ট সকল স্বপ্ন স্মরণ করিয়া তাহাদিগকে কহিল, তোরা চারলোক, এই দেশের অনাবৃত স্থান সকল সন্ধান করিতে আসি- ১০ য়াছিস। তাহারা কহিল, হে প্রভো, তাহা নয়, আপন- ১১ কার এই দাসেরা শস্য কিনিতে আসিয়াছে। আমরা সকলেই একের সন্তান, ও বিশ্বস্ত লোক, আপনকার ১২ এই ভৃত্যেরা চার নহে। তখন সে তাহাদিগকে কহিল, না না, তোরা দেশের অনাবৃত স্থান সকল দেখিতে ১৩ আসিয়াছিস। তাহারা কহিল, আপনকার এই দাসেরা দ্বাদশ ভ্রাতা, কিনান্ দেশ নিবাসি, এক জনের পুত্র; এবং দেখুন, আমাদের পিতার নিকটে আমাদের কনিষ্ঠ ১৪ ভ্রাতা আছে, এবং এক জন নাই। তখন যূষফ্ তাহাদিগকে পুনর্ব্বার কহিল, আমি তোদিগকে যে চারের ১৫ কথা কহিতেছি, তোরা তাহাই বটে। আমি তোদের পরীক্ষা লইতে ফিরৌণের আয়ুর দিব্য করিয়া কহিতেছি, তোদের কনিষ্ঠ ভ্রাতা এ স্থানে না আইলে ১৬ তোরা এখানহইতে যাইতে পারিবি না। তোদের এক জনকে পাঠাইয়া আপন ভ্রাতাকে আন, এবং তদবধি তোদিগকে বদ্ধ থাকিতে হইবে; পরে তোদের কথা সত্য বটে কি না, তাহা পরীক্ষা করিলেই জানা যাইবে; নতুবা আমি ফিরৌণের আয়ুর দিব্য করিয়া কহিতেছি, ১৭ তোরা অবশ্য চার বটিস। পরে যূষফ্ তাহাদিগকে তিন ১৮ দিন কারাগারে বদ্ধ †রাখিল। এবং তৃতীয় দিনে তাহাদিগকে কহিল, ঈশ্বরের প্রতি আমার ভয় আছে; এই ১৯ কর্ম্ম কর, তাহাতে বাঁচিবি। তোরা যদি বিশ্বস্ত লোক, তবে আপনাদের এক ভ্রাতাকে এই কারাগারে বদ্ধ রাখিয়া ২০ দুর্ভিক্ষের জন্যে বাটীর শস্য লইয়া যা। তোরা আপন কনিষ্ঠ ভ্রাতাকে আমার নিকটে আনিলেই তোদের কথা সপ্রমাণ হইবে; তাহাতে মরিবি না।

২১ তাহারা সেইরূপ করিল; পরে পরস্পর কহিল, আমরা আপন ভ্রাতার বিষয়ে নিশ্চয় অপরাধী আছি, কেননা আমাদের কাছে কাকুক্তি করিলে আমরা তাহার মনের ব্যাকুলতা দেখিয়াও তাহা শুনিলাম না; ২২ এই নিমিত্তে আমাদের এই বিপদ ঘটিল। তখন রূবেন্ তাহাদিগকে কহিল, তোমরা ঐ যুবার বিষয়ে পাপ করিও না, এই কথা আমি কি তোমাদিগকে কহি নাই? তথাপি তোমরা মানিলা না; দেখ, এখন তাহার রক্তের নিকাশ লওয়া যাইতেছে। কিন্তু যূষফ্ ২৩ যে তাহাদের কথোপকথন বুঝিল, ইহা তাহারা বুঝিতে পারিল না, কেননা যূষফ্ দ্বিভাষিদ্বারা তাহাদের সহিত কথা কহিতেছিল ‡। পরে যূষফ্ তাহাদের নিকট- ২৪ হইতে গিয়া ক্রন্দন করিল; এবং পুনশ্চ আসিয়া তাহাদের সঙ্গে কথোপকথন করিয়া তাহাদের মধ্য হইতে শিমিয়োন্‌কে ধরিয়া তাহাদের সাক্ষাতেই বাঁধিল।

পরে যূষফ্ তাহাদের ছালাতে শস্য পূর্ণ করিয়া ২৫ প্রত্যেক জনের ছালায় টাকা ফিরিয়া দিতে এবং তাহাদিগকে পাথেয় সামগ্রী দিতে আজ্ঞা দিল; তাহাতে ভৃত্যেরা তদ্রূপ করিল। পরে তাহারা আপন ২ গর্দ্দভের ২৬ উপরে শস্য চাপাইয়া তথাহইতে প্রস্থান করিল। কিন্তু ২৭ উত্তরিবার স্থানে গিয়া এক জন আপন গর্দ্দভকে আহার দিতে ছালা খুলিয়া আপন টাকা দেখিল, কেননা ছালার মুখেই টাকা ছিল। তখন সে ভ্রাতা- ২৮ দিগকে কহিল, আমার টাকা ফিরিয়াছে; এই দেখ, তাহা আমার ছালাতে আছে। তাহাতে তাহাদের মন উদ্বিগ্ন হইল §, ও ভীত হইয়া পরস্পর কহিল, ঈশ্বর আমাদের প্রতি এই কি করিলেন?

পরে তাহারা কিনান্‌দেশে আপন পিতা যাকূবের ২৯ নিকটে উপস্থিত হইলে আপনাদের যাহা ২ ঘটিয়াছিল, সে সমস্ত তাহাকে জ্ঞাত করিয়া কহিল, সেই ৩০ দেশাধ্যক্ষ আমাদিগকে দেশস্থ চার জ্ঞান করিয়া নিষ্ঠুর ‖ কথা কহিল। তাহাতে আমরা তাহাকে কহি- ৩১ লাম, আমরা চার নহি, বিশ্বস্ত লোক; আমরা দ্বাদশ ৩২ ভ্রাতা, সকলেই এক পিতার সন্তান; আমাদের মধ্যে এক জন নাই, এবং পিতার নিকটে কিনান্‌দেশে আর এক কনিষ্ঠ ভ্রাতা আছে। তখন সে দেশাধ্যক্ষ ৩৩ আমাদিগকে কহিল, আমি ইহাতে তোদিগকে যাথার্থিক লোক বুঝিতে পারি, যদি তোরা আপনাদের এক ভ্রাতাকে আমার নিকটে রাখিয়া আপনাদের গৃহের দুর্ভিক্ষের জন্যে শস্য লইয়া যাইস, এবং আপনা- ৩৪ দের কনিষ্ঠ ভ্রাতাকে আমার নিকটে আনিস, তবে তোরা যাথার্থিক লোক, চার নহিস, তাহা বুঝিব। পরে তোদের ভ্রাতাকে তোদের স্থানে দিব, তাহাতে তোরা এই দেশে বাণিজ্য করিতে পারিবি।

পরে তাহারা ছালাহইতে শস্য ঢালিলে প্রত্যেক ৩৫ জন আপন ২ ছালাতে আপন ২ টাকার গুন্থি পাইল। তখন সেই সকল টাকার গুন্থি দেখিয়া তাহারা ও তাহাদের পিতা ভীত হইল। তাহাতে তাহাদের পিতা ৩৬ যাকূব্ কহিল, তোমরা আমাকে পুত্রহীন করিতেছ; দেখ, যূষফ্ নাই, ও শিমিয়োন্ নাই, আর বার বিন্যামীন্‌কেও লইয়া যাইতে চাহিতেছ; এই সকলি আমার বিরুদ্ধে হইতেছে। তাহাতে রূবেন্ আপন ৩৭

[৯] আ ৩৭; ৫-১০ ॥—[১৩] ৩৭; ২৮ ॥—[২১, ২২] আ ৩৭; ২১-২৮। ৯; ৫ ॥—[৩০] প ৭, ৯ ॥—[৩৫] প ২৮ ॥

* (বা) তাহাদের সহিত কঠিন বাক্য। † (বা) একত্র। ‡ (ইব্রী) দ্বিভাষী তাহাদের মধ্যস্থ ছিল। § (ইব্রী) মন গেল। ‖ (বা) কঠিন।

পিতাকে কহিল, আমি যদি তোমার নিকটে তাহাকে না আনি, তবে আমার দুই পুত্রকে বধ করিও; তুমি আমার হস্তে বিন্যামীন্‌কে সমর্পণ কর; আমি তোমার স্থানে তাহাকে পুনর্ব্বার আনিয়া দিব। ৩৮ তখন সে কহিল, আমার পুত্র তোমাদের সঙ্গে যাইবে না, কেননা তাহার সহোদরের মরণেতে সে একা জীবৎ আছে; তোমরা যে পথে যাইতেছ, তাহাতে যদ্যপি ইহারও কোন আপদ ঘটে, তবে শোকেতে এই পাকা চুলে আমাকে পরলোকে পাঠাইবা।

৪৩ অধ্যায়।

১ শেষে যাকুবের বিন্যামীন্‌কে প্রেরণ করণ ১৫ ও যূষফের বাটীতে ভ্রাতৃগণের গমন ও অধ্যক্ষের কাছে আপনাদের ভয় প্রকাশ করণ, ২৫ ও যূষফ্‌কে উপঢৌকন দিয়া তাহার সঙ্গে ভ্রাতাদের ভোজন।

১ অপর দেশে অতিশয় দুর্ভিক্ষ থাকিলে তাহারা মিসর্ ২ হইতে যে শস্য আনিয়াছিল, সে সমস্ত ভক্ষিত হইলে তাহাদের পিতা তাহাদিগকে কহিল, তোমরা পুনর্ব্বার ৩ যাইয়া আমাদের জন্যে কিঞ্চিৎ শস্য ক্রয় কর। তাহাতে যিহূদা তাহাকে কহিল, সে অধ্যক্ষ দৃঢ় প্রতিজ্ঞা করিয়া কহিল, তোমাদের ভ্রাতা তোমাদের সঙ্গে না থাকিলে ৪ তোমরা আমার মুখ দর্শন করিতে পাইবা না। অতএব যদি তুমি আমাদের সঙ্গে ভ্রাতাকে পাঠাও, তবে আমরা ৫ তোমার জন্যে শস্য কিনিতে যাইব। কিন্তু যদি না পাঠাও, তবে আমরা যাইব না; কেননা সে অধ্যক্ষ কহিল, তোমাদের ভ্রাতা তোমাদের সঙ্গে না থাকিলে তোমরা আমার মুখদর্শন করিতেও পাইবা না। ৬ তাহাতে ইস্রায়েল্ কহিল, তোমাদের আর এক ভ্রাতা আছে, ইহা ঐ মনুষ্যের কাছে কহিয়া আমার প্রতি ৭ এমন কুব্যবহার কেন করিলা? তাহারা কহিল, সে আমাদের ও আমাদের জ্ঞাতিদের বিষয়ে সূক্ষ্মরূপে জিজ্ঞাসিয়া কহিল, তোমাদের পিতা কি অদ্যাবধি জীবৎ আছেন? ও তোমাদের কি আরো ভ্রাতা আছে? তাহাতে আমরা তদ্বাক্যানুসারে *উত্তর করিলাম; কিন্তু তোমাদের ভ্রাতাকে এখানে আন, এমন কথা সে ৮ কহিবে, তাহা কি প্রকারে † জানিতে পারি? পরে যিহূদা আপন পিতা ইস্রায়েল্‌কে কহিল, তুমি ঐ যুবাকে আমার সঙ্গে পাঠাইয়া দেও; এবং আমরা উঠিয়া প্রস্থান করি; তাহাতে আমরা ও তুমি ও বাল- ৯ কেরা সকলেই রক্ষা পাইব, মরিব না। আমি তাহার প্রতিভূ হইলাম, ঐ দায় আমার হস্ত হইতে বুঝিয়া লইবা; আমি যদি উহাকে আনিয়া তোমার সম্মুখে না রাখি, তবে ঐ দোষ সর্ব্বকালে আমাতেই বর্ত্তিবে। ১০ আমাদের যদি এত বিলম্ব না হইত, তবে আমরা দ্বিতীয় বার ফিরিয়া আসিতে পারিতাম। ১১ তখন তাহাদের পিতা ইস্রায়েল্ তাহাদিগকে কহিল, যদি এমত হয়, তবে এক কর্ম্ম কর; আপনাদের পাত্রেতে এই দেশের উত্তম ফল লও; সেই অধ্যক্ষকে উপঢৌকন দিতে মসলা ও গন্ধরস ও বটন্ ও বাদাম ও গুগ্গুল ও মধু কিঞ্চিৎ২ লও। ১২ এবং আপনাদের হস্তে দ্বিগুণ টাকা লও, এবং তোমাদের ছালার মুখে যে টাকা ফিরিয়া আসিয়াছে, তাহাও হস্তে লইয়া যাও; কি জানি, তাহাতে বা ভ্রান্তি হইয়াছিল। ১৩ এবং আপনাদের ভ্রাতাকে লইয়া উঠিয়া পুনর্ব্বার সেই অধ্যক্ষের নিকটে যাও। ১৪ সর্ব্বশক্তিমান ঈশ্বর তোমাদিগকে সেই অধ্যক্ষের এমত অনুগৃহীত করুণ, যে সেই অধ্যক্ষ আপনি তোমাদের অন্য ভ্রাতাকে ও বিন্যামীন্‌কে ছাড়িয়া দেয়; কিন্তু যদি আমাকে পুত্রহীন হইতেই হয়, তবে পুত্রহীন হইলাম ‡।

১৫ তখন তাহারা সেই উপঢৌকন দ্রব্য ও দ্বিগুণ টাকা ও বিন্যামীন্‌কে সঙ্গে লইয়া উঠিয়া মিসরে গিয়া যূষফের সম্মুখে দাঁড়াইল। ১৬ তখন যূষফ্ তাহাদের সঙ্গে বিন্যামীন্‌কে দেখিয়া আপন গৃহাধ্যক্ষকে কহিল, এই মানুষদিগকে আমার বাটীতে লইয়া যাও, এবং পশু মারিয়া খাদ্যদ্রব্য প্রস্তুত কর; ইহারা মধ্যাহ্নকালে আমার সঙ্গে ভোজন করিবে। ১৭ তাহাতে সে যূষফের আজ্ঞানুসারে তাহাদিগকে যূষফের বাটীতে লইয়া গেল। ১৮ কিন্তু যূষফের গৃহে তাহাদের লইয়া যাওয়াতে তাহারা ভীত হইয়া পরস্পর কহিল, পূর্ব্বে আমাদের ছালাতে যে টাকা ফিরিয়া গিয়াছিল, তাহারি জন্যে আমাদিগকে এখানে আনিয়াছে; এখন সেই আমাদের বিরুদ্ধে দোষ দিয়া আক্রমণ করিয়া § আমাদের গর্দ্দভও লইয়া আমাদিগকে ক্রীত দাসের ন্যায় করিয়া রাখিবে। ১৯ তখন তাহারা যূষফের গৃহাধ্যক্ষের কাছে গিয়া গৃহদ্বারে থাকিয়া তাহার সঙ্গে কথোপকথন করিয়া কহিল; ২০ হে মহাশয়, আমরা পূর্ব্বে শস্য কিনিতে আসিয়াছিলাম ‖, ২১ কিন্তু উত্তরিবার স্থানে গিয়া আপনাদের ছালা খুলিলে ছালার মুখে প্রত্যেক মনুষ্যের পরিমিত টাকা পাইলাম, তাহা আমরা হস্তে করিয়া আনিয়াছি, ২২ এবং শস্য কিনিবার টাকাও আনিয়াছি; কিন্তু সেই টাকা আমাদের ছালাতে কে রাখিয়াছিল, তাহা আমরা জানি না। ২৩ তাহাতে সেই গৃহাধ্যক্ষ কহিল, তোমাদের মঙ্গল হউক, ভয় করিও না, তোমাদের ঈশ্বর ও তোমাদের পৈতৃক ঈশ্বর তোমাদের ছালাতে তোমাদিগকে গুপ্ত ধন দিয়াছেন; তোমাদের টাকা আমার কাছে ছিল **। ২৪ পরে সে শিমিয়োন্‌কে তাহাদের নিকটে আনিয়া তাহাদিগকে যূষফের গৃহের

[৪২; ৩৮] আ ৩৭; ৩৫ ॥—[৪৩ অধ্য; ১] আ ৪২; ৫ ॥—[৩] ৪২; ১৫, ২০, ৩৪ ॥—[৯] ৪২; ৩৭। ৪৪; ৩২-৩৪ ॥
[১১] ৩২; ১৩, ২০ ॥—[১২] ৪২; ২৫, ৩৫ ॥—[২১] ৪২; ২৭, ৩৫ ॥—[২৪] ২৪; ৩২ ॥

* (ইব্রি) তদ্বাক্য মুখানুসারে। † (ইব্রি) জানিয়া। ‡ (বা) আমি যেমন পুত্রহীন ছিলাম, তেমনি পুত্রহীন হইব। § (ইব্রি) আমাদের উপরে আপনাকে নিক্ষেপ করিয়া আমাদের উপরে পড়িয়া। ‖ (ইব্রি) বটে। ** (ইব্রি) আইল।

ভিতরে লইয়া পাদ প্রক্ষালনার্থে জল দিল, এবং তাহাদের গর্দ্দভদিগকে আহার দ্রব্য দিল।

২৫ অপর মধ্যাহ্নের পূর্ব্বে যূষফের আগমন কালে তাহারা উপঢৌকন সাজাইল, কেননা এখানে আমাদিগকে ভোজন করিতে হইবে, এই কথা তাহারা শুনিয়াছিল। ২৬ পরে যূষফ্ গৃহে আইলে তাহারা হস্তস্থিত উপঢৌকন সেই গৃহে রাখিয়া তাহাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। ২৭ তখন যূষফ্ তাহাদের মঙ্গল জিজ্ঞাসা করিয়া কহিল, তোমাদের যে বৃদ্ধ পিতার কথা কহিয়াছিলা, সে কি ভাল * আছে? সে কি অদ্যাপি জীবৎ আছে? ২৮ তাহারা কহিল, তোমার দাস আমাদের পিতা অদ্যাপি জীবৎ থাকিয়া ভাল আছে। পরে তাহারা ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। ২৯ তখন যূষফ্ চাহিয়া আপন সহোদর বিন্যামীন্কে দেখিয়া কহিল, তোমাদের যে কনিষ্ঠ ভ্রাতার কথা কহিয়াছিলা, সে কি এই? অপর সে কহিল, হে বৎস, ঈশ্বর তোমাকে অনুগ্রহ করুণ। ৩০ তখন যূষফের অন্তঃকরণে স্নেহ উপস্থিত হওয়াতে সে ব্যাকুল হইয়া রোদন করিবার স্থান অন্বেষণ করিয়া শীঘ্র আপনার কুঠরীতে প্রবেশ করিয়া সে স্থানে রোদন করিল। ৩১ পরে সে মুখ প্রক্ষালন করিয়া বাহিরে আসিয়া ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক ভক্ষ্য পরিবেষণ করিতে আজ্ঞা করিল। ৩২ তাহাতে ভৃত্যগণ যূষফের জন্যে ও তাহার ভ্রাতৃগণের জন্যে এবং তাহার গৃহের ভোক্তা মিস্রিদের জন্যে পৃথক ২ পরিবেষণ করিল, কেননা ইব্রিদের সহিত ভোজন করা মিস্রিদের ব্যবহার ছিল না, ও ৩৩ তাহা মিস্রিদের ঘৃণিত ছিল। পরে যূষফ্ আপনার সম্মুখে তাহাদের জ্যেষ্ঠকে জ্যেষ্ঠাধিকারানুসারে ও কনিষ্ঠকে কনিষ্ঠাধিকারানুসারে বসাইল; তাহাতে ৩৪ তাহারা পরস্পর আশ্চর্য্য জ্ঞান করিল। এবং সে আপনার সম্মুখস্থ ভক্ষ্যহইতে তুলিয়া তাহাদিগকে দিল, কিন্তু তাহাদের ভাগহইতে বিনয়ামীনের ভাগ পঞ্চগুণ অধিক ছিল। তখন তাহারা পান করিয়া তাহার সহিত আনন্দ † করিল।

৪৪ অধ্যায়।

১ ভ্রাতৃগণের প্রতি যূষফের চতুরতা ৬ ও তাহার বাটী বিন্যামীনের ছালাতে পাওন, ১৪ ও পুনর্ব্বার তাহার নিকটে সকলের আগমন, ১৮ ও যূষফের প্রতি যিহূদার কাতরোক্তি।

১ অনন্তর যূষফ্ আপন গৃহাধ্যক্ষকে আজ্ঞা করিল, এই লোকদের ছালাতে যত শস্য ধরে, তাহা পরিপূর্ণ করিয়া দেও, এবং প্রতি জনের টাকা তাহাদের ছালার ২ মুখে রাখ। বিশেষতঃ কনিষ্ঠের ছালাতে তাহার শস্য ক্রয়ের টাকার সহিত আমার বাটী অর্থাৎ রূপার বাটী রাখ; তাহাতে সে যূষফের উক্ত আজ্ঞানুসারে করিল। ৩ অপর প্রভাত হইবামাত্র তাহারা গর্দ্দভের সহিত বিদায় পাইল। ৪ কিন্তু নগরহইতে বিস্তর দূরে না যাইতে যূষফ্ আপন গৃহাধ্যক্ষকে কহিল, তুমি উঠিয়া ঐ মনুষ্যদের পশ্চাৎ দৌড়িয়া গিয়া তাহাদিগকে ধরিয়া বল, তোমরা উপকারের পরিবর্ত্তে কেন অপকার করিলা? ৫ আমার প্রভু যাহাতে পান করেন ও যাহার দ্বারা গণনা করেন, সেই বাটী কি এই নয়? এই কর্ম্ম করাতে তোমরা দোষী হইলা।

৬ পরে সে তাহাদিগকে ধরিয়া ঐরূপ বাক্য কহিলে ৭ তাহারা উত্তর করিল, আমার প্রভু কেন এমন কথা বলে? ৮ তোমার দাসদের এমত কর্ম্ম করা দূরে থাকুক। দেখ, আপন ২ ছালার মুখে আর বার যে টাকা পাইয়াছিলাম, তাহা কিনান্দেশহইতে পুনর্ব্বার তোমার নিকটে আনিয়াছিলাম; তবে কিরূপে আপন প্রভুর গৃহহইতে স্বর্ণ কিম্বা রূপা চুরি করিব? ৯ ও তোমার দাসদের মধ্যে যাহার নিকটে তাহা পাওয়া যায়, সে মরুক, এবং আমরাও প্রভুর ক্রীত দাস হইব। ১০ তাহাতে সে কহিল, ভাল, তোমাদের কথানুসারেই হউক; যাহার কাছে তাহা পাওয়া যাইবে, সে আমার দাস হইবে, কিন্তু অন্যেরা নির্দ্দোষ হইবে। ১১ তখন তাহারা তৎক্ষণাৎ ভূমিতে আপন ২ ছালা নামাইলে প্রত্যেক জন আপন ছালা খুলিতে লাগিল। ১২ তাহাতে সে গৃহাধ্যক্ষ জ্যেষ্ঠাবধি আরম্ভ করিয়া কনিষ্ঠ পর্য্যন্ত সমাপ্তি করিয়া ছালা খুজিলে বিনয়ামীনের ছালাতে সেই বাটী পাওয়া ১৩ গেল। অতএব তাহারা প্রত্যেক জন আপন ২ বস্ত্র চিরিয়া আপন গর্দ্দভে ছালা চাপাইয়া পুনর্ব্বার নগরে আইল।

১৪ অপর যিহূদা ও তাহার ভ্রাতৃগণ যূষফের গৃহে পুনর্ব্বার আইল; এবং যূষফ্ তদবধি তথায় থাকিলে তাহারা তাহার অগ্রে ভূমিতে দণ্ডবৎ হইল। ১৫ তখন যূষফ্ তাহাদিগকে কহিল, তোমরা এ কেমন কার্য্য করিলা? এমন পুরুষ যে আমি, আমি অবশ্য গণনা করিতে পারি, ইহা কি তোমরা জান না? ১৬ তাহাতে যিহূদা কহিল, আমরা প্রভুর নিকটে কি উত্তর দিব? ও কি কথা কহিব? ও কি রূপেই বা আপনাদিগকে নির্দ্দোষ করিব? ঈশ্বর তোমার দাসদের দুষ্টতা প্রকাশ করিয়াছেন; দেখ, আমরা ও যাহার কাছে বাটী পাওয়া গিয়াছে, সকলেই প্রভুর দাস হইলাম। ১৭ তাহাতে যূষফ্ কহিল, এমন কর্ম্ম আমাহইতে না হউক; যাহার কাছে বাটী পাওয়া গিয়াছে, সেই আমার দাস হইবে, কিন্তু তোমরা কুশলে পিতার নিকটে যাও।

১৮ তাহাতে যিহূদা নিকটে গিয়া কহিল, হে প্রভো, আপনি ফিরৌণের তুল্য; এই দাসদের প্রতি যদি ক্রোধ প্রজ্বলিত না হয়, তবে প্রভুর কর্ণগোচরে কিছু

[২৬] প ১১। আ ৪২; ৯। ৩৭; ৫-১০ ॥—[২৭] ৪২; ১৩;।—[২৯] ৪২; ১৩ ॥—[৩০] ৪২; ২৪ ॥—[৩২] ৪৬; ৩৪॥ [৪৪ অধ্যা; ১] আ ৪২; ২৫ ॥—[৮] ৪৩; ১২, ২১ ॥—[৯] ৩১; ৩২ ॥—[১৩] ৩৭; ৩৪ ॥—[১৪] প ২৬॥ [১৬] প ৯ ॥—[১৮] ১৮; ৩০, ৩২ ॥

* (ইব্রি) তাহার মঙ্গল। † (বা) যথেষ্ট পান।

১৯ নিবেদন করি। তোমাদের পিতা বা ভ্রাতা আছে? ইহা প্রভু এই দাসদিগকে জিজ্ঞাসা করিয়াছিলেন; তাহাতে আমরা প্রভুকে উত্তর করিয়াছিলাম, আমা- ২০ দের পিতা আছে, সে বৃদ্ধ; এবং তাহার বৃদ্ধাবস্থার এক কনিষ্ঠ পুত্র আছে, তাহার ভ্রাতা মরিয়াছে, সেই মাত্র তাহার মাতার পুত্র আছে, এই জন্যে পিতা তাহাকে ২১ স্নেহ করেন। পরে আপনি এই দাসদিগকে কহিয়াছিলেন, তোমরা তাহাকে আমার কাছে আন, আমি ২২ তাহার প্রতি দৃষ্টিপাত করিব। তখন আমরা প্রভুকে কহিয়াছিলাম, সে যুবা পিতাকে ত্যাগ করিতে পারিবে না, কেননা সে পিতাকে ছাড়িয়া আইলে ২৩ পিতা মরিবে। তাহাতে তুমি এই দাসদিগকে কহিয়াছিলা, তোমাদের সঙ্গে কনিষ্ঠ ভ্রাতা না আইলে ২৪ তোমরা আর আমার মুখ দর্শন পাইবা না। পরে তোমার এই দাসগণ পিতার নিকটে উপস্থিত হইয়া তাহাকে প্রভুর এই সকল কথা কহিলে পিতা আমা- ২৫ দিগকে কহিল, তোমরা পুনর্ব্বার গিয়া আমাদের জন্যে ২৬ কিছু শস্য ক্রয় কর। তাহাতে আমরা কহিলাম, যাইতে পারিব না; যদি কনিষ্ঠ ভ্রাতা আমাদের সঙ্গে থাকে, তবে যাই; কেননা কনিষ্ঠ ভ্রাতা সঙ্গে না থাকিলে আমরা সেই অধ্যক্ষের মুখ দর্শনও পাইতে পারি ২৭ না। তাহাতে তোমার দাস আমার পিতা কহিল, আমার সেই ভার্য্যাহইতে দুই মাত্র পুত্র হয়, তাহা ২৮ তোমরা জান। তাহার এক জন গেলে আমি কহিলাম, সে খণ্ড২ হইয়া ছিন্ন হইয়াছে, এবং তদবধি আমি ২৯ তাহাকে আর দেখিতে পাইলাম না। এখন আমার নিকটহইতে ইহাকে লইয়া গেলে যদি ইহাকেও কোন বিপদ ঘটে, তবে তোমরা শোকেতে এই পাকা ৩০ চুলে আমাকে পরলোকে পাঠাইবা। অতএব তোমার দাস যে আমার পিতা, তাহার কাছে আমরা উপস্থিত হইলে আমাদের সঙ্গে যদি এই যুবা না থাকে, তবে সে এই যুবাকে না দেখিলে তৎক্ষণাৎ মরিবে; ৩১ কেননা তাহার প্রাণ এই যুবার প্রাণেতে বাঁধা আছে; তাহাতে তোমার দাসেরা শোকেতে পাকা চুলে তোমার দাস সেই আমাদের পিতাকে পরলোকে পাঠাইবে। ৩২ কেননা তোমার দাস আমি আপন পিতার নিকটে এই যুবার প্রতিভূ হইয়া কহিয়াছি, আমি যদি তাহাকে তোমার নিকটে না আনি, তবে পিতার সাক্ষাতে ৩৩ সদাকাল দোষী থাকিব। অতএব নিবেদন করি, এই যুবার পরিবর্ত্তে প্রভুর নিকটে আমি দাস হইয়া থাকি, কিন্তু এই যুবাকে ভ্রাতাদের সহিত বিদায় ৩৪ কর। কেননা এই যুবা আমার সহিত না গেলে আমি কি প্রকারে পিতার নিকটে যাইতে পারি? এবং যে আপদ পিতাকে ঘটিবে *, তাহা কি প্রকারে দেখিতে পারি?

৪৫ অধ্যায়।

১ যূষফের ভ্রাতাদের কাছে পরিচয় দেওন ও ঈশ্বরের অনুগ্রহের প্রশংসা করণ ও পিতার কাছে সম্বাদ পাঠাওন, ১৬ ও যূষফের ভ্রাতাদের আগমনে ফিরৌণের তুষ্টি হওন ও পাথেয় দিতে আজ্ঞা করণ, ২৫ ও যূষফের জীবৎ সম্বাদ শুনিয়া যাকূবের প্রফুল্ল হওন।

১ পরে যূষফ্ নিকটস্থ লোকদের সাক্ষাতে অধৈর্য্য হইয়া কহিল, আমার সম্মুখহইতে প্রত্যেক মনুষ্যকে বাহির কর। তাহাতে অন্য কেহ না থাকিলে যূষফ্ ভ্রাতাদের ২ সাক্ষাতে আপন পরিচয় দিতে লাগিল। তাহাতে উচ্চৈঃস্বরে এমত রোদন করিল, যে মিস্রিরা ও ফিরৌণের গৃহস্থিত লোকেরা তাহা শুনিতে পাইল। যূষফ্ ৩ আপন ভ্রাতৃগণকে কহিল, আমি যূষফ্, আমার পিতা কি অদ্যাপি জীবৎ আছে? কিন্তু তাহার ভ্রাতৃগণ তাহার সাক্ষাতে উদ্বিগ্ন † হওন প্রযুক্ত উত্তর করিতে ৪ পারিল না। পরে যূষফ্ আপন ভ্রাতৃগণকে কহিল, বিনয় করি, আমার নিকটে আইস; তাহাতে তাহারা নিকটে গেল; তখন যূষফ্ কহিল, তোমরা যাহাকে মিসরগামিদের কাছে বিক্রয় করিয়াছিলা, তোমাদের ৫ সেই যূষফ্ ভ্রাতা আমি। কিন্তু তোমরা আমাকে এই স্থানে বিক্রয় করাতে এখন খেদান্বিত ও আপনাদের প্রতি বিরক্ত ‡ হইও না; কেননা প্রাণ রক্ষার্থে ঈশ্বর ৬ তোমাদের অগ্রে আমাকে পাঠাইয়াছেন। দেখ, দেশে দুই বৎসর মাত্র দুর্ভিক্ষ হইল; আরো পঞ্চ বৎসর এরূপ হইবে; তাহাতে চাস করণ ও শস্য কাটন হইবে ৭ না। ঈশ্বর পৃথিবীতে তোমাদের বংশ রক্ষা করিতে ও মহোপকারদ্বারা তোমাদিগকে প্রাণে বাঁচাইতে ৮ তোমাদের অগ্রে আমাকে পাঠাইয়াছেন। তোমরা আমাকে পাঠাইয়াছ তাহা নয়, ঈশ্বর পাঠাইয়াছেন, এবং আমাকে ফিরৌণের পিতা ও তাহার বাটীর ৯ প্রভু ও সমস্ত দেশের অধ্যক্ষ করিয়াছেন। অতএব তোমরা পিতার নিকটে শীঘ্র যাইয়া তাঁহাকে কহ, তোমার পুত্র যূষফ্ এইরূপ কহিল, ঈশ্বর আমাকে সমস্ত মিসর্দেশের প্রভু করিয়াছেন; তুমি আমার নিকটে ১০ আইস, বিলম্ব করিও না। তুমি পুত্র পৌত্রাদি ও পশ্বাদি সর্ব্বস্বের সহিত আসিয়া আমার নিকটস্থ হওনার্থে ১১ গোশন্ প্রদেশে বাস করিবা। তাহাতে আমি তোমাকে সেস্থানে প্রতিপালন করিব, নতুবা যে পাঁচ বৎসর দুর্ভিক্ষ থাকিবে, তাহাতে তোমার সপরিবারে ও তোমার সক- ১২ লের দরিদ্রতা হইবে। দেখ, এই কথা আমি আপন মুখে কহিলাম, তাহা তোমরা ও বিন্য়ামীন্ ভ্রাতা

[১৯-২৩] আ ৪২; ৯-২০ ॥—[২৪] ৪২; ২৯-৩৮ ॥—[২৫-৩২] ৪৩; ১-১৪ ॥—[২৮,২৯] ৪২; ৩৮ ॥—[৩২] ৪৩; ৯ ॥ [৪৫ অধ্যা; ১] আ ৪৩; ৩০ ॥—[৩] রো ১১; ২৬ ॥—[৪] প্রে ১; ৭। আ ৩৭; ২৮ ॥—[৫] ২ শি ১৬; ১০-১২। পে ৪; ২৮ ॥—[৭] গী ১০৫; ১৭ ॥—[৮] যিশ ৪৯; ৬, ৭। আ ৪১; ৪০ ॥—[১২] ৪২; ২৩ ॥

* (ইব্রি) পাইবে। † (বা) ভীত। ‡ (ইব্রি) তোমাদের চক্ষুতে ক্রোধ না হউক।

১৩ আপন চক্ষুতে দেখিলা। অতএব তোমরা এই মিসর্ দেশে আমার ঐশ্বর্য্য ও যাহা দেখিলা, সে সকল আমার পিতাকে কহিয়া তাঁহাকে শীঘ্র করিয়া এই ১৪ স্থানে আনিবা। পরে যূষফ্ আপন ভ্রাতা বিন্য়ামীনের গলে ধরিয়া রোদন করিল, এবং বিন্য়ামীন্ তাহার ১৫ গলে রোদন করিল। এবং যূষফ্ অন্য ভ্রাতাদিগকেও চুম্বন করিয়া তাহাদের গলে রোদন করিল; তখন তাহার ভ্রাতৃগণ তাহার সহিত আলাপ করিতে লাগিল।

১৬ অপর যূষফের ভ্রাতৃগণ আসিয়াছে, এই জনরব ফিরৌণের বাটীতে ব্যাপ্ত হইলে ফিরৌণ্ ও তাহার ১৭ ভৃত্যগণ সকলে তুষ্ট হইল*। এবং ফিরৌণ্ যূষফ্কে কহিল, তুমি আপন ভ্রাতাদিগকে কহ, তোমরা এই ১৮ কর্ম্ম কর। আপনাদের পশুগণে ছালা মিটাইয়া কিনান্দেশে গিয়া আপনাদের পিতার সহিত সকল পরিবার আমার নিকটে লইয়া আইস; আমি তোমাদিগকে মিসর্দেশের উত্তম স্থান দিয়া দেশের উত্তম ১৯ দ্রব্য ভোজন করাইব। এখন আমার আজ্ঞানুসারে এই কর্ম্ম কর, তোমরা মিসর্হইতে শকট লইয়া গিয়া আপনাদের বালকদিগকে ও স্ত্রীলোকদিগকেও আপনা- ২০ দের পিতাকে লইয়া আইস। তাহাতে আপনাদের দ্রব্যাদির বিষয়ে ভাবিত হইও না†, সমুদয় মিসর্- ২১ দেশের উত্তম২ দ্রব্য তোমাদের আছে। তাহাতে ইস্রায়েলের পুত্রগণ তদনুসারে করিল, এবং যূষফ্ ফিরৌণের আজ্ঞানুসারে তাহাদিগকে শকট ও পাথেয় ২২ এবং প্রত্যেক জনকে পরিধেয় দুই২ যোড়া বস্ত্র দিল, কিন্তু বিন্য়ামীন্কে তিন শত রৌপ্যমুদ্রা ও পাঁচ যোড়া ২৩ বস্ত্র দিল। এবং পিতার জন্যে মিসরের উত্তম২ দ্রব্যেতে ভারাক্রান্ত‡দশ গর্দ্দভে এবং পিতার পাথেয়ের জন্যে শস্য ও রুটী ও অন্য২ ভক্ষ্যদ্রব্যেতে ভারাক্রান্ত‡ ২৪ দশ গর্দ্দভী পাঠাইল। এই রূপে যূষফ্ আপন ভ্রাতাদিগকে বিদায় করিলে তাহারা প্রস্থান করিল, এবং তাহাদিগকে কহিল, সাবধান, পথে বিবাদ করিও না।

২৫ এই রূপে তাহারা মিসর্হইতে প্রস্থান করিয়া কিনান্দেশে আপন পিতা যাকুবের নিকটে উপস্থিত হইল। ২৬ এবং তাহারা তাহাকে কহিল, যূষফ্ অদ্যাবধি জীবৎ আছে, সে সমস্ত মিসর্দেশের অধ্যক্ষ হইয়াছে। এই কথাতে যাকুবের হৃদয় জড়ীভূত হইল, কারণ সে ২৭ তাহাদের বিশ্বাস করিল না। তখন যে কথা যূষফ্ তাহাদিগকে কহিয়াছিল, সে সকল তাহারা তাহাকে কহিল; তাহাতে সে যখন যূষফের প্রেরিত বহনার্থে সকল শকট দেখিল, তখন তাহাদের পিতা যাকুবের ২৮ মন প্রফুল্ল হইল। তাহাতে ইস্রায়েল্ কহিল, আমার পুত্র যূষফ্ অদ্যাবধি জীবিত আছে, এই যথেষ্ট; আমি গিয়া মরণের পূর্ব্বে তাহাকে দেখিব।

৪৬ অধ্যায়।

১ বের্শেবাতে যাকুবের গমন ও ঈশ্বরের দর্শন পাওন, ৫ ও মিসরে যাত্রা করণ, ৮ ও তাহার বংশাবলি, ২৮ ও যূষফের সঙ্গে সাক্ষাৎ করণ, ও ভ্রাতৃগণের কাছে যূষফের কথা।

১ অনন্তর ইস্রায়েল্ আপন সর্ব্বস্ব লইয়া যাত্রা করণ পূর্ব্বক বের্শেবাতে উত্তরিয়া তথায় আপন পিতা ইস্হাকের ঈশ্বরের উদ্দেশে বলি প্রদান করিল। ২ তাহাতে ঈশ্বর রাত্রিতে ইস্রায়েল্কে দর্শন দিয়া কহিলেন, হে যাকুব্২; তাহাতে সে উত্তর করিল, আমি এই উপ৩ স্থিত আছি। তখন তিনি কহিলেন, আমি ঈশ্বর, তোমার পিতার ঈশ্বর, তুমি মিসরে যাইতে ভয় করিও না; আমি সেই স্থানে তোমাকে বৃহৎ এক জাতি করিব। ৪ আমিও তোমার সঙ্গে২ মিসরে যাইব; পরে তথাহইতে তোমাকে অবশ্য ফিরাইয়া আনিব, এবং যূষফ্ আপন হস্তে তোমার চক্ষু নিমীলন§ করিবে।

৫ পরে যাকুব্ বের্শেবাহইতে যাত্রা করিলে ইস্রায়েলের বহনার্থে ফিরৌণের প্রেরিত শকটে তাহাদের পুত্রগণ আপনাদের পিতা যাকুব্কে ও বালকগণকে ও ৬ স্ত্রীগণকে লইয়া গেল। পরে তাহারা আপনাদের পশুগণ ও কিনান্দেশে উপার্জ্জিত সকল সম্পত্তি লইয়া ৭ যাকুবের সহিত সবংশে মিসর্দেশে উত্তরিল। এই রূপে যাকুব্ পুত্র কন্যাগণকে ও পৌত্র পৌত্রীদিগকে এবং সমস্ত পরিবারকে মিসর্দেশে লইয়া গেল।

৮ মিসরে আগত ইস্রায়েল্ বংশের অর্থাৎ যাকুব্ ও তাহার সন্তানদের নাম। যাকুবের জ্যেষ্ঠ পুত্র রূবেন্।
৯ রূবেনের পুত্র হনোক্ ও পল্লূ ও হিষ্রোণ্ ও কর্ম্মি।
১০ শিমিয়োনের পুত্র যিমূয়েল্‖ ও যামীন্ ও ওহদ্ ও যাখীন্** ও সোহর্†† ও তাহার কিনানীয় স্ত্রীজাত পুত্র শৌল্।
১১ এবং লেবির পুত্র গের্শোন্‡‡ও কিহাৎ ও মিরারি।
১২ এবং যিহূদার পুত্র এর্ ও ওনন্ ও শেলা ও পেরস্ ও সেরহ। কিন্তু এর্ ও ওনন্ কিনান্দেশে মরিয়াছিল। এবং পেরসের পুত্র হিষ্রোণ্ ও হামূল্।
১৩ এবং ইষাখরের পুত্র তোলয়্ ও পূয়§§ ও যোব্‖‖ ও শিম্রোণ্।
১৪ এবং সিবূলূনের পুত্র সেরদ্ ও এলোন্ ও যহলেল্।
১৫ এবং দীণা কন্যাও পদ্দন্-অরামে যাকুব্হইতে জাত লেয়ার বংশ। ইহারা পুত্র কন্যাতে তেত্রিশ জন ছিল।

[১৪] আ ৪৩; ৩০ ॥—[১৭-২০] প ৯-১১ ॥—[২০] আ ১৯; ২৬ ॥—[২২] ৪৩; ৩৪ ॥—[২৪] ৪২; ২১, ২২ ॥
[৪৬ অধ্যা; ১-৪] আ ২৮; ১০-১৫। ২৬; ২৩-২৫ ॥—[৩] ২৬; ২। যা ১; ৭, ৯। ১২; ১৫ ॥—[৪] আ ৫০; ১ ॥
[৫] ৪৫; ১৯ ॥—[৮-২৭] আ ৩৫; ২৩-২৬। যা ১; ১-৫ ॥—[৯-১১] যা ৬; ১৪-২৫ ॥

* (ইব্রু) তাহাদের দৃষ্টিতে ভাল। † (ইব্রু) চক্ষু দয়া না করুক। ‡ (বা) বহনকারী। § (ইব্রু) চক্ষুর ওপরে হস্ত রাখিবে।
‖ (বা) নিমূয়েল্। ** (বা) যারিব্। †† (বা) সেরহ। ‡‡ (বা) গের্শোম্। §§ (বা) পুবা। ‖‖ (বা) যাশূব্।

১৬ এবং গাদের পুত্র সিফোন্ * ও হগি ও শূনী ও ইষবোন্ † ও এরি ও অরোদী ‡ ও অরেলী।
১৭ এবং আশেরের পুত্র যিম্না ও যিশ্‌বা ও যিশ্‌বি ও বিরিয় ও তাহাদের ভগিনী সেরহ। এবং বিরিয়ের
১৮ পুত্র হেবর্ ও মল্কীয়েল্। লাবন্ আপন কন্যা লেয়াকে যে সিল্পানাম্নী দাসীকে দিয়াছিল, তাহারি গর্ব্ভে যাকুব্‌হইতে জাত এই ষোল প্রাণী।
১৯ এবং যাকুবের ভার্য্যা রাহেলের পুত্র যূষফ্ ও
২০ বিন্‌য়ামীন্। এবং মিসর্‌দেশে ওন্ নগরের পোটী-ফেরের যাজকের আসিনৎ নাম্নী কন্যার গর্ব্ভে যূষফের ঔরসজাত মিনশি ও ইফ্রয়িম্।
২১ এবং বিন্‌য়ামীনের পুত্র বেলা ও বেখর্ ও অস্‌বেল্ ও গেরা ও নামন্ ও এহী § ও রোশ্ ও মুপ্পীম্ ‖
২২ ও হুপ্পীম্ ** ও অর্দ্। এই চৌদ্দ জন যাকুবের ঔরসজাত রাহেলের বংশ।
২৩ এবং দানের পুত্র হূশীম্ ††।
২৪ এবং নপ্তালির পুত্র যহসিয়েল্ ও গূনি ও যেৎসর্
২৫ ও শিল্লেম্। লাবন্ আপন কন্যা রাহেল্‌কে যে বিল্‌হা নাম্নী দাসীকে দিয়াছিল, তাহারি গর্ব্ভে যাকু-বের ঔরসজাত এই সপ্ত জন।
২৬ পুত্রবধূ ব্যতিরেকে যাকুবের ঔরসজাত ‡‡ সন্তান ছেষট্টি জন তাহার সহিত মিসর্‌দেশে গমন করিল।
২৭ তদ্ভিন্ন যূষফের মিসরে জাত দুই পুত্রের সহিত মিসরে গত যাকুবের পরিজন সর্ব্বশুদ্ধ সত্তরি জন ছিল।
২৮ পরে যাকুব্ গোশন্‌প্রদেশে যূষফের সহিত সাক্ষাৎ করণার্থে তাহার নিকটে আপন অগ্রে যিহূদাকে পাঠা-
২৯ ইল; তাহাতে তাহারা গোশন্‌প্রদেশে উত্তরিলে যূষফ্ আপন রথ সাজাইয়া গোশন্‌প্রদেশে আপন পিতা ইস্রায়েলের সহিত সাক্ষাৎ করিতে গেল; পরে তাহার নিকটে উপস্থিত হইলে তাহার পিতা তাহার গলা ধরিয়া
৩০ অনেক ক্ষণ রোদন করিল। তখন ইস্রায়েল্ যূষফ্‌কে কহিল, তুমি অদ্যাবধি জীবৎ আছ, আমি তোমার মুখ
৩১ দেখিলাম, এখন স্বচ্ছন্দে মরিব। পরে যূষফ্ আপন ভ্রাতাদিগকে ও পিতার পরিবারকে কহিল, আমি গিয়া ফিরৌণ্‌কে সমাচার দিয়া কহিব, কিনান্‌দেশহইতে আমার ভ্রাতৃগণ ও পিতার সমস্ত পরিবার আমার
৩২ নিকটে আসিয়াছে। তাহারা পশুপালক ও পশু ব্যবসায়ী, এ কারণ তাহারা আপনাদের গোমেষাদি
৩৩ পাল প্রভৃতি সর্ব্বস্ব আনিয়াছে। তাহাতে ফিরৌণ্
৩৪ তোমাদিগকে ডাকিয়া, তোমাদের কি ব্যবসায়? এ কথা যদি জিজ্ঞাসা করে, তবে তোমার এই দাসগণ যৌবনা-বধি অদ্যপর্য্যন্ত পুরুষানুক্রমে পশু ব্যবসায়ী, এই কথা কহিও; তাহাতে তোমরা গোশন্‌প্রদেশে বাস করিতে পাইবা; কেননা সর্ব্ব পশুপালক মিস্রীয়দের কাছে ঘৃণাস্পদ আছে।

৪৭ অধ্যায়।

১ যূষফ্ পিতাকে ও পাঁচ ভ্রাতৃকে ফিরৌণের সহিত সাক্ষাৎ করাওন, ১৩ ও শস্যের নিমিত্তে লোকদের রৌপ্য ও পশু প্রভৃতির মূল্য দেওন, ২৩ ও ফলের পঞ্চম ভাগের নিমিত্তে বীজ দেওন ২৮ ও যূষফ্‌কে যাকুবের শপথ করাওন।

১ পরে যূষফ্ গিয়া ফিরৌণ্‌কে সমাচার দিয়া কহিল, আমার পিতা ও ভ্রাতৃগণ কিনান্ দেশ হইতে আপন গোমেষাদির পাল প্রভৃতি সর্ব্বস্ব লইয়া আসিয়াছে; এখন তাহারা গোশন্‌প্রদেশে আছে।
২ এবং যূষফ্ আপন পাঁচ ভ্রাতাকে লইয়া ফিরৌণের সহিত সাক্ষাৎ করা-
৩ ইলে ফিরৌণ্ যূষফের ভ্রাতাদিগকে জিজ্ঞাসা করিল, তোমাদের ব্যবসায় কি? তাহারা ফিরৌণ্‌কে কহিল, তোমার এই দাসগণ পূর্ব্বপুরুষানুক্রমে পশুপালক।
৪ তাহারা ফিরৌণ্‌কে আরো কহিল, আমরা এই দেশে প্রবাস করিতে আসিয়াছি, কেননা কিনান্‌দেশে অতি কঠিন দুর্ভিক্ষ হইয়াছে, তাহাতে তোমার এই দাস-দের পশু পালের চরানী হয় না; অতএব নিবেদন করি, তোমার দাসদিগকে গোশন্‌প্রদেশে বাস করিতে
৫ দেও। তাহাতে ফিরৌণ্ যূষফ্‌কে আজ্ঞা করিল, তোমার
৬ পিতা ও ভ্রাতৃগণ তোমার কাছে আইল। এবং মিসর্‌দেশ তোমার সম্মুখে আছে; দেশের উত্তম স্থানে আপন পিতা ও ভ্রাতৃগণকে বাস করাও; তাহা-দিগকে গোশন্‌প্রদেশে বাসস্থান দেও, এবং তাহাদের মধ্যে যাহাকে২ কর্ম্ম যোগ্য বোধ হয়, তাহাদিগকে
৭ আমার পশুপালের অধ্যক্ষ পদে নিযুক্ত কর। পরে যূষফ্ আপন পিতা যাকুব্‌কে আনাইয়া ফিরৌণের সহিত সাক্ষাৎ করাইল। তাহাতে যাকুব্ ফিরৌণ্‌কে
৮ আশীর্ব্বাদ করিল। তখন ফিরৌণ্ যাকুব্‌কে জিজ্ঞাসিল,
৯ তোমার বয়স কত বৎসর হইয়াছে §§? যাকুব্ ফিরৌণ্‌কে কহিল, আমার প্রবাস কালের এক শত ত্রিশ বৎসর হইয়াছে; আমার আয়ু অল্প ও ক্লেশজনক, আমার পূর্ব্বপুরুষদের প্রবাস কালের আয়ুর তুল্য
১০ নয়। পরে যাকুব্ ফিরৌণ্‌কে আশীর্ব্বাদ করিয়া তাহার
১১ সাক্ষাৎহইতে বিদায় হইল। তখন যূষফ্ ফিরৌণের আজ্ঞানুসারে মিসর্‌দেশের মধ্যে রামিষেষ্ নামে উত্তম স্থানে অধিকার দিয়া আপন পিতাকে ও ভ্রাতৃ-
১২ গণকে স্থাপন করিল। এবং যূষফ্ আপন পিতাকে ও ভ্রাতৃগণকে ও পিতৃ পরিবারগণকে পরিবারানুসারে‖‖ ভক্ষ্য দ্রব্য দিয়া প্রতিপালন করিল।

১৩ পরে সর্ব্বদেশে অতি কঠিন দুর্ভিক্ষ হওয়াতে খাদ্য বস্তুর এমত অভাব হইল, যে মিসর্ দেশীয় ও কিনা-

---

[২৭] দ্বি ২৬; ৫ ।।—[২৮] আ ৪৬; ১০ ।।—[২৯] ৪৫; ১৪ ।।—[৩০] লূ ২; ২৯, ৩০ ।।—[৩৪] আ ৪০; ৩২ ।।
[৪৭ অধ্য; ১-৬] আ ৪৬; ৩১-৩৪। ৪৬, ২৮ ।।—[৯] ইব্রি ১১; ১৩-১৬। গী ২০; ১০। আ ২৫; ৭। ৩৫, ২৮ ।।
* (বা) সিফিয়োন্। † (বা) ওষ্‌নি। ‡ (বা) অরোদ্। § (বা) অহীরাম্। ‖ (বা) শূফম্ বা শূপ্পীম্। ** (বা) হূফম্।
†† (বা) শূহম্। ‡‡ (ইব্রি) কটিজাত। §§ (ইব্রি) তোমার আয়ুর বৎসরের দিন কত? ‖‖ (বা) ক্ষুদ্র বালকগণ।

১৪ নীয় লোকেরা মূর্চ্ছাগত প্রায় হইতে লাগিল। অপর লোকেরা যূষফের নিকটে যে শস্য ক্রয় করিল তাহার মূল্যার্থে যূষফ্ মিসর্‌দেশ ও কিনান্‌দেশের তাবৎ ১৫ রৌপ্য সংগ্রহ করিয়া ফিরৌণের গৃহে আনিল। এই রূপে মিসর্‌দেশে ও কিনান্‌দেশে রূপার অভাব হইলে মিস্রীয় লোকেরা যূষফের নিকটে আসিয়া কহিল, আমাদিগকে খাদ্য দ্রব্য দেও, আমাদের রূপার শেষ ১৬ হওয়াতে আমরা কি তোমার সম্মুখে মরিব ? তাহাতে যূষফ্ কহিল, যদি তোমাদের রূপার শেষ হইয়া থাকে, তবে পশু দেও, পশুর নিমিত্তে তোমাদিগকে ১৭ শস্য দিব। তখন তাহারা যূষফের কাছে আপন ২ পশু আনিলে যূষফ্ অশ্ব ও মেষপাল ও গোপাল ও গর্দ্দভাদি পরিবর্ত্ত লইয়া তাহাদিগকে শস্য দিতে লাগিল; এই রূপে যূষফ্ তাহাদের পশু লইয়া সেই বৎসর ১৮ তাহাদিগকে খাদ্য দিল *। এবং বৎসর সম্পূর্ণ হইলে দ্বিতীয় বৎসরে তাহারা যূষফের নিকটে আসিয়া কহিল, আমাদের তাবৎ রৌপ্য ব্যয় হইয়াছে, তাহা প্রভুহইতে গোপন করিব না; এবং আমাদের যে সকল পশু পাল ছিল, তাহা প্রভুরই হইয়াছে; এবং আমাদের শরীর ও ভূমি ব্যতিরেক প্রভুর সাক্ষাতে আর ১৯ কিছুই নাই। অতএব আমরা ও আমাদের ভূমি এই উভয় তোমার গোচরে কেন বিনষ্ট হইবে? আমরা যেন না মরিয়া জীবৎ থাকি, ও আমাদের ভূমিও যেন পতিত না হয়, এই জন্যে বীজ দেও এবং খাদ্য শস্য দিয়া আমাদিগকে ও আমাদের ভূমি সকলকে ক্রয় করিয়া লও; তাহাতে আমরা আপন ২ ভূমির সহিত ২০ ফিরৌণের অধীন হইব। অনন্তর দুর্ভিক্ষ তাহাদের অতি অসহ্য হইলে মিস্রিরা প্রত্যেকে ভূমি বিক্রয় করিল। তাহাতে যূষফ্ ফিরৌণের নিমিত্তে মিসর্‌দেশীয় তাবৎ ভূমি ক্রয় করিল; এই রূপে সকল ভূমিতে ফিরৌণের ২১ অধিকার হইল। তাহাতে মিসরের এক সীমা অবধি অন্য সীমা পর্য্যন্ত নগরে ২ লোকদিগকে স্থানান্তর ২২ করিল। কেবল যাজকদের † ভূমি বিক্রয় করিল না, কারণ ফিরৌণ্ তাহাদিগকে তাহা বৃত্তি দিয়াছিল, অতএব তাহাদের ভূমি বিক্রীত না হইলে ফিরৌণের দত্ত যে বৃত্তি তাহা তাহাদেরই ভোগে থাকিল।

২৩ পরে যূষফ্ প্রজাগণকে কহিল, দেখ, আমি ফিরৌণের নিমিত্তে তোমাদিগকে ও তোমাদের ভূমি সকল ২৪ ক্রয় করিলাম। এখন এই বীজ লইয়া ভূমিতে বপন কর; তাহাতে যাহা২ উৎপন্ন হইবে, তাহার পঞ্চমাংশ ফিরৌণ্‌কে দিও, আর চারি অংশ ভূমির বীজ ও আপন ও পরিজন ও বালকগণের খাদ্যের নিমিত্তে রাখিও। ২৫ তাহাতে তাহারা কহিল, আপনি আমাদের প্রাণ রক্ষা করিলেন; আপনকার কৃপাদৃষ্টি হইলে আমরা ফিরৌণের দাস হইব। এবং যাজকদের † যে ভূমিতে ফিরৌ- ২৬ ণের অধিকার হইল না, তদ্ভিন্ন তাবৎ ভূমির পঞ্চমাংশ ফিরৌণ্ পাইবে, যূষফের স্থাপিত এই ব্যবস্থা সমস্ত মিসর্‌দেশে অদ্যাবধি চলিতেছে।

অপর ইস্রায়েল্ মিসরের গোশন্‌প্রদেশে বাস করিল, ২৭ এবং তথায় অধিকার পাইয়া ক্রমে ২ বর্দ্ধিষ্ণু ও অতি বৃহদ্‌গোষ্ঠী হইল। ঐ যাকূব্ মিসর্‌দেশে সতের বৎসর ২৮ কালযাপন করিলে তাহার বয়স ‡ সম্পূর্ণ এক শত সাৎচল্লিশ বৎসর হইল। অতএব ইস্রায়েল্ আপন মরণ- ২৯ দিন নিকটস্থ জানিয়া আপন পুত্র যূষফ্‌কে ডাকাইয়া কহিল, আমি যদি তোমার সাক্ষাতে অনুগৃহীত হইলাম, তবে বিনয় করি, মিসর্‌দেশে আমার কবর না দিয়া আমার পূর্ব্বপুরুষদের নিকটে আমাকে কবর দিতে ৩০ এই মিসর্‌হইতে লইয়া গিয়া তাহাদের কবরস্থানে শয়ন করাইবা; আমার জঙ্ঘাতে হস্ত দিয়া আমার প্রতি এই অনুগ্রহ ও সত্য রূপে ব্যবহার করিবা; তাহাতে যূষফ্ কহিল, তোমার আজ্ঞানুসারেই করিব। তথাপি ৩১ যাকূব্ যূষফ্‌কে দিব্য করিতে কহিলে, যূষফ্ তাহার নিকটে দিব্য করিল; তখন ইস্রায়েল্ শয্যার শিয়রের দিগে প্রণাম করিল।

৪৮ অধ্যায়।

১ পীড়িত যাকূবের সহিত যূষফ্ ও তাহার দুই পুত্রের সাক্ষাৎ করণ ও তাহাদের প্রতি যাকূবের কথা. ৮ ও যূষফের দুই পুত্রকে আশীর্ব্বাদ করিয়া কনিষ্ঠকে প্রধান করণ, ১৫ ও যূষফের সহিত তাহার কথোপকথন।

১ ঐ সকল ঘটনা হইলে পর, দেখ, তোমার পিতা পীড়িত আছে, এই সম্বাদ যূষফ্‌কে কহিলে সে আপনার দুই পুত্র মিনশি ও ইফ্রয়িম্‌কে সঙ্গে লইয়া গেল। তখন ২ কেহ যাকূব্‌কে কহিল, দেখ, তোমার পুত্র যূষফ্ আইল; তাহাতে ইস্রায়েল্ আপনাকে সবল করিয়া শয্যায় ৩ উঠিয়া বসিল, এবং যূষফ্‌কে কহিল, কিনান্‌দেশের লূস্ নগরে সর্ব্বশক্তিমান ঈশ্বর আমাকে দর্শন দিয়া ৪ এই আশীর্ব্বাদ করিয়া কহিলেন, দেখ, আমি তোমাকে ফলবন্ত ও বহুগোষ্ঠীক করিব ও তোমাহইতে লোকসমূহ উৎপন্ন করিব, এবং তোমার ভাবিবংশকে চিরস্থায়ি অধিকারার্থে এই দেশ দিব। অতএব আমার মিসরে ৫ আগমনের পূর্ব্বে মিসর্‌দেশে ইফ্রয়িম্ ও মিনশি নামে তোমার যে দুই পুত্র জন্মিয়াছে, তাহারা আমার হইবে, ও রূবেন্ ও শিমিয়োনের ন্যায় আমারি ৬ হইবে। কিন্তু ইহাদের পরে তোমার যে ২ সন্তান জন্মে, তাহারা তোমার হইবে, এবং জ্যেষ্ঠ ভ্রাতাদের নামে আপন ২ অধিকারে বিখ্যাত হইবে। কেননা পদ্দন্- ৭

[১৩] আ ৪৩; ১ ।।—[১৪] ৪১; ৫৬ ।।—[১৯] ল ১৪; ৩৩। ১ ক ৬; ১৯, ২০ ।।—[২৬] প ২২ ।।—[২৭] আ ৪৬; ৩ ।।
[২৮] প ৯ ।।—[২৯-৩১] ৪৯; ২৯-৩১। ৫০; ২৫। ইব্রি ১১; ২২ ।।—[২৯] আ ২৪; ২ ।।—[৩০] ৫০; ৪-১৩ ।।—[৩১] ইব্রি ১১; ২১ ।।
[৪৮ অধ্যা; ৩, ৪] আ ২৮; ১০-১৯। ৩৫; ৬-১০ ।।—[৫] ৪১; ৫০-৫২। যি ১৪; ৪ ।।

* (ইব্রি) লইয়া গেল। † (বা) যুবরাজদের। ‡ (ইব্রি) আয়ুর বৎসরের দিন।

অরাম্‌হইতে আগমন সময়ে আমি কিনান্‌দেশের ইফ্রাথা হইতে কিঞ্চিৎ দূরে থাকিতে রাহেল্‌ পথেই আমার নিকটে মরিল; তাহাতে আমি ইফ্রাথার অর্থাৎ বৈৎলেহমের পথের পার্শ্বে তাহার কবর দিলাম।

৮ পরে ইস্রায়েল্‌ যূষফের পুত্রদিগকে দেখিয়া জিজ্ঞাসিল,ইহারা কে? তাহাতে যূষফ্‌ পিতাকে কহিল,ঈশ্বর ৯ এই দেশে আমাকে এই দুই পুত্র দিয়াছেন। তখন ইস্রায়েল্‌ কহিল, আমি বিনয় করি,ইহাদিগকে আমার ১০ কাছে আন, আমি ইহাদিগকে আশীর্ব্বাদ করি। কিন্তু বার্দ্ধক্য প্রযুক্ত ইস্রায়েল্‌ ক্ষীণদৃষ্টি হওয়াতে সুস্পষ্ট দেখিতে পাইল না, অতএব যূষফ্‌ তাহার নিকটে তাহাদিগকে আনিলে সে তাহাগদিকে চুম্বন ও আলিঙ্গন ১১ করিল। এবং ইস্রায়েল্‌ যূষফ্‌কে কহিল, আমি ভাবিয়াছিলাম, তোমার মুখ আর দেখিতে পাইব না, কিন্তু দেখ, ঈশ্বর তোমার বংশকেও আমাকে দেখাইলেন। ১২ তখন যূষফ্‌ জানুদ্বয়ের মধ্যহইতে তাহাদিগকে লইয়া ১৩ ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। পরে যূষফ্‌ দুই জনকে পিতার নিকটে লইয়া আপন দক্ষিণ হস্ত দ্বারা ইস্রায়েলের বামদিগে ইফ্রয়িম্‌কে, ও বাম হস্ত দ্বারা ইস্রায়েলের দক্ষিণদিগে মিনশিকে ধরিয়া উপস্থিত ১৪ করিল। তাহাতে ইস্রায়েল্‌ বিবেচনা পূর্ব্বক * দক্ষিণ হস্ত বাড়াইয়া কনিষ্ঠ ইফ্রয়িমের মস্তকোপরি দিল, এবং জ্যেষ্ঠ মিনশির মস্তকোপরি বাম হস্ত দিল।

১৫ পরে সে যূষফ্‌কে আশীর্ব্বাদ করিয়া কহিল, আমার পূর্ব্বপুরুষ ইব্রাহীম্‌ ও ইস্‌হাক যাঁহার পথাবলম্বী, ও যে ঈশ্বর অদ্যাবধি আমাকে যাবজ্জীবন প্রতিপা- ১৬ লন করিয়াছেন, এবং যে দূত আপদ সকল হইতে আমাকে রক্ষা করিয়াছেন, তিনি এই বালকদিগকে আশীর্ব্বাদ করুণ। ইহাদের দ্বারা আমার ও আমার পূর্ব্বপুরুষ ইব্রাহীমের ও ইস্‌হাকের নাম থাকুক, ১৭ এবং ইহারা দেশেতে বহুগোষ্ঠীক হউক। তখন ইফ্রয়িমের মস্তকে পিতার দক্ষিণ হস্ত দেখিয়া যূষফ্‌ অসন্তুষ্ট হইল,এবং ইফ্রয়িমের মস্তক হইতে মিনশির মস্তকে তাহা স্থাপন করিতে পিতার হস্ত তুলিয়া ১৮ কহিল, হে পিতঃ, এমন নয়, এই জন জ্যেষ্ঠ, ইহার ১৯ মস্তকে দক্ষিণ হস্ত দেও। কিন্তু তাহার পিতা অস্বীকার করিয়া কহিল, হে পুত্র,তাহা আমি জানি,আমি জানি; সেও এক বড় জাতি হইবে বটে, কিন্তু তাহার কনিষ্ঠ ভ্রাতা তাহা অপেক্ষাও বড় জাতি হইবে, ও ইহার বংশ বহুগোষ্ঠী † হইবে। সেই দিনে সে তাহা- ২০ দিগকে আশীর্ব্বাদ করিয়া কহিল, ইস্রায়েল্‌ বংশ তোমাদের নামের সাদৃশ্য দিয়া এই আশীর্ব্বাদ কহিবে, ঈশ্বর তোমাকে ইফ্রয়িমের ও মিনশির তুল্য করুণ; এই রূপে সে মিনশিহইতে ইফ্রয়িম্‌কে অগ্রগণ্য করিল। অপর ইস্রায়েল্‌ যূষফ্‌কে কহিল, দেখ, আমার মৃত্যু- ২১ কাল উপস্থিত; কিন্তু ঈশ্বর তোমাদের সহায় হইয়া তোমাদিগকে পুনর্ব্বার পৈতৃক দেশে লইয়া যাইবেন। আমি যে অংশ আপন অস্ত্র ও ধনুর্ব্বলেতে ইমোরীয়- ২২ দের হস্ত হইতে পাইয়াছি, তোমার ভ্রাতৃগণ হইতে সেই অধিক অংশ তোমাকে দিলাম।

৪৯ অধ্যায়।

১ যাকূবের সকল পুত্রকে ডাকিয়া একত্র করণ, ৩ ও প্রত্যেক জনের বিষয়ে তাহার কথা ও ভবিষ্যদ্বাক্য, ২৯ ও আপন কবরের বিষয়ে আজ্ঞা দেওন।

১ অনন্তর যাকূব্‌ আপন পুত্রগণকে ডাকিয়া কহিল,তোমরা একত্র হও,অবশেষে তোমাদের প্রতি যাহা ঘটিবে, তাহা তোমাদিগকে কহি। ২ হে যাকূবের পুত্রগণ,একত্র হইয়া শুন, ও তোমাদের পিতা ইস্রায়েলের কথায় মনোযোগ কর।

৩ হে রূবেন্‌,তুমি আমার জ্যেষ্ঠ পুত্র,এই জন্যে আমার প্রথম বল ও প্রথম সামর্থ্য স্বরূপ এবং মহিমা ও পরাক্রমেতে প্রধান আছ। ৪ তুমি স্রোতের ন্যায় বেগযুক্ত আছ, তোমার প্রাধান্য থাকিবে না; কেননা তুমি আপন পিতার শয্যাতে গিয়াছিলা, তুমি আমার শয্যায় যাওয়াতে তাহা অশুচি করিলা।

৫ শিমিয়োন্‌ ও লেবি দুই ভ্রাতা, তাহাদের খড়্গ ৬ নির্দ্দয় অস্ত্র। তাহাদের গুপ্ত পরামর্শে আমার মন প্রবৃত্ত না হউক, ও তাহাদের সভাতে আমার সম্ভ্রম উপস্থিত না হউক; তাহারা ক্রোধেতে এক মনুষ্যকে বধ করিল, ও স্বেচ্ছাতে এক রাজাকে নষ্ট করিল ‡। ৭ তাহাদের ক্রোধ অভিশপ্ত হউক, কেননা তাহা প্রজ্বলিত; এবং তাহাদের কোপ অভিশপ্ত হউক,কেননা সে নিষ্ঠুর ছিল; আমি যাকূবীয়দের মধ্যে তাহাদিগকে ভিন্ন ২ করিব, ও ইস্রায়েলীয়দের মধ্যে ছিন্ন ভিন্ন করিব।

৮ হে যিহূদা, তোমার ভ্রাতৃগণ তোমাকে প্রশংসা করিবে, ও তোমার শত্রুগণও তোমার হস্তগত § হইবে, ও তোমার পিতৃ সন্তানগণ তোমাকে দণ্ডবৎ প্রণাম ৯ করিবে। যিহূদা সিংহশাবকের তুল্য; হে বৎস, তুমি শিকারের দ্রব্য ভোজন করিয়া উর্দ্ধগমন করিবা। সিংহ

---

[৭] আ ৩৫; ১৬-২০ ॥—[৯] ২৭; ৪ ॥—[১১] ৩৭; ৩৩। ৪৫; ২৮ ॥—[১৫] ইব্রু ১১; ২১। আ ২৮; ১৫, ২০ ॥—[১৬]৩১; ১১, ১৩,২৪। ৩২; ২৪-৩০। ৩৫; ১, ৫। ৪৬; ৩, ৪ ॥ প ৫। গী২৬; ৩৪, ৩৭ ॥—[১৯] যিশ ৭; ১। যির ৩১; ৯ ॥—[২০] রূ ৪; ১১,১২ ॥—[২১] আ ৫০; ২৪, ২৫। ইব্রু ১১; ২২ ॥—[২২] ১ বং ৫; ২। আ ৩৩; ১৯। যো ৪; ৫ ॥ [৪৯ অধ্যায়;১-২৭] দ্বি ৩৩; ১-২৫ ॥—[৩] আ ২৯; ৩২। দ্বি ২১; ১৭ ॥—[৪] আ ৩৫; ২২। ১ বং ৫; ১ ॥—[৫] আ ২৯; ৩৩, ৩৪ ॥—[৫,৬,৭] ৩৪; ২৫-৩০ ॥—[৭] যি ১৯; ১, ৯। যি ২১; ॥—[৮] আ ২৯; ৩৫। গী ১৮; ৩৭-৪০। আ ২৭; ২৯। ১ বং ৫; ২ ॥—[৯] প্র ৫; ৫ ॥

* (বা) দক্ষিণ হস্তে বাম হস্ত বাড়াইয়া। † (ইব্রু) জাতিদের প্রচুরতা। ‡ (বা) গোরুদের শিরা ছেদন করিল (বা ভিত্তি ভাঙ্গিল)। § (ইব্রু) তাহাদের গলে তোমার হস্ত হইবে।

কিম্বা সিংহীর ন্যায় শয়ন করিয়া নিদ্রিত থাকিলে কে
১০ তাহাকে জাগাইবে? যদবধি শীলোর (সান্ত্বনাকারির) আগমন না হয়, তাবৎ যিহূদাহইতে রাজদণ্ড ও তাহার বংশহইতে বিচারাধ্যক্ষতা যাইবে না, এবং
১১ তাহার নিকটে লোকদের সংগ্রহ হইবে*। সে দ্রাক্ষালতার নিকটে গর্দ্দভকে, ও উত্তম দ্রাক্ষালতার নিকটে গর্দ্দভ শাবককে বাঁধিবে, এবং দ্রাক্ষারসেতে উত্তরীয় বস্ত্রও দ্রাক্ষার রক্তবর্ণ রসেতে পরিধেয় বস্ত্র রঙ্গাইবে।
১২ এবং দ্রাক্ষারসেতে তাহার চক্ষুও রক্তবর্ণ হইবে, এবং দুগ্ধেতে তাহার দন্ত শ্বেতবর্ণ হইবে।

১৩ সিবূলূন সমুদ্রতীরে বাস করিবে, ও জাহাজীয় সমুদ্রতীরে তাহার বাস হইবে, এবং সীদোন্ পর্য্যন্ত তাহার অধিকারের সীমা হইবে।

১৪ ইষাখর্ খোঁয়াড়ের মধ্যে শয়নকারি বলবান্ গর্দ্দ-
১৫ ভের সদৃশ। সে বিশ্রামকে উত্তম ও দেশকে রম্য বুঝিয়া ভার বহিতে স্কন্ধ নমন করিয়া দাস হইয়া রাজকর দিবে।

১৬ দান্ ইস্রায়েলের অন্য গোষ্ঠীদের তুল্য হইয়া আপন
১৭ লোকদের বিচার করিবে। এবং যে সর্প পথে থাকিয়া ঘোটকের পদে দংশন করিয়া পশ্চাৎ তদারূঢ় ব্যক্তিকে নিপাত করে, এমত পথস্থিত সর্পের ন্যায় দান্ হইবে।

১৮ হে পরমেশ্বর, আমি তোমাদ্বারা পরিত্রাণের অপেক্ষাতে আছি।

১৯ কোন সৈন্যদল গাদ্‌কে জয় করিলেও সে শেষে তাহাদিগকে † পরাজয় করিবে।

২০ আশেরের খাদ্য অতি উত্তম হইবে, তাহাহইতে রাজভোগ হইবে।

২১ নপ্তালি মনোহর শৃঙ্গ শাখা বিশিষ্ট ‡ সুন্দর হরিণের ন্যায় হইবে।

২২ যূষফ কূপের নিকট স্থিত ও ফলবান ও প্রাচীরের পারগামি § শাখা ‖ বিশিষ্ট বৃক্ষের তুল্য
২৩ হইবে। ধনুর্দ্ধরেরা তাহাকে অতিশয় ক্লেশ দিয়া
২৪ অবজ্ঞা করিয়া বাণাঘাত করিলেও ইস্রায়েলের পালক ও মূলপ্রস্তর স্বরূপ যে যাকূবের শক্তিমান্ ঈশ্বর, তাঁহার দ্বারা তাহার ধনুক সবল হইল, ও তাহার
২৫ বাহু ও কর বলবান্ হইল। তোমার পিতার ঈশ্বরের সহায়তাতে এবং সর্ব্বশক্তিমানের আশীর্ব্বাদে উপরিস্থ আকাশ হইতে যে মঙ্গল হয়, এবং নীচস্থ গভীর সমুদ্রহইতে যে মঙ্গল হয়, এবং স্তনহইতে ও গর্ভহইতে যে মঙ্গল হয়, সে সকলি তোমার হইবে।
২৬ আমার পূর্ব্বপুরুষদের আশীর্ব্বাদ অপেক্ষা তোমার পিতার আশীর্ব্বাদ ফলজনক; সে চিরস্থায়ি পর্ব্বতের সীমা পর্য্যন্ত**বর্দ্ধিত হইবে, ও যূষফের মস্তকে, অর্থাৎ আপন ভ্রাতৃ কর্তৃক দূরীকৃত যে ব্যক্তি, তাহার মস্তকাগ্রেই বাহুল্য রূপে বর্ত্তিবে।

২৭ বিন্যামীন্ প্রাতঃকালে ধৃত আহার ভক্ষণকারি ও সন্ধ্যাতে শিকার বণ্টনকারি বিদারক নেকড়িয়ার তুল্য হইবে।

২৮ ইহারা ইস্রায়েলের দ্বাদশ বংশ; ইহাদের পিতা আশীর্ব্বাদ করণ সময়ে এই কথা কহিয়া ইহাদের প্রত্যেক জনকে বিশেষ ২ আশীর্ব্বাদ করিল।

২৯ পরে যাকূব্ তাহাদিগকে কহিল, আমি আপন লোকদের সহিত সংগৃহীত হইব। অতএব ইব্রাহীম্
৩০ কবরস্থান অধিকারার্থে কিনান্‌দেশে মম্রীর পূর্ব্বস্থিত মক্‌পেলার যে ক্ষেত্র হেতীয় ইফ্রোণের কাছে কিনিয়াছিল, এবং যে স্থানে ইব্রাহীমের ও তাহার ভার্য্যা
৩১ সারার এবং ইস্‌হাকের ও তাহার ভার্য্যা রিব্‌কার কবর হইয়াছে, এবং যে স্থানে আমিও লেয়ার কবর দিয়াছি, সেই হেতীয় ইফ্রোণের ক্ষেত্রস্থিত গুহাতে পিতৃলোকদের নিকটে আমার কবর দিও। কেননা সেই ক্ষেত্র
৩২ ও তন্মধ্যস্থ গুহা হেতীয় সন্তানদের কাছে ক্রীত হইয়াছে।
৩৩ এই রূপে সে আপন পুত্রদিগকে আজ্ঞা করণের সমাপ্তি করিলে পর শয্যাতে দুই চরণ একত্র করিয়া প্রাণত্যাগ করিয়া আপন লোকদের নিকটে সংগৃহীত হইল।

৫০ অধ্যায়।

১ যাকূবের জন্যে শোক করণ, ৭ ও যাকূবের কবর দিতে যাওন, ১৫ ও যূষফের ভ্রাতৃগণকে সান্ত্বনা করণ ২২ ও যূষফের বংশের কথা ওশেষ আজ্ঞা ও মৃত্যু।

১ তখন যূষফ্ আপন পিতাকে ক্রোড়ে করিয়া রোদন
২ করিয়া চুম্বন করিল। এবং যূষফ্ আপন পিতৃদেহ সুগন্ধি দ্রব্যযুক্ত করিতে আপন ভৃত্য চিকিৎসকগণকে আজ্ঞা করিল; তাহাতে চিকিৎসকেরা ইস্রায়েলের
৩ দেহ সুগন্ধি দ্রব্যযুক্ত করিল। কিন্তু সেই কর্ম্ম করিতে চল্লিশ দিবস লাগিলে তাহারা তাহাতে চল্লিশ দিন যাপন করিল; মিস্রীয় লোকেরাও তাহার নিমিত্তে
৪ সত্তর দিন পর্য্যন্ত শোক করিল। শোকের দিন উত্তীর্ণ হইলে যূষফ্ ফিরৌণের পরিজনকে কহিল, যদি আমার প্রতি তোমাদের অনুগ্রহ থাকে, তবে
৫ ফিরৌণের কর্ণগোচরে এই কথা কহ। আমার পিতা আমাকে দিব্য করাইয়া কহিল, দেখ, আমি মরিলে

[১০] গ ১০; ১৪। বি ১; ১,২। গী ৬০; ৭। ৮৯; ৩৫-৩৭। যো ৪; ২২। গী ৭২; । গল ৩; ৮। মী ৫; ১-৫। ইব্রি ২; ১৪, ১৭॥—[১১,১২] দ্বি ১১; ৯-১৫॥—[১৩] যি ১৯; ১০, ১১। ম ৪; ১৩॥—[১৬] আ ২৯; ৬॥—[১৭] বি ১৮; ২৭, ৩০॥—[১৮] গী ১১৯; ১৬৬॥—[১৯] আ ২৯; ১১॥—[২০] প্রে ১২; ২০॥—[২২-২৬] দ্বি ৩৩; ১৩-১৭॥ [২৬] ১ বং ৫; ১,২। আ ২৭; ২৭-২৯॥—[২৭] বি ২০; ২১,২৫॥—[২৯-৩২] আ ৪৭; ২৯-৩১। ২৩; । ইব্রি ১১; ২২॥ [৫০ অধ্য; ২] আ ৪১; ৪০॥—[৫] ৪৭; ৩০॥

* (বা) লোকেরা তাঁহার আজ্ঞা পালন করিবে। † (বা) তাহাদের পশ্চাৎ ভাগ। ‡ (বা) উত্তম বাক্যবাদী ও। § (ইব্রি) বিস্তারিত। ‖ (ইব্রি) বৃক্ষের সন্তান। ** (বা) মনোহর পর্ব্বত।

কিনান্‌দেশে আপনার জন্যে যে কবর খনন করিয়াছি, তাহাতে তুমি আমাকে রাখিও; অতএব এখন আমাকে যাইতে দেও; আমি পিতাকে কবর দিয়া ৬ পুনর্ব্বার আসিব। তাহাতে ফিরৌণ্‌ কহিল, যাও, তোমার পিতা তোমাকে যে দিব্য করাইয়াছে, তুমি সেই রূপে তাহার কবর দেও।

৭ তখন যূষফ্‌ আপন পিতার কবর দিতে যাত্রা করিল; তাহাতে ফিরৌণের ভৃত্যগণ ও তাহার বাটীর ৮ অধ্যক্ষগণ ও মিসর্‌দেশীয় অধ্যক্ষগণ, এবং যূষফের সকল পরিবার ও তাহার ভ্রাতৃগণ ও তাহার পিতৃগৃহের পরিবার তাহার সঙ্গে গমন করিল; গোশন্‌প্রদেশে কেবল তাহাদের বালকগণ ও মেষপাল ও ৯ গোপাল রাখিল। তাহার সহিত রথ ও অশ্বারূঢ়গণ গমন করিল; তাহাতে অতিশয় সমারোহ হইল। ১০ পরে তাহারা যর্দ্দন্‌ নদী পারস্থ আটদের শস্য মর্দ্দন স্থানে উপস্থিত হইলে তথায় মহাকলরবেতে রোদন করিল, যূষফ্‌ সেই স্থানে সাত দিন পর্য্যন্ত ১১ শোক করিল। অতএব কিনান্‌দেশীয়েরা আটদের শস্য মর্দ্দনের স্থানে তাহাদের এরূপ শোক দেখিয়া কহিল, মিস্রীয়দের এ অতি দারুণ শোক। ১২ এই নিমিত্তে যর্দ্দন্‌ পারস্থ সেই স্থান আবেল্‌ মিসর্‌ (মিস্রীয়দের শোক) নামে বিখ্যাত হইল। পরে ১৩ যাকুব্‌ আপন পুত্রগণকে যেরূপ আজ্ঞা দিয়াছিল, তাহার পুত্রগণ তদনুসারে কর্ম্ম করিল। ফলতঃ তাহার পুত্রগণ তাহাকে কিনান্‌ দেশে লইয়া গিয়া হেতীয় ইফ্রোণের কাছে কবরস্থানার্থে ইব্রাহীমের ক্রীত মম্রীর পূর্ব্বস্থ মক্‌পেলা ক্ষেত্রের যে গুহা, তাহার মধ্যে তাহাকে কবর দিল। তাহার পিতার ১৪ কবর হইলে পর যূষফ্‌ ও তাহার পিতার কবর দিতে আগত ভ্রাতৃগণ ও সঙ্গিগণ মিসর্‌দেশে প্রত্যাগমন করিল।

১৫ অপর আপনাদের পিতা মৃত হইয়াছে, ইহা দেখিয়া যূষফের ভ্রাতৃগণ কহিল, যূষফ্‌ যদি আমাদিগকে ঘৃণা করে, তবে আমরা তাহার যে২ মন্দ করিয়াছিলাম, আমাদের প্রতি তাহার প্রতিফল দিবে। অতএব ১৬ তাহারা যূষফের নিকটে এই কথা কহিয়া পাঠাইল, তোমার পিতা মৃত্যুর পূর্ব্বে আমাদিগকে ইহা কহিয়াছেন। তোমরা যূষফকে এই কথা কহিও, তোমার ভ্রাতৃ- ১৭ গণ তোমার প্রতি দোষ করিলেও তুমি অনুগ্রহ করিয়া তাহাদের দোষ ও অপরাধ মার্জ্জনা করিও; অতএব আমরা এখন প্রার্থনা করি, তোমার পৈতৃক ঈশ্বরের দাসদের দোষ মার্জ্জনা কর; কিন্তু যূষফ্‌ তাহাদের এই কথা কথনেতে রোদন করিতে লাগিল। পরে ১৮ তাহার ভ্রাতৃগণ তাহার অগ্রে গিয়া প্রণিপাত হইয়া কহিল, দেখ, আমরা তোমার দাস। তাহাতে যূষফ্‌ ১৯ তাহাদিগকে কহিল, তোমরা ভয় করিও না, আমি কি ঈশ্বরের প্রতিনিধি স্বরূপ? তোমরা আমার বিরুদ্ধে ২০ কুপরামর্শ করিয়াছিলা বটে, কিন্তু ঈশ্বর তাহা সুপরামর্শ করিলেন; ফলতঃ এখন যেরূপ দেখিতেছ, এই রূপে তিনি অনেক মনুষ্যের প্রাণ রক্ষা করিয়াছেন। অতএব তোমরা এখন ভীত হইও না, আমি ২১ তোমাদিগকে ও তোমাদের বালকগণকে প্রতিপালন করিব। এই রূপে মিষ্ট* কথা কহিয়া তাহাদিগকে সান্ত্বনা করিল।

২২ পরে যূষফ্‌ ও তাহার পিতৃ পরিবার মিসর্‌দেশে বাস করিয়া থাকিল; এবং যূষফ্‌ এক শত দশ বৎসর ২৩ জীবৎ থাকিয়া ইফ্রয়িমের পৌত্র পর্য্যন্ত দেখিল; সে মিনশির মাখীর্‌ নামক পুত্রের সন্তানদিগকেও ক্রোড়ে করিল। পরে যূষফ্‌ ভ্রাতৃগণকে কহিল, আমি মুমূর্ষু, ২৪ কিন্তু ঈশ্বর তোমাদের প্রতি নিতান্ত দৃষ্টিপাত করিয়া ইব্রাহীমের ও ইস্‌হাকের ও যাকুবের নিকটে যে দেশ দিতে দিব্য করিয়াছেন, সেই দেশে তোমাদিগকে এই দেশ হইতে লইয়া যাইবেন। তাহাতে যূষফ্‌ ইস্রায়েলের ২৫ সন্তানগণকে এই দিব্য করাইয়া কহিল, ঈশ্বর তোমাদের প্রতি অবশ্য দৃষ্টিপাত করিবেন, এবং তৎকালে তোমরা এস্থানহইতে আমার অস্থি লইয়া যাইবা। ২৬ এই রূপে যূষফ্‌ এক শত দশ বৎসর বয়সে মরিল; তাহাতে তাহারা তাহাকে সুগন্ধি দ্রব্য যুক্ত করিয়া মিসর্‌দেশে এক কাষ্ঠাগারের মধ্যে রাখিল।

সমাপ্ত।

[ ] আ ৪১; ৪০ ॥—[১২] ৪৯; ২৯, ৩০ ॥—[১৫-২১] ৪৫; ৩-১১ ॥—[১৮] ৩৭; ৫-১০ ॥—[২০] প্রে ২; ২৩, ৩৬ ॥ [২১] আ ৪৫; ১০, ১১ ॥—[২৪] ইব্রি ১১; ২২ ॥—[২৫] আ ২৩; ৪। যা ১৩; ১৯। যি ২৪; ৩২ ॥

* (ইব্রি) মনের প্রীতি।

যাত্রাপুস্তক।

অর্থাৎ

মূসালিখিত দ্বিতীয় পুস্তক।

১ অধ্যায়।

১ যূষফ্ ও তাহার ভ্রাতৃগণের মরণের পর তাহাদের বংশ বৃদ্ধি হওন, ৮ ও ফিরৌণ্দ্বারা তাহাদের প্রতি উপদ্রব, ১৫ ও তাহাদের প্রতি ধাত্রীদের দয়া, ২২ ও তাহাদের পুত্রগণের বধ।

১ রূবেন্ ও শিমিয়োন্ ও লেবি ও যিহূদা, ও ইষাখর্ ৩ ও সিবূলূন্ ও বিন্যামীন্, ও দান্ ও নপ্তালি ও গাদ্ ও আশের, এই২ নামক ইস্রায়েলের সন্তানগণ ৪ প্রত্যেকে আপন২ বংশ লইয়া যাকূবের সহিত মিসর্‌- ৫ দেশে আইল। সর্ব্ব শুদ্ধ যাকূবের বংশ * সপ্ত দশ ৬ জন ছিল; কিন্তু যূষফ্ পূর্ব্বেই মিসরে ছিল। পরে যূষফ্ ও তাহার ভ্রাতৃগণ ও তৎকালীয় লোকেরা ৭ মরিল। তথাপি ইস্রায়েলের বংশ বহুপ্রজ ও বর্দ্ধিষ্ণু ও বহুগোষ্ঠীক হইয়া অতিশয় প্রবল হইল, এবং তাহাদের দ্বারা দেশ পরিপূর্ণ হইল।

৮ পরে যূষফ্‌কে অজ্ঞাত এমত এক জন মিসর্‌দেশে ৯ নূতন রাজা হইয়া আপন লোকদিগকে কহিল, দেখ, ইস্রায়েলের বংশ বলেতে ও সংখ্যাতে আমাদের ১০ অপেক্ষা অধিক হইল। তাহারা যেন আরো বর্দ্ধিষ্ণু না হয়, এবং যুদ্ধ উপস্থিত হইলে আমাদের শত্রুপক্ষ হইয়া আমাদের সহিত যুদ্ধ না করে,ও এ দেশহইতে প্রস্থান না করে, তন্নিমিত্তে আইস, আমরা তাহাদের ১১ সহিত সাবধানে †ব্যবহার করি। পরে তাহারা ভার বহন দ্বারা তাহাদিগকে ক্লেশ দিতে তাহাদের উপরে কার্য্যশাসক নিযুক্ত করিল, এবং তাহাদের দ্বারা ফিরৌণের নিমিত্তে ভাণ্ডারের নগর, অর্থাৎ পিথোম্ ১২ ও রামিষেষ্ গাঁথাইল। কিন্তু তাহারা তাহাদের দ্বারা যত ক্লেশ পাইল, তত বৃদ্ধি ও উন্নতি পাইতে লাগিল। অতএব তাহারা ইস্রায়েল্ বংশের জন্যে অতিশয় ১৩ উদ্বিগ্ন হইল। পরে মিস্রীয় লোকেরা নির্দ্দয়তা পূর্ব্বক ১৪ তাহাদিগকে দাসত্ব কর্ম্ম করাইল। ফলতঃ কঠিন দাসত্ব ও কর্দ্দম ও ইষ্টক ও ক্ষেত্রের সমস্ত কর্ম্ম দ্বারা তাহাদের প্রাণ বিরক্ত করিল ; এই সকল সেবা দ্বারা অতি নির্দ্দয়তা পূর্ব্বক তাহাদিগকে দাসত্ব কর্ম্ম করাইল।

১৫ পরে মিস্রীয় রাজা ইব্রীয় লোকের শিফ্রা নামে ও পূয়া নামে ধাত্রীদিগকে ডাকিয়া এই কথা কহিল, ১৬ যে সময়ে তোমরা ইব্রীয় স্ত্রীদের ধাত্রীকার্য্য করিবা, তৎকালে তাহাদের সন্তানগণের কোষ দেখিবা ; তাহাতে যদি তাহাদের পুত্র সন্তান হয়,তবে তাহাকে বধ করিবা ; আর যদি কন্যা হয়, তবে তাহাকে জীবৎ রাখিবা। ১৭ কিন্তু ধাত্রীগণ ঈশ্বরের প্রতি ভয় রাখিয়া মিস্রীয় রাজের আজ্ঞানুসারে না করিয়া পুত্র সন্তানগণকে ১৮ জীবৎ রাখিতে লাগিল। অতএব মিসরের রাজা †ধাত্রী- দিগকে ডাকাইয়া কহিল, তোমরা এমত কর্ম্ম কেন করিতেছ? পুত্র সন্তানগণকে কেন জীবৎ রাখিতেছ? ১৯ তাহাতে ধাত্রীগণ ফিরৌণ্‌কে উত্তর করিল, ইব্রীয়দের স্ত্রীগণ মিস্রীয়দের স্ত্রীদের ন্যায় নহে ; তাহারা বলবতী, ও তাহাদের কাছে ধাত্রী আগমনের পূর্ব্বেই তাহারা ২০ প্রসব করে। অতএব ঈশ্বর ঐ ধাত্রীদের মঙ্গল করি- লেন ; তাহাতে লোকেরা অত্যন্ত বৃদ্ধি পাইয়া অতি- ২১ শয় বলবান হইল। ধাত্রীগণের ঈশ্বরেতে ভয় করণ প্রযুক্ত তিনি তাহাদেরও বংশ বৃদ্ধি করিলেন।

২২ পরে ফিরৌণ্ আপনার সকল লোককে এই আজ্ঞা দিল,তোমরা প্রত্যেক সদ্যোজাত পুত্র সন্তানকে নদীতে নিক্ষেপ করিবা,কিন্তু প্রত্যেক কন্যাকে জীবৎ রাখিবা।

২ অধ্যায়।

১ মূসার জন্মের ও নদীর নিকটে পেটরাতে থাকনের বিবরণ ৫ ও ফিরৌণের কন্যা দ্বারা গৃহীত হওন, ১১ ও মূসা কর্ত্তৃক এক মিস্রীয় লোকের বধ ১৫ ও ফিরৌণের ক্রোধ প্রযুক্ত মিদিয়ন্‌দেশে পলায়ন করণ, ২৩ ও ইস্রায়েল্ লোকদের প্রতি ঈশ্বরের দয়া।

১ অনন্তর লেবি বংশজাত এক মনুষ্য লেবি বংশের ২ এক কন্যাকে বিবাহ করিলে সে স্ত্রী গর্ভ্ভ ধারণ করিয়া এক পুত্র প্রসব করিল, এবং সে বালককে অতি সুন্দর দেখিয়া তাহাকে তিন মাস পর্য্যন্ত গোপনে রাখিল। ৩ পরে আর গোপন করিতে না পারিলে সে এক নল নির্ম্মিত পেটরা লইয়া গলগলেতে ও ধূনাতে লেপন করিয়া তাহার মধ্যে ঐ বালককে রাখিয়া নদীতীরস্থ

[১ অধ্য ; ১-৫] আ ৪৬ ; ৮-২৭ ।।—[৬] আ ৫০ ; ২৬ ।।—[৭] আ ৪৬ ; ৩ ।।—[১৭] প্রে ৫ ; ২৯ ।।
[২ অধ্য ; ১] যা ৬ ; ২০ ।।—[২] প্রে ৭ ; ২০ । ইব্রি ১১ ; ২৩ ।।—[৪] যা ১৫ ; ২০ ।।

* (ইব্রি) কটিজাত। † (বা) ধূর্ত্ততাতে।

৪ নলবনে রাখিল। এবং তাহার কি দশা ঘটে, তাহা দর্শনার্থে তাহার ভগিনী দূরে দাঁড়াইয়া রহিল।

৫ পরে ফিরৌণের কন্যা স্নানার্থে নদীতে আইলে তাহার দাসীগণ নদীতীরে ভ্রমণ করিতেছিল; ইতো মধ্যে নলবনে এক পেটরা দেখিয়া তাহা আনিতে ৬ আপন দাসীকে পাঠাইল। পরে সে পেটরা খুলিয়া সেই বালককে দেখিল, এবং সেই বালক ক্রন্দন করিলে সে দয়ান্বিতা হইয়া কহিল, এ ইব্রীয়দের এক ৭ বালক। তখন তাহার ভগিনী ফিরৌণের কন্যাকে কহিল, তোমার নিমিত্তে এই বালককে দুগ্ধপান করা-ইতে আমি যাইয়া কি এক ইব্রীয়া ধাত্রীকে ডাকিয়া ৮ আনিব? তাহাতে ফিরৌণের কন্যা কহিল, যাও; তখন সে কন্যা যাইয়া ঐ বালকের মাতাকে ডাকিয়া ৯ আনিল। তখন ফিরৌণের কন্যা তাহাকে কহিল, তুমি এই বালককে লইয়া আমার নিমিত্তে দুগ্ধপান করাও; আমি তোমার বেতন দিব; তাহাতে সে স্ত্রী বালককে ১০ লইয়া দুগ্ধপান করাইল। পরে বালক বড় হইলে সে তাহাকে লইয়া ফিরৌণের কন্যাকে দিল; তাহাতে বালক তাহারি পুত্র হইল; তখন সে তাহার নাম মূসা (আকর্ষিত) রাখিল, কেননা সে কহিল, আমি জলহইতে ইহাকে আকর্ষণ করিলাম।

১১ এই রূপে মূসা বড় হইয়া এক দিন আপন ভ্রাতৃ-গণের নিকটে গেলে তাহাদিগকে অতিশয় ভার বহন করিতে দেখিল; এবং এক জন মিস্রী তাহার ভ্রাতৃ-গণের মধ্যে এক ইব্রিকে প্রহার করিতেছে, ইহাও ১২ দেখিল। অতএব সে এ দিগে ও দিগে চাহিয়া কাহাকেও দেখিতে না পাইলে ঐ মিস্রীয়কে বধ করিয়া ১৩ বালুকা মধ্যে পুতিয়া রাখিল। অপর দ্বিতীয় দিবসে সে বাহিরে গেলে দুই জন ইব্রিকে বিরোধ করিতে দেখিয়া দোষি ব্যক্তিকে কহিল, তুমি আপন ভ্রাতাকে ১৪ কেন প্রহার করিতেছ? তাহাতে সে কহিল, কে তোমাকে আমাদের উপরে রাজা * ও বিচারকর্ত্তা করিয়া নিযুক্ত করিয়াছে? তুমি যেমন মিস্রীয় লোককে বধ করিলা, তদ্রূপ কি আমাকেও বধ করিতে চাহ? তাহাতে মূসা ভীত হইয়া কহিল, এ কথা অবশ্য প্রকাশ হইয়াছে।

১৫ পরে ফিরৌণ্ এ কথা শুনিয়া মূসাকে বধ করিতে অন্বেষণ করিল। অতএব মূসা ফিরৌণের সম্মুখ-হইতে পলায়ন করিয়া মিদিয়ন্‌দেশে বাস করিতে ১৬ গিয়া এক কূপের নিকটে বসিল। ইতি মধ্যে মিদিয়-নীয় যাজকের † সাত কন্যা সেই স্থানে আসিয়া পিতার মেষপালকে জলপান করাইতে জল তুলিয়া জল পাত্র ১৭ পরিপূর্ণ করিল। কিন্তু মেষ পালকেরা আসিয়া তাহা-দিগকে তাড়না করিল; তাহাতে মূসা উঠিয়া দাঁড়াইয়া তাহাদের উপকার করিল ও তাহাদের মেষপালকে ১৮ জলপান করাইল। পরে তাহারা আপন পিতা রূয়ে-লের ‡ কাছে গেলে সে তাহাদিগকে জিজ্ঞাসা করিল, অদ্য তোমরা কি প্রকারে § এত শীঘ্র আইলা? তাহাতে ১৯ তাহারা কহিল, এক জন মিস্রী মেষপালকদের হস্ত-হইতে আমাদিগকে উদ্ধার করিয়া আমাদের নিমিত্তে যথেষ্ট জল তুলিল, ও আমাদের মেষপালকে জলপান ২০ করাইল। তখন সে আপন কন্যাদিগকে কহিল, সে কোথায়? তোমরা তাহাকে কেন ছাড়িয়া আইলা? ২১ তোমরা তাহাকে ভোজন করাইতে ডাক। পরে মূসা ঐ মনুষ্যের সহিত বাস করিতে সম্মত হইলে সে মূসার সহিত আপন সিপ্পোরা কন্যার বিবাহ দিল। ২২ তাহাতে ঐ স্ত্রী পুত্র প্রসব করিলে তাহার নাম গের্শোম্ (এই স্থানে বিদেশী) রাখিল, কেননা সে কহিল, আমি বিদেশে বিদেশী হইয়াছি।

২৩ অনেক কাল পরে মিস্রীয় রাজার মৃত্যু হইল, এবং ইস্রায়েলের সন্তানগণ দাসত্ব প্রযুক্ত কাতরোক্তি ও ক্রন্দন করিলে তাহাদের দাসত্ব প্রযুক্ত সেই কাতরতার ২৪ শব্দ ঈশ্বরের নিকটে উপস্থিত হইল। তাহাতে ঈশ্বর তাহাদের আর্ত্তস্বর শুনিয়া ইব্রাহীমের ও ইস্‌হাকের ও যাকুবের সহিত আপন কৃত পূর্ব্ব নিয়ম স্মরণ করিয়া ২৫ ইস্রায়েল্ বংশের প্রতি দৃষ্টিপাত করিলেন ও তাহা-দিগকে অনুগ্রহ করিলেন।

৩ অধ্যায়।

১ প্রজ্বলিত ঝোপে মূসার নিকটে ঈশ্বরের প্রকাশ হওন, ৭ ও মূসার প্রতি ঈশ্বরের কথা, ১১ ও ঈশ্বরের সহিত মূসার আলাপ।

১ অপর মূসা মিদিয়নের যাজক আপন শ্বশুর যিথ্রোর মেষপাল চরাইতে লাগিল; এক দিনে সে মেষপাল লইয়া অরণ্যের পশ্চাদ্ভাগে হোরেব্ নামে ঈশ্বরের ২ পর্ব্বতে আইলে, ঝোপের মধ্যস্থিত অগ্নিশিখাতে ঈশ্ব-রের দূত তাহার নিকটে প্রত্যক্ষ হইল; তখন সে দৃষ্টি করিয়া দেখিল, ঝোপ অগ্নিতে প্রজ্বলিত হইতেছে, ৩ তথাপি ঝোপ নষ্ট হয় না। অতএব মূসা কহিল, ঝোপ দগ্ধ হয় না কেন? আমি এক পার্শ্বে যাইয়া এই ৪ মহা আশ্চর্য্য দেখিব। পরে সে দেখিবার জন্যে এক পার্শ্বে যাইতেছে, ইহা দেখিয়া পরমেশ্বর ঝোপের মধ্যহইতে তাহাকে ডাকিয়া কহিলেন, হে মূসা, হে মূসা; তাহাতে সে কহিল, এই আমি উপস্থিত ৫ আছি। তখন তিনি কহিলেন, তুমি এ স্থানের নিকট-বর্ত্তী হইও না, ও তোমার পদহইতে পাদুকা দূর কর; তুমি যে স্থানে দাঁড়াইয়া আছ, সে পবিত্র ভূমি। ৬ তিনি আরো কহিলেন, আমি তোমার পূর্ব্বপুরুষদের

[১০, ১১] প্রে ৭; ২১-২৫। ইব্রি ১১; ২৪-২৬॥—[১৪] প্রে ৭; ২৫, ৩৫॥—[১৬] আ ২৪; ১১॥—[১৭] আ ২৯; ১০॥—[১৮] যা ১৮; ১, ২॥—[২৩] গী ২২; ৪, ৫॥—[২৪,২৫] আ ১৫; ৫, ১৩-১৬। ২৬: ৩, ৪। ৪৬; ৩, ৪॥
[৩ অধ্য; ১] যা ২; ১৬, ১৮॥—[২] প ৪। আ ২২; ১১, ১২॥—[৬] লূ ২০; ৩৭, ৩৮। যা ৩৩; ২০॥

* (ইব্রি) এক মনুষ্য এক রাজা। † (বা) রাজার। ‡ (বা) যিথ্রোর। § (বা) কেন।

ঈশ্বর, ফলতঃ ইব্রাহীমের ঈশ্বর ও ইসহাকের ঈশ্বর ও যাকুবের ঈশ্বর; তাহাতে মূসা ঈশ্বরের প্রতি দৃষ্টি করিতে ভীত হওয়াতে আপন মুখ আচ্ছাদন করিল।

৭ পরে পরমেশ্বর কহিলেন, আমি মিসরে স্থিত আপন লোকদের অত্যন্ত ক্লেশ দেখিলাম, ও কার্য্যশাসক্ দ্বারা তাহাদের রোদনও শুনিলাম, ও তাহাদের ৮ যন্ত্রণা জ্ঞাত হইলাম। অতএব মিস্রিদের হস্তহইতে তাহাদিগকে উদ্ধার করিতে এবং এই দেশহইতে উত্তম ও প্রশস্ত এক দেশে, অর্থাৎ কিনানীয় ও হিত্তীয় ও ইমোরীয় ও পিরিষীয় ও হিব্বীয় ও যিবূষীয়দের দুগ্ধ মধু প্রবাহি দেশে তাহাদিগকে লইয়া যাইতে ৯ নামিলাম। কেননা দেখ, ইস্রায়েল্ বংশের আর্ত্তস্বর আমার কর্ণগোচর হইল, এবং যে উপদ্রব মিস্রিরা ১০ তাহাদের প্রতি করে, তাহা আমি দেখিলাম। অতএব এখন আইস, আমি তোমাকে ফিরৌণের নিকটে পাঠাই, তুমি মিসর্হইতে আমার লোক ইস্রায়েল্ বংশকে বাহির করিবা।

১১ তাহাতে মূসা ঈশ্বরকে কহিল, আমি কে? আমি ফিরৌণের নিকটে গিয়া মিসর্দেশহইতে ইস্রায়েল্ ১২ বংশকে কি বাহির করিতে পারি? তখন তিনি কহিলেন, আমি তোমার সহায় হইব, তাহাতে মিসর্হইতে লোক সমূহকে বাহির করিয়া আনিলে তোমরা এই পর্ব্বতে ঈশ্বরের ভজনা করিবা, ইহা আমার তোমাকে প্রেরণ ১৩ করণের চিহ্ন হইবে। পরে মূসা ঈশ্বরকে কহিল, দেখ, আমি ইস্রায়েল্ বংশের নিকটে যাইয়া তাহাদিগকে এই কথা কহি, তোমাদের পূর্ব্বপুরুষদের ঈশ্বর তোমাদেরই নিকটে আমাকে প্রেরণ করিলেন; কিন্তু তাঁহার নাম কি? এ কথা যদি তাহারা জিজ্ঞাসা করে, তবে আমি ১৪ কি উত্তর করিব? তাহাতে ঈশ্বর মূসাকে কহিলেন, আমি যে আছি সেই আছি; আরো কহিলেন, ইস্রায়েল্ বংশকে ইহা কহিও, স্বয়ম্ভু তোমাদের নিকটে ১৫ আমাকে প্রেরণ করিলেন। পরে ঈশ্বর আরবার মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ বংশকে এই কথা কহিও, তোমাদের পূর্ব্বপুরুষদের প্রভু যিহোবাঃ (পরমেশ্বর,) অর্থাৎ ইব্রাহীমের ঈশ্বর ও ইস্হাকের ঈশ্বর ও যাকুবের ঈশ্বর তোমাদের নিকটে আমাকে পাঠাইলেন; আমার এই নাম, এবং ইহা চিরকাল পুরুষানুসারে ১৬ স্মরণে থাকিবে। তুমি যাইয়া ইস্রায়েল্ বংশের প্রাচীনগণকে একত্র করিয়া এই কথা কহ, তোমাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বর, অর্থাৎ ইব্রাহীমের ও ইস্হাকের ও যাকুবের ঈশ্বর আমাকে দর্শন দিয়া কহিলেন, আমি তোমাদিগকে এবং মিসর্দেশে তোমা- ১৭ দের প্রতি কৃত ব্যবহার সকলও দেখিলাম। অতএব আমি পূর্ব্বোক্ত বাক্যানুসারে মিসরের ক্লেশহইতে তোমাদিগকে বাহির করিয়া কিনানীয়দের ও হিত্তীয়দের ও ইমোরীয়দের ও পিরিষীয়দের ও হিব্বীয়দের ও যিবূষীয়দের দেশে, অর্থাৎ দুগ্ধ মধু প্রবাহি দেশে আনিব। তাহাতে তাহারা তোমার কথা শুনিবে।

১৮ তখন তুমি ও ইস্রায়েল্ বংশের প্রাচীনবর্গ মিসরের রাজার নিকটে যাইয়া এই কথা কহিবা, ইব্রিদের প্রভু পরমেশ্বর আমাদের প্রতি সাক্ষাৎ হইয়াছেন; অতএব বিনয় করি, আমাদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে হোম করণার্থে এখন তিন দিনের পথ আমাদিগকে ১৯ প্রান্তরে যাইতে দেও। কিন্তু আমি নিশ্চয় জানি, মিসরের রাজার প্রতি পরাক্রান্ত হস্ত প্রকাশ না হইলে ২০ সে তোমাদিগকে যাইতে দিবে না। তাহাতে আমি আপন হস্ত বিস্তার করিয়া মিসরের মধ্যে আমার কৃত আশ্চর্য্য কর্ম্ম দ্বারা তাহাকে প্রহার করিলে পর সে ২১ তোমাদিগকে যাইতে দিবে। অপর আমি মিস্রিদের সাক্ষাতে এই লোকদিগকে দয়া প্রাপ্ত করিব; তাহাতে ২২ তোমরা যাওন কালে রিক্ত হস্তে যাইবা না। কিন্তু প্রত্যেক স্ত্রী আপন প্রতিবাসিনী স্ত্রীর কাছে, ও আপন গৃহস্থ প্রবাসিনীর কাছে রূপ্যপাত্র ও স্বর্ণপাত্র ও বস্ত্র চাহিয়া লইবে; তাহাও তোমরা আপন২ পুত্রদের ২৩ ও কন্যাদের গাত্রে পরিধান করাইবা। এই রূপে মিস্রিদের দ্রব্য হরণ করিবা।

৪ অধ্যায়।

১ মূসার যষ্টির সর্প হওন, ৬ ও তাহার হস্তে কুষ্ঠ হওন, ১০ ও মূসা যাইতে অস্বীকার করিলে তাহার সঙ্গে যাইতে হারোণের নিযুক্ত হওন, ১৮ ও মিদিয়ন্হইতে মূসার গমন, ২১ ও ফিরৌণের নিকটে বক্তব্য কথা, ২৪ ও মূসার পুত্রের ত্বক্ছেদ করণ, ২৭ ও মূসার সহিত হারোণের সাক্ষাৎ করণ, ২৯ ও ইস্রায়েল্ বংশের কাছে গিয়া ঈশ্বরের কথা প্রকাশ করণ।

১ অপর মূসা উত্তর করিল, তাহারা আমাকে প্রত্যয় করিবে না, ও আমার কথাতে মনোযোগ করিবে না; কিন্তু তাহারা কহিবে, পরমেশ্বর তোমাকে দর্শন দেন নাই। ২ তখন পরমেশ্বর তাহাকে জিজ্ঞাসিলেন, তোমার হস্তে ৩ কি? সে কহিল, যষ্টি। তাহাতে তিনি কহিলেন, তাহা ভূমিতে ফেল। সে ঐ যষ্টি ভূমিতে ফেলিলে তাহা সর্প হইল; অতএব মূসা তাহার সম্মুখহইতে পলায়ন করিল। ৪ তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, হস্ত বিস্তার করিয়া ইহার লাঙ্গূল ধর; তাহাতে সে হস্ত বিস্তার করিয়া ৫ লাঙ্গূল ধরিলে তাহার হস্তে সে যষ্টি হইল। ইহাতে আমি তাহাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বর, এবং ইব্রাহীমের ও ইস্হাকের ও যাকুবের ঈশ্বর, তোমার কাছে প্রকাশিত হইয়াছি, ইহা তাহারা প্রত্যয় করিবে।

[৭] ২; ২০। গী ৩৮; ৯। ৫৩; ৮।।—[৮] আ ১৫; ১৪, ১৮-২১। দ্বি ৮; ৭-৯।।—[৯] প ৭। ১; ১১-২২।।—[১৪] প্র ১; ৪, ৮, ১১, ১৭।।—[১৫] প ৬। ৬; ৩।।—[১৬, ১৭] প ৬, ৮। আ ১৫; ১৪। ৫০; ২৫।।—[১৮] প ১২।।—[১৯-১২] আ ১৫; ১৪।।—[৪ অধ্য; ৫] যো ১০; ৩৭, ৩৮।।

৬ অপর পরমেশ্বর তাহাকে আরো কহিলেন, তুমি আপন হস্ত বক্ষস্থলে দেও; তাহাতে সে বক্ষস্থলে হস্ত দিয়া হস্ত বাহির করিলে তাহার হস্ত কুষ্ঠযুক্ত ও ৭ হিম বর্ণের ন্যায় হইল। পরে তিনি কহিলেন, তুমি পুনর্ব্বার আপন হস্ত বক্ষস্থলে দেও; তাহাতে সে পুনর্ব্বার আপন হস্ত বক্ষস্থলে দিয়া বাহির করিল; তাহাতে তাহার হস্ত অন্য হস্তের *ন্যায় প্রকৃত মাংস ৮ হইল। তাহারা যদি তোমাকে প্রত্যয় না করে, এবং তোমার ঐ প্রথম চিহ্নেতেও† মনোযোগ না করে, তবে ৯ দ্বিতীয় চিহ্নেতে প্রত্যয় করিবে। দুই চিহ্নেতেও যদি প্রত্যয় না করে, ও তোমার কথাতে মনোযোগ না করে, তবে নদীর কিছু জল লইয়া শুষ্ক ভূমিতে ঢাল; তাহাতে তুমি নদীহইতে যে জল তুলিবা, তাহা শুষ্ক ভূমিতে রক্ত হইবে।

১০ পরে মূসা পরমেশ্বরকে কহিল, হে আমার প্রভো, এ সময়ের পূর্ব্বে‡ কিম্বা আপন দাসের নিকটে আপনকার কথা কহনের পরেও আমি বাক্পটু§ নহি, কিন্তু ১১ বাক্যেতে ধীর ও জড়জিহ্ব আছি। পরে পরমেশ্বর তাহাকে কহিলেন, মানুষের মুখ নির্ম্মাণকারী কে? এবং বোবা ও বধিরকে কিম্বা দর্শক ও অন্ধকে কে নির্ম্মাণ ১২ করে? আমি পরমেশ্বর কি তাহা করি না? অতএব এখন যাও; আমি তোমার মুখে থাকিয়া বক্তব্য কথা ১৩ তোমাকে শিক্ষাইব। তাহাতে সে কহিল, হে আমার প্রভো, আমি বিনয় করি, যাহাদ্বারা পাঠাইতে হয়, ১৪ তাহাদ্বারা পাঠাউন্। তাহাতে মূসার প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি কহিলেন, লেবীয় হারোণ্ তোমার ভ্রাতা কি হয় না? সে সুবক্তা, তাহা আমি জানি, সে তোমার সহিত মিলিতে আসিতেছে; ১৫ তোমাকে দেখিয়া অন্তঃকরণে হৃষ্ট হইবে। তুমি তাহার সহিত কথা কহিবা ও তাহার মুখে বাক্য দিবা; এবং আমি তোমার মুখে ও তাহার মুখে থাকিয়া তোমাদের ১৬ করণীয় কর্ম্ম শিক্ষা দিব। সে লোকদের কাছে তোমার বাক্য কহিবে, ও সে তোমার মুখস্বরূপ হইবে; ও ১৭ তুমি তাহার ঈশ্বরস্বরূপ হইবা। আর তুমি আপন হস্তে যষ্টি লইয়া তদ্দ্বারা এই সকল চিহ্ন দেখাইবা।

১৮ পরে মূসা আপন শ্বশুর যিথ্রোর নিকটে প্রত্যাগমন করিয়া কহিল, আমি বিনয় করি, মিসরে স্থিত ভ্রাতৃগণের নিকটে এখন ফিরিয়া যাইতে, এবং তাহারা অদ্যাবধি জীবৎ আছে কি না, তাহা দেখিতে আমাকে যাইতে দেও; তাহাতে যিথ্রো মূসাকে কহিল, কুশলে ১৯ যাও। আর পরমেশ্বর মিদিয়নে মূসাকে কহিয়াছিলেন, যে লোকেরা তোমাকে বধ করিতে চাহিয়াছিল, তাহারা সকলেই মরিয়াছে; অতএব তুমি মিসরে ফিরিয়া যাও। ২০ তখন মূসা আপন স্ত্রী ও পুত্রগণকে গর্দ্দভে আরোহণ করাইয়া মিসর্‌দেশে ফিরিয়া গেল, এবং সে আপন হস্তে ঈশ্বরের সেই যষ্টি লইল।

২১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি মিসরে ফিরিয়া যাইতে উদ্যত হইলে আমি তোমার হস্তে যে সকল অদ্ভুত কর্ম্ম করিতে দিয়াছি, তাহা বিবেচনা করিয়া ফিরৌণের সাক্ষাতে কর; কিন্তু আমি তাহার অন্তঃকরণ কঠিন করিব; তাহাতে সে লোকদিগকে ছাড়িয়া দিবে ২২ না। এবং তুমি ফিরৌণ্‌কে কহিবা, পরমেশ্বর কহেন, ইস্রায়েল্ বংশ আমার পুত্র অর্থাৎ আমার জ্যেষ্ঠ পুত্র ২৩ স্বরূপ। অতএব আমি তোমাকে কহিতেছি, আমার সেবা করিতে তুমি আমার পুত্রকে ছাড়িয়া দেও; তাহাতে তুমি যদি তাহাকে ছাড়িতে অসম্মত হও, তবে আমি তোমার পুত্রকে অর্থাৎ তোমার জ্যেষ্ঠ পুত্রকে বধ করিব।

২৪ পরে পথে উত্তরণীয় গৃহে পরমেশ্বর তাহাকে দর্শন দিয়া বধ করিতে চেষ্টা করিলেন। ২৫ তখন সিপ্পোরা এক তীক্ষ্ণশস্ত্র লইয়া আপন পুত্রের ত্বকছেদ করিয়া তাহা তাহার চরণের নিকটে ফেলিয়া ‖ কহিল, তুমি ২৬ নিতান্ত আমার রক্তপাতি বর। পরে ঈশ্বর তাহাকে ছাড়িয়া দিলে সে স্ত্রী ত্বক্‌ছেদ প্রযুক্ত তাহাকে কহিল, তুমি আমার রক্তপাতি বর।

২৭ পরে পরমেশ্বর হারোণ্‌কে কহিলেন, তুমি মূসার সহিত সাক্ষাৎ করিতে প্রান্তরে যাও। তাহাতে সে গিয়া ঈশ্বরের পর্ব্বতে তাহার সহিত মিলিয়া তাহাকে চুম্বন ২৮ করিল। তখন মূসা নিরূপিত ঈশ্বরের তাবৎ বাক্য ও তাঁহার আজ্ঞাপিত তাবৎ চিহ্ন হারোণ্‌কে জ্ঞাত করিল।

২৯ পরে মূসা ও হারোণ্ যাইয়া ইস্রায়েল্ বংশের ৩০ প্রাচীনবর্গকে একত্র করিলে মূসার প্রতি উক্ত পরমেশ্বরের যে কথা, তাহা হারোণ্ তাহাদিগকে কহিল, এবং লোকদের দৃষ্টিতে সেই সকল চিহ্ন প্রকাশ ৩১ করিল। তাহাতে লোকেরা প্রত্যয় করিল, এবং পরমেশ্বর ইস্রায়েল্ বংশের প্রতি দৃষ্টি করিয়া তাহাদের দুঃখ দেখিয়াছেন, ইহা বুঝিয়া তাহারা তাঁহাকে প্রণাম করিয়া ভজনা করিল।

৫ অধ্যায়।

১ মূসা ও হারোণের ফিরৌণের নিকটে গমন, ও তাহাদের প্রতি ফিরৌণের কথা, ৬ ও লোকদিগকে অনেক কর্ম্মের ভার দেওন ১০ ও তাহাদিগকে পলাল না দেওন, ১৫ ও রাজার কাছে কার্য্যশাসকদের কাকূক্তি ২০ ও মূসা ও হারোণের প্রতি অনুযোগ কথা ও ঈশ্বরের প্রতি মূসার নিবেদন।

[৮] প ৫ ॥—[৯] যো ১০ ; ২৫ ॥—[১০] যির ১, ৬ ॥—[১১] দ্বি ৩২ ; ৩৯। যিশ ৩৫ ; ৪-৬ ॥—[১২] যির ১ ; ৭, ৮। য ১০ ; ১৯ ॥—[১৩, ১৪] যূ ১; ৩, ৪ ॥—[১৪] প ২৭ ॥—[১৫, ১৬] যা ৭ ; ১, ২ ॥—[১৬] ১৮ ; ১৯ ॥—[১৭] প ২-৪ ॥ [১৯] ২ ; ১৫। য ২ ; ২০ ॥—[২০] প ১৭ ॥—[২১-২৩] যা ৩ ; ১৯-২২ ॥—[২২] যির ৩১ ; ৯। হো ১১ ; ৫। যিশ ৪৯ ; ৩। য ২ ; ১৫ ॥—[২৩] যা ১২ ; ২৯ ॥—[২৪] আ ১৭ ; ১৪ ॥—[২৭] প ১৪। ৩ ; ১ ॥—[২৯-৩১] ৩ ; ১৬। ৪ ; ৫, ৮, ৯ ॥

* (ইব্রু) আপন মাংসের ন্যায়। † (ইব্রু) চিহ্নের রব। ‡ (ইব্রু) কাল ও পরশ্ব। § (ইব্রু) বাক্যের পুরুষ। ‖ (ইব্রু) চরণকে স্পর্শ করাইয়া।

১ পরে মূসা ও হারোণ্ প্রবেশ করিয়া ফিরৌণ্কে কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর কহেন, প্রান্তরে আমার উদ্দেশে উৎসব করিতে আমার লোকদিগকে যাইতে ২ দেও। তাহাতে ফিরৌণ্ কহিল, পরমেশ্বর কে, যে তাহার কথা মানিয়া ইস্রায়েল্ বংশকে যাইতে দিব? আমি পরমেশ্বরকে চিনি না, ও ইস্রায়েল্ ৩ বংশকে যাইতে দিব না। তাহারা কহিল, ইব্রিদের ঈশ্বর আমাদিগকে দর্শন দিলেন; অতএব আমরা বিনয় করি, প্রভু পরমেশ্বরের উদ্দেশে হোম করিতে তিন দিনের পথ আমাদিগকে প্রান্তরে যাইতে দেও; নতুবা তিনি আমাদিগকে মহামারীতে ও খড়্গেতে নিপাত ৪ করিবেন। তাহাতে মিস্রীয় রাজা তাহাদিগকে কহিল, হে মূসা ও হারোণ্, তোমরা কার্য্যহইতে লোকদিগকে কেন নিবৃত্ত কর? তোমরা আপন ২ ভার বহন কর্ম্মে ৫ যাও। ফিরৌণ্ আরো কহিল, দেখ, এ দেশে এই মনুষ্য এখন অনেক, এবং তোমরা তাহাদিগকে ভার বহন হইতে নিবৃত্ত করিতে চাহ।

৬ অপর ফিরৌণ্ সেই দিনে লোকদের কর্ম্মশাসক ৭ ও অধ্যক্ষগণকে আজ্ঞা দিল, তোমরা ইষ্টকাদি নির্ম্মাণার্থে পূর্ব্বের মত এই লোকদিগকে পলাল দিও না; তাহারা যাইয়া আপনাদের জন্যে পলাল সংগ্রহ ৮ করুক। এবং পূর্ব্বে তাহাদের যত ইষ্টক নির্ম্মাণের ভার ছিল, এখন সেই ভার দেও; তাহার কিছু ন্যূন করিও না; কেননা তাহারা অলস, এই জন্যে চেঁচাইয়া কহে, ঈশ্বরের উদ্দেশে হোম করিতে আমাদিগকে ৯ যাইতে দেও। অতএব ইহাদের উপরে আরো অধিক কর্ম্মের ভার দেও*; তাহাতে তাহারা যেন পরিশ্রম করিয়া অনর্থক বাক্যে মনোযোগ না করে।

১০ অনন্তর কার্য্যশাসকেরা ও অধ্যক্ষেরা বাহিরে যাইয়া তাহাদিগকে কহিল, ফিরৌণ্ এই কথা কহে, আমি ১১ তোমাদিগকে আর পলাল দিব না। তোমরা যে স্থানে পাও, সেই স্থানে গিয়া পলাল সংগ্রহ কর, ১২ কিন্তু তোমাদের কার্য্য কিছু ন্যূন হইবে না। তাহাতে লোকেরা পলালের পরিবর্ত্তে নাড়া সংগ্রহ করিতে ১৩ তাবৎ মিসর্দেশে ভ্রমণ করিল। তাহাতে কার্য্যশাসকেরা ত্বরা করাইয়া কহিল, পলাল প্রাপ্তির সময়ে যেমন তোমরা কর্ম্ম করিতা, এখন দিবসিক নিরূপিত ১৪ কর্ম্ম † তদ্রূপ সম্পূর্ণ কর। ইস্রায়েল্ বংশের উপরে যে কর্ম্মশাসকদিগকে ফিরৌণের অধ্যক্ষেরা রাখিয়াছিল, তাহারাও প্রহারিত হইল, ও এই কথা জিজ্ঞাসিত হইল, তোমরা পূর্ব্বের ন্যায় ইষ্টক গঠন বিষয়ে নিরূপিত কর্ম্ম কেন নিত্য ২ সম্পূর্ণ করাও না?

১৫ তাহাতে ইস্রায়েল্ বংশের অধ্যক্ষেরা আসিয়া ফিরৌণের নিকটে চেঁচাইয়া কহিল, তুমি কেন আপন ১৬ দাসদের সহিত এমত ব্যবহার করিতেছ? কেহ তোমার দাসদিগকে পলাল দেয় না, তথাপি তাহারা কহে, ইষ্টক নির্ম্মাণ কর; এবং তোমার দাসেরা প্রহারিত হয়, কিন্তু তোমার লোকদের দোষ। ১৭ তাহাতে সে কহিল, তোমরা অলস, তোমরা অলস, এই জন্যে বল, পরমেশ্বরের উদ্দেশে হোম করিতে আমাদিগকে ১৮ যাইতে দেও। এখন যাও, কর্ম্ম কর, তোমাদিগকে পলাল দত্ত হইবে না; তথাপি তোমাদের ইষ্টকের ১৯ সম্পূর্ণ সংখ্যা দিতে হইবে। তাহাতে তোমাদের দিবসিক নিরূপিত ইষ্টকের কিছু ন্যূন হইবে না, ইহা কহিলে ইস্রায়েল্ বংশের অধ্যক্ষেরা দেখিল, আপনারা অতি দুর্দ্দশাতে পড়িলাম।

২০ পরে তাহারা ফিরৌণের নিকটহইতে নির্গত হইয়া পথে আপনাদের সম্মুখে মূসার ও হারোণের সাক্ষাৎ ২১ পাইল। তখন তাহারা তাহাদিগকে কহিল, পরমেশ্বর তোমাদের প্রতি দৃষ্টি করিয়া বিচার করুণ, কেননা তোমরা ফিরৌণের ও তাহার দাসগণের সাক্ষাতে আমাদিগকে দুর্গন্ধ স্বরূপ ‡ করিয়া মারিতে তাহাদের হস্তে ২২ খড়্গ দিলা। পরে মূসা পরমেশ্বরের কাছে ফিরিয়া গিয়া তাঁহাকে কহিল, হে প্রভো, তুমি এই লোকদিগের অমঙ্গল কেন করিলা? ও আমাকে কেন পাঠাইলা? ২৩ যদবধি আমি তোমার নামে ফিরৌণের কাছে কহিতে আইলাম, তাবৎ সে এই লোকদিগের অমঙ্গল করিতেছে, এবং তুমি আপন লোকদের কিছু § উদ্ধার করিলা না।

৬ অধ্যায়।

১ মূসার নিকটে ঈশ্বরের পুনশ্চ প্রতিজ্ঞা করণ, ১০ ও ফিরৌণের নিকটে মূসাকে প্রেরণ, ১৪ ও রূবেন্ ও শিমিয়োনের বংশাবলি, ১৬ ও লেবির বংশাবলি, ২৮ ও মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞা।

১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, আমি ফিরৌণের প্রতি যাহা করিব, তাহা তুমি এখনই দেখিবা; সে বাহুবল প্রকাশ করিয়া লোকদিগকে যাইতে দিবে, ও বাহুবল প্রকাশ করিয়া আপন দেশ হইতে তাহাদিগকে দূর করিবে। ২ আর ঈশ্বর মূসার সহিত আলাপ ৩ করিয়া আরো কহিলেন, আমি যিহোবাঃ, আমি ইব্রাহীমের ও ইস্হাকের ও যাকূবের কাছে যিহোবাঃ|| নামে বিখ্যাত না হইয়া সর্ব্বশক্তিমান ঈশ্বর নামে ৪ বিখ্যাত হইলাম। এবং কিনান্দেশ অর্থাৎ তাহাদের প্রবাসের দেশ আমি তাহাদিগকে দিব, তাহাদের ৫ সহিত এই নিয়ম স্থির করিয়াছিলাম। এইক্ষণে মিস্রুদের কাছে দাসত্বে নিযুক্ত ইস্রায়েল্ বংশের কাতরোক্তি শুনিয়া আপনার সেই নিয়ম স্মরণ করিলাম।

[৫ অধ্য; ২] যা ৩; ১৯। যূব ২১; ১৫ ।।—[৩] যা ৩; ১৮ ।।—[৪] ১; ১০,১১ ।।—[১৭] প ৩ ।।—[২১] আ ৩৪; ৩০।।
[৬ অধ্য; ৩] যা ৩; ১৫ ।।—[৪-৮] আ ১৫; ৭-২১ ।।

* (ইব্রু) এই মনুষ্যদের ওপরে আর ভারি কর্ম্ম হওক। † (ইব্রু) দিনেতে দিনের কর্ম্ম। ‡ (ইব্রু) আমাদের গন্ধ দুর্গন্ধি। § (ইব্রু) ওদ্ধার করিয়া। || (বা) পরমেশ্বর।

৬ অতএব ইস্রায়েল্ বংশকে কহ, আমি পরমেশ্বর, মিস্রিদের ভার বহন হইতে তোমাদিগকে উদ্ধার করিব, ও দাসত্বহইতে তোমাদিগকে মুক্ত করিব, এবং বিস্তীর্ণ বাহু ও মহাদণ্ডদ্বারা তোমাদিগকে উদ্ধার ৭ করিব। আমি তোমাদিগকে আপন লোক করিয়া তোমাদের ঈশ্বর হইব; তাহাতে আমি যে মিস্রিদের ভার বহনহইতে তোমাদের বহিষ্কারী প্রভু ৮ পরমেশ্বর, তাহা জ্ঞাত হইবা। আমি ইব্রাহীমকে ও ইস্হাক্কে ও যাকুব্কে যে দেশ দিতে দিব্য করিয়াছি*, সেই দেশে তোমাদিগকে লইয়া যাইয়া তোমাদের ৯ অধিকার দিব; যেহেতুক আমিই পরমেশ্বর। পরে মূসা ইস্রায়েল্ বংশকে তদনুসারে কহিল বটে, কিন্তু তাহারা মনের দুঃখ† ও কঠিন দাসত্ব হেতুক মূসার কথাতে মনোযোগ করিল না।

১০ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি যাইয়া মিসরের রাজা ফিরৌণ্কে কহ, তুমি ইস্রায়েল্ বংশকে ১১ আপন দেশ হইতে বিদায় কর। তাহাতে মূসা পরমেশ্বরকে কহিল, দেখ, ইস্রায়েল্ বংশ আমার ১২ কথায় মনোযোগ করিল না; তবে অস্ফুটবাক্ যে আমি, আমার কথা ফিরৌণ্ কি প্রকারে শুনিবে? ১৩ তখন পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে কহিলেন, এবং ইস্রায়েল্ বংশকে মিসর্দেশহইতে বাহির করণার্থে মিসরের রাজা ফিরৌণের ও ইস্রায়েল্ বংশের নিকটে কহিবার জন্যে তাহাদিগকে আজ্ঞা করিলেন।

১৪ এই সকল লোক আপন ২ পিতৃবংশের প্রধান। ইস্রায়েলের জ্যেষ্ঠ পুত্র রূবেনের সন্তান হনোক্ ও পল্লূ ও হিষ্রোণ্ ও কর্ম্মি; ইহারা রূবেনের বংশ।

১৫ এবং শিমিয়োনের পুত্র যিমূয়েল্ ও যামীন্ ও ওহদ্ ও যাখীন্ ও সোহর্ ও কিনানীয় স্ত্রীর পুত্র শৌল্; ইহারা শিমিয়োনের বংশ।

১৬ বংশানুসারে লেবির বংশের নাম। গের্শোন্ ও কিহাৎ ও মিরারি; লেবির বয়ঃক্রম একশত সাঁইত্রিশ ১৭ বৎসর ছিল। ও বংশানুসারে গের্শোনের সন্তানদের ১৮ নাম লিব্নি ও শিমিয়ি। এবং কিহাতের সন্তান অম্রম্ ও যিষ্হর ও হিব্রোণ্ ও উষীয়েল; ঐ কিহাতের ১৯ একশত তেত্রিশ বৎসর বয়স হইয়াছিল। ও মিরারির সন্তান মহলি ও মূশি; ইহারা পুরুষানুসারে লেবির ২০ বংশ। এবং অম্রম্ আপন পিষী যোকেবদ্কে বিবাহ করিলে সে স্ত্রী তাহার ঔরসে হারোণ্কে ও মূসাকে প্রসব করিল; ঐ অম্রমের আয়ু এক শত সাঁইত্রিশ ২১ বৎসর ছিল। ও যিষ্হরের সন্তান কোরহ ও নেফগ্ ২২ ও সিখ্রি; এবং উষীয়েলের সন্তান মীশায়েল্ ও ইলীষাফন্ ও সিথ্রি। ২৩ এবং হারোণ্ অম্মীনাদবের কন্যা নহশোনের ভগিনী ইলীশেবাকে বিবাহ করিল; তাহাতে সে স্ত্রী তাহার নিমিত্তে নাদব্কে ও অবীহূকে ও ইলিয়াসর্কে ও ঈথামর্কে প্রসব করিল। ২৪ এবং কোরহের সন্তান অসীর্ ও ইল্কানা ও অবীয়াসফ্; ইহারা কোরহের বংশ। ২৫ এবং হারোণের পুত্র ইলিয়াসর্ পূটীয়েলের এক কন্যাকে বিবাহ করিলে সে তাহার কারণ পীনিহস্কে প্রসব করিল; ইহারা লেবীয়দের পূর্ব্বপুরুষদের মধ্যে বংশানুসারে প্রধান ছিল। ২৬ মিসর্দেশহইতে সৈন্যের সহিত ইস্রায়েল্ বংশকে আনয়ন কর, পরমেশ্বর যাহাদিগকে এই আজ্ঞা দিলেন, তাহারা এই হারোণ্ ও মূসা। ২৭ এবং যাহারা মিসর্হইতে ইস্রায়েল্ বংশকে প্রেরণ করিতে ফিরৌণ্ রাজাকে আজ্ঞা দিল, তাহারা এই মূসা ও হারোণ্।

২৮ অপর যে দিনে পরমেশ্বর মিসর্দেশে মূসাকে কহিলেন, ২৯ সেই দিনে এই কথা কহিলেন, আমি পরমেশ্বর, তোমাকে যাহা কহি, তাহা মিস্রীয় রাজা ফিরৌণ্কে কহ। ৩০ তাহাতে মূসা পরমেশ্বরের সাক্ষাতে কহিল, অস্পষ্টবাক্ যে আমি, আমার কথা ফিরৌণ্ কি প্রকারে শুনিবে?

৭ অধ্যায়।

১ ফিরৌণের নিকটে যাইতে মূসাকে পরমেশ্বরের আজ্ঞা দেওন, ৮ ও যষ্টি সর্প হওনের বিষয়, ১৪ ও ফিরৌণের নিকটে মূসাকে পুনঃপ্রেরণ, ১৯ ও জল রক্ত হওনের বিবরণ।

১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, দেখ, আমি ফিরৌণের কাছে তোমাকে ঈশ্বর স্বরূপ করিয়া নিযুক্ত করিলাম, ও তোমার ভ্রাতা হারোণ তোমার প্রচারক হইবে। ২ আমি তোমাকে যাহা আজ্ঞা করি, সে সকল কথা তুমি কহিবা; এ তোমার ভ্রাতা হারোণ্ ইস্রায়েল্ বংশকে দেশহইতে পাঠাইয়া দিতে ফিরৌণ্কে কহিবে। ৩ কিন্তু আমি ফিরৌণের হৃদয় কঠিন করিব, এবং মিসর্দেশে বাহুল্য রূপে আমার চিহ্ন ও আশ্চর্য্য ক্রিয়া করিব; তথাপি ফিরৌণ্ তোমাদের কথায় মনোযোগ করিবে না। ৪ অতএব আমি মিসর্দেশের প্রতি হস্ত বিস্তার করিয়া মহাদণ্ড দিয়া মিসর্হইতে আপন সৈন্যদিগকে, অর্থাৎ আপন লোক ইস্রায়েল্ বংশকে বাহির করিব। ৫ আমি মিস্রিদের প্রতি আপন হস্ত বিস্তার করিয়া তাহাদের মধ্যহইতে ইস্রায়েল্ বংশকে বাহির করিয়া আনিলে আমিই যে পরমেশ্বর, তাহা তাহারা জানিবে। ৬ পরে মূসা ও হারোণ্ পরমেশ্বরের আজ্ঞানুসারে কর্ম্ম করিল।

[৬] আ ১৫; ১৩, ১৪ ॥—[৮] আ ১৭; ১৯, ২১ । ২৬; ৩ । ২৮; ১৩ ॥—[৯] আ ৪৫; ২৬ ॥—[১২] যা ৪; ১০ ॥
[১৪,১৬] আ ৪৬; ৯-১১ ॥—[১৬-২৫] গ ২৬; ৫৭-৬১ । ১ বং ৬; ১৬-১৯ ॥—[২৬] যা ৩; ১০ । ৪; ১৪-১৭ ॥
[২৭] প ১৩ ॥—[২৮-৩০] প ১০-১২ ॥
[৭ অধ্যা; ১,২] যা ৪; ১৫, ১৬॥—[৩] ৪; ২১ ॥—[৪] ৬; ৬ ॥

* (ইব্রু) হস্ত তুলিয়াছি। † (বা) কষ্ট।

৭ ফিরৌণের সহিত কথা কহনের সময়ে মূসার অশীতি ও হারোণের তিরাশী বৎসর বয়স ছিল।

৮ অপর পরমেশ্বর মূসাকে ও হারোণ্‌কে কহিলেন, ৯ তোমরা আপনাদের কোন চিহ্ন দেখাও, এমত কথা যদি ফিরৌণ্ তোমাদিগকে কহে, তবে হারোণ্‌কে কহিও, তুমি যষ্টি লইয়া ফিরৌণের সম্মুখে নিক্ষেপ ১০ কর; তাহাতে সে যষ্টি সর্প হইবে। তখন মূসা ও হারোণ ফিরৌণের নিকটে গিয়া পরমেশ্বরের আজ্ঞানুসারে কর্ম্ম করিল; এবং হারোণ্ ফিরৌণের ও তাহার দাসগণের সম্মুখে আপন যষ্টি নিক্ষেপ করিলে তাহা সর্প ১১ হইল। তখন ফিরৌণ্ আপন বিদ্বানদিগকে ও গুণিগণকে ডাকিল; তাহাতে মিস্রীয় এই মায়াবি লোকেরা ১২ আপনাদের মায়াতে তদ্রূপ করিল। ফলতঃ তাহারা প্রত্যেকে আপন ২ যষ্টি নিক্ষেপ করিলে সে সকলি সর্প হইল, কিন্তু হারোণের যষ্টি তাহাদের সকল ১৩ যষ্টি গ্রাস করিল। তাহাতে ফিরৌণের হৃদয় কঠিন হইলে পরমেশ্বর যেমন কহিয়াছিলেন, তদনুসারে সে তাহাদের কথায় মনোযোগ করিল না।

১৪ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, ফিরৌণের হৃদয় কঠিন হইয়াছে, তাহাতে সে লোকদিগকে যাইতে ১৫ দিতে সম্মত নহে। অতএব তুমি প্রাতঃকালে ফিরৌণের নিকটে যাও, দেখ, সে জলের দিগে গেলে তাহার আগমন পর্য্যন্ত তুমি নদীতীরে দাঁড়াও; এবং যে যষ্টি সর্প হইয়াছিল, তাহাও হস্তে গ্রহণ কর। ১৬ এবং ফিরৌণ্‌কে কহ, তুমি প্রান্তরে আমার সেবা করিতে আমার লোকদিগকে যাইতে দেও; ইব্রিদের প্রভু পরমেশ্বর আমাকে এই কথা কহিতে তোমার নিকটে পাঠাইলেন, কিন্তু দেখ, তুমি এ কথাতে মনোযোগ ১৭ করিলা না। পরমেশ্বর এই রূপ কহিতেছেন, দেখ, আমি আপন হস্ত স্থিত যষ্টি দ্বারা নদীর জলে প্রহার ১৮ করিব, তাহাতে নদীর জল রক্ত হইবে। এবং নদীতে যে সকল মৎস্য আছে, তাহারাও মরিবে, ও নদী দুর্গন্ধ হইবে; তাহাতে মিস্রীয় লোকেরা নদীর জল পান করিতে বিরক্ত হইবে; ইহাতে আমিই যে পরমেশ্বর, ইহা জ্ঞাত হইবা।

১৯ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, হারোণ্‌কে এই কথা কহ, তুমি আপন যষ্টি লইয়া মিসর্‌দেশের জলের উপরে অর্থাৎ তাহার স্রোত ও নদী ও সরোবর ও অন্যান্য জলাশয়, এই সকলের উপরে আপন হস্ত বিস্তার কর; তাহাতে তাহারা রক্ত হইবে, এবং মিসর্‌দেশের সর্ব্বত্র কাষ্ঠময় ও প্রস্তরময় পাত্রেতেও ২০ রক্ত হইবে। তখন মূসা ও হারোণ্ পরমেশ্বরের আজ্ঞানুসারে সেই রূপ করিল, ফলতঃ যষ্টি লইয়া ফিরৌণের ও তাহার দাসগণের সম্মুখে নদীর জলের উপরে প্রহার করিল; তাহাতে নদীর তাবৎ জল রক্ত হইল; ২১ এবং নদীর তাবৎ মৎস্য মরিলে নদী দুর্গন্ধ হইল তাহাতে মিস্রিরা নদীর জল পান করিতে পারিল ২২ না, এবং সকল মিসর্‌দেশে রক্ত হইল। তখন মিস্রীয় মায়াবি লোকেরাও আপনাদের মায়াতে তদ্রূপ করিল; তাহাতে ফিরৌণের হৃদয় কঠিন হইলে ঈশ্বরের বচনানুসারে সে তাহাদের কথায় মনোযোগ করিল ২৩ না। পরে ফিরৌণ্ ফিরিয়া আপন ঘরে গেল; ইহাতেও ২৪ মনোযোগ করিল না। কিন্তু তাবৎ মিস্রীয় লোক নদীর জল পান করিতে না পারিলে পানীয় জলের নিমিত্তে নদীর চতুর্দ্দিগে খনন করিল।

৮ অধ্যায়।

১ ভেকের কথা ৮ ও মূসার নিকটে ফিরৌণের নিবেদন ১৬ ও ধূলিদ্বারা উকুন হওন, ও তাহাতে মায়াবিদের পরাজিত হওন ২০ ও মশকের কথা ২৫ ও ফিরৌণের অন্তঃকরণ কঠিন হওন।

১ পরমেশ্বরের নদীতে আঘাত করণের পর সাত দিন সমাপ্ত হইলে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ফিরৌণের নিকটে যাইয়া তাহাকে এই কথা কহ, পরমেশ্বর এই কথা কহেন, আমার সেবা করিতে আমার ২ লোকদিগকে যাইতে দেও। যদি যাইতে দিতে অসম্মত হও, তবে আমি ভেকদ্বারা তোমার তাবৎ প্রদেশ ৩ নষ্ট করিব। নদীতে অতিশয় ভেক উৎপন্ন করিব; তাহাতে সে সকল ভেক উঠিয়া তোমার গৃহে ও শয়নাগারে ও শয্যাতে, এবং তোমার দাসগণের গৃহে, ও তোমার লোকদের গৃহে, ও তোমার তুন্দুরে ৪ ও তোমার আটা মর্দ্দনের পাত্রেতে প্রবেশ করিবে। এবং তোমার ও তোমার লোকদের ও দাসগণের ৫ উপরে উঠিবে। পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, হারোণ্‌কে কহ, তুমি স্রোতের ও নদীর ও জলাশয়ের উপরে যষ্টিবিশিষ্ট হস্ত বিস্তার করিয়া মিসর্‌দেশের উপরে ভেকের আগমন করাও। ৬ তাহাতে হারোণ্ মিসরের সকল জলের উপরে আপন হস্ত বিস্তার করিলে ভেকগণ উঠিয়া মিসর্‌দেশ ব্যাপ্ত করিল। ৭ তখন মায়াবিরাও আপন মায়াতে সেই রূপ করিয়া মিসর্‌দেশের উপরে ভেক আনিল।

৮ পরে ফিরৌণ্ মূসাকে ও হারোণ্‌কে ডাকাইয়া কহিল, আমাহইতে ও আমার লোকদিগেরহইতে এই সকল ভেক দূর করিতে পরমেশ্বরের কাছে প্রার্থনা কর, তাহাতে আমি পরমেশ্বরের উদ্দেশে হোম করিতে ৯ লোকদিগকে যাইতে দিব। তখন মূসা ফিরৌণ্‌কে কহিল, ভেক সকল যেন তোমাহইতে ও তোমার গৃহ হইতে দূর হয়, ও কেবল নদীতে থাকে, তোমার ও তোমার দাসগণের ও লোক সকলের নিমিত্তে পরমেশ্বরের

[৭] প্রে ৭; ২৩, ৩০ ॥—[৯, ১০] যা ৪; ২-৪, ১৭ ॥—[১১] আ ৪১; ৮। ২ তী ৩; ৮ ॥—[১৩] প ৩। যা ৪; ২১ ॥
[১৬] প ১৩, ১৪ । ৫; ১-৪ ॥—[১৭] ৪; ৯ ॥—[২০] প্র ১৬; ৩, ৪ ॥—[২২] প ১১, ২৪ । প ৩ । ৪; ২১ ॥
[৮ অধ্য; ১-৭] যা ৭; ১৪-২৫ ॥—[৮] ৭; ২৩ । ১ রা ১৩; ৬ । প্রে ৮; ২৪ ॥—[৯] যিশ ৭; ১১ ॥

কাছে এই প্রার্থনা কবে করিব? তাহা অনুগ্রহ করিয়া*
১০ আমাকে বল। সে কহিল,কল্য করিও; তখন সে কহিল,
আমাদের প্রভু পরমেশ্বরের তুল্য কেহ নাই, ইহা যেন
তুমি জ্ঞাত হও, এই জন্যে তোমার বাক্যানুসারেই
১১ হউক্। ভেকগণ তোমাহইতে ও তোমার গৃহ ও দাস ও
লোক সকল হইতে দূর হইয়া কেবল নদীতেই থাকিবে।
১২ পরে মূসা ও হারোণ্ ফিরৌণের নিকটহইতে বাহিরে
গেল, এবং মূসা ফিরৌণের বিরুদ্ধে উৎপন্ন ভেকগণ
১৩ বিষয়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করিল। তাহাতে
পরমেশ্বর মূসার প্রার্থনা সিদ্ধ করিলে ফিরৌণের গৃহে ও
১৪ গ্রামে ও ক্ষেত্রে সকল ভেক মরিল। তখন লোকেরা
সে সকল একত্র করিয়া ঢিবি করিলে দেশে দুর্গন্ধ
১৫ হইল। কিন্তু ফিরৌণ্ বিপদের নিবৃত্তি দেখিয়া পুন-
র্ব্বার আপন অন্তঃকরণ কঠিন করিয়া পরমেশ্বরের
বাক্যানুসারে তাহাদের কথাতে মনোযোগ করিল না।
১৬ তাহাতে পরমেশ্বর মূসাকে কহিলেন, হারোণ্কে
কহ, সমুদয় মিসর্দেশে যেন উকুণ† হয়, এই নিমিত্তে
তুমি আপন যষ্টি উঠাইয়া ভূমির ধূলিতে প্রহার কর।
১৭ তাহাতে তাহারা সেইরূপ করিল; ফলতঃ হারোণ্ আপন
যষ্টি বিশিষ্ট হস্ত উঠাইয়া ভূমির ধূলিতে প্রহার করিলে
মনুষ্যগণেতে ও পশুগণেতে উকুণ হইল, এবং মিসর্-
১৮ দেশের ভূমিস্থ সকল ধূলি উকুণ হইল। তখন মায়াবিরা
আপনাদের মায়াতে তদ্রূপ করিয়া উকুণ উৎপন্ন করিতে
১৯ যত্ন করিল বটে, কিন্তু কিছুই পারিল না। এবং উকুণ
মনুষ্যগণেতে ও পশুগণেতে হইলে তাহারা ফিরৌণ্কে
কহিল, এ ঈশ্বরের অঙ্গুলিকৃত কর্ম্ম; তথাপি ফিরৌণ্
অন্তঃকরণ কঠিন করিয়া পরমেশ্বরের বাক্যানুসারে
তাহাদের কথায় মনোযোগ করিল না।
২০ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি প্রত্যূষে
উঠিয়া ফিরৌণের সম্মুখে দাঁড়াও; দেখ, সে জলের
নিকটে আইলে তাহাকে এই কথা কহ, পরমেশ্বর
কহেন, আমার সেবা করিতে আমার লোকদিগকে
২১ যাইতে দেও। কিন্তু যদি আমার লোকদিগকে যাইতে
না দেও, তবে আমি তোমাতে ও তোমার দাসগণেতে
ও লোকেতে ও গৃহেতে এমন মশকের ঝাঁক‡ প্রেরণ
করিব, যে তাহাদ্বারা মিস্রিদের গৃহ ও গ্রাম পরিপূর্ণ
২২ হইবে। কিন্তু জগতের মধ্যে কেবল আমিই পরমেশ্বর,
ইহা তোমাকে জ্ঞাত করিতে সে দিনে আমার লোকদের
নিবাসস্থান গোশন্প্রদেশ ভিন্ন করিব; সে স্থানে
২৩ মশকের ঝাঁক হইবে না। আমি কল্য আপন লোক-
দের ও তোমার লোকদের ভেদ করিব, এবং কল্য
২৪ এ চিহ্ন হইবে। পরে পরমেশ্বর সেই রূপ করিলেন,
তাহাতে ফিরৌণের ও তাহার দাসগণের গৃহে ও
সমুদয় মিসর্দেশে মশকের এমত বৃহৎ ঝাঁক উপস্থিত
হইল, যে তাহাদ্বারা দেশ বিনষ্ট হইতে লাগিল।
২৫ তখন ফিরৌণ্ মূসাকে ও হারোণ্কে ডাকাইয়া
কহিল, তোমরা যাইয়া দেশের মধ্যে তোমাদের ঈশ্ব-
২৬ রের উদ্দেশে হোম কর। তাহাতে মূসা কহিল, তাহা
আমাদের উপযুক্ত নয়, কেননা আমাদের প্রভু পরমে-
শ্বরের উদ্দেশে মিস্রিদের ঘৃণিত বস্তু দ্বারা হোম করিতে
হয়, এখন মিস্রিদের ঘৃণিত বস্তুর দ্বারা তাহাদের
সাক্ষাতে হোম করিলে লোকেরা কি আমাদিগকে
২৭ প্রস্তর ফেলিয়া মারিবে না? অতএব আমরা তিন
দিনের পথ প্রান্তরে যাইয়া আপনাদের প্রভু পরমেশ্বর
যে আজ্ঞা দিবেন, তদনুসারে তাঁহার উদ্দেশে হোম
২৮ করিব। পরে ফিরৌণ্ কহিল,আমি তোমাদিগকে যাইতে
দিতেছি,তোমরা প্রান্তরে গিয়া আপন প্রভু পরমেশ্বরের
উদ্দেশে হোম কর; কিন্তু বহুদূর যাইও না,এবং আমার
২৯ জন্যে প্রার্থনা কর। তখন মূসা কহিল, দেখ, তোমার
ও তোমার দাসগণের ও তোমার লোকদের নিকটহইতে
কল্য সকল মশকের ঝাঁক দূর করিতে তোমার নিকট-
হইতে গিয়া ঈশ্বরের কাছে এই প্রার্থনা করিব, কিন্তু
পরমেশ্বরের উদ্দেশে হোম করিতে লোকদিগকে যাইতে
৩০ দিতে ফিরৌণ্ পুনর্ব্বার প্রবঞ্চনা না করুক। পরে মূসা
ফিরৌণের নিকটহইতে বাহিরে গিয়া পরমেশ্বরের
৩১ কাছে প্রার্থনা করিল। তাহাতে পরমেশ্বর মূসার প্রার্থনা-
নুসারে ফিরৌণ্ও তাহার দাসগণ ও লোক সকলহইতে
তাবৎ মশকের ঝাঁক দূর করিলেন; তাহার একটিও
৩২ অবশিষ্ট থাকিল না। সেই সময়েও ফিরৌণ্ আপন
অন্তঃকরণ কঠিন করিয়া লোকদিগকে যাইতে দিল না।

৯ অধ্যায়।

১ মড়কের কথা ৮ ও মানুষ ও পশুদের মধ্যে স্ফোটকার কথা
১৩ ও শিলাবৃষ্টির কথা ২২ ও শিলাবৃষ্টি হওন ২৭
ও মূসার নিকটে ফিরৌণের নিবেদন, ও তাহার মন
কঠিন হওন।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ফিরৌণের
নিকটে গিয়া তাহাকে কহ, ইব্রিদের প্রভু পরমেশ্বর
২ এই কথা কহেন, আমার সেবা করিতে তুমি আমার
৩ লোকদিগকে যাইতে দেও। কিন্তু যদি যাইতে দিতে অস-
ম্মত হইয়া এখন বাধক হও, তবে তোমার ক্ষেত্রস্থ অশ্ব
ও গর্দ্দভ ও উষ্ট্র ও গো ও মেষ প্রভৃতি পশুদের উপরে
৪ পরমেশ্বর হস্ত বিস্তার করিবেন; তাহাতে তাহার মধ্যে
অতিশয় মহামারী হইবে। কিন্তু পরমেশ্বর ইস্রায়েল্
বংশের পশুতে ও মিস্রিদের পশুতে ভেদ করিবেন;
৫ তাহাতে ইস্রায়েল্ বংশের কোন পশু মরিবে না। পর-
মেশ্বর সময় নিরূপণ করিয়া কহিলেন, কল্য আমি দেশে

[১০] যা ৭; ৫। গী ৬৫; ২ ॥—[১৫] যা ৭; ৩,১৩ ॥—[১৯] ৭; ১৩ ॥—[২২] ৭; ৫ ॥—[২৫] প ৮। ৫; ১। ৩; ১৮ ॥—[২৬] আ ৪৬; ৩৪ ॥—[২৭] যা ৩; ১২, ১৮ ॥—[২৮] প ৮ ॥—[২৯] প ১৫, ৩২ ॥
[৯ অধ্য; ৪] যা ৮; ২২ ॥—[৫] ৮; ৯, ১০ ॥

* (বা) বর্ণনা করিয়া বা দর্প করিয়া। † (বা) ডাঁশ। ‡ (বা) নানা জন্তু।

৬ এই কর্ম্ম করিব। পরদিনে পরমেশ্বর সেইরূপ করিলে মিস্রিদের সকল পশু মরিল, কিন্তু ইস্রায়েল্ বংশের ৭ পশুদের মধ্যে একটাও মরিল না। তখন ফিরৌণ্ লোক প্রেরণ করিয়া ইস্রায়েল্ বংশের একটা পশুও মরে নাই, ইহা দেখিল; তথাপি ফিরৌণের অন্তঃকরণ কঠিন হইলে সে লোকদিগকে যাইতে দিল না।

৮ অপর পরমেশ্বর মূসাকে ও হারোণকে কহিলেন, তোমরা মুষ্টি পূর্ণ করিয়া চুলার ভস্ম লও, পরে মূসা ফিরৌণের সাক্ষাতে তাহা আকাশের দিগে ছড়াউক্। ৯ তাহাতে মিসর্দেশের উপরে ধূলি হইবে, এবং মিসরের তাবৎ মনুষ্য ও পশুদের গাত্রে ক্ষতযুক্ত স্ফোটক হইবে। ১০ তখন তাহারা চুলার ভস্ম লইয়া ফিরৌণের সম্মুখে দাঁড়াইল; পরে মূসা আকাশের দিগে তাহা ছড়াইয়া দিলে সকল মনুষ্যদের ও পশুদের গাত্রে ক্ষতযুক্ত ১১ স্ফোটক হইল। তখন সকল মিস্রীয় লোকের ও মায়াবিদের গাত্রে স্ফোটক হইলে তাহার নিমিত্তে মায়াবিরা ১২ মূসার সম্মুখেও দাঁড়াইতে পারিল না। পরে পরমেশ্বর ফিরৌণের অন্তঃকরণ কঠিন করিলেন; তাহাতে সে মূসার দ্বারা কথিত পরমেশ্বরের বাক্যানুসারে তাহাদের কথাতে মনোযোগ করিল না।

১৩ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি প্রত্যূষে উঠিয়া ফিরৌণের সম্মুখে দাঁড়াইয়া তাহাকে এই কথা কহ, ইব্রিদের প্রভু পরমেশ্বর কহেন, আমার সেবা ১৪ করিতে তুমি আমার লোকদিগকে যাইতে দেও। নতুবা আমি এই সময়ে তোমার অন্তঃকরণের ও তোমার দাসগণের ও লোকদের উপরে সর্ব্বপ্রকার মহামারী প্রেরণ করিব; তাহাতে তাবৎ জগতে আমার তুল্য কেহ নাই, ১৫ ইহা তুমি জ্ঞাত হইবা। এখন আমি আপন হস্ত বিস্তার করিয়া মহামারীদ্বারা তোমাকে ও তোমার লোকদিগকে প্রহার করিব; তাহাতে তুমি পৃথিবীহইতে ১৬ উচ্ছিন্ন হইবা। আমি তোমাদ্বারা পরাক্রম দেখাইতে ও সমস্ত পৃথিবীতে আপন নাম প্রকাশ করিতে, ১৭ এতন্নিমিত্তেই তোমাকে স্থাপন করিলাম। কিন্তু তুমি এখনো আমার লোকদিগকে যাইতে নিষেধ করিয়া ১৮ আপন দর্প্প প্রকাশ করিতেছ। দেখ, আমি কল্য মিসর্দেশে এমত ভারি শিলাবৃষ্টি করিব, যে মিসরের পত্তনাবধি অদ্য পর্য্যন্ত এতাদৃশ কখনো হয় নাই। ১৯ এখন লোক প্রেরণ করিয়া ক্ষেত্রে তোমার পশু প্রভৃতি যাহা থাকে, তাহা একত্র কর *; কেননা যে মনুষ্য ও পশু ক্ষেত্রে থাকিবে, গৃহে আনীত হইবে না, তাহাদের উপরে শিলাবৃষ্টি হইলে তাহারা প্রাণত্যাগ করিবে। ২০ তখন ফিরৌণের দাসগণের মধ্যে যে কেহ পরমেশ্বরের কথাহইতে ভীত হইল, সে শীঘ্র আপন দাস ও ২১ পশুগণকে গৃহে আনিল। এবং যে কেহ পরমেশ্বরের বাক্যেতে মনোযোগ করিল না, সে আপন দাস ও পশুদিগকে ক্ষেত্রে ত্যাগ করিল।

২২ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি আকাশের দিগে আপন হস্ত বিস্তার কর, তাহাতে মিসর্দেশের সর্ব্বত্র মনুষ্য ও পশু ও ক্ষেত্রস্থ তৃণ সকলের উপরে শিলাবৃষ্টি হইবে। ২৩ পরে মূসা আপন যষ্টি আকাশের দিগে বিস্তার করিলে পরমেশ্বর মেঘগর্জ্জন ও শিলাবৃষ্টি করিলেন, এবং বিদ্যুৎ ভূমির উপরে বেগে গমন করিল; এইরূপে পরমেশ্বর মিসর্দেশে শিলাবৃষ্টি ২৪ করিলেন। তাহাতে শিলার সহিত মিশ্রিত অগ্নিবৃষ্টিও হইলে অতি দুঃসহ্য হইল; এরূপ শিলাবৃষ্টি মিসর্দেশে তাহার স্থাপনাবধি কখনো হয় নাই। ২৫ তাহাতে তাবৎ মিসর্দেশের ক্ষেত্রস্থ মনুষ্য ও পশু সকলেই শিলাদ্বারা হত হইল, ও ক্ষেত্রের সকল তৃণ শিলাবৃষ্টির দ্বারা নষ্ট হইল, ও ক্ষেত্রের সকল বৃক্ষ ২৬ ভগ্ন হইল। কিন্তু ইস্রায়েল্ বংশের বাসস্থান গোশন্প্রদেশে শিলাবৃষ্টি হইল না।

২৭ পরে ফিরৌণ্ লোক প্রেরণ করিয়া মূসাকে ও হারোণকে ডাকাইয়া কহিল, এই এক বার আমি পাপ করিলাম, পরমেশ্বর প্রকৃত, কিন্তু আমি ও আমার লোকেরা দুষ্কৃত। ২৮ গভীর মেঘগর্জ্জন † ও শিলাবৃষ্টি যেন আর অধিক না হয়, এই জন্যে তোমরা পরমেশ্বরের কাছে প্রার্থনা কর, কেননা যাহা হইয়াছে, সেই প্রচুর; তাহাতে আমি তোমাদিগকে যাইতে দিব, তোমাদের আর বিলম্ব হইবে ২৯ না। মূসা তাহাকে কহিল, আমি এখনই নগরহইতে যাইয়া পরমেশ্বরের প্রতি আপন হস্ত বিস্তার করিব, তাহাতে মেঘগর্জ্জন নিবৃত্ত হইবে, ও শিলাবৃষ্টি আর হইবে না; এবং এই পৃথিবী পরমেশ্বরের, তাহা তুমি ৩০ জ্ঞাত হইবা। কিন্তু তুমি ও তোমার দাসগণ তোমরা এখনো প্রভু পরমেশ্বরহইতে ভীত নও, তাহা আমি জানি। ৩১ মশিনা ও যব সকলি নষ্ট হইল, কেননা যব শীষযুক্ত ৩২ ও মশিনা সূটিযুক্ত ছিল। কিন্তু গোম ও জনরা বড় না ৩৩ হওয়াতে ‡ নষ্ট হইল না। পরে মূসা ফিরৌণের নিকটহইতে নগরের বাহিরে গিয়া পরমেশ্বরের প্রতি আপন হস্ত বিস্তার করিলে মেঘগর্জ্জন ও শিলাবৃষ্টি নিবৃত্ত হইল, ভূমিতে আর বৃষ্টি হইল না। ৩৪ তখন বৃষ্টি ও শিলাবৃষ্টি ও মেঘগর্জ্জন নিবৃত্ত দেখিয়া ফিরৌণ্ আরো পাপ করিল, এবং সে ও তাহার দাসগণ অন্তঃকরণ কঠিন করিল। ৩৫ ফিরৌণের অন্তঃকরণ কঠিন হইলে মূসার উক্ত § পরমেশ্বরের বাক্যানুসারে সে ইস্রায়েল্ বংশকে যাইতে দিল না।

১০ অধ্যায়।

১ পঙ্গপালের কথা ৭ ও ফিরৌণের প্রতি দাসগণের কথা ১২ ও পঙ্গপালের আগমন ১৬ ও মূসার প্রতি ফিরৌণের

[৭] যা ৮; ৩২ ॥—[১২] ৭; ৩॥—[১৪] ৭; ৫।৮; ১০॥—[১৬] রো ৯; ১৭,১৮। ১ পি ২:৮॥—[২১] আ ১৯; ১৪ ॥—[২৬] যা ৮; ২২ ॥—[২৭,২৮] যিশ ৫৮; ৫, ৬, ৭ ॥—[২৯] যা ৮; ৮, ১০ ॥—[৩৪] ৮; ১৫ ॥—[৩৫] ৭; ৩, ৪ ॥

* (বা) রক্ষা কর। † (ইব্রি) ঈশ্বরের রব। ‡ (ইব্রি) অন্ধকারে বা গোপনে থাকাতে। § (ইব্রি) মূসার হস্ত দ্বারা।

নিবেদন ২১ ও ঘোর অন্ধকারের কথা ২৪ ও মূসার প্রতি ফিরৌণের শেষ কথা।

১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ফিরৌণের নিকটে যাও, আমি যেন তাহার সম্মুখে আপন চিহ্ন ২ প্রকাশ করি, এবং আমি মিসরেতে যে ২ কর্ম্ম ও তাহাদের মধ্যে যে ২ চিহ্ন করিলাম, তাহা তোমরা আপন পুত্র ও পৌত্রের কর্ণে যেন কহ, এবং আমিই পরমেশ্বর, ইহা যেন তোমরা জ্ঞাত হও, এই জন্যে ফিরৌণের ও তাহার দাসগণের অন্তঃকরণ কঠিন করি- ৩ লাম। তখন মূসা ও হারোণ্ ফিরৌণের নিকটে গিয়া কহিল, ইব্রিদের প্রভু পরমেশ্বর কহেন, তুমি আমার সম্মুখে নম্র হইতে কত কাল অসম্মত থাকিবা? আমার ৪ সেবা করিতে আমার লোকদিগকে যাইতে দেও। কিন্তু যদি যাইতে দিতে অসম্মত হও, তবে দেখ, কল্য তোমার ৫ দেশেতে আমি পঙ্গপাল আনিব। তাহারা তোমার ভূমি * সকল এমত আচ্ছন্ন করিবে, যে তাহা কেহ দেখিতে পাইবে না; এবং শিলাবৃষ্টিহইতে রক্ষিত ও অবশিষ্ট যে কিছু আছে, তাহা তাহারা খাইবে, এবং ক্ষেত্রহইতে উৎপন্ন তোমাদের বৃক্ষ সকলও খাইবে। ৬ এবং তাহাদ্বারা তোমার গৃহ ও তোমার দাসগণের গৃহ ও মিস্রীয় লোকদের গৃহ পরিপূর্ণ হইবে; তোমার পূর্ব্বপুরুষেরা ও পূর্ব্বপুরুষদের পূর্ব্বপুরুষেরা পৃথিবীতে জন্মাবধি অদ্য পর্য্যন্ত কখনো এরূপ দেখে নাই; তখন মূসা মুখ ফিরাইয়া ফিরৌণের নিকটহইতে বাহিরে গেল।

৭ পরে ফিরৌণের দাসগণ তাহাকে কহিল, এ মানুষ কত কাল আমাদের ফাঁদস্বরূপ থাকিবে? এই লোকদের প্রভু পরমেশ্বরের সেবা করিতে ইহাদিগকে যাইতে দেও, মিসর্দেশ নষ্ট হইল, তাহা কি তুমি এখনও বুঝ ৮ না? তখন মূসা ও হারোণ্ ফিরৌণের নিকটে পুনর্ব্বার আনীত হইলে সে তাহাদিগকে কহিল, তোমরা আপন প্রভু পরমেশ্বরের সেবা করিতে যাও, কিন্তু কে ২ যাইবা? ৯ তাহাতে মূসা কহিল, আমরা আপন ২ বালক ও বৃদ্ধদিগকেও সঙ্গে লইয়া যাইব, এবং আমাদের পুত্রগণকে ও কন্যাগণকে এবং গবাদি মেষপালকেও সঙ্গে লইয়া যাইব, কেননা পরমেশ্বরের উদ্দেশে উৎসব ১০ করিতে হইবে। তখন ফিরৌণ্ তাহাদিগকে কহিল, পরমেশ্বর যদ্যপি তোমাদের সহায় থাকেন, তথাপি আমি তোমাদিগকে ও তোমাদের বালকগণকে যাইতে দিব না, সাবধান, গেলে তোমাদের অমঙ্গল ঘটিবে †। ১১ এরূপ নয়, তোমাদের পুরুষেরা গিয়া পরমেশ্বরের সেবা করুক, তার তোমরাও ইহা প্রার্থনা করিয়াছিলা; পরে তাহারা ফিরৌণের সম্মুখহইতে দূরীকৃত হইল।

১২ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি মিসর্দেশে পঙ্গপালার্থে আপন হস্ত বিস্তার কর, তাহাতে তাহারা মিসর্দেশে আসিয়া শিলাবৃষ্টিহইতে অবশিষ্ট ভূমির তৃণাদি সকল ভক্ষণ করিবে। ১৩ তখন মূসা মিসর্দেশের উপরে আপন যষ্টি বিস্তার করিলে পরমেশ্বর দেশে সমস্ত দিবারাত্রি পূর্ব্বীয় বায়ু বহাইলেন; পরে প্রাতঃকালে পূর্ব্বীয় বায়ু দ্বারা পঙ্গপাল উপস্থিত হইল। ১৪ তাহাতে সমুদয় মিসর্দেশে পঙ্গপাল ব্যাপ্ত হইল; মিসরের তাবৎ প্রদেশে পঙ্গপাল পড়িল; সেরূপ ভয়ানক পঙ্গপাল কখনো ছিল না, এবং পরেও কখনো হইবে না। ১৫ তাহারা সকল ভূমি আচ্ছন্ন করিল, ও তাহাদের দ্বারা দেশ অন্ধকারাবৃত হইল, পৃথিবীতে শিলাবৃষ্টিহইতে অবশিষ্ট যে সকল ভূমির তৃণ ও বৃক্ষাদির ফল ছিল, তাহা সকলি তাহারা ভক্ষণ করিল; তাহাতে মিসরের তাবৎ দেশে কোন বৃক্ষেতে ও ক্ষেত্রের তৃণেতে কিঞ্চিৎমাত্র হরিদ্বর্ণ থাকিল না।

১৬ তখন ফিরৌণ মূসাকে ও হারোণ্কে শীঘ্র ডাকাইয়া ‡ কহিল, আমি তোমাদের প্রভু পরমেশ্বরের ও তোমাদের বিরুদ্ধে পাপ করিলাম। ১৭ বিনয় করি, কেবল এই বার আমার পাপ ক্ষমা করিয়া আমাহইতে এই মৃত্যুস্বরূপকে দূর করিতে, আপনাদের প্রভু পরমেশ্বরের কাছে প্রার্থনা কর। ১৮ তাহাতে সে ফিরৌণের নিকটহইতে বাহিরে গিয়া পরমেশ্বরের কাছে প্রার্থনা করিলে ১৯ পরমেশ্বর প্রবল পশ্চিম বায়ু আনাইয়া দেশহইতে পঙ্গপালদিগকে উঠাইয়া সূফ্ সাগরে নিক্ষেপ করিলেন §, তাহাতে মিসরের কোন প্রদেশে একটাও পঙ্গপাল থাকিল না। ২০ কিন্তু পরমেশ্বর ফিরৌণের হৃদয় কঠিন করিলে সে ইস্রায়েল্ বংশকে যাইতে দিল না।

২১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি আকাশের দিগে হস্ত বিস্তার কর; তাহাতে মিসর্দেশে অন্ধকার হইবে ও অন্ধকার প্রযুক্ত লোকেরা হাঁতড়াইবে। ২২ পরে মূসা আকাশের দিগে হস্ত বিস্তার করিলে তিন দিন পর্য্যন্ত মিসর্দেশের সর্ব্বত্র এমত গাঢ় অন্ধকার হইল, ২৩ যে এক জন অন্যকে দেখিতে পাইল না, ও তিন দিন পর্য্যন্ত কেহ আপন স্থানহইতে উঠিতে পারিল না, কিন্তু ইস্রায়েল্ বংশের সকল বাসস্থানে আলো ছিল।

২৪ তখন ফিরৌণ্ মূসাকে ডাকাইয়া কহিল, তোমরা পরমেশ্বরের সেবা করিতে যাও; তাহাতে তোমাদের সঙ্গে বালকগণও যাউক, কেবল তোমাদের মেষগবাদির পাল থাকুক। ২৫ তাহাতে মূসা কহিল, আমরা আপনাদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে যে বলি ও হোম দ্রব্য উৎসর্গ করিব, তাহা আমাদের হস্তে তোমার দিতে হয়। ২৬ আমাদের পশুগণ আমাদের সহিত যাইবে, তাহার এক খুরও অবশিষ্ট থাকিবে না; কেননা আমাদের প্রভু

[১০ অধ্য; ১] যা ৭; ৪, ৫ ॥—[২] গী ৭৮; ৩-৭ ॥—[৭] যা ৩; ২০ ॥—[১১] ৮; ২৮ ॥—[১৬,১৭] ৯; ২৭, ২৮। গীত ৫৮; ৫, ৬, ৭ ॥—[২৩] যা ৯; ২৬ ॥—[২৪] প ১১। ৮; ২৮ ॥

* (ইব্রু) ভূমির চক্ষু। † (ইব্রু) কেননা মুখের অগ্রে মন্দ আছে ‡ (ইব্রু) ডাকিতে সত্বর হইল। § (ইব্রু) মারিলেন।

পরমেশ্বরের সেবার্থে তাহাদের মধ্যহইতে দ্রব্য লইতে হইবে, কিন্তু কি দ্রব্যের দ্বারা পরমেশ্বরের সেবা কর্ত্তব্য, তাহা সে স্থানে উপস্থিত হওনের পূর্ব্বে আমরা জানি না।

২৭ অপর পরমেশ্বর ফিরৌণের অন্তঃকরণ কঠিন করিলে ২৮ সে তাহাদের গমনে সম্মত হইল না। পরে ফিরৌণ্ তাহাকে কহিল, আমার নিকটহইতে দূর হও; কিন্তু সাবধান, আমার মুখ আর কখন দেখিও না; যে দিন আমার ২৯ মুখ দেখিবা, সেই দিনেই মরিবা। তাহাতে মূসা কহিল, তুমি ভাল কহিলা, তোমার মুখ আর কখন দেখিব না।

১১ অধ্যায়।

১ মিস্রিদের কাছে দ্রব্য চাহিয়া লইতে ইস্রায়েল্ বংশের প্রতি ঈশ্বরের আজ্ঞা ৪ ও প্রথমজাত সন্তানগণের বধ করণের প্রতিজ্ঞা ৯ ও ফিরৌণের মন কঠিন হওন।

১ পরমেশ্বর মূসাকে কহিলেন, আমি ফিরৌণের ও মিসরের উপরে আর এক উৎপাত আনিলে পর সে তোমাদিগকে এ স্থানহইতে যাইতে দিবে, এবং যাইতে দেওন সময়ে তোমাদিগকে সর্ব্ব শুদ্ধ বাহির করিয়া ২ দিবে। অতএব এখন লোকদের কর্ণগোচরে কহ, প্রত্যেক পুরুষ আপন প্রতিবাসিহইতে, ও প্রত্যেক স্ত্রী আপন প্রতিবাসিনীহইতে রূপ্যপাত্র ও স্বর্ণপাত্র ৩ চাহিয়া লউক। পরে পরমেশ্বর মিস্রিদের দৃষ্টিতে লোকদিগকে দয়ার পাত্র করিলেন, এবং মিসর্দেশে ফিরৌণের দাসদের ও লোকদের দৃষ্টিতে মূসা অতি সম্ভ্রান্ত পুরুষ হইল।

৪ পরে মূসা কহিল, পরমেশ্বর এই কথা কহেন, আমি দুই প্রহর রাত্রি সময়ে মিসরের মধ্য দিয়া যাইব। ৫ তাহাতে মিসর্দেশস্থিত সকল প্রথমজাত অর্থাৎ সিংহাসনস্থ ফিরৌণের প্রথমজাত অবধি ও পেষণকর্ত্রী দাসীর প্রথমজাত পর্য্যন্ত মরিবে, এবং পশুদেরও ৬ সকল প্রথমজাত মরিবে। তাহাতে তাবৎ মিসর্দেশে কখনো হয় নাই ও হইবে না, এমত মহারোদন হইবে। ৭ কিন্তু পরমেশ্বর মিস্রীয় লোকেতে ও ইস্রায়েল্ লোকেতে ভেদ করেন, ইহা যেন তোমরা জ্ঞাত হও, এই জন্যে ইস্রায়েল্ বংশের মনুষ্যদের ও পশুদের প্রতি এক ৮ কুক্কুরও জিহ্বা দোলাইবে না। তাহাতে তোমার এই সকল দাসেরা আমার নিকটে নামিয়া আসিবে ও আমাকে প্রণাম করিয়া কহিবে, তুমি ও তোমার পশ্চাদ্বর্ত্তি* লোকেরা বাহির হও; পরে আমি বাহির হইব। তাহার পর সে মহাক্রুদ্ধ† ফিরৌণের নিকটহইতে বাহিরে গেল।

৯ পরমেশ্বর মূসাকে কহিয়াছিলেন, ফিরৌণ্ তোমাদের কথাতে মনোযোগ করিবে না, তাহাতে আমি মিসর্দেশে আপন ২ আশ্চর্য্য ক্রিয়ার বৃদ্ধি করিব। ১০ আর মূসা ও হারোণ্ ফিরৌণের সাক্ষাতে এই সকল আশ্চর্য্য কর্ম্ম করিয়াছিল; কিন্তু পরমেশ্বর ফিরৌণের হৃদয় কঠিন করিলে সে দেশহইতে ইস্রায়েল্ বংশকে যাইতে দিল না।

১২ অধ্যায়।

১ বৎসরের প্রথম মাসের নির্ণয় ৩ ও নিস্তার পর্ব্বের নিরূপণ ১১ ও নিস্তার পর্ব্বের বিবরণ ১৮ ও নিস্তার পর্ব্বে তাড়ীশূন্য রুটী খাওন ২১ ও প্রাচীনদের প্রতি মূসার আজ্ঞা ২৯ ও মিস্রিদের প্রথমজাত সন্তানগণকে বধ করণ ৩১ ও ইস্রায়েলের বাহিরে যাওন ৩৭ ও তাহাদের সংখ্যা ৪০ ও মিসরে বাস করণের সময় নির্ণয় ৪৩ ও নিস্তার পর্ব্ব ভোজের বিধি নির্ণয়।

১ অপর মিসর্দেশে পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে ২ কহিলেন, এই মাস তোমাদের প্রধান মাস ও বৎসরের প্রথম মাস হইবে।

৩ ইস্রায়েল্ বংশীয় তাবৎ মণ্ডলীকে এই কথা কহ, এই মাসের দশম দিনে তোমরা প্রত্যেক গৃহস্থ পিতৃগৃহানুসারে এক ২ বাটীর কারণ এক ২ মেষশাবক ৪ লও। আর মেষ ভোজন করিতে যদি পরিজন অল্প হয়, তবে সে ও তাহার প্রতিবাসী এক মেষশাবককে লইবে, ও তোমরা লোকদের সংখ্যা ও ভোজন শক্ত্যনুসারে মেষশাবকের বিষয়ে গণনা করিবা। ৫ তোমরা মেষপালের ও ছাগপালের মধ্যহইতে নির্দ্দোষ ও এক বৎসর বয়স্ক‡ পুংশাবক§ লইয়া ঐ মাসের চতুর্দ্দশ ৬ দিন পর্য্যন্ত রাখিবা। পরে তোমরা ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলী সন্ধ্যাকালে‖ সেই শাবক§ বলিদান করিবা। ৭ এবং তাহার কিঞ্চিৎ রক্ত লইয়া সেই মেষ ভোজনের গৃহের দ্বারের দুই পার্শ্বস্থ কাষ্ঠে ও উপরিস্থ কাষ্ঠে ৮ ছিটাইয়া দিবা। অপর সেই রাত্রিতে অগ্নিতে দগ্ধ মাংস ও তাড়ীশূন্য রুটী ভোজন করিবা ও তিক্ত শাকের ৯ সহিত ভোজন করিবা। ঐ মাংস অপক্ব কিম্বা জলে সিদ্ধ ভোজন করিও না, কিন্তু অগ্নিতে তাহার মুণ্ড ও জংঘা ও শরীর সর্ব্ব শুদ্ধ দগ্ধ করিয়া ভোজন করিও। ১০ এবং প্রাতঃকাল পর্য্যন্ত তাহার কিছুই রাখিও না; যদ্যপি প্রাতঃকাল পর্য্যন্ত কিছু অবশিষ্ট থাকে, তবে তাহা অগ্নিতে দগ্ধ করিও।

১১ এইরূপে তোমরা কটিবন্ধন করিয়া চরণে পাদুকা দিয়া হস্তে যষ্টি লইয়া তাহা ভোজন করিবা; ইহা পরমেশ্বরের নিস্তার পর্ব্ব হইবে, এই নিমিত্তে তোমরা ১২ শীঘ্র তাহা ভোজন করিবা। কেননা আমি অদ্য রাত্রিতে মিসর্দেশের মধ্য দিয়া যাইয়া মিসর্দেশের মনুষ্য

---

[২৯] যা ১২; ৩১ ॥—[১১ অধ্য; ১] যা ১২; ৩১-৩৪ ॥—[২] ৩; ২১,২২ । ১২; ৩৫,৩৬ ॥—[৩] গী ১০৫; ১৪,৩৮ ॥—[৪-৬] যা ১২; ২৯,৩০ ॥—[৭] ৭; ৫ । ৮; ২২ ॥—[৮] ১২; ৩৩ । ৯; ২৮ । ইব্রু ১১; ২৭ ॥—[৯,১০] যা ৯; ১৬ । ৭; ৩ ॥ [১২ অধ্য; ১-২৭] লে ২৩; ৫-৮ । গ ৯; ১-৫ । ২৮; ১৬-২৫ । দ্বি ১৬; ১-৮ ॥—[৫] লে ২২; ২০,২১ । ১ পি ১; ১৮,১৯ ॥

* (ইব্রু) পদতলস্থ। † (ইব্রু) ক্রোধাগ্নিযুক্ত। ‡ (ইব্রু) এক বৎসরের পুত্র। § (বা) ছাগ। ‖ (বা) সন্ধ্যা ও রাত্রিকালের মধ্যে।

ও পশ্বাদির তাবৎ প্রথমজাতকে প্রহার করিব; এবং মিস্রীয় তাবৎ দেবের * দণ্ড করিব; আমিই পরমেশ্বর। ১৩ অতএব তোমরা যে ২ গৃহে থাক, সে ২ গৃহে ঐ রক্তের চিহ্ন রাখিলে যে সময়ে আমি মিসর্দেশের দণ্ড করিব, তৎকালে সেই রক্ত দেখিয়া তোমাদিগকে ত্যাগ করিয়া যাইব, এবং সেই দণ্ড তোমাদিগকে নষ্ট করিতে† তোমাদের প্রতি ঘটিবে না। ১৪ সেই দিবস যেন তোমাদের স্মরণে থাকে, এই জন্যে তোমরা পুরুষানুক্রমে সেই দিনকে পরমেশ্বরের পর্ব্বরূপে পালন করিও; এই পর্ব্ব নিত্য বিধিমতে পালন করিও। ১৫ আর তোমরা সাত দিন পর্য্যন্ত তাড়ীশূন্য রুটী খাইও, কিন্তু প্রথম দিনে আপনাদের গৃহহইতে তাড়ীযুক্ত রুটী দূর করিও, কেননা যে জন প্রথম দিনাবধি সপ্তম দিন পর্য্যন্ত তাড়ীযুক্ত রুটী খাইবে, সে ইস্রায়েল্ বংশহইতে উচ্ছিন্ন হইবে। ১৬ আর প্রথম দিনে তোমাদের পবিত্র সমারোহ হইবে, এবং সপ্তম দিনেও তোমাদের পবিত্র সমারোহ হইবে, আর ঐ দুই দিনে প্রত্যেক প্রাণির খাদ্য আয়োজন ব্যতিরেকে অন্য কোন কর্ম্ম করিও না, কেবল তাহা তোমাকর্ত্তৃক সিদ্ধ হউক। ১৭ এইরূপে তোমরা তাড়ীশূন্য রুটী পর্ব্ব পালন করিও, কেননা সেই দিনেই আমি মিসর্দেশহইতে তোমাদের সকলকে ‡ উদ্ধার করিব; অতএব তোমরা পুরুষানুক্রমে § বিধিমতে এই পর্ব্ব পালন করিও।

১৮ তোমরা প্রথম মাসের চতুর্দ্দশ দিনের সায়ংকালাবধি ও এক বিংশতি দিনের সায়ংকাল পর্য্যন্ত তাড়ীশূন্য রুটী ভোজন করিও। ১৯ সপ্তাহ তোমাদের গৃহে তাড়ীর অভাব হউক, কেননা বিদেশী কি স্বদেশী যে জন ইহাতে তাড়ীমিশ্রিত রুটী খাইবে, সে ইস্রায়েল্ বংশের মণ্ডলীহইতে উচ্ছিন্ন হইবে। ২০ তোমরা তাড়ীযুক্ত কোন দ্রব্য খাইও না, তোমরা আপন ২ তাবৎ গৃহে তাড়ীশূন্য রুটী খাইও।

২১ তখন মূসা ইস্রায়েল্ বংশের সমস্ত প্রাচীন লোককে ডাকাইয়া কহিল, তোমরা আপনাদের জন্যে আপন ২ পরিজনানুসারে এক ২ মেষ||শাবক লইয়া নিস্তার পর্ব্বে বলিদান কর। ২২ এবং এক আটি এসোব্ লইয়া পাত্রস্থিত** রক্তে ডুবাইয়া দ্বারের উপরিস্থ কাষ্ঠে ও দুই পার্শ্বস্থ কাষ্ঠে পাত্রস্থিত ** রক্ত ছিটাইয়া দেও, এবং প্রভাত পর্য্যন্ত কেহ গৃহ দ্বারের বাহিরে যাইও না। ২৩ কেননা পরমেশ্বর মিস্রিদিগকে বধ করিতে তাহাদের মধ্য দিয়া গমন করিবেন, তাহাতে তোমাদের দ্বারের নিকট দিয়া যাওন কালে দ্বারের উপরিস্থ কাষ্ঠে ও দুই পার্শ্বস্থ কাষ্ঠে রক্তের চিহ্ন দেখিলে তোমাদের গৃহে হন্তাকে প্রবেশ করিতে দিবেন না। ২৪ এবং তোমরা ও তোমাদের সন্তানেরা বিধিমতে সর্ব্বদা এই পর্ব্ব পালন করিবা। ২৫ এবং পরমেশ্বর আপন প্রতিজ্ঞানুসারে তোমাদিগকে যে দেশ দিবেন, সে স্থানে প্রবেশ করণ কালেও এই পর্ব্ব পালন করিবা। ২৬ এবং তোমাদের সন্তানগণ তোমাদের এ পর্ব্বের অভিপ্রায় কি? ইহা জিজ্ঞাসা করিলে তোমরা কহিবা, ২৭ পরমেশ্বর মিস্রিদিগকে আঘাত করিবার সময়ে ও আমাদের গৃহ রক্ষা করিবারসময়ে মিসরে প্রবাসি ইস্রায়েল্ বংশের গৃহ ত্যাগ করিয়া গেলেন, তাহারি এই নিস্তার পর্ব্ব। তখন লোকেরা দণ্ডবৎ হইয়া প্রণাম করিল; ২৮ পরে ইস্রায়েলের সন্তানেরা যাইয়া মূসার ও হারোণের প্রতি পরমেশ্বরের উক্ত বাক্যানুসারে কর্ম্ম করিল।

২৯ অনন্তর পরমেশ্বর অর্দ্ধরাত্রি সময়ে সিংহাসনস্থিত ফিরৌণের প্রথমজাত সন্তান অবধি ও কারাগার†† স্থিত লোকদের প্রথমজাত সন্তান পর্য্যন্ত মিসর্দেশস্থিত তাবৎ প্রথমজাত সন্তানকে ও পশুদের প্রথমজাত শাবকগণকে আঘাত করিলেন। ৩০ তাহাতে ফিরৌণ্ রাত্রিতে উঠিল, এবং তাহার দাসগণ ও মিস্রীয় লোকেরা মিসরেতে মহারোদন করিল, কেননা যে গৃহে এক জন মরে নাই, এমত গৃহ ছিল না।

৩১ তখন রাত্রিকালেই ফিরৌণ্ মূসাকে ও হারোণ্কে ডাকাইয়া কহিল, তোমরা ও ইস্রায়েলের তাবৎ বংশ উঠিয়া আমার লোকদের মধ্য হইতে বাহির হও, ও বাহির হইয়া তোমাদের বাক্যানুসারে তোমরা পরমেশ্বরের সেবা কর। ৩২ এবং তোমাদের বাক্যানুসারে মেষপাল ও গবাদি পাল সকলকে লইয়া যাও, এবং আমাকেও আশীর্ব্বাদ কর। ৩৩ তখন ইস্রায়েল্ বংশ যাহাতে শীঘ্র দেশহইতে যায়, মিস্রিরা এমত উদ্যোগ করিল, কেননা তাহারা কহিল, আমরাও সকলে মৃতকল্প। ৩৪ তাহাতে লোকেরা তাড়ীযুক্ত করণের পূর্ব্বে আপন ২ ছানা ময়দা বস্ত্রে বন্ধন করিয়া স্কন্ধে লইল। ৩৫ এবং ইস্রায়েল্ বংশ মূসার বাক্যানুসারে মিস্রিদের কাছে স্বর্ণপাত্র ও রূপ্যপাত্র ও বস্ত্র চাহিয়া লইল। ৩৬ পরমেশ্বর মিস্রিদের দৃষ্টিতে তাহাদিগকে অনুগ্রহের পাত্র করিলে তাহারা তাহাদের প্রার্থনানুসারে তাহাদিগকে তাহা দিল। এই রূপে তাহারা মিস্রিদের ধনাদি হরণ করিল।

৩৭ তখন ইস্রায়েলের সন্তানেরা বালক ব্যতিরেকে ছয় লক্ষ পুরুষ পদব্রজে রামিষেষ্হইতে সুক্কোতে যাত্রা করিল। ৩৮ তাহাতে বিদেশীয়‡‡ অনেক লোক ও মেষগবাদি অনেক পশু তাহাদের সহিত প্রস্থান করিল। ৩৯ পরে

[১৪] গী ৯; ১৩ ॥—[১৫] প ১১। ১ ক ৫; ৭, ৮ ॥—[১৯] প ১৫ ॥—[২৩] ইব্রু ১১; ২৭, ২৮ ॥—[২৫-২৭] গী ৭৮; ১-৮ ॥—[২৯, ৩০] যা ৪; ২২। ১১; ৪-৬ ॥—[৩১] ১০; ২৮ ॥—[৩২] ১০; ২৪ ॥—[৩৩] ১১; ১, ৮ ॥—[৩৬] ৩; ২১, ২২। ১১; ৩ ॥

* (বা) অধ্যক্ষগণের। † (বা) বিনাশার্থে। ‡ (ইব্রু) সৈন্য। § (ইব্রু) চিরকালে। || (বা) ছাগ। ** (বা) গোবরাটস্থিত। †† (ইব্রু) খাতরূপগৃহ। ‡‡ (বা) মিশ্রিত।

তাহারা মিসর্হইতে আনীত ছানা ময়দা দ্বারা তাড়ীশূন্য পিষ্টক প্রস্তুত করিল; তাহার মধ্যে তাড়ী ছিল না, কেননা তাহারা মিসর্হইতে দূরীকৃত হওন কালে বিলম্ব করিতে না পারাতে আপনাদের জন্যে কিছুই খাদ্য প্রস্তুত করিতে পারে নাই।

৪০ ইস্রায়েল্ বংশ চারিশত ত্রিশ বৎসর পর্য্যন্ত মিসর্দেশে ৪১ বসতি করিয়াছিল। পরে চারিশত ত্রিশ বৎসর গত হইলে সেই দিনে পরমেশ্বরের সৈন্য মিসর্হইতে ৪২ বাহির হইল। পরমেশ্বরের মিসর্দেশহইতে তাহাদের বাহির করণের নিমিত্তে সে রাত্রি তাঁহার উদ্দেশে অতি মান্য হইল, ও পরমেশ্বরের সেই রাত্রি ইস্রায়েল্ বংশের পুরুষানুক্রমে অতি মান্য হয়।

৪৩ অপর পরমেশ্বর মূসাকে ও হারোণকে কহিলেন, নিস্তার পর্ব্বের এই বিধি; কোন বিদেশি লোক ইহা ৪৪ ভোজন করিবে না। কিন্তু রূপ্যদ্বারা ক্রীত প্রত্যেক পুরুষ ৪৫ দাস যদি ত্বকচ্ছেদী হয়, তবে খাইতে পারে। নতুবা বিদেশী কিম্বা বেতনজীবি দাস তাহা খাইতে পারিবে না। ৪৬ আর এক গৃহেতে তাহা ভোজন করিও; সেই মাংসের কিঞ্চিৎও গৃহের বাহিরে লইয়া যাইও না; ও তাহার ৪৭ এক অস্থিও ভঙ্গ করিও না। আর ইস্রায়েল্ বংশের ৪৮ সকল মণ্ডলী এই পর্ব্ব করিবে। এবং তোমার সহিত প্রবাসি কোন বিদেশি লোক যদি পরমেশ্বরের নিস্তার পর্ব্ব পালন করিতে চাহে, তবে সে পুরুষ পরিবারের সহিত ত্বক্ছেদী হইয়া পর্ব্ব করণার্থে আগমন করুক, তাহাতে সে দেশীয় লোকের তুল্য হইবে; কিন্তু কোন ৪৯ অত্বকচ্ছেদী তাহা ভোজন না করুক। আর দেশজাত লোক ও তোমাদের মধ্যে প্রবাসকারি বিদেশীয় ৫০ লোকদের প্রতি একই বিধি হইবে। তাহাতে ইস্রায়েলের তাবৎ বংশ সেইরূপ করিল, অর্থাৎ মূসার ও হারোণের প্রতি পরমেশ্বরের যে আজ্ঞা ছিল, ৫১ তদনুসারেই করিল। এইরূপে পরমেশ্বর সেই দিনে সৈন্যের সহিত ইস্রায়েল্ বংশকে মিসর্দেশহইতে বাহির করিয়া আনিলেন।

১৩ অধ্যায়।

১ ঈশ্বরের উদ্দেশে প্রথমজাতকে পবিত্র করণ ৩ ও মিসর্হইতে মুক্তির স্মরণার্থক চিহ্ন ১১ ও ঈশ্বরের উদ্দেশে প্রথমজাতকে পবিত্র করণের বিবরণ ১৭ ও মিসর্হইতে যাত্রা করণ সময়ে যূষফের অস্থি সঙ্গে লওন ২০ ও দিনেতে মেঘস্তম্ভ ও রাত্রিতে অগ্নিস্তম্ভের দ্বারা পরমেশ্বরের তাহাদের পথ দেখাওন।

১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, প্রথমজাত সন্তান২ গণকে আমার উদ্দেশে পবিত্র কর; কেননা ইস্রায়েল্ বংশের মধ্যে মনুষ্য কিম্বা পশু হউক, তাহাদের প্রথম গর্ব্ভের সন্তান আমার হইবে।

৩ অনন্তর মূসা লোকদিগকে কহিল, তোমরা যে দিনে মিসর্হইতে ও দাসত্বরূপ * গৃহহইতে মুক্ত হইলা, অর্থাৎ যে দিনে পরমেশ্বর সে স্থান হইতে আপন বাহুবলে তোমাদিগকে বাহির করিলেন, সেই দিনকে স্মরণে ৪ রাখিও; তাহাতেও তাড়ীযুক্ত রুটী খাইও না। তোমরা ৫ আবীব্ মাসের এই দিনে বাহির হইলা। পরে যে সময়ে পরমেশ্বর তোমাকে কিনানীয় ও হিত্তীয় ও ইমোরীয় ও হিব্বীয় ও যিবূষীয় দেশে আনিবেন, অর্থাৎ তিনি তোমাকে যে দেশ দিতে তোমার পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছিলেন, সেই দুগ্ধ মধু প্রবাহি দেশে এই মাসে তুমি এই পর্ব্ব পালন ৬ করিও। সপ্তাহ পর্য্যন্ত তাড়ীশূন্য রুটী খাইও, ও সপ্তম দিনে পরমেশ্বরের উদ্দেশে উৎসব করিও। ৭ এবং সপ্তাহ তাড়ীশূন্য রুটীর ভোজন হউক, এবং তোমার নিকটে তাড়ীযুক্ত রুটী দৃষ্ট না হউক, এবং তোমার তাবৎ প্রদেশের মধ্যে তাড়ী দৃষ্ট না হউক। ৮ এবং সেই দিনে তুমি আপন পুত্রকে ইহা জ্ঞাত কর, মিসর্হইতে আমার বাহির হওন সময়ে পরমেশ্বর আমার প্রতি যে ২ কর্ম্ম করিলেন, তাহার স্মরণার্থে ৯ এই ব্যবহার হয়। এবং এই বিধি তোমার হস্তের চিহ্ন স্বরূপ ও স্মরণার্থে নেত্রদ্বয়ের মধ্যস্থানের ভূষণ স্বরূপ হইবে, এবং পরমেশ্বরের ব্যবস্থা তোমার মুখে থাকিবে, কেননা পরমেশ্বর পরাক্রমি হস্ত দ্বারা মিসর্হইতে তোমাকে বাহির করিলেন। অতএব রীত্যনু১০ সারে তুমি প্রতি বৎসর এই বিধি পালন করিবা।

১১ পরমেশ্বর তোমার ও তোমার পূর্ব্বপুরুষদের কাছে যে প্রকার দিব্য করিয়াছিলেন, তদনুসারে যখন কিনানীয় দেশে তোমাকে প্রবেশ করাইয়া তোমা১২ দিগকে তাহা দিবেন, তৎকালে তুমি আপনার ও পশুগণের প্রথমজাত সন্তানগণকে পরমেশ্বরের নিমিত্তে পৃথক করিবা †; সে সকল প্রথমজাত পুংসন্তান পরমে১৩ শ্বরের হইবে। এবং গর্দ্দভের তাবৎ প্রথমজাতের পরিবর্ত্তে মেষ ‡ শাবক দিবা; যদি পরিবর্ত্ত না কর, তবে তাহার গলা ভাঙ্গিবা; ও তোমার সন্তানদের মধ্যে মনুষ্যের প্রথমজাত সকলকে পরীবর্ত্ত করিতে হয়।

১৪ পরে তোমার পুত্র ভবিষ্যৎকালে § এ কি? ইহা তোমাকে জিজ্ঞাসা করিলে তুমি কহিবা, যে সময়ে পরমেশ্বর আপন পরাক্রমি হস্ত দ্বারা আমাদিগকে মিসর্হইতে অর্থাৎ দাসত্বরূপ * গৃহহইতে বাহির করিলেন, ১৫ এবং ফিরৌণ্ আমাদিগকে কষ্টে যাইতে দিল, তৎকালে

[৩৯] প ৩৪॥—[৪০] আ ১৫; ১৩॥—[৪১] গল ৩; ১৭॥—[৪৩, ৪৪] গ ৯; ১৪॥—[৪৪] আ ১৭; ১২, ১৩॥
[৪৬] গ ৯; ১২। যো ১৯; ৩৬-৩৭॥—[৪৭] গ ৯; ১৩। যো ৬; ৫৩॥—[৪৮] প ৪৩, ৪৪॥—[৫১] প ৪১॥
[১৩ অধ্যা; ২] প ১৪, ১৫॥—[৫] যা ৩; ৮। আ ১৫; ১৮-২১। ৩৫; ১২॥—[৬] যা ১২; ১৫॥—[৭] ১২; ১৯॥
[৮, ৯] দ্বি ৬; ৬-৯। গী ৭৮; ১-৮॥—[১৪] প ৮। যা ১২; ২৬॥

* (ইব্রু) দাসগণের † (ইব্রু) স্থানান্তর করিবা। ‡ (বা) ছাগ। § (ইব্রু) কল্য।

পরমেশ্বর মিসর্দেশে মনুষ্যের ও পশ্বাদির তাবৎ প্রথমজাত সন্তানকে বধ করিলেন, এই নিমিত্তে আমি পুংলিঙ্গ সকল প্রথমজাতকে পরমেশ্বরের উদ্দেশে বলিদান করি; কিন্তু আমার বংশের প্রথমজাত সকল ১৬ সন্তানকে মুক্ত করি। এই বিধি তোমার হস্তের চিহ্ন স্বরূপ ও নেত্রদ্বয়ের মধ্যস্থানের ভূষণ স্বরূপ হইবে, কেননা পরমেশ্বর বাহুবলদ্বারা আমাদিগকে মিসর্ হইতে বাহির করিয়া আনিলেন।

১৭ অপর ফিরৌণ্ লোকদিগকে ছাড়িয়া দিলে পিলেষ্টীয় দেশ দিয়া যাইতে অল্প পথ হইলেও ঈশ্বর সে পথ দিয়া তাহাদিগকে গমন করাইলেন না, কেননা ঈশ্বর কহিলেন, তাহা হইলে লোকেরা যুদ্ধ দেখিয়া ১৮ অনুতাপ করিয়া মিসরে ফিরিয়া যাইবে। এই জন্যে ঈশ্বর সূফ্ সাগরের প্রান্তরে তাহাদিগকে বক্রপথে গমন করাইলেন; তাহাতে ইস্রায়েল্ বংশ শৃঙ্খলমতে* ১৯ মিসর্হইতে বাহির হইল। এবং মূসা যূষফের অস্থি আপন সঙ্গে লইল, কেননা সে ইস্রায়েল্ বংশকে শক্ত দিব্য করাইয়া কহিয়াছিল, ঈশ্বর অবশ্য তোমাদের সহিত সাক্ষাৎ করিবেন, এবং তোমরা আপনাদের সঙ্গে আমার অস্থি এ স্থান হইতে লইয়া যাইবা।

২০ পরে তাহারা সুক্কোৎহইতে যাত্রা করিয়া এথমে ২১ অর্থাৎ অরণ্যের ধারে শিবির স্থাপন করিল। পরমেশ্বর দিবসে পথে লইয়া যাওনার্থে মেঘস্তম্ভে ও রাত্রিতে দীপ্তিদানার্থে অগ্নিস্তম্ভে স্থিত হইয়া তাহাদের অগ্রে২ গমন করিলেন; এইরূপে দিবারাত্রি তাহাদিগকে গমন ২২ করাইলেন। তিনি লোকদের সম্মুখহইতে দিনে মেঘস্তম্ভ ও রাত্রিতে অগ্নিস্তম্ভ দূর করিলেন না।

১৪ অধ্যায়।

১ ইস্রায়েল্ লোকদিগকে পরমেশ্বরের পথ দেখাওন ৫ ও ফিরৌণের তাহাদের পশ্চাৎবর্ত্তী হওন ১০ ও ইস্রায়েল্ লোকদের বিলাপ ১৩ ও মূসার সান্ত্বনা বাক্য ১৫ ও মূসাকে পরমেশ্বরের শিক্ষা দেওন ১৯ ও দূত ও মেঘস্তম্ভের পশ্চাদ্বর্ত্তী হওন ২১ ও মূসার সমুদ্রকে দ্বিধা করন ২৩ ও ইস্রায়েল্ লোকদের পশ্চাৎ মিস্রিদের গমন ২৬ ও সমুদ্রে মিস্রিদের বিনাশ।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে কহ, তোমরা ফিরিয়া পীহহীরোতের পূর্ব্বদিগে মিগ্দোলের ও সমুদ্রের মধ্যে বাল্সিফোনের সম্মুখে শিবির স্থাপন করিও; তোমরা তাহার অগ্র ভূমিতে ৩ সমুদ্রের নিকটেই শিবির স্থাপন করিও। কেননা ফিরৌণ্ ইস্রায়েল্ বংশের বিষয়ে কহিবে, তাহারা দেশের মধ্যে বদ্ধ আছে, ও অরণ্যদ্বারা রুদ্ধ আছে। ৪ এবং আমি ফিরৌণের হৃদয় কঠিন করিলে সে তোমাদের পশ্চাৎ২ ধাবমান হইবে, এবং ফিরৌণের ও তাহার সকল সৈন্যদ্বারা আমি সম্ভ্রম পাইব; তাহাতে আমিই পরমেশ্বর, ইহা মিস্রিরা জ্ঞাত হইবে; তখন তাহারা সেইরূপ করিল।

৫ পরে লোকেরা পলাইল, এই সম্বাদ মিস্রীয় রাজাকে জ্ঞাত করিলে ফিরৌণ্ ও তাহার দাসগণের অন্তঃকরণ লোকদের বিষয়ে অনুতাপিত হইল, এবং তাহারা কহিল, আমরা কেন এমত করিলাম? দাসত্বহইতে ইস্রায়েল্ বংশকে কেন ছাড়িয়া দিলাম? ৬ তখন রাজা আপন রথ প্রস্তুত করাইল ও আপন ৭ লোকদিগকে সঙ্গে লইল। এবং মনোনীত ছয় শত রথ ও মিস্রিদের তাবৎ রথ ও প্রত্যেক রথে ৮ যোদ্ধাগণ লইল। এবং পরমেশ্বর মিস্রীয় রাজা ফিরৌণের হৃদয় কঠিন করিলে সে ইস্রায়েল্ বংশের পশ্চাৎ২ ধাবমান হইল, এবং ইস্রায়েলের সন্তানেরা মহাবল ৯ দ্বারা চলিয়া গেল। কিন্তু মিস্রিরা অর্থাৎ ফিরৌণের সকল অশ্ব ও রথ ও অশ্বারূঢ় ও সৈন্যগণ তাহাদের পশ্চাৎ২ গমন করিলে যে সময়ে তাহারা সমুদ্রের তীরে বাল্সিফোনের সম্মুখে পীহহীরোতের নিকটে শিবির স্থাপন করিতেছিল, এমত সময়ে তাহারা তাহাদের নিকটে উপস্থিত হইল।

১০ অপর ইস্রায়েল্ বংশ চক্ষু তুলিয়া ফিরৌণ্ নিকটবর্ত্তী হইতেছে ও মিস্রীয় লোকেরা পশ্চাৎ২ আসিতেছে, ইহা দেখিয়া তাহারা অতিশয় ভীত হইল, এবং ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিল। এবং ১১ মূসাকে কহিল, মিসরে কি কবর ছিল না, তন্নিমিত্তে কি আমাদিগকে প্রান্তরে মারিতে আনিলা? আমাদের সঙ্গে এমত ব্যবহার করিয়া আমাদিগকে মিসর্হইতে ১২ কেন বাহির করিলা? আর আমাদিগকে থাকিতে দেও, আমরা মিস্রিদের সেবা করি, কেননা প্রান্তরে মরণাপেক্ষা মিস্রিদের সেবা করা আমাদের মঙ্গল, এই কথা কি আমরা তোমাকে মিসরে কহি নাই?

১৩ পরে মূসা লোকদিগকে কহিল, তোমরা ভয় করিও না, স্থির হও, পরমেশ্বর অদ্য কি রূপে তোমাদিগকে উদ্ধার করেন, তাহা দেখ। তোমরা অদ্য মিস্রিদিগকে দেখিতেছ বটে, কিন্তু আর কখনো † দেখিবা ১৪ না। পরমেশ্বর তোমাদের নিমিত্তে যুদ্ধ করিবেন, তোমরা স্থির হইয়া থাক।

১৫ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি আমাকে আর কেন ডাকিতেছ? ইস্রায়েল্ বংশকে অগ্রসর ১৬ হইতে কহ। এবং তুমি আপন যষ্টি লইয়া আপন হস্ত সমুদ্রের উপরে বিস্তার করিয়া তাহা দুই ভাগ কর; তাহাতে ইস্রায়েল্ বংশ সমুদ্রের মধ্য

[১৯] আ ৫০; ২৫।।—[২০] যা ১২; ৩৭।।—[২১] যিশ ৪; ৫। ১ক ১০; ১।।
[১৪ অধ্যা; ৪] যা ৭; ৩-৫। রো ৯; ২১,২২।।—[১০-১২] গী ১০৬; ৭।।—[১৩] ২ বং ২০; ১৫-১৭। যিশ ৪১; ১০-১৪।।
[১৯] দ্বি ১; ৩০। ৯; ১-৩।।

* (বা) এক২ পঁক্তিতে পাঁচ২ জন। † (ইব্রী) চিরকাল পর্য্যন্ত।

১৭ দিয়া শুষ্ক ভূমিতে চলিয়া যাইবে। এবং দেখ, আমি মিস্রিদের অন্তঃকরণ কঠিন করিলে তাহারা তাহাদের পশ্চাৎ২ যাইবে; তাহাতে আমি ফিরৌণের ও তাহার সকল সৈন্যের ও রথের ও অশ্বারূঢ়গণের দ্বারা ১৮ সম্ভ্রম প্রাপ্ত হইব। ফিরৌণ্ ও তাহার রথ ও তাহার অশ্বারূঢ়গণ দ্বারা সম্ভ্রম প্রাপ্ত হইলে পর, আমিই যে পরমেশ্বর, ইহা মিস্রীয় লোকেরা জ্ঞাত হইবে।

১৯ তখন ইস্রায়েল্ বংশের সৈন্যাগ্রে গমনকারি ঈশ্বরের দূত তাহাদের পশ্চাৎ২ আইল, ও মেঘস্তম্ভ তাহা- ২০ দের সম্মুখহইতে যাইয়া তাহাদের পশ্চাৎ দাঁড়াইল। সে মেঘস্তম্ভ মিস্রীয় লোকদের ও ইস্রায়েল্ বংশের উভয় শিবিরের মধ্যে থাকিল, তাহাতে সে তাহাদের প্রতি মেঘ ও অন্ধকার স্বরূপ হইল; কিন্তু রাত্রিতে ইস্রায়েল্ বংশের প্রতি আলো করিল, এই নিমিত্তে সমস্ত রাত্রিতে এক দল অন্য দলের নিকটে আসিতে পারিল না।

২১ পরে মূসা সমুদ্রের উপরে আপন হস্ত বিস্তার করিলে পরমেশ্বর সেই তাবৎ রাত্রি প্রবল পূর্ব্বীয় বায়ু বহাইয়া সমুদ্রকে ফিরাইলেন ও সমুদ্রকে শুষ্ক করিলেন, ও জল ২২ দুই ভাগ হইল। তাহাতে ইস্রায়েল্ বংশ শুষ্ক পথ দিয়া সমুদ্রের মধ্যে গেল, এবং তাহাদের দক্ষিণে ও বামে জল প্রাচীর স্বরূপ হইল।

২৩ পরে মিস্রিরা অর্থাৎ ফিরৌণের তাবৎ অশ্ব ও রথ ও অশ্বারূঢ়গণ সকলে ধাবমান হইয়া তাহাদের ২৪ পশ্চাৎ২ সমুদ্রের মধ্যে প্রবেশ করিল। আর রাত্রির শেষ প্রহরে পরমেশ্বর অগ্নি ও মেঘ স্তম্ভের মধ্য দিয়া মিস্রিদের সৈন্য অবলোকন করিয়া তাহাদিগকে ২৫ ব্যাকুল করিলেন। ও তাহাদের রথের চাকা খুলিলে তাহারা অতি কষ্টে রথ চালাইল; তাহাতে মিস্রি লোকেরা কহিল, আইস, আমরা ইস্রায়েল্ বংশহইতে পলায়ন করি, কেননা পরমেশ্বর মিস্রিদের প্রতিকূলে তাহাদের পক্ষে যুদ্ধ করিতেছেন।

২৬ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি সমুদ্রের উপরে আপন হস্ত বিস্তার কর; তাহাতে মিস্রিদের ও তাহাদের রথের ও অশ্বারূঢ়দের উপরে পুনর্ব্বার ২৭ জল আসিবে। তখন মূসা সমুদ্রের উপরে আপন হস্ত বিস্তার করিলে প্রাতঃকাল হইলে সমুদ্র সমান হইতে লাগিল; তাহাতে মিস্রিরা তাহার সম্মুখহইতে পলায়ন করিল, তথাপি পরমেশ্বর সমুদ্রের মধ্যে তাহাদিগকে ২৮ নিক্ষেপ করিলেন*। ফলতঃ জল পরাবৃত্ত হইলে তাহাদের রথ ও অশ্বারূঢ়দিগকে আচ্ছাদন করিল, তাহাতে ফিরৌণের যে সকল সৈন্য তাহাদের পশ্চাৎ সমুদ্রে প্রবিষ্ট হইয়াছিল, তাহাদের এক জনও অবশিষ্ট থাকিল না। কিন্তু ইস্রায়েল্ বংশ শুষ্ক ২৯ পথ দিয়া সমুদ্রের মধ্য দিয়া গেল, এবং জল তাহাদের বামে ও দক্ষিণে প্রাচীর স্বরূপ হইল। এই ৩০ রূপে সেই দিনে পরমেশ্বর মিস্রিদের হস্তহইতে ইস্রায়েল্ বংশকে রক্ষা করিলেন, ও ইস্রায়েল্ বংশ মিস্রিদিগকে সমুদ্রের তীরে মৃত দেখিল। পরমেশ্বর ৩১ মিস্রিদের মধ্যে যে আশ্চর্য্য পরাক্রম প্রকাশ করিলেন, তাহা ইস্রায়েল্ বংশ দেখিল, তাহাতে লোকেরা পরমেশ্বরের প্রতি ভয় করিয়া পরমেশ্বরেতে ও তাঁহার দাস মূসাতে বিশ্বাস করিল।

১৫ অধ্যায়।

১ মূসার গীত ২০ ও ঐ গীত গান করণ ২২ ও জলের অভাব হওন ২৩ ও মারা স্থানে তিক্ত জল পাওন ও কাষ্ঠদ্বারা তাহার মিষ্টতা হওন ২৭ ও এলীম্ স্থানে শিবির স্থাপন।

১ পরে মূসা ও ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের উদ্দেশে এই গীত গান করিয়া কহিল, আমি পরমেশ্বরের উদ্দেশে গান করি; তিনি আপন মহিমা প্রকাশ করিলেন, এবং অশ্ব ও অশ্বারূঢ়গণকে সমুদ্রে নিক্ষেপ করিলেন। ২ পরমেশ্বর আমার বল ও গানস্বরূপ হইয়া আমার পরিত্রাতা হইলেন; তিনি আমার ঈশ্বর, অতএব আমি তাঁহার প্রশংসা করিব; এবং তিনি আমার পৈতৃক ঈশ্বর, এই জন্যে তাঁহার গুণানুবাদ করিব। ৩ যিহোবাঃ নামে যে পরমেশ্বর, তিনিই যুদ্ধকর্ত্তা। ৪ তিনি ফিরৌণের রথ ও সৈন্যগণকে সমুদ্রে নিক্ষেপ করিলেন; তাহাতে তাহার মনোনীত সেনাপতিগণ সূফ্ সাগরে মগ্ন হইল। ৫ ও গভীর জল তাহাদিগকে আচ্ছাদন করিলে তাহারা প্রস্তরের ন্যায় তলাইয়া গেল। ৬ হে পরমেশ্বর, তোমার দক্ষিণ হস্ত বলদ্বারা গৌরবান্বিত হইল; হে পরমেশ্বর, তোমার দক্ষিণ হস্ত শত্রুগণকে চূর্ণ করিল। ৭ তুমি আপনার বিপরীতগামি লোকদিগকে আপন উত্তম মহিমাতে নষ্ট করিলা, তোমার প্রেরিত ক্রোধ নাড়ার ন্যায় তাহাদিগকে ভক্ষণ করিল। ৮ এবং তোমার ক্রোধের নিশ্বাস দ্বারা জল রাশীকৃত হইল ও স্রোত সেতুর ন্যায় দণ্ডায়মান হইল, ও সমুদ্রের মধ্যে গভীর জল কঠিন হইল। ৯ তাহাতে শত্রুগণ কহিল, আমরা বেগে গিয়া তাহাদিগকে ধরিব, এবং লুট ভাগ করিয়া লইলে তাহাদ্বারা আমাদের অভিলাষ পূর্ণ হইবে, ও খড়্গ নিষ্কোষ করিলে আমাদের হস্ত তাহাদিগকে বিনষ্ট করিবে†। ১০ কিন্তু তুমি আপন নিশ্বাসদ্বারা হূঙ্কার করিলে তাহারা

[১৭,১৮] প ৪ ॥—[২১,২২] প ১৬। যি ৩; ১১-১৭। যিশ ৪৩; ২ ॥—[২৫] প ১৪ ॥—[২৯] যি ৩; ১৬, ১৭। ১ ক ১০; ১ ॥—[৩০,৩১] পু ১৫; ২ ॥
[১৫ অধ্য; ১] পু ১৫; ২-৪। বি ৫; ১, ২ ॥—[২] গী ১১৮; ১৪। যিশ ১২; ২। যিহি ৭১; ২৬, ২৭ ॥—[৩] গী ২৪। ৮। যা ৬; ৩ ॥—[৪] ১৪; ২৭, ২৮ ॥—[৬] গী ১১৮; ১৬ ॥—[৭] যিশ ১৭; ১৩। ৪৭; ১৪ ॥—[৮] যা ১৪; ২১। গী ১৮; ১৫। ৭৭; ১৬ ॥—[৯] যা ১৪; ২৩। বি ৫; ৩০ ॥—[১০] প ৫, ৮ ॥

* (ইব্রু) চলাইলেন। † (ইব্রু) পুনর্ব্বার পাইবে।

সমুদ্র জলে আচ্ছন্ন হইল ও গভীর * জলেতে সীসার ১১ ন্যায় তলাইয়া গেল। হে পরমেশ্বর, দেবগণের † মধ্যে তোমার তুল্য কে আছে? এবং তোমার সমান পবিত্রতাতে আদরণীয় ও ভয়ানকত্ব প্রযুক্ত স্তবনীয় ও ১২ আশ্চর্য্য ক্রিয়াকারী কে আছে? তুমি আপন দক্ষিণ হস্ত বিস্তার করিলে পৃথিবী শত্রুগণকে গ্রাস করিল। ১৩ তুমি দয়াতে আপন লোকদিগকে মুক্ত করিয়া গমন করাইতেছ, এবং আপন পরাক্রমেতে তাহাদিগকে ১৪ তোমার পবিত্র নিবাসে লইয়া যাইতেছ। ইহা শুনিয়া অন্য লোকেরা ভীত হইবে, ও পিলেষ্টীয় লোকেরা ১৫ উদ্বিগ্নতাতে মগ্ন হইবে। এবং ইদোমের সকল রাজা চমৎকৃত হইবে, ও মোয়াবের বলবান লোকেরা কম্পগ্রস্ত হইবে, ও কিনান্ নিবাসি সকল দ্রব হইবে। ১৬ যে পর্য্যন্ত লোকেরা পার না হয়, তাবৎ ভয় ও আশঙ্কা তাহাদিগকে আক্রমণ করিবে। হে পরমেশ্বর, তোমার ক্রীত লোকেরা যাবৎ পার না হয়, তাবৎ তোমার বাহুবলদ্বারা তাহারা প্রস্তরের ন্যায় স্থির ১৭ হইয়া থাকিবে। হে পরমেশ্বর, তুমি আপন নিবাসার্থে যে স্থান নির্ম্মাণ করিলা, ও যে পবিত্র স্থান তোমার হস্ত স্থাপন করিল, তাহার মধ্যে অর্থাৎ আপন অধিকারের পর্ব্বতে তাহাদিগকে প্রবেশ করাইয়া ১৮ বাস ‡ করাইবা। পরমেশ্বর সর্ব্বদা রাজত্ব করিবেন। ১৯ ফিরৌণের অশ্ব ও রথ ও অশ্বারূঢ় সৈন্যগণ সমুদ্রের মধ্যে প্রবেশ করিলে পরমেশ্বর তাহাদের উপরে পুনর্ব্বার সমুদ্র জল আনিলেন; কিন্তু ইস্রায়েলের সন্তানেরা শুষ্ক পথে সমুদ্রের মধ্য দিয়া গমন করিল।

২০ পরে হারোণের ভগিনী মরিয়ম্ ভবিষ্যদ্বক্ত্রী হস্তে মৃদঙ্গ লইলে অন্য স্ত্রী সকলও মৃদঙ্গ লইয়া নৃত্য-২১ করণ পূর্ব্বক তাহার পশ্চাৎ২ বাহির হইল। তখন মরিয়ম্ তাহাদিগকে এই গান করিতে কহিল, তোমরা পরমেশ্বরের উদ্দেশে গান কর; তিনি আপন মহিমা প্রকাশ করিলেন, এবং অশ্ব ও অশ্বারূঢ়গণকে সমুদ্রে নিক্ষেপ করিলেন।

২২ অনন্তর মূসা ইস্রায়েল্ বংশকে সূফ্ সাগর হইতে আনিলে পর তাহারা শূরের প্রান্তরের দিগে গমন করিল; প্রায় তিন দিন প্রান্তরে গিয়া জল পাইল না।

২৩ পরে তাহারা মারাতে উপস্থিত হইলে তিক্ততা প্রযুক্ত মারার জল পান করিতে পারিল না; এই জন্যে তাহার ২৪ নাম মারা (তিক্ততা) রাখিল। অতএব লোকেরা মূসার বিরুদ্ধে বচসা করিয়া কহিল, আমরা কি পান করিব? ২৫ তাহাতে সে পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিলে পরমেশ্বর তাহাকে এক প্রকার কাষ্ঠ দেখাইলেন; তাহা লইয়া মূসা জলেতে নিক্ষেপ করিলে জল মিষ্ট হইল। সেই স্থানে পরমেশ্বর তাহাদের নিমিত্তে বিধি ও ব্যবস্থা নিরূপণ করিলেন, এবং তাহাদের পরীক্ষা ২৬ লইয়া কহিলেন, তোমরা যদি আপন প্রভু পরমেশ্বরের কথাতে মনোযোগ কর, ও তাঁহার দৃষ্টিতে যাহা উচিত তাহাই কর, ও তাঁহার আজ্ঞাতে কর্ণ দেও, ও তাঁহার ব্যবস্থা সকল পালন কর, তবে আমি মিস্রীয় লোকদিগকে যে সকল রোগ ভোগ করাইলাম, তাহা তোমাদিগকে ভোগ করিতে দিব না; আমি পরমেশ্বর তোমাদের আরোগ্যকারী।

২৭ পরে তাহারা এলীমে উপস্থিত হইলে সে স্থানে বারো জলের উনুই ও সত্তরি খর্জ্জুর বৃক্ষ থাকাতে তাহারা জলের উনুইর নিকটে শিবির স্থাপন করিল।

১৬ অধ্যায়।

১ খাদ্যাভাবে ইস্রায়েল্ বংশের কলহ করণ ৪ ও খাদ্য বর্ষণ করিতে ঈশ্বরের প্রতিজ্ঞা ৯ ও লোকদের প্রতি মূসার আজ্ঞা ও ঈশ্বরের তেজঃপ্রকাশ হওন ১১ ও ভাটুই পক্ষির প্রেরণ ও মান্না বর্ষণ করণ ১৬ ও খাদ্যের পরিমাণ নিরূপণ ২২ ও ষষ্ঠ দিনের জন্যে বিশেষ নিরূপণ ২৭ ও সপ্তম দিনে খাদ্য বর্ষণাভাব ৩১ ও পাত্রে মান্না রক্ষা করণ।

১ অপর মিসর্দেশ ত্যাগ করণের পর দ্বিতীয় মাসের পঞ্চদশ দিনে ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলী এলীম্‌হইতে যাত্রা করিয়া এলীম্ ও সীনয় এই উভয়ের মধ্যবর্ত্তী সীন্ প্রান্তরে উপস্থিত হইল। ২ তখন ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলী মূসার ও হারোণের প্রতিকূলে ৩ প্রান্তরে বচসা করিল। এবং ইস্রায়েল্ বংশ তাহাদিগকে কহিল, আমরা যখন মাংসের হাঁড়ির নিকটে বসিয়া তৃপ্তি পর্য্যন্ত অন্ন ভোজন করিতাম, হায় ২ তখন যদি আমরা মিসর্দেশে পরমেশ্বরের হস্তে মরিতাম। তোমরা ক্ষুধাদ্বারা তাবৎ মণ্ডলীকে মারিতে আমাদিগকে প্রান্তরে বাহির করিয়া আনিলা।

৪ তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, দেখ, আমি তোমাদের নিমিত্তে স্বর্গহইতে খাদ্য দ্রব্য বর্ষণ করিব, তাহাতে লোকেরা বাহিরে গিয়া দিনের নিরূপিত § পরিমাণানুসারে খাদ্য সংগ্রহ করিবে; তাহাতে তাহারা আমার ব্যবস্থাতে চলে কি না, আমি তাহাদের এই পরীক্ষা ৫ লইব। ষষ্ঠ দিনে তাহারা যাহা আনিবে, তাহা পাক করিলে দিনে২ যাহা সংগ্রহ করে, তাহার দ্বিগুণ হইবে। ৬ পরে মূসা ও হারোণ্ ইস্রায়েলের তাবৎ বংশকে কহিল, পরমেশ্বর যে তোমাদিগকে মিসর্‌হইতে বাহির করিয়া আনিলেন, ইহা তোমরা সায়ংকালে জ্ঞাত ৭ হইবা। এবং প্রাতঃকালে তোমরা পরমেশ্বরের মহিমা

[১১] গী ৮৬; ৮। ৮৯; ৬-১৪ ।।—[১২] গী ৭৪; ১১-১৩ ।।—[১৩] গী ১০৬; ৯,১০। ৭৮; ৫২-৫৪ ।।—[১৪-১৬] যা ২৩; ২৭। যি ২; ৯-১১, ২৪। ৫; ১ ।।—[১৭] গী ৮০; ৮-১১। ৬৮; ১৫,১৬। ৭৬; ১,২ ।।—[১৮] গী ৪৫; ৬ ।।—[১৯] যা ১৪; ২৭ ।।—[২০; ২১] ১ শি ১৮; ৬,৭ ।।—[২২] প ১ ।।—[২৬] যা ২৩; ২৫। গী ১০৩; ৩ ।।
[১৬ অধ্য; ৩] যা ১৪; ১১। গ ১১; ৪, ৫ ।।—[৪] গী ৭৮; ২৪। ১০৫; ৪০। যো ৬; ৩১ ।।—[৫] লে ২৫; ২১ ।।

* (ইব্রী) প্রবল। † (বা) বলবানদের। ‡ (ইব্রী) রোপণ। § (ইব্রী) দিনেতে দিনের অংশ।

দেখিবা, কেননা পরমেশ্বরের প্রতি তোমাদের যে বচসা, তাহা তিনি শুনিলেন; আমরা কে, যে তোমরা ৮ আমাদের বিরুদ্ধে বচসা কর? পরে মূসা কহিল, পরমেশ্বর সায়ংকালে ভোজনার্থে তোমাদিগকে মাংস দিবেন,ও প্রাতঃকালে তৃপ্তি পর্য্যন্ত তোমাদিগকে খাদ্য দিবেন; পরমেশ্বরের প্রতি তোমাদের যে বচসা, তাহা তিনি শুনিলেন; আমরা কে? আমাদের বিপরীতে নয়, কিন্তু পরমেশ্বরের বিপরীতে তোমাদের বচসা হয়।

৯ অপর মূসা হারোণ্‌কে কহিল, তুমি ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলীকে কহ, তোমরা পরমেশ্বরের সম্মুখে ১০ আইস; তিনি তোমাদের বচসা শুনিলেন। হারোণ্ ইস্রায়েল্ বংশের মণ্ডলীকে ইহা কহিতেছিল, ইত্যবসরে তাহারা প্রান্তরের প্রতি দৃষ্টি করিলে মেঘস্তম্ভের মধ্যে পরমেশ্বরের তেজ দৃষ্ট হইল।

১১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, আমি ইস্রায়েল্ ১২ বংশের বচসা শুনিলাম। তুমি তাহাদিগকে কহ, তোমরা সায়ংকালে মাংস ভোজন করিবা ও প্রাতঃকালে খাদ্য দ্রব্যে তৃপ্ত হইবা, তাহাতে আমি যে তোমাদের প্রভু ১৩ পরমেশ্বর, তাহা জ্ঞাত হইবা। পরে সন্ধ্যাকালে ভাটুই পক্ষিগণ উপস্থিত হইয়া শিবির স্থান ব্যাপিল, এবং ১৪ প্রাতঃকালে সৈন্যস্থলের চতুর্দ্দিগে নীহার পড়িল। পরে পতিত নীহার ঊর্দ্ধগত হইলে প্রান্তরের উপরে ভূমিতে ক্ষুদ্র অথচ গোল নীহারের ন্যায় ক্ষুদ্র দ্রব্য পড়িয়া ১৫ রহিল। অপর ইস্রায়েলের সন্তানগণ তাহা দেখিয়া পরস্পর কহিল, মান্ হূ? (এ কি *?) কেননা সে কি, তাহা তাহারা জানিল না। তাহাতে মূসা কহিল, পরমেশ্বর তোমাদিগকে এই দ্রব্য ভোজন করিতে দিলেন।

১৬ এখন পরমেশ্বরের আজ্ঞানুসারে তোমরা প্রত্যেক জন আপন ২ ভোজন শক্তি বুঝিয়া তাহা সংগ্রহ কর; অর্থাৎ এক জনের নিমিত্তে এক ২ ওমর্ তোমাদের প্রাণিদের সংখ্যানুসারে† আপন২ তাম্বুতে স্থিত ১৭ লোকদের জন্যে তাহা গ্রহণ কর। তাহাতে ইস্রায়েল্ বংশ সেইরূপ করিল; কেহ অধিক ও কেহ অল্প ১৮ সঞ্চয় করিল। পরে তাহারা ওমরেতে তাহা পরিমাণ করিলে, যে অধিক সংগ্রহ করিয়াছিল, তাহার অধিক হইল না, এবং যে অল্প সংগ্রহ করিয়াছিল, তাহার অল্প হইল না; এইরূপে তাহারা ভোজন শক্ত্যনুসারে ১৯ সংগ্রহ করিল। পরে মূসা কহিল, তোমরা কেহ ২০ প্রাতঃকালের জন্যে ইহার কিছু রাখিও না। কিন্তু তাহারা মূসার কথা গ্রাহ্য না করিয়া কেহ ২ প্রাতঃকালের নিমিত্তে কিছু ২ রাখিল, এবং তাহাতে কীট জন্মিল ও দুর্গন্ধ হইল; অতএব মূসা তাহাদের উপরে ক্রোধ করিল। এই রূপে প্রতিদিন প্রাতঃকালে তাহারা ২১ আপন ২ ভোজন শক্ত্যনুসারে তাহা সংগ্রহ করিল, কিন্তু প্রখর রৌদ্র হইলে তাহা গলিয়া গেল।

পরে ষষ্ঠ দিনে তাহারা পরিমিতের দ্বিগুণ অর্থাৎ ২২ প্রতি জন দুই ২ ওমর্ দ্রব্য সংগ্রহ করিলে মণ্ডলীর অধ্যক্ষ সকল আসিয়া মূসাকে জ্ঞাত করিল। তাহাতে ২৩ মূসা তাহাদিগকে কহিল, পরমেশ্বর এই আজ্ঞা দিলেন, কল্য পরমেশ্বরের পবিত্র বিশ্রামবার হইবে; অতএব তোমাদের যাহা ভাজিতে হয়, তাহা ভাজ; ও যাহা পাক করিতে হয়, তাহা পাক কর; এবং অবশিষ্ট দ্রব্য প্রাতঃকালের জন্যে তুলিয়া রাখ। তাহাতে তাহারা ২৪ মূসার আজ্ঞানুসারে প্রাতঃকাল পর্য্যন্ত তাহা রাখিল; কিন্তু তাহাতে দুর্গন্ধ হইল না ও কীটও জন্মিল না। পরে মূসা কহিল, অদ্য তোমরা তাহা ভোজন কর, ২৫ কেননা অদ্য পরমেশ্বরের বিশ্রামবার; অদ্য প্রান্তরে তাহা পাইবা না। তোমরা ছয় দিন তাহা সংগ্রহ ২৬ করিবা, কিন্তু সপ্তম দিনে অর্থাৎ ঈশ্বরের বিশ্রাম বারে তাহা কিঞ্চিৎও পাইবা না ‡।

তথাচ কেহ ২ সপ্তম দিনেও তাহা সংগ্রহ করিতে ২৭ গেল; কিন্তু কিছুই পাইল না। তাহাতে পরমেশ্বর মূসাকে ২৮ কহিলেন, তোমরা আমার আজ্ঞা ও বিধি পালন করিতে কত কাল অসম্মত থাকিবা? দেখ, পরমেশ্বর ২৯ তোমাদিগকে বিশ্রাম দিন দিয়াছেন, এই জন্যে ষষ্ঠ দিনে দুই দিনের উপযুক্ত খাদ্য দিলেন; অতএব তোমরা প্রতি জন সপ্তম দিনে আপন ২ স্থান হইতে বাহির না হইয়া স্ব২ স্থানে থাক। তখন লোকেরা ৩০ সপ্তম দিনে বিশ্রাম করিল। এবং ইস্রায়েল্ বংশ ঐ ৩১ খাদ্যের নাম মান্না § রাখিল; সে মান্না ধন্যাকৃতি ও শুক্লবর্ণ,তাহার রস মধু মিশ্রিত পিষ্টকের ন্যায় ছিল।

পরে মূসা কহিল, পরমেশ্বর এই আজ্ঞা করিলেন, ৩২ তিনি তোমাদিগকে মিসর্‌দেশহইতে আনয়ন কালে প্রান্তরের মধ্যে যে অন্ন ভোজন করাইলেন, তাহা যেন তোমাদের পুরুষানুক্রমে দেখে, এই জন্যে তাহাদের নিমিত্তে এক ওমর্ পরিমাণ মান্না রাখ। তখন ৩৩ মূসা হারোণ্‌কে কহিল, তুমি একটা পাত্র লইয়া এক ওমর্ পরিমাণ মান্না পূর্ণ করিয়া পরমেশ্বরের সম্মুখে রাখ; তাহা তোমাদের ভাবিপুরুষদের নিমিত্তে রাখা যাইবে। তখন হারোণ্ মূসার প্রতি উক্ত পরমেশ্বরের ৩৪ আজ্ঞানুসারে সাক্ষ্য রূপ সিন্দুকের নিকটে থাকিতে তাহা তুলিয়া রাখিল। এবং ইস্রায়েল্ বংশ নিবাস- ৩৫ দেশে উপস্থিত না হওন পর্য্যন্ত চল্লিশ বৎসর সেই মান্না ভোজন করিল,ও কিনান্‌দেশের সীমাতে উপস্থিত হওন পর্য্যন্ত তাহা খাইল।এক ওমর্ ঐফার দশমাংশ। ৩৬

[৮] প্রে ৫; ৪ ॥—[১০] যা ২৪; ১৬ ॥—[১৩] গী ১০৫; ৪০ ॥—[১৫] প ৪। যো ৬; ৩২-৩৫ ॥—[১৬] প ৪, ৫ ॥ [১৮] ২ ক ৮; ১৫ ॥—[২০] প ৪ ॥—[২২-২৯] প ৪,৫ ॥—[২৯] প ৫ ॥—[৩১] প ১৪,১৫। গ ১১; ৭,৮ ॥—[৩৩] ইব্রু ৯; ৪ ॥—[৩৫] দ্বি ৮; ২,৩। যি ৫; ১০-১২ ॥

* (বা) এই অংশ। † (ইব্রু) মাথা গণিয়া। ‡ (ইব্রু) হইবে না। § এ কি?

১৭ অধ্যায়।

১ রিফীদীমে জলের জন্যে লোকদের কলহ ৮ ও অমালেক্ লোককে জয় করণ ১৪ ও পরমেশ্বরের উদ্দেশে মূসার বেদি নির্ম্মাণ করণ।

১ অপর ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলী নিরূপিত পথে পরমেশ্বরের আজ্ঞানুসারে সীন্ প্রান্তর হইতে যাত্রা করিয়া রিফীদীমে গিয়া শিবির স্থাপন করিল; কিন্তু ২ সে স্থানে লোকদের পানার্থে জলাভাব ছিল। অতএব লোকেরা মূসার সহিত বচসা করিয়া কহিল, আমাদিগকে জল দেও, আমরা পান করিব; তাহাতে মূসা কহিল, তোমরা আমার সহিত কেন বচসা কর? ও ৩ কেন পরমেশ্বরের পরীক্ষা লও? তখন লোকেরা সেই স্থানে জলাভাবে তৃষার্ত্ত হইয়া বচসা করিয়া মূসাকে কহিল, তুমি আমাদিগকে ও আমাদের সন্তানগণকে ও পশুগণকে পিপাসাদ্বারা মারিতে মিসর্দেশহইতে ৪ কেন আনিলা? তাহাতে মূসা পরমেশ্বরকে প্রার্থনা করিয়া কহিল,আমি এই লোকদের নিমিত্তে কি করিব? তাহারা আমাকে প্রায় পাথর ফেলিয়া মারিতে উদ্যত ৫ হইতেছে। তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি যাহাদ্বারা নদীতে আঘাত করিলা, সেই যষ্টি হস্তে লইয়া কতক প্রাচীনগণকে সঙ্গে করিয়া ইস্রায়েল্ ৬ বংশের লোকদের অগ্রে ২ যাও। দেখ, আমি হোরেব্ পর্ব্বতের উপরে তোমার সম্মুখে দাঁড়াইলে তুমি সেই শৈলে আঘাত করিও; তাহাতে তাহাহইতে জল নির্গত হইলে লোকেরা তাহা পান করিবে। তখন মূসা ইস্রায়েল্ বংশের প্রাচীনদের দৃষ্টিতে ৭ সেইরূপ করিল। এবং সেই স্থানে ইস্রায়েল্ বংশের বিবাদ প্রযুক্ত, এবং পরমেশ্বর আমাদের মধ্যে আছেন কি না? ইহা কহিয়া পরমেশ্বরের পরীক্ষা লওন প্রযুক্ত সেই স্থানের নাম মসা (পরীক্ষা) ও মিরীবা (বিবাদ) রাখিল।

৮ ঐ সময়ে অমালেক্ লোক রিফীদীমে আসিয়া ইস্রা- ৯ য়েল্ বংশের সহিত যুদ্ধ করিলে মূসা যিহোশূয়কে কহিল, তুমি আমাদের মধ্যহইতে মনুষ্য মনোনীত করিয়া লইয়া অমালেক্ লোকদের সহিত যুদ্ধ করিতে যাও; আমি কল্য আপন হস্তে ঈশ্বরের যষ্টি লইয়া ১০ পর্ব্বতের শিখরে দাঁড়াইব। তখন যিহোশূয় মূসার আজ্ঞানুসারে অমালেক্ লোকদের সহিত যুদ্ধ করিলে, মূসা ও হারোণ্ ও হূর্ পর্ব্বতের শৃঙ্গোপরি আরোহণ ১১ করিল। কিন্তু যে যে সময়ে মূসা আপন হস্ত ঊর্দ্ধ করে, সেই সেই সময়ে ইস্রায়েল্ বংশ জয়ী হয়, এবং আপন ১২ হস্ত নামাইলে অমালেক্ লোকেরা জয়ী হয়। অপর মূসার হস্ত ভারী হইলে তাহারা এক পাথর আনিয়া তাহার নীচে রাখিল, তখন মূসা তাহার উপরে বসিল, এবং হারোণ্ ও হূর্ এক জন এক দিগে ও অন্য জন অন্য দিগে তাহার হস্ত তুলিয়া ধরিল; তাহাতে সূর্য্য অস্ত হওন পর্য্যন্ত তাহার হস্ত স্থির থাকিল। অতএব ১৩ যিহোশূয় অমালেক্ ও তাহার লোকদিগকে খড়্গ দ্বারা পরাস্ত করিল।

১৪ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, এই কথা স্মরণার্থে পুস্তকে লেখ, এবং যিহোশূয়ের কর্ণগোচরে তাহা পাঠ কর; আমি আকাশের অধোভাগ হইতে অমালেকের স্মরণ লোপ করিব। ১৫ পরে মূসা এক বেদি নির্ম্মাণ করিয়া তাহার নাম যিহোবা-নিষি (পরমেশ্বর আমার ধ্বজা স্বরূপ) রাখিল। ১৬ এবং পুরুষানুক্রমে অমালেকের সহিত পরমেশ্বরের যুদ্ধ হইবে, এই কথা পরমেশ্বরের ধ্বজাতে লিখিতে আজ্ঞা দিল *।

১৮ অধ্যায়।

১ মূসার নিকটে মূসার স্ত্রীর ও পুত্রগণের ও শ্বশুরের আগমন ৭ ও তাহাদের সহিত সাক্ষাৎ ও তাহাদিগকে গ্রাহ্য করণ ১৩ ও মূসার প্রতি যিথ্রোর সুপরামর্শ ২৭ ও যিথ্রোর স্বদেশে গমন।

১ অনন্তর ঈশ্বর মূসার প্রতি ও আপন লোক ইস্রায়েল্ বংশের প্রতি এই ২ কর্ম্ম করিয়াছেন, এবং মিসর্ দেশহইতে ইস্রায়েল্ বংশকে বাহির করিয়া আনিয়াছেন, ২ এই সকল কথা শুনিয়া মূসার শ্বশুর মিদীয়নের যাজক যিথ্রো মূসা কর্ত্তৃক আপন গৃহে প্রেরিতা তাহার ভার্য্যা ৩ সিপ্পোরাকে ও তাহার দুই পুত্রকে সঙ্গে লইল। ঐ দুই পুত্রের একের নাম গের্শোম্ (এই স্থানে বিদেশী), কেননা সে কহিল, আমি অন্যদেশে বিদেশী হইলাম। ৪ এবং অন্যের নাম ইলীয়েষর্ (ঈশ্বর আমার উপকারী), কেননা সে কহিল, আমার পিতার ঈশ্বর আমার উপকারী হইয়া ফিরৌণের খড়্গ হইতে আমাকে উদ্ধার করিলেন। ৫ পরে মূসার শ্বশুর যিথ্রো মূসার ঐ দুই পুত্রকে ও ভার্য্যাকে সঙ্গে লইয়া প্রান্তরে, অর্থাৎ ঈশ্বরের পর্ব্বতে যে স্থানে শিবির স্থাপন করিয়াছিল, সেই স্থানে মূসার নিকটে আইল। ৬ এবং মূসাকে কহিল, আমি তোমার শ্বশুর যিথ্রো ও তোমার ভার্য্যা ও তাহার সহিত তোমার দুই পুত্র তোমার নিকটে আইলাম।

৭ তখন মূসা আপন শ্বশুরের সহিত সাক্ষাৎ করিতে বাহিরে গিয়া তাহাকে প্রণাম ও চুম্বন করিল,এবং পরস্পর মঙ্গল জিজ্ঞাসা করিলে পর তাহারা তাম্বুতে প্রবেশ করিল। ৮ পরে পরমেশ্বর ইস্রায়েল্ বংশের জন্যে ফিরৌণের প্রতি ও মিস্রিদের প্রতি কি ২ করিয়াছেন, এবং পথে তাহাদের প্রতি কি২ পরিশ্রম ঘটিয়াছে, ও

[১৭ অধ্য; ১-৭] গ ২০; ২-১১ ॥—[২]যা ১৬; ৭ ॥—[৬]১ ক ১০; ৪ ॥—[৮-১৩]আ ৩২; ২৪-২৯ ॥—[৮] আ ৩৬; ১২॥
[১৪] গ ২৪; ২০। দ্বি ২৫; ১৭-১৯। ১ শি ১৫; ১-৯ ॥
[১৮ অধ্য; ১] যা ২; ১৬॥—[২] ৪; ১৮-২৬ ॥—[৩] ২; ২২ ॥—[৫] ৩; ১ ॥—[৭] আ ৪৬; ২৯ ॥

* (বা) কেননা তাহার হস্ত পরমেশ্বরের সিংহাসনে ছিল। † (ইব্রী) পাইল।

পরমেশ্বর কি প্রকারে তাহাদিগকে উদ্ধার করিয়াছেন, এই সকল কথা মূসা আপন শ্বশুরকে জ্ঞাত করিল। ৯ তাহাতে পরমেশ্বর মিস্রিদের হস্ত হইতে ইস্রায়েল্ বংশকে উদ্ধার করিয়া তাহাদের মঙ্গল করিয়াছেন, এই ১০ সকলের নিমিত্তে য়িথ্রো অতি আহ্লাদিত হইল। এবং সে কহিল, যে পরমেশ্বর মিস্রিদের ও ফিরৌণের হস্ত-হইতে তোমাদিগকে উদ্ধার করিয়াছেন এবং মিস্রিদের হস্তহইতে লোকদিগকে উদ্ধার করিয়াছেন তিনি ধন্য। ১১ এবং পরমেশ্বর সকল দেবতা হইতে মহান্, ইহা এখন আমি জ্ঞাত হইলাম; কেননা তাহারা যে বিষয়ে গর্ব্ব করিল, সে বিষয়ে তিনি তাহাদের উপরে জয়ী ১২ হইলেন। পরে মূসার শ্বশুর য়িথ্রো পরমেশ্বরের উদ্দেশে হোম ও নৈবেদ্য করিল, এবং হারোণ্ ও ইস্রায়েল্ বংশের প্রাচীন লোকেরা আসিয়া পরমেশ্বরের সম্মুখে মূসার শ্বশুরের সহিত ভোজন করিল।

১৩ পরদিনে মূসা লোকদের বিচার করিতে বসিলে লোকেরা প্রাতঃকালাবধি সন্ধ্যাকাল পর্য্যন্ত তাহার ১৪ সম্মুখে দাঁড়াইল। পরে লোকদের বিষয়ে যাহা ২ করিল, মূসার শ্বশুর তাহা দেখিয়া কহিল, তুমি লোকদের সহিত কেমন ব্যবহার করিতেছ? তুমি একাকী কেন বৈস? ও সকল লোক প্রাতঃকালাবধি সন্ধ্যাকাল ১৫ পর্য্যন্ত তোমার নিকটে কেন দাঁড়ায়? তাহাতে মূসা আপন শ্বশুরকে কহিল, লোকেরা ঈশ্বরের বিচার ১৬ জিজ্ঞাসা করিতে আমার কাছে আইসে, ও তাহাদের কোন বিবাদ হইলে আমার কাছে আইসে, তাহাতে বাদির ও প্রতিবাদির * বিষয়ে আমি বিচার করি, এবং ঈশ্বরের বিধি ও ব্যবস্থা সকল তাহাদিগকে জ্ঞাত ১৭ করি। পরে মূসার শ্বশুর কহিল, তুমি যাহা কর, সে ভাল ১৮ নয়। তুমি ও তোমার সঙ্গি লোকেরা উভয়ই ক্ষীণ হইবা, কেননা এ কার্য্য তোমার ক্ষমতা হইতেও গুরুতর; তুমি ১৯ একাকী ইহা করিতে পার না। অতএব আমার কথায় মনোযোগ কর; আমি তোমাকে পরামর্শ দি, তাহাতে ঈশ্বর তোমার সহায় হইবেন, আর ঈশ্বরের সম্মুখে তুমি লোকদের পক্ষ হইয়া তাহাদের কথা ঈশ্বরের কাছে ২০ জানাও। এবং তুমি তাহাদিগকে বিধি ও ব্যবস্থার উপদেশ দেও ও তাহাদের গন্তব্য পথ ও কর্ত্তব্য কর্ম্ম ২১ দেখাও। তদ্ভিন্ন তুমি সকলের মধ্য হইতে কর্ম্মক্ষম মনুষ্যদিগকে অর্থাৎ ঈশ্বরের প্রতি ভয়কারি ও সত্যবাদি ও লোভ ঘৃণাকারি লোকদিগকে মনোনীত করিয়া লও, এবং তাহাদের উপরে সহস্রপতি ও শতপতি ও ২২ পঞ্চাশৎপতি ও দশপতি করিয়া নিযুক্ত কর। এবং তাহারা সর্ব্বকালে লোকদের বিচার করিবে; কিন্তু কোন মহাবিচার হইলে তোমার নিকটে আনিবে, ও ক্ষুদ্র বিচার সকল তাহারা করিবে; তাহাতে তাহারা তোমার সহিত ভার বহিলে তোমার কর্ম্ম লঘু হইবে। ২৩ তুমি যদি এমত কর, এবং ঈশ্বর তোমাকে এমত করিতে আজ্ঞা দেন, তবে তুমি সহিতে পারিবা, এবং এই সকল লোকেরাও কুশলে আপনাদের স্থানে গমন করিবে। ২৪ তাহাতে মূসা শ্বশুরের বাক্যে মনোযোগ করিয়া তাহার বাক্যানুসারে সকল কর্ম্ম করিল। ২৫ পরে মূসা তাবৎ ইস্রায়েল্ বংশহইতে কর্ম্মক্ষম মনুষ্যদিগকে মনোনীত করিয়া লোকদের মধ্যে প্রধান অর্থাৎ সহস্রপতি ও শতপতি ও পঞ্চাশৎপতি ও দশপতি করিয়া নিযুক্ত করিল। ২৬ তাহাতে তাহারা সর্ব্বকালে লোকদের বিচার করিত; কিন্তু কঠিন বিচার সকল মূসার কাছে আনিত, এবং আপনারা ক্ষুদ্র ২ কথার বিচার করিত। ২৭ পরে মূসা আপন শ্বশুরকে বিদায় করিলে সে স্বদেশে প্রস্থান করিল।

১৯ অধ্যায়।

১ লোকেরা সীনয় পর্ব্বতে উপস্থিত হইলে তাহাদের প্রতি ঈশ্বরের সম্বাদ ৭ ও লোকদের জন্যে মূসার ঈশ্বরের প্রতি উত্তর ১০ ও লোকদিগকে পবিত্র করিতে ও পর্ব্বত স্পর্শ না করিতে আজ্ঞা দেওন ১৪ ও লোকদের সাক্ষাতে পর্ব্বতের উপরে ঈশ্বরের আগমন।

১ ইস্রায়েল্ বংশ মিসর্দেশহইতে যে দিনে যাত্রা করিল, তিন মাসের পর সেই দিনে সীনয় প্রান্তরে উপস্থিত ২ হইল। তাহারা রিফীদীম্হইতে যাত্রা করিয়া সীনয় পর্ব্বতের প্রান্তরে উপস্থিত হইলে সেই প্রান্তরে শিবির স্থাপন করিল; ইস্রায়েল্ বংশ সেই পর্ব্বতের সম্মুখে ৩ শিবির স্থাপন করিল। পরে মূসা ঈশ্বরের নিকটে আরোহণ করিলে পরমেশ্বর পর্ব্বতহইতে তাহাকে ডাকিয়া কহিলেন, তুমি যাকূবের সন্তানগণকে এই কথা ৪ কহ, ও ইস্রায়েল্ বংশকে ইহা জ্ঞাত কর। আমি মিস্রিদের প্রতি যাহা করিলাম, এবং যেমন উৎক্রোশ পক্ষী পক্ষদ্বারা, তেমনি তোমাদিগকে বহিয়া আপনার ৫ নিকটে আনিলাম, তাহা তোমরা দেখিলা। এখন যদি তোমরা আমার কথা শুন ও আমার ব্যবস্থা পালন কর, তবে তাবৎ পৃথিবী আমার হইলেও তোমরা সকল ৬ লোক অপেক্ষা আমার বিশেষ অধিকার হইবা, এবং আমার নিমিত্তে যাজকদের এক বংশ ও পবিত্র জাতি হইবা; এই সকল কথা তুমি ইস্রায়েল্ বংশকে কহ।

৭ তখন মূসা আসিয়া তাহাদের প্রাচীনগণকে ডাকাইয়া পরমেশ্বরের আজ্ঞানুসারে এই সকল কথা তাহাদের সম্মুখে প্রস্তাব করিল। ৮ তাহাতে তাবৎ লোক এক সঙ্গে সকলেই স্বীকার করিয়া কহিল, পরমেশ্বর যে সকল কথা কহিলেন, তাহা আমরা করিব। ৯ তখন মূসা পরমেশ্বরের কাছে তাহাদের কথা নিবেদন

[৯,১০] আ ২৪; ২৬,২৭।।—[১১] যা ৭; ৫। ১৫; ১-১২।।—[১৩-২৬] গ ১১; ১১-১৭, ২৪-২৯। দ্বি ১; ৯-১৭।।—[১৯] ৪ ১৮; ১৫।।—[১৯ অধ্য; ২] যা ১৭; ১।।—[৪] দ্বি ৩২; ১১, ১২।।—[৫,৬] আ ১৭; ৭-৯। দ্বি ৭; ৬-১৩। ১০; ১২-২১। ১ পি ২; ৯। প্র ১; ৬।।—[৮] দ্বি ৫; ২৭-২৯।।—[৯] প ১৬। যো ৯; ২৯। ম ১৭; ৫। যো ১২; ২৭-৩০।।

* (ইব্রী) একের ও অন্যের।

করিলে পরমেশ্বর মূসাকে কহিলেন, আমি নিবিড় মেঘে তোমার নিকটে আসিয়া তোমার সহিত কথা কহিব; তাহা লোকেরা শুনিতে পাইয়া সর্ব্বদা তোমাতে প্রত্যয় করিবে; পরে মূসা লোকদের কথা পরমেশ্বরকে জ্ঞাত করিল।

১০ তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি লোকদের নিকটে যাইয়া অদ্য ও পরদিনে বস্ত্র ধৌত করাইয়া ১১ তাহাদিগকে পবিত্র করিয়া তৃতীয় দিনের জন্যে সকলে প্রস্তুত হও, কেননা তৃতীয় দিনে পরমেশ্বর সকল লোকের ১২ সাক্ষাতে সীনয়্ পর্ব্বতের উপরে নামিবেন। অতএব তুমি লোকদের চতুর্দ্দিগে সীমা নিরূপণ করিয়া এই কথা কহ, তোমরা পর্ব্বতারোহণে ও তাহার সীমা স্পর্শ করণে সাবধান হও, কেননা যে কেহ পর্ব্বত স্পর্শ করিবে, সে ১৩ অবশ্য হত হইবে। অতএব কেহ যেন তাহাতে হস্ত স্পর্শ না করে; যদি করে, তবে সে প্রস্তরাঘাতে অবশ্য হত হইবে, কিম্বা বাণদ্বারা বিদ্ধ হইবে; পশু হউক কি মনুষ্য হউক, সে কদাচ বাঁচিবে না; তূরী *বাজিলে তাহারা পর্ব্বতের নিকটে আসিবে।

১৪ পরে মূসা পর্ব্বতহইতে নামিয়া লোকদের নিকটে আসিয়া তাহাদিগকে পবিত্র করিল এবং তাহারা আপ- ১৫ নাদের বস্ত্র ধৌত করিল। পরে সে লোকদিগকে কহিল, তোমরা তৃতীয় দিনের জন্যে প্রস্তুত হও; আপন ২ ১৬ ভার্য্যার নিকটে যাইও না। পরে তৃতীয় দিনে প্রাতঃকাল হইলে মেঘগর্জ্জন ও বিদ্যুৎ ও পর্ব্বতের উপরে নিবিড় মেঘ ও অতিশয় উচ্চৈঃস্বরে তূরীধ্বনি হইতে লাগিল; ১৭ তাহাতে শিবিরের তাবৎ লোক কম্পান্বিত হইল। পরে মূসা ঈশ্বরের সহিত সাক্ষাৎ করাইতে লোকদিগকে শিবিরহইতে বাহির করিলে তাহারা পর্ব্বতের তলে ১৮ দাঁড়াইল। তখন সীনয়্ পর্ব্বত ধূমময় হইল; কেননা পরমেশ্বর তাহার উপরে অগ্নিতে নামিলেন, এবং চুলার ধূমের ন্যায় তাহাহইতে ধূম উঠিল, তাহাতে ১৯ সকল পর্ব্বত অতিশয় কাঁপিতে লাগিল। পরে ক্রমে ২ তূরীর শব্দ অতিশয় বৃদ্ধি পাইতে লাগিল; তখন মূসা কথা কহিলে ঈশ্বর আকাশবাণীতে তাহার ২০ উত্তর করিলেন। পরে পরমেশ্বর সীনয়্ পর্ব্বতের উপরে অর্থাৎ পর্ব্বত শৃঙ্গের উপরে নামিলে পর সেই স্থানে মূসাকে ডাকিলেন; তাহাতে মূসা আরোহণ ২১ করিল। তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, লোকেরা যেন পরমেশ্বরকে দেখিতে সীমা লংঘন না করে, ও তাহাদের অনেকে বিনষ্ট না হয়, এই জন্যে তুমি নামিয়া গিয়া লোকদিগকে বারণ কর। আর যে যাজক- ২২ গণ পরমেশ্বরের কাছে আইসে, তাহাদের উপরে তিনি যেন আক্রমণ না করেন, এই জন্যে তাহারা আপনাদিগকে পবিত্র করুক। তাহাতে মূসা পরমেশ্বরকে কহিল, ২৩ লোকেরা সীনয়্ পর্ব্বতে আরোহণ করিতে পারে না, কেননা পর্ব্বতের সীমা নিরূপণ কর, ও তাহা পবিত্র কর, তুমি আমাদিগকে এই আজ্ঞা দিয়াছ। তখন পরমে- ২৪ শ্বর তাহাকে কহিলেন, যাও, নাম, পরে তুমি হারোণের সহিত আরোহণ কর, কিন্তু যাজকগণের ও লোকদের উপরে পরমেশ্বর যেন আক্রমণ না করেন, এই জন্যে তাহারা তাঁহার নিকটে আসিতে সীমা অতিক্রম না করুক। তখন মূসা লোকদের কাছে নামিয়া তাহা- ২৫ দিগকে সেই রূপ আজ্ঞা করিল।

২০ অধ্যায়।

১ দশ আজ্ঞার প্রথম ভাগ ১২ ও দশ আজ্ঞার দ্বিতীয় ভাগ ১৮ ও লোকদের ভয় ও তাহাদের প্রতি মূসার সান্ত্বনার কথা ২২ ও দেবপূজা নিষেধ ২৪ ও পরমেশ্বরের বেদি নির্ম্মাণ বিধি।

পরে ঈশ্বর এই সকল কথা কহিলেন, যিনি মিসর্‌দেশ ১ অর্থাৎ দাসত্বরূপ † গৃহহইতে তোমাদিগকে আনিয়া- ২ ছেন, তোমাদের সেই প্রভু পরমেশ্বর আমি।

আমার সাক্ষাতে তোমার আর কোন দেবতা না ৩ থাকুক। এবং তুমি আপনার নিমিত্তে কোন খোদিত ৪ প্রতিমার অর্থাৎ উপরিস্থ স্বর্গে কিম্বা নীচস্থ পৃথিবীতে কিম্বা পৃথিবীর নীচস্থ জলেতে স্থিত কোন বস্তুর মূর্ত্তি নির্ম্মাণ করিও না। এবং তাহাদিগকে প্রণাম করিও না, ও ৫ তাহাদের সেবাও করিও না; কেননা আমি তোমার প্রভু পরমেশ্বর জাজ্বল্যমান ঈশ্বর, এবং যে পিতৃ লোকেরা আমাকে ঘৃণা করে, তৃতীয় চতুর্থ পুরুষ পর্য্যন্ত তাহাদের সন্তানদের উপরে অধর্ম্মের প্রতিফলদাতা; কিন্তু ৬ যাহারা আমাতে প্রেম করে ও আমার আজ্ঞা পালন করে, তাহাদের সহস্র পুরুষ পর্য্যন্ত দয়াকারী। তুমি আপন প্রভু পরমেশ্বরের নাম নিরর্থক লইও না, ৭ কেননা যে কেহ তাঁহার নাম নিরর্থক লয়, পরমেশ্বর তাহাকে নিরপরাধী করিয়া গণনা করেন না। এবং ৮ বিশ্রাম দিনকে স্মরণ করিয়া পবিত্র কর। ছয় দিন শ্রম ৯ করিয়া ব্যবসায়াদি সমস্ত কর্ম্ম কর। কিন্তু সপ্তম দিনে ১০ অর্থাৎ তোমার প্রভু পরমেশ্বরের বিশ্রাম দিনে তুমি কি

[১১] প ১৬, ১৮ ।।—[১২, ১৩] ইব্রু ১২; ১৮-২৪ ।।—[১৪] প ১০ ।।—[১৫] প ১১ ; ১ শি ২১ ; ৪, ৫ ।।—[১৬-২০] দ্বি ৪; ১-১৩ । ৫ ; ৪, ৫, ২২-২৭ । ৩৩ ; ২ । গী ৬৮ ; ৭, ৮, ১৭ । ইব্রু ১২ ; ১৮-২৪ ।।—[১৯] প্রে ৭ ; ৩৭, ৩৮ ।।—[২১-২৪] প ১২ ; ১৩ ।। [২১] ১ শি ৬ ; ১৯ ।।—[২৩] প ১২ ।।

[২০ অধ্য ; ১-১৭] দ্বি ৫ ; ৬-২১ ।।—[২] দ্বি ৪ ; ৩২-৪০ । ৬ ; ২০-২৫ ।।—[৩] দ্বি ৬ ; ৪, ৫, ১২-১৮ ।।—[৪] দ্বি ৪ ; ১৫-১৯ । গী ১১৫ ; ৩-৮ । যিশ ৪৪ ; ৯-২০ ।।—[৫] যা ২৩ ; ২৪ । ৩৪ ; ১২-১৭ । দ্বি ৪ ; ২৪ । যি ২৩ ; ৭ । ২৪ ; ১৯, ২০ । যা ৩৪ ; ৬, ৭ ।।—[৬] গী ৮৯ ; ২৯-৩৪ । ১০৩ ; ১৭, ১৮ ।।—[৮-১১] যা ১৬ ; ২২-২৬ । আ ২ ; ১-৩ । যা ৩১ ; ১২-১৭ । যিশ ৫৮ ; ১৩ । মা ২ ; ২৭, ২৮ । যো ৫ ; ১৭ । ইব্রু ৪ ; ৪-১১ ।।

* (বা) শিংঘা। † (ইব্রু) দাসগণের।

তোমার পুত্র কি কন্যা কি দাস কি দাসী কি পশু কি দ্বারবর্ত্তি বিদেশী, কেহ কোন কার্য্য করিও না। ১১ কেননা পরমেশ্বর আকাশ ও পৃথিবী ও সমুদ্র ও তন্মধ্যস্থ তাবৎ বস্তুকে ছয় দিনে নির্ম্মাণ করিয়া সপ্তম দিনে বিশ্রাম করিলেন, এই নিমিত্তে পরমেশ্বর বিশ্রাম দিনকে বর দিয়া পবিত্র করিলেন।

১২ আর তুমি আপন পিতা মাতাকে সম্ভ্রম কর, তাহাতে তোমার প্রভু পরমেশ্বর তোমাকে যে দেশ দেন, সেই দেশে তোমার দীর্ঘকাল আয়ু হইবে। ১৩ নরহত্যা করিও না। ১৪ পরদার করিও না। ১৫ চুরি করিও না। ১৬ আপন প্রতিবাসির বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিও না। ১৭ আপন প্রতিবাসির গৃহে লোভ করিও না; এবং আপন প্রতিবাসির ভার্য্যাতে কি দাসেতে কি দাসীতে কি গোরুতে কি গাধাতে কি তোমার প্রতিবাসি লোকের কোন বস্তুতে লোভ করিও না।

১৮ তখন সকল লোক মেঘগর্জ্জন ও বিদ্যুৎ ও তূরীর শব্দ ও ধূমযুক্ত পর্ব্বত দেখিল, এবং দেখিলে পর পৃথক হইয়া দূরে দাঁড়াইল; ১৯ এবং মূসাকে কহিল, তুমি আমাদের সহিত কথা কহ, তাহা আমরা শুনিব; কিন্তু ঈশ্বর আমাদের সহিত কথা না কহুন, নতুবা আমরা মরিব। ২০ তাহাতে মূসা লোকদিগকে কহিল, ভয় করিও না; তোমাদের সম্মুখে যেন ঈশ্বরের প্রতি ভয় থাকে ও পাপ যেন না কর, এই জন্যে ঈশ্বর তোমাদের পরীক্ষা লইতে আইলেন। ২১ তখন লোকেরা দূরে দাঁড়াইয়া রহিল; কিন্তু যে স্থানে ঈশ্বর ছিলেন, মূসা সেই ঘোর অন্ধকারের নিকটে গমন করিল।

২২ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ বংশকে এই কথা কহ, আমি আকাশে থাকিয়া তোমাদের সহিত আলাপ কহিলাম, ইহা আপনারা দেখিলা। ২৩ অতএব তোমরা আমার সাক্ষাতে রূপ্যময়ী প্রতিমা করিও না, এবং আপনাদের নিমিত্তে স্বর্ণময়ী প্রতিমাও করিও না।

২৪ তুমি আমার নিমিত্তে মৃত্তিকার এক বেদি নির্ম্মাণ কর, এবং তাহার উপরে হব্যের ও মঙ্গলের নৈবেদ্য রাখ, এবং মেষগবাদি উৎসর্গ কর। আমি যে ২ স্থানে আপন নাম স্মরণ করাইব, সেই ২ স্থানে তোমার নিকটে আসিয়া তোমাকে আশীর্ব্বাদ করিব। ২৫ এবং যদি তুমি আমার নিমিত্তে প্রস্তরের বেদি নির্ম্মাণ কর, তবে খোদিত প্রস্তরেতে তাহা নির্ম্মাণ করিও না, কেননা তাহাতে অস্ত্রাঘাত করিলে সে অপবিত্র হইবে। ২৬ আর আমার বেদির উপরে যেন তোমার নগ্নতা দৃষ্ট না হয়, এই জন্যে তুমি তাহার উপরে সোপানদ্বারা উঠিও না।

২১ অধ্যায়।

১ দাসদের বিষয়ে ব্যবস্থা ৭ ও দাসীদের বিষয়ে ব্যবস্থা ১২ ও নরহত্যার কথা ১৬ ও নরচৌর্য্যের কথা ১৭ ও পিতামাতাকে শাপ দেওনের কথা ১৮ ও আঘাত বিষয়ের ব্যবস্থা ২০ ও দণ্ডদ্বারা দাস দাসীর প্রতি আঘাতের ব্যবস্থা ২২ ও গর্ব্ভবতীর প্রতি আঘাতের ব্যবস্থা ২৬ ও দাস দাসীর প্রতি প্রহারের ব্যবস্থা ২৮ ও গোরুর আঘাতের ব্যবস্থা ৩৩ ও খাতের বিষয়ে ব্যবস্থা ৩৫ ও গোরুর প্রতি আঘাতের ব্যবস্থা।

১ অপর তুমি তাহাদিগকে এই সকল ব্যবস্থা দেও। ২ কেহ ইব্রীয় দাস ক্রয় করিলে সে ছয় বৎসর সেবা করিয়া সপ্তম বৎসরে বিনা মূল্যে মুক্ত হইয়া প্রস্থান করিবে। ৩ সে যদি একাকী * আইসে, তবে একাকী * যাইবে; আর যদি বিবাহিত হইয়া আইসে, তবে তাহার স্ত্রীও তাহার সহিত বাহির হইবে। ৪ কিন্তু যদি তাহার প্রভু তাহার বিবাহ দিয়া থাকে, এবং সেই স্ত্রীহইতে পুত্র ও কন্যা জন্মিয়া থাকে, তবে ঐ স্ত্রী ও তাহার বালকগণ তাহার প্রভুর অধিকার হইবে, ও সে একাকী বাহির হইয়া যাইবে। ৫ কিম্বা আমি আপন প্রভুকে এবং স্ত্রী ও বালকগণকে বড় ভাল বাসি, আমি মুক্ত হইয়া যাইব না, এমত কথা যদি ঐ দাস স্পষ্টরূপে বলে †, ৬ তবে সেই প্রভু তাহাকে বিচারকর্ত্তার নিকটে লইয়া যাইবে, এবং তাহাকে দ্বারের কিম্বা পার্শ্বস্থ কাষ্ঠের নিকটে আনিয়া তাহার প্রভু গুঁজিদ্বারা তাহার কর্ণে ছিদ্র করিবে; তাহাতে তাহাকে চিরকাল সেবা করিতে হইবে।

৭ আর কেহ যদি আপন কন্যাকে দাস্যক্রিয়া করাইতে বিক্রয় করে, তবে সে দাসগণের ন্যায় মুক্তা হইতে পারিবে না। ৮ আর যদ্যপি তাহার প্রভু তাহাকে বিবাহ করিতে প্রতিজ্ঞা করিলেও তাহার প্রতি অসন্তুষ্ট ‡ হয়, তবে সে তাহাকে মুক্ত হইতে দিবে; কিন্তু তাহার প্রতি প্রবঞ্চনা করাতে অন্য জাতিদের কাছে বিক্রয় করণের অধিকার পাইবে না। ৯ কিম্বা সে প্রভু যদি আপন পুত্রের সহিত তাহার বিবাহ দিতে প্রতিজ্ঞা করে, তবে সে তাহার প্রতি কন্যার ন্যায় ব্যবহার করিবে। ১০ কিম্বা সে যদি অন্য স্ত্রীর সহিত তাহাকে বিবাহ দেয়, তথাপি তাহার অন্ন ও বস্ত্রের এবং স্ত্রী পুরুষের ব্যবহারের ত্রুটি করিতে পারিবে না। ১১ যদ্যপি এই তিন কর্ম্মের ত্রুটি করে, তবে সে দাসী বিনা মূল্যে মুক্তা হইয়া যাইবে।

১২ আর কেহ যদি প্রহার করিতে ২ কোন মনুষ্যকে বধ করে, তবে সে বধ্য হইবে। ১৩ যদি সে মারিতে গুপ্ত হইয়া না থাকে, কিন্তু তাহার হস্তদ্বারা দৈবাৎ§ তাহার

[১২] য ১৫; ৪। ইফ ৬; ২॥—[১৩] য ৫; ২১, ২২। ১ যো ৩; ১৪, ১৫॥—[১৪] য ৫; ২৭, ২৮॥—[১৫] ইফ ৪; ২৮॥
[১৬] দ্বি ১৯; ১৬-২১॥—[১৭] রো ৭; ৭। ১ শি ১৬; ৭॥—[১৮-২১] দ্বি ৫; ৪, ৫, ২২-২৭। যা ১৯; ১৬-২৫॥
[১৯] ইব্রু ১২; ১৯, ২০॥—[২২, ২৩] দ্বি ৪; ১৫-১৯॥—[২৪] যা ২৭; ১, ৮॥—[২৫] দ্বি ২৭; ৫, ৬॥—[২৬] যা ২৮; ৪২, ৪৩॥
[২১ অধ্য; ২] দ্বি ১৫; ১২-১৫, ১৮। লে ২৫; ৩৯-৪২॥—[৫, ৬] দ্বি ১৫; ১৬, ১৭॥—[৬] গী ৪০; ৬॥—[১২] আ ৯; ৬॥

* (ইব্রু) স্বশরীরেতে। † (ইব্রু) বলিয়া বলিবে। ‡ (ইব্রু) সে তাহার দৃষ্টিতে মন্দা। § (ইব্রু) ঈশ্বর তাহার হস্তে সমর্পণ করেন।

মৃত্যু হয়, তবে যে স্থানে পলাইতে পার, এমত স্থান ১৪ তোমার নিমিত্তে নিরূপণ করিব। কিন্তু কেহ কপটতা করিয়া আপন প্রতিবাসিকে প্রহার করিতে দুঃসাহস করিলে তাহাকে বধ করিতে আমার বেদির নিকট- ১৫ হইতেও লইয়া যাইবা। এবং কেহ আপন পিতাকে কিম্বা মাতাকে প্রহার করিলে সেও বধ্য হইবে।

১৬ আর কেহ মনুষ্যকে চুরি করিয়া বিক্রয় করিলে যদি তাহার অধিকারে তাহাকে পাওয়া যায়, তবে তাহারও প্রাণদণ্ড হইবে।

১৭ কেহ আপন পিতাকে কি মাতাকে শাপ দিলে সে বধ্য হইবে।

১৮ আর বিবাদ করিয়া এক জন অন্যকে * প্রস্তরাঘাত কিম্বা মুষ্ট্যাঘাত করিলে, সে যদি না মরিয়া শয্যাগত ১৯ হইয়া পশ্চাৎ উঠিয়া যষ্টি অবলম্বন করিয়া বেড়ায়, তবে সে প্রহারক মুক্তি পাইবে; কিন্তু তাহার কর্ম্ম ক্ষতির † ও চিকিৎসার ব্যয় তাহাকে দিতে হইবে।

২০ আর কেহ আপন দাসকে কিম্বা দাসীকে যষ্টিদ্বারা প্রহার করিলে সে যদি তাহার হস্তদ্বারা মরে, তবে সে ২১ অবশ্য দণ্ডনীয় ‡ হইবে। কিন্তু এক কিম্বা দুই দিন সে যদি বাঁচে, তবে সে দণ্ডার্হ হইবে না, কেননা সে মূল্যদ্বারা ক্রীত আছে।

২২ আর কেহ বিবাদ করিয়া কোন গর্ব্ভবতী স্ত্রীকে প্রহার করিলে যদি তাহার গর্ব্ভপাত হয়, কিন্তু পরে আর কোন আপত্তি না হয়, তবে সে ঐ স্ত্রীর স্বামির অভি- প্রায়ানুসারে দণ্ডিত হইয়া বিচারকর্ত্তাদের সাক্ষাতে ২৩ দণ্ডের অর্থ দিবে। কিম্বা যদি কোন আপত্তি ঘটে, ২৪ তবে তাহার প্রাণের পরিশোধে প্রাণ, ও চক্ষুর পরি- শোধে চক্ষু, ও দন্তের পরিশোধে দন্ত, ও হস্তের ২৫ পরিশোধে হস্ত, ও চরণের পরিশোধে চরণ, ও দাহ- নের পরিশোধে দাহন, ও ক্ষতের পরিশোধে ক্ষত, ও প্রহারের পরিশোধে প্রহার দণ্ড হইবে।

২৬ আর কেহ আপন দাস কিম্বা দাসীর চক্ষুতে আঘাত করিলে যদি তাহা নষ্ট হয়, তবে তাহার চক্ষুনাশের ২৭ জন্যে তাহাকে মুক্তি দিতে হইবে। এবং আঘাতদ্বারা আপন দাস কিম্বা দাসীর দন্ত ভগ্ন করিলে পর ঐ দন্তের জন্যে তাহাকে মুক্ত করিতে হইবে।

২৮ আর গোরু কোন পুরুষ কিম্বা স্ত্রীকে শৃঙ্গাঘাত করিলে সে যদি মরে, তবে ঐ গোরু প্রস্তরদ্বারা বধ্য হইবে, এবং তাহার মাংস অখাদ্য হইবে; কিন্তু ২৯ গোরুর স্বামী দণ্ডার্হ হইবে না। ঐ গোরু পূর্ব্বে শৃঙ্গা- ঘাত করিলে যদি তাহার স্বামিকে ইহার প্রমাণ দত্ত হয় এবং সে তাহাকে বন্ধন না করাতে কোন পুরুষকে কিম্বা স্ত্রীকে বধ করে, তবে সে গোরু প্রস্তরদ্বারা বধ্য হইবে; এবং তাহার স্বামীও বধ্য হইবে। ৩০ যদ্যপি তাহার প্রাণের নিমিত্তে প্রায়শ্চিত্ত নিরূপিত হয়, তবে সে প্রাণ মুক্তির নিমিত্তে তাবৎ নিরূপিত ৩১ মূল্য দিবে। সে গোরু যদি কাহারো পুত্রকে কি কন্যাকে শৃঙ্গাঘাত করে, তবে ঐ বিধি অনুসারে তাহার দণ্ড ৩২ হইবে। আর সে গোরু যদি কাহারো দাস কিম্বা দাসীকে শৃঙ্গাঘাত করে, তবে সে তাহাদের প্রভুকে ত্রিশ শেকল্ রূপা দিবে, কিন্তু গোরু প্রস্তরদ্বারা বধ্য হইবে।

৩৩ আর কেহ যদি গর্ত্ত খুদে, এবং গর্ত্ত খনন করিয়া তাহার আচ্ছাদন না করে, তবে তাহার মধ্যে কোন গোরু ৩৪ কিম্বা গাধা পড়িলে সেই গর্ত্তের স্বামী তাহাদের স্বামিকে রূপ্য মূল্য দিবে, কিন্তু ঐ মৃত পশু তাহার হইবে।

৩৫ আর এক লোকের গোরু অন্য লোকের গোরুকে শৃঙ্গাঘাত করিলে সে যদি মরে, তবে তাহারা জীবৎ গোরুকে বিক্রয় করিয়া তাহার মূল্য দুই অংশ করিবে, ৩৬ এবং ঐ মৃত গোরু দুই অংশ করিয়া লইবে। কিন্তু গোরু পূর্ব্বে শৃঙ্গাঘাত করিত, ইহার যদি প্রমাণ হয়, তথাপি তাহার স্বামী তাহাকে না বাঁধে, তবে সে তাহার পরিবর্ত্তে অন্য গোরু দিবে, কিন্তু ঐ মৃত গোরু তাহার হইবে।

২২ অধ্যায়।

১ চৌর্য্য বিষয়ে ব্যবস্থা ৫ ও হানি করণ বিষয়ে ব্যবস্থা ৭ ও সমর্পিত বস্তু বিষয়ে ব্যবস্থা ১০ ও সমর্পিত পশু বিষয়ে ব্যবস্থা ১৪ ও ঋণের বিষয়ে ব্যবস্থা ১৬ ও ব্যভিচারি বিষয়ে ব্যবস্থা ১৮ ও ডাইনীর বিষয়ে ব্যবস্থা ১৯ ও পশু শৃঙ্গার বিষয়ে ব্যবস্থা ২০ ও দেবপূজা বিষয়ে ব্যবস্থা ২১ ও বিদেশী ও বিধবা ও পিতৃহীনের বিষয়ে ব্যবস্থা ২৫ এবং ঋণ ও বন্ধক বিষয়ে ব্যবস্থা ২৮ ও বিচারকর্ত্তাদের বিষয়ে ব্যবস্থা ২৯ ও প্রথমজাত ফলের বিষয়ে ব্যবস্থা ৩১ ও ছিন্ন মাংস ভোজনের নিষেধ।

১ আর কেহ গোরু কিম্বা মেষ § চুরি করিয়া বধ কিম্বা বিক্রয় করিলে এক গোরুর পরিশোধে পাঁচ গোরু ও এক মেষের পরিশোধে চারি মেষ তাহাকে দিতে ২ হইবে। আর চোর সিঁধ কাটিয়া ধরা পড়িলে কেহ যদি তাহাকে বধ করে, তবে সে নরহত্যা পাপী ৩ হইবে না। কিন্তু যদি সূর্য্যোদয় হইলে বধ করে, তবে সে নরহত্যা পাপী হইবে, আর চোর পরিশোধ করিবে; কিন্তু যদি তাহার হস্তে কিছু না থাকে, তবে ৪ চৌর্য্য হেতুক সে বিক্রীত হইবে। এবং গোরু কিম্বা গর্দ্দভ কিম্বা মেষাদি চৌর্য্য বস্তু যদি চোরের হস্তে জীবৎ পাওয়া যায়, তবে তাহাকে তাহার দ্বিগুণ দিতে হইবে।

৫ আর কেহ যদি অন্যের ক্ষেত্র কিম্বা দ্রাক্ষাক্ষেত্র গোরুকে খাওয়ায়, এবং আপন পশু ছাড়িয়া দিলে

[১৩, ১৪] দ্বি ১৯; ১-১৩ ॥—[১৪] ১ রা ২; ২৮-৩৪ ॥—[১৬] দ্বি ২৪; ৭। ১ তী ১; ১০ ॥—[১৭] লে ২০; ৯। ও ৩০; ১৭ ॥ [২৩-২৫] লে ২৪; ১৯, ২০। দ্বি ১৯; ১৬-২১। ম ৫; ৩৮, ৩৯ ॥—[২৮-২৯] আ ৯; ৫, ৬ ॥—[৩২] সিখ ১১; ১২, ১৩। ম ২৬; ১৫ ॥—[২২ অধ্যা; ৪] প ১, ৭॥

* (বা) প্রতিবাসিকে। † (ইব্রী) বিশ্রামের। ‡ (ইব্রী) প্রতিফলপ্রাপ্ত। § (বা) ছাগ।

সে যদি অন্যের ক্ষেত্রে চরে, তবে সে জন তাহার পরিবর্ত্তে আপন ক্ষেত্রের উত্তম শস্য কিম্বা আপন দ্রাক্ষাক্ষেত্রের উত্তম ফল তাহাকে দিবে।

৬ আর কেহ কণ্টকবনে অগ্নি লাগাইলে যদি কাহারো ধান্যরাশি কিম্বা বর্দ্ধমান শস্য কিম্বা ক্ষেত্র দগ্ধ হয়, তবে সেই দগ্ধকারী অবশ্য তাহার মূল্য দিবে।

৭ আর কেহ মুদ্রা কিম্বা কোন দ্রব্য আপন প্রতিবাসির স্থানে গচ্ছিত রাখিলে তাহা যদি তাহার গৃহহইতে কেহ চুরি করে, এবং সেই চোর ধরা পড়ে, তবে সে ৮ তাহার দ্বিগুণ দিবে। কিম্বা যদি চোর ধরা না পড়ে, তবে গৃহস্বামী প্রতিবাসির দ্রব্যে হাত দিয়াছে কি না, তাহা জানিতে সে বিচারকর্ত্তার সাক্ষাতে আনীত ৯ হইবে। এবং বিশ্বাসঘাতকতার বিষয়ে, ফলতঃ গোরু কিম্বা গর্দ্দভ কিম্বা মেষ কিম্বা বস্ত্রাদি যে কোন হারান বস্তুর বিষয়ে যদি কেহ কহে, উহা আমার; তবে উভয়ের কথা বিচারকর্ত্তার নিকটে উপস্থিত হইলে বিচারকর্ত্তা যাহাকে দোষী করে, সে আপন প্রতিবাসিকে তাহার দ্বিগুণ দিবে।

১০ আর কেহ আপন গর্দ্দভ কিম্বা গো কিম্বা মেষ কিম্বা কোন পশু প্রতিবাসির স্থানে প্রতিপালনার্থে রাখিলে যদি সকলের অসাক্ষাতে সে পশু মরে কিম্বা হিংসিত ১১ হয় কিম্বা তাড়িত হয়, তবে আমি প্রতিবাসির দ্রব্যেতে হস্তার্পণ করি নাই, ইহা বলিয়া এক জন অন্যের কাছে পরমেশ্বরের নামে দিব্য করিবে; তাহাতে তাহার স্বামী সেই দিব্য গ্রাহ্য করিবে, এবং পরিশোধ ১২ পাইবে না। কিন্তু যদি তাহার নিকটহইতে কেহ চুরি করে, তবে তাহার স্বামিকে তাহার মূল্য দিতে ১৩ হইবে। কিম্বা যদি পশু বিদীর্ণ হয়, তবে সে তাহার প্রমাণ দেখাইয়া সেই বিদীর্ণ পশুর মূল্য দিবে না।

১৪ আর কেহ যদি আপন প্রতিবাসির পশু চাহিয়া লয়, ও তাহার স্বামী তাহার সহিত না থাকাতে তাহার হানি কিম্বা মৃত্যু হয়, তবে সে নিতান্ত তাহার মূল্য ১৫ দিবে। কিন্তু যদি তাহার স্বামী তাহার কাছে থাকে, তবে তাহার মূল্য সে দিবে না, কেননা সে ভাড়াটিয়া পশু ভাড়ার জন্যে আসিয়াছে।

১৬ আর কেহ যদি অবাগ্দত্তা কন্যাকে ভোগা দিয়া তাহার সহিত শয়ন করে, তবে তাহাকে কন্যাপণ ১৭ দিয়া বিবাহ করিতে হইবে। আর যদি তাহার সহিত বিবাহ দিতে তাহার পিতার সম্মতি না থাকে, তবে কন্যাপণের ব্যবস্থানুসারে তাহাকে রূপ্য দিতে * হইবে।

১৮ আর ডাইনীকে জীবৎ রাখিও না।

১৯ পশুর সহিত শৃঙ্গারকারী অবশ্য বধ্য হইবে।

২০ যে জন কেবল পরমেশ্বর বিনা কোন দেবতার কাছে বলিদান করে, সে ঘোরতর দণ্ড পাইবে।

২১ তুমি বিদেশিকে ক্লেশ দিও না ও তাহার প্রতি উপদ্রব করিও না, কেননা তুমিও মিসর্দেশে বিদেশী ২২ ছিলা। আর তুমি কোন বিধবাকে কিম্বা পিতৃহীন ২৩ বালককে ক্লেশ দিও না। তাহাদিগকে কোন মতে ক্লেশ দিলে তাহারা যদি আমার নিকটে প্রার্থনা করে, তবে ২৪ আমি অবশ্য তাহাদের প্রার্থনা শুনিব। এবং আমার ক্রোধ প্রজ্বলিত হইলে আমি তোমাদিগকে খড্গদ্বারা মারিব, তাহাতে তোমাদের ভার্য্যা সকল বিধবা হইবে ও সন্তানগণ পিতৃহীন হইবে।

২৫ আর তুমি যদি আমার লোকদের মধ্যে তোমার প্রতিবাসি কোন দরিদ্রকে ঋণ দেও, তবে তাহার কাছে সুদগ্রাহকের ন্যায় হইও না ও তাহাহইতে সুদ লইও ২৬ না। আর যদ্যপি তুমি আপন প্রতিবাসির বস্ত্র বন্ধক রাখ, ২৭ তবে সূর্য্যাস্তের পূর্ব্বে তাহাকে ফিরিয়া দেও। কেননা তাহা তাহার আচ্ছাদন বস্ত্র ও তাহার গাত্র আচ্ছাদক হয়; সে কাহাতে শয়ন করিবে? এবং সে যদি আমার কাছে প্রার্থনা করে, তবে আমি দয়ালুতা প্রযুক্ত তাহা শুনিব।

২৮ আর বিচারকর্ত্তাকে নিন্দা করিও না, এবং লোকদের শাসনকর্ত্তাকে শাপ দিও না।

২৯ আর তোমার প্রথম পক্কফল ও দ্রাক্ষারস নিবেদন করিতে বিলম্ব করিও না, এবং তোমার প্রথমজাত পুত্রগণকে আমাকে দেও। ৩০ এবং আপন গো ও মেষগণকে লইয়া সেই রূপ কর, সে সাত দিন আপন মাতার সহিত থাকিবে, অষ্টম দিনে তুমি তাহা আমাকে দেও।

৩১ তোমরা আমার পবিত্র লোক হইবা; ক্ষেত্রেতে বিদীর্ণ মাংস খাইও না; তাহা কুক্কুরদের কাছে ফেলিয়া দেও।

২৩ অধ্যায়।

১ অপবাদের কথা ২ ও অন্যায়ের কথা ৪ ও উপকারের কথা ৬ ও ন্যায় করণের কথা ৮ ও উৎকোচের কথা ৯ ও বিদেশির কথা ১০ ও ভূমি বিষয়ের কথা ১২ ও বিশ্রাম বারের কথা ১৩ ও দেবপূজার কথা ১৪ ও বৎসরে তিন উৎসবের কথা ১৮ ও বলিদানের কথা ২০ ও অগ্রগামি দূতের কথা ২৬ ও আশীর্ব্বাদের কথা।

১ তুমি কাহারো মিথ্যা অপবাদ গ্রাহ্য করিও না, ও মিথ্যা সাক্ষী হইয়া দুষ্টের সহায়তা করিও না।

২ তুমি দুষ্ট কর্ম্ম করিতে বহু লোকের পশ্চাদ্বর্ত্তী হইও না, এবং অন্যায় করণার্থে বহু লোকের পক্ষ হইয়া ৩ প্রতিবাদ করিও না। দরিদ্রের নিমিত্তেও বিচারে পক্ষপাত করিও না।

[১১] ইব্রু ৬; ১৬॥—[১৬] দ্বি ২২; ২৮, ২৯॥—[১৮] লে ২০; ২৭॥—[১৯] লে ২০; ১৫, ১৬॥—[২০] দ্বি ১৩; ১-১৬। ১৭; ২-৭॥—[২১] যা ২৩; ৯। লে ১৯; ৩৩, ৩৪॥—[২৫] লে ২৫; ৩৫-৩৮। দ্বি ২৩; ১৯, ২০॥—[২৬, ২৭] দ্বি ২৪; ১০-১৩॥ [২৭] গী ৩৪; ৬॥—[২৮] প্রে ২৩; ৫॥—[২৯] যা ২৩; ১৬, ১৯॥—[২৯, ৩০] যা ১৩; ১১-১৫॥—[৩০] লে ২২ ২৭॥ [৩১] যা ১৯; ৬। লে ১১; ৪৪, ৪৫। ২২; ৮। দ্বি ১৪; ২১॥

* (ইব্রু) তৌল করিতে।

৪ তুমি শত্রুর গো কিম্বা গর্দ্দভকে অন্যত্র যাইতে ৫ দেখিলে অবশ্য তাহার নিকটে লইয়া যাইবা। আর তুমি আপন ঘৃণাকারির গর্দ্দভকে ভারের নীচে পতিত দেখিলে তাহার উপকার করিতে অসম্মত না হইয়া অবশ্য তাহার সঙ্গে তাহার উপকার করিবা *।

৬ বিচারে দরিদ্রের প্রতি অন্যায় করিও না। এবং ৭ মিথ্যাবিষয়হইতে দূরে থাক, এবং নির্দ্দোষকে ও ধার্ম্মিককে নষ্ট করিও না, কেননা আমি দুষ্টকে নির্দ্দোষ করিব না।

৮ তুমি উৎকোচ গ্রহণ করিও না, কেননা উৎকোচদ্বারা জ্ঞানিরাও অন্ধ হয় ও ধার্ম্মিকদেরও বাক্যের অন্যথা হয়।

৯ আর বিদেশির প্রতি উপদ্রব করিও না, কেননা তোমরা মিসরদেশে বিদেশী হইয়া বিদেশির অন্তঃকরণের ভাব জ্ঞাত আছ।

১০ আর তুমি আপন ভূমিতে ছয় বৎসর পর্য্যন্ত বীজ ১১ বপন কর ও তাহাহইতে শস্য সংগ্রহ কর। কিন্তু সপ্তম বৎসরে তাহাকে বিশ্রাম দেও ও ক্ষান্ত রাখ; তাহাতে তোমার দরিদ্রগণ খাইতে পাইবে, ও তাহাদের ভোজনাবশিষ্ট বন পশুরা খাইবে, এবং তোমার দ্রাক্ষাক্ষেত্র ও জিত বৃক্ষের প্রতিও সেইরূপ কর।

১২ এবং তুমি ছয় দিন আপন কর্ম্ম করিয়া সপ্তম দিনে বিশ্রাম কর; তাহাতে তোমার গো ও গর্দ্দভ সকলে বিশ্রাম পাইবে, এবং তোমার দাসীপুত্র ও বিদেশিগণ বিশ্রাম পাইবে।

১৩ আমি তোমাদিগকে যাহা ২ কহিলাম, তদ্বিষয়ে সাবধান হও; অন্য দেবগণের নাম স্মরণ করাইও না, তোমাদের মুখহইতেও তাহার উচ্চারণ † না হউক্।

১৪ আর তুমি বৎসরের মধ্যে তিন বার আমার উদ্দেশে ১৫ উৎসব করিও। তাড়ীশূন্য রুটীর উৎসব পালন করিও, এবং আমার আজ্ঞানুসারে আবীব্ মাসের নিরূপিত সময়ে সাত দিন তাড়ীশূন্য রুটী ভোজন করিও, কেননা সেই সময়ে তুমি মিসরদেশহইতে মুক্তি পাইয়াছ; এবং কেহ রিক্ত হস্তে আমার নিকটে উপস্থিত না হউক।

১৬ ক্ষেত্রেতে যাহা ২ বুনিয়াছ, তাহার প্রথম সংগৃহীত ফলের উৎসব করিও; এবং বৎসরের শেষ ভাগে ক্ষেত্রহইতে ফল সংগ্রহ করিয়া ফল সঞ্চয়ের উৎসব ১৭ করিও। এবং তোমার তাবৎ পুংজাতি বৎসরের মধ্যে তিন বার প্রভু পরমেশ্বরের সাক্ষাতে আসিবে।

১৮ আর তুমি আমার প্রতি তাড়ীযুক্ত রুটীর সহিত বলির ‡ রক্তনিবেদন করিও না; এবং বলির ‡ মেদ ১৯ প্রাতঃকাল পর্য্যন্ত না থাকুক। এবং তোমার ক্ষেত্রের প্রথমজাত উত্তম ফল তোমার প্রভু পরমেশ্বরের গৃহে আনিও; এবং ছাগবৎসের মাংস তাহার মাতৃদুগ্ধেতে পাক করিও না।

২০ দেখ, আমি পথে তোমাকে রক্ষা করিতে এবং আপন প্রস্তুত স্থানের মধ্যে তোমাকে প্রবেশ করাইতে ২১ তোমার অগ্রে ২ এক দূতকে প্রেরণ করিতেছি। কিন্তু তাহাহইতে সাবধান, তাহার কথা শুনিও, এবং তাহার ক্রোধ জন্মাইও না; কেননা তাহাতে আমার নাম ২২ থাকাতে সে তোমাদের দোষ ক্ষমা করিবে না। আর তুমি যদি নিতান্ত তাহার কথা শুন, এবং যাহা ২ কহি, তাহা ২ কর, তবে আমি তোমার শত্রুদের শত্রু ২৩ ও বৈরিদের বৈরি হইব §। তাহাতে আমার দূত তোমার অগ্রে ২ যাইয়া ইমোরীয় ও হিত্তীয় ও পিরিষীয় ও কিনানীয় ও হিব্বীয় ও যিবূষীয়দের দেশে তোমাকে আনয়ন করিবে, এবং আমি তাহাদিগকে ২৪ উচ্ছিন্ন করিব। আর তুমি তাহাদের দেবগণকে প্রণাম করিও না, এবং তাহাদের সেবা করিও না ও তাহাদের ক্রিয়ার ন্যায় ক্রিয়া করিও না, কিন্তু তাহাদিগকে নির্মূলে উৎপাটন করিও এবং তাহাদের প্রতিমাগণকে ভাঙ্গিয়া ২৫ ফেলিও। তোমরা আপনাদের প্রভু পরমেশ্বরের সেবা কর; তাহাতে তিনি তোমাদের অন্ন ও জলের প্রতি আশীর্ব্বাদ করিবেন, এবং আমি তোমাদের হইতে রোগ দূর করিব।

২৬ তোমার দেশে কাহারো গর্ভপাত হইবে না এবং কেহ বন্ধ্যা হইবে না; আমি তোমার আয়ুর পরিমাণ ২৭ পূর্ণ করিব। এবং তোমার অগ্রে আমাবিষয়ক ভয় প্রেরণ করিব; এবং তুমি যে সকল লোকদের নিকট উপস্থিত হইবা, তাহাদিগকে ভয় দেখাইব, ও তোমার ২৮ শত্রুগণকে বিমুখ করিব ‖। আমি তোমার অগ্রে২ ভিমরুলগণকে পাঠাইলে তাহারা হিব্বীয় ও কিনানীয় ও ২৯ হিত্তীয়দিগকে তোমার সম্মুখহইতে খেদাইয়া দিবে। কিন্তু দেশ যেন শূন্য না হয়, ও তোমার বিরুদ্ধে বিস্তর বন্য পশু যেন না হয়, এই জন্যে আমি এক বৎসরে তোমার সম্মুখহইতে তাহাদিগকে খেদাইয়া ৩০ দিব না। তুমি যে পর্য্যন্ত প্রফুল্ল হইয়া দেশ অধিকার না কর, তাবৎ তোমার সম্মুখহইতে তাহাদিগকে ক্রমে ২

[২৩ অধ্যা; ৪, ৫] দ্বি ২২; ১-৪। ইও ২৫; ২১,২২। ম ৫; ৪৩-৪৭ ॥—[৬] যিশ ১০; ১-৩ ॥—[৭] প ১ ॥—[৯] যা ২২; ২১ ॥—[১০,১১] লে ২৫; ১-৭,২০-২২ ॥—[১২] যা ২০; ৮-১১। যা ২; ২৭ ॥—[১৩] যি ২৩; ৬-৮ ॥—[১৫] যা ১২; ১-২৭, ৪২-৪৯। দ্বি ১৬; ১৬,১৭ ॥—[১৬] লে ২৩; ৯-৪৪। দ্বি ১৬; ৯-১৫ ॥—[১৭] দ্বি ১৬; ১৬ ॥—[১৮] লে ২; ১১ ॥ [১৯] লে ২৩; ৯-১৪ ॥—[২০-২৩] যা ৩৩,১-৩,১৪ ॥—[২১] আ ৩২; ২৯,৩০। ১ ক ১০; ৪। যো ৫; ২২,২৩ ॥—[২২] দ্বি ৭; ১১-২৪ ॥—[২৪] যা ৩৪; ১১-১৭। দ্বি ৭; ১-৫,২৫,২৬ ॥—[২৫,২৬] লে ২৬; ৩-১৩। দ্বি ২৮; ১-১৪। ৭; ১২-১৫ ॥—[২৬] যিশ ৬৫; ২০ ॥—[২৭-৩৩] দ্বি ৭; ১৬-২৪। ১১; ২২-২৫ ॥—[২৭] যা ১৫; ১৪-১৬ ॥

* (বা) তাহাকে কখন ছাড়িবা না, কিন্তু তাহার সহিত তাহার বন্ধন খুলিবা। † (ইব্রু) শ্রবণ। ‡ (বা) উৎসবের। § (বা) ক্লেশকারিকে ক্লেশ দিব। ‖ (ইব্রু) গ্রীবা ফিরাইব।

৩১ খেদাইয়া দিব। এবং সূফ্ সাগর অবধি পিলেষ্টীয় সমুদ্র পর্য্যন্ত, এবং প্রান্তর অবধি ও ফরাৎ নদী পর্য্যন্ত তোমার সীমা নিরূপণ করিব; আমি সেই দেশ নিবাসিদিগকে তোমার হস্তে সমর্প্পণ করিলে তুমি আপন ৩২ সম্মুখহইতে তাহাদিগকে খেদাইয়া দিবা। কিন্তু তাহাদের কিম্বা তাহাদের দেবগণের সহিত কোন নিয়ম ৩৩ স্থির করিও না। তাহারা তোমার দেশে বাস করিবে না, নতুবা তাহারা আমার বিরুদ্ধে তোমাকে পাপ করাইবে; কেননা তুমি যদি তাহাদের দেবগণকে সেবা কর, তবে তাহারা অবশ্য তোমার ফাঁদস্বরূপ হইবে।

২৪ অধ্যায়।

১ পর্ব্বতারোহণ করিতে মূসাকে ডাকন ৩ ও আজ্ঞা বহন করিতে লোকদের স্বীকার ও মূসার বেদি ও দশ স্তম্ভ নির্ম্মাণ করণ ৯ ও ঈশ্বরের তেজঃ প্রকাশ করণ ১২ ও মূসার হারোণকে ও হূরকে নিযুক্ত করণ ও পর্ব্বতে আরোহণ করিয়া চল্লিশ দিবারাত্রি থাকন।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ও হারোণ্ ও নাদব্ ও অবীহূ ও ইস্রায়েল্ বংশের প্রাচীনদের সত্তরি জন তোমরা উঠিয়া পরমেশ্বরের নিকটে আসিয়া ২ দূরে থাকিয়া তাঁহার ভজনা কর। কেবল মূসা পরমেশ্বরের নিকটে আসিবে, কিন্তু তাহারা নিকটে আসিবে না, এবং লোকেরা তাহার সহিত পর্ব্বত আরোহণ করিবে না।

৩ তখন মূসা আসিয়া পরমেশ্বরের ঐ সকল কথা ও বিধি লোকদিগকে কহিলে সকল লোক এক বাক্য হইয়া উত্তর করিল, পরমেশ্বর যে সকল কথা কহিলেন, আমরা ৪ তাহা পালন করিব। পরে মূসা পরমেশ্বরের তাবৎ কথা লিখিল, এবং প্রত্যূষে উঠিয়া পর্ব্বতের তলে এক যজ্ঞবেদি ও ইস্রায়েলের দ্বাদশ বংশানুসারে দ্বাদশ ৫ স্তম্ভ নির্ম্মাণ করিল। অপর সে ইস্রায়েল্ বংশের যুবগণকে পাঠাইলে তাহারা পরমেশ্বরের নিকটে গিয়া হোম করিল, এবং মঙ্গলার্থে গো বলিদান করিল ৬ তখন মূসা রক্ত লইয়া তাহার অর্দ্ধেক পাত্রেতে ৭ রাখিল, এবং অর্দ্ধেক বেদির উপরে ছিটাইল। এবং নিয়ম পুস্তক লইয়া লোকদের কর্ণগোচরে পাঠ করিল; তাহাতে তাহারা কহিল, পরমেশ্বর যাহা আজ্ঞা করি- ৮ লেন, তাহা পালন করিব। পরে মূসা সেই রক্ত লইয়া লোকদের উপরে ছিটাইয়া কহিল, দেখ, পরমেশ্বর তোমাদের সহিত এই সকল বাক্য বিষয়ে যে নিয়ম করিলেন, সেই নিয়মের এই রক্ত।

৯ তখন মূসা ও হারোণ্ ও নাদব্ ও অবীহূ ও ইস্রায়েল্ ১০ বংশের সত্তরি প্রাচীন লোক উঠিয়া গিয়া ইস্রায়েলের ঈশ্বরকে দর্শন করিল, এবং তাঁহার চরণ তলে নীলকান্ত মণিতে খচিত স্থান ও নির্ম্মলতাতে আকাশের ১১ সমান স্থান ছিল। তথাপি তিনি ইস্রায়েল্ বংশের অধ্যক্ষগণের বিরুদ্ধে হস্ত বিস্তার করিলেন না, কিন্তু তাহারা ঈশ্বরকে দর্শন করিয়া ভোজন পান করিল।

১২ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি আমার নিকটে পর্ব্বতে আরোহণ করিয়া সেই স্থানে থাক, এবং আমি আপন প্রস্তরে লিখিত ব্যবস্থা ও আজ্ঞা তোমাকে দি, তুমি লোকদিগকে তাহার শিক্ষা দেও। ১৩ পরে মূসা ও তাহার সেবক যিহোশূয় উঠিলে মূসা ১৪ ঈশ্বরের পর্ব্বতের উপরে আরোহণ করিল। এবং প্রাচীনদিগকে কহিল, আমরা যদবধি তোমাদের নিকটে ফিরিয়া না আসি, তাবৎ তোমরা এই স্থানে থাক; দেখ, হারোণ্ ও হূর্ তোমাদের কাছে আছে, কাহারো কোন বিবাদের কথা উপস্থিত হইলে সে ১৫ তাহাদের কাছে যাউক। পরে মূসা পর্ব্বতে উঠিলে ১৬ মেঘদ্বারা পর্ব্বত আচ্ছন্ন হইল। তাহাতে সীনয় পর্ব্বতের উপরে পরমেশ্বরের তেজ থাকিল; সেখানে ছয় দিন মেঘাচ্ছন্ন থাকিলে পর সপ্তম দিনে তিনি ১৭ মেঘের মধ্যহইতে মূসাকে ডাকিলেন। তাহাতে ইস্রায়েল্ বংশের দৃষ্টিতে পর্ব্বত শৃঙ্গে পরমেশ্বরের তেজ ১৮ জ্বলদগ্নির ন্যায় প্রকাশিত হইল। এবং মূসা মেঘের মধ্যে প্রবেশ করিয়া পর্ব্বতের উপরে উঠিয়া সেই পর্ব্বতে চল্লিশ দিবারাত্রি বাস করিল।

২৫ অধ্যায়।

১ আবাস নির্ম্মাণ করিতে পরমেশ্বরের আজ্ঞা ১০ ও সিন্দুকের কথা ১৭ ও আবরণ পাত্রের কথা ২৩ ও মেজ ও দর্শন রুটির কথা ৩১ ও দীপ বৃক্ষের কথা।

১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে আমার নিমিত্তে নৈবেদ্য আনিতে *কহ; তাহাতে যে প্রত্যেক জন স্বেচ্ছাতে মনের সহিত তাহা দেয়, ৩ তাহাহইতে আমার সেই নৈবেদ্য গ্রহণ করিও। এবং স্বর্ণ ৪ ও রূপ্য ও পিত্তল এবং নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও সিন্দূর- ৫ বর্ণ সূক্ষ্ম বস্ত্র ও ছাগ লোম ও রক্তবর্ণ মেষচর্ম্ম ও তহ- ৬ শের চর্ম্ম ও শিটীম্কাষ্ঠ এবং দীপার্থ তৈল ও অভি- ৭ ষেকার্থ তৈল ও সুগন্ধিধূপের নিমিত্তে গন্ধদ্রব্য এবং সূর্য্যকান্ত মণি এবং এফোদের ও বুকপাটার কারণ খচনীয় প্রস্তর, এই সকল নৈবেদ্য তাহাদের হইতে গ্রহণ

[২৩; ৩১] আ ১৫; ১৮॥—[৩২, ৩৩] প ২৪॥—[২৪ অধ্য; ১] যা ৬; ২৩। ১৮; ২১, ২৫। গ ১১; ১৬॥—[২] যা ১৯; ৯॥—[৩] ১৯; ৮॥—[৪] ১৭; ১৪। যি ৪; ৮,৯॥—[৬-৮] ইব্রু ৯; ১৮-২০॥—[৭] প ৩। যা ১৯; ৮॥—[৮] ইব্রু ৯; ১১-১৫। য ২৬; ২৭,২৮॥—[৯] প ১,২॥—[১০,১১] যা ৩৩; ১৯-২৩॥—[১০] প্র ৪; ৩,৬॥—[১১] যা ১৯; ২১। বি ১৩; ২২,২৩॥—[১২] ৩১; ১৮। দ্বি ৪; ১৩,১৪। ৫; ২২॥—[১৩-১৮] দ্বি ৯; ৯-১১॥—[১৫] যা ১৯; ৯,১৬॥—[১৬] ১৬; ১০॥—[১৭] ১৯; ১৮। দ্বি ৪; ২৪। ইব্রু ১২; ২৯॥—[১৮] প ১৩। যা ৩৪; ২৮॥

[২৫ অধ্য; ১-৭] যা ৩৫; ৪-২৯। ৩৬; ৪-৭॥—[১] ২ ক ৯; ৬,৭॥

* (ইব্রু) নিবেদনীয় দ্রব্য গ্রহণ করিতে।

৮ করিবা। আর তাহারা আমার নিমিত্তে এক পবিত্র স্থান নির্ম্মাণ করুক; তাহাতে আমি তাহাদের মধ্যে বাস ৯ করিব। আমি তোমাকে যাহা যাহা অর্থাৎ আবাসের আকার ও তাহার সকল পাত্রের আকার দেখাই,তদনুসারে তোমরা তাহা প্রস্তুত করিবা।

১০ অপর তাহারা আড়াই হস্ত দীর্ঘ ও দেড় হস্ত প্রস্থ ও দেড় হস্ত উচ্চ শিটীম্ কাষ্ঠের এক সিন্দুক নির্ম্মাণ ১১ করিবে। পরে তুমি নির্ম্মল সুবর্ণদ্বারা তাহা মুড়াইবা; তাহার ভিতরেও বাহিরে ও মুড়াইবা এবং তাহার উপরে ১২ চতুর্দ্দিগে স্বর্ণের নিকাল করিবা।এবং তাহার কারণ সুবর্ণের চারি কড়া ছাঁচে তুলিয়া তাহার চারি কোণে দিবা; ১৩ তাহার এক পার্শ্বে দুই কড়া, ও অন্য পার্শ্বে দুই কড়া থাকিবে। আর তুমি শিটীম কাষ্ঠের সাইঙ্গ করিয়া তাহা ১৪ স্বর্ণেতে মুড়িবা। এবং সিন্দুক বহনার্থে সিন্দুকের দুই ১৫ পার্শ্বস্থ কড়াতে ঐ সাইঙ্গ প্রবেশ করাইবা। এবং সেই সাইঙ্গ সিন্দুকের কড়াতে থাকিবে; তাহাহইতে খোলা ১৬ যাইবে না। এবং আমি তোমাকে যে সাক্ষ্যপত্র দিব, তাহা ঐ সিন্দুকের মধ্যে রাখিবা।

১৭ পরে তুমি নির্ম্মল স্বর্ণদ্বারা আড়াই হস্ত দীর্ঘ ও দেড় ১৮ হস্ত প্রস্থ এক আবরণ নির্ম্মাণ করিবা। ও সেই আবরণের দুই মুড়াতে স্বর্ণ পিটাইয়া দুই কিরূব্ ১৯ প্রস্তুত করিবা। ঐ আবরণের দুই মুড়াতে,দুই কিরূব্ প্রস্তুত করিলে এক কিরূব্ এক মুড়াতে, ও অন্য কিরূব্ ২০ অন্য মুড়াতে রাখিবা। এবং কিরূবদের পক্ষ ঊর্দ্ধেতে বিস্তারিত হইয়া আবরণকে আচ্ছাদন করিবে, এবং তাহাদের মুখ পরস্পর সম্মুখে থাকিবে, কিন্তু তাহা- ২১ দের মুখের দৃষ্টি আবরণের প্রতি থাকিবে। তুমি এই আবরণ সেই সিন্দুকের উপরে রাখিবা, এবং আমি তোমাকে যে সাক্ষ্যপত্র দিব, তাহা ঐ সিন্দুকের ২২ মধ্যে রাখিবা। আর আমি সেই স্থানে তোমার সহিত সাক্ষাৎ করিব, এবং ইস্রায়েল্ বংশের বিষয়ে তোমাকে যে আজ্ঞা করিব, তাহার সাক্ষ্য বিশিষ্ট সিন্দুকের উপরিস্থ আবরণোপরি স্থিত দুই কিরূবের মধ্যহইতে তোমার সঙ্গে আলাপ করিব।

২৩ তদনন্তর তুমি শিটীম্কাষ্ঠদ্বারা দুই হস্ত দীর্ঘ ও এক হস্ত প্রস্থ ও দেড় হস্তঊর্দ্ধ এক মেজ নির্ম্মাণ করিয়া ২৪ নির্ম্মল স্বর্ণেতে তাহা মুড়িবা, এবং তাহার চতুর্দ্দিগে ২৫ স্বর্ণের নিকাল করিবা। এবং তাহার চতুর্দ্দিগে চতুরঙ্গুলি উচ্চ এক পীঠ করিবা এবং ঐ পীঠের চতুর্দ্দিগে স্বর্ণ ২৬ নিকাল করিবা। এবং স্বর্ণ নির্ম্মিত চারি কড়া করিয়া ২৭ তাহার চারি পদের উপরিস্থ কোণে রাখিবা। ঐ কড়াতে মেজ বহনার্থে সাইঙ্গ রাখিতে তাহা পীঠের নিকটে ২৮ থাকিবে। এবং ঐ মেজ বহনার্থে শিটীম্কাষ্ঠদ্বারা সাইঙ্গ নির্ম্মাণ করিয়া তাহা স্বর্ণে মুড়িবা। ২৯ এবং ভোজন পাত্র ও চমস ও আচ্ছাদন পাত্র ও ঢালিবার জন্যে পাত্র নির্ম্মাণ করিবা, এই সকল নির্ম্মল স্বর্ণদ্বারা নির্ম্মাণ ৩০ করিবা। এবং তুমি মেজের উপরে আমার সম্মুখে নিত্য ২ দর্শনরুটি রাখিবা।

৩১ পরে তুমি স্বর্ণ পিটাইয়া এক দীপবৃক্ষ প্রস্তুত কর; তাহাতে কাণ্ড ও শাখা ও গোলাধার ও কলিকা ও পুষ্প ৩২ থাকিবে, ফলতঃ তাহার পার্শ্বের এক দিগহইতে তিন শাখা ও অন্য দিগহইতে তিন শাখা, ছয় শাখা তাহা- ৩৩ হইতে নির্গত হইবে। তাহার এক শাখাতে বাদাম্ পুষ্পাকৃতি তিন গোলাধার ও এক কলিকা ও এক পুষ্প থাকিবে, এবং অন্য শাখাতে বাদাম পুষ্পাকৃতি তিন গোলাধার ও এক কলিকা ও এক পুষ্প থাকিবে; এই- ৩৪ রূপে ঐ দীপবৃক্ষহইতে ছয় শাখা নির্গত হইবে। ঐ দীপ- বৃক্ষেতে বাদাম পুষ্পাকৃতি চারি গোলাধার ও কলিকা ৩৫ ও পুষ্প থাকিবে। এবং ঐ দীপবৃক্ষের যে ছয় শাখা নির্গতা হয়, তাহাদের দুই শাখার নীচে এক কলিকা, ও অন্য দুই শাখার নীচে এক কলিকা, ও অন্য দুই ৩৬ শাখার নীচে এক কলিকা থাকিবে। এবং কলিকা ও শাখা তাহার অংশ হইবে, এবং সকলি পিটান ৩৭ নির্ম্মল স্বর্ণদ্বারা নির্ম্মিত হইবে। আর তাহার সাত প্রদীপ নির্ম্মাণ করিবা; তাহাতে লোকেরা সেই প্রদীপ ৩৮ জ্বালাইলে* তাহার সম্মুখে আলো হইবে। এবং নির্ম্মল স্বর্ণদ্বারা দীপ ছেদনের কাঁচি ও তাহার পাত্র নির্ম্মাণ ৩৯ করিবা। কিন্তু এই দীপবৃক্ষ সর্ব্বশুদ্ধ এক তালান্ত ৪০ পরিমিত স্বর্ণদ্বারা নির্ম্মিত হইবে। সাবধান, পর্ব্বতে তোমাকে যে ২ রূপ দেখান গেল,সেই রূপ সকলি কর।

২৬ অধ্যায়।

১ আবাসের ব্যবধানবস্ত্রের কথা ৭ ও আবাসের আচ্ছাদনার্থে ছাগলোমজাত বস্ত্রের কথা ১৫ ও আবাসের তক্তার কথা ২৬ ও বাতার কথা ৩১ ও আবাস ভেদক বিচ্ছেদবস্ত্রের কথা।

১ পরে তুমি পাকান সূত্রদ্বারা নীল ও ধূম্র ও রক্তবর্ণ দশ ব্যবধানবস্ত্রদ্বারা এক আবাস প্রস্তুত কর; তাহাতে ২ বিচিত্র কিরূব্গণের আকৃতি থাকিবে। ঐ প্রত্যেক ব্যবধানবস্ত্র আটাইশ হস্ত দীর্ঘ ও চারি হস্ত প্রস্থ, সকলের ৩ এক পরিমাণ হইবে। এবং একত্র পাঁচ ব্যবধানবস্ত্র পরস্পর যোগ থাকিবে, এবং অন্য পাঁচ ব্যবধান- ৪ বস্ত্র পরস্পর যোগ থাকিবে। এবং এক ব্যবধান-

[৮] যা ১৫; ২। ২৯; ৪২-৪৬॥—[৯] প ৪০। ইব্রু ৮; ৫॥—[১০-১৬] যা ৩৭; ১-৫। ১ রা ৮; ৬,৮॥—[১৬] যা ৩১; ১৮॥—[১৭-২০] ৩৭; ৬-৯॥—[২০] ১ রা ৮; ৭॥—[২১] প ১৬। যা ২৫; ৩৪। ১ রা ৮; ৯॥—[২২]যা ২৯; ৪২,৪৩। লে ১৬; ২। গ ৭; ৮৯। ২ শি ৬; ২॥—[২৩-৩০]যা ৩৭; ১০-১৬॥—[৩০] লে ২৪; ৫-৯॥—[৩১-৩৯] যা ৩৭; ১৭-২৪। সিখ ৪; ২। প্র ১; ১২,১৩॥—[৩৭-৪০] গ ৮; ১-৪॥—[৩৭] যা ২৭; ২০,২১॥—[৪০] প ৯। ইব্রু ৮; ৫॥
[২৬ অধ্যা; ১-৬] যা ৩৬; ৮-১৩॥

* (বা) স্থাপন করিলে।

বস্ত্রের অন্তে যোড়ের মুখে যেমন নীলবর্ণ ঘুন্টিঘরা থাকিবে, তেমনি অন্য ব্যবধানবস্ত্রের অন্তে যোড়ের ৫ মুখেও থাকিবে। প্রথম ব্যবধানবস্ত্রের অন্তে পঞ্চাশ ঘুন্টিঘরা করিবা, এবং যোগ করণার্থে অন্য ব্যবধানবস্ত্রের অন্তে পঞ্চাশ ঘুন্টিঘরা করিবা; তাহাতে উভয় ৬ ঘুন্টিঘরাদ্বারা একত্র বদ্ধ হইবে। এবং পঞ্চাশ স্বর্ণ ঘুন্টি করিয়া পরস্পর ঘুন্টিতে ব্যবধানবস্ত্র সকল বদ্ধ করিবা; তাহাতে এক আবাস প্রস্তুত হইবে।

৭ আর ঐ আবাসের উপরে আচ্ছাদনের নিমিত্তে ছাগলোমজাত একাদশ ব্যবধানবস্ত্র প্রস্তুত করিবা। ৮ তাহার প্রত্যেকের দীর্ঘতা ত্রিশ হস্ত ও প্রস্থতা চারি হস্ত; এই একাদশ ব্যবধানবস্ত্র এক পরিমাণ হইবে। ৯ পরে পাঁচ ব্যবধানবস্ত্র পরস্পর যোড়া দিয়া এক স্থানে রাখিবা; এবং অন্য ছয় ব্যবধানবস্ত্র অন্য স্থানে রাখিবা, এবং ঐ ছয় ব্যবধানবস্ত্র দোহারা করিয়া ১০ তাম্বুর সম্মুখে রাখিবা। এবং প্রথম ব্যবধানবস্ত্রের অন্তে যোড়ের মুখে পঞ্চাশ ঘুন্টিঘরা করিবা, এবং উভয়ে যোড়া দিতে দ্বিতীয় ব্যবধানবস্ত্রের অন্তে যোড়ের ১১ মুখেও পঞ্চাশ ঘুন্টিঘরা করিবা। পরে পিত্তলের পঞ্চাশ ঘুন্টি করিয়া ঘুন্টিঘরাতে তাহা প্রবেশ করাইয়া আবাসের বস্ত্র একত্র করিবা; তাহাতে তাহা এক তাম্বু ১২ হইবে। ঐ তাম্বুর ব্যবধানবস্ত্রের যে অংশ, অর্থাৎ যে অর্দ্ধ ব্যবধানবস্ত্র আবাসের অবশিষ্ট থাকিবে, তাহা ১৩ পশ্চাৎ পার্শ্বে লম্বমান থাকিবে। এবং তাম্বুর ব্যবধানবস্ত্রের দীর্ঘতার যে অংশ এ পার্শ্বে এক হস্ত ও পার্শ্বে এক হস্ত অতিরিক্ত থাকিবে, তাহা আবাসের এ দিগে ও ১৪ দিগে আচ্ছাদনার্থে ঝুলিয়া থাকিবে। পরে তুমি মেষের রক্তীকৃত চর্ম্মেতে তাম্বুর এক আচ্ছাদন করিবা, এবং তাহার উপরে তহশের চর্ম্মেতে এক আচ্ছাদন করিবা।

১৫ পরে তুমি আবাসের নিমিত্তে শিটীম্ কাষ্ঠের উচ্চ- ১৬ স্থায়ি তক্তা প্রস্তুত করিবা। ঐ তক্তা দশ হস্ত দীর্ঘ ও ১৭ দেড় হস্ত প্রস্থ হইবে। তাহার সম্মুখাসম্মুখি দুই পদ করিবা; এইরূপে আবাসের সকল তক্তা প্রস্তুত করিবা। ১৮ এবং আবাসের নিমিত্তে তক্তা করিবা, অর্থাৎ দক্ষিণ ১৯ দিগে দক্ষিণ পার্শ্বের নিমিত্তে বিংশতি তক্তা। এবং সেই বিংশতি তক্তার নীচে চল্লিশ রূপার চুঙ্গি করিবা; এক তক্তার নীচে তাহার দুই পদের নিমিত্তে দুই চুঙ্গি, এবং অন্য ২ তক্তার নীচেও তাহাদের দুই ২ পদের ২০ নিমিত্তে দুই ২ চুঙ্গি হইবে। এবং আবাসের অন্য পার্শ্বের নিমিত্তে উত্তর দিগে বিংশতি তক্তা হইবে। ২১ এক তক্তার নীচে দুই চুঙ্গি ও অন্য ২ তক্তার নীচেও ২২ দুই ২ চুঙ্গি; তাহাতে চল্লিশ রূপার চুঙ্গি হইবে। এবং আবাসের পশ্চিম পার্শ্বের নিমিত্তে ছয় খান তক্তা দিবা। ২৩ এবং আবাসের পশ্চাৎ ভাগের দুই কোণে দুই খান তক্তা দিবা। ২৪ এবং তাহার নীচে যোড় দিবা, এবং সেইরূপ তাহার মাতায় এক বলয়েতে যুড়িবা; এইরূপে তাহা উভয়ের জন্যে হইবে; তাহা দুই ২ কোণের নিমিত্তে হইবে। ২৫ তাহাতে তাহার তক্তা আটখান হইবে, ও তাহার রূপার চুঙ্গি ষোলখান হইবে; এক তক্তার নীচে দুই চুঙ্গি ও অন্য ২ তক্তার নীচে দুই ২ চুঙ্গি হইবে।

২৬ আর তুমি শিটীম্ কাষ্ঠের বাতা প্রস্তুত করিয়া আবাসের এক পার্শ্বের তক্তাতে পাঁচ বাতা, ২৭ ও অন্য পার্শ্বের তক্তাতে পাঁচ বাতা, এবং আবাসের পশ্চিম পার্শ্বের তক্তার পশ্চাৎভাগে পাঁচ বাতা দিবা। ২৮ এবং মধ্যস্থ বাতা তক্তার এক মুড়া অবধি অন্য মুড়া পর্য্যন্ত উপস্থিত হইবে। ২৯ এবং ঐ তক্তা স্বর্ণেতে মুড়িবা, এবং বাতার স্থানে বাতা রাখিবার জন্যে স্বর্ণ কড়া করিবা, এবং বাতা স্বর্ণ দিয়া মুড়িবা। ৩০ এইরূপে পর্ব্বতে তোমাকে যে আবাসের আকার দেখান গেল, তদনুসারে তাহা প্রস্তুত করিবা।

৩১ আর তুমি নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ পাকান সূত্রের দ্বারা এক বিচ্ছেদবস্ত্র প্রস্তুত করিবা; তাহাতে বিচিত্র কিরূবগণের আকৃতি থাকিবে। ৩২ এবং তাহা স্বর্ণেতে মুড়িয়া শিটীম্ কাষ্ঠের চারি স্তম্ভের উপরে খাটাইবা, এবং রূপার চারি চুঙ্গি ও উপরে স্বর্ণের আঁকড়া থাকিবে। ৩৩ এবং ঘুন্টির নীচে বিচ্ছেদবস্ত্র টাঙ্গাইয়া সে বস্ত্রের মধ্যে সাক্ষ্যরূপ সিন্দুক আনিবা; তাহাতে সে বিচ্ছেদবস্ত্র পবিত্র স্থানের ও অতিপবিত্র স্থানের মধ্যে ভেদক হইবে। ৩৪ এবং সাক্ষ্যরূপ সিন্দুকের উপরে অতিপবিত্র স্থানে আবরণ রাখিবা। ৩৫ বিচ্ছেদবস্ত্রের বাহিরে মেজ রাখিবা, ও আবাসের দক্ষিণ দিগে মেজের সম্মুখে দীপবৃক্ষ রাখিবা; এবং উত্তর দিগে মেজ রাখিবা। ৩৬ এবং আবাসের দ্বারের নিমিত্তে নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ পাকান সূত্র নির্ম্মিত চিত্র বিচিত্র এক আচ্ছাদনবস্ত্র করিবা। ৩৭ ঐ আচ্ছাদনবস্ত্রের নিমিত্তে শিটীম্ কাষ্ঠের পাঁচ স্তম্ভ নির্ম্মাণ করিবা, এবং তাহা স্বর্ণে মুড়িয়া স্বর্ণদ্বারা তাহার আঁকড়া করিবা, এবং তাহার নিমিত্তে পিত্তলের পাঁচ চুঙ্গি করিবা।

২৭ অধ্যায়।

১ বেদি নির্ম্মাণের বিধি ৯ ও আবাসের প্রাঙ্গনের কথা ১৮ ও প্রাঙ্গনের পরিমাণ ২০ ও তৈলের বিধি।

১ অপর তুমি শিটীম্ কাষ্ঠদ্বারা পাঁচ হস্ত দীর্ঘ ও পাঁচ হস্ত প্রস্থ ও তিন হস্ত উচ্চ চতুষ্কোণ এক বেদি নির্ম্মাণ করিবা। ২ এবং তাহার চারি কোণের উপরে চূড়া করিবা, এবং সেই চূড়া বেদির একাংশ হইবে, এবং তাহা পিত্তলেতে মুড়িবা। ৩ এবং ভস্ম রাখিবার এক ভস্মাধার

[৭-১৩] যা ৩৬; ১৪-১৮ ॥—[১৪] ৩৬; ১৯ ॥—[১৫-২৯] ৩৬; ২০-৩৪ ॥—[৩০] ২৫; ৯, ৪০ ॥—[৩১,৩২] ৩৬; ৩৫, ৩৬ ॥—[৩৩]২৫; ১৬-২২। লে ১৬; ২। ইব্রি ৯; ৩, ৮। মথি২৭; ৫১। ইব্রি ১০; ১৯-২২ ॥—[৩৪]যা ২৫; ২১ ॥—[৩৫] ৪০; ২২-২৫ ॥—[৩৬,৩৭] ৩৬; ৩৭, ৩৮ ॥

[২৭ অধ্য; ১-৮] যা ৩৮; ১-৭। যিহি ৪৩; ১৩-১৭ ॥

করিবা, এবং তাহার হাতা ও কুণ্ড ও ত্রিশূল ও অগ্নি-
৪ পাত্র করিবা; এই সকল পিত্তলদ্বারা করিবা। এবং
জালের ন্যায় পিত্তলের এক ঝাজরী করিবা, এবং
তাহার উপরে চারি কোণে চারি কড়া প্রস্তুত করিবা।
৫ এই সকল বেদির বেড়ের নীচে রাখিবা, এবং ঝাজরী
৬ অধো অবধি বেদির মধ্য পর্য্যন্ত থাকিবে। আর বেদির
নিমিত্তে শিটীম্ কাষ্ঠের সাইঙ্গ করিবা, এবং এই সকল
৭ পিত্তলে মুড়িবা। এবং তাহা বহনার্থে বেদির দুই
৮ পার্শ্বের উপরে কড়ার মধ্যে ঐ সাইঙ্গ দিবা। এবং
তাহা তক্তাদ্বারা ফাঁপা করিবা; এই পর্ব্বতে তোমাকে
যাহা ২ দেখান গেল, সেইরূপ করিবা।

৯ আর আবাসের প্রাঙ্গণ করিয়া তাহার দক্ষিণ-
দিগে পাকান সূত্র নির্ম্মিত ব্যবধানবস্ত্র দিবা; তাহার
১০ এক দিগের দীর্ঘতা এক শত হস্ত হইবে। তাহার
বিংশতি স্তম্ভ ও পিত্তলের বিংশতি চুঙ্গি হইবে, এবং
১১ স্তম্ভের আঁকড়া ও শলাকা রূপার হইবে। তদ্ভিন্ন উত্তর
পার্শ্বে এক শত হস্ত দীর্ঘ ব্যবধানবস্ত্র হইবে, এবং তাহার
বিংশতি স্তম্ভ ও পিত্তলের বিংশতি চুঙ্গি হইবে;
এবং স্তম্ভের আঁকড়া ও শলাকা রূপ্যেতে হইবে।
১২ আর প্রাঙ্গণের প্রস্থতার নিমিত্তে পশ্চিম দিগে পঞ্চাশ
হস্ত ব্যবধানবস্ত্র ও তাহার দশ স্তম্ভ ও দশ চুঙ্গি
১৩ করিবা। এবং প্রাঙ্গণের প্রস্থতা পূর্ব্বদিগে পঞ্চাশ হস্ত
১৪ হইবে। এবং এক দিগে পোনের হস্ত ব্যবধানবস্ত্র
১৫ ও তিন স্তম্ভ ও তিন চুঙ্গি হইবে। এবং অন্য দিগেও
পোনের হস্ত ব্যবধানবস্ত্র ও তিন স্তম্ভ ও তিন চুঙ্গি
১৬ হইবে। আর প্রাঙ্গণের দ্বারের নিমিত্তে নীলবর্ণ ও
ধূম্রবর্ণ ও রক্তবর্ণ এবং পাকান সূত্রেতে শিল্প কর্ম্ম
বিশিষ্ট বিংশতি হস্ত এক আচ্ছাদনবস্ত্র, ও চারি স্তম্ভ
১৭ ও চারি চুঙ্গি হইবে। এবং প্রাঙ্গণের চতুর্দ্দিগস্থিত
স্তম্ভ সকল রূপাতে মণ্ডিত হইবে, ও তাহার আঁকড়া
রূপ্যময় ও চুঙ্গি পিত্তলময় হইবে।

১৮ প্রাঙ্গণ এক শত হস্ত দীর্ঘ ও সর্ব্বত্র পঞ্চাশ হস্ত প্রস্থ
ও পাঁচ হস্ত উচ্চ, এবং সকল পাকান সূত্রেতে কৃত, ও
১৯ তাহার পিত্তলের চুঙ্গি হইবে। এবং আবাসের তাবৎ
সেবা বিষয়ক পাত্র ও খিল ও প্রাঙ্গণের সকল খিল
পিত্তলময় হইবে।

২০ আর নিত্য ২ প্রদীপ জ্বালিয়া আলো করণার্থে
তোমার নিকটে নির্ম্মল ও আলোড়িত জিত তৈল আ-
২১ নিতে ইস্রায়েলের সন্তানগণকে কহিবা। এবং মণ্ডলীর
আবাসের সাক্ষ্যরূপ সিন্দুকের সম্মুখস্থিত বিচ্ছেদবস্ত্রের
বাহিরে হারোণ্ ও তাহার পুত্রগণ সন্ধ্যাবধি প্রাতঃকাল
পর্য্যন্ত পরমেশ্বরের সম্মুখে তাহার নিরূপণ করিবে, ও
ইস্রায়েল্ বংশের পুরুষানুক্রমে এই বিধি থাকিবে।

২৮ অধ্যায়।

১ হারোণ্ ও তাহার পুত্রদের বিষয়ে যাজকত্বপদ নিরূপণ
২ ও তাহাদের জন্যে পবিত্র বস্ত্রের নিরূপণ ৫ ও এফোদ্
বস্ত্রের কথা ১৫ ও বিচাররূপ বুকপাটার কথা ৩০ ও ঊরীম্
ও তুম্মীমের কথা ৩১ ও এফোদের নীলবর্ণ বস্ত্রের কথা ৩৬
ও উষ্ণীষের কথা ৩৯ ও ওড়নী ও উষ্ণীষ ও কটিবন্ধনের
কথা ৪০ ও হারোণ্ ও তাহার সন্তানদের বস্ত্রের কথা।

১ পরে তুমি ইস্রায়েল্ বংশের মধ্যহইতে আপন ভ্রাতা
হারোণ্কে ও তাহার সঙ্গে তাহার পুত্রগণকে অর্থাৎ
নাদব্কে ও অবীহূকে ও ইলীয়াসর্কে ও ঈথামরকে
আমার সম্মুখে যাজন কর্ম্ম করাইতে আপনার নিকটে
লইবা।

২ আপন ভ্রাতা হারোণের ঐশ্বর্য্যের ও শোভার
৩ নিমিত্তে পবিত্র বস্ত্র প্রস্তুত করিবা। আর আমি যাহা-
দিগকে বোধ শক্তিতে পূর্ণ করিলাম, সেই সকল বুদ্ধি-
মান লোকদিগকে আমার কাছে যাজন কর্ম্ম করণার্থে ও
হারোণ্কে পবিত্র করিতেও তাহার বস্ত্র প্রস্তুত করিতে
৪ আজ্ঞা দিবা। এবং বুকপাটা ও এফোদ্ ও পরিধেয়
ও বিচিত্র উড়নী ও উষ্ণীষ্ ও কটিবন্ধ, এই সকল বস্ত্র
তাহারা প্রস্তুত করিবে; এবং আমার সাক্ষাতে যাজন
কর্ম্মের জন্যে তোমার ভ্রাতা হারোণের ও তাহার পুত্র-
গণের নিমিত্তে তাহারা পবিত্র বস্ত্র প্রস্তুত করিবে।

৫ অপর তাহারা স্বর্ণজরি এবং নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও
৬ রক্তবর্ণ পাকান সূত্র লইবে, এবং সে স্বর্ণজরি ও নীল-
বর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ পাকান সূত্রেতে ও শিল্প
৭ কর্ম্মেতে এফোদ বস্ত্র প্রস্তুত করিবে। এবং তাহার
৮ দুই স্কন্ধে ও দুই পার্শ্বে তাহা যুক্ত হইবে, এবং এফো-
দের বন্ধনার্থে যে চিত্রিত কর্ম্ম থাকে, তাহা তদ্-
বস্ত্রানুসারেই হইবে, ফলতঃ স্বর্ণেতে এবং নীলবর্ণ ও
৯ ধূম্রবর্ণ ও রক্তবর্ণ পাকান সূত্রেতে হইবে। পরে তুমি
দুই হারৎমণি লইয়া তাহার উপরে ইস্রায়েল্ বংশের
১০ নাম খুদিবা। এবং তাহাদের জাত্যনুসারে এক মণির
উপরে ছয় নাম, ও অন্য মণির উপরে অবশিষ্ট ছয়
১১ নাম খুদিবা। এবং মণির উপরে শিল্পকর্ম্ম ও মুদ্রা-
খুদনের ন্যায় ইস্রায়েল্ বংশের নাম খুদিবা, এবং
১২ তাহা স্বর্ণস্থালীতে বদ্ধ করিবা। এবং ইস্রায়েল্ বংশের
স্মরণ করাইবার জন্যে তুমি সে দুই মণি এফোদ্ বস্ত্রের
১৩ উপরিভাগে রাখিবা; তাহাতে হারোণ্ স্মরণার্থে
পরমেশ্বরের সম্মুখে আপনার দুই স্কন্ধে তাহাদের
১৪ নাম বহিবে। এবং তুমি স্বর্ণস্থালী করিবা; তাহার অগ্রে
নির্ম্মল স্বর্ণদ্বারা পাকান দুই শৃঙ্খল করিয়া সেই পাকান
শৃঙ্খল স্থালীতে বদ্ধ করিবা।

১৫ এবং শিল্প কর্ম্মেতে বিচাররূপ বুকপাটা করিবা,
অর্থাৎ এফোদের কর্ম্মানুসারে স্বর্ণ ও নীলবর্ণ ও ধূম্রবর্ণ
ও রক্তবর্ণ পাকান সূত্র দ্বারা তাহা প্রস্তুত করিবা।
১৬ তাহা চতুষ্কোণ ও দোহারা হইবে; তাহার
১৭ দীর্ঘতা এক বিঘত ও প্রস্থতা এক বিঘত হইবে। এবং

[৮] যা ২০; ২৪। ২৬; ৩০॥—[৯-১৮] ৩৮; ৯-১৯॥—[২০, ২১] লে ২৪; ১-৪॥—[২১] যা ২৬; ৩৫॥
[২৮ অধ্যা; ২] সিথ ৩; ৩-৯॥—[৬-৮] যা ৩৯; ২-৫॥—[৯-১২] ৩৯; ৬, ৭॥—[১২] প ২৩॥—[১৩-২১] যা ৩৯; ৮-২১॥

তাহা চারি পঙ্ক্তি মণিতে খচিত করিবা, তাহার প্রথম পঙ্ক্তিতে চুনী ও পদ্মরাগ ও তাম্রমণি, এই প্রথম পঙ্ক্তি। ১৮ দ্বিতীয় পঙ্ক্তিতে মরকত ও নীলকান্ত ও হীরক। ১৯ এবং তৃতীয় পঙ্ক্তিতে লশূনীয় ও যিষ্ম ও কটাহেলা। ২০ এবং চতুর্থ পঙ্ক্তিতে গোদন্ত ও বৈদূর্য্য ও সূর্য্যকান্ত; এই সকল স্বর্ণেতে স্ব ২ পঙ্ক্তিতে বদ্ধ হইবে। ২১ এই প্রস্তর ইস্রায়েল্ বংশের নামের নিমিত্তে ও তাহাদের নামানুসারে দ্বাদশ হইবে; এবং মুদ্রার ন্যায় প্রত্যেক প্রস্তরেতে ঐ দ্বাদশ বংশের প্রত্যেক বংশের নাম হইবে। ২২ তুমি নির্ম্মল স্বর্ণ দিয়া বুকপাটার কোণে পাকান শৃঙ্খল নির্ম্মাণ করিবা। ২৩ এবং বুকপাটার উপরে স্বর্ণদ্বারা দুই কড়া করিবা, এবং বুকপাটার দুই কোণে ঐ দুই কড়া বাঁধিবা। ২৪ এবং বুকপাটার দুই কোণস্থিত দুই কড়ার মধ্যে পাকান সোণার ঐ দুই শৃঙ্খল রাখিবা। ২৫ এবং পাকান শৃঙ্খলের দুই মুড়া দুই স্থালীতে বদ্ধ করিয়া এফোদ্ বস্ত্রের সম্মুখস্থ দুই স্কন্ধ পাটির উপরে রাখিবা। ২৬ তুমি স্বর্ণের দুই কড়া নির্ম্মাণ করিয়া বুকপাটার দুই কোণে এফোদ্ বস্ত্রের সম্মুখস্থ ভিতরভাগে তাহা রাখিবা। ২৭ এবং আরো দুই স্বর্ণ কড়া করিয়া এফোদ্ বস্ত্রের দুই পার্শ্বে নীচে তাহার সম্মুখভাগে তাহার যোড় স্থানে এফোদের পবিত্র বন্ধনের উপরো তাহা রাখিবা। ২৮ তাহাতে তাহা যেন এফোদের বিচিত্র কটিবন্ধনের উপরে থাকে, এবং বুকপাটা এফোদ্‌হইতে খসিয়া না পড়ে, এই জন্যে তাহারা কড়াতে নীল সূত্রদ্বারা এফোদের কড়ার সহিত বুকপাটাকে বদ্ধ করিয়া রাখিবে। ২৯ যে সময়ে হারোণ্ পরমেশ্বরের সম্মুখে পবিত্র স্থানে প্রবেশ করিবে, তৎকালে স্মরণ করাইবার জন্যে সে আপন হৃদয়ের উপরে বিচাররূপ বুকপাটাতে নিত্য ২ ইস্রায়েল্ বংশের নাম সকল বহন করিবে।

৩০ তুমি বিচাররূপ বুকপাটাতে ঊরীম্ ও তুম্মীম্ (দীপ্তি ও সিদ্ধি) দিবা; তাহাতে হারোণ্ যে সময়ে পরমেশ্বরের সম্মুখে প্রবেশ করিবে, তৎকালে হারোণের হৃদয়ের উপরে তাহা থাকিবে, এবং হারোণ্ নিত্য২ পরমেশ্বরের সম্মুখে ইস্রায়েল বংশের বিচার আপন হৃদয়ে বহিবে।

৩১ তুমি এফোদের সমুদয় পরিধেয় বস্ত্র নীলবর্ণ করিবা। ৩২ তাহার উপরিভাগে ও মধ্যস্থলে এক ছিদ্র করিবা, এবং বর্ম্ম ছিদ্রের ন্যায় তাহার ছিদ্রের চারিদিগে বুনিয়া বদ্ধ করিবা; তাহাতে তাহা ছিন্ন হইবে না। ৩৩ এবং তুমি তাহার আঁচলার উপরে চারি দিগে নীল ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ দাড়িম করিবা, এবং স্বর্ণের ঘণ্টা তাহার মধ্যে থাকিবে। ৩৪ ঐ বস্ত্রের আঁচলার উপরে চতুর্দ্দিগে এক স্বর্ণ ঘণ্টা ও এক দাড়িম এবং এক স্বর্ণ ঘণ্টা ও এক দাড়িম থাকিবে। ৩৫ এবং হারোণ্ ঈশ্বরের সেবা করণ সময়ে তাহা পরিধান করিবে; তাহাতে সে যখন পরমেশ্বরের সম্মুখে পবিত্র স্থানে প্রবেশ করিবে, ও সেখানহইতে যখন বাহির হইবে, তখন তাহার শব্দ শুনা যাইবে, তাহাতে সে মরিবে না।

৩৬ অপর তুমি নির্ম্মল স্বর্ণদ্বারা এক পত্র প্রস্তুত করিয়া তাহার উপরে 'পরমেশ্বরের উদ্দেশে পবিত্রতা,' এই কথা খুদিবা। ৩৭ এবং মুকুটের উপরে থাকিতে তাহা নীল সূত্রেতে বদ্ধ করিয়া মুকুটের উপরে অগ্রভাগে রাখিবা। ৩৮ এবং তাহা হারোণের কপালের উপরে থাকিবে, এবং ইস্রায়েলের সন্তানেরা আপনাদের পবিত্র কর্ম্মে ও দানে যে দোষ করে, তাহা হারোণ্ বহিবে, ও পরমেশ্বরের কাছে যেন তাহা নিত্য ২ গ্রাহ্য হয়, এই জন্যে তাহা কপালে রাখিবে।

৩৯ তুমি কার্প্পাসের সূত্রদ্বারা উড়নী ও উষ্ণীষ প্রস্তুত করিবা, কিন্তু কটিবন্ধনেতে সূচিদ্বারা চিত্র বিচিত্র করিবা।

৪০ আর হারোণের পুত্রগণের জন্যে উড়নী ও কটিবন্ধন করিবা, ও তাহাদের সৌন্দর্য্য ও শোভার্থে উষ্ণীষ করিবা। ৪১ এবং তোমার ভ্রাতা হারোণের ও তাহার পুত্রগণের গাত্রে সে সকল পরিধান করাইবা, এবং তাহাদিগকে অভিষেক করিয়া পদেতে নিযুক্ত ও পবিত্র* করিবা, তাহাতে তাহারা যাজকত্বপদে আমার সেবা করিবে। ৪২ তুমি তাহাদের উলঙ্গতার † আচ্ছাদনার্থে কটি অবধি জঙ্ঘা পর্য্যন্ত কটিবন্ধন বস্ত্র পরাইবা। ৪৩ এবং যখন হারোণ্ ও তাহার পুত্রগণ মণ্ডলীর আবাসে প্রবেশ করিবে ও সেবার্থে পবিত্র স্থান বেদির নিকটবর্ত্তী হইবে, তৎকালে তাহারা যেন অপরাধ করিয়া না মরে, এই জন্যে এই বস্ত্র পরিধান করিবে; এবং হারোণ্ ও তাহার বংশের নিমিত্তে এই নিত্য বিধি হইবে।

২৯ অধ্যায়।

১ যাজকগণকে পবিত্র করণার্থে বলিদানাদির কথা ২৮ ও দিনে ২ দুই মেষশাবকের বলিদানের কথা ৪৩ ও ইস্রায়েল্ বংশের সহিত বাস করিতে ও তাহাদিগকে পবিত্র করিতে ঈশ্বরের প্রতিজ্ঞা।

১ অপর যাজকত্বপদে আমার সেবা করিবার জন্যে ও আপনাদের পবিত্রতার জন্যে তুমি এই সকল কর্ম্ম করিবা, নির্দ্দোষ এক বাছুর ও দুই মেষ লইবা। ২ এবং তাড়ীশূন্য রুটী ও তৈলমিশ্রিত তাড়ীশূন্য পিষ্টক ও তৈলাক্ত তাড়ীশূন্য সূক্ষ্ম পিষ্টক গোমের ময়দাদ্বারা প্রস্তুত করিবা, ৩ এবং এক চুপড়ীতে রাখিবা। পরে বাছুর ও দুই ছাগ সঙ্গে লইয়া এক চুপড়ীতে তাহা আনিবা। ৪ এবং মণ্ডলীর আবাসের দ্বারের নিকটে হারোণ্‌কে ও তাহার পুত্রগণকে আনিয়া জলদ্বারা স্নান করাইবা। ৫ এবং সেই সকল বস্ত্র অর্থাৎ উড়নী ও এফোদের

[২৯] প ১২। যিশ ৪৩; ১ ॥—[৩০] গ ২৭; ২১। ১ শি ২৮; ৬॥—[৩১-৩৫] যা ৩৯; ২২-২৬ ॥—[৩৬-৩৮] ৩৯; ৩০,৩১। সিখ ১৪; ২০॥—[৩৯-৪৩] ৩৯; ২৭-২৯ ॥—[৪২, ৪৩] ২০; ২৬॥
[২৯ অধ্য; ১-৯] লে ৮; ১-১৩॥—[৫] যা ২৮; ৪-৩৫।

* (ইব্রু) হস্ত পূর্ণ। † (ইব্রু) উলঙ্গতার মাংস।

বস্ত্র ও এফোদ্ ও বুকপাটা লইয়া হারোণ্‌কে পরিধান করাইবা ও এফোদের বিচিত্র কটিবন্ধনে তাহাকে বদ্ধ ৬ করিবা। এবং তাহার মস্তকে উষ্ণীষ দিয়া তাহার ৭ উপরে পবিত্র মুকুট দিবা। পরে অভিষেকার্থ তৈল লইয়া তাহার মস্তকের উপরে ঢালিয়া তাহাকে অভি- ৮ ষেক করিবা। অনন্তর তুমি হারোণের পুত্ত্রগণকে আনিয়া তাহাদিগকেও উড়নী ও বস্ত্র পরিধান করাইবা। ৯ এবং হারোণ্‌কে ও তাহার পুত্ত্রগণকে কটিবন্ধন বস্ত্র পরিধান করাইবা * ও তাহাদের মস্তকে উষ্ণীষ্ দিবা; তাহাতে তাহারা নিত্য ২ যাজকতা করিবে; এই রূপে তুমি হারোণ্‌কে ও তাহার পুত্ত্রগণকে পবিত্র করিবা। ১০ পরে তুমি মণ্ডলীর আবাসের সম্মুখে বাছুরকে আনাইলে হারোণ্ ও তাহার পুত্ত্রগণ ঐ বাছুরের ১১ মস্তকে হস্তার্প্পণ করিবে। তখন তুমি মণ্ডলীর আবাস-দ্বারের নিকটে পরমেশ্বরের সম্মুখে ঐ বাছুরকে ১২ বলিদান করিবা। পরে তাহার কিঞ্চিৎ রক্ত লইয়া অঙ্গুলিদ্বারা বেদির চূড়ার উপরে দিবা, এবং ১৩ বেদির মূলেতে তাবৎ রক্ত ঢালিয়া দিবা। এবং তাহার অন্ত্রোপরিস্থিত মেদ ও যকৃতের উপরিস্থ অন্ত্রা-প্লাবক ও দুই মেটিয়া ও তাহার মেদ লইয়া বেদিতে ১৪ হোম করিবা। তদ্ভিন্ন বাছুরের মাংস ও তাহার চর্ম্ম ও গোময় শিবিরের বাহিরে অগ্নিতে দগ্ধ করিবা; ইহা তোমাদের প্রায়শ্চিত্ত হইবে।

১৫ অনন্তর তুমি এক মেষ আনিবা, এবং হারোণ্ ও তাহার পুত্ত্রগণ ঐ মেষের মস্তকে হস্তার্প্পণ করিলে ১৬ তুমি সেই মেষকে বলিদান করিয়া তাহার রক্ত লইয়া ১৭ বেদির উপরে চারিদিগে ছিটাইয়া দিবা। পরে মেষকে খণ্ড ২ করিয়া তাহার অন্ত্র ও পদ ধৌত ১৮ করিয়া খণ্ডের ও মস্তকের উপরে রাখিবা। এই রূপে তুমি বেদিতে সমস্ত মেষকে হোম করিলে তাহা পরমেশ্বরের হোম ও সুগন্ধি দ্রব্য, অর্থাৎ পরমে- ১৯ শ্বরের উদ্দেশে অগ্নিকৃত নৈবেদ্য হইবে। পরে তুমি অন্য মেষ লইবা, এবং হারোণ্ ও তাহার পুত্ত্রগণ ঐ মেষের মস্তকে হস্তার্প্পণ করিলে পর তুমি ২০ সেই মেষ বলিদান করিয়া তাহার কিঞ্চিৎ রক্ত লইয়া হারোণের দক্ষিণ কর্ণের প্রান্তে ও তাহার পুত্ত্রগণের দক্ষিণ কর্ণের প্রান্তে এবং তাহাদের দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠের উপরে ও দক্ষিণ পদের অঙ্গুষ্ঠের উপরে দিবা, এবং বেদির উপরে চতুর্দ্দিগে রক্ত ছিটা- ২১ ইয়া দিবা। পরে বেদির উপরিস্থিত রক্তের ও অভিষে-কার্থ তৈলের কিঞ্চিৎ লইয়া হারোণের ও তাহার বস্ত্রের উপরে এবং তাহার সহিত তাহার পুত্ত্রদের ও তাহা-দের বস্ত্রের উপরে তাহা ছিটাইয়া দিবা; তাহাতে সে ও তাহার বস্ত্র ও তাহার পুত্ত্রগণ ও তাহাদের বস্ত্র পবিত্র হইবে। পরে তুমি সেই মেষের মেদ ও পশ্চাদ্ভাগ † ও ২২ অন্ত্রের উপরিস্থিত মেদ ও যকৃতের উপরিস্থিত অন্ত্রা-প্লাবক ও দুই মেটিয়া ও তাহার উপরিস্থ মেদ ও দক্ষিণ স্কন্ধ লইবা, কেননা সেই মেষ পবিত্রকারক হয়। পরে পরমেশ্বরের সম্মুখস্থিত তাড়ীশূন্য রুটির ২৩ চুপড়ীহইতে এক রুটি ও তৈলমিশ্রিত এক পিষ্টক ও এক সূক্ষ্ম পিষ্টক লইয়া হারোণের ও তাহার পুত্ত্রগণের ২৪ হস্তে ‡ দিয়া নিবেদনার্থে পরমেশ্বরের সম্মুখে তাহা দোলাইবা। পরে তুমি তাহাদের হস্তহইতে তাহা ২৫ লইয়া পরমেশ্বরের সম্মুখে সুগন্ধি দ্রব্যের জন্যে হোম-বেদির উপরে তাঁহার কাছে হোম করিবা; ইহা পরমে-শ্বরের উদ্দেশে অগ্নিকৃত নৈবেদ্য হইবে।

পরে তুমি হারোণ্‌কে পবিত্র করিতে মেষের বক্ষঃস্থল ২৬ লইয়া পরমেশ্বরের সম্মুখে দোলাইবা; সেই খণ্ড তোমার অংশ হইবে। পরে হারোণ্‌কে ও তাহার পুত্ত্রগণকে ২৭ পবিত্র করিতে দোলনীয় নৈবেদ্য যে মেষের বুক দোলাইলা, এবং উত্তোলনীয় নৈবেদ্য যে স্কন্ধ উত্তো-লন করিলা, তাহা তুমি পবিত্র করিবা। তাহাতে নিত্য ২৮ বিধিদ্বারা ইস্রায়েল্ বংশহইতে তাহা হারোণের ও তাহার সন্তানগণের অধিকার হইবে; কেননা তাহাই উত্তোলনীয় নৈবেদ্য ও ইস্রায়েল্ বংশের মঙ্গলার্থে নৈবেদ্যহইতে, অর্থাৎ পরমেশ্বরের উদ্দেশে তাহাদের উত্তোলনীয় দ্রব্যহইতে তাহা উত্তোলনীয় হইবে।

হারোণের মৃত্যুর পর তাহার পবিত্র বস্ত্র তাহার পুত্ত্র- ২৯ গণের হইবে, ও তাহা পরিধান করিয়া তাহারা অভি-ষিক্ত ও শুচীকৃত হইবে। এবং যে জন তাহার পুত্ত্রদের ৩০ মধ্যে যাজক হইয়া মণ্ডলীর আবাসের মধ্যে পবিত্র স্থানে সেবা করিতে আইসে, সে সেই বস্ত্র সাত দিন পরিবে।

পরে তুমি সেই পবিত্রকারি মেষ মাংস লইয়া এক ৩১ পবিত্রস্থানে পাক করিলে হারোণ্ ও তাহার পুত্ত্রগণ ৩২ মণ্ডলীর আবাসদ্বারে সেই মেষ মাংস ও চুপড়ীস্থিত সেই রুটি ভোজন করিবে। এবং তাহাদের পবিত্রার্থে ও শৌ- ৩৩ চার্থে যাহাদ্বারা প্রায়শ্চিত্ত হইল, তাহা তাহারা ভোজন করিবে; কিন্তু কোন অন্যজাতি লোক তাহা ভোজন করিবে না, কারণ তাহা সকল পবিত্র বস্তু। আর ঐ ৩৪ পবিত্রকারি মাংস ও রুটিহইতে যদি প্রাতঃকাল পর্য্যন্ত কিছু অবশিষ্ট থাকে, তবে তাহা অগ্নিতে দগ্ধ করিবা, তাহা কেহ ভোজন করিবে না; কারণ তাহা পবিত্র বস্তু। আমি তোমাকে এই যেরূপ আজ্ঞা করিলাম, এই রূপে ৩৫ তুমি হারোণ্‌কে ও তাহার পুত্ত্রগণকে সাত দিবস পবিত্র

---

[৬] যা ২৮; ৩৬-৩৯ ॥—[৭] ৩০; ২২-৩৩। গী ১৩৩; ২। ৪৫; ৭ ॥—[৮, ৯] যা ২৮; ১, ৪০, ৪১ ॥—[১০-১৪] লে ৮; ১৪-১৭। ৪; ১-১২ ॥—[১০] ইব্রু ৫; ৩। ৭; ২৭ ॥—[১৪] লে ৪; ১১, ১২, ২১। ইব্রু ১৩; ১১-১৩ ॥—[১৫-১৮] লে ৮; ১৮-২১। ১; ১০-১৩॥—[১৮] ইফ ৫; ২ ॥—[১৯-২৮] লে ৮; ২২-৩০ ॥—[২১] প ৭ ॥—[২৪-২৮] লে ৭; ২৮-৩৬। ১০; ১৫ ॥—[২৯] গ ১৮; ৮ ॥—[২৯, ৩০] গ ২০; ২৬, ২৮ ॥—[৩১-৩৫] লে ৮; ৩১-৩৬ ॥—[৩৩] লে ১০; ১৪, ১৫। ২২; ১০ ॥

* (ইব্রু) বদ্ধ করিবা। † (বা) পুচ্ছ ‡ (ইব্রু) হস্তের তলে।

৩৬ করিবা। তাহাতে তুমি প্রায়শ্চিত্তের কারণ প্রতিদিন পাপার্থে বাছুর হোম করিবা,এবং বেদির কারণ প্রায়শ্চিত্ত করিলে পর তাহা পরিষ্কার করিবা, এবং তাহা ৩৭ পবিত্র করিতে অভিষেক করিবা।এবং বেদির নিমিত্তে সাত দিন প্রায়শ্চিত্ত করিয়া তাহা পবিত্র করিবা; তাহাতে বেদি অতি পবিত্র হইবে, এবং বেদিতে যাহার স্পর্শ হয়, সেও পবিত্র হইবে।

৩৮ আর তুমি নিত্য এক বর্ষীয় দুই মেষবৎসকে বেদির ৩৯ উপরে হোম করিবা; দিনে২ তাহার এককে প্রাতঃকালে উৎসর্গ করিবা, ও অন্যকে সন্ধ্যাকালে উৎসর্গ ৪০ করিবা। এবং এক মেষশাবকের সহিত হিন্ পাত্রের চতুর্থাংশ আলোড়িত তৈলেতে মিশ্রিত সোলং পাত্রের দশমাংশ ময়দা ও পানীয় দ্রব্যের কারণ হিনের চতু- ৪১ র্থাংশ দ্রাক্ষারস দিবা। পরে সন্ধ্যাকালে অন্য মেষবৎস উৎসর্গ করিবা, এবং প্রাতঃকালের নৈবেদ্যানুসারে ও পানীয় নৈবেদ্যানুসারে পরমেশ্বরের কাছে সুগন্ধার্থে অর্থাৎ অগ্নিকৃত হোমার্থে তাহা নিবেদন ৪২ করিবা। আমি যে স্থানে তোমার সহিত আলাপ করিতে তোমাদের সহিত সাক্ষাৎ করিব,সেই মণ্ডলীর আবাসের দ্বার নিকটে তোমাদের পুরুষানুক্রমে পরমেশ্বরের সম্মুখে নিত্য ২ এই হোম করিবা।

৪৩ সে স্থানে আমি ইস্রায়েল্ বংশের সহিত সাক্ষাৎ করিব, এবং আমার মহিমাতে আবাস পবিত্রীকৃত ৪৪ হইবে। অপর আমি মণ্ডলীর আবাস ও বেদি পবিত্র করিব,এবং আমার সেবা করণার্থে হারোণ্কে ও তাহার ৪৫ পুত্রগণকে পবিত্র করিব। এবং আমি ইস্রায়েল্ বংশের ৪৬ মধ্যে বাস করিয়া তাহাদের ঈশ্বর হইব। তাহাতে আমিই তাহাদের প্রভু পরমেশ্বর তাহাদের মধ্যে বাস করণার্থে মিসর্দেশহইতে তাহাদিগকে বাহির করিয়া আনিয়াছি, তাহা তাহারা জ্ঞাত হইবে; আমিই তাহাদের প্রভু পরমেশ্বর।

৩০ অধ্যায়।

১ ধূপবেদির কথা ১১ ও লোকদের গণনা সময়ে প্রায়শ্চিত্তের কথা ১৭ ও পিত্তলের প্রক্ষালনপাত্রের কথা ২২ ও পবিত্র তৈলের কথা ৩৪ ও সুগন্ধি দ্রব্যের কথা।

১ আর তুমি ধূপ জ্বালাইতে শিটীম্ কাষ্ঠের এক বেদি ২ নির্ম্মাণ করিবা। তাহা এক হস্ত দীর্ঘ ও এক হস্ত প্রস্থ চতুষ্কোণ হইবে, এবং দুই হস্ত উচ্চ হইবে, এবং ৩ তাহার উপরে চূড়া হইবে। এবং তাহার ঊর্দ্ধ ভূমি* ও চারি পার্শ্ব† ও চূড়া নির্ম্মল স্বর্ণেতে মুড়িবা,এবং তাহার চারি দিগে স্বর্ণের নিকাল করিবা। ৪ এবং তাহার নিকালের নীচে দুই কোণের‡ নিকটে স্বর্ণের দুই কড়া করিয়া বহনার্থে তাহার মধ্যে সাইঙ্গ করিবা। ৫ এবং ঐ সাইঙ্গ শিটীম্ কাষ্ঠদ্বারা নির্ম্মাণ করিয়া স্বর্ণ দিয়া মুড়িবা। ৬ এবং আমি যে স্থানে তোমার সহিত সাক্ষাৎ করিব, সেই সাক্ষ্যরূপ সিন্দুকের আবরণের সম্মুখে সাক্ষ্যরূপ সিন্দুকের নিকটস্থ বিচ্ছেদবস্ত্রের অগ্রদিগে তাহা রাখিবা। ৭ এবং হারোণ্ প্রতি প্রভাতে তাহার উপরে সুগন্ধি ধূপ§ জ্বালাইবে; সে প্রদীপ পরিষ্কার করণ সময়ে তাহার উপরে ধূপ জ্বালাইবে। ৮ এবং সন্ধ্যাকালে‖ প্রদীপ জ্বালন** সময়ে হারোণ্ ধূপ জ্বালাইবে,অর্থাৎ তোমাদের পুরুষানুক্রমে পরমেশ্বরের সম্মুখে নিত্য ২ ধূপ জ্বালাইবে। ৯ তোমরা তাহার উপরে অন্য ধূপ কিম্বা হবনীয় বস্তু কিম্বা অন্য নৈবেদ্য উৎসর্গ করিবা না, ও তাহার উপরে পানীয় নৈবেদ্য ঢালিবা না। ১০ এবং হারোণ্ বৎসরের মধ্যে এক বার তাহার চূড়ার উপরে পাপার্থে প্রায়শ্চিত্তের রক্ত দিয়া প্রায়শ্চিত্ত করিবে,এবং তোমাদের পুরুষানুক্রমে বৎসরের মধ্যে তাহার উপরে এক বার প্রায়শ্চিত্ত করিবে; এই বেদি পরমেশ্বরের দৃষ্টিতে অতি পবিত্র হয়।

১১ অপর পরমেশ্বর মূসাকে এই কথা কহিলেন,তোমার ১২ ইস্রায়েল্ বংশের সংখ্যা করিতে তাহাদিগকে গণনা করণ সময়ে যেন তাহাদের মধ্যে কোন ব্যাঘাত না হয়, এই জন্যে গণনা সময়ে প্রত্যেক জন পরমেশ্বরের কাছে আপন ২ প্রাণার্থে প্রায়শ্চিত্ত করিবে। ১৩ তাহাতে যে কেহ গণনীয়ের মধ্যে আসিবে, সে পবিত্র স্থানের শেকলনুসারে অর্দ্ধ শেকল্ দিবে; বিংশতি গেরাতে এক শেকল্†† হয়, ও সে পরমেশ্বরের নৈবেদ্য হইবে। ১৪ যে কেহ গণনীয়ের মধ্যে আইসে, সে বিংশতি বৎসর বয়স্ক কিম্বা তাহার অধিক বয়স্ক হউক, পরমেশ্বরের উদ্দেশে নৈবেদ্য করিবে। ১৫ যে সময়ে লোকেরা তোমাদের প্রাণের জন্যে প্রায়শ্চিত্ত করিতে পরমেশ্বরের উদ্দেশে নৈবেদ্য দেয়, তৎকালে ধনবান অর্দ্ধ শেকলের অধিক‡‡ দিবে না,এবং দরিদ্র তাহাহইতে ন্যূন§§ দিবে না। ১৬ পরে তুমি ইস্রায়েল্ বংশহইতে প্রায়শ্চিত্তের রূপা লইয়া মণ্ডলীর আবাসের সেবার্থে তাহা নিরূপণ করিবা,তাহা পরমেশ্বরের সম্মুখে তোমাদের প্রাণের প্রায়শ্চিত্তের নিমিত্তে ইস্রায়েল্ বংশের স্মরণের কারণ হইবে।

১৭ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি প্রক্ষালন

[৩৬,৩৭] যা ৩০ ; ২৬-২৯ ॥—[৩৭] ম ২৩ ; ১৮-২০ ॥—[৩৮-৪২]গ ২৮; ৩-৮ ॥—[৪২,৪৩] যা ২৫; ২২ ॥—[৪৩] ৪০; ৩৪, ৩৫ ॥—[৪৪] ম ২৩ ; ১৬-২২ ॥—[৪৫, ৪৬] যা ২৫ ; ৮। লে ২৬; ১১-১৩। ২ ক ৬; ১৬-১৮ ॥
[৩০ অধ্য; ১-১০] যা ৩৭ ; ২৫-২৮ ॥—[৬] ২৫ ; ২১,২২ ॥—[৭,৮] ২৭ ; ২১। ২৯ ; ৪২ ॥—[৭] প্র ৮; ৩ ॥—[১০]লে ১৬; ১৮,১৯ ॥—[১১-১৬]যা ৩৮ ; ২৫-২৮। ২ শি ২৪; ১-১৬ ॥—[১৫]যূব ৩৪ ; ১৯। ১ পি ১; ১৭-১৯ ॥—[১৬] ২ রা ১২; ৪ ॥—[১৭-২১] যা ৩৮ ; ৮। ৪০ ; ৩০-৩২। ১ রা ৭ ; ২৩-৩৫ ॥

* (ইব্রু) ছাত। † (ইব্রু) ভিত্তি। ‡ (ইব্রু) পঞ্জর। § (ইব্রু) মসলাদের সুগন্ধি। ‖(ইব্রু) দুই সন্ধ্যাকালের মধ্যে। **(বা) স্থাপন। †† অর্থাৎ এক টাকা। ‡‡ (ইব্রু) বৃদ্ধি। §§ (ইব্রু) হ্রাস।

১৮ করিতে পায়া বিশিষ্ট পিত্তলের এক প্রক্ষালনপাত্র প্রস্তুত করিবা; এবং মণ্ডলীর আবাসের ও বেদির মধ্যস্থানে ১৯ রাখিয়া তাহার মধ্যে জল দিবা। এবং হারোণ্ ও তাহার পুত্রগণ তাহাতে আপন হস্ত ও পদ প্রক্ষা- ২০ লন করিবে। যে সময়ে তাহারা মণ্ডলীর আবাসে প্রবেশ করে, কিম্বা পরমেশ্বরের সেবা ও নৈবেদ্য করিতে বেদির নিকটে আইসে, তৎকালে যেন না মরে, এই জন্যে জলেতে আপনাদিগকে ধৌত করিবে। ২১ এই প্রকারে তাহারা যেন না মরে, এই জন্যে আপন হস্ত ও পদ ধৌত করিবে; এই বিধি তাহার ও তাহার পুত্রগণের পুরুষানুক্রমে থাকিবে।

২২ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি আপনার ২৩ নিকটে উত্তম ২ সুগন্ধি দ্রব্য অর্থাৎ পবিত্র শেকলনু- সারে পাঁচ শত শেকল্ নির্ম্মল গন্ধরস, ও তাহার অর্দ্ধ অর্থাৎ আড়াই শত শেকল্ দারুচিনি, ও আড়াই শত ২৪ শেকল্ সুগন্ধি বচ, ও পাঁচ শত শেকল্ সূক্ষ্ম দারুচিনি, ২৫ ও এক হিন্ জিত তৈল প্রস্তুত করিবা। এই সকলের দ্বারা তুমি মর্দ্দনার্থে পবিত্র তৈল অর্থাৎ গন্ধবণিকের ক্রিয়াতে কৃত তৈল করিবা, সে অভিষেকার্থে পবিত্র হইবে। ২৬ তাহাতে তুমি মণ্ডলীর আবাস ও সাক্ষ্যরূপ সিন্দুক ২৭ অভিষেক করিবা, এবং মেজ ও তাহার সকল পাত্র, ও দীপবৃক্ষ ও তাহার সকল পাত্র, ও ধূপবেদি, ২৮ ও হোমবেদি ও তাহার সকল পাত্র, ও প্রক্ষালনপাত্র ও ২৯ তাহার পায়া অভিষেক করিবা। এবং সকল বস্তু যেন অতি পবিত্র হয়, ও তাহাতে যে কোন বস্তুর স্পর্শ হয়, তাহাই যেন পবিত্র হয়, এই জন্যে তাহা পবিত্র করিবা। ৩০ এবং তুমি হারোণ্কে ও তাহার পুত্রগণকে আমার যাজ- কত্ব পদে আমার সেবা করিতে অভিষেক করিয়া পবিত্র ৩১ করিবা। এবং তুমি ইস্রায়েল্ বংশকে কহিবা, তোমাদের পুরুষানুক্রমে আমার নিমিত্তে তাহা অভিষেকার্থক ৩২ পবিত্র তৈল হইবে। কিন্তু মনুষ্যের শরীরে তাহা ঢালা যাইবে না, এবং তাহার নির্ম্মাণানুসারে আর কোন তৈল হইবে না, তাহাই পবিত্র, এবং তোমাদের কাছে ৩৩ তাহা পবিত্র হইবে। কিন্তু যে কেহ তাহার মত করে, ও যে কেহ তাহাহইতে কিছু লইয়া অন্যজাতীয় লোকের গাত্রে দেয়, সে আপন লোকদিগহইতে উচ্ছিন্ন হইবে।

৩৪ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি আপনার নিকটে সুগন্ধি দ্রব্য লও, অর্থাৎ গুগ্গুলু ও নখী ও লবান ও নির্ম্মল কুন্দুরু, এই প্রত্যেক সুগন্ধি দ্রব্য সমভাগ ৩৫ করিয়া লও। এবং তাহাদ্বারা গন্ধবণিকের কর্ম্মে কৃত ও লবণাক্ত এক নির্ম্মল পবিত্র সুগন্ধি ধূপ করিবা। ৩৬ তাহার কিঞ্চিৎ চূর্ণ করিয়া যে স্থানে আমি তোমার সহিত সাক্ষাৎ করিব, সেই স্থানে অর্থাৎ মণ্ডলীর আবাসে সাক্ষ্যরূপ সিন্দুকের সম্মুখে রাখিবা; তাহাই তোমাদের অতি পবিত্র হইবে। এবং তুমি যে সুগন্ধি ৩৭ ধূপ করিবা, তাহার নির্ম্মাণ ব্যবস্থানুসারে আপনা- দের জন্যে করিও না, তাহা পরমেশ্বরের নিমিত্তে তোমাদের প্রতি পবিত্র হইবে। যে কেহ আপন ৩৮ ঘ্রাণের কারণ তাহার সদৃশ সুগন্ধি প্রস্তুত করিবে, সে আপন লোকদিগহইতে উচ্ছিন্ন হইবে।

৩১ অধ্যায়।

১ আবাসের কর্ম্ম করিতে বিৎসলেল্কে ও অহলীয়াব্কে নিযুক্ত ও পুস্তুত করণ ১২ ও বিশ্রামবারকে পবিত্র রূপে মান্য করণের আজ্ঞা ১৮ ও মূসাকে ব্যবস্থার দুই পুস্তর দেওন।

১ পরে পরমেশ্বর মূসাকে এই কথা কহিলেন, দেখ, ২ আমি যিহূদা বংশীয় হূরের পৌত্র ও ঊরির পুত্র ৩ বিৎসলেল্কে নাম ধরিয়া ডাকিলাম। এবং শিল্প কর্ম্মের নৈপুণ্য অর্থাৎ সুবর্ণ ও রূপ্য ও পিত্তলেতে ৪ খুদন ও খচনার্থক মণিকাটন ও কাষ্ঠেতে খুদন ইত্যাদি ৫ সর্ব্ব প্রকার শিল্প কর্ম্ম করিতে তাহাকে ঈশ্বরের আত্মাতে ও বুদ্ধিতে ও বিদ্যাতে এবং জ্ঞানেতে পরিপূর্ণ ৬ করিলাম। এবং দেখ, দান্ বংশজাত অহীষামকের পুত্র অহলীয়াব্কে তাহার সহকারী হইতে দিলাম, ও জ্ঞানি লোকদের হৃদয়ে জ্ঞান দিলাম; অতএব আমি তোমাকে যে সকলের আজ্ঞা করিলাম, তাহা তাহারা ৭ নির্ম্মাণ করিবে। ফলতঃ মণ্ডলীর আবাস, ও সাক্ষ্যরূপ ৮ সিন্দুক, ও তাহার উপরিস্থ আবরণ, ও আবাসের সমস্ত পাত্র, ও মেজ ও তাহার সকল পাত্র, ও নির্ম্মল ৯ দীপবৃক্ষ ও তাহার সকল পাত্র, ও ধূপবেদি, ও হোমবেদি ১০ ও তাহার সকল পাত্র, ও প্রক্ষালনপাত্র ও তাহার পায়া, এবং সেবার্থ বস্ত্র, এবং হারোণ্ যাজকের পবিত্র ১১ বস্ত্র, ও যাজকত্বপদে সেবা করণার্থে তাহার পুত্রদের বস্ত্র, এবং অভিষেকার্থ তৈল, ও পবিত্র স্থানের জন্যে সুগন্ধি ধূপ, এই যে সকলের আজ্ঞা আমি তোমাকে দিলাম, তদনুসারে তাহারা নির্ম্মাণ করিবে।

১২ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ১৩ বংশকে এই কথা কহ, তোমরা আমার বিশ্রামদিন অবশ্য পালন করিবা, কেননা আমিই তোমাদের পবিত্রকারি পরমেশ্বর, ইহা জ্ঞানার্থে তোমাদের পুরু- ষানুক্রমে আমার ও তোমাদের মধ্যে তাহা এক চিহ্ন ১৪ স্বরূপ হইবে। অতএব তোমরা বিশ্রামদিন পালন করিবা, তাহা তোমাদের নিকটে পবিত্র হইবে; কিন্তু যে জন তাহা অপবিত্র করিবে, সে নিতান্ত হত হইবে; যে কোন প্রাণী ঐ দিনে কর্ম্ম করিবে, সে আপন লোকদের মধ্য- ১৫ হইতে উচ্ছিন্ন হইবে। ছয় দিন কর্ম্ম করিয়া সপ্তম দিনে, অর্থাৎ পরমেশ্বরের যে পবিত্র বিশ্রামদিন, সেই বিশ্রাম

[২১] গী ২৩; ৬। যিশ ৫২; ১১। যো ১৩; ৬-১০ ॥—[২২-৩০] যা ৩৭; ২৯। ৪০; ৯-১৬॥—[২৬-৩০] ২৯; ৩৬, ৩৭। লে ৮; ১০-১২ ॥—[৩০] গী ৪৫; ৭, ৮। ১ যো ২; ২০, ২৭॥—[৩২,৩৩] প ২৫, ৩৭, ৩৮ ॥—[৩৪-৩৮] প ৭, ৮। যা ৩৭; ২৯ ॥—[৩৬] ২৯; ৪২,৪৩ ॥—[৩৭,৩৮] প ৩২, ৩৩ ॥

[৩১ অধ্যা; ১-৬] যা ৩৫; ৩০-৩৫। ৩৬; ১,২॥—[৩] ১ রা ৭; ১৪॥—[৬-১১] যা ৩৫; ১০-১৯॥—[১২-১৭] ২০; ৮-১১। ৩৫; ২,৩ ॥

দিনে যে কেহ কর্ম্ম করিবে, সে অবশ্য হত হইবে। ১৬ ইস্রায়েল্ বংশ নিত্য নিয়মার্থে পুরুষানুক্রমে মান্য করণের জন্যে বিশ্রামদিন পালন করিবে। ১৭ তাহা আমার ও ইস্রায়েল্ বংশের মধ্যে এক নিত্য চিহ্ন স্বরূপ হইবে, কেননা পরমেশ্বর ছয় দিনে আকাশমণ্ডলের ও পৃথিবীর সৃষ্টি করিয়া সপ্তম দিনে বিশ্রাম করিয়া আপ্যায়িত হইলেন।

১৮ পরে তিনি সীনয় পর্ব্বতে তাহার সহিত কথা সাঙ্গ করিয়া সাক্ষ্যরূপ দুই প্রস্তর*, অর্থাৎ ঈশ্বরের অঙ্গুলিদ্বারা লিখিত দুই প্রস্তর মূসাকে দিলেন।

৩২ অধ্যায়।

১ মূসার অসাক্ষাতে লোকদের হারোণ্কে স্বর্ণ প্রতিমা নির্ম্মাণ করাওন ৭ ও ঈশ্বরের ক্রোধ ও মূসার নিবেদন ১৫ ও দুই প্রস্তর হস্তে লইয়া পর্ব্বতহইতে মূসার নামন ১৯ ও দুই প্রস্তর ভাঙ্গন ও বাছুর নষ্ট করণ ২১ ও হারোণের নিবেদন কথা ২৫ ও দেবপূজকদের বধ করণ ৩০ ও পরমেশ্বরের প্রতি মূসার নিবেদন ও পরমেশ্বরহইতে উত্তর।

১ অনন্তর পর্ব্বতহইতে নামিতে মূসার বিলম্ব দেখিয়া লোকেরা হারোণের নিকটে একত্র হইয়া তাহাকে কহিল, উঠ,আমাদের অগ্রসর হইয়া যাইতে আমাদের নিমিত্তে দেবতা নির্ম্মাণ কর, কেননা মিসর্দেশহইতে আমাদিগকে বাহির করিয়া আনিল যে মূসা, তাহার কি দশা ঘটিল, তাহা আমরা জানি না। ২ হারোণ্ তাহাদিগকে কহিল, তবে তোমরা আপন ২ স্ত্রীদের ও পুত্রগণের ও কন্যাদের কর্ণের সুবর্ণ কুণ্ডল খুলিয়া আমার কাছে আন। ৩ তাহাতে লোকেরা তাহাদের কর্ণহইতে সুবর্ণ কুণ্ডল সকল খুলিয়া হারোণের নিকটে আনিলে ৪ সে তাহাদের হস্তহইতে তাহা লইয়া ছাঁচে ঢালিয়া শিল্পের অস্ত্রদ্বারা খুদিয়া এক বাছুর নির্ম্মাণ করিল, তখন লোকেরা কহিল, হে ইস্রায়েল্ বংশ, যে দেবতা মিসর্দেশহইতে তোমাকে বাহির করিয়া আনিল, সে এই। ৫ এবং হারোণ্ তাহা দেখিয়া তাহার সম্মুখে এক বেদি নির্ম্মাণ করিল, এবং কল্য পরমেশ্বরের উদ্দেশে মহোৎসব হইবে,এই ঘোষণা করিল। ৬ তাহাতে লোকেরা পরদিনে প্রত্যূষে উঠিয়া হোম উৎসর্গ করিল, এবং মঙ্গলার্থে নৈবেদ্য আনিল, এবং লোকেরা ভোজন পান করিতে বসিল; পরে ক্রীড়া করিতে উঠিল।

৭ তখন পরমেশ্বর মূসাকে কহিলেন,তুমি নামিয়া যাও, কেননা তুমি মিসর্হইতে যে লোকদিগকে বাহির করিয়া আনিলা, তাহারা ভ্রষ্ট হইয়াছে। ৮ এবং আমি তাহাদিগকে যে পথের বিষয়ে আজ্ঞা দিলাম, তাহাহইতে তাহারা শীঘ্র বহির্ভূত হইল,ফলতঃ তাহারা আপনাদের নিমিত্তে এক ছাঁচে ঢালা বাছুর নির্ম্মাণ করিয়া তাহার পূজা করিল,এবং তাহার কাছে বলিদান করিয়া কহিল, হে ইস্রায়েল্বংশ, যে দেবতা মিসর্দেশহইতে তোমাকে বাহির করিয়া আনিল, সে এই। ৯ অপর পরমেশ্বর মূসাকে আরো কহিলেন, আমি এই লোকদিগকে দেখিলাম; দেখ, ইহারা অতিশয় অবাধ্য। ১০ অতএব তুমি ক্ষান্ত হও, আমি তাহাদের প্রতিকূলে ক্রোধ প্রজ্বলিত করিয়া তাহাদিগকে বিনষ্ট করিব, কিন্তু তোমাকে বড় জাতির মূল করিব। ১১ তাহাতে মূসা আপন প্রভু পরমেশ্বরের নিকটে† বিনয় করিয়া কহিল, হে পরমেশ্বর, তুমি যে আপন লোকদিগকে মহাপরাক্রম ও বাহুবলেতে মিসর্দেশহইতে বাহির করিলা,তাহাদের প্রতিকূলে কেন ক্রোধ প্রজ্বলিত কর? ১২ তিনি অশুভের নিমিত্তে পর্ব্বতে তাহাদিগকে নষ্ট করিতে ও পৃথিবীহইতে সংহার করিতে বাহির করিয়া আনিলেন, এমত কথা মিস্রিয়রা গল্প করিয়া কেন কহিবে? আপনি প্রচণ্ড ক্রোধ হইতে ফিরুণ, ও আপন লোকদের প্রতিকূলে এই দুর্গতির বিষয়ে ক্ষান্ত হউন। ১৩ এবং তুমি আপনার যে দাস ইব্রাহীম্ ও ইস্হাক্ ও ইস্রায়েলের সাক্ষাতে আপন নামে দিব্য করিয়া কহিয়াছ, আমি আকাশের তারাগণের ন্যায় তোমার বংশ বৃদ্ধি করিব, এবং যে সকল দেশের বিষয়ে কহিলাম, তাহা তোমার বংশকে দিব, তাহারা সর্ব্বদা তাহা অধিকার করিবে, তোমার সেই দাসগণকে স্মরণ কর। ১৪ অতএব পরমেশ্বর আপন লোকদের প্রতি যে দুর্গতি ঘটাইতে মনস্থ করিয়াছিলেন, তাহাহইতে ক্ষান্ত হইলেন।

১৫ তখন মূসা সাক্ষ্যরূপ দুই প্রস্তর* হস্তে লইয়া ফিরিয়া পর্ব্বতহইতে নামিল; ঐ প্রস্তরের এ পৃষ্ঠে ও পৃষ্ঠে দুই পৃষ্ঠেই লিখিত ছিল। ১৬ ঐ প্রস্তর ঈশ্বরের নির্ম্মিত এবং তাহাতে খোদিত লিখনও ঈশ্বরের লিখন। ১৭ পরে লোকেরা উচ্চৈঃস্বর করিলে যিহোশূয় তাহাদের কলরব শুনিয়া মূসাকে কহিল, শিবিরেতে যুদ্ধের শব্দ হইতেছে। ১৮ তাহাতে সে কহিল, ইহা জয়ধ্বনির শব্দ নয়, এবং পরাজয়ধ্বনির‡ শব্দ নয়,কিন্তু আমি গানের শব্দ শুনিতেছি।

১৯ পরে সে শিবিরের নিকটবর্ত্তী হইলে ঐ বাছুর এবং লোকদের নৃত্য দেখিল; তাহাতে মূসা ক্রোধে প্রজ্বলিত হইয়া আপন হস্ত হইতে সেই দুই প্রস্তর ফেলিয়া দিয়া পর্ব্বতের তলে তাহা ভাঙ্গিল। ২০ এবং তাহাদের নির্ম্মিত বাছুর লইয়া অগ্নিতে দগ্ধ করিল, এবং তাহা

---

[১৭] যিশ ৫৮; ১৩। যিহি ২০; ১২,২০ ॥—[১৮] যা ২৪; ১২। দ্বি ৫; ২২ ॥

[৩২ অধ্যা] দ্বি ৯; ৮-২১ ॥—[১-৬] প্রে ৭; ৩৮-৪০ ॥—[১]যা ২৪; ১৮। ১৩; ২১ ॥—[২]আ ৩৫; ৪। বি ৮; ২৪-২৭ ॥ [৪] যা ২০; ৪,৫। ১ রা ১২; ২৮॥—[৪-১১] গী ১০৬; ১৯-২৩॥—[৬] ১ ক ১০; ৭ ॥—[৭-১০] দ্বি ৯; ১২-১৪ ॥ [৯] দ্বি ৯; ৭,২৪ ॥—[১০] গ ১৪; ১১,১২ ॥—[১১-১৩] প ৩২-৩৫। গ ১৪; ১৩-১৯। গী ১০৬; ২৩॥—[১৩] আ ২২; ১৬-১৮। ২৮; ১৩,১৪। দ্বি ৯; ৫ ॥—[১৪] যোয় ২; ১৩। যূ ৩; ৯,১০ ॥—[১৫] যা ৩১; ১৮ ॥

* (ইব্রু) প্রস্তরের দুই তক্তা। † (ইব্রু) মুখ। ‡ (ইব্রু) দূর্ব্বলতার।

ধূলিরূপ পিষিয়া জলে ছড়াইয়া ইস্রায়েল্ বংশকে পান করাইল।

২১ পরে মূসা হারোণ্‌কে কহিল, এই লোকেরা তোমার প্রতি কি করিল? তুমি ইহাদিগকে কেন এত পাপ ২২ করাইলা? তাহাতে হারোণ্ কহিল, হে প্রভো, ক্রোধ প্রজ্বলিত করিও না; এই লোকেরা দুষ্টতাতে আসক্ত, ২৩ তাহা আপনি জ্ঞাত আছেন। ইহারা আমাকে কহিল, আমাদের অগ্রসর হইতে আমাদের নিমিত্তে দেবতা নির্ম্মাণ কর, কেননা মিসরদেশহইতে আমাদিগকে বাহির করিয়া আনিল যে মূসা, তাহার কি দশা ঘটিল, ২৪ তাহা আমরা জানি না। তখন আমি কহিলাম, তোমাদের যে স্বর্ণ থাকে, তাহা খুলিয়া দেও; তাহাতে তাহারা আমাকে তাহা দিল; আমি তাহা লইয়া অগ্নিতে নিক্ষেপ করিলে তাহাহইতে এই বৎস নির্গত হইল।

২৫ পরে মূসা লোকদের নগ্নতা* দেখিল, কেননা হারোণ্ তাহাদের অপমানের জন্যে তাহাদের শত্রুদের† মধ্যে ২৬ তাহাদিগকে নগ্ন করিয়াছিল‡। তখন মূসা শিবিরের দ্বারে দাঁড়াইয়া কহিল, পরমেশ্বরের পক্ষে কে? সে আমার নিকটে আইসুক; তাহাতে লেবির সন্তানগণ ২৭ তাহার নিকটে একত্র হইল। পরে সে তাহাদিগকে কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমরা প্রত্যেক জন আপন ২ ঊরুতে খড়্গ বাঁধিয়া শিবিরের মধ্য দিয়া এক দ্বার অবধি অন্য দ্বার পর্য্যন্ত গতায়াত কর, ও প্রতি জন আপন ২ ভ্রাতা ও মিত্র ও ২৮ প্রতিবাসিকে বধ কর। তাহাতে লেবির সন্তানেরা মূসার বাক্যানুসারে তদ্রূপ করিলে সেই দিনে লোকদের মধ্যে ন্যূনাধিক তিন সহস্র লোক মারা পড়িল। ২৯ কেননা মূসা কহিয়াছিল, তোমরা অদ্য প্রত্যেক জন আপন ২ পুত্র ও ভ্রাতাদের বিপক্ষ হইয়া পরমেশ্বরের উদ্দেশে আপনাদিগকে পবিত্র কর§, তাহাতে তিনি এই দিনে তোমাদিগকে আশীর্ব্বাদ করিবেন।

৩০ পরদিনে মূসা লোকদিগকে কহিল, তোমরা মহাপাপ করিলা, এখন আমি পরমেশ্বরের নিকটে আরোহণ করিতেছি; যদি হয়, তবে আমি তোমাদের পাপের ৩১ প্রায়শ্চিত্ত করিব। পরে মূসা পরমেশ্বরের নিকটে ফিরিয়া কহিল, হায় ২, এই লোকেরা মহাপাপ করিয়া আপনাদের জন্যে স্বর্ণদেবতা নির্ম্মাণ করিল। ৩২ এখন যদি হয়, তবে তাহাদের পাপ ক্ষমা কর; কিন্তু যদি না কর, তবে আমি বিনয় করিতেছি, তোমার লিখিত পুস্তক হইতে আমার নাম কাটিয়া ফেল। ৩৩ তাহাতে পরমেশ্বর মূসাকে কহিলেন, যে জন আমার প্রতিকূলে পাপ করিল, আমি আপন পুস্তক হইতে তাহার নাম কাটিয়া ফেলিব। অতএব যাও, আমি যে ৩৪ দেশ বিষয়ে তোমাকে কহিয়াছি, সেই দেশে লোকদিগকে লইয়া যাও; দেখ, আমার দূত তোমার অগ্রে২ যাইবে, কিন্তু আমি দণ্ডের দিনে তাহাদের পাপের দণ্ড দিব। লোকেরা হারোণ্‌কে বাছুর নির্ম্মাণ করাইল, ৩৫ এই জন্যে পরমেশ্বর লোকদের ব্যাঘাত জন্মাইলেন।

৩৩ অধ্যায়।

১ লোকদের সহিত যাইতে ঈশ্বরের অনিচ্ছা ৪ ও লোকদের দুঃখ ৭ ও শিবিরের বাহিরে আবাস লইয়া যাওন ৯ ও তাহাতে ঈশ্বরের উত্তর ১২ ও পরমেশ্বরের প্রতি মূসার নিবেদন ১৮ ও পরমেশ্বরের পশ্চাদ্ভাগ দর্শন করাওন।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, যাও, আমি ইব্রাহীমের ও ইস্‌হাকের ও যাকুবের কাছে যে দেশ বিষয়ে এই দিব্য করিলাম, তোমার বংশকে আমি সেই দেশ দিব, সেই দেশে অর্থাৎ দুগ্ধ মধু প্রবাহি দেশে তুমি মিসরদেশহইতে তোমার দ্বারা আনীত লোকদিগকে এখানহইতে লইয়া যাও। ২ আমি তোমার অগ্রে এক দূত পাঠাইয়া কিনানীয় ও ইমোরীয় ও হিত্তীয় ও পিরিষীয় ও হিব্বীয় ও যিবূষীয় লোকদিগকে দূর ৩ করিব। আমি তোমাদের মধ্যবর্ত্তী হইয়া যাইব না, কেননা তোমরা অবাধ্য; ইহাতে কি জানি, আমি পথের মধ্যে তোমাদিগকে সংহার করি।

৪ অপর লোকেরা এই দুর্ব্বাক্য শুনিয়া বিলাপ করিল, কেহ আপন শরীরে অলঙ্কার পরিধান করিল না। ৫ কেননা পরমেশ্বর মূসাকে কহিয়াছিলেন, তুমি ইস্রায়েল্ বংশকে এই কথা কহ, তোমরা অবাধ্য, আমি এক নিমিষে তোমাদের মধ্যে যাইয়া তোমাদিগকে সংহার করিব; তোমরা আপন ২ শরীর হইতে অলঙ্কার দূর** কর, পরে তোমাদের প্রতি কি কর্ত্তব্য, তাহা বিবেচনা ৬ করিব। তখন ইস্রায়েল্ বংশ হোরেব্ পর্ব্বতের নিকট হওন অবধি আপনাদের সমস্ত অভরণ দূর** করিল।

৭ পরে মূসা আবাস লইয়া শিবিরের বাহিরে ও শিবিরহইতে দূরে রাখিল, এবং তাহার নাম মণ্ডলীর আবাস রাখিল; তাহাতে পরমেশ্বরের অন্বেষণকারি প্রত্যেক জন শিবিরের বাহিরে মণ্ডলীর আবাসের ৮ নিকটে গমন করিল। পরে যে ২ সময়ে মূসা বাহির হইয়া আবাসের নিকটে গেল, সেই সময়ে তাবৎ লোক উঠিয়া আপন ২ তাম্বুর দ্বারে দাঁড়াইল, এবং যে পর্য্যন্ত মূসা আবাসে প্রবেশ না করিল, তাবৎ তাহারা তাহার প্রতি দৃষ্টি করিয়া থাকিল।

[২০] দ্বি ৯; ২১ ॥—[২১,২২] দ্বি ৯; ২০ ॥—[২১] আ ২০; ৯ ॥—[২৩] প ১ ॥—[২৪] প ৪। আ ৩; ১২,১৩ ॥—[২৭] দ্বি ১৩; ৬-১১। ৩৩; ৯ ॥—[৩০-৩৫] প ১১-১৪। দ্বি ৯; ১৮, ১৯, ২৫-২৯ ॥—[৩১] প ৪। গী ১০৬; ১৯-২৩ ॥—[৩২] রো ৯; ৩। লূ ১০; ২০। পু ২০; ১২, ১৫ ॥—[৩৩] যিহি ১৮; ২০ ॥—[৩৪] যা ২৩; ২০। ৩৩; ২, ৩, ১৪। আম ৫; ২৫-২৭ ॥
[৩৩ অধ্য; ১] যা ৩২,১৩। আ ৩৫; ১১,১২ ॥—[২] প ১৪,১৬। যা ৩২; ৩৪।২৩; ২০-২৩ ॥—[৩] ৩২; ৯। যিশ ৩৩; ১৪॥
[৫] গ ১৬; ৪৫ ॥—[৭] প ৩। যা ২৯; ৪২। গ ২৭; ২১ ॥

* (বা) অবাধ্যতা। † (ইব্রু) বিরুদ্ধে উত্থানকারী। ‡ (বা) অবাধ্য হইতে দিয়াছিল। § (ইব্রু) হস্ত পূর্ণ কর। ** (ইব্রু) ভাঙ্গ।

৯ পরে যে২ সময়ে মূসা আবাসে প্রবেশ করিল, সেই২ সময়ে মেঘস্তম্ভ নামিয়া আবাসের দ্বারে স্থগিত হইলে পরমেশ্বর মূসার সহিত আলাপ করিলেন। ১০ তাহাতে আবাসের দ্বারে অবস্থিত মেঘস্তম্ভ দেখিয়া তাবৎ লোক উঠিয়া প্রত্যেকে তাম্বুর দ্বারে থাকিয়া প্রণাম করিল। ১১ মনুষ্য যেমন মিত্রের সহিত কথা কহে, তদ্রূপ পরমেশ্বর সম্মুখে থাকিয়া মূসার সহিত কথা কহিলেন; পরে মূসা শিবিরে ফিরিয়া গেল, কিন্তু তাহার সেবক নূনের পুত্র যুব যিহোশূয় আবাসের মধ্যহইতে বাহির হইল না।

১২ পরে মূসা পরমেশ্বরকে কহিল, দেখ, তুমি আমাকে এই লোকদিগকে লইয়া যাইতে কহিতেছ, এবং আমার সহকারী হইতে যাহাকে প্রেরণ করিবা, আমাকে তাহার পরিচয় না দিলেও, নামদ্বারা আমি তোমাকে জানি,ও তুমি আমার দৃষ্টিতে অনুগ্রহের পাত্র, ইহা কহিতেছ। ১৩ ভাল, যদি তোমার দৃষ্টিতে অনুগ্রহের পাত্র হইয়া থাকি, তবে বিনয় করি, আমি যেন তোমাকে জানিতে পারি, ও তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাই, এই জন্যে আমাকে আপন পথ জ্ঞাত কর, এবং এই ১৪ জাতিই যে তোমার লোক, তাহা জ্ঞান কর। তখন তিনি কহিলেন, আমি * তোমার সহিত গমন করিয়া ১৫ তোমাকে বিশ্রাম দিব। তাহাতে সে কহিল, যদ্যপি তুমি আমার সহিত গমন না কর, তবে এখানহইতে ১৬ আমাদিগকে লইয়া যাইও না। কেননা আমি ও তোমার লোকেরা তোমার দৃষ্টিতে অনুগ্রহের পাত্র, ইহা কিসে জানা যাইবে? ইহা কি আমাদের সহিত তোমার গমনেতে নয়? তাহা হইলে আমি ও তোমার লোকেরা পৃথিবীস্থ তাবৎ লোকহইতে বিশেষ লোক হইব। ১৭ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, এই যে কথা তুমি কহিলা, তাহা আমি অবশ্য করিব, কেননা তুমি আমার দৃষ্টিতে অনুগ্রহের পাত্র,আমি নামদ্বারা তোমাকে জানি।

১৮ তাহাতে সে কহিল, আমি বিনয় করি, তুমি আমাকে ১৯ আপনার মহিমা দেখিতে দেও। পরমেশ্বর কহিলেন, আমি তোমার অগ্রে আপন তাবৎ উত্তমতা প্রেরণ করিব, ও তোমার সম্মুখে পরমেশ্বরের নাম প্রচার করিব; আমি যাহাকে অনুগ্রহ করিতে চাহি,তাহাকেই অনুগ্রহ করি, ও যাহাকে দয়া করিতে চাহি, তাহাকেই ২০ দয়া করি। আরও কহিলেন,তুমি আমার মুখ দেখিতে পার না, কারণ আমাকে দেখিলে কেহ বাঁচিবে না। ২১ পরমেশ্বর কহিলেন, দেখ, আমার নিকটে এক স্থান আছে; তুমি সেই পর্ব্বতের উপরে দাঁড়াইবা। ২২ তাহাতে তোমার নিকট দিয়া আমার মহিমার গমন সময়ে আমি তোমাকে পর্ব্বতের গহ্বরে রাখিব, ও আমার গমনের শেষ পর্য্যন্ত হস্তদ্বারা তোমাকে আচ্ছন্ন করিব। ২৩ পরে আমি হস্ত তুলিলে তুমি আমার পশ্চাদ্ভাগ দেখিতে পাইবা, কিন্তু আমার মুখ কেহ দেখিতে পারে না।

৩৪ অধ্যায়।

১ দুই প্রস্তর লইয়া মূসার পর্ব্বতে পুনর্গমন, ৪ ও পরমেশ্বরের আপন নাম প্রচার করণ, ৮ ও মূসার নিবেদন ১০ ও পরমেশ্বরের উত্তর, ১৮ ও নানা প্রকার আজ্ঞা, ২৯ ও পর্ব্বতহইতে নামন সময়ে মূসার মুখের তেজঃ প্রকাশ।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি পূর্ব্বের ন্যায় দুই প্রস্তর † খোদ; তাহাতে তুমি যে দুই প্রস্তর† ভাঙ্গিয়াছ, তাহার উপরে যাহা লিখিত ছিল, তাহা আমি এই দুই প্রস্তরে ‡ লিখিব। ২ তুমি প্রাতঃকালে প্রস্তুত হও, ও প্রভাতে সীনয় পর্ব্বতে উঠিয়া আসিয়া ৩ তাহার শৃঙ্গে আমার নিকটে উপস্থিত হও। কিন্তু তোমার সহিত আর কেহ উপরে আসিবে না, এবং এই সমুদয় পর্ব্বতে কেহ দৃষ্ট না হউক, ও গোমেষাদি পাল এ পর্ব্বতের সম্মুখে না চরুক।

৪ পরে মূসা প্রথম প্রস্তরের ন্যায় দুই প্রস্তর† খুদিয়া প্রাতঃকালে উঠিয়া পরমেশ্বরের আজ্ঞানুসারে সীনয় পর্ব্বতের উপরে গেল, ও হস্তে করিয়া সেই দুই প্রস্তর† লইল। ৫ তখন পরমেশ্বর মেঘে নামিয়া সে স্থানে তাহার সহিত দণ্ডায়মান হইয়া পরমেশ্বরের নাম প্রচার করিলেন। ৬ এবং পরমেশ্বর তাহার সম্মুখ দিয়া গমন করিয়া এই প্রচার করিলেন, পরমেশ্বর, প্রভু পরমেশ্বর দয়ালু ও কৃপাবান ও চিরসহিষ্ণু এবং ৭ দয়াতে ও সত্যতাতে পরিপূর্ণ। এবং সহস্র২ পুরুষের প্রতি দয়াকারী, এবং অধর্ম্মের ও আজ্ঞালঙ্ঘনের ও পাপের ক্ষমাকারী, কিন্তু তাহার দণ্ডদাতা, ও তৃতীয় ও চতুর্থ পুরুষ পর্য্যন্ত পুত্র ও পৌত্রদের প্রতি পিতৃপুরুষের পাপের ফলদাতা।

৮ তাহাতে মূসা শীঘ্র ভূমিতে পড়িয়া তাঁহাকে প্রণাম ও ৯ ভজনা করিয়া কহিল, হে প্রভো, আমি যদি তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া থাকি, তবে বিনয় করি, হে আমার প্রভো, আমাদের মধ্যে আইসুন, এবং এই লোকেরা অবাধ্য হইলেও তাহাদের অধর্ম্ম ও পাপ মোচন করিয়া আপন অধিকার করিতে আমাদিগকে গ্রহণ করুণ।

---

[৯]যা ৪০; ৩৪, ৩৫। ২৯; ৪২॥—[১১]গ ১২; ৬-৮। দ্বি ৩৪; ১০। যা ২৪; ১৩॥—[১২]যিশ ৪৩; ১॥—[১৪]প ২। যিশ ৬৩; ৯। যি ২১; ৪৪। ইব্রু ৪; ৭-৯॥—[১৫]যা ৩৪; ৯॥—[১৬]গ ১৪; ১৪। ২ শি ৭; ২৩॥—[১৭]প ১২॥—[১৮-২৩]যা ২৪; ১০, ১১॥—[১৯] ৩৪; ৫-৭। রো ৯; ১৫-১৮॥—[২০] ১ তী ৬; ১৬। যিশ ৬; ২, ৫॥—[২২] ১ রা ১৯; ১১-১৩॥
[৩৪ অধ্য; ১] যা ৩২; ১৯। দ্বি ১০; ১, ২॥—[৩] যা ১৯; ১২, ১৩॥—[৫-৮] ৩৩; ১৮-২৩। ১ রা ১৯; ১১-১৩॥ [৬, ৭] গ ১৪; ১৮। গী ৮৬; ১৫। ১০৩; ১৭,১৮। ন ১; ৩। রো ৩; ২৩-২৬। যিশ ৫৩; ৪-৬॥—[৯]যা ৩৩; ১৫,১৬। ৩২; ৯-১৩॥

* (ইব্রু) আমার মুখ বা মূর্ত্তি। † (ইব্রু) প্রস্তরের তক্তা। ‡ প্রস্তরের তক্তাতে।

১০ তখন তিনি কহিলেন, দেখ, আমি এক নিয়ম করি, তাবৎ পৃথিবীতে ও তাবৎ জাতির মধ্যে যাহা কখনো কৃত হয় নাই,এমত আশ্চর্য্য কর্ম্ম আমি তোমার তাবৎ লোকের সাক্ষাতে করিব; তাহাতে যে সকল লোকের মধ্যে তুমি আছ, তাহারা পরমেশ্বরের সেই কর্ম্ম দেখিবে, কেননা তোমার নিকটে যাহা করিব, ১১ তাহা ভয়ঙ্কর। অদ্য আমি তোমাকে যাহা আজ্ঞা করি, তাহাতে মনোযোগ কর; দেখ, আমি ইমোরীয় ও কিনানীয় ও হিত্তীয় ও পিরিষীয় ও হিব্বীয় ও যিবূষীয় ১২ লোকদিগকে তোমার সম্মুখহইতে খেদাইয়া দিব। কিন্তু সাবধান, যে দেশে তুমি যাইতেছ, সেই দেশ নিবাসিদের সহিত নিয়ম করিও না, নতুবা তোমাদের মধ্যে ১৩ সে এক ফাঁদস্বরূপ হইবে। কিন্তু তুমি তাহাদের বেদি ভগ্ন করিবা, ও তাহাদের প্রতিমা ভাঙ্গিয়া ফেলিবা, ১৪ ও চৈত্য বৃক্ষ * কাটিয়া ফেলিবা। পাপেক্রোধকারি নামে বিখ্যাত যে পরমেশ্বর, তিনিই পাপের প্রতি ক্রোধ করেন, এই জন্যে তুমি অন্য কোন দেবতাকে প্রণাম ১৫ করিও না। নতুবা তুমি সে দেশ নিবাসি লোকদের সহিত নিয়ম করিলে যে সময়ে তাহারা আপনাদের দেবগণের সহিত ব্যভিচার করে ও দেবগণের কাছে বলিদান করে, সে সময়ে কেহ তোমাকে ডাকিলে তুমি ১৬ বলিদ্রব্য খাইবা; এবং তুমি আপন পুত্রদের কারণ তাহাদের কন্যাগণকে গ্রহণ করিবা, এবং তাহাদের কন্যাগণ আপনাদের দেবতাদের সহিত ব্যভিচার করিয়া তোমার পুত্রদিগকে আপনাদের দেবগণের ১৭ সহিত ব্যভিচার করাইবে। তুমি আপনার নিমিত্তে কোন ছাঁচে ঢালা প্রতিমা করিও না।

১৮ তুমি তাড়ীশূন্য রুটির পর্ব্ব পালন করিবা, এবং আবীব্ মাসের যে সময়ে যেরূপ করিতে তোমাকে আজ্ঞা করিয়াছি, সেইরূপে তুমি সাত দিন তাড়ীশূন্য রুটি খাইবা, কেননা সে আবীব্ মাসে তুমি মিসর্দেশহইতে ১৯ বাহির হইয়া আসিয়াছ। আর তাবৎ প্রথমজাত পুত্র ও ২০ পুংপশু ও গোরু ও মেষ সকল আমার। কিন্তু গর্দ্দভের পরিবর্ত্তে মেষের † বৎস দিয়া তাহাকে মুক্ত করিবা; যদ্যপি মুক্ত না কর, তবে তাহার গলা ভাঙ্গিবা; এবং তোমার বংশের সকল প্রথমজাত পুত্রকে মুক্ত করিবা; আর কেহ রিক্ত হস্তে আমার সম্মুখে উপস্থিত হইবে না।

২১ আর তুমি ছয় দিন কর্ম্ম করিয়া সপ্তম দিনে বিশ্রাম করিবা; চাসের সময়ে ও শস্যচ্ছেদন কালেও বিশ্রাম করিবা।

২২ সপ্তাহের উৎসব অর্থাৎ গোম সংগ্রহ করণের প্রথম ফলের উৎসব,এবং বৎসরের শেষভাগে ‡ ফল সংগ্রহ করণের উৎসব করিবা।

২৩ তোমাদের পুংসন্তানেরা বৎসরের মধ্যে তিন বার ইস্রায়েলের ঈশ্বর প্রভু পরমেশ্বরের সাক্ষাতে উপস্থিত ২৪ হইবে। আমি তোমার সম্মুখহইতে অন্য জাতিদিগকে দূর করিব, ও তোমার সীমা বিস্তার করিব, এবং তুমি বৎসরের মধ্যে তিন বার আপন প্রভু পরমেশ্বরের সম্মুখে উপস্থিত হইতে গমন করিলে তোমার দেশের প্রতি কেহ লোভ করিবে না।

২৫ তুমি তাড়ীর সহিত আপন বলির রক্ত উৎসর্গ করিও না, ও নিস্তার পর্ব্বের দ্রব্য প্রাতঃকাল পর্য্যন্ত রাখিও ২৬ না। এবং তুমি দেশের প্রথমজাত ফল আপন প্রভু পরমেশ্বরের গৃহে আনিবা; এবং তাহার মাতার দুগ্ধের ২৭ সহিত ছাগবৎসের মাংস পাক করিও না। অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি এই সকল বাক্য লিখ, কেননা আমি এই বাক্যানুসারে তোমার ও ইস্রায়েল্ ২৮ লোকদের সহিত নিয়ম স্থির করিলাম। তখন মূসা পরমেশ্বরের সহিত সেই স্থানে চল্লিশ দিবারাত্রি অন্ন ভোজন ও জলপান না করিয়া থাকিল, এবং তিনি প্রস্তরে নিয়ম বাক্য অর্থাৎ দশ আজ্ঞা § লিখিলেন।

২৯ পরে সীনয় পর্ব্বত হইতে মূসার নামিবার সময়ে তাহার হস্তে সাক্ষ্যরূপ দুই প্রস্তর ছিল, কিন্তু পরমেশ্বরের সহিত কথা কহন সময়ে তাহার মুখ যে ৩০ দীপ্তিমান হইল, তাহা মূসা জানিল না। পরে যখন হারোণ্ ও ইস্রায়েলের সন্তানগণ মূসাকে দেখিল,তখন তাহার মুখের চর্ম্ম দীপ্তিমান হইল; তাহাতে তাহারা ৩১ তাহার নিকটে যাইতে ভীত হইল! কিন্তু মূসা তাহাদিগকে ডাকিলে হারোণ্ ও মণ্ডলীর অধ্যক্ষগণ তাহার নিকটে ফিরিয়া গেল, তাহাতে মূসা তাহাদের সহিত ৩২ আলাপ করিল। অনন্তর ইস্রায়েলের সন্তানগণ তাহার নিকটে গেলে সে সীনয় পর্ব্বতে পরমেশ্বরের উক্ত আজ্ঞা ৩৩ সকল তাহাদিগকে দিল। মূসা যে পর্য্যন্ত তাহাদের সহিত কথোপকথন করিল, তাবৎ আপন মুখে আচ্ছা৩৪ দনবস্ত্র দিল। কিন্তু পরমেশ্বরের সহিত কথা কহিতে প্রবেশ করিলে সে বাহিরে আগমন পর্য্যন্ত বস্ত্র খুলিয়া রাখিল; পরে সে বাহির হইলে পরমেশ্বরের তাবৎ ৩৫ আজ্ঞা ইস্রায়েল্ বংশকে কহিল। যখন ইস্রায়েলের সন্তানগণ মূসার মুখ দেখিল, তখন তাহার মুখের চর্ম্ম দীপ্তিমান হইল; তাহাতে মূসা পরমেশ্বরের সহিত কথা কহিতে যে পর্য্যন্ত ভিতরে না গেল, তাবৎ আপন মুখে পুনর্ব্বার আচ্ছাদনবস্ত্র দিল।

[১০] গী ১৪৭; ১৯,২০ । যিশ ৬৪;৩ ॥—[১১-১৭] যা ২৩; ২৩-২৫,৩১-৩৩ । দ্বি ৭; ১-৫,২৫, ২৬ ॥—[১৪] যা ২০ ; ৩-৬ ॥ [১৫,১৬] যির ৩ ; ৬-৯ । গ ২৫ ; ১-৩ ॥—[১৬] দ্বি ৭ ; ৩,৪ ॥—[১৭] লে ১৯ ; ৪ ॥—[১৮] যা ২৩ ; ১৫ ॥—[১৯,২০] ১৩ ; ১১-১৫ । ২২ ; ২৯,৩০ ॥—[২০] ২৩ ; ১৫ ॥—[২১] ২০ ; ৮-১১ ॥—[২২,২৩] ২৩; ১৬, ১৭ ॥—[২৪] ২ বং ১৭ ; ১০ ॥ [২৫] যা ১২ ; ১০ । ২৩ ; ১৮ ॥—[২৬] ২৩ ; ১৯ ॥—[২৭] প ১০ । ২৪ ; ৩-৮ ॥—[২৮] ২৪ ; ১৮ । দ্বি ৯ ; ৯, ১০, ২৫ । ১০ ; ৪ ॥—[২৯-৩৫] ২ ক ৩ ; ৭-১৬ ॥—[৩০] য ১৭ ; ২,৬ ॥—[৩২] প ২৭ ॥

* (বা) আশেরা দেবী। † (বা) ছাগের। ‡ (ইব্রু) পরিবর্ত্তনে। § (ইব্রু) বাক্য।

৩৫ অধ্যায়।

১ বিশ্রামবারের কথা ৪ ও তাম্বুর নিমিত্তে দাতব্য বস্তু, ২০ ও দাতব্য বস্তু প্রস্তুত করিতে লোকদের প্রবৃত্তি, ৩০ এবং বিৎসলেল্ ও অহলীয়াবের এই কর্ম্ম করিতে নিযুক্ত হওন।

১ তদনন্তর মূসা ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলীকে একত্র করিয়া তাহাদিগকে কহিল, পরমেশ্বর তোমাদিগকে এই সকল বাক্য পালন করিতে আজ্ঞা দিলেন। ২ তোমরা ছয় দিন কর্ম্ম করিবা, কিন্তু সপ্তম দিন তোমাদের নিকটে পবিত্র * দিন হইবে; সে পরমেশ্বরের উদ্দেশে বিশ্রাম দিন হইবে; যে কেহ সেই দিনে কর্ম্ম করিবে, ৩ সে হত হইবে। অতএব তোমরা বিশ্রামদিনে আপনাদের কোন বাসস্থানে অগ্নি জ্বালিবা না।

৪ অপর মূসা ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলীকে ৫ আরো কহিল, পরমেশ্বর এই আজ্ঞা দিলেন। তোমরা পরমেশ্বরের নিমিত্তে আপনাদের নিকটহইতে নৈবেদ্য লও; যে কেহ এই কর্ম্মেতে ইচ্ছুক হইবে, সে পরমে- ৬ শ্বরের নিমিত্তে স্বর্ণ ও রূপ্য ও পিত্তল, এবং নীলবর্ণ ৭ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ সূক্ষ্মবস্ত্র ও ছাগের লোম, এবং ৮ রক্তীকৃত মেষচর্ম্ম ও তহশ্চর্ম্ম ও শিটীম্ কাষ্ঠ, এবং দীপার্থ তৈল ও অভিষেকার্থ তৈলের ও সুগন্ধি ধূপের ৯ নিমিত্তে গন্ধদ্রব্য, এবং হারৎমণি এবং এফোদের ও বুকপাটার কারণ খচনার্থক মণি; এই সকল নিবে- ১০ দনীয় দ্রব্য আনিবে। এবং তোমাদের প্রত্যেক বিজ্ঞ ১১ লোক আসিয়া পরমেশ্বরের তাবৎ আজ্ঞানুসারে আবাস ও তাহার তাম্বু ও আচ্ছাদন ও ঘুণ্টী ও তক্তা ও বাতা ও ১২ স্তম্ভ ও চুঙ্গি, ও সিন্দুক ও তাহার সাইঙ্গ ও আবরণ ও ১৩ আচ্ছাদনার্থে বিচ্ছেদবস্ত্র, এবং মেজ ও তাহার সাইঙ্গ ১৪ ও নানা পাত্র ও দর্শন রুটী, এবং দীপ্তির জন্যে দীপবৃক্ষ ও তাহার পাত্র ও দীপ ও দীপার্থ তৈল, ১৫ এবং ধূপের বেদি ও তাহার সাইঙ্গ ও অভিষেকার্থ তৈল ও সুগন্ধি ধূপ ও আবাসে প্রবেশের দ্বারের ১৬ আচ্ছাদনবস্ত্র, এবং হোমবেদি ও তাহার পিত্তলের জাল ও সাইঙ্গ ও নানা পাত্র ও প্রক্ষালনপাত্র ও ১৭ তাহার পায়া, ও প্রাঙ্গণের ব্যবধানবস্ত্র ও তাহার ১৮ স্তম্ভ ও চুঙ্গি ও প্রাঙ্গণের দ্বারের আচ্ছাদনবস্ত্র, ও আবাসের খিল ও প্রাঙ্গণের খিল ও উভয়ের রজ্জু, ১৯ এবং পবিত্র স্থানের সেবার্থ বস্ত্র ও হারোণ্ যাজকের জন্যে পবিত্র বস্ত্র, ও যাজক পদে সেবা করণার্থে তাহার পুত্রদের বস্ত্র; এই সকল প্রস্তুত করিবে।

২০ অপর ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলী মূসার ২১ সম্মুখহইতে প্রস্থান করিল। পরে যাহাদের অন্তঃকরণে প্রবৃত্তি ও মনে বাঞ্ছা হইল, তাহারা মণ্ডলীর আবাসের শিল্পকর্ম্ম ও নানা সেবা করিতে এবং পবিত্র বস্ত্রের জন্যে পরমেশ্বরের উদ্দেশে নৈবেদ্য আনিল। ২২ এবং পুরুষ ও স্ত্রীগণ উভয়ে যত প্রবৃত্তমনা ছিল, তাহারা বলয় ও কুণ্ডল ও অঙ্গুরীয়ক ও হার, এই সকল স্বর্ণময় অলঙ্কার আনিল; যাহারা পরমেশ্বরের উদ্দেশে নৈবেদ্য আনিল, তাহারা সকলি স্বর্ণময় নৈবেদ্য নিবেদন করিল। ২৩ এবং যাহাদের নিকটে নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ সূক্ষ্মবস্ত্র ও ছাগলোম ও রক্তীকৃত মেষচর্ম্ম ও তহশ্ চর্ম্ম ছিল, তাহারা প্রত্যেকে তাহা আনিল। ২৪ এবং যে কেহ রূপ্য ও পিত্তলের উপহার আনিল, সে পরমেশ্বরের উদ্দেশে তাহা নিবেদন করিল, এবং যাহার নিকটে সেবার কোন কর্ম্মের নিমিত্তে শিটীম্ কাষ্ঠ ছিল, সে তাহা আনিল। ২৫ এবং বুদ্ধিমতী স্ত্রীরা আপন ২ হস্তে সূতা কাটিয়া নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ সূত্র নির্ম্মিত বস্ত্র ও সূক্ষ্মবস্ত্র আনিল। ২৬ এবং বুদ্ধিমতী সকল স্ত্রী ছাগলোমের সূতা কাটিল। ২৭ এবং অধ্যক্ষগণ এফোদের ও বুকপাটার কারণ ২৮ হারৎমণি ও খচনার্থক মণি, ও সুগন্ধি দ্রব্য ও দীপার্থ তৈল ও অভিষেকার্থ তৈলের সুগন্ধি ও ধূপের নিমিত্তে গন্ধ দ্রব্য আনিল। ২৯ ইস্রায়েল্ বংশেরা ইচ্ছাপূর্ব্বক পরমেশ্বরের উদ্দেশে নৈবেদ্য আনিল, ফলতঃ পরমেশ্বর মূসাদ্বারা যাহা ২ করিতে আজ্ঞা করিয়াছেন, তাহার কোন প্রকার কর্ম্ম করিতে যে ২ পুরুষ ও স্ত্রীদিগের মনে বাঞ্ছা হইল, তাহারা প্রত্যেকে নৈবেদ্য আনিল।

৩০ পরে মূসা ইস্রায়েল্ বংশকে আরো কহিল, দেখ, যিহূদা বংশীয় হূরের পৌত্র ঊরির পুত্র বিৎসলেল্কে ৩১ পরমেশ্বর নাম ধরিয়া ডাকিলেন। এবং বিদ্যাতে ও বুদ্ধিতে ও জ্ঞানেতে ও নানা শিল্পকর্ম্ম ও চিত্রকর্ম্ম ৩২ ও স্বর্ণ ও রূপ্য ও পিত্তল খুদন, ও খচনার্থক মণি ৩৩ খুদন, ও নানা শিল্পকর্ম্মার্থে কাষ্ঠ খুদন, এই সকল কর্ম্ম করিতে আপনার আত্মাতে তাহাকে পরিপূর্ণ করিলেন। ৩৪ এবং এই সকল শিক্ষা করিতে তাহার ও দান্ বংশীয় অহীষামকের পুত্র অহলীয়াবের অন্তঃকরণে প্রবৃত্তি দিলেন। ৩৫ এবং খুদিতে ও শিল্পকর্ম্ম করিতে এবং নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ সূক্ষ্ম সূত্রে সূচিকর্ম্ম করিতে ও তাঁতির কর্ম্ম করিতে, তদ্ভিন্ন অন্য কোন শিল্পকর্ম্ম ও চিত্রকর্ম্ম করিতে তাহাদের অন্তঃকরণ বিদ্যাতে পরিপূর্ণ করিলেন।

৩৬ অধ্যায়।

১ কর্ম্মকারির প্রস্তুত দ্রব্য সমর্পণ ৪ ও আর কিছু কর্ম্ম করিতে নিবারণ ৮ ও কিরুবের ব্যবধান বস্ত্রের কথা ১৪ ও ছাগলোমের ব্যবধান বস্ত্রের কথা ২০ ও তক্তার কথা ৩১ ও বাতার কথা ৩৫ ও বিচ্ছেদবস্ত্রের কথা ৩৭ ও তাম্বুদ্বারের আচ্ছাদনবস্ত্রের কথা।

১ পরে বিৎসলেল্ ও অহলীয়াব্ ও পবিত্র স্থানের

[৩৫ অধ্য; ২, ৩] যা ৩১; ১২-১৭ ৷৷—[৩] ১৬; ২৩ ৷৷—[৪-২৯] ২৫; ১-৭। ৩৬,৪-৭৷৷—[১০-১৯] ৩১; ৬-১১৷৷—[২০-২৯] ১বং ২৯; ২-২২। ইষ্র; ৬৮,৬৯। ৮; ২৪-২৯ ৷৷—[৩০-৩৫] যা ৩১; ১-৬ ৷৷

* (ইব্রু) পবিত্রতা। † (ইব্রু) এই বাক্য। ‡ (ইব্রু) ঈশ্বরের।

সেবার্থ কর্ম্ম করিতে যাহাদিগকে পরমেশ্বর বিদ্যা ও বুদ্ধি দিয়াছিলেন, সেই সকল সদ্বিবেচক লোক পরমেশ্বরের তাবৎ আজ্ঞানুসারে কর্ম্ম করিতে লাগিল।

২ পরে মূসা বিৎসলেল্‌কে ও অহলীয়াব্‌কে এবং পরমেশ্বরহইতে অন্তঃকরণে বিদ্যাপ্রাপ্ত লোকদিগকে, এবং যাহাদের কর্ম্ম করিতে আসিতে মনে প্রবৃত্তি জন্মিল, ৩ তাহাদিগকে ডাকিল। এবং পবিত্র স্থানের সেবার্থে তাহা নির্ম্মাণ করিতে ইস্রায়েল্ বংশেরা যে সকল দ্রব্য আনিয়াছিল, তাহা তাহারা মূসাহইতে লইল; তথাপি লোকেরা প্রতি প্রভাতে তাহার নিকটে স্বেচ্ছাতে আরো দ্রব্য আনিল।

৪ তখন পবিত্র স্থানের তাবৎ কর্ম্মে সেবাকারি বিজ্ঞ ৫ লোক সকল আপন২ কর্ম্মহইতে আসিয়া মূসাকে কহিল, পরমেশ্বর যাহা২ নির্ম্মাণ করিতে আজ্ঞা দিয়াছেন, লোকেরা তদপেক্ষা সেবার্থ অধিক বস্তু আনি- ৬ তেছে। তাহাতে মূসা আজ্ঞা দিয়া শিবিরের সর্ব্বত্র তাহা ঘোষণা করাইল, পুরুষ কিম্বা স্ত্রী পবিত্র স্থানের ৭ দ্রব্য আর প্রস্তুত না করুক; অতএব লোকেরা আনিতে নিবৃত্ত হইল, কেননা সকল কর্ম্ম করিতে তাহাদের দ্রব্য প্রচুর ও ততোধিক হইল।

৮ পরে কর্ম্মকারি বিজ্ঞ লোকেরা পাকান সূক্ষ্ম সূত্রদ্বারা নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ শিল্পকর্ম্ম বিশিষ্ট আবাসের দশ ব্যবধানবস্ত্র প্রস্তুত করিল; তাহাতে ৯ কিরূবাকৃতি শিল্পকর্ম্ম করিল। তাহার প্রত্যেক ব্যবধানবস্ত্র আটাইশ হস্ত দীর্ঘ, ও চারি হস্ত প্রস্থ, ১০ সকলি এক পরিমাণ ছিল। পরে সে তাহার পাঁচ ব্যবধানবস্ত্র একত্র যোগ করিল, এবং অন্য পাঁচ ১১ ব্যবধানবস্ত্রও যোগ করিল। এবং প্রথম বস্ত্রের অন্তে যোড়ের মুখে নীলবর্ণ ঘুণ্টীঘরা করিল, এবং শেষ বস্ত্রের অন্তে দ্বিতীয় যোড়ের মুখে সেইরূপ ১২ করিল। প্রথম ব্যবধানবস্ত্রে পঞ্চাশ ঘুণ্টীঘরা করিল, এবং অন্য ব্যবধানবস্ত্রের অন্তে দ্বিতীয় যোড়ের মুখে পঞ্চাশ ঘুণ্টীঘরা করিল, এবং ঐ ঘুণ্টীঘরাতে ১৩ এক অন্যের সহিত সংযুক্ত হইল। পরে সে স্বর্ণের পঞ্চাশ ঘুণ্টী নির্ম্মাণ করিয়া তাহাদ্বারা এক ব্যবধানবস্ত্র অন্যের সহিত যোড়া দিল; তাহাতে এক আবাস হইল।

১৪ পরে আবাসের উপর আচ্ছাদনার্থে ছাগলোমের ১৫ একাদশ ব্যবধানবস্ত্র প্রস্তুত করিল। তাহার প্রত্যেক ব্যবধানবস্ত্র ত্রিশ হস্ত দীর্ঘ ও চারি হস্ত প্রস্থ; ঐ একাদশ ১৬ ব্যবধানবস্ত্র সমান পরিমাণ ছিল। পরে সে পাঁচ ব্যবধানবস্ত্র পৃথক রূপে, ও ছয় ব্যবধানবস্ত্র পৃথক রূপে ১৭ যোড়া দিল। এবং প্রথম ব্যবধানবস্ত্রের অন্তে যোড়ের মুখে পঞ্চাশ ঘুণ্টীঘরা করিল,ও যে দ্বিতীয় ব্যবধানবস্ত্র যুক্ত হয়,তাহার অন্তে পঞ্চাশ ঘুণ্টীঘরা করিল। এবং ১৮ যোড়া দিয়া এক তাম্বু করণার্থে পঞ্চাশ পিত্তলের ঘুণ্টী ১৯ করিল। এবং সে মেষের রক্তীকৃত চর্ম্মেতে তাম্বুর এক আচ্ছাদন ও তাহার উপরে তহশের চর্ম্মের এক আচ্ছাদন প্রস্তুত করিল।

২০ পরে সে আবাসের জন্যে শিটীম্ কাষ্ঠের দণ্ডায়- ২১ মান তক্তা নির্ম্মাণ করিল। ঐ প্রত্যেক তক্তা দশ হস্ত ২২ দীর্ঘ ও দেড় হস্ত প্রস্থ ছিল। এবং প্রত্যেক তক্তাতে পরস্পর সমদূরে* দুই২ পদ ছিল; এইরূপ সে আবা- ২৩ সের জন্যে সকল তক্তা নির্ম্মাণ করিল। পরে সে দক্ষিণ দিগের দক্ষিণ পার্শ্বের জন্যে বিংশতি তক্তা ২৪ প্রস্তুত করিল। এবং ঐ বিংশতি তক্তার নীচে চল্লিশ রূপার চুঙ্গি করিল, এবং প্রত্যেক তক্তার নীচে দুই২ পদের নিমিত্তে দুই২ চুঙ্গি, ও অন্য২ তক্তার নীচে দুই২ পদের কারণ দুই২ চুঙ্গি করিল। ২৫ পরে আবাসের অন্য পার্শ্বের অর্থাৎ উত্তর পার্শ্বের নিমিত্তে ২৬ বিংশতি তক্তা নির্ম্মাণ করিল। এবং তাহাদের চল্লিশ রূপার চুঙ্গি, অর্থাৎ প্রত্যেক তক্তার নীচে দুই২ চুঙ্গি, ২৭ ও অন্য২ তক্তার নীচে দুই২ চুঙ্গি করিল। এবং আবাসের পশ্চিম পার্শ্বের নিমিত্তে ছয় তক্তা করিল। ২৮ এবং আবাসের পশ্চাৎ পার্শ্বের দুই কোণের নিমিত্তে ২৯ দুই তক্তা করিল। এবং সেই দুইয়ের নিমিত্তে নীচে ও ঊর্দ্ধের কোণে এক কড়াতে তাহা বদ্ধ করিল; এই রূপে ৩০ দুই কোণের তক্তা বদ্ধ করিল। আট তক্তা,এবং এক২ তক্তার নীচে দুই২ চুঙ্গি রূপার ষোল চুঙ্গি ছিল।

৩১ পরে সে শিটীম্ কাষ্ঠদ্বারা বাতা নির্ম্মাণ করিয়া ৩২ আবাসের এক২ পার্শ্বের তক্তাতে পাঁচ বাতা, ও অন্য পার্শ্বের তক্তাতে পাঁচ বাতা, এবং পশ্চিম দিগের ৩৩ পশ্চাৎ তক্তাতে পাঁচ বাতা দিল। এবং তক্তার এক দিগহইতে অন্য দিগপর্য্যন্ত মধ্যবর্ত্তি বাতা প্রবেশ ৩৪ করাইল। পরে সে সকল তক্তা স্বর্ণে মণ্ডিত করিল, এবং বাতার স্থানের জন্যে স্বর্ণের কড়া নির্ম্মাণ করিয়া বাতাও স্বর্ণে মুড়িল।

৩৫ অনন্তর নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ পাকান সূত্র নির্ম্মিত ও কিরূবাকৃতি বিচিত্রিত এক বিচ্ছেদবস্ত্র প্রস্তুত ৩৬ করিল। তাহার নিমিত্তে শিটীম্ কাষ্ঠের চারি স্তম্ভ করিয়া স্বর্ণেতে মুড়াইল, এবং তাহার আঁকড়াও স্বর্ণের করিল, এবং রূপাদ্বারা তাহার চারি চুঙ্গি করিল।

৩৭ পরে সে আবাসের দ্বারের নিমিত্তে নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ পাকান সূত্রদ্বারা সূচিক্রিয়া বিশিষ্ট ৩৮ এক আচ্ছাদনবস্ত্র নির্ম্মাণ করিল। ও তাহার পাঁচ স্তম্ভ ও আকড়া করিল, এবং ঐ সকলের মাথলা ও শলাকা স্বর্ণেতে মুড়াইল, কিন্তু তাহার পাঁচ চুঙ্গি পিত্তলদ্বারা করিল।

[৩৬ অধ্য; ১] যা ৩৫; ৩০-৩৫ ॥—[৪-৭] ৩৫; ৪-২৯ ॥—[৮-১৩] ২৬; ১-৬ ॥—[১৪-১৮] ২৬; ৭-১৩ ॥—[১৯] ২৬; ১৪ ॥—[২০-৩৪] ২৬; ১৫-২৯ ॥—[৩৫,৩৬] ২৬; ৩১,৩২ ॥—[৩৭,৩৮] ২৬; ৩৬,৩৭ ॥

* (বা) সমান।

৩৭ অধ্যায়।

১ সিন্দুকের কথা ৬ ও আবরণ ও কিরূবের কথা ১০ ও মেজ ও পাত্রের কথা ১৭ ও দীপবৃক্ষের ও প্রদীপাদির কথা ২৫ ও ধূপ বেদির কথা ২৯ ও পবিত্র তৈলের কথা।

১ অনন্তর বিৎসলেল্ শিটীম্ কাষ্ঠ দ্বারা আড়াই হস্ত দীর্ঘ ও দেড় হস্ত প্রস্থ ও দেড় হস্ত উচ্চ সিন্দুক নির্ম্মাণ করিয়া ২ তাহার ভিতরে ও বাহিরে নির্ম্মল স্বর্ণ মুড়াইল, এবং তা- ৩ হার চারিদিগে স্বর্ণের নিকাল নির্ম্মাণ করিল। ও তাহার চারি কোণে চারি স্বর্ণকড়া নির্ম্মাণ করিল; তাহার এক পার্শ্বের উপরে দুই কড়া ও অন্য পার্শ্বের উপরে ৪ দুই কড়া করিল। এবং সে শিটীম্ কাষ্ঠের সাইঙ্গ করিয়া ৫ তাহা স্বর্ণেতে মুড়িল। এবং সিন্দুক বহনার্থে সিন্দুকের পার্শ্বোপরিস্থিত কড়াতে সেই সাইঙ্গ প্রবেশ করাইল।

৬ অপর সে নির্ম্মল স্বর্ণদ্বারা আড়াই হস্ত দীর্ঘ ও ৭ দেড় হস্ত প্রস্থ আবরণ প্রস্তুত করিল। এবং এক থান স্বর্ণ পিটাইয়া আবরণের দুই মুড়াতে দুই কিরূব্ ৮ নির্ম্মাণ করিল। তাহার এক মুড়াতে এক কিরূব্ ও অন্য মুড়াতে অন্য কিরূব্, আবরণের দুই মুড়াতে ৯ দুই কিরূব্ নির্ম্মাণ করিল। এবং ঐ কিরূব্ ঊর্দ্ধে পক্ষ বিস্তার করিয়া ঐ পক্ষ দ্বারা আবরণ আচ্ছাদন করিল, ও পরস্পর সম্মুখাসম্মুখী হইয়া আবরণের প্রতি মুখ রাখিল।

১০ পরে সে শিটীম্ কাষ্ঠদ্বারা দুই হস্ত দীর্ঘ ও এক হস্ত ১১ প্রস্থ ও দেড় হস্ত উচ্চ এক মেজ নির্ম্মাণ করিল। এবং তাহা নির্ম্মল স্বর্ণদ্বারা মুড়িল, ও তাহার চারিদিগে ১২ স্বর্ণময় নিকাল করিল। তদ্ভিন্ন সে তাহার নিমিত্তে চারি অঙ্গুলি পরিমিত চতুর্দ্দিগে এক সীমা করিল, ও সীমার ১৩ চতুর্দ্দিগে স্বর্ণের নিকাল প্রস্তুত করিল। ও তাহার কারণ স্বর্ণের চারি কড়া নির্ম্মাণ করিল, ও তাহার চারি পায়ার ১৪ উপরিস্থ চারি কোণে কড়া বদ্ধ করিল। এবং সাইঙ্গ-দ্বারা মেজ বহনার্থে সীমার নীচে কড়া নির্ম্মাণ করিল। ১৫ এবং মেজ বহনার্থে শিটীম্ কাষ্ঠদ্বারা সাইঙ্গ করিয়া ১৬ তাহা স্বর্ণেতে মুড়িল। এবং মেজের উপরিস্থিত পাত্র নির্ম্মাণ করিল, এবং তাহার থাল ও চমস ও গোলাধার ও ঢালিবার জন্যে পাত্র নির্ম্মল স্বর্ণদ্বারা নির্ম্মাণ করিল।

১৭ পরে নির্ম্মল স্বর্ণ পিটাইয়া দীপবৃক্ষ নির্ম্মাণ করিল, তাহার কাণ্ড ও শাখা ও গোলাধার ও কলিকা ও পুষ্প ১৮ তাহার অংশ হইল। এবং দীপবৃক্ষের এক দিগহইতে তিন শাখা, ও দীপবৃক্ষের অন্য দিগহইতে তিন শাখা, ১৯ এই ছয় শাখা তাহার পার্শ্ব হইতে নির্গত হইল। এবং এক শাখাতে বাদামপুষ্পের ন্যায় তিন গোলাধার ও এক কলিকা ও এক পুষ্প, অন্য এক শাখাতে বাদাম পুষ্পের ন্যায় তিন গোলাধার ও এক কলিকা ও এক পুষ্প, দীপবৃক্ষহইতে নির্গত ছয় শাখাতে এইরূপ হইল। এবং দীপবৃক্ষে বাদাম পুষ্পের ন্যায় চারি কলি- ২০ কা, ও তাহার গোলাধার ও পুষ্প ছিল। এবং তাহা- ২১ হইতে যে ছয় শাখা নির্গত হইল, তদনুসারে তাহার দুই শাখার নীচে এক কলিকা, ও অন্য দুই শাখার নীচে এক কলিকা, ও অন্য দুই শাখার নীচে এক কলিকা ছিল। এই কলিকা ও শাখা তাহার অংশ ২২ ছিল, এবং সকল নির্ম্মল সুবর্ণ নির্ম্মিত ছিল। এবং ২৩ তাহার সাত প্রদীপ ও গুলত্রাস ও গুলদান নির্ম্মল স্বর্ণ-দ্বারা নির্ম্মাণ করিল। সে এক তালান্ত পরিমিত নির্ম্মল ২৪ স্বর্ণদ্বারা তাহা ও তাহার সকল পাত্র নির্ম্মাণ করিল।

২৫ পরে সে শিটীম্‌কাষ্ঠদ্বারা এক হস্ত দীর্ঘ ও এক হস্ত প্রস্থ ও দুই হস্ত উচ্চ চতুষ্কোণ ধূপ বেদি নির্ম্মাণ করিল, ও তাহাতে চূড়া করিল। পরে তাহা ও ২৬ তাহার ঊর্দ্ধভূমি ও তাহার চারি পার্শ্ব ও তাহার চূড়া নির্ম্মল স্বর্ণে মুড়াইল, এবং তাহার চতুর্দ্দিগে স্বর্ণ নিকাল করিল। এবং তাহা বহনের সাইঙ্গ স্থাপনার্থে ২৭ তাহার চূড়ার নীচে দুই পার্শ্বের উপরে, অর্থাৎ দুই কোণের উপরে স্বর্ণের দুই কড়া নির্ম্মাণ করিল। এবং ২৮ শিটীম্‌কাষ্ঠদ্বারা সাইঙ্গ করিল ও তাহা স্বর্ণেতে মুড়িল।

২৯ পরে সে অভিষেকার্থে পবিত্র তৈল ও ধূপের জন্যে গন্ধবণিকের মতানুসারে সুগন্ধি দ্রব্য প্রস্তুত করিল।

৩৮ অধ্যায়।

১ হোম বেদির কথা ৮ ও পিত্তলের প্রক্ষালনপাত্রের কথা ৯ ও প্রাঙ্গনের কথা ২১ ও দত্ত প্রদান দ্রব্যের কথা।

১ অনন্তর সে শিটীম্‌কাষ্ঠদ্বারা পাঁচ হস্ত দীর্ঘ ও পাঁচ হস্ত প্রস্থ ও তিন হস্ত উচ্চ ও চতুষ্কোণ এক হোমবেদি ২ নির্ম্মাণ করিল। এবং তাহার চারি কোণে চূড়া নির্ম্মাণ করিল, ও চূড়া সকল তাহার অংশ ছিল, এবং তাহা ৩ পিত্তলেতে মুড়িল। পরে বেদির সকল পাত্র, অর্থাৎ কড়াই ও হাতা ও বাটি ও ত্রিশূল ও কুণ্ড, এই সকল ৪ পাত্রও পিত্তলদ্বারা নির্ম্মাণ করিল। এবং বেদির বেড়ের নীচে অধো অবধি মধ্য পর্য্যন্ত জালবৎ কর্ম্মেতে ৫ পিত্তলের জাল নির্ম্মাণ করিল। এবং সাইঙ্গ রাখিতে ৬ পিত্তলের জালের চারিকোণে চারি কড়া করিল। পরে সে শিটীম্ কাষ্ঠদ্বারা সাইঙ্গ নির্ম্মাণ করিয়া তাহা পিত্ত-৭ লেতে মুড়িল। এবং বেদি বহনার্থে তাহার পার্শ্বের উপরে ঐ সাইঙ্গ কড়াতে পরাইল, এবং তক্তাদ্বারা বেদি ফাঁপা করিল।

৮ অপর যে স্ত্রীগণ মণ্ডলীর আবাসদ্বারের নিকটে সেবা করিল, সেই সেবাকারি স্ত্রীগণের পিত্তল নির্ম্মিত দর্প্পণদ্বারা সে এই প্রক্ষালনপাত্র ও তাহার পায়া নির্ম্মাণ করিল।

৯ পরে সে প্রাঙ্গণ প্রস্তুত করিল, এবং দক্ষিণদিগে প্রাঙ্গণের দক্ষিণ ব্যবধানবস্ত্র পাকান সূত্রেতে এক

[৩৭ অধ্য; ১-৫] যা ২৫; ১০-১৬॥—[৬-৯] ২৫; ১৭-২০॥—[১০-১৬] ২৫; ২৩-৩০॥—[১৭-২৪] ২৫; ৩১-৩৯॥
[২৫-২৮] ৩০; ১-১০॥—[২৯] ৩০; ২২-৩৮॥
[৩৮ অধ্য; ১-৭] যা ২৭; ১-৮॥— [৮] ৩০; ১৭-২১॥

১০ শত হস্ত, ও তাহার স্তম্ভ বিংশতি ও পিত্তলের চুঙ্গি বিংশতি, ও স্তম্ভের আঁকড়া ও শলাকা রূপার ১১ করিল। পরে উত্তরদিগের ব্যবধানবস্ত্র এক শত হস্ত ও তাহার স্তম্ভ বিংশতি ও পিত্তলের চুঙ্গি বিংশতি, এবং স্তম্ভের আঁকড়া ও শলাকা রূপার ১২ করিল। পরে পশ্চিম পার্শ্বের ব্যবধানবস্ত্র পঞ্চাশ হস্ত, ও তাহার দশ স্তম্ভ ও দশ চুঙ্গি, এবং স্তম্ভের ১৩ আঁকড়া ও শলাকা রূপার করিল। এবং পূর্ব্বদিগে ১৪ পূর্ব্ব পার্শ্বের দীর্ঘতা পঞ্চাশ হস্ত। ও এক ভাগের নিমিত্তে পোনের হস্ত ব্যবধানবস্ত্র ও তিন স্তম্ভ ও তিন ১৫ চুঙ্গি। এবং অন্য ভাগের নিমিত্তে, প্রাঙ্গণের দ্বারের এদিগে ওদিগে পোনের হস্ত ব্যবধানবস্ত্র, ও তাহার ১৬ তিন স্তম্ভ ও তিন চুঙ্গি। প্রাঙ্গণের চতুর্দ্দিগের সকল ১৭ ব্যবধানবস্ত্র পাকান সূত্রেতে প্রস্তুত করিল। এবং পিত্তলদ্বারা স্তম্ভের চুঙ্গি, ও রূপাদ্বারা স্তম্ভের আঁকড়া ও শলাকা, এবং রূপাদ্বারা তাহার মস্তক, এবং রূপার ১৮ শলাকাতে প্রাঙ্গণের সকল স্তম্ভ সংযুক্ত হইল। এবং প্রাঙ্গণের দ্বারের আচ্ছাদনবস্ত্র নীলবর্ণ ও ধূমুবর্ণ ও রক্তবর্ণ পাকান সূত্রের সূচিকর্ম্মে প্রস্তুত করিল, এবং তাহার দীর্ঘতা প্রাঙ্গণের ব্যবধানবস্ত্রের ন্যায় ১৯ বিংশতি হস্ত এবং প্রস্থতা ও উচ্চতা পঞ্চ হস্ত। এবং তাহাদের চারি স্তম্ভ ও পিত্তলের চারি চুঙ্গি ও রূপার আঁকড়া এবং তাহার মাথলা ও শলাকা রূপার ২০ করিল। এবং আবাসের প্রাঙ্গণের চারি দিগের সকল খিল পিত্তলের করিল।

২১ অপর আবাসের অর্থাৎ সাক্ষ্যরূপ আবাসের এই সকল বস্তু লেবীয় লোকদের সেবার্থে মূসার আজ্ঞানুসারে হারোণ্ যাজকের পুত্র ঈথামরের্ দ্বারা গণিত ২২ ছিল। পরমেশ্বর মূসাদ্বারা যে আজ্ঞা করিয়াছেন, যিহূদা বংশজাত হূরের পৌত্র ও ঊরির পুত্র বিৎসলেল্ ২৩ ঐ সকল নির্ম্মাণ করিল। এবং নীলবর্ণ ও ধূমুবর্ণ ও রক্তবর্ণ পাকান সূত্রেতে শিল্পকারী এবং খোদক ও বিজ্ঞ তন্তুবায় দান্ বংশজাত অহীষামকের পুত্র অহলীয়াব্ ২৪ তাহার সহকারী ছিল। পরে পবিত্র আবাসের সকল বিষয়ের সকল কর্ম্মে এই সকল স্বর্ণ লাগিল, অর্থাৎ নৈবেদ্যের সমস্ত স্বর্ণ পবিত্র আবাসের শেকলনুসারে ঊনত্রিশ তালান্ত ও সাত শত ত্রিশ শেকল্ ছিল। ২৫ এবং মণ্ডলীর গণিত লোকের রূপা পবিত্র আবাসের শেকলনুসারে এক শত তালান্ত ও এক সহস্র সাত শত ২৬ পঁচাত্তর শেকল্ ছিল। প্রতি গণিত লোকের জন্যে, অর্থাৎ যাহারা বিংশতি বৎসরের অধিক বয়স্ক ছিল, তাহাদের ছয় লক্ষ তিন সহস্র সাড়ে পাঁচ শত প্রত্যেক জনের * কারণ এক বেকা অর্থাৎ পবিত্র আবাসের শেকলনুসারে অর্দ্ধ২ শেকল্ দিতে হয়। অপর সেই ২৭ এক শত তালান্ত রূপাতে পবিত্র আবাসের ও ব্যবধানবস্ত্রের চুঙ্গি ঢালা গেল, এক শত চুঙ্গির কারণ এক শত তালান্ত, অর্থাৎ এক২ চুঙ্গির কারণ এক২ তালান্ত ব্যয় হইল। এবং ঐ এক সহস্র সাত শত পঁচাত্তর ২৮ শেকল্ রূপাতে সে স্তম্ভের কারণ আঁকড়া নির্ম্মাণ করিল, ও তাহার মাথলা মণ্ডিত করিল, ও তাহা শলাকাতে সংযুক্ত করিল। এবং দানের পিত্তল ২৯ সত্তরি তালান্ত ও দুই সহস্র চারি শত শেকল্ ছিল। এবং তাহাদ্বারা মণ্ডলীর আবাসের দ্বারের চুঙ্গি ও ৩০ তাহার পিত্তলময় বেদি ও তাহার পিত্তলময় জাল ও বেদির সকল পাত্র নির্ম্মাণ করিল। এবং প্রাঙ্গণের ৩১ চতুর্দ্দিগে চুঙ্গি ও প্রাঙ্গণের দ্বারের চুঙ্গি ও আবাসের সকল খিল ও প্রাঙ্গণের চতুর্দ্দিগের সকল খিল নির্ম্মাণ করিল।

৩৯ অধ্যায়।

১ পবিত্র বস্ত্র ও এফোদের কথা ৮ ও বুকপাটার কথা ২২ ও এফোদের বস্ত্রের কথা ২৭ ও গাত্রীয় বস্ত্র ও ওষ্ণীষের কথা ৩০ ও পবিত্র মুকুটের পত্রের কথা ৩২ ও আবাসের তাবৎ কর্ম্মের সমাপ্তি।

১ পরে লোকেরা মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে পবিত্র স্থানের সেবার্থে নীলবর্ণ ও ধূমুবর্ণ ও রক্তবর্ণ বস্ত্র প্রস্তুত করিল, এবং হারোণের জন্যে পবিত্র বস্ত্র ২ প্রস্তুত করিল। এবং স্বর্ণদ্বারা ও নীলবর্ণ ও ধূমুবর্ণ ও ৩ রক্তবর্ণ পাকান সূত্রদ্বারা এফোদ্ নির্ম্মাণ করিল। এবং স্বর্ণ পিটাইয়া পাত করিয়া বিচিত্র কর্ম্মদ্বারা নীলবর্ণ ও ধূমুবর্ণ ও রক্তবর্ণ সূক্ষ্মবস্ত্রের মধ্যে বুনিবার জন্যে ৪ তাহা কাটিয়া তার করিল। এবং যোড়া দিবার জন্যে স্কন্ধপটি করিল; তাহাতে দুই পার্শ্বে পরস্পর যোড়া ৫ দেওয়া গেল। এবং মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে এফোদের উপরিস্থিত বিচিত্র কটিবন্ধন তৎকর্ম্মানুসারে স্বর্ণদ্বারা এবং নীলবর্ণ ও ধূমুবর্ণ ও রক্তবর্ণ পাকান ৬ সূত্রদ্বারা নির্ম্মিত হইল। পরে তাহারা খোদিত মুদ্রার ন্যায় ইস্রায়েল্ বংশের নামে খোদিত স্বর্ণময় স্থালীতে ৭ খচিত হারৎমণি খুদিল। এবং এফোদের স্কন্ধপটির উপরে সকলকে বসাইল, তাহাতে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে ইস্রায়েল্ বংশের স্মরণার্থক এই প্রস্তর হইল।

৮ পরে এফোদের ন্যায় সে স্বর্ণদ্বারা ও নীলবর্ণ ও ধূমুবর্ণ ও রক্তবর্ণ পাকান সূত্রদ্বারা বিচিত্র কর্ম্মেতে বুক- ৯ পাটা নির্ম্মাণ করিল। তাহা চতুষ্কোণ ছিল, এবং তাহারা তাহা দোহারা করিয়া এক বিঘৎ দীর্ঘ ও এক ১০ বিঘৎ প্রস্থ করিল। এবং তাহা চারি পঙ্ক্তি মণিতে

[৯-১১] যা ২৭; ৯-১৮॥—[২০]২৭; ১৯॥—[২১-৩১]১ বং ২৯; ২-৮॥—[২১]গ ৪; ২৮॥—[২৫-২৮] যা ৩০; ১১-১৬॥—[২৬] ১২; ৩৭। গ ১; ৪৬॥

[৩৯ অধ্যা; ২-৫] যা ২৮; ৬-৮॥—[৬,৭] ২৮; ৯-১২॥—[৮-২১] ২৮; ১৩-২৯॥

* (ইব্রী) মস্তকের।

খচিত করিল, তাহার প্রথম পঙ্ক্তিতে চুনি ও পদ্মরাগ
১১ ও তামুমণি দিল। এবং দ্বিতীয় পঙ্ক্তিতে মরকত ও
১২ নীলকান্ত ও হীরক দিল। এবং তৃতীয় পঙ্ক্তিতে লশুনীয়
১৩ ও যিস্ম ও কটাহেলা দিল। এবং চতুর্থ পঙ্ক্তিতে
গোদন্ত ও বৈদূর্য্য ও সূর্য্যকান্ত; স্বর্ণস্থালী এই সকল
১৪ মণিতে খচিত হইল। এই প্রস্তর ইস্রায়েল্ বংশের
নিমিত্তে ও তাহাদের নামানুসারে দ্বাদশ হইল, এবং
মুদ্রার ন্যায় এক২ প্রস্তরেতে ঐ দ্বাদশ বংশের
১৫ এক২ নাম হইল। এবং বুকপাটার কোণে নির্ম্মল
১৬ স্বর্ণদ্বারা পাকান শৃঙ্খল নির্ম্মাণ করিল। এবং স্বর্ণের
দুই স্থালী ও স্বর্ণের দুই কড়া নির্ম্মাণ করিয়া বুক-
১৭ পাটার দুই কোণে ঐ দুই কড়া বদ্ধ করিল। এবং
বুকপাটার কোণস্থিত দুই কড়ার মধ্যে সেই দুই স্বর্ণের
১৮ পাকান শৃঙ্খল রাখিল। এবং পাকান শৃঙ্খলের দুই
মুড়া দুই স্থালীতে বদ্ধ করিয়া এফোদ্ বস্ত্রের সম্মুখস্থিত
১৯ দুই স্কন্ধপটির উপরে তাহা রাখিল। এবং স্বর্ণের দুই
কড়া নির্ম্মাণ করিয়া এফোদের সম্মুখস্থিত বুকপাটার
২০ ভিতরভাগের দুই কোণে তাহা রাখিল। এবং স্বর্ণের
আর দুই কড়া করিয়া তাহা এফোদের স্কন্ধপটির
অধোদিগে দুই পার্শ্বে সম্মুখভাগে তাহার সংযোগের
স্থানে এফোদের বিচিত্র কটিবন্ধনের উপরে রাখিল।
২১ তাহাতে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে
তাহা যেন এফোদের বিচিত্র কটিবন্ধনের উপরে থাকে,
এবং বুকপাটা এফোদ্হইতে খসিয়া না পড়ে, এই
জন্যে তাহারা কড়াতে নীল সূত্র দিয়া এফোদের কড়ার
সহিত বুকপাটাকে বদ্ধ করিয়া রাখিল।

২২ পরে মূসার প্রতি ঈশ্বরের আজ্ঞানুসারে সে এফো-
২৩ দের নীলবর্ণ বস্ত্র বুনিল। এবং তাহার মধ্যে বর্ম্ম
ছিদ্রের ন্যায় এক ছিদ্র করিল; এবং তাহা যেন না ছিড়ে,
২৪ এই জন্যে সে ছিদ্রের চারিদিগে বন্ধন দিল। এবং
মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহারা ঐ
বস্ত্রের পার্শ্বের উপরে নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ
২৫ পাকান সূত্রেতে দাড়িম নির্ম্মাণ করিল। পরে তাহারা
নির্ম্মল স্বর্ণদ্বারা ঘুণ্টিকা করিয়া দাড়িমের মধ্যে২
বস্ত্রের অঞ্চলের চারিদিগে দাড়িমের মধ্যে দিল।
২৬ অর্থাৎ সেবা করণার্থক বস্ত্রের অঞ্চলের চারিদিগে এক
ঘুণ্টিকা ও তাহার পরে এক দাড়িম, ও তাহার পরে এক
ঘুণ্টিকা ও তাহার পরে এক দাড়িম, এই রূপ করিল।

২৭ অপর মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে
তাহারা হারোণের ও তাহার পুত্রগণের জন্যে সূত্র
২৮ নির্ম্মিত উড়নী, ও সূক্ষ্ম বস্ত্রের কিরীট ও সূক্ষ্ম সূত্র
নির্ম্মিত উষ্ণীষ ও পাকান সূত্রের বস্ত্রের কটিবন্ধন
২৯ প্রস্তুত করিল। এবং নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ পাকান
সূত্রেতে সূচিকর্ম্মদ্বারা এক কটিবন্ধন প্রস্তুত করিল।

৩০ পরে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহারা
নির্ম্মল স্বর্ণদ্বারা পবিত্র মুকুটের পত্র নির্ম্মাণ করিয়া
খোদিত মুদ্রার ন্যায় তাহার উপরে 'পরমেশ্বরের
৩১ উদ্দেশে পবিত্রতা' ইহা লিখিল। পরে উর্দ্ধে তে বান্ধিবার
জন্যে মুকুটের উপরে তাহা নীল সূত্র দিয়া বাঁধিল।

৩২ এই প্রকারে মণ্ডলীর আবাসের তাম্বুর সকল কর্ম্ম
সমাপ্ত হইল; মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে
৩৩ ইস্রায়েল্ বংশ তাবৎ কর্ম্ম করিল। পরে তাহারা মূসার
নিকটে ঐ আবাস আনিল, এবং তাহার তাম্বু ও সকল
৩৪ পাত্র ও ঘুণ্টী ও তক্তা ও বাতা ও স্তম্ভ ও চুঙ্গি, ও রক্তী-
কৃত মেষচর্ম্মাচ্ছাদক ও তহশ্চর্ম্মময় আচ্ছাদক ও আচ্ছা-
৩৫ দনার্থে বিচ্ছেদবস্ত্র, এবং সাক্ষ্যরূপ সিন্দুক ও তাহার
৩৬ সাইঙ্গ ও আবরণ, এবং মেজ ও তাহার সকল পাত্র
৩৭ ও দর্শনরুটী, ও নির্ম্মল দীপবৃক্ষ ও তাহার দীপ,
অর্থাৎ তাহার মধ্যে স্থাপিত দীপ, ও তাহার সকল
৩৮ পাত্র ও দীপার্থ তৈল। এবং স্বর্ণময় বেদি ও অভি-
ষেকার্থ তৈল ও ধূপার্থ সুগন্ধি দ্রব্য * ও আবাসের
৩৯ দ্বারের আচ্ছাদনবস্ত্র, এবং পিত্তলের বেদি ও তাহার
পিত্তলের জাল ও তাহার সাইঙ্গ ও সকল পাত্র ও
৪০ প্রক্ষালনপাত্র ও তাহার পায়া, এবং প্রাঙ্গণের
ব্যবধানবস্ত্র ও তাহার স্তম্ভ ও চুঙ্গি ও প্রাঙ্গণদ্বারের
আচ্ছাদনবস্ত্র ও তাহার রজ্জু ও খিল ও মণ্ডলীর
৪১ তাম্বুর জন্যে আবাসের সেবার সকল পাত্র, এবং
পবিত্র স্থানে সেবার্থ বস্ত্র ও হারোণ্ যাজকের পবিত্র
৪২ বস্ত্র ও তাহার পুত্রদের যাজকপদে সেবার্থ বস্ত্র, ইত্যাদি
যে২ কর্ম্ম মূসার প্রতি পরমেশ্বর আজ্ঞা করিয়াছেন,
৪৩ ইস্রায়েল্ বংশ তাহা সকলি নির্ম্মাণ করিল। পরে মূসা
ঐ সকল ক্রিয়ার প্রতি দৃষ্টি করিলে তাহারা পরমে-
শ্বরের আজ্ঞানুসারে সকলি করিয়াছে, ইহা দেখিল;
পরে মূসা তাহাদিগকে আশীর্ব্বাদ করিল।

৪০ অধ্যায়।

১ আবাসের ওত্থাপন ও অভিষেক করণ ১২ ও হারোণ্ ও তাহার পুত্রগণকে পবিত্র করণ ১৭ ও পরমেশ্বরের আজ্ঞানুসারে মূসার তাবৎ কর্ম্ম করণ ৩৪ ও মেঘ ও অগ্নিরূপ স্তম্ভের কথা।

১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি প্রথম মাসের
২ প্রথম দিনে মণ্ডলীর আবাসের তাম্বু স্থাপন করিবা।
৩ এবং তাহার মধ্যে সাক্ষ্যরূপ সিন্দুক রাখিয়া বিচ্ছেদ-
৪ বস্ত্র দিয়া সেই সিন্দুক ঢাকিবা। পরে মেজ ভিতরে
আনিয়া তাহার উপরে অনুক্রমে নিরূপিত বস্তু রাখিবা,
এবং দীপবৃক্ষ ভিতরে আনিয়া তাহার দীপ জ্বালিয়া
৫ দিবা। এবং স্বর্ণের ধূপবেদি সাক্ষ্যরূপ সিন্দুকের
সম্মুখে রাখিবা, এবং আবাসদ্বারের আচ্ছাদনবস্ত্র
৬ রাখিবা। এবং মণ্ডলীর তাম্বুর আবাসের দ্বারের

[২২-২৬] ২৮; ৩১-৩৫ ॥—[২৭-২৯] ২৮; ৩৯-৪০ ॥—[৩০, ৩১] ২৮; ৩৬-৩৮ ॥—[৩৩-৪৩] ৩৫; ৪-১৯ ॥
[৪০ অধ্যা; ২] যা ১২; ২। ৩৬; ৮-৪৩ ॥—[৩] ৩৭; ১-৯। ৩৬; ৩৫, ৩৬ ॥—[৪, ৫] ৩৭; ১০-২৮ ॥—[৫] ৩৬; ৩৭, ৩৮ ॥

* (ইব্রি) সুগন্ধ মসলহেরধূপ।

৭ সম্মুখে হোমবেদি রাখিবা। এবং মণ্ডলীর তাম্বু ও বেদির মধ্যে প্রক্ষালনপাত্র রাখিয়া তাহার মধ্যে জল দিবা। ৮ এবং চতুর্দ্দিগে প্রাঙ্গণ প্রস্তুত করিবা ও প্রাঙ্গণের দ্বারে ৯ আচ্ছাদন বস্ত্র টাঙ্গাইবা। পরে অভিষেকার্থ তৈল লইয়া আবাস ও তাহার সকল বস্তু অভিষেক করিয়া তাহা ও তাহার সকল পাত্র পবিত্র করিলে তাহা সকল ১০ পবিত্র হইবে। এবং তুমি হোমবেদি ও তাহার সকল পাত্র অভিষেক করিয়া পবিত্র করিবা; তাহাতে তাহা ১১ অতি পবিত্র* বেদি হইবে। এবং তুমি প্রাক্ষলনপাত্র ও তাহার পায়া অভিষেক করিয়া তাহা পবিত্র করিবা।

১২ পরে তুমি হারোণ্‌কে ও তাহার পুত্রগণকে মণ্ডলীর আবাসের দ্বারের নিকটে আনিয়া জলেতে স্নান করা- ১৩ ইবা। এবং আমার উদ্দেশে যাজন কর্ম্ম করিতে হারোণ্‌কে পবিত্র বস্ত্র পরিধান করাইয়া অভিষেক করিয়া ১৪ পবিত্র করিবা। এবং তাহার পুত্রগণকে আনিয়া উত্তরীয় ১৫ বস্ত্র পরিধান করাইবা। এবং তাহাদের পিতাকে যেমন অভিষেক করিয়াছ,তদ্রূপ আমার উদ্দেশে যাজন কর্ম্ম করিতে তাহাদিগকেও অভিষেক করিবা, কেননা সেই অভিষেক তাহাদের পুরুষানুক্রমে নিত্য যাজকতা ১৬ স্বরূপ হইবে। মূসা এইরূপ করিল; সে পরমেশ্বরের আজ্ঞানুসারে সকল করিল।

১৭ পরে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে দ্বিতীয় বৎসরের প্রথম মাসের প্রথম দিনে আবাস স্থাপন ১৮ করিল। এবং মূসা আবাস স্থাপন করিয়া তাহার চুঙ্গি বদ্ধ করিয়া তাহার তক্তা দণ্ডায়মান করিল, এবং ১৯ বাতা প্রবেশ করাইয়া তাহার স্তম্ভ তুলিল। পরে সে ঐ আবাসের উপরে তাম্বু স্থাপন করিল, এবং তাম্বুর উপরে আচ্ছাদন বিস্তার করিল।

২০ পরে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে সে সাক্ষ্যরূপ পুস্তক লইয়া সিন্দুকের মধ্যে রাখিল, এবং সিন্দুকে সাইঙ্গ রাখিয়া সিন্দুকের উপরে ঊর্দ্ধে আবরণ ২১ রাখিল। এবং সে আবাসের মধ্যে সিন্দুক আনিল, এবং আচ্ছাদনার্থে বিচ্ছেদবস্ত্র টাঙ্গাইয়া সাক্ষ্যরূপ সিন্দুক আচ্ছাদন করিল।

২২ পরে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে সে আবাসের উত্তর পার্শ্বে বিচ্ছেদবস্ত্রের বাহিরে মণ্ডলীর তাম্বুতে মেজ রাখিল। এবং সে পরমেশ্বরের সম্মুখে ২৩ তাহার উপরে বিধিমতে রুটি রাখিল।

এবং মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে ২৪ মেজের সম্মুখে আবাসের দক্ষিণ পার্শ্বে মণ্ডলীর তাম্বুতে দীপবৃক্ষ রাখিল। এবং পরমেশ্বরের সম্মুখে ২৫ প্রদীপ জ্বালিল।

পরে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে সে ২৬ মণ্ডলীর তাম্বুতে বিচ্ছেদবস্ত্রের সম্মুখে ঐ স্বর্ণবেদি রাখিল। এবং তাহার উপরে সুগন্ধি ধূপ জ্বালাইল। ২৭

আর মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে সে ২৮ আবাসের দ্বারে ঐ আচ্ছাদনবস্ত্র স্থাপন করিল। এবং ২৯ মণ্ডলীর তাম্বুর আবাসের দ্বারের নিকটে হোমবেদি রাখিয়া তাহার উপরে হোম বলি ও নৈবেদ্য উৎসর্গ করিল।

এবং মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে সে মণ্ড- ৩০ লীর তাম্বু ও বেদির মধ্যস্থানে ঐ প্রক্ষালনপাত্র রাখিয়া তাহার মধ্যে প্রক্ষালনার্থে জলও রাখিল। তাহাতে মূসা ৩১ ও হারোণ্ ও তাহার পুত্রগণ আপন ২ হস্ত ও পদ ধৌত করিল। যে কোন সময়ে তাহারা মণ্ডলীর তাম্বুতে প্রবেশ ৩২ করিল কিম্বা বেদির নিকটবর্ত্তী হইল, তৎকালে গাত্র ধৌত করিল। পরে সে আবাসের ও বেদির চারিদিগে ৩৩ প্রাঙ্গণ প্রস্তুত করিল,এবং প্রাঙ্গণের দ্বারের আচ্ছাদন- বস্ত্র স্থাপন করিল; এই রূপে মূসা ঐ কার্য্য সমাপ্ত করিল।

অনন্তর মেঘ ঐ মণ্ডলীর তাম্বু আচ্ছাদন করিলে ৩৪ পরমেশ্বরের তেজ আবাস পরিপূর্ণ করিল। পরে ৩৫ মূসা মণ্ডলীর তাম্বুতে প্রবেশ করিতে পারিল না, কারণ মেঘ তাহার উপরে অবস্থিতি করিল, ও পরমে- শ্বরের তেজ আবাস পরিপূর্ণ করিল। পরে আবা- ৩৬ সের উপরহইতে মেঘ নীত হইলে ইস্রায়েল্ বংশ আপনাদের প্রত্যেক যাত্রাতে অগ্রসর হইত। কিন্তু ৩৭ যদি মেঘ ঊর্দ্ধে নীত না হইত, তবে যাবৎ ঊর্দ্ধে নীত না হইত, তাবৎ তাহারা যাত্রা করিত না। ইস্রায়েলের ৩৮ তাবৎ বংশের গোচরে দিবসে তাহাদের যাত্রাতে পরমেশ্বরের মেঘ এবং রাত্রিতে অগ্নি আবাসের উপরে অবস্থিতি করিল।

[৬-৮] যা৩৮; ১-২০ ॥—[৯-১৫] ৩০; ২২-৩৩। লে ৮; ১-১৩ ॥—[১৫] গ ২৫; ১৩। ইব্রু ৭; ১১ ॥—[১৭] যা ১২; ১৭, ১৮ ॥—[১৮-৩২] প ১-৮॥—[৩২] ৩০; ১৭-২১॥—[৩৪,৩৫]১ রা ৮; ১০,১১। যিশ ৬; ৪। প্র ১৫; ৮॥—[৩৬-৩৮]গ ৯; ১৫-২৩। যিশ ৪; ৫,৬ ॥—[৩৮] যা ১৩; ২২ ॥

* (ইব্রু) পবিত্রতার পবিত্রতা।

লেবীয় পুস্তক।

অর্থাৎ

মূসালিখিত তৃতীয় পুস্তক।

---

১ অধ্যায়।

১ হোমের বিধি ৩ অর্থাৎ পশুর ১০ ও মেষের ১৪ ও পক্ষির হোমের বিধি।

১ পরমেশ্বর মণ্ডলীর আবাসে থাকিয়া মূসাকে ডাকিয়া ২ এই কথা কহিলেন। তুমি ইস্রায়েল্ বংশকে কহ, তোমাদের কেহ যদি পরমেশ্বরের কাছে বলি আনে, তবে সে গোরু কিম্বা মেষাদিপাল হইতে তাহা আনুক; এই কথা তাহাদিগকে কহ।

৩ আর যদি হোমার্থে পালহইতে গো লয়, তবে নির্দ্দোষ পুংপশু লইবে; সে পরমেশ্বরের সম্মুখে মণ্ডলীর আবাস দ্বারের নিকটে গ্রাহ্য হওনার্থে * তাহা উৎসর্গ ৪ করিবে, এবং হোম বলির মস্তকে হস্তার্পণ করিবে, তাহাতে সে বলি তাহার প্রায়শ্চিত্ত স্বরূপ গ্রাহ্য ৫ হইবে। পরে সে পরমেশ্বরের সম্মুখে ঐ বৎসকে বধ করিলে হারোণের পুত্র যাজকগণ তাহার রক্ত লইয়া মণ্ডলীর আবাস দ্বারের নিকটস্থ বেদির উপরে ৬ চতুর্দ্দিগে ছিটাইবে। এবং সে তাহার চর্ম্ম খুলিয়া ৭ তাহাকে খণ্ড২ করিবে। পরে হারোণ্ যাজকের পুত্রগণ বেদির উপরে অগ্নি রাখিবে, ও অগ্নির উপরে ৮ কাষ্ঠ সাজাইবে। এবং হারোণের পুত্র যাজকেরা সেই বেদির উপরিস্থ অগ্নির ও কাষ্ঠের উপরে তাহার ৯ মস্তক ও মেদ রাখিবে। কিন্তু যাজক তাহার নাড়ী ও পদ জলে ধৌত করিয়া বেদির উপরে সে সমস্ত দগ্ধ করিবে; তাহাতে তাহা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি হোমবলি হইবে।

১০ আর যদি হোমার্থে পালহইতে মেষ কিম্বা ছাগ ১১ লয়, তবে নির্দ্দোষ পুংপশু লইয়া বেদির পার্শ্বে উত্তরদিগে পরমেশ্বরের সম্মুখে তাহাকে বধ করিবে, এবং হারোণের পুত্র যাজকগণ বেদির উপরে চারিদিগে ১২ তাহার রক্ত ছিটাইবে। পরে সে তাহার মস্তক ও মেদ খণ্ড২ করিলে যাজক বেদির উপরিস্থ অগ্নির ও ১৩ কাষ্ঠের উপরে তাহা সাজাইবে। কিন্তু যাজক তাহার নাড়ী ও পদ জলে ধৌত করিলে সে সমস্ত লইয়া বেদির উপরে দগ্ধ করিবে; তাহাতে তাহা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি হোমবলি হইবে।

১৪ আর যদি পরমেশ্বরের উদ্দেশে হোমার্থে পক্ষী লয়, তবে ঘুঘুদের কিম্বা যুব কপোতদের মধ্যহইতে তাহা ১৫ লইবে। পরে যাজক তাহাকে বেদির নিকটে আনিয়া তাহার মস্তক মুচড়াইয়া তাহাকে বেদিতে দগ্ধ করিবে, এবং তাহার রক্ত বেদির পার্শ্বে নিষ্পীডন করিবে। ১৬ পরে সে তাহার মলের সহিত আমাশয় লইয়া বেদির ১৭ পূর্ব্বপার্শ্বে ভস্মের স্থানে তাহা নিক্ষেপ করিবে। পরে পক্ষের সহিত তাহাকে ছিঁড়িবে, কিন্তু তাহাকে দুই ভাগ করিবে না, এবং যাজক বেদির উপরিস্থ অগ্নির ও কাষ্ঠের উপরে তাহাকে দগ্ধ করিবে; তাহাতে তাহা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি হোমবলি হইবে।

২ অধ্যায়।

১ নৈবেদ্যের বিধি ৪ অর্থাৎ তুন্দুরেজাত নৈবেদ্যের কথা ৫ ও পাত্রে ভর্জ্জিত নৈবেদ্যের কথা ৭ ও কটাহে ভর্জ্জিত নৈবেদ্যের কথা ১২ ও প্রথম ফলের কথা ১৩ এ নৈবেদ্য প্রস্তুত করণের কথা।

১ আর কেহ পরমেশ্বরের উদ্দেশে নৈবেদ্য করিলে সূক্ষ্ম সূজিদ্বারা নৈবেদ্য করিবে, এবং তাহার উপরে ২ তৈল ঢালিয়া ও কুন্দুরু দিয়া হারোণের পুত্র যাজকদের নিকটে আনিবে, তাহাতে যাজক তাহাহইতে এক মুষ্টি সূক্ষ্ম সূজি ও কিঞ্চিৎ তৈল ও সমস্ত কুন্দুরু লইয়া পরমেশ্বরের উদ্দেশে স্মরণার্থে বেদির উপরে দগ্ধ করিবে; তাহাতে তাহা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি ৩ নৈবেদ্য হইবে। এই নৈবেদ্যের অবশিষ্ট অংশ হারোণের ও তাহার পুত্রগণের হইবে; পরমেশ্বরের উদ্দেশে হবনীয় দ্রব্য সকলের মধ্যে ইহা অতি পবিত্র হয়।

৪ আর যদি তুমি নৈবেদ্যার্থে তুন্দুরে পক্ক দ্রব্য লও, তবে তৈল মিশ্রিত ও তাড়ীশূন্য সূক্ষ্ম সূজির পিষ্টক কিম্বা তৈলাক্ত তাড়ীশূন্য সূক্ষ্ম পিষ্টক হইবে।

[১ অধ্যা] লে ৬; ৮-১৩॥—[১] যা ২৫; ২২। ২৯; ৪২॥—[৩] লে ২২; ২০, ২১॥—[৪] ১৬; ২১॥—[৫] ইব্রি ৯; ১৭-২৬॥—[৬] লে ৭; ৮॥—[৯] ইফ ৫; ২॥—[১০-১৩] যা ২৯; ১৫-১৮॥—[১০] প ৩॥—[১১] প ৫॥—[১৩] প ৯॥ [১৭] আ ১৫; ১০। প ৯, ১৩॥

[২ অধ্যা] লে ৬; ১৪-১৮॥—[২] ইফ ৫; ২॥—[৩] ৭; ৯, ১০। গ ১৮; ৯॥

* (বা) স্বেচ্ছাপূর্ব্বক।

৫ আর পাত্রে ভর্জ্জিত দ্রব্যদ্বারা যদি তোমার নৈবেদ্য হয়, তবে তাড়ীশূন্য তৈল মিশ্রিত সূক্ষ্ম সূজি হইবে, ৬ তাহা খণ্ড২ করিয়া তাহার উপরে তৈল ঢালিবা; তাহাই নৈবেদ্য হইবে।

৭ আর কটাহে ভর্জ্জিত দ্রব্যদ্বারা যদি তোমার নৈবেদ্য ৮ হয়, তবে তৈলপক্ক সূক্ষ্ম সূজি হইবে। পরে তুমি এই দ্রব্যের নৈবেদ্য পরমেশ্বরের নিকটে আনিয়া যাজককে দিলে পর সে তাহা বেদির নিকটে আনিবে। ৯ এবং স্মরণার্থে সে নৈবেদ্যের কিছু লইয়া বেদিতে দগ্ধ করিবে; তাহাতে তাহা পরমেশ্বরের উদ্দেশে ১০ অগ্নিকৃত সুগন্ধি নৈবেদ্য হইবে। এবং ঐ নৈবেদ্যের অবশিষ্ট অংশ হারোণের ও তাহার পুত্রগণের হইবে; পরমেশ্বরের উদ্দেশে হবনীয় দ্রব্য সকলের ১১ মধ্যে ইহা অতি পবিত্র হয়। তোমরা পরমেশ্বরের উদ্দেশে তাড়ীযুক্ত নৈবেদ্য আনিবা না, বরং পরমেশ্বরের উদ্দেশে হবনীয় নৈবেদ্যের সহিত তাড়ী কিম্বা মধু কিছুই দগ্ধ করিবা না।

১২ আর প্রথম ফলের নৈবেদ্যের এই বিধি; তোমরা পরমেশ্বরের উদ্দেশে তাহা নিবেদন করিবা, কিন্তু সুগন্ধির জন্যে বেদির উপরে তাহা জ্বালাইবা না।

১৩ আর নৈবেদ্যের প্রত্যেক দ্রব্য লবণাক্ত করিবা, ও নৈবেদ্যে ঈশ্বরের নিয়মিত লবণের ন্যূন না করিয়া ১৪ সকল নৈবেদ্যের সহিত লবণ নিবেদন করিবা। এবং যদি তোমার প্রথম ফলের নৈবেদ্য পরমেশ্বরের উদ্দেশে নিবেদন কর, তবে কোমল ও অগ্নিতে শুষ্ক সম্পূর্ণ শীষহইতে মর্দ্দিত শস্য তোমার প্রথম ফলের ১৫ নৈবেদ্যার্থে নিবেদন করিবা। এবং তাহার উপরে তৈল দিবা ও কুন্দুরু রাখিবা; তাহাই এক নৈবেদ্য ১৬ হইবে। পরে যাজক স্মরণার্থে তাহার কিছু মর্দ্দিত শস্য ও কিছু তৈল ও সমস্ত কুন্দুরু দগ্ধ করিবে; তাহাতে তাহা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত নৈবেদ্য হইবে।

৩ অধ্যায়।

১ মঙ্গলার্থে বলির বিধি, ৬ ও মঙ্গলার্থে বলির জন্যে মেষশাবকের ১২ ও ছাগলের কথা।

১ অপর মঙ্গলার্থে বলিদান করিলে যদি পালহইতে গো দেয়, তবে পরমেশ্বরের সম্মুখে নির্দ্দোষ পুরুষ ২ কিম্বা স্ত্রী পশু উৎসর্গ করিবে। এবং মণ্ডলীর আবাসের দ্বারে আপন বলির মস্তকে হস্তার্প্পণ করিয়া তাহাকে বলিদান করিবে; পরে হারোণের পুত্র যাজকগণ তাহার রক্ত বেদির উপরে চারিদিগে ছিটাইবে। ৩ পরে পরমেশ্বরের উদ্দেশে মঙ্গলার্থক হোমবলি উৎসর্গ করিলে তাহার নাড়ীঢাকা মেদ ও অন্ত্রোপরিস্থিত ৪ পার্শ্বস্থ মেদ ও দুই মেটিয়া ও তদুপরিস্থ পার্শ্বস্থ মেদ ও যকৃতের উপরিস্থ অন্ত্রপল্লাবক মেটিয়ার সহিত ছড়িয়া লইবে। ৫ পরে হারোণের পুত্রগণ বেদির উপরিস্থ অগ্নির ও কাষ্ঠের ও হব্যের উপরে তাহা দগ্ধ করিবে; তাহাতে তাহা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি হোম বলি হইবে।

৬ আর পরমেশ্বরের উদ্দেশে মঙ্গলার্থে যদি মেষাদিপালহইতে বলি হয়, তবে নির্দ্দোষ পুরুষ কিম্বা স্ত্রী বলি উৎসর্গ করিবে। ৭ আর কেহ যদি উপহারার্থে মেষশাবক বলিদান করে, তবে পরমেশ্বরের উদ্দেশে তাহা উৎসর্গ করিবে। ৮ এবং মণ্ডলীর আবাসের সম্মুখে আপন বলির মস্তকে হস্তার্প্পণ করিয়া তাহাকে বলিদান করিবে, এবং হারোণের পুত্রগণ বেদির উপরে চারিদিগে তাহার রক্ত ছিটাইবে। ৯ এবং মঙ্গলার্থে পরমেশ্বরের উদ্দেশে হোম বলি উৎসর্গ করিলে তাহার মেদ ও সমস্ত পশ্চাদ্ভাগ * মেরুদণ্ডের নিকটহইতে ছড়িয়া লইবে ও নাড়ীঢাকা মেদ ও নাড়ীর উপরিস্থিত ১০ সমস্ত মেদ, ও দুই মেটিয়া ও তাহার উপরিস্থিত পার্শ্বের মেদ ও যকৃতের উপরিস্থিত অন্ত্রপল্লাবক মেটিয়ার সহিত ছড়িয়া লইবে। ১১ পরে যাজক তাহা বেদির উপরে দগ্ধ করিবে; তাহাতে তাহা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার ভক্ষ্য হইবে।

১২ আর যদি ছাগল বলিদান করে, তবে তাহা পরমেশ্বরের সম্মুখে আনিবে। ১৩ সে মণ্ডলীর আবাসের সম্মুখে তাহার মস্তকে হস্তার্প্পণ করিয়া তাহাকে বলিদান করিবে, এবং হারোণের পুত্রগণ বেদির উপরে চারিদিগে তাহার রক্ত ছিটাইবে। ১৪ পরে সে তাহাহইতে হবনীয় দ্রব্য পরমেশ্বরের উদ্দেশে উপহার করিবে, অর্থাৎ নাড়ীঢাকা মেদ ও নাড়ীর উপরিস্থ সকল, মেদ ও দুই মেটিয়া ও তাহার উপরিস্থিত ১৫ পার্শ্বস্থ মেদ, ও যকৃতের উপরিস্থিত অন্ত্রপল্লাবক মেটিয়ার সহিত ছড়িয়া লইবে। ১৬ পরে যাজক বেদির উপরে সে সমস্ত দগ্ধ করিবে; তাহাতে তাহা অগ্নিকৃত সুগন্ধি উপহার ভক্ষ্য হইবে; এবং তাবৎ মেদ পরমেশ্বরের হইবে। ১৭ তোমাদের পুরুষানুক্রমে সকল নিবাসে এই এক নিত্য বিধি হইবে, তোমরা মেদ ও রক্ত কিছুই ভোজন করিবা না।

৪ অধ্যায়।

১ যাজকের অজ্ঞাত পাপের জন্যে বলিদানের কথা, ১৩ ও মণ্ডলীর অজ্ঞাত পাপের জন্যে বলিদানের কথা, ২২ ও অধ্যক্ষের অজ্ঞাত পাপের জন্যে বলিদানের কথা, ২৭ ও সাধারণ লোকদের অজ্ঞাত পাপের জন্যে বলিদানের কথা।

[৯]প ২ ।।—[১০]প ৩ ।।—[১১] যা ১২; ১৫ । ১ ক ৫; ৭, ৮ ।।—[১২] যা ২২; ২৯ । লে ২৩; ১০-১৩ ।।—[১৩]গ ১৮; ১৯ । মা ৯; ৪৯ । ম ৫; ১৩ ।।—[১৬]প ২ ।।

[৩ অধ্য] লে ৭; ১১-২১,২৮-৩৪ ।।—[১] ২২; ২০,২১ ।।—[২] ১৬; ২১ ।।—[৬] প ১ ।।—[৮] প ২ ।।—[১১] ২১; ৬,৮ । যিহি ৪৪; ৭ ।।—[১৩] প ২ ।।—[১৬,১৭] লে ৭; ২২-২৭ ।।—[১৭] ১৭; ১১ ।।

* (বা) পুচ্ছ।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে কহ, যদি না বুঝিয়া কেহ পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করে ও তাহার একেরও বিপরীত আচরণ ৩ করে; বিশেষতঃ অভিষিক্ত যাজক যদি লোকদের ন্যায় পাপ করে*, তবে সে আপনার কৃত পাপের জন্যে পরমেশ্বরের উদ্দেশে প্রায়শ্চিত্তার্থে নির্দ্দোষ এক ৪ গোবৎস লইবে। পরে মণ্ডলীর আবাসের দ্বারনিকটে পরমেশ্বরের সম্মুখে সে গোবৎস আনিয়া তাহার মস্তকে হস্তার্প্পণ করিয়া পরমেশ্বরের সম্মুখে তাহাকে ৫ বলিদান করিবে। এবং অভিষিক্ত যাজক সেই গোবৎসের কিঞ্চিৎ রক্ত লইয়া মণ্ডলীর আবাসে আনিবে। ৬ এবং সেই রক্তে আপন অঙ্গুলি ডুবাইয়া পরমেশ্বরের সম্মুখে পবিত্র স্থানের বিচ্ছেদবস্ত্রের অগ্রভাগে ৭ সাত বার ছিটাইবে। পরে যাজক সেই রক্তের কিছু লইয়া মণ্ডলীর আবাসের মধ্যস্থিত সুগন্ধি ধূপের বেদির চূড়াতে পরমেশ্বরের সম্মুখে দিবে, এবং বৎসের সমস্ত রক্ত লইয়া মণ্ডলীর আবাসের দ্বার- ৮ স্থিত হোমবেদির মূলে ঢালিবে। আর যেমন মঙ্গলার্থে বলিদানের গোবৎস ছাড়িয়া লইতে হয়, তদ্রূপ প্রায়শ্চিত্তের বৎসের নাড়ীঢাকা মেদ ও অন্ত্রের ৯ উপরিস্থিত মেদ, ও দুই মেটিয়া ও তাহার উপরের পার্শ্বস্থ মেদ ও যকৃতের উপরিস্থ অন্ত্রপল্লবক মেটিয়ার ১০ সহিত ছাড়িয়া লইবে, এবং যাজক হোমবেদির উপরে ১১ তাহা দগ্ধ করিবে। পরে ঐ বৎসের চর্ম্ম ও মাংস সকল ১২ ও মস্তক ও পদ ও অন্ত্র ও গোময়, সর্ব্ব শুদ্ধ বৎসকে লইয়া শিবিরের বাহিরে শুচি স্থানে, অর্থাৎ ভস্মক্ষেপণের স্থানে আনিয়া কাষ্ঠের উপরে অগ্নিতে তাহা দগ্ধ করিবে, ফলতঃ যে স্থানে ভস্ম ফেলিয়া দেয়, সেই স্থানে তাহা দগ্ধ করিবে।

১৩ আর ইস্রায়েল্ বংশের সমস্ত মণ্ডলী যদি না বুঝিয়া পাপ করে, এবং তাহা মণ্ডলীর গোচর না হয়, এবং পরমেশ্বরের কোন আজ্ঞার বিরুদ্ধে অকর্ত্তব্য কর্ম্ম ১৪ করিয়া যদি দোষী হয়, তবে সেই আজ্ঞার বিরুদ্ধে পাপ করিয়াছি, ইহা যখন জ্ঞাত হইবে, তৎকালে মণ্ডলী সেই পাপের জন্যে এক গোবৎসকে মণ্ডলীর ১৫ আবাসের সম্মুখে আনিয়া উৎসর্গ করিবে। এবং মণ্ডলীর প্রাচীন লোক সকল পরমেশ্বরের সম্মুখে তাহার মস্তকে হস্তার্প্পণ করিবে, এবং পরমেশ্বরের ১৬ সম্মুখে তাহার বলিদান হইবে। পরে অভিষিক্ত যাজক তাহার রক্তের কিছু মণ্ডলীর আবাসের নিকটে আনিবে। ১৭ এবং যাজক সেই রক্তে আপন অঙ্গুলি ডুবাইয়া পরমেশ্বরের সম্মুখে বিচ্ছেদবস্ত্রের অগ্রভাগে সাত বার ছিটাইবে। ১৮ এবং সেই রক্তের কিঞ্চিৎ লইয়া পরমেশ্বরের সম্মুখে মণ্ডলীর আবাসের মধ্যস্থিত বেদির চূড়ার উপরে দিবে; পরে মণ্ডলীর আবাসের দ্বার নিকটস্থিত হোমবেদির মূলে সমস্ত রক্ত ঢালিয়া দিবে। ১৯ এবং তাহাহইতে তাহার সমস্ত মেদ লইয়া বেদির ২০ উপরে দগ্ধ করিবে। এবং সে প্রায়শ্চিত্তের বৎসকে যেরূপ করে, ইহাকেও তদ্রূপ করিবে, এবং যাজক তাহাদের জন্যে প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে তাহাদের ২১ পাপের ক্ষমা হইবে। পরে সে যাজক ঐ বৎসকে শিবিরের বাহিরে লইয়া প্রথম বৎসের ন্যায় তাহাকেও দগ্ধ করিবে; এইরূপে মণ্ডলীর প্রায়শ্চিত্ত হইবে।

২২ অপর যদি কোন অধ্যক্ষ না বুঝিয়া পাপ করে, এবং পরমেশ্বরের কোন আজ্ঞার বিরুদ্ধে অকর্ত্তব্য কর্ম্ম ২৩ করিয়া দোষী হয়, তবে আজ্ঞার বিরুদ্ধে পাপ করিয়াছি, ইহা যখন সে জ্ঞাত হইবে, তৎকালে বলিদানের ২৪ জন্যে এক নির্দ্দোষ পুংছাগ বৎস আনিবে। পরে সে ঐ ছাগ বৎসের মস্তকে হস্তার্প্পণ করিয়া হোম বলিদানের স্থানে পরমেশ্বরের সম্মুখে তাহাকে বলি- ২৫ দান করিবে, ইহাই প্রায়শ্চিত্ত হইবে। পরে যাজক প্রায়শ্চিত্তের কিঞ্চিৎ রক্ত লইয়া আপনার অঙ্গুলি দিয়া হোমবেদির চূড়ার উপরে দিবে, এবং তাহার সমস্ত ২৬ রক্ত হোমবেদির মূলে ঢালিয়া দিবে। এবং মঙ্গলার্থ বলিদানের মেদের ন্যায় তাহার সকল মেদ লইয়া বেদিতে দগ্ধ করিবে, ও যাজক তাহার পাপের প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে তাহার পাপের ক্ষমা হইবে।

২৭ আর সাধারণ† লোকদের মধ্যে যদি কেহ‡ না বুঝিয়া পরমেশ্বরের কোন আজ্ঞার বিরুদ্ধে অকর্ত্তব্য ২৮ কর্ম্ম করিয়া পাপ করে এবং দোষী হয়; তবে সে যখন আপনার কৃত পাপ জ্ঞাত হইবে, তৎকালে সেই পাপের জন্যে বলিদান করিতে পালের মধ্যহইতে এক নির্দ্দোষ ২৯ ছাগবৎসা আনিবে। পরে ঐ প্রায়শ্চিত্ত বলির মস্তকে হস্তার্প্পণ করিয়া হোম বলিদানের স্থানে সেই প্রায়- ৩০ শ্চিত্তের বলিদান করিবে। পরে যাজক অঙ্গুলিদ্বারা তাহার কিঞ্চিৎ রক্ত লইয়া হোমবেদির চূড়ার উপরে দিবে এবং তাহার সমস্ত রক্ত বেদির মূলে ঢালিয়া ৩১ দিবে। এবং মঙ্গলার্থ বলিহইতে নীত মেদের ন্যায় তাহার সকল মেদ ছাড়িয়া লইবে; পরে যাজক পরমেশ্বরের উদ্দেশে সুগন্ধির ন্যায় বেদির উপরে তাহা দগ্ধ করিবে ও যাজক তাহার জন্যে প্রায়শ্চিত্ত ৩২ করিবে; তাহাতে তাহার পাপ ক্ষমা হইবে। কেহ যদি প্রায়শ্চিত্তের নিমিত্তে মেষশাবক আনে, তবে এক ৩৩ নির্দ্দোষ মেষীকে আনিবে। এবং সেই প্রায়শ্চিত্ত বলির

[৪ অধ্যা] ইব্রু ৯; ২২, ১৩, ১৪ ।।—[১-১২] যা ২৯ ; ১০-১৪ । লে ৮ ১৪-১৭ ।।—[৩]যা ২৯ ; ৭। ইব্রু ৭ ; ২৬-২৮। লে ২২; ২০,২১ ।।—[৪]১৬ ; ২১ ।।—[১২] ইব্রু ১৩; ১১-১৩ ।।—[১৩-২১]প ১-১২। গ ১৫ ; ২২-২৬।।—[১৪] প ৩ ।।—[১৫]প ৪।। [২০]প ১২। ২ ক ৫ ; ২১। ইব্রু ২ ; ১৭।।—[২৩]প ৩,২৮।।—[২৪]প ৪।।—[২৬]লে ৩ ; ১৪-১৬। প ২০।।—[২৭-৩০]গ ১৫ ; ২৭, ২৮ ।।—[২৮] প ২৩ ।।—[২৯] প ৪ ।।—[৩১] প ২৬ ।।—[৩২] প ২৮ ।।

* (বা) লোকদিগকে পাপ করাইবে। † (ইব্রু) দেশের। ‡ (ইব্রু) কোন প্রাণী।

মস্তকে হস্তার্পণ করিয়া যেস্থানে হোম বলি দান করে, ৩৪ সেই স্থানে প্রায়শ্চিত্তের বলিদান করিবে। পরে যাজক অঙ্গুলিদ্বারা তাহার কিছু রক্ত লইয়া হোমবেদির চূড়ার উপরে দিবে এবং সমস্ত রক্ত বেদির মূলে ৩৫ ঢালিয়া দিবে। পরে মঙ্গলার্থ বলিহইতে নীত মেষশাবকের মেদের ন্যায় তাহার সকল মেদ ছড়িয়া লইবে,ও বেদিতে পরমেশ্বরের উদ্দেশে সুগন্ধি নৈবেদ্যের বিধিমতে তাহা দগ্ধ করিবে; এবং যাজক তাহার কৃত পাপের প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে সে পাপের ক্ষমা হইবে।

৫ অধ্যায়।

১ সাক্ষ্য না দেওন ইত্যাদি দোষে মেষ কিম্বা ছাগবৎসার বলিদান ৭ ও তাহার অভাবে ঘুঘু বলিদান ১১ ও ঘুঘুর অভাবে সুজির নৈবেদ্য দেওন ১৪ ও অজ্ঞাতসার দোষ বিষয়ে মেষ বলির কথা ১৭ ও অজ্ঞাতসার সাধারণ দোষে মেষ বলির কথা।

১ অপর যদি কেহ দিব্য করাওনের কথা শুনিয়া দেখিয়া বুঝিয়া সাক্ষী হয় ও তাহা প্রকাশ না করিয়া পাপ করে, ২ তবে সে আপন পাপের শাস্তি ভোগ করিবে। কিম্বা যদি কেহ না জানিয়া অশুচি দ্রব্য,অর্থাৎ অশুচি পশুর শব, কিম্বা অশুচি গোমেষাদির শব কিম্বা অশুচি উরোগামির শব স্পর্শ করে, তবে সে অশুচি ও দোষী হইবে। ৩ কিম্বা মনুষ্যের কোন অশৌচকারি দ্রব্য অর্থাৎ যাহাদ্বারা মনুষ্য অশুচি হয়, এমত কিছু যদি অজ্ঞাতসারে স্পর্শ করে, তবে সে তাহা জ্ঞাত হইলে দোষী হইবে। ৪ আর সৎক্রিয়া কি অসৎক্রিয়া * হউক,আমি ইহা করিব, এই কথা কেহ যদি দিব্য করিয়া কহে, এবং তাহার অজ্ঞাতসারে তাহার লঙ্ঘন হয়, তবে সে তাহা জ্ঞাত ৫ হইলে তদ্বিষয়ে দোষী হইবে। এবং তদ্বিষয়ে দোষী ৬ হইয়া পাপ করিলাম,ইহা স্বীকার করিবে। তাহাতে সে আপন কৃত পাপার্থে পালহইতে প্রায়শ্চিত্তের নিমিত্তে মেষবৎসা কিম্বা ছাগবৎসা পরমেশ্বরের নিকটে আপন দোষার্থে বলি আনিবে; তাহাতে যাজক তাহার পাপের প্রায়শ্চিত্ত করিবে।

৭ অপর সে যদি মেষবৎস আনিতে অক্ষম হয়, † তবে আপন কৃত দোষের জন্যে দুই ঘুঘু কিম্বা দুই কপোতের বৎস, তাহার এক প্রায়শ্চিত্তার্থে ও এক ৮ হোমার্থে পরমেশ্বরের নিকটে আনিবে। পরে সে তাহাদিগকে যাজকের নিকটে আনিয়া প্রায়শ্চিত্তার্থে বলি অগ্রে উৎসর্গ করিয়া তাহার গলা মুচড়াইবে, ৯ কিন্তু ছিঁড়িবে না। পরে সে প্রায়শ্চিত্ত বলির কিঞ্চিৎ রক্ত লইয়া বেদির পার্শ্বে ছিটাইবে,এবং অবশিষ্ট সকল রক্ত বেদির মূলে ঢালিয়া দিবে; তাহাতে সেই প্রায়শ্চিত্ত হইবে। পরে সে হোমের বিধিমতে দ্বিতীয়- ১০ কে উৎসর্গ করিবে, এবং যাজক তাহার কৃত পাপের জন্যে প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে তাহার পাপ ক্ষমা হইবে।

আর সে যদি দুই ঘুঘু কিম্বা দুই কপোতের বৎস ১১ আনিতেও অক্ষম হয় †, তবে সে পাপী আপন প্রায়শ্চিত্তার্থে ঐফার দশমাংশ সুজির উপহার আনিবে; তাহার উপরে তৈল দিবে না, ও কুন্দুরু রাখিবে না, কেননা তাহা প্রায়শ্চিত্ত হয়। পরে সে তাহা যাজকের ১২ নিকটে আনিলে যাজক স্মরণার্থে তাহাহইতে এক মুষ্টি লইয়া পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহারের ন্যায় তাহা দগ্ধ করিবে; তাহাই প্রায়শ্চিত্ত হইবে। এবং যাজক ১৩ তাহার কৃত পাপের জন্যে ইহার একেতে প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে তাহার পাপ ক্ষমা হইবে,এবং নৈবেদ্যের বিধি অনুসারে অবশিষ্ট দ্রব্য যাজকের হইবে।

অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, কেহ যদি ১৪ না বুঝিয়া পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিয়া তাহার ১৫ পবিত্র বস্তু বিষয়ে দোষ করে, তবে সে আপন দোষের জন্যে পরমেশ্বরের উদ্দেশে পবিত্র স্থানের শেকলনুসারে তোমার নিরূপিত মূল্য ‡ দিয়া দোষ বলিদানার্থে পালহইতে নির্দ্দোষ এক মেষ বলি আনিবে। এবং পবিত্র বস্তু বিষয়ে যে ক্ষতি করিয়াছে, তাহার ১৬ পরিশোধ করিবে; এবং তাহার পঞ্চমাংশের অধিক যাজককে দিবে, এবং যাজক দোষার্থে মেষ বলিদ্বারা তাহার প্রায়শ্চিত্ত করিবে, তাহাতে তাহার পাপ ক্ষমা হইবে।

আর যদি কেহ পরমেশ্বরের আজ্ঞাদ্বারা নিষিদ্ধ ১৭ কোন কর্ম্ম করিয়া পাপ করে, তবে সে তাহা না জানিলেও অপরাধী হইয়া আপন পাপ ভোগ করিবে। পরে সে দোষার্থে তোমার নিরূপিত মূল্য ‡ দিয়া ১৮ পালহইতে এক নির্দ্দোষ মেষ বলি যাজকের নিকটে আনিবে, এবং যাজক তাহার অজ্ঞানকৃত দোষের জন্যে প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে তাহার পাপ ক্ষমা হইবে। যে জন পরমেশ্বরের বিরুদ্ধে নিতান্ত দোষ ১৯ করে, তাহারি দোষার্থে এই বলি হইবে।

৬ অধ্যায়।

১ পুতিবাসির বিরুদ্ধে দোষ বিষয়ে বলিদান ৮ এবং যাজকদের নিমিত্তে পুকাশিত বলিদানের বিধি ১৪ ও নৈবেদ্যের বিধি ১৯ ও যাজকের অভিষেকের নৈবেদ্যের বিধি ২৪ ও প্রায়শ্চিত্তের বিধি।

অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, কেহ যদি দোষ ১ করে ও পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করে, এবং গচ্ছিত ২

[৩৫]প ৩১,২০ ॥—[৫ অধ্য] প্রে ১৫; ২৮,২৯। গল ৫; ১ ॥—[১]য ২৬; ৬৩,৬৪ ॥—[২]লে ১১ ॥—[৩]লে ১২-১৫ ॥ [৪] যা ৬; ২৩-২৬ ॥—[৫] গ ৫; ৬,৭। হি ২৮; ১৩ ॥—[৬-১০] লে ৭; ১-৭। গ ৬; ১০-১২ ॥—[৭] ২ ক ৮; ১২ ॥ [৯]ইব্রু ৯; ২২ ॥—[১০]লে ৪; ২০ ॥—[১১]প ৭। ২; ১-৩ ॥—[১৩] ২; ৩ ॥—[১৪-১৯] লে ২২,১৪-১৬। মল ১; ৮। ৩; ৮,৯ ॥—[১৫] যা ৩০; ১৩ ॥—[১৬] গ ৫; ৮। লে ৪; ২০ ॥—[১৭] লূ ১২; ৪৮ ॥

* (বা) ইহাতে লাভ কি হানি। † (ইব্রু) হাত বাড়াইয়া তাহার ধন না পায়। ‡ (ইব্রু) রূপার শেকল্।

কিম্বা হস্তে সমর্পিত কিম্বা অপহৃত বস্তুর বিষয়ে প্রতিবাসির কাছে মিথ্যা কথা কহে, কিম্বা আপন প্রতিবা- ৩ সিকে প্রবঞ্চনা করে, কিম্বা হারাণ দ্রব্য পাইয়া তদ্বিষয়ে মিথ্যা কথা কহে ও মিথ্যা দিব্য করে, ইহার কোন ৪ বিষয়ে কেহ যদি পাপী হয়; তবে সে এই পাপ ও দোষ প্রযুক্ত যাহা বলেতে লয় ও কপটেতে পায়, এবং ৫ গচ্ছিত ও হারাণ পায়, ও যে কোন বিষয়ে মিথ্যা দিব্য করে, সে সকল বস্তু সে ফিরিয়া দিবে, এবং তাহার দোষ নিশ্চয় সময়ে দ্রব্যস্বামির মূলহইতেও ৬ পঞ্চমাংশ অধিক তাহাকে ফিরিয়া দিবে। এবং এই দোষের জন্যে পরমেশ্বরের উদ্দেশে তোমার নিরূপিত মূল্য দিয়া পালহইতে এক নির্দ্দোষ মেষবলি যাজকের ৭ নিকটে আনিবে। পরে যাজক পরমেশ্বরের সম্মুখে তাহার নিমিত্তে প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে যে কোন বিষয়ে দোষ করে, সে তাহাহইতে ক্ষমা পাইবে।

৮ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণ্‌কে ৯ ও তাহার পুত্রগণকে এই আজ্ঞা কর। হোমের এই বিধি; সমস্ত রাত্রি প্রভাত পর্য্যন্ত হবনীয় দ্রব্য বেদির অগ্নিকুণ্ডে থাকিবে, এবং বেদির অগ্নি তাহাতে প্রজ্ব- ১০ লিত থাকিবে। এবং যাজক শরীরে মসিনার পরিধেয় ও মসিনার কটিবস্ত্র পরিধান করিবে, এবং বেদির উপরিস্থিত অগ্নিকৃত হোমের যে ভস্ম, তাহা তুলিয়া বেদির ১১ পার্শ্বে রাখিবে। পরে সে ঐ বস্ত্র রাখিয়া অন্য বস্ত্র পরিধান করিয়া শিবিরের বাহিরে এক শুচি স্থানে ভস্ম ১২ লইয়া যাইবে। কিন্তু বেদির উপরিস্থিত অগ্নি সর্ব্বদা প্রজ্বলিত থাকিবে, নির্ব্বাণ পাইবে না; যাজক প্রতি প্রাতঃকালে তাহার উপরে কাষ্ঠ দিবে এবং তাহার উপরে নিরূপিত হোম বলি দিবে, ও মঙ্গলার্থ বলির ১৩ মেদ তাহাতে দগ্ধ করিবে। ঐ অগ্নি বেদিতে সর্ব্বদা জ্বলিবে, কখনো নির্ব্বাণ হইবে না।

১৪ আর নৈবেদ্যের এই বিধি; হারোণের পুত্রগণ পরমেশ্বরের সম্মুখে বেদির অগ্রে যে নৈবেদ্য উৎসর্গ ১৫ করিবে, যাজক তাহাহইতে আপন মুষ্টি পূর্ণ করিয়া নৈবেদ্যের কিছু সূজি ও কিছু তৈল ও তাহার উপরিস্থ সমস্ত কুন্দুরু লইয়া পরমেশ্বরের উদ্দেশে স্মরণার্থে ১৬ এই সকল সুগন্ধি দ্রব্য দগ্ধ করিবে। এবং হারোণ্‌ ও তাহার পুত্রগণ তাহার অবশিষ্ট অংশ ভোজন করিবে, কিন্তু তাড়ীশূন্য রুটির সহিত পবিত্র স্থানে তাহা ভোজন করিবে, অর্থাৎ মণ্ডলীর আবাসের প্রাঙ্গ- ১৭ ণের মধ্যে তাহা ভোজন করিবে। এবং তাড়ীর সহিত তাহার পাক হইবে না, কেননা আমি তাহাদের অংশের কারণ অগ্নিকৃত উপহারহইতে তাহা দিলাম; তাহা প্রায়শ্চিত্ত বলি ও দোষার্থ বলির ন্যায় অতি পবিত্র ১৮ হইবে। এবং হারোণের তাবৎ পুত্র তাহা ভোজন করিবে; তোমাদের পুরুষানুক্রমে পরমেশ্বরের অগ্নিকৃত উপহারের এই বিধি; যে কেহ তাহা স্পর্শ করিবে, সে পবিত্র হইবে।

১৯ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, হারোণ্‌ ও তাহার ২০ পুত্রগণের অভিষেক সময়ে পরমেশ্বরের উদ্দেশে যে উপহারের উৎসর্গ, তাহার এই বিধি, নিত্য নৈবেদ্যার্থে ঐফার দশমাংশ সূক্ষ্ম সূজি লইয়া অর্দ্ধেক প্রাতঃকালে ও অর্দ্ধেক সন্ধ্যাকালে কটাহেতে তৈল দিয়া ভাজিবে; ২১ ভর্জ্জিত হইলে তুমি তাহা ভিতরে আনিয়া স্মরণার্থে ঐ নৈবেদ্যের যে খণ্ড২ অংশ, সেই সকল সুগন্ধি দ্রব্য ২২ পরমেশ্বরের উদ্দেশে উৎসর্গ করিবা। পরে হারোণের পুত্রগণের মধ্যে যে কেহ তাহার পদে অভিষিক্ত যাজক হয়, সে তাহা উৎসর্গ করিবে, পরমেশ্বরের ২৩ উদ্দেশে এই নিত্য বিধি; সে সমস্ত দগ্ধ হইবে। কেননা যাজকের প্রত্যেক নৈবেদ্য দগ্ধ করিতে হয়, তাহার কিছু ভোজন কর্ত্তব্য নয়।

২৪ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণ্‌কে ২৫ ও তাহার পুত্রগণকে কহ, প্রায়শ্চিত্ত বলির এই বিধি; যে স্থানে হোমের বলিদান হয়, সেই স্থানে পরমেশ্বরের উদ্দেশে প্রায়শ্চিত্তের বলিদান হইবে; তাহা ২৬ অতি পবিত্র হইবে। যে যাজক পাপার্থে তাহা উৎসর্গ করে, সেই তাহা ভোজন করিবে, ও মণ্ডলীর আবাসের প্রাঙ্গণে পবিত্র স্থানে তাহা ভোজন করিবে। ২৭ এবং যে কেহ তাহার মাংস স্পর্শ করে, সে পবিত্র হইবে; এবং তাহার রক্ত যদি কোন বস্ত্রে লাগে, তবে ২৮ ঐ রক্ত মুক্ষিত বস্ত্র পবিত্র স্থানে ধৌত করিবা। এবং যে হাঁড়িতে তাহা পক্ক হয়, তাহা ভগ্ন হইবে; যদি পিত্তলের পাত্রে তাহার পাক হয়, তবে তাহার মার্জ্জন ২৯ করিবা ও জলে পরিষ্কার করিবা। যাজকগণের তাবৎ পুত্র তাহা ভোজন করিবে; তাহা অতি পবিত্র হয়। ৩০ কিন্তু মণ্ডলীর আবাসের ভিতরে পবিত্র স্থানে প্রায়শ্চিত্ত করিতে যে কোন প্রায়শ্চিত্তের বলির রক্ত আনীত হইবে, তাহা ভুক্ত হইবে না, অগ্নিতে দগ্ধ হইবে।

৭ অধ্যায়।

১ দোষার্থ বলির বিধি ১১ ও মঙ্গলার্থ বলির বিধি ২২ ও মেদ ও রক্তের নিষেধ ২৮ ও যাজকদের অংশ নিরূপণ ৩৫ ও বিধি নিরূপণের সময়ের কথা।

১ আর দোষার্থ বলির এই বিধি; তাহা অতি পবিত্র ২ হয়। যে স্থানে লোকেরা হোমের বলিদান করে, সেই স্থানেই দোষার্থে বলিদান করিবে, এবং বেদির

[৬ অধ্য; ১-৭] গ ৫; ৫-৮। লূ ১৯; ৮॥—[৩] দ্বি ২২; ১-৩। যা ২২; ১০, ১১॥—[৫] লে ৫; ১৬॥—[৬] ৫; ১৫॥ [৭] ৪; ২০॥—[৮-১৩] ১; ২-১৭॥—[১০] যা ২৮; ৪২, ৪৩॥—[১১] যিহি ৪৪; ১৯॥—[১২] প ৯। যা ২৯; ৩৮-৪৩॥ [১৩] লে ২; ২৪॥—[১৪-১৮] ২; ১-১৬। গ ১৫; ১-২৪॥—[১৬-১৮] প ২৯। ৭; ৬। ১০; ১২-১৫। গ ১৮; ৯, ১০॥ [১৯-২৩] লে ৮; ২৮॥—[২৩] প ১৬॥—[২৪-৩০] ৪; ১-৩৫॥—[২৫] ১; ৩-৫॥—[২৬] প ১৬॥—[২৯] প ১৭, ১৮॥ [৩০] ৪; ৭, ১২, ১৮, ২১। ১৬; ২৭। ইব্রী ১৩; ১০-১৩॥

৩ উপরে চারিদিগে তাহার রক্ত প্রক্ষেপ করিবে। এবং ৪ তাহার সকল মেদ ও পশ্চাদ্ভাগ ও নাড়ীঢাকা মেদ, ও দুই মেটিয়া ও তাহার উপরে পার্শ্বস্থ মেদ ও দুই মেটিয়ার সহিত যকৃতের উপরিস্থ অন্ত্রাপ্লাবক ছড়িয়া লইয়া ৫ সে উৎসর্গ করিবে। এবং যাজক পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার করণার্থে বেদির উপরে ঐ দোষার্থ ৬ বলি দগ্ধ করিবে। এবং যাজকগণের তাবৎ পুত্র তাহা ভোজন করিবে, ও পবিত্র স্থানে তাহা ভোজন করিবে, ৭ তাহা অতি পবিত্র হয়। প্রায়শ্চিত্ত বলি ও দোষার্থ বলি উভয়ের এক বিধি; যে যাজক তাহাদ্বারা প্রায়- ৮ শ্চিত্ত করে, সে তাহার হইবে। এবং যাজক কাহারো হোমবলি উৎসর্গ করিলে, সেই উৎসৃষ্ট হোমবলির ৯ চর্ম্ম আপনি লইবে। এবং তুন্দুরে কিম্বা কটাহেতে কিম্বা পাত্রেতে পক্ব সর্ব্ব প্রকার নৈবেদ্য উৎসর্গকারি যাজক ১০ পাইবে। এবং তৈলে মিশ্রিত কিম্বা শুষ্ক সকল নৈবেদ্যের হারোণের পুত্রগণ সমান অংশ পাইবে।

১১ আর পরমেশ্বরের উদ্দেশে মঙ্গলার্থক বলির এই ১২ বিধি। কেহ যদি প্রশংসার বলি আনে, তবে সে প্রশংসার বলির সহিত তৈলমিশ্রিত তাড়ীশূন্য রুটি ও তৈলাক্ত তাড়ীশূন্য পিষ্টক ও তৈলমিশ্রিত ও ভর্জিত ১৩ সূক্ষ্ম সূজির পিষ্টক নিবেদন করিবে। তদ্ভিন্ন মঙ্গলার্থে প্রশংসার বলির সহিত তাড়ীযুক্ত রুটি নিবেদন করিবে। ১৪ পরে সে তাহাহইতে উত্তোলনীয় নৈবেদ্য, অর্থাৎ প্রত্যেক উপহার হইতে একটা রুটি লইয়া পরমেশ্বরের উদ্দেশে নিবেদন করিবে, এবং যে যাজক যে মঙ্গলার্থক বলির রক্ত প্রক্ষেপ করে,সে তাহা পাইবে। ১৫ এবং মঙ্গলার্থে প্রশংসার বলির মাংস নিবেদন দিনে ভোজন করিবে; তাহাহইতে প্রাতঃকাল পর্য্যন্ত কিছুই ১৬ রাখিবে না। তাহার উৎসর্জ্জনীয় বলি যদি মানিত হয় কিম্বা স্বেচ্ছাকৃত হয়, তবে সে বলির উৎসর্গের দিনে তাহা ভোজন করিবে, এবং পরদিনেও তাহার অবশিষ্ট ১৭ অংশ ভোজন করিবে। কিন্তু তৃতীয় দিনে বলির অবশিষ্ট ১৮ মাংস অগ্নিতে দগ্ধ করিবে। যদ্যপি তৃতীয় দিনে সেই মঙ্গলার্থ বলির মাংসহইতে কেহ কিঞ্চিৎ ভোজন করে, তবে তাহা গ্রাহ্য হইবে না,ও তাহার উৎসর্গকারির ফল হইবে না, এবং তাহা ঘৃণার্হ হইবে; ও তাহা যে জন ভোজন করিবে,সে আপন পাপ আপনি ভোগ করিবে। ১৯ আর কোন অশুচি বস্তুতে যদি মাংসের স্পর্শ হয়, তবে তাহা ভক্ষ্য হইবে না, অগ্নিতে দগ্ধ হইবে; কিন্তু ২০ অন্য মাংস সকল শুচি লোক ভোজন করিবে। আর যে কেহ অশুচি থাকিয়া পরমেশ্বরের প্রতি উৎসৃষ্ট মঙ্গলার্থক বলির মাংস ভোজন করে,সে আপন লোক- ২১ দের মধ্যহইতে উচ্ছিন্ন হইবে। এবং যদি কেহ অশুচি বস্তু,অর্থাৎ মনুষ্যের অশুচি বস্তু কিম্বা অশুচি পশু কিম্বা কোন ঘৃণ্য বস্তু ও কোন অশুচি বস্তু স্পর্শ করিয়া পরমেশ্বরের প্রতি উৎসৃষ্ট মঙ্গলার্থক বলির মাংস ভোজন করে, তবে সে আপন লোকদের মধ্য হইতে উচ্ছিন্ন হইবে।

২২ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২৩ বংশকে কহ,তোমরা গোরুর কিম্বা মেষের কিম্বা ছাগের ২৪ মেদ ভোজন করিও না। এবং স্বয়ংমৃত কিম্বা পশুদ্বারা হত পশুর মেদ অন্যান্য কর্ম্মে ব্যয় করিবা; কিন্তু তোমরা ২৫ তাহা কখন ভোজন করিবা না, কেননা যে কেহ পরমেশ্বরের উদ্দেশে অগ্নিতে উৎসর্জনীয় পশুর মেদ ভোজন করিবে, সে ভোক্তা আপন লোকহইতে উচ্ছিন্ন হইবে। ২৬ এবং তোমাদের আবাসে তোমরা কোন পশু পক্ষির রক্ত ২৭ ভোজন করিও না। যে জন কোন প্রকারে রক্ত ভোজন করে, সে আপন লোকদের মধ্য হইতে উচ্ছিন্ন হইবে।

২৮ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২৯ বংশকে কহ, যে কেহ পরমেশ্বরের উদ্দেশে মঙ্গলার্থক বলি উৎসর্গ করে, সে আপন মঙ্গলার্থ বলির সহিত নৈবেদ্য পরমেশ্বরের উদ্দেশে আপনি উৎসর্গ করিতে ৩০ আনিবে। এবং আপন হস্তদ্বারা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার অর্থাৎ বক্ষের সহিত মেদ আনিবে; তাহাতে বক্ষ পরমেশ্বরের সম্মুখে আন্দোলিত হইবে। ৩১ এবং যাজক বেদির উপরে সেই মেদ দগ্ধ করিবে, কিন্তু ৩২ সে বক্ষ হারোণের ও তাহার পুত্রগণের হইবে। এবং তোমরা মঙ্গলার্থক বলির উত্তোলনীয় দক্ষিণ স্কন্ধ ৩৩ যাজককে দিবা। হারোণের পুত্রগণের মধ্যে যে কেহ মঙ্গলার্থক বলির রক্ত ও মেদ উৎসর্গ করে, সে তাহার ৩৪ দক্ষিণ স্কন্ধ আপন অংশ পাইবে। কেননা ইস্রায়েল্ বংশের মঙ্গলার্থ বলির আন্দোলনীয় বক্ষ ও উত্তোলনীয় স্কন্ধ আমি ইস্রায়েল্ বংশহইতে লইয়া নিত্য বিধি দ্বারা হারোণ্কে ও তাহার পুত্রগণকে দিলাম।

৩৫ যে দিনে তাহারা পরমেশ্বরের নিকটে যাজন কর্ম্ম করিতে নিযুক্ত হইল, সেই দিন অবধি হারোণের ও তাহার পুত্রগণের অভিষেকার্থে পরমেশ্বরের অগ্নিকৃত ৩৬ উপহার হইতে এই অংশ পাইল। অর্থাৎ তাহার অভিষেক দিনে পরমেশ্বর ইস্রায়েল্ বংশহইতে পুরুষানুক্রমে নিত্য বিধি দ্বারা এই অংশ তাহাদিগকে দিতে ৩৭ আজ্ঞা করিলেন। পরমেশ্বর যে দিনে ইস্রায়েল্ বংশকে সীনয়্ প্রান্তরে আপন ২ উপহার আনিতে আজ্ঞা দিলেন, সেই দিনে পরমেশ্বর সীনয়্ পর্ব্বতে মূসাকে হোমের ও নৈবেদ্যের ও প্রায়শ্চিত্তের ও দোষার্থ ৩৮ বলির ও পবিত্র করণার্থক উপহারের ও মঙ্গলার্থ বলির যে বিধি আজ্ঞা করিলেন, সে এই বিধি।

[৭ অধ্য; ১-৭] লে ৫; ১-১৯ । ৬; ১-৭ ॥—[২]১; ৩-৫ ॥—[৩-৫]৩; ৯-১১ ॥—[৬]৬; ১৭,১৮ ॥—[৭]৬; ২৬-২৯ ॥ [৮] ১; ৬ ॥—[৯,১০] ৬; ১৬-১৮ ॥—[১০] প ৯ ॥—[১১-৩৬] ৩; ১-১৭ ॥—[১৩] ৬; ১৭ ॥—[১৪] গ ১৮; ১৯ ॥ [১৫] প ৩০-৩৪ ॥—[১৬-১৮] লে ১৯; ৫-৮ । গ ৬; ১৭-২০ ॥—[২২-২৭] লে ৩; ১৬, ১৭ ॥—[২৬,২৭] ১৭; ১১॥ [২৮-৩৬] যা ২৯; ২৪-২৮ ॥—[৩৪] লে ১০; ১৫॥

৮ অধ্যায়।

১ হারোণ্‌কে ও তাহার পুত্রগণকে পবিত্র করণ ১৪ ও তাহার জন্যে প্রায়শ্চিত্ত ১৮ ও হোম করণ, ২২ ও পবিত্র করণার্থে মেষ বলিদান ৩১ ও পবিত্র করণের সময় ও স্থান নিরূপণ।

১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণ্‌কে ২ ও তাহার পুত্রগণকে এবং তাহাদের সহিত বস্ত্র ও অভিষেকার্থক তৈল ও প্রায়শ্চিত্ত বলি গোবৎস ও দুই মেষ ও তাড়ীশূন্য রুটির এক চুপড়ি সঙ্গে লও, ৩ এবং মণ্ডলীর আবাসের দ্বার নিকটে তাবৎ মণ্ডলীকে ৪ একত্র কর। তাহাতে মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে সেইরূপ করিলে মণ্ডলীর আবাসের দ্বার নিকটে ৫ সকল মণ্ডলী একত্র হইল। তখন মূসা মণ্ডলীকে কহিল, ৬ পরমেশ্বর এই কর্ম্ম করিতে আজ্ঞা করিলেন। পরে মূসা হারোণ্‌কে ও তাহার পুত্রগণকে আনিয়া পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহাদিগকে জলেতে স্নান করাইল। ৭ এবং হারোণ্‌কে উত্তরীয় বস্ত্র পরিধান করাইয়া কটিবন্ধন বন্ধ করিয়া গাত্রেতে উড়নী দিল ও তাহার উপরে এফোদ্‌ দিল, এবং এফোদের বিচিত্র রজ্জুতে গাত্র বেষ্টন করিয়া তাহার উপরে বন্ধ করিল। ৮ এবং তাহার উপরে বুকপাটা ও বুকপাটাতে ঊরীম্‌ ৯ ও তুম্মীম্‌ বন্ধ করিল। এবং তাহার মস্তকে উষ্ণীষ দিল, ও তাহার উপরে অর্থাৎ তাহার কপালে স্বর্ণ১০ পত্রের পবিত্র মুকুট দিল। পরে মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে অভিষেকার্থ তৈল লইয়া আবাস ও তাহার মধ্যস্থিত সকল পাত্রকে অভিষেক করিয়া পবিত্র ১১ করিল। এবং তাহার কিছু লইয়া বেদির উপরে সাত বার প্রক্ষেপ করিল, এবং বেদি ও তাহার সকল পাত্র ও প্রক্ষালনপাত্র ও তাহার পায়া পবিত্র করণার্থে অভি১২ ষেক করিল। পরে অভিষেকার্থ তৈলের কিঞ্চিৎ হারোণের মস্তকোপরি ঢালিয়া তাহাকে পবিত্র করণার্থে ১৩ অভিষেক করিল। পরে মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে হারোণের পুত্রগণকে আনিয়া তাহাদিগকেও উত্তরীয় বস্ত্র পরিধান করাইল, ও কটি বন্ধন করাইল ও উষ্ণীষেতে বিভূষিত করিল *।

১৪ অপর মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে প্রায়শ্চিত্তের গোবৎস আনিলে হারোণ্‌ ও তাহার পুত্রগণ সেই প্রায়শ্চিত্ত বলির গোবৎসের মস্তকে হস্তার্পণ করিল। ১৫ তখন মূসা তাহাকে বলিদান করিয়া তাহার রক্ত লইয়া অঙ্গুলিদ্বারা বেদির চারিদিগের চূড়াতে দিয়া বেদি পবিত্র করিল, এবং রক্ত বেদির মূলে ঢালিয়া দিল, এবং তাহার উপরে প্রায়শ্চিত্ত করণার্থে তাহা পবিত্র ১৬ করিল। পরে মূসা তাহার অন্ত্রোপরিস্থিত সকল মেদ ও যকৃতের উপরিস্থিত অন্ত্রাপ্লাবক ও দুই মেটিয়া ও তাহার মেদ লইয়া বেদির উপরে দগ্ধ করিল। এবং ১৭ ঐ বৎসের চর্ম্ম ও মাংস ও গোময় লইয়া শিবিরের বাহিরে অগ্নিতে দগ্ধ করিল।

১৮ পরে মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে হোমার্থে এক মেষ আনিল; তাহাতে হারোণ্‌ ও তাহার পুত্রগণ ১৯ মেষের মস্তকে হস্তার্পণ করিলে মূসা তাহাকে বলিদান করিয়া বেদির উপরে চারিদিগে তাহার রক্ত প্রক্ষেপ ২০ করিল। এবং মেষকে খণ্ড ২ করিয়া তাহার মস্তক ২১ ও মাংস খণ্ড ও মেদ দগ্ধ করিল। এবং তাহার অন্ত্র ও পদ জলে ধৌত করিয়া তাবৎ মেষকে বেদির উপরে দগ্ধ করিল; ইহা পরমেশ্বরের উদ্দেশে সুগন্ধি হোম বলি ও অগ্নিকৃত উপহার হইল।

২২ অপর মূসা এক মেষ অর্থাৎ পবিত্র করণার্থে মেষ আনিল; তাহাতে হারোণ্‌ ও তাহার পুত্রগণ ২৩ ঐ মেষের মস্তকে হস্তার্পণ করিলে, মূসা তাহাকে বলিদান করিয়া তাহার কিঞ্চিৎ রক্ত লইয়া হারোণের দক্ষিণ কর্ণের প্রান্তে ও তাহার দক্ষিণ হস্তাঙ্গুষ্ঠোপরি ও ২৪ দক্ষিণ পাদাঙ্গুষ্ঠোপরি দিল। পরে সে হারোণের পুত্রগণকে আনিয়া সেই রক্তের কিঞ্চিৎ লইয়া তাহাদের দক্ষিণ কর্ণের প্রান্তে ও দক্ষিণ হস্তাঙ্গুষ্ঠোপরি ও দক্ষিণ পাদাঙ্গুষ্ঠোপরি দিল, এবং সমস্ত রক্ত বেদির ২৫ উপরে চারিদিগে প্রক্ষেপ করিল। পরে সে তাহার মেদ ও পশ্চাদ্‌ভাগ † ও অন্ত্রোপরিস্থিত সকল মেদ ও যকৃতের উপরিস্থিত অন্ত্রাপ্লাবক ও দুই মেটিয়া ও ২৬ তাহার মেদ ও দক্ষিণ স্কন্ধ লইল। পরে সে পরমেশ্বরের সম্মুখস্থিত তাড়ীশূন্য রুটির চুপড়িহইতে এক তাড়ীশূন্য পিষ্টক ও তৈলপক্ব রুটির এক পিষ্টক ও এক সূক্ষ্ম পিষ্টক লইয়া মেদের ও দক্ষিণ স্কন্ধের উপরে ২৭ রাখিল। এবং হারোণের ও তাহার পুত্রগণের হস্তে সে সকল রাখিয়া পরমেশ্বরের সম্মুখে আন্দোলনীয় ২৮ উপহার আন্দোলন করাইল। পরে মূসা তাহাদের হস্ত হইতে সে সকল লইয়া বেদিতে হোম বলির উপরে দগ্ধ করিল; ইহা পবিত্র করণার্থে পরমেশ্বরের নিকটে ২৯ হইল। অপর মূসা বক্ষ লইয়া পরমেশ্বরের সম্মুখে আন্দোলনীয় উপহার দোলাইল, এবং পরমেশ্বরের আজ্ঞানুসারে সুগন্ধি হোমবলি ও অগ্নিকৃত উপহার পবিত্র করণার্থক মেষের বক্ষ মূসার অংশ হইল। ৩০ পরে মূসা অভিষেকার্থ তৈলহইতে ও বেদির উপরিস্থিত রক্তহইতে কিছু লইয়া হারোণের উপরে ও তাহার বস্ত্রের উপরে এবং তাহার পুত্রগণের উপরে ও তাহাদের বস্ত্রের উপরে তাহা প্রক্ষেপ করিয়া হারোণ্‌কে ও তাহার সকল বস্ত্র ও তাহার পুত্রগণকে ও তাহাদের সকল বস্ত্র পবিত্র করিল।

৩১ পরে মূসা হারোণ্‌কে ও তাহার পুত্রগণকে কহিল,

[৮ অধ্যা; ১-১৩]যা ২৯; ১-২১ ৪০; ৯-১৫॥—[১২]গী ৪৫; ৭॥—[১৪-১৭]যা ২৯; ১০-১৪।লে ৪; ১-১২॥—[১৮-২১]যা ২৯; ১৫-১৮ ॥—[২২-৩০] যা ২৯; ১৯-২৮ ॥—[২৩,২৪] লে ১৪; ১৪,২৫ ॥—[২৮] ৬; ২৩॥—[৩১-৩৬]যা ২৯; ৩১-৩৫ ॥

* (ইব্রি) বন্ধ করিল। † (বা) পুচ্ছ।

তোমরা মণ্ডলীর আবাসদ্বারে মাংস সিদ্ধ কর; এবং হারোণ্ ও তাহার পুত্রগণ তাহা ভোজন করিবে, আমার এই আজ্ঞানুসারে চূপড়িস্থিত পবিত্র করণার্থক রুটির সহিত সেই স্থানে সেই মাংস ভোজন কর। ৩২ পরে অবশিষ্ট মাংস ও রুটি লইয়া তোমরা অগ্নিতে দগ্ধ করিবা। ৩৩ এবং তোমরা সাত দিন পর্য্যন্ত অর্থাৎ তোমাদের পবিত্র করণের সমাপ্ত দিন পর্য্যন্ত মণ্ডলীর আবাসদ্বারহইতে বাহির হইবা না; কারণ সে সাত দিনে তোমাদিগকে পবিত্র করিবে। ৩৪ সে অদ্য যেরূপ করিয়াছে, পরমেশ্বর তোমাদের নিমিত্তে তদ্রূপ প্রায়শ্চিত্ত করিতে আজ্ঞা করিলেন। ৩৫ অতএব তোমরা সাত দিন পর্য্যন্ত মণ্ডলীর আবাসদ্বারে দিবারাত্রি থাকিবা, এবং তোমাদের মৃত্যু যেন না হয়, এই জন্যে পরমেশ্বরের আজ্ঞা পালন করিবা; আমি এইরূপ আজ্ঞা পাইলাম। ৩৬ অতএব পরমেশ্বর মূসাদ্বারা যেরূপ আজ্ঞা করিলেন, হারোণ্ ও তাহার পুত্রগণ সে সকলি পালন করিল।

৯ অধ্যায়।

১ হারোণের জন্যে বলিদান ১৫ ও লোকদের নিমিত্তে বলিদান ২৩ ও মূসা ও হারোণের আশীর্ব্বাদে লোকদের প্রতি ঈশ্বরের তেজ প্রকাশ হওন।

১ অপর অষ্টম দিনে মূসা হারোণ্কে ও তাহার পুত্রগণকে ও ইস্রায়েল্ বংশের প্রাচীনগণকে ডাকিল। ২ পরে সে হারোণ্কে কহিল, তুমি প্রায়শ্চিত্ত বলি নির্দ্দোষ এক গোবৎস, ও হোম বলি নির্দ্দোষ এক মেষ লইয়া পরমেশ্বরের সম্মুখে উৎসর্গ কর। ৩ এবং ইস্রায়েল্ বংশকে কহ, তোমরা প্রায়শ্চিত্ত বলি এক ছাগল, ও হোম বলি এক বৎসরের নির্দ্দোষ এক গোবৎস ও এক মেষবৎস; ৪ এবং পরমেশ্বরের সম্মুখে মঙ্গলার্থ বলিদানার্থে এক বৃষ ও এক মেষ, এবং তৈলমিশ্রিত এক নৈবেদ্য লইবা; কেননা অদ্য পরমেশ্বর তোমাদের নিকটে দর্শন দিবেন। ৫ তখন তাহারা মূসার আজ্ঞানুসারে মণ্ডলীর আবাসের সম্মুখে দ্রব্য সকল আনিল, এবং সমস্ত মণ্ডলী নিকটবর্ত্তী হইয়া পরমেশ্বরের সম্মুখে দাঁড়াইল। ৬ পরে মূসা কহিল, পরমেশ্বর তোমাদিগকে এই ২ কর্ম্ম করিতে আজ্ঞা করিলেন, ইহা করিলে তোমাদের প্রতি পরমেশ্বরের মহিমা প্রকাশ পাইবে। ৭ তখন মূসা হারোণ্কে কহিল, তুমি বেদির নিকটে যাইয়া পরমেশ্বরের আজ্ঞানুসারে আপনার প্রায়শ্চিত্ত বলি ও হোম বলি উৎসর্গ করিয়া আপনার ও লোকদের পাপের প্রায়শ্চিত্ত কর, এবং লোকদের উপহার নিবেদন করিয়া তাহাদের নিমিত্তে প্রায়শ্চিত্ত কর। ৮ তাহাতে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে হারোণ্ বেদির নিকটে যাইয়া আপনার প্রায়শ্চিত্তার্থে গোবৎস বলিদান করিল। ৯ পরে হারোণের পুত্রগণ তাহার নিকটে রক্ত আনিল; তাহাতে সে আপন অঙ্গুলি রক্তে ডুবাইয়া বেদির চূড়ার উপরে দিল, এবং রক্ত বেদির মূলে ঢালিল। ১০ এবং প্রায়শ্চিত্ত বলির মেদ ও মেটিয়া ও যকৃতের উপরিস্থিত অন্ত্রাপল্লাবক বেদির উপরে হোম করিল। ১১ কিন্তু তাহার মাংস ও চর্ম্ম শিবিরের বাহিরে লইয়া অগ্নিতে দগ্ধ করিল। ১২ পরে সে হোম বলিদান করিলে হারোণের পুত্রগণ তাহার নিকটে রক্ত আনিল; তাহাতে সে বেদির উপরে চারিদিগে তাহা প্রক্ষেপ করিল। ১৩ পরে তাহারা হোমবলির মাংসখণ্ড ও মস্তক তাহার নিকটে আনিলে সে সেই সকল বেদির উপরে দগ্ধ করিল। ১৪ পরে তাহার অন্ত্র ও পদ ধৌত করিয়া হোমদ্রব্যের সহিত বেদির উপরে দগ্ধ করিল।

১৫ পরে সে লোকদের উপহার আনিল, এবং লোকদের প্রায়শ্চিত্তার্থে ছাগল বলিদান করিয়া পাপ প্রযুক্ত প্রথমের ন্যায় উৎসর্গ করিল। ১৬ পরে সে হোমবলি আনিয়া বিধিমতে উৎসর্গ করিল। ১৭ এবং নৈবেদ্য আনিয়া তাহার এক মুষ্টি লইয়া *প্রাতঃকালের হোমবলির সহিত বেদির উপরে তাহা দগ্ধ করিল। ১৮ পরে সে লোকদের নিমিত্তে মঙ্গলার্থক বৃষ ও মেষ বলিদান করিল, এবং হারোণের পুত্রগণ তাহার নিকটে তাহার রক্ত আনিলে সে বেদির উপরে চারিদিগে তাহা প্রক্ষেপ করিল। ১৯ পরে বৃষের ও মেষের মেদ ও পশ্চাদ্ভাগ† ও অন্ত্রের ও মেটিয়ার উপরিস্থিত মেদ ও যকৃতের উপরিস্থিত অন্ত্রাপল্লাবক, ২০ এই সকল মেদ লইয়া বক্ষের উপরে রাখিল, ও বেদির উপরে তাহা দগ্ধ করিল। ২১ এবং মূসার আজ্ঞানুসারে হারোণ্ পরমেশ্বরের সম্মুখে দুই বক্ষ ও দুই দক্ষিণ স্কন্ধ দোলাইল। ২২ পরে হারোণ্ লোকদের প্রতি আপন হস্ত বিস্তার করিয়া তাহাদিগকে আশীর্ব্বাদ করিল; এই রূপে প্রায়শ্চিত্ত বলি ও হোমবলি ও মঙ্গলার্থ নৈবেদ্য উৎসর্গ করিয়া নামিয়া আইল।

২৩ পরে মূসা ও হারোণ্ মণ্ডলীর আবাসে প্রবেশ করিয়া বাহির হইলে পর লোকদিগকে আশীর্ব্বাদ করিল; তাহাতে তাবৎ লোকদের প্রতি পরমেশ্বরের তেজ প্রকাশ পাইল। ২৪ এবং পরমেশ্বরের সম্মুখহইতে অগ্নি নির্গত হইয়া বেদির উপরিস্থিত হোম বলি ও মেদ ভস্ম করিল; তাহা দেখিয়া সকল লোক উচ্চৈঃস্বরকরিয়া উবুড় হইয়া প্রণাম করিল।

[৯ অধ্য; ১] লে ৮; ৩৩ ॥—[২] ৪; ৩। ৮; ১৪, ১৮ ॥—[৪] প ২৩ ॥—[৭] প ২-৪। ইব্রি ৫; ১-৩ ॥—[৮-১১] লে ৮; ১৪-১৭ ॥—[১২-১৪] ৮; ১৮-২১ ॥—[১৫-২১] প ৩, ৪ ॥—[১৫] প ৮-১১ ॥—[১৬] ১; ১০-১৩ ॥—[১৭] ৬; ১৪। যা ২৯; ৩৯ ॥—[১৮-২১] লে ৩,১-১১। ৭; ১১-৩৬ ॥—[২১] ৭; ৩৪ ॥—[২২] গ ৬; ২২-২৭ ॥—[২৩] যা ৪০; ৩৪, ৩৫ ॥—[২৪] ২ বং ৭; ১-৩। ১ রা ১৮; ৩৮,৩৯ ॥

* (ইব্রি) পূর্ণ করিয়া। † (বা) পুচ্ছ।

১০ অধ্যায়।

১ নিষিদ্ধ অগ্নিদ্বারা ধূপ জ্বালাওনেতে নাদবের ও অবীহূর দগ্ধ হওন ৮ ও তদ্বিষয়ক বিধি ১২ ও পবিত্র খাদ্যের বিধি ১৬ ও সে বিধি লঙ্ঘনে হারোণের কথা।

১ অনন্তর হারোণের পুত্র নাদব্ ও অবীহূ আপন ২ ধূনাচি লইয়া তাহাতে অগ্নি রাখিয়া তাহার মধ্যে ধূনা দিল, এবং অনাজ্ঞাপিত সাধারণ অগ্নি পরমে- ২ শ্বরের সম্মুখে উৎসর্গ করিল। তাহাতে পরমেশ্বরের সম্মুখহইতে অগ্নি নির্গত হইয়া তাহাদিগকে দগ্ধ করিলে, তাহারা পরমেশ্বরের সম্মুখে প্রাণত্যাগ করিল। ৩ তখন মূসা হারোণ্‌কে কহিল,পরমেশ্বর এই কথা কহিলেন,আমি আপন নিকটস্থিত লোকদের মধ্যে অবশ্য পবিত্র রূপে মান্য হইব, ও সকল লোকের কাছে গৌরবান্বিত হইব; তাহাতে হারোণ্ নীরব হইয়া ৪ থাকিল। পরে মূসা হারোণের পিতৃব্য উষীয়েলের পুত্র মীশায়েল্‌কে ও ইলীষাফন্‌কে ডাকিয়া কহিল, নিকটে আইস, তোমরা পবিত্র স্থানের সম্মুখহইতে আপন ভ্রাতৃগণকে শিবিরের বাহিরে লইয়া যাও। ৫ তাহাতে তাহারা মূসার আজ্ঞানুসারে নিকটে যাইয়া উত্তরীয় বস্ত্র বিশিষ্ট তাহাদিগকে শিবিরের বাহিরে ৬ লইয়া গেল। পরে মূসা হারোণ্‌কে ও তাহার পুত্র ইলিয়াসর্‌কে ও ঈথামর্‌কে কহিল,যেন তোমাদের মৃত্যু না হয়, ও মণ্ডলীর প্রতি ক্রোধ প্রজ্বলিত না হয়, এই জন্যে তোমরা আপনাদের মস্তক অনাবৃত করিও না ও আপনাদের বস্ত্র চিরিও না, কিন্তু তোমাদের ভ্রাতৃগণ অর্থাৎ ইস্রায়েলের তাবৎ বংশ পরমেশ্বরের কৃত ৭ দাহ প্রযুক্ত বিলাপ করুক। আর যেন তোমাদের মৃত্যু না হয়, এই জন্যে তোমরা মণ্ডলীর আবাসের দ্বারহইতে বাহির হইও না, কেননা তোমাদের গাত্রে পরমেশ্বরের অভিষেকের তৈল আছে; তাহাতে তাহারা মূসার বাক্যানুসারে সেই রূপ করিল।

৮ অপর পরমেশ্বর হারোণ্‌কে কহিলেন, যেন তোমা- ৯ দের মৃত্যু না হয় এবং যেন পবিত্রতার ও অপবিত্রতার ১০ এবং শুচিতার ও অশুচিতার বিশেষ জ্ঞান হয়,এবং যেন ১১ মূসাদ্বারা পরমেশ্বরের বচনানুসারে ইস্রায়েল্ বংশদিগকে তাবৎ বিধির শিক্ষা দেও, এই জন্যে যে সময়ে তুমি কিম্বা তোমার পুত্রগণ মণ্ডলীর আবাসে প্রবেশ কর, তৎকালে দ্রাক্ষারস ও মদ্য পান করিও না; ইহা তোমাদের পুরুষানুক্রমে নিত্য বিধি হইবে।

১২ পরে মূসা হারোণ্‌কে ও তাহার অবশিষ্ট দুই পুত্র ইলিয়াসর্‌কে ও ঈথামর্‌কে কহিল,পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহারের অবশিষ্ট যে নৈবেদ্য আছে, তাহা তোমরা বেদির নিকটে লইয়া তাড়ী ব্যতিরেকে ভোজন কর, কেননা তাহা অতি পবিত্র। এবং পর- ১৩ মেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহারের মধ্যে তাহাই তোমার ও তোমার পুত্রগণের প্রাপ্তব্য অংশ; অতএব তাহা এক পবিত্র স্থানে লইয়া ভোজন কর, আমি এই আজ্ঞা পাইয়াছি। এবং তুমি ও তোমার পুত্রগণ ও ১৪ কন্যারা সেই দোলনীয় বক্ষ ও উত্তোলনীয় স্কন্ধ এক শুচি স্থানে ভোজন করিবা,কেননা ইস্রায়েল্ বংশের মঙ্গলার্থক বলির মধ্যে তাহা তোমার ও তোমার সন্তানগণের প্রাপ্তব্য অংশ। এই রূপে তাহারা হবনীয় মেদের সহিত ১৫ যে২ উত্তোলনীয় স্কন্ধ ও আন্দোলনীয় বক্ষ আন্দোলনার্থে পরমেশ্বরের সম্মুখে আনিবে, তাহা পরমেশ্বরের আজ্ঞানুসারে নিত্য বিধিমতে তোমার ও তোমার সন্তানগণের হইবে।

অপর মূসা প্রায়শ্চিত্ত ছাগ বলির অন্বেষণ করিল, ১৬ কিন্তু তাহা দগ্ধ হইয়াছিল; অতএব মূসা হারোণের অবশিষ্ট দুই পুত্র ইলিয়াসরের ও ঈথামরের প্রতি ক্রুদ্ধ হইয়া কহিল, তোমরা কেন পবিত্র স্থানে প্রায়- ১৭ শ্চিত্ত বলি ভোজন করিলা না? তাহা অতি পবিত্র, এবং মণ্ডলীর প্রায়শ্চিত্তার্থে পরমেশ্বরের সম্মুখে প্রায়শ্চিত্ত করিতে তোমাদিগকে দত্ত হইয়াছে। দেখ, পবিত্র ১৮ স্থানের মধ্যে তাহার রক্ত আনীত হইল না, অতএব আমার আজ্ঞানুসারে পবিত্র স্থানে তাহা ভোজন করা তোমাদের কর্ত্তব্য ছিল। তখন হারোণ্ মূসাকে কহিল, ১৯ দেখ, তাহারা অদ্য পরমেশ্বরের উদ্দেশে প্রায়শ্চিত্ত বলি ও হোমবলি উৎসর্গ করিল, তথাপি আমার প্রতি এমত ঘটিল; যদ্যপি আমি অদ্য প্রায়শ্চিত্ত বলি ভোজন করিতাম, তবে তাহা কি পরমেশ্বরের দৃষ্টিতে গ্রাহ্য হইত? তখন মূসা তাহা শুনিয়া নিরস্ত হইল। ২০

১১ অধ্যায়।

১ খাদ্য ও অখাদ্য পশু বিষয়ে বিধি ৯ ও খাদ্য অখাদ্য জলজন্তু বিষয়ে বিধি ১৩ ও খাদ্য অখাদ্য পক্ষি বিষয়ে বিধি ২৯ ও খাদ্য অখাদ্য উরোগামি বিষয়ে বিধি।

অনন্তর পরমেশ্বর মূসাকে ও হারোণ্‌কে কহিলেন, ১ তোমরা ইস্রায়েল্ বংশকে কহ, তোমরা পৃথিবীস্থিত ২ পশুগণের মধ্যে এই সকল পশু ভোজন করিবা। পশু- ৩ গণের মধ্যে যাহারা দ্বিখণ্ড খুরবিশিষ্ট ও জাওর কাটে, তাহাদিগকেই ভোজন করিবা। কিন্তু যাহারা ৪ কেবল জাওর কাটে, কিম্বা কেবল দ্বিখণ্ড খুরবিশিষ্ট হয়, তাহাদিগকে ভোজন করিবা না; তাহাদের মধ্যে উষ্ট্র তোমাদের নিকটে অশুচি, কেননা সে জাওর কাটে বটে, কিন্তু দ্বিখণ্ড খুরবিশিষ্ট নয়। এবং শাফন্ পশু ৫ তোমাদের নিকটে অশুচি, কেননা সে জাওর কাটে, কিন্তু দ্বিখণ্ড খুরবিশিষ্ট নয়। এবং শশক তোমাদের ৬

[১০ অধ্য; ১] গ ১৬;১৭। যা ৩০; ৯॥—[২] লে ৯;২৪। গ ১৬;৩৫॥—[৩] যিশ ৫২; ১১। যিহি ৯; ৬। ১ পি ৪; ১৭,১৮। গা ৩৯; ৯॥—[৬,৭]লে ২১; ৬-৮। ২১; ১০-১২॥—[১১] মল ২; ৫-৭॥—[১২] লে ৯; ৪॥—[১২, ১৩] ৬; ১৬-১৮॥ [১৪,১৫]৯; ২১। ৭; ৩২-৩৬।গ ১৮; ১১॥—[১৬]লে ৯; ৩,১৫॥—[১৭,১৮]৬; ২৬,৩০॥—[১৯]৯; ৮,১২। ১০; ১-৩॥ [১১ অধ্য]দ্বি ১৪; ৩-২১। প্রে ১০; ৯-১৬। ১৫; ৪-২৯। মা ৭; ১৪-২৩। ১ তী ৪; ৩-৫। ১ ক ৮; ৮,৯,১৩। ইব্রি ১৩;৯॥

নিকটে অশুচি, কেননা সে জাওর কাটে, কিন্তু দ্বিখণ্ড
৭ খুরবিশিষ্ট নয়। এবং শূকর তোমাদের নিকটে
অশুচি, কেননা সে দ্বিখণ্ড খুরবিশিষ্ট বটে, কিন্তু
৮ জাওর কাটে না। অতএব তোমরা তাহাদের মাংস
ভোজন করিও না, এবং তাহাদের শবও স্পর্শ করিও
না; তাহারা তোমাদের নিকটে অশুচি।

৯ আর জলজন্তুর মধ্যে এই সকল ভোজন করিবা,
সমুদ্রস্থিত কিম্বা নদীস্থিত কিম্বা অন্য জলস্থিত জন্তুর মধ্যে
১০ ডেনা ও আঁইস বিশিষ্ট জন্তু তোমাদের খাদ্য হয়। কিন্তু
নদীস্থিত কিম্বা অন্য জলস্থিত জলচরের মধ্যে যাহারা
ডেনা ও আঁইস বিশিষ্ট নয়, তাহারা তোমাদের ঘৃণার্হ
১১ হইবে। তাহারাই তোমাদের ঘৃণার্হ হইবে, তোমরা
তাহাদের মাংস ভোজন করিবা না, এবং তাহাদের
১২ শবকেও ঘৃণা করিবা। জলজন্তুর মধ্যে যাহাদের ডেনা
ও আঁইস নাই, সে সকলি তোমাদের ঘৃণার্হ হইবে।

১৩ আর পক্ষিগণের মধ্যে এই সকল তোমাদের ঘৃণার্হ
১৪ হইবে; তোমাদের খাদ্য নয়, ঘৃণার্হ হইবে। আপন ২
জাতি অনুসারে উৎক্রোশ ও হাড়গিলা ও কুরল ও গৃধ্র
১৫ ও আপন ২ জাতি অনুসারে চিল, এবং আপন ২ জাতি
১৬ অনুসারে সকল কাক, ও আপন ২ জাতি অনুসারে উষ্ট্র
১৭ পক্ষী ও রাত্রিশ্যেন ও গাংচিল, ও আপন ২ জাতি
১৮ অনুসারে শ্যেন, ও পেচক ও মাছরাঙ্গা ও মহাপেচক, ও
১৯ দীর্ঘগল হংস ও পানিভেলা ও শকুনী, ও সারস এবং
আপন ২ জাতি অনুসারে বক ও টিট্টিভ ও চামচিকা।
২০ এবং চারি চরণে গমনকারি পক্ষবান জন্তু এই সকল
২১ তোমাদের ঘৃণার্হ হইবে। আর উড্ডীয়মান পতঙ্গের
মধ্যে যাহারা চারি চরণে গমন করে, এবং পৃথিবীতে
উল্লম্ফনের নিমিত্তে যাহাদের পদের নলা দীর্ঘ হয়,
২২ তাহারা তোমাদের খাদ্য হইবে। এবং আপন ২
জাতি অনুসারে ফড়িঙ্গ ও আপন ২ জাতি অনু-
সারে বাঘাফড়িঙ্গ ও আপন ২ জাতি অনুসারে
ঝিঁঝি এবং আপন ২ জাতি অনুসারে অন্য ফড়িঙ্গ,
২৩ এই সকল তোমাদের খাদ্য হইবে। কিন্তু এতদ্ভিন্ন
চতুষ্পাদ উড্ডীয়মান পতঙ্গ তোমাদের ঘৃণার্হ হইবে।
২৪ আর তাহাদের দ্বারা তোমরা অশুচি হইবা; যে
কেহ তাহাদের শব স্পর্শ করিবে, সে সন্ধ্যা পর্য্যন্ত
২৫ অশুচি থাকিবে। এবং যে কেহ তাহাদের শবের কোন
অংশ বহন করিবে, সে আপন বস্ত্র ধৌত করিবে; তথাপি
২৬ সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। আর যে সকল জন্তু
দ্বিখণ্ড খুরবিশিষ্ট নয় এবং জাওর কাটে না, কিন্তু
অন্তর ২ খুরবিশিষ্ট হয়, তাহারা তোমাদের নিকটে
অশুচি; তাহাদিগকে স্পর্শ করিলে লোক অশুচি হইবে।
২৭ এবং চতুষ্পাদ বনজন্তুদের মধ্যে অঙ্গুলিচরণে গমনকারি
জন্তু তোমাদের নিকটে অশুচি; যে কেহ তাহাদের শব
২৮ স্পর্শ করিবে, সে সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। এবং
যে কেহ তাহাদের শব বহন করিবে, সে আপন বস্ত্র
ধৌত করিবে; তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে,
কেননা তাহারা তোমাদের নিকটে অশুচি।

২৯ আর পৃথিবীর উরোগামিদের মধ্যে এই সকল
তোমাদের প্রতি অশুচি হইবে; আপন ২ জাতি অনু-
৩০ সারে বেজি ও ক্ষেত্রের উন্দুরু ও টিকটিকী, ও গোসর্প
ও নীল টিকটিকী ও মেটে গিড়গিড়ী ও হরিৎ টিকটিকী
৩১ ও কাঁকলাশ। উরোগামিদের মধ্যে এই সকল তোমা-
দের নিকটে অশুচি হইবে; সেই সকল মরিলে যে
কেহ তাহাদিগকে স্পর্শ করিবে, সে সন্ধ্যা পর্য্যন্ত অশুচি
৩২ থাকিবে। এবং যে দ্রব্যের উপরে তাহাদের শব
পড়িবে, তাহাও অশুচি হইবে; তাহা কাষ্ঠের পাত্র
কিম্বা বস্ত্র কিম্বা চর্ম্ম কিম্বা ছালা*, যে কোন কর্ম্ম যোগ্য
পাত্র হউক, তাহা জলে রাখিবে এবং সন্ধ্যা পর্য্যন্ত
৩৩ তাহা অশুচি থাকিবে; পরে শুচি হইবে। এবং কোন
মৃৎপাত্রের মধ্যে তাহাদের শব পড়িলে তাহার মধ্য-
স্থিত সকল বস্তু অশুচি হইবে, ও তোমরা তাহা
৩৪ ভাঙ্গিয়া ফেলিবা। এবং কোন খাদ্য সামগ্রীর উপরে
যদি তাহার ধৌত জল পড়ে, তবে তাহা অশুচি হইবে;
এবং সর্ব্ব প্রকার পাত্রেতে সর্ব্ব প্রকার পানীয় দ্রব্য
৩৫ অশুচি হইবে। যে কোন দ্রব্যের উপরে তাহাদের
শবের কিঞ্চিৎ পড়িলেই তাহা অশুচি হইবে, এবং যদি
তুন্দুরে কিম্বা চুলার মঞ্চে পড়ে, তবে তাহা ভাঙ্গা যাইবে;
কেননা তাহা অশুচি, তোমাদের নিকটে অশুচি থাকিবে।
৩৬ কেবল উনুই কিম্বা যে পুষ্করিণীতে অনেক জল †থাকে,
তাহা শুচি হইবে; কিন্তু যাহাতে তাহাদের শবের স্পর্শ
৩৭ হইবে, তাহাই অশুচি হইবে। এবং তাহাদের শবের
কিঞ্চিৎ যদি কোন বপনীয় বীজেতে পড়ে, তবে তাহা
৩৮ শুচি থাকিবে। কিন্তু বীজের উপরে জল থাকিলে যদি
তাহাদের শবের কিঞ্চিৎ তাহার উপরে পড়ে, তবে তাহা
৩৯ তোমাদের নিকটে অশুচি হইবে। ও তোমাদের ভক্ষ-
ণীয় কোন পশু মরিলে, যে কেহ তাহার শব স্পর্শ
৪০ করিবে, সে সন্ধ্যা পর্য্যন্ত অশুচি হইবে। এবং যে কেহ
তাহার শব ভক্ষণ করিবে, সে আপন বস্ত্র ধৌত করিবে;
তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে; আর যে কেহ
তাহা বহন করিবে, সেও আপন বস্ত্র ধৌত করিবে;
৪১ তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। আর পৃথিবীতে
গমনকারি এই সকল উরোগামী কীট তোমাদের ঘৃণার্হ
৪২ ও অখাদ্য হইবে। উরোগামী ও চারি পদে গমনকারি
ও ভূমির উপরে গমনকারি সকলের মধ্যে অধিক পদে
গমনকারি জন্তু তোমরা ভোজন করিবা না, তাহা তোমা-
৪৩ দের ঘৃণার্হ। এই সকল প্রকার গমনকারি জন্তুদ্বারা
তোমরা আপনাদিগকে ‡ ঘৃণার্হ করিবা না, ও তাহাদ্বারা
আপনাদিগকে অশুচি করিবা না, ও তোমরা অপবিত্র
৪৪ হইবা না। আমি তোমাদের প্রভু পরমেশ্বর, অতএব

[২২] ম ৩; ৪।।—[৩৯,৪০] যি ২২; ৩১। লে ১৭; ১৫,১৬।।—[৪৩-৪৫] ২০; ২৫,২৬। যি ২২; ৩১। ১ পি ১; ১৫,১৬।।

* (বা) চট্। †(ইব্রু) জলরাশি। ‡ (ইব্রু) প্রাণী।

তোমরা আপনাদিগকে পবিত্র করিয়া পবিত্র হইবা, কেননা আমি পবিত্র; আর ভূমির উপরে গমনকারি কোন ৪৫ জন্তুদ্বারা আপনাদিগকে অপবিত্র করিবা না। কেননা আমি পরমেশ্বর তোমাদের প্রভু হইবার জন্যে মিসর্-দেশহইতে তোমাদিগকে আনিয়াছি, অতএব তোমরা ৪৬ পবিত্র থাকিবা, কেননা আমি পবিত্র। শুচি ও অশুচি, এবং খাদ্য ও অখাদ্য পশুদের প্রভেদ জানাইবার ৪৭ জন্যে পশু ও পক্ষী ও জলচর ও ভূমির উপরে গমনকারি সকল জন্তুর বিষয়ে এই বিধি।

১২ অধ্যায়।

১ প্রসবের পর শুচি করণ ও উৎসর্গ করণের বিধি।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে কহ, যে স্ত্রী গর্ব্ভধারণ করিয়া পুত্র প্রসব করিবে, সে যেমন রজস্বলার অশৌচ প্রযুক্ত, তেমনি ৩ সাত দিন অশুচি থাকিবে। পরে অষ্টম দিনে বাল-৪ কের পুরুষাঙ্গের ত্বকচ্ছেদ হইবে। এবং সে স্ত্রী তেত্রিশ দিন পর্য্যন্ত আপনার শৌচার্থে রক্তস্রাবাবস্থাতে থাকিবে; এবং যাবৎ শৌচার্থে দিবস পূর্ণ না হয়, তাবৎ সে কোন পবিত্র বস্তু স্পর্শ করিবে না, এবং ৫ পবিত্র স্থানে প্রবেশ করিবে না। কিন্তু যদি কন্যা প্রসব করে, তবে সে যেমন অশৌচ প্রযুক্ত, তেমনি দুই সপ্তাহ অশুচি থাকিবে; পরে সে ছেষষ্ঠি দিবস আপ-৬ নার শুচির নিমিত্তে রক্তস্রাবাবস্থাতে থাকিবে। অনন্তর পুত্র কিম্বা কন্যা প্রসবের অশৌচ দিন সম্পূর্ণ হইলে সে হোমবলির কারণ এক বর্ষীয় মেষবৎস, এবং প্রায়শ্চিত্ত বলির কারণ কপোতের কিম্বা ঘুঘুর এক বৎস মণ্ডলীর আবাসের দ্বারে যাজকের নিকটে ৭ আনিবে। তাহাতে সে পরমেশ্বরের উদ্দেশে তাহা উৎসর্গ করিয়া প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে সে আপন রক্তস্রাবহইতে শুচি হইবে; পুত্র কিম্বা কন্যা প্রসবের ৮ এই ব্যবস্থা। যদ্যপি কেহ মেষবৎস আনিতে অক্ষম হয় *, তবে সে দুই ঘুঘু কিম্বা দুই কপোতের বৎস, তাহার একেক হোমার্থে, ও অন্যকে প্রায়শ্চিত্তার্থে আনিবে, এবং যাজক তাহার নিমিত্তে প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে সে শুচি হইবে।

১৩ অধ্যায়।

১ কুষ্ঠরোগ নির্ণয়ার্থে নানা পরীক্ষা ও লক্ষণ ও বিধি।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে কহিলেন, ২ যদি কোন মনুষ্যের শরীরের চর্ম্মে শোথ কিম্বা পামা কিম্বা চিক্কণ চিহ্ন হয়, এবং সে শরীরের চর্ম্মেতে কুষ্ঠ-রোগের ন্যায় হয়, তবে সে হারোণ্ যাজকের নিকটে কিম্বা তাহার যাজক পুত্রগণের কাহারো নিকটে ৩ আনীত হইবে। পরে যাজক তাহার শরীরের চর্ম্মস্থিত ব্যাধি দেখিবে; তাহাতে যদি চর্ম্মস্থ লোম শুক্লবর্ণ হইয়া থাকে, এবং দৃষ্টিতে শরীরের চর্ম্মের নীচস্থ হইয়া থাকে, তবে তাহার কুষ্ঠরোগ বটে, তাহা দেখিয়া যাজক তাহাকে অশুচি কহিবে। ৪ আর চিক্কণ চিহ্ন যদি তাহার শরীরের চর্ম্মে শুক্লবর্ণ হয় ও দৃষ্টিতে চর্ম্মের নীচস্থ না হয়, এবং তাহার লোম শুক্লবর্ণ হয় নাই, তবে যাজক সে রোগিকে সাত দিবস রুদ্ধ করিয়া রাখিবে। ৫ পরে সপ্তম দিবসে যাজক তাহাকে দেখিলে যদি তাহার দৃষ্টিতে সেই ব্যাধি সেই রূপ থাকে, চর্ম্মেতে না ব্যাপিয়া থাকে, তবে যাজক তাহাকে আরো সাত দিন রুদ্ধ করিয়া রাখিবে। ৬ এবং সপ্তম দিবসে তাহাকে পুনর্ব্বার দেখিবে; তাহাতে যদি সে ব্যাধি মলিন হইয়া থাকে ও চর্ম্মে না ব্যাপিয়া থাকে, তবে যাজক তাহাকে শুচি কহিবে; সে পামা; পরে সে আপন বস্ত্র ধৌত করিয়া শুচি হইবে। ৭ কিন্তু তাহার শৌচার্থে যাজক কর্তৃক দৃষ্ট হইলে যদি তাহার পামা চর্ম্মেতে ব্যাপিয়া থাকে, তবে সে যাজক কর্তৃক পুনর্ব্বার দৃষ্ট ৮ হইবে। তাহাতে তাহার পামা চর্ম্মেতে ব্যাপিল, এমত যদি যাজক দেখে, তবে সে তাহাকে অশুচি কহিবে; সেই কুষ্ঠরোগ।

৯ আর মনুষ্যের কুষ্ঠ ব্যাধি থাকিলে সে যাজকের ১০ নিকটে আনীত হইবে। পরে যাজক তাহাকে দেখিবে; তাহাতে যদি তাহার চর্ম্মে শুক্লবর্ণ শোথ হয়, ও তাহার লোম শুক্লবর্ণ হয়, ও ফুলাতে কাঁচা মাংস † হয়, ১১ তবে তাহার শরীরের চর্ম্মে পুরাতন কুষ্ঠ জানিয়া যাজক তাহাকে রুদ্ধ করিবে না, কিন্তু অশুচি কহিবে; কেননা ১২ সে অশুচি। আর চর্ম্মে সর্ব্বত্র কুষ্ঠরোগ ব্যাপিলে তাহার মস্তকাবধি পাদ পর্য্যন্ত কুষ্ঠ ব্যাপিল, এমত ১৩ যদি যাজক দেখে, তবে সে বিবেচনা করিবে; যদি সর্ব্বাঙ্গে কুষ্ঠ ব্যাপিয়া সর্ব্বত্র ব্যাপিয়া থাকে, তবে তাহাকে শুচি কহিবে; কেননা যাহার সর্ব্বাঙ্গ শুক্ল হইল, ১৪ সেই শুচি। কিন্তু যখন তাহার শরীরে কাঁচা মাংস ১৫ প্রকাশ পায়, তখন সে অশুচি হইবে। যাজক তাহার কাঁচা মাংস দেখিয়া তাহাকে অশুচি কহিবে, কেননা ১৬ সে কাঁচা মাংস অশুচি, সেই কুষ্ঠ হয়। আর সে কাঁচা মাংস যদি পুনর্ব্বার শ্বেতবর্ণ হয়, তবে সে যাজকের ১৭ কাছে যাইবে। তাহাতে যাজক তাহাকে দেখিলে যদি তাহার ব্যাধি সর্ব্বাঙ্গে শ্বেতবর্ণ হয়, তবে সে ঐ রোগিকে শুচি কহিবে; তাহাতে সে শুচি হইবে।

১৮ আর শরীরের চর্ম্মে স্ফোটক হইয়া ভাল হইলে ১৯ পর সেই স্থানে যদি শ্বেতবর্ণ চিহ্ন কিম্বা শ্বেত ও কিঞ্চিৎ রক্তবর্ণ চিক্কণতা বিশিষ্ট চিহ্ন হয়, তবে তাহা যাজক-২০ কে দেখাইবে। তাহাতে যাজক তাহা দেখিলে তাহার দৃষ্টিতে যদি চর্ম্মের নীচস্থ হইয়া থাকে, ও তাহার লোম শ্বেতবর্ণ হইয়া থাকে, তবে যাজক তাহাকে অশুচি ২১ কহিবে; সে স্ফোটকহইতে নির্গত কুষ্ঠব্যাধি। কিন্তু যদি যাজক তাহাতে শ্বেতবর্ণ লোম না দেখে, ও তাহা

[১২ অধ্যা]গী ৫১ ; ৫ । ১ তী ২ ; ১৪,১৫।।—[১]লে ১৫ ; ১৯ ।।—[৩]আ ১৭; ১২।।—[৬-৮] লূ ২; ২২,২৪।।—[৮]লে ৫; ৭ ।।

* (ইব্রু) তাহার হস্তে এত না থাকে। † (ইব্রু) কাঁচা মাংসের চৈতন্য।

চর্ম্মের নীচস্থ না হয়, ও ঈষৎ মলিন হয়, তবে যাজক ২২ তাহাকে সাত দিন রুদ্ধ করিয়া রাখিবে। পরে তাহা যদি চর্ম্মে ব্যাপে, তবে যাজক তাহাকে অশুচি কহিবে, ২৩ সেই কুষ্ঠরোগ। কিন্তু যদি চিক্কণ চিহ্ন স্বস্থানে থাকে ও না বাড়ে, তবে সে ক্ষতের চিহ্ন; তাহাতে যাজক তাহাকে শুচি কহিবে।

২৪ আর যদি মাংসে কিম্বা তদুপরিস্থ চর্ম্মে অগ্নিদাহ হয়, ও সেই দাহের চিহ্ন কিঞ্চিৎ রক্তবর্ণ শ্বেতবর্ণ ২৫ ও চিক্কণতা বিশিষ্ট হয়, তবে যাজক তাহা দেখিলে যদি চিক্কণতা বিশিষ্ট চিহ্নে স্থিত লোম শ্বেতবর্ণ হয়, ও দৃষ্টিতে চর্ম্মের নীচস্থ হয়, তবে সে দগ্ধ অঙ্গহইতে নির্গত কুষ্ঠ; অতএব যাজক তাহাকে ২৬ অশুচি কহিবে, সেই কুষ্ঠরোগ। কিন্তু চিক্কণ চিহ্নে স্থিত লোম শ্বেতবর্ণ নয়, ও চিহ্ন চর্ম্মের নীচস্থ নয়, কিন্তু মলিন হয়, ইহা দেখিলে যাজক তাহাকে সাত দিন ২৭ রুদ্ধ করিয়া রাখিবে। পরে সপ্তম দিনে যাজক তাহাকে দেখিবে; তাহাতে যদি চর্ম্মেতে ঐ রোগ ব্যাপিয়া থাকে, তবে যাজক তাহাকে অশুচি কহিবে; সেই কুষ্ঠ-২৮ রোগ। আর যদি চিক্কণ চিহ্ন স্বস্থানে থাকে, ও চর্ম্মে বৃদ্ধি না পায়, কিন্তু ঈষৎ মলিন হয়, তবে সে দগ্ধ স্থানের শোথ হয়, যাজক তাহাকে শুচি কহিবে, কেননা সে অগ্নিকৃত ক্ষতের চিহ্ন।

২৯ আর পুরুষের কিম্বা স্ত্রীলোকের মস্তকে কিম্বা ৩০ দাড়িতে ব্যাধি হইলে, যাজক তাহা দেখিবে; তাহাতে যদি দৃষ্টিতে চর্ম্মের নীচস্থ বোধ হয়, ও হরিদ্রাবর্ণ সূক্ষ্ম লোম থাকে, তবে যাজক তাহাকে অশুচি কহিবে; তাহা ৩১ ছলি অর্থাৎ মস্তকস্থিত ও দাড়ির মধ্যস্থিত কুষ্ঠ। আর যাজক ছলি ব্যাধি দেখিলে যদি তাহার দৃষ্টিতে সেই রোগ চর্ম্মের নীচস্থ না হয়,ও তাহাতে কৃষ্ণবর্ণ লোম না থাকে, তবে যাজক সেই ছলি রোগগ্রস্তকে সাত ৩২ দিন রুদ্ধ করিয়া রাখিবে। পরে সপ্তম দিবসে যাজক তাহা দেখিলে তাহার দৃষ্টিতে যদি সেই রোগ না বাড়িয়া থাকে, ও তাহাতে হরিদ্রাবর্ণ লোম না হইয়া ৩৩ থাকে, ও দৃষ্টিতে চর্ম্মের নীচস্থ বোধ না হয়, তবে সে মুণ্ডিত হইবে, কিন্তু রোগের স্থান মুণ্ডন করিবে না; পরে যাজক ঐ রোগিকে আর সাত দিন রুদ্ধ করিয়া ৩৪ রাখিবে। এবং সপ্তম দিবসে যাজক সেই রোগ দেখিবে; তাহাতে যদি সেই রোগ চর্ম্মেতে না বাড়িয়া থাকে ও দৃষ্টিতে চর্ম্মের নীচস্থ না হইয়া থাকে, তবে যাজক তাহাকে শুচি কহিবে; পরে সে আপন বস্ত্র ধৌত করিয়া শুচি হইবে।

৩৫ আর তাহার শুচি হওনের পর যদি চর্ম্মেতে সে রোগ ৩৬ অতিশয় রূপে * বাড়ে, তবে যাজক তাহাকে পুনর্ব্বার দেখিবে; যদি তাহার চর্ম্মেতে ছলির বৃদ্ধি হইয়া থাকে, তবে হরিদ্রাবর্ণ লোমের অন্বেষণ করিবে না; সে অশুচি। ৩৭ কিন্তু তাহার দৃষ্টিতে যদি সে রোগ না বাড়িয়া থাকে, ও কৃষ্ণবর্ণ লোম উঠিয়া থাকে, তবে সে রোগের উপশম হইয়াছে,ও সে শুচি হইয়াছে; যাজক তাহাকে শুচি কহিবে।

৩৮ আর যদি কোন পুরুষের কিম্বা স্ত্রীর শরীরের চর্ম্মে নানা চিক্কণচিহ্ন অর্থাৎ শ্বেতবর্ণ চিক্কণচিহ্ন হয়, ৩৯ তবে যাজক তাহা দেখিবে; যদি তাহার চর্ম্মনির্গত চিক্কণচিহ্ন ঈষৎ মলিন শ্বেতবর্ণ হয়, তবে সে চর্ম্মেতে নির্দ্দোষ স্ফোটক; তাহাতে সে ব্যক্তি শুচি থাকিবে। ৪০ আর মনুষ্যের কেশ মস্তকহইতে খসিলেও সে নেড়া শুচি থাকিবে। ৪১ আর যাহার কেশ মস্তকের পার্শ্বহইতে খসিয়া পড়িয়াছে, সে কপালে নেড়া শুচি হয়। ৪২ কিন্তু যদি নেড়া মস্তকে ও নেড়া কপালে শুক্লবর্ণ ও কিঞ্চিৎ লোহিতবর্ণ ক্ষত হয়, তবে তাহা তাহার নেড়া মস্তকে ও নেড়া মস্তকের পার্শ্বে উৎপন্ন কুষ্ঠ ব্যাধি। ৪৩ যাজক তাহা দেখিলে যদি শরীরের চর্ম্মস্থিত কুষ্ঠের ন্যায় নেড়া মস্তকে ও নেড়া মস্তকের পার্শ্বে শুক্ল লোহিতবর্ণ ক্ষতের শোথ হয়, ৪৪ তবে সে কুষ্ঠী অশুচি, ও যাজক তাহাকে অবশ্য অশুচি কহিবে; তাহার মস্তকেই কুষ্ঠরোগ আছে। ৪৫ আর যাহার কুষ্ঠরোগ হয়, তাহার বস্ত্র চেরা যাইবে ও তাহার মস্তক অনাচ্ছাদিত হইবে,ও সে আপনার চিবুক বস্ত্রদ্বারা ঢাকিয়া 'অশুচি২' এই শব্দ করিবে। ৪৬ তাহার যত দিন কুষ্ঠ ব্যাধি থাকিবে,সে তত দিন অশুচি থাকিবে, এবং অশুচি হইয়া একাকী বাস করিবে, ও শিবিরের বাহিরে তাহার বাসস্থান হইবে।

৪৭ আর লোমের কিম্বা মসিনার বস্ত্রে এবং ৪৮ লোমের কিম্বা মসিনার তানাতে ও পড়িয়ানেতে কিম্বা চর্ম্মে কিম্বা চর্ম্মনির্ম্মিত কোন দ্রব্যেতে † যদি কুষ্ঠরোগ হয়; ৪৯ এবং বস্ত্রে কিম্বা চর্ম্মে কিম্বা তানাতে ও পড়িয়ানেতে কিম্বা চর্ম্মনির্ম্মিত কোন দ্রব্যে † যদি অল্প শ্যামবর্ণ কিম্বা অল্প লোহিতবর্ণ হয়,তবে সে কুষ্ঠরোগ হয়,এবং তাহা যাজকের নিকটে দেখান যাইবে। ৫০ পরে যাজক ঐ রোগ দেখিয়া রোগযুক্ত বস্তু সাত দিন রুদ্ধ করিয়া রাখিবে। ৫১ পরে সপ্তম দিবসে ঐ রোগের স্থান দেখিবে; যদি বস্ত্রের তানাতে কিম্বা পড়িয়ানেতে কিম্বা চর্ম্মেতে কিম্বা চর্ম্মনির্ম্মিত কোন দ্রব্যে সে ব্যাধি বাড়িয়া থাকে, তবে সে সংহারক কুষ্ঠ; তাহা অশুচি। ৫২ অতএব ঐ বস্ত্র দগ্ধ করিবে, অর্থাৎ তানাতে কিম্বা পড়িয়ানেতে ও লোমকৃত কিম্বা মসিনাকৃত বস্ত্রে কিম্বা চর্ম্মনির্ম্মিত যে কোন দ্রব্যে সে ব্যাধি হয়; তাহাই সংহারক কুষ্ঠ, তাহা অগ্নিতে দগ্ধ হইবে। ৫৩ এবং যাজক দেখিলে সে ব্যাধি যদি লোম কৃত কিম্বা মসিনাকৃত বস্ত্রের তানাতে ও পড়িয়ানেতে কিম্বা চর্ম্মের কোন দ্রব্যে বর্দ্ধমান না হয়, ৫৪ তবে যাজক সেই ব্যাধিবিশিষ্ট দ্রব্য ধৌত করিতে আজ্ঞা দিবে, এবং আর সাত দিবস তাহা রুদ্ধ করিয়া

[১৩ অধ্যা; ৪৫] যিহি ২৪; ২২,২৩। যিশ ১; ৫,৬। ৬; ৫। লূ ৫; ৮॥—[৪৬] গ ১২; ১৪,১৫॥

* (বা) স্পষ্টরূপে। † (বা) পাত্রে।

৫৫ রাখিবে। ধৌত হইলে পর যাজক তাহা দেখিবে; তাহাতে সেব্যাধি যদি অন্যবর্ণ না হইয়া থাকে ও না বাড়িয়া থাকে, তবে তাহাই অশুচি, তুমি তাহা অগ্নিতে দগ্ধ করিবা। ও তাহা ভিতরে কিম্বা বাহিরে * ৫৬ থাকিলে কুষ্ঠরোগ হয়, কিন্তু ধৌত করণের পরে যাজকের দৃষ্টিতে যদি তাহা মলিন হয়, তবে সে ঐ বস্ত্রহইতে কিম্বা চর্ম্মহইতে ও তানাহইতে কিম্বা পড়ি- ৫৭ য়ানহইতে তাহা চিরিয়া ফেলিবে। তথাপি বস্ত্রের তানাতে কিম্বা পড়িয়ানেতে কিম্বা চর্ম্মনির্ম্মিত কোন দ্রব্যে যদি তাহা দৃষ্ট হয়, তবে তাহাই বর্দ্ধিষ্ণু কুষ্ঠ; যাহাতে ৫৮ সে ব্যাধি থাকে, তাহা তুমি অগ্নিতে দগ্ধ করিবা। এবং যে বস্ত্র কিম্বা বস্ত্রের তানা কিম্বা পড়িয়ান ও চর্ম্মের যে কোন দ্রব্য ধৌত করিবা, তাহাহইতে যদি সে ব্যাধির উপশম দেখ, তবে দ্বিতীয় বার তাহা ধৌত করিবা; ৫৯ তাহাতে তাহা শুচি হইবে। লোম কিম্বা মসিনাকৃত বস্ত্রের তানা ও পড়িয়ানের কিম্বা চর্ম্মের কোন পাত্রের শৌচাশৌচ কথন বিষয়ে কুষ্ঠ ব্যাধির এই ব্যবস্থা।

১৪ অধ্যায়।

১ কুষ্ঠিকে শুচি করণের বিধি ও প্রায়শ্চিত্ত ৩৩ ও গৃহের কুষ্ঠ রোগের চিহ্নের নির্ণয় ৪৮ ও গৃহ কুষ্ঠের শুচি করণের বিধি ও প্রায়শ্চিত্ত।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, কুষ্ঠরোগির শুচি ২ হওন ও যাজকের নিকটে আনীত হওন দিবসে তাহার ৩ এই ব্যবস্থা। যাজক শিবিরের বাহিরে যাইয়া তাহাকে দেখিবে; যদি কুষ্ঠির কুষ্ঠরোগের উপশম হইয়া ৪ থাকে, তবে যাজক সেই শোধনীয় লোকের নিমিত্তে দুই জীবৎ শুচি পক্ষী † ও এরস্ কাষ্ঠ ও রক্তবর্ণ ৫ লোম ও এসোব্,এই সকল লইতে আজ্ঞা করিবে। এবং মৃৎপাত্রস্থিত উনুইর জলের উপরে এক পক্ষী বলি- ৬ দান করিতে আজ্ঞা করিবে। পরে সে ঐ জীবৎ পক্ষী ও এরস্ কাষ্ঠ ও রক্তবর্ণ লোম ও এসোব্ লইয়া,ঐ উনুইর জলের উপরে হত পক্ষির রক্তে জীবৎ পক্ষির সহিত ৭ সে সকল ডুবাইবে। এবং কুষ্ঠহইতে শোধনীয় ব্যক্তির উপরে সাত বার তাহা প্রক্ষেপ করিয়া তাহাকে শুচি ৮ করিয়া ঐ জীবৎ পক্ষিকে প্রান্তরে‡ ছাড়িয়া দিবে।তখন সে শুচি ব্যক্তি আপন বস্ত্র ধৌত করিয়া ও কেশ মুণ্ডন করিয়া জলেতে স্নান করিবে, তাহাতে সে শুচি হইবে; পরে সে শিবিরে প্রবেশ করিতে পারিবে বটে, কিন্তু ৯ সাত দিবস আপন তাম্বুর বাহিরে থাকিবে। পরে সপ্তম দিবসে সে আপন মস্তকের কেশ ও শ্মশ্রু ও ভ্রূ ও সর্ব্বাঙ্গের লোম মুণ্ডন করিবে, এবং আপন বস্ত্র ধৌত ১০ করিয়া আপনি জলে স্নান করিয়া শুচি হইবে। অপর অষ্টম দিবসে সে নির্দ্দোষ দুই মেষশাবক ও এক বৎসরীয় § নির্দ্দোষ এক মেষবৎসা ও নৈবেদ্যার্থে তৈল মিশ্রিত সুজির দশমাংশের তিন অংশ ও এক লোগ্ তৈল লইবে। পরে শুচিকারি যাজক ঐ শোধনীয় ১১ মনুষ্যকে ও ঐ সকল বস্তু লইয়া মণ্ডলীর আবাসের দ্বার নিকটে পরমেশ্বরের সম্মুখে স্থাপন করিবে। পরে ১২ যাজক মেষের এক পুংবৎস ও এক লোগ্ তৈল লইয়া তাহা দোষবলি উৎসর্গ করিবে, এবং আন্দোলনীয় নৈবেদ্যার্থে পরমেশ্বরের সম্মুখে তাহা দোলাইবে। এবং যে স্থানে প্রায়শ্চিত্ত ও হোমবলি দান করে, সেই ১৩ পবিত্র স্থানে ঐ মেষ শাবককে বলিদান করিবে, কেননা প্রায়শ্চিত্ত বলির ন্যায় দোষ বলি যাজকের অংশ হইবে; ইহাও অতি পবিত্র হইবে। পরে ১৪ যাজক ঐ দোষ বলির কিঞ্চিৎ রক্ত লইয়া ঐ শোধনীয় ব্যক্তির দক্ষিণ কর্ণের প্রান্তে ও দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠে ও দক্ষিণ পাদাঙ্গুষ্ঠে দিবে। এবং যাজক সেই ১৫ এক লোগ্ তৈলহইতে কিঞ্চিৎ তৈল লইয়া আপন বাম হস্তের তালুতে ঢালিবে। পরে যাজক সেই বাম ১৬ হস্তের তালুস্থিত তৈলে আপন দক্ষিণ হস্তাঙ্গুলি ডুবাইয়া অঙ্গুলিদ্বারা সেই তৈলহইতে কিঞ্চিৎ ২ সাত বার পরমেশ্বরের সম্মুখে প্রক্ষেপ করিবে। এবং তাহার ১৭ হস্তের তালুস্থিত অবশিষ্ট তৈল লইয়া ঐ শোধনীয় ব্যক্তির দক্ষিণ কর্ণের প্রান্তে ও তাহার দক্ষিণ হস্তাঙ্গুষ্ঠে ও দক্ষিণ পাদাঙ্গুষ্ঠে ও দোষবলির রক্তের উপরে দিবে। এবং সে আপন হস্তের তালুস্থিত তৈল লইয়া ঐ শোধ- ১৮ নীয় ব্যক্তির মস্তকোপরি ঢালিবে,এবং যাজক পরমেশ্বরের সম্মুখে তাহার নিমিত্তে প্রায়শ্চিত্ত করিবে। ও যাজক প্রায়শ্চিত্তের বলিদান করিবে, এবং সেই ১৯ ব্যক্তির অশৌচহইতে শুচি হওনের প্রায়শ্চিত্ত করিবে, পরে হোমবলি দান করিবে। এবং যাজক হোমবলি ২০ ও নৈবেদ্য বেদিতে আনিয়া উৎসর্গ করিবে ও তাহার কারণ প্রায়শ্চিত্ত করিবে, তাহাতে সে শুচি হইবে। আর সে কুষ্ঠী যদি দরিদ্র হয়, এত আনিতে তাহার ২১ সঙ্গতি না থাকে ||, তবে সে প্রায়শ্চিত্ত করিতে আন্দোলনার্থে দোষবলির নিমিত্তে মেষের এক বৎস ও তৈলমিশ্রিত সুজির দশমাংশের একাংশ নৈবেদ্য ও এক লোগ্ তৈল; এবং তাহার প্রাপ্তির সাধ্যানু- ২২ সারে দুই ঘুঘু কিম্বা দুই কপোতের বৎস আনিবে; তাহার এক প্রায়শ্চিত্ত বলি ও অন্য হোম বলি হইবে। অপর অষ্টম দিনে সে আপনার শৌ- ২৩ চার্থে মণ্ডলীর আবাসের দ্বার নিকটে পরমেশ্বরের সম্মুখে যাজকের কাছে তাহাদিগকে আনিবে। পরে ২৪

[১৪ অধ্যা; ৩] লে ১৩; ৪৬ ।।—[৪-৭] প ৪৯-৫৩। ইব্রি ৯; ১৩-২২ ।।—[৪] গ ১৯; ৬। গী ৫১; ৭ ।।—[৫,৬] লে ১৬; ১৫,২০,২১। রো ৪; ২৫। ১ যো ৫; ৬। যো ১৯; ৩৪। ৪; ১৪ ।।—[৭,৮] ইব্রি ১০; ২২ ।।—[৮] গ ১২; ১৪ ।।—[৯] লে ১৩; ৪৫ ।।—[১০-৩১] ৫; ১-১৩ ।।—[১৩] ৬; ১৭ ।।—[১৪-১৮] ৮; ১২,২৩,২৪ ।।—[১৬] ৪; ১৭ ।।—[২১] ৫; ৭। ১২; ৮ ।।

*(ইব্রি) মস্তকে কিম্বা কপালে নেড়া। † (বা) চটক পক্ষী। ‡ (ইব্রি) ক্ষেত্রের মুখে। § (ইব্রি) এক বৎসরের পুত্রী। || (ইব্রি) তাহার হস্ত এত ধরিতে না পারে।

যাজক দোষ বলির মেষশাবক ও এক লোগ্ তৈল লইয়া পরমেশ্বরের সম্মুখে আন্দোলনার্থে তাহা ২৫ দোলাইবে। পরে সে ঐ দোষার্থে বলির মেষশাবক বলিদান করিবে, এবং যাজক ঐ দোষার্থ বলিহইতে কিঞ্চিৎ রক্ত লইয়া শোধনীয় ব্যক্তির দক্ষিণ কর্ণের প্রান্তে ও তাহার দক্ষিণ হস্তাঙ্গুষ্ঠে ও দক্ষিণ পাদা- ২৬ ঙ্গুষ্ঠে দিবে। পরে যাজক সেই তৈলহইতে কিঞ্চিৎ ২৭ লইয়া আপন বাম হস্তের তালুতে ঢালিবে। এবং যাজক দক্ষিণ হস্তাঙ্গুলি দিয়া ঐ বাম হস্তের তালুস্থিত তৈলহইতে কিঞ্চিৎ ২ সাত বার পরমেশ্বরের সম্মুখে ২৮ প্রক্ষেপ করিবে। এবং যাজক আপন হস্তস্থিত তৈল-হইতে কিঞ্চিৎ লইয়া শোধনীয় ব্যক্তির দক্ষিণ কর্ণের প্রান্তে ও তাহার দক্ষিণ হস্তাঙ্গুষ্ঠোপরি ও দক্ষিণ পাদাঙ্গুষ্ঠোপরি ও দোষ বলির রক্তের স্থানোপরি ২৯ দিবে। এবং যাজক শোধনীয় ব্যক্তির নিমিত্তে পরমেশ্বরের সম্মুখে প্রায়শ্চিত্ত করিতে আপন হস্ত- ৩০ স্থিত অবশিষ্ট তৈল তাহার মস্তকে দিবে। পরে সে প্রাপ্যানুসারে ঘুঘুর কিম্বা যুব কপোতের এককে ৩১ উৎসর্গ করিবে। অর্থাৎ তাহার প্রাপ্তির সাধ্যানুসারে নৈবেদ্যের সহিত এক প্রায়শ্চিত্ত বলি ও অন্য হোম-বলি উৎসর্গ করিবে, এবং যাজক শোধনীয় ব্যক্তির ৩২ নিমিত্তে পরমেশ্বরের সম্মুখে প্রায়শ্চিত্ত করিবে। যে কুষ্ঠরোগির আপন শুদ্ধ্যর্থে দ্রব্য পাইবার সাধ্য নাই, তাহার এই ব্যবস্থা।

৩৩ অপর পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে কহিলেন, ৩৪ আমি যে দেশ অধিকার করিতে তোমাদিগকে দিব,সেই কিনান্দেশে তোমাদের প্রবেশ করণ সময়ে তোমা-দের অধিকারস্থ কোন গৃহে আমি কুষ্ঠ রোগ উৎপন্ন ৩৫ করিলে, সে গৃহের স্বামী আসিয়া, আমার দৃষ্টিতে গৃহে ব্যাধির প্রকাশ পাইতেছে, এ কথা কহিয়া ৩৬ যাজককে জানাইবে। পরে গৃহের সকল বস্তু অশুচি যেন না হয়, এই নিমিত্তে ব্যাধি দেখিতে যাজকের প্রবেশের পূর্ব্বে গৃহ শূন্য * করিতে যাজক আজ্ঞা ৩৭ করিবে; পরে যাজক গৃহ দেখিতে প্রবেশ করিবে। অন-ন্তর যাজক ব্যাধি দেখিবে; যদি ব্যাধি গৃহের ভিত্তিতে নিম্ন স্থান ও ঈষৎ হরিদ্বর্ণ কিম্বা রক্তবর্ণ হয়, এবং ৩৮ তাহার দৃষ্টিতে ভিত্তির নীচস্থ হয়, তবে যাজক গৃহ-হইতে দ্বার নিকটে বাহির হইয়া সাত দিন ঐ গৃহকে ৩৯ রুদ্ধ করিয়া রাখিবে। পরে যাজক সপ্তম দিনে পুনর্ব্বার আসিয়া অবলোকন করিয়া দেখিবে; যদি গৃহের ৪০ ভিত্তিতে সে ব্যাধি বাড়িয়া থাকে, তবে তাহার ব্যাধি বিশিষ্ট প্রস্তর বাহির করিয়া নগরের বাহিরে অশুচি স্থানে নিক্ষেপ করিতে, যাজক তাহাদিগকে আজ্ঞা ৪১ করিবে। পরে সে ঐ গৃহের ভিতরের চারিদিগ পরি-ষ্কার করাইবে, ও সেই পরিষ্করণের ধূলা নগরের বাহিরে অশুচি স্থানে ফেলিয়া দিবে। ৪২ এবং তাহারা অন্য প্রস্তর লইয়া সেই প্রস্তর স্থানে বসাইবে, ও অন্য লেপ লইয়া গৃহ লেপন করিবে। ৪৩ অপর প্রস্তর পরিবর্ত্ত করিলে ও গৃহ পরিষ্কার করিলে ও লেপন করাইলেও, যদি ব্যাধি পুনর্ব্বার জন্মিয়া গৃহে বিস্তৃত হয়, ৪৪ তবে যাজক আসিয়া দেখিবে; যদি ঐ গৃহে ব্যাধি বাড়িয়া থাকে, তবে সে গৃহে সংহারক কুষ্ঠ আছে, সে গৃহ অশুচি হয়। ৪৫ তাহাতে সে ঐ গৃহ ভাঙ্গিয়া ফেলিবে, অর্থাৎ তাহার প্রস্তর ও কাষ্ঠ ও সকল ধূলি নগরের বাহিরে বহিয়া অশুচি স্থানে লইয়া যাইবে। ৪৬ আর যে কেহ ঐ গৃহের রুদ্ধ থাকন সময়ে তাহার ভিতরে যায়, সে সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। ৪৭ ও যে কেহ সেই গৃহে শয়ন করে, সে আপন বস্ত্র ধৌত করিবে; এবং যে কেহ সে গৃহে ভোজন করে, সেও আপন বস্ত্র ধৌত করিবে।

৪৮ আর সেই গৃহ লেপনের পর আর ব্যাধি বাড়ে নাই, ইহা যদি যাজক গৃহে যাইয়া দেখে, তবে যাজক সে গৃহকে শুচি কহিবে; কেননা সে ব্যাধির উপশম হইল। ৪৯ পরে সে ঐ গৃহ শুচি করণার্থে দুই পক্ষী ও এরস্কাষ্ঠ ও রক্তবর্ণ লোম ও এসোব্ লইয়া ৫০ মৃৎ-পাত্রে উনুইর জলের উপরে এক পক্ষিকে বলিদান করিবে। ৫১ পরে সে ঐ এরস্কাষ্ঠ ও এসোব্ ও রক্তবর্ণ লোম ও জীবৎ পক্ষী লইয়া এই সকল উনুইর জলের উপরে হত পক্ষির রক্তে ডুবাইয়া গৃহে সাত বার প্রক্ষেপ করিবে। ৫২ এই রূপে পক্ষির রক্ত ও উনুইর জল ও জীবৎ পক্ষী ও এরস্কাষ্ঠ ও এসোব্ ও রক্তবর্ণ লোম, এই সকলের দ্বারা সে গৃহ শুদ্ধ করিবে। ৫৩ পরে নগরের বাহিরে প্রান্তরে ঐ জীবৎ পক্ষিকে ছাড়িয়া দিবে, ও গৃহের কারণ প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে তাহা শুচি হইবে। ৫৪ কুষ্ঠ রোগের এই ব্যবস্থা, অর্থাৎ সর্ব্ব প্রকার কুষ্ঠব্যাধি ও শিত্ররোগ, ৫৫ ও বস্ত্রস্থিত ও গৃহস্থিত কুষ্ঠ ও স্ফীতি ও পামা ও চিক্কণ চিহ্ন, ৫৬ এই সকল কোন্ দিনে শুচি ও কোন্ দিনে অশুচি,তাহা জানাইতে এই ব্যবস্থা। ৫৭

১৫ অধ্যায়।

১ পুমেহিকে শুচি করণের বিধি, ১৯ ও রজস্বলাকে শুচি করণের বিধি।

১ অপর পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে কহিলেন, ২ তোমরা ইস্রায়েল্ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, মনুষ্যের শরীরে প্রমেহরোগ হইলে তাহার নিমিত্তে সে অশুচি হইবে। ৩ তাহার প্রমেহ দ্বারা অশৌচ হইবে, বিশেষতঃ যদি তাহার শরীরহইতে প্রমেহ ক্ষরে, কিম্বা শরীরে বদ্ধ হয়, এ উভয়েতেই তাহার অশৌচ হইবে। ৪ এবং প্রমেহি লোক যে শয্যাতে শয়ন করে, সে প্রত্যেক শয্যা অশুচি; ও যাহার উপরে বৈসে,সে প্রত্যেক আসন† অশুচি হইবে।

[২৫-২৯] প ১৪-১৮ ।।—[৪৪] লে ১৩; ৫১ ।।—[৪৯-৫৩] প ৪-৭ ।।—[৫৭] ১১; ১০,১১ ।।

* (বা) প্রস্তুত। † (ইব্রু) পাত্র।

৫ এবং যে কেহ তাহার শয্যা স্পর্শ করে, সে আপন বস্ত্র ধৌত করিবে, ও জলেতে স্নান করিবে; তথাপি ৬ সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। এবং যে কোন বস্তুর উপরে প্রমেহী বৈসে, তাহার উপরে যদি কেহ বৈসে, তবে সে আপন বস্ত্র ধৌত করিবে, ও জলেতে স্নান ৭ করিবে; তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। এবং যে কেহ তাহার শরীর স্পর্শ করে, সে আপন বস্ত্র ধৌত করিবে, ও জলেতে স্নান করিবে; তথাপি সন্ধ্যা ৮ পর্য্যন্ত অশুচি থাকিবে। আর প্রমেহী যদি শুচি ব্যক্তির গাত্রে থুথু ফেলে, তবে সে আপন বস্ত্র ধৌত করিবে ও জলে স্নান করিবে; তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি ৯ থাকিবে। এবং প্রমেহী যে বাহনের উপরে আরোহণ ১০ করে, তাহা অশুচি হইবে। এবং তাহার নীচস্থ কোন বস্তুকে যদি কেহ স্পর্শ করে, তবে সে সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে; এবং যদি তাহা বহন করে, তবে সে জলে বস্ত্র ধৌত করিবে, ও জলে স্নান করিবে; তথাপি সন্ধ্যা ১১ পর্য্যন্ত অশুচি থাকিবে। এবং প্রমেহী আপন হস্ত জলে ধৌত না করিয়া যাহাকে স্পর্শ করে, সে আপন বস্ত্র ধৌত করিবে ও জলে স্নান করিবে; তথাপি সন্ধ্যা ১২ পর্য্যন্ত অশুচি থাকিবে। এবং প্রমেহী যে কোন মৃৎপাত্র স্পর্শ করে, তাহা ভাঙ্গা যাইবে, ও সকল ১৩ কাষ্ঠপাত্র জলে ধৌত হইবে। অনন্তর প্রমেহী যখন আপন প্রমেহহইতে শুচি হয়, তৎকালে সে আপনার শুচি হওনের পরে আর সাত দিন গণনা করিবে, এবং আপন বস্ত্র ধৌত করিবে ও উনুইর জলে স্নান ১৪ করিবে; পরে শুচি হইবে। অনন্তর অষ্টম দিবসে সে আপনার নিমিত্তে দুই ঘুঘু কিম্বা দুই কপোতের বৎস লইয়া পরমেশ্বরের সম্মুখে মণ্ডলীর আবাসের দ্বার ১৫ নিকটে আসিবে ও তাহাদিগকে যাজককে দিবে। তাহাতে যাজক তাহার এক প্রায়শ্চিত্ত বলি ও এক হোম বলি উৎসর্গ করিবে, এবং যাজক তাহার প্রমেহ প্রযুক্ত ১৬ পরমেশ্বরের উদ্দেশে প্রায়শ্চিত্ত করিবে। অপর যদি কোন মনুষ্যের রেতঃপাত হয়, তবে সে আপন সকল শরীর জলে ধৌত করিবে; তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি ১৭ থাকিবে। এবং যে প্রত্যেক বস্ত্রে কি চর্ম্মে রেতঃপাত হয়, সে সকলি জলে ধৌত করিবে; তথাপি সন্ধ্যা ১৮ পর্য্যন্ত অশুচি থাকিবে। এবং যে স্ত্রীর সহিত যে পুরুষ রেতঃশুদ্ধ শয়ন করে, তাহারা জলে স্নান করিবে; তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে।

১৯ আর যে স্ত্রী রজস্বলা হয়, তাহার শরীরস্থ রক্ত ক্ষরিলে সাত দিবস তাহার অশৌচ * হইবে, এবং যে কেহ তাহাকে স্পর্শ করিবে, সে সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। ২০ সে অশৌচকালে যে প্রত্যেক শয্যাতে শয়ন করিবে, তাহা অশুচি হইবে; ও সে যাহার উপরে বসিবে, তাহা অশুচি হইবে। এবং যে কেহ তাহার শয্যা স্পর্শ ২১ করিবে, সে আপন বস্ত্র ধৌত করিবে ও জলেতে স্নান করিবে; তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। এবং যে ২২ কেহ তাহার বসিবার কোন আসন স্পর্শ করে, সেও আপন বস্ত্র ধৌত করিবে, ও জলেতে স্নান করিবে; তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। এবং যে কেহ ২৩ তাহার শয্যার কিম্বা আসনের উপরিস্থিত বস্তু স্পর্শ করে, সেও সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। আর যে ২৪ পুরুষ ঋতুমতীর সহিত সংসর্গ করে ও তাহার রজস্ তাহার গাত্রে লাগে, সে সাত দিবস অশুচি থাকিবে; এবং যে২ শয্যাতে শয়ন করিবে, তাহাও অশুচি হইবে। এবং তাহার অশৌচ কালের পর বহুদিন ২৫ পর্য্যন্ত যদি কোন স্ত্রীলোকের রক্তস্রাব থাকে ও অশৌচকালের পর যদি অনেক দিন রক্ত ক্ষরে, তবে তাহার রক্তস্রাব হেতুক অশৌচ দিনের ন্যায় সে সমস্ত দিন অশুচি থাকিবে। সেই রক্তস্রাবের সমস্ত দিবস যে ২৬ শয্যাতে শয়ন করিবে, তাহা অশৌচকালের ন্যায় অশুচি হইবে; এবং যে আসনের উপরে বসিবে, তাহা অশৌচকালের মত অশুচি হইবে। এবং যে কেহ সেই ২৭ সকল স্পর্শ করিবে, সে অশুচি হইবে এবং বস্ত্র ধৌত করিয়া জলেতে স্নান করিবে; তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। কিন্তু যদি সে স্ত্রীর রক্তস্রাব রহিত ২৮ হইয়া থাকে, তবে সে আপনার নিমিত্তে সাত দিন গণনা করিয়া সেই গণিত সাত দিনের পর শুচি হইবে। পরে অষ্টম দিবসে সে আপনার জন্যে দুই ঘুঘু ২৯ কিম্বা দুই কপোতের বৎস লইয়া মণ্ডলীর আবাসদ্বারে যাজকের নিকটে আনিবে। তাহাতে যাজক তাহার ৩০ একক প্রায়শ্চিত্ত বলি ও অন্যকে হোমবলি উৎসর্গ করিবে, এবং তাহার রক্তস্রাবের অশৌচ প্রযুক্ত পরমেশ্বরের কাছে তাহার জন্যে প্রায়শ্চিত্ত করিবে। লোকেরা আপনাদের মধ্যবর্ত্তি আমার আবাস অপ- ৩১ বিত্র করিয়া যেন না মরে, এই জন্যে তোমরা ইস্রায়েল্ বংশকে অশৌচহইতে এই রূপে পৃথক করিবা। প্রমেহ ৩২ রোগির ও শুক্রক্ষরণে অশুচি ব্যক্তির, এবং রজস্বলা ৩৩ স্ত্রীর ও প্রমেহবিশিষ্ট পুরুষের ও স্ত্রীর ও অশুচি স্ত্রীর সহিত যে সংসর্গ করে, সেই সকলের এই ব্যবস্থা।

১৬ অধ্যায়।

১ যাজকের অতি পবিত্র স্থানে প্রবেশ করণের বিধি, ১১ ও যাজকের প্রায়শ্চিত্ত বলিদান, ১৫ ও লোকদের প্রায়শ্চিত্ত বলিদান, ২০ ও ত্যাজ্য ছাগলের বিধি, ২৯ ও বৎসরীয় বলিদানের বিধি।

১ অপর হারোণের দুই পুত্র পরমেশ্বরের উদ্দেশে নিবে-

[১৫ অধ্যা; ৪-১২] লে ১১; ৩১-৩৫ ।।—[১৩] ১৪; ৯ ।।—[১৪,১৫] ১২; ৮ ।।—[১৯-২৭] প ৪-১২ ।।—[২৪] ২০; ১৮।। [২৫-২৭] লু ৮; ৪৩-৪৮ ।।—[২৮-৩০] প ১০-১৫।। [৩১] লে ১১; ৪৫। গী ১৯; ২০ ।।
[১৬ অধ্যা] ইব্রি ৯; ৬-১২,২২-২৬। লে ২৩; ২৬-৩২।।—[১] ১০; ১, ২ ।।

* (বা) পৃথক হওন।

দন করাতে * প্রাণত্যাগ করিলে পর পরমেশ্বর মূসাকে ২ কহিলেন। পরমেশ্বর মূসাকে এই কথা কহিলেন, তুমি আপন ভ্রাতা হারোণ্‌কে কহ, যেন তোমার মৃত্যু না হয়, এই জন্যে বিচ্ছেদবস্ত্রের মধ্যবর্ত্তি সিন্দুকের উপরিস্থিত আবরণের সম্মুখে অতি পবিত্র স্থানে সর্ব্বদা প্রবেশ করিও না; আমি আবরণের উপরে মেঘে দর্শন দিব। ৩ হারোণ্ প্রায়শ্চিত্তবলি এক গোবৎস ও হোমবলির মেষ সঙ্গে লইয়া,এই রূপে অতি পবিত্র স্থানে প্রবেশ করিবে। ৪ সে মসিনার উত্তরীয় বস্ত্র পরিধান করিবে, ও মসিনার কটিবস্ত্র পরিধান করিবে, ও মসিনার কটিবন্ধন পরিবে, ও মসিনার উষ্ণীষেতে বিভূষিত হইবে; কেননা এ সকল পবিত্র বস্ত্র; অতএব জলেতে আপন শরীর ধৌত করিয়া ৫ এই সকল পরিধান করিবে। পরে সে ইস্রায়েল্ বংশের মণ্ডলীর প্রায়শ্চিত্ত বলি দুই ছাগল ও হোমবলি এক ৬ মেষ লইবে। এবং হারোণ্ আপনার নিমিত্তে প্রায়শ্চিত্ত বলি এক গোবৎস উৎসর্গ করিয়া আপনার ও পরি- ৭ বারের নিমিত্তে প্রায়শ্চিত্ত করিবে। পরে সেই দুই ছাগল লইয়া মণ্ডলীর আবাস দ্বারের নিকটে পরমে- ৮ শ্বরের সম্মুখে আনিবে। এবং দুই ছাগলের বিষয়ে গুলিবাট করিবে; তাহাতে এক পরমেশ্বরের নিমিত্তে, ৯ ও অন্য ত্যাগের † নিমিত্তে হইবে। পরে যে ছাগল গুলিবাটের দ্বারা পরমেশ্বরের নিমিত্তে হইবে‡,হারোণ্ ১০ তাহাকে লইয়া প্রায়শ্চিত্তার্থে বলিদান করিবে। কিন্তু যে ছাগল গুলিবাটের দ্বারা ত্যাগের নিমিত্তে হইবে‡, তাহাদ্বারা প্রায়শ্চিত্ত করণার্থে তাহাকে প্রান্তরে ছাড়িয়া দিতে পরমেশ্বরের সম্মুখে জীবৎ উপস্থিত করিবে।

১১ পরে হারোণ্ আপনার নিমিত্তে প্রায়শ্চিত্ত বলি গোবৎস আনিয়া আপনার ও পরিবারের নিমিত্তে প্রায়শ্চিত্ত করিবে,ও আপনার নিমিত্তে প্রায়শ্চিত্ত বলি ১২ গোবৎস বলিদান করিবে। এবং পরমেশ্বরের সম্মুখস্থ বেদিহইতে প্রজ্বলিত অঙ্গারেতে পূর্ণ ধূনাচি ও এক মুষ্টি চূর্ণীকৃত সুগন্ধি ধূনা লইয়া বিচ্ছেদবস্ত্রের মধ্যে ১৩ আনিবে। এবং ধূনার ধূমদ্বারা যেন সাক্ষ্যরূপ সিন্দুকের উপরিস্থিত আবরণ আচ্ছাদন হয়, এই নিমিত্তে সে পরমেশ্বরের সম্মুখে অগ্নিতে ঐ সুগন্ধি ধূনা ১৪ দিবে; তাহাতে মরিবে না। পরে সে ঐ গোবৎসের রক্ত লইয়া আবরণের সম্মুখে পূর্ব্বদিগে অঙ্গুলিদ্বারা প্রক্ষেপ করিবে, এবং অঙ্গুলিদ্বারা আবরণে ঐ রক্ত সাত বার প্রক্ষেপ করিবে।

১৫ পরে সে লোকদের প্রায়শ্চিত্তার্থে ঐ ছাগল বলিদান করিয়া তাহার রক্ত বিচ্ছেদবস্ত্রের মধ্যে আনিয়া যেমন গোবৎসের রক্ত প্রক্ষেপ করে, সেই রূপ তাহার রক্ত লইয়াও করিবে, অর্থাৎ আবরণের সম্মুখে ও আবরণের উপরে তাহা প্রক্ষেপ করিবে। ১৬ এবং ইস্রায়েল্ বংশের অশুচিতা ও সকল পাপ ও আজ্ঞা লঙ্ঘন দোষ প্রযুক্ত সে পবিত্র স্থানের জন্যে প্রায়শ্চিত্ত করিবে,এবং অশুচিতাবিশিষ্ট তাহাদের মধ্যবাসি মণ্ডলীর আবাসের কারণ সে তদ্রূপ করিবে। ১৭ এবং প্রায়শ্চিত্ত করিতে অতি পবিত্র স্থানে প্রবেশ করণ অবধি যে পর্য্যন্ত সে বাহির না হয়, এবং আপনার ও পরিবারের ও ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলীর নিমিত্তে প্রায়শ্চিত্ত সমাপ্তি না হয়,সেই পর্য্যন্ত মণ্ডলীর আবাসে কোন মনুষ্য থাকিবে না। ১৮ পরে সে পরমেশ্বরের সম্মুখবর্ত্তি বেদির নিকটে যাইয়া তাহার জন্যে প্রায়শ্চিত্ত করিবে, এবং সেই গোবৎসের রক্ত ও ছাগলের রক্ত লইয়া বেদির চূড়ার উপরে চারিদিগে দিবে। ১৯ এবং সে রক্তের কিঞ্চিৎ লইয়া আপন অঙ্গুলিদ্বারা তাহার উপরে সাত বার প্রক্ষেপ করিয়া তাহা শুচি করিবে, ও ইস্রায়েল্ বংশের অশৌচহইতে তাহা পবিত্র করিবে।

২০ এই রূপে হারোণ্ পবিত্র স্থানের ও মণ্ডলীর আবাসের ও বেদির প্রায়শ্চিত্ত করণ সমাপ্তি করিলে পর ২১ সেই জীবৎ ছাগলকে আনিয়া সেই জীবৎ ছাগলের মস্তকে আপন হস্তদ্বয় সমর্পণ করিবে, এবং ইস্রায়েল্ বংশের সমস্ত পাপ ও পাপবিষয়ক আজ্ঞাতিক্রম তাহার উপরে স্বীকার করিয়া সে সমস্ত ঐ ছাগলের মস্তকে অর্পণ করিবে; পরে উপযুক্ত মনুষ্যের হস্তদ্বারা তাহাকে বনে ছাড়িয়া দিবে। ২২ তাহাতে ঐ ছাগল তাহাদের সমস্ত পাপ উচ্ছিন্ন দেশে মস্তকে বহিবে; পরে সে সেই ছাগলকে প্রান্তরে ছাড়িয়া দিবে। ২৩ অপর হারোণ্ মণ্ডলীর আবাসে আসিয়া অতি পবিত্র স্থানে প্রবেশ করণ সময়ে যে মসিনার বস্ত্র পরিধান করিয়াছিল, তাহা ত্যাগ করিয়া সেই স্থানে রাখিবে। ২৪ পরে সে পবিত্র স্থানে আপন শরীর জলে ধৌত করিয়া আপন বস্ত্র পরিধান করিয়া নির্গত হইবে, এবং আপনার হোমবলি ও লোকদের হোমবলি দান করিয়া আপনার ও লোকদের নিমিত্তে প্রায়শ্চিত্ত করিবে। ২৫ এবং ঐ প্রায়শ্চিত্ত বলির মেদ বেদিতে দগ্ধ করিবে। ২৬ এবং যে জন ত্যাজ্য ছাগল ছাড়িয়া দিবে, সে আপন বস্ত্র ও শরীর জলে ধৌত করিয়া শিবিরে আসিবে। ২৭ এবং প্রায়শ্চিত্তবলি যে গোবৎস, ও

[২]ইব্রু ৯ ; ৮ । ১০ ; ১৯-২২ । ম ২৭ ; ৫১ । যা ২৫ ; ২২ । ৩৩,২০ ।।—[৩]লে ৪ ; ৩ ।।—[৪]যা ২৮ ; ২-৩৯ । লে ৮ ; ৬-৯ ।।
[৫]প ৮ ।।—[৬]ইব্রু ৭ ; ২৬-২৮।।—[৮]প ৫ ।।—[৯-১০]লে ১৪ ; ৫,৬! রো ৪ ; ২৫ ।।—[১১] প ৬ ।।—[১২-১৫]যা ৩০ ; ৮ । ইব্রু ৯ ; ১২, ২২-২৬ । যিশ ৬ ; ১-৭ । প্র ৮ ; ৩,৪ ।।—[১৩] যা ৩৩ ; ২০ ।।—[১৫]প ৯,১০ । ইব্রু ২ ; ১৭ । ১০ ; ১৭-১৪ ।।
[১৬] ইব্রু ৯ ; ২১-২৩ ।।—[১৭] ইব্রু ৯ ; ৮ ।।—[১৮] প ১৬ । যা ৩০ ; ১০ ।।—[২১] প ৯,১০ । হি ২৮ ; ১৩ । লে ১ ; ৪ । ১ যো ১ ; ৭-১০ । যিশ ৫৩ ; ৬ । রো ৪ ; ২৫ ।।—[২২] যী ৯ ; ১৭ । যো ১ ; ২৯ । ১ যো ২ ; ১,২ ।।—[২৪] প ২৬, ২৮। প ৩, ৫।।
[২৫] লে ৪,১০ ।।—[২৬] ১৪ ; ৮ । গ ১৯ ; ৭,৮ ।।—[২৭] লে ৪ ; ১২,২১ । ৬ ; ৩০ । ইব্রু ১৩ ; ১০-১৩ ।।

* (বা) নিকটে উপস্থিত হওয়াতে। † (ইব্রু) অসাসেল্।‡ (ইব্রু) পরমেশ্বরের (কি ত্যাগের) নিমিত্তে, যাহার এই গুলিবাট উঠে।

প্রায়শ্চিত্তবলি যে ছাগবৎস, যাহাদের রক্ত প্রায়শ্চিত্ত করণার্থে পবিত্র স্থানে আনীত হইয়াছিল, লোকেরা তাহাদিগকে শিবিরের বাহিরে লইয়া গিয়া তাহাদের ২৮ চর্ম্ম ও মাংস ও বিষ্ঠা অগ্নিতে দগ্ধ করিবে। এবং যে জন তাহা দগ্ধ করিবে, সে আপন বস্ত্র ধৌত করিবে ও জলে শরীরকে স্নান করাইবে; পরে শিবিরে প্রবেশ করিবে।

২৯ তোমাদের নিমিত্তে ইহা নিত্য বিধি হইবে; সপ্তম মাসের দশম দিবসে স্বদেশীয় কিম্বা তোমাদের মধ্যনিবাসি বিদেশীয় লোক তোমরা আপনাদের প্রাণে ৩০ দুঃখ দিবা ও কোন কর্ম্ম করিবা না। কেননা সে দিবসে যাজক তোমাদিগকে শুচি করণার্থে তোমাদের জন্যে প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে তোমরা পরমেশ্বরের সম্মুখে আপনাদের সকল পাপহইতে পরিষ্কৃত হইবা। ৩১ তাহা তোমাদের বিশ্রামার্থক বিশ্রাম দিন; তাহাতে তোমরা নিত্য বিধিমতে আপন ২ প্রাণকে দুঃখ দিবা। ৩২ এবং আপন পিতার স্থানে যাগ করিতে লোকেরা যাহাকে যাজকত্বপদে অভিষেক করিয়া নিযুক্ত করিয়াছে*, সে প্রায়শ্চিত্ত করিবে, এবং মসিনার বস্ত্র ৩৩ অর্থাৎ পবিত্র বস্ত্র পরিধান করিবে। এবং সে অতি পবিত্র স্থানের জন্যে প্রায়শ্চিত্ত করিবে, এবং মণ্ডলীর আবাসের ও বেদির কারণ প্রায়শ্চিত্ত করিবে, এবং যাজকগণের ও মণ্ডলীস্থ সকল লোকের নিমিত্তে প্রায়- ৩৪ শ্চিত্ত করিবে। এবং ইস্রায়েল্ বংশের সমস্ত পাপপ্রযুক্ত বৎসরের মধ্যে এক বার প্রায়শ্চিত্ত করণার্থে তোমাদের জন্যে ইহা নিত্য বিধি হইবে। তখন যাজক মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে কর্ম্ম করিল।

১৭ অধ্যায়।

১ আবাসের দ্বারে পরমেশ্বরের উদ্দেশে তাবৎ উৎসর্গ করিতে আজ্ঞা ও দেবগণের উদ্দেশে উৎসর্গ করিতে নিষেধ, ৮ ও তাহা করণের প্রতিফল, ১০ ও রক্ত ভোজনে নিষেধ ১৫ ও স্বয়ংমৃত ও পশুদ্বারা হত পশু ভক্ষণে নিষেধ।

১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণ্‌কে ও ২ তাহার পুত্রগণকে ও ইস্রায়েলের সমস্ত বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, পরমেশ্বর এই আজ্ঞা করেন। ৩ ইস্রায়েল্ বংশজাত যে কেহ গোরু কিম্বা মেষ কিম্বা ছাগলকে শিবিরে কিম্বা শিবিরের বাহিরে আনিয়া ৪ বলিদান করে, কিন্তু পরমেশ্বরের আবাসের সম্মুখে পরমেশ্বরের উদ্দেশে উপহার উৎসর্গ করিতে মণ্ডলীর আবাসের দ্বার নিকটে না আনে, তাহার প্রতি রক্তপাতের পাপ বর্ত্তিবে; সে রক্তপাত করাতে আপন লোকদের মধ্যহইতে উচ্ছিন্ন হইবে। ৫ ইহার এই অভিপ্রায়, ইস্রায়েল্ বংশ আপন২ বলি প্রান্তরে আর না লইয়া মণ্ডলীর আবাসের দ্বার নিকটে পরমেশ্বরের উদ্দেশে যাজকের নিকটে আনিয়া মঙ্গলার্থে পরমেশ্বরের উদ্দেশে উৎসর্গ করিবে। ৬ এবং যাজক মণ্ডলীর আবাসদ্বার নিকটে পরমেশ্বরের বেদির উপরে সেই রক্ত প্রক্ষেপ করিবে, এবং পরমেশ্বরের উদ্দেশে সুগন্ধির জন্যে মেদ দগ্ধ করিবে। ৭ তাহাতে তাহারা যে দেবগণের সহিত ব্যভিচার করিয়াছে, তাহাদের উদ্দেশে আর বলিদান করিবে না; তাহাদের পুরুষানুক্রমে এই এক নিত্য বিধি হইবে।

৮ আর তুমি তাহাদিগকে কহ, ইস্রায়েল্ বংশের মধ্যে কিম্বা তোমাদের মধ্যে প্রবাসকারি বিদেশীয়দের মধ্যে ৯ যে কেহ প্রায়শ্চিত্ত বলি ও হোমবলি দান করে, কিন্তু পরমেশ্বরের উদ্দেশে উৎসর্গ করিতে তাহা মণ্ডলীর আবাসের নিকটে না আনে, সে আপন লোকদের মধ্যহইতে উচ্ছিন্ন হইবে।

১০ পরে ইস্রায়েল্ বংশের মধ্যে কিম্বা তোমাদের মধ্যে প্রবাসকারি বিদেশীয়দের মধ্যে যে কেহ কোন প্রকার রক্ত ভোজন করে, আমি সেই রক্তভোক্তার প্রতি বিমুখ হইব, ও লোকদের মধ্যহইতে তাহাকে উচ্ছিন্ন করিব। ১১ কেননা রক্তের মধ্যে শরীরের জীবন থাকে, এবং তোমাদের প্রাণের কারণ প্রায়শ্চিত্ত করিতে আমি তাহা বেদির উপরে তোমাদিগকে দিলাম; প্রাণের কারণ রক্তই ১২ প্রায়শ্চিত্ত হয়। অতএব আমি ইস্রায়েল্ বংশকে কহিলাম, তোমাদের মধ্যে কেহ রক্ত ভোজন করিবে না, ও তোমাদের মধ্যবাসি কোন বিদেশীও রক্ত ভোজন করি- ১৩ বে না। অপর ইস্রায়েল্ বংশের কিম্বা তোমাদের মধ্যে প্রবাসকারি বিদেশীয়দের মধ্যে যে কেহ মৃগয়াতে কোন খাদ্য পশুকে কিম্বা পক্ষিকে বধ করে†, সে তাহার রক্ত ঢালিয়া ধূলাতে আচ্ছাদন করিবে। ১৪ কেননা রক্তই সর্ব্ব প্রাণির জীবন, অর্থাৎ জীবনোপায়; অতএব আমি ইস্রায়েল্ বংশকে কহিলাম, তোমরা কোন প্রাণির রক্ত ভোজন করিবা না, কেননা রক্তই সকল প্রাণির জীবন; যে কেহ তাহা ভোজন করিবে, সে উচ্ছিন্ন হইবে।

১৫ আর স্বদেশি কি বিদেশির মধ্যে যে কেহ স্বয়ংমৃত কিম্বা পশুদ্বারা হত পশু ভোজন করে, সে আপন বস্ত্র ধৌত করিবে ও জলে স্নান করিবে; তথাপি সন্ধ্যাপর্য্যন্ত অশুচি থাকিবে; পরে শুচি হইবে। ১৬ কিন্তু যদি ধৌত না করে ও আপনি স্নান না করে, তবে সে আপন পাপ আপনি ভোগ করিবে।

---

[২৮] প ২৬ ॥—[২৯-৩৪] লে ২৩; ২৬-৩২। গ ২৯; ৭-১১ ॥—[৩২,৩৩] ইব্রি ৯; ৭ ॥—[৩৪] যা ৩০; ১০। ইব্রি ৯; ২৫ ॥ [১৭ অধ্যা; ১-৯] দ্বি ১২; ৫-১৮,২৬,২৭॥—[৮,৯] দ্বি ১২; ২০-২২,২৬,২৭॥—[১০-১৪] আ ৯; ৪। লে ৩; ১৭। ৭; ২৬,২৭। দ্বি ১২; ২৩-২৫। প্রে ১৫; ২৯ ॥—[১১] ম ২৬,২৮। ১ যো ১; ৭। ১ পি ১; ১৮,১৯। প্র ১৩; ৮। ইব্রি ৯; ১১-২২। আ ২; ১৭। ৪; ৪। ৮; ২০-২২। যা ১২; ১৩,২১-২৩। ২৪; ৬-৮। লে ১; ৫,১১-১৫। ৩; ২,৮,১৩। ৪; ৫-৭, ১৬-১৮, ২৫,৩৪। ৫; ৯। ৬; ২৭। ৮; ২৩,২৪। ১৩; ৫,৬। ১৬; ১৪,১৫,১৮,১৯ ॥—[১৩] দ্বি ১৫; ২৩ ॥—[১৪] আ ৯; ৪ ॥—[১৫,১৬] যা ২২ ৩১। লে ১১; ১৯,৪০। ২২; ৮, ৯। দ্বি ১৪; ২১॥

* (ইব্রি) হস্ত পূর্ণ করিবে। † (ইব্রি) মৃগয়াতে মৃগয়া করিয়া ধরে।

১৮ অধ্যায়।

১ ঈশ্বরের আজ্ঞা পালন করিতে বিনয় ৬ ও অবিহিত বিবাহের কথা ১৮ ও অবিহিত নানা কর্ম্মের কথা।

১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে কহ, ও তাহাদিগকে এই কথা বল, আমি ৩ তোমাদের প্রভু পরমেশ্বর। তোমরা যে মিসর্‌দেশে বাস করিয়াছ, তাহার মতানুসারে আচরণ করিও না; এবং যে কিনান্‌দেশে তোমাদিগকে লইয়া যাইতেছি, তাহারও মতানুসারে আচরণ করিও না, ৪ ও তাহাদের ব্যবস্থানুসারে চলিও না। কিন্তু আমার রাজ্যনীতি মান্য কর, ও আমার বিধি পালন কর, ও তদনুসারে আচরণ কর; কেননা আমিই তোমাদের ৫ প্রভু পরমেশ্বর। অতএব তোমাদের পরমেশ্বর যে আমি, আমার বিধি ও রাজ্যনীতি তোমাদের যে কেহ পালন করিবে, সেই বাঁচিবে।

৬ আর তোমরা কেহ আপন গোত্রের * মধ্যে নিষিদ্ধ স্ত্রীর আবরণীয় অনাবৃত করিতে তাহার নিকটে যাইও ৭ না; কেননা আমি তোমাদের পরমেশ্বর। তোমরা আপন পিতার কিম্বা মাতার আবরণীয় অনাবৃত করিও না; কেননা সে তোমার মাতা; তুমি তাহার আবরণীয় অনা- ৮ বৃত করিও না। এবং তোমার পিতৃভার্য্যার আবরণীয় অনাবৃত করিও না, কেননা সে তোমার পিতার আব- ৯ রণীয় হয়। এবং তোমার ভগিনী অর্থাৎ তোমার পিতৃকন্যা কিম্বা মাতৃকন্যা, সে গৃহজাত হউক কিম্বা অন্যত্র জাত হউক, তাহার আবরণীয় অনাবৃত করিও ১০ না। এবং পৌত্রীর কিম্বা দৌহিত্রীর আবরণীয় অনাবৃত ১১ করিও না; বরং তাহা তোমার আবরণীয় হয়। এবং তোমার বিমাতৃকন্যার আবরণীয় অনাবৃত করিও না, কেননা সে তোমার পিতাহইতে জন্মিয়াছে, তোমার ১২ ভগিনী হয়। এবং তোমার পিতৃভগিনীর আবরণীয় ১৩ অনাবৃত করিও না, সে তোমার পিতৃগোত্রজা। এবং মাতৃ- ভগিনীর আবরণীয় অনাবৃত করিও না, সে তোমার ১৪ মাতৃগোত্রজা। এবং তোমার পিতৃব্যের আবরণীয় অনাবৃত করিও না, ও তাহার পত্নীতে উপগত হইও ১৫ না, কেননা সে তোমার জেঠাই হয়। এবং তোমার পুত্রবধূর আবরণীয় অনাবৃত করিও না, কেননা সে তোমার পুত্রবধূ হয়; তুমি তাহার আবরণীয় অনা- ১৬ বৃত করিও না। এবং তোমার ভ্রাতৃপত্নীর আবরণীয় অনাবৃত করিও না; কেননা সে তোমার ভ্রাতার আব- ১৭ রণীয়। এবং কোন স্ত্রীর এবং তাহার কন্যার আবরণীয় অনাবৃত করিও না, এবং আবরণীয় অনাবৃত করিতে তাহার পৌত্রীকে কিম্বা দৌহিত্রীকে লইও না; কেননা সে তাহার গোত্রজা; এ কর্ম্ম বড় পাপ।

১৮ আর আপন স্ত্রীকে দুঃখ দিতে তাহার জীবৎকালে আবরণীয় অনাবৃত করিতে তাহার ভগিনীকে † বিবাহ ১৯ করিও না। এবং ঋতুমতী স্ত্রীর অশৌচ সময়ে তাহার আবরণীয় অনাবৃত করিতে তাহার নিকটে যাইও না। ২০ এবং তুমি আপনাকে অশুচি করিতে আপন প্রতি- বাসির স্ত্রীতে গমন করিও না। ২১ এবং তোমার বংশজাত কাহাকেও মোলক্ দেবের উদ্দেশে অগ্নির মধ্য দিয়া গমন করাইও না, এবং তোমার ঈশ্বরের নাম অপবিত্র করিও না; আমিই পরমেশ্বর। ২২ এবং স্ত্রীর ন্যায় পুরুষের সহিত সংসর্গ করিও না, তাহা ঘৃণার্হ কর্ম্ম। ২৩ এবং তুমি আপনাকে অশুচি করিতে কোন পশুতে উপগত হইও না; এবং কোন স্ত্রী কোন পশুর সহিত শৃঙ্গার করাইতে তাহার সম্মুখে দাঁড়াইবে না, কেননা সে বিপরীত কর্ম্ম। ২৪ তোমরা এই সকল ক্রিয়ার মধ্যে কোন ক্রিয়াদ্বারা আপনাদিগকে অশুচি করিও না; কিন্তু আমি যে জাতিকে তোমাদের সম্মুখহইতে দূর করিব, তাহারা এই সকল ক্রিয়াদ্বারা অশুচি হইয়াছে; ২৫ এবং দেশও অশুচি হইয়াছে, অতএব আমি তাহাদের পাপ তাহাদিগকে ভোগ করাইব, এবং দেশও আপন নিবাসিদিগকে উদ্গীরণ করিবে। ২৬ অতএব স্বদেশীয় কিম্বা তোমাদের মধ্যে প্রবাসকারি বিদেশীয় হউক; তোমরা সকলে এরূপ ঘৃণার্হ ক্রিয়া না করিয়া আমার বিধি ও ব্যবস্থা পালন কর। ২৭ নতুবা তোমাদের পূর্ব্ববর্ত্তি এ দেশীয় লোকেরা এরূপ ঘৃণার্হ ক্রিয়া করাতে এবং দেশ অশুচি হওয়াতে, এই দেশ ২৮ যেমন তাহাদিগকে উদ্গীরণ করিবে, তেমনি তোমরা তাহাকে অশুচি করিলে সে তোমাদিগকেও উদ্গীরণ ২৯ করিবে। কেননা যে কেহ এই সকলের মধ্যে কোন ঘৃণার্হ ক্রিয়া করে, সে আপন লোকদের মধ্যহইতে ৩০ উচ্ছিন্ন হইবে। অতএব তোমাদের পূর্ব্বে যে সকল ঘৃণার্হ ক্রিয়া কৃত হইয়াছে, তাহা করিও না, এবং তাহাদ্বারা আপনাদিগকে অশুচি না করিয়া আমার আজ্ঞা পালন কর; আমিই তোমাদের প্রভু পরমেশ্বর।

১৯ অধ্যায়।

নানা প্রকার বিধি ও ব্যবস্থার বর্ণনা।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশের সমস্ত মণ্ডলীকে কহ, তাহাদিগকে এই কথা বল,

[১৮ অধ্যা; ১-৫] যা ২০; ২,৩। ১১; ৩-৬। দ্বি ৪; ৩২-৪০। ১২; ২৮-৩১॥—[৩]প ২৪-২৮। যিহি ২০; ৭॥—[৫]দ্বি ৬; ২৪,২৫। যিহি ২০; ১১,১৩,২১। লূ ১০; ২৮। রো ৭; ১০-১৩। ১০; ৪-১০। গল ৩; ৮-১৪॥—[৬-২৩]লে ২০; ১০-২১। দ্বি ২৭; ২০-২৩॥—[১৬] দ্বি ২৫; ৫,৬॥—[১৯] লে ১৫; ২৪॥—[২০] যা ২০; ১৪। দ্বি ২২; ২২। হি ৬; ২৭-৩৫॥ [২১] লে ২০; ২-৫। ২ রা ২৩; ১০। যিহি ৩৬; ২০-২৮॥—[২৩] যা ২২; ১৯॥—[২৪-২৮] প ১-৫। লে ২০; ২২-২৪। দ্বি ১৮; ৯-১৩। গী ৩৫; ৩৪॥—[২৫] আ ১৫; ১৬। দ্বি ৯; ৫॥—[২৯] লে ২০; ১০-২১॥ [১৯ অধ্যা; ২] লে ১১; ৪৪। ২০; ৭। ম ৫; ৪৮। ১ পি ১; ১৫,১৬॥

* (ইব্রী) আপন অবশিষ্ট মাংসের † (বা) অন্যাকে।

তোমরা পবিত্র হও, কেননা তোমাদের প্রভু পরমেশ্বর যে আমি, আমিই পবিত্র।

৩ আর তোমরা আপন ২ মাতা ও পিতাকে ভয় কর, এবং আমার বিশ্রামদিন পালন কর; কেননা আমি ৪ তোমাদের প্রভু পরমেশ্বর। এবং তোমরা দেবগণের পশ্চাদ্গামী হইও না, ও আপনাদের নিমিত্তে ছাঁচে ঢালা প্রতিমা নির্ম্মাণ করিও না; আমি তোমাদের প্রভু পরমেশ্বর।

৫ আর যদি তোমরা পরমেশ্বরের উদ্দেশে মঙ্গলার্থে বলিদান কর, তাহা গ্রাহ্য হইবার নিমিত্তে দান করিবা। ৬ এবং বলিদানের দিবসে ও তাহার পরদিবসে তাহা ভোজন করিবা; যদ্যপি তৃতীয় দিন পর্য্যন্ত তাহার কিছু অবশিষ্ট থাকে, তবে তাহা অগ্নিতে দগ্ধ হইবে। ৭ কিন্তু তৃতীয় দিবসে যদি কেহ তাহার কিঞ্চিৎ ভোজন ৮ করে, তবে সে ঘৃণার্হ ও অগ্রাহ্য হইবে। এবং ভোক্তার সেই পাপ ভোগ করিতে হইবে; কেননা সে পরমেশ্বরের পবিত্র বস্তু* সাধারণ করিল, অতএব সে আপন লোকদের মধ্যহইতে উচ্ছিন্ন হইবে।

৯ আর তোমরা আপন২ ক্ষেত্রের শস্য কাটন সময়ে ক্ষেত্রের কোণে নিঃশেষ রূপে কাটিও না, এবং তোমার ১০ ক্ষেত্রে পতিত শস্য কুড়াইও না। এবং দ্রাক্ষাক্ষেত্রের সমস্ত দ্রাক্ষাফলই সংগ্রহ করিও না; এবং দ্রাক্ষাক্ষেত্রের পতিত দ্রাক্ষাফল কুড়াইও না, দরিদ্র ও বিদেশিদের জন্যে কিছু২ ত্যাগ কর; আমি তোমাদের প্রভু পরমেশ্বর।

১১ আর তোমরা চুরি করিও না, ও প্রবঞ্চনা করিও না, এবং পরস্পর মিথ্যা কথা কহিও না।

১২ আমার নাম লইয়া মিথ্যা দিব্য করিও না, ও তোমার ঈশ্বরের নাম সাধারণ করিও না; কেননা আমি পরমেশ্বর।

১৩ আর তুমি আপন প্রতিবাসির প্রতি অন্যায় করিও না ও অপহরণ করিও না, এবং বেতনগ্রাহির বেতন রাত্রি অবধি প্রাতঃকাল পর্য্যন্ত রাখিও না।

১৪ তুমি বধিরকে শাপ দিও না, ও অন্ধের সম্মুখে বাধক সামগ্রী রাখিও না, কিন্তু তোমার ঈশ্বরকে ভয় কর; আমিই পরমেশ্বর।

১৫ তুমি বিচারে অন্যায় করিও না, ও দরিদ্রের মুখাপেক্ষা করিও না, ও ধনবানের সম্ভ্রম করিও না; তুমি ন্যায়েতে আপন প্রতিবাসির বিচার নিষ্পন্ন কর।

১৬ তুমি কর্ণেজপ হইয়া আপন লোকদের মধ্যে ইতস্ততো ভ্রমণ করিও না, এবং তোমার প্রতিবাসির রক্তের প্রতিকূল সাক্ষী হইও না; আমিই পরমেশ্বর।

১৭ তুমি মনে ২ আপন ভ্রাতাকে ঘৃণা করিও না, কিন্তু আপন প্রতিবাসিকে স্পষ্টরূপে অনুযোগ করিবা, তাহাতে তুমি তাহার পাপ ভোগ করিবা না †।

১৮ আর তুমি প্রতিহিংসা করিও না, ও আপন লোকদের বংশকে দ্বেষ করিও না, বরং প্রতিবাসিকে আত্মতুল্য প্রেম করিবা; আমিই পরমেশ্বর।

১৯ তুমি আমার ব্যবস্থা পালন কর; এবং অন্যজাতি পশুর সহিত আপন পশুদিগকে শৃঙ্গার করিতে দিবা না, ও তোমার এক ক্ষেত্রে নানা প্রকার বীজ বুনিবা না; এবং মসিনার ও লোমের সূত্র নির্ম্মিত বস্ত্র গাত্রে দিবা না।

২০ আর মূল্যদ্বারা কিম্বা অন্য রূপে মুক্তা নহে, এমত যে বাগ্দত্তা দাসী, তাহার সহিত যদি কেহ সংসর্গ করে, ২১ তবে তাহারা দণ্ড্য হইবে; তাহাদের বধ হইবে না, কেননা সে মুক্তা নহে। এবং সে পুরুষ মণ্ডলীর আবাসের দ্বার নিকটে পরমেশ্বরের উদ্দেশে দোষার্থে বলি অর্থাৎ ২২ দোষার্থে মেষ বলি আনিবে। এবং যাজক পরমেশ্বরের উদ্দেশে দোষার্থ মেষ বলি দান করিয়া তাহার কৃত পাপের প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে তাহার পাপ ক্ষমা হইবে।

২৩ আর তোমরা দেশে প্রবেশ করিলে ভক্ষণার্থে যে ২ প্রকার বৃক্ষ রোপণ করিবা, তাহার ফল অচ্ছিন্নত্বক্ স্বরূপ গণিবা; তোমাদের নিমিত্তে যেন বাহুল্য ফল উৎপন্ন হয়, এই নিমিত্তে তিন বৎসর পর্য্যন্ত তাহা তোমাদের পক্ষে অচ্ছিন্নত্বক্ স্বরূপ থাকিবে, তাহা ২৪ ভোজন করিবা না। অপর চতুর্থ বৎসরে তাহার সমস্ত ২৫ ফল পরমেশ্বরের প্রশংসাদ্বারা পবিত্র ‡ হইবে। এবং পঞ্চম বৎসরে তাহার ফল ভোজন করিবা; আমি তোমাদের প্রভু পরমেশ্বর।

২৬ আর তোমরা রক্তের সহিত কোন বস্তু ভোজন করিও না; ও মায়াবিদ্যার ব্যবহার করিও না; ও শুভাশুভ কাল বিবেচনা করিও না।

২৭ আর তোমরা আপন২ মস্তকের কেশ মণ্ডলাকার করিও না, ও আপন ২ দাড়ির কোণ মুণ্ডন করিও না। ২৮ এবং তোমরা মৃত লোকদের জন্যে আপন ২ অঙ্গে অস্ত্রাঘাত করিও না, ও শরীরে গোদানা দিও না; আমি পরমেশ্বর।

২৯ আর তোমরা আপন ২ কন্যাকে বেশ্যা হইতে প্রবৃত্তি দিও না; নতুবা দেশ শুদ্ধ ব্যভিচারী হইবে ও দেশ দুষ্কর্ম্মে পরিপূর্ণ হইবে।

৩০ তোমরা আমার বিশ্রাম দিন পালন কর, ও আমার পবিত্র স্থানকে সমাদর কর; আমিই পরমেশ্বর।

---

[৩] যা ২০; ৮-১২ ॥—[৪] যা ২০; ৪,৫ ॥—[৫-৮] লে ৭; ১১-২১ ॥—[৯,১০] ২৩; ২২। দ্বি ২৪; ১৯-২২ ॥—[১১] যা ২০; ১৫, ১৬। ইফ ৪; ২৫, ২৮ ॥—[১২] যা ২০; ৭ ॥—[১৩] ১ থি ৪; ৬। দ্বি ২৪; ১৪, ১৫। হি ৩; ২৭, ২৮। যাক ৫; ৪ ॥ [১৪] যা ৪; ১১ ॥—[১৫] যা ২৩; ২,৩ ॥—[১৬] হি ১৮; ৮। যা ২৩; ১ ॥—[১৭] গী ৫৫; ২১। ১৪১; ৫। ইফ ৫; ১১। ২ যো ১০, ১১ ॥—[১৮] রো ১২; ১৭-২১। ১৩; ৮-১০ ॥—[১৯] দ্বি ২২; ৯-১১ ॥—[২০] দ্বি ২২; ২৩-২৭ ॥—[২১,২২] লে ৬; ১-৭ ॥—[২৬] ১৭; ১১। যিশ ৮; ১৯,২০ ॥—[২৭,২৮] দ্বি ১৪; ১,২ ॥—[৩০] প ৩। যা ২৯; ৪৩-৪৬ ॥

* (বা) স্থান। † (বা) এবং তাহাকে পাপ করিতে দিও না। ‡ (ইব্রী) প্রশংসার পবিত্রতা।

৩১ আর তোমরা ভূতড়িয়াদিগকে মানিও না, এবং আপনাদিগকে অশুচি করিতে গুণিদের কাছে কিছু চেষ্টা করিও না; কেননা আমিই তোমাদের প্রভু পরমেশ্বর।
৩২ তোমরা পক্ককেশ প্রাচীনদের সম্মুখে উঠিয়া দাঁড়াইবা, ও বৃদ্ধ লোকদিগকে সমাদর করিবা, ও আপন ঈশ্বরের প্রতি ভয় রাখিবা; আমিই পরমেশ্বর।
৩৩ আর কোন বিদেশি লোক যদি তোমাদের দেশে তোমার সহিত বাস করে, তবে তোমরা তাহার প্রতি ৩৪ উপদ্রব করিবা না। যেমন তোমাদের স্বদেশিদের প্রতি, তেমনি তোমাদের সহবাসকারি বিদেশিদের প্রতিও করিবা; এবং তাহাকে আত্মতুল্য প্রেম করিবা, কেননা তোমরা মিসর্দেশে বিদেশী ছিলা; আমি তোমাদের প্রভু পরমেশ্বর।
৩৫ আর তোমরা বিচার কিম্বা পরিমাণ কিম্বা তৌল কিম্বা ৩৬ কাঠা বিষয়ে অন্যায় করিও না। প্রকৃত দাঁড়ি ও প্রকৃত বাটখারা * ও প্রকৃত ঐফা ও প্রকৃত হিন্ তোমাদের হইবে; যিনি মিসর্দেশহইতে তোমাদিগকে বাহির করিয়া আনিলেন, তোমাদের সেই প্রভু পরমেশ্বর ৩৭ আমি। অতএব তোমরা আমার সকল বিধি ও ব্যবস্থা মান্য করিয়া পালন কর; আমিই পরমেশ্বর।

২০ অধ্যায়।

১ মোলক্দেবের উদ্দেশে পুত্রকে উৎসর্গ করণে দণ্ড ৬ ও ভূতড়িয়ার সঙ্গে পরামর্শ করণে দণ্ড, ৭ ও পবিত্র হওনের কথা, ৯ ও পিতা মাতাকে শাপ দেওনে দণ্ড, ১০ ও অশুচি কর্ম্মের দণ্ড, ২২ ও আজ্ঞা পালন করণের কথা, ২৭ ও ভূতড়িয়ার দণ্ড।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে আরও কহ, ইস্রায়েল্ বংশের মধ্যে কিম্বা তাহাদের দেশে প্রবাসকারি বিদেশিদের মধ্যে যে কেহ আপন বংশের কাহাকেও মোলক্দেবের উদ্দেশে প্রদান করে, সে নিতান্ত হত হইবে, ও দেশীয় লোক ৩ তাহাকে প্রস্তরাঘাতে বধ করিবে। এবং আমিও সেই মনুষ্যের প্রতি বিমুখ হইয়া আপন লোকদের মধ্যহইতে তাহাকে উচ্ছিন্ন করিব; কেননা সে মোলক্দেবের উদ্দেশে আপন বংশজকে দিয়া আমার পবিত্র স্থান অপবিত্র করে ও আমার পবিত্র নাম সাধারণ ৪ করে। আর যে সময়ে সেই মনুষ্য আপন সন্তানকে মোলক্দেবের উদ্দেশে উৎসর্গ করে, তৎকালে যদি দেশীয় লোকেরা তাহাকে দেখিয়াও না দেখে ও তাহাকে ৫ বধ না করে, তবে আমি তাহার ও তাহার বংশের প্রতি বিমুখ হইয়া তাহাকে ও মোলক্দেবের সহিত ব্যভিচার করণার্থে তাহার পশ্চাদ্গামি সকলকে আপন লোকদের মধ্যহইতে উচ্ছিন্ন করিব।
৬ আর যে কেহ ভূতড়িয়া ও গুণি লোকের সহিত ব্যভিচার করিতে তাহাদের পশ্চাদ্গামী হয়, আমি তাহার প্রতি বিমুখ হইয়া আপন লোকদের মধ্যহইতে তাহাকে উচ্ছিন্ন করিব।
৭ তোমরা আপনাদিগকে পবিত্র করিয়া পবিত্র হও; ৮ কেননা আমি তোমাদের প্রভু পরমেশ্বর। এবং তোমরা আমার বিধি মান্য করিয়া পালন কর; আমি তোমাদের পবিত্রকারী পরমেশ্বর।
৯ যে কেহ আপন পিতাকে কিম্বা মাতাকে শাপ দেয়, সে নিতান্ত হত হইবে, ও পিতামাতাকে শাপ দেওয়াতে তাহার উপরে বধাপরাধ বর্ত্তিবে।
১০ আর যদি কেহ পরের ভার্য্যাতে ব্যভিচার করে, তবে যে জন প্রতিবাসির ভার্য্যাতে ব্যভিচার করে, সেই ব্যভিচারী ও ব্যভিচারিণী উভয়ে নিতান্ত হত হইবে। ১১ এবং যদি কেহ আপন পিতৃভার্য্যার আবরণীয় অনাবৃত করিয়া তাহাতে উপগত হয়, তবে তাহারা দুই জনই নিতান্ত হত হইবে, তাহাদের উপরে বধাপরাধ বর্ত্তিবে। ১২ এবং যদি কেহ পুত্রবধূতে গমন করে, তবে তাহারাও দুই জন নিতান্ত হত হইবে, ও অতি মন্দ কর্ম্ম করাতে তাহাদের প্রতি বধাপরাধ বর্ত্তিবে। ১৩ এবং পুরুষ যদি স্ত্রীর ন্যায় পুরুষে উপগত হয়, তবে তাহারা ঘৃণার্হ ক্রিয়া করাতে দুই জনই নিতান্ত হত হইবে; তাহাদের উপরে বধাপরাধ বর্ত্তিবে। ১৪ আর কেহ যদি কোন কন্যাতে ও তাহার মাতাতে উপগত হয়, তবে তাহারা দুষ্কর্ম্ম করে; তোমাদের মধ্যে যেন এমত দুষ্টতা না হয়, এই জন্যে তাহারা তিন জনই অগ্নিতে দগ্ধ হইবে। ১৫ এবং যে কেহ কোন পশুতে উপগত হয়, সে নিতান্ত হত হইবে; এবং তোমরা সে পশুকেও বধ করিবা। ১৬ এবং কোন স্ত্রী যদি পশুর সহিত সংসর্গ করিতে তাহার নিকটে গিয়া তাহার সম্মুখে শয়ন করে, তবে তুমি সেই স্ত্রীকে ও পশুকে বধ করাইবা; তাহারা নিতান্ত হত হইবে, তাহাদের প্রতি বধাপরাধ বর্ত্তিবে। ১৭ আর যে কেহ আপন ভগিনীকে অর্থাৎ পিতৃকন্যাকে কিম্বা মাতৃকন্যাকে গ্রহণ করে, ও উভয়ে উভয়ের আবরণীয় দেখে, তবে সে বড় পাপ; তাহারা আপন লোকদের দৃষ্টিতে উচ্ছিন্ন হইবে, কেননা সে আপন ভগিনীর আবরণীয় অনাবৃত করাতে আপনার পাপের ফল আপনি ভোগ করিবে। ১৮ এবং কেহ যদি রজস্বলা স্ত্রীতে গমন করে ও তাহার আবরণীয় অনাবৃত করে, তবে সে পুরুষ স্ত্রীর রক্তাকর প্রকাশ † করাতে, ও স্ত্রী আপন রক্তাকর আনাবৃত করাতে তাহারা উভয়ে আপন লোকদের মধ্যহইতে উচ্ছিন্ন হইবে। ১৯ এবং তুমি আপন মাসীর কিম্বা পিসীর আবরণীয় অনাবৃত করিও না; যে কেহ এমত আপন গোত্র-

[৩১]প২৩।দ্বি১৮; ১০-১৪॥—[৩২] হি ১৬; ৩১ ॥—[৩৩, ৩৪]যা ২৩; ৯ ॥—[৩৫,৩৬]প ১১,১৩. ১৫। দ্বি ২৫; ১৩-১৬ ॥
[২০ অধ্য; ২,৩] লে ১৮; ২১ ॥—[২-৮]দ্বি ১৮; ৯-১৩ ॥—[৬]লে ১৯; ৩১ ॥—[৭]১৯; ২ ॥—[৮]১৯; ৩৭। যা ২৯; ৪৩। যিহি ৩৭; ২৮ ॥—[৯] যা ২১; ১৭। হি ২০; ২০। ৩০; ১৭ ॥—[১০-২১] লে ১৮; ৬-২৩ ॥—[১৮] ১৫; ২৪ ॥

* (ইব) পুস্তর। † (ইব্রু) উৎস।

জাতের আবরণীয় অনাবৃত করে, তাহারা উভয়েই ২০ আপন ২ পাপ ভোগ করিবে। আর যদি কেহ আপন মাতুলানীতে গমন করে, তবে আপন মাতুলের আবরণীয় অনাবৃত করাতে তাহারা আপন ২ পাপের ফল ২১ ভোগ করিবে, ও নিঃসন্তান হইবে। এবং যদি কেহ আপন ভ্রাতৃপত্নীতে উপগত হয়, তবে সে অশুচি কর্ম্ম; আপন ভ্রাতৃপত্নীর আবরণীয় অনাবৃত করাতে তাহারা নিঃসন্তান হইবে।

২২ তোমরা আমার সকল বিধি ও ব্যবস্থা মান্য করিয়া পালন কর; তাহাতে আমি বাসার্থে তোমাদিগকে যে দেশে লইয়া যাইতেছি, সেই দেশ তোমাদিগকে উদ্গীরণ ২৩ করিবে না। এবং আমি তোমাদের সম্মুখহইতে যে জাতিগণকে দূর করিব, তাহাদের আচারানুসারে আচার করিও না; কেননা তাহারা ঐ সকল দুষ্ক্রিয়া করিয়াছে, ২৪ অতএব আমি তাহাদিগকে ঘৃণা করিলাম। কিন্তু আমি তোমাদিগকে কহিয়াছি, তোমরা তাহাদের দেশে অধিকার করিবা, এবং অন্য লোকহইতে তোমাদিগকে বিভিন্নকারী তোমাদের প্রভু পরমেশ্বর যে আমি, আমি তোমাদিগকে তাহা অর্থাৎ দুগ্ধ মধু প্রবাহি এক দেশ ২৫ অধিকার করিতে দিব। অতএব তোমরা শুচি অশুচি পশুর ও শুচি অশুচি পক্ষির ভেদ করিবা; আমি যে ২ পশু ও যে ২ পক্ষী ও যে ২ ভূমির উপরিস্থ উরোগামি সজীব জন্তুকে অশুচি কহিয়া তোমাদিগহইতে পৃথক করিলাম, তাহাদ্বারা তোমরা আপন ২ প্রাণকে ঘৃণার্হ ২৬ করিও না। এবং তোমরা আমার উদ্দেশে পবিত্র হও, কেননা আমি পরমেশ্বরই পবিত্র; এবং আমি আপন লোক করণার্থে অন্য লোকদেরহইতে তোমাদিগকে পৃথক করিলাম।

২৭ আর পুরুষ কিম্বা স্ত্রী যে কেহ ভূতড়িয়া ও গুণী হয়, সে নিতান্ত হত হইবে, ও লোকেরা তাহাকে প্রস্তরাঘাতে বধ করিবে, ও তাহাদের প্রতি তাহাদের বধাপরাধ বর্ত্তিবে।

২১ অধ্যায়।

১ যাজকদের বিষয়ে শোক ও বিবাহাদির ব্যবস্থা, ১৬ ও শরীরে দোষবিশিষ্টদের যাজক ক্রিয়া করণে নিষেধ।

১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণের পুত্র যাজকগণকে কহ ও তাহাদিগকে এই কথা বল, আপন লোকদের মধ্যে কেহ মরিলেই যাজক অশুচি ২ হইবে না। কেবল আপন গোত্র অর্থাৎ আপন মাতা ও পিতা ও পুত্র ও কন্যা ও ভ্রাতা মরিলে অশুচি হইবে। ৩ এবং যে নিকটস্থ ভগিনীর স্বামী নাই, সেই অবি- ৪ বাহিতা ভগিনী মরিলে অশুচি হইবে। কিন্তু তাহারা প্রধান* হইয়া আপন লোকদের মধ্যে আপনাদিগকে সাধারণ করিতে অশুচি করিবে না। ৫ তাহারা আপন ২ মস্তক মুণ্ডন করিবে না, ও আপনাদের দাড়ির কোণও মুণ্ডন করিবে না, ও আপনাদের শরীরে অস্ত্রাঘাত করিবে না। ৬ ও তাহারা আপন ঈশ্বরের উদ্দেশে পবিত্র হইবে, ও আপন ঈশ্বরের নাম সাধারণ করিবে না; কেননা তাহারা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার অর্থাৎ ঈশ্বরের ভক্ষ্য উৎসর্গ করে, অতএব তাহারা পবিত্র হইবে। ৭ এবং তাহারা বেশ্যাকে কিম্বা কলঙ্কিনীকে বিবাহ করিবে না, এবং স্বামির ত্যক্তা স্ত্রীকেও বিবাহ করিবে না, কেননা ঈশ্বরের উদ্দেশে পবিত্র হয়। ৮ অতএব তুমি যাজককে পবিত্র করিবা; কেননা সে তোমার ঈশ্বরের ভক্ষ্য উৎসর্গ করে, সে তোমার নিকটে পবিত্র; কেননা তোমাদের পবিত্রকারি পরমেশ্বর যে আমি, আমি পবিত্র। ৯ আর কোন যাজকের কন্যা যদি ব্যভিচার ক্রিয়া দ্বারা আপনাকে অশুচি করে, তবে সে আপন পিতাকে অশুচি করে; সে অগ্নিতে দগ্ধ হইবে। ১০ এবং ভ্রাতাদের মধ্যে যে প্রধান যাজকের মস্তকে অভিষেকার্থ তৈল ঢালা গিয়াছে, এবং যে পদস্থ হইয়া পবিত্র বস্ত্র পরিধান করিয়াছে, সে আপন মস্তক অনাবৃত করিবে না ও আপন বস্ত্র চিরিবে না। ১১ ও সে কোন শবের নিকটে গৃহেতে যাইবে না, এবং আপন মাতা পিতার মরণে অশুচি হইবে না। ১২ এবং পবিত্র স্থানহইতেও নির্গত হইবে না, এবং আপন ঈশ্বরের পবিত্র স্থান সাধারণ করিবে না; কেননা পরমেশ্বরের অভিষেকার্থক তৈলযুক্ত মুকুট তাহার উপরে আছে; আমিই পরমেশ্বর। ১৩ এবং সে কেবল কুমারীকে বিবাহ করিবে। ১৪ কিন্তু বিধবা কি ত্যক্তা কি কলঙ্কিনী কি বেশ্যাকে বিবাহ করিবে না; সে আপন লোকদের মধ্যহইতে কুমারী কন্যাকে বিবাহ করিবে। ১৫ সে আপন লোকদের মধ্যে আপন বংশ অপবিত্র করিবে না, কেননা আমিই তাহার পবিত্রকারী পরমেশ্বর।

১৬ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণ্কে ১৭ কহ, পুরুষানুক্রমে তোমার বংশের মধ্যে যাহার গাত্রে দোষ থাকে, সে আপন ঈশ্বরের উদ্দেশে ভক্ষ্য নিবেদন করিতে নিকটে যাইবে না। ১৮ যে কোন লোকের দোষ আছে, সে নিকটবর্ত্তী হইবে না; ১৯ বিশেষতঃ অন্ধ ও খঞ্জ ও খাঁদা ও অধিকাঙ্গ ও ভগ্নপদ ও ভগ্নহস্ত, ২০ ও কুব্জ ও বামন ও চক্ষুরোগী ও শ্বিত্ররোগী ও চুলকণাবিশিষ্ট ও ভগ্নমুষ্ক, ২১ এই সকল দোষ বিশিষ্ট হারোণ্ যাজকের বংশের কোন পুরুষ পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার উৎসর্গ করিতে নিকটে যাইবে না;

---

[২১]দ্বি ২৫; ৫,৬॥—[২২-২৬]লে ১৮; ১-৫,২৪-৩০॥—[২৩]দ্বি ৯; ৫॥—[২৪]যা ৩; ১৭। ১৯; ৫,৬। তীত ২; ১৪॥
[২৫,২৬]লে ১১; ৪৩-৪৫॥—[২৬] প ২৪। ১৯; ২॥—[২৭] ১৯; ৩১। যা ২২; ১৮॥
[২১ অধ্য; ১-৬] প ১০-১২। লে ১০; ১-৭॥—[৫] ১৯; ২৭,২৮॥—[৬] ৩; ১১॥—[৭] প ১৩, ১৪। যিহি ৪৪; ২২॥
[৮]লে ২০; ৭,৮॥—[১০-১২]প ১-৬। ৮; ৭-৯,১২॥—[১৪]প ৭॥—[১৫]প ৮॥—[১৬-২৪]ইব্রু ৭; ২৬। ১ পি ২; ২২॥

* (ইব্রু) স্বামী।

তাহার দোষ আছে, এই জন্যে সে আপন ঈশ্বরের উদ্দেশে ভক্ষ্য উৎসর্গ করিতে নিকটবর্ত্তী হইবে না। ২২ সে ঈশ্বরের নৈবেদ্য অর্থাৎ অতি পবিত্র ও পবিত্র ভক্ষ্য ২৩ ভোজন করিবে। কিন্তু বিচ্ছেদবস্ত্রের নিকটে প্রবেশ করিবে না, ও বেদির নিকটবর্ত্তী হইবে না; কেননা তাহার দোষ আছে, সে আমার পবিত্র স্থান অপবিত্র ২৪ করিবে না, আমিই তাহার পবিত্রকারী পরমেশ্বর। এই রূপে মূসা হারোণ্‌কে ও তাহার পুত্রগণকে ও তাবৎ ইস্রায়েল্ বংশকে এই কথা কহিল।

২২ অধ্যায়।

১ অপবিত্র হইয়া পবিত্র বস্তুহইতে যাজকের পৃথক হওনের বিধি ১০ ও যাজকের গৃহবাসিদের মধ্যে পবিত্র বস্তু খাওনের বিধিও নিষেধ ১৪ ও অজ্ঞাতসারে পবিত্র বস্তু খাওন প্রযুক্ত প্রায়শ্চিত্ত ১৭ ও নির্দ্দোষ বলির আবশ্যকতা, ২৬ ও বলির বয়স নিরূপণ, ২৯ ও প্রশংসার্থ বলির কথা।

১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণ্‌কে ও ২ তাহার পুত্রগণকে কহ, তোমরা ইস্রায়েল্ বংশের পবিত্র বস্তুহইতে পৃথক হইয়া আমার নামের উদ্দেশে যে দ্রব্য পবিত্র করে, তাহা অপবিত্র করিও না; কেননা ৩ আমিই পরমেশ্বর। এবং তাহাদিগকে কহ, তোমাদের পুরুষানুক্রমে বংশের মধ্যে যে কেহ অশুচি হইয়া ইস্রায়েল্ বংশ কর্ত্তৃক পরমেশ্বরের উদ্দেশে পবিত্রীকৃত বস্তুর নিকটে যাইবে, সে আমার সম্মুখহইতে উচ্ছিন্ন ৪ হইবে; আমিই পরমেশ্বর। এবং হারোণ্ বংশের যে কেহ কুষ্ঠী কিম্বা প্রমেহী হয়, সে শুচি না হওন ৫ পর্য্যন্ত পবিত্র বস্তু ভোজন করিবে না। যে কেহ অপবিত্র বস্তু স্পর্শ করে, অর্থাৎ মৃত কিম্বা রেতঃপাতী কিম্বা অশৌচজনক উরোগামি জন্তু, কিম্বা অশৌচকারি মনুষ্য, ৬ তাহার যে কোন অশৌচ হউক, তাহাকে যে স্পর্শ করে, সেই স্পর্শকারী সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে, এবং জলেতে আপন গাত্র ধৌত না করিলে পবিত্র বস্তু ৭ ভোজন করিবে না। পরে সূর্য্য অস্তগত হইলে সে পবিত্র হইয়া পবিত্র বস্তু ভোজন করিবে, কেননা তাহা তাহা- ৮ রই খাদ্য হয়। আপনাকে অপবিত্র করণার্থে স্বয়ংমৃত কিম্বা ছিন্ন মাংস ভোজন করিবে না, আমিই পরমে- ৯ শ্বর। এবং তাহারা আমার বিধান পালন করুক, নতুবা তাহা সামান্য জ্ঞান করিলে তাহারা আপন পাপ ভোগ করিবে ও মরিবে; আমিই তাহাদের পবিত্রকারী পরমেশ্বর।

১০ আর কোন অন্যজাতীয় লোক * পবিত্র বস্তু ভোজন করিবে না, ফলতঃ যাজকের গৃহপ্রবাসি কিম্বা বেতন- ১১ জীবী পবিত্র বস্তু ভোজন করিবে না। কিন্তু যাজক যদি রূপা † দিয়া কোন প্রাণিকে ক্রয় করিয়া থাকে, তবে সে ভোজন করিবে, এবং তাহার গৃহজাত লোকেরা তাহার অন্ন ভোজন করিবে। ১২ আর যাজকের কন্যা যদি অন্য জাতীয় লোকের সহিত বিবাহিতা হয়, তবে সে পবিত্র দ্রব্যাদির মধ্যে উপহার ভোজন করিবে না। ১৩ আর যাজকের কন্যা যদি বিধবা কিম্বা ত্যক্তা কিম্বা অপুত্রা হইয়া পুনর্ব্বার আসিয়া অনূঢ়া কন্যার ন্যায় পিতৃগৃহে থাকে, তবে সে আপন পিতার অন্ন ভোজন করিবে, কিন্তু অন্যজাতীয় লোক * তাহা ভোজন করিবে না।

১৪ আর কেহ যদি অজ্ঞাতসারে পবিত্র বস্তু ভোজন করে, তবে সে সেই রূপ পবিত্র বস্তু ও তাহার পঞ্চমাংশ অধিক করিয়া যাজককে দিবে। ১৫ এই রূপে যাজকেরা ইস্রায়েল্ বংশের পরমেশ্বরের উদ্দেশে যে পবিত্র বস্তু নিবেদন করে, তাহা সাধারণ করিবে না; ১৬ এবং পবিত্র বস্তু ভক্ষণ কালে আপনাদিগকে দোষের দণ্ড ভোগ করাইবে না ‡; কেননা আমিই তাহাদের পবিত্রকারী পরমেশ্বর।

১৭ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণ্‌কে ও ১৮ তাহার পুত্রগণকে ও ইস্রায়েলের তাবৎ বংশকে কহ, তাহাদিগকে এই কথা বল, ইস্রায়েল্ বংশ ও তাহার মধ্যে প্রবাসকারী যাহারা পরমেশ্বরের উদ্দেশে সকল মানত ও স্বেচ্ছার উপহার আনে, তাহাদের মধ্যে যে ১৯ কেহ পরমেশ্বরের উদ্দেশে হোমবলি উৎসর্গ করে, সে গ্রাহ্য হওনের নিমিত্তে গোরুর কিম্বা মেষের কিম্বা ছাগের মধ্যহইতে নির্দ্দোষ পুংপশু উৎসর্গ করিবে। ২০ তোমরা সদোষ কিছু নিবেদন করিও না, কেননা তাহা ২১ তোমাদের জন্যে গ্রাহ্য হইবে না। এবং কোন লোক যদি মানস সিদ্ধ্যর্থে কিম্বা স্বেচ্ছার উপহারার্থে গোরু কিম্বা মেষাদি § হইতে মঙ্গলার্থক বলি উৎসর্গ করে, তবে তাহা গ্রাহ্য হওনের জন্যে নির্দ্দোষ হইবে; তাহাতে কোন দোষ থাকিবে না। ২২ আর অন্ধ কি ভগ্ন কি ছিন্ন কি আবযুক্ত কি শ্বিত্রযুক্ত কি পামাযুক্ত হইলে তোমরা পরমেশ্বরের উদ্দেশে তাহা নিবেদন করিও না, এবং তাহা পরমেশ্বরের উদ্দেশে বেদিতে অগ্নিকৃত উপহার করিও না। ২৩ এবং অধিকাঙ্গ ও হীনাঙ্গ বৃষ কিম্বা মেষের বৎস § স্বেচ্ছাতে উৎসর্গ করিতে পার, কিন্তু মানতের কারণ তাহা গ্রাহ্য হইবে না। ২৪ আর মর্দ্দিত ও পিসিত ও ভগ্ন ও ক্ষতবিশিষ্ট কিছু পরমেশ্বরের উদ্দেশে নিবেদন করিবা না। ২৫ এবং তোমাদের দেশে এ প্রকার হইবে না; আর বিদেশির হস্তহইতেও এ সকলের মধ্যে কোন কিছু লইয়া ঈশ্বরের উদ্দেশে ভক্ষ্য নিবেদন করিবা না, কেননা তাহাদের মধ্যে

---

[২২]লে ৬; ১৬-১৮। গ ১৮; ১১-১৯ ॥—[২৩]প ৬; ৮॥— [২২ অধ্য; ৩]গ ১৮,৯-১১ ॥—[৮]লে ১৭; ১৫॥—[৯]১০; ৩॥—[১৩]আ ৩৮; ১১॥—[১৪]লে ৫; ১৫, ১৬॥—[১৫, ১৬]প ২॥—[১৭-২০]যল ১; ৬-৮। লে ১; ৩, ১০। ৩; ১, ৬। ৪; ৩,২৩,২৮। ৫; ১৫,১৮। ৬; ৬। ১ পি ১; ১৮,১৯। ২; ২২-২৪। ইব্রি ৯; ১৪। লে ২১; ১৬-২৪॥—[২০]দ্বি ১৫; ২১। ১৭; ১॥

* (বা) বিদেশি লোক। † (ইব্রি) মূল্যরূপা। ‡ (বা) পাপেতে ভারাক্রান্ত করিবে না। § (বা) ছাগ।

অপবিত্রতা আছে, ও তাহাদের মধ্যে দোষ আছে; তাহারা তোমাদের হইতে গ্রাহ্য হইবে না।

২৬ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, গোরু ও মেষ ও ২৭ ছাগল জন্মিলে পর সাত দিন পর্য্যন্ত মাতার সহিত থাকিবে, পরে অষ্টম দিবসাবধি পরমেশ্বরের উদ্দেশে ২৮ তাহা অগ্নিকৃত উপহারের কারণ গ্রাহ্য হইবে। গোরু কিম্বা মেষ হউক, তাহাকে ও তাহার বৎসকে এক দিনে বধ করিবা না।

২৯ তোমরা যে সময়ে পরমেশ্বরের উদ্দেশে প্রশংসার বলি উৎসর্গ করিবা, তৎকালে তাহা গ্রাহ্য হওনের ৩০ জন্যে উৎসর্গ করিবা, ও সেই দিনে তাহা ভোজন করিবা; প্রাতঃকাল পর্য্যন্ত তাহার কিছু অবশিষ্ট রাখিবা না; ৩১ আমিই পরমেশ্বর। তোমরা আমার আজ্ঞা মান্য ৩২ করিয়া পালন করিবা; আমিই পরমেশ্বর। ও তোমরা আমার পবিত্র নাম অপবিত্র করিবা না, কিন্তু আমি ইস্রায়েল্ বংশের মধ্যে পবিত্র রূপে মান্য হইব; ৩৩ আমি তোমাদের পবিত্রকারি পরমেশ্বর। ও তোমাদের ঈশ্বর হইবার জন্যে মিসর্দেশহইতে তোমাদিগকে বাহির করিলাম; আমিই পরমেশ্বর।

২৩ অধ্যায়।

১ পরমেশ্বরের উৎসব, ৩ অর্থাৎ বিশ্রামবার, ৪ ও নিস্তার পর্ব্ব, ৯ ও প্রথম শস্যের আটির উৎসর্গ, ১৫ ও পঞ্চাশ দিনের উৎসব, ২২ ও পতিত শস্য কুড়াওনে নিষেধ, ২৩ ও তূরবাদ্যের উৎসব, ২৬ ও প্রায়শ্চিত্তাদির দিন নিরূপণ, ৩৩ ও কুটীরে বাস করণের উৎসব।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল। তোমরা পবিত্র সভার্থে পরমেশ্বরের যে সকল উৎসব প্রচার করিবা, আমার সেই এই সকল উৎসব।

৩ তোমরা ছয় দিন কর্ম্ম করিয়া সপ্তম দিবসে অর্থাৎ বিশ্রাম দিবসে এক পবিত্র সভা করিবা, ও সে দিনে কোন কর্ম্ম করিবা না; ও তোমাদের সকল নিবাসে পরমেশ্বরের উদ্দেশে বিশ্রাম দিন হইবে।

৪ আর তোমরা আপন২ নিরূপিত কালে পবিত্র সভাতে পরমেশ্বরের এই সকল উৎসব প্রচার করিবা। ৫ প্রথম মাসের চতুর্দ্দশ দিনের সন্ধ্যা সময়ে পরমেশ্বরের ৬ উদ্দেশে নিস্তার পর্ব্ব হইবে। এবং সেই মাসের পঞ্চদশ দিবসে পরমেশ্বরের উদ্দেশে তাড়ীশূন্য রুটির উৎসব করিয়া সাত দিবস তাড়ীশূন্য রুটি ভোজন ৭ করিবা। প্রথম দিবসে তোমাদের পবিত্র সভা হইবে; ৮ তাহাতে তোমরা কোন ব্যবসায়ি কর্ম্ম করিবা না। কিন্তু সপ্তাহ পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার নিবেদন করিবা; সপ্তম দিবসে পবিত্র সভা হইবে, তাহাতে তোমরা কোন ব্যবসায়ি কর্ম্ম করিবা না।

৯ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ১০ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, আমি তোমাদিগকে যে দেশ দিব, সে দেশে প্রবিষ্ট হইয়া তোমরা যখন শস্য ছেদন করিবা, তৎকালে তোমাদের প্রথম কাটনের শস্যের এক আটি যাজকের নিকটে ১১ আনিবা। এবং তোমাদের গ্রাহ্য হওনের জন্যে পরমেশ্বরের সম্মুখে যাজক ঐ আটি দোলাইবে, অর্থাৎ বিশ্রাম ১২ বারের পরদিবসে যাজক তাহা দোলাইবে। কিন্তু যে দিবসে তোমরা ঐ আটি দোলাইবা, সে দিনে পরমেশ্বরের উদ্দেশে হোমার্থে প্রথম বর্ষীয় নির্দ্দোষ এক ১৩ মেষশাবক উৎসর্গ করিবা। এবং তাহার নৈবেদ্য দুই দশমাংশ তৈলমিশ্রিত সূক্ষ্ম সূজি, তাহা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি নৈবেদ্য হইবে, ও তাহার পানীয় নৈবেদ্য এক হিন্ দ্রাক্ষারসের চতুর্থাংশ হইবে। ১৪ এবং তোমরা যাবৎ ঈশ্বরের উদ্দেশে এই উপহার না আন, সেই দিন পর্য্যন্ত রুটী ও ভাজা শস্য ও ছিন্ন শীষ ভোজন করিবা না; তোমাদের পুরুষানুক্রমে সকল নিবাসে ইহা নিত্য বিধি হইবে।

১৫ অনন্তর বিশ্রামবারের পরদিবসাবধি অর্থাৎ আন্দোলনীয় আটি আনয়ন দিবসাবধি তোমরা পূর্ণ সাত ১৬ সপ্তাহ গণনা করিবা। এই রূপে সাত বিশ্রামবারের পরদিবস পর্য্যন্ত তোমরা পঞ্চাশ দিবস গণনা করিয়া পরমেশ্বরের উদ্দেশে নূতন নৈবেদ্য নিবেদন করিবা। ১৭ এবং তোমরা দুই দশমাংশের দুই আন্দোলনীয় রুটী আপন২ নিবাসহইতে আনিবা, ও তাহা সূক্ষ্ম সূজি দ্বারা প্রস্তুত করিবা, ও তাড়ীতে পাক করিবা; তাহা পরমেশ্বরের উদ্দেশে প্রথমফল হইবে। ১৮ এবং তোমরা সে দুই রুটির সহিত প্রথম বর্ষীয় নির্দ্দোষ সাত মেষশাবক ও এক যুব বৃষ ও দুই মেষ বলিদান করিবা, ও তাহা ঈশ্বরের উদ্দেশে হোমবলি হইবে; এবং নৈবেদ্যের ও পানীয় দ্রব্যের সহিত পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি ১৯ হোমবলি হইবে। পরে তোমরা প্রায়শ্চিত্ত বলির জন্যে এক ছাগবৎস, ও মঙ্গলার্থক বলির জন্যে এক বর্ষীয় দুই মেষশাবক বলিদান করিবা। ২০ এবং যাজক প্রথম ফলের রুটী ও দুই মেষশাবকের সহিত তাহাদিগকে পরমেশ্বরের উদ্দেশে দোলাইবে; তাহাতে সে সকল যাজকের জন্যে পরমেশ্বরের উদ্দেশে পবিত্র হইবে। ২১ এবং তোমরা সেই দিনে পবিত্র সভা প্রচার করিবা, তাহাতে তোমরা কোন ব্যবসায়ি কর্ম্ম করিবা না; তোমাদের পুরুষানুক্রমে সকল নিবাসে ইহা নিত্যবিধি হইবে।

---

[২৭] যা ২২; ৩০ ॥—[২৯, ৩০] লে ৭; ১৫, ১৬ ॥—[৩১-৩৩] ১৮; ১-৫। ২০; ৮॥

[২৩ অধ্যা] যা ২৩; ১৩-১৭। ৩৪; ১৮-২৩। দ্বি ১৬; ১-১৭। গ ২৮; ৯-৩১। ২৯; ১-৩৯॥—[৩] যা ২০; ৮-১১॥—[৫-৮] যা ১২; ৩-২৬, ৪২-৪৯। ১৩; ৩-১০ ॥—[১০] ১ ক ১৫; ২০-২৩, ৪২-৪৪ ॥—[১১] যো ২০; ১ ॥—[১৩] গ ১৫; ১-৭ ॥—[১৪] যো ২০; ১৭ ॥—[১৬] প্রে ২; ১-৪ ॥—[১৭] গ ১৫ ; ১৭-২০॥—[১৮] গ ২৮ ; ২৬-৩০ ॥

২২ আর তোমাদের ভূমির শস্য ছেদন কালে তোমরা আপন২ ক্ষেত্রের কোণ নিঃশেষ রূপে ছেদন করিবা না, ও আপন ক্ষেত্রের পতিত শস্য সংগ্রহ করিবা না; তাহা দীনহীন ও বিদেশিদের জন্যে ত্যাগ করিবা; আমি তোমাদের প্রভু পরমেশ্বর।

২৩ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২৪ বংশকে কহ, সপ্তম মাসের প্রথম দিনে তোমাদের বিশ্রাম দিন হইবে; অর্থাৎ তূরীবাদ্যদ্বারা স্মরণার্থক ২৫ এক পবিত্র সভা হইবে। তাহাতে তোমরা কোন ব্যবসায়ি কর্ম্ম করিবা না, কিন্তু পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার উৎসর্গ করিবা।

২৬ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, ঐ সপ্তম মাসের ২৭ দশম দিন প্রায়শ্চিত্ত দিন হইবে; তাহাতে তোমাদের পবিত্র সভা হইবে, এবং সেই দিনে তোমরা আপনাদের প্রাণকে দুঃখ দিবা, এবং পরমেশ্বরের উদ্দেশে ২৮ অগ্নিকৃত উপহার উৎসর্গ করিবা। ও সে দিবসে তোমরা কোন কর্ম্ম করিবা না; কেননা তোমাদের জন্যে তোমাদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে প্রায়শ্চিত্ত ২৯ করিতে প্রায়শ্চিত্ত দিন হইবে। সে দিবসে যে কেহ প্রাণকে দুঃখ না দেয়, সে আপন লোকদের মধ্যহইতে ৩০ উচ্ছিন্ন হইবে। এবং সে দিবসে যে কেহ কোন কর্ম্ম করে, তাহাকে আমি আপন লোকদের মধ্যহইতে উচ্ছিন্ন ৩১ করিব। তোমরা কোন কর্ম্ম করিবা না; তোমাদের সকল নিবাসে পুরুষানুক্রমে এই নিত্য বিধি হইবে। ৩২ সে বিশ্রামদিন তোমাদের বিশ্রামের নিমিত্তে হইবে; সে দিনে তোমরা আপন২ প্রাণকে দুঃখ দিবা, ও মাসের নবম দিনে সন্ধ্যাকালে এক সন্ধ্যা অবধি অন্য সন্ধ্যা পর্য্যন্ত তোমরা বিশ্রাম দিন পালন করিবা।

৩৩ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ৩৪ বংশকে কহ, সপ্তম মাসের ঐ পঞ্চদশ দিবসাবধি সাত দিবস পর্য্যন্ত পরমেশ্বরের উদ্দেশে আবাসের ৩৫ উৎসব হইবে। প্রথম দিবসে পবিত্র সভা হইবে; তাহাতে তোমরা কোন ব্যবসায়ি কর্ম্ম করিবা না। ৩৬ সাত দিন পর্য্যন্ত পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার উৎসর্গ করিবা; পরে অষ্টম দিনে তোমাদের পবিত্র সভা হইবে; তাহাতে তোমরা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার উৎসর্গ করিবা, তাহা নিবৃত্তির সভা হইবে; তাহাতে তোমরা কোন ব্যবসায়ি কর্ম্ম ৩৭ করিবা না। পরমেশ্বরের বিশ্রামদিন বিনা, ও পরমেশ্বরের উদ্দেশে তোমাদের দাতব্য দান বিনা, ও তোমাদের সকল মানত বিনা, ও তোমাদের ইচ্ছা ৩৮ পূর্ব্বক নৈবেদ্য বিনা, দিনে দিনে কর্ত্তব্য পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার ও হোমবলি ও নৈবেদ্য ও বলি ও পানীয় নৈবেদ্য পরমেশ্বরের উদ্দেশে উৎসর্গ করিতে পবিত্র সভার্থে যে সকল উৎসব প্রচার করিবা, সেই সকল পরমেশ্বরের উৎসব। আরো সপ্তম ৩৯ মাসের পঞ্চদশ দিবসে ভূমির উৎপন্ন ফল সংগ্রহ করিলে পর তোমরা পরমেশ্বরের উদ্দেশে সাত দিবস উৎসব পালন করিবা; তাহার মধ্যে প্রথম দিবস বিশ্রামদিন ও অষ্টম দিবস বিশ্রামদিন হইবে। এবং প্রথম দিবসে তোমরা উত্তম বৃক্ষের ফল এবং ৪০ তালপত্র ও ঘনবৃক্ষের শাখা ও নদীতীরস্থ বাইসী বৃক্ষ লইয়া তোমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে সাত দিন আনন্দ করিবা। এবং তোমরা বৎসরের মধ্যে ৪১ সাত দিবস সেই উৎসব পরমেশ্বরের উদ্দেশে পালন করিবা; তাহা তোমাদের পুরুষানুক্রমে নিত্য বিধি হইবে, ও সপ্তম মাসে তোমরা সে উৎসব পালন করিবা। তোমরা সাত দিবস কুটীরে বাস করিবা; ইস্রা- ৪২ য়েল্ বংশজাত সকলে কুটীরে বাস করিবে। তাহাতে ৪৩ আমি ইস্রায়েল্ বংশকে মিসর্দেশহইতে বাহির করিয়াছিলাম ও তাহাদিগকে কুটীরে বাস করাইয়াছিলাম, ইহা তোমাদের ভাবিপুরুষেরা জ্ঞাত হইবে; আমিই তোমাদের প্রভু পরমেশ্বর। তখন ৪৪ মূসা ইস্রায়েল্ বংশের কাছে পরমেশ্বরের তাবৎ উৎসব প্রকাশ করিল।

২৪ অধ্যায়।

১ প্রদীপের তৈলের কথা ৫ ও দর্শনরুটির কথা ১০ ও শিলোমীতের পুত্রের নিন্দার কথা ১৭ ও নরহত্যার কথা ১৮ ও পরিশোধের কথা ২৩ ও নিন্দকের দণ্ড।

অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ১ বংশকে এই আজ্ঞা কর। তাহারা নিত্য২ দীপ জ্বলি- ২ বার জন্যে তোমার নিকটে মর্দ্দিত নির্ম্মল জিত তৈল আনিবে। এবং হারোণ্ মণ্ডলীর আবাসের সাক্ষ্যরূপ ৩ বিচ্ছেদবস্ত্রের বাহিরে সন্ধ্যাবধি প্রভাত পর্য্যন্ত পরমেশ্বরের সম্মুখে নিত্য২ তাহা জ্বালিবে; তাহা তোমাদের পুরুষানুক্রমে নিত্য বিধি হইবে। এবং পরমেশ্বরের ৪ সম্মুখে নির্ম্মল দীপবৃক্ষের উপরে নিত্য২ ঐ দীপ সকল স্থাপন করিবে।

পরে তুমি সূক্ষ্ম সূজিদ্বারা দ্বাদশ পিষ্টক ভাজিবা; ৫ তাহার প্রত্যেক পিষ্টক ঐফার দুই দশমাংশ হইবে। পরে তুমি এক২ পঙ্ক্তিতে ছয় ২, এমত দুই পঙ্ক্তি ৬ করিয়া পরমেশ্বরের সম্মুখে নির্ম্মল মেজের উপরে তাহা রাখিবা। ও প্রত্যেক পঙ্ক্তিতে কুন্দুরু দিবা; তাহা রুটির ৭ উপরে স্মরণার্থে, অর্থাৎ পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহারার্থে থাকিবে। এবং যাজক প্রতি বিশ্রাম- ৮ বারে পরমেশ্বরের সম্মুখে তাহা নিত্য স্থাপন করিবে, ও তাহা ইস্রায়েল্ বংশহইতে নিত্য নিয়মে গ্রাহ্য হইবে। এবং তাহা হারোণের ও তাহার পুত্রগণের ৯

[২২] লে ১৯; ৯,১০ ॥—[২৩-২৫]গ ২৯; ১-৬॥—[২৬-৩২] লে ১৬; ৩-৩৪ ॥—[৩৩-৩৬] প ৩৯-৪৩। দ্বি ১৬; ১৩-১৫ ॥
[৩৭,৩৮] গ ২৮; ১৬-৩১। ২৯; ১-৩৯ ॥—[৩৯-৪৩]প ৩৩-৩৬। যা ২৩; ১৬। নি ৮; ১৪-১৭ ॥
[২৪ অধ্য; ১-৪]যা ২৭; ২০,২১। ২৫; ৩১-৩৯ ॥—[৬]যা ২৫; ২৩-৩০ ॥

হইবে; তাহাতে তাহারা এক পবিত্র স্থানে তাহা ভোজন করিবে, কেননা নিত্য বিধিতে পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহারের মধ্যে তাহা তাহার নিকটে অতি পবিত্র হইবে।

১০ অপর মিস্রির ঔরসজাত ইস্রায়েল্ বংশীয় স্ত্রীর এক পুত্র ইস্রায়েল্ বংশের মধ্যে বাহিরে আসিয়াছিল, এবং ঐ ইস্রায়েল্ বংশের স্ত্রীর পুত্র শিবিরেতে ইস্রায়েলের এক মনুষ্যের সহিত বিরোধ ১১ করিল। ফলতঃ ইস্রায়েল্ বংশীয় স্ত্রীর পুত্র, যাহার মাতা দান্ বংশজাতা শিলোমীৎ নামে দিব্রির কন্যা, সে পরমেশ্বরের নামের নিন্দা করিল ও শাপ দিল; এই জন্যে লোকেরা তাহাকে মূসার নিকটে লইয়া ১২ গেল; এবং পরমেশ্বরের অভিপ্রায় জ্ঞাপনার্থে ১৩ তাহাকে কারাগারে বদ্ধ করিল। তাহাতে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ঐ শাপদায়িকে শিবিরের ১৪ বাহিরে আন। এবং শ্রোতা সকল তাহার মস্তকে হস্তার্পণ করুক, এবং সমস্ত মণ্ডলী প্রস্তরাঘাতে ১৫ তাহাকে বধ করুক। এবং তুমি ইস্রায়েল্ বংশকে কহ, যে কেহ আপন ঈশ্বরকে নিন্দা করিবে, সে আপন ১৬ পাপ ভোগ করিবে। ও পরমেশ্বরের নামের নিন্দাকারী অবশ্য হত হইবে; সমস্ত মণ্ডলী তাহাকে প্রস্তরাঘাতে বধ করিবে, তাহাতে পরমেশ্বরের নামের নিন্দাকারী বিদেশী যেমন দেশীয় লোকেরাও তদ্রূপ হত হইবে।

১৭ আর যে কেহ মনুষ্যকে বধ করে, অবশ্য তাহার বধ হইবে।

১৮ আর যে কেহ পশু বধ করে, সে পশুর পরিবর্ত্তে ১৯ পশু দিবে। এবং যে কেহ আপন প্রতিবাসির গাত্রে ক্ষতের চিহ্ন করে, তাহার কৃত কর্ম্মের ন্যায় তাহার ২০ প্রতি করা যাইবে। তাহার ক্ষতের পরিশোধে ক্ষত, ও চক্ষুর পরিশোধে চক্ষু, ও দন্তের পরিশোধে দন্ত হইবে; সে অন্যেতে যেমন ক্ষত করিল, তাহার প্রতিও ২১ তেমনি করা যাইবে। অতএব যে জন পশু বধ করে, সে তাহার পরিবর্ত্তে অন্য পশু দিবে; কিন্তু যে জন ২২ মনুষ্যকে বধ করে, সে হত হইবে। তোমাদের স্বদেশীয় ও বিদেশীয় উভয়েরই এক ব্যবস্থা হইবে; কেননা আমিই তোমাদের প্রভু পরমেশ্বর।

২৩ পরে মূসা সেই নিন্দাকারিকে শিবিরের বাহিরে আনিয়া প্রস্তরাঘাতে তাহাকে বধ করিতে ইস্রায়েল্ লোকদের প্রতি আজ্ঞা দিল। তাহাতে ইস্রায়েলের সন্তানেরা মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে সকল কর্ম্ম করিল।

২৫ অধ্যায়।

১ সপ্তম বৎসরের মধ্যে এক বিশ্রাম বৎসরের নিরূপণ ৮ ও প্রত্যেক পঞ্চাশত্তম বৎসরে মহোৎসবের নিরূপণ ১৪ ও উপদ্রবের নিষেধ ১৮ ও আজ্ঞাবহনের ফল ২৩ ও ভূমির নিত্য বিক্রয় হওনে নিষেধ ২৯ ও গৃহের মুক্তির কথা ৩৫ ও ভ্রাতার প্রতি দয়ার কথা ৩৯ ও দাসদের প্রতি ব্যবহার ৪৭ ও দাসদের মুক্তি।

১ অপর পরমেশ্বর সীনয়্ পর্ব্বতে মূসাকে কহিলেন, ২ তুমি ইস্রায়েল্ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, আমি তোমাদিগকে যে দেশ দিব, তোমরা সেই দেশে প্রবেশ করিলে পরমেশ্বরের উদ্দেশে ভূমির ৩ বিশ্রাম বৎসর হইবে; ফলতঃ ছয় বৎসর পর্য্যন্ত আপন ক্ষেত্রে বীজ বপন করিবা, ও দ্রাক্ষালতা ঝুড়িবা, ও ৪ তাহার ফল সংগ্রহ করিবা। কিন্তু সপ্তম বৎসরে পরমেশ্বরের উদ্দেশে দেশের বিশ্রাম বৎসর পালন করিবা, অর্থাৎ তুমি আপন ক্ষেত্রে বপন করিবা না, ৫ ও দ্রাক্ষালতা ঝুড়িবা না; ও স্বয়ং বর্দ্ধমান ক্ষেত্রের শস্য কাটিবা না, ও অপরিষ্কৃত দ্রাক্ষালতার ফল সংগ্রহ করিবা না; ইহাতেই দেশের বিশ্রাম বৎসর হইবে। ৬ এবং দেশের বিশ্রামে তোমাদের, অর্থাৎ তোমাদের ও তোমাদের দাসের ও দাসীর ও বেতনজীবি ভৃত্যের, ৭ ও তোমাদের সহবাসি বিদেশির ভক্ষ্য হইবে। এবং তোমাদের ক্ষেত্রোৎপন্ন তাবৎ দ্রব্য তোমাদের পশুর ও দেশীয় পশুর খাদ্যের জন্যে হইবে।

৮ অপর তুমি সাত বিশ্রাম বৎসর, অর্থাৎ সাত গুণ সাত বৎসর গণনা করিবা; এবং সেই সাত গুণ সাত ৯ বৎসরে ঊনপঞ্চাশ বৎসর হইবে। তখন সপ্তম মাসের দশম দিনে তোমরা মহাশব্দকারি তূরী বাজাইবা, অর্থাৎ প্রায়শ্চিত্ত দিবসে তোমাদের সমস্ত দেশে তূরী ১০ বাজাইবা। এবং তোমরা পঞ্চাশত্তম বৎসরকে পবিত্র করিবা, এবং তাবৎ দেশে তাহার সমস্ত নিবাসিদের প্রতি মুক্তি ঘোষণা করিবা; তাহা তোমাদের জন্যে যোবেল্ নামক মহোৎসব হইবে; এবং তোমরা প্রতি জন আপন ২ অধিকারে ফিরিয়া যাইবা, ও প্রতি জন ১১ আপন ২ জ্ঞাতিদের নিকটে ফিরিয়া যাইবা। তোমাদের নিমিত্তে পঞ্চাশত্তম বৎসর ব্যাপিয়া মহোৎসব হইবে; তাহাতে তোমরা বীজ বুনিবা না, ও স্বয়ং বর্দ্ধমান শস্য ছেদন করিবা না, ও অপরিষ্কৃত দ্রাক্ষালতার ফল সং১২ গ্রহ করিবা না। কেননা তাহাই মহোৎসব ও তোমাদের প্রতি পবিত্র হইবে; তথাপি তোমরা ক্ষেত্রে গিয়া শস্যা১৩ দি ভক্ষণ করিতে পারিবা। এবং ঐ মহোৎসব বৎসরে তোমরা প্রতি জন আপন ২ অধিকারে ফিরিয়া যাইবা।

১৪ যদি তোমরা আপন প্রতিবাসির নিকটে কোন ভূম্যাদি বিক্রয় কর, কিম্বা আপন প্রতিবাসির হস্তহইতে ক্রয় কর, তবে তোমরা পরস্পর অন্যায় করিবা না।

[৯] লে ৬; ১৬-১৮ । ২০; ২২। গ ১৮; ৯-১১।—[১০-১৬] যা ২০; ৭।—[১০] যা ১২; ৩৮।—[১১] যা ১৮; ১৯-২২॥
[১৪] দ্বি ১৭; ৫-৭।—[১৫,১৬] যা ২০; ৭।—[১৭] যা ২০; ১৩। ২১; ১২।—[১৯,২০] যা ২১; ২২-২৫। দ্বি ১৯; ১৮-২১॥
[২১] প ১৭,১৮॥—[২২] লে ১৯; ৩৪। যা ১২; ৪৯॥—[২৩] প ১৪, ১৬॥
[২৫ অধ্যা; ২-৭] যা ২৩; ১০,১১॥—[৬] প ২০-২২॥—[৯] লে ২৩; ২৭,২৮॥—[১০] যিশ ৬১; ১,২। লূ ৪; ১৭-২১॥

১৫ কিন্তু মহোৎসবের পরবৎসরের সংখ্যানুসারে আপন প্রতিবাসিহইতে ক্রয় করিবা, এবং ফলোৎপত্তির বৎসরের সংখ্যানুসারে তোমার স্থানে সে বিক্রয় করিবে। ১৬ এবং বৎসরের বাহুল্যানুসারে তাহার মূল্য বৃদ্ধি করিবা, ও বৎসরের ন্যূনতানুসারে মূল্য ন্যূন করিবা; কেননা উৎপত্তির বৎসরের সংখ্যানুসারে সে তোমার ১৭ স্থানে বিক্রয় করে। অতএব তোমরা পরস্পর অন্যায় করিবা না, কিন্তু আপন ঈশ্বরকে ভয় করিবা, কেননা আমি তোমাদের প্রভু পরমেশ্বর।

১৮ আর তোমরা আমার ব্যবস্থানুসারে আচরণ করিবা, ও আমার আজ্ঞা মানিবা, ও তাহা পালন ১৯ করিবা; তাহাতে দেশে নিষ্কণ্টকে বাস করিবা। এবং দেশেতে ফল উৎপন্ন হইবে, তাহা তোমরা তৃপ্ত হওন পর্য্যন্ত ভোজন করিবা, ও তাহাতে নিষ্কণ্টকে বাস ২০ করিবা। আর দেখ, আমরা যদি ক্ষেত্রে বপন না করি, ও স্বয়ং উৎপন্ন ফল সংগ্রহ না করি, তবে সপ্তম ২১ বৎসরে কি খাইব? এমত কথা যদি বল, তবে আমি ষষ্ঠ বৎসরে তোমাদিগকে আশীর্ব্বাদ করিব; তাহাতে ২২ তিন বৎসরের উপযুক্ত শস্য উৎপন্ন হইবে। এবং তোমরা অষ্টম বৎসরে বপন করিবা, এবং নবম বৎসর পর্য্যন্ত পুরাতন শস্য ভোজন করিবা; যাবৎ তাহার ফল না হয়, তাবৎ পুরাতন শস্য ভোজন করিবা।

২৩ আর দেশের ভূমি সদাকালের নিমিত্তে বিক্রীত হইবে না, কেননা সে আমার দেশ; তোমরা আমার ২৪ সহিত বিদেশী ও প্রবাসী আছ। তোমরা আপনাদের অধিকৃত দেশের সর্ব্বত্র ভূমির মুক্তি করিতে দিবা। ২৫ তাহাতে তোমার ভ্রাতা যদি দরিদ্র হইয়া আপন অধিকারের কিঞ্চিৎ বিক্রয় করে, তবে তাহার কোন জ্ঞাতি তাহা মুক্তি করিতে আসিয়া সে আপন ভ্রাতার ২৬ বিক্রীত ভূমি মুক্তি করিয়া লইবে। এবং যদি তাহা ২৭ মুক্তি করিতে তাহার কেহ না থাকে, কিন্তু আপনি মুক্তি করিতে পারে,* তবে সে তাহার বিক্রয়ের বৎসর গণনা করিয়া তদনুসারে ক্রেতাকে অবশিষ্ট মূল্য দিবে; ২৮ তাহাতে সে আপন অধিকারে ফিরিয়া যাইবে। কিন্তু যদি সে তাহাকে ফিরিয়া দিতে না পারে *, তবে সেই বিক্রীত অধিকার মহোৎসবের বৎসর পর্য্যন্ত ক্রেতার হস্তে থাকিবে; ও মহোৎসব বৎসরে তাহার মুক্তি হইবে, ও সে আপন অধিকারে ফিরিয়া যাইবে।

২৯ আর যদি কেহ প্রাচীরবেষ্টিত নগরের মধ্যস্থিত বাসগৃহ বিক্রয় করে, তবে সে তাহা বিক্রয় করিলে পর প্রথম বৎসরের মধ্যে তাহার মুক্তি করিতে পারে, অর্থাৎ এক বৎসরের মধ্যে তাহার মুক্তি করিতে পারে। ৩০ কিন্তু যদি সম্পূর্ণ এক বৎসরের মধ্যে তাহার মুক্তি না হয়, তবে প্রাচীরবেষ্টিত নগরে স্থিত সেই গৃহ পুরুষ পরম্পরাতে ক্রয়কর্ত্তার নিত্য অধিকার হইবে; তাহা মহোৎসবের বৎসরে মুক্ত হইবে না। ৩১ কিন্তু অপ্রাচীরবেষ্টিত গ্রামস্থ গৃহ দেশের ভূমিস্বরূপ গণ্য হইবে; তাহার মুক্তি হইতে পারে, এবং মহোৎসবে সে সকল মুক্ত হইবে। ৩২ কিন্তু লেবিদের নগর ও তাহাদের অধিকারের নগরের গৃহ লেবিরা সকল সময়ে মুক্তি করিতে পারে। ৩৩ যদি কেহ লেবিদের হইতে ক্রয় † করে, তবে সে বিক্রীত গৃহ ও তাহার অধিকারস্থ নগর মহোৎসবে মুক্ত হইবে; কেননা ইস্রায়েল্ বংশের মধ্যে লেবিদের নগরস্থ গৃহই তাহাদের অধিকার। ৩৪ আর তাহাদের নগরের প্রান্তরে ভূমি বিক্রীত হইবে না; কেননা তাহাই তাহাদের নিত্য অধিকার হইবে।

৩৫ আর তোমার ভ্রাতা যদি দরিদ্র হয় কিম্বা তোমাহইতে ক্ষীণ ধন হয়, তবে সে বিদেশী কিম্বা প্রবাসী হইলেও তাহার উপকার করিবা; তাহাতে সে তোমার সহিত জীবন ধারণ করিবে। ৩৬ এবং তুমি তাহাহইতে সুদ কিম্বা বৃদ্ধি লইবা না, কিন্তু আপন ঈশ্বরকে ভয় করিয়া তোমার ভ্রাতাকে তোমার সহিত জীবন ধারণ করিতে দিবা। ৩৭ এবং তুমি সুদ বিনা আপন টাকা তাহাকে দিবা, ও বৃদ্ধি বিনা আপন অন্ন তাহাকে ধার দিবা। ৩৮ যিনি তোমাদিগকে কিনান্দেশ দিতে ও তোমাদের ঈশ্বর হইতে তোমাদিগকে মিসর্দেশহইতে বাহির করিয়া আনিলেন, তোমাদের সেই প্রভু পরমেশ্বর আমি।

৩৯ আর তোমার ভ্রাতা যদি দরিদ্র হইয়া তোমার নিকটে বিক্রীত হয়, তবে তুমি তাহাকে দাসের ন্যায় শ্রম ৪০ করাইও না। সে বেতনজীবী ভৃত্যের ন্যায় কিম্বা প্রবাসির ন্যায় মহোৎসব বৎসর পর্য্যন্ত তোমার সঙ্গে ৪১ বাস করিবে ও তোমার সেবা করিবে। পরে সে আপন বালকগণের সহিত তোমার নিকটহইতে আপন পারজনের কাছে ফিরিয়া যাইবে, ও আপন পৈতৃকাধিকারে ৪২ ফিরিয়া যাইবে। কেননা তাহারা মিসর্দেশহইতে আমাকর্ত্তৃক বহিষ্কৃত আমার দাস; অতএব তাহারা ৪৩ দাসের ন্যায় বিক্রীত হইবে না। ও তুমি তাহার উপরে কঠিন শাসন করিবা না, কিন্তু আপন ঈশ্বরকে ভয় ৪৪ করিবা। চতুর্দ্দিকস্থিত অন্য জাতিদিগের মধ্যহইতে তোমাদের দাস ও দাসী হইবে, ও তাহাদের হইতে ৪৫ দাস ও দাসী ক্রয় করিবা। এবং তোমাদের মধ্যে বাসকারি বিদেশীয় সন্তানদের হইতে, এবং তোমাদের দেশে তাহাদের হইতে উৎপন্ন তোমাদের সহবর্ত্তী লোকদের পরিজনহইতেও ক্রয় করিবা, এবং তাহারা

[১৭]লে ১৯; ১৪॥—[১৮,১৯]২৬; ৩-১৩। দ্বি ২৮; ১-১৪ ॥—[২০-২২]যা ১৬; ২২-২৬,২৯। ৩৪; ২৩,২৪॥—[২৩]গী ৩৯; ১২॥—[২৫,২৬]প ৪৮,৪৯॥—[২৫]রূ ৪; ১-১২॥—[২৭]প ৫০-৫২॥—[২৮]প ১৩ ॥—[৩২]গ ৩৫; ২-৮॥—[৩৩]প ২৮॥ [৩৫-৩৭]দ্বি ১৫; ৭-১০। যা ২২; ২৫। দ্বি ২৩; ১৯,২০ ।—[৩৮]লে ২২; ৩২,৩৩ ।—[৩৯-৪৩]যা ২১; ১-৬। দ্বি ১৫; ১২-১৮॥—[৪০]যা ২১; ৬॥—[৪১]প ১০॥—[৪২]প ৫৫। ১ করি ৭; ২৩। ৬; ১৯,২০॥—[৪৩]ইফ ৬; ৯॥

* (ইব্রী) তাহার হস্তে এত ধন (না) থাকে। † (ইব্রী) মুক্তি।

৪৬ তোমাদের অধিকার হইবে। তোমরা আপন ২ সন্তানদের অধিকারের নিমিত্তে তাহাদিগকে দিতে* পার, এবং নিত্য আপনাদের দাসত্ব কর্ম্ম তাহাদিগকে করাইতে পার; কিন্তু আপন ভ্রাতা ইস্রায়েল্ বংশের উপরে পরস্পর কঠিন শাসন করিবা না।

৪৭ আর যদি তোমাদের মধ্যে কোন প্রবাসি কিম্বা বিদেশি লোক ধনবান হয়, এবং নিকটবর্ত্তি তোমার ভ্রাতা দরিদ্র হইয়া সেই প্রবাসি কিম্বা বিদেশির কিম্বা বিদেশি ৪৮ সন্তানদের কাছে আপনাকে বিক্রয় করে; তবে সেই বিক্রয়ের পরে তাহার মুক্তি হইতে পারিবে; তাহার ৪৯ জ্ঞাতির মধ্যে কেহ তাহাকে মুক্ত করিতে পারিবে। অর্থাৎ তাহার পিতৃব্য কিম্বা পিতৃব্যের পুত্র তাহাকে মুক্ত করিবে, কিম্বা তাহার বংশজ পরিবারের কেহ তাহাকে মুক্ত করিবে; আর যদ্যপি সে আপনি সমর্থ হয়, তবে ৫০ আপনাকে মুক্ত করিবে। তাহাতে তাহার বিক্রয় বৎসরাবধি মহোৎসব বৎসর পর্য্যন্ত ক্রেতার সহিত গণনা হইলে বিক্রয় বৎসরের সংখ্যানুসারে তাহার মূল্য হইবে; তাহার প্রতি বেতনজীবি ভৃত্যের দিনানুসারে ৫১ মূল্য হইবে। আর যদি অনেক বৎসর অবশিষ্ট থাকে, তবে তদনুসারে তাহার ক্রয় মূল্যহইতে সে আপনার ৫২ উদ্ধারের মূল্য পুনর্ব্বার দিবে। আর যদি মহোৎসব বৎসর পর্য্যন্ত অল্প বৎসর অবশিষ্ট থাকে, তবে সে তাহার সহিত গণনা করিয়া সেই ২ বৎসরানুসারে ৫৩ আপনার উদ্ধারের মূল্য পুনর্ব্বার তাহাকে দিবে। সে বৎসরবৈতনিক ভৃত্যের ন্যায় তাহার সহিত থাকিবে; তোমাদের সাক্ষাতে তাহার উপরে কেহ কঠিন শাসন ৫৪ করিবে না। আর যদি সে ঐ সকল বৎসরে † মুক্ত না হয়, তবে সে মহোৎসব বৎসরে আপন সন্তানগণের ৫৫ সহিত মুক্ত হইয়া যাইবে। কেননা ইস্রায়েল্ বংশ কেবল আমার দাস; তাহারা আমাকর্ত্তৃক মিসর্ হইতে বহিষ্কৃত আমার দাস; আমি তাহাদের প্রভু পরমেশ্বর।

২৬ অধ্যায়।

১ প্রতিমা পূজার নিষেধ, ৩ ও আজ্ঞা পালনে আশীর্ব্বাদের বিবরণ, ১৪ ও আজ্ঞা লঙ্ঘনে অভিশাপের বিবরণ, ৪০ ও পাপ প্রযুক্ত খেদান্বিত লোকদের মঙ্গলের প্রতিজ্ঞা।

১ তোমরা আপনাদের জন্যে কোন দেবতা কিম্বা খোদিত প্রতিমা নির্ম্মাণ করিও না, ও কোন দণ্ডায়মান ‡ বিগ্রহ করিও না, ও তাহার সম্মুখে দণ্ডবৎ হইতে তোমাদের দেশে কোন খোদিত প্রস্তরের প্রতিমা স্থাপন করিও না; ২ কেননা আমিই তোমাদের প্রভু পরমেশ্বর। তোমরা আমার বিশ্রামবার পালন কর, ও আমার পবিত্র স্থানের সম্ভ্রম কর, আমিই পরমেশ্বর।

৩ যদি তোমরা আমার ব্যবস্থানুসারে চল, ও আমার আজ্ঞা মান ও তাহা পালন কর, তবে আমি উপযুক্ত ৪ কালে তোমাদিগকে বৃষ্টি দান করিব; তাহাতে ভূমি নানা শস্য উৎপন্ন করিবে, ও ক্ষেত্রের বৃক্ষগণ আপন ফলেতে ফলবান হইবে। এবং তোমাদের শস্য মর্দ্দন ৫ কাল দ্রাক্ষা চয়ন কাল পর্য্যন্ত থাকিবে, ও দ্রাক্ষা চয়ন কাল বীজ বপন কাল পর্য্যন্ত থাকিবে; এবং তোমরা তৃপ্ত হওন পর্য্যন্ত অন্ন ভোজন করিবা ও দেশে নিষ্কণ্টকে বাস করিবা। এবং আমি দেশে শান্তি ৬ প্রদান করিব, ও তোমরা শয়ন করিবা ও কেহ তোমাদিগকে ভয় দেখাইবে না; এবং তোমাদের দেশহইতে হিংস্র জন্তুদিগকে দূর করিব, ও তোমাদের দেশে খড়্গ ভ্রমণ করিবে না। এবং তোমরা আপনা- ৭ দের শত্রুগণকে তাড়না করিয়া দূর করিবা, ও তাহারা তোমাদের সম্মুখে খড়্গে পতিত হইবে। ও তোমা- ৮ দের পাঁচ জন অন্য এক শত জনকে তাড়াইয়া দিবে, ও তোমাদের এক শত জন অন্য দশ সহস্র লোককে তাড়াইয়া দিবে, এবং তোমাদের শত্রুগণ তোমাদের সম্মুখে খড়্গে পতিত হইবে। এবং আমি তোমাদিগকে ৯ অনুগ্রহ করিব, ও বৃদ্ধি করিয়া তোমাদিগকে বহুগোষ্ঠী করিব, ও তোমাদের সহিত আপন নিয়ম স্থির করিব। এবং তোমরা সঞ্চিত পুরাতন শস্য ভোজন ১০ করিবা, ও নূতন প্রযুক্ত পুরাতন বাহির করিয়া আনিবা। এবং আমি তোমাদিগকে ঘৃণা না করিয়া তোমাদের ১১ মধ্যে আপন আবাস রাখিব। এবং তোমাদের মধ্যে ১২ গমনাগমন করিয়া তোমাদের ঈশ্বর হইব, ও তোমরা আমার লোক হইবা। তোমরা যেন আর দাস্যকর্ম্ম ১৩ না কর, এই জন্যে তোমাদের প্রভু পরমেশ্বর যে আমি, আমি মিসর্ দেশহইতে তোমাদিগকে বাহির করিয়া আনিলাম, এবং তোমাদের যোঁয়ালি বন্ধন ভাঙ্গিয়া তোমাদিগকে সরল রূপে গমন করাইলাম।

কিন্তু যদি তোমরা আমার কথাতে মনোযোগ না ১৪ করিয়া আমার আজ্ঞা সকল পালন না কর, ও আমার ১৫ বিধি অবজ্ঞা কর, ও আমার রাজনীতি তুচ্ছ করিয়া আমার আজ্ঞা পালন না করিয়া আমার নিয়ম লঙ্ঘন কর, তবে আমি তোমাদের প্রতি এই রূপ ব্যবহার ১৬ করিব, যে আশঙ্কা ও যক্ষ্মা ও কম্পজ্বর নেত্রক্ষীণতা ও হৃৎপীড়াজনক হয়, তাহা আমিও তোমাদের প্রতি § নিরূপণ করিব; এবং তোমাদের বীজ বপন বৃথা হইবে, কেননা তোমাদের শত্রুগণ তাহা ভক্ষণ করিবে। এবং আমি তোমাদের প্রতি বিমুখ হইব; তাহাতে ১৭ তোমরা শত্রুগণের অগ্রে হত হইবা, ও তোমাদের বৈরিগণ তোমাদের উপরে কর্ত্তৃত্ব করিবে, এবং কেহ তোমাদিগকে না তাড়াইলেও তোমরা পলায়ন করিবা।

---

[৪৬] প ৪৩। —[৪৭-৫৪] প ২৫-২৮॥—[৫৪] প ৪১॥—[৫৫] প ৪২॥

[২৬ অধ্য; ১] যা ২০; ৪,৫॥—[২] লে ১৯; ৩০॥—[৩-১৩] ২৫; ১৮,১৯। দ্বি ২৮; ১-১৪॥—[১১-১৩] যা ২৯; ৪৫, ৪৬। ৩৩; ১৬। ২ ক ৬; ১৬॥—[১৩] লে ২৫; ৪২,৫৫॥—[১৪-৪৩] দ্বি ২৮; ১৫-৬৮। ৩২; ১৫-৩৫। ২ রা ১৭; ৩-২৩॥

* (ইব্রী) অধিকার দিতে। † (বা) প্রকারে। ‡ (বা) স্তম্ভ। § (ইব্রী) ওপরে।

১৮ এই রূপ ঘটিলেও যদি তোমরা আমার কথাতে মনোযোগ না কর, তবে আমি তোমাদের পাপ প্রযুক্ত তোমা-
১৯ দের প্রতি ইহার সাত গুণ অধিক দণ্ড দিব। এবং তোমাদের পরাক্রমের গর্ব্ব খর্ব্ব করিব, ও তোমাদের
২০ আকাশ লৌহের মত ও ভূমি পিত্তলের মত করিব। এবং তোমাদের পরিশ্রম নিষ্ফল হইবে, কেননা তোমাদের ভূমি শস্য উৎপন্ন করিবে না, ও ক্ষেত্রের বৃক্ষ ফলবান
২১ হইবে না। তথাপি তোমরা যদি আমার আজ্ঞার বিপরীত আচরণ কর, ও আমার প্রতি মনোযোগ না কর, তবে আমি তোমাদের পাপানুসারে তোমা-
২২ দের প্রতি আরো সাত গুণ ক্লেশ দিব। এবং তোমাদের প্রতিকূলে দেশে হিংসুক জন্তুগণ প্রেরণ করিব; তাহাতে তাহারা তোমাদের পশু বিনাশ করিবে, ও তোমাদিগকে সন্তানহীন করিয়া অল্প সংখ্যক করিবে,
২৩ ও তোমাদের রাজপথ অরণ্য করিবে। ইহাতেও যদি আমার দ্বারা শাসিত না হও, কিন্তু আমার বিপরীত
২৪ আচরণ কর, তবে আমিও তোমাদের প্রতি বিপরীত আচরণ করিব, ও তোমাদের পাপ প্রযুক্ত তোমাদিগকে
২৫ আরো সাত গুন শাস্তি দিব। এবং আমার নিয়ম লঙ্ঘনের প্রতিফল দিতে তোমাদের প্রতি খড়্গ আনিব, এবং তোমরা নগর মধ্যে একত্র হইলে তোমাদের মধ্যে মহামারীকে পাঠাইব, এবং তোমাদিগকে শত্রুহস্তে
২৬ সমর্পণ করিব। এবং তোমাদের অন্নরূপ যষ্টি ভাঙ্গিলে দশ স্ত্রী এক চুলাতে তোমাদের রুটী পাক করিবে ও তৌল করিয়া তোমাদিগকে দিবে, কিন্তু
২৭ তোমরা তাহা খাইয়া তৃপ্ত হইবা না। আর ইহাতেও যদি তোমরা আমার প্রতি মনোযোগ না কর ও আমার
২৮ বিপরীত আচরণ কর, তবে আমি ক্রোধ করিয়া তোমাদের প্রতি বিপরীত আচরণ করিব, ও আমিই তোমাদের
২৯ পাপ প্রযুক্ত তোমাদিগকে সাত গুণ শাস্তি দিব; এবং তোমরা আপন২ পুত্র ও কন্যাগণের মাংস ভোজন
৩০ করিবা; এবং আমি তোমাদের দেবতার পীঠ ভগ্ন করিব, ও তোমাদের সূর্য্য প্রতিমা নষ্ট করিব, ও তোমাদের প্রতিমার শবের উপরে তোমাদের শব ফেলিব,
৩১ ও তোমাদিগকে ঘৃণা করিব; এবং তোমাদের নগর শূন্য করিব, ও তোমাদের পবিত্র স্থান অরণ্য করিব,
৩২ ও তোমাদের সৌগন্ধির গন্ধ গ্রহণ করিব না; এবং তোমাদের দেশ অরণ্য করিব, ও তদ্দেশবাসি তোমাদের শত্রুগণ তদ্বিষয়ে আশ্চর্য্য জ্ঞান করিবে;
৩৩ এবং আমি অন্য জাতির মধ্যে তোমাদিগকে ছিন্নভিন্ন করিব, ও তোমাদের পশ্চাতে খড়্গ বাহির করাইব, এবং তোমাদের দেশ অরণ্য ও নগর শূন্য করিব।
৩৪ তাহাতে যে পর্য্যন্ত দেশ অরণ্য হইয়া থাকিবে ও তোমরা শত্রুগণের মধ্যে বাস করিবা, তাবৎ দেশ আপন বিশ্রাম ভোগ করিবে, অর্থাৎ তখনি সে দেশ বিশ্রাম পাইয়া আপন বিশ্রাম ভোগ করিবে। এবং যত কাল ৩৫
দেশ অরণ্য থাকিবে, তাবৎ কাল বিশ্রাম করিবে; কেননা তোমরা যে পর্য্যন্ত সে দেশে বাস করিয়াছ, তাবৎ সে বিশ্রামবারে বিশ্রাম ভোগ করে নাই। এবং ৩৬
আমি শত্রুগণের মধ্যে তোমাদের অবশিষ্ট লোকদের অন্তঃকরণে বিষণ্ণতা প্রেরণ করিব, এবং পত্র পতনের শব্দ তাহাদিগকে কম্পিত করিয়া তাড়াইয়া লইয়া যাইবে; যেমন খড়্গের মুখহইতে পলায়, তদ্রূপ তাহারা পলাইবে, এবং কেহ তাহাদিগকে না তাড়াইলেও তাহারা পতিত হইবে। যেমন লোকেরা খড়্গের মুখ- ৩৭
হইতে পতিত হয়, সেই রূপ কেহ তাহাদিগকে না তাড়াইলেও তাহারা এক জন অন্যের উপরে পতিত হইবে, ও আপন২ শত্রুদের সম্মুখে দাঁড়াইতে সক্ষম হইবে না।
এবং তোমরা অন্য জাতির মধ্যে বিনষ্ট হইবা, ও তোমা- ৩৮
দের শত্রুদের দেশ তোমাদিগকে গ্রাস করিবে। এবং ৩৯
যাহারা অবশিষ্ট থাকিবে, তাহারা আপন২ পাপ প্রযুক্ত শত্রুদেশে ক্ষয় পাইবে, ও তাহাদের পূর্ব্বপুরুষদের পাপ প্রযুক্ত তাহাদের সহিত তাহারা ক্ষয় পাইবে।

তাহারা আমার আজ্ঞা লঙ্ঘন করিয়া আমার বিরুদ্ধে ৪০
যে২ পাপ করিল, ও আমার বিপরীত আচরণ করিল, এবং আমি তাহাদের প্রতিকূলে যে২ আচরণ করি- ৪১
লাম, ও তাহাদিগকে শত্রুদেশে আনিলাম, এই উভয় মনে করিয়া যদি তাহারা আপনাদের পাপ ও আপন পূর্ব্বপুরুষদের পাপ স্বীকার করে, ও তাহাদের অচ্ছিন্নত্বক্ অন্তঃকরণ যদি নম্র হয়, ও তাহারা আপন পাপের দণ্ড স্বীকার করে; তবে যাকুবের সহিত আমার ৪২
যে নিয়ম, তাহা স্মরণ করিব, এবং ইস্‌হাকের ও ইব্রাহীমের সহিত আমার যে নিয়ম, তাহা স্মরণ করিয়া দেশ মনে করিব। যদ্যপি দেশ তাহাদের কর্ত্তৃক ত্যক্ত ৪৩
হইয়াছে, ও অরণ্য হইয়া আপন বিশ্রাম ভোগ করিয়াছে, এবং তাহারা আমার বিচার তুচ্ছ করাতে ও আমার ব্যবস্থা ঘৃণা করাতে আপন পাপের দণ্ড ভোগ করিয়াছে, তথাপি তাহারা শত্রুদের দেশে থাকিলে ৪৪
আমি তাহাদের নিঃশেষ রূপে নাশার্থে ও তাহাদের সহিত আমার নিয়ম ভঞ্জনার্থে তাহাদিগকে অবজ্ঞা করিয়া ত্যাগ করিব না; কেননা আমিই তাহাদের প্রভু পরমেশ্বর। কিন্তু আমি তাহাদের ঈশ্বর ৪৫
হওনার্থে তাহাদের পূর্ব্বপুরুষদের সহিত যে নিয়ম করিলাম, তাহাদের মঙ্গলার্থে মনে করিব; আমিই পরমেশ্বর।

পরমেশ্বর সীনয় অরণ্যে থাকিয়া মূসাকে আপনার ৪৬
ও ইস্রায়েল্ বংশের এই ব্যবস্থা ও রাজ্যনীতি ও বিধি স্থির করিলেন।

---

[১৯]দ্বি ১১; ১৭। ১ রা ১৭; ১। ১৮; ১-৬॥—[২৬] যিশ ৪; ১। ৯; ২০॥—[২৯] ২ রা ৬; ২৪-৩০। বিল ৪; ১০। যিহি ৫; ১০॥—[৩৪,৩৫] ২ বং ৩৬; ২১॥—[৪০-৪৫]রো ১১; ২৯। দ্বি ৪; ২৫-৩১। গী ৮৯; ২৮-৩৩। যির ৩১; ১৮-২০। দা ৯; ১-১৯। ইব্রু ৯; ১-৯। নি ১; ৪-১১। ৯; ২৮-৩৫॥—[৪৪]যির ২৪; ৪-৭। ২৯; ৪-১৪। দা ২; ৪৬-৪৯। ৩; ২৮-৩০॥

২৭ অধ্যায়।

১ প্রাণিমানতের জন্যে মূল্য নিরূপণ, ১৪ ও স্থাবর মানতের জন্যে মূল্য নিরূপণ, ২৬ ও প্রথমজাত পশুতে পরমেশ্বরের অধিকার, ২৮ ও নিবেদিত পশুর মুক্তি নিষেধ।

১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, মনুষ্য যদি ঈশ্বরের উদ্দেশে বিশেষ মানত করে, তবে ৩ প্রাণির মূল্য তোমার দ্বারা নিরূপিত হইবে। বিংশতি বৎসর বয়স অবধি ষাটি বৎসর বয়স পর্য্যন্ত পবিত্র শেকলনুসারে পঞ্চাশ শেকল্ রূপা পুরুষের জন্যে ৪ মূল্য হইবে। কিন্তু সে যদি স্ত্রীর জন্যে হয়, তবে ৫ ত্রিশ শেকল্ রূপা মূল্য নিরূপণ হইবে। এবং যদি পাঁচ বৎসর বয়স অবধি বিংশতি বৎসর বয়স পর্য্যন্ত হয়, তবে পুরুষের জন্যে বিংশতি শেকল্ ও স্ত্রীর ৬ জন্যে দশ শেকল্ রূপা মূল্য নিরূপণ হইবে। এবং যদি এক মাস বয়স অবধি পাঁচ বৎসর বয়স পর্য্যন্ত হয়, তবে পুরুষের জন্যে পাঁচ শেকল্ ও স্ত্রীর জন্যে তিন ৭ শেকল্ রূপা মূল্য নিরূপণ হইবে। এবং যদি ষাটি বৎসর কিম্বা তাহার অধিক বয়স হয়,তবে পুরুষের জন্যে পোনর শেকল্ ও স্ত্রীর জন্যে দশ শেকল্ রূপা মূল্য ৮ নিরূপণ হইবে। কিন্তু যদি দরিদ্রতা প্রযুক্ত সে তোমার নিরূপিত মূল্য দিতে অক্ষম হয়, তবে সে যাজকের নিকটে উপস্থিত হইবে; তাহাতে যাজক তাহার মূল্য নিরূপণ করিবে; মানতকারি ব্যক্তির সংস্থানানুসারে ৯ যাজক তাহার মূল্য নিরূপণ করিবে। আর যদি পরমেশ্বরের কাছে লোকদের উৎসর্জ্জনীয় পশু হয়, তবে পরমেশ্বরের উদ্দেশে তদ্রূপ দত্ত সকল পশু পবিত্র ১০ হইবে। সে তাহার অন্যথা ও পরিবর্ত্তন করিবে না, অর্থাৎ মন্দের পরিবর্ত্তে ভাল, কিম্বা ভালোর পরিবর্ত্তে মন্দ দিবে না; যদিও সে কোন প্রকারে পশুর পরিবর্ত্ত করে,তবে সে এবং তাহার পরিবর্ত্ত উভয়ই পবিত্র ১১ হইবে। আর যাহার দ্বারা পরমেশ্বরের উদ্দেশে উপহারের উৎসর্গ না হয়,এমন কোন অশুচি পশু যদি হয়, তবে সে ঐ পশুকে যাজকের সম্মুখে উপস্থিত করিবে। ১২ ঐ পশু ভাল কিম্বা মন্দ হউক, যাজক তাহার মূল্য নিরূপণ করিবে; যাজকের মূল্য নিরূপণানুসারে তাহা ১৩ হইবে। কিন্তু যদি সে কোন প্রকারে মুক্ত করিতে চাহে, তবে সে নিরূপিত মূল্যের পঞ্চমাংশ অধিক দিবে।

১৪ আর যদি কোন মনুষ্য পরমেশ্বরের উদ্দেশে আপন গৃহ পবিত্র করে, তবে তাহা ভাল কিম্বা মন্দ হউক, যাজক তাহার মূল্য নিরূপণ করিবে; যাজক যে রূপ ১৫ মূল্য নিরূপণ করিবে, তাহাই স্থির হইবে। আর গৃহ পবিত্রকারি লোক যদি আপন গৃহ মুক্ত করিতে চাহে, তবে সে তোমার নিরূপিত মূল্যাধিক পঞ্চমাংশ দিবে; তাহাতে তাহা তাহার হইবে। আর যদি ১৬ কোন কেহ অধিকৃত ভূমির কোন অংশ পরমেশ্বরের উদ্দেশে পবিত্র করে, তবে তাহার বপনীয় বীজানুসারে মূল্য নিরূপিত হইবে; বিশেষতঃ এক হোমর্* যবের মূল্য পঞ্চাশ শেকল্ রূপা। যদি সে মহোৎসব বৎসরা- ১৭ বধি আপন ভূমি পবিত্র করে, তবে তোমার নিরূপিত মূল্যানুসারে তাহা স্থির হইবে। কিন্তু মহোৎসবের ১৮ পরে যদি সে আপন ভূমি পবিত্র করে,তবে যাজক অবশিষ্ট বৎসরানুসারে অর্থাৎ মহোৎসব বৎসর পর্য্যন্ত তাহার সহিত গণনা করিলে তাহা তোমাদের নিরূপিত মূল্যহইতে ন্যূন করা যাইবে। আর সেই ভূমি পবিত্র- ১৯ কারি লোক যদি কোন প্রকারে তাহা মুক্ত করিতে চাহে, তবে সে তোমার নিরূপিত রূপাহইতে অধিক পঞ্চমাংশ লইয়া তাহাকে দিবে; তাহাতে তাহা তাহার নিকটে স্থিরীকৃত হইবে। কিন্তু যদি সে আপন ভূমি ২০ মুক্ত না করে, কিম্বা অন্য কাহারো কাছে বিক্রয় করে, তবে তাহা আর কখনো মুক্ত হইবে না। কিন্তু ২১ সে ভূমি মহোৎসব বৎসরে ক্রেতার হস্তহইতে গেলে নিবেদিত ভূমির ন্যায় পরমেশ্বরের উদ্দেশে পবিত্র হইবে, এবং তাহাতে যাজকের অধিকার হইবে। আর ২২ যদি কেহ আপন অধিকৃত ভূমি ব্যতিরেক ক্রীত ভূমি পরমেশ্বরের উদ্দেশে পবিত্র করে,তবে যাজক তোমার ২৩ নিরূপিত মূল্যানুসারে মহোৎসব বৎসর পর্য্যন্ত তাহার সহিত গণনা করিয়া তোমার নিরূপিত মূল্য পরমেশ্বরের উদ্দেশে পবিত্র দ্রব্যের ন্যায় সে দিবসে নিবেদন করিবে। মহোৎসব বৎসরে বিক্রেতার হস্তে ২৪ অর্থাৎ ভূম্যধিকারির হস্তে তাহা পুনর্দ্দত্ত হইবে। এবং ২৫ সমস্ত পবিত্র শেকলনুসারে তোমার নিরূপিত মূল্য; বিংশতি গেরা এক শেকল্ হইবে।

আর পরমেশ্বরকে দাতব্য জন্তুর প্রথমজাতকে কেহই ২৬ পবিত্র করিতে পারিবে না; গোরু কিম্বা মেষ হউক, তাহা পরমেশ্বরের হয়। যদি তাহা অপবিত্র জন্তুর ২৭ মধ্যে হয়, তবে সে তোমার নিরূপিত মূল্যানুসারে তাহাকে মুক্ত করিবে, এবং তাহাতে আরো পঞ্চমাংশ অধিক করিয়া দিবে, কিন্তু যদি মুক্ত না হইয়া থাকে, তবে তাহা তোমার নিরূপিত মূল্যেতে বিক্রীত হইবে।

আর মনুষ্য আপন সর্ব্বস্বহইতে, অর্থাৎ মনুষ্য কি ২৮ পশু কি অধিকৃত ভূমিহইতে যে কিছু পরমেশ্বরের উদ্দেশে নিবেদন করে, তাহা বিক্রীত কিম্বা মুক্ত হইবে না; কেননা প্রত্যেক নিবেদিত বস্তু পরমেশ্বরের উদ্দেশে অতি পবিত্র হয়। মনুষ্যদের মধ্যে নিবেদিত কোন বস্তু ২৯ মুক্ত করা যাইবে না; তাহা নিতান্ত বিনষ্ট হইবে। এবং ভূমির শস্য কিম্বা বৃক্ষের ফল হউক, দেশের ৩০ সমস্ত বিষয়ের দশমাংশ পরমেশ্বরের হইবে; তাহাই

[২৭ অধ্যায়; ৩] প ২৫ ।।—[১৩] লে ৬; ৫।।—[১৫]প ১৩।।—[১৭-২৪] ২৫; ১০-৩৪ ।।—[১৯] প ১৩।।—[২১] গ ১৮; ১৪ ।।—[২৬, ২৭] যা ৩৪; ১৯, ২০ ।।—[২৭] প ১৩।।—[২৮] যি ৬; ১৭-১৯ ।।—[২৯] ১ শি ১৫; ৩৩।।

* (ইব্রী) হোমরের।

৩১ পরমেশ্বরের উদ্দেশে পবিত্র। এবং যদি কেহ আপন দশমাংশহইতে কিঞ্চিৎ মুক্ত করিতে চাহে, তবে সে তাহাতে আরো পঞ্চমাংশ অধিক দিবে।
৩২ আর গোরু কিম্বা পশুপালের দশমাংশ, অর্থাৎ পাঁচনির নীচে দিয়া যাহা যায়, তাহার দশমাংশ
৩৩ পরমেশ্বরের উদ্দেশে পবিত্র হইবে। তাহা ভাল কিম্বা মন্দ হউক, ইহার অনুসন্ধান করিবে না, ও তাহার পরিবর্ত্ত করিবে না; কিন্তু সে যদি কোন প্রকারে তাহার পরিবর্ত্ত করে, তবে তাহা ও তাহার পরিবর্ত্ত উভয় পবিত্র হইবে, তাহা মুক্ত করা যাইবে না। পরমেশ্বর ৩৪ সীনয় পর্ব্বতে ইস্রায়েল্ বংশের জন্যে মূসাকে এই সকল আজ্ঞা দিলেন।

[৩১] প ১৩॥—[৩৩] প ১০॥

গণনাপুস্তক।

অর্থাৎ

মূসালিখিত চতুর্থ পুস্তক।

---

১ অধ্যায়।

১ লোককে গণনা করিতে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞা ৫ ও প্রত্যেক বংশের প্রধান পুরুষের নাম ১৭ ও লোকদের গণনা করণ ২০ ও প্রত্যেক বংশের সংখ্যা ৪৭ ও লেবীয় বংশের গণিত না হওন।

১ অপর মিসরদেশহইতে ইস্রায়েল্ বংশের বহিরাগমনের দ্বিতীয় বৎসরের দ্বিতীয় মাসের প্রথম দিনে
২ পরমেশ্বর সীনয় প্রান্তরে মূসাকে কহিলেন, তোমরা ইস্রায়েল্ কুলানুসারে ও তাহাদের পিতৃবংশানুসারে ও তাহাদের নামসংখ্যানুসারে সমস্ত মণ্ডলীর অর্থাৎ
৩ প্রত্যেক পুরুষের মস্তকের সংখ্যা কর। তাহাদের বিংশতিবর্ষ বয়স্ক ও ততোধিক বর্ষবয়স্ক ইস্রায়েল্ বংশের মধ্যে যুদ্ধে গমন যোগ্য সকল পুরুষের সংখ্যা তাহাদের সৈন্যানুসারে তুমি ও হারোণ্ গণনা
৪ কর। এবং প্রত্যেক বংশহইতে এক২ জন তোমাদের সহকারী হইবে*, ও তাহারা আপন২ পিতৃবংশের প্রধান হইবে।
৫ আর যাহারা তোমাদের সঙ্গে থাকিবে, তাহাদের এই২ নাম। রূবেনের বংশজ শিদেয়ূরের পুত্র ইলী-
৬ সূর্। ও শিমিয়োনের বংশজ সূরীশদ্দয়ের পুত্র শিলু-
৭ মীয়েল্। ও যিহূদার বংশজ অম্মীনাদবের পুত্র নহ-
৮ শোন্। ও ইষাখর্ বংশজ সূয়ারের পুত্র নিথনেল্।
৯ ও সিবূলূনের বংশজ হেলোনের পুত্র ইলীয়াব্। ও
১০ যূষফের সন্তানদের মধ্যে ইফ্রয়িমের বংশজ অম্মীহূদের পুত্র ইলীশামা, ও মিনশির বংশজ পিদাহসূরের পুত্র
১১ গমিলীয়েল্। ও বিন্য়ামীনের বংশজ গিদিয়োনির
১২ পুত্র অবীদান্। ও দানের বংশজ অম্মীশদ্দয়ের পুত্র
১৩ অহীয়েষর্। ও আশেরের বংশজ অক্রণের পুত্র
১৪ পগীয়েল্। ও গাদের বংশজ দূয়েলের পুত্র ইলীয়া-
১৫ সফ্। ও নপ্তালির বংশজ ঐননের পুত্র অহীর্। ইহারা
১৬ আপন২ পিতৃবংশের মধ্যে প্রধান এবং ইস্রায়েল্ বংশের সহস্রের মধ্যে অধ্যক্ষ ও মণ্ডলীতে মনোনীত লোক ছিল।
১৭ তখন মূসা ও হারোণ্ ঐ সকল নামে প্রসিদ্ধ লোক-
১৮ দিগকে সঙ্গে লইল। এবং দ্বিতীয় মাসের প্রথমে সমস্ত মণ্ডলীকে একত্র করিয়া, আপন২ কুলানুসারে ও আপন২ পিতৃবংশানুসারে ও আপন২ নামসংখ্যানুসারে বিংশতি বৎসর বয়স অবধি মস্তক গণনাতে
১৯ আপন২ বংশাবলি জানাইল। এই রূপে মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে সীনয় প্রান্তরে তাহাদিগকে গণনা করিল।
২০ তাহাতে ইস্রায়েলের জ্যেষ্ঠ পুত্র রূবেনের বংশ আপন২ আদিপুরুষানুসারে আপন২ কুলানুসারে ও আপন২ পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে ও মস্তক

[১ অধ্য; ১] যা ২৫; ২২॥—[২] যা ৩০; ১২॥—[১৬] যা ১৮; ২৫॥

* (ইব্রী) সঙ্গে হইবে।

গণনাতে বিংশতি বৎসর বয়স অবধি যুদ্ধে গমন যোগ্য ২১ সমস্ত পুরুষ, অর্থাৎ রূবেন্ বংশের গণিত লোকদের সংখ্যা ছেচল্লিশ সহস্র পাঁচ শত জন ছিল।

২২ আর শিমিয়োনের সন্তানেরা আপন২ আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নাম সংখ্যাতে ও মস্তক গণনাতে বিংশতি বৎসর বয়স ২৩ অবধি যুদ্ধে গমন যোগ্য সমস্ত পুরুষ, অর্থাৎ শিমিয়োন্ বংশের গণিত লোকদের সংখ্যা ঊনষাটি সহস্র তিন শত ছিল।

২৪ আর গাদের সন্তানেরা আপন ২ আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে বিংশতি বৎসর বয়স অবধি যুদ্ধে গমন যোগ্য সমস্ত ২৫ পুরুষ, অর্থাৎ গাদ্ বংশের গণিত লোকদের সংখ্যা পঁয়তাল্লিশ সহস্র ছয় শত পঞ্চাশ ছিল।

২৬ আর যিহূদার সন্তানেরা আপন আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে বিংশতি বৎসর বয়স্ক অবধি যুদ্ধে গমন যোগ্য সমস্ত ২৭ পুরুষ, অর্থাৎ যিহূদা বংশের গণিত লোকদের সংখ্যা চৌহত্তরি সহস্র ছয় শত লোক ছিল।

২৮ এবং ইষাখরের সন্তানেরা আপন২ আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে বিংশতি বৎসর বয়স্ক অবধি যুদ্ধে গমন ২৯ যোগ্য সমস্ত পুরুষ, অর্থাৎ ইষাখর্ বংশের গণিত লোকদের সংখ্যা চৌয়ান্ন সহস্র চারিশত লোক ছিল।

৩০ আর সিবূলূনের সন্তানেরা আপন ২ আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে বিংশতি বৎসর বয়স্ক অবধি যুদ্ধে গমন ৩১ যোগ্য সমস্ত পুরুষ, অর্থাৎ সিবূলূন্ বংশের গণিত লোকদের সংখ্যা সাতান্ন সহস্র চারি শত লোক ছিল।

৩২ আর যূষফের অর্থাৎ ইফ্রয়িমের সন্তানেরা আপন ২ আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে বিংশতি বৎসর বয়স্ক অবধি যুদ্ধে ৩৩ গমন যোগ্য সমস্ত পুরুষ, অর্থাৎ ইফ্রয়িম্ বংশের গণিত লোকদের সংখ্যা চল্লিশ সহস্র পাঁচ শত লোক ছিল।

৩৪ এবং মিনশির সন্তানেরা আপন ২ আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে বিংশতি বৎসর বয়স্ক অবধি যুদ্ধে গমন ৩৫ যোগ্য সমস্ত পুরুষ, অর্থাৎ মিনশি বংশের গণিত লোকদের সংখ্যা বত্রিশ সহস্র দুই শত লোক ছিল।

৩৬ আর বিন্য়ামীনের সন্তানেরা আপন ২ আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে বিংশতি বৎসর বয়স্ক অবধি যুদ্ধে গমন যোগ্য ৩৭ সমস্ত পুরুষ, অর্থাৎ বিন্য়ামীন্ বংশের গণিত লোকদের সংখ্যা পঁয়ত্রিশ সহস্র চারি শত লোক ছিল।

৩৮ এবং দানের সন্তানেরা আপন ২ আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে বিংশতি বৎসর বয়স্ক অবধি যুদ্ধে গমন যোগ্য সমস্ত পুরুষ, অর্থাৎ দান্ বংশের গণিত লোকদের সংখ্যা ৩৯ বাষষ্টি সহস্র সাত শত লোক ছিল।

৪০ এবং আশেরের সন্তানেরা আপন২ আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে বিংশতি বৎসর বয়স্ক অবধি যুদ্ধে গমন যোগ্য সমস্ত পুরুষ, অর্থাৎ আশের্ বংশের গণিত ৪১ লোকদের সংখ্যা এক চল্লিশ সহস্র পাঁচ শত লোক ছিল।

৪২ এবং নপ্তালির সন্তানেরা আপন ২ আদিপুরুষানুসারে ও কুলানুসারে ও পিতৃবংশানুসারে ও নামসংখ্যাতে বিংশতি বৎসর বয়স্ক অবধি যুদ্ধে গমন যোগ্য সমস্ত পুরুষ, অর্থাৎ নপ্তালি বংশের গণিত লোকদের ৪৩ সংখ্যা তিপ্পান্ন সহস্র চারিশত লোক ছিল।

৪৪ মূসা ও হারোণ্ ও ইস্রায়েল্ বংশের বারো জন অধ্যক্ষ এই গণনা করিল, অর্থাৎ আপন২ পিতৃবংশের এক২ জন অধ্যক্ষ। ৪৫ এই রূপে তাহারা আপন২ পিতৃবংশানুসারে বিংশতি বৎসর বয়স্ক অবধি যুদ্ধে গমন যোগ্য সমস্ত ইস্রায়েলীয় পুরুষ, ৪৬ অর্থাৎ তাবৎ গণিত লোকদের সংখ্যা ছয় লক্ষ তিন সহস্র পাঁচ শত পঞ্চাশ লোক ছিল।

৪৭ লেবীয়েরা আপন২ পিতৃবংশানুসারে তাহাদের মধ্যে গণিত হইল না। ৪৮ কেননা পরমেশ্বর মূসাকে কহিয়াছিলেন, ৪৯ তুমি কেবল লেবি বংশের গণনা করিও না এবং ইস্রায়েল্ বংশের মধ্যে তাহাদের সংখ্যা লইও না। ৫০ কিন্তু সাক্ষ্যরূপ আবাস ও তাহার সকল পাত্র ও তাহার সমস্ত দ্রব্য বিষয়ে লেবীয়দিগকে নিযুক্ত করিও; তাহারা আবাস ও সমস্ত পাত্র বহিবে, ও তাহার সেবা করিবে, ও আবাসের চারিদিগে শিবির স্থাপন করিবে। ৫১ এবং আবাস লইয়া যাওন সময়ে লেবীয়েরা তাহা নামাইবে; ও যে সময়ে আবাসের স্থাপন হইবে, তৎকালে লেবীয়েরা তাহার স্থাপন করিবে, এবং অন্যজাতীয়েরা তাহার নিকটে গেলে হত হইবে। ৫২ ইস্রায়েল্ বংশ আপন২ সৈন্যের সর্ব্বত্র শিবিরের নিকটে আপন২ ধ্বজার সমীপে বাস করিবে। ৫৩ কিন্তু ইস্রায়েল্ বংশের মণ্ডলীর প্রতি যেন ক্রোধ না ঘটে, এই নিমিত্তে লেবীয়েরা সাক্ষ্যরূপ আবাসের চতুর্দ্দিগে শিবির স্থাপন করিবে, এবং লেবীয় লোকেরা সাক্ষ্যরূপ আবাস রক্ষা করিবে। ৫৪ পরে ইস্রায়েল্ বংশ মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে সমস্ত কর্ম্ম করিল; সকলি সেই রূপ করিল।

২ অধ্যায়।

১ ইস্রায়েল্ বংশের শিবির স্থাপনের ক্রম ১০ ও স্থান ১৭ ও সেনাপতির নাম ২৫ ও সৈন্য প্রভৃতির নাম।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে ও হারোণ্‌কে কহিলেন, ২ ইস্রায়েল্ বংশের প্রত্যেক জন আপন২ পিতৃবংশের

[৪৬] যা ৩৮; ২৬ ॥—[৪৭-৫৩] যা ৩৮; ২১। গ ৩; ৫-৩৫ ॥

ধ্বজার নিকটে শিবির স্থাপন করিবে; তাহারা আবাসের সমীপে চতুর্দ্দিকে শিবির স্থাপন করিবে।

৩ এবং পূর্ব্বদিগে অর্থাৎ সূর্য্যোদয়দিগে যিহূদার ধ্বজার অনুগামি লোকেরা আপন ২ সৈন্যানুসারে শিবির স্থাপন করিবে; এবং অম্মীনাদবের পুত্র নহশোন্ যিহূদা ৪ বংশের সেনাপতি হইবে। তাহাদের সৈন্য, অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে চোয়াত্তরি সহস্র ছয় ৫ শত লোক। এবং ইষাখরের সন্তানেরা তাহার পার্শ্বে শিবির স্থাপন করিবে, এবং সূয়ারের পুত্র নিথনেল্ ৬ তাহাদের সেনাপতি হইবে। তাহাদের সৈন্য, অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে চোয়ান্ন সহস্র চারিশত ৭ লোক। ও তাহার পার্শ্বে সিবূলূনের বংশ; হেলোনের ৮ পুত্র ইলীয়াব্ তাহাদের সেনাপতি হইবে। তাহাদের সৈন্য, অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে সাতান্ন ৯ সহস্র চারিশত লোক। আর যিহূদার তাবৎ শিবিরে যাহারা গণিত হইল, তাহারা আপন ২ সৈন্যানুসারে এক লক্ষ ছেয়াশী সহস্র চারিশত লোক; তাহারা প্রথমে অগ্রসর হইবে।

১০ এবং দক্ষিণদিগে রূবেন্ বংশের তাবৎ শিবিরের ধ্বজা সৈন্যানুসারে থাকিবে, এবং শিদেয়ূরের পুত্র ১১ ইলীষূর্ রূবেন্ সন্তানদের সেনাপতি হইবে। ও তাহাদের সৈন্য অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে ১২ সংখ্যাতে ছেচল্লিশ সহস্র পাঁচশত লোক। পরে শিমিয়োনের বংশ তাহার পার্শ্বে শিবির স্থাপন করিবে, এবং সূরীশদ্দয়ের পুত্র শিলুমীয়েল্ শিমিয়োন্ সন্তানদের ১৩ সেনাপতি হইবে। এবং তাহাদের সৈন্য, অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে সংখ্যাতে উনষাটি সহস্র তিন ১৪ শত লোক। এবং তাহাদের পার্শ্বে গাদের বংশ থাকিবে, এবং দূয়েলের * পুত্র ইলীয়াসফ্ গাদ্ সন্তানদের ১৫ সেনাপতি হইবে। এবং তাহাদের সৈন্য অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে সংখ্যাতে পঁয়তাল্লিশ সহস্র ১৬ ছয় শত পঞ্চাশ লোক। এবং রূবেন্ বংশের তাবৎ শিবিরে যাহারা গণিত হইল; তাহারা আপন ২ সৈন্যানুসারে এক লক্ষ একান্ন সহস্র চারি শত পঞ্চাশ লোক; তাহারা দ্বিতীয় পংক্তিতে অগ্রসর হইবে।

১৭ পরে মণ্ডলীর আবাস লেবীয়দের শিবিরের সহিত শিবিরের মধ্যবর্ত্তী হইয়া অগ্রসর হইবে, প্রত্যেক জন যেমন আপন ২ ধ্বজার নিকটে শিবির স্থাপন করে, সেই রূপে গমন করিবে।

১৮ আর পশ্চিমদিগে ইফ্রয়িম্ বংশের তাবৎ শিবিরের ধ্বজা সৈন্যানুসারে থাকিবে, এবং অম্মীহূদের পুত্র ইলীশামা ইফ্রয়িমের সন্তানদের সেনাপতি হইবে। ১৯ এবং তাহাদের সৈন্য, অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে সংখ্যাতে চল্লিশ সহস্র পাঁচ শত লোক। ২০ ও তাহার পার্শ্বে মিনশির বংশ থাকিবে, এবং পিদাহসূরের পুত্র গমিলীয়েল্ মিনশির সন্তানদের সেনাপতি ২১ হইবে। তাহাদের সৈন্য, অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে সংখ্যাতে বত্রিশ সহস্র দুই শত লোক। ২২ তাহার পার্শ্বে বিন্যামীনের বংশ থাকিবে, এবং গিদিয়োনির পুত্র অবীদান্ বিন্যামীনের সন্তানদের সেনা২৩ পতি হইবে। এবং তাহাদের সৈন্য, অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে সংখ্যাতে পঁয়ত্রিশ সহস্র ২৪ চারি শত লোক। এবং ইফ্রয়িমের তাবৎ শিবিরের গণিত লোক আপন ২ সৈন্যানুসারে এক লক্ষ আট সহস্র এক শত; তাহারা তৃতীয় পংক্তিতে অগ্রসর হইবে।

২৫ আর উত্তরদিগে দানের বংশের তাবৎ শিবিরের ধ্বজা সৈন্যানুসারে থাকিবে, এবং অম্মীশদ্দয়ের পুত্র অহীয়েষর্ দানের সন্তানদের সেনাপতি হইবে। ২৬ এবং তাহাদের সৈন্য, অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে সংখ্যাতে বাষষ্টি সহস্র সাত শত লোক। ২৭ এবং তাহাদের পার্শ্বে আশেরের বংশ থাকিবে, এবং অক্রণের পুত্র পগীয়েল্ আশেরের সন্তানদের সেনা২৮ পতি হইবে। এবং তাহাদের সৈন্য, অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে সংখ্যাতে এক চল্লিশ সহস্র ২৯ পাঁচ শত লোক। তাহাদের পার্শ্বে নপ্তালির বংশ থাকিবে, এবং ঐননের পুত্র অহীর নপ্তালির সন্তান৩০ দের সেনাপতি হইবে। এবং তাহাদের সৈন্য, অর্থাৎ যাহারা গণিত হইল, সেই সকলে সংখ্যাতে তিপ্পান্ন ৩১ সহস্র চারিশত লোক। এবং দানের তাবৎ শিবিরের গণিত লোক এক লক্ষ সাতান্ন সহস্র ছয় শত; তাহারা ৩২ আপন ২ ধ্বজা লইয়া পশ্চাদ্গামী হইবে। এবং ইস্রায়েল্ বংশের পিতৃবংশানুসারে তাবৎ গণিত লোক, অর্থাৎ সৈন্যানুসারে তাবৎ শিবিরস্থ লোক ছয় লক্ষ ৩৩ তিন সহস্র সাড়ে পাঁচ শত। কিন্তু লেবীয়েরা ইস্রায়েল্ বংশের মধ্যে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে ৩৪ গণিত হইল না। এবং ইস্রায়েল্ বংশ মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে সমস্ত কর্ম্ম করিল, ও তদ্রূপ তাহারা আপন২ কুলানুসারে ও পিতৃবংশানুসারে ধ্বজার নিকটে শিবির স্থাপন করিল ও প্রস্থান করিল।

৩ অধ্যায়।

১ হারোণের পুত্রদের কথা, ৫ লেবীয় লোকদের কথা, ২১ অর্থাৎ গের্শোনীয় লোকদের কথা, ২৭ ও কিহাতীয় লোকদের কথা, ৩৩ ও মিরারি লোকদের কথা, ৩৯ এবং লেবিদের ও প্রথমজাত লোকদের গণনা।

১ সীনয় পর্ব্বতে যে দিবসে পরমেশ্বর মূসাকে কথা কহিলেন, সেই দিবসে হারোণের ও মূসার এই বংশাবলি; ২ ও হারোণের পুত্রগণের এই নাম; প্রথমজাত নাদব্ ৩ ও অবীহূ ও ইলিয়াসর্ ও ঈথামর্। এই সকল হারোণের পুত্র অভিষিক্ত যাজকদের নাম; অর্থাৎ যাহারা সেবা করিতে যাজকত্বপদে নিযুক্ত হইল, তাহাদের

[২অধ্যা]গ ১; ২০-৪৭। ১০; ১৪-২৮॥—[২]১; ৫২॥—[৯]আ ৪৯; ১০॥—[৩২]গ ১; ৪৬॥—[৩৩]১; ৪৭-৫০॥—[৩৪]প ২॥

* (ইব্রী) রূয়েলের।

৪ নাম। কিন্তু নাদব্ ও অবীহূ সীনয়্ প্রান্তরে পরমে-
শ্বরের উদ্দেশে সাধারণ অগ্নি নিবেদন করিলে পরমে-
শ্বরের সম্মুখে প্রাণত্যাগ করিল; তাহাদের সন্তান
ছিল না; তাহাতে ইলিয়াসর্ ও ঈথামর্ আপন
পিতা হারোণের সাক্ষাতে যাজকত্ত্ব পদের সেবা করিল।
৫ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণ্ যাজ-
৬ কের উপকারার্থে তাহার সম্মুখে লেবি বংশকে আ-
৭ নিয়া সমর্পণ কর। তাহাতে তাহারা আবাসের সেবার্থে
মণ্ডলীর আবাসের সম্মুখে তাহার ও সমস্ত মণ্ডলীর
৮ পালনীয় পালন করিবে। এবং আবাসের সেবার্থে
মণ্ডলীর আবাসের সমস্ত পাত্র ও ইস্রায়েল্ বংশের
৯ রক্ষণীয় রক্ষা করিবে। এবং তুমি হারোণের ও তাহার
পুত্রগণের হস্তে লেবিদিগকে সমর্পণ করিবা; কেননা
তাহারা ইস্রায়েল্ বংশের মধ্যহইতে তাহার প্রতি
১০ সর্ব্বতোভাবে দত্ত হইবে। এবং তুমি হারোণ্কে ও
তাহার পুত্রগণকে পদেতে নিযুক্ত করিবা, ও তাহারা
আপনাদের যাজনপদে সেবা করিবে; কিন্তু যে অন্য-
জাতি নিকটবর্ত্তী হইবে, সে হত হইবে।

১১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, দেখ, আমি
১২ ইস্রায়েল্ বংশের মধ্যে সমস্ত প্রথমজাতের পরি-
বর্ত্তে তাহাদের মধ্যহইতে লেবিদিগকে গ্রহণ করিলাম;
১৩ অতএব লেবিরাই আমার হইল। কেননা যে দিনে
আমি মিসর্দেশে সমস্ত প্রথমজাতকে প্রহার করি-
লাম, সেই দিনে মনুষ্যাবধি পশু পর্য্যন্ত ইস্রায়েল্
বংশের সমস্ত প্রথমজাতকে পবিত্র করিলাম; অতএব
তাবৎ প্রথমজাত আমার হইবে; আমিই পরমেশ্বর।

১৪ পরে সীনয়্ প্রান্তরে পরমেশ্বর মূসাকে কহিলেন,
১৫ তুমি আপন ২ পিতৃবংশানুসারে ও কুলানুসারে লেবি-
বংশকে গণনা কর, এবং এক মাসের অধিক বয়স্ক
১৬ সমস্ত পুরুষকেই গণনা কর। তাহাতে মূসা পর-
মেশ্বরের উক্ত * আজ্ঞানুসারে তাহাদিগকে গণনা
১৭ করিল। তাহাদের প্রত্যেকের নাম; লেবির সন্তান
১৮ গের্শোন্ ও কিহাৎ ও মিরারি। এবং আপন ২ কুলা-
নুসারে গের্শোনের সন্তানদের নাম লিব্নি ও শিমিয়ি।
১৯ এবং আপন ২ কুলানুসারে কিহাতের সন্তানদের নাম
২০ অম্রাম্ ও যিষ্হর্ ও হিব্রোণ্ ও উষীয়েল্। এবং আপন ২
কুলানুসারে মিরারির সন্তানদের নাম মহলি ও মূশি;
এই সকল পিতৃবংশানুসারে লেবিদের কুল।

২১ ঐ গের্শোন্হইতে লিব্নি বংশ ও শিমিয়ি বংশ উৎ-
২২ পন্ন হইল; ইহারা গের্শোনীয় বংশ। তখন এক মাসের
অধিক বয়স্ক সমস্ত পুরুষকে গণনা করিলে সংখ্যাতে
২৩ তাহারা সাত সহস্র পাঁচ শত ছিল। এবং গের্শোনীয়
বংশ পশ্চিমদিগে আবাসের পশ্চাদ্ভাগে শিবির
স্থাপনকরিত। এবং লায়েলের পুত্র ইলীয়াসফ্ গের্শো- ২৪
নীয়দের পিতৃবংশের প্রধান হইল। এবং আবাস ২৫
ও তাম্বু ও তাহার আচ্ছাদনবস্ত্র ও মণ্ডলীর আবাস-
দ্বারের আচ্ছাদনবস্ত্র, ও প্রাঙ্গণের ব্যবধানবস্ত্র সকল, ২৬
এবং আবাসের ও বেদির নিকটে চতুর্দ্দিকস্থিত প্রাঙ্গ-
ণের দ্বারের আচ্ছাদনবস্ত্র ও তাবৎ সেবার্থক রজ্জু;
এই সকল মণ্ডলীর আবাসে গের্শোনীয় বংশের হস্ত-
গত হইল।

আর কিহাৎহইতে অম্রামীয় বংশ ও যিষ্হরীয় ২৭
বংশ ও হিব্রোণীয় বংশ ও উষীয়েলীয় বংশ উৎপন্ন
হইল; এ সকলেই কিহাতীয় বংশ। ইহাদের মধ্যে এক ২৮
মাসের অধিক বয়স্ক আট সহস্র ছয় শত পুরুষ পবিত্র
স্থানের রক্ষক হইল। এই কিহাতীয় বংশ দক্ষিণ দিগে ২৯
আবাসের পার্শ্বে শিবির স্থাপন করিত। এবং উষী- ৩০
য়েলের পুত্র ইলীষাফন্ কিহাতীয়দের পিতৃবংশের
প্রধান হইল। এবং সিন্দুক ও মেজ ও দীপবৃক্ষ ও ৩১
বেদি ও সেবার্থক পবিত্র স্থানের পাত্র ও বিচ্ছেদবস্ত্র,
এই সকল তাহাদের হস্তগত হইল। এবং হারোণ্ ৩২
যাজকের পুত্র ইলিয়াসর্ লেবি বংশের প্রধান হইয়া
পবিত্র স্থানের রক্ষকদের উপরে কর্ত্তৃত্ত্ব করিল।

আর মিরারিহইতে মহলীয় ও মূশীয় বংশ উৎপন্ন ৩৩
হইল; তাহারা মিরারীয় বংশ। ঐ বংশের এক মাসের ৩৪
অধিক বয়স্ক পুরুষ গণিত হইলে সংখ্যাতে ছয় সহস্র
দুই শত পুরুষ ছিল। এবং অবীহয়িলের পুত্র সূরী- ৩৫
য়েল্ মিরারি বংশের পিতৃগৃহের প্রধান হইল, ও
তাহারা আবাসের উত্তর পার্শ্বে শিবির স্থাপন করিত।
এবং আবাসের তক্তা ও বাতা ও স্তম্ভ ও চুঙ্গি ও ৩৬
তাহার সমস্ত পাত্র ও সেবার্থক সমস্ত দ্রব্য; ও প্রাঙ্গ- ৩৭
ণের চতুর্দ্দিকস্থিত স্তম্ভ ও তাহার চুঙ্গি ও গোঁজ ও রজ্জু,
এই সকল রক্ষার্থে মিরারি সন্তানদের হস্তগত হইল।
মূসা ও হারোণ্ ও তাহার পুত্রগণ মণ্ডলীর আবাসের ৩৮
সম্মুখে পূর্ব্বপার্শ্বে থাকিয়া ইস্রায়েল্ বংশের পবিত্র
স্থানের রক্ষণীয় রক্ষা করিত, কিন্তু যে অন্যজাতি
তাহার নিকটবর্ত্তী হইত, সে হত হইত।

এবং মূসা ও হারোণ্ পরমেশ্বরের আজ্ঞানুসারে ৩৯
লেবি বংশের এক মাসের অধিক বয়স্ক পুরুষ সকলকে
গণনা করিলে সংখ্যাতে বাইশ সহস্র লোক ছিল। অপর ৪০
পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ বংশের
এক মাসের অধিক বয়স্ক প্রথমজাত সমস্ত পুরুষকে
গণনা কর, ও তাহাদের নামসংখ্যা কর। এবং আমার ৪১
অনুরোধে ইস্রায়েল্ বংশের সমস্ত প্রথমজাত লোকের

[৩ অধ্য ; ২-৪] যা ৬ ; ২৩। লে ৮। ১০ ; ১-৩ ॥—[৫-৯] গ ১ ; ৪৭-৫৩। ৮ ; ৫-২৬॥—[৯] ৮ ; ১৯ ॥—[১০] ১ ; ৫১ ॥
[১২, ১৩] প ৪০-৫১। ৮ ; ১৬-১৮ ॥—[১৩] যা ১৩ ; ২, ১১-১৫ ॥—[১৭-২০] যা ৬ ; ১৬-২৫ ॥—[২১] প ১৮ ॥
[২৩] গ ১ ; ৫৩॥—[২৫,২৬] যা ৪০ ; ১৭-৩৩॥—[২৭] প ১৯ ॥—[২৯] প ২৩ ॥—[৩১] যা ৪০ ; ১৭-৩৩॥—[৩৩] প ২০ ॥
[৩৫] প ২৯ ॥—[৩৬,৩৭] যা ৪০ ; ১৭-৩৩ ॥—[৩৮] প ৩৫। গ ১ ; ৫১ ॥—[৪০,৪১] প ১১-১৫॥

* (ইব্রী) মুখের।

পরিবর্ত্তে লেবিদিগকে গ্রহণ কর; আমিই পরমেশ্বর; এবং ইস্রায়েল্ বংশের সমস্ত প্রথমজাত পশুর পরি- ৪২ বর্ত্তে লেবিদের পশু গ্রহণ কর। তাহাতে মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে ইস্রায়েল্ বংশের সমস্ত প্রথম- ৪৩ জাত লোককে গণনা করিল। তাহাদের এক মাসের অধিক বয়স্ক সমস্ত প্রথমজাত পুরুষ গণিত হইলে তাহারা নাম সংখ্যাতে বাইশ সহস্র দুই শত তেয়াত্তর জন ৪৪ পুরুষ ছিল। অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ৪৫ ইস্রায়েল্ বংশের সমস্ত প্রথমজাত লোকের পরিবর্ত্তে লেবিদিগকে, ও তাহাদের পশুর পরিবর্ত্তে লেবিদের পশুগণকে গ্রহণ কর; লেবি বংশ আমারি লোক হইবে; ৪৬ আমিই পরমেশ্বর। এবং লেবি বংশ ব্যতিরেকে ইস্রায়েল্ বংশের প্রথমজাত দুই শত তেয়াত্তর পুরুষ মুক্ত ৪৭ হইবে। এবং তাহাদের এক ২ জনের পরিবর্ত্তে পবিত্র শেকলনুসারে পাঁচ ২ শেকল্ লইবা; বিংশতি গেরাতে ৪৮ এক শেকল্ হয়। এবং তুমি তাহাদের মোক্তব্য অধিক লোকদের রূপা মূল্য হারোণ্কে ও তাহার পুত্রগণকে ৪৯ দিবা। তাহাতে লেবিদের দ্বারা মুক্ত যে অধিক লোক ছিল, ৫০ তাহাদের মুক্তির মূল্যরূপা মূসা লইল। অর্থাৎ ইস্রায়েল্বংশের প্রথমজাত লোকহইতে পবিত্র শেকল্ পরিমাণে এক সহস্র তিন শত পঁয়ষষ্টি শেকল্ রূপা লইল। ৫১ এবং মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে মুক্ত লোকদের রূপা লইয়া হারোণ্কে ও তাহার পুত্রগণকে দিল।

৪ অধ্যায়।

১ কিহাৎ লোকদের সেবার্থে বয়সের নির্ণয় ৪ ও তাহাদের আবাসাদি বহন কর্ম্মের নির্ণয় ১৬ ও যাজকদের কর্ম্মের নির্ণয় ১৭ ও পবিত্র বস্তু আচ্ছাদিত হইলে আবাসে যাইতে কিহাৎ লোকদের প্রতি নিষেধ ২১ ও গের্শোনীয় লোকদের বয়স ও সেবার নির্ণয় ২৯ ও মিরারীয় লোকদের বিষয়ে কথা ৩৪ ও কিহাতীয় লোকদের সংখ্যা ৩৮ ও গের্শোনীয় লোকদের সংখ্যা ৪২ ও মিরারীয় লোকদের সংখ্যা।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে কহিলেন, ২ তুমি কিহাতের কুলানুসারে ও পিতৃবংশানুসারে ত্রিশ বৎসর বয়স্ক অবধি পঞ্চাশ বৎসর বয়স্ক পর্য্যন্ত যাহারা মণ্ডলীর আবাসের কর্ম্ম ও সেবা করিতে উপযুক্ত হয়; ৩ এমত লোকদিগকে লেবি বংশের মধ্যহইতে গ্রহণ কর। ৪ মণ্ডলীর আবাসের অতি পবিত্র স্থানের বিষয়ে ৫ কিহাৎ বংশের এই ২ কর্ম্ম। যখন তাবৎ শিবির অগ্রসর হইবে, তৎকালে হারোণ্ ও তাহার পুত্রগণ আসিয়া আবরণের বিচ্ছেদবস্ত্র নামাইয়া তাহাদ্বারা সাক্ষ্যরূপ ৬ সিন্দুক ঢাকিবে, ও তাহার উপরে তহশ্ চর্ম্মের আচ্ছাদন দিবে, ও তাহার উপরে এক সম্পূর্ণ নীলবর্ণের বস্ত্র ৭ দিবে; এবং তাহার মধ্যে সাইঙ্গ পরাইবে। পরে দর্শনীয় রুটির মেজের উপরে এক নীলবর্ণ বস্ত্র পাতিবে, ও তাহার উপরে ভোজন পাত্র ও চমস ও বাটী ও ঢালিবার পাত্র সাজাইয়া তাহার উপরে নিত্য রুটী পরিবেষণ করিবে। এবং তাহারা এক রক্তবর্ণ বস্ত্র তাহার উপরে ৮ বিস্তার করিবে, এবং তহশ্ চর্ম্মের আচ্ছাদন দিয়া তাহা ঢাকিবে, এবং মেজে সাইঙ্গ পরাইবে। পরে তাহারা এক ৯ নীলবর্ণ বস্ত্র লইয়া দীপবৃক্ষ ও তাহার দীপ ও গুলদান ও গুলত্রাস ও তাহার সেবার্থক সমস্ত তৈলপাত্র আচ্ছাদন করিবে। এবং তাহারা তাহা ও তাহার সমস্ত পাত্র তহশ্ ১০ চর্ম্মের এক আচ্ছাদনেতে রাখিয়া সাইঙ্গের উপরে রাখিবে। পরে তাহারা স্বর্ণময় বেদির উপরে নীলবর্ণ বস্ত্র ১১ তাহার উপরে তহশ্চর্ম্ম আচ্ছাদন দিবে, এবং তাহাতে সাইঙ্গ পরাইবে। পরে তাহারা পবিত্র স্থানের সেবার্থক ১২ পাত্র লইয়া নীলবর্ণ বস্ত্রের মধ্যে রাখিবে, এবং তহশ্ চর্ম্ম দিয়া তাহা ঢাকিয়া সাইঙ্গের উপরে রাখিবে। এবং বেদিহইতে ভস্ম ফেলিয়া তাহার উপরে বাগুণীর ১৩ রঙ্গের বস্ত্র পাতিবে। তাহার উপরে তাহার সেবার্থক ১৪ সমস্ত পাত্র অর্থাৎ ধূনাচি ও ত্রিশূল ও হাতা ও কুণ্ড ও বেদির সমস্ত পাত্র রাখিবে; পরে তাহারা তাহার উপরে তহশ্ চর্ম্ম আচ্ছাদন দিয়া তাহাতে সাইঙ্গ পরাইবে। এই রূপে হারোণ্ ও তাহার পুত্রগণ তাবৎ শিবি- ১৫ রের অগ্রসরণ সময়ে পবিত্র স্থান ও পবিত্র স্থানের সমস্ত পাত্র আচ্ছাদন সাঙ্গ করিলে কিহাতের বংশ তাহা বহন করিতে আসিবে; কিন্তু তাহাদের মৃত্যু যেন না হয়, এই জন্যে তাহারা পবিত্র বস্তু স্পর্শ করিবে না। মণ্ডলীর আবাসে কিহাতের বংশের এই ভার হইবে।

আর দীপার্থক তৈল ও সুগন্ধি ও দিবসিক নৈবেদ্য ১৬ ও অভিষেকার্থ তৈল এবং আবাস ও তাহার সকল দ্রব্য ও পবিত্র স্থান ও তাহার পাত্র, এই সকল হারোণ্ যাজকের পুত্র ইলিয়াসর্ যাজকের হস্তগত থাকিবে।

পরে পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে কহিলেন, ১৭ তোমরা লেবিদের মধ্যহইতে কিহাতীয় বংশ উচ্ছিন্ন ১৮ করাইও না। কিন্তু তাহাদের মৃত্যু যেন না হয়, বাঁচিয়া ১৯ থাকে, এই নিমিত্তে তাহারা যখন অতি পবিত্র স্থানের নিকটবর্ত্তী হয়, তখন তাহাদের প্রতি এমত কর, হারোণ্ ও তাহার পুত্রগণ ভিতরে যাইয়া তাহাদের প্রত্যেক জনকে সেবাতে ও কার্য্যেতে নিযুক্ত করিবে। কিন্তু তাহাদের মৃত্যু যেন না হয়, এই জন্যে তাহারা ২০ এক নিমিষও পবিত্র বস্তু দেখিতে ভিতরে যাইবে না।

পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি গের্শোনীয়দের ২১ পিতৃবংশানুসারে ও কুলানুসারে তাহাদিগের সংখ্যা ২২ গ্রহণ কর। ত্রিশ বৎসর বয়স্ক অবধি পঞ্চাশ বৎসর বয়স্ক ২৩ পর্য্যন্ত যাহারা মণ্ডলীর আবাসে সেবা করিতে * ও কার্য্য

[৪৩] প ৩১ ॥—[৪৫] প ১২ ॥—[৪৬] প ৪৩। যা ১৩; ১৩ ॥—[৪৭] যা ২৭; ৬ ॥
[৪ অধ্যা; ২] প ৩৪-৩৭ ॥—[৩] গ ৮; ২৩-২৬ ॥—[৪] ৩; ৩১ ॥—[১৫] ৭; ৯। ২ শি ৬; ৬,৭ ॥—[১৯, ২০] লে ১৬; ২।
১ শি ৬; ১৯ ॥—[২২] প ৩৮-৪২ ॥

* (ইব্রী) যুদ্ধ বা বীর্য্য কর্ম্ম করিতে।

২৪ করিতে প্রবৃত্ত হয়, তাহাদিগকে গণনা কর। কেননা তাহার সেবা করণ ও বহন, ইহা গের্শোনীয় বংশের ২৫ কার্য্য। তাহারা আবাসের ব্যবধানবস্ত্র সকল ও তাহার আচ্ছাদন অর্থাৎ মণ্ডলীর তাম্বু ও তাহার উপরিস্থ তহশ্ চর্ম্মের আচ্ছাদন ও মণ্ডলীর আবাসদ্বারের আচ্ছাদন- ২৬ বস্ত্র; ও প্রাঙ্গণের ব্যবধানবস্ত্র, ও আবাস ও বেদির নিকটস্থ চতুর্দ্দিকস্থিত প্রাঙ্গণের দ্বারের আচ্ছাদনবস্ত্র, ও তাহার রজ্জু ও তাহার সেবার্থক সমস্ত পাত্র; এই সকল যে কর্ম্মের নিমিত্তে হইয়াছে, তাহা তাহারা করিবে। ২৭ এবং গের্শোনীয় বংশের সমস্ত ভারানুসারে ও তাহাদের সেবানুসারে হারোণ্ ও তাহার পুত্রগণের প্রতি তাহারা সমর্পিত হইবে, এবং তোমরা সেই সমস্ত ২৮ ভারে তাহাদিগকে নিযুক্ত করিবা। মণ্ডলীর আবাসে গের্শোনীয় বংশের এই সেবা, এবং তাহাদের ভার হারোণ্ যাজকের পুত্র ঈথামরের হস্তগত হইবে।

২৯ পরে তুমি মিরারীয় বংশের কুলানুসারে ও পিতৃ- ৩০ বংশানুসারে তাহাদিগকে গণনা কর। ত্রিশ বৎসর বয়স্ক অবধি পঞ্চাশ বৎসর বয়স্ক পর্য্যন্ত যাহারা মণ্ডলীর আবাসে সেবা করিতে ও কার্য্য করিতে প্রবৃত্ত হয়, ৩১ তাহাদের প্রত্যেক জনকে গণনা কর। এবং মণ্ডলীর আবাসে তাহাদের সেবানুসারে এই সকল রক্ষণীয় ভার হইবে; আবাসের কাষ্ঠ ও তাহার বাতা ও স্তম্ভ ৩২ ও চুঙ্গি, ও প্রাঙ্গণের চতুর্দ্দিকস্থিত স্তম্ভ ও তাহার চুঙ্গি ও গোঁজ ও রজ্জু ও সমস্ত পাত্র ও সেবার্থক সকল দ্রব্য, ও নামদ্বারা তাহাদের রক্ষণীয় ভারের দ্রব্য সকল ৩৩ গণনা করিবা। মণ্ডলীর আবাসে মিরারীয় বংশের এই সেবা হারোণ্ যাজকের পুত্র ঈথামরের হস্তগত হইবে।

৩৪ পরে মূসা ও হারোণ্ ও মণ্ডলীর অধ্যক্ষগণ আপন২ কুলানুসারে ও পিতৃবংশানুসারে কিহাতীয় বংশের ৩৫ ত্রিশ বৎসর বয়স্ক অবধি পঞ্চাশ বৎসর বয়স্ক পর্য্যন্ত যাহারা মণ্ডলীর আবাসে সেবা করিতে ও কার্য্য করিতে ৩৬ প্রবৃত্ত হইল, তাহাদিগকে গণনা করিল। তাহাতে তাহাদের কুলানুসারে গণিত দুই সহস্র সাত শত পঞ্চাশ ৩৭ জন ছিল। মূসা ও হারোণ্ মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে কিহাতীয় বংশের মধ্যে মণ্ডলীর আবাসে সেবা করণ যোগ্য এই সকল লোককে গণনা করিল।

৩৮ এবং গের্শোনীয় বংশের মধ্যে ত্রিশ বৎসর বয়স্ক ৩৯ অবধি পঞ্চাশ বৎসর বয়স্ক পর্য্যন্ত যাহারা আপন২ কুলানুসারে ও পিতৃবংশানুসারে মণ্ডলীর আবাসে ৪০ সেবা করিতে ও কার্য্য করিতে প্রবৃত্ত হইল, তাহারা আপন ২ কুলানুসারে ও পিতৃবংশানুসারে গণিত হইল; এবং আপন২ কুলানুসারে ও পিতৃবংশানুসারে গণিত ৪১ হইলে দুই সহস্র ছয় শত ত্রিশ জন ছিল। মূসা ও হারোণ্ পরমেশ্বরের আজ্ঞানুসারে গের্শোনীয় বংশের মধ্যে মণ্ডলীর আবাসে সেবা করণ যোগ্য এই সকল লোককে গণনা করিল।

৪২ আর মিরারীয় বংশের মধ্যে ত্রিশ বৎসর বয়স্ক অবধি ৪৩ পঞ্চাশ বৎসর বয়স্ক পর্য্যন্ত যাহারা মণ্ডলীর আবাসে সেবা করিতে ও কার্য্য করিতে প্রবৃত্ত হইল, তাহারা আপন২ কুলানুসারে ও পিতৃবংশানুসারে গণিত হইল; ৪৪ এবং আপন ২ কুলানুসারে ও পিতৃবংশানুসারে গণিত হইলে সংখ্যাতে তিন সহস্র দুই শত লোক ছিল। ৪৫ মূসা ও হারোণ্ মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে মিরারীয় বংশের এই সকলকে গণনা করিল। ৪৬ এবং মূসা ও হারোণ্ ও ইস্রায়েল্ বংশের অধ্যক্ষগণ লেবীয় ৪৭ বংশের ত্রিশ বৎসর বয়স্ক অবধি পঞ্চাশ বৎসর বয়স্ক পর্য্যন্ত যাহারা এই কর্ম্মের সেবা করিতে ও মণ্ডলীর আবাসের ভারের এই সেবা করিতে প্রবৃত্ত হইল, তাহাদিগকে আপন ২ কুলানুসারে ও পিতৃবংশানুসারে গণনা করিল। ৪৮ গণিত হইলে তাহারা আট সহস্র পাঁচ শত আশী জন ছিল। ৪৯ মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহাদের প্রত্যেক জনকে সেবানুসারে ও ভারানুসারে নিরূপণ করিল; তাহাতে মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহারা সেই রূপে গণিত হইল।

৫ অধ্যায়।

১ শিবিরহইতে অশুচি লোকদিগকে দূর করণ ৫ ও অপরাধ প্রযুক্ত পরিশোধ দেওন ১১ ও স্ত্রীর প্রতি স্বামির ক্রোধ হইলে স্ত্রীর পরীক্ষার ব্যবস্থা।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি প্রত্যেক কুষ্ঠিকে ২ ও প্রত্যেক প্রমেহিকে ও শবস্পৃষ্ট অশুচি সমস্ত প্রাণিকে শিবিরহইতে বাহির করিতে ইস্রায়েল বংশকে এই ৩ আজ্ঞা কর। তোমরা পুরুষ ও স্ত্রীকেও বাহির কর; যে শিবিরের মধ্যে আমি বাস করি তাহা যেন তাহারা অশুচি না করে, এই জন্যে তাহাদিগকে শিবিরের বাহির ৪ কর। তাহাতে ইস্রায়েল্ বংশ সেই রূপে তাহাদিগকে শিবিরের বাহির করিয়া দিল, ইস্রায়েলের সন্তানেরা মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে এই কর্ম্ম করিল।

৫ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ বং- ৬ শকে কহ, কোন পুরুষ কিম্বা স্ত্রীলোক যদি পরমেশ্বরের প্রতিকূলে আজ্ঞা লঙ্ঘন করিয়া মনুষ্যের বিরুদ্ধে* ৭ কোন পাপ করিয়া অপরাধী হয়, তবে সে আত্মকৃত পাপ স্বীকার করিবে, ও আপন অপরাধ প্রযুক্ত তাহার মূল দ্রব্য ও তাহার উপরে আরো পঞ্চমাংশ দান দিয়া ৮ যাহার প্রতিকূলে পাপ করিয়াছে, তাহাকে দিবে। কিন্তু যাহার নিকটে দোষের জন্যে দান করা উচিত, তাহার

[২৪-২৬] গী ৩; ২৫,২৬ ॥—[৩০] প ৪২-৪৫ ॥—[৩১,৩২] ৩; ৩৬,৩৭ ॥—[৩২] যা ৩৮; ২১ ॥—[৪৮] প ৩৬,৪০,৪৪ ॥ [৫ অধ্য; ১] লে ১৩; ৪৫,৪৬। ১৫; ৩১। ২১; ১,১১ ॥—[৩] লে ২৬; ১১,১২ ॥—[৫-৮] লে ৬; ১-৭ ॥—[৮] লে ২৫; ৪৮,৪৯। ৬; ৬ ॥

* (বা) মনুষ্যের করণীয়।

এমৎ জ্ঞাতি যদি না থাকে, তবে তাহার প্রায়শ্চিত্তের মেষ ভিন্ন অন্য কিছুদ্বারা পরমেশ্বরের কাছে ও ৯ যাজকের কাছে দোষের জন্যে দান করিবে। এবং ইস্রায়েল্ বংশের সমস্ত পবিত্র বস্তুর মধ্যে তাহারা যে প্রত্যেক উপহার * যাজকের কাছে আনে, তাহা ১০ তাহার হইবে। ও প্রত্যেক জনের নিবেদিত পবিত্র বস্তু তাহার হইবে; এবং মনুষ্য যে কোন বস্তু যাজককে দেয়, তাহা তাহার হইবে।

১১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ১২ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, কোন লোকের স্ত্রী যদি কুলাচার লঙ্ঘন করিয়া তাহার প্রতি- ১৩ কূলে অপরাধিনী হয়, অর্থাৎ সে যদি স্বামির দৃষ্টির অগোচরে গুপ্তভাবে পুরুষের সহিত সংসর্গ করিয়া অশুচি হয়, ও তাহার বিপক্ষে কোন সাক্ষী না থাকে, ১৪ ও সে ধরা না পড়ে; এবং যদি স্বামী ক্রোধাপন্ন হয়, ও ভার্য্যার অশৌচ থাকাতে তাহার প্রতি ক্রুদ্ধ হয়; কিম্বা যদি স্বামী ক্রোধাপন্ন হয়, ও ভার্য্যার অশৌচ না ১৫ হইলেও তাহার প্রতি ক্রুদ্ধ হয়; তবে সে স্বামী আপন ভার্য্যাকে যাজকের নিকটে আনিবে; এবং তাহার নিমিত্তে নৈবেদ্য অর্থাৎ ঐফার দশমাংশ যবের সুজি আনিবে, কিন্তু তাহার উপরে তৈল ও কুন্দুরু দিবে না, কেননা তাহা ক্রোধের নৈবেদ্য অর্থাৎ অতিক্রমস্মারক ১৬ স্মরণনৈবেদ্য। পরে যাজক তাহাকে লইয়া পরমেশ্ব- ১৭ রের সম্মুখে উপস্থিত করিবে। এবং যাজক মৃৎপাত্রে পবিত্র জল লইয়া আবাসের মাঝিয়ার ধূলি গ্রহণ ১৮ করিয়া সেই জলে দিবে। পরে যাজক ঐ স্ত্রীকে পরমেশ্বরের সম্মুখে উপস্থিত করিয়া তাহার মস্তক অনাবৃত করিয়া স্মরণনৈবেদ্য অর্থাৎ ক্রোধের নৈবেদ্য তাহার হস্তে দিবে, এবং যাজক শাপদায়ক তিক্ত জল আপন ১৯ হস্তে রাখিবে। এবং যাজক দিব্য করাইয়া ঐ স্ত্রীকে কহিবে, কোন পুরুষ যদি তোমাতে উপগত না হইয়া থাকে, এবং তুমি আপন স্বামি ভিন্ন † অন্য পুরুষের সহিত অশুচি ক্রিয়া না করিয়া থাক, তবে এই শাপদায়ক ২০ তিক্ত জল তোমাতে নিষ্ফল হউক। কিন্তু যদি তুমি আপন স্বামি ভিন্ন অন্য পুরুষের সহিত অশুচি ক্রিয়া করিয়া থাক, ও তোমার স্বামি বিনা যদি অন্য পুরুষ তোমাতে ২১ উপগত হইয়া থাকে, তবে যাজক শাপদায়ক দিব্যেতে সে স্ত্রীকে দিব্য করাইয়া কহিবে, পরমেশ্বর তোমার ঊরু পচাইয়া ‡ তোমার উদর স্ফীত করিয়া তোমার লোকদের মধ্যে তোমাকে শাপের ও দিব্যের ফল ২২ ভোগ করাউন; তাহাতে এই শাপদায়ক জল তোমার উদর স্ফীত করিতে ও ঊরু পচাইতে তোমার উদরে প্রবেশ করুক; তাহাতে সে স্ত্রী 'এমন হউক, এমন ২৩ হউক' কহিবে। এবং যাজক সেই শাপ পুস্তকে লিখিবে, ও সে তাহা তিক্ত জল দ্বারা মুছিয়া ফেলিবে। তাহাতে ২৪ সে ঐ শাপদায়ক তিক্ত জল ঐ স্ত্রীকে পান করাইলে সে জল তিক্ত রূপে তাহার উদরে প্রবিষ্ট হইবে। ২৫ তখন যাজক ঐ স্ত্রীর হস্তহইতে ক্রোধের নৈবেদ্য লইয়া পরমেশ্বরের সম্মুখে আন্দোলন করিয়া বেদির ২৬ উপরে তাহা নিবেদন করিবে। পরে যাজক সেই নৈবেদ্যের এক মুষ্টি অর্থাৎ তৎস্মরণের নৈবেদ্যের অংশ গ্রহণ করিয়া বেদির উপরে দগ্ধ করিয়া ঐ স্ত্রীকে ২৭ সেই জল পান করাইবে। অপর স্ত্রীকে জল পান করাইলে সে যদি আপন স্বামির প্রতিকূলে কর্ম্ম করিয়া অশুচি হইয়া থাকে, তবে সেই শাপদায়কজল তাহার মধ্যে তিক্ত রূপে প্রবিষ্ট হইবে, ও তাহার উদর স্ফীত হইবে, ও ঊরুদেশ পচিয়া যাইবে; এই রূপে সে স্ত্রী আপন লোকদের মধ্যে শাপের ফল ২৮ ভোগ করিবে। আর যদি সে স্ত্রী অশুচি না হইয়া থাকে, শুচি হয়, তবে সে মুক্তা হইবে, ও গর্ব্ভধারণ ২৯ করিবে। স্ত্রীলোক স্বামির বিরুদ্ধে অন্যের সহিত ব্যব- হার করিয়া অশুচি হইলে তাহার ক্রোধ প্রযুক্ত এই ৩০ ব্যবস্থা। কিম্বা স্বামী যদি ক্রোধাপন্ন হয় ও আপন ভার্য্যার প্রতি ক্রুদ্ধ হয়, তবে সেই স্ত্রীকে পরমেশ্বরের ৩১ সম্মুখে উপস্থিত করিবে, এবং যাজক তদ্বিষয়ে এই ব্যবস্থা পালন করিবে; তাহাতে স্বামী পাপহইতে নি- র্দ্দোষ হইবে, কিন্তু সে স্ত্রী আপন পাপ ভোগ করিবে।

৬ অধ্যায়।

১ নাসরীয় ব্রত পালন করণের ব্যবস্থা ১৩ ও নাসরীয় ব্রত সমাপ্ত করণের ব্যবস্থা ২২ ও লোকদের প্রতি আশীর্ব্বাদ করণের কথা।

১ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, কোন পুরুষ কিম্বা স্ত্রী পরমেশ্বরের উদ্দেশে পৃথক হইবার জন্যে যে সময়ে কোন নাসরীয় ব্রত করিতে মনস্থ করে, ৩ তৎকালে সে দ্রাক্ষারস ও সুরা ত্যাগ করিবে, এবং দ্রাক্ষার অম্লরস ও সুরার অম্লরস পান করিবে না, এবং দ্রাক্ষারসোৎপন্ন কোন পেয় পান করিবে না, ৪ এবং কাঁচা কি শুষ্ক দ্রাক্ষাফল খাইবে না। এবং পৃথক থাকন তাবৎ সময়ে সে দ্রাক্ষালতার বীজাবধি ত্বক ৫ পর্য্যন্ত কিছু খাইবে না। এবং ব্রতের কারণ পৃথক থাকন তাবৎ সময়ে তাহার মস্তকে ক্ষুর স্পর্শ হইবে না; পরমেশ্বরের উদ্দেশে পৃথক থাকন দিবসাবধি ব্রত সম্পূর্ণ হওন পর্য্যন্ত সে পবিত্র থাকিবে ও আপন কেশ গুচ্ছ ৬ বৃদ্ধি পাইতে দিবে। এবং পরমেশ্বরের উদ্দেশে তাহারা পৃথক থাকনের সমস্ত দিবস কোন শবের নিকটে যাইবে ৭ না। আপন পিতা কিম্বা মাতা কিম্বা ভ্রাতা কিম্বা ভগিনী যদি মরে, তথাপি সে আপনাকে অশুচি করিবে না;

[৯, ১০] গ ১৮; ৮-২০ ॥—[১৩] দ্বি ২২; ২২ ॥—[২৪]প ২• ॥
[৬ অধ্য; ৩, ৭]লে ২১; ১১ ॥—[৭-৯] গ ১৯; ১১-১৬ ॥

* (বা) ওত্তোলনীয় উপহার † (বা) বশীভূতা হইলে। ‡ (ইব্রী) পতন করাইয়া।

কেননা তাহার মস্তকেতে তাহার ঈশ্বরের শৌচত্ব আছে। ৮ পৃথক থাকনের সমস্ত দিন সে পরমেশ্বরের উদ্দেশে ৯ পবিত্র থাকে। আর যদ্যপি কোন মনুষ্য হঠাৎ তাহার নিকটে মরাতে সে আপনার শুচি মস্তক অশুচি করে, তবে সে শুচি হওন দিবসে আপন মস্তক মুণ্ডন করিবে, ১০ অর্থাৎ সপ্ত দিবসে তাহা মুণ্ডন করিবে। এবং অষ্টম দিবসে সে দুই ঘুঘু কিম্বা কপোতের বৎস মণ্ডলীর ১১ আবাসদ্বারের নিকটে যাজকের কাছে আনিবে। এবং যাজক তাহাদের এককে প্রায়শ্চিত্তার্থে ও অন্যকে হোমার্থে নিবেদন করিয়া, নিকটে মরণজন্য পাপপ্রযুক্ত প্রায়শ্চিত্ত করিবে; এই রূপে সেই দিনে তাহার মস্তক ১২ পবিত্র করিবে। পরে সে আপন পৃথক থাকন দিবস পরমেশ্বরের উদ্দেশে পবিত্র করিবে, এবং দোষার্থে একবর্ষীয় এক মেষবৎস বলি আনিবে, কিন্তু পৃথক থাকন সময়ে তাহার অশৌচ প্রযুক্ত তাহার পূর্ব্বগত সকল দিন বৃথা * হইল।

১৩ অপর পৃথক থাকন দিবস সম্পূর্ণ হইলে পর নাসরীয় ব্রতের এই রূপ ব্যবস্থা; প্রথমে ব্রতকারী মণ্ডলীর ১৪ আবাসদ্বারের নিকটে আনীত হইবে। পরে সে হোমার্থে একবর্ষীয় নির্দ্দোষ এক মেষবৎস ও প্রায়শ্চিত্তার্থে একবর্ষীয় নির্দ্দোষ এক মেষবৎসা ও মঙ্গ- ১৫ লার্থে এক নির্দ্দোষ মেষ; ও তাড়ীশূন্য রুটীতে পূর্ণ এক চুপড়ি ও তৈলপক্ক সূক্ষ্ম সুজির পিষ্টক ও তাড়ীশূন্য তৈলপক্ক সূক্ষ্ম পিষ্টক ও তাহার উপকরণ ও পানীয় দ্রব্য, এই সকল পরমেশ্বরের উদ্দেশে নিবেদন ১৬ করিবে। এবং যাজক পরমেশ্বরের সম্মুখে এই সকল আনিয়া প্রায়শ্চিত্ত বলি ও হোম বলি উৎসর্গ করিবে। ১৭ পরে তাড়ীশূন্য রুটির চুপড়ির সহিত মঙ্গলার্থক মেষ বলি পরমেশ্বরের উদ্দেশে উৎসর্গ করিবে; পরে তাহার ১৮ নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য নিবেদন করিবে। এবং নাসরী মণ্ডলীর আবাসদ্বারের পৃথক থাকন অবস্থার মস্তকের কেশ ক্ষৌর করিয়া পৃথক থাকন অবস্থার মস্তকের কেশ লইয়া মঙ্গলার্থক বলির অধঃস্থিত অগ্নিতে ১৯ নিক্ষেপ করিবে। এবং নাসরীয় ব্রতের পৃথক থাকন অবস্থার কেশ মুণ্ডনের পরে যাজক জলে সিদ্ধ মেষের স্কন্ধ ও চুপড়িহইতে একটা তাড়ীশূন্য রুটী ও একটা ২০ তাড়ীশূন্য পিষ্টক লইয়া তাহার হস্তে দিবে। এবং যাজক সে সকল আন্দোলনীয় নৈবেদ্য পরমেশ্বরের উদ্দেশে দোলাইবে; তাহাতে আন্দোলনীয় বক্ষ ও উত্তোলনীয় স্কন্ধের সহিত তাহা পরমেশ্বরের উদ্দেশে পবিত্র হইবে; পরে নাসরীয় দ্রাক্ষারস পান করিতে ২১ পারিবে। মানত করণানুসারে যাহা দিতে পারে, তদ্ব্যতিরেকে পরমেশ্বরের উদ্দেশে মানতকারি নাসরীয় ব্রতের পৃথক থাকন অবস্থার নৈবেদ্যের এই ব্যবস্থা; সে যে মানত করে, তদনুসারে তাহার পৃথক থাকন অবস্থার ব্যবস্থানুসারে তাহার করিতে হইবে।

২২ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণ্‌কে ২৩ ও তাহার পুত্রগণকে কহ; তোমরা ইস্রায়েল্ বংশকে ২৪ এই রূপ কহিয়া আশীর্ব্বাদ করিবা। পরমেশ্বর তোমাকে ২৫ আশীর্ব্বাদ করিয়া রক্ষা করুণ। পরমেশ্বর তোমার প্রতি আপন মুখ প্রসন্ন করুণ ও তোমাকে অনুগ্রহ ২৬ করুণ। পরমেশ্বর তোমার প্রতি প্রসন্ন বদন হইয়া ২৭ তোমাকে শান্তি দিউন। তাহারা এই রূপে ইস্রায়েল্ বংশের উপরে আমার নাম উচ্চারণ করিবে, ও আমি তাহাদিগকে আশীর্ব্বাদ করিব।

৭ অধ্যায়।

১ আবাস ১০ ও বেদির নিমিত্তে তাবৎ অধ্যক্ষদের নৈবেদ্য ৮৯ ও সাক্ষ্যরূপ সিন্দুকহইতে মূসার সহিত পরমেশ্বরের কথা।

১ পরে যে দিবসে মূসা আবাস স্থাপন করিলও তাহা অভিষেক করিয়া পবিত্র করিল, এবং তাহার সকল পাত্র অর্থাৎ বেদি ও তাহার সকল পাত্র অভিষেক করিয়া ২ পবিত্র করিল, সেই দিবসে ইস্রায়েলের পিতৃবংশের প্রধান অধ্যক্ষগণ, অর্থাৎ গণিতদের উপরে নিযুক্ত † ৩ লোকেরা নৈবেদ্য করিল। এবং তাহারা পরমেশ্বরের উদ্দেশে ছয় শকট ‡ ও দ্বাদশ বলদ, অর্থাৎ দুই২ অধ্যক্ষ এক ২ শকট ও এক২ জন এক ২ বলদ নৈবেদ্য আনিয়া আবাসের সম্মুখে তাহাদিগকে উপস্থিত করিল।

৪ তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি তাহাদের ৫ হইতে তাহা লইবা, এবং সে সকল মণ্ডলীর আবাসের কর্ম্মের নিমিত্তে হইবে, ও তুমি সে সকল লেবিদিগকে দিবা; অর্থাৎ এক ২ বংশকে আপন২ সেবানুসারে দিবা। ৬ পরে মূসা সেই শকট ও বলদ লইয়া লেবিদিগকে দিল। ৭ ফলত গের্শোনীয় বংশকে তাহাদের সেবানুসারে দুই ৮ শকট ও চারি বলদ দিল। এবং হারোণ্ যাজকের পুত্র ঈথামর্ অধিনীকৃত সেবানুসারে মিরারীয় বংশকে চারি ৯ শকট ও আট বলদ দিল। কিন্তু কিহাতীয় সন্তানগণকে কিছুই দিল না, কেননা পবিত্র স্থানের সকল সামগ্রী স্কন্ধে করিয়া বহন করা, এই তাহাদের সেবা ছিল।

১০ অপর বেদির অভিষেক দিবসে অধ্যক্ষগণ তাহা পবিত্র করণার্থে বেদির সম্মুখে আপন ২ নৈবেদ্য নিবে- ১১ দন করিল। পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, প্রত্যেক অধ্যক্ষ আপন ২ পালার দিবসে বেদি পবিত্র করণার্থে আপন নৈবেদ্য নিবেদন করুক।

১২ তাহাতে প্রথম দিবসে যিহূদা বংশজাত অম্মীনাদবের পুত্র নহশোন্ আপন নৈবেদ্য নিবেদন করিল। ১৩ এক শত ত্রিশ শেকল্ পরিমাণে রূপার এক থাল, ও পবিত্র স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক

[৯-১২] লে ৫; ৪-১০ ॥—[১৫] গ ১৫; ১-১৩ ॥—[১৮] প ৫ ॥—[২০] লে ৭; ৩৪ ॥
[৭ অধ্য; ১] যা ৪০; ১৭-৩৩। লে ৮; ১০,১১॥—[২] গ ১; ৪-১৬॥—[৩ ৮] যা ৩৮; ২১। গ ৪; ২৪-২৬,৩১,৩২॥—[৯] ৪; ৪-১৫॥

* (ইব্রু) পতিত। † (ইব্রু) দণ্ডায়মান। ‡ (ইব্রু) আচ্ছাদিত শকট।

১৪ সূক্ষ্ম সুজিতে পূর্ণ; এবং ধূপে পরিপূর্ণ দশ শেকল্ ১৫ পরিমাণে স্বর্ণের এক ধূনাচি; ও হোমের কারণ এক ১৬ গোবৎস ও এক মেষ ও একবর্ষীয় মেষবৎস; ও পাপের ১৭ প্রায়শ্চিত্তের নিমিত্তে এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির কারণ দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয় পাঁচ মেষবৎস; এই সকল অম্মীনাদবের পুত্র নহশোন্ নিবেদন করিল।

১৮ আর দ্বিতীয় দিবসে ইষাখরের অধ্যক্ষ সূয়ারের পুত্র ১৯ নিথনেল্ এই সকল নিবেদন করিল। এক শত ত্রিশ শেকল্ পরিমাণে রূপার এক থাল,ও পবিত্র স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক সূক্ষ্ম সুজিতে পূর্ণ; ২০ এবং ধূপে পরিপূর্ণ দশ শেকল্ পরিমাণে স্বর্ণের এক ২১ ধূনাচি; ও হোমের কারণ এক গোবৎস ও এক মেষ ও ২২ একবর্ষীয় মেষবৎস; ও পাপের প্রায়শ্চিত্তের নিমিত্তে ২৩ এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির কারণ দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয় পাঁচ মেষবৎস; এই সকল সূয়ারের পুত্র নিথনেল্ নিবেদন করিল।

২৪ আর তৃতীয় দিবসে সিবূলূনের বংশের অধ্যক্ষ হেলোনের পুত্র ইলীয়াব্ এই সকল নিবেদন করিল। ২৫ এক শত ত্রিশ শেকল্ পরিমাণে রূপার এক থাল, ও পবিত্র স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক ২৬ সূক্ষ্ম সুজিতে পূর্ণ;এবং ধূপে পরিপূর্ণ দশ শেকল্ পরি- ২৭ মাণে স্বর্ণের এক ধূনাচি; ও হোমের কারণ এক গো- ২৮ বৎস ও এক মেষ ও একবর্ষীয় মেষবৎস; ও পাপের ২৯ প্রায়শ্চিত্তের নিমিত্তে এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির কারণ দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয় পাঁচ মেষবৎস, এই সকল হেলোনের পুত্র ইলীয়াব্ নিবেদন করিল।

৩০ এবং চতুর্থ দিবসে রূবেন্ বংশের অধ্যক্ষ শিদেয়ু- ৩১ রের পুত্র ইলীষূর্ এই সকল নিবেদন করিল। এক শত ত্রিশ শেকল্ পরিমাণে রূপার এক থাল, ও পবিত্র স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক সূক্ষ্ম ৩২ সুজিতে পূর্ণ; এবং ধূপে পরিপূর্ণ দশ শেকল্ পরিমাণে ৩৩ স্বর্ণের এক ধূনাচি; ও হোমের কারণ এক গোবৎস ৩৪ ও এক মেষ ও একবর্ষীয় মেষবৎস; ও পাপের প্রায়- ৩৫ শ্চিত্তের নিমিত্তে এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির কারণ দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয় পাঁচ মেষবৎস; এই সকল শিদেয়ুরের পুত্র ইলীষূর্ নিবেদন করিল।

৩৬ পঞ্চম দিবসে শিমিয়োন্ বংশের অধ্যক্ষ সূরীশদ্দয়ের পুত্র শিলুমীয়েল্ এই সকল নিবেদন করিল। ৩৭ এক শত ত্রিশ শেকল্ পরিমাণে রূপার এক থাল, ও পবিত্র স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক ৩৮ সূক্ষ্ম সুজিতে পূর্ণ; এবং ধূপে পরিপূর্ণ দশ শেকল্ ৩৯ পরিমাণে স্বর্ণের এক ধূনাচি: ও হোমের কারণ এক গো- ৪০ বৎস ও এক মেষ ও একবর্ষীয় মেষবৎস; ও পাপের ৪১ প্রায়শ্চিত্তের নিমিত্তে এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির কারণ দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয় পাঁচ মেষবৎস; এই সকল সূরীশদ্দয়ের পুত্র শিলুমীয়েল্ নিবেদন করিল।

৪২ অপর ষষ্ঠ দিবসে গাদ্ বংশের অধ্যক্ষ দূয়েলের ৪৩ পুত্র ইলীয়াসফ্ এই সকল নিবেদন করিল। এক শত ত্রিশ শেকল্ পরিমাণে রূপার এক থাল, ও পবিত্র স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক সূক্ষ্ম ৪৪ সুজিতে পূর্ণ; এবং ধূপে পরিপূর্ণ দশ শেকল্ পরিমাণে ৪৫ স্বর্ণের এক ধূনাচি; ও হোমের কারণ এক গোবৎস ৪৬ ও এক মেষ ও একবর্ষীয় মেষবৎস; ও পাপের ৪৭ প্রায়শ্চিত্তের নিমিত্তে এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির কারণ দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয় পাঁচ মেষবৎস, এই সকল দূয়েলের পুত্র ইলীয়াসফ্ নিবেদন করিল।

৪৮ পরে সপ্তম দিবসে ইফ্রয়িম্ বংশের অধ্যক্ষ অম্মী- ৪৯ হূদের পুত্র ইলীশামা এই সকল নিবেদন করিল। এক শত ত্রিশ শেকল্ পরিমাণে রূপার এক থাল, ও পবিত্র স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক সূক্ষ্ম ৫০ সুজিতে পূর্ণ; ও ধূপে পরিপূর্ণ দশ শেকল্ পরিমাণে ৫১ স্বর্ণের এক ধূনাচি; ও হোমের কারণ এক গোবৎস ৫২ ও এক মেষ ও একবর্ষীয় মেষবৎস; ও পাপের প্রায়- ৫৩ শ্চিত্তের নিমিত্তে এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির কারণ দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয় পাঁচ মেষবৎস; এই সকল অম্মীহূদের পুত্র ইলীশামা নিবেদন করিল।

৫৪ পরে অষ্টম দিবসে মিনশি বংশের অধ্যক্ষ পিদাহসূরের পুত্র গমিলীয়েল্ এই সকল নিবেদন করিল। ৫৫ এক শত ত্রিশ শেকল্ পারমাণে রূপার এক থাল, ও পবিত্র স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক ৫৬ সূক্ষ্ম সুজিতে পূর্ণ; ও ধূপে পরিপূর্ণ দশ শেকল্ পরি- ৫৭ মাণে স্বর্ণের এক ধূনাচি; এবং হোমের কারণ এক ৫৮ গোবৎস ও এক মেষ ও একবর্ষীয় মেষবৎস ও পাপের ৫৯ প্রায়শ্চিত্তের নিমিত্তে এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির কারণ দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয় পাঁচ মেষবৎস; এই সকল পিদাহসূরের পুত্র গমিলীয়েল্ নিবেদন করিল।

৬০ আর নবম দিবসে বিন্যামীন্ বংশের অধ্যক্ষ গিদি- ৬১ য়োনির পুত্র অবীদান্ এই সকল নিবেদন করিল। এক শত ত্রিশ শেকল্ পরিমাণে রূপার এক থাল, ও পবিত্র স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার

এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক সূক্ষ্ম
৬২ সুজিতে পূর্ণ; ও ধূপে পরিপূর্ণ দশ শেকল্ পরিমাণে
৬৩ স্বর্ণের এক ধূনাচি; ও হোমের কারণ এক গোবৎস ও
৬৪ এক মেষ ও একবর্ষীয় মেষবৎস; ও পাপের প্রায়-
৬৫ শ্চিত্তের নিমিত্তে এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির
কারণ দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও এক-
বর্ষীয় পাঁচ মেষবৎস; এই সকল গিদিয়োনির পুত্র
অবীদান নিবেদন করিল।

৬৬ আর দশম দিবসে দান্ বংশের অধ্যক্ষ অম্মীশদ্দ-
৬৭ য়ের পুত্র অহীয়েষর্ এই সকল নিবেদন করিল। এক
শত ত্রিশ শেকল্ পরিমাণে রূপার এক থাল, ও পবিত্র
স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার
এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক সূক্ষ্ম
৬৮ সুজিতে পূর্ণ; এবং ধূপে পরিপূর্ণ দশ শেকল্ পরিমাণে
৬৯ স্বর্ণের এক ধূনাচি; ও হোমের কারণ এক গোবৎস ও এক
৭০ মেষ ও একবর্ষীয় মেষবৎস; ও পাপের প্রায়শ্চি-
৭১ ত্তের নিমিত্তে এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির কারণ
দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয়
পাঁচ মেষবৎস; এই সকল অম্মীশদ্দয়ের পুত্র অহী-
য়েষর্ নিবেদন করিল।

৭২ পরে একাদশ দিবসে আশের্ বংশের অধ্যক্ষ
৭৩ অক্রণের পুত্র পগীয়েল্ এই সকল নিবেদন করিল। এক
শত ত্রিশ শেকল্ পরিমাণে রূপার এক থাল, ও পবিত্র
স্থানের শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার
এক পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক সূক্ষ্ম
৭৪ সুজিতে পূর্ণ; এবং ধূপে পরিপূর্ণ দশ শেকল্ পরিমাণে
৭৫ স্বর্ণের এক ধূনাচি; ও হোমের কারণ এক গোবৎস ও এক
৭৬ মেষ ও একবর্ষীয় মেষবৎস; ও পাপের প্রায়শ্চি-
৭৭ ত্তের নিমিত্তে এক ছাগবৎস; ও মঙ্গলার্থক বলির কারণ
দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয়
পাঁচ মেষবৎস; এই সকল অক্রণের পুত্র পগীয়েল্
নিবেদন করিল।

৭৮ আর দ্বাদশ দিবসে নপ্তালিবংশের অধ্যক্ষ ঐননের
৭৯ পুত্র অহীর এই সকল নিবেদন করিল। এক শত ত্রিশ
শেকল্ পরিমাণে রূপার এক থাল, ও পবিত্র স্থানের
শেকলনুসারে সত্তরি শেকল্ পরিমাণে রূপার এক
পাত্র, এই দুই পাত্র নৈবেদ্যার্থে তৈলপক্ক সূক্ষ্ম সুজিতে
৮০ পূর্ণ; এবং ধূপে পরিপূর্ণ দশ শেকল্ পরিমাণে স্বর্ণের
৮১ এক ধূনাচি; ও হোমের কারণ এক গোবৎস ও এক মেষ
৮২ ও একবর্ষীয় মেষবৎস; ও পাপের প্রায়শ্চিত্তের
৮৩ নিমিত্তে এক ছাগবৎস; এবং মঙ্গলার্থক বলির কারণ
দুই গোরু ও পাঁচ মেষ ও পাঁচ ছাগল ও একবর্ষীয়
পাঁচ মেষবৎস; এই সকল ঐননের পুত্র অহীর
নিবেদন করিল।

৮৪ এবং বেদির অভিষেক দিবসে ইস্রায়েল্ বংশের
অধ্যক্ষগণের এই সকল উৎসর্জ্জনীয় সামগ্রী ছিল,
রূপার দ্বাদশ থাল ও রূপার দ্বাদশ পাত্র ও স্বর্ণের
দ্বাদশ ধূনাচি। ও তাহার প্রত্যেক থাল এক শত ত্রিশ ৮৫
শেকল্ পরিমাণে ছিল; এবং প্রত্যেক পাত্র সত্তরি
শেকল্ পরিমাণে ছিল; ও অন্য সমস্ত রূপ্যময় পাত্র
পবিত্র স্থানের শেকলনুসারে দুই সহস্র চারি শত
শেকল্ পরিমাণে ছিল। ও ধূপে পরিপূর্ণ স্বর্ণের দ্বাদশ ৮৬
ধূনাচি প্রত্যেকে পবিত্র স্থানের শেকলনুসারে দশ
শেকল্ পরিমাণে ছিল, ও সমস্ত স্বর্ণ ধূনাচি এক শত বিং-
শতি শেকল্ পরিমাণে ছিল। এবং হোমার্থে সাকল্যে ৮৭
দ্বাদশ গোরু ও দ্বাদশ মেষ ও একবর্ষীয় দ্বাদশ মেষবৎস
ও পাপের প্রায়শ্চিত্তার্থে দ্বাদশ ছাগল। এবং মঙ্গ- ৮৮
লার্থক বলির নিমিত্তে সাকল্যে চব্বিশ গোরু ও ষাইট
মেষ ও ষাইট ছাগল এবং একবর্ষীয় ষাইট মেষবৎস;
এই সকল বেদির অভিষেকেরপর নিবেদন করিল।

পরে মূসা ঈশ্বরের * সহিত কথা কহিতে মণ্ডলীর ৮৯
আবাসে প্রবেশ করিলে, সাক্ষ্যরূপ সিন্দুকের ও
আবরণের উপরিস্থিত দুই কিরূবের মধ্যহইতে তাহার
সহিত বাক্যবাদি এক রব শুনিল; তাহাতে মূসা তাঁহার
সহিত কথা কহিল।

৮ অধ্যায়।

১ প্রদীপ জ্বালনের কথা, ৫ ও লেবিদিগকে পবিত্র করণের
কথা, ২৩ ও তাহাদের সেবাতে বয়সের নির্ণয়।

অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণ্কে ১
কহ ও তাহাকে এই কথা বল; সে প্রদীপ জ্বালিবার † ২
সময়ে দীপবৃক্ষের সম্মুখে সাত প্রদীপ জ্বালিবে।
তাহাতে হারোণ্ সেই রূপ করিল, অর্থাৎ মূসার প্রতি ৩
পরমেশ্বরের আজ্ঞানুসারে সে দীপবৃক্ষের সম্মুখে
সাত প্রদীপ জ্বালিল। ঐ দীপবৃক্ষ পিটান স্বর্ণে ৪
নির্ম্মিত ছিল; পরমেশ্বর মূসাকে যেমন দেখাইয়া-
ছিলেন, সেই রূপে সে কাণ্ড অবধি পুষ্প পর্য্যন্ত পিটান
স্বর্ণে নির্ম্মাণ করিল।

পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ৫
বংশের মধ্যহইতে লেবিদিগকে লইয়া এই রূপে শুচি ৬
কর। তাহাদিগকে শুচি করণার্থে তাহাদের উপরে ৭
শুচিকারি জল প্রক্ষেপ কর, ও তাহারা আপন ২ তাবৎ
শরীর ‡ মুণ্ডন করিয়া বস্ত্র ধৌত করিয়া আপনাদিগকে
শুচি করুক। পরে তাহারা এক গোবৎস ও তৈল- ৮
পক্ক সূক্ষ্ম সুজির নৈবেদ্য আনিলে তুমি পাপের প্রায়-
শ্চিত্তার্থে আর এক গোবৎস গ্রহণ কর। এবং লেবীয়- ৯
দিগকে মণ্ডলীর আবাসের সম্মুখে আন, ও ইস্রায়েল্
বংশের তাবৎ মণ্ডলীকে একত্র কর। এবং লেবীয়- ১০
দিগকে পরমেশ্বরের সম্মুখে আনিলে ইস্রায়েল্ বংশ
তাহাদের গাত্রে হস্তার্পণ করুক। পরে লেবীয় ১১
লোকেরা যেন পরমেশ্বরের সেবা কর্ম্ম করে, এই জন্যে

[৭ অধ্য; ৮৯]যা ২৫; ২২।।—[৮ অধ্য; ১-৪]যা ২৫; ৩১-৪০।।—[৫-২৬]গ ৩; ৫-৪৫।।—[৭]১৯; ৯ ১৭,১৮।লে১৪; ৮,৯।।

* তাঁহার। † (ইব্রু) স্থাপন করিবার। ‡ (ইব্রু) শরীরে ক্ষুর চালাইয়া।

হারোণ্ পরমেশ্বরের সম্মুখে ইস্রায়েল্ বংশের উত্তোলনীয় উপহার স্বরূপ লেবিদিগকে উৎসর্গ করিবে। ১২ পরে লেবীয়েরা গোবৎসের মস্তকোপরি আপন২ হস্তার্পণ করিলে তুমি লেবীয়দের প্রায়শ্চিত্তের নিমিত্তে পরমেশ্বরের উদ্দেশে প্রায়শ্চিত্তের এক বলি ১৩ এবং হোমার্থে অন্য বলি উৎসর্গ করিবা। এবং হারোণের ও তাহার পুত্রগণের সম্মুখে লেবিদিগকে উপস্থিত করিয়া পরমেশ্বরের উদ্দেশে তাহাদিগকে ১৪ উত্তোলন করিবা। এই রূপে তুমি ইস্রায়েল্ বংশহইতে লেবিদিগকে পৃথক করিবা; তাহাতে তাহারা ১৫ আমার হইবে। পরে লেবীয়েরা সেবা করিতে মণ্ডলীর আবাসে প্রবেশ করিলে তুমি তাহাদিগকে শুচি করিয়া ১৬ উত্তোলনীয় উপহার রূপে উৎসর্গ করিবা। কেননা তাহারা ইস্রায়েল্ বংশের মধ্যহইতে সর্ব্বতোভাবে আমার উদ্দেশে দত্ত হইবে; আমি ইস্রায়েল্ বংশের তাবৎ প্রথম- ১৭ জাতের পরিবর্ত্তে তাহাদিগকে গ্রহণ করিলাম। কেননা মনুষ্য হউক কিম্বা পশু হউক, ইস্রায়েল বংশের তাবৎ প্রথমজাত আমার হয়; আমি যে দিবসে মিসর্ দেশের সমস্ত প্রথমজাতকে বিনষ্ট করিলাম, সেই দিবসে ১৮ আপনার নিমিত্তে তাহাদিগকে পবিত্র করিলাম। এবং ইস্রায়েল্ বংশের সমস্ত প্রথমজাতের পরিবর্ত্তে লেবি- ১৯ দিগকে গ্রহণ করিলাম। এবং যে সময়ে ইস্রায়েল্ বংশ পবিত্র স্থানের নিকটে আইসে, তৎকালে যেন তাহাদের মধ্যে মরক না হয়, এই জন্যে আমি মণ্ডলীর আবাসে ইস্রায়েল্ বংশের পরিবর্ত্তে সেবা ও তাহাদের নিমিত্তে প্রায়শ্চিত্ত করিতে ইস্রায়েল্ বংশহইতে লেবিদিগকে হারোণ্ ও তাহার পুত্রগণের প্রতি দান ২০ স্বরূপ দিলাম। পরে মূসা ও হারোণ্ ও ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলী মূসার প্রতি পরমেশ্বরের তাবৎ আজ্ঞানুসারে লেবিদের প্রতি করিল, ইস্রায়েল্ ২১ বংশেরাও তাহাদের প্রতি সেই রূপ করিল। ফলতঃ লেবীয় লোকেরা আপনাদিগকে পবিত্র করিল, ও আপন২ বস্ত্র ধৌত করিল, এবং হারোণ্ তাহাদিগকে পরমেশ্বরের উদ্দেশে উত্তোলনীয় উপহার স্বরূপ উৎসর্গ করিল, ও তাহাদের শুচি করণার্থে প্রায়শ্চিত্ত ২২ করিল। তাহার পর লেবীয়েরা হারোণের ও তাহার পুত্রগণের সম্মুখে আপন২ সেবা কার্য্যার্থে মণ্ডলীর আবাসে প্রবেশ করিল; এবং লেবিদের বিষয়ে পরমেশ্বর মূসাকে যে২ আজ্ঞা দিয়াছিলেন, তদনুসারে তাহারা তাহাদের প্রতি করিল।

২৩ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, লেবিদের বিষয়ে ২৪ এই ব্যবস্থা। পঁচিশ বৎসর বয়স্ক অবধি লেবীয়েরা মণ্ডলীর তাম্বুর কার্য্য ও সেবা *করিতে প্রবৃত্ত ২৫ হইবে। এবং পঞ্চাশ বৎসর বয়স্ক হইলে পর সেবা করণে নিবৃত্ত হইবে, আর সেবা করিবে না। রক্ষ- ২৬ ণীয় রক্ষা করণে তাহারা মণ্ডলীর তাম্বুতে আপন২ ভ্রাতাদের সেবা করিবে, কিন্তু আর কোন সেবা করিবে না; লেবিদের রক্ষণীয় বিষয়ে তাহাদের প্রতি তুমি এই রূপ করিবা।

৯ অধ্যায়।

১ নিস্তার পর্ব্ব পালনের আজ্ঞা ৬ ও কতক অশুচি লোকদের কথা ৯ ও ঐ অশুচিদের নিস্তার পর্ব্ব করণের আজ্ঞা ১৫ ও আবাসের উপরিস্থ মেঘের স্থিতি ও তাহার যাত্রাদ্বারা তাহাদের স্থিতি ও যাত্রা।

১ ইস্রায়েল্ বংশ মিসর্ দেশহইতে বহির্গমন করিলে পর দ্বিতীয় বৎসরের প্রথম মাসে সীনয়্ প্রান্তরে ২ পরমেশ্বর মূসাকে কহিলেন, ইস্রায়েল্ বংশ নিরূপিত কালে নিস্তার পর্ব্ব পালন করুক। ৩ এই মাসের চতুর্দ্দশ দিবসের সন্ধ্যাকালে তাহার নিরূপিত সময় হয়; সেই সময়ে তোমরা তাহা পালন করিবা, ও সমস্ত বিধি ও ব্যবস্থানুসারে তাহা পালন করিবা। ৪ তখন মূসা নিস্তার পর্ব্ব পালন করিতে ইস্রায়েল্ বংশকে আজ্ঞা করিল। ৫ তাহাতে তাহারা প্রথম মাসের চতুর্দ্দশ দিবসে সন্ধ্যা সময়ে সীনয়্ প্রান্তরে নিস্তার পর্ব্ব পালন করিল; ইস্রায়েল্ বংশ মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে সমস্ত কর্ম্ম করিল।

৬ কিন্তু কতক লোক মনুষ্যের শবস্পর্শে অশুচি হওয়াতে সে দিবসে নিস্তার পর্ব্ব পালন করিতে না পারিয়া সেই দিনে মূসা ও হারোণের নিকটে গেল। ৭ এবং তাহারা জিজ্ঞাসা করিল, আমরা মনুষ্যশব স্পর্শ করিয়া অশুচি হইলাম, ইহাতে ইস্রায়েল্ বংশের মধ্যে নিরূপিত কালে পরমেশ্বরের উদ্দেশে উপহার নিবেদন করিতে কি আমরা নিবারিত হইব? ৮ তাহাতে মূসা তাহাদিগকে কহিল, তোমরা দাঁড়াও, তোমাদের বিষয়ে পরমেশ্বর কি আজ্ঞা করেন, তাহা শুনি।

৯ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ১০ বংশকে কহ, তোমাদের মধ্যে কিম্বা তোমাদের ভাবিসন্তানদের মধ্যে যদি কেহ শবস্পর্শ করিয়া অশুচি হয়, কিম্বা দূর দেশীয় পথিক হয়, তথাপি সে পরমেশ্বরের ১১ নিস্তার পর্ব্ব পালন করিবে। দ্বিতীয় মাসের চতুর্দ্দশ দিবসে সন্ধ্যাকালে তাহারা তাহা পালন করিবে; এবং তাড়ীশূন্য রুটী ও তিক্ত শাকের সহিত মেষশাবককে ভক্ষণ করিবে। ১২ কিন্তু প্রাতঃকাল পর্য্যন্ত তাহার কিছুই অবশিষ্ট রাখিবে না, ও তাহার কোন অস্থি ভাঙ্গিবে না; তাহারা সমস্ত বিধি পূর্ব্বক নিস্তার পর্ব্ব ১৩ পালন করিবে। কিন্তু যে কেহ শুচি থাকে ও পথিক নয়, সে যদি নিস্তার পর্ব্ব পালন করিতে নিবৃত্ত হয়, তবে সে প্রাণী আপন লোকদের মধ্যহইতে উচ্ছিন্ন

[১০,১১]লে ১৬; ২১ ।।—[১২]লে ৮; ১৪ ।।—[১৬-১৮]গ ৩; ১২,১৩,৪৫ ।।—[১৯]৩; ৯ । ১; ৫০-৫৩ ।।—[২৪]৪; ৩।। [৯ অধ্যা; ১-৫] যা ১২; ৩-২৬ । লে ২৩; ৫-৮।।—[৬] গ ১৯; ১১-২০ ।।—[৮]লে ২৬; ১২ ।।—[১১,১২] যা ১২; ৩-২৬,৪৬।।

* (ইব) যুদ্ধ বা বীর্য্য কর্ম্ম।

হইবে; এবং নিরূপিত কালে পরমেশ্বরের উদ্দেশে উপহার না আনাতে আপনার পাপ আপনি ভোগ ১৪ করিবে। আর যদি তোমাদের মধ্যে প্রবাসকারি কোন বিদেশীয় লোক পরমেশ্বরের উদ্দেশে বিধিমতে ও রীত্যনুসারে নিস্তার পর্ব্ব পালন করিতে চাহে, তবে সেও তাহা পালন করিবে; স্বদেশজাত কি বিদেশজাত উভয়ের জন্যেই এক বিধি হইবে।

১৫ অপর যে দিবসে আবাস স্থাপিত হইল, সেই দিবসে মেঘ ঐ আবাসকে অর্থাৎ সাক্ষ্যরূপ তাম্বুকে আচ্ছন্ন করিল, এবং প্রাতঃকাল পর্য্যন্ত ঐ আবাসের উপরে ১৬ অগ্নিবৎ আকার প্রকাশ পাইল। এই রূপে নিত্য ২ দিবসে মেঘ ও রাত্রিতে অগ্নিবৎ আকার আবাসকে ১৭ আচ্ছন্ন করিতে লাগিল। পরে আবাসের উপর-হইতে ঐ মেঘ ঊর্দ্ধে নীত হইলে ইস্রায়েল্ বংশ যাত্রা করিল, এবং ঐ মেঘ যে স্থানে যাইয়া অবস্থিতি করিল, ইস্রায়েল্ বংশ সেই স্থানে আপন ২ শিবির ১৮ স্থাপন করিল। ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের আজ্ঞা-নুসারে যাত্রা করিল, ও পরমেশ্বরের আজ্ঞানুসারে শিবির স্থাপন করিল; এবং ঐ মেঘ যাবৎ আবাসো-পরি অবস্থিতি করিল, তাবৎ তাহারা আপন ২ শিবিরে ১৯ বাস করিল। এবং যে সময়ে ঐ মেঘ বহু দিনাবধি আবাসোপরি বিলম্ব করিল, তৎকালে তাহারা যাত্রা না করিয়া পরমেশ্বরের রক্ষণীয় রক্ষা করিতে লাগিল। ২০ এবং ঐ মেঘ অল্প দিবস আবাসের উপরে থাকিলে তাহারা পরমেশ্বরের আজ্ঞানুসারে তদবধি শিবিরে বাস করিল; পরে পরমেশ্বরের আজ্ঞানুসারে যাত্রা ২১ করিল। এবং মেঘ সন্ধ্যাকাল অবধি প্রাতঃকাল পর্য্যন্ত থাকিয়া প্রাতঃকালে ঊর্দ্ধে নীত হইলে তাহারা যাত্রা করিল, এবং দিবসে কিম্বা রাত্রিতে মেঘ উত্থাপিত ২২ হইলেই তাহারা যাত্রা করিল। এবং দুই দিবস কিম্বা এক মাস কিম্বা সম্বৎসর আবাসোপরি মেঘ অবস্থিতি করিলে ইস্রায়েল্ বংশও তত দিবস যাত্রা না করিয়া আপন ২ শিবিরে বাস করিল, কিন্তু তাহা উত্থাপিত ২৩ হইলেই তাহারা যাত্রা করিল। এই রূপে তাহারা পরমেশ্বরের আজ্ঞানুসারে শিবিরে বাস করিল, ও পরমেশ্বরের আজ্ঞানুসারে যাত্রা করিল, এবং তাহারা মূসার দ্বারা পরমেশ্বরের আজ্ঞানুসারে পরমেশ্বরের রক্ষণীয় রক্ষা করিল।

১০ অধ্যায়।

১ রূপার তূরীর কথা ১১ ও সীনয়্ প্রান্তর অবধি পারণ্ প্রান্তর পর্য্যন্ত যাত্রা ১৪ ও যাত্রার অনুক্রম ২৯ ও হোব-বের প্রতি মূসার নিবেদন ৩৩ ও সাক্ষ্যরূপ সিন্দুক লইয়া যাওন ও স্থাপন সময়ে মূসার আশীর্ব্বাদ কথা।

১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি রূপার দুই ২ তূরী নির্ম্মাণ কর ও রূপা পিটাইয়া তাহা নির্ম্মাণ কর; সভার আহ্বান সময়ে ও শিবিরস্থ সকলের যাত্রার সময়ে তাহাদের ধ্বনি কর। ৩ ও যে সময়ে তাহারা সেই দুই তূরী ধ্বনি করিবে, তৎকালে সমস্ত মণ্ডলী মণ্ডলীর আবাসদ্বার সমীপে তোমার নিকটে উপস্থিত হইবে। ৪ ও যখন একটা তূরী বাজাইবে, তখন অধ্যক্ষগণ অর্থাৎ ইস্রায়েল্ বংশের সহস্রাধিপতি লোকেরা তোমার নিকটে উপস্থিত হইবে। ৫ এবং উচ্চৈঃস্বরে বাজাইলে পূর্ব্বদিকস্থিত শিবিরের লোকেরা যাত্রা করিবে। ৬ ও উচ্চৈঃস্বরে দ্বিতীয় বার বাজাইলে দক্ষিণ দিকস্থিত শিবিরের লোকেরা যাত্রা করিবে, এই ক্রমে তাহাদের যাত্রার্থে উচ্চৈঃস্বরে বাজাইবে। ৭ কিন্তু যখন মণ্ডলীর সকলকে একত্র করিতে হয়, তখন যে তূরী বাজাইবা, তাহা উচ্চৈঃস্বরে বাজাইবা না। ৮ হারোণ্ যাজকের পুত্র-গণ এই তূরী বাজাইবে, এবং এই বিধি তোমাদের পুরুষানুক্রমে নিত্য থাকিবে। ৯ আর যে সময়ে তোমরা আপন দেশে ক্লেশদায়ি শত্রুগণের বিরুদ্ধে যুদ্ধ করিতে যাইবা, তৎকালে উচ্চৈঃস্বরে এই তূরী বাজাইবা; তাহাতে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে স্মরণ করিলে তোমরা শত্রুগণহইতে রক্ষা পাইবা। ১০ এবং তোমাদের আনন্দ দিনে ও উৎসব দিনে ও মাসারম্ভে ও হোম বলিদানের সময়ে ও মঙ্গলার্থে বলিদানের সময়ে তোমরা এই তূরী বাজাইবা; এই তূরীধ্বনিদ্বারা তোমাদের ঈশ্বর তোমাদিগকে স্মরণ করিবেন; আমিই তোমাদের প্রভু পরমেশ্বর।

১১ অপর দ্বিতীয় বৎসরের দ্বিতীয় মাসের বিংশতি দিবসে সেই মেঘ সাক্ষ্যরূপ আবাসের উপরহইতে ১২ নীত হইলে, ইস্রায়েল্ বংশ সীনয়্ প্রান্তরহইতে যাত্রা করিল, এবং সেই মেঘ পারণ্ প্রান্তরে অবস্থিতি ১৩ করিল। মূসাদ্বারা পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহাদের এই প্রথম যাত্রা।

১৪ প্রথমে আপন ২ সৈন্যগণের সহিত যিহূদা বংশের শিবিরের ধ্বজা চলিল; তাহাদের মধ্যে অম্মীনাদবের ১৫ পুত্র নহশোন্ সেনাপতি ছিল। এবং ইষাখর্ বংশের সেনাপতি সূয়ারের পুত্র নিথনেল্। এবং সিবূলূন্ ১৬ বংশের সেনাপতি হেলোনের পুত্র ইলীয়াব্। এবং ১৭ আবাস নামাইলে গের্শোন্ বংশ ও মিরারি বংশ ঐ আবাস বহন করিয়া অগ্রসর হইল।

১৮ তাহার পশ্চাদে আপন ২ সৈন্যগণের সহিত রূবেনের শিবিরের ধ্বজা চলিল; তাহাদের মধ্যে শিদেয়ূরের ১৯ পুত্র ইলীষূর সেনাপতি ছিল। শিমিয়োন্ বংশের ২০ সেনাপতি সূরীশদ্দয়ের পুত্র শিলুমীয়েল্। এবং গাদ্ বংশের সেনাপতি দূয়েলের পুত্র এলীয়াসফ্ ছিল। ২১ পরে কিহাতীয় বংশ পবিত্র তাম্বু বহন করিয়া অগ্রসর হইল, ও তাহাদের উপস্থিত হওনের পূর্ব্বে আবাস স্থাপিত হইল।

[১৩] ইব্রি ১০; ২৮,২৯ ।।—[১৪] যা ১২; ৪৮,৪৯ ।।—[১৫] যা ৪০ ; ৩৪,৩৫ ।।—[১৬-২৩] যা ১৩ ; ২১,২২ । ৪০ ; ৩৬-৩৮।।
[১০ অধ্য ; ৫] গ ২ ; ৩ ।।—[৬] ২ ; ১০ ।।—[১১] ১; ১ । ৯; ১৭ ।।—[১৪-১৬] ২ ; ৩-৯ ।।—[১৮-২০] ২ ; ১০-১৬ ।।

২২ পরে আপন ২ সৈন্যের সহিত ইফ্রয়িম্ বংশের শিবিরের ধ্বজা চলিল; তাহাদের মধ্যে অম্মীহূদের পুত্র ২৩ ইলীশামা সেনাপতি ছিল। এবং মিনশি বংশের সেনা- ২৪ পতি পিদাহসূরের পুত্র গমিলীয়েল্। এবং বিন্যামীন্ বংশের সেনাপতি গিদিয়োনির পুত্র অবীদান্ ছিল।

২৫ পরে সকল শিবিরস্থ লোকের পশ্চাতে আপন ২ সৈন্যের সহিত দান্ বংশের শিবিরের ধ্বজা চলিল; তাহাদের মধ্যে অম্মীশদ্দয়ের পুত্র অহীয়েষর্ সেনা- ২৬ পতি ছিল। এবং আশের্ বংশের সেনাপতি অক্রণের ২৭ পুত্র পগীয়েল। এবং নপ্তালি বংশের সেনাপতি ২৮ ঐননের পুত্র অহীর ছিল। এই ক্রমে ইস্রায়েল্ বংশের অগ্রসরণ সময়ে তাহারা আপন ২ সৈন্যগণের সহিত যাত্রা করিল।

২৯ পরে মূসা আপন শ্বশুর রূয়েলের পুত্র মিদিয়ন্ দেশীয় হোববকে কহিল, পরমেশ্বর আমাদিগকে যে স্থান দিতে প্রতিজ্ঞা করিয়াছেন, আমরা সেই স্থানে যাত্রা করিতেছি; তুমিও আমাদের সহিত আইস, আমরা তোমার মঙ্গল করিব, কেননা পরমেশ্বর ইস্রায়েল্ ৩০ বংশের বিষয়ে মঙ্গল প্রতিজ্ঞা করিয়াছেন। তাহাতে সে উত্তর করিল, যাইব না, আমি আপন দেশের ও ৩১ জ্ঞাতিদের নিকটে যাইব। মূসা কহিল, তুমি আমাদিগকে ত্যাগ করিও না, এই বিনয় করি; কেননা প্রান্তরের মধ্যে কি প্রকারে আমাদের শিবির স্থাপন করিতে হইবে, তাহা তুমি জান; তাহাতে তুমি আমাদের চক্ষুঃ ৩২ স্বরূপ হইতে পারিবা। তুমি যদি আমাদের সঙ্গে যাও, তবে পরমেশ্বর আমাদের প্রতি যে ২ মঙ্গল করিবেন, আমরাও তোমার প্রতি সেই রূপ মঙ্গল করিব।

৩৩ পরে তাহারা পরমেশ্বরের পর্ব্বতহইতে তিন দিনের পথ গমন করিল, এবং পরমেশ্বরের সাক্ষ্যরূপ সিন্দুক বিশ্রাম স্থান অন্বেষণ করিতে ২ তিন দিনের পথ ৩৪ অগ্রসর হইল। পরে তাহারা শিবিরের বাহিরে গেলে দিবসে পরমেশ্বরের মেঘ আবাসের উপরে স্থির ৩৫ থাকিল। এবং সিন্দুকের অগ্রসর হওন সময়ে মূসা কহিল, হে পরমেশ্বর, উঠ, তোমার শত্রুগণ ছিন্ন ভিন্ন হউক, ও তোমার ঘৃণাকারিগণ তোমার সম্মুখহইতে ৩৬ পলায়ন করুক। এবং বিশ্রামকালে সে কহিল, হে পরমেশ্বর, তুমি ইস্রায়েল্ বংশের সহস্র সহস্রের প্রতি ফিরিয়া আইস।

১১ অধ্যায়।

১ তবিয়েরা স্থানে মূসার প্রার্থনাদ্বারা অগ্নি নির্ব্বাণ হওন ৪ ও যাহারা ঘৃণাকারি লোকদের মাংস প্রার্থনা ১০ ও মূসার আপন পদের ভার অসহ্য হওন ১৬ ও সত্তরি প্রাচীন লোককে ভারের অংশ দিতে আজ্ঞা ২১ ও মূসার প্রত্যয়ের পরীক্ষা ২৪ ও সত্তরি প্রাচীন লোককে মূসার আত্মার অংশ দেওন ৩১ ও লোকদিগকে ভাটুই পক্ষী দেওন ও ঈশ্বরের ক্রোধ প্রকাশিত হওন।

১ পরে লোকেরা পরমেশ্বরের কর্ণগোচরে মন্দ বচসা করিলে পরমেশ্বর তাহা শুনিয়া বিরক্ত হইলেন, এবং তাঁহার ক্রোধ উপস্থিত হইলে তাহাদের মধ্যে পরমেশ্বরের ক্রোধাগ্নি প্রজ্বলিত হইয়া শিবিরের শেষ- ২ ভাগ দগ্ধ করিতে লাগিল। অতএব লোকেরা মূসার নিকটে কাকুতি করিল; তাহাতে মূসা পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিলে সেই অগ্নি নির্ব্বাণ* হইল। ৩ তখন মূসা সেই স্থানের নাম তবিয়েরা (দহন) রাখিল, কেননা তাহাদের মধ্যে পরমেশ্বরের অগ্নি দগ্ধ করিল।

৪ অপর তাহাদের মধ্যে বিদেশীয়† লোকেরা ক্রমে ২ লোভাক্রান্ত হইতে লাগিল, এবং ইস্রায়েল্ বংশও পুনর্ব্বার ক্রন্দন করিয়া কহিল, আমাদিগকে মাংস ভক্ষণ ৫ করিতে কে দিবে? আমরা মিসর্ দেশে যে ২ মৎস্য ও শসা ও খরবুজ ও পরু ও পলাণ্ডু ও লশুন পরিতোষ ৬ রূপে ভোজন করিতাম, তাহা এখন মনে পড়ে। এখন আমাদের প্রাণ শুষ্ক হইল; আমাদের সম্মুখে এই ৭ মান্না ব্যতিরেকে আর কিছুই নাই। ঐ মান্নার ধন্যার ৮ ন্যায় আকৃতি ও গুগ্গুলুর ন্যায় বর্ণ ছিল। লোকেরা ভ্রমণ করিয়া তাহা আহরণ করিয়া যাঁতাতে পিষিত কিম্বা গড়েতে চূর্ণ করিয়া কটাহে সিদ্ধ করিয়া তদ্দ্বারা পিষ্টক প্রস্তুত করিত; এবং তৈলপক্ক পিষ্টকের ন্যায় ৯ তাহার আস্বাদ ছিল। রাত্রিতে শিবিরের উপরে শিশির পড়িলে ঐ মান্না তাহার উপরে পড়িয়া থাকিত।

১০ পরে মূসা লোকদের রোদন অর্থাৎ বংশানুসারে আপন ২ তাম্বুদ্বারের নিকটে প্রত্যেকের রোদন শুনিলে পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইল; মূসাও ১১ অসন্তুষ্ট হইল। তাহাতে মূসা পরমেশ্বরকে কহিল, তুমি কি নিমিত্তে আপন দাসকে এত ক্লেশ দিতেছ? ও কি নিমিত্তে আমি তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাই নাই, যে তুমি এই সকল লোকের ভার আমার উপরে ১২ দিতেছ? যে দেশের বিষয়ে আমি তাহাদের পূর্ব্ব পুরুষদের কাছে দিব্য করিলাম, সেই দেশে তুমি দুগ্ধপোষ্য শিশু বহনকারি পালকের ন্যায় তাহাদিগকে বক্ষস্থলে বহন করিয়া লইয়া যাও, এই কথা আমাকে কেন কহিতেছ? আমি কি ইহাদিগকে গর্ভে ধারণ করিলাম? ও আমি কি ইহাদের ১৩ জন্ম দিলাম? আমি এই সমস্ত লোককে দিবার জন্যে মাংস কোথায় পাইব? কেননা ইহারা সকলে আমার

[২২-২৪] গী ২; ১৭-২৪ ॥—[২৫-২৭] ২; ২৫-৩১ ॥—[২৮]২; ৩৪ ॥—[২৯]যা ২; ১৮। বি ১; ১৬। ৪; ১১। যা ৬; ৬-৮ ॥—[৩২] য ১০; ৮ ॥—[৩৫,৩৬] গী ৬৮; ১। ১৩২; ৮ ॥

[১১ অধ্য; ১-২৩]গী ৭৮; ১৭-২৯। ১০৬; ১৩-১৫॥—[৪]যা ১২; ৩৮॥—[৪-৬]যা ১৬; ২-৪। গী ২১; ৪,৫॥—[৭,৮]যা ১৬; ১৪-৩১ ॥—[১১-১৭] যা ১৮; ১৩-২৬। দ্বি ১; ৯-১৭ ॥

* (ইব্রী) মগ্ন। † (ইব্রী) মিশ্রিত।

কাছে রোদন করিয়া এই কথা কহে, ভক্ষণ করিতে ১৪ আমাদিগকে মাংস দেও। অতএব আমি একাকী হইয়া এতো লোকের ভার সহ্য করিতে পারি না; তাহা আমার ১৫ শক্তি অপেক্ষাও অধিক। তুমি যদি আমার প্রতি এমত ব্যবহার কর, আর তোমার দৃষ্টিতে আমি যদি অনুগ্রহ পাইয়া থাকি, তবে যেন আপন দুর্গতি না দেখি, এই জন্যে আমাকে বধ কর, আমি এই বিনয় করি।

১৬ তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি যাহাদিগকে লোকদের প্রাচীন ও অধ্যক্ষ করিয়া জান, এমত সত্তরি প্রাচীন লোককে আমার নিকটে আন, এবং তুমি মণ্ডলীর আবাসদ্বারের নিকটে তাহাদিগকে আন; ১৭ তাহারা তোমার সহিত সেই স্থানে দাঁড়াইবে। তাহাতে আমি সেই স্থানে উত্তীর্ণ হইয়া তোমার সহিত কথা কহিব, এবং তোমাতে যে আত্মা আছে, তাহার কিছু লইয়া তাহাদিগকে দিব; তাহাতে তুমি যেন একাকী লোকদের ভার বহন না কর, এই জন্যে তাহারা তোমার ১৮ সহিত লোকদের ভার বহিবে। এবং তুমি লোকদিগকে কহ, তোমরা পরদিনের জন্যে আপনাদিগকে পবিত্র কর; তাহাতে মাংস ভক্ষণ করিতে পাইবা; কেননা আমাদিগকে মাংস ভক্ষণ করিতে কে দিবে? মিসর্দেশে আমাদের মঙ্গল ছিল, ইহা বলিয়া তোমরা যে রোদন করিয়াছ, তাহা পরমেশ্বরের কর্ণগোচর হইল; অতএব পরমেশ্বর তোমাদিগকে মাংস দিবেন, তোমরা তাহা ১৯ খাইবা। তাহা এক দিনে কি দুই দিনে কি পাঁচ দিনে কি দশ দিনে কি বিংশতি দিনে খাইবা, তাহা কেবল ২০ নয়; কিন্তু যাবৎ তোমাদের মুখহইতে নির্গত না হয় ও তোমাদের ঘৃণিত না হয়, তাবৎ অর্থাৎ সম্পূর্ণ এক মাস পর্য্যন্ত তাহা খাইবা; কেননা তোমরা আপনাদের মধ্যবর্ত্তি পরমেশ্বরকে তুচ্ছ করিয়া তাঁহার সম্মুখে রোদন করিয়া এই কথা কহিলা, আমরা মিসর্দেশহইতে বাহির হইয়া কেন আইলাম?

২১ তখন মূসা কহিল, আমি ছয় লক্ষ পদাতিক লোকের মধ্যে আছি; কিন্তু তুমি কহিলা, আমি তাহাদিগকে ২২ সম্পূর্ণ এক মাস খাইবার মাংস দিব। তাহাদের জন্যে কি সকল মেষপাল ও গোরুর পাল হত হইবে? আর তাহাতে কি তাহাদের প্রচুর হইবে? ও সমুদ্রের তাবৎ মৎস্য কি সংগৃহীত হইবে? আর তাহাতে কি ২৩ তাহাদের জন্যে প্রচুর হইবে? তাহাতে পরমেশ্বর মূসাকে কহিলেন, পরমেশ্বরের হস্ত কি সঙ্কুচিত হইয়াছে? তোমার কাছে আমার কথা সত্য হয় কি না, তাহা এখন দেখিবা।

২৪ তখন মূসা বাহিরে যাইয়া পরমেশ্বরের কথা লোকদিগকে কহিল, এবং লোকদের ঐ সত্তরি প্রাচীন জনকে একত্র করিয়া আবাসের চতুঃপার্শ্বে উপস্থিত করিল। ২৫ তাহাতে পরমেশ্বর মেঘারূঢ় হইয়া নামিয়া তাহার সহিত কথা কহিলেন, এবং তাহার অন্তরস্থ আত্মার কিঞ্চিৎ লইয়া সেই সত্তরি প্রাচীন লোককে দিলেন; তাহাতে তাহাদের অন্তরে আত্মা অবস্থিতি করিলে তাহারা কথা প্রচার করিতে* লাগিল, নিবৃত্ত হইল না†। ২৬ কিন্তু তাহাদের মধ্যে ইল্দদ্ ও মেদদ্ নামে আত্মা বিশিষ্ট দুই জন শিবিরে থাকিল, তাহারা লিখিত লোকদের মধ্যে গণিত হইল, কিন্তু আবাসের নিকটে বাহিরে গেল না; তাহারা শিবিরে কথা প্রচার করিতে* লাগিল। ২৭ তাহাতে এক যুবা দৌড়িয়া মূসাকে কহিল, ইল্দদ্ ও মেদদ্ শিবিরে কথা প্রচার করিতেছে*। ২৮ তাহাতে নূনের পুত্র যিহোশূয় নামে যুবকালাবধি মূসার এক সেবক মূসাকে কহিল, হে আমার প্রভো, তাহাদিগকে নিষেধ কর। ২৯ মূসা কহিল, তুমি কি আমার অনুরোধে তাহাদিগকে ঈর্ষা করিতেছ? ঈশ্বর করুণ পরমেশ্বরের তাবৎ লোক প্রচারক হউক, ও পরমেশ্বর তাহাদের অন্তরে আপন আত্মা দিউন। ৩০ পরে মূসা ও ইস্রায়েলের প্রাচীনগণ শিবিরে প্রবেশ করিল।

৩১ পরে পরমেশ্বরের নিকটহইতে এক বায়ু নির্গত হইয়া সমুদ্রহইতে‡ এতো ভাটুই পক্ষি আনিয়া শিবিরের নিকটে ফেলিল, যে তাহা শিবিরের এ পার্শ্বে ও পার্শ্বে চতুর্দ্দিগে এক দিবসের পথ পর্য্যন্ত ভূমির উপরে দুই হস্ত ঊর্দ্ধ হইয়া থাকিল। ৩২ তাহাতে লোকেরা সেই স্থানে দাঁড়াইয়া সে দিবারাত্রি ও তাহার পর সমস্ত দিবস ঐ পক্ষিগণকে একত্র করিল; তাহাদের মধ্যে কেহ দশ হোমরের ন্যূন একত্র করিল না; পরে আপনাদের নিমিত্তে শিবিরের চারিদিগে ছড়াইয়া রাখিল। ৩৩ কিন্তু মাংস তাহাদের দন্তে ধারণের সময়ে চর্ব্বিত হওনের পূর্ব্বেই লোকদের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইল; তাহাতে পরমেশ্বর লোকদিগকে অত্যন্ত মহামারীর দ্বারা বধ করিলেন। ৩৪ এবং মূসা সেই স্থানের নাম কিব্রোৎ-হত্তাবা (লোভিদের কবর) রাখিল, কেননা সেই স্থানে তাহারা লোভিদিগকে কবর দিল। ৩৫ পরে লোকেরা কিব্রোৎ-হত্তাবাহইতে হৎসেরোতে যাত্রা করিয়া সেই স্থানে অবস্থিতি করিল।

১২ অধ্যায়।

১ মূসার বিরুদ্ধে হারোণ্ ও মরিয়মের বিপরীত কথা, ১০ ও মরিয়মের কুষ্ঠ হওন ও তাহার জন্যে মূসার প্রার্থনা, ১৪ ও মরিয়মকে তাবৎ শিবিরহইতে বাহির করণ ও সাত দিনের পরে পুনর্ব্বার গ্রহণ করণ।

[১৫] ১ রা ১৯; ৪ । যূ ৪; ৩ ॥—[১৬,১৭] যা ২৪; ১,৯ । ২ রা ২; ৯,১৫ ॥—[১৮] প ৪,৫,১০ ॥—[১৯,২০] প ৩১,৩২॥ [২১] গা ১; ৪৬ ॥—[২১,২২] ২ রা ৭; ১,২ । যো ৬; ৫-৯ ॥—[২৩] যিশ ৫৯; ১ । গী ৩৩; ১১ ॥—[২৪,২৫] প ১৬,১৭॥ [২৫] ১ শি ১০; ১০,১১ । যোয় ২; ২৮,২৯ । প্রে ২; ১৭, ১৮ ॥—[২৬] যা ৩৩; ৭ ॥—[২৭-২৯] যা ৯; ৩৮,৩৯ । যো ৩ ৩০ । ১ ক ৪; ৮ । ১৪; ৫ ॥—[৩১-৩৪] প ১৯,২০ । গী ৭৮; ২৬-৩১ । ১০৬; ১৩-১৫ ॥—[৩১] যা ১৬; ১৩॥

* (বা) ভবিষ্যদ্বাক্য কহিতে। †(বা) পশ্চাৎ নিবৃত্ত হইল। ‡ (বা) পশ্চিমদিগহইতে।

১ মূসা কুশ্‌দেশীয় এক স্ত্রীকে বিবাহ করিয়াছিল, এবং তাহার কুশীয় স্ত্রীকে বিবাহ করণ প্রযুক্ত মরিয়ম্ ও ২ হারোণ্ তাহার বিপরীত কথা কহিতে লাগিল। তাহারা কহিল, পরমেশ্বর কি কেবল মূসাদ্বারা কথা কহেন? আমাদের দ্বারা কি কহেন না? কিন্তু এ কথা পরমে- ৩ শ্বর শুনিলেন। (ঐ মূসা পৃথিবীস্থ সমস্ত লোকহইতেই নম্র ছিল)।

৪ পরে পরমেশ্বর অকস্মাৎ মূসাকে ও হারোণ্‌কে ও মরিয়ম্‌কে কহিলেন, তোমরা তিন জন মণ্ডলীর আবাস-দ্বারের নিকটে বাহিরে আইস, তাহাতে তাহারা তিন ৫ জন বাহির হইল। তখন পরমেশ্বর মেঘস্তম্ভে উত্তীর্ণ হইয়া আবাসদ্বারে দাঁড়াইয়া হারোণ্‌কে ও মরিয়ম্‌কে ডাকিলেন; তাহাতে তাহারা উভয়ে বাহির হইলে তিনি ৬ কহিলেন, তোমরা আমার কথা শুন; তোমাদের মধ্যে যদি কেহ ভবিষ্যদ্বক্তা আছে, তবে আমিই পরমেশ্বর তাহার নিকটে কোন দর্শনদ্বারা আপনাকে প্রকাশ ৭ করিব, কিম্বা স্বপ্নেতে তাহার সহিত কথা কহিব। আমার সেবক মূসা তেমন নয়, সে আমার সকল পরিবারের ৮ মধ্যে বিশ্বাসের পাত্র। আমি তাহার সহিত গুপ্ত রূপে নয়, কিন্তু ব্যক্ত রূপে মুখামুখী হইয়া কথা কহি; সে পরমেশ্বরের মূর্ত্তি দর্শন করে, আমার দাস মূসার প্রতি-কূলে তোমরা কথা কহিতে কেন ভীত হইলা না? ৯ তাহাদের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইল; পরে তিনি প্রস্থান করিলেন।

১০ পরে আবাসের উপরহইতে মেঘ প্রস্থান করিলে মরিয়মের বরফের ন্যায় কুষ্ঠ হইল; তাহাতে হারোণ্ মরিয়মের প্রতি অবলোকন করিয়া তাহাকে কুষ্ঠগ্রস্তা ১১ দেখিল। এবং হারোণ্ মূসাকে কহিল, হায়২, হে আমার প্রভো, আমরা এ বিষয়ে উন্মত্তের কর্ম্ম করিলাম ও পাপ করিলাম; আমি বিনয় করি, এই পাপের ফল ১২ আমাদিগকে দিও না। মাতৃগর্ব্ভহইতে নিঃসরণ কালে যাহার মাংস অর্দ্ধনষ্ট হয়, এমত কোন শবের ১৩ ন্যায় তাহাকে করিও না। তাহাতে মূসা পরমেশ্বরের কাছে প্রার্থনা করিয়া কহিল, হে ঈশ্বর, তাহাকে সুস্থ কর, এই বিনয় করি।

১৪ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, যদি তাহার পিতা তাহার মুখে থুথু দিত, তবে সে কি সাত দিবস লজ্জা পাইত না? সেই রূপে সে সাত দিবস শিবিরের বাহিরে ১৫ রুদ্ধা হউক; পরে সে পুনর্ব্বার গ্রাহ্যা হইবে। তাহাতে মরিয়ম্ সাত দিবস শিবিরহইতে বাহিরে রুদ্ধা হইল, এবং যাবৎ মরিয়ম্ ভিতরে আনীত না হইল, তাবৎ ১৬ লোকেরা যাত্রা করিল না। পরে লোকেরা হৎসে-রোৎহইতে প্রস্থান করিয়া পারণ্ প্রান্তরে শিবির স্থাপন করিল।

১৩ অধ্যায়।

১ দেশ অনুসন্ধান করিতে প্রেরিত লোকদের নাম, ১৭ ও তাহাদের প্রতি মূসার আজ্ঞা, ২১ ও তাহাদের যাত্রার বিবরণ, ২৬ ও তাহাদের পুনর্ব্বার আগমন ও সম্বাদ দেওন।

১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, আমি ইস্রায়েল্ ২ বংশকে যে কিনান্‌দেশ দিব, তাহার অনুসন্ধান করি-তে তুমি লোকদিগকে প্রেরণ কর, ও তাহাদের প্রত্যেক পিতৃবংশের মধ্যে যে ২ লোক প্রধান, তাহাদিগকে ৩ প্রেরণ কর। তাহাতে মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে যে ২ লোক ইস্রায়েল্ বংশের অধ্যক্ষ ছিল, তাহা-৪ দিগকে পারণ্ প্রান্তরহইতে প্রেরণ্ করিল। তাহাদের প্রত্যেকের নাম; রুবেন্ বংশজাত সক্কূরের পুত্র ৫ শম্মূয়। এবং শিমিয়োন্ বংশজাত হোরির পুত্র শাফট্। ৬ এবং যিহূদা বংশজাত যিফুন্নির পুত্র কালেব্। ও ৭ ইষাখর্ বংশজাত যূষফের পুত্র যিগাল্। ও ইফ্রয়িম্ ৮ বংশজাত নূনের পুত্র হোশেয়। ও ৯ বিন্‌য়ামীন্ বংশ-জাত রাফূর পুত্র পল্টি। এবং ১০ সিবূলূন্ বংশজাত সো-দির পুত্র গদ্দীয়েল্। ১১ ও যূষফ্ বংশজাত অর্থাৎ মিনশি বংশজাত সূষির পুত্র গদ্দি। ১২ ও দান্ বংশজাত গিমল্লির পুত্র অম্মীয়েল্। ১৩ ও আশের্ বংশজাত মীখায়েলের পুত্র সিথূর্। ১৪ ও নপ্তালি বংশজাত বপ্সির পুত্র নহবি। ১৫ ও গাদ্ বংশজাত মাখির পুত্র গূয়েল্। ১৬ এই সকল নাম বিশিষ্ট লোকদিগকে মূসা দেশ অনুসন্ধান করিতে প্রেরণ করিল; এবং নূনের পুত্র হোশেয়ের নাম যিহোশূয় রাখিল।

১৭ পরে মূসা কিনান্‌দেশ অনুসন্ধান করিতে তাহাদি-গকে প্রেরণ সময়ে কহিল, তোমরা দক্ষিণদিগ দিয়া পর্ব্বতে আরোহণ কর। ১৮ এবং সে দেশ কেমন, ও তাহাতে বাসকারি লোকেরা বলবান কি দুর্ব্বল, ও অল্প ১৯ কি অনেক; এবং তাহারা যে দেশে বাস করে তাহা কেমন, ভাল কি মন্দ; ও যে ২ নগরে বাস করে, তাহা কি প্রকার; এবং তাম্বুতে কি গড়েতে কিসে বাস করে; ২০ ও তাহাদের বসতির ভূমি কি প্রকার, উর্ব্বরা কি মরু; তাহার মধ্যে বৃক্ষ আছে কি না; তাহা দেখ; এবং তোমরা সাহসী হইয়া সেই সকল দেশের ফল সঙ্গে করিয়া আন; তখন প্রথম দ্রাক্ষাফলের সময় ছিল।

২১ তাহাতে তাহারা সীন্ প্রান্তরহইতে যাত্রা করিয়া হমাতে প্রবেশস্থানস্থিত রিহোব্ পর্য্যন্ত দেশানুসন্ধান ২২ করিল। অতএব দক্ষিণ দিয়া যাইয়া হিব্রোণে উপস্থিত হইল; সে স্থানে অনাকের বংশ অহীমান্ ও শেশয়্ ও তল্ময়্ ছিল; মিসরস্থ সোয়নের পত্তনের সাত বৎসর ২৩ পূর্ব্বে হিব্রোণের পত্তন হইয়াছিল। পরে তাহারা ইষ্-কোল্ উপত্যকাতে উপস্থিত হইয়া সে স্থানে এক থলুয়া ফল যুক্ত দ্রাক্ষালতার এক শাখা কাটিয়া তাহা সাইঙ্গ-

[১২ অধ্যা; ১] ২ বং ২১; ১৬। যা ২; ২১॥—[২] যী ৬; ৪॥—[৫-৯] যা ৩৩; ৭-১১॥—[৭] ইব্রু ৩; ২-৬॥—[৮] যা ৩৩; ১১। দ্বি ৩৪; ১০। ১৮; ১৮, ১৯। যা ৩৩; ১৯। কল ১; ১৫। ১ ক ৩; ১৮॥—[১৪,১৫] ইব্রু ১২; ৯। লে ১৩; ৫, ৪৬॥—[১৬] গ ১১; ৩৫॥
[১৩ অধ্যা] দ্বি ১; ১৯-২৮॥—[৩] গ ১২; ১৬॥—[৮] প ১৬॥—[১৬] ১১; ২৮। যা ১৭; ৯॥

দ্বারা দুই জন বহিল, এবং তাহারা কতক দাড়িম ও
২৪ ডুম্বুরফল সঙ্গে লইল। ইস্রায়েল্ বংশীয় লোকেরা ঐ
স্থানে দ্রাক্ষার থলুয়া কাটিয়াছিল, এই জন্যে সেই
২৫ উপত্যকা * ইষ্কোল্ (থলুয়া) নামে প্রসিদ্ধ হইল।
এই রূপে চল্লিশ দিবসের পর তাহারা দেশ অনুসন্ধান
করিয়া ফিরিয়া আইল।

২৬ পরে তাহারা প্রত্যাগমন করিয়া পারণ্ প্রান্তরস্থ
কাদেশ্ স্থানে মূসার ও হারোণের ও ইস্রায়েলের সমস্ত
মণ্ডলীর নিকটে উপস্থিত হইয়া তাহাদিগকে ও সমস্ত মণ্ড-
লীকে সম্বাদ দিল, এবং তাহাদিগকে সেই দেশের ফল
২৭ দেখাইল। এবং তাহারা সেই দেশের বর্ণনা করিয়া
কহিল, তুমি আমাদিগকে যে দেশে প্রেরণ করিয়াছিলা,
সেই দেশে আমরা গিয়াছিলাম; সে দেশ দুগ্ধ মধু
২৮ প্রবাহি বটে; এই দেখ তাহার ফল। কিন্তু সে দেশনি-
বাসিরা বলবান্, ও সে নগর প্রাচীর বেষ্টিত অতিবৃহৎ;
এবং সে স্থানে আমরা অনাকের সন্তানগণকেও দেখি-
২৯ লাম। অমালেকীয় লোকেরা দক্ষিণ দেশে বাস করে;
এবং হিত্তীয় লোকেরা ও যিবূষীয়েরা ও ইমোরীয়েরা
পর্ব্বতে বাস করে; এবং কিনানীয় লোকেরা সমুদ্র
৩০ নিকটে ও যর্দ্দন্ নদীর তীরে বাস করে। পরে কালেব্
মূসার সাক্ষাতে লোকদের কলহ নিবৃত্তি করিতে কহিল,
আমরা একেবারে উঠিয়া তাহা অধিকার করিব; তাহা-
দিগকে পরাস্ত করিতে আমাদের যথেষ্ট শক্তি আছে।
৩১ কিন্তু যে২ লোকেরা তাহার সহিত গিয়াছিল, তাহারা
কহিল, আমরা সেই লোকদের বিরুদ্ধে যাইতে অক্ষম
৩২ হইব; তাহারা আমাদের হইতেও বলবান্। এবং তা-
হারা যে দেশ অনুসন্ধান করিতে গিয়াছিল, ইস্রায়েল্
বংশের সাক্ষাতে সে দেশের অখ্যাতি করিয়া কহিল,
আমরা যে দেশের অনুসন্ধান করিতে গিয়াছিলাম, সে
দেশ আপনাতে বাসকারিদিগকে গ্রাস করে; এবং তা-
হার মধ্যে আমরা যে সকল লোকদিগকে দেখিলাম,
৩৩ তাহারা অতি বৃহৎকায়। এবং সে স্থানে আমরা বীর-
জাত অনাকের সন্তান বীরদিগকে দেখিলাম; সে স্থানে
আমরা আপনাদের দৃষ্টিতে ফড়িঙ্গের ন্যায় ছিলাম;
এবং তাহাদের দৃষ্টিতেও আমরা তদ্রূপ ছিলাম।

১৪ অধ্যায়।

১ লোকদের বচসা, ৬ ও তাহাদিগকে শান্ত করিতে যিহো-
শূয়ের ও কালেবের যত্ন করণ, ১১ ও ঈশ্বরের ভৎর্সনা
১৩ ও ক্ষমার জন্যে ঈশ্বরের প্রতি মূসার নিবেদন, ২৬ ও
বচসাকারিদের দেশের অনধিকার হওন, ৩৬ ও কুসম্বাদ
আনয়নকারিদিগকে মহামারীতে মারণ, ৪০ ও ইস্রায়েল্
লোকদের শত্রুদের দ্বারা হত হওন।

১ পরে সমস্ত মণ্ডলী উচ্চৈঃস্বর করিয়া কলরব করিল, ও
২ লোকেরা সেই রাত্রি রোদন করিল। এবং ইস্রায়েলের
সকল বংশ মূসার ও হারোণের বিপরীতে বচসা করিল,
ও সমস্ত মণ্ডলী তাহাদের সাক্ষাতে কহিল, হায় ২, যদি
আমরা মিসর্দেশে মরিতাম, কিম্বা যদি এই প্রান্তরে
৩ আমাদের মৃত্যু হইত! পরমেশ্বর খড়্গের ধারে নিপাত
করাইতে ও আমাদের স্ত্রী ও সন্তানগণকে লুঠ করাইতে
এ দেশের নিকটে আমাদিগকে কেন আনিলেন?
মিসর্দেশে ফিরিয়া যাওয়া কি আমাদের অধিক মঙ্গল
৪ নয়? পরে তাহারা পরস্পর পরামর্শ করিল, আইস,
আমরা এক জনকে সেনাপতি করিয়া মিসর্দেশে
৫ ফিরিয়া যাই। তাহাতে মূসা ও হারোণ্ ইস্রায়েল্
বংশের সমস্ত মণ্ডলীর সম্মুখে উবুড় হইয়া পড়িল।

৬ আর দেশানুসন্ধানকারিদের মধ্যে নূনের পুত্র যিহো-
শূয় ও যিফুন্নির পুত্র কালেব্ আপন ২ বস্ত্র চিরিল, এবং
৭ ইস্রায়েল্ বংশের সমস্ত মণ্ডলীকে কহিল, আমরা যে
দেশ অনুসন্ধান করিতে গিয়াছিলাম, সে অতি উত্তম
৮ দেশ। পরমেশ্বর যদি আমাদের প্রতি সন্তুষ্ট থাকেন,
তবে তিনি আমাদিগকে সে দেশে লইয়া যাইবেন, ও
৯ সেই দুগ্ধ মধু প্রবাহি দেশ আমাদিগকে দিবেন। কিন্তু
তোমরা কেবল পরমেশ্বরের বিরুদ্ধাচারী হইও না, ও
সে দেশের লোকদিগকে ভয় করিও না; কেননা তাহারা
আমাদের ভক্ষ্য স্বরূপ, তাহাদের আশ্রয় † গেল; এবং
পরমেশ্বর আমাদের সহায় আছেন; তাহাদিগকে ভয়
১০ করিও না। কিন্তু সমস্ত মণ্ডলী ইহাদিগকে প্রস্তরা-
ঘাত করিতে কহিল; তখন মণ্ডলীর আবাসে ইস্রায়েল্
বংশের সম্মুখে পরমেশ্বরের মহিমা প্রকাশ পাইল।

১১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, এই লোকেরা
কত কাল আমাকে অবজ্ঞা করিবে? এবং তাহাদের
মধ্যে এই সকল আশ্চর্য্য ক্রিয়া দেখাইলেও তাহারা
১২ প্রত্যয় করিতে কত কাল বিলম্ব করিবে? আমি মহা-
মারীদ্বারা তাহাদিগকে বধ করিব, ও তাহাদিগকে
অনধিকার করিয়া তোমাকে তাহাদের হইতেও বৃহৎ
ও বলবান জাতি করিব।

১৩ তাহাতে মূসা পরমেশ্বরকে কহিল, তাহা করিলে তুমি
যে মিস্রীয় লোকদের মধ্যহইতে আপন শক্তি প্রকাশ
করিয়া এই লোকদিগকে আনিলা, তাহারা এ কথা
১৪ শুনিবে। এবং পরমেশ্বর তুমি এই লোকদের মধ্যবর্ত্তী
ও তাহাদিগকে স্পষ্ট রূপে দর্শন দিতেছ, এবং তোমার
মেঘ তাহাদের উপরে স্থিতি করে, ও তুমি দিবসে মেঘ-
স্তম্ভে ও রাত্রিতে অগ্নিস্তম্ভে থাকিয়া তাহাদের অগ্রে ২
১৫ গমন করিতেছ; তাহারা ইহা শুনিয়া আসিতেছে,

[২৬] গ ১২; ১৬ ॥—[২৭] যা ৩; ৮ ॥—[২৮] দ্বি ৯; ১ ॥—[৩১] প ২৮ ॥—[৩২] দ্বি ৯; ২। আম ২; ৯ ॥
[১৪ অধ্যা; ১] গ ১১; ৪ ॥—[২, ৩] প ২৮, ২৯। গী ১০৬; ২৪, ২৫ ॥—[৪] দ্বি ১৭; ১৬ ॥—[৫] দ্বি ৯; ১৮, ১৯ ॥
[৬] গ ১৩; ৬, ৮ ॥—[৮] দ্বি ১০; ১৫ ॥—[৯] দ্বি ৭; ১৭-২৪। যা ৩৩; ১৬। রো ৮; ৩১ ॥—[১১-১৯] যা ৩২; ৭-১৩।
দ্বি ৯; ২৫-২৯ ॥—[১১, ১২] (ইব্রী) ১৭-১৯ ॥—[১৪] গ ৯; ১৫-২৩। যা ১৫; ১৪, ১৫ ॥

* (বা) স্রোত। † (ইব্রী) ছায়া।

১৬ এবং এতদ্দেশ নিবাসি লোকদিগকে কহিবে। এখন যদি এক ব্যক্তির ন্যায় তুমি এই লোকদিগকে বিনষ্ট কর, তবে তোমার কীর্ত্তি কথা শ্রবণকারি লোকেরা এই কথা ১৭ কহিবে। পরমেশ্বর এই লোকদিগকে যে দেশ দিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন, সেই দেশে তাহাদিগকে লইয়া যাইতে পারিলেন না; এই জন্যে তিনি প্রান্তরে তাহাদিগকে বিনষ্ট করিলেন। এখন আমি এই নিবেদন করি, পরমেশ্বর চিরসহিষ্ণু ও দয়াতে পরিপূর্ণ, এবং অধর্ম্মের ও আজ্ঞালংঘনের ক্ষমাকারী, কিন্তু তাহার দণ্ডদাতা, এবং তৃতীয় ও চতুর্থ পুরুষ পর্য্যন্ত সন্তানদের প্রতি ১৮ পিতৃপুরুষের পাপের ফলদাতা; এই২ কথা যেমন তুমি কহিয়াছ, সেই রূপ আমার ঈশ্বরের মহিমা মহতী ১৯ হউক্। আপনার প্রচুর দয়ানুসারে মিসর্দেশ অবধি এ পর্য্যন্ত এই লোকদের প্রতি যেমন ক্ষমা করিয়াছ, তদনুসারে ইহাদের এই পাপ ক্ষমা কর; আমি এই ২০ বিনয় করি। তাহাতে পরমেশ্বর কহিলেন, তোমার বাক্যানুসারে আমি তাহাদিগকে ক্ষমা করিলাম। ২১ কিন্তু আমি যদি নিত্য হই, তবে তাবৎ পৃথিবী পর- ২২ মেশ্বরের মহিমাতে পরিপূর্ণ হইবে। কিন্তু মিসরে ও প্রান্তরে কৃত আমার মহিমা প্রকাশ ও আশ্চর্য্য ক্রিয়া দেখিয়া লোকেরা দশ বার আমার পরীক্ষা করিল ও ২৩ আমার কথায় মনোযোগ করিল না। অতএব আমি তাহাদের পূর্ব্বপুরুষদের প্রতি যে দেশ বিষয়ে দিব্য করিয়াছি, তাহারা সে দেশ কখনো দেখিবে না *; ও যাহারা আমাকে অবজ্ঞা করিল, তাহাদের মধ্যে ২৪ কেহ তাহা দেখিবে না। কিন্তু আমার দাস কালেবের অন্যরূপ আত্মা হওন প্রযুক্ত ও সম্পূর্ণ রূপে আমার অনুগত হওন প্রযুক্ত সে যে দেশে গিয়াছিল, সে দেশে আমি তাহাকে লইয়া যাইব, ও তাহার বংশ তাহা ২৫ অধিকার করিবে। অমালেকীয় ও কিনানীয় লোকেরা উপত্যকাতে বাস করে, কল্য তোমরা ফিরিয়া যাহার পথ দিয়া সুফার্ণবে যায়, সেই প্রান্তরে গমন কর।

২৬ পরে পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে কহিলেন, ২৭ আমি আপন প্রতিকূলে বচসাকারি এই দুষ্ট মণ্ডলীর কর্ম্ম কত কাল সহ্য করিব? ইস্রায়েল্ বংশ আমার প্রতি- ২৮ কূলে যে২ বচসা করিল,তাহা আমি শুনিলাম। তুমি তাহাদিগকে কহ, পরমেশ্বর এই কথা কহেন,আমি যদি নিত্য হই, তবে আমার কর্ণগোচরে তোমরা যেমন কহিয়াছ, ২৯ তোমাদের প্রতি তদ্রূপ করিব। তোমাদের সম্পূর্ণ সংখ্যানুসারে বিংশতি বৎসর বয়স্ক অবধি আমার বিপরীতে বচসাকারি তোমাদের মধ্যে গণিত সকল, অর্থাৎ তোমাদের সকলের শব এই প্রান্তরে পতিত হইবে। আমি তোমাদিগকে যে দেশে বাস করাইতে ৩০ শপথ করিয়াছি †, সেই দেশে যিফুন্নির পুত্র কালেব্ ও নূনের পুত্র যিহোশূয় ব্যতিরেক আর কেহ প্রবেশ করিবে না। কিন্তু তোমরা আপনাদের যে বালকদের ৩১ বিষয়ে কহিলা, তাহারা লুণ্ঠিত হইবে, তাহাদিগকে আমি প্রবেশ করাইব; ও তোমরা যে দেশ তুচ্ছ করিলা, তাহা তাহারা জ্ঞাত হইবে। কিন্তু তোমাদেরই ৩২ শব এই প্রান্তরে পতিত হইবে। এবং তোমাদের ৩৩ বংশ চল্লিশ বৎসর প্রান্তরে ভ্রমণ করিবে, ও তোমাদের বিনাশ না হওন পর্য্যন্ত তোমাদের ব্যভিচারের ফল ভোগ করিবে। তোমরা যে চল্লিশ দিন দেশানু- ৩৪ সন্ধান করিয়াছ, সেই দিন সংখ্যানুসারে চল্লিশ বৎসর অর্থাৎ এক২ দিনের জন্যে এক২ বৎসর আপনাদের পাপ ভোগ করিবা, ও আমার বিপক্ষতা কি, তাহা জ্ঞাত হইবা। আমি পরমেশ্বর কহিতেছি, ৩৫ আমার বিপরীতে সম্মিলিত এ সমস্ত দুষ্ট মণ্ডলীর প্রতি আমি তাহা অবশ্য করিব; তাহারা প্রান্তরে বিনষ্ট হইবে ও সে স্থানে মরিবে।

পরে দেশানুসন্ধান করিতে মূসার প্রেরিত যে লোকেরা ৩৬ ফিরিয়া আসিয়া ঐ দেশের অখ্যাতি আনিয়া তাহার প্রতিকূলে সমস্ত মণ্ডলীকে বচসা করাইয়াছিল; দেশের অখ্যাতিকারি সেই লোকেরা পরমেশ্বরের ৩৭ সম্মুখে মহামারীতে মরিল। কিন্তু যে মানুষেরা দেশা- ৩৮ নুসন্ধান করিতে গিয়াছিল, তাহাদের মধ্যে কেবল নূনের পুত্র যিহোশূয় ও যিফুন্নির পুত্র কালেব্ জীবৎ থাকিল। তখন মূসা ইস্রায়েল্ বংশকে এই সকল ৩৯ কথা কহিলে লোকেরা অতিশয় বিলাপ করিল।

পরে তাহারা প্রাতঃকালে উঠিয়া পর্ব্বতের উপরে ৪০ যাইয়া কহিল, দেখ, পরমেশ্বর যে স্থানের বিষয়ে আজ্ঞা করিয়াছেন, আমরা সেই স্থানে যাই; আমরা পাপ করিলাম। তাহাতে মূসা কহিল, এইক্ষণে তোমরা ৪১ কেন পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিতেছ? ইহাতে তোমাদের মঙ্গল হইবে না। এখন পরমেশ্বর তোমা- ৪২ দের মধ্যে নাই; তোমরা যেন শত্রুসম্মুখে আহত না হও, এই জন্যে উঠিয়া যাইও না। কেননা অমালেকীয় ৪৩ ও কিনানীয় লোকেরা সে স্থানে তোমাদের সম্মুখে আছে; তোমরা খড়্গে পতিত হইবা, এবং পরমেশ্বরহইতে পরাবৃত্ত হওয়াতে পরমেশ্বর তোমাদের সহবর্ত্তী হইবেন না। তথাপি তাহারা গর্ব্ব পূর্ব্বক পর্ব্বত ৪৪ শৃঙ্গে উঠিয়া গেল; কিন্তু পরমেশ্বরের সাক্ষ্যরূপ

---

[১৮] যা ৩৪ ; ৬,৭ ॥—[২০-৩৯] দ্বি ১; ৩২-৪০॥—[২০] গী ১০৬; ২৩॥—[২১] যল ১; ১১॥—[২২,২৩] প ১১,১২। গী ৯৫; ৮-১১॥—[২৪] প ৩০। গ ১৩; ৩০। যি ১৪; ৬-১৫। দ্বি ১; ৩৬॥—[২৭] প ১১। যা ১৬; ১২, ২৮। য ১৭; ১৭॥—[২৮] প ২। দ্বি ১; ৩৪। গী ১৪১ ; ৩॥—[২৯] গ ১; ৪৫,৪৬॥—[৩০] প ৬-৯। প ২৪॥—[৩১-৩৩] ইব্রি ৩; ৭-১৯। গী ১০৬ ; ২৪-২৭॥—[৩৩] আম ৫; ২৫, ২৬॥—[৩৪] গ ১৩; ২৫॥—[২৭] ১ ক ১০ ; ১০॥—[৪০-৪৫] দ্বি ১; ৪১-৪৫॥—[৪১] প ২৫॥

* (ইব্রি) যদি দেখে। † (ইব্রি) হস্ত ওঠাইয়াছি।

৪৫ সিন্দুক ও মূসা শিবিরহইতে নির্গত হইল না। তখন ঐ পর্ব্বতবাসি অমালেকীয় ও কিনানীয় লোকেরা নামিয়া আসিয়া তাহাদিগকে আঘাত করিল, ও হর্মা পর্য্যন্ত তাহাদিগকে প্রহার করিল।

১৫ অধ্যায়।

১ নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য উৎসর্গের ব্যবস্থা ১৪ ও বিদেশির বিষয়ে কথা, ১৭ ও উত্তোলনীয় প্রথমজাত শস্যের শক্তুর ব্যবস্থা, ২২ ও অজ্ঞাতসার পাপের কথা, ৩০ ও অবজ্ঞাকারির দণ্ড, ৩২ ও বিশ্রামবার অপালনকারির প্রস্তরাঘাতে দণ্ড, ৩৭ ও বস্ত্রের থোপের কথা।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, যখন তোমরা ৩ আমার দত্ত অধিকার * দেশে প্রবেশ করিবা, এবং মানত পূর্ণ করণ বিষয়ে কিম্বা স্বেচ্ছাপূর্ব্বক নৈবেদ্য বিষয়ে কিম্বা তোমাদের উৎসবেতে গোরুপালহইতে কিম্বা মেষপালহইতে পরমেশ্বরের উদ্দেশে সুগন্ধি করণার্থে অগ্নিকৃত উপহার ও হোম ও বলি পরমেশ্বরের ৪ উদ্দেশে উৎসর্গ করিবা; তখন উপহার উৎসর্গকারী পরমেশ্বরের উদ্দেশে এক হিনের চতুর্থাংশ তৈল পক্ক দশ- ৫ মাংশ সূজির নৈবেদ্য আনিবে। এবং হোম কিম্বা বলিদানার্থক এক মেষশাবকের নিমিত্তে এক হিনের ৬ চতুর্থাংশ দ্রাক্ষারসের পানীয় নৈবেদ্য প্রস্তুত করিবে। কিম্বা মেষের নিমিত্তে এক হিনের তৃতীয়াংশ তৈল পক্ক ৭ সূজির দুই দশমাংশ নৈবেদ্য প্রস্তুত করিবে। এবং পরমেশ্বরের উদ্দেশে সুগন্ধি পানীয় নৈবেদ্যের জন্যে এক হিনের তৃতীয়াংশ দ্রাক্ষারস উৎসর্গ করিবে। ৮ পরমেশ্বরের উদ্দেশে মানত পূর্ণ করণ বিষয়ে কিম্বা মঙ্গলার্থক বলির বিষয়ে যখন কেহ † হোমার্থে কিম্বা ৯ বলিদানার্থে এক গোবৎস প্রস্তুত করিবে, তৎকালে এক গোবৎসের সহিত অর্দ্ধ হিন তৈল পক্ক তিন দশমাংশ ১০ সূজির নৈবেদ্য আনিবে; এবং পরমেশ্বরের উদ্দেশে পানীয় নৈবেদ্য ও অগ্নিকৃত সুগন্ধি উপহারের জন্যে ১১ সে অর্দ্ধ হিন দ্রাক্ষারস আনিবে। তোমরা এক গোবৎস ও এক মেষ ও এক মেষবৎস ও এক ছাগবৎসের জন্যে ১২ এই রূপ করিবা। তোমরা যত পশু প্রস্তুত করিবা, তাহাদের সংখ্যানুসারে প্রত্যেকের প্রতি এইরূপ ব্যবহার ১৩ করিবা। দেশীয় লোক সকল পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি উপহার নিবেদনার্থে এই ব্যবস্থানুসারে এই সকল প্রস্তুত করিবে।

১৪ আর তোমাদের মধ্যে প্রবাসকারি কিম্বা তোমাদের মধ্যে পুরুষানুক্রমে বাসকারী কেহ যদি পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি উপহার নিবেদন করিতে চাহে, তবে তোমরা যে রূপ করিবা, সেও তদ্রূপ ১৫ করিবে। মণ্ডলীস্থ তোমাদের ও তোমাদের মধ্যে প্রবাসকারির একই ব্যবস্থা হইবে; তোমাদের পুরুষানুক্রমে এই নিত্য বিধি হইবে; পরমেশ্বরের সম্মুখে যেমন তোমরা, বিদেশিরাও তদ্রূপ হইবে। এবং তোমাদের ১৬ ও তোমাদের মধ্যে প্রবাসকারি বিদেশীয়দের একই বিধি ও একই ব্যবস্থা হইবে।

১৭ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ১৮ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, আমি তোমাদিগকে যে দেশে লইয়া যাইতেছি, সে দেশে উপস্থিত ১৯ হইলে এই রূপ করিবা। তোমরা সেই দেশের অন্ন ভক্ষণ কালে পরমেশ্বরের উদ্দেশে উত্তোলনীয় উপহার ২০ নিবেদন করিবা। এবং উত্তোলনীয় নৈবেদ্যের জন্যে প্রথম শক্তুর এক পিষ্টক নিবেদন করিবা; যেমন শস্য মর্দ্দন স্থানের উত্তোলনীয় নৈবেদ্য, তাহাও সেই ২১ রূপ করিবা। তোমরা পুরুষানুক্রমে আপনাদের প্রথম শক্তুহইতে পরমেশ্বরের উদ্দেশে এক উত্তোলনীয় উপহার নিবেদন করিবা।

২২ আর যদি তোমরা ভ্রান্ত হইয়া থাক, এবং পরমেশ্বর ২৩ মূসার প্রতি যে২ আজ্ঞা করিয়াছেন, অর্থাৎ পরমেশ্বর যে দিনে আজ্ঞা করিয়াছেন, তদবধি মূসাদ্বারা তোমাদিগকে যত আজ্ঞা করিয়াছেন, এবং ইহার পরেও তোমাদের পুরুষানুক্রমে যে২ আজ্ঞা করিবেন, তাহার মধ্যে ২৪ কোন আজ্ঞা যদি না পালন করিয়া থাক; এবং মণ্ডলীর অগোচরে অজ্ঞানতঃ যদি কোন ক্রিয়া হইয়া থাকে, তবে তাবৎ মণ্ডলী পরমেশ্বরের উদ্দেশে সুগন্ধি উপহারের কারণ ঐ ব্যবস্থানুসারে ভক্ষণীয় ও পানীয় নৈবেদ্যের সহিত হোমার্থে এক গোবৎস ও পাপের ২৫ প্রায়শ্চিত্তার্থে এক ছাগল নিবেদন করিবে। এবং যাজক ইস্রায়েল্ বংশের সমস্ত মণ্ডলীর কারণ প্রায়শ্চিত্ত করিবে; তাহাতে তাহাদের প্রতি ক্ষমা হইবে, কেননা তাহা অজ্ঞাতসার পাপ, এবং তাহারা সেই অজ্ঞাতসার পাপ প্রযুক্ত পরমেশ্বরের উদ্দেশে আপনাদের উপহার অর্থাৎ অগ্নিকৃত উপহার ও প্রায়শ্চিত্ত বলি পর- ২৬ মেশ্বরের সম্মুখে আনিবে। তাহাতে ইস্রায়েল্ বংশের সমস্ত মণ্ডলীর প্রতি ও তোমাদের মধ্যে প্রবাসকারি বিদেশীয়দের প্রতি তাহার ক্ষমা হইবে; কেননা সকল লোক অজ্ঞাতসারে পাপ করিল।

২৭ আর যদি কেহ অজ্ঞাতসারে পাপ করে, তবে সে প্রায়শ্চিত্তার্থে একবর্ষীয় এক ছাগী আনিবে। ২৮ এবং যাজক পরমেশ্বরের সাক্ষাতে তাহার অজ্ঞাতসার পাপ করণ প্রযুক্ত প্রায়শ্চিত্ত করিতে ঐ অজ্ঞাতসার পাপকারি লোকের জন্যে বলিদান করিবে; তাহাতে ২৯ তাহার পাপ ক্ষমা হইবে। এবং ইস্রায়েল্ বংশজাত লোকদের ও তাহাদের মধ্যে প্রবাসকারিদের অজ্ঞাতসার পাপকারির একই ব্যবস্থা হইবে।

[১৫ অধ্যে; ১-১২] লে ২; ১-৩।।—[৩] লে ৩; ২। ৭; ১২, ১৬।।—[১৪-১৬] প ২২। গা ২; ১৪।।—[২০,২১] লে ২ ১০, ১৬,১৭।।—[২২-২৬] লে ৪; ১৩-২৩।।—[২৪] প ৮-১০।।—[২৭,২৮] লে ৪; ২৭-৩৫।।—[২৯] প ১৫।।

* (ইব্রী) নিবাস † (ইব্রী) তুমি। ‡(ইব্রী) কোন প্রাণী।

৩০ আর স্বদেশীয় কি বিদেশীয় যে কেহ* নির্ভয় হইয়া † পাপ করে, সে পরমেশ্বরের নিন্দা করে, সে আপন ৩১ লোকদের মধ্যহইতে উচ্ছিন্ন হইবে। কেননা সে পরমেশ্বরের বাক্যে অবজ্ঞা করিল ও তাঁহার আজ্ঞা লঙ্ঘন করিল; অতএব সে নিতান্ত উচ্ছিন্ন হইবে, ও তাহার দোষ তাহারি উপরে বর্ত্তিবে।

৩২ অপর ইস্রায়েল্ বংশ প্রান্তরে থাকিয়া বিশ্রামদিনে ৩৩ এক জনকে কাষ্ঠ সংগ্রহ করিতে পাইল। এবং যাহারা সেই কাষ্ঠ সংগ্রহকারিকে পাইল, তাহারা মূসা ও হারোণ্ ৩৪ ও সমস্ত মণ্ডলীর সাক্ষাতে তাহাকে আনিল। এবং তাহার প্রতি কি কর্ত্তব্য, তাহা প্রকাশ না হওয়াতে তাহারা ৩৫ তাহাকে কারাগারে বন্ধ রাখিল। অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, সে মনুষ্য অবশ্য হত হইবে; সমস্ত মণ্ডলী তাহাকে শিবিরের বাহিরে প্রস্তরাঘাতে বধ ৩৬ করিবে। পরে মণ্ডলীর লোকেরা মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহাকে শিবিরের বাহিরে আনিয়া প্রস্তরাঘাত করিল; তাহাতে সে প্রাণত্যাগ করিল।

৩৭ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ৩৮ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, তাহারা পুরুষানুক্রমে আপনাদের বস্ত্রের কোণে থোপ দিউক, ৩৯ ও কোণস্থ থোপেতে নীলসূত্র বন্ধ করুক। তোমরা যেন সেই থোপ দেখিয়া পরমেশ্বরের আজ্ঞা সকল স্মরণ করিয়া পালন কর, এবং যে মন ও চক্ষুদ্বারা তোমরা বিপথগামী হইয়া থাক, তাহাদের ইচ্ছানুসারে যেন ৪০ ভ্রমণ না কর, এবং আমার সমস্ত আজ্ঞা স্মরণ করিয়া পালন করিয়া ঈশ্বরের উদ্দেশে যেন পবিত্র হও; এই ৪১ জন্যে সেই থোপ হইবে। তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের ঈশ্বর হইবার জন্যে মিসর্দেশহইতে তোমাদিগকে বাহির করিয়া আনিয়াছেন; আমি তোমাদের প্রভু পরমেশ্বর।

১৬ অধ্যায়।

১ মূসার প্রতি কোরহ ও দাথন্ ও অবীরাম্ প্রভৃতির বিপক্ষতা, ৪ ও তাহাদের প্রতি মূসার কথা, ১২ ও তাহাদের প্রত্যুত্তর, ১৬ ও তাহাদের প্রতি মূসার আর এক কথা, ২০ এবং মূসা ও হারোণের প্রতি পরমেশ্বরের কথা, ২৩ ও বিপক্ষদের শিবিরহইতে যাইতে লোকদিগকে আজ্ঞাদেওন, ৩১ ও বিপক্ষ লোকদিগকে পৃথিবীর গ্রাস করণ ৩৬ ও ধূনাচিদ্বারা বেদি আচ্ছাদন করিতে নিযুক্ত হওন ৪১ ও লোকদের কলহ, ৪৪ ও মূসার প্রতি পরমেশ্বরের কথা, ৪৬ ও তাহাদের দণ্ড ও মূসা ও হারোণের দ্বারা দণ্ডের নিবারণ।

১ পরে লেবির প্রপৌত্র কিহাতের পৌত্র যিষ্‌হরের পুত্র কোরহ, এবং রূবেন্ বংশীয় ইলীয়াবের পুত্র দাথন্ ও অবীরাম্, ও পেলতের পুত্র ওন্, এবং ইস্রায়েল্ ২ বংশের সভার অধ্যক্ষ ও মণ্ডলীতে বিখ্যাত ও নাম লব্ধ দুই শত পঞ্চাশ লোক মূসার বিরুদ্ধে উঠিল। এবং ৩ তাহারা মূসা ও হারোণের বিরুদ্ধে একত্র হইয়া তাহাদিগকে কহিল, তোমরা আত্মাভিমানী ‡। সমস্ত মণ্ডলী পবিত্র, অর্থাৎ তাহার প্রত্যেক জনই পবিত্র, এবং পরমেশ্বর তাহার মধ্যবর্ত্তী; তোমরা কেন পরমেশ্বরের মণ্ডলীর উপরে আপনাদিগকে উন্নত করিতেছ?

৪ তখন মূসা তাহা শুনিয়া উবুড় হইয়া পড়িল। এবং ৫ সে কোরহকে ও তাহার সকল দলকে কহিল, কে তাঁহার, ও কে পবিত্র, তাহা পরমেশ্বর কল্য জানাইবেন, আর তাহাকে আপনার নিকটে আনাইবেন; অর্থাৎ যাহাকে মনোনীত করেন, তাহাকে আপন নিকটে ৬ আনাইবেন। হে কোরহ ও তাহার দল সকল, এই কর্ম্ম ৭ কর, কল্য পরমেশ্বরের সম্মুখে ধূনাচি লইয়া তাহার মধ্যে অগ্নি দেও এবং তাহার উপরে ধূনা দেও; তাহাতে পরমেশ্বর যাহাকে মনোনীত করিবেন, সেই পবিত্র হইবে; হে লেবির সন্তানগণ, তোমরা আত্মা-৮ ভিমানী ‡। পরে মূসা কোরহকে কহিল, হে লেবির ৯ সন্তান, বিনয় করি, আমার কথা শুন। পরমেশ্বরের আবাসের সেবা করণার্থে ও মণ্ডলীর সম্মুখে দাঁড়াইয়া তাহার সেবা করণার্থে তোমাদিগকে আপন নিকটে আনিতে ইস্রায়েলের ঈশ্বর ইস্রায়েল্ মণ্ডলীহইতে ১০ তোমাদিগকে ভিন্ন করিয়াছেন; এবং তোমাকে ও তোমার সহিত তোমার ভ্রাতা লেবির সকল সন্তানকে আপন নিকটে আনিলেন; ইহা কি তোমাদের বোধে ক্ষুদ্র বিষয়? তোমরা কি এই যাজকপদেরও চেষ্টা করি-১১ তেছ? কেননা এই নিমিত্তে তুমি ও তোমার সহায়গণ পরমেশ্বরের প্রতিকূলে একত্র হইয়াছ; এবং হারোণ্‌কে, যে তোমরা তাহার প্রতিকূলে বচসা করিতেছ?

১২ মূসা ইলীয়াবের পুত্র দাথন্‌কে ও অবীরাম্‌কে ডাকিতে লোক পাঠাইলে তাহারা কহিল, আমরা ১৩ যাইব না। তুমি আমাদিগকে প্রান্তরে মারিতে দুগ্ধ মধু প্রবাহি দেশহইতে আনিয়াছ, ইহা কি ক্ষুদ্র বিষয়? তুমি কি আমাদের উপরে আপনাকেও সর্ব্বতোভাবে ১৪ কর্ত্তা করিবা? এবং তুমি দুগ্ধ মধু প্রবাহি দেশে আমাদিগকে আনিলা ও শস্যক্ষেত্রের ও দ্রাক্ষাক্ষেত্রের অধিকার দিলা, তাহা নয়; তুমি কি এই লোকদের চক্ষু উৎ-১৫ পাটন করিবা? আমরা যাইব না। তাহাতে মূসা অতিশয় ক্রুদ্ধ হইয়া পরমেশ্বরকে কহিল, তুমি তাহাদের নৈবেদ্য গ্রাহ্য করিও না; আমি তাহাদিগহইতে এক গর্দ্দভও লই নাই, ও তাহাদের এক জনেরও হিংসা করি নাই।

[৩০,৩১;] দ্বি ১৭; ১২, ১৩। ১ শি ১৫; ২২,২৩ ॥—[৩২-৩৬] যা ২০; ৮-১১। ৩১; ১২-১৭ ॥—[৩৪-৩৬] লে ২৫; ১২-১৪ ॥—[৩৮] দ্বি ২২; ১২।—[৩৯] যিহি ৬; ৯। যুব ৩১; ৭ ॥—[৪০,৪১] দ্বি ৬; ৬-৯। লে ১৮; ১-৫। ১৯; ২ ॥ [১৬অধ্যা]১ ক ১০; ১১। যিহূ ১১॥—[১]যা ৬; ২১॥—[৩]গী ১০৬; ১৬। যা ১৯; ৬। গ ১৪; ১৪॥—[৪]১৪; ৫। দ্বি ৯; ১৮,১৯॥ [৫]লে ২১; ৬,১০-১২॥—[৯,১০]গ ৮; ১৩-১৯। দ্বি ১০; ৮,৯॥—[১১]যা ১৬; ৮॥—[১৩]যা ২; ১৪॥—[১৫]১শি ১২; ৩॥

* (ইব্রি) প্রাণী। † (ইব্রি) ঊর্দ্ধ হস্তেতে। ‡ (ইব্রি) তোমাদের মহত্ত্ব আছে।

১৬ পরে মূসা কোরহকে কহিল, তুমি ও হারোণের সহিত তোমার দল সকল, তোমরা কল্য পরমেশ্বরের সম্মুখে ১৭ উপস্থিত হইবা। এবং তোমরা প্রত্যেক জন আপন ২ ধূনাচি লইয়া ও তাহার উপরে ধূনা দিয়া পরমেশ্বরের সম্মুখে আপন ২ ধূনাচি উপস্থিত করিও; দুইশত পঞ্চাশ ধূনাচি উপস্থিত করিও, এবং তুমি ও হারোণ্ প্রত্যেক জন ১৮ আপন ২ ধূনাচি লইও। পরে তাহারা প্রত্যেকে আপন ২ ধূনাচি লইল; এবং তাহার মধ্যে অগ্নি দিয়া ও ধূনা রাখিয়া মূসার ও হারোণের সহিত মণ্ডলীর আবাস-১৯ দ্বারে দাঁড়াইল। এবং কোরহ মণ্ডলীর আবাসদ্বার নিকটে তাহাদের * প্রতিকূলে সমস্ত মণ্ডলীকে একত্র করিল; তখন সমস্ত মণ্ডলীর সাক্ষাতে পরমেশ্বরের তেজ প্রকাশ পাইল।

২০ পরে পরমেশ্বর মূসাকে ও হারোণ্‌কে কহিলেন, ২১ তোমরা এই মণ্ডলীর মধ্যহইতে পৃথক হও; তাহাতে ২২ আমি তাহাদিগকে এক নিমিষে বিনষ্ট করি। তাহাতে তাহারা উবুড় হইয়া পড়িয়া কহিল, হে ঈশ্বর, হে সমস্ত দেহির ঈশ্বর, এক জন পাপ করিলে কি তোমার ক্রোধ সমস্ত মণ্ডলীর উপরে প্রজ্বলিত হইবে?

২৩ তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি মণ্ডলীকে ২৪ কহ, তোমরা কোরহের ও দাথনের ও অবীরামের ২৫ শিবিরের সমীপহইতে উঠিয়া যাও। তাহাতে মূসা উঠিয়া দাথনের ও অবীরামের নিকটে গেল, এবং ইস্রায়েল্ বংশের প্রাচীনগণ তাহার পশ্চাৎ গেল। ২৬ পরে সে মণ্ডলীকে কহিল, আমি বিনয় করি, তোমরা এই দুষ্ট লোকদের সমূহ পাপেতে যেন বিনষ্ট না হও, এই জন্যে তাহাদের শিবিরের নিকটহইতে উঠিয়া যাও ২৭ ও তাহাদের কিছুই স্পর্শ করিও না। তাহাতে তাহারা কোরহের ও দাথনের ও অবীরামের শিবিরের নিকট-হইতে চতুর্দ্দিগে উঠিয়া গেল, এবং দাথন্ ও অবীরাম্ বাহির হইয়া আপন ২ স্ত্রী ও পুত্রগণ ও শিশুগণের সহিত আপন ২ শিবিরদ্বারে দাঁড়াইয়া রহিল।

২৮ পরে মূসা কহিল, পরমেশ্বর এই সমস্ত কার্য্য করিতে আমাকে পাঠাইলেন; আমি আপন অভিমতে ইহা ২৯ করি নাই; তাহা ইহাতেই জানিতে পারিবা। যদ্যপি এই মনুষ্যেরা সাধারণ লোকদের ন্যায় মরে, কিম্বা সকল লোকের ঘটনানুসারে এই লোকের প্রতি ৩০ ঘটে, তবে পরমেশ্বর আমাকে পাঠাইলেন না। কিন্তু পরমেশ্বর যদি অদ্ভুত কর্ম্ম † করেন, এবং পৃথিবী আপন মুখ বিস্তার করিয়া তাহাদিগকে ও তাহাদের সর্ব্বস্বকে গ্রাস করে, ও তাহারা জীবৎ থাকিতে কবর প্রাপ্ত হয়, তবে এই মনুষ্যেরা যে পরমেশ্বরকে অবজ্ঞা করিয়াছে, তাহা তোমরা জানিতে পারিবা।

পরে মূসার এই সমস্ত কথা সমাপ্ত হইবামাত্র ৩১ তাহাদের অধোভূমি বিদীর্ণ হইল। এবং পৃথিবী ৩২ আপন মুখ বিস্তার করিয়া তাহাদিগকে ও তাহাদের পরিজনগণকে ও কোরহের সমস্ত লোককে ও তাহাদের সকল সম্পত্তি গ্রাস করিল। তাহাতে তাহারা ও তাহা-৩৩ দের তাবৎ পরিবার লোক জীবৎ থাকিতে কবরপ্রাপ্ত হইল, ও পৃথিবী তাহাদের উপরে চাপিয়া পড়িল; তাহাতে তাহারা মণ্ডলীর মধ্যহইতে বিনষ্ট হইল। এবং ৩৪ তাহাদের রবেতে তাহাদের চতুর্দ্দিকস্থিত সমস্ত ইস্রায়েল্ বংশ পলায়ন করিল, কেননা কহিল, কি জানি যদি পৃথিবী আমাদিগকেও গ্রাস করে। পরে পর-৩৫ মেশ্বরহইতে অগ্নি নির্গত হইয়া ধূপ নিবেদনকারি ঐ দুই শত পঞ্চাশ লোককে দগ্ধ করিল।

পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি হারোণের ৩৬ পুত্র ইলিয়াসর্ যাজককে কহ, সে অগ্নিহইতে ঐ সকল ৩৭ ধূনাচি গ্রহণ করুক, এবং তাহার অগ্নি সেই স্থানে ছড়া-উক, কেননা সে সকলি পবিত্র। এবং যে পাপি লোকেরা ৩৮ আপন ২ প্রাণের প্রতিকূলে পাপ করিল, তাহাদের ধূনাচি সকল লইয়া লোকেরা বেদি আচ্ছাদনার্থে প্রশস্ত পত্র করুক, কেননা তাহারা পরমেশ্বরের উদ্দেশে সে সকল নিবেদন করিয়াছে; অতএব সে সকলি পবিত্র, এবং ইস্রায়েল্ বংশের চিহ্ন স্বরূপ হইবে। তাহাতে ৩৯ হারোণ্ বংশ ব্যতিরেক অন্য কোন মনুষ্য মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে যেন পরমেশ্বরের সম্মুখে ধূপ উৎসর্গ করিতে নিকটে না যায়, এবং কোরহের ও ৪০ তাহার দলের মত না হয়, এই নিমিত্তে দগ্ধ লোকেরা যে ২ পিত্তলের ধূনাচিতে উৎসর্গ করিয়াছিল, সে সকলকে ইস্রায়েল্ বংশের স্মরণার্থে ইলিয়াসর্ যাজক গ্রহণ করিয়া বেদি আচ্ছাদন করিতে প্রশস্ত পত্র করিল।

তথাপি পরদিনে ইস্রায়েল্ বংশের সমস্ত মণ্ডলী ৪১ মূসার ও হারোণের প্রতিকূলে বচসা করিয়া কহিল, তোমরাই পরমেশ্বরের লোকদিগকে বিনষ্ট করিলা। পরে মণ্ডলী মূসার ও হারোণের প্রতিকূলে একত্র হইয়া ৪২ মণ্ডলীর আবাসের প্রতি দৃষ্টি করিলে মেঘ তাহা আচ্ছাদন করিল, এবং পরমেশ্বরের তেজ প্রকাশ পাইল। তখন মূসা ও হারোণ্ মণ্ডলীর আবাসের ৪৩ দ্বারের সম্মুখে উপস্থিত হইল।

পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তোমরা এই ৪৪ মণ্ডলীর মধ্যহইতে উঠিয়া যাও, তাহাতে আমি এক ৪৫ নিমিষে তাহাদিগকে বিনষ্ট করিব; তখন তাহারা উবুড় হইয়া পড়িল।

অপর মূসা হারোণ্‌কে কহিল, তুমি ধূনাচি লও, ৪৬

---

[১৯] গ ১৪; ১০।।—[২১] প ২৬, ৪৫। প্র ১৮; ৪। যা ৩২; ১০।।—[২২] গ ১৪; ৫। যা ৩২; ১১-১৩। আ ১৮; ২৫।।—[২৬] প ২১, ৪৫ ।।
[২৮-৩০] দ্বি ১৮; ২১, ২২। যা ৪; ২-৯। যো ১০; ২৫, ৩৭, ৩৮। যা ১৬; ২০।।—[৩২] প ১।।—[৩৫] প ২। লে ১০; ২। গ ১১; ১।।
[৩৭, ৩৮] যা ২৯; ৩৭ ।।—[৩৮] গ ১৭; ১০।।—[৪০] ৩; ১০।।—[৪১] ১৪; ২।।—[৪২] প ১৯।।—[৪৫] প ২১, ২২, ২৬।।

* (বা) মূসার ও হারোণের। † (বা) নূতন বিষয় সৃষ্টি।

এবং বেদির উপরহইতে অগ্নি লইয়া তাহার মধ্যে দেও, এবং তাহাতে ধূনা দিয়া শীঘ্র মণ্ডলীর নিকটে যাইয়া তাহাদের নিমিত্তে প্রায়শ্চিত্ত কর; কেননা পরমেশ্বরের সম্মুখহইতে ক্রোধ নির্গত হওয়াতে মহামারীর ৪৭ উপক্রম হইল। তখন হারোণ্ মূসার আজ্ঞানুসারে ধূনাচি লইয়া মণ্ডলীর মধ্যে দৌড়িয়া গেল; কিন্তু তখন লোকদের মধ্যে মহামারীর উপক্রম হইল, তাহাতে সে ধূনা দিয়া লোকদের নিমিত্তে প্রায়শ্চিত্ত ৪৮ করিল। এবং মৃত ও জীবিত লোকদের মধ্যে দাঁড়াইল; ৪৯ তাহাতে তৎক্ষণাৎ মহামারী নিবৃত্ত হইল। যাহারা কোরহের সহিত মরিয়াছিল, তদ্ভিন্ন তখন চৌদ্দ সহস্র ৫০ সাত শত লোক ঐ মহামারীতে মরিল। পরে মহামারী নিবৃত্ত হইলে হারোণ্ মণ্ডলীর আবাসদ্বারে মূসার নিকটে ফিরিয়া আইল।

১৭ অধ্যায়।

১ অধ্যক্ষদের যষ্টির কথা, ৬ ও হারোণের যষ্টির পুষ্পিত হওন, ১০ ও পাপিদের বিরুদ্ধে চিহ্ন হওনার্থে সে যষ্টির রক্ষা করণ।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশকে কহিয়া, তাহাদের পিতৃবংশানুসারে প্রত্যেক জনহইতে এক২ যষ্টি * গ্রহণ কর, অর্থাৎ তাহাদের পিতৃবংশানুসারে তাহাদের সমস্ত অধ্যক্ষহইতে বারো যষ্টি গ্রহণ কর, এবং প্রত্যেকের যষ্টিতে তাহাদের ৩ প্রত্যেকের নাম লেখ। তাহাতে তুমি লেবির যষ্টিতে হারোণের নাম লেখ; তাহাদের পিতৃবংশের অধ্যক্ষ- ৪ দের নিমিত্তে এক২ যষ্টি হইবে। এবং আমি যে স্থানে তোমার সহিত সাক্ষাৎ করি, সেই মণ্ডলীর আবাসের সাক্ষ্যরূপ সিন্দুকের সম্মুখে সে সকল তুলিয়া রাখিবা। ৫ পরে যে লোক আমার মনোনীত হইবে, তাহার যষ্টি পুষ্পিত হইবে, এবং ইস্রায়েল্ বংশ তোমাদের প্রতিকূলে যে২ বচসা করে, তাহা আমি আপন নিকটহইতে নিবৃত্ত করিব।

৬ পরে মূসা ইস্রায়েল্ বংশকে এই সকল কহিলে তাহাদের প্রত্যেক অধ্যক্ষ এক ২ যষ্টি, অর্থাৎ তাহাদের পিতৃবংশানুসারে এক ২ অধ্যক্ষের এক ২ যষ্টি, এইরূপে বারো যষ্টি তাহাকে দিল; এবং তাহাদের ৭ মধ্যে হারোণের যষ্টিও ছিল। তাহাতে মূসা পরমেশ্বরের সম্মুখে সাক্ষ্যরূপ আবাসে ঐ সকল যষ্টি তুলিয়া ৮ রাখিল। অপর পরদিবসে মূসা সাক্ষ্যরূপ আবাসে গিয়া দেখিল, লেবি বংশের কারণ হারোণের যষ্টি অঙ্কুরিত হইয়া মুকুলিত ও পুষ্পিত হইয়া বাদাম ৯ ফল ধরিয়াছে। তখন মূসা ইস্রায়েলের সমস্ত বংশের সাক্ষাতে পরমেশ্বরের সম্মুখহইতে ঐ সকল যষ্টি বাহির করিয়া আনিল; তাহাতে তাহা দেখিয়া প্রত্যেকে আপন ২ যষ্টি গ্রহণ করিল।

১০ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, এই আজ্ঞা লঙ্ঘনকারি লোকদের বচসা যেন আমাহইতে দূরীকৃত হয় ও তাহাদের মৃত্যু না হয়, এই নিমিত্তে তাহাদের প্রতিকূলে চিহ্ন থাকিবার জন্যে তুমি সাক্ষ্যরূপ সিন্দুকের সম্মুখে পুনর্ব্বার হারোণের যষ্টি আন। ১১ তাহাতে মূসা তাহা করিল; সে পরমেশ্বরের আজ্ঞানুসারেই করিল। ১২ পরে ইস্রায়েল্ বংশ মূসাকে কহিল, দেখ, আমরা মরি, ও আমরা বিনষ্ট হই, ও সকলে বিনষ্ট হই। ১৩ কেননা যে কেহ পরমেশ্বরের আবাসের নিকটে এক বার যায়, সে মরে; তবে আমরা কি সর্ব্বতোভাবে বিনষ্ট হইব?

১৮ অধ্যায়।

১ যাজকের ও লেবীয়দের কর্ম্ম, ৮ ও যাজকদের অংশের কথা ২০ ও লেবীয়দের অংশের কথা, ২৫ ও লেবীয়দের ওত্তোলনীয় নৈবেদ্য ও যাজকদের অংশের কথা।

১ পরে পরমেশ্বর হারোণ্কে কহিলেন, তুমি ও তোমার পুত্রগণ ও তোমার সহিত তোমার পিতৃবংশ, তোমরা পবিত্র স্থানের অপরাধ ভোগ করিবা, এবং তুমি ও তোমার সহিত তোমার পুত্রগণ যাজকত্বপদের অপরাধ ভোগ করিবা। ২ এবং লেবি † বংশীয় তোমার ভ্রাতৃগণকে, অর্থাৎ তোমার পিতৃবংশীয়দিগকে সঙ্গে আনিবা, তাহাতে তাহারা তোমার সহিত যুক্ত হইয়া তোমার সেবা করিবে; কিন্তু তুমি ও তোমার সহিত তোমার পুত্রগণ সাক্ষ্যরূপ আবাসের সম্মুখে সেবা করিবা। ৩ এবং তাহারা তোমার রক্ষণীয় ও আবাসের সমস্ত রক্ষণীয় বস্তু রক্ষা করিবে; এবং তাহাদের ও তোমাদের যেন মৃত্যু না হয়, এই জন্যে তাহারা পবিত্র স্থানের পাত্রের ও বেদির নিকটে যাইবে না। ৪ তাহারা তোমার সহিত যুক্ত হইয়া মণ্ডলীর আবাসের রক্ষণীয় আবাসের সমস্ত সেবানুসারে রক্ষা করিবে, এবং কোন অন্যজাতি তোমাদের নিকটে যাইবে না। ৫ এবং ইস্রায়েল্ বংশের প্রতি যেন আর ক্রোধ উপস্থিত না হয়, এই জন্যে তোমরা পবিত্র স্থানের রক্ষণীয় ও বেদির রক্ষণীয় বস্তু রক্ষা করিবা। ৬ দেখ, মণ্ডলীর আবাসের সেবা করিতে ও পরমেশ্বরের উদ্দেশে দান স্বরূপ তোমাদিগকে দিতে ইস্রায়েল্ বংশহইতে তোমাদের ভ্রাতৃগণ লেবীয়দিগকে আমি গ্রহণ করিলাম। ৭ অতএব তুমি ও তোমার সহিত তোমার পুত্রগণ তোমরা বেদির নিকটে ও বিচ্ছেদবস্ত্রের ভিতরে যাজকত্ব পালন করিবা ও সেবা করিবা; আমি তোমাদিগকে দানস্বরূপ যাজকত্ব সেবাপদ দিলাম, কিন্তু যে অন্যজাতি লোক নিকটবর্ত্তী হইবে, সে হত হইবে।

---

[৪৬] গী ১০ ৬; ২৩ । গ ১১; ৩৩।।—[১৭ অধ্য ;৪] যা ২৫ ; ২২।।—[৫] গ ১৬ ; ৫,১১।।—[১০] প ৫ । ১৬ ;৩৮। ইব্রু ৯;৪ ।।
[১৮ অধ্য; ১] যা ২৮ ; ৩৮ ।।—[২] আ ২৯ ; ৩৪ ।।—[২-৭] গ ৩ ; ৫-১০ । ৪ ; ১৫ । ১৬ ; ৯,১০,৪০ ।।—[৫] ১৬; ৪৬ ।।
[৭] লে ১৬ ; ২,৩ । গ ৩ ; ৫-১৫ । ১৬; ৪০ ।।

* (ইব্রু) এক অধ্যক্ষ এক যষ্টি ও এক অধ্যক্ষ এক যষ্টি। † (অর্থাৎ) আসক্ত বা যুক্ত।

৮ অপর পরমেশ্বর হারোণ্‌কে কহিলেন, দেখ, ইস্রায়েল্‌ বংশের সমস্ত পবিত্রীকৃত দ্রব্যহইতে নীত আমার উত্তোলনীয় নৈবেদ্যের ভার আমি তোমাকে দিলাম; এবং তোমার অভিষেক প্রযুক্ত আমি তোমাকে ও তোমার সন্তানগণকে নিত্য বিধিতে সে সকল দিলাম। ৯ এবং অগ্নিকৃত দ্রব্যহইতে অবশিষ্ট অতি পবিত্র বস্তুর মধ্যে ইহা তোমার হইবে; বিশেষতঃ আমার উদ্দেশে নিবেদিত তাহাদের প্রত্যেক উপহার, অর্থাৎ প্রত্যেক নৈবেদ্য ও প্রত্যেক প্রায়শ্চিত্ত বলি ও দোষার্থে বলি তোমার ও তোমার পুত্রগণের প্রতি অতি পবিত্র হইবে। ১০ তুমি তাহা অতি পবিত্র স্থানে ভক্ষণ করিবা, ও প্রত্যেক পুরুষ তাহা ভক্ষণ করিবে, ও তাহা তোমার প্রতি পবিত্র হইবে। ১১ এবং আমি ইস্রায়েল্‌ বংশের সমস্ত আন্দোলনীয় নৈবেদ্যের সহিত তাহাদের দানের উত্তোলনীয় নৈবেদ্য তোমাকে ও তোমার সহিত তোমার পুত্রগণকে ও তোমার কন্যাগণকে নিত্য বিধিমতে দিয়াছি; সে সকল তোমার হইবে, এবং তোমার গৃহের প্রত্যেক শুচি লোক তাহা ভক্ষণ করিবে। ১২ তাহারা পরমেশ্বরের উদ্দেশে যে সকল উত্তম তৈল ও উত্তম দ্রাক্ষারস ও গোম ও প্রথমজাত ফল উৎসর্গ করে, তাহা আমি তোমাকে দিলাম। ১৩ এবং দেশেতে যে প্রথম পক্ক ফল পরমেশ্বরের উদ্দেশে নিবেদিত হয়, তাহা তোমার হইবে, ও তোমার গৃহের সকল শুচি লোক তাহা ভক্ষণ করিবে। ১৪ এবং ইস্রায়েল্‌ বংশের নিবেদিত সমস্ত বস্তু তোমার হইবে। ১৫ আর মনুষ্য কিম্বা পশুদের মধ্যহইতে পরমেশ্বরের উদ্দেশে তাহাদের কর্তৃক আনীত প্রথমজাত সমস্ত প্রাণী তোমারি হইবে; কিন্তু মনুষ্যের প্রথমজাতকে তুমি অবশ্য মুক্ত করিবা, এবং অশুচি পশুর প্রথমজাতকেও মুক্ত করিবা। ১৬ এবং এক মাস বয়স্ক অবধি মোচনীয় সকলকে তোমার নিরূপিত মূল্যেতে বিংশতি গেরা পরিমিত পবিত্র স্থানের শেকলনুসারে পাঁচ শেকল্‌ রূপাতে মুক্ত করিবা। ১৭ কিন্তু গোরুর প্রথমজাতকে কিম্বা মেষের প্রথমজাতকে কিম্বা ছাগলের প্রথমজাতকে তুমি মুক্ত করিবা না, তাহারাই পবিত্র; তাহাদের রক্ত বেদির উপরে প্রোক্ষণ করিবা, এবং পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি উপহারের নিমিত্তে তাহাদের মেদ দগ্ধ করিবা। ১৮ এবং আন্দোলনীয় বক্ষ ও দক্ষিণ স্কন্ধ যেমন তোমার, তেমনি তাহাদের মাংস তোমারি হইবে। ১৯ এবং ইস্রায়েল্‌ বংশ পবিত্র বস্তুর মধ্যে যে সমস্ত উত্তোলনীয় নৈবেদ্য পরমেশ্বরের উদ্দেশে নিবেদন করে, সে সকল আমি তোমাকে ও তোমার সহিত তোমার পুত্রগণকে ও তোমার কন্যাগণকে নিত্য বিধিমতে দিলাম; পরমেশ্বরের সাক্ষাতে তোমার ও তোমার বংশের সহিত এই এক স্থির নিয়ম আছে।

২০ পরে পরমেশ্বর হারোণ্‌কে কহিলেন, তাহাদের দেশে তোমার কোন অধিকার থাকিবে না, ও তাহাদের মধ্যে তোমার কোন অংশ থাকিবে না, ইস্রায়েল্‌ বংশের মধ্যে আমিই তোমার অংশ ও অধিকার। ২১ দেখ, সেবা অর্থাৎ মণ্ডলীর আবাসের সেবা প্রযুক্ত আমি লেবির বংশকে অধিকারার্থে ইস্রায়েল্‌ বংশের তাবৎ দশমাংশ দিলাম। ২২ আর ইস্রায়েল্‌ বংশ যেন পাপ ভোগ করিয়া না মরে; এই জন্যে এই অবধি তাহারা মণ্ডলীর আবাসের নিকটবর্ত্তী না হউক। ২৩ কিন্তু লেবীয় লোকেরা মণ্ডলীর আবাসের সেবা করিবে, এবং তাহারা আপনাদের অপরাধ ভোগ করিবে, এবং তাহারা ইস্রায়েল্‌ বংশের মধ্যে কোন অধিকার পাইবে না; ইহা তোমাদের পুরুষানুক্রমে নিত্য বিধি হইবে। ২৪ কিন্তু ইস্রায়েল্‌ বংশ পরমেশ্বরের উদ্দেশে যে উত্তোলনীয় নৈবেদ্য উৎসর্গ করিবে, তাহাদের সেই দশমাংশ আমি লেবীয়দিগকে অধিকারার্থে দিলাম; অতএব আমি তাহাদিগকে কহিলাম, ইস্রায়েল্‌ বংশের মধ্যে তাহারা কোন অধিকার পাইবে না।

২৫ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি লেবীয়দিগকে কহিবা ও তাহাদিগকে এই কথা বলিবা, ২৬ আমি তোমাদের অধিকারার্থে ইস্রায়েল্‌ বংশহইতে যে দশমাংশ তোমাদিগকে দিলাম, তাহা যখন তোমরা তাহাদের হইতে গ্রহণ করিবা, তৎকালে তোমরা সেই দশমাংশের দশমাংশ উত্তোলনীয় নৈবেদ্য পরমেশ্বরের উদ্দেশে নিবেদন করিবা। ২৭ তোমাদের প্রতি এই উত্তোলনীয় নৈবেদ্য মর্দ্দনস্থানের শস্যের ন্যায় ও দ্রাক্ষাযন্ত্রের পূর্ণতার ন্যায় গণ্য হইবে। ২৮ এইরূপ তোমরা ইস্রায়েল্‌ বংশহইতে যে দশমাংশ গ্রহণ কর, তাহাহইতে এক উত্তোলনীয় নৈবেদ্য পরমেশ্বরের উদ্দেশে নিবেদন করিবা, এবং তাহাহইতে এক উত্তোলনীয় নৈবেদ্য পরমেশ্বরের জন্যে হারোণ্‌ যাজককে দিবা। ২৯ তোমাদের সমস্ত দানের মধ্যে যে ২ বস্তু উত্তম* ও পবিত্র, তাহাহইতে তোমরা পরমেশ্বরের উদ্দেশে সমস্ত উত্তোলনীয় নৈবেদ্য নিবেদন করিবা। ৩০ অতএব তুমি তাহাদিগকে কহিবা, তোমরা যখন উত্তম বস্তু* হইতে উত্তোলনীয় নৈবেদ্য নিবেদন কর, তৎকালে তাহা মর্দ্দনস্থানের পূর্ণতানুসারে ও দ্রাক্ষাযন্ত্রের পূর্ণতানুসারে লেবীয়দের প্রতি গণিত হইবে। ৩১ এবং তোমরা ও তোমাদের পরিজনগণ তাহা সর্ব্বত্র ভক্ষণ করিবা;

[৮-২০] গ ৫; ৯,১০। ১ ক ৯; ১৩,১৪ ॥—[৯,১০]লে ৬; ১৭,১৮॥—[১১]যা ২৯; ২৭,২৮। লে ১০; ১৪,১৫। ৭; ২০ ॥ [১১-১৪]দ্বি ১৮; ৩,৪। লে ২২; ১-১৩॥—[১২,১৩]যা ২২; ২৯॥—[১৪]লে ২৭; ২৮॥—[১৫-১৮]যা ১৩; ১১-১৫। লে ২৭; ৬, ২৬,২৭ ॥—[১৭] লে ৩; ২,৫ ॥—[১৮]লে ৭; ৩৪ ॥—[১৯]প ১১। লে ২; ১৩॥—[২০]দ্বি ১০; ৯। যি ১৩; ১৪,৩৩॥ [২১]লে ২৭; ৩০। ইব্রি ৭; ৫ ॥—[২২]গ ৩; ১০,৩৮॥—[২৩]৩; ৫-৯॥—[২৪]প ২১॥—[৩১]প ৮। ১ ক ৯; ১৩,১৪॥

*(ইব্রি) মেদ বা সার।

কেননা তাহা মণ্ডলীর আবাসে তোমাদের সেবা নিমিত্তক
৩২ বেতন হয়। এবং সেই উত্তম * বস্তুহইতে নৈবেদ্য উৎসর্গ করিলে তৎপ্রযুক্ত কোন পাপের ফল ভোগ করিবা না; এবং তোমরা যেন না মর, এই জন্যে ইস্রায়েল্ বংশের পবিত্র বস্তু অপবিত্র করিবা না।

১৯ অধ্যায়।

১ রক্তবর্ণ গো ভস্মদ্বারা পবিত্র জল প্রস্তুত করণ, ১১ ও পরিজনের ব্যবহারের ব্যবস্থা।

১ পরে পরমেশ্বর মূসাকে ও হারোণ্‌কে কহিলেন, পর-
২ মেশ্বর এই ব্যবস্থার বিধি আজ্ঞা করিলেন, ইস্রায়েল্ বংশকে কহ, তাহারা নির্দ্দোষ ও নিষ্কলঙ্ক ও যোঁয়ালি বহন করে নাই, এমত এক রক্ত বর্ণ গো তো-
৩ মার নিকটে আনুক। তোমরা সেই গোরু ইলিয়াসর্ যাজককে দিবা, এবং সে তাহাকে শিবিরের বাহিরে আনিবে, এবং আপনার সম্মুখে তাহাকে বলিদান
৪ করাইবে। পরে ইলিয়াসর্ যাজক আপন অঙ্গুলিদ্বারা তাহার কিঞ্চিৎ রক্ত লইয়া মণ্ডলীর আবাসের সম্মুখে
৫ তাহা সাত বার প্রক্ষেপ করিবে। এবং তাহার দৃষ্টিতে সেই গোরু দগ্ধ হইবে, অর্থাৎ তাহার গোময়ের সহিত
৬ চর্ম্ম ও মাংস ও রক্ত দগ্ধ হইবে। এবং যাজক এরস্ কাষ্ঠ ও এসোব্ ও সিন্দূরবর্ণ লোম লইয়া ঐ গোদাহের
৭ অগ্নিমধ্যে ফেলিয়া দিবে। পরে যাজক আপন বস্ত্র ধৌত করিবে ও শরীরকে জলেতে স্নান করাইবে; পরে শিবিরে প্রবেশ করিবে; তথাপি যাজক সন্ধ্যাকাল
৮ পর্য্যন্ত অশুচি থাকিবে। এবং যে জন তাহাকে দগ্ধ করিবে, সেও আপন বস্ত্র জলে ধৌত করিবে,ও শরীর-কে জলে স্নান করাইবে; তথাপি সন্ধ্যা পর্য্যন্ত অশুচি
৯ থাকিবে। এবং কোন শুচি লোক ঐ গোভস্ম একত্র করিয়া শিবিরের বাহিরে শুচি স্থানে রাখিবে, এবং শুচিকারি জলার্থে তাহা ইস্রায়েল্ বংশের কারণ রাখা
১০ যাইবে; তাহা পাপ পরিষ্কারক হয়। এবং যে কেহ ঐ গোভস্ম একত্র করে, সে আপন বস্ত্র ধৌত করিবে; তথাপি সন্ধ্যাকাল পর্য্যন্ত অশুচি থাকিবে, এবং তাহা ইস্রায়েল্ বংশের প্রতি ও তাহাদের মধ্যে প্রবাসকারি বিদেশির প্রতি নিত্য বিধি হইবে।
১১ আর যে কেহ কোন মনুষ্যের † শব স্পর্শ করে, সে
১২ সাত দিবস অশুচি হইবে। সে তৃতীয় দিনে তাহাদ্বারা আপনাকে পরিষ্কার করিবে,এবং সপ্তম দিনে সে শুচি হইবে; কিন্তু যদি তৃতীয় দিনে আপনাকে পরিষ্কার
১৩ না করে,তবে সপ্তম দিনে সে শুচি হইবে না। আর যে কেহ কোন মৃত মনুষ্যের শব স্পর্শ করিয়া আপনাকে পরিষ্কার না করে, সে পরমেশ্বরের আবাস অশুচি করে, সে ইস্রায়েল্ বংশের মধ্যহইতে উচ্ছিন্ন হইবে; কেননা তাহার উপরে পরিষ্কার করণের জল প্রক্ষিপ্ত হয় নাই, এই নিমিত্তে সে অশুচি হইবে; তাহার অশু-চিতা তাহাতে থাকিবে। আর মনুষ্য শিবিরের মধ্যে ১৪ মরিলে তাহার এই ব্যবস্থা; সেই শিবিরে প্রবেশকারি সকল লোক এবং সেই শিবিরস্থ তাবৎ বস্তু সাত দিবস অশুচি হইবে। এবং ঢাকনি অনাবৃত সমস্ত পাত্রই ১৫ অশুচি হইবে। এবং যে কেহ ক্ষেত্রে খড়্গ হত ১৬ কোন কাহাকে কিম্বা কোন শব কিম্বা মনুষ্যের অস্থি কিম্বা কবর স্পর্শ করে, সে সাত দিবস অশুচি হইবে। এবং পাপ পরিষ্কার করণার্থে যে গো দগ্ধ হইল, ১৭ তাহার কিঞ্চিৎ ভস্ম ‡ লইয়া পাত্রে করিয়া তাহার উপরে উনুইর জল দিবে। পরে শুচি এক মনুষ্য ১৮ এসোব্ লইয়া জলে মগ্ন করিয়া ঐ শিবিরের উপরে,ও সমস্ত পাত্রের উপরে, ও সেই স্থানের সকল লোকের উপরে, এবং অস্থি কিম্বা হত কিম্বা মৃত কিম্বা কবর স্পর্শকারির উপরে তাহা প্রক্ষেপ করিবে। এবং ঐ শুচি ১৯ লোক তৃতীয় দিবসে ও সপ্তম দিবসে অশুচির উপরে প্রক্ষেপ করিবে; পরে সপ্তম দিবসে সে আপনাকে পরিষ্কার করিবে, এবং আপন বস্ত্র ধৌত করিবে ও জলেতে স্নান করিবে; পরে সন্ধ্যাকালে শুচি হইবে। কিন্তু যে মনুষ্য অশুচি হইয়া আপনাকে পরিষ্কার না ২০ করে, সে মণ্ডলীর মধ্যহইতে উচ্ছিন্ন হইবে, কেননা সে পরমেশ্বরের পবিত্র স্থান অশুচি করিল; যাহার উপরে শুচি করণের জল প্রক্ষিপ্ত হয় নাই, সেই অশুচি। তাহাদের প্রতি ইহা নিত্য বিধি হইবে; এবং যে ২১ কেহ শুচি করণের জল প্রক্ষেপ করে, সে আপন বস্ত্র ধৌত করিবে; ও যে জন শুচি করণের জল স্পর্শ করে, সেও সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে। এবং অশুচি ২২ লোক যাহা স্পর্শ করে, তাহা অশুচি হইবে; এবং যে প্রাণী তাহা স্পর্শ করে, সেও সন্ধ্যা পর্য্যন্ত অশুচি থাকিবে।

২০ অধ্যায়।

১ মরিয়মের মৃত্যু ২ ও ইস্রায়েল্ বংশের বচসা, ৭ ও মূসার দণ্ডদ্বারা পর্ব্বতকে আঘাত করণে জল নির্গত হওন ও মূসার ও হারোণের প্রতি পরমেশ্বরের অসন্তোষ, ১৪ ও ইদোম্ দেশ দিয়া যাইতে মূসার প্রার্থনা, ২২ ও হোর্ পর্ব্বতে হারোণের আপন পদ পুত্রকে দেওন ও মৃত্যু।

অপর ইস্রায়েল্ বংশ অর্থাৎ সমস্ত মণ্ডলী প্রথম মাসে ১ সীন্ প্রান্তরে উপস্থিত হইল, ও লোকেরা কাদেশে

[৩২] লে ২২; ১০,১৪,১-৭ ॥—[১৯ অধ্য; ১-১০]ইব্রু ৯; ১৩,১৪ ॥—[১] লে ২২; ১৭-২৫। দ্বি ২১; ৩। ১ শি ৬; ৭ ॥
[৩-৫] লে ৪;২০,২১। ১৬; ২৭। ইব্রু ১৩; ১০-১৩॥—[৬]লে ১৪; ৪-৭ ॥—[৭]প ৪,৫। লে ২১; ১০-১২॥—[৯]প১৭,১৮॥
[১১-১৬]লে ২১; ১,১১। গ ৬; ৭ ॥—[১৩] ৫; ১-৩ ॥—[১৭,১৮] প ৬। লে ১৪; ৪-৭। ইব্রু ৯; ১৮-২৪॥—[১৯]প ১২।
লে ১৪; ৯ ॥—[২০]প ১৩। গ ১৫; ৩০,৩১। ১ যো ১; ৭। যো ১৩; ৮,১০ ॥
[২০ অধ্য]গ ১৩; ২৬। ১৪; ২৫,৩৩,৩৪। দ্বি ১; ৪৬। ২; ১-৩। গ ৩৩; ১৮-৩৯॥—[১]গ ৩৩; ৩৬,৩৮। প ২৮। যা ১৫; ২০ ॥

* (ইব্রু) মেদ বা সার। † (ইব্রু) মনুষ্যের মধ্যে কোন প্রাণির। ‡ (ইব্রু) ধূলী।

বাস করিল, এবং মরিয়ম্ মরিলে সেই স্থানে তাহার কবর হইল।

২ সেই স্থানে মণ্ডলীর কারণ জল ছিল না; তাহাতে লোকেরা মূসার ও হারোণের প্রতিকূলে একত্র ৩ হইল। এবং মূসার সহিত বচসা করিয়া কহিল, হায়, আমাদের ভ্রাতৃগণ যখন পরমেশ্বরের সম্মুখে ৪ মরিল,তখন যদি আমাদের মৃত্যু হইত! তোমরা আমাদের ও আমাদের পশুদের মৃত্যুর জন্যে পরমেশ্বরের ৫ মণ্ডলীকে কেন এই প্রান্তরে আনিলা? এই কুৎসিত স্থানে আনিবার জন্যে আমাদিগকে মিসর্হইতে কেন বাহির করিয়া আনিলা? এই স্থানে কোন বীজ কি উডুম্বর কি দ্রাক্ষা কি দাড়িম্ব হয় না, এবং পান করি- ৬ বার জলও নাই। পরে মূসা ও হারোণ্ মণ্ডলীর আবাসদ্বারে মণ্ডলীর সাক্ষাতে যাইয়া উবুড় হইয়া পড়িল; তাহাতে তাহাদের নিকটে পরমেশ্বরের তেজ প্রকাশ পাইল।

৭ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি যষ্টি গ্রহণ ৮ কর,এবং তুমি ও তোমার ভ্রাতা হারোণ্ মণ্ডলীর সকল লোককে একত্র করিয়া তাহাদের সাক্ষাতে শৈলকে কহ, তাহাতে সে আপনার মধ্যহইতে জল নিঃসরণ করিবে; এই রূপে তুমি তাহাদের নিমিত্তে পর্ব্বতহইতে জল বাহির করিয়া মণ্ডলীকে ও তাহাদের পশুগণকে ৯ পান করাইবা। তখন মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে ১০ তাঁহার সম্মুখহইতে যষ্টি গ্রহণ করিল। এবং মূসা ও হারোণ্ পর্ব্বত সম্মুখে সকল মণ্ডলীকে একত্র করিয়া তাহাদিগকে কহিল, হে অত্যাচারিগণ, মনোযোগ কর; আমরা তোমাদের নিমিত্তে কি এই পর্ব্বতহইতে ১১ জল বাহির করিব? পরে মূসা আপনার হস্ত তুলিয়া ঐ যষ্টিদ্বারা পর্ব্বতে দুই বার আঘাত করিল; তাহাতে তাহাহইতে প্রচুর জল নির্গত হইলে মণ্ডলী ও তাহাদের পশুগণ পান করিল।

১২ অপর পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে কহিলেন,তোমরা ইস্রায়েল্ বংশের সম্মুখে আমার সম্মান করিতে * আমার কথাতে প্রত্যয় করিলা না; অতএব আমি এই মণ্ডলীকে যে দেশ দিব, সেই দেশে তোমরা তাহাদিগকে ১৩ আনিবা না। ইহা মিরীবা (বিবাদ) জল, যেহেতুক ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের সহিত বিবাদ করিল ও তিনি তাহাদের মধ্যে সম্মান পাইলেন।

১৪ পরে মূসা কাদেশ্হইতে ইদোমের রাজার নিকটে লোকদ্বারা এই কথা প্রেরণ করিল, তোমার ভ্রাতৃলোক ইস্রায়েল্ বংশ এই কথা কহে, আমাদের প্রতি যে সমস্ত ক্লেশ ঘটিয়াছে †, তাহা তুমি জ্ঞাত আছ। ১৫ আমাদের পিতৃগণ মিসর্দেশে গিয়াছিল, এবং আমরাও অনেক দিন বাস করিয়াছি; তাহাতে মিস্রীয় লোকেরা আমাদের প্রতি ও আমাদের পিতৃগণের প্রতি কুব্যবহার করিয়াছে। ১৬ অতএব আমরা পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিলাম; তাহাতে তিনি আমাদের রব শুনিলেন,এবং দূত প্রেরণ করিয়া মিসর্হইতে আমাদিগকে বাহির করিয়া আনিলেন; এখন দেখ,আমরা তোমার দেশের সীমাস্থিত কাদেশ্ নগরে আছি। ১৭ এইক্ষণে তুমি আপনার দেশের মধ্য দিয়া আমাদিগকে যাইতে দেও, ইহা বিনয় করি; আমরা তোমার শস্যক্ষেত্রের কি দ্রাক্ষাক্ষেত্রের মধ্য দিয়া যাইব না, ও কূপের জলও পান করিব না; কেবল রাজপথ দিয়া যাইব; যে পর্য্যন্ত তোমার সীমা উত্তীর্ণ না হই, তাবৎ দক্ষিণে কি বামে ফিরিব না। ১৮ তাহাতে ইদোমীয় রাজা তাহাদিগকে কহিল, তোমরা ‡ আমার দেশের মধ্য দিয়া যাইতে পারিবা না; গেলে আমি তোমাদের বিরুদ্ধে খড়্গ লইয়া বাহির হইব। ১৯ তখন ইস্রায়েল্ বংশ উত্তর করিল, আমরা কেবল রাজপথ দিয়া যাইব; যদি আমরা কিম্বা আমাদের পশুগণ কেহ তোমাদের জল পান করি,তবে তাহার মূল্য দিব; আমরা কেবল পথিকের ন্যায় যাইব, আর কিছুই § করিব না। ২০ তাহাতে তাহারা কহিল, তোমরা আমার দেশের মধ্য দিয়া যাইতে পারিবা না; পরে ইদোমের রাজা অনেক লোককে সঙ্গে লইয়া মহাবলেতে তাহাদের প্রতিকূলে বাহির হইল। ২১ এবং আপন সীমা দিয়া যাইতে ইস্রায়েল্ বংশকে বারণ করিল ||; তাহাতে ইস্রায়েল বংশ তাহার নিকটহইতে ফিরিয়া গেল।

২২ অনন্তর ইস্রায়েল্ বংশ, অর্থাৎ তাবৎ মণ্ডলী কাদেশ্হইতে প্রস্থান করিয়া হোর্ পর্ব্বতে উপস্থিত হইল। ২৩ তখন ইদোম্ দেশের সীমার নিকটস্থিত হোর পর্ব্বতে পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে কহিলেন, ২৪ হারোণ্ আপন পিতৃলোকদের নিকটে সংগৃহীত হইবে; আমি ইস্রায়েল্ বংশকে যে দেশ দিব, সে দেশে সে প্রবেশ করিবে না; কেননা তোমরা মিরীবা জলের নিকটে আমার আজ্ঞা ¶ লঙ্ঘন করিলা। ২৫ তুমি হারোণ্কে ও তাহার পুত্র ইলিয়াসর্কে লইয়া হোর্ পর্ব্বতে আন। ২৬ এবং হারোণের বস্ত্র লইয়া তাহার পুত্র ইলিয়াসর্কে পরিধান করাও; পরে হারোণ্ সে স্থানে মরিয়া পিতৃলোকদের সহিত সংগৃহীত হইবে। ২৭ তখন মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে সমস্ত কর্ম্ম করিল,

---

[২-১৩] যা ১৭; ১-৭ ॥—[৩-৫] গ ১৪ ; ১-৩ ॥—[৬] দ্বি ৯ ; ১৮,১৯। গ ১৪ ; ৫, ১০। ১৬ ; ১৯-২২, ৪৫ ॥—[৯] ১৭ ; ১০ ॥—[১০,১১] গ ১০৬ ; ৩২,৩৩॥—[১১] প ৮। গী ৭৮; ১৬। ১০৫ ; ৪১ ॥—[১২] প ৮,১১। লে ১০ ; ৩। গ ২৭;১২-১৪ ॥ [১৪-২১] দ্বি ২; ৪-৮। গ ২১; ২১-২৪॥—[১৫] যা ১॥—[১৬] যা ৩; ৭। ১২ ; ৫১। প ১॥—[২১] দ্বি ২ ; ৬,৮॥—[২২] গ ৩৩ ; ৩৭ ॥—[২৩-২৮] প ১২। দ্বি ৩২ ; ৪৮-৫২। ৩৪ ; ১-৬ ॥—[২৬] যা ২৯ ; ২৯,৩০ ॥

* (ইব্রু) আমাকে পবিত্র করিতে। † (ইব্রু) পাইয়াছে। ‡ (ইব্রু) তুমি। § (বা) সে অতি ক্ষুদ্র বিষয়। || (ইব্রু) অনুমতি দিতে সম্মত হইল না। ¶ (ইব্রু) মুখ।

এবং তাহারা সমস্ত মণ্ডলীর সাক্ষাতে হোর্ পর্ব্বতে ২৮ উঠিয়া গেল। তখন মূসা হারোণের বস্ত্র লইয়া তাহার পুত্র ইলিয়াসর্কে পরিধান করাইল; এবং হারোণ্ সে স্থানে পর্ব্বত শৃঙ্গে মরিলে পর মূসা ও ইলিয়াসর্ সেই ২৯ পর্ব্বতহইতে নামিয়া আইল। পরে হারোণ্ মরিল, ইহা দেখিয়া সমস্ত মণ্ডলী অর্থাৎ ইস্রায়েল্ বংশ সকল হারোণের জন্যে ত্রিশ দিন পর্য্যন্ত শোক করিল।

২১ অধ্যায়।

১ হর্ম্মা স্থানে কিনানীয় লোকদের বিনাশ করণ ও লোকদের বচসা প্রযুক্ত অগ্নিবৎ সর্প প্রেরণ, ৭ ও পিত্তল সর্পের প্রতি দৃষ্টি করণে তাহাদের সুস্থতা, ১০ ও ইস্রায়েল্ লোকদের যাত্রা, ২১ ও সীহোন্ রাজাকে পরাজয় করণ ও ওগ্ রাজাকে পরাজয় করণ।

১ অপর ইস্রায়েল্ বংশ অথারীম্* পথদিয়া আসিতেছে, এই কথা শুনিয়া দক্ষিণ কিনান্দেশীয় অরাদ্ দেশের রাজা তাহাদের প্রতিকূলে যুদ্ধ করিল ও তাহাদের ২ কতক লোককে ধরিয়া বন্দী করিল। তাহাতে ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের উদ্দেশে মানন করিয়া কহিল, যদি তুমি ইহাদিগকে আমাদের হস্তে সমর্পণ কর, তবে ৩ আমরা তাহাদের নগর নির্ম্মূলে উচ্ছিন্ন করিব। তাহাতে পরমেশ্বর ইস্রায়েল্ বংশের প্রার্থনাতে কর্ণপাত করিয়া সেই কিনানীয়দিগকে তাহাদের হস্তে সমর্পণ করিলেন; তাহাতে ইস্রায়েল্ বংশ তাহাদিগকে ও তাহাদের নগরকে নির্মূলে উচ্ছিন্ন করিল, এবং সে সেই স্থানের নাম হর্ম্মা (নির্ম্মূল উচ্ছিন্নতা) রাখিল।

৪ পরে তাহারা ইদোম্ দেশ প্রদক্ষিণার্থে হোর্ পর্ব্বত হইতে সুফার্ণবের পথ দিয়া প্রস্থান করিলে ৫ পথশ্রান্তিতে লোকদের প্রাণ বিরক্ত হইল। তাহাতে লোকেরা ঈশ্বরের ও মূসার প্রতিকূলে কহিতে লাগিল, তোমরা আমাদিগকে প্রান্তরে বিনষ্ট করিতে মিসর্হইতে বাহির করিয়া কেন আনিলা? দেখ, আমাদের অন্ন নাই ও জল নাই; আমাদের প্রাণ এই লঘু অন্ন ৬ ভাল বাসে না। তখন পরমেশ্বর লোকদের মধ্যে অগ্নিবৎ সর্প প্রেরণ করিলেন, তাহাতে তাহারা লোকদিগকে দংশন করিলে ইস্রায়েল্ বংশের অনেক লোক মরিল।

৭ অতএব লোকেরা মূসার নিকটে আসিয়া কহিল, আমরা পরমেশ্বরের ও তোমার প্রতিকূলে কথা কহিয়া পাপ করিলাম; পরমেশ্বর আমাদের নিকটহইতে এই সর্পদিগকে লইয়া যাউন, তাঁহার কাছে তুমি এই প্রার্থনা কর; তাহাতে মূসা লোকদের জন্যে প্রার্থনা ৮ করিল। তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি এক অগ্নিবৎ সর্প নির্ম্মাণ করিয়া এক দণ্ডাগ্রে রাখ; তাহাতে তাহার প্রতি দৃষ্টি করিলে সর্পদষ্ট প্রত্যেক জন ৯ বাঁচিবে। তখন মূসা পিত্তলের এক সর্প নির্ম্মাণ করিয়া দণ্ডাগ্রে রাখিল; তাহাতে যে কোন মনুষ্য সর্পদষ্ট হইল, সে ঐ পিত্তলের সর্পের প্রতি দৃষ্টি করিয়া বাঁচিল।

১০ পরে ইস্রায়েল্ বংশ যাত্রা করিয়া ওবোতে গিয়া ১১ শিবির স্থাপন করিল। অপর তাহারা ওবোৎহইতে যাত্রা করিয়া সূর্য্যোদয় দিগে মোয়াবের সম্মুখস্থিত প্রান্তরে ১২ ইয়ী-অবারীমে শিবির স্থাপন করিল। পরে তথাহইতে যাত্রা করিয়া সেরদ্ উপত্যকাতে শিবির স্থাপন করিল। ১৩ তাহার পর তথাহইতে যাত্রা করিয়া ইমোরীয়দের সীমা নির্গত প্রান্তরস্থিত অর্ণোনের অন্য পারে শিবির স্থাপন করিল; কেননা অর্ণোন্ মোয়াবের ও ইমোরীয়দের ১৪ মধ্যবর্ত্তী মোয়াবের সীমা ছিল। তাহাতে পরমেশ্বরের যুদ্ধপুস্তকে এই নাম লিখিত আছে, 'সূফাবাহেবে ও ১৫ অর্ণোন্ স্রোততীরে; ও মোয়াবের প্রান্তরস্থ শেবৎ-আর্ ১৬ অভিগামি নদীর স্রোতের নিকটে'। তথাহইতে তাহারা বের্ (কূপে) অর্থাৎ 'তোমরা এই স্থানে লোকদিগকে একত্র কর, আমি তাহাদিগকে জল দিব', যে কূপের বিষয়ে পরমেশ্বর মূসার প্রতি এই কথা কহিলেন, ১৭ সেই কূপে আইল। তখন ইস্রায়েল্ বংশ এই কথা গান করিল, হে কূপ, উত্থিত হও, তোমরা তাহার বিষয়ে ১৮ গান কর; অধ্যক্ষগণ সেই কূপ খুদিয়াছে, ও কুলীনেরা আপন২ যষ্টি লইয়া ব্যবস্থাপকের আজ্ঞানুসারে তাহা ১৯ খনন করিয়াছে। পরে তাহারা প্রান্তরহইতে মত্তানায় ও মত্তানাহইতে নহলীয়েলে, ও নহলীয়েল্হইতে বামোতে; ২০ ও মোয়াব্ দেশস্থ† তলভূমিস্থিত বামোৎহইতে যিশীমোন্‡ অভিমুখ পিস্গা পর্ব্বতের শৃঙ্গে গমন করিল।

২১ পরে ইস্রায়েল্ বংশ ইমোরীয়দের রাজা সীহোনের ২২ নিকটে ইহা কহিয়া দূত প্রেরণ করিল; তুমি আপনার দেশের মধ্য দিয়া আমাদিগকে যাইতে দেও; আমরা শস্যক্ষেত্রে কি দ্রাক্ষাক্ষেত্রে প্রবেশ করিব না, ও কূপের জল পান করিব না; যাবৎ তোমার সীমা ২৩ উত্তীর্ণ না হই, তাবৎ রাজপথ দিয়া যাইব। কিন্তু সীহোন্ আপন সীমা দিয়া ইস্রায়েল্ বংশকে যাইতে না দিয়া আপন সৈন্যসামন্ত লইয়া ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করিতে প্রান্তরে বাহির হইল; পরে যহসে উপস্থিত হইয়া ইস্রায়েল্ বংশের সহিত ২৪ যুদ্ধ করিল। তাহাতে ইস্রায়েল্ বংশ খড়্গের ধারে তাহাদিগকে আঘাত করিয়া অর্ণোন্ অবধি যব্বোক্ পর্য্যন্ত, অর্থাৎ অম্মোনের সন্তানদের স্থান পর্য্যন্ত

[২৭,২৮]গ ৩৩; ৩৮,৩৯ ।।—[২৮]প ২৬।।—[২৯]দ্বি ৩৪; ৮ ।।
[২১অধ্য; ১-৩] গ ৩৩;৪০ । বি ১; ১৬,১৭ ।।—[২] লে ২৭; ২৮,২৯ ।।—[৪] গ ৩৩;৪১ । দ্বি ২; ৮ । বি ১১;১৮।।—[৫] গ ১১; ৪-৬। যা ১৬; ২-৪ ।।—[৬] ১ ক ১০; ৯।।—[৭] যা ৯; ২৭, ২৮। গী ৭৮; ৩৪। ১০৬;২৩।।—[৮,৯] ২ রা ১৮;৪। যো ৩; ১৪,১৫। গল ৩; ১৩। ২ ক ৫; ২১।।—[১০,১১] গ ৩৩; ৪৩,৪৪ ।।—[১২] দ্বি ২; ৯-১৫। বি ১১; ১৮ ।।—[১৩] প ২৬।।
[২১-২৪] দ্বি ২; ২৬-৩৬। লে ২০; ১৪-২১। বি ১১; ১৯-২২ ।।

* (বা) চরদের। † (ইব্রি) ক্ষেত্র। ‡ (ইব্রি) প্রান্তর।

তাহার দেশ অধিকার করিল; কারণ অম্মোনের সন্তান-
২৫ দের সীমা দৃঢ় ছিল। এই রূপে ইস্রায়েল্ বংশ ঐ সমস্ত নগর হস্তগত করিয়া ইমোরীয়দের সমস্ত নগরে
২৬ ও হিষ্‌বোনে ও তাহার সমস্ত নগরে বাস করিল। ঐ হিষ্‌বোন্ ইমোরীয়দের রাজা সীহোনের নগর ছিল; ঐ সীহোন্ মোয়াবের পূর্ব্ব রাজার প্রতিকূলে যুদ্ধ করিয়া অর্ণোন্ পর্য্যন্ত তাহার সমস্ত দেশ তাহার হস্ত-
২৭ হইতে লইয়াছিল। এই জন্যে কবিগণ কহে, হিষ্‌বোনে আইস, সীহোনের নগর পুনর্ব্বার নির্ম্মাণ ও প্রস্তুত
২৮ করি। কেননা হিষ্‌বোন্‌হইতে অগ্নি ও সীহোনের নগরহইতে অগ্নিশিখা নির্গত হইয়া মোয়াবের আর্
২৯ নগর ও অর্ণোনস্থ উচ্চস্থানের দেবগণকে দগ্ধ করিল। হে মোয়াব্, তোমার সন্তাপ হইল; ও হে কিমোশের লোক, তোমরা বিনষ্ট হইলা; সে ইমোরীয় রাজা সীহোনের কাছে আপন পলায়মান পুত্রগণকে ও
৩০ বন্দী কন্যাগণকে সমর্পণ করিল; এবং আমরা বাণ-দ্বারা তাহাদিগকে মারিলে হিষ্‌বোন্ দীবোন্ পর্য্যন্ত বিনষ্ট হইল, ও আমরা মেদিবাস্থিত নোফহ পর্য্যন্ত সকলকে উচ্ছিন্ন করিলাম।

৩১ এই রূপে ইস্রায়েল্ বংশ ইমোরীয় দেশে বাস করিতে
৩২ লাগিল। পরে মূসা যাসের্ নগর অনুসন্ধান করিতে লোক প্রেরণ করিলে তাহারা তাহার নগর সকল হস্তগত করিয়া সেই স্থানস্থিত ইমোরীয়দিগকে দূর করিল।
৩৩ পরে তাহারা ফিরিয়া বাশনের পথ দিয়া গমন করিল; তাহাতে বাশনের রাজা ওগ্ ও তাহার সমস্ত লোক বাহির হইয়া তাহাদের প্রতিকূলে যুদ্ধ করিতে
৩৪ ইদ্রিয়ীতে গমন করিল। তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইহাতে ভীত হইও না, কেননা আমি তোমার হস্তে তাহাকে ও তাহার সকল লোককে ও তাহার দেশকে সমর্পণ করিব, এবং তুমি হিষ্‌বোন্ বাসি ইমোরীয়দের রাজা সীহোনের প্রতি যেমন করিলা, তাহার
৩৫ প্রতিও তদ্রূপ করিবা। পরে যে পর্য্যন্ত তাহার কেহ অবশিষ্ট না থাকিল, তাবৎ তাহারা তাহাকে ও তাহার পুত্রগণকে ও তাহার লোকদিগকে আঘাত করিয়া তাহার দেশ অধিকার করিয়া লইল।

২২ অধ্যায়।

১ মোয়াবের নিকটে ইস্রায়েল্ বংশের যাত্রা করণ, ২ ও বিলিয়মের নিকটে বালাকের দূত প্রেরণ, ১৫ ও দ্বিতীয় বার দূত প্রেরণ ও বিলিয়মের যাত্রা, ২২ ও তাহার বিঘ্ন করণার্থে পরমেশ্বরের দূতের আগমন, ৩৬ ও বিলিয়মকে বালাকের অতিথি করণ।

১ পরে ইস্রায়েল্ বংশ যাত্রা করিয়া যিরীহো নিকটস্থিত যর্দ্দনের ওপারে মোয়াবের প্রান্তরে শিবির স্থাপন করিল।

২ ইস্রায়েল্ বংশ ইমোরীয়দের প্রতি যে২ ব্যবহার
৩ করিল, তাহা সিপ্পোরের পুত্র বালাক্ দেখিল। এবং তাহাদের লোকের বহুত্ব প্রযুক্ত মোয়াবের রাজা অতিশয় ভীত হইল, ও ইস্রায়েল্ বংশদ্বারা অতিশয় উদ্বিগ্ন
৪ হইল। পরে মোয়াবের রাজা মিদীয়নের প্রাচীনগণকে কহিল, যেমন গোরু সকল তৃণ গ্রাস করে, তেমনি এই সমূহ লোক আমাদের চতুর্দ্দিকস্থ সকলকে গ্রাস করিবে; তৎকালে সিপ্পোরের পুত্র বালাক্ মোয়াবীয়দের রাজা
৫ ছিল। অতএব সে তাহার দেশীয়দের নদীর নিকটস্থ পিথোর্ নগরে বিয়োরের পুত্র বিলিয়মের নিকটে ইহা কহিয়া দূত প্রেরণ করিল, দেখ, যে সমূহ লোক মিসর্‌হইতে বাহির হইয়া আসিয়াছে, তাহারা আমাদের দেশের মুখ *রোধ করিয়া আমার সম্মুখে আছে।
৬ আমি নিবেদন করি, ইহারা আমাহইতে বলবান; অতএব এখন তুমি আসিয়া আমার নিমিত্তে এই লোকদিগকে অভিশাপ দেও, তাহাতে আমি জয়ী হইয়া তাহাদিগকে বধ করিতে ও দেশহইতে দূর করিতে পারিব; কেননা তুমি যাহাকে আশীর্ব্বাদ কর, সে আশীর্ব্বাদপ্রাপ্ত হয়, ও যাহাকে শাপ দেও, সে অভি-
৭ শপ্ত হয়, ইহা আমি জানি। পরে মোয়াবের ও মিদীয়নের প্রাচীন লোকেরা এই কর্ম্মের পুরস্কার হস্তে লইয়া প্রস্থান করিল, এবং বিলিয়মের নিকটে উপ-
৮ স্থিত হইয়া বালাকের কথা তাহাকে কহিল। তাহাতে সে তাহাদিগকে উত্তর করিল, তোমরা অদ্য রাত্রিতে এই স্থানে প্রবাস কর; পরে পরমেশ্বর যাহা কহিবেন, তাহা আমি তোমাদিগকে কহিব; তাহাতে মোয়াবের অধ্যক্ষ-
৯ গণ বিলিয়মের সহিত প্রবাস করিল। অপর ঈশ্বর বিলিয়মের নিকটে উপস্থিত হইয়া তাহাকে কহিলেন,
১০ তোমার সঙ্গে এই লোকেরা কে? তাহাতে বিলিয়ম্ ঈশ্বরকে কহিল, মোয়াবের রাজা সিপ্পোরের পুত্র বালাক্ ইহা কহিয়া আমার নিকটে লোক পাঠাই-
১১ য়াছে; দেখ, যে সমূহ লোক মিসর্‌দেশহইতে বাহির হইয়া আসিয়াছে, তাহারা আমার দেশের মুখরোধ করিয়াছে; অতএব এখন তুমি আসিয়া আমার নিমিত্তে তাহাদিগকে শাপ দেও, তাহাতে আমি তাহাদিগকে পরাস্ত করিয়া বাহিরে দূর করিতে পারিব।
১২ তাহাতে ঈশ্বর বিলিয়মকে কহিলেন, তুমি তাহাদের সঙ্গে যাইও না, ও ঐ লোকদিগকে শাপ দিও না, কেননা
১৩ তাহারা আশীর্ব্বাদপ্রাপ্ত হয়। পরে বিলিয়ম্ প্রাতঃকালে উঠিয়া বালাকের অধ্যক্ষগণকে কহিল, তোমরা আপন দেশে যাও, কেননা তোমাদের সহিত আমার
১৪ গমনেতে পরমেশ্বর অসম্মত আছেন। তাহাতে মোয়াবের অধ্যক্ষগণ উঠিয়া বালাকের নিকটে যাইয়া কহিল, আমাদের সহিত আসিতে বিলিয়ম্ অসম্মত আছে।

[২৫] বি ১১; ২৩ ॥—[২৮] প ১৩-১৫ ॥—[২৯] ১ রা ১১ ; ৩৩ ॥—[২৯,৩০] যিশ ৩৭ ; ১২, ১৮-২০ ॥—[৩২] গ ৩২; ১ ॥ [৩৩-৩৫] দ্বি ৩; ১-১১॥—[৩৪] প ২৪ ॥—[২২ অধ্য ; ২] প ৪ ॥—[৫] দ্বি ২৩; ৪। আ ৩১ ; ১৯,২৪ ॥—[৯] আ ৩১ ; ২৪॥

* (ইব্রি) চক্ষু।

১৫ পরে বালাক্ পুনর্ব্বার তাহাদিগহইতে অধিক ও ১৬ অনেক সম্ভ্রান্ত অধ্যক্ষগণকে প্রেরণ করিল। তাহাতে তাহারা বিলিয়মের নিকটে আসিয়া তাহাকে কহিল, সিপ্পোরের পুত্র বালাক্ এই কথা কহে, আমি নিবেদন করি, আমার নিকটে আসিতে তোমার কিছুই ১৭ বিঘ্ন না হউক। আমি তোমাকে অতিশয় সম্মানবিশিষ্ট করিব, এবং যাহা আজ্ঞা করিবা, তাহাই করিব; অতএব বিনয় করি, তুমি আসিয়া এই লোকদিগকে আমার ১৮ নিমিত্তে শাপ দেও। তাহাতে বিলিয়ম্ বালাকের দাসদিগকে উত্তর করিল, যদ্যপি বালাক্ রূপা ও স্বর্ণেতে পরিপূর্ণ আপন ভাণ্ডার আমাকে দেয়, তথাপি ন্যূনাধিক করণে আমি আপন প্রভু পরমেশ্বরের আজ্ঞা ১৯ লঙ্ঘন করিতে পারিব না। এই ক্ষণে নিবেদন করি, তোমরা এই রাত্রিতে এই স্থানে প্রবাস কর, পরমেশ্বর আমাকে আর যাহা কহিবেন, তাহাও আমি ২০ জানাইব। পরে ঈশ্বর রাত্রিতে বিলিয়মের নিকটে উপস্থিত হইয়া তাহাকে কহিলেন, তাহারা যদি তোমাকে ডাকিতে আসিয়া থাকে, তবে তুমি উঠিয়া তাহাদের সহিত যাইতে পার; কিন্তু আমি যে কথা তোমাকে ২১ কহিব, তুমি তাহাই করিবা। তাহাতে বিলিয়ম্ প্রাতঃকালে উঠিয়া আপন গর্দ্দভ সাজাইয়া মোয়াবের অধ্যক্ষদের সহিত গমন করিল।

২২ অপর তাহার গমন করাতে ঈশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইল, এবং পরমেশ্বরের দূত তাহার প্রতিকূল হইয়া শত্রু স্বরূপ তাহার পথে দাঁড়াইল; তখন আপন গর্দ্দভীর উপরে আরূঢ় হইয়া দুই দাসের সহিত যাইতেছিল। ২৩ তাহাতে গর্দ্দভ পথিমধ্যে দণ্ডায়মান নিষ্কোষ খড়্গধারি পরমেশ্বরের দূতকে দেখিয়া পথের পার্শ্বদিয়া ক্ষেত্রে গমন করিল; তাহাতে পথে আনিবার জন্যে বিলিয়ম ঐ ২৪ গর্দ্দভীকে প্রহার করিল। কিন্তু পরমেশ্বরের দূত উভয় দিগে প্রাচীরবিশিষ্ট * দ্রাক্ষাক্ষেত্রের গলি পথে দাড়া- ২৫ ইয়া রহিল। তাহাতে গর্দ্দভী পরমেশ্বরের দূতকে দেখিয়া প্রাচীরে গাত্র ঘেঁসিয়া যাওয়াতে প্রাচীরেতে বিলিয়মের পদঘর্ষণ হইল; তাহাতে সে আর বার ২৬ তাহাকে আঘাত করিল। পরমেশ্বরের দূত আরো কিছু অগ্রসর হইয়া দক্ষিণে কিম্বা বামে ফিরিবার স্থান না ২৭ থাকে, এমত এক সঙ্কুচিত পথে দাঁড়াইল। তখন গর্দ্দভী পরমেশ্বরের দূতকে দেখিয়া বিলিয়মের নীচে ভূমিতে পড়িল; তাহাতে বিলিয়মের ক্রোধ প্রজ্বলিত হইলে ২৮ সে গর্দ্দভীকে যষ্টির আঘাত করিল। তাহাতে পরমেশ্বর গর্দ্দভীকে বাকশক্তি দিলে † গর্দ্দভী বিলিয়মকে কহিল, আমি তোমার কি করিলাম? তুমি কি জন্যে আমাকে ২৯ তিন বার প্রহার করিলা? বিলিয়ম্ গর্দ্দভীকে কহিল, তুমি আমার সহিত পরিহাস করিতেছ; আমার হস্তে যদি খড়্গ থাকিত, তবে আমি এইক্ষণে তোমাকে বধ করিতাম। ৩০ পরে গর্দ্দভী বিলিয়মকে কহিল, তুমি জন্মাবধি অদ্য পর্য্যন্ত যাহার উপরে আরোহণ করিতেছ, আমি কি তোমার সেই গর্দ্দভী নহি? আমি কি তোমার প্রতি এমত কুব্যবহার করিয়া থাকি? তাহাতে সে কহিল, ৩১ না। তখন পরমেশ্বর বিলিয়মের চক্ষু প্রসন্ন করিলে সে পথের মধ্যে নিষ্কোষ খড়্গধারি পরমেশ্বরের দূতকে দণ্ডায়মান দেখিল; তাহাতে সে তাহাকে প্রণাম করিয়া উবুড় হইয়া পড়িল। ৩২ তখন পরমেশ্বরের দূত তাহাকে কহিল, তুমি আপন গর্দ্দভীকে কেন তিন বার প্রহার করিলা? দেখ, আমি তোমার নিবারণার্থে বাহিরে আসিয়াছিলাম, কেননা আমার সাক্ষাতে তোমার বিপথে যাত্রা আছে। ৩৩ এবং গর্দ্দভী আমাকে দেখিয়া আমার সম্মুখহইতে এই তিন বার বিমুখ হইল; সে যদি আমার সম্মুখহইতে বিমুখ না হইত, তবে আমি তোমাকে অবশ্য বধ করিতাম, কিন্তু তাহাকে রক্ষা করিতাম। ৩৪ তাহাতে বিলিয়ম্ পরমেশ্বরের দূতকে কহিল, আমি অপরাধ করিলাম, তুমি আমার বিপরীতে পথে দাঁড়াইয়া আছ, তাহা আমি জানি নাই; কিন্তু এইক্ষণে যদি ইহাতে তোমার অসন্তোষ ‡ হয়, তবে আমি ফিরিয়া যাই। ৩৫ তাহাতে পরমেশ্বরের দূত বিলিয়মকে কহিল, তুমি ইহাদের সহিত যাইতে পার, কিন্তু আমি যে কথা তোমাকে কহিব, তুমি কেবল তাহাই কহিবা, তাহাতে বিলিয়ম্ বালাকের অধ্যক্ষদের সহিত গমন করিল।

৩৬ পরে বালাক্ বিলিয়মের আগমন কথা শুনিয়া দেশসীমার প্রান্তঃস্থিত অর্ণোনের সীমাস্থ মোয়াবের এক নগরে তাহার সহিত সাক্ষাৎ করিতে গমন করিল। ৩৭ পরে বালাক্ বিলিয়মকে কহিল, আমি তোমাকে ডাকিতে কি অতি যত্ন পূর্ব্বক লোক পাঠাই নাই? অতএব তুমি আমার নিকটে কেন আইস নাই? আমি কি নিতান্ত তোমাকে সম্মানিত করিতে পারি না? ৩৮ তাহাতে বিলিয়ম্ বালাককে কহিল, দেখ, আমি তোমার নিকটে আসিয়াছি বটে, কিন্তু এখনো কোন কথা কহিতে কি আমার ক্ষমতা আছে? ঈশ্বর আমার মুখে যে বাক্য দেন, আমি তাহাই কহিব। ৩৯ পরে বিলিয়ম্ বালাকের সহিত গমন করিয়া কিরিয়োৎ-হুষোতে § উপস্থিত হইল। ৪০ এবং বালাক্ গোরু ও মেষ বলিদান করিয়া বিলিয়মের ও তাহার সঙ্গি অধ্যক্ষদের নিকটে পাঠাইল।

২৩ অধ্যায়।

১ বালাকের বলিদান করণ ও বিলিয়মের প্রথম কথা, ১৪ ও অন্য স্থানে বলিদান করণ ও বিলিয়মের দ্বিতীয় কথা

[১৭] প ৬ ॥—[১৮,১৯] প ১২ । ১ তী ৬; ১০ । ২ পি ২; ১৫ । যিহূ ১১॥—[১৯] প ৮ ॥—[২০]গী ১৮; ২৫, ২৬ ॥ [২২-৩৩]২ পি ২; ১৫, ১৬ । ম ৭; ২১-২৩ । ১ ক ১৩; ২ ॥—[৩১]আ ২১; ১৯ । ২ রা ৬; ১৭ ॥—[৩৪]প ১২, ১৯,২০, ৩২ । যা ৯; ২৭, ৩৪ ॥—[৩৫] প ২০ ॥—[৩৬] গ ২১; ১৩ ॥—[৩৮] প ১৮-২০, ৩৫ । যিশ ৫৪; ১৭ ॥

*(ইব্রি)এই দিগে প্রাচীর এবং ও দিগে প্রাচীর। †(ইব্রি) গর্দ্দভীর মুখ খুলিলে। ‡(ইব্রি)দৃষ্টিতে মন্দ। §(ইব্রি)বহুপথযুক্ত নগর।

২৫ ও বালাকের অসন্তুষ্টি, ২৭ ও অন্য স্থানে যাইয়া তাহার বলিদান করণ।

১ অপর প্রত্যূষে বালাক্ বিলিয়ম্‌কে সঙ্গে লইয়া লোকদের পরিসীমা দেখাইতে তাহাকে বালের টিকর স্থানে আরোহণ করাইল; তাহাতে বিলিয়ম্ বালাক্‌কে কহিল, এই স্থানে আমার নিমিত্তে তুমি সাত বেদি নির্ম্মাণ কর, এবং সাত গোবৎস ও সাত মেষ প্রস্তুত ২ কর। তাহাতে বালাক্ বিলিয়মের বাক্যানুসারে সেই রূপ করিল; তখন বালাক্ ও বিলিয়ম্ এক২ বেদিতে ৩ এক২ গোবৎস ও এক২ মেষ উৎসর্গ করিল। পরে বিলিয়ম্ বালাক্‌কে কহিল, তুমি আপন হোমের নিকটে দাঁড়াও; আমি যাই, হয় তো পরমেশ্বর আমার সহিত সাক্ষাৎ করিবেন, তিনি আমাকে যাহা জ্ঞাত করেন, তাহা আমি তোমাকে কহিব; পরে সে উচ্চ স্থানে ৪ গমন করিল। তখন পরমেশ্বর বিলিয়মের সহিত সাক্ষাৎ করিলে সে তাঁহাকে কহিল, আমি সাত বেদি প্রস্তুত করিলাম, এবং এক ২ বেদিতে এক ২ গোবৎস ও এক ২ ৫ মেষ উৎসর্গ করিলাম। তখন পরমেশ্বর বিলিয়মের মুখে এক বাক্য দিয়া তাহাকে কহিলেন, তুমি বালাকের ৬ নিকটে ফিরিয়া গিয়া তাহাকে এই কথা কহ। তাহাতে সে তাহার নিকটে ফিরিয়া গেল, তখন বালাক্ ও মোয়াবের অধ্যক্ষ সকল হোমের নিকটে দণ্ডায়মান ছিল। ৭ পরে বিলিয়ম্ কথা গ্রহণ করিয়া কহিল, মোয়াবের বালাক্ রাজা এই কথা কহিয়া পূর্ব্বদিকস্থিত পর্ব্বতবর্ত্তি অরাম্‌হইতে আমাকে আনিল; আইস, আমার নিমিত্তে যাকূব্‌কে শাপ দেও; ও আইস, ইস্রায়েল্ বংশের প্রতি ৮ অভিশাপ দেও। কিন্তু ঈশ্বর যাহাকে শাপ দেন নাই, আমি তাহাকে কি রূপে শাপ দিব? ও পরমেশ্বর যাহাকে অভিশাপ দেন নাই, আমি তাহাকে কি প্রকারে অভি৯ শাপ দিব? আমি পর্ব্বতের শৃঙ্গহইতে তাহাকে দেখিতে পাই, ও গিরিহইতে তাহার দর্শন পাই; দেখ, ঐ লোক সমূহ একাকী বাস করিবে; অন্য জাতির মধ্যে গণিত ১০ হইবে না। যাকূবের ধূলি ও ইস্রায়েলের চতুর্থাংশের একাংশের সংখ্যা কে গণনা করিতে পারে? ধার্ম্মিকের মৃত্যুর ন্যায় আমার * মৃত্যু হউক; তাহার শেষাবস্থার ১১ তুল্য আমার শেষাবস্থা হউক। পরে বালাক্ বিলিয়ম্‌কে কহিল, তুমি আমার প্রতি এই কি করিলা? আমার শত্রুগণকে শাপ দিতে তোমাকে আনিলাম, কিন্তু দেখ, তুমি তাহাদিগকে সর্ব্বতোভাবে আশী১২ র্ব্বাদ করিলা। তাহাতে সে উত্তর করিল, পরমেশ্বর আমার মুখে যে কথা দিলেন, মনোযোগ করিয়া তাহাই কহা কি আমার উচিত নহে? ১৩ বালাক্ কহিল, আমি নিবেদন করি, তুমি যে স্থানহইতে তাহাদিগকে দেখিতে পাইবা, কিন্তু তাহাদের সকল দেখিতে না পাইয়া প্রান্তভাগমাত্র দেখিতে পাইবা, এমত অন্য স্থানে আমার সহিত আসিয়া সেখানে থাকিয়া আমার নিমিত্তে তাহাদিগকে শাপ দেও।

১৪ তাহাতে বালাক্ তাহাকে সোফীম্ † প্রান্তরে পিস্‌গার অধিত্যকাতে লইয়া গিয়া সেই স্থানে সাত বেদি নির্ম্মাণ করিল, এবং প্রত্যেক বেদিতে এক ২ গোবৎস ও এক ২ মেষ উৎসর্গ করিল। ১৫ এবং সে বালাক্‌কে কহিল, আমি যাবৎ ঐ স্থানে ঈশ্বরের সহিত সাক্ষাৎ করি, তুমি তাবৎ এই স্থানে আপন হোমের নিকটে দাঁড়াও। ১৬ পরে পরমেশ্বর বিলিয়মের সহিত সাক্ষাৎ করিয়া তাহার মুখে এক বাক্য দিয়া তাহাকে কহিলেন, তুমি বালাকের নিকটে ফিরিয়া গিয়া এই কথা কহ। ১৭ তাহাতে সে তাহার নিকটে উপস্থিত হইলে, তৎকালে বালাক্ মোয়াবের অধ্যক্ষগণের সহিত আপন হোমের নিকটে দণ্ডায়মান ছিল; তখন বালাক্ তাহাকে জিজ্ঞাসিল, পরমেশ্বর কি কহিলেন? ১৮ তাহাতে বিলিয়ম্ কথা গ্রহণ করিয়া কহিল, হে বালাক্, উঠিয়া শুন, ও হে সিপ্পোরের পুত্র, আমার কথায় মনোযোগ কর। ১৯ ঈশ্বর মিথ্যাবাদি মনুষ্যের সদৃশ নহেন, ও অনুতাপকারি মনুষ্যের সন্তানের সদৃশ নহেন; তিনি কহিয়া কি করিবেন না? ও বলিয়া কি সিদ্ধ করিবেন না? ২০ দেখ, আমি আশীর্ব্বাদ করণের আজ্ঞা পাইলাম, এবং তিনিও আশীর্ব্বাদ করিলেন, আমি তাহার অন্যথা করিতে পারি না। ২১ তিনি যাকূব্ বংশে পাপ দেখেন নাই, ও ইস্রায়েল্ বংশে বিপথগামিত্ব দেখেন নাই; তাহাদের প্রভু পরমেশ্বর তাহাদের সহকারী আছেন, ও রাজার রাজজয়ধ্বনি তাহাদের মধ্যবর্ত্তী। ২২ ঈশ্বর তাহাদিগকে মিসর্‌দেশহইতে বাহির করিয়া আনিয়াছেন; তাহারা গণ্ডারের ন্যায় বলবান। ২৩ অতএব যাকূব্ বংশের প্রতি কোন মায়া সফলা হইবে না, ও ইস্রায়েল্ বংশের বিরুদ্ধে কোন অভিশাপ সফল হইবে না, এবং 'ঈশ্বর কেমন কর্ম্ম করিলেন!' এই কালানুসারে এই কথা যাকূবের ও ইস্রায়েল্ বংশের বিষয়ে কহা যাইবে। ২৪ দেখ, ঐ লোকসমুহ সিংহীর ন্যায় উঠিবে, ও সিংহের ন্যায় গাত্রোত্থান করিবে; এবং যে পর্য্যন্ত শিকার ভোজন না করে, ও হত লোকদের রক্ত পান না করে, তাবৎ শয়ন করিবে না।

২৫ পরে বালাক্ বিলিয়ম্‌কে কহিল, তুমি তাহাদিগকে

[২৩ অধ্য; ১] প ১৪,২৯ ।।—[৩] প ১৫ ।।—[৭-১০] প ১৮-২৪। গ ২৪; ৩-৯ ।।—[৭] ২২; ৫, ৬ ।।—[৮] আ ১২; ২, ৩ ।।—[৯] দ্বি ৩৩; ২৮। যা ১৯; ৫, ৬। ৩০; ১৬। গী ১৪৭; ২০ ।।—[১০] আ ১৩; ১৬।২২; ১৭। ৪১; ১৮। গী৩৭; ৩৭। পু ১৪; ১৩ ।—[১২] গ ২২; ৩৮ ।।—[১৪-১৬] প ১-৫ ।।—[১৮-২৪] প৭-১০ ।।—[১৯] ১ শি ১৫; ২৯। রো ১১; ২৯। যাক ১; ১৭ ।।—[২০] গ ২২; ৩৫। আ ১২; ২,৩ ।।—[২১] লে ১৭; ১১। ১৬; ১৫,১৬। যা ৩৩; ১৬। গী ২৪; ৭-১০ ।। [২২] গ ২৪; ৮ ।।—[২৪] আ ৪৯; ৯ ।।

* (ইব্র) আমা রপ্রাণের। †(বা) প্রহরিদের ক্ষেত্রে।

২৬ শাপ দিও না, এবং আশীর্ব্বাদও করিও না। তাহাতে সে উত্তর করিল, পরমেশ্বর আমাকে যাহা কহিবেন, আমি তাহা সকলি কহিব; এ কথা কি আমি তোমাকে কহি নাই?

২৭ তথাপি বালাক্ বিলিয়মকে কহিল, বিনয় করিয়া কহি, আইস, আমি তোমাকে অন্য স্থানে লইয়া যাই; তাহাতে সে স্থানে হয় তো আমার নিমিত্তে তাহাদিগকে ২৮ শাপ দিতে ঈশ্বরের সন্তোষ হইতে পারে। পরে বালাক্ যিশীমোন্ অভিমুখ পিয়োরের শৃঙ্গে বিলিয়মকে লইয়া ২৯ গেল। তাহাতে বিলিয়ম্ বালাককে কহিল, এই স্থানে সাত বেদি নির্ম্মাণ কর, ও আমার নিমিত্তে সাত ৩০ গোবৎস ও সাত মেষ প্রস্তুত কর। তখন বালাক বিলিয়মের বাক্যানুসারে প্রত্যেক বেদিতে এক ২ গোবৎস ও এক ২ মেষ উৎসর্গ করিল।

২৪ অধ্যায়।

১ ইস্রায়েল্ বংশের বিষয়ে বিলিয়মের ভবিষ্যদ্বাক্য, ১০ ও তৎপ্রযুক্ত বালাকের তাহার প্রতি ক্রোধ, ১৫ ও যাকুবের তারাদির বিষয়ে বিলিয়মের ভবিষ্যদ্বাক্য।

১ পরে ইস্রায়েল্ বংশের প্রতি আশীর্ব্বাদ করিতে পরমেশ্বরের পরম সন্তোষ, ইহা দেখিয়া বিলিয়ম্ পূর্ব্বের ন্যায় মায়ার ফল অন্বেষণে প্রবৃত্ত না হইয়া প্রান্তরের ২ দিগে মুখ করিল। তাহাতে বিলিয়ম্ আপন চক্ষু তুলিয়া সকল বংশের সহিত বাসকারি ইস্রায়েল্ বংশকে দেখিল; এবং ঈশ্বরের আত্মা তাহাতে আবির্ভূত হইলেন। ৩ তখন সে কথা গ্রহণ করিয়া কহিল, বিয়োরের পুত্র বিলিয়ম্ কহিতেছে, ও যাহার উন্মীলিত চক্ষু, সে মনুষ্য ৪ কহিতেছে; এবং যে পরমেশ্বরের বাক্য শুনিতেছে ও সর্ব্বশক্তিমানহইতে দর্শন পাইতেছে, সে অভিভূত ও উ- ৫ ন্মীলিতচক্ষু হইয়া কহিতেছে। হে যাকুব্ বংশ, তোমার শিবির, ও হে ইস্রায়েল্ বংশ, তোমার আবাস কেমন ৬ সুন্দর! তাহা বিস্তারিত উপত্যকার ন্যায়, ও নদীতীরস্থ উদ্যানের ন্যায়, ও পরমেশ্বরের রোপিত অগুরু বৃক্ষের ৭ ন্যায়, ও জলনিকটস্থ এরস্‌বৃক্ষের ন্যায়। তাহার বীজহইতে এক মনুষ্য উৎপন্ন হইয়া অনেক জাতিদের উপরে কর্ত্তৃত্ব করিবে*, ও তাহার রাজা অগাগ্ অপেক্ষাও উন্নত হইবে, ও তাঁহার রাজ্য বর্দ্ধমান ৮ হইবে। পরমেশ্বর তাহাকে মিসর্‌দেশহইতে বাহির করিয়া আনিয়াছেন; সে গণ্ডারের ন্যায় বলবান, সে অন্য জাতীয় শত্রুগণকে গ্রাস করিবে, ও তাহাদের অস্থি চূর্ণ করিবে, ও আপন বাণদ্বারা তাহাদিগকে ৯ ভেদ করিবে †। সে সিংহের ন্যায় ও সিংহীর ন্যায় নত হইয়া শয়ন করিবে, তাহাতে তাহাকে কে উঠাইবে? যে কেহ তাহাকে আশীর্ব্বাদ করিবে, সে আশীর্ব্বাদ পাইবে; ও যে কেহ তাহাকে শাপ দিবে, সে শাপগ্রস্ত হইবে।

১০ তখন বিলিয়মের প্রতি বালাকের ক্রোধ প্রজ্বলিত হইলে সে আপন হস্তে হস্তের আঘাত করিল, এবং বালাক্ বিলিয়মকে কহিল, শত্রুগণকে শাপ দিতে আমি তোমাকে আনিলাম, কিন্তু তুমি তিন বার সর্ব্বতোভাবে ১১ তাহাদিগকে আশীর্ব্বাদ করিলা। এখন তুমি স্বস্থানে পলায়ন কর; আমি তোমাকে অতিশয় সম্মানিত করিব, ইহা ভাবিয়াছিলাম; কিন্তু দেখ, পরমেশ্বর তোমাকে ১২ সম্মান পাইতে নিবৃত্ত করিলেন। তাহাতে বিলিয়ম্ বালাককে কহিল, বালাক্ স্বর্ণ ও রূপাতে পরিপূর্ণ আপন ভাণ্ডার আমাকে দিলেও আমি আপন ইচ্ছাতে ভাল কি মন্দ করিতে পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিতে ১৩ পারি না। পরমেশ্বর যাহা কহিবেন, আমি তাহাই কহিব; এ কথা আমি কি তোমার প্রেরিত দূতগণের সাক্ষাতেও ১৪ কহি নাই? এখন দেখ, আমি আপন লোকদের নিকটে যাই; আইস, এই লোকেরা শেষযুগে তোমার লোকদের প্রতি কি করিবে, তাহা তোমাকে জ্ঞাত করি।

১৫ পরে সে কথা গ্রহণ করিয়া কহিল, বিয়োরের পুত্র বিলিয়ম্ কহিতেছে, ও যাহার উন্মীলিত চক্ষু, সে মনুষ্য ১৬ কহিতেছে; এবং যে ঈশ্বরের বাক্য শুনিতেছে, ও সর্ব্বশক্তিমানহইতে দর্শন পাইতেছে, সে অভিভূত ও উন্মী- ১৭ লিতচক্ষু হইয়া কহিতেছে। আমি তাঁহাকে দেখিতেছি, কিন্তু এখানে নয়; ও তাঁহার দর্শন পাইতেছি, কিন্তু নিকটে নয়; যাকুব্‌হইতে এক তারা নির্গত হইবে, ও ইস্রায়েল্ বংশহইতে এক রাজদণ্ড উৎপন্ন হইয়া মোয়াবের কোণে আঘাত করিবে, ও কলহকারি লোক- ১৮ দের বংশকে সংহার করিবে। এবং ইদোম্ তাহাদের অধিকার হইবে, ও তাহাদের শত্রু সেয়ীর্ তাহাদের অধিকার হইবে, এবং ইস্রায়েল্ বংশ অতি বীরের ১৯ ন্যায় আচরণ করিবে। ও যাকুব্‌হইতে উৎপন্ন এক জন কর্ত্তৃত্ব করিবেন, ও নগরের অবশিষ্ট লোকদিগকে ২০ বিনষ্ট করিবেন। পরে সে অমালেকের প্রতি দৃষ্টি করিয়া কথা গ্রহণ করিয়া কহিল, এই অমালেক্ সকল জাতির মধ্যে প্রধান বটে, কিন্তু শেষে ইহার সকল বিনষ্ট হই- ২১ বে। পরে সে কেনীয়দের প্রতি দৃষ্টি করিয়া কথা গ্রহণ করিয়া কহিল, তোমার নিবাস অতি দৃঢ়; তুমি পর্ব্বতে ২২ বাস করিতেছ। তথাপি তোমার নিবাস ‡ বিনষ্ট হইবে, ও অশূর্ কত দূরে § তোমাদিগকে বন্দী করিয়া ২৩ লইয়া যাইবে! পরে সে আপন কথা গ্রহণ করিয়া

---

[২৬]গ ২২; ৩৮॥—[২৯,৩০]প ১,২॥—[২৪ অধ্যা; ১]গ ২৩;২৩॥—[২]২; ৩-৩১॥—[৩-১০]২৩; ৭-১০॥—[৩,৪]প ১৫, ১৬॥—[৭]১ শি ১৫; ৮॥—[৮] গ ২৩; ২২॥—[৯] ২৩; ২৪। আ ৪৯; ৯। ১২; ২,৩। গ ২৩; ৮॥—[১২,১৩] ২২; ১৮॥ [১৪] ২৩; ৭॥—[১৫-১৯]প ৩-১০॥—[১৭-১৯]২ শি ৭; ৮-১৭। গী ৮৯; ১৯-৩৭। লূ ১; ৩০-৩৩। য ২; ২॥—[১৭]২ শি ৮; ২॥ [১৮]আ ২৭; ২৯, ৪০। ২ শি ৮; ১৪॥—[২০]যা ১৭; ৮-১৬। ১ শি ১৫; ১-৭। ১ বং ৪; ৪২, ৪৩॥—[২১]আ ২৫; ১৯॥

* (ইব) সে আপন কাটুয়াহইতে জল ঢালিবে, ও তাহার বীজ অনেক জলে হইবে। † (বা) তাহাদের বাণ ভগ্ন করিবে।
‡ (বা) কেনীয়। § (বা) কালে।

কহিল, হায় ২ যখন পরমেশ্বর ইহা করিবেন, তখন কে
২৪ বাঁচিবে ? ও কিত্তীমের তীরহইতে জাহাজ আসিয়া
অশূরকে ক্লেশ দিবে ও এবর্কে দুঃখ দিবে, কিন্তু
২৫ তাহারাও বিনষ্ট হইবে। পরে বিলিয়ম্ উঠিয়া স্বস্থানে
প্রস্থান করিল,এবং বালাকও আপন পথে চলিয়া গেল।

২৫ অধ্যায়।

১ ইস্রায়েল্ লোকের বাল্পিয়োর্ দেব পূজা করণ, ৬ ও সিম্রির ও কস্বীর বধ, ১০ ও তাহাদের বধ করণ প্রযুক্ত পীনিহসের পুরস্কার, ১৬ ও মিদিয়ন্ লোককে দুঃখ দিতে ঈশ্বরের আজ্ঞা।

১ পরে ইস্রায়েল্ বংশ শিটীমে বাস করিলে লোকেরা
মোয়াবের কন্যাদের সহিত ব্যভিচার কর্ম্মে প্রবৃত্ত
২ হইল। এবং মোয়াবীয় লোকেরা ইস্রায়েল্ বংশদিগকে
দেবপ্রসাদ ভোজনের নিমন্ত্রণ করিলে তাহারা ভোজন
৩ করিয়া তাহাদের দেবগণকে প্রণাম করিল। এবং তা-
হারা বাল্পিয়োর্ দেবের প্রতি আসক্ত হইতে লাগিল;
অতএব ইস্রায়েল্ বংশের প্রতি পরমেশ্বরের ক্রোধ
৪ প্রজ্বলিত হইল। এবং পরমেশ্বর মূসাকে কহিলেন,
তুমি লোকদের অধ্যক্ষগণকে ধরিয়া সূর্য্য সম্মুখ করিয়া
তাহাদিগকে টাঙ্গাইয়া দেও; তাহাতে ইস্রায়েল্ বংশ-
৫ হইতে পরমেশ্বরের প্রচণ্ড ক্রোধ নিবৃত্ত হইবে। তখন
মূসা ইস্রায়েল্ বংশের অধ্যক্ষগণকে কহিল, তোমরা
আপন লোকদের মধ্যে বাল্পিয়োরের প্রতি আসক্ত
প্রত্যেক জনকে বধ কর।

৬ পরে ইস্রায়েল্ বংশের এক জন মণ্ডলীর আবাসের
নিকটে রোদনকারি ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলীর
ও মূসার সাক্ষাতে আপন জ্ঞাতিগণের নিকটে এক মিদী-
৭ য়নীয় স্ত্রীকে আনিল। তাহাতে হারোণ্ যাজকের পৌত্র
ইলিয়াসরের পুত্র পীনিহস্ তাহা দেখিয়া মণ্ডলীর
৮ মধ্যহইতে উঠিয়া হস্তে এক বর্শা গ্রহণ করিল। এবং
সে ইস্রায়েল্ বংশীয় ঐ লোকের পশ্চাৎ২ কুঠরীতে
প্রবেশ করিয়া ঐ দুই জনের অর্থাৎ ইস্রায়েল্ বংশীয়
পুরুষের ও সেই স্ত্রীর গুহ্যস্থান বিন্দিয়া ভেদ করিল;
তাহাতে ইস্রায়েল্ বংশহইতে ঐ মারী নিবৃত্ত হইল।
৯ কিন্তু যাহারা ঐ মারীতে মরিয়াছিল, তাহারা চব্বিশ
সহস্র লোক ছিল।

১০ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, হারোণ্ যাজকের
১১ পৌত্র ইলিয়াসরের পুত্র পীনিহস্ আমার নিমিত্তে
লোকদের মধ্যে ক্রোধে প্রজ্বলিত হইয়া ইস্রায়েল্ বংশ-
হইতে আমার ক্রোধ নিবৃত্ত করিল; তাহাতে আমি
ক্রোধ প্রযুক্ত ইস্রায়েল্ বংশের লোকদিগকে বিনষ্ট
১২ করিলাম না। অতএব তুমি এই কথা কহ, দেখ, আমি
তাহাকে আপন শান্তিকর নিয়ম দিব। তাহাতে সে ১৩
বংশানুক্রমে নিত্য যাজকতার নিয়ম পাইবে; কেননা
সে আপন ঈশ্বরের নিমিত্তে ক্রোধে প্রজ্বলিত হইল,
ও ইস্রায়েল্ বংশের নিমিত্তে প্রায়শ্চিত্ত করিল। ইস্রা- ১৪
য়েল্ বংশের যে পুরুষ ঐ মিদিয়নীয় স্ত্রীর সহিত
হত হইল, সে শিমিয়োনীয়দের পিতৃবংশের অধ্যক্ষ
সালূর পুত্র; তাহার নাম সিম্রি ছিল। এবং ঐ হত ১৫
মিদিয়নীয় স্ত্রীর নাম কস্বী; সে সূরের কন্যা,এবং সূর
মিদিয়নীয় প্রধান বংশের অধ্যক্ষ ছিল।

পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি মিদিয়নীয় ১৬
লোকদিগকে ক্লেশ দেও ও প্রহার কর। কেননা পিয়োর্ ১৭
দেবতার বিষয়ে এবং মারীর দিবসে ঐ পিয়োরের ১৮
জন্যে হত হইল যে মিদিয়নীয় অধ্যক্ষদের কন্যা,
তাহাদের সেই আত্মীয়া কস্বীর বিষয়ে তাহারা নানা
মোহেতে তোমাদিগকে মুগ্ধ করিয়া ক্লেশ দিল।

২৬ অধ্যায়।

১ তাবৎ লোকের সংখ্যা করিতে ঈশ্বরের আজ্ঞা, ৫ ও ইস্রায়েলের তাবৎ বংশের সংখ্যা, ৫২ ও ভূমির বিভাগ কথা ৫৭ ও লেবীয়দের বংশ ও সংখ্যা, ৬৩ ও মিসর্-হইতে নির্গত লোকদের মধ্যে কেবল কালেব্ ও যিহোশূয় বিনা আর কোন পুরুষের গণিত না হওন।

ঐ মারীর পর পরমেশ্বর মূসাকে ও হারোণের পুত্র ১
ইলিয়াসর্ যাজককে কহিলেন, তোমরা ইস্রায়েল্ বং- ২
শের মধ্যে আপন২ পিতৃবংশানুসারে বিংশতি বৎসর
বয়স্ক অবধি যুদ্ধে গমনে সমর্থ ইস্রায়েল্ বংশীয়
মণ্ডলীর লোকদের সংখ্যা কর। তাহাতে মূসা ও ৩
ইলিয়াসর্ যাজক যিরীহোর নিকটস্থিত যর্দ্দন্ সমীপে
মোয়াবের প্রান্তরে মূসার প্রতি এবং মিসর্দেশহইতে ৪
নির্গত ইস্রায়েল্ বংশের প্রতি পরমেশ্বরের আজ্ঞানু-
সারে বিংশতি বৎসর বয়স্ক অবধি তাবৎ লোকের
সংখ্যা করিল।

ইস্রায়েলের জ্যেষ্ঠ পুত্র রূবেন; তাহার সন্তান ৫
হনোক্; ঐ হনোক্হইতে হনোকীয় বংশ,ও পল্লূহইতে
পল্লূয়ীয় বংশ হয়; এবং হিষ্রোণ্হইতে হিষ্রোণীয় বংশ, ৬
ও কর্ম্মিহইতে কর্ম্মীয় বংশ হয়। ইহারা সকলেই রূবে- ৭
নের বংশ; এবং সকলে গণিত হইলে তাহারা তেতাল্লিশ
সহস্র সাত শত ত্রিশ লোক ছিল। এবং পল্লূর পুত্র ৮
ইলীয়াব্। ঐ ইলীয়াবের সন্তান নিমূয়েল্ ও দাথন্ ও ৯
অবীরাম্; যখন পরমেশ্বরের প্রতিকূলে বিবাদ হইল,
তৎকালে কোরহের যে মণ্ডলী মূসা ও হারোণের সহিত
বিবাদ করিল, সেই বিখ্যাত এই দাথন্ ও অবীরাম্
ছিল। এবং সেই সময়ে পৃথিবী মুখ ব্যাদান করিয়া ১০

---

[২৪] আ ১০; ৪ । দা ৮; ১-৮,২০,২১ ॥—[২৫] গ ৩১; ৮ ॥
[২৫ অধ্য; ১-৩]গ ৩১; ১৫,১৬ । পু ২; ১৪ । যা ৩৪; ১৪-১৬। ১ ক ১০; ৮॥—[৩-১৩]গী ১০৬; ২৮-৩০॥—[৫] যা ২২; ২০ । ৩২; ২৭ ॥—[৯] ১ ক ১০; ৮ ॥—[১০] ১ বং ৬; ৪-১৫ ॥—[১৫] গ ৩১; ৮ ॥—[১৬-১৮] ৩১; ১-৩,১৬ ॥
[২৬ অধ্য] আ ৪৬; ৮-২৭ । গ ১; ১৭-৫৪ ॥—[২] গ ১; ২,৩॥—[৩] ২২; ১ ॥—[৭] ১; ২১ ॥—[৯] ১৬; ১-৩, ১২-১৪॥—[১০]১৬; ২৩-৩৫ ॥

তাহাদিগকে ও কোরহকে গ্রাস করিল,এবং সে দল নষ্ট হইলে পর অগ্নি দুই শত পঞ্চাশ জনকে দগ্ধ করিল, ১১ তাহারা দৃষ্টান্ত স্বরূপ হইল। কিন্তু কোরহের সন্তানেরা মরিল না।

১২ আর আপন২ বংশানুসারে শিমিয়োনের সন্তান নিমূয়েল্‌হইতে নিমূয়েলীয় বংশ, ও যামীন্‌হইতে যামী- ১৩ নীয় বংশ, ও যাখীন্‌হইতে যাখীনীয় বংশ হয়; এবং সেরহহইতে সেরহীয় বংশ, ও শৌল্‌হইতে শৌলীয় ১৪ বংশ হয়। এই শিমিয়োনীয় বংশে বাইশ সহস্র দুই শত লোক ছিল।

১৫ আর আপন২ বংশানুসারে গাদের সন্তান সিফোন্‌-হইতে সিফোনীয় বংশ, ও হগিহইতে হগীয় বংশ, ও ১৬ শূনীহইতে শূনীয় বংশ; ও ওষ্‌নিহইতে ওষ্‌নীয় বংশ, ১৭ ও এরিহইতে এরীয় বংশ; ও অরোদীহইতে অরো- ১৮ দীয় বংশ, ও অরেলিহইতে অরেলীয় বংশ হয়। এই গাদের বংশ গণিত হইলে তাহারা চল্লিশ সহস্র পাঁচ শত লোক ছিল।

১৯ যিহূদার পুত্র এর্‌ ও ওনন্‌; ঐ এর্‌ ও ওনন্‌ কিনান্‌- ২০ দেশে মরিল। আপন২ বংশানুসারে যিহূদার এই সকল বংশ; শেলাহইতে শেলায়ীয় বংশ, ও পেরস্‌-হইতে পেরসীয় বংশ, ও সেরহহইতে সেরহীয় বংশ। ২১ পেরসের এই সকল বংশ, হিষ্রোণ্‌হইতে হিষ্রোণীয় ২২ বংশ, ও হামূল্‌হইতে হামূলীয় বংশ হয়। এই যিহূদা বংশ গণিত হইলে তাহারা সংখ্যাতে ছেয়াত্তরি সহস্র পাঁচ শত লোক ছিল।

২৩ আর আপন২ বংশানুসারে ঈষাখরের সন্তান তোলয়্‌হইতে তোলয়ীয় বংশ, ও পূয়হইতে পূয়ীয় ২৪ বংশ; ও যাশূব্‌হইতে যাশূবীয় বংশ, ও শিম্রোণ্‌- ২৫ হইতে শিম্রোণীয় বংশ হয়। এই ঈষাখরের বংশ গণিত হইলে সংখ্যাতে তাহারা চৌষট্টি সহস্র তিন শত লোক ছিল।

২৬ আর আপন২ বংশানুসারে সিবূলূনের বংশ সেরদ্‌-হইতে সেরদীয় বংশ,ও এলোন্‌হইতে এলোনীয় বংশ, ২৭ ও যহলেল্‌হইতে যহলেলীয় বংশ হয়। এই সিবূলূন বংশ গণিত হইলে তাহারা সংখ্যাতে ষাটি সহস্র পাঁচ শত লোক ছিল।

২৮ আপন২ বংশানুসারে যূষফের পুত্র মিনশি ও ইফ্রা- ২৯ য়িম্‌। ঐ মিনশির সন্তানহইতে অর্থাৎ মাখীর্‌হইতে মাখীরীয় বংশ; ঐ মাখীরের পুত্র গিলিয়দ্‌; ঐ গিলি- ৩০ য়দ্‌হইতে গিলিয়দীয় বংশ। ঐ গিলিয়দের এই সকল সন্তান; ঈয়েষর্‌হইতে ঈয়েষ্রীয় বংশ, ও হেলক্‌হইতে ৩১ হেলকীয় বংশ; ও অস্রীয়েল্‌হইতে অস্রীয়েলীয় বংশ; ৩২ ও শেখম্‌হইতে শেখমীয় বংশ; ও শিমীদাহইতে শিমীদায়ীয় বংশ, ও হেফর্‌হইতে হেফরীয় বংশ হয়। ঐ হেফরের পুত্র সিলফদের পুত্র ছিল না,কেবল কন্যা ৩৩ ছিল; সেই সিলফদের কন্যাদের নাম মহলা ও নোয়া ও হগ্‌লা ও মিল্‌কা ও তির্সা। এই মিনশি বংশ গণিত ৩৪ হইলে তাহারা বাওয়ান্ন সহস্র সাত শত লোক ছিল।

৩৫ এবং আপন২ বংশানুসারে ইফ্রায়িমের এই সকল বংশ। শূথলহইতে শূথলহীয় বংশ,ও বেখর্‌হইতে বেখ্রীয় বংশ, ও তহন্‌হইতে তহনীয় বংশ। ইহারা ৩৬ সকলে শূথলহের বংশ; ও এরণ্‌হইতে এরণীয় বংশ। এই ইফ্রায়িমের বংশ গণিত হইলে সংখ্যাতে তাহারা ৩৭ বত্রিশ সহস্র পাঁচ শত লোক ছিল; বংশানুসারে ইহারা যূষফের সন্তান।

৩৮ আপন২ বংশানুসারে বিন্যামীনের সন্তান; বেলা-হইতে বেলায়ীয় বংশ, ও অস্‌বেল্‌হইতে অস্‌বেলীয় বংশ, ও অহীরাম্‌হইতে অহীরামীয় বংশ; ও শূফম্‌- ৩৯ হইতে শূফমীয় বংশ, ও হূফম্‌হইতে হূফমীয় বংশ। এবং বেলার সন্তান অর্দ্‌ ও নামান; অর্দ্‌হইতে অর্দীয় ৪০ বংশ, ও নামান্‌হইতে নামানীয় বংশ। এই বিন্যামী- ৪১ নের সন্তান আপন২ বংশানুসারে গণিত হইলে তা-হারা পঁয়তাল্লিশ সহস্র ছয় শত লোক ছিল।

৪২ আপন২ বংশানুসারে এই সকল দানের বংশ। শূহম্‌হইতে শূহমীয় বংশ; ইহারা আপন২ বংশা-নুসারে দানের বংশ। এই শূহমীয় বংশ গণিত ৪৩ হইলে সংখ্যাতে তাহারা চৌষট্টি সহস্র চারি শত লোক ছিল।

৪৪ আপন২ বংশানুসারে আশেরের সন্তান; যিম্ন-হইতে যিম্নীয় বংশ, ও যিস্‌বিহইতে যিস্‌বীয় বংশ, ও বিরিয়হইতে বিরিয়ীয় বংশ। এবং বিরিয়ের সন্তান ৪৫ হেবর্‌হইতে হেবরীয় বংশ, ও মল্‌কীয়েল্‌হইতে মল্‌-কীয়েলীয় বংশ। ঐ আশেরের কন্যার নাম সারহ। ৪৬ এই আশেরের বংশ গণিত হইলে সংখ্যাতে তাহারা ৪৭ তিপ্পান্ন সহস্র চারি শত লোক ছিল।

৪৮ আর আপন২ বংশানুসারে নপ্তালির সন্তান যহসী-য়েল্‌হইতে যহসীয়েলীয় বংশ, ও গূনিহইতে গূনীয়-বংশ; ও যেৎসর্‌হইতে যেৎসরীয় বংশ, ও শিল্লেম্‌ ৪৯ হইতে শিল্লেমীয় বংশ হয়। আপন২ বংশানুসারে ৫০ এই সকল নপ্তালির বংশ গণিত হইলে সংখ্যাতে তা-হারা পঁয়তাল্লিশ সহস্র চারি শত লোক ছিল।

৫১ ইস্রায়েল্‌ বংশের মধ্যে ইহারা সকলে গণিত হইলে ছয়লক্ষ এক সহস্র সাত শত লোক ছিল।

৫২ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, নামসংখ্যানু-সারে অধিকারার্থে ইহাদের মধ্যে দেশ বিভক্ত হইবে। ৫৩ ফলতঃ যে বংশে অধিক লোক, তাহাদিগকে অধিক অধিকার দিবা; ও যে বংশে অল্প লোক,তাহাদিগকে অল্প অধিকার দিবা;যাহার দলে যত লোক গণিত হয়,

---

[১১] যা ৬; ২৪ ॥—[১২-১৪] আ ৪৯; ৭॥—[১৪]গ ১; ২৩॥—[১৮] ১; ২৫॥—[১৯]আ ৩৮; ৭-১০ ॥—[২২]গ ১; ২৭ ॥—[২৫] ১; ২৯ ॥—[২৭]১; ৩১ ॥—[২৮-৩৭] আ ৪৮; ১৩-২০ ॥—[৩৪] ১; ৩৫ ॥—[৩৭]১; ৩৩ ॥—[৪১]১; ৩৭।—[৪৩] ১; ৩৯ ॥—[৪৭] ১; ৪১ ॥—[৫০] ১; ৪৩ ॥—[৫১]১; ৪৬ ॥—[৫২-৫৬] ৩৩; ৫৪ ॥

৫৫ তাহাকে তত অধিকার দিবা। এবং দেশ গুলিবাঁট দ্বারা বিভক্ত হইলে তাহারা আপন ২ পিতৃবংশের নামানু- ৫৬ সারে অধিকার পাইবে। অধিক কিম্বা অল্প অধিকার হউক, গুলিবাঁটদ্বারা সেই ২ অধিকার বিভক্ত হইবে।

৫৭ আপন ২ বংশানুসারে লেবীয় বংশের মধ্যে এই সকল গণিত হইল; গের্শোন্‌হইতে গের্শোনীয় বংশ, ও কিহাৎহইতে কিহাতীয় বংশ, ও মিরারিহইতে মিরা- ৫৮ রীয় বংশ; এবং লিব্‌নীয় বংশ, ও হিব্রোণীয় বংশ, ও মহলীয় বংশ, ও মুশীয় বংশ, ও কোরহীয় বংশ, এই ৫৯ সকল লেবীয় বংশ। ঐ কিহাতের পুত্র অম্রাম্; এবং মিসর্‌দেশে জাতা লেবির ঔরসজাতা কন্যা যোখেবদ্ নামে অম্রামের ভার্য্যা ছিল; সে অম্রামের সন্তান হারোণ্‌কে ও মূসাকে ও তাহাদের ভগিনী মরিয়ম্‌কে ৬০ প্রসব করিল। এবং ঐ হারোণের ঔরসে নাদব্ ৬১ ও অবীহূ ও ইলিয়াসর্ ও ঈথামর্ জন্মিল। পরে ঐ নাদব্ ও অবীহূ পরমেশ্বরের সম্মুখে সাধারণ অগ্নি ৬২ নিবেদন করিয়া প্রাণত্যাগ করিল। এই সকলের মধ্যে এক মাস ও এক মাসের অধিক বয়স্ক পুরুষসন্তান গণিত হইলে তেইশ সহস্র লোক ছিল, কেননা ইস্রায়েল্ বংশের মধ্যে তাহাদিগকে কোন অধিকার দত্ত না হওয়াতে তাহারা ইস্রায়েল্ বংশের মধ্যে গণিত ছিল না।

৬৩ যিরীহোর নিকটস্থ যর্দ্দন সমীপে মোয়াবের প্রান্তরে ইস্রায়েল্ বংশের গণনাকারি মূসা ও ইলিয়াসর্ যাজক ৬৪ কর্ত্তৃক এই সকল লোক গণিত হইল। কিন্তু সীনয়্ প্রান্তরে ইস্রায়েল্ বংশের গণনাকারি মূসা ও হারোণ্ যাজক কর্ত্তৃক যাহারা গণিত হইল, তাহাদের এক জনও ৬৫ ইহাদের মধ্যে ছিল না। কারণ পরমেশ্বর তাহাদের বিষয়ে কহিয়াছিলেন, তাহারা অবশ্য এই প্রান্তরে মরিবে; যিফুন্নির পুত্র কালেব্ ও নূনের পুত্র যিহোশূয় ব্যতিরেক তাহাদের মধ্যে অবশিষ্ট এক জনও থাকিবে না*।

২৭ অধ্যায়।

১ সিলফদের কন্যাগণের কথা ৬ ও ভূমি অধিকারের ব্যবস্থা ১২ ও মূসার প্রতি ঈশ্বরের আজ্ঞা ১৫ ও ঈশ্বরের প্রতি মূসার নিবেদন ১৮ ও মূসার মরণের পরে তাহার কর্ম্ম করিতে যিহোশূয়কে নিরূপণ।

১ পরে যূষফের পুত্র মিনশির বংশের মধ্যে মিনশির বৃদ্ধপ্রপৌত্র মাখীরের প্রপৌত্র গিলিয়দের পৌত্র হেফরের পুত্র যে সিলফদ্ তাহার কন্যাগণ, অর্থাৎ মহলা ও নোয়া ২ ও হগ্‌লা ও মিল্কা ও তির্সা নামে কন্যাগণ, মূসার ও ইলিয়াসর্ যাজকের ও অধ্যক্ষগণের ও সমস্ত মণ্ডলীর সম্মুখে মণ্ডলীর আবাসদ্বারের নিকটে আসিয়া দাঁড়াইয়া এই কথা কহিল; ৩ আমাদের পিতা প্রান্তরে মরিয়াছে; সে কোরহের দলের, অর্থাৎ পরমেশ্বরের প্রতিকূলে বিরোধকারিদের দলের মধ্যে ছিল না; তথাপি আপন পাপেতে মরিয়াছে, তাহার পুত্র ছিল ৪ না। কিন্তু আমাদের পিতার পুত্র ছিল না, এই জন্যে বংশহইতে তাহার নাম কেন লোপ পাইবে? আমাদের পিতৃবংশীয় ভ্রাতাদের মধ্যে আমাদিগকে অধি- ৫ কার দেও। তখন মূসা পরমেশ্বরের সম্মুখে তাহাদের কথা উপস্থিত করিল।

৬ তাহাতে পরমেশ্বর মূসাকে কহিলেন, সিলফদের ৭ কন্যাগণ যথার্থ কহিতেছে, তুমি তাহাদের পিতৃবংশীয়দের মধ্যে অবশ্য তাহাদিগকে ভূমি অধিকার দিবা, ও তাহাদের পিতার অধিকার তাহাদের অধিকার করা- ৮ ইবা। তুমি ইস্রায়েল্ বংশকে কহ, কোন মনুষ্য মরিলে তাহার পুত্র যদি না থাকে, তবে তোমরা তাহার কন্যাকে ৯ তাহার অধিকার দিবা। এবং যদি তাহার কন্যাও না থাকে, তবে তাহার ভ্রাতৃগণকে তাহার অধিকার দিবা। ১০ এবং যদি তাহার ভ্রাতৃগণও না থাকে, তবে তাহার ১১ পিতৃব্যদিগকে তাহার অধিকার দিবা। এবং যদি তাহার পিতৃব্যগণ না থাকে, তবে তাহার বংশীয় নিকটস্থ জ্ঞাতিকে তাহার অধিকার দিবা, সে তাহা অধিকার করিবে; মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে ইস্রায়েল্ বংশের প্রতি এই রূপ ব্যবস্থার বিধি হইবে।

১২ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি এই অবারীম্ পর্ব্বতে আরোহণ করিয়া ইস্রায়েল্ বংশের প্রতি আ- ১৩ মার দত্ত দেশ দেখ। তাহা দেখিলে পর যেমন তোমার ভ্রাতা হারোণ্ সংগৃহীত হইল, তেমনি তুমি আপন ১৪ পিতৃলোকদের নিকটে সংগৃহীত হইবা। কেননা সীন্ প্রান্তরে মণ্ডলীর বিবাদে তোমরা জলের নিকটে অর্থাৎ সীন্ প্রান্তরের কাদেশস্থ মিরীবার জলের নিকটে মণ্ডলীর গোচরে আমাকে সম্মানিত না করিয়া আজ্ঞা লঙ্ঘন করিলা।

১৫ তাহাতে মূসা পরমেশ্বরকে কহিল, হে সর্ব্বদেহির ১৬ প্রভু পরমেশ্বর, পরমেশ্বরের মণ্ডলী যেন রক্ষকহীন ১৭ মেষের ন্যায় না হয়, এই জন্যে যে মনুষ্য তাহাদের অগ্রগামী হইয়া বাহিরে যায়, ও তাহাদের অগ্রগামী হইয়া ভিতরে আইসে, ও তাহাদিগকে বাহিরে লইয়া যায়, ও তাহাদিগকে ভিতরে লইয়া আইসে, এমত এক মনুষ্যকে মণ্ডলীর উপরে নিযুক্ত করুণ।

১৮ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, নূনের পুত্র

[৫৭-৫৯] যা ৬; ১৬-২৫॥—[৬০,৬১] গ ৩; ২-৪॥—[৬২] ৩; ৩৯। ১; ৪৭-৫৪। ১৮; ২০,২৩, ২৪॥—[৬৪] ১; ১৭-১৯॥
[৬৪,৬৫] ১৪; ২৬-৩৫। দ্বি ২; ১৪,১৫। ১ ক ১০; ১-১২॥
[২৭ অধ্য; ১] গ ২৬; ৩৩॥—[৩] ২৬; ৬৪, ৬৫। ১৬; ১,২॥—[৫,৬] ১৫; ৩৪, ৩৫॥—[৮] ৩৬; ১-১২॥—[১২-১৪] ২০; ৭-১৩, ২৩-২৯॥—[১৫-১৭] ম ৯; ৩৬-৩৮। যো ১০; ১-৫, ১০, ১১॥—[১৬] গ ১৬; ২২॥—[১৭] ২ বং ১, ১০॥
[১৮] দ্বি ১; ৩৮। যা ৩৩। ১১। গ ১১; ২৮। ১৪; ৩০। দ্বি ৩৪; ৯॥

* (বা) থাকিল না।

যিহোশূয়ের অন্তরে আত্মা আছেন; তুমি তাহাকে লইয়া তাহার গাত্রে আপন হস্ত অর্পণ কর, ১৯ এবং ইলিয়াসর্ যাজকের ও সমস্ত মণ্ডলীর সম্মুখে তাহাকে উপস্থিত করিয়া তাহাদের সাক্ষাতে তাহাকে ২০ আজ্ঞা কর। এবং তুমি তাহাকে আপন সম্মানের ভাগী কর; তাহাতে ইস্রায়েল্ বংশের সমস্ত মণ্ডলী ২১ তাহার আজ্ঞাবহ হইবে। এবং সে ইলিয়াসর্ যাজকের সম্মুখে দাঁড়াইবে, এবং ইলিয়াসর্ তাহার জন্যে ঊরীমের * দ্বারা পরমেশ্বরকে জিজ্ঞাসা করিবে, এবং সে ও তাহার সহিত ইস্রায়েল্ বংশ ও সমস্ত মণ্ডলী তাহার আজ্ঞাতে বাহিরে যাইবে, ও তাহার আজ্ঞাতে ২২ ভিতরে আসিবে। পরে মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে সকল কর্ম্ম করিল, এবং সে যিহোশূয়কে লইয়া ইলিয়াসর্ যাজকের সম্মুখে ও সমস্ত মণ্ডলীর সম্মুখে তাহাকে ২৩ উপস্থিত করিল, এবং মূসার দ্বারা পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহার গাত্রে আপন হস্ত অর্পণ করিয়া তাহাকে আজ্ঞা করিল।

২৮ অধ্যায়।

১ হোমের বিষয়ে পরমেশ্বরের আজ্ঞা, ৩ প্রাতঃকালের ও সন্ধ্যাকালের হোমের কথা, ৯ ও বিশ্রামবারের হোমের কথা, ১১ ও প্রতিপদের হোমের কথা, ১৬ ও নিস্তার পর্ব্বের হোমের কথা ২৬ ও পবিত্র সভার কথা।

১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ বং- ২ শকে আজ্ঞা কর ও তাহাদিগকে এই কথা কহ, আমার উপহারের অর্থাৎ অগ্নিকৃত সুগন্ধি* বলির নিমিত্তে যে ভক্ষ্য, তাহা তোমরা আমার উদ্দেশে নিরূপিত সময়ে নিবেদন করিবা।

৩ তুমি তাহাদিগকে এই কথা কহ, তোমরা পরমেশ্বরের উদ্দেশে এই অগ্নিকৃত উপহার নিবেদন করিবা। ৪ প্রতি দিবস হোমার্থে একবর্ষীয় নির্দ্দোষ দুই মেষবৎস; তাহার এক মেষবৎস প্রাতঃকালে উৎসর্গ করিবা, ও অন্য মেষবৎস সন্ধ্যাকালে ‡ উৎসর্গ করিবা। ৫ এবং নৈবেদ্যের জন্যে হিনের চতুর্থাংশ আলোড়িত ৬ তৈলমিশ্রিত ঐফার দশমাংশ সুজি লইবা। ইহা সীনয় পর্ব্বতে পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি উপহারার্থে নিরূপিত হইলে এই নিত্য হোমবলি হইবে। ৭ এবং তাহার এক২ মেষবৎসের জন্যে হিনের চতুর্থাংশ পানীয় নৈবেদ্য হইবে, এবং পবিত্র স্থানে পানীয় নৈবেদ্যের জন্যে পরমেশ্বরের উদ্দেশে মদিরা ঢালা যাইবে। ৮ এবং তুমি অন্য মেষবৎসকে সন্ধ্যাকালে উৎসর্গ করিবা, প্রাতঃকালের নৈবেদ্য ও তাহার পানীয় যে রূপ হয়, তদ্রূপ পরমেশ্বরের উদ্দেশে সন্ধ্যাকালেও অগ্নিকৃত সুগন্ধি উপহার মেষবৎসকে উৎসর্গ করিবা।

৯ আর বিশ্রাম দিনে একবর্ষীয় নির্দ্দোষ দুই মেষবৎস ও তৈলপক্ক দুই দশমাংশ সুজি ও পানীয় দ্রব্য নিবেদন করিবা। ১০ নিত্য হোম ও পানীয় দ্রব্য ব্যতিরেকে প্রতি বিশ্রামবারে এই হোম হইবে।

১১ মাসের আরম্ভে তোমরা পরমেশ্বরের উদ্দেশে হোমের জন্যে দুই পুংগোবৎস ও এক মেষ এবং একবর্ষীয় নির্দ্দোষ সাত মেষবৎস উৎসর্গ করিবা। ১২ এবং এক গোবৎসের জন্যে তৈলপক্ক তিন দশমাংশ সুজির নৈবেদ্য, এবং এক মেষের জন্যে তৈলপক্ক দুই দশমাংশ সুজির নৈবেদ্য; ১৩ এবং এক মেষবৎসের জন্যে তৈলপক্ক এক দশমাংশ সুজির নৈবেদ্য হইবে; তাহাতে সেই হোম বলি পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি উপহার হইবে। ১৪ এবং এক গোবৎসের জন্যে অর্দ্ধহিন দ্রাক্ষারসের পানীয় নৈবেদ্য হইবে, এবং এক মেষের জন্যে হিনের তৃতীয়াংশ, ও এক মেষবৎসের জন্যে হিনের চতুর্থাংশ পানীয় নৈবেদ্য হইবে; সম্বৎসরের প্রতিমাসে কর্ত্তব্য মাসিক হোম এই জানিবা। ১৫ এবং নিত্য হোম ও তাহার পানীয় দ্রব্য ব্যতিরেকে পরমেশ্বরের উদ্দেশে পাপের প্রায়শ্চিত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা।

১৬ অপর প্রথম মাসের চতুর্দ্দশ দিনে পরমেশ্বরের নিস্তার পর্ব্ব হইবে। ১৭ এবং মাসের পঞ্চদশ দিনে সাত দিবস তাড়ীশূন্য রুটী ভোজনের উৎসব হইবে। ১৮ এবং প্রথম দিবসে পবিত্র সভা হইবে; সে দিনে তোমরা কোন ব্যবসায় কর্ম্ম করিবা না। ১৯ কিন্তু পরমেশ্বরের উদ্দেশে হোমার্থে দুই পুংগোবৎস ও এক মেষ ও একবর্ষীয় নির্দ্দোষ সাত মেষবৎস উৎসর্গ করিবা। ২০ এবং এক গোবৎসের জন্যে তিন দশমাংশ, ও এক মেষের জন্যে দুই দশমাংশ তৈলপক্ক সুজির নৈবেদ্য হইবে। ২১ এবং সাত মেষবৎসের এক২ বৎসের জন্যে এক২ দশমাংশ নৈবেদ্য হইবে। ২২ এবং আপনাদের প্রায়শ্চিত্তের জন্যে প্রায়শ্চিত্ত বলি এক ছাগল উৎসর্গ করিবা। ২৩ এবং নিত্য হোমের জন্যে তোমরা প্রাতঃকালের হোম ব্যতিরেক এই সকল উৎসর্গ করিবা। ২৪ তোমরা এই বিধি অনুসারে সাত দিবস ব্যাপিয়া প্রতিদিন পরমেশ্বরের উদ্দেশে ভক্ষ্য রূপ অগ্নিকৃত সুগন্ধি উপহার নিবেদন করিবা; নিত্য হোম ও তাহার পানীয় ব্যতিরেক ইহা নিবেদিত হইবে। ২৫ এবং সপ্তম দিবসে তোমাদের পবিত্র সভা হইবে; সে দিনে তোমরা কোন ব্যবসায় কর্ম্ম করিবা না।

২৬ আর প্রথম ফলের দিবসে যে সময়ে তোমরা পরমেশ্বরের উদ্দেশে নূতন নৈবেদ্য আনিবা, তৎকালে সপ্তাহের পরে তোমাদের এক পবিত্র সভা হইবে; সে

[২০] গ ১১; ১৭ ॥—[২১] প ১৭, ২৫,। যা ২৮; ৩০ ॥—[২৩] দ্বি ৩১; ৭,৮॥
[২৮ অধ্য; ২] আম ৫; ২৫,২৬ ॥—[৩-৮] যা ২৯; ৩৮-৪২ ॥—[৯,১০] লে ২৩; ৩॥—[১১-২৫] লে ২৩; ৫-৮; গ ১৫; ১-১৩॥—[১৫] প ২২ ॥—[২২] প ১৫ ॥—[২৩] প ৩॥—[২৬-৩১] লে ২৩; ১৫-২১ ॥

* (ইব্রী) দীপ্তি। † (ইব্রী) আমার বিশ্রামের গন্ধি। ‡ (ইব্রী) দুই সন্ধ্যাকালের মধ্যে।

২৭ দিনে কোন ব্যবসায় কর্ম্ম করিবা না। কিন্তু পরমেশ্বরের উদ্দেশে সুগন্ধি হোমার্থে দুই পুংগোবৎস ও এক মেষ ও একবর্ষীয় সাত মেষবৎস উৎসর্গ করিবা। এবং ২৮ এক গোবৎসের জন্যে তিন দশমাংশ ও এক মেষের জন্যে দুই দশমাংশ তৈলপক্ক সুজির নৈবেদ্য হইবে। ২৯ এবং সাত মেষবৎসের এক ২ বৎসের জন্যে এক ২ ৩০ দশমাংশ নৈবেদ্য হইবে। এবং তোমাদের প্রয়শ্চি- ৩১ ত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা। এবং নিত্য হোম ও তাহার নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য ব্যতিরেকে এই সকল নিবেদন করিবা; এই সকল নির্দ্দোষ হইবে।

২৯ অধ্যায়।

১ তূরী বাজন সময়ের হোমের কথা, ৭ ও পবিত্র সভার সময়ের হোম বলিদানাদি, ১৭ ও আবাসে উৎসবের সময়ের হোম বলিদানাদি।

১ আর সপ্তম মাসের প্রথম দিবসে তোমাদের পবিত্র সভা হইবে; সে দিনে তোমরা ব্যবসায় কর্ম্ম করিবা না; সেই দিন তোমাদের তূরী বাজাইবার দিন হইবে। ২ এবং সেই দিনে তোমরা পরমেশ্বরের উদ্দেশে সুগন্ধি হোমবলি, অর্থাৎ এক পুংগোবৎস ও এক মেষ ও একবর্ষীয় নির্দ্দোষ সাত মেষবৎস উৎসর্গ করিবা। ৩ এবং এক গোবৎসের কারণ তিন দশমাংশ, ও এক ৪ মেষের কারণ দুই দশমাংশ; ও সাত মেষবৎসের এক ২ বৎসের কারণ এক ২ দশমাংশ তৈলপক্ক সুজির ৫ নৈবেদ্য হইবে। তোমরা পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধি উপহারার্থে বিধি অনুসারে মাসিক হোম ও নৈবেদ্য ও দিবসিক হোম ও নৈবেদ্য ও পানীয় ৬ দ্রব্য; এতদ্ব্যতিরেক আপনাদের প্রয়শ্চিত্তার্থে প্রায়শ্চিত্ত বলি এক ছাগল উৎসর্গ করিবা।

৭ আর সপ্তম মাসের দশম দিবসে তোমাদের পবিত্র সভা হইবে; সে দিনে তোমরা আপন ২ প্রাণকে ৮ ক্লেশ দিবা, ও কোন ব্যবসায় কর্ম্ম করিবা না। কিন্তু পরমেশ্বরের উদ্দেশে এক সুগন্ধি হোমবলি অর্থাৎ এক পুংগোবৎস ও এক মেষ ও একবর্ষীয় নির্দ্দোষ সাত ৯ মেষবৎস উৎসর্গ করিবা। এবং এক গোবৎসের কারণ তিন দশমাংশ, ও এক মেষের কারণ দুই দশমাংশ; ১০ ও সাত মেষবৎসের এক ২ বৎসের কারণ এক ২ ১১ দশমাংশ তৈলপক্ক সুজির নৈবেদ্য হইবে। এবং তোমরা আপনাদের প্রায়শ্চিত্ত বলি ও নৈবেদ্য ও নিত্য হোম ও নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য ব্যতিরেক পাপের প্রায়শ্চিত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা।

১২ আর সপ্তম মাসের পঞ্চদশ দিবসে তোমাদের এক পবিত্র সভা হইবে; সে দিনে তোমরা কোন ব্যবসায় কর্ম্ম করিবা না; এবং তদবধি সাত দিবস পরমেশ্- ১৩ রের উদ্দেশে উৎসব পালন করিবা। এবং পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার সুগন্ধি হোমবলি, অর্থাৎ তেরো পুংগোবৎস ও দুই মেষ ও একবর্ষীয় নির্দ্দোষ চৌদ্দ মেষবৎস উৎসর্গ করিবা। এবং তেরো পুংগো- ১৪ বৎসের প্রত্যেক বৎসের কারণ তিন দশমাংশ, দুই মেষের এক ২ মেষের কারণ দুই দশমাংশ; এবং ১৫ চৌদ্দ মেষবৎসের এক ২ বৎসের কারণ এক ২ দশমাংশ তৈলপক্ক সুজির নৈবেদ্য হইবে। এবং নিত্য ১৬ হোম ও নৈবেদ্য ও পানীয় দ্রব্য ব্যতিরেকে প্রায়শ্চিত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা।

১৭ আর দ্বিতীয় দিবসে বারো পুংগোবৎস ও দুই মেষ ও একবর্ষীয় নির্দ্দোষ চৌদ্দ মেষবৎস উৎসর্গ করিবা। এবং ১৮ গোবৎসের ও মেষের ও মেষবৎসের নিমিত্তে নৈবেদ্য ও পানীয় দ্রব্য সেই সংখ্যানুসারে বিধিমতে হইবে। এবং নিত্য হোম ও নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য ১৯ ব্যতিরেকে প্রায়শ্চিত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা।

২০ আর তৃতীয় দিবসে এগার গোবৎস ও দুই মেষ ও একবর্ষীয় নির্দ্দোষ চৌদ্দ মেষবৎস উৎসর্গ করিবা। এবং ২১ গোবৎসের ও মেষের ও মেষবৎসের কারণ সেই সংখ্যানুসারে বিধিমতে নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য হইবে। এবং নিত্য হোম ও নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য ব্যতি- ২২ রেক প্রায়শ্চিত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা।

২৩ আর চতুর্থ দিবসে দশ গোবৎস ও দুই মেষ ও একবর্ষীয় নির্দ্দোষ চৌদ্দ মেষবৎস উৎসর্গ করিবা। এবং গো- ২৪ বৎসের ও মেষের ও মেষবৎসের কারণ সেই সংখ্যানুসারে বিধিমতে নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য হইবে। এবং নিত্য হোম ও নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য ব্যতি- ২৫ রেকে প্রায়শ্চিত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা।

২৬ আর পঞ্চম দিবসে নয় গোবৎস ও দুই মেষ ও একবর্ষীয় নির্দ্দোষ চৌদ্দ মেষবৎস উৎসর্গ করিবা। এবং ২৭ গোবৎসের ও মেষের ও মেষবৎসের কারণ সেই সংখ্যানুসারে বিধিমতে নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য হইবে। এবং নিত্য হোম ও নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য ব্যতি- ২৮ রেকে প্রায়শ্চিত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা।

২৯ আর ষষ্ঠ দিবসে অষ্ট গোবৎস ও দুই মেষ ও একবর্ষীয় নির্দ্দোষ চৌদ্দ মেষবৎস উৎসর্গ করিবা। এবং ৩০ গোবৎসের ও মেষের ও মেষবৎসের কারণ সেই সংখ্যানুসারে বিধিমতে নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য হইবে। এবং নিত্য হোম ও নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য ৩১ ব্যতিরেকে প্রায়শ্চিত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা।

৩২ আর সপ্তম দিবসে সাত গোবৎস ও দুই মেষ ও এক বর্ষীয় নির্দ্দোষ চৌদ্দ মেষবৎস উৎসর্গ করিবা। এবং গো- ৩৩ বৎসের ও মেষের ও মেষবৎসের কারণ সেই সংখ্যানুসারে বিধিমতে নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য হইবে। এবং নিত্য হোম ও নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য ব্যতি- ৩৪ রেকে প্রায়শ্চিত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা।

৩৫ আর অষ্টম দিবসে তোমাদের মহাসভা হইবে; সে

[২৯ অধ্য ; ১-৬] লে ২৩ ; ২৩-২৫ ।।—[৬] গ ২৮ ; ৩,১১ । ১০ ; ১-১০ ।।—[৭-১১] লে ২৩ ; ২৭-৩২ । ১৬ ; ৩-৩৪ ।।
[১২-৩৮] লে ২৩ ; ৩৩-৪৩ ।।—[১২] লে ২৩ ; ৩৪,৩৫ ।।

৩৬ দিনে তোমরা কোন ব্যবসায় কর্ম্ম করিবা না। কিন্তু পরমেশ্বরের উদ্দেশে অগ্নিকৃত উপহার সুগন্ধি হোমবলি, অর্থাৎ এক গোবৎস ও এক মেষ ও একবর্ষীয় ৩৭ নির্দ্দোষ সাত মেষবৎস উৎসর্গ করিবা। এবং গোবৎসের ও মেষের ও মেষবৎসের কারণ সেই সংখ্যানুসারে বিধিমতে নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য হইবে। ৩৮ এবং নিত্য হোম ও নৈবেদ্য ও পানীয় নৈবেদ্য ব্যতি- ৩৯ রেকে প্রায়শ্চিত্তার্থে এক ছাগল উৎসর্গ করিবা। হোম ও নৈবেদ্য ও পানীয় দ্রব্য ও মঙ্গলজনক দ্রব্যযুক্ত যে মাননীয় ও স্বেচ্ছা উপহার, তদ্ব্যতিরেকে এই সকল তোমরা আপন নিরূপিত উৎসবে পরমেশ্বরের উদ্দেশে ৪০ উৎসর্গ করিবা। পরে মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে ইস্রায়েল্ বংশকে এই সকল কথা কহিল।

৩০ অধ্যায়।

১ মানত ও ব্রত সফল করণের আবশ্যকতা, ৩ ও পিতাদ্বারা কন্যার মানত সফল ও বিফল হওনের কথা, ৬ ও স্বামিদ্বারা স্ত্রীর মানত সফল ও বিফল হওনের কথা, ৯ ও বিধবার মানত সফল ও বিফল হওনের কথা।

১ পরে মূসা ইস্রায়েল্ বংশের অধ্যক্ষগণকে কহিল, ২ পরমেশ্বর এই সকল আজ্ঞা করিলেন। যদি কোন পুরুষ পরমেশ্বরের উদ্দেশে মানত করে, কিম্বা ব্রতদ্বারা আপনাকে বদ্ধা করিতে দিব্য করে, তবে সে আপন বাক্য ব্যর্থ না করিয়া মুখহইতে নির্গত বাক্য সফল করিবে। ৩ যদি কোন স্ত্রী কুমারী অবস্থাতে আপন পিতৃগৃহে বাস করণ সময়ে পরমেশ্বরের উদ্দেশে মানত করে ও ৪ ব্রতদ্বারা আপনাকে বদ্ধা করে, এবং তাহার পিতা যদি তাহার মানত, ও যাহাদ্বারা আপনাকে বদ্ধা করে, সেই ব্রতের বাক্য শুনিয়া তাহাকে কিছু না কহে, তবে তাহার সকল মানত স্থির হইবে, এবং যাহাদ্বারা সে আপন ৫ প্রাণকে বদ্ধা করে, সে ব্রতের বাক্য স্থির হইবে। কিন্তু শ্রবণ দিনে যদি তাহার পিতা তাহাকে নিষেধ করে, তবে তাহার মানত ও যাহাদ্বারা আপনাকে বদ্ধা করে, সেই ব্রতের বাক্য স্থির হইবে না; এবং পরমেশ্বর তাহার পিতার নিষেধ প্রযুক্ত তাহাকে ক্ষমা করিবেন। ৬ আর তাহার মানত করণ সময়ে কিম্বা যাহাদ্বারা আপনাকে বদ্ধা করে, সেই ব্রতের বাক্য আপন মুখে ৭ প্রকাশ করণ সময়ে যদি তাহার স্বামী থাকে, এবং তাহার স্বামী তাহার শ্রবণদিনে যদি কিছু না কহে, তবে তাহার মানত এবং যাহাদ্বারা আপনাকে বদ্ধা করে, ৮ সেই ব্রতের বাক্য স্থির হইবে। কিন্তু শ্রবণ দিবসে যদি তাহার স্বামী তাহাকে নিষেধ করে, তবে সে যে মানত করে, ও যাহাদ্বারা আপনাকে বদ্ধা করিতে আপন মুখে প্রকাশ করে, তাহা ব্যর্থ হইবে; তাহাতে পরমেশ্বর তাহাকে ক্ষমা করিবেন। ৯ বিধবা কিম্বা স্বামিত্যক্ত স্ত্রী যাহাদ্বারা আপনাকে বদ্ধা করিয়াছে, সেই ব্রতের বাক্য স্থির হইবে। আর ১০ সে যদি আপন স্বামির গৃহে থাকিয়া মানত করিয়াছে, কিম্বা ব্রত বিষয়ে শপথদ্বারা আপনাকে বদ্ধা করিয়াছে, এবং তাহার স্বামী তাহা শুনিয়া তাহাকে নিষেধ ১১ না করিয়া নীরব হইয়াছে, তবে তাহার সমস্ত মানত স্থির হইবে; এবং যাহাদ্বারা আপনাকে বদ্ধা করিয়াছে, সেই ব্রতের বাক্য স্থির হইবে। কিন্তু শ্রবণ দিবসে ১২ তাহার স্বামী যদি সে সকল ব্যর্থ করিয়াছে, তবে তাহার মানত বিষয়ে ও তাহার বন্ধন বিষয়ে তাহার মুখহইতে যে বাক্য নির্গত হয়, তাহা স্থির হইবে না; এবং তাহার স্বামির ব্যর্থ করণ প্রযুক্ত পরমেশ্বর তাহাকে ক্ষমা করিবেন।

১৩ স্ত্রীর স্বামী তাহার প্রত্যেক মানত ও ক্লেশদায়ক দিব্য স্থির ও ব্যর্থ করিতে পারে। তাহার স্বামী যদি ১৪ সর্ব্বতোভাবে নীরব হয়, তবে শ্রবণদিবসে নীরব হওন প্রযুক্ত সে তাহার সমস্ত মানত কিম্বা তাহার সমস্ত ব্রত স্থির করে। কিন্তু তাহা শুনিলে পর যদি কোন ১৫ প্রকারে সে তাহা ব্যর্থ করে, তবে তাহার দোষ সে আপনি ভোগ করিবে। পরমেশ্বর পুরুষ ও পত্নীর বিষয়ে ১৬ এবং পিতা ও কুমারী অবস্থাতে পিতৃগৃহস্থিত কন্যার বিষয়ে মূসাকে এই সকল আজ্ঞা করিলেন।

৩১ অধ্যায়।

১ মিদিয়ন্ লোকদিগকে দণ্ড দেওন ও বিলিয়মের বধ, ১৩ ও স্ত্রীলোকদিগকে রক্ষা করণ প্রযুক্ত যোদ্ধাগণের প্রতি মূসার ক্রোধ, ২১ ও তাহাদের শুচি হওন, ২৫ ও লুণ্ঠিত দ্রব্যের বিভাগ, ৪৮ ও পরমেশ্বরের উদ্দেশে সেনাপতিদের দান।

১ অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ২ বংশের জন্যে মিদিয়নীয়দিগকে প্রতিফল দেও; পরে তুমি পিতৃলোকদের নিকটে সংগৃহীত হইবা। তাহাতে ৩ মূসা লোকদিগকে কহিল, তোমাদের কতক লোক যুদ্ধার্থে সসজ্জ হইয়া পরমেশ্বরের জন্যে মিদিয়নীয় লোকদিগকে প্রতিফল দিতে তাহাদের প্রতিকূলে যুদ্ধ করিতে গমন করুক। ৪ তোমরা ইস্রায়েল্ বংশের প্রত্যেক বংশহইতে এক২ সহস্র লোককে যুদ্ধে প্রেরণ করিবা। ৫ তাহাতে ইস্রায়েল্ বংশের এক২ বংশের মধ্যহইতে সহস্র২ জন মনোনীত হইলে যুদ্ধার্থে বারো সহস্র লোক সজ্জিত হইল। ৬ এই রূপে মূসা পবিত্র পাত্র ও বাজাইবার তূরীধারি ইলিয়াসর্ যাজকের পুত্র পীনিহস্‌কে ও এক২ বংশের এক২ সহস্রকে যুদ্ধেতে প্রেরণ করিল। ৭ তাহাতে তাহারা মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে মিদিয়নীয়দের প্রতিকূলে যুদ্ধ করিয়া সমস্ত পুরুষদিগকে বধ করিল। ৮ ইহাতে তাহারা অন্য হত লোক ব্যতিরেক ইবি ও রেকম্ ও সূর ও হূর্ ও রেবা, এই মিদিয়নের পাঁচ রাজাকে বধ করিল; এবং বিয়োরের পুত্র বিলিয়মকেও খড়্গদ্বারা বিনষ্ট করিল। এবং ৯

[৩৫] লে ২৩; ৩৬॥—[৩০ অধ্য; ২] দ্বি ২৩; ২১-২৩॥
[৩১ অধ্য; ২] গ ২৫; ১৬-১৮। ২৭; ১২-১৪॥—[৬]১০; ২॥—[৭-১২]দ্বি ২০; ১-১৫॥—[৮]গ ২৫; ১৫। যি ১৩; ২১,২২॥

ইস্রায়েল্ বংশ মিদিয়নের সকল স্ত্রীলোককে ও বালক-
দিগকে বন্দী করিল, এবং তাহাদের সকল পশু ও
১০ মেষপাল ও সম্পত্তি সকলি লুঠিয়া লইয়া গেল। এবং
তাহাদের নিবাসস্থান নগর ও সুনির্ম্মিত গড় অগ্নিতে
১১ দগ্ধ করিল। এই রূপে তাহারা মনুষ্য ও পশু প্রভৃতি
১২ লুঠিত ও অপহৃত দ্রব্য লইয়া গেল।এবং তাহারা যিরী-
হোর নিকটস্থিত যর্দ্দন্ সমীপস্থ মোয়াবের প্রান্তরে
মূসার ও ইলিয়াসর্ যাজকের ও ইস্রায়েল্ বংশের
সমস্ত মণ্ডলীর নিকটে ঐ বন্দিগণকে এবং অপহৃত ও
লুঠিত দ্রব্য সকল শিবিরে লইয়া গেল।

১৩ তাহাতে মূসা ও ইলিয়াসর্ যাজক ও মণ্ডলীর অধ্যক্ষ-
গণ তাহাদের সহিত মিলিতে শিবিরের বাহিরে গেল।
১৪ এবং যুদ্ধহইতে * আগত সেনাপতিদের, অর্থাৎ সহস্র-
পতিদের ও শতপতিদের প্রতি মূসা ক্রুদ্ধ হইয়া তাহা-
১৫ দিগকে কহিল, তোমরা কি সমস্ত স্ত্রীলোককে জীবিতা
১৬ রাখিয়াছ? দেখ,ইহারা বিলিয়মের পরামর্শে পিয়োর্-
দেবের বিষয়ে পরমেশ্বরের প্রতিকূলে ইস্রায়েল্ বং-
শকে পাপ করাইল; এই জন্যে পরমেশ্বরের মণ্ডলীতে
১৭ মহামারী হইল। অতএব তোমরা বালকগণের মধ্যে
১৮ সমস্ত পুংবালককে বধ কর, এবং পুরুষোপভুক্ত
স্ত্রীগণকেও বধ কর; কিন্তু যে বালিকারা পুরুষেতে
১৯ উপভুক্তা হয় নাই,তাহাদিগকে রক্ষা কর ;এবং তোমরা
সাত দিবস শিবিরের বাহিরে বাস কর; পরে তোমরা
কেহ যদি হত্যা করিয়া থাক ও হত লোককে স্পর্শ
করিয়া থাক, তবে আপনাদিগকে ও বন্দিগণকে তৃতীয়
২০ দিবসে ও সপ্তম দিবসে শুচি কর। এবং তোমাদের
সর্ব্ব প্রকার বস্ত্র ও সর্ব্ব প্রকার চর্ম্মনির্ম্মিত বস্তু † ও
ছাগলোম নির্ম্মিত বস্তু ও কাষ্ঠ নির্ম্মিত বস্তু শুচি কর।

২১ পরে ইলিয়াসর্ যাজক যুদ্ধে গমনকারি যোদ্ধা-
দিগকে কহিল, পরমেশ্বর মূসাকে এই ২ ব্যবস্থার
২২ বিধি কহিলেন। স্বর্ণ ও রূপ্য ও পিত্তল ও লৌহ ও
২৩ রাঙ্গ ও সীসা ইত্যাদি, যে সকল দ্রব্য অগ্নিতে নষ্ট হয়
না; সে সকলকে অগ্নিতে নিক্ষেপ করিলেই তাহা শুচি
হইবে, তথাপি তাহা শুচিজনক জলেতে ধৌত করিবা;
এবং যে ২ দ্রব্য অগ্নিতে নষ্ট হয়, তাহা তোমরা জলে
২৪ মগ্ন করিবা। এবং সপ্তম দিবসে তোমরা আপনা-
দের বস্ত্র ধৌত করিবা; পরে শুচি হইয়া শিবিরে
প্রবেশ করিবা।

২৫ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন,তুমি ও ইলিয়াসর্
২৬ যাজক ও মণ্ডলীর পিতৃবংশের অধ্যক্ষগণ মনুষ্য ও পশু
২৭ প্রভৃতি লুঠিত দ্রব্যের সংখ্যা কর। এবং যুদ্ধে গমন-
কারি যোদ্ধাগণের ও সমস্ত মণ্ডলীর মধ্যে ঐ সকল লুঠিত
২৮ দ্রব্যের দুই অংশ কর। এবং যুদ্ধে গমনকারি যোদ্ধা-
দের হইতে পরমেশ্বরের নিমিত্তে কর গ্রহণ কর,
ও পাঁচ শত প্রাণির, অর্থাৎ মনুষ্য ও পশু ও গর্দ্দভ
ও মেষ, এই সকলের অর্দ্ধাংশহইতে এক প্রাণী ২৯
লইয়া পরমেশ্বরের উদ্দেশে উত্তোলনীয় নৈবেদ্যার্থে
ইলিয়াসর্ যাজককে দেও। এবং ইস্রায়েল্ বংশের ৩০
অর্দ্ধাংশহইতে,অর্থাৎ মনুষ্য ও গোরু ও গর্দ্দভ ও মেষ-
হইতে ও অন্য ২ প্রকার পশুহইতে পঞ্চাশ অংশের
একাংশ লইয়া পরমেশ্বরের আবাসের রক্ষণীয় রক্ষা-
কারি লেবীয়দিগকে দেও। তাহাতে মূসার প্রতি পরমে- ৩১
শ্বরের আজ্ঞানুসারে মূসা ও ইলিয়াসর্ যাজক সমস্ত
কর্ম্ম করিল। যোদ্ধাগণ কর্ত্তৃক লুঠিত যে ভাগ, সে ছয় ৩২ ৩৩
লক্ষ পঁচাত্তর সহস্র মেষ; ও বাহাত্তর সহস্র গোরু; ও ৩৪
এক ষষ্টি সহস্র গর্দ্দভ। এবং পুরুষে অনুপভুক্ত বত্রিশ ৩৫
সহস্র স্ত্রীলোক ছিল; এবং যুদ্ধে গমনকারিদের অর্দ্ধাং- ৩৬
শের সংখ্যা তিন লক্ষ সাঁইত্রিশ সহস্র পাঁচ শত
মেষ ছিল। এবং পরমেশ্বরের কর ছয় শত পঁচাত্তর ৩৭
মেষ। এবং গোরু ছত্রিশ সহস্র,তাহাদের মধ্যে বাহা- ৩৮
ত্তর পরমেশ্বরের করস্বরূপ। এবং গর্দ্দভ ত্রিশ সহস্র ৩৯
পাঁচ শত, তাহাদের মধ্যে একষট্টি পরমেশ্বরের কর-
স্বরূপ ছিল। এবং মনুষ্য ষোল সহস্র, তাহাদের ৪০
মধ্যে বত্রিশ মনুষ্য পরমেশ্বরের করস্বরূপ ছিল।
পরে মূসা পরমেশ্বরের আজ্ঞানুসারে পরমেশ্বরের ৪১
কর, অর্থাৎ উত্তোলনীয় নৈবেদ্য ইলিয়াসর্ যাজককে
দিল। এবং মূসা যোদ্ধাগণহইতে ইস্রায়েল্ বংশের ৪২
যে অর্দ্ধাংশ,অর্থাৎ মণ্ডলীর অর্দ্ধাংশ লইয়াছিল,তাহা ৪৩
সংখ্যাতে তিন লক্ষ সাঁইত্রিশ সহস্র পাঁচ শত মেষ;
এবং ছত্রিশ সহস্র গোরু; ও ত্রিশ সহস্র পাঁচ শত ৪৪
গর্দ্দভ; ও ষোল সহস্র মনুষ্য ছিল। পরে মূসা ইস্রা- ৪৫
য়েল্ বংশের সেই অর্দ্ধাংশহইতে মনুষ্যের ও পশুর ৪৬ ৪৭
নিরূপিত পঞ্চাশ ভাগের এক ভাগ লইয়া পরমেশ্ব-
রের আজ্ঞানুসারে পরমেশ্বরের আবাসের রক্ষণীয়
রক্ষাকারি লেবীয়দিগকে দিল।

পরে সহস্র সৈন্যের উপরে কর্ত্তৃত্বকারি সহস্রপতিরা ৪৮
ও শতপতিরা মূসার নিকটে আসিয়া তাহাকে কহিল, ৪৯
তোমার দাসগণ আপনাদের হস্তগত যোদ্ধাদের সংখ্যা
লইয়াছে, তাহাদের মধ্যে এক জনও ন্যূন হয় নাই।
অতএব প্রতি জন স্বর্ণপাত্র ও নূপুর ও বলয় ও অঙ্গুরী- ৫০
য়ক ও কুণ্ডল ও হার, এই যে সকল পাইয়াছে, তাহা-
হইতে আমরা পরমেশ্বরের সম্মুখে আপনাদের প্রাণের
নিমিত্তে প্রায়শ্চিত্ত করিতে পরমেশ্বরের উদ্দেশে নৈ-
বেদ্য আনিলাম। এবং মূসা ও ইলিয়াসর্ যাজক তাহা- ৫১
দের হইতে সেই স্বর্ণ, অর্থাৎ শিল্পকৃত আভরণ লইল।
আর পরমেশ্বরের উদ্দেশে নিবেদিত ‡ সহস্রপতিদের ৫২
ও শতপতিদের নৈবেদ্যের সমস্ত স্বর্ণ ষোল সহস্র সাত
শত পঞ্চাশ শেকল্ পরিমিত ছিল। কেননা যোদ্ধারা ৫৩

[১৩-১৮] দ্বি ২০; ১৩-১৮।।—[১৬] গ ২৫; ১-৩,৯।।—[১৯-২৪] ১৯; ১১-১৯।।—[২৬,২৭] ১ শি ৩০; ২৪।।—[৩০] গ ৩; ৭,৮।।
[৪১] প ২৮। ১৮; ৮, ৯ ।।—[৪৭] প ৩০ ।।—[৪৯-৫৪] যা ৩০; ১২-১৬।।

* (ইব্রি) যুদ্ধের সৈন্যহইতে। † (বা) পাত্র বা যন্ত্র। ‡ (বা) উত্তোলনীয়।

প্রত্যেকে আপনাদের নিমিত্তে লুণ্ঠিত দ্রব্য আনিয়াছিল। ৫৪ পরে মূসা ও ইলিয়াসর্ যাজক সহস্রপতিদের ও শতপতিদের হইতে সেই স্বর্ণ লইয়া পরমেশ্বরের উদ্দেশে ইস্রায়েল্ বংশের স্মরণার্থে মণ্ডলীর আবাসে আনিল।

৩২ অধ্যায়।

১ যর্দ্দনের পূর্ব্বদিগে গাদ্‌বংশের ও রূবেন্‌বংশের অধিকার প্রার্থনা করণ, ৬ ও তাহাদের প্রতি মূসার অনুযোগ, ১৬ ও তাহাদের উত্তর, ২০ ও তাহাদের কথাতে মূসার স্বীকার করণ, ৩৪ ও কোন নগরের পত্তন ও কোন নগর জয় করণ।

১ রূবেন্ বংশের ও গাদ্ বংশের অনেক ২ পশু ছিল; তাহাতে যাসের্ দেশকে ও গিলিয়দ্ দেশকে পশুচরণের ২ উপযুক্ত স্থান দেখিয়া, গাদ্ বংশ ও রূবেন্ বংশ আসিয়া মূসাকে ও ইলিয়াসর্ যাজককে ও মণ্ডলীর ৩ অধ্যক্ষগণকে কহিল; অটারোৎ ও দীবোন্ ও যাসের্ ও নিম্রা ও হিষ্‌বোন্ ও ইলিয়ালী ও সিব্‌মা ও নিবো ও ৪ বিয়োন্; এই যে সকল দেশের প্রতি পরমেশ্বর ইস্রায়েল্ মণ্ডলীর সম্মুখে আঘাত করিয়াছেন; তাহাই পশুচরণের উপযুক্ত দেশ, এবং তোমার এই দাসগণের পশু ৫ আছে। অতএব তাহারা কহিল, আমরা যদি তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া থাকি, তবে এই দেশ অধিকারার্থে তোমার দাসদিগকে দেও, আমাদিগকে যর্দ্দনের ও পারে লইয়া যাইও না।

৬ তাহাতে মূসা গাদ্ বংশকে ও রূবেন্ বংশকে কহিল, তোমাদের ভ্রাতৃগণ কি যুদ্ধ করিতে যাইবে, ও তোমরা ৭ কি এই স্থানে বসিয়া থাকিবা? পরমেশ্বরের দত্ত দেশে পার হইয়া যাইতে তোমরা কেন ইস্রায়েল্ বংশের ৮ মনকে ভগ্নাশ করিতেছ? যখন আমি তোমাদের পিতৃগণকে দেশানুসন্ধান করিতে কাদেশ-বর্ণেয়হইতে প্রেরণ করিলাম; তৎকালেও তাহারা এইরূপ করিল। ৯ ফলতঃ যখন তাহারা ইষ্‌কোলের উপত্যকা পর্য্যন্ত গমন করিয়া দেশ দেখিল, তখন পরমেশ্বরের দত্ত দেশে যাইতে ইস্রায়েল্ বংশের মন ভগ্নাশ করিল। ১০ এই জন্যে সেই সময়ে পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি শপথ করিয়া এই কথা কহি- ১১ লেন, আমি ইব্রাহীম্‌কে ও ইস্‌হাক্‌কে ও যাকূব্‌কে যে দেশ দিতে দিব্য করিয়াছি, সেই দেশকে পরমেশ্বরের সম্পূর্ণ অনুগত কিনসীয় যিফুন্নির পুত্র কালেব্ ও ১২ নূনের পুত্র যিহোশূয় ব্যতিরেকে, বিংশতি বৎসর বয়স্কাবধি মিসর্‌হইতে আগত লোকদের মধ্যে কেহ দেখিতে পাইবে না; কেননা তাহারা আমার সম্পূর্ণ ১৩ অনুগত নয়*। এইরূপে ইস্রায়েল্ বংশের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে, যে পর্য্যন্ত পরমেশ্বরের দৃষ্টিতে কুকর্ম্মকারি সমস্ত বংশ বিনষ্ট না হইল, তাবৎ অর্থাৎ চল্লিশ বৎসর পর্য্যন্ত তাহাদিগকে প্রান্তরে ভ্রমণ করাইলেন। দেখ, তোমরা এক পাপিষ্ঠ বংশ- ১৪ হইতে উৎপন্ন হইয়া ইস্রায়েল্ বংশের প্রতিকূলে পরমেশ্বরের ক্রোধ বৃদ্ধি করণার্থে আপনাদের পিতৃলোকের পদে উঠিয়াছ। কেননা যদি তোমরা পরমে- ১৫ শ্বরের পশ্চাদ্‌গমন করিতে পরাবৃত্ত হও, তবে তিনি পুনর্ব্বার ইস্রায়েল্ লোকদিগকে প্রান্তরে ত্যাগ করিবেন, এবং তোমরা এই সকল লোকদিগকে বিনষ্ট করাইবা।

অপর তাহারা নিকটে আসিয়া কহিল, আমরা ১৬ এই স্থানে আপন পশুগণের জন্যে মেষবাথান ও আপন ২ বালকদের জন্যে নগর নির্ম্মাণ করিব। আর ১৭ যে পর্য্যন্ত আমরা ইস্রায়েল্ বংশকে স্বস্থানে লইয়া না যাই, তাবৎ তাহাদের অগ্রে ২ সসজ্জ হইয়া গমন করিব, কিন্তু আমাদের বালকেরা দেশ নিবাসিদের ভয়ে প্রাচীরবেষ্টিত নগরে বাস করিবে। ইস্রায়েল্ ১৮ বংশ প্রত্যেক জন যাবৎ আপন ২ অধিকার না পায়, তাবৎ আমরা আপন ২ পরিবারের নিকটে ফিরিয়া আসিব না। যর্দ্দনের ওপারে আমরা তাহাদের সহিত ১৯ অধিকার গ্রহণ করিব না, কিন্তু যর্দ্দনের এ পারে পূর্ব্বদিগে আমাদের অধিকার হইবে।

পরে মূসা তাহাদিগকে কহিল, তোমরা যদি এই ২০ কর্ম্ম কর, অর্থাৎ সসজ্জ হইয়া পরমেশ্বরের সম্মুখে যুদ্ধার্থে গমন কর; এবং তিনি যাবৎ আপন শত্রুগণকে ২১ আপন সম্মুখহইতে বাহির না করেন, তাবৎ তোমরা সকলে পরমেশ্বরের সম্মুখে সসজ্জ হইয়া যর্দ্দন নদী পার হও; পরে দেশ পরমেশ্বরের বশীভূত হইলে ২২ তোমরা ফিরিয়া আসিবা; তাহাতে পরমেশ্বরের ও ইস্রায়েল্ বংশের নিকটে নির্দ্দোষ হইবা, এবং পরমেশ্বরের সম্মুখে এই দেশে তোমাদের অধিকার হইবে। কিন্তু তোমরা যদি তদ্রূপ না কর, তবে দেখ, পরমে- ২৩ শ্বরের প্রতিকূলে অপরাধ করিবা, এবং তোমাদের পাপ তোমাদের উদ্দেশ পাইবে, ইহা নিশ্চয় জান। তোমরা আপন ২ বালকদের জন্যে নগর, ও পশুদের ২৪ জন্যে বাথান নির্ম্মাণ কর, এবং আপন ২ মুখহইতে নির্গত বাক্যানুসারে কর। পরে গাদ্ বংশ ও রূবেন্ ২৫ বংশ মূসাকে কহিল, আমাদের প্রভু যেমন আজ্ঞা করিলেন, আপনকার দাস আমরা তাহাই করিব। আমা- ২৬ দের বালকগণ ও আমাদের ভার্য্যা ও আমাদের পাল ও সমস্ত পশু সে স্থানে গিলিয়দের সকল নগরে থাকিবে। আমাদের প্রভুর আজ্ঞানুসারে তোমার দাসেরা প্রত্যেক ২৭ জন সসজ্জ হইয়া যুদ্ধ করিতে পরমেশ্বরের সম্মুখে পার হইয়া যাইবে। তাহাতে মূসা তাহাদের বিষয়ে ইলি- ২৮

[৩২ অধ্যা; ১] গ ২১; ২৪, ৩১-৩৫ ॥—[৮-১৫] দ্বি ১; ১১-৪০ ॥—[৯] গ ১৩; ১৭-৩৩ ॥—[১০-১৩] ১৪; ১১-৩১ ॥
[১৩] ২৬; ৬৩-৬৫ ॥—[১৭] যি ৪; ১২, ১৩ ॥—[১৮] যি ২২; ১-৪ ॥—[২০-২৪] দ্বি ৩; ১৮-২০। যি ১; ১২-১৫ ॥
[২২] প ১৮। যি ২২; ১-৬ ॥—[২৫-২৭] যি ১; ১৬-১৮ ॥—[২৮-৩০] প ২০-৪ ॥

* (ইব্রী) আমার পশ্চাৎ (গমন) সম্পূর্ণ করিল না।

য়াসর্ যাজককে ও নূনের পুত্র যিহোশূয়কে ও ইস্রায়েল্
২৮ বংশের প্রধান* অধ্যক্ষগণকে আজ্ঞা করিল। মূসা তাহা-
দিগকে কহিল, গাদের বংশ ও রূবেন্ বংশ প্রত্যেক
জন যদি তোমাদের সহিত সসজ্জ হইয়া যুদ্ধ করিতে
পরমেশ্বরের সম্মুখে যর্দ্দন্ নদী পার হয়, এবং তোমা-
দের সম্মুখে দেশ বশীভূত হয়,তবে তোমরা তাহাদিগকে
৩০ গিলিয়দ্ দেশ অধিকার করিতে দিবা। কিন্তু যদি তাহারা
সসজ্জ হইয়া তোমাদের সহিত পার না হয়,তবে তাহারা
৩১ তোমাদের মধ্যে কিনান্‌দেশে অধিকার পাইবে। পরে
গাদের বংশ ও রূবেন্ বংশ উত্তর করিল, পরমেশ্বর
আপন দাসদিগকে যাহা আজ্ঞা করিলেন, আমরা
৩২ তাহাই করিব। আমরা পরমেশ্বরের সম্মুখে সসজ্জ
হইয়া পার হইয়া কিনান্‌দেশে যাইব; তাহাতে যর্দ্দ-
৩৩ নের এ পার স্থিত অধিকার আমাদের হইবে। তাহাতে
মূসা তাহাদিগকে,অর্থাৎ গাদ্ বংশকে ও রূবেন্ বংশকে
ও যূষফের পুত্র মিনশি বংশের অর্দ্ধেককে ইমোরীয়-
দের রাজা সীহোনের রাজ্য ও বাশনের রাজা ওগের
রাজ্য ও সে দেশ ও তাহার সীমাস্থিত নগর অর্থাৎ
চতুর্দ্দিকস্থিত দেশের নগর দিল।

৩৪ তাহাতে গাদ্ বংশ দীবোন্ ও অটারোৎ ও অরো-
৩৫ য়ের; ও অট্রোৎ ও শোফন্ ও যাসের্ ও যগ্-
৩৬ বিহ; এবং বৈৎনিম্রা ও বৈথারণ্ নামে প্রাচীরবে-
৩৭ ষ্টিত নগর, ও মেষবাথান গৃন্থন করিল। এবং রূবেন্
বংশ হিষ্‌বোন্ ও এলিয়ালী ও কিরিয়াথয়িম্; এবং
৩৮ নিবো ও নাম পরিবর্ত্ত বালমিয়োন্ নগর,এবং শিব্‌মা,
এই সকল নগর গুন্থন করিয়া আপন গুথিত নগরের
৩৯ ঐ ২ নাম রাখিল। এবং মিনশির পুত্র মাখীরের বংশ
গিলিয়দে যাইয়া তাহা আক্রমণ করিল, এবং সেই
স্থান নিবাসি ইমোরীয়দিগকে অধিকারচ্যুত করিল।
৪০ এবং মূসা মিনশির পুত্র মাখীরকে গিলিয়দ্ দিলে সে
৪১ তাহার মধ্যে বাস করিল। পরে মিনশির পুত্র যায়ীর্
যাইয়া তাহার ক্ষুদ্র ২ গ্রাম হস্তগত করিয়া তাহাদের
৪২ নাম হবোৎ-যায়ীর্ (যায়ীরের গ্রাম) রাখিল। এবং
নোবহ যাইয়া কিনাৎ ও তাহার নগর হস্তগত করিয়া
আপন নামানুসারে তাহার নাম নোবহ রাখিল।

৩৩ অধ্যায়।

১ ইস্রায়েল্ বংশের বেয়াল্লিশ যাত্রাবস্থানের বিবরণ ৫০ ও কিনানীয় লোককে নষ্ট করিতে আজ্ঞা দেওন।

১ যে ইস্রায়েল্ বংশ আপন২ সৈন্যের সহিত মূসার
ও হারোণের অধীন হইয়া মিসর্‌দেশহইতে বাহির
হইয়া আইল, তাহাদের অবস্থানের বিবরণ। মূসা ২
পরমেশ্বরের আজ্ঞাতে তাহাদের যাত্রানুসারে সেই অব-
স্থানের বিবরণ লিখিল। তাহাদের যাত্রানুসারে অবস্থা- ৩
নের এই বিবরণ; প্রথম মাসের পঞ্চদশ দিবসে অর্থাৎ
নিস্তার পর্ব্বের পরদিবসে ইস্রায়েল্ বংশ মিস্রীয়দের
সাক্ষাতে মহাবলেতে রামিষেষ্‌হইতে বাহির হইয়া
প্রস্থান করিল। সেই দিবসে তাহাদের মধ্যে পরমেশ্বর ৪
কর্ত্তৃক হত প্রথমজাত সকলকে মিস্রীয়েরা কবর দিতে-
ছিল; এবং পরমেশ্বর তাহাদের দেবগণের উপরেও
দণ্ড দিয়াছিলেন। পরে ইস্রায়েল্ বংশ রামিষেষ্‌হইতে ৫
প্রস্থান করিয়া সুক্কোতে শিবির স্থাপন করিল। এবং ৬
সুক্কোৎহইতে যাত্রা করিয়া অরণ্য প্রান্তস্থ এথমে
শিবির স্থাপন করিল। এবং এথম্‌হইতে যাত্রা করিয়া ৭
বাল্‌সিফোন্ সম্মুখস্থিত পীহহীরোতে ফিরিয়া আসিয়া
মিগ্‌দোলের পূর্ব্বদিগে শিবির স্থাপন করিল। পরে ৮
তাহারা পীহহীরোতের সম্মুখহইতে যাত্রা করিয়া সমুদ্র
মধ্য দিয়া প্রান্তরে প্রবেশ করিল, এবং এথম্ প্রান্তরে
তিন দিবসের পথ যাইয়া মারাতে শিবির স্থাপন করিল।
এবং মারাহইতে যাত্রা করিয়া এলীমে উপস্থিত হইয়া সে ৯
স্থানে শিবির স্থাপন করিল; ঐ এলীমে বার উনুই ও
সত্তরি খর্জ্জুর বৃক্ষ ছিল। পরে তাহারা এলীম্‌হইতে ১০
প্রস্থান করিয়া সুফার্ণব সমীপে শিবির স্থাপন করিল।
এবং সুফার্ণবহইতে যাত্রা করিয়া সীন্ প্রান্তরে শিবির ১১
স্থাপন করিল। পরে সীন্ প্রান্তরহইতে যাত্রা করিয়া ১২
দপ্‌কাতে শিবির স্থাপন করিল। ও দপ্‌কাহইতে যাত্রা ১৩
করিয়া আলূশে শিবির স্থাপন করিল। এবং আলূশ্- ১৪
হইতে যাত্রা করিয়া রিফীদীমে শিবির স্থাপন করিল;
সে স্থানে লোকদের পানার্থে জল ছিল না। পরে ১৫
তাহারা রিফীদীম্‌হইতে যাত্রা করিয়া সীনয়্ প্রান্তরে
শিবির স্থাপন করিল। ও সীনয়্ প্রান্তরহইতে যাত্রা ১৬
করিয়া কিব্রোৎ-হত্তাবাতে † শিবির স্থাপন করিল।
এবং কিব্রোৎ-হত্তাবাহইতে যাত্রা করিয়া হৎসেরোতে ১৭
শিবির স্থাপন করিল। ও হৎসেরোৎহইতে যাত্রা ১৮
করিয়া রিৎমাতে শিবির স্থাপন করিল। এবং রিৎমা- ১৯
হইতে যাত্রা করিয়া রিম্মোন্-পেরসে শিবির স্থাপন
করিল। ও রিম্মোন-পেরস্‌হইতে যাত্রা করিয়া লিব্‌নাতে ২০
শিবির স্থাপন করিল। এবং লিব্‌নাহইতে যাত্রা করিয়া ২১
রিস্‌সাতে শিবির স্থাপন করিল। এবং রিস্‌সাহইতে ২২
যাত্রা করিয়া কিহেলাতে শিবির স্থাপন করিল। ও কি- ২৩
হেলাহইতে যাত্রা করিয়া শেফর্ পর্ব্বতে শিবির স্থাপন

[৩১, ৩২] প ২৫-২৭ ॥—[৩৩] যি ১৩; ১৫-৩২ ॥—[৩৪-৩৮] প ৩। দ্বি ৩; ১৬, ১৭ ॥—[৩৪] গ ২১; ৩০ ॥—[৩৭] ২১; ২৭ ॥—[৩৯-৪২] দ্বি ৩; ১৩। যি ১৩; ২৯ ॥—[৩৯] প ১ ॥—[২৯,৩০] দ্বি ৩; ১৫। যি ১৩; ৩১ ॥—[৪১] ১ বং ২; ২২॥ [৪১,৪২] দ্বি ৩; ১৪। যি ১৩; ৩০। বি ১০; ৩-৫ ॥—[৪২] ১ বং ২; ২৩ ॥

[৩৩ অধ্য; ৩] যা ১২; ৩৭,৫১ ॥—[৪] যা ১২; ১২,২৯, ৩০ ॥—[৫] প ৩ ॥—[৬] যা ১৩; ২০॥—[৭] যা ১৪; ২ ॥ [৮] যা ১৪; ২১, ২২। ১৫; ২৩ ॥—[৯] যা ১৫; ২৭ ॥—[১১] যা ১৬; ১ ॥—[১৪] যা ১৭; ১ ॥—[১৫] যা ১৯; ১,২॥ [১৬] গ ১১; ৩৪ ॥—[১৭] ১১; ৩৫ ॥—[১৮] ১২; ১৬ ॥—[১৮-৩৬] ১২; ১৬। ১৩; ২৬। ১৪; ২৫। দ্বি ১; ৪৬ ॥

* (ইব্রু) পিতৃ। † (অর্থাৎ) লোভিদের কবরে।

২৪ করিল। পরে তাহারা শেফর্ পর্ব্বতহইতে যাত্রা করিয়া ২৫ হরাদাতে শিবির স্থাপন করিল। ও হরাদাহইতে যাত্রা ২৬ করিয়া মখেলোতে শিবির স্থাপন করিল। ও মখেলোৎহইতে যাত্রা করিয়া তহতে শিবির স্থাপন করিল। ২৭ ও তহৎহইতে যাত্রা করিয়া তেরহে শিবির স্থাপন ২৮ করিল। ও তেরহহইতে যাত্রা করিয়া মিৎকাতে শিবির ২৯ স্থাপন করিল। ও মিৎকাহইতে যাত্রা করিয়া হশ্-৩০ মোনাতে শিবির স্থাপন করিল। ও হশ্মোনাহইতে যাত্রা করিয়া মোষেরোতে শিবির স্থাপন করিল। ৩১ ও মোষেরোৎহইতে যাত্রা করিয়া বিনেয়াকনে শিবির ৩২ স্থাপন করিল। ও বিনেয়াকন্হইতে যাত্রা করিয়া হোর্-৩৩ গিদ্গদে শিবির স্থাপন করিল। ও হোর্গিদ্গদ্হইতে ৩৪ যাত্রা করিয়া যট্বাথাতে শিবির স্থাপন করিল। ও যট্বাথাহইতে যাত্রা করিয়া অব্রোণাতে শিবির স্থাপন ৩৫ করিল। অব্রোণাহইতে যাত্রা করিয়া ইৎসিয়োন্-গেবরে ৩৬ শিবির স্থাপন করিল। এবং ইৎসিয়োন-গেবর্হইতে ৩৭ যাত্রা করিয়া সীন্ প্রান্তরস্থ কাদেশে শিবির স্থাপন করিল। ও কাদেশ্হইতে যাত্রা করিয়া ইদোম্ দেশের ৩৮ প্রান্তস্থিত হোর্ পর্ব্বতে শিবির স্থাপন করিল। ঐ সময়ে হারোণ্ যাজক পরমেশ্বরের আজ্ঞানুসারে হোর্ পর্ব্বতে আরোহণ করিলে ইস্রায়েল্ বংশের মিসর্হইতে বহিরাগমনের চল্লিশ বৎসরের পঞ্চম মাসের প্রথমে ৩৯ সে স্থানে মরিল। হোর্ পর্ব্বতে হারোণ্ যাজকের মৃত্যু-৪০ কালে তাহার একশত তেইশ বৎসর বয়স ছিল। অপর কিনানের দক্ষিণ দেশ নিবাসি কিনানীয় অরাদ্দেশের ৪১ রাজা ইস্রায়েল্ বংশের আগমন সম্বাদ শুনিল। তাহাতে তাহারা হোর্ পর্ব্বতহইতে যাত্রা করিয়া সল্মো-৪২ নাতে শিবির স্থাপন করিল। ও সল্মোনাহইতে যাত্রা ৪৩ করিয়া পূনোনে শিবির স্থাপন করিল। ও পূনোন্হইতে যাত্রা করিয়া ওবোতে শিবির স্থাপন করিল। ৪৪ ও ওবোৎহইতে যাত্রা করিয়া মোয়াব্ প্রান্তস্থিত ইয়ী-৪৫ অবারীমে * শিবির স্থাপন করিল। ও ইয়ী-অবারীম্হইতে যাত্রা করিয়া দীবোন-গাদে শিবির স্থাপন করিল। ৪৬ ও দীবোন্-গাদ্হইতে যাত্রা করিয়া অল্মোন্-দিবলাথ-৪৭ য়িমে শিবির স্থাপন করিল। ও অল্মোন্-দিব্লাথয়িম্হইতে যাত্রা করিয়া নিবো সম্মুখস্থিত অবারীম্ পর্ব্বতে ৪৮ শিবির স্থাপন করিল। অবারীম্ পর্ব্বতহইতে যাত্রা করিয়া যিরীহোর সম্মুখস্থিত যর্দ্দন্ সমীপস্থ মোয়াবের ৪৯ প্রান্তরে শিবির স্থাপন করিল। এবং তাহারা যর্দ্দনের নিকটে বৈৎযিশীমোৎ অবধি আবেল্-শিটীম্ † পর্য্যন্ত মোয়াবের প্রান্তরে শিবির স্থাপন করিয়া থাকিল।

৫০ তখন পরমেশ্বর যিরীহোর নিকটস্থিত যর্দ্দন্ সমীপে মোয়াবের প্রান্তরে মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ ৫১ বংশকে কহ ও তাহাদিগকে এই কথা বল, তোমরা যখন যর্দ্দন্ নদী পার হইয়া কিনান্ দেশে উপস্থিত হইবা; ৫২ তখন আপনাদের সম্মুখহইতে সেই দেশ নিবাসিসকলকে বাহির করিয়া দিবা, এবং তাহাদের সমস্ত প্রতিমা ভগ্ন করিবা, ও সমস্ত ছাঁচে ঢালা বিগ্রহ বিনষ্ট করিবা, ও তাহাদের সকল টিকর স্থান উচ্ছিন্ন করিবা। ৫৩ এবং সেই দেশের লোকদিগকে অনধিকার করিয়া দেশের মধ্যে তোমরা বাস করিবা; কেননা আমি অধিকার করিতে সেই দেশ তোমাদিগকে দিলাম। ৫৪ এবং তোমরা গুলিবাঁটদ্বারা আপন বংশানুসারে দেশাধিকার বিভাগ করিয়া লইবা; তাহাতে অধিক লোককে অধিক অংশ, ও অল্প লোককে অল্প অংশ দিবা; এবং যাহার অংশ যে স্থানে পড়ে, সেই স্থানে তাহার অংশ হইবে; এই রূপে তোমরা আপন পিতৃবংশানুসারে অধিকার করিবা। ৫৫ কিন্তু যদি তোমরা আপন ২ সম্মুখহইতে সেই দেশনিবাসিদিগকে বাহির না কর, তবে তোমরা যাহাদিগকে অবশিষ্ট রাখিবা, তাহারা তোমাদের চক্ষুতে কণ্টক ও তোমাদের কোঁকেতে তীক্ষ্ণ কণ্টক হইবে, এবং তোমাদের সেই নিবাসের দেশে তোমাদিগকে ক্লেশ দিবে। ৫৬ আমি তাহাদের প্রতি যাহা করিতে মনস্থ করিয়াছিলাম, তাহা তোমাদের প্রতি করিব।

৩৪ অধ্যায়।

১ ইস্রায়েল্ লোকদের প্রতি প্রতিজ্ঞাত দেশের সীমা নির্ণয়, ১৬ ও দেশ বিভাগ করণার্থে নিরূপিত অধ্যক্ষ লোকদের নাম।

১ পরে পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ বংশকে এই আজ্ঞা কর ও তাহাদিগকে এই কথা কহ, ২ তোমরা কিনান্দেশে উপস্থিত হইলে সেই দেশ অর্থাৎ তাবৎ প্রদেশের সহিত কিনান্দেশ তোমাদের অধিকার হইবে। ৩ ইদোমের নিকটস্থিত সীন্ প্রান্তর অবধি তোমাদের দক্ষিণ কোণ হইবে, ও পূর্ব্বদিগে লবণ সমুদ্রের কূল তোমাদের দক্ষিণ সীমা হইবে। ৪ এবং তোমাদের সীমা দক্ষিণদিগহইতে ফিরিয়া অক্রব্বীমের আরোহণের পথ দিয়া সীন্ পর্য্যন্ত যাইবে, ও তথাহইতে কাদেশ্-বর্ণেয়ের দক্ষিণে হৎসর্-অদরে আসিয়া অস্মোন্ পর্য্যন্ত যাইবে। ৫ ঐ সীমা অস্মোন্হইতে মিসর্ নদী পর্য্যন্ত বেড়িয়া আসিবে, এবং মহাসমুদ্র পর্য্যন্ত তোমার এই দক্ষিণ সীমার শেষ হইবে। ৬ আর মহাসমুদ্র তোমাদের পশ্চিম সীমা হইবে, ইহাই তোমাদের পশ্চিম সীমা হইবে। ৭ এবং মহাসমুদ্রহইতে হোর্ পর্ব্বত পর্য্যন্ত তোমাদের উত্তর সীমা হইবে। ৮ এবং

[৩১]গ ১৪ ; ২৫। দ্বি ১; ৪০॥—[৩৬]গ ২০ ; ১॥—[৩৭]২০ ; ২২। দ্বি ১০ ; ৬॥—[৩৮,৩৯]২০ ;২৩-২৯॥[৪০,৪১] ২১; ১-৪। দ্বি ১০ ; ৭॥—[৪৩ ,৪৪] গ ২১; ১০,১১॥—[৪৬] ৩২ ;৩৪ ॥—[৪৯] ২২ ; ১। ২৫ ; ১॥—[৫০-৫৬] যা ২৩ ২৪ ৩১-৩৩। ৩৪ ; ১১-১৬। দ্বি ৭ ; ১-৫॥—[৫৪] গ ২৬ ; ৫৩-৫৫॥
[৩৪ অধ্য ; ১-১৫] আ ১৫ ; ১৮-২০॥—[৩-৫] যি ১৫ ; ১-৪॥

* (বা) অবারীমের রাশিতে। † (বা) শিটীম্ প্রান্তর।

শুনিয়া সে সহস্রসেনাপতির নিকটে গিয়া এই সংবাদ দিল, সে ব্যক্তি রোমি লোক, অতএব ২৭ সাবধান হইয়া কর্ম্ম করিও। তাহাতে সহস্রসেনাপতি গিয়া তাহাকে জিজ্ঞাসা করিল, তুমি কি ২৮ রোমি লোক? আমাকে বল। সে কহিল, হাঁ। তাহাতে সহস্রসেনাপতি কহিল, বহু ধন দিয়া আমি এই অধিকার পাইলাম; কিন্তু পৌল কহিল, ২৯ আমি জন্মের দ্বারা পাইলাম। এমন হইলে যাহারা প্রহারদ্বারা তাহার পরীক্ষা করিতে উদ্যত ছিল, তাহারা তাহার নিকটহইতে প্রস্থান করিল; এবং সহস্রসেনাপতি তাহাকে রোমি লোক জানিয়া আপনি যে তাহাকে বন্ধন করিয়াছিল, ইহার নিমিত্তে ভীত হইল।

৩০ অনন্তর যিহূদীয় লোকেরা পৌলের অপবাদ কেন করিতেছে, তাহার বৃত্তান্ত জানিতে ইচ্ছা করিয়া সহস্রসেনাপতি পরদিনে পৌলকে বন্ধনহইতে মুক্ত করিয়া প্রধান যাজকগণকে ও মহাসভার তাবৎ লোককে উপস্থিত হইতে আজ্ঞা দিয়া তাহাদের নিকটে পৌলকে নামাইয়া রাখিল।

২৩ অধ্যায়।

১ পৌলের বিচার ও তাহাকে চড় মারিতে মহাযাজকের আজ্ঞা ও অপবাদকের ভেদ ১২ ও তাহাকে বধ করিতে চল্লিশ জনের প্রতিজ্ঞা করণ ১৬ ও তাহার ভাগিনেয়দ্বারা সে কথা সহস্রসেনাপতির কাছে প্রকাশিত হইলে তাহাদ্বারা পৌলের মুক্তি ৩১ ও ফীলিক্সের কাছে পৌলের প্রেরণ।

১ অপর পৌল সভাস্থ লোকদের প্রতি একদৃষ্টি করিয়া কহিল, হে ভ্রাতৃগণ, অদ্য পর্য্যন্ত সর্ব্ব প্রকার সরল মন পূর্ব্বক ঈশ্বরের সাক্ষাতে আচার করিয়া ২ আসিতেছি। ইহাতে অননিয় নামে মহাযাজক তাহার গালে * চড় মারিতে নিকটস্থ লোকদিগকে ৩ আজ্ঞা দিল। তখন পৌল তাহাকে কহিল, হে কপটি মনুষ্য †, ঈশ্বর তোমাকে প্রহার করিতে উদ্যত আছেন, যেহেতুক ব্যবস্থানুসারে বিচার করিতে বসিয়া ব্যবস্থা লঙ্ঘন করিয়া আমাকে প্রহার ৪ করিতে আজ্ঞা দিতেছ। তাহাতে নিকটস্থ লোকেরা কহিল, তুমি কি ঈশ্বরের মহাযাজককে নিন্দা করি- ৫ তেছ? তাহাতে পৌল উত্তর করিল, হে ভ্রাতৃগণ, ইনি যে মহাযাজক, তাহা বুঝিলাম না; তদ্ভিন্ন "আ- "পন লোকদের শাসনকর্ত্তাকে শাপ দিও না," এমন ৬ লিপি আছে। পরে পৌল তাহাদের একাংশ সিদূকী ও একাংশ ফিরূশী দেখিয়া উচ্চৈঃস্বরে সভাস্থদিগকে কহিল, হে ভ্রাতৃগণ, আমি ফিরূশী মতাবলম্বী ও ফিরূশির সন্তান, মৃত লোকদের উত্থানের প্রত্যাশা প্রযুক্ত এই বিচারের দায়েতে পড়িলাম। ৭ এমন কথা কহিলে ফিরূশি ও সিদূকি লোকদের পরস্পর ভিন্নবাক্যতা হওয়াতে সভার মধ্যে দুই ৮ দল হইয়া উঠিল। কারণ সিদূকি লোকেরা উত্থান আর স্বর্গীয় দূত এবং আত্মা, এ সকল কিছুই মানে না, কিন্তু ফিরূশিরা সকলি স্বীকার করে। ৯ তাহাতে পরস্পর অত্যন্ত কোলাহল উপস্থিত হইলে ফিরূশিদের পক্ষীয় সভাস্থ অধ্যাপক সকল দাঁড়াইয়া প্রতিপক্ষ হইয়া কহিতে লাগিল, এই মনুষ্যের কোন দোষ দেখিতে পাই না; যদি কোন আত্মা কিম্বা কোন দূত ইহাকে প্রত্যাদেশ করিয়া থাকে, ১০ তবে আমরা ঈশ্বরের প্রতিকূলে যুদ্ধ করিব না। তাহাতে আরও ভিন্নবাক্যতা হইলে পাছে তাহারা পৌলকে খণ্ড ২ করিয়া ছিঁড়ে, এই আশঙ্কাতে সহস্রসেনাপতি সেনাগণকে তথায় যাইতে ও সভাহইতে বলদ্বারা পৌলকে ধরিয়া দুর্গমধ্যে লইয়া যাইতে ১১ আজ্ঞা দিল। পররাত্রিতে প্রভু তাহার নিকটে দাঁড়াইয়া কহিলেন, হে পৌল, সাহসী হও, যেমন যিরূশালম নগরে আমার বিষয়ে সাক্ষ্য দিয়াছ, তদ্রূপ রোমা নগরেতেও দিতে হইবে।

১২ অপর দিন উপস্থিত হইলে কতক যিহূদীয় লোক একপরামর্শ হইয়া পৌলকে বধ না করিয়া ভোজন পান করিব না, এই দিব্যেতে আপনাদিগকে বদ্ধ ১৩ করিল। চল্লিশ জনের অধিক লোক এ প্রকার পণ ১৪ করিয়াছিল। পরে তাহারা মহাযাজক ও প্রাচীনবর্গের নিকটে যাইয়া কহিল, আমরা পৌলকে বধ না করিয়া কিছু খাইব না, এই দৃঢ় ‡ দিব্যেতে বদ্ধ ১৫ হইলাম। অতএব সম্প্রতি সভাস্থ লোকদের সহিত তোমরা আরো বিশেষরূপে তাহার বিচার করিবার ছল করিয়া কল্য তোমাদের নিকটে তাহাকে আনয়ন করিতে সহস্রসেনাপতির নিকটে নিবেদন কর; তাহাতে তোমাদের নিকটে উপস্থিত হওনের পূর্ব্বে আমরা তাহাকে সংহার করিতে প্রস্তুত হইব।

১৬ তখন পৌলের ভাগিনেয় তাহাদের এই ঘাঁটি বসাইবার মন্ত্রণার অনুসন্ধান পাইয়া দুর্গে গমন ১৭ করিয়া পৌলকে ঐ সমাচার দিল। তাহাতে পৌল এক জন শতসেনাপতিকে ডাকিয়া এই কথা কহিল, সহস্রসেনাপতির নিকটে এই যুব মনুষ্যের কিছু নিবেদন আছে, অতএব তাহার নিকটে ইহাকে লইয়া ১৮ যাও। তাহাতে সে তাহাকে সঙ্গে লইয়া সহস্রসেনাপতির নিকটে উপস্থিত হইয়া কহিল, আপনকার নিকটে এই ব্যক্তির এক নিবেদন আছে, তন্নিমিত্তে বন্দি পৌল আমাকে ডাকিয়া আপনকার নিকটে ১৯ ইহাকে আনিতে প্রার্থনা করিল। তখন সহস্-

[২৩ অধ্য; ৩] যো ৭; ৫১॥—[৫] প্রে ২৪; ১৭। যা ২২; ২৮॥—[৬] প্রে ২৪; ২১। ২৬; ৫॥—[৮] লূ ২০; ২৭॥ [৯] ২২; ৬,৭॥—[১১] ১৮; ৯॥—[১৫]২৫; ৩॥

* (মূ) মুখে। † (মূ) শুক্লীকৃত প্রাচীর। ‡ (বা) অভিশাপ দিব্যেতে।

সেনাপতি তাহার হস্ত ধরিয়া নিভৃত স্থানে লইয়া গিয়া জিজ্ঞাসা করিল, তোমার নিবেদন কি? তাহা ২০ বল। তাহাতে সে কহিল, যিহূদীয় লোকেরা পৌলের বিষয়ে আরো বিশেষরূপে বিচার করিবার ছল করিয়া তাহাকে সভাতে লইয়া যাইতে মহাশয়ের কাছে নিবেদন করিবার মন্ত্রণা করিয়াছে। ২১ কিন্তু তুমি তাহা স্বীকার করিও না, কেননা তাহাদের মধ্যে চল্লিশ জনের অধিক লোক একপরামর্শ হইয়া, পৌলকে বধ না করিয়া ভোজন ও পান করিব না, এই দিব্যেতে * বদ্ধ হইয়া ঘাঁটি বসাইয়া প্রস্তুত হইয়া এখন কেবল মহাশয়ের অনুমতির ২২ অপেক্ষা করিতেছে। এই যে কথা তুমি নিবেদন করিলা, তাহা কাহাকেও বলিও না, এই কথা বলিয়া সহস্রসেনাপতি ঐ যুবকে বিদায় করিল। ২৩ পরে দুই জন শতসেনাপতিকে ডাকিয়া এই আজ্ঞা দিল, তোমরা এক প্রহর রাত্রি থাকিতে কৈসরিয়া নগরে যাইতে দুই শত পদাতিক সৈন্য ও সত্তর জন অশ্বারূঢ় সৈন্য এবং দুই শত বড়শাধারি সৈন্য ২৪ প্রস্তুত কর; এবং পৌলকে আরোহণ করাইয়া ফীলিক্স অধ্যক্ষের নিকটে নির্ব্বিঘ্নে লইয়া যাইতে ২৫ বাহন সকল উপস্থিত কর। পরে পত্র লিখিয়া দিল। ২৬ ঐ পত্রের বিবরণ এই, মহামহিম শ্রীযুক্ত ফীলিক্স অধ্যক্ষের নিকটে ক্লৌদিয় লুষিয়ের নমস্কার। ২৭ যিহূদীয় লোকেরা পূর্ব্বে এই মনুষ্যকে ধরিয়া স্বহস্তে বধ করিবার উদ্যোগ করিতেছিল; ইতোমধ্যে আমি সসৈন্য উপস্থিত হইলে ঐ ব্যক্তি যে রোমি লোক তাহা অবগত হইয়া ইহাকে রক্ষা ২৮ করিলাম। তাহার পর কি নিমিত্তে তাহারা ইহাকে অপবাদিত করিতেছে, তাহা জানিবার জন্যে ২৯ তাহাদের সভাতে ইহাকে আনাইলাম। তাহাতে তাহাদের ব্যবস্থার বিরুদ্ধ কোন কথাতে এ ব্যক্তি অপবাদিত হইল বটে, কিন্তু সে শৃঙ্খলেতে বদ্ধ কি প্রাণদণ্ডের যোগ্য হইতে পারে, তাহার এমন ৩০ কোন দোষ দেখিলাম না। তথাপি এই মনুষ্যের নিমিত্তে যিহূদীয়েরা ঘাঁটি বসাইতেছে, এই সমাচার পাইয়া তৎক্ষণাৎ তোমার নিকটে ইহাকে প্রেরণ করিলাম; এবং ইহার অপবাদকদিগকেও তোমার নিকটে যাইয়া অপবাদ দিতে আজ্ঞা করিলাম। তোমার মঙ্গল হউক।

৩১ পরে সৈন্যগণ আজ্ঞানুসারে পৌলকে লইয়া ঐ ৩২ রাত্রিতে অন্তিপাত্রি নগরে আনিল। পরদিনে তাহার সঙ্গে যাইতে অশ্বারূঢ় সৈন্যগণকে রাখিয়া ৩৩ অন্য সকলে দুর্গেতে ফিরিয়া গেল। পরে অশ্বারূঢ়গণ কৈসরিয়া নগরে উপস্থিত হইয়া অধ্যক্ষের হস্তে সেই লিপি দিয়া তাহার নিকটে পৌলকে উপস্থিত করিল। তখন অধ্যক্ষ ঐ পত্র পাঠ করিয়া ৩৪ জিজ্ঞাসা করিল, এ ব্যক্তি কোন্ প্রদেশীয় লোক? এবং সে কিলিকিয়া প্রদেশীয় এক জন, ইহা জানিয়া কহিল, তোমার অপবাদকারিগণ আইলে ৩৫ পর তোমার কথা শুনিব; পরে হেরোদের রাজগৃহে তাহাকে রাখিতে আজ্ঞা দিল।

২৪ অধ্যায়।

১ ফীলিক্সের সাক্ষাতে পৌলের বিচার ও তাহার অপবাদকের কথা ১০ ও পৌলের উত্তর ২২ ও তাহার বিচারের বিলম্ব করণ ২৪ ও ফীলিক্স ও তাহার স্ত্রীর সঙ্গে পৌলের ধর্ম্ম কথোপকথন।

১ তদনন্তর পাঁচ দিনের পর অননিয় নামে মহাযাজক অধ্যক্ষের সম্মুখে পৌলের প্রতিকূলে নিবেদন করিতে তর্তুল্ল নামে এক জন বক্তাকে এবং প্রাচীনবর্গকে সঙ্গে করিয়া কৈসরিয়া নগরে আইল। ২ তাহাতে পৌল আনীত হইলে পর তর্তুল্ল তাহার অপবাদের কথা কহিতে লাগিল, হে মহামহিম ফীলিক্স, আপনকার দ্বারা আমরা অতি নির্ব্বিঘ্নে কাল যাপন করিতেছি, এবং আপনকার পরিণামদর্শিতাদ্বারা এতদ্দেশীয়দের অনেক মঙ্গল ঘটিয়াছে, এই নিমিত্তে অতি কৃতজ্ঞ † হইয়া সর্ব্বত্র সর্ব্বদা ৩ আপনকার গুণ গান করিয়া থাকি। ৪ কিন্তু অনেক কথা কহিতে গেলে আপনকার ব্যামোহ যেন বোধ না হয়, এই জন্যে সংক্ষেপে বলি, অনুগ্রহপূর্ব্বক শ্রবণ করুণ্। ৫ মহামারীস্বরূপ এই ব্যক্তি নাসরতীয় মতাবলম্বি দলের প্রধান হইয়া রাজ্যের তাবৎ দেশে যিহূদীয় সকলকে রাজদ্রোহ আচরণে প্রবৃত্ত করিয়া ৬ মন্দির অশুচি করিতে চেষ্টা পাইতেছিল; এই জন্যে আমরা ইহাকে ধরিয়া আপনাদের ব্যবস্থানুসারে ইহার বিচার করিতে প্রবৃত্ত হইতেছিলাম। ৭ কিন্তু লুষিয় সহস্রসেনাপতি আসিয়া মহাবলেতে আমাদের হস্তহইতে ইহাকে ছাড়াইয়া লইয়া ৮ ইহার অপবাদকদিগকে আপনকার নিকটে আসিতে আজ্ঞা করিল। আমরা যে বিষয়ে তাহার অপবাদ করি, আপনি ঐ অপবাদের কথা বিচার করিলে ইহার তাবৎ বৃত্তান্ত অবগত হইতে পারিবেন। ৯ তাহাতে যিহূদীয়েরাও স্বীকার করিয়া কহিল, এই কথাই প্রমাণ।

১০ পরে অধ্যক্ষ পৌলকে উত্তর করিতে ইঙ্গিত করিলে সে কহিতে লাগিল, আপনি বহুবৎসরাবধি এতদ্দেশের শাসনকর্ত্তা হইয়াছেন, ইহা জ্ঞাত

---

[২৭] প্রে ২১; ৩০-৩২। ২২; ২৫॥—[২৮] ২২; ৩০॥—[২৯] ২৫; ১৮,১৯,২৪,২৫। ২৬; ৩১॥—[৩০] প ১৯-২২। ২৪ ৮॥—[৩৪] ২২; ৩॥—[৩৫] ২৫; ১৬॥

[২৪ অধ্য; ১] প্রে ২৩; ২॥—[৫] লূ ২৩; ২॥—[৬] প্রে ২১; ২৮॥—[৭] ২১; ৩৩॥—[৮] ২৩; ৩০॥

* (বা) অভিশাপ দিব্যেতে। † (বা) তাহা গ্রাহ্য করি।

১১ হইয়া উত্তর করিতে সাহস পাইলাম। অদ্য কেবল দ্বাদশ দিবস হইল, আমি আরাধনা করিতে যিরূশালম নগরে গেলাম, ইহা আপনি অবগত ১২ হইতে * পারিবেন। কিন্তু ইহারা মন্দিরের মধ্যে কাহারো সহিত বিতণ্ডা করিতে কি কোন ভজনালয়ে কি নগরে লোকদিগকে কুপ্রবৃত্তি দিতে আমাকে ১৩ দেখিল, এমন নহে। আর এই ক্ষণে যে২ বিষয়ে আমার অপবাদ করিতেছে, তাহার কিছুই প্রমাণ ১৪ দিতে পারে না। কিন্তু আমি আপনি তোমার নিকটে আপন বিষয় স্বীকার করি, ব্যবস্থাগ্রন্থে ও ভবিষ্যদ্বাক্যগ্রন্থে যে২ কথা লিখিত আছে, সে সকলেতে বিশ্বাস করিয়া যে মতকে ইহারা বৈধর্ম্ম্য জ্ঞান করে, সেই মতানুসারে আমি নিজ পিতৃপুরু- ১৫ ষের ঈশ্বরের আরাধনা করি। আর ধার্ম্মিক অধার্ম্মিক দুই প্রকার মৃত লোকেরই উত্থান হইবে, এ কথা ইহারা স্বীকার করে; আমিও তাহার বি- ১৬ ষয়ে ঈশ্বরে প্রত্যাশা করিয়া ঈশ্বরের ও মনুষ্যের নিকটে যেন মনে নির্দ্দোষ হই, এই নিমিত্তে সতত ১৭ যত্নবান্ আছি। অপর বহু বৎসর গত হইলে আপন দেশীয় লোকদের নিমিত্তে দান দ্রব্য এবং নৈবেদ্য সঙ্গে করিয়া পুনর্ব্বার আগমন করিলাম। ১৮ তাহাতে আমি শুচি হইয়া লোকের সমারোহ কিম্বা কলহ না করাইলেও আশিয়া দেশের কতক যিহূদীয় লোক মন্দিরের মধ্যে আমার দেখা পাইল। ১৯ আমার উপরে যদি কোন অপবাদের কথা থাকে, তবে আপনকার নিকটে উপস্থিত হইয়া ঐ লোক- ২০ দের সাক্ষ্য দেওয়া উচিত। নতুবা মহাসভাস্থ লোকদের নিকটে দণ্ডায়মান হওন সময়ে, 'অদ্য আমি তোমাদের দ্বারা মৃতদের উত্থান বিষয়ে ২১ বিচারের দায়েতে পড়িলাম,' তাহাদের মধ্যে দাঁড়াইয়া আমি এই যে কথা উচ্চৈঃস্বরে বলিয়াছিলাম, তদ্ভিন্ন আমার আর কোন দোষ পাওয়া গেল কি না, তাহা বরঞ্চ এই উপস্থিত লোকেরা বলুক।

২২ তখন ফীলিক্স এ কথা শুনিয়া এই মতের বিশেষ বিবরণ অবগত হইয়া বিচার স্থগিত রাখিয়া কহিল, লুষিয় সহস্রসেনাপতি আইলে পর আমি ২৩ তোমাদের বিচার নিষ্পত্তি করিব। পরে বন্ধনবিনা পৌলকে রক্ষা করিতে, ও সেবার কিম্বা সাক্ষাতের নিমিত্তে তাহার কোন আত্মীয় বন্ধুকে নিকটে আসিতে বারণ না করিতে শতসেনাপতিকে আজ্ঞা দিল।

২৪ অল্প দিনের পর ফীলিক্স অধ্যক্ষ দ্রুষিল্লা নামেতে আপন যিহূদীয়া স্ত্রীর সহিত আসিয়া পৌলকে ডাকাইয়া তাহার প্রমুখাৎ খ্রীষ্টধর্ম্মের বৃত্তান্ত শুনিল। আর পৌল ন্যায়ের ও পরিমিত ২৫ ভোগের এবং শেষবিচারের বিষয়ে কথা কহিলে ফীলিক্স ভয়ার্ত্ত † হইয়া কহিল, এখন যাও, অবকাশ পাইলে আমি তোমাকে ডাকাইব। পরে ২৬ পৌল মুক্তির জন্যে আমাকে কিছু টাকা দিবে, এই প্রত্যাশা করিয়া সে পুনঃ২ তাহাকে ডাকাইয়া তাহার সহিত কথোপকথন করিল। কিন্তু দুই বৎ- ২৭ সরের পরে পর্কিয় ফীষ্ট ফীলিক্সের পদ প্রাপ্ত হইলে ফীলিক্স যিহূদীয়দিগকে সন্তুষ্ট করিতে বাসনা করিয়া পৌলকে বদ্ধ রাখিয়া গেল।

২৫ অধ্যায়।

১ ফীলিক্সের পরিবর্ত্তে ফীষ্ট অধ্যক্ষ হইলে পৌলের পুনর্ব্বার বিচার ১৩ ও আগ্রিপ্প রাজার কাছে ফীষ্টদ্বারা পৌলের কথা প্রকাশ ২৩ ও আগ্রিপ্প ও ফীষ্টদ্বারা পৌলের পুনর্বিচার ও তাহার বিষয়ে ফীষ্টের কথা।

১ পরে ফীষ্ট নিজ রাজ্যে আসিয়া তিন দিন থাকিলে কৈসরিয়াহইতে যিরূশালম্ নগরে গমন করিল। ২ তাহাতে মহাযাজক এবং যিহূদীয়দের প্রধান লোকেরা তাহার নিকটে পৌলের বিপরীতে নিবেদন করিল। ৩ এবং পথিমধ্যে পৌলকে বধ করিবার জন্যে গুপ্তভাবে ঘাঁটি বসাইব, এই অভিপ্রায়ে পৌলকে যিরূশালমে আনাইয়া দিতে ফীষ্টকে নিবেদন করিয়া তাহার বিরুদ্ধে এই অনুগ্রহ চাহিল। ৪ কিন্তু ফীষ্ট উত্তর করিল, পৌল কৈসরিয়াতে থাকিবে; আর অল্প দিনের পর আমিও সে স্থানে যাইব। ৫ তাহাতে ঐ মানুষের যদি কোন অপরাধ থাকে, তবে যাহারা পারে, তাহারা আমার সহিত সে স্থানে যাইয়া তাহার অপবাদ করুক, এই কথা কহিল। ৬ অপর আর ‡ দশ দিবস বিলম্বে ফীষ্ট তথাহইতে কৈসরিয়া নগরে যাইয়া পরদিনে বিচারাসনে বসিয়া পৌলকে আনাইতে আজ্ঞা করিল। ৭ তাহাতে পৌল উপস্থিত হইলে যিরূশালমহইতে আগত যিহূদীয় লোকেরা তাহাকে চতুর্দ্দিকে ঘেরিয়া তাহার বিপক্ষে অনেক ভারি২ দোষের কথা উত্থাপন করিতে লাগিল; কিন্তু তাহার কিছুই প্রমাণ দিতে পারিল না। ৮ পরে পৌল আপনার বিষয়ে এই উত্তর করিল, যিহূদীয়দের ব্যবস্থার কি মন্দিরের কি কৈসরের প্রতিকূলে কোন অপরাধ করি নাই। ৯ কিন্তু ফীষ্ট যিহূদীয়দিগকে সন্তুষ্ট করিতে বাসনা করিয়া পৌলকে কহিল, তুমি কি আমার সাক্ষাতে এই বিষয়ের বিচারের নিমিত্তে যিরূশালমে যাইতে সম্মত আছ? ১০ তাহাতে পৌল উত্তর করিল, যে স্থানে আমার বিচার হওয়া উচিত,

---

[১১] প্রে ২১; ১৬,১৭,২৭। ২২; ৩০। ২৪; ১॥—[১৫] ২৩; ৬। যো ৫; ২৮,২৯॥—[১৭] রো ১৫; ২৫,২৬॥—[১৮,১৯] প্রে ২১; ২৭,২৮॥—[২১] ২৩; ৬॥—[২৩] ২৭; ৩। ২৮; ১৬,৩০॥—[২৭] ২৫; ৯॥

[২৫ অধ্য; ২] প্রে ২৪; ১॥—[৩] ২৩; ১৫॥—[৭] ২৪; ৫,৬,১৩॥—[৯] ২৪; ২৭॥

* (বা) হইয়া থাকিবেন। † (বা) কম্পান্বিত। ‡ (বা) কেবল আট কি দশ।

কৈসরের এমন বিচারাসনেই আমি উপস্থিত আছি; যিহূদীয়দের কিছু ক্ষতি করি নাই, ইহা আপনি ১১ ভালরূপে জ্ঞাত আছেন। কোন দোষ কিম্বা মৃত্যু-যোগ্য কোন কর্ম্ম যদি করিয়া থাকি, তবে প্রাণদণ্ড ভোগ করিতেও অসম্মত নহি; কিন্তু ইহারা আমার যে অপবাদ দিতেছে, তাহা যদি কল্পিতমাত্র হয়, তবে ইহাদের হস্তে আমাকে সমর্পণ করিতে কাহারো অধিকার নাই; কৈসরের কাছে আমার ১২ বিচার হউক। তখন ফীষ্ট মন্ত্রিগণের সহিত পরামর্শ করিয়া পৌলকে কহিল, কৈসরের কাছে কি তোমার বিচার হইবে? কৈসরের কাছে যাইবা।

১৩ অনন্তর কতক দিনের পর আগ্রিপ্প রাজা এবং বর্ণীকী ফীষ্টের সহিত সাক্ষাৎ করিতে কৈসরিয়া ১৪ নগরে আইল। তাহাতে তাহারা অনেক দিন সে স্থানে থাকিলে ফীষ্ট ঐ রাজাকে পৌলের কথা জানাইয়া কহিতে লাগিল, পৌল নামে এক জন ১৫ বন্দিকে ফীলিক্স বদ্ধ রাখিয়া গিয়াছে। আর যিরূশালমে আমার থাকনের সময়ে যিহূদীয়দের মহাযাজক এবং প্রাচীন লোকেরা অপবাদ দিয়া ১৬ তাহার প্রতি দণ্ডাজ্ঞা প্রার্থনা করিল। তাহাতে আমি এই উত্তর করিলাম, যাবৎ অপবাদিত ব্যক্তি আপন অপবাদকগণের সহিত সাক্ষাৎ না করে, এবং আপনার প্রতি যে দোষ আরোপিত হইয়াছে, তাহার প্রত্যুত্তর করিবার অবকাশ না পায়, তাবৎ কোন মনুষ্যের প্রাণদণ্ডের আজ্ঞা দেওয়া রোমি ১৭ লোকদের রীতি নহে। তাহাতে তাহারা এ স্থানে সঙ্গে আইলে আমি পরদিবসে বিচারাসনে বসিয়া অবিলম্বে সেই মনুষ্যকে আনিতে আজ্ঞা দিলাম। ১৮ পরে তাহার অপবাদকেরা উপস্থিত হইয়া আমি যে রূপ বুঝিয়াছিলাম, সেই রূপ কোন অপবাদের ১৯ উত্থাপন না করিয়া, আপনাদের মত বিষয়ে এবং পৌল যাহাকে সজীব করিয়া বলে, যীশু নামে এমন এক মৃত ব্যক্তির বিষয়ে তাহার বিরুদ্ধে কথা কহিতে ২০ লাগিল। তাহাতে আমি এমন সূক্ষ্ম বিষয়ে সন্দিগ্ধ হওয়াতে কহিলাম, তুমি কি এই বিষয়ের বিচারের ২১ নিমিত্তে যিরূশালম্ নগরে যাইতে সম্মত আছ? তখন শ্রীশ্রীযুক্তের কাছে আমার বিচার হউক, পৌল এই প্রার্থনা করাতে, যদবধি তাহাকে কৈসরের নিকটে পাঠাইয়া দিতে না পারি, তত দিন ২২ তাহাকে এই স্থানে রাখিতে আজ্ঞা দিলাম। তখন আগ্রিপ্প ফীষ্টকে কহিল, আমিও সে মনুষ্যের কথা শুনিতে ইচ্ছা করি। তাহাতে ফীষ্ট কহিল, কল্য তুমি তাঁহার কথা শুনিতে পাইবা।

২৩ পরদিনে আগ্রিপ্প ও বর্ণীকী মহাসমারোহ করিয়া সহস্রসেনাপতি এবং নগরস্থ প্রধান লোকদের সহিত একত্র হইয়া রাজগৃহে আসিয়া উপস্থিত হইলে ফীষ্টের আজ্ঞাতে পৌল আনীত হইল। ২৪ তখন ফীষ্ট কহিল, হে রাজন্ আগ্রিপ্প, হে উপস্থিত লোক সকল, যিরূশালম্ নগরে এবং এই স্থানেও যিহূদীয় সমূহলোক যে মনুষ্যের বিষয়ে আমার নিকটে নিবেদন করিয়া উচ্চৈঃস্বরে এই কথা কহিয়াছিল, তাহাকে আর কিঞ্চিৎ কালও জীবৎ রাখা উচিত নয়, এই সেই মনুষ্যকে দেখ। ২৫ কিন্তু এ ব্যক্তি প্রাণদণ্ডের উপযুক্ত কোন কর্ম্ম করে নাই, ইহা জানিলাম; তথাপি শ্রীশ্রীযুক্তের কাছে আমার বিচার হউক, সে এই প্রার্থনা করিলে তাঁহার নিকটে তাহাকে পাঠাইতে মনস্থ করিলাম। ২৬ কিন্তু শ্রীশ্রীযুক্তের নিকটে ইহার বিষয়ে কি লিখিতে হইবে, তাহার কিছু নিশ্চয় না হওয়াতে তাহার বিচার হইলে আমি যেন লিখিবার কিছু সূত্র পাই, এই নিমিত্তে তোমাদের কাছে, বিশেষতঃ হে রাজন্ আগ্রিপ্প, আপনকার সাক্ষাতে ইহাকে আনিলাম। ২৭ কেননা বন্দিকে পাঠাইবার সময়ে তাহার অপবাদের কথা কিছু না লেখা আমার অসঙ্গত বোধ হয়।

২৬ অধ্যায়।

১ আগ্রিপ্পের প্রতি পৌলের উত্তর ২৪ ও ফীষ্টের তাহাকে উন্মত্ত কহন ও তাহার প্রতি পৌলের উত্তর ও তাহাকে ফীষ্টের নির্দ্দোষ কথন এবং তাহাকে রাজা কৈসরের কাছে যাইতে আজ্ঞা দেওন।

১ তখন আগ্রিপ্প পৌলকে কহিল, আত্ম বিবরণ কহিতে তোমাকে অনুমতি দেওয়া যাইতেছে; তাহাতে পৌল হস্ত বিস্তার করিয়া আপনার বিষয়ে উত্তর দিতে লাগিল। ২ হে রাজন্ আগ্রিপ্প, যাহার নিমিত্তে যিহূদীয়দের দ্বারা অপবাদগ্রস্ত হইলাম, তাহার বিশেষ বিবরণ অদ্য আপনকার সাক্ষাতে নিবেদন করিতে পাই, ইহা আমি আপনার পরম ভাগ্য করিয়া মানিলাম; ৩ যেহেতুক যিহূদীয় লোকদের মধ্যে যে সকল রীতি এবং সূক্ষ্ম বিচার আছে, তদ্বিষয়ে আপনি বিজ্ঞ; অতএব প্রার্থনা করি, ধৈর্য্যাবলম্বন করিয়া আমার নিবেদন শুনুন। ৪ আমি যিরূশালম্ নগরে স্বদেশীয় লোকদের মধ্যে থাকিয়া যৌবনকাল অবধি যেরূপ আচার ব্যবহার করিয়া আসিতেছি, তাহা যিহূদীয় লোক সকলে জ্ঞাত আছে। ৫ আর সকলহইতে শুদ্ধসত্ত্ব যে আমাদের ফিরূশি মত, আমি তদবলম্বী হইয়া কাল যাপন করিলাম, তাহারা সকলে বাল্যকালাবধি আমাকে জ্ঞাত হওয়াতে

[১১,১২] প্রে ২৮; ১৮,১৯॥—[১৫] প ১-৩॥—[১৬] যো ৭; ৫১॥—[১৭] প ৬॥—[১৮,১৯] প্রে ২৩; ২৮,২৯॥—[২০] প ৯॥—[২১] প ১০-১২॥—[২২] ৯; ১৫॥—[২৪] ২১; ৩৬। ২২; ২২॥—[২৫] প ১১,১২,২১। ২৩; ২৯॥

[২৬ অধ্যা; ৫] প্রে ২৩; ৬।

৬ এমন সাক্ষ্য দিলে দিতে পারে। পরন্তু হে রাজন্ আগ্রিপ্প, ঈশ্বর আমাদের পূর্ব্বপুরুষের নিকটে যে অঙ্গীকার করিয়াছিলেন, তাহার প্রত্যাশা প্রযুক্ত আমি এখন বিচারস্থানে দণ্ডায়মান আছি।
৭ সেই অঙ্গীকারের ফলপ্রাপ্তির জন্যেও আমাদের দ্বাদশ গোষ্ঠী অনবরত অতি যত্নপূর্ব্বক ঈশ্বর-সেবা করিয়া যে প্রত্যাশা করিয়া আসিতেছে, সেই প্রত্যাশার জন্যে আমি যিহূদীয়দের দ্বারা
৮ অপবাদগ্রস্ত হইলাম। ঈশ্বর মৃতদের উত্থান করিবেন, এই কথা তোমাদের নিকটে অসম্ভব কেন
৯ হয়? নাসরতীয় যীশুর নামের বিরুদ্ধে নানা প্রকার প্রতিকূলাচরণ করা উচিত, ইহা আমি মনে যথার্থ
১০ বুঝিয়া যিরূশালম্ নগরে তাহা করিলাম। ফলতঃ প্রধান যাজকের নিকটহইতে ক্ষমতা পাইয়া অনেক পবিত্র লোককে কারাগারে বদ্ধ করিলাম; বিশেষতঃ তাহাদিগকে বধ করণ সময়ে তাহাদের বিরুদ্ধে
১১ আপন সম্মতি প্রকাশ করিলাম; এবং বার২ প্রত্যেক ভজনালয়ে তাহাদিগকে শাস্তি প্রদান করিলাম, ও বলেতে ঐ ধর্ম্ম নিন্দা করাইলাম, এবং তাহাদের প্রতি অতিশয় রাগোন্মত্ত হইয়া বিদেশীয় নগর পর্য্যন্ত তাহাদিগকে তাড়না করি-
১২ লাম। এই প্রকারে প্রধান যাজকের নিকটহইতে ক্ষমতা ও আজ্ঞাপত্র পাইয়া দম্মেষক্ নগরে যাই-
১৩ তেছিলাম। আর হে রাজন্, পথিমধ্যে মধ্যাহ্ন সময়ে সূর্য্যতেজ অপেক্ষাও তেজস্বী এক দীপ্তি আকাশহইতে আমার ও আমার সঙ্গি লোকদের চতু-
১৪ র্দ্দিগে প্রকাশ পাইতে দেখিলাম। তাহাতে আমরা সকলে ভূমিতে পতিত হইলে, হে শৌল, হে শৌল, আমাকে কেন তাড়না করিতেছ? কন্টকের মুখে পদাঘাত করা তোমার দুঃসাধ্য কর্ম্ম, ইব্রীয় ভাষাতে
১৫ এমন এক শব্দ শুনিলাম। তখন আমি জিজ্ঞাসিলাম, হে প্রভো, আপনি কে? তাহাতে তিনি কহিলেন, যে যীশুকে তুমি তাড়না করিতেছ সেই আমি।
১৬ কিন্তু উঠিয়া * দাঁড়াও; যাহা২ তুমি দেখিলা আর ইহার পরে যাহা২ তোমাকে দেখাইব,এই সকলের প্রচারক ও সাক্ষী করিবার জন্যে তোমাকে দর্শন
১৭ দিলাম। বিশেষতঃ অন্যদেশীয়দের ও নিজ দেশীয় লোকদের যেন পাপমোচন হয়, ও তাহারা আমাতে বিশ্বাসদ্বারা পবিত্রীকৃতদের মধ্যে যেন অংশ পায়,
১৮ এই অভিপ্রায়ে তাহাদের জ্ঞানচক্ষুঃ প্রসন্ন করিতে এবং অন্ধকারহইতে দীপ্তির প্রতি ও শয়তানের অধিকারহইতে ঈশ্বরের প্রতি মতি ফিরাইতে, তাহাদের কাছে তোমাকে প্রেরণ করিয়া তাহাদের মধ্যহইতে † তোমাকে মনোনীত করিলাম। ১৯ হে রাজন্ আগ্রিপ্প, এমন স্বর্গীয় প্রত্যাদেশ অগ্রাহ্য না করিয়া ২০ প্রথমে দম্মেষক্ নগরে, অনন্তর যিরূশালমে ও সমুদয় যিহূদা দেশে এবং অন্যান্য দেশে যাহাতে লোকেরা মতি ফিরায় ও ঈশ্বরের প্রতি ফিরে ও মনঃপরিবর্ত্তনের যোগ্য কর্ম্ম করে, এমন উপদেশ প্রচার করিতে লাগিলাম। ২১ এই নিমিত্তে যিহূদীয়েরা মন্দিরের মধ্যে আমাকে ধরিয়া বধ করিতে উদ্যত হইল। ২২ তথাপি অভিষিক্ত ত্রাতা দুঃখ ভোগ করিয়া সকলের অগ্রে কবরহইতে উত্থান করিয়া নিজ দেশীয় ও ভিন্ন দেশীয় লোকদিগের নিকটে দীপ্তি ২৩ প্রকাশ করিবেন,ভবিষ্যদ্বক্তৃগণ ও মূসা এই যে সকল ভাবিকথার প্রমাণ দিয়া গিয়াছে, তদ্ব্যতিরেকে অন্য কথা না কহিয়া ঈশ্বরহইতে সহায়তা পাইয়া ছোট বড় সকলের কাছে সাক্ষ্য দিয়া আসিতেছি।

২৪ তখন তাহার এমন কথা শুনিয়া ফীষ্ট উচ্চৈঃস্বরে কহিল, হে পৌল, তুমি উন্মত্ত আছ, বহু বিদ্যাভ্যাস তোমাকে হতজ্ঞান করিল। ২৫ তাহাতে সে কহিল, হে মহামহিম ফীষ্ট, আমি উন্মত্ত নহি, কিন্তু সত্য ও বিবেক বাক্য প্রস্তাব করিতেছি। ২৬ রাজাও ঐ বিবরণ জ্ঞাত হইয়া থাকিবেন, এই জন্যে উহাঁর সাক্ষাতে সাহসী হইয়া কথা কহিতেছি; ইহার কিছুই উহাঁর অগোচর না থাকিবে, ইহা আমার নিশ্চয় বোধ হয়; যেহেতুক এই সকল গোপনে করা যায় নাই। ২৭ হে রাজন্ আগ্রিপ্প, আপনি কি ভবিষ্যদ্বক্তৃগণোক্ত বাক্যে প্রত্যয় করেন? আপনি প্রত্যয় করেন, তাহা আমি জানি। ২৮ তখন আগ্রিপ্প পৌলকে কহিল, তুমি প্রবৃত্তি দিয়া আমাকে প্রায় খ্রীষ্টীয়ান করিতেছ। ২৯ তাহাতে পৌল কহিল,আপনি এবং অন্যান্য যত লোক অদ্য আমার কথা শুনিতেছে, তাহারা সকলেই প্রায় খ্রীষ্টীয়ান তাহা নয়, কিন্তু এই শৃঙ্খলবন্ধন ব্যতিরেকে যেন সর্ব্বতোভাবে আমার সদৃশ হয়, ঈশ্বরের কাছে এই প্রার্থনা করিতেছি। ৩০ এমন কথা কহিলে ঐ রাজা ও অধ্যক্ষ ও বর্ণীকী প্রভৃতি সভাস্থ লোকেরা তথাহইতে উঠিয়া বিরলে যাইয়া পরস্পর বিবেচনা করিয়া কহিল, ৩১ এ ব্যক্তি বন্ধনের কিম্বা প্রাণদণ্ডের উপযুক্ত কোন কর্ম্ম করে নাই। ৩২ তাহাতে আগ্রিপ্প ফীষ্টকে কহিল, যদি এ ব্যক্তি কৈসরের নিকটে বিচারিত হইতে প্রার্থনা না করিত, তবে মুক্ত হইতে পারিত।

২৭ অধ্যায়।

১ রোমা নগরে তাহাদের গমন ৭ ও সমুদ্রপথে তাহাদের প্রচণ্ড ঝড় প্রাপ্তি ২১ ও পৌলের প্রবোধ কথা ও জা-

[৬,৭] প্রে ২৮; ২০। ১৩; ৩২,৩৩॥—[৯-১১] ৭; ৫৮। ৮; ৩। ৯; ১।২২; ৪,১৯,২০। ১ তী ১; ১২, ১৩॥—[১২-১৮] প্রে ৯; ১-১৮। ২২; ৫-১৬॥—[১৬] ২২; ১৫,২১॥—[১৭,১৮] কল ১; ১২-১৪। প্রে ২০; ৩২॥—[২০] ৯; ১৯-২২। রো ১৫; ১৯॥—[২১] প্রে ২১; ২৭-৩১॥—[২২,২৩] লূ ২৪; ৪৪-৪৭॥—[৩১] প্রে ২৩; ৯,২৯। ২৫; ২৫॥—[৩২] ২৫; ১১॥

* (যূ) চরণে। † (বা) বিপক্ষতাহইতে তোমাকে উদ্ধার করিব।

হাজীয় লোকদের কর্ম্ম ৩৯ ও জাহাজ ভাঙ্গন ও লোকদের উপদ্বীপের তীরে উত্তরণ।

১ পরে জলপথ দিয়া আমাদের ইতলিয়া দেশে যাত্রা নিশ্চয় হইলে তাহারা যূলিয় নামে মহারাজের সৈন্যদলভুক্ত এক জন শতসেনাপতির নিকটে পৌলকে এবং অন্য কতক বন্দিকে সমর্পণ করিল। ২ পরে আদ্রামুত্তীয় এক জাহাজে আরোহণ করিয়া আশিয়া দেশের স্থানে২ যাইতে মনস্থ করিয়া লঙ্গর তুলিয়া আমরা জাহাজ খুলিলাম, এবং মাকিদনিয়া দেশান্তঃপাতি থিষলনীকী নিবাসি অরিষ্টর্খ নামে ৩ এক জন আমাদের সহিত ছিল। অনন্তর পরদিবসে আমরা সীদোন্ নগরে লাগান করিলে সে স্থানে যূলিয় সেনাপতি পৌলের প্রতি সৌজন্য প্রকাশ করিয়া বন্ধু বান্ধবগণের সহিত সাক্ষাৎ করিয়া প্রাণ ৪ জুড়াইতে তাহাকে যাইতে দিল। পরে তথাহইতে জাহাজ খুলিলে সম্মুখ বাতাস হওয়াতে আমরা ৫ কুপ্র উপদ্বীপের দক্ষিণ দিয়া গেলাম। অনন্তর কিলিকিয়া ও পম্ফুলিয়ার সমুদ্র পার হইয়া লুকিয়া ৬ দেশান্তঃপাতি মুরা নগরে উপস্থিত হইলাম। পরে ইতলিয়া দেশে যাইতেছে যে সিকন্দরিয়া নগরের এক জাহাজ, তাহা সে স্থানে পাইয়া শতসেনাপতি আমাদিগকে ঐ জাহাজে আরোহণ করাইল।

৭ পরে বহুদিবস ধীরে২ গমন করিয়া ক্নীদের নিকটস্থ হওনের সময়ে প্রতিকূল বাতাস প্রযুক্ত আমরা সল্মোনীর সম্মুখে উপস্থিত হইয়া ক্রীতী ৮ উপদ্বীপের দক্ষিণ দিয়া গেলাম। পরে কষ্টে তাহা উত্তীর্ণ হইয়া লাসেয়া নগরের নীচে সুন্দর ৯ নামে এক খালে উপস্থিত হইলাম। আর বহু দিবস গত হইলে উপবাস সময়ের পর জলপথ গমনে শঙ্কা হওয়াতে পৌল বিনতি পূর্ব্বক কহিল, ১০ হে মহাশয়েরা, আমি নিশ্চয় জানি, এই যাত্রাতে আমাদের ক্লেশ ও অনেক অপচয় হইবে, তাহা কেবল জাহাজের ও জাহাজস্থ দ্রব্যের এমন নয়, ১১ আমাদের প্রাণ পর্য্যন্তেরও হইতে পারিবে। কিন্তু শতসেনাপতি পৌলের উক্ত কথা অপেক্ষায় জাহাজের নাবিকের ও অধ্যক্ষের কথা অধিক গ্রাহ্য ১২ করিল। এবং ঐ খাল শীতকালের উপযুক্ত বাসস্থান না হওয়াতে তথাহইতে দক্ষিণ পশ্চিম সম্মুখস্থ ক্রীতীয় ফৈনীকী খালে যাইয়া যদি পারে, তবে শীতকাল যাপন করিতে প্রায় সকলে পরামর্শ করিল। ১৩ পরে দক্ষিণে বাতাস মন্দ২ বহিতে দেখিয়া আপনাদের অভিপ্রায় সিদ্ধ হওনের সুযোগ হইতেছে, এমন বুঝিয়া জাহাজ খুলিয়া ক্রীতী উপদ্বীপের কূলে২ ১৪ চলিল। কিন্তু অল্প ক্ষণের পরেই উরক্লুদোন্ নামে এক প্রতিকূল প্রচণ্ড বায়ু উঠিয়া জাহাজে লাগিল, ১৫ তাহার সম্মুখে জাহাজ স্থির থাকিতে না পারাতে আমরা তাহা ছাড়িয়া ভাসিয়া যাইতে দিলাম। ১৬ পরে ক্লৌদা নামে এক ক্ষুদ্র উপদ্বীপের কূলের নিকট দিয়া জাহাজ চালাইয়া বহু কষ্টে ক্ষুদ্র নৌকাখান রক্ষা করিলাম। ১৭ পরে নাবিকেরা তাহা লইয়া রজ্জুদ্বারা * জাহাজের তলা বান্ধিল; পরে জাহাজ পাছে চড়াতে † ঠেকে, এই ভয়ে পাইল্ ফেলিয়া দেওয়াতে ভাসিতে২ চলিল। ১৮ কিন্তু পরদিবসে বায়ুর প্রবলতা প্রযুক্ত জাহাজ টলটলায়মান হওয়াতে ১৯ কতক২ বোঝাই সামগ্রী ফেলাইয়া দিতে হইল। এবং তৃতীয় দিবসে আমরা স্বহস্তে জাহাজের সজ্জা সকল ফেলিয়া দিতে লাগিলাম। ২০ এবং বহুদিন পর্য্যন্ত সূর্য্য নক্ষত্রাদি আচ্ছন্ন এবং ক্রমিক অত্যন্ত ঝড় হওয়াতে, আমাদের প্রাণ রক্ষার প্রত্যাশা কিছুই থাকিল না।

২১ অনেক দিন অনাহারে থাকিলে পর সকলের সাক্ষাতে পৌল দাঁড়াইয়া কহিতে লাগিল, হে মহাশয়েরা, ক্রীতী উপদ্বীপহইতে জাহাজ না খুলিতে আমি অগ্রে যে পরামর্শ দিয়াছিলাম, তাহা গ্রাহ্য করা তোমাদের উচিত ছিল; তাহা করিলে তোমাদের এই সকল বিপদ ও অপচয় ঘটিত না। ২২ কিন্তু সম্প্রতি তোমাদিগকে বিনতি করিয়া বলি, সাহস কর, তোমাদের এক প্রাণিরও হানি হইবে না, কেবল জাহাজের হানি হইবে। ২৩ কেননা যে ঈশ্বরের লোক আমি, এবং যাঁহার সেবা করি, তাঁহার এক দূত কল্য রাত্রিতে আমার নিকটে দণ্ডায়মান হইয়া কহিলেন, ২৪ হে পৌল, ভয় করিও না, কৈসরের সম্মুখে তোমাকে উপস্থিত হইতে হইবে; এবং তোমার এই সঙ্গি লোক সকলকে ঈশ্বর তোমাকে দিলেন। ২৫ অতএব হে মহাশয়েরা, তোমরা সাহস কর, আমার প্রতি যে কথা কথিত হইয়াছে, তাহা অবশ্য ঘটিবে, ঈশ্বরেতে আমার এমন বিশ্বাস আছে। ২৬ কিন্তু কোন উপদ্বীপের উপরে আমাদিগকে পড়িতে হইবে।

২৭ পরে এই রূপে আদ্রিয়া সমুদ্রে জাহাজ টলমল করিয়া ইতস্ততো গমন করিতে২ চতুর্দ্দশ দিনের দুই প্রহর রাত্রির সময়ে কোন স্থলের নিকটে উপস্থিত হইতেছে, ইহা জাহাজের লোকেরা অনুমান করিতে লাগিল। ২৮ তাহাতে তাহারা জল পরিমাণ করিয়া সে স্থানে বিংশতি বেঁউ জল দেখিল; পরে আরও কিছু দূরে যাইয়া পুনর্ব্বার জল পরিমাণ করিল। ২৯ সেই স্থানে পঞ্চদশ বেঁউ জল দেখিয়া, পাছে শৈলে ঠেকে, এই ভয় প্রযুক্ত জাহাজের পশ্চাদ্ভাগে চারি লঙ্গর ফেলিয়া দিবসের অপেক্ষাতে সকলেই চাহিয়া থাকিল। ৩০ কিন্তু জাহাজীয়

[২৭ অধ্য; ১] প্রে ২৫; ১২, ২৫ ॥—[২] ১৯; ২৯ ॥—[৩] ২৪; ২৩ ॥—[৯] লে ২৩; ২৭, ২৯ ॥—[২১] প ৯, ১০ ॥ [২২] প ৪৪ ॥—[২৩,২৪] প্রে ২৩; ১১ ॥—[২৬] প ৪১,৪৪। ২৮; ১ ॥

* (বা) কাষ্ঠের দ্বারা জাহাজের পার্শ্ব। † (যু) সুর্ত্তিস্।

লোকেরা জাহাজের অগ্রভাগে লঙ্গর ফেলিবার ছল করিয়া সমুদ্রে নৌকা নামাইয়া পলায়ন করিতে ৩১ চেষ্টা করিল। তাহাতে পৌল সেনাপতিকে ও সৈন্য-বর্গকে কহিল, এই লোকেরা জাহাজে না থাকিলে ৩২ তোমাদের রক্ষা হইবে না। তখন সেনাগণ রজ্জু ৩৩ কাটিয়া নৌকা জলে পড়িতে দিল। পরে প্রভাত সময়ে পৌল সমস্ত লোককে ভোজন করিতে প্রার্থনা করিয়া কহিল, অদ্য চৌদ্দ দিন পর্য্যন্ত তোমরা অপেক্ষা করিয়া ভোজন পান না করিয়া অনাহারে ৩৪ কালক্ষেপ করিতেছ। অতএব বিনতি করিয়া বলি, কিছু খাদ্য সামগ্রী লও, তাহাতে তোমাদের মঙ্গল হইবে, তোমাদের মস্তকের এক চুল পর্য্যন্তও নষ্ট ৩৫ হইবে না। ইহা বলিয়া পৌল রুটী লইয়া সকলের সাক্ষাতে ঈশ্বরের ধন্যবাদ করিয়া তাহা ভাঙ্গিয়া ৩৬ ভোজন করিতে লাগিল। পরে সকলে সুস্থির হইয়া ৩৭ কিছু খাদ্য গ্রহণ করিল। জাহাজে আমাদের সকল-৩৮ শুদ্ধ দুইশত ছেয়াত্তর লোক ছিল। সকলে যথেষ্ট ভোজন করিলে পর জাহাজস্থ গোম সকল সমুদ্রেতে ফেলিয়া জাহাজের ভার লাঘব করিলাম।

৩৯ অনন্তর দিন হইলেও সে কোন্ দেশ, তাহা তখন চিনিতে পারা গেল না; পরে সে স্থানে নিম্ন তীর বিশিষ্ট এক খালের প্রতি দৃষ্টি হওয়াতে, যদি পারি তবে তাহার ভিতরে আমরা জাহাজ চালাই, ইহা ৪০ মনস্থ করিয়া তাহারা লঙ্গর কাটিয়া সমুদ্রে ত্যাগ করিল; পরে হাইলের বন্ধন খুলিয়া বাতাসের সম্মুখে প্রধান পাইল তুলিয়া তীরের নিকটে চলিল। ৪১ কিন্তু উভয় সমুদ্রের সঙ্গমস্থানে পড়িয়া চড়ার উপরে জাহাজ ফেলিল, তাহাতে গলহী বাধিয়া যাওয়াতে ও পশ্চাদ্ভাগে প্রবল তরঙ্গ লাগিলে জাহাজ বাড়ে২ ৪২ খসিয়া গেল। তাহাতে বন্দিরা পাছে সাঁতার দিয়া পলায়ন করে, এই আশঙ্কাতে সেনাগণ তাহাদিগকে ৪৩ বধ করিতে পরামর্শ করিল। কিন্তু শতসেনাপতি পৌলকে রক্ষা করিতে প্রয়াস করিয়া তাহাদিগকে সেই চেষ্টাহইতে ক্ষান্ত করিয়া এই আজ্ঞা দিল, যাহারা সাঁতার জানে, তাহারা অগ্রে গিয়া সমুদ্রে ৪৪ ঝাঁপ দিয়া সাঁতারিয়া কূলেতে যাউক। আর অবশিষ্ট লোকেরা কাষ্ঠ খণ্ড ও জাহাজের যে যাহা পায়, তাহা অবলম্বন করিয়া যাউক। এই রূপে সকলেই ভূমি পাইয়া প্রাণে বাঁচিল।

২৮ অধ্যায়।

১ উপদ্বীপের অসভ্য লোকদের অনুগ্রহ প্রাপ্তি ও পৌলের হস্তহইতে দংশনকারি সর্পকে নিক্ষেপ করণ ৭ ও পৌল দ্বারা পুব্লিয় নামে অধ্যক্ষকে ও অন্য লোককে সুস্থ করণ ১১ ও অন্য জাহাজে রোমা নগরে গমন ও পথিমধ্যে ভ্রাতৃগনের সহিত সাক্ষাৎ করণ ১৬ ও রোমা নগরে উপস্থিত হওন ও যিহূদী লোকদের কাছে পৌলের নিবেদন ও সুসমাচার প্রচার করণ।

১ এই প্রকারে সকলে রক্ষা পাইলে পর তথাকার ঐ উপদ্বীপের নাম যে মিলিতা, ইহা জানিতে পা-২ রিল। পরে অসভ্য লোকেরা যথেষ্ট অনুগ্রহ প্রকাশ করিয়া বর্ত্তমান বৃষ্টি ও শীত প্রযুক্ত অগ্নি প্রজ্বলিত ৩ করিয়া আমাদিগকে অতিথি করিল। কিন্তু পৌল এক বোঝা কাষ্ঠ সংগ্রহ করিয়া যে সময়ে ঐ অগ্নির উপরে ফেলিল, এমন কালে অগ্নির উত্তাপে এক কালসপ বহির্গত হইয়া তাহার হস্তে কামড়াইল। ৪ ঐ অসভ্য লোকেরা তাহার হস্তে সর্পকে ঝুলিয়া থাকিতে দেখিয়া পরস্পর বলাবলি করিতে লাগিল, এ ব্যক্তি অবশ্য নরহত্যাকারী হইবে; কেননা যদ্যপি সমুদ্রহইতে রক্ষা পাইল, তথাপি প্রতিফল-৫ দাতা উহাকে বাঁচিতে দেন না। কিন্তু সে হস্ত ঝাড়িয়া ঐ সর্পকে অগ্নিমধ্যে নিক্ষেপ করিলে তাহার ৬ কোন ক্ষতি হইল না। তথাচ বিষজ্বালাতে ইহার শরীর ফুলিবে, নতুবা পড়িয়া হঠাৎ প্রাণত্যাগ করিবে, ইহা নিশ্চয় করিয়া লোকেরা অনেক ক্ষণ পর্য্যন্ত তাহা দেখিবার অপেক্ষা করিয়া রহিল; কিন্তু তাহার কোন বিপদ না ঘটাতে তাহারা তদ্বিপরীত বোধ করিয়া কহিল, ইনি কোন দেবতা হইবেন।

৭ তদনন্তর পুব্লিয় নামে এক জন সেই উপদ্বীপের অধ্যক্ষ ঐ স্থানের নিকটস্থ ভূম্যাদির অধিকারী হইয়া আমাদিগকে নিজ গৃহে লইয়া গিয়া সৌজন্য প্রকাশ পূর্ব্বক তিন দিন পর্য্যন্ত আতিথ্য করিল। ৮ তৎকালে ঐ পুব্লিয়ের পিতা জ্বরাতিসারে পীড়িত হইয়া শয্যাগত থাকিলে পৌল তাহার নিকটে গিয়া প্রার্থনা করিয়া তাহার গাত্রে হস্তার্পণ করিয়া ৯ তাহাকে সুস্থ করিল। এই মত হইলে পর ঐ উপদ্বীপ নিবাসি যত রোগি লোক ছিল, সকলে আ-১০ সিয়া সুস্থ হইল। তাহাতে তাহারা আমাদিগকে অত্যন্ত সম্ভ্রম করিতে লাগিল, বিশেষতঃ প্রস্থান সময়ে নানা প্রকার আবশ্যক সামগ্রী দিল।

১১ এই প্রকারে সে স্থানে তিন মাস গত হইলে যাহার চিহ্ন দিয়স্কূরী এমন যে এক সিকন্দরিয়া নগরীয় জাহাজ ঐ উপদ্বীপে শীতকাল যাপন করিয়াছিল, সেই জাহাজে আমরা আরোহণ করিয়া ১২ যাত্রা করিলাম। তাহাতে প্রথমে সুরাকূষী নগরে উপস্থিত হইয়া সে স্থানে তিন দিবস থাকিলাম। ১৩ পরে তথাহইতে ঘুরিয়া আসিয়া রীগিয় নগরে উপস্থিত হইলে এক দিনের পর দক্ষিণ বাতাস অনুকূল হওয়াতে পরদিনে পুতিয়লী নগরে উপস্থিত

[৩৪] লূ ২১; ১৮॥—[৩৫] যো ৬; ১১॥—[৪৪] প ২২॥
[২৮ অধ্য; ১] প্রে ২৭; ২৬॥—[৫] মা ১৬; ১৮॥—[৬] প্রে ১৪; ১১,১২॥—[৮] মা ১৬; ১৮॥
* (বা) তুলিয়া জাহাজ সমুদ্রে যাইতে দিল।

১৪ হইলাম। তাহাতে আমরা সেখানকার ভ্রাতৃগণকে পাইলে তাহারা আপনাদের সহিত আমাদিগকে সপ্তাহ রাখিতে যত্ন করিল; এই প্রকারে আমরা ১৫ রোমা নগরের দিগে গেলাম। তাহাতে তথাকার ভ্রাতৃগণ আমাদের আগমন সংবাদ পাইয়া অপ্পিয়ফর ও ত্রীষ্টবর্ণী নামে স্থান পর্য্যন্ত অগ্রসর হইয়া আমাদের সহিত সাক্ষাৎ করিতে আইল; এবং তাহাদের সহিত দেখা হওয়াতে পৌল ঈশ্বরের ধন্যবাদ করিয়া সাহস পাইল।

১৬ পরে আমরা রোমা নগরে উপস্থিত হইলে শতসেনাপতি তাবৎ বন্দিকে প্রধান সেনাপতির নিকটে সমর্পণ করিল; কিন্তু পৌল আপন প্রহরি পদাতিকের ১৭ সহিত ভিন্ন বাস করিতে অনুমতি পাইল। অনন্তর তিন দিনের পর পৌল তদ্দেশীয় প্রধান২ যিহূদীয়দিগকে আহ্বান করিল; এবং তাহারা উপস্থিত হইলে সে কহিতে লাগিল, হে ভ্রাতৃগণ, আমি নিজ লোকদের কিম্বা পূর্ব্বপুরুষদের রীতির বৈপরীত্যে কোন কর্ম্ম করি নাই, তথাপি যিরূশালম্ নিবাসি লোকেরা আমাকে রোমি লোকদের হস্তে সমর্পণ ১৮ করিয়া বন্দি করিয়াছে। আর রোমি লোকেরা বিচার করিয়া আমার প্রাণদণ্ডের যোগ্য কোন কারণ না পাওয়াতে আমাকে মুক্ত করিতে চাহিয়াছিল। ১৯ কিন্তু যিহূদীয় লোক আপত্তি করাতে আমাকে কৈসর্ রাজার নিকটে বিচার হওনের প্রার্থনা করিতে হইল; নতুবা নিজ দেশীয় লোকদের প্রতি ২০ আমার কোন অপবাদ নাই। এই কারণ আমি তোমাদের সহিত সাক্ষাৎ ও কথোপকথন করিবার জন্যে তোমাদিগকে আহ্বান করিলাম; ইস্রায়েল্ বংশীয়দের প্রত্যাশা প্রযুক্ত আমি এই শৃঙ্খলেতে ২১ বদ্ধ হইলাম। তখন তাহারা তাহাকে কহিল, যিহূদা দেশহইতে আমরা তোমার বিষয়ে কোন পত্রই পাই নাই; এবং তথাহইতে যে ভ্রাতৃগণ আসিয়াছে, তাহারাও তোমার বিষয়ে কিছু সংবাদ ২২ দেয় নাই, এবং মন্দও বলে নাই। তোমার মত কি, তাহা আমরা তোমাহইতে শুনিতে বাঞ্ছা করি; এই যে নূতন মত উঠিয়াছে, ইহা সর্ব্বত্রই সকলের কাছে নিন্দিত হইয়াছে, ইহা আমরা জানি। পরে ২৩ তাহারা তন্নিমিত্তে এক দিন নিরূপিত করিলে সেই দিনে অনেকে একত্র হইয়া পৌলের বাসায় আইল; তাহাতে পৌল প্রাতঃকাল অবধি সন্ধ্যা পর্য্যন্ত মূসার ব্যবস্থাগ্রন্থ এবং ভবিষ্যদ্বক্তৃগণের গ্রন্থহইতে যীশুর প্রসঙ্গ উত্থাপন করিয়া ঈশ্বরের রাজত্বের প্রমাণ দিয়া তাহাদিগকে প্রবৃত্তি দিতে চেষ্টা পাইল। ২৪ এবং তাহার কথাতে কেহ২ প্রত্যয় করিল, কেহ২ বা প্রত্যয় করিল না। ২৫ এই জন্যে তাহাদের পরস্পর অনৈক্য হওয়াতে সকলে চলিয়া গেল; তথাপি তাহাদের অব্যবহিত পূর্ব্বে পৌল এই এক কথা কহিল, পবিত্র আত্মা যিশয়িয় ভবিষ্যদ্বক্তার প্রমুখাৎ আমাদের পিতৃপুরুষদিগকে ২৬ এই কথা বিলক্ষণ কহিয়াছেন, "এই লোকদের "নিকটে গিয়া বল, তোমরা শুনিবা, কিন্তু বুঝিবা ২৭ "না; এবং দেখিবা, কিন্তু জানিতে পারিবা না; কেননা এই লোকেরা চক্ষুতে দেখিয়া ও কর্ণে শুনিয়া "ও অন্তঃকরণে বুঝিয়া মন ফিরাইলে আমি যেন "তাহাদিগকে সুস্থ না করি, এই নিমিত্তে তাহাদের "বুদ্ধি স্থূল ও তাহাদের কর্ণ ভারী ও তাহাদের চক্ষু "মুদ্রিত হইয়া থাকে।" ২৮ অতএব ঈশ্বরহইতে যে পরিত্রাণ, তাহার সংবাদ অন্যদেশীয় লোকদের কাছে প্রেরিত হইতেছে, এবং তাহারাই তাহা গ্রাহ্য করিবে, ইহা তোমরা জ্ঞাত হও। ২৯ এমন কথা কহিলে পর যিহূদীয়েরা পরস্পর অনেক বিচার করিতে২ চলিয়া গেল। ৩০ এই প্রকারে পৌল সম্পূর্ণ দুই বৎসর পর্য্যন্ত ভাড়াটিয়া বাসাগৃহে বাস করিয়া যে২ লোক তাহার নিকটে আইসে, সমস্তকেই গ্রহণ ৩১ করিয়া নির্ব্বিঘ্নে অতিশয় সাহস পূর্ব্বক ঈশ্বরের রাজত্বের কথা প্রচার করিয়া প্রভু যীশু খ্রীষ্টের বিষয়ে উপদেশ দিল। ইতি।

---

[১৬] প্রে ২৪; ২৩। ২৭; ৩॥—[১৭] ২১; ৩১-৩৩। ২৪; ১২,১৩। ২৫; ৮॥—[১৮,১৯] ২৫; ৯-১১,২৫। ২৬; ৩২॥ [২০] ২৩; ৬। ২৬; ৬,৭॥—[২২] ১৭; ৬। ২৪; ৫॥—[২৩] ১৮; ২৮। ২৬; ৬,৭,২২,২৩॥—[২৫-২৭] যিশ ৬; ৯,১০॥ [২৮] প্রে ১৩; ৪৬,৪৭। ১৮; ৬॥

৩৬ তোমাদিগকে জ্ঞাত করিতে প্রকাশিত ছিল। তিনি উপদেশ দেওনার্থে স্বর্গহইতে তোমাদিগকে আপন বাক্য শুনাইলেন,ও পৃথিবীর উপরে আপন মহা অগ্নি দেখাইলেন, এবং তোমরা অগ্নির মধ্যহইতে তাঁহার বাক্য ৩৭ শুনিলা। তিনি তোমাদের পূর্ব্বপুরুষদিগকে স্নেহ করিতেন, এই জন্যে তাহাদের ভাবিবংশকে মনোনীত করি- ৩৮ লেন। এবং তোমাদের হইতে বলবত্তর ও বৃহজ্জাতিদিগকে তোমাদের সাক্ষাতে বহির্ভূত করিতে, ও তোমাদিগকে তাহাদের দেশে প্রবেশ করাইতে, এবং অদ্যকার মত তাহা তোমাদিগকে অধিকার করাইতে তিনি আপন মহাপরাক্রমে মিসরদেশহইতে আপন ৩৯ সম্মুখে তোমাদিগকে বাহির করিয়া আনিলেন। অতএব ঊর্দ্ধস্থ স্বর্গে ও অধঃস্থ পৃথিবীতে পরমেশ্বরই প্রভু, আর কেহ নয়, ইহা তোমরা অদ্য জ্ঞাত হও, ও আপন২ ৪০ অন্তঃকরণে বিবেচনা কর। এবং তোমাদের ও তোমাদের পরে তোমাদের বংশের যেন মঙ্গল হয়, এবং তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে যে ভূমি চিরকালের জন্যে দেন, তাহার উপরে যেন তোমাদের আয়ুর্বৃদ্ধি হয়, এই জন্যে আমি তাঁহার যে২ বিধি ও ব্যবস্থা অদ্য তোমাদিগকে আজ্ঞা করিলাম, তাহা পালন কর।

৪১ পরে অজ্ঞাতে আপন প্রতিবাসিকে বধকারি ও অঘৃণা পূর্ব্বক বধকারি লোকেরা যে২ স্থানে পলাইয়া ৪২ বাঁচিতে পারে, এমত নগর সকল, অর্থাৎ রূবেনীয়দের সমভূমিস্থ অরণ্যস্থিত বেৎসর্, এবং গাদীয়দের গিলিয়দস্থিত রামোৎ, এবং মিনশীয়দের বাশনস্থ ৪৩ গোলন্, এই তিন নগর যর্দ্দনের এ পারে সূর্য্যোদয় দিগে মূসা প্রস্তুত করিল।

৪৪ পরে মূসা ইস্রায়েল্ বংশের সম্মুখে এই ব্যবস্থা ৪৫ স্থাপন করিল। মিসরহইতে ইস্রায়েল্ বংশের আগমনের পর হিষ্বোন্ নিবাসির, অর্থাৎ মিসরদেশহইতে বাহির হইয়া আগমনের পর যাহাকে মূসা ও ইস্রায়েল্ ৪৬ বংশ বধ করিল, সেই ইমোরীয়দের রাজা সীহোনের দেশে যর্দ্দনের এ পার স্থিত বৈৎপিয়োরের সম্মুখস্থ তলভূমিতে মূসা তাহাদিগকে এই সকল প্রমাণ বাক্য ও বিধি ৪৭ ও ব্যবস্থা দিল। কেননা তাহারা অর্ণোন্ নদী তীরস্থিত অরোয়ের্ অবধি সীয়োন্ পর্ব্বত পর্য্যন্ত অর্থাৎ হর্ম্মোণ্ ৪৮ পর্য্যন্ত; এবং যর্দ্দনের এ পারস্থিত পূর্ব্বদিগের তাবৎ প্রান্তর অবধি অস্দোৎ-পিস্গার অধঃস্থিত প্রান্তরস্থ ৪৯ সমুদ্র পর্য্যন্ত; যর্দ্দনের এ পারে সূর্য্যোদয়াভিমুখ বাশনের রাজা ওগের ভূমি ও সীহোনের ভূমি, ইমোরীয়দের এই দুই রাজার দেশ অধিকার করিয়াছিল।

৫ অধ্যায়।

১ হোরেবে নিয়মের নিরূপণ, ৬ ও দশ আজ্ঞার কথা, ২২ ও লোকদের নিবেদনদ্বারা মূসার দশ আজ্ঞা ঈশ্বরহইতে গ্রহণ করণ।

১ পরে মূসা তাবৎ ইস্রায়েল্ বংশকে ডাকিয়া কহিল, হে ইস্রায়েল্ বংশ, আমি শিক্ষার্থে ও রক্ষণার্থে ও পালনার্থে *তোমাদের কর্ণগোচরে যে বিধি ও ব্যবস্থা কহি, তাহাতে মনোযোগ কর। ২ আমাদের প্রভু পরমেশ্বর হোরেবে আমাদের সহিত এক নিয়ম করিলেন। ৩ পরমেশ্বর আমাদের পূর্ব্বপুরুষদের সহিত এই নিয়ম করেন নাই, কিন্তু অদ্য জীবিত আছি যে আমরা, আমাদের সহিত এই নিয়ম করিলেন। ৪ তোমরা অগ্নি প্রযুক্ত ভীত হইয়া পর্ব্বতে আরোহণ করিলা না; ৫ এই নিমিত্তে আমি সে সময়ে পরমেশ্বরের বাক্য তোমাদিগকে জ্ঞাত করিতে সেই স্থানে পরমেশ্বরের ও তোমাদের মধ্যে দাঁড়াইয়াছিলাম। পরমেশ্বর পর্ব্বতে অগ্নির মধ্যহইতে তোমাদের সহিত মুখামুখি হইয়া এই কথা কহিলেন।

৬ যিনি মিসরদেশহইতে অর্থাৎ দাসত্ব রূপ গৃহহইতে তোমাদিগকে আনিয়াছেন, তোমাদের সেই প্রভু পরমেশ্বর আমি। ৭ আমার সাক্ষাতে তোমাদের আর কোন দেবতা না থাকুক। ৮ এবং তুমি আপনার নিমিত্তে কোন খোদিত প্রতিমা অর্থাৎ উপরিস্থ স্বর্গে কিম্বা নীচস্থ পৃথিবীতে কিম্বা পৃথিবীর নীচস্থ জলেতে স্থিত কোন বস্তুর মূর্ত্তি নির্ম্মাণ করিও না। ৯ এবং তাহাদিগকে প্রণাম করিও না, ও তাহাদের সেবাও করিও না, কেননা আমি তোমাদের প্রভু পরমেশ্বর পাপে ক্রোধকারি ঈশ্বর, এবং যে পিতৃলোকেরা আমাকে ঘৃণা করে, তৃতীয় চতুর্থ পুরুষ পর্য্যন্ত তাহাদের সন্তানদের উপরে অধর্ম্মের প্রতিফলদাতা; ১০ কিন্তু যাহারা আমাতে প্রেম করে ও আমার আজ্ঞা পালন করে, তাহাদের সহস্র পুরুষ পর্য্যন্ত দয়াকারী। ১১ তুমি আপন প্রভু পরমেশ্বরের নাম নিরর্থক লইও না, কেননা যে কেহ তাঁহার নাম নিরর্থক লয়, পরমেশ্বর তাহাকে নিরপরাধি করিয়া গণনা করেন না। ১২ এবং আপন প্রভু পরমেশ্বরের আজ্ঞানুসারে বিশ্রামদিনকে পালন করিয়া পবিত্র কর। ১৩ ছয় দিন শ্রম করিয়া ব্যবসায়াদি সমস্ত কর্ম্ম কর; ১৪ কিন্তু সপ্তম দিনে অর্থাৎ তোমার প্রভু পরমেশ্বরের বিশ্রামদিনে তুমি কি তোমার পুত্র কি কন্যা কি দাস কি দাসী কি গোরু কি গর্দ্দভ কি অন্য কোন পশু কি দ্বারবর্ত্তি বিদেশী কেহ কোন কার্য্য করিও না; তাহাতে তোমার দাস ও দাসী তোমার সঙ্গে বিশ্রাম করিবে। ১৫ স্মরণ কর, তোমরা মিসরদেশে দাসত্বে ছিলা, কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বর পরাক্রান্ত হস্তদ্বারা ও

[৩৫] ১ রা ১৮; ৩৯। যিশ ৪৫; ৫, ৬। দা ২; ৪৭। ৩; ২৯॥—[৩৬] যা ১৯; ১৮,১৯। ২০; ১৮,২২॥—[৩৭] দ্বি ১০; ১৫। যা ৪; ১৬, ১৭॥—[৩৮] দ্বি ৭; ১। ৯; ১-৬॥—[৩৯] প ৩৫। যা ৯; ১৬। যি ২; ১১॥—[৪০] প ১। লে ১৮; ৪,৫। দ্বি ৫; ১৬॥—[৪১-৪৩] গ ৩৫; ৯-৩৪। যি ২০; ৮,৯॥—[৪৪-৪৬] দ্বি ১; ৩-৫॥—[৪৬] ৩; ২৯॥—[৪৭-৪৯] ৩; ৮-১০॥ [৫ অধ্য; ৩] য ১১; ১৬,১৭॥—[৪,৫] যা ১৯; ১৬-২০। ২০; ১৮॥—[৬-১৪] যা ২০; ১-১০॥—[১৫] দ্বি ১৫; ১৫॥

* (ইব্রি) আচরণ করিতে পালনার্থে।

বিস্তীর্ণ বাহুদ্বারা তথাহইতে তোমাদিগকে বাহির করিয়া আনিলেন; এই নিমিত্তে তোমাদের প্রভু পরমেশ্বর বিশ্রামদিন পালন করিতে তোমাদিগকে আজ্ঞা করিলেন।

১৬ আর তুমি আপন প্রভু পরমেশ্বরের আজ্ঞানুসারে আপন পিতামাতাকে সম্ভ্রম কর; তাহাতে তোমার প্রভু পরমেশ্বর তোমাকে যে দেশ দেন, সেই দেশে তোমার ১৭ দীর্ঘায়ু হইবে ও তোমার মঙ্গল হইবে। নরহত্যা করিও ১৮ না। ও পরদার করিও না। ১৯ ও চুরি করিও না। ২০ ও আপন প্রতিবাসির বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিও না। ২১ ও আপন প্রতিবাসির ভার্য্যাতে লোভ করিও না; এবং তাহার গৃহে কি ক্ষেত্রে, এবং তাহার দাসে কি দাসীতে, ও তাহার গোরুতে কি গর্দ্দভেতে, প্রতিবাসির কোন দ্রব্যেতেই লোভ করিও না।

২২ পরমেশ্বর পর্ব্বতে মেঘের ও ঘোর অন্ধকারের ও অগ্নির মধ্যহইতে সমস্ত মণ্ডলীর প্রতি এই সমস্ত বাক্য উচ্চৈঃস্বরে কহিলেন, আর কিছুই কহিলেন না। পরে তিনি এই সমস্ত কথা প্রস্তরের উপরে লিখিয়া আমাকে ২৩ সমর্পণ করিলেন। কিন্তু পর্ব্বতে অগ্নি প্রজ্বলিত হইলে তোমরা, অর্থাৎ তোমাদের বংশীয় অধ্যক্ষগণ ও প্রাচীনগণ অন্ধকারের মধ্যহইতে সেই বাক্যের শব্দ শুনিয়া ২৪ আমার নিকটে আসিয়া আমাকে কহিলা, দেখ, আমাদের প্রভু পরমেশ্বর আমাদের কাছে আপন মহিমা ও গৌরব প্রকাশ করিলেন; আমরা অগ্নির মধ্যহইতে তাঁহার বাক্য শুনিলাম, এবং মনুষ্যের সহিত ঈশ্বর কথা কহিলেও সে জীবিত থাকিতে পারে, ইহা আমরা অদ্য ২৫ দেখিলাম। কিন্তু আমরা যদি আপন প্রভু পরমেশ্বরের রব আরবার শুনি, তবেই মরিব; ঐ প্রজ্বলিত অগ্নি ২৬ আমাদিগকে দগ্ধ করিবে; আমরা এখন কেন মরিব? কেননা আমাদের মত অগ্নির মধ্যহইতে বাক্যবাদি জীবদীশ্বরের রব শুনিয়া প্রাণিদের মধ্যে কে জীবৎ আছে? ২৭ অতএব আমাদের প্রভু পরমেশ্বর যে সমস্ত কথা কহেন, তাহা তুমি নিকটে গিয়া শুন, পরে তুমি আমাদের প্রভু পরমেশ্বরের উক্ত সমস্ত কথা আমাদিগকে কহিও; ২৮ তাহাতে আমরা তাহা শুনিয়া পালন করিব। তোমরা যখন এই কথা কহিলা, তখন পরমেশ্বর সেই কথার রব শুনিয়া আমাকে কহিলেন, এই লোকেরা যে কথা কহিল, সেই কথার রব আমি শুনিলাম; তাহারা ২৯ উচিত কথা কহিল। হায় ২ আমাকে ভয় করিতে ও আমার আজ্ঞা সকল পালন করিতে যদি সর্ব্বদা তাহাদের মতি থাকে, তবে তাহাদের ও তাহাদের বংশের ৩০ চিরকাল মঙ্গল হয়। তুমি যাইয়া তাহাদিগকে আপন ২ শিবিরে ফিরিয়া যাইতে কহ। ৩১ কিন্তু তুমি আমার নিকটে এই স্থানে দাঁড়াও, আমি তোমাকে যে ২ আজ্ঞা ও বিধি ও ব্যবস্থা কহি, তাহারা যেন অধিকারার্থে আমার দত্ত দেশে তাহা পালন করে, এই জন্যে তুমি তাহাদিগকে তাহা শিক্ষা দেও। ৩২ অতএব তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে যে ২ আজ্ঞা করিলেন, তাহার দক্ষিণে ও বামে না ফিরিয়া তাহা পালন কর। ৩৩ ও তোমাদের প্রভু পরমেশ্বর যে ২ পথে চলিতে আজ্ঞা দিয়াছেন, সেই সমস্ত পথে চল; তাহাতে তোমরা বাঁচিবা ও তোমাদের মঙ্গল হইবে, এবং তোমাদের অধিকার দেশে তোমরা দীর্ঘায়ু হইবা।

৬ অধ্যায়।

১ ব্যবস্থার অভিপ্রায়, ৩ ও তাহা পালন করিতে বিনয় বাক্য।

১ তোমরা যে দেশ অধিকার করিতে ওপারে যাইতেছ, সেই দেশে পরমেশ্বর এই ২ আজ্ঞা ও বিধি ও ব্যবস্থা পালন করিতে তোমাদিগকে শিক্ষা দিতে আজ্ঞা করিলেন। ২ তাহাতে তোমরা যদি যাবজ্জীবন আপন পুত্র পৌত্রাদি ক্রমে প্রভু পরমেশ্বরকে ভয় করিয়া আমার উক্ত সেই সকল আজ্ঞা ও বিধি পালন কর, তবে তোমাদের আয়ুর বৃদ্ধি হইবে।

৩ অতএব হে ইস্রায়েল্ বংশ, মনোযোগ করিয়া এই আজ্ঞা পালন করিতে যত্ন কর, তাহাতে তোমাদের পূর্ব্বপুরুষের প্রভু পরমেশ্বর দুগ্ধ মধু প্রবাহি দেশে তোমাদের যে রূপ মঙ্গল করিতে প্রতিজ্ঞা করিয়াছেন, তদনুসারেই তোমাদের মঙ্গল হইবে ও তোমরা অতিশয় বর্দ্ধিষ্ণু হইবা। ৪ হে ইস্রায়েল্ বংশ, শুন, আমাদের প্রভু পরমেশ্বর একই পরমেশ্বর। ৫ তোমরা আপন সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণ ও সমস্ত শক্তিদ্বারা আপন প্রভু পরমেশ্বরেতে প্রেম কর। ৬ এই দিনে আমি তোমাদিগকে যে সকল আজ্ঞা করি, সে সকলি তোমাদের মনে থাকুক। ৭ তোমরা আপন ২ সন্তানগণকে যত্নপূর্ব্বক তাহা শিক্ষা দেও, এবং যে সময়ে তোমরা আপন গৃহে বসিয়া থাক, কিম্বা পথে গমন কর, কিম্বা শয়ন কর, কিম্বা গাত্রোত্থান কর, তৎকালে ঐ সমস্তের কথোপকথন কর। ৮ এবং এই সকল আপন হস্তে চিহ্নস্বরূপ বন্ধ কর, ও তাহা তোমাদের উভয় চক্ষুর মধ্যে কপালের ভূষণস্বরূপ হউক। ৯ এবং তোমাদের গৃহের দ্বারের কপালে ও বহির্দ্বারেতে সে সমস্ত লিখিয়া রাখ। ১০ তোমরা যাহা গাঁথিলা না, এমত বৃহৎ ও সুন্দর নগর, এবং যাহাতে কিছুই সঞ্চয় কর নাই, এমত সকল উত্তম দ্রব্যে পরিপূর্ণ গৃহ, ও যাহা খুদিলা না, এমত সকল কূপ; ১১ এবং যাহা রোপণ করিলা না,

[১৬-২১] যা ২০; ১২-১৭ ॥—[২২-২৭] যা ২০; ১৮,১৯ ॥—[২২] দ্বি ৪; ১০-১৩। যা ২৪; ১২॥—[২৪] দ্বি ৪; ৩৩ ॥
[২৬] ৪; ৩৩ ॥—[২৭] ইব্রি ১২; ১৮, ১৯। গল ৩; ১৯ ॥—[২৮-৩৩] যা ২০; ২০-২৩ ॥—[২৯] দ্বি ৩২; ২৯ ॥
[৩১] গল ৩; ১৯ ॥—[৩২] দ্বি ২৮; ১৪ ॥—[৩২,৩৩] ৪; ১,২,৪০ ॥
[৬ অধ্যা; ১,২] দ্বি ৫; ৩১-৩৩॥—[৩] আ ১৫; ৫। ২২; ১৭॥—[৪] দ্বি ৪; ৩৫,৩৯॥—[৪,৫] যা ১২; ২৯,৩০ ॥
[৫] দ্বি ১০; ১২॥—[৬-৯] ১১; ১৮-২১। ৩২; ৪৬,৪৭। হি ৬; ২০-২২ ॥—[৭] দ্বি ৪; ৯। গী ৭৮; ৪-৬। ইফ ৬; ৪ ॥
[৮] যা ১৩; ৯,১৬। হি ৩; ৩॥—[১০-১২] যি ২৪; ১৩-১৮। দ্বি ৮; ১০-১৪ ॥

এমত দ্রাক্ষাক্ষেত্র ও জিতক্ষেত্র তোমাদিগকে দিতে তোমাদের পূর্ব্বপুরুষ ইব্রাহীম্ ও ইস্হাক্ ও যাকূবের কাছে তোমাদের প্রভু পরমেশ্বর যে দেশ বিষয়ে শপথ করিয়াছেন; সেই দেশে তিনি তোমাদিগকে আনিলে ১২ যখন তোমরা ভোজন করিয়া তৃপ্ত হইবা, তৎকালে সাবধান, মিসর্দেশহইতে অর্থাৎ দাসত্বাগারহইতে তোমাদিগকে বাহির করিয়া আনয়নকারি যে পরমেশ্বর, ১৩ তাঁহাকে বিস্মৃত হইও না। তোমরা আপন প্রভু পরমেশ্বরকে ভয় কর, এবং তাঁহার সেবাও কর, ও তাঁহার ১৪ নাম লইয়া দিব্য কর। তোমাদের প্রভু পরমেশ্বরের ক্রোধ যেন তোমাদের প্রতিকূলে প্রজ্বলিত না হয়, ও দেশহইতে তোমাদিগকে বিনষ্ট না করে, এই জন্যে তোমরা অন্য দেবগণের, অর্থাৎ চতুর্দ্দিকস্থিত লোকদের ১৫ দেবতাদের পশ্চাদ্গামী হইও না; তোমাদের মধ্যে প্রভু পরমেশ্বর পাপে ক্রোধকারি ঈশ্বর।

১৬ মসাতে তোমরা যেমন আপন প্রভু পরমেশ্বরের পরীক্ষা লইলা, সেই রূপ তাঁহার পরীক্ষা লইও না। ১৭ তোমাদের প্রভু পরমেশ্বরের যে ২ আজ্ঞা, ও আজ্ঞাদ্বারা যে ২ প্রমাণ বাক্য ও বিধি, তাহা তোমরা যত্ন- ১৮ পূর্ব্বক পালন কর। এবং পরমেশ্বরের দৃষ্টিতে ন্যায় ও সৎ আচরণ কর, তাহাতে তোমাদের মঙ্গল হইবে। ১৯ এবং পরমেশ্বর আপন বাক্যানুসারে তোমাদের সম্মুখহইতে সকল শত্রুকে দূর করিতে যে দেশ বিষয়ে তোমাদের পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছেন, সেই উত্তম দেশে প্রবেশ করিয়া তাহা অধিকার করিবা।

২০ আর আমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে যে সকল প্রমাণ বাক্য ও বিধি ও ব্যবস্থা দিলেন, তাহা কি? ২১ এই কথা ভাবিকালে তোমাদের সন্তান* জিজ্ঞাসিলে, তোমরা আপন ২ সন্তানকে কহিবা, আমরা মিসর্দেশে ফিরৌণ্ রাজের দাস ছিলাম, তাহাতে পরমেশ্বর পরা- ২২ ক্রান্ত হস্তদ্বারা তথাহইতে আমাদিগকে বাহির করিলেন; এবং আমাদের সাক্ষাতে মিসরের প্রতি ও ফিরৌণের প্রতি ও তাহার পরিজনগণের প্রতি মহৎ ও ক্লেশদায়ক† ২৩ আশ্চর্য্য কর্ম্ম ও চিহ্ন দেখাইলেন। এবং আমাদিগকে যে দেশ দিতে আমাদের পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছিলেন, সেইদেশে আমাদিগকে আনয়ন করিতে তথা- ২৪ হইতে আমাদিগকে বাহির করিলেন। এবং পরমেশ্বর অদ্যকার মত আমাদের নিত্য হিতার্থে ও প্রাণ রক্ষাকরণার্থে এই সকল বিধি পালন করিতে ও আমাদের প্রভু পরমেশ্বরকে ভয় করিতে আমাদিগকে আজ্ঞা ২৫ করিলেন। এখন আমরা আপন প্রভু পরমেশ্বরের এই আজ্ঞানুসারে তাঁহার সম্মুখে সমস্ত বিধি পালন করিলে তাহা আমাদের ধর্ম্ম হইবে।

৭ অধ্যায়।

১ দেবপূজকদের সহিত ব্যবহার করণে নিষেধ, ১২ ও এই আজ্ঞা পালনের ফল ও আশীর্ব্বাদের কথা, ২৫ ও বিগ্রহ বিনাশ করিতে আজ্ঞা।

১ তোমরা যে দেশ অধিকার করিতে যাইতেছ, সেই দেশে যখন তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে প্রবেশ করাইবেন, ও তোমাদের সাক্ষাৎহইতে অনেক জাতিদিগকে, অর্থাৎ তোমাদেরহইতে বৃহৎ ও বলবান যে হিত্তীয় ও গির্গাশীয় ও ইমোরীয় ও কিনানীয় ও পিরিষীয় ও হিব্বীয় ও যিবূষীয়, এই সাত জাতিকে বাহির করি- ২ বেন; এবং যখন তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের হস্তে তাহাদিগকে সমর্পণ করিবেন, তখন তোমরা তাহাদিগকে প্রহার করিবা ও তাহাদিগকে নির্মূলে উচ্ছিন্ন করিবা; তোমরা তাহাদের সহিত কোন নিয়ম করিবা ৩ না, ও তাহাদের প্রতি দয়া করিবা না। ও তাহাদের সহিত বিবাহ সম্বন্ধ করিবা না, ও তাহাদের পুত্রকে আপনাদের কন্যা দিবা না, ও আপনাদের পুত্রের জন্যে তাহা- ৪ দের কন্যা গ্রহণ করিবা না। কেননা তাহারা তোমাদের পুত্রকে অন্যদেবের সেবা করণার্থে আমার পশ্চাদ্হইতে ফিরাইবে; তাহা হইলে তোমাদের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইয়া তোমাদিগকে শীঘ্র বিনষ্ট ৫ করিবে। অতএব তোমরা তাহাদের প্রতি এই রূপ ব্যবহার কর, তাহাদের বেদি বিনষ্ট কর, ও প্রতিমা ভগ্ন কর, ও চৈত্যবৃক্ষ ছেদন কর, ও তাহাদের খোদিত প্রতিমা ৬ অগ্নিতে দগ্ধ কর। কেননা তোমরা আপনাদের প্রভু পরমেশ্বরের পবিত্র লোক আছ, সমস্ত পৃথিবীস্থ লোকাপেক্ষা যেন আপনাদের প্রভু পরমেশ্বরের বিশেষ লোক হও, এই জন্যে তিনি তোমাদিগকে মনোনীত করিয়া- ৭ ছেন। তোমরা অন্য সকল জাতি অপেক্ষা সংখ্যাতে অধিক, একারণ পরমেশ্বর তোমাদিগকে স্নেহ ও মনোনীত করিয়াছেন তাহা নয়; কেননা তোমরা সমস্ত লোক ৮ অপেক্ষা অল্প। কিন্তু পরমেশ্বর তোমাদিগকে প্রেম করিয়াছেন, এবং তোমাদের পূর্ব্বপুরুষদের কাছে যে দিব্য করিয়াছেন, তাহা প্রতিপালনার্থে পরমেশ্বর আপন পরাক্রান্ত হস্তদ্বারা তোমাদিগকে দাসত্বাগারহইতে অর্থাৎ মিস্রিয় ফিরৌণ্ রাজের হস্তহইতে বাহির ৯ করিয়া মুক্ত করিয়াছেন। অতএব তোমাদের প্রভু পরমেশ্বর সত্য ঈশ্বর, এবং তিনি আপন প্রেমকারি ও আজ্ঞা পালনকারিদের সহস্র পুরুষ পর্য্যন্ত নিয়ম ও

[১৩] দ্বি ১০; ১২,২০॥—[১৪,১৫]৫; ৭-১০। ৭; ১-৬॥—[১৬] যা ১৭; ১-৭। গ ২০; ২-১১। ১ ক ১০; ৯। ম ৪; ৭॥
[১৭-১৯] প ১,২। দ্বি ৫; ৩১-৩৩॥—[২০-২৫] প ৭। যা ১২; ২৬, ২৭।১৩; ১৪,১৫। গী ৭৮; ৩-৮॥—[২১] যা ১। ১১। ১২॥
[২৪,২৫] দ্বি ১০; ১৩। ৩২; ৪৬, ৪৭। লে ১৮; ৪, ৫। রো ১০; ৫॥
[৭ অধ্য; ১-৫] যা ২৩; ২৩-৩৩। ৩৪; ১১-১৭। গ ৩৩; ৫১-৫৩॥—[২] দ্বি ২০; ১৬-১৮॥—[৫] ১২; ২,৩॥—[৬] যা ১৯; ৫,৬। দ্বি ২৬; ১৭-১৯। ১ পি ২; ৯॥—[৭] দ্বি ১০; ২২। ২৬; ৫॥—[৮] ১০; ১৫। গী ১০৫; ১-৪৫॥

* (ইব্রু) কল্য তোমার পুত্র। † (ইব্রু) মন্দ।

১০ অনুগ্রহকারি বিশ্বসনীয় ঈশ্বর, ইহা জ্ঞাত হও। এবং তিনি আপন ঘৃণাকারিগণকে সংহার করিয়া প্রকাশ রূপে ফল দিবেন, ফলতঃ বিলম্ব না করিয়া ঘৃণাকারিদিগকে ১১ প্রকাশ রূপে প্রতিফল দিবেন। অতএব আমি পালনার্থে অদ্য তোমাদিগকে যে২ আজ্ঞা ও বিধি ও ব্যবস্থা কহি, তাহা পালন করিতে যত্ন কর।

১২ তোমরা যদি এই ব্যবস্থাতে মনোযোগ করিয়া যত্নপূর্ব্বক তাহা পালন কর, তবে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের পূর্ব্বপুরুষদের কাছে যে নিয়ম ও অনুগ্রহের বিষয়ে দিব্য করিয়াছেন, সে সকল তোমা- ১৩ দের প্রতি সফল করিবেন। বিশেষতঃ তোমাদিগকে যে দেশ দিতে তোমাদের পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছেন, সেই দেশে তোমাদিগকে প্রেম করিবেন, ও আশীর্ব্বাদ করিয়া বর্দ্ধিষ্ণু করিবেন; এবং তোমাদের গর্ব্ভফল ও ভূমির ফল ও শস্য ও দ্রাক্ষারস ও তৈল ও গোসমূহ ও মেষপাল, এই সকলেতে আশীর্ব্বাদ ১৪ করিবেন। তাহাতে তোমরা সকল লোক অপেক্ষা আশীর্ব্বাদ পাইবা, এবং তোমাদের পশুগণের মধ্যে কিম্বা তোমাদের মধ্যে কোন পুরুষ কিম্বা কোন স্ত্রী ১৫ বন্ধ্যা হইবে না। এবং পরমেশ্বর তোমাদের হইতে সমস্ত পীড়া দূর করিবেন, এবং মিসর্‌দেশীয় যে সকল মহামারী তোমরা দেখিয়াছ, তাহা তোমাদের উপরে দিবেন না; কিন্তু তোমাদের ঘৃণাকারিগণকে দিবেন। ১৬ অতএব তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের হস্তে যে সকল লোকদিগকে সমর্পণ করেন, তোমরা তাহাদিগকে বিনাশ কর; তাহাদের প্রতি চক্ষুর্লজ্জা করিও না, ও তাহাদের দেবগণের সেবা করিও না, ১৭ কেননা তাহা তোমাদের ফাঁদ স্বরূপ। আর এই জাতিরা আমাদের হইতেও বহুপ্রজ, আমরা ইহা- ১৮ দিগকে কি প্রকারে অধিকারচ্যুত করিব? এমত মনে২ ভাবিয়া তাহাদের হইতে ভীত হইও না; তোমাদের প্রভু পরমেশ্বর ফিরৌণ্ রাজের ও তাবৎ মিসর্‌দেশের ১৯ প্রতি যে২ কর্ম্ম করিয়াছেন; এবং যে২ অদ্ভুত কর্ম্ম তোমরা প্রত্যক্ষ দেখিয়াছ, ও যে২ চিহ্ন ও আশ্চর্য্য কর্ম্ম ও পরাক্রান্ত হস্ত ও বিস্তারিত বাহুদ্বারা তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে বাহির করিয়া আনিয়াছেন, সেই সকল স্মরণ কর; তোমরা যাহাদিগকে ভয় করিতেছ, সেই তাবৎ লোকের প্রতি তোমাদের প্রভু ২০ পরমেশ্বর তদ্রূপ করিবেন। তদ্ভিন্ন যাহারা অবশিষ্ট হইয়া তোমাদের হইতে আপনাদিগকে গোপন করিবে, যে পর্য্যন্ত তাহাদের বিনাশ না হয়, তাবৎ তোমাদের প্রভু পরমেশ্বর তাহাদের মধ্যে ভিমরুল প্রেরণ করি- বেন। ২১ তোমরা তাহাদের হইতে ভীত হইও না, কেননা ২২ তোমাদের যে প্রভু পরমেশ্বর তোমাদের সহিত আছেন, তিনি বলবান ও ভয়ঙ্কর ঈশ্বর; তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সম্মুখহইতে ঐ জাতিদিগকে ক্রমে২ দূর* করিবেন, কেননা তোমাদের প্রতিকূলে যেন বনপশুগণ বর্দ্ধিত না হয়, এই জন্যে তোমরা এক কালে তাহাদিগকে বিনষ্ট করিতে পারিবা না। ২৩ কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের হস্তে† তাহাদিগকে সমর্পণ করিবেন; যে পর্য্যন্ত তাহারা সমূলে বিনষ্ট না হয়, তাবৎ মহাসংহারে তাহাদিগকে সংহার করিবেন। ২৪ ও তাহাদের রাজগণকে তোমাদের হস্তগত করিবেন, তাহাতে তোমরা আকাশের অধোহইতে তাহাদের নাম লোপ করিবা; ও যে পর্য্যন্ত তাহাদিগকে বিনষ্ট না করিবা, তাবৎ তোমাদের সম্মুখে কেহ দাঁড়াইতে পারিবে না।

২৫ তোমরা তাহাদের খোদিত প্রতিমাগণকে অগ্নিতে দগ্ধ করিবা, এবং তোমরা যেন ফাঁদগ্রস্ত না হও, এই জন্যে তাহাদের গাত্রীয় রৌপ্য কি স্বর্ণের প্রতি লোভ করিবা না, ও আপনাদের জন্যে তাহা গ্রহণ করিবা না, কেননা তাহা তোমাদের প্রভু পরমেশ্বরের ঘৃণার্হ বস্তু। ২৬ আর তোমরা যেন তাহাদের মত নির্মূলে উচ্ছিন্ন না হও, এই জন্যে সেই ঘৃণার্হ বস্তু আপন২ গৃহে আনিবা না, ও তাহাদের নির্মূলে উচ্ছিন্ন হওন প্রযুক্ত তাহাদিগকে অতিশয় ঘৃণা করিবা ও অতিশয় তুচ্ছ করিবা।

৮ অধ্যায়।

১ ইস্রায়েল্ লোকদের প্রতি পরমেশ্বরের দয়া ও অনুগ্রহ প্রযুক্ত তাঁহার আজ্ঞা পালন করিতে মূসার বিনয় বাক্য।

১ অদ্য আমি তোমাদিগকে যে সকল আজ্ঞা দি, যত্নপূর্ব্বক তাহা পালন কর, তাহাতে বাঁচিবা ও বর্দ্ধিষ্ণু হইবা; এবং পরমেশ্বর যে দেশের বিষয়ে তোমাদের পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছেন, সেই দেশে তোমরা প্রবেশ করিয়া তাহা অধিকার করিবা। ২ এবং তোমরা তাঁহার আজ্ঞা পালন করিবা কি না, এই বিষয়ে তোমাদের পরীক্ষা লইতে ও তোমাদের অন্তঃকরণ জানাইতে ও তোমাদিগকে নম্র করিতে তোমাদের প্রভু পরমেশ্বর এই চল্লিশ বৎসর প্রান্তরের মধ্যে যে২ পথে তোমাদিগকে গমন করাইয়াছেন, তাহা স্মরণ কর। ৩ মনুষ্য যে কেবল রুটীতে বাঁচে না, কিন্তু পরমেশ্বরের মুখহইতে নির্গত যে২ বাক্য, তাহাদ্বারাই বাঁচে, ইহা তোমাদিগকে জ্ঞাত করিতে তিনি তোমাদিগকে নত ও ক্ষুধিত করিয়া তোমাদের ও তোমাদের পূর্ব্বপুরুষদের অজ্ঞাত যে মান্না, তাহা দিয়া তোমাদিগকে প্রতিপালন করিলেন। ৪ এই চল্লিশ বৎসরেও তোমাদের গাত্রীয় বস্ত্র জীর্ণ হইল

[৯] গী ২৪; ১১। দ্বি ৫; ১০ ॥—[১০] ৫; ৯ ॥—[১২-২৬] যা ২৩; ২০-৩৩ ॥—[১২-১৪] দ্বি ২৮; ১-১৪ ॥—[১২] প ৮॥
[১৫] যা ১৫; ২৬ ॥—[১৬] দ্বি ১২; ২৯,৩০॥—[১৮,১৯] ৩১; ৩-৮॥—[২১] ১০; ১৭ । ৩১; ৬,৮॥—[২৩,২৪] ১১; ২২-২৫॥
[২৪] যি ১২; ১-২৪ ॥—[২৫] প ৫ ॥—[২৬] লে ২৭; ২৮। যি ৭; ১৫ ॥
[৮ অধ্য; ১] দ্বি ৪; ১ ॥—[২] ১; ৩৪-৪০ । ২; ৭ । যা ১৬; ৪,২৮,২৯ ॥—[৩] যা ১৬; ৩,৪,১৫ । ম ৪; ৪ ॥

* (ইব্রু) নিক্ষেপ। † (ইব্রু) সম্মুখে।

৫ না, ও তোমাদের পা ফুলিল না। এবং মনুষ্য যেমন আপন পুত্রকে শাসন করে, তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের প্রতিও তদ্রূপ শাসন করেন, ইহা তোমরা ৬ মনে বিবেচনা কর। তোমরা আপনাদের প্রভু পরমেশ্বরকে ভয় করণ ও তাঁহার পথে গমনদ্বারা তাঁহার ৭ আজ্ঞা পালন কর। যে দেশে তলভূমিহইতে ও পর্ব্বত-৮ হইতে নির্গত জলস্রোত ও উনুই ও জলাশয় আছে; এবং গোধূম ও যব ও দ্রাক্ষা ও ডুম্বুর ও দাড়িম্ব ও জিতৈল ও ৯ মধু উৎপন্ন হয়; ও যে দেশে ভক্ষ্য খাইতে পাইবা, তাহার অকুলান হইবে না ও তোমাদের কোন বস্তুর অভাব থাকিবে না, ও যাহার প্রস্তর লৌহ, ও যাহার পর্ব্বতহইতে পিত্তল খুদিবা, এমত উত্তম দেশে তোমাদের ১০ প্রভু পরমেশ্বর তোমাদিগকে আনিবেন। সেই স্থানে তোমরা ভোজন করিয়া তৃপ্ত হইলে তোমাদের প্রভু পরমেশ্বরের দত্ত দেশের উত্তমতা প্রযুক্ত তাঁহার ধন্যবাদ ১১ করিবা। কিন্তু সাবধান, আমি অদ্য তোমাদের প্রভু পরমেশ্বরের যে আজ্ঞা ও বিধি ও ব্যবস্থা তোমাদিগকে দি, তাহা তোমরা পালন না করিয়া তাঁহাকে বিস্মৃত হইও ১২ না। তোমরা ভোজন করিয়া তৃপ্ত হইলে ও উত্তম গৃথিত ১৩ গৃহে বাস করিলে, এবং তোমাদের গোমেষাদির পাল বৃদ্ধি পাইলে, ও তোমাদের স্বর্ণ ও রৌপ্য প্রচুর হইলে, ১৪ ও তোমাদের সকল ঐশ্বর্য্য বৃদ্ধি পাইলে, তোমরা অহঙ্কারী হইও না; এবং যিনি মিসর্দেশহইতে অর্থাৎ দাস-১৫ আগারহইতে তোমাদিগকে বাহির করিলেন, এবং অগ্নিবৎ সর্প ও বিছাতে পূর্ণ ও মহাভয়ঙ্কর অরণ্যের মধ্য দিয়া তোমাদিগকে আনিলেন, ও তোমাদের জন্যে নির্জ্জল মরু ভূমিতে অগ্নিপ্রস্তরময় পর্ব্বতহইতে জল ১৬ বাহির করিলেন; এবং তোমাদের নম্রতা ও পরীক্ষা ও ভাবিমঙ্গলার্থে তোমাদের পূর্ব্বপুরুষদের অজ্ঞাত যে মান্না, তাহাদ্বারা তোমাদিগকে প্রান্তরে প্রতিপালন করিলেন, এমত যে তোমাদের প্রভু পরমেশ্বর, তাঁহাকে বিস্মৃত ১৭ হইও না। এবং আমরা আপন পরাক্রম ও বাহুবলেতে এই সকল ঐশ্বর্য্য পাইলাম, এমত কথা মনে করিও না; ১৮ কিন্তু তোমরা আপন প্রভু পরমেশ্বরকে স্মরণ করিও, কেননা তিনি তোমাদের পূর্ব্বপুরুষদের কাছে আপনার যে নিয়ম বিষয়ে দিব্য করিয়াছেন, তাহা অদ্যকার মত স্থির করিতে ও তোমাদিগকে ধন পাইতে শক্তি ১৯ দিলেন। কিন্তু যদি তোমরা কোন প্রকারে আপন প্রভু পরমেশ্বরকে বিস্মৃত হইয়া অন্য দেবগণের পশ্চাদ্গামী হইয়া তাহাদের সেবা ও ভজনা কর, তবে অবশ্য বিনষ্ট হইবা; তোমাদের বিরুদ্ধে এই সাক্ষ্য ২০ অদ্য আমি দিতেছি। এবং তোমরা আপন প্রভু পরমেশ্বরের বাক্য না মানিলে তোমাদের সম্মুখে পরমেশ্বর যে জাতিদিগকে বিনষ্ট করিবেন, তাহাদের ন্যায় বিনষ্ট হইবা।

৯ অধ্যায়।

১ আপন২ ধর্ম্মের ওপরে নির্ভর না দিতে মূসার নিবেদন, ৭ ও আজ্ঞা লঙ্ঘনের বর্ণনা।

১ হে ইস্রায়েল্ বংশ, তোমরা মনোযোগ কর, বৃহৎ ও আকাশ পর্য্যন্ত প্রাচীরেতে বেষ্টিত নগরকে এবং ২ তোমাদেরহইতে বৃহৎ ও বলবান জাতিদিগকে, অর্থাৎ যাহাদিগকে তোমরা জ্ঞাত আছ, এবং তাহাদের সম্মুখে কে দাঁড়াইতে পারে? যাহাদের বিষয়ে এমত কথা শুনিয়াছ, সেই বৃহৎ ও দীর্ঘকায় অনাকীয় লোকদিগকে অধিকার করিতে অদ্য তোমাদের যর্দ্দন্ নদী পার ৩ হইতে হইবে। তাহাতে দাহকাগ্নি স্বরূপ তোমাদের প্রভু পরমেশ্বর আপনি তোমাদের অগ্রগামী হইবেন, ইহা জ্ঞাত হও; তিনি তাহাদিগকে সংহার করিবেন, ও তোমাদের সাক্ষাতে তাহাদিগকে বশীভূত করিবেন, এবং তোমরা পরমেশ্বরের বাক্যানুসারে তাহাদিগকে তাড়না করিয়া বাহির করিবা, ও ত্বরায় তাহাদিগকে ৪ বিনষ্ট করিবা। কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সম্মুখহইতে তাহাদিগকে বহিষ্কৃত করিলে পর, পরমেশ্বর আমাদের ধর্ম্ম প্রযুক্ত এই দেশ অধিকার করাইতে আমাদিগকে প্রবেশ করাইয়াছেন, মনে২ এমত ভাবিও না; কেননা পরমেশ্বর এই জাতিদের পাপ প্রযুক্ত তোমাদের সম্মুখহইতে ইহাদিগকে বাহির ৫ করিবেন। তোমরা আপন২ ধর্ম্ম ও অন্তঃকরণের সারল্য প্রযুক্ত তাহাদের দেশ অধিকার করিতে যাইবা, তাহা নয়; কিন্তু এই জাতিদের অধর্ম্ম প্রযুক্ত এবং তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের পূর্ব্বপুরুষ ইব্রাহীম্ ও ইস্হাক্ ও যাকূবের প্রতি যে দিব্য করিয়াছেন, তাহা পালনার্থে তোমাদের সম্মুখহইতে ৬ তাহাদিগকে বাহির করিবেন। অতএব তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের ধর্ম্ম প্রযুক্ত এই উত্তম দেশে তোমাদিগকে অধিকার দিবেন না, ইহা জ্ঞাত হও, কেননা তোমরা অবাধ্য লোক।

৭ আর তোমরা প্রান্তরের মধ্যে আপন প্রভু পরমেশ্বরকে যেরূপ ক্রুদ্ধ করিয়াছিলা, তাহা স্মরণ কর, বিস্মৃত হইও না; কেননা তোমরা মিসর্দেশহইতে যাত্রা করণ অবধি এই স্থানে আগমন পর্য্যন্ত পরমেশ্বরের আজ্ঞা ৮ লঙ্ঘনকারী হইয়া আসিতেছ। এবং হোরেবেও পরমেশ্বরকে ক্রুদ্ধ করিয়াছ; তাহাতে পরমেশ্বর ক্রোধ করিয়া তোমাদিগকে বিনাশ করিতে উদ্যত হইয়া-

[৩,৪] দ্বি ২৯;৫,৬ ।।—[৫] হি ৩; ১২। ইব্রি ১২; ৫,৬ ।।—[৬] দ্বি ৫;৩৩।।—[৭-৯] ১১; ১০-১২ ।।—[১০-১৪] ৬; ১০-১২। ৩২; ১৫। হি ৩০; ৯ ।।—[১৫] প ২। গ ২১; ৬। ২০; ২,১১ ।।—[১৬] প ২,৩। যা ১৬; ১৪,১৫,৩৫ ।।—[১৮] দ্বি ৭; ৮,৯। ১০; ২২। হগ ২; ৮ ।।—[১৯,২০] দ্বি ৪; ২৫-২৮। ৩০; ১৭,১৮ ।।

[৯ অধ্য; ২] গ ১৩; ২৮,৩১-৩৩ ।।—[৩] দ্বি ৭; ১৬-২৪ ।।—[৪-২৪] গী ১০৬। যিহি ২০; ১-২৬ ।।—[৫] আ ১৫; ১৬-২১ ।।—[৭] প ২২-২৪। যা ১৪; ১১,১২। ১৬; ২,৩। ১৭; ২। গ ১৬; ৫। ১৭; ১২,১৩। ২০; ২-৫। ২১; ৪,৫। ২৫; ২ ।।

৯ ছিলেন। যে সময়ে আমি প্রস্তর অর্থাৎ তোমাদের সহিত পরমেশ্বরের নিয়মের প্রস্তর গ্রহণার্থে পর্ব্বতারোহণ করিলাম, এবং চল্লিশ দিবারাত্রি ভোজন পান না ১০ করিয়া পর্ব্বতে থাকিলাম, এবং পরমেশ্বর স্বহস্তে লিখিত, অর্থাৎ পর্ব্বতে সমাগম দিবসে অগ্নির মধ্যহইতে পরমেশ্বর তোমাদিগকে যাহা কহিলেন, সেই বাক্যানুসারে লিখিত দুই প্রস্তর আমাকে দিলেন। ১১ সেই সময়ে চল্লিশ দিবারাত্রিগতে পরমেশ্বর ঐ খোদিত দুই প্রস্তর অর্থাৎ নিয়মের প্রস্তর আমাকে দিয়া ১২ কহিলেন, উঠ, এ স্থানহইতে শীঘ্র নামিয়া যাও; কেননা তুমি মিসর্‌দেশহইতে যে লোকদিগকে বাহির করিয়া আনিলা, তাহারা আপনাদিগকে ভ্রষ্ট করিল, ও আমি যে পথ দেখাইলাম, শীঘ্র সে পথ বহির্ভূত হইল,ও আপনাদের জন্যে ছাঁচে ঢালা প্রতিমা নির্ম্মাণ ১৩ করিল। এবং পরমেশ্বর আমাকে আরো কহিলেন, ১৪ এই লোকেরা অবাধ্য, ইহা আমি দেখিলাম। অতএব তুমি আমাহইতে সর, আমি তাহাদিগকে বিনষ্ট করি, ও আকাশের অধোহইতে তাহাদের নাম লোপ করি, কিন্তু তোমাকে তাহাদের হইতেও বলবান ও ১৫ বৃহজ্জাতি করিব। তাহাতে আমি দুই হস্তে নিয়মের প্রস্তর লইয়া ফিরিয়া প্রজ্বলিত অগ্নির পর্ব্বতহইতে ১৬ নামিয়া আইলাম। পরে তোমরা আপন প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে পাপ করিয়াছ,ও আপনাদের জন্যে ছাঁচে ঢালা গোবৎস নির্ম্মাণ করিয়াছ,ও পরমেশ্বরের আজ্ঞাপিত পথ শীঘ্র বহির্ভূত হইয়াছ, ইহা আমি ১৭ অবলোকন করিয়া দেখিলাম। তাহাতে আমি সেই দুই প্রস্তর লইয়া আপন হস্তহইতে ফেলিয়া তোমা- ১৮ দের সাক্ষাতে তাহা ভাঙ্গিলাম। এবং আমি প্রথমের ন্যায় পরমেশ্বরের সম্মুখে উবুড় হইয়া পড়িলাম, এবং তোমরা পরমেশ্বরকে ক্রুদ্ধ করণার্থে তাঁহার দৃষ্টিতে কুকর্ম্ম ও পাপ করিলা; সেই পাপের জন্যে আমি চল্লিশ দিবারাত্রি রুটী ভোজন ও জল পান করি- ১৯ লাম না। কেননা পরমেশ্বর তোমাদিগকে বিনষ্ট করিতে ক্রোধে ও অতিশয় তাপে প্রজ্বলিত হইলে আমি ভীত হইলাম; কিন্তু তৎকালেও পরমেশ্বর আমার নিবেদন ২০ শুনিলেন। এবং পরমেশ্বর হারোণ্‌কে বিনষ্ট করণার্থে অতিশয় ক্রুদ্ধ হইলে আমি সে সময়েও তাহার জন্যে ২১ প্রার্থনা করিলাম। এবং তোমাদের পাপ,অর্থাৎ তোমরা যে গোবৎস নির্ম্মাণ করিয়াছিলা, তাহা লইয়া অগ্নিতে দগ্ধ করিলাম ও পিষিয়া চূর্ণ করিলাম; যে পর্য্যন্ত তাহা ধূলীবৎ সূক্ষ্ম না হইল,তাবৎ চূর্ণ করিয়া পর্ব্বতহইতে নির্গত নদীতে তাহার ধূলী নিক্ষেপ করি- ২২ লাম। পরে তোমরা তবিয়েরাতে ও মসাতে ও কিব্রোৎহত্তাবাতে পরমেশ্বরকে ক্রুদ্ধ করিলা। তাহার পর ২৩ পরমেশ্বর কাদেশ্‌-বর্ণেয়হইতে তোমাদিগকে প্রেরণকালে কহিলেন,তোমরা উঠিয়া যাও,আমি তোমাদিগকে যে দেশ দি, তাহা অধিকার কর; তৎকালেও তোমরা আপন প্রভু পরমেশ্বরেতে প্রত্যয় না করিয়া তাঁহার কথায় মনোযোগ না করিয়া তাঁহার আজ্ঞা লঙ্ঘন করিলা। তোমাদের সহিত আমার পরিচয়দিনাবধি ২৪ তোমরাপরমেশ্বরের আজ্ঞা লংঙ্ঘন করিয়া আসিতেছ। অতএব আমি প্রথমের ন্যায় তৎকালেও চল্লিশ দিবা- ২৫ রাত্রি পরমেশ্বরের সম্মুখে উবুড় হইয়া পড়িলাম; পরমেশ্বর তোমাদিগকে বিনষ্ট করিবেন, ইহা আপনি কহিলেন। এবং আমি পরমেশ্বরের কাছে এই প্রার্থনা ২৬ করিলাম, হে প্রভো পরমেশ্বর, তুমি আপন পরাক্রান্ত হস্তদ্বারা আপনার অধিকার রূপ যে লোকদিগকে আপন মহিমাতে মুক্ত করিলা ও মিসর্‌হইতে বাহির করিয়া আনিলা,তাহাদিগকে বিনষ্ট করিও না। তোমার ২৭ দাস যে ইব্রাহীম্‌ ও ইস্‌হাক্‌ ও যাকুব্‌, তাহাদিগকে স্মরণ কর; এই লোকদের অবাধ্যতার ও দুষ্টতার ও পাপের প্রতি দৃষ্টি করিও না। কেননা তুমি আমা- ২৮ দিগকে যে দেশহইতে বাহির করিয়া আনিলা, সেই দেশীয় লোকেরা এমত কথা কহিবে; পরমেশ্বর তাহাদিগকে যে দেশ দিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন, সে দেশে লইয়া যাইতে পারিলেন না, এই জন্যে তাহাদিগকে ঘৃণা করিয়া বধ করিতে প্রান্তরে বাহির করিয়া আনিলেন। তুমি আপন মহাপরাক্রমে ও বিস্তীর্ণ বাহুদ্বারা ২৯ যাহাদিগকে বাহির করিয়া আনিলা, ইহারাই তোমার সেই লোক ও অধিকার।

১০ অধ্যায়।

১ দ্বিতীয় বার দশ আজ্ঞা দেওন, ৬ এ হারোণের মরনের পর তাহার পুত্রের যাজকত্ব পদে নিযুক্ত হওন, ৮ এ লেবীয়দিগকে পৃথক করন, ১০ এ ঈশ্বরের আজ্ঞা, ১২ এ ঈশ্বরের আজ্ঞা পালন করিতে মূসার বিনয়।

১ সেই সময়ে পরমেশ্বর আমাকে কহিলেন,তুমি প্রথমের দুই প্রস্তরের ন্যায় দুই প্রস্তর খুদিয়া আমার নিকটে পর্ব্বতে আরোহণ কর, এবং কাষ্ঠের এক সিন্দুক নির্ম্মাণ ২ কর। তাহাতে তোমাকর্তৃক ভগ্ন প্রথম প্রস্তরেতে যে২ বাক্য ছিল, তাহা আমি ঐ প্রস্তরে লিখিলে তুমি সে ৩ সকল ঐ সিন্দুকে রাখিবা। পরে আমি শিটীম কাষ্ঠের এক সিন্দুক নির্ম্মাণ করিলাম, এবং প্রথমের ন্যায় দুই প্রস্তর খুদিয়া ঐ দুই প্রস্তর হস্তে লইয়া পর্ব্বতারোহণ ৪ করিলাম। তাহাতে পরমেশ্বর প্রথম লিখনানুসারে অর্থাৎ সমাগম দিবসে পরমেশ্বর পর্ব্বতে অগ্নিমধ্যহইতে যে দশ আজ্ঞা তোমাদিগকে কহিয়াছিলেন,

[৮-২১] যা ৩২; ১-২৯ ॥—[৯] যা ২৪; ১৫-১৮ ॥—[১০, ১১] দ্বি ৫; ২২। যা ৩১; ১৮॥—[১৮,১৯] প ২৫-২৯। যা ৩২; ৩১-৩৫ ॥—[২২] গ ১১; ১-৩, ৪-৬,২৪। যা ১৭; ২,৭॥—[২৩] গ ১৪; ২-৪। দ্বি ১; ২৬-৩৩॥—[২৫] যা ৩৪; ২৫ ॥ [২৬-২৯] প ১৮,১৯। যা ৩২; ১১-১৪, ৩১-৩৫। গ ১৪; ১৩-১৯ ॥—[২৮] দ্বি ৩২; ২৬,২৭॥—[২৯] যা ১৯; ৫,৬॥ [১০ অধ্য; ১,২] যা ৩৪; ১ ॥—[৩] যা ৩৫; ১-৫॥—[৪] যা ৩৪; ২৮। দ্বি ৫; ৬-২২॥

তাহা ঐ প্রস্তরের উপরে লিখিয়া আমাকে দিলেন। ৫ পরে আমি মুখ ফিরাইয়া পর্ব্বতহইতে নামিয়া আপন নির্ম্মিত সিন্দুকে সেই দুই প্রস্তর রাখিলাম,এবং আমার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে সেই প্রস্তর সেই স্থানে থাকে।

৬ পরে ইস্রায়েল্ বংশ বেরোৎ-বিনেয়াকন্‌হইতে মোষেরোতে যাত্রা করিলে সে স্থানে হারোণ্ মরিল; তাহাতে সেই স্থানেই তাহার কবর হইল, এবং তাহার পুত্র ইলিয়াসর্ তাহার যাজকত্ব পদে নিযুক্ত হইয়া ৭ সেবা করিল। পরে তাহারা সে স্থানহইতে গুদ্‌গোদাতে যাত্রা করিল,এবং গুদ্‌গোদাহইতে সজল স্রোত বিশিষ্ট দেশ যোট্‌বাথাতে প্রস্থান করিল।

৮ সে সময়ে অদ্যকার মত পরমেশ্বরের নিয়মের সিন্দুক বহনার্থে ও পরমেশ্বরের সেবা করিবার জন্যে তাঁহার সাক্ষাতে দাঁড়াইতে ও তাঁহার নামে আশীর্ব্বাদ ৯ দিতে পরমেশ্বর লেবীয় বংশকে পৃথক্ করিলেন। এই জন্যে আপন ভ্রাতৃগণের মধ্যে লেবীয়দের কোন অংশ কিম্বা অধিকার থাকে না,তোমাদের প্রভু পরমেশ্বরের বাক্যানুসারে * পরমেশ্বরই তাহাদের অধিকার হয়।

১০ অপর প্রথম সময়ের † ন্যায় আমি সেই সময়েও চল্লিশ দিবারাত্রি পর্ব্বতে থাকিলাম; তাহাতে পরমেশ্বর তৎকালেও আমার নিবেদন শুনিয়া তোমাদিগকে ১১ বিনষ্ট করিতে সম্মত হইলেন না। অনন্তর পরমেশ্বর আমাকে কহিলেন, উঠ, আমি লোকদিগকে যে দেশ দিতে তাহাদের পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছি, তুমি সেই দেশে প্রবেশ করিয়া অধিকার করিতে তাহাদের অগ্রগামী হইয়া গমন কর।

১২ হে ইস্রায়েল্ বংশ, তোমাদের প্রভু পরমেশ্বরকে ভয় করণ, ও তাঁহার সকল পথে গমন, ও তাঁহাতে প্রেম করণ, এবং সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণের ১৩ সহিত তোমাদের প্রভু পরমেশ্বরের সেবা করণ; এবং পরমেশ্বরের যে২ আজ্ঞা ও যে২ বিধি তোমাদের হিতার্থে অদ্য দি, এই সকল ব্যতিরেকে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের কাছে আর কি চাহেন? ১৪ দেখ, আকাশ ও উপরিস্থ স্বর্গ ও পৃথিবী ও তন্মধ্যস্থ ১৫ সমস্ত বস্তু তোমাদের প্রভু পরমেশ্বরের। পরমেশ্বর কেবল স্নেহ করিয়া তোমাদের পূর্ব্বপুরুষদের প্রতি তুষ্ট ছিলেন, এবং তাহাদের পরে তাহাদের বংশকে, অর্থাৎ অদ্যকার মত সর্ব্বাপেক্ষা তোমাদিগকে মনোনীত করিলেন। ১৬ অতএব তোমরা আপন২ অন্তঃকরণের অত্বক্‌ছেদন কর, অবাধ্য হইও না। ১৭ কেননা তোমাদের প্রভু পরমেশ্বর ঈশ্বরদের ঈশ্বর ও প্রভুদের প্রভু, ও মহান্ ও সর্ব্বশক্তিমান ও ভয়ঙ্কর ঈশ্বর; এবং মনুষ্যের মুখাপেক্ষা করেন না, ও উৎকোচ গ্রহণ ১৮ করেন না। তিনি পিতৃহীনদের ও বিধবাদের বিচার নিষ্পন্ন করেন, এবং খাদ্য ও বস্ত্র দিয়া বিদেশিকে ১৯ প্রেম করেন। অতএব তোমরা বিদেশিকে প্রেম কর, ২০ কেননা তোমরা মিসর্‌দেশে বিদেশী ছিলা। তোমরা আপন প্রভু পরমেশ্বরকে ভয় কর, ও তাঁহার সেবা কর, ও তাঁহাতে আসক্ত হও, ও তাঁহার নামে দিব্য ২১ কর। তিনি তোমাদের প্রশংসনীয় পাত্র ও তোমাদের ঈশ্বর, এবং তোমরা যে বৃহৎ ও ভয়ঙ্কর বিষয় চক্ষুতে দেখিয়াছ, সে সকল তিনি তোমাদের জন্যে করিলেন। ২২ তোমাদের পূর্ব্বপুরুষেরা কেবল সত্তরি জন মিসরে গেল, কিন্তু এখন তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে সংখ্যাতে আকাশের তারার ন্যায় করিলেন।

১১ অধ্যায়।

১ ঈশ্বরের মহাকর্ম্ম প্রযুক্ত তাঁহার আজ্ঞা পালন করিতে বিনয়. ১০ ও দেশের বর্ণনা, ১৩ ও আজ্ঞা পালনের ফল নির্ণয়, ১৮ ও সন্তানগণকে উপদেশ দিতে আজ্ঞা, ২২ ও আজ্ঞা পালনের ফল, ২৬ ও শাপ ও আশীর্ব্বাদের কথা।

১ তোমরা সর্ব্বদা আপন প্রভু পরমেশ্বরকে প্রেম কর, এবং তাঁহার রক্ষণীয় ও বিধি ও ব্যবস্থা ও আজ্ঞা ২ সর্ব্বদা পালন কর। এবং তাঁহার মহিমা ও পরাক্রান্ত হস্ত ও বিস্তীর্ণ বাহু, ৩ এবং মিসর্‌দেশের মধ্যে মিসর্‌দেশীয় ফিরৌণ্ রাজের প্রতি ও তাহার সমস্ত দেশের প্রতি কৃত তাঁহার আশ্চর্য্য লক্ষণ ও কার্য্য; ৪ এবং মিস্রীয় সৈন্যের ও অশ্বের ও রথের প্রতি কৃত কার্য্য, এবং তাহারা তোমাদের পশ্চাৎ তাড়না করণ সময়ে তিনি যে রূপে সুফার্ণবের জল তাহাদের উপরে বহাইয়াছেন,এবং পরমেশ্বর তাহাদিগকে অদ্য পর্য্যন্ত ৫ নষ্ট করিয়াছেন; এবং এ স্থানে তোমাদের আগমন পর্য্যন্ত তোমাদের জন্যে প্রান্তরে যাহা২ করিয়াছেন; ৬ এবং রূবেনের পুত্র ইলীয়াবের সন্তান দাথন্ ও অবীরামের প্রতি যাহা২ করিয়াছেন, ফলতঃ পৃথিবী যে রূপে আপন মুখ বিস্তার করিয়া তাবৎ ইস্রায়েল্ বংশের মধ্যে তাহাদিগকে ও তাহাদের পরিজনগণকে ও তাহাদের তাম্বুকে ও তাহাদের অধিকৃত সমস্ত

[৫] যা ৩৪; ২৯। ৪০; ২০॥—[৬] গ ৩৩; ৩১, ৩৮। ২০; ২৭-২৯॥—[৭] গ ৩৩; ৪১॥—[৮] গ ৩; ৫-১৩। ৪; ১৫। ৬; ২২-২৭॥—[৯] গ ১৮; ২০-২৪। দ্বি ১৮; ১,২॥—[১০] ৯; ১৮॥—[১১] যা ৩২; ৩৪। ৩৩; ১॥—[১২] দ্বি ৬; ৪-৬। মী ৬; ৮। ঙ ১২; ১৩॥—[১৩] দ্বি ৬; ২৪॥—[১৪] ১ রা ৮; ২৭। গী ১১৫; ১৬। যা ১৯; ৫। গী ৫০; ৯-১৩॥—[১৫] দ্বি ৪; ৩৭। ৯; ৪-৬॥—[১৬] ৩০; ৬। যির ৪; ৪। রো ২; ২৮,২৯। দ্বি ৯; ৬,১৩॥—[১৭] গী ১৩৬; ১-৩। দা ২; ৪৭। প্র ১৯; ১১-১৬। ১৭; ১৪। ২ বং ১৯; ৭॥—[১৮, ১৯] যা ২২; ২১-২৪। লে ১৯; ৩৩,৩৪॥—[২০] দ্বি ৬; ১৩। ম ৪; ১০॥ [২১] যা ১৫; ২। দ্বি ৪; ৭-১০॥—[২২] ৭; ৭। ২৬; ৫॥

[১১অধ্য; ১] দ্বি ১০; ১২॥—[৩] গী ১০৫; ২৭-৩৮॥—[৪] যা ১৪; ৫-৩১॥—[৫] গী ৭৮; ১৩-১৬॥

* (বা) প্রতিজ্ঞানুসারে। † (বা) পূর্ব্ব কালের।

৭ সম্পত্তিকে* গ্রাস করিয়াছে, তোমাদের প্রভু পরমেশ্বরের কৃত এই যে সকল দণ্ড তোমাদের বালকেরা জানে না ও দেখে নাই, সেই সকল অদ্য তোমরা মনে কর; কেননা তোমরা পরমেশ্বরের কৃত মহৎকর্ম্ম সকল ৮ স্বচক্ষে দেখিয়াছ। অতএব তোমরা যে দেশ অধিকার করিতে পারে যাইতেছ, সাহস করিয়া যেন সেই দেশে ৯ প্রবেশ করিয়া অধিকার কর; এবং যে দেশ অর্থাৎ দুগ্ধ মধু প্রবাহি দেশ তোমাদের পূর্ব্বপুরুষদিগকে ও তাহাদের বংশকে দিতে পরমেশ্বর দিব্য করিয়াছেন, সেই দেশে যেন বহুকাল তোমাদের অবস্থিতি হয়, এই নিমিত্তে অদ্য আমি তোমাদিগকে যে সকল আজ্ঞা করি, তোমরা তাহা পালন কর।

১০ তোমরা যে দেশ অধিকার করিতে যাইতেছ, সে দেশ মিসরের তুল্য নয়, অর্থাৎ তোমরা যে মিসর্ হইতে বাহির হইয়া আইলা, ও যে স্থানে বীজ বুনিয়া শাকের উদ্যানের ন্যায় পদদ্বারা জল সেচিলা, তাহার ১১ তুল্য নয়। কিন্তু তোমরা যে দেশ অধিকার করিতে পারে যাইতেছ, সেই পর্ব্বতময় ও তলভূমিময় আকা- ১২ শের বৃষ্টিপালিত দেশ তোমাদের প্রভু পরমেশ্বরের দ্বারা প্রতিপালিত † হয়, এবং বৎসরের প্রথমাবধি শেষ পর্য্যন্ত তোমাদের প্রভু পরমেশ্বরের দৃষ্টি সর্ব্বদা তাহার প্রতি থাকে।

১৩ আর তোমরা আপন সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণের সহিত আপন প্রভু পরমেশ্বরকে প্রেম কর ও সেবা কর, এই যে আজ্ঞা আমি অদ্য তোমাদিগকে দিতেছি, সাব- ১৪ ধান হইয়া যদি ইহাতে মনোযোগ কর, তবে তোমরা যেন আপন শস্য ও দ্রাক্ষারস ও তৈল সংগ্রহ করিতে পার, এই জন্যে আমি উপযুক্ত কালে দেশের আদ্যন্ত পর্য্যন্ত ১৫ বৃষ্টি দান করিব; ও তোমাদের পশুগণের জন্যে ক্ষেত্রে তৃণ দিব; তাহাতে তোমরা ভক্ষণ করিয়া তৃপ্ত হইবা। ১৬ তোমরা সাবধান, তোমাদের মন ভ্রান্ত না হউক, তোমরা পথ ছাড়িয়া অন্য দেবগণের সেবা করিয়া তাহা- ১৭ দিগকে প্রণাম করিও না; নতুবা তোমাদের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইবে, ও তিনি আকাশ রোধ করিলে বৃষ্টি হইবে না, ও ভূমিতে শস্যাদি উৎপন্ন হইবে না, এবং পরমেশ্বর তোমাদিগকে যে দেশ দেন, তাহার মধ্যে তোমরা ত্বরায় বিনষ্ট হইবা।

১৮ তোমরা আমার এই বাক্য আপন ২ অন্তঃকরণে ও মনে রাখ, ও চিহ্নস্বরূপ আপন ২ হস্তে বন্ধ কর, এবং সে সকল তোমাদের চক্ষুর্দ্বয় মধ্যে ভূষণস্বরূপ থাকুক। ১৯ এবং তোমরা গৃহে উপবেশন ও পথে গমন ও শয়ন ও গাত্রোত্থান সময়ে ঐ সকল কথা ব্যাখ্যা করিয়া আপন ২ বালকদিগকে শিক্ষা দেও। এবং আপন গৃহদ্বারের ২০ পার্শ্বস্থ কাষ্ঠোপরি ও দ্বারের উপরি তাহা লিখিয়া রাখ। তাহাতে পরমেশ্বর তোমাদের পূর্ব্বপুরুষদিগকে ২১ যে ভূমি দিতে দিব্য করিয়াছেন, সেই ভূমিতে যাবৎ পৃথিবীর উপরে আকাশ থাকে, তাবৎ তোমাদের ও তোমাদের বংশের বৎসরের বৃদ্ধি হইবে।

২২ আর তোমরা আপন প্রভু পরমেশ্বরকে প্রেম কর, ও তাঁহার সমস্ত পথে চল, ও দৃঢ়রূপে তাঁহাতে আসক্ত হও; এই যে সমস্ত আজ্ঞা আমি তোমাদিগকে দিয়াছি, তোমরা যদি যত্ন করিয়া তাহা প্রতিপালন কর; তবে পরমেশ্বর তোমাদের সম্মুখহইতে এই সকল ২৩ জাতিকে তাড়না করিয়া বাহির করিবেন; এবং তোমরা আপনাদের হইতে বৃহৎ ও বলবান্ জাতিদের দেশ অধিকার করিবা। তোমাদের চরণ যে ২ স্থানে পড়িবে, ২৪ সেই ২ স্থান তোমাদের হইবে, প্রান্তর ও লিবানোন্ ও নদী অবধি অর্থাৎ ফরাৎ নদী অবধি পশ্চিম সমুদ্র পর্য্যন্ত তোমাদের অধিকার হইবে। তোমাদের সম্মুখে ২৫ কোন মনুষ্য দাঁড়াইতে সমর্থ হইবে না, তোমরা যে ২ দেশে পাদবিক্ষেপ করিবা, সেই সকল দেশে প্রভু পরমেশ্বর আপন বাক্যানুসারে তোমাদের বিষয়ক ভয় ও আশঙ্কা উপস্থিত করিবেন।

২৬ দেখ, অদ্য আমি তোমাদের সম্মুখে আশীর্ব্বাদ ও শাপ রাখিলাম, আর তোমাদের প্রতি যে সকল আজ্ঞা ২৭ করিলাম, তোমাদের প্রভু পরমেশ্বরের সেই আজ্ঞা যদি পালন কর, তবে ঐ আশীর্ব্বাদ পাইবা। আর তোমরা ২৮ যদি আপন প্রভু পরমেশ্বরের আজ্ঞা পালন না কর, ও আমি অদ্য তোমাদিগকে যে পথ বিষয়ের আজ্ঞা করিয়াছি, অজ্ঞাত অন্য দেবগণের পশ্চাৎ গমন করিয়া যদি সেই পথ ছাড়িয়া যাও, তবে এই শাপ পাইবা। আর তুমি যে দেশ অধিকার করিতে যাইতেছ, সেই ২৯ দেশে তোমাদের প্রভু পরমেশ্বর যে সময়ে তোমাদিগকে প্রবেশ করাইবেন, তৎকালে তোমরা গিরিষীম্ পর্ব্বতে আশীর্ব্বাদ ও এবল্ পর্ব্বতে শাপ স্থাপন করিবা। সেই ৩০ পর্ব্বত যর্দ্দনের ওপারে সূর্য্যাস্ত পথ সমীপে গিল্‌গলের সম্মুখস্থ সমভূমি নিবাসি কিনানীয়দের দেশে মোরি প্রান্তরের নিকটে কি নয়? কেননা তোমাদের প্রভু পর- ৩১ মেশ্বর তোমাদিগকে যে দেশ অধিকার করিতে দেন, সেই দেশে প্রবেশের জন্যে তোমরা যর্দ্দন্ নদী পার হইয়া যাইবা, ও তাহা অধিকার করিবা, ও তাহাতে বাস করিবা; অতএব আমি অদ্য তোমাদের সম্মুখে ৩২ যে ২ বিধি ও ব্যবস্থা রাখি, সে সকল পালন করিতে মনোযোগ করিও।

---

[৬] গ ১৬; ১-৩৫॥—[৭] দ্বি ৫; ৩। ৭; ১৯॥—[৮,৯] ৭; ১২-২৪॥—[১১] ৮; ৭-৯॥—[১২] ১ রা ৯; ৩॥—[১৩-১৫] লে ২৬; ৩-১৩। দ্বি ২৮; ১-৫,১১,১২॥—[১৬,১৭] দ্বি ৪; ২৫,২৬। লে ২৬; ১৯,২০। ১ রা ১৭; ১,৭॥—[১৮-২১] দ্বি ৬; ৬-৯॥—[২২-২৫] ৭; ১৭-২৪। যা ২৩; ২৭-৩১॥—[২৪,২৫] যি ১; ৩-৫। আ ১৫; ১৮॥—[২৬-২৮] দ্বি ৩০; ১৫-২০॥ [২৯] ২৭; ২-১৩। যি ৮; ৩৩॥—[৩১] দ্বি ৯; ১॥

* (ইব্রু) পদতলে সর্ব্ব পশ্চাদ্গামী। † (ইব্রু) বেষ্টিত।

১২ অধ্যায়।

১ প্রতিমা প্রভৃতি বিনাশ করিতে আজ্ঞা ৪ ও পরমেশ্বরের মনোনীত স্থানে সেবা করিতে যাইতে আজ্ঞা ১৭ ও বিশেষ আজ্ঞা ২০ ও পবিত্র স্থানে পবিত্র বস্তু খাইতে আজ্ঞা ২৯ ও দেবপূজকের ন্যায় কর্ম্ম করিতে নিষেধ।

১ তোমরা যত দিন পৃথিবীতে জীবৎ থাক, তাবৎ আপন প্রভু পরমেশ্বরের দত্ত ও অধিকৃত দেশে এই সকল বিধি ২ ও ব্যবস্থা মান্য করিতে মনোযোগ করিবা। তোমরা যে২ জাতিদিগকে বহির্ভূত করিবা, তাহারা উচ্চ পর্ব্বতোপরি ও টিকরোপরি ও প্রত্যেক তেজস্বি বৃক্ষের নীচে যে২ স্থানে আপনাদের দেবতার সেবা করিয়াছে, সেই ৩ সকল স্থান তোমরা সমূলে বিনষ্ট করিবা। তোমরা তাহাদের বেদি বিনষ্ট করিবা*, ও প্রতিমা ভগ্ন করিবা, ও চৈত্য অগ্নিতে দগ্ধ করিবা, ও খোদিত দেবপ্রতিমা সকলকে ছেদন করিবা, ও সেই স্থানহইতে তাহাদের নাম লোপ করিবা।

৪ আর তোমরা আপন প্রভু পরমেশ্বরের প্রতি তদ্রূপ ৫ করিবা না। কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বর আপন নাম রাখিবার জন্যে তোমাদের তাবৎ বংশের মধ্যে যে স্থান মনোনীত করিবেন, তাঁহার সেই নিবাসস্থান ৬ অন্বেষণ করিবা; এবং সে স্থানে গিয়া তোমরা আপন২ বলি ও হোমবলি ও দশমাংশ ও হস্তের উত্তোলনীয় ও মানত ও স্বেচ্ছাদত্ত উপহার ও গোমেষাদি পালের ৭ প্রথমজাতদিগকে আনয়ন করিবা; ও সেই স্থানে তোমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে ভোজন করিবা; এবং তোমাদের হস্তের যে সকল কর্ম্মেতে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে আশীর্ব্বাদ করিয়াছেন, তাহাতে ৮ তোমরা সপরিবারে আনন্দ করিবা। এই স্থানে আমরা প্রত্যেক জন এখন আপন২ দৃষ্টির অভিলাষানু- ৯ সারে যেমন করি, তোমরা তদ্রূপ করিবা না। কেননা তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে যে বিশ্রাম ও অধিকার দিতেছেন, তাহাতে এখনো উপস্থিত হও নাই। ১০ কিন্তু যে সময়ে তোমরা যর্দ্দন্ নদী পার হইয়া আপন প্রভু পরমেশ্বরের দত্ত অধিকার দেশে বাস করিবা, এবং চতুর্দ্দিগের সমস্ত শত্রুহইতে তিনি বিশ্রাম দিলে যখন ১১ তোমরা নির্ব্বিঘ্নে বাস করিবা; তৎকালে তোমাদের প্রভু পরমেশ্বর আপন নাম স্থাপন করিবার† জন্যে যে স্থান মনোনীত করিবেন, সেই স্থানে তোমরা আমার আজ্ঞানুযায়ি সমস্ত বলি ও হোমবলি ও দশমাংশ ও হস্তের উত্তোলনীয় ও পরমেশ্বরের উদ্দেশে মনো- ১২ নীত মানত আনিবা। এবং তোমরা ও তোমাদের পুত্রগণ ও কন্যাগণ ও দাসগণ ও দাসীগণ, এবং তোমাদের মধ্যে যাহাদের অংশ ও অধিকার নাই, এমত দ্বারের অন্তরস্থ লেবীয়েরা, তোমরা সকলে তোমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে আনন্দ করিবা। তোমরা সাবধান, ১৩ আপনাদের দৃষ্ট সমস্ত স্থানেই আপন২ হোমবলি দান করিবা না। কিন্তু তোমাদের কোন এক গোষ্ঠীর মধ্যে ১৪ পরমেশ্বরের মনোনীত স্থানে আপন২ হোমবলি দান করিবা, সেই স্থানে আমি যে রূপ আজ্ঞা করি, তদনুসারে করিবা। তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে যে ১৫ আশীর্ব্বাদ করিয়াছেন, তদনুসারে সমস্ত দ্বারের ভিতরে তোমরা বধ করিয়া মনোবাঞ্ছানুসারে মাংস ভোজন করিতে পারিবা; যেমন কৃষ্ণসারের ও হরিণের মাংস, সেই রূপ শুচি কি অশুচি লোক সকলেই তাহা ভোজন করিতে পারিবা। তোমরা কেবল রক্ত ভোজন করিবা ১৬ না, তাহা পৃথিবীতে জলের ন্যায় ঢালিয়া ফেলিবা।

আর আপন২ শস্যের ও দ্রাক্ষারসের ও তৈলের ১৭ দশমাংশ, ও গোমেষাদির প্রথমজাত, এবং যাহা মানত করিবা সেই মানত, ও স্বেচ্ছাদত্ত উপহার, ও আপন হস্তের উত্তোলনীয় উপহার, আপন দ্বারমধ্যে খাইতে পারিবা না। কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বর যে স্থান ১৮ মনোনীত করেন, সেই স্থানে তোমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে তোমরা ও তোমাদের পুত্রগণ ও কন্যাগণ ও দাসগণ ও দাসীগণ ও দ্বারের অন্তরস্থ লেবীয় লোক, তোমরা সকলে তাহা ভোজন করিবা, এবং তোমরা যে কিছুতে হস্তার্পণ করিবা, তোমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে তাহাতেই আনন্দ করিবা। সাবধান, তোমরা ১৯ দেশে যাবজ্জীবন লেবীয়দিগকে ত্যাগ করিবা না।

আর তোমাদের প্রভু পরমেশ্বর আপন অঙ্গীকারা- ২০ নুসারে যখন তোমাদের সীমা বিস্তার করিবেন, এবং মাংস ভক্ষণে বাঞ্ছা হইলে, মাংস ভক্ষণ করিব, যখন এই কথা কহিবা, তৎকালে তোমাদের মনোবাঞ্ছানুসারে মাংস ভক্ষণ করিবা। আর তোমাদের প্রভু পরমেশ্বর ২১ আপন নাম রক্ষার্থে যে স্থান মনোনীত করিবেন, তাহা যদি তোমাদের হইতে বহুদূর হয়, তবে পরমেশ্বরের দত্ত তোমাদের গোমেষাদিপালহইতে লইয়া আমার আজ্ঞানুসারে বধ করিতে পারিবা, ও আপন মনের বাঞ্ছানুসারে দ্বারের ভিতরে বসিয়া ভোজন করিতে পারিবা। যেমন কৃষ্ণসার ও হরিণ ভক্ষণ করা যায়, কেবল সেই ২২ রূপ তাহা ভক্ষণ করিবা; শুচি কি অশুচি লোক, সকলেই তাহা ভক্ষণ করিবে। কেবল রক্ত ভোজন করিবা না, ২৩ তদ্বিষয়ে সাবধান, কেননা রক্তই জীবন, অতএব মাংসের সহিত জীবন ভোজন করিবা না। তাহা ভোজন না করিয়া ২৪ পৃথিবীতে জলের ন্যায় ঢালিবা। তোমরা তাহা ভোজন ২৫

[১২ অধ্যা; ২,৩] দ্বি ৭; ৫। যা ২৩; ২৪। ৩৪; ১৩॥—[৫-৭] প ১০-১৪॥—[১১] ২ বং ৭; ১২,১৩। গী ৬৮; ১৬-১৮। ৭৮; ৬৮। ১৩২; ১৩-১৬॥—[১১,১২] প ৫, ৭॥—[১৪] প ১১॥—[১৫] প ২৬। লে ১৭; ১-৭॥—[১৬] প ২৩-২৫॥ [১৭,১৮] প ১০-১২। দ্বি ১৪; ২৩। ১৫; ১৯,২০॥—[১৯] ১৪; ২৭॥—[২০-২৭] প ৮,৯,১৫। লে ১৭; ১-৭॥—[২৩-২৫] প ১৬। লে ১৭; ১০-১৪॥—[২৫] প ২৮॥

* (বা) ভাঙ্গিবা। † (ইব্রী) বাস করাইবার।

করিও না, পরমেশ্বরের দৃষ্টিতে যথার্থ কর্ম্ম করিলে তোমাদের ও তোমাদের ভাবিবংশের কল্যাণ হইবে।
২৬ কিন্তু তোমাদের সকল পবিত্র বস্তু ও মানত বস্তু লইয়া
২৭ পরমেশ্বরের মনোনীত স্থানে যাইবা। এবং তোমরা আপন ২ হোমবলি অর্থাৎ মাংস ও রক্ত তোমাদের প্রভু পরমেশ্বরের বেদির উপরে উৎসর্গ করিবা, এবং বলির রক্ত প্রভু পরমেশ্বরের বেদির উপরে ঢালিবা,
২৮ কিন্তু তাহার মাংস ভক্ষণ করিবা। তোমরা আমার আদিষ্ট সমস্ত বাক্য শুনিয়া পালন কর, তাহাতে প্রভু পরমেশ্বরের গোচরে উত্তম ও যথার্থ কর্ম্ম করিলে তোমাদের ও তোমাদের ভাবিবংশের সর্ব্বদা মঙ্গল হইবে।
২৯ তোমরা যে জাতিদের দেশ অধিকার করিতে যাইতেছ, তাহাদিগকে যখন তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সম্মুখহইতে উচ্ছিন্ন করিবেন, ও তোমরা তাহাদের দেশ অধিকার করিয়া সেই দেশে বাস
৩০ করিবা; তৎকালে তাহারা বিনষ্ট হইলে তাহাদের পশ্চাদ্গামী হইয়া যেন ফাঁদে না পড়, এবং এই জাতিরা আপন ২ দেবগণের সেবা কি রূপে করিল? আমরাও সেই রূপে সেবা করিব, ইহা কহিয়া যেন তাহাদের দেবগণের অন্বেষণ না কর, এই বিষয়ে সাবধান
৩১ হইবা। তোমরা আপন প্রভু পরমেশ্বরের প্রতি তদ্রূপ করিবা না, তাহারা আপনাদের দেবগণের প্রতি পরমেশ্বরের ঘৃণিত সর্ব্ব প্রকার ক্রিয়া করে, তাহারা দেবগণের উদ্দেশে আপন ২ পুত্র ও কন্যাগণকেও
৩২ অগ্নিতে হোম করে। আমি যে ২ বিষয়ে তোমাদিগকে আজ্ঞা করি, তাহাই পালন করিতে যত্ন করিবা; তাহাহইতে অধিক কি অল্প করিও না।

১৩ অধ্যায়।

১ দেবপূজা করিতে প্রবৃত্তকারি লোকদিগকে বধ করণ, ৬ ও দেবপূজা করিতে প্রবৃত্তকারি জ্ঞাতি কুটুম্বদিগকে বধ করণ, ১২ ও দেবপূজাকারিদের নগরের বিনাশ করিতে আজ্ঞা।

১ যদি তোমাদের মধ্যে কোন ভবিষ্যদ্বক্তা কিম্বা স্বপ্নার্থকারী জন্মিয়া তোমাদিগকে চিহ্ন কিম্বা আশ্চর্য্য ক্রিয়া
২ দেখায়; এবং তোমরা যে ২ দেবগণকে জান না, আমরা তাহাদের অনুগামী হইয়া তাহাদের সেবা করি, ইহা কহিয়া যে চিহ্নের ও আশ্চর্য্যের কথা তোমাদিগকে
৩ কহে, তাহা যদ্যপি তোমাদের প্রত্যক্ষ হয়; তথাপি তোমরা সেই ভবিষ্যদ্বক্তার কিম্বা স্বপ্নার্থকারির বাক্যে মনোযোগ করিবা না; কেননা তোমরা আপন ২ সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণের সহিত প্রভু পরমেশ্বরকে প্রেম কর কি না, তাহা জানিতে তোমাদের প্রভু পরমে-
৪ শ্বর তোমাদের পরীক্ষা লইবেন। তোমরা আপন প্রভু পরমেশ্বরের অনুগামী হও, ও তাঁহাকে ভয় কর, ও তাঁহার আজ্ঞা পালন কর, ও তাঁহার কথা মান, ও তাঁহার সেবা কর, ও তাঁহাতে আসক্ত হও।
৫ সেই ভবিষ্যদ্বক্তা কিম্বা স্বপ্নার্থকারী হত হইবে; কেননা মিসর্ দেশহইতে তোমাদিগকে বাহির করিয়া অর্থাৎ দাসত্বাগারহইতে মুক্ত করিয়া আনিলেন যে তোমাদের প্রভু পরমেশ্বর, তাঁহাহইতে যেন তোমরা ফির, এবং তোমাদের প্রভু পরমেশ্বর যে পথে গমন করিতে তোমাদিগকে আজ্ঞা করিয়াছেন, তাহাহইতে যেন বহিষ্কৃত হও, এই জন্যে সে কহে, কিন্তু তোমরা আপনাদের মধ্যহইতে দুষ্কর্ম্ম দূর করিবা।
৬ আর আইস, আমরা যাইয়া দেবগণের সেবা করি, এই কথা যদি তোমাদের মাতৃপুত্র অর্থাৎ সহোদর, কিম্বা পুত্র কিম্বা কন্যা কিম্বা বক্ষস্থায়িনী ভার্য্যা কিম্বা প্রাণতুল্য মিত্র গোপনে কহিয়া তোমাদিগকে ভুলায়,
৭ তবে তোমাদের ও তোমাদের পূর্ব্বপুরুষদের অজ্ঞাত এবং পৃথিবীর এক সীমাহইতে অন্য সীমা পর্য্যন্ত নিকটস্থ কিম্বা দূরস্থ তোমাদের চতুর্দ্দিকস্থিত লোকদের
৮ সেবিত কোন দেবতার বিষয়ে তাহাদের কথাতে তোমরা সম্মত হইবা না, ও তাহাদের কথায় মনোযোগ করিবা না, ও তাহাদের প্রতি চক্ষুর্লজ্জা করিবা না, ও তোমরা তাহাদিগকে কৃপা করিবা না ও ক্ষমা* করিবা না।
৯ কিন্তু অবশ্য তাহাদিগকে বধ করিবা, তাহাদিগকে বধ করিতে তোমরা প্রথমে তাহাদিগের উপরে হস্তার্পণ করিবা, পরে সকল লোক হস্তার্পণ করিবে।
১০ তাহাদের প্রাণবিয়োগ পর্য্যন্ত তাহাদিগকে প্রস্তরাঘাত করিবা, কেননা মিসর্-দেশহইতে অর্থাৎ দাসত্বাগারহইতে তোমাদিগকে বাহির করিয়া আনিলেন যে তোমাদের প্রভু পরমেশ্বর, তাঁহাহইতে তোমাদিগকে ফিরাইতে তাহারা চেষ্টা করিল।
১১ এবং তাবৎ ইস্রায়েল্ বংশ তাহা শুনিয়া ভয় করিবে, এবং তোমাদের মধ্যে এমত দুষ্কর্ম্ম আর করিবে না।
১২ আর আইস, আমরা যাইয়া অজ্ঞাত দেবগণের সেবা করি, এই কথা কহিয়া তোমাদের মধ্যে উৎপন্ন কতক দুষ্ট
১৩ লোক আপন নগরবাসিদিগকে ভুলাইয়াছে; এই কথা যদি তোমাদের নিবাসার্থে আপন প্রভু পরমেশ্বরের দত্ত কোন নগরের বিষয়ে শুন, তবে জিজ্ঞাসা কর, ও অনুসন্ধান
১৪ কর, ও যত্ন পূর্ব্বক প্রশ্ন কর; তাহাতে তোমাদের মধ্যে এমত ঘৃণার্হ কুকর্ম্ম হইয়াছে, ইহা যদি সত্য ও নিশ্চিত
১৫ হয়; তবে তোমরা খড়্গের ধারেতে সেই নগরের নিবাসিদিগকে প্রহার কর, এবং তাহা ও তাহার মধ্যস্থিত পশু
১৬ আদি সকলকে খড়্গদ্বারা নির্ম্মূলে উচ্ছিন্ন কর; এবং তাহাদের হট্টপথমধ্যে লুণ্ঠিত দ্রব্য সংগ্রহ করিয়া সেই নগর ও সেই সকল দ্রব্য পরমেশ্বরের উদ্দেশে অগ্নিতে

[২৬,২৭] প ১০-১৪ ॥—[২৭] লে ১৭; ১১॥—[২৮] প ২৫ ॥—[২৯-৩১] দ্বি ৭; ১-৫ ॥—[৩২] ৪; ২। প্র ২২; ১৮,১৯ ॥ [১৩ অধ্য; ১-৫] ম ২৪; ২৪। ২ থি ২; ৮-১০। প্র ১৩; ১৩, ১৪ ॥—[৫] গা ৩১; ৮। দ্বি ১৮; ২০। যির ১৩; ৩। দ্বি ১৭; ৭। ১ ক ৫; ১৩॥—[৬-১১] লূ ১৪; ২৬। যা ৯; ৪৩-৪৮ ॥—[৯] দ্বি ১৭; ৬,৭॥—[১১]১৭;১৩॥

* (ইব্রী) গোপন।

দগ্ধ কর, ও সে নিত্য ঢিবিস্বরূপ হইয়া থাকুক, ও সে নগর আর গৃথিত না হউক; এবং ঐ শাপগ্রস্ত দ্রব্যের কিছুই ১৭ তোমাদের হস্তে না থাকুক। আমি অদ্য তোমাদের প্রভু পরমেশ্বরের দৃষ্টিতে যথার্থ আচরণের জন্যে তোমাদিগকে যে ২ আজ্ঞা করিলাম, তোমাদের প্রভু পরমেশ্বরের সেই আজ্ঞা পালনার্থে তোমরা তাঁহার বা- ১৮ ক্যেতে মনোযোগ করিবা। তাহাতে পরমেশ্বর আপন ক্রোধহইতে ফিরিয়া তোমাদিগকে কৃপা করিবেন, এবং তোমাদের প্রতি দয়াশীল হইয়া তোমাদের পূর্ব্বপুরুষদের প্রতি প্রতিজ্ঞানুসারে তোমাদের বৃদ্ধি করিবেন।

১৪ অধ্যায়।

১ মৃতদের জন্যে শরীর ছেদনে নিষেধ ৩ ও শুচি অশুচি পশুর নির্ণয় ৯ ও শুচি অশুচি জলচর জন্তুদের নির্ণয় ২১ ও দশমাংশাদির কথা।

১ তোমরা আপনাদের প্রভু পরমেশ্বরের সন্তান হইয়া আপনাদের শরীরের ছেদন করিবা না, এবং মৃতদের ২ জন্যে আপনাদের ভ্রূমধ্যস্থল ক্ষৌর করিবা না। কেননা তোমরা আপন প্রভু পরমেশ্বরের পবিত্র লোক; ও পরমেশ্বর আপন বিশেষ লোক করণার্থে পৃথিবীস্থ তাবৎ জাতি অপেক্ষা তোমাদিগকে মনোনীত করিয়াছেন।

৩ তোমরা কোন ঘৃণার্হ দ্রব্য ভোজন করিবা না। এই ৪ সকল পশু ভোজন করিবা, গোরু ও মেষ ও ছাগল ও ৫ হরিণ ও কৃষ্ণসার ও বনগোরু ও বনছাগল ও গবয় ও ৬ পৃষত ও বাতপ্রমী, এবং জন্তুদের মধ্যে যাহার খুর দ্বিখণ্ড ও বিভক্ত হয় ও যে জাওর কাটে, সেই সকল জন্তু তোমরা ৭ ভোজন করিবা। কিন্তু যাহারা দ্বিখণ্ডখুর ও জাওর কাটে, তাহাদের মধ্যে ইহাদিগকে ভোজন করিবা না, উষ্ট্র ও শশক ও শাফন্, কেননা তাহারা জাওর কাটে বটে, কিন্তু ৮ দ্বিখণ্ডখুর নয়, এই জন্যে তোমাদের প্রতি অশুচি; এবং শূকর দ্বিখণ্ডখুর বটে, কিন্তু জাওর কাটে না, এই জন্যে সে তোমাদের প্রতি অশুচি; তোমরা তাহাদের মাংস ভোজন করিবা না ও তাহাদের শব স্পর্শ করিবা না।

৯ আর জলচর সকলের মধ্যে যাহাদের ডেনা ও আঁইস ১০ আছে, তাহাদিগকে ভোজন করিবা। কিন্তু যাহাদের ডেনা ও আঁইস নাই, তাহাদিগকে ভোজন করিবা না, তাহারা তোমাদের প্রতি অশুচি হয়।

১১ আর তোমরা সকল প্রকার শুচি পক্ষিকে ভোজন ১২ করিবা, কিন্তু এই ২ ভোজন করিবা না। উৎক্রোশ ও ১৩ হাড়গিলা ও কুরল; ও গৃধ্র ও চিল ও শঙ্করচিল; ও ১৪ আপন ২ জাত্যনুসারে সকল প্রকার কাক; ও আপন ২ ১৫ জাত্যনুসারে উষ্ট্রপক্ষী; ও রাত্রিশ্যেন ও গাংচিল ও ১৬ আপন ২ জাত্যনুসারে শ্যেন; ও পেচক ও মহাপেচক ১৭ ও দীর্ঘগলহংস; ও পানিভেলা ও শকুনী ও মাছরাঙ্গা ১৮ ও সারস, ও আপন ২ জাত্যনুসারে বক ও টিট্টিভ ও ১৯ চামচিকা; ও চারি চরণে গমন কারি উড্ডীয়মান পক্ষিগণ, এই সকল তোমাদের প্রতি অশুচি; তোমরা ২০ তাহাদিগকে ভোজন করিবা না। তদ্ভিন্ন সমস্ত শুচি পক্ষিকে ভোজন করিবা।

২১ আর তোমরা স্বয়ংমৃত কোন প্রাণির মাংস ভোজন করিবা না, তাহা আপন দ্বারের অন্তরস্থ কোন বিদেশিকে ভোজনার্থে দিতে পার, কিম্বা কোন বিদেশির কাছে বিক্রয় করিতে পার; কেননা তোমরা আপন প্রভু পরমেশ্বরের পবিত্র লোক। আর তোমরা ছাগবৎসের মাংস তাহার মাতৃদুগ্ধেতে পাক করিবা না।

২২ আর তোমরা বৎসর ২ বীজের ও ক্ষেত্রের উৎপন্ন তাবৎ শস্যের যথার্থ রূপে দশমাংশ পৃথক্ করিবা। এবং ২৩ তোমাদের প্রভু পরমেশ্বর আপন নাম রক্ষার্থে যে স্থান মনোনীত করিবেন, সেস্থানে তোমরা আপন ২ শস্যের ও দ্রাক্ষারসের ও তৈলের দশমাংশ ও গোমেষাদি পালের প্রথমজাতদিগকে তাঁহার সম্মুখে ভোজন করিবা, ও আপন প্রভু পরমেশ্বরকে সর্ব্বদা ভয় করিতে শিক্ষা ২৪ করিবা। তোমাদের সেই পথ যদি বহু দূর হয়, এবং তোমাদের প্রভু পরমেশ্বর আপন নাম রক্ষার্থে যে স্থান মনোনীত করিবেন, সেই স্থানে পরমেশ্বরের মহা আশীর্ব্বাদে প্রাপ্ত সেই সকল দ্রব্য তোমরা যদি দূরপ্রযুক্ত ২৫ বহিয়া লইয়া যাইতে না পার; তবে তোমরা সেই দ্রব্যেতে টাকা করিয়া সেই টাকা হস্তে লইয়া তোমাদের প্রভু ২৬ পরমেশ্বরের মনোনীত স্থানে যাইবা। পরে তোমাদের প্রাণের ইচ্ছানুসারে সেই টাকা দিয়া গোরু কিম্বা মেষাদি কিম্বা দ্রাক্ষারস কিম্বা মদ্য, যে কোন দ্রব্যেতে তোমাদের মনের বাঞ্ছা হয়, তাহা ক্রয় করিয়া সেই স্থানে তোমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে ভোজন করিয়া ২৭ সপরিবারে আনন্দ করিবা। আর তোমাদের দ্বারের অন্তরস্থ লেবীয়দিগকে ত্যাগ করিবা না, কেননা তোমাদের সহিত তাহাদের কোন অধিকার ও অংশ নাই।

২৮ তোমরা তিন বৎসরের শেষে আপন ২ উৎপন্ন শস্যের দশমাংশ বাহির করিয়া আনিয়া দ্বারের ২৯ ভিতরে তুলিয়া রাখ; তোমাদের সহিত লেবীয়দের কোন অধিকার ও অংশ নাই, এই জন্যে তাহারা ও দ্বারের অন্তরস্থ বিদেশিগণ ও পিতৃহীন লোকেরা ও বিধবারা আসিয়া তাহা ভক্ষণ করিয়া তৃপ্ত হইবে, তাহাতে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের হস্তকৃত সমস্ত কর্ম্মেতে তোমাদিগকে আশীর্ব্বাদ করিবেন।

১৫ অধ্যায়।

১ ঋণমোচনের বৎসরের কথা ৭ ও তৎপ্রযুক্ত দানে অসম্মত হইতে নিষেধ ১২ ও সাত বৎসরের পরে দাসের মুক্তির কথা ১৯ ও পরমেশ্বরের উদ্দেশে প্রথমজাত পশুগণকে পৃথক করিতে আজ্ঞা।

[১৭] যি ৭; ১৫ ॥—[১৪ অধ্য; ১] লে ১৯; ২৮ ॥—[২] যা ১৯; ৫,৬। লে ২০; ২৫,২৬। দ্বি ৭; ৬। ২৬; ১৬-১৯॥ [৩-২০] লে ১১॥—[২১] লে ১১; ৩৯, ৪০। ১৭; ১৫, ১৬॥—[২১, ২২] যা ২৩; ১৯। ৩৪; ২৬॥—[২২-২৯] দ্বি ২৬; ১-১৫॥—[২৩] ১২; ১৭, ১৮॥—[২৬, ২৭] ১২; ১৮, ১৯॥—[২৮,২৯] ২৬; ১২॥—[২৯] প ২৭॥

১ তোমরা সাত বৎসরের পর ঋণ মুক্তি করিবা। সেই মুক্তির ২ এই ব্যবস্থা; যে মহাজন আপন প্রতিবাসিকে ঋণ দেয়, সে আপনার দত্ত সেই ঋণের মোচন করিবে, এবং পরমেশ্বরের মোচন বিখ্যাত বৎসর উপস্থিত হইলে তাহারা প্রতিবাসিহইতে কিম্বা আপন ভ্রাতাহইতে ঋণ পরি- ৩ শোধ লইবে না। বিদেশিদের কাছে তোমাদের যাহা ৪ থাকে, তাহা লইতে পার; কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বর অধিকারার্থে আপন দত্ত দেশে তোমাদিগকে আশীর্ব্বাদ করিলে যাবৎ তোমাদের মধ্যহইতে দরিদ্রতার শেষ না হয়, তাবৎ তোমাদের ভ্রাতার নিকটে তোমা- ৫ দের যাহা আছে, তাহা মোচন করিবা। আমি অদ্য তোমাদিগকে যে ২ আজ্ঞা করিতেছি, তাহা পালনার্থে সাবধান হইয়া তোমাদের প্রভু পরমেশ্বরের বাক্যে ৬ মনোযোগ করিবা। কেননা তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের প্রতি আপন অঙ্গীকারানুসারে তোমাদিগকে আশীর্ব্বাদ করিবেন; তোমরা অনেক জাতিদিগকে ঋণ দিবা, কিন্তু ঋণ লইবা না; এবং অনেক জাতিদের উপরে রাজত্ব করিবা, কিন্তু তাহারা তোমাদের উপরে রাজত্ব করিবে না।

৭ তোমাদের প্রভু পরমেশ্বরের দত্ত দেশে দ্বারের অন্তরস্থ ভ্রাতাদের মধ্যে যদি কেহ দরিদ্র থাকে, তবে তোমরা তাহার প্রতি অন্তঃকরণ কঠিন করিবা না, ও দরিদ্র ৮ ভ্রাতার প্রতি আপন হস্ত রুদ্ধ করিবা না। কিন্তু তাহার প্রতি অতিশয় হস্ত বিস্তার করিয়া তাহার প্রয়ো- ৯ জনানুসারেই তাহাকে অবশ্য প্রচুর ঋণ দিবা। সপ্তম বৎসর অর্থাৎ পরমেশ্বরের মোচন বৎসর নিকটবর্ত্তী হইয়াছে, ইহা কহিয়া যেন দুষ্ট অন্তঃকরণে কুভাবনা করিয়া তোমাদের দরিদ্র ভ্রাতার প্রতি কুদৃষ্টি করিয়া তাহাকে কিছু না দেও, এ বিষয়ে সাবধান হইবা; কেননা সে তোমাদের প্রতিকূলে পরমেশ্বরের কাছে ১০ প্রার্থনা করিলে তোমাদের অপরাধ হইবে। অতএব তোমরা তাহাকে অবশ্য দিবা, কিন্তু দান করণ সময়ে অন্তঃকরণে দুঃখিত হইবা না, কেননা ঐ কর্ম্ম প্রযুক্ত তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সমস্ত কর্ম্মে, এবং তোমরা যাহাতে ২ হস্তার্পণ করিবা, তাহাতে তোমা- ১১ দের মঙ্গল করিবেন। কেননা তোমাদের দেশে দরিদ্রের অভাব হইবে না, অতএব আমি তোমাদিগকে এই কথা আজ্ঞা করি; তোমরা আপন দেশস্থ দরিদ্র ও দুঃখি ভ্রাতাদের প্রতি অতিশয় হস্ত বিস্তার করিবা।

১২ আর যদ্যপি তোমার নিকটে তোমার ভ্রাতা ইব্রীয় পুরুষ কিম্বা স্ত্রীলোক বিক্রীত হয়, তবে তোমাকে ছয় বৎসর পর্য্যন্ত সেবা করিলে পর সপ্তম বৎসরে তুমি তাহাকে আপনাহইতে মুক্ত করিয়া যাইতে দিবা। ১৩ কিন্তু মুক্ত করিয়া বিদায় করণসময়ে তাহাদিগকে রিক্ত হস্তে যাইতে দিবা না। ১৪ তুমি আপন পাল ও শস্য ও দ্রাক্ষারসহইতে * তাহাকে প্রচুর † দিবা; তোমার প্রভু পরমেশ্বরের আশীর্ব্বাদানুসারে তাহাকে দিবা। ১৫ তোমরা মিসর্দেশে দাসত্বে ছিলা, এবং প্রভু পরমেশ্বর তোমাদিগকে মুক্ত করিয়াছেন, তাহা যেন স্মরণ কর, এই জন্যে আমি অদ্য তোমাদিগকে এই আজ্ঞা করিতেছি। ১৬ আর তোমার দ্বারা মঙ্গল পাওয়াতে সে যদি তোমাকে ও তোমার বাটীকে ভাল বাসিয়া তোমাকে কহে, আমি ১৭ তোমাকে ছাড়িয়া যাইব না; তবে এক গুঁজি লইয়া দ্বারের কাষ্ঠের সহিত তাহার কর্ণ বিন্ধিবা, তাহাতে সে সর্ব্বদা তোমার দাস হইয়া থাকিবে; আর দাসীর ১৮ প্রতিও তদ্রূপ করিবা। সে ছয় বৎসর তোমার সেবা করাতে বেতনজীবি ভৃত্য অপেক্ষা তোমার প্রতি দ্বিগুণ ফলদায়ক হইয়াছে, এই কারণ তাহাকে আপনাহইতে মুক্ত করিয়া বিদায় করিতে কঠিন বোধ করিবা না; তাহাতে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সকল ক্রিয়াতে আশীর্ব্বাদ করিবেন।

১৯ তোমরা আপন ২ গোমেষাদিহইতে ও পশুপালহইতে উৎপন্ন সমস্ত প্রথমজাত পুংপশুকে আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে পৃথক করিবা; তোমরা গোরুর প্রথমজাতদ্বারা কোন কর্ম্ম করিবা না, এবং তোমাদের প্রথমজাত মেষের লোম ছেদন করিবা না। ২০ ও তোমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে পরমেশ্বরের মনোনীত স্থানে সপরিবারে প্রতি বৎসর তাহা ভোজন করিবা। ২১ কিন্তু তাহাতে যদি কোন দোষ থাকে, অর্থাৎ সে যদি খঞ্জ কিম্বা অন্ধ কিম্বা অন্য প্রকার দোষী হয়, তবে তোমরা আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে তাহা ২২ বলিদান করিবা না, কিন্তু দ্বারের ভিতরে তাহা ভোজন করিবা; শুচি কি অশুচি, উভয় লোকই হরিণ ও কৃষ্ণসারের ন্যায় তাহা ভোজন করিতে পারে। ২৩ তোমরা কেবল তাহার রক্ত ভোজন করিবা না, তাহা ভূমিতে জলের ন্যায় ঢালিবা।

১৬ অধ্যায়।

১ নিস্তার পর্ব্বের কথা, ৯ ও সাত সপ্তাহের পরের উৎসবের কথা, ১৩ ও আবাসের উৎসবের কথা, ১৬ ও বৎসরে তিন বার ধর্ম্মধামে গমনের কথা, ১৮ ও বিচারকর্ত্তাদের নিরূপণের কথা, ২১ ও চৈত্য ও পুত্তিমা স্থাপনে নিষেধ।

১ তোমরা আবীব্ মাসকে মান্য করিবা, ও তোমাদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে নিস্তার পর্ব্ব পালন করিবা, কেননা তোমাদের প্রভু পরমেশ্বর আবীব্ মাসে

[১৫ অধ্য; ১] যা ২১; ২। লে ২৫; ৩,৪ ।।—[২] লে ২৫; ২১ ।।—[৩] দ্বি ২৩; ২০ ।।—[৬] লে ২৬; ৩-১৩। দ্বি ২৮; ১২, ১৩ ।।—[৭-১১] লে ২৫; ৩৫-৩৮ ।।—[৮] ম ৫; ৪২ ।।—[৯] লূ ৬; ৩৪, ৩৫। দ্বি ২৪; ১৫ ।।—[১০] হি ১১, ১৭। ২২; ৯ ।।—[১১] মা ১৪; ৭ ।।—[১২-১৮] যা ২১; ১-৬। লে ২৫; ৩৯-৪৩ ।।—[১৬, ১৭] লে ২১; ৫, ৬। গী ৪০; ৬।। [১৯] যা ১৩; ১১-১৫। লে ২৭; ২৬ ।।—[২০] দ্বি ১২; ১৭,১৮ ।।—[২১] লে ২২; ১৭-২৫ ।।—[২১-২৩] দ্বি ১২; ১৫,১৬।।

* (ইব্রু) শস্যমর্দ্দন স্থান ও দ্রাক্ষাযন্ত্রহইতে। † (ইব্রু) ভার।

রাত্রিকালে তোমাদিগকে মিসর্‌দেশহইতে বাহির করিয়া আনিয়াছেন। ২ এবং পরমেশ্বর আপন নাম স্থাপন করিতে যে স্থান মনোনীত করিবেন,সেই স্থানে তোমরা আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে গোমেষাদি পালহইতে পশু লইয়া নিস্তারপর্ব্বের বলিদান করিবা। ৩ এবং তাহার সহিত তাড়ীযুক্ত রুটী খাইবা না; তোমরা যেন যাবজ্জীবন মিসর্‌হইতে নির্গমনের দিবস স্মরণে রাখ, এই জন্যে সাত দিবস তাহার সহিত তাড়ীশূন্য রুটী অর্থাৎ দুঃখরূপ রুটী ভোজন করিবা, কেননা তোমরা মিসর্‌দেশহইতে ত্বরায় বাহির হইয়া আইলা; ৪ এবং সাত দিন তোমাদের তাবৎ সীমাতে তাড়ীযুক্ত রুটী দৃষ্ট না হউক; এবং প্রথম দিবসের সন্ধ্যাকালে হত যে বলি, তাহার মাংস প্রাতঃকাল পর্য্যন্ত অবশিষ্ট কিছুই ৫ না থাকুক। এবং তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে যে২ দ্বার দেন, তাহার কোন দ্বারে নিস্তার পর্ব্বের ৬ বলিদান করিবা না; কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বর আপন নাম স্থাপন করিতে যে স্থান মনোনীত করিবেন, সেই স্থানে সন্ধ্যাকালে সূর্য্যাস্ত সময়ে, অর্থাৎ মিসর্‌দেশহইতে তোমাদের বহিরাগমন সময়ে নিস্তারপর্ব্বের ৭ বলিদান করিবা। এবং তোমাদের প্রভু পরমেশ্বরের মনোনীত স্থানে তাহা দগ্ধ করিয়া ভোজন করিবা; পরে প্রাতঃকালে তোমরা ফিরিয়া আপন২ তাম্বুতে যাইবা। ৮ তোমরা ছয় দিবস তাড়ীশূন্য রুটী খাইবা, কিন্তু সপ্তম দিবসে তোমাদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে মহাসভা হইবে; তাহাতে কোন কর্ম্ম করিবা না।

৯ তোমরা আপনাদের জন্যে সাত সপ্তাহ, অর্থাৎ শস্যেতে কাস্ত্যা দেওন অবধি সাত সপ্তাহ গণনা করিবা। ১০ তোমাদের প্রভু পরমেশ্বরের আশীর্ব্বাদানুসারে স্বহস্তে স্বেচ্ছার উপহারদ্বারা তোমাদের প্রভু পরমেশ্বরের ১১ উদ্দেশে সপ্তাহের উৎসব পালন করিবা। এবং তোমাদের প্রভু পরমেশ্বর আপন নাম স্থাপনার্থে যে স্থান মনোনীত করিবেন, সেই স্থানে তোমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে তোমরা ও তোমাদের পুত্র ও কন্যা ও দাস ও দাসী ও দ্বারমধ্যবর্ত্তি লেবীয় লোক ও তোমাদের মধ্য নিবাসি বিদেশীয় লোক ও পিতৃহীন ১২ ও বিধবা সকলে আনন্দ করিবা। এবং তোমরা মিসর্‌দেশে দাসত্বে ছিলা, তাহা স্মরণ কর, ও এই সকল বিধি মানিয়া পালন কর।

১৩ তোমরা শস্য ও দ্রাক্ষারস সংগ্রহ করিলে পর ১৪ সাত দিবস আবাসের উৎসব পালন করিবা। এবং সেই উৎসবে তোমরা ও তোমাদের পুত্র ও কন্যা ও দাস ও দাসী ও দ্বারমধ্যবর্ত্তি লেবীয় লোক ও বিদেশীয় ও পিতৃহীন ও বিধবা সকলে আনন্দ করিবা। ১৫ পরমেশ্বরের মনোনীত স্থানে তোমরা আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে সাত দিবস মহা উৎসব পালন করিবা; তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সমস্ত প্রাপ্তি বিষয়ে হস্তকৃত তাবৎ কর্ম্মে তোমাদিগকে আশীর্ব্বাদ করিয়াছেন, অতএব তোমরা অবশ্য আনন্দ করিবা।

১৬ তাড়ীশূন্য রুটীর উৎসবে ও সপ্তাহের উৎসবে ও আবাসের উৎসবে পরমেশ্বরের মনোনীত স্থানে তোমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে তোমাদের প্রত্যেক পুরুষ বৎসরের মধ্যে তিন বার দর্শন দিবে; কিন্তু পরমেশ্বরের সম্মুখে রিক্ত হস্তে দর্শন দিবে না। ১৭ তোমরা আপনাদের প্রভু পরমেশ্বরের দত্ত আশীর্ব্বাদানুসারে প্রতি জন আপন২ শক্তি অনুসারে উপহার দিবা।

১৮ তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের বংশানুসারে তোমাদিগকে যে সমস্ত দ্বার দেন, তাহার মধ্যে আপনাদের জন্যে বিচারকর্ত্তৃগণকে ও শাসনকর্ত্তৃগণকে নিযুক্ত করিবা, তাহারা যথার্থ রূপে লোকদের বিচার করিবে। ১৯ তোমরা অন্যায় বিচার করিবা না,ও কাহারো অনুরোধ করিবা না, ও উৎকোচ লইবা না, কেননা উৎকোচ জ্ঞানিদের চক্ষু অন্ধ করে ও ধার্ম্মিকদের বাক্য বক্র করে। ২০ অতএব সর্ব্বতোভাবে যাহা ধর্ম্ম, তাহারি অনুগামী হও,তাহাতে তোমরা জীবিত থাকিয়া আপন প্রভু পরমেশ্বরের দত্ত দেশ অধিকার করিবা।

২১ আর তোমরা আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে যে বেদি নির্ম্মাণ করিবা,তাহার কাছে কোন প্রকার চৈত্য বৃক্ষ রোপণ *করিবা না। ২২ ও পরমেশ্বরের ঘৃণার্হ প্রতিমা স্থাপন করিবা না।

১৭ অধ্যায়।

১ নির্দ্দোষ বলির আবশ্যকতা, ২ ও দেবপূজককে বধ করণের আজ্ঞা, ৮ ও যাজক ও বিচারকর্ত্তাদ্বারা কঠিন বিচার নিষ্পন্ন হওন, ১২ ও সাহসিক পাপির বধ করণের আজ্ঞা, ১৪ ও রাজা মনোনীত করণ ও রাজত্ব করণের নির্ণয়।

১ তোমরা আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে সকলঙ্ক কি দোষি গোমেষাদি বলিদান করিবা না; কেননা সে তোমাদের প্রভু পরমেশ্বরের ঘৃণিত বস্তু হয়।

২ আর তোমাদের মধ্যে অর্থাৎ প্রভু পরমেশ্বরের দত্ত তোমাদের কোন দ্বারের ভিতরে যদি কোন পুরুষ কিম্বা স্ত্রী তোমাদের প্রভু পরমেশ্বরের সাক্ষাতে দুষ্কর্ম্ম করিয়া তাঁহার নিয়ম লঙ্ঘন করে; ৩ ফলতঃ সে যাইয়া যদি অন্য দেবগণের সেবা করে, এবং আমি

[১৬ অধ্যা; ১-৮] যা ১২; ৩-২৫, ৪৩-৪৯। ১৩; ৩-১০। লে ২৩; ৫-৮। গ ২৮; ১৬-২৫ ॥—[৬] দ্বি ১২; ১০-১২ ॥ [৯-১২] লে ২৩; ১৫-২১। গ ২৮; ২৬-৩১ ॥—[১১] দ্বি ১২; ১১,১২ ॥—[১২] ১৫; ১৫ ॥—[১৩-১৫] লে ২৩; ৩৩-৩৬, ৩৯-৪৩ ॥—[১৬] যা ২৩; ১৪-১৭। ৩৪; ১৮,২১,২২ ॥—[১৭] যা ২৩; ১৫। ২ ক ৮; ১২ ॥—[১৯] যা ২৩; ২,৩,৬,৮। দ্বি ১; ১৭ ॥—[২০] যিহি ১৮; ৯॥—[২১] যা ৩৪; ১৩॥—[২২] লে ২৬; ১॥
[১৭ অধ্যা; ১] লে ২২; ১৭-২৫ ॥—[২-৬] দ্বি ১৩; ১-১৮ ॥—[৩] ৪; ১৯ ॥

* (বা) কাষ্ঠ নির্ম্মিত আশেরা দেবীর প্রতিমা স্থাপন।

যাহাদের বিষয়ে আজ্ঞা করি নাই, এমন চন্দ্র সূর্য্যাদি ৪ আকাশীয় বস্তুদিগকে * পূজা করে; এবং এ কথা তোমাদের সাক্ষাতে কেহ কহিলে, তোমরা তাহা শুনিয়া যত্নপূর্ব্বক অনুসন্ধান করিয়া, সে বিষয় সত্য ও নিশ্চিত, এ ঘৃণার্হ কার্য্য ইস্রায়েল্ বংশের মধ্যে কৃত হইয়াছে, ৫ এমত যদি দেখ; তবে সেই দুষ্কর্ম্মকারি পুরুষকে কিম্বা স্ত্রীকে আপন নগরদ্বার নিকটে বাহির করিয়া আনিবা; পুরুষ হউক কিম্বা স্ত্রী হউক, তাহাদের প্রাণ বিয়োগ ৬ পর্য্যন্ত তাহাদিগকে প্রস্তরাঘাত করিবা। বধযোগ্য ব্যক্তি এক সাক্ষির বাক্যদ্বারা হত হইবে না, কিন্তু দুই ৭ কিম্বা তিন সাক্ষির বাক্যদ্বারা হত হইবে। তাহাদিগকে বধ করিবার নিমিত্তে প্রথমে সাক্ষি লোকেরা হস্তাঘাত করিবে, পশ্চাৎ অন্য সকলে আঘাত করিবে; এইরূপে তোমরা আপনাদের মধ্যহইতে দোষ দূর করিবা।

৮ আর তোমাদের কোন বিচারস্থানে † দুই জনের রক্তের কিম্বা বিবাদের কিম্বা প্রহারের বিষয়ে বিচার উপস্থিত হইলে যদি অতি দুর্জ্ঞেয় হয়, তবে তোমরা উঠিয়া তোমাদের প্রভু পরমেশ্বরের মনোনীত স্থানে ৯ যাইবা। এবং লেবীয় যাজকদের ও তৎকালীয় বিচারকর্ত্তাদের ‡ নিকটে গিয়া জিজ্ঞাসা করিবা, তাহাতে ১০ তাহারা তোমাদিগকে বিচারের নিষ্পত্তি কহিবে। পরে তোমরা পরমেশ্বরের মনোনীত স্থানস্থিত সেই লোকদের নিষ্পত্তি অনুসারে কর্ম্ম করিবা; তাহারা তোমাদিগকে ১১ যাহা কহিবে, তাহাই করিতে মনোযোগ করিবা। তাহারা তোমাদের কাছে যেরূপ ব্যবস্থা কহিবে ও বিচার নিষ্পত্তি করিবে, তোমরা তদনুসারে করিবা; তাহারা যেরূপ নিষ্পত্তি করে, তাহার দক্ষিণে কি বামে ফিরিবা না।

১২ কিন্তু যে লোক অহঙ্কারে কর্ম্ম করে, এবং সে স্থানে তোমাদের প্রভু পরমেশ্বরের নিকটে সেবার্থে দণ্ডায়মান যাজকদের কিম্বা বিচারকর্ত্তাদের বাক্যে মনোযোগ না করে, সেই মনুষ্যই হত হইবে, এবং তোমরা ইস্রা- ১৩ য়েল্ বংশহইতে দোষ দূর করিবা। তাহাতে সমস্ত লোকেরা তাহা শুনিয়া ভয় করিবে, এবং দুঃসাহস পূর্ব্বক আর আচরণ করিবে না।

১৪ আর তোমরা যখন আপন প্রভু পরমেশ্বরের দত্ত দেশে প্রবেশ করিয়া তাহা অধিকার করিয়া তাহার মধ্যে বাস করিবা; তৎকালে আমাদের চতুর্দ্দিক্ স্থিত তাবৎ জাতিদের ন্যায় আমরা আপনাদের উপরে এক রাজাকে ১৫ নিযুক্ত করিব; এই কথা তোমরা কহিলে তোমাদের প্রভু পরমেশ্বর যাহাকে মনোনীত করিবেন, তাহাকেই তোমরা আপনাদের উপরে রাজা করিবা, ও আপনাদের ভ্রাতৃগণের মধ্যহইতে রাজাকে লইয়া আপনাদের উপরে নিযুক্ত করিবা; কিন্তু ভ্রাতা ভিন্ন অন্য দেশীয়কে আপনাদের উপরে রাজা করিতে পারিবা না। ১৬ আর সেই রাজা আপনার জন্যে বাহুল্য অশ্ব সংগ্রহ করিবে না, বিশেষতঃ বাহুল্য অশ্ব সংগ্রহ করণার্থে মিসর্দেশে পুনর্ব্বার লোকদিগকে পাঠাইবে না, কেননা পরমেশ্বর তোমাদিগকে কহিয়াছেন, তোমরা ইহার পরে সে পথ দিয়া আর যাইবা না। ১৭ আর তাহার অন্তঃকরণ যেন পরাবৃত্ত না হয়, এই জন্যে সে অনেক স্ত্রী বিবাহ করিবে না, এবং আপনার জন্যে রূপা কিম্বা স্বর্ণ অতিশয় বৃদ্ধি করিবে না। ১৮ এবং সে আপন সিংহাসনোপবিষ্ট হওন সময়ে লেবীয় যাজকদের সম্মুখস্থিত এই ব্যবস্থার এক অনুরূপ পুস্তকে লিখিয়া লইয়া তাহা ১৯ আপনার নিকটে রাখিবে, এবং সে যেন আপন প্রভু পরমেশ্বরকে ভয় করিতে ও এই ব্যবস্থার সমস্ত বাক্য ও বিধি পালন করিতে শিক্ষা করে, এই জন্যে যাবজ্জীবন তাহা পাঠ করিবে। ২০ তাহাতে সে ও তাহার সন্তানেরা ইস্রায়েল্ বংশের মধ্যে যেন আপনাদের রাজ্যের দিবস বৃদ্ধি করে, এই জন্যে সে আপন ভ্রাতাদের উপরে মনে অহঙ্কার করিবে না, এবং আজ্ঞার দক্ষিণে কি বামে ফিরিবে না।

১৮ অধ্যায়।

১ পরমেশ্বরের যাজক ও লেবীয়দের অধিকার স্বরূপ হওন ৩ ও যাজকদের প্রাপ্তির নির্ণয় ৬ ও লেবীয়দের প্রাপ্তির নির্ণয় ৯ ও কিনানীয়দের ন্যায় ব্যবহার করিতে নিষেধ ১৫ ও বিশেষ ভবিষ্যদ্বক্তাকে মান্য করিতে আজ্ঞা ২০ ও মিথ্যা ভবিষ্যদ্বক্তার দণ্ডের কথা।

১ লেবীয় যাজকগণ অর্থাৎ লেবির সমস্ত বংশ ইস্রায়েল্ বংশের সহিত কোন অংশ কিম্বা অধিকার পাইবে না, কেবল পরমেশ্বরের অগ্নিকৃত উপহার ও অধিকার ২ ভোগ করিবে। তাহারা আপন ভ্রাতাদের মধ্যে কোন অধিকার পাইবে না, কিন্তু পরমেশ্বর আপন বাক্যানুসারে তাহাদের অধিকার হইবেন।

৩ আর লোকদেরহইতে যাজকগণের প্রাপ্তব্য বিষয়ের এই ব্যবস্থা, গোমেষাদি বলিদানকারি লোকেরা বলির ৪ স্কন্ধ ও দুই গাল ও ভুঁড়ি যাজককে দিবে। তোমরা আপন২ প্রথম উৎপন্ন শস্য ও দ্রাক্ষারস ও তৈল এবং ৫ মেষের প্রথম ছিন্ন লোম তাহাকে দিবা। কেননা পরমেশ্বরের নামে সর্ব্বদা দণ্ডায়মান হইয়া সেবা করিতে তোমা-

[৫]লে ২৪; ১৪ ।।—[৬]গ ৩৫; ৩০। দ্বি ১৯; ১৫ ।।—[৭]লে ২৪; ১৪। দ্বি ১৩; ৫ ।।—[৮-১১]যা ১৮; ২২। দ্বি ১; ১৭। ২ বং ১৯; ৮-১০। মল ২; ৭ ।।—[৮] দ্বি ১২; ১০,১১ ।।—[১২,১৩]গ ১৫; ৩০,৩১।।—[১৩] দ্বি ১৩; ১১ ।।—[১৪-২০] ১ শি ৮; ৪-২২ ।।—[১৫] ১ শি ১০; ১৭-২৪। ১৬; ১-১৩ ।।—[১৬] গী ৩৩; ১৬,১৭। ১ রা ৪; ২৬। ১০; ২৬-২৯ ।। [১৭] ১ রা ১১; ১-৮ ।।—[১৮]১ শি ১০; ২৫। দ্বি ৩১; ৯ ।।—[১৯] যি ১; ৮। গী ১; ২,৩ ।।—[২০]লে ২৫; ৪২,৪৩ ।। [১৮ অধ্য; ১,২] দ্বি ১০; ৯। গ ১৮; ২০-২৪ ।।—[৩-৬]গ ১৮; ৭-১৯ ।।—[৫]যা ২৮; ১। গ ৩; ১০। ১৬; ৩৯। ১৭; ১-১১। দ্বি ১০; ৮।।

* (ইব্রু) সৈন্যকে। † (ইব্রু) দ্বারে। ‡ (ইব্রু) বিচারকর্ত্তার।

দের প্রভু পরমেশ্বর তোমাদের তাবৎ বংশের মধ্যহইতে তাহাকে ও তাহার ভাবিবংশকে মনোনীত করিয়াছেন।

৬ আর তোমাদের অর্থাৎ তাবৎ ইস্রায়েল্ বংশের যে দ্বারে লেবীয় লোকেরা প্রবাস করে, তথাহইতে যদি কেহ আপনার তাবৎ মনোবাঞ্ছাতে পরমেশ্বরের মনো- ৭ নীত স্থানে আসিয়া পরমেশ্বরের সম্মুখে দণ্ডায়মান আপন লেবীয় ভ্রাতাদের ন্যায় আপন প্রভু পরমে- ৮ শ্বরের সেবা করে; তবে তাহার পৈতৃক অধিকার বিক্রয়ের মূল্য ব্যতিরেকেও সে ভোজনার্থে তাহাদের সমান অংশ পাইবে।

৯ তোমরা আপন প্রভু পরমেশ্বরের দত্ত দেশে উপস্থিত হইলে সেই দেশীয়দের ঘৃণার্হ ক্রিয়ার ন্যায় ক্রিয়া ১০ করিতে শিখিবা না। তোমাদের মধ্যে পুত্র কন্যা হোমকারী ও দৈবজ্ঞ ও কালবিবেচক ও মোহক ও ডাইন ও ১১ গুণী ও ভূতুড়িয়া ও ভেল্কিকর ও ভৌতিক, এই সকল ১২ লোক যেন না পাওয়া যায়। কেননা পরমেশ্বর এই সকল ক্রিয়াকারিদিগকে ঘৃণা করেন, সেই ঘৃণার্হ ক্রিয়া প্রযুক্ত তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সম্মুখ- ১৩ হইতে তাহাদিগকে দূর করিবেন। তোমরা আপন প্রভু ১৪ পরমেশ্বরের উদ্দেশে সরলাচরণ কর। কেননা তোমরা যে জাতিদিগকে বহির্ভূত করিবা, তাহারা কালবিবেচক ও দৈবজ্ঞদের কথাতে বিশ্বাস করে; কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে তাহা করিতে দেন না।

১৫ আর তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের অর্থাৎ তোমাদের ভ্রাতৃগণের মধ্যহইতে আমার সদৃশ এক জন ভবিষ্যদ্বক্তার উদয় করিবেন, তাঁহার কথাতে তোমরা ১৬ মনোযোগ করিবা। আমরা আপন প্রভু পরমেশ্বরের বাক্য পুনর্ব্বার শ্রবণ না করি, ও এই মহাগ্নি আর না দেখি ও না মরি, হোরেবে থাকিয়া সমারোহ দিবসে তোমরা আপন প্রভু পরমেশ্বরের কাছে এই প্রার্থনা ১৭ করিলা। তাহাতে পরমেশ্বর আমাকে কহিলেন, ইহারা ১৮ উত্তম কহিতেছে। আমি ইহাদের কারণ ইহাদের ভ্রাতৃগণের মধ্যহইতে তোমার সদৃশ এক ভবিষ্যদ্বক্তাকে উৎপন্ন করিব, ও তাঁহার মুখে আমার বাক্য দিব; তাহাতে আমি তাঁহাকে যে ২ আজ্ঞা করিব, তাহা ১৯ তিনি তাহাদিগকে কহিবেন। তিনি আমার নামে যে ২ কথা কহিবেন, তাহা যে জন না শুনিবে, তাহার বিচার আমি করিব।

২০ কিন্তু আমি যে কথা কহিতে আজ্ঞা করিব না, তাহা যে ভবিষ্যদ্বক্তা আমার নামে দুঃসাহস পূর্ব্বক কহিবে, কিম্বা অন্য দেবতার নামে কহিবে, সে হত ২১ হইবে। কিন্তু পরমেশ্বর কোন্ বাক্য কহেন নাই, তাহা আমরা কি প্রকারে জানিব? তোমরা যদি মনে ২ এমন ভাব; তবে কোন ভবিষ্যদ্বক্তা পরমেশ্বরের নামে কথা ২২ কহিলে সে বাক্য যদি পরে সফল না হয়, ও তাহার ফল যদি উপস্থিত না হয়, তবে সে বাক্য পরমেশ্বরের উক্ত নয়; সে ভবিষ্যদ্বক্তা দুঃসাহস পূর্ব্বক কহিলেও তোমরা তাহাকে ভয় করিবা না।

১৯ অধ্যায়।

১ আশ্রয় নগরের নিরূপণ ৪ ও সে নগরে বধকারিদের রক্ষার কথা। ১১ ও স্বেচ্ছাতে বধকারির রক্ষা না হওন ১৪ ও সীমার চিহ্ন দূর করিতে নিষেধ ১৫ ও দুই সাক্ষিদ্বারা বিচার নিষ্পত্তি করণ ১৬ ও মিথ্যা সাক্ষির দণ্ড।

১ তোমাদের প্রভু পরমেশ্বর যে জাতীয়দের দেশ তোমাদিগকে দিবেন, তাহাদিগকে তিনি উচ্ছিন্ন করিলে যখন তোমরা তাহাদের স্থান অধিকার করিয়া তাহাদের নগরে ও গৃহে বাস করিবা; তৎকালে তোমরা অধিকা- ২ রার্থে প্রভু পরমেশ্বরের দত্ত সেই দেশের মধ্যে আপনাদের জন্যে পৃথক ২ তিন নগর স্থাপন করিবা; ৩ ও আপনাদের জন্যে পথ প্রস্তুত করিবা, এবং প্রত্যেক বধকারি লোক যেন সেই স্থানে পলাইয়া রক্ষা পায়, এই জন্যে তোমাদের প্রভু পরমেশ্বরের দত্ত সেই অধিকার দেশের সীমা তিন ভাগ করিবা।

৪ প্রাণ রক্ষার্থে সেই স্থানে পলায়নকারি বধকর্ত্তা- ৫ দের নির্ণয় এই। কেহ যদি পূর্ব্বে প্রতিবাসির প্রতি দ্বেষ না করিয়া তাহাকে অজ্ঞাত সারে বধ করে; তাহার দৃষ্টান্ত. কেহ আপন প্রতিবাসির সহিত কাষ্ঠ কাটিতে বনে গিয়া বৃক্ষচ্ছেদনার্থে কুঠার তুলিলে যদি ঐ কুঠার দণ্ডহইতে খসিয়া প্রতিবাসির গাত্রে পড়ে, ৬ আর তাহার দ্বারা সে মরে, তবে সে ঐ নগরের কোন এক নগরে পলাইয়া প্রাণ রক্ষা করিবে, কেননা সে পূর্ব্বে তাহাকে ঘৃণা না করাতে বধ্য হয় না। অতএব ৭ সেই রক্তপাতের প্রতিহন্তা বধকারির পশ্চাৎ ধাবমান হইয়া ক্রোধে প্রজ্বলিত হইয়া বহু দূর পথ প্রযুক্ত ৮ তাহাকে ধরিয়া যেন বিনষ্ট করিতে না পারে; এই জন্যে আমি তোমাদিগকে আজ্ঞা করিতেছি, তোমরা আপনাদের জন্যে পৃথক ২ তিন নগর স্থাপন করিবা। তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের পূর্ব্বপুরুষদের প্রতি ৯ দিব্যানুসারে যদি তোমাদের সীমা বৃদ্ধি করেন, ও যে সমস্ত দেশ দিতে তোমাদের পূর্ব্বপুরুষদের কাছে প্রতিজ্ঞা করিয়াছেন, তাহা দেন; এবং আমি তোমাদের প্রভু ১০ পরমেশ্বরকে নিত্য প্রেম করিতে ও তাঁহার পথে চলিতে যে ২ আজ্ঞা করিয়াছি, তাহা যদি তোমরা পালন কর, তবে তোমাদের প্রভু পরমেশ্বর অধিকারার্থে তোমাদিগকে যে দেশ দেন, তাহার মধ্যে যেন নিরপরাধির রক্তপাত না হয়, ও তোমাদের উপরে রক্তপাতের

---

[৬] গ ৩৫; ১-৫। দ্বি ১২; ১১॥—[৯-১৪] লে ১৯; ২৬। ২০; ২-৮, ২৭॥—[১৪] যিশ ৮; ১৯, ২০॥—[১৫-১৯] প্রে ৩; ২২, ২৩। ৭; ৩৭। যো ৪; ২৫॥—[১৬, ১৭] দ্বি ৫; ২৩-২৯॥—[১৮] প ১৫। যো ১২; ৪৯, ৫০॥—[১৯] যো ৩; ১৮, ১৯। ৫; ৪৩-৪৭॥—[২০-২২] দ্বি ১৩; ১-৫। যিখ ১৩; ৩॥—[২২] যির ২৮; ৭-৯॥

[১৯ অধ্য; ১-১৩] যা ২১ ১৩, ১৪। গ ৩৫; ৯-৩৪। দ্বি ৪; ৪১-৪৩। যি ২০; ১-৯॥—[৯] দ্বি ৪; ৪১-৪৩। যি ২০; ৭, ৮॥

অপরাধ না আইসে, এই জন্যে তোমরা সে তিন নগর ভিন্ন আরো তিন নগর নিরূপণ করিবা।

১১ আর যদি কেহ আপন ঘৃণিত প্রতিবাসির জন্যে গুপ্ত থাকিয়া পরে তাহার প্রতিকূলে উঠিয়া তাহাকে মর্ম্মান্তিক আঘাত করে, এবং তাহাদ্বারা সে মরে, এবং ঐ বধকারী তাহার কোন এক নগরে পলায়ন ১২ করে; তবে তাহার নিবাসনগরের প্রাচীন লোকেরা লোক পাঠাইয়া তথাহইতে তাহাকে আনিয়া তাহাকে ১৩ বধ করিতে প্রতিহন্তার হস্তে সমর্পণ করিবে। তাহাতে তোমরা চক্ষুর্লজ্জা করিবা না,এই রূপে ইস্রায়েল বংশ-হইতে নিরপরাধের রক্তপাতের দোষ দূর করিবা; তাহাতে তোমাদের মঙ্গল হইবে।

১৪ অধিকারার্থে তোমাদের প্রভু পরমেশ্বরের দত্ত দেশে প্রাচীন লোকেরা প্রতিবাসির যে সীমার চিহ্ন নিরূপণ করিয়াছে, তাহা স্থানান্তর করিবা না।

১৫ আর অন্যায় কিম্বা মনুষ্যকৃত কোন পাপ প্রযুক্ত এক সাক্ষিদ্বারা কাহারো বিচার নিষ্পন্ন হইবে না, কিন্তু মনুষ্যের প্রতিকূলে দুই কিম্বা তিন সাক্ষির প্রমাণদ্বারা বিচার নিষ্পন্ন হইবে।

১৬ আর অন্যায় সাক্ষ্য দিতে যদি কোন মিথ্যা সাক্ষী ১৭ কাহারো প্রতিকূল হয়, তবে সেই বাদী ও প্রতিবাদী পরমেশ্বরের সম্মুখে অর্থাৎ তৎকালীয় যাজকদের ও ১৮ বিচারকর্ত্তাদের সম্মুখে দাঁড়াইবে। তাহাতে বিচার-কর্ত্তারা যত্ন পূর্ব্বক অনুসন্ধান লইলে সে সাক্ষী যদি মিথ্যা সাক্ষী হয় ও আপন ভ্রাতার প্রতিকূলে মিথ্যা ১৯ সাক্ষ্য দিয়া থাকে; তবে সে আপন ভ্রাতার প্রতি যেমত করিতে কল্পনা করিয়াছিল, তাহার প্রতিও তোমরা তদ্রূপ করিবা; এই রূপে আপনাদের মধ্যহইতে দোষ ২০ দূর করিবা। কেননা তাহা শুনিয়া অবশিষ্ট লোকেরা ভীত হইবে ও তদবধি তোমাদের মধ্যে আর সে রূপ ২১ দুষ্কর্ম্ম করিবে না। তাহাদের প্রতি তোমরা চক্ষুর্লজ্জা করিবা না, কিন্তু প্রাণের পরিশোধে প্রাণ, ও চক্ষুর পরিশোধে চক্ষু, ও দন্তের পরিশোধে দন্ত, ও হস্তের পরিশোধে হস্ত, ও পদের পরিশোধে পদ হইবে।

২০ অধ্যায়।

১ যুদ্ধ সময়ে যাজকের কথা ৫ ও সেনাপতির কথা ১০ ও শত্রুদের নগরের প্রতি ব্যবহারের নির্ণয় ১৬ ও সাত জাতীয়দের বিনাশ করণের আজ্ঞা ১৯ ও যুদ্ধ সময়ে ফলবান বৃক্ষ নষ্ট করণে নিষেধ।

১ তোমরা আপন শত্রুদের প্রতিকূলে যুদ্ধ করিতে বহি-র্গমন করিলে যদি আপনাদের হইতেও অধিক অশ্ব ও রথ ও জনতা দেখ, তথাপি ভয় করিও না, কেননা যিনি মিসর্‌দেশহইতে তোমাদিগকে আনিয়াছেন, সেই প্রভু পরমেশ্বর তোমাদের সহিত থাকিবেন। ২ এবং তোমরা যুদ্ধের নিকটে উপস্থিত হইলে যাজক আসিয়া লোকদের নিকটে কথা কহিবে, ও তাহাদিগ-৩ কে এই কথা বলিবে, হে ইস্রায়েল্‌ বংশ, শুন, তোমরা অদ্য আপন শত্রুদের সহিত যুদ্ধ করিতে যাইতেছ, কিন্তু অন্তঃকরণে নিরাশ হইও না ও ভয় করিও না ও কম্পবান হইও না, ও তাহাদের হইতে ভীত হইও না। ৪ কেননা তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের শত্রুগণের প্রতিকূলে যুদ্ধ করিতে ও তোমাদিগকে রক্ষা করিতে তোমাদের সহিত যাইতেছেন।

৫ এবং অধ্যক্ষগণ লোকদিগকে এই কথা কহিবে, আপন গৃথিত নূতন গৃহ প্রতিষ্ঠা করে নাই,এমত কোন্‌ মনুষ্য তোমাদের মধ্যে আছে? সে যুদ্ধে মরিলে যেন অন্য লোক তাহার গৃহ প্রতিষ্ঠা না করে, এই জন্যে ৬ সে আপন গৃহে ফিরিয়া যাউক। আর দ্রাক্ষাক্ষেত্র প্রস্তুত করিয়া তাহার ফল ভোগ করে নাই, এমত কোন্‌ মনুষ্য আছে? সে যুদ্ধে মরিলে অন্য লোক যেন তাহার ফল ভোগ না করে, এই জন্যে সে আপন ৭ গৃহে ফিরিয়া যাউক। এবং বাগ্দান করিয়া বিবাহ করে নাই, এমত কোন্‌ মনুষ্য আছে? সে যুদ্ধে মরিলে অন্য লোক যেন তাহার ভার্য্যাকে গ্রহণ না করে, এই ৮ জন্যে সে আপন গৃহে ফিরিয়া যাউক। অধ্যক্ষগণ লোকদিগকে আরো কহিবে, ভীরু ও ভয়শীল লোক কে আছে? তাহার মনের ন্যায় তাহার ভ্রাতাদের মন ৯ যেন নিরাশ না হয়, এই জন্যে সে আপন গৃহে ফিরিয়া যাউক। অপর অধ্যক্ষগণ লোকদের সহিত কথা সাঙ্গ করিলে পর তাহারা লোকদিগকে যুদ্ধে লইয়া যাইতে সৈন্যের উপরে সেনাপতি নিযুক্ত করিবে।

১০ আর তোমরা কোন নগরের প্রতিকূলে যুদ্ধ করিতে তাহার নিকটে উপস্থিত হইলে অগ্রে সন্ধির কথা ঘোষণা ১১ করিবা। তাহাতে যদি তাহারা সন্ধিতে সম্মত হইয়া তোমা-দের জন্যে দ্বার খুলে,তবে সেই নগরীয় তাবৎ লোক তো-১২ মাদিগকে কর দিবে ও তোমাদের সেবা করিবে। আর যদি তাহারা সন্ধি না করিয়া তোমাদের সহিত যুদ্ধ করিতে চাহে, তবে তোমরা তাহাদের নগর অবরোধ করিবা। ১৩ পরে তোমাদের প্রভু পরমেশ্বর তাহাদিগকে তোমাদের হস্তগত করিলে তোমরা তাহাদের সমস্ত পুরুষকে খড়্গের ১৪ ধারে বধ করিবা। কিন্তু তাহাদের স্ত্রীগণ ও বালকগণ ও পশুগণ ইত্যাদি নগরের সর্ব্বস্ব আপনাদের জন্যে লুঠ স্বরূপ গ্রহণ করিয়া তোমাদের প্রভু পরমেশ্বরের দত্ত ১৫ শত্রুদের লুঠ ভোগ করিবা। এখানকার সকল জাতি-দের নগর ব্যতিরেক তোমাদের হইতে অতি দূর যে সকল নগর, কেবল তাহাদের প্রতি এই রূপ করিবা।

[১৩] যা ২১; ১৪। গ ৩৫; ৩১॥—[১৪] দ্বি ২৭; ১৭। হি ২২; ২৮॥—[১৫] দ্বি ১৭; ৬। ম ১৮; ১৬। ২ ক ১৩; ১। ১ তী ৫; ১৯॥—[১৭] দ্বি ১৭; ৮-১১॥—[১৯,২০] ১৭; ১২,১৩॥—[২১] যা ২১; ২২-২৫। লে ২৪; ১৯,২০। ম ৫; ৩৮॥ [২০ অধ্য; ১-৪] দ্বি ৭; ১৭-২৪। ২ রা ৬; ১৩-১৭॥—[১] গী ২০; ৭। ৩৩; ১৭॥—[৪] দ্বি ১; ২৯,৩০। ৩; ২২॥—[৭] ২৪; ৫॥ [৮] বি ৭; ৩॥—[১০] দ্বি ২; ২৬-২৯॥—[১৩] গ ৩১; ৭॥

১৬ কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বর এই লোকদের যে২ নগর অধিকার করিতে তোমাদিগকে দিবেন, তাহাদের মধ্যে কোন জীব জন্তুকে জীবৎ রাখিবা না। ১৭ যাহাতে তোমরা আপন২ প্রভু পরমেশ্বরের প্রতিকূলে অপরাধী হও, এমত যে২ ঘৃণার্হ কর্ম্ম তাহারা আপনাদের দেবগণের প্রতি করে, তাহার শিক্ষা যেন ১৮ তোমাদিগকে না দেয়, এই জন্যে তোমরা আপনাদের প্রভু পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহাদিগকে অর্থাৎ হিত্তীয় ও ইমোরীয় ও কিনানীয় ও পিরিষীয় ও হিব্বীয় ও যিবূষীয় লোকদিগকে নির্মূলে উচ্ছিন্ন করিবা।

১৯ আর যুদ্ধ করিয়া কোন নগর হস্তগত করণার্থে বহুকাল পর্য্যন্ত অবরোধ করিয়া থাকিতে হইলে কুঠারাঘাতদ্বারা সে নগরের কোন বৃক্ষ ছেদন করিবা না, কেননা তোমরা তাহার ফল ভোগ করিতে পারিবা; এবং নগরের রোধ কার্য্যের নিমিত্তে সে সকল কাটিও ২০ না; কেননা ক্ষেত্রের বৃক্ষ মনুষ্যের জীবন *। কিন্তু যে সকল বৃক্ষের ফল অখাদ্য জ্ঞাত আছ, সে সকল নষ্ট করিতে ও কাটিতে পারিবা; এবং তোমাদের সহিত যুদ্ধকারি নগর যে পর্য্যন্ত পরাস্ত না হয়, তাবৎ সেই নগরের প্রতিকূলে তাহাদ্বারা দুর্গ নির্ম্মাণ করিবা।

২১ অধ্যায়।

১ অনিশ্চিত বধের প্রায়শ্চিত্ত ১০ ও সুন্দরী বন্দি স্ত্রীকে বিবাহ করণের নিয়ম ১৫ ও অপ্রিয়া জাত জ্যেষ্ঠ পুত্রের অধিকার নির্ণয় ১৮ ও অবাধ্য পুত্রের বধ করণের আজ্ঞা ২২ ও উদ্বন্ধনে রাখনের নিয়ম।

১ আর অধিকারার্থে তোমাদের প্রভু পরমেশ্বরের দত্ত দেশে ক্ষেত্রের মধ্যে যদি কোন হত লোককে পাওয়া যায়, কিন্তু তাহাকে কে বধ করিল, তাহা জানা না যায়; ২ তবে তোমাদের প্রাচীনেরা ও বিচারকর্ত্তৃগণ বাহিরে গিয়া সেই শব অবধি চতুর্দ্দিক্স্থিত সমস্ত নগর পর্য্যন্ত ৩ মাপিবে। তাহাতে যে নগর হত লোকের নিকটস্থ হইবে, তাহার প্রাচীন লোকেরা যোঁয়ালি বহনাদি সকল কর্ম্মে অপ্রবৃত্ত, এমত এক গোবৎসকে লইবে। ৪ পরে সেই নগরের প্রাচীন লোকেরা অকৃষ্ট ও অনুপ্ত ও নিত্য জলস্রোতোবাহি খাদেতে † সেই গোবৎসকে ৫ আনিয়া তাহার মস্তক ছেদন করিবে। পরে লেবীয় যাজকেরা তাহার নিকটে আসিবে, কেননা তোমাদের প্রভু পরমেশ্বর আপন সেবার্থে ও পরমেশ্বরের নামে আশীর্ব্বাদ করণার্থে তাহাদিগকে মনোনীত করিয়াছেন; অতএব তাহাদের বাক্যানুসারে প্রত্যেক বিবা- ৬ দের ও দণ্ডের বিচার হইবে। পরে শবের নিকটস্থ ঐ নগরের প্রাচীনেরা ঐ ছিন্নমস্তক গোবৎসের উপরে আপন২ হস্ত স্রোতের জলে † প্রক্ষালন করিবে। ৭ এবং আমাদের হস্ত এই রক্তপাত করে নাই, ও আমাদের চক্ষু ইহা দেখে নাই; ৮ এবং হে পরমেশ্বর, তুমি যে ইস্রায়েল্ বংশকে মুক্ত করিলা, তাহাদের প্রতি দয়া কর; আপন লোক ইস্রায়েল্ বংশের প্রতি নিরপরাধের রক্তপাতের দোষার্পণ করিও না, এই কথা কহিবে; তাহাতে তাহাদের প্রতি সেই রক্তপাতের দোষ ক্ষমা হইবে। ৯ এই রূপে তোমরা পরমেশ্বরের সাক্ষাতে ধর্ম্ম করিয়া আপনাদের মধ্যহইতে নিরপরাধের রক্তপাতের দোষ দূর করিবা।

১০ আর তোমরা আপন শত্রুগণের প্রতিকূলে যুদ্ধার্থে গমন করিলে যদি পরমেশ্বর তাহাদিগকে তোমাদের হস্তগত করেন, ও তোমরা তাহাদিগকে বন্দী কর; ১১ এবং সেই বন্দীদের মধ্যে সুন্দরী স্ত্রীকে দেখিয়া তাহাকে বিবাহ করিতে তোমার ইচ্ছা হয়; ১২ তবে তুমি তাহাকে আপন গৃহের মধ্যে আনিলে সে আপন মস্তক মুণ্ডন ও নখচ্ছেদন করিয়া ১৩ আপনার বন্দিত্ব অবস্থার বস্ত্র ত্যাগ করিবে; পরে তোমার গৃহে থাকিয়া আপন পিতামাতার জন্যে সম্পূর্ণ এক মাস ‡ শোক করিবে, তাহার পরে তুমি তাহাকে বিবাহ করিয়া তাহাতে উপগত হইবা ও সে তোমার ভার্য্যা হইবে। ১৪ কিন্তু যদি তাহাতে তোমার তুষ্টি না হয়, তবে যে স্থানে তাহার ইচ্ছা, সেই স্থানে তাহাকে যাইতে দিবা; আর কোন প্রকারে টাকা লইয়া তাহাকে বিক্রয় করিবা না, ও তাহাকে ব্যবসায় দ্রব্য করিবা না, কেননা তুমি তাহাতে উপগত হইলা।

১৫ আর যদি কোন পুরুষের প্রিয়া ও অপ্রিয়া দুই স্ত্রী থাকে, এবং প্রিয়া ও অপ্রিয়া উভয়েরই পুত্র থাকে, কিন্তু জ্যেষ্ঠ পুত্র অপ্রিয়াজাত হয়; ১৬ তবে সে পুত্রদিগকে আপন সর্ব্বস্ব অধিকার দেওন সময়ে অপ্রিয়াজাত জ্যেষ্ঠ পুত্র থাকিতে প্রিয়াজাত কনিষ্ঠ পুত্রকে জ্যেষ্ঠাধিকার দিতে পারিবে না। ১৭ কিন্তু সে আপন সর্ব্বস্বের দুই অংশ দানদ্বারা অপ্রিয়ার পুত্রকে জ্যেষ্ঠ বলিয়া স্বীকার করিবে; কেননা সে তাহার বলের প্রথম ফল, জ্যেষ্ঠাধিকার তাহারই সম্ভব।

১৮ আর যদি কাহারো পুত্র অবাধ্য ও বিপথগামী হয়, এবং পিতামাতার কথা না মানে, এবং শাসন করিলেও তাহাদিগকে অমান্য করে; ১৯ তবে তাহার পিতামাতা তাহাকে ধরিয়া নগরীয় প্রাচীনদের নিকটে ও নিবাস স্থানের দ্বার নিকটে আনিয়া নগরীয় প্রাচীনগণকে কহিবে, ২০ আমাদের এই পুত্র অবাধ্য ও বিপথগামী, আমাদের কথা মানে না, এবং অতিশয় ভোক্তা ও মদ্যপায়ী হয়। ২১ তাহাতে নগরীয় লোকেরা তাহাকে প্রস্তরাঘাত করিয়া বধ করিবে; এই রূপে

[১৬-১৮] দ্বি ৭; ২॥—[১৮] গ ৩১; ১৫, ১৬। ৩৩; ৫৫,৫৬॥

[২১ অধ্য; ৫] দ্বি ১০; ৮। ১৭; ৮-১৩॥—[৬] লে ১৪; ৪-৭। গ ১৯; ৬। য ২৭; ২৪॥—[৯] দ্বি ১৯; ১৩॥—[১৮-২১] ৫; ১৬। ১৩; ৫,১১। ১ শি ১৫; ২২। হি ৩০; ১৭॥

* (বা) কেননা ক্ষেত্রের বৃক্ষ কি তোমার সাক্ষাতে রোধনীয় মনুষ্য? † (বা) উপত্যকাতে। ‡ (ইব্রু) দিবসের মাস।

তোমরা আপনাদের মধ্যহইতে দোষ দূর করিবা, তাহাতে তাবৎ ইস্রায়েল্ বংশ তাহা শুনিয়া ভয় করিবে।

২২ আর যদি কোন মনুষ্য বধ যোগ্য পাপ করিয়া বধ্য হয়, এবং তোমরা তাহাকে বৃক্ষের * উপরে টাঙ্গাইয়া ২৩ বধ কর, তবে অধিকারার্থে তোমাদের প্রভু পরমেশ্বরের দত্ত দেশ যেন অশুচি না হয়, এই জন্যে তাহার শব বৃক্ষের * উপরে সমস্ত রাত্রি রাখিবা না, কিন্তু কোন প্রকারে সেই দিনে তাহাকে কবর দিবা; কেননা যে জন বৃক্ষেতে † টাঙ্গান যায়, সে ঈশ্বরকর্তৃক শাপগ্রস্ত হয়।

২২ অধ্যায়।

১ ভ্রাতৃগণের অপকার করণে নিষেধ ৪ ও বিপরীত বস্ত্র পরিধানের নিষেধ ৫ ও শাবক ও পক্ষিণীকে ধরণে নিষেধ ৮ ও ছাতে আলিসা করিতে আজ্ঞা ৯ ও অযুগ্মে যোগ করণ নিষেধ ১২ ও বস্ত্রে থোপ রাখিতে বিধি ১৩ ও বধূর অপমানের দণ্ড ২২ ও পরদারের দণ্ড ২৩ ও ব্যভিচারের দণ্ড ২৫ ও বলাৎকারে উপগত হওনের দণ্ড।

১ আর তোমাদের কোন ভ্রাতার বলদ কিম্বা মেষাদিকে স্থানান্তরে যাইতে দেখিলে তোমরা তাহাতে অমনোযোগ করিবা না; কোন রূপে আপন ভ্রাতার নিকটে ২ তাহাদিগকে ফিরাইয়া উপস্থিত করিবা। যদ্যপি তোমাদের সেই ভ্রাতা নিকটস্থ কিম্বা পরিচিত না হয়, তবে সেই পশুকে আপন গৃহে আনিয়া সেই ভ্রাতার উদ্দেশ না পাওন পর্য্যন্ত আপনার নিকটে রাখিবা; পরে ৩ তাহাকে দিবা। এবং তোমরা তাহার গর্দ্দভ ও বস্ত্রের প্রতিও তদ্রূপ করিবা, তোমাদের ভ্রাতার হারাণ ও তোমাদের প্রাপ্ত তাবৎ দ্রব্যের বিষয়ে এই রূপ করিবা, তোমরা এ বিষয়ে অমনোযোগ করিবা না।

৪ অপর তোমাদের ভ্রাতার গর্দ্দভকে কিম্বা বলদকে পথে পড়িতে দেখিলে তোমরা তাহার প্রতি অমনোযোগ করিবা না; অবশ্য তাহাদিগকে তুলিতে তাহার উপকার করিবা।

৫ আর স্ত্রীলোক পুরুষের বস্ত্র, কিম্বা পুরুষ স্ত্রীলোকের বস্ত্র পরিধান করিবে না; যে কেহ তাহা করে, সে তোমাদের প্রভু পরমেশ্বরের ঘৃণার্হ হইবে।

৬ আর পথের পার্শ্বে কোন বৃক্ষে কিম্বা ভূমির উপরে তোমাদের সম্মুখে যদি কোন পক্ষির বাসাতে শাবক কিম্বা ডিম্ব থাকে, এবং সেই শাবকের কিম্বা ডিম্বের উপরে পক্ষিণী ‡ বসিয়া থাকে, তবে সেই শাবকের সহিত ৭ পক্ষিণীকে § ধরিবা না। আপনার জন্যে শাবক লইয়া কোন প্রকারে পক্ষিণীকে § ত্যাগ করিবা, তাহাতে তোমাদের মঙ্গল ও দিবসের বৃদ্ধি হইবে।

৮ আর নূতন গৃহ প্রস্তুত করিলে তাহার ছাতের উপরহইতে যেন কোন মনুষ্য না পড়ে, ও তোমাদের গৃহের উপরে রক্তপাতের অপরাধ না আইসে, এই জন্যে তাহার উপরে আলিসা নির্ম্মাণ করিবা।

৯ আর তোমাদের রোপিত বীজের ফল ও দ্রাক্ষাক্ষেত্রের ফল যেন অপবিত্র ‖ না হয়, এই জন্যে তোমরা আপন দ্রাক্ষাক্ষেত্রে মিশ্রিত বীজ বপন করিবা না।

১০ আর বলদে ও গর্দ্দভে একত্র যুড়িয়া চাস করিবা না।

১১ আর তোমরা লোম ও কার্পাস সূত্র মিশ্রিত করিয়া নানা সূত্রে নির্ম্মিত বস্ত্র পরিধান করিবা না।

১২ এবং আপনাদের আবরণার্থক গাত্রীয় বস্ত্রের চারি কোণে থোপ প্রস্তুত করিবা।

১৩ আর কোন মনুষ্য যদি বিবাহ করিয়া স্ত্রী সঙ্গ করিলে ১৪ পর তাহাকে ঘৃণা করে, এবং তাহার প্রতিকূলে অপবাদ করে, ও তাহার দুর্নাম করিয়া, আমি এই স্ত্রীকে বিবাহ করিলাম বটে, কিন্তু সঙ্গকালে ইহার কৌমার্য্যের চিহ্ন পাইলাম না, এই কথা কহে; তবে সেই ১৫ কন্যার পিতা মাতা তাহার কৌমার্য্যের চিহ্ন লইয়া দ্বার মধ্যবর্ত্তি নগরের প্রাচীনদের নিকটে বাহির করিয়া ১৬ আনিবে। এবং কন্যার পিতা প্রাচীনদিগকে কহিবে, আমি এই মনুষ্যের সহিত আপন কন্যার বিবাহ ১৭ দিলাম, কিন্তু এ ব্যক্তি তাহাকে ঘৃণা করে; এবং আমি তোমার কন্যার কৌমার্য্যের চিহ্ন পাই নাই, এই কথা কহিয়া অপবাদ দেয়, কিন্তু আমার কন্যার কৌমার্য্যের চিহ্ন এই দেখ; তাহাতে তাহারা নগরের প্রাচীনদের ১৮ সাক্ষাতে সেই বস্ত্র বিস্তার করিবে। পরে নগরের প্রাচী১৯ নেরা সেই পুরুষকে লইয়া শাস্তি দিবে। এবং তাহার এক শত শেকল্ রূপা দণ্ড করিয়া কন্যার পিতাকে দিবে, কেননা সে ইস্রায়েল্ বংশীয় কন্যার প্রতিকূলে দুর্নাম করিল; পরে সে তাহার ভার্য্যা হইবে, এবং ঐ পুরুষ ২০ যাবজ্জীবন তাহাকে ত্যাগ করিতে পারিবে না। কিন্তু এ বিষয় যদি সত্য হয়, কন্যার কৌমার্য্যের চিহ্ন না ২১ পাওয়া যায়; তবে তাহারা তাহার পিতার গৃহের দ্বার নিকটে সেই কন্যাকে বাহির করিয়া আনিবে, এবং নগরীয় লোকেরা প্রস্তরাঘাতে তাহাকে বধ করিবে; কেননা সে আপন পিতৃগৃহে ব্যভিচার করিয়া ইস্রায়েল্ বংশে কুকর্ম্ম করিল; এই প্রকারে তোমরা আপনাদের মধ্যহইতে দোষ দূর করিবা।

২২ আর পরস্ত্রীর ** সহিত সংসর্গ করণ সময়ে কোন পুরুষ যদি ধরা পড়ে, তবে পরস্ত্রীর সহিত সংসর্গকারি পুরুষ ও সেই স্ত্রী উভয়ে হত হইবে, এই রূপে তোমরা ইস্রায়েল্ বংশের মধ্যহইতে দোষ দূর করিবা।

২৩ আর যদি কেহ স্বামিতে বাগ্‌দত্তা কোন কুমারীকে ২৪ নগর মধ্যে পাইয়া তাহাতে উপগত হয়; তবে তোমরা সেই দুই জনকেই নগরদ্বারের নিকটে বাহির করিয়া

[২২, ২৩] যি ৮; ২৯। ১০; ২৬, ২৭। যো ১৯; ৩১-৩৭। গল ৩; ১৩, ১৪॥—[২৩] গ ১৯; ১১। ৩৫; ৩৩, ৩৪॥
[২২ অধ্য; ১] যা ২৩; ৪॥—[৪] যা ২৩; ৫॥—[৬] লে ২২; ২৮॥—[৯-১১] লে ১৯; ১৯॥—[১২] গ ১৫; ৩৭-৪১॥
[২১] আ ৩৮; ২৪॥—[২২] লে ২০; ১০॥—[২৪] প ২২॥

* (বা) কাষ্ঠের। † (বা) কাষ্ঠে। ‡ (ইব্রু) মাতা। § (ইব্রু) মাতাকে। ‖ (বা) পবিত্র। ** (ইব্রু) স্বামির সহিত বিবাহিতা স্ত্রীর।

আনিয়া প্রস্তরাঘাতে বধ করিবা, কেননা কন্যা নগর মধ্যে থাকিলেও উচ্চৈঃস্বর করিল না, এবং পুরুষ আপন প্রতিবাসির ভার্য্যাতে উপগত হইল; এই রূপে তোমরা আপনাদের মধ্যহইতে দোষ দূর করিবা।

২৫ আর যদি কোন পুরুষ বাগ্‌দত্তা কন্যাকে প্রান্তরে ২৬ পাইয়া বলাৎকারে তাহাতে উপগত হয়, তবে তাহাতে উপগত পুরুষমাত্র হত হইবে; কিন্তু কন্যার মরণ যোগ্য কোন দোষ নাই, তোমরা তাহার প্রতি কিছুই করিবা না; কেননা যেমন কোন মনুষ্য আপন প্রতিবাসির প্রতিকূলে উঠিয়া তাহাকে বধ করে, ইহাও তদ্রূপ ২৭ হয়। পুরুষ তাহাকে প্রান্তরে পাইল, তাহাতে বাগ্‌দত্তা কন্যা উচ্চৈঃস্বর করিলেও তাহার রক্ষক কেহ ছিল না।

২৮ আর অবাগ্দত্তা কুমারী কন্যাকে পাইয়া কেহ যদি ২৯ তাহাকে ধরিয়া তাহাতে উপগত হয় ও তাহারা ধরা পড়ে, তবে তাহাতে উপগত পুরুষ কন্যার পিতাকে পঞ্চাশ শেকল্ টাকা দিবে; তাহাতে সে তাহার ভার্য্যা হইবে, এবং তাহাতে উপগত হওন প্রযুক্ত পুরুষ তাহাকে যাবজ্জীবন ত্যাগ করিতে পারিবে না।

৩০ আর মনুষ্য আপন পিতৃভার্য্যাতে উপগত হইবে না, ও আপন পিতার কটির বস্ত্র খুলিবে না।

২৩ অধ্যায়।

১ মণ্ডলীতে যাইতে কোন্ লোকের নিষেধ ৭ ও কোন্ লোকের গ্রহণ ৯ ও অশুচিতাহইতে সাবধান হওনের আজ্ঞা ১৫ ও পলায়নকারি দাসকে সমর্পণ করিতে নিষেধ ১৭ ও ব্যভিচারাদির নিষেধ ১৯ ও সুদ গ্রহণে নিষেধ ২১ ও মানত সিদ্ধ করণের আজ্ঞা ২৪ ও প্রতিবাসির দ্রব্য ভোজনের বিধি।

১ আর নিষ্কোষ কিম্বা ছিন্নলিঙ্গ ব্যক্তি পরমেশ্বরের মণ্ড- ২ লীতে প্রবেশ করিবে না। এবং জারজ ব্যক্তিও পরমেশ্বরের মণ্ডলীতে প্রবেশ করিবে না; তাহারা দশ পুরুষ পর্য্যন্ত পরমেশ্বরের মণ্ডলীতে প্রবেশ করিতে পাইবে না। এবং ৩ অম্মোনীয় কিম্বা মোয়াবীয় লোক পরমেশ্বরের মণ্ডলীতে প্রবেশ করিতে পাইবে না; তাহারা দশ পুরুষ পর্য্যন্ত পরমেশ্বরের মণ্ডলীতে প্রবেশ করিতে পাইবে না। কেননা ৪ মিসরহইতে তোমাদের আগমন সময়ে তাহারা পথে অন্ন-জল লইয়া তোমাদের সহিত সাক্ষাৎ করিল না, কিন্তু তোমাদের প্রতিকূলে শাপ দিতে অরাম্-নহরয়িমস্থ পিথোর্ নিবাসি বিয়োরের পুত্র বিলিয়মকে বেতন দিল। ৫ তাহাতে তোমাদের প্রভু পরমেশ্বর বিলিয়মের কথায় মনোযোগ করিতে অসম্মত হইয়া তোমাদের প্রতি স্নেহ প্রযুক্ত তোমাদের প্রতিকূলে দত্ত শাপকে আশীর্ব্বাদ ৬ স্বরূপ করিলেন। অতএব তোমরা যাবজ্জীবন তাহাদের শান্তি ও মঙ্গল কখনো অন্বেষণ করিবা না।

৭ আর তোমরা ইদোমীয় লোকদিগকে ঘৃণা করিবা না, কেননা তাহারা তোমাদের ভ্রাতৃগণ হয়; আর মিস্রিদিগকেও ঘৃণা করিবা না, কেননা তোমরা তাহাদের দেশে বিদেশী ছিলা। তাহাদের হইতে যে সন্তান ৮ উৎপন্ন হইবে, তাহারা তৃতীয় পুরুষে পরমেশ্বরের মণ্ডলীতে প্রবেশ করিবে।

৯ আর তোমাদের শত্রুগণের বিরুদ্ধে সৈন্য বাহির হওন সময়ে তোমরা আপনাদিগকে সর্ব্বতোভাবে দুষ্কর্ম্মহইতে রক্ষা করিবা। এবং তোমাদের মধ্যে যদি ১০ কোন ব্যক্তি রাত্রি ঘটিত কোন অশুচিতাতে অশুচি হয়, তবে সে শিবিরহইতে বাহির হইবে, শিবিরে প্রবেশ করিবে না। কিন্তু প্রায় সন্ধ্যা উপস্থিত হইলে জলে ১১ স্নান করিবে, ও সূর্য্যের অস্তগমন সময়ে শিবিরে প্রবেশ করিবে। আর তোমরা মলত্যাগের জন্যে শিবি- ১২ রের বাহিরে এক স্থান নিরূপণ করিবা। এবং তোমরা ১৩ আপন ২ সামগ্রীর মধ্যে এক অস্ত্র লইয়া মলত্যাগ করিলে পর সেই অস্ত্র দিয়া খনন করিয়া আপনার নির্গত মল আচ্ছাদন করিবা। কেননা তোমাদিগকে ১৪ রক্ষা করিতে ও তোমাদের শত্রুগণকে তোমাদের হস্তগত করিতে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের শিবিরের মধ্যে ভ্রমণ করেন; অতএব তিনি যেন তোমাদিগেতে কোন অপবিত্রতা না দেখেন ও তোমাদের হইতে পরাঙ্মুখ না হন, এই জন্যে তোমাদের শিবির পবিত্র রাখিবা।

১৫ আর যে দাস আপন স্বামির নিকটহইতে পলাইয়া তোমাদের নিকটে আইসে, তোমরা তাহাকে সেই স্বামির হস্তে সমর্পণ করিবা না। সে তোমাদের কোন ১৬ এক দ্বারে আপন অভিলাষানুসারে * মনোনীত স্থানে তোমাদের মধ্যে বাস করিবে, তোমরা তাহার প্রতি উপদ্রব করিবা না।

১৭ ইস্রায়েল্ বংশের কোন কন্যা বেশ্যা না হউক, ও কোন পুরুষ পুঙ্গামী না হউক। আর কোন মান- ১৮ তের জন্যে বেশ্যার বেতন কিম্বা কুক্কুরের মূল্য তোমাদের প্রভু পরমেশ্বরের গৃহে আনিবা না, কেননা সে উভয়ই তোমাদের প্রভু পরমেশ্বরের ঘৃণার্হ।

১৯ আর তোমরা সুদের জন্যে, অর্থাৎ রূপার কিম্বা খাদ্য দ্রব্যের কোন দ্রব্যের সুদ পাইবার জন্যে আপন ভ্রাতাকে ঋণ দিবা না। লাভের জন্যে বিদেশিকে ঋণ ২০ দিবা, কিন্তু আপন ভ্রাতাকে দিবা না; তাহাতে তোমরা যে দেশ অধিকার করিতে যাইতেছ, সে দেশে তোমাদের হস্তকৃত সমস্ত কর্ম্মে তোমাদের প্রভু পরমেশ্বর আশীর্ব্বাদ করিবেন।

[২৮,২৯] যা ২২; ১৬,১৭ ॥—[৩০] লে ২০; ১১। দ্বি ২৭; ২০॥
[২৩ অধ্য; ৩-৬] নি ১৩; ১-৩ ॥—[৪] দ্বি ২; ২৯ ॥—[৪,৫] গ ২২; ৪-৬। ২৩; ১১, ২০ ॥—[৭] আ ২৫; ২৪-২৬। ৩৬; ৬-৮। লে ১৯; ৩৪॥—[১০,১১] লে ১৫; ১-১৫॥—[১৪] যা ২৯; ৪৩ ৪৬। লে ১১; ৪৪,৪৫। ২৬; ১২॥—[১৭] লে ১৯; ২৯॥—[১৯, ২০] যা ২২; ২৫। লে ২৫; ৩৬,৩৭। দ্বি ১৫; ২, ৩, ১০ ॥

* (বা) মঙ্গলার্থে।

২১ আর তোমরা আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে যে মানত করিবা, তাহা দিতে বিলম্ব করিবা না, কেননা তোমাদের প্রভু পরমেশ্বর অবশ্য তাহা তোমাদেরহইতে ২২ পাওনা করিবেন; না দিলে তোমাদের পাপ হইবে। কিন্তু তোমরা যদি মানত না কর, তবে তাহাতে পাপ ২৩ হইবে না। তোমরা আপন ওষ্ঠ নির্গত বাক্য পালন করিবা, এবং তোমাদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে তোমাদের মুখহইতে যেমন স্বেচ্ছাদত্ত মানতের কথা নির্গত হয়, তদনুসারে তাহা দিবা।

২৪ আর তোমরা আপন প্রতিবাসির দ্রাক্ষাক্ষেত্রে গেলে আপন ইচ্ছানুসারে মনের তৃপ্তি পর্য্যন্ত দ্রাক্ষাফল ভোজন করিতে পারিবা, কিন্তু পাত্রেতে কিছু লইবা ২৫ না। আর তোমরা প্রতিবাসির শস্যক্ষেত্রে গেলে আপন হস্তে শীষ ছিঁড়িতে পারিবা, কিন্তু আপন প্রতিবাসির শস্যক্ষেত্রে কাস্ত্যাদ্বারা তাহা ছেদন করিবা না।

২৪ অধ্যায়।

১ ত্যাগপত্র দেওনের বিধি ৫ ও নূতন বিবাহিত পুরুষের যুদ্ধে গমনে নিষেধ ৬ ও বন্ধকের বিধি ৭ ও মনুষ্যচোরের দণ্ড ৮ ও কুষ্ঠহইতে সাবধান হওনের আজ্ঞা ১০ ও বন্ধকের আর এক কথা ১৪ ও বেতনজীবিকে বেতন দেওনের আজ্ঞা ১৬ ও অন্যায় করিতে নিষেধ ১৯ ও শস্যচ্ছেদন ও ফল পাড়নের বিধি।

১ কোন পুরুষ কোন স্ত্রীকে বিবাহ করিলে পর যদি তাহার কোন দোষ প্রযুক্ত তাহার প্রতি অনুগ্রহ না করে, তবে সে তাহার জন্যে এক ত্যাগপত্র লিখিয়া তাহার হস্তে দিয়া আপন বাটীহইতে তাহাকে বিদায় ২ করিতে পারে। এবং সে স্ত্রী তাহার বাটীহইতে বাহির ৩ হইলে পর অন্য পুরুষকে বিবাহ করিতে পারে। কিন্তু ঐ শেষ স্বামীও যদি তাহাকে ঘৃণা করে, এবং তাহার জন্যে ত্যাগপত্র লিখিয়া তাহার হস্তে দিয়া আপন বাটীহইতে তাহাকে বাহির করিয়া দেয়, কিম্বা বিবাহ-৪ কারি ঐ শেষস্বামী মরে; তবে তাহার অশুচি হওন প্রযুক্ত তাহাকে ত্যাগকারি তাহার প্রথম স্বামী তাহাকে পুনর্ব্বার বিবাহ করিবে না, তাহা পরমেশ্বরের সম্মুখে ঘৃণার্হ কর্ম্ম, অতএব তোমরা অধিকারার্থে প্রভু পরমেশ্বরের দত্ত দেশকে পাপেতে লিপ্ত করিবা না।

৫ আর কোন মনুষ্য নূতন বিবাহ করিয়া যুদ্ধে গমন করিবে না, ও কোন কর্ম্মের ভার লইবে না; সে এক বৎসর পর্য্যন্ত নিষ্কর্ম্ম হইয়া আপন গৃহে নূতন* ভার্য্যার মনোরঞ্জন করিবে।

৬ আর কোন মনুষ্য অন্যের যাঁতার অধঃস্থ বা ঊর্দ্ধস্থ প্রস্তর বন্ধক রাখিবে না; তাহা করিলে জীবন গ্রহণ করা হয়।

৭ আর কোন মনুষ্য যদি ইস্রায়েল্ বংশের কোন ভ্রাতাকে চুরি করিয়া বাণিজ্য দ্রব্যের ন্যায় কাহারো স্থানে বিক্রয় করে এবং ধরা পড়ে, তবে সেই চোর হত হইবে; এই রূপে তোমরা আপনাদের মধ্যহইতে দোষ দূর করিবা।

৮ তোমরা কুষ্ঠরোগ বিষয়ে সাবধান হইবা, এবং লেবীয় যাজকেরা যে সকল উপদেশ দিবে, তদনুসারে কর্ম্ম করিবা, ও যত্ন করিয়া তাহা মানিবা, এবং আমি তাহাদিগকে যে ২ আজ্ঞা দিয়াছি, তাহা পালন করিতে ৯ যত্ন করিবা। তোমরা মিসর্দেশহইতে আইলে পর প্রভু পরমেশ্বর পথে মরিয়মের প্রতি যাহা করিলেন, তাহা স্মরণ কর।

১০ আর তোমরা আপন ২ ভ্রাতাকে কোন কিছু ঋণ দিয়া বন্ধক লইবার জন্যে তাহার গৃহে প্রবেশ করিবা না। ১১ তোমরা বাহিরে দাঁড়াইবা, এবং ঋণি ব্যক্তি বন্ধক বাহির ১২ করিয়া তোমাদের নিকটে আনিবে। কিন্তু সে ঋণী যদি দরিদ্র হয়, তবে তাহার বন্ধক লইয়া নিদ্রা যাইবা না। ১৩ সূর্য্যাস্তকালে তাহার বন্ধক তাহাকে অবশ্য সমর্পণ করিবা; তাহাতে সে আপন বস্ত্রে শয়ন করিয়া তোমাদিগকে আশীর্ব্বাদ করিলে তোমাদের প্রভু পরমেশ্বরের সাক্ষাতে তাহা ধর্ম্ম হইবে।

১৪ তোমরা ভ্রাতৃগণের কিম্বা স্বদেশীয় দ্বারবর্ত্তি বিদেশীয়দের কোন বেতনজীবি দরিদ্র ও দীনহীন ভৃত্যের ১৫ প্রতি উপদ্রব করিবা না। সে তোমাদের প্রতিকূলে পরমেশ্বরের কাছে যেন প্রার্থনা না করে, ও তোমাদের পাপ না হয়; এই জন্যে তোমরা নিরূপিত দিবসে তাহার বেতন তাহাকে দিবা, সূর্য্য অস্তগত হওন পর্য্যন্ত তাহা রাখিবা না, কেননা সে দরিদ্র, এবং সেই বেতনের প্রতি তাহার মন থাকে।

১৬ আর পুত্রের পরিবর্ত্তে পিতা, ও পিতার পরিবর্ত্তে পুত্র হত হইবে না; প্রতি জন আপন ২ পাপ প্রযুক্ত হত ১৭ হইবে। তোমরা বিদেশির কিম্বা পিতৃহীনের বিচারে অন্যায় করিবা না, এবং বিধবার বস্ত্র বন্ধক রাখিতে ১৮ লইবা না। কিন্তু তোমরা মিসর্দেশে দাস ছিলা, প্রভু পরমেশ্বর তথাহইতে তোমাদিগকে মুক্ত করিয়াছেন, তাহা যেন স্মরণ কর, এই জন্যে আমি এই সকল কর্ম্ম করিতে তোমাদিগকে আজ্ঞা করিতেছি।

১৯ আর তোমরা শস্যচ্ছেদন কালে যদি এক আটি ক্ষেত্রে রাখিয়া বিস্মৃত হও, তবে তাহা লইতে ফিরিয়া যাইবা না; তাহা বিদেশির ও পিতৃহীনের ও বিধবার হইবে; তাহাতে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের হস্তকৃত তাবৎ কর্ম্মে তোমাদিগকে আশীর্ব্বাদ

[২১-২৩] গ ৩০; ২। ঙ ৫; ৪-৬॥—[২৩] গী ৬৬; ১৩-১৫॥—[২৫] ম ১২; ১॥

[২৪ অধ্য; ১] ম ৫; ৩১,৩২। ১৯; ৩-৯॥—[৫] দ্বি ২০; ৭॥—[৭] যা ২১; ১৬॥—[৮] লে ১৩। ১৪॥—[৯]গ ১২; ১০-১৫॥—[১২,১৩] যা ২২; ২৬,২৭॥—[১৪] মল ৩; ৫॥—[১৫] লে ১৯; ১৩। হি ৩; ২৭,২৮। যাক ৫; ৪॥—[১৬] ২ রা ২৫; ৪। যিহি ১৮; ১৯, ২০॥—[১৭] যা ২২; ২১-২৪। যির ২২; ৩,৪। সিখ ৭;৯॥—[১৮] প ২২। দ্বি ১৬; ১২॥

*(ইব্রু) গৃহীতা।

২০ করিবেন। আর তোমরা জিতবৃক্ষের ফল পাড়াইলে পর পুনর্ব্বার শাখাতে অন্বেষণ করিবা না; তাহাতে যাহা থাকে, তাহা বিদেশির ও পিতৃহীনের ও বিধবার হইবে। ২১ এবং দ্রাক্ষাক্ষেত্রের দ্রাক্ষাফল চয়ন করিলে তাহার অবশিষ্ট পুনর্ব্বার চয়ন করিবা না; তাহা বিদেশির ও ২২ পিতৃহীনের ও বিধবার হইবে। তোমরা মিসর্‌দেশে দাস ছিলা, তাহা যেন স্মরণ কর, এই জন্যে আমি এই সকল কর্ম্ম করিতে তোমাদিগকে আজ্ঞা করিতেছি।

২৫ অধ্যায়।

১ চল্লিশ প্রহারের অধিক দণ্ড দেওনে নিষেধ ৪ ও শস্য মর্দ্দনকারি বলদের মুখ বান্ধিতে নিষেধ ৫ ও ভ্রাতার বংশ বৃদ্ধি করণের বিধি ১১ ও নির্লজ্জ স্ত্রীর দণ্ড ১৩ ও তৌলন ও মাপন বিষয়ে অন্যায় করিতে নিষেধ ১৭ ও অমালেকের কথা।

১ মনুষ্যদের মধ্যে বিবাদ উপস্থিত হইলে তাহারা যদি বিচারার্থে বিচারকর্ত্তার * নিকটে যায়, তবে সে নির্দ্দোষকে নির্দ্দোষ ও দোষিকে দোষী করিবে। ২ তাহাতে যদি দোষি লোক প্রহারের যোগ্য হয়, তবে বিচারকর্ত্তা তাহাকে শয়ন করাইয়া তাহার অপরাধানু- ৩ সারে আপন সাক্ষাতে তাহাকে প্রহার করাইবে। চল্লিশ আঘাত করিতে পারে, তাহার অধিক নয়, নতুবা যদি তৎপ্রহার অপেক্ষা অধিক মহা প্রহার করে, তবে তোমাদের ভ্রাতা তোমাদের সাক্ষাতে তুচ্ছ হইবে।

৪ আর তোমরা শস্য মর্দ্দনকারি বলদের মুখ বন্ধন করিবা না।

৫ যদি অনেক ভ্রাতা একত্র হইয়া বাস করে, এবং তাহার এক ভ্রাতা নিঃসন্তান হইয়া মরে, তবে সেই মৃত ব্যক্তির স্ত্রী বাহিরের অন্য পুরুষকে বিবাহ করিবে না; তাহার দেবর তাহাকে বিবাহ করিয়া তাহাতে উপগত হইবে, এবং তাহার প্রতি দেবরের কর্ত্তব্য কর্ম্ম করিবে। ৬ তাহাতে তাহার যে জ্যেষ্ঠ সন্তান জন্মিবে, সে তাহার ঐ মৃত ভ্রাতার উত্তরাধিকারী হইবে; তাহাতে ইস্রায়েল্ ৭ বংশহইতে তাহার নাম লুপ্ত হইবে না। আর সেই পুরুষ যদি আপন ভ্রাতৃপত্নীকে গ্রহণ করিতে স্বীকৃত না হয়, তবে সে স্ত্রী দ্বারের নিকটে প্রাচীনদের কাছে যাইয়া, আমার দেবর ইস্রায়েল্ বংশের মধ্যে আপন ভ্রাতার নাম রাখিতে অসম্মত, সে দেবরের কর্ত্তব্য ৮ কর্ম্ম করিতে চাহে না, এই কথা কহিবে। তখন নগরের প্রাচীনেরা তাহাকে ডাকিয়া কথা কহিবে; তাহাতে যদি সে নিতান্ত অসম্মত হয় এবং, আমি তাহাকে গ্রহণ ৯ করিতে চাহি না, এমত কথা কহে; তবে তাহার ভ্রাতৃপত্নী প্রাচীনদের সাক্ষাতে তাহার নিকটে আসিয়া তাহার পদহইতে পাদুকা খুলিবে, ও তাহার মুখে থুথু দিয়া এই কথা কহিবে, যে কেহ আপন ভ্রাতার গৃহ না গাঁথে, তাহার প্রতি এই রূপ করা যায়। একারণ ইস্রায়েল্ ১০ বংশের মধ্যে সে মুক্তপাদুক † নামে প্রসিদ্ধ হইবে।

১১ পুরুষেরা পরস্পর বিরোধ করিলে তাহাদের এক জনের স্ত্রী যদি প্রহারকের হস্তহইতে আপন স্বামিকে মুক্ত করিতে হস্ত বিস্তার করিয়া প্রহারকের পুরুষাঙ্গ ধরে; তবে তোমরা তাহার হস্ত ছেদন করিবা; তাহাতে ১২ চক্ষুর্লজ্জা করিবা না।

১৩ আর তোমরা নিরূপিতের ন্যূন ও অধিক নানা প্রকার বাট্‌খারা ‡ আপন থলিয়াতে রাখিবা না। ১৪ এবং ন্যূন ও অধিক নানা প্রকার পরিমাণ § আপন গৃহে রাখিবা না। ১৫ তোমরা যথার্থ ও ন্যায় বাট্‌খারা রাখিবা, ও যথার্থ ও ন্যায় পরিমাণপাত্র রাখিবা; তাহাতে তোমাদের প্রভু পরমেশ্বরের দত্ত দেশে তোমাদের দিবসের বৃদ্ধি হইবে। ১৬ যাহারা এই প্রকার করিয়া অন্যায় করে, সে সকলেই তোমাদের প্রভু পরমেশ্বরের ঘৃণিত।

১৭ আর মিসর্‌দেশহইতে তোমাদের বহিরাগমন কালে ১৮ পথে তোমাদের প্রতি অমালেক্ যাহা২ করিল, অর্থাৎ তোমাদের শ্রান্তি ক্লান্তি সময়ে সে পথে তোমাদের সহিত মিলিয়া ঈশ্বরকে ভয় না করিয়া তোমাদের পশ্চাদ্বর্ত্তি প্রান্তভাগস্থ দুর্ব্বল লোককে যে প্রকারে আক্রমণ করিল, তাহা স্মরণ কর। ১৯ তোমাদের প্রভু পরমেশ্বর যে দেশ অধিকার করিতে তোমাদিগকে দিবেন, সেই দেশে তোমাদের প্রভু পরমেশ্বর চতুর্দ্দিক-স্থিত সকল শত্রুহইতে তোমাদিগকে বিশ্রাম দিলে তোমরা আকাশের অধোহইতে অমালেকের তাবৎ স্মরণের চিহ্ন লোপ করিবা; তাহা বিস্মৃত হইবা না।

২৬ অধ্যায়।

১ প্রথম ফল উৎসর্গকারির স্বীকার ১২ ও তৃতীয় বৎসরে দশমাংশের উৎসর্গকারির প্রার্থনা ১৬ ও লোকদের সহিত পরমেশ্বরের নিয়ম।

১ তোমরা অধিকারার্থে আপন প্রভু পরমেশ্বরের দত্ত দেশে যখন প্রবেশ করিবা ও তাহা অধিকার করিয়া ২ তাহাতে বাস করিবা; তৎকালে তোমরা প্রভু পরমেশ্বরের দত্ত দেশের সমস্ত প্রথমোৎপন্ন ফলের কিছু২ লইয়া চুপড়িতে রাখিয়া, প্রভু পরমেশ্বর আপন নাম রাখিতে যে স্থান মনোনীত করিয়াছেন, সেই ৩ স্থানে গমন করিবা। এবং তৎকালীয় যাজকের কাছে যাইয়া, ‘পরমেশ্বর আমাদিগকে যে দেশ দিতে আমা-

[১৯-২২] লে ১৯; ৯,১০। ২৩; ২২॥—[২০] যিশ ১৭; ৬॥—[২২] প ১৮॥
[২৫ অধ্য; ১] দ্বি ১; ১৬। হি ১৭; ১৫॥—[৩] ২ ক ১১; ২৪॥—[৪] ১ ক ৯; ৯। ১ তী ৫; ১৮॥—[৫,৬] ম ২২; ২৪॥—[৭-১০] রূ ৪; ১-৮॥—[১৩-১৬] লে ১৯; ৩৫,৩৬। হি ১১; ১। ১৬; ১১। ২০; ১০॥—[১৭-১৯] যা ১৭; ৮-১৬। গ ২৪ ৭,২০। ১ শি ১৫; ১-৭। ১ বং ৪; ৪২,৪৩॥
[২৬ অধ্য; ১-১৫] দ্বি ১৪; ২২-২৯॥—[২] যা ৩৪; ২৬। লে ২৩; ১০। গ ১৮; ১৩॥—[৩] যি ২৩; ১৪। গ ২৩; ১৯॥
* (ইব্রী) বিচারকর্ত্তাদের। † (ইব্রী) মুক্তপাদুক ব্যক্তির পরিবার। ‡ (ইব্রী) প্রস্তর এবং প্রস্তর। § (ইব্রী) ঐফা এবং ঐফা।

দের পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছেন, সেই দেশে আমি আসিয়াছি; ইহা আমি অদ্য প্রভু পরমেশ্বরের সাক্ষাতে স্বীকার করিতেছি,' এই কথা তাহার সম্মুখে ৪ কহিবা। তাহাতে যাজক তোমাদের হস্তহইতে চুপড়ি ৫ লইয়া পরমেশ্বরের বেদির সম্মুখে রাখিবে। এবং তোমরা আপন প্রভু পরমেশ্বরের কাছে এই কথা কহিবা, মৃতকল্প অরামীয় আমাদের পূর্ব্বপুরুষ ছিল; সে অল্প পরিবারের সঙ্গে মিসর্‌দেশে উত্তীর্ণ হইয়া সে স্থানে প্রবাস করিল; এবং সে স্থানে মহান্ ৬ ও পরাক্রান্ত ও বহুপ্রজ হইল। তাহাতে মিস্রীয় লোকেরা আমাদের প্রতি উপদ্রব করিলে এবং ক্লেশ ও ৭ কঠিন দাসত্ব দিলে, আমরা আপন পূর্ব্বপুরুষের প্রভু পরমেশ্বরের কাছে প্রার্থনা করিলাম; তাহাতে পরমেশ্বর আমাদের বাক্য শুনিয়া আমাদের দুঃখ ৮ ও কষ্ট ও উপদ্রবের প্রতি দৃষ্টি করিলেন। এবং পরমেশ্বর পরাক্রান্ত হস্ত ও বিস্তীর্ণ বাহু ও মহাশঙ্কা ও চিহ্ন ও আশ্চর্য্য ক্রিয়াদ্বারা মিসর্‌দেশহইতে আমা- ৯ দিগকে বাহির করিয়া আনিলেন। তিনি আমাদিগকে এই স্থানে আনিয়া এই দেশ অর্থাৎ দুগ্ধ মধু প্রবাহি ১০ দেশ আমাদিগকে দিলেন। এখন, হে পরমেশ্বর, তুমি আমাকে যে ভূমি দিয়াছ, তাহার প্রথমজাত ফল আমি আনিলাম। তখন তোমরা আপন প্রভু পরমেশ্বরের সম্মুখে তাহা রাখিয়া আপন প্রভু পরমেশ্বরের ভজনা ১১ করিবা। এবং তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের ও তোমাদের পরিবারের প্রতি যে২ মঙ্গল করিয়াছেন, তাহাদ্বারা তোমরা ও লেবীয় লোক ও তোমাদের মধ্যনিবাসি বিদেশীয় লোক, তোমরা সকলে আনন্দ করিবা।

১২ আর তৃতীয় বৎসরে অর্থাৎ দশমাংশ করণ বৎসরে যে সময়ে তোমরা আপনাদের উৎপন্ন শস্যাদির দশমাংশ করণ সমাপ্ত করিবা, এবং তোমাদের দ্বারমধ্যে খাইয়া তৃপ্ত হইতে লেবীয়কে ও বিদেশিকে ও পিতৃহী- ১৩ নকে ও বিধবাকে দিবা; তৎকালে তোমরা আপন প্রভু পরমেশ্বরের সম্মুখে এই কথা কহিবা, আমরা তোমার তাবৎ আজ্ঞাপিত বাক্যানুসারে আপন গৃহহইতে পবিত্র বস্তু আনিয়া সে সকল লেবীয়কে ও বিদেশিকে ও পিতৃহীনকে ও বিধবাকে দিলাম; তোমার আজ্ঞা লঙ্ঘন ১৪ করি নাই ও বিস্মৃত হই নাই; এবং শোক সময়ে তাহার কিছুই ভোজন করি নাই, এবং অশুচি বিষয়ের জন্যে তাহার কিছুই গ্রহণ করি নাই, এবং মৃতলোকের উদ্দেশে তাহার কিঞ্চিৎ দি নাই; আমরা আপন প্রভু পরমেশ্বরের আজ্ঞাতে মনোযোগ করিলাম; তোমার ১৫ আজ্ঞানুসারে আমরা সমস্ত কর্ম্ম করিলাম। তাহা তুমি পবিত্র নিবাস অর্থাৎ স্বর্গহইতে দৃষ্টি কর, এবং আমাদের পূর্ব্বপুরুষদের প্রতি যে রূপ দিব্য করিয়াছ, তদনুসারে আপনার দত্ত দুগ্ধ মধু প্রবাহি দেশে তোমার লোক ইস্রায়েল্ বংশকে আশীর্ব্বাদ কর।

১৬ তোমাদের প্রভু পরমেশ্বর এই বিধি ও ব্যবস্থা পালন করিতে অদ্য তোমাদিগকে আজ্ঞা করিয়াছেন, অতএব তোমরা আপন সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণের সহিত ১৭ তাহা পালন কর। আর পরমেশ্বরই তোমাদের প্রভু, এবং তোমরা তাঁহার পথে চলিতে ও তাঁহার আজ্ঞা ও ব্যবস্থা ও বিধি পালন করিতে ও তাঁহার কথায় ১৮ মনোযোগ করিতে অদ্য স্বীকার করিলা। এবং অদ্য পরমেশ্বর আপন প্রতিজ্ঞানুসারে তোমাদিগকে আপন ১৯ বিশেষ লোক স্বীকার করিলেন। তোমরা তাঁহার সকল আজ্ঞা পালন করিলে তিনি তোমাদিগকে প্রশংসাতে ও সুখ্যাতিতে ও সম্ভ্রমেতে আপন সৃষ্ট তাবৎ জাতি অপেক্ষা শ্রেষ্ঠ করিবেন, এবং তোমরা তাঁহার বাক্যানুসারে প্রভু পরমেশ্বরের উদ্দেশে পবিত্র লোক হইবা।

২৭ অধ্যায়।

১ প্রস্তরের উপরে ব্যবস্থা লিখিতে লোককে আজ্ঞা করণ ৯ ও বেদি নির্ম্মাণের বিধি ১১ এবং গিরিষীম্ ও এবল্ এই দুই পর্ব্বতে ইস্রায়েল্ বংশের বিভক্ত হওন ১৪ ও এবল্ পর্ব্বতে উক্ত শাপের কথন।

১ পরে মূসা ও ইস্রায়েল্ বংশীয় প্রাচীনগণ লোকদিগকে এই আজ্ঞা করিল, অদ্য আমি তোমাদিগকে যে২ ২ আজ্ঞা করি, তোমরা তাহা পালন কর। এবং তোমরা যখন যর্দ্দন্ নদী পার হইয়া আপন প্রভু পরমেশ্বরের ৩ দত্ত দেশে উপস্থিত হইবা, তখন তোমাদের প্রভু পরমেশ্বর আপন অঙ্গীকারানুসারে যে দুগ্ধ মধু প্রবাহি দেশ তোমাদিগকে দিবেন, তাহার মধ্যে যেন প্রবেশ করিতে পার, এই নিমিত্তে আপনাদের জন্যে বৃহৎ প্রস্তর স্থাপন কর, ও তাহা চূণ দিয়া লেপন করিয়া তাহার ৪ উপরে এই ব্যবস্থার তাবৎ কথা লিখ। এবং তোমরা যর্দ্দন্ নদী পার হইলে পর আমি অদ্য যে প্রস্তর বিষয়ে তোমাদিগকে এই আজ্ঞা করিলাম, সেই প্রস্তর এবল্ পর্ব্বতে স্থাপন কর, ও তাহা চূণ দিয়া লেপন কর। ৫ এবং সে স্থানে আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে এক বেদি অর্থাৎ প্রস্তরের বেদি গাঁথিবা; তাহার উপরে ৬ লৌহাস্ত্র তুলিবা না। এবং তোমাদের প্রভু পরমেশ্বরের সেই বেদি অপ্রস্তুত প্রস্তরদ্বারা গাঁথিবা, ও তাহার উপরে তোমাদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে হোমবলি উৎসর্গ ৭ করিবা। ও মঙ্গলার্থক বলি দান করিবা, এবং সেই স্থানে ভোজন করিয়া তোমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে

[৫-৯] যি ২৪ ; ২-১৩। গী ৬৬ ; ৮-২০ ॥—[৫] আ ৩১ ; ৩৬-৪২। ৪২ ; ১, ২। ৪৩ ; ১, ২। যা ১ ; ১-৭ ॥—[৬,৭] যা ১ ; ৮-২২। ২ ; ২৩-২৫। ৩ ; ৭-৯ ॥—[৮, ৯] গী ১০৫ ; ২৬-৪৫ ॥—[১০] হি ৩ ; ৯, ১০ ॥—[১০, ১১] দ্বি ১২ ; ১১, ১২ ॥ [১২-১৫] ১৪ ; ২৮, ২৯ ॥—[১৪] লে ৭ ; ২০, ২১। ২২ ; ১৫, ১৬। গ ১৮ ; ১১-১৩। ১৯ ; ১১ ॥—[১৫] ১ রা ৮ ; ৩৯, ৪০। যিশ ৬৩ ; ১৫॥—[১৬-১৯] দ্বি ৭ ; ৬-১১। ১০ ; ১২-১৫। যা ১৯ ; ৩-৮। ২ ক ৬ ; ১৪-১৯ ॥—[১৮, ১৯] দ্বি ১৪ ; ২। ২৮ ; ৯॥ [২৭ অধ্য ; ২-১৩] যি ৮ ; ৩০-৩৫ ॥—[২] যি ৩ ; ১৭ ॥—[৪] দ্বি ১১ ; ২৯ ॥—[৫] যা ২০ ; ২৫। ১ রা ৬ ; ৭॥

৮ আনন্দ করিবা। এবং সেই প্রস্তরের উপরে এই ব্যবস্থার সমস্ত বাক্য অতি স্পষ্ট রূপে লিখিবা।

৯ পরে মূসা ও লেবীয় যাজকগণ ইস্রায়েল্ বংশের সমস্ত লোককে আরো কহিল, হে ইস্রায়েল্ বংশ, তোমরা অদ্য আপন প্রভু পরমেশ্বরের লোক হইলা; অত-
১০ এব সাবধান হইয়া মনোযোগ কর। এবং আপন প্রভু পরমেশ্বরের বাক্য মানিয়া অদ্য আমার দত্ত তাঁহার এই সমস্ত বিধি ও ব্যবস্থার আজ্ঞানুসারে আচরণ কর।

১১ সেই দিবসে মূসা লোকদিগকে এই আজ্ঞা করিল,
১২ তোমরা যর্দ্দন্ নদী পার হইলে পর শিমিয়োন্ ও লেবি ও যিহূদা ও ইষাখর্ ও যূষফ্ ও বিন্য়ামীন্, এই সকলে লোকদিগকে আশীর্ব্বাদ করিতে গিরিষীম্ পর্ব্বতে দাঁড়া-
১৩ ইবে। এবং রূবেন্ ও গাদ্ ও আশের্ ও সিবূলূন্ ও দান্ ও নপ্তালি, এই সকলে শাপ দিতে এবল্ পর্ব্বতে দাঁড়াইবে।

১৪ তাহার পরে লেবীয় লোকেরা ইস্রায়েলের সমস্ত
১৫ বংশকে এই কথা উচ্চৈঃস্বরে কহিবে। যে মনুষ্য পরমেশ্বরের ঘৃণিত বস্তু অর্থাৎ শিল্পকরের হস্তনির্ম্মিত কোন খোদিত ও ছাঁচে ঢালা প্রতিমা নির্ম্মাণ করিয়া গুপ্ত স্থানে স্থাপন করে, সে শাপগ্রস্ত; তাহাতে সমস্ত
১৬ লোক সায় দিয়া ‘এমন হউক’ * কহিবে। এবং যে কেহ আপন পিতামাতাকে অবজ্ঞা করে সে শাপগ্রস্ত;
১৭ তাহাতে সমস্ত লোক ‘এমন হউক’ কহিবে। এবং যে কেহ আপন প্রতিবাসির ভূমিচিহ্ন স্থানান্তর করে সে শাপগ্রস্ত; তাহাতে সমস্ত লোক ‘এমন হউক’ কহিবে।
১৮ এবং যে কেহ অন্ধকে পথহইতে ভ্রমণ করায় সে শাপ-
১৯ গ্রস্ত; তাহাতে সমস্ত লোক ‘এমন হউক’ কহিবে। এবং যে কেহ বিদেশির ও পিতৃহীনের ও বিধবার বিচারে অন্যায় করে সে শাপগ্রস্ত; তাহাতে সমস্ত লোক ‘এমন
২০ হউক’ কহিবে। এবং যে কেহ পিতৃভার্য্যাতে গমন করে, সে আপন পিতার আবরণীয় অনাচ্ছাদন করণ প্রযুক্ত শাপগ্রস্ত; তাহাতে সমস্ত লোক ‘এমন হউক’ কহিবে।
২১ এবং যে কেহ কোন পশুতে উপগত হয় সে শাপগ্রস্ত;
২২ তাহাতে সমস্ত লোক ‘এমন হউক’ কহিবে। এবং যে কেহ আপনার ভগিনীতে অর্থাৎ পিতার কিম্বা মাতার কন্যাতে উপগত হয় সে শাপগ্রস্ত; তাহাতে সমস্ত লোক
২৩ ‘এমন হউক’ কহিবে। এবং যে কেহ আপন শ্বশ্রূতে উপগত হয় সে শাপগ্রস্ত; তাহাতে সমস্ত লোক ‘এমন
২৪ হউক’ কহিবে। এবং যে কেহ গুপ্তভাবে আপন প্রতিবাসিকে প্রহার করে সে শাপগ্রস্ত; তাহাতে সমস্ত লোক
২৫ ‘এমন হউক’ কহিবে। এবং যে কেহ নিরপরাধির প্রাণ হত্যা করিতে উৎকোচ গ্রহণ করে সে শাপগ্রস্ত; তাহাতে সমস্ত লোক ‘এমন হউক’ কহিবে। এবং যে কেহ এই
২৬ ব্যবস্থার কথা সকল নিশ্ছিদ্র রূপে পালন না করে সে শাপগ্রস্ত; তাহাতে সমস্ত লোক ‘এমন হউক’ কহিবে।

২৮ অধ্যায়।

১ আজ্ঞাবহনের ফল ১৫ ও আজ্ঞা লঙ্ঘনের ফল।

১ আমি তোমাদিগকে অদ্য যে আজ্ঞা আদেশ করি, সেই সকল পালন করিতে যদি তোমরা যত্ন পূর্ব্বক আপন প্রভু পরমেশ্বরের বাক্যে মনোযোগ কর, তবে তোমাদের প্রভু পরমেশ্বর পৃথিবীস্থ সমস্ত জাতি
২ অপেক্ষা তোমাদিগকে শ্রেষ্ঠ করিবেন। যদি তোমরা আপন প্রভু পরমেশ্বরের কথাতে মনোযোগ কর, তবে এই সকল আশীর্ব্বাদ তোমাদের প্রতি বর্ত্তিবে ও
৩ তোমাদিগেতে আশ্রয় করিবে। ফলতঃ তোমরা নগরে আশীর্ব্বাদ পাইবা, ও ক্ষেত্রেতে আশীর্ব্বাদ পাইবা।
৪ এবং তোমরা শরীরের ফলে ও ভূমির ফলে ও পশুর ফলে অর্থাৎ গোমেষাদি পালের বৃদ্ধিতে আশীর্ব্বাদ
৫ পাইবা। এবং তোমরা চুপড়িতে ও রুটীর † পাত্রে
৬ আশীর্ব্বাদ পাইবা। এবং তোমরা অন্তরে প্রবেশ করণ সময়ে ও বাহিরে গমন সময়ে আশীর্ব্বাদ পাইবা।
৭ এবং পরমেশ্বর তোমাদের প্রতিকূলে উত্থিত শত্রুগণকে তোমাদের সাক্ষাতে সংহার করিবেন; তাহারা তোমাদের প্রতিকূলে এক পথ দিয়া আসিবে, কিন্তু তোমাদের সম্মুখহইতে সাত পথ দিয়া পলায়ন করিবে।
৮ এবং পরমেশ্বর তোমাদের কোষাগারে ও তোমাদের হস্তার্পিত সকল কর্ম্মেতে আশীর্ব্বাদের আজ্ঞা করিবেন; এবং তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে যে দেশ দিবেন, তাহাতে তোমাদিগকে আশীর্ব্বাদ করিবেন।
৯ তোমরা যদি আপন প্রভু পরমেশ্বরের আজ্ঞা পালন কর ও তাঁহার পথে চল, তবে পরমেশ্বর আপন দিব্যানুসারে তোমাদিগকে আপন পবিত্র লোক রূপে স্থাপন
১০ করিবেন। এবং তোমরা পরমেশ্বরের নামে প্রসিদ্ধ আছ, ইহা দেখিয়া পৃথিবীস্থ সমস্ত লোক তোমাদিগকে
১১ ভয় করিবে। এবং পরমেশ্বর তোমাদিগকে যে দেশ দিতে তোমাদের পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছেন, সেই দেশে তিনি তোমাদের শরীরের ফল ও পশুর ফল ও ভূমির ফল ও সম্পত্তি, এই সকল উত্তম দ্রব্যেতে
১২ তোমাদিগকে বর্দ্ধিষ্ণু করিবেন। আর পরমেশ্বর উপযুক্ত কালে তোমাদের দেশের উপরে বৃষ্টি দিতে ও তোমাদের হস্তকৃত সমস্ত কর্ম্মে আশীর্ব্বাদ দিতে আপ-

---

[৯,১০] দ্বি ২৬; ১৭,১৮ ॥—[১২,১৩] প ৪। ১১; ২৯ ॥—[১৫] ৪; ১৫-১৮। ৫; ৭-৯। ১৩; ১-১৮। হো ১৩; ২,৩ ॥ [১৬] দ্বি ৫; ১৬। ২১; ১৮-২১। হি ৩০; ১৭ ॥—[১৭] দ্বি ১৯; ১৪। হি ২২; ২৮ ॥—[১৮] লে ১৯; ১৪ ॥—[১৯] দ্বি ২৪; ১৭। যা ২২; ২১-২৪ ॥—[২০] লে ২০; ১১। দ্বি ২২; ৩০ ॥—[২১] লে ২০; ১৫ ॥—[২২] লে ২০; ১৭ ॥—[২৩] লে ২০; ১৪ ॥—[২৪] দ্বি ১৯; ১১-১৩ ॥—[২৫] দ্বি ১৬; ১৯। হি ২৮; ২১ ॥—[২৬] যির ১১; ৩। গল ৩; ১০। যাক ২; ১০ ॥ [২৮ অধ্য; ১-১৪] লে ২৬; ৩-১৩ ॥—[১] দ্বি ২৬; ১৯ ॥—[৪] গী ১২৮; ২,৩। ১৪৪; ১২-১৪।—[৬] গী ১২১; ৮।—[৭] দ্বি ১১; ২২-২৫ ॥—[৯] ২৬; ১৮। যা ১৯; ৩-৮ ॥—[১০] গ ৬; ২৭। যিশ ৬৩; ১৬,১৯ ॥—[১১] প ৪ ॥—[১২] দ্বি ১১; ১৪। ১৫; ৬ ॥

* (ইব) আমেন্। † (বা) সুজি ছানার।

নার আকাশরূপ উত্তম ভাণ্ডার খুলিবেন; এবং তোমরা ১৩ অনেক জাতিকে ঋণ দিবা,কিন্তু ঋণ লইবা না। তোমাদের প্রভু পরমেশ্বরের এই যে সকল আজ্ঞা মান্য করিতে ও পালন করিতে তোমাদিগকে অদ্য আজ্ঞা করিতেছি, তাহাতে যদি তোমরা মনোযোগ কর, তবে পরমেশ্বর তোমাদিগকে প্রধান * করিবেন,ক্ষুদ্র † করিবেন না; তোমরা নীচ না হইয়া কেবল শ্রেষ্ঠ হইবা। ১৪ অদ্য আমি তোমাদিগকে যে ২ আজ্ঞা করিতেছি,তাহার দক্ষিণে কিম্বা বামে ফিরিয়া অন্য দেবগণের সেবা করিতে তাহাদের পশ্চাৎ গমন করিবা না।

১৫ কিন্তু আমি অদ্য তোমাদিগকে যে আজ্ঞা ও বিধি আদেশ করি, সেই সকল মান্য ও পালন করণার্থে আপন প্রভু পরমেশ্বরের বাক্যে যদি মনোযোগ না কর, তবে এই সমস্ত অভিশাপ তোমাদের প্রতি বর্ত্তিবে ও ১৬ তোমাদিগেতে আশ্রয় করিবে। তোমরা নগরে শাপগ্রস্ত ১৭ ও ক্ষেত্রে শাপগ্রস্ত হইবা। এবং তোমরা চুপড়িতে ও ১৮ রুটীর ‡ পাত্রে শাপগ্রস্ত হইবা। এবং তোমরা শরীরের ফলে ও ভূমির ফলে এবং গোমেষাদি পালের বৃদ্ধিতে ১৯ শাপগ্রস্ত হইবা। এবং তোমরা অন্তরে প্রবেশ করণ ২০ সময়ে ও বাহিরে গমন সময়ে শাপগ্রস্ত হইবা। এবং তোমরা যে সমস্ত দুষ্ট ক্রিয়া করিয়া আমাকে ত্যাগ করিয়াছ,তৎপ্রযুক্ত যে পর্য্যন্ত তোমাদের সংহার ও শীঘ্র বিনাশ না হয়,তাবৎ তোমাদের হস্তকৃত সমস্ত কর্ম্মে পরমেশ্বর তোমাদের প্রতি অভিশাপ ও উদ্বেগ ও অনুযোগ ২১ প্রেরণ করিবেন। ও তোমরা যে দেশ অধিকার করিতে যাইবা, সেই দেশহইতে যাবৎ তোমরা উচ্ছিন্ন না হও, তাবৎ পরমেশ্বর তোমাদিগকে মহামারির আশ্রয় করি- ২২ বেন। পরমেশ্বর যক্ষ্মা ও জ্বর ও জ্বালা ও অতিদাহ ও খড়্গ এবং চিটা ও তেজহীন শস্যদ্বারা তোমাদিগকে আঘাত করিবেন; এই সকল তোমাদের বিনাশ পর্য্যন্ত ২৩ তোমাদিগকে তাড়না করিবে। এবং তোমাদের মস্তকোপরিস্থিত আকাশ পিত্তলস্বরূপ, ও অধঃস্থিত পৃথিবী ২৪ লৌহস্বরূপ হইবে। পরমেশ্বর তোমাদের দেশে জলের পরিবর্ত্তে ধূলি ও বালি বৃষ্টি করিবেন; যে পর্য্যন্ত তোমাদের বিনাশ না হয়, তাবৎ তাহা আকাশহইতে তোমা- ২৫ দের উপরে পড়িবে। পরমেশ্বর তোমাদের শত্রুদের সম্মুখে তোমাদিগকে প্রহার করাইবেন; তোমরা শত্রুদের প্রতিকূলে এক পথ দিয়া আসিবা,কিন্তু তাহাদের সম্মুখহইতে সাত পথ দিয়া পলায়ন করিবা; এবং পৃথিবীর তাবৎ রাজ্যস্থ লোকদের সম্মুখে নিন্দাস্পদ হইবা। ২৬ এবং আকাশের পক্ষিগণ ও ভূমির পশুগণ তোমাদের শব ভোজন করিবে; তাহাদিগকে কেহ তাড়াইয়া দূর করিবে না। ২৭ পরমেশ্বর তোমাদিগকে মিস্রীয় নাড়ীব্রণ ও অর্শ ও পামা ও খুজলি, এই সকল অপ্রতিকার্য্য রোগদ্বারা প্রহার করিবেন। ২৮ ও পরমেশ্বর বাতুলতা ও অন্ধতা ও মনের বিস্ময়তাদ্বারা তোমাদিগকে প্রহার করিবেন। ২৯ যেমন অন্ধ লোক অন্ধকারে হাতড়িয়া বেড়ায়,তদ্রূপ তোমরা মধ্যাহ্নকালে হাতড়িয়া বেড়াইবা; ও আপন পথে তোমাদের কার্য্য সিদ্ধ হইবে না, ও তোমরা সর্ব্বদা উপদ্রুত ও অপহৃত হইবা, কেহ তোমাদের উপকার করিবে না। ৩০ তোমরা কন্যার প্রতি বাগ্দান করিলেও অন্য পুরুষ তাহাতে উপগত হইবে; এবং তোমরা গৃহ নির্ম্মাণ করিলেও তাহাতে বাস করিতে পাইবা না; ও দ্রাক্ষাক্ষেত্র প্রস্তুত করিলেও তাহার ফল চয়ন করিবা না। ৩১ এবং তোমাদের গোরু তোমাদের সম্মুখে হত হইবে, কিন্তু তোমরা তাহা ভোজন করিতে পাইবা না; ও তোমাদের গর্দ্দভ তোমাদের সাক্ষাতে বলদ্বারা হৃত হইবে, তাহা তোমাদিগকে ফিরাইয়া দিবে না; ও তোমাদের মেষাদি তোমাদের শত্রুগণকে দত্ত হইবে, ও কেহ তোমাদের উপকার করিবে না। ৩২ ও তোমাদের পুত্রগণ ও কন্যাগণ অন্য জাতীয়দের প্রতি দত্ত হইবে, ও সমস্ত দিবস তাহাদের অপেক্ষায় চাহিতে ২ তোমাদের দৃষ্টি ক্ষীণ হইবে, ও তাহাদের দর্শন পাইতে পারিবা না §। ৩৩ ও তোমাদের অজ্ঞাত লোক তোমাদের ভূমির ও শ্রমের ফল ভোগ করিবে; তোমরা সর্ব্বদা কেবল উপদ্রুত ও দম্য হইবা। ৩৪ এবং তোমাদের চক্ষু যাহা দেখিবে, তৎপ্রযুক্ত তোমরা উন্মত্ত হইবা। ৩৫ ও পরমেশ্বর তোমাদের জানু ও জংঘা ও পদতলাবধি মস্তক পর্য্যন্ত অপ্রতীকার্য্য ব্যথাদায়ি নাড়ীব্রণদ্বারা প্রহার করিবেন। ৩৬ এবং পরমেশ্বর তোমাদিগকে ও তোমাদের স্থাপিত রাজাকে তোমাদের ও তোমাদের পূর্ব্বপুরুষের অজ্ঞাত এক জাতির স্থানে সমর্পণ করিবেন; তাহাতে সেই স্থানে তোমরা অন্য দেবগণের অর্থাৎ প্রস্তরময় ও কাষ্ঠময় দেবগণের সেবা করিবা। ৩৭ এবং পরমেশ্বর তোমাদিগকে যে সকল জাতির হস্তগত করিবেন, তাহাদের মধ্যে তোমরা চমৎকারের ও গল্পের ও উপকথার বিষয় হইবা। ৩৮ তোমরা ক্ষেত্রেতে বহু বীজ বহিয়া লইয়া যাইবা, কিন্তু অল্প সংগ্রহ করিবা; কেননা পঙ্গপাল ফড়িঙ্গ তাহা বিনষ্ট করিবে। ৩৯ ও তোমরা দ্রাক্ষাক্ষেত্র কর্ষণ করিয়া রোপণ করিবা বটে, কিন্তু দ্রাক্ষারস পান করিতে ও দ্রাক্ষাফল চয়ন করিতে পাইবা না; কেননা কীট সকল তাহা খাইয়া ফেলিবে। ৪০ তোমাদের সকল সীমাতে জিতবৃক্ষ হইবে বটে, কিন্তু তৈল মর্দ্দন করিতে পাইবা না; কেননা তাহার

[১৩] প ১।।—[১৪] দ্বি ৫;৩২,৩৩।।—[১৫-৬৮] লে ২৬;১৪-৩৯। দ্বি ৩২;১৫-২৬। যির ৯;১-২২। ১৫;১-৯। যিহি ৫;৫-১৭। ২৩; ২২-৩০।।—[১৬-১৯] প২-৬।।—[২৩] দ্বি ১১;১৭।১ রা ১৭;১,৭। যির ১৪;১-৩।।—[২৫] যির২৯;৯।।—[২৮] যির ২৫; ১৬,১৮।। [২৯] বিল ৪; ১৪।।—[৩০] বি ৬; ৩-৬। যিশ ১; ৭। যির ৫; ১৭।।—[৩৬] ২ রা ১৭; ৬-২৩। ২৪; ১০-১৬। ২৫; ১-২১। দ্বি ৪; ২৮।।—[৩৭] ১ রা ৯; ৭,৮। যির ২৪; ৯। ২৫; ৯।।—[৩৮-৪০] প ৩৩। যোয় ১; ৪-২০। মী ৬; ১৪,১৫। হগ ১; ৬-১১।।

* (ইব্রী) মস্তক। † (ইব্রী) লাঙ্গুল। ‡ (বা) সুজি ছানার। § (ইব্রী) তাহা তোমার হস্তের শক্তিতে হইবে না।

৪১ সমস্ত ফল পড়িয়া যাইবে *। এবং তোমরা পুত্রকন্যাগণের জন্ম দিবা বটে, কিন্তু তাহাদের প্রতি তোমাদের স্বত্ত্ব থাকিবে না, কেননা তাহারা বন্দী হইয়া দূরে যাইবে। ৪২ ও পঙ্গপাল ফড়িঙ্গ তোমাদের সমস্ত বৃক্ষ ও ক্ষেত্রোৎপন্ন ফল ভোগ † করিবে। ৪৩ এবং তোমাদের মধ্যবর্ত্তি বিদেশীয় লোকেরা তোমাদের হইতেও অতি উন্নত হইবে, তোমরা তাহাদের হইতে অতি নীচ হইবা। ৪৪ তাহারা তোমাদিগকে ঋণ দিবে, কিন্তু তোমরা তাহাদিগকে ঋণ দিতে পারিবা না; তাহারা প্রধান ‡ হইবে ও তোমরা ক্ষুদ্র ‖ হইবা। ৪৫ যে পর্য্যন্ত তোমাদের বিনাশ না হয়, তাবৎ এই সমস্ত অভিশাপ তোমাদের প্রতিকূলে আসিয়া তোমাদিগকে তাড়না করিয়া তোমাদিগেতে আশ্রয় করিবে; কেননা তোমাদের প্রভু পরমেশ্বর যে সকল আজ্ঞা ও বিধি দিলেন, তাহা পালন করিতে তোমরা তাঁহার বাক্যে মনোযোগ করিলা না। ৪৬ অতএব সে সমস্ত তোমাদের ও তোমাদের বংশের উপরে নিত্য চিহ্ন ও আশ্চর্য্যস্বরূপ থাকিবে। ৪৭ তোমরা প্রচুর দ্রব্য পাইয়া আনন্দে ও মনের আহ্লাদে আপন প্রভু পরমেশ্বরের সেবা করিলা না। ৪৮ অতএব পরমেশ্বর তোমাদের প্রতিকূলে যে শত্রুগণকে পাঠাইবেন, তোমরা ক্ষুধা ও তৃষ্ণা ও উলঙ্গতা ও সকলের অভাবদ্বারা তাহাদিগকে সেবা করিবা; এবং যে পর্য্যন্ত তোমাদের বিনাশ না হয়, তাবৎ শত্রুগণ তোমাদের স্কন্ধে লৌহের যোঁয়ালি দিবে। ৪৯ পরমেশ্বর তোমাদের প্রতিকূলে অতি দূরহইতে অর্থাৎ পৃথিবীর সীমাহইতে তোমাদের অবোধ্য ভাষাবাদি এক জাতিকে, ৫০ অর্থাৎ যাহারা বৃদ্ধের মুখাপেক্ষা করে না, ও বালকদের প্রতি নির্দ্দয় হয়, এবং ভয়ঙ্করবদন, এমন এক জাতিকে উৎক্রোশ পক্ষির গমনের ন্যায় শীঘ্র আনিবেন। ৫১ এবং যে পর্য্যন্ত তোমাদের বিনাশ না হয়, তাবৎ তাহারা তোমাদের পশুর ফল ও ভূমির শস্য ভোজন করিবে; তোমাদের বিনাশ না হওন পর্য্যন্ত তোমাদের জন্যে শস্য কিম্বা দ্রাক্ষারস কিম্বা তৈল কিম্বা গোমেষাদি পালের অবশিষ্ট রাখিবে না। ৫২ এবং তোমাদের দেশের যে সমস্ত উচ্চ ও সুরক্ষিত প্রাচীরেতে তোমরা বিশ্বাস করিলা, যাবৎ সে প্রাচীর পতিত না হয়, তাবৎ তাহারা তোমাদের সমস্ত দ্বার অবরোধ করিয়া থাকিবে; তাহারা তোমাদের প্রভু পরমেশ্বরের দত্ত সমস্ত দেশের সমস্ত দ্বারে তোমাদিগকে অবরোধ করিবে। ৫৩ এই রূপে তোমাদের অবরোধ সময়ে তোমাদের শত্রুগণ তোমাদিগকে ক্লেশ দিলে তোমরা আপন ২ শরীরের ফল অর্থাৎ প্রভু পরমেশ্বরের দত্ত তোমাদের পুত্রগণ ও কন্যাগণের মাংস ভোজন করিবা। ৫৪ এবং তোমাদের মধ্যে যে পুরুষ কোমল ও মৃদুস্বভাব হয়, সে আপন ভ্রাতার ও বক্ষঃস্থিত ভার্য্যার ও অবশিষ্ট বালকদের প্রতি কুদৃষ্টি করিবে। ৫৫ এবং অবরোধ সময়ে সমস্ত খাদ্যের অভাব হইলে ও তাবৎ দ্বারে শত্রুগণ তোমাদিগকে ক্লেশ দিলে সে আপন খাদ্য সন্ততির মাংস তাহাদের কাহাকেও দিবে না। ৫৬ আর যে স্ত্রী কোমলতা ও মৃদুস্বভাব প্রযুক্ত আপন পদতল ভূমিতে রাখিতে সাহস করে নাই, তোমাদের মধ্যবর্ত্তিনী সেই কোমলাঙ্গী ও মৃদুস্বভাবা নারী আপন বক্ষঃস্থিত স্বামির ও পুত্রের ও কন্যার প্রতি কুদৃষ্টি করিবে। ৫৭ এবং তোমাদের শত্রুগণ দ্বার অবরোধদ্বারা তোমাদিগকে যে ক্লেশ দিবে, তৎপ্রযুক্ত ঐ স্ত্রী খাদ্যের অভাবে আপনার দুই পায়ের মধ্যহইতে নির্গত গর্ব্ভপুষ্পকে ও প্রসবিত বালককে গুপ্ত রূপে ভোজন করিবে। ৫৮ আর তোমরা শ্রীযুক্ত ও ভয়ানক, এই নাম বিশিষ্ট তোমাদের প্রভু পরমেশ্বরকে যেন ভয় কর, এই জন্যে এই পুস্তকে লিখিত সমস্ত ব্যবস্থার কথা মনোযোগ করিয়া যদি পালন না কর; ৫৯ তবে পরমেশ্বর আশ্চর্য্য রূপে তোমাদের ও তোমাদের বংশের প্রতি আঘাত করিবেন; ফলতঃ বহুকালস্থায়ি মহা আঘাত ও বহুকালস্থায়ি ব্যথাজনক রোগ; ৬০ এবং তোমরা যাহা ভয় কর, সেই মিস্রীয় মহাব্যাধি সকল তোমাদের মধ্যে আনিবেন; তাহাতে তাহারা তোমাদিগেতে আশ্রয় করিবে। ৬১ তদ্ভিন্ন যাহা এই ব্যবস্থাপুস্তকে লিখিত নাই, এমত প্রত্যেক রোগ ও আঘাত তোমাদের বিনাশ না হওন পর্য্যন্ত তোমাদের প্রতি পরমেশ্বর আনিবেন। ৬২ তাহাতে তোমরা তারার ন্যায় বহুসংখ্যক হইলেও অল্পসংখ্যক অবশিষ্ট থাকিবা; কেননা তোমরা আপন প্রভু পরমেশ্বরের বাক্য মান্য করিলা না। ৬৩ আর পরমেশ্বর তোমাদের মঙ্গলার্থে ও তোমাদের বৃদ্ধি করিতে যেমন আহ্লাদিত ছিলেন, সেই রূপ তোমাদিগকে বিনাশ করিতে ও লোপ করিতে আহ্লাদিত হইবেন; এবং তোমরা যে দেশ অধিকার করিতে যাইতেছ, তাহাহইতে দূরীকৃত হইবা। ৬৪ পরমেশ্বর তোমাদিগকে পৃথিবীর এক সীমাহইতে অন্য সীমা পর্য্যন্ত সমস্ত জাতিদের মধ্যে ছিন্নভিন্ন করিবেন, এবং তোমাদের ও তোমাদের পূর্ব্বপুরুষদের অজ্ঞাত কাষ্ঠ পাষাণময় দেবগণকে সে স্থানে সেবা করিবা। ৬৫ এবং সে জাতিদের মধ্যে কোন সুখ পাইবা না, ও তোমাদের পদতলের বিশ্রাম হইবে না; কিন্তু পরমেশ্বর সেস্থানে তোমাদিগকে অন্তঃকরণের কম্প ও চক্ষুঃক্ষীণতা ও মনেতে শোক দিবেন। ৬৬ তোমরা প্রাণের বিষয়ে নিরাশ হইবা, ও দিবারাত্রি শঙ্কা করিবা, ও আপন প্রাণ

[৪২] প ৩৮-৪০ ॥—[৪৩, ৪৪] প ১২,১৩। দ্বি ১৫; ৬॥—[৪৫] প ১৫॥—[৪৭, ৪৮] নি ৯; ৩৫,৩৬॥ —[৪৯-৫২] যির ৫; ১৫-১৭। ৬; ২২-২৩। লূ ১৯; ৪১-৪৪। ২১; ২০-২৪॥—[৫২] যির ৩৪; ৭॥—[৫৩-৫৭] লে ২৬; ২৯। ২ রা ৬; ২৪-৩০। যির ১৯; ৯। বিল ২; ২০। ৪; ১০। যিহি ৫; ১০। লূ ২১; ২৩। —[৫৯। দা ৯; ১২॥—[৬০] প ২৭॥—[৬২] দ্বি ৪; ২৭। ১০; ২২॥ [৬৪] প ৩৬। ৪; ২৭,২৮॥—[৬৫] আম ৯; ৪,৯॥

* (ইব্রু) তোমার জিত বৃক্ষ ফল ফেলিবে। † (বা) বিনষ্ট। ‡ (ইব্রু) মস্তক। ‖ (ইব্রু) লাঙ্গুল।

৬৭ রক্ষা বিষয়ে তোমাদের কোন আশা থাকিবে না। এবং তোমরা মনেতে যে শঙ্কা করিবা ও চক্ষুতে যে ভয়ঙ্কর দর্শন করিবা,তৎপ্রযুক্ত প্রাতঃকালে কহিবা, হায় ২ যদি সন্ধ্যা হইত; এবং সন্ধ্যাকালে কহিবা,হায় ২ যদি প্রাতঃ- ৬৮ কাল হইত। আর আমি তোমাদিগকে যে পথের বিষয়ে কহিলাম, তোমরা তাহা আর দেখিবা না, পরমেশ্বর সেই মিসরদেশের পথে জাহাজদ্বারা তোমাদিগকে পুনর্ব্বার লইয়া যাইবেন, এবং সেই স্থানে তোমরা দাস ও দাসীর কারণ আপন শত্রুদের কাছে বিক্রীত হইতে যাইবা; কিন্তু কেহ তোমাদিগকে ক্রয় করিবে না।

৬৯ পরমেশ্বর হোরেবে ইস্রায়েল্ বংশের সহিত যে নিয়ম করিয়াছিলেন, তদ্ভিন্ন মোয়াব্ দেশে তাহাদের প্রতি যাহা করিতে মূসাকে আজ্ঞা দিলেন, সেই নিয়মের এই কথা।

২৯ অধ্যায়।

১ আজ্ঞা পালন করিতে বিনয় ১০ ও ঈশ্বরের সহিত নিয়ম স্থির করণ ১৮ ও আজ্ঞা লঙ্ঘনের প্রতিফল।

১ পরে মূসা ইস্রায়েলের সমস্ত বংশকে ডাকিয়া কহিল, ২ পরমেশ্বর মিসরদেশে ফিরৌণের ও তাহার সমস্ত লোকদের ও সমস্ত দেশের প্রতি যে সমস্ত কর্ম্ম করি- ৩ য়াছিলেন, তাহা তোমরা স্বচক্ষে দেখিয়াছ; অর্থাৎ মহা পরীক্ষা ও চিহ্ন ও মহা আশ্চর্য্য ক্রিয়া তোমরা ৪ আপন ২ চক্ষুতে দেখিয়াছ; তথাপি পরমেশ্বর তোমাদের জ্ঞানার্থে অন্তঃকরণ ও দর্শনার্থে চক্ষু ও শ্রবণার্থে কর্ণ ৫ অদ্যাপি তোমাদিগকে দিলেন না। আমি চল্লিশ বৎসর পর্য্যন্ত প্রান্তরে তোমাদিগকে লইয়া ভ্রমণ করিলাম; তাহাতে তোমাদের গাত্রে তোমাদের বস্ত্র জীর্ণ হইল না, ৬ ও তোমাদের পায়ের জুতা পুরাতন হইল না। এবং আমিই তোমাদের প্রভু পরমেশ্বর, ইহা যেন তোমরা জ্ঞাত হও,এই জন্যে তোমরা রুটী ভোজন কর নাই এবং ৭ দ্রাক্ষারস ও সুরা পান করিতে পাও নাই। পরে তোমরা এই স্থানে উপস্থিত হইলে পর হিষ্বোনের সীহোন্ রাজ ও বাশনের ওগ্ রাজ আমাদের সহিত যুদ্ধ করিতে বাহির হইল, তাহাতে আমরা তাহাদিগকে বধ করি- ৮ লাম। এবং আমরা তাহাদের দেশ হস্তগত করিয়া রূবেনীয়গণকে ও গাদীয়গণকে ও মিনশির অর্দ্ধ বং- ৯ শকে অধিকার করিতে দিলাম। অতএব তোমরা তাবৎ কর্ত্তব্য কর্ম্মে যেন কৃতার্থ হও, এই নিমিত্তে এই নিয়মের কথা পালন করিয়া তদনুসারে কর্ম্ম কর।

১০ পরমেশ্বর তোমাদিগকে যেমন কহিয়াছেন, এবং তোমাদের পূর্ব্বপুরুষ ইব্রাহীম্ ও ইস্হাক্ ও যাকুবের প্রতি যেমন দিব্য করিয়াছেন, তদ্রূপ তিনি যেন তোমাদিগকে আপন লোক স্বরূপ স্থাপন করেন ও তোমাদের ঈশ্বর হন; ১১ এই নিমিত্তক যে নিয়ম ও যে দিব্য তোমাদের প্রভু পরমেশ্বর অদ্য তোমাদের সঙ্গে স্থির করিবেন, তোমাদের প্রভু পরমেশ্বরের সহিত তাহা স্থির করিতে* ১২ তোমরা সকলে, অর্থাৎ তোমাদের বংশীয় সেনাপতিগণ ও প্রাচীনগণ ও অধ্যক্ষগণ ও ইস্রায়েলের তাবৎ পুরুষ ও ১৩ তোমাদের সন্তানেরা ও ভার্য্যাগণ ও তোমাদের কাষ্ঠচ্ছেদক অবধি জলবাহক পর্য্যন্ত শিবিরের অন্তরস্থ বিদেশি লোকেরা, সকলে অদ্য আপন প্রভু পরমশ্বরের সাক্ষাতে দণ্ডায়মান আছ। ১৪ আমি এই নিয়ম ও দিব্য কেবল তোমাদের সহিত করি তাহা নয়। ১৫ কিন্তু আমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে আমাদের সহিত অদ্য এই স্থানে যে জন দাঁড়াইয়া আছে, ও যে জন আমাদের সঙ্গে অদ্য দাঁড়াইয়া নহে, তাহাদেরও সহিত অদ্য আমি এই নিয়ম স্থির করি।

১৬ আমরা মিসরদেশে যেরূপে বাস করিয়াছি, এবং সেই জাতিদের নিকট দিয়া যেরূপে আসিয়াছি, তাহা তোমরা জ্ঞাত আছ; ১৭ এবং তাহাদের ঘৃণার্হ বস্তু অর্থাৎ কাষ্ঠময়ী ও পাষাণময়ী ও স্বর্ণময়ী সকল প্রতিমা দেখিয়াছ। ১৮ অতএব তোমাদের কোন পুরুষ কিম্বা স্ত্রী কিম্বা পরিবার কিম্বা বংশ এই জাতিদের দেবগণের পশ্চাদ্গামী হইয়া তাহাদের সেবা করিতে অদ্য আমাদের প্রভু পরমেশ্বরহইতে মনেতে পরাবৃত্ত যেন না হয়, এবং নাগদানা ও পিত্তোৎপাদক মূল তোমাদের মধ্যে যেন উৎপন্ন না হয়; ১৯ এবং এই শাপের কথা শুনিয়া,আমি আপন মনের অভিলাষানুসারে † চলিয়া তৃষ্ণা প্রযুক্ত মত্ত হইলেও ‡ আমার মঙ্গল হইবে, মনে ২ আপনাকে এই আশীর্ব্বাদ কেহ যেন না করে,এই বিষয়ে সাবধান হও। ২০ পরমেশ্বর তাহাকে ক্ষমা করিতে সম্মত হইবেন না, কিন্তু সেই মনুষ্যের প্রতিকূলে পরমেশ্বরের ক্রোধাগ্নি প্রজ্বলিত হইবে, ও এই পুস্তকে লিখিত তাবৎ শাপ তাহাতে আশ্রয় করিবে, এবং পরমেশ্বর আকাশের অধোহইতে তাহার নাম লোপ করিবেন। ২১ এবং পরমেশ্বর এই ব্যবস্থাগ্রন্থে লিখিত নিয়মের তাবৎ শাপানুসারে অমঙ্গলার্থে ইস্রায়েলের সমস্ত বংশহইতে তাহাকে পৃথক করিবেন। ২২ তাহাতে পরমেশ্বর এ দেশের উপরে যে সকল আঘাত ও রোগ আনিয়াছেন তাহা, ২৩ এবং পরমেশ্বর আপন ক্রোধ ও প্রতাপে যে সিদোম্ ও অমোরা ও অদ্মা ও সিবোয়িম্ নষ্ট করিলেন, তাহার মত তাহার সমস্ত ভূমি গন্ধক ও লবণ ও দহনেতে

[২৯ অধ্য; ১] দ্বি ৫; ২॥—[২-৪] ১; ৩০-৩৩। যিশ ৬; ৯,১০। যো ১২; ৩৭-৪০। প্রে ২৮; ২৫-২৮। রো ১১; ২৫-৩৬॥ [৫,৬] দ্বি ৮; ২-৪॥—[৭] ২; ২৬-৩৭। ৩; ১-১১॥—[৮] ৩; ১২-১৭। গ ৩২; ৩৪-৪২॥—[৯] দ্বি ৪; ৩৯, ৪০॥ [১০-১৫] ৫; ২,৩। যা ১৯; ৩-৮। নি ১০; ২৯। যিশ ৪৪; ৫। ইব্রু ৮; ৬-১২॥—[১৩]ইব্রু ৬; ১৩-১৮॥—[১৪,১৫]যো ১৭; ২০। প্রে ২; ৩৯॥—[১৮] দ্বি ১১; ১৬,১৭। ১৩; ১-১৮। প্রে ৮; ২০-২৩। ইব্রু ৩; ১২। ১২; ১৫॥—[১৯] গী ১২; ৪। যিশ ৫; ১৯। ২ পি ৩; ৩॥—[২০-২৮] দ্বি ২৭; ১৪-২৬। ২৮; ১৫-৬৮॥—[২৩] আ ১৯; ২৪-২৮॥

* (ইব্রু) তাহার মধ্য দিয়া গমন করিতে। † (বা) কাঠিন্যানুসারে। ‡ (বা) সিক্ত এবং তৃষ্ণার্ত্ত উভয় বিনষ্ট হইলেও।

পরিপূর্ণ হইয়া বুনা যায় না, ও ফলোৎপত্তি করে না, ও তাহাতে কোন তৃণ হয় না, এ সকল দেখিয়া তোমাদের পরে উৎপন্ন তোমাদের ভাবি সন্তানদের বংশ এবং দূরদেশহইতে আগত বিদেশি লোকেরা, ২৪ অর্থাৎ সমস্ত জাতীয়েরা এই কথা কহিবে, পরমেশ্বর এ দেশের প্রতি কেন এমত করিলেন? তাঁহার মহা ক্রোধ ২৫ প্রজ্বলিত হওনের কারণ কি? তখন লোকেরা কহিবে, তাহাদের প্রভু পরমেশ্বর মিসর্দেশহইতে তাহাদের পূর্ব্বপুরুষদিগকে বাহির করিয়া আনয়ন সময়ে তাহাদের সহিত যে নিয়ম করিয়াছিলেন, সেই নিয়ম তা- ২৬ হারা লঙ্ঘন করিয়াছে। অর্থাৎ তাহারা যাইয়া অন্য দেবগণের সেবা করিয়াছে এবং আপনাদের অজ্ঞাত ও ২৭ পরমেশ্বরের অদত্ত দেবগণকে প্রণাম করিয়াছে, এই জন্যে এই পুস্তকে লিখিত সমস্ত শাপ সেই দেশে আশ্রয় করাইতে তাহার প্রতি পরমেশ্বরের ক্রোধ ২৮ প্রজ্বলিত হইল। এবং পরমেশ্বর ক্রোধে ও প্রতাপে ও মহাকোপে সে দেশহইতে তাহাদিগকে উৎপাটন করিয়া ২৯ অদ্যকার ন্যায় অন্য দেশে নিক্ষেপ করিলেন। গুপ্ত বিষয় সকল আমাদের প্রভু পরমেশ্বরের; কিন্তু আমরা যেন এই ব্যবস্থার সমস্ত বচনানুসারে কর্ম্ম করি, এই জন্যে প্রকাশিত বিষয় সকল সর্ব্বদা আমাদের ও আমাদের ভাবিসন্তানদের আছে।

৩০ অধ্যায়।

১ অনুতাপকারিদের প্রতি অনুগ্রহ করিতে ঈশ্বরের প্রতিজ্ঞা ১১ ও স্পষ্টরূপে আজ্ঞা প্রকাশ হওনের কথা ১৫ ও সম্মুখে মৃত্যু ও জীবন রাখনের কথা।

১ অপর তোমাদের প্রতি এই সমস্ত বাক্যানুসারে তোমাদের সম্মুখে আমার যে আশীর্ব্বাদ ও শাপ স্থাপিত আছে, তাহা যদি ঘটে, এবং তোমাদের প্রভু পরমেশ্বর ২ যে ২ জাতিদের মধ্যে তোমাদিগকে দূর করিবেন, সেই ২ স্থানে যদি তোমরা মন দিয়া আপন প্রভু পরমেশ্বরের প্রতি ফির, এবং অদ্য আমি তোমাদিগকে যে সমস্ত আজ্ঞা দিতেছি, তদনুসারে যদি তোমরা ও তোমাদের সন্তানগণ আপন ২ সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণের ৩ সহিত তাঁহার বাক্যে মনোযোগ কর; তবে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে দয়া করিয়া বন্দিত্বহইতে মুক্ত করিবেন, ও যে ২ স্থানে ও যে ২ জাতিদের মধ্যে তোমাদিগকে ছিন্ন ভিন্ন করিবেন, তথাহইতে আর বার ৪ তোমাদিগকে সংগ্রহ করিবেন। তোমরা যদি আকাশের প্রান্তস্থ সীমাতে দূরীকৃত হইয়া থাক, তবে তোমাদের প্রভু পরমেশ্বর তথাহইতেও তোমাদিগকে আনিয়া ৫ একত্র করিবেন। তোমাদের পূর্ব্বপুরুষেরা যে দেশ অধিকার করিয়া বসতি করিয়াছিল, তোমাদের প্রভু পরমেশ্বর সেই দেশেই তোমাদিগকে আনিবেন ও তোমরা তাহা অধিকার করিবা; তিনি তোমাদের মঙ্গল করিয়া তোমাদের পূর্ব্বপুরুষদের অপেক্ষাও তোমাদের বৃদ্ধি করিবেন। ৬ আর তোমরা যেন আপন ২ অন্তঃকরণ ও সমস্ত প্রাণের সহিত আপন প্রভু পরমেশ্বরেতে প্রেম করিয়া জীবৎ থাক, এই জন্যে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের ও তোমাদের বংশের অন্তঃকরণের ত্বক্‌ছেদ করিবেন। ৭ এবং তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের ঘৃণাকারি ও তাড়নাকারি শত্রুগণের প্রতি এই সকল শাপ দিবেন। ৮ এবং তোমরা মনপরিবর্ত্তন পূর্ব্বক পরমেশ্বরের বাক্যে মনোযোগ করিয়া অদ্য তোমাদিগকে তাঁহার যে সমস্ত আজ্ঞা করিতেছি, ইহা পালন করিবা। ৯ এবং তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের হস্তকৃত সকল কর্ম্মে ও শরীরের ফলে ও পশুর ফলে ও ভূমির ফলে মঙ্গল করিয়া তোমাদের বৃদ্ধি করিবেন। ১০ তোমরা এই ব্যবস্থা গ্রন্থে লিখিত আপন প্রভু পরমেশ্বরের আজ্ঞা ও বিধি পালন করণার্থে তাঁহার বাক্যে মনোযোগ করিবা, এবং আপন সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণের সহিত আপন প্রভু পরমেশ্বরের প্রতি ফিরিবা, এই জন্যে পরমেশ্বর তোমাদের পূর্ব্বপুরুষদের বিষয়ে যেমন আনন্দ করিয়াছিলেন, মঙ্গল করিতে তোমাদের প্রতিও তদ্রূপ আনন্দ করিবেন।

১১ অদ্য আমি তোমাদিগকে যাহা আজ্ঞা করিতেছি, তাহা তোমাদের বুদ্ধির অগম্য কিম্বা দূর নহে। ১২ তাহা স্বর্গেতেও নহে; আমরা যেন তাহা শ্রবণ করিয়া পালন করি, এই জন্যে আমাদের নিমিত্তে কে স্বর্গারোহণ করিয়া তাহা আনিবে? এমন কথা তোমরা কহিতে পার না। ১৩ এবং তাহা সমুদ্র পারেও নহে; আমরা যেন তাহা শ্রবণ করিয়া পালন করি, এই জন্যে আমাদের নিমিত্তে সমুদ্র পারে যাইয়া কে তাহা আনিবে? ইহাও বলিতে পার না। ১৪ কিন্তু সেই বাক্য পালন করণার্থে তোমাদের অতি নিকটবর্ত্তি অর্থাৎ তোমাদের মুখে ও অন্তঃকরণে আছে।

১৫ দেখ, আমি অদ্য তোমাদের সম্মুখে জীবন ও মঙ্গল, এবং মৃত্যু ও অমঙ্গল রাখিলাম। ১৬ অর্থাৎ যদি তোমরা আমার অদ্যকার আজ্ঞানুসারে আপন প্রভু পরমেশ্বরেতে প্রেম কর ও তাঁহার পথে চল ও তাঁহার আজ্ঞা ও বিধি ও ব্যবস্থা পালন কর, তবে তোমরা বাঁচিবা ও বর্দ্ধিষ্ণু হইবা, এবং তোমরা যে দেশ অধিকার করিতে যাইতেছ, সেই দেশে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে আশীর্ব্বাদ করিবেন। ১৭ কিন্তু যদি তোমাদের মন

[২৪,২৫] ১ রা ৯ ; ৮,৯। যির ২২ ; ৮,৯ ।।—[২৮] ২ রা ১৭ ; ৬-২৩। ২৪ ; ১০-১৬। ২ বং ৩৬ ; ১১-২১।।—[২৯] প ১৪, ১৫। যো ২১ ; ২২। যিশ ৪০ ; ১২-১৪। ৪৫ ; ১৫। মী ৬ ; ৮। দ্বি ৩০ ; ১১-১৪ ।।
[৩০ অধ্য ; ১-১০] রো ১১ ; ২৯। লে ২৬ ; ৪০-৪৫। দ্বি ৪ ; ২৯-৩১। ৩২ ; ৩৪-৪৩। ১ রা ৮ ; ৪৬-৫৩। গী ৮৯ ; ৩০-৩৪। যির ৩১ ; ১৮-৪০। ৩২ ; ৩৬-৪২। যিহি ৩৬ ; ২৪-৩৮। ইফ ২ ; ১-৯। নি ১ ; ৮-১১। রো ১১ ; ১১-৩৬ ।।—[৩] যির ২৯ ; ১০-১৪ ।।—[৭] দ্বি ৩২ ; ৩৫,৪১ ।।—[৯] ২৮; ১১।।—[১১] ২৮; ২১।।—[১১-১৪] রো ১০; ৬-১০ ।।

ফিরে ও তোমরা মনোযোগ না করিয়া ভ্রান্ত হইয়া ১৮ অন্য দেবগণকে প্রণাম কর ও তাহাদের সেবা কর; তবে অদ্য আমি তোমাদিগকে জ্ঞাত করিতেছি, তোমরা নিতান্ত বিনষ্ট হইবা, এবং তোমরা যে দেশ অধিকার করিতে ও তাহাতে প্রবেশ করিতে যর্দ্দন্ নদী পার হইয়া যাইতেছ, সেই দেশে তোমাদের আয়ুর দিবসের বৃদ্ধি ১৯ হইবে না। আমি তোমাদের প্রতিকূলে আকাশ ও পৃথিবীকে সাক্ষী করিতেছি; আমি তোমাদের সম্মুখে জীবন ২০ ও মৃত্যু, এবং আশীর্ব্বাদ ও শাপ রাখিলাম। অতএব তোমরা আপন প্রভু পরমেশ্বরেতে প্রেম করিতে ও তাঁহার আজ্ঞা মানিতে ও তাঁহাতে আসক্ত হইতে জীবন মনোনীত কর, তাহাতে তোমরা সবংশে বাঁচিবা; কেননা ইহাতে * তোমাদের জীবন ও দীর্ঘায়ু আছে, এবং ইহা করিলে পরমেশ্বর তোমাদের পূর্ব্বপুরুষ ইব্রাহীম্কে ও ইস্হাক্কে ও যাকূব্কে যে দেশ দিতে দিব্য করিয়াছিলেন, সেই দেশে তোমাদের বহুকাল বাস হইবে।

৩১ অধ্যায়।

১ ভয় না করিতে লোকদের প্রতি মূসার নিবেদন ৭ ও যিহোশূয়ের প্রতি নিবেদন ৯ ও লেবীয় যাজকগণের প্রতি ব্যবস্থা সমাপ্তি করণ ১৪ ও যিহোশূয়ের বিষয়ে ঈশ্বরের আজ্ঞা ১৬ ও গীত লিখিতে মূসার প্রতি ঈশ্বরের আজ্ঞা ২৩ ও যিহোশূয়ের প্রতি আজ্ঞা ২৪ ও লেবীয় যাজকগণকে পুস্তক সমর্পণ ২৮ ও প্রাচীনদের সাক্ষাতে গীতের উচ্চারণ।

১ পরে মূসা যাইয়া ইস্রায়েলের তাবৎ বংশকে এই কথা ২ কহিল ও তাহাদিগকে বলিল, আমি অদ্য এক শত বিংশতি বৎসর বয়স্ক হইলাম, এইক্ষণে বাহিরে যাইতে ও অন্তরে প্রবেশ করিতে আর পাইব না; পরমেশ্বর আমাকে কহিয়াছেন, তুমি সেই যর্দ্দন্ নদী পার হইবা ৩ না। তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের অগ্রসর হইয়া পার হইয়া যাইবেন, এবং তিনি তোমাদের সাক্ষাতে সেই জাতিদিগকে বিনষ্ট করিবেন; তাহাতে তোমরা তাহাদিগকে অধিকার করিবা; এবং পরমেশ্বরের আজ্ঞানুসারে যিহোশূয় তোমাদের অগ্রসর হইয়া পার ৪ হইবে। পরমেশ্বর সীহোন্ ও ওগ্ ইমোরীয়দের এই দুই রাজাকে বিনাশ করিয়া তাহাদের প্রতি যেমন করি- ৫ য়াছেন, ইহাদের প্রতিও তদ্রূপ করিবেন। অর্থাৎ পরমেশ্বর তাহাদিগকে তোমাদের হস্তে † সমর্পণ করিবেন; তাহাতে তোমরা আমার আদিষ্ট সমস্ত আজ্ঞানুসারে ৬ তাহাদের প্রতি করিবা। তোমরা শক্তিমান্ হও ও অতিশয় সাহসী হও, কোন ভয় করিও না, ও তাহাদের হইতে ভীত হইও না; তোমাদের প্রভু পরমেশ্বর আপনি তোমাদের সহিত যাইতেছেন, তিনি তোমাদিগকে ছাড়িবেন না ও ত্যাগ করিবেন না।

৭ পরে মূসা তাবৎ ইস্রায়েল্ বংশের সাক্ষাতে যিহোশূয়কে ডাকিয়া কহিল, তুমি শক্তিমান হও ও অতিশয় সাহসী হও, কেননা পরমেশ্বর ইহাদিগকে যে দেশ দিতে ইহাদের পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছেন, সে দেশে এই লোকদের সহিত তোমাকে যাইতে হইবে, ও ৮ ইহাদিগকে সেই দেশ অধিকার করাইতে হইবে। পরমেশ্বর আপনি তোমার অগ্রসর হইয়া যাইতেছেন ও তোমার সঙ্গী হইবেন; তিনি তোমাকে ছাড়িবেন না ও ত্যাগ করিবেন না, অতএব তুমি ভীত ও ব্যাকুল হইও না।

৯ পরে মূসা এই ব্যবস্থা লিখিয়া পরমেশ্বরের নিয়ম সিন্দুক বাহক লেবীয় যাজকগণকে ও ইস্রায়েল্ বংশের ১০ প্রাচীনগণকে তাহা সমর্পণ করিল। এবং মূসা তাহাদিগকে এই আজ্ঞা করিল, সাত ২ বৎসরের পরে মোচন ১১ বৎসর নামক প্রসিদ্ধ সময়ে যখন ইস্রায়েলের সমস্ত বংশ আবাসোৎসবে আপন প্রভু পরমেশ্বরের মনোনীত স্থানে তাঁহার সম্মুখে উপস্থিত হইবে, তৎকালে তোমরা ইস্রায়েলের তাবৎ বংশের সাক্ষাতে তাহাদের কর্ণে এই ১২ ব্যবস্থা পাঠ করিবা। এবং তাহারা অর্থাৎ পুরুষ কি স্ত্রী কি বালক কি দ্বারের অন্তরস্থ বিদেশী, সকলে যেন তাহা শুনিয়া শিক্ষা করে, ও তোমাদের প্রভু পরমেশ্বরকে ভয় করিয়া ব্যবস্থার তাবৎ আজ্ঞা পালন করিয়া ১৩ তদনুসারে কর্ম্ম করে; এবং তোমরা যে দেশ অধিকার করিতে যর্দ্দন্ নদী পার হইয়া যাইতেছ, সেই দেশে যত কাল থাক, তাবৎ তোমাদের যে সন্তানগণ এই সকল জানিতে পারে না, তাহারা যেন তাহা শুনে, এবং তোমাদের প্রভু পরমেশ্বরকে ভয় করিতে শিক্ষা করে, এই জন্যে তোমরা সকলকে একত্র করিবা।

১৪ অপর পরমেশ্বর মূসাকে কহিলেন, দেখ, তোমার মৃত্যুর দিন উপস্থিত, তুমি যিহোশূয়কে ডাক, এবং তোমরা উভয়ে মণ্ডলীর আবাসে উপস্থিত হও, আমি ১৫ তাহাকে আজ্ঞা করিব; তাহাতে মূসা ও যিহোশূয় যাইয়া মণ্ডলীর আবাসে উপস্থিত হইলে পরমেশ্বর মেঘস্তম্ভে আবাসে দর্শন দিলেন; এবং সেই মেঘস্তম্ভ আবাসের দ্বারের উপরে থাকিল।

১৬ তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, দেখ, তুমি আপন পিতৃলোকদের সহিত শয়ন করিলে এই লোকেরা উঠিয়া যে দেশের মধ্যে প্রবেশ করিতে যাইতেছে, সেই দেশে বিদেশিদের দেবগণের সহিত ব্যভিচার করিবে, এবং আমাকে ত্যাগ করিয়া তাহাদের সহিত আমার কৃত নিয়ম

[১৫-১৮] দ্বি ১১; ২৬-২৮ ।।—[১৭, ১৮] ৪; ২৫-২৮ । ৮; ১৯,২০ ।।—[১৯,২০] প ১৫ । ৩১; ২৮ ।।—[২০] ৩২; ৪৭ ।।
[৩১ অধ্যা; ২] প্রে ৭; ২৩,৩০ । যা ৭; ৭ । দ্বি ৩৪; ৭ । গ ২০; ১২ । ২৭; ১২-১৪ । দ্বি ১; ৩৭ । ৩; ২৬, ২৭ । ৩২; ৪৮-৫২ ।।
[৩] ১; ৩৮ । ৩; ২৮ । গ ২৭; ২১ ।।—[৩-৬] দ্বি ৯; ৩ । ৩; ২১,২২ । ৭; ১৬-২৪ । ২০; ৪ ।।—[৪] ২৯; ৭,৮ ।।—[৭,৮] প ২৩ ।
যি ১; ১-৯ ।।—[৮] প ৬ । ১ বং ২৮; ২০ ।।—[৯] প ২৪-২৬ । গ ৪; ১৫ ।।—[১০-১৩] নি ৮; ১-৮, ১৮ । ২ রা ২৩; ২ ।।
[১০] দ্বি ১৫; ১ । ১৬; ১৩, ১৬ ।।—[১২,১৩] গী ১৮; ১-৮ ।।—[১৪, ১৫] প ২ । গ ১২; ৪, ৫ । ১৬; ৪২ ।।

* (বা) তিনি। † (ইব্রু) সাক্ষাতে।

১৭ লঙ্ঘন করিবে। তাহাতে সেই সময়ে * তাহাদের প্রতিকূলে আমার ক্রোধ প্রজ্বলিত হইলে আমি তাহাদিগকে ত্যাগ করিব ও তাহাদের হইতে আপন মুখ আচ্ছাদিত করিব; তাহাতে তাহারা শিকারস্বরূপ হইবে, ও তাহাদের প্রতি অনেক অমঙ্গল ও ক্লেশ ঘটিবে; সেই সময়ে * তাহারা কহিবে, আমাদের ঈশ্বর আমাদের মধ্যবর্ত্তী নহেন; এই জন্যেই কি আমাদের প্রতি এই সমস্ত ১৮ অমঙ্গল ঘটিতেছে না? কিন্তু তাহারা অন্য দেবগণের প্রতি ফিরিয়া যে ২ অপরাধ করিবে, তন্নিমিত্তে সেই সময়ে * আমি তাহাদের হইতে অবশ্য মুখ আচ্ছাদিত ১৯ করিব। এখন আপনাদের জন্যে এই গীত লিখিয়া তুমি ইস্রায়েল্ বংশকে তাহা শিক্ষা দেও ও তাহাদের মুখস্থ করাও; তাহাতে এই গীত আমার জন্যে ইস্রায়েল্ বং- ২০ শের প্রতিকূলে সাক্ষী হইবে। আমি যে দুগ্ধ মধু প্রবাহি দেশ তাহাদিগকে দিতে তাহাদের পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছি, সেই দেশে তাহাদিগকে লইয়া গেলে তাহারা ভোজন করিয়া তৃপ্ত ও হৃষ্টপুষ্ট হইবে, এবং অন্য দেবগণের প্রতি ফিরিয়া তাহাদের সেবা করিবে, এবং আমার নিয়ম ভঙ্গ করিয়া আমাকে অগ্রাহ্য করি- ২১ বে। তাহাতে যখন তাহাদের প্রতি নানা অমঙ্গল ও ক্লেশ ঘটিবে, তৎকালে এই গীত সাক্ষিস্বরূপ হইয়া তাহাদের প্রতিকূলে সাক্ষ্য দিবে; কেননা তাহাদের বংশ মুখের এই গান বিস্মৃত হইবে না। আমি যে দেশ বিষয়ে দিব্য করিয়াছি, সেই দেশে তাহাদিগকে আনয়ন করণের পূর্ব্বে এই ক্ষণেই তাহারা যে মনের কল্পনাতে প্রবৃত্ত ২২ হইতেছে, তাহা আমি জানিতেছি। পরে মূসা সেই দিবসে ঐ গীত লিখিয়া ইস্রায়েল্ বংশকে শিখাইল।

২৩ অনন্তর তিনি নূনের পুত্র যিহোশূয়কে আজ্ঞা দিয়া কহিলেন, তুমি শক্তিমান্ ও অতিশয় সাহসী হও; কেননা আমি ইস্রায়েল্ বংশকে যে দেশ দিতে দিব্য করিয়াছি, সেই দেশে তোমার তাহাদিগকে লইয়া যাইতে হইবে, এবং আমিও তোমার সঙ্গী হইব।

২৪ পরে মূসা সমাপ্তি পর্য্যন্ত এই সকল ব্যবস্থা পুস্তকে ২৫ লিখিয়া পরমেশ্বরের নিয়মসিন্দুক বাহক লেবীয়দিগকে ২৬ এই আজ্ঞা করিল। এই ব্যবস্থাগ্রন্থ যেন সে স্থানে তোমাদের প্রতিকূলে সাক্ষী হয়, এই জন্যে তোমরা ইহা লইয়া প্রভু পরমেশ্বরের নিয়মসিন্দুকের পার্শ্বে রাখ। ২৭ কেননা তোমাদের আজ্ঞালঙ্ঘনত্ব ও অবাধ্যতা আমি জানি; দেখ, যদি তোমাদের সহিত আমি জীবৎ থাকিতেই অদ্য তোমরা পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিতেছ, তবে আমার মরণের পর কি অধিক করিবা না?

২৮ তোমরা আপন বংশের প্রাচীনগণকে ও অধ্যক্ষগণকে আমার নিকটে একত্র কর; আমি তাহাদের প্রতিকূলে আকাশকে ও পৃথিবীকে সাক্ষী করিয়া তাহাদের কর্ণে এই সকল কথা কহিব। কেননা আমার মরণের পর ২৯ তোমরা সর্ব্বতোভাবে দুষ্ট হইবা এবং আমার আজ্ঞাপিত পথহইতে পরাঙ্মুখ হইবা, তাহা আমি জানি; তোমরা আপনাদের হস্তকৃত ক্রিয়াতে পরমেশ্বরকে ক্রুদ্ধ করিতে তাঁহার সাক্ষাতে পাপ করিবা; এই নিমিত্তে শেষকালে তোমাদের অমঙ্গল হইবে। পরে মূসা সমাপন ৩০ পর্য্যন্ত ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলীর কর্ণে এই গীত বাক্য কহিতে লাগিল।

৩২ অধ্যায়।

১ গীতের আভাস ৭ ও গীতে ঈশ্বরের অনুগ্রহের বর্ণনা ১৫ ও লোকদের ভাবিদোষ ও দণ্ড ৪৪ ও মূসার নিবেদন ৪৮ ও নিবো পর্ব্বতে আরোহণ করিতে মূসার প্রতি আজ্ঞা।

১ হে আকাশ, কর্ণ দেও, আমি কহি; ও হে পৃথিবী, আমার ২ মুখের কথা শুন। যেমন কোমল তৃণের উপরে গুড়ানি বৃষ্টি পড়ে, ও তৃণের উপরে অতিশয় বৃষ্টি হয়; তদ্রূপ আমার উপদেশ বৃষ্টির ন্যায় বর্ষিবে, ও আমার কথা ৩ শিশিরের ন্যায় ক্ষরিবে। আমি পরমেশ্বরের নাম প্রচার করিব; তোমরাও আমাদের ঈশ্বরের মহিমা কীর্ত্তন ৪ কর। তিনি শৈলস্বরূপ, ও তাঁহার কর্ম্ম সফল, ও তাঁহার সমস্ত পথ সরল, ও তিনি সত্যবাদী ও নির্দ্দোষ ও ন্যায়- ৫ কারী ও যাথার্থিক ঈশ্বর। তাহারা ভ্রষ্ট এবং আপন দোষেতে দুষ্ট; তাহারা তাঁহার সন্তান নয়, † কিন্তু ৬ বিপথগামী ও কুটিল বংশ হয়। হে মূঢ় ও অজ্ঞান লোক সকল, তোমরা কি পরমেশ্বরের প্রতি এইরূপ ব্যবহার করিতেছ? তিনি কি তোমাদের ক্রয়কারি পিতা নহেন? ও তোমাদের সৃষ্টি ও স্থিতিকর্ত্তা নহেন?

৭ তোমরা পূর্ব্বকালের দিন সকল স্মরণ কর, ও গত বহুপুরুষের ‡ বৎসর আলোচনা কর, ও তোমাদের পূর্ব্বপুরুষদিগকে জিজ্ঞাসা কর, তাহাতে তাহারা তোমাদিগকে কহিবে; ও তোমাদের প্রাচীনগণকে জিজ্ঞাসা ৮ কর, তাহাতে তাহারা তোমাদিগকে জ্ঞাত করিবে। জাতিদের অধিকার নিরূপণ কালে যখন সর্ব্বাধ্যক্ষ আদমের সন্তানগণকে পৃথক করিলেন, তৎকালে ইস্রায়েল্ বংশের সংখ্যানুসারে তিনি লোকদের সীমা নিরূপণ ৯ করিলেন। কেননা পরমেশ্বরের অংশ তাঁহার লোক, ১০ অর্থাৎ যাকুবই তাঁহার অধিকার। তিনি তাহাকে প্রান্তর দেশে ও পশু রোদন বিশিষ্ট মরুভূমিতে পাইলেন, ও তাহাকে বেষ্টন § করাইয়া তাহাকে শিক্ষা দিলেন, ও আপনার চক্ষুর তারার ন্যায় তাহাকে রক্ষা করিলেন। ১১ যেমন উৎক্রোশ পক্ষী আপন বাসা হেলায় ও আপন

[১৬-১৮] প ২৭, ২৮। দ্বি ২১; ২২-২৮॥—[১৯] প ২১। ৩২; ১-৪৩॥—[২০,২১] ৩২; ১২-২৫। ৯; ৪-৬॥—[২২] ৩২; ১-৪৩॥ [২৩] প ১৪। প ৭॥—[২৬] ২ রা ২২; ৮॥—[২৭] প ২১। দ্বি ৯; ৬। আম ৫; ২৫, ২৬॥—[২৯] প ১৬, ১৭, ২০, ২১, ২৭॥ [৩২ অধ্য; ১] দ্বি ৩০; ১৯। গী ৫০; ৪। যিশ ১; ২॥—[২] ২ শি ২৩; ৪। গী ৭২; ৬। যিশ ৫৫; ১০, ১১॥—[৪] গী ৩১; ২, ৩। ৭১; ৩॥—[৫] যিশ ১; ২, ৩॥—[৬] প ১৮॥—[৮] প্রে ১৭; ২৬॥—[৯] দ্বি ৯, ২৯॥—[১০] ৮; ১৫, ১৬। ২৯; ৫, ৬॥

* (ইব্রী) দিবসে। † (বা) তাহাদের তিলক তাঁহার সন্তানদের তিলক নয়। ‡ (ইব্রী) পুরুষপুরুষানুক্রমে। § (বা) ভ্রমণ।

শাবকগণের উপরে পক্ষপাত করে,ও আপন পক্ষ বিস্তার করিয়া পক্ষের উপরে তাহাদিগকে বহন করিয়া লইয়া যায়; ১২ তদ্রূপ পরমেশ্বর একাকী তাহাদিগকে লইয়া গেলেন; ১৩ তাহাদের *সহিত কোন দেবতা ছিল না। তাহারা যেন ক্ষেত্রের উৎপন্ন শস্য খাইতে পায়, এই জন্যে তিনি পৃথিবীর উচ্চস্থানের উপরে তাহাদিগকে স্থাপন করিলেন, এবং পর্ব্বতহইতে মধু ও চকমকি প্রস্তরময় শৈলহইতে তৈল চোয়াইলেন; ১৪ এবং গোরুর নবনীত ও মেষের দুগ্ধ এবং মেষশাবকের ও বাশন্ দেশের মেষের ও ছাগলের মেদ ও উত্তম গোমের ময়দা তাহাদিগকে দিলেন,ও দ্রাক্ষার রক্তবর্ণ রস পান করাইলেন।

১৫ কিন্তু যিশুরূণ্ হৃষ্টপুষ্ট স্থূল হইয়া পদাঘাত করিল, এবং তাহারা হৃষ্টপুষ্ট ও তৃপ্ত হইয়া আপন সৃষ্টিকর্ত্তা ঈশ্বরকে ত্যাগ করিল ও আপন ত্রাণের পর্ব্বতকে লঘু জ্ঞান করিল। ১৬ ও তাহারা অন্য দেবগণের পূজা করিয়া তাঁহাকে ক্রুদ্ধ করিল, ও ঘৃণার্হ ক্রিয়া করিয়া তাঁহার ক্রোধ জন্মাইল। ১৭ এবং তাহারা ঈশ্বরের উদ্দেশে বলিদান না করিয়া পূর্ব্বে যে দেবগণকে জানিত না, অর্থাৎ তোমাদের পূর্ব্বপুরুষেরা যাহাদিগকে ভয় করে নাই, এমত আধুনিক ও নিকটবর্ত্তি স্থানহইতে উপস্থিত দেবগণের উদ্দেশে হোম করিল। ১৮ এবং তাহারা আপন জন্মদায়ি পর্ব্বতকে মানিল না, ও আপন সৃষ্টিকারি ঈশ্বরকে বিস্মৃত হইল। ১৯ এমত দেখিয়া পরমেশ্বর আপন পুত্র ও কন্যাদের প্রতি অসন্তুষ্ট হইয়া ঘৃণা করিয়া কহিলেন, ২০ আমি তাহাদের হইতে আপন মুখ আচ্ছাদিত করিব; তাহাতে তাহাদের শেষ কি ঘটিবে,তাহা আমি দেখিব; কেননা তাহারা সবংশে বিপথগামী, ও সকলে বিশ্বাসহীন। ২১ তাহারা অনীশ্বরদ্বারা আমার ক্রোধ জন্মায়, ও আপন২ বিগ্রহদ্বারা আমাকে কোপান্বিত করে; এবং আমিও অগণ্য লোকের দ্বারা তাহাদিগকে উত্তাপযুক্ত করিব, ও বাতুল জাতিদ্বারা তাহাদিগকে ক্রোধান্বিত করিব। ২২ আমার ক্রোধরূপ † অগ্নি প্রজ্বলিত হইলে অধস্থ নরক পর্য্যন্ত দগ্ধ করিবে, এবং পৃথিবী ও তন্মধ্যস্থ উৎপন্ন বস্তু নষ্ট করিবে, ও পর্ব্বতের মূল প্রজ্বলিত করিবে। ২৩ আমি তাহাদের অমঙ্গল বৃদ্ধি করিব, ও তাহাদের প্রতি আমার বাণ সকল ত্যাগ করিব। ২৪ এবং তাহারা দুর্ভিক্ষে ক্ষীণ হইবে, এবং মহামারীতে ও কঠিন সংহারেতে বিনষ্ট হইবে, ও আমি তাহাদের প্রতি জন্তুদের দন্ত ও ধূলিগ সর্পের বিষ প্রেরণ করিব। ২৫ এবং বাহিরে খড়্গ ও অন্তরে ভয়দ্বারা তাহাদের যুবা ও কুমারী ও দুগ্ধপোষ্য ও শুক্লকেশ বৃদ্ধ বিনষ্ট হইবে। ২৬ আমি শত্রুর দর্প কথাতে যদি ভয় না করিতাম,তবে আমি তাহাদিগকে উচ্ছিন্ন করিব, ও মনুষ্যের মধ্যহইতে তাহাদের নাম লোপ করিব, এই কথা কহিতাম। ২৭ কিন্তু তাহা করিলে, আমাদের হস্ত প্রবল আছে, পরমেশ্বর এ সকল কর্ম্ম করেন নাই,শত্রুগণ মিথ্যাদর্প করিয়া এই কথা কহিবে। ২৮ কেননা তাহারা হতবুদ্ধি জাতি ও অবিবেচক লোক। ২৯ আহা,যদি তাহারা জ্ঞানবান হয় ও এই কথা বুঝে,ও যদি আপনাদের শেষদশা বিবেচনা করে! ৩০ তাহাদের পর্ব্বতস্বরূপ ঈশ্বর তাহাদিগকে বিক্রয় না করিলে ও পরমেশ্বর তাহাদিগকে রুদ্ধ না করিলে এক জন সহস্র জনকে কি প্রকারে তাড়না করিয়া লইয়া যাইবে, ও দুই জন দশ সহস্র জনকে কি প্রকারে পরাঙ্মুখ করিবে! ৩১ কেননা আমাদের শত্রুগণ বিচারকর্ত্তা হইলেও আমাদের পর্ব্বতের ন্যায় তাহাদের পর্ব্বত হয় না। ৩২ সিদোমের দ্রাক্ষার ও অমোরার ক্ষেত্রের ন্যায় তাহাদের দ্রাক্ষালতা; ও তাহাদের দ্রাক্ষার ফল বিষতুল্য, ও তাহার গুচ্ছ তিক্ত; ৩৩ তাহাদের দ্রাক্ষারস সর্পের বিষতুল্য ও কালসর্পের দুর্জ্জয় গরলতুল্য। ৩৪ এই সকল কি আমার সঞ্চিত নহে ও আমার ধনাগারে রুদ্ধ নহে? ৩৫ প্রতিফল দেওয়া আমার কর্ম্ম; যে সময়ে তাহাদের পা পিচ্ছলিবে,সেই সময়ে তাহাদের দণ্ড হইবে; তাহাদের ক্লেশের দিবস নিকটবর্ত্তী, ও তাহাদের প্রতি নিরূপিত দুর্গতি শীঘ্র আসিবে। ৩৬ তখন পরমেশ্বর আপন লোকদের বিচার করিয়া,তাহারা যে শক্তিহীন এবং মুক্ত ও বদ্ধ ‡ সকলে গত,ইহা দেখিয়া আপন দাসদের প্রতি সদয় হইবেন। ৩৭ এবং তিনি এই কথা কহিবেন, যে দেবগণ তোমাদের বলি সকল ভোজন করিল ও পানীয় দ্রাক্ষারস পান করিল, ও তোমাদের আশ্রয়পর্ব্বত স্বরূপ হইল, ৩৮ তাহারা কোথায়? এখন উঠিয়া সহায় হইয়া তোমাদের আশ্রয় হউক। ৩৯ এখন দেখ,কেবল আমি আছি,আমা বিনা কোন ঈশ্বর নাই; আমি বধ করিতে পারি, ও সজীব করিতে পারি, এবং ক্ষত করিতে পারি,ও সুস্থ করিতে পারি; আমার হস্তহইতে উদ্ধার করিতে কেহ পারে না। ৪০ আমি আকাশে হস্ত উঠাইয়া দিব্য করি, আমিই নিত্য অমর। ৪১ আমি যদি আপন তেজযুক্ত খড়্গে শাণ দি,এবং আমার হস্ত ন্যায় কর্ম্ম করে,তবে আমি আপন শত্রুগণের প্রতী-

[১১] যা ১৯; ৪। যিশ ৬৩; ৮,৯ ॥—[১৩,১৪] যিশ ৫৮; ১৪। দ্বি ৮; ৭-৯। ১১; ১০-১২ ॥—[১৫-২৬] ২৮; ১৫-৬৮। ৩১; ১৬-২১, ২৯ ॥—[১৫] প ৪,৬। ৮; ১০-১৪। ৩৩; ৫॥—[১৬,১৭] ৫; ৬-৯ ॥—[১৮] প ৪,৮। যিশ ১৭; ১০ ॥—[১৯] যিশ ১; ২,৩ ॥—[২০] দ্বি ৩১; ১৭,১৮ ॥—[২১] প ১৬,১৭। রো ১০; ১৯ ॥—[২৪] লে ২৬; ২২। যিহি ৫; ১২-১৭ ॥—[২৬,২৭] দ্বি ৯; ২৮। যিশ ১০; ৫-১৫। ৩৭; ২৩-২৪ ॥—[২৯,৩০] দ্বি ২৮; ৭। গী ৮১; ১৩-১৭ ॥—[৩১] প ৪। যা ১৪; ২৫। দা ৩; ২৮,২৯ ॥—[৩২,৩৩] যিশ ৪৭; ৬॥—[৩২] আ ১৮; ২০-৩২ ॥—[৩৩] গী ১৪০; ৩। রো ৩; ১৩॥—[৩৪-৪৩] দ্বি ৩০; ১-১০॥ [৩৫] গী ৯৪; ২। রো ১২; ১৯। ইব্রু ১০; ৩০। যিশ ৪৭; ৬-৯ ॥—[৩৬] গী ১৩৫; ১৪ ॥—[৩৭-৩৯] যিশ ৪৬; ৩-১১। ৪৮; ৩-১৩ ॥ [৩৯] যিশ ৪৫; ৫-৭। ১ শি ২; ৬-৮। যূব ৫; ১৮। হো ৬; ১, ২ ॥—[৪০] পু ১০; ৫,৬ ॥

* (বা) তাঁহার। † (বা) নানারন্ধ্রে। ‡ (বা) অল্প অবশিষ্ট ও ত্যক্ত।

৪২ কার ও আপন ঘৃণাকারির প্রতিফল দিব। আমি হতদের ও বন্দিদের ও শত্রুদের রাজগণের মস্তকের রক্তে আপন বাণ মগ্ন করিব,ও খড়্গকে মাংস ভক্ষণ করাইব। ৪৩ হে অন্যজাতি সকল,তোমরা তাহার লোকের সহিত আনন্দ কর; কেননা তিনি আপন দাসদের রক্তপাতের প্রতিফল দিবেন ও আপন শত্রুদের প্রতীকার করিবেন, কিন্তু আপনার দেশ ও লোকদের প্রতি দয়াশীল হইবেন।

৪৪ অপর মূসা ও নূনের পুত্র যিহোশূয় আসিয়া লোক- ৪৫ দের কর্ণে এই গীতের সকল কথা কহিল। মূসা ইস্রায়েল্ বংশের কাছে এই সকল কথা সমাপ্ত করিলে ৪৬ পর তাহাদিগকে কহিল, আমি অদ্য যাহা তোমাদের মধ্যে সাক্ষ্য দিয়া কহিলাম, অর্থাৎ এই সমস্ত ব্যবস্থা মান্য ও পালন করণার্থে এই যে সকল বাক্য আপন২ সন্তানগণকে আদেশ করিতে হইবে, তাহার ৪৭ প্রতি মনোযোগ কর। ইহা তোমাদের নিরথক বিষয় নহে, ইহাতেই তোমাদের জীবন, ও ইহাতে তোমরা যে দেশ অধিকার করিতে যর্দন্ নদী পার হইয়া যাইবা, সেই দেশে আপনাদের কাল বৃদ্ধি করিবা।

৪৮ পরে পরমেশ্বর সেই দিবসে মূসাকে কহিলেন, ৪৯ তুমি এই অবারীম্ পর্ব্বতে অর্থাৎ মোয়াব্ দেশস্থ যিরীহোর সম্মুখস্থিত নিবো পর্ব্বতে আরোহণ করিয়া অধিকারার্থে ইস্রায়েল্ বংশের প্রতি আমার দত্ত কিনানীয় ৫০ দেশকে দর্শন কর। এবং যেমন তোমার ভ্রাতা হারোণ্ হোর্ পর্ব্বতে মরিয়া আপন লোকদের নিকটে সংগৃহীত হইল, তদ্রূপ তুমি যে পর্ব্বতে আরোহণ করিবা, সেই পর্ব্বতে মরিয়া আপন লোকদের সহিত সংগৃহীত ৫১ হও। কেননা ইস্রায়েল্ বংশের মধ্যে তোমরা সীন্ প্রান্তরস্থিত কাদেশস্থ মিরীবার জলের নিকটে আমার আজ্ঞা লঙ্ঘন করিয়াছ, ও ইস্রায়েল্ বংশের মধ্যে ৫২ আমার সম্ভ্রম কর নাই। তথাপি তুমি সম্মুখে দেশ দেখিতে পাইবা,কিন্তু আমি ইস্রায়েল্ বংশকে এই যে দেশ দিব,তাহার মধ্যে প্রবেশ করিতে পাইবা না।

৩৩ অধ্যায়।

১ ঈশ্বরের মহিমার কথা ৬ ও ইস্রায়েলের বারো বংশের বিষয়ে মূসার ভবিষ্যদ্বাক্য।

১ পরে ঈশ্বরের লোক মূসা আপন মৃত্যুর পূর্ব্বে ইস্রা- ২ য়েল্ বংশকে এই আশীর্ব্বাদ করিল। সে কহিল, পরমেশ্বর সীনয়্হইতে আইলেন,ও সেয়ীর্হইতে তাহাদের প্রতি উদিত হইলেন; তিনি পারণ্ পর্ব্বতহইতে তেজ প্রকাশ করিলেন,ও দশ সহস্র পুণ্যবান্‌কে সঙ্গে করিয়া আইলেন;ও তাহাদের জন্যে তাঁহার দক্ষিণ হস্তহইতে ৩ অগ্নিরূপ ব্যবস্থা বাহির হইল। তিনি আপন লোকদিগকে অর্থাৎ আপন হস্তগত তাবৎ পবিত্র লোকদিগকে প্রেম করেন, এবং তাহারাও তাঁহার চরণ ৪ সমীপে বসিয়া তাঁহার কথা গ্রহণ করে। মূসা আমাদিগকে যাকুবের মণ্ডলীর অধিকাররূপ ব্যবস্থা আদেশ ৫ করিল। সে প্রধান লোকদের ও ইস্রায়েল্ বংশদের একত্র হওন সময়ে যিশুরূণ্ বংশের মধ্যে রাজা ছিল।

৬ রূবেন্ বংশ না মরিয়া চিরজীবী হইবে, ও তাহার লোক অল্প হইবে না।

৭ যিহূদা বংশের প্রতি আশীর্ব্বাদ। সে কহিল, পরমেশ্বর যিহূদা বংশের কথা শুনিবেন, ও আপন লোকদের নিকটে তাহাকে আনিবেন, ও তাহার হস্তকে কর্ম্মে পটু করিবেন, এবং শত্রুদের বিরুদ্ধে তাহার উপকারী হইবেন।

৮ পরে সে লেবির বংশের বিষয়ে কহিল,তুমি মসাতে যাহার পরীক্ষা করিলা,ও মিরীবার জল সমীপে যাহার সহিত বিরোধ করিলা,তোমার সেই পুণ্যবানের সহিত ৯ তোমার তুম্মীম্ ও উরীম্ হইবে। এবং আমি আপন পিতা মাতাকে জানি না, সে এই কথা কহে; এবং আপন ভ্রাতাকে স্বীকার করে না, ও আপন সন্তানগণকে মানে ১০ না। তাহারা তোমার কথাতে মনোযোগ করিবে ও তোমার নিয়ম পালন করিবে; এবং যাকুব্ বংশকে তোমার বিধি ও ইস্রায়েল্ বংশকে তোমার ব্যবস্থা শিক্ষা করাইবে,ও তোমার সম্মুখে ধূপ ও তোমার বেদির উপ- ১১ রে হোমবলি রাখিবে। এবং পরমেশ্বর তাহাদের সম্পত্তিতে আশীর্ব্বাদ করিয়া তাহাদের হস্তের কর্ম্ম সফল করিবেন, ও তাহাদের বিপক্ষ ও ঘৃণাকারিবর্গের কটিদেশ বিদ্ধ করিবেন,তাহাতে তাহারা উঠিতে পারিবে না।

১২ অপর সে বিন্যামীন্ বংশের বিষয়ে কহিল, পরমেশ্বরের প্রিয় লোক তাহার নিকটে নির্ব্বিঘ্নে বাস করিবে, এবং পরমেশ্বর সমস্ত দিন তাহাকে রক্ষা করিবেন, ও তাহার অন্তরে বাস করিবেন।

১৩ পরে সে যূষফ্ বংশের বিষয়ে কহিল, আকাশের ১৪ উত্তম শিশির ও অধঃস্থিত বিস্তারিত জলাশয়, ও ১৫ সূর্য্যপক্ক উত্তম ফল ও মাসে২ * পক্ক উত্তম দ্রব্য, ও পুরাতন পর্ব্বতের উত্তম দ্রব্য, ও চিরস্থায়ি পর্ব্বতের ১৬ উত্তম দ্রব্য, ও পৃথিবীর ও তাহার তাবৎ স্থানের উত্তম দ্রব্য, এই সকলদ্বারা পরমেশ্বর কর্ত্তৃক তাহার দেশ আশীঃপ্রাপ্ত হইবে; এবং আপন ভ্রাতৃগণহইতে

[৪১, ৪২] ন ১; ২। যিশ ৪৭; ৬, ৭। যির ৫০; ৩৫-৩৭।।—[৪৩] রো ১৫; ১০। যিশ ১৪; ১, ২। প্র ১৯; ১,২।।—[৪৬] দ্বি ৩১; ১২, ১৩, ২৮, ২৯।।—[৪৭] ৩০; ১৯, ২০।।—[৪৮-৫২] ৩; ২৬, ২৭। গ ২৭; ১২-১৪। ২০; ১২, ২৩-২৮।।

[৩৩ অধ্যা; ২] যা ১৯; ১৬-২০। দ্বি ১; ২। গ ১০; ২৬। হ ৩; ৩-৫। গী ৬৮; ১৭। দা ৭; ৭। ইব্রু ২; ২।।—[৩] দ্বি ৪; ৫-১৩। যির ৩১; ৩১-৩৪।।—[৪] প ২। গী ১১৯; ৭২,১১১।।—[৫] প ২৬। দ্বি ৩২; ১৫। যিশ ৪৪; ২।।—[৬-২৫] আ ৪৯; ১-২৭।।—[৮] যা ২৮; ৩০। গ ২০; ১২, ১৩, ২৪।।—[৯] লে ১০; ৬, ৭। ২১; ১০-১২। ইব্রু ৭; ৩।।—[১০] যা ৩২; ২৬। দ্বি ১০; ৮। ১৭; ৮-১১। ২১; ৫। মল ২; ৪-৭।।—[১২] যি ১৮; ১৬, ২৮। গী ১২২; ২-৪।।—[১৩-১৭] আ ৪৯; ২২-২৬।।

* (বা) চন্দ্র।

বিভিন্ন যে যূষফ্, তাহার বংশের মস্তকে ও মস্তকের
১৭ তালুতে ঝোপবাসি ঈশ্বরের অনুগ্রহ বর্ত্তিবে। এবং তাহার বল উত্তম * বৃষের বলের ন্যায়, ও তাহার শৃঙ্গ গণ্ডারের শৃঙ্গের ন্যায়; দশ সহস্র ইফ্রয়িম্ লোক ও সহস্র মিনশি লোক তাহার দুই শৃঙ্গস্বরূপ হয়; তাহাদ্বারা সে পৃথিবীর সীমাস্থিত সমুদয় লোককে গুতাইবে।

১৮ অপর সে সিবূলূন্ বংশের বিষয়ে কহিল, সিবূলূন্ আপন ব্যবসায়ে † ও ইষাখর্ আপন তাম্বুতে আনন্দ
১৯ করিবে। তাহারা লোকদিগকে পর্ব্বতে নিমন্ত্রণ করিয়া সে স্থানে ধর্ম্মের বলি উৎসর্গ করিবে, এবং তাহারা সমুদ্রের বাহুল্য দ্রব্য ও বালুকার গুপ্ত ধন ভোগ করিবে ‡।

২০ পরে সে গাদ্ বংশের বিষয়ে কহিল, গাদের বিস্তারকর্ত্তা ধন্য; গাদ্ সিংহীর ন্যায় শয়ন করিবে, ও শি-
২১ কারের বাহু ও মস্তক ছেদন করিবে। ও সে আপনার জন্যে দেশের প্রথমাংশ দেখিবে; সে স্থানে ব্যবস্থাপকদ্বারা তাহার অধিকার নিরূপিত আছে; তথাপি সে লোকদের অগ্রে যাইবে ও ইস্রায়েল্ বংশের জন্যে পরমেশ্বরের ন্যায়কর্ম্ম ও দণ্ডকর্ম্ম পালন করিবে।

২২ অপর সে দান্ বংশের বিষয়ে কহিল, দান্ বংশ সিংহবৎসের ন্যায় বাশন্হইতে লম্ফ দিবে।

২৩ পরে নপ্তালি বংশের বিষয়ে কহিল, নপ্তালি অনুগ্রহেতে তৃপ্ত ও পরমেশ্বরের আশীর্ব্বাদে সম্পূর্ণ হইবে, এবং পশ্চিম ও দক্ষিণদিগ অধিকার করিবে।

২৪ অপর সে আশের্ বংশ বিষয়ে কহিল, আশের্ বংশ আশীর্ব্বাদ পাইয়া বহুগোষ্ঠী হইবে, ও আপন ভ্রাতাদের মধ্যে গ্রাহ্য হইবে, ও আপন চরণ তৈলে
২৫ মগ্ন করিবে। ও তাহার অর্গল § লৌহময় ও পিত্তলময় হইবে, এবং সময়ানুসারে তাহার শক্তি হইবে।

২৬ হে ইস্রায়েল্ বংশ; যিশুরূণের যে ঈশ্বর তোমাদের উপকারার্থে আকাশে ও আপন গৌরবে গগণে আরো-
২৭ হণ করেন, তাঁহার তুল্য কেহ নয়। অনাদি ঈশ্বর তোমাদের আশ্রয়, ও তাঁহার অনন্তস্থায়ি বাহু অবলম্ব স্বরূপ; তিনি আমাদের সম্মুখহইতে শত্রুগণকে দূর করিবেন, এবং বিনষ্ট করিতে আজ্ঞা দিবেন।
২৮ তাহাতে ইস্রায়েল্ বংশ নিষ্কণ্টকে একাকী বাস করিবে, এবং শস্যাঢ্য ও দ্রাক্ষারসাঢ্য দেশে যাকুবের দৃষ্টি ‖
২৯ হইবে, ও তাহার আকাশহইতে শিশির ক্ষরিবে। হে ইস্রায়েল্ বংশ, তুমি ধন্য, তোমার তুল্য কে? কেননা তুমি পরমেশ্বর কর্ত্তৃক রক্ষিত এক জাতি, এবং তিনি তোমার উপকাররূপ ঢাল ও মাহাত্ম্যরূপ খড্গ; তোমার শত্রুগণ তোমার বশীভূত হইবে, ও তুমি তাহাদের উচ্চস্থান দিয়া গতায়াত করিবা।

৩৪ অধ্যায়।

১ মূসার দেশ অবলোকন ৫ ও তাহার মরণ ৯ ও তাহার পদ যিহোশূয়ের প্রাপ্ত হওন ১০ ও মূসার সুখ্যাতি।

১ পরে মূসা মোয়াব্ প্রান্তরহইতে নিবো পর্ব্বতে অর্থাৎ যিরীহোর সম্মুখস্থিত পিস্গা শৃঙ্গে আরোহণ করিল।
২ তাহাতে পরমেশ্বর গিলিয়দ্ অবধি দান্ পর্য্যন্ত সমস্ত দেশ ও সমস্ত নপ্তালি এবং ইফ্রয়িমের ও মিনশির দেশ ও পশ্চিমদিগস্থ সমুদ্র পর্য্যন্ত যিহূদার তাবৎ দেশ;
৩ এবং প্রান্তরস্থিত তালবৃক্ষ নগর যিরীহোর তলভূমি ও সোয়র পর্য্যন্ত অন্য তাবৎ দক্ষিণ দেশ তাহাকে দেখা-
৪ ইলেন। এবং পরমেশ্বর তাহাকে কহিলেন, আমি তোমার বংশকে এই দেশ দিব, যে দেশের বিষয়ে ইব্রাহীম্ ও ইস্হাক্ ও যাকুবের কাছে এই প্রতিজ্ঞা করিয়াছিলাম, সেই দেশ তোমাকে চাক্ষুস দেখাইলাম; কিন্তু তুমি সে স্থানে পার হইয়া যাইবা না।

৫ তাহাতে পরমেশ্বরের দাস মূসা পরমেশ্বরের আ-
৬ জ্ঞানুসারে সেই স্থানে মোয়াব্ দেশে মরিল। তাহাতে তিনি বৈৎপিয়োর্ সম্মুখস্থিত মোয়াব্ দেশস্থ তলভূমিতে তাহাকে কবর দিলেন; সেই কবর স্থান অদ্যাপি
৭ কেহ জানে না। ঐ মূসা এক শত বিংশতি বৎসর বয়সে মরিল; তথাপি তাহার চক্ষু লোলিত হয় নাই, ও তাহার
৮ স্বাভাবিক বলের হ্রাস হয় নাই। পরে ইস্রায়েল্ বংশ মূসার নিমিত্তে মোয়াবের প্রান্তরে ত্রিশ দিবস শোক করিল; তাহাতে মূসার জন্যে তাহাদের ক্রন্দনের ও শোক করণের দিবস সম্পূর্ণ হইল।

৯ মূসা নূনের পুত্র যিহোশূয়ের গাত্রে হস্তার্পণ করিয়াছিল, এই জন্যে যিহোশূয় সারজ্ঞানে সম্পূর্ণ ছিল; তাহাতে মূসার প্রতি পরমেশ্বরর আজ্ঞানুসারে ইস্রায়েল্ বংশ তাহার কথাতে মনোযোগ করিয়া সকল কর্ম্ম করিল।

১০ কিন্তু মিসর্দেশে ফিরৌণের ও তাহার সমস্ত দাসদের ও তাহার তাবৎ দেশের প্রতি যাহা করিতে পরমেশ্বর
১১ মূসাকে প্রেরণ করিয়াছিলেন, সে সমস্ত চিহ্নে ও আশ্চর্য্য ক্রিয়াতে, ও মহাপ্রবল হস্তে এবং সমস্ত ইস্রায়েল্ বংশের দৃষ্টিতে কৃত সমস্ত মহাভয়ঙ্কর কর্ম্মেতে পরমেশ্বর সম্মুখাসম্মুখি হইয়া যাহাকে জ্ঞাত ছিলেন,
১২ সেই মূসার মত আর কোন ভবিষ্যদ্বক্তা ইস্রায়েল্ বংশে জন্মিল না।

---

[১৬] যা ৩; ২॥—[১৭] আ ৪৮; ১৫-২০।—[১৮] আ ৪৯; ১৩-১৫॥—[২১] গ ৩২; ১, ২৮-৩৬॥—[২২] বি ১৮; ২৬-২৯॥ [২৬] প ৫। গী ১১৩; ৩-৬॥—[২৭] গী ৪৬॥—[২৮] গ ২৩; ৯। দ্বি ৩২; ১৩, ১৪॥—[২৯] প ২৭। গী ১৪৪; ১৫॥ [৩৪ অধ্য; ১-৭] দ্বি ৩২; ৪৮-৫২। গ ২০; ২৩-২৮॥—[৬] যিহূ ৯॥—[৭] দ্বি ৩১; ২॥—[৮] গ ২০; ২৯॥—[৯] গ ২৭; ২৩॥—[১০-১২] যা ৩৩; ১১। গ ১২; ৬-৮। দ্বি ১৮; ১৬-১৯। যো ১; ১৭, ১৮। ৫; ৪৬। ইব্রু ৩; ৫, ৬॥

* (ইব্রু) প্রথমজাত। † (বা) যাত্রাতে। ‡ (ইব্রু) চুষিবে। § (বা) পাদুকা। ‖ (বা) ওনুই।

যিহোশূয়ের পুস্তক।

১ অধ্যায়।

১ যিহোশূয়ের প্রতি পরমেশ্বরের কথা ১০ ও লোকদের প্রতি যিহোশূয়ের কথা ১৬ ও যিহোশূয়ের প্রতি লোকদের স্বীকার ও নিবেদন।

১ পরমেশ্বরের সেবক মূসার মৃত্যুর পরে পরমেশ্বর নূনের পুত্র যিহোশূয় নামে মূসার সেবককে কহিলেন,
২ আমার সেবক মূসা মরিল; এখন তুমি উঠিয়া এই সমস্ত লোকের সহিত এই যর্দ্দন্ নদী পার হইয়া তাহাদিগকে অর্থাৎ ইস্রায়েল্ বংশকে যে দেশ দিব, তাহাতে যাত্রা
৩ কর। যে প্রত্যেক স্থানে তুমি * পদার্পণ করিবা, সেই সকল স্থান আমি মূসার প্রতি আপন বাক্যানুসারে
৪ তোমাকে † দিব। তাহাতে প্রান্তর অবধি এই লিবানোন্ পর্য্যন্ত এবং মহানদী অর্থাৎ ফরাৎ নদী অবধি সূর্য্যাস্ত স্থানের দিগে মহাসমুদ্র পর্য্যন্ত হিত্তীয়দের তাবদ্দেশ
৫ তোমাদের সীমা হইবে। এবং তোমার যাবজ্জীবন তোমার সম্মুখে দাঁড়াইতে কেহ শক্তি পাইবে না; আমি যেমন মূসার সহিত ছিলাম, তদ্রূপ তোমার সহিতও থাকিব, এবং তোমাকে ছাড়িব না ও তোমাকে ত্যাগ করিব
৬ না। তুমি শক্তিমান্ ও অতিশয় সাহসী হও; কেননা যে দেশ দিতে ইহাদের পূর্ব্বপুরুষদের কাছে আমি দিব্য করিয়াছি, তাহা তুমি এই লোকদিগকে অধিকার
৭ করাইবা। অতএব তুমি শক্তিমান্ ও অতিশয় সাহসী হইয়া সাবধানপূর্ব্বক আমার সেবক মূসার আজ্ঞাপিত সমস্ত ব্যবস্থানুসারে কর্ম্ম কর, এবং সেই ব্যবস্থার পথহইতে দক্ষিণে কি বামে ফিরিও না; তাহাতে তুমি যে কোন স্থানে যাইবা, সে স্থানে ভাগ্যবান্ হইবা।
৮ এই ব্যবস্থা গ্রন্থ নিরন্তর মুখস্থ কর, ও তন্মধ্যে লিখিত তাবৎ আজ্ঞা পালনার্থে দিবারাত্রি তাহার আলোচনা কর; তাহাতে তোমার পথ সফল হইবে ও তোমার
৯ কার্য্য সিদ্ধ হইবে। আর আমি কি তোমাকে আজ্ঞা দি নাই? তুমি শক্তিমান্ হও ও সাহসী হও; এবং ভীত ও নিরাশ হইও না; তুমি যে ২ স্থানে যাও, সেই ২ স্থানেই তোমার প্রভু পরমেশ্বর তোমার সহিত আছেন।
১০ তাহাতে যিহোশূয় লোকদের অধ্যক্ষগণকে আজ্ঞা
১১ করিল, তোমরা শিবিরের মধ্য দিয়া যাইয়া লোকদিগকে এই কথা কহ, তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে যে দেশ অধিকার করাইতে উদ্যত আছেন, সেই দেশে প্রবেশ করিয়া তাহা অধিকার করিতে তিন দিবসের মধ্যে তোমাদিগকে এই যর্দ্দন্ নদী পার হইয়া যাইতে হইবে; অতএব তোমরা আপনাদের জন্যে পাথেয় সামগ্রী প্রস্তুত কর। তাহাতে যিহোশূয় রূবেন্ বংশকে ১২
ও গাদ্ বংশকে ও মিনশির অর্দ্ধ বংশকে কহিল,
তোমরা পরমেশ্বরের সেবক মূসার আজ্ঞা স্মরণ কর; ১৩
তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে বিশ্রাম ও এই দেশ দিয়াছেন। এখন তোমাদের স্ত্রীলোক ও বালক ১৪
ও পশুগণ মূসার দত্ত যর্দ্দনের এ পারস্থিত দেশে থাকিবে। কিন্তু পরমেশ্বর যাবৎ তোমাদের ন্যায় ১৫
তোমাদের ভ্রাতৃগণকে বিশ্রাম না দেন ও তাহারা যাবৎ প্রভু পরমেশ্বরের দত্ত দেশ অধিকার না করে, তাবৎ তোমরা অর্থাৎ বীরত্ববিশিষ্ট সমস্ত লোক সুসজ্জ হইয়া আপন ২ ভ্রাতাদের অগ্রে গমন করিয়া তাহাদের উপকার করিবা; পরে তোমরা যর্দ্দনের এ পারে সূর্য্যোদয় দিগে পরমেশ্বরের সেবক মূসার দত্ত অধিকারে ফিরিয়া আসিয়া তাহা ভোগ করিবা।

তাহাতে তাহারা যিহোশূয়কে কহিল, তুমি যাহা আজ্ঞা ১৬
করিতেছ, তাহা সকল আমরা করিব; তুমি আমাদিগকে যে স্থানে প্রেরণ করিবা, সেই স্থানে যাইব। আমরা ১৭
সমস্ত বিষয়ে যেমন মূসার কথাতে মনোযোগ করিলাম, তদ্রূপ তোমার কথাতেও করিব; তোমার প্রভু পরমেশ্বর যেমন মূসার সহবর্ত্তী হইয়াছিলেন, তেমনি তোমারও সহবর্ত্তী হউন। যে কেহ তোমার আজ্ঞা লঙ্ঘন করে ও ১৮
তোমার আজ্ঞাপিত কথাতে মনোযোগ না করে, সে হত হইবে; তুমি শক্তিমান্ ও অতিশয় সাহসী হও।

২ অধ্যায়।

১ শিটীম্হইতে দুই চরকে দেশ অনুসন্ধান করিতে প্রেরণ ও রাহব্ বেশ্যার সেই চরকে গ্রহণ করণ, ৮ ও চরের সঙ্গে রাহবের নিয়ম স্থির করণ, ২৩ ও চরগণের পুনরাগমন ও বৃত্তান্ত কথন।

অনন্তর নূনের পুত্র যিহোশূয় গুপ্তরূপে অনুসন্ধান ১
করিতে শিটীম্হইতে দুই চরকে এই কথা কহিয়া প্রেরণ করিল, তোমরা যাইয়া দেশ, বিশেষতঃ যিরীহো অনুসন্ধান কর; তাহাতে তাহারা যাইয়া রাহব্ নাম্নী বেশ্যার গৃহে প্রবেশ করিয়া সেই স্থানে শয়ন করিল।
কিন্তু দেখ, কল্য রাত্রিতে দেশ অনুসন্ধান করিতে ২

[১ অধ্য; ১-৮] দ্বি ৩১; ১-৯ ॥—[১] দ্বি ৩৪; ৫ ॥—[৩] দ্বি ১১; ২৪,২৫ ॥—[৪] আ ১৫; ১৮-২১ । যা ২৩; ৩১ ॥ [৫] দ্বি ৭; ২৪ । ৩১; ৬,৮ । ইব্রি ১৩; ৫-৮ ॥—[৭,৮] গী ১; ১-৩ ॥—[৯] দ্বি ৩১; ২৩ । গী ১১৮; ৬ । ১৮; ২৯-৫০ ॥ [১২-১৫] গ ৩২; ২০-৩২ ॥—[১৫] যি ২২; ১-৪ ॥—[১৭] প ৫ ॥—[১৮] প ৯ ॥—[২ অধ্য; ১] গ ৩৩; ৪৯ ॥

* (ইব্রি) তোমরা। † (ইব্রি) তোমাদিগকে।

ইস্রায়েল্ বংশের দুই চর এই স্থানে আইল, এই বাক্য ৩ যিরীহোর রাজার কর্ণগোচর হইলে সেই রাজা রাহবের নিকটে এই কথা কহিতে লোক প্রেরণ করিল, যে লোকেরা তোমার নিকটে আসিয়া তোমার গৃহে প্রবিষ্ট আছে, তাহাদিগকে বাহির করিয়া আন, কেননা ৪ তাহারা তাবৎ দেশ অনুসন্ধান করিতে আইল। তাহাতে সে স্ত্রী ঐ দুই জনকে গোপনে রাখিয়া কহিল, সেই লোকেরা আমার নিকটে আসিয়াছিল বটে, কিন্তু তাহারা কোথাকার লোক, তাহা আমি জানিলাম না। ৫ অন্ধকার হইলে দ্বার রোধ করণ সময়ে ঐ লোকেরা বাহির হইয়া গেল, কিন্তু কোথায় গেল, তাহা জানি না; শীঘ্র করিয়া তাহাদের পশ্চাৎ ২ যাও, তাহাতে তাহা- ৬ দের সঙ্গধরিবা। কিন্তু ঐ বেশ্যা তাহাদিগকে আপন গৃহের ছাতের উপরে আনিয়া ছাতের উপরে বিস্তারিত ৭ কার্পাসের দ্বারা তাহাদিগকে লুকাইয়া রাখিল। পরে দূতেরা যর্দ্দনের পথে পারঘাটা পর্য্যন্ত তাহাদের পশ্চাৎ ২ গমন করিল; এবং তাহাদের পশ্চাৎ যাইতে বাহির হইবামাত্র লোকেরা দ্বার রুদ্ধ করিল।

৮ পরে সেই চরদের শয়নের পূর্ব্বে ঐ বেশ্যা ছাতের উপরে তাহাদের নিকটে আসিয়া তাহাদিগকে কহিল; ৯ ঈশ্বর এই দেশ তোমাদিগকে দিলেন, ও তোমাদের হইতে আমাদের প্রতি ভয় উপস্থিত হইল, ও তোমাদের জন্যে * এই দেশ নিবাসি লোকেরা উদ্বিগ্ন † হইল, তাহা ১০ আমি জানি। কেননা মিসর্হইতে তোমাদের বহিরাগমন সময়ে পরমেশ্বর তোমাদের সম্মুখে কি প্রকারে সূফ সমুদ্রের জল শুষ্ক করিলেন, এবং তোমরা যর্দ্দনের ওপারেস্থিত সীহোন্ ও ওগ্ নামে ইমোরীয়দের দুই রাজার প্রতি কেমন ব্যবহার করিয়া তাহাদিগকে নিঃশেষে ১১ বিনষ্ট করিলা, তাহা আমরা শুনিলাম; এবং শুনিবামাত্র আমাদের হৃদয় ব্যাকুল † হইল; তোমাদের জন্যে * কাহারো মনে সাহসের উদয় হয় না, কেননা তোমাদের প্রভু যে পরমেশ্বর, তিনিই উপরিস্থ স্বর্গে ও অধঃস্থ ১২ পৃথিবীতে প্রভু হন। অতএব এখন তোমাদের কাছে এক প্রার্থনা করি, আমি তোমাদিগকে অনুগ্রহ করিলাম; এই প্রযুক্ত তেমরা আমার পিতার বাটীর প্রতি অনুগ্রহ করিবা, পরমেশ্বরের নাম লইয়া এই দিব্য কর। ১৩ এবং তোমরা আমার পিতা মাতা ভ্রাতা ভগিনীগণকে ও তাহাদের সর্ব্বস্বকে রক্ষা করিবা, ও মরণহইতে আমাদের প্রাণকে উদ্ধার করিবা; এতদ্বিষয়ে এক সত্য চিহ্ন ১৪ আমাকে দেও। তাহাতে তাহারা উত্তর করিল, তোমরা যদি আমাদের এই কার্য্য প্রকাশ না কর, তবে তোমাদের প্রাণের পরিশোধে আমাদের প্রাণ ‡ হইবে; যে সময়ে পরমেশ্বর আমাদিগকে দেশ দিবেন, তৎকালে আমরা তোমার প্রতি অনুগ্রহ ও সত্য আচরণ করিব। ১৫ পরে সে বেশ্যা বাতায়ন দ্বার দিয়া রজ্জুদ্বারা তাহাদিগকে নামাইল, কেননা তাহার বাটী নগরের ভিত্তির উপরে ছিল, সে প্রাচীরের উপরে বাস করিত। ১৬ এবং সে তাহাদিগকে কহিল, পশ্চাদ্গামি লোকেরা যেন তোমাদের সঙ্গ না ধরে, এই জন্যে তোমরা পর্ব্বতে যাইয়া তিন দিন লুকাইয়া থাক, তাহার পর পশ্চাদ্গামি লোকেরা ফিরিয়া গেলে তোমরা আপন পথে চলিয়া যাইও। ১৭ তাহাতে সেই লোকেরা তাহাকে কহিল, তুমি আমাদিগকে যে দিব্য করাইয়াছ, তদ্বিষয়ে আমরা নিরপরাধ হইব। ১৮ দেখ, যে রক্তবর্ণ রজ্জুদ্বারা আমাদিগকে নামাইলা, আমাদের এই দেশে আগমন সময়ে সেই রজ্জু ঐ বাতায়নে বান্ধিয়া রাখিবা, এবং তোমার পিতা মাতা ভ্রাতা প্রভৃতি পিতৃ পরিবার সমস্তকে আপন বাটীতে একত্র করিবা। ১৯ তাহাতে যে কেহ তোমার বাটীর দ্বারহইতে পথে নির্গত হয়, তাহার রক্তপাতের অপরাধ তাহার মস্তকোপরি হইবে, এবং আমরা নির্দ্দোষ হইব; এবং যে কেহ তোমার সহিত বাটীতে থাকে, তাহার উপরে যদি কেহ হস্তার্পণ করে, তবে তাহার রক্তপাতের অপরাধ আমাদের মস্তকোপরি আসিবে। ২০ কিন্তু তুমি যদি আমাদের এই কার্য্য প্রকাশ কর, তবে তুমি আমাদিগকে যে দিব্য করাইয়াছ, তাহাহইতে আমরা মুক্ত হইব। ২১ তাহাতে সে কহিল, তোমাদের কথানুসারে তাহাই হইবে; পরে সে তাহাদিগকে বিদায় করিলে তাহারা প্রস্থান করিল, এবং সে সেই রক্তবর্ণ রজ্জু বাতায়নে বাঁধিয়া রাখিল। ২২ পরে তাহারা যাইয়া পর্ব্বতে আশ্রয় লইয়া পশ্চাদ্গামিদের পুনরাগমন পর্য্যন্ত তিন দিবস প্রবাস করিল; তাহাতে পশ্চাদ্গামি লোকেরা সমস্ত পথে তাহাদের অন্বেষণ করিলেও কুত্রাপি তাহাদের উদ্দেশ পাইল না।

২৩ পরে ঐ দুই চর পর্ব্বতহইতে নামিয়া আসিয়া পুনর্ব্বার পার হইয়া নূনের পুত্র যিহোশূয়ের নিকটে গেল, এবং আপনাদের প্রতি যে ২ রূপ ঘটিয়াছিল, সে সমস্ত বিবরণ কহিল। ২৪ তাহারা যিহোশূয়কে এই কথা কহিল, পরমেশ্বর এই সমস্ত দেশ আমাদের হস্তে সমর্পণ করিলেন, ইহা সত্য, কেননা ইহার তাবৎ দেশীয় লোক আমাদের কারণ * উদ্বিগ্ন † আছে।

৩ অধ্যায়।

১ যর্দ্দন্ নদী তীরে যিহোশূয়ের উপস্থিত হওন, ৭ ও যিহোশূয়কে পরমেশ্বরের আশ্বাস দেওন, ৯ ও লোকদিগকে যিহোশূয়ের আশ্বাস দেওন, ১৪ ও নদীর জল ভিন্ন হওন।

১ অনন্তর যিহোশূয় প্রত্যূষে উঠিয়া ইস্রায়েলের সমস্ত বংশের সহিত শিটীম্হইতে যাত্রা করিয়া যর্দ্দন্ নদীর

[৬] ২ শি ১৭; ১২॥—[৮-১৬] ইব্রি ১১; ৩১। যাকূ ২; ২৫॥—[৯] যা ২৬; ২৭। দ্বি ১১; ২৫॥—[১০] যা ১৪; ২১-৩১। ১৫; ১৪-১৬। দ্বি ২৪; ২-৩৭। ৩; ১-৭॥—[১১] দ্বি ৪; ৩৯। ৩৩; ৩:॥—[১৪] প ১৭-২০॥—[১৫] প্রে ৯; ২৫॥ [১৬] প ৭॥—[১৭-২০] যি ৬; ২২-২৫॥—[২২] প ৭॥—[২৪] প ৯॥

* (ইব্রি) সম্মুখহইতে। † (ইব্রি) গলিত। ‡ (ইব্রি) মরিতে হইবে।

নিকটে উপস্থিত হইল, এবং তখনি পার না হইয়া সে
২ স্থানে রাত্রি যাপন করিল। তিন দিবসের পর সেনা-
পতিগণ শিবিরের মধ্য দিয়া যাইয়া লোকদিগকে এই
৩ আজ্ঞা করিল; যে সময়ে তোমরা আপনাদের প্রভু
পরমেশ্বরের নিয়মসিন্দুককে ও তাহার বহনকারি লেবীয়
যাজকগণকে দেখিবা, তৎকালে তোমরা যেন আপ-
নাদের গন্তব্য পথ জানিতে পার, এই জন্যে আপনাদের
স্থানহইতে যাইয়া তাহার পশ্চাৎ গমন করিবা; কেননা
৪ তোমরা পূর্ব্বে * সে পথ দিয়া কখনো যাও নাই। কিন্তু
তাহার ও তোমাদের মধ্যে দুই সহস্র হাত ভূমি
ব্যবধান থাকিবে; তাহার আর নিকটবর্ত্তী হইবা না।
৫ পরে যিহোশূয় লোকদিগকে কহিল, কল্য পরমেশ্বর
তোমাদের মধ্যে আশ্চর্য্য ক্রিয়া করিবেন, অতএব
৬ তোমরা আপনাদিগকে পবিত্র কর। এবং যিহোশূয়
যাজকদিগকে আজ্ঞা করিল, তোমরা নিয়মসিন্দুক লইয়া
লোকদের অগ্রগামী হইয়া পার হও; তাহাতে তাহারা
নিয়মসিন্দুক লইয়া লোকদের অগ্রে ২ গমন করিল।

৭ তখন পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, আমি যে রূপ
মূসার সহিত ছিলাম, তোমার সহিতও তদ্রূপ আছি,
ইহা যেন ইস্রায়েল্ বংশ জানিতে পারে, এই জন্যে
আমি অদ্যাবধি তাহাদের সকলের সাক্ষাতে তো-
৮ মাকে গৌরবান্বিত করিতে আরম্ভ করি। তুমি নিয়ম-
সিন্দুকবাহি যাজকগণকে এই আজ্ঞা কর, তোমরা যর্দ্দন্
নদীর জলের ধারে উপস্থিত হইয়া সেই স্থানে যর্দ্দনে
স্থগিত হও।

৯ তাহাতে যিহোশূয় ইস্রায়েল্ বংশকে কহিল, তো-
মরা এই স্থানে আসিয়া আপন প্রভু পরমেশ্বরের কথা
১০ শুন। যিহোশূয় আরো কহিল, অমর পরমেশ্বর যে
তোমাদের মধ্যে আছেন, এবং কিনানীয় ও হিত্তীয় ও
হিব্বীয় ও পিরিষীয় ও গির্গাশীয় ও ইমোরীয় ও যিবূ-
ষীয় লোকদিগকে তোমাদের সম্মুখহইতে নিঃসন্দেহে
দূর করিবেন, তাহা তোমরা ইহাদ্বারা জানিতে পা-
১১ রিবা। দেখ, তাবৎ জগতের ঈশ্বরের নিয়ম সিন্দুক
১২ তোমাদের অগ্রে ২ যর্দ্দনে যাইতেছে। তোমরা ইস্রায়ে-
লের এক২ বংশহইতে এক২ জন, এই রূপে বারো
১৩ বংশহইতে বারো জন মনুষ্যকে গ্রহণ কর। পরমে-
শ্বরের অর্থাৎ তাবৎ জগতের ঈশ্বরের নিয়মসিন্দুকবাহি
যাজকদের পদতল যর্দ্দনের জলে স্পর্শ হইবামাত্র ঐ
যর্দ্দনের জল অর্থাৎ নীচগামি স্রোত সর্ব্বতোভাবে ছিন্ন
হইয়া রাশীকৃত হইয়া থাকিবে।

১৪ শস্যচ্ছেদনের তাবৎ সময়ে যর্দ্দনের জল সমস্ত
তীরের উপরে উঠিত; তখন লোকেরা যর্দ্দন্ পার হইতে
আপন২ শিবির ছাড়িয়া আইল, এবং যাজকগণ নিয়ম-
সিন্দুক বহন করিয়া লোকদের অগ্রসর হইল। ১৫ এবং
সিন্দুক বহনকারিগণ যর্দ্দনের নিকটে উপস্থিত হইলে,
ঐ সিন্দুকবাহি যাজকগণ যর্দ্দনের জলেতে পাদস্পর্শ
১৬ করিবামাত্র নীচগামি স্রোতের জল স্থগিত হইয়া সর্ত্তনের
নিকটবর্ত্তি আদম্ নগর অবধি অতিদূরে রাশীকৃত হইয়া
উঠিয়া রহিল, এবং প্রান্তরের সমুদ্রের অর্থাৎ লবণ সমু-
দ্রের প্রতি গত ভাটির জল ছিন্ন হইয়া হ্রাস পাইল; তা-
হাতে লোকেরা যিরীহোর সম্মুখে পার হইয়া গেল।
১৭ কিন্তু যে পর্য্যন্ত তাবৎ লোক নিঃশেষে পার না হইল,
তাবৎ পরমেশ্বরের নিয়মসিন্দুকবাহি যাজকগণ যর্দ্দনের
মধ্যে শুষ্ক ভূমিতে দাঁড়াইয়া স্থির হইয়া থাকিল; তাহা-
তে সমস্ত ইস্রায়েল্ বংশ শুষ্ক ভূমি দিয়া পার হইয়া গেল।

৪ অধ্যায়।

১ যর্দ্দন্‌হইতে বারো প্রস্তর লওন ও যর্দ্দনেতে অন্য বারো
প্রস্তর স্থাপন ১৪ ও লোকদের পার হওনের কথা ১৯ ও
গিল্‌গলে চিহ্নার্থে ঐ বারো প্রস্তর স্থাপন করণ।

১ এই রূপে লোকেরা নিঃশেষে যর্দ্দন্ নদী পার হইলে
২ পর পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, তুমি লোকদের
এক২ বংশের মধ্যহইতে এক২জন, এমত বারো জন গ্রহণ
৩ করিয়া তাহাদিগকে এই আজ্ঞা কর; যে স্থানে যাজকদের
চরণ স্থির ছিল, যর্দ্দনের সেই মধ্যস্থানহইতে বারো
প্রস্তর গ্রহণ করিয়া আপনাদের সঙ্গে পারে লইয়া
যাও, এবং অদ্য রাত্রিতে তোমরা যে স্থানে প্রবাস
করিবা, তোমাদের সেই প্রবাসস্থানে তাহা রাখিও।
৪ তাহাতে যিহোশূয় ইস্রায়েল্ বংশের প্রত্যেক বংশ-
হইতে এক২ জন করিয়া যে বারো জন প্রস্তুত করিয়া-
৫ ছিল, তাহাদিগকে ডাকিয়া এই আজ্ঞা করিল; তোমরা
আপনাদের প্রভু পরমেশ্বরের সিন্দুকের অগ্রগামী
হইয়া যর্দ্দনের মধ্যস্থানে যাও; ইস্রায়েল লোকদের
বংশের সংখ্যানুসারে প্রত্যেক জন এক২ প্রস্তর স্কন্ধে
৬ গ্রহণ কর। তাহাতে ভাবিসময়ে † তোমাদের সন্তানগণ
এই প্রস্তরের অভিপ্রায় কি? ইহা জিজ্ঞাসা করিলে
৭ তোমাদের মধ্যে ইহা চিহ্নস্বরূপ হইবে। তখন তোমরা
উত্তর করিবা, পরমেশ্বরের নিয়মসিন্দুকের সম্মুখে যর্দ্দ-
নের জল ছিন্ন হইল, ও তাহার যর্দ্দন পার হওন সময়ে
যর্দ্দনের জল ছিন্ন হইল, এবং এই প্রস্তর ইস্রায়েল্
৮ বংশের স্মরণার্থে সর্ব্বদা থাকিবে। পরে পরমেশ্বর
যিহোশূয়কে যেমন কহিয়াছিলেন এবং যিহোশূয়
লোকদিগকে যেমন কহিয়াছিল, তদনুসারে লোকেরা
ইস্রায়েলের বারো বংশানুসারে যর্দ্দন্ নদীর মধ্য-
হইতে বারো প্রস্তর তুলিয়া আপনাদের সঙ্গে প্রবাসের

[৩ অধ্য; ১] যি ২; ১॥—[২] ১; ১১॥—[৩] গ ১০; ৩৩। ৩; ৩১। দ্বি ৩১; ৯॥—[৪] যা ১৯; ১২॥—[৫] যা ১৯; ১০,১১॥—[৭] দ্বি ২: ২৫॥—[৯-১৩] দ্বি ৪; ৭,৩৪-৩৯। যা ১৫; ১১-১৮॥—[১২] যি ৪; ২,৩॥—[১৩] দ্বি ৪; ৯॥
[১৪-১৭] যা ১৪; ২১,২২,২৯॥—[১৫] ১ বং ১২; ১৫॥—[১৬] প ১৩। ১ রা ৭; ৪৬। দ্বি ৩; ১৭।
[৪ অধ্য; ৩] প ২০॥—[৪] যি ৩; ১২॥—[৬,৭] যা ১২; ২৬, ২৭। ১৩; ১৪,১৫। গী ৭৮; ৫-৮॥—[৮] প ৩,৫॥

* (ইব্রু) কল্য ও পরশ্ব। † (ইব) কল্য।

৯ স্থানে পারে লইয়া সে স্থানে রাখিল। এবং যর্দ্দনের মধ্যে যে স্থানে নিয়ম সিন্দুকবাহি যাজকগণের পদ স্থির ছিল,সেই স্থানে যিহোশূয় বারো প্রস্তর লইয়া রাখিল; ১০ সে সকল অদ্যাপি সে স্থানে আছে। এবং লোকদের প্রতি কহিতে যে সমস্ত কথা পরমেশ্বর যিহোশূয়কে আজ্ঞা করিলেন, তাহার সমাপ্তি পর্য্যন্ত সিন্দুকবাহি যাজকগণ যিহোশূয়ের প্রতি মূসার আজ্ঞানুসারে যর্দ্দনের মধ্যে দাঁড়াইয়া থাকিল, এবং লোকেরা শীঘ্র ১১ করিয়া পার হইয়া গেল। এই রূপে তাবৎ লোক পার হইলে পর পরমেশ্বরের সিন্দুক ও যাজকগণ লোক- ১২ দের সাক্ষাতে পার হইয়া গেল। এবং রূবেন্ বংশ ও গাদ্ বংশ ও মিনশির অর্দ্ধবংশ সুসজ্জ হইয়া ইস্রায়েল্ বংশের অগ্রে ২ মূসার বাক্যানুসারে পার ১৩ হইয়া গেল। অর্থাৎ যুদ্ধ করণার্থে প্রস্তুত চল্লিশ সহস্র লোক যিরীহোর প্রান্তরে পরমেশ্বরের সম্মুখে পার হইয়া গেল।

১৪ ঐ দিবসে পরমেশ্বর তাবৎ ইস্রায়েল্ বংশের সাক্ষাতে যিহোশূয়কে গৌরবান্বিত করিলেন; তাহাতে লোকেরা যাবজ্জীবন যেমন মূসাকে মান্য করিত, ১৫ তদনুসারে যিহোশূয়কেও মান্য করিল। পরমেশ্বর ১৬ যিহোশূয়কে কহিয়াছিলেন, তুমি সাক্ষ্যসিন্দুকবাহি যাজকগণকে যর্দ্দনহইতে উঠিয়া আসিতে আজ্ঞা কর। ১৭ তাহাতে তোমরা যর্দ্দন্হইতে উঠিয়া আইস, এই কথা ১৮ যিহোশূয় যাজকগণকে আজ্ঞা করিলে, পরমেশ্বরের নিয়মসিন্দুকবাহি যাজকগণ যখন যর্দ্দনের মধ্যহইতে উঠিয়া আইল ও যাজকদের পদতল শুষ্ক ভূমি স্পর্শ করিল, তৎকালে যর্দ্দনের জল স্ব ২ স্থানে ফিরিয়া আসিয়া পূর্ব্বের ন্যায় সমস্ত তীর ব্যাপ্ত হইল।

১৯ এই রূপে লোকেরা প্রথম মাসের দশম দিবসে যর্দ্দন্ পার হইয়া আসিয়া যিরীহোর পূর্ব্বসীমাতে গিল্গলে শিবির স্থাপন করিল।

২০ আর যিহোশূয় যর্দ্দনের মধ্যহইতে তাহাদের আ- ২১ নীত দ্বাদশ প্রস্তর গিল্গলে স্থাপন করিল। এবং সে ইস্রায়েল্ বংশকে কহিল, ভাবিসময়ে * তোমাদের সন্তানগণ এই প্রস্তরের অভিপ্রায় আপন ২ পিতৃগণকে ২২ জিজ্ঞাসা করিলে, তোমরা আপনাদের সন্তানগণকে কহিবা, ইস্রায়েল্ বংশ শুষ্ক ভূমি দিয়া যর্দ্দন্ নদী পার ২৩ হইয়া আইল। কেননা পরমেশ্বরের হস্ত পরাক্রান্ত, ইহা যেন পৃথিবীস্থ সমস্ত লোক জানে, এবং তোমরা সর্ব্বদা আপন প্রভু পরমেশ্বরকে ভয় করিয়া থাক, ২৪ এই জন্যে তোমাদের প্রভু পরমেশ্বর আমাদের পার না হওন পর্য্যন্ত যে রূপে সূফ্ সমুদ্র শুষ্ক করিয়াছিলেন, সেই রূপে তোমরা যে পর্য্যন্ত পার না হইয়াছিলা, তাবৎ তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সম্মুখে যর্দ্দনের জল শুষ্ক করিলেন।

৫ অধ্যায়।

১ কিনানীয়দের ভয়ের কথা, ২ ও ত্বকচ্ছেদনের কথা, ১০ ও নিস্তার পর্ব্ব পালনের কথা, ১২ ও মান্নার শেষ হওন, ১৩ ও পরমেশ্বরের সেনাপতি যিহোশূয়ের প্রতি প্রকাশিত হওন।

১ অপর আমরা যাবৎ নিঃশেষে পার না হইলাম,তাবৎ পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মুখে যর্দ্দন্ নদীকে শুষ্ক করিলেন; এই কথা যখন যর্দ্দনের পশ্চিম দিকস্থিত ইমোরীয় রাজগণ ও সমুদ্র নিকটস্থ কিনানীয় রাজগণ শুনিল; তৎকালে তাহাদের হৃদয় ব্যাকুল † হইল, ও ইস্রায়েল্ বংশহইতে তাহারা বড় সাহসহীন হইল।

২ তখন পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, তুমি তীক্ষ্ণ অস্ত্র ‡ নির্ম্মাণ করিয়া দ্বিতীয় বার ইস্রায়েল্ বংশের ৩ ত্বকছেদ কর। তাহাতে যিহোশূয় তীক্ষ্ণ অস্ত্র ‡ নির্ম্মাণ করিয়া ত্বকছেদ পর্ব্বতের সমীপে ইস্রায়েল্ বংশের ৪ ত্বকছেদ করিল। যিহোশূয়ের ত্বকছেদ করণের কারণ এই; মিসর্হইতে আগত সমস্ত লোকদের মধ্যে যত পুরুষ যোদ্ধা ছিল,তাহারা মিসর্হইতে নির্গমনের পথে ৫ অর্থাৎ প্রান্তরে মরিল। নির্গত তাবৎ লোক ছিন্নত্বক্ ছিল বটে, কিন্তু মিসর্হইতে আগমনের পর যে সকল লোক পথে প্রান্তরে জন্মিল,তাহাদের ত্বকছেদ তাহারা ৬ করে নাই। কেননা মিসর্হইতে আগত তাবৎ সৈন্য পরমেশ্বরের বাক্য অমান্য করিলে পরমেশ্বর তাহাদের বিষয়ে এই দিব্য করিলেন, আমি যে দুগ্ধমধুপ্রবাহি দেশ লোকদিগকে ‖ দিতে তাহাদের পূর্ব্বপুরুষদের কাছে দিব্য করিয়াছি, তাহা ইহাদিগকে দেখাইব না; অতএব ইস্রায়েল্ বংশেরা ইহাদের সকলের বিনাশ পর্য্যন্ত ৭ চল্লিশ বৎসর প্রান্তরে ভ্রমণ করিল। এবং তাহাদের পরিবর্ত্তে যে সন্তানেরা উৎপন্ন হইল, পথে তাহাদের ত্বকছেদ না করিলে যিহোশূয় তাহাদের অত্বকছেদ ৮ প্রযুক্ত তাহাদের ত্বকছেদ করাইল। সে সমস্ত লোকের ত্বকছেদ করিলে যাবৎ তাহারা সুস্থ না হইল, ৯ তাবৎ আপন ২ শিবিরে থাকিল। পরে পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, অদ্য আমি তোমাদের হইতে মিসরের অপমান দূর করিলাম; অতএব অদ্য পর্য্যন্ত এই স্থানের নাম গিল্গল্ (দূর করণ) রাখিল।

১০ ইস্রায়েল্ বংশ ঐ গিল্গলে শিবির স্থাপন করিয়া মাসের চতুর্দ্দশ দিবসের সায়ংকালে যিরীহোর প্রান্তরে নিস্তার পর্ব্ব পালন করিল। এবং তাহার পর ১১

[১২,১৩] গ ৩২; ২০-৩২। দ্বি ৩; ১৮-২০॥—[১৪] যি ৩; ৭। যা ১৪; ৩১॥—[১৮] যা ১৪; ২৭,২৮॥—[২০] প ৮॥ [২১-২৪] প ৬,৭। যি ৩; ১০, ১১। দ্বি ৪; ৩৪-৩৯॥—[২৩] যা ১৪; ২১॥—[২৪] যা ১৪; ৩১। ১৫; ২,১১-১৮॥ [৫ অধ্য; ১] যা ১৫; ১৪-১৬। যি ২; ৯-১১॥—[২] আ ১৭; ১০-১৪। যা ১২; ৪৮॥—[৪-৬] গ ১৪; ২৬-৩৫। দ্বি ১; ৩৫॥ [৬] দ্বি ২; ১৪॥—[৭] আম ৫; ২৫, ২৬। গী ৯৫; ১০,১১॥—[৮] আ ৩৪; ২৫॥—[১০] যি ৪; ১৯। যা ১২; ৬। গ ৯; ৩॥

* (ইব্রু) কল্য। † (ইব্রু) গলিত। ‡ (বা) প্রস্তর। ‖ (ইব্রু) আমাদিগকে।

দিবসেই তাহারা দেশের পুরাতন শস্যদ্বারা তাড়ীশূন্য রুটী ও ভর্জ্জিত শস্য ভোজন করিল।

১২ পরদিবসে অর্থাৎ তাহাদের দেশের পুরাতন শস্য ভোজনের দিবসে মান্না নিবৃত্ত হইল; তদবধি ইস্রায়েল্ বংশ আর মান্না পাইল না, তাহারা সেই বৎসর কিনান্ দেশের ফল ভোজন করিল।

১৩ পরে যিহোশূয় যিরীহোর নিকটস্থ হইয়া চক্ষু তুলিলে আপনার সম্মুখে নিষ্কোষ খড়্গ হস্তে এক ব্যক্তিকে দণ্ডায়মান দেখিল; তাহাতে যিহোশূয় তাঁহার নিকটে গিয়া, তুমি আমাদের কি আমাদের শত্রুপক্ষের লোক? ১৪ ইহা জিজ্ঞাসা করিল। তাহাতে তিনি কহিলেন, আমি পরমেশ্বরের সৈন্যের সেনাপতি * হইয়া এখন আইলাম; তখন যিহোশূয় ভূমিতে উবুড় হইয়া পড়িয়া তাঁহাকে প্রণাম করিয়া কহিল, হে আমার প্রভো, আপন ১৫ দাসের প্রতি আজ্ঞা কি? তাহাতে পরমেশ্বরের সেনাপতি * যিহোশূয়কে কহিলেন, তুমি আপন পদহইতে পাদুকা দূর কর, কেননা তুমি যে স্থানে দাঁড়াইয়া আছ, সে পবিত্র স্থান; তখন যিহোশূয় তাহা করিল।

৬ অধ্যায়।

১ যিরীহো নগরের রুদ্ধ হওন, ২ ও তাহার অবরোধ করিতে ঈশ্বরের আজ্ঞা, ১২ ও সিন্দুক তুলিয়া যাজকদের নগর বেষ্টন করণ, ১৭ ও নগরের শাপগ্রস্ত হওন, ২০ ও প্রাচীর ভগ্ন হওন ও নগরের পরাস্ত হওন, ২৮ ও তাহা পুনর্ব্বার নির্ম্মাণ করণে নিষেধ।

১ সেই সময়ে লোকেরা ইস্রায়েল্ বংশের ভয়ে যিরীহো নগর রোধ করিয়া অবরুদ্ধ হইলে কেহ বাহিরে কি অন্তরে গমনাগমন করে নাই।

২ তাহাতে পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, দেখ, আমি এই যিরীহো নগরকে ও তাহার রাজাকে ও বল- ৩ বান যোদ্ধৃগণকে তোমার হস্তে সমর্পণ করি। তোমরা সমস্ত সৈন্যের সহিত ঐ নগর বেষ্টন করিয়া প্রত্যেক দিনে এক বার প্রদক্ষিণ করিবা; এই রূপে ছয় দিবস ৪ করিবা। এবং সাত জন যাজক সিন্দুকের অগ্রসর হইয়া মহাশব্দকারি সাত তূরী বহন করিবে; পরে সপ্তম দিবসে তোমরা সাত বার সেই নগর প্রদক্ষিণ করিবা, ৫ এবং যাজকগণ তূরী বাজাইবে। এবং তাহারা উচ্চৈঃস্বরে মহাশব্দকারি তূরী বাজাইলে তাহা শুনিয়া সমস্ত লোক উচ্চৈঃশব্দ করিবে; তাহাতে নগরের প্রাচীর পড়িয়া সমভূমি হইবে, তাহাতে লোকেরা প্রত্যেক জন আপন২ সম্মুখস্থিত সরল পথ দিয়া প্রবেশ করিবে। ৬ পরে নূনের পুত্র যিহোশূয় যাজকগণকে ডাকিয়া কহিল, তোমরা নিয়মসিন্দুক তুল, এবং সাত জন যাজক পরমেশ্বরের সিন্দুকের অগ্রসর হইয়া মহাশব্দকারি সাত তূরী বহন করুক। ৭ এবং সে লোকদিগকে কহিল, তোমরা অগ্রসর হইয়া নগর বেষ্টন কর, এবং যে কেহ সুসজ্জ আছে, সে পরমেশ্বরের সিন্দুকের অগ্রসর ৮ হইয়া গমন করুক। তাহাতে লোকদের প্রতি যিহোশূয়ের আজ্ঞানুসারে মহাশব্দকারি সাত তূরীবাহি সাত জন যাজক তূরী বাজাইতে২ পরমেশ্বরের অগ্রগামী হইল, এবং পরমেশ্বরের নিয়মসিন্দুক তাহাদের ৯ পশ্চাৎ২ চলিল। এবং সুসজ্জ লোকেরা তূরীবাদক যাজকদের অগ্রসর হইয়া চলিল, এবং যাজকগণ যাইতে২ তূরীধ্বনি করিলে পশ্চাদ্গামি লোকেরা সিন্দু- ১০ কের পশ্চাৎ২ গমন করিল। তখন যিহোশূয় লোকদিগকে কহিল, তোমরা উচ্চৈঃশব্দ করিবা না, ও আপন২ স্বরে কিছু শব্দ করিবা না, তোমাদের মুখহইতে কোন কথা নির্গত হইবে না; পরে আমি যে দিবসে উচ্চৈঃশব্দ করিতে তোমাদিগকে আজ্ঞা করিব, সে দিবসে তোমরা উচ্চৈঃশব্দ করিবা †। ১১ অনন্তর তাহারা পরমেশ্বরের সিন্দুক নগরের চতুর্দ্দিগে এক বার প্রদক্ষিণ করাইয়া তাহা বেষ্টন করিয়া আপন২ শিবিরে আসিয়া শিবিরে প্রবাস করিল।

১২ অপর যিহোশূয় অতি প্রত্যূষে উঠিল, এবং যাজ- ১৩ কগণ পরমেশ্বরের সিন্দুক তুলিল। এবং মহাশব্দকারি সাত তূরীধারী পরমেশ্বরের সিন্দুকের অগ্রগামী হইয়া অনবরত তূরী বাজাইল, এবং সুসজ্জ লোকেরা তাহাদের অগ্রসর হইয়া চলিল, এবং যাজকগণ যাইতে২ তূরীধ্বনি করিলে পশ্চাদ্গামি লোকেরা পরমেশ্বরের সিন্দুকের পশ্চাৎ২ গমন করিল। ১৪ দ্বিতীয় দিবসে তাহারা এক বার নগর প্রদক্ষিণ করিয়া শিবিরে ফিরিয়া আইল; তাহারা ছয় দিবস এই রূপ করিল। ১৫ পরে সপ্তম দিবসে তাহারা প্রত্যূষে অরুণোদয় সময়ে উঠিয়া সাত বার নগর প্রদক্ষিণ করিল, কেবল এই দিবসে তাহারা সাত বার নগর প্রদক্ষিণ করিল। ১৬ অপর সপ্তম বারে যাজকগণ তূরী বাজাইলে যিহোশূয় লোকদিগকে কহিল, পরমেশ্বর তোমাদিগকে নগর দিলেন, তোমরা উচ্চৈঃশব্দ কর।

১৭ এই নগর অর্থাৎ নগর ও নগরস্থ সমস্ত বস্তু পরমেশ্বরের শাপগ্রস্ত ‡ হইবে; তাহার মধ্যে কেবল রাহব্ বেশ্যা অর্থাৎ সে ও তাহার বাটীস্থিত সমস্ত সঙ্গি লোক বাঁচিবে, কেননা সে আমাদের প্রেরিত দূতগণকে লুকাইয়া রাখিয়াছিল। ১৮ অতএব তোমরা এই শাপগ্রস্ত দ্রব্যহইতে আপনাদিগকে রক্ষা করিবা, নতুবা তোমরা সেই শাপ সকল গ্রহণ করিয়া শাপগ্রস্ত হইবা ও ইস্রায়েল্ বংশের শিবিরস্থ তাবৎ লোককে শাপগ্রস্ত করিয়া ব্যামোহ দিবা। ১৯ কিন্তু তাহাদের রূপার ও স্বর্ণের ও

[১২]যা ১৬; ৩৫॥—[১৪]যা ২৩; ২০-২৩। প্র ১১; ১১-১৬॥—[১৫]যা ৩; ৫,৬॥
[৬ অধ্য; ১] যি ২; ২,৩॥—[২] ৫; ১৪॥—[৪] গ ১০; ৯॥—[১২] গ ৪; ১৯,২০॥—[১৭] দ্বি ২০; ১৬-১৮। গ ২৭; ২৮,২৯। যি ২; ১-১৫॥—[১৮] ৭; ১, ১১, ১২, ২৫॥

* (বা) অধ্যক্ষ। † (ইব্র) রব শুনাইবা। ‡ (বা) উৎসৃষ্ট।

পিত্তলের ও লৌহের সমস্ত পাত্র পরমেশ্বরের উদ্দেশে পবিত্র হইবে ও পরমেশ্বরের ভাণ্ডারে আনীত হইবে।

২০ পরে তূরী বাজাইলে লোকেরা উচ্চৈঃশব্দ করিল, এবং তূরীধ্বনি শুনিয়া লোকেরা অতি উচ্চৈঃশব্দ করিবামাত্র নগরের প্রাচীর মৃত্তিকাতে পড়িয়া সমভূমি হইল; তাহাতে লোকেরা আপন২ সম্মুখস্থ পথ দিয়া ২১ প্রবেশ করিয়া নগর হস্তগত করিল; এবং খড়্গের ধারেতে নগরের স্ত্রী পুরুষ আবাল বৃদ্ধ ও গো মেষ গর্দ্দ- ২২ ভাদি সকলকে নিঃশেষে বিনাশ করিল। কিন্তু যিহোশূয় দেশানুসন্ধানকারি দুই লোককে আজ্ঞা করিল, তোমরা আপনাদের দিব্যানুসারে সেই বেশ্যার বাটীতে যাইয়া সেই স্ত্রীকে ও তাহার সমস্তকে বাহির করিয়া আন। ২৩ তাহাতে সেই দুই যুব চর প্রবেশ করিয়া রাহবকে ও তাহার পিতা মাতা ভ্রাতৃগণকে ও তাহার সর্ব্বস্ব বাহির করিয়া আনিয়া তাহার পরিবারাদি সকলকে ২৪ ইস্রায়েল্ বংশের শিবিরের বাহিরে রাখিল। পরে তাহারা নগরকে ও তন্মধ্যস্থিত সমস্ত বস্তুকে অগ্নিদ্বারা দগ্ধ করিয়া তাহাদের রূপা ও স্বর্ণ ও পিত্তল ও লৌহের সমস্ত পাত্র লইয়া পরমেশ্বরের আবাসের ভা- ২৫ ণ্ডারে রাখিল। কিন্তু যিহোশূয় রাহব্ বেশ্যাকে ও তাহার পিত্রাদি পরিবারকে ও তাহার সর্ব্বস্ব রক্ষা করিল; তাহাতে সে অদ্যাবধি ইস্রায়েল্ বংশের মধ্যে বসতি করে; কারণ যিরীহোর অনুসন্ধানকারি যিহোশূয়ের প্রেরিত দূতগণকে সে গোপন করিয়া রাখিয়াছিল।

২৬ ঐ সময়ে যিহোশূয় দিব্য করিয়া কহিল, যে কেহ উঠিয়া পুনর্ব্বার এই যিরীহো নগর নির্ম্মাণ করিবে, সে পরমেশ্বরের সাক্ষাতে শাপগ্রস্ত হইবে, ও আপন জ্যেষ্ঠ পুত্রের মৃত্যুর সহিত তাহার পত্তন করিবে, ও কনিষ্ঠ পুত্রের মৃত্যুর সহিত তাহার দ্বার স্থাপন ২৭ করিবে। ঐ যিহোশূয়ের সহিত পরমেশ্বর ছিলেন, ও তাহার সুখ্যাতি তাবৎ দেশে ব্যাপিল।

৭ অধ্যায়।

১ অয়ের নিকটে ইস্রায়েল্ বংশের কতক লোকের যুদ্ধে হত হওন, ৬ ও তাহার বিষয়ে যিহোশূয়ের বিলাপ, ১০ ও তাহার কারণ ঈশ্বর কর্ত্তৃক প্রকাশিত হওন, ১৬ ও আখন ও তাহার দোষ নিশ্চিত হওন, ২২ ও দোষ প্রযুক্ত তাহার সর্ব্বনাশ

১ অপর ইস্রায়েল্ বংশ শাপগ্রস্ত বস্তুদ্বারা আজ্ঞা লঙ্ঘন করিল, কেননা যিহূদা বংশীয় সেরহের প্রপৌত্র সব্দির পৌত্র কর্ম্মির পুত্র আখন্ শাপগ্রস্ত বস্তু গ্রহণ করিল; তাহাতে ইস্রায়েল্ বংশের প্রতি পরমেশ্বরের ২ ক্রোধ প্রজ্বলিত হইল। পরে যিহোশূয় যিরীহোহইতে বৈথেলের পূর্ব্বদিকস্থিত বৈথাবনের নিকটস্থ অয়েতে লোক প্রেরণ করিয়া তাহাদিগকে কহিল, তোমরা উঠিয়া যাইয়া দেশ অনুসন্ধান কর; তাহাতে তাহারা যাইয়া অয় নগর অনুসন্ধান করিল। ৩ পরে তাহারা যিহোশূয়ের নিকটে প্রত্যাগমন করিয়া কহিল, সে স্থানে সকলের যাইতে হইবে না; দুই কিম্বা তিন সহস্র* লোক যাইয়া অয়কে হস্তগত করুক; সে স্থানে সকল লোকের পরিশ্রম করিতে হইবে না, কেননা তাহারা অল্প লোক। ৪ তাহাতে তিন সহস্র লোক সে স্থানে যাত্রা করিয়া অয়ের লোকদের সম্মুখহইতে পলায়ন ৫ করিল। কেননা অয়ের লোকেরা দ্বারহইতে শিবারীম্ পর্য্যন্ত তাহাদিগকে তাড়না করিয়া অধোগমন পথে তাহাদের প্রায় ছত্রিশ জনকে আঘাত করিল; তাহাতে ভয়েতে সকলের অন্তঃকরণ জলের ন্যায় দ্রব হইল।

৬ তখন যিহোশূয় ও ইস্রায়েল্ বংশের প্রাচীন লোকেরা আপন২ বস্ত্র চিরিয়া পরমেশ্বরের সিন্দুকের সম্মুখে অধোমুখ হইয়া সন্ধ্যা পর্য্যন্ত ভূমিতে পড়িয়া থাকিল; এবং আপন২ মস্তকে ধূলা ছড়াইল। ৭ এবং যিহোশূয় কহিল, হায়২ হে প্রভো পরমেশ্বর, আমাদিগকে বিনাশ করিতে ইমোরীয়দের হস্তে সমর্পণ করিবার জন্যে এই লোকদিগকে যর্দ্দন্ পার করিয়া কেন আনিলা? হায়২ আমরা যদি ক্ষান্ত হইয়া যর্দ্দনের ও পারে থাকিতাম! ৮ হে প্রভো, ইস্রায়েল্ বংশ আপন শত্রুগণের সম্মুখে পরাঙ্মুখ† হইলে আমি কি কহিব? ৯ কেননা এই কথা শুনিয়া কিনানীয় ও দেশনিবাসি সমস্ত লোক আমাদিগকে বেষ্টন করিয়া পৃথিবীহইতে আমাদের নাম লোপ করিবে, তাহাতে আপন মহানামের নিমিত্তে তুমি কি করিবা?

১০ তাহাতে পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, তুমি অধোমুখ হইয়া কেন পড়িয়া আছ? ১১ উঠ; ইস্রায়েল্ বংশ আমার আজ্ঞাপিত নিয়ম লঙ্ঘন করিয়া পাপ করিল; তাহারা সেই শাপগ্রস্ত দ্রব্য গ্রহণ করিল ও চুরি করিল ও তদ্বিষয়ে প্রতারণা করিয়া তাহা আপনাদের সংস্থানের মধ্যে রাখিল। ১২ এই জন্যে ইস্রায়েল্ বংশ আপন শত্রুগণের সম্মুখে স্থির থাকিতে না পারিয়া শত্রুহইতে পরাঙ্মুখ হইল, কেননা তাহারা শাপগ্রস্ত; কিন্তু সেই শাপগ্রস্তকে তোমাদের মধ্যহইতে বিনষ্ট না করিলে আমি আর তোমাদের সঙ্গে থাকিব না। ১৩ উঠ, তুমি লোকদিগকে পবিত্র করণার্থে কহ, তোমরা কল্যের জন্যে পবিত্র হও, কেননা ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে ইস্রায়েল্ বংশ, তোমাদের মধ্যে শাপগ্রস্ত বস্তু আছে, তাহা তোমাদের

[২০] প ৫,১৬। ইব্রু ১১; ৩০॥—[২১] দ্বি ২০; ১৬-১৮॥—[২২,২৩] যি ২; ১২-২১। ইব্রু ১১; ৩১॥—[২৪] প ১৭,১৯, ২১॥—[২৫] প ২৩। ইব্রু ১১; ৩১। ম ১; ৫॥—[২৬] ১ রা ১৬; ৩৪॥—[২৭] যি ১; ৫। ২; ১০,১১॥
[৭ অধ্য; ১] ১ বং ২; ৭॥—[২] আ ১২; ৮॥—[৪,৫] দ্বি ৩২; ৩০॥—[৬] ১ শি ৪; ১২। ২ শি ১; ২। যূব ২; ১২॥
[৭] যা ৫ : ২২ । ২৪; ১০-১২॥—[৯] দ্বি ৯; ২৬-২৯॥—[১১] যি ৬; ১৮, ১৯॥—[১২] দ্বি ৩২; ৩০। যি ২২; ২০॥

* (ইব্রু) দুই সহস্র বা তিন সহস্র। † (ইব্রু) গ্রীবা।

মধ্যহইতে দূর না করিলে তোমরা আপনাদের শত্রু
১৪ সম্মুখে স্থির থাকিতে পারিবা না। অতএব তোমরা
প্রাতঃকালে মহাবংশানুসারে সকলে আনীত হইবা;
তাহাতে পরমেশ্বর কর্তৃক যে মহাবংশ নিশ্চিত হইবে,
সে মহাবংশের প্রত্যেক বংশ আসিবে; ও পরমেশ্বর
কর্তৃক যে বংশ নিশ্চিত হইবে, তাহার প্রত্যেক বাটী
আসিবে; ও পরমেশ্বর কর্তৃক যে বাটী নিশ্চিত হইবে,
১৫ তাহার প্রত্যেক পুরুষ আসিবে। তাহাতে শাপগ্রস্ত দ্রব্য
গ্রহণকারি যে জন ধরা পড়িবে, সে ও তাহার সর্ব্বস্ব
অগ্নিতে দগ্ধ হইবে, কেননা সে পরমেশ্বরের নিয়ম
লঙ্ঘন করিল ও ইস্রায়েল্ বংশে দুষ্কর্ম্ম করিল।

১৬ পরে যিহোশূয় প্রত্যূষে উঠিয়া ইস্রায়েল্ লোককে
আপন ২ মহাবংশানুসারে আনিল; তাহাতে যিহূদা
১৭ বংশ নিশ্চিত হইল। পরে সে যিহূদার প্রত্যেক বংশকে
আনিলে সেরহের বংশ নিশ্চিত হইল; পরে সে
সেরহের বংশকে পুরুষানুক্রমে আনিলে সব্দির বাটী
১৮ নিশ্চিত হইল। পরে সে তাহার পরিজনগণকে পুরুষা-
নুক্রমে আনিলে যিহূদাবংশের সেরহের প্রপৌত্র
১৯ সব্দির পৌত্র কর্ম্মির পুত্র আখন্ নিশ্চিত হইল। তখন
যিহোশূয় আখন্‌কে কহিল, হে আমার বৎস, আমি
বিনয় করি, তুমি ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের গৌরব
করিয়া তাঁহার কাছে দোষ স্বীকার কর, এবং কি করি-
য়াছ তাহা আমাকে কহ; আমাহইতে তাহা গোপন
২০ করিও না। তাহাতে আখন্ যিহোশূয়কে কহিল, আমি
ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের প্রতিকূলে পাপ করি-
২১ য়াছি, সে সত্য; আমি অমুক ২ কার্য্য করিয়াছি। অর্থাৎ
আমি লুটিত দ্রব্যের মধ্যে উত্তম এক বাবিলীয় * বস্ত্র
ও দুই শত শেকল্ রূপা ও পঞ্চাশ শেকল্ পরিমাণে
একথান স্বর্ণ † দেখিয়া লোভেতে তাহা গ্রহণ করিলাম;
দেখ, তাহা আমার তাম্বুর মধ্যে মৃত্তিকাতে গুপ্ত আছে
ও সকলের নীচে রূপা আছে।

২২ তাহাতে যিহোশূয় দূত প্রেরণ করিলে দূতেরা দৌড়িয়া
গিয়া তাহার তাম্বু মধ্যে গুপ্ত সেই সকল ও তাহার নীচে
২৩ স্থিত রূপা দেখিল। তখন তাহারা তাম্বুর মধ্যহইতে সে
সকল লইয়া যিহোশূয়ের ও ইস্রায়েলের সমস্ত বংশের
কাছে আনিল,এবং পরমেশ্বরের সম্মুখে তাহা বিস্তার ‡
২৪ করিল। পরে যিহোশূয় ও ইস্রায়েল্ বংশের সমস্ত
লোক সেরহ বংশীয় আখন্‌কে ও তাহার রূপা ও বস্ত্র
ও স্বর্ণের থান † ও পুত্রগণ ও কন্যাগণ ও গো গর্দ্দভ মেষ
ও তাম্বু ও তাহার সর্ব্বস্ব গ্রহণ করিয়া আখোরের তল-
২৫ ভূমিতে আনিল। পরে যিহোশূয় তাহাকে কহিল, তুমি
আমাদিগকে কেন ক্লেশ দিলা? এই দিনে পরমেশ্বর
তোমাকে ক্লেশ দিবেন; পরে ইস্রায়েলের তাবৎ বংশ
প্রস্তরাঘাতে তাহাদিগকে বধ করিল, এবং প্রস্তরাঘাত
করিলে পর তাহাদিগকে দগ্ধ করিল। পরে তাহার উপরে ২৬
প্রস্তরের বড় রাশি করিল, সেই রাশি অদ্যাপি বর্ত্তমান
আছে; এই রূপে পরমেশ্বর আপন প্রচণ্ড ক্রোধহইতে
নিবৃত্ত হইলেন; এই জন্যে সেই স্থান অদ্যাপি আখো-
রের (ক্লেশের) তলভূমি নামে বিখ্যাত আছে।

৮ অধ্যায়।

১ যিহোশূয়কে পরমেশ্বরের আশ্বাস দেওন ও যিহোশূয়ের
সেনাগণকে গোপনে থাকিতে আজ্ঞা দেওন, ৯ ও অয় নগর
আক্রমণ, ১৪ ও নগর ও লোক সকলের বিনাশ, ৩০ ও
বেদি নির্ম্মাণ ও ব্যবস্থার শাপ ও আশীর্ব্বাদ প্রচার করণ।

পরে পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, তুমি ভীত ও ১
নিরাশ হইও না; সমস্ত সৈন্যকে সঙ্গে লইয়া উঠিয়া
অয়েতে যুদ্ধযাত্রা কর; দেখ, আমি অয়ের রাজাকে ও
লোকদিগকে ও নগরকে ও সমুদয় দেশকে তোমার হস্তে
সমর্পণ করিলাম। তুমি যিরীহোর ও তাহার রাজার প্রতি ২
যেরূপ করিলা, অয়ের ও তাহার রাজার প্রতিও তদ্রূপ
করিবা; কেবল তাহার লুটদ্রব্য ও পশু গ্রহণ করিবা,
এবং তুমি নগরের পশ্চাতে সৈন্য গোপন করিবা।

তখন যিহোশূয় ও তাবৎ সৈন্য উঠিয়া অয়ের ৩
বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিল, এবং যিহোশূয় ত্রিশ সহস্র
বলবান লোকদিগকে মনোনীত করিয়া রাত্রিতে বি-
দায় করিয়া তাহাদিগকে আজ্ঞা করিল, দেখ, তোমরা ৪
নগরের প্রতিকূলে নগরের পশ্চাৎ গোপনে থাকিবা;
নগরহইতে অতি দূরে যাইবা না, কিন্তু সকলেই প্রস্তুত
থাকিবা। পরে আমি ও আমার সঙ্গি লোকেরা নগরের ৫
নিকটে উপস্থিত হইব; তাহাতে তাহারা প্রথমের ন্যায়
আমাদের বিরুদ্ধে বাহির হইলে আমরা তাহাদের
অগ্রে পলায়ন করিব। আমরা নগরহইতে তাহাদিগকে ৬
আকর্ষণ করিলে তাহারা বাহির হইয়া আমাদের
পশ্চাৎ ২ আসিবে, কেননা ইহারা প্রথমে যেমন আ-
মাদের হইতে পলায়ন করিয়াছিল, এখনো সেইরূপ
করিতেছে, এই কথা তাহারা কহিবে; আর আমরা
যখন তাহাদের সম্মুখহইতে পলায়ন করিব, সেই ৭
সময়ে তোমরা গোপনস্থানহইতে উঠিয়া হঠাৎ নগর
আক্রমণ করিবা; তাহাতে তোমাদের প্রভু পরমেশ্বর
তাহা তোমাদের হস্তগত করিবেন। তোমরা নগর ৮
হস্তগত করিলে পর পরমেশ্বরের আজ্ঞানুসারে সেই
নগর অগ্নিতে দগ্ধ করিবা; দেখ, ইহা আমি তোমা-
দিগকে আজ্ঞা করিলাম।

এই রূপে যিহোশূয় তাহাদিগকে প্রেরণ করিলে ৯
তাহারা যাইয়া অয়ের পশ্চিমে বৈথেলের ও অয়ের
মধ্যস্থানে গোপনে থাকিল, কিন্তু যিহোশূয় লোকদের
মধ্যে সে রাত্রি যাপন করিল। পরদিবসে যিহোশূয় ১০
ও ইস্রায়েল্ বংশের প্রাচীনগণ প্রত্যূষে উঠিয়া

[১৩] ৩; ৫ ॥—[১৫] প ১২ ॥—[১৮] গ ৩২; ২৩॥—[২৬] প ২৪। হো ২; ১৫ ॥
[৮ অধ্য; ১] যি ১; ৯। ৬; ২॥—[২] ৬; ২১, ২৪॥—[৮] প ২॥

* (ইব্রু) শিনিয়রীয়। † (ইব্রু) এক স্বর্ণ জিহ্বা। ‡ (ইব্রু) ঢালিল।

লোকদিগকে গণনা করিয়া তাহাদের অগ্রে ২ অয়েতে ১১ যাত্রা করিল। এবং তাহার সঙ্গি সমস্ত সৈন্য যাইয়া নিকটবর্ত্তী হইয়া নগর সম্মুখে উপস্থিত হইয়া তাহাদের ও অয়ের মধ্যস্থানে এক তলভূমি ব্যবধান, এমত ১২ অয়ের উত্তরদিগে শিবির স্থাপন করিল। পরে সে পাঁচ সহস্র লোক লইয়া নগরের পশ্চিমদিগে বৈথে- ১৩ লের ও অয়ের মধ্যস্থানে গোপনে রাখিল। এই রূপে লোকদিগকে অর্থাৎ নগরের উত্তরভাগস্থ সৈন্যগণকে ও পশ্চিম দিকস্থ গোপনে স্থায়ি সৈন্যগণকে নিরূপিত স্থানে স্থাপন করিয়া যিহোশূয় ঐ রাত্রিতে তলভূমির মধ্যস্থানে গমন করিল।

১৪ তখন অয়ের রাজা তাহা দেখিয়া প্রত্যূষে শীঘ্র উঠিয়া নগরস্থ লোকদের সহিত নিরূপিত স্থানে প্রান্তরের সম্মুখে ইস্রায়েল্ বংশের বিপক্ষে যুদ্ধ করিতে বহির্গত হইল, কিন্তু সৈন্যগণ নগরের পশ্চাদে তাহা- ১৫ দের বিরুদ্ধে গোপনে আছে, ইহা সে জানিল না। পরে যিহোশূয় ও তাবৎ ইস্রায়েল্ লোক তাহাদের সম্মুখে আপনাদিগকে পরাস্তের ন্যায় দেখাইয়া প্রান্তরের ১৬ পথ দিয়া পলায়ন করিল। তাহাতে অয়ের লোক সকল একত্র হইয়া তাহাদের পশ্চাৎ ২ ধাবমান হইল, ও যিহোশূয়ের পশ্চাৎ ২ গমন করিয়া নগরহইতে পৃথক ১৭ হইল। এবং আপন নগরকে মুক্তদ্বার করিয়া ইস্রায়েল্ বংশের পশ্চাৎ ২ গেল; এবং ইস্রায়েল্ লোকদের পশ্চাদ্গামী না হইল, এমত এক জনও অয়েতে ও বৈ- ১৮ থেলে থাকিল না। তখন পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, তুমি আপন হস্তস্থিত শল্য অয়্ নগরের দিগে বিস্তার কর; তাহাতে আমি সে নগর তোমার হস্তগত করিব; পরে যিহোশূয় আপন হস্তস্থিত শল্য নগরের ১৯ দিগে বিস্তার করিল। সে হস্ত বিস্তার করিবামাত্র গোপনে স্থিত সৈন্যগণ তৎক্ষণাৎ আপন ২ স্থানহইতে উঠিয়া বেগে গমন করিয়া নগরে প্রবিষ্ট হইয়া তাহা হস্তগত করিল, এবং শীঘ্র করিয়া অগ্নিদ্বারা নগর দগ্ধ ২০ করিল। পরে অয়ের লোকেরা পশ্চাদ্দৃষ্টি করিয়া আকাশের প্রতি নগরের ধূম উঠিতেছে, ইহা দেখিলে এ দিগে ও দিগে কোন দিগে পলাইতে তাহাদের শক্তি* হইল না; অতএব অরণ্যে পলায়নকারি ইস্রায়েল্ লোকেরা তাড়নাকারিদের প্রতি ফিরিয়া আক্রমণ ২১ করিল। তখন গোপনে স্থিত সৈন্যগণ নগর হস্তগত করিয়াছে ও নগরের ধূম উঠিতেছে, ইহা দেখিয়া যিহোশূয় ও তাবৎ ইস্রায়েল্ বংশ ফিরিয়া অয়ের ২২ লোকদিগকে সংহার করিল। এবং অন্য লোকেরাও তাহাদের প্রতিকূলে নগরহইতে নির্গত হইল; তাহাতে কতক এপার্শ্বে ও কতক ওপার্শ্বে হওয়াতে তাহারা ইস্রায়েল্ বংশের মধ্যবর্ত্তী হইল; তাহাতে তাহারা তাহাদিগকে এমত প্রহার করিল, যে তাহাদের কেহ অবশিষ্ট বা জীবৎ থাকিল না। ২৩ কিন্তু তাহারা অয়ের রাজাকে জীবৎ ধরিয়া যিহোশূয়ের নিকটে আনিল। ২৪ অপর ইস্রায়েল্ বংশ অরণ্যে আপনাদের তাড়নাকারিদিগকে প্রান্তরে বধ করিলে পর এবং অয়ের নিবাসি লোক নিঃশেষে হত হইলে পর ইস্রায়েল্ বংশ ফিরিয়া অয়েতে আসিয়া খড়্গদ্বারা লোকদিগকে আঘাত করিল। ২৫ ঐ দিবসে অয়্ নিবাসি তাবৎ স্ত্রী ও পুরুষ দ্বাদশ সহস্র লোক হত হইল। ২৬ কেননা যিহোশূয় অয়ের সমস্ত নিবাসিদের নিঃশেষে বিনাশ না হওন পর্য্যন্ত আপনার শল্যধৃত বিস্তৃত হস্ত পুনর্ব্বার সংকুচিত করিল না। ২৭ অপর ইস্রায়েল্ বংশ যিহোশূয়ের প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে ঐ নগরের পশু ও লুটদ্রব্য সকলি আপনাদের জন্যে গ্রহণ করিল। ২৮ এবং যিহোশূয় অয়্ নগরকে অগ্নিতে দগ্ধ করিয়া চিরকালের জন্যে ঢিবি ও উচ্ছিন্ন স্থান করিল। ২৯ পরে সে সন্ধ্যাকাল পর্য্যন্ত অয়ের রাজাকে বৃক্ষে উদ্বন্ধন করিয়া রাখিল, এবং সূর্য্যাস্ত সময়ে যিহোশূয় তাহার শব বৃক্ষহইতে নামাইয়া নগরের দ্বার প্রবেশের স্থানে ফেলিয়া তাহার উপরে প্রস্তরের এক বৃহৎ ঢিবি করিতে আজ্ঞা করিল; সে ঢিবি অদ্যাপি আছে।

৩০ পরে যিহোশূয় এবল্ পর্ব্বতে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের উদ্দেশে এক বেদি নির্ম্মাণ করিল। ৩১ অর্থাৎ ইস্রায়েল্ বংশের প্রতি দত্ত পরমেশ্বরের সেবক মূসার আজ্ঞানুসারে মূসার ব্যবস্থাগ্রন্থে যে রূপ লিখিত আছে, তদনুসারে যাহার উপরে কেহ লৌহ উঠায় নাই, এমত অখণ্ড প্রস্তরের এক বেদি নির্ম্মাণ করিয়া তাহার উপরে পরমেশ্বরের উদ্দেশে হোম ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিল। ৩২ এবং সে সেই স্থানে ইস্রায়েল্ বংশের সম্মুখে লিখিত মূসার ব্যবস্থার এক অনুলেখন প্রস্তরের উপরে লিখিল। ৩৩ এবং ইস্রায়েল্ লোকদের আশীর্ব্বাদার্থে পরমেশ্বরের সেবক মূসার আজ্ঞানুসারে সমস্ত ইস্রায়েল্ বংশ ও তাহাদের প্রাচীনগণ ও অধ্যক্ষগণ ও বিচারকর্ত্তৃগণ অর্থাৎ বিদেশ কি স্বদেশজাত সমস্ত বংশ অর্দ্ধ গিরিষীম্ পর্ব্বত সম্মুখে এবং অর্দ্ধ এবল্ পর্ব্বত সম্মুখে পরমেশ্বরের নিয়মসিন্দুকবাহি লেবীয় যাজকদের সম্মুখস্থ হইয়া সিন্দুকের এদিগে ওদিগে দাঁড়াইয়া রহিল। ৩৪ পরে সে ব্যবস্থাগ্রন্থের বাক্যানুসারে আশীর্ব্বাদ ও শাপ ব্যবস্থার তাবৎ বাক্য পাঠ করিল। ৩৫ তাহাতে স্ত্রীলোক ও বালক ও তাহাদের মধ্যে পরিচিত † বিদেশীয় ইত্যাদি ইস্রায়েলীয় সমস্ত মণ্ডলীর সম্মুখে যিহোশূয় যে আজ্ঞা পাঠ করে নাই, মূসার আজ্ঞাপিত এমত এক আজ্ঞাও নাই।

---

[১১] প ৫ ॥—[১৪-২২] বি ২০ ; ২৯-৪৪ ॥—[২২] প ২॥—[২৬] প ১৮ ॥—[২৭] প ২ ॥—[২৯] যি ১০ ; ২৬,২৭। দ্বি ২১ ; ২৩॥—[৩১] দ্বি ২৭ ; ৫-৭। যা ২০ ; ২৫ ॥—[৩২] দ্বি ২৭ ; ২-৪,৮॥—[৩৩] দ্বি ১১ ; ২৯। ২৭ ; ১১-১৩॥—[৩৪] দ্বি ২৭ ; ১১-২৬। ২৮ ; ১-৬৮। ২৯ ; ১৬-২৯। ৩০ ; ১-১০ ॥—[৩৫] দ্বি ৩১ ; ১২, ১৩॥

* (ইব্রু) হস্ত। † (ইব্রু) গমনকারী।

৯ অধ্যায়।

১ ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধকারি রাজগণের কথা ৩ ও ইস্রায়েল্ বংশের সহিত ছলদ্বারা গিবিয়োন্ লোকদের নিয়ম স্থির করণ ১৬ ও ছল প্রকাশিত হওন ২২ ও ছল প্রযুক্ত তাহাদিগকে দাসত্বে নিয়োগ করণ।

১ অপর পর্ব্বতস্থ ও তলভূমিস্থ ও লিবানোন্ সম্মুখস্থ মহাসমুদ্রের তাবৎ তীরস্থ হিত্তীয় ও ইমোরীয় ও কিনানীয় ও পিরিষীয় ও হিব্বীয় ও যিবূষীয় যর্দ্দনের এপারস্থ ২ সমুদয় রাজগণ এই কথা শুনিয়া একমনে যিহোশূয়ের ও ইস্রায়েল্ বংশের প্রতিকূলে যুদ্ধ করণার্থে সকলে একত্র হইল।

৩ পরে যিরীহোর প্রতি ও অয়ের প্রতি যিহোশূয় যে২ ৪ কর্ম্ম করিয়াছিল, তাহা শুনিয়া গিবিয়োন্ লোকেরা ধূর্ত্তা করিয়া গিয়া দূতের বেশ ধারণ করিয়া আপনাদের গর্দ্দভগণের উপরে পুরাতন ছালা এবং পুরাতন ও জীর্ণ ৫ ও তালীযুক্ত দ্রাক্ষারসের কূপা চাপাইল। এবং পুরাতন ও তালীযুক্ত জুতা পায়ে দিল ও পুরাতন বস্ত্র গাত্রে ৬ দিল, এবং শুষ্ক ও ছাতাপড়া পাথেয় রুটী লইল। পরে তাহারা গিল্গল্স্থিত শিবিরে যিহোশূয়ের নিকটে যাইয়া তাহাকে ও ইস্রায়েল্ বংশকে কহিল, আমরা দূর দেশহইতে আইলাম, অতএব তোমরা আমাদের সহিত ৭ এক নিয়ম স্থির কর। ইস্রায়েল্ বংশ হিব্বীয় লোকদিগকে উত্তর করিল, কি জানি তোমরা আমাদের মধ্যস্থ লোক হও, তবে আমরা তোমাদের সহিত কি প্রকারে ৮ নিয়ম স্থির করিতে পারি? তাহাতে তাহারা যিহোশূয়কে কহিল, আমরা আপনকার দাস; তখন যিহোশূয় ৯ জিজ্ঞাসা করিল, তোমরা কে? কোথাহইতে আইলা? তাহারা কহিল, তোমার দাস আমরা তোমার প্রভু পরমেশ্বরের নাম শুনিয়া বহুদূর দেশহইতে আইলাম, কেননা তাঁহার সুখ্যাতি, অর্থাৎ তিনি মিসর্‌দেশে যে সমস্ত কর্ম্ম ১০ করিয়াছেন, এবং যর্দ্দনের ও পারেস্থিত হিষ্‌বোনের সীহোন্ ও অস্তারোৎ নিবাসি বাশনের ওগ্, ইমোরীয়দের এই দুই রাজার প্রতি যে২ কর্ম্ম করিয়াছেন, তাহা ১১ আমরা শুনিয়াছি। অতএব আমাদের প্রাচীনগণ ও দেশনিবাসি লোকেরা আমাদিগকে কহিল, তোমরা হস্তে পাথেয় দ্রব্য লইয়া তাহাদের সহিত সাক্ষাৎ করিতে যাইয়া তাহাদিগকে এই কথা কহ, আমরা তোমাদের দাস; অতএব এইক্ষণে তোমরা আমাদের সহিত নিয়ম কর। ১২ আমরা যে দিবসে তোমাদের নিকটে আসিতে প্রস্থান করিলাম, সেই দিবসে আমরা গৃহহইতে যে তপ্ত রুটী লইয়াছিলাম, দেখ, তাহা এখন শুষ্ক ও ছাতাপড়া হই- ১৩ য়াছে। এবং যে নূতন কূপাতে দ্রাক্ষারস পূর্ণ করিয়াছিলাম, দেখ, তাহা ছিন্ন হইয়াছে, এবং পথ অতি দূর এই প্রযুক্ত আমাদের বস্ত্র ও জুতা পুরাতন হই- ১৪ য়াছে। তাহাতে ইস্রায়েল্ লোকেরা পরমেশ্বরের নিকটে পরামর্শ না করিয়া তাহাদের খাদ্যদ্রব্য * গ্রহণ করিল। ১৫ এবং যিহোশূয় তাহাদের সহিত মিলন করিয়া যাহাতে তাহারা বাঁচে, এমত নিয়ম করিল, ও অধ্যক্ষগণ মণ্ডলীতে তাহাদের প্রতি শপথ করিল।

১৬ নিয়ম স্থির করণের তিন দিন পরে ইহারা আমাদের প্রতিবাসী হইয়া আমাদের মধ্যে বাস করে, এই কথা ১৭ তাহারা শুনিল। এবং ইস্রায়েল্ বংশ তৃতীয় দিবসে যাত্রা করিয়া গিবিয়োন্ ও কিফীরা ও বেরোৎ ও কিরিয়ৎ-যিয়ারীম্, তাহাদের এই সকল নগরের নি- ১৮ কটে উপস্থিত হইল। মণ্ডলীর অধ্যক্ষগণ ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের নামে দিব্য করাতে ইস্রায়েল্ বংশ তাহাদিগকে আঘাত করিল না, কিন্তু তাবৎ মণ্ডলী ১৯ অধ্যক্ষগণের প্রতিকূলে বচসা করিতে লাগিল। তাহাতে অধ্যক্ষগণ তাবৎ মণ্ডলীকে কহিল, আমরা তাহাদের প্রতি ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের নামে দিব্য করিয়াছি, অতএব তাহাদিগকে স্পর্শ করিতে পারি না। ২০ আমরা কেবল এই কর্ম্ম করিব; তাহাদিগকে জীবৎ রাখিব, নতুবা তাহাদের প্রতি যে দিব্য করিয়াছি, তৎ- ২১ প্রযুক্ত আমাদের প্রতি ক্রোধ উপস্থিত হইবে। অতএব অধ্যক্ষগণ কহিল, তাহারা জীবৎ থাকুক, কিন্তু তাবৎ মণ্ডলীর নিমিত্তে কাষ্ঠচ্ছেদক ও জলবাহক হউক।

২২ পরে যিহোশূয় তাহাদিগকে ডাকাইয়া কহিল, তোমরা আমাদের নিকটস্থ লোক হইয়া, অতি দূরস্থ এই ২৩ কথা কহিয়া কেন প্রবঞ্চনা করিলা? এই নিমিত্তে তোমরা শাপগ্রস্ত হইলা; অতএব পরমেশ্বরের আবাসের দাস্য কর্ম্ম কাষ্ঠচ্ছেদন ও জলবহন এই সকল কর্ম্মহইতে তো- ২৪ মরা কখনো মুক্তি পাইবা না। তাহাতে তাহারা যিহোশূয়কে উত্তর করিল, তোমার প্রভু পরমেশ্বর তোমাদিগকে এই সমস্ত দেশ দিতে ও তোমাদের সম্মুখহইতে এই দেশনিবাসি তাবৎ লোককে বিনাশ করিতে আপন সেবক মূসাকে কি প্রকারে আজ্ঞা করিয়াছিলেন, তাহা তোমার দাস আমরা শুনিয়া তোমাদের জন্যে ২৫ প্রাণভয়ে ভীত হইয়া এই কার্য্য করিলাম। দেখ, এখন আমরা তোমার হস্তগত আছি, আমাদের প্রতি করিতে তোমার যাহা ভাল ও ন্যায় বোধ হয়, তাহাই কর। ২৬ পরে সে তাহাদের প্রতি এইরূপ করিয়া ইস্রায়েল্ বংশের হস্তহইতে তাহাদিগকে রক্ষা করিল, তাহাতে ২৭ তাহারা তাহাদিগকে বধ করিল না। কিন্তু যিহোশূয় সেই দিবসে পরমেশ্বরের মনোনীত স্থানে পরমেশ্বরের বেদির ও মণ্ডলীর নিমিত্তে কাষ্ঠচ্ছেদন ও জলবহন কর্ম্মে তাহাদিগকে নিযুক্ত † করিল।

[৯ অধ্য; ৩] প ১৭। যি ১০; ২। ৬; ২১, ২৪। ৮; ২৫-২৯॥—[৬] ৫; ১০॥—[৭] দ্বি ২০; ১৬॥—[৯, ১০] যি ২; ৯-১১॥—[১৪] গ ২৭; ২১॥—[১৫] যি ১১; ১৯॥—[১৭] ১৮; ২৫, ২৬, ২৮॥—[২১] দ্বি ২৯; ১১॥—[২২] প ৯, ১৬॥ [২৩] প ২১॥—[২৪] যি ২; ৯-১১॥—[২৬] প ১৮, ১৯॥—[২৭] প ২১। দ্বি ১২; ১০-১২। ২ শি ২১; ২॥

* (বা) খাদ্যদ্রব্য প্রযুক্ত তাহাদিগকে। † (ইব্র) অদ্য পর্য্যন্ত সমর্পিত।

১০ অধ্যায়।

১ গিবিয়োন্ লোকদের সহিত পাঁচ রাজার যুদ্ধ করণ, ৬ ও যিহোশূয়কে সম্বাদ দেওন, ৮ ও পাঁচ রাজার সহিত যিহোশূয়ের যুদ্ধ করণ, ১২ ও যিহোশূয়ের আজ্ঞাতে সূর্য্য ও চন্দ্রের আকাশে স্থগিত হওন, ১৫ ও ঐ পাঁচ রাজার গুহাতে স্থাপিত হওন, ২২ ও তাহাদিগকে বাহির করিয়া বধ করণ, ২৮ ও মক্কেদা ও লিব্না ও লাখীশ্ ও গেষর্ ও ইগ্লোন্ ও দিবীর্ প্রভৃতি দেশের দক্ষিণভাগ হস্তগত করণ।

১ পরে যিহোশূয় অয়্ নগরকে হস্তগত করিয়া নিঃশেষরূপে তাহা বিনষ্ট করিল, এবং যিরীহো ও তাহার রাজার প্রতি যেমন করিয়াছিল, অয়্ ও তাহার রাজার প্রতিও তদ্রূপ করিল, এবং গিবিয়োন্ নিবাসি লোকেরা ইস্রায়েল্ বংশের সহিত মিলন করিয়া তাহাদের ২ মধ্যে বাস করিল, এই সকল কথা শুনিয়া যিরূশালমের অদোনীষেদক্ রাজা অতিশয় ভীত হইল, কেননা গিবিয়োন্ রাজকীয় নগরের মধ্যে এক বড় নগর ও অয়্ অপেক্ষাও বৃহৎ ছিল, এবং তাহার লোক সকল বল- ৩ বান ছিল। পরে যিরূশালমের অদোনীষেদক্ রাজা হিব্রোণের হোহম্ রাজার ও যর্মূতের পিরাম্ রাজার ও লাখীশের যাফিয় রাজার ও ইগ্লোনের দিবীর্ রাজার ৪ নিকটে লোক প্রেরণ করিয়া এই কথা কহিল; আমরা গিবিয়োনীয় লোকদিগকে আঘাত করিব, তোমরা আসিয়া আমার সহায়তা কর, কেননা তাহারা যিহোশূয়ের ৫ ও ইস্রায়েল্ বংশের সহিত সন্ধি করিয়াছে। অতএব ইমোরীয়দের ঐ পাঁচ রাজা অর্থাৎ যিরূশালমের রাজা ও হিব্রোণের রাজা ও যর্মূতের রাজা ও লাখীশের রাজা ও ইগ্লোনের রাজা সকলে একত্র হইয়া সৈন্যের সহিত উঠিয়া যাইয়া গিবিয়োনের সম্মুখে শিবির স্থাপন করিয়া তাহার প্রতিকূলে যুদ্ধ করিল।

৬ তাহাতে গিবিয়োনীয় লোকেরা গিল্গল্স্থিত শিবিরে যিহোশূয়ের নিকটে লোক পাঠাইয়া কহিল, তুমি আপন দাসদের প্রতি শৈথিল্য না করিয়া ত্বরায় আসিয়া আমাদের রক্ষা কর ও উপকার কর, কেননা পর্ব্বতনিবাসি ইমোরীয় সমস্ত রাজগণ আমা- ৭ দের বিরুদ্ধে একত্র হইল। তাহাতে যিহোশূয় সমস্ত সৈন্য ও বলবান্ লোকদিগকে সঙ্গে লইয়া গিল্গল্ হইতে যাত্রা করিল।

৮ অপর পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, তুমি তাহাদিগকে ভয় করিও না; আমি তোমার হস্তে তাহাদিগকে সমর্পণ করিব, তাহাদের কেহ তোমার সম্মুখে ৯ দাঁড়াইতে পারিবে না। পরে যিহোশূয় গিল্গল্হইতে সমস্ত রাত্রি গমন করিয়া অকস্মাৎ তাহাদের নিকটে ১০ উপস্থিত হইল। তাহাতে পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সাক্ষাতে তাহাদিগকে অপ্রতিভ করিয়া গিবিয়োনে মহা সংহারে তাহাদিগকে সংহার করিলেন, এবং বৈথোরোণের পথ দিয়া তাহাদিগকে তাড়না করিলেন, এবং অসেকা ও মক্কেদা পর্য্যন্ত তাহাদিগকে আঘাত করি- ১১ লেন। তাহাতে যে সময়ে তাহারা ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে বৈথোরোণের অবরোহণের পথে পলায়ন করে, তৎকালে পরমেশ্বর অসেকা পর্য্যন্ত আকাশহইতে তাহাদের উপরে মহাশিলা * বৃষ্টি করিলেন; তাহাতে তাহারা মরিল, এবং ইস্রায়েল্ বংশ কর্তৃক খড়্গদ্বারা তাহাদের যত লোক আহত হইল, শিলাতে তদপেক্ষা অধিক মরিল।

১২ ইস্রায়েল্ বংশের হস্তে ইমোরীয়দিগকে পরমেশ্বরের সমর্পণের দিবসে যিহোশূয় পরমেশ্বরের প্রতি নিবেদন করিয়া ইস্রায়েল্ বংশের সাক্ষাতেই কহিল, হে সূর্য্য, তুমি গিবিয়োনের উপরে, ও হে চন্দ্র, তুমি ১৩ অয়ালোন্ তলভূমিতে স্থগিত হও। তাহাতে যে পর্য্যন্ত শত্রুগণের প্রতি লোকেরা দণ্ড না দিল, তাবৎ সূর্য্য স্থগিত ও চন্দ্র স্থির থাকিল; এই কথা কি যাশর্ গ্রন্থে লিখিত নাই? এই রূপে আকাশের মধ্যে সূর্য্য স্থির থাকিল, সম্পূর্ণ এক দিবস অস্তগমন করিতে যত্ন ১৪ করিল না। এবং তাহার পূর্ব্বে কি পরে পরমেশ্বর যাহাতে মনুষ্যের বাক্যেতে এই রূপ কর্ণ দিলেন, এমত আর কোন দিবস ছিল না, পরমেশ্বর ইস্রায়েল্ বংশের পক্ষ হইয়া যুদ্ধ করিলেন।

১৫ পরে যিহোশূয় সমস্ত ইস্রায়েল্ বংশকে সঙ্গে লইয়া ১৬ গিল্গল্স্থ শিবিরে প্রত্যাগমন করিতে লাগিল। কিন্তু ঐ পাঁচ রাজা পলায়ন করিয়া মক্কেদা গুহাতে লুকাইয়া ১৭ থাকিল। পরে মক্কেদা গুহাতে সেই পাঁচ রাজা লুকাইয়া † আছে, এই সম্বাদ যিহোশূয়ের গোচর হইলে ১৮ সে কহিল, তোমরা সেই গুহার মুখে মহাপ্রস্তর গড়াইয়া ১৯ দিয়া তাহাদের রক্ষা করিতে লোক নিযুক্ত কর। এবং বিলম্ব না করিয়া শত্রুগণের পশ্চাদ্গামী হইয়া তাহাদের পশ্চাদে স্থিত লোকদিগকে উচ্ছিন্ন কর, এবং তাহাদিগকে আপন ২ নগরে প্রবেশ করিতে দিও না; তোমাদের প্রভু পরমেশ্বর তাহাদিগকে তোমাদের হস্তগত ২০ করিলেন। অপর যিহোশূয় ও ইস্রায়েল্ বংশ তাহাদের বিনাশ পর্য্যন্ত মহাসংহারে তাহাদিগকে সংহার করিলে অবশিষ্ট লোকেরা প্রাচীর বেষ্টিত নগরে প্রবেশ ২১ করিল। পরে সমস্ত লোক মক্কেদাতে যিহোশূয়ের নিকটে শিবিরে কুশলে প্রত্যাগমন করিল; তাহাতে ইস্রায়েল্ বংশের প্রতিকূলে কেহ কোন কথা কহিল না ‡।

২২ পরে যিহোশূয় আজ্ঞা করিল, তোমরা গুহার দ্বার মুক্ত করিয়া তথাহইতে সেই পাঁচ রাজাকে বাহির

[১০ অধ্যা; ১] যি ৬; ২১, ২৪। ৮; ২৫-২৯। ৯; ১৫, ২১ ॥—[৪] প ১ ॥—[৬] ৯; ৬ ॥—[৮] ১; ৫, ৯ ॥—[১০] দ্বি ৯; ১-৫। ৩১; ৩-৬ ॥—[১১] প্র ১৬; ২১ ॥—[১৩] যিশ ২৮; ২১। হ ৩; ১১। ২ শি ১; ১৮ ॥—[১৪] প ১০। ২ রা ২০; ৮-১১ ॥—[২১] যা ১১; ৭। ১৫; ১৬ ॥

* (ইব্রী) মহাপ্রস্তর। † (ইব্রী) প্রচ্ছন্ন। ‡ (ইব্রী) জিহ্বা দোলাইল না

২৩ করিয়া আমার নিকটে আন। তাহা করিলে তাহারা যিরূশালমের রাজাকে ও হিব্রোণের রাজাকে ও যর্মূতের রাজাকে ও লাখীশের রাজাকে ও ইগ্লোনের রাজাকে, এই পাঁচ রাজাকে গুহাহইতে বাহির করিয়া তাহার ২৪ নিকটে আনিল। এই রূপে তাহারা ঐ রাজগণকে যিহোশূয়ের নিকটে আনিলে যিহোশূয় সমস্ত ইস্রায়েল্ পুরুষকে ডাকিয়া আপন সঙ্গে গমনকারি সেনাপতিদিগকে আজ্ঞা করিল, তোমরা নিকটে আসিয়া এই রাজগণের স্কন্ধে* পা দেও; তাহাতে তাহারা নিকটে আসিয়া তা- ২৫ হাদের স্কন্ধে* পা দিল। অপর যিহোশূয় তাহাদিগকে কহিল, ভীত ও নিরাশ হইও না, শক্তিমান্ ও অতিশয় সাহসী হও, তোমরা যে ২ শত্রুগণের সহিত যুদ্ধ করিবা, তাহাদের সকলের প্রতি পরমেশ্বর এই রূপ করিবেন। ২৬ পরে যিহোশূয় আঘাতদ্বারা পাঁচ রাজাকে বধ করিয়া পাঁচ বৃক্ষের উপরে তাহাদিগকে উদ্বন্ধন করিল; তাহাতে তাহারা সায়ংকাল পর্য্যন্ত বৃক্ষের উপরে উদ্ব- ২৭ ন্ধনে থাকিল। অপর সূর্য্যাস্ত সময়ে যিহোশূয়ের আজ্ঞানুসারে লোকেরা বৃক্ষহইতে তাহাদিগকে নামাইয়া তাহারা যে গুহাতে লুকাইয়াছিল, সেই গুহাতে তাহাদিগকে নিঃক্ষেপ করিয়া তাহার মুখে মহা প্রস্তর দিল; তাহা অদ্যাপি আছে।

২৮ অনন্তর ঐ দিবসে যিহোশূয় মক্কেদা হস্তগত করিয়া খড়্গাঘাতে তাহার রাজাকে ও তন্মধ্যস্থিত সমস্ত প্রাণিকে নিঃশেষে বধ করিল, কাহাকেও রক্ষা করিল না; যেমন যিরীহোর রাজার প্রতি করিয়াছিল, মক্কেদার রাজার প্রতিও তদ্রূপ করিল।

২৯ পরে যিহোশূয় সমস্ত ইস্রায়েল্ বংশকে সঙ্গে লইয়া মক্কেদাহইতে লিব্নাতে যাইয়া লিব্নার প্রতিকূলে ৩০ যুদ্ধ করিল। তাহাতে পরমেশ্বর লিব্না ও তাহার রাজাকে ইস্রায়েল্ বংশের হস্তগত করিলে সে তাহাকে ও তন্মধ্যস্থ সমস্ত প্রাণিকে খড়্গদ্বারা আঘাত করিল, তাহার কাহাকেও অবশিষ্ট রাখিল না; যেমন যিরীহোর রাজার প্রতি করিয়াছিল, তাহার রাজার প্রতিও তদ্রূপ করিল।

৩১ অপর যিহোশূয় সমস্ত ইস্রায়েল্ বংশকে সঙ্গে লইয়া লিব্নাহইতে লাখীশে যাইয়া তাহার বিরুদ্ধে শিবির স্থাপন করিয়া তাহার বিরুদ্ধে যুদ্ধ করিল। ৩২ তাহাতে পরমেশ্বর লাখীশকে ইস্রায়েল্ বংশের হস্তগত করিলে তাহারা দ্বিতীয় দিবসে লাখীশ্ আক্রমণ করিয়া যেমন লিব্নার প্রতি করিয়াছিল, তদ্রূপ তাহাকে ও তন্মধ্যস্থিত সমস্ত প্রাণিকে খড়্গদ্বারা আঘাত করিল।

৩৩ এই যুদ্ধে গেষরের হোরম্ রাজা লাখীশের সহায়তা করিতে আগমন করিলে যিহোশূয় তাহাকে ও তাহার লোকদিগকে আঘাত করিল; তাহার অবশিষ্ট কেহ থাকিল না।

৩৪ পরে যিহোশূয় সমস্ত ইস্রায়েল্ বংশকে সঙ্গে লইয়া লাখীশ্হইতে ইগ্লোনে যাত্রা করিলে তাহারা তাহার সম্মুখে শিবির স্থাপন করিয়া তাহার প্রতিকূলে যুদ্ধ ৩৫ করিল। এবং সেই দিবসে তাহা হস্তগত করিয়া যেমন লাখীশের প্রতি করিয়াছিল, তদ্রূপ খড়্গদ্বারা তাহাকে প্রহার করিয়া সেই দিবসে তাহার মধ্যস্থিত সমস্ত প্রাণিকে নিঃশেষে বধ করিল।

৩৬ অপর যিহোশূয় সমস্ত ইস্রায়েল্ বংশকে সঙ্গে লইয়া ইগ্লোন্হইতে হিব্রোণে যাত্রা করিলে তাহারা ৩৭ তাহার প্রতিকূলে যুদ্ধ করিল। এবং তাহা হস্তগত করিয়া তাহাকে ও তাহার রাজাকে ও তাহার উপনগর সকলকে ও তন্মধ্যস্থিত সমস্ত প্রাণিকে খড়্গদ্বারা বধ করিল; যেমন ইগ্লোনের প্রতি করিয়াছিল, সেই রূপে তাহার কাহাকেও অবশিষ্ট না রাখিয়া তাহাকে ও তন্মধ্যস্থ সমস্ত প্রাণিকে নিঃশেষে বধ করিল।

৩৮ পরে যিহোশূয় ফিরিয়া সমস্ত ইস্রায়েল্ বংশকে সঙ্গে লইয়া দিবীরে আসিয়া তাহার প্রতিকূলে যুদ্ধ করিল। ৩৯ এবং তাহাকে ও তাহার রাজাকে ও তাহার উপনগর সকলকে হস্তগত করিয়া খড়্গদ্বারা আঘাত করিয়া তন্মধ্যস্থ তাবৎ প্রাণিকে নিঃশেষে বধ করিল, তাহার কাহাকেও অবশিষ্ট রাখিল না; যেমন হিব্রোণের প্রতি এবং লিব্নার ও তাহার রাজার প্রতি করিয়াছিল, দিবীরের ও তাহার রাজার প্রতিও তদ্রূপ করিল।

৪০ এই রূপে যিহোশূয় পর্ব্বতের ও দক্ষিণ দেশের ও তলভূমির ও উনুইযুক্ত স্থানের সকল দেশকে ও তাবৎ রাজগণকে বধ করিল, তাহাদের কাহাকেও অবশিষ্ট রাখিল না; সে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের আজ্ঞানুসারে তাবৎ প্রাণিকে নিঃশেষে বধ করিল। ৪১ এই রূপে যিহোশূয় কাদেশ্-বর্ণেয় অবধি অসা পর্য্যন্ত তাহাদিগকে এবং গিবিয়োন্ পর্য্যন্ত গোশনের সমস্ত দেশকে ৪২ বিনষ্ট করিল। যিহোশূয় এই সমস্ত দেশকে ও রাজগণকে এক কালেই হস্তগত করিল, কারণ ইস্রায়েলের প্রভু পরমেশ্বর ইস্রায়েল্ বংশের পক্ষ হইয়া যুদ্ধ করি- ৪৩ লেন। পরে যিহোশূয় সমস্ত ইস্রায়েল্ বংশকে সঙ্গে লইয়া গিল্গল্ স্থিত শিবিরে প্রত্যাগমন করিল।

১১ অধ্যায়।

১ ইস্রায়েল্ বংশের বিরুদ্ধে দেশের উত্তর ভাগস্থ অনেক রাজার একত্র হওন, ৬ ও তাহাদের বিনাশ, ১০ ও হাৎসোর্ নগর হস্তগত ও দগ্ধ হওন, ১৬ ও অনেক দেশ হস্তগত করণ, ২১ ও অনাকীয় লোকের উচ্ছিন্ন করণ।

১ অপর হাৎসোরের রাজা যাবীন্ এই সম্বাদ শুনিয়া

[২৩] প ৩॥—[২৪] গী ৯১; ১৩। মল ৪; ৩। রো ১৬; ২০॥—[২৫] দ্বি ৭; ১৭-২৪। ৯; ১-৫। ৩১; ৩-৬॥—[২৬,২৭] যি ৮; ২৯। দ্বি ২১; ২৩॥—[২৮] যি ৬; ২১॥—[৩০] ৬; ২১॥—[৩১] প ৩॥—[৩৪] প ৩॥—[৩৬] প ৩॥—[৩৭] ১৪; ১২-১৪॥—[৪০] দ্বি ২০; ১৬,১৭॥—[৪১] যি ১১; ১৬॥—[৪২] প ১৪,২৫॥—[৪৩] প ১৫॥

* (ইব) গ্রীবাতে।

মাদোনের যোবব্ রাজের ও শিম্রোণের রাজার ও ২ অক্‌ষফের রাজার নিকটে, এবং পর্ব্বতে উত্তর দেশীয় ও কিন্নেরতের দক্ষিণ প্রান্তরে তলভূমিস্থিত ও পশ্চিমে ৩ দোর্ সীমাস্থিত রাজগণের নিকটে; অর্থাৎ পূর্ব্ব ও পশ্চিম দেশীয় কিনানীয়দের ও ইমোরীয়দের ও হিত্তীয়দের ও পিরিষীয়দের ও পর্ব্বতস্থ যিবূষীয়দের ও মিস্পীদেশীয় হর্মোণের অধঃস্থিত হিব্বীয়দের রাজ৪ গণের নিকটে লোক প্রেরণ করিল। তাহাতে তাহারা সকলে সসৈন্য হইয়া সমুদ্র তীরস্থ বালুকার ন্যায় বহু লোক ও বহু অশ্ব ও রথ সঙ্গে লইয়া বাহির হইল। ৫ এবং এই সকল রাজা নিরূপণানুসারে একত্র হইয়া ইস্রায়েল্ বংশের প্রতিকূলে যুদ্ধ করণার্থে মেরোমের জল নিকটে আসিয়া শিবির স্থাপন করিল।

৬ পরে পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, তুমি তাহাদের হইতে ভীত হইও না; কল্য এমন সময়ে আমি ইস্রায়েল্ বংশের সম্মুখে হত তাহাদের সকলকে সমর্পণ করিব, তাহাতে তুমি তাহাদের অশ্বের পায়ের শিরা ৭ ছেদন করিবা ও রথ অগ্নিতে দগ্ধ করিবা। তাহাতে যিহোশূয় সমস্ত সৈন্য সঙ্গে লইয়া মেরোমের জল নিকটে তাহাদের বিরুদ্ধে অকস্মাৎ তাহাদের মধ্যে উপ৮ স্থিত হইয়া তাহাদিগকে আক্রমণ করিল। তাহাতে পরমেশ্বর তাহাদিগকে ইস্রায়েল্ বংশের হস্তে সমর্পণ করিলে তাহারা তাহাদিগকে বধ করিল, এবং মহাসীদোন্ ও মিস্রিফোৎ-ময়িম্ পর্য্যন্ত এবং পূর্ব্বদিগে মিস্পীর তলভূমি পর্য্যন্ত তাহাদিগকে তাড়না করিল, এবং তাহাদিগকে সংহার করিল; তাহাদের কাহাকেও ৯ অবশিষ্ট রাখিল না। পরে যিহোশূয় পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহাদের অশ্বের পায়ের শিরা ছেদন করিল ও তাহাদের রথ সকল অগ্নিতে দগ্ধ করিল।

১০ ঐ সময়ে যিহোশূয় প্রত্যাগমন করিয়া হাৎসোর হস্তগত করিয়া খড়্গদ্বারা তাহার রাজাকে আঘাত করিল, কেননা পূর্ব্বকালে হাৎসোর্ সেই সমস্ত রাজ্যের ১১ প্রধান ছিল। এবং তাহার মধ্য নিবাসি সমস্ত প্রাণিকে খড়্গদ্বারা আঘাত করিয়া নিঃশেষে বধ করিলে তাহার মধ্যে কোন প্রাণী অবশিষ্ট থাকিল না; পরে সে ১২ হাৎসোর্কে অগ্নিতে দগ্ধ করিল। অপর যিহোশূয় ঐ রাজগণের সমস্ত নগরকে ও তাহাদের সমস্ত রাজাকে হস্তগত করিয়া পরমেশ্বরের সেবক মূসার আজ্ঞানুসারে খড়্গদ্বারা তাহাদিগকে আঘাত করিয়া নিঃশেষে ১৩ বিনষ্ট করিল। সে সময়ে যে ২ নগর টিকরোপরি স্থাপিত ছিল, তাহার মধ্যে হাৎসোর্ ব্যতিরেকে ইস্রায়েল্ বংশ আর কাহাকেও দগ্ধ করিল না, কিন্তু যিহোশূয় ১৪ তাহাকে অগ্নিতে দগ্ধ করিল। এবং ইস্রায়েল্ বংশ সে সকল নগরের দ্রব্যাদি ও পশুগণকে আপনাদের নিমিত্তে লুট করিল, এবং খড়্গদ্বারা প্রত্যেক মনুষ্যকে নিঃশেষে বধ করিল; তাহাদের মধ্যে কোন প্রাণিকে অবশিষ্ট রাখিল না। পরমেশ্বর আপন সেবক মূসা- ১৫ কে যে রূপ আজ্ঞা করিলেন, মূসা যিহোশূয়কে তদ্রূপ আজ্ঞা করিল, তাহাতে যিহোশূয় তদ্রূপ করিল; মূসার প্রতি পরমেশ্বরের কোন আজ্ঞা অপালিত রাখিল না।

এই রূপে সমস্ত দেশ ও উপপর্ব্বত ও সমস্ত দক্ষিণ ১৬ দেশ ও গোশনের তাবৎ দেশ ও তলভূমি ও প্রান্তর ও ইস্রায়েলের পর্ব্বত ও তাহার তলভূমি; অর্থাৎ সেয়ীর্ ১৭ প্রতিগামি হালক্ * পর্ব্বত অবধি হর্মোণ্ পর্ব্বতের নীচস্থায়ি লিবানোনের তলভূমিতে স্থিত বাল্গাদ্ পর্য্যন্ত তাবৎ দেশ যিহোশূয় হস্তগত করিয়া তাহাদের রাজগণকে ধরিয়া প্রহার পূর্ব্বক বধ করিল। যিহোশূয় ঐ ১৮ রাজগণের সহিত বহুকাল যুদ্ধ করিল। গিবিয়োন্ নি- ১৯ বাসি হিব্বীয় লোক ব্যতিরেকে আর কোন নগরীয় লোক ইস্রায়েল্ বংশের সহিত সন্ধি করিল না; তাহারা অন্য সমস্তকেই যুদ্ধেতে হস্তগত করিল। কেননা তাহারা ২০ যেন ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করিতে আসিয়া নিঃশেষে হত হয় ও অনুগৃহীত না হয়, কিন্তু মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে বিনষ্ট হয়, এই জন্যে তাহাদের অন্তঃকরণ কঠিন করিতে পরমেশ্বরের মনস্থ ছিল।

অপর সেই সময়ে যিহোশূয় আসিয়া পর্ব্বতহইতে ২১ ও হিব্রোণ্‌হইতে ও দিবীর্‌হইতে ও আনব্‌হইতে ও যিহূদার সমস্ত পর্ব্বতহইতে ও ইস্রায়েলের সমস্ত পর্ব্বতহইতে অনাকীয়দিগকে উচ্ছিন্ন করিল, ও যিহোশূয় তাহাদের নগর শুদ্ধ নিঃশেষে বিনষ্ট করিল। ইস্রায়েল্ ২২ বংশের দেশে অনাকীয়দের কেহ অবশিষ্ট থাকিল না; কেবল অসাতে ও গাতে ও অস্‌দোদে অবশিষ্ট থাকিল। এই রূপে যিহোশূয় মূসার প্রতি পরমেশ্বরের ২৩ আজ্ঞানুসারে সে সমস্ত দেশ হস্তগত করিয়া ইস্রায়েলের বংশানুসারে অধিকার করিতে তাহা ইস্রায়েল্ বংশকে দিল; পরে দেশে যুদ্ধ বিরাম হইল।

১২ অধ্যায়।

১ মূসাদ্বারা দুই রাজার দেশের বিভাগ করণ, ৭ ও যিহোশূয়দ্বারা এক ত্রিশ রাজার অধিকার হস্তগত করণ।

অপর যে ২ রাজাকে ইস্রায়েল্ বংশ বধ করিয়া তাহা- ১ দের দেশ অধিকার করিল, সেই সকল রাজার নাম। যর্দ্দনের ও পারে সূর্য্যোদয়ের দিগে অর্ণোন্ নদী অবধি হর্মোণ্ পর্ব্বত পর্য্যন্ত, এবং পূর্ব্বদিকস্থিত সমস্ত প্রান্তরস্থ দেশের হিষ্‌বোন্ নিবাসি ইমোরীয়দের সীহোন্ ২ রাজা। সে অর্ণোন্ নদীতীরস্থ এবং অরোয়ের্ অবধি ও নদীর মধ্যাবধি এবং অর্দ্ধ গিলিয়দ্ দেশে অম্মোন্

[১১ অধ্য ; ১-৩] যি ১০ ; ১-৫ ॥—[৬] ১০ ; ৮। ১৬; ১৬। বি ৪ ; ৩॥—[৯]প ৬॥—[১২]দ্বি ২০ ; ১৬-১৮ ॥—[১৫] প ১২ ॥—[১৬,১৭] যি ১২ ; ৭,৮॥—[১৯] ৯ ; ৩-১৫॥—[২০] যা ৭ ; ৩-৫। ৯ ; ১৬। দ্বি ২ ; ৩০। ২০ ; ১৬,১৭ ॥ [২১]দ্বি ১ ; ২৮-৩১। গ ১৩; ২২,৩৩॥—[২২]১ শি ১৭ ; ৪ ॥—[২৩]দ্বি ৩১ ; ৭। যি ২১ ; ৪৩-৪৫ ॥

* (বা) সমস্থল।

৩ বংশের সীমাস্থ যব্বোক্ নদী পর্য্যন্ত; এবং প্রান্তরে কিন্নেরৎ হ্রদের পূর্ব্বতীর পর্য্যন্ত; ও বৈৎ-যিশীমোতের পথে প্রান্তরস্থ লবণসমুদ্রের পূর্ব্বতীর পর্য্যন্ত অস্‌দোৎ-পিস্‌গার অধঃস্থিত দক্ষিণ দেশে কর্তৃত্বকারী ছিল। ৪ এবং হিষ্‌বোনের সীহোন্ রাজের সীমাস্থিত অর্দ্ধ-গিলিয়দ্ দেশে গিশূরীয়দের ও মাখাথীয়দের সীমা ৫ পর্য্যন্ত হর্ম্মোণ্ পর্ব্বতে; ও সল্‌খাতে ও তাবৎ বাশনে কর্তৃত্বকারি এবং অস্তারোৎ ও ইদ্রিয়ী নিবাসি বৃহৎ-কায় লোকদের অবশিষ্ট বাশনের ওগ্ রাজের সীমা ৬ ছিল। পরমেশ্বরের সেবক মূসা ও ইস্রায়েল্ বংশ সেই দুই রাজাকে উচ্ছিন্ন করিল, এবং পরমেশ্বরের সেবক মূসা সেই দেশ অধিকার করিতে রূবেন্ বংশকে ও গাদ্ বংশকে ও মিনশির অর্দ্ধবংশকে দিল।

৭ পরে যিহোশূয় ও ইস্রায়েল্ বংশ যর্দ্দনের এপারে পশ্চিমদিগে লিবানোনের তলভূমিস্থিত বাল্‌গাদ্ অবধি সেয়ীর্ প্রতিগামি হালক্ পর্ব্বত পর্য্যন্ত পর্ব্বতস্থ ও তলভূমিস্থ ও প্রান্তরস্থ ও উনুইদেশস্থ ও অরণ্যস্থ ও দক্ষিণ-৮ দেশস্থ হিত্তীয়দের ও ইমোরীয়দের ও কিনানীয়দের ও পিরিষীয়দের ও হিব্বীয়দের ও যিবূষীয়দের দেশীয় যে রাজগণকে বধ করিল, ইস্রায়েলের বংশানুসারে অধিকার করিতে যিহোশূয় ইস্রায়েল্ বংশকে তাহা-৯ দের দেশ দিল; সেই রাজগণের নাম। যিরীহোর এক রাজা, ও বৈথেলের নিকটস্থ অয়ের এক রাজা। ১০ এবং যিরূশালমের এক রাজা, ও হিব্রোণের এক রাজা। ১১ ও যর্মূতের এক রাজা, ও লাখীশের এক রাজা। ১২ ও ইগ্-১৩ লোনের এক রাজা, ও গেষরের এক রাজা। ও দিবীরের ১৪ এক রাজা, ও গেদরের এক রাজা। ও হর্ম্মার এক রাজা, ১৫ ও অরাদের এক রাজা। ও লিব্‌নার এক রাজা, ও অদু-১৬ ল্লমের এক রাজা। ও মক্কেদার এক রাজা, ও বৈথেলের ১৭ এক রাজা, ও তপূহের এক রাজা, ও হেফরের এক রাজা। ১৮ ও অফেকের এক রাজা, ও লশারোণের এক রাজা। ১৯ ও মাদোনের এক রাজা, ও হাৎসোরের এক রাজা। ও ২০ শিম্রোণ্-মিরোণের এক রাজা, ও অক্‌ষফের এক রাজা। ২১ ও তানকের এক রাজা, ও মগিদ্দোর এক রাজা। ২২ ও কেদশের এক রাজা, ও কর্ম্মিলস্থ যগ্নিয়ামের এক ২৩ রাজা। ও দোর্ সীমাস্থিত দোরের এক রাজা, ও ২৪ গিল্‌গল্ দেশীয়দের এক রাজা। ও তির্সার এক রাজা; এই সকলে একত্রিশ রাজা ছিল।

১৩ অধ্যায়।

১ অবশিষ্ট দেশের কথা, ১৫ ও রূবেন্ বংশের অধিকারের কথা, ২৪ ও গাদ্ বংশের অধিকারের কথা, ২৯ ও মিনশির অর্দ্ধ বংশের অধিকারের কথা।

১ অপর যিহোশূয় বহুবয়স্ক বৃদ্ধ হইলে পরমেশ্বর তা-২ হাকে কহিলেন, তুমি বহুবয়স্ক বৃদ্ধ হইলা; এখনো বহু দেশ অধিকার করিতে অবশিষ্ট আছে। অবশিষ্ট ৩ দেশের নাম। গিশূরীয়দের সমস্ত সীমা এবং মিস-রের সম্মুখস্থ শীহোর্ অবধি কিনানীয়দের অধিকার রূপে গণিত ইক্রোণের উত্তর সীমা পর্য্যন্ত পিলেষ্টীয়-দের সমস্ত সীমা, অর্থাৎ অসাতীয় ও অস্‌দোদীয় ও অস্কিলোনীয় ও গাতীয় ও ইক্রোণীয়, পিলেষ্টীয়দের এই পাঁচ অধ্যক্ষের অধিকার, ও অব্বীয় দেশ। ৪ এবং দক্ষিণ দিগে কিনানীয়দের সমস্ত দেশ, ও সীদোনীয়দের অধীন মিয়ারা অবধি ইমোরীয়দের ৫ সীমাস্থিত অফেক পর্য্যন্ত। এবং গিব্‌লীয়দের দেশ ও হর্ম্মোণ্ পর্ব্বতের তলস্থিত বাল্‌গাদ্ অবধি হমাতে প্রবে-শের স্থান পর্য্যন্ত সূর্য্যোদয় দিকস্থ তাবৎ লিবানোন্। ৬ সেই লিবানোন্ অবধি মিস্রিফোৎ-ময়িম্ পর্য্যন্ত পর্ব্বতনিবাসি সমস্ত সীদোনীয়দিগকে আমি ইস্রা-য়েল্ বংশের সম্মুখহইতে দূর করিয়া দিব; আমি যেমন তোমাকে আজ্ঞা করিলাম, এই রূপ তুমি তাহা অধিকার করিতে ইস্রায়েল্ বংশকে অংশ করিয়া ৭ দেও। এই ক্ষণে অধিকারার্থে নব বংশকে ও মিনশির ৮ অর্দ্ধবংশকে এই দেশ অংশ করিয়া দেও। এবং অন্য অর্দ্ধ বংশকে ও রূবেন্ বংশকে ও গাদ্ বংশকে যর্দ্দন্ নদী পারে পূর্ব্বদিগে পরমেশ্বরের সেবক মূসা যে রূপ দিয়াছে, তদনুসারে তাহারা অধিকার পাইল। ৯ অর্ণোন্ নদীতীরস্থ অরোয়ের্ অবধি এবং নদীমধ্য-স্থিত নগর ও দীবোন্ পর্য্যন্ত মেদিবার সমস্ত প্রান্তর; ১০ এবং অম্মোন্ বংশের সীমা পর্য্যন্ত হিষ্‌বোনে কর্তৃত্ব-১১ কারি ইমোরীয়দের সীহোন্ রাজের সমস্ত নগর; এবং গিলিয়দ্ ও গিশূরীয়দের ও মাখাথীয়দের সীমা ও ১২ তাবৎ হর্ম্মোণ্ পর্ব্বত ও সল্‌খা পর্য্যন্ত সমস্ত বাশন্ অর্থাৎ অস্তারোৎ ও ইদ্রিয়ীতে কর্তৃত্বকারি বৃহৎকায় বংশের অবশিষ্ট ওগের বাশন্ রাজ্য তাহারা পা-ইল; কেননা মূসা ইহাদিগকে প্রহার করিয়া দূর করি-১৩ য়াছিল। তথাপি ইস্রায়েল্ বংশ গিশূরীয়দিগকে ও মাখাথীয়দিগকে দূর করিল না; তাহাতে গিশূরীয়েরা ও মাখাথীয়েরা অদ্যাপি ইস্রায়েল্ বংশের মধ্যে ১৪ বাস করে। সে লেবির বংশকে কিছু অধিকার দিল না; পরমেশ্বরের আজ্ঞানুসারে ইস্রায়েলের প্রভু পর-মেশ্বরের অগ্নিকৃত উপহার তাহাদের অধিকার হইল।

১৫ সেই সময়ে রূবেন্ বংশের পরিজনানুসারে মূসা ১৬ তাহাদিগকে অধিকার দিল। এবং অর্ণোন্ নদীতীরস্থ অরোয়ের্ অবধি তাহাদের সীমা ছিল, এবং নদী-

[১২ অধ্য; ২,৩] দ্বি ২; ২৪-৩৭ ॥—[৪,৫] দ্বি ৩; ১-১১ ॥—[৬] দ্বি৩; ১২-১৭ ॥—[৯] যি ৬; ২০-২৪। ৮; ২৪-২৯॥ [১০-১৬] ১০; ১-৪১॥—[১০] ১০; ৩৬,৩৭॥—[১১] ১০; ৩১,৩২॥—[১২] ১০; ৩৩-৩৫॥—[১৩] ১০; ৩৮,৩৯ ॥—[১৫] ১০; ২৯,৩০॥—[১৬] ১০; ২৮। ৮; ১৭॥—[১৭-২৪] ১১; ১-১৪॥—[১৯] ১১; ১,১০,১১ ॥—[২০] ১১; ১॥—[২৩] ১১; ২ ॥ [১৩ অধ্য; ১] যি ১১; ১৮। ১৪; ১০। গ ১৪; ৬। যা ২৩; ২৯ ॥—[৮-১২] যি ১২; ১-৬ ॥—[১২] দ্বি ৩; ১১ ॥—[১৩] প ২। দ্বি ৩; ১৪ ॥—[১৪] প ৩৩। গ ১৮; ২০-২৪। দ্বি ১০; ৮,৯। ১৮; ১,২ ॥

১৭ মধ্যস্থ নগর ও মেদিবার নিকটস্থ সমস্ত প্রান্তর; এবং হিষ্‌বোন্ ও প্রান্তরস্থ তাহার সমস্ত নগর, দীবোন্ ও ১৮ বামোৎবাল্ ও বৈৎবাল্‌মিয়োন্; ও যহস্ ও কিদেমোৎ ১৯ ও মেফাৎ; ও কিরিয়াথয়িম্ ও সিব্‌মা ও তলভূমির ২০ পর্ব্বতস্থ সেরৎ-শহর; ও বৈৎপিয়োর্ ও অস্‌দোৎ-২১ পিস্‌গা ও বৈৎযিশীমোৎ; এবং প্রান্তরস্থ সমস্ত নগর, এবং হিষ্‌বোনে কর্তৃত্বকারি ইমোরীয়দের সীহোন্ রাজের সমুদয় রাজ্য; কেননা মূসা তাহাকে এবং ইবি ও রেকম্ ও সূর্ ও হূর্ ও রেবা সীহোনের অগ্রণী দেশ-নিবাসি মিদিয়নের এই অধ্যক্ষগণকে বিনষ্ট করিয়াছি-২২ ল। ইস্রায়েল্ বংশ খড়্গধারে যাহাদিগকে বধ করিল, তাহাদের মধ্যে বিয়োরের পুত্র মায়াবি বিলিয়ম্‌কেও ২৩ বধ করিল। এবং যর্দ্দন্ ও তাহার অঞ্চল রুবেন্ বংশের সীমা ছিল; রুবেন্ বংশের পরিজনানুসারে গ্রামের সহিত এই সকল নগর তাহাদের অধিকার ছিল।

২৪ পরে মূসা গাদ্ বংশের পরিজনানুসারে তাহাদি-২৫ গকে অধিকার দিল। যাসের্ ও গিলিয়দের সমস্ত নগর, ও রব্বার সম্মুখস্থ অরোয়ের্ পর্য্যন্ত অম্মোন্ ২৬ বংশের অর্দ্ধদেশ তাহাদের সীমা ছিল। এবং হিষ্‌-বোন্ অবধি রামৎ-মিস্‌পী পর্য্যন্ত ও বিটোনীম্ ও ২৭ মহনয়িম্ অবধি দিবীরের সীমা পর্য্যন্ত; ও তলভূমিতে বৈথারম্ ও বৈৎনিম্রা ও সুক্কোৎ ও সাফোন্ ও হিষ্‌-বোনের সীহোন্ রাজের অবশিষ্ট রাজ্য, এবং যর্দ্দন্ ও তাহার অঞ্চল, অর্থাৎ পূর্ব্বদিগে যর্দ্দন্ পারস্থিত কিন্নেরৎ ২৮ হ্রদের তীর পর্য্যন্ত। গাদ্ বংশের পরিজনানুসারে তাহা-দিগকে গ্রামের সহিত এই সকল নগর অধিকার দিল।

২৯ পরে মূসা মিনশির অর্দ্ধ বংশের পরিজনানুসারে ৩০ মিনশির অর্দ্ধবংশকে এই সকল অধিকার দিল। তাহা-দের সীমা মহনয়িম্ অবধি তাবৎ বাশন্ দেশ ও বাশ-৩১ নস্থ যায়ীরের তাবৎ নগর অর্থাৎ ষাইট নগর; এবং অর্দ্ধ গিলিয়দ্ ও ওগের বাশনস্থ রাজ্যস্থিত অস্তারোৎ ও ইদ্রিয়ী নগর, এই সকল মিনশির পুত্র মাখীর বংশের অর্থাৎ পরিজনানুসারে মাখীরের অর্দ্ধবংশের ৩২ অধিকার ছিল। যর্দ্দনের পূর্ব্বপারে যিরীহো সমীপে মোয়াবের প্রান্তরে মূসা এই সকল দেশ অধিকারার্থে ৩৩ অংশ করিয়া লোকদিগকে দিল। কিন্তু লেবির বং-শকে কোন দেশ অধিকার দিল না; ইস্রায়েলের প্রভু পরমেশ্বর তাহাদের প্রতি আপন বাক্যানুসারে তাহাদের অধিকার স্বরূপ হইলেন।

১৪ অধ্যায়।

১ সাড়ে নয় বংশের ৬ ও কালেবের অধিকারের কথা।

১ অপর কিনান্‌দেশে ইস্রায়েল্ বংশের মধ্যে ইলিয়া-সর্ যাজক ও নূনের পুত্র যিহোশূয় এবং ইস্রায়েল্ বংশের পূর্ব্বপুরুষদের প্রধান কর্তৃক অধিকারের ২ জন্যে এই সকল অংশীকৃত হইল। নব বংশ ও অর্দ্ধ বংশের বিষয়ে পরমেশ্বর মূসাদ্বারা যে রূপ আজ্ঞা করিয়াছিলেন, তদনুসারে গুলিবাঁটদ্বারা তাহাদের ৩ অধিকার স্থির হইল। যর্দ্দনের ওপারে মূসা তাহাদের আড়াই বংশকে অধিকার দিল, কিন্তু লেবির বংশকে ৪ অধিকার দিল না। যূষফের দুই পুত্র মিনশি ও ইফ্র-য়িমের দুই বংশ ছিল; এবং বাসনগর ও পশু ও সংস্থানার্থে তাহার উপনগর ব্যতিরেকে তাহারা দেশে ৫ লেবির বংশকে আর কোন অংশ দিল না। ইস্রায়েল্ বংশ মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে আপনা-দের মধ্যে দেশ বিভাগ করিয়া লইল।

৬ ঐ সময়ে যিহূদা বংশ গিল্‌গলে যিহোশূয়ের নিকটে আইলে কিনসীয় যিফুন্নির পুত্র কালেব্ তাহাকে কহিল, পরমেশ্বর তোমার ও আমার বিষয়ে কাদেশ্-বর্ণেয়ে আপন সেবক মূসাকে যে কথা কহিয়া-৭ ছেন, তাহা তুমি জ্ঞাত আছ। আমার চল্লিশ বৎসর বয়সের সময়ে পরমেশ্বরের সেবক মূসা দেশানুসন্ধান করিতে কাদেশ্-বর্ণেয়হইতে আমাকে প্রেরণ করিল। তাহাতে আমি তাহার নিকটে মনের মত সম্বাদ আনিয়া ৮ দিলাম। কিন্তু আমার ভ্রাতৃগণ আমার সহিত উঠিয়া যাইয়া লোকদের মন বিষণ্ণ করিল; তথাপি আমি সম্পূর্ণ রূপে আপন প্রভু পরমেশ্বরের অনুগত থাকি-৯ লাম। এই জন্যে মূসা ঐ দিবসে দিব্য করিয়া কহিল, যে ভূমির উপরে তোমার পদার্পণ হইল, সেই দেশ তোমার ও তোমার বংশের সর্ব্বদা অধিকার হইবে; কেননা তুমি সম্পূর্ণরূপে আমার প্রভু পরমেশ্বরের ১০ অনুগত আছ। এখন দেখ, ইস্রায়েল্ বংশের প্রান্তরে ভ্রমণের * যে সময়ে পরমেশ্বর মূসাকে এই কথা কহিয়াছিলেন, তদবধি পরমেশ্বর আপন বাক্যানুসারে পঁয়তাল্লিশ বৎসর আমাকে জীবৎ রাখিয়াছেন; অদ্য ১১ আমি পঞ্চাশীতি বৎসর বয়স্ক হইলাম। মূসা যে দিবসে আমাকে প্রেরণ করিয়াছিল, সেই দিবসে আমি যেমন বলবান ছিলাম, এখনো তদ্রূপ আছি; এবং যুদ্ধ করণার্থে ও গমনাগমন করণার্থে আমার তখন যেমন ১২ শক্তি ছিল, এখনো সেই রূপ আছে। অতএব সে দিবসে পরমেশ্বর যে পর্ব্বতের বিষয়ে কহিয়াছিলেন, সে এই পর্ব্বত আমাকে দেও; কেননা অনাকীয়েরা সেখানে থাকে, এবং নগর বৃহৎ ও প্রাচীর বেষ্টিত, ইহা সে

[১৫-২৩] গ ৩২; ৩৭,৩৮ ॥—[২১,২২] গ ৩১; ৮ ॥—[২৪-২৮] গ ৩২; ৩৪-৩৬॥—[২৭] প ৩১ ॥—[২৯-৩১] গ ৩২; ৩৯-৪২। দ্বি ৩; ১৩-১৫ ॥—[৩১] প ২৭ ॥—[৩৩] প ১৪ ॥

[১৪ অধ্য; ১] গ ৩৪; ১৬-২৯ ॥—[২] গ ৩৪; ১৩ ॥—[৩] যি ১৩; ৩২,৩৩॥—[৪] আ ৪৮; ৫। গ ৩৫; ১-৮॥—[৫] গ ৩৪; ১৩॥—[৬] গ ১৪; ২৪, ৩০। দ্বি ১; ৩৬ ॥—[৭] গ ১৩; ৬, ৩০। ১৪; ৬-৯॥—[৮] দ্বি ১; ৩৬। গ ১৩; ২২॥ [১০] গ ১৪; ২৪, ৩০। দ্বি ১; ৩৬॥—[১১] দ্বি ৩৪; ৭॥—[১২] গ ১৩; ২২। ২৮; ৩৩। গী ২৭; ১-৩। ১৪৪; ১,২॥

* (ইব্রি) গমনের।

দিবসে শুনিয়াছ; অতএব পরমেশ্বর যদি আমার সহিত থাকেন, তবে পরমেশ্বরের বাক্যানুসারে আমি ১৩ অবশ্য তাহাদিগকে বাহির করিয়া দিব। তাহাতে যিহোশূয় তাহাকে আশীর্ব্বাদ করিল, এবং যিফুন্নির ১৪ পুত্র কালেব্‌কে অধিকারার্থে হিব্রোণ্ দিল। এই রূপে হিব্রোণ্ কিনসীয় যিফুন্নির পুত্র কালেবের অধিকার হইল; কেননা সে সম্পূর্ণ রূপে ইস্রায়েলের প্রভু পর- ১৫ মেশ্বরের অনুগত ছিল। পূর্ব্বকালে ঐ হিব্রোণের নাম কিরিয়থর্ব ছিল, ঐ অর্ব অনাকীয়দের মধ্যে এক প্রধান লোক ছিল; পরে দেশে যুদ্ধের বিরাম হইল।

১৫ অধ্যায়।

১ যিহূদা বংশের সীমা নির্ণয়, ১৩ ও হিব্রোণ্ জয় করিয়া কালেবের অধিকার প্রাপ্তি, ১৬ ও দিবীর জয় করিয়া কালেবের কন্যা গ্রহণকারি অৎনীয়েলের কথা, ২০ ও যিহূদার অধিকারের নগর নির্ণয় ও যিবূষীয়দের পরাস্ত না হওনের কথা।

১ অপর আপন২ পরিজনানুসারে যিহূদা বংশের অংশের সীমা নির্ণয়; তাহার দক্ষিণ প্রান্ত ইদোম্ দেশের নিকটস্থিত সীন্ প্রান্তরের দক্ষিণ সীমা ছিল। ২ এবং লবণ সমুদ্রের প্রান্ত অর্থাৎ দক্ষিণদিগভিমুখ ৩ মহাখাল অবধি তাহাদের দক্ষিণ সীমা। এবং সে সীমা দক্ষিণ দিক্ প্রতি মালে-অক্রব্বীমে আরোহণস্থান দিয়া সীন্ পর্য্যন্ত গেল, এবং কাদেশ্বর্ণেয়ের দক্ষিণ পার্শ্বে ঊর্দ্ধগামী হইয়া হিব্রোণ্ পর্য্যন্ত গেল; পরে অদর্ প্রতি ঊর্দ্ধগামী হইয়া কর্কা পর্য্যন্ত ঘুরিয়া ৪ গেল। পরে অস্মোন প্রতি হইয়া মিসর্‌নদী পর্য্যন্ত নির্গমন করে, ঐ সীমার অন্তভাগ সমুদ্রে ছিল; এই তো- ৫ মাদের দক্ষিণ সীমা হইবে। এবং পূর্ব্বসীমা লবণসমুদ্র অর্থাৎ যর্দ্দনের শেষ পর্য্যন্ত; এবং উত্তর দিগের সীমা ৬ যর্দ্দন্ প্রান্তস্থ মহাখাল অবধি। এবং ঐ সীমা বৈথগ্‌লা প্রতি গমন করিয়া বৈথরাবার উত্তরদিগ হইয়া গেল, এবং সে সীমা রূবেন্ বংশীয় বোহনের প্রস্তর পর্য্যন্ত ৭ উঠিয়া গেল। পরে সে সীমা আখোর্ তলভূমিহইতে দিবীরের দিগে গেল; পরে নদীর দক্ষিণ পারস্থ অদু- ম্মীমের দিগে ঊর্দ্ধগমনের পথের সম্মুখস্থ গিল্‌গলের প্রতিমুখ করিয়া উত্তরদিগে গেল, ও ঐন্-শেমশ্ নামক জলের প্রতি চলিয়া গেল, ও তাহার অন্তভাগ ঐন্-রো- ৮ গেলে ছিল। সে সীমা বিন্-হিন্নোম্ নামে তলভূমি দিয়া উঠিয়া যিবূষের অর্থাৎ যিরূশালমের দক্ষিণ পার্শ্বে গেল; পরে ঐ সীমা পশ্চিমে হিন্নোম্ নামে তলভূমির সম্মুখস্থিত পর্ব্বতোপরি অর্থাৎ রিফায়িম্ ৯ নামে তলভূমির উত্তর প্রান্ত পর্য্যন্ত গেল। পরে ঐ সীমা সেই পর্ব্বতের শৃঙ্গ অবধি নিপ্তোহের জলের উনুই পর্য্যন্ত বিস্তৃত হইল, এবং ইফ্রোণ্ পর্ব্বতস্থ নগরে তাহার অন্তভাগ ছিল। এবং সে সীমা বালা ১০ অর্থাৎ কিরিয়ৎ-যিয়ারীম্ নগরেতে আকৃষ্ট হইল; পরে সে সীমা বালাহইতে সেয়ীর্ পর্ব্বত পর্য্যন্ত পশ্চিম দিগে ঘুরিয়া যিয়ারীম্ পর্ব্বতের উত্তর পার্শ্ব অর্থাৎ খিষালোন্ পর্য্যন্ত গেল; পরে বৈৎশেমশে অধোগামী হইয়া তিম্নাথা পর্য্যন্ত গেল। এবং সে সীমা ইক্রোণের ১১ উত্তরদিগ পর্য্যন্ত গমন করিল; পরে সে সীমা শিক্রোণ্ পর্য্যন্ত বিস্তৃত হইল, এবং বালা পর্ব্বত হইয়া যব্‌নি- য়েলে তাহার অন্তভাগ ছিল; ঐ সীমার অন্তভাগ সমুদ্রে ছিল। এবং পশ্চিম সীমা মহাসমুদ্র ও তাহার ১২ তট পর্য্যন্ত; আপন ২ পরিজনানুসারে যিহূদা বংশের চতুর্দ্দিকস্থিত সীমা এই সকল জানিবা।

১৩ অপর যিহোশূয় পরমেশ্বরের আজ্ঞানুসারে যিফু- ন্নির পুত্র কালেব্‌কে যিহূদা বংশের মধ্যহইতে এক অংশ অনাকের পিতা অর্ব নামে বিখ্যাত কিরিয়থর্ব অর্থাৎ হিব্রোণ্ নগর দিল। এবং কালেব্ তথাহইতে ১৪ অনাকের বংশ শেশয়্ ও অহীমান্ ও তল্‌ময়্ নামে অনাকের তিন পুত্রকে দূর করিল। পরে তথাহইতে ১৫ দিবীর্ নিবাসিদের নিকটে গমন করিল; পূর্ব্বকালে ঐ দিবীর কিরিয়ৎ-সেফর্ নামে বিখ্যাত ছিল।

১৬ সেই সময়ে কালেব্ কহিল, যে জন কিরিয়ৎ-সেফর্ আক্রমণ করিয়া হস্তগত করিবে, আমি অক্‌ষা নামে আপন কন্যাকে তাহার সহিত বিবাহ দিব। তাহাতে ১৭ কালবের ভ্রাতা যে কিনস, তাহার পুত্র অৎনীয়েল্ তাহা হস্তগত করিলে সে অক্‌ষা নামে আপন কন্যাকে তা- হার সহিত বিবাহ দিল। অপর ঐ কন্যা স্বামির নিকটে ১৮ আগমন কালে আপন পিতার স্থানহইতে এক ক্ষেত্র চাহিয়া লইতে স্বামির কাছে অনুমতি চাহিল; তখন সে কন্যা আপন গর্দ্দভহইতে নামিলে কালেব্ তাহাকে কহিল, তুমি কি চাহ? সে উত্তর করিল, ১৯ আপনি আমাকে আশীর্ব্বাদ করুণ, কেননা দক্ষিণস্থা ভূমি আমাকে দিয়াছেন, এখন জলের উনুই আমাকে দিউন; তাহাতে সে উপরিস্থ ও অধঃস্থ উনুই তাহাকে দিল।

২০ আর আপন ২ বংশানুসারে যিহূদা বংশের এই ২১ সকল অধিকার। দক্ষিণদিগে ইদোমের সীমার নিকটস্থ ২২ যিহূদা বংশের প্রান্তস্থিত নগর কব্‌সেল্ ও এদর্ ও ২৩ যাগুর্, ও কীনা ও দীমোনা ও অদাদা, ও কেদশ্ ও ২৪ হাৎসোর ও যিৎনন্, এবং সীফ্ ও টেলম্ ও বালোৎ, ২৫ ও হাৎসোর্ ও হদত্তা ও কিরিয়োৎ ও হিস্রোণ্ কিম্বা ২৬ হাৎসোর্, অমাম্ ও শিমা ও মোলাদা, ও হৎসর্-গদ্দা ২৭ ও হিষ্‌মোন্ ও বৈৎপেলট্, ও হৎসর্-শিয়াল্ ও ২৮

[১৩,১৪] যি ১০; ৩৬,৩৭। ১৫; ১৩-১৫। ২১; ১১,১২॥—[১৫] আ ২৩; ২॥
[১৫ অধ্য; ১-৪] গণ ৩৪; ৩-৫॥—[৫-৯] যি ১৮; ১১-২০॥—[৭] ৭; ২৬॥—[৮] প ৬৩॥—[১২] গ ৩৪; ৬॥
[১৩,১৪] যি ১৪; ৬-১৫। বি ১; ৯, ১০॥—[১৪] গ ১৩; ২২॥—[১৫] যি ১০; ৩৮। বি ১; ১১॥—[১৬-১৯] বি ১; ১২-১৫॥—[১৭] বি ৩; ৯॥

২৯ বের্শেবা ও বিষিয়োথিয়া, এবং বালা ও ইয়ীম্ ও ৩০ এৎসম্, ইল্‌তোলদ্ ও কিষীল্ ও হর্মা ও সিক্‌লগ্ ও ৩১ মদ্‌মন্না ও সন্‌সন্না, ও লিবায়োৎ ও শিল্‌হীম্ ও ঐন্ ৩২ ও রিম্মোন্, তাহাদের গ্রামশুদ্ধ সকলে উনত্রিশ নগর ৩৩ ছিল। এবং তলভূমিতে ইষ্টায়োল্ ও সরিয় ও অস্‌না, ৩৪ ও সানোহ ও ঐন্‌গন্নীম্ ও তপূহ ও ঐনম্, ও যর্মূৎ ও ৩৫ অদুল্লম্ ও সোখো ও অসেকা, ও শারয়িম্ ও অদীথ- ৩৬ য়িম্ ও গিদেরা ও গিদেরোথয়িম্; তাহাদের গ্রামশুদ্ধ ৩৭ চৌদ্দ নগর ছিল। এবং সিনন্ ও হদাশা ও মিগ্দল্‌গাদ, ৩৮ ও দিলিয়ন্ ও মিস্‌পী ও যক্তেল্, ও ৩৯ লাখীশ্ ও বস্কৎ ও ইগ্‌লোন্, ৪০ ও কব্বোন্ ও লহমস্ ও কিৎলীশ্, ও ৪১ গিদেরোৎ ও বৈৎদাগোন্; ও নয়মা ও মক্কেদা; ৪২ তাহাদের গ্রামশুদ্ধ ষোল নগর ছিল। এবং লিব্‌না ও ৪৩ এথর্ ও আশন্; ও যিপ্তহ ও অস্‌না ও নিৎসীব্; এবং ৪৪ কিয়ীলা ও অক্‌বীব্ ও মারেশা, তাহাদের গ্রামশুদ্ধ নয় ৪৫ নগর ছিল। এবং ইক্রোণ্ ও তাহার নগর ও উপনগর। ৪৬ ইক্রোণ্ অবধি সমুদ্র পর্য্যন্ত আপন ২ স্থানের অস্‌দো- ৪৭ দের নিকটস্থ সমস্ত গ্রাম। এবং অস্‌দোদ্ ও আপন ২ নগর ও উপনগর, অসা ও আপন ২ নগর ও উপনগর, ও মিসর্‌নদী পর্য্যন্ত মহাসমুদ্র ও তাহার সীমা ছিল।

৪৮ পর্ব্বতে শামীর্ ও যত্তীর্ ও সোখো; ও দন্না ও ৪৯ কিরিয়ৎ-সন্না অর্থাৎ দিবীর্; এবং আনব্ ও ইষ্টিমোয় ৫০ ও আনীম্; ও গোশন্ ও হোলোন্ ও গীলো, তাহাদের ৫১ গ্রামশুদ্ধ এগার নগর ছিল। এবং অরব্ ও দূমা ও ৫২ ইশিয়ন্; ও যানূম্ ও বৈত্তপূহ ও অফেকা; ও হুম্‌টা ও ৫৩ কিরিয়থর্ব অর্থাৎ হিব্রোণ্ ও সীয়োর্, তাহাদের গ্রাম- ৫৪ শুদ্ধ নয় নগর ছিল। ৫৫ এবং মায়োন্ ও কর্ম্মিল্ ও সীফ্ ও ৫৬ যুটা; ও যিষ্রিয়েল্ ও যগ্দিয়াম্ ও সানোহ; ও কয়িন্ ৫৭ ও গিবিয়া ও তিম্নাথা, তাহাদের গ্রামশুদ্ধ দশ নগর ৫৮ ছিল। এবং হল্‌হূল্ ও বৈৎসূর্ ও গিদোর্; এবং মারৎ ৫৯ ও বৈথনোৎ ও ইল্‌তিকোন্, তাহাদের গ্রামশুদ্ধ ছয় ৬০ নগর ছিল। এবং কিরিয়ৎ-বাল্ অর্থাৎ কিরিয়ৎ-যিয়ারীম ও রব্বা, তাহাদের গ্রামশুদ্ধ দুই নগর ছিল।

৬১ অরণ্যে বৈথরাবা ও মিদ্দীন্ ও সিকাখা। ও নিব্- ৬২ শন্ ও লবণ নগর ও ঐন্‌গিদী, তাহাদের গ্রামশুদ্ধ ৬৩ ছয় নগর ছিল। কিন্তু যিহূদা বংশ যিরূশালম্ নিবাসি যিবূষীয়দিগকে দূর করিতে পারিল না; যিবূষীয়েরা অদ্যাবধি যিহূদা বংশের সহিত যিরূশালমে বাস করে।

১৬ অধ্যায়।

১ যূষফ্ বংশের সীমা নির্ণয়, বিশেষতঃ ইফ্রয়িম্ বংশের সীমা নির্ণয়।

১ আর যিরীহোর নিকটস্থ যর্দ্দন্ অর্থাৎ পূর্ব্বদিকস্থিত যিরীহোর জল অবধি যিরীহোহইতে বৈথেল্ পর্ব্বতের সর্ব্বত্র গমনকারি প্রান্তর যূষফ্ বংশের অংশ হইল। ২ ঐ অংশ বৈথেল্‌হইতে লূসে গমন করে ও অর্কীয় ৩ সীমা অটারোতে গমন করে। এবং পশ্চিমদিগে যফ্- লেটীয় সীমা অর্থাৎ নীচস্থ বৈথোরোণের সীমা ও গেষর্ পর্য্যন্ত গমন করে, ও তাহার অন্তভাগ সমুদ্রে ৪ আছে। এই রূপে যূষফের বংশ মিনশি ও ইফ্রয়িম্ আপন ২ অধিকার গ্রহণ করিল।

৫ আপন ২ বংশানুসারে ইফ্রয়িম্ বংশের সীমা; পূর্ব্বদিগে উর্দ্ধস্থ বৈথোরোণ্ পর্য্যন্ত অটারোৎ-অদ্দর্ তাহাদের অধিকারের সীমা; ঐ সীমা উত্তরদিগে মিক্- ৬ মিথৎ পর্য্যন্ত সমুদ্র দিগে নির্গতা হইল; পরে সে সীমা পূর্ব্বদিগে ঘুরিয়া তানৎ-শীলো পর্য্যন্ত যাইয়া পূর্ব্বদিগে তাহার নিকট হইয়া যানোহেতে গেল। ৭ পরে যানোহহইতে অটারোৎ ও নারৎ হইয়া যি- ৮ রীহো পর্য্যন্ত গেল এবং যর্দ্দনে নির্গতা হইল। পরে সে সীমা তপূহহইতে পশ্চিমদিগ হইয়া কান্নানদী পর্য্যন্ত গেল, ও তাহার অন্তভাগ সমুদ্রেতে ছিল; আপন ২ বংশানুসারে ইফ্রয়িম্ বংশের প্রত্যেকের এই অধি- ৯ কার; ইফ্রয়ীম্ বংশ ও মিনশি বংশের অধিকারের ১০ মধ্যে পৃথক ২ নগর ও তাহার গ্রাম ছিল। তাহারা গেষরবাসি কিনানীয়দিগকে দূর করিল না, কিনানীয়েরা অদ্য পর্য্যন্ত ইফ্রয়িম বংশের সহিত বাস করিয়া করাধীন হইয়া তাহাদের সেবা করে।

১৭ অধ্যায়।

১ মিনশি বংশের অধিকার নির্ণয়, ৭ ও দেশের সীমা প্রভৃতি নির্ণয়, ১৪ ও যূষফ্ বংশের প্রতি যিহোশূয়ের কথা।

১ পরে মিনশি বংশের জন্যেও এক অংশ হইল, কেননা সে যূষফের জ্যেষ্ঠ পুত্র; এবং গিলিয়দের পিতা অর্থাৎ মিনশির জ্যেষ্ঠ পুত্র মাখীরের বংশ ২ যোদ্ধা হওন প্রযুক্ত গিলিয়দ্ ও বাশন্ পাইল। তাহাতে আপন২ বংশানুসারে মিনশির অন্য২ বংশের অর্থাৎ অবীয়েষরের বংশ ও হেলকের বংশ ও অস্রীয়েলের বংশ ও শেখমের বংশ ও হেফরের বংশ ও শিমীদার বংশের জন্যে এক অংশ হইল; এই সকল বংশানুসারে যূষফের পুত্র মিনশির পুত্রসন্তান ৩ ছিল। কিন্তু মিনশির বৃদ্ধ প্রপৌত্র মাখীরের প্রপৌত্র গিলিয়দের পৌত্র হেফরের পুত্র সিলফদের পুত্রসন্তান ছিল না; মহলা ও নোয়া ও হগ্‌লা ও মিল্‌কা ও তির্সা ৪ নামে কেবল কয়েক কন্যা ছিল। তাহারা ইলিয়াসর্ যাজকের ও নূনের পুত্র যিহোশূয়ের ও অধ্যক্ষগণের

[৪৬,৪৭] যি ১৩; ৩।—[৪৪] প ১৩।—[৬০] ৯; ১৭।—[৬৩] প ৮। গ ৩৩; ৫৫,৫৬। বি ৭; ২। ২০; ১৬-১৮।
[১৬ অধ্য; ১-৩] যি ১৮; ১১-১৩।—[৮] ১৭; ৯।—[৯] ১৭; ৮, ৯।—[১০] ১৫; ৬৩। গ ৩৩; ৫৫, ৫৬। বি ১; ২৯।
[১৭ অধ্য; ১] আ ৪১; ৫১। ৪৮; ১৭,১৮। ৫০; ২৩। গ ৩২; ৩৯-৪২।—[২] গ ২৬; ৩০-৩২।—[৩] গ ২৬; ৩৩।
[৪] গ ২৭; ১-১১। ৩৬; ১-১২।

সাক্ষাতে আসিয়া কহিল, আমাদের ভ্রাতৃগণের মধ্যে আমাদিগকে এক অধিকার দিতে পরমেশ্বর মূসাকে আজ্ঞা করিয়াছেন; তাহাতে সে পরমেশ্বরের আজ্ঞানুসারে ভ্রাতৃগণের মধ্যে তাহাদিগকে এক অধিকার দিল। ৫ তাহাতে যর্দ্দনের ওপারস্থিত গিলিয়দ্ ও বাশন্ ভিন্ন মিনশির দশ অংশ হইল। ৬ কেননা মিনশির পুত্রদের মধ্যে কন্যাদেরও অধিকার ছিল; এবং মিনশির অবশিষ্ট পুত্রগণ গিলিয়দ্ দেশ পাইল।

৭ আশের্ অবধি শিখিম্ সম্মুখস্থিত মিক্মিথৎ পর্য্যন্ত মিনশির সীমা ছিল; ঐ সীমা দক্ষিণদিগ হইয়া ঐন্-তপূহ নিবাসিদের নিকট পর্য্যন্ত গেল। ৮ মিনশি তপূহ দেশ পাইল,কিন্তু মিনশির সীমাস্থ তপূহ নগর ইফ্রয়িম্ বংশের অধিকার হইল। ৯ ঐ সীমা কান্না নদীর দক্ষিণ তীরে নামিয়া গেল; ইফ্রয়িমের এই সকল নগর মিনশির নগরের মধ্যে ছিল; মিনশির সীমা নদীর উত্তর-দিগে ছিল,এবং তাহার অন্তভাগ সমুদ্রে ছিল। ১০ দক্ষিণ-দিগে ইফ্রয়িমের ও উত্তরদিগে মিনশির অধিকার ছিল, এবং সমুদ্র তাহার সীমা ছিল; এবং উত্তরদিগে আশেরে ও পূর্ব্বদিগে ইষাখরে যুক্ত হইল। ১১ এবং ইষাখরের ও আশেরের মধ্যে গ্রামের সহিত বৈৎশান্ এবং গ্রামের সহিত যিব্লিয়ম্ এবং গ্রামের সহিত দোর্* ও গ্রামের সহিত ঐন্-দোর্* ও গ্রামের সহিত তানক্* ও গ্রামের সহিত মগিদ্দো* অর্থাৎ তিন দেশ মিনশি পাইল। ১২ তথাপি মিনশির বংশ সেই নগরস্থ-দিগকে দূর করিতে পারিল না, কিনানীয় লোকেরা সেই দেশেই বাস করিতে সম্মত হইল। ১৩ পরে ইস্রায়েল্ বংশ পরাক্রান্ত হইয়া কিনানীয়দিগকে করাধীন করিল, কিন্তু নিঃশেষে তাহাদিগকে দূর করিল না।

১৪ পরে যূষফের বংশ যিহোশূয়ের কাছে নিবেদন করিয়া কহিল, তুমি অধিকারার্থে আমাদিগকে কেবল এক অংশ ও এক ভাগ কেন দিলা? পরমেশ্বরের আশী-র্ব্বাদে আমরা† এখন বৃহৎ বংশ হইয়াছি। ১৫ তাহাতে যিহোশূয় তাহাদিগকে কহিল,যদি তোমরা‡ বৃহৎ বংশ, তবে অরণ্য স্থানে যাও; এই ইফ্রয়িম্ পর্ব্বত যদি সঙ্কীর্ণ স্থান বোধ হয়,তবে সেই স্থানে পিরিষীয়দের এবং রিফায়ীম্ বংশদের দেশে আপনাদের জন্যে বৃক্ষ কাটিয়া ফেল। ১৬ তাহাতে যূষফের বংশ কহিল,সে পর্ব্বতে আমাদের সম্পোষ্য হয় না, এবং তলভূমি নিবাসি তাবৎ কিনানীয়দের বিশেষতঃ বৈৎশানস্থদের ও তদ্গ্রামস্থদের এবং যিষ্রিয়েল্ তলভূমি নিবাসিদের লৌহের রথ আছে। ১৭ পরে যিহোশূয় যূষফের বংশ ইফ্রয়িম্ ও মিনশিকে কহিল, তোমরা বৃহদ্বংশ, তোমাদের মহাপরাক্রম, তোমাদের কেবল একাংশ হইবে না। ১৮ কিন্তু পর্ব্বত তোমাদের হইবে, তাহাতে বন আছে এবং সেই বন তোমরা কাটিয়া ফেলিলে তাহার অধোভাগ তোমাদের হইবে; কিনানীয়দের রথ থাকাতে এবং তাহারা পরাক্রান্ত হওয়াতে তোমরা তাহাদিগকে দূর করিয়া দিবা।

১৮ অধ্যায়।

১ আবাসের স্থাপন, ২ ও দেশ নির্ণয়ার্থে লোক প্রেরণ, ১০ ও দেশ বিভাগ করণ, ১১ ও বিন্যামীনের অধিকার নির্ণয় ও নগরের নাম।

১ পরে ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলী শীলোতে উপস্থিত হইয়া সেই স্থানে মণ্ডলীর আবাস স্থাপন করিল; দেশ তাহাদের সম্মুখে পরাজিত ছিল।

২ ঐ সময়ে ইস্রায়েল্ বংশের মধ্যে অধিকার অপ্রাপ্ত সাত বংশ অবশিষ্ট ছিল। ৩ তাহাতে যিহোশূয় ইস্রায়েল্ বংশকে কহিল, তোমরা আপনাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বরের দত্ত দেশ অধিকারার্থে গমন করিতে আর কত কাল শৈথিল্য করিবা? ৪ আপনাদের মধ্যহইতে এই সকল বংশের জন্যে তিন ২ জনকে দেও; আমি তাহাদিগকে প্রেরণ করিব, তাহারা যাইয়া দেশের সর্ব্বত্র ভ্রমণ করিয়া আপনাদের অধিকারানুসারে তাহা নির্ণয় করিয়া আমার নিকটে ফিরিয়া আসিবে। ৫ এবং তাহারা তাহা সাত অংশ করিবে; দক্ষিণদিগে আপন সীমাতে যিহূদা থাকিবে, এবং উত্তরদিগে আপন সীমাতে যূষফের বংশ থাকিবে। ৬ এই রূপে তোমরা দেশকে সাত অংশ করিয়া নির্ণয় করিয়া সেই নির্ণয়পত্র আমার কাছে আনিবা; আমি এই স্থানে আমাদের প্রভু পরমেশ্বরের সাক্ষাতে তোমাদের নিমিত্তে গুলিবাঁট করিব। ৭ কিন্তু তোমাদের মধ্যে লেবীয়দের কোন অংশ নাই, কেবল পরমেশ্বরের যাজকতা কর্ম্মে তাহাদের অধিকার; এবং গাদ্ বংশ ও রূবেন্ বংশ ও মিনশির অর্দ্ধ বংশ পরমেশ্বরের সেবক মূসার দত্ত আপনাদের অধিকার পূর্ব্বদিগে যর্দ্দনের ওপারে পাইল। ৮ পরে সেই লোকেরা উঠিয়া যাত্রা করিলে যিহোশূয় সেই দেশ নির্ণয়কারিদিগকে এই আজ্ঞা করিল, তোমরা যাইয়া দেশের সর্ব্বত্র ভ্রমণ করিয়া দেশ নির্ণয় করিলে পর আমার নিকটে ফিরিয়া আইস; তাহাতে আমি এই স্থানে অর্থাৎ শীলোতে পরমেশ্বরের সাক্ষাতে তোমাদের জন্যে গুলিবাঁট করিব। ৯ পরে ঐ লোকেরা যাইয়া দেশের সর্ব্বত্র ভ্রমণ করিল, এবং নগরানুসারে সাত অংশ করিয়া পত্রেতে তাহার নির্ণয় লিখিল; পরে শীলোস্থিত শিবিরের মধ্যে যিহোশূয়ের নিকটে ফিরিয়া আইল।

[১] যি ১৩; ৮,৯॥—[১২,১৩] ১৫; ৬৩। ১৬; ১০। গ ৩৩; ৫৫,৫৬। বি ১; ২৭,২৮॥—[১৪] আ ৪৮; ১৯, ২০। গ ২৬; ৩৪, ৩৭॥—[১৬] বি ১; ১৯। ৪; ৩॥—[১৮] যি ১১; ৬। দ্বি ২০; ৯॥

[১৮ অধ্য; ১] দ্বি ১২; ১০,১১। যি ১৯; ৫১। বি ২০; ১৯। ১ শি ৩; ২১। ৪; ৪॥—[৩] গ ৩৩; ৫৩-৫৫॥—[৫] যি ১৫; ১-৪। ১৬; ১-১০। ১৭; ১॥—[৬] প ১০। দ্বি ৩৩; ৫৪॥—[৭] যি ১৩; ১-৪॥

* (ইব্রু) নিবাসো। † (ইব্রু) আমি। ‡ (ইব্রু) তুমি।

১০ পরে যিহোশূয় শীলোতে পরমেশ্বরের সাক্ষাতে তাহাদের জন্যে গুলিবাঁট করিল; এই রূপে যিহোশূয় সেই স্থানে ইস্রায়েলের বংশানুসারে দেশ বিভাগ করিয়া তাহাদিগকে দিল।

১১ বিন্‌য়ামীন্ বংশের আপন ২ পরিজনানুসারে অংশ উঠিল, তাহাদের অধিকারের সীমা যিহূদা বংশের ও
১২ যূষফ্ বংশের মধ্যে হইল। উত্তরদিগে যর্দ্দন্ অবধি যিরীহোর উত্তরপার্শ্ব দিয়া তাহাদের সীমা ছিল, এবং পশ্চিম দিগে পর্ব্বত মধ্যদিয়া বৈথাবন্ অরণ্যে তাহা-
১৩ দের সীমা গেল। এবং ঐ সীমা তথাহইতে গিয়া লূসের অর্থাৎ বৈথেলের দক্ষিণপার্শ্ব পর্য্যন্ত গেল, এবং নীচস্থ বৈথোরোণের দক্ষিণদিগ্‌স্থিত পর্ব্বতের নিকটস্থ অটা-
১৪ রোৎ-অদ্দর্ প্রতি নামিয়া গেল। এবং ঐ সীমা তথা-হইতে আকৃষ্টা হইয়া পশ্চিম সম্মুখে বৈথোরোণের দক্ষিণদিগস্থিত পর্ব্বত অবধি দক্ষিণদিগে গিয়া কিরিয়ৎ-বাল্ অর্থাৎ কিরিয়ৎ-যিয়ারীম্ নামে যিহূদা বংশের
১৫ এক নগর পর্য্যন্ত গেল; ইহা পশ্চিম সীমা। এবং দক্ষিণ সীমা কিরিয়ৎ-যিয়ারীমের প্রান্তাবধি গেল, এবং সে সীমা পশ্চিম দিগে নির্গতা হইয়া নিপ্তোহের
১৬ উনুই পর্য্যন্ত গমন করিল। এবং ঐ সীমা রিফায়ীম্ তলভূমির উত্তরদিগস্থ ও বিন-হিন্নোমের তলভূমির সম্মুখস্থ পর্ব্বতের প্রান্ত পর্য্যন্ত নামিয়া গেল, এবং হিন্নোমের তলভূমি দিয়া যিবূষের দক্ষিণ পার্শ্বে না-
১৭ মিয়া আসিয়া ঐন্-রোগেলে গেল। অপর উত্তরদিগে আকৃষ্টা হইয়া ঐন্-শেমশে গমন করিল, এবং অদুম্মীম্ আরোহণের পথ সম্মুখস্থ গিলীলোতের প্রতি নির্গতা হইয়া রূবেন্ বংশীয় বোহনের প্রস্তর পর্য্যন্ত গেল।
১৮ এবং উত্তরদিগে অরাবার পূর্ব্বপার্শ্বে * গেল। এবং
১৯ ঐ সীমা বৈথগ্‌লার উত্তর পার্শ্ব পর্য্যন্ত গেল; সে সীমা যর্দ্দনের দক্ষিণ দিগস্থ লবণ সমুদ্রের উত্তর
২০ মহাখাল পর্য্যন্ত গেল, ইহা দক্ষিণ সীমা। এবং পূর্ব্বদিগে যর্দ্দন্ নদী তাহার সীমা ছিল; আপন ২ পরিজনানুসারে বিন্‌য়ামীন্ বংশের চতুর্দ্দিক্‌স্থিত এই
২১ অধিকার ছিল। আপন ২ পরিজনানুসারে বিন্‌য়ামীন্ বংশের নগর যিরীহো ও বৈথগ্‌লা ও কিৎসীমের
২২ তলভূমি, ও বৈথরাবা ও সিমারয়িম্ ও বৈথেল্, ও
২৩ অব্বীম্ ও পারা ও অফ্রা, ও কফরম্মোনী ও অফ্‌নি ও
২৪ গেবা; গ্রামশুদ্ধ তাহার দ্বাদশ নগর ছিল। ও গিবি-
২৫ য়োন্ ও রামৎ ও বেরোৎ, ও মিস্‌পী ও কিফীরা ও
২৬ মোৎসা, ও রেকম্ ও যির্পেল্ ও তরলা, ও সেলা ও
২৭ এলফ্ ও যিবূষ্, অর্থাৎ যিরূশালম্, এবং গিবিয়া ও
২৮ কিরিয়ৎ; গ্রামশুদ্ধ এই চৌদ্দ নগর আপন২ পরিজনানুসারে বিন্‌য়ামীন্ বংশের অধিকার ছিল।

১৯ অধ্যায়।

১ শিমিয়োন্ বংশের অংশ, ১০ ও সিবূলূন্ বংশের অংশ, ১৭ ও ইষাখর্ বংশের অংশ, ২৪ ও আশের্ বংশের অংশ, ৩২ ও নপ্তালি বংশের অংশ, ৪০ ও দান্ বংশের অংশ, ৪৯ ও যিহোশূয়ের অংশ।

১ পরে দ্বিতীয় অংশ শিমিয়োনের নামে উঠিল; আপন ২ পরিজনানুসারে শিমিয়োন্ বংশের এই অধিকার যিহূদা বংশের অধিকারের মধ্যে হইল। তাহাদের
২ অধিকারের মধ্যে বের্শেবা ও শেবা ও মোলাদা ছিল;
৩ এবং হৎসর-শিয়াল্ ও বালা ও এৎসম্, ও ইল্‌তোলদ্
৪ ও বিথূল্ ও হর্মা, ও সিক্‌লগ্ ও বৈৎমর্কাবোৎ ও হৎ-
৫ সর-সূষীম্, ও বৈৎলিবায়োৎ ও শারূহন্; তাহার
৬ গ্রামশুদ্ধ তেরো নগর ছিল। এবং ঐন্ ও রিম্মোন্ ও
৭ এথর্ ও আশন্; তাহার গ্রামশুদ্ধ এই চারি নগর ছিল।
৮ এবং বালৎ-বের ও দক্ষিণ দেশস্থ রামৎ পর্য্যন্ত ঐ ২ নগরের চতুর্দ্দিকস্থিত সমস্ত উপনগর আপন ২ পরিজনানুসারে শিমিয়োন্ বংশের অধিকার হইল।
৯ শিমিয়োন্ বংশের এই অধিকার যিহূদা বংশের অধিকারের মধ্যে ছিল, কেননা যিহূদা বংশের জন্যে তাহাদের অধিক অংশ ছিল, অতএব শিমিয়োনের বংশ তাহাদের অধিকারের মধ্যে অধিকার পাইল।

১০ অপর তৃতীয় অংশ আপন ২ পরিজনানুসারে সিবূলূন্ বংশের নামে উঠিল; সারীদ্ পর্য্যন্ত তাহাদের
১১ অধিকারের সীমা হইল। তাহাদের সীমা পশ্চিম অর্থাৎ মরিয়লার দিগে উঠিয়া গেল, এবং দব্বেশৎ পর্য্যন্ত
১২ যাইয়া যগ্নিয়াম্ সম্মুখস্থ নদী পর্য্যন্ত গেল। এবং পূর্ব্বদিগে অর্থাৎ সূর্য্যোদয় দিগে সারীদ্‌হইতে ফিরিয়া কিশ্‌লোৎ-তাবোরের সীমা পর্য্যন্ত গেল; পরে দাবিরৎ
১৩ পর্য্যন্ত নির্গত হইয়া যাফিয়ে উঠিয়া গেল। এবং তথা-হইতে পূর্ব্বদিগ হইয়া গাৎ-হেফর্ দিয়া এৎ-কাৎসীন্ পর্য্যন্ত হইয়া রিম্মোন্-মিথোয়র্ ও নেয় পর্য্যন্ত চলিয়া
১৪ গেল। এবং ঐ সীমা হন্নাথোনের উত্তরদিগে তাহা বেষ্টন করিয়া যিপ্তহেল্ তলভূমি পর্য্যন্ত গেল।
১৫ এবং কটৎ ও নহলোল্ ও শিম্রোণ্ ও যিদালা ও বৈৎ-
১৬ লেহম্; গ্রামশুদ্ধ সকলে দ্বাদশ নগর ছিল। আপন ২ পরিজনানুসারে সিবূলূন্ বংশের এই সকল নগর ও তাহার গ্রাম অধিকার হইল।

১৭ পরে চতুর্থ অংশ আপন ২ পরিজনানুসারে ইষা-
১৮ খর্ বংশের নামে উঠিল। তাহাদের অধিকারের
১৯ সীমা যিষ্রিয়েলের ও কিষুল্লোতের ও শূনেমের, এবং
২০ হফারয়িমের ও শীয়োনের ও অনহরতের, ও রব্বী-
২১ তের ও কিশিয়োনের ও এবসের, এবং রেমতের ও ঐন্-গন্নীমের ও ঐন্-হদ্দার ও বৈৎপৎসেসের দিগে

[১০] প ১,৬।।—[১১-২০] যি ১৫; ৫-৯।।—[১২,১৩] ১৬; ১-৩।।—[১৪,১৫] ৯; ১৭। ১৫; ৯।।—[১৬] ১৫; ৭,৮।।
[১৭] ১৫; ৬।।—[১৮] ১৫; ৬।।—[২৫,২৬] ৯; ১৭।।—[২৮] প ১৬। ১৫; ৮।।
[১৯ অধ্য; ১] আ ৪৯; ৭।।—[৯] প ১।।—[১১] আ ৪৯; ১৩।।

* (ইব্রু) সম্মুখস্থ পার্শ্ব।

২২ ছিল। এবং সে সীমা তাবোর্ ও শহৎসীম্ ও বৈৎশেমশ্ পর্য্যন্ত গেল, ও তাহাদের সীমা যর্দ্দন্ পর্য্যন্ত গেল; আপন ২ গ্রামের সহিত তাহার ষোল নগর
২৩ ছিল। আপন২ পরিজনানুসারে ইষাখর্ বংশের গ্রামের সহিত এই সকল নগর অধিকার হইল।
২৪ পরে পঞ্চম অংশ আপন ২ পরিজনানুসারে আশের্
২৫ বংশের নামে উঠিল। তাহাদের সীমা হিল্কৎ ও হলী
২৬ ও বেটন্ ও অক্ষফ্, ও অলম্মেলক্ ও অমিয়াদ্ ও মিশিয়ল্ এবং পশ্চিমদিগে কর্ম্মিল্ ও শীহোর্-লিব্না
২৭ পর্য্যন্ত গেল। এবং সূর্য্যোদয় দিগে বৈৎদাগোনের প্রতি ঘুরিয়া ও বৈথেমকের ও নমীয়েলের উত্তরদিগে সিবূলূন্স্থিত যিপ্তহেল্ তলভূমি পর্য্যন্ত যাইয়া বামদিগে
২৮ কাবূলে, এবং অব্দোনে * ও রিহোবে ও হম্মোনে ও
২৯ কান্নাতে মহাসীদোন্ পর্য্যন্ত গেল। পরে সে সীমা ঘুরিয়া রামতে সোর্ নামক দুরাক্রম নগরে গেল, এবং তাহা ঘুরিয়া হোষাতে গেল, ও সমুদ্রতটাবধি
৩০ অক্ষীব্ দেশ পর্য্যন্ত গেল, ও উম্মা ও অফেক্ ও রিহোব্ পর্য্যন্ত গেল; তাহাদের গ্রামশুদ্ধ বত্রিশ নগর ছিল।
৩১ আপন ২ পরিজনানুসারে আশের্ বংশের এই সকল নগর ও তাহার গ্রাম অধিকার হইল।
৩২ পরে ষষ্ঠ অংশ আপন ২ পরিজনানুসারে নপ্তালি
৩৩ বংশের নামে উঠিল। হেলফ্ অবধি তাহাদের সীমা ছিল, এবং সানন্নীম্ নিকটস্থ অলোন্ বৃক্ষ অবধি অদামী-নেকব্ ও যব্নিয়েল্ দিয়া লক্কুম্ পর্য্যন্ত গেল,
৩৪ ও তাহার অন্তভাগ যর্দ্দনেতে ছিল। এবং ঐ সীমা পশ্চিম দিগে ফিরিয়া অস্নোৎ-তাবোর্ পর্য্যন্ত গেল, এবং তথাহইতে হুক্কোকা পর্য্যন্ত যাইয়া দক্ষিণপার্শ্বে সিবূলূন্ পর্য্যন্ত ও পশ্চিম পার্শ্বে আশের্ পর্য্যন্ত, ও সূর্য্যোদয় দিগে যর্দ্দন নিকটস্থ যিহূদা পর্য্যন্ত গেল।
৩৫ এবং প্রাচীর বেষ্টিত নগর সিদ্দীম্ ও সের্ ও হমাৎ ও
৩৬ রক্কৎ ও কিন্নেরৎ,ও অদামা ও রামৎ ও হাৎসোর্,
৩৭ এবং কেদশ্ ও ইদ্রিয়ী ও ঐন্-হাৎসোর্, এবং যিরোণ্
৩৮ ও মিগ্দলেল্ ও হোরেম্ ও বৈথনাৎ ও বৈৎশেমশ্;
৩৯ তাহাদের গ্রামের সহিত উনিশ নগর ছিল। আপন ২ পরিজনানুসারে নপ্তালি বংশের এই ২ নগর ও গ্রাম অধিকার হইল।
৪০ পরে সপ্তম অংশ আপন ২ পরিজনানুসারে দান্
৪১ বংশের নামে উঠিল। তাহাদের অধিকারের সীমা
৪২ সরিয় ও ইষ্টায়েল্ ও ঈর্-শেমশ্, ও শাল্বীম্ ও
৪৩ অয়ালোন্ ও যিৎলা, এবং এলোন্ ও তিম্নাথা ও
৪৪ ইক্রোণ্, এবং ইল্তিকী ও গিব্বিথোন্ ও বালৎ, এবং
৪৫
৪৬ যিহূদ্ ও বিনেবিরক্ ও গাৎ-রিম্মোন্, এবং মেয়র্কোন্
৪৭ ও রক্কোন্ ও যাফোর সম্মুখস্থ সীমা। দান্ বংশের নিমিত্তে তাহাদের সীমা অত্যল্প ছিল; অতএব দান্ বংশ লেশমের প্রতিকূলে যুদ্ধ করিতে যাত্রা করিল, এবং তাহাদিগকে হস্তগত করিয়া খড়্গদ্বারা তাহাদিগকে বধ করিয়া তাহাদের দেশ অধিকার করণ পূর্ব্বক তাহার মধ্যে বাস করিল, এবং আপনাদের পূর্ব্বপুরুষ দানের নামানুসারে লেশমের নাম দান্ রাখিল।
৪৮ আপন ২ পরিজনানুসারে দান্ বংশের এই সকল নগর ও তাহার গ্রাম অধিকার হইল।
৪৯ এই রূপে আপন ২ সীমানুসারে অধিকার করিতে তাহারা দেশ বিভাগ করণ সমাপ্ত করিলে ইস্রায়েল্ বংশ আপনাদের মধ্যে নূনের পুত্র যিহোশূয়কে এক অধিকার দিল।
৫০ তাহারা পরমেশ্বরের বাক্যানুসারে তাহার যাচিত নগর অর্থাৎ ইফ্রয়িম্ পর্ব্বতস্থ তিম্নৎসেরহ তাহাকে দিল; তাহাতে সে ঐ নগর পত্তন করিয়া তাহার মধ্যে বাস করিল।
৫১ ইলিয়াসর্ যাজক ও নূনের পুত্র যিহোশূয় ও ইস্রায়েল্ বংশের অধ্যক্ষগণ শীলোতে এই ২ অধিকার পরমেশ্বরের সম্মুখে মণ্ডলীর আবাস দ্বার নিকটে অধিকারার্থে গুলিবাঁট করিল; এই রূপে তাহারা ঐ সকলের বিভাগ করণ সমাপ্ত করিল।

২০ অধ্যায়।

১ আশ্রয়নগর নিরূপণ করিতে ঈশ্বরের আজ্ঞা, ৭ ও তাহার নিরূপণ করণ।

১ পরে পরমেশ্বর যিহোশূয়কে কহিলেন, তুমি ইস্রায়েল্
২ বংশকে কহ; মূসাদ্বারা তোমাদের প্রতি কথিত আশ্রয় নগর তোমরা আপনাদের জন্যে নিরূপণ কর।
৩ তাহাতে হঠাৎ কিম্বা অজ্ঞাতসারে বধকারি লোকেরা সেই স্থানে পলাইতে পারিবে,ও রক্তপাতের প্রতিহন্তা-হইতে সেই ২ নগর তোমাদের রক্ষার আশ্রয় হইবে।
৪ এবং ঐ কোন এক নগরে পলায়নকারি লোক যখন নগরদ্বারের বিচারস্থানে দাঁড়াইয়া নগরের প্রাচীনদের কর্ণগোচরে আপন বিষয় জ্ঞাত করায়, তখন তাহারা নগরমধ্যে আপনাদের নিকটে তাহাকে আনিয়া আপনাদের মধ্যে বাস করিতে স্থান দিবে।
৫ এবং রক্তের প্রতিহন্তা তাড়না করিয়া তাহার পশ্চাৎ আইলে তাহারা তাহার হস্তে সেই নরহত্যাকারিকে সমর্পণ করিবে না; কেননা সে জ্ঞানপূর্ব্বক তাহাকে বধ করে নাই, এবং পূর্ব্বে তাহার প্রতি দ্বেষ করে নাই।
৬ অতএব সে যাবৎ বিচারার্থে মণ্ডলীর সাক্ষাতে দণ্ডায়মান না হয়,অর্থাৎ তৎকালীয় প্রধান যাজকের মৃত্যু না হয়, তাবৎ সে সেই নগরে বাস করিবে; পরে সে নরহত্যাকারী আপন নগরে ও আপন ঘরে, অর্থাৎ যে নগরহইতে পলায়ন করিয়াছিল, সেই স্থানে ফিরিয়া যাইবে।

[২৮] যি ১১; ৮॥—[৩৪] ১ বং ২; ৫,২১-২৩॥—[৪৭] যূ ১;৩॥—[৪৭] বি ১৮; ১,২,৭,২৭-২৯॥—[৫১] যি ১৪; ১। ১৮; ১০। গ ৩৪; ১৭॥
[২০ অধ্যা; ১-৬] যা ২১; ১৩। গ ৩৫; ৯-২৯। দ্বি ১৯; ১-১০॥—[৪] রূ ৪; ১-৪॥
* (ইব্রী) ইব্রোনে।

৭ তাহাতে তাহারা নপ্তালী পর্ব্বতস্থ গালীলের কেদশ, ও ইফ্রয়িম্ পর্ব্বতে শিখিম্, ও যিহূদা পর্ব্বতে কিরিয়- ৮ থর্বা অর্থাৎ হিব্রোণ্ নিরূপণ * করিল। এবং পূর্ব্বদিগে যিরীহোর নিকটে যর্দ্দনের ওপারে রূবেন্ বংশের অধিকার মধ্যে প্রান্তরে ও অরণ্যে বেৎসর্, ও গাদ্ বংশের অধিকার মধ্যে গিলিয়দ্স্থিত রামোৎ, ও মিনশি বংশের অধিকার মধ্যে বাশনস্থ গোলন্ নিরূ- ৯ পণ করিল। এবং ইস্রায়েলের সমস্ত বংশের ও তাহাদের মধ্য নিবাসি বিদেশীয়দের মধ্যে কেহ অজ্ঞাতসারে নরহত্যা করিলে সে যাবৎ মণ্ডলীর সম্মুখে না দাঁড়ায়, তাবৎ সেই স্থানে পলাইয়া যেন রক্তপ্রতিহন্তার হস্তে না মরে, এই নিমিত্তে এই সকল নগর নিরূপিত হইল।

২১ অধ্যায়।

১ লেবি বংশের জন্যে নগর নিরূপণ, ৯ ও হারোণ্ বংশের নগর নিরূপণ, ২০ ও কিহাৎ বংশের নগর নিরূপণ, ২৭ ও গের্শোন্ বংশের নগর নিরূপণ, ৩৪ ও মিরারি বংশের নগর নিরূপণ, ৪৩ ও বিভাগের সমাপ্তি।

১ পরে কিনান্ দেশের শীলোতে লেবি বংশের অধ্যক্ষ- গণ ইলিয়াসর্ যাজকের ও নূনের পুত্র যিহোশূয়ের ও ইস্রায়েল্ বংশের প্রাচীনদের নিকটে আসিয়া ২ তাহাদিগকে কহিল; আমাদের বাসার্থে নগর ও পশু- গণের জন্যে উপনগর দিতে পরমেশ্বর মূসাকে আজ্ঞা ৩ করিয়াছিলেন। তাহাতে ইস্রায়েল্ বংশ পরমেশ্ব- রের আজ্ঞানুসারে আপনাদের অধিকারহইতে লেবি ৪ বংশকে এই ২ গ্রামযুক্ত নগর দিল। কিহাতীয় বংশের জন্যে অধিকার উঠিলে, লেবীয় হারোণ্ যাজকের বংশ বিভাগানুসারে † যিহূদা বংশের ও বিন্যামীন্ ৫ বংশের অধিকারহইতে ত্রয়োদশ নগর পাইল। এবং কিহাতের অন্য২ বংশ বিভাগানুসারে † ইফ্রয়িম্ বংশের ও দান্ বংশের ও মিনশি বংশের অধি- ৬ কারহইতে দশ নগর পাইল। এবং গের্শোনের বংশ ইষাখর্ বংশের ও আশের্ বংশের ও নপ্তালি বংশের ও বাশনস্থ মিনশির অর্দ্ধ বংশের অধিকারহইতে বি- ৭ ভাগানুসারে † ত্রয়োদশ নগর পাইল। এবং মিরারি বংশ আপন২ পরিজনানুসারে রূবেন্ বংশের ও গাদ্ বংশের ও সিবূলূন্ বংশের অধিকারহইতে দ্বাদশ ৮ নগর পাইল। এই রূপে ইস্রায়েল্ বংশ মূসার প্রতি পরমেশ্বরের আজ্ঞানুসারে গ্রামের সহিত এই সকল নগর বিভাগ করিয়া লেবি বংশকে দিল।

৯ আর তাহারা যিহূদা বংশের ও শিমিয়োন্ বংশের ১০ অধিকার হইতে এই বক্ষ্যমাণ নগর দিল। এবং সে সকল লেবি বংশ কিহাতীয় বংশজাত হারোণের ১১ সন্তানদের ছিল; তাহাদের প্রথমাংশ ছিল। তাহাতে তাহারা অনাকের পিতা অর্ব্বের নগর অর্থাৎ যিহূদা পর্ব্বতস্থ হিব্রোণ্ নগর ও তাহার চতুর্দ্দিকস্থ গ্রাম তাহা- ১২ দিগকে দিল। কিন্তু তাহারা ঐ নগরের ক্ষেত্র ও তাহার গ্রাম অধিকার করিতে যিফুন্নির পুত্র কালেবকে দিল।

১৩ আর তাহারা নরহত্যাকারির আশ্রয়নগরার্থে হারোণ্ যাজকের বংশকে গ্রামের সহিত হিব্রোণ্ দিল, ১৪ এবং গ্রামের সহিত লিব্না,ও গ্রামের সহিত যত্তীর, ও ১৫ গ্রামের সহিত ইষ্টিমোয়, এবং গ্রামের সহিত হো- ১৬ লোন্, ও গ্রামের সহিত দিবীর্,ও গ্রামের সহিত ঐন্, ও গ্রামের সহিত যুটা, ও গ্রামের সহিত বৈৎশেমশ্, এই দুই বংশের অধিকারহইতে এই নব নগর দিল। ১৭ এবং বিন্যামীন্ বংশের অধিকারহইতে গ্রামের সহিত গিবি- ১৮ য়োন্, ও গ্রামের সহিত গেবা, এবং গ্রামের সহিত অনাথোৎ ও গ্রামের সহিত অল্মোন্, এই চারি নগর ১৯ দিল। হারোণ্ বংশযাজকদের গ্রামযুক্ত ত্রয়োদশ নগর অধিকার হইল।

২০ আর কিহাৎ বংশ অর্থাৎ লেবীয় কিহাৎ বংশের অব- শিষ্ট বংশ ইফ্রয়িম্ বংশের অধিকারহইতে আপনা- ২১ দের অধিকার নগর পাইল। তাহাতে বধকারির আশ্র- য়নগরার্থে গ্রামের সহিত ইফ্রয়িম্ পর্ব্বতস্থ শিখিম্, ও ২২ গ্রামের সহিত গেষর; ও গ্রামের সহিত কিব্সয়িম, ও গ্রামের সহিত বৈথোরোণ্; এই চারি নগর তাহারা ২৩ তাহাদিগকে দিল। এবং দান্ বংশের অধিকারহইতে গ্রামের সহিত ইল্তিকী, ও গ্রামের সহিত গিব্বিথোন্, ২৪ ও গ্রামের সহিত অয়ালোন্, ও গ্রামের সহিত গাৎ- ২৫ রিমোন্, এই চারি নগর। এবং মিনশির অর্দ্ধবং- শের অধিকারহইতে গ্রামের সহিত তানক্, ও গ্রামের ২৬ সহিত গাৎরিমোন্, এই দুই নগর। কিহাতের অবশিষ্ট বংশের নিমিত্তে গ্রামের সহিত এই দশ নগর দিল।

২৭ পরে বধকারির আশ্রয়নগরার্থে তাহারা লেবি বংশ- জাত গের্শোনের সন্তানগণকে মিনশির অর্দ্ধ বংশের অধিকারহইতে গ্রামের সহিত বাশনস্থ গোলন্; এবং গ্রামের সহিত বীষ্টিরা, এই দুই নগর দিল। ২৮ এবং ইষাখর্ বংশের অধিকারহইতে গ্রামের সহিত ২৯ কিশিয়োন্ ও গ্রামের সহিত দাবিরৎ; ও গ্রামের সহিত যর্মূৎ ও গ্রামের সহিত ঐন্গন্নীম্; এই চারি নগর দিল।

[৭] যি ২১; ১১-১৩,২১,৩২ ।।—[৮] দ্বি ৪; ৪১-৪৪ । যি ২১; ২৭,৩৬,৩৮ ।।—[৯] প ৬ ।।

[২১ অধ্য;১] যি ১৯; ৫১ ।।—[২] গ ৩৫; ১-৮ ।।—[৪,৫] গ ২৬; ৫৭-৫৯ । যা ৬; ১৬-২০ ।।—[৪] প ৯-১৯ ।।—[৫] প ২০-২৬ ।।—[৬] প ২৭-৩৩ ।।—[৭] প ৩৪-৪০ ।।—[৮] প ২ ।।—[৯-১৯] প ৪ । ১ বং ৬; ৫৪-৬০ ।।—[১১,১২] যি ১৫; ১৩ ।।—[১৩] ২০; ৭ । ১৫; ৪২ ।।—[১৪] ১৫; ৪৮,৫০ ।।—[১৫] ১৫; ৪৯,৫১ ।।—[১৬] ১৯; ৭ । ১৫; ১০, ৫৫ ।। [১৭] ১৮; ২৪,২৫ ।।—[১৮] যির ১; ১ ।।—[২০-২৬] প ৫ । ১ বং ৬; ৬১,৬৬-৭০ ।।—[২১] যি ২০; ৭ ।।—[২৭-৩৩] প ৬ । ১ বং ৬; ৬২,৭১-৭৬ ।।—[২৭] যি ২০; ৮ ।।

* (ইব্রী) পবিত্র। † (বা) গুলিবাঁটানুসারে।

৩০ এবং আশের্ বংশের অধিকারহইতে গ্রামের সহিত ৩১ মিশিয়ল্ ও গ্রামের সহিত অব্দোন্, ও গ্রামের সহিত হিলকৎ ও গ্রামের সহিত রিহোব্; এই চারি নগর ৩২ দিল। এবং নপ্তালি বংশের অধিকারহইতে বধকারির আশ্রয়নগরার্থে গালীলস্থ গ্রামের সহিত কেদশ্ দিল, এবং গ্রামের সহিত হম্মোৎদোর, ও গ্রামের ৩৩ সহিত কর্তন্, এই তিন নগর দিল। আপন ২ পরিজনানুসারে গের্শোন্ বংশ গ্রামের সহিত এই ত্রয়োদশ নগর পাইল।

৩৪ পরে মিরারি বংশকে অর্থাৎ অবশিষ্ট লেবি বংশকে সিবূলূন্ বংশের অধিকারহইতে গ্রামের সহিত ৩৫ যগ্নিয়াম্, ও গ্রামের সহিত কার্তা, এবং গ্রামের সহিত দিম্না, ও গ্রামের সহিত নহলোল্, এই চারি নগর; ৩৬ এবং রূবেন্ বংশের অধিকারহইতে গ্রামের সহিত ৩৭ বেৎসর্ ও গ্রামের সহিত যহস্, এবং গ্রামের সহিত কিদেমোৎ, ও গ্রামের সহিত মেফাৎ, এই চারি ৩৮ নগর; এবং গাদ্ বংশের অধিকারহইতে বধকারির আশ্রয় নগরার্থে গ্রামের সহিত গিলিয়দস্থ রামোৎ ৩৯ দিল, এবং গ্রামের সহিত মহনয়িম্, ও গ্রামের সহিত হিষ্বোন্, ও গ্রামের সহিত যাসের; এই ৪০ চারি নগর দিল। এই রূপে লেবি বংশের অবশিষ্ট মিরারি বংশ আপন ২ পরিজনানুসারে বিভা- ৪১ গানুক্রমে এই দ্বাদশ নগর পাইল। ইস্রায়েল বংশের অধিকারের মধ্যে লেবি বংশের গ্রামের সহিত ৪২ আটচল্লিশ নগর হইল। সেই সকল নগরের প্রত্যেক নগরের চতুর্দ্দিগে গ্রাম ছিল।

৪৩ পরমেশ্বর ইস্রায়েল্ বংশের পূর্ব্বপুরুষদের কাছে যে ২ দেশ বিষয়ে দিব্য করিয়াছিলেন, সেই সমস্ত দেশ তিনি তাহাদিগকে দিলেন, এবং তাহারা অধি- ৪৪ কার করিয়া সেই সমস্ত দেশে বাস করিল। পরমেশ্বর তাহাদের পূর্ব্বপুরুষদের কাছে আপন দিব্যানুসারে চতুর্দ্দিগে তাহাদিগকে বিশ্রাম দিলেন; তাহাদের শত্রুগণের মধ্যে কেহ তাহাদের সম্মুখে দাঁড়াইতে পারিল না; পরমেশ্বর তাহাদের সমস্ত শত্রুগণকে ৪৫ তাহাদের হস্তগত করিলেন। পরমেশ্বর ইস্রায়েল্ বংশের প্রতি যে ২ মঙ্গল করিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন, তদ্বিষয়ে কিছু ত্রুটি হইল না; সকলি সম্পূর্ণ হইল।

২২ অধ্যায়।

১ আশীর্ব্বাদ প্রাপ্ত আড়াই বংশের ওপারে গমনের কথা, ৯ ও যর্দ্দনের তীরে বেদি নির্ম্মাণ করণ, ১১ ও বেদির কথা শুনিয়া অসন্তুষ্ট হইয়া ইস্রায়েল্ লোকদের দূতগণকে প্রেরণ করণ, ২১ ও দূতগণের প্রতি তাহাদের উত্তর, ৩০ ও তাহাদের প্রতি পীনিহসের কথা, ৩২ ও তাহাদের উত্তরের কথা শুনিয়া ইস্রায়েল্ বংশের সন্তুষ্ট হওন।

১ পরে যিহোশূয় রূবেন্ বংশকে ও গাদ্ বংশকে ও ২ মিনশির অর্দ্ধ বংশকে ডাকিয়া কহিল; পরমেশ্বরের সেবক মূসা তোমাদিগকে যে ২ আজ্ঞা দিয়াছিল, তাহা তোমরা পালন করিলা, এবং আমি তোমাদিগকে যে ২ আজ্ঞা দিলাম, তোমরা তাহাতেও মনোযোগ ৩ করিলা। বহুদিনাবধি অদ্য পর্য্যন্ত তোমরা আপন ২ ভ্রাতৃগণকে ত্যাগ না করিয়া আপন প্রভু পরমেশ্বরের ৪ আজ্ঞা পালন করিলা। এবং তোমাদের প্রভু পরমেশ্বর আপন প্রতিজ্ঞানুসারে তোমাদের ভ্রাতৃগণকে বিশ্রাম দিলেন; অতএব এখন তোমরা আপন ২ বাসস্থানে* অর্থাৎ পরমেশ্বরের সেবক মূসার দত্ত আপনাদের ৫ অধিকার দেশে যর্দ্দনের ওপারে ফিরিয়া যাও। এবং পরমেশ্বরের সেবক মূসা তোমাদের প্রভু পরমেশ্বরেতে প্রেম করণ ও তাঁহার সমস্ত পথে গমন ও আজ্ঞা পালন ও তাঁহাতে আসক্ত হওন এবং সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণের সহিত তাঁহার সেবা, এই সকল করিতে তোমাদিগকে আজ্ঞা ও ব্যবস্থা দিল; এখন যত্ন পূর্ব্বক ৬ তাহাতে মনোযোগ কর। পরে যিহোশূয় তাহাদিগকে আশীর্ব্বাদ করিয়া বিদায় করিল, তাহাতে তাহারা ৭ আপন ২ বাসস্থানে* গেল। মূসা মিনশির অর্দ্ধ বংশকে বাশনে অধিকার দিয়াছিল, এবং যিহোশূয় অন্য অর্দ্ধ বংশকে যর্দ্দনের এপারে পশ্চিম দিগে আপন ভ্রাতৃগণের মধ্যে অধিকার দিয়াছিল; পরে আপন ২ বাসস্থানে* তাহাদিগকে বিদায় করণ সময়ে যিহোশূয় তাহাদিগকে আশীর্ব্বাদ করিয়া কহিল; ৮ তোমরা প্রচুর ধন ও পশু ও রূপ্য ও স্বর্ণ ও পিত্তল ও লৌহ ও বস্ত্রাদি সঙ্গে লইয়া আপন ২ বাসস্থানে* ফিরিয়া যাও; তোমরা আপন ২ ভ্রাতাদের নিকটহইতে লুট অংশ করিয়া লও।

৯ তাহাতে রূবেন্ বংশ ও গাদ্ বংশ ও মিনশির অর্দ্ধ বংশ ফিরিয়া গেল, অর্থাৎ মূসার প্রতি পরমেশ্বরের বাক্যানুসারে অধিকৃত আপন ২ অধিকার গলিয়দ্ দেশে গমনার্থে কিনান্দেশস্থ শীলো ত্যাগ করিয়া ইস্রায়েল্ বংশের নিকটহইতে প্রস্থান করিল। ১০ পরে রূবেন্ বংশ ও গাদ্ বংশ ও মিনশির অর্দ্ধবংশ কিনান্ দেশস্থ যর্দ্দনের নিকটে উপস্থিত হইলে তাহারা সেই স্থানে দেখিতে বৃহৎ, এমত এক বেদি যর্দ্দনের নিকটে নির্ম্মাণ করিল।

১১ অপর দেখ, রূবেন্ বংশ ও গাদ্ বংশ ও মিনশির অর্দ্ধ বংশ কিনান্ দেশের সম্মুখে যর্দ্দনের নিকটে

[৩২] যি ২০; ৭॥—[৩৪-৪০] প ৭। ১ বং ৬; ৬৩,৭৭-৮১॥—[৩৬] যি ২০; ৮॥—[৩৮] ২০; ৮॥—[৪১] গ ৩৫; ৬,৭॥ [৪২] গ ৩৫; ২-৫॥—[৪৩-৪৫] যি ১১; ২৩॥—[৪৪] ১; ৫,৬॥
[২২ অধ্য; ২-৪] যি ১; ১২-১৮। গ ৩২; ২০-৩২। দ্বি ৩; ১৮-২০॥—[৪] যি ১২; ১-৬॥—[৫] দ্বি ৮; ৬-২০॥—[৭] যি ১৭; ৫,৬॥—[৯] প ৪॥—[১১] দ্বি ১২; ১৩,১৪॥

ইস্রায়েল্ বংশের পার হওন স্থানে বেদি নির্ম্মাণ করি-
১২ য়াছে; এই কথা ইস্রায়েল্ বংশ শুনিতে পাইল। ইস্রা-
য়েল্ বংশ ইহা শুনিলে তাহাদের প্রতিকূলে যুদ্ধে গম-
নার্থে ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলী শীলোতে একত্র
১৩ হইল। এবং রুবেন্ বংশের ও গাদ্ বংশের ও মিন-
শির অর্দ্ধ বংশের নিকটে ইলিয়াসর্ যাজকের পুত্র
১৪ পীনিহস্কে, এবং ইস্রায়েলের সমস্ত বংশের প্রত্যেক
গোষ্ঠীহইতে এক২ জন, এই রূপ দশ অধ্যক্ষকে গিলি-
য়দ্ দেশে প্রেরণ করিল; ঐ অধ্যক্ষগণ সহস্র ২ লোক
যুক্ত ইস্রায়েল্ বংশের মধ্যে প্রত্যেকে আপন ২ পিতৃ-
১৫ বংশের প্রধান ছিল। পরে তাহারা গিলিয়দ্ দেশে
রুবেন্ বংশের ও গাদ্ বংশের ও মিনশির অর্দ্ধ বং-
শের নিকটে আসিয়া তাহাদিগকে এই কথা কহিল;
১৬ পরমেশ্বরের তাবৎ মণ্ডলী এই কথা কহে, অদ্য তোমরা
পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিয়া আপনাদের জন্যে
এক যজ্ঞবেদি নির্ম্মাণ করিয়া পরমেশ্বরের অনুগতি-
হইতে পরাবৃত্ত হইয়া ইস্রায়েলের ঈশ্বরের আজ্ঞা
১৭ লঙ্ঘন করিয়া কেন দোষ করিলা? পরমেশ্বরের মণ্ডলীর
মধ্যে পিয়োর্ বিষয়ক পাপেতে মহামারী হইলে সে
পাপহইতে আমরা অদ্য পর্য্যন্ত পরিষ্কৃত হই নাই;
১৮ সে পাপ কি প্রচুর নহে? তোমরা অদ্য কি পর-
মেশ্বরের অনুগতিহইতে পরাবৃত্ত হইতে চাহ? তোমরা
অদ্য পরমেশ্বরের প্রতিকূলে আজ্ঞা লঙ্ঘন করিলে
কল্য তিনি ইস্রায়েল্ বংশের তাবৎ মণ্ডলীর প্রতি ক্রুদ্ধ
১৯ হইবেন। কিন্তু তোমাদের অধিকারদেশ যদি অশুচি
হয়, তবে পার হইয়া পরমেশ্বরের আবাসবিশিষ্ট
পরমেশ্বরের এই অধিকারদেশে আসিয়া আমাদের
মধ্যে অধিকার গ্রহণ কর; কিন্তু আমাদের প্রভু পর-
মেশ্বরের যজ্ঞবেদি ভিন্ন আপনাদের জন্যে অন্য যজ্ঞ-
বেদি নির্ম্মাণ করিয়া পরমেশ্বরের প্রতিকূলে ও আমা-
২০ দের প্রতিকূলে আজ্ঞা লঙ্ঘন করিও না। শাপগ্রস্ত বস্তু
বিষয়ে সেরহের পুত্র আখন্ আজ্ঞা লঙ্ঘন করিলে
কি ইস্রায়েলের তাবৎ মণ্ডলীর প্রতি ঈশ্বরের ক্রোধ
উপস্থিত হইল না? একারণ সে লোক আপন পাপেতে
কেবল একাকী বিনষ্ট হইল না।

২১ তাহাতে রুবেন্ বংশ ও গাদ্ বংশ ও মিনশির অর্দ্ধ
বংশ ইস্রায়েল্ বংশের সহস্র ২ সেনার অধ্যক্ষগণকে
২২ উত্তর করিল; প্রভুদের প্রভু পরমেশ্বর, প্রভুদের প্রভু
পরমেশ্বরই তাহা জানেন, এবং ইস্রায়েল্ বংশও
তাহা জানিবে; যদি অপরাধের* ও ঈশ্বরের আজ্ঞা
লঙ্ঘনের আশয়ে তাহা করিয়া থাকি, তবে অদ্য আ-
২৩ মাদিগকে ক্ষমা করিও না। আমরা যদি পরমেশ্বরের
পশ্চাদ্গমনহইতে পরাবৃত্ত হওনার্থে, কিম্বা তাহার
উপরে হোম ও নৈবেদ্য ও মঙ্গলার্থক উপহার উৎসর্গ
করণার্থে আপনাদের জন্যে যজ্ঞবেদি নির্ম্মাণ করিয়া
থাকি; কিম্বা ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের সহিত তো- ২৪
মাদের সম্পর্ক কি? ভাবিকালে এই কথা পাছে তোমা-
দের বংশ আমাদের বংশকে কহে, এই সঙ্গত ভয়
প্রযুক্ত যদি না করিয়া থাকি, তবে ঈশ্বর স্বয়ংই তাহার
প্রতিফল দিউন। আর হে রুবেন্ বংশ,ও হে গাদ্ বংশ, ২৫
তোমাদের ও আমাদের উভয়ের মধ্যে পরমেশ্বর যর্দ্দন
নদীকে সীমা করিয়াছেন, অতএব পরমেশ্বরেতে তো-
মাদের কোন অংশ নাই, এই কথা কহিয়া পাছে
তোমাদের বংশ আমাদের বংশকে পরমেশ্বরের
বিষয়ে ভয় করণ ত্যাগ করায়; এই জন্যে আমরা ২৬
কহিলাম, এইক্ষণে আমরা এক বেদি নির্ম্মাণ করিতে
উদ্যোগ করি, হোম কিম্বা বলিদানার্থে করিব, তাহা
নয়। কিন্তু আমরা হোম ও বলি ও মঙ্গলার্থক উপহার- ২৭
দ্বারা যে পরমেশ্বরের সাক্ষাতে তাঁহার সেবা করি,
ভাবিকালে পাছে তোমাদের বংশ আমাদের বংশকে
কহে, সেই পরমেশ্বরেতে তোমাদের অংশ নাই, এই
নিমিত্তে তাহা তোমাদের আমাদের ও আমাদের পরে
আমাদের বংশের মধ্যে যেন সাক্ষী হয়। আর আ- ২৮
মরা কহিলাম, তাহারা যদি ভবিষ্যৎকালে আমাদিগকে
কিম্বা আমাদের বংশকে এই কথা কহে, তবে আমা-
দের পূর্ব্বপুরুষেরা হোম কিম্বা বলিদানার্থে যে যজ্ঞবেদি
নির্ম্মাণ করিল না,তাহার আদর্শের প্রতি চাহিয়া দেখ,
তাহা তোমাদের ও আমাদের মধ্যে সাক্ষী আছে, এই
কথা আমরা কহিতে পারিব। আমরা যে আপনাদের ২৯
প্রভু পরমেশ্বরের আবাসের সম্মুখস্থিত তাঁহার যজ্ঞবেদি
ব্যতিরেক হোম কিম্বা নৈবেদ্য কিম্বা বলিদানার্থে অন্য
যজ্ঞবেদি নির্ম্মাণ করিয়া পরমেশ্বরের প্রতিকূলে আজ্ঞা
লঙ্ঘন করিয়া পরমেশ্বরের পশ্চাদ্গমনহইতে অদ্য
পরাবৃত্ত হই, এমন না হউক।

তখন পীনিহস্ যাজক ও তাহার সহবর্ত্তি মণ্ডলীর ৩০
অধ্যক্ষগণ ও ইস্রায়েল্ বংশের সহস্র সেনার অধ্য-
ক্ষগণ রুবেন্ বংশের ও গাদ্ বংশের ও মিনশির
অর্দ্ধ বংশের এমত উক্ত কথা শুনিয়া সন্তুষ্ট হইল†।
ইলিয়াসর যাজকের পুত্র পীনিহস্ রুবেন্ বংশকে ও ৩১
গাদ্ বংশকে ও মিনশির অর্দ্ধ বংশকে কহিল, তোমরা
পরমেশ্বরের প্রতিকূলে অপরাধ কর নাই, তাহাতে
পরমেশ্বর আমাদের মধ্যে আছেন, ইহা আমরা জানি-
লাম, এবং তোমরা এখন ইস্রায়েল্ বংশকে পরমে-
শ্বরের হস্তহইতে উদ্ধার করিলা।

---

[১২] বি ২০; ১,২ ॥—[১৩] গ ২৫; ৭॥—[১৩,১৪] বি ২০; ১২,১৩। হি ১৮; ১০। দ্বি ১৩; ১৩॥—[১৬] দ্বি ১২; ১৩,১৪ ॥—[১৭] গ ২৫; ১-৫,৯ ॥—[১৮] গ ১৬; ২২॥—[২০] যি ৭; ১,৫,২৪,২৫ ॥—[২২] দ্বি ১০; ১৭। গী ১৩৯; ১-৫। যো ২১; ১৭॥—[২৩] প ২১। দ্বি ১২; ১৩,১৪॥—[২৫] দ্বি ১২; ১০॥—[২৬] প ২৩॥—[২৭] দ্বি ১২; ১০,১১ ॥ [২৯] দ্বি ১২; ১৩,১৪ ॥—[৩১] লে ২৬; ১১,১২। গী ১৩৩; ১-৩ ॥

* (ইব্রু) কল। † (ইব্রু) সে তাহাদের দৃষ্টিতে উত্তম ছিল।

৩২ পরে ইলিয়াসর্ যাজকের পুত্র পীনিহস্ ও অধ্যক্ষগণ রূবেন্ বংশের ও গাদ্ বংশের নিকটে গিলিয়দ্ দেশহইতে কিনান্ দেশে প্রত্যাগমন করিয়া ইস্রায়েল্ ৩৩ বংশকে তাহাদের উত্তরের সমাচার দিল। তাহাতে ইস্রায়েল্ বংশ ঐ বিষয়েতে সন্তুষ্ট হইল; এবং ইস্রায়েল্ বংশ ঈশ্বরের ধন্যবাদ করিয়া রূবেন্ বংশ ও গাদ্ বংশের নিবাস দেশ বিনাশার্থে যুদ্ধে গমনের বিষয়ে ৩৪ আর কিছু কহিল না। পরে রূবেন্ বংশ ও গাদ্ বংশ সেই বেদির নাম এদ(সাক্ষি)রাখিল,কেননা পরমেশ্বরই প্রভু হন, সে আমাদের মধ্যে ইহার সাক্ষী হইবে।

২৩ অধ্যায়।

১ মরণের পূর্ব্বে ইস্রায়েলের তাবৎ বংশের প্রতি যিহোশূয়ের কথা।

১ এই রূপে পরমেশ্বর ইস্রায়েল্ বংশকে তাহাদের চতুর্দ্দিকস্থিত সমস্ত শত্রুহইতে বিশ্রাম দিলে বহুকালের পর ২ যিহোশূয় বহুবয়স্ক বৃদ্ধ হইয়া তাবৎ ইস্রায়েল্ বংশকে অর্থাৎ তাহাদের প্রাচীনগণকে ও অধ্যক্ষগণকে ও বিচারকর্ত্তৃগণকে ও সেনাপতিদিগকে ডাকাইয়া কহিল, ৩ আমি বহু বয়স্ক বৃদ্ধ হইলাম। তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সাক্ষাতে এই সকল জাতিদের বিষয়ে যে ২ কর্ম্ম করিয়াছেন,তাহা তোমরা চাক্ষুষ দেখিয়াছ; তোমাদের প্রভু পরমেশ্বর আপনি তোমাদের পক্ষ ৪ হইয়া যুদ্ধ করিয়াছেন। দেখ, যর্দ্দন অবধি পশ্চিমদিগে * মহাসমুদ্র পর্য্যন্ত যে সমস্ত জাতিদিগকে আমি উচ্ছিন্ন করিলাম,এবং যে সমস্ত জাতি অবশিষ্ট আছে, তাহাদের দেশকে আমি তোমাদের বংশানুসারে ৫ গুলিবাঁটদ্বারা বিভাগ করিলাম। এবং তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সম্মুখহইতে তাহাদিগকে বাহির করিয়া তোমাদের দৃষ্টি গোচরহইতে দূর করিবেন, এবং তোমরা আপনাদের প্রভু পরমেশ্বরের বাক্যানু৬ সারে তাহাদের দেশ অধিকার করিবা। অতএব তোমরা মূসার ব্যবস্থাগ্রন্থে লিখিত তাবৎ বাক্য পালন করিতে সাহসী হও; তাহার দক্ষিণে কিম্বা বামে ফিরিও ৭ না। এবং এই দেশস্থদের যে অবশিষ্ট জাতি তোমাদের মধ্যে বাস করে, তাহাদের মধ্যে গতায়াত করিও না, ও তাহাদের দেবতাদের নাম লইও না, ও তাহাদের নামে দিব্য করিও না, ও তাহাদের সেবা করিও না, ৮ ও তাহাদিগকে প্রণাম করিও না। কিন্তু তোমরা অদ্য পর্য্যন্ত যেমন করিয়াছ, তদ্রূপ আপন প্রভু পরমে৯ শ্বরেতে আসক্ত থাক। কেননা † পরমেশ্বর তোমাদের সম্মুখহইতে বৃহৎ ও বলবান জাতিদিগকে দূর করিয়াছেন ‡, অদ্য পর্য্যন্ত তোমাদের সম্মুখে কেহ দাঁড়াইতে পারে না। ১০ তোমাদের এক জন অন্য সহস্র জনকে তাড়না করিয়া দূর করিবে; তোমাদের প্রভু পরমেশ্বর তোমা১১ দের প্রতি আপন প্রতিজ্ঞানুসারে যুদ্ধ করিবেন। অতএব তোমরা আপনাদের জন্যে অতি সাবধান হইয়া আপনাদের প্রভু পরমেশ্বরকে প্রেম কর। ১২ নতুবা তোমরা যদি কোন প্রকারে পরাবৃত্ত হও, ও তোমাদের মধ্য নিবাসি এই অবশিষ্ট জাতিদের সহিত মিলিত হইয়া তাহাদের সহিত তোমাদের বিবাহ দেও,ও তাহাদের নিকটে তোমাদের ও তোমাদের নিকটে তাহা১৩ দের সমাগম হয়; তবে তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সম্মুখহইতে ঐ জাতিদিগকে আর দূর করিবেন না, কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বরের দত্ত এই উত্তম দেশহইতে যাবৎ তোমরা বিনষ্ট না হও, তাবৎ তাহারা তোমাদের ফাঁদ ও জাল এবং কটির কণ্টক ও চক্ষুর কণ্টক স্বরূপ হইবে; ইহা নিশ্চয় ১৪ জ্ঞাত হও। দেখ, অদ্য আমি পৃথিবীস্থ সমস্ত লোকের পথে গমন করিতেছি, এবং প্রভু পরমেশ্বর তোমাদের বিষয়ে যে সমস্ত মঙ্গলসূচক কথা কহিয়াছেন, তাহার এক বিষয়েও ত্রুটি করিলেন না; সকলি সম্পূর্ণ করিলেন, কিছুমাত্র ত্রুটি হইল না, ইহা তোমরা সমস্ত অন্তঃ১৫ করণে ও সমস্ত বুদ্ধিতে জ্ঞাত আছ। যে সময়ে তোমরা আপন প্রভু পরমেশ্বরের আজ্ঞাপিত নিয়ম লঙ্ঘন করিবা, ও যাইয়া অন্য দেবগণের সেবা করিবা ও তাহাদিগকে প্রণাম করিবা, তৎকালে তোমাদের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইবে, এবং তাঁহার দত্ত এই ১৬ উত্তম দেশহইতে তোমরা ত্বরায় বিনষ্ট হইবা। তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের যে সকল মঙ্গলদায়ক কথা কহিয়াছিলেন, তাহা যেমন তোমাদের প্রতি সিদ্ধ হইল, সেই রূপ তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের প্রতি আপন দত্ত এই উত্তম দেশহইতে যাবৎ তোমাদিগকে বিনষ্ট না করেন, তাবৎ তোমাদের প্রতি আপনার উক্ত সমস্ত অমঙ্গল আনিবেন।

২৪ অধ্যায়।

১ তাবৎ ইস্রায়েল্ বংশকে যিহোশূয়ের একত্র করণ, ২ ও সংক্ষেপে তাহাদের পূর্ব্বপুরুষদের ইতিহাস কথন, ১৪ ও তাহাদের সঙ্গে নিয়ম স্থির করণ, ২৬ ও নিয়মের সাক্ষী এক প্রস্তর স্থাপন করণ, ২৯ ও যিহোশূয়ের মৃত্যু, ৩২ ও যূষফের অস্থির কবর দেওন ও ইলিয়াসরের মৃত্যু।

---

[৩২] প ১৩,১৪॥—[৩৪] যি ২৪; ২৭॥

[২৩ অধ্য; ১] যি ২১; ৪৪। ১৩; ১। ১৪; ১০। ২৪; ২৯॥—[২] ২৪; ১ ॥—[৩] দ্বি ৩১; ৩-৬॥—[৪] যি ১৩; ৭। ১৪; ১। ১৮; ১০॥—[৫] দ্বি ৩১; ৩-৬॥—[৬] যি ১; ৭-৯॥—[৭] যা ২৩; ১৩। ৩৪; ১১-১৭। গ ৩৩; ৫০-৫৩। দ্বি ৭; ১-৫॥—[৮] দ্বি ১০; ২০॥—[৯] দ্বি ৭; ১৭-২১। যি ১; ৫॥—[১০] লে ২৬; ৭, ৮। দ্বি ৩২; ৩০ ॥—[১১] যি ২২; ৫॥—[১২,১৩] যা ২৩; ৩৩। ৩৪; ১১-১৭। গ ৩৩; ৫৫, ৫৬। দ্বি ৭; ১-৫,১৬॥—[১৪] ১ রা ২; ১,২। যি ২১; ৪৫॥ [১৫] লে ২৬; ১৪-১৬। দ্বি ২৮; ৬৩॥—[১৬] দ্বি ৪; ২৩-২৬। ৩০; ১৭,১৮॥

* (ইব্রী) সূর্য্যাস্ত। † (বা) তবে। ‡ (বা) করিবেন।

১ পরে যিহোশূয় ইস্রায়েলের সমস্ত বংশকে শিখিমে একত্র করিতে তাহাদের প্রাচীনগণকে ও অধ্যক্ষগণকে ও বিচারকর্ত্তৃগণকে ও সেনাপতিগণকে ডাকাইল; তাহাতে তাহারা ঈশ্বরের সাক্ষাতে উপস্থিত হইল।

২ তখন যিহোশূয় সকল লোককে কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমাদের পূর্ব্বপুরুষেরা অর্থাৎ ইব্রাহীমের ও নাহোরের পিতা তেরহ পূর্ব্বে ফরাৎ নদীর ওপারে বাস করিয়া অন্য দেবগ- ৩ ণের সেবা করিয়াছিল। তাহাতে আমি তোমাদের পূর্ব্বপুরুষ ইব্রাহীম্‌কে সেই নদীর ওপারহইতে লইয়া কিনান্ দেশের সর্ব্বত্র ভ্রমণ করাইলাম, এবং তাহাকে ৪ বহুপ্রজ করণার্থে ইস্‌হাক পুত্রকে দিলাম। পরে ইস্‌হাক্‌কে যাকুব্ ও এষৌকে দিলাম, ও এষৌর অধিকারার্থে তাহাকে সেয়ীর্ পর্ব্বত দিলাম, কিন্তু যাকুব্ ও ৫ তাহার বংশ মিসর্‌দেশে গেল। পরে আমি মূসাকে ও হারোণ্‌কে প্রেরণ করিলাম, এবং মিস্রীয়দের মধ্যে যে কার্য্য করিলাম, তদ্দ্বারা তাহাদিগকে ক্লেশ দিলাম; পরে আমি তোমাদিগকে বাহির করিয়া আনিলাম। ৬ তাহাতে আমি মিসর্‌হইতে তোমাদের পিতৃলোকদিগকে বাহির করিলে তোমরা সমুদ্রে উপস্থিত হইলা; পরে মিস্রীয় লোক রথ ও অশ্বারূঢ় সৈন্য লইয়া সূফ্‌সমুদ্র পর্য্যন্ত তোমাদের পিতৃলোকদের পশ্চাৎ তাড়না করিয়া ৭ আইল। তাহাতে তাহারা পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিলে তিনি মিস্রীয়দের ও তোমাদের মধ্যে অন্ধকার স্থাপন করিলেন, ও সমুদ্রেতে তাহাদিগকে আচ্ছন্ন করিলেন; আমি মিস্রীয়দের প্রতি যে কর্ম্ম করিয়াছি, তাহা তোমরা চাক্ষুষ দেখিয়াছ; পরে তোমরা বহুকাল ৮ প্রান্তরে বাস করিলা। তাহার পর যর্দ্দনের ওপার নিবাসি ইমোরীয়দের দেশে আমি তোমাদিগকে আনিলে তাহারা তোমাদের সহিত যুদ্ধ করিল; তাহাতে তোমরা যেন তাহাদের দেশ অধিকার কর, এই জন্যে আমি তোমাদের হস্তে তাহাদিগকে সমর্পণ করিলাম, ও তোমাদের সাক্ষাতে তাহাদিগকে সংহার করিলাম। ৯ পরে মোয়াবের রাজা সিপ্পোরের পুত্র বালাক্ উঠিয়া ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করিল, এবং লোক পাঠাইয়া তোমাদিগকে শাপগ্রস্ত করিতে বিয়োরের পুত্র ১০ বিলিয়ম্‌কে ডাকাইল। কিন্তু আমি বিলিয়মের কথাতে মনোযোগ করিতে অসম্মত হইলে সে তোমাদিগকে আশীর্ব্বাদ করিল, এই রূপে আমি তাহার হস্তহইতে ১১ তোমাদিগকে মুক্ত করিলাম। পরে তোমরা যর্দ্দন্ নদী পার হইয়া যিরীহোতে উপস্থিত হইলে যিরীহোর লোকেরা এবং ইমোরীয় ও পিরিষীয় ও কিনানীয় ও হিত্তীয় ও গির্গাশীয় ও হিব্বীয় ও যিবূষীয় লোকেরা তোমাদের প্রতিকূলে যুদ্ধ করিল; তাহাতে আমি তোমাদের হস্তে তাহাদিগকে সমর্পণ করিলাম। ১২ এবং তাহাদিগকে অর্থাৎ ইমোরীয়দের দুই রাজাকে তোমাদের সম্মুখহইতে তাড়না করিতে বাহিরকারি ভিমরুলগণকে তোমাদের অগ্রে ২ প্রেরণ করিলাম, কিন্তু তাহারা তোমাদের খড়্গে ও ধনুতে জিত হইল না। ১৩ এবং তোমরা যাহার কারণ শ্রম কর নাই, এমত এক দেশ, ও যাহার পত্তন কর নাই, এমত নগর আমি তোমাদিগকে দিলাম, তোমরা তাহাদের মধ্যে বসতি করিতেছ; এবং যে দ্রাক্ষাক্ষেত্র ও জিতবৃক্ষের ক্ষেত্র তোমরা রোপণ কর নাই, তাহার ফল ভোগ করিতেছ।

১৪ এখন তোমরা পরমেশ্বরকে ভয় কর, এবং সরল অন্তঃকরণে ও সত্যতাতে তাঁহার সেবা কর, এবং তোমাদের পূর্ব্বপুরুষেরা মহানদীর ওপারে ও মিসরে যে দেবগণের সেবা করিল, তাহাদিগকে দূর করিয়া পরমেশ্বরের সেবা কর। ১৫ যদ্যপি পরমেশ্বরের সেবা করা তোমাদের মন্দ বোধ হয়, তবে কাহার, অর্থাৎ নদীর ওপারস্থিত তোমাদের পূর্ব্বপুরুষদের সেবিত দেবগণের, কিম্বা তোমাদের নিবাসদেশীয় ইমোরীয়দের দেবগণের, কাহার সেবা করিবা, তাহাকে মনোনীত কর; কিন্তু আমি ও আমার পরিজন আমরা সকলে পরমেশ্বরের সেবা করিব। ১৬ তাহাতে লোকেরা উত্তর করিল, আমরা যে অন্য দেবগণের সেবার জন্যে পরমেশ্বরকে ত্যাগ করি, এমত না হউক। ১৭ কেননা যে পরমেশ্বর আমাদিগকে ও আমাদের পিতৃলোকদিগকে মিসররূপ দাসত্বাগারহইতে আনিলেন, ও আমাদের দৃষ্টিগোচরে মহাচিহ্ন প্রকাশ করিলেন, এবং আমাদের গন্তব্য সমস্ত পথে ও যে ২ লোকদের মধ্য দিয়া গেলাম, তাহাদের মধ্যে আমাদিগকে রক্ষা করিলেন, তিনি আমাদের প্রভু পরমেশ্বর। ১৮ পরমেশ্বর সমস্ত লোকদিগকে অর্থাৎ দেশনিবাসি ইমোরীয়দিগকে আমাদের সম্মুখহইতে দূর করিলেন, অতএব আমরাও পরমেশ্বরের সেবা করিব; তিনিই আমাদের প্রভু। ১৯ তাহাতে যিহোশূয় লোকদিগকে কহিল, বুঝি তোমরা পরমেশ্বরের সেবা করিতে পারিবা না, কেননা তিনি ধর্ম্মস্বরূপ ঈশ্বর ও পাপে ক্রোধকারি ঈশ্বর; তিনি তোমাদের আজ্ঞালঙ্ঘন ও পাপ ক্ষমা করিবেন না। ২০ তোমরা যদি

[২৪ অধ্যা; ১] যি ২১; ২১ । ২৩; ২ ॥—[২] আ ১১; ২৮, ৩১ । ৩১; ৩০-৩৫ ॥—[৩] আ ১২; ১, ৪ । ২১; ১, ২ ॥ [৪] আ ২৫; ২০-২৬ । ৩৬; ৬-৮ । ৪৬; ১-৭ ॥—[৫] যা ৪; ১১-১৭ । ১২; ২৯-৪১ ॥—[৬] যা ১৪; ১-৯ ॥—[৭] যা ১৪; ১০-৩১ ॥—[৮] গ ২১; ২১-৩৫ ॥—[৯] গ ২২; ১-৭ ॥—[১০] গ ২৩; ১৮-২৪ । ২৪; ১০-১৪ ॥—[১১] যি ৪; ১৯ । ৬; ২, ২১ । ৯; ১ । ১০; ৫, ১০ । ১১; ১-৮ ॥—[১২] যা ২৩; ২৮ । দ্বি ৭; ২০ । গী ৪৪; ৩ ॥—[১৩] দ্বি ৬; ১০, ১১ ॥—[১৪] দ্বি ৬; ১২-১৩ । আ ৩১; ৩০-৩৫ । ৩৫; ২ । আম ৫; ২৫, ২৬ ॥—[১৫] প ২, ১১ । ১ রা ১৮; ২১ । আ ১৮; ১৯ । গী ১০১; ১, ২ ॥—[১৬] দ্বি ৫; ২৭-২৯ ॥—[১৭] প ৫-৭ ॥—[১৮] প ৮-১০ ॥—[১৯] দ্বি ৫; ৬-১০ ॥—[২০] যি ২৩; ১৫, ১৬ ॥

পরমেশ্বরকে ত্যাগ করিয়া অন্য দেবগণের সেবা কর, তবে তিনি ফিরিয়া তোমাদিগকে ক্লেশ দিবেন, ও মঙ্গল করিলে পর তোমাদিগকে সংহার করিবেন। ২১ পরে লোকেরা যিহোশূয়কে কহিল, না, আমরা পরমেশ্বরের সেবা করিব। ২২ যিহোশূয় লোকদিগকে কহিল, তোমরা পরমেশ্বরের সেবা করণার্থে তাঁহাকেই মনোনীত করিয়াছ, এ বিষয়ে তোমরা আপনাদের প্রতিকূলে আপনারা সাক্ষী হইলা; তাহাতে তাহারা কহিল, হাঁ, আমরা সাক্ষী হইলাম। ২৩ পরে সে কহিল, তোমরা এখন আপনাদের মধ্যস্থিত দেবগণকে দূর কর, ও ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের উদ্দেশে আপনাদের মন প্রস্তুত কর। ২৪ পরে লোকেরা যিহোশূয়কে কহিল, আমরা আপনাদের প্রভু পরমেশ্বরের সেবা করিব, ও তাঁহার কথা মানিব। ২৫ তাহাতে যিহোশূয় সেই দিবসে লোকদের সহিত নিয়ম স্থির করিয়া শিখিমে তাহাদের জন্যে ব্যবস্থা ও বিধি স্থাপন করিল।

২৬ পরে যিহোশূয় ঐ সকল বিবরণ পরমেশ্বরের ব্যবস্থাগ্রন্থে লিখিল, এবং এক বৃহৎ প্রস্তর লইয়া পরমেশ্বরের পবিত্র আবাসের নিকটস্থিত এক অলোন বৃক্ষের নীচে স্থাপন করিল। ২৭ পরে যিহোশূয় সমস্ত লোককে কহিল, দেখ, এই প্রস্তর আমাদের প্রতি সাক্ষী হইবে; কেননা পরমেশ্বর আমাদিগকে যে ২ কথা কহিলেন, সেই সকল কথা সে শুনিল, অতএব সে তোমাদের প্রতি সাক্ষী হইবে; কি জানি তোমরা আপনাদের ঈশ্বরকে অস্বীকার করিবা। ২৮ পরে যিহোশূয় প্রত্যেক জনকে আপন ২ অধিকারে যাইতে বিদায় করিল।

২৯ ইহার পরে নূনের পুত্র পরমেশ্বরের সেবক যিহোশূয় এক শত দশ বৎসর বয়স্ক হইয়া মরিল। ৩০ তাহাতে লোকেরা ইফ্রয়িম্ পর্ব্বতেগাশ্ টীকরের উত্তরদিগস্থিত তাহার অধিকারের সীমা তিম্নৎ-সেরহে তাহার কবর দিল। ৩১ ঐ যিহোশূয়ের যাবজ্জীবনে এবং যে প্রাচীনগণ ইস্রায়েলের জন্যে পরমেশ্বরের কৃত তাবৎ কার্য্য দেখিয়া যিহোশূয়ের মরণের পরে জীবৎ * ছিল, তাহাদের যাবজ্জীবনে ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের সেবা করিল।

৩২ পরে ইস্রায়েল্ লোকেরা যে ভূমি যাকূব্ এক শত রৌপ্য মুদ্রাতে শিখিমের পিতা হমোর্ বংশের কাছে কিনিয়াছিল, তাহার মধ্যে মিসর্‌হইতে আনীত যূষফের অস্থি পুঁতিল †, এবং ঐ ভূমি ‡ যূষফ্ বংশের অধিকার হইল। ৩৩ পরে হারোণের পুত্র ইলিয়াসর্ মরিল; তাহাতে লোকেরা ইফ্রয়িম্ পর্ব্বতে তাহার পুত্র পীনিহসকে দত্ত উপপর্ব্বতে তাহাকে কবর দিল।

[২১] প ১৬ ॥—[২২] দ্বি ২৬; ১৭। ২৯; ১০-২৯ ॥—[২৪] প ১৬, ২১॥—[২৫] দ্বি ২৯; ১০-২৯ ॥—[২৬] দ্বি ৩১; ২৬॥—[২৭] যা ২২; ২৮, ৩৪॥—[২৮] বি ২; ৬॥—[২৯, ৩০] বি ২; ৮, ৯॥—[৩০] যি ১৯; ৫০॥—[৩১] প ৫-১০। বি ২; ৭॥—[৩২] আ ৫০; ২৫। ৩৩; ১৯। প্রে ৭; ১৬॥—[৩৩] গ ২০; ২৬, ২৮॥

* (ইব্রী) দীর্ঘায়ু। † (ইব্রী) কবর দিল। ‡ (ইব্রী) অস্থি।

বিচারকর্ত্তৃবিবরণ।

১ অধ্যায়।

১ যিহূদা ও শিমিয়োনের কর্ম্মের কথা ৯ ও কালেবের কন্যার কথা ১৬ ও নানা নগর জয় করণের কথা ২২ ও যূষফ্ বংশের বৈথেল্ নগর হস্তগত করণ ২৭ ও মিনশি বংশের কর্ম্মের কথা ২৯ ও ইফ্রয়িম্ বংশের কর্ম্মের কথা ৩০ ও সিবূলূন্ বংশের কর্ম্মের কথা ৩১ ও আশের্ বংশের কর্ম্মের কথা ৩৩ ও নপ্তালি বংশের কর্ম্মের কথা ৩৪ ও দান্ বংশের কর্ম্মের কথা।

১ যিহোশূয়ের মৃত্যুর পরে ইস্রায়েল্ বংশ পরমেশ্বরকে এই কথা জিজ্ঞাসা করিল, কিনানীয়দের প্রতিকূলে যুদ্ধ করণার্থে প্রথমে আমাদের কে যাইবে? ২ তাহাতে পরমেশ্বর কহিলেন, যিহূদা যাইবে; দেখ, আমি তাহার হস্তে ঐ দেশ সমর্পণ করি। ৩ পরে যিহূদা আপন ভ্রাতা শিমিয়োন্‌কে কহিল, তুমি আমার অংশে আমার সহিত আইস; আমরা কিনানীয়দের সহিত যুদ্ধ করি, এবং আমিও তোমার অংশে তোমার সহিত যাইব; তাহাতে শিমিয়োন্ তাহার সঙ্গে গেল। ৪ পরে যিহূদা যাত্রা করিলে পরমেশ্বর তাহার হস্তে কিনানীয় ও

[১ অধ্য; ১] যি ২৪; ২৯। গ ২৭; ২১। বি ২০; ১৮॥—[২] আ ৪৯; ১০। গ ২; ৯॥—[৩] প ১৭॥

পিরিষীয়দিগকে সমর্পণ করিলেন; তাহাতে তাহারা ৫ বেষকে তাহাদের দশ সহস্র লোককে বধ করিল। এবং বেষকে অদোনীবেষক্‌কে পাইয়া তাহার সহিত যুদ্ধ করিল; তাহাতে কিনানীয় ও পিরিষীয় লোকেরা হত ৬ হইল। কিন্তু অদোনীবেষক্ পলায়ন করিল; তাহাতে তাহারা তাহার পশ্চাদ্ ধাবমান হইয়া তাহাকে ধরিয়া ৭ তাহার হস্তপাদের বৃদ্ধাঙ্গুলি ছেদন করিল। তাহাতে অদোনীবেষক্ কহিল, হস্তপাদের বৃদ্ধাঙ্গুলিচ্ছিন্ন সত্তরি রাজা আমার মেজের নীচে খাদ্য সংগ্রহ করে; আমি যেমন করিলাম, ঈশ্বর আমাকে তদনুরূপ প্রতিফল দিলেন; পরে লোকেরা তাহাকে যিরূশালমে আনিলে ৮ সে সেই স্থানে মরিল। পরে যিহূদা বংশ যিরূশালমের বিরুদ্ধে যুদ্ধ করিয়া তাহা হস্তগত করিয়া খড়্গদ্বারা সকলকে আঘাত করিল এবং অগ্নিদ্বারা নগর দগ্ধ করিল।

৯ পরে যিহূদা বংশ পর্ব্বত ও দক্ষিণ দেশ ও তলভূমি নিবাসি কিনানীয়দের সহিত যুদ্ধ করিতে নামিল। ১০ এবং যিহূদা বংশ হিব্রোণ্‌বাসি কিনানীয়দের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করিয়া শেশয়্‌কে ও অহীমান্‌কে ও তল্‌ময়্‌কে বধ করিল; পূর্ব্বে ঐ হিব্রোণের নাম কিরিয়থর্ব ছিল। ১১ পরে তথাহইতে তাহারা দিবীর্ নিবাসিদের প্রতিকূলে যাত্রা করিল; পূর্ব্বে দিবীরের নাম কিরিয়ৎ-সেফর্ ছিল। ১২ পরে কালেব্ কহিল, যে কেহ কিরিয়ৎ-সেফর্‌কে হস্তগত করিবে, তাহার সহিত আমি অক্‌ষা নামে আপন ১৩ কন্যার বিবাহ দিব। অনন্তর কালেবের কনিষ্ঠ ভ্রাতা কিনসের পুত্র অৎনীয়েল্ তাহা হস্তগত করিল; তাহাতে সে তাহার সহিত অক্‌ষা নামে আপন কন্যার বি- ১৪ বাহ দিল। অপর ঐ কন্যা তাহার নিকটে আইলে সে তাহার পিতার নিকটে এক ক্ষেত্র যাচ্ঞা করিতে তাহাকে প্রবৃত্তি দিল; তাহাতে সে কন্যা আপন গর্দ্দভ হইতে নামিলে কালেব্ তাহাকে জিজ্ঞাসিল, তুমি কি ১৫ চাহ? তাহাতে সে তাহাকে কহিল, আমাকে আশীর্ব্বাদ করুণ; আপনি আমাকে দক্ষিণদিকস্থিত এক ভূমি দিয়াছেন, এখন জলের উনুই আমাকে দিউন; তাহাতে কালেব্ ঊর্দ্ধস্থ ও অধঃস্থ উনুই তাহাকে দিল।

১৬ পরে মূসার শ্বশুর কেনীয় বংশ যিহূদা বংশের সহিত তাল্‌বৃক্ষের নগরহইতে অরাদের দক্ষিণদিকস্থিত যিহূদা অরণ্যে গমন করিল; এবং সেই স্থানে ১৭ যাইয়া লোকদের মধ্যে বসতি করিল। পরে যিহূদা বংশ আপন ভ্রাতা শিমিয়োন্ বংশের সহিত গমন করিয়া সিফাৎবাসি কিনানীয়দিগকে বধ করিয়া নিঃশেষে উচ্ছিন্ন করিয়া ঐ নগরের নাম হর্মা (নিঃশেষ উচ্ছিন্নতা) রাখিল। ১৮ অপর যিহূদা অসা ও তাহার অঞ্চল, এবং অস্কিলোন্ ও তাহার অঞ্চল, এবং ইক্রোণ্ ও তাহার অঞ্চল হস্তগত করিল। ১৯ পরমেশ্বর যিহূদা বংশের সহিত ছিলেন; একারণ তাহারা পর্ব্বতনিবাসিদিগকে দূর করিয়া দিল; কিন্তু তলভূমি নিবাসিদের লৌহনির্ম্মিত রথ প্রযুক্ত তাহাদিগকে দূর করিতে পারিল না। ২০ পরে তাহারা মূসার আজ্ঞানুসারে কালেবকে হিব্রোণ্ দিল, এবং সে তথাহইতে অনাকের তিন পুত্রকে দূর করিল। ২১ কিন্তু বিন্‌য়ামীন্ বংশ যিরূশালম্ নিবাসি যিবূষীয়দিগকে দূর করিল না, তাহাতে যিবূষীয় লোক অদ্যাবধি যিরূশালমে বিন্‌য়ামীন্ বংশের সহিত বাস করিতেছে।

২২ পরে যূষফের বংশ বৈথেলের প্রতিকূলে যাত্রা করিল; তাহাতে পরমেশ্বর তাহাদের সহিত ছিলেন। ২৩ পরে যূষফ্ বংশ বৈথেল্ অনুসন্ধান করিতে লোক প্রেরণ করিল; পূর্ব্বে ঐ বৈথেলের নাম লূস্ ছিল। ২৪ তাহাতে চরগণ ঐ নগরহইতে নির্গত এক জনকে দেখিয়া তাহাকে কহিল, আমরা বিনয় করি, ঐ নগরে প্রবেশের পথ আমাদিগকে দেখাও; তাহাতে আমরা তোমার প্রতি অনুগ্রহ করিব। ২৫ তাহাতে সে তাহাদিগকে নগরে প্রবেশের পথ দেখাইলে তাহারা খড়্গের ধারেতে সেই নগরে আঘাত করিল, কিন্তু ঐ মনুষ্যকে সপরিবারে বাঁচাইল। ২৬ পরে ঐ মনুষ্য হিত্তীয়দের দেশে যাইয়া এক নগর পত্তন করিয়া তাহার নাম লূস্ রাখিল; তাহা অদ্য পর্য্যন্ত সেই নামে বিখ্যাত আছে।

২৭ আর মিনশির বংশ গ্রামের সহিত সমস্ত বৈৎশান্, ও গ্রামের সহিত সমস্ত তানক্, ও গ্রামের সহিত সমস্ত দোর, * ও গ্রামের সহিত সমস্ত যিব্লিয়ম্, ও গ্রামের সহিত মগিদ্দো †; এই সকল স্থানের লোকদিগকে দূর করিল না, কিনানীয়েরা সেই দেশে বাস করিতে সম্মত ২৮ হইল। পরে ইস্রায়েল্ বংশ বলবান হইলে কিনানীয়দিগকে নিঃশেষে দূর না করিয়া করাধীন করিল।

২৯ আর ইফ্রয়িম্ বংশ গেষর্ নিবাসি কিনানীয়দিগকে দূর করিল না; তাহাতে কিনানীয়েরা গেষরে তাহাদের মধ্যে বাস করিল।

৩০ এবং সিবূলূন্ বংশ কিট্‌রোণ্ ও নহলোল্ নিবাসিদিগকে দূর করিল না; তাহাতে কিনানীয়েরা কর দিয়া তাহাদের মধ্যে বাস করিল।

৩১ আর আশের্ বংশ অক্কো ও সীদোন্ ও অহলব্ ও অক্‌যীব্ ও হিল্‌বা ও অফীক্ ও রিহোব্ নিবাসি-

[৮] প ২১। যি ১৫; ৬৩॥—[১০-১৫] যি ১৫; ১৩-১৯। ১৪; ৬-১৫॥—[১৬] গ ১০; ২৯-৩২। বি ৪; ১১। দ্বি ৩৪; ৩॥ [১৬,১৭] গ ২১; ১-৩॥—[১৭] প ৩। যি ১৯; ৪॥—[১৮] যি ১৫; ৪৬,৪৭॥—[১৯] প ২॥—[২০] প ৯,১০। যি ১৪; ৬-১৫॥—[২১] প ৮। যি ১৫; ৬৩। বি ২; ১-৩।—[২২] প ১১। যি ১৬; ১,২॥—[২৩] আ ২৮; ১৯॥—[২৪] যি ২; ১৮, ১৯॥—[২৫] যি ৬; ২৩॥—[২৭,২৮] যি ১৭; ১১-১৩। বি ২; ১-৩॥—[২৯] যি ১৬; ১০। বি ২; ১-৩॥—[৩০] যি ১৯; ১৫। বি ২; ১-৩॥—[৩১,৩২] যি ১৯; ২৪-৩০। বি ২; ১-৩॥

* (ইব্রু) দোর্ নিবাসী। † (ইব্রু) মগিদ্দো নিবাসী।

৩২ দিগকে দূর করিল না। তাহাতে আশেরীয় লোকেরা দেশ নিবাসি কিনানীয়দিগকে দূর না করিয়া তাহাদের মধ্যে বাস করিল।

৩৩ আর নপ্তালি বংশ বৈৎশেমশের ও বৈথনাতের নিবাসিদিগকে দূর না করিয়া দেশ নিবাসি কিনানীয়দের মধ্যে বাস করিল, এবং বৈৎশেমশের ও বৈথনাতের নিবাসিরা তাহাদিগকে কর দিল।

৩৪ আর ইমোরীয় লোকেরা দান্ বংশকে তলভূমিতে নামিতে না দিয়া বলেতে তাহাদিগকে পর্ব্বতে রোধ ৩৫ করিল; তাহাতে ইমোরীয়েরা হেরস্ পর্ব্বতে ও অয়ালোনে ও শাল্বীমে বাস করিল; যূষফ্ বংশ ৩৬ তাহাদিগকে জয় করিলে * তাহারা কর দিল। ঐ ইমোরীয়দের সীমা সেলা প্রভৃতি স্থান অবধি অক্রব্বীম্গামি পথ পর্য্যন্ত ছিল।

২ অধ্যায়।

১ বোখীম্ স্থানে লোকদের অনুযোগকারি দূতের কথা, ৬ ও যিহোশূয়ের মরণের পরে নূতন লোকের জন্মের ও দুষ্টতার কথা ১৪ ও তাহাদের প্রতি পরমেশ্বরের ক্রোধ ও দয়া, ২০ ও ইস্রায়েল্ বংশের পরীক্ষার্থে কিনানীয় লোকদিগকে অবশিষ্ট রাখনের কথা।

১ পরে পরমেশ্বরের দূত গিল্গল্হইতে বোখীমে আসিয়া কহিল, আমি তোমাদিগকে মিসর্দেশহইতে আনিয়াছি, এবং যে দেশ দিতে তোমাদের পিতৃগণের কাছে দিব্য করিয়াছি, সেই দেশেই তোমাদিগকে আনিয়াছি, এবং আমি তোমাদের সহিত আপন ২ নিয়ম কখনো ভঙ্গ করিব না। এবং তোমরাও এই দেশ নিবাসিদের সহিত সন্ধি করিবা না, ও তাহাদের ৩ সমস্ত বেদি ভগ্ন করিবা, এই কথা কহিয়াছি,। কিন্তু তোমরা আমার কথাতে মনোযোগ কর নাই; এই কি কর্ম্ম করিয়াছ? এই জন্যে আমি তোমাদের সম্মুখহইতে এই লোকদিগকে দূর করিব না, তাহারা তোমাদের পার্শ্বে কণ্টকস্বরূপ, ও তাহাদের দেবগণ তোমাদের ৪ ফাঁদস্বরূপ হইবে, এই কথা কহিলাম। তখন পরমেশ্বরের দূত ইস্রায়েলের তাবৎ বংশকে এই কথা কহিলে ৫ লোকেরা উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল। এই জন্যে তাহারা সেই স্থানের নাম বোখীম্ (রোদনকারিদের স্থান) রাখিল, এবং তাহারা সেই স্থানে পরমেশ্বরের উদ্দেশে বলিদান করিল।

৬ যে সময়ে যিহোশূয় ইস্রায়েল্ বংশকে যাইতে অনুমতি দিলে তাহারা দেশ অধিকারার্থে প্রত্যেকে আপন ২ অধিকারে গেল, সেই সময় অবধি যিহোশূয়ের ৭ যাবজ্জীবনে এবং ইস্রায়েল্ বংশের জন্যে পরমেশ্বরের কৃত সমস্ত মহাক্রিয়া দর্শনকারি যে প্রাচীনগণ যিহোশূয়ের মরণের পর জীবৎ † থাকিল, তাহাদের যাবজ্জীবনে লোকেরা পরমেশ্বরের সেবা করিল। নূনের ৮ পুত্র পরমেশ্বরের সেবক ঐ যিহোশূয় এক শত দশ বৎসর বয়স্ক হইয়া মরিল। তাহাতে লোকেরা ৯ গাশ্ পর্ব্বতের উত্তরপার্শ্বে ইফ্রয়িম্ পর্ব্বতস্থ তিম্নৎ-হেরসে আপন অধিকারের সীমাতে তাহার কবর দিল। এই রূপে সেই কালের তাবৎ লোক আপন ২ ১০ পিতৃলোকদের নিকটে সংগৃহীত হইলে পরমেশ্বরের বিষয়ে এবং ইস্রায়েল্ বংশের জন্যে পরমেশ্বরের কৃত সমস্ত ক্রিয়া বিষয়ে অনভিজ্ঞ, এমত অন্য নূতন লোক উৎপন্ন হইল। পরে ইস্রায়েল্ বংশ পরমে- ১১ শ্বরের সাক্ষাতে কুক্রিয়া ও বাল্দেবগণের সেবা করিল। এবং যিনি তাহাদিগকে মিসর্দেশহইতে বাহির করিয়া ১২ আনিয়াছিলেন, তাহাদের পিতৃগণের সেই প্রভু পরমেশ্বরকে ত্যাগ করিয়া তাহারা আপনাদের চতুর্দ্দিকস্থিত লোকদের দেবগণের পশ্চাদ্গামী হইল, এবং তাহাদিগকে প্রণাম করাতে পরমেশ্বরকে ক্রুদ্ধ করিল। ১৩ তাহারা পরমেশ্বরকে ত্যাগ করিয়া বাল্দেবের ও অস্তারোৎ দেবীদের সেবা করিল।

১৪ তাহাতে ইস্রায়েল্ বংশের প্রতিকূলে পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি তাহাদিগকে লুটকারিগণের হস্তে সমর্পণ করিলেন, তাহাতে তাহারা তাহাদিগকে লুট করিল; এবং তিনি তাহাদের চতুর্দ্দিকস্থ শত্রুগণের হস্তে তাহাদিগকে বিক্রয় করিলে তাহারা শত্রুগণের সম্মুখে আর স্থির থাকিতে পারিল না। এবং ১৫ পরমেশ্বর যেমন কহিয়াছেন ও তাহাদের কাছে দিব্য করিয়াছেন, তদনুসারে তাহারা যে ২ কুকর্ম্ম করিল, ‡ তাহাতে পরমেশ্বর অমঙ্গল করিলেন; এই রূপে তাহাদের অতিশয় ক্লেশ হইল। পরে পরমেশ্বর দয়া ১৬ করিয়া শত্রুগণের হস্তহইতে তাহাদিগকে মুক্ত ‖ করিতে বিচারকর্ত্তৃগণকে উৎপন্ন করিলেন; তথাপি তাহারা ১৭ আপনাদের বিচারকর্ত্তাদের বাক্যে মনোযোগ না করিয়া ব্যভিচার করিয়া অন্য দেবগণের পশ্চাতে ভ্রমণ করিল ও তাহাদের সাক্ষাতে নত হইল, এবং তাহাদের পূর্ব্বপুরুষেরা পরমেশ্বরের আজ্ঞা পালন করিয়া যে পথে গমন করিত, তাহারা তদনুসারে না করিয়া সেই পথহইতে শীঘ্র বহির্ভূত হইল। পরে পরমেশ্বর তাহা- ১৮ দের প্রতি অন্যায় এবং তাহাদের ক্লেশ ও কাতরতা প্রযুক্ত দয়া করিয়া তাহাদের জন্যে যে বিচারকর্ত্তৃগণকে উৎপন্ন করিলেন, তাহাদের সহিত আপনি থাকিয়া যাবজ্জীবনে তাহাদের দ্বারা শত্রুহস্তহইতে ইস্রায়েল,

---

[৩৩] যি ১৯; ৩৮। বি ২; ১-৩॥—[৩৪,৩৫] যি ১৯; ৪২। বি ২; ১-৩॥—[৩৬] যি ১৫; ৩॥
[২ অধ্য; ১-৬] বি ১; ২১, ২৭-৩৫॥—[১] যি ২৪; ৫-১৩। দ্বি ৪; ৩১॥—[২] যা ২০; ২৩-৩৩। ৩৪; ১১-১৭। গ ৩৩; ৫৬-৫৩। দ্বি ৭; ১-৫॥—[৩] যি ২৩; ১২,১৩॥—[৬ ১০] যি ২৪; ২৮-৩১॥—[১০] প ৭। যা ১; ৮॥—[১১-২২] গী ১০৬; ৩৪-৩৯॥
[১২] দ্বি ৩১; ১৬-১৮॥—[১৪,১৫] লে ২৬; ১৪-১৮। দ্বি ২৮; ২৯॥—[১৭] যা ৩২; ৭। ৩৪; ১৫,১৬॥—[১৮] দ্বি ৩২; ৩৬॥
* (ইব্রু) যূষফ্ বংশের হস্ত ভারী হইলে। † (ইব্রু) যিহোশূয় অপেক্ষা দীর্ঘায়ু ছিল। ‡ (বা) যে স্থানে গেল। ‖ (ইব্রু) রক্ষা।

১৯ বংশকে উদ্ধার করিলেন। পরে সেই বিচারকর্তৃগণ
মরিলে তাহারা পুনর্ব্বার পরাবৃত্ত হইয়া অন্য দেব-
গণের সেবা করিল, ও তাহাদিগকে প্রণাম করিয়া
তাহাদের পশ্চাদ্গামী হইল; এই রূপে তাহারা আ-
পনাদের পূর্ব্বপুরুষদের অপেক্ষাও ভ্রষ্ট হইল; তা-
হারা আপন ২ ক্রিয়া ও কুমতিহইতে ফিরিল না *।

২০ তাহাতে ইস্রায়েল্ বংশের প্রতিকূলে পরমেশ্বরের
ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি কহিলেন, এই লোকদের
পূর্ব্বপুরুষদের কাছে আমি যে নিয়ম আজ্ঞা করিয়াছি,
ইহারা তাহা লঙ্ঘন করিয়া আমার কথায় মনো-
২১ যোগ করিল না। অতএব যিহোশূয় মরণকালে যে ২
জাতিদিগকে অবশিষ্ট রাখিয়াছে, তাহাদের কাহা-
২২ কেও ইহাদের সম্মুখহইতে দূর করিব না। তাহাদের
পিতৃগণ যেমন পরমেশ্বরের পথে গমন করিয়া তাঁহার
আজ্ঞা পালন করিয়াছে, ইহারা তদ্রূপ করিবে কি না,
আমি তাহাদের দ্বারা ইস্রায়েল্ বংশের এই পরীক্ষা
২৩ লইব। পরমেশ্বর সেই জাতিদিগকে শীঘ্র বাহির না
করিয়া ও যিহোশূয়ের হস্তে সমর্পণ না করিয়া অব-
শিষ্ট রাখিলেন।

৩ অধ্যায়।

১ অবশিষ্ট লোকদের ইস্রায়েল্ বংশে মিশ্রিত হওন ও কুকর্ম্ম
করণ ৮ ও কূশন্-রিশিয়াথয়িম্হইতে অৎনীয়েলদ্বারা
তাহাদের রক্ষা ১২ ও ইগ্লোন্ নামে মোয়াব্ দেশীয়
রাজাহইতে এহূদ্দ্বারা তাহাদের রক্ষা ৩১ ও শম্গরের
কথা।

১ অপর ইস্রায়েল্ বংশের মধ্যে যাহারা যুদ্ধ জানে না,
তাহারা যেন যুদ্ধ শিক্ষা করে, এই জন্যে ইস্রায়েল্ বং-
২ শের মধ্যে কিনান্ দেশীয় যুদ্ধ বিষয়ে অনবগত লোক-
৩ দের পরীক্ষা লইতে পরমেশ্বর এ জাতিদিগকে, অর্থাৎ
পিলেষ্টীয়দের পাঁচ অধ্যক্ষ ও সমস্ত কিনানীয় ও সীদো-
নীয় ও বাল্হর্ম্মোণ্ পর্ব্বত অবধি হমাতে প্রবেশের পথ
পর্য্যন্ত লিবানোন্ পর্ব্বত নিবাসি হিব্বীয় লোকদিগকে
৪ অবশিষ্ট রাখিলেন। পরমেশ্বর তাহাদের পিতৃলোক-
দের প্রতি মূসাদ্বারা যে২ আজ্ঞা করিলেন, ইস্রায়েল্ বংশ
তাহাতে মনোযোগ করিবে কি না, ইহা জানিতে তাহা-
৫ দের পরীক্ষা লইবার জন্যে তাহারা থাকিল। তাহাতে
ইস্রায়েল্ বংশ কিনানীয় ও হিত্তীয় ও ইমোরীয় ও পিরি-
৬ ষীয় ও হিব্বীয় ও যিবূষীয়দের মধ্যে বাস করিল। এবং
তাহারা তাহাদের কন্যাগণকে বিবাহ করিল, ও তাহা-
দের পুত্রগণের সহিত আপনাদের কন্যাদের বিবাহ
৭ দিল, ও তাহাদের দেবগণের সেবা করিল। এই রূপে
ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের সাক্ষাতে কুকর্ম্ম করিল, ও
আপনাদের প্রভু পরমেশ্বরকে বিস্মৃত হইয়া বাল্
দেবের ও চৈত্যবৃক্ষের সেবা করিল।

তাহাতে ইস্রায়েল্ বংশের প্রতি পরমেশ্বরের ক্রোধ ৮
প্রজ্বলিত হইলে তিনি অরাম্-নহরয়িমের রাজা কূশন্-
রিশিয়াথয়িমের হস্তে তাহাদিগকে বিক্রয় করিলেন,
তাহাতে ইস্রায়েল্ বংশ আট বৎসর পর্য্যন্ত কূশন্-রি-
শিয়াথয়িম্ রাজের সেবা করিল। পরে ইস্রায়েল্ বংশ ৯
পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিলে পরমেশ্বর তাহা-
দের জন্যে কালেবের কনিষ্ঠ ভ্রাতা কিনসের পুত্র অৎনী-
য়েল্কে তাহাদের উদ্ধারকর্তৃরূপে নিরূপণ করিলেন।
এবং পরমেশ্বরের আত্মা তাহার প্রতি আবির্ভূত হইলে ১০
সে ইস্রায়েল্ বংশের বিচার করিল, এবং সে যুদ্ধার্থে
নির্গত হইলে পরমেশ্বর অরাম্-নহরয়িমের রাজা কূশন্-
রিশিয়াথয়িম্কে তাহার হস্তে সমর্পণ করিলেন; তা- ১১
হাতে সে কূশন্-রিশিয়াথয়িম্ রাজকে জয় করিলে
চল্লিশ বৎসর পর্য্যন্ত দেশ নিষ্কণ্টকে থাকিল; পরে
কিনসের পুত্র অৎনীয়েল্ মরিল।

অনন্তর ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের দৃষ্টিতে পাপ ১২
করিয়া আসিতেছিল; ইতিমধ্যে পরমেশ্বরের দৃষ্টিতে
পুনর্ব্বার পাপ করণ প্রযুক্ত পরমেশ্বর ইস্রায়েল্ বংশের
প্রতিকূলে মোয়াবের রাজা ইগ্লোন্কে সবল করি-
লেন। সে অম্মোনের ও অমালেকের বংশকে আপ- ১৩
নার নিকটে একত্র করিয়া যাত্রা করণ পূর্ব্বক ইস্রায়েল্
বংশকে জয় করিয়া তালবৃক্ষ নগর অধিকার করিল। তা- ১৪
হাতে ইস্রায়েল্ বংশ আঠার বৎসর পর্য্যন্ত মোয়াবের
ইগ্লোন্ রাজের সেবা করিল। অপর ইস্রায়েল্ বংশ ১৫
পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিল; তাহাতে পরমে-
শ্বর তাহাদের জন্যে বিন্যামীন্ বংশের গেরার পুত্র
বামহস্ত ব্যবসায়ি এহূদ্কে এক উদ্ধারকর্তৃরূপে নিরূ-
পণ করিলেন; ইস্রায়েল্ বংশ তাহাদ্বারা মোয়াবের
ইগ্লোন্ রাজের নিকটে উপঢৌকন প্রেরণ করিত। তা- ১৬
হাতে এহূদ্ আপনার জন্যে এক হস্ত দীর্ঘ দ্বিধারযুক্ত
এক খড়্গ নির্ম্মাণ করিয়া আপন দক্ষিণ উরুতে বস্ত্রের
ভিতরে গোপনে বন্ধ করিল। পরে সে মোয়াবের ইগ্- ১৭
লোন্ রাজের নিকটে উপঢৌকন আনিল; ঐ ইগ্লোন
অতি স্থূলকায় মনুষ্য ছিল। পরে উপঢৌকন দান সমাপ্ত ১৮
হইলে, সে ঐ উপঢৌকন বাহকদিগকে বিদায় করিল।
কিন্তু সে গিল্গল্স্থ প্রস্তরাকরহইতে † ফিরিয়া আসিয়া ১৯
কহিল, হে রাজন্, আপনকার নিকটে আমার গোপ-
নীয় এক কথা আছে; রাজা কহিল, নীরব হও; তাহা-
তে নিকটস্থ দণ্ডায়মান লোকেরা তাহার সাক্ষাৎহইতে
বাহিরে গেল। তৎকালে রাজা কেবল আপনার জন্যে ২০

[১৯] প ১৭॥—[২০-২২] যি ২৪; ১২,১৩॥—[২২] বি ৩; ৪। দ্বি ৮; ২,৩॥
[৩ অধ্য; ১-৩] যি ১৩; ১-৬॥—[১] বি ২; ২২॥—[৪] প ১। ২; ২২॥—[৫,৬] যা ৩৪; ১১-১৭। দ্বি ৭; ১-৫॥
[৭] বি ২; ১১-১৩॥—[৮] ২; ১৪। দ্বি ৩২; ৩০॥—[৯] গী ১০৬; ৪৩,৪৪। বি ১; ১৩॥—[১০] প ১৮॥—[১২] ২;
১৪, ১৯॥—[১৩] ১; ১৬॥—[১৫] প ৯॥

* (ইব্রী) কিছুই পতন করাইল না। † (বা) খোদিত পুত্তিমাহইতে।

নির্ম্মিত এক শীতল বাটিকাতে বসিয়াছিল; তাহাতে এহূদ্ তাহার নিকটে গিয়া কহিল, আপনকার প্রতি ঈশ্বরের এক বাক্য আছে; তাহাতে সে আপন আসন- ২১ হইতে উঠিল। পরে এহূদ্ আপন বাম হস্তদ্বারা দক্ষিণ উরুহইতে খড়্গ লইয়া তাহার উদর এমত বিদ্ধ করিল ২২ যে খড়্গের সহিত খড়্গের বাঁটও উদরে প্রবিষ্ট হইল, ও পৃষ্ঠদিয়া ঐ খড়্গ বাহির হইল, এবং মেদেতে ঐ খড়্গ রুদ্ধ হইলে উদরহইতে তাহা বাহির করিতে ২৩ পারিল না। পরে এহূদ্ বারান্দাদিয়া নির্গত হইয়া শীতল বাটিকার দ্বার রুদ্ধ করিয়া চাবি বন্ধ করিল। ২৪ অপর সে বাহির হইলে রাজার ভৃত্যবর্গ উপস্থিত হইয়া শীতল বাটিকার দ্বারে চাবি বন্ধ দেখিয়া কহিল, রাজা অবশ্য শীতল কুঠরীতে বিশ্রাম * করিতেছেন। ২৫ পরে সে শীতল বাটিকার দ্বার না খুলিলে তাহারা লজ্জিত হওন পর্য্যন্ত বিলম্ব করিল; পরে তাহারা চাবি লইয়া দ্বার খুলিলে মৃত্তিকাতে আপনাদের প্রভুকে মৃত ২৬ পড়িয়া থাকিতে দেখিল। তাহারা বিলম্ব করিল, এই অবকাশে এহূদ্ পলাইয়া সেই প্রস্তরাকরকে † পশ্চাৎ ২৭ ফেলিয়া সিয়ীরাতে উপস্থিত হইল। সে স্থানে উপস্থিত হইয়া ইফ্রয়িম্ পর্ব্বতে এক তূরী বাজাইল; পরে ইস্রায়েল্ বংশ তাহার সহিত পর্ব্বতহইতে নামিলে সে তাহা- ২৮ দের অগ্রগামী হইয়া চলিল। এবং সে তাহাদিগকে কহিল, তোমরা আমার পশ্চাৎ ২ আইস; পরমেশ্বর তোমাদের শত্রু মোয়াবীয়দিগকে তোমাদের হস্তে সমর্পণ করিলেন; তাহাতে তাহারা তাহার পশ্চাৎ ২ নামিয়া মোয়াবের যর্দ্দনের ঘাট হস্তগত করিল; এক প্রাণিকেও পার হইতে দিল না।

২৯ ঐ সময়ে তাহারা মোয়াবের প্রায় দশ সহস্র লোককে বধ করিল; তাহারা বৃহৎকায় ও বলবান হই- ৩০ লেও তাহাদের কেহ রক্ষা পাইল না। এই প্রকারে মোয়াবীয় লোক ইস্রায়েল্ বংশের বশীভূত হইলে দেশ আশী বৎসর পর্য্যন্ত নিষ্কণ্টকে থাকিল।

৩১ তাহার পর গোচারণের পাঁচনীদ্বারা পিলেষ্টীয়দের ছয়শত লোককে বধ করিয়াছিল যে অনাতের পুত্র শম্গর্, সেও ইস্রায়েল্ বংশের এক উদ্ধার কর্ত্তা ছিল।

৪ অধ্যায়।

১ ইস্রায়েল্ বংশের পাপ ৪ ও তাহাদের বিচারকর্ত্রী দিবোরার কথা ১০ ও দিবোরা ও বারকের দ্বারা ইস্রায়েল্ বংশের উদ্ধার ১৮ ও যায়েল্ স্ত্রীর দ্বারা সীষিরা সেনাপতির বধ।

১ অনন্তর এহূদের মৃত্যুর পরে ইস্রায়েল্ বংশ ঈশ্বরের ২ দৃষ্টিতে পুনর্ব্বার পাপ করিল। তাহাতে পরমেশ্বর হাৎসোর্ নিবাসি কিনান্ দেশের রাজা যাবীনের হস্তে তাহাদিগকে বিক্রয় করিলেন; হরোশৎ-গোয়ীম্ নিবাসি সীষিরা ঐ রাজার সেনাপতি ছিল। ৩ এবং তাহার নবশত লৌহরথ ছিল; সে বিংশতি বৎসর পর্য্যন্ত ইস্রায়েল্ বংশকে অতিশয় ক্লেশ দিল; তাহাতে ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিল।

৪ ঐ সময়ে লপ্পীদোতের ভার্য্যা দিবোরা নামে ৫ ভবিষ্যদ্বক্ত্রী ইস্রায়েল্ বংশের বিচার করিল। সে রামতের ও বৈথেলের মধ্যে ইফ্রয়িম্ পর্ব্বতে দিবোরা নামে তালবৃক্ষের তলে বাস করিল, এবং ইস্রায়েল্ বংশ বিচারার্থে তাহার নিকটে যাইত। ৬ অপর সে লোক প্রেরণ করিয়া নপ্তালি বংশের কেদশ্হইতে অবীনোয়মের পুত্র বারককে ডাকাইয়া কহিল, তুমি নপ্তালি বংশের ও সিবূলূন্ বংশের দশ সহস্র লোক আপনার সঙ্গে লইয়া তাবোর্ পর্ব্বতে যাও। ৭ আমি যাবীনের সেনাপতি সীষিরাকে ও তাহার রথকে ও লোকদিগকে কীশোন্ নদীতীরে তোমার নিকটে আকর্ষণ করিয়া তোমার হস্তে সমর্পণ করি, এই কথা কি ইস্রায়েলের প্রভু পরমেশ্বর আজ্ঞা করেন নাই? ৮ তাহাতে বারক্ তাহাকে কহিল, তুমি যদি আমার সঙ্গে যাও, তবে আমি যাইব; কিন্তু তুমি আমার সঙ্গে না গেলে আমি যাইব না। ৯ সে কহিল, আমি অবশ্য তোমার সঙ্গে যাইব, কিন্তু এই যাত্রাতে তোমার যশ হইবে না; কেননা পরমেশ্বর সীষিরাকে এক স্ত্রীর হস্তে বিক্রয় করিবেন; পরে দিবোরা উঠিয়া বারকের সহিত কেদশে গমন করিল।

১০ পরে বারক্ কেদশে সিবূলূন্ বংশকে ও নপ্তালি বংশকে ডাকাইয়া দশ সহস্র পদাতি সৈন্য সঙ্গে লইয়া যাত্রা করিল, এবং দিবোরাও তাহার সহিত ১১ গেল। ঐ সময়ে মূসার শ্বশুর হোববের বংশ কেনীয় হেবর্ অন্য ২ কেনীয়দের হইতে পৃথক্ হইয়া কেদশের নিকটবর্ত্তি সানন্নীম্ প্রান্তরে তাম্বু স্থাপন করিয়াছিল। ১২ পরে অবীনোয়মের পুত্র বারক্ তাবোর্ পর্ব্বতে উঠিয়া আসিয়াছে, এই সম্বাদ পাইয়া সীষিরা আপন সমস্ত ১৩ রথ অর্থাৎ নব শত লৌহরথ এবং আপন সঙ্গি লোক সকলকে ডাকিয়া হরোশৎ-গোয়ীম্হইতে কীশোন্ ১৪ নদীতে গমন করিল। তখন দিবোরা বারক্কে কহিল, উঠ, পরমেশ্বর অদ্যই সীষিরাকে তোমার হস্তে সমর্পণ করিবেন; পরমেশ্বর কি তোমার অগ্রগামী হইবেন না? তাহাতে বারক্ তাবোর্ পর্ব্বতহইতে নামিয়া গেল, এবং তাহার দশ সহস্র সৈন্য তাহার পশ্চাৎ ১৫ গমন করিল। পরে পরমেশ্বর বারকের সম্মুখে সীষিরাকে ও তাহার সমস্ত রথকে ও সৈন্যগণকে খড়্গদ্বারা ছিন্নভিন্ন করিলেন; তাহাতে সীষিরা আপন রথহইতে

[২৭] বি ৬; ৩৪ ॥—[২৮] যি ২; ৭। বি ১২; ৫ ॥
[৪ অধ্য; ১] বি ২; ১৯ ॥—[২] ২; ১৪। ৩; ৮। যি ১১; ১০॥—[৩] যি ১৭; ১৬ ॥—[৬] যি ১৯; ৩৭ ॥—[৭] ১ রা ১৮; ৪০ ॥—[১০] প ৬ ॥—[১১] বি ১; ১৬ ॥—[১৪] দ্বি ৯; ৩ ॥

* (ইব্রি) আপন পদ আচ্ছাদন। † (বা) খোদিত পুত্তিমা।

১৬ নামিয়া পদব্রজে পলায়ন করিল। এবং বারক্ হরোশৎ-গোয়ীম্ পর্য্যন্ত তাহার সমস্ত রথের ও সৈন্যগণের পশ্চাৎ ধাবমান হইলে সীষিরার সমস্ত সৈন্য খড়্গ-
১৭ ধারে পতিত হইল; একও অবশিষ্ট থাকিল না। কিন্তু সীষিরা পদব্রজে পলাইয়া কেনীয় হেবরের ভার্য্যা যায়েলের তাম্বুতে গেল; কেননা হাৎসোরের যাবীন্ রাজের ও কেনীয় হেবরের বংশের সহিত তখন ঐক্য ছিল।
১৮ তাহাতে যায়েল্ সীষিরার সহিত সাক্ষাৎ করিতে বাহির হইয়া তাহাকে কহিল,হে আমার প্রভো,অন্তরে আইসুন, আমার নিকটে আইসুন, ভীত হইবেন না; তাহাতে সে ফিরিয়া তাম্বুর মধ্যে তাহার সহিত গেলে
১৯ সে এক কম্বল দিয়া তাহাকে আচ্ছাদন করিল। তখন সীষিরা তাহাকে কহিল, আমি বিনয় করি, পান করিতে আমাকে কিছু জল দেও; আমি পিপাসিত হইয়াছি; তাহাতে সে দুগ্ধের এক কুপা খুলিয়া পান করিতে দিয়া
২০ তাহাকে আচ্ছাদন করিয়া রাখিল। এবং সীষিরা তাহাকে আরো কহিল, তুমি তাম্বুদ্বারে দাঁড়াইয়া থাক; যদি কেহ আসিয়া এ স্থানে কোন পুরুষ আছে কি না?
২১ ইহা জিজ্ঞাসা করে, তবে তুমি কহিবা, না। তাহাতে হেবরের ভার্য্যা যায়েল্ তাম্বুর এক প্রেক এবং মুদ্গর হস্তে লইয়া ধীরে২ তাহার নিকটে যাইয়া তাহার কর্ণমূলে বিদ্ধ করিয়া মৃত্তিকাতে প্রবেশ করাইল; কারণ সে শ্রান্ত
২২ ও নিদ্রিত ছিল; এই রূপে সে মরিল। বারক্ সীষিরার পশ্চাদ্ ধাবমান হইতেছিল, ইতি মধ্যে যায়েল্ তাহার সহিত সাক্ষাৎ করিতে বাহিরে আসিয়া কহিল, আইস, তুমি যাহার অন্বেষণ করিতেছ, আমি সেই মানুষকে দেখাই; তাহাতে সে অন্তরে তাহার নিকটে গেলে সে স্থানে সীষিরাকে মৃত পড়িয়া থাকিতে ও তাহার কর্ণমূলে
২৩ প্রেক বিদ্ধ দেখিল। এই রূপে পরমেশ্বর ঐ দিবসে কিনানের যাবীন্ রাজকে ইস্রায়েল্ বংশের সাক্ষাতে বশী-
২৪ ভূত করিলেন। ইস্রায়েল্ বংশ উত্তরোত্তর বলবান হইয়া কিনানের যাবীন্ রাজের সংহার পর্য্যন্ত কিনানের যাবীন রাজকে জয় করিল।

৫ অধ্যায়।

১ দিবোরা ও বারকের গীত।

১ অপর সেই দিবসে দিবোরা ও অবীনোয়মের পুত্র
২ বারক্ এই গান করিল। ইস্রায়েল্ বংশের অধ্যক্ষগণ যত্ন করিল, ও লোকেরা প্রস্তুত হইল, এই জন্যে
৩ পরমেশ্বরের প্রশংসা কর। হে রাজগণ, মনোযোগ কর, ও হে অধ্যক্ষগণ, কর্ণ দেও; আমিই পরমেশ্বরের নিকটে গান করিব, ও ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের
৪ উদ্দেশে গান করিব। হে পরমেশ্বর, তুমি সেয়ীরহইতে নির্গত হইলে ও ইদোমের প্রান্তরহইতে গমন করিলে ভূমিকম্প হইল,ও আকাশহইতে বৃষ্টি পড়িল,ও মেঘ-
৫ গণ বিন্দু২ বর্ষিল। এবং পর্ব্বতগণ বিশেষতঃ ঐ সীনয় পর্ব্বত পরমেশ্বরের অর্থাৎ ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের সাক্ষাতে দ্রুব হইল। অনাতের পুত্র শম্গরের
৬ ও যায়েলের সময় অবধি রাজপথ সমস্ত পথিকহীন হইল, ও পথিকেরা বক্র উপপথ দিয়া গমন করিল, এবং বিচারকর্তৃগণ ছিল না। যে পর্য্যন্ত দিবোরা নামে
৭ আমি উৎপন্না না হইলাম, ও ইস্রায়েল্ বংশের মাতৃস্বরূপ না হইলাম, তাবৎ প্রধান লোকেরা ইস্রায়েল দেশে থাকিল না। তৎকালে লোকদের নূতন দেবতা
৮ মনোনীত করণ প্রযুক্ত নগরের দ্বারে যুদ্ধ উপস্থিত হইল; ইস্রায়েল্ বংশের চল্লিশ সহস্র লোকের মধ্যে কি এক খান ঢাল বা শল্য ছিল? যে অধ্যক্ষগণ
৯ লোকদের মধ্যে প্রস্তুত হইল, তাহাদের প্রতি আমার অন্তঃকরণ আছে; পরমেশ্বরের ধন্যবাদ কর। যাহারা
১০ বিচিত্র গর্দ্দভারূঢ় হয় ও বিচারাসনে বসে ও পথে ভ্রমণ করে, তাহারা পরমেশ্বরের ধন্যবাদ করুক;
১১ ও ঘাটে২ লুট দ্রব্য বিভাগকারিদের *মধ্যে পরমেশ্বরের ধর্ম্ম ক্রিয়ার এবং ইস্রায়েল্ দেশে তাঁহার বিচারকর্ত্তাদের ধর্ম্ম ক্রিয়ার সঙ্কীর্ত্তন করুক; পরে পরমেশ্বরের লোকদের দ্বারে নামুক। হে দিবোরা, জাগ্রৎ
১২ হও, জাগ্রৎ হও, এবং সচেতন হও, সচেতন হও, ও গান কর; এবং হে বারক্, গাত্রোত্থান কর, ও হে অবীনোয়মের পুত্র,আপন বন্দিদিগকে লইয়া যাও। অপর
১৩ কতক প্রধান লোক আইল, ও পরমেশ্বর আমার নিকটে কতক বলবান লোককে আনিলেন। ইহাদের মধ্যে
১৪ অমালেকের দেশ নিবাসি ইফ্রয়িম্ লোক ছিল, এবং তোমার লোকদের মধ্যে বিন্য়ামীন্ পশ্চাদ্গামী ছিল; মাখীরহইতে অধ্যক্ষগণ ও সিবূলূন্হইতে লেখকের লেখনাধারী আইল। এবং ইষাখর্ বংশের প্রধান
১৫ লোকেরা দিবোরার সহিত ছিল, এবং ইষাখর্ বংশ বারকের অবলম্বন স্বরূপ তলভূমিতে তাহার সহিত প্রেরিত হইল; রূবেনের স্রোতস্বতী সমূহের নিকটে মনের বড় ভাবনা ছিল। হে রূবেন্ বংশ, তুমি মেষপালের
১৬ রব শুনিতে কেন মেষবাথানের মধ্যে বাস করিলা? রূবেনের স্রোতস্বতী সমূহের নিকটে মনের বড় ভাবনা ছিল। এবং গিলিয়দ্স্থ লোকেরা যর্দ্দনের ওপারে বসি-
১৭ য়া থাকিল, এবং দানেস্থিত লোকেরা জাহাজে রহিল কেন? এবং আশের্ বংশ সমুদ্রের তটে থাকিল ও খালে বসিয়া থাকিল। সিবূলূন বংশ ও নপ্তালি
১৮ বংশ প্রান্তরস্থ উচ্চস্থানে মৃত্যু পর্য্যন্ত আপন প্রাণপণ

[১৭] প ২ ॥—[৫ অধ্য; ২] দ্বি ৩২ ; ৩৫, ৩৬ ॥—[৩] দ্বি ৩২ ; ১-৩ ॥—[৪, ৫] দ্বি ৩৩ ; ২ । গী ৬৮ ; ৭, ৮ । হ ৩ ; ৩-৬ ॥ [৬] ব ৩ ; ৩১ । ৪ ; ১৭ ॥—[৬-৮] লে ২৬ ; ১৪-১৭ ॥—[৮] ১ শি ১৩ ; ২২ ॥—[৯] প ২ । ১ বং ২৮ ; ৬-১৩ ॥—[১০] ব ১০ ; ৪ । ১২ ; ১৪ ॥—[১২] গী ৫৭ ; ৭, ৮ ॥—[১৪] বি ১২ ; ১৫ ॥—[১৪, ১৫] যি ১৭ ; ৩, ৫, ১১, ১৫ । বি ৪ ; ৫, ১০ ॥ [১৬] গ ৩২ । ১, ১৬ ॥—[১৭] যি ১৩ ; ২৯-৩১ । ১৯ ; ২৮, ২৯, ৪৬ ॥—[১৮] বি ৪ , ১০ ॥

* (বা) ধনুর্দ্ধরদের।

১৯ করিল। রাজগণ আসিয়া যুদ্ধ করিল, এবং মগিদ্দোর জল নিকটে তানকে কিনানের রাজগণ যুদ্ধ করিল; ২০ তাহারা কিছু রূপ্য ধন পাইল না। আকাশে যুদ্ধ হইল, ও নক্ষত্রগণ আপন২ গমনপথে সীষিরার প্রতি- ২১ কূলে যুদ্ধ করিল। এবং কীশোন্ নদী অর্থাৎ কীশোন্ নামে ঐ প্রাচীন * নদী তাহাদিগকে ভাষাইয়া লইয়া গেল; হে আমার মন, তুমি বলবান হইয়া চল। ২২ বীরগণের বেগে পলায়নে তাহাদের অশ্বদের খুর ২৩ ভগ্ন হইল। পরমেশ্বরের দূত কহেন, মেরোস্কে শাপ দেও, ও তাহার নিবাসিদিগকে ভয়ানক শাপ দেও; কেননা তাহারা পরমেশ্বরের সাহায্যে অর্থাৎ পরাক্রান্তদের প্রতিকূলে † পরমেশ্বরের সাহায্যে আ- ২৪ ইল না। এবং কেনীয় হেবরের ভার্য্যা যায়েল্ অন্য স্ত্রীলোক অপেক্ষা ধন্যা হইবে, তাম্বু মধ্য বাসিনী স্ত্রী- ২৫ লোকহইতেও বর প্রাপ্ত হইবে। কেননা সীষিরা জল চাহিলে সে দুগ্ধ দিল, ও রাজোপযুক্ত পাত্রে ক্ষীর ২৬ আনিয়া দিল। পরে সে আপন হস্তে প্রেক ও দক্ষিণ হস্তে কর্ম্মকারের মুদ্গর লইয়া তাহাদ্বারা সীষিরাকে আঘাত করিল, ও তাহার মস্তক বিদ্ধ করিল, ও তাহার ২৭ কপোল বিদ্ধ করিয়া ভেদ করিল। সে তাহার যে চরণে নত হইয়া পড়িয়া শয়ন করিল, তাহার সেই চরণে নত হইয়া পড়িল; সে যে স্থানে নত হইল, সেই স্থানেই ২৮ হত হইয়া পড়িল। তখন সীষিরার মাতা গবাক্ষ দিয়া দেখিয়া বাতায়নহইতে ডাকিয়া কহিল, তাহার রথ আসিতে কেন বিলম্ব করে? ও তাহার রথচক্র কেন ২৯ গৌণ করে? তাহাতে তাহার জ্ঞানবতী সহচরীগণ উত্তর করিতে প্রস্তুত হইলে সে আপনি আপনার কথার উত্তর করিল, তাহারা কি লুট দ্রব্য পাইয়া অংশ ৩০ করিয়া লয় নাই? বিশেষতঃ প্রত্যেক জনকে ‡ দুই এক কন্যা দেয় নাই? এবং নানাবর্ণের অর্থাৎ নানাবর্ণ সূচি ৩১ কার্য্যের লুট বস্ত্র কি সীষিরাকে দেয় নাই? হে পরমেশ্বর, তোমার তাবৎ শত্রু সেই রূপ বিনষ্ট হউক, কিন্তু তোমাতে ‖ প্রেমকারিগণ সপ্রতাপে উদিত সূর্য্যের ন্যায় হউক। পরে চল্লিশ বৎসর পর্য্যন্ত দেশ নিষ্কণ্টকে থাকিল।

৬ অধ্যায়।

১ পাপ প্রযুক্ত মিদিয়নীয়দের দ্বারা ইস্রায়েল্ বংশের উপদ্রুত হওন, ৭ ও এক ভবিষ্যদ্বক্তার কথা, ১১ ও গিদিয়োনের প্রতি পরমেশ্বরের দূতের কথা, ১৭ ও দূতের প্রতি গিদিয়োনের নিবেদন ও নৈবেদ্য, ২৫ ও বালের বেদি ভগ্ন করণ, ২৮ ও লোকদের বিরুদ্ধে প্রত্রের জন্যে যোয়াশের বিরোধ করণ, ৩৩ ও গিদিয়োনের নিকটে লোক একত্র হওন, ৩৬ ও গিদিয়োনের প্রার্থিত আশ্চর্য্য চিহ্নের কথা।

১ পরে ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিলে পরমেশ্বর সাত বৎসর পর্য্যন্ত মিদিয়ন্ লোকদের হস্তে তাহাদিগকে সমর্পণ করিলেন। ২ তাহাতে ইস্রায়েল্ বংশের প্রতিকূলে মিদিয়ন্ লোকেরা প্রবল হইলে ইস্রায়েল্ বংশ তাহাদের ভয়ে আপনাদের জন্যে পর্ব্বতে গুপ্ত নিবাস ও গুহা ও দুরাক্রমণ স্থান নির্ম্মাণ করিল। ৩ আর ইস্রায়েল্ বংশ বীজ বপন করিলে পর মিদীয়নীয়েরা ও অমালেকীয়েরা ও ৪ পূর্ব্বদেশীয়েরা তাহাদের প্রতিকূলে আগমন করিয়া তাহাদের সম্মুখে শিবির স্থাপন করিয়া অসাতে গমনের সমস্ত পথে সকল ভূমির শস্য বিনষ্ট করিল, এবং ইস্রায়েল্ বংশের জন্যে মেষ § গোরু গর্দ্দভাদি ৫ আহারের কোন সংস্থান রাখিল না। তাহারা আপন২ পশু ও তাম্বু সঙ্গে লইয়া পঙ্গপালের ন্যায় সমূহ লোক আইল, এবং তাহারা ও তাহাদের উষ্ট্র অসংখ্য ছিল; পরে তাহারা দেশ উচ্ছিন্ন করিতে দেশে প্রবেশ ৬ করিল। এই রূপে ইস্রায়েল্ বংশ মিদিয়নীয়দের দ্বারা অতি দরিদ্র হইল, এবং ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের উদ্দেশে কাতরোক্তি করিল।

৭ পরে ইস্রায়েল্ বংশ মিদিয়নীয়দের ভয়েতে পর- ৮ মেশ্বরের কাছে প্রার্থনা করিলে পরমেশ্বর ইস্রায়েল্ বংশের প্রতি এক জন ভবিষ্যদ্বক্তাকে প্রেরণ করিলে সে কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি তোমাদিগকে মিসর্‌হইতে আনিয়াছি, ও দাসত্বাগারহইতে বাহির করিয়া আনি- ৯ য়াছি, এবং মিস্রীয়দের ও তোমাদের উপদ্রবকারি সকলহইতে তোমাদিগকে উদ্ধার করিয়াছি, এবং তোমাদের সম্মুখহইতে তাহাদিগকে দূর করিয়া তাহা- ১০ দের দেশ তোমাদিগকে দিয়াছি। এবং আমি তোমাদিগকে কহিলাম, আমি তোমাদের প্রভু পরমেশ্বর; তোমরা ইমোরীয়দের দেশে বাস করিয়া তাহাদের দেবগণকে ভয় করিও না, কিন্তু তোমরা আমার কথা মানিলা না।

১১ পরে পরমেশ্বরের দূত আসিয়া অবীয়েস্রীয় যোয়াশের অধিকারস্থিত অফ্রাতে এক অলোন্ বৃক্ষতলে বসিল; তৎকালে তাহার পুত্র গিদিয়োন্ মিদিয়নীয়দের হইতে রক্ষা করণার্থে দ্রাক্ষারসের কুণ্ডে গোম মর্দ্দন করি- ১২ তেছিল। তাহাতে পরমেশ্বরের দূত তাহাকে দর্শন দিয়া কহিলেন, হে বীরত্ববিশিষ্ট বলবান মনুষ্য, পরমেশ্বর ১৩ তোমার সহায় আছেন। তাহাতে গিদিয়োন্ উত্তর করিল,

[২০] বি ৪; ১৫। যি ১০; ১১-১৪। গী ১৮; ৬-১৭ ॥—[২১] বি ৪; ৭॥—[২৩] ২১; ৮-১০। লূ ১১; ২৩॥—[২৪] বি ৪; ১৭॥—[২৫] ৪; ১৯॥—[২৬] ৪; ২১॥—[৩১] দ্বি ৩২; ৪৩। গ ১০; ৩৫। গী ৬৮; ১-৩। ই ৪; ১৮॥
[৬ অধ্য; ১] বি ২; ১৪, ১৯। ৪; ১, ২। গ ২৫; ১৭। ৩১; ৭, ৮॥—[৩] গ ২৪; ১০॥—[৩,৪] লে ২৬; ১৬। দ্বি ২৮; ৩১, ৩৩॥—[৫] বি ৭; ১২। যোয় ১; ৬, ৭॥—[৬] বি ৩; ১৫॥—[৭-১০] ২; ১-৩॥—[১১] যি ১৭; ২॥—[১২] বি ১৩; ৩॥

* (বা) বেগবতী। † (বা) সহিত। ‡ (ইব) প্রত্যেক জনের মস্তককে। ‖ (ইব্রু) তাঁহাতে। § (বা) ছাগল।

হায় ২ হে আমার প্রভো, পরমেশ্বর যদি আমাদের সহায় আছেন, তবে আমাদের প্রতি এ সমস্ত কেন ঘটিল? পরমেশ্বর কি আমাদিগকে মিসর্‌হইতে আনয়ন করেন নাই? এই কথাদ্বারা আমাদের পূর্ব্বপুরুষেরা তাঁহার যে সমস্ত আশ্চর্য্য ক্রিয়ার কথা আমাদিগকে কহিয়াছিল, তাহা কোথায়? এই ক্ষণে পরমেশ্বর আমাদিগকে ত্যাগ করিয়া মিদিয়নীয়দের হস্তে সমর্পণ করিয়াছেন। ১৪ তাহাতে পরমেশ্বর তাহার প্রতি দৃষ্টি করিয়া কহিলেন, তুমি আপনার এই বলেতে গমন কর; তুমি মিদিয়নীয়দের হস্তহইতে ইস্রায়েল্ বংশকে উদ্ধার করিবা; ১৫ আমি কি তোমাকে প্রেরণ করিতেছি না? তাহাতে সে তাঁহাকে কহিল, হায় ২ হে আমার প্রভো, দেখ, মিনশির বংশের মধ্যে আমার বংশ * সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র, এবং আমার পিতার বাটীতে আমি সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র; অতএব আমি কি প্রকারে ইস্রায়েল্ বংশকে উদ্ধার করিব? ১৬ তাহাতে পরমেশ্বর তাহাকে কহিলেন, আমি অবশ্য তোমার সহায় হইব; তুমি মিদিয়নীয়দিগকে এক মনুষ্যের ন্যায় সংহার করিবা।

১৭ সে কহিল, আমি যদি এখন আপনকার দৃষ্টিতে কৃপা পাইলাম, তবে আপনি যে আমার সঙ্গে কথা কহিতেছেন, তাহার এক চিহ্ন আমাকে দিউন। ১৮ আমি বিনয় করিতেছি, যে পর্য্যন্ত আমি ভিতরে যাইয়া নৈবেদ্য লইয়া আপনকার সাক্ষাতে উৎসর্গ না করি, তাবৎ আপনি এই স্থানহইতে যাইবেন না; তাহাতে তিনি কহিলেন, যাবৎ না আসিবা, আমি তাবৎ বিলম্ব করিব। ১৯ তখন গিদিয়োন্ অন্তরে যাইয়া এক ছাগবৎস ও এক ঐফা পরিমিত সুজির তাড়ীশূন্য পিষ্টক প্রস্তুত করিয়া ঐ মাংস ও পিষ্টক চুপড়িতে রাখিয়া ঝোল পাত্রে করিয়া বাহিরে এলা বৃক্ষের তলে আসিয়া তাহার কাছে উৎসর্গ করিল। ২০ তাহাতে ঈশ্বরের দূত তাহাকে কহিলেন, এই মাংস ও তাড়ীশূন্য রুটী লইয়া এই পাষাণের উপরে রাখ, এবং ঝোল তাহাতে ঢালিয়া দেও; তখন সে তদ্রূপ করিল। ২১ পরে পরমেশ্বরের দূত আপন হস্তস্থিত দণ্ডের অগ্র বিস্তার করিয়া সেই মাংস ও তাড়ীশূন্য পিষ্টক স্পর্শ করিলেন; তাহাতে ঐ পাষাণহইতে অগ্নি নির্গত হইয়া সেই মাংস ও সেই পিষ্টক দগ্ধ করিল; পরে পরমেশ্বরের দূত তাহার নিকটহইতে প্রস্থান করিলেন। ২২ তখন সে যে পরমেশ্বরের দূত, ইহা দেখিয়া গিদিয়োন্ কহিল, হায় ২ হে প্রভো পরমেশ্বর, আমি সম্মুখাসম্মুখী হইয়া পরমেশ্বরের দূতকে দেখিলাম। ২৩ তাহাতে পরমেশ্বর তাহাকে কহিলেন, তোমার মঙ্গল হউক, তুমি ভয় করিও না; মরিবা না। ২৪ পরে গিদিয়োন্ সে স্থানে পরমেশ্বরের উদ্দেশে এক বেদি নির্ম্মাণ করিয়া, তাহার নাম যিহোবা-শালোম্ (পরমেশ্বর মঙ্গল করেন) রাখিল; তাহা অবীয়েষ্রীয়দের অফ্রাতে অদ্যাপি আছে।

২৫ পরে সেই রাত্রিতে পরমেশ্বর তাহাকে কহিলেন, তুমি আপন পিতার সাত বৎসর বয়স্ক যুব বলদকে এবং দ্বিতীয় বলদকে লইয়া তোমার পিতার বাল দেবের যে বেদি আছে, তাহা ভগ্ন কর ও তাহার নিকটস্থ চৈত্যবৃক্ষ ছেদন কর; ২৬ এবং এই দৃঢ় পর্ব্বতের শৃঙ্গে নিরূপিত স্থানে আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে এক যজ্ঞবেদি নির্ম্মাণ কর, এবং সেই দ্বিতীয় বলদ লইয়া তুমি যে চৈত্য বৃক্ষ ছেদন করিবা, তাহার কাষ্ঠদ্বারা তাহা হোম করিবা। ২৭ তাহাতে গিদিয়োন্ আপনার দশ জন ভৃত্যকে সঙ্গে লইয়া পরমেশ্বরের আজ্ঞানুসারে তদ্রূপ করিল; কিন্তু আপন পিতার পরিজনগণকে ও নগরস্থ লোকদিগকে ভয় করণ প্রযুক্ত তাহা দিবসে করিতে না পারিলে রাত্রিতে করিল।

২৮ অপর নগরস্থ লোকেরা প্রত্যূষে উঠিলে বালের বেদি ভগ্ন হইয়াছে, ও নিকটস্থ চৈত্যবৃক্ষ ছিন্ন হইয়াছে, এবং নূতন বেদির উপরে দ্বিতীয় বলদ উৎসর্গ হইয়াছে, ইহা দেখিয়া পরস্পর কহিল, ২৯ এমত কর্ম্ম কে করিল? পরে যত্ন পূর্ব্বক জিজ্ঞাসিলে লোকেরা কহিল, যোয়াশের পুত্র গিদিয়োন্ ইহা করিল। ৩০ তাহাতে নগরস্থ লোকেরা যোয়াশ্‌কে কহিল, তোমার পুত্রকে বাহির করিয়া আন; সে বধযোগ্য, কেননা সে বালের বেদি ভগ্ন করিল ও তাহার নিকটস্থ চৈত্যবৃক্ষ ছেদন করিল। ৩১ তখন যোয়াশ্ আপনার প্রতিকূলে দণ্ডায়মান সমস্তকে কহিল, তোমরা কি বালের নিমিত্তে বাগ্‌যুদ্ধ করিবা ও তাহাকে রক্ষা করিবা? যে জন তাহার নিমিত্তে বাগ্‌যুদ্ধ করে, এই প্রভাতের সময়ে তাহার অপমৃত্যু হউক; সে যদি দেবতা হয়, তবে যে লোক তাহার বেদি ভগ্ন করিল, সে আপনি তাহার সঙ্গে যুদ্ধ করুক। ৩২ অতএব যে জন বালের বেদি ভগ্ন করিল, বাল্ তাহার সহিত যুদ্ধ করুক, এই কথাদ্বারা সেই দিবস অবধি তাহার নাম যিরুব্বাল্ (বাল্ যুদ্ধ করুক) রাখিল।

৩৩ ঐ সময়ে মিদিয়নীয় ও অমালেকীয় ও পূর্ব্বদেশীয় লোকেরা একত্র হইয়া পার হইয়া যিষ্রীয়েলের প্রান্তরে শিবির স্থাপন করিল। ৩৪ কিন্তু গিদিয়োনের প্রতি পরমেশ্বরের আত্মা আবির্ভূত হইলে সে এক তূরী বাজাইল; তাহাতে অবীয়েষ্রীয় লোক তাহার নিকটে † একত্র হইল। ৩৫ এবং সে মিনশি বংশের সর্ব্বত্র লোক পাঠাইলে তাহারাও তাহার নিকটে † একত্র হইল; পরে সে আশের

[১৩] গী ৪৪; ১-১৬॥—[১৪-১৬] যা ৪; ১০-১৩। ১ শি ৯; ২১॥—[১৬] যি ১; ৫, ৯॥—[১৮] বি ১৩; ১৫॥ [১৯-২২] ১৩; ১৯, ২০॥—[২১] লে ৯; ২৪। ২ বং ৭; ১-৬। ১ রা ১৮; ৩৮, ৩৯॥—[২২-২৪] আ ১৬; ১৩, ১৪। বি ১৩; ২২, ২৩॥—[২৩] যো ২০; ১৯,২৬॥—[২৪] প ১১॥—[২৫] বি ২; ২॥—[৩১] গী ১১৫; ৪-৮। যিশ ৪১; ৭। ৪৬; ১, ২, ৭॥—[৩৩] যি ১৭; ১৬॥—[৩৪] বি ৩; ১০, ২৭॥—[৩৫] যি ১৭; ১১। বি ৫; ১৮॥

* (ইব্রী) সহস্র। † (ইব্রী) পশ্চাতে।

বংশ ও সিবূলূন্ বংশ ও নপ্তালি বংশের নিকটে দূত প্রেরণ করিলে তাহারা সাক্ষাৎ করিতে আইল।

৩৬ পরে গিদিয়োন্ ঈশ্বরকে কহিল, আপনি যদি আপন বাক্যানুসারে আমার হস্তদ্বারা ইস্রায়েল্ বংশকে মুক্ত ৩৭ করেন; তবে আমি শস্য মর্দ্দন স্থানে মেষের ছিন্ন লোম রাখিব; কেবল সেই লোমের উপরে যদি শিশির থাকে, এবং সমস্ত ভূমি শুষ্ক থাকে, তবে আপনি আপন বাক্যানুসারে আমার হস্তদ্বারা ইস্রায়েল্ ৩৮ বংশকে মুক্ত করিবেন, ইহা জ্ঞাত হইব। তাহাতে সেই রূপ ঘটিলে পরদিবসে সে প্রত্যূষে উঠিয়া সেই লোম চাপিয়া তাহাহইতে পূর্ণ এক বাটী শিশির নিঙ্গড়িয়া ফে- ৩৯ লিল। তখন গিদিয়োন্ ঈশ্বরকে কহিল, আপনি আমার প্রতিকূলে ক্রুদ্ধ হইবেন না, আমি কেবল আর এক কথা কহি; বিনয় করি, আমি লোমদ্বারা আর এক বার পরীক্ষা লইব; এখন কেবল লোমের উপর শুষ্ক ৪০ হউক, ও সকল ভূমির উপরে শিশির থাকুক। পরে ঈশ্বর সে রাত্রিতে সেই রূপ করিলেন; তাহাতে কেবল লোমের উপর শুষ্ক হইল, এবং সকল ভূমিতে শিশির পড়িল।

৭ অধ্যায়।

১ গিদিয়োনের সৈন্যের ন্যূন করণ ৯ ও স্বপ্নের কথা শুনিয়া গিদিয়োনের মনঃস্থির হওন ১৫ ও সৈন্যের প্রতি গিদিয়োনের আজ্ঞা ১৯ এবং প্রদীপ ও তূরী ও ঘটদ্বারা মিদিয়নীয়দিগকে জয় করণ ২৪ ও ওরেব্ ও সেব্ রাজাকে হস্তগত করণ।

১ পরে যিরুব্বাল্ অর্থাৎ গিদিয়োন্ ও তাহার সমস্ত সঙ্গি লোক প্রত্যূষে উঠিয়া ঐন্-হরোদ্ নামক স্থানে শিবির স্থাপন করিল; তাহাতে মিদিয়নীয় সৈন্য মোরি পর্ব্বতের নিকটস্থ প্রান্তরে তাহাদের উত্তরদিগে থাকিল; ২ পরে পরমেশ্বর গিদিয়োন্কে কহিলেন, আমি যদি মিদিয়নীয়দিগকে তোমার সঙ্গি এত লোকের হস্তে সমর্পণ করি, তবে আমরা আপন বাহুবলেতে মুক্ত হইলাম, এই কথা কহিয়া ইস্রায়েল্ লোকেরা আমার প্রতি- ৩ কূলে অহঙ্কার করিবে। অতএব তুমি যাইয়া লোকদের কর্ণে এই কথা ঘোষণা কর, যে জন ভয়ার্ত্ত ও ভীত, সে প্রত্যূষে গিলিয়দ্ পর্ব্বতহইতে ফিরিয়া যাউক; তাহাতে লোকদের মধ্যহইতে বাইশ সহস্র লোক ফিরিয়া গেল, ৪ এবং দশ সহস্র অবশিষ্ট থাকিল। পরে পরমেশ্বর গিদিয়োন্কে কহিলেন, লোকেরা এখনো অধিক আছে, তাহাদিগকে জলের নিকটে আন; আমি তোমার জন্যে সেখানে তাহাদের পরীক্ষা লইব*; তাহাতে যাহার বিষয়ে কহিব, এই ব্যক্তি তোমার সহিত যাইবে, সেই তোমার সহিত যাইবে; এবং যাহার বিষয়ে কহিব, এই ব্যক্তি যাইবে না, সে তোমার সহিত যাইবে না। ৫ তাহাতে সে জলের নিকটে লোকদিগকে আনিলে পরমেশ্বর গিদিয়োন্কে কহিলেন, যাহারা কুক্কুরের ন্যায় জিহ্বাদ্বারা জল চাটিয়া খায় তাহাদিগকে, ও যাহারা পান করিতে হাঁটু গাড়ে তাহাদিগকে তুমি পৃথক্ ৬ করিয়া রাখ। তাহাতে তিন শত সংখ্য লোক মুখে হাত তুলিয়া জল চাটিয়া খাইল, কিন্তু অন্য সমস্ত লোক ৭ পান করিতে হাঁটু গাড়িল। পরে পরমেশ্বর গিদিয়োন্কে কহিলেন, চাটিয়া জল পানকারি এই তিন শত লোকদ্বারা আমি তোমাদিগকে মুক্ত করিব, ও মিদিয়নীয়দিগকে তোমাদের হস্তে সমর্পণ করিব, এবং অন্য ৮ সমস্ত লোক আপন ২ স্থানে প্রস্থান করুক। পরে লোকেরা আপন ২ হস্তে খাদ্য দ্রব্য ও তূরী গ্রহণ করিল, এবং সে ইস্রায়েল্ বংশের অবশিষ্ট সমস্তকে স্ব ২ বাসস্থানে † বিদায় করিয়া ঐ তিন শত মনুষ্যকে রাখিল; তৎকালে মিদিয়নীয় সৈন্যগণ তাহার নীচে তলভূমিতে ছিল।

৯ পরে সেই রাত্রিতে পরমেশ্বর তাহাকে কহিলেন, উঠ, তাহাদের শিবিরে যাও; আমি তাহাদের শিবির তো- ১০ মাদের হস্তে সমর্পণ করিলাম। কিন্তু তুমি যদি যাইতে ভীত হও, তবে তোমার দাস ফূরাকে সঙ্গে লইয়া সৈন্যের ১১ নিকটে যাও। এবং তাহারা যাহা কহে, তাহা শুন, তাহাতে তাহাদের শিবিরের মধ্যে যুদ্ধযাত্রা করিতে তুমি বলবান হইবা ‡; তাহাতে সে আপন দাস ফূরার সহিত শিবিরস্থ সুসজ্জ লোকদের বহিঃপার্শ্ব পর্য্যন্ত ১২ গেল। ঐ মিদিয়নীয় ও অমালেকীয় ও পূর্ব্ব দেশীয় লোকেরা বহুত্ব প্রযুক্ত প্রান্তরের মধ্যে পঙ্গপালের ন্যায় বিদ্যমান ছিল, এবং উষ্ট্রও বহুত্ব প্রযুক্ত সমুদ্র ১৩ তীরস্থ বালুকার ন্যায় অসংখ্য ছিল। পরে গিদিয়োন্ প্রবেশ করিলে তাহাদের মধ্যে এক জন আপন বন্ধুর নিকটে এই স্বপ্নকথা কহিতেছিল, দেখ, আমি এক স্বপ্ন দেখিলাম, যেন যবের ময়দাতে নির্ম্মিত এক রুটী মিদিয়নীয়দের শিবিরের মধ্য দিয়া গড়িয়া গেল এবং তাম্বুর নিকটে উপস্থিত হইয়া তাহাকে আঘাত করিল; ১৪ তাহাতে তাম্বু উলটিয়া দীর্ঘ হইয়া পড়িল। তাহাতে তাহার বন্ধু উত্তর করিল, তাহা ইস্রায়েল্ বংশীয় যোয়াশের পুত্র গিদিয়োনের খড়্গ ব্যতিরেক আর কিছু নহে, পরমেশ্বর মিদিয়নীয় লোক ও সমস্ত শিবিরকে তাহার হস্তে সমর্পণ করিলেন।

১৫ তখন গিদিয়োন্ ঐ স্বপ্নের কথা ও তাহার অভিপ্রায় ‖ শুনিয়া প্রণাম করিয়া ফিরিয়া ইস্রায়েল্ বংশের সৈন্যের মধ্যে আসিয়া কহিল, উঠ, পরমেশ্বর তোমাদের হস্তে মিদিয়নীয়দের শিবিরকে সমর্পণ করিলেন। ১৬ পরে সে ঐ

[৩৬-৪০] যা ৪; ১-৯। আ ২৪; ১২-১৪ ।।—[৩৯] আ ১৮; ৩২ ।।

[৭ অধ্য; ১] বি ৬; ৩২ ।।—[২] দ্বি ৮; ১৭ ।।—[৩] দ্বি ২০: ৮ ।।—[৪] ১ শি ১৪; ৬ ।।—[৫] গী ১১০; ৭ ।।—[৭] প ৪ ।।—[১১] প ১৩, ১৪ ।।—[১২] বি ৬; ৫ ।।

* (ইব্রু) পবিত্র করিব। † (ইব্রু) তাম্বুতে। ‡ (ইব্রু) তোমার হস্ত সবল হইবে। ‖ (ইব্রু) ভাঙ্গন।

তিন শত লোককে তিন দলে বিভাগ করিয়া প্রত্যেকের হস্তে এক ২ তূরী এবং এক ২ ঘট ও তাহার মধ্যে প্রদীপ ১৭ দিল। এবং সে তাহাদিগকে কহিল, তোমরা আমার প্রতি দৃষ্টি করিয়া আমার মত কর্ম্ম কর, আমি শিবিরের বহির্দ্দিগে উপস্থিত হইলে যে রূপ করিব, তোমরাও ১৮ তদ্রূপ করিবা। আমি ও আমার সঙ্গিগণ তূরী বাজাইলে তোমরাও শিবিরের চারি পার্শ্বে থাকিয়া তূরী বাজাইয়া 'পরমেশ্বরের ও গিদিয়োনের খড়্গ' এই কথা কহিবা।

১৯ পরে গিদিয়োন্ ও তাহার সঙ্গি এক শত লোক মধ্য প্রহরের প্রথমে শিবিরের বহির্দ্দিগে আসিয়া উপস্থিত হইল; এবং তৎক্ষণাৎ নূতন প্রহরী স্থাপিত হইলে তাহারা তূরী বাজাইল, এবং আপন২ হস্তস্থিত ঘট ২০ ভাঙ্গিল। এই রূপে তিন দলের লোকেরা তূরী বাজাইল ও ঘট ভাঙ্গিল, এবং বাম হস্তে প্রদীপ ও দক্ষিণ হস্তে বাজাইবার তূরী গ্রহণ করিল, এবং 'পরমেশ্বরের ও ২১ গিদিয়োনের খড়্গ' এই কথা উচ্চৈঃশব্দে কহিল। এবং প্রত্যেক জন শিবিরের চারিদিগে আপন ২ স্থানে দাঁড়াইয়া রহিল; তাহাতে শত্রুগণের তাবৎ সৈন্য দৌড়িয়া ২২ চীৎকার শব্দ করিয়া পলায়ন করিল। এবং ঐ তিন শত লোক তূরী বাজাইলে পরমেশ্বর শিবিরস্থ প্রত্যেক খড়্গধারিকে আপন২ নিকটস্থ লোকের সহিত যুদ্ধ করাইলেন *; তাহাতে সৈন্যগণ সিরেদাস্থ বৎশিটাতে ও টব্বৎ পর্য্যন্ত আবেল্-মিহোলার সীমার দিগে পলায়ন ২৩ করিল। পরে নপ্তালি বংশ ও আশের্ বংশ ও মিনশির বংশহইতে ইস্রায়েল্ লোকেরা একত্র হইয়া মিদিয়নীয়দের পশ্চাৎ২ তাড়না করিয়া গেল।

২৪ পরে গিদিয়োন্ এই কথা কহিয়া ইফ্রয়িম্ পর্ব্বতের সর্ব্বত্র দূত প্রেরণ করিল, তোমরা মিদিয়নীয়দের প্রতিকূলে নামিয়া আইস, এবং তাহাদের অগ্রে২ বৈৎবারা ও যর্দ্দনের ঘাট হস্তগত কর; তাহাতে ইফ্রয়িমের সমস্ত লোক একত্র হইয়া বৈৎবারা ও যর্দ্দনের ঘাট হস্ত- ২৫ গত করিল। এবং তাহারা ওরেব ও সেব্ নামে মিদিয়নীয় দুই রাজাকে ধরিয়া ওরেব্ নামক পর্ব্বতে ওরেব্কে বধ করিল, এবং সেব্ নামক দ্রাক্ষাযন্ত্রের নিকটে সেব্কে বধ করিল। পরে তাহারা মিদিয়নীয়দের পশ্চাৎ২ তাড়না করিয়া গেল, এবং ওরেবের ও সেবের মস্তক যর্দ্দনের ওপারে গিদিয়োনের নিকটে লইয়া গেল।

৮ অধ্যায়।

১ ইফ্রয়িম্ লোকদের প্রতি গিদিয়োনের কথা ৪ ও গিদিয়োনের প্রতি সুক্কোৎ ও পিনূয়েল্ লোকদের বিদ্রূপ কথা ১০ ও সেবহ ও সল্মুন্নের বীরা পতন ১৩ ও সুক্কোৎ ও পিনূয়েল্ লোকদের শাস্তি ১৮ ও দুই রাজাকে বধ করণ ২২ ও রাজত্ব করিতে না চাহিয়া গিদিয়োনের লুটিত কুণ্ডল চাহন ও তাহাতে এফোদ্ প্রস্তুত করণ ২৮ ও মিদিয়নীয়দের পরাস্ত হওন ২৯ ও গিদিয়োনের সন্তানের ও মৃত্যুর কথা ৩২ ও ইস্রায়েল্ বংশের অকৃতজ্ঞতা।

১ পরে ইফ্রয়িমের লোকেরা গিদিয়োন্কে কহিল, তুমি মিদিয়নীয়দের সহিত যুদ্ধ করিতে গমন সময়ে কেন আমাদিগকে আহ্বান করিলা না? আমাদের প্রতি এই কি ব্যবহার করিলা? ইহা বলিয়া তাহারা ২ তাহার সহিত অত্যন্ত † বিবাদ করিল। তাহাতে সে তাহাদিগকে কহিল, তোমাদের কর্ম্মের ন্যায় এখন আমি কি কর্ম্ম করিলাম? অবীয়েষরের তাবৎ দ্রাক্ষাফলের চয়ন অপেক্ষা ইফ্রয়িমের অবশিষ্ট দ্রাক্ষাফল ৩ চয়ন কি অধিক ভাল নয়? ঈশ্বর ওরেব্ ও সেব্ নামে মিদিয়নীয় দুই রাজাকে তোমাদেরই হস্তগত করিলেন; আমি তোমাদের ন্যায় কি কর্ম্ম সিদ্ধ করিতে পারিলাম? এমত কথা কহিলে তাহার প্রতি তাহাদের ক্রোধ নিবৃত্ত হইল।

৪ গিদিয়োন্ ও তাহার সঙ্গি তিন শত লোক শ্রান্ত অথচ পশ্চাদ্ ধাবমান হইয়া যর্দ্দনে আসিয়া পার হই- ৫ য়াছিল। তাহাতে সে সুক্কোতের লোকদিগকে কহিল, আমি তোমাদিগকে বিনয় করি, তোমরা আমার পশ্চাদ্গামি লোকদিগকে খাদ্য দ্রব্য দেও, কেননা তাহারা শ্রান্ত হইয়াছে; আমি সেবহ ও সল্মুন্ন নামে মিদিয়নীয় ৬ দুই রাজার পশ্চাৎ২ তাড়না করিয়া যাইতেছি। তাহাতে সুক্কোতের অধ্যক্ষগণ কহিল, সেবহের ও সল্মুন্নের সৈন্যগণ কি এখন তোমার হস্তগত আছে? এই জন্যে ৭ আমরা কি তোমার সৈন্যগণকে ভক্ষ্য দিব? তাহাতে গিদিয়োন্ কহিল, যখন ঈশ্বর সেবহকে ও সল্মুন্নকে আমার হস্তগত করিবেন, তখন অরণ্যের শ্যাকুলের ৮ ও কণ্টকের দ্বারা তোমাদের মাংস ছিঁড়িব। পরে সে তথাহইতে পিনূয়েলে উঠিয়া যাইয়া তাহাদের প্রতিও সেই রূপ কহিল; তাহাতে সুক্কোতের লোকেরা যে রূপ কহিয়াছিল, পিনূয়েলের লোকেরাও তদ্রূপ কহিল। ৯ তখন সে ঐ পিনূয়েল্ লোকদিগকেও কহিল, আমি কুশলে আগমন কালে তোমাদের এই দুর্গ ভগ্ন করিব।

১০ ঐ সময়ে সেবহ ও সল্মুন্ন কর্কোরে, এবং তাহাদের সৈন্য অর্থাৎ পূর্ব্বদেশীয় লোকদের তাবৎ সৈন্যের অবশিষ্ট পঞ্চদশ সহস্র লোক তাহাদের সহিত ছিল, আর অস্ত্রধারি এক শত বিংশতি সহস্র লোক হত ১১ হইয়াছিল। পরে গিদিয়োন্ নোবহের ও যগ্বিহের পূর্ব্বদিগে তাম্বু নিবাসিদের পথ দিয়া উঠিয়া যাইয়া সৈন্যগণকে আঘাত করিল, যেহেতুক ঐ সৈন্যগণ নিষ্কণ্টকে বাস করিতেছিল। পরে সেবহ ও সল্মুন্ন পলায়ন ১২ করিলে সে তাহাদের পশ্চাদ্ ধাবমান হইয়া সেবহ ও

২৪] বি ৩ ; ২৭, ২৮ ॥—[৮ অধ্যা ; ১] বি ১২ ; ১ ॥—[২, ৩] হি ১৫ ; ১ ॥—[৩] বি ৭ ; ২৫ ॥—[৫] আ ৩৩ ; ১৭ ॥ [৭] প ১৬ ॥—[৮] আ ৩২ ; ৩০ ॥—[৯] প ১৭ ॥—[১০] বি ৭ ; ১২ ॥—[১১] গ ৩২ ; ৩৫,৪২ ॥

* (ইব্রু) বিরুদ্ধে স্থাপন করিলেন। † (ইব্রু) শত্রু।

সল্মুন্ন নামে মিদিয়নের দুই রাজাকে ধরিল, এবং তাহাদের তাবৎ সৈন্যকে উদ্বিগ্ন করিল।

১৩ পরে যোয়াশের পুত্র গিদিয়োন্ সূর্য্যোদয়ের পূর্ব্বে ১৪ যুদ্ধহইতে ফিরিয়া আইলে সে সুক্কোৎ নিবাসিদের এক যুবকে ধরিয়া জিজ্ঞাসা করিল; তাহাতে সে সুক্কোতের অধ্যক্ষগণের ও তাহার প্রাচীনদের সাতা- ১৫ ত্তর জনের নাম লিখিয়া দিল। পরে সুক্কোতের লোকদের নিকটে উপস্থিত হইয়া কহিল, সেবহের ও সল্মুন্নের সৈন্যগণ কি এখন তোমার হস্তগত আছে? এই জন্যে কি আমরা তোমার ক্লান্ত লোকদিগকে ভক্ষ্য দিব? এই কথা কহিয়া যাহাদের বিষয়ে আমাকে বিদ্রূপ ১৬ করিয়াছিলা, সেই সেবহকে ও সল্মুন্নকে দেখ। অপর সে ঐ নগরের প্রাচীনগণকে ধরিয়া অরণ্যের কণ্টক ও শ্যাকুল লইয়া তাহাদ্বারা ঐ সুক্কোতীয় লোকদিগকে ১৭ শিক্ষা দিল*। পরে সে পিনূয়েলের দুর্গ ভগ্ন করিয়া ঐ নগরের লোকদিগকে বধ করিল।

১৮ পরে সে সেবহকে ও সল্মুন্নকে কহিল, তাবোরে তোমাদের কর্ত্তৃক হত লোকেরা কি প্রকার? তাহাতে তাহারা উত্তর করিল, আপনি যেমন, তাহারাও সেই ১৯ রূপ, প্রত্যেকে রাজপুত্রস্বরূপ ছিল। তাহাতে সে কহিল, তাহারা আমার ভ্রাতা, এক মাতার সন্তান; আমি নিত্য পরমেশ্বরের নাম লইয়া কহি, তোমরা যদি তাহাদের প্রাণ রক্ষা করিতা, তবে আমি তোমা- ২০ দিগকে বধ করিতাম না। পরে সে আপন জ্যেষ্ঠ পুত্র যেথরকে কহিল,তুমি উঠিয়া ইহাদিগকে বধ কর; কিন্তু সে বালক,এই প্রযুক্ত ভীত ছিল, এই জন্যে আপন ২১ খড়্গ বাহির করিল না। তাহাতে সেবহ ও সল্মুন্ন কহিল, আপনি উঠিয়া আমাদিগকে বধ করুণ, কেননা পুরুষ, যেমন তেমনি তাহার সামর্থ্য; পরে গিদিয়োন্ উঠিয়া সেবহকে ও সল্মুন্নকে বধ করিল; এবং তাহাদের উষ্ট্রদের গলের সমস্ত চন্দ্রহার লইল।

২২ পরে ইস্রায়েল্ বংশ গিদিয়োন্কে কহিল, তুমি পুত্র পৌত্রাদি ক্রমে আমাদের উপরে কর্ত্তৃত্ব কর, কেননা তুমি আমাদিগকে মিদিয়নীয়দের হস্তহইতে রক্ষা করি- ২৩ লা। তাহাতে গিদিয়োন্ কহিল,আমি তোমাদের উপরে কর্ত্তৃত্ব করিব না,এবং আমার পুত্রও তোমাদের উপরে কর্ত্তৃত্ব করিবে না, কিন্তু পরমেশ্বর তোমাদের উপরে ২৪ কর্ত্তৃত্ব করিবেন। পরে গিদিয়োন্ কহিল,আমি তোমাদের কাছে এক নিবেদন করি, তোমরা প্রত্যেক জন আপন ২ লুটিত কর্ণকুণ্ডল আমাকে দেও, কেননা হত ইস্মায়েলীয় লোকদের অনেক সুবর্ণ কর্ণকুণ্ডল ছিল। ২৫ তাহাতে তাহারা উত্তর করিল, আমরা স্বেচ্ছাপূর্ব্বক তাহা তোমাকে দিব; পরে তাহারা এক বস্ত্র পাতিয়া প্রত্যেকে আপন ২ লুটিত কর্ণকুলণ্ড তাহাতে ফেলিল। ২৬ তাহাতে চন্দ্রহার ও ঝুমকা ও মিদিয়নীয় রাজাদের পরিধেয় বাগুনি রঙ্গের বস্ত্র ও তাহাদের উষ্ট্রের গলার অভরণ ব্যতিরেকে তাহার প্রার্থিত কর্ণকুণ্ডলের পরিমাণ এক সহস্র সাত শত শেকল্ সুবর্ণ হইল। ২৭ পরে গিদিয়োন্ তাহা লইয়া এক এফোদ্ নির্ম্মাণ করিয়া নগরে অর্থাৎ অফ্রাতে তাহা স্থাপন করিল; তাহাতে তাবৎ ইস্রায়েল্ বংশ সে স্থানে তাহার পশ্চাৎ ২ ব্যভিচারী হইল; এই সকল গিদিয়োনের ও তাহার পরিজনের ফাঁদস্বরূপ হইল।

২৮ এই রূপে মিদিয়নীয় লোকেরা ইস্রায়েল্ বংশের সম্মুখে এমত পরাজিত হইল, যে আপন ২ মস্তক আর তুলিতে পারিল না; পরে গিদিয়োনের সময়ে চল্লিশ বৎসর পর্য্যন্ত দেশ নিষ্কণ্টকে ছিল।

২৯ পরে যোয়াশের পুত্র যিরুব্বাল্ আপন ঘরে যাইয়া ৩০ বাস করিল। ঐ গিদিয়োনের ঔরসজাত † সত্তরি পুত্র ৩১ ছিল, কেননা তাহার অনেক ভার্য্যা ছিল। শিখিমে তাহার যে উপপত্নী ছিল,সেও তাহার এক পুত্র প্রসব করিল, এবং তাহার নাম অবীমেলক্ রাখিল।

৩২ পরে যোয়াশের পুত্র গিদিয়োন্ অতি ‡ বৃদ্ধাবস্থাতে মরিলে অবীয়েষ্রীয়দের অফ্রাতে আপন পিতার যোয়াশের কবরে তাহার কবর হইল। ৩৩ পরে গিদিয়োন্ মরিলে ইস্রায়েল্ বংশ পুনর্ব্বার বাল্ দেবগণের পশ্চাৎ যাইয়া ব্যভিচারী হইয়া বাল্ বিরীৎকে আপনাদের ইষ্টদেবতা করিল। ৩৪ এবং তাহাদের চতুর্দ্দিকস্থ শত্রুগণের হস্তহইতে তাহাদিগকে উদ্ধারকারি প্রভু পরমেশ্বরকে তাহারা বিস্মৃত হইল। ৩৫ এবং যিরুব্বালের অর্থাৎ গিদিয়োনের বংশ ইস্রায়েল্ বংশের প্রতি যে ২ অনুগ্রহ করিয়াছিল, ইস্রায়েল্ লোক তদনুসারে কৃতজ্ঞতা করিল না।

৯ অধ্যায়।

১ ভ্রাতৃগণকে বধ করিয়া অবীমেলকের রাজা হওন ৭ ও যোথমের দৃষ্টান্ত ২২ ও অবীমেলকের বিরুদ্ধে গালের কুমন্ত্রনা ৩০ ও সিবুলের তাহা প্রকাশ করন ৩৪ ও যুদ্ধে অবীমেলকের জয় ৪৬ ও বাল্ বিরীৎ দেবতার দুর্গ দগ্ধ করন ৫০ ও তেবেস্ নগরে স্ত্রীর নিক্ষিপ্ত প্রস্তরদ্বারা অবীমেলকের বধ ৫৬ ও যোথমের বাক্য সফল হওন।

১ পরে যিরুব্বালের পুত্র অবীমেলক্ আপন মাতুলদের নিকটে শিখিমে যাইয়া তাহাদের সহিত এবং মাতামহের তাবৎ পরিজনের সহিত এই পরামর্শের কথা ২ কহিল; নিবেদন করি, তোমরা শিখিমের তাবৎ গৃহস্থদের কর্ণগোচরে এই কথা কহ, যিরুব্বালের সমস্ত

[১৩] প ৬।।—[১৬] প ৭।।—[১৭] প ৯।।—[২৩] ১ শি ১২; ১২।।—[২৪-২৭] আ ৩৫; ৪। যা ৩২; ৩, ৪।।—[২৪] আ ২৫; ১৩। ৩৭; ২৫,৩৬।।—[২৭] বি ৬; ১১,২৪। ১৭; ৫। যা ৩৪; ১৪, ১৫।।—[৩২] বি ৬; ১১।।—[৩৩] ২; ১৯।।
[৩৪] ২; ১১,১২।।—[৩৫] যো ১৫; ২০।।
[৯ অধ্য; ১] বি ৮; ৩১।।—[২] ৮; ৩০।।

* (ইব্রু) বুঝাইল। † (ইব্রু) জঙ্ঘাজাত। ‡ (ইব) উত্তম।

পুত্র অর্থাৎ সত্তরি জন তোমাদের উপরে কর্ত্তৃত্ব করিবে? কি এক জন তোমাদের উপরে কর্ত্তৃত্ব করিবে? ইহার মধ্যে তোমাদের ভাল কি? আর আমি তোমা- ৩ দের অস্থি ও মাংসস্বরূপ, ইহাও স্মরণ কর। তাহাতে তাহার মাতুলগণ শিখিমের তাবৎ গৃহস্থদের কর্ণগোচরে এই কথা কহিলে অবীমেলকের পশ্চাদ্গামী হইতে তাহারা সম্মত হইল, কেননা তাহারা কহিল, ৪ উনি আমাদের ভ্রাতা। এবং তাহারা বাল্‌বিরীতের মন্দিরহইতে তাহাকে সত্তরি থান রূপা দিল; তাহাতে অবীমেলক বাতুল ও আত্মশ্লাঘি লোকদিগকে ঐ রূপা ৫ বেতন দিলে, তাহারা তাহার পশ্চাদ্গামী হইল। পরে সে অফ্রাতে আপন পিতার বাটীতে যাইয়া যিরুব্বালের পুত্র আপন সত্তরি জন ভ্রাতাকে এক প্রস্তরোপরি বধ করিল; কিন্তু যিরুব্বালের যোথম্ নামে কনিষ্ঠ পুত্র ৬ লুকাওনেতে অবশিষ্ট থাকিল। পরে শিখিমের তাবৎ গৃহস্থ বৈৎমিল্লোস্থ তাবৎ লোক একত্র হইয়া শিখিম্স্থিত স্তম্ভের নিকটবর্ত্তি এলোন্ বৃক্ষের সমীপে যাইয়া অবীমেলক্‌কে রাজা করিল।

৭ পরে লোকেরা যোথম্‌কে সম্বাদ দিলে সে যাইয়া গিরিষীম্ পর্ব্বতের চূড়াতে দাঁড়াইয়া উচ্চৈঃস্বরে তাহাদিগকে এই কথা কহিল, হে শিখিমের লোক সকল, আমার কথায় মনোযোগ কর, তাহাতে পরমেশ্বর তোমা- ৮ দের কথায় মনোযোগ করিবেন। বৃক্ষগণ আপনাদের মধ্যে রাজ্যাভিষিক্ত করণার্থে গমন করিয়া জিতবৃক্ষকে ৯ কহিল, তুমি আমাদের রাজা হও। তাহাতে জিতবৃক্ষ কহিল, আমার যে তৈলের নিমিত্তে ঈশ্বর ও মনুষ্যেরা আমার মর্য্যাদা করে, তাহা ত্যাগ করিয়া আমি কি বৃক্ষ- ১০ গণের উপরে নিযুক্ত হইতে গতায়াত করিব? পরে বৃক্ষগণ ডুম্বুরবৃক্ষকে কহিল, তুমি আসিয়া আমাদের রাজা ১১ হও। তাহাতে ডুম্বুরবৃক্ষ উত্তর করিল, আমি কি আপন মিষ্টতা ও উত্তম ফল ত্যাগ করিয়া বৃক্ষের উপরে ১২ নিযুক্ত হইতে যাইব? পরে বৃক্ষগণ দ্রাক্ষালতাকে কহিল, ১৩ তুমি আসিয়া আমাদের রাজা হও। তাহাতে দ্রাক্ষালতা কহিল, আমার যে রস ঈশ্বরকে ও মনুষ্যগণকে তৃপ্ত করে, তাহা ত্যাগ করিয়া আমি কি বৃক্ষের উপরে ১৪ নিযুক্ত হইতে যাইব? পরে বৃক্ষগণ কণ্টকবৃক্ষকে ১৫ কহিল, তুমি আসিয়া আমাদের রাজা হও। তাহাতে কণ্টকবৃক্ষ অন্য বৃক্ষগণকে কহিল, তোমরা যদি আপনাদের উপরে আমাকে রাজা করিতে নিতান্ত অভিষেক কর, তবে আসিয়া আমার ছায়াতে আশ্রয় কর; কিন্তু যদি না কর, তবে কণ্টকবৃক্ষহইতে অগ্নি নির্গত ১৬ হইয়া লিবানোনের এরস বৃক্ষগণকে দগ্ধ করিবে। দেখ, এখন অবীমেলক্‌কে রাজা করিলে তোমাদের আচরণ যদি সত্য ও সরল হয়, এবং যদি যিরুব্বালের ও তাহার বংশের প্রতি তোমাদের ভদ্রাচরণ হয়, ও তাহার কর্ত্তৃত্বানুসারে তোমাদের কৃতজ্ঞতা হয়, তবে ভাল। ১৭ আমার পিতা তোমাদের নিমিত্তে যুদ্ধ করিলেন ও আপন প্রাণপণ করিয়া মিদিয়নীয়দের হস্তহইতে তোমা- ১৮ দিগকে উদ্ধার করিলেন, কিন্তু তোমরা অদ্য আমার পিতার বংশের প্রতিকূলে উঠিয়া এক প্রস্তরোপরি তাঁহার সত্তরি জন পুত্রকে বধ করিয়া তাঁহার দাসীপুত্র অবীমেলক্‌কে আপনাদের ভ্রাতা হওন প্রযুক্ত শিখি- ১৯ মের গৃহস্থদের উপরে রাজা করিলা। অতএব যিরুব্বালের ও তাহার বংশের প্রতি তোমাদের অদ্যকার আচরণ যদি সত্য ও সরল হয়, তবে তোমরা অবীমেলকের সহিত আনন্দ কর, ও সে তোমাদের সহিত ২০ আনন্দ করুক। কিন্তু যদি না হয়, তবে অবীমেলক্ হইতে অগ্নি নির্গত হইয়া শিখিমের গৃহস্থদিগকে ও মিল্লোর পরিজনগণকে দগ্ধ করিবে; এবং শিখিমের গৃহস্থদের হইতে ও মিল্লোর পরিজনহইতেও অগ্নি নির্গত ২১ হইয়া অবীমেলক্‌কে দগ্ধ করিবে। পরে যোথম্ পলাইয়া চলিয়া গেল ও আপন ভ্রাতা অবীমেলকের ভয়ে বেরে যাইয়া বাস করিল।

২২ পরে অবীমেলক্ ইস্রায়েল্ বংশের উপরে তিন বৎ- ২৩ সর রাজত্ব করিল। তাহার পর যেন যিরুব্বালের ২৪ সত্তরি পুত্রের প্রতি কৃত নির্দ্দয় কার্য্যের ফল আইসে, এবং তাহাদিগকে বধকারি তাহাদের ভ্রাতা অবীমেলকের উপরে এবং তাহার ভ্রাতৃবধে তাহার সাহায্যকারি * শিখিমের গৃহস্থদের উপরে তাহাদের রক্তপাতের অপরাধ যেন বর্ত্তে, এই জন্যে ঈশ্বর অবীমেলকের ও শিখিমের গৃহস্থদের মধ্যে দুর্ব্বুদ্ধি জন্মাইলেন, ২৫ ও শিখিমের গৃহস্থেরা অবীমেলকের প্রতি বিশ্বাসঘাতকতা করিল। আর শিখিমের গৃহস্থেরা তাহার নিমিত্তে পর্ব্বতশৃঙ্গে গোপন স্থানে লোকদিগকে বসাইল, তাহাতে যত লোক তাহাদের নিকটস্থ পথ দিয়া যায়, সকলেরি দ্রব্যাদি তাহারা লুটিয়া লয়; এই কথা অবীমেলকের ২৬ কর্ণগোচর হইল। পরে এবদের পুত্র গাল্ আপন ভ্রাতৃগণকে সঙ্গে লইয়া শিখিমের পক্ষে আইল; তাহাতে ২৭ শিখিমের গৃহস্থেরা তাহাদিগকে বিশ্বাস করিল। এবং তাহারা ক্ষেত্রে বাহির হইয়া যে সময়ে আপন দ্রাক্ষাক্ষেত্রের ফল চয়ন করিল, এবং ফল মর্দ্দন করিয়া আমোদ প্রমোদ করিল, সেই সময়ে তাহাদের দেবগণের মন্দিরে যাইয়া ভোজন পান করিয়া অবী- ২৮ মেলক্‌কে শাপ দিল। তাহাতে এবদের পুত্র গাল্ কহিল, অবীমেলক্ কে? ও শিখিম্ কে? আমরা কেন তাহার সেবা করি? সে কি যিরুব্বালের পুত্র নহে?

[৪] বি ৮; ৩৩ ॥—[৫] ৮; ৩০, ৩২। ২ রা ১১; ১, ২ ॥—[৬] যি ২৪; ২৬ ॥—[৭] যি ৮; ৩৩ ॥—[৮-১৩] বি ৮; ২২, ২৩ ॥—[১৪, ১৫] প ২। ২ রা ১৪; ৯ ॥—[১৫] প ২০ ॥—[১৬] বি ৮; ৩৫ ॥—[১৭] ৮; ২২ ॥—[১৮] প ৪-৬ ॥ [২০] প ১৫, ২৩, ৪৫, ৫৪, ৫৫, ৫৭ ॥—[২৩] প ২০ ॥—[২৪] প ৪, ৫ ॥—[২৮] আ ৩৪ ২ ।

* (ইব্রু) হস্ত সবলকারি।

এবং সিবূল্ কি তাহার সেনাপতি নহে? শিখিমের পিতা হমোরের লোককে সেবা কর; আমরা কি নিমিত্তে ২৯ তাহার সেবা করি? হায় ২ এই লোক আমার হস্তগত হইলে আমি অবীমেলক্‌কে দেশান্তর করিব; পরে সে অবীমেলকের উদ্দেশে কহিল, তুমি অধিক সৈন্য লইয়া বাহির হইয়া আইস।

৩০ পরে নগরের কর্ত্তা সিবূল্ এবদের পুত্র গালের কথা ৩১ শুনিয়া ক্রোধে প্রজ্বলিত হইল। তাহাতে সে প্রবঞ্চনা পূর্ব্বক* অবীমেলকের নিকটে দূত প্রেরণ করিয়া কহিল, দেখ, এবদের পুত্র গাল্ ও তাহার ভ্রাতৃগণ শিখিমে আইল, এবং দেখ, তাহারা তোমার বিরুদ্ধে ৩২ নগরে কুপ্রবৃত্তি দিতেছে। অতএব তুমি আপন সঙ্গি লোকদের সহিত রাত্রিতে উঠিয়া ক্ষেত্রে লুকাইয়া ৩৩ থাক। পরে প্রাতঃকালে সূর্য্যোদয় হইবামাত্র উঠিয়া নগর আক্রমণ কর; তাহাতে দেখ, সে ও তাহার সঙ্গি-লোকেরা তোমার বিরুদ্ধে আইলে তুমি যাহা করিতে পার,† তাহা কর।

৩৪ পরে অবীমেলক্ ও তাহার সঙ্গিলোকেরা রাত্রিতে উঠিয়া চারি দল হইয়া শিখিমের বিরুদ্ধে লুকাইয়া থা-৩৫ কিল। এবং এবদের পুত্র গাল্ বাহিরে যাইয়া নগরদ্বারে প্রবেশের স্থানে দাঁড়াইল; কিন্তু অবীমেলক্ ও তাহার ৩৬ সঙ্গিলোকেরা গুপ্ত ভাবহইতে উঠিলে, গাল্ লোক-দিগকে দেখিয়া সিবূল্‌কে কহিল, ঐ দেখ, পর্ব্বতশৃঙ্গ-হইতে লোক সকল নামিয়া আসিতেছে; তাহাতে সিবূল্ তাহাকে কহিল, তুমি পর্ব্বতের ছায়াকে লোকসমূহের ৩৭ ন্যায় দেখিতেছ। পরে গাল্ পুনর্ব্বার কহিল, দেখ, উচ্চ স্থানহইতে লোক সকল নামিয়া আসিতেছে, এবং আর এক দল মিয়োনিনীমের এলোন্ বৃক্ষহইতে আসি-৩৮ তেছে। তাহাতে সিবূল্ কহিল, অবীমেলক্ কে? আমরা কেন তাহার সেবা করি? এই কথা তুমি যে মুখ দিয়া কহিয়াছ, তোমার সেই মুখ এখন কোথায়? তুমি যে লোকদিগকে তুচ্ছ করিয়াছ, ইহারা কি সেই লোক নয়? বিনয় করি, তুমি এখন বাহির হইয়া ইহাদের সহিত ৩৯ যুদ্ধ কর। তাহাতে গাল্ শিখিমের গৃহস্থদের অগ্রগামী হইয়া বাহিরে যাইয়া অবীমেলকের সহিত যুদ্ধ করিল। ৪০ তাহাতে অবীমেলক্ তাহাকে তাড়না করিলে সে তাহার সম্মুখহইতে পলায়ন করিল, এবং দ্বারে প্রবেশের স্থান ৪১ পর্য্যন্ত অনেক লোক হত হইয়া পড়িল। এবং অবী-মেলক্ অরুমাতে বাস করিল, এবং গাল্‌কে ও তাহার ভ্রাতৃগণকে শিখিমে বাস করিতে আর না দিয়া সিবূল্ ৪২ তাহাদিগকে দূর করিয়া দিল। পরদিবসে লোকেরা বাহির হইয়া ক্ষেত্রে গেল; এবং অবীমেলক্ সম্বাদ ৪৩ পাইয়া লোকদিগকে লইয়া তিন দল করিয়া ক্ষেত্রে লুকাইয়া থাকিল, পরে লোকেরা নগরহইতে বাহির হইয়া আইল; ইহা সে নিরীক্ষণ করিয়া দেখিলে তাহা-দের বিরুদ্ধে উঠিয়া তাহাদিগকে আঘাত করিল। এবং ৪৪ অবীমেলক্ ও তাহার সঙ্গিদল দ্রুতগমনে অগ্রসর হইয়া নগরদ্বারে প্রবেশ স্থানে দাঁড়াইয়া থাকিল, এবং অন্য দুই দল ক্ষেত্রস্থ তাবৎ লোকের বিরুদ্ধে উঠিয়া তাহাদিগকে বধ করিল। এই রূপে অবীমেলক্ সমস্ত ৪৫ দিন ঐ নগরের বিরুদ্ধে যুদ্ধ করিল, এবং নগর হস্তগত করিয়া তন্মধ্যস্থিত লোকদিগকে বধ করিল, এবং নগর সমভূমি করিয়া তাহার মধ্যে লবণ ছড়াইল।

পরে শিখিমের দুর্গস্থিত তাবৎ গৃহস্থ লোক এই কথা ৪৬ শুনিয়া বিরীৎ দেবের মন্দিরস্থ এক দৃঢ় স্থানে প্রবেশ করিল। পরে শিখিমের দুর্গস্থিত তাবৎ গৃহস্থ লোক ৪৭ একত্র হইয়াছে, এই কথা অবীমেলকের কর্ণগোচর হইলে অবীমেলক্ ও তাহার সঙ্গিগণ সল্মোন্ পর্ব্বতে ৪৮ আরোহণ করিল; পরে অবীমেলক্ এক কুঠার হস্তে লইয়া বৃক্ষহইতে এক শাখা ছেদন করিয়া লইয়া আপন স্কন্ধে রাখিল, এবং আপন সঙ্গি লোকদিগকে কহিল, তোমরা আমাকে যাহা করিতে দেখিতেছ, তদনুসারে শীঘ্র কর। তাহাতে লোকেরা প্রত্যেক জন ৪৯ সেই রীতি অনুসারে শাখা ছেদন করিয়া অবীমেল-কের অশ্চাৎ ২ চলিল; পরে দুর্গের নিকটে সেই সকল শাখা রাখিয়া তাহাতে অগ্নি লাগাইয়া দিল; তাহাতে শিখিমের দুর্গস্থ তাবৎ লোক অর্থাৎ স্ত্রী ও পুরুষ প্রায় এক সহস্র লোক মরিল।

পরে অবীমেলক্ তেবেসে গমন করিয়া তাহার ৫০ বিরুদ্ধে শিবির স্থাপন করিয়া তাহা হস্তগত করিল। কিন্তু ঐ নগরের মধ্যে দুরাক্রম এক দুর্গ ছিল; অতএব ৫১ পুরুষ ও স্ত্রী নগরের তাবৎ গৃহস্থ লোক পলাইয়া তাহার মধ্যে গিয়া দ্বার রুদ্ধ করিয়া দুর্গের ছাতের উপরে উঠিল। পরে অবীমেলক্ ঐ দুর্গনিকটে উপস্থিত হইয়া ৫২ তাহার বিরুদ্ধে যুদ্ধ করিল, এবং অগ্নিদ্বারা দুর্গদ্বার দগ্ধ করিবার জন্যে তাহার নিকটে গেল। তাহাতে কোন ৫৩ এক স্ত্রীলোক যাঁতার এক খণ্ড লইয়া অবীমেলকের মস্তকের উপরে নিক্ষেপ করিয়া তাহার মস্তকের খুলি ভগ্ন করিল। তাহাতে সে শীঘ্র আপন অস্ত্রবাহক এক ৫৪ যুবকে ডাকিয়া কহিল, এক স্ত্রী তাহাকে মারিল, আমার বিষয়ে এমত কথা যেন লোকেরা না কহে, এই জন্যে তুমি খড়্গ খুলিয়া আমাকে বধ কর; তাহাতে সে যুবা তা-হাকে বিদ্ধ করিলে সে মরিল। পরে অবীমেলক্ মরিল, ৫৫ ইহা দেখিয়া ইস্রায়েল্ বংশ প্রত্যেকে আপন ২ স্থানে প্রস্থান করিল।

অবীমেলক্ আপন সত্তরি ভ্রাতাকে বধ করিয়া আপন ৫৬ পিতার বিরুদ্ধে দুষ্কর্ম্ম করিয়াছিল, এই জন্যে পরমে-শ্বর তাহার প্রতি এই রূপ সমুচিত দণ্ড দিলেন; এবং ৫৭

[২৯] ২ শি ১৫; ৪ ॥—[৩৮] প ২৮, ২৯॥—[৪৫] প ২০। দ্বি ২৯; ২৩। যির ১৭; ৬॥—[৪৬] প ৪॥—[৫৩] ২ শি ১১; ২১॥—[৫৪] ১ শি ৩১; ৪।—[৫৬, ৫৭] প ২০, ২৩, ২৪॥

* (বা) তর্ম্মাতে। † (ইব্রী) তোমার হস্ত যাহা পায়।

শিখিমের গৃহস্থদের প্রতি তাহাদের সমস্ত দুষ্ট কর্ম্মের প্রতিফল দিলেন; এই রূপে যিরুব্বালের পুত্র যোথমের শাপ তাহাদের প্রতি সফল হইল।

১০ অধ্যায়।

১ তোলয় বিচারকর্ত্তার কথা ৩ ও যায়ীর বিচারকর্ত্তার কথা ৭ ও পাপ প্রযুক্ত ইস্রায়েল লোকদের দুঃখ ১০ ও পরমেশ্বরের প্রতি নিবেদন ও ঈশ্বরের ওত্তর ১৫ ও লোকদের পাপ স্বীকার ও তাহাদের প্রতি ঈশ্বরের দয়া।

১ অবীমেলকের মৃত্যুর পর ইষাখর বংশীয় দোদয়ের পৌত্র পূয়ার পুত্র তোলয় উৎপন্ন হইয়া ইস্রায়েল বংশের রক্ষা করিল, এবং ইফ্রয়িম পর্ব্বতস্থ শামীর ২ নগরে বাস করিল। পরে তেইশ বৎসর পর্য্যন্ত ইস্রায়েল লোকদের বিচার করিলে পর সে মরিল; তাহাতে শামীরে তাহার কবর হইল।

৩ তাহার পরে গিলিয়দীয় যায়ীর উৎপন্ন হইয়া বাইশ ৪ বৎসর পর্য্যন্ত ইস্রায়েল বংশের বিচার করিল। এবং ত্রিশ গর্দ্দভ শাবকারূঢ় তাহার ত্রিশ পুত্র ছিল, এবং হবোৎ-যায়ীর নামে বিখ্যাত গিলিয়দ দেশস্থ তাহাদের ৫ ত্রিশ নগর অদ্যাপি আছে। পরে যায়ীর মরিলে কা-৬ মোনে তাহার কবর হইল। পরে ইস্রায়েল বংশ পরমেশ্বরের সাক্ষাতে পুনর্ব্বার পাপ করিল, এবং বাল্‌দেবগণের ওঅস্তারোৎ দেবীদের ও অরামের দেবগণের ও সীদোনের দেবগণের ও মোয়াবের দেবগণের ও অম্মোন্ বংশের দেবগণের ও পিলেষ্টীয়দের দেবগণের সেবা করিল; তাহারা পরমেশ্বরের সেবা না করিয়া তাঁহাকে ত্যাগ করিল।

৭ তাহাতে ইস্রায়েল বংশের প্রতিকূলে পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি পিলেষ্টীয়দের ও অম্মোন্ ৮ বংশের হস্তে তাহাদিগকে বিক্রয় করিলেন। তাহাতে ঐ বৎসরাবধি তাহারা আঠার বৎসর পর্য্যন্ত যর্দ্দন পারে গিলিয়দ দেশস্থ ইমোরীয় প্রদেশবাসি ইস্রায়েলের তাবৎ বংশকে ক্লেশ দিল ও তাহাদের প্রতি উপদ্রব ৯ করিল। তদ্ভিন্ন অম্মোন্ বংশ যিহূদা বংশের ও বিন্যামীন বংশের ও ইফ্রয়িম বংশের সহিত যুদ্ধ করিতে যর্দ্দন পারে গমন করিল; তাহাতে ইস্রায়েল বংশ অতিশয় ক্লেশ পাইল।

১০ পরে ইস্রায়েল বংশ পরমেশ্বরের উদ্দেশে এই প্রার্থনা করিল, আমরা আপন প্রভু পরমেশ্বরকে ত্যাগ করিলাম, ও বাল্‌দেবগণের সেবা করিলাম, এই দুই কর্ম্মদ্বারা আমরা তোমার প্রতিকূলে পাপ করিলাম। ১১ তাহাতে পরমেশ্বর ইস্রায়েল বংশকে কহিলেন, মিস্রীয় ও ইমোরীয় ও অম্মোনীয় ও পিলেষ্টীয় লোকহইতে আমি কি তোমাদিগকে মুক্ত করি নাই? সীদোনীয় ও ১২ অমালেকীয় ও মায়োনীয় লোকেরা তোমাদের প্রতি উপদ্রব করিলে তোমরা আমার কাছে প্রার্থনা করিলা; তাহাতে আমি তাহাদের হস্তহইতে তোমাদিগকে মুক্ত করিলাম। তথাপি তোমরা আমাকে ত্যাগ করিয়া ১৩ অন্য দেবগণের সেবা করিলা; অতএব আমি তোমাদিগকে আর উদ্ধার করিব না; তোমরা যাইয়া আপনা-১৪ দের মনোনীত দেবগণের কাছে প্রার্থনা কর; তাহারা তোমাদিগকে দুঃসময়হইতে উদ্ধার করুক।

১৫ তাহাতে ইস্রায়েল বংশ পরমেশ্বরকে কহিল, আমরা পাপ করিলাম, এখন তোমার দৃষ্টিতে যাহা বিহিত, তাহাই আমাদের প্রতি কর; অদ্যমাত্র আমাদিগকে উদ্ধার কর, আমরা এই প্রার্থনা করি। এবং তাহারা ১৬ আপনাদের মধ্যহইতে বিদেশীয় দেবগণকে দূর করিয়া পরমেশ্বরের সেবা করিল; তাহাতে ইস্রায়েল বংশের দুঃখেতে তাঁহার মন দুঃখিত * হইল। ঐ সময়ে ১৭ অম্মোন্ বংশ একত্র † হইয়া গিলিয়দে শিবির স্থাপন করিল, এবং ইস্রায়েল বংশ সকলে একত্র হইয়া মিস্পীতে শিবির স্থাপন করিল। তাহাতে গিলিয়দের লো-১৮ কেরা বিশেষতঃ তাহাদের অধ্যক্ষগণ পরস্পর কহিল, অম্মোন্ বংশের সহিত কে যুদ্ধ করিতে আরম্ভ করিবে? সে গিলিয়দের তাবৎ নিবাসিদের রাজা হইবে

১১ অধ্যায়।

১ যিপ্তহকে দূর করণ ৪ ও তাহাকে পুনরানয়ন করিতে লোক প্রেরণ ১২ ও ইস্রায়েলের সেনাপতি হইয়া অম্মোন বংশের রাজার কাছে দূত প্রেরণ ও তাহার সম্মতি না হওন ২৯ ও যিপ্তহের মানন ৩২ ও তাহার জয় করণ ৩৪ ও মানন অনুসারে আপন কন্যাকে সমর্পণ।

১ ঐ সময়ে গিলিয়দীয় যিপ্তহ অতিশয় বীর ছিল; সে ২ গিলিয়দের ঔরসজাত এক বেশ্যার পুত্র ছিল। অপর গিলিয়দের ভার্য্যা পুত্র প্রসব করিলে তাহার সেই ভার্য্যার পুত্রেরা বয়ঃপ্রাপ্ত হইয়া যিপ্তহকে দূর করিয়া দিয়া তাহাকে কহিল, তুমি পিতার উপপত্নীর পুত্র, পিতৃ ধনের অধিকার পাইবা না। তাহাতে যিপ্তহ আপন ৩ ভ্রাতৃগণের সম্মুখহইতে পলাইয়া টোব্ দেশে প্রবাস করিল, এবং দুষ্ট কতক গুলিন লোক যিপ্তহের সহিত মিলিয়া তাহার সঙ্গে গমনাগমন করিল।

৪ কতক দিনের পরে অম্মোন্ বংশ ইস্রায়েল বংশের ৫ সহিত সংগ্রাম করিলে তাহারা যখন যুদ্ধ আরম্ভ করিল, তখন গিলিয়দের প্রাচীনগণ যিপ্তহকে টোব্ দেশহইতে আনিতে গেল। তাহাতে তাহারা যিপ্তহকে কহিল, আমরা ৬ অম্মোন্ বংশের সহিত যুদ্ধ করিব; তুমি আসিয়া আমা-

[১০ অধ্য; ৪] বি ৫; ১০। ১২; ১৪। গী ৩২; ৪১, ৪২। দ্বি ৩; ১৪॥—[৬, ৭] বি ২; ১১-১৫। ৩; ৫-৮॥—[১০-১৪] ২; ১-৫, ২০, ২১॥—[১১,১২] যি ২৪; ৬-১৩। বি ৩; ১২, ১৩, ৩১। ২; ১৬॥—[১৪] দ্বি ৩২; ৩৭-৩৯। যির ২; ২৮॥ [১৬] ১ শি ৭; ৩, ৪। গী ১০৬; ৪৩-৪৫। দ্বি ৩২; ৩৬॥—[১৭] আ ৩১; ৪৯॥
[১১ অধ্য; ৩] বি ৯; ৪। ১ শি ২২; ২॥

* (ইব্রী) সঙ্কুচিত। † (ইব্রী) আহূত।

৭ দের সেনাপতি হও। তাহাতে যিপ্তহ গিলিয়দের প্রাচীনগণকে কহিল, তোমরা কি আমাকে ঘৃণা কর নাই ? ও আমার পিতৃবাটীহইতে আমাকে দূর কর নাই? তবে বিপদ্গ্রস্ত হইয়া এখন আমার কাছে কেন আইলা? ৮ তাহাতে গিলিয়দের প্রাচীনগণ যিপ্তহকে কহিল, তুমি আমাদের অগ্রসর হইয়া অম্মোন্ বংশের সহিত যুদ্ধ করিয়া আমাদের অর্থাৎ গিলিয়দ্ নিবাসি সমস্ত লোকদের প্রধান হও, এই নিমিত্তে আমরা এখন ৯ পুনর্ব্বার তোমার নিকটে ফিরিয়া আইলাম। যিপ্তহ গিলিয়দের প্রাচীনগণকে কহিল, অম্মোন্ বংশের সহিত যুদ্ধ করিতে তোমরা যদি পুনর্ব্বার আমাকে দেশে লইয়া যাও, আর পরমেশ্বর আমার হস্তে তাহাদিগকে সমর্পণ করেন, তবে আমি কি তোমাদের প্রধান ১০ হইব ? তাহাতে গিলিয়দের প্রাচীনেরা যিপ্তহকে কহিল, আমরা যদি তোমার বাক্যানুসারে না করি, তবে পর- ১১ মেশ্বর আমাদের মধ্যে সাক্ষী * হইবেন। পরে যিপ্তহ গিলিয়দের প্রাচীনগণের সহিত গেল; তাহাতে লোকেরা তাহাকে আপনাদের প্রধান ও সেনাপতি করিল; অপর যিপ্তহ মিস্পীতে পরমেশ্বরের সাক্ষাতে আপনার সমস্ত কথা কহিল।

১২ পরে যিপ্তহ অম্মোন্ বংশের রাজার নিকটে দূত পাঠাইয়া কহিল,আমার সহিত তোমার বিষয় কি? তুমি আমার সহিত যুদ্ধ করিতে আমার দেশে কেন আইলা? ১৩ তাহাতে অম্মোন্ বংশের রাজা যিপ্তহের দূতগণকে কহিল,ইস্রায়েল্ বংশ যখন মিসরহইতে বাহির হইয়া আইল, তখন তাহারা অর্ণোন্ অবধি যব্বোক্ ও যর্দ্দন্ পর্য্যন্ত আমার ভূমি হরণ করিল; অতএব এখন ১৪ নির্ব্বিরোধে তাহা ফিরাইয়া দেও। তাহাতে যিপ্তহ অম্মোন্ বংশের রাজার নিকটে পুনর্ব্বার দূত পাঠা- ১৫ ইয়া তাহাকে কহিল, যিপ্তহ এই কথা কহে, মোয়াবের ভূমি কিম্বা অম্মোন্ বংশের ভূমি ইস্রায়েল্ ১৬ বংশ হরণ করে নাই। কিন্তু ইস্রায়েল্ বংশ মিসর্হইতে আগমন সময়ে সূফ্ সাগর পর্য্যন্ত প্রান্তরের মধ্যে ভ্রমণ করিলে পর কাদেশে উপস্থিত হইয়া ইদোমের ১৭ রাজার নিকটে দূত প্রেরণ করিয়া কহিল,আমরা নিবেদন করি, তুমি আপন দেশের মধ্যদিয়া আমাদিগকে যাইতে দেও, কিন্তু ইদোমের রাজা সে কথা মানিল না; এবং সেই রূপে মোয়াবের রাজার নিকটেও দূত পাঠাইল, তাহাতে সেও সম্মত হইল না; সেই সময়ে ১৮ ইস্রায়েল্ বংশ কাদেশে বাস করিল। পরে তাহারা প্রান্তরের মধ্য দিয়া যাইয়া ইদোম্ দেশ ও মোয়াব্ দেশ প্রদক্ষিণ করাতে মোয়াব্ দেশের পূর্ব্বপার্শ্ব দিয়া আসিয়া অর্ণোনের ওপারে শিবির স্থাপন করিল, কিন্তু মোয়াবের সীমা মধ্যে প্রবেশ করিল না, কেননা অর্ণোন্ মোয়াবের সীমা ছিল। ১৯ অপর ইস্রায়েল্ বংশ হিষ্বোনের ইমোরীয় রাজা সীহোনের নিকটে দূত পাঠাইয়া কহিল, তুমি আপন দেশের মধ্য দিয়া আমাদের স্থানে আমাদিগকে যাইতে দেও। ২০ তাহাতে সীহোন্ ও আপন সীমার মধ্যদিয়া যাইতে দিতে ইস্রায়েল্ বংশকে বিশ্বাস না করিয়া আপন সমস্ত লোক একত্র করিয়া যহসে শিবির স্থাপন করিয়া ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করিল। ২১ তাহাতে ইস্রায়েলের প্রভু পরমেশ্বর সীহোন্কে ও তাহার সমস্ত লোককে ইস্রায়েল্ বংশের হস্তে সমর্পণ করিলে তাহারা তাহাদিগকে আঘাত করিল; এই রূপে ইস্রায়েল্ বংশ যে দেশে ইমোরীয়েরা নিবাস করিল,সেই তাবৎ দেশ অধিকার করিল। ২২ তাহারা অর্ণোন্ অবধি যব্বোক্ পর্য্যন্ত ও প্রান্তর অবধি যর্দ্দন্ পর্য্যন্ত ইমোরীয়দের তাবৎ অঞ্চল অধিকার করিল। ২৩ এই রূপে ইস্রায়েলের প্রভু পরমেশ্বর আপন লোক ইস্রায়েল্ বংশের সম্মুখে ইমোরীয়দিগকে অধিকারচ্যুত করিলেন; এখন তুমি কি সেই সকল দেশ অধিকার করিবা? ২৪ তুমি কি তোমার কিমোশ্দেবের দত্ত ভূমি অধিকার করিবা না? অতএব আমাদের প্রভু পরমেশ্বর আমাদের সম্মুখহইতে যাহাদিগকে দূর করেন, আমরা তাহাদের ভূমি অধিকার করিব। ২৫ তুমি কি এখন মোয়াবের রাজা সিপ্পোরের পুত্র বালাকহইতেও উত্তম? সে কোন্ সময়ে ইস্রায়েল্ বংশের প্রতিকূলে বিবাদ করিল? ও কোন্ সময়ে বা তাহাদের বিরুদ্ধে যুদ্ধ করিল? ২৬ হিষ্বোনে ও তাহার গ্রামে এবং অরোয়েরে ও তাহার গ্রামে এবং অর্ণোন্ তট সমীপস্থ তাবৎ নগরে তিন শত বৎসর পর্য্যন্ত ইস্রায়েল্ বংশ বাস করিল; অতএব সেই তাবৎ সময়ের মধ্যে তোমরা কেন তাহা ফিরাইয়া লইলা না? ২৭ কিন্তু আমি তোমাদের বিরুদ্ধে কোন দোষ করি নাই; আমার সহিত যুদ্ধ করাতে আমার হিংসা করিতেছ; ইস্রায়েল্ বংশের ও অম্মোন্ বংশের মধ্যে পরমেশ্বর অদ্য বিচারকর্ত্তা হউন। ২৮ তথাপি অম্মোন্ বংশীয় রাজা যিপ্তহের প্রেরিত বাক্যে মনোযোগ করিল না।

২৯ তাহাতে যিপ্তহের প্রতি পরমেশ্বরের আত্মার আবির্ভাব হইলে সে গিলিয়দ্ ও মিনশি প্রদেশ দিয়া গিলিয়দের মিস্পীতে গমন করিল; এবং গিলিয়দের মিস্পীহইতে অম্মোন্ বংশের নিকটে গেল। ৩০ এবং ঐ সময়ে যিপ্তহ পরমেশ্বরের উদ্দেশে মানত করিয়া কহিল, তুমি যদি অম্মোন্ বংশকে আমার হস্তে নিতান্ত সমর্পণ কর; ৩১ তবে অম্মোন্ বংশহইতে আমার কুশলে প্রত্যাগমন কালে আমার সহিত সাক্ষাৎ

[৮] বি ১০ ; ১৮॥—[৯-১১] ৮ ; ২২,২৩॥—[১১]প ৮,৩৪। ১০ ; ১৭॥—[১৩]গ ২১ ; ২৪-২৬॥—[১৫]দ্বি ২ ; ৯,১৯॥ [১৬] দ্বি ১; ৪৬। ২ ; ১। গ ৩৩ ; ৩১-৩৬॥—[১৭] গ ২০ ; ১৪-২১॥—[১৮] গ ৩৩ ; ৩৬-৪৪। ২১ ; ১০-১৩॥—[১৯-২২] গ ২১ ; ২১-২৫। দ্বি ২ ; ২৬-৩৭॥—[২৩,২৪] গ ২১ ; ২৩,২৮,২৯॥—[২৫] গ ২২ ; ১-৬॥—[৩০,৩১] প ৩৪,৩৫॥

* (ইব্র) শ্রোতা।

করণার্থে যাহা আমার বাটীর দ্বারহইতে নির্গত হইবে, তাহা নিশ্চয় পরমেশ্বরের হইবে, আমি তাহা পরমেশ্বরের উদ্দেশে হোম বলি উৎসর্গ করিব।

৩২ পরে যিপ্তহ অম্মোন বংশের সহিত যুদ্ধ করণার্থে তাহাদের নিকটে পার হইয়া গেলে পরমেশ্বর তাহা-
৩৩ দিগকে তাহার হস্তগত করিলেন। তাহাতে সে অরোয়ের্ অবধি মিন্নীতে উত্তরণ পর্য্যন্ত বিংশতি নগরকে এবং আবেল্ কিরামীম্ * পর্য্যন্ত তাহাদিগকে মহাসংহারে সংহার করিল; এই রূপে অম্মোন্ বংশ ইস্রায়েল্ বংশের সাক্ষাতে বশীভূত হইল।

৩৪ অপর যিপ্তহ মিস্পীতে আপন বাটীতে আইলে তাহার কন্যা তবল হস্তে করিয়া নৃত্য করিতে ২ আসিয়া তাহার সহিত সাক্ষাৎ করিল; যিপ্তহের ঐ এক মাত্র
৩৫ সন্ততি ছিল, তদ্ভিন্ন পুত্র কি কন্যা ছিল না। তখন সে আপন কন্যাকে দেখিয়া বস্ত্র চিরিয়া কহিল, হায় ২ হে আমার কন্যে,তুমি আমাকে বড় দুঃখিত † করিলা; আমার ক্লেশদায়িদের মধ্যে তুমি এক জন হইলা, কেননা আমি পরমেশ্বরের উদ্দেশে মানতের কথা কহিয়াছি;
৩৬ এখন তাহার অন্যথা করিতে পারি না। তাহাতে সে তাহাকে কহিল, হে আমার পিতঃ, তুমি যদি পরমেশ্বরের উদ্দেশে মানত করিয়াছ, তবে আপন মানত কথানুসারে আমার প্রতি ব্যবহার কর, কেননা পরমেশ্বর তোমার জন্যে তোমার শত্রুগণের অর্থাৎ অম্মোন্ বংশের প্রতী-
৩৭ কার করিলেন। পরে সে আপন পিতাকে কহিল, তুমি আমার জন্যে এক কর্ম্ম কর, দুই মাসের জন্যে আমাকে বিদায় দেও; আমি পর্ব্বতোপরি গমনাগমন করিয়া আপন অনূঢ়াত্ব বিষয়ে সখীগণের্ সঙ্গে বিলাপ করি।
৩৮ তাহাতে সে যাও বলিয়া তাহাকে দুই মাসের বিদায় দিল; তখন সে পর্ব্বতোপরি যাইয়া আপন অনূঢ়াত্ব
৩৯ বিষয়ে আপন সখীগণের সঙ্গে বিলাপ করিল। অপর দুই মাস গত হইলে সে আপন পিতার নিকটে প্রত্যাগমন করিলে তাহার পিতা আপন কৃত মানত অনুসারে তাহার প্রতি করিল; সে কোন পুরুষে উপভুক্তা
৪০ ছিল না। তদবধি ইস্রায়েলীয় কন্যাগণ গিলিয়দীয় যিপ্তহের কন্যার বিষয়ে বৎসরে ২ বিলাপ করিতে বৎসরের মধ্যে চারি দিবস যাইত, ইস্রায়েল্ দেশে এই ব্যবহার ছিল।

১২ অধ্যায়।

১ যিপ্তহের সহিত ইফ্রয়িম্ লোকদের বিবাদ ৭ ও যিপ্তহের মৃত্যু ৮ ও ইব্সনের কথা ১১ ও এলোনের কথা ১৩ ও অব্দোনের কথা।

১ পরে ইফ্রয়িম্ বংশ সকলে আহূত ‡ হইয়া উত্তরদিগে গমন করিয়া যিপ্তহকে কহিল, তোমার সহিত গমন করিতে আমাদিগকে না ডাকিয়া অম্মোনীয় বংশের সহিত যুদ্ধ করিতে পার হইয়া কেন গিয়াছিলা? অত-
২ এব আমরা তোমার ঘর অগ্নিতে দগ্ধ করিব। তাহাতে যিপ্তহ তাহাদিগকে কহিল,অম্মোন্ বংশের সহিত আমার ও আমার লোকদের বড় বিরোধ উপস্থিত হইলে আমি তোমাদিগকে ডাকিলাম, কিন্তু তোমরা তাহাদের
৩ হস্তহইতে আমাকে উদ্ধার করিলা না। পরে তোমরা আমাকে উদ্ধার করিলা না, ইহা দেখিয়া আমি আপন প্রাণ হস্তে লইয়া অম্মোন্ বংশের প্রতিকূলে পার হইয়া গেলাম, তাহাতে পরমেশ্বর আমার হস্তে তাহাদিগকে সমর্পণ করিলেন; অতএব তোমরা এখন আমার সহিত
৪ যুদ্ধ করিতে কেন আমার নিকটে আইলা? পরে যিপ্তহ গিলিয়দের সমস্ত লোককে একত্র করিয়া ইফ্রয়িমের সহিত যুদ্ধ করিল, তাহাতে 'তোমরা ইফ্রয়িম্ ও মিনশি মিশ্রিত লোক ও পলাতক ইফ্রয়িম্ লোক,' এই কথা ইফ্রয়িম্ লোকেরা কহিলে গিলিয়দের লোকেরা ইফ্রয়িম্
৫ লোককে আঘাত করিল। পরে গিলিয়দের লোকেরা ইফ্রয়িম্ বংশের অগ্রে যাইয়া যর্দ্দনের ঘাট সকল হস্তগত করিল, তাহাতে ইফ্রয়িমের পলায়নকারি লোক 'আমাকে পারে যাইতে দেও,' এই কথা কহিলে গিলিয়দের লোকেরা তাহাকে জিজ্ঞাসিল, তুমি কি
৬ ইফ্রয়িমের লোক? সে যদি কহিল, না; তবে তাহারা কহিল, এখন শিব্বোলৎ ‖ শব্দ উচ্চারণ কর, তাহাতে সে শুদ্ধরূপে উচ্চারণ করিতে না পারিয়া সিব্বোলৎ কহিল; এই জন্যে তাহারা তাহাকে লইয়া যর্দ্দনের ঘাটে বধ করিল; সে সময়ে ইফ্রয়িম্ বংশের বেয়াল্লিশ সহস্র লোক হত হইল।

৭ ঐ গিলিয়দীয় যিপ্তহ ছয় বৎসর পর্য্যন্ত ইস্রায়েল্ বংশের বিচার করিলে পর মরিল, তাহাতে গিলিয়দের এক নগরে তাহার কবর হইল।

৮ পরে বৈৎলেহমীয় ইব্সন্ ইস্রায়েল্ বংশের বিচার-
৯ কর্ত্তা হইল। তাহার ত্রিশ পুত্র ও ত্রিশ কন্যা ছিল, এবং সে কন্যাগণের বিবাহ দিয়া আপন পুত্রগণের জন্যে ত্রিশ কন্যা গ্রহণ করিল সে সাত বৎসর পর্য্যন্ত ইস্রা-
১০ য়েল্ বংশের বিচারকর্ত্তা হইল। পরে ইব্সনের মৃত্যু হইলে বৈৎলেহমে তাহার কবর হইল।

১১ পরে সিবূলূন্ বংশীয় এলোন্ ইস্রায়েল্ বংশের বিচারকর্ত্তা হইল; সে দশ বৎসর পর্য্যন্ত ইস্রায়েল্ বংশের
১২ বিচার করিল। পরে সিবূলূন্ বংশীয় এলোন্ মরিল, এবং সিবূলূন্ দেশস্থ অয়ালোনে তাহার কবর হইল।

১৩ অনন্তর হিল্লেলের পুত্র অব্দোন্ নামে পিরিয়াথো-
নীয় এক ব্যক্তি ইস্রায়েল্ বংশের বিচারকর্ত্তা হইল।
১৪ এবং সত্তরি গর্দ্দভেতে আরোহণ করিয়া থাকে, তাহার

---

[৩৪] প ৩০,৩১। যা ১৫; ২০। ১ শি ১৮; ৬, ৭।।—[৩৫] প ৩০,৩১। গ ৩০; ২। দ্বি ২৩; ২১-২৩। উ ৫; ৪-৬।।—[৩৭] লে ২৭; ৪। ১ শি ২; ২২। লূ ২; ৩৭।।—[৩৯] প ৩১।।

[১২ অধ্য; ১] বি ৮; ১।।—[৫] ৩; ২৭, ২৮। ৭; ২৪।।—[১৪] ৫; ১০। ১০; ৪।।—[১৫] ৫; ১৪।।

* (বা) দ্রাক্ষালতা প্রান্তর। † (ইব্রী) ভদন্ত। ‡ (বা) একত্র। ‖ (অর্থাৎ) শীষ বা নদী।

এমত চল্লিশ পুত্র ও ত্রিশ পৌত্র ছিল; সে আট বৎসর ১৫ পর্য্যন্ত ইস্রায়েলের বিচারকর্ত্তা ছিল। পরে হিল্লেলের পুত্র অব্দোন্ মরিলে অমালেকীয়দের পর্ব্বতে ইফ্রয়িম্ দেশস্থ পিরিয়াথোনে তাহার কবর হইল।

১৩ অধ্যায়।

১ ইস্রায়েল্ বংশের পাপ করণ ২ ও মানোহের স্ত্রীর প্রতি দূতের দর্শন ৮ ও মানোহের প্রতি দূতের দর্শন ১৫ ও মানোহের নৈবেদ্য উৎসর্গ করণ ও দূতের অন্তর্হিত হওন ২৪ ও শিম্শোনের জন্ম কথা।

১ পরে ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের সাক্ষাতে পুনর্ব্বার পাপ করিল; তাহাতে পরমেশ্বর চল্লিশ বৎসর পর্য্যন্ত তাহাদিগকে পিলেষ্টীয়দের হস্তে সমর্পণ করিলেন।

২ দান্ বংশের সরিয় নিবাসি মানোহ নামে এক মনুষ্য ছিল, তাহার স্ত্রী বন্ধ্যা ছিল, সন্তান সন্ততি প্রসব ৩ করে নাই। পরে পরমেশ্বরের দূত সেই স্ত্রীকে দর্শন দিয়া কহিলেন, দেখ, এখন তুমি বন্ধ্যা ও নিঃসন্তানা আছ, ৪ কিন্তু তুমি গর্ভ্ভধারণ করিয়া পুত্র প্রসব করিবা। আমি তোমাকে বিনয় করি, তুমি সাবধানা হও, কোন প্রকার দ্রাক্ষারস কিম্বা সুরা পান করিও না, ও কোন অশুচি ৫ বস্তু ভোজন করিও না। দেখ, তুমি গর্ভ্ভধারণ করিয়া পুত্র প্রসব করিবা, ও তাহার মস্তকের ক্ষৌর কর্ম্ম হইবে না, কেননা সে বালক গর্ভ্ভস্থ হওনাবধি ঈশ্বরের উদ্দেশে নাসরীয় হইবে, এবং পিলেষ্টীয়দের হস্ত-হইতে ইস্রায়েল্ বংশকে উদ্ধার করিতে আরম্ভ করিবে। ৬ পরে সে স্ত্রী আসিয়া আপন স্বামিকে কহিল, ঈশ্বরের এক লোক আমার নিকটে আইলেন, তাঁহার মুখ ঈশ্বরীয় দূতের মুখের ন্যায় অতি ভয়ঙ্কর; কিন্তু তিনি কোথাহইতে আইলেন, তাহা আমি তাঁহাকে জিজ্ঞাসা করি ৭ নাই, এবং তিনিও আপন নাম আমাকে কহেন্ নাই। তিনি আমাকে কহিলেন্, দেখ, তুমি গর্ভ্ভধারণ করিয়া এক পুত্র প্রসব করিবা; অতএব কোন প্রকার দ্রাক্ষারস কিম্বা সুরা পান করিও না, ও কোন অশুচি বস্তু ভোজন করিও না, কেননা সে বালক গর্ভ্ভস্থ হওনাবধি মৃত্যুদিন পর্য্যন্ত ঈশ্বরের উদ্দেশে নাসরীয় হইবে।

৮ তাহাতে মানোহ পরমেশ্বরের উদ্দেশে বিনয় করিয়া কহিল, হে আমার প্রভো, ঈশ্বরের যে লোককে আমাদের কাছে প্রেরণ করিয়াছ, তাহাকে ভাবি বালকের বিষয়ে কি বিধি ও তাহার প্রতি আমাদের কি কর্ত্তব্য, তাহার শিক্ষা দিতে পুনর্ব্বার আমাদের কাছে আসিতে ৯ দেও। তখন ঈশ্বর মানোহের কথা গ্রাহ্য করিলেন; পরে সেই স্ত্রী ক্ষেত্রে বসিতেছিল, এমত সময়ে ঈশ্বরের দূত পুনর্ব্বার তাহার কাছে আইলেন, কিন্তু তাহার ১০ স্বামি মানোহ তাহার সঙ্গে ছিল না। তাহাতে সে স্ত্রী শীঘ্র দৌড়িয়া যাইয়া আপন স্বামিকে সম্বাদ দিয়া কহিল, দেখ, অন্য দিন যে লোক আমার কাছে আসিয়াছিলেন্, তিনি এখনো আমাকে দর্শন দিলেন্। তা- ১১ হাতে মানোহ উঠিয়া আপন স্ত্রীর পশ্চাৎ২ যাইয়া সেই লোকের কাছে আসিয়া তাঁহাকে কহিল, এই স্ত্রীর সঙ্গে যে লোক কথা কহিয়াছিলেন্, আপনি কি সেই লোক? তিনি কহিলেন্, আমি বটি। পরে মানোহ কহিল, আ- ১২ পনকার বাক্য সফল হইলে বালকের বিষয়ে আমরা কি রূপ করিব? তাহার প্রতি কি ব্যবহার করিব? তাহাতে ১৩ পরমেশ্বরের দূত মানোহকে কহিলেন, ঐ স্ত্রীকে যে সমস্ত আজ্ঞা করিয়াছি, তাহার বিষয়ে সাবধানা থাকুক। সে দ্রাক্ষাফলজাত কোন বস্তু ভোজন করিবে ১৪ না, এবং দ্রাক্ষারস ও সুরা পান করিবে না, ও অশুচি দ্রব্য ভোজন করিবে না, আমি তাহাকে যে সকল আজ্ঞা করিয়াছি, সে তাহা পালন করুক।

পরে মানোহ পরমেশ্বরের দূতকে কহিল, আমি ১৫ নিবেদন করি, আপনকার জন্যে যাবৎ এক ছাগবৎসের আয়োজন করি, তাবৎ তোমাকে রাখিব। তাহাতে ১৬ ঈশ্বরের দূত মানোহকে কহিলেন, তুমি আমাকে রাখিলেও আমি তোমার খাদ্য দ্রব্য ভোজন করিব না, তুমি যদি হোম বলি উৎসর্গ কর, তবে তাহা পরমেশ্বরের উদ্দেশে নিবেদন করিতে হইবে; কেননা তিনি যে পরমেশ্বরের দূত, তাহা মানোহ জ্ঞাত ছিল না। পরে মানোহ ১৭ পরমেশ্বরের দূতকে কহিল, আপনকার নাম কি? আপনকার বাক্য সফল হইলে আমরা আপনকার মর্য্যাদা করিব। তাহাতে পরমেশ্বরের দূত কহিলেন, তুমি ১৮ কেন আমার নাম জিজ্ঞাসা করিতেছ? আমার নাম আশ্চর্য্য। পরে মানোহ নৈবেদ্যের সহিত এক ছাগবৎস ১৯ লইয়া পরমেশ্বরের উদ্দেশে এক পাষাণের উপরে নিবেদন করিল, তাহাতে ঐ দূত আশ্চর্য্য রূপ আচরণ করিলে মানোহ ও তাহার স্ত্রী চাহিয়া রহিল। কেননা ২০ যখন যজ্ঞবেদিহইতে অগ্নিশিখা আকাশের দিগে ঊর্দ্ধগত হইল, তখন পরমেশ্বরের দূত ঐ যজ্ঞবেদির শিখাতে আরোহণ করিলেন; তাহাতে মানোহ ও তাহার স্ত্রী চাহিয়া রহিল, এবং মৃত্তিকাতে উবুড় হইয়া পড়িল। ইহার পরে পরমেশ্বরের দূত মানোহের ও ২১ তাহার স্ত্রীর কাছে আর দর্শন দিলেন না; তখন ঐ ব্যক্তি পরমেশ্বরের দূত, ইহা জ্ঞাত হইল। পরে মানোহ ২২ আপন স্ত্রীকে কহিল, আমরা ঈশ্বরকে দেখিলাম, একারণ অবশ্য মরিব। কিন্তু তাহার স্ত্রী তাহাকে কহিল, ২৩ পরমেশ্বর যদি আমাদিগকে বধ করিতে ইচ্ছা করিতেন, তবে তিনি আমাদের হস্তহইতে হোম ও নৈবেদ্য গ্রহণ করিতেন না, এবং এই সকল আমাদিগকে দেখাইতেন

[১৩ অধ্য; ১] বি ২; ১৩-২৩॥—[২] যি ১৯; ৪১॥—[৩-৫] লূ ১; ১১-১৫॥—[৫] গ ৬; ১-৬॥—[৭] প ৫॥ [১৩,১৪] প ৪॥—[১৫] বি ৬; ১৮॥—[১৬] ম ১১; ১৭॥—[১৭,১৮] আ ৩২; ২৯। হি ৩০; ৪। যিশ ৯; ৬॥ [১৯-২১] বি ৬; ১৯-২২। যা ৩; ২-৬॥—[২২,২৩] বি ৬; ২২,২৩। আ ৩২; ৩০। যা ২৪; ১১। ৩৩; ২০। যিশ ৬; ২, ৫॥

না, এবং এই সময়ে যে সকল কহিলেন, তাহাও কহিতেন না।

২৪ পরে ঐ স্ত্রী পুত্র প্রসব করিয়া তাহার নাম শিম্‌শোন্ রাখিল, এবং ঐ বালক বৃদ্ধি পাইতে লাগিল ও ২৫ পরমেশ্বর তাহাকে বর দিলেন। এবং পরমেশ্বরের আত্মা সরিয়ের ও ইষ্টায়োলের মধ্যে দানের শিবিরে প্রথমে তাহাতে আবির্ভূত হইলেন।

১৪ অধ্যায়।

১ পিলেষ্টীয়দের এক কন্যাকে শিম্‌শোনের বিবাহ করণের ইচ্ছা ৫ ও তিম্নাথায় গমনকালে সিংহ বধ করণ ৮ ও তিম্নাথায় দ্বিতীয় যাত্রাতে সিংহের শবে মধু পাওন ১০ ও শিম্‌শোনের বিবাহের ভোজ ১২ ও ভোজন সময়ে শিম্‌শোনের প্রহেলিকার কথা ১৯ ও প্রহেলিকার অর্থ দেওনের ফল।

১ পরে শিম্‌শোন্ তিম্নাথায় গমন করিলে সেস্থানে পি-২ লেষ্টীয়দের এক কন্যাকে দেখিয়া ফিরিয়া আসিয়া আপন পিতা মাতাকে সম্বাদ দিয়া কহিল, আমি তিম্নাথায় পিলেষ্টীয়দের যে কন্যাকে দেখিয়াছি, তাহাকে এখন ৩ আনিয়া আমার সহিত বিবাহ দেও। তাহাতে তাহার পিতামাতা কহিল, তোমার ভ্রাতৃগণের ও আমার সমস্ত লোকের কি কন্যা নাই, যে তুমি অচ্ছিন্নত্বক্ পিলেষ্টীয়দের কন্যাকে বিবাহ করিতে যাইবা? শিম্‌শোন্ আপন পিতাকে কহিল, তুমি আমার জন্যে তাহাকে আ-৪ নাও, সে আমার দৃষ্টিতে মনোহরা। কিন্তু সে পিলেষ্টীয়দের প্রতিকূলে ছিদ্র পাইতে চেষ্টা করে, ইহা পরমেশ্বরহইতে হয়, তাহা তাহার পিতামাতা জানিল না। সে সময়ে পিলেষ্টীয়েরা ইস্রায়েল্ বংশের উপরে কর্তৃত্ব করিল।

৫ ঐ সময়ে শিম্‌শোন্ ও তাহার পিতামাতা তিম্নাথায় নামিয়া তিম্নাথাস্থ দ্রাক্ষাক্ষেত্রে উপস্থিত হইলে এক যুব সিংহ শিম্‌শোনের সহিত সাক্ষাৎ করিয়া গর্জ্জন করিল। ৬ তখন পরমেশ্বরের আত্মা তাহাতে আবির্ভূত হইলে, তাহার হস্তে কিছু না থাকাতে সে ছাগের ন্যায় ঐ সিংহকে ছিঁড়িয়া ফেলিল, কিন্তু এ কথা আপন পিতামাতাকে ৭ কহিল না। পরে শিম্‌শোন্ যাইয়া সেই কন্যার সহিত আলাপ করিলে সে তাহার দৃষ্টিতে মনোহরা হইল।

৮ পরে সে ঐ কন্যাকে বিবাহ করিতে সেই স্থানে পুনর্ব্বার গমন কালে সেই সিংহের শব দেখিতে পথহইতে গেল, তাহাতে ঐ সিংহের গাত্রে এক ঝাঁক মধুমক্ষিকা ও ৯ মধুর চাক দেখিয়া আপন হস্তে তাহা লইয়া ভোজন করিতে ২ গেল, এবং পিতা মাতার নিকটে উপস্থিত হইয়া তাহাদিগকেও কিছু দিল, তাহাতে তাহারা তাহা ভোজন করিল, কিন্তু সিংহের শবহইতে যে মধু লইয়াছে, তাহা তাহাদিগকে কহিল না।

১০ পরে তাহার পিতা সেই কন্যার নিকটে গেলে শিম্‌শোন্ সে স্থানে ভোজ প্রস্তুত করিল, কেননা যুব লোকদের তদ্রূপ ব্যবহার ছিল। ১১ অপর তাহাকে দেখিয়া পিলেষ্টীয় লোকেরা তাহার নিকটে থাকিতে ত্রিশ জন সহচরকে আনিল।

১২ পরে শিম্‌শোন্ তাহাদিগকে কহিল, আমি তোমাদের কাছে এক প্রহেলিকা * কহি, তোমরা যদি এই উৎসবের সাত দিনের মধ্যে ইহার অর্থ বুঝিয়া নিশ্চিত আমাকে কহিতে পার, তবে আমি তোমাদিগকে ত্রিশ চাদর ১৩ ও ত্রিশ যোড়া বস্ত্র দিব। কিন্তু যদি তাহার অর্থ কহিতে না পার, তবে তোমরা আমাকে ত্রিশ চাদর ও ত্রিশ যোড়া বস্ত্র দিবা; তাহাতে তাহারা কহিল, তোমার প্রহেলিকা বল, তাহা আমরা শুনি। ১৪ সে কহিল, খাদকহইতে খাদ্য ও বলবানহইতে মিষ্টতা নির্গত হইল; তাহাতে তাহারা তিন দিনে সেই প্রহেলিকার অর্থ কহিতে পারিল না। ১৫ পরে সপ্তম দিবসে তাহারা শিম্‌শোনের স্ত্রীকে কহিল, তুমি সেই প্রহেলিকার অর্থ কহিতে আপনার স্বামিকে প্রবৃত্তি দেও, নতুবা আমরা তোমাকে ও তোমার পিতৃপরিজনকে অগ্নিদ্বারা দগ্ধ করিব; আমাদের যাহা আছে, তাহা কাড়িয়া লইতে তোমরা আমাদিগকে নিমন্ত্রণ করিয়াছ, কি এমত নহে? ১৬ তাহাতে শিম্‌শোনের স্ত্রী তাহার সাক্ষাতে রোদন করিয়া কহিল, তুমি আমাকে কেবল ঘৃণা করিতেছ, কিছুই ভাল বাস না, কেননা তুমি আমার লোকদের † কাছে এক প্রহেলিকা কহিয়াছ, কিন্তু আমাকে কহ নাই; তাহাতে সে কহিল, দেখ, যে কথা আপন পিতামাতাকে কহি নাই, তাহা কি তোমাকে কহিব? ১৭ তাহাতে তাহার স্ত্রী উৎসবের সপ্তাহের শেষ দিন পর্য্যন্ত তাহার সাক্ষাতে এই রূপ রোদন করিলে সে তাহাদ্বারা ব্যস্ত হইয়া সপ্তম দিবসে তাহাকে কহিল; তাহাতে ঐ স্ত্রী আপন লোকদিগকে † প্রহেলিকার অর্থ কহিয়া দিল। ১৮ পরে সপ্তম দিবসে সূর্য্য অস্তগত হওনের পূর্ব্বে ঐ নগরস্থ লোকেরা তাহাকে কহিল, মধু অপেক্ষা মিষ্ট কি? ও সিংহ অপেক্ষা বলবান্ কি? তাহাতে সে তাহাদিগকে কহিল, তোমরা যদি আমার গাভীদ্বারা চাস না করিতা, তবে আমার প্রহেলিকার অর্থ বুঝিতে পারিতা না।

১৯ পরে পরমেশ্বরের আত্মা তাহাতে আবির্ভূত হইলে সে অস্কিলোনে যাইয়া তাহাদের ত্রিশ জনকে বধ করিয়া তাহাদের বস্ত্র লইয়া প্রহেলিকার অর্থকারিদিগকে এক ২ যোড়া বস্ত্র দিল, কিন্তু তাহার ক্রোধ প্রজ্বলিত হওয়াতে তথাহইতে আপন পিতৃবাটীতে ২০ গেল। পরে শিম্‌শোনের যে মিত্র তাহার সহচর ছিল, তাহাকে তাহার স্ত্রী দত্তা হইল।

১৫ অধ্যায়।

১ স্ত্রীর নিকটে যাইতে শিম্‌শোনকে নিষেধ করণ ৩ ও

[২৪] প ৩।।—[১৪ অধ্যা; ৩]আ ২৪; ৩, ৪। দ্বি ৭; ৩।।—[৪] বি ১৩; ১।।—[৬] প ৯,১৬। ১৩; ২৫।।—[৯] প ৬,১০।। [১২ অং]প ৩।।—[১২] আ ২৯; ২৭।।—[১৫] বি ১৬; ৫।।—[১৬] প ৬,৯। ১৬; ১৫।।—[১৯] প ৪,৬,১২।।—[২০] ১৫; ২।।

* (বা) হেঁয়ালী। † (ইব্রু) লোকদের সন্তানগণ।

ক্ষেত্রস্থ শস্যের দগ্ধ করণ ৬ ও তাহার স্ত্রীর ও শ্বশুরের দগ্ধ হওন ৭ ও পিম্‌শোনের অনেক লোক বধ করণ ৯ ও যিহূদীয় লোকদ্বারা তাহার বদ্ধ ও সমর্পিত হওন ১৪ ও গর্দ্দভের হনূদ্বারা সহস্র লোককে বধ করণ ১৮ ও পিপাসা নিবারণার্থে জল পাওন।

১ পরে গোম শস্যচ্ছেদনের সময়ে শিম্‌শোন্ এক ছাগবৎস সঙ্গে লইয়া আপন স্ত্রীর সহিত সাক্ষাৎ করিতে গিয়া কহিল, আমি আপন স্ত্রীর নিকটে অন্তঃপুরে যাইব; কিন্তু ২ তাহার পিতা তাহাকে অন্তরে যাইতে দিল না। এবং তাহার পিতা কহিল, তুমি তাহাকে অতিশয় ঘৃণা করিলা, ইহা নিশ্চয় ভাবিয়া আমি তাহাকে তোমার সহচরকে দিলাম; তাহার কনিষ্ঠা ভগিনী কি তাহার অপেক্ষা সুন্দরী নয়? আমি নিবেদন করি, তুমি ইহার পরিবর্ত্তে তাহাকে গ্রহণ কর *।

৩ তাহাতে শিম্‌শোন্ কহিল, আমি এখন পিলেষ্টীয়দের প্রতি অতুষ্টিকর কর্ম্ম করিলেও তাহাদের অপেক্ষা ৪ অধিক নির্দ্দোষ হইব। পরে শিম্‌শোন্ যাইয়া তিন শত শৃগাল ধরিয়া মসাল লইয়া তাহাদের লেজে ২ যোগ করিয়া দুই ২ লেজেতে এক ২ মসাল বাঁধিল। ৫ পরে সেই মসালে অগ্নি দিয়া পিলেষ্টীয়দের শস্যক্ষেত্রে ছাড়িয়া দিল; তাহাতে জিত বৃক্ষের ক্ষেত্রের সহিত বাঁধা আটি ও অচ্ছিন্ন শস্য সকলি দগ্ধ হইল।

৬ তখন পিলেষ্টীয়েরা জিজ্ঞাসা করিল, এমত কর্ম্ম কে করিল? লোকেরা কহিল, শিম্‌শোনের স্ত্রীকে লইয়া তাহার সহচরকে দিল, এই জন্যে তিম্নাথীয়ের জামাতা শিম্‌শোন্ এই কর্ম্ম করিল; তাহাতে পিলেষ্টীয়েরা আসিয়া সেই স্ত্রীকে ও তাহার পিতাকে অগ্নিদ্বারা দগ্ধ করিল।

৭ শিম্‌শোন্ তাহাদিগকে কহিল, তোমরা যদি এমত কর্ম্ম করিলা, তবে আমি তোমাদিগকে প্রতিফল না দিয়া ৮ ক্ষান্ত হইব না। ইহা কহিয়া সে সর্ব্বতোভাবে † মহা আঘাতে আঘাত করিয়া তাহাদিগকে বধ করিল; পরে সে ঐটম্ পর্ব্বতের গহ্বরে যাইয়া বাস করিল।

৯ ঐ সময়ে পিলেষ্টীয়েরা যাইয়া যিহূদা প্রদেশে শিবির স্থাপন করিয়া লিহী পর্য্যন্ত ব্যাপিয়া থাকিল। ১০ তাহাতে যিহূদার লোকেরা জিজ্ঞাসিল, তোমরা আমাদের প্রতিকূলে কেন আইলা? তাহারা কহিল, শিম্‌শোন্ আমাদের প্রতি যেমন করিল, আমরাও তাহার প্রতি তদ্রূপ করিতে ও তাহাকে বাঁধিতে আইলাম। ১১ তখন যিহূদার তিন সহস্র লোক ঐটম্ পর্ব্বতের গহ্বরে যাইয়া শিম্‌শোনকে কহিল, পিলেষ্টীয়েরা যে আমাদের কর্ত্তা, তাহা কি তুমি জান না? আমাদের প্রতি তুমি কি করিলা? সে কহিল, তাহারা আমার প্রতি যে রূপ ১২ করিল, আমিও তাহাদের প্রতি তদ্রূপ করিলাম। তাহারা তাহাকে কহিল, এখন আমরা তোমাকে বন্ধন করিয়া পিলেষ্টীয়দের হস্তে সমর্পণ করিতে আইলাম; শিম্‌শোন্ তাহাদিগকে কহিল, তোমরা আমাকে বধ করিবা না, ইহা আমার কাছে দিব্য কর। ১৩ তাহাতে তাহারা কহিল, না, কেবল তোমাকে দৃঢ় রূপে বদ্ধ করিয়া তাহাদের হস্তে সমর্পণ করিব, কিন্তু আমরা নিতান্ত তোমাকে বধ করিব না; পরে তাহারা দুই নূতন রজ্জুদ্বারা তাহাকে বাঁধিয়া ঐ পর্ব্বতহইতে লইয়া গেল।

১৪ পরে সে লিহীতে উপস্থিত হইলে পিলেষ্টীয়েরা তাহার প্রতিকূলে উচ্চৈঃশব্দ করিল, কিন্তু পরমেশ্বরের আত্মা তাহাতে আবির্ভূত হইলে তাহার বাহুস্থিত রজ্জু অগ্নিদ্বারা দগ্ধ শণের ন্যায় হইয়া তাহার হস্তহইতে ১৫ খসিয়া পড়িল। পরে এক গর্দ্দভের এক কাঁচা হনূ পাইল, তাহা হস্ত বিস্তার পূর্ব্বক লইয়া তাহাদ্বারা এক ১৬ সহস্র লোককে বধ করিল। তখন শিম্‌শোন্ কহিল, গর্দ্দভের হনূদ্বারা লোকদিগকে রাশি ২ করিলাম, ও গর্দ্দভের ১৭ হনূদ্বারা সহস্র লোককে বধ করিলাম। পরে কথা সমাপ্ত করিয়া হস্ত হইতে ঐ হনূ নিক্ষেপ করিয়া সেই স্থানের নাম রামৎ-লিহী (হনূর নিক্ষেপ) রাখিল।

১৮ পরে সে তৃষ্ণাতুর হইয়া পরমেশ্বরের কাছে প্রার্থনা করিয়া কহিল, তুমি আপন দাসকে এই মহোদ্ধার কর্ম্ম দিয়াছ, এখন আমি কি তৃষ্ণাতে মরিব ও অচ্ছিন্নত্বক্‌দের হস্তগত হইব? ১৯ তাহাতে পরমেশ্বর লিহীস্থিত এক স্থান বিদীর্ণ করিলে তাহাহইতে জল নির্গত হইল; তখন সে জল পান করিয়া প্রাণ পাইয়া সচেতন হইল; অতএব সেই স্থানের নাম ঐন্‌হক্কোরী (প্রার্থনাকারির উনুই) রাখিল; সে স্থান অদ্যাপি লিহীতে আছে। ২০ পিলেষ্টীয়দের সময়ে শিম্‌শোন্ বিংশতি বৎসর পর্য্যন্ত ইস্রায়েল্ বংশের বিচার করিল।

১৬ অধ্যায়।

১ অসাতে শিম্‌শোনের গমন ৪ ও দিলীলাতে প্রেমাসক্ত হওন ও তাহার গুপ্ত কথা পাইতে দিলীলার চেষ্টা ও শিম্‌শোনের প্রকাশ না করণ ১৫ ও গুপ্ত কথা প্রকাশ করণে তাহার বলহ্রাস হওন ২১ ও তাহার কারাগারে বদ্ধ হওন ও পিলেষ্টীয়দের সহিত তাহার মৃত্যু।

১ তখন শিম্‌শোন্ অসাতে যাইয়া সেখানে এক বেশ্যাস্ত্রীকে দেখিয়া তাহাতে উপগত হইল। ২ তাহাতে শিম্‌শোন্ এই স্থানে আসিয়াছে, এই কথা শুনিয়া অসাতীয়েরা তাহা বেষ্টন করিয়া সমস্ত রাত্রি তাহার জন্যে নগরদ্বারে লুকাইয়া থাকিল, এবং প্রাতঃকালে দিন হইলে আমরা তাহাকে বধ করিব, এই কথা কহিয়া সমস্ত রাত্রি তুষ্ণীভূত হইয়া থাকিল। ৩ অপর শিম্‌শোন্ মধ্যরাত্রি পর্য্যন্ত শয়ন করিয়া মধ্যরাত্রিতে উঠিয়া অর্গল শুদ্ধ নগরের দ্বারের কবাট ও দুই স্তম্ভ লইয়া প্রস্থান করিল,

[১৫ অধ্য; ১, ২] বি ১৪; ১৯ ॥—[৬] ১৪; ১৫ ॥—[১১] ১৩; ১। ১৪; ৪ ॥—[১৪] ১৪; ৬,১৯। ১৬; ১২ ॥—[১৫] ৩; ৩১ ॥—[১৯] ১ শি ১৪; ২৭ ॥—[২০] বি ১৩; ১ ॥

* (ইব্রী) সে তোমার হউক। † (ইব্রী) কটি ও ঊরু।

এবং স্কন্ধে করিয়া হিব্রোণ্ সম্মুখস্থ পর্ব্বতের শৃঙ্গে সে সমস্ত লইয়া গেল।

৪ পরে সে সোরেক্ তলভূমি * বাসিনী দিলীলা নামে ৫ এক স্ত্রীতে আসক্ত হইল। তাহাতে পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ সেই স্ত্রীর নিকটে আসিয়া তাহাকে কহিল, কিসে তাহার এই মহাপরাক্রম হয়, ও কিসে আমরা তাহাকে জয় করিয়া ক্লেশ দিবার জন্যে তাহাকে বন্ধ ও পরাস্ত করিতে পারি, তুমি তাহাকে প্রবৃত্তি দিয়া দেখ, তাহাতে আমরা প্রত্যেকে এগার শত রূপার মুদ্রা তোমাকে দিব। ৬ পরে দিলীলা শিম্শোন্কে কহিল, আমি বিনয় করি, তোমার এই মহাপরাক্রম কিসে হয়? ও কিসে বন্ধ ও ৭ পরাস্ত হইতে পার? তাহা আমাকে বল। তাহাতে শিম্শোন্ তাহাকে কহিল, শুষ্ক হয় নাই, এমত সাত গাছা কাঁচা বেত্র দিয়া যদি আমাকে বাঁধে, তবে আমি দুর্ব্বল ৮ হইয়া অন্য লোকের সদৃশ হই। পরে পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ অশুষ্ক সাত গাছা কাঁচা বেত্র আনিয়া তাহাকে দিল; তাহাতে সে তাহাদ্বারা তাহাকে বাঁধিল। ৯ তৎকালে তাহার গৃহে লুক্কায়িত লোক ছিল; পরে সে তাহাকে কহিল, হে শিম্শোন্, পিলেষ্টীয়েরা তোমার নিকটে আসিতেছে; তাহাতে অগ্নিস্পৃষ্ট † শণসূত্র যেমন ছিন্ন হয়, তদ্রূপ সে ঐ বেত্র ছিঁড়িয়া ফেলিল, এই ১০ রূপে তাহার বলের সীমা জ্ঞাত হইল না। পরে দিলীলা শিম্শোন্কে কহিল, দেখ, তুমি আমার প্রতি পরিহাস করিলা ও আমাকে মিথ্যা কহিলা; আমি বিনয় করি, ১১ তুমি কিসে বন্ধ হইতে পার? তাহা আমাকে কহ। তাহাতে সে তাহাকে কহিল, যে রজ্জুতে কোন কর্ম্ম করা যায় নাই, এমত সাত গাছ নূতন রজ্জুদ্বারা যদি তাহারা আমাকে বাঁধে, তবে আমি দুর্ব্বল হইয়া অন্য লোকের ১২ সদৃশ হই। তাহাতে দিলীলা নূতন রজ্জু আনিয়া তাহাদ্বারা তাহাকে বাঁধিল; তখন তাহার গৃহে লোক থাকিলে সে তাহাকে কহিল, হে শিম্শোন্, পিলেষ্টীয়েরা তোমার নিকটে আসিতেছে; তাহাতে সে আপন বাহু- ১৩ হইতে সূত্রের ন্যায় ঐ সকল ছিঁড়িল। পরে দিলীলা শিম্শোন্কে কহিল, তুমি এখনও আমার প্রতি পরিহাস করিলা ও আমাকে মিথ্যা কথা কহিলা; কিসে বন্ধ হইতে পার, তাহা আমাকে কহ; সে কহিল, তুমি যদি আমার মস্তকের সাত গুচ্ছ কেশ বস্ত্রের সহিত ১৪ বুন, তবে তাহা হইতে পারে। তাহাতে সে তাঁতের খিলের সহিত তাহা বন্ধ করিয়া তাহাকে কহিল, হে শিম্শোন্, পিলেষ্টীয়েরা তোমার নিকটে আসিতেছে; তাহাতে সে নিদ্রাহইতে জাগ্রৎ হইয়া বস্ত্র শুদ্ধ তাঁতের খীল লইয়া প্রস্থান করিল।

১৫ পরে দিলীলা তাহাকে কহিল, আমার প্রতি তোমার মন নাই; তবে আমি তোমাকে ভাল বাসি, এমত কথা কি প্রকারে কহিতে পার? দেখ, তিন বার তুমি আমাকে পরিহাস করিলা; কিসে তোমার মহাপরাক্রম হয়, তাহা আমাকে কহিলা না। ১৬ এই রূপে সে নিত্য ২ বাক্যদ্বারা তাহাকে প্রবৃত্তি দিল; এবং এমত ব্যস্ত করিল, যে মরণ পর্য্যন্ত তাহার মন বিরক্ত ‡ হইল। ১৭ তাহাতে সে আপন মনের কথা ভাঙ্গিয়া তাহাকে এই কহিল, আমার মস্তকে কখনো ক্ষুর আইসে নাই; আমি মাতার গর্ব্ভস্থ হওনাবধি ঈশ্বরের নাসরীয় লোক; আমি যদি ক্ষৌরী হই, তবে আমাহইতে আমার বল যায়, আমি দুর্ব্বল হইয়া অন্য লোকের ন্যায় হই। ১৮ পরে সে আপন মনের কথা ভাঙ্গিয়া কহিল, ইহা বুঝিয়া দিলীলা লোক প্রেরণ করিয়া পিলেষ্টীয়দের অধ্যক্ষগণকে নিমন্ত্রণ করিয়া কহিল, সে আপন মনের সমস্ত কথা আমাকে কহিল, এখন তোমরা এক বার আইস; তাহাতে পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ স্বহস্তে টাকা লইয়া তাহার নিকটে আইল। ১৯ পরে সে আপন হাঁটুর উপরে তাহাকে নিদ্রিত করাইয়া এক জনকে ডাকাইয়া তাহার মস্তকের সাত গুচ্ছ কেশ ক্ষৌর করাইল; তাহাতে তাহার সমস্ত বল ত্যাগ করিয়া গেলে ২০ সে তাহাকে ক্লেশ দিতে লাগিল। পরে সে কহিল, হে শিম্শোন্, পিলেষ্টীয়েরা তোমার নিকটে আসিতেছে; তাহাতে সে নিদ্রাহইতে জাগ্রৎ হইয়া মনে করিল, অন্যান্য সময়ের ন্যায় বাহিরে যাইয়া আলস্য ত্যাগ করিব; কিন্তু পরমেশ্বর যে তাহাকে ত্যাগ করিলেন, তাহা সে জানিল না।

২১ পরে পিলেষ্টীয়েরা তাহাকে ধরিয়া তাহার চক্ষু বাহির করিয়া তাহাকে অসাতে আনিয়া পিত্তলের শৃঙ্খলেতে বন্ধ করিল; পরে সে কারাগারে পেষণ ২২ কর্ম্ম করিতে লাগিল। তথাপি তাহার ক্ষৌরী হওনের পর তাহার মস্তকের কেশ পুনর্ব্বার ‖ বৃদ্ধি পাইতে লা- ২৩ গিল। অপর পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ আপনাদের দেবতা দাগোনের নিকটে মহানৈবেদ্য নিবেদন ও আনন্দ করিতে সকলে একত্র হইল, কেননা তাহারা কহিল, আমাদের দেবতা আমাদের শত্রু শিম্শোন্কে আমাদের হস্তগত করিলেন। ২৪ এবং তাহাকে দেখিয়া লোকেরা আপনাদের দেবতার প্রশংসা করিল এবং কহিল, আমাদের দেবতা আমাদের শত্রুকে অর্থাৎ দেশনাশক ও অনেকের বধকারিকে, আমাদের হস্তে সমর্পণ ২৫ করিলেন। পরে তাহারা হৃষ্টচিত্ত হইয়া কহিল, শিম্শোন্কে আমাদের সাক্ষাতে কৌতুক করিতে ডাকাও; তাহাতে লোকেরা কারাগৃহহইতে শিমশোন্কে ডাকিয়া আনিল, এবং তাহারা স্তম্ভের মধ্যে তাহাকে দাঁড় ২৬ করাইলে সে তাহাদের সাক্ষাতে কৌতুক করিল। পরে শিম্শোন্ আপন হস্তধারি বালককে কহিল, আমাকে

[১৬ অধ্য; ৫] বি ১৪; ১৫। হি ৬; ২৫,২৬ ॥—[১৫-১৭] বি ১৪; ১৬,১৭ ॥—[১৭] ১৩; ৫ ॥—[১৯] হি ৬; ২৫,২৬। ৭; ২৬, ২৭ ॥

* (বা) স্রোতস্বতীর নিকটে। † (ইব্রু) অগ্নিঘ্রাত। ‡ (ইব্রু) সঙ্কুচিত। ‖ (বা) পূর্ব্বের ন্যায়।

ছাড়িয়া দেও,যে দুই স্তম্ভের উপরে গৃহের ভার আছে, তাহা আমাকে স্পর্শ করিতে দেও; আমি তাহাতে নির্ভর দিয়া দাঁড়াইব। ২৭ ঐ সময়ে স্ত্রীলোকেতে ও পুরুষেতে সেই গৃহ পরিপূর্ণ ছিল, এবং পিলেষ্টীয়দের অধ্যক্ষগণও সেখানে ছিল, এবং স্ত্রী ও পুরুষে তিন সহস্র লোক ছাতের উপরে শিম্শোনের কৌতুক দেখিতেছিল। ২৮ তখন শিম্শোন্ পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিয়া কহিল, হে প্রভো পরমেশ্বর, আমি বিনয় করি, আমাকে স্মরণ কর; হে ঈশ্বর, আমি বিনয় করি, কেবল এই এক বার আমাকে বলবান্ কর; তাহাতে আমি দুই চক্ষুর পরিশোধে পিলেষ্টীয়দিগকে প্রতিফল দিতে পারিব। ২৯ অপর মধ্যস্থিত যে দুই স্তম্ভের উপরে ছাতের ভার আছে, শিম্শোন্ নত হইয়া * তাহার একের উপরে দক্ষিণ বাহু ও অন্যের উপরে বাম বাহু রাখিয়া আপনার ভার দিল। ৩০ পরে আমাকে † পিলেষ্টীয়দের সহিত মরিতে দেও, এই কথা কহিয়া শিম্শোন্ আপন সমস্ত বলেতে নির্ভর দিল; তাহাতে ঐ গৃহ অধ্যক্ষদের ও তন্মধ্যস্থিত সমস্ত লোকের উপরে পড়িল; তাহাতে তাহার জীবনকালের হত লোক অপেক্ষা তাহার মরণকালের হত লোক অধিক হইল। ৩১ পরে তাহার ভ্রাতৃগণ ও পিতৃবংশেরা আসিয়া তাহাকে লইয়া সরিয়ের ও ইষ্টায়োলের মধ্যস্থানে আপন পিতা মানোহের কবরের স্থানে তাহার কবর দিল; সে বিংশতি বৎসর ইস্রায়েল্ বংশের বিচারকর্ত্তা হইয়াছিল।

১৭ অধ্যায়।

১ মীখার রূপা চুরি করণ ও পুত্তিমা নির্ম্মাণ করণের কথা ৭ ও পুত্তিমার সেবা করিতে যাজক নিযুক্ত করণের কথা।

১ ইফ্রয়িম্ পর্ব্বতে মীখা নামে এক লোক ছিল। ২ সে আপন মাতাকে কহিল, চুরীকৃত যে এগার শত শেকল্ রূপার বিষয়ে তুমি শাপ দিলা ও তাহা আমার কর্ণে শুনাইলা, সেই রূপা আমি লইয়াছি, আমার কাছে আছে; তাহাতে তাহার মাতা কহিল, হে আমার পুত্র, তুমি পরমেশ্বরের আশীর্ব্বাদপ্রাপ্ত হও। ৩ পরে সে ঐ এগারশতশেকল্ রূপা আপন মাতাকে ফিরাইয়া দিলে তাহার মাতা কহিল, আমি এক ছাঁচে ঢালা ও এক খোদিত প্রতিমা নির্ম্মাণ করাইতে আপন পুত্রের মঙ্গলার্থে পরমেশ্বরের উদ্দেশে সে রূপা উৎসর্গ করিতে মনস্থ করিয়াছিলাম, অতএব আমি এখন তাহা তোমাকে ফিরিয়া দিলাম। ৪ তথাপি সে আপন মাতাকে ঐ রূপা ফিরিয়া দিল, এবং তাহার মাতা দুই শত শেকল্ রূপা লইয়া নির্ম্মাণকারিকে দিল; তাহাতে সে এক ছাঁচে ঢালা ও এক খোদিত প্রতিমা নির্ম্মাণ করিলে, সে প্রতিমা মীখার গৃহে থাকিল। ৫ ঐ মীখার এক দেবালয় ছিল; অপর সে এক এফোদ্ ও এক পুত্তলিকা নির্ম্মাণ করিল, এবং আপনার এক পুত্রকে পবিত্র করিলে সে তাহার যাজক হইল। ৬ ঐ সময়ে ইস্রায়েল্ বংশে কোন রাজা ছিল না, তাহারা প্রত্যেক জন আপন ২ ইচ্ছামত ‡ কর্ম্ম করিল।

৭ অপর বৈৎলেহম্-যিহূদা নগরনিবাসী লেবীয় এক যুবা যিহূদা বংশহইতে উপস্থিত হইয়া সে স্থানে প্রবাস করিল। ৮ সে যে স্থানে বাসস্থান পায়, সেই স্থানে প্রবাস করিবার জন্যে বৈৎলেহম্-যিহূদা নগরহইতে নির্গত হইয়া যাত্রা করিয়া ইফ্রয়িম্ পর্ব্বতে মীখার বাটীতে আইল। ৯ তাহাতে মীখা তাহাকে জিজ্ঞাসিল, তুমি কোথাহইতে আইলা? সে উত্তর করিল, আমি বৈৎলেহম্ যিহূদার এক লেবীয়; যেখানে বাসস্থান পাইতে পারি, সেই স্থানে প্রবাস করিতে যাই। ১০ তাহাতে মীখা তাহাকে কহিল, তুমি আমার সহিত বাস করিয়া আমার পুরোহিত ও পিতৃস্বরূপ হও, আমি সম্বৎসরে তোমাকে দশ শেকল্ রূপা ও এক যোড়া বস্ত্র ও তোমার খাদ্যদ্রব্য দিব। ১১ তাহাতে সে লেবীয় তাহার গৃহে গিয়া তাহার সহিত বাস করিতে সম্মত হইল, এবং সে যুবা তাহার এক পুত্রের ন্যায় হইয়া থাকিল। ১২ পরে মীখা সেই লেবীয়কে পবিত্র করিল, § ও সে যুবা তাহার পুরোহিত হইয়া মীখার বাটীতে থাকিল। ১৩ তাহাতে মীখা কহিল, লেবীয় লোক আমার পুরোহিত হইলে পরমেশ্বর আমার মঙ্গল করিবেন, ইহা আমি এখন জানিলাম।

১৮ অধ্যায়।

১ অধিকার অনুসন্ধান করিতে দান্ বংশের পাঁচ জনকে প্রেরণ ৭ ও লয়িশ্ অনুসন্ধান করণের কথা ১১ ও ছয় শত লোক লইয়া তাহা আক্রমণ করিতে যাওন ১৪ ও পথিমধ্যে মীখার বিগ্রহাদি চুরি করণ ২২ ও মীখার কথা না মানিয়া লয়িশে যাইয়া তাহা হস্তগত করণ ৩০ ও সে স্থানে বিগ্রহ স্থাপন।

১ ঐ সময়ে ইস্রায়েল্ বংশে কোন রাজা ছিল না, এবং ইস্রায়েল্ বংশের মধ্যে দান্ বংশ আপনাদের বাসার্থে অধিকার চেষ্টা করিল। কেননা সেই দিন পর্য্যন্ত ইস্রায়েল্ বংশের মধ্যে তাহারা এই মত অধিকার প্রাপ্ত হইল না। ২ তখন দান্ বংশ আপনাদের অঞ্চলহইতে, অর্থাৎ সরিয়হইতে এবং ইষ্টায়োল্হইতে আপন বংশের পাঁচ জন বীরকে দেশ দর্শন ও অনুসন্ধান করিতে এই কথা কহিয়া প্রেরণ করিল, তোমরা যাইয়া দেশের অনুসন্ধান কর; তাহাতে তাহারা ইফ্রয়িম্ পর্ব্বতে উপস্থিত হইয়া মীখার গৃহে আসিয়া সেই

[৩১] বি ১৩; ২৫। ১৫; ২০ ॥
[১৭ অধ্য; ৩] যা ৩২; ৪ ॥—[৪, ৫] বি ৮; ২৭। দ্বি ৪; ১১, ১২। ৫; ৮, ৯। ১ রা ১৩; ৩১ ॥—[৬] বি ২১; ২৫ ॥
[৭] যি ১৯; ১৫ ॥—[৮] প ১ ॥—[১২] প ৫ ॥
[১৮ অধ্য; ১] বি ১৭; ৬ ॥—[২] ১; ৩৪। ১৩; ২, ২৫। যি ১৯; ৪০-৪৭ ॥

* (বা) ধরিয়া। † (ইব্রি) আমার প্রাণকে। ‡ (ইব্রি) আপন দৃষ্টিতে যাহা ভাল তাহা। § (ইব্রি) হস্ত পূর্ণ করিল।

৩ স্থানে রাত্রি যাপন করিল। তাহারা যখন মীখার বাটীর নিকটে ছিল, তখন ঐ লেবীয় যুবার উচ্চারণেতে তাহাকে চিনিয়া গৃহ মধ্যে যাইয়া তাহাকে জিজ্ঞাসিল, এ স্থানে তোমাকে কে আনিল? এবং এ স্থানে তুমি কি কর্ম্ম করিতেছ? এবং এই স্থানে তোমার কি২ আছে?
৪ তাহাতে সে তাহাদিগকে কহিল, মীখা আমার সহিত এই ব্যবহার করে, সে আমাকে বেতন দেয়, আমি তাহার
৫ পুরোহিত। তাহাতে তাহারা কহিল, আমরা বিনয় করি, আমাদের গন্তব্য পথে মঙ্গল হইবে কি না, তাহা
৬ ঈশ্বরের কাছে জিজ্ঞাসা কর। তাহাতে পুরোহিত তাহাদিগকে কহিল, তোমরা কুশলে যাও, তোমাদের গন্তব্য পথ পরমেশ্বরের গোচরে আছে।

৭ পরে তাহারা পাঁচ জন যাত্রা করিয়া লয়িশে উপস্থিত হইলে তথাকার নিবাসি লোকেরা সীদোনীয় লোকদের রীত্যনুসারে অসাবধান ও নিশ্চিন্ত হইয়া নিষ্কণ্টকে বাস করিতেছে, এবং সে দেশে তাহাদের দমনকারী কেহ না থাকাতে নিষ্কণ্টকে অধিকার ভোগ করিতেছে, এবং সীদোন্‌হইতে তাহা দূরস্থ, এবং অন্য লোকের সহিত তাহাদের ব্যবসায় নাই, তাহারা ইহা দেখিল।
৮ পরে তাহারা সরিয় ও ইষ্টায়োলে ভ্রাতৃগণের নিকটে প্রত্যাগমন করিলে তাহাদের ভ্রাতৃগণ জিজ্ঞাসিল, সমা-
৯ চার কি? তাহাতে তাহারা কহিল, উঠ, আমরা তাহাদের বিরুদ্ধে উঠিয়া যাই; দেখ, সে দেশ অতি উত্তম, আমরা দেখিলাম; তোমরা কেন নিষ্কর্ম্ম আছ? সেই দেশে যাইতে ও তাহা অধিকার করিবার জন্যে প্রবেশ
১০ করিতে আলস্য করিও না। তোমরা গেলে সে নিশ্চিন্তে বাসকারি লোকদের নিকটে ও সেই বিস্তারিত দেশে উপস্থিত হইবা, সে দেশে পৃথিবীস্থ কোন বস্তুর অভাব নাই; ঈশ্বর তোমাদের হস্তে সেই দেশ সমর্পণ করিবেন।

১১ তাহাতে সরিয় ও ইষ্টায়োল্‌হইতে দান্ বংশীয় ছয় শত লোক যুদ্ধাস্ত্রে সুসজ্জ হইয়া যাত্রা করিল।
১২ পরে তাহারা যাইয়া যিহূদার কিরিয়ৎ-যিয়ারীমে শিবির স্থাপন করিল; এই জন্যে অদ্য পর্য্যন্ত সেই স্থানের নাম মহনে-দান্ (দানের শিবির) কহে, তাহা
১৩ কিরিয়ৎ-যিয়ারীমের পশ্চাৎ আছে। অপর তাহারা তথাহইতে ইফ্রয়িম্ পর্ব্বতে যাইয়া মীখার বাটীতে উপস্থিত হইল।

১৪ পরে লয়িশ্ দেশ অনুসন্ধানকারি পাঁচ জন আপন ভ্রাতৃগণকে কহিল, এই বাটীতে এক এফোদ্ ও পুত্তলিকা ও ছাঁচে ঢালা প্রতিমা ও খোদিত প্রতিমা আছে, তাহা কি তোমরা জান? অতএব এখন তোমাদের যাহা
১৫ কর্ত্তব্য, তাহা বিবেচনা কর। তাহাতে তাহারা সেই দিগে গিয়া লেবীয় যুবার বাটীতে অর্থাৎ মীখার বাটীতে আসিয়া তাহার কুশল জিজ্ঞাসা করিল। এবং যুদ্ধাস্ত্রে
১৬ সুসজ্জ ছয় শত দান্ বংশীয় লোক দ্বার প্রবেশ স্থানে দাঁড়াইয়া থাকিল। পরে দেশানুসন্ধানকারি পাঁচ জন
১৭ উঠিয়া যাইয়া তথায় প্রবেশ করিয়া ঐ খোদিত প্রতিমা এবং এফোদ্ ও পুত্তলিকা ও ছাঁচে ঢালা প্রতিমা তুলিয়া লইল; কিন্তু পুরোহিত যুদ্ধাস্ত্রে সুসজ্জ ছয় শত লোকের সহিত দ্বার প্রবেশ স্থানে দাঁড়াইয়া থাকিল। পরে
১৮ ইহারা মীখার বাটীতে প্রবেশ করিয়া ঐ খোদিত প্রতিমা ও এফোদ্ ও পুত্তলিকা ও ছাঁচে ঢালা প্রতিমা লইয়া আনিলে পুরোহিত তাহাদিগকে কহিল, তোমরা কি
১৯ করিতেছ? তাহাতে তাহারা উত্তর করিল, আপন মুখে হস্ত দিয়া নীরব হও; তুমি আমাদের সহিত যাইয়া আমাদের পিতৃস্বরূপ ও পুরোহিত হও; তোমার একের পরিজনের পুরোহিত হওয়া ভাল? কি ইস্রায়েলের এক বংশের ও গোষ্ঠীর পুরোহিত হওয়া ভাল? তাহাতে
২০ পুরোহিতের মন আহ্লাদিত হইল, এবং সে ঐ এফোদ ও পুত্তলিকা ও খোদিত প্রতিমা লইয়া লোকদের মধ্যে
২১ চলিয়া গেল। এই রূপে তাহারা মুখ ফিরাইয়া প্রস্থান করিল, এবং বালক ও পশু ও বাহনদিগকে আপনাদের অগ্রসর করিল।

২২ তাহারা মীখার বাটীহইতে বহু দূর গেলে মীখার গৃহের নিকটস্থ গৃহনিবাসি লোকেরা একত্র হইয়া দান্ বংশের পশ্চাৎ গেল। এবং তাহারা দান্ বংশের
২৩ প্রতি উচ্চৈঃস্বরে কহিল; তাহাতে তাহারা মুখ ফিরাইয়া মীখাকে কহিল, তোমার কি হইল? তুমি সমূহ লোক সঙ্গে লইয়া কেন আসিতেছ? তাহাতে সে কহিল,
২৪ তোমরা আমার নির্ম্মিত দেবগণকে ও পুরোহিতকে চুরি করিয়া যাইতেছ, আমার আর কি আছে? 'তোমার কি হইল?' ইহা আমাকে কেন জিজ্ঞাসা করি-
২৫ তেছ? দান্ বংশীয়েরা তাহাকে কহিল, আমাদের মধ্যে যেন তোমার রব শুনা না যায়, কি জানি ক্রোধি * লোকেরা তোমাকে আক্রমণ করিবে ও সপরিবারে তোমার প্রাণ বিনষ্ট হইবে। পরে দান্ বংশীয়েরা আপন
২৬ পথে গমন করিল, এবং মীখা তাহাদিগকে আপনাহইতে অধিক বলবান দেখিয়া ফিরিয়া বাটীতে গেল।
২৭ অপর দান্ বংশীয়েরা মীখার প্রতিমাদি ও পুরোহিতকে সঙ্গে লইয়া সেই নিশ্চিন্ত ও নিষ্কণ্টকে বাসকারি লোকদের নিকটে লয়িশে উপস্থিত হইয়া খড়্গদ্বারা তাহাদিগকে বধ করিল, এবং নগর অগ্নিতে দগ্ধ
২৮ করিল। তাহার রক্ষাকর্ত্তা কেহ ছিল না, কেননা সে নগর সীদোন্‌হইতে দূর ছিল, এবং অন্য লোকদের সহিত তাহাদের ব্যবসায় ছিল না, এবং তাহা বৈৎ-

[৩] বি ১২; ৬। ১৭; ৮॥—[৪] ১৭; ৮-১২॥—[৭] যি ১৯; ৪৭। ১০; ৫, ৬॥—[৮] প ২॥—[১০] প ৭, ২৭॥ [১২] যি ১৫; ৯। ১ শি ৭; ১॥—[১৩] প ২॥—[১৪] প ৪-৬॥—[১৬] প ১১॥—[১৯] বি ১৭। ১০॥—[২৭] প ৭, ১০। যি ১৯; ৪৭॥—[২৮] প ৭। গ ১৩; ২১। যি ১৩; ৫॥

* (ইব্রী) মনে তিক্ত।

রিহোবের নিকটস্থ তলভূমিতে ছিল; পরে তাহারা ঐ নগর পুনর্ব্বার পত্তন করিয়া তাহার মধ্যে বাস করিল। ২৯ তাহাতে ইস্রায়েল্ বংশীয়েরা আপনাদের পূর্ব্বপুরুষ দানের নামানুসারে সেই নগরের নাম দান্ রাখিল, কিন্তু পূর্ব্বে সেই নগরের নাম লয়িশ্ ছিল।

৩০ পরে দান্ বংশ সেই খোদিত প্রতিমা স্থাপন করিল, তাহাতে তদ্দেশের লোকদের বন্দী হওন পর্য্যন্ত মিনশির *পৌত্র গের্শোমের পুত্র যোনাথন্ এবং তাহার ৩১ বংশ দান্ বংশের পুরোহিত হইল। এবং যাবৎ শীলোতে ঈশ্বরের আবাস থাকিল, তাবৎ তাহারা মীখার নির্ম্মিত খোদিত প্রতিমা স্থাপন করিয়া রাখিল।

১৯ অধ্যায়।

১ উপপত্নী গ্রহণ করিতে এক লেবীয়ের বৈৎলেহম্ নগরে যাওনের কথা ১৬ ও তাহাদের আগমনের সময়ে গিবিয়া নগরে এক বৃদ্ধ লোকের গৃহে অতিথি হওন ২২ ও গিবিয়ার লোকদের তাহার উপপত্নীর মৃত্যু পর্য্যন্ত বলাৎকার করণ ২৯ ও উপপত্নীর শবকে দ্বাদশ অংশ করিয়া ইস্রায়েলের দ্বাদশ বংশের প্রতি প্রেরণ করণ।

১ ঐ সময়ে ইস্রায়েল্ বংশের মধ্যে রাজা ছিল না, এবং ইফ্রয়িম্ পর্ব্বতের পার্শ্বে প্রবাসি এক লেবীয় বৈৎলেহম্ ২ যিহূদাহইতে এক উপপত্নী গ্রহণ করিল। কিন্তু সে উপপত্নী তাহার বিরুদ্ধে বেশ্যাচার করিল, এবং তাহাকে ত্যাগ করিয়া বৈৎলেহম্ যিহূদাতে আপন পিতার ৩ বাটীতে যাইয়া চারি মাস † সে স্থানে থাকিল। পরে তাহার উপপতি তাহার সহিত প্রীতিপূর্ব্বক ‡ আলাপ করিতে পুনর্ব্বার তাহাকে আনিতে আপনি উঠিয়া আপন দাসকে ও দুই গর্দ্দভকে সঙ্গে লইয়া তাহার নিকটে গেল; তাহাতে তাহার উপপত্নী তাহাকে আপন পিতার বাটীতে আনিলে সেই যুবতির পিতা ঐ ব্যক্তিকে দেখিয়া তাহার সহিত সাক্ষাৎ করিতে আনন্দিত হইল। ৪ তখন তাহার শ্বশুর অর্থাৎ ঐ যুবতির পিতা তাহাকে রাখিলে সে তাহার সহিত তিন দিন বাস করিল, এবং তাহারা ভোজন পান করিয়া সেই স্থানে প্রবাস ৫ করিল। অপর চতুর্থ দিবসে তাহারা প্রস্থান করিতে অতি প্রত্যূষে উঠিলে স্ত্রীর পিতা জামাতাকে কহিল, তুমি কিছু অন্ন ভোজন করিয়া অন্তঃকরণ সুস্থির কর, ৬ পরে আপন পথে যাও। তাহাতে তাহারা উপবিষ্ট হইয়া দুই জনে একত্র ভোজন পান করিল; পরে ঐ স্ত্রীর পিতা তাহাকে কহিল, আমি নিবেদন করি, তুমি সুস্থির হইয়া সমস্ত রাত্রি বিলম্ব করিয়া আপন ৭ মন তুষ্ট কর। কিন্তু সে যাইবার জন্যে উঠিলে তাহার শ্বশুর তাহাকে ব্যস্ত করিল; তাহাতে সে সে রাত্রিও ৮ যাপন করিল। অপর পঞ্চম দিনে সে যাইবার জন্যে প্রত্যূষে উঠিলে স্ত্রীর পিতা তাহাকে কহিল, নিবেদন করি, আপন অন্তঃকরণ সুস্থির কর; তাহাতে তাহারা তৃতীয় প্রহর পর্য্যন্ত ঐ স্থানে থাকিয়া দুই জনে ভোজন পান করিল। ৯ পরে সে পুরুষ ও তাহার উপপত্নী ও দাস গমনার্থে উঠিলে তাহার শ্বশুর ঐ স্ত্রীর পিতা তাহাকে কহিল, দেখ, এখন দিবা অবসান হইল, আমি বিনয় করি, সমস্ত রাত্রি এই স্থানে থাক; দেখ, দিবা শেষ হইল ‖; অতএব আপন অন্তঃকরণ হৃষ্ট করণার্থে এই স্থানে থাক; কল্য গৃহে § যাইতে প্রত্যূষে উঠিয়া আপন পথে যাইও। ১০ কিন্তু সে লোক সে রাত্রি বিলম্ব করিতে অসম্মত হইয়া উঠিয়া যাইয়া যিবূষের অর্থাৎ যিরূশালমের সম্মুখে আসিয়া উপস্থিত হইল; তাহার সঙ্গে সজ্জান্বিত দুই গর্দ্দভ ও তাহার উপপত্নী ছিল। ১১ যিবূষের সম্মুখে উপস্থিত হইলে দিবা অবসান হইল; তাহাতে তাহার দাস আপন কর্ত্তাকে কহিল, নিবেদন করি, আইস, আমরা যিবূষীয়দের এই নগরে প্রবেশ করিয়া রাত্রি যাপন করি। ১২ তাহাতে তাহার কর্ত্তা কহিল, ইস্রায়েল্ বংশ ব্যতিরিক্ত বিদেশীয়দের নগরে এই স্থানে আমরা প্রবেশ করিব না; আমরা অগ্রসর হইয়া গিবিয়াতে যাইব। ১৩ পরে সে আপন দাসকে কহিল, আইস, আমরা সমস্ত রাত্রি যাপন করিতে গিবিয়াতে কিম্বা রামতে, এই দুই স্থানের এক স্থানে যাই। ১৪ পরে তাহারা অগ্রসর হইয়া আপন পথে গমন করিল; পরে বিন্যামীন্ বংশের অধিকারস্থ গিবিয়ার নিকটে উপস্থিত হইলে সূর্য্য অস্তগত হইল। ১৫ তখন তাহারা সে দিগে ফিরিয়া গিবিয়াতে রাত্রি যাপন করিতে প্রবেশ করিয়া ঐ নগরের রাজপথে বসিল; কারণ আপন বাটীতে রাত্রি যাপনের স্থান দিতে কেহ তাহাদিগকে গ্রহণ করিল না।

১৬ পরে সন্ধ্যা হইলে এক বৃদ্ধ ক্ষেত্রের কর্ম্মহইতে আসিতেছিল; সে ইফ্রয়িম্ পর্ব্বতীয় লোক, কিন্তু গিবিয়াতে প্রবাস করিতেছিল, আর এই নগরীয় লোকেরা বিন্যামীন্ বংশীয় লোক ছিল। ১৭ পরে সে ঊর্দ্ধদৃষ্টি করিয়া নগরের রাজপথে ঐ পথিককে দেখিল; তাহাতে বৃদ্ধ জিজ্ঞাসিল, তুমি কোথাহইতে আইলা? এবং কোথায় যাইবা? ১৮ সে কহিল, আমরা বৈৎলেহম্-যিহূদাহইতে ইফ্রয়িম্ পর্ব্বত পার্শ্বে যাইতেছি; আমি সেই স্থানের মানুষ; বৈৎলেহম্ যিহূদাতে গিয়াছিলাম, কিন্তু এখন পরমেশ্বরের আবাসে যাইতেছি। ১৯ আমাদের সঙ্গে আপন গর্দ্দভদের খাদ্যতৃণ ও ধান্য আছে, এবং আমার ও আমার দাসী ও দাসের জন্যে আপনকার এই দাসের নিকটে রুটী ও দ্রাক্ষারস আছে, কোন দ্রব্যের অভাব নাই; তথাপি কেহ আমাকে বাটীতে স্থান দেয় না। ২০ তাহাতে সে বৃদ্ধ কহিল, তোমার মঙ্গল হউক, পথে বাস করিও না; তোমার

[৩০] ১ রা ১২; ২৮,২৯।।—[৩১] যি ১৮; ১। ১ শি ৪; ৩,৪।।
[১৯ অধ্য; ১] প ১৮। ১৭; ৬।।—[১১,১২] ১; ২১।।—[১৩] যি ১৮; ২৫,২৮।।
* (বা) মুনার। † (বা) এক বৎসর চার মাস। ‡ (ইব্রী) মনের প্রতি। ‖ (ইব্রী) দিনের অবরোহণ। § (বা) তাম্বুতে।

২১ যাহা২ প্রয়োজন, তাহা আমি দিব। পরে সে বৃদ্ধ তাহাকে আপন বাটীতে আনিয়া তাহাদের গর্দ্দভগণকে তৃণ দিল, এবং তাহারা পাদ প্রক্ষালন করিয়া ভোজন পান করিল।

২২ পরে তাহারা মনের সহিত আমোদ করিতেছিল, এমত সময়ে ঐ নগরীয় কতক লম্পট লোক তাহার বাটীর চতুর্দ্দিগে ঘেরিয়া দ্বারে আঘাত করিয়া বাটীর কর্ত্তা বৃদ্ধকে কহিল, তোমার বাটীতে যে পুরুষ আসিয়াছে, তাহাকে বাহির করিয়া আন; আমরা ২৩ তাহাতে উপগত হইব। তাহাতে বাটীর কর্ত্তা যে মনুষ্য সে বাহির হইয়া তাহাদের নিকটে যাইয়া কহিল, হে আমার ভ্রাতৃগণ, না, না; আমি বিনয় করি, এমত দুষ্টাচরণ করিও না; ঐ পুরুষ আমার বাটীতে অতিথি হইল, অতএব তাহার প্রতি এমত লজ্জার ২৪ কর্ম্ম করিও না। দেখ, আমার অনূঢ়া কন্যাকে এবং তাহার উপপত্নীকে বাহির করিয়া আনি; তোমরা তাহাদিগেতে উপগত হও, তাহাদের প্রতি তোমাদের যেমত বাঞ্ছা হয়, তাহাই কর, কিন্তু এই পুরুষের প্রতি ২৫ এমত দুষ্ট ক্রিয়া * করিও না। তথাপি তাহারা তাহার কথা না শুনিলে ঐ পুরুষ আপন উপপত্নীকে লইয়া তাহাদের নিকটে বাহির করিয়া আনিল; তাহাতে তাহারা তাহাতে উপগত হইল, এবং প্রভাত পর্য্যন্ত সমস্ত রাত্রি তাহার প্রতি কুক্রিয়া করিল; পরে প্রভাতে ২৬ তাহারা তাহাকে ত্যাগ করিয়া গেল। অপর ঐ স্ত্রী সূর্য্যোদয়ের পূর্ব্বে আসিয়া সূর্য্যোদয় পর্য্যন্ত পতির আতিথ্যকারি বৃদ্ধের বাটীর দ্বার নিকটে পতিতা হইল। ২৭ পরে প্রাতঃকালে তাহার পতি উঠিয়া গৃহের দ্বার মুক্ত করিল, এবং পথে যাইতে বাহির হইলে গৃহের দ্বার নিকটে গোবরাটের উপরে হস্ত রাখিয়া তাহার ২৮ উপপত্নী পতিতা আছে, ইহা দেখিল। তখন সে কহিল, উঠ, আমরা যাই; কিন্তু সে উত্তর দিল না; পরে ঐ পুরুষ গর্দ্দভের উপরে তাহাকে রাখিয়া উঠিয়া আপন স্থানে প্রস্থান করিল।

২৯ অনন্তর সে আপন বাটীতে আসিয়া অস্ত্র লইয়া ঐ উপপত্নীকে ধরিয়া অস্থিশুদ্ধ দ্বাদশ খণ্ড করিয়া ইস্রায়েলের প্রত্যেক বংশের অঞ্চলে পাঠাইয়া দিল। ৩০ তাহাতে তাহা দেখিয়া সকলে কহিল, ইস্রায়েল্ বংশের মিসর্দেশহইতে বহির্গমনের দিন অবধি অদ্য পর্য্যন্ত এমত ক্রিয়া কখনো কৃত বা দৃষ্ট হয় নাই; এ বিষয়ে বিবেচনা করিয়া পরামর্শ করিয়া কি কর্ত্তব্য, তাহা কহ।

২০ অধ্যায়।

১ সভার কথা ৮ ও সভার নিরূপণ ১২ ও ইস্রায়েল্ বংশের সহিত বিন্য়ামীন্ বংশের যুদ্ধ করিতে প্রস্তুত হওন ১৮ ও প্রথম যুদ্ধে ইস্রায়েল্ বংশের বাইশ সহস্র লোকের হত হওন ২২ ও দ্বিতীয় যুদ্ধে তাহাদের আঠার সহস্র লোকের হত হওন ২৬ ও তৃতীয় যুদ্ধে বিন্য়ামীন্ বংশের সর্ব্বতোভাবে পরাস্ত হওন।

১ পরে ইস্রায়েলের তাবৎ বংশ অর্থাৎ গিলিয়দ্ দেশস্থ লোকের সহিত দান্ অবধি বের্শেবা পর্য্যন্ত তাবৎ মণ্ডলী এক মানুষের ন্যায় মিস্পীতে আসিয়া পরমে- ২ শ্বরের সাক্ষাতে একত্র হইল। তাহাতে তাবৎ লোকের অর্থাৎ ইস্রায়েলের তাবৎ বংশের অধ্যক্ষগণ ও চারি লক্ষ অস্ত্রধারি পদাতিক ঈশ্বরের লোকদের সভাতে ৩ উপস্থিত হইল। ঐ সময়ে ইস্রায়েল্ বংশেরা মিস্পীতে উঠিয়া গেল, এই কথা বিন্য়ামীন্ বংশ শুনিল; পরে ইস্রায়েল্ বংশীয়েরা জিজ্ঞাসিল, এই দুষ্টতা কি প্রকারে ৪ হইল? তাহা কহ। তাহাতে সেই হত স্ত্রীর উপপতি লেবীয় পুরুষ কহিল, আমি ও আমার উপপত্নী রাত্রি যাপন করিতে বিন্য়ামীন্ বংশের অধিকারস্থ গিবিয়াতে ৫ গিয়াছিলাম। তাহাতে গিবিয়ার গৃহস্থেরা রাত্রিকালে আমার প্রতিকূলে উঠিয়া গৃহের চতুর্দ্দিগে বেষ্টন করিয়া আমাকে বধ করিতে উদ্যত হইল, এবং আমার উপ- ৬ পত্নীকে বলাৎকারে † কুকর্ম্ম করিলে সে মরিল। পরে আমি উপপত্নীকে লইয়া খণ্ড২ করিয়া ইস্রায়েল্ বংশের অধিকারস্থ তাবৎ প্রদেশে পাঠাইলাম, কেননা তাহারা ইস্রায়েলে এমন লজ্জাকর লম্পটতা করিল। ৭ দেখ, তোমরা সকলেই ইস্রায়েলের বংশ; অতএব এ বিষয়ে পরামর্শ করিয়া কর্ত্তব্যতা স্থির কর।

৮ তাহাতে সকল লোক এক জনের ন্যায় উঠিয়া কহিল, আমরা কেহ আপন ২ বাসস্থানে যাইব না ও আপন ২ ৯ পরিবারে ফিরিয়া যাইব না; কিন্তু এখন গিবিয়ার প্রতিকূলে এই কর্ম্ম করিব, গুলিবাটদ্বারা তাহার প্রতি যুদ্ধ ১০ যাত্রা করিব। এবং লোকদের জন্যে খাদ্য দ্রব্য আনিতে ইস্রায়েলের সর্ব্বত্র লোক পাঠাইব; এবং এক শত লোকের মধ্যহইতে দশ, ও সহস্রের মধ্যহইতে এক শত, এবং দশ সহস্রের মধ্যহইতে এক সহস্র লোককে গ্রহণ করিব; তাহারা বিন্য়ামীন্ বংশের অধিকারস্থ গিবিয়াতে গিয়া ইস্রায়েলে কৃত তাহাদের তাবৎ কুকর্ম্মা- ১১ নুসারে তাহাদিগকে প্রতিফল দিবে। এই রূপে তাবৎ ইস্রায়েল্ বংশ এক মানুষের ন্যায় সংযুক্ত হইয়া ঐ নগরের প্রতিকূলে একত্র হইল।

১২ পরে ইস্রায়েল্ বংশ বিন্য়ামীন্ বংশের সর্ব্বত্র লোক প্রেরণ করিয়া এই কথা কহিল, তোমাদের মধ্যে ১৩ এ কি দুষ্কর্ম্ম? তোমরা গিবিয়া নিবাসি ঐ লম্পট লোকদিগকে সমর্পণ কর, আমরা তাহাদিগকে বধ করিয়া ইস্রায়েল্হইতে কলঙ্ক দূর করি; কিন্তু বিন্য়ামীন্

[২০-২৪] আ ১৯; ১-৯ ॥—[২৯] ১ শি ১১; ৭ ॥

[২০ অধ্যা; ১] যি ২২; ১২। ১৮; ২৩। ১ শি ৭; ৫। ১০; ১৭ ॥—[৪] বি ১৯; ১৪,১৫ ॥—[৫] ১৯; ২২-২৮ ॥—[৬] ১৯; ২৯। ১ শি ১১; ৭ ॥—[৭] বি ১৯; ৩০ ॥—[৮-১০] যি ২২; ১২ ॥—[১২, ১৩] যি ২২; ১৩,১৪। হি ১৮; ১৩ ॥

* (ইব্রি) মূর্খতার কর্ম্ম। † (ইব্রি) বশীভূত করিলে।

বংশ আপন ভ্রাতা ইস্রায়েল্ বংশের কথায় মনোযোগ
১৪ করিল না। পরে বিন্যামীন্ বংশ ইস্রায়েল্ বংশের
সহিত যুদ্ধার্থে সকল নগরহইতে বাহির হইয়া গিবি-
১৫ য়াতে একত্র হইল। ঐ সময়ে গিবিয়া নিবাসি গণিত
সাত শত মনোনীত লোক ভিন্ন বিন্যামীন্ বংশের সকল
নগরহইতে ছাব্বিশ সহস্র অস্ত্রধারি লোক গণিত হইল।
১৬ তাহাদের মধ্যে বাম হস্ত ব্যবসায়ি সাত শত মনোনীত
লোক ছিল; তাহাদের প্রত্যেক জন ফিঙ্গাদ্বারা প্রস্তর
চালন করিয়া এক কেশ লক্ষ্য মারিতে পারিত। তদ্ভিন্ন
১৭ ইস্রায়েল্ বংশের অস্ত্রধারি চারি লক্ষ লোক গণিত
হইল; ইহারা সকলেই যোদ্ধা লোক ছিল।

১৮ পরে ইস্রায়েল্ বংশ উঠিয়া বৈথেলে * গিয়া ঈশ্ব-
রের কাছে পরামর্শ প্রার্থনা করিয়া কহিল, বিন্যামীন্
বংশের সহিত যুদ্ধ করিতে আমাদের হইতে প্রথমে
কে যাইবে? তাহাতে পরমেশ্বর কহিলেন, প্রথমে যিহূদা
১৯ বংশ যাইবে। পরে ইস্রায়েল্ বংশ প্রাতঃকালে উঠিয়া
২০ গিবিয়ার সম্মুখে শিবির স্থাপন করিল। পরে ইস্রায়েল্
লোকেরা বিন্যামীন্ বংশের সহিত যুদ্ধ করিতে বাহির
হইয়া গেল, এবং তাহাদের সহিত যুদ্ধ করিতে গিবি-
য়াতে গিয়া ইস্রায়েল্ বংশ আপনাদের সৈন্য রচনা
২১ করিল। তাহাতে বিন্যামীন্ বংশ গিবিয়াহইতে বাহিরে
আসিয়া ঐ দিবসে ইস্রায়েল্ বংশের বাইশ সহস্র
লোককে সংহার করিয়া ভূমিপাত করিল।

২২ পরে ইস্রায়েল্ বংশীয় লোকেরা আপনাদিগকে
আশ্বাস দিয়া প্রথম দিবসে যে স্থানে সৈন্য রচনা করি-
২৩ য়াছিল, পুনর্ব্বার সেই স্থানে সৈন্য রচনা করিল। এবং
ইস্রায়েল্ বংশ উঠিয়া যাইয়া সন্ধ্যাকাল পর্য্যন্ত পরমে-
শ্বরের সাক্ষাতে ক্রন্দন করিল, এবং পরমেশ্বরের
কাছে পরামর্শ প্রার্থনা করিয়া এই কথা কহিল, আমরা
আপন ভ্রাতা বিন্যামীন্ বংশের সহিত যুদ্ধ করিতে
কি পুনর্ব্বার যাইব? তাহাতে পরমেশ্বর কহিলেন, তাহার
২৪ প্রতিকূলে যাও। পরে ইস্রায়েল্ বংশ দ্বিতীয় দিবসে
২৫ বিন্যামীন্ বংশের প্রতিকূলে উপস্থিত হইল। তাহাতে
বিন্যামীন্ বংশ দ্বিতীয় দিবসে তাহাদের প্রতিকূলে
গিবিয়াহইতে নির্গত হইয়া ইস্রায়েল্ বংশের খড়্গ-
ধারি আঠার সহস্র লোককে পুনর্ব্বার সংহার করিয়া
ভূমিপাত করিল।

২৬ পরে ইস্রায়েলের তাবৎ বংশ ও সমস্ত লোক যাইয়া
বৈথেলে * উপস্থিত হইয়া ক্রন্দন করিল, এবং সেই
স্থানে পরমেশ্বরের সম্মুখে বসিয়া থাকিল, এবং সে
দিবসে সন্ধ্যা পর্য্যন্ত উপবাস করিয়া পরমেশ্বরের সা-
২৭ ক্ষাতে হোম ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিল। সে সময়ে
২৮ ঐ স্থানে পরমেশ্বরের নিয়মসিন্দুক ছিল, এবং হারো-
ণের পৌত্র ইলিয়াসরের পুত্র পীনিহস্ তাহার সম্মুখে
দণ্ডায়মান হইল, এবং ইস্রায়েল্ বংশ তদ্দ্বারা পরমে-
শ্বরকে এই কথা জিজ্ঞাসা করিল, আমরা আপন
ভ্রাতা বিন্যামীন্ বংশের সহিত যুদ্ধ করিতে কি পুন-
র্ব্বার এখনো যাইব? কি ক্ষান্ত হইব? তাহাতে পর-
মেশ্বর কহিলেন, যাও, আমি কল্য তোমাদের হস্তে তাহা-
দিগকে সমর্পণ করিব। পরে ইস্রায়েল্ বংশ গিবিয়াতে ২৯
চতুর্দ্দিগে লোকদিগকে লুক্কায়িত করিয়া রাখিল।
এবং তৃতীয় দিবসে ইস্রায়েল্ বংশ বিন্যামীন্ বংশের ৩০
প্রতিকূলে উঠিয়া গিয়া পূর্ব্বরীতি ক্রমে গিবিয়ার বিরুদ্ধে
সৈন্য রচনা করিল। এবং বিন্যামীন্ বংশ লোকদের ৩১
বিরুদ্ধে বাহির হইয়া গেল, এবং নগরহইতে আকৃষ্ট
হইয়া পূর্ব্বমত লোকদিগকে প্রহার ও বধ করিতে
লাগিল, এবং ঈশ্বরের আবাসে † গমনকারি এক পথে ও
প্রান্তরস্থ গিবিয়াতে গমনকারি অন্য পথে, এই উভয়
রাজপথে তাহারা ইস্রায়েল্ বংশের ন্যূনাধিক ত্রিশ
জনকে বধ করিল। তাহাতে বিন্যামীন্ বংশ কহিল, ৩২
ইহারা আমাদের সম্মুখে পূর্ব্বমত হত হইতেছে;
কিন্তু ইস্রায়েল্ বংশ কহিল, আইস, আমরা পলাইয়া
নগরহইতে ইহাদিগকে রাজপথে বাহির করি। পরে ৩৩
ইস্রায়েল্ বংশের তাবৎ লোক আপন ২ স্থানহইতে
উঠিয়া বাল্-তামরে আপনাদের সৈন্য রচনা করিল,
এবং ইস্রায়েল্ বংশের লুক্কায়িত লোকেরা আপন ২
স্থানহইতে অর্থাৎ গিবিয়ার প্রান্তরহইতে নির্গত হইল।
ইস্রায়েলের তাবৎ বংশহইতে দশ সহস্র মনোনীত ৩৪
লোক গিবিয়া নগরের প্রতিকূলে বাহির হইয়া আইল,
তাহাতে ঘোরতর সংগ্রাম হইল; কিন্তু আপনাদের
সম্মুখে যে বিপদ উপস্থিত, তাহা বিন্যামীন্ বংশীয়েরা
জ্ঞাত ছিল না। পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মুখে ৩৫
বিন্যামীন্ বংশকে প্রহার করিলে সেই দিবসে ইস্রা-
য়েল্ বংশ বিন্যামীন্ বংশের পঁচিশ সহস্র এক শত
অস্ত্রধারি লোককে বধ করিল।

তাহাতে তাহারা পরাস্ত হইতেছে, বিন্যামীন্ বংশ ৩৬
এমত দেখিল, কেননা ইস্রায়েল্ বংশ গিবিয়া সমীপস্থ
লুক্কায়িত লোকদের উপরে নির্ভর দিয়া বিন্যামীন্
বংশের নিকটহইতে পলায়ন করিয়াছিল। পরে লুক্কা- ৩৭
য়িত লোকেরা গিবিয়া নগরে দৌড়িয়া গিয়া তাহা
আক্রমণ করিয়া অস্ত্রধারেতে নগরস্থ তাবৎ লোককে
আঘাত করিতে লাগিল। লুক্কায়িত লোকেরা যেন ৩৮
নগরহইতে সধূম মহা অগ্নিশিখা নির্গত করাইয়া চিহ্ন
দেখায়, ইস্রায়েল্ বংশের সহিত তাহাদের এই পরা-
মর্শ হইয়াছিল। পরে ইস্রায়েল্ বংশ সংগ্রামে উঠিয়া ৩৯
গেলে বিন্যামীন্ বংশ তাহাদের প্রায় ত্রিশ জনকে
আঘাত ও বধ করিতে লাগিল, এবং প্রথম যুদ্ধের ন্যায়
এই বারও ইহারা আমাদের সম্মুখে পরাস্ত হইতেছে,

[১৬] বি ৩; ১৫ ।।—[১৮] ১; ১, ২ ।।—[২১] আ ৪৯; ২৭ ।।—[২৩] প ১৮, ২৬ ।।—[২৬] প ২৩। যি ৭; ৫, ৬ ।।
[২৭] যি ১৮; ১। ১ শি ৪; ৩,৪ ।।—[২৮] যি ২৪; ৩৩ ।।—[২৯-৪৩] যি ৮; ৩-২৫ ।।

* (বা) ঈশ্বরের আবাসে। † (বা) বৈথেলে।

৪০ এমত বোধ করিল। ইতিমধ্যে বিন্যামীন্ লোকেরা আপনাদের পশ্চাৎ অবলোকন করিয়া নগরহইতে স্তম্ভের ন্যায় সধূম অগ্নিশিখা উঠিতেছে ও নগরের অগ্নিশিখা * আকাশে ঊর্দ্ধগামী † হইতেছে, ইহা দেখিল। ৪১ এবং ইস্রায়েল্ লোকেরা পুনর্ব্বার ফিরিয়া দাঁড়াইলে, আমাদেরই প্রতি অমঙ্গল উপস্থিত, ইহা দেখিয়া বিন্যামীন্ বংশ চমৎকৃত হইল। ৪২ পরে তাহারা ইস্রায়েল্ বংশের সম্মুখে প্রান্তরের পথের দিগে ফিরিল; তাহাতে সেই স্থানেও সংগ্রাম উপস্থিত হইলে ইস্রায়েল্ বংশ তাহাদের সহিত নগরহইতে আগত লোকদিগকেও ৪৩ তাহাদের সঙ্গে বধ করিল। তাহারা বিন্যামীন্ বংশের চারিদিগে ঘেরিয়া তাড়না করিয়া লইয়া গিবিয়ার সম্মুখে সূর্য্যোদয় দিগে তাহাদিগকে অনায়াসে ভূমিতে ৪৪ দলিত করিল। তাহাতে বিন্যামীন্ বংশের আঠার ৪৫ সহস্র যোদ্ধা বীর হত হইল। পরে প্রান্তরের দিগে ফিরিয়া রিম্মোন্ শৈলে তাহাদের পলায়ন কালে তাহারা রাজপথে তাহাদের পাঁচ সহস্র লোককে পাইল; পরে অতিবেগে তাহাদের পশ্চাৎ ২ তাড়না করিয়া গিদিয়োম্ পর্য্যন্ত যাইয়া তাহাদের দুই সহস্র লোককে বধ ৪৬ করিল। তাহাতে সে দিবসে বিন্যামীন্ বংশের অস্ত্রধারি পঁচিশ সহস্র লোক পতিত হইল; তাহারা সকলেই ৪৭ বীর ছিল। এবং ছয় শত লোক ফিরিয়া প্রান্তরস্থিত রিম্মোন্ পর্ব্বতে পলায়ন করিয়া সেই রিম্মোন্ পর্ব্বতে ৪৮ চারি মাস বাস করিল। কিন্তু ইস্রায়েল্ বংশ পুনর্ব্বার বিন্যামীন্ বংশের প্রতি আক্রমণ করিয়া নগরস্থ লোকদিগকে ও পশুগণকে ও হস্তগত সকলকে খড়্গধারে আঘাত করিল; তাহারা যে২ নগর হস্তগত করিল, সে সকলকে অগ্নিদ্বারা দগ্ধ করিল।

২১ অধ্যায়।

১ বিন্যামীন্ বংশের বিষয়ে লোকদের বিলাপ ৮ ও যাবেশ্ গিলিয়দের লোক বিনাশ করণে চারি শত কন্যা প্রাপ্তি ১৬ ও শীলোতে নৃত্যকারিণী কন্যাদিগকে ধরিতে বিন্যামীন্ বংশকে পরামর্শ দেওন।

১ ইস্রায়েল্ বংশ মিস্পীতে থাকিয়া আমরা কেহ বিন্যামীন্ বংশের সহিত আপন কন্যার বিবাহ দিব না, ২ এই দিব্য করিয়াছিল। তাহাতে লোকেরা ঈশ্বরের আবাসে ‡ আসিয়া সন্ধ্যা পর্য্যন্ত সেই স্থানে ঈশ্বরের সম্মুখে থাকিয়া উচ্চৈঃস্বরে বিলাপ করিয়া কহিল; ৩ হে ইস্রায়েলের প্রভো পরমেশ্বর, ইস্রায়েল্ বংশের মধ্যে অদ্য এক বংশের লোপ হইল, ইস্রায়েল্ দেশে ৪ কেন এমত ঘটিল? পরদিবসে লোকেরা প্রত্যূষে উঠিয়া সেই স্থানে যজ্ঞবেদি নির্ম্মাণ করিয়া হোমবলি ৫ ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিল। এবং ইস্রায়েল্ বংশেরা কহিল, মণ্ডলীর সহিত ঈশ্বরের নিকটে আইল না, ইস্রায়েলের তাবৎ বংশের মধ্যে এমন কে আছে? কেননা মিস্পীতে পরমেশ্বরের নিকটে যে না আসিবে, সে অবশ্য হত হইবে, এই কথা কহিয়া তাহারা মহাদিব্য করিয়াছিল। ৬ পরে ইস্রায়েল্ বংশ আপন ভ্রাতা বিন্যামীন্ বংশের জন্যে অনুতাপ করিয়া কহিল, ইস্রায়েল্ বংশের মধ্যহইতে অদ্য এক বংশের লোপ হইল। ৭ আর আমরা তাহাদের সহিত আপন কন্যাদের বিবাহ দিব না, ইহা কহিয়া আমরা পরমেশ্বরের নাম লইয়া দিব্য করিয়াছি; অতএব অবশিষ্টদের সহিত কন্যার বিবাহ দেওন বিষয়ে আমরা কি করিব?

৮ অপর তাহারা কহিল, মিস্পীতে পরমেশ্বরের নিকটে আইল না, ইস্রায়েল্ বংশের মধ্যে এমন কে আছে? আর দেখ, যাবেশ্-গিলিয়দের এক লোক ৯ শিবিরস্থ সভাতে আইল না, কেননা লোক সকল গণিত হইলে যাবেশ-গিলিয়দ্ নিবাসিদের এক জন সে স্থানে ১০ ছিল না। তাহাতে মণ্ডলীর শ্রেষ্ঠ বলবান্‌দের মধ্যহইতে দ্বাদশ সহস্র লোককে সেই স্থানে প্রেরণ কালে এই আজ্ঞা করিল, তোমরা যাইয়া যাবেশ্-গিলিয়দের আবাল বনিতাদিগকে অস্ত্রদ্বারা বধ করিবা; ১১ আর এই কর্ম্ম করিবা; প্রত্যেক পুরুষকে ও পুরুষাভিগত স্ত্রীকে নিঃশেষে বধ করিবা। ১২ পরে তাহারা যাবেশ্-গিলিয়দের মধ্যে পুরুষে অভিগতা ‖ হয় নাই, এমত চারি শত অনূঢ়া যুবতিকে পাইয়া কিনান্ দেশস্থ শীলোস্থিত শিবিরে তাহাদিগকে আনিল। ১৩ পরে তাবৎ মণ্ডলী রিম্মোন্ পর্ব্বতস্থ বিন্যামীন্ বংশের সহিত আলাপ করিতে ও সন্ধির কথা কহিতে তাহাদের কাছে দূতগণকে প্রেরণ করিল। ১৪ সেই সময়ে বিন্যামীন্ বংশ পুনর্ব্বার আইল; তাহাতে তাহারা যাবেশ্-গিলিয়দস্থ যে কন্যাদিগকে বাঁচাইয়াছিল, তাহাদের সহিত তাহাদের বিবাহ দিল; তথাপি তাহাদের অকুলান হইল। ১৫ পরে পরমেশ্বর ইস্রায়েল্ বংশের মধ্যে একের লোপ করিলেন, এই জন্যে লোকেরা বিন্যামীন্ বংশের বিষয়ে অনুতাপ করিল।

১৬ পরে মণ্ডলীর প্রাচীনগণ কহিল, বিন্যামীন্ বংশের স্ত্রীলোকদেরও বধ হওন প্রযুক্ত অবশিষ্টদের বিবাহার্থে আমরা কি করিব? ১৭ আরো কহিল, ইস্রায়েল্ বংশহইতে যেন একের লোপ না হয়, এই জন্যে বিন্যামীন্ বংশের অবশিষ্ট লোকদের অধিকার দেওয়া কর্ত্তব্য। ১৮ কিন্তু যে কেহ বিন্যামীন্ বংশকে কন্যা দিবে, সে শাপগ্রস্ত হইবে, ইহা কহিয়া ইস্রায়েল্ বংশ দিব্য করিয়াছে; এই জন্যে আমাদের কন্যাদের সহিত তাহাদের বিবাহ দেওয়া কর্ত্তব্য নয়। ১৯ পরে তাহারা কহিল, বৈথেলের উত্তরদিগে বৈথেল্‌হইতে শিখিমে গমনকারি পথের পূর্ব্বদিগে এবং লিবোনার দক্ষিণদিগে পরমেশ্বরের এক বার্ষিক উৎসব শীলোতে হইয়া

[২১ অধ্যা; ১] বি ২০; ৮-১১ ॥—[২] ২০; ১৮, ২৩, ২৬ ॥—[৪] ২ শি ২৪; ২৫ ॥—[৫] বি ৫; ২৩ ॥—[৬] প ২, ৩ ॥ [১০] প ৫ ॥—[১১] গ ৩১; ১৭, ১৮ ॥—[১৩] বি ২০; ৪৭ ॥—[১৪] ১ শি ১১; ১-৪ ॥—[১৫] প ২, ৩, ৬ ॥—[১৮] প ৭ ॥

* (ইব্রু) সর্ব্বনাশ। † (ইব্রু) স্বর্গ। ‡ (বা) বৈথেলে। ‖ (ইব্রু) পুরুষের সঙ্গে শয়ন জ্ঞাতা।

২০ থাকে। তাহাতে তাহারা বিন্য়ামীন্ বংশকে আজ্ঞা করিল, তোমরা যাইয়া দ্রাক্ষাক্ষেত্রে লুক্কায়িত থাকিয়া ২১ অবলোকন কর; তাহাতে শীলোর কন্যাগণ দলের মধ্যে নৃত্য করিতে ২ বাহির হইয়া আসিতেছে, ইহা দেখিলে তোমরা দ্রাক্ষাক্ষেত্রহইতে বাহির হইয়া শীলোর কন্যাদের মধ্যহইতে আপন ২ ভার্য্যা ধরিয়া লইয়া বিন্য়া- ২২ মীন্ দেশে প্রস্থান কর। পরে তাহাদের পিতা কিম্বা ভ্রাতৃগণ যদি নিবেদন করিতে আমাদের নিকটে আইসে, তবে আমরা তাহাদিগকে কহিব, আমাদের জন্যে তোমরা তাহাদিগকে অনুগ্রহ কর; কেননা যুদ্ধ সময়ে আমরা প্রত্যেকের জন্যে ভার্য্যা রাখিলাম না; তোমরা এই সময়ে তাহাদিগকে দিলা তাহা নয়: দিলে অপরাধী হইতা। ২৩ তাহাতে বিন্য়ামীন্ বংশ তদ্রূপ করিয়া আপনাদের সংখ্যানুসারে নৃত্যকারিণী স্ত্রীদের মধ্যহইতে ভার্য্যা ধরিয়া গ্রহণ করিল; পরে তাহারা আপন ২ অধিকারে ফিরিয়া যাইয়া পুনর্ব্বার সমস্ত নগর নির্ম্মাণ করিয়া তাহার মধ্যে বাস করিল। ২৪ পরে ঐ সময়ে ইস্রায়েলের মহাবংশ আপন ২ বংশ ও পরিজনানুসারে প্রত্যেকে তথাহইতে প্রস্থান করিয়া বাহির হইয়া আপন ২ অধিকারে গেল। ২৫ তৎকালে ইস্রায়েল্ বংশে কোন রাজা ছিল না; প্রত্যেকে আপন ২ ইচ্ছানুসারে কর্ম্ম করিত।

[২৩] বি ২০; ৪৮ ॥—[২৫] ১৭; ৬ ॥

রূতের ইতিহাস।

১ অধ্যায়।

১ দুর্ভিক্ষ প্রযুক্ত ইলীমেলকের ও তাহার নয়মী স্ত্রীর ও তাহার দুই পুত্রের মোয়াব্ দেশে যাওন ও মোয়াবীয় কন্যাদের সহিত বিবাহ ৬ ও নয়মীর স্বদেশে গমন সময়ে দুই পুত্রবধূকে না যাইতে বিনয় করণ ১৪ ও অর্পার তাহা স্বীকার করণ ও রূতের তাহার সঙ্গ না ছাড়ন ১৯ এবং নয়মীর ও রূতের বৈৎলেহমে উপস্থিত হওন।

১ বিচারকর্ত্তৃদের কর্ত্তৃত্ব * কালে দেশে দুর্ভিক্ষ উপস্থিত হইলে বৈৎলেহম্-যিহূদার এক জন ও তাহার স্ত্রী ও ২ দুই পুত্র মোয়াব্ দেশে প্রবাস করিতে গেল; তাহার নাম ইলীমেলক্, ও তাহার স্ত্রীর নাম নয়মী, ও তাহার দুই পুত্রের নাম মহলোন্ ও কিলিয়োন্; ইহারা সকলেই যিহূদার বৈৎলেহম্ নগরনিবাসি ইফ্রাথীয় লোক; ইহারা মোয়াব্ দেশে যাইয়া সেখানে প্রবাস † করিল। ৩ পরে নয়মীর স্বামী ইলীমেলক্ মরিলে সে ও তাহার ৪ দুই পুত্র অবশিষ্ট থাকিল। এবং তাহারা অর্পা ও রূৎ নামে দুই মোয়াবীয় কন্যাকে বিবাহ করিয়া দশ ৫ বৎসর পর্য্যন্ত সেই স্থানে প্রবাস করিল। পরে ঐ মহলোন্ ও কিলিয়োন্ দুই জনই মরিলে নয়মী পতি ও দুই পুত্র বিহীনা হইল।

৬ অপর পরমেশ্বর অনুগ্রহ করিয়া আপন লোকদিগকে খাদ্য দ্রব্য দিয়াছেন, এই কথা সে মোয়াব্ দেশে শুনিয়া আপন পুত্রবধূদিগকে সঙ্গে লইয়া মোয়াব্ দেশহইতে যাত্রা করিতে উঠিল। ৭ সে আপন পুত্রবধূদিগকে সঙ্গে লইয়া বাসস্থানহইতে প্রস্থান করিয়া যিহূদা দেশে ফিরিয়া যাইতে পথে গেল। ৮ নয়মী দুই পুত্রবধূকে কহিল, তোমরা আপন ২ মাতার বাটীতে ফিরিয়া যাও; তাহাতে তোমরা মৃতদের প্রতি ও আমার প্রতি যে রূপ প্রেম ব্যবহার করিয়াছ, পরমেশ্বর তোমাদের প্রতি তদ্রূপ প্রেম ব্যবহার করিবেন। ৯ তোমরা উভয়ে আপন ২ স্বামির বাটীতে বিশ্রাম পাও, পরমেশ্বর এই আশীর্ব্বাদ করুণ; পরে সে তাহাদিগকে চুম্বন করিল; তাহাতে তাহারা ১০ উচ্চৈঃস্বরে রোদন করিয়া তাহাকে কহিল, আমরা তোমার সহিত তোমার লোকদের নিকটে অবশ্য ১১ যাইব। নয়মী কহিল, হে আমার কন্যারা, তোমরা আমার সহিত কেন যাইবা? ফিরিয়া যাও; তোমাদের স্বামী হইবার জন্যে এখনো কি আমার গর্ব্ভে সন্তান ১২ আছে? হে আমার কন্যারা, ফিরিয়া যাও, কেননা আমার স্বামি গ্রহণের বয়স নয়, অধিক বয়স হইয়াছে; আর আমার ভরসা আছে, ইহা বলিয়া যদি অদ্য রাত্রিতে স্বামি গ্রহণ করিয়া ‡ সন্তান প্রসব করি, ১৩ তবে তোমরা কি তাহাদের বয়ঃপ্রাপ্ত হওয়া পর্য্যন্ত অপেক্ষায় ‖ থাকিবা? তোমরা কি তজ্জন্যে স্বামি গ্রহণ

[১ অধ্য; ১] বি ২; ১৬, ১৮ ॥—[২] আ ৩৫; ১৯ ॥—[১১-১৩] দ্বি ২৫; ৫, ৬। আ ৩৮; ১১ ॥—[১৩] যূব ১৯; ২১ ॥

* (ইব্রু) বিচার। † (ইব্রু) ছিল। ‡ (ইব্রু) স্বামির সহিত হইয়া। ‖ (বা) প্রত্যাশায়।

করিতে নিবৃত্তা হইবা? হে আমার কন্যাগণ, তাহা নয়, আমার ক্লেশ তোমাদের অসহ্য হয়; পরমেশ্বর স্বহস্তে আমাকে নিগ্রহ করিয়াছেন।

১৪ পরে তাহারা উচ্চৈঃস্বরে পুনর্ব্বার ক্রন্দন করিল, এবং অর্পা আপন শ্বশ্রুকে চুম্বন করিয়া গেল, কিন্তু ১৫ রূৎ তাহার সঙ্গ ছাড়িল না। তাহাতে সে কহিল, ঐ দেখ, তোমার দেবরপত্নী আপন লোকদের ও আপন দেবগণের নিকটে ফিরিয়া গেল, তুমিও আপন দেবর- ১৬ পত্নীর পাছে২ ফিরিয়া যাও। রূৎ কহিল, তোমাকে ত্যাগ করিয়া যাইতে ও তোমার পশ্চাদ্গমনে নিবৃত্তা হইতে আমাকে বিনয় করিও না; তুমি যে স্থানে যাইবা, আমিও সেই স্থানে যাইব; এবং তুমি যে স্থানে থাকিবা, আমিও সেই স্থানে থাকিব; তোমার লোকই আমার লোক, এবং তোমার ঈশ্বরই আমার ঈশ্বর। ১৭ এবং তুমি যে স্থানে মরিবা, আমিও সেই স্থানে মরিব ও সেই স্থানে কবরপ্রাপ্তা হইব; কেবল মৃত্যু ব্যতিরেকে আর কিছুহইতে যদি তোমাতে আমাতে বিচ্ছেদ হয়, তবে ১৮ পরমেশ্বর তদনুরূপ ও ততোধিক প্রতিফল * দিউন। পরে রূৎ তাহার সহিত যাইতে একমনা হইল; ইহা দেখিয়া সে তাহার প্রতি কহিতে নিবৃত্তা হইল।

১৯ অপর তাহারা দুই জন বৈৎলেহমে উপস্থিত হওন পর্য্যন্ত গমন করিল; যখন বৈৎলেহমে উপনীত হইল, তখন তাহাদের বিষয়ে তাবৎ নগরে জনরব হইলে ২০ স্ত্রী লোকেরা জিজ্ঞাসিল, ইনি কি নয়মী? তাহাতে সে উত্তর করিল, আমাকে নয়মী (সুখিনী) কহিও না, কিন্তু মারা (দুঃখিনী) কহিয়া ডাক, কেননা সর্ব্বশক্তি- ২১ মান আমার প্রতি অনেক দুঃখ ঘটাইয়াছেন। আমি সম্পূর্ণা হইয়া বাহির হইয়াছিলাম, কিন্তু এখন পরমেশ্বর আমাকে রিক্ত হস্তে ফিরাইয়া আনিলেন; পরমেশ্বর যদি আমার দুরবস্থা † করিলেন, ও সর্ব্বশক্তিমান ২২ যদি আমাকে দুঃখিনী করিলেন, তবে তোমরা কেন আমাকে সুখিনী করিয়া বল? এই রূপে নয়মী ও মোয়াবীয়া রূৎ নামে তাহার পুত্রবধূ মোয়াব্ দেশহইতে ফিরিয়া আইল; তাহারা যবশস্যচ্ছেদনের আরম্ভ সময়ে বৈৎলেহমে উপস্থিত হইল।

২ অধ্যায়।

১ বোয়সের ক্ষেত্রে রূতের শস্য সংগ্রহ করণ ৪ ও তাহার পরিচয় লইয়া বোয়সের অনুগ্রহ করণ ১৮ ও শ্বশ্রূর কাছে তাবৎ শস্য লইয়া যাওন।

১ ঐ নয়মীর স্বামি ইলীমেলকের বংশীয় বোয়স্ নামে ২ এক ধনবান ‡ জ্ঞাতি ছিল। পরে মোয়াবীয়া রূৎ নয়মীকে কহিল, এখন আমাকে ক্ষেত্রে যাইতে দেও; আমি যাহার দৃষ্টিতে অনুগ্রহ পাই, তাহার পশ্চাৎ২ শস্যের শিষ সংগ্রহ করিতে যাই; তাহাতে সে কহিল, হে ৩ আমার কন্যে, যাও। পরে সে গিয়া ক্ষেত্রে উপস্থিতা হইয়া শস্যচ্ছেদকদের পশ্চাৎ২ শস্য সংগ্রহ করিতে লাগিল, পরে ঘটনাক্রমে সে ইলীমেলকের বংশীয় বোয়সের অধিকারস্থ এক ক্ষেত্রে উপস্থিতা হইল।

৪ পরে বোয়স্ বৈৎলেহম্‌হইতে আসিয়া শস্যচ্ছেদকদিগকে কহিল, পরমেশ্বর তোমাদের সঙ্গী হউন; তাহারা উত্তর করিল, পরমেশ্বর তোমাকে আশীর্ব্বাদ ৫ করুণ। অপর বোয়স্ শস্যচ্ছেদকদের উপরে নিযুক্ত ৬ আপন ভৃত্যকে জিজ্ঞাসিল, এইটি কাহার কন্যা? তখন শস্যচ্ছেদকদের উপরে নিযুক্ত ভৃত্য কহিল, এই সে মোয়বীয়া কন্যা যে নয়মীর সহিত মোয়াব্ দেশহইতে ৭ আসিয়াছে। ও সে আমাকে কহিল, আমি বিনয় করি, শস্যচ্ছেদকদের পশ্চাৎ২ আটির মধ্যে২ আমাকে সংগ্রহ করিতে ও কুড়াইতে দেও; অতএব সে আসিয়া প্রাতঃকাল অবধি এখন পর্য্যন্ত আমাদের সহিত রহিয়াছে; ৮ অল্পকাল বাটীতে ছিল। পরে বোয়স্ রূৎকে কহিল, হে আমার কন্যে, তুমি কি এ কথা শুন না? তুমি সংগ্রহ করিতে অন্য ক্ষেত্রে যাইও না, ও এই স্থানহইতে যাইও না, কিন্তু আমার দাসীদের সহিত থাক। ৯ শস্যচ্ছেদকেরা যে ক্ষেত্রের শস্য কাটিবে, তাহা দেখিয়া তাহাদের পশ্চাৎ যাইবা; তোমাকে স্পর্শ না করিতে আমি কি যুবদিগকে আজ্ঞা দি নাই? আর তুমি তৃষিতা হইলে পাত্রের নিকটে যাইয়া যুবদের ১০ উত্তোলিত জল পান করিবা। তাহাতে সে উবুড় হইয়া ভূমিতে পড়িয়া তাহাকে কহিল, আমি বিদেশিনী, আমার পরিচয় লইতেছ; এতো অনুগ্রহ আমি কিসে ১১ পাইলাম? বোয়স্ কহিল, তোমার স্বামির মৃত্যুর পর তোমার শ্বশ্রূর প্রতি যে রূপ ব্যবহার করিয়াছ, এবং আপন পিতা মাতা ও জন্মদেশ ত্যাগ করিয়া পূর্ব্বের অজ্ঞাত লোকদের নিকটে আসিয়াছ, এ সকলি আমি ১২ জ্ঞাত হইলাম। পরমেশ্বর তোমার কর্ম্মের ফল দিউন; তুমি ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের পক্ষের নীচে আশ্রয় লইতে আসিয়াছ; তিনি তোমাকে সম্পূর্ণ পুরস্কার ১৩ দিউন। তাহাতে সে কহিল, হে আমার প্রভো, আমি তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাইলাম; তুমি আমাকে সান্ত্বনা করিলা, আমি তোমার দাসীতুল্যা না হইলেও আপন ১৪ দাসীর প্রতি প্রীতি পূর্ব্বক কথা কহিলা। বোয়স্ কহিল, ভোজন সময়ে তুমি এই স্থানে আসিয়া রুটী ভোজন কর এবং আপন খাদ্য অম্লরসে ডুবাও; তখন সে শস্যচ্ছেদকদের পার্শ্বে বসিলে তাহাকে ভাজা শস্য আনিয়া দিল; তাহাতে সে ভোজন করিয়া তৃপ্তা হইল এবং অব- ১৫ শিষ্ট কিছু রাখিল। পরে সে কুড়াইতে উঠিলে বোয়স্

[১৬,১৭] দ্বি ৩৩; ২৯। গী ১৪৭; ১৯, ২০। যো ৬; ৬৭-৬৯ ॥—[১৭] ১ শি ৩; ১৭ ॥
[২ অধ্যা; ২] লে ১৯; ৯। দ্বি ২৪; ১৯॥—[৪] গী ১২৯; ৮॥—[৬] রূ ১; ২২॥—[১০] ১ শি ২৫; ২০,৪১॥—[১১] রূ ১; ১৬-১৯॥—[১২] গী ১৭; ৮। ৯১; ৪॥—[১৩] ১ শি ২৫; ৪১॥—[১৪] প ১৮॥—[১৫,১৬] লে ১৯; ৯। দ্বি ২৪; ১৯॥

* (ইব্রু) তাহা ও ততোধিক করুন। † (ইব্রু) আমার বিপরীত সাক্ষ্য। ‡ (বা) বলবান।

আপন যুব লোকদিগকে আজ্ঞা করিল, উহাকে আটির মধ্যে কুড়াইতে দেও, এবং উহাকে লজ্জা দিও না। ১৬ এবং উহার জন্যে আটিহইতে কতক টানিয়া উহার কুড়াইবার জন্যে তাহা ত্যাগ কর, ও উহাকে অনুযোগ করিও না। ১৭ তাহাতে সে সন্ধ্যা পর্য্যন্ত সেই ক্ষেত্রেতে কুড়াইল; পরে সঞ্চিত শস্য মাড়িলে তাহার প্রায় এক ঐফা যব হইল।

১৮ পরে সে তাহা লইয়া নগরে গেল, এবং আপন সঞ্চিত শস্য শ্বশ্রূকে দেখাইল, এবং তৃপ্ত হওনের পর রক্ষিত অবশিষ্ট সকল বাহির করিয়া তাহাকে ১৯ দিল। তাহাতে তাহার শ্বশ্রূ তাহাকে কহিল, তুমি অদ্য কোথায় কুড়াইলা? ও কোথায় কর্ম্ম করিলা? যে তোমার পরিচয় লইল, সে ধন্য হউক; তখন সে যাহার নিকটে কর্ম্ম করিয়াছিল, তাহা শ্বশ্রূকে জানাইয়া কহিল, যাহার নিকটে অদ্য কর্ম্ম করিলাম, তাহার নাম বোয়স্। ২০ তাহাতে নয়মী আপন পুত্রবধূকে কহিল, যে পরমেশ্বর জীবৎ ও মৃত লোকদের প্রতি অনুগ্রহ নিবৃত্ত করেন না, সে তাঁহার আশীর্ব্বাদ প্রাপ্ত হউক; নয়মী আরো কহিল, সে মনুষ্য আমাদের নিকটসম্পর্কীয় ২১ আমাদের জ্ঞাতিদের * মধ্যে এক জন। মোয়াবীয় রূৎ কহিল, সে আমাকে ইহাও কহিল, আমার সমস্ত শস্যচ্ছেদন সমাপ্তি না হওন পর্য্যন্ত তুমি আমার যুব ২২ লোকদের সঙ্গ ছাড়িও না। তাহাতে নয়মী আপন পুত্রবধূ রূৎকে কহিল, হে আমার কন্যে, তুমি তাহার দাসীদের সহিত যাও; এবং লোকেরা অন্য কোন ২৩ ক্ষেত্রে তোমার সহিত সাক্ষাৎ না করে সে ভাল। অতএব যব ও গোম শস্যচ্ছেদন সমাপ্তি পর্য্যন্ত সে কুড়াইতে ২ বোয়সের দাসীদের সহিত থাকিল, এবং আপন শ্বশ্রূর সহিত বাস করিল।

৩ অধ্যায়।

১ নয়মীর উপদেশে বোয়সের চরণে রূতের আশ্রয় লওন ৮ ও মধ্যরাত্রিতে বোয়সের চমৎকৃত হওন ও জ্ঞাতির কর্ম্ম করিতে স্বীকার করণ ১৪ ও ছয় পাত্র যব দিয়া শ্বশ্রূকে প্রেরণ করণ।

১ অপর তাহার শ্বশ্রূ নয়মী তাহাকে কহিল, হে আমার কন্যে, তোমার যেন মঙ্গল হয়, এই নিমিত্তে আমি কি ২ তোমার বিশ্রাম চেষ্টা করিব না? তুমি যে বোয়সের দাসীদের সহিত ছিলা, সে কি আমাদের জ্ঞাতিদের মধ্যে নহে? দেখ, সে অদ্য রাত্রিতে শস্য মর্দ্দন ৩ স্থানে যব ঝাড়িবে। অতএব তুমি এখন স্নান কর ও তৈল মর্দ্দন কর, ও আপন বস্ত্র গাত্রে দিয়া শস্য মর্দ্দন স্থানে গমন কর; কিন্তু সে মানুষ ভোজন পান সমাপ্ত ৪ না করিলে তাহাকে আপন পরিচয় দিও না। সে যখন শয়ন করে, তখন তুমি তাহার শয়নস্থান দেখিয়া নিশ্চয় কর; পরে সেই স্থানে যাইয়া তাহার চরণ অনাবৃত করিয়া শয়ন করিবা; তাহাতে সে তোমার কর্ত্তব্য তোমাকে কহিবে। ৫ তাহাতে সে উত্তর করিল, তুমি যাহা কহিতেছ, সে সমস্তই আমি করিব। ৬ পরে সে শস্য মর্দ্দন স্থানে গিয়া আপন শ্বশ্রূর তাবৎ বাক্যানুসারে করিল। ৭ এবং ভোজন পান করিয়া বোয়সের অন্তঃকরণ আনন্দিত হইলে সে শস্যরাশির প্রান্তে শয়ন করিতে গেল; পরে রূৎ ধীরে ২ আসিয়া তাহার চরণ অনাবৃত করিয়া শয়ন করিল।

৮ পরে মধ্যরাত্রি সময়ে ঐ পুরুষ পার্শ্ব পরিবর্ত্তন করিয়া চমৎকৃত হইল, কেননা তাহার চরণ সমীপে এক স্ত্রী শয়ন করিয়াছিল। ৯ তখন সে জিজ্ঞাসিল, তুমি কে? তাহাতে সে উত্তর করিল, আমি তোমার দাসী রূৎ; তুমি আমাকে আশ্রয় দেও, † কেননা তুমি আমার নিকটস্থ জ্ঞাতি। ১০ তাহাতে সে কহিল, হে আমার কন্যে, তুমি পরমেশ্বরেতে ধন্যা, কেননা ধনবান কি দরিদ্র যুব পুরুষের পশ্চাদ্বর্ত্তিনী না হওয়াতে প্রথমাপেক্ষা শেষে অধিক প্রীতি দেখাইলা। ১১ অতএব হে কন্যে, ভয় করিও না, আমি তোমার জন্যে তোমার উক্ত সমস্তই করিব, কেননা তুমি যে সাধ্বী, ইহা নগরদ্বারের তাবৎ লোক ‡ জানে। ১২ আমি জ্ঞাতি, ইহা সত্য; কিন্তু আমাহইতেও তোমার নিকটসম্পর্কীয় আর এক জ্ঞাতি আছে। ১৩ অদ্য রাত্রি থাক; প্রাতঃকালে সে যদি তোমার প্রতি জ্ঞাতির কর্ত্তব্য করে, তবে ভাল, সে জ্ঞাতির কর্ত্তব্য কর্ম্ম করুক; কিন্তু যদি তোমার প্রতি জ্ঞাতির কর্ত্তব্য না করে, তবে পরমেশ্বরের নামে দিব্য করিতেছি, আমি তোমার প্রতি জ্ঞাতির কর্ত্তব্য কর্ম্ম করিব; তুমি প্রাতঃকাল পর্য্যন্ত শয়ন কর।

১৪ তাহাতে রূৎ প্রাতঃকাল পর্য্যন্ত তাহার চরণ সমীপে শয়ন করিয়া থাকিল, এবং এক জন অন্যকে চিনিতে পারে, এমত সময়ের পূর্ব্বে উঠিল; পরে সে কহিল, এই স্ত্রী শস্য মর্দ্দন স্থানে আসিয়াছিল, ইহা প্রকাশ না হউক। ১৫ সে আরো কহিল, তোমার গাত্রীয় বস্ত্র আনিয়া পাত; তাহাতে সে বস্ত্র পাতিলে সে ছয় পাত্র যব মাপিয়া তাহার উপরে দিল; পরে রূৎ নগরে গেল। ১৬ অপর আপন শ্বশ্রূর নিকটে আইলে তাহার শ্বশ্রূ কহিল, হে আমার কন্যে, কি হইল ‖? তাহাতে সে আপনার প্রতি সেই পুরুষের কৃত সমস্ত কর্ম্ম তাহাকে জ্ঞাত করিল; ১৭ এবং কহিল, শ্বশ্রূর নিকটে রিক্ত হস্তে যাইও না, ইহা বলিয়া সে আমাকে এই ছয় পাত্র যব দিল। ১৮ পরে তাহার শ্বশ্রূ তাহাকে কহিল, হে আমার কন্যে, এ বিষয়ে কি ঘটিবে, যে পর্য্যন্ত তাহা জানিতে না পার, তাবৎ বসিয়া থাক; কেননা সে মানুষ অদ্য এ কর্ম্মের শেষ না করিয়া বিশ্রাম করিবে না।

[১৮] প ১৪ ।।—[২০] প ১। লে ২৭ ; ২৫ ।।

[৩ অধ্য ; ৯] যিহি ১৬ ; ৮ ।।—[১০] রূ ২ ; ২০ ।।—[১৩] ৪ ; ১-১০ ।।—[১৮] গী ৩৭ ; ৫ ।।

* (বা) মুক্তিদাতাদের। † (ইব্রু) আপন দাসীর উপরে পক্ষ বিস্তার কর। ‡ (ইব্রু) আমার লোকের দ্বার। ‖ (ইব্রু) তুমি কে?

৪ অধ্যায়।

১ বিচারস্থানে বোয়সের গমন ও জ্ঞাতিকে ডাকন ৬ ও জ্ঞাতি স্বীকার না করিলে তাহার ইলীমেলকের ক্ষেত্র ক্রয় করণ ১৩ ও রূতের বিবাহ ও সন্তান প্রসব করণ ১৮ ও পেরসের বংশাবলি।

১ পরে বোয়স্ নগরদ্বারে যাইয়া সেই স্থানে বসিয়া থাকিল; এবং যে জ্ঞাতির কথা কহিয়াছিল, সেই ব্যক্তি ঐ পথ দিয়া গমন করিলে বোয়স্ তাহাকে ডাকিল, ওগো অমুক, ফিরিয়া এই স্থানে আসিয়া বৈস; ২ তাহাতে সে পার্শ্বে আসিয়া বসিল। পরে বোয়স্ নগরের দশ জন প্রাচীনকে ডাকিয়া কহিল, তোমরাও ৩ এই স্থানে বৈস; তাহাতে তাহারা বসিল। তখন বোয়স্ ঐ জ্ঞাতিকে কহিল, নয়মী মোয়াব্ দেশহইতে আগতা হইয়া আমাদের ভ্রাতা ইলীমেলকের কতক ভূমি বিক্রয় ৪ করিতেছে। অতএব আমি তোমাকে এই কথা জানাইতে মনস্থ করিলাম *, তুমি নগর নিবাসিদের ও আমার লোকদের প্রাচীনদের সাক্ষাতে তাহার সেই অধিকারের মুক্তি কর; যদি তুমি মুক্তি কর, তবে কর; কিন্তু যদি না কর, তবে তাহা আমাকে কহ; আমি জানিতে চাহি, কেননা তুমি মুক্তি করিলে আর কেহ মুক্তি করিতে পারে না, কিন্তু না করিলে পরে আমি করিতে পারি; তাহাতে সে কহিল, আমি ৫ মুক্তি করিব। বোয়স্ কহিল, তুমি যে দিবসে নয়মীর হস্তহইতে সেই ক্ষেত্র ক্রয় করিবা, সেই দিবস অধিকারে মৃত ব্যক্তির বংশ রক্ষার্থে তাহার স্ত্রী মোয়াবীয় রূৎকেও তোমার ক্রয় করিতে হইবে।

৬ তাহাতে ঐ জ্ঞাতি কহিল, আমি তাহার মুক্তি করিতে পারি না, তাহা করিলে আপন অধিকার নষ্ট করিব; আমার অধিকার তুমি মুক্ত কর, আমি মুক্ত করিতে ৭ পারি না। পূর্ব্বকালে সকল কথা স্থির করিতে মুক্তি ও বিনিময় বিষয়ে ইস্রায়েল্ বংশে এই এক ব্যবহার ছিল; লোক আপন পাদুকা খুলিয়া প্রতিবাসিকে দিত, ইহা ইস্রায়েল্ বংশের মধ্যে সাক্ষ্য ৮ স্বরূপ হইত। অতএব ঐ জ্ঞাতি বোয়স্‌কে কহিল, তুমি আপনি তাহা ক্রয় কর; তাহাতে সে আপন ৯ পাদুকা খুলিয়া দিল। পরে বোয়স্ প্রাচীনগণকে ও লোকদিগকে কহিল, ইলীমেলকের ও কিলিয়োনের ও মহলোনের যাহা২ ছিল, তাহা আমি নয়মীহইতে ক্রয় করিলাম, অদ্য তোমরা ইহার সাক্ষী। এবং ১০ আপনার ভ্রাতৃগণের মধ্যহইতে ও আপন স্থানের দ্বারহইতে তাহার নাম যেন লুপ্ত না হয়, এই জন্যে আমি অধিকারে মৃত ব্যক্তির নাম রক্ষার্থে মহলোনের ভার্য্যা মোয়াবীয় রূৎকে ভার্য্যা করণার্থে ক্রয় করিলাম; অদ্য তোমরা ইহারো সাক্ষী হইলা। তাহাতে দ্বারবর্ত্তি ১১ সমস্ত লোক ও প্রাচীনগণ কহিল, আমরা সাক্ষী হইলাম, পরমেশ্বর ইস্রায়েলের বংশ বৃদ্ধিকারিণী † রাহেল্ ও লেয়া নাম্নী দুই স্ত্রীর ন্যায় তোমার গৃহে এই আগমন কারিণী স্ত্রীকে করুণ; তাহাতে তুমি ইফ্রাথাতে যোগ্য ‡ রূপে আচরণ করিয়া বৈৎলেহমে সুখ্যাতি বিশিষ্ট হও। পরমেশ্বর এই যুবতির গর্ব্ভহইতে যে সন্তান ১২ তোমাকে দিবেন, তাহাদ্বারা তামরের গর্ব্ভে যিহূদার ঔরসজাত পেরসের বংশের ন্যায় তোমার বংশ হউক।

পরে বোয়স্ রূৎকে বিবাহ করিলে সে তাহার ১৩ ভার্য্যা হইল, এবং বোয়স্ তাহাতে উপগত হইলে সে পরমেশ্বরহইতে গর্ব্ভধারণ শক্তি পাইয়া এক পুত্র প্রসব করিল। পরে স্ত্রীগণ নয়মীকে কহিল, ইস্রায়েল্ বংশে ১৪ যেন আপন নাম প্রশংসিত হয়, এই জন্যে অদ্য যিনি তোমাকে জ্ঞাতিবিহীনা করেন নাই, সেই পরমেশ্বর ধন্য। ঐ বালক তোমার প্রাণদাতা ও বৃদ্ধাবস্থাতে তো- ১৫ মার প্রতিপালক হইবে; কেননা তোমার যে পুত্রবধূ তোমাকে প্রেম ব্যবহার করে, ও তোমার সাত পুত্র হইতেও উত্তমা, সে ঐ বালককে প্রসব করিল। তখন ১৬ নয়মী সেই বালককে লইয়া আপন বক্ষস্থলে রাখিল, ও তাহার ধাত্রীস্বরূপ হইল। পরে নয়মীর এক পুত্র ১৭ জন্মিল, এই কথা কহিয়া তাহার প্রতিবাসিনীগণ তাহার নাম ওবেদ (সেবক) রাখিল; সে দায়ূদের পিতামহ যিশয়ের পিতা ছিল।

পেরসের বংশাবলি। এই পেরসের পুত্র হিষ্রোণ্; ১৮ ও হিষ্রোণের পুত্র অরাম, ও অরামের পুত্র অম্মীনা- ১৯ দব্; ও অম্মীনাদবের পুত্র নহশোন্, ও নহশোনের ২০ পুত্র সল্মোন্; ও সল্মোনের পুত্র বোয়স, ও বোয়- ২১ সের পুত্র ওবেদ্; ও ওবেদের পুত্র যিশয় ও যিশয়ের ২২ পুত্র দায়ূদ্।

[৪ অধ্য; ১] দ্বি ১৬; ১৮। ক ৩; ১২, ১৩ ॥—[৪-৬] ৩; ১২, ১৩ ॥—[৪] যির ৩২; ৮ ॥—[৫] গ ২৭; ৮-১১। ৩৬; ৭। দ্বি ২৫; ৫, ৬ ॥—[৬] দ্বি ২৫; ৬ ॥—[৭, ৮] দ্বি ২৫; ৭-১০ ॥—[১০] দ্বি ২৫; ৬ ॥—[১১] আ ২৩; ১০, ১৮। গী ১২৭; ৩-৫। ১২৮; ৩। আ ৩৫; ২৩-২৬ ॥—[১২] আ ৩৮; ২৯ ॥—[১৪, ১৫] লূ ১; ৫৮ ॥—[১৬, ১৭] আ ৪৮; ৫ ॥ [১৭] ১ শি ১৬; ১১-১৩ ॥—[১৮] প ১২ ॥—[১৮-২২] ম ১; ৩-৬। ৯; ২৭ ॥

* (ইব্রি) কর্ণগোচর করিতে কহিলাম। † (ইব্রি) গৃহ নির্ম্মাণকারিণী। ‡ (বা) ধন বা শক্তি বিশিষ্ট।

শিমূয়েলের প্রথম পুস্তক।

১ অধ্যায়।

১ দুই স্ত্রীর সহিত শীলোতে ভজনা করিতে ইল্‌কানার বৎসর২ গমন ৪ ও হন্না ও পিনিন্নার বিরোধ কথা ৯ ও পুত্রার্থে ঈশ্বরের কাছে হন্নার প্রার্থনা ১২ ও হন্নার প্রতি এলির কথা ১৯ ও হন্নার পুত্র প্রসব প্রযুক্ত গৃহে থাকন ২৪ ও পরমেশ্বরকে মানতানুসারে পুত্র দান করণ।

১ ইফ্রয়িম্ পর্ব্বতস্থিত রামাথয়িম্-সোফীম্ নিবাসি ইল্‌কানা নামে এক জন ইফ্রয়িমীয় লোক ছিল; সে সূফের বৃদ্ধ প্রপৌত্র তোহের প্রপৌত্র ইলীহূর পৌত্র যিরোহমের পুত্র ছিল। ২ তাহার দুই স্ত্রী ছিল; একের নাম হন্না ও অন্যের নাম পিনিন্না; পিনিন্নার সন্তান হইল, ৩ কিন্তু হন্নার সন্তান সন্ততি হইল না। ঐ ইল্‌কানা ভজনা করণার্থে ও শীলোতে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের উদ্দেশে বলিদান করিতে প্রতি বৎসর আপন নগরহইতে যাইত; সেই স্থানে পরমেশ্বরের যাজক এলির দুই পুত্র হফ্‌নি ও পীনিহস্ ছিল।

৪ পরে ইল্‌কানা যজ্ঞ করণ সময়ে আপন ভার্য্যা পিনিন্নাকে ও তাহার সমস্ত পুত্র ও কন্যাদিগকে অংশ দিল ৫ বটে; কিন্তু হন্নাকে দ্বিগুণ অংশ দিল; যদ্যপি পরমেশ্বর তাহার গর্ভ রুদ্ধ করিয়াছিলেন, তথাপি সে হন্নাকে ৬ প্রেম করিল। পরমেশ্বর তাহার গর্ভ রুদ্ধ করিলে তাহার ৭ সপত্নী তাহাকে দুঃখ দিতে ক্রুদ্ধা করিল। এবং তাহার স্বামী বৎসরে ২ পরমেশ্বরের মন্দিরে গেলে সে তাহাকে ক্রুদ্ধা করিল; অতএব সে ক্রন্দন করিয়া ভোজন করিল ৮ না। তাহাতে তাহার স্বামী ইল্‌কানা তাহাকে কহিল, হে হন্না, তুমি কেন ক্রন্দন করিতেছ? এবং কেন ভোজন কর না? তোমার মন শোকাকুল কেন? তোমার কাছে দশ পুত্রহইতেও কি আমি উত্তম নহি?

৯ এক সময়ে শীলোতে ভোজন পান করিলে হন্না উঠিয়া দাঁড়াইল; যে সময়ে এলি যাজক পরমেশ্বরের মন্দিরের এক স্তম্ভ নিকটে আসনোপরি বসিতেছিল; ১০ তখন হন্না তিক্তমনা হইয়া পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা ১১ করিয়া অনেক রোদন করিল। এবং এক মানত করিয়া কহিল, হে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, যদি তুমি আপন দাসীর দুঃখের প্রতি দৃষ্টি করিয়া আমাকে স্মরণ কর, ও আপন দাসীকে বিস্মৃত না হইয়া আপন দাসীকে এক পুত্র * দেও, তবে আমি তাহার যাবজ্জীবন তাহাকে পরমেশ্বরের উদ্দেশে নিবেদন করিব; তাহার মস্তকে ক্ষুর চলিবে না।

১২ সে পরমেশ্বরের সাক্ষাতে দীর্ঘকাল প্রার্থনা করিলে ১৩ এলি যাজক তাহার মুখের প্রতি চাহিয়া রহিল। কেননা হন্না মনে২ প্রার্থনা করিলে তাহার ওষ্ঠাধর লড়িল বটে, কিন্তু তাহার শব্দ শুনা গেল না; এই জন্যে এলি ১৪ তাহাকে মত্তা জ্ঞান করিল। এবং এলি তাহাকে কহিল, তুমি কত ক্ষণ মত্তা হইয়া থাকিবা? তোমার দ্রাক্ষারস ১৫ তোমাহইতে দূর কর। তাহাতে হন্না উত্তর করিল, হে আমার প্রভো, তাহা নয়, আমি দুঃখিনী † স্ত্রী; দ্রাক্ষারস কিম্বা সুরা পান করি নাই, কিন্তু পরমেশ্বরের সাক্ষাতে আমি মনের কথা ভাঙ্গিয়া ‡ কহিলাম। ১৬ তুমি আপন দাসীকে দুষ্টা স্ত্রী জ্ঞান করিও না; আমার চিন্তার ও শোকের বাহুল্য প্রযুক্ত আমি সেই অবধি কথা ১৭ কহিলাম। তাহাতে এলি উত্তর করিল, তুমি কুশলে যাও; ইস্রায়েলের ঈশ্বরের উদ্দেশে যাহা ২ প্রার্থনা করিলা, ১৮ তাহা তিনি তোমাকে দিউন। পরে সে কহিল, তুমি আপন দৃষ্টিতে আপন দাসীকে অনুগ্রহ পাইতে দেও। পরে সে স্ত্রী আপন পথে যাইয়া ভোজন করিল; তাহার মুখ আর বিষণ্ণ হইল না।

১৯ পরে তাহারা প্রত্যূষে উঠিয়া পরমেশ্বরের সাক্ষাতে ভোজন করিলে পর ফিরিয়া রামতে আপন বাটীতে আইল; অনন্তর ইল্‌কানা আপন ভার্য্যা হন্নাতে উপগত হইলে পরমেশ্বর তাহাকে স্মরণ করিলেন। তাহাতে হন্না গর্ভধারণ করিয়া পূর্ণ সময়ে পুত্র প্রসব করিল; ২০ এবং পরমেশ্বরের কাছে তাহাকে যাজ্ঞা করিয়াছিল, এই জন্যে তাহার নাম শিমূয়েল্ (ঈশ্বরযাচিত) ২১ রাখিল। পরে ইল্‌কানা সপরিবারে পরমেশ্বরের উদ্দেশে বার্ষিক বলিদান ও মানত নিবেদন করিতে ২২ গেল। কিন্তু হন্না গেল না, কারণ সে আপন স্বামিকে কহিল, বালকের স্তনপান ত্যাগ না হইলে আমি যাইব না; পরে তাহাকে লইয়া যাইব, এবং সে পরমেশ্বরের সহিত সাক্ষাৎ করিয়া সে স্থানে সর্ব্বদা থাকিবে। ২৩ তাহাতে তাহার স্বামী ইল্‌কানা তাহাকে কহিল, তোমার যাহা ভাল বোধ হয়, তাহা কর; তাহার স্তনপান ত্যাগ পর্য্যন্ত বিলম্ব কর, পরমেশ্বর কেবল আপন বাক্য স্থির করুণ; তাহাতে সে স্ত্রী থাকিল, এবং যে পর্য্যন্ত

[১ অধ্যা; ১] ১ বং ৬; ৩৪-৩৮ ॥—[৩] দ্বি ১২; ৫-৭, ১৭, ১৮। ১৬; ১৬। লূ ২; ৪১ ॥—[৫] আ ৪৩; ৩৪ ॥—[৬] আ ৩০; ১৫ ॥—[৮] রু ৪; ১৫ ॥—[১১] লূ ১; ২৫। বি ১৩; ৩-৫ ॥—[১৫] গী ৫৬; ৮। ৬২; ৮। ১৪২; ২ ॥—[১৭] দ্বি ১০; ৮ ॥—[১৯] আ ৮; ১। ৩০; ২২ ॥—[২১] প ৩ ॥—[২২] প ১১ ॥

* (ইব্রী) পুরুষদের বীজ। † (ইব্রী) দুঃখাত্মা। ‡ (ইব্রী) ঢালিয়া।

বালক স্তনপান ত্যাগ না করিল, তাবৎ তাহাকে স্তন-পান করাইল।

২৪ পরে তাহার স্তনপান ত্যাগ হইলে সে তিন বলদ ও এক ঐফা সুজি ও এক কুপা দ্রাক্ষারসের সহিত তাহাকে লইয়া শীলোতে পরমেশ্বরের আবাসে আনিল; তখন ২৫ বালক অল্পবয়স্ক ছিল। পরে তাহারা বলদ মারিয়া ২৬ বালককে এলির কাছে আনিল। এবং হন্না কহিল, হে আমার প্রভো, আমি তোমার প্রাণের দিব্য করিয়া কহি, হে আমার প্রভো, তোমার সম্মুখে যে স্ত্রী পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিতে ২ দাঁড়াইয়াছিল, সেই ২৭ আমি। এই বালকের জন্যে প্রার্থনা করিয়াছিলাম, পরমেশ্বরের কাছে যাহা যাচ্ঞা করিয়াছিলাম, তিনি ২৮ তাহা দিয়াছেন। এই জন্যে আমি তাহাকে পরমেশ্বরকে ফিরিয়া * দিলাম, সে যাবজ্জীবন পরমেশ্বরের প্রতি দত্ত হয়; পরে বালক সেই স্থানে পরমেশ্বরের ভজনা করিল।

২ অধ্যায়।

১ হন্নার গীত ১১ ও গৃহে গমন এবং এলির পুত্রগণের পাপ ১৮ ও শিমূয়েলের কর্ম্ম ২০ ও এলির বরদ্বারা হন্নার আরো পুত্র প্রসব করণ ২২ ও আপন পুত্রগণের বিষয়ে এলির অনুযোগ কথা ২৭ ও এলির বংশের বিরুদ্ধে অভিশাপ কথা।

১ পরে ঐ হন্না প্রার্থনা করিয়া কহিল, আমার মন পরমেশ্বরেতে আহ্লাদ করিতেছে, এবং পরমেশ্বরদ্বারা আমার অবস্থার উন্নতি হইতেছে, ও শত্রুগণের সাক্ষাতে আমার মুখ প্রফুল্ল হইতেছে; আমি তাঁহার পরিত্রাণ-২ দ্বারা আনন্দিত হইতেছি। পরমেশ্বরের তুল্য পবিত্র কেহ নাই, তাঁহা † ব্যতিরেকে আর ঈশ্বর কেহ নাই, ও আমাদের ঈশ্বরের তুল্য পর্ব্বতস্বরূপ কেহ নাই। ৩ তোমরা অতিশয় শ্লাঘার কথা আর কহিও না, তোমাদের মুখহইতে অহঙ্কারের কথা নির্গত না হউক, কেননা পরমেশ্বর সর্ব্বজ্ঞ প্রভু, তাঁহাদ্বারাই কর্ম্ম সফল হয়। ৪ পরাক্রমিদের ধনুক ভগ্ন হয়, ও বিঘ্নপ্রাপ্তেরা বলেতে ৫ কটিবন্ধন করে। ও তৃপ্ত লোকেরা খাদ্যের জন্যে বিক্রীত হয়, ও ক্ষুধিতেরা বিশ্রাম প্রাপ্ত হয়, এবং বন্ধ্যা সপ্ত পুত্র প্রসব করে, ও বহুপুত্রা দুর্ব্বলা হয়। ৬ পরমেশ্বর মৃত্যু দেন ও জীবন দেন, এবং কবরে ৭ নামান ও উপরে উঠান। পরমেশ্বর দরিদ্র করেন ও ধনী ৮ করেন, এবং নত করেন ও উন্নত করেন। তিনি অধ্যক্ষদের মধ্যে বসাইতে ও তেজস্বি সিংহাসন অধিকার করাইতে দরিদ্রদিগকে ধূলিহইতে ও ভিক্ষুকদিগকে সারের ঢিবিহইতে উঠান; পৃথিবীর ভিত্তিমূল পরমেশ্বরের; তিনি তাহার উপরে জগৎ স্থাপন করিয়াছেন। ৯ তিনি আপন পবিত্র লোকদের চরণ রক্ষা করেন, কিন্তু পাপিগণ অন্ধকারে নীরব হইয়া থাকে, কোন মনুষ্য ১০ বলেতে জয়ী হইতে পারে না। পরমেশ্বরের শত্রুগণ ভগ্ন হইবে; তিনি স্বর্গে থাকিয়া তাহাদের উপরে গর্জ্জন করাইবেন্; পরমেশ্বর পৃথিবীর অন্তভাগ পর্য্যন্ত বিচার করিবেন, ও আপন রাজাকে বল দিবেন, ও আপন অভিষিক্তের অবস্থার উন্নতি করিবেন।

১১ পরে ইল্কানা রামৎ নগরে আপন বাটীতে গেল, কিন্তু সে বালক এলি যাজকের সম্মুখে থাকিয়া পরমে-শ্বরের সেবা করিতে লাগিল। ১২ এলির পুত্রগণ দুষ্টস্বভাব ১৩ হইয়া পরমেশ্বরকে মানিত না। ঐ যাজকেরা লোকদের সহিত এই রূপ ব্যবহার করিত; কোন লোক বলিদান করিলে তাহার মাংস পাক সময়ে যাজকের দাস ত্রি-শূল হস্তে লইয়া আসিত; ১৪ এবং কটাহে কিম্বা ধাতুপাত্রে কিম্বা হাঁড়িতে কিম্বা স্থালীতে ত্রিশূল দিলে সেই ত্রিশূলে যত মাংস উঠিত, তাহাই যাজক আপনার জন্যে লইত; শীলোতে আগত তাবৎ ইস্রায়েল্ বংশের প্রতি তাহারা এই রূপ ব্যবহার করিত। ১৫ আর মেদ দগ্ধ করণের পূর্ব্বে যাজকের দাস আসিয়া যজমানকে কহিত, যাজকের নিমিত্তে দগ্ধ করণের মাংস দেও, কেননা সে তোমাহইতে সিদ্ধ মাংস লইবে না, কিন্তু কাঁচা লইবে। ১৬ তাহাতে, মেদ শীঘ্র দগ্ধ হইবে, পরে তোমার মনোবাঞ্ছানুসারে গ্রহণ করিও, এই কথা যদি কেহ তাহাকে কহিত, তবে তুমি এইক্ষণে দেও, নতুবা আমি বলদ্বারা লইব, ইহা উত্তর করিত। ১৭ অতএব পরমেশ্বরের সাক্ষাতে ঐ যুব লোকদের অতিশয় পাপ-বৃদ্ধি হইল, কেননা লোকেরা তন্নিমিত্তে পরমেশ্বরের নৈবেদ্য ঘৃণা করিল।

১৮ শিমূয়েল্ বালক কার্পাস নির্ম্মিত এফোদ্ পরিধান করিয়া পরমেশ্বরের সেবা করিল। ১৯ তাহার মাতা আপন স্বামির সহিত বার্ষিক বলিদানার্থে আইলে প্রতি বৎসর এক ২ গাত্রীয় ক্ষুদ্র বস্ত্র প্রস্তুত করিয়া আনিয়া তাহাকে দিত।

২০ পরে এলি ইল্কানাকে ও তাহার স্ত্রীকে এই আশীর্ব্বাদ করিয়া কহিল, পরমেশ্বর আপনার প্রতি দত্ত এই বালকের পরিবর্ত্তে তোমাকে এই স্ত্রীহইতে আরো সন্তান দিউন; পরে তাহারা স্বস্থানে প্রস্থান করিলে পর পরমেশ্বর হন্নার প্রতি কৃপা করিলেন ‡; ২১ তাহাতে সে গর্ব্ভবতী হইয়া ক্রমে ২ তিন পুত্র ও দুই কন্যা প্রসব

[২৬] প ১২-১৬ ॥—[২৭,২৮] প ১১,১৭,১৮,২২ ॥

[২ অধ্য; ১] লূ ১; ৪৬,৪৭ ॥—[২] যা ১৫; ১১। দ্বি ৩২; ৪,৩১,৩৯ ॥—[৩] গী ৯৪; ১-১১ ॥—[৪-৮] লূ ১; ৫১-৫৩ ॥—[৫] গী ৩৪; ১০। ১১৩; ৯। যিশ ৫৪; ১ ॥—[৬] দ্বি ৩২; ৩৯। যূব ৫; ১৮। হো ৬; ১,২ ॥—[৭] গী ৭৫; ৭ ॥—[৮] গী ১১৩; ৭,৮। দা ৪; ১৭। গী ২৪; ১,২। ১০৪; ৫ ॥—[৯] গী ৯১; ১১,১২। ১২১; ৩,৮। ১৪৭; ১০,১১ ॥—[১০] গী ৯৭; ২-৭। ২; ৫-১২ ॥—[১১] ১ শি ১; ১৯,২২,২৪ ॥—[১২-১৬] লে ৭; ২৯-৩৪ ॥—[১৫] লে ৩; ৯,১০ ॥—[১৭] দ্বি ২; ৭-৯ ॥—[১৮] প ১১ ॥—[১৯] ১ শি ১; ৩ ॥—[২০] ১; ১৭,২৭,২৮ ॥—[২১] প ২৬ ॥

*(বা) শ্রবণশোধ। † (ইব্রু) তোমা। ‡ (বা) হন্নার সহিত সাক্ষাৎ করিলেন।

করিল, তখন শিমূয়েল্ বালক পরমেশ্বরের সাক্ষাতে বৃদ্ধি পাইতে লাগিল।

২২ এলি অতিশয় বৃদ্ধ হইলে তাবৎ ইস্রায়েল্ বংশের প্রতি আপন পুত্রদিগের কুব্যবহার ও মণ্ডলীর আবাস দ্বার নিকটে আগত সেবাকারিণী স্ত্রীগণের সহিত শয়-
২৩ নের কথা শুনিয়া তাহাদিগকে কহিল, সমস্ত লোকের নিকটে তোমাদের মন্দ ক্রিয়ার কথা শুনিলাম, তো-
২৪ মরা কেন এমত ব্যবহার কর? হে আমার পুত্রগণ, না ২, আমি যাহা শুনিলাম, তাহা ভাল নয়; তোমরা পরমেশ্বরের লোকদিগকে আজ্ঞা লঙ্ঘন করাইতেছ।
২৫ মনুষ্য যদি মনুষ্যের বিরুদ্ধে পাপ করে, তবে বিচার-কর্ত্তা * তাহার বিচার করে, কিন্তু পরমেশ্বরের বিরুদ্ধে পাপ করিলে তাহার জন্যে কে বিনয় করিবে? তথাপি তাহারা আপন পিতার কথায় মনোযোগ করিল না, কেননা পরমেশ্বর তাহাদিগকে বিনষ্ট করিতে মনস্থ
২৬ করিয়াছিলেন। অপর শিমূয়েল্ বালক ক্রমে ২ বৃদ্ধি পাইয়া পরমেশ্বরের ও মনুষ্যের সাক্ষাতে অনুগ্রহ প্রাপ্ত হইতে লাগিল।

২৭ পরে ঈশ্বরের এক লোক এলির নিকটে আসিয়া কহিল, পরমেশ্বর এই কথা কহেন, যে সময়ে তোমার পূর্ব্বপুরুষেরা মিসর্দেশে ফিরৌণের রাজ্যে † ছিল, তখন আমি কি তাহাদের প্রতি প্রত্যক্ষরূপে দর্শন দিলাম
২৮ না? এবং আমার যজ্ঞবেদির উপরে বলি উৎসর্গ করিতে ও সুগন্ধি ধূপ জ্বালাইতে ও আমার সাক্ষাতে এফোদ্ পরিধান ও আমার যাজকতা করিতে আমি ইস্রায়েলের তাবৎ বংশহইতে সেই বংশকে মনোনীত করিলাম; এবং ইস্রায়েল্ বংশের অগ্নিকৃত তাবৎ উপহার আমি
২৯ তোমার পিতৃবংশকে দিলাম। অতএব আমি আপন আবাসে যে বলি ও নৈবেদ্য উৎসর্গ করিতে আজ্ঞা করিয়াছি, তোমরা তাহার উপরে কেন পদাঘাত কর? তুমি আমার লোক ইস্রায়েল্ বংশের শ্রেষ্ঠ নৈ-বেদ্যদ্বারা আপনাদিগকে হৃষ্টপুষ্ট করণার্থে আমা-
৩০ হইতেও আপন পুত্রদিগকে মর্য্যাদা করিতেছ। অতএব ইস্রায়েলের প্রভু পরমেশ্বর কহেন, তোমার বংশ ও তোমার পূর্ব্বপুরুষের বংশ আমার সম্মুখে সর্ব্বদা গমনাগমন করিবে, এই কথা আমি নিশ্চয় কহিয়াছি-লাম; কিন্তু এখন পরমেশ্বর কহেন, তাহা আমার নিকটহইতে দূর হউক, আমি আপন মর্য্যাদাকারি-দিগকে মর্য্যাদা করিব; কিন্তু আমার তুচ্ছকারিগণ
৩১ তুচ্ছীকৃত হইবে। দেখ, আমি যে সময়ে তোমার ও তোমার পিতার বংশের বাহু ছেদন ‡ করিব, ও তোমার বংশে এক বৃদ্ধও থাকিবে না, এমত সময় আসিতেছে।
৩২ তুমি আমার আবাসে এবং ঈশ্বর ইস্রায়েল্ বংশকে যাহা দিবেন, সে সকলেতে শত্রু দেখিবা, এবং তোমার বংশে কখনো এক বৃদ্ধও থাকিবে না।
৩৩ আর আমি আপন যজ্ঞবেদিহইতে তোমার যে মনুষ্যকে ছেদন না করিব, সে তোমার চক্ষুঃক্ষয়ার্থে ও তোমার অন্তঃকরণে শোক জন্মাইতে থাকিবে, এবং তোমার বংশে উৎপন্ন তাবৎ লোক যৌবনাবস্থায় মরিবে।
৩৪ এবং হফ্নি ও পীনিহস্ নামে তোমার দুই পুত্রের প্রতি যাহা ঘটিবে, তাহা তোমার এক চিহ্নস্বরূপ হইবে; তাহারা দুই জন এক দিবসে মরিবে।
৩৫ আমি এক বিশ্বাস্য যাজককে উৎপন্ন করিব, সে আমার মনস্থ ও ইচ্ছানুসারে কর্ম্ম করিবে; আমি তাহার এক চিরস্থায়ি বংশ উৎপন্ন ‖ করিব; সে সর্ব্বদা আমার অভিষিক্তের সম্মুখে গমনাগমন করিবে।
৩৬ এবং তোমার বংশের অবশিষ্ট প্রত্যেক জন আ-সিয়া এক রৌপ্যমুদ্রা ও এক খণ্ড রুটীর নিমিত্তে নত হইয়া কহিবে, বিনয় করি, আমি যাহাতে এক খণ্ড রুটী খাইতে পাই, এমত এক যাজকপদে আমাকে নিযুক্ত করুণ।

৩ অধ্যায়।

১ শিমূয়েলের প্রতি পরমেশ্বরের আহ্বান ১১ ও শিমূয়ে-লের প্রতি এলির বংশ বিনাশ প্রকাশিত হওন ১৫ ও এলির কাছে তাহা শিমূয়েলের প্রকাশ করণ ১৯ ও শিমূ-য়েলের যশের বৃদ্ধি।

১ পরে শিমূয়েল্ বালক এলির সাক্ষাতে পরমেশ্বরের সেবা করিতে লাগিল; ঐ সময়ে পরমেশ্বরের বাক্য দুর্লভ ছিল, প্রায় দর্শন প্রকাশিত ছিল না।
২ আর ক্ষীণ-দৃষ্টি হওয়াতে এলির দৃষ্টিশক্তি ছিল না; এক দিন এলি
৩ আপন স্থানে শয়ন করিতেছিল, এবং ঈশ্বরের প্রদীপ নির্ব্বাণের পূর্ব্বে শিমূয়েল্ ঈশ্বরের সিন্দুক রাখিবার স্থানে অর্থাৎ পরমেশ্বরের আবাসের মধ্যে শয়ন করি-
৪ তেছিল। ইতিমধ্যে পরমেশ্বর শিমূয়েল্কে ডাকিলেন,
৫ তাহাতে সে উত্তর করিল, এই আমি। পরে সে এলির নিকটে দৌড়িয়া যাইয়া কহিল, এই আমি; আপনি কি আমাকে ডাকিতেছেন? তাহাতে সে কহিল, আমি ডাকি নাই, তুমি পুনর্ব্বার শয়ন কর; তখন সে যাইয়া শয়ন
৬ করিল। পরে পরমেশ্বর পুনর্ব্বার ডাকিলেন, হে শিমূ-য়েল্; তাহাতে শিমূয়েল্ উঠিয়া এলির নিকটে যাইয়া কহিল, এই আমি; আপনি কি আমাকে ডাকিতেছেন? সে কহিল, হে আমার পুত্র, আমি ডাকি নাই, পুনর্ব্বার
৭ শয়ন কর। সেই সময়ে শিমূয়েল্ পরমেশ্বরের রব

[২২] যা ৩৮; ৮ ॥—[২৪] ১ রা ১৪; ১৬ ॥—[২৫] গ ১৫; ৩০, ৩১ । রো ৯; ১৮ ॥—[২৬] প ২১ । লূ ২; ৪০, ৫২ ॥
[২৭] যা ৪; ২৭ । ৩; ২৬,২৭ ॥—[২৮] যা ২৮; ১ । গ ১৬; ৫ । ১৮; ১,৮-১৯ ॥—[২৯] প ১২-১৬,২৩,২৪ ॥—[৩১] ১ শি ২২; ১৬-১৯ । ১ রা ২; ২৭ ॥—[৩১-৩৩] ২ শি ৩; ২৯ । লে ২১; ১৬-২৩ ॥—[৩৪] ১ শি ৪; ১১ ॥—[৩৫] ১ রা ২; ৩৫ ॥
[৩৬] লে ২১; ২২ ॥
[৩ অধ্যা; ১] ১ শি ২; ১১ । আম ৮; ১১,১২ ॥—[২] ১ শি ২; ২২ ॥—[৩] লে ২৪; ৩ ॥

* (বা) ঈশ্বর। † (ইব্রু) গৃহে। ‡ (বা) বল নষ্ট। ‖ (ইব্রু) গৃহ নির্ম্মাণ।

জ্ঞাত ছিল না, এবং তাহার নিকটে পরমেশ্বরের বাক্যও
৮ প্রকাশিত ছিল না। পরে পরমেশ্বর তৃতীয় বার শিমূ-
য়েল্‌কে ডাকিলেন; তাহাতে সে উঠিয়া এলির নিকটে
যাইয়া কহিল, এই আমি, আপনি কি আমাকে ডাকি-
তেছেন? তখন পরমেশ্বর ঐ বালককে ডাকিতেছেন,
৯ ইহা বুঝিয়া এলি শিমূয়েল্‌কে কহিল, তুমি যাইয়া শয়ন
কর, তিনি যদি আর বার তোমাকে ডাকেন, তবে 'হে
পরমেশ্বর, কহুন, তোমার দাস শুনিতেছে,' এই কথা
উত্তর করিবা; তাহাতে শিমূয়েল্ যাইয়া আপন স্থানে
১০ শয়ন করিল। পরে পরমেশ্বর আসিয়া দণ্ডায়মান
হইয়া অন্য সময়ের ন্যায় ডাকিয়া কহিলেন, হে শিমূ-
য়েল্, হে শিমূয়েল্; তাহাতে শিমূয়েল্ উত্তর করিল,
কহুন, তোমার দাস শুনিতেছে।

১১ তখন পরমেশ্বর শিমূয়েল্‌কে কহিলেন, দেখ, আমি
ইস্রায়েলে এক কর্ম্ম করিব, তাহা যে২ শুনিবে,
১২ তাহার কর্ণদ্বয় শিহরিয়া উঠিবে। সে দিনে আমি
এলির পরিবারের বিষয়ে যে রূপ কহিয়াছি, সে
১৩ সমস্ত প্রথমাবধি শেষ পর্য্যন্ত সম্পন্ন করিব। তাহার
পুত্রগণ আপনাদিগকে ভ্রষ্ট * করিল, তাহা জ্ঞাত
হইলেও সে তাহাদিগকে নিষেধ করিল না, এই জন্যে
আমি তাহার বংশকে সদা দণ্ড দিব; এই কথা তাহাকে
১৪ কহিলাম। এবং বলিদান ও নৈবেদ্য উৎসর্গ করিলেও
তাহার বংশের পাপ কখন পরিষ্কৃত হইবে না, ইহা
আমি এলির পরিবারের বিষয়ে দিব্য করিলাম।

১৫ অপর শিমূয়েল্ প্রভাতে শয়নহইতে উঠিয়া † পর-
মেশ্বরের আবাসের দ্বার মুক্ত করিল; কিন্তু শিমূয়েল্
এলির কাছে ঐ দর্শন বিষয় প্রকাশ করিতে ভীত
১৬ হইল। পরে এলি শিমূয়েল্‌কে ডাকিয়া কহিল, হে
আমার পুত্র শিমূয়েল্; তাহাতে সে উত্তর করিল, এই
১৭ আমি। তখন এলি জিজ্ঞাসিল, তিনি তোমার কাছে
কি কথা প্রকাশ করিলেন? আমি বিনয় করি, তাহা
আমাহইতে গোপন করিও না; ঈশ্বর যে২ কথা
তোমাকে কহিলেন, তাহার কোন কথা যদি আমা-
হইতে গোপন কর, তবে তিনি তদনুসারে ও ততোধিক
১৮ প্রতিফল তোমাকে দিউন। তখন শিমূয়েল্ তাহাকে
সমস্তই কহিল, কোন কথা গোপন করিল না; তাহাতে
এলি কহিল, ইনি পরমেশ্বর; আপন দৃষ্টিতে যাহা
ভাল হয়, তাহাই করুণ।

১৯ পরে শিমূয়েলের বয়স বৃদ্ধি পাইলে পরমেশ্বর তা-
হার সঙ্গে থাকিয়া তাহার কোন বাক্য ব্যর্থ হইতে দিলেন
২০ না। তাহাতে শিমূয়েল্ পরমেশ্বরের এক বিশ্বাস্য ভবি-
ষ্যদ্বক্তা, ইহা দান্ অবধি বের্শেবা পর্য্যন্ত ইস্রায়ে-
২১ লের তাবৎ দেশে জ্ঞাত হইল। এই রূপে পরমেশ্বর
শীলোতে আপনাকে আর বার প্রকাশ করিতে লাগি-
লেন, কেননা পরমেশ্বর আপনার ‡ বাক্যদ্বারা শিমূ-
য়েলের কাছে শীলোতে প্রকাশিত হইলেন; তাহাতে
শিমূয়েলের কথা ইস্রায়েল্ দেশে চলিত হইল।

৪ অধ্যায়।

১ এবন্-এষর্ স্থানে ইস্রায়েল্ বংশের পরাস্ত হওন ৩ ও
শীলোহইতে নিয়মসিন্দুক শিবিরে আনয়ন ১০ ও পুন-
র্ব্বার পরাস্ত হওন, ও এলির দুই পুত্রের হত হওন ১২ ও
তাহা শুনিয়া এলির মৃত্যু হওন ১৯ ও তাহার পুত্রবধূর
প্রসব ও মৃত্যু হওন।

১ অনন্তর ইস্রায়েলের তাবৎ বংশ পিলেষ্টীয়দের সহিত
যুদ্ধার্থে নির্গত হইয়া এবন্-এষরে শিবির স্থাপন
করিল, এবং পিলেষ্টীয়েরা অফেকে শিবির স্থাপন
২ করিল। পরে পিলেষ্টীয়েরা ইস্রায়েল্ বংশের বিরুদ্ধে
সৈন্যরচনা করিল, এবং যুদ্ধ ব্যাপ্ত হইলে ইস্রায়েল্
বংশ পিলেষ্টীয়দের সম্মুখে পরাস্ত হইল; তাহাতে
ঐ সৈন্যশ্রেণীর প্রায় চারি সহস্র লোক ক্ষেত্রে হত
হইল।

৩ পরে লোকেরা শিবিরে প্রবেশ করিলে ইস্রায়েল্ বং-
শের প্রাচীনগণ কহিল, পরমেশ্বর অদ্য পিলেষ্টীয়দের
সম্মুখে আমাদিগকে কেন পরাস্ত করিলেন? আইস,
আমরা শীলোহইতে আপনাদের নিকটে পরমেশ্বরের
নিয়মসিন্দুক আনি, তাহাতে তিনি আমাদের মধ্যে
উপস্থিত হইয়া শত্রুগণের হস্তহইতে আমাদিগকে রক্ষা
৪ করিবেন। পরে তাহারা শীলোহইতে কিরূব্ মধ্য-
নিবাসি সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের নিয়মসিন্দুক আনিতে
সে স্থানে লোক প্রেরণ করিল; তখন হফ্‌নি ও পীনি-
হস্ নামে এলির দুই পুত্র সে স্থানে ঈশ্বরের নিয়ম-
৫ সিন্দুকের সহিত ছিল। পরে পরমেশ্বরের নিয়মসিন্দুক
শিবিরে উপস্থিত হইলে ইস্রায়েলের তাবৎ বংশ
এমত মহাসিংহনাদ করিল, যে তাহাতে পৃথিবী কাঁ-
৬ পিতে লাগিল। তখন পিলেষ্টীয়েরা ঐ সিংহনাদের
ধ্বনি শুনিয়া জিজ্ঞাসিল, ইব্রীয়দের শিবিরে মহাসিংহ-
নাদ কেন হইতেছে? তাহাতে পরমেশ্বরের নিয়ম-
৭ সিন্দুক শিবিরে আসিয়াছে, ইহা জ্ঞাত হইল। পরে
পিলেষ্টীয়েরা ভীত হইয়া কহিল, ঈশ্বর শিবিরে
আসিয়াছেন; আরো কহিল, আমাদিগকে ধিক, ইহার
৮ পূর্ব্বে ‖ কখনো এমত হয় নাই। আমাদিগকে ধিক, এই
পরাক্রমি ঈশ্বরের হস্তহইতে আমাদিগকে কে উদ্ধার
করিবে? এই ঈশ্বর প্রান্তরে নানা প্রকার আঘাতদ্বারা
৯ মিস্রীয়দিগকে বধ করিল। হে পিলেষ্টীয়েরা, আপনা-
দিগকে বলবান্ মনুষ্যের ন্যায় দেখাও; এই ইব্রি
লোকেরা যেমন তোমাদের দাস হইল, তদ্রূপ তোমরা

[১১] ২ রা ২১; ১২। যির ১৯; ৩॥—[১২] ১ শি ২; ৩১-৩৬॥—[১৩] ২; ১২-১৭,২২-৩৬॥—[১৪] গ ১৫; ৩০,৩১। দ্বি ১৭; ১২॥—[১৮] যূব ১; ২১। ২; ১০। যিশ ৩৯; ৮॥—[১৯] ১ শি ২; ২১,২৬। ৯; ৬॥—[২১] প ১॥
[৪ অধ্য; ১] ১ শি ৭; ১২॥—[৩] দ্বি ৩২; ৩০॥—[৪] যা ২৫; ২২। ২ শি ৬; ২॥—[৮] যি ২; ১০॥—[৯] বি ১৫; ১১॥

* (বা) শাপগ্রস্ত। † (ইব্রী) প্রভাত পর্য্যন্ত শয়ন করিয়া। ‡ (ইব্রী) পরমেশ্বরের। ‖ (ইব্রী) কল্য ও পরশ্ব।

তাহাদের দাস হইও না; আপনাদিগকে পুরুষদের ন্যায় দেখাইয়া যুদ্ধ কর।

১০ তাহাতে পিলেষ্টীয়েরা যুদ্ধ করিলে ইস্রায়েল্ বংশ পরাস্ত হইয়া প্রত্যেক জন আপন২ বাসস্থানে পলায়ন করিল; এই মহাসংহারে ইস্রায়েল্ বংশের ত্রিশ ১১ সহস্র পদাতিক মারা পড়িল। এবং ঈশ্বরের নিয়ম-সিন্দুক শত্রুহস্তগত হইল, এবং এলির দুই পুত্র হফ্‌নি ও পীনিহস্ হত হইল *।

১২ তাহাতে বিন্‌য়ামীন্ বংশের এক জন বস্ত্র ছিঁড়িয়া মস্তকে ধূলি দিয়া সৈন্যশ্রেণীহইতে পলায়ন করিয়া ১৩ সেই দিবসে শীলোতে উপস্থিত হইল। তাহার উপনীত হওন সময়ে সে স্থানে এলি পথপার্শ্বে আসনে বসিয়া প্রতীক্ষা করিতেছিল, কেননা তাহার অন্তঃকরণ ঈশ্বরের সিন্দুকের জন্যে কম্পান্বিত হইল; পরে সে লোক নগরে উপস্থিত হইয়া ঐ সম্বাদ দিল; তাহাতে নগরস্থ ১৪ তাবৎ লোক হাহাকার করিল। তখন এলি ঐ হাহাকারের শব্দ শুনিয়া জিজ্ঞাসা করিল, এই কলহশব্দের কারণ কি? তাহাতে সে লোক শীঘ্র আসিয়া এলিকে কহিল। ১৫ ঐ সময়ে এলি আটানব্বই বৎসর বয়স্ক ছিল, এবং ১৬ ক্ষীণ † দৃষ্টি হওয়াতে সে দেখিতে পাইল না। সে মনুষ্য এলিকে কহিল, আমি সৈন্যশ্রেণীহইতে আগত লোক, অদ্যই সৈন্যশ্রেণীহইতে পলায়ন করিয়া আইলাম; তাহাতে এলি জিজ্ঞাসিল, হে আমার পুত্র, সমাচার কি? ১৭ সে দূত উত্তর করিল, ইস্রায়েল্ বংশ পিলেষ্টীয়দের সম্মুখহইতে পলায়ন করিল, ও তাহাদের অনেক লোক হত হইল; তাহাদের মধ্যে হফ্‌নি ও পীনিহস্ নামে তোমার দুই পুত্রও হত হইল *, এবং ঈশ্বরের ১৮ সিন্দুক শত্রুহস্তগত হইল। তখন সে ঈশ্বরের সিন্দুকের নাম কহিলে এলি আসনহইতে পশ্চাৎ দ্বারপার্শ্বে পতিত হইল; তাহাতে তাহার গ্রীবা ভঙ্গ হওয়াতে সে মরিল, কেননা সে বৃদ্ধ ও ভারী ছিল; ঐ এলি চল্লিশ বৎসর পর্য্যন্ত ইস্রায়েল্ বংশের বিচার করিয়াছিল।

১৯ সেই সময়ে তাহার পুত্রবধূ পীনিহসের স্ত্রী গর্ব্ভবতী, ও তাহার প্রসব কাল নিকট ছিল; সে ঈশ্বরের সিন্দুকের শত্রুহস্তগত হওনের এবং শ্বশুরের ও স্বামির মরণের সম্বাদ শুনিয়া অধোমুখী হইয়া প্রসব করিল; কারণ সেই সময় তাহার প্রসব বেদনা উপস্থিত হইল। ২০ তখন তাহার মরণ সময়ে তাহার নিকটবর্ত্তিনী দণ্ডায়মানা স্ত্রী তাহাকে কহিল, ভয় নাই, তুমি পুত্রকে প্রসব করিলা; কিন্তু সে উত্তর দিল না, ও তাহাতে মনোযোগ ২১ করিল না। পরে ঈশ্বরের সিন্দুক শত্রুহস্তগত হওয়াতে এবং তাহার শ্বশুরের ও স্বামির মৃত্যু হওয়াতে সে কহিল, ইস্রায়েল্ বংশহইতে ঈশ্বরের তেজ গেল; অপর সে স্ত্রী ঐ বালকের নাম ঈখাবোদ্ (নিস্তেজ ‡) রাখিল। এবং সে কহিল, ঈশ্বরের সিন্দুক শত্রুহস্তগত ২২ হওয়াতেই ইস্রায়েল্ বংশহইতে ঈশ্বরের তেজ গেল।

৫ অধ্যায়।

১ দাগোন্ দেবের মন্দিরে সিন্দুক রাখন ৩ ও দাগোনের ভগ্নতা এবং অস্‌দোদের ও গাতের লোকদের পীড়িত ও বিনষ্ট হওন ১০ ও সিন্দুককে ইক্রোণে প্রেরণ।

১ পরে পিলেষ্টীয়েরা ঈশ্বরের সিন্দুক লইয়া এবন্-এষর্ ২ হইতে অস্‌দোদে আনিল। তাহার পর পিলেষ্টীয়েরা ঈশ্বরের সিন্দুক লইয়া দাগোন্ দেবের মন্দিরে আনিয়া দাগোনের পার্শ্বে স্থাপন করিল।

৩ তাহাতে পরদিবসে অস্‌দোদের লোকেরা প্রত্যূষে উঠিলে দাগোন্ দেবকে পরমেশ্বরের সিন্দুকের সম্মুখে মৃত্তিকাতে উবুড় হইয়া পতিত থাকিতে দেখিল; তাহাতে তাহারা দাগোন্ দেবকে লইয়া পুনর্ব্বার স্বস্থানে স্থাপন ৪ করিল। এবং তাহার পরদিবসেও লোকেরা প্রত্যূষে উঠিয়া দেখিল, দাগোন্ দেব পরমেশ্বরের সিন্দুকের সম্মুখে মৃত্তিকাতে উবুড় হইয়া পতিত আছে, এবং দাগোনের মস্তক ও দুই কর গোবরাটে ভগ্ন হইয়াছে, ৫ কেবল তাহার মৎস্যভাগ অবশিষ্ট আছে। এই নিমিত্তে দাগোনের পুরোহিতেরা ও তাহার মন্দিরে আগমনকারি লোকেরা অস্‌দোদে স্থিত দাগোনের গোবরাটে অদ্য ৬ পর্য্যন্ত কেহ পা দেয় না। পরমেশ্বর ঐ অস্‌দোদীয়দিগকে অনেক ক্লেশ দিয়া অস্‌দোদীয় লোকদিগকে ও তাহার চতুর্দ্দিকস্থ অনেক লোককে অর্শোরোগদ্বারা ৭ প্রহার করিয়া বধ করিলেন। পরে অস্‌দোদীয় লোকেরা এই রূপ দেখিয়া কহিল, ইস্রায়েলের ঈশ্বরের সিন্দুক আমাদের কাছে থাকিবে না, কেননা তিনি ‖ আমাদের ও আমাদের দেবতা দাগোনের প্রতি ক্লেশ৮ দায়ক হন। অতএব তাহারা লোক পাঠাইয়া পিলেষ্টীয়দের অধ্যক্ষগণকে আপনাদের নিকটে একত্র করিয়া কহিল, আমরা ইস্রায়েলের ঈশ্বরের সিন্দুকের বিষয়ে কি করিব? অধ্যক্ষগণ কহিল, ইস্রায়েলের ঈশ্বরের সিন্দুক গাৎ নগরে নীত হউক; তাহাতে তাহারা ইস্রায়েলের ঈশ্বরের সিন্দুক লইয়া গেল। ৯ অপর লোকেরা লইয়া গেলে পর পরমেশ্বর ‖ মহামারীতে ঐ নগরকে ক্লেশ দিলেন §, এবং ঐ নগরের ক্ষুদ্র কি মহান্ সকলকেই প্রহার করিলেন, তাহাদের গুহ্যস্থানে আর্শোরোগ হইল।

১০ পরে তাহারা ঈশ্বরের সিন্দুক ইক্রোণ্ নগরে প্রেরণ

[১০,১১] গী ৭৮; ৫৬-৬৪ ।।—[১১] ১ শি ২; ৩৪ ।।—[১২] যি ৭; ৬। যূব ২; ১২ ।।—[১৫] ১ শি ৩; ২ ।।—[১৭] প ১০, ১১ ।।—[২০, ২১] আ ৩৫; ১৭, ১৮ ।।—[২২] গী ৮১; ১১। মিখ ২; ৫ ।।

[৫ অধ্য; ২] বি ১৬; ২৩ ।।—[৩] যিশ ৪৬; ১,২ ।।—[৪] যির ৫০; ২ ।।—[৬] গী ৭৮; ৬৫, ৬৬ ।।—[৯] প ৬ ।।

* (ইব্রু) মরিল। † (ইব্রু) স্থগিত। ‡ (বা) তেজ কোথায়? ‖ (ইব্রু) পরমেশ্বরের হস্ত। § (ইব্রু) নগরের বিরুদ্ধে ছিল।

করিল; পরে ঈশ্বরের সিন্দুক ইক্রোণে উপস্থিত হইলে সেই ইক্রোণ্ নগরীয় লোকেরা উচ্চৈঃস্বরে কহিল, তাহারা আমাদিগকে ও আমাদের * লোকদিগকে বধ করণার্থে আমাদের কাছে ইস্রায়েলের ঈশ্বরের সিন্দুক আনিল। ১১ এবং তাহারা লোক পাঠাইয়া পিলেষ্টীয়দের তাবৎ অধ্যক্ষকে একত্র করিয়া কহিল, ইস্রায়েলের ঈশ্বরের সিন্দুক যেন আমাদিগকে ও আমাদের * লোকদিগকে বধ না করে, এই জন্যে এখানহইতে তাহাকে প্রেরণ কর, ও তাহাকে পুনর্ব্বার আপন স্থানে যাইতে দেও; কেননা ঈশ্বর সে স্থানে অনেক ক্লেশ দিলে † নগরের সর্ব্বত্র মহাঘোর বিনাশ হইল। ১২ এবং যে লোকেরা বাঁচিল, তাহারা অর্শোরোগেতে পীড়িত হইল; অতএব নগরীয় লোকদের আর্ত্তস্বর আকাশ পর্য্যন্ত উঠিল।

৬ অধ্যায়।

১ ইস্রায়েল্ লোকদের কাছে সিন্দুক পাঠাইতে পিলেষ্টীয়দের মন্ত্রণা ১০ ও সিন্দুক প্রেরণ ১৯ ও বৈৎশেমশে সিন্দুকে দৃষ্টিপাত করাতে লোকদের মধ্যে মহামারী হওন ২১ ও কিরিয়ৎ-যিয়ারীমে সিন্দুক প্রেরণ।

১ পরমেশ্বরের সিন্দুক পিলেষ্টীয়দের দেশে সাত মাস পর্য্যন্ত থাকিল। ২ অপর পিলেষ্টীয়েরা পুরোহিতগণকে ও গণকদিগকে ডাকাইয়া কহিল, আমরা পরমেশ্বরের সিন্দুকের বিষয়ে কি করিব? আমরা কি প্রকারে তাহাকে স্বস্থানে পাঠাইয়া দিব? তাহা আমাদিগকে জ্ঞাত কর। ৩ তাহারা কহিল, তোমরা যদি এখানহইতে ইস্রায়েলের ঈশ্বরের সিন্দুক পাঠাইয়া দেও, তবে শূন্য পাঠাইও না, কিন্তু কোন প্রকারে দোষার্থে প্রায়শ্চিত্তের দ্রব্য পাঠাইয়া দেও; তাহাতে তোমরা সুস্থ হইবা, এবং তোমাদের ক্লেশ ‡ কেন দূর হয় না, তাহা জ্ঞাত হইবা। ৪ তাহাতে তাহারা জিজ্ঞাসিল, দোষার্থে প্রায়শ্চিত্তের জন্যে আমরা কি দ্রব্য পাঠাইয়া দিব? তাহারা কহিল, পিলেষ্টীয়দের অধ্যক্ষগণের সংখ্যানুসারে পাঁচ স্বর্ণ অর্শ ও পাঁচ স্বর্ণ মূষিক দেও, কেননা তোমাদের ‖ সকলের ও তোমাদের অধ্যক্ষগণের উপরে এক রূপ ক্লেশ আছে। ৫ অতএব তোমরা তোমাদের অর্শের ও দেশ নাশকারি মূষিকদের প্রতিমা নির্ম্মাণ করিয়া ইস্রায়েলের ঈশ্বরকে সমাদর করিবা; তাহাতে হইতে পারে, তিনি তোমাদের ও তোমাদের দেবগণের ও দেশের উপরহইতে ক্লেশ ‡ দূর করিবেন। ৬ মিস্রীয় লোকেরা এবং ফিরৌণ্ যে রূপ আপনাদের অন্তঃকরণ কঠিন করিল, তোমরাও কেন তদ্রূপ অন্তঃকরণ কঠিন করিবা? তিনি তাহাদের মধ্যে আশ্চর্য্য ক্রিয়া করিলে তাহারা কি লোকদিগকে যাইতে ও প্রস্থান করিতে দিল না? ৭ অতএব সম্প্রতি এক নূতন শকট নির্ম্মাণ কর, ও যোঁয়ালি বহন করে নাই, এমত দুই দুগ্ধবতী গাভী লইয়া শকটে যুড়, ও তাহাদের বৎস তাহাদের পশ্চাৎহইতে গৃহে আন। ৮ এবং পরমেশ্বরের সিন্দুক লইয়া সেই শকটের উপরে রাখ, এবং দোষার্থে প্রায়শ্চিত্তের স্বর্ণালঙ্কার তাহার পার্শ্বে আর এক সিন্দুকে রাখ; পরে তাহাকে যাইতে বিদায় কর। ৯ এই শকট যদি পরমেশ্বরের সীমার পথদিয়া বৈৎশেমশে যায়, তবে তিনি আমাদিগের এই মহা অমঙ্গল করিলেন; আর যদি না যায়, তবে আমাদিগকে যে হস্ত আঘাত করিল, সে তাঁহার নয়, কিন্তু আমাদের প্রতি দৈবঘটনা হইল, ইহা জ্ঞাত হও।

১০ পরে লোকেরা সেই রূপ করিল; দুগ্ধবতী দুই গাভী লইয়া শকটে যুড়িল, ও তাহাদের বৎসদিগকে গৃহে বদ্ধ করিল। ১১ পরে পরমেশ্বরের সিন্দুক ও স্বর্ণ মূষিক ও অর্শঃ প্রতিমাধারি সিন্দুক লইয়া শকটোপরি রাখিল। ১২ পরে সে গাভী বৈৎশেমশের সরল পথ ধরিয়া ডাকিতে২ রাজমার্গ দিয়া চলিল, দক্ষিণে কি বামে ফিরিল না; এবং পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ বৈৎশেমশের সীমা পর্য্যন্ত তাহার পশ্চাৎ২ গেল। ১৩ ঐ সময়ে বৈৎশেমশ্ নিবাসিরা তলভূমিতে গোমচ্ছেদন করিতেছিল; তাহারা ঊর্দ্ধদৃষ্টি হইয়া সিন্দুক দেখিল, এবং দেখিয়া আহ্লাদিত হইল। ১৪ তখন ঐ শকট বৈৎশেমশীয় যিহোশূয়ের ক্ষেত্রে উপস্থিত হইয়া স্থগিত হইল; সেই স্থানে মহাপ্রস্তর থাকিলে তাহারা শকটের কাষ্ঠ চিরিয়া ঐ গাভীদিগকে পরমেশ্বরের উদ্দেশে হোম করিল। ১৫ পরে লেবীয়েরা পরমেশ্বরের সিন্দুক এবং স্বর্ণালঙ্কারধারি তাহার নিকটস্থ সিন্দুক নামাইয়া তাহা মহাপ্রস্তরোপরি রাখিল, এবং বৈৎশেমশের লোকেরা সেই দিবসে পরমেশ্বরের উদ্দেশে হোম ও বলিদান করিল। ১৬ তখন পিলেষ্টীয়দের পাঁচ অধ্যক্ষ তাহা দেখিয়া সে দিবসে ইক্রোণে ফিরিয়া গেল। ১৭ এবং পিলেষ্টীয়েরা দোষপ্রযুক্ত প্রায়শ্চিত্তার্থে অস্দোদের জন্যে এক, ও অসার জন্যে এক, ও অস্কিলোনের জন্যে এক, ও গাতের জন্যে এক, ও ইক্রোণের জন্যে এক, এই পাঁচ স্বর্ণার্শঃ পরমেশ্বরের উদ্দেশে প্রেরণ করিল। ১৮ এবং বৈৎশেমশীয় যিহোশূয়ের ক্ষেত্রস্থিত মহাশোক নামে অদ্য পর্য্যন্ত বর্ত্তমান যে মহাপ্রস্তরের উপরে তাহারা পরমেশ্বরের সিন্দুক রাখিয়াছিল, সেই প্রস্তর পর্য্যন্ত পাঁচ অধ্যক্ষের প্রাচীর বেষ্টিত নগর ও গ্রাম অর্থাৎ পিলেষ্টীয়দের তাবৎ নগরের সংখ্যানুসারে স্বর্ণ মূষিক প্রেরণ করিল।

১৯ পরে বৈৎশেমশের লোকেরা পরমেশ্বরের সিন্দুকে দৃষ্টিপাত করিল, এই জন্যে তিনি তাহাদিগকে অর্থাৎ

[১১, ১২] প ৬, ৯ ॥

[৬ অধ্য; ২] যা ৭; ১১। দা ৫; ৭ ॥—[৪] প ১৭,১৮ ॥—[৬]যা ১০; ৭। ১২; ২৯-৩১ ॥—[৭]গ ৭; ৩-৮। ২ শি ৬; ৩॥ [৯] প ৩,১২। যি ১৫; ১০ ॥—[১৫]যি ২১; ১৬ ॥—[১৭] যি ১৩; ৩॥—[১৯] গ ৪; ১৫, ২০। ২ শি ৬; ৭॥

* (ইব) আমাকে ও আমার। † (ইব) ঈশ্বরের হস্ত অতি ভারী হইলে। ‡ (ইব্) তাঁহার হস্ত। ‖ (ইব্) তাহাদের।

তাহাদের মধ্যে পঞ্চাশ সহস্র সত্তরি জনকে বিনষ্ট করিলেন; পরমেশ্বর এই মহাসংহারে তাহাদিগকে ২০ সংহার করিলে লোকেরা বিলাপ করিল। এবং বৈৎ-শেমশের লোকেরা কহিল, এই পবিত্র প্রভু পরমেশ্বরের সাক্ষাতে কে দাঁড়াইতে পারে? তিনি আমাদের হইতে কাহার কাছে যাইবেন?

২১ পরে লোকেরা কিরিয়ৎ-যিয়ারীম্ নিবাসিদের কাছে দূত প্রেরণদ্বারা কহিল, পিলেষ্টীয়েরা পুনর্ব্বার পরমেশ্বরের সিন্দুক ফিরিয়া আনিয়াছে, তোমরা যাইয়া তাহা আপনাদের নিকটে লইয়া যাও।

৭ অধ্যায়।

১ অবীনাদবের গৃহে সিন্দুক রাখন ৩ ও মিস্পীতে ইস্রায়েল্ লোকদের অনুতাপ করণ ৭ ও পিলেষ্টীয়দের যুদ্ধ করিতে প্রস্তুত হওন ৯ ও শিমূয়েলের বলিদান ও প্রার্থনা করণ সময়ে মহাধ্বনিদ্বারা পিলেষ্টীয়দের পরাস্ত হওন ১৩ ও পিলেষ্টীয়দের বশীভূত থাকন ১৫ ও শিমূয়েলের বিচার করণের কথা।

১ পরে কিরিয়ৎ-যিয়ারীমের লোকেরা আসিয়া পরমেশ্বরের সিন্দুক লইয়া পর্ব্বতস্থিত অবীনাদবের বাটীতে আনিল, এবং পরমেশ্বরের ঐ সিন্দুক রক্ষার্থে তাহার পুত্র ২ ইলিয়াসরকে পবিত্র করিল। পরমেশ্বরের ঐ সিন্দুক কিরিয়ৎ-যিয়ারীমে দীর্ঘকাল অর্থাৎ বিংশতি বৎসর পর্য্যন্ত থাকিলে পর ইস্রায়েলের তাবৎ বংশ পরমেশ্বরের বিষয়ে বিলাপ করিতে লাগিল।

৩ তাহাতে শিমূয়েল্ ইস্রায়েলের তাবৎ বংশকে কহিল, তোমরা যদি আপন সমস্ত অন্তঃকরণের সহিত পরমেশ্বরের প্রতি ফিরিতে উদ্যত হও, তবে আপনাদের নিকটহইতে অন্য দেবগণকে ও অস্তারোৎ দেবীগণকে দূর কর, ও পরমেশ্বরের উদ্দেশে আপন ২ অন্তঃকরণ প্রস্তুত করিয়া কেবল তাঁহার সেবা কর; তাহাতে তিনি পিলেষ্টীয়দের হস্তহইতে তোমাদিগকে উদ্ধার করি-৪ বেন। তাহাতে ইস্রায়েলের তাবৎ বংশ বাল্ দেবগণকে ও অস্তারোৎ দেবীগণকে দূর করিয়া কেবল পরমে-৫ শ্বরের সেবা করিতে লাগিল। তখন শিমূয়েল্ কহিল, মিস্পীতে ইস্রায়েলের তাবৎ বংশকে একত্র কর; আমি তোমাদের জন্যে পরমেশ্বরের কাছে প্রার্থনা করিব। ৬ তাহাতে তাহারা সকলে মিস্পীতে একত্র হইয়া জল তুলিয়া পরমেশ্বরের সাক্ষাতে ঢালিল, এবং সে দিবস উপবাস করিয়া সে স্থানে কহিল, আমরা পরমেশ্বরের বিরুদ্ধে পাপ করিলাম; পরে শিমূয়েল্ মিস্পীতে ইস্রায়েল্ বংশের বিচার করিল।

৭ অপর ইস্রায়েল্ বংশেরা মিস্পীতে একত্র হইয়াছে, পিলেষ্টীয়েরা এই সম্বাদ পাইলে পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ ইস্রায়েল্ বংশের বিরুদ্ধে উঠিয়া আইল; ইস্রায়েল্ বংশ তাহা শুনিয়া পিলেষ্টীয়দের ৮ জন্যে বড় ভীত হইল। এবং ইস্রায়েল্ বংশেরা শিমূয়েল্কে কহিল, আমাদের প্রভু পরমেশ্বর পিলেষ্টীয়দের হস্তহইতে যেন আমাদিগকে উদ্ধার করেন, এই জন্যে তাঁহার কাছে তুমি প্রার্থনা করিতে বিরত * হইও না।

৯ তখন শিমূয়েল্ দুগ্ধপোষ্য এক মেষবৎস লইয়া পরমেশ্বরের উদ্দেশে সর্ব্বশুদ্ধ হোমবলি উৎসর্গ করিল, এবং শিমূয়েল্ ইস্রায়েল্ বংশের জন্যে পরমেশ্বরের কাছে প্রার্থনা করিল; তাহাতে পরমেশ্বর ১০ তাহার প্রতি উত্তর দিলেন। যে সময়ে শিমূয়েল্ হোম বলি উৎসর্গ করিতেছিল, তৎকালে পিলেষ্টীয়েরা ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করিতে নিকটবর্ত্তী হইল, কিন্তু ঐ দিবসে পরমেশ্বর পিলেষ্টীয়দের প্রতি মহানাদে গর্জ্জন করিয়া তাহাদিগকে ব্যাকুল করিলেন; তাহাতে ১১ তাহারা ইস্রায়েল্ বংশের সম্মুখে পরাস্ত হইল। তখন ইস্রায়েল্ বংশ মিস্পীহইতে বাহির হইয়া পিলেষ্টীয়দের পশ্চাৎ ২ তাড়না করিয়া বৈৎকরের নামো ১২ পর্য্যন্ত তাহাদিগকে আঘাত করিল। তাহাতে শিমূয়েল্ এক প্রস্তর লইয়া মিস্পীর ও শেনের মধ্যস্থানে স্থাপন করিয়া, এই পর্য্যন্ত পরমেশ্বর আমাদের উপকার করিলেন, এই কথা কহিয়া সেই স্থানের নাম এবন্-এষর্ (উপকার স্মরণার্থক প্রস্তর †) রাখিল।

১৩ এই প্রকারে পিলেষ্টীয়েরা পরাস্ত হইলে ইস্রায়েল্ বংশের অঞ্চলে আর আইল না; এবং পরমেশ্বর শিমূয়েলের যাবজ্জীবন পিলেষ্টীয়দের বিরুদ্ধাচারী ১৪ হইলেন। এবং পিলেষ্টীয়েরা ইস্রায়েল্ বংশহইতে ইক্রোণ্ অবধি গাৎ পর্য্যন্ত যে সমস্ত নগর হরণ করিয়াছিল, তাহা পুনর্ব্বার ইস্রায়েল্ বংশকে ফিরিয়া দিল, এবং ইস্রায়েল্ বংশেরা আপনাদের তাবৎ অঞ্চল পিলেষ্টীয়দের হস্তহইতে উদ্ধার করিল, আর ইমোরীয়দের সহিত ইস্রায়েল বংশের সন্ধি হইল।

১৫ ঐ শিমূয়েল্ যাবজ্জীবন ইস্রায়েল্ বংশের বিচার ১৬ করিল। সে প্রতি বৎসর ভ্রমণ করিয়া বৈথেলে ও গিল্গলে ও মিস্পীতে যাইয়া সেই সকল স্থানে ১৭ ইস্রায়েল্ বংশের বিচার করিত। এবং যেখানে তাহার বাটী ছিল, এমত রামৎ নগরে প্রত্যাগমন করিয়া সেই স্থানেও ইস্রায়েল্ বংশের বিচার করিত; সে সেই স্থানে পরমেশ্বরের উদ্দেশে এক বেদি নির্ম্মাণ করিল।

---

[২০] গী ১৭; ১২, ১৩। ২ শি ৬; ৯।।—[২১] যি ১৮; ১৪।।

[৭ অধ্যা; ১, ২] ১ শি ৬; ২১। ২ শি ৬; ৪। গী ৭৮; ৬৭, ৬৮। ১৩২; ৬।।—[৩] আ ৩৫; ২। যি ২৪; ১৪, ২৩। দ্বি ৫; ৭-৯। ৬; ১৩, ১৪।।—[৪] বি ১০; ১৬।।—[৫] বি ২০; ১।।—[৬] ২ শি ১৪; ১৪। যিশ ১২; ৩। নি ৯; ১, ২। দা ৯; ৫।।—[৯] গী ৯৯; ৬। যির ১৫; ১।।—[১০] যি ১০; ১১-১৪। বি ৫; ২০। গী ১৮; ৬-১৭।।—[১৭] ১ শি ৮; ৪।।

* (ইব্রী) বিলাপ করিতে তূষ্ণী। † (ইব্রী) উপকার প্রস্তর।

৮ অধ্যায়।

১ শিমূয়েলের পুত্রগণের অন্যায় প্রযুক্ত লোকদের এক রাজাকে চাহন ৬ ও তাহাদের যাচ্ঞা শিমূয়েলের অতুষ্টিকর হওন ১০ ও ভাবিরাজার বর্ণনা ১৯ ও রাজাকে নিযুক্ত করিতে শিমূয়েলের প্রতি ঈশ্বরের আজ্ঞা।

১ পরে শিমূয়েল্ বৃদ্ধ হইলে আপন পুত্রগণকে ইস্রায়েল্ বংশের উপরে বিচারকর্ত্তৃত্ব পদে নিযুক্ত করিল। তাহার ২ জ্যেষ্ঠ পুত্রের নাম যোয়েল্ ও দ্বিতীয় পুত্রের নাম অবিয় ছিল; তাহারা বের্শেবাতে বিচারকর্ত্তা হইল। ৩ কিন্তু তাহার পুত্রগণ পিতার পথে না চলিয়া লোভানুগামী হইল ও উৎকোচ লইয়া বিচারে অন্যায় করিতে ৪ লাগিল। অতএব ইস্রায়েল্ বংশের প্রাচীনগণ একত্র হইয়া রামতে শিমূয়েলের নিকটে আসিয়া তাহাকে ৫ কহিল, দেখ, তুমি বৃদ্ধ হইয়াছ, এবং তোমার পুত্রগণ তোমার পথে চলে না; অতএব তুমি অন্য দেশীয়দের ন্যায় আমাদের বিচার করিতে একরাজা নিযুক্ত কর।

৬ আমাদের বিচার করিতে এক রাজা নিযুক্ত কর, তাহাদের এই কথাতে শিমূয়েল্ অসন্তুষ্ট * হইল; তাহাতে শিমূয়েল্ পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিল। ৭ তখন পরমেশ্বর শিমূয়েল্কে কহিলেন, এই লোকেরা তোমার কাছে যে সমস্ত কথা কহিতেছে, তাহাদের সেই কথাতে মনোযোগ কর; কেননা তাহারা তোমাকে ত্যাগ করিল না, কিন্তু আমি যেন তাহাদের উপরে কর্ত্তৃত্ব না করি, এই অভিপ্রায়ে তাহারা আমাকে ত্যাগ করিল। ৮ যে দিবসে আমি মিসর্হইতে তাহাদিগকে বাহির করিয়া আনিলাম, তদবধি অদ্য পর্য্যন্ত তাহারা যেমন আপনাদের তাবৎ ক্রিয়াদ্বারা আমাকে ত্যাগ করিয়াছে ও অন্য দেবগণের সেবা করিয়াছে, তেমনি তোমার ৯ প্রতিও করিতেছে। তথাপি এখন তাহাদের কথাতে মনোযোগ কর, কিন্তু তাহাদের নিকটে অতি দৃঢ় রূপে আপন অসম্মতি জানাইয়া তাহাদের উপরে কর্ত্তৃত্বকারি রাজার রীতি তাহাদিগকে জ্ঞাত কর।

১০ পরে শিমূয়েল্ রাজপ্রার্থনাকারিদের নিকটে পর- ১১ মেশ্বরের এই সকল কথা কহিল। আরো কহিল, তোমাদের উপরে রাজত্বকারি রাজার এই রূপ রীতি হইবে; সে আপনার জন্যে তোমাদের পুত্রগণকে লইয়া আপন রথের সৈন্য ও অশ্বারূঢ় নিরূপণ করিবে, এবং তাহাদের কাহাকে ২ আপন রথের অগ্রে ধাবমান করাইবে। ১২ সে আপনার জন্যে তাহাদিগকে সহস্রপতি ও পঞ্চশতপতি নিরূপণ করিবে, এবং আপন ভূমির কৃষিকরণার্থে ও আপন শস্যচ্ছেদনার্থে এবং যুদ্ধাস্ত্র ও রথের সজ্জা নির্ম্মাণ করণার্থে তাহাদিগকে নিরূপণ করিবে। ১৩ এবং সে মোদককারিণী ও পাচিকা ও ভর্জ্জিকা করণার্থে তোমাদের কন্যাগণকে গ্রহণ করিবে। ১৪ এবং তোমাদের সর্ব্বাপেক্ষা উত্তম শস্যক্ষেত্র ও দ্রাক্ষাক্ষেত্র ও জিতবৃক্ষ লইয়া আপন দাসদিগকে দিবে। ১৫ এবং তোমাদের বীজের ও দ্রাক্ষার দশমাংশ লইয়া আপন অধ্যক্ষ † ও দাসদিগকে দিবে। ১৬ এবং সে তোমাদের দাস ও দাসী ও সর্ব্বোত্তম যুব পুরুষ ও গর্দ্দভদিগকে লইয়া আপন কার্য্যে নিযুক্ত করিবে। ১৭ সে তোমাদের মেষগণের দশমাংশ লইবে, ও তোমরা তাহার দাস হইবা। ১৮ পরে তোমরা যে রাজাকে মনোনীত করিবা, তাহারি দ্বারা সেই সময়ে বিলাপ করিবা; কিন্তু পরমেশ্বর সেই সময়ে তোমাদের কথা শুনিবেন না।

১৯ তথাপি লোকেরা শিমূয়েলের কথায় মনোযোগ করিতে অসম্মত হইয়া কহিল, না ২, আমাদের উপরে এক জন রাজা হইবে; ২০ তাহাতে আমরাও অন্যদেশীয় লোকদের ন্যায় হইব; ও সেই রাজা আমাদের বিচার করিবে ও আমাদের অগ্রসর হইয়া যুদ্ধ করিবে। ২১ তখন শিমূয়েল্ লোকদের সমস্ত কথা শুনিয়া পরমেশ্বরের কর্ণগোচরে নিবেদন করিল। ২২ তাহাতে পরমেশ্বর শিমূয়েল্কে কহিলেন, তুমি তাহাদের কথা শুনিয়া তাহাদের এক জনকে রাজা কর; পরে শিমূয়েল্ ইস্রায়েল্ বংশকে কহিল, তোমরা প্রত্যেকে আপন ২ নগরে যাও।

৯ অধ্যায়।

১ শৌলের পিতার হারাণ গর্দ্দভী চেষ্টা করণ ১১ ও শিমূয়েলের কাছে যাওন ১৫ ও শৌলকে শিমূয়েলের ভোজন করাওন ২৫ ও তাহাকে বিদায় করিতে তাহার সঙ্গে বাহিরে যাওন।

১ ঐ সময়ে বিন্য়ামীন্ বংশীয় অফীহের বৃদ্ধপ্রপৌত্র বিখোরতের প্রপৌত্র সিরোরের পৌত্র অবীয়েলের পুত্র কীশ্ নামে এক মহাবীর্য্যবান ‡ লোক ছিল; ২ এবং শৌল নামে তাহার এক পরম সুন্দর যুব পুত্র ছিল; ইস্রায়েল্ বংশে তদপেক্ষা সুন্দর কোন পুরুষ ছিল না, এবং সে অন্য সমস্ত লোকহইতে এক মস্তক দীর্ঘ ছিল। ৩ অপর ঐ শৌলের পিতা কীশের গর্দ্দভী সকল হারাইলে সে আপন পুত্র শৌলকে কহিল, তুমি এক জন দাসকে সঙ্গে লইয়া উঠিয়া গর্দ্দভীদের অন্বেষণ করিতে যাও। ৪ তাহাতে সে ইফ্রয়িম্ পর্ব্বত দিয়া ভ্রমণ করিয়া শালিশা প্রদেশ দিয়া গমন করিল, কিন্তু তাহাদের উদ্দেশ পাইল না; পরে তাহারা শালীম্ প্রদেশ দিয়া গমন করিল; সেখানেও নাই; পরে সে বিন্য়ামীন্ দেশে গমন করিল, কিন্তু সেখানেও পাইল না। ৫ অনন্তর সূফ্ প্রদেশে উপস্থিত হইলে শৌল আপন সঙ্গিদাসকে কহিল, আইস, আমরা ফিরিয়া যাই; কি জানি আমার পিতা গর্দ্দভীদের জন্যে ভাবিত না হইয়া আমাদের জন্যে ভাবিত হয়।

[৮ অধ্য; ৩] যা ২৩; ৮ ।।—[৫] প ১৯,২০। দ্বি ১৭; ১৪ ।।—[৭] হো ১৩; ১০,১১ ।।—[৭,৮] ১ শি ১০; ১৮,১৯। যো ১৫; ২০ ।।—[৯] প ১১। দ্বি ১৭; ১৫-২০ ।।—[১৮] প ৭ ।।—[১৯,২০] দ্বি ১৭; ১৪ ।।—[২২] প ৭ ।।

[৯ অধ্য; ১] ১ বং ৮; ৩৩ ।।—[২] ১ শি ১০; ২৩ ।।—[৪] ২ রা ৪; ৪২ ।।—[৬] ১ শি ৩; ১৯ ।।

* (ইব্রু) কথা শিমূয়েলের দৃষ্টিতে মন্দ। † (বা) নপুংসক। ‡ (বা) ধনবান, বা যিমীনীর মনুষ্যের পুত্র।

৬ তাহাতে সে কহিল, দেখ, এই নগরে ঈশ্বরের এক লোক আছে; সে অতি মান্য, এবং যাহা২ কহে, সকলি সিদ্ধ হয়; অতএব আইস, আমরা এখন সেই স্থানে যাই; হয় তো সে আমাদের গন্তব্য পথ দেখাইতে ৭ পারিবে। শৌল দাসকে কহিল, দেখ, যদি আমরা যাই, তবে সে মানুষের কাছে কি লইয়া যাইব? আমাদের পাত্রস্থ খাদ্যের শেষ * হইয়াছে; ঈশ্বরের লোকের কাছে লইয়া যাইতে আমাদের উপঢৌকন নাই; আমা- ৮ দের সহিত কি আছে? তাহাতে সে দাস শৌলকে প্রত্যুত্তর করিল, দেখ, এখানে, আমার হস্তে এক শেকলের চতুর্থাংশ রূপা আছে; পথ দেখাইবার জন্যে ঈশ্বরের ৯ লোককে তাহাই দিব। তাহাতে শৌল কহিল, উত্তম কহিলা, আইস, আমরা যাই; তাহাতে তাহারা ঈশ্ব- ১০ রের লোকের নিবাসনগরে গমন করিল। পূর্ব্বকালে ঈশ্বরের নিকটে জিজ্ঞাসা করিতে লোকদের যাইতে হইলে এই রূপ কহিত, আইস, আমরা প্রদর্শকের নিকটে যাই; কেননা পূর্ব্বকালে ভবিষ্যদ্বক্তৃগণ প্রদর্শক নামে প্রসিদ্ধ ছিল।

১১ যখন তাহারা নগরে যাইতে পর্ব্বতারোহণ করিতেছিল, তখন জল তোলনার্থে বহির্গামিনী কএক যুবতিকে দেখিয়া জিজ্ঞাসা করিল, এই স্থানে কি প্রদর্শক থাকে? ১২ তাহারা কহিল, থাকে; দেখ, সে তোমাদের † অগ্রে২ যাইতেছে; শীঘ্র গমন কর; এই উচ্চস্থানের উপরে অদ্য লোকদের এক যজ্ঞ ‡ হইবে, এই জন্যে সে অদ্য ১৩ নগরে আইল। তোমরা নগর মধ্যে প্রবেশ করিবামাত্র উচ্চস্থানোপরি ভোজনার্থে তাহার গমনের পূর্ব্বে তাহার উদ্দেশ পাইবা; সে উপস্থিত না হইলে লোকেরা ভোজন করিবে না, কেননা সে যজ্ঞদ্রব্যেতে আশীর্ব্বাদ করিলে পর নিমন্ত্রিতেরা ভোজন করে; অতএব এই ক্ষণে উঠিয়া যাও; এই সময়ে তাহার উদ্দেশ পা- ১৪ ইবা। তখন তাহারা নগরে যাইয়া নগরের মধ্যে উপস্থিত হইলে উচ্চস্থানে গমন করিবার সময়ে শিমূয়েল্ তাহাদের সহিত সাক্ষাৎ করিল।

১৫ এই শৌলের উপস্থিত হওনের পূর্ব্বদিবসে পরমে- ১৬ শ্বর শিমূয়েলের কর্ণগোচরে কহিলেন, কল্য এমত সময়ে আমি বিন্যামীন্ প্রদেশহইতে এক লোককে তোমার নিকটে প্রেরণ করিব; সে যেন পিলেষ্টীয়দের হস্তহইতে আমার লোকদিগকে রক্ষা করে, এই জন্যে তুমি তাহাকে আমার ইস্রায়েল্ লোকদের উপরে রাজত্বপদে অভিষিক্ত করিবা; কেননা আমার লোকদের বিলাপ আমার কর্ণগোচর হওয়াতে তাহাদের ১৭ প্রতি আমি কৃপাদৃষ্টি করিলাম। পরে শিমূয়েল্ শৌলকে দেখিলে পরমেশ্বর তাহাকে কহিলেন, আমি যে মানুষের কথা তোমার কাছে কহিয়াছি, তাহাকে এই দেখ; এ ব্যক্তি আমার লোকদের উপরে শাসন ১৮ করিবে। তখন শৌল্ দ্বার মধ্যে শিমূয়েলের নিকটে উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিল, আমি বিনয় করি, প্রদ- ১৯ র্শকের গৃহ কোথায়? আমাকে কহ। তাহাতে শিমূয়েল্ শৌলকে উত্তর করিল, আমিই প্রদর্শক, আমার অগ্রে২ উচ্চস্থানে আইস; অদ্য তোমরা আমার সহিত ভোজন কর; কল্য প্রত্যূষে আমি তোমাকে বিদায় করিব, এবং তোমার মনের সমস্ত কথা তোমাকে জ্ঞাত করিব। ২০ অদ্য তিন দিন হইল তোমার যে২ গর্দ্দভী হারাইয়াছে, তাহাদের জন্যে মনে ভাবিত হইও না; সে সকল পাওয়া গিয়াছে; ইস্রায়েলের তাবৎ বংশের বাঞ্ছা কাহার প্রতি? কি তোমার ও তোমার তাবৎ পিতৃবংশের ২১ প্রতি নয়? তাহাতে শৌল উত্তর করিল, ইস্রায়েল্ বংশের মধ্যে বিন্যামীন্ বংশ কি সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র নয়? এবং বিন্যামীন্ বংশের মধ্যে আমার পরিবার কি সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র নয়? তবে আপনি আমাকে কেন ২২ এই প্রকার কথা ‖ কহেন? পরে শিমূয়েল্ শৌলকে ও তাহার দাসকে লইয়া ভোজনশালায় উপস্থিত হইল, এবং প্রায় ত্রিশ জন নিমন্ত্রিতের মধ্যে তাহাদিগকে উত্তম ২৩ স্থানে বসাইল। এবং শিমূয়েল্ পাচককে কহিল, যে অংশ তোমাকে দিয়া কহিলাম, আপনার নিকটে রাখ, ২৪ তাহা আন। তাহাতে পাচক স্কন্ধ ও তাহার উপরে যাহা ছিল, তাহা শৌলের সম্মুখে দিলে শিমূয়েল্ কহিল, দেখ, এই অবশিষ্ট আপন সম্মুখে রাখিয়া ভোজন কর, কেননা আমি যে সময়ে লোকদিগকে নিমন্ত্রণ করিলাম, তদবধি তোমার জন্যে ইহা রক্ষিত আছে; তাহাতে সে দিবসে শৌল শিমূয়েলের সহিত ভোজন করিল।

২৫ পরে তাহারা উচ্চ স্থানহইতে নগরে নামিলে শিমূয়েল্ ঘরের ছাতের উপরে শৌলের সহিত কথোপ- ২৬ কথন করিল। পরে তাহারা প্রভাতে উঠিলে শিমূয়েল্ অরুণোদয় সময়ে শৌলকে ঘরের ছাতের উপরে ডাকিয়া কহিল, উঠ, আমি তোমাকে বিদায় করি; তাহাতে শৌল উঠিলে সে ও শিমূয়েল্ দুই জন ২৭ বাহিরে গেল। পরে তাহারা নগরের প্রান্তভাগে গমন করিতেছিল, এমত সময়ে শিমূয়েল্ শৌলকে কহিল, তোমার দাসকে আমাদের অগ্রে২ যাইতে কহ; কিন্তু তুমি কিছু কাল দাঁড়াও §, আমি তোমাকে ঈশ্বরের বাক্য শ্রবণ করাই। তাহাতে দাস অগ্রে২ চলিল।

১০ অধ্যায়।

১ শৌলকে অভিষিক্ত করণ ও গৃহে যাওন সময়ের ঘটনা প্রকাশ করণ ৯ ও শৌলের অন্য প্রকার মনুষ্য হওন ১৪ ও মাতুলের কাছে শিমূয়েলের কথা অপ্রকাশ করণ ১৭ ও শৌল রাজার মনোনীত হওন ২৬ ও তাহার বিষয়ে লোকদের প্রেম ও অপ্রেম।

[৭] ১ রা ১৪ ; ৩। ২ রা ৮ ; ৮॥—[১২] ১ রা ৩ ; ২॥—[১৬] ১ শি ১০ ; ১। ১২ ; ৮,১০ ॥—[১৭] ১৬ ; ১২ ॥—[২০] প ৩ ॥—[২১] ১৫ ; ১৭। বি ২০ ; ৪৭। ৬ ; ১৫ ॥

* (ইব্রু) খাদ্য গত। † (ইব্রু) তোমার। ‡ (বা) উৎসব। ‖ (ইব্রু) এই কথানুসারে। § (বা) অদ্য থাক।

১ অনন্তর শিমূয়েল্ এক পাত্র তৈল আনিয়া তাহার মস্তকোপরি ঢালিল,এবং তাহাকে চুম্বন করিয়া কহিল, পরমেশ্বর আপন অধিকারের উপরে তোমাকে রাজত্বপদে কি অভিষেক করিলেন না? ২ অদ্য তুমি যখন আমার নিকটহইতে গমন করিবা,তৎকালে বিন্যামীনের সীমাস্থিত সেল্সহে রাহেলের কবরের নিকটে দুই জনকে পাইবা,এবং তাহারা তোমাকে কহিবে,তুমি যে ২ গর্দ্দভী অন্বেষণ করিতে গিয়াছিলা, তাহা সকল পাওয়া গিয়াছে; এবং দেখ,তোমার পিতা গর্দ্দভী বিষয়ের ভাবনা ত্যাগ করিয়া পুত্রের জন্যে কি করিব? ইহা বলিয়া তোমাদের জন্যে শোক করিতেছে। ৩ পরে তুমি তথাহইতে অগ্রসর হইয়া তাবোরের এলোবৃক্ষে* আসিবা, এবং সে স্থানে তিন ছাগবৎস বাহক এক জন, ও তিন রুটী বাহক এক জন,ও এক কুপা দ্রাক্ষারসবাহক এক জন,বৈথেলে ঈশ্বরের নিকটে গমনকারি এই তিন জনের সহিত তোমার সাক্ষাৎ হইবে। ৪ তাহারা তোমার মঙ্গল জিজ্ঞাসা করিবে ও দুই রুটী দিবে, এবং তুমি তাহাদের হস্তহইতে তাহা গ্রহণ করিবা। ৫ পরে যেখানে পিলেষ্টীয়দের দুর্গ আছে,এমত ঈশ্বরের পর্ব্বতে যাইবা,এবং সেখানে নগরে উপস্থিত হইলে নবল ও তবল ও বাঁশী ও বীণা হস্তে করিয়া উচ্চস্থানহইতে নামিয়া আগমনকারি এক দল ভবিষ্যদ্বক্তার সহিত তোমার সাক্ষাৎ হইবে, এবং তাহারা ভবিষ্যদ্বাক্য কহিবে। ৬ তখন পরমেশ্বরের আত্মা তোমাতে আবির্ভূত হইলে তুমিও তাহাদের সহিত ভবিষ্যদ্বাক্য কহিবা, এবং অন্য প্রকার মনুষ্য হইবা। ৭ এই সকল লক্ষণ তোমাতে ঘটিলে তুমি আপন উপস্থিত প্রয়োজনানুসারে করিবা †, কেননা পরমেশ্বর তোমার সঙ্গে আছেন। ৮ পরে তুমি আমার অগ্রে ২ গিল্গলে যাইবা; এবং দেখ, আমি হোমবলি ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিতে তোমার নিকটে যাইব; যাবৎ তোমার নিকটে না যাই ও তোমার কর্ত্তব্য তোমাকে জ্ঞাত না করি, তাবৎ সপ্ত দিন পর্য্যন্ত বিলম্ব করিবা।

৯ পরে সে শিমূয়েলের নিকটহইতে যাইতে গ্রীবা ফিরাইলে ঈশ্বর তাহার অন্য মতি দিলেন‡, এবং সেই দিনে ঐ সমস্ত লক্ষণ তাহার প্রত্যক্ষ হইল। ১০ পরে তাহারা সেখানে পর্ব্বতে উপস্থিত হইলে এক দল ভবিষ্যদ্বক্তা তাহার সহিত মিলিল; তাহাতে ঈশ্বরের আত্মা তাহাতে আবির্ভূত হইলে তাহাদের মধ্যে সেও ভবিষ্যদ্বাক্য কহিতে লাগিল। ১১ তখন সে ভবিষ্যদ্বক্তাদের মধ্যে ভবিষ্যদ্বাক্য কহিতেছে, ইহা দেখিয়া তাহার পূর্ব্ব পরিচিত লোকেরা পরস্পর কহিল, কীশের পুত্রের কি হইল? শৌল কি ভবিষ্যদ্বক্তৃগণের মধ্যে এক জন আছে? ১২ তাহাতে তথাকার এক জন উত্তর করিল,তাহাদের পিতা কে? এই রূপে,ভবিষ্যদ্বক্তৃগণের মধ্যে শৌল কি এক জন? এই কথা লোকদের মধ্যে এক দৃষ্টান্ত হইল। ১৩ পরে ভবিষ্যদ্বাক্য শেষ করিয়া উচ্চস্থানে গেল।

১৪ পরে শৌলের মাতুল তাহাকে ও তাহার দাসকে জিজ্ঞাসিল, তোমরা কোথায় গিয়াছিলা? সে কহিল, গর্দ্দভী অন্বেষণ করিতে; কিন্তু গর্দ্দভী কোন স্থানে নাই, আমরা ইহা দেখিয়া শিমূয়েলের নিকটে গমন করিলাম। ১৫ শৌলের মাতুল কহিল, আমি বিনয় করি, শিমূয়েল্ তোমাকে কি কহিলেন? তাহা কহ। ১৬ তাহাতে শৌল আপন মাতুলকে কহিল, সে আমাদিগকে স্পষ্ট রূপে কহিল, গর্দ্দভী সকল পাওয়া গিয়াছে; কিন্তু রাজ্য বিষয়ের যে কথা শিমূয়েল্ কহিয়াছিল, তাহা সে তাহাকে কহিল না।

১৭ পরে শিমূয়েল্ মিস্পীতে লোকদিগকে পরমেশ্বরের নিকটে ডাকাইয়া ১৮ ইস্রায়েল্ বংশদিগকে কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর কহেন, আমি ইস্রায়েল্ বংশকে মিস্রদেশহইতে বাহির করিয়া আনিয়াছি, এবং মিস্রীয়দের ও অন্যান্য রাজাদের ও উপদ্রবকারিদের হস্তহইতে তোমাদিগকে উদ্ধার করিয়াছি। ১৯ কিন্তু তোমাদের সমস্ত দুর্দ্দশা ও দুর্গতিহইতে উদ্ধারকারি যে তোমাদের ঈশ্বর, তোমরা তাঁহাকে অদ্য ত্যাগ করিলা, এবং তাঁহাকে কহিলা, আমাদের উপরে এক রাজা নিযুক্ত কর; অতএব তোমরা এখন আপন ২ বংশানুসারে ও সহস্র ২ দলানুসারে পরমেশ্বরের নিকটে প্রত্যেকে উপস্থিত হও। ২০ পরে শিমূয়েল্ ইস্রায়েলের তাবৎ বংশকে নিকটে আনাইলে বিন্যামীন্ বংশ মনোনীত হইল। ২১ এবং বিন্যামীন্ বংশের পরিবারানুসারে নিকটে আনাইলে মট্রির পরিবার মনোনীত হইল, এবং তাহার মধ্যে কীশের পুত্র শৌল মনোনীত হইল, কিন্তু চেষ্টা করিলে তাহার উদ্দেশ পাওয়া গেল না। ২২ অতএব তাহারা পরমেশ্বরের নিকটে আরো জিজ্ঞাসিল, সে লোক কি এখন এই স্থানে আসিবে? তাহাতে পরমেশ্বর কহিলেন, দেখ, সে সামগ্রীর মধ্যে লুক্কায়িত থাকে। ২৩ পরে তাহারা দৌড়িয়া তথাহইতে তাহাকে আনিল; সে লোকদের মধ্যে দাঁড়াইলে অন্য লোক অপেক্ষা এক মস্তক‖ দীর্ঘ ছিল। ২৪ পরে শিমূয়েল্ লোকদিগকে কহিল, পরমেশ্বরের মনোনীত ব্যক্তিকে এই দেখ; লোকদের মধ্যে ইহার তুল্য কেহ

[১০ অধ্যা; ১]১ শি ৯; ১৬ ॥—[২]আ ৩৫; ১৯,২০। ১ শি ৯; ৫॥—[৫] প ১০ ॥—[৫,৬] গ ১১; ২৫,২৬ ॥—[৭] যি ১; ৯। বি ৬; ১২, ৩৬-৪০ ॥—[৮] ১ শি ১১; ১৪,১৫ ॥—[৯] প ২-৪। ১ রা ৩; ৫-১২। ২ ক ৫; ১৭ ॥—[১০] প ৫, ৬। ১ শি ১৬; ১৩ ॥—[১১,১২] ১৯; ১৯-২৪ ॥—[১২] যো ৬; ৪৫ ॥—[১৬] ১ শি ৯; ২০,২১ ॥—[১৭] বি ২০; ১। ১ শি ৭; ৫ ॥—[১৮] বি ৬; ৮,৯ ॥—[১৯] ১ শি ৮; ৭, ৮॥—[২০-২২] যি ৭; ১৬-১৮। ১ শি ১৫; ৩৭-৪২ ॥—[২৩] ৯; ২॥—[২৪] ১৬; ৭। হো ১৩; ১০,১১ ॥

*(বা) তাবোরের প্রান্তরে। †(ইব্রু) আপনার জন্যে স্বহস্ত যাহা পায় তাহা কর। ‡(ইব্রু) ফিরাইলেন। ‖(ইব্রু) স্কন্ধ ও ঊপরহইতে।

নাই; তাহাতে লোকেরা উচ্চৈঃস্বরে কহিল, রাজা চির-
২৫ জীবী হউন। পরে শিমূয়েল্ লোকদিগকে রাজনীতি কহিল, এবং তাহা পুস্তকে লিখিয়া পরমেশ্বরের সাক্ষাতে রাখিল; পরে শিমূয়েল্ তাবৎ লোককে অর্থাৎ প্রত্যেক জনকে আপন ২ বাটীতে বিদায় করিল।
২৬ পরে শৌল গিবিয়া নগরে আপন বাটীতে যাত্রা করিলে ঈশ্বর যাহাদের অন্তঃকরণে প্রবৃত্তি দিলেন,
২৭ এমত এক দল সৈন্য তাহার সহিত গেল। কিন্তু এই ব্যক্তি আমাদিগকে কি রূপে রক্ষা করিবে? ইহা বলিয়া দুষ্ট লোকেরা * তাহাকে তুচ্ছ জ্ঞান করিয়া উপঢৌকন দিল না; তথাপি সে বধিরের ন্যায় থাকিল।

১১ অধ্যায়।

১ নাহশের নিয়ম কথা ৪ ও শৌলের প্রতি ইস্রায়েল্ বংশের দূত প্রেরণ ও তাহাদ্বারা রক্ষা পাওন ১২ ও শৌলের অভিষিক্ত হওন।

১ পরে অম্মোনীয় নাহশ্ আসিয়া যাবেশ্-গিলিয়দের সম্মুখে শিবির স্থাপন করিল; তাহাতে যাবেশের লোকেরা নাহশ্কে কহিল, তুমি আমাদের সহিত নিয়ম
২ স্থির কর; আমরা তোমার সেবা করিব। অম্মোনীয় নাহশ্ উত্তর করিল, আমি তোমাদের সকলের দক্ষিণ চক্ষু উৎপাটন করিয়া ইস্রায়েলের তাবৎ বংশে কলঙ্ক
৩ রাখিব; পরে তোমাদের সহিত নিয়ম করিব। যাবেশের প্রাচীনেরা কহিল, তুমি সাত দিবস আমাদের প্রতি ক্ষান্ত থাক; আমরা ইস্রায়েল্ বংশের তাবৎ অঞ্চলে দূত প্রেরণ করি; তাহাতে কোন মনুষ্য যদি আমাদিগকে রক্ষা করিতে না পারে, তবে আমরা বাহির হইয়া তোমার নিকটে আসিব।
৪ অপর দূতগণ শৌলের বাসস্থান গিবিয়া নগরে উপস্থিত হইয়া লোকদের কর্ণগোচরে ঐ সম্বাদ কহিল, তাহাতে তাবৎ লোক উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল।
৫ অপর শৌল ক্ষেত্রহইতে বলদের পশ্চাৎ ২ আগমন করিয়া জিজ্ঞাসা করিল, লোকদের কি হইল? তাহারা কেন রোদন করিতেছে? তাহাতে লোকেরা যাবেশের
৬ লোকদের ঐ সম্বাদ তাহাকে কহিল। তখন ঐ সম্বাদ শুনিবামাত্র ঈশ্বরের আত্মা শৌলেতে আবির্ভূত হইলে
৭ তাহার ক্রোধ অতিশয় প্রজ্বলিত হইল। এবং দুই বলদ লইয়া খণ্ড ২ করিয়া ইস্রায়েল্ দেশের সর্ব্বত্র লোক পাঠাইয়া কহিল, যে কেহ শৌলের ও শিমূয়েলের পশ্চাৎ না আসিবে, এই বলদের ন্যায় তাহার বলদের প্রতি করা যাইবে; তাহাতে পরমেশ্বরহইতে লোকদের ভয় উপস্থিত হইলে তাহারা সকলেই সম্মত † হইয়া বাহির
৮ হইল। পরে বেষকেতে তাহাদিগকে গণনা করিলে ইস্রায়েল্ বংশের তিন লক্ষ ও যিহূদা বংশের ত্রিশ সহস্র
৯ লোক গণিত হইল। পরে তাহারা আগত দূতগণকে কহিল, তোমরা কল্য প্রখর রৌদ্র হওন সময়ে উপকার ‡ পাইবা, এই কথা তোমরা যাইয়া যাবেশ্-গিলিয়দের লোকদিগকে কহ; তাহাতে দূতগণ আসিয়া যাবেশের লোকদিগকে ঐ সমাচার কহিলে তাহারা আনন্দিত
১০ হইল। পরে যাবেশের লোকেরা কহিল, কল্য আমরা তোমাদের নিকটে বাহির হইয়া আসিব; তাহাতে তোমাদের দৃষ্টিতে যাহা ভাল হয়, তাহা আমাদের
১১ প্রতি করিবা। পরদিবসে শৌল আপন লোকদিগকে তিন দল করিয়া বেলা এক প্রহরের মধ্যে শত্রুসৈন্য মধ্যে প্রবিষ্ট হইয়া প্রচণ্ড রৌদ্র হওন পর্য্যন্ত অম্মোনীয়দিগকে সংহার করিল; তাহাতে তাহাদের অবশিষ্ট লোকেরা এমত ছিন্ন ভিন্ন হইল, যে দুই জন এক স্থানে থাকিল না।
১২ পরে লোকেরা শিমূয়েল্কে কহিল, শৌল কি আমাদের উপরে রাজা হইবে? এই কথা কে কহিল? সেই মনুষ্যদিগকে আন, আমরা তাহাদিগকে বধ করিব।
১৩ তাহাতে শৌল কহিল, অদ্য কাহাকেও বধ করা যাইবে না, কেননা অদ্য পরমেশ্বর ইস্রায়েল্ বংশকে রক্ষা
১৪ করিলেন। পরে শিমূয়েল্ লোকদিগকে কহিল, আইস, আমরা গিল্গলে যাইয়া সেখানে রাজ্য পুনর্ব্বার স্থির
১৫ করি। পরে তাবৎ লোক গিল্গলে গিয়া সেই স্থানে পরমেশ্বরের সাক্ষাতে শৌলকে রাজ্যে অভিষেক করিল, এবং সে স্থানে পরমেশ্বরের উদ্দেশে মঙ্গলার্থক বলি উৎসর্গ করিল, এবং শৌল ও ইস্রায়েলের তাবৎ মনুষ্য সেখানে মহা আনন্দ করিল।

১২ অধ্যায়।

১ শিমূয়েলের নির্দ্দোষ হওন ৬ ও লোকদের অকৃতজ্ঞতা প্রকাশ ১৬ ও শস্যচ্ছেদনের সময়ে মেঘগর্জ্জনদ্বারা তাহাদের ভীত হওন ২০ ও শিমূয়েলের তাহাদিগকে সান্ত্বনা ও উপদেশ দেওন।

১ পরে শিমূয়েল্ ইস্রায়েলের তাবৎ বংশকে কহিল, দেখ, তোমরা আমাকে যাহা ২ কহিলা, তোমাদের সেই সমস্ত কথাতে আমি মনোযোগ করিয়া তোমাদের উপরে
২ এক জনকে রাজা করিলাম। এই দেখ রাজা তোমাদের অগ্রসর হইতেছে; আমি বৃদ্ধ ও পক্ককেশ হইলাম; দেখ, আমার পুত্রগণ তোমাদের সহিত আছে, এবং আমি বালককালাবধি অদ্য পর্য্যন্ত তোমাদের অগ্রসর
৩ হইলাম। আমি যদি কাহারো গোরু কিম্বা গর্দ্দভ লইয়া

[২৫] দ্বি ১৭; ১৮-২০। ১ শি ৮; ১১-১৮॥
[১১ অধ্য; ১] বি ২১; ৮॥—[৪] বি ২১; ১৪॥—[৬] বি ৬; ১০। ৬; ৩৪॥—[৭] বি ১৯; ২৯। ২১; ৫॥—[৮] বি ১; ২,৪॥—[১০] প ৩॥—[১১] ১ শি ৩১; ১১-১৩॥—[১২] ১০; ২৭॥—[১৩] ১৪; ৪৫। ২ শি ১৯; ২২॥—[১৪,১৫] ১ শি ১০; ৮,২৪॥
[১২ অধ্য; ১] ১ শি ৮; ১৯-২২। ১০; ২৪। ১১; ১৪,১৫॥—[২] ৮; ১,৫। ৩; ১৯-২১॥—[৩] ১০; ১। গ ১৬; ১৫। যা ২৩; ৪॥

* বিলিয়ালের সন্তানেরা। † (ইব্রী) এক মনুষ্যের ন্যায়। ‡ (ইব্রী) উদ্ধার।

থাকি, কিম্বা কাহারো প্রতি অন্যায় করিয়া থাকি, বা কাহাকে ক্লেশ দিয়া থাকি, কিম্বা আপন চক্ষু অন্ধ করিতে কাহারো হস্তহইতে উৎকোচ লইয়া থাকি, তবে দেখ, আমি এই স্থানে আছি; তোমরা পরমেশ্বরের ও তাঁহার অভিষিক্তের সাক্ষাতে ইহার সাক্ষ্য দেও, আমি ৪ তাহা ফিরিয়া দিব। তাহারা কহিল, আপনি আমাদের প্রতি অন্যায় করেন নাই, ও আমাদিগকে ক্লেশ দেন নাই, ও কাহারো হস্তহইতে কিছু গ্রহণ করেন নাই। ৫ পরে সে তাহাদিগকে কহিল, তোমাদের কোন দ্রব্য আমার হস্তে পাইলা না, পরমেশ্বর ও তাঁহার অভিষিক্ত অদ্য সাক্ষী আছেন; তাহারা উত্তর করিল, সাক্ষী আছেন।

৬ পরে শিমূয়েল্ লোকদিগকে কহিল, পরমেশ্বর মূসাকে ও হারোণ্কে নিযুক্ত করিলেন, এবং তোমাদের পূর্ব্বপুরুষদিগকে মিসর্দেশহইতে বাহির করিয়া আ- ৭ নিলেন। অতএব তোমরা এখন দাঁড়াও; আমি তোমাদের ও তোমাদের পূর্ব্বপুরুষদের প্রতি * পরমেশ্বরের সমস্ত ধর্ম্মকর্ম্ম † বিষয়ে পরমেশ্বরের সাক্ষাতে তোমা- ৮ দের সহিত বিবেচনা করিব। যাকুব্ মিসর্দেশে আইলে তোমাদের পূর্ব্বপুরুষেরা পরমেশ্বরের কাছে প্রার্থনা করিল; তাহাতে যে মূসা ও হারোণ্ মিসর্হইতে তোমাদের পূর্ব্বপুরুষদিগকে বাহির করিয়া আনিল, ও এই স্থানে তাহাদিগকে বাস করাইল, পরমেশ্বর তাহাদিগকে ৯ প্রেরণ করিলেন। পরে লোকেরা আপনাদের প্রভু পরমেশ্বরকে বিস্মৃত হইলে তিনি হাৎসোরের সেনাপতি সীষিরার ও পিলেষ্টীয়দের ও মোয়াবীয় রাজার হস্তে তাহাদিগকে বিক্রয় করিলেন; তাহাতে তাহারা তাহা- ১০ দের সহিত যুদ্ধ করিল। পরে তাহারা পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিয়া কহিল, আমরা পাপ করিলাম, আমরা পরমেশ্বরকে ত্যাগ করিয়া বাল্ দেবগণের ও অস্তারোৎ দেবীগণের সেবা করিলাম; কিন্তু এখন তুমি শত্রুহস্তহইতে আমাদিগকে উদ্ধার কর, তাহাতে আমরা ১১ তোমার সেবা করিব। পরে পরমেশ্বর যিরুব্বাল্কে ও বারক্কে ‡ ও যিপ্তহকে ও শিম্শোন্কে ‖ প্রেরণ করিয়া তোমাদের চতুর্দ্দিকস্থ শত্রুহস্তহইতে তোমাদিগকে উদ্ধার করিলেন; তাহাতে তোমরা নিরাপদে বাস করিলা। ১২ পরে অম্মোন্ বংশীয় রাজা নাহশ্ তোমাদের প্রতিকূলে বাহির হইয়া আসিতেছে, তাহা দেখিয়া তোমাদের প্রভু পরমেশ্বর রাজা হইলেও, আমাদের উপরে কর্তৃত্ব করিতে এক রাজা দেও, এই কথা তোমরা আমাকে কহিলা। ১৩ অতএব তোমরা বাঞ্ছা করিয়া যে রাজাকে মনোনীত করিলা, তাহাকে দেখ; দেখ, পরমেশ্বর তোমাদের উপরে রাজা নিযুক্ত করিলেন। ১৪ আর তোমরা যদি পরমেশ্বরকে ভয় করিয়া তাঁহার সেবা কর, ও তাঁহার কথা মান, ও পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন না কর, তবে তোমরা আপনাদের উপরে কর্তৃত্বকারি রাজা প্রভু পরমেশ্বরের অনুবর্ত্তী হও। ১৫ কিন্তু যদি পরমেশ্বরের কথা না মান, ও পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন কর, তবে পরমেশ্বর § যেমন তোমাদের পূর্ব্বপুরুষদের প্রতিকূল ছিলেন, তদ্রূপ তোমাদেরও প্রতিকূল হইবেন।

১৬ এখনই তোমরা দাঁড়াও; পরমেশ্বর তোমাদের সাক্ষাতে যে মহা কর্ম্ম করিবেন, তাহা দেখ। ১৭ অদ্য কি গোম শস্যচ্ছেদনের সময় নয়? আমি পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিব; তাহাতে তিনি মেঘগর্জ্জন ও বৃষ্টি প্রেরণ করিলে তোমরা রাজপ্রার্থনা করিয়া পরমেশ্বরের সাক্ষাতে কেমন দুষ্টতা করিয়াছ, তাহা দেখিয়া বুঝিবা। ১৮ পরে শিমূয়েল্ পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিলে পরমেশ্বর ঐ দিবসে মেঘগর্জ্জন ও বৃষ্টি প্রেরণ করিলেন; তাহাতে সমস্ত লোক পরমেশ্বরকে ও শিমূয়েল্কে অতিশয় ভয় করিল। ১৯ এবং সমস্ত লোক শিমূয়েল্কে কহিল, আমরা যেন না মরি, এই জন্যে তুমি আপন দাসদের নিমিত্তে আপন প্রভু পরমেশ্বরের কাছে প্রার্থনা কর, কেননা আমরা রাজপ্রার্থনা করাতে পাপের উপরে পাপ বৃদ্ধি করিলাম।

২০ পরে শিমূয়েল্ লোকদিগকে কহিল, তোমরা ভয় করিও না; যদ্যপি তোমরা এই সমস্ত দুষ্টতা করিয়াছ, তথাপি পরমেশ্বরের পশ্চাদ্গমনে নিবৃত্ত না হইয়া আপনাদের সমস্ত অন্তঃকরণের সহিত পরমেশ্বরের সেবা কর। ২১ কিন্তু বিপথগামী হইও না, আর অসার এবং উপকারে ও পরিত্রাণে অক্ষম দেবগণের পশ্চাদ্গমন করিও না, কেননা তাহারা অসার। ২২ পরমেশ্বর আপন মহানামের গুণে আপন লোকদিগকে ত্যাগ করিবেন না; পরমেশ্বর তোমাদিগকে আপন লোক করিতে সন্তুষ্ট আছেন। ২৩ আমি তোমাদের জন্যে প্রার্থনা করণহইতে নিবৃত্ত হইয়া পরমেশ্বরের বিরুদ্ধে পাপ করি, এমত না হউক; আমি তোমাদিগকে উত্তম ও সরল পথ শিক্ষা করাইব। ২৪ তোমরা কেবল পরমেশ্বরকে ভয় কর, ও আপনাদের সমস্ত অন্তঃকরণের সহিত সত্যরূপে তাঁহার সেবা কর, এবং তিনি তোমাদের জন্যে যে ২

[৬] যা ৬; ২৬। গী ৭৮; ২০॥—[৭] যী ৬; ২-৫॥—[৮] যা ১; ১-৬, ১১, ১৪, ২২। ২; ২৩-২৫। ৩; ৭-১০। যি ২৪; ৫-১৩॥—[৯] বি ৪; ২। ১০; ৭। ১৩; ১। ৩; ১২॥—[১০] বি ১০; ১০-১৬॥—[১১] বি ৪; ৬। ৬; ১১-১৬, ৩২। ১১; ১-১১। ১৩; ২৫। ১ শি ৩; ১১-২১॥—[১২] ১১; ১। ৮; ৬-৮। ১০; ১৯॥—[১৩] ১০; ২৪॥—[১৪] দ্বি ১৭; ১৮-২০। গী ২০; ৭, ৮॥—[১৫] বি ২; ১১-১৫॥—[১৭] হি ২৬; ১। ১ শি ১০; ১৯॥—[১৮] যাক ৫; ১৫॥—[২০-২২] লে ২৬; ৪০-৪৫। দ্বি ৩০; ১-১০। গী ১০৬; ৪৩-৪৫। দা ৯; ১৫-১৯॥—[২১] দ্বি ১১; ১৬॥—[২৩] গী ৯৯; ৬॥ [২৪, ২৫] দ্বি ৪; ৭-১০, ১৫। যি ২৪; ৩-২১॥

* (ইব্রু) সহিত। † (বা) ধার্ম্মিকত্ব। ‡ (ইব্রু) বিদান্। ‖ (ইব্রু) শিমূয়েল্। § (ইব্রু) পরমেশ্বরের হস্ত।

২৫ মহৎকর্ম্ম করিয়াছেন, তাহা বিবেচনা কর। নতুবা যদি তোমরা এখনো পাপ কর, তবে তোমরা ও তোমাদের রাজা উভয়ে বিনষ্ট হইবা।

১৩ অধ্যায়।

১ তিন সহস্র লোককে শৌলের মনোনীত করণ ৫ ও যুদ্ধ করিতে পিলেষ্টীয়দের একত্র হওন ৮ ও শিমূয়েল্ উপস্থিত না হইলে শৌলের হোম করণ ১১ ও শৌলের প্রতি শিমূয়েলের অনুযোগ ১৭ ও পিলেষ্টীয়দের তিন দলের কথা ১৯ ও ইস্রায়েলের মধ্যে কর্ম্মকারের অভাব।

১ শৌল এক বৎসর রাজ্য করিয়াছিল, পরে আর দুই বৎসর ইস্রায়েল্ বংশের উপরে রাজত্ব করিয়া শৌল ২ ইস্রায়েল্ বংশের তিন সহস্র সৈন্য মনোনীত করিল; তাহার দুই সহস্র মিক্‌মসে ও বৈথেল্ পর্ব্বতে শৌলের সহিত থাকিল; এবং এক সহস্র বিন্‌য়ামীন্ প্রদেশস্থ গিবিয়ার মধ্যে যোনাথনের সহিত থাকিল; এবং অন্য ২ প্রত্যেক লোককে আপন ২ বাসস্থানে * বিদায় করিল। ৩ পরে যোনাথন্ গেবা † স্থিত পিলেষ্টীয়দের দুর্গ জয় করিলে পিলেষ্টীয়েরা তাহা শুনিল; তাহাতে শৌল দেশের সর্ব্বত্র তূরী ঘোষণা করিয়া কহিল,ইব্রীয় লোকেরা ৪ শুনুক। তাহাতে পিলেষ্টীয়দের দুর্গ শৌলের জয় করণ প্রযুক্ত ইস্রায়েল্ বংশ পিলেষ্টীয়দের নিকটে ঘৃণাস্পদ ‡ হইল, এই কথা তাবৎ ইস্রায়েল্ লোক শুনিল; পরে লোকেরা শৌলের পশ্চাৎ গিল্‌গলে একত্র ‖ হইল।

৫ অপর পিলেষ্টীয়েরা ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করিতে ত্রিশ সহস্র § রথকে ও ছয় সহস্র অশ্বারূঢ়কে ও সমুদ্রতীরস্থ বালুকার ন্যায় লোকদিগকে একত্র করিল; তাহারা আসিয়া বৈথাবনের পূর্ব্বদিকস্থ ৬ মিক্‌মসে শিবির স্থাপন করিল। তাহাতে ক্লেশ প্রযুক্ত ইস্রায়েল্ বংশ আপনাদিগকে বিপদগ্রস্ত দেখিয়া গুহাতে ও ঝোপে ও পর্ব্বতে ও উচ্চস্থানে ও গর্ত্তে ৭ লুক্কায়িত হইল। ইব্রীয়দের কেহ ২ যর্দ্দন্ পার হইয়া গাদ্ ও গিলিয়দ্ দেশে গেল, এবং শৌল সেই পর্য্যন্ত গিল্‌গলে থাকিল; কিন্তু তাহার পশ্চাদ্‌গামি লোক সকল কম্পান্বিত হইল।

৮ পরে শৌল শিমূয়েলের নিরূপিত কালানুসারে সাত দিবস গৌণ করিল; কিন্তু শিমূয়েল্ গিল্‌গলে আগমন না করাতে লোকেরা তাহার নিকটহইতে ৯ ছিন্ন ভিন্ন হইলে শৌল কহিল, আমার নিকটে এই স্থানে হোমবলি ও মঙ্গলার্থক বলি আন; পরে ১০ সে হোমবলি উৎসর্গ করিল। হোমবলি উৎসর্গ সমাপ্ত করিবামাত্র শিমূয়েল্ উপস্থিত হইল; তাহাতে শৌল তাহাকে নমস্কার ¶ করিতে ও তাহার সহিত সাক্ষাৎ করিতে বাহিরে গেল।

১১ পরে শিমূয়েল্ কহিল, তুমি কি করিলা? শৌল কহিল, লোকেরা আমার নিকটহইতে ছিন্নভিন্ন হইল, ও নিরূপিত দিবসের মধ্যে তুমিও আইলা না, এবং ১২ পিলেষ্টীয়েরা মিক্‌মসে একত্র হইল,ইহা দেখিয়া আমি কহিলাম, পরমেশ্বরের উদ্দেশে ** আমার প্রার্থনা করণের পূর্ব্বে পিলেষ্টীয়েরা গিল্‌গলে আমার নিকটে আসিবে; অতএব আমি সাহস করিয়া হোমবলি উৎসর্গ ১৩ করিলাম। তাহাতে শিমূয়েল্ শৌলকে কহিল,তুমি অজ্ঞানের ন্যায় কর্ম্ম করিলা; তোমার প্রভু পরমেশ্বর তোমাকে যে আজ্ঞা দিয়াছেন, তাহা পালন করিলা না; যদি পালন করিতা,তবে পরমেশ্বর ইস্রায়েল্ বংশের উপরে ১৪ তোমার রাজত্ব সর্ব্বদা স্থির রাখিতেন। এখন তোমার রাজ্য স্থির থাকিবে না; পরমেশ্বর আপন ইচ্ছানুসারে এক জনকে মনোনীত করিয়া আপন লোকদের উপরে তাহাকে রাজা করিবেন, কেননা পরমেশ্বর তোমাকে যাহা আজ্ঞা করিলেন, তুমি তাহা পালন করিলা না।

১৫ পরে শিমূয়েল্ উঠিয়া গিল্‌গল্‌হইতে বিন্‌য়ামীনের গিবিয়াতে প্রস্থান করিল; তখন শৌল গণনা করিয়া ১৬ বর্ত্তমান ছয় শত লোক পাইল। শৌল ও তাহার পুত্র যোনাথন্ ও উপস্থিত লোকেরা বিন্‌য়ামীনের গিবিয়াতে থাকিল, এবং পিলেষ্টীয়েরা মিক্‌মসে শিবির স্থাপন করিয়া থাকিল।

১৭ পরে পিলেষ্টীয়দের শিবিরহইতে তিন দল বিনাশক সৈন্য নির্গত হইলে তাহার এক দল অফ্রার পথে ১৮ গমন করিয়া শিয়াল্ প্রদেশে গেল। এবং অন্য দল বৈথোরোণের পথের প্রতি ফিরিল; এবং আর এক দল সিবোয়িম্ প্রান্তরাভিমুখ সীমার পথ দিয়া অরণ্যে গেল।

১৯ ঐ সময়ে ইস্রায়েলের তাবদ্দেশে কর্ম্মকার ছিল না; কারণ পিলেষ্টীয়েরা কহিল, তাহা হইলে ইব্রীয় লোকেরা আপনাদের জন্যে খড়্গ ও শল্য নির্ম্মাণ করি- ২০ বে। অতএব ইস্রায়েলের সমস্ত বংশ আপন ২ ফাল বা ছুরিকা বা কুড়ালি বা কোদালি শাণ দিতে পিলে- ২১ ষ্টীয়দের নিকটে যাইত। এই সময়ে তাহাদের ফাল বা ছুরিকা বা বিদা বা কুড়ালির ধার ছিল না, এবং ২২ অঙ্কুশেরও ধার করিতে হইল। এই জন্যে যুদ্ধ সময়ে শৌলের ও যোনাথনের সঙ্গি লোকদের হস্তে খড়্গ বা শল্য ছিল না, কেবল শৌলের ও তাহার পুত্র যোনা- ২৩ থনের হস্তে ছিল। পরে পিলেষ্টীয়দের দুর্গের লোকেরা মিক্‌মসের ঘাটে বাহির হইয়া আইল।

১৪ অধ্যায়।

১ পিলেষ্টীয়দের দুর্গের প্রতি যোনাথনের আক্রমণ ৪ ও দুর্গ জয়ের কথা ১৯ ও পরাস্ত লোকদের পশ্চাৎ যাইতে

[১৩ অধ্যা; ২] ১ শি ১০; ২৬॥—[৬] বি ৬; ২॥—[৭] ১ শি ১১; ১৫॥—[৮] ১০; ৮॥—[১০] ১৫; ১৩॥
[১৩] ১৫; ১১,২২,২৩॥—[১৪] ১৫; ২৮। প্রে ১৩; ২২॥—[১৭] যি ১৮; ২৩॥—[১৮] যি ১৮; ১৩। নি ১১; ৩৪॥
[১৯] ২ রা ২৪; ১৪॥—[২২] বি ৫; ৮॥

* (বা) তাম্বুতে। † (বা) পর্ব্বত। ‡ (ইব্রু) দুর্গন্ধ। ‖ (বা) আহূত। § (বা) এক সহস্র ত্রিশ। ¶ (ইব্রু) আশীর্ব্বাদ। ** (ইব্রু) মুখ।

লোকদের একত্র হওন ২৪ ও শৌলের শপথ ও যোনাথন্‌দ্বারা তাহার লঙ্ঘন ৩১ ও রক্তের সহিত মাংস ভোজনে লোকদের দোষের কথা ৩৬ ও লোকদের দ্বারা যোনাথনের রক্ষা ৪৬ ও শৌলের নানা কর্ম্ম ৪৯ ও শৌলের বংশাবলি।

১ এক দিবস শৌলের পুত্ত্র যোনাথন্‌ আপন অস্ত্রবাহক যুবকে কহিল, আইস, আমরা পার হইয়া ওপারস্থিত পিলেষ্টীয়দের দুর্গে যাই; কিন্তু সে এই কথা ২ আপন পিতাকে জ্ঞাত করিল না। শৌল গিবিয়ার প্রান্তভাগে মিগ্রোণ্‌স্থ এক দাড়িম্ব বৃক্ষের তলে ছিল, ৩ এবং তাহার সঙ্গে ছয় শত লোক ছিল। সেই সময়ে যে এলি শীলোতে পরমেশ্বরের যাজক হইয়াছিল, তাহার পৌত্ত্র পীনিহসের পুত্ত্র ও ঈখাবোদের ভ্রাতা অহীটূবের পুত্ত্র অহিয় * এফোদ্‌ বস্ত্রধারী ছিল; এবং যোনাথন্‌ যে বাহির হইয়া গিয়াছে, এ কথা লোকেরা অবগত ছিল না।

৪ অপর যোনাথন্‌ যে ঘাট দিয়া পিলেষ্টীয়দের দুর্গে যাইতে চেষ্টা করিল, সে ঘাটের মধ্যস্থলে এক পার্শ্বে ধারযুক্ত এক পর্ব্বত, এবং অন্য পার্শ্বে ধারযুক্ত অন্য পর্ব্বত ছিল; তাহার একের নাম বোৎসেস্‌ ও ৫ অন্যের নাম সেনি ছিল; ও তাহার একের শৃঙ্গ † মিক্‌মসভিমুখ উত্তর দিগে, এবং অন্য গিবিয়াভিমুখ ৬ দক্ষিণ দিগে ছিল। পরে যোনাথন্‌ আপন অস্ত্রবাহক যুবকে কহিল, আইস, আমরা পার হইয়া অচ্ছিন্নত্বকদের দুর্গে যাই; তাহাতে হইতে পারে পরমেশ্বর আমাদের উপকার করিবেন; কেননা অনেকের দ্বারা কিম্বা অল্পদ্বারা উদ্ধার করিতে পরমেশ্বরের কোন ৭ বাধা নাই। তাহাতে তাহার অস্ত্রবাহক কহিল, তোমার মনে যাহা লয়, সে সকল কর; অগ্রসর হও, আমি তোমার মনের বাঞ্ছানুসারে তোমার সহিত ৮ আছি। তাহাতে যোনাথন্‌ কহিল, দেখ, আমরা পার হইয়া এই লোকদের নিকটে যাইয়া আপনাদিগকে ৯ প্রকাশ করি। তাহাতে তাহারা যদি আমাদিগকে এই কথা কহে, যাবৎ আমরা তোমাদের নিকটে না আইসি, তাবৎ বিলম্ব কর ‡; তবে আমরা আপনাদের স্থানে ১০ থাকিব, তাহাদের কাছে উঠিয়া যাইব না। কিন্তু আমাদের নিকটে উঠিয়া আইস, এমত কথা যদি কহে, তবে আমরা উঠিয়া যাইব, কেননা পরমেশ্বর আমাদের হস্তে তাহাদিগকে সমর্পণ করিবেন; ইহা আমাদের এক ১১ চিহ্ন হইবে। পরে তাহারা দুই জন পিলেষ্টীয়দের দুর্গ নিকটে আপনাদিগকে প্রকাশ করিল; তাহাতে পিলেষ্টীয়েরা কহিল, দেখ, ইব্রীয় লোকেরা যে ২ গর্ত্তে লুক্কায়িত ছিল, তাহাহইতে এখন বাহির হইতেছে। ১২ অপর প্রহরি লোকেরা যোনাথন্‌কে ও তাহার অস্ত্রবাহককে কহিল, আমাদের নিকটে উঠিয়া আইস, আমরা তোমাদিগকে কিছু জানাইব; তাহাতে যোনাথন্‌ আপন অস্ত্রবাহককে কহিল, তুমি আমার পশ্চাৎ আইস, পরমেশ্বর ইহাদিগকে ইস্রায়েলের হস্তগত ১৩ করিবেন। পরে যোনাথন্‌ হস্তপাদদ্বারা উপরে উঠিয়া গেল, এবং তাহার অস্ত্রবাহক তাহার পশ্চাৎ চড়িল; তাহাতে লোকেরা যোনাথনের অগ্রে ২ পতিত হইতে লাগিল, এবং তাহার অস্ত্রবাহক তাহার পশ্চাৎ বধ ১৪ করিতে লাগিল। যোনাথনের ও তাহার অস্ত্রবাহকের যুদ্ধে প্রথমে এক যোড়া বলদের চাস যোগ্য এক বিঘা ১৫ ভূমিতে প্রায় বিংশতি জন হত হইল। তাহাতে শিবির মধ্যে ও ক্ষেত্রে ও তাবৎ লোকের মধ্যে কম্প হইল, ও প্রহরিগণ ও লুটকারিরা কম্পান্বিত হইল, ও ভূমিকম্প ১৬ হইল, এই রূপে ঈশ্বরকৃত মহাকম্প হইল। এবং শত্রুগণ ভীত হইয়া ছিন্ন ভিন্ন হইয়া গেল, ইহা বিন্‌য়ামীনের গিবিয়াস্থিত শৌলের প্রহরিগণ দেখিল। ১৭ তখন শৌল আপন সঙ্গি লোকদিগকে কহিল, আমাদের মধ্যহইতে কে গিয়াছে? তাহা গণনা করিয়া দেখ; পরে তাহারা গণনা করিলে যোনাথন্‌ ও তাহার অস্ত্র- ১৮ বাহক নাই, ইহা দেখিল। পরে ঈশ্বরের সিন্দুক ইস্রায়েল্‌ বংশের মধ্যে থাকাতে শৌল অহিয়কে কহিল, ঈশ্বরের সিন্দুক এই স্থানে আন।

১৯ অপর শৌল যাজকের সহিত কথা কহিতেছিল, ইতিমধ্যে পিলেষ্টীয়দের সৈন্যমধ্যে উত্তরোত্তর কোলাহল বৃদ্ধি পাইতে লাগিল; তাহাতে শৌল যাজ- ২০ ককে কহিল, কর্ম্মহইতে নিবৃত্ত হও। পরে শৌল ও তাহার সঙ্গি লোকেরা একত্র হইয়া যুদ্ধ করিতে গমন করিল; কিন্তু পিলেষ্টীয়দের প্রত্যেক জন পরস্পর খড়্গাঘাত করাতে মহা কোলাহল হইতেছে, ইহা ২১ দেখিল। এবং যে সকল ইব্রীয় লোক পূর্ব্বে চতুর্দ্দিকস্থ দেশহইতে পিলেষ্টীয়দের শিবিরে আসিয়াছিল, তাহারাও শৌলের ও যোনাথনের সঙ্গে ইস্রায়েলের ২২ পক্ষ হইয়া ফিরিল। এবং যে ২ ইস্রায়েল্‌ লোকেরা ইফ্রয়িম্‌ পর্ব্বতে লুক্কায়িত ছিল, তাহারা পিলেষ্টীয়দের পলায়ন সম্বাদ শুনিয়া যুদ্ধ করিতে তাহাদের ২৩ পশ্চাৎ ধাবমান হইল। তাহাতে বৈথাবন্‌ পর্য্যন্ত যুদ্ধ উপস্থিত হইল; এই প্রকারে পরমেশ্বর ঐ দিবসে ইস্রায়েল্‌ বংশকে উদ্ধার করিলেন।

২৪ ঐ দিবসে ইস্রায়েল্‌ লোকেরা অতিশয় ক্লিষ্ট হইল, কারণ শৌল লোকদিগকে এই দিব্য করাইয়াছিল, আমি যাবৎ আপন শত্রুগণের প্রতিকার না করি, তাবৎ সায়ংকালের পূর্ব্বে যে কেহ অন্ন ভোজন ‖

[১৪ অধ্য; ২] ১ শি ১৩; ১৫ ॥—[৩] ৪; ১৭, ২১ ॥—[৪] ১৩; ২৩ ॥—[৬] বি ৭; ৪, ৭। ২ বং ১৪; ১১ ॥—[১০] বি ৭; ১৫ ॥—[১১] ১ শি ১৩; ৬ ॥—[১২] প ১০ ॥—[১৫] বি ৪; ১৫। ২ রা ৭; ৬ ॥—[২০] বি ৭; ২২ ॥—[২২] ১ শি ১৩; ৬, ৭ ।—[২৩] বি ৪; ১৫ ॥

* (বা) অহীমেলক্‌। † (ইব্রু) দন্ত। ‡ (ইব্রু) তুষ্ণী হও। ‖ (ইব্রু) আস্বাদন।

করিবে, সে শাপগ্রস্ত হইবে; এই জন্যে তাবৎ লোক
২৫ খাদ্য ভোজন করিল না। পরে সকলে অরণ্য ভূমিতে
২৬ উপস্থিত হইলে মৃত্তিকার উপরে মধু পাইল। এবং
লোকেরা অরণ্যে উপস্থিত হইয়া সে স্থানে মধু প্রবাহ
থাকিলেও ঐ শপথকে ভয় করিয়া কেহ তাহা মুখে
২৭ দিল না। কিন্তু তাহার পিতা শপথদ্বারা লোকদিগকে
যে আজ্ঞা দিয়াছিল, তাহা শ্রবণ না করাতে যোনাথন্
আপন হস্তস্থিত দণ্ডাগ্র এক মধুর চাকে ডুবাইয়া
তাহা * মুখে দিল; তাহাতে তাহার চক্ষুঃ প্রসন্ন হইল।
২৮ তখন লোকদের মধ্যে এক জন কহিল, তোমার পিতা
শপথদ্বারা লোকদিগকে এই আজ্ঞা দিয়াছে, যে জন
অদ্য ভোজন পান করিবে, সে শাপগ্রস্ত হইবে; কিন্তু
২৯ লোক সকল ক্লান্ত হইল। যোনাথন্ কহিল, আমার
পিতা লোকদিগকে দুঃখ দিয়াছে, বিনয় করি, দেখ,
এই মধুর চাকের কিঞ্চিৎ ভোজন করাতে আমার চক্ষুঃ
৩০ কেমন প্রসন্ন হইল। লোকেরা যদি শত্রুদের স্থানে
প্রাপ্ত লুটদ্রব্য অদ্য যথেষ্ট ভোজন করিতে পাইত,
তবে তাহাদের কতোধিক হইত? এবং পিলেষ্টীয়দের
মধ্যে কি আরো অধিক সংহার হইত না?

৩১ ঐ দিবসে তাহারা মিক্‌মস্ অবধি অয়ালোন্ পর্য্যন্ত
পিলেষ্টীয়দিগকে বধ করিল; তাহাতে লোকেরা
৩২ অতিশয় ক্লান্ত হইল। এবং লোকেরা লুটদ্রব্যের প্রতি
দৌড়িয়া মেষ গোরু বাছুর ধরিয়া মৃত্তিকার উপরে
বধ করিয়া রক্তশুদ্ধ মাংস ভোজন করিতে লাগিল।
৩৩ তাহাতে তাহারা শৌলকে কহিল, দেখ, লোকেরা
রক্ত শুদ্ধ মাংস ভোজন করিবা পরমেশ্বরের বিরুদ্ধে
পাপ করিতেছে; তাহাতে সে কহিল, তোমরা আজ্ঞা
লঙ্ঘন † করিলা; এখন আমার নিকটে এক খান বৃহৎ
৩৪ প্রস্তর গড়াইয়া আন। শৌল আরো কহিল, তোমরা
লোকদের মধ্যে ২ যাইয়া তাহাদিগকে কহ; তোমরা
প্রত্যেক জন আপন ২ গোরু ও আপন ২ মেষ আ-
মার নিকটে আনিয়া এই স্থানে মারিয়া ভোজন কর;
কিন্তু রক্তের সহিত মাংস ভোজন করিয়া পরমেশ্বরের
বিরুদ্ধে পাপ করিও না; তাহাতে প্রত্যেক জন আপন ২
গোরু সঙ্গে ‡ লইয়া সেই রাত্রিতে আনিয়া সেই স্থানে
৩৫ বধ করিল। এবং শৌল পরমেশ্বরের উদ্দেশে এক
যজ্ঞবেদি প্রস্তুত করিল; পরমেশ্বরের উদ্দেশে ঐ বেদি
তাহার প্রথম কৃত হইল।

৩৬ পরে শৌল কহিল, আইস, আমরা এই রাত্রিতে
পিলেষ্টীয়দের পশ্চাৎ যাইয়া অরুণোদয় পর্য্যন্ত তা-
হাদের দ্রব্য লুট করি, ও তাহাদের এক জনকেও অব-
শিষ্ট না রাখি; তাহাতে তাহারা কহিল, তোমার যাহা
ভাল বোধ হয়, তাহাই কর; পরে যাজক কহিল, আইস,
আমরা এই স্থানে ঈশ্বরের নিকটে যাই। পরে শৌল ৩৭
ঈশ্বরের নিকটে জিজ্ঞাসিল, আমি কি পিলেষ্টীয়-
দের পশ্চাদ্গমন করিব? এবং তুমি কি তাহাদিগকে
ইস্রায়েল্ বংশের হস্তে সমর্পণ করিবা? কিন্তু সে
দিবসে তিনি তাহাকে উত্তর দিলেন না। তখন শৌল ৩৮
কহিল, হে লোকদের অধ্যক্ষ ‖ সকল, তোমরা নিকটে
আইস, এবং অদ্যকার এই পাপ কিসে হইল, তাহা
বিবেচনা করিয়া দেখ। ইস্রায়েলের উদ্ধারকারি পর- ৩৯
মেশ্বরের নামে কহিতেছি, এই পাপ যদ্যপি আমার
পুত্র যোনাথন্ করিয়া থাকে, তবে সেও অবশ্য মরিবে;
কিন্তু লোকদের মধ্যে কেহ তাহাকে উত্তর দিল না।
পরে সে তাবৎ ইস্রায়েল্ বংশকে কহিল, তোমরা ৪০
এক দিগে থাক, এবং আমি ও আমার পুত্র যোনাথন
অন্য দিগে থাকি; তাহাতে লোকেরা শৌলকে কহিল,
যাহা তোমার ভাল বোধ হয়, তাহাই কর। পরে ৪১
শৌল ইস্রায়েলের প্রভু পরমেশ্বরকে কহিল, যথার্থ বাঁট
দিউন §, তাহাতে শৌল ও যোনাথন্ বাঁটে উঠিল, কিন্তু
লোকেরা রক্ষা পাইল। পরে শৌল কহিল, আমার ও ৪২
আমার পুত্র যোনাথনের বিষয়ে গুলিবাঁট কর; তা-
হাতে যোনাথন্ বাঁটে উঠিল। তখন শৌল যোনাথন্‌কে ৪৩
কহিল, তুমি কি করিলা? তাহা আমাকে কহ; যোনাথন্
কহিল, আমি হস্তের দণ্ডদ্বারা অল্প মধু লইয়া ভো-
জন করিলাম; দেখ, ইহাতে আমাকে মরিতে হইবে।
শৌল কহিল, ঈশ্বর তদনুসারে ও ততোধিক করুণ, হে ৪৪
যোনাথন্, তুমি অবশ্য মরিবা। কিন্তু লোকেরা শৌলকে ৪৫
কহিল, ইস্রায়েল্ বংশের এমত মহা উদ্ধারকারি
যোনাথন্ কি মরিবে? এমত না হউক, পরমেশ্বর যদি
অমর হন, তবে তাহার মস্তকের এক কেশও মৃত্তিকাতে
পড়িবে না, কেননা সে অদ্য ঈশ্বরের সহিত কৃতকার্য্য
হইল; এই রূপে লোকেরা যোনাথন্‌কে রক্ষা করিলে
সে মরিল না।

পরে শৌল পিলেষ্টীয়দের পশ্চাদ্গমনে নিবৃত্ত ৪৬
হইয়া চলিয়া গেল, এবং পিলেষ্টীয়েরা আপন স্থানে
গমন করিল। শৌল ইস্রায়েল্ বংশের রাজ্য গ্রহণ ৪৭
করিলে পর আপন চতুর্দ্দিকস্থিত সমস্ত শত্রুগণের অর্থাৎ
মোয়াবীয়দের ও অম্মোন্ বংশীয়দের ও ইদোমীয়-
দের ও সোবার রাজগণের ও পিলেষ্টীয়দের সহিত যুদ্ধ
করিল, এবং সে যে দিগে গেল, সেই দিগে তাহাদিগকে
ক্লেশ দিল। এই রূপে বীর্য্য প্রকাশ ¶ করিয়া অমা- ৪৮
লেকীয়দিগকে পরাস্ত করিয়া লুটকারিদের হস্তহইতে
ইস্রায়েল্ বংশকে উদ্ধার করিল।

যোনাথন্ ও যিশ্‌বি ও মল্‌কিশূয় নামে শৌলের ৪৯
তিন পুত্র ছিল; এবং তাহার দুই কন্যা, জ্যেষ্ঠার

---

[২৫] বি ১৪; ৮। য ৩; ৪॥—[৩২-৩৪] লে ১৭; ১০-১৪॥—[৩৫] ১ শি ৭; ১৭॥—[৩৭] ২৮; ৬॥—[৩৮,৩৯] যি ৭; ১৪,১৫॥—[৪১,৪২] যি ৭; ১৬-১৮। ১ শি ১০; ২০,২১॥—[৪৩] প ২৭॥—[৪৪] প ৩১॥—[৪৫] ১১; ১৩। ১ রা ১; ৫২॥—[৪৭] ১ শি ১১; ১১॥—[৪৮] ১৫; ৪-৮॥—[৪৯] ৩১; ২॥

* (ইব্রি) হস্ত। † (ইব্রি) প্রবঞ্চনা। ‡ (ইব্রি) হস্তে। ‖ (ইব্রি) কোণ। § (বা) নির্দ্দোষকে দেখাওন্। ¶ (বা) সৈন্য সংগ্রহ।

৫০ নাম মেরব্, ও কনিষ্ঠার নাম মীখল্ ছিল। এবং অহী-নোয়ম্ নামে অহীমাসের কন্যা তাহার ভার্য্যা ছিল; এবং তাহার পিতৃব্য নেরের পুত্র অব্নের্ নামে তা-৫১ হার সেনাপতি ছিল। এবং শৌলের পিতার নাম কীশ্, এবং অব্নেরের পিতার নাম নের্, ও তাহাদের ৫২ পিতার নাম অবীয়েল্ ছিল। শৌলের যাবজ্জীবনে পিলেষ্টীয়দের সহিত ঘোরতর যুদ্ধ হইলে, শৌল কোন বলবান ও যোদ্ধা বীরকে দেখিলে আপনার নিকটে গ্রহণ করিত।

১৫ অধ্যায়।

১ অমালেকীয়দের প্রতি শৌলকে প্রেরণ, ৬ ও কেনীয়দের প্রতি তাহার অনুগ্রহ ও অমালেকীয়দের প্রতি নিগ্রহ, ১০ ও শৌলের ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘন, ২৪ ও আজ্ঞা লঙ্ঘন প্রযুক্ত শিমূয়েলদ্বারা তাহার দণ্ড প্রকাশ, ৩২ ও অগা-গের বধ করণ, ৩৪ ও শিমূয়েলের গৃহে গমন।

১ অপর শিমূয়েল্ শৌলকে কহিল, পরমেশ্বর আপন লোকদের অর্থাৎ ইস্রায়েল্ বংশের উপরে তোমাকে রাজত্বপদে অভিষেক করিতে আমাকে প্রেরণ করি-য়াছিলেন; অতএব এখন তুমি পরমেশ্বরের কথাতে ২ মনোযোগ কর। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, মিসর্হইতে ইস্রায়েল্ বংশের বহিরাগমন কালে যে অমালেক্ তাহাদের জন্যে পথে লুক্কায়িত ছিল, সেই ৩ অমালেকীয়দের কার্য্য আমার স্মরণে হয়। তুমি যাইয়া অমালেকীয়দিগকে আঘাত কর ও তাহাদের সর্ব্বস্ব নিঃশেষে বিনষ্ট কর, তাহাদিগকে ক্ষমা করিও না; তাহাদের স্ত্রী ও পুরুষ ও বালক ও স্তনপায়ি শিশু এবং গোরু ও মেষ ও উষ্ট্র ও গর্দ্দভ সকলকে সংহার কর। ৪ পরে শৌল টিলায়ীমে লোকদিগকে ডাকাইয়া গণনা করিল; তাহাতে দুই লক্ষ পদাতিক ও যিহূদার দশ ৫ সহস্র লোক হইল। পরে শৌল অমালেকীয়দের নগরে আসিয়া তলভূমিতে লুক্কায়িত থাকিল।

৬ শৌল কেনীয়দিগকে কহিল, অমালেকীয়দের সহিত যেন তোমাদিগকে আমি বিনাশ না করি, এই জন্যে যাও, তোমরা প্রস্থান করিয়া তাহাদের মধ্য-হইতে পলায়ন কর, কেননা ইস্রায়েল্ বংশের মিসর্-হইতে আগমন কালে তোমরা তাহাদের প্রতি প্রেম ব্যবহার করিয়াছ; পরে কেনীয়েরা অমালেকীয়দের ৭ মধ্যহইতে প্রস্থান করিল। পরে শৌল হবীলা অবধি মিসরের সম্মুখস্থ শূরে উপস্থিত হওন পর্য্যন্ত অমালে-৮ কীয়দিগকে বধ করিল। সে অমালেকীয়দের অগাগ্ রাজকে জীবৎ ধরিল, এবং সমস্ত লোককেই খড়্-৯ গের ধারেতে নিঃশেষে বধ করিল। কিন্তু শৌল ও লোকেরা তাহাদের মেষ ও গোরু ও পুষ্টপশু ও মেষ-শাবক প্রভৃতি উত্তম ২ পশু ও উত্তম বস্তুকে ও অগাগ্-কে রক্ষা করিল, ও নিঃশেষে বিনষ্ট করিল না; কিন্তু যে কিছু মন্দ ও অকর্ম্মণ্য, সে সকলকেই নিঃশেষে বিনষ্ট করিল।

১০ পরে পরমেশ্বর শিমূয়েল্কে কহিলেন, শৌল আমা-১১ হইতে পরাঙ্মুখ হইল, আমার আজ্ঞা পালন করিল না, অতএব তাহাকে রাজা করণে আমার অনুতাপ হই-তেছে; তাহাতে শিমূয়েল্ শোকান্বিত হইয়া সমস্ত রাত্রি পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিল। ১২ অপর শিমূয়েল্ শৌলের সহিত সাক্ষাৎ করিতে প্রত্যূষে উঠিলে শিমূ-য়েলের প্রতি ইহা উক্ত হইল, দেখ, শৌল কর্ম্মিলে আ-সিয়া জয়স্তম্ভ প্রস্তুত করিল; পরে সে তথাহইতে ১৩ ভ্রমণ করিয়া গিল্গলে গেল। শিমূয়েল্ শৌলের নি-কটে আইলে শৌল তাহাকে কহিল, আপনি পরমে-শ্বরেতে ধন্য; আমি পরমেশ্বরের আজ্ঞা পালন করি-১৪ লাম। তাহাতে শিমূয়েল্ কহিল, তবে আমি কর্ণে মেষের ১৫ রব ও গোরুর ডাক শুনিতেছি কেন? শৌল কহিল, লোকেরা অমালেকীয়দের হইতে তাহা আনিয়াছে, তাহারা তোমার প্রভু পরমেশ্বরের উদ্দেশে বলিদানার্থে উত্তম ২ গোরু ও মেষকে রক্ষা করিয়াছে; কিন্তু আমরা ১৬ অবশিষ্ট সকলকে নিঃশেষে বিনষ্ট করিয়াছি। তখন শিমূয়েল্ শৌলকে কহিল, দাঁড়াও, গত রাত্রিতে পর-মেশ্বর আমাকে যাহা কহিলেন, তাহা তোমাকে কহি; ১৭ সে কহিল, কহুন। পরে শিমূয়েল্ কহিল, যে সময়ে তুমি আপন দৃষ্টিতে ক্ষুদ্র ছিলা, তখন কি তোমাকে ইস্রায়েল্ বংশদের প্রধান করা যায় নাই? এবং পরমেশ্বর কি তোমাকে ইস্রায়েল্ বংশের উপরে অভিষিক্ত করি-১৮ লেন না? পরমেশ্বর তোমাকে যুদ্ধযাত্রাতে প্রেরণ করিয়া কহিলেন, যাও, পাপিষ্ঠ অমালেকীয়দিগকে নিঃশেষে বিনষ্ট কর; এবং যে পর্য্যন্ত তাহারা নিঃশেষে বিনষ্ট ১৯ না হয়, তাবৎ তাহাদের সঙ্গে যুদ্ধ কর। অতএব তুমি পর-মেশ্বরের সেই কথা কেন মানিলা না? তুমি লুটের উপরে ২০ পড়িয়া পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিলা। শৌল শিমূয়েল্কে কহিল, আমি পরমেশ্বরের বাক্য মানিলাম, এবং যে পথে পরমেশ্বর আমাকে প্রেরণ করিলেন, সেই পথে গমন করিলাম, এবং অমালেকের রাজা অগাগকে আনিলাম, ও অমালেকীয়দিগকে নিঃশেষে ২১ বধ করিলাম। কিন্তু লোকেরা গিল্গলে তোমার প্রভু পরমেশ্বরের উদ্দেশে বলিদানার্থে লুটের মধ্যে উত্তম ২ গো ও মেষ ও নিঃশেষে বিনাশ্যের মধ্যে উত্তম দ্রব্য ২২ আনিল। তাহাতে শিমূয়েল্ কহিল, পরমেশ্বরের বাক্য

---

[৫১] ১ শি ৯; ১ ॥—[৫২] ৮; ১১ ॥

[১৫ অধ্য; ১] ১ শি ৯; ১৬ ॥—[২,৩]যা ১৭; ৮-১৬। গ ২৪; ৭,২০। দ্বি ২৫; ১৭-১৯ ॥—[৬]বি ১; ১৬,১৭। গ ১০; ২৯-৩২। ম ১০; ৪২। ২ পি ২; ৯॥—[৭] ১ শি ১৪; ৪৮। আ ২৫; ১৮ ॥—[৮] গ ২৪; ৭ ॥—[৯]প ৩। ১ রা ২০; ৪২ ॥ [১১]আ ৬; ৬,৭। ১ শি ২; ৩০। ১৩; ১৩॥—[১২] ২৫; ২॥—[১৪] প ৩॥—[১৫] প ২২॥—[১৭] ৯; ২১।১০; ১৬,২২,২৭॥

 [১৮] প ২,৩ ॥—[২০] প ১৩ ॥—[২১] প ১৫ ॥—[২২] হো ৬; ৬। মী ৬; ৬-৮। ম ৭; ২১-২৩। ১২; ৭ ॥

মান্য করাতে তিনি যেমন তুষ্ট হন, তেমন কি হোম ও বলিদান করাতে পরমেশ্বর তুষ্ট হন? দেখ, বলিহইতে আজ্ঞা পালন, ও মেষের মেদ অপেক্ষা বাক্যে মনো-
২৩ যোগ করণ উত্তম। আজ্ঞা লঙ্ঘন করা গণকতার ন্যায়, এবং অবাধ্যতা অযথার্থতা ও দেবপূজার ন্যায় হয়; তুমি পরমেশ্বরের কথা দূর করিলা, এই জন্যে তিনি তোমাকে রাজত্বহইতে দূর করিলেন।

২৪ পরে শৌল শিমূয়েল্‌কে কহিল, আমি পাপ করিলাম; আমি লোকদিগকে ভয় করিয়া তাহাদের কথায় মোনযোগ করিয়া পরমেশ্বরের আজ্ঞা ও তোমার বাক্য
২৫ লঙ্ঘন করিলাম। আমি এখন বিনয় করি,আমার পাপ ক্ষমা কর, ও পরমেশ্বরের ভজনা করিতে আমার সঙ্গে
২৬ ফিরিয়া আইস। তাহাতে শিমূয়েল্ শৌলকে কহিল, আমি তোমার সহিত ফিরিয়া যাইব না; কেননা তুমি পরমেশ্বরের বাক্য অগ্রাহ্য করিলা, এই জন্যে পরমেশ্বর তোমাকে ইস্রায়েল্ বংশের উপরে রাজত্বহইতে
২৭ অগ্রাহ্য করিলেন। তখন শিমূয়েল্ ফিরিয়া যাইতে উদ্যত হইলে শৌল তাহার বস্ত্রের অঞ্চল ধরিয়া টানিলে
২৮ তাহা চিরিল। তাহাতে শিমূয়েল্ তাহাকে কহিল, পরমেশ্বর অদ্য তোমাহইতে ইস্রায়েল্ বংশের রাজ্য টানিয়া চিরিলেন,এবং তোমাহইতে উত্তম তোমার এক প্রতি-
২৯ বাসিকে দিলেন। ইস্রায়েলের তেজোময় ঈশ্বর মিথ্যা কথা কহেন না ও অনুতাপ করেন না; কেননা তিনি
৩০ অনুতাপকারি মনুষ্যের ন্যায় নহেন। তাহাতে সে কহিল, আমি পাপ করিলাম; এখন বিনয় করি, আমাদের প্রাচীনগণের ও ইস্রায়েল্ বংশের সম্মুখে আমার সম্মান রাখ, ও আপন প্রভু পরমেশ্বরের ভজনা করিতে
৩১ আমার সঙ্গে ফিরিয়া আইস। তাহাতে শিমূয়েল্ শৌলের পশ্চাৎ গেল, এবং শৌল পরমেশ্বরের ভজনা করিল।

৩২ পরে শিমূয়েল্ কহিল, তোমার এই স্থানে আমার নিকটে অমালেকীয়দের রাজা অগাগ্‌কে আন; তাহাতে অগাগ্ স্বচ্ছন্দে তাহার নিকটে আসিয়া কহিল,
৩৩ আমার মৃত্যুযন্ত্রণা নিতান্ত গেল। শিমূয়েল্ কহিল, তোমার খড়্গদ্বারা স্ত্রীলোকেরা যেমন সন্তানহীনা হইয়াছে, তদ্রূপ স্ত্রীগণের মধ্যে তোমার মাতাও সন্তান বিহীনা হইবে; পরে শিমূয়েল্ গিল্‌গলে পরমেশ্বরের সাক্ষাতে অগাগ্‌কে খণ্ড ২ করিল।

৩৪ পরে শিমূয়েল্ রামৎ নগরে গেল, এবং শৌল
৩৫ শৌলীয় গিবিয়ার আপন বাটীতে গেল। কিন্তু তদবধি শিমূয়েল্ শৌলের মরণ দিন পর্য্যন্ত তাহাকে দেখিতে আর আইল না; তথাপি শিমূয়েল্ শৌলের জন্যে শোক করিল; এবং পরমেশ্বর ইস্রায়েল্ বংশের উপরে শৌলকে রাজা করাতে অনুতাপ করিলেন।

১৬ অধ্যায়।

১ যিশয়ের কাছে শিমূয়েল্‌কে প্রেরণ, ৬ ও যিশয়ের তাবৎ পুত্রকে দেখিয়া দায়ূদ্‌কে অভিষিক্ত করণ, ১৪ ও শৌলের দুষ্ট আত্মার দমনের জন্যে লোকদ্বারা দায়ূদ্‌কে ডাকন, ১৯ ও রাজার সাক্ষাতে তাহার উপস্থিত হওন।

পরে পরমেশ্বর শিমূয়েল্‌কে কহিলেন, তুমি শৌলের ১ জন্যে কত কাল শোক করিবা? আমি তাহাকে ইস্রায়েলের রাজ্যচ্যুত করিলাম; এখন আমি তোমাকে বৈৎলেহমীয় যিশয়ের নিকটে প্রেরণ করি, তুমি আপন শৃঙ্গ তৈলেতে পূর্ণ করিয়া যাও, কেননা আমি তাহার পুত্রগণের মধ্যহইতে এক রাজাকে মনোনীত করিলাম। তাহাতে শিমূয়েল্ কহিল, আমি কি প্রকারে ২ যাইব? শৌল যদি এ কথা শুনে, তবে আমাকে বধ করিবে; পরমেশ্বর কহিলেন, তুমি আপন হস্তে এক গোবৎসা লইয়া, পরমেশ্বরের উদ্দেশে যজ্ঞ করিতে আইলাম, এই কথা কহ। এবং যজ্ঞের নিমিত্তে যিশ- ৩ য়কে নিমন্ত্রণ কর, পরে তোমার কর্ত্তব্য আমি তোমাকে জ্ঞাত করিব; আমি তোমার কাছে যাহার নাম কহিব, তুমি তাহাকে অভিষিক্ত করিবা। পরে শিমূয়েল্ পরমে- ৪ শ্বরের আজ্ঞানুসারে কর্ম্ম সকল করিয়া বৈৎলেহমে আইল; তাহাতে নগরের প্রাচীনগণ তাহার আগমনে কম্পবান হইয়া জিজ্ঞাসিল, আপনকার আগমনের কুশল? সে কহিল, কুশল; আমি পরমেশ্বরের উদ্দেশে ৫ যজ্ঞ করিতে আইলাম; তোমরা আপনাদিগকে পবিত্র করিয়া আমার সহিত যজ্ঞেতে আইস; ইহা বলিয়া সে যিশয়্‌কে ও তাহার পুত্রগণকে পবিত্র করিয়া যজ্ঞেতে নিমন্ত্রণ করিল।

পরে তাহারা আইলে শিমূয়েল্ ইলীয়াবের প্রতি ৬ দৃষ্টি করিয়া মনে ২ কহিল, পরমেশ্বরের গোচরে এই ব্যক্তি নিতান্ত তাঁহার অভিষিক্ত হইবে। কিন্তু পরমেশ্বর ৭ শিমূয়েল্‌কে কহিলেন, তুমি উহার মুখের কিম্বা দীর্ঘতার প্রতি দৃষ্টি করিও না; আমি উহাকে অগ্রাহ্য করিলাম, কেননা মনুষ্য যেরূপ দেখে,পরমেশ্বর তদ্রূপ দেখেন না; ফলতঃ মনুষ্য বাহ্যরূপ দর্শন করে, কিন্তু পরমেশ্বর অন্তঃকরণ দর্শন করেন। পরে যিশয়্ অবী- ৮ নাদব্‌কে ডাকিয়া শিমূয়েলের সম্মুখ দিয়া তাহাকে গমন করাইল; তাহাতে শিমূয়েল্ কহিল, পরমেশ্বর ইহাকে মনোনীত করেন নাই। পরে যিশয়্ শম্মকে ৯ তাহার সম্মুখ দিয়া গমন করাইল; তাহাতে সে কহিল,

[২৩] প ১১। ১ শি ১৩; ১৩,১৪। ২৮; ৩। লে ২০; ২৭। দ্বি ১৮; ১০-১২ ॥—[২৪] ২ শি ১২; ১৩। য ১০; ২৮॥
[২৬] প ১১,২৩ ॥—[২৭,২৮] ১ শি ২৮; ১৭,১৮। ১ রা ১১; ৩০, ৩১ ॥—[২৮] ১ শি ১৩; ১৪ ॥—[২৯] গ ২৩; ১৯ ॥
[৩০] গী ২৪; ৭, ২০। বি ১; ৭ ॥—[৩৫] প ১১। ১ শি ১৬; ১ ॥
[১৬ অধ্যা; ১] ১ শি ১৫; ১১,২৩,২৮, ৩৫। ৯; ১৬। ১৩; ১৪। ক্রু ৪; ১৭ ॥—[২] ১ শি ২০; ৬,২৯ ॥—[৩] ৯; ১৬,১৯ ॥
[৪] ২১; ১ ॥—[৫] লে ৭; ২০ ॥—[৬] ১ শি ১৭; ১৩ ॥—[৭] যিশ ১১; ৩, ৪। ১ রা ৮; ৩৯। গী ১৩৯; ১-৫। হি ১৫; ১১ ॥—[৮,৯] ১ শি ১৭; ১৩ ॥

১০ পরমেশ্বর ইহাকে মনোনীত করেন নাই। সেই রূপে যিশয় আপনার সাত পুত্রকে শিমূয়েলের সম্মুখ দিয়া গতি করাইল; তাহাতে শিমূয়েল্ যিশয়কে কহিল, পরমেশ্বর ইহাদের কাহাকেও মনোনীত করেন নাই। ১১ শিমূয়েল্ যিশয়কে কহিল, যুবলোকদের কি শেষ হইল? সে কহিল, কেবল কনিষ্ঠ অবশিষ্ট আছে, সে মেষ চরাইতেছে; তাহাতে শিমূয়েল্ যিশয়কে কহিল, লোক পাঠাইয়া তাহাকে আন; সে না আইলে আমরা ভোজনে বসিব না। ১২ পরে সে লোক পাঠাইয়া তাহাকে আনিল; সে ঈষৎ রক্তবর্ণ ও সুনয়ন ও দেখিতে সুন্দর ছিল; তখন পরমেশ্বর কহিলেন, উঠ, সে এই ব্যক্তি, ইহাকে অভিষেক কর। ১৩ তাহাতে শিমূয়েল্ তৈলের শৃঙ্গ লইয়া ভ্রাতৃগণের মধ্যে তাহাকে অভিষেক করিল, এবং সেই দিবসাবধি দায়ূদের প্রতি পরমেশ্বরের আত্মা আবির্ভূত হইলেন; পরে শিমূয়েল্ উঠিয়া রামতে গেল।

১৪ কিন্তু পরমেশ্বরের আত্মা শৌলহইতে অন্তর্হিত হইলে পরমেশ্বরের অনুমতিতে দুষ্ট আত্মা তাহাকে উদ্বিগ্ন করিল। ১৫ পরে শৌলের দাসগণ তাহাকে কহিল, দেখ, ঈশ্বরের অনুমতিতে দুষ্ট আত্মা তোমাকে উদ্বিগ্ন করিতেছে; ১৬ অতএব, হে আমাদের প্রভো, এক জন নিপুণ বীণাবাদককে অন্বেষণ করিতে আপনার নিকটস্থ দাসদিগকে আজ্ঞা কর; তাহাতে যে সময়ে ঈশ্বরের অনুমতিতে দুষ্ট আত্মা তোমাতে উপস্থিত হয়, তৎকালে সে হস্তদ্বারা বাজাইলে আপনি উপশম পাইবেন। ১৭ পরে শৌল আপন দাসদিগকে আজ্ঞা করিল, তোমরা এক নিপুণ বীণাবাদকের অন্বেষণ করিয়া আমার নিকটে তাহাকে আন। ১৮ তাহাতে দাসদের এক জন কহিল, দেখ, আমি বৈৎলেহমীয় যিশয়ের এক পুত্রকে দেখিয়াছি; সে বীণা বাজাইতে নিপুণ এবং মহাবীর ও যোদ্ধা ও কার্য্যে * নিপুণ ও রূপবান, এবং পরমেশ্বর তাহার সঙ্গে থাকেন।

১৯ পরে শৌল যিশয়ের নিকটে দূত পাঠাইয়া কহিল, দায়ূদ্ নামে তোমার যে পুত্র মেষ চরায়, তাহাকে আমার নিকটে প্রেরণ কর। ২০ তাহাতে যিশয় আপন পুত্র দায়ূদকে এবং তাহার সহিত এক গর্দ্দভ বহনীয় রুটী ও এক কুপা দ্রাক্ষারস ও এক ছাগবৎস শৌলের নিকটে প্রেরণ করিল। ২১ পরে দায়ূদ্ শৌলের নিকটে আসিয়া তাহার সম্মুখে দাঁড়াইলে সে তাহাকে অতিশয় প্রেম করিতে লাগিল; তাহাতে সে তাহার অস্ত্রবাহক হইল। ২২ অপর শৌল যিশয়কে কহিয়া পাঠাইল, আমি তোমাকে বিনয় করি, দায়ূদকে আমার সম্মুখে থাকিতে দেও; ২৩ সে আমার প্রিয়পাত্র হইল। কারণ ঈশ্বরের অনুমতিতে দুষ্ট আত্মা শৌলকে ক্লেশ দিলে দায়ূদ্ আপন হস্তদ্বারা বীণা বাজায়; তাহাতে শৌল আপ্যায়িত হইয়া উপশম পায়, এবং দুষ্ট আত্মা তাহাহইতে যায়।

১৭ অধ্যায়।

১ পিলেষ্টীয়দের সহিত ইস্রায়েল্ লোকদের যুদ্ধে পুস্তত হওন, ৪ ও জালূৎ বীরের ইস্রায়েল্ সৈন্যকে তুচ্ছ করণ, ১২ ও সৈন্যের মধ্যে ভ্রাতাদের নিকটে দায়ূদের গমন, ২০ ও রাজার পারিতোষিকের কথা শুবণ, ২৮ ও আপন ক্রুদ্ধ ভ্রাতার কথা শুবণ, ৩০ ও রাজার নিকটে আনীত হওন ও যুদ্ধ করিতে স্বীকার করণ, ৩২ ও রাজার সাক্ষাতে কথা কহন, ৩৮ ও বীরের সহিত যুদ্ধ করণ ও তাহাকে জয় করণ, ৫২ ও পিলেষ্টীয় লোককে বধ করণ, ৫৫ ও শৌলের নিকটে পুনর্ব্বার আনীত হওন।

১ পরে পিলেষ্টীয়েরা যুদ্ধ করিতে আপনাদের সৈন্যগণকে যিহূদার অধিকারস্থ সোখোতে একত্র করিয়া সোখোর ও অসেকার মধ্যে এফস্দম্মীমে শিবির স্থাপন করিল। ২ এবং শৌল ও ইস্রায়েল্ লোকেরা একত্র হইয়া এলার তলভূমিতে শিবির স্থাপন করিয়া পিলেষ্টীয়দের প্রতিকূলে সৈন্য রচনা করিল। ৩ তাহাতে পিলেষ্টীয়েরা এক দিগে এক পর্ব্বতে, ও ইস্রায়েল্ বংশ অন্য দিগে অন্য পর্ব্বতে দাঁড়াইল; তাহাদের মধ্যে এক তলভূমি ব্যবধান ছিল।

৪ পরে গাতীয় জালূৎ নামে সাড়ে ছয় হস্ত দীর্ঘ এক বীর পিলেষ্টীয়দের শিবিরহইতে বাহির হইল। ৫ তাহার মস্তকে পিত্তলের শিরস্ত্র ছিল, এবং সে পাঁচ সহস্র শেকল্ পরিমাণ আঁইশের ন্যায় পিত্তল বর্ম্মেতে সজ্জিত ছিল, ৬ এবং তাহার পা পর্য্যন্ত পিত্তলের বর্ম্ম ছিল, ও তাহার স্কন্ধে পিত্তলের শল্য ছিল। ৭ তাহার বর্ষার দণ্ড তন্ত্রবায়ের নরাজের ন্যায় ছিল, ও বর্ষার ফলা ছয় শত শেকল্ লৌহময় ছিল, এবং তাহার অগ্রে ২ এক জন ঢালী চলিল। ৮ পরে সে দাঁড়াইয়া ইস্রায়েল্ বংশের সৈন্যশ্রেণীকে সম্বোধন করিয়া ডাকিয়া কহিল, তোমরা যুদ্ধে সৈন্য রচনা করিতে কেন বাহিরে আসিয়াছ? আমি কি এক জন পিলেষ্টীয় লোক নহি? এবং তোমরা কি শৌলের দাস নহ? তোমরা আপনাদের মধ্যহইতে এক জনকে মনোনীত কর; সে আমার নিকটে আসুক। ৯ সে যদি আমার সঙ্গে যুদ্ধ করিয়া আমাকে বধ করিতে সমর্থ হয়, তবে আমরা তোমাদের দাস হইব; কিন্তু যদি আমি তাহাকে পরাস্ত করিয়া বধ করিতে পারি, তবে তোমরা আমাদের দাস হইয়া আমাদের সেবা করিবা। ১০ সে পিলেষ্টীয় আরো কহিল, অদ্য আমি ইস্রায়েল্ বংশকে তুচ্ছ করি; তোমরা

[১০] ১ শি ১৭; ১২ ॥—[১১] ২ শি ৭; ৮ ॥—[১২] ১ শি ১৭; ৪২ । ৯; ১৭ ॥—[১৩] ১০; ১, ৬, ৯, ১০ । গ ১১; ১৬, ১৭, ২৫ ॥—[১৪] য ১২; ৪৩-৪৫ ॥—[১৬] ২ রা ৩; ১৫ ॥—[১৮] ১ শি ১৭; ৩৪-৩৭ । আ ৩৯; ২, ৩, ২৩ ॥—[১৯] প ১১॥—[২০] ১ শি ১৭; ১৮ ॥—[২৩] প ১৫, ১৬ ॥

[১৭ অধ্য; ১] যি ১৫; ৩৫ ॥—[৪] যি ১১; ২২ ॥—[৭] ২ শি ২১; ১৯ ॥—[১০] ২ রা ১৮; ২৩ ॥

* (বা) বাক্যেতে।

১১ এক জনকে দেও, আমরা পরস্পর যুদ্ধ করি। তখন শৌল ও সমস্ত ইস্রায়েল্ বংশ পিলেষ্টীয়ের এই কথা শুনিয়া নিরাশ ও অতিশয় ভীত হইল।

১২ ইফ্রাথীয় বৈৎলেহম্-যিহূদাস্থিত ঐ যিশয়্ নামক ব্যক্তি দায়ূদের পিতা ছিল, এবং তাহার অষ্ট পুত্র ছিল, এবং সে শৌলের সময়ে লোকদের মধ্যে বৃদ্ধ রূপে গণিত ১৩ ছিল। এবং যিশয়ের তিন জ্যেষ্ঠ পুত্র শৌলের পশ্চাৎ যুদ্ধে গমন করিয়াছিল; তাহার ঐ সংগ্রামগামি তিন পুত্রের জ্যেষ্ঠের নাম ইলীয়াব্, ও দ্বিতীয়ের নাম অবী- ১৪ নাদব্, ও তৃতীয়ের নাম শম্ম ছিল; এবং দায়ূদ্ কনিষ্ঠ ছিল; ও জ্যেষ্ঠ তিন জন শৌলের অনুগামী হইল। ১৫ কিন্তু দায়ূদ্ আপন পিতার মেষ চরাইবার জন্যে শৌ- ১৬ লের নিকটহইতে বৈৎলেহমে গমনাগমন করিল। এবং সেই পিলেষ্টীয় লোক চল্লিশ দিন পর্য্যন্ত প্রাতঃকালে ও সন্ধ্যাকালে তাহাদের নিকটে আসিয়া আপনাকে দে- ১৭ খাইল। ঐ সময়ে যিশয়্ আপন পুত্র দায়ূদ্কে কহিল, তুমি এইক্ষণে আপন ভ্রাতাদের জন্যে এই এক ঐফা ভাজা শস্য ও দশ রুটী লইয়া যুদ্ধস্থলে ভ্রাতাদের নিক- ১৮ টে দৌড়িয়া যাও। এবং এই দশ পনীর তাহাদের সহস্রপতির নিকটে লইয়া যাও; এবং তোমার ভ্রাতারা কেমন আছে, তাহা জ্ঞাত হও ও তাহাদের বন্ধক লও।

১৯ পরে দায়ূদ্ প্রত্যূষে উঠিয়া মেষগণকে অন্য রক্ষ- কের হস্তে সমর্পণ করিয়া যিশয়ের আজ্ঞানুসারে তাহা ২০ লইয়া গমন করিল। সে সময়ে শৌল ও যিশয়ের পুত্র- গণ ও সমস্ত ইস্রায়েল্ বংশ এলা তলভূমিতে পিলে- ষ্টীয়দের সহিত যুদ্ধ করিতে উদ্যত হইল; এবং যে সময়ে সৈন্যগণ রণে বাহির হইয়া যাইতেছে এবং সংগ্রামের জন্যে সিংহনাদ করিতেছে, এমত সময়ে ২১ দায়ূদ্ পরিখার নিকটে উপস্থিত হইল। ইস্রায়েল্ বংশ ২২ এবং পিলেষ্টীয়েরা পরস্পর সম্মুখাসম্মুখী হইয়া সৈন্য- শ্রেণি রচনা করিল। পরে দায়ূদ্ পাত্রাদি রক্ষকের হস্তে আপন পাত্র রাখিয়া সৈন্যশ্রেণির মধ্যে দৌড়িয়া ২৩ গিয়া আপন ভ্রাতৃগণকে প্রণাম করিল। এবং সে তাহা- দের সহিত কথা কহিতেছে, ইতিমধ্যে গাতের পিলে- ষ্টীয় জালূৎ নামক বীর পিলেষ্টীয়দের সৈন্যশ্রেণি- হইতে বাহির হইয়া আসিয়া পূর্ব্বমত কথা কহিল; তখন ২৪ দায়ূদ্ তাহা শুনিল। কিন্তু সেই ব্যক্তিকে দেখিয়া ইস্রা- য়েল্ বংশের তাবৎ লোক অতিশয় ভীত হইয়া তাহার ২৫ সম্মুখহইতে পলাইল। পরে ইস্রায়েল্ বংশের লোকেরা পরস্পর কহিল, এই যে মনুষ্য আইল, ইহাকে কি তোমরা দেখিতেছ? এ ইস্রায়েল্ বংশকে তুচ্ছ করিতে আইল; ইহাকে যে জন বধ করিবে, রাজা তাহাকে প্রচুর ধনেতে ধনবান করিবে, ও তাহার সহিত আপন কন্যার বিবাহ দিবে, এবং ইস্রায়েল্ বংশের মধ্যে ২৬ তাহার পিতৃবংশকে নিষ্কর করিবে। পরে দায়ূদ্ আপন সমীপে দণ্ডায়মান লোকদিগকে জিজ্ঞাসিল, এই পিলেষ্টীয়কে বধ করিয়া যে জন ইস্রায়েল্ বং- শের অপমান খণ্ডন করিবে, তাহার প্রতি কি করা যাইবে? অমর ঈশ্বরের সৈন্যগণকে তুচ্ছকারি এই অচ্ছিন্নত্বক্ পিলেষ্টীয় লোক কে? তাহাতে লোকেরা ২৭ ঐ রীতিক্রমে কহিল, ইহার বধকারির প্রতি এই রূপ করা যাইবে।

২৮ অপর তাহার জ্যেষ্ঠ ভ্রাতা ইলীয়াব্ ঐ লোকদের সহিত তাহার কথোপকথন শুনিয়া দায়ূদের বিরুদ্ধে ক্রোধে প্রজ্বলিত হইয়া কহিল, তুই কেন এখানে আইলি? ঐ অল্প মেষ মাঠের মধ্যে কাহার কাছে রাখিয়া আইলি? আমি তোর অহঙ্কার ও মনের দুষ্টতা জানি; তুই যুদ্ধ দেখিতে আইলি। দায়ূদ্ কহিল, ২৯ আমি এখন কি করিলাম? কি আজ্ঞা হয় নাই?

৩০ পরে তাহাহইতে অন্য লোকের কাছে গিয়া সেই রূপ জিজ্ঞাসা করিল; তাহাতে ঐ লোকেরাও ঐ রীতিক্রমে কহিল। তখন দায়ূদ্হইতে শ্রুত ঐ সকল কথা ৩১ শৌলের সাক্ষাতে কথিত হইলে শৌল তাহাকে গ্রহণ করিল।

৩২ অপর দায়ূদ্ শৌলকে কহিল, তাহার জন্যে কাহারো অন্তঃকরণ নিরাশ না হউক; আপনকার এই দাস যাইয়া সেই পিলেষ্টীয়ের সহিত যুদ্ধ করিবে। তাহাতে ৩৩ শৌল দায়ূদ্কে কহিল, তুমি সেই পিলেষ্টীয়ের সহিত যুদ্ধ করিতে সমর্থ নও, কেননা তুমি যুবা, এবং সে যুবকালাবধি যোদ্ধা। দায়ূদ্ শৌলকে কহিল, আপন- ৩৪ কার এই দাস আমি আপন পিতার মেষ রক্ষা করিতে- ছিলাম, ইতিমধ্যে এক সিংহ ও এক ভল্লূক আসিয়া পালের মধ্যহইতে মেষবৎস ধরিয়া লইল। তাহাতে ৩৫ আমি তাহার পশ্চাৎ২ যাইয়া তাহাকে প্রহার করিয়া তাহার মুখহইতে তাহা উদ্ধার করিলাম; পরে সে আমার বিরুদ্ধে উঠিলে আমি তাহার দাড়ি ধরিয়া প্রহার করিয়া তাহাকে বধ করিলাম। এই প্রকারে ৩৬ আপনকার দাস যে সিংহকে ও যে ভল্লূককে বধ করিল; ঐ অচ্ছিন্নত্বক্ পিলেষ্টীয় লোক অমর ঈশ্ব- রের সৈন্য তুচ্ছ করাতে সেই দুইয়ের একের তুল্য হইবে। দায়ূদ্ আরো কহিল, যিনি সেই সিংহের ও ৩৭ ভল্লূকের হস্তহইতে আমাকে উদ্ধার করিলেন, সেই পরমেশ্বর আমাকে সেই পিলেষ্টীয়ের হস্তহইতেও উদ্ধার করিবেন; তাহাতে শৌল দায়ূদ্কে কহিল, যাও, পরমেশ্বর তোমার সঙ্গী হউন।

৩৮ পরে শৌল আপনার সজ্জাদ্বারা দায়ূদ্কে সাজা- ইয়া তাহার মস্তকে পিত্তলের শিরস্ত্র দিল, ও তাহার গাত্রে বর্ম্ম দিল। এবং দায়ূদ্ আপন সজ্জার উপরে ৩৯ খড়্গ বাঁধিয়া গমনে উদ্যত হইল; কিন্তু দায়ূদ্ পূর্ব্বে তাহার পরীক্ষা না করাতে শৌলকে কহিল, এই বেশে

[১২] রু ৪, ১৭। ১ শি ১৬; ১০, ১১। ১ বং.২; ১৩-১৫॥—[১৩] ১ শি ১৬; ৬, ৮, ৯॥—[১৫] ১৬; ১৯॥—[১৮] ১৬; ২০॥
[২৩,২৪] প ৮-১১॥—[২৭] প ২৫॥—[২৮] আ ৩৭; ৮॥—[৩০] প ২৬, ২৭॥—[৩৭] দ্বি ২০; ১-৪॥

আমি যাইতে পারি না, কেননা আমি ইহার পরীক্ষা
৪০ করি নাই; অতএব দায়ূদ্ তাহা খুলিয়া রাখিল। পরে
সে আপন যষ্টি হস্তে লইল, এবং স্রোতহইতে * পাঁচ
চিক্কণ প্রস্তর বাছিয়া লইয়া তাহার যে মেষপালকের
পাত্র অর্থাৎ ঝুলি ছিল, তাহাতে রাখিল; এবং আপন
হস্তে এক ফিঙ্গা লইয়া ঐ পিলেষ্টীয়ের নিকটে গমন
৪১ করিল। তাহাতে পিলেষ্টীয় অগ্রেগমন করিয়া দায়ূদের
নিকটবর্ত্তী হইল, এবং এক জন ঢালী তাহার অগ্রে ২
৪২ চলিল। পরে পিলেষ্টীয় চতুর্দ্দিকে চাহিয়া দায়ূদ্কে
দেখিল, এবং তাহার যুব বয়স ও ঈষৎ রক্ত বর্ণতা ও
৪৩ সুন্দর বদন প্রযুক্ত তাহাকে তুচ্ছ জ্ঞান করিল। পরে ঐ
পিলেষ্টীয় দায়ূদ্কে কহিল, আমি কি কুক্কুর, যে তুই দণ্ড
লইয়া আমার কাছে আসিতেছিস? অপর সেই পিলে-
ষ্টীয় আপন দেবগণের নাম লইয়া দায়ূদ্কে শাপ দিল।
৪৪ পিলেষ্টীয় দায়ূদ্কে আরো কহিল, তুই আমার কাছে
আয়, আমি তোর মাংস শূন্যের পক্ষী ও প্রান্তরের
৪৫ পশুদিগকে দি। তাহাতে দায়ূদ্ ঐ পিলেষ্টীয়কে কহিল,
তুমি খড়্গ ও বড়শা ও শল্য লইয়া আমার কাছে আ-
সিতেছ, কিন্তু তুমি যাঁহাকে তুচ্ছ করিতেছ, সেই সৈন্যা-
ধ্যক্ষ প্রভু পরমেশ্বরের অর্থাৎ ইস্রায়েলের সৈন্যশ্রেণির
৪৬ ঈশ্বরের নামে আমি তোমার নিকটে আসিতেছি। অদ্য
পরমেশ্বর তোমাকে আমার হস্তগত করিবেন †; তাহা-
তে আমি তোমাকে আঘাত করিয়া তোমার শিরশ্ছেদন
করিব, এবং পিলেষ্টীয়দের সৈন্যের শব অদ্য আকা-
শের পক্ষিগণকে ও পৃথিবীর বন পশুদিগকে দিব; তা-
হাতে ইস্রায়েলের সহায় ঈশ্বর, ইহা পৃথিবীর তাবৎ
৪৭ লোক জ্ঞাত হইবে। এবং পরমেশ্বর খড়্গ ও বড়শাদ্বারা
রক্ষা করেন না, ইহাও এই সভাস্থ লোকেরা জানিবে;
কেননা যুদ্ধ পরমেশ্বরের, তিনি তোমাদিগকে আমাদের
৪৮ হস্তে সমর্পণ করিবেন। পরে ঐ পিলেষ্টীয় উঠিয়া দায়ূ-
দের সহিত মিলিতে গমন করিয়া উপস্থিত হইলে দায়ূদ্
শীঘ্র করিয়া পিলেষ্টীয়ের সহিত মিলিবার জন্যে সৈন্য-
৪৯ শ্রেণির প্রতি দৌড়িল। পরে দায়ূদ্ আপন ঝুলিতে হস্ত
দিয়া এক প্রস্তর বাহির করিয়া তাহা পাক দিয়া ঐ পি-
লেষ্টীয়ের কপালে এমত আঘাত করিল, যে সেই
প্রস্তর তাহার কপালে বসিয়া গেল; তাহাতে সে ভূমিতে
৫০ অধোমুখ হইয়া পড়িল। এই প্রকারে দায়ূদ্ ফিঙ্গা ও
প্রস্তরদ্বারা ঐ পিলেষ্টীয়কে প্রহার করিয়া বধ করিয়া
৫১ জয়ী হইল, কিন্তু দায়ূদের হস্তে খড়্গ ছিল না। পরে
দায়ূদ্ দৌড়িয়া ঐ পিলেষ্টীয়ের পার্শ্বে দাঁড়াইয়া কোষ-
হইতে তাহার খড়্গ লইয়া তাহাকে বধ করিয়া তাহার
শিরশ্ছেদন করিল; পরে পিলেষ্টীয়েরা আপনাদের
সেই বীরের মৃত্যু দেখিয়া পলায়ন করিল।

তাহাতে ইস্রায়েলের ও যিহূদার লোকেরা উঠিয়া ৫২
উচ্চৈঃশব্দ করিয়া তলভূমিতে আগমন পর্য্যন্ত ও
ইক্রোণের দ্বারপর্য্যন্ত পিলেষ্টীয়দের পশ্চাৎ ২ তাড়না
করিয়া গেল; তাহাতে পিলেষ্টীয়দের আহত লোকেরা
শারয়িমের পথে গাৎ ও ইক্রোণ্ পর্য্যন্ত পড়িল। পরে ৫৩
ইস্রায়েল্ বংশ পিলেষ্টীয়দের পশ্চাদ্গমনহইতে ফি-
রিয়া আসিয়া তাহাদের তাম্বু লুট করিল। পরে দায়ূদ ৫৪
এই পিলেষ্টীয়ের মস্তক লইয়া যিরূশালমে আনিল,
কিন্তু তাহার সজ্জা আপন তাম্বুতে রাখিল।

অনন্তর শৌল ঐ পিলেষ্টীয়ের বিরুদ্ধে দায়ূদের ৫৫
নির্গমন দেখিয়া আপনার সেনাপতি অব্নের্কে কহিল,
হে অবনের্, এই যুবা কাহার পুত্র? অব্নের্ কহিল,
হে রাজন্, আমি তোমার জীবনের দিব্য করিয়া কহিতে
পারি না। পরে রাজা কহিল, এই যুবা কাহার পুত্র? ৫৬
ইহা তুমি জিজ্ঞাসা কর। তখন দায়ূদ্ পিলেষ্টীয়কে বধ ৫৭
করিয়া ফিরিয়া আসিতেছে, ইতিমধ্যে অব্নের্ পিলে-
ষ্টীয়ের মস্তকশুদ্ধ দায়ূদ্কে শৌলের নিকটে আনিল।
শৌল তাহাকে জিজ্ঞাসিল, হে যুব, তুমি কাহার পুত্র? ৫৮
দায়ূদ্ উত্তর করিল, আমি আপনকার দাস বৈৎলেহ-
মীয় যিশয়ের পুত্র।

১৮ অধ্যায়।

১ দায়ূদের প্রতি যোনাথনের প্রীতি, ৫ ও শৌলের ঈর্ষ্যা, ১০ ও দায়ূদ্কে বধ করিতে চেষ্টা করণ, ১২ ও ভীত হওন, ১৭ ও জ্যেষ্ঠ কন্যাকে দিতে স্বীকার করণ, ২০ ও কনিষ্ঠা কন্যাকে দিতে স্বীকার করণ, ২৮ ও দায়ূদের কৃতকার্য্যতা প্রযুক্ত ভয় বৃদ্ধি পাওন।

অপর শৌলের সহিত তাহার কথা সাঙ্গ হইলে যোনা- ১
থনের প্রাণ দায়ূদের প্রাণে মিলিত হওয়াতে যোনাথন্
আপন প্রাণের তুল্য তাহাকে প্রেম করিতে লাগিল।
এবং শৌল ঐ দিবসে তাহাকে গ্রহণ করিয়া তাহার ২
পিতার বাটীতে ফিরিয়া যাইতে দিল না। এবং যোনা- ৩
থন্ দায়ূদ্কে আপন প্রাণতুল্য প্রেম করাতে তাহার
সঙ্গে এক নিয়ম করিল। এবং যোনাথন্ আপন গাত্রস্থ ৪
বস্ত্র ও খড়্গ ও ধনুক ও কটিবন্ধন পর্য্যন্ত সজ্জা ‡
আপনাহইতে খুলিয়া দায়ূদ্কে দিল।

পরে শৌল দায়ূদ্কে যাহাতে প্রেরণ করিল, দায়ূদ্ ৫
যাইয়া তাহাই সফল করিল, তাহাতে শৌল যোদ্ধাদের
উপরে কর্ত্তৃত্বপদে তাহাকে নিযুক্ত করিল, এবং সে
সমস্ত লোকদের ও শৌলের অধ্যক্ষদের সাক্ষাতে গ্রাহ্য
হইল। যখন দায়ূদ্ পিলেষ্টীয়কে বধ করিয়া ফিরিয়া ৬
আসিতেছিল, তৎকালে স্ত্রীলোকেরা তবল ও আনন্দ
ও ত্রিতন্ত্রী বাদ্যযন্ত্রদ্বারা নৃত্য ও গান করিতে ২ শৌল-
রাজকে অনুবর্জ্জিতে ইস্রায়েল্ বংশের তাবৎ নগর-

[৪২] ১ শি ১৬; ১২ ॥—[৪৫] প ২৬। ২ ক ১০; ৩-৫। গী ১১৮; ১০-১২ ॥—[৪৬] যা ১৭; ৫। দ্বি ৪; ৩২-৩৯ ॥
[৪৭] গী ২০; ৭, ৮। ৪৪; ১-৭। হি ২১; ৩১ ॥
[১৮ অধ্য; ২] ১ শি ১৬; ২২। ১৭; ১৫ ॥—[৬] যা ১৫; ২০। বি ১১; ৩৪ ॥

* (বা) উপত্যকাহইতে। † (ইব্রী) হস্তে রুদ্ধ করিবেন। ‡ (বা) পরিচ্ছেদ।

৭ হইতে বাহির হইয়া আইল। এবং বাদ্য করণ সময়ে স্ত্রীলোকেরা পরস্পর কহিল, শৌল সহস্র ২ লোককে, ৮ কিন্তু দায়ূদ্ অযুত ২ লোককে বধ করিয়াছে। তাহাতে ঐ বাক্য শৌলকে অসন্তুষ্ট করিলে * সে অতি ক্রুদ্ধ হইয়া কহিল, তাহারা দায়ূদকে অযুতের ও আমাকে কেবল সহস্রের কথা কহিল; ইহাতে রাজ্য ব্যতিরেক ৯ তাহার আর কি হইতে পারে? ঐ দিবসাবধি শৌল দায়ূদের প্রতি কুদৃষ্টি রাখিল।

১০ পরদিবসে ঈশ্বরের অনুমতিতে দুষ্ট আত্মা শৌলকে আশ্রয় করিলে সে গৃহের মধ্যে প্রলাপ † বাক্য কহিতে লাগিল, এবং দায়ূদ্ অন্য সময়ের মতানুসারে ১১ হস্তদ্বারা বাদ্য করিল; তখন শৌলের হস্তে এক বড়শা থাকাতে শৌল সেই বড়শা লক্ষ্যেতে নিক্ষেপ করিয়া কহিল, আমি দায়ূদকে ভিত্তির সঙ্গে গাঁথিব; কিন্তু দায়ূদ্ দুই বার তাহার নিকটহইতে সরিয়া গেল।

১২ অপর পরমেশ্বর শৌলকে ত্যাগ করিয়া দায়ূদের সঙ্গে ১৩ থাকাতে শৌল দায়ূদের বিষয়ে ভীত হইল। অতএব শৌল আপন নিকটহইতে তাহাকে দূর করিয়া সহস্র-সেনাপতি পদে নিযুক্ত করিল; তাহাতে সে লোকদের ১৪ অগ্রসর হইয়া গমনাগমন করিল। অনন্তর দায়ূদ্ আপন তাবৎ পথে কৃতকার্য্য হইল, এবং পরমেশ্বর তাহার সহিত ১৫ থাকিলেন। তাহাতে সে অতি কৃতকার্য্য ‡ হইতেছে, ইহা ১৬ দেখিয়া শৌল তাহার বিষয়ে ভীত হইল। কিন্তু দায়ূদ্ তাহাদের অগ্রসর হইয়া গমনাগমন করিলে ইস্রায়েলের ও যিহূদার তাবৎ বংশ তাহাকে প্রেম করিল।

১৭ পরে শৌল দায়ূদকে কহিল, মেরব্ নাম্নী আমার জ্যেষ্ঠ কন্যাকে দেখ, আমি তোমার সহিত তাহার বিবাহ দিব, তুমি আমার পক্ষে বীর্য্যবান হইয়া পরমেশ্বরের জন্যে সংগ্রাম কর; কেননা আমি স্বহস্তে ইহাকে বধ করিব না, কিন্তু পিলেষ্টীয়দের হস্তে এ হত ‖ হউক, ১৮ শৌল ইহা মনে২ কহিল। তাহাতে দায়ূদ্ শৌলকে কহিল, আমি কে? এবং আমার প্রাণ কি? ও ইস্রায়েল্ বংশদের মধ্যে আমার পিতৃবংশ কি, যে আমি ১৯ রাজার জামাতা হই? কিন্তু শৌলের কন্যা মেরব্‌কে দায়ূদের প্রতি দেওনের সময় উপস্থিত হইলে সে মিহোলাতীয় অদ্রীয়েলের প্রতি দত্তা হইল।

২০ পরে শৌলের কন্যা মীখল্ দায়ূদ্‌কে প্রেম করিতে লাগিল; তাহাতে লোকেরা শৌলকে তাহা কহিলে সে ২১ তাহাতে সন্তুষ্ট § হইল। পরে শৌল পুনর্ব্বার কহিল, এই কন্যা যেন তাহার ফাঁদস্বরূপ হয়, ও পিলেষ্টীয়দের দ্বারা তাহার বধ ¶ হয়, এই জন্যে তাহাকে আপন কন্যা দিব; পরে শৌল দায়ূদ্‌কে কহিল, আমার দুই কন্যার একেকে বিবাহ করিয়া তুমি অদ্য আমার জামাতা হও। পরে ২২ শৌল আপন অধ্যক্ষদিগকে আজ্ঞা দিল, তোমরা গুপ্ত-রূপে দায়ূদের সহিত আলাপ করিয়া এই কথা কহ, দেখ, রাজা তোমার প্রতি সন্তুষ্ট আছেন, এবং তাহার সমস্ত দাস তোমাকে প্রেম করে; অতএব এখন তুমি রাজার ২৩ জামাতা হও। তাহাতে শৌলের অধ্যক্ষগণ দায়ূদের কর্ণগোচরে এই কথা কহিলে দায়ূদ্ কহিল, আমি দরিদ্র লোক, অল্পমান্য; আমার রাজজামাতা হওয়া কি তোমাদের লঘু বিষয় বোধ হয়? পরে শৌলের অধ্যক্ষেরা ২৪ তাহাকে সমাচার দিয়া কহিল, দায়ূদ্ এই প্রকার কথা কহিল। শৌল কহিল, তোমরা দায়ূদ্‌কে এ কথা কহ, ২৫ রাজা তোমার কাছে কিছু পণ চাহেন না, কেবল রাজার শত্রুপ্রতীকারার্থে পিলেষ্টীয়দের এক শত লিঙ্গাগ্রত্বক্ চাহেন; কিন্তু শৌল পিলেষ্টীয়দের হস্তদ্বারা দায়ূদ্‌কে নিপাত করিতে মনস্থ করিল। পরে তাহার অধ্যক্ষগণ ২৬ দায়ূদ্‌কে এই কথা কহিলে দায়ূদ্ রাজজামাতা হইতে ২৭ তুষ্ট হইল; তখন বিবাহের দিন সম্পূর্ণ না হওয়াতে দায়ূদ্ ও তাহার লোকেরা উঠিয়া যাইয়া পিলেষ্টীয়দের দুই শত লোককে বধ করিল, এবং দায়ূদ্ রাজার জামাতা হইবার জন্যে পূর্ণ সংখ্যানুসারে তাহাদের লিঙ্গাগ্রত্বক্ আনিয়া রাজাকে দিল; তাহাতে শৌল তাহার সহিত আপন কন্যা মীখলের বিবাহ দিল।

২৮ পরে পরমেশ্বর দায়ূদের সহিত আছেন, এবং ২৯ শৌলের কন্যা মীখল্ তাহাকে প্রেম করে, ইহা দেখিয়া জানিয়া শৌল দায়ূদের বিষয়ে আরো ভীত হইল; তাহাতে শৌল নিরন্তর দায়ূদের শত্রু হইয়া থাকিল। ৩০ পরে পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ বাহিরে গেল, এবং যত বার বাহিরে গেল, তত বার দায়ূদ্ শৌলের তাবৎ দাস অপেক্ষা কৃতকার্য্য হইল; তাহাতে তাহার নাম অতিশয় মান্য হইল।

১৯ অধ্যায়।

১ দায়ূদের প্রতি যোনাথনের কথা, ৪ ও দায়ূদের বিষয়ে পিতার কাছে নিবেদন, ৮ ও দায়ূদের প্রতি শৌলের দ্বেষ ও তাহার গৃহের নিকটে তাহাকে বধ করিতে লোক পাঠাওন, ১২ ও দায়ূদের পলায়ন, ১৮ ও শিমূয়েলের নিকটে রামাতে গমন স্মরণ।

১ পরে শৌল দায়ূদ্‌কে বধ করিতে আপন পুত্র যোনাথনের ও আপনার সমস্ত দাসের সহিত পরামর্শ করিল। ২ কিন্তু দায়ূদের প্রতি শৌলের পুত্র যোনাথনের অতিশয় প্রেম প্রযুক্ত সে দায়ূদ্‌কে ঐ সমাচার দিয়া কহিল, আমার পিতা শৌল তোমাকে বধ করিতে চেষ্টা করেন; অতএব আমি এখন তোমাকে বিনয় করি, তুমি প্রাতঃ-

[১০] ১ শি ১৬; ১৪,২৩॥—[১৭, ১১] ১১; ৯,১০। ২০; ৩৩॥—[১২] প ৮, ১৫, ২১। ১৬; ১৩, ১৪,১৮॥—[১৩] প ৫, ১৭॥—[১৪] ১৬; ১৮। আ ৩৯; ২,৩,২৩॥—[১৫] প ১২॥—[১৬] প ১৩॥—[১৭] ১ শি ১৭; ২৫। ২ শি ১১; ১৪-১৭॥ [১৮] প ২৩॥—[১৯] ২ শি ২১; ৮॥—[২১] প ১৭॥—[২৫] প ১৭,২১॥—[২৮] প ১৪,১৫,২০॥—[৩০] প ৫,১৪॥

* (ইব্রী) শৌলের দৃষ্টিতে মন্দ হইলে। † (ইব্রী) ভবিষ্যদ্বাক্য। ‡ (ইব্রী) বীর্য্যের পুত্র। ‖ (ইব্রী) হস্ত তাহার উপরে। § (ইব্রী) তাহার দৃষ্টিতে ভাল। ¶ (ইব্রী) পিলেষ্টীয়দের হস্ত তাহার উপরে।

কালে আপনাকে গোপন করিয়া থাক, ও গুপ্ত স্থানে ৩ গিয়া লুকাইয়া থাক। এবং তুমি যে ক্ষেত্রে থাকিবা, সেই স্থানে আমি বাহির হইয়া যাইয়া আপন পিতার পার্শ্বে দাঁড়াইয়া তোমার বিষয়ে আপন পিতার সহিত পরামর্শ করিব, এবং যাহা দেখিব, তাহা তোমাকে কহিয়া দিব।

৪ পরে যোনাথন্ আপন পিতা শৌলের কাছে দায়ূদের বিষয়ে এই কথা ভাল কহিল, রাজা আপন দাস দায়ূদের প্রতিকূলে পাপ না করুণ, কেননা সে তোমার প্রতিকূলে পাপ করে নাই, কিন্তু তাহার সকল কর্ম্ম তো- ৫ মার প্রতি অতি হিতদায়ক হইয়াছে। সে প্রাণপণ করিয়া পিলেষ্টীয়কে বধ করিল, তাহাতে পরমেশ্বর ইস্রায়েল্ বংশের মহা উদ্ধার করিলেন; তাহা দেখিয়া তুমি আনন্দ করিয়াছিলা; কিন্তু এখন অকারণে দায়ূদ্কে বধ করিয়া নির্দ্দোষের রক্তের প্রতিকূলে ৬ কেন পাপ করিবা? তাহাতে শৌল যোনাথনের বাক্যে মনোযোগ করিয়া দিব্য করিয়া কহিল, পরমেশ্বর যদি ৭ অমর হন, তবে সে হত হইবে না। পরে যোনাথন্ দায়ূদ্কে ডাকাইয়া ঐ সমস্ত কথা তাহাকে জ্ঞাত করিল, এবং যোনাথন্ দায়ূদ্কে শৌলের কাছে আনিলে সে পূর্ব্ব সময়ের * মত তাহার সাক্ষাতে থাকিল।

৮ অনন্তর পুনর্ব্বার যুদ্ধ উপস্থিত হইলে দায়ূদ্ বাহির হইয়া পিলেষ্টীয়দের সহিত যুদ্ধ করিয়া মহাসংহারে তাহাদিগকে সংহার করিলে, তাহারা তাহার সম্মুখ- ৯ হইতে পলায়ন করিল। অনন্তর যে সময়ে শৌল বড়শা হস্তে আপন গৃহে বসিয়াছিল, ঐ সময়ে দুষ্ট আত্মা পরমেশ্বরের অনুমতিতে শৌলকে আশ্রয় করিলে দায়ূদ্ ১০ হস্তদ্বারা বাদ্য করিতেছিল, এমন সময়ে শৌল বড়শা দিয়া দায়ূদ্কে ভিত্তি সঙ্গে গাঁথিতে যত্ন করিল; কিন্তু সে শৌলের সম্মুখহইতে সরিয়া যাওয়াতে তাহার বড়শা ভিত্তিতে বিদ্ধ হইল; তাহাতে দায়ূদ্ সে রাত্রিতে পলা- ১১ ইয়া রক্ষা পাইল। পরে শৌল্ ঘাটি বসাইয়া প্রাতঃকালে তাহাকে বধ করিতে দায়ূদের গৃহের নিকটে দূতগণকে প্রেরণ করিল; তখন দায়ূদের ভার্য্যা মীখল্ তাহাকে সম্বাদ দিয়া কহিল, তুমি যদি এই রাত্রিতে প্রাণ রক্ষা না কর, তবে কল্য হত হইবা।

১২ পরে মীখল্ এক বাতায়ন দ্বার দিয়া দায়ূদ্কে নামাইয়া দিল; তাহাতে সে যাইয়া পলায়ন করিয়া রক্ষা ১৩ পাইল। এবং মীখল্ এক পুত্তলিকা লইয়া শয্যাতে শয়ন করাইল, এবং ছাগলোমের এক বালিশ তাহার ১৪ মস্তকে দিয়া বস্ত্রদ্বারা তাহাকে ঢাকিল। পরে শৌল দায়ূদ্কে ধরিতে দূতগণকে পাঠাইলে মীখল্ কহিল, ১৫ তিনি পীড়িত আছেন। তাহাতে শৌল দায়ূদ্কে দেখিবার জন্যে দূতগণকে পাঠাইয়া কহিল, তাহাকে খট্টাতে করিয়া আমার কাছে আন, আমি তাহাকে বধ করিব। পরে দূতগণ অন্তরে আইলে খট্টাতে ১৬ এক পুত্তলিকা ও তাহার মস্তকে ছাগলোমের বালিশ দেখিল। অতএব শৌল মীখল্কে কহিল, তুমি আমাকে ১৭ কেন এই রূপ প্রবঞ্চনা করিলা? তুমি আমার শত্রুকে ছাড়িয়া দিলে সে পলায়ন করিল; মীখল্ শৌলকে উত্তর করিল, সে কহিল, তুমি আমাকে যাইতে দেও, আমি তোমাকে কেন বধ করিব?

১৮ অপর দায়ূদ্ পলায়ন করিয়া রক্ষা পাইয়া রামৎ নগরে শিমূয়েলের কাছে গিয়া আপনার প্রতি শৌলের কৃত সমস্ত কার্য্য কহিল, পরে সে ও শিমূয়েল্ ১৯ যাইয়া নায়োতে † বাস করিল। পরে দেখ, দায়ূদ্ রামৎ স্থিত নায়োতে † আছে, এই কথা কেহ শৌলকে কহিলে ২০ শৌল দায়ূদ্কে ধরিতে দূতগণকে পাঠাইল; তাহাতে যখন দূতগণ ভবিষ্যদ্বক্তৃসমূহকে ভবিষ্যদ্বাক্য কহিতে ও তাহাদের অধ্যক্ষ শিমূয়েল্কে দণ্ডায়মান দেখিল, তখন ঈশ্বরের আত্মা শৌলের দূতগণের প্রতি আবির্ভূত হইলে তাহারাও ভবিষ্যদ্বাক্য কহিতে লাগিল। ২১ পরে এই সম্বাদ শৌলের গোচর হইলে সে অন্য দূতগণকে প্রেরণ করিল, তাহাতে তাহারাও ভবিষ্যদ্বাক্য কহিতে লাগিল; পরে শৌল তৃতীয় বার দূতগণকে প্রেরণ করিলে তাহারাও ভবিষ্যদ্বাক্য কহিতে লাগিল। ২২ অতএব শৌল আপনি রামতে গমন করিয়া সেখূস্থ বৃহৎ কূপের নিকটে উপস্থিত হইয়া, শিমূয়েল্ ও দায়ূদ্ কোথায় থাকে? এই কথা জিজ্ঞাসা করিল। ২৩ তাহাতে দেখ, তাহারা রামৎস্থিত নায়োতে থাকে, লোক ইহা কহিলে শৌল রামৎস্থিত নায়োতে গেল; তাহাতে পরমেশ্বরের আত্মা তাহারও প্রতি আবির্ভূত হইলে রামৎস্থিত নায়োতে তাহার উপস্থিত হওন পর্য্যন্ত সেও ২৪ যাইতে ২ ভবিষ্যদ্বাক্য কহিল। এবং সেও বস্ত্র খুলিয়া ঐ প্রকারে শিমূয়েলের সম্মুখে ভবিষ্যদ্বাক্য কহিল, এবং সমস্ত দিবারাত্রি বস্ত্রবিহীন হইয়া শয়ন করিয়া থাকিল; এই কারণও লোকেরা বলে, কি শৌলও ভবিষ্যদ্বক্তাদের মধ্যে এক জন?

২০ অধ্যায়।

১ যোনাথন্ ও দায়ূদের কথোপকথন ১১ ও তাহাদের ক্ষেত্রে যাওন ও দিব্যদ্বারা নিয়ম করণ ২৪ ও পুত্তিপদে দায়ূদের অনুপস্থিত থাকাতে যোনাথনের প্রতি শৌলের ক্রুদ্ধ হওন ৩৫ ও দায়ূদের প্রতি যোনাথনের সমাচার দেওন ৪১ ও দায়ূদ্কে বিদায় করন।

১ পরে দায়ূদ্ রামৎস্থিত নায়োৎহইতে পলাইয়া যোনাথনের নিকটে আসিয়া কহিল, আমি কি করিলাম?

[১৯ অধ্য; ২] ১ শি ১৮; ১, ৩,৪ ।।—[৪] আ ৪২; ২২। ১ শি ১৮; ৫ ।।—[৫] ১৭; ৩৭, ৪৮-৫০। দ্বি ২১; ৮, ৯ ।।—[৭] ১ শি ১৬; ২১। ১৮; ২ ।।—[৮] ১৮; ৫, ৩০ ।।—[৯, ১০] ১৮; ৮-১১ ।।—[১১] গী ৫৯ ।।—[১২] যি ২; ১৫। প্রে ৯; ২৫ ।। [২০] গী ১১; ২৬,২৭ ।।—[২০-২৪] ১ শি ১০; ১১,১২। ২ রা ১; ৯-১৩ ।।

*(ইব্রী) কল্য ও পরশ্ব। † (বা) আশ্রয়ে।

আমার অপরাধ কি? ও তোমার পিতার কাছে আমার
পাপ কি? সে আমার প্রাণ লইতে চেষ্টা করে কেন?
২ তাহাতে সে তাহাকে কহিল, এমন না হউক, তুমি
মরিবা না; দেখ, আমার পিতা আমার কর্ণে প্রকাশ না
করিয়া বৃহৎ কিম্বা ক্ষুদ্র কোন কর্ম্ম করে না; তবে আমার
পিতা এই কর্ম্ম আমাকে গোপন করিয়া কেন করিবে?
৩ তাহা হইতে পারে না। তাহাতে দায়ূদ্ দিব্য করিয়া
পুনর্ব্বার কহিল, তুমি আমাকে অনুগ্রহ করিয়া থাক, ইহা
তোমার পিতা বিলক্ষণ জানে; এই জন্যে সে কহে, যোনা-
থন্ এ বিষয় জ্ঞাত না হউক, নতুবা সে দুঃখিত হইবে;
অতএব আমি অমর পরমেশ্বরের ও তোমার জীবৎ
প্রাণের দিব্য করিতেছি, আমাতে আর মৃত্যুতে নিতান্ত
৪ এক পাদমাত্র বিচ্ছেদ আছে। যোনাথন্ দায়ূদ্‌কে কহিল,
তোমার মনের যাহা ইচ্ছা*, আমি তোমার জন্যে তাহাই
৫ করিব। দায়ূদ্ যোনাথন্‌কে কহিল, দেখ, কল্য প্রতিপদ,
রাজার সহিত ভোজনে বসিবার আবশ্যকতা হয়; কিন্তু
তুমি আমাকে যাইতে দেও, আমি তৃতীয় দিনের সায়ং-
৬ কাল পর্য্যন্ত ক্ষেত্রে লুকাইয়া থাকি। তাহাতে তোমার
পিতা যদি আমার অনুপস্থিতের কথা কহে, তবে তুমি
কহিবা, দায়ূদ্ আপন নগর বৈৎলেহমে শীঘ্র যাইতে
আমার কাছে অনেক প্রার্থনা করিল, কেননা সে স্থানে
সমস্ত পরিজনের জন্যে এক বার্ষিক যজ্ঞ আছে।
৭ তাহাতে সে যদি কহে, ভাল, তবে তোমার এই দাসের
মঙ্গল হইবে; নতুবা সে যদি মহাক্রুদ্ধ হয়, তবে তাহা-
দ্বারা নিতান্ত অমঙ্গল স্থির হয়, ইহা নিশ্চয় জ্ঞাত হও।
৮ অতএব তুমি আপনার এই দাসের প্রতি অনুগ্রহ করি-
বা, কেননা তুমি আপনার সহিত আপনার এই দাসকে
পরমেশ্বরের এক নিয়মেতে বদ্ধ করিয়াছ; কিন্তু যদি
আমার কোন অপরাধ থাকে, তবে তুমি আপনি আ-
মাকে বধ কর; আপন পিতার নিকটে কেন লইয়া যা-
৯ ইবা? তাহাতে যোনাথন্ কহিল, তুমি এমত চিন্তা আপ-
নাহইতে দূর কর; আমার পিতা তোমার প্রতি অম-
ঙ্গল স্থির করিয়াছে, ইহা যদি আমি নিশ্চয় জানিতে
১০ পারি, তবে কি তোমাকে কহিব না? দায়ূদ্ যোনা-
থন্‌কে কহিল, তাহা আমাকে কে কহিবে? এবং তো-
মার পিতা তোমার প্রতি কটু কহিলে কি হইবে?

১১ পরে যোনাথন্ দায়ূদ্‌কে কহিল, আইস, আমরা
ক্ষেত্রে যাই; তাহাতে তাহারা দুই জন বাহির হইয়া
১২ ক্ষেত্রে গেল। পরে যোনাথন্ দায়ূদ্‌কে কহিল, কল্য
এমন সময়ে কিম্বা পরশ্ব আমার পিতার মনের
অনুসন্ধান পাইলে তোমার † প্রতি যদি অনুগ্রহ
থাকে, তাহা আমি যদি তোমার নিকটে না পাঠাই,
ও তোমার কর্ণে প্রকাশ না করি, তবে ইস্রায়েলের
প্রভু পরমেশ্বর তাহার সমুচিত ও ততোধিক যোনা- ১৩
থনের প্রতি করুন; কিন্তু যদি তোমার অমঙ্গল করিতে
আমার পিতার মনস্থ থাকে, তবে আমি তোমাকে
তাহাও জানাইব ও তোমাকে বিদায় করিব; তুমি
কুশলে যাইবা, এবং পরমেশ্বর যেমন আমার পিতার
সহবর্ত্তী ছিলেন, তদ্রূপ তোমারও সহবর্ত্তী হউন।
আমি যেন না মরি, এই জন্যে তুমি আমার যাবজ্জীবন ১৪
আমার প্রতি পরমেশ্বরের ন্যায় অনুগ্রহ করিবা; তাহা
কেবল নয়, কিন্তু আমার বংশের প্রতি তোমার অনু- ১৫
গ্রহ লোপ পাইবে না; যখন পরমেশ্বর দায়ূদের
শত্রুদের প্রত্যেক জনকে দেশহইতে উচ্ছিন্ন করিবেন,
তখনও না। এই রূপে যোনাথন্ দায়ূদ্ বংশের সহিত ১৬
নিয়ম ‡ করিয়া কহিল, পরমেশ্বর দায়ূদের শত্রুগণকে
প্রতিফল দিউন। পরে যোনাথন্ দায়ূদ্‌কে প্রেম করণ ১৭
প্রযুক্ত পুনর্ব্বার তাহাকে শপথ করাইল, কেননা সে
আপন প্রাণের তুল্য তাহাকে প্রেম করিত। পরে ১৮
যোনাথন্ দায়ূদ্‌কে কহিল, কল্য প্রতিপদ হইবে;
তাহাতে তোমার আসন শূন্য হইলে তুমি অনুপস্থিত
গণিত হইবা। তুমি পরশ্ব শীঘ্র উত্তরিয়া পূর্ব্ব কার্য্যের ১৯
যে স্থানে গোপনে ছিলা, সেই স্থানে এষল্ নামক
প্রস্তরের নিকটে থাকিবা। আমি লক্ষ্য মারণের ছলে ২০
তিন তীর তাহার পার্শ্বে ক্ষেপণ করিব। পরে দেখ, ২১
আমি এক বালককে পাঠাইয়া ইহা কহিব, তুমি যাইয়া
তীর অন্বেষণ কর; আর দেখ, তীর তোমার এপারে
তুলিয়া লও, এমত কথা যদি আমি বিশেষ রূপে সে বাল-
ককে কহি, তবে তুমি আইস, অমর পরমেশ্বরের দিব্য
করিতেছি, তোমার মঙ্গল, কোন ক্ষতি নয়। আর যদি ২২
আমি সেই যুবকে কহি, দেখ, তোমার ওপারে তীর
আছে, তবে তুমি আপন পথে চলিয়া যাও, কেননা
পরমেশ্বর তোমাকে বিদায় করেন। দেখ, তোমার ও ২৩
আমার কথোপকথনের বিষয়ে পরমেশ্বর সর্ব্বদা আ-
মার ও তোমার মধ্যে সাক্ষী হউন।

অপর দায়ূদ্ ক্ষেত্রেতে লুকাইলে প্রতিপদের দিবস ২৪
উপস্থিত হইলে রাজা ভোজনে বসিল। রাজা অন্য ২৫
সময়ের ন্যায় আপন আসনে অর্থাৎ ভিত্তি নিকটস্থ
আসনে বসিল; পরে যোনাথন্ উপস্থিত § হইল, এবং
অব্নের্ শৌলের পার্শ্বে বসিল; কিন্তু দায়ূদের স্থান
শূন্য থাকিল। তথাপি শৌল সে দিনে কিছু কহিল না, ২৬
কেননা তাহার কোন বিষয় ঘটিয়া থাকিবে, তাহাতে শুচি
না হইয়া অবশ্য অশুচি হইবে, ইহা মনে২ ভাবিল।
পরদিবসে অর্থাৎ মাসের দ্বিতীয় দিবসে দায়ূদের স্থান ২৭

[২০ অধ্য; ৩] ১ শি ১৮; ১-৪ ॥—[৫] প ২৯। গ ১০; ১০॥—[৬] প ২৮, ২৯। ১ শি ১৬; ১-৪ ॥—[৮] ১৮; ৩, ৪ ॥
[৯] প ১২, ১৩, ৩৫-৪২॥—[১০] প ১৯-২২। ৩০-৩৪॥—[১২, ১৩] প ৯॥—[১৩] ১৪; ৪৭, ৪৮॥—[১৫] ২ শি ৯।
২১; ৭॥—[১৬] প ৮। ১ শি ১৮; ৩, ৪। ২৩; ১৮॥—[১৭] ১৮; ১, ৩॥—[১৮] প ৫॥—[১৯] ১৯; ২, ৩॥
[২৩] প ১২-১৬॥—[২৬] লে ৭; ২১॥

*(ইব) মন যাহা বলে। †(ইব্রু) দায়ূদের। ‡(ইব্রু) ছেদন। § ওঠিল।

শূন্য থাকাতে শৌল আপন পুত্র যোনাথন্‌কে জিজ্ঞাসিল, যিশয়ের পুত্র কল্য ও অদ্য ভোজনে কেন আসে ২৮ না? যোনাথন্ শৌলকে কহিল, দায়ূদ্ বৈৎলেহমে যাইবার জন্যে আমার কাছে অনেক প্রার্থনা করিয়া কহিল, ২৯ আমি বিনয় করি,আমাকে বিদায় করুণ; নগরে আমাদের পরিজনের জন্যে এক যজ্ঞ হইবে,এই জন্যে আমার ভ্রাতা আমাকে যাইতে আজ্ঞা করিয়াছেন; অতএব বিনয় করি, আপনি যদি আমাকে অনুগ্রহ করেন, তবে আমি গোপনে যাইয়া আপন ভ্রাতাদিগকে দেখি; এই ৩০ জন্যে সে রাজার ভোজনাসনে আইসে নাই। তাহাতে যোনাথনের প্রতি শৌলের ক্রোধ প্রজ্বলিত হইলে সে তাহাকে কহিল, অরে বিপথগামি ও আজ্ঞা লঙ্ঘনকারি * পুত্র, তুই আপনার লজ্জা ও মাতার আবরণীয়ের লজ্জা জন্মাইতে যিশয়ের পুত্রকে মনোনীত করি- ৩১ য়াছিস,তাহা কি জানি না? কিন্তু যিশয়ের পুত্র ভূমিতে যত কাল বাঁচিবে, তুই কিম্বা তোর রাজ্য তত কাল স্থির হইবে না; অতএব এখন লোক পাঠাইয়া তাহাকে ৩২ আমার কাছে আনা, সে অবশ্য মরিবে †। তাহাতে যোনাথন্ আপন পিতা শৌলকে কহিল, সে কেন হত ৩৩ হইবে? কি করিল? কিন্তু শৌল তাহাকে আঘাত করণার্থে এক বড়শা নিক্ষেপ করিল; তাহাতে আপন পিতা শৌল দায়ূদকে বধ করিতে নিশ্চয় করিয়াছে, ৩৪ ইহা যোনাথন্ জ্ঞাত হইল। তখন যোনাথন্ মহাক্রুদ্ধ হইয়া ভোজাসনহইতে উঠিল; মাসের দ্বিতীয় দিবসে সে কিছু ভোজন করিল না, কারণ তাহার পিতা দায়ূদের অপমান করিল, তাহাতে সে দায়ূদের জন্যে শোকাকুল হইল।

৩৫ পরে যোনাথন্ দায়ূদের সহিত যে সময় নিরূপণ করিয়াছিল, সেই সময়ে প্রাতঃকালে এক ক্ষুদ্র বালককে ৩৬ সঙ্গে লইয়া বাহিরে ক্ষেত্রে গেল; এবং সে বালককে কহিল, আমি যে ২ তীর নিক্ষেপ করি, তুমি দৌড়িয়া যাইয়া তাহা অন্বেষণ কর; তাহাতে ঐ বালক দৌড়িলে ৩৭ সে তাহার ওপারে পড়িতে তীর নিক্ষেপ করিল। এবং বালক যোনাথনের নিক্ষিপ্ত তীরের কাছে উপস্থিত হইলে যোনাথন্ বালককে ডাকিয়া কহিল, তোমার ৩৮ ওপারে কি তীর নাই? যোনাথন্ আর বার বালককে ডাকিয়া কহিল, শীঘ্র দৌড়িয়া আইস, বিলম্ব করিও না; তাহাতে যোনাথনের সে বালক তীর সংগ্রহ ৩৯ করিয়া আপন কর্ত্তার কাছে আইল। কিন্তু ঐ বালক কিছুই জানিল না, কেবল যোনাথন্ ও দায়ূদ্ ৪০ সেই বিষয় জ্ঞাত ছিল। পরে যোনাথন্ আপন তীর ধনুকাদি সেই সঙ্গি বালককে দিয়া তাহাকে কহিল, ইহা নগরে লইয়া যাও।

৪১ পরে ঐ বালক যাইবামাত্র দায়ূদ্ দক্ষিণদিগস্থ এক স্থানহইতে উঠিয়া উবুড় হইয়া পড়িয়া তিন বার প্রণাম করিল, এবং তাহারা পরস্পর চুম্বন ও রোদন করিল; কিন্তু দায়ূদ্ অধিক রোদন করিল। পরে যোনাথন্ ৪২ দায়ূদ্‌কে কহিল, তুমি কুশলে যাও, আমরা দুই জন পরমেশ্বরের নামে এই দিব্য করিয়াছি, পরমেশ্বর আমার ও তোমার এবং আমার বংশের ও তোমার বংশের নিত্য মধ্যবর্ত্তী হউন; পরে সে উঠিয়া প্রস্থান করিলে যোনাথন্ নগরে গেল।

২১ অধ্যায়।

১ অহীমেলক্‌হইতে দায়ূদের পবিত্র রুটী পাওন ৭ ও সে স্থানে দোয়েগের উপস্থিত থাকন ৮ ও পিলেষ্টীয় জালূতের খড়্গ পাওন ১০ ও গাতের রাজার সাক্ষাতে উন্মত্তের ন্যায় ব্যবহার করণ।

১ পরে দায়ূদ্ নোবে অহিমেলক্ ‡ যাজকের নিকটে উপস্থিত হইল, কিন্তু অহীমেলক্ দায়ূদের আগমনহইতে ভীত হইয়া তাহাকে কহিল, তুমি একা কেন? ও তোমার ২ সঙ্গে কেহ নাই কেন? তাহাতে দায়ূদ্ অহীমেলক্ যাজককে কহিল, রাজা আমাকে এক কার্য্য করিতে আজ্ঞা দিলেন; আমি তোমাকে আজ্ঞা করিয়া যে কার্য্যে প্রেরণ করি, তাহার কিছু যেন কেহ না জানে, এই কথা আমাকে কহিল; এবং আমি অমুক ২ স্থানে দাসগণকে ৩ নিযুক্ত করিলাম। এখন তোমার হস্তে কি আছে? তোমার পাঁচ রুটী কিম্বা আর যাহা থাকে, তাহা দেও। ৪ তাহাতে যাজক দায়ূদ্‌কে উত্তর কহিল, আমার হস্তে সামান্য রুটী নাই, কিন্তু যদি যুবলোক স্ত্রীহইতে পৃথক হইয়াছে,তবে তাহাদের এই পবিত্র রুটী হইতে পারে। ৫ তাহাতে দায়ূদ্ যাজককে উত্তর দিল, আমার নির্গত হওনাবধি কএক দিবস আমাদের হইতে স্ত্রী স্বতন্ত্র আছে; তাহাতে এই যুব লোকেরা ‖ পবিত্র আছে; যদি কোন মতে § অপবিত্র হইয়া থাকে, তবে অদ্য পবিত্রীকৃত ৬ হইতে পারে। তাহাতে যাজক তাহাকে পবিত্র রুটী দিল; উত্তপ্ত অন্য রুটী রাখিবার সময়ে যে দর্শনরুটী পরমেশ্বরের সাক্ষাৎহইতে নীত হইয়াছিল, সেই দর্শন রুটী ব্যতিরেক সেই স্থানে অন্য রুটী ছিল না।

৭ ঐ সময়ে ইদোমীয় দোয়েগ্ নামে শৌলের পালকদের প্রধান শৌলের এক অধ্যক্ষ কোন বাধার দ্বারা পরমেশ্বরের সাক্ষাতে ছিল।

৮ পরে দায়ূদ্ অহীমেলক্‌কে কহিল, এই স্থানে তোমার হস্তে বড়শা বা খড়্গ কি কিছুই নাই? কেননা আমি রাজার কার্য্য শীঘ্র করণার্থে আপনার সঙ্গে ৯ খড়্গ বা অস্ত্র ¶ আনি নাই। তাহাতে যাজক কহিল, এলা তলভূমিতে তুমি যে জালূৎ নামে পিলেষ্টীয়কে বধ করিয়াছিলা, দেখ, তাহার খড়্গ বস্ত্র বেষ্টিত হইয়া এফোদের পশ্চাদ্দিগে আছে; তাহা যদি লইতে

[২৮, ২৯] প ৬॥—[৩০] প ১০॥—[৩৩] ১৮; ১১॥—[৩৫-৪০] প ১৮-২২॥—[৪২] প ১২-১৬, ২৩॥
[২১ অধ্য; ১] ১ শি ১৪; ৩। ২২; ১১। ১৩; ৪॥—[৪] প ৬॥—[৬] লে ২৪; ৫-৯। য ১২; ৩,৪॥—[৯] ১ শি ১৭; ৫০,৫১॥
* (বা) লঙ্ঘনকারিণী স্ত্রীর পুত্র। † (ইব্রু) মৃত্যুর পুত্র। ‡ (বা) অহিয়। ‖ (ইব) যুব লোকদের পাত্র। § (ইব্রু) পথে। ¶ (ইব্রু) পাত্র।

চাহ, তবে লও, তাহা ব্যতিরেক এ স্থানে অন্য অস্ত্র নাই; তাহাতে দায়ূদ্ কহিল, তাহার তুল্য আর নাই, তাহা আমাকে দেও।

১০ সেই দিনে দায়ূদ্ উঠিয়া শৌলের সম্মুখহইতে পলা-
১১ ইয়া গাতের রাজা আখীশের কাছে গেল। তাহাতে আখীশের অধ্যক্ষগণ তাহাকে কহিল, এই ব্যক্তি কি দেশের রাজা দায়ূদ্ নয়? এবং 'শৌল সহস্র সহস্রকে বধ করিল, কিন্তু দায়ূদ্ অযুত অযুতকে বধ করিল,' ইহা কহিয়া স্ত্রীলোকেরা নৃত্য করিয়া কি ইহার বিষয়ে
১২ গান করিল না? দায়ূদ্ ঐ কথা মনে গুপ্ত রাখিল, এবং
১৩ গাতের রাজা আখীশ্ প্রযুক্ত অতিশয় ভীত হওয়াতে সে তাহাদের সাক্ষাতে আচারান্তর করিয়া তাহাদের কাছে উন্মত্তের ন্যায় ব্যবহার করিয়া দ্বারের
১৪ কবাটে আঁচড়িল, এবং আপন দাড়ির উপরে লাল ক্ষরিতে দিল। তাহাতে আখীশ্ আপন অধ্যক্ষগণকে কহিল, দেখ, এ মানুষ উন্মত্তের ব্যবহার করিতেছে; অতএব তোমরা আমার নিকটে ইহাকে কেন আনিলা?
১৫ ক্ষিপ্ত লোকেতে আমার কি প্রয়োজন আছে? তোমরা আমার কাছে উন্মত্তের ব্যবহার করিতে ইহাকে আমার সাক্ষাতে কেন আনিলা? এ কি আমার গৃহে আসিবে?

২২ অধ্যায়।

১ অদুল্লমের গুহাতে দায়ূদের রক্ষা পাওন ৩ ও মোয়াব্ রাজার নিকটে পিতা মাতাকে রাখন ৫ ও গাদ্ ভবিষ্যদ্বক্তার পরামর্শে যিহূদা দেশে দায়ূদের গমন ৬ ও দায়ূদের বিষয়ে শৌলের দাসগণকে অনুযোগ করণ ৯ ও শৌলের প্রতি দোয়েগের কথা ১১ ও যাজকগণকে বধ করিতে শৌলের আজ্ঞা ১৭ ও তাহাদিগকে ও তাহাদের নগরকে নষ্ট করণ ২০ ও অবিয়াথরের পলায়ন।

১ পরে দায়ূদ্ তথাহইতে প্রস্থান করিয়া অদুল্লম্ গুহাতে আশ্রয় লইলে তাহার ভ্রাতৃগণ ও পিতৃপরিবার তাহা
২ শুনিয়া সেই স্থানে তাহার নিকটে গেল। এবং দুঃখী ও ঋণী ও অসন্তুষ্ট* লোক সকল তাহার নিকটে একত্র হইলে সে তাহাদের সেনাপতি হইল; এই রূপে প্রায় চারি শত লোক তাহার সঙ্গী হইল।

৩ পরে দায়ূদ্ তথাহইতে মোয়াবের মিস্পী নগরে যাইয়া মোয়াবের রাজাকে কহিল, আমি বিনয় করি, ঈশ্বর আমার প্রতি কি করিবেন, তাহা যে পর্য্যন্ত আমি জ্ঞাত না হই, তাবৎ আমার পিতামাতাকে
৪ তোমার নিকটে আসিয়া থাকিতে দেও। পরে সে তাহাদিগকে মোয়াবের রাজার সাক্ষাতে আনিল; তাহাতে যে পর্য্যন্ত দায়ূদ্ দুর্গম স্থানে থাকিল, তাবৎ তাহারা ঐ রাজার সহিত বাস করিল।

৫ পরে গাদ্ নামে ভবিষ্যদ্বক্তা দায়ূদ্‌কে কহিল, তুমি আর দুর্গম স্থানে থাকিও না, প্রস্থান করিয়া যিহূদা দেশে যাও; তাহাতে দায়ূদ্ প্রস্থান করিয়া হেরতের বনে উপস্থিত হইল।

৬ যে সময়ে শৌল গিবিয়ার রামৎস্থিত † এক বৃক্ষের তলে শল্য হস্ত দণ্ডায়মান ছিল, এবং তাহার চতুর্দ্দিগে সমস্ত দাস দণ্ডায়মান ছিল, সে সময়ে দায়ূদের ও তা-
৭ হার সঙ্গিদের উদ্দেশ পাওয়া গিয়াছে; ইহা শুনিয়া শৌল আপন চতুর্দ্দিকস্থ দণ্ডায়মান দাসগণকে কহিল, হে বিন্যামীন বংশীয়েরা, তোমরা মনোযোগ কর, যিশয়ের পুত্র কি তোমাদের প্রত্যেক জনকে ক্ষেত্র ও দ্রাক্ষাক্ষেত্র দিবে? এবং তোমাদের সকলকে সহস্র
৮ সেনাপতি ও শতসেনাপতি করিবে? তোমরা আমার প্রতিকূলে কেন কুমন্ত্রণা করিলা? আমার পুত্র যিশয়ের পুত্রের সহিত নিয়ম করিয়াছে, ইহা তোমাদের মধ্যে কেহ আমার কর্ণগোচর করিল না, এবং কেহ আমার জন্যে শোক করিল না; আমার পুত্র আমার প্রতিকূলে আমার দাসকে অদ্য ঘাটে লুকাইয়া থাকিতে প্রবৃত্তি দিলে কেহ আমাকে অবগত করে নাই।

৯ পরে শৌলের দাসদের অধ্যক্ষ ইদোমীয় দোয়েগ্ উত্তর করিল, আমি নোবে অহীটূবের পুত্র অহীমেলকের নিকটে যিশয়ের পুত্রকে যাইতে দেখিয়াছি।
১০ সে তাহার নিমিত্তে পরমেশ্বরের কাছে জিজ্ঞাসা করিল ও তাহাকে খাদ্য দ্রব্য দিল, এবং পিলেষ্টীয় জালূতের খড়্গ তাহাকে দিল।

১১ তাহাতে রাজা অহীটূবের পুত্র অহীমেলক্ যাজককে ও তাহার তাবৎ পিতৃবংশকে অর্থাৎ নোব্ বাসি যাজকদিগকে ডাকাইতে পাঠাইল; তাহাতে তাহারা
১২ সকলে রাজার নিকটে আইল। পরে শৌল কহিল, হে অহীটূবের পুত্র, এখন শুন; সে উত্তর করিল, হে
১৩ আমার প্রভো, আমি উপস্থিত আছি ‡। পরে শৌল তাহাকে কহিল, তুমি ও যিশয়ের পুত্র আমার বিরুদ্ধে কেন রাজদ্রোহ করিলা? এবং অদ্যকার মত আমার বিরুদ্ধে উঠিয়া ঘাটে লুকাইয়া থাকিতে তুমি তাহাকে রুটী ও খড়্গ দিয়া তাহার জন্যে ঈশ্বরের কাছে প্রার্থনা
১৪ করিলা কেন? তাহাতে অহীমেলক্ রাজাকে উত্তর করিল, আপনকার আজ্ঞাতে § গমনোদ্যত ও আপনকার বাটীতে সম্ভ্রান্ত যে রাজার জামাতা দায়ূদ, আপনকার তাবৎ দাসের মধ্যে তাহার তুল্য বিশ্বাস্য কে
১৫ আছে? আমি কি তখনি তাহার জন্যে ঈশ্বরের কাছে প্রার্থনা করিতে আরম্ভ করিলাম? তাহা আমাহইতে দূর হউক; রাজা আপন দাসকে ও দাসের পরিজনদিগকে এই দোষ দিবেন না, আপনকার দাস এ বিষয়ের

[১০-১৫] গী ৩৪। গী ৫৬॥—[১১] ১ শি ১৮; ৭॥
[২২ অধ্যা; ১] যি ১৫; ৩৫। গী ৫৭। গী ১৪২॥—[৭] ১ শি ৮; ১৪॥—[৮] ১৮; ৩, ৪। ২০; ১২-১৬॥—[৯] ২১; ৭। গী ৫২॥—[১০] ১ শি ২১; ৬, ৯॥

* (ইব্রী) তিক্তমনা। † (বা) টিকর ভূমির। ‡ (ইব্রী) আমাকে দেখ। § (বা) শুবন স্থানে গমনকারী।

১৬ ন্যূনাধিক কিছু অবগত ছিল না। কিন্তু রাজা কহিল, হে অহীমেলক্, তুমি আপনার তাবৎ পিতৃবংশের সহিত অবশ্য হত হইবা।

১৭ পরে রাজা আপন চতুর্দ্দিকস্থ দণ্ডায়মান পদাতিকদিগকে কহিল, পরমেশ্বরের যাজকগণও দায়ূদের উপকার করিল, এবং তাহার পলায়নের কথা জানিলেও আমার কর্ণগোচর করিল না, এই জন্যে তোমরা ফিরিয়া তাহাদিগকে বধ কর; কিন্তু পরমেশ্বরের যাজকদের বধার্থে হস্ত বিস্তার করিতে রাজার দাসগণ সম্মত ১৮ হইল না। পরে রাজা দোয়েগকে কহিল, তুমি ফিরিয়া যাজকগণকে বধ কর; তাহাতে ইদোমীয় দোয়েগ্ ফিরিয়া যাজকদের উপরে আক্রমণ করিয়া সেই দিবসে কার্পাস সূত্র নির্ম্মিত এফোদ পরিধায়ি পঁচাশী জনকে ১৯ হত্যা করিল। এবং সে নোব্ নামে যাজকদের নগরকে খড়্গদ্বারা বিনষ্ট করিল, অর্থাৎ স্ত্রী ও পুরুষ ও বালক ও স্তনপায়ি শিশু এবং গোরু ও গর্দ্দভ ও মেষাদি খড়্গধারদ্বারা বধ করিল।

২০ ঐ সময়ে অবিয়াথর্ নামে অহীটূবের পৌত্র অহীমেলকের এক পুত্র বাঁচিয়া দায়ূদের পশ্চাৎ পলাইল। ২১ ঐ অবিয়াথর্ দায়ূদ্কে এই সম্বাদ দিল, শৌল পরমে- ২২ শ্বরের যাজকগণকে বধ করিয়াছে। তাহাতে দায়ূদ্ অবিয়াথরকে কহিল, ইদোমীয় দোয়েগ সে স্থানে থাকাতে সে দিনাবধি আমার এমন বোধ ছিল, যে সে অবশ্য এ কথা শৌলকে কহিবে; অতএব আমি তোমার পিতৃ- ২৩ বংশীয় লোকদের বধের কারণ হইলাম। তুমি আমার সহিত থাক, ভীত হইও না; কেননা যে জন আমার প্রাণ চেষ্টা করিতেছে, সে তোমারও প্রাণ চেষ্টা করিতেছে, কিন্তু আমার সঙ্গে থাকিলে রক্ষা পাইবা।

২৩ অধ্যায়।

১ কিয়ীলার আক্রমণ ৭ ও দায়ূদের বিষয়ে শৌলের কথা ৯ ও দায়ূদের প্রতি পরমেশ্বরের উত্তর দেওন ১৩ ও দায়ূদের সীফ্ অরণ্যে পলায়ন ও যোনাথনের সহিত সাক্ষাৎ করণ ১৯ ও শৌলের সীফীয় লোকদের সম্বাদ দেওন ও দায়ূদের পশ্চাদ্গমনহইতে শৌলের নিবৃত্ত হওন।

১ পরে পিলেষ্টীয়েরা কিয়ীলার সহিত যুদ্ধ করিয়া মর্দ্দনস্থানের শস্য হরণ করিতেছে, লোকেরা দায়ূদ্কে এই ২ সম্বাদ দিলে সে পরমেশ্বরের কাছে জিজ্ঞাসা করিল, আমি কি ঐ পিলেষ্টীয়দিগকে আঘাত করিতে যাইব? তাহাতে পরমেশ্বর দায়ূদ্কে কহিলেন, যাও, পিলেষ্টীয়- ৩ দিগকে আঘাত করিয়া কিয়ীলাকে রক্ষা কর। তাহাতে দায়ূদের লোকেরা তাহাকে কহিল, দেখ, আমরা এই যিহূদা দেশেই ভয় করিতেছি, এখন পিলেষ্টীয়দের সৈন্যশ্রেণিদের প্রতিকূলে কিয়ীলাতে গেলে কতোধিক ভয় করিব! পরে দায়ূদ্ পুনর্ব্বার পরমেশ্বরের কাছে ৪ জিজ্ঞাসা করিলে পরমেশ্বর উত্তর করিলেন, তুমি উঠিয়া কিয়ীলাতে যাও, আমি শিলেষ্টীয়দিগকে তোমার হস্তে সমর্পণ করিব। অতএব দায়ূদ্ ও তাহার লোকেরা ৫ কিয়ীলাতে যাইয়া পিলেষ্টীয়দের সহিত যুদ্ধ করিয়া মহাসংহারে তাহাদিগকে সংহার করিয়া তাহাদের পশুগণকে লইয়া গেল; এই রূপে দায়ূদ্ কিয়ীলা নিবাসিদিগকে রক্ষা করিল। ইহার পূর্ব্বে অহীমেলকের ৬ পুত্র অবিয়াথর্ পলায়ন সময়ে কিয়ীলাতে দায়ূদের নিকটে এক এফোদ হস্তে করিয়া আসিয়াছিল।

পরে দায়ূদ্ কিয়ীলাতে প্রবিষ্ট হইয়াছে, এই সম্বাদ ৭ পাইয়া শৌল কহিল, তবে ঈশ্বর আমার হস্তে তাহাকে সমর্পণ করিলেন, কেননা দ্বার ও অর্গল যুক্ত নগরে প্রবেশ করাতে সে অবরুদ্ধ আছে। পরে শৌল দায়ূ- ৮ দকে ও তাহার লোকদিগকে অবরোধ করিবার জন্যে কিয়ীলাতে যাইয়া যুদ্ধ করিতে আপন তাবৎ লোককে ডাকিল।

পরে শৌল গুপ্ত রূপে দায়ূদের বিরুদ্ধে হিংসাচরণ ৯ করিতেছে, ইহা দায়ূদ্ জ্ঞাত হইয়া অবিয়াথর্ যাজককে কহিল, এই স্থানে এফোদ্ আন। পরে দায়ূদ্ ১০ কহিল, হে ইস্রায়েলের প্রভো পরমেশ্বর, শৌল আমার নিমিত্তে এই কিয়ীলা নগরে আসিয়া উচ্ছিন্ন করিতে যত্ন করিতেছে, আপনকার দাস আমি নিশ্চয় ইহা শুনিলাম। এখন যে রূপ আপনকার দাস আমি শুনি- ১১ লাম, সেই রূপ সে কি সত্য আসিবে? এবং কিয়ীলার লোকেরা কি তাহার হস্তে আমাকে সমর্পণ করিবে? হে ইস্রায়েলের প্রভো পরমেশ্বর, আমি বিনয় করি, আপন দাসকে কহুন; পরমেশ্বর কহিলেন, সে আসিবে। দায়ূদ্ জিজ্ঞাসিল, কিয়ীলার গৃহস্থেরা কি আ- ১২ মাকে ও আমার লোকদিগকে শৌলের হস্তগত করিবে? তাহাতে পরমেশ্বর কহিলেন, তাহারা হস্তগত করিবে।

তাহাতে দায়ূদ্ ও তাহার প্রায় ছয় শত সঙ্গি লোক ১৩ উঠিয়া কিয়ীলাহইতে প্রস্থান করিয়া যে ২ স্থানে যাইতে পারিল, সেই ২ স্থানে গেল; পরে দায়ূদ্ কিয়ীলাহইতে পলাইয়াছে, এই কথা কেহ শৌলকে কহিলে সে যাইতে নিবৃত্ত হইল। এবং দায়ূদ্ অরণ্যের দুরা- ১৪ ক্রমণ স্থানে ও সীফ্ অরণ্যস্থ পর্ব্বতে বাস করিল; পরে শৌল প্রতিদিন তাহার অন্বেষণ করিলেও ঈশ্বর তাহার হস্তে তাহাকে সমর্পণ করিলেন না। তথাপি শৌল ১৫ দায়ূদের প্রাণের চেষ্টায় বাহির হইয়া আসিয়াছে, ইহা দায়ূদ্ দেখিল। এবং দায়ূদ সীফ্ অরণ্যস্থ পর্ব্বতে ১৬ থাকিলে শৌলের পুত্র যোনাথন্ উঠিয়া দায়ূদের নিকটে ঐ বনে গিয়া ঈশ্বরেতে তাহার * সাহস জন্মাইল।

---

[১৮] ১ শি ২; ৩০, ৩১ ॥—[২০] ২৩; ৬ ॥
[২৩ অধ্য; ১] যি ১৫; ৪৪ ॥—[২] প ৬। ১ শি ২২; ১০ ॥—[৬] ২২; ২০ ॥—[৯] প ২, ৬ ॥—[১০] ২২; ১৯ ॥—[১৩] ২২; ২ ॥—[১৪] যি ১৫; ৫৫ ॥

* (ইব্রি) হস্ত সবল করিল।

এবং তাহাকে কহিল,ভয় করিও না,আমার পিতা শৌল তোমার উদ্দেশ পাইবে না, এবং তুমি ইস্রায়েল্ বংশের উপরে রাজা হইবা, এবং আমি তোমার দ্বিতীয় হইব, ১৮ ইহা আমার পিতা শৌলও অবগত আছে। পরে তাহারা দুই জন পরমেশ্বরের সাক্ষাতে নিয়ম স্থির করিলে দায়ূদ্ বনে থাকিল; কিন্তু যোনাথন্ আপন গৃহে গেল।

১৯ অপর সীফীয় লোকেরা গিবিয়াতে শৌলের নিকটে গিয়া কহিল, অরণ্যের মধ্যে যিশীমোনের * দক্ষিণদিকস্থ হখীলা পর্ব্বতের দুরাক্রমণ স্থানে দায়ূদ্ কি ২০ আমাদের নিকটে লুকাইয়া থাকে না? অতএব হে রাজন্, তাবৎ মনের বাঞ্ছানুসারে আগমন করুণ, আমরা আপনকার হস্তে অবশ্য তাহাকে সমর্পণ করিব †। ২১ শৌল কহিল, তোমরা পরমেশ্বরেতে ধন্য, কেননা আ২২ মার প্রতি অনুগ্রহ করিলা। আমি বিনয় করি, তোমরা যাইয়া আরো অনুসন্ধান কর; তাহার গুপ্তস্থান ‡ কোথায়? ও সে স্থানে তাহাকে কে দেখিল? ইহা বিবেচনা করিয়া দেখ; কেননা সে অতি চতুরতাচরণ করে, ইহা ২৩ আমার প্রতি কথিত আছে। অতএব সকল গুপ্ত স্থানের মধ্যে কোন গুপ্ত স্থানে সে আপনাকে লুকাইতেছে, তাহা দেখিয়া অবগত হও; পরে আমার নিকটে নিশ্চয় সমাচার লইয়া আইস,তাহাতে আমি তোমাদের সহিত যাইব; সে যদি দেশে থাকে, তবে আমি যিহূদার সকল ২৪ সাহস্রিক দলের মধ্যে তাহার অন্বেষণ করিব। তাহাতে তাহারা উঠিয়া শৌলের অগ্রে সীফে গেল; কিন্তু দায়ূদ্ও তাহার লোকেরা যিশীমোনের দক্ষিণ প্রান্তরস্থ মায়োন্ ২৫ অরণ্যে ছিল। পরে শৌল ও তাহার লোকেরা তাহার অন্বেষণে গেল, কিন্তু লোকেরা দায়ূদ্কে ঐ সম্বাদ কহিলে সে এক পর্ব্বতে ‖ গিয়া মায়োন্ অরণ্যে রহিল। পরে শৌল তাহা শুনিয়া মায়োন্ অরণ্যে দায়ূদের অন্বেষণে ২৬ গমন করিল। এবং শৌল পর্ব্বতের এক পার্শ্বে গেলে দায়ূদ ও তাহার লোকেরা পর্ব্বতের অন্য পার্শ্বে গেল, এবং দায়ূদ্ ভয় প্রযুক্ত স্থানান্তর যাইতে ত্বরা করিল; কিন্তু শৌল তাহাকে ও তাহার লোকদিগকে ধরিবার জন্যে আপন লোকদ্বারা তাহাকে বেষ্টন করিয়া থাকিল।

২৭ সে সময়ে এক দূত শৌলের নিকটে আসিয়া সমাচার দিল, পিলেষ্টীয়েরা দেশ আক্রমণ § করিতেছে, ২৮ অতএব আপনি শীঘ্র আগমন করুণ। তাহাতে শৌল দায়ূদের পশ্চাদ্গমনহইতে ফিরিয়া পিলেষ্টীয়দের বিরুদ্ধে গমন করিল, এই নিমিত্তে তাহারা সেই স্থানের ২৯ নাম সেলা-হম্মহলিকোৎ (বিচ্ছেদকারি পর্ব্বত) রাখিল। পরে দায়ূদ্ তথাহইতে প্রস্থান করিয়া ঐন্গিদিস্থ দুরাক্রমণ স্থানে বাস করিল।

২৪ অধ্যায়।

১ ঐন্গিদিস্থিত গুহাতে দায়ূদের শৌলের বস্ত্রাঞ্চল ছেদন করিয়া প্রাণ রক্ষা করণ ৮ ও এই কর্ম্মদ্বারা শৌলের কাছে আপন নির্দ্দোষতা প্রকাশ করণ ১৬ ও আপন দোষ স্বীকার করিয়া দায়ূদ্কে দিব্য করাইয়া শৌলের আপন গৃহে প্রস্থান করণ।

১ অপর শৌল পিলেষ্টীয়দের পশ্চাদ্গমনহইতে প্রত্যাগমন করিলে দায়ূদ্ ঐন্গিদির অরণ্যে আছে, এই ২ সম্বাদ কেহ তাহাকে কহিল। তাহাতে শৌল তাবৎ ইস্রায়েল্ বংশহইতে তিন সহস্র মনোনীত লোক লইয়া বনছাগের পর্ব্বতোপরি দায়ূদের ও তাহার লোকদের ৩ অন্বেষণে গমন করিল। সে পথে স্থিত মেষবাথানে উপস্থিত হইলে চরণ আচ্ছাদন ¶ করিতে সেই স্থানস্থ এক গুহাতে প্রবেশ করিল; তাহাতে দায়ূদ্ ও তাহার ৪ লোকেরা গুহার মধ্যে থাকিল। অপর দায়ূদের লোকেরা তাহাকে কহিল, দেখ, পরমেশ্বর যে দিবসের বিষয়ে তোমাকে কহিয়াছেন, আমি তোমার শত্রুকে তোমার হস্তগত করিলে তোমার যাহা ইচ্ছা, তাহার প্রতি তাহাই করিবা, সেই দিবস এখন উপস্থিত; তাহাতে দায়ূদ্ উঠিয়া গুপ্ত রূপে শৌলের বস্ত্রাগ্রচ্ছেদন ৫ করিল। কিন্তু তৎপরে শৌলের বস্ত্রাগ্রচ্ছেদন করাতে ৬ দায়ূদের অন্তঃকরণ বিদ্ধ হইল; তাহাতে সে লোকদিগকে কহিল, পরমেশ্বরের অভিষিক্ত আমার প্রভুর প্রতি এমত কর্ম্ম করিতে অর্থাৎ তাহার বিরুদ্ধে হস্ত বিস্তার করিতে পরমেশ্বর আমাকে না দিউন্; কেননা ৭ সে পরমেশ্বরের অভিষিক্ত লোক। ইহা কহিয়া দায়ূদ্ আপন দাসদিগকে নিষেধ করিয়া শৌলের প্রতিকূলে আক্রমণ করিতে দিল না; পরে শৌল গুহাহইতে নির্গত হইয়া আপন পথে গমন করিল।

৮ তখন দায়ূদ্ উঠিয়া গুহাহইতে নির্গত হইয়া,হে আমার প্রভো রাজন্, ইহা বলিয়া শৌলকে ডাকিল; তাহাতে শৌল পশ্চাৎ ফিরিয়া দেখিলে দায়ূদ্ ভূমিষ্ঠ হইয়া ৯ প্রণাম করিল। এবং দায়ূদ্ শৌলকে কহিল, দায়ূদ্ তোমার হিংসার চেষ্টা করে, লোকদের এমত কথা কেন ১০ শুন? দেখ, পরমেশ্বর অদ্য এই গুহার মধ্যে তোমাকে আমার হস্তে সমর্পণ করিলেন, তাহা তুমি চাক্ষুস দেখিতেছ; কেহ তোমাকে বধ করিতে আমাকে কহিলে,আমি তোমাকে রক্ষা করিয়া কহিলাম,আপন প্রভুর প্রতিকূলে হস্ত বিস্তার করিব না, কেননা তিনি পরমেশ্বরের অভি১১ ষিক্ত লোক। হে আমার পিতঃ, তোমার এই উত্তরীয় বস্ত্রাগ্র আমার হস্তে অবলোকন করিয়া দেখ, আমি তোমার উত্তরীয় বস্ত্রাগ্রচ্ছেদন করিলাম, কিন্তু তোমাকে

[১৭] ১ শি ২৪; ২০॥—[১৮] ১৮; ৩,৪। ২০; ১৬॥—[১৯] ২৬; ১। গী ৫৪॥—[২৪] প ১৪। যি ১৫; ৫৫॥
[২৭,২৮] গী ৩৪; ৭॥

[২৪ অধ্য; ১] ১ শি ২৩; ২৮,২৯॥—[৩] ২২; ১। গী ৫৭। গী ১৪২॥—[৪-৭] ১ শি ২৬; ৮-১২॥—[৮-১৫] ২৬; ১৭-২০॥

* (ইব্রু) দক্ষিণ হস্তে বা বনে। † (বা) সমর্পণ করিতে আমাদের কর্ম্ম হইবে। ‡ (ইব্রু) চরণের স্থান। ‖ (বা) সেলা নগরে।
§ (ইব্রু) দেশে বিস্তারিত হইতেছে। ¶ (বা) মল ত্যাগ বা শয়ন।

বধ করিলাম না; ইহাতে আমি দোষ বা অত্যাচার বা তোমার প্রতিকূলে পাপ করি না,তাহা বিবেচনা করিয়া দেখ; তথাপি তুমি আমার প্রাণকে ধরিবার জন্যে ১২ অন্বেষণ করিতেছ। পরমেশ্বর আমার ও তোমার বিষয়ে বিচার করিবেন, ও আমার জন্যে তোমাকে প্রতিফল ১৩ দিবেন,কিন্তু আমি তোমার উপরে হস্ত তুলিব না। ‘দুষ্ট-হইতেই দুষ্টতা জন্মে,’এই প্রাচীনদের নীতিকথা আছে; ১৪ কিন্তু আমি তোমার উপরে হস্ত তুলিব না। ইস্রায়েল্ বংশের রাজা কাহার পশ্চাৎ বাহির হইয়া আসিয়াছে? কি মৃত কুক্কুরের? বা মশকের *? কাহার পশ্চাৎ ১৫ তাড়না করিতেছে? পরমেশ্বর বিচারকর্ত্তা আমার ও তোমার বিষয়ে বিচার করিবেন, ও আমার প্রতি দৃষ্টি করিয়া আমার পক্ষবাদী হইয়া তোমার হস্তহইতে আমাকে উদ্ধার করিবেন।

১৬ দায়ূদ্ শৌলের প্রতি এই সকল কথার শেষ করিলে শৌল জিজ্ঞাসিল, হে আমার পুত্র দায়ূদ্, এ কি তোমার স্বর? ইহা কহিয়া শৌল উচ্চৈঃস্বরে ক্রন্দন করিল। ১৭ পরে দায়ূদ্‌কে কহিল, তুমি আমাহইতেও ধার্ম্মিক, কেননা আমি তোমার অমঙ্গল করিলেও তুমি আমার ১৮ মঙ্গল করিলা। পরমেশ্বর আমাকে তোমার হস্তে সমর্পণ করিলেও তুমি আমাকে বধ করিলা না; ইহাতে অদ্য ১৯ আমার প্রতি হিত আচরণ দেখাইলা। কেননা মনুষ্য আপন শত্রুকে পাইলে কি তাহাকে কুশলে যাইতে দেয়? কিন্তু অদ্য তুমি আমার প্রতি যাহা করিলা, ২০ তন্নিমিত্তে পরমেশ্বর তোমার মঙ্গল করুণ। দেখ, তুমি অবশ্য রাজা হইবা, ও ইস্রায়েল্ বংশের রাজ্য তোমার হস্তে স্থির থাকিবে, ইহা এখন আমি নিশ্চয় জানি-২১ লাম। কিন্তু তুমি আমার পরে আমার বংশ উচ্ছিন্ন করিবা না, ও পিতৃবংশহইতে আমার নাম লোপ করিবা না, পরমেশ্বরের নাম লইয়া এই দিব্য কর। ২২ তাহাতে দায়ূদ্ শৌলের নিকটে দিব্য করিল; পরে শৌল আপন গৃহে গেল, কিন্তু দায়ূদ্ ও তাহার লোকেরা দুরাক্রমণ স্থানে আরোহণ করিল।

২৫ অধ্যায়।

১ শিমূয়েলের মৃত্যু ২ ও নাবলের ও তাহার স্ত্রী অবীগয়িলের কথা ৪ ও নাবলের প্রতি দায়ূদের দূত প্রেরণ ১০ ও তাহার নিন্দা প্রযুক্ত নাবল্‌কে বধ করিতে দায়ূদের প্রস্তুত হওন ১৪ ও অবীগয়িল্‌কে দাসের সম্বাদ দেওন ১৮ ও দ্রব্যাদি প্রস্তুত করিয়া দায়ূদের কাছে অবীগয়িলের গমন ৩২ ও তাহাকে দায়ূদের গ্রাহ্য করণ ৩৬ ও নাবলের মৃত্যু ৩৯ ও দায়ূদের সহিত অবীগয়িলের বিবাহ ও দায়ূদের ভার্য্যা মীখল্ অন্য পুরুষকে দত্তা হওন।

১ শিমূয়েল্ মরিলে পর ইস্রায়েলের সমস্ত বংশ একত্র হইয়া তাহার জন্যে শোক করিল, এবং রামৎ-স্থিত তাহার বাটীতে তাহার কবর দিল; পরে দায়ূদ্ উঠিয়া পারণ প্রান্তরে গমন করিল।

২ মায়োন নিবাসী কর্ম্মিলাধিকারী † অতি মহান্ এক মনুষ্য ছিল; তাহার তিন সহস্র মেষ ও এক সহস্র ৩ ছাগী ছিল। সেই মনুষ্যের নাম নাবল্ ও তাহার স্ত্রীর নাম অবীগয়িল্; ঐ স্ত্রী উত্তম বুদ্ধিমতী ও সুবদনা ছিল, কিন্তু ঐ পুরুষ ক্রোধী ও মন্দকর্ম্মকারী এবং কালেবের বংশজাত ছিল; সে কর্ম্মিলে আপন মেষের লোমচ্ছেদন করিতেছিল;

৪ অপর নাবল্ আপন মেষের লোমচ্ছেদন করিতেছে, ৫ এই কথা প্রান্তরমধ্যে দায়ূদ্ শুনিলে,সে আপনার দশ যুবকে প্রেরণ করিয়া তাহাদিগকে কহিল,তোমরা কর্ম্মিলে নাবলের নিকটে যাইয়া আমার নাম কহিয়া তাহার ৬ কল্যাণ জিজ্ঞাসা কর, এবং তাহাকে এই কথা কহ, চিরজীবী হও, তোমার ও তোমার বাটীর ও সর্ব্বস্বের ৭ সর্ব্বদা মঙ্গল হউক। আমি শুনিলাম, তোমার লোমচ্ছেদক আছে; এখন আমাদের সহিত তোমার যে২ মেষপাল ছিল,আমরা তাহাদের হিংসা ‡ করি নাই; এবং যাবৎ তাহারা কর্ম্মিলে ছিল, তাবৎ তাহাদের কিছু হা-৮ রায় নাই। তোমার যুবদিগকে জিজ্ঞাসা কর, তাহারা তোমাকে কহিবে; অতএব যুবগণ তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাউক, কেননা আমরা শুভ দিবসে আইলাম; আমরা বিনয় করি, যাহা তোমার হস্তে আছে, তাহার কিছু আপন দাসদিগকে ও আপন পুত্র দায়ূদ্‌কে দি-৯ উন। তাহাতে দায়ূদের যুবগণ যাইয়া দায়ূদের নাম করিয়া নাবল্‌কে ঐ সকল কথা কহিয়া নিবৃত্ত হইল §।

১০ পরে নাবল্ দায়ূদের দাসদিগকে কহিল, দায়ূদ্ কে? ও যিশয়ের পুত্র কে? আপনাদের প্রভুকে ত্যাগ করিয়া যায়, এমত অনেক২ ভৃত্য এই সময়ে আছে। ১১ এখন আমি কি আপনার রুটী ও জল ও আপন লোমচ্ছেদকদের জন্যে হত পশু ‖ লইয়া অজ্ঞাত কোথা-১২ কার লোকদিগকে দিব? তাহাতে দায়ূদের যুবগণ আপন পথে পুনর্ব্বার ফিরিয়া আসিয়া ঐ সমস্ত কথা তাহা-১৩ কে কহিল। তাহাতে দায়ূদ্ আপন লোককে কহিল, প্রত্যেক জন খড়্গ বাঁধ; তাহাতে প্রত্যেক জন আপন২ খড়্গ বাঁধিল, এবং দায়ূদ্‌ও আপন খড়্গ বাঁধিল; পরে দায়ূদের সহিত প্রায় চারি শত লোক গেল, এবং সংস্থান রক্ষার্থে দুই শত লোক রহিল।

১৪ এই সময়ে এক যুবদাস নাবলের ভার্য্যা অবীগয়িল্‌কে কহিল, দেখ, দায়ূদ্ আমাদের কর্ত্তাকে নমস্কার করিতে

[১২] বি ১১; ২৭। ১ শি ২৬; ৯, ১০ ॥—[১৪] ২ শি ৯; ৮ ॥—[১৫]প ১২ ॥—[১৬-১৯] ১ শি ২৬; ২১ ॥—[১৬] ২৬; ১৭ ॥—[২০] ২৩; ১৭। ২৬; ২৫॥—[২১] ২০; ১৫॥—[২২] ২৩; ২৯॥
[২৫ অধ্য; ১]গ২০; ২৯। দ্বি ৩৪; ৮। গ ১৩; ২৬॥—[২]১ শি ২৩; ২১। যি ১৫; ৫৫॥—[৪]প ৩৬। আ ৩৮; ১২,১৩। ২ শি ১৩; ২৩ ॥—[৬] রু ২; ৪॥—[৭] প ১৫, ১৬, ২১॥—[৮] ইষ্ট ৯; ১৯ ॥—[১০,১১]প ৩, ১৭, ২৫॥—[১৩] ১ শি২৩; ১৩॥

* (বা) ওয়ান্নীর। † (ইব্রি) কর্ম্মকারী। ‡ (ইব্রি) লজ্জা। § (ইব্রি) বিশ্রাম করিল। ‖ (ইব্রি) ঘাত।

প্রান্তরহইতে দূতগণকে পাঠাইল, তাহাতে আমাদের ১৫ কর্ত্তা তাহাদিগকে নিন্দা করিল *। সেই লোকেরা আমাদের বড় উপকারী ছিল; যখন আমরা প্রান্তরে ছিলাম ও যাবৎ তাহাদের সহিত আমাদের পরিচয় হইল, তাবৎ আমাদের কিছু হিংসা † হয় নাই ও কিছু হারায় নাই। ১৬ আমরা মেষ রক্ষা করিয়া তাহাদের সহিত যত কাল বাস করিলাম, তাবৎ তাহারা দিবারাত্রি আমাদের চতু- ১৭ র্দিগে প্রাচীরস্বরূপ ছিল। অতএব এখন তোমার কি কর্ত্তব্য, তাহা বিবেচনা করিয়া বুঝ, কেননা আমাদের কর্ত্তার ও তাহার সমস্ত পরিজনের প্রতিকূলে অমঙ্গল স্থির হইয়াছে; সেও এমত দুশ্চরিত্র ‡, যে কোন কেহ তাহার প্রতি কথা কহিতে পারে না।

১৮ তাহাতে অবীগয়িল্ শীঘ্র দুই শত রুটী ও দুই কুপা দ্রাক্ষারস ও পাঁচ প্রস্তুত মেষ ও পাঁচ কাঠা ভাজা কলাই ও এক শত গুচ্ছ দ্রাক্ষাফল ও দুই শত ডুম্বুর চাক লইয়া ১৯ গর্দ্দভদের উপরে চাপাইল। এবং আপন দাসদিগকে কহিল, তোমরা আমার অগ্রে২ চল; দেখ, আমি তোমাদের পশ্চাৎ২ যাইতেছি, কিন্তু ইহা সে আপন ২০ স্বামি নাবল্কে জ্ঞাত করিল না। পরে সে গর্দ্দভারূঢ়া হইয়া গমন করিয়া পর্ব্বতের গুপ্ত পথ দিয়া যাইতেছিল; ইতিমধ্যে দায়ূদ্ ও তাহার লোকেরা তাহার প্রতিকূলে যাইতেছে, ইহা দেখিয়া সে তাহাদের সহিত ২১ মিলিল। পূর্ব্বে দায়ূদ্ কহিয়াছিল, এই ব্যক্তির প্রান্তর স্থিত সমস্ত বস্তু আমি রক্ষা করিলাম, তাহার তাবৎ দ্রব্যের কিছু হারাইল না, এই কর্ম্ম আমার বৃথা হইল; ২২ সে হিতের পরিবর্ত্তে অহিত করিল। যদি আমি সূর্য্যোদয় পর্য্যন্ত তাহার পুরুষদের ‖ মধ্যে এক জনকেও রক্ষা করি, তবে পরমেশ্বর দায়ূদের শত্রুদের প্রতি তদ্রূপ ও ২৩ তাহার অধিকও করুণ। পরে অবীগয়িল্ দায়ূদকে দেখিয়া গর্দ্দভহইতে শীঘ্র নামিয়া দায়ূদের সম্মুখে পড়িয়া ২৪ ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। এবং তাহার চরণে পড়িয়া কহিল, হে আমার প্রভো, এই অপরাধ আমার হইল; আমি বিনয় করি, আপনকার দাসীকে আপনকার কর্ণগোচরে কথা কহিতে অনুমতি দিউন; ২৫ আপনকার দাসীর কথা শুন। আমি বিনয় করি, সেই দুষ্ট ব্যক্তিকে অর্থাৎ নাবল্কে গণ্য § করিও না; যেমন তাহার নাম, তদ্রূপ তাহার গুণ; তাহার নাম নাবল্ (অর্থাৎ মূর্খ,) ও মূর্খতা তাহার অন্তরে আছে; কিন্তু আপনকার এই দাসী প্রভুর প্রেরিত যুবদিগকে দেখে ২৬ নাই। তথাপি, হে আমার প্রভো, পরমেশ্বরের অমরতা ও আপনকার জীবৎ প্রাণের দিব্য করিয়া কহিতেছি, এখন রক্তপাত করণার্থে ও আপন হস্তদ্বারা আপন অপমানের প্রতীকারার্থে ¶ পরমেশ্বর আপনকাকে বারণ করিতেছেন; এখন আপনকার শত্রুগণ ও প্রভুর মন্দ কারিগণ নাবলের সদৃশ হউক। ও আপনকার ২৭ দাসীর আনীত এই উপঢৌকন আপনকার পশ্চাদ্গামি যুবদের কাছে দত্ত হউক। আমি বিনয় করি, আপন- ২৮ কার দাসীর অপরাধ ক্ষমা করুণ, তাহাতে পরমেশ্বর আমার প্রভুর বংশ স্থির করিবেন; কেননা আমার প্রভু পরমেশ্বরের পক্ষে যুদ্ধ করিয়া যাবজ্জীবন নির্দ্দোষ হন **। লোক উঠিয়া আপনকার তাড়না ও প্রাণ ২৯ অন্বেষণ করিতেছে, কিন্তু আপনকার প্রভু পরমেশ্বর আপন নিকটে জীবনরূপ বোচ্কাতে আমার প্রভুর প্রাণকে বদ্ধ করিবেন, কিন্তু আপনকার শত্রুদের প্রাণ ফিঙ্গার মধ্যহইতে †† নিক্ষিপ্ত করিবেন। পরমেশ্বর ৩০ আমার প্রভুর বিষয়ে যে সমস্ত মঙ্গলের কথা কহিয়াছেন, তাহা যখন সফল করিয়া আপনাকে ইস্রায়েল্ বংশের উপরে রাজত্বপদে নিযুক্ত করিবেন, তখন অকা- ৩১ রণে রক্তপাত ও অপরাধির প্রতি প্রতিফল না দেওয়া, এই দুই বিষয় আমার প্রভুর শোকের ও দুঃখের কারণ হইবে না; কিন্তু যখন পরমেশ্বর আমার প্রভুর মঙ্গল করিবেন, তখন আপনকার এই দাসীকে স্মরণ করিবেন।

৩২ পরে দায়ূদ্ অবীগয়িল্কে কহিল, যিনি অদ্য আমার সহিত সাক্ষাৎ করিতে তোমাকে প্রেরণ করিলেন, ইস্রায়েলের সেই প্রভু পরমেশ্বর ধন্য। এবং তোমার পরা- ৩৩ মর্শ ধন্য, এবং রক্তপাত করণার্থে আগমনে ও আপন হস্তদ্বারা অন্যকে প্রতিফল দেওনে আমাকে নিবৃত্তকারিণী যে তুমি, তুমিও ধন্যা। কেননা তোমাকে হিংসা ৩৪ করণে আমাকে নিবৃত্তকারি যে ইস্রায়েলের প্রভু পরমেশ্বর, তাঁহার অমরতার দিব্য করিয়া কহিতেছি, যদি তুমি শীঘ্র আমার সঙ্গে মিলিতে না আসিতা, তবে নাবলের গৃহে পুরুষদের ‖ মধ্যে এক জন প্রভাত পর্য্যন্ত অবশিষ্ট থাকিত না। পরে দায়ূদ্ তাহার আনীত উপ- ৩৫ ঢৌকন দ্রব্য তাহার হস্তহইতে লইয়া তাহাকে কহিল, তুমি আপন বাটীতে কুশলে যাও; দেখ, আমি তোমার কথায় মনোযোগ করিলাম ও তোমাকে গ্রাহ্য করিলাম।

৩৬ পরে অবীগয়িল্ নাবলের নিকটে আইল; তখন সে রাজভোজের ন্যায় ভোজ করিতেছিল, তাহাতে নাবল্ অন্তঃকরণে মত্ততা প্রযুক্ত বড় আনন্দিত হইল; অতএব সে সূর্য্যোদয়ের পূর্ব্বে ঐ বিষয়ের অল্প বা অধিক কিছু তাহাকে কহিল না। কিন্তু প্রাতঃকালে ৩৭ নাবলের মত্ততা ঘুচিলে তাহার ভার্য্যা তাহাকে ঐ সমস্ত কথা জ্ঞাত করিল; তাহাতে সে মৃতবৎ হইল ও প্রস্তরের ন্যায় স্তব্ধ হইল। ইহার দশ দিন পরে পরমেশ্বর ৩৮

[১৫] প ৭॥—[১৭] প ১৩॥—[১৮] আ ৩২; ১৩,২০। হি ১৭; ৮। ২১; ১৪॥—[২৩] বি ১; ১৪॥—[২৬] প ৩২-৩৪। রো ১২; ১৯। যাক ১; ২০॥—[২৮] ১ শি ২৪; ২০। ২; ৩৫। ১৩; ১৪॥—[২৯] ২৪; ১১। যিশ ২২; ১৮॥—[৩৩] প ২৬॥—[৩৪] প ২১,২২॥—[৩৫] প ২৭,২৮,৩১॥—[৩৬] প ৪॥

* (ইব্রু) তাহাদের ওপরে ওড়িল। † (ইব্রু) লজ্জা। ‡ (ইব্রু) বিলীয়ালের পুত্র। ‖ (ইব্রু) ভিত্তিতে মূত্রকারিদের। § (ইব্রু) মনে। ¶ (ইব্রু) আপনার রক্ষার্থে। ** (বা) করিলে যাবজ্জীবন তাহার বিপদ ঘটিবে না। †† (ইব্রু) গর্ত্ত মধ্যহইতে।

নাবলের প্রতি আঘাত করিলেন; তাহাতে সে মরিল।

৩৯ পরে নাবল্ মরিয়াছে, এই কথা শুনিয়া দায়ূদ্ কহিল, নাবল্হইতে আমার অপমানের প্রতিফলদাতা ও আপন দাসকে কুক্রিয়াহইতে রক্ষাকারি পরমেশ্বর ধন্য, কেননা পরমেশ্বর নাবলের দুষ্টতার প্রতিফল নাবল্কে * দিলেন; পরে দায়ূদ্ অবীগয়িল্কে বিবাহ করণার্থে তাহার সহিত কথোপকথন করিতে লোক ৪০ পাঠাইল। তখন দায়ূদের দাসগণ কর্ম্মিলে অবীগয়িলের নিকটে যাইয়া তাহাকে কহিল, দায়ূদ্ তোমাকে বিবাহ করণার্থে লইতে তোমার নিকটে আমাদিগকে পাঠা- ৪১ ইলেন। তাহাতে সে উঠিয়া ভূমিষ্ঠ হইয়া কহিল, দেখ, আপনকার দাসী আমার প্রভুর দাসদের পাদ প্রক্ষা- ৪২ লিকা দাসীও হউক। পরে অবীগয়িল্ শীঘ্র উঠিয়া গর্দ্দভে আরোহণ করিয়া আপন পঞ্চ অনুচারিণীর সহিত † দায়ূদের দূতগণের পশ্চাৎ গিয়া দায়ূদের ৪৩ ভার্য্যা হইল। এবং দায়ূদ্ ইষ্রিয়েলীয়া অহীনোয়ম্কেও বিবাহ করিল; তাহাতে এই দুই তাহার ভার্য্যা ৪৪ হইল। কিন্তু শৌল মীখল্ নামে আপন কন্যা দায়ূদের ভার্য্যাকে লইয়া গল্লীম্ নিবাসি লয়িশের পুত্র পল্টির সহিত তাহার পুনর্ব্বিবাহ দিয়াছিল।

২৬ অধ্যায়।

১ দায়ূদের পশ্চাতে শৌলের হখীলা পর্ব্বতে গমন ৫ ও শৌলের বড়শা ও পাত্র লইয়া তাহাকে বধ না করণ ১৩ ও অব্নেরের প্রতি দায়ূদের অনুযোগ ২১ ও দায়ূদের প্রতি শৌলের কথা।

১ পরে সীফীয়েরা গিবিয়াতে শৌলের নিকটে গিয়া কহিল, দায়ূদ্ কি যিশীমোন্ সম্মুখে হখীলা পর্ব্বতে ২ লুকাইয়া থাকে না? তাহাতে শৌল উঠিয়া ইস্রায়েল্ বংশের তিন সহস্র মনোনীত লোককে সঙ্গে লইয়া দায়ূ- ৩ দের অন্বেষণে সীফ্ অরণ্যে গেল। শৌল পথ পার্শ্বস্থ যিশীমোন্ সম্মুখস্থ হখীলা পর্ব্বতে শিবির স্থাপন করিল; কিন্তু ঐ সময়ে দায়ূদ্ অরণ্যে বাস করিতেছিল, এবং শৌল তাহার পশ্চাৎ অরণ্যে আসিতেছে, ৪ ইহা বোধ করিয়া দায়ূদ্ চরগণকে প্রেরণ করিয়া শৌল নিশ্চয় আসিয়াছে, ইহা জ্ঞাত হইল।

৫ পরে দায়ূদ্ উঠিয়া শৌলের শিবির স্থানে আসিয়া শৌলের ও তাহার সেনাপতি নেরের পুত্র অব্নেরের শয়নস্থান নিরীক্ষণ করিল; তাহাতে শৌল রথাদির ‡ মধ্যে শয়নে আছে, এবং লোকেরা তাহার চতুর্দ্দিগে ৬ ঘেরিয়া আছে, ইহা দেখিল। পরে দায়ূদ্ হিত্তীয় অহীমেলক্কে ও সিরূয়ার পুত্র যোয়াবের ভ্রাতা অবীশয়কে কহিল, শিবিরে শৌলের নিকটে আমার সঙ্গে কে যাইবে? তাহাতে অবীশয় কহিল, আমি তোমার সঙ্গে ৭ যাইব। পরে রাত্রিসময়ে দায়ূদ্ ও অবীশয় লোকদের নিকটে আইলে শৌল রথাদির মধ্যে নিদ্রিত আছে, ও তাহার বালিশের নিকটে তাহার বড়শা ভূমিতে বিদ্ধ আছে, এবং অব্নের্ ও সমস্ত লোক চতুর্দ্দিগে শয়নে আছে, ইহা দেখিল। ৮ তখন অবীশয় দায়ূদ্কে কহিল, অদ্য ঈশ্বর আপনকার শত্রুকে আপনকার হস্তে সমর্পণ করিয়াছেন; অতএব এখন নিবেদন করি, বড়শাদ্বারা তাহাকে একেবারে ভূমির সহিত গাঁথিতে আমাকে অনুমতি দেও, আমি উহাকে দুই বার আঘাত করিব না। ৯ তাহাতে দায়ূদ্ অবীশয়কে কহিল, উহাকে বিনষ্ট করিও না; পরমেশ্বরের অভিষিক্তের প্রতিকূলে হস্ত বিস্তার করিয়া কে নিরপরাধী হইতে পারে? ১০ দায়ূদ্ আরো কহিল, যদি পরমেশ্বর অমর হন, তবে পরমেশ্বর তাহাকে আঘাত করিবেন, কিম্বা তাহার মরণ দিন উপস্থিত হইবে, কিম্বা সে সংগ্রামে প্রবিষ্ট হইয়া হত হইবে। ১১ কিন্তু আমি যেন পরমেশ্বরের অভিষিক্তের বিরুদ্ধে হস্ত বিস্তার না করি, পরমেশ্বর এমত করুণ; অতএব বিনয় করি, ইহার বালিশের নিকটস্থ বড়শা ও জলের পাত্র তুলিয়া লইয়া আইস; আমরা যাই। ১২ পরে দায়ূদ্ শৌলের বালিশের নিকটহইতে তাহার বড়শা ও জলের পাত্র লইয়া প্রস্থান করিল; তখন সকলে নিদ্রিত থাকাতে তাহা কেহ দেখিল না ও জানিল না, ও কেহ জাগ্রৎ হইল না; কেননা তাহারা পরমেশ্বরকর্তৃক ঘোর নিদ্রা প্রাপ্ত হইল।

১৩ পরে দায়ূদ্ ওপারে গিয়া অন্য পর্ব্বতের শৃঙ্গে দূরে দাঁড়াইল; তাহার মধ্যে অনেক স্থান ব্যবধান ছিল। ১৪ তখন দায়ূদ্ লোকদিগকে ও নেরের পুত্র অব্নের্কে ডাকিয়া কহিল, হে অব্নের্, তুমি কেন উত্তর দেও না? তাহাতে অব্নের্ উত্তর করিল, রাজার প্রতি আহ্বান করিতেছ তুমি কে? ১৫ পরে দায়ূদ্ অব্নের্কে কহিল, তুমি কি পুরুষ নহ? ইস্রায়েল্ বংশে তোমার সদৃশ কে আছে? তবে তুমি আপন প্রভু রাজাকে কেন রক্ষা কর নাই? তোমার প্রভু রাজাকে বিনষ্ট করিতে এক জন আইল। ১৬ অতএব তুমি ভাল কর্ম্ম কর নাই; পরমেশ্বর যদি অমর হন, তবে তোমরা বধ দণ্ড যোগ্য ‖, কেননা তোমরা পরমেশ্বরের অভিষিক্ত আপন প্রভুকে রক্ষা কর নাই; রাজার বালিশের নিকটস্থ বড়শা ও জলপাত্র কোথায়, তাহা দেখ। ১৭ তখন শৌল দায়ূদের স্বর বুঝিয়া কহিল, হে আমার পুত্র দায়ূদ্, এ কি তোমার স্বর? তাহাতে দায়ূদ্ কহিল, হাঁ প্রভো রাজন্, এ আমার স্বর। ১৮ সে আরো কহিল, হে আমার প্রভো, আপন দাসের পশ্চাৎ ২ কেন ধাবমান হন? আমি কি করিলাম? আমার দোষ কি? ১৯ আমি বিনয় করি, হে আমার প্রভো রাজন্, আপন দাসের কথা শুন; যদি

[৩৯] প ৩২-৩৪ ॥—[৪১] রু ২; ১০,১৩ ॥—[৪৪] ১ শি ১৮; ২৭। ২ শি ৩; ১৩-১৬॥
[২৬ অধ্য; ১] গী ৫৪। ১ শি ২৩; ১৯ ॥—[৬] ১ বং ২; ১৬। ২ শি ২৩; ১৮॥—[৮-১২] ১ শি ২৪; ৪-৭ ॥—[৯,১০] ২৪; ৬। রো ১২; ১৯ ॥—[১২] আ ২; ২১ ॥—[১৭-২০] ১ শি ২৪; ৮-১৫ ॥—[১৯] যি ২২; ২৪-২৭। গী ৪২; ৪। দ্বি ১৩; ৬-১০ ॥

* (ইব্রী) তাহার মস্তকে। † (ইব্রী) তাহার চরণে। ‡ (বা) পরিখার। ‖ (ইব) মৃত্যুপুত্র।

পরমেশ্বর আমার বিরুদ্ধে তোমাকে প্রবৃত্তি দিয়া থাকেন, তবে তিনি এক নৈবেদ্য গ্রহণ * করুণ; আর যদি কোন মনুষ্যেরা প্রবৃত্তি দিয়া থাকে, তবে তাহারা পরমেশ্বরের সাক্ষাতে অভিশপ্ত হউক, কেননা 'যাইয়া অন্য দেবগণের সেবা কর,' ইহা বলিয়া পরমেশ্বরের অধিকারে সংযুক্ত † থাকিতে অদ্য আমাকে বারণ ২০ করিল। যদ্যপি পর্ব্বতে ধাবমান তিতির পক্ষির ন্যায় ‡ ইস্রায়েলের রাজা এক মশকের ‖ অন্বেষণে বাহিরে আসিয়াছে, তথাপি আমার রক্ত এখন পরমেশ্বরের সম্মুখে মৃত্তিকাতে পতিত হইবে না।

২১ তাহাতে শৌল কহিল, হে আমার পুত্র দায়ূদ্, আমি পাপ করিলাম; তুমি ফির; আমি তোমার হিংসা আর করিব না, কেননা তুমি অদ্য আমার প্রাণকে মূল্যবান জ্ঞান করিলা; আমি বাতুলের ন্যায় কর্ম্ম করি- ২২ লাম; আমি বড় ভ্রান্ত হইলাম। দায়ূদ্ উত্তর করিল, এই দেখ, রাজার বড়শা; কোন যুবা পার হইয়া আসিয়া ২৩ এই বড়শা লইয়া যাউক। পরমেশ্বর প্রত্যেক জনকে তাহাদের ধর্ম্ম ও বিশ্বস্ততানুসারে ফল দিউন; তিনি অদ্য তোমাকে আমার হস্তে সমর্পণ করিলেন, কিন্তু আমি পরমেশ্বরের অভিষিক্তের বিরুদ্ধে হস্ত বিস্তার ২৪ করিতে সম্মত হইলাম না। দেখ, অদ্য আমার সাক্ষাতে আপনকার প্রাণ যেমন বহুমূল্য হইল, তদ্রূপ পরমেশ্বরের সাক্ষাতে আমার প্রাণ বহুমূল্য হইবে; তিনি ২৫ সমস্ত ক্লেশহইতে আমাকে উদ্ধার করিবেন। পরে শৌল দায়ূদ্‌কে কহিল, হে আমার পুত্র দায়ূদ্, তুমি ধন্য; তুমি মহৎ কর্ম্ম করিবা, তোমার সকল কর্ম্ম সফল হইবে। পরে দায়ূদ্ আপন পথে চলিয়া গেল, এবং শৌল স্বস্থানে ফিরিয়া গেল।

২৭ অধ্যায়।

১ পিলেষ্টীয়দের দেশে দায়ূদের গমন ৫ ও সিক্লগ নগরে দায়ূদের বাস করণ ৭ ও অন্যদেশের উপরে দায়ূদের আক্রমণ।

১ পরে দায়ূদ্ মনে২ ভাবিল, এই রূপে কোন দিনে শৌলের হস্তে বিনষ্ট হইব; পিলেষ্টীয়দের দেশে পলায়ন ব্যতিরেকে আমার আর কোন ভাল উপায় নাই; তাহাতে শৌল ইস্রায়েলের অঞ্চলে আমার অন্বেষণ করিয়া নিরাশ হইবে, এবং আমি তাহার ২ হস্তহইতে রক্ষা পাইব। পরে দায়ূদ্ উঠিয়া ছয় শত সঙ্গি লোককে লইয়া মায়োকের পুত্র গাতের রাজা ৩ আখীশের নিকটে গেল। এবং দায়ূদ্ গাতে আখীশের সহিত বাস করিলে সে ও তাহার লোকেরা প্রত্যেক জন আপন২ পরিবারের সহিত, বিশেষতঃ দায়ূদ্ যিষ্রিয়েলীয়া অহীনোয়ম্ ও মৃত নাবলের ভার্য্যা কর্ম্মিলীয়া অবীগয়িল্, এই দুই স্ত্রীর সহিত বাস করিল।

৪ পরে দায়ূদ্ পলাইয়া গাতে গেল, এই সম্বাদ শৌলের গোচর হইলে সে আর তাহার অন্বেষণ করিল না।

৫ পরে দায়ূদ্ আখীশ্‌কে কহিল, আমি যদি আপনকার দৃষ্টিতে অনুগ্রহ পাইলাম, তবে দেশের কোন এক পল্লীগ্রামে আমার বাসার্থে স্থান দিউন, কেননা আপনকার দাস আপনকার সহিত রাজধানীতে কি প্রকারে ৬ বসতি করিবে? তাহাতে আখীশ্ ঐ দিনে সিক্লগ্ নগর তাহাকে দিল; অতএব সেই সিক্লগ্ নগর অদ্য পর্য্যন্ত যিহূদার রাজবর্গের অধিকারে আছে।

৭ ঐ পিলেষ্টীয়দের দেশে দায়ূদ্ দিনসংখ্যাতে এক ৮ বৎসর চারি মাস বাস করিল। ঐ সময়ে দায়ূদ্ ও তাহার লোকেরা যাইয়া গিশূরীয় ও গেষরীয় ও অমালেকীয় দেশ আক্রমণ করিত, কেননা পূর্ব্বকালে তাহারা শূরের পথ অবধি মিসর্ পর্য্যন্ত যে দেশ তন্নিবাসি লোক ৯ ছিল। অতএব দায়ূদ্ সেই দেশস্থদিগকে বধ করিল, তাহাদের পুরুষ ও স্ত্রী কাহাকেও জীবৎ রাখিল না, মেষ গোরু গর্দ্দভ উষ্ট্র বস্ত্রাদি লুট করিয়া আখীশের ১০ নিকটে ফিরিয়া আসিত। পরে তোমরা অদ্য কোন্ দিগ আক্রমণ করিলা? আখীশ্ ইহা জিজ্ঞাসিলে দায়ূদ্ কহিত, দক্ষিণ দিগ্‌স্থ যিহূদার ও যিরহমেলীয়দের ও ১১ কেনীয়দের দেশ। কিন্তু দায়ূদ্ এই প্রকার কর্ম্ম করিল, লোকেরা যেন ইহা না কহে, এই জন্যে দায়ূদ্ গাতে সম্বাদ আনিতে কোন পুরুষ কিম্বা স্ত্রীকে জীবৎ রাখিল না; সে যাবৎ পিলেষ্টীয়দের দেশে বাস করিল, তাবৎ ১২ এই প্রকার ব্যবহার করিল। পরে আখীশ্ দায়ূদে প্রত্যয় করিয়া কহিল, দায়ূদ্ আপন লোক ইস্রায়েল্ বংশের নিকটে আপনাকে ঘৃণাস্পদ § করিয়াছে, অতএব সে সর্ব্বদা আমার দাস থাকিবে।

২৮ অধ্যায়।

১ দায়ূদের প্রতি আখীশের বিশ্বাস করণ ৩ ও শিমূয়েলের মৃত্যু ও গুণি ও ভূতড়িয়াদের দূর করণ ৪ ও পিলেষ্টীয়দের হইতে শৌলের ভীত হওন ৭ ও ভূতড়িয়ার কাছে শৌলের গমন ও শিমূয়েলকে উঠাইতে আজ্ঞা দেওন ১৫ ও শৌলের প্রতি শিমূয়েলের কথা ২০ ও সেই কথাদ্বারা শৌলের ভয় করণ।

১ পরে পিলেষ্টীয় লোকেরা ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধার্থে সৈন্য সংগ্রহ করিলে আখীশ্ দায়ূদ্‌কে জিজ্ঞাসিল, তুমি ও তোমার লোকেরা যুদ্ধ করিতে ২ আমার সহিত যাইবা, ইহা নিশ্চয় জান। তাহাতে দায়ূদ্ আখীশ্‌কে কহিল, আপন দাস যাহা করিতে পারে, তাহা তুমি নিতান্ত জানিবা; আখীশ্ দায়ূদ্‌কে কহিল, আমিও তোমাকে নিতান্ত আপন মস্তকরক্ষক করিতে পারি।

[২০] ১ শি ২৪; ১৪ ॥—[২১] ২৪; ১৬-১৯। ১৫; ২৪ ॥—[২৫] ২৪; ১৭-২০ ॥
[২৭ অধ্য; ২] ১ শি ২১; ১০ ॥—[৩] ২৫; ৪৩ ॥—[৬] যি ১৯; ৫ ॥—[৮] যি ১৩; ৩। ১ শি ১৫; ৭ ॥—[১০] ১ বং ২; ৯,২৫। ১ শি ১৫; ৬।

* (ইব) ঘ্রাণ। † (ইব্র) আসক্ত। ‡ (বা) তিতির অন্বেষণকারির ন্যায়। ‖ (ইব্র) ওয়াল্লী। § (ইব্র) দুর্গন্ধ।

৩ ঐ সময়ে শিমূয়েল্ মৃত ছিল ও ইস্রায়েল্ লোকেরা তাহার জন্যে শোক করিয়া রামৎ নামে তাহার আপন নগরে তাহাকে কবর দিয়াছিল; এবং শৌল ভূতড়িয়া ও গুণি লোকদিগকে দেশহইতে দূর করিয়া দিয়াছিল।

৪ পরে পিলেষ্টীয়েরা একত্র হইয়া আসিয়া শূনেমে শিবির স্থাপন করিলে শৌল তাবৎ ইস্রায়েল্ লোককে একত্র করিয়া গিল্‌বোয়েতে শিবির স্থাপন করিল। ৫ কিন্তু শৌল পিলেষ্টীয়দের সৈন্য দেখিয়া ভীত ৬ হইল, ও তাহার অতিশয় হৃৎকম্প হইল। তাহাতে সে পরমেশ্বরের কাছে প্রার্থনা করিলে পরমেশ্বর স্বপ্নদ্বারা বা ঊরীমের বা ভবিষ্যদ্বক্তাদের দ্বারা কোন উত্তর দিলেন না।

৭ তাহাতে শৌল আপন অধ্যক্ষগণকে আজ্ঞা করিল, তোমরা এক ভূতড়িয়া স্ত্রীর অন্বেষণ কর; আমি তাহার কাছে যাইয়া জিজ্ঞাসা করিব; পরে তাহার অধ্যক্ষগণ কহিল, দেখ, ঐন্‌দোরে এক ভূতড়িয়া স্ত্রী ৮ আছে। তাহাতে শৌল অন্য বস্ত্র পরিধান পূর্ব্বক ছদ্মবেশ ধারণ করিয়া আর দুই জনকে সঙ্গে লইয়া যাত্রা করিল, এবং রাত্রিতে সেই স্ত্রীলোকের কাছে উপস্থিত হইয়া কহিল, আমি বিনয় করি, আমি যাহার নাম কহি, তাহাকে তুমি ভূতড়িয়া বিদ্যাদ্বারা আমার ৯ জন্যে উঠাইয়া আন। তাহাতে সে স্ত্রী তাহাকে কহিল, দেখ, শৌল ভূতড়িয়াদিগকে ও গুণিদিগকে দেশের মধ্যহইতে উচ্ছিন্ন করিয়া কি প্রকার ব্যবহার করিয়াছে, তাহা তুমি জ্ঞাত আছ; এখন তুমি আমাকে বধ করিতে আমার প্রাণের বিরুদ্ধে কেন ফাঁদ পাতিতেছ? ১০ তাহাতে শৌল পরমেশ্বরের নাম লইয়া তাহার কাছে দিব্য করিয়া কহিল, পরমেশ্বর যদি অমর হন, তবে ১১ এ বিষয়ে তোমার কোন বিপদ ঘটিবে না। তখন সে স্ত্রী জিজ্ঞাসিল, আমি তোমার কাছে কাহাকে উঠাইয়া আনিব? তাহাতে সে কহিল, শিমূয়েল্‌কে উঠাইয়া ১২ আন। পরে সে স্ত্রী শিমূয়েল্‌কে দেখিলে উচ্চৈঃস্বর করিয়া শৌলকে কহিল, তুমি শৌল, আমাকে কেন ১৩ প্রতারণা করিলা? রাজা কহিল, ভয় নাই; তুমি কি দেখিলা? সে কহিল, আমি বিচারকর্ত্তাকে * ভূমিহইতে ১৪ উঠিতে দেখিলাম। শৌল জিজ্ঞাসিল, তাহার আকার কেমন? সে কহিল, এক বৃদ্ধ মনুষ্য উঠিতেছে, সে বস্ত্রেতে আচ্ছন্ন আছে; তাহাতে সে শিমূয়েল্, ইহা বুঝিয়া শৌল ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল।

১৫ অপর শিমূয়েল্ শৌলকে জিজ্ঞাসিল, তুমি আমাকে উঠাইয়া কেন ব্যস্ত করিলা? তাহাতে শৌল কহিল, পিলেষ্টীয়েরা আমার বিরুদ্ধে যুদ্ধ করে, এবং ঈশ্বর আমাকে ত্যাগ করিলেন; ভবিষ্যদ্বক্তৃগণের দ্বারা † কিম্বা স্বপ্নদ্বারা আমাকে কোন উত্তর দেন না; অতএব আমি অতিশয় দুঃখিত হইলাম; আমার এখন কর্ত্তব্য কি? তাহা আপনি আমাকে বলুন, এই জন্যে আমি আপনাকে ডাকিলাম। শিমূয়েল্ কহিল, যদি ১৬ পরমেশ্বর তোমাকে ত্যাগ করিয়া তোমার শত্রু হইলেন, তবে আমাকে কেন জিজ্ঞাসা কর? পরমেশ্বর ১৭ আমাদ্বারা ‡ যে রূপ কহিয়াছেন, সেই রূপ করিলেন; তিনি তোমার হস্তহইতে রাজ্য লইয়া তোমার প্রতিবাসি দায়ূদ্‌কে দিলেন। কেননা তুমি পরমেশ্বরের কথা ১৮ না মানিয়া, অমালেকীয় লোকদের প্রতি তাঁহার প্রচণ্ড কোপ সফল করিলা না, এই জন্যে অদ্য পরমেশ্বর তোমার প্রতি এ কর্ম্ম করিলেন। এবং পরমেশ্বর তোমার ১৯ সহিত ইস্রায়েল্ বংশকে পিলেষ্টীয়দের হস্তে সমর্পণ করিবেন; কল্য তুমি ও তোমার পুত্রগণ আমার সঙ্গী হইবা; পরমেশ্বর ইস্রায়েলের সৈন্যগণকে পিলেষ্টীয়দের হস্তে সমর্পণ করিবেন।

তাহাতে শৌল তৎক্ষণাৎ মৃত্তিকাতে দণ্ডবৎ ‖ পড়িল, ২০ এবং শিমূয়েলের কথা শুনিয়া বড় ভীত হইল, এবং গত সমস্ত দিন ও সমস্ত রাত্রি ভোজন পান না করিয়া অতিশয় দুর্ব্বল হইল। পরে ঐ স্ত্রী শৌলের নিকটে ২১ আসিয়া তাহাকে অতিশয় ব্যাকুল দেখিয়া কহিল, দেখ, আপনকার দাসী এই আমি আপনকার কথা মানিলাম, ও আপন প্রাণপণে আপনকার উক্ত কথাতে মনোযোগ করিলাম। অতএব আমি বিনয় করি, এখন ২২ আপনকার দাসীর কথাতে কর্ণ দিউন, আমি আপনকার সম্মুখে কিছু খাদ্য আনিয়া দি; তাহাতে পথগমন সময়ে যেন শক্তি হয়, এই জন্যে তাহা ভোজন করুণ। কিন্তু সে অসম্মত হইয়া কহিল, আমি ভোজন করিব না; ২৩ পরে ঐ স্ত্রী ও তাহার অধ্যক্ষগণ অনেক বিনয় করিলে সে তাহাদের কথায় মনোযোগ করিয়া ভূমিহইতে উঠিয়া খট্টায় বসিল। তখন সে স্ত্রীর গৃহে যে পুষ্ট গো- ২৪ বৎস ছিল, তাহা শীঘ্র মারিয়া সুজি লইয়া মর্দ্দনপূর্ব্বক তাড়ীশূন্য রুটী প্রস্তুত করিয়া শৌলের ও তাহার ২৫ অধ্যক্ষগণের সম্মুখে আনিলে তাহারা ভোজন করিল; পরে তাহারা সেই রাত্রিতে উঠিয়া প্রস্থান করিল।

২৯ অধ্যায়।

১ দায়ূদের যুদ্ধে গমনে পিলেষ্টীয়দের নৃপতিবর্গের অনন্তুষ্টি ৬ ও দায়ূদ্‌কে প্রশংসা করিয়া আখীশের বিদায় করন।

১ ঐ সময়ে পিলেষ্টীয়েরা আপনাদের সৈন্যগণকে অফেকে একত্র করিল, এবং ইস্রায়েল্ লোকেরা যিষ্রিয়েল্‌স্থ উনুইর নিকটে শিবির স্থাপন করিল। ২ পরে পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ শত ২ ও সহস্র ২ দল

[২৮ অধ্য; ৩] ১ শি ২৫; ১। ১৫; ২৩। দ্বি ১৮; ১০-১২ ॥—[৪] যি ১৯; ১৮। ২ রা ৪; ৮॥—[৬] ১ শি ১৪; ৩৭। যা ২৮; ৩০। গা ২৭; ২১ ॥—[৭] দ্বি ১৮; ১০-১২। যি ১৭; ১১ ॥—[৯] প ৩ ॥—[১৪] ১ শি ১৫; ২৭ ॥—[১৫] প ৬। যিশ ৮; ১৯-২২ ॥—[১৭] ১ শি ১৫; ২৮ ॥—[১৮] ১৫; ১৬-১৯ ॥—[২০] যিশ ৮; ২২ ॥

 * (বা) ঈশ্বরগণ বা ভূতগণ। † (ইব্রু) হস্তের দ্বারা। ‡ (ইব্রু) আপনার জন্যে আমার হস্তের দ্বারা। ‖ (ইব্রু) পূর্ণ দীর্ঘতাতে।

হইয়া গমন করিল; এবং দায়ূদ্ ও তাহার লোকেরা ৩ আখীশের সহিত সৈন্যের পশ্চাৎ২ আইল। তাহাতে পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ জিজ্ঞাসা করিল, এই ইব্রি লোকেরা এই স্থানে কি করে? আখীশ্ পিলেষ্টীয়দের অধ্যক্ষগণকে উত্তর করিল, ইস্রায়েলের রাজা শৌলের দাস দায়ূদ্ কি এ নয়? সে আমার সঙ্গে অনেক দিন ও বৎসর বাস করিতেছে, এবং যে দিবসাবধি আমার পক্ষ হইয়াছে, তদবধি অদ্য পর্য্যন্ত তাহার কোন ত্রুটি ৪ দেখি নাই। তাহাতে পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ তাহার বিষয়ে ক্রুদ্ধ হইল; এবং পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ তাহাকে কহিল,তুমি তাহাকে ফিরাইয়া পাঠাইয়া দেও; সে তোমার নিরূপিত আপন স্থানে ফিরিয়া যাউক, আমাদের সহিত যুদ্ধে তাহাকে যাইতে দিও না, নতুবা সে যুদ্ধে আমাদের শত্রু হইবে; কেননা সে এই মনুষ্যদের মস্তক বিনা আর কিসেতে আপন কর্ত্তার ৫ সহিত মিলন করিবে? আর শৌল সহস্র সহস্রকে, কিন্তু দায়ূদ্ অযুত অযুতকে বধ করিল, এই গীত স্ত্রীলোকেরা যাহার বিষয়ে গান করিল, সেই দায়ূদ্ কি এই নয়?

৬ তখন আখীশ্ দায়ূদ্‌কে ডাকিয়া কহিল, অমর পরমেশ্বরের নামে দিব্য করিয়া কহিতেছি, তুমি নিতান্ত সরল আচরণ করিতেছ, এবং সৈন্যের মধ্যে আমার সহিত তোমার গমনাগমন উত্তম দেখিতেছি, ও তোমার আগমন দিনাবধি অদ্য পর্য্যন্ত তোমার কোন দোষ পাই নাই; তথাচ অধ্যক্ষগণ তোমাতে সন্তুষ্ট* নহে। ৭ অতএব এখন তুমি পিলেষ্টীয়দের অধ্যক্ষগণকে অস- ৮ ন্তুষ্ট না† করিয়া কুশলে ফিরিয়া যাও। দায়ূদ্ আখীশ্কে কহিল, আমি কি করিলাম? যদবধি আপনকার সঙ্গে আছি, অদ্য পর্য্যন্ত আপন দাসেতে কি দোষ পাইলা? আমি আপন প্রভু রাজার শত্রুদের সহিত ৯ যুদ্ধ করিতে কেন যাইতে পারি না? তাহাতে আখীশ্ দায়ূদ্‌কে উত্তর করিল, তুমি ঈশ্বরের এক দূতের ন্যায় আমার সাক্ষাতে তুষ্টিজনক আছ, ইহা আমি জানি; তথাপি পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ কহে, সে আমাদের ১০ সহিত যুদ্ধে যাইতে পাইবে না। অতএব তুমি ও তোমার প্রভুর দাসগণ প্রত্যূষে উঠিয়া আলো হইলে প্রস্থান ১১ করিও। তাহাতে দায়ূদ্ ও তাহার লোকেরা প্রত্যূষে উঠিয়া প্রাতঃকালে পিলেষ্টীয়দের দেশে ফিরিয়া গেল, কিন্তু পিলেষ্টীয়েরা যিষ্রিয়েলে গমন করিল।

৩০ অধ্যায়।

১ অমালেকীয়দের দ্বারা সিক্লগের লুট হওন ৩ ও তাহার বিষয়ে দায়ূদ্ ও তাহার লোকদের দুঃখ ৯ ও অমালেকীয়দের পশ্চাতে গমন ও সম্বাদ পাওন ১৬ ও তাহাদিগকে বধ করণ, ও লুটদ্রব্য পুনর্গ্রহণ ২১ ও লুটদ্রব্য বিভাগ করণের ব্যবস্থা স্থির করণ ২৬ ও বন্দিদের নিকটে দায়ূদের লুটদ্রব্য প্রেরণ করণ।

১ পরে দায়ূদ্ ও তাহার লোকেরা তৃতীয় দিবসে সিক্লগ্ নগরে উপস্থিত হইল, কিন্তু এই অবকাশে অমালেকীয় লোকেরা সিক্লগ্ ও দক্ষিণ দিগ আক্রমণ করিয়া সিক্লগ্ হস্তগত করিয়া অগ্নিতে দগ্ধ করিয়াছিল। ২ এবং তন্মধ্যস্থিত স্ত্রীদিগকে বন্দী করিয়া লইয়া গিয়াছিল, এবং বৃদ্ধ ও বালকদিগকে বধ না করিয়া হরণ করিয়া লইয়া আপন পথে চলিয়া গিয়াছিল।

৩ পরে দায়ূদ্ ও তাহার লোকেরা নগরে উপস্থিত হইয়া নগরকে ভস্মময় ও আপনাদের স্ত্রী পুত্র কন্যাদিগকে বন্দী করিয়া লইয়া গিয়াছে, ইহা দেখিল। ৪ তখন দায়ূদ্ ও তাহার সঙ্গি লোকেরা রোদন করিতে নিঃশক্তি হওন পর্য্যন্ত উচ্চৈঃস্বরে রোদন করিতে ৫ লাগিল। ঐ সময়ে যিষ্রিয়েলীয় অহীনোয়ম্ ও কর্মিলীয় মৃত নাবলের ভার্য্যা অবীগয়িল্ নামে দায়ূদের দুই ৬ ভার্য্যা বন্দী হইয়াছিল। এবং প্রত্যেক লোকদের মন আপন২ পুত্র ও কন্যাদের জন্যে শোকান্বিত‡ হওয়াতে তাহারা দায়ূদ্‌কে প্রস্তরাঘাতে বধ করিতে কহিয়াছিল; তাহাতে দায়ূদ্ বড় দুঃখিত হইল, কিন্তু আপন প্রভু ৭ পরমেশ্বরেতে আপনাকে আশ্বাস করিল। পরে দায়ূদ্ অহীমেলকের পুত্র অবিয়াথর্ যাজককে কহিল, আমি বিনয় করি, এই স্থানে এফোদ্ আন; তাহাতে অবিয়াথর্ সেই স্থানে দায়ূদের নিকটে এফোদ আনিল। ৮ তখন দায়ূদ্ পরমেশ্বরের কাছে এই জিজ্ঞাসা করিল, আমি কি ঐ সৈন্যদলের পশ্চাৎ২ তাড়না করিয়া যাইব? ও তাহাদের সঙ্গ ধরিতে পারিব? তাহাতে পরমেশ্বর তাহাকে কহিলেন,তুমি তাহাদের পশ্চাৎ২ যাও, অবশ্য তাহাদের সঙ্গ ধরিতে পারিবা ও সকলকে পাইবা।

৯ পরে দায়ূদ্ ও তাহার সঙ্গি ছয় শত লোক যাইয়া ১০ বিষোর্ স্রোতস্বতীর তীরে উপস্থিত হইল; এবং দায়ূদ্ ও তাহার সঙ্গি চারি শত লোক শত্রুদের পশ্চাৎ২ গেল; কিন্তু সেই স্থানে কতক ত্যক্ত লোক থাকিল, কেননা দুই শত লোক ক্লান্তি প্রযুক্ত বিষোর্ স্রোতস্বতী পার হইতে ১১ না পারিয়া সেই স্থানে থাকিল। অপর লোকেরা ক্ষেত্রের মধ্যে এক জন মিস্রীয় লোককে পাইয়া দায়ূদের নিকটে আনিয়া ভোজনার্থে তাহাকে রুটী দিল, এবং ১২ জল পান করাইল। এবং উডুম্বর চাকের এক খণ্ড, ও দুই থলূয়া শুষ্ক দ্রাক্ষা তাহাকে দিল; তাহা খাইয়া সে চেতনা পাইল, কেননা সে তিন দিবারাত্রি অন্ন খায় ১৩ নাই ও জল পান করে নাই। পরে দায়ূদ্ তাহাকে

[২৯ অধ্যা; ১] ১ শি ২৮; ১,৪। ৪; ১॥—[৩] ২৭; ৭, ১২। ২৮; ১,২॥—[৪] ২১; ১১। ১৪; ২১। যা ১; ১০॥—[৫] ১ শি ১৮; ৭। ২১; ১১॥—[৬] প ৩। ২৮; ২॥—[৯] প ৪,৫॥—[১১] ২৫; ৩০,৩১,৩৯। ১ বং ১২; ১৯-২২॥
[৩০ অধ্যা; ১] ১ শি ১৫; ৭। ২৭; ৬, ৮, ৯॥—[৫] ২৫; ৪২, ৪৩॥—[৬] গী ৬২; ৫-৯॥—[৭] ২৩; ৬, ৯॥—[৮] প ১১। ২৩; ২, ৯॥—[৯, ১০] প ২১॥—[১২] ১৪; ২৭। বি ১৫; ১৯॥

* (ইব্রি) তুমি অধ্যক্ষগণের দৃষ্টিতে ভাল নও। † (ইব্রি) অধ্যক্ষগণের দৃষ্টিতে মন্দ করিও না। ‡ (ইব্রি) তিক্ত।

জিজ্ঞাসিল, তুমি কাহার লোক? ও কোথাহইতে আইলা? সে কহিল, আমি অমালেকীয়ের দাস মিস্রীয় যুব লোক; তিন দিন হইল আমি পীড়িত হইলে আমার কর্ত্তা আমাকে ত্যাগ করিয়া গেল। ১৪ আমরা কিরেথীয়দের দক্ষিণাঞ্চল ও যিহূদার অধিকার ও কালেবের অধিকারের দক্ষিণাঞ্চল আক্রমণ করিলাম, ও সিক্লগ্ ১৫ অগ্নিতে দগ্ধ করিলাম। পরে দায়ূদ্ কহিল, তুমি সেই দলের নিকটে আমাকে লইয়া যাইতে পার? সে কহিল, তুমি আমাকে বধ করিবা না ও আমার কর্ত্তার হস্তগত করিবা না, ইহা যদি পরমেশ্বরের নামে দিব্য কর, তবে আমি ঐ দলের নিকটে তোমাকে লইয়া যাইব।

১৬ পরে সে দায়ূদ্‌কে তাহাদের নিকটে আনিলে তাহারা পিলেষ্টীয়দের ও যিহূদার দেশহইতে বহু লুট আনয়ন প্রযুক্ত তাবৎ ভূমিতে বিস্তারিত হইয়া ভো- ১৭ জনপান ও নৃত্য করিতেছে, ইহা দেখিল। তাহাতে দায়ূদ্ সূর্য্যোদয় অবধি পরদিনের সন্ধ্যাকাল পর্য্যন্ত তাহাদিগকে আঘাত করিল; তাহাতে কেবল চারি শত যুব লোক উষ্ট্রারোহণে পলাইয়া রক্ষা পাইল, আর ১৮ কেহ রক্ষা পাইল না। পরে অমালেকীয়েরা যে সমস্ত লইয়া গিয়াছিল, সে সমস্ত দায়ূদ্ পুনর্ব্বার পাইল, ১৯ এবং দায়ূদ্ আপন দুই স্ত্রীকেও মুক্ত করিল। তাহাদের ছোট বড় ও পুত্র কন্যা যে কিছু হৃত হইয়াছিল, তাহাদের কিছুর অভাব হইল না; দায়ূদ্ সমস্তই ২০ পাইল। আর দায়ূদ্ আপনার জন্যে মেষ গোরু সকল গ্রহণ করিলে লোকেরা ঐ পশুপালকে অগ্রে লইয়া গিয়া কহিল, ইহা দায়ূদের লুটদ্রব্য।

২১ পরে ক্লান্তি প্রযুক্ত দায়ূদের পশ্চাদ্গমনে অক্ষম যে দুই শত লোককে তাহারা বিষোর্ স্রোতস্বতীর তীরে থাকিতে দিয়াছিল, তাহাদের নিকটে দায়ূদ্ উপস্থিত হইলে তাহারা বাহির হইয়া দায়ূদ্‌কে ও তাহার সঙ্গি লোকদিগকে সাক্ষাৎ করিতে গমন করিল; তাহাতে দায়ূদ্ তাহাদের নিকটে উপস্থিত হইয়া তাহাদিগকে ২২ মঙ্গল জিজ্ঞাসা করিল। কিন্তু দায়ূদের সঙ্গি কতক দুশ্চরিত্র ও দুষ্ট * লোকেরা কহিল, আমরা লোকদের আপন ২ ভার্য্যা ও সন্তানগণকে লইয়া যাইতে দিব, কিন্তু প্রাপ্ত লুটদ্রব্যহইতে আর কিছুই দিব না, কেননা তা- ২৩ হারা আমাদের সহিত গমন করিল না। তাহাতে দায়ূদ্ উত্তর করিল, হে আমার ভ্রাতৃগণ, যে পরমেশ্বর আমাদিগকে রক্ষা করিয়া আমাদের প্রতিকূলগামি সৈন্যকে আমাদের হস্তে সমর্পণ করিলেন, তিনি আমাদিগকে যাহা দিলেন, তাহা লইয়া তোমরা এ ২৪ রূপ করিতে পার না। এ বিষয়ে তোমাদের কথা কে শুনিবে? যুদ্ধে গমনকারিদের যেমন অংশ, দ্রব্যাদির নিকটস্থায়ি লোকদেরও তদ্রূপ অংশ হইবে; তাহাদের সমান অংশ হইবে। আর দায়ূদ্ ইস্রায়েল্ ২৫ বংশের জন্যে সেই দিবসে এই যে বিধি ও ব্যবস্থা স্থাপন করিল, তাহা অদ্য পর্য্যন্ত চলিতেছে।

পরে দায়ূদ্ সিক্লগে উপস্থিত হইয়া যিহূদার প্রাচীন- ২৬ গণের ও আপন বন্ধুদের নিকটে, অর্থাৎ বৈথেলস্থ ও ২৭ দক্ষিণ রামোৎস্থিত ও যত্তীরস্থ, এবং অরোয়েরস্থ ও ২৮ শিফ্মোৎস্থ ও ইষ্টিমোয়স্থ, এবং রাখলস্থ ও যিরহমে- ২৯ লীয়দের নগরস্থ ও কেনীয়দের নগরস্থ, এবং হর্মাস্থ ৩০ ও কোরাশনস্থ ও অথাকস্থ, এবং হিব্রোণস্থ ও যে ২ স্থানে দায়ূদের ও তাহার লোকদের গমনাগমন হইয়াছিল, সকলের নিকটে লুটিত দ্রব্যের কিছু ২ পাঠাইয়া ৩১ কহিল, পরমেশ্বরের শত্রুগণহইতে লুটিত এই উপঢৌকন † দেখ।

৩১ অধ্যায়।

১ শৌল ও তাহার পুত্রগণের মৃত্যু হওন ৭ ও ইস্রায়েলের ত্যক্ত নগর পিলেষ্টীয়দের অধিকার করণ ৮ এবং শৌল ও তাহার পুত্রগণের শবের অপমান করণ ১১ ও যাবেশীয় লোকদ্বারা ঐ শবের হরণ ও কবর দেওন।

পরে পিলেষ্টীয়েরা ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করি- ১ লে ইস্রায়েল্ বংশ পিলেষ্টীয়দের সম্মুখহইতে পলায়ন করিলেও গিল্বোয় পর্ব্বতে আহত হইয়া পড়িল। এবং ২ পিলেষ্টীয়েরা শৌলের ও তাহার পুত্রগণের পশ্চাৎ ধাবমান হইয়া শৌলের পুত্র যোনাথন্‌কে ও অবীনাদব্‌কে ও মল্‌কিশূয়কে বধ করিল। এবং শৌলের সহিত ৩ ঘোরতর সংগ্রাম হইলে ধনুর্দ্ধরেরা তাহাকে পাইলে শৌল ধনুর্বাণধারি লোক কর্ত্তৃক বিদ্ধ হইল। তাহাতে ৪ শৌল আপন অস্ত্রবাহককে কহিল, এই অচ্ছিন্নত্বকেরা আসিয়া আমাকে বিদ্ধ করিয়া যেন আমার অপমান না করে, এই জন্যে আপন খড়্গ নিষ্কোষ করিয়া আমাকে বিদ্ধ কর; কিন্তু তাহার অস্ত্রবাহক অতিশয় ভীত হওন প্রযুক্ত তাহা করিতে সম্মত হইল না; অতএব শৌল আপন খড়্গ লইয়া আপনি তাহার উপরে পড়িল। তাহাতে শৌল মরিল, ইহা দেখিয়া তাহার ৫ অস্ত্রবাহকও আপন খড়্গের উপরে পড়িয়া তাহার সহিত মরিল। এই প্রকারে ঐ দিনে শৌল ও তাহার ৬ তিন পুত্র ও অস্ত্রবাহক ও সমস্ত লোক একত্র মরিল।

অপর তলভূমির ওপারস্থ ও যর্দ্দনের অন্য পারস্থ ৭ ইস্রায়েল্ বংশ ইস্রায়েল্ লোকদের পলায়ন এবং শৌলের ও তাহার পুত্রদের মরণ দেখিয়া নগর সকল ত্যাগ করিয়া পলায়ন করিল, তাহাতে পিলেষ্টীয়েরা আসিয়া তাহাদের মধ্যে বাস করিল।

---

[১৪] যি ২০; ১১। ১ শি ২৫; ৩ ॥—[১৯] প ৮ ॥—[২১] প ৯, ১০ ॥—[২৪] গ ৩১; ২৭ ॥—[২৯] বি ২; ১৬ ॥
[২৬-৩০] ১ বং ১২; ১৯-২২ ॥
[৩১ অধ্য] ১ বং ১০ ॥—[১] ১ শি ২৮; ৪ ॥—[২] ১৪; ৪৯। ২৮; ১৯ ॥—[৩] ২ শি ১; ৬ ॥—[৪] বি ৯; ৫৪ ॥

* (ইব্রু) বিলীয়ালের। † (ইব্রু) আশীস্।

৮ পরদিবসে পিলেষ্টীয়েরা হত লোকদের বস্ত্রাদি লইতে আসিয়া গিল্‌বোয় পর্ব্বতে শৌলকে ও তাহার ৯ তিন পুত্রকে পতিত পাইলে তাহার মস্তক ছেদন করিয়া তাহার সজ্জাদি খুলিয়া আপনাদের দেবগণের গৃহে ও লোকদের মধ্যে সম্বাদ ঘোষণা করণার্থে পিলে- ১০ ষ্টীয়দের দেশের চতুর্দ্দিগে প্রেরণ করিল। এবং তাহারা তাহার সজ্জা অস্তারোৎ দেবীগণের মন্দিরে রাখিল, এবং তাহার শরীর বৈৎশানের ভিত্তিতে টাঙ্গাইয়া দিল।

১১ পরে যাবেশ্-গিলিয়দ্ নিবাসি লোকেরা শৌলের প্রতি পিলেষ্টীয়দের এই কার্য্যের সম্বাদ পাইলে ১২ তাবৎ বলবান লোক উঠিয়া ঐ রাত্রিতে গমন করিয়া শৌলের ও তাহার পুত্রগণের শরীর বৈৎশানের ভিত্তিহইতে লইয়া যাবেশে আনিয়া দগ্ধ করিল। ১৩ পরে তাহারা তাহাদের অস্থি লইয়া যাবেশস্থ এক বৃক্ষের তলে পুতিয়া রাখিল; পরে তাহারা সাত দিবস উপবাস করিল।

[১০] ১ শি ২১; ৯ ॥—[১১-১৩] ১১; ১-১১। বি ২১; ১৪। ২ শি ২; ৪-৭ ॥—[১৩] ২ শি ২১; ১২-১৪ ॥

শিমূয়েলের দ্বিতীয় পুস্তক।

১ অধ্যায়।

১ শৌল ও যোনাথনের মৃত্যু সম্বাদ দিলে পর এক অমালেকীয়ের মৃত্যু ১৭ ও শৌল ও যোনাথনের মরণ বিষয়ে গীত।

১ শৌলের মৃত্যুর পর, ও দায়ূদ্ অমালেকীয়দের বধ করণহইতে প্রত্যাগমন করিয়া সিক্লগ্ নগরে দুই দিবস ২ বাস করিলে পর, তৃতীয় দিবসে ছিন্ন বস্ত্র ও মস্তকে ধূলাযুক্ত এক জন শৌলের শিবিরহইতে দায়ূদের নিকটে ৩ আসিয়া ভূমিষ্ঠ হইয়া তাহাকে প্রণাম করিল। তাহাতে দায়ূদ্ তাহাকে জিজ্ঞাসিল, তুমি কোথাহইতে আইলা? সে কহিল, আমি ইস্রায়েলের শিবিরহইতে পলাইয়া ৪ আইলাম। দায়ূদ্ জিজ্ঞাসিল, তোমাকে বিনয় করি, কি হইল? তাহা আমাকে কহ; তাহাতে সে কহিল, লোকেরা যুদ্ধহইতে পলায়ন করিল, এবং অনেকে যুদ্ধে পতিত হইয়া মরিল, বিশেষতঃ শৌল ও তাহার পুত্র ৫ যোনাথন্ মরিল। দায়ূদ্ সেই সমাচারদায়ি যুবমনুষ্যকে জিজ্ঞাসিল, শৌল ও তাহার পুত্র যোনাথন্ মরিল, ৬ ইহা তুমি কি প্রকারে জানিলা? তাহাতে সে সমাচারদায়ি যুব তাহাকে কহিল, আমি ঘটনাক্রমে গিল্‌বোয় পর্ব্বতে উপস্থিত হইলে শৌলকে বড়শার উপরে গাঁথা থাকিতে এবং তাহার পশ্চাৎ অনেক২ রথ ও অশ্বারূঢ়কে চাপা- ৭ চাপি করিতে দেখিলাম। কিন্তু সে পশ্চাতে অবলোকন করিয়া আমাকে দেখিয়া ডাকিল; তাহাতে 'আমি এই ৮ স্থানে' আমি ইহা কহিলে, সে আমাকে জিজ্ঞাসিল, তুমি কে? আমি কহিলাম, আমি অমালেকীয় লোক। ৯ পরে সে আমাকে কহিল, আমি বিনয় করি, তুমি আমার নিকটে দাঁড়াইয়া আমাকে বধ কর, কেননা আমি মৃত্যুযন্ত্রণা ভোগ করিতেছি, তথাপি আমার প্রাণ যায় না। ১০ তাহাতে আমি তাহার নিকটে দাঁড়াইয়া তাহাকে বধ করিলাম, কেননা এই পতনের পরে সে বাঁচিতে পারে না, ইহা আমি নিশ্চয় জানিলাম; পরে আমি তাহার মস্তকের মুকুট ও হস্তের বলয় লইয়া আপন প্রভুর নিকটে এই স্থানে আনিলাম। ১১ তাহাতে দায়ূদ্ আপন বস্ত্র ধরিয়া চিরিল, এবং তাহার সঙ্গি লোকেরাও তদ্রূপ ১২ করিল। এবং শৌল ও তাহার পুত্র যোনাথন্ ও পরমেশ্বরের লোক ইস্রায়েল্ বংশ খড়্গে পতিত হওয়াতে তাহারা শোক ও বিলাপ করিয়া সন্ধ্যা পর্য্যন্ত উপবাস ১৩ করিল। পরে দায়ূদ্ ঐ সম্বাদ আনয়নকারি যুবকে কহিল, তুমি কোথাকার লোক? সে কহিল, আমি বিদে- ১৪ শীয় অমালেকীয় লোক। দায়ূদ্ তাহাকে কহিল, তুমি পরমেশ্বরের অভিষিক্তকে বধ করণে আপন হস্ত ১৫ বিস্তার করিতে কি ভীত হইলা না? পরে দায়ূদ্ এক যুবকে আজ্ঞা করিল, তুমি তাহার নিকটে গিয়া তাহাকে আঘাত কর; তাহাতে সে তাহাকে আঘাত করিলে সে ১৬ মরিল। পরে দায়ূদ্ তাহাকে কহিল, তোমার রক্তপাতের অপরাধ তোমার উপরেই থাকুক; কেননা আমি পরমেশ্বরের অভিষিক্তকে বধ করিলাম, তোমারি মুখ তোমার বিরুদ্ধে এই সাক্ষ্য দিল।

[১ অধ্য; ১] ১ শি ৩০; ১৭, ২৬ ॥—[২] ১ শি ৪; ১২ ॥—[৬] ১ শি ৩১; ১-৩ ॥—[১১] ২ শি ৩; ৩১ ॥—[১৩-১৬] ৪; ৯-১২ ॥—[১৪] ১ শি ২৬; ৯ ॥—[১৬] প ১০ ॥

১৭ পরে দায়ূদ্ শৌলের ও তাহার পুত্র যোনাথনের ১৮ বিষয়ে এই যে বিলাপ করিল, তাহা যাশের্ পুস্তকে লিখিত আছে, এবং দায়ূদ্ ধনুর্গীত নামক তাহা যিহূদা-১৯ বংশকে শিক্ষা দিল। হে ইস্রায়েল্ বংশ,তোমার শ্রেষ্ঠ লোক উচ্চস্থানে* হত হইল। হায়! পরাক্রমিগণ পতিত ২০ হইল। ইহা গাতে কহিও না,ও অস্কিলোনের পথে প্রকাশ করিও না; নতুবা পিলেষ্টীয়দের কন্যাগণ আনন্দ করি-বে,ও অচ্ছিন্নত্বক্দের কন্যাগণ জয়দর্পের কথা কহিবে। ২১ হে গিল্বোয়ের পর্ব্বতগণ, তোমাদের উপরে শিশির পতন ও বর্ষণ ও উপহারজনক ক্ষেত্র আর না হউক, কেননা তোমাদের উপরে বলবানের অর্থাৎ শৌলের ঢাল অনভিষিক্তের ঢালের ন্যায় কুৎসিত রূপে নিক্ষিপ্ত ২২ হইল। যোদ্ধাদের রক্তহইতে ও বলবানদের মেদ-হইতে যোনাথনের ধনুক কখনো নিবারিত হইত না, ও শৌলের খড়্গও নিষ্ফল হইয়া ফিরিয়া আসিত না। ২৩ শৌল ও যোনাথন্ জীবদ্দশাতে পরস্পর প্রিয় ও মনো-হর ছিল, এবং মরণকালেও তাহারা পৃথক্ ছিল না; তাহারা উৎক্রোশ পক্ষি অপেক্ষা বেগবান ও ২৪ সিংহ অপেক্ষা বলবান ছিল। হে ইস্রায়েলের কন্যা-গণ, যে শৌল তোমাদিগকে কৃমিজ বর্ণেতে ও রম-ণীয় দ্রব্যেতে ভূষিত করিত, ও বস্ত্রোপরি স্বর্ণালঙ্কার ২৫ পরিধান করাইত, তাহার জন্যে ক্রন্দন কর। হায়! পরাক্রমিগণ যুদ্ধে পতিত হইল; হায়! যোনাথন্ উচ্চ-২৬ স্থানে হত হইল। হে আমার ভ্রাতঃ যোনাথন্, আমি তোমার জন্যে শোকান্বিত হইলাম; তুমি আমার অতি মনোহর ছিলা, ও আমার প্রতি তোমার প্রেম স্ত্রী লোকদের প্রেম হইতেও অধিক আশ্চর্য্য ছিল। ২৭ হায়! পরাক্রমিগণ পতিত হইল, ও তাহাদের যুদ্ধাস্ত্র বিনষ্ট হইল।

২ অধ্যায়।

১ ঈশ্বরের আদেশে হিব্রোণে যাইয়া দায়ূদের রাজা হওন ৫ ও যাবেশ্ গিলিয়দীয় লোকদের প্রতি দায়ূদের প্রশংসা ৮ ও ঈশ্বোশৎকে ইস্রায়েলের রাজা করণ ১২ ও যোয়াব্ ও অব্নেরের যুব লোকদের যুদ্ধ ১৮ ও অসাহেলের মৃত্যু ২৫ ও অব্নেরের কথাতে যোয়াবের ফিরণ ৩২ ও অসা-হেলের কবর দেওন।

১ পরে দায়ূদ্ পরমেশ্বরের কাছে জিজ্ঞাসা করিল. আমি কি যিহূদার কোন এক নগরে যাইব? পরমেশ্বর কহি-লেন, যাও; পরে দায়ূদ্ জিজ্ঞাসিল, আমি কোন্ ২ স্থানে যাইব? তিনি কহিলেন, হিব্রোণে যাও। তাহাতে দায়ূদ্ ও তাহার ভার্য্যা, অর্থাৎ যিস্রিয়েলীয়া অহীনো-য়ম্ ও কর্মিলীয় মৃত নাবলের ভার্য্যা অবীগয়িল, সেই ৩ নগরে গমন করিল। এবং দায়ূদ্ আপন সঙ্গি প্রত্যেক জনকে আপন ২ পরিজনের সহিত আনিয়া হিব্রোণের সকল নগরে বাস করিল। ৪ পরে যিহূদার লোকেরা আসিয়া সেই স্থানে দায়ূদকে যিহূদা বংশের উপরে রাজ্যপদে অভিষেক করিল।

৫ পরে যাবেশ্-গিলিয়দের লোকেরা শৌলের কবর দিয়াছে, এই কথা দায়ূদ্কে সম্বাদ দিলে দায়ূদ্ যাবেশ্-গিলিয়দের লোকদের নিকটে দূতগণকে প্রেরণ করিয়া কহিল, তোমরা পরমেশ্বরেতে ধন্য,কেননা তোমরা আ-পন প্রভু শৌলের প্রতি এই কৃপা করিয়া তাহার কবর ৬ দিয়াছ। অতএব পরমেশ্বর তোমাদের প্রতি সত্য অনু-গ্রহ করিবেন; এবং তোমরা এই কর্ম্ম করিয়াছ, এই ৭ জন্যে আমিও তোমাদের প্রতি অনুগ্রহ করিব। এখন তোমাদের হস্ত সবল হউক, ও তোমরা বলবান্ † হও, কেননা তোমাদের প্রভু শৌল মরিলে যিহূদাবংশ আপ-নাদের উপরে আমাকে রাজ্যপদে অভিষিক্ত করিল।

৮ অনন্তর নেরের পুত্র অব্নের্ শৌলের সেনাপতি শৌলের পুত্র ঈশ্বোশৎকে লইয়া মহনয়িমে আনিয়া ৯ গিলিয়দের ও অশূরীয়দের ও যিস্রিয়েলের ও ইফ্রয়ি-মের ও বিন্য়ামীনের ও সমস্ত ইস্রায়েল্ বংশের উপরে ১০ তাহাকে রাজা করিল। পরে শৌলের পুত্র ঈশ্বোশৎ চল্লিশ বৎসর বয়সে ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিয়া দুই বৎসর রাজত্ব করিল, কেবল যিহূদা ১১ বংশ দায়ূদের পশ্চাদ্গামী ছিল। তাহাতে দায়ূদ্ হিব্রোণে যিহূদা বংশের উপরে ‡ সাত বৎসর ছয় মাস রাজত্ব করিল।

১২ পরে নেরের পুত্র অব্নের ও শৌলের পুত্র ঈশ-বোশতের দাসগণ মহনয়িম্হইতে গিবিয়োনে গমন ১৩ করিল। এবং সিরূয়ার পুত্র যোয়াব্ ও দায়ূদের দাসগণ বাহির হইয়া গিবিয়োনের পুষ্করিণীর নিকটে উভয় লোকে সম্মিলিত হইল; পরে এক দল পুষ্ক-রিণীর এ পারে,ও অন্য দল পুষ্করিণীর ওপারে বসিল। ১৪ এবং অব্নের্ যোয়াব্কে কহিল, এখন যুবগণ উঠিয়া আমাদের সম্মুখে ক্রীড়া করুক; তাহাতে যোয়াব্ ১৫ কহিল,তাহারা উঠুক। পরে শৌলের পুত্র ঈশ্বোশতের পক্ষ বিন্য়ামীন্ বংশের বারো জন, এবং দায়ূদের দাসদের বারো জন উঠিয়া সংখ্যানুসারে পারে গেল। ১৬ এবং তাহারা প্রত্যেক জন পরস্পর প্রতিযোদ্ধার মস্তক ধরিয়া তাহাদের কোঁকে খড়্গ বিদ্ধ করিল; তাহাতে উভয় পক্ষীয় লোকেরা একত্র পতিত হইল, অতএব গিবিয়োনস্থ ঐ স্থান হিল্কৎ-হসুরীম্ (বীরদের স্থান §) ১৭ নামে প্রসিদ্ধ হইল। পরে ঐ দিবসে অতি ঘোরতর সংগ্রাম হইলে অব্নের ও ইস্রায়েল্ লোকেরা দায়ূদের সৈন্যগণের সম্মুখে পরাস্ত হইল।

---

[১৮] যি ১০; ১৩॥—[২০] মী ১; ১০॥—[২১] প ৬। ১ শি ৩১; ১। আ ২৭; ৩৯॥—[২৬] ১ শি ১৮; ১-৩। ২০; ১৭,৪১॥ [২ অধ্য; ১] ১ শি ৩০; ৮॥—[২] ১ শি ২৫; ৪২, ৪৩॥—[৩] ১ শি ২৭; ২। ১ বং ১২; ১৯-২২॥—[৪] ১ শি ৩১; ১১-১৩॥—[৮] ১ শি ১৪; ৫০॥—[১১] ২ শি ৫; ৫॥

 * (বা) ইস্রায়েল বংশের শ্রেষ্ঠ লোক। † (ইব্রী) বীর্য্যের সন্তান। ‡ (ইব্রী) দিনদের সংখ্যা। § (বা) খড়্গভূমি।

১৮ ঐ স্থানে যোয়াব্ ও অবীশয় ও অসাহেল্ নামে সিরু-য়ার তিন পুত্র ছিল, সেই অসাহেল্ বনমৃগের ন্যায় ১৯ চরণে দ্রুতগামী ছিল। অসাহেল্ অব্নেরের পশ্চাৎ তাড়না করিয়া গেল, এবং অব্নেরের পশ্চাদ্গমনহইতে ২০ দক্ষিণে কি বামে ফিরিল না। পরে অব্নের্ পশ্চাৎ দৃষ্টি করিয়া জিজ্ঞাসিল, তুমি কি অসাহেল্? সে উত্তর ২১ করিল, আমি সেই। তাহাতে অব্নের্ তাহাকে কহিল, তুমি দক্ষিণে কিম্বা বামে ফিরিয়া যুবদের এক জনকে ধরিয়া তাহার সজ্জা লুট কর, কিন্তু অসাহেল্ তাহার ২২ পশ্চাদ্গমনহইতে ফিরিতে সম্মত হইল না। পরে অব্-নের্ অসাহেল্কে পুনর্ব্বার কহিল, তুমি আমার পশ্চাদ্-গমনহইতে ফির, নতুবা আমি তোমাকে প্রহার করিয়া ভূমিপাত করিব; কিন্তু তাহা করিলে তোমার ভ্রাতা যোয়াবের সাক্ষাতে আমি কি রূপে মুখ দেখাইব? ২৩ তথাপি সে ফিরিতে সম্মত হইল না, অতএব অব্নের্ বড়শার অগ্র তাহার উদরে * এমত বিদ্ধ করিল, যে বড়শা তাহার পৃষ্ঠ দিয়া বাহির হইল; তাহাতে সে সেই স্থানে পড়িয়া মরিল, এবং যত লোক অসাহে-লের পতন ও মরণস্থানে উপস্থিত হইল, সকলেই ২৪ দাঁড়াইয়া রহিল। পরে যোয়াব্ ও অবীশয় অব্নেরের পশ্চাৎ ধাবমান হইয়া গিবিয়োন্ অরণ্যের পথ নিকটবর্ত্তি গীহ সম্মুখস্থ অম্মা পর্ব্বতে উপস্থিত হইলে সূর্য্য অস্তগত হইল।

২৫ ঐ সময়ে বিন্য়ামীন্ বংশ অব্নেরের নিকটে একত্র হইয়া এক দল হইয়া পর্ব্বতশৃঙ্গের উপরে দাঁড়াইল। ২৬ তখন অব্নের্ যোয়াব্কে ডাকিয়া কহিল, খড়্গ কি সর্ব্বদা সংহার করিবে? শেষে তিক্ততা হইবে, ইহা কি তুমি জান না? তুমি আপন ভ্রাতৃগণের পশ্চাদ্গমন-হইতে ফিরিতে আপন লোকদিগকে কত কাল আজ্ঞা ২৭ দিবা না? তাহাতে যোয়াব্ কহিল, পরমেশ্বরের অমরতার দিব্য করিয়া কহিতেছি, তুমি যদি না কহিতা, তবে প্রাতঃ-কালে লোকেরা আপন ভ্রাতাদের পশ্চাদ্গমনহইতে ২৮ অবশ্য ফিরিত। পরে যোয়াব্ তূরী বাজাইল; তাহাতে সমস্ত লোক স্থগিত হইল, আর কেহ ইস্রায়েলের পশ্চাৎ তাড়না করিয়া গেল না, এবং আর যুদ্ধও করিল না। ২৯ তাহাতে অব্নের্ ও তাহার লোকেরা সেই সমস্ত রাত্রি প্রান্তরস্থ পথ দিয়া যাইয়া যর্দ্দন্ নদী পার হইয়া তাবৎ ৩০ বিথ্রোণের মধ্য দিয়া মহনয়িমে উপস্থিত হইল। এবং যোয়াব্ অব্নেরের্ পশ্চাদ্গমনহইতে ফিরিয়া সমস্ত লোকদিগকে একত্র করিল; তাহাতে দায়ূদের দাসগণের ৩১ মধ্যে উনিশ জনের ও অসাহেলের অভাব হইল। কিন্তু দায়ূদের লোকদের প্রহারেতে বিন্য়ামীনের ও অব্-নেরের লোকদের তিন শত ষাইট লোক মরিয়াছিল।

৩২ পরে লোকেরা অসাহেল্কে তুলিয়া লইয়া বৈৎলে-হমস্থ পৈতৃক কবরে তাহার কবর দিল, এবং যোয়াব্ ও তাহার লোকেরা তাবৎ রাত্রি গমন করিয়া প্রত্যূষে হিব্রোণে উপস্থিত হইল।

৩ অধ্যায়।

১ উত্তরোত্তর দায়ূদের বলবান হওন ২ ও তাহার পুত্রদের নাম ৬ ও ঈশ্‌বোশতের প্রতি বিরক্ত হইয়া দায়ূদের প্রতি অব্নেরের গমন ১৩ ও অব্নেরের সহিত নিয়ম করণে আপন ভার্য্যা মীখল্কে চাহন ১৭ ও অব্নেরের সহিত ভোজ প্রস্তুত করণ ও তাহাকে বিদায় করণ ২২ ও যোয়া-বের বিরক্ত হওন ও অব্নেরকে বধ করণ ২৮ ও যোয়া-ব্কে দায়ূদের শাপ দেওন ৩১ ও অব্নেরের জন্যে দায়ূ-দের বিলাপ করণ।

১ পরে শৌলের ও দায়ূদের বংশের মধ্যে বহুকাল যুদ্ধ হইল; তাহাতে দায়ূদ্ উত্তরোত্তর বলবান হইল, কিন্তু শৌলের বংশ উত্তরোত্তর ক্ষীণ হইতে লাগিল।

২ অপর হিব্রোণে দায়ূদের পুত্র হইল; যিষ্রিয়েলীয়া অহীনোয়মের গর্ব্ভজাত অম্নোন্ নামে তাহার জ্যেষ্ঠ ৩ পুত্র হইল। এবং কর্ম্মিলীয় মৃত নাবলের ভার্য্যা অবী-গয়িলের গর্ব্ভজাত কিলাব্ নামে দ্বিতীয় পুত্র হইল; এবং গিশূরের তল্ময় রাজের কন্যা মাখার গর্ব্ভজাত ৪ অব্শালোম্ নামে তৃতীয় পুত্র হইল। এবং হগীতের গর্ব্ভে অদোনিয় নামে চতুর্থ পুত্র হইল, এবং অবীট-৫ লের গর্ব্ভে শিফটিয় নামে পঞ্চম পুত্র হইল। এবং দায়ূ-দের ভার্য্যা ইগ্লার গর্ব্ভে যিত্রিয়ম্ নামে ষষ্ঠ পুত্র হইল; ইহারা সকলেই হিব্রোণে দায়ূদের ঔরসে জন্মিল।

৬ যত কাল শৌল বংশের ও দায়ূদ্ বংশের সহিত পরস্পর যুদ্ধ ছিল, তত কাল অব্নের্ শৌল বংশে ৭ আসক্ত হইয়া থাকিল। পরে অয়ার কন্যা রিস্পা নামে শৌলের এক উপপত্নী থাকিলে ঈশ্‌বোশৎ অব্নের্কে কহিল, তুমি আমার পিতার উপ-৮ পত্নীতে কেন উপগত হইলা? তাহাতে অব্নের্ ঈশ্-বোশতের কথাতে অতিশয় ক্রুদ্ধ হইয়া কহিল, যিহূদার বিপক্ষে তোমার পিতা শৌল্ বংশের প্রতি ও তাহার ভ্রাতাদের প্রতি ও তাহার বন্ধুদের প্রতি অদ্য অনুগ্রহ-কারি, ও দায়ূদের হস্তে তোমাকে অসমর্পণকারী যে আমি, আমি কি কুক্কুর †? তন্নিমিত্তে তুমি এই স্ত্রীর ৯ বিষয়ে অদ্য আমাকে এই দোষ দিতেছ? যেমন পরমেশ্বর দায়ূদের বিষয়ে দিব্য করিয়াছেন, তদনুসারে আমি যদি শৌল্ বংশহইতে রাজ্য লইয়া দান্ অবধি বের্শেবা পর্য্যন্ত তাবৎ ইস্রায়েলের ও যিহূদার উপরে ১০ দায়ূদের সিংহাসন স্থাপন না করি, তবে ঈশ্বর অব্নে-রের প্রতি তদ্রূপ ও ততোধিক প্রতিফল দিউন। ১১ তাহাতে সে অব্নের্কে আর এক কথাও কহিতে পারিল না, কারণ সে তাহাকে ভয় করিল।

[১৮] ১ বং ২; ১৬॥—[২৭] প ১৪॥

[৩ অধ্য; ২-৫] ১ বং ৩; ১-৪॥—[৭] ২ শি ২১; ৮,১০। ১ রা ২; ২২॥—[৯] ১ শি ১৩; ১৪। ১৫; ২৮,২৯॥

* (বা) পঞ্চম পঞ্জরে। † (ইব্রী) কুক্কুরের মস্তক।

১২ পরে অব্নের আপনার পরিবর্ত্তে দায়ূদের নিকটে অন্য দূত পাঠাইয়া কহিল, এই দেশ কাহার? আপনি যদি আমার সহিত নিয়ম করেন, তবে দেখ, ইস্রায়েল্ বংশকে আপনকার পক্ষে আনিতে আপনকার সহকারী হইব।

১৩ তাহাতে দায়ূদ্ কহিল, উত্তম, আমি তোমার সহিত নিয়ম করিব; কিন্তু আমি তোমার কাছে এক বিষয় চাহি*; যখন তুমি আমার সঙ্গে সাক্ষাৎ করিতে আসিবা, তখন শৌলের কন্যা মীখল্কে প্রথমে না আনিলে আমার সাক্ষাৎ পাইবা না। ১৪ পরে দায়ূদ্ শৌলের পুত্র ঈশ্বোশতের নিকটে দূত পাঠাইয়া কহিল, আমি পিলেষ্টীয়দের এক শত অক্ছেদনের অক্ দিয়া যে মীখল্কে বিবাহ করিলাম, তুমি আমার সেই ভার্য্যাকে দেও। ১৫ তাহাতে ঈশ্বোশৎ লোক পাঠাইয়া লয়িশের্ পুত্র পল্টিয়েল্ নামে তাহার স্বামিহইতে মীখল্কে লইল। ১৬ তাহাতে তাহার স্বামী রোদন করিতে ২ বহুরীম্ পর্য্যন্ত তাহার পশ্চাৎ ২ গেল; পরে অব্নের্ তাহাকে কহিল, যাও, ফিরিয়া যাও; তাহাতে সে ফিরিয়া গেল।

১৭ পরে অব্নের্ ইস্রায়েল্ বংশের প্রাচীনদের সহিত এইরূপ কথোপকথন করিল, পূর্ব্বে † তোমরা আপনাদের উপরে রাজা করিবার জন্যে দায়ূদের অন্বেষণ করিয়াছিলা। ১৮ এখন তাহাই কর, কেননা পরমেশ্বর দায়ূদের বিষয়ে কহিয়াছেন, আমি আপন দাস দায়ূদের হস্তদ্বারা আপন ইস্রায়েল্ বংশকে পিলেষ্টীয়দের হস্তহইতে ও সকল শত্রুগণের হস্তহইতে মুক্ত করিব। ১৯ এবং অব্নের্ বিন্য়ামীন্ বংশের কর্ণগোচরেও এই কথা কহিল; পরে অব্নের্ ইস্রায়েল্ বংশের ও বিন্য়ামীনের তাবৎ বংশের অভীষ্ট সকল দায়ূদের কর্ণগোচরে কহিতে হিব্রোণে যাত্রা করিল। ২০ পরে অব্নের বিংশতি লোককে সঙ্গে লইয়া হিব্রোণে দায়ূদের নিকটে উপস্থিত হইলে দায়ূদ্ অব্নেরের ও তাহার সঙ্গি লোকদের জন্যে ভোজ প্রস্তুত করিল। ২১ পরে অব্নের্ দায়ূদ্কে কহিল, আমি উঠিয়া যাইয়া ইস্রায়েলের সমস্ত বংশকে আমার প্রভু রাজার নিকটে সংগ্রহ করি; তাহাতে তাহারা আপনকার সহিত নিয়ম স্থির করিলে আপনি আপন মনোবাঞ্ছানুসারে তাহাদের উপরে রাজত্ব করুণ; পরে দায়ূদ্ অব্নের্কে বিদায় করিলে সে কুশলে প্রস্থান করিল।

২২ পরে দায়ূদের দাসগণ ও যোয়াব্ এক দল সৈন্যের পশ্চাৎহইতে ফিরিয়া বহু লুটদ্রব্য সঙ্গে লইয়া আইল; কিন্তু অব্নের্ হিব্রোণে দায়ূদের নিকটে ছিল না, কারণ দায়ূদ্ তাহাকে বিদায় করিলে সে কুশলে গমন করিয়াছিল। ২৩ অপর যোয়াব্ ও তাহার সঙ্গি সৈন্যগণ আইলে লোকেরা যোয়াবকে জ্ঞাত করিল, নেরের পুত্র অব্নের্ রাজার নিকটে আইল; এখন রাজা তাহাকে বিদায় করিলে সে কুশলে গেল। ২৪ তখন যোয়াব্ রাজার নিকটে যাইয়া কহিল, তুমি কি কর্ম্ম করিলা? দেখ, অব্নের্ তোমার নিকটে আইলে তুমি তাহাকে বিদায় করিলে সে কুশলে গেল, এ কি? ২৫ নেরের পুত্র অব্নের্ তোমাকে বঞ্চনা করিতে এবং তোমার গমনাগমন জানিতে এবং তোমার কর্ত্তব্য সমস্ত জানিতে আইল, ইহা তুমি জ্ঞাত হও। ২৬ পরে যোয়াব্ দায়ূদের নিকটহইতে বাহিরে আসিয়া অব্নেরের পশ্চাৎ দূত প্রেরণ করিলে তাহারা সিরা কূপের নিকটহইতে তাহাকে ফিরাইয়া আনিল কিন্তু দায়ূদ্ ইহা জ্ঞাত হইল না। ২৭ অপর অব্নের্ হিব্রোণে ফিরিয়া আইলে যোয়াব তাহার সহিত নির্জ্জনে আলাপ ‡ করিবার জন্যে দ্বারের মধ্যে তাহাকে লইয়া গেল, এবং আপন ভ্রাতা অসাহেলের বধ প্রযুক্ত তাহার উদরে || আঘাত করিল; তাহাতে সে মরিল।

২৮ পরে দায়ূদ্ এই কথা শুনিয়া কহিল, আমি ও আমার রাজ্য নেরের পুত্র এই অব্নেরের বধ বিষয়ে পরমেশ্বরের সাক্ষাতে নিত্য নিরপরাধী। ২৯ এই অপরাধ যোয়াবের ও তাহার সমস্ত পিতৃবংশের মস্তকে বর্ত্তুক, এবং যোয়াবের বংশে প্রমেহী কিম্বা কুষ্ঠী কিম্বা দণ্ডে নির্ভরদায়ী কিম্বা খড়্গে পতনকারী কিম্বা ভক্ষ্যহীন, এই সকল লোকের অভাব না থাকুক। ৩০ এই রূপে যোয়াব্ ও তাহার ভ্রাতা অবীশয় গিবিয়োনের যুদ্ধে আপনাদের ভ্রাতা অসাহেলের বধ প্রযুক্ত অব্নের্কে বধ করিল।

৩১ পরে দায়ূদ্ যোয়াব্কে ও তাহার সঙ্গি সকল লোককে কহিল, তোমরা আপনাদের বস্ত্র চিরিয়া চট পরিধান কর, এবং অব্নেরের জন্যে শোক কর; এবং দায়ূদ্ রাজাও শবের খট্টার পশ্চাৎ ২ চলিল। ৩২ পরে তাহারা হিব্রোণে অব্নের্কে কবর দিলে রাজা অব্নেরের কবরের নিকটে উচ্চৈঃস্বরে রোদন করিল, এবং সমস্ত লোকও রোদন করিল। ৩৩ এবং রাজা অব্নেরের বিষয়ে বিলাপ করিয়া কহিল, হায়! অব্নের্, তুমি কি মূর্খের ন্যায় মরিলা? ৩৪ তোমার হস্ত বদ্ধ ছিল না, ও তোমার পা বেড়িতে বদ্ধ ছিল না; যেমন অন্যায়কারি § লোকদের অগ্রে কেহ পতিত হয়, তুমি তদ্রূপ পড়িলা; তাহাতে সমস্ত লোক তাহার বিষয়ে আর বার রোদন করিল। ৩৫ পরে লোকেরা কিছু বেলা থাকিতে দায়ূদ্কে ভোজন করাইবার জন্যে আইলে দায়ূদ্ এই শপথ করিল, সূর্য্য অস্তগত না হইলে আমি যদি রুটী কিম্বা অন্য দ্রব্য আস্বাদ করি, তবে ঈশ্বর আমার প্রতি এই রূপ ও ইহাহইতেও অধিক করুণ। ৩৬ তাহাতে সমস্ত

[১৩] ১ রা ২; ২২ ॥—[১৪] ১ শি ১৮; ২৫, ২৭ ॥—[১৫] ১ শি ২৫; ৪৪ ॥—[১৭-২১] ১ বং ১২; ২৩-৪০ ॥—[২১] প ১০, ১২ ॥—[২৭] ২ শি ২০; ৮-১০ । ২; ২৩ ॥—[২৯] ১ রা ২; ৩১-৩৩ ॥—[৩০] ২ শি ২; ২৩ ॥—[৩১] ১; ১১ ॥

 * (ইব্রি) চাহিয়া কহি। † (ইব্রি) কল্য ও পরশ্ব। ‡ (বা) নির্বিঘ্ন কথা। || (বা) পঞ্চম পঞ্জরে। § (ইব্রি) অন্যায়ের সন্তান।

লোক তাহার এই কথাতে মনোযোগ করিল ও তাহাতে তুষ্ট * হইল; রাজা যাহা২ করিল, তাহাতেই সকল ৩৭ লোক সন্তুষ্ট হইল। পরে রাজা নেরের পুত্র অব্নেরকে বধ করান্ নাই, ইহা তাবৎ লোক ও সমস্ত ইস্রায়েল্ ৩৮ বংশ সেই দিবসেই অবগত হইল। পরে রাজা আপন দাসদিগকে কহিল, অদ্য ইস্রায়েলে এক জন অধ্যক্ষ ও ৩৯ মহাপুরুষ পতিত হইল, ইহা কি তোমরা জান না? আর আমি রাজ্যাভিষিক্ত হইলেও অদ্য দুর্ব্বল আছি, সিরুয়ার সন্তান এই লোকেরা আমার অবাধ্য; কিন্তু পরমেশ্বর কুকর্ম্মকারিদের কুকর্ম্মানুসারে প্রতিফল দিবেন।

৪ অধ্যায়।

১ অব্নেরের মরণে ঈশ্‌বোশতের দুঃখ ২ ও বানা ও রেখব্ ও মিফীবোশতের কথা ৫ ও বানা ও রেখব্দ্বারা ঈশ্‌বোশতের বধ ৯ ও দায়ূদের দ্বারা তাহাদের হত হওন।

১ পরে অব্নের্ হিব্রোণ্ নগরে মরিয়াছে, এই সম্বাদ শৌলের পুত্র শুনিলে তাহার হস্ত দুর্ব্বল হইল, ও সমস্ত ইস্রায়েল্ বংশ ব্যাকুল হইল।

২ এই শৌলের পুত্রের দুই জন দলপতি ছিল, প্রথমের নাম বানা ও দ্বিতীয়ের নাম রেখব্; তাহারা বিন্যামীন্ বংশজাত বেরোতীয় রিম্মোনের পুত্র; ঐ বেরোৎ ৩ বিন্যামীন্ বংশের অধিকারের মধ্যে গণিত বটে, কিন্তু বেরোতীয়েরা গিত্তয়িমে পলায়ন করিয়া সে স্থানে ৪ অদ্য পর্য্যন্ত প্রবাস করে। এবং শৌলের পুত্র যোনাথনের মিফীবোশৎ নামে উভয় চরণে খঞ্জ এক পুত্র ছিল; যখন যিষ্রিয়েল্হইতে শৌলের ও যোনাথনের মৃত্যু সম্বাদ আইল, তখন ঐ পঞ্চমবর্ষীয় বালককে লইয়া তাহার ধাত্রী পলায়ন করিল; তাহাতে পলায়নের শীঘ্রগতিতে ঐ বালক পতিত হইয়া খঞ্জ হইল।

৫ পরে বেরোতীয় রিম্মোনের পুত্র রেখব্ ও বানা যাইয়া মধ্যাহ্নকালে ঈশ্‌বোশতের গৃহে প্রবেশ করিল; তখন সে মধ্যাহ্ন সময়ে খট্টার উপরে শয়নে ছিল। ৬ তাহাতে তাহারা গোম লইবার ছলে গৃহের মধ্যস্থান পর্য্যন্ত গিয়া তাহার উদরে † আঘাত করিল; পরে রেখব্ ও তাহার ভ্রাতা বানা দুই জন পলায়ন করিল। ৭ ফলতঃ তাহাদের গৃহে প্রবেশ করণ সময়ে সে গর্ব্ভাগারে আপন খট্টাতে শয়ন করিয়া থাকিলে তাহারা তাহাকে প্রহার পূর্ব্বক বধ করিল; তাহার মস্তক ছেদন করিয়া ঐ মস্তক লইয়া সমস্ত রাত্রি প্রান্তর দিয়া গমন করিল। ৮ পরে তাহারা ঈশ্‌বোশতের মস্তক লইয়া হিব্রোণে দায়ূদের নিকটে যাইয়া রাজাকে কহিল, তোমার প্রাণ অন্বেষণকারি শত্রু যে শৌল, তাহার পুত্র ঈশ্‌বোশতের মস্তক এই দেখ; পরমেশ্বর অদ্য আমাদের প্রভু রাজার জন্যে শৌলের ও তাহার বংশের প্রতিকার করিলেন।

৯ পরে দায়ূদ্ বেরোতীয় রিম্মোনের পুত্র রেখব্ ও তাহার ভ্রাতা বানাকে এই উত্তর করিল, সর্ব্ব বিপত্তিহইতে আমার প্রাণ মুক্তকারি পরমেশ্বরের অমরতার দিব্য করিয়া কহিতেছি। ১০ যে জন আপনাকে ‡ সুসমাচারদায়ী § ভাবিয়া শৌলের মৃত্যু সমাচার আমাকে কহিল, সেই লোককে আমি ধরিয়া সিক্লগে বধ করিলাম; তাহাকে যদি সুমাচারের নিমিত্তে এমন পুরস্কার দিলাম, তবে দুষ্ট ১১ লোকেরা ধার্ম্মিক এক ব্যক্তিকে আপন গৃহে খট্টার উপরে মারিলে আমি কি করিব? আমি তাহার রক্তের পরিশোধ তোমাদের হইতে লইয়া কি পৃথিবীহইতে তোমাদিগকে উচ্ছিন্ন করিব না? পরে দায়ূদ্ আপন যুব- ১২ দিগকে আজ্ঞা করিলে তাহারা তাহাদিগকে বধ করিল, এবং তাহাদের হস্ত ও পাদ ছেদন করিয়া হিব্রোণস্থ পুষ্করিণীর পাড়ে টাঙ্গাইয়া দিল, কিন্তু তাহারা ঈশ্‌বোশতের মস্তক লইয়া হিব্রোণস্থ অব্নেরের কবরে পুতিল।

৫ অধ্যায়।

১ তাবৎ ইস্রায়েল্ লোকদের দায়ূদকে অভিষিক্ত করণ ৬ ও যিবূষীয়দের হইতে সিয়োনের দুর্গ হস্তগত করণ ১১ ও হীরমের দায়ূদের কাছে দূত প্রেরণ করণ ১৩ ও দায়ূদের যিরূশালমে জাত পুত্রগণের নাম ১৭ ও বালপিরাসীম্ স্থানে পিলেষ্টীয়দিগকে দায়ূদের জয় করণ ২২ ও রিফায়ীম্ উপত্যকাতে তাহাদিগকে পুনর্জ্জয় করণ।

১ পরে ইস্রায়েলের সমস্ত বংশ হিব্রোণে দায়ূদের নিকটে আসিয়া কহিল, দেখ, আমরা তোমার অস্থি ও ২ মাংস। এবং পূর্ব্বে আমাদের রাজা শৌলের অধিকারে তুমি আমাদিগকে ইস্রায়েলের বাহিরে ও ভিতরে গমনাগমন করাইয়াছ, এবং 'তুমি আমার ইস্রায়েল্ লোকদিগকে চরাইবা ও তাহাদের অগ্রগামী হইবা,' এই কথা পরমেশ্বর তোমাকে কহিলেন। ৩ এই রূপে ইস্রায়েলের সমস্ত প্রাচীন লোক হিব্রোণে রাজার নিকটে আইল; তাহাতে দায়ূদ্ রাজা হিব্রোণে পরমেশ্বরের সাক্ষাতে তাহাদের সহিত নিয়ম করিলে তাহারা ইস্রায়েলের উপরে দায়ূদকে রাজ্যাভিষিক্ত ৪ করিল। দায়ূদ্ ত্রিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া চল্লিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল। ৫ সে হিব্রোণে যিহূদা বংশের উপরে সাত বৎসর ছয় মাস রাজত্ব করিল; পরে যিরূশালমে সমস্ত

[৩৯] ১ রা ২; ৫,৬,৩২-৩৪ ॥

[৪ অধ্য; ২] যি ১৮; ২৫ ॥—[৩] নি ১১; ৩৩ ॥—[৪] ২ শি ৯; ৩। ১ শি ২৯; ১১। ৩১; ৬,৭। ১ বং ৮; ৩৪। ৯; ৪০ ॥

[৯-১২] ২ শি ১; ১৩-১৬ ॥—[১২] ৩; ৩২ ॥

[৫ অধ্য; ১-৩] ১ বং ১১; ১-৩ ॥—[২] ১ শি ১৮; ১৩-১৬। ১৬; ১,১২। গী ৭৮; ৭০, ৭১ ॥—[৩] দ্বি ১৭; ১৮ ॥

[৪,৫] ২ শি ২; ১১। ১ বং ৩; ৪। ২৯; ২৭ ॥

* (ইব্রু) তাহাদের দৃষ্টিতে উত্তম। † (বা) পঞ্চম পঞ্জরে। ‡ (ইব্রু) আপন দৃষ্টিতে। § (বা) সুসমাচার প্রযুক্ত আমাহইতে পুরস্কার অপেক্ষাকারি।

ইস্রায়েলের ও যিহূদার উপরে তেত্রিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল।

৬ পরে দায়ূদ্ ও তাহার লোকেরা দেশোৎপন্ন যিবূষীয়দের বিরুদ্ধে যিরূশালমে যাত্রা করিল; তাহাতে দায়ূদ্ এই স্থানে প্রবেশ করিতে পারিবে না, ইহা মনে ২ ভাবিয়া তাহারা কহিল, অন্ধেরা ও খঞ্জেরাও তোমাকে বাধা দিলে তুমি এই স্থানে প্রবেশ করিতে পরিবা না। ৭ কিন্তু দায়ূদ্ সিয়োনের দৃঢ় দুর্গ হস্তগত করিল; তাহা ৮ দায়ূদ্ নগর নামে বিখ্যাত আছে। ঐ দিবসে দায়ূদ্ কহিল, যে জন প্রণালীতে উঠিয়া যিবূষীয়দিগকে এবং দায়ূদের অন্তঃকরণে ঘৃণার্হ খঞ্জ ও অন্ধদিগকে বিনষ্ট করিবে, সে প্রধান সেনাপতি হইবে; কেননা অন্ধ ও খঞ্জেরা কহিল, সে এই স্থানে প্রবেশ করিতে পারিবে ৯ না। অতএব দায়ূদ্ দুর্গে বাস করিয়া তাহার নাম দায়ূদের নগর রাখিল, এবং দায়ূদ্ প্রাচীরদ্বারা মিল্লো ১০ অবধি ভিতর স্থান পর্য্যন্ত তাহা বেষ্টন করিল। পরে দায়ূদ্ উত্তরোত্তর বৃদ্ধি পাইয়া মহান্ হইল, এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর তাহার সহবর্ত্তী থাকিলেন।

১১ পরে সোরের রাজা হীরম্ দায়ূদের নিকটে এরস্ বৃক্ষও সূত্রধর ও রাজ * লোককে দূতদ্বারা প্রেরণ করিলে ১২ তাহারা দায়ূদের জন্যে অট্টালিকা নির্ম্মাণ করিল। তাহাতে পরমেশ্বর ইস্রায়েলের উপরে আমাকে রাজা স্থির করিলেন, এবং আপন ইস্রায়েল্ বংশের নিমিত্তে আমার রাজ্যের উন্নতি করিলেন, ইহা দায়ূদ্ বুঝিল।

১৩ অপর দায়ূদ্ হিব্রোণ্হইতে আইলে পর যিরূশালমে অন্য ভার্য্যা ও উপপত্নী গ্রহণ করিল, তাহাতে ১৪ দয়ূদের আরো পুত্র ও কন্যা জন্মিল। যিরূশালমে ১৫ শম্মূয় ও শোবব্ ও নাথন্ ও সুলেমান্, ও যিভর্ ও ১৬ ইলীশূয় ও নেফগ্ ও যাফিয়, ও ইলীশামা ও ইলিয়াদা ও ইলীফেলট্ নামে তাহার এই সকল পুত্র জন্মিল।

১৭ পরে তাবৎ ইস্রায়েল্ বংশ আপনাদের উপরে দায়ূদ্কে রাজ্যাভিষিক্ত করিল, এই কথা শুনিয়া তাবৎ পিলেষ্টীয়েরা দায়ূদের অন্বেষণে আইল, এবং দায়ূদ্ ১৮ তাহা শুনিয়া দুর্গে গমন করিলে পিলেষ্টীয়েরা আসিয়া ১৯ রিফায়ীম্ তলভূমিতে বিস্তারিত হইল। পরে দায়ূদ্ পরমেশ্বরকে জিজ্ঞাসা করিল, আমি কি পিলেষ্টীয়দের নিকটে যাইব? তুমি কি আমার হস্তে তাহাদিগকে সমর্পণ করিবা? তাহাতে পরমেশ্বর দায়ূদ্কে কহিলেন, যাও, আমি অবশ্য তোমার হস্তে পিলেষ্টী- ২০ য়দিগকে সমর্পণ করিব। অপর দায়ূদ্ বাল্পিরাসীমে আসিয়া তাহাদিগকে প্রহার করিয়া কহিল, পরমেশ্বর আমার সম্মুখে আমার শত্রুগণকে স্রোতভঙ্গের ন্যায় ভগ্ন করিবেন, এই জন্যে সেই স্থানের নাম বাল্পিরাসীম্ (দেবতার ভগ্ন স্থান) রাখিল। পরে তাহারা ২১ আপনাদের প্রতিমাগণকে পরিত্যাগ করিলে দায়ূদ্ ও তাহার সঙ্গি লোকেরা তাহাদিগকে লইয়া গেল †।

২২ পরে পিলেষ্টীয়েরা পুনর্ব্বার আসিয়া রিফায়ীম্ তলভূমিতে বিস্তারিত হইল। ২৩ তাহাতে দায়ূদ্ পরমেশ্বরকে জিজ্ঞাসা করিলে তিনি কহিলেন, তুমি এখন যাইও না, কিন্তু তাহাদের পশ্চাৎ ঘূরিয়া আসিয়া বাকা ‡ স্থানের সম্মুখে তাহাদিগকে আক্রমণ করিবা। ২৪ তুমি বাকার ‡ উচ্চস্থানে গমনের শব্দ শুনিলে উদ্যোগ করিবা; তাহাতে পরমেশ্বর পিলেষ্টীয়দের সৈন্য বধ করণার্থে তোমার সম্মুখে অগ্রসর হইবেন। ২৫ পরে দায়ূদ্ পরমেশ্বরের আজ্ঞানুসারে কর্ম্ম করিয়া গেবাহইতে গেষরে উপস্থিত হওন পর্য্যন্ত তাবৎ পিলেষ্টীয়দিগকে বধ করিল।

৬ অধ্যায়।

১ দায়ূদের পরমেশ্বরের সিন্দুক আনয়ন ৬ ও উষের আঘাত ও সিন্দুককে ওবেদ্-ইদোমের গৃহে রাখন ১২ ও বলিদান ও নৃত্য করিয়া দায়ূদের পরমেশ্বরের সিন্দুক পুনরানয়ন ১৭ ও তাহা আবাসে রাখন ২০ ও দায়ূদের প্রতি মীখলের নিন্দা কথা।

১ পরে দায়ূদ্ ইস্রায়েল্ বংশের ত্রিশ সহস্র মনোনীত ২ লোককে একত্র করিল। এবং দায়ূদ্ আপন সঙ্গি সমস্ত লোককে লইয়া উঠিয়া কিরূব্ মধ্যনিবাসি সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের নামে বিখ্যাত সিন্দুক বালি-যিহূদাহইতে ৩ আনিতে যাত্রা করিল। পরে তাহারা ঈশ্বরের নিয়মসিন্দুক এক নূতন শকটে আরোহণ করাইয়া পর্ব্বতস্থ অবীনাদবের গৃহহইতে তাহা বাহির করিল, এবং অবীনাদবের পুত্র উষ ও অহিয়ো ‖ ঐ শকট চালাইল। ৪ এবং তাহারা পর্ব্বতস্থ অবীনাদবের গৃহহইতে ঈশ্বরের সিন্দুকের সহিত তাহা আনিলে অহিয়ো সিন্দুকের ৫ অগ্রে ২ চলিল। এবং দায়ূদ্ ও ইস্রায়েলের তাবৎ বংশ পরমেশ্বরের সম্মুখে এরস্ কাষ্ঠ নির্ম্মিত বীণা ও নবল ও তবল ও জয়শৃঙ্গ ও মন্দিরা ইত্যাদি নানা বাদ্য বাজাইল।

৬ পরে তাহারা নাখোনের শস্যমর্দ্দন স্থানে উপস্থিত হইলে বলদ শকট হেলাইল; তাহাতে উষ হস্ত বিস্তার ৭ করিয়া ঈশ্বরের সিন্দুককে ধরিল। তাহাতে উষের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তাহার ভ্রম § প্রযুক্ত ঈশ্বর সেই স্থানে তাহাকে আঘাত করিলেন; ৮ তাহাতে সে ঈশ্বরের সিন্দুকের নিকটে মরিল। পরমেশ্বর

[৬-১০] ১ বং ১১; ৪-৯॥—[৭] প ৯॥—[৯] প ৭॥—[১১] ১ রা ৫; ১,৬॥—[১১,১২] ১ বং ১৪; ১, ২। গী ৩০॥
[১৩] দ্বি ১৭; ১৭॥—[১৩-১৬] ২ শি ৩; ২-৫। ১ বং ৩ ৫-৯। ১৪; ৩-৭॥—[১৭-২১] ১ বং ১৪; ৮-১২॥—[১৮] যি ১৫; ৮॥
[২২-২৫] ১ বং ১৪; ১৩-১৭॥—[২০] প ১১॥—[২৪] ২ রা ৭; ৬॥
[৬ অধ্য; ১-১১] ১ বং ১৩॥—[২] ১ বং ১৩; ৬। যি ১৫; ৯॥—[৩] গ ৭; ৩-৮। ১ শি ৬; ৭। ৭; ১॥—[৪] ১ শি ৭; ১॥
[৬] গ ৪; ১৫॥—[৭] ১ শি ৬; ১৯॥

* (ইব্রু) ভিত্তের প্রস্তর খননকারী। † (বা) দগ্ধ করিল। ‡ (বা) তূত বৃক্ষ। ‖ (বা) তাহার ভ্রাতা। § (বা) দুঃসাহস।

উষের প্রতি আঘাত করিলেন, এই জন্যে দায়ূদ্ অসন্তুষ্ট হইল, এবং সে সেই স্থানের নাম পেরস্-উষ (উষের আঘাত স্থান) রাখিল; অদ্যাপি তাহার সেই নাম আছে। ৯ এবং দায়ূদ্ ঐ দিবসে পরমেশ্বরের বিষয়ে ভীত হইয়া কহিল, তবে পরমেশ্বরের সিন্দুক কি প্রকারে আমার নিকটে আসিবে? ১০ পরে দায়ূদ্ দায়ূদ্‌নগরে আপনার নিকটে পরমেশ্বরের সিন্দুক আনিতে সম্মত না হইয়া পার্শ্বস্থ গাতীয় ওবেদ্-ইদোমের বাটীতে লইয়া রাখিল। ১১ তাহাতে পরমেশ্বরের সিন্দুক গাতীয় ওবেদ-ইদোমের বাটীতে তিন মাস থাকিলে পরমেশ্বর ওবেদ্-ইদোমের ও তাহার সমস্ত পরিজনের মঙ্গল করিলেন।

১২ পরে দায়ূদ্ রাজের প্রতি উক্ত হইল, পরমেশ্বর আপন সিন্দুকের জন্যে ওবেদ্-ইদোমের ও তাহার সর্ব্বস্বের উপরে আশীর্ব্বাদ করিলেন। পরে দায়ূদ্ যাইয়া ওবেদ-ইদোমের বাটীহইতে আনন্দপূর্ব্বক পরমেশ্বরের সিন্দুক ১৩ দায়ূদ্ নগরে আনিল। অপর পরমেশ্বরের সিন্দুক বাহকেরা ছয় পদ গমন করিয়া গোরু ও পুষ্টপশু হোম ১৪ করিল। এবং দায়ূদ্ কার্পাস সূত্র নির্ম্মিত এফোদ্ পরিধান করিয়া পরমেশ্বরের সম্মুখে যথাশক্তি নৃত্য করিল। ১৫ এই রূপে দায়ূদ্ ও ইস্রায়েলের সমস্ত বংশ আনন্দধ্বনি ও তূরীধ্বনিতে পরমেশ্বরের সিন্দুক আনিল। ১৬ পরে দায়ূদ্‌নগরে পরমেশ্বরের সিন্দুকের প্রবেশ সময়ে শৌলের কন্যা মীখল্ বাতায়ন দিয়া নিরীক্ষণ করিয়া পরমেশ্বরের সাক্ষাতে দায়ূদ্ রাজাকে লম্ফ দিতে ও নৃত্য করিতে দেখিয়া মনে ২ তাহাকে তুচ্ছ করিল।

১৭ পরে লোকেরা পরমেশ্বরের সিন্দুক ভিতরে আনিয়া আপন স্থানে অর্থাৎ দায়ূদ্ তাহার জন্যে যে আবাস প্রস্তুত * করিয়াছিল, তাহার মধ্যে স্থাপন করিল, এবং দায়ূদ্ পরমেশ্বরের সাক্ষাতে হোমবলি ও মঙ্গলা-১৮ র্থক বলি উৎসর্গ করিল। এবং হোমবলি ও মঙ্গলার্থক বলি উৎসর্গ সাঙ্গ করিলে পর দায়ূদ্ সৈন্যাধ্যক্ষ পরমে-১৯ শ্বরের নামে লোকদিগকে আশীর্ব্বাদ করিল। এবং সকল লোকের মধ্যে অর্থাৎ ইস্রায়েলের বংশ সমূহের মধ্যে যেমন প্রত্যেক পুরুষকে, তদ্রূপ প্রত্যেক স্ত্রীকেও এক ২ রুটী ও এক ২ পাত্র দ্রাক্ষারস † ও এক ২ উড়ুম্বর চাক ‡ পরিবেশন করিল; পরে সকল লোক প্রত্যেকে আপন ২ স্থানে প্রস্থান করিল।

২০ পরে দায়ূদ্ আপন পরিজনদিগকে আশীর্ব্বাদ করণার্থে ফিরিয়া আইলে শৌলের কন্যা মীখল্ দায়ূদের সহিত সাক্ষাৎ করিতে বাহিরে আসিয়া কহিল, কোন কাপুরুষ যেমন প্রকাশ ‖ রূপে বিবস্ত্র হয়, তদ্রূপ অদ্য আপন দাস দাসীর সাক্ষাতে বিবস্ত্র হইলেন যে ইস্রায়েলের রাজা, তিনি কেমন মহিমান্বিত হইলেন! ২১ তখন দায়ূদ্ মীখল্‌কে কহিল, পরমেশ্বরের লোকের অর্থাৎ ইস্রায়েলের রাজত্বপদে নিযুক্ত করিবার জন্যে তোমার পিতা ও তাবৎ পিতৃবংশ অপেক্ষা আমাকে মনোনীত করিলেন যে পরমেশ্বর, তাঁহার সাক্ষাতে তাহা করিলাম; আমি পরমেশ্বরের সাক্ষাতে আরো নৃত্য করিব; ২২ ও তদপেক্ষা আরো লঘু হইব, ও আপন দৃষ্টিতেও নীচ হইব; তথাপি তুমি যে দাসীদের কথা কহিতেছ, তাহাদের কর্তৃক আদৃত হইব। ২৩ অতএব শৌলের কন্যা মিখলের মরণ পর্য্যন্ত সন্তান হইল না।

৭ অধ্যায়।

১ মন্দির নির্ম্মাণ করিতে দায়ূদের অভিলাষ ও নাথনের সম্মত হওন ৪ ও পরমেশ্বরের আদেশ পাইয়া নাথনের তাহাকে বারণ করণ ১২ ও দায়ূদ বংশের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা ১৮ ও দায়ূদের প্রার্থনা ও প্রশংসা।

১ পরে পরমেশ্বর চতুর্দ্দিকস্থ শত্রুহইতে দায়ূদ্‌কে বিশ্রাম দিলে পর যে সময়ে রাজা আপন গৃহে বসিতেছিল, ২ সেই সময়ে রাজা নাথন্ ভবিষ্যদ্বক্তাকে কহিল, এখন দেখ, আমি এরস্ কাষ্ঠ নির্ম্মিত গৃহে বাস করিতেছি, কিন্তু পরমেশ্বরের সিন্দুক ব্যবধানবস্ত্রের মধ্যে বাস করে। ৩ তাহাতে নাথন্ রাজাকে কহিল, তুমি যাইয়া আপন মনে যাহা আছে, তাহাই কর; পরমেশ্বর তোমার সঙ্গেই আছেন।

৪ অপর ঐ রাত্রিতে পরমেশ্বরের এই বাক্য নাথনের ৫ নিকটে উপস্থিত হইল, তুমি যাইয়া আমার দাস দায়ূদ্‌কে কহ, পরমেশ্বর এই কথা কহেন, তুমি কি আমার বাসার্থে ৬ এক মন্দির নির্ম্মাণ করিবা? আমি ইস্রায়েল্ বংশকে মিসর্‌হইতে বাহির করিয়া আনয়ন দিবসাবধি অদ্য পর্য্যন্ত মন্দিরে বাস করি নাই, কেবল তাম্বুতে ও আ-৭ বাসে ভ্রমণ করিয়াছি। তথাপি আমি ইস্রায়েল্ বংশের সহিত যত কাল ভ্রমণ করিলাম, তাহার কোন সময়ে তোমরা কেন আমার জন্যে এরস কাষ্ঠের গৃহ নির্ম্মাণ কর না? ইস্রায়েল্ লোকদিগকে পালন করিতে যে বিচারকর্তৃগণ § আজ্ঞাপিত ছিল, সেই ইস্রায়েলীয় বিচারকর্তৃগণের কাছে আমি কি এমন কথা কখন কহিয়াছি? ৮ এখন তুমি আমার দাস দায়ূদ্‌কে কহ, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমার লোক ইস্রায়েল্ বংশের উপরে রাজা করিবার জন্যে তোমাকে মেষ বাথানহইতে অর্থাৎ মেষের পশ্চাদ্‌গমনহইতে গ্রহণ ৯ করিলাম। এবং তুমি যে ২ স্থানে গমন করিলা, সেই

[৯] ১ শি ৬; ২০ ॥—[১২-১৬] ১ বং ১৫; ২৫-২৯ । ১ রা ৮; ১-৫ ॥—[১৩] গ ৪; ১৫ ॥—[১৫] গী ৬৮ । গী ১৩২ । ১ বং ১৬; ৭-৩৬ ॥—[১৭-১৯] ১ বং ১৬; ১-৩ । ১ রা ৮; ৬২-৬৬ ॥—[১৮] ১ রা ৮; ৫৫-৫৮ ॥—[২০] প ১৬ ॥—[২১] ১ শি ১৫; ২৮ ॥—[২২,২৩] ১ শি ২; ৩০ ॥

[৭ অধ্য] ১ বং ১৭ ॥—[২] ২ শি ৫; ১১ । প্রে ৭; ৪৪-৪৬ ॥—[৫-১৩] ১ বং ২২; ৭-১০ । ২৮; ২-৭ । ১ রা ৮; ১৭-১৯ ॥ [৫] ১ রা ৮; ২৭ । প্রে ১৭; ২৪ ॥—[৬,৭] গ ৯; ১৫-২৩ । ১ শি ১; ৯,২৪ । ৭; ১ ॥—[৮] ১ শি ১৬; ১১,১২ । গী ৭৮; ৭০,৭১ ॥

* (ইব্রী) বিস্তার। † (বা) মাংস খণ্ড। ‡ (বা) পাত্র দ্রাক্ষারস। ‖ (বা) নির্লজ্জতা রূপে। § (বা) বংশ।

সকল স্থানে তোমার সঙ্গে থাকিয়া তোমার সম্মুখহইতে তোমার সমস্ত শত্রুকে উচ্ছিন্ন করিলাম; এবং পৃথিবীস্থ মহল্লোকের নামের ন্যায় তোমার মহানাম
১০ করিলাম। তদ্ভিন্ন আমি আপন লোক ইস্রায়েল্ বংশের জন্যে এক স্থান নিরূপণ করিয়াছি; সেই নিজ স্থানে যেন তাহারা চিরকাল বাস করে, ও কখনো চালিত না হয়, এই জন্যে আমি তাহাদিগকে স্থাপন করিয়াছি।
১১ পূর্ব্বকালের যে অবধি ইস্রায়েল্ বংশের উপরে বিচারকর্তৃত্বপদ স্থাপন করিলাম ও সমস্ত শত্রুহইতে তাহাদিগকে বিশ্রাম দিলাম, তদবধি যে রূপ হইল, তদ্রূপ দুষ্ট বংশেরা তাহাদিগকে আর ক্লেশ দিবে না; পরমেশ্বর আরো কহেন, আমি তোমার জন্যে এক বংশ স্থাপন * করিব।
১২ আর তুমি সম্পূর্ণায়ুঃ হইয়া আপন পিতৃলোকদের সহিত মহানিদ্রিত হইলে আমি তোমার ঔরসজাত
১৩ বংশকে স্থাপিত করিব, ও তাহার রাজ্য স্থির করিব। সে আমার নামের নিমিত্তে এক মন্দির নির্ম্মাণ করিবে,এবং আমি তাহার রাজসিংহাসন চিরকাল স্থির করিব।
১৪ এবং আমি তাহার পিতৃস্বরূপ হইব ও সে আমার পুত্রস্বরূপ হইবে; যদি সে পাপ করে, তবে আমি মনুষ্যের মত তাহার দণ্ড করিব, ও মনুষ্যসন্তা-
১৫ নের মত তাহাকে প্রহার করিব। কিন্তু আমাকর্তৃক তোমার সাক্ষাৎহইতে দূরীকৃত যে শৌল, তাহাহইতে যেমন অনুগ্রহ লইলাম, তেমনি তোমাহইতে আমার
১৬ অনুগ্রহ নীত হইবে না। তোমার বংশ ও রাজত্ব সর্ব্বদা তোমার সম্মুখে স্থির থাকিবে; তোমার সিংহাসন সর্ব্বদা
১৭ নিশ্চল হইবে। পরে নাথন্ এই সকল বাক্য ও দর্শনানুসারে দায়ূদ্কে কহিল।
১৮ তাহাতে দায়ূদ্ রাজা অন্তরে যাইয়া পরমেশ্বরের সম্মুখে বসিয়া কহিল, হে প্রভো পরমেশ্বর, আমি কে, ও আমার বংশ কে, যে তুমি আমাকে এ পর্য্যন্ত
১৯ আনিয়াছ? তথাপি, হে প্রভো পরমেশ্বর, ইহা তোমার দৃষ্টিতে ক্ষুদ্র বিষয় হয়; তুমি আপন দাসের ভাবিবংশের বিষয়ে কথা কহিলা; হে আমার প্রভো
২০ পরমেশ্বর, এ কি মনুষ্যের ব্যবহার †? এতদ্ভিন্ন দায়ূদ্ তোমাকে আর কি কহিতে পারে? হে আমার প্রভো
২১ পরমেশ্বর,তুমি আপন দাসকে জ্ঞাত আছ। তুমি আপন দাসকে জ্ঞাত করিতে আপন প্রতিজ্ঞানুসারে এই সমস্ত
২২ মনের মত মহাকর্ম্ম করিয়াছ। অতএব, হে প্রভো পরমেশ্বর, তুমি মহান্, আমরা স্বকর্ণে যেরূপ শুনিয়াছি, তোমার সদৃশ কেহই নাই, তোমা ব্যতিরেকে আর
২৩ কোন ঈশ্বরই নাই। আর তুমি আপন নাম প্রকাশার্থে যে লোকদিগকে মিসর্দেশহইতে এবং অন্যদেশীয়দের ও তাহাদের দেবতাদের হইতে মুক্ত করিলা, এবং যে লোকদের সম্মুখে তাহাদের ও তোমার দেশের জন্যে ঈশ্বর মহৎ ও ভয়ঙ্কর কর্ম্ম করিতে তাহাদিগকে উদ্ধার করিলেন, সেই তোমার লোক ইস্রায়েল্ বংশের তুল্য পৃথিবীতে আর কোন্ জাতি আছে? কেননা তুমি আপ-
২৪ নার জন্যে আপন ইস্রায়েল্ বংশকে চিরস্থায়ী করণার্থে তাহাদিগকে আপন লোক করিয়া সর্ব্বদা স্থির করিয়াছ, এবং হে পরমেশ্বর, তুমি তাহাদের প্রভু হইয়াছ। হে
২৫ প্রভো পরমেশ্বর, তুমি এখন আপন দাসের ও তাহার বংশের বিষয়ে যে বাক্য কহিলা, তাহা নিরন্তর স্থির কর; ও যেমন কহিলা, তদনুসারে কর। সৈন্যাধ্যক্ষ
২৬ পরমেশ্বর ইস্রায়েল্ বংশের প্রভু এই কথা কহিয়া তোমার নাম গৌরবান্বিত করুণ, ও তোমার দাস দায়ূদের বংশ তোমার সাক্ষাতে সর্ব্বদা স্থির হউক। হে
২৭ ইস্রায়েলের প্রভো সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, আমি তোমার বংশ বৃদ্ধি করিব, তুমি এই কথা আপন দাসের কর্ণগোচর করিলা; অতএব তোমার কাছে এই প্রার্থনা করিতে তোমার দাসের মনে সাহস হইতেছে। হে
২৮ আমার প্রভো পরমেশ্বর, তুমিই সত্য ঈশ্বর, ও তোমার কথা সত্য; তুমি আপন দাসের প্রতি মঙ্গল প্রতিজ্ঞা
২৯ করিলা, এবং হে প্রভো পরমেশ্বর, তোমার দাসের বংশ নিত্য আশীঃ প্রাপ্ত হইবে, ইহা তুমি আপনি কহিলা, অতএব তোমার দাসের বংশ যেন নিত্যস্থায়ী হয়, এই জন্যে তুমি অনুগ্রহ করিয়া আপন দাসের বংশকে আশীর্ব্বাদ কর।

৮ অধ্যায়।

১ পিলেষ্টীয় ও মোয়াবীয় লোককে দায়ূদের দমন করণ ৩ ও হদদেষরকে ও অরামীয় লোককে পরাস্ত করণ ৯ ও দায়ূদের কাছে তয়ি রাজার পুত্রকে প্রেরণ ১৪ ও ইদোমদেশে দুর্গ স্থাপন ১৬ ও দায়ূদের পারিষদের নাম।

১ পরে দায়ূদ্ পিলেষ্টীয়দিগকে প্রহারদ্বারা পরাস্ত করিয়া তাহাদের হস্তহইতে মেথগ্-অম্মা হস্তগত
২ করিয়া লইল। এবং সে মোয়াবীয়দিগকে পরাস্ত করিয়া ভূমিতে ফেলিয়া রজ্জুতে মাপিল, অর্থাৎ বধ করণার্থে দুই ২ রজ্জুতে এবং জীবৎ রাখিতে সম্পূর্ণ এক ২ রজ্জুতে মাপিল, তাহাতে মোয়াবীয়েরা দায়ূদের দাস হইয়া উপঢৌকন দ্রব্য আনিল।

৩ পরে যে সময়ে সোবার রাজা রিহোবের পুত্র হদদেষরের দেশ আক্রমণ করিতে ফরাৎ নদীর নিকটস্থ
৪ আপন অধিকার ‡ পাইতে গমন করে, তৎকালে দায়ূদ্ তাহাকে পরাস্ত করিয়া তাহার এক সহস্র সাত শত

[১] প ১১।২ শি ৫; ১০॥—[১০,১১] বি ২; ১১-২৩। ১ শি ১৪; ৪৭॥—[১২] গল ৩; ১৬॥—[১৩-১৬] গী ৮৯; ২৮-৩৭। ১ বং ২৮; ৫-৭। গী ৭২। লূ ১; ২৭,৩২,৩৩॥—[১৪] ইব্রি ১;৫॥—[১৫] ১ শি ১৫; ২৮॥—[২০] গী ১৩৯; ১॥
[২২-২৪] দ্বি ৪; ৩১-৩৯॥—[২৭] প ১১। যা ৩৩; ১২,১৩॥
[৮ অধ্য; ১] ১ বং ১৮; ১॥—[২] ১ বং ১৮; ২। গ ২৪; ১৭॥—[৩-৮] ১ বং ১৮; ৩-৮॥—[৩] ২ শি ১০; ১৫,১৬॥

* (ইব্রি) গৃহ নির্ম্মাণ। † (ইব্রি) ব্যবস্থা। ‡ (ইব্রি) হস্ত, বা অঞ্চল, বা সৈন্য।

অশ্বারূঢ় ও বিংশতি সহস্র পদাতিক হস্তগত করিয়া রথের অশ্বগণের পাদশিরা ছেদন করিল, কিন্তু ৫ তাহার মধ্যে এক শত রথ রাখিল। পরে দম্মেষকের অরামীয়েরা সোবার হদদেষর্ রাজার সাহায্য করিতে আইলে দায়ূদ্ অরামীয়দের বাইশ সহস্র লোককে ৬ বধ করিল। এবং দায়ূদ্ দম্মেষকস্থ অরাম্ দেশে দুর্গ স্থাপন করিল; তাহাতে অরামীয়েরা দায়ূদের দাস হইয়া উপঢৌকন আনিল। এই প্রকারে দায়ূদ্ যে২ স্থানে গেল, সর্ব্বত্র পরমেশ্বর তাহাকে জয়ী করিলেন। ৭ এবং দায়ূদ্ হদদেষরের দাসদের গাত্রস্থ স্বর্ণঢাল ৮ লইয়া যিরূশালমে আনিল। এবং দায়ূদ্ রাজা হদদেষরের অধিকারস্থ বেটহ ও বেরোথা নগরহইতে অতি প্রচুর পিত্তল আনিল।

৯ সেই সময়ে হদদেষরের সহিত হমাতের রাজা তয়ির যুদ্ধ * ছিল; এবং দায়ূদ্ হদদেষরের সহিত ১০ যুদ্ধ করিয়া তাহাকে পরাস্ত করিল; অতএব দায়ূদ্ হদদেষরের সমস্ত সৈন্যকে পরাস্ত করিয়াছে, এই কথা শুনিয়া হমাতের রাজা তয়ি দায়ূদ্ রাজার কল্যাণ জিজ্ঞাসা করিতে ও ধন্যবাদ দিতে আপন পুত্র যোরামকে তাহার কাছে প্রেরণ করিল; পরে সে রূপার ও স্বর্ণের ও পিত্তলের পাত্র সঙ্গে† লইয়া আইল। ১১ তাহাতে দায়ূদ্রাজ যেমন অরাম্ ও মোয়াব্ ও অম্মোন্ বংশ ও পিলেস্টীয় ও অমালেক্ প্রভৃতি যে সমস্ত ১২ জাতিকে জয় করিয়াছিল, তাহাদের হইতে এবং সোবার রাজা রিহোবের পুত্র হদদেষর্হইতে লুটিত রূপা ও স্বর্ণ উৎসর্গ করিয়াছিল, তেমনি সেই সকলি পরমে- ১৩ শ্বরের উদ্দেশে উৎসর্গ করিল। এবং দায়ূদ্ লবণাখ্য তলভূমিতে অষ্টাদশ সহস্র অরামীয় লোককে বধ করিয়া প্রত্যাগমন কালে অতিশয় নামলব্ধ হইল।

১৪ পরে দায়ূদ্ ইদোমে দুর্গ স্থাপন করিল; অর্থাৎ সে ইদোমের সর্ব্বত্র দুর্গ স্থাপন করিল, এবং ইদোমীয় সকল লোক দায়ূদের দাস হইল; আর সে যে২ স্থানে গেল, সেই সকল স্থানে পরমেশ্বর তাহাকে জয়ী ১৫ করিলেন। এই রূপে দায়ূদ্ ইস্রায়েলের তাবৎ বংশের উপরে রাজত্ব করিয়া আপন সমস্ত লোকের প্রতি বিচার ও ন্যায় ব্যবহার করিল।

১৬ ঐ সময়ে সিরূয়ার পুত্র যোয়াব্ তাহার প্রধান সেনাপতি ছিল; এবং অহীলূদের পুত্র যিহোশাফট্ ইতিহা- ১৭ সকর্ত্তা ছিল। এবং অহীটূবের পুত্র সাদোক্ ও অবিয়াথারের পুত্র অহীমেলক্ তাহার যাজক ছিল; এবং ১৮ সিরায় তাহার লেখক ছিল। ও যিহোয়াদার পুত্র বিনায় কিরেথীয়দের ও পিলেথীয়দের উপরে নিযুক্ত ছিল; এবং দায়ূদের পুত্রগণ তাহার প্রধান অধ্যক্ষ ছিল।

৯ অধ্যায়।

১ শৌল বংশের বিষয়ে দায়ূদের জিজ্ঞাসা ৫ ও মিফীবোশৎকে দায়ূদের কাছে আনয়ন ৭ ও মিফীবোশৎকে আপন মেজে বসিতে দেওন ও শৌলের তাবৎ ভূমি দেওন ৯ ও সীবের মিফীবোশতের অধ্যক্ষতা করণ।

১ পরে দায়ূদ্ জিজ্ঞাসা করিল, আমি যোনাথনের নিমিত্তে যাহার প্রতি প্রেম ব্যবহার করিতে পারি, শৌল বংশে ২ এমত অবশিষ্ট কেহ আছে? তাহাতে সীবঃ নামে শৌলের পরিজনের যে এক দাস ছিল, সে দায়ূদের নিকটে আহূত হইলে রাজা তাহাকে জিজ্ঞাসিল, তুমি কি সীবঃ? ৩ সে কহিল, আমি আপনকার দাস † সীবঃ। পরে রাজা জিজ্ঞাসিল, এখন আমি যাহার প্রতি পরমেশ্বরের ন্যায় অনুগ্রহ করিতে পারি, শৌল বংশে এমত কেহ আছে? তাহাতে সীবঃ রাজাকে কহিল, যোনাথনের এক উভয় ৪ চরণে খঞ্জ পুত্র অবশিষ্ট আছে; রাজা তাহাকে জিজ্ঞাসিল, সে কোথায়? সীবঃ রাজাকে কহিল, দেখ, সে লোদিবারে অম্মীয়েলের পুত্র মাখীরের বাটীতে আছে।

৫ পরে দায়ূদ্ রাজ লোদিবারে লোক প্রেরণ করিয়া অম্মীয়েলের পুত্র মাখীরের বাটীহইতে তাহাকে আনা- ৬ ইল। তখন শৌলের পৌত্র যোনাথনের পুত্র মিফীবোশৎ দায়ূদের নিকটে আসিয়া উবুড় হইয়া তাহাকে প্রণাম করিল; তাহাতে দায়ূদ্ কহিল, হে মিফীবোশৎ; সে উত্তর করিল, আপনকার দাস উপস্থিত আছে ‡।

৭ পরে দায়ূদ্ তাহাকে কহিল, ভীত হইও না, আমি তোমার পিতা যোনাথনের নিমিত্তে তোমার প্রতি নিতান্ত অনুগ্রহ করিব, এবং তোমার পিতামহ শৌলের তাবৎ ভূমি তোমাকে ফিরাইয়া দিব, এবং তুমি নিত্য ৮ আমার ভোজনাসনে ভোজন করিবা। তাহাতে সে দণ্ডবৎ হইয়া কহিল, আপনকার দাস আমি কে? মৃত কুক্কুরের ন্যায় যে আমি, আমাতে কেন সুদৃষ্টি করিতেছ?

৯ পরে রাজা শৌলের দাস সীবকে ডাকাইয়া তাহাকে কহিল, শৌলের ও তাহার বংশের তাবৎ অধিকার ১০ আমি তোমার কর্ত্তার পুত্রকে দিলাম। অতএব তুমি ও তোমার বংশেরা ও তোমার দাসেরা তাহার ভূমির কৃষি কর্ম্ম করিয়া তোমার কর্ত্তার পুত্রের খাদ্যের জন্যে তদুৎপন্ন দ্রব্য আনিয়া দিবা; কিন্তু তোমার কর্ত্তার পুত্র মিফীবোশৎ আমার ভোজনাসনে ভোজন করিবে; ঐ ১১ সীবের পঞ্চদশ পুত্র ও বিংশতি দাস ছিল। পরে সীবঃ রাজাকে কহিল, আমার প্রভু রাজা আপন দাসকে যে আজ্ঞা করিলেন, তদনুসারে আপন দাস সমস্তই করিবে; রাজা কহিল, মিফীবোশৎ রাজপুত্র সদৃশ হইয়া ১২ আমার ভোজনাসনে ভোজন করিবে। মীখা নামে এ

---

[৪] যি ১১; ৬ ।।—[৬] প ১৪ ।।—[৭] ১ রা ১০; ১৬,১৭ ।।—[৮] ১ বং ১৮; ৮।।—[৯-১৩] ১ বং ১৮; ৯-১২ ।।—[১৩] গী ৬০ ।।—[১৪] প ৬। ১ বং ১৮; ১৩ ।।—[১৫-১৮] ১ বং ১৮; ১৪-১৭। ১ রা ৪; ১-৪ ।।—[১৮] ১ শি ৩০; ১৪। ১ রা ১; ৩৮।।
[৯ অধ্য; ১] ১ শি ২০; ১৪,১৫ ।।—[৩] ১ শি ২০; ১৪,১৫। ২ শি ৪; ৪ ।।—[৭] প ১,৩ ।।—[১০] প ৭, ১১ ।।

* (ইব) তয়ি যোদ্ধা। † (ইব্রু) আপন হস্তে। ‡ (ইব্রু) দাসকে দেখ।

মিফীবোশতের এক যুব পুত্র ছিল; এবং সীবের গৃহে
বাসকারি সমস্ত লোক মিফীবোশতের দাস হইল।
১৩ কিন্তু মিফীবোশৎ যিরূশালমে বাস করিল, কেননা
রাজার ভোজনাসনে সে নিত্য২ ভোজন করিত; সে
উভয় চরণে খঞ্জ ছিল।

১০ অধ্যায়।

১ হানূনের প্রতি দায়ূদের দূত প্রেরণ ও তাহাদের অপমানিত
হওন ৬ ও অম্মোনীয় ও অরামীয়দের পরাস্ত হওন ১৫ ও
অন্য অরামীয়দের সহিত শোবকের হত হওন।

১ ঘটনা ক্রমে অম্মোন্ বংশের রাজা মরিলে তাহার
২ পুত্র হানূন্ রাজ্যপদ প্রাপ্ত হইল। তাহাতে দায়ূদ্
কহিল, হানূনের পিতা নাহশ্ আমার প্রতি যে রূপ
অনুগ্রহ করিয়াছিল, এখন আমিও হানূনের প্রতি
তদ্রূপ অনুগ্রহ করিব; পরে দায়ূদ্ তাহার পিতৃবিষয়ে
তাহাকে সান্ত্বনা করিতে আপন দাসগণকে প্রেরণ
৩ করিল। কিন্তু দায়ূদের দাসগণ অম্মোন্ বংশের দেশে
উপস্থিত হইলে অম্মোন্ বংশের অধ্যক্ষগণ আপ-
নাদের প্রভু হানূন্কে কহিল, দায়ূদ্ তোমার নিকটে
সান্ত্বনাকারিগণকে পাঠাইয়া কি তোমার পিতার সম্মান
করিতেছে? তোমার * কি এমন বোধ হয়? বরং দা-
য়ূদ্ কি নগরের অনুসন্ধান ও তত্ত্ব করিতে ও তাহা নষ্ট
৪ করিতে আপন দাসগণকে পাঠাইল না? তাহাতে হানূন্
দায়ূদের দাসগণকে ধরিয়া তাহাদের শ্মশ্রুর অর্দ্ধেক
ক্ষৌর করাইল ও তাহাদের নিতম্ব পর্য্যন্ত বস্ত্র কাটিয়া
৫ তাহাদিগকে বিদায় করিল। পরে তাহারা দায়ূদ্কে
এই কথা জ্ঞাত করিলে তাহাদের অতিশয় লজ্জা
প্রযুক্ত রাজা তাহাদের সহিত সাক্ষাৎ করিতে লোক
পাঠাইয়া এই আজ্ঞা করিল, যাবৎ তোমাদের শ্মশ্রুর
বৃদ্ধি না হয়, তাবৎ তোমরা যিরীহো নগরে থাক,
পরে ফিরিয়া আইস।

৬ অনন্তর আমরা দায়ূদের সম্মুখে ঘৃণিত হইলাম,
ইহা দেখিয়া অম্মোন্ বংশেরা লোক প্রেরণ করিয়া
বৈৎরিহোবস্থ ও সোবাস্থিত অরামীয় বিংশতি সহস্র
পদাতিককে, ও মাখার রাজার এক সহস্র লোককে, ও
টোবের দ্বাদশ সহস্র লোককে বেতন দিয়া নিযুক্ত
৭ করিল। অপর দায়ূদ্ এই সমাচার পাইয়া যোয়াব্কে
৮ ও বলবান সৈন্যগণকে তথায় প্রেরণ করিল। তাহাতে
অম্মোন্ বংশেরা বাহিরে আসিয়া দ্বার প্রবেশস্থানে
সৈন্য রচনা করিল, এবং সোবার ও রিহোবের ও
টোবের ও মাখার অরামীয় লোকেরা ক্ষেত্রে স্বতন্ত্র
৯ থাকিল। এই রূপে তাহাদের প্রতিকূলে বিপক্ষ সৈন্য-
গণের এক দল অগ্রে ও অন্য দল পশ্চাতে থাকিল,
ইহা দেখিয়া যোয়াব্ ইস্রায়েলের তাবৎ পরাক্রান্ত
লোকহইতে লোক মনোনীত করিয়া লইয়া অরামীয়-
দের বিরুদ্ধে ব্যূহ রচনা করিল। এবং অবশিষ্ট লোক- ১০
দিগকে আপন ভ্রাতা অবীশয়ের হস্তে সমর্পণ করিল;
তাহাতে অম্মোনীয়দের বিরুদ্ধে সেও ব্যূহ রচনা করিল।
এবং যোয়াব্ কহিল, যদি অরামীয়েরা আমার অপেক্ষা ১১
বলবান হয়, তবে তুমি আমার উপকার করিবা; এবং
যদি অম্মোনীয়েরা তোমা অপেক্ষা বলবান হয়, তবে
আমি যাইয়া তোমার উপকার করিব। প্রবল সাহসী ১২
হও, আমরা আপনাদের লোকদের ও আমাদের ঈশ্ব-
রের নগরের জন্যে পুরুষত্ব প্রকাশ করিব; পরমেশ্বর
আপন দৃষ্টিতে যাহা ভাল বোধ হয়, তাহাই করুণ।
পরে যোয়াব্ ও তাহার সঙ্গি লোকেরা অরামীয়দের ১৩
সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলে তাহারা তাহার অগ্রে২ পলা-
য়ন করিল। এবং অরামীয়েরা পলাইতেছে, ইহা দে- ১৪
খিয়া অম্মোন্ বংশেরা অবীশয়ের অগ্রে২ পলাইয়া
নগরে প্রবেশ করিল; তাহাতে যোয়াব্ অম্মোন্ বংশের
নিকটহইতে ফিরিয়া যিরূশালমে প্রবেশ করিল।

পরে আমরা ইস্রায়েল্ বংশের সম্মুখে পরাস্ত হই- ১৫
তেছি, ইহা দেখিয়া অরামীয়েরা একত্র হইল। এবং ১৬
হদদেষর্ লোক প্রেরণ করিয়া ফরাৎ নদীর ওপারস্থ
অরামীয়দিগকে বাহির করিয়া আনিলে তাহারা হেলমে
আইল; ঐ হদদেষরের সেনাপতি শোবক তাহা-
দের অগ্রগামী ছিল। পরে দায়ূদ্কে এই সমাচার ১৭
কথিত হইলে সে ইস্রায়েলের সমস্ত বংশকে একত্র
করিয়া যর্দ্দন্ নদী পার হইয়া হেলমে উপস্থিত হইল;
তাহাতে অরামীয় লোকেরা দায়ূদের বিরুদ্ধে ব্যূহ রচনা
করিয়া তাহার সহিত যুদ্ধ করিল। কিন্তু অরামীয়েরা ১৮
ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে পলায়ন করিল; তাহাতে
দায়ূদ্ অরামীয়দের সাত শত রথ ও চল্লিশ সহস্র
অশ্বারূঢ় সৈন্যকে বিনষ্ট করিল, এবং তাহাদের সেনা-
পতি শোবক্কে আঘাত করিলে সেও সেই স্থানে
মরিল। পরে আমরা ইস্রায়েল্ বংশের সম্মুখে পরাস্ত ১৯
হইতেছি, ইহা দেখিয়া হদদেষরের অধীন রাজগণ
ইস্রায়েল বংশের সহিত মিলন করিয়া তাহাদের সেবা
করিল; অতএব অরামীয়েরা অম্মোন্ বংশের আর
উপকার করিতে ভীত হইল।

১১ অধ্যায়।

১ রব্বার অবরোধ করণ ২ ও বৎশেবার সহিত দায়ূদের
ব্যভিচার করণ ৬ ও ঊরিয়ের সহিত দায়ূদের ব্যবহার
১৪ ও ঊরিয়ের বধার্থে যোয়াবের কাছে পত্র প্রেরণ
১৮ ও ঊরিয়ের হত হওনের সম্বাদ দায়ূদের প্রতি প্রেরণ
২২ ও যোয়াবের প্রতি দায়ূদের উত্তর ২৬ ও বৎশেবাকে
দায়ূদের বিবাহ করণ।

[১০ অধ্য; ১-৫] ১ বং ১৯; ১-৫ ॥—[২] ১ শি ১১; ১ ॥—[৪] যিশ ২০; ৪ ॥—[৬-১৪] ১ বং ১৯; ৬-১৫ ॥—[৬] যি ১৯; ২৮। ১৩; ১১,১৩॥—[৮] প ৬ ॥—[১৫-১৯] ১ বং ১৯; ১৬-১৯ ॥—[১৬-১৮] ২ শি ৮; ৩,৪ ॥—[১৯] প ৬. ৮; ৫,৬ ॥
[১১ অধ্য; ১] ১ বং ২০; ১ ॥

* (ইব্রী) তোমার দৃষ্টিতে।

১ অপর সে বৎসর গত হইলে * রাজবর্গের যুদ্ধাগমন সময়ে দায়ূদ্ যোয়াব্‌কে ও তাহার সহিত আপন দাসদিগকে ও সমস্ত ইস্রায়েল্ লোককে প্রেরণ করিলে তাহারা অম্মোন্ বংশকে পরাস্ত করিয়া রব্বা নগর অবরোধ করিল; কিন্তু দায়ূদ্ যিরূশালমে থাকিল।

২ অপর এক দিবস সন্ধ্যাকালে দায়ূদ্ শয্যাহইতে উঠিয়া প্রাসাদের পৃষ্ঠে বেড়াইতেছিল, ইতিমধ্যে পরম ৩ সুন্দরী এক স্ত্রীকে স্নান করিতে ছাতহইতে দেখিয়া দায়ূদ্ তাহার অনুসন্ধান জিজ্ঞাসা করিতে লোক পাঠাইল; তাহাতে কেহ কহিল, সে ইলিয়ামের কন্যা হিত্তীয় ৪ ঊরীয়ের ভার্য্যা বৎশেবা কি নয়? তখন দায়ূদ্ লোক পাঠাইয়া তাহাকে আনাইল, এবং সে তাহার নিকটে আইলে দায়ূদ্ তাহার সহিত শয়ন করিল; ঐ সময়ে সে ঋতুস্নাতা ছিল; পরে সে আপন বাটীতে ৫ ফিরিয়া গেল। তখন সে স্ত্রী গর্ব্ভধারণ করাতে লোক পাঠাইয়া আমি গর্ব্ভবতী হইলাম,দায়ূদ্‌কে এই সমাচার দিল।

৬ পরে দায়ূদ্ যোয়াবের নিকটে লোক পাঠাইয়া, ‘হিত্তীয় ঊরিয়কে আমার নিকটে পাঠাইয়া দেও,’ এই আজ্ঞা করিলে যোয়াব্ দায়ূদের নিকটে ঊরিয়কে ৭ পাঠাইল। অপর ঊরিয় দায়ূদের নিকটে উপস্থিত হইলে, যোয়াব্ কেমন আছে? ও লোকেরা কেমন আছে? এবং যুদ্ধের মঙ্গল কি? এই সকল দায়ূদ্ ৮ তাহাকে জিজ্ঞাসা করিল। এবং দায়ূদ ঊরীয়কে কহিল, তুমি আপন বাটীতে যাইয়া আপন পা ধৌত কর; তাহাতে ঊরিয় রাজবাটীহইতে প্রস্থান করিলে রাজার নিকটহইতে কতক খাদ্য দ্রব্য তাহার পশ্চাৎ গেল। ৯ তাহাতে ঊরিয় আপন প্রভুর দাসদের সহিত রাজবাটীর দ্বারে শয়ন করিয়া থাকিল, আপন গৃহে গেল না। ১০ পরে ঊরিয় আপন গৃহে যায় নাই, এই কথা লোকেরা দায়ূদ্‌কে জ্ঞাত করিলে দায়ূদ্ ঊরিয়কে কহিল, তুমি কি যাত্রাহইতে আইস নাই? তবে কি নিমিত্তে আপন ১১ বাটীতে যাও না? ঊরিয় দায়ূদ্‌কে কহিল, পরমেশ্বরের সিন্দুক ও ইস্রায়েল্ বংশ ও যিহূদা বংশ তাম্বুতে বাস করিতেছে, এবং আমার প্রভু যোয়াব্ ও আমার প্রভুর দাসগণ প্রান্তরে শিবিরে বাস করিতেছে; এখন আমি কি ভোজন পান করিতে ও ভার্য্যার সহিত শয়ন করিতে আপন গৃহে যাইতে পারি? আপনার ও আপনকার জীবনের দিব্য করিয়া কহিতেছি, আমি এমত ১২ কর্ম্ম করিব না। তাহাতে দায়ূদ্ ঊরিয়কে কহিল, কেবল অদ্য তুমি এই স্থানে থাক, কল্য তোমাকে বিদায় করিব; তাহাতে ঊরিয় সে দিবস ও পরদিবস যিরূশালমে ১৩ থাকিল। এবং দায়ূদ্ তাহাকে ডাকাইয়া আপন সাক্ষাতে ভোজন পান করাইয়া তাহাকে মত্ত করিলেও সে সন্ধ্যাকালে আপন প্রভুর দাসদের সহিত আপন শয্যায় শয়ন করিতে বাহিরে গেল, কিন্তু আপন গৃহে গেল না।

১৪ অপর প্রাতঃকালে দায়ূদ্ এক পত্র লিখিয়া ঊরিয়ের ১৫ হস্তদ্বারা যোয়াবের নিকটে পাঠাইল। ঐ পত্রে ইহা লিখিত ছিল, ‘এই ঊরিয়কে তুমুল † যুদ্ধের সম্মুখে নিযুক্ত করিয়া তাহার নিকটহইতে তোমরা সরিয়া যাইবা, তাহাতে সে আহত হইয়া মরিবে’। ১৬ পরে যোয়াব্ নগর পর্য্যটন করিয়া যে স্থানে বলবান লোক আছে,তাহা দেখিয়া তাহাতেই ঊরিয়কে নিযুক্ত করিল। ১৭ পরে নগরস্থ লোকেরা বাহির হইয়া যোয়াবের সহিত যুদ্ধ করিলে দায়ূদের কতক দাস হত হইল, তাহাদের মধ্যে ঐ হিত্তীয় ঊরিয়ও হত হইল।

১৮ পরে যোয়াব্ যুদ্ধের সংবাদ দায়ূদ্‌কে জ্ঞাত করি- ১৯ তে লোক প্রেরণ করিয়া ঐ দূতকে কহিল, তুমি রাজার সাক্ষাতে যুদ্ধের সমস্ত বিবরণের নিবেদন সমাপ্ত ২০ করিলে, যদি রাজার ক্রোধ প্রজ্বলিত হয় এবং তিনি তোমাকে কহেন, তোমরা যুদ্ধ করিতে নগরের নিকটে কেন গিয়াছিলা? তাহারা প্রাচীরহইতে বাণ ২১ মারিবে, ইহা কি তোমরা জান না? দেখ, যিরুব্বেশতের পুত্র অবীমেলক্‌কে কে মারিল? এক স্ত্রীর প্রাচীরহইতে যাঁতার এক খণ্ড ফেলাতে সে তেবেষে মরিল; অতএব তোমরা কেন প্রাচীরের নিকটে গিয়াছিলা? তবে তুমি কহিবা, আপনকার দাস হিত্তীয় ঊরিয়ও হত হইয়াছে।

২২ অপর দূত প্রস্থান করিয়া যোয়াবের প্রেরিত সমস্ত ২৩ কথা দায়ূদ্‌কে জ্ঞাত করিল। সে দূত দায়ূদ্‌কে কহিল, ঐ লোকেরা প্রবল হইয়া আমাদের নিকটে ক্ষেত্রে বাহিরে আইল; তখন আমরা দ্বার প্রবেশের স্থান ২৪ পর্য্যন্ত তাহাদের সহিত যুদ্ধ করিতেছিলাম। তাহাতে ধনুর্দ্ধরেরা প্রাচীরহইতে আপনকার দাসদের উপরে বাণ ক্ষেপণ করিল; তাহাতে রাজার কতক দাস মরিয়াছে; এবং আপনকার দাস হিত্তীয় ঊরিয়ও হত হই- ২৫ য়াছে। তখন দায়ূদ্ ঐ দূতকে কহিল, তুমি যোয়াব্‌কে কহিবা, তুমি ইহাতে অসন্তুষ্ট ‡ হইবা না, কেননা খড়্গ যেমন এককে, তদ্রূপ অন্যকেও বিনষ্ট করে; তুমি নগরের প্রতিকূলে আরো দৃঢ় যুদ্ধ করিয়া তাহাকে পরাস্ত কর; এই রূপে তাহাকে আশ্বাস দেও।

২৬ অপর ঊরিয়ের স্ত্রী, আপন স্বামি ঊরিয় মরিয়াছে, ২৭ এই সম্বাদ পাইয়া স্বামির জন্যে শোক করিল। এবং শোক দিবস অতীত হইলে দায়ূদ্ লোক পাঠাইয়া তাহাকে আপন বাটীতে আনাইল; তাহাতে সে তাহার ভার্য্যা হইয়া তাহার এক পুত্র প্রসব করিল; কিন্তু দায়ূদের কৃত এই কর্ম্মেতে পরমেশ্বর অসন্তুষ্ট হইলেন।

১২ অধ্যায়।

১ নাথনের দ্বারা মেষের দৃষ্টান্ত কথা ৭ ও দায়ূদের প্রতি

[২] প ৪ ॥—[৪] লে ১৫; ১৯ ॥—[১১] প ১। ২ শি ৭; ২ ॥—[১৪-১৭] ১ শি ১৮; ১৭ ॥—[২১] বি ৯; ৫৩, ৫৪ ॥

* (ইব্রি) বৎসরের প্রত্যাগমনে। † (ইব্রি) প্রবল। ‡ (ইব্রি) ইহা তোমার দৃষ্টিতে মন্দ না হউক।

নাথনের অনুযোগ ১৫ ও দায়ূদের শিশুর মরণ কথা ২৪ ও সুলেমানের জন্ম ২৬ রব্বা নগর হস্তগত করণ।

১ পরে পরমেশ্বর দায়ূদের নিকটে নাথন্‌কে প্রেরণ করিলে সে আসিয়া তাহাকে কহিল, এক নগরে এক ২ ধনবান ও এক দরিদ্র দুই লোক ছিল। এবং ঐ ধনবানের ৩ অতি প্রচুর গোমেষাদির পাল ছিল। এবং দরিদ্র এক ক্ষুদ্র মেষবৎসাকে ক্রয় করিয়া তাহাকে পালন করিত; তদ্ব্যতিরেকে তাহার আর কিছু ছিল না; ঐ মেষী তাহার ও তাহার বালকদের নিকটে পুষ্টা হইয়া ক্রমে ২ বৃদ্ধি পাইল; সে তাহার নিজ খাদ্য দ্রব্য ভোজন করিত, ও তাহার পাত্রেতে পান করিত, এবং তাহার বক্ষস্থলে ৪ শয়ন করিত, ও তাহার কন্যার ন্যায় ছিল। অপর এক পথিক ঐ ধনবানের গৃহে অতিথি হইলে, সে আপনার নিকটে আগত অতিথির জন্যে পাক করণার্থে আপন গোমেষাদি পালহইতে কিছু লইতে সম্মত না হইয়া ঐ দরিদ্রের মেষবৎসাকে লইয়া আপনার নিকটে আগত ৫ অতিথির জন্যে পাক করিল। তাহাতে দায়ূদ্ ঐ ধনবানের প্রতি অতিশয় ক্রোধে প্রজ্বলিত হইয়া নাথন্‌কে কহিল, পরমেশ্বরের অমরতার দিব্য করিয়া কহিতেছি, ৬ এমত কর্ম্মকারি লোক অবশ্য মরিবে *। সে তাহার প্রতি কিছু দয়া না করিয়া এমত কর্ম্ম করিল, এই জন্যে ঐ মেষবৎসার চতুর্গুণ ফিরিয়া দিবে।

৭ নাথন্ দায়ূদ্‌কে কহিল, তুমিই সেই মনুষ্য; ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি তোমাকে ইস্রায়েল্ বংশের উপরে রাজ্যাভিষিক্ত করিলাম, ও ৮ শৌলের হস্তহইতে তোমাকে উদ্ধার করিলাম; এবং তোমার প্রভুর সর্ব্বস্ব † তোমাকে দিলাম, ও তাহার ভার্য্যাগণকে তোমার বক্ষস্থলে দিলাম, এবং ইস্রায়েল্ বংশকে ও যিহূদা বংশকে দিলাম; এবং তাহা যদি অল্প ৯ হইত, তবে তোমাকে আরো অমুক ২ বস্তু দিতাম। এখন তুমি পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিয়া কেন তাঁহার আজ্ঞা তুচ্ছ করিলা? তুমি হিত্তীয় ঊরিয়কে খড়্গদ্বারা বধ করিয়া তাহার ভার্য্যাকে আপন ভার্য্যা করিলা, ও ঊরিয়কে অম্মোন্ বংশের খড়্গদ্বারা বধ করিলা। ১০ অতএব খড়্গ তোমার বাটী কখনো ত্যাগ করিবে না; কেননা তুমি ঊরিয়ের স্ত্রীকে আপন স্ত্রী করিয়া আমাকে ১১ অবজ্ঞা করিয়াছ। পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি তোমার পরিবারহইতেই তোমার বিরুদ্ধে অমঙ্গল উৎপন্ন করিব, এবং তোমার সাক্ষাতে তোমার ভার্য্যাগণকে লইয়া তোমার নিকটস্থকে দিব; তাহাতে সে এই সূর্য্যের সাক্ষাতে তোমার ভার্য্যার সহিত শয়ন করিবে। ১২ তুমি গুপ্ত রূপে এই কর্ম্ম করিয়াছ, কিন্তু আমি তাবৎ ইস্রায়েলের ও সূর্য্যের সাক্ষাতে এই কার্য্য করাইব।

১৩ দায়ূদ্ নাথন্‌কে কহিল, আমি পরমেশ্বরের বিরুদ্ধে পাপ করিলাম; তাহাতে নাথন্ দায়ূদ্‌কে কহিল, পরমেশ্বর তোমার পাপ দূর করিলেন, ইহাতে তুমি মরিবা ১৪ না। কিন্তু তুমি এই কর্ম্মদ্বারা পরমেশ্বরের শত্রুগণকে অতিনিন্দা করাইয়াছ, এই জন্যে তোমার ঔরসজাত এই পুত্র মরিবে; পরে নাথন আপন গৃহে প্রস্থান করিল।

১৫ অনন্তর পরমেশ্বর ঊরিয়ের ভার্য্যার গর্ব্ভজাত দায়ূদের পুত্রকে আঘাত করিলে সে অতিশয় পীড়িত হইল। ১৬ তাহাতে দায়ূদ্ বালকের জন্যে ঈশ্বরের কাছে প্রার্থনা করিল ও উপবাস করিল, ও অন্তরে প্রবেশ করিয়া সমস্ত রাত্রি ভূমিতে পড়িয়া থাকিল। ১৭ তাহাতে তাহার গৃহের প্রাচীনগণ উঠিয়া তাহাকে ভূমিহইতে তুলিতে তাহার নিকটে গেল, কিন্তু সে সম্মত হইল না, এবং তাহাদের সহিত ভোজনও করিল না। ১৮ পরে সপ্তম দিবসে বালক মরিল; তাহাতে বালক মরিল, এই কথা দায়ূদ্‌কে কহিতে দাসগণ ভয় করিল, কেননা তাহারা কহিল, দেখ, বালকের জীবৎ সময়ে আমরা অনেক কহিলেও সে আমাদের বাক্যেতে মনোযোগ করিল না; এখন বালক মরিল, ইহা আমরা কি রূপে বলিতে পারি? তাহাতে সে আত্মহিংসা করিবে। ১৯ কিন্তু দাসেরা ধীরে ২ কথা কহিতেছে ইহা দেখিয়া, বালক মরিল, ইহা দায়ূদ্ বুঝিয়া দাসগণকে জিজ্ঞাসিল, বালক কি মরিল? তাহারা কহিল, মরিল। ২০ তখন দায়ূদ্ ভূমিহইতে উঠিয়া স্নান ও গাত্রমার্জ্জন ও বস্ত্রপরিবর্ত্তন করিয়া পরমেশ্বরের আবাসে প্রবেশ করিয়া ভজনা করিল; পরে আপন গৃহে গিয়া আজ্ঞা করিলে তাহারা তাহার সম্মুখে খাদ্য দ্রব্য রাখিল, তাহাতে সে ভোজন করিল। ২১ ইহাতে তাহার দাসগণ তাহাকে কহিল, আপনকার কৃত এই কেমন কার্য্য? বালক জীবৎ থাকিতে তাহার জন্যে আপনি উপবাস ও রোদন করিলেন, কিন্তু বালক মরিলে উঠিয়া ভোজন পান করিলেন! ২২ তাহাতে সে কহিল, বালক জীবৎ থাকিতে, কি জানি পরমেশ্বর আমার প্রতি প্রসন্ন হইলে বালক বাঁচিতে পারে, ইহা কহিয়া আমি উপবাস ও ক্রন্দন করিলাম। ২৩ কিন্তু সে মরিল, এখন কি জন্যে উপবাস করিব? আমি কি তাহাকে ফিরাইয়া আনিতে পারি? আমি তাহার নিকট যাইব, কিন্তু সে আমার কাছে ফিরিয়া আসিবে না।

২৪ পরে দায়ূদ্ আপন ভার্য্যা বৎশেবাকে সান্ত্বনা করিয়া তাহার নিকটে গিয়া তাহার সহিত শয়ন করিল; তাহাতে সে এক পুত্র প্রসব করিলে তাহার নাম সুলেমান্ (শান্তিদায়ক) রাখিল, এবং পরমেশ্বর

[১২ অধ্য; ৩] যা ২২; ১।—[৯] ২ শি ১১; ৪, ১৫, ১৭, ২৭।—[১০] ১৩; ২৮, ২৯। ১ রা ১৫; ৩, ১৬।—[১১,১২] ২ শি ১৬; ২২।—[১৩] গী ৫১।—[১৪] লে ১০; ৩। যির ৩০; ১১। ১ পি ৪; ১৭,১৮। ইব্রি ১২; ৫-১১।—[১৬] ২ শি ১৩; ৩১।—[১৮] প ১৪।—[২৪,২৫] ১ বং ২২; ৯, ১০।

* (ইব্রি) মৃত্যুর পুত্র হইবে। † (ইব্রি) গৃহ বা পরিজন।

২৫ তাহাকে প্রেম করিলেন। পরে পরমেশ্বরের প্রেম প্রযুক্ত সে নাথন্ ভবিষ্যদ্বক্তাকে প্রেরণ করিয়া তাহার নাম যিদীদিয় (পরমেশ্বরের প্রিয়) রাখিল।
২৬ পরে যোয়াব্ অম্মোন্ বংশের রব্বার প্রতিকূলে
২৭ যুদ্ধ করিয়া রাজনগর হস্তগত করিলে দায়ূদের নিকটে দূতগণকে প্রেরণ করিয়া কহিল, আমি রব্বার
২৮ সহিত যুদ্ধ করিয়া জলনগর হস্তগত করিলাম। এখন আমি ঐ নগর আক্রমণ করাতে যেন আমার নাম বিখ্যাত না হয়, এই জন্যে তুমি অবশিষ্ট লোকদিগকে একত্র করিয়া নগরের নিকটে শিবির স্থাপন করিয়া
২৯ তাহা হস্তগত কর। তাহাতে দায়ূদ্ সমস্ত লোককে একত্র করিয়া রব্বাতে গমন করিয়া তাহার বিরুদ্ধে
৩০ যুদ্ধ করিয়া তাহা হস্তগত করিল। এবং রত্নশুদ্ধ এক কিক্কর্ পরিমাণে স্বর্ণময় রাজমুকুট তাহার রাজার মস্তকহইতে নীত হইলে, তাহা দায়ূদের মস্তকে দত্ত হইল; এবং সে ঐ নগরহইতে প্রচুর* লুটদ্রব্য
৩১ বাহির করিয়া আনিল। পরে দায়ূদ্ তন্মধ্যবর্ত্তি লোকদিগকে বাহির করিয়া আনিয়া করাতের ও লৌহময় ময়ির ও কুড়ালির কর্ম্মে† নিযুক্ত করিল, এবং ইটের পাক স্থানে গমনাগমন করাইল; সে অম্মোন্ বংশের সমস্ত নগরের প্রতি এই রূপ করিল, পরে দায়ূদ্ ও তাহার তাবৎ লোক যিরূশালমে ফিরিয়া গেল।

১৩ অধ্যায়।

১ অম্নোনের আপন ভগিনী তামরে অনুরক্ত হওন ৬ ও ছল করিয়া আপনাকে পীড়িত দেখাওন ও ভগিনীকে বলাৎকার করন ১৫ ও পরে তাহাকে ঘৃণা করিয়া দূর করন ২১ ও অব্শালোমের কথা ২৩ ও অব্শালোমের মেষলোমচ্ছেদনের কথা ২৮ ও অম্নোন্‌কে বধ করন ৩০ ও দায়ূদের কাছে সম্বাদ দেওন ৩৭ ও অব্শালোমের পলায়ন করন।

১ দায়ূদের পুত্র অব্শালোমের তামর্ নামে এক ভগিনী পরম সুন্দরী ছিল; তাহাতে দায়ূদের পুত্র অম্নোন্
২ তাহার প্রতি কামাসক্ত ছিল। সে আপন ভগিনী তামরের জন্যে এমত ব্যাকুল হইল, যে সে পীড়িত হইল, কেননা সে অনূঢ়া হইলেও অম্নোন্ তাহার প্রতি কিছু
৩ করা দুষ্কর বোধ করিল। পরে দায়ূদের ভ্রাতা শিমিয়ের পুত্র যোনাদব্ নামে অম্নোনের এক বন্ধু
৪ ছিল; সে যোনাদব্ অতি চতুর ছিল। সে অম্নোন্‌কে জিজ্ঞাসিল, তুমি রাজপুত্র হইয়া দিনে ২‡ এমত কৃশ হইতেছ কেন? আমাকে কি কহিবা না? তাহাতে অম্নোন্ তাহাকে কহিল, আমি আপন ভ্রাতা অব্শালোমের
৫ ভগিনী তামরের প্রতি অনুরক্ত আছি। তাহাতে যোনাদব্ কহিল, তুমি আপন খট্টার উপরে শয়ন করিয়া পীড়িতের ছল কর, এবং তোমার পিতা তোমাকে দেখিতে আইলে তুমি তাহাকে এই কথা কহ, আমি বিনয় করি, আমার ভগিনী তামর্ আমার নিকটে আসিয়া যেন আমাকে অন্ন দেয়, ও আমি দেখিয়া তাহার হস্তে ভোজন করি, এই জন্যে আমার সাক্ষাতে অন্ন পাক করিতে তাহাকে আজ্ঞা দিউন।

৬ পরে অম্নোন্ পীড়িতের ছল করিয়া শয়ন করিল, তাহাতে রাজা তাহাকে দেখিতে আইলে অম্নোন্ রাজাকে কহিল, আমি বিনয় করি, আমার ভগিনী তামর্ আসিয়া আমার সাক্ষাতে দুই পিষ্টক পাক করুক, তাহাতে আমি তাহার হস্তে ভোজন করিব।
৭ তখন দায়ূদ্ তামরের গৃহে লোক পাঠাইয়া কহিল, এখন তুমি আপন ভ্রাতা অম্নোনের গৃহে যাইয়া
৮ তাহাকে কিছু অন্ন পাক করিয়া দেও। অতএব তামর্ আপন ভ্রাতা অম্নোনের গৃহে গেল, তখন সে শয়নে ছিল; পরে তামর্ সুজি লইয়া ছানিয়া তাহার সাক্ষাতে
৯ পিষ্টক প্রস্তুত করিয়া পাক করিল; ও এক পাত্র লইয়া তাহার সম্মুখে তাহাতে ঢালিল, কিন্তু সে ভোজনে অসম্মত ছিল; পরে অম্নোন্ কহিল, আমার নিকটহইতে পুরুষ সকল বাহির হউক; তাহাতে প্রত্যেক পুরুষ
১০ তথাহইতে বাহিরে গেল। তখন অম্নোন্ তামর্‌কে কহিল, আমি তোমার হস্তে ভোজন করিব, খাদ্যসামগ্রী এই শয়নাগারে আন; তাহাতে তামর্ আপনার কৃত পিষ্টক লইয়া আপন ভ্রাতা অম্নোনের নিকটে শয়
১১ নাগারে গেল। এবং সে তাহাকে ভোজন করাইতে তাহার নিকটে তাহা আনিলে অম্নোন্ তাহাকে ধরিয়া কহিল, হে আমার ভগিনি, আইস, আমার সহিত শয়ন
১২ কর। তাহাতে সে উত্তর করিল, হে আমার ভ্রাতঃ, না, না, আমাকে বলাৎকার§ করিও না, ইস্রায়েল্ বংশের মধ্যে এমত কর্ত্তব্য নয়, তুমি এই দুষ্কর্ম্ম করিও
১৩ না। আমি আপন লজ্জা কোথায় রাখিব? এবং তুমি ইস্রায়েল্‌স্থিত এক দুষ্ট লোক হইবা; আমি বিনয় করি, বরং রাজাকে কহ, তিনি তোমার প্রতি আমাকে দিতে
১৪ অসম্মত হইবেন না। কিন্তু সে তাহার কথায় মনোযোগ না করিয়া আপনি তাহা অপেক্ষা বলবান প্রযুক্ত বলাৎকারে তাহার সহিত শয়ন করিল।

১৫ পরে অম্নোন্ তাহাকে অতিশয়‖ ঘৃণা করিল; সে তাহার প্রতি যে রূপ প্রেম করিয়াছিল, তাহাহইতেও অধিক ঘৃণা করিল; পরে অম্নোন্ তাহাকে কহিল,
১৬ উঠিয়া যাও। সে তাহাকে কহিল, অকারণে আমাকে বাহির করাতে যে দোষ, সে তোমার কৃত অন্য দোষ
১৭ হইতেও অধিক; কিন্তু সে তাহার কথা মানিল না। পরে সে আপন সেবাকারি দাসকে ডাকিয়া কহিল, এখন তুমি ইহাকে আমার নিকটহইতে বাহির করিয়া দিয়া
১৮ দ্বারে অর্গল দেও। ঐ কন্যার গাত্রে নানাবর্ণের বস্ত্র ছিল, কেননা অনূঢ়া রাজকন্যারা ঐ প্রকার বস্ত্র পরিধান

---

[২৬] ২ শি ১১; ১। ১ বং ২০; ১।—[২৯-৩১] ১ বং ২০; ২, ৩॥
[১৩ অধ্য; ১] ২ শি ৩; ৩॥—[৩] ১ শি ১৬; ৯॥—[১২,১৩] লে ১৮; ৯,১১। ২০; ১৭॥

* (ইব্রী) অতি বড়। † (ইব্রী) নীচে। ‡ (ইব্রী) প্রতুষে ২। § (ইব্রী) বশীভূত। ‖ (ইব্রী) অতি ঘৃণাতে অতি।

করিত; পরে তাহার দাস তাহাকে বাহির করিয়া দিয়া ১৯ পশ্চাৎ দ্বারে অর্গল দিল। তখন তামর্ আপন মস্তকে ভস্ম দিল ও গাত্রস্থ নানাবর্ণ বস্ত্র চিরিয়া মস্তকে হস্ত ২০ দিয়া রোদন করিতে ২ চলিল। তাহাতে তাহার ভ্রাতা অব্শালোম্ তাহাকে জিজ্ঞাসিল, তোমার ভ্রাতা অম্নোন্ কি তোমাতে উপগত হইল? হে আমার ভগিনি, তুষ্ণীভূতা হও, সে তোমার ভ্রাতা, ইহা মানিও না*; তাহাতে তামর্ আপন ভ্রাতা অব্শালোমের গৃহে অনাথা হইয়া থাকিল।

২১ পরে দায়ূদ্ রাজ এই সকল শুনিয়া অতিশয় ক্রুদ্ধ ২২ হইল। এবং অব্শালোম্ আপন ভ্রাতা অম্নোন্‌কে ভাল মন্দ কিছুই কহিল না, কেননা অব্শালোম্ আপন ভগিনী তামর্‌কে অম্নোনের বলাৎকার করণ প্রযুক্ত তাহাকে ঘৃণা করিল।

২৩ সম্পূর্ণ দুই বৎসরের পরে ইফ্রয়িমের নিকটস্থ বাল্‌হাৎসোরে অব্শালোমের লোমচ্ছেদন হইল; সে স্থানে ২৪ অব্শালোম সমস্ত রাজপুত্রকে নিমন্ত্রণ করিল। পরে অব্শালোম্ রাজার নিকটে আসিয়া কহিল, দেখ, আমি বিনয় করি, যেস্থানে আপনকার দাসের মেষ-লোমচ্ছেদন হইতেছে, সেই স্থানে রাজা ও আপনকার দাসগণ আপনকার দাসের সঙ্গে আগমন করুণ। ২৫ তাহাতে রাজা অব্শালোম্‌কে কহিল, হে আমার পুত্র, তাহা নয়, এখন আমরা সকলে গেলে তোমার অধিক ব্যয় হইবে; তথাপি সে অনেক প্রার্থনা করিল, কিন্তু রাজা যাইতে সম্মত না হইয়া তাহাকে আশীর্ব্বাদ ২৬ করিল। পরে অব্শালোম্ কহিল; যদ্যপি তাহা না হয়, তবে আমার ভ্রাতা অম্নোন্‌কে আমার সঙ্গে যাইতে দিউন; তাহাতে রাজা তাহাকে কহিল, সে ২৭ কেন তোমার সঙ্গে যাইবে? কিন্তু অব্শালোম্ অনেক প্রার্থনা করিলে রাজা অম্নোন্‌কে ও সমস্ত রাজপুত্রকে তাহার সহিত যাইতে বিদায় করিল।

২৮ অপর অব্শালোম্ আপন দাসগণকে এই আজ্ঞা দিল, এখন দেখ, অম্নোনের চিত্ত দ্রাক্ষারসেতে হৃষ্ট হইলে, এবং 'অম্নোন্‌কে প্রহার কর,' আমি ইহা তোমাদিগকে কহিলে তোমরা তাহাকে প্রহার কর, ভীত হইও না; আমি তোমাদিগকে আজ্ঞা দিলে তোমরা কি ২৯ সাহসিক ও বীর্য্যবান হইবা না? পরে অব্শালোমের দাসগণ অব্শালোমের আজ্ঞানুসারে অম্নোনের প্রতি তাহা করিল; তাহাতে রাজপুত্রগণ উঠিয়া আপন ২ খচরে আরোহণ করিয়া পলায়ন করিল।

৩০ অপর তাহারা পথে ছিল, এমত সময়ে অব্শালোম্ রাজার সমস্ত পুত্রগণকে বধ করিয়াছে, তাহাদের অবশিষ্ট একও নাই, এমন সমাচার দায়ূদের নিকটে ৩১ উপস্থিত হইলে রাজা উঠিয়া আপন বস্ত্র চিরিয়া ভূমিতে পড়িল, এবং তাহার দাস সকল বস্ত্র চিরিয়া তাহার নিকটে দাঁড়াইল। ৩২ তখন দায়ূদের ভ্রাতা শিমিয়ের পুত্র যোনাদব্ কহিল, লোকেরা সমস্ত যুব রাজকে বধ করিয়াছে, আমার প্রভু এমত বোধ করিবেন না, কেবল অম্নোন্ হত হইয়াছে, কেননা অব্শালোমের ভগিনী তামর্‌কে অম্নোনের বলাৎকার করণ দিবসাবধি অব্শালোম্ ইহা স্থির করিয়াছিল†। ৩৩ অতএব সমস্ত রাজপুত্র মরিয়াছে, ইহা ভাবিয়া আমার প্রভু রাজা শোক করিবেন না, কেবল অম্নোন্ হত হইয়াছে। ৩৪ অব্শালোম্ পলায়ন করিল; পরে এক যুব প্রহরী আপন চক্ষু তুলিলে পশ্চিম পর্ব্বত পার্শ্বস্থ পথ দিয়া অনেক লোক আসিতেছে, অবলোকন করিয়া ইহা দেখিল। ৩৫ তাহাতে যোনাদব্ রাজাকে কহিল, ঐ দেখ, রাজপুত্রগণ আসিতেছে, আপনকার দাসের বাক্যানুসারে তাহাই ঘটিল। ৩৬ ইহা কহিবামাত্র রাজপুত্রগণ উপস্থিত হইয়া উচ্চৈঃস্বরে ক্রন্দন করিল, এবং রাজা ও তাহার সমস্ত দাস অতিশয়‡ ক্রন্দন করিল।

৩৭ পরে অব্শালোম্ পলাইয়া গিশূরের রাজা অম্মীহূদের পুত্র তল্ময়ের নিকটে গেল, এবং দায়ূদ্ আপন পুত্রের জন্যে অনেক দিবস শোক করিল। ৩৮ এবং অব্শালোম্ পলাইয়া গিশূরে গিয়া সে স্থানে তিন বৎসর ৩৯ বাস করিল। পরে দায়ূদ্ রাজা অম্নোন্‌কে মৃত জানিয়া তাহার বিষয়ে শান্ত হইলে অব্শালোমের নিকট যাইতে বাঞ্ছা করিল।

১৪ অধ্যায়।

১ তিকোয়ের স্ত্রীকে যোয়াবের আনয়ন ৪ ও অব্শালোম্‌কে আনাইতে সেই স্ত্রীর দৃষ্টান্ত কথা ২১ ও যোয়াব্‌দ্বারা অব্শালোম্‌কে যিরূশালমে আনয়ন ২৫ ও অব্শালোমের সৌন্দর্য্য ও বংশের কথা ২৮ ও তিন বৎসরের পরে দায়ূদ্‌রাজের কাছে অবশালোমের গমন।

১ পরে সিরূয়ার পুত্র যোয়াব্ অব্শালোমের প্রতি ২ রাজার মন আকৃষ্ট দেখিয়া, তিকোয়েতে দূত পাঠাইয়া তথাহইতে জ্ঞানবতী এক স্ত্রীকে আনাইয়া তাহাকে কহিল, আমি বিনয় করি, তুমি ছল করিয়া শোকান্বিতা হইয়া শোকসূচক বস্ত্র পরিধান কর, ও গাত্রেতে তৈল মর্দ্দন করিও না, এবং মৃতের জন্যে বহুকাল শোককারিণী এক স্ত্রীর ন্যায় হও। ৩ এবং রাজার নিকটে যাইয়া তাহাকে এমত কথা কহ; পরে যোয়াব্ বক্তব্য কথা তাহাকে কহিয়া দিল।

৪ অপর তিকোয়ের ঐ স্ত্রী রাজার নিকটে যাইয়া উবুড়

[১৮] আ ৩৭ ; ৩ । গী ৪৫ ; ১৯ ।।—[১৯] ২ শি ১ ; ২ ।।—[২৩] আ ৩৮ ; ১২; ১৩ । ১ শি ২৫ ; ৪, ৩৬ ।।—[২৭] হি ২০ ; ৬, ৭ ।।—[২৮] ১ শি ২৫ ; ৩৬ ।।—[২৯] ২ শি ১২ ; ১০ ।।—[৩১] ১২ ; ১৬ ।।—[৩২] প ৩ ।।—[৩৪] প ৩৭ ।। [৩৭] ২ শি ৩ ; ৩ ।।

[১৪ অধ্যা ; ১] ২ শি ১৩ ; ৩৯ ।।

* (ইব্রু) মন রাখিও না। † (ইব্রু) অব্শালোমের মুখেতে ইহা স্থির হইয়াছে। ‡ (ইব্রু) ক্রন্দনেতে অতি।

হইয়া ভূমিতে পড়িয়া প্রণাম করিয়া নিবেদন করিল, হে ৫ রাজন্, উপকার করুণ। রাজা জিজ্ঞাসিল, তোমার কি ঘটিল? তাহাতে সে কহিল, আমি এক বিধবা; আমার ৬ স্বামী মরিয়াছে। এবং আপনকার দাসীর দুই পুত্র ছিল, তাহারা ক্ষেত্রে পরস্পর যুদ্ধ করিল, তাহাতে তাহাদের নিবারক কেহ না থাকাতে এক জন অন্য জনকে প্রহার ৭ করিয়া বধ করিল। এখন তাবৎ পরিজন আপনকার দাসীর বিরুদ্ধে উঠিয়া কহিতেছে, তুমি আপন ভ্রাতৃঘাতককে সমর্পণ কর, আমরা তাহার হত ভ্রাতার প্রাণের পরিবর্ত্তে তাহার প্রাণ লইব, আমরা উত্তরাধিকারিকেও বিনষ্ট করিব; এই প্রকারে তাহারা আমার অবশিষ্ট অঙ্গার নির্ব্বাণ করিতে ও দেশে আমার স্বামির নাম ও অবশিষ্ট কিছু না রাখিতে চেষ্টা ৮ করিতেছে। তখন রাজা ঐ স্ত্রীকে কহিল, তুমি আপন ৯ বাটীতে যাও, আমি তোমার বিষয়ে আজ্ঞা দিব। পরে তিকোয়ের ঐ স্ত্রী রাজাকে কহিল, হে আমার প্রভো রাজন্, সে অপরাধ আমার ও আমার পিতৃবংশের প্রতি বর্ত্তুক, এবং রাজা ও তাহার সিংহাসন নিরপ- ১০ রাধী হউক। পরে রাজা কহিল, যে কেহ তোমাকে কিছু কহে, তাহাকে আমার নিকটে আন, সে তোমাকে ১১ আর স্পর্শ করিবে না। পরে সে কহিল, আমি নিবেদন করি, মহারাজ আপন প্রভু পরমেশ্বরকে স্মরণ করিয়া অন্যকে বধ * করিতে রক্তের প্রতিহন্তৃগণকে বারণ কর, নতুবা তাহারা আমার পুত্রকে বিনষ্ট করিবে; রাজা কহিল, পরমেশ্বরের অমরতার দিব্য করিয়া কহিতেছি, ১২ তোমার পুত্রের এক কেশও মৃত্তিকাতে পড়িবে না। সে স্ত্রী কহিল, আমি বিনয় করি, আপনকার দাসীকে আমার প্রভু রাজার কাছে এক কথা কহিতে দিউন; তাহাতে ১৩ রাজা কহিল, কহ। পরে ঐ স্ত্রী কহিল, তবে ঈশ্বরের লোকদের প্রতিকূলে আপনি কেন এমত স্থির করেন? রাজার এমন কথা কহাতে ও আপন দেশ বহির্ভূত লোককে ফিরাইয়া না আনাতে আপনি কোন এক দোষির ১৪ সদৃশ হইতেছেন। এবং আমরা নিতান্ত মরিব ও ভূমিতে পতিত ও অসংগ্রাহ্য জলের ন্যায় হইব; যদ্যপি ঈশ্বর কাহারো অনুরোধ করেন, না, তথাপি দেশ বহিষ্কৃত ১৫ লোককে আনয়ন করিতে উপায় করেন। আমি এ বিষয় আপন প্রভু রাজার কাছে কহিতে আইলাম; কেননা লোকেরা আমার ভয় জন্মাইলে আপনকার দাসী কহিল, আমি রাজাকে এই কথা কহিব, ইহাতে হইতে পারে, রাজা আপন দাসীর নিবেদনানুসারে করিবেন। ১৬ আমার পুত্র শুদ্ধ আমাকে ঈশ্বরের অধিকারহইতে বিনষ্ট করিতে চেষ্টাকারি লোকদের হস্তহইতে আপনকার দাসীকে উদ্ধার করিতে রাজা অবশ্য শুনিবেন।

১৭ আপনকার দাসী আরও কহিল, ভাল মন্দ বিবেচনা † বিষয়ে যেমন ঈশ্বরের দূত, আমার প্রভু রাজাও তদ্রূপ হওয়াতে আমার প্রভু রাজার বাক্য অবশ্য সান্ত্বনাদায়ক ‡ হইবে, তাহাতে আপনকার প্রভু পরমেশ্বর ১৮ আপনকার সহিত থাকিবেন। পরে রাজা ঐ স্ত্রীকে কহিল, আমি বিনয় করি, তোমাকে যাহা জিজ্ঞাসা করিব, তাহা আমাকে গোপন করিও না; তাহাতে সে কহিল, ১৯ আমার প্রভু রাজা এখন কহুন। রাজা কহিল, এই কর্ম্মে তোমার সহিত কি যোয়াবের পরামর্শ নাই? তাহাতে সে কহিল, হে আমার প্রভো রাজন্, আপন প্রাণের দিব্যদ্বারা কহিতেছি, আমার প্রভু রাজা যাহা কহেন, তাহার দক্ষিণে কি বামে কেহ ফিরিতে পারে না; আপনকার দাস যোয়াব্ই আজ্ঞা করিয়া এই সমস্ত কথা আপনকার দাসীকে শিক্ষাইল। ২০ এই প্রকার কথোপকথন করাইতে § আপনকার দাস যোয়াব্ এই কর্ম্ম করিল; আমার প্রভু পৃথিবীস্থ সমস্ত কর্ম্ম জানিতে ঈশ্বরের দূতের ‖ ন্যায় জ্ঞানবান হন।

২১ পরে রাজা যোয়াব্কে কহিল, এখন তুমি এই কার্য্য করিলা; অতএব তুমি যাইয়া সেই যুব অব্শালোম্কে পুনর্ব্বার আন। ২২ তাহাতে যোয়াব্ উবুড় হইয়া ভূমিতে পড়িয়া প্রণাম করিয়া রাজার ধন্যবাদ করিয়া কহিল, হে আমার প্রভো রাজন্, আপনি আপনকার দাসের নিবেদন সম্পূর্ণ করাতে আমি আপনকার দৃষ্টিতে অনুগ্রহ পাইলাম, ইহা অদ্য আপনকার দাস ২৩ জ্ঞাত হইল। পরে যোয়াব্ উঠিয়া গিশূরে যাইয়া ২৪ অব্শালোম্কে যিরূশালমে আনিল। পরে রাজা কহিল, সে আমার মুখ না দেখিয়া ফিরিয়া আপন বাটীতে যাউক; তাহাতে অব্শালোম্ আপন বাটীতে ফিরিয়া গেল, রাজার মুখ দেখিল না।

২৫ ইস্রায়েল্ বংশের মধ্যে অব্শালোমের সদৃশ রূপেতে প্রশংসনীয় কেহ ছিল না, তাহার আপাদ ২৬ মস্তক নির্দ্দোষ ছিল। ও তাহার মস্তকের কেশ ভারী থাকাতে সে বৎসরান্তর তাহা ছেদন করিত; যখন মস্তকের কেশ ছেদন করিত, তখন তাহা তৌল করিলে রাজ পরিমাণানুসারে তাহা দুই শত শেকল্ পরি- ২৭ মিত হইত। ঐ অব্শালোমের তিন পুত্র ও তামর নামে পরম সুন্দরী এক কন্যা ছিল।

২৮ পরে অব্শালোম্ সম্পূর্ণ দুই বৎসর যিরূশালমে ২৯ বাস করিল, কিন্তু রাজার মুখ দেখিল না। অনন্তর সে রাজার নিকটে পাঠাইতে যোয়াব্কে আনিতে লোক পাঠাইল, কিন্তু সে তাহার নিকটে আসিতে সম্মত হইল না; পরে দ্বিতীয় বার লোক পাঠাইল, তাহাতেও সে

[৭] গ ৩৫ ; ১৬-২১ ।।—[৯] ১ রা ২ ; ৩৩ ।।—[১১] ১ শি ১৪ ; ৪৫ ।।—[১৩] ২ শি ১৩ ; ৩৭,৩৮ ।।—[১৪] গী ৪২ ; ১০ । ১ শি ৭ ; ৬ ।।—[১৭] প ২০ । ২ শি ১৯ ; ২৭ ।।—[১৯] প ৩ ।।—[২০] প ১৭ ।।—[২৩] ১৩ ; ৩৭ ।।—[২৪] আ ৪৩ ; ৩ ।।
[২৭] ২ শি ১৮ ; ১৮ ।।—[২৮] প ২৪ ।।

* (ইব্রী) বধবৃদ্ধি। † (ইব্রী) শ্রবণ। ‡ (বা) বিশ্রামদায়ক। § (ইব্রী) এই কর্ম্মের মুখ পরিবর্ত্তন করিতে। ‖ (ইব্রী) দূতের জ্ঞানের।

৩০ আসিতে সম্মত হইল না। অতএব সে আপন দাসদিগকে কহিল, দেখ, আমার স্থানের নিকটস্থ যোয়াবের ক্ষেত্র আছে; সে স্থানে তাহার যে যব আছে, তোমরা যাইয়া তাহাতে অগ্নি দেও; তাহাতে অব্শালোমের দাসগণ ৩১ ক্ষেত্রে অগ্নি লাগাইল। পরে যোয়াব্ উঠিয়া অব্শালোমের নিকটে গৃহে আসিয়া তাহাকে কহিল, তোমার ৩২ দাসগণ আমার ক্ষেত্রে কেন অগ্নি দিল? তাহাতে অব্শালোম্ যোয়াব্কে কহিল, দেখ, আমি গিশূর্হইতে কেন আইলাম? এই পর্য্যন্ত সেই স্থানে থাকা কি আমার ভাল ছিল না? এখন আমাকে রাজার মুখ দেখিতে দিউন, যদি আমাতে অপরাধ থাকে, তবে আমাকে বধ করুণ; রাজার নিকটে এই কথা কহিতে আমি তোমাকে পাঠাইবার জন্যে আইস, এই কথা কহিয়া ৩৩ তোমার কাছে লোক পাঠাইলাম। পরে যোয়াব্ রাজার নিকটে গিয়া তাহাকে কহিলে রাজা অব্শালোম্কে আসিতে আজ্ঞা দিল; তাহাতে সে রাজার নিকটে গিয়া রাজার সম্মুখে ভূমিতে পড়িয়া প্রণাম করিল; তাহাতে রাজা অব্শালোম্কে চুম্বন করিল।

১৫ অধ্যায়।

১ অব্শালোমের ইস্রায়েল্ লোকদের মন হরণ করণ ৭ ও মানতের ছলে তাহার হিব্রোণে গমন ১০ ও তাহার রাজদ্রোহ ১৩ ও দায়ূদের পলায়ন ১৯ ও ইত্তয়ের দায়ূদ্কে ত্যাগ না করণ ২৪ ও সাদোক্ ও অবিয়াথর্কে ফিরাইয়া দেওন ৩০ ও দায়ূদের রোদন ৩১ ও অহীথোফল্ বিষয়ক কথা ৩২ ও হূশয়কে ফিরাইয়া দেওন।

১ পরে অব্শালোম্ আপনার জন্যে রথ ও অশ্ব ও অগ্রে ২ গমনকারি পঞ্চাশ লোককে প্রস্তুত করিল। এবং অব্শালোম্ প্রত্যূষে উঠিয়া নগর দ্বারের পথ পার্শ্বে দাঁড়ায়, এবং যে কেহ বিবাদের বিচারার্থে রাজার নিকটে আইসে, অব্শালোম্ তাহাকে ডাকিয়া, তুমি কোন্ নগরহইতে আইলা? ইহা জিজ্ঞাসা করে; তাহাতে আপনকার দাস ইস্রায়েলের অমুক বংশহইতে আইলাম, ইহা সে ৩ উত্তর করিলে অব্শালোম্ তাহাকে কহে, দেখ, তোমার বিবাদের কথা ভাল এবং যথার্থ; কিন্তু তোমার কথা ৪ শ্রবণ করিতে রাজার কোন লোক নাই। অব্শালোম্ আরো কহে, হায়; আমি যদি দেশে বিচারকর্ত্তৃপদে নিযুক্ত হই, আর যে সকল লোকের কোন বিবাদ বা নিবেদন থাকে, তাহারা যদি আমার নিকটে আইসে, তবে আমি তাহাদের বিষয়ে ন্যায্য বিচার করি। ৫ এবং কেহ যদি তাহাকে নমস্কার করিতে তাহার নিকটে আইসে, তবে সে আপন হস্ত বিস্তার করিয়া ৬ তাহাকে আলিঙ্গন করিয়া চুম্বন করে। ইস্রায়েলের যে কেহ ন্যায় পাইবার জন্যে রাজার নিকটে যায়, তাহার প্রতি অব্শালোম্ এই রূপ ব্যবহার করে; এই প্রকারে অব্শালোম ইস্রায়েলের লোকদের মন হরণ করিল।

৭ অপর চল্লিশ বৎসর * অতীত হইলে অব্শালোম্ রাজাকে কহিল, আমি বিনয় করি, আমি পরমেশ্বরের উদ্দেশে এক মানত করিয়াছি, তাহা পালন ৮ করিতে অদ্য হিব্রোণে আমাকে যাইতে দিউন। যে সময়ে আপনকার দাস অরাম্ দেশস্থ গিশূরে বাস করিল, তৎকালে আমি এই মানত করিলাম, যদি পরমেশ্বর আমাকে যিরূশালমে ফিরিয়া আনেন, ৯ তবে আমি পরমেশ্বরের সেবা করিব। তাহাতে রাজা কহিল, কুশলে যাও; অতএব সে উঠিয়া হিব্রোণে প্রস্থান করিল।

১০ অব্শালোম্ ইস্রায়েল্ বংশের সর্ব্বত্র চর পাঠাইয়া কহিল, তোমরা তূরীর ধ্বনি শুনিবামাত্র, 'অব্শালোম্ হিব্রোণে রাজা হইল', এই কথা কহিবা। এবং ১১ যিরূশালমহইতে দুই শত নিমন্ত্রিত লোক অব্শালোমের সহিত গেল, তাহারা কিছুই অবগত না ১২ হইয়া মনের সরলতাতে গেল। পরে অব্শালোম্ বলিদান কালে দূত প্রেরণ করিয়া দায়ূদের মন্ত্রী গীলোনীয় অহীথোফল্কে গীলো নগরহইতে ডাকাইল, তাহাতে দৃঢ় রাজদ্রোহ হইল, ও অব্শালোমের পক্ষীয় লোক নিত্য ২ বৃদ্ধি পাইতে লাগিল।

১৩ পরে এক জন দায়ূদের নিকটে আসিয়া এই সংবাদ দিল, ইস্রায়েল্ লোকদের অন্তঃকরণ অব্শালোমের ১৪ পক্ষে হয়। তাহাতে দায়ূদ্ যিরূশালমস্থ আপন নিকটবর্ত্তি দাসদিগকে কহিল, আমরা উঠিয়া পলায়ন করি, নতুবা অব্শালোমের হস্তহইতে মুক্ত হইতে পারিব না; অতএব শীঘ্র করিয়া চল, নতুবা সে হঠাৎ আমাদের সঙ্গ ধরিয়া আমাদের বিপদ উপস্থিত ১৫ করিবে ও খড়্গের ধারে নগর বিনষ্ট করিবে। তাহাতে রাজার দাসগণ রাজাকে কহিল, দেখ, আমাদের প্রভু রাজা যাহা আজ্ঞা † করিতেছেন, তাহা করিতে আপন- ১৬ কার দাসেরা প্রস্তুত আছে। পরে রাজা ও তৎপশ্চাতে তাহার তাবৎ পরিজন প্রস্থান করিল; বাটী রক্ষার্থে ১৭ কেবল দশ উপপত্নীকে রাখিয়া গেল। অপর রাজা নির্গত হইলে তাবৎ লোক পশ্চাদ্গামী হইয়া দূরস্থ এক ১৮ স্থানে ‡ থাকিল। তাহার দাস সকল এবং কিরেথীয় ও পিলেথীয় ও গাতীয় সমস্ত লোক, অর্থাৎ গাৎহইতে দায়ূদের সহিত § আগত ছয় শত লোক রাজার অগ্রগামী হইয়া চলিল।

১৯ পরে রাজা গাতিয় ইত্তয়কে কহিল, তুমি কেন আমাদের সঙ্গে যাইতেছ? আপন স্থানে ফিরিয়া যাইয়া রাজার সহিত বাস কর, কেননা তুমি বিদেশীয় ২০ স্বদেশচ্যুত লোক। কল্য মাত্র আইলা, আমি কি

[১৫ অধ্য; ১] ১ রা ১; ৫ ॥—[৮] ২ শি ১৩; ৩৮। আ ২৮; ২০-২২ ॥—[১১] ১ শি ৯; ১২,১৩ ॥—[১২] ২ শি ১৬; ২৩। যি ১৫; ৫১ ॥—[১৬] গী ৩। ২ শি ১৬; ২১, ২২ ॥—[১৮] ৮; ১৮ ॥—[২০] শি ২৩; ৪৩॥

* (অর্থাৎ দায়ূদের অভিষেকের পরে)। † (ইব্রু) মনোনীত। ‡ (বা) বৈৎ-হম্মির্হকে। § (ইব্রু) পদে।

অদ্য আমাদের সহিত গেলে তোমাকে ভ্রমণ করাইব? আমি যে স্থানে যাইতে পারি, সেই স্থানে যাইব; তুমি ফিরিয়া যাও, এবং আপন ভ্রাতৃগণকেও লইয়া যাও; অনুগ্রহ ও সত্যতা তোমার সহবর্ত্তী হউক।
২১ তাহাতে ইত্তয় রাজাকে উত্তর করিল, পরমেশ্বরের অমরতা ও আপন প্রভু রাজার প্রাণের দিব্য করিয়া কহিতেছি, জীবনে বা মরণে আমার প্রভু রাজা যে স্থানে থাকিবেন, আপনকার দাসও সেই স্থানে অবশ্য
২২ থাকিবে। পরে দায়ূদ্ ইত্তয়কে কহিল,তুমি যাইয়া পার হও; তাহাতে গাতীয় ইত্তয় ও তাহার সমস্ত লোক ও
২৩ তাহার সঙ্গি সমস্ত বালক পার হইয়া গেল। পরে তাবৎ লোকের পার হইবার সময়ে দেশীয় তাবৎ লোক উচ্চৈঃস্বরে রোদন করিল, এবং রাজা অরণ্যের পথে কিদ্রোণ্ স্রোতস্বতী পার হইল, এবং তাবৎ লোকও পার হইল।

২৪ সাদোক্ ও ঈশ্বরের নিয়মসিন্দুক বহনকারি লেবীয় লোকেরাও তাহার সঙ্গী ছিল; এবং তাহারা ঈশ্বরের সিন্দুক নামাইলে, সমস্ত লোকের নগরের বাহিরে
২৫ আগমন পর্য্যন্ত অবিয়াথর্ আরোহণ করিল। পরে রাজা সাদোক্কে কহিল, তুমি ঈশ্বরের সিন্দুক নগরে ফিরিয়া লইয়া যাও; যদি পরমেশ্বরের দৃষ্টিতে আমি অনুগ্রহ পাই, তবে তিনি আমাকে পুনর্ব্বার আনিয়া
২৬ তাহা ও আপনার নিবাস দেখাইবেন। কিন্তু যদি তিনি কহেন, তোমাতে আমার কিছু তুষ্টি নাই, তবে দেখ, আমি উপস্থিত আছি, তাঁহার যাহা বোধ হয়, আমার
২৭ প্রতি তাহাই করুণ। পরে রাজা সাদোক্ যাজককে কহিল, দেখ, তুমি আপনাদের দুই পুত্রকে, অর্থাৎ তোমাদের পুত্র অহীমাস্ ও অবিয়াথরের পুত্র যোনা-
২৮ থন্কে লইয়া কুশলে নগরে ফিরিয়া যাও। দেখ, যে পর্য্যন্ত তোমার নিকটহইতে নিশ্চয় সমাচার না
২৯ আইসে, তাবৎ আমি অরণ্যের প্রান্তরে থাকিব। পরে সাদোক্ ও অবিয়াথর্ ঈশ্বরের সিন্দুক ফিরাইয়া যিরূশালমে লইয়া যাইয়া সেই স্থানে বিলম্ব করিল।

৩০ পরে দায়ূদ্ জিতবৃক্ষ পর্ব্বতের পথে আরোহণ করিল; সে ঊর্দ্ধগমন সময়ে ক্রন্দন করিতে ২ চলিল, তাহার মস্তক আচ্ছাদিত ছিল, ও তাহার পদ অনাচ্ছাদিত ছিল, এবং সঙ্গি লোকেরা প্রত্যেকে আপন ২ মস্তক আচ্ছাদন করিল, এবং ঊর্দ্ধগমন সময়ে রোদন করিতে ২ গেল।

৩১ অপর কেহ দায়ূদ্কে কহিল, অব্শালোমের রাজদ্রোহিদের মধ্যে অহীথোফল্ আছে; তাহাতে দায়ূদ্ কহিল, হে পরমেশ্বর, আমি বিনয় করি, অহীথোফলের মন্ত্রণাকে মূর্খতা কর।

৩২ দায়ূদ্ যে স্থানে ঈশ্বরের সেবা করিবে, পর্ব্বতের সেই চূড়াতে উপস্থিত হইলে অর্কীয় হূশয় ছিন্ন বস্ত্র পরিধান করিয়া মস্তকে ধূলা দিয়া দায়ূদের সহিত
৩৩ সাক্ষাৎ করিতে আইল। তাহাতে দায়ূদ্ তাহাকে কহিল, তুমি যদি আমার সহিত গমন কর, তবে আমাকে ভার-
৩৪ গ্রস্ত করিবা। কিন্তু তুমি নগরে ফিরিয়া যাইয়া, হে রাজন্, আমি আপনকার দাস হইব, পূর্ব্বে যেমন তোমার পিতার দাস ছিলাম, তদ্রূপ আপনকার দাস হইব, এই কথা যদি অব্শালোম্কে কহ, তবে তুমি আমার প্রতি অহীথোফলের মন্ত্রণা ব্যর্থ করিতে পা-
৩৫ রিবা। সে স্থানে সাদোক্ ও অবিয়াথর্ যাজক কি তোমার সহিত থাকিবে না? অতএব তুমি রাজবাটীতে যে কোন কথা শুনিবা, তাহা সাদোক্ ও অবিয়াথর্
৩৬ যাজককে কহিবা। এবং দেখ,সে স্থানে তাহাদের সহিত তাহাদের দুই পুত্র, অর্থাৎ সাদোকের পুত্র অহীমাস্ ও অবিয়াথরের পুত্র যোনাথন্ আছে; তোমরা যে কোন কথা শুনিবা, তাহাদের দ্বারা আমার নিকটে পাঠাইয়া
৩৭ দিবা। তাহাতে অব্শালোমের যিরূশালমে প্রবেশ করণ সময়ে দায়ূদের বন্ধু হূশয়ও নগরে আইল।

১৬ অধ্যায়।

১ ওপঢৌকন ও মিথ্যা অপবাদদ্বারা সীবের আপন কর্ত্তার অধিকার প্রাপ্তি ৫ ও দায়ূদকে শিমিয়ির শাপ দেওন ৯ ও দায়ূদের সহিষ্ণুতা ১৫ ও অব্শালোমের সহিত হূশয়ের কথোপকথন ২০ ও অহীথোফলের মন্ত্রণা।

১ পরে পর্ব্বতশৃঙ্গ কিঞ্চিৎ পশ্চাৎ করিলে পর মিফীবোশতের দাস সীবঃ সজ্জান্বিত দুই গর্দ্দভের উপরে দুই শত রুটী ও এক শত থলুয়া শুষ্ক দ্রাক্ষাফল ও এক শত থলুয়া ডুম্বুর ও এক কুপা দ্রাক্ষারস সঙ্গে লইয়া তাহার
২ সহিত মিলিল। পরে রাজা সীবকে কহিল, ইহাতে তোমার অভিপ্রায় কি? তাহাতে সীবঃ কহিল, গর্দ্দভগণ রাজপরিজন বহনার্থে, এবং রুটী ও ডুম্বুরফল যুবদের আহারার্থে, এবং দ্রাক্ষারস অরণ্যে ক্লান্ত লোকদের
৩ পানার্থে হইবে। পরে রাজা কহিল, তোমার কর্ত্তার পুত্র কোথায়? সীবঃ রাজাকে কহিল, 'ইস্রায়েল্ বংশ অদ্য আমার পৈতৃক রাজ্য আমাকে ফিরিয়া দিবে,'
৪ এই কথা কহিয়া সে যিরূশালমে থাকে। তাহাতে রাজা সীবকে কহিল, মিফীবোশতের তাবৎ অধিকারই তোমার; সীবঃ কহিল, হে আমার প্রভো রাজন্, প্রণাম পূর্ব্বক বিনয় করি, যেন আমি আপনকার দৃষ্টিতে অনুগ্রহ পাই।

৫ পরে দায়ূদ্ বহুরীমে উপস্থিত হইলে শৌল বংশের পরিজন গেরার পুত্র শিমিয়ি নামে এক ব্যক্তি বাহিরে
৬ নির্গত হইয়া আসিতে ২ শাপ দিল। এবং দায়ূদের

---

[২১] রূ ১; ১৬, ১৭। হি ১৭; ১৭॥—[২৩] যো ১৮; ১॥—[২৫] গী ৩। গী ১৪; ৮॥—[২৬] ১ শি ৩; ১৮॥ [২৭] প ৩৬॥—[২৮] ২ শি ১৭; ১৬॥—[৩০] ১৯; ৪। যির ১৪; ৩, ৪॥—[৩১] গী ৪১; ৯। ৫৫; ১২-১৪। ২ শি ১৬; ২৩। ১৭; ১৪, ২৩॥—[৩২] ১; ২॥—[৩৪] ১৬; ১৬-১৯। ১৭; ৭-১৪॥—[৩৫,৩৬] প ২৭; [১৬ অধ্যা; ১] ২ শি ১৫; ৩২। ৯; ২॥—[৩] ১৯; ২৪-২৭॥—[৪] ১৯; ২৯, ৩০॥

ও দায়ূদ্ রাজের সমস্ত দাসগণের প্রতি অর্থাৎ তাহার দক্ষিণে ও বামে স্থিত লোকদের ও বীরদের প্রতি ৭ প্রস্তর নিক্ষেপ করিল। শিমিয়ি শাপ দিতে ২ কহিল, হে রক্তপাতি মনুষ্য, হে দুষ্ট লোক, তুমি দূর হও, দূর ৮ হও। তুমি যাহার পদে রাজ্য করিয়াছ, সেই শৌল বংশের তাবৎ রক্তপাতের প্রতিফল পরমেশ্বর তোমাকে দিতেছেন, এবং পরমেশ্বর তোমার পুত্র অব্শালোমের হস্তে রাজ্য সমর্পণ করিলেন; তুমি রক্তপাতি লোক প্রযুক্ত বিপদ্‌গ্রস্ত হইয়াছ।

৯ তাহাতে সিরুয়ার পুত্র অবীশয় রাজাকে কহিল, এই মৃত কুক্কুর কেন আমার প্রভু রাজাকে শাপ দেয়? আমি বিনয় করি, তাহার মস্তক ছেদন করিতে পার ১০ হইয়া যাইতে আমাকে অনুমতি দিউন্। রাজা কহিল,হে সিরুয়ার পুত্রগণ, তোমাদের সহিত আমার সম্পর্ক কি? দায়ূদ্‌কে শাপ দেও, ইহা পরমেশ্বর তাহাকে কহাতে সে শাপ দিউক; তাহাতে তুমি কেন শাপ দিতেছ? এ ১১ কথা তাহাকে কে কহিবে? এবং দায়ূদ্ অবীশয়কে ও আপনার সমস্ত দাসকে কহিল, দেখ, আমার শরীর-হইতে নির্গত পুত্র আমার প্রাণ অন্বেষণ করিতেছে, তবে এই বিন্য়ামীনীয় লোক কতোধিক করিবে! তাহাকে থাকিতে দেও; সে শাপ দিউক, কেননা পরমেশ্বর তা- ১২ হাকে আজ্ঞা দিলেন। হইতে পারে, পরমেশ্বর আমার অশ্রুপাতের প্রতি দৃষ্টি করিবেন,ও অদ্যকার তাহার দত্ত শাপের পরিবর্ত্তে পরমেশ্বর আমার মঙ্গল করিবেন।

১৩ পরে দায়ূদ্ ও তাহার লোকেরা পথ দিয়া যাইতেছিল, ইতিমধ্যে ঐ শিমিয়ি তাহার অভিমুখ পর্ব্বতের পার্শ্ব দিয়া চলিল, এবং চলিতে ২ তাহাকে শাপ দিতে লাগিল, এবং তাহার প্রতি প্রস্তর নিক্ষেপ করিল ও ধূলাতে ১৪ তাহাকে আচ্ছন্ন করিল। পরে রাজা ও তাহার সঙ্গি লোকেরা শ্রান্ত হইয়া সেই স্থানে বিশ্রাম করিল।

১৫ পরে অব্শালোম্ ও তাহার সঙ্গি অহীথোফল্ ও ইস্রায়েল্ বংশীয় লোক সকল যিরুশালমে প্রবেশ করিল।

১৬ পরে দায়ূদের বন্ধু অর্কীয় হূশয় অব্শালোমের নিকটে আইল, এবং হূশয় অব্শালোমকে কহিল, রাজা চির- ১৭ জীবী হউন, রাজা চিরজীবী হউন। তাহাতে অব্শালোম্ হূশয়কে কহিল, তোমার মিত্রের প্রতি কি তোমার এই প্রীতি? তুমি আপন মিত্রের সহিত কেন গমন করিলা না? ১৮ হূশয় অব্শালোম্‌কে কহিল, তাহা নয়; পরমেশ্বর এবং এই লোকেরা ও ইস্রায়েলের সমস্ত বংশ যাহাকে মনোনীত করেন, আমি তাহার হই, ও তাহার সহিত থাকি। ১৯ আমি আর কাহার সাক্ষাতে সেবা করিব? তাহার পুত্রের সাক্ষাতে কি নয়? যেমন পিতার সাক্ষাতে সেবা করিয়াছি, তদ্রূপ আপনকার সাক্ষাতেও সেবা করিব।

২০ পরে অব্শালোম্ অহীথোফল্‌কে কহিল, এখন আমাদের কি কর্ত্তব্য? তদ্বিষয়ে তোমরা পরস্পর ২১ মন্ত্রণা দেও। পরে অহীথোফল্ অব্শালোম্‌কে কহিল, তোমার পিতা আপন বাটী রক্ষার্থে যে উপপত্নী-দিগকে রাখিয়া গিয়াছে, তুমি তাহাদিগেতে উপগত হও, এবং আপনি যে আপন পিতৃকর্ত্তৃক ঘৃণিত হইলা, ইহা সমস্ত ইস্রায়েল্ লোক শুনিলে তোমার সঙ্গি সমস্ত ২২ লোক * সবল হইবে। পরে লোকেরা অব্শালোমের নিমিত্তে প্রাসাদের পৃষ্ঠে তাম্বু স্থাপন করিলে অব্শা-লোম্ সমস্ত ইস্রায়েল্ লোকের সাক্ষাতে আপন ২৩ পিতার উপপত্নীদিগেতে উপগত হইল। ঐ সময়ে অহীথোফলের দত্ত মন্ত্রণা পরমেশ্বরের উপদিষ্ট † মন্ত্রণার ন্যায় ছিল; এবং দায়ূদের ও অব্শালোমের প্রতি অহীথোফলের সকল মন্ত্রণা এই রূপ ছিল।

১৭ অধ্যায়।

১ অহীথোফলের মন্ত্রণার বিরুদ্ধে হূশয়ের মন্ত্রণা ১৫ ও মন্ত্রণার বিষয়ে দায়ূদ্‌কে সম্বাদ দেওন ২৩ ও অহীথোফলের আপনাকে উদ্বন্ধন করন ২৪ ও দায়ূদের পার হওন ও অব্শালোমের অমাসাকে সেনাপতি করন ২৭ ও মহনয়িম্ নগরে দায়ূদের খাদ্য পাওন।

১ অহীথোফল্ অব্শালোম্‌কে আরও কহিল, এখন তুমি আমাকে দ্বাদশ সহস্র মনোনীত লোককে দেও, আমি অদ্য রাত্রিতে উঠিয়া দায়ূদের পশ্চাৎ ধাবমান হই। ২ এবং তাহার শ্রান্তি ও দুর্ব্বলতার সময়ে তাহার প্রতি আক্রমণ করিয়া তাহাকে ভয় দেখাই; তাহাতে তাহার সঙ্গি সমস্ত লোক পলাইলে; আমি কেবল রাজাকে ৩ আঘাত করিব। পরে তোমার নিকটে সমস্ত লোকদিগকে ফিরাইয়া আনিব; তুমি যাহাকে অন্বেষণ করিতেছ, তাহার আনয়ন সকলের আনয়নের সমান; তাহাতে সমস্ত ৪ লোক শান্ত হইবে। তখন এই মন্ত্রণা অব্শালোমের ও ইস্রায়েলের তাবৎ প্রাচীনদের তুষ্টিকর ‡ হইল। তথা- ৫ পি অব্শালোম্ কহিল, এখন অর্কীয় হূশয়কে ডাক; ৬ সে কি কহে, তাহা শুনি। পরে হূশয় অব্শালোমের নিকটে আইলে অব্শালোম্ তাহাকে জিজ্ঞাসিল, অহী-থোফল্ এই রূপ মন্ত্রণা কহিতেছে,এখন তাহার মন্ত্রণা-নুসারে § করিব, কি না? তাহা তুমি কহ। ৭ তাহাতে হূশয় অব্শালোম্‌কে কহিল,অহীথোফল্ যাহা করিতে মন্ত্রণা ৮ করিল, তাহা এখন কর্ত্তব্য নয়। হূশয় আরও কহিল,তুমি আপন পিতাকে ও তাহার লোকদিগকে জান, তাহারা পরাক্রমি লোক এবং ক্ষেত্রে হৃতবৎস ভল্লূকের ন্যায় মনেতে ক্ষুব্ধ ||, এবং তোমার পিতা বড় যোদ্ধা; সে লো- ৯ কদের সহিত রাত্রি যাপন করিবে না। দেখ, সে কোন এক গর্ত্তে কিম্বা অন্য স্থানে লুক্কায়িত আছে; প্রথমে

[৯] যা ২২; ২৮ ॥—[১০-১২] ১ পি ২; ২৩ ॥—[১০] ২ শি ১৯; ২২ ॥—[১১] ১৯; ১৮-২৩। ১ রা ২; ৩৬-৪৬ ॥
[১৫] ২ শি ১৫; ৩৭ ॥—[১৭-১৯] ১৫; ৩৪ ॥—[২১] ১৫; ১৬ ॥—[২২] ১২; ১১, ১২ ॥
[১৭ অধ্য; ২] ২ শি ১৮; ৩ ॥—[৭] ১৫; ৩৪ ॥

 * (ইব) লোকদের হস্ত। † (ইব্রু) জিজ্ঞাসিত। ‡ (ইব্রু) দৃষ্টিতে উচিত। § (ইব্রু) কথানুসারে। || (ইব্রু) তিক্তমনা।

যদি তোমার লোকদের কেহ হত হয়, তবে অব্শালোমের পশ্চাদ্গামি লোকদের মধ্যে সংহার হইতেছে, ১০ ইহা শ্রোতারা কহিলে সিংহের ন্যায় হৃদয়বিশিষ্ট যে বীর্য্যবান ব্যক্তি, সেও একান্ত গলিয়া যাইবে; আর তোমার পিতা বলবান ও তাহার সঙ্গি লোকেরাও বীর্য্যবান, ইহা সমস্ত ইস্রায়েল্ বংশ জ্ঞাত আছে। ১১ অতএব আমি এই মন্ত্রণা দি; দান্ অবধি বের্শেবা পর্য্যন্ত সমুদ্রতীরস্থ অসংখ্য বালির ন্যায় তাবৎ ইস্রায়েল্ লোক তোমার নিকটে একত্র হউক, এবং তুমি স্বয়ং * ১২ যুদ্ধে গমন কর। তাহাতে যে কোন স্থানে তাহাকে পাওয়া যায়, সেই স্থানে আমরা যাইয়া আক্রমণ করিয়া ভূমিতে শিশির পতনের ন্যায় তাহার উপরে পড়িব; তাহাতে সে ও তাহার সহবর্ত্তি লোকদের মধ্যে একও অবশিষ্ট ১৩ থাকিবে না। আর যদ্যপি সে কোন নগরে আশ্রয় লয়, তবে সমস্ত ইস্রায়েল্ লোক সেই নগরের নিকটে রজ্জু আনিয়া, যাবৎ তাহার মধ্যে এক কঙ্করও না থাকে, ১৪ তাবৎ তাহা টানিয়া নদীতে নিক্ষেপ করিবে। পরে অব্শালোম্ ও ইস্রায়েলের সমস্ত লোক কহিল, অহীথোফলের মন্ত্রণা অপেক্ষা অর্কীয় হূশয়ের মন্ত্রণা উত্তম; কেননা পরমেশ্বর অব্শালোমের প্রতি অমঙ্গল ঘটাইতে অহীথোফলের উত্তম মন্ত্রণা নিরর্থক † করাইলেন।

১৫ পরে হূশয় সাদোক্ ও অবিয়াথর্ যাজকদিগকে কহিল, অহীথোফল্ অব্শালোম্কে ও ইস্রায়েলের প্রাচীনগণকে ঐ মন্ত্রণা দিল, কিন্তু আমি এই মন্ত্রণা ১৬ দিলাম। অতএব তোমরা শীঘ্র দায়ূদের কাছে লোক পাঠাইয়া তাহাকে কহ, তুমি অদ্য অরণ্যের প্রান্তরে রাত্রি যাপন করিও না, শীঘ্র পার হইয়া যাও; নতুবা রাজা ও তাহার সঙ্গি লোকেরা বিপদগ্রস্ত হইবে। ১৭ যোনাথন্ ও অহীমাস্ নগরে প্রবেশ করিবার সময়ে যেন দৃষ্ট না হয়, এই জন্যে তাহারা ঐন্ রোগেলে ‡ থাকিল, তাহাতে এক বালিকা যাইয়া তাহাদিগকে সম্বাদ দিলে তাহারা যাইয়া দায়ূদ্ রাজকে সম্বাদ দিতে উদ্যত ১৮ হইল। তথাচ এক বালক তাহাদিগকে দেখিয়া অব্শালোম্কে সম্বাদ দিল; কিন্তু তাহারা দুই জন শীঘ্র যাইয়া বহূরীমের প্রাঙ্গণস্থ কূপবিশিষ্ট এক লোকের ১৯ বাটীতে উপস্থিত হইয়া কূপের মধ্যে নামিল। পরে ঐ গৃহের স্ত্রী কূপের মুখে এক আচ্ছাদন বিস্তীর্ণ করিয়া তাহার উপরে মর্দ্দিত শস্য বিস্তৃত করিল, তাহাতে কেহ ২০ জানিল না। পরে অব্শালোমের দাসগণ সেই স্ত্রীর গৃহে যাইয়া কহিল, অহীমাস্ ও যোনাথন্ কোথায়? সে স্ত্রী তাহাদিগকে কহিল, তাহারা জলস্রোত পার হইয়া গেল; পরে তাহারা অন্বেষণ করিয়া তাহাদের উদ্দেশ না পাইলে যিরূশালমে ফিরিয়া গেল। ২১ অপর রাজদাসেরা গেলে পর তাহারা কূপহইতে উঠিয়া গিয়া দায়ূদ্ রাজকে সম্বাদ দিয়া কহিল, অহীথোফল্ আপনকার বিরুদ্ধে এমত মন্ত্রণা দিল, অতএব উঠ, শীঘ্র নদী পার হও। ২২ তাহাতে দায়ূদ্ ও তাহার সঙ্গি লোকেরা উঠিয়া যর্দ্দন্ নদী পার হইল; প্রভাতে যর্দ্দন্ নদী পার হইতে তাহাদের এক জনও অবশিষ্ট থাকিল না।

২৩ অপর আপন মন্ত্রণা অগ্রাহ্য হইল, ইহা দেখিয়া অহীথোফল্ আপন গর্দ্দভ সাজাইয়া আরোহণ করিয়া আপন নগরের গৃহে গেল, এবং গৃহের সর্ব্বস্বের বিষয়ে আজ্ঞা দিয়া আপনি উদ্বন্ধনেতে মরিয়া আপন পৈতৃককবরে কবরপ্রাপ্ত হইল।

২৪ পরে দায়ূদ্ মহনয়িমে উপস্থিত হইলে সমস্ত ইস্রায়েল্ লোকের সহিত অব্শালোম্ যর্দ্দন্ নদী পার হইল। ২৫ এবং অব্শালোম্ যোয়াবের পদে অমাসাকে প্রধান সেনাপতি করিল; ঐ অমাসা যোয়াবের মাতা সিরূয়ার ভগিনী নাহশের কন্যা অবীগয়িলেতে উপগত যিত্রো নামে এক ইস্রায়েল ‖ লোকের পুত্র ছিল; ২৬ পরে অব্শালোম্ ও ইস্রায়েল্ বংশ গিলিয়দ্ দেশে শিবির স্থাপন করিল।

২৭ অপর দায়ূদ্ মহনয়িমে উপস্থিত হইলে লোকেরা অরণ্যে ক্ষুধিত ও পিপাসিত ও শ্রান্ত আছে, ইহা কহিয়া অম্মোন্ বংশের রব্বাস্থিত নাহশের পুত্র শোবি, ও লোদিবারস্থ অম্মীয়েলের পুত্র মাখীর্, ২৮ এবং রোগিলীমস্থ গিলিয়দীয় বর্সিল্লয়, দায়ূদের ও তাহার সঙ্গি লোকদের ভোজনার্থে গোম ও যব ও সুজি ও ভাজাশস্য ও শিম ও মসূর ও ভাজা কলাই ২৯ ও মধু ও মাখন এবং মেষ ও গো ও পনীর, এবং শয্যা ও পানপাত্র ও মৃৎপাত্র আনিল।

১৮ অধ্যায়।

১ দায়ূদের সৈন্যগণকে প্রেরণ করণ ৬ ও ইস্রায়েল্ লোকদের পরাস্ত হওন ৯ ও অব্শালোমের হত হওন ১৮ ও অব্শালোমের স্তম্ভের কথা ১৯ ও দায়ূদ্কে অব্শালোমের মৃত্যু সম্বাদ দেওন ৩৩ ও দায়ূদের বিলাপ।

১ পরে দায়ূদ্ আপন সঙ্গি লোকদিগকে গণনা করিয়া তাহাদের উপরে সহস্রপতি ও শতপতি নিযুক্ত করিল। ২ এবং দায়ূদ্ যোয়াবের হস্তে লোকদের তৃতীয়াংশ, ও যোয়াবের ভ্রাতা সিরূয়ার পুত্র অবীশয়ের হস্তে তৃতীয়াংশ, এবং গাত্তীয় ইত্তয়ের হস্তে তৃতীয়াংশ সমর্পণ করিয়া প্রেরণ করিল; এবং রাজা লোকদিগকে কহিল, আমিও অবশ্য তোমাদের সঙ্গে বাহির হইয়া যাইব।

[১৪] ২ শি ১৫; ৩১, ৩৪ ॥—[১৫] ১৫; ৩৫ ॥—[১৬] ১৫; ২৮ ॥—[১৭] ১৫; ২৭, ৩৬। যি ১৫; ৭ ॥—[১৮] ১৬; ৫ ॥—[১৯, ২০] যি ২; ৩-৭ ॥—[২১] ২ শি ১৫; ১৬ ॥—[২৩] প ১৪। ম ২৭; ৫ ॥—[২৪] যি ৩২; ১৬ ॥—[২৫] ১ বং ২; ১৬, ১৭ ॥—[২৭] ২ শি ৯; ৪। ১০; ২ ॥—[২৯] ১৬; ১, ২ ॥

[১৮ অধ্য; ২] ২ শি ১০; ৯, ১০। ১৫; ১৯॥

* (ইব্রী) তোমার মুখ। † (ইব্রী) ভাঙ্গিতে আজ্ঞা দিলেন। ‡ (অর্থাৎ) রজকের কুনুই। ‖ (বা) ইস্মায়েল্॥

৩ লোকেরা কহিল, তুমি বাহির হইয়া যাইও না; কেননা যদি আমরা পলাই, তবে তাহারা তাহা লাভ জ্ঞান করিবে না *, এবং আমাদের অর্দ্ধেলোক মরিলেও তাহারা লাভ জ্ঞান করিবে না *; কিন্তু আমাদের দশ সহস্রের সমান তোমাকে জ্ঞান করিবে; অতএব আমা- ৪ দের উপকার করিতে নগরে থাকা তোমার ভাল। তাহাতে রাজা কহিল, তোমরা যাহা ভাল বুঝ, তাহাই করিব; পরে রাজা দ্বারপার্শ্বে দাঁড়াইলে লোক সকল ৫ শত ২ ও সহস্র ২ দল হইয়া বহির্গমন করিল। তখন রাজা যোয়াব্‌কে ও অবীশয়কে ও ইত্তয়কে কহিল, তোমরা আমার অনুরোধে সেই যুব অব্‌শালোমের প্রতি কোমল ব্যবহার কর; অব্‌শালোমের বিষয়ে সমস্ত সেনাপতিকে রাজার এই আজ্ঞা দেওন সময়ে তাহা সকল লোকই শুনিল।

৬ পরে লোকেরা ইস্রায়েল্ বংশের প্রতিকূলে রণস্থলে বাহির হইয়া গেলে ইফ্রয়িম্ লোকদের অরণ্যে যুদ্ধ ৭ হইল। সে স্থানে ইস্রায়েল্ লোকেরা দায়ূদের দাসদের সম্মুখে পরাস্ত হইলে সে দিবসে মহাসংহারেতে ৮ তাহাদের বিংশতি সহস্র লোক হত হইল। কেননা সেই দেশের সর্ব্বত্র লোক বিস্তারিত হইয়া যুদ্ধ করিল; তাহাতে খড়্গদ্বারা যত লোক বিনষ্ট হইল, তদপেক্ষা সেই দিনে বনবৃক্ষদ্বারা অধিক লোক বিনষ্ট হইল।

৯ অপর অব্‌শালোম্ দায়ূদের দাসদের সহিত সাক্ষাৎ করিল; অব্‌শালোম্ এক খচরারোহণে ছিল, তাহাতে এক বড় এলা বৃক্ষের শাখার নীচে দিয়া ঐ খচরের গমন সময়ে এলা বৃক্ষের শাখাতে অব্‌শালোমের মস্তক বদ্ধ হইলে তাহার নীচস্থ খচর প্রস্থান করাতে ১০ সে আকাশ ও পৃথিবীর মধ্যে ঝুলিতে লাগিল। পরে এক লোক তাহা দেখিয়া যোয়াব্‌কে কহিল, আমি অব্‌শালোম্‌কে এক এলা বৃক্ষে উদ্বদ্ধ দেখিলাম। ১১ যোয়াব্ কহিল, তুমি যদি এমত দেখিলা, তবে কেন তাহাকে সে স্থানে ভূমির সহিত গাঁথিলা না? তাহা করিলে আমি তোমাকে দশ শেকল্ রূপা ও এক কটি- ১২ বন্ধ দিতাম। পরে সে পুরুষ যোয়াব্‌কে কহিল, আমি যদ্যপি সহস্র শেকল্ রূপা হাতে পাইতাম †, তথাপি সেই রাজপুত্রের প্রতিকূলে হস্ত বিস্তার করিতাম না; কেননা রাজা আমাদের কর্ণগোচরে তোমাকে ও অবীশয়কে ও ইত্তয়কে এই আজ্ঞা দিল, তোমরা প্রত্যেক জন অব্‌শালোমের বিষয়ে সাবধান হও। ১৩ তাহা করিলে আমি আপন প্রাণের বিপরীত কর্ম্ম করিতাম, কেননা রাজাহইতে কোন কর্ম্ম গুপ্ত থাকে ১৪ না; এবং তুমিও আমার প্রতিকূল হইতা। তাহাতে যোয়াব্ কহিল, তোমার সম্মুখে বিলম্ব করিতে পারি না; পরে সে হস্তে তিন শল্য লইয়া নিক্ষেপ করিয়া অব্‌শালোমের হৃদয় বিদ্ধ করিল। কিন্তু এলা বৃক্ষের ১৫ মধ্যে অব্‌শালোমের জীবৎ থাকাতে যোয়াবের অস্ত্রবাহক দশ যুব লোক অব্‌শালোম্‌কে বেষ্টন করিয়া ১৬ প্রহার করিয়া তাহাকে বধ করিল। পরে যোয়াব্ তূরী বাজাইয়া লোকদিগকে যাইতে বারণ করিলে লোকেরা ইস্রায়েল্ বংশের পশ্চাদ্গমনহইতে ফিরিল। ১৭ আর তাহারা অব্‌শালোম্‌কে লইয়া অরণ্যস্থ এক বৃহৎ খাতে ফেলিয়া তাহার উপরে প্রস্তরের রাশি করিল, এবংসমস্ত ইস্রায়েল্ লোক আপন ২ বাসস্থানে পলায়ন করিল।

১৮ অব্‌শালোম্ জীবৎ সময়ে আপনার জন্যে রাজার তলভূমিতে এক স্তম্ভ স্থাপন করিয়াছিল, কেননা সে কহিল, আমার নাম রাখিতে আমার পুত্র নাই; এই জন্যে সে আপন নামানুসারে ঐ স্তম্ভের নাম রাখিল; তাহাতে তাহা অদ্য পর্য্যন্ত অব্‌শালোমের স্তম্ভ বলিয়া বিখ্যাত আছে।

১৯ অপর সাদোকের পুত্র অহীমাস্ কহিল, এখন পরমেশ্বর কি রূপে রাজার শত্রুগণকে দণ্ড দিয়াছেন, ইহার সুসমাচার রাজাকে দিতে আমাকে শীঘ্র যাইতে দেও। ২০ তাহাতে যোয়াব্ তাহাকে কহিল, অদ্য তুমি সুসমাচারদায়ক হইবা না, অন্য দিবসে সুসমাচার দিবা; রাজপুত্র মরিয়াছে, এই প্রযুক্ত অদ্য তুমি কোন সমাচার তাহাকে ২১ দিবা না। পরে যোয়াব্ কূশিকে কহিল, তুমি যাহা দেখিলা, যাইয়া তাহা রাজাকে কহ; তাহাতে কূশি ২২ যোয়াব্‌কে প্রণাম করিয়া দৌড়িল। পরে সাদোকের পুত্র অহীমাস আরবার যোয়াব্‌কে কহিল, যাহা হউক, আমি তোমাকে বিনয় করি, আমাকে কূশির পশ্চাৎ দৌড়িতে দেও; তাহাতে যোয়াব্ কহিল, হে বৎস, তোমার দেয় কোন সমাচার না থাকাতে তুমি কেন দৌড়িবা? যাহা হউক, আমাকে দৌড়িতে দেও, ইহা কহিলে সে ২৩ কহিল, দৌড়। তাহাতে অহীমাস্ প্রান্তরের পথ দিয়া ২৪ দৌড়িয়া কূশির অগ্রে গমন করিল। তখন দায়ূদ্ দুই দ্বারের মধ্যবর্ত্তি স্থানে বসিয়াছিল, এমত সময়ে প্রহরী দ্বারোপরিস্থ ছাতের উপরে গমনাগমন করিয়া ভিত্তির নিকটে থাকিয়া চক্ষু তুলিয়া দেখিল, এক জন একা দৌ- ২৫ ড়িয়া আসিতেছে। পরে প্রহরী রাজাকে ডাকিয়া তাহা কহিলে রাজা কহিল, সে যদি একা হয়, তবে তাহার ২৬ কাছে সুসমাচার আছে। অপর সে আসিতে আসিতে নিকটবর্ত্তী হইলে, প্রহরী আর এক জনকে দৌড়িয়া আসিতে দেখিয়া দ্বারিকে ডাকিয়া কহিল, দেখ, আর এক জন একা দৌড়িয়া আসিতেছে; তাহাতে রাজা কহিল, ২৭ সেও সুসমাচার আনিতেছে। পরে প্রহরী কহিল, অগ্রগামি ব্যক্তির দৌড়ন সাদোকের পুত্র অহীমাসের দৌড়ন বোধ হয়; রাজা কহিল, সে উত্তম লোক, মঙ্গল সমাচার

[৩] ২ শি ১৭; ২, ৩।—[৫] প ১২।—[৬] বি ১২; ১-৫।—[১২] প ৫।—[১৭] যি ৭; ২৬।—[১৮] আ ১৪; ১৭। ২ শি ১৪; ২৭।—[২৪] ২ রা ৯; ১৭।

* (ইব্রী) আমাদের উপরে মন রাখিবে না। † (ইব্রী) তৌল করিতাম।

২৮ লইয়া আসিতেছে। তখন অহীমাস্ রাজাকে উচ্চৈঃস্বরে কহিল, তোমার মঙ্গল হউক; এবং সে ভূমিতে উবুড় হইয়া পড়িয়া রাজাকে কহিল, তোমার প্রভু যে পরমেশ্বর আমার প্রভু রাজার বিরুদ্ধে হস্ত বিস্তারকারি-
২৯ দিগকে সমর্পণ করিলেন, তিনি ধন্য। পরে রাজা জিজ্ঞাসিল, যুব পুরুষ অব্শালোম্ কি কুশলে আছে? তাহাতে অহীমাস্ কহিল, যোয়াব্ মহারাজের দাসকে ও আমাকে * পাঠাইলে বড় কলহ হইল, ইহা দেখিলাম, কিন্তু কি হইল, তাহা জানিলাম না। পরে
৩০ রাজা কহিল, যাইয়া এই স্থানে এক পার্শ্বে দাঁড়াও;
৩১ তাহাতে সে এক পার্শ্বে যাইয়া দাঁড়াইলে কূশি আসিয়া কহিল, হে আমার প্রভো রাজন্, সুসমাচার; পরমেশ্বর অদ্য আপনকার প্রতিকূলে উত্থিত সকলের
৩২ দণ্ড করিয়াছেন। রাজা কূশিকে জিজ্ঞাসিল, যুব পুরুষ অব্শালোম্ কি কুশলে আছে? তাহাতে কূশি কহিল, আমার প্রভু রাজার শত্রুগণ ও যাহারা আপনকার অমঙ্গলার্থে আপনকার বিরুদ্ধে উঠে, তাহারা সকলে সেই যুব পুরুষের মত হউক।

৩৩ তাহাতে রাজা অতি ব্যাকুল হইয়া দ্বারোপরিস্থ কুঠরীতে যাইয়া রোদন করিল, এবং গমন করিতে ২ কহিল, হায়! আমার পুত্র অব্শালোম্; হায়! আমার পুত্র, আমার পুত্র অব্শালোম্; যদি তোমার পরিবর্ত্তে আমি মরিতাম; হায়! অব্শালোম্; হায়! আমার পুত্র, আমার পুত্র।

১৯ অধ্যায়।

১ দায়ূদ্কে শোক করিতে যোয়াবের নিবারণ করণ ৯ ও রাজাকে পুনর্ব্বার আনিতে ইস্রায়েল্ লোকের যত্ন করণ ১১ ও যিহূদা বংশের মনে প্রবৃত্তি দিতে যাজকগণকে প্রেরণ করণ ১৬ ও শিমিয়ির দোষ ক্ষমা করণ ২৪ ও মিফীবোশতের কথা ৩১ ও বর্সিল্লয়কে বিদায় করণ ও তাহার পুত্র কিম্হম্কে আপন নিকটে রাখন ৪১ ও রাজার বিষয়ে যিহূদা ও ইস্রায়েল্ বংশের বিবাদ।

১ পরে কেহ যোয়াব্কে কহিল, দেখ, রাজা অব্শা-
২ লোমের জন্যে রোদন ও শোক করিতেছে। রাজা আপন পুত্রের বিষয়ে শোকান্বিত হইতেছে, ইহা লোকেরা সে দিবসে শুনিলে সে দিবসের জয় পরাজয় †
৩ তুল্য হইল। এবং লোকেরা রণস্থলহইতে পলায়ন সময়ে যেমন লজ্জিত হইয়া চোরের ন্যায় যায়, তদ্রূপ লোকেরা ঐ দিবসে চোরের ন্যায় নগরে
৪ প্রবেশ করিল। তাহাতে রাজা আপন মুখ আচ্ছাদন করিয়া, হায়! আমার পুত্র অব্শালোম্; হায়! আমার পুত্র অব্শালোম্; হায়! আমার পুত্র, ইহা উচ্চৈঃ-
৫ স্বরে কহিল। পরে যোয়াব্ বাটীর মধ্যে রাজার নিকটে আসিয়া কহিল, তুমি আপন শত্রুগণকে প্রেম করিয়া আপন পক্ষীয় লোকদিগকে ঘৃণা করাতে আপনার প্রাণ ও পুত্রদের ও কন্যাদের প্রাণ ও ভার্য্যাদের প্রাণ ও উপপত্নীদের প্রাণ রক্ষাকারি আপন দাসগণকে অধো-
৬ বদন করিলা; এবং তুমি অধ্যক্ষগণকে ও দাসগণকে প্রেম কর না, ইহা অদ্য প্রকাশ করিলা; কেননা অদ্য আমি দেখিতে পাই, যদি অব্শালোম্ বাঁচিত ও আমরা সকলে মরিতাম, তবে তুমি তাহা ভাল বাসিতা।
৭ অতএব তুমি এখন উঠিয়া বাহিরে যাইয়া আপন দাসদের সহিত সান্ত্বনার কথা কহ; আমি পরমেশ্বরের নামে দিব্য করিতেছি, যদি তুমি বাহিরে না যাও, তবে এই রাত্রি তোমার সহিত এক জনও থাকিবে না, এবং তোমার যৌবনাবস্থাবধি এখন পর্য্যন্ত যে অমঙ্গল তোমাতে ঘটিয়াছে, সে সকলহইতেও তোমার এই অম-
৮ ঙ্গল অধিক হইবে। তাহাতে রাজা উঠিয়া দ্বারে বসিলে তাহারা সমস্ত লোককে কহিল, দেখ, রাজা দ্বারে বসিয়া আছেন; তাহাতে তাবল্লোক রাজার সম্মুখে আইল, কিন্তু ইস্রায়েল্ লোক প্রত্যেকে আপন ২ বাসস্থানে পলায়ন করিয়াছিল।

৯ পরে ইস্রায়েলের তাবৎ বংশের লোকেরা কলহ করিয়া এই কথা কহিল, পূর্ব্বে রাজা শত্রুগণের হস্তহইতে আমাদিগকে নিস্তার করিয়াছে ও পিলেষ্টীয়দের হস্তহইতে আমাদিগকে উদ্ধার করিয়াছে, এবং এই
১০ ক্ষণে অব্শালোমের ভয়ে দেশহইতে পলায়ন করিল। এবং আমরা যে অব্শালোম্কে আপনাদের উপরে অভিষিক্ত করিলাম, সে যুদ্ধে মরিল; অতএব তোমরা এখন রাজাকে ফিরাইয়া আনিতে কেন তুষ্ণীভূত হও?

১১ অপর দায়ূদ্ রাজা সাদোক্ ও অবিয়াথর্ যাজকদের নিকটে দূত পাঠাইয়া কহিল, তোমরা যিহূদার প্রাচীনগণকে এই কথা কহ, সমস্ত ইস্রায়েল্ বংশের নিবেদন রাজার নিকটে গৃহে উপস্থিত হইয়াছে, অতএব তোমরা রাজাকে আপন গৃহে ফিরিয়া আনয়ন
১২ করিতে কেন শেষলোক হইতেছ? তোমরা আমার ভ্রাতা ও আমার অস্থি ও মাংসস্বরূপ; অতএব রাজাকে ফিরিয়া আনিতে কেন শেষলোক হইতেছ?
১৩ তোমরা অমাসাকে কহ, তুমি কি আমার অস্থি ও মাংস স্বরূপ নও? যদি তুমি নিত্য আমার সাক্ষাতে যোয়াবের পদে প্রধান সেনাপতি না হও, তবে ঈশ্বর
১৪ আমার প্রতি তদ্রূপ ও ততোধিক করুণ। পরে সে যিহূদার সমস্ত লোকের হৃদয়কে এক জনের হৃদয়ের ন্যায় নত করিলে তাহারা লোক প্রেরণ দ্বারা রাজাকে কহিল, আপনি ও আপনকার দাস সকল পুনরাগমন
১৫ করুণ। তাহাতে রাজা ফিরিয়া যর্দ্দনের নিকটে আইলে যিহূদীয় লোকেরা রাজার সহিত সাক্ষাৎ করিতে ও যর্দ্দন্ পার করিতে গিল্গলে আইল।

---

[৩৩] প ৫। ২ শি ১৩; ৩৯। ১৭; ১১। ১৯; ৪॥

[১৯ অধ্যা; ৪] ২ শি ১৮; ৩৩॥—[১২] ৫; ১॥—[১৩] ১৭; ২৫॥—[১৫] যি ৪; ১৯।

* (ইব্রি) তোমার দাসকে। † (ইব্রি) শোক।

১৬ আর বিন্যামীন্ বংশীয় বহুরীমের গেরার পুত্র শিমিয়ি শীঘ্র দায়ূদ্ রাজার সহিত সাক্ষাৎ করণার্থে ১৭ যিহূদার লোকদের সহিত আইল। এবং বিন্যামীন্ বংশের এক সহস্র লোক তাহার সহিত ছিল, এবং শৌল বংশের দাস সীবঃ ও তাহার পঞ্চদশ পুত্র ও বিংশতি দাস তাহার সহিত ছিল,তাহারা রাজার সহিত ১৮ সাক্ষাৎ করিতে যর্দ্দন্ পার হইল। এবং রাজার পরিজনদিগকে পার করিতে ও তাহাদের আজ্ঞানুসারে* কর্ম্ম করিতে নৌকা পারাবারে গেল; পরে রাজা যর্দ্দন্ পার হইলে গেরার পুত্র শিমিয়ি রাজার সম্মুখে উবুড় হইয়া ১৯ পড়িয়া রাজাকে কহিল, আমার প্রভু আমার অপরাধ ক্ষমা করুণ; যে দিবসে আমার প্রভু যিরূশালম্‌হইতে আইলেন, সে দিবসে আপনকার দাস আমি যে ২ বিরুদ্ধাচার করিয়াছি, তাহা আপনকার স্মরণহইতে ২০ দূর করিয়া মনে রাখিবেন না। আপনকার দাস আমি যে পাপ করিয়াছি, ইহা জ্ঞাত হইলাম, এই জন্যে আমার প্রভু রাজার সঙ্গে সাক্ষাৎ করিতে অদ্য আমি ২১ যূষফের সমস্ত বংশহইতে অগ্রে আইলাম। তাহাতে সিরূয়ার পুত্র অবীশয় উত্তর করিল, শিমিয়ি পরমেশ্বরের অভিষিক্তকে শাপ দিয়াছে, ইহার জন্যে সে ২২ কি হত হইবে না? তাহাতে দায়ূদ্ কহিল, হে সিরূয়ার পুত্রগণ, তোমাদের সহিত আমার বিষয় কি? তোমরা অদ্য কেন আমার প্রতি বিপক্ষতা কর? ইস্রায়েল্ দেশে কি অদ্য কোন মনুষ্যের বধ হইতে পারে? অদ্য আমি যে ইস্রায়েলের রাজা হইলাম, ইহা কি জানি না? ২৩ পরে রাজা শিমিয়িকে কহিল,তুমি হত হইবা না; পরে রাজা শপথ করিয়া তাহা কহিল।

২৪ অপর শৌলের পৌত্র মিফীবোশৎ রাজার সহিত সাক্ষাৎ করিতে আইল; সে রাজার নির্গমনাবধি কুশলে প্রত্যাগমন দিবস পর্য্যন্ত আপন পায়ে ঔষধি দিল না, ও শ্মশ্রু ক্ষৌর করিল না, ও বস্ত্র ধৌত করা- ২৫ ইল না। রাজার সহিত সাক্ষাৎ করিতে যিরূশালমের তাবৎ লোক আইলে রাজা তাহাকে কহিল, হে মিফী- ২৬ বোশৎ, তুমি কেন আমার সহিত যাও নাই? তাহাতে সে উত্তর করিল, হে আমার প্রভো রাজন্, আপনকার দাস খঞ্জ, এই জন্যে আমি আপন দাসকে কহিলাম, গর্দ্দভ সাজাইয়া তাহার উপরে আরোহণ করিয়া রাজার নিকটে যাই; তাহাতে আমার দাস আমার ২৭ প্রতি বঞ্চনা করিল। সে আমার প্রভু রাজার নিকটে আমার অপবাদ করিল, কিন্তু আমার প্রভু রাজা ঈশ্বরের কোন এক দূতের সদৃশ; অতএব আপনকার ২৮ দৃষ্টিতে যাহা ভাল বোধ হয়, তাহাই করুণ। আমার প্রভু রাজার সাক্ষাতে আমার পিতৃবংশ মৃত্যুর যোগ্যপাত্র হইলেও আপনকার ভোজনাসনে ভোক্তাদের সহিত বসিতে আমাকে স্থান দিয়াছেন; অতএব রাজার নিকটে পুনর্ব্বার আদ্দাস করিতে আমার অধিকার কি? তাহাতে রাজা তাহাকে কহিল, তুমি পুনর্ব্বার ২৯ আমার কাছে আপন অধিকারের আদ্দাস কর কেন? তুমি ও সীবঃ উভয়ে সেই ভূমি অংশ করিয়া লও, ইহা আমি কহিলাম। পরে মিফীবোশৎ রাজাকে ৩০ কহিল, এখন আমার প্রভু রাজা কুশলে গৃহে ফিরিয়া আইলেন, এখন সে সকলি গ্রহণ করুক।

৩১ অপর গিলিয়দীয় বর্সিল্লয় রোগিলীম্‌হইতে আসিয়া রাজাকে যর্দ্দন্ পার করিতে রাজার সহিত যর্দ্দনের পারে গেল। বর্সিল্লয় আশী বৎসর বয়স্ক অতি বৃদ্ধ ৩২ ছিল; রাজা যে পর্য্যন্ত মহনয়িমে থাকিল, তাবৎ রাজার খাদ্য যোগাইল, কারণ সে অতিশয় বড় মানুষ ছিল। ৩৩ পরে রাজা বর্সিল্লয়কে কহিল, তুমি আমার সহিত পার হইয়া আইস, আমি যিরূশালমে তোমাকে আপনার সহিত প্রতিপালন করিব। তাহাতে বর্সিল্লয় রা- ৩৪ জাকে কহিল,আমার আর কত আয়ু† আছে,যে আমি রাজার সহিত যিরূশালমে যাইব? অদ্য আমি আশী ৩৫ বৎসর বয়স্ক হইলাম; এখন কি ভাল মন্দ বিশেষ বুঝিতে পারি? এবং যাহা ভোজন করি ও যাহা পান করি, তোমার দাস আমি কি তাহার আস্বাদ বুঝিতে পারি? এবং গায়ক ও গায়িকাদের গানের শব্দ কি শুনিতে পারি? অতএব আপনকার দাস আমার প্রভু রাজার ৩৬ উপরে কেন আর ভার দিবে? আপনকার দাস যর্দ্দন্ পার হইয়া রাজার সহিত অল্প পথ যাইবে, কিন্তু রাজা কেন তাহার এতো পুরস্কার করিবেন? আমি বিনয় ৩৭ করি, আপনকার দাসকে ফিরিয়া যাইতে দিউন; আমি আপন নগরে আপন মাতা পিতার কবরের নিকটস্থ নগরে মরিব, কিন্তু আপনকার দাস কিম্‌হমের প্রতি দৃষ্টি করুণ; সে আমার প্রভু রাজার সহিত পার হইয়া যাইবে, আপনকার যাহা ভাল বোধ হয়, তাহার প্রতি তাহাই করুণ। তাহাতে রাজা উত্তর করিল, কিম্‌হম্ পার ৩৮ হইয়া আমার সহিত যাইবে; তোমার যাহা ভাল বোধ হয়, আমি তাহাই তাহার প্রতি করিব, এবং তুমি আমাহইতে যাহা মনোনীত করিবা,আমি তোমার নিমিত্তে তাহাই করিব। পরে সমস্ত লোক যর্দ্দন্ নদী পার হইল, ৩৯ এবং রাজা পার হওন সময়ে বর্সিল্লয়কে আলিঙ্গন করিয়া তাহাকে চুম্বন করিয়া আশীর্ব্বাদ করিল, পরে সে আপন স্থানে ফিরিয়া গেল। অপর রাজা পার হইয়া ৪০ গিল্‌গলে গেল; এবং কিম্‌হম্ তাহার সহিত গেল; এবং যিহূদার সমস্ত লোক ও ইস্রায়েলের অর্দ্ধ লোক রাজাকে অনুবর্ত্তিয়া লইয়া গেল।

[১৬-২৩] ২ শি ১৬; ৫-১৩ ॥—[১৭] ৯; ২,১০ । ১৬; ১-৪ ॥—[১৯,২০] ১৬; ৫-৮,১৩ ॥—[২২] ১৬; ১০। ১ শি ১১; ১২,১৩ ॥—[২৪] ২ শি ৯; ৬,৭ ॥—[২৬] ৪; ৪ ॥—[২৭] ১৬; ৩। ১৪; ১৭,২০ ॥—[২৮] ৯; ৮ ॥—[২৯] ১৬; ৪ ॥ [৩২] ১৭; ২৭-২৯ ॥—[৩৯] আ ৩১; ৫৫ ॥

* (ইব্রী) তাহার দৃষ্টিতে যাহা উত্তম তাহা। † (ইব্রী) আয়ুর বৎসরের দিন কত?

৪১ পরে ইস্রায়েলের সমস্ত লোক রাজার নিকটে আসিয়া রাজাকে কহিল, আমাদের ভ্রাতা যিহূদা লোকেরা আপনকাকে অপহরণ করিয়া আপনকাকে ও আপনকার পরিজনদিগকে ও আপনকার* সমস্ত ৪২ সঙ্গি লোককে যর্দন্ পার করিয়া কেন আনিল? তাহাতে যিহূদার লোকেরা ইস্রায়েল্ লোকদিগকে উত্তর করিল, রাজা আমাদের নিকট কুটুম্ব, তবে তোমরা এ বিষয়ে কেন ক্রুদ্ধ হও? আমরা রাজার দ্রব্য কি কিছু ভোজন করিয়াছি? বা তিনি কি আমাদিগকে কোন দান দিয়া- ৪৩ ছেন? পরে ইস্রায়েল্ লোক যিহূদার লোকদিগকে কহিল, রাজাতে আমাদের দশাংশ অধিকার আছে, দায়ূদের প্রতি তোমাদের যে অধিকার, তদপেক্ষা আমাদের অধিক আছে; অতএব তোমরা আমাদিগকে তুচ্ছ বোধ করিয়া আমাদের রাজাকে ফিরিয়া আনিতে প্রথমে কেন আমাদের পরামর্শ লইলা না? তাহাতে ইস্রায়েল্ লোকদের বাক্য অপেক্ষা যিহূদা লোকদের বাক্য অধিক কঠিন হইল।

২০ অধ্যায়।

১ ইস্রায়েলের কলহে শেবের কথা ৩ ও গৃহে দায়ূদের পুনরাগমন ৪ ও অমাসা সেনাপতির যোয়াবের দ্বারা হত হওন ১৪ ও আবেল্ নগর অবরোধ করণ ১৬ ও স্ত্রীদ্বারা যোয়াবকে শেবের মস্তক দেওন ২৩ ও রাজার বিশেষ২ অধ্যক্ষদের নাম।

১ ঐ সময়ে সেই স্থানে বিন্যামীন্ বংশীয় বিখ্রীর পুত্র শেবঃ নামে এক দুষ্ট লোক ছিল, সে তূরী বাজাইয়া কহিল, দায়ূদে আমাদের কোন অংশ নাই, ও যিশয়ের পুত্রে আমাদের অধিকার নাই; হে ইস্রায়েল্ বংশ, ২ তোমরা প্রত্যেকে আপন২ বাসস্থানে যাও। তাহাতে ইস্রায়েলের প্রত্যেক জন দায়ূদের পশ্চাৎহইতে ফিরিয়া বিখ্রীর পুত্র শেবের পশ্চাৎ২ গেল; কিন্তু যিহূদা লোকেরা যর্দন্ অবধি যিরূশালম্ পর্য্যন্ত আপনাদের রাজার পক্ষে থাকিল।

৩ পরে দায়ূদ্ যিরূশালমে আপন গৃহে আইল, এবং রাজা আপনার যে দশ উপপত্নীকে গৃহ রক্ষার্থে রাখিয়া গিয়াছিল, তাহাদিগকে রুদ্ধ করিয়া প্রতিপালন করিল, তাহাদের নিকটে আর গেল না; অতএব তাহারা মরণ দিবস পর্য্যন্ত রুদ্ধ হইয়া বিধবার ন্যায় থাকিল।

৪ পরে রাজা অমাসাকে কহিল, তুমি তিন দিনের মধ্যে সমুদয় যিহূদার লোককে আমার কাছে একত্র কর, ৫ এবং তুমিও এই স্থানে উপস্থিত হও। তাহাতে অমাসা সমস্ত যিহূদীয়গণকে একত্র করিতে গেলে নিরূপিত ৬ কালহইতে তাহার অধিক বিলম্ব হইল। তাহাতে দায়ূদ্ অবীশয়কে কহিল, এখন বিখ্রীর পুত্র শেবঃ অবশালোম্ অপেক্ষা আমাদের অধিক ক্ষতি করিবে; তুমিই আপন প্রভুর দাসদিগকে লইয়া তাহার পশ্চাৎ যাও, নতুবা সে প্রাচীরবেষ্টিত কোন নগর পাইয়া আমাদের হস্তহইতে† মুক্ত হইবে। তাহাতে যোয়াবের লোক ও ৭ করেথীয় লোক ও পিলেথীয় লোক ও সমস্ত বলবান লোক তাহার পশ্চাৎ বাহির হইয়া বিখ্রীর পুত্র শেবের পশ্চাৎ যাইতে যিরূশালম্হইতে প্রস্থান করিল। পরে ৮ তাহারা গিবিয়োনস্থ মহাপ্রস্তরের নিকটে উপস্থিত হইলে অমাসা তাহাদের সহিত সাক্ষাৎ করিল; তখন যোয়াবের বস্ত্র তাহার পরিধানে ছিল, এবং তাহার উপরে কটিদেশে কোষে বদ্ধ এক খড়্গ ছিল, কিন্তু যাইতে২ তাহা খুলিয়া পড়িল। তাহাতে যোয়াব্ অমা- ৯ সাকে কহিল, হে আমার ভ্রাতঃ, তুমি কি ভাল আছ? পরে যোয়াব্ তাহাকে চুম্বন করিতে দক্ষিণ হস্ত দিয়া তাহার দাড়ি ধরিল। কিন্তু যোয়াবের হস্তস্থিত খড়্গে ১০ অমাসার মনোযোগ না করাতে সে তদ্দ্বারা তাহার উদর বিদীর্ণ করিল, তাহাতে তাহার ভুঁড়ি বাহির হইয়া পড়িলে আর আঘাত করিল না, তদ্দ্বারাই সে মরিল; পরে যোয়াব্ ও তাহার ভ্রাতা অবীশয় বিখ্রীর পুত্র শেবের পশ্চাৎ গমন করিল। অপর ১১ যোয়াবের এক লোক শবের নিকটে দাঁড়াইয়া কহিল, যে জন যোয়াব্কে ভাল বাসে ও দায়ূদের পক্ষ হয়, সে যোয়াবের পশ্চাৎ যাউক। তথাপি রাজমার্গে রক্তে ১২ লুণ্ঠিত অমাসার নিকটে সমস্ত লোক দাঁড়াইয়া থাকে, ইহা দেখিয়া সে ব্যক্তি অমাসাকে পথহইতে ক্ষেত্রে লইয়া গিয়া তাহার গাত্রে এক বস্ত্র আচ্ছাদন দিল; কেননা যে প্রত্যেক জন তাহার নিকট দিয়া যায়, সে সেই স্থানে দাঁড়ায়, ইহা সে দেখিল। তখন অমাসা ১৩ রাজমার্গহইতে নীত হইলে লোকেরা বিখ্রীর পুত্র শেবের পশ্চাৎ যাইতে যোয়াবের পশ্চাদ্গামী হইল।

১৪ পরে শেবঃ ইস্রায়েলের তাবৎ বংশের ও বেরীয় লোকদের মধ্যদিয়া আবেল্ ও বৈৎমাখা পর্য্যন্ত গমন করিল, তাহাতে লোকেরা একত্র হইয়া শেবের পশ্চাৎ ১৫ গেল। পরে আবেল্-বৈৎমাখাতে তাহাকে রুদ্ধ করিয়া নগরের নিকটে জাঙ্গাল প্রস্তুত করিল, এবং যোয়াবের সঙ্গি লোকেরা প্রাচীর ভূমিসাত করিতে তাহা ভাঙ্গিতে লাগিল।

১৬ পরে নগরের মধ্যহইতে এক বুদ্ধিমতী স্ত্রী উচ্চৈঃস্বরে কহিল, শুন২ আমি বিনয় করি, আমি যোয়াবের সহিত এক কথা কহিব, এ কারণ তাহাকে এই স্থানে ১৭ আসিতে কহ। পরে যোয়াব্ তাহার নিকটে গেলে সে স্ত্রী জিজ্ঞাসিল, তুমি কি য়োয়াব্? সে উত্তর করিল,

[৪১] প ১৫ ॥—[৪২] প ১২ ॥—[৪৩] বি ৮; ৯। ১২; ১ ॥
[২০ অধ্য; ১] ১ রা ১২; ১৬ ॥—[৩] ২ শি ১৫; ১৬। ১৬; ২১, ২২ ॥—[৪] ১৯; ১৩ ॥—[৬, ৭] ১৫; ১৮ ॥
[৮-১০] ৩; ২৭ ॥—[৯] ম ২৬; ৪৮, ৪৯ ॥—[১৪] ২ রা ১৫; ২৯ ॥

* (ইব্রু) দায়ূদের। † (ইব্রু) চক্ষুহইতে।

আমি যোয়াব্; তাহাতে সে স্ত্রী কহিল, আপনকার ১৮ দাসীর কথা শুনুন; সে উত্তর করিল, শুনি। পরে সে স্ত্রী এই কথা কহিল, পূর্ব্বকালে লোকেরা আবেলে পরামর্শ জিজ্ঞাসা করিলে তাহাদের বিবাদের শেষ হইত। ১৯ এখন ইস্রায়েলের মধ্যে আমি অবিরোধিনী ও বিশ্বস্তা, কিন্তু তুমি ইস্রায়েলের এক মাতৃরূপ নগর নষ্ট করিতে চেষ্টা করিতেছ, পরমেশ্বরের অধিকার কেন গ্রাস ২০ করিবা? তাহাতে যোয়াব্ উত্তর করিল, গ্রাস করা ও বিনষ্ট করা আমাহইতে দূরে থাকুক, দূরে থাকুক, এমত ২১ নয়; কিন্তু বিখ্রির পুত্র যে শেবঃ নামে ইফ্রয়িম্ পর্ব্বতের এক জন দায়ূদ্ রাজের প্রতিকূলে হস্ত বিস্তার করিয়াছে, কেবল তাহাকে সমর্পণ কর, তাহাতে আমি নগরহইতে প্রস্থান করিব; তখন সে স্ত্রী যোয়াব্কে কহিল, দেখ, প্রাচীরের উপর দিয়া তাহার মস্তক তো- ২২ মার নিকটে নিক্ষেপ করা যাইবে। পরে সে স্ত্রী আপন বুদ্ধিতে সকল লোকের নিকটে গেলে লোকেরা বিখ্রির পুত্র শেবের মস্তক ছেদন করিয়া যোয়াবের নিকটে বাহিরে নিক্ষেপ করিল, তাহাতে সে তূরী বাজাইলে তাহার প্রত্যেক লোক নগরহইতে যাইয়া * আপন২ বাসস্থানে প্রস্থান করিল, এবং যোয়াব্ যিরূশালমে রাজার নিকটে ফিরিয়া গেল।

২৩ ঐ সময়ে যোয়াব্ ইস্রায়েলের সমস্ত বংশের প্রধান সেনাপতি ছিল, এবং যিহোয়াদার পুত্র বিনায় কিরে- ২৪ থীয়দের ও পিলেথীয়দের কর্ত্তা ছিল। এবং অদোরাম্ করাধ্যক্ষ ছিল, এবং অহীলূদের পুত্র যিহোশাফট্ ইতিহাসকর্ত্তা ছিল। এবং সিরায় লেখক ছিল, এবং সাদোক্ ও অবিয়াথর্ যাজক ছিল। এবং যায়ীরীয় ঈরা দায়ূদের নিকটস্থ এক প্রধান অধ্যক্ষ ছিল।

২১ অধ্যায়।

১ গিবিয়োন্ লোকদের বধ করণ প্রযুক্ত তিন বৎসর দুর্ভিক্ষ হওন ও শৌলের পুত্র ও পৌত্রকে বধ করণ ১০ ও হত লোকদের প্রতি রিস্পার অনুগ্রহ ১২ ও শৌলের ও যোনাথনের অস্থির কবর দেওন ১৫ ও পিলেষ্টীয়দের সহিত তিন বার যুদ্ধ হওনের কথা।

১ অপর দায়ূদের অধিকার সময়ে ক্রমিক তিন বৎসর দুর্ভিক্ষ হইলে দায়ূদ্ তাহার কারণ পরমেশ্বরকে জিজ্ঞাসিল †; তাহাতে পরমেশ্বর উত্তর করিলেন, শৌল ও তাহার রক্তপাতকারি বংশ ইহার কারণ হইল, কেননা সে ২ গিবিয়োন্ লোককে বধ করিল। তাহাতে রাজা গিবিয়োনীয়দিগকে ডাকাইয়া তাহাদের সঙ্গে আলাপ করিল; এই গিবিয়োন্ লোক ইস্রায়েলের বংশের মধ্যে নয়, ইমোরীয়দের অবশিষ্টাংশের মধ্যে ইস্রায়েল্ বংশ তাহাদিগকে রক্ষার দিব্য করিয়াছিল, কিন্তু শৌল ইস্রায়েলের ও যিহূদা বংশের নিমিত্তে আপন উদ্যোগেতে তাহাদিগকে বধ করিতে চেষ্টা করিল। ৩ অতএব দায়ূদ্ গিবিয়োনীয়দিগকে কহিল, আমি তোমাদের জন্যে কি করিব? তোমরা যেন পরমেশ্বরের অধিকারকে আশীর্ব্বাদ কর, এই জন্যে কি প্রায়শ্চিত্ত করিব? ৪ গিবিয়োনীয় লোকেরা উত্তর করিল, আমরা শৌলের কিম্বা তাহার বংশের কাছে কিছু রূপা কিম্বা স্বর্ণ গ্রাহ্য করিব না, ‡ এবং ইস্রায়েলের কোন মনুষ্যের বধ গ্রাহ্য করিব না; ‡ পরে সে কহিল, তোমরা যাহা বল, আমি তোমাদের জন্যে তাহাই করিব। ৫ তাহাতে তাহারা রাজাকে কহিল, যে মনুষ্য আমাদিগকে ক্ষয় করিল, ও আমরা যেন ইস্রায়েলের কোন প্রদেশে না থাকি, এই জন্যে আমাদিগকে বিনষ্ট করিতে কুমন্ত্রণা করিল, ৬ তাহার সাত পুৎসন্তানকে আমাদের কাছে অর্পণ কর, আমরা পরমেশ্বরের মনোনীত শৌলের গিবিয়াতে পরমেশ্বরের উদ্দেশে তাহাদিগকে উদ্বন্ধনে বধ করিব; তাহাতে রাজা কহিল, দিব। ৭ কিন্তু দায়ূদের ও শৌলের পুত্র যোনাথনের সঙ্গে পরমেশ্বরের উদ্দেশে শপথ ছিল, এই জন্যে রাজা শৌলের পৌত্র যোনাথনের পুত্র মিফীবোশৎকে রক্ষা করিল। ৮ কিন্তু অয়ার কন্যা রিস্পা শৌলের ঔরসজাত যে অর্ম্মোনি ও মিফীবোশৎ নামে দুই পুত্র প্রসব করিয়াছিল; এবং মিহোলাতীয় ৯ বর্সিল্লয়ের পুত্র অদ্রীয়েলের ঔরসজাত যে পাঁচ পুত্র শৌলের কন্যা মীখল্ প্রতিপালন § করিয়াছিল; তাহাদিগকে রাজা লইয়া গিবিয়োনীয়দের হস্তে সমর্পণ করিল; তাহাতে তাহারা পরমেশ্বরের সম্মুখে পর্ব্বতে তাহাদিগকে উদ্বন্ধন করিল; ঐ সাত জন এক কালে পড়িল, তাহারা শস্যের সময়ে অর্থাৎ যবচ্ছেদনের আরম্ভকালে হত হইল।

১০ পরে অয়ার কন্যা রিস্পা চট লইয়া শস্যচ্ছেদনের আরম্ভাবধি যে পর্য্যন্ত আকাশহইতে তাহাদের উপরে জল বর্ষিল, তাবৎ শৈলের উপরে আপনার জন্যে তাহা বিস্তার করিল, এবং দিবসে শূন্যের পক্ষীগণ ও রাত্রিতে বন পশুগণহইতে তাহাদিগকে রক্ষা করিল। ১১ অপর অয়ার কন্যা রিস্পা শৌলের উপপত্নী এই কর্ম্ম করিতেছে, এই কথা দায়ূদ্ রাজের সাক্ষাতে কথিত হইল।

১২ অপর পিলেষ্টীয়েরা গিল্বোয় পর্ব্বতে শৌলকে বধ করিলে তাহার ও তাহার পুত্র যোনাথনের যে শব বৈৎশানের পথে টাঙ্গাইয়া রাখিয়াছিল, এবং যে শব যাবেশ্ গিলিয়দের লোকেরা সেই স্থানহইতে হরণ করিয়াছিল, দায়ূদ্ গিয়া তাহাদের হইতে সেই ১৩ অস্থি গ্রহণ করিল। সে তথাহইতে শৌলের ও তাহার

[২৩-২৬] ২ শি ৮; ১৬-১৮। ১ রা ৪; ৩, ৪, ৬॥—[২৬] ২ শি ২৩; ২৮॥

[২১ অধ্য; ১] ১ শি ২২; ১৮, ১৯॥—[২] যি ৯; ৩-২৭॥—[৬] ১ শি ১০; ২৪-২৬॥—[৭] ১ শি ২০; ১৫। ২ শি ৯; ১, ৭॥—[৮] ৩; ৭। ১ শি ১৮; ১৯॥—[১২] ১ শি ৩১; ১০-১৩॥

 * (ইব্রী) ভিন্ন ভিন্ন হইয়া। † (ইব্রী) পরমেশ্বরের মুখকে চেষ্টা করিল। ‡ (ইব্রী) আমাদের হইবে না। § (ইব্রী) প্রসব।

পুত্র যোনাথনের অস্থি তুলিয়া আনিল, এবং ঐ উদ্বদ্ধ ১৪ লোকদের অস্থিও সংগ্রহ করিল। পরে শৌলের ও তাহার পুত্র যোনাথনের অস্থি বিন্যামীন্ দেশের সেলাতে তাহার পিতা কীশের কবরের মধ্যে রাখিল; তাহারা রাজার তাবৎ আজ্ঞানুসারে কর্ম্ম করিল, তাহার পরে ঈশ্বর দেশের প্রতি অনুগ্রহ করিলেন।

১৫ অনন্তর পিলেষ্টীয়দের সহিত পুনর্ব্বার ইস্রায়েল্ বংশের যুদ্ধ উপস্থিত হইলে দায়ূদ্ আপন দাসগণের সহিত যাইয়া পিলেষ্টীয়দের সহিত যুদ্ধ করিল; ১৬ তাহাতে দায়ূদ্ ক্লান্ত হইলে তিন শত শেকল্ পরিমিত পিত্তলের বর্ষাধারি বৃহৎকায় এক মনুষ্য যিশ্বী-বিনোব্ নামে শাণিত খড়্গে সুসজ্জিত হইয়া দায়ূদ্কে ১৭ আঘাত করিতে মনস্থ করিল। কিন্তু সিরূয়ার পুত্র অবীশয় তাহার সহায়তা করিয়া আঘাতদ্বারা সেই পিলেষ্টীয়কে বধ করিল; তখন দায়ূদের লোকেরা তাহার নিকটে দিব্য করিয়া কহিল, তুমি আমাদের সহিত যুদ্ধেতে আর যাইবা না, নতুবা ইস্রায়েলের প্রদীপ ১৮ নির্ব্বাণ হইবে। পরে গোবে পিলেষ্টীয়দের সহিত আর বার সংগ্রাম উপস্থিত হইলে হূশাতীয় সিব্বিখয় ১৯ ঐ বৃহৎকায়ের পুত্র সফ্‌কে * বধ করিল। পুনর্ব্বার পিলেষ্টীয়দের সহিত গোবে যুদ্ধ আরম্ভ হইল, তাহাতে যারে-ওরিগীমের পুত্র বৈৎলেহমীয় ইলহানন্ তাঁতের নরাজের ন্যায় বড়শাধারি গাতীয় জাল্‌তের ভ্রাতাকে ২০ বধ করিল। পরে গাতে আর এক যুদ্ধ হইলে সেস্থানে অতিদীর্ঘকায় এবং প্রতি হস্তে ও পদে ছয় অঙ্গুলি, সর্ব্ব শুদ্ধ চব্বিশ অঙ্গুলি বিশিষ্ট সেই বৃহৎকায়ের * পুত্র এক ২১ জন ইস্রায়েল লোকের প্রতি স্পর্দ্ধা করিলে দায়ূদের ২২ ভ্রাতা শিমিয়ের পুত্র যোনাথন্ তাহাকে বধ করিল। এই চারি জন গাতের বৃহৎকায়ের * বংশ দায়ূদ্ ও তাহার দাসগণ কর্তৃক হত হইল।

২২ অধ্যায়।

১ রক্ষার্থে ও নানা অনুগ্রহার্থে পরমেশ্বরের প্রতি দায়ূদের প্রশংসা গীত।

১ যে সময়ে পরমেশ্বর নিজ দাস দায়ূদ্কে তাবৎ শত্রু ও শৌলের হস্তহইতে রক্ষা করিলেন, তৎকালে দায়ূদ্ পরমেশ্বরের নিকটে যে গীত গান করিল, এই সেই গীত।

২ হে পরমেশ্বর, তুমিই আমার পর্ব্বত ও গড় ও রক্ষা- ৩ কর্ত্তা, ও আমার ঈশ্বর, ও আমার আশ্রয়স্বরূপ গিরি, এবং আমার ঢাল ও আমার বলবান্ ত্রাণকর্ত্তা ও উচ্চ ৪ দুর্গ ও আশ্রয়স্থান, এবং আমার ত্রাতা ও উপদ্রবহইতে ত্রাণকারী; আমি প্রশংসনীয় পরমেশ্বরের কাছে প্রার্থনা করিয়া আপন শত্রুহইতে রক্ষা পাইলাম। ৫ মৃত্যুরূপ রজ্জু আমাকে বেষ্টন করিল, ও বিনাশরূপ বন্যা আমার ভয় জন্মাইল। ৬ এবং পরলোকীয় পাশ আমাকে বন্ধন করিল, ও মৃত্যুরূপ জালেতে আমাকে জড়িত করিল। ৭ আমি দুঃখেতে পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিলাম, ও আপন ঈশ্বরকে আহ্বান করিলাম; তাহাতে তিনি আপন মন্দিরে থাকিয়া আমার কাতরোক্তি শ্রবণ করিলেন, ও আমার আহ্বান তাঁহার কর্ণগোচর হইল।

৮ তাহাতে তাঁহার ক্রোধ প্রযুক্ত পৃথিবী টলটলায়মান ও কম্পিত হইল, এবং আকাশমণ্ডলের মূল কম্পান্বিত হইয়া বিচলিত হইল। ৯ এবং তাঁহার নাসারন্ধ্রহইতে ধূম নির্গত হইল, ও তাঁহার মুখহইতে নির্গত অগ্নি তাবৎকে গ্রাস করিল; তাহাতে অঙ্গার প্রজ্বলিত হইল। ১০ পরে তিনি আকাশকে ভূমিষ্ঠ করিয়া পদতলে অন্ধকার লইয়া নামিলেন। ১১ এবং কিরূবের উপরে আরোহণ করিয়া উড্ডীয়মান হইলেন, এবং বায়ুরূপ পক্ষগণের উপরে দৃষ্ট হইলেন। ১২ এবং জলরাশি ও নিবিড় † মেঘকে চতুর্দ্দিগস্থ আবাসস্বরূপ করিয়া অন্ধকারে বসতি করিলেন। ১৩ তাহাতে তাঁহার অগ্রবর্ত্তি তেজহইতে জ্বলন্ত অঙ্গার বহির্গত হইল। ১৪ এবং পরমেশ্বর আকাশে গর্জ্জন করিলেন, এবং সর্ব্বোপরিস্থ যিনি, তিনি ধ্বনি করিলেন। ১৫ এবং আপনার বাণ নিক্ষেপ করিয়া শত্রুদিগকে ছিন্ন ভিন্ন করিলেন, ও বিদ্যুৎদ্বারা তাহাদিগকে উদ্বিগ্ন করিলেন। ১৬ পরমেশ্বরের হুঙ্কারেতে ও নাসিকার প্রশ্বাস বায়ুতে সমুদ্রের খাত সকল প্রকাশ পাইল, ও পৃথিবীর মূল দৃষ্ট হইল।

১৭ তৎকালে তিনি ঊর্দ্ধহইতে হস্ত বিস্তার করিয়া অনেক জলহইতে আকর্ষণ পূর্ব্বক আমাকে গ্রহণ করিলেন। ১৮ এবং বলবান্ শত্রু ও ঘৃণাকারিগণহইতে আমাকে উদ্ধার করিলেন, কেননা তাহারা আমা অপেক্ষাও বলবান্ ছিল। ১৯ তাহারা যে সময়ে আসিয়া আমাকে ঘেরিল, সেই বিপদসময়ে পরমেশ্বর আমার অবলম্বন যষ্টিস্বরূপ হইলেন। ২০ এবং তিনি আমার প্রতি তুষ্ট হওয়াতে আমাকে উদ্ধার করিয়া এক প্রশস্ত স্থানে আনিলেন। ২১ পরমেশ্বর আমার ধর্ম্মানুসারে পুরস্কার করিলেন, ও আমার হস্তের পবিত্রতানুসারে ফল দিলেন। ২২ কেননা আমি পরমেশ্বরের পথের পথিক হইলাম, ও আপন ঈশ্বরের বিরুদ্ধে পাপ করিলাম না। ২৩ তাঁহার সকল দণ্ডাজ্ঞা আমার গোচরে ছিল, আমি তাঁহার বিধি

[১৪] যি ১৮; ২৮। ২ শি ২৪; ২৫॥—[১৭] ১৮; ৩। ১৪; ৭। ১ রা ১১; ৩৬॥—[১৮-২২] ১ বং ২০; ৪-৮॥—[২১] ২ শি ১৩; ৩॥

[২২ অধ্য] গী ১৮॥—[২-৪] দ্বি ৩২; ৪। গী ৬২; ২,৬,৭॥—[৪] গী ৩৪; ১,২॥—[৫-৭] গী ১১৬; ৩-৫॥—[৭] গী ১১৬; ১,২। যূ ২; ৭॥—[৮-১৬] গী ৬৮; ৭,৮। ৭৭; ১৬-১৯ যি ১০; ১১। বি ৪; ১৫। ৫; ৪,৫,২০,২১। যিশ ৬৪; ১-৩। হ ৩; ৩-১১॥—[১৭] গী ১৪৪; ৭॥—[২০] গী ৩১; ৮। ১১৮; ৫॥—[২১] প ২৫॥—[২২-২৪] যি ১; ৭-৯। গী ১৯; ৭-১১॥

* (বা) রাফার। † (ইব্রু) বদ্ধজল

২৪ আপনাহইতে দূর করিলাম না। ইহাতে আমি তাঁহার দৃষ্টিতে সাধু হইলাম, ও আপন পাপহইতে আপ-
২৫ নাকে রক্ষা করিলাম। অতএব পরমেশ্বর আমার ধর্ম্মানুসারে ও আপন সাক্ষাতে আমার পবিত্রতানু-
২৬ সারে আমাকে ফল দিলেন। তুমি অনুগ্রাহকের প্রতি অনুগ্রহ ও সল্লোকের প্রতি সদ্ব্যবহার করিয়া থাক।
২৭ এবং পবিত্রের সহিত পবিত্রাচরণ ও বিরুদ্ধকারির
২৮ সহিত বিরুদ্ধাচরণ করিয়া থাক। এবং দুঃখিতদিগকে রক্ষা করিয়া থাক, কিন্তু অধঃপতন করিতে অহঙ্কারি-
২৯ দের প্রতি দৃষ্টি করিয়া থাক। হে পরমেশ্বর, তুমি আমার প্রদীপস্বরূপ; আমার প্রভু পরমেশ্বর আমার
৩০ অন্ধকারকে আলোকময় করেন। আমি তোমার অনুগ্রহেতে সৈন্য মধ্যদিয়া দৌড়িয়া ঈশ্বরের দ্বারা প্রাচীর
৩১ উল্লংঘন করিতে পারি। সেই ঈশ্বরের পথ নির্দ্দোষ ও পরমেশ্বরের বাক্য সুপরীক্ষিত, তিনি নিজ শরণাগত
৩২ লোকের ঢালস্বরূপ। পরমেশ্বর ব্যতিরেকে আর ঈশ্বর কে আছে? ও আমাদের ঈশ্বর ব্যতিরেকে পর্ব্বতস্বরূপ
৩৩ কে আছে? সেই ঈশ্বর আমার শক্তি ও বলস্বরূপ; তিনি
৩৪ আমার পথ সরল করিলেন। তিনি হরিণের চরণ সদৃশ আমার চরণ করিলেন, ও উচ্চস্থানে আমাকে স্থাপিত
৩৫ করিলেন। এবং আমার হস্তকে যুদ্ধ করিতে এমত শিক্ষা দিলেন, যে আমার বাহুদ্বারা তাম্রময় ধনুক
৩৬ ভগ্ন হইল। তুমি আমাকে পরিত্রাণরূপ ঢাল দিলা, ও
৩৭ তোমার নম্রতাদ্বারা আমি উন্নত হইলাম। তুমি আমার নীচে পাদবিক্ষেপের স্থান প্রশস্ত করিলা, একারণ
৩৮ আমার চরণ বিচলিত হইল না। আমি শত্রুর পশ্চাৎ ধাবমান হইয়া তাহাদিগকে বিনষ্ট করিলাম, ও সকলকে
৩৯ সংহার না করিয়া ফিরিলাম না। আমি তাহাদিগকে প্রহার করিলে তাহারা আমার পদতলে পড়িয়া উঠিতে
৪০ পারিল না। তুমি যুদ্ধ করিতে বলেতে আমার কটি বন্ধন করিলা, ও আমার বিপক্ষগণকে আমার বশীভূত
৪১ করিলা। এবং আমার শত্রুগণের মস্তক * আমার হস্তে সমর্পণ করিলা; তাহাতে আমি আপন ঘৃণাকারিগণকে
৪২ সংহার করিলাম। তাহারা অবলোকন করিলেও তাহাদিগকে রক্ষা করিতে কেহ ছিল না; এবং পরমে-
৪৩ শ্বরের প্রতি করিলেও তিনি উত্তর দিলেন না। তাহাতে আমি ভূমিস্থ ধূলির ন্যায় তাহাদিগকে চূর্ণ করিলাম, এবং পথের কর্দ্দমের ন্যায় তাহাদিগকে দলিত ও
৪৪ বিস্তারিত করিলাম। তুমি আমাকে আপন লোকদের সহিত বিরোধহইতে উদ্ধার করিয়া অন্যদেশীয়দের মস্তকস্বরূপ নিযুক্ত করিলা, তাহাতে আমার অজ্ঞাত যে সকল ভিন্ন জাতি আছে, তাহারা আমার সেবা করিবে।
৪৫ এবং বিদেশীয়েরা † আপনাদিগকে আমার বশীভূত করিবে, ও আমার কথা শ্রবণমাত্র আমার আজ্ঞাবর্ত্তী
৪৬ হইবে। এবং বিদেশীয়েরা † উদ্বিগ্ন হইয়া আপনাদের গোপনীয় স্থানে থাকিয়া কম্পিত হইবে।

৪৭ আমার পর্ব্বতস্বরূপ যে অমর পরমেশ্বর, তিনি ধন্য, ও আমার ত্রাণজনক ঈশ্বর সর্ব্বদা উন্নত হউন্।
৪৮ হে ঈশ্বর, তুমি আমার নিমিত্তে অন্যকে প্রতিফল দিয়া
৪৯ আমার বশে ‡ লোককে দমন করিলা, ও শত্রুগণহইতে আমাকে উদ্ধার করিলা। তুমি আমার বিপক্ষগণের উপরে আমাকে উচ্চপদ দিলা, ও দুর্ব্বৃত্ত লোকহইতে
৫০ আমাকে মুক্ত করিলা। অতএব হে পরমেশ্বর, আমি ভিন্নদেশীয়দের নিকটে তোমার গুণের প্রশংসা করিব,
৫১ ও তোমার নাম গান করিব। তুমি স্বকৃত রাজাকে মহা পরিত্রাণ দিয়া আপন অভিষিক্ত দায়ূদ্‌কে ও তাহার সন্তানদিগকে সর্ব্বদা অনুগ্রহ করিবা।

২৩ অধ্যায়।

১ দায়ূদের শেষকথা ৮ ও তাহার প্রধান লোকের নাম ও বিবরণ।

১ দায়ূদের শেষকথা। যিশয়ের পুত্র দায়ূদ্ কহে, অর্থাৎ ঊর্দ্ধে স্থাপিত ও যাকূবের ঈশ্বরের অভিষিক্ত ও ইস্রা-
২ য়েলের মধুর গায়ক কহে; আমার মুখদ্বারা পরমেশ্বরের আত্মা কহেন, তাঁহার কথা আমার জিহ্বাগ্রে
৩ আছে। ইস্রায়েলের ঈশ্বর কহেন, ইস্রায়েলের পর্ব্বতস্বরূপ ঈশ্বর আমাকে এই কথা কহেন, মনুষ্যদের উপরে এক ধার্ম্মিক ব্যক্তি রাজা হইবেন, ও তিনি ঈশ্বরকে ভয়
৪ করিয়া রাজত্ব করিবেন। এবং মেঘরহিত প্রাতঃকালের উদিত সূর্য্যরশ্মির ন্যায়, এবং বৃষ্টির পরে রশ্মির দ্বারা
৫ পৃথিবীহইতে উৎপন্ন তৃণের ন্যায় হইবেন। আমার বংশ ঈশ্বরের নিকটে কি স্থির নয় §? তিনি সর্ব্ব বিষয়ে নিরূপিত ও নিশ্চিত এক নিত্য নিয়ম আমার সহিত করিয়াছেন; এই যে আমার ত্রাণ ও তাবৎ বাঞ্ছা
৬ সিদ্ধিকারক, ইহা কি তিনি সফল করিবেন না ‖? দুষ্ট লোক সকল হস্তে অস্পৃশ্য কণ্টকের ন্যায় দূরীকৃত
৭ হইবে। এবং এই মনুষ্য লোকদ্বারা প্রহারিত হইবেন ¶, এবং প্রেক ও বড়শাদ্বারা বিদ্ধ ** হইবেন, কিন্তু তাহারা বাসস্থানে অগ্নিতে দগ্ধ হইবে।

---

[২৫] প ২১॥—[২৬] যাক ২; ১৩॥—[২৭] যুব ৫; ১২,১৩॥—[২৮] গী ৩৪; ১৮। যাক ৪; ৬॥—[২৯] গী ২৭; ১॥ [৩০] গী ১১৮; ১-১২॥—[৩১] গী ১৯; ৯-১১। ৮৪; ১১॥—[৩২] দ্বি ৩২; ৪,৩৯॥—[৩৩] যা ১৫; ২। গী ২৩; ৬॥ [৩৪] দ্বি ৩২; ১৩॥—[৩৫] গী ১৪৪; ১॥—[৩৭] হি ৪; ১২॥—[৪০] গী ৪৪; ৫॥—[৪২] গী ২; ৮-১২॥—[৪৩] গী ২; ৯॥ [৪৪] ২ শি ৫; ১। ১৯; ৯। ২০; ২২। ৮; ১-১৪॥—[৪৮] গী ১৪৪; ২॥—[৫১] ২ শি ৭; ১৫,১৬। গী ৮৯; ২৬-২৯॥ [২৩ অধ্যা; ২] ২ পি ১; ২১॥—[৩] দ্বি ৩২; ৪। যিশ ১১; ১-৫। গী ৭২; ২॥—[৪] লূ ১; ৭৮-৭৯। মল ৪; ২। গী ৭২; ৬॥ [৫] ২ শি ৭; ১৫,১৬। গী ৮৯, ২৬-২৯। যিশ ৫৫; ৩। পে ১৩; ৩৪॥—[৮-১২] ১ বং ১১; ১১-১৪॥

* (ইব্রু) গ্রীব। † (ইব্রু) বিদেশীয়দের সন্তানেরা। ‡ (ইব্রু) নীচে নত। § (বা) এইমত না হইলেও। ‖ (বা) তাহা এখন সফল না হইলেও আমার ত্রাণ ও তাবৎ বাঞ্ছা সিদ্ধিকারক হয়। ¶ (বা) যে মনুষ্য তাহাদিগকে স্পর্শ করিবে সে। ** (ইব্রু) পূর্ণ।

৮ দায়ূদের বলবান্ লোকদের নাম। বীরদের মধ্যে তখমোনীয় যোশেব-বশেবৎ প্রধান ছিল,সে আট শত লোকের বিরুদ্ধে বড়শা ধারণ করিয়া তাহাদিগকে এক ৯ কালে বধ করিল। এবং অহোহীয় দোদয়ের পুত্র ইলিয়াসর্ দ্বিতীয় ছিল; যখন ইস্রায়েল্ লোক অনুপস্থিত হইল, ঐ সময়ে একত্রীভূত পিলেষ্টীয়দের প্রতি স্পর্দ্ধা করিল যে দায়ূদের সঙ্গী তিন জন,তাহাদের মধ্যে ১০ এই ব্যক্তি এক জন ছিল; সে উঠিয়া যে পর্য্যন্ত তাহার হস্ত শ্রান্ত না হইল, তাবৎ তাহার হস্তে খড়্গ দৃঢ় বদ্ধ হওয়াতে পিলেষ্টীয়দিগকে মারিল; সে দিবসে পরমেশ্বর মহাজয় করাইলেন,এবং লোকেরা তাহার পশ্চাৎ ১১ লুট করিতে গেল। এবং হরারীয় আগির পুত্র শম্ম তৃতীয় ছিল; এক মসূরক্ষেত্রের নিকটে পিলেষ্টীয়েরা এক দলে একত্র হইলে, যখন লোকেরা পিলেষ্টীয়দের ১২ হইতে পলায়ন করিল,তখন ঐ শম্ম ভূমির মধ্যে দাঁড়াইয়া তাহা রক্ষা করিল, এবং পিলেষ্টীয়দিগকে বধ করিল, ১৩ তাহাতে পরমেশ্বর মহাজয় করাইলেন। ত্রিশ প্রধান লোকের মধ্যে এই তিন জন শস্যচ্ছেদন সময়ে অদুল্লম্ গুহাতে দায়ূদের নিকটে আইলে পিলেষ্টীয়দের সৈন্যগণ রিফায়ীম্ তলভূমিতে শিবির স্থাপন করিয়াছিল, এবং বৈৎলেহমে পিলেষ্টীয়দের দুর্গ ছিল। ১৪ অপর দায়ূদ্ দুরাক্রমণ স্থানে থাকিয়া পিপাসাযুক্ত ১৫ হইয়া কহিল, হায়! বৈৎলেহমের দ্বার নিকটস্থ কূপের ১৬ জল আনিয়া আমাকে কে পান করিতে দিবে? তাহাতে সেই তিন লোক পিলেষ্টীয়দের সৈন্য মধ্যদিয়া যাইয়া বৈৎলেহমের দ্বার নিকটস্থ কূপের জল তুলিয়া লইয়া দায়ূদের নিকটে আইল, কিন্তু দায়ূদ্ তাহা পান করিতে ১৭ সম্মত না হইয়া ঈশ্বরের উদ্দেশে ঢালিয়া ফেলিল; এবং কহিল, হে পরমেশ্বর, এমত কর্ম্ম যেন আমি না করি, ইহা কি আপন প্রাণপণ করিয়া গমনকারিদের রক্ত নয়? সে তাহা পান করিতে সম্মত হইল না, কিন্তু ঐ ১৮ তিন জন বলবান এমত কর্ম্ম করিল। আর সিরূয়ার পুত্র যোয়াবের ভ্রাতা অবীশয় অন্য তিন জনের মধ্যে প্রধান ছিল, সে তিন শত লোকের বিরুদ্ধে বড়শা ধরিয়া* তাহাদিগকে বিনষ্ট করিয়া তিনের মধ্যে নামলব্ধ হইল। ১৯ সে কি ঐ তিনের মধ্যে মর্য্যাদাপন্ন নয়? অতএব সে তাহাদের সেনাপতি হইল, তথাচ সে প্রথম তিনের তুল্য ২০ নয়। এবং অনেক কার্য্যকারি কব্সেলের এক বলবানের পৌত্র যিহোয়াদার পুত্র বিনায় ছিল, সে সিংহতুল্য দুই † মোয়াবীয় লোককে বধ করিল; তদ্ভিন্ন সে হিমানীর সময়ে যাইয়া গর্ত্তের মধ্যে এক সিংহকে মারিল, ২১ এবং সে উত্তম বলবান এক মিস্রীয়কে বধ করিল; ঐ মিস্রীয়ের হস্তে এক বড়শা ছিল, এবং ইহার হস্তে এক দণ্ড ছিল; পরে সে যাইয়া মিস্রীয়ের হস্তহইতে বড়শা কাড়িয়া লইয়া তাহার বড়শাদ্বারা তাহাকে বধ করিল। যিহোয়াদার পুত্র বিনায় এই সকল কর্ম্ম করিল, ২২ তাহাতে সে দ্বিতীয় তিন পরাক্রমির মধ্যে নামলব্ধ হইল। সে ঐ ত্রিশ জন অপেক্ষা মর্য্যাদাপন্ন ছিল, কিন্তু ২৩ প্রথম তিনের তুল্য ছিল না; এবং দায়ূদ্ আত্মরক্ষার্থে তাহাকে সেনাপতি করিল। এবং যোয়াবের ভ্রাতা ২৪ অসাহেল্ ত্রিশের মধ্যে প্রধান ছিল, এবং বৈৎলেহমস্থ দোদয়ের পুত্র ইল্হানন্, ও হরোদীয় শম্ম, ও ২৫ হরোদীয় ইলীকা, এবং পল্টীয় হেলস্, ও তিকোয়ীয় ২৬ ইক্কেশের পুত্র ঈরা, এবং অনাথোতীয় অবীয়েষর্, ২৭ ও হূশাতীয় মিবুন্নয়্, এবং অহোহীয় সল্মোন্, ২৮ ও নিটোফাতীয় মহরয়, ও নিটোফাতীয় বানার ২৯ পুত্র হেলদ্, ও বিন্য়ামীন্ বংশীয় গিবিয়ার রীবয়ের পুত্র ইত্তয়, এবং পিরিয়াথোনীয় বিনায়, ও গাশস্থ ৩০ নদীর নিকটবাসি হিদ্দয়, এবং অর্বতীয় অবিয়ল্বোন্, ৩১ ও বহরূমীয় অস্মাবৎ, এবং শাল্বীয় ইলিয়হবা, ৩২ এবং যাশেনের পুত্র যোনাথন্, এবং হরারীয় ৩৩ শম্ম, ও হরারীয় সাখরের ‡ পুত্র অহীয়ম্, এবং ৩৪ মাখাতীয়ের পৌত্র অহস্বয়ের পুত্র ইলীফেলট্,এবং গীলোনীয় অহীথোফলের্ পুত্র ইলীয়াম, এবং কর্মিলীয় ৩৫ হিস্রয়, ও অর্বীয় পারয়, এবং সোবা নিবাসি ৩৬ নাথনের পুত্র যিগাল্, ও গাদীয় বানি, এবং অম্মোনীয় ৩৭ সেলক্, ও সিরূয়ার পুত্র যোয়াবের অস্ত্রবাহক বেরোতীয় নহরয়, এবং যিত্রীয় ঈরা, ও যিত্রীয় গারেব্, ৩৮ এবং হিত্তীয় ঊরিয়; সর্ব্ব শুদ্ধ সাঁইত্রিশজন ছিল। ৩৯

২৪ অধ্যায়।

১ লোকদের গণনা করিতে দায়ূদের আজ্ঞা ৫ ও লোকদের গণনা করণ ১০ ও তিন বিপদের একেক মনোনীত করিতে পরমেশ্বরের আজ্ঞা দেওন ও দায়ূদের মহামারী মনোনীত করণ ১৫ ও মহামারীহইতে যিরূশালমের রক্ষা ১৮ ও অরৌনার শস্যমর্দ্দন স্থান ক্রয় করিয়া সেই স্থানে বেদি নির্ম্মাণ করণ।

১ পরে ‘ইস্রায়েল্ বংশকে ও যিহূদা বংশকে গণনা কর’, তাহাদের বিরুদ্ধে এই আজ্ঞা দিতে দায়ূদের প্রবৃত্তি হইলে ইস্রায়েল্ বংশের প্রতি পরমেশ্বরের ক্রোধ পুনর্ব্বার প্রজ্বলিত হইল। পরে রাজা আপন ২ নিকটস্থ সেনাপতি যোয়াব্কে আজ্ঞা করিল, তোমরা দান্ অবধি বের্শেবা পর্য্যন্ত ইস্রায়েলের সর্ব্বত্র যাইয়া লোকদিগকে গণনা কর, আমি লোকদের সংখ্যা ৩ জানিব। তাহাতে যোয়াব্ রাজাকে কহিল, এখন যত লোক আছে, তোমার প্রভু পরমেশ্বর তাহার শত গুণ বৃদ্ধি করুণ, আমার প্রভু রাজা তাহা স্বচক্ষুতে দেখুন,

[১৩-১৭] ১ বং ১১; ১৫-১৯ ॥—[১৮,১৯] ১ বং ১১; ২০,২১ ॥—[২০-২৩] ১ বং ১১; ২২-২৫ ॥—[২৪-৩৯] ১ বং ১১; ২৬-৪১ ॥—[২৪] ২ শি ২; ১৮ ॥—[৩৮] ২০; ২৬ ॥—[৩৯] ১১; ৩,৬ ॥
[২৪ অধ্য; ১-৯] ১ বং ২১: ১-৬ ॥—[১] ২ শি ২১; ১ ॥—[৩] অ ১৫; ৫ ॥

* (বা) লোকের উপরে বড়শা নাড়িল। † (ইব্রি) ঈশ্বরের দুই সিংহকে। ‡ (ইব্রি) শাররের।

কিন্তু আমার প্রভু রাজার এ কর্ম্মেতে অভিলাষ কেন?
৪ তথাপি যোয়াবের ও সেনাপতিদের বাক্য অপেক্ষা রাজার বাক্য প্রবল হইল; তাহাতে যোয়াব্ ও সেনাপতিগণ ইস্রায়েল্ লোকদিগকে গণনা করিতে রাজার সাক্ষাৎহইতে গমন করিল।
৫ পরে তাহারা যর্দ্দন্ নদী পার হইয়া অরোয়েরে অর্থাৎ যাসেরের দিকস্থ গাদের উপত্যকার মধ্যস্থিত
৬ নগরের দক্ষিণে শিবির স্থাপন করিল। পরে তাহারা গিলিয়দে ও তহতীম্-হদ্সি দেশে আইল; তাহার পর দানায়ানে গিয়া ঘুরিয়া সীদোনে উপস্থিত হইল।
৭ পরে সূরের দৃঢ় দুর্গে ও হিব্বীয়দের ও কিনানীয়দের নগর দিয়া গমন করিয়া যিহূদার দক্ষিণ পার্শ্ব অর্থাৎ
৮ বেের্শেবা পর্য্যন্ত গমন করিল। এই প্রকারে তাহারা দেশের সর্ব্বত্র ভ্রমণ করিয়া নয় মাস বিংশতি দিবসে
৯ যিরূশালমে প্রত্যাগমন করিল। পরে যোয়াব্ রাজার নিকটে ইস্রায়েল্ বংশের অস্ত্রধারি আট লক্ষ বলবান লোকের ও যিহূদা বংশের পাঁচ লক্ষ লোকের সংখ্যা দিল।
১০ এই রূপ গণনা হইলে পর দায়ূদ্ আপন হৃদয়ে আঘাত পাইল; তাহাতে দায়ূদ্ পরমেশ্বরকে কহিল, আমি এই কার্য্যদ্বারা মহাপাপ করিলাম; এখন হে পরমেশ্বর, আমি বিনয় করি, নিজ দাসের পাপ ক্ষমা
১১ কর, আমি অতিশয় অজ্ঞানের কর্ম্ম করিলাম। পরে দায়ূদ্ প্রত্যূষে উঠিলে পরমেশ্বর দায়ূদের প্রদর্শক
১২ গাদ্ ভবিষ্যদ্বক্তাকে কহিলেন, তুমি যাইয়া দায়ূদ্‌কে কহ, পরমেশ্বর এই কথা কহেন, আমি তোমার সম্মুখে তিন দণ্ড রাখি, তাহার একটা মনোনীত কর, আমি
১৩ তাহাই তোমার প্রতি করিব। তাহাতে গাদ্ দায়ূদের নিকটে যাইয়া তাহাকে জ্ঞাত করিয়া কহিল, তোমার দেশে সাত বৎসর ব্যাপিয়া কি দুর্ভিক্ষ হইবে? কিম্বা তোমার শত্রুগণ তোমার পশ্চাৎ ধাবমান হইলে তুমি তাড়িত হইয়া তাহাদের অগ্রে২ তিন মাস পর্য্যন্ত পলায়ন করিবা? কিম্বা দেশে তিন দিবস পর্য্যন্ত মহামারী হইবে? ইহাতে যিনি আমাকে পাঠাইলেন, তাঁহার কাছে কি উত্তর দিব? তাহা এখন পরামর্শ
১৪ করিয়া দেখ। তাহাতে দায়ূদ্ গাদ্‌কে কহিল, আমি বড় বিপদ্গ্রস্থ হইলাম, আমি এখন পরমেশ্বরের হস্তে পড়িতে চাই, কেননা তাঁহার দয়া অনেক; কিন্তু মনুষ্যের
১৫ হস্তে পড়িতে চাহি না। পরে প্রাতঃকাল অবধি নিরূপিত সময় পর্য্যন্ত পরমেশ্বর ইস্রায়েল্ বংশের প্রতি মহামারী পাঠাইলেন; তাহাতে দান্ অবধি বের্শেবা পর্য্যন্ত তাহাদের সত্তরি সহস্র লোক মরিল। পরে
১৬ যখন দূত যিরূশালম্ বিনষ্ট করিতে তাহার প্রতি হস্ত বিস্তার করিল, তখন পরমেশ্বর সেই বিপদের জন্যে অনুতাপ করিয়া ঐ লোক বিনাশক দূতকে কহিলেন, এই যথেষ্ট হইল, তোমার হস্ত সঙ্কুচিত কর। তখন পরমেশ্বরের ঐ দূত যিবূষীয় অরৌনার শস্য মর্দ্দন স্থানের নিকটে ছিল। পরে দায়ূদ্ ঐ লোক হননকারি
১৭ দূতকে দেখিয়া পরমেশ্বরকে কহিল, আমিই পাপ করিলাম, ও আমিই দুষ্কর্ম্ম করিলাম, কিন্তু এই মেষগণ কি করিল? আমি বিনয় করি, বরং আমার ও আমার পিতৃবংশের বিরুদ্ধে হস্ত বিস্তার কর।
১৮ সেই দিনে গাদ্ দায়ূদের কাছে যাইয়া তাহাকে কহিল, তুমি যাইয়া যিবূষীয় অরৌনার শস্য মর্দ্দন
১৯ স্থানে পরমেশ্বরের এক যজ্ঞবেদি নির্ম্মাণ কর। পরে দায়ূদ্ পরমেশ্বরের আজ্ঞানুসারে গাদের কথানুযায়ি
২০ গমন করিলে অরৌনা দৃষ্টি করিয়া আপনার নিকটে রাজাকে ও তাহার দাসগণকে আসিতে দেখিয়া বাহিরে
২১ যাইয়া ভূমিষ্ঠ হইয়া রাজাকে প্রণাম করিল। এবং অরৌনা জিজ্ঞাসা করিল, আমার প্রভু রাজা আপন দাসের নিকটে কি কারণে আইলেন? দায়ূদ্ কহিল, লোকদের মধ্যে মহামারী যেন নিবৃত্ত হয়, এই জন্যে পরমেশ্বরের উদ্দেশে এক যজ্ঞবেদি নির্ম্মাণ করিব; তন্নিমিত্তে তোমার কাছে শস্য মর্দ্দন স্থান ক্রয় করিতে
২২ আইলাম। তাহাতে অরৌনা দায়ূদ্‌কে কহিল, আমার প্রভু রাজার যাহা ভাল বোধ হয়, তাহাই লইয়া উৎসর্গ করুণ; দেখ, হোমবলির নিমিত্তে বৃষ আছে, এবং কাষ্ঠের নিমিত্তে মেধিকাষ্ঠ ও বৃষদের সজ্জা আছে।
২৩ পরে অরৌনা রাজার ন্যায় * এই সমস্ত রাজাকে দিল; এবং অরৌনা কহিল, তোমার প্রভু পরমেশ্বর তোমাকে
২৪ গ্রাহ্য করুণ। পরে রাজা অরৌনাকে কহিল, তাহা নয়, আমি মূল্যদ্বারা তোমার কাছে এই সকল ক্রয় করিব; আমি আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে বিনা মূল্যের হোমবলি উৎসর্গ করিব না। পরে দায়ূদ্ পঞ্চাশ শেকল্ রূপাতে সেই শস্যমর্দ্দনস্থান ও বৃষ ক্রয় করিয়া
২৫ লইল। এবং দায়ূদ্ সেই স্থানে পরমেশ্বরের উদ্দেশে এক যজ্ঞবেদি নির্ম্মাণ করিয়া হোমবলি ও মঙ্গলার্থক উপহার উৎসর্গ করিল, তাহাতে পরমেশ্বর দেশের প্রতি অনুগ্রহ করিলে ইস্রায়েলে মহামারী নিবৃত্ত হইল।

---

[৫] যি ১৩; ২,১৬ ।।—[৬] বি ১৮; ২৯ ।।—[৭] যি ১৯; ২৯।।—[৮] ১ বং ২৭; ২৪ ।।—[১০-১৪] ১ বং ২১; ৯-১৩।। [১০] ১ শি ২৪; ৫ । ২ শি ১২; ১৩ ।।—[১২] ১ শি ২২; ৫ ।।—[১৫-১৭] ১ বং ২১; ১৪-১৭ ।।—[১৬] যো ২; ১৩, ১৪ ।।—[১৭] প ১০ ।।—[১৮-২৫] ১ বং ২১; ১৮-৩০ ।।—[২১-২৪] আ ২৩; ১০-১৬ ।।

* (বা) অরৌনা রাজা।

রাজাবলির প্রথম পুস্তক।

১ অধ্যায়।

১ দায়ূদের বৃদ্ধ বয়সে অবীশগের তাহার পরিচর্য্যা করণ ৫ ও অদোনিয়ের রাজত্ব করিতে উদ্যত হওন ১১ ও বৎশেবার প্রতি নাথনের পরামর্শ ১৫ ও দায়ূদের প্রতি বৎশেবার নিবেদন ২২ ও দায়ূদের প্রতি নাথনের কথা ২৮ ও বৎশেবার প্রতি দায়ূদের পুনর্দ্দিব্য করণ ৩২ ও দায়ূদের আজ্ঞাতে সুলেমানের অভিষিক্ত হওন ৪১ ও অদোনিয় ও তাহার নিমন্ত্রিত লোকদের পলায়ন ৫০ ও অদোনিয়ের প্রতি সুলেমানের ক্ষমা করণ।

১ পরে দায়ূদ্ রাজা বৃদ্ধ ও সম্পূর্ণ বয়স্ক হইলে লোকেরা তাহার গাত্রে অনেক বস্ত্র দিলেও তাহা উষ্ণ হয় না। ২ এই জন্যে তাহার দাসগণ তাহাকে কহিল, আমার প্রভু রাজার নিমিত্তে এক যুবতি কন্যার অন্বেষণ করি, সে রাজার সম্মুখে থাকিয়া রাজার পরিচর্য্যা করিবে, এবং আমাদের প্রভু রাজার গাত্র যেন উষ্ণ হয়, এই ৩ জন্যে আপনকার বক্ষঃস্থলে শয়ন করিবে। পরে তাহারা ইস্রায়েলের সর্ব্ব অঞ্চলে অন্বেষণ করিয়া শূনেমীয়া অবীশগ্ নামে এক সুন্দরী কন্যাকে পাইয়া ৪ রাজার নিকটে আনিল। ঐ যুবতি অতি সুন্দরী, এ কারণ সে রাজার পরিচর্য্যা করিয়া তাহার সেবা করিল, কিন্তু রাজা তাহাতে উপগত হইল না।

৫ ঐ সময়ে হগীতের গর্ব্ভজাত অদোনিয়, 'আমি রাজত্ব করিব,' এই কথা কহিয়া আপনাকে শ্রেষ্ঠ জ্ঞান করিয়া রথ ও অশ্বারূঢ়গণকে ও অগ্রগামি পঞ্চাশ জনকে প্রস্তুত ৬ করিয়াছিল। কিন্তু তুমি কেন এমত কর? এমত কথা কহিয়া তাহার পিতা পূর্ব্বে তাহাকে কখনো অসন্তুষ্ট করে নাই; সে অব্শালোমের কনিষ্ঠ ভ্রাতা ও পরম ৭ সুন্দর পুরুষ ছিল। পরে সে সিরূয়ার পুত্র যোয়াবের ও অবিয়াথর্ যাজকের সহিত মন্ত্রণা করিল, এবং তাহারা অদোনিয়ের অনুগত হইয়া তাহার উপকার ৮ করিল। কিন্তু সাদোক্ যাজক ও যিহোয়াদার পুত্র বিনায় ও নাথন্ ভবিষ্যদ্বক্তা ও শিমিয়ি ও রেয়ি ও দায়ূদের নিকটস্থ বলবান লোকেরা অদোনিয়ের অনুগত ৯ হইল না। পরে অদোনিয় ঐন্‌রোগেলের নিকটস্থ সোহেলৎ প্রস্তরের নিকটে মেষ ও বলদ ও পুষ্ট পশুদিগকে বধ করিয়া আপন সমস্ত ভ্রাতৃ রাজপুত্রদিগকে ও যিহূদীয় রাজভৃত্যদিগকে নিমন্ত্রণ করিল। ১০ কিন্তু নাথন্ ভবিষ্যদ্বক্তাকে ও বিনায়কে ও বলবান লোকদিগকে ও আপন ভ্রাতা সুলেমান্‌কে নিমন্ত্রণ করিল না।

১১ অতএব নাথন্ সুলেমানের মাতা বৎশেবাকে কহিল, আমাদের প্রভু দায়ূদ্‌রাজের অজ্ঞাতসারে হগীতের পুত্র অদোনিয় রাজত্ব করিতেছে, ইহা কি তুমি শুন নাই? ১২ অতএব আইস, আমি এখন তোমাকে মন্ত্রণা দি; তাহাতে তুমি আপন প্রাণ ও আপন পুত্র সুলেমানের প্রাণ ১৩ রক্ষা করিবা। তুমি প্রস্থান করিয়া দায়ূদ্ রাজের নিকটে যাইয়া তাহাকে কহ, হে আমার প্রভো রাজন্, 'আমার পরে তোমার পুত্র সুলেমান্ অবশ্য রাজত্ব করিবে ও আমার সিংহাসনোপবিষ্ট হইবে,' এই কথা কহিয়া কি আপন দাসীর কাছে আপনি দিব্য করেন নাই? ১৪ তবে অদোনিয় কেন রাজত্ব করিতেছে? এবং দেখ, তোমার এই কথোপকথন সময়ে আমি তোমার পশ্চাদ যাইয়া রাজার কাছে তোমার কথা স্থির * করিব।

১৫ পরে বৎশেবা গর্ব্ভগৃহমধ্যে রাজার নিকটে গেল; রাজা অতি বৃদ্ধ ছিল, এবং শূনেমীয়া অবীশগ্ রাজার ১৬ সেবা করিতেছিল। তখন বৎশেবা দণ্ডবৎ হইয়া রাজাকে প্রণাম করিল; তাহাতে রাজা জিজ্ঞাসিল, তোমার ইচ্ছা কি †? ১৭ তাহাতে সে কহিল, হে আমার প্রভো, 'আমার পরে তোমার পুত্র সুলেমান্ অবশ্য রাজত্ব করিবে ও আমার সিংহাসনোপবিষ্ট হইবে,' এই কথা কহিয়া আপনি কি আপন প্রভু পরমেশ্বরের নাম ১৮ লইয়া আপন দাসীর কাছে দিব্য করেন নাই? কিন্তু দেখ, এখন অদোনিয় রাজত্ব করিতেছে; হে আমার ১৯ প্রভো রাজন্, আপনি ইহা জানেন না? সে অনেক বলদ ও পুষ্ট পশু ও মেষ বধ করিল, ও সমস্ত রাজপুত্রকে ও অবিয়াথর্ যাজককে ও সেনাপতি যোয়াব্‌কে নিমন্ত্রণ করিল, কিন্তু আপনকার দাস সুলেমান্‌কে নিম২০ ন্ত্রণ করিল না। এখন হে আমার প্রভো রাজন্, আপনকার পদে আমার প্রভু রাজার সিংহাসনে কে উপবিষ্ট হইবে, এই কথা আপনকার কথনাপেক্ষায় ইস্রায়েলের সমস্ত বংশের দৃষ্টি আপনকার প্রতি আছে। ২১ তুমি যদি তাহা না কহ, তবে আমার প্রভু রাজা পিতৃলোকদের মত মহানিদ্রিত হইলে আমি ও আমার পুত্র সুলেমান্ দোষীকৃত ‡ হইব।

[১ অধ্য; ৩] যি ১১; ১৮ ॥—[৫] ২ শি ৩; ৪। ১৫; ১ ॥—[৬] ২ শি ৩; ৪ ॥—[৭,৮] ২ শি ২৪; ১৩,২৫ ॥—[৮] ১ রা ৪; ১৮। ২ শি ২৩; ৮ ॥—[৯] ২ শি ১৭; ১৭ ॥—[১৩] ১ বং ২২; ৯ ॥—[১৫] প ৪ ॥—[১৭,১৮] প ১০ ॥

* (ইব্রী) পূর্ণ। † (ইব্রী) তোমার কি? ‡ (বা) অপরাধী।

২২ রাজার সহিত তাহার এই রূপ কথোপকথন হই-
২৩ তেছে, ইতিমধ্যে নাথন্ ভবিষ্যদ্বক্তা আইল। তাহাতে কেহ রাজাকে কহিল, নাথন্ ভবিষ্যদ্বক্তা উপস্থিত আছে; পরে নাথন্ রাজার সম্মুখে আসিয়া ভূমিষ্ঠ
২৪ হইয়া রাজাকে প্রণাম করিয়া এই কথা কহিল, হে আমার প্রভো রাজন্, আমার পরে অদোনিয় রাজত্ব করিবে ও আমার সিংহাসনোপবিষ্ট হইবে, আ-
২৫ পনি কি এমত কথা কহিলেন? কেননা সে অদ্যই যাইয়া বিস্তর গবাদি পুষ্ট পশুদিগকে ও মেষদিগকে বধ করিয়া সমস্ত রাজপুত্রকে ও সেনাপতিদিগকে ও অবিয়াথর্ যাজককে নিমন্ত্রণ করিল; এবং দেখ, তাহারা তাহার সাক্ষাতে ভোজন পান করিয়া, 'অদোনিয়
২৬ রাজা চিরজীবী হউন,' এই কথা কহে। কিন্তু আপনকার দাস যে আমি আমাকে ও সাদোক্ যাজককে ও যিহোয়াদার পুত্র বিনায়কে ও আপনকার দাস সুলে-
২৭ মান্কে সে নিমন্ত্রণ করিল না। আমার প্রভু রাজার পরে কে আপনকার সিংহাসনোপবিষ্ট হইবে, তাহা আপন দাসকে জ্ঞাত না করিয়া আমার প্রভু রাজা কি এই কর্ম্ম করিলেন?

২৮ তাহাতে রাজা উত্তর করিল, বৎশেবাকে আমার নিকটে ডাকিয়া আন; পরে সে রাজার নিকটে আসিয়া
২৯ তাহার সম্মুখে দণ্ডায়মানা হইলে, রাজা এই দিব্য করিয়া কহিল, সর্ব্বপ্রকার ক্লেশহইতে আমার প্রাণ রক্ষা-
৩০ কারি পরমেশ্বর যদি অমর হন, তবে আমার পরে তোমার পুত্র সুলেমান্ অবশ্য রাজত্ব করিবে, ও আমার পদে আমার সিংহাসনোপবিষ্ট হইবে, তোমার নিকটে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের নাম লইয়া এই যে রূপ দিব্য করিয়াছি, অদ্যই তাহা পালন করিব।
৩১ তখন বৎশেবা ভূমিষ্ঠ হইয়া রাজাকে প্রণাম করিয়া কহিল, আমার প্রভু দায়ূদ্রাজ চিরজীবী হউন।

৩২ পরে দায়ূদ্রাজ কহিল, সাদোক্ যাজককে ও নাথন্ ভবিষ্যদ্বক্তাকে ও যিহোয়াদার পুত্র বিনায়কে আমার কাছে ডাকিয়া আন; পরে তাহারা রাজার
৩৩ নিকটে আইলে রাজা তাহাদিগকে কহিল, তোমরা আপন প্রভুর সেবকগণকে সঙ্গে লইয়া আমার পুত্র সুলেমান্কে আমার শ্রেষ্ঠ অশ্বতরে আরোহণ করা-
৩৪ ইয়া তাহাকে গীহোনে লইয়া যাও। সেই স্থানে সাদোক্ যাজক ও নাথন্ ভবিষ্যদ্বক্তা ইস্রায়েলের উপরে তাহাকে রাজ্যাভিষিক্ত করুক, এবং তোমরা সকলে তূরী বাজাইয়া, 'সুলেমান্রাজ চিরজীবী হউন' এই কথা
৩৫ কহ। পরে আমার সিংহাসনোপবিষ্ট হইতে তাহার আগমন কালে তোমরা তাহার পশ্চাৎ২ আসিবা, কেননা সে আমার পদে রাজা হইবে; আমি ইস্রায়েলের ও যিহূদার উপরে রাজত্ব করিতে তাহাকে নিরূপণ করিলাম।
৩৬ তাহাতে যিহোয়াদার পুত্র বিনায় রাজাকে কহিল, তাহাই হউক, আমার প্রভু রাজার প্রভু পরমেশ্বরও তাহাই করুন।
৩৭ যেমন পরমেশ্বর আমার প্রভু রাজার সহবর্ত্তী, তদ্রূপ সুলেমানেরও সহবর্ত্তী হউন, এবং আমার প্রভু দায়ূদ্ রাজের সিংহাসনহইতে তাহার সিংহাসন বড় করুন।
৩৮ অপর সাদোক্ যাজক ও নাথন্ ভবিষ্যদ্বক্তা ও যিহোয়াদার পুত্র বিনায় ও কিরেথীয়েরা ও পিলেথীয়েরা যাইয়া দায়ূদ্ রাজের অশ্বতরের উপরে সুলেমান্কে আরোহণ করাইয়া গীহোনে তাহাকে আনিলে
৩৯ সাদোক্ যাজক পবিত্রাবাসের মধ্যহইতে শৃঙ্গনির্ম্মিত তৈল পূর্ণ এক পাত্র লইয়া সুলেমানের অভিষেক করিল; পরে তূরী বাজাইলে তাবৎ লোক কহিল, 'সুলেমান রাজা চিরজীবী হউন।'
৪০ এবং সমস্ত লোক তাহার পশ্চাৎ২ আইল, এবং তাহারা মহানন্দে ও উল্লাসে এমত বাদ্য করিল, যে তাহার শব্দে পৃথিবী বিদীর্ণ হইল।

৪১ পরে অদোনিয় ও তাহার সঙ্গি নিমন্ত্রিত লোকেরা ভোজন পান সাঙ্গ করিবামাত্র সেই তূরীধ্বনি শুনিল, এবং যোয়াব্ তূরীধ্বনি শুনিয়া কহিল, অদ্য নগরে এত কলরব কেন হইতেছে?
৪২ এই কথা কহিতেছে, এমত সময়ে অবিয়াথর্ যাজকের পুত্র যোনাথন্ আইলে অদোনিয় তাহাকে কহিল, নিকটে আইস, তুমি উপযুক্ত লোক, সুসমাচার আনিয়া থাকিবা।
৪৩ তখন যোনাথন্ অদোনিয়কে কহিল, সত্য আমাদের প্রভু দায়ূদ্রাজ সুলেমান্কে রাজত্বপদে নিযুক্ত করিলেন।
৪৪ রাজা সাদোক্ যাজককে ও নাথন্ ভবিষ্যদ্বক্তাকে ও যিহোয়াদার পুত্র বিনায়কে এবং কিরেথীয়দিগকে ও পিলেথীয়দিগকে তাহার সঙ্গে প্রেরণ করিলেন; তাহাতে তাহারা তাহাকে রাজার অশ্বতরে আরোহণ করাইলে
৪৫ সাদোক্ যাজক ও নাথন্ ভবিষ্যদ্বক্তা তাহাকে গীহোনে রাজ্যাভিষিক্ত করিল, এবং তাহারা তথাহইতে এমত আনন্দ করিতে২ আইল, তাহার শব্দে সকল নগর পরিপূর্ণ হইল; তোমরা এখন যে শব্দ শুনিলা, সে সেই শব্দ।
৪৬ এখন সুলেমান্ রাজকীয় সিংহাসনে বসিতেছে।
৪৭ এবং রাজ ভৃত্যগণ আমাদের প্রভু দায়ূদ্ রাজকে এই কথা কহিয়া আশীর্ব্বাদ করিল, ঈশ্বর তোমার নামহইতে সুলেমানের নাম বৃদ্ধি করুন, ও তোমার সিংহাসনহইতে তাহার সিংহাসন বৃদ্ধি করুন; তাহাতে রাজা শয্যাতে থাকিয়া নমস্কার করিল।
৪৮ এবং রাজাও এই কথা কহিল, আমার দৃষ্টি গোচরে আমার সিংহাসনোপবিষ্ট হইতে এক পুত্রকে দিয়াছেন যে ইস্রায়েলের প্রভু পরমেশ্বর, তিনি ধন্য।
৪৯ তাহাতে অদোনিয়ের সঙ্গি নিমন্ত্রিত লোকেরা ভীত হইয়া প্রত্যেক জন উঠিয়া আপন ২ স্থানে চলিয়া গেল।

[২২] প ১৪॥—[২৯] ২ শি ৪; ৯॥—[৩০] প ১৭॥—[৩৩] ২ শি ২০; ৬। ২ বং ৩২; ৩০॥—[৩৪] ১ শি ১০; ১। ১৬; ১৩॥—[৩৮] ২ শি ২০; ২৩॥—[৩৯] প ৩৪। যা ৩০; ২২-৩৩॥—[৪২] ২ শি ১৮; ২৭॥—[৪৭] প ৩৭। আ ৪৭; ৩১॥
[৪৮] ১ বং ২৯; ১৯-২২॥

৫০ আর অদোনিয় সুলেমান্‌হইতে ভীত হইয়া উঠিয়া ৫১ যাইয়া হোমবেদির চূড়া আশ্রয় করিল। পরে সুলেমানের নিকটে কেহ এই কথা কহিল, অদোনিয় সুলেমান্ রাজাকে ভয় করিয়া হোমবেদির চূড়া আশ্রয় করিল এবং কহিল, সুলেমান্ রাজা আপন দাসকে খড়্গদ্বারা বধ করিবে না, আমার নিকটে অদ্য এই ৫২ দিব্য করুন। তাহাতে সুলেমান্ কহিল, যদি আপনাকে যোগ্য পুরুষ দেখায়, তবে তাহার এক কেশও ভূমিতে পতিত হইবে না; কিন্তু তাহার মধ্যে যদি দুষ্টতা ৫৩ প্রকাশ পায়, তবে মরিবে। পরে সুলেমান্ রাজা দূত প্রেরণ করিলে তাহারা তাহাকে বেদির চূড়াহইতে নামাইয়া আনিল; তাহাতে সে আসিয়া সুলেমান্ রাজকে প্রণাম করিলে সুলেমান্ তাহাকে কহিল, তুমি আপন গৃহে যাও।

২ অধ্যায়।

১ সুলেমানের প্রতি দায়ূদের শেষ কথা, ৫ ও যোয়াবের ও বর্সিল্লয়ের পুত্রগণের ও শিমিয়ির বিষয়ে তাহার কথা, ১০ ও দায়ূদের মৃত্যু ও সুলেমানের রাজত্ব করণের কথা, ১৩ ও অদোনিয় অবীশগ্‌কে বিবাহ করিতে চাহিলে সুলেমান্ দ্বারা হত হওন, ২৬ ও রক্ষিত অবিয়াথরের পদচ্যুত হওন, ২৮ ও যোয়াব্ বেদির চূড়াতে আশ্রয় লওন, ৩৫ ও যোয়াবের পদে বিনায়কে ও অবিয়াথরের পদে সাদোক্‌কে নিযুক্ত করণ, ৩৬ ও রাজার আজ্ঞা ব্যতিরেকে গাৎ নগরে যাওন প্রযুক্ত শিমিয়ির হত হওন।

১ পরে দায়ূদের মৃত্যুকাল নিকট হইলে সে আপন ২ পুত্র সুলেমান্‌কে এই আজ্ঞা দিয়া কহিল; আমি পৃথিবীস্থ সমস্ত লোকের পথে গমন করি; তুমি বল৩ বান হইয়া পুরুষত্ব প্রকাশ কর। তুমি যে সকল কর্ম্ম করিবা, ও যে কোন স্থানে গমন করিবা, তাহাতে যেন তোমার মঙ্গল হয়, এই জন্যে তুমি আপন প্রভু পরমেশ্বরের বিধান পালন করিয়া তাঁহার পথে চল, এবং মূসার গ্রন্থে লিখিত বিধি ও আজ্ঞা ও ব্যবস্থা ৪ ও প্রমাণ কথা পালন কর। তাহাতে তোমার সন্তানেরা যদি সমস্ত অন্তঃকরণের ও সমস্ত মনের সহিত আমার সম্মুখে আচরণ করিতে আপনাদের পথে সাবধান হয়, তবে ইস্রায়েলের সিংহাসনে উপবিষ্ট হইতে তোমার বংশের অভাব হইবে না, পরমেশ্বর আমার বিষয়ে এই যে কথা কহিয়াছেন, তাহা সিদ্ধ করিবেন।

৫ আর সিরূয়ার পুত্র যোয়াব্ আমার প্রতি যাহা করিয়াছে, এবং ইস্রায়েলের দুই সেনাপতির প্রতি অর্থাৎ নেরের পুত্র অব্নেরের ও যেথরের পুত্র অমাসার প্রতি যাহা করিয়াছে, তাহা তুমি জ্ঞাত আছ; সে তাহাদিগকে বধ করিয়া সন্ধিসময়ে যুদ্ধসময়ের ন্যায় তাহাদের রক্তপাত করিল, এবং সেই রক্ত তাহার কটিবন্ধনে ও পাদস্থিত পাদুকাতে লাগিল। অতএব ৬ তুমি আপন জ্ঞানানুসারে তাহার প্রতি করিবা; পক্ককেশ বিশিষ্ট তাহার মস্তককে শান্তিপূর্ব্বক পরলোকে যাইতে দিও না। কিন্তু গিলিয়দীয় বর্সিল্লয়ের পুত্রগণের ৭ প্রতি প্রীতি দর্শাও, এবং তোমার ভোজনাসনে উপবিষ্ট লোকদের মধ্যে তাহাদিগকে স্থান দেও; কেননা যে সময়ে তোমার ভ্রাতা অব্‌শালোমের ভয়ে আমি পলায়ন করিলাম, তৎকালে তাহারা আমার নিকটে স্থির থাকিল। এবং বহুরীমস্থ এক বিন্যামিনীয় ৮ গেরার পুত্র যে শিমিয়ি তোমার কাছে আছে, সে মহনয়িমে আমার গমন দিবসে আমাকে প্রচণ্ড শাপ দিল; পরে আমার সহিত সাক্ষাৎ করিতে যর্দ্দনে আইলে আমি পরমেশ্বরের নাম লইয়া 'তোমাকে খড়্গদ্বারা বধ করিব না,' এই দিব্য করিয়াছি। কিন্তু ৯ তাহাকে নিরপরাধী জ্ঞান করিবা না; তুমি জ্ঞানবান, তাহার প্রতি তোমার যাহা কর্ত্তব্য, তাহা তুমি জ্ঞাত আছ; তাহার পক্ককেশ বিশিষ্ট মস্তক রক্তের সহিত কবরে রাখিবা।

১০ পরে দায়ূদ্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইয়া দায়ূদ্‌নগরে কবরপ্রাপ্ত হইল। এই ১১ দায়ূদ্ ইস্রায়েল্ বংশের উপরে চল্লিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল, অর্থাৎ হিব্রোণে সাত বৎসর ও যিরূশালমে তেত্রিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল। পরে ১২ সুলেমান্ আপন পিতা দায়ূদের সিংহাসনে উপবিষ্ট হইলে তাহার রাজ্য অতি সুস্থির হইল।

১৩ পরে হগীতের পুত্র অদোনিয় সুলেমানের মাতা বৎশেবার নিকটে গেলে সে জিজ্ঞাসিল, তুমি কি কুশলে আইলা? তাহাতে সে কহিল, কুশলে। ১৪ আরো কহিল, তোমার কাছে আমার কিছু বক্তব্য আছে; বৎশেবা কহিল, তাহা কহ। পরে সে কহিল, ১৫ রাজ্য আমার ছিল, এবং আমি যে রাজত্ব করি, ইহা ইস্রায়েলের সকল লোকের মনস্থ ছিল, তাহা তুমি জ্ঞাত আছ; কিন্তু রাজ্য আমাহইতে গিয়া আমার ভ্রাতার হস্তগত হইল; পরমেশ্বর ইহা ঘটাইলেন। ১৬ এখন আমি তোমার কাছে এক নিবেদন করি, তুমি অস্বীকার করিও না; তাহাতে সে কহিল, তাহা কহ। ১৭ পরে অদোনিয় কহিল, আমি নিবেদন করি, তুমি শূনেমীয়া অবীশগের সহিত আমার বিবাহ দিতে সুলেমান্ রাজাকে কহ, তিনি তোমার কথাতে অস্বীকার করিবেন না। তাহাতে বৎশেবা কহিল, ভাল, ১৮

---

[৫০] ১ রা ২; ২৮॥—[৫২] ১ শি ১৪; ৪৫। ১ রা ২; ২৩॥

[২ অধ্য; ২] যি ২৩; ৬, ৪॥—[৩] দ্বি ১৭; ২০। যি ১; ৭॥—[৪] ২ শি ৭; ১২-১৭॥—[৫] ২ শি ৩; ২৭। ১৮; ১০-১৫। ২০; ১০॥—[৭] ২ শি ১৭; ২৭-২৯। ১৯; ৩২-৩৮॥—[৮] ২ শি ১৬; ৫-৮। ১৯; ১৬-২৩॥—[৯] প ৬॥ [১০] ২ শি ৫; ৭॥—[১১] ২ শি ৫; ৪,৫। ১ বং ৩; ৪॥—[১২] ১ বং ২৯; ২২,২৩॥—[১৩] ১ রা ১; ৫। ১ শি ১৬; ৪,৫॥—[১৫] ১ রা ১; ৫॥—[১৭] ১; ৩,৪॥

১৯ আমি তোমার নিমিত্তে রাজাকে কহিব। পরে বৎশেবা অদোনিয়ের জন্যে কহিতে সুলেমান্ রাজার নিকটে গেল; তাহাতে রাজা তাহার সহিত সাক্ষাৎ করিতে উঠিয়া তাহাকে প্রণাম করিল; পরে সে আপন সিংহাসনেতে বসিল, এবং রাজমাতার কারণ আসন স্থাপন করাইলে সে তাহার দক্ষিণ দিগে বসিল। ২০ এবং কহিল, আমি কিঞ্চিৎ নিবেদন করি, আমার কথায় অস্বীকার করিও না; তাহাতে রাজা কহিল, হে মাতঃ, কহ; আমি তোমার কথায় অস্বীকার করিব না *। ২১ তখন সে কহিল, শূনেমীয়া অবীশগের সহিত তোমার ভ্রাতা অদোনিয়ের বিবাহ দিতে হইবে। ২২ তাহাতে সুলেমান্ রাজা আপন মাতাকে উত্তর করিল, তুমি অদোনিয়ের নিমিত্তে শূনেমীয়া অবিশগ্কে কেন চাহ? বরং সে আমার জ্যেষ্ঠ ভ্রাতা হওয়াতে তাহার নিমিত্তে, অর্থাৎ তাহার ও অবিয়াথর্ যাজকের ও সিরূয়ার পুত্র যোয়াবের নিমিত্তে রাজ্য চাহ। ২৩ এবং সুলেমান্ রাজা পরমেশ্বরের নাম লইয়া দিব্য করিয়া কহিল, এই কথা কহাতে যদি অদোনিয়ের প্রতি মৃত্যু না ঘটে, তবে ঈশ্বর আমার প্রতি তদ্রূপ ও ততোধিক করুন। ২৪ আপন প্রতিজ্ঞানুসারে আমাকে সুস্থিরকারি ও আমার পিতা দায়ূদের সিংহাসনে আমাকে উপবেশনকারি ও আমার বংশ স্থিরকারি পরমেশ্বরের অমরতার দিব্য করিয়া কহিতেছি, অদোনিয় অদ্যই হত হইবে। ২৫ তখন সুলেমান্রাজ যিহোয়াদার পুত্র বিনায়কে প্রেরণ করিলে সে তাহাকে আক্রমণ করিয়া বধ করিল।

২৬ পরে রাজা অবিয়াথর্ যাজককে কহিল, তুমিও বধযোগ্য † বট, কিন্তু পূর্ব্বে আমার পিতা দায়ূদের সম্মুখে প্রভু পরমেশ্বরের সিন্দুক বহন করিয়াছ, এবং আমার পিতার সঙ্গে সকল ক্লেশ ভোগ করিয়াছ, এই জন্যে আমি তোমাকে এইক্ষণে বধ করিব না; ২৭ তুমি অনাথোতে আপন ক্ষেত্রেতে যাও। এই রূপে সুলেমান্ অবিয়াথর্ যাজককে পরমেশ্বরের যাজন কার্য্যহইতে দূর করিয়া দিল; তাহাতে পরমেশ্বর শীলোতে এলি বংশের বিষয়ে যাহা কহিয়াছিলেন, তাহা সিদ্ধ হইল।

২৮ যোয়াব্ যদ্যপি অব্শালোমের পক্ষপাতী ছিল না, তথাপি অদোনিয়ের পক্ষপাতী হইল; এই জন্যে তাহার নিকটে সেই সমাচার আইলে সে পরমেশ্বরের আবাসের প্রতি পলাইয়া হোমবেদির চূড়া আশ্রয় করিল। ২৯ পরে যোয়াব্ পলাইয়া পরমেশ্বরের আবাসের প্রতি বেদির নিকটে আছে, এই কথা কেহ সুলেমান্ রাজাকে কহিলে সে যিহোয়াদার পুত্র বিনায়কে প্রেরণ করিয়া কহিল, তুমি যাইয়া তাহাকে আক্রমণ কর ‡। ৩০ তাহাতে বিনায় পরমেশ্বরের আবাসের প্রতি প্রবেশ করিয়া তাহাকে কহিল, রাজা কহিলেন, তুমি বাহিরে আইস; তাহাতে সে কহিল, না২, আমি এই স্থানে মরিব; তখন বিনায় তাহার উত্তর রাজাকে জানাইয়া কহিল, যোয়াব্ এই রূপ কথা বলিল ও এই রূপ উত্তর দিল। ৩১ তখন রাজা কহিল, যোয়াব্ নিরপরাধির রক্তপাত করিয়াছে, সে অপরাধ আমার ও আমার পিতৃবংশহইতে দূর করণার্থে তাহার কথানুসারেই কর্ম্ম করিবা; ও সেই স্থানে তাহাকে বধ § করিয়া কবর দিবা। ৩২ তাহাতে সে আমার পিতা দায়ূদের অজ্ঞাতসারে আপনাহইতে ধার্ম্মিক ও উত্তম দুই ব্যক্তিকে, অর্থাৎ ইস্রায়েলের সেনাপতি নেরের পুত্র অব্নেরকে ও যিহূদার সেনাপতি যেথরের পুত্র অমাসাকে আক্রমণ করিয়া খড়্গদ্বারা বধ করিল; এখন পরমেশ্বরদ্বারা তাহার সেই রক্তপাত জন্য অপরাধ তাহারই প্রতি বর্ত্তিবে। ৩৩ তাহাদের রক্তপাত জন্য অপরাধ যোয়াবের ও তাহার বংশের প্রতি সর্ব্বদা বর্ত্তিবে, কিন্তু পরমেশ্বরদ্বারা দায়ূদের ও তাহার বংশের ও তাহার পরিজনের ও তাহার সিংহাসনের প্রতি শান্তি সর্ব্বদা বর্ত্তিবে। ৩৪ পরে যিহোয়াদার পুত্র বিনায় তাহার নিকটে গিয়া তাহাকে আক্রমণ করিয়া বধ করিল, এবং অরণ্যে তাহার বাটীতে তাহার কবর দত্ত হইল।

৩৫ পরে রাজা তাহার পদে যিহোয়াদার পুত্র বিনায়কে সেনাপতি করিল, এবং অবিয়াথরের পদে সাদোক্কে যাজক করিল।

৩৬ তাহার পরে রাজা দূত প্রেরণ করিয়া শিমিয়িকে আনাইয়া কহিল, তুমি যিরূশালমে আপনার জন্যে এক গৃহ নির্ম্মাণ করিয়া সেই স্থানে বাস কর, তথাহইতে অন্য কোন স্থানে যাইও না। ৩৭ যে দিবসে তুমি বাহির হইয়া কিদ্রোণ্ স্রোত পার হইবা, সেই দিবসে তুমি অবশ্য হত হইবা, তোমার রক্তপাত জন্য অপরাধ তোমারই প্রতি বর্ত্তিবে, ইহা নিশ্চয় জ্ঞাত হও। ৩৮ তাহাতে শিমিয়ি রাজাকে কহিল, এই কথা উত্তম হয়; আমার প্রভু রাজা যেমন কহিয়াছেন, আপনকার দাস তদনুসারেই করিবে; পরে শিমিয়ি অনেক দিন পর্য্যন্ত যিরূশালমে বসতি করিল। ৩৯ তিন বৎসরের পরে শিমিয়ির দুই দাস পলায়ন করিয়া মাখার পুত্র আখীশ্ গাতের রাজের নিকটে গেল; তাহাতে তোমার দাসগণ গাতে আছে, এই কথা লোকেরা শিমিয়িকে কহিলে, ৪০ সে উঠিয়া গর্দ্দভ সাজাইয়া দাস-

[১৯] গী ৪৫; ৯॥—[২২] ২ শি ৩; ৭,৮,১৪-১৬। ১৬; ২০,২১॥—[২৩] ১ রা ১; ৫২॥—[২৪] প ৪। ১ বং ২২; ৯,১০॥—[২৬] যি ২১; ১৮। ১ শি ২২; ২০-২৩। ২৩; ৬,৯। ২ বং ১৫; ১১। ২ শি ১৫; ২৪, ২৯॥—[২৭] ১ শি ২; ৩১। ২২; ১৬-১৯॥—[২৮] ১ শি ১৮; ১৪। ১ রা ১; ৭,৪১,৫০॥—[৩১] যা ২১; ১৪॥—[৩২] প ৫॥—[৩৩] ২ শি ৩; ২৮,২৯॥—[৩৬] প ৮,৯॥—[৩৭] ২ শি ১৬; ৫। ১৭; ১৮,২০॥—[৩৯] ১ শি ২৭; ২॥

* (ইব্রী) তোমার মুখ ফিরাইব না। † (ইব্রী) মৃত্যুর পুত্র। ‡ (ইব্রী) তাহার উপরে পড়। § (বা) আক্রমণ।

গণের অন্বেষণে গাতে আখীশের নিকটে গেল, এবং শিমিয়ি যাইয়া গাৎহইতে আপন দাসগণকে আনিল। ৪১ পরে শিমিয়ি যিরূশালম্‌হইতে গাতে গিয়াছে, এখন ফিরিয়া আইল, এই কথা কেহ সুলেমানের নিকটে ৪২ কহিলে, রাজা দূত প্রেরণ করিয়া শিমিয়িকে আনাইয়া তাহাকে কহিল, ‘যে দিবসে তুমি বাহিরে যাইবা ও অন্য কোন স্থানে ভ্রমণ করিবা, সেই দিবসে তুমি অবশ্য হত হইবা, ইহা নিশ্চয় জ্ঞাত হও,’ আমি পরমেশ্বরের নামে তোমাকে শপথ করাইয়া কি এই কথা দৃঢ় প্রতিজ্ঞা করিয়া কহি নাই? তাহাতে তুমি কহিলা, আমার শ্রুত যে কথা তাহাই উত্তম। ৪৩ তবে তুমি পরমেশ্বরের দিব্য ও তোমাকে দত্ত ৪৪ আমার আজ্ঞা কেন পালন করিলা না? রাজা শিমিয়িকে আরো কহিল, আমার পিতা দায়ূদের প্রতি তুমি যে দুষ্টতা করিয়াছ, তাহা তুমি আপন মনে নিশ্চয় জ্ঞাত আছ; অতএব পরমেশ্বরদ্বারা তোমার ৪৫ দুষ্টতার ফল তোমাতে বর্ত্তিল। কিন্তু সুলেমান্‌ রাজা আশীর্ব্বাদ পাইবেন, ও পরমেশ্বরের সম্মুখে দায়ূদের ৪৬ সিংহাসন সর্ব্বদা স্থির থাকিবে। পরে রাজা যিহোয়াদার পুত্র বিনায়কে আজ্ঞা করিলে সে যাইয়া তাহাকে আক্রমণ করিয়া বধ করিল; এই রূপে সুলেমানের হস্তে রাজ্য স্থির হইল।

৩ অধ্যায়।

১ ফিরৌণের কন্যার সহিত সুলেমানের বিবাহ ২ ও উচ্চ স্থানে বলিদান ৫ ও জ্ঞানার্থে ঈশ্বরের কাছে প্রার্থনা ১৬ ও দুই বেশ্যার বালকের বিষয়ে বিচার করণ ও তদ্দ্বারা তাহার সুখ্যাতি।

১ পরে সুলেমান্‌ রাজা মিসরের ফিরৌণ্‌ রাজের সহিত কুটুম্বিতা করিয়া ফিরৌণের কন্যাকে বিবাহ করিল, এবং যে পর্য্যন্ত আপন গৃহ ও পরমেশ্বরের মন্দির ও যিরূশালমের চতুর্দ্দিগস্থ প্রাচীর নির্ম্মিত না হইল, তাবৎ তাহাকে দায়ূদ্‌নগরে আনিল।

২ আর সেই কাল পর্য্যন্ত পরমেশ্বরের নামের উদ্দেশে কোন মন্দির নির্ম্মিত হইল না, এই জন্যে লোকেরা ৩ উচ্চস্থানে বলিদান করিত। সুলেমান্‌ আপন পিতা দায়ূদের বিধ্যনুসারে আচরণ করিতে২ পরমেশ্বরেতে প্রেম করিল বটে, তথাপি সে উচ্চস্থানে বলিদান করিত ৪ ও ধূপ জ্বালাইত। বিশেষতঃ রাজা বলিদান করণার্থে গিবিয়োনে যাইয়া সেই শ্রেষ্ঠ উচ্চস্থানের বেদিতে এক সহস্র হোমবলি দান করিত।

৫ গিবিয়োনে পরমেশ্বর রাত্রিতে স্বপ্নযোগে সুলেমান্‌কে দর্শন দিলেন; এবং ঈশ্বর কহিলেন, আমার দাতব্য বর তুমি প্রার্থনা কর। ৬ তাহাতে সুলেমান্‌ কহিল, তোমার দাস আমার পিতা দায়ূদ্‌ সত্যতাতে ও ধর্ম্মে ও তোমার গোচরে সরলান্তঃকরণে আচরণ করিলে তুমি তদনুসারে তাহার প্রতি বড় দয়া প্রকাশ করিয়া, তাহার সিংহাসনে অদ্য উপবিষ্ট হইতে এক পুত্রকে দিলা, তাহার প্রতি এই বড় অনুগ্রহ করিলা। ৭ এখন হে আমার প্রভো পরমেশ্বর, তুমি আমার পিতা দায়ূদের পদে আপন দাসকে রাজ্যাভিষিক্ত করিলা; কিন্তু আমি ক্ষুদ্র বালক, বহির্গমন করিতে ও অন্তরে প্রবেশ করিতে জানি না। ৮ তোমার এই দাস তোমার মনোনীত লোকদের মধ্যে, অর্থাৎ মহান্‌ ও বাহুল্য প্রযুক্ত অসংখ্য ও অগণ্য লোকদের মধ্যে আছে। ৯ অতএব তোমার এই লোকদের বিচার করিতে ও ভদ্রাভদ্র বিশেষ জানিতে তোমার দাসের মনে জ্ঞান * দেও; নতুবা তোমার এত লোকের বিচার কে করিতে পারে? ১০ তখন পরমেশ্বর সুলেমানের এইরূপ প্রার্থনাতে সন্তুষ্ট হইয়া ১১ কহিলেন, তুমি কেবল এই প্রার্থনা করিলা, এবং আপনার দীর্ঘায়ু † প্রার্থনা করিলা না, ও আপনার জন্যে ধনও প্রার্থনা করিলা না, ও আপনার শত্রুগণের প্রাণও প্রার্থনা করিলা না; কিন্তু ন্যায় জানিতে ‡ আপনার জন্যে কেবল জ্ঞান প্রার্থনা করিলা; ১২ দেখ, এই নিমিত্তে আমি তোমার বাক্যানুসারেই করিলাম; দেখ, তোমাকে এমত জ্ঞানবৎ ও বুদ্ধিমৎ মন দিলাম, যে তোমার পূর্ব্বে তোমার তুল্য কেহ হয় নাই এবং পরেও তোমার তুল্য কেহ হইবে না। ১৩ তদ্‌ভিন্ন তুমি যে ধন ও সম্মান প্রার্থনা করিলা না, তাহাও আমি তোমাকে এমত দিলাম, যে রাজবর্গের মধ্যে যাবৎজীবন তোমার তুল্য কেহ হইবে না। ১৪ তোমার পিতা দায়ূদ্‌ যে রূপ আচরণ করিয়াছে, সেই রূপে তুমি যদি আমার আজ্ঞা ও বিধি পালন করিয়া আমার পথে আচরণ কর, তবে আমি তোমার আয়ুর বৃদ্ধি করিব। ১৫ পরে সুলেমান্‌ জাগ্রৎ হইলে স্বপ্ন বোধ হইল; পরে সে যিরূশালমে যাইয়া পরমেশ্বরের নিয়মসিন্দুকের সম্মুখে দাঁড়াইয়া হোমবলি ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিল, এবং আপন তাবৎ দাসের জন্যে এক ভোজ করিল।

১৬ সেই সময়ে দুই বেশ্যা রাজার নিকটে আসিয়া তাহার সম্মুখে দাঁড়াইল। ১৭ এবং এক স্ত্রী কহিল, হে আমার প্রভো, আমি ও এই স্ত্রী উভয়ে এক বাটীতে থাকি, এবং আমি ইহার সহিত গৃহে থাকিয়া সন্তান প্রসব করিলাম। ১৮ আমার প্রসবের পর তৃতীয় দিবসে ঐ স্ত্রীও প্রসব করিল; তখন আমরা দুই জন ব্যতিরেক

---

[৪২] প ৩৭, ৩৮ ॥—[৪৪] প ৯, ৩৭ ॥—[৪৫] প ৩৩ ॥—[৪৬] প ১২ ॥

[৩ অধ্য; ১] দ্বি ৭; ২, ৩। ২৩; ৭। ২ শি ৫; ৭, ৯। ১ রা ৭; ৮ ॥—[২] দ্বি ১২; ১৩, ১৪। ১ শি ৯; ১২॥—[৩] ১ রা ২; ৩॥—[৪] ২ বং ১; ৩, ৪ ॥—[৫-১৫] ২ বং ১; ৬-১২ ॥—[৬] ২ শি ৭; ১৮, ১৯। ২২; ২, ৩॥—[৭] ১ বং ২৯; ১। যির ১; ৬। গী ২৭; ১৬, ১৭॥—[৮] আ ২২; ১৭॥—[৯] হি ৮; ১৪, ১৫ ॥—[১২] ১ রা ৪; ২৯-৩৪ ॥ [১৩] ১০; ১৪-২৯। ৪২; ৯-১১ ॥—[১৫] ২ বং ১; ৪, ১৩। ২ শি ৬; ১৯॥

* (ইব্রী) শ্রবণকারি মন। † (ইব্রী) অনেক দিন বা বহুদিন। ‡ (ইব্রী) শুনিতে।

১৯ গৃহে আর কেহ ছিল না। পরে রাত্রিতে এই স্ত্রী আপন বালকের উপরে শয়ন করাতে ইহার বালক
২০ মরিল। তাহাতে সে মধ্যরাত্রিতে উঠিয়া নিদ্রিতা যে আমি, আমার নিকটহইতে আমার বালককে লইয়া আপন বক্ষঃস্থলে শয়ন করাইল, এবং আপন
২১ মৃত বালককে আমার বক্ষস্থলে শয়ন করাইল। প্রাতঃকালে আমি আপন বালককে দুগ্ধ পান করাইতে উঠিলে তাহাকে মৃত দেখিলাম; কিন্তু সে আমার প্রসূত বালক নয়, সকালে বিবেচনা করিয়া ইহা
২২ দেখিলাম। অন্য স্ত্রী কহিল, না, জীবৎ পুত্র আমার, ও মৃত পুত্র তোমার; তাহাতে এই স্ত্রী কহিল, না২, মৃত পুত্র তোমার, জীবৎ পুত্র আমার; এই রূপে
২৩ দুই স্ত্রী রাজার কাছে নিবেদন করিল। রাজা কহিল, এক জন কহে, জীবৎ পুত্র আমার ও মৃত পুত্র তোমার; এবং অন্য জন কহে, না২, জীবৎ পুত্র আমার ও
২৪ মৃত পুত্র তোমার। পরে রাজা আজ্ঞা করিল, আমার কাছে এক খড়্গ আন; তাহাতে তাহারা রাজার কাছে
২৫ এক খড়্গ আনিলে রাজা কহিল, এই জীবৎ বালককে দ্বিখণ্ড করিয়া এক জনকে অর্দ্ধেক, ও অন্য জনকে
২৬ অর্দ্ধেক দেও। তাহাতে যাহার পুত্র জীবৎ ছিল, সে স্ত্রী আপন পুত্রের প্রতি দয়ার্দ্রচিত্তা * হইয়া রাজাকে নিবেদন করিল, হে আমার প্রভো, এই জীবৎ বালক ইহাকে দেও, কোন রূপে বালককে বধ করিও না; কিন্তু অন্য স্ত্রী কহিল, এ বালক আমারও হইবে না, তোমারও হইবে না; ইহাকে ছেদন করিয়া দুই
২৭ ভাগ কর। তখন রাজা আজ্ঞা করিল, এই জীবৎ বালককে কোন মতে বধ না করিয়া ঐ স্ত্রীকে দেও,
২৮ কেননা ঐ স্ত্রী এই বালকের মাতা। রাজা বিচারের যে সিদ্ধান্ত করিল, তাহা শুনিয়া সমস্ত ইস্রায়েল্ লোক রাজাকে সমাদর করিল, কেননা ন্যায় করণার্থে তাহার † ঈশ্বরদত্ত জ্ঞান আছে, ইহা তাহারা বুঝিল।

৪ অধ্যায়।

১ সুলেমানের পুধানাধ্যক্ষগণের নাম, ৭ ও দ্রব্য আয়োজনকারি বারো অধ্যক্ষের নাম, ২০ ও নিয়ুক্তকে রাজ্য করণের কথা, ২২ ও দিবসীয় খাদ্যের পরিমাণের কথা, ২৬ ও তাহার অশ্বশালার সংখ্যা, ২৯ ও তাহার জ্ঞানের কথা।

১ এই রূপে সুলেমান্ সমস্ত ইস্রায়েলের উপরে রাজত্ব
২ করিল। তাহার প্রধান অধ্যক্ষগণের নাম। যে সাদোক্
৩ যাজক্ তাহার পুত্র অসরিয় এবং সিরায়ের পুত্র ইলীহোরফ্ ও অহিয় লেখক ছিল, এবং অহীলূদের
৪ পুত্র যিহোশাফট্ ইতিহাসকর্ত্তা ছিল। এবং যিহোয়াদার পুত্র বিনায় সেনাপতি ছিল, এবং সাদোক্ ও অবিয়াথর্ মহাযাজক ছিল। এবং নাথনের পুত্র
৫ অসরিয় কর্ম্মকর্ত্তাদের প্রধান ছিল, ও নাথনের পুত্র সাবূদ্ প্রধান অধ্যক্ষ ও রাজার সুহৃদ ছিল। এবং
৬ অহীশার্ রাজগৃহাধ্যক্ষ ছিল, ও অব্দের পুত্র অদোনীরাম্ রাজদলের অধ্যক্ষ ছিল।

৭ আর তাবৎ ইস্রায়েলের উপরে দ্বাদশ জন সুলেমানের কর্ম্মকর্ত্তা ছিল; তাহারা রাজার ও রাজবাটীর প্রতিপালক হইয়া প্রত্যেক জন বৎসরের প্রতি
৮ মাসের দ্রব্যাদি আয়োজন করিত। তাহাদের নাম;
৯ ইফ্রয়িম্ পর্ব্বতে হূরের পুত্র। এবং মাকস্ ও শাল্বীম্ ও বৈৎশেমশ্ ও এলোন্ ও বৈথাননে দেকরের
১০ পুত্র। এবং অরুবোতে হেষদের পুত্র; সোখো
১১ ও হেফর্ প্রদেশে তাহার অধিকার ছিল। এবং দোর্ সকল দেশে অবীনাদবের পুত্র; সে সুলে-
১২ মানের কন্যা টাফৎকে বিবাহ করিল। এবং তানক্ ও মগিদ্দো ও সর্ত্তনের নিকটে যিষ্রিয়েলের তলে বৈৎশান্ অবধি আবেল্-মিহোলা ও যগ্মিয়ামের পার পর্য্যন্ত তাবৎ বৈৎশানে অহীলূদের পুত্র বানার
১৩ অধিকার ছিল। এবং রামোৎ-গিলিয়দে গেবরের পুত্র; এবং গিলিয়দস্থ মিনশির পুত্র যায়ীরের তাবৎ গ্রাম, এবং বাশনস্থ অর্গোব্ তাবৎ দেশ, সর্ব্বশুদ্ধ প্রাচীরবেষ্টিত ও পিত্তলের অর্গলযুক্ত ষাইট বৃহৎ
১৪ নগর তাহার অধীনে ছিল। এবং মহনয়িমে ইদ্দোর
১৫ পুত্র অহীনাদব্। ও নপ্তালিতে অহীমাস্; সেও সুলে-
১৬ মানের কন্যা বাসিমৎকে বিবাহ করিল। এবং আ-
১৭ শেরে ও বালোতে হূশয়ের পুত্র বানা। ও ইষাখরে
১৮ পারুহের পুত্র যিহোশাফট্। এবং বিন্যামীনে এলার
১৯ পুত্র শিমিয়ি। ও গিলিয়দ্ দেশে অর্থাৎ ইমোরীয়দের সীহোন্ রাজার ও বাশনের ওগ্ রাজার দেশে উরির পুত্র গেবর্; তদ্ব্যতিরেকে সেই দেশে অন্য কর্ম্মকর্ত্তা ছিল না।

২০ অপর যিহূদা বংশ ও ইস্রায়েল্ বংশ আনন্দে ভোজন পান করিয়া বৃদ্ধি পাইয়া সমুদ্রতীরস্থ বালুকার ন্যায় অগণ্য হইল। এবং (ফরাৎ) নদী অবধি
২১ পিলেষ্টীয়দের দেশ ও মিসরের সীমা পর্য্যন্ত তাবৎ রাজ্যের উপরে সুলেমান্ রাজত্ব করিল; তাহাতে তাহারা সুলেমানের যাবজ্জীবন তাহাকে উপঢৌকন দিল, এবং তাহাকে সেবা করিল।

২২ সুলেমানের আয়োজনীয় ‡ দ্রব্য। ত্রিশ পরিমাণ সূক্ষ্ম
২৩ সূজি ও ষাইট পরিমাণ ময়দা। এবং হরিণ ও মৃগী ও কালসার ও পুষ্ট পক্ষির সহিত দশ পুষ্ট গোরু ও মাঠহইতে আনিত বিংশতি গোরু ও এক শত মেষ,

---

[২৮] প ১২ ॥

[৪ অধ্যা; ২] ২ শি ৮; ১৬॥—[৪] ১ রা ২; ২৬, ২৭, ৩৫ ॥—[৫] প ৭॥—[৬] ৫; ১৪॥—[১২] ৭; ৪৬॥—[১৩] দ্বি ৩; ১৩-১৫॥—[১৯] প ১৩। দ্বি ৩; ১২-১৬॥—[২০] আ ২২; ১৭। প ২৫॥—[২১] ২ শি ৮; ১-১৪॥—[২৪,২৫] ১ বং ২২; ৯॥—[২৫] বি ২০; ১॥—[২৬] দ্বি ১৭; ১৬॥—[২৭] প ৭॥

* (ইব্রু) নাড়ী হাঁচড় পাঁচড় করাতে। † (ইব) তাহার অন্তরে ‡ (ইব্রু) রুটী বা খাদ্য।

২৪ এই সকল তাহার এক দিনের আয়োজন ছিল। এবং তিপ্‌সহ অবধি অসা পর্য্যন্ত সে (ফরাৎ) নদীর এ পারস্থিত তাবৎ দেশের অর্থাৎ তাবৎ রাজার উপরে ২৫ কর্তৃত্ব করিল। এবং তাহার চতুর্দ্দিগে নির্ব্বিরোধ হওয়াতে যিহূদা বংশ ও ইস্রায়েল্ বংশ দান্ অবধি বের্শেবা পর্য্যন্ত সুলেমানের তাবৎ অধিকার সময়ে প্রত্যেক জন আপন২ দ্রাক্ষালতার ও ডুম্বুর বৃক্ষের তলে নিরাপদে বাস করিল।

২৬ সুলেমানের রথের নিমিত্তে চল্লিশ সহস্র অশ্বশালা ২৭ ও বারো সহস্র অশ্বারূঢ় ছিল। এবং সুলেমান্ রাজার নিমিত্তে ও সুলেমান্ রাজার ভোজনাসনে ভোজনকারিদের নিমিত্তে কর্ম্মকারিরা প্রত্যেক জন আপন২ নিরূপিত মাসে খাদ্য দ্রব্য আয়োজন করিত, ও কিছুই ২৮ ত্রুটি করিত না; তাহাদের প্রত্যেক জন আপন নিরূপিত কর্ম্মানুসারে অশ্বদের ও উষ্ট্রদের জন্যে উপযুক্ত স্থানে যব ও তৃণ আনিত।

২৯ আর ঈশ্বর সুলেমান্‌কে জ্ঞান ও অতিশয় বুদ্ধি দিলেন, এবং সমুদ্রতীরস্থ বালুকার ন্যায় তাহার মনের ৩০ বিস্তীর্ণতা দিলেন। পূর্ব্বদেশীয় লোকদের ও মিস্রীয় লোকদের হইতেও সুলেমানের অধিক জ্ঞান হইল। ৩১ এবং সে সকলহইতে বিদ্বান, অর্থাৎ ইস্রাহীয় এথন্ ও মাহোলের পুত্র হেমন্ ও কল্‌কোল্ ও দর্দা, ইহাদের হইতেও অধিক জ্ঞানবান্ হইল; এবং চতুর্দ্দিগে সর্ব্ব- ৩২ দেশে তাহার সুখ্যাতি ব্যাপিল। সে তিন সহস্র হিতোপদেশ কথা কহিল, ও তাহার গীত এক সহস্র পাঁচ ৩৩ ছিল। এবং সে লিবানোনের এরস্ বৃক্ষাবধি প্রাচীরহইতে উৎপন্ন এসোব্ বৃক্ষ পর্য্যন্ত বর্ণনা করিল, এবং পশু ও পক্ষী ও উরগ ও মৎস্যের বর্ণনা করিল। ৩৪ এবং পৃথিবীস্থ যে২ রাজা সুলেমানের জ্ঞানের সম্বাদ শুনিয়াছিল, তাহাদের নিকটহইতে তাবৎ দেশীয় লোক সুলেমানের জ্ঞানের কথা শুনিতে আইল।

৫ অধ্যায়।

১ কাষ্ঠের জন্যে হীরমের কাছে সুলেমানের লোক প্রেরণ, ৭ ও হীরমের কাষ্ঠ প্রেরণ করণ, ১০ ও তাহাদের পরস্পর নিয়ম ও উপকার করণ, ১৩ ও সুলেমানের কর্ম্মকারিদের সংখ্যা।

১ লোকেরা সুলেমানের পিতার পরিবর্ত্তে সুলেমান্‌কে রাজ্যাভিষিক্ত করিয়াছে, এই কথা শুনিয়া সোরের রাজা হীরম্ সুলেমানের নিকটে আপন দাসগণকে পাঠাইল, কেননা যাবজ্জীবন দায়ূদের সহিত হীরমের ২ প্রণয় ছিল। তাহাতে সুলেমান্ হীরম্‌কে এই কথা ৩ কহিয়া পাঠাইল, যে পর্য্যন্ত পরমেশ্বর আমার পিতা দায়ূদের শত্রুগণকে তাহার পদতলস্থ না করিলেন, তাবৎ তাহার চতুর্দ্দিগে যুদ্ধ হইত, এই জন্যে সে আপন প্রভু পরমেশ্বরের নামের উদ্দেশে গৃহ নির্ম্মাণ করিতে পারিল না, ইহা তুমি জ্ঞাত আছ। কিন্তু এখন ৪ আমার প্রভু পরমেশ্বর চতুর্দ্দিগহইতে আমাকে বিশ্রাম দিয়াছেন; আমার বিপক্ষ কেহ নাই, এবং বিপদ ঘটনা কিছুই নাই। অতএব 'দেখ, আমি তোমার পদে ৫ তোমার যে পুত্রকে সিংহাসনোপবিষ্ট করিব, সে আমার নামের উদ্দেশে এক মন্দির নির্ম্মাণ করিবে,' এই যে কথা পরমেশ্বর আমার পিতা দায়ূদ্‌কে কহিয়াছিলেন, তদনুসারে আমি আপন প্রভু পরমেশ্বরের নামের উদ্দেশে এক গৃহ নির্ম্মাণ করিতে আজ্ঞা করিতেছি। ৬ এখন আমার নিমিত্তে লিবানোনে যাইতে ও এরস্‌বৃক্ষ ছেদন করিতে আপন লোকদিগকে আজ্ঞা কর. ও আমার দাসগণ তোমার দাসগণের সহিত থাকুক; তুমি যে আজ্ঞা করিবা, তদনুসারে আমি তোমার দাসদিগকে বেতন দিব, কেননা কাষ্ঠ ছেদন করিতে সীদোনীয়দের ন্যায় বিজ্ঞ লোক আমাদের মধ্যে কেহ নাই।

৭ তখন হীরম্ সুলেমানের কথা শুনিয়া বড় আনন্দিত হইয়া কহিল, এই মহৎ লোকদের উপরে রাজত্ব করিতে দায়ূদ্‌কে জ্ঞানি পুত্র দিয়াছেন যে পরমেশ্বর, ৮ অদ্য তিনি ধন্য। পরে হীরম্ সুলেমানের কাছে লোক পাঠাইয়া কহিল, তুমি যে নিমিত্তে আমার কাছে লোক পাঠাইলা, তাহা আমি শুনিয়া এরস্ ও দেব- ৯ দারু কাষ্ঠ দিয়া তোমার বাঞ্ছা সিদ্ধি করিব। আমার দাসগণ লিবানোন্‌হইতে তাহা সমুদ্রে আনিলে আমি ভেলা বাঁধিয়া সমুদ্রদ্বারা তোমার নিরূপিত স্থানে প্রেরণ করিব, ও সেই স্থানে খুলিলে তুমি তাহা গ্রহণ করিবা; এবং আমার পরিজনগণকে পালন করিয়া আমার বাঞ্ছা সিদ্ধি করিবা।

১০ এই রূপে হীরম্ সুলেমানের বাঞ্ছানুসারে এরস্‌বৃক্ষ ও দেবদারু বৃক্ষ দিল। ১১ এবং সুলেমান্ হীরমের পরিজনদের ভক্ষের জন্যে তাহাকে বিংশতি সহস্র পরিমাণ গোম ও বিংশতি পরিমাণ নির্ম্মল তৈল দিল; এই রূপে সুলেমান্ বৎসর২ হীরম্‌কে দিল। ১২ এবং পরমেশ্বর আপন প্রতিজ্ঞানুসারে সুলেমান্‌কে জ্ঞান দিলেন; পরে হীরম্ ও সুলেমান্ উভয়ে সন্ধি করিল; ও দুই জনে নিয়ম করিল।

১৩ পরে সুলেমান্ রাজা ইস্রায়েল্ বংশের মধ্যহইতে এক দল অর্থাৎ ত্রিশ সহস্র লোককে সংগ্রহ করিল। ১৪ সে মাসে২ পর্য্যায়ানুসারে তাহাদের দশ সহস্র জনকে লিবানোনে প্রেরণ করিল; তাহাতে তাহারা এক মাস

---

[২৯] ১ রা ৩ ; ১২ ।।—[৩০] যির্ ৮ ; ৮-১০ । যিশা ১৯ ; ১১,১২ । ৪৭ ; ১২,১৩ ।।—[৩১] ১ বং ১৫ ; ১৯ । গী ৮৯ ; ১ ।। [৩২] হি ১ ; ১ । পর ১ ; ১ ।।—[৩৪] ১ রা ১০ ; ১ । ২ বং ৯ ; ১,২৩ ।।

[৫ অধ্যা ; ১] ২ শি ৫ ; ১১ ।।—[২-৬] ২ বং ২ ; ৩-১০ ।।—[৩,৪] ১ বং ২২ ; ৮ ; ৯ । ১ রা ৪ ; ২৪,২৫ ।।—[৫] ২ শি ৭ ; ১২,১৩ । ১ বং ২২ ; ১০ ।।—[৭-৯] ২ বং ২ ; ১১-১৬ ।।—[৯] ইষ্ণু ৩ ; ৭ । যিহি ২৭ ; ১৭ । প্রে ১২ ; ২০ ।।—[১১] ২ বং ২ ; ১০,১৫ ।।—[১২] ১ রা ৩ ; ১২ ।।

পর্য্যন্ত লিবানোনে থাকিত, ও দুই মাস বাটীতে থাকিত; এবং অদোনীরাম্ সংগৃহীত দলের অধ্যক্ষ ছিল। ১৫ এবং সুলেমানের সত্তরি সহস্র ভারবাহক, ও ১৬ পর্ব্বতে আশী সহস্র ছেদক ছিল। তদ্ভিন্ন কর্ম্মকারি লোকদের উপরে নিযুক্ত প্রধান কর্ম্মকারিদের অধ্যক্ষ ১৭ তিন সহস্র তিন শত লোক ছিল; এবং রাজার আজ্ঞানুসারে তাহারা তক্ষিত প্রস্তরদ্বারা গৃহের ভিত্তিমূল করণার্থে বৃহৎ প্রস্তর ও বহুমূল্য প্রস্তর খনন করিল। ১৮ পরে সুলেমানের ও হীরমের রাজলোকেরা ও পর্ব্বতীয় লোকেরা তাহা ছেদন করিল; এই রূপে তাহারা মন্দির নির্ম্মাণ করিতে কাষ্ঠ ও প্রস্তর প্রস্তুত করিল।

৬ অধ্যায়।

১ মন্দিরের নির্ম্মাণ আরম্ভ, ১১ ও তাহার বিষয়ে ঈশ্বরের প্রতিজ্ঞা, ১৪ ও মন্দিরের ছাত প্রভৃতির কথা, ২৩ ও কিরূবের কথা, ৩১ ও দ্বারের কথা, ৩৬ ও প্রাঙ্গনের কথা ও নির্ম্মাণ সময়ের কথা।

১ পরে ইস্রায়েল্ বংশের মিসর্‌হইতে আগমনের পর চারি শত আশী বৎসরে, অর্থাৎ ইস্রায়েলের উপরে সুলেমানের রাজত্ব করণের চতুর্থ বৎসরের সিব্‌নামক দ্বিতীয় মাসে সুলেমান্ পরমেশ্বরের উদ্দেশে মন্দির ২ নির্ম্মাণ করিতে আরম্ভ করিল। পরমেশ্বরের উদ্দেশে যে মন্দির সুলেমান্ রাজা নির্ম্মাণ করিল, তাহা দীর্ঘে ষাইট হস্ত, ও প্রস্থে বিংশতি হস্ত, ও উচ্চে ত্রিশ হস্ত। ৩ এবং মন্দিরের প্রস্থানুসারে বিংশতি হস্ত দীর্ঘ, ও দশ ৪ হস্ত প্রস্থ মন্দিরের সম্মুখে এক বারাণ্ডা করিল। এবং মন্দিরের নিমিত্তে উপরিস্থিত সংকোচিত বাতায়ন ৫ করিল। এবং মন্দিরের চতুর্দ্দিগে কুঠরির শ্রেণী করিল, অর্থাৎ চতুর্দ্দিগে মন্দিরের ও ঈশ্বরের বাক্যস্থানের ভিত্তির গাত্রে কুঠরির শ্রেণী করিল; এই রূপে চতুর্দ্দিগে ৬ কুঠরি নির্ম্মাণ করিল। তাহার অধঃস্থ কুঠরির শ্রেণী পাঁচ হস্ত প্রস্থ, ও মধ্যম কুঠরির শ্রেণী ছয় হস্ত প্রস্থ, এবং তৃতীয় কুঠরির শ্রেণী সাত হস্ত প্রস্থ করিল; কেননা কড়িকাষ্ঠ যেন ভিত্তির মধ্যে বদ্ধ না হয়, এই জন্যে সে ৭ চতুর্দ্দিগে ভিত্তির এক ভাগে স্থান দিল। আর প্রস্তরাকরে প্রস্তর সকল প্রস্তুত করিয়া আনিয়া তাহাদ্বারা মন্দির নির্ম্মাণ করিল; একারণ মন্দির নির্ম্মাণকালে হাতুল্ কিম্বা কুড়ালি কোন লৌহাস্ত্রের শব্দ শুনা গেল না। ৮ এবং মধ্যম কুঠরির দ্বার মন্দিরের দক্ষিণদিগে করিল, এবং বক্রসোপান দিয়া মধ্যম শ্রেণীতে, ও মধ্যম ৯ শ্রেণীহইতে তৃতীয় শ্রেণীতে প্রবেশ করিল। এই রূপে সে মন্দির নির্ম্মাণ সমাপ্তি করিল, এবং মন্দিরের অন্তর ১০ ছাত এরস্ কাষ্ঠেতে আচ্ছাদিত করিল। এবং মন্দিরের সর্ব্বগাত্রে পাঁচ হস্ত উচ্চ কুঠরির শ্রেণি করিল, তাহার উপরে এরস্ বৃক্ষের কড়িকাষ্ঠ দিল।

১১ পরে পরমেশ্বরের এই বাক্য সুলেমানের নিকটে ১২ উপস্থিত হইল, তুমি এই মন্দির নির্ম্মাণ করিতেছ, কিন্তু যদি আমার সমস্ত বিধ্যনুসারে কর্ম্ম করিয়া আমার আজ্ঞা পালন কর ও আচরণদ্বারা আমার বিধি পালন কর, তবে আমি তোমার পিতা দায়ূদ্‌কে যাহা কহিয়াছি, তাহা তোমার প্রতি সিদ্ধ করিব। ১৩ আমি ইস্রায়েল্ বংশের মধ্যে বাস করিব, ও আপন লোক ইস্রায়েল্ বংশকে ত্যাগ করিব না।

১৪ পরে সুলেমান্ মন্দির নির্ম্মাণ সাঙ্গ করিল। তাহাতে ১৫ গৃহের মেঝিয়া অবধি ছাত পর্য্যন্ত এরস্ কাষ্ঠদ্বারা ও গৃহের মধ্যদেশ দেবদারু কাষ্ঠদ্বারা আচ্ছাদিত করিল। ১৬ কিন্তু গৃহের পশ্চাৎ দিগে মেঝিয়া ও ভিত্তি বিংশতি হস্ত পর্য্যন্ত এরস্ কাষ্ঠদ্বারা আচ্ছাদন করিল, এবং ভিতরে ঈশ্বরের বাক্যস্থানার্থে অর্থাৎ মহাপবিত্র স্থানার্থে ঐ কর্ম্ম করিল। ১৭ এবং তাহার সম্মুখে মন্দিরের চল্লিশ হস্ত দীর্ঘ অবশিষ্ট থাকিল। ১৮ এবং গৃহ মধ্যে এরস্ কাষ্ঠে কলিকা ও বিকসিত পুষ্প খোদিল; সকলি এরস্ কাষ্ঠময় হইল, কিছুমাত্র প্রস্তর দৃষ্ট হইল না। ১৯ আর ঈশ্বরের নিয়মসিন্দুক স্থাপনার্থে অন্তস্থ মন্দিরের মধ্যে ঈশ্বরের বাক্যস্থান প্রস্তুত করিল। ২০ ঈশ্বরের বাক্যস্থান অগ্রভাগে বিংশতি হস্ত দীর্ঘ; ও বিংশতি হস্ত প্রস্থ, ও বিংশতি হস্ত উচ্চ করিয়া তাহা নির্ম্মল স্বর্ণেতে মুড়িল, এবং এরস্ কাষ্ঠের ধূপবেদিও সেই রূপ মুড়িল। ২১ এবং সুলেমান্ নির্ম্মল স্বর্ণদ্বারা গর্ভাগারের অন্তর্ভাগ মুড়িল, এবং ঈশ্বরের বাক্যস্থানের সম্মুখে স্বর্ণশৃঙ্খলদ্বারা এক আবরণ করিল, ও স্বর্ণদ্বারা তাহা মুড়িল। ২২ যে পর্য্যন্ত সমাপ্তি না হইল, তাবৎ সকল মন্দির স্বর্ণেতে মুড়িল, এবং ঈশ্বরের বাক্যস্থানের নিকটস্থ ধূপবেদিও স্বর্ণেতে মুড়িল।

২৩ আর ঈশ্বরের বাক্যস্থানে দশ হস্ত উচ্চ জিতকাষ্ঠের দুই কিরূব্ নির্ম্মাণ করিল। ২৪ এবং কিরূবের এক পক্ষ পাঁচ হস্ত ও অন্য পক্ষও পাঁচ হস্ত করিল; তাহাতে এক পক্ষের অগ্রভাগহইতে অন্য পক্ষের অগ্রভাগ পর্য্যন্ত দশ হস্ত হইল। ২৫ এবং অন্য কিরূবও দশ হস্ত; দুই কিরূবের সম পরিমাণ ও সম আকার করিল। ২৬ এক কিরূবের যেমন দশ হস্ত, অন্য কিরূবের উচ্চতাও তদ্রূপ করিল। ২৭ পরে সে কিরূব্‌দিগকে ভিতর কুঠরিতে স্থাপন করিল, এবং কিরূবদের পক্ষ এমত বিস্তীর্ণ করিল, যে একের পক্ষ এক ভিত্তি, ও অন্যের পক্ষ অন্য ভিত্তি

[১৫] ২ বং ২; ২,১৭,১৮;।—[১৭] ১ বং ২২; ২। ১ রা ৭; ৭॥

[৬ অধ্যা; ১] যা ১২; ৪০, ৪১। ২ বং ৩; ১,২॥—[২] ২ বং ৩; ৩। যা ২৬; ২,৩। যিহি ৪১; ২,৪॥—[৩] ২ বং ৩; ৪॥

[৫] যিহি ৪১; ৬॥—[৭] যা ২০; ২৫। দ্বি ২৭; ৫, ৬। ১ বং ২২; ২। ১ রা ৫; ১৭॥—[১২] ২ শি ৭; ১২-১৬॥

[১৩] যা ২৯; ৪৩-৪৬। লে ২৬; ১১,১২॥—[১৬] যা ২৬; ৩৩,৩৪॥—[২০] ২ বং ৩; ৮॥—[২২] যা ৩০; ১-৬॥

[২৩-২৮] যা ৩৭; ৭-৯। ২ বং ৩; ১১-১৩॥—[২৭] ২ বং ৫; ৮॥

স্পর্শ করিল, এবং তাহাদের পক্ষ মন্দির মধ্যে পর-
২৮ স্পর স্পর্শ করিল। পরে সে কিরূবদিগকে স্বর্ণদ্বারা
২৯ মুড়িল। এবং কিরূবদের ও তালবৃক্ষের ও বিকসিত পুষ্পের মূর্ত্তিতে মন্দিরের তাবৎ ভিত্তির উপর ভিতরে
৩০ বাহিরে চতুর্দ্দিগে খোদিত করিল; এবং গৃহের মেঝিয়া ভিতরে বাহিরে স্বর্ণদ্বারা মুড়িল।

৩১ আর ঈশ্বরের বাক্যস্থানে প্রবেশের দ্বারে জিত-কাষ্ঠের কপাট নির্ম্মাণ করিল, ও চৌকাটের বাজুর
৩২ গোবরাট পঞ্চকোণ করিল। এবং ঐ জিতকাষ্ঠময় দুই কপাটে কিরূবদের ও তালবৃক্ষের ও বিকসিত পুষ্পের আকৃতি খোদিত করিয়া স্বর্ণদ্বারা তাহা মুড়িল, এবং
৩৩ কিরূবদিগকে ও তালবৃক্ষকে স্বর্ণদ্বারা মুড়িল। এবং মন্দিরের দ্বারের নিমিত্তে চতুষ্কোণ পরিমাণ জিত-
৩৪ কাষ্ঠের চৌকাটের বাজু করিল। এবং দেবদারু কাষ্ঠের দুই কপাট করিল, এবং এক কপাটের বাইল যেমন কব্জাতে খেলিল, অন্য কপাটের বাইলও তদ্রূপ
৩৫ কব্জাতে খেলিল। এবং তাহার উপরে কিরূব্ ও তালবৃক্ষ ও বিকসিত পুষ্প খুদিয়া তাহা খোদিত কর্ম্মে সংযুক্ত স্বর্ণদ্বারা মুড়িল।

৩৬ পরে সে ভিতর প্রাঙ্গণে তিন পংক্তি খোদিত প্রস্তরের স্তম্ভ ও এক পংক্তি এরস্ কাষ্ঠের কড়ি নির্ম্মাণ
৩৭ করিল। চতুর্থ বৎসরের সিব্ নামক মাসে পরমেশ্বরের
৩৮ মন্দিরের ভিত্তিমূল নির্ম্মিত হইল। এই রূপে একাদশ বৎসরের বূল্ নামক অষ্টম মাসে নিরূপিত আকারানুসারে তাবৎ অংশেতেই মন্দিরের নির্ম্মাণ সমাপ্ত হইল; অতএব সাত বৎসর পর্য্যন্ত তাহার নির্ম্মাণ হইল।

৭ অধ্যায়।

১ সুলেমানের রাজগৃহ নির্ম্মাণের কথা ২ ও লিবানোনের অরণ্য গৃহের ও আপন স্ত্রীর গৃহ নির্ম্মাণের কথা ১৩ ও হূরমের কথা ১৫ ও তাহার দুই স্তম্ভ নির্ম্মাণের কথা ২৩ ও পিত্তলের সমুদ্রূপ পাত্র নির্ম্মাণের কথা ২৭ ও তাহার অবলম্বনের কথা ৩৮ ও স্নান পাত্রের কথা ৪০ ও অন্য পাত্রের কথা।

১ পরে সুলেমানের আপন বাটী নির্ম্মাণ করিতে ত্রয়োদশ বৎসর গত হইল; পরে আপনার সমুদয় বাটীর নির্ম্মাণ সমাপ্ত হইল।

২ আর সে লিবানোন্ অরণ্য নামে বাটী নির্ম্মাণ করিল; তাহার দীর্ঘতা এক শত হস্ত ও প্রস্থতা পঞ্চাশ হস্ত ও উচ্চতা ত্রিশ হস্ত করিল, এবং চারি শ্রেণী এরস্ কাষ্ঠের স্তম্ভ নির্ম্মাণ করিয়া তাহার উপরে এরস্
৩ কাষ্ঠের কড়ি দিয়া তাহা নির্ম্মাণ করিল। প্রত্যেক শ্রেণীতে পঞ্চদশ, সর্ব্বশুদ্ধ যে পঁয়তাল্লিশ কুঠরী * স্তম্ভে স্থাপিত হইল, তাহার উপরে এরস্ কাষ্ঠের ছাত দিল।
৪ এবং তিন শ্রেণীতে পরস্পর † সম্মুখ বাতায়ন রাখিল।
৫ এবং বাতায়নের তাবৎ চৌকাট চতুষ্কোণ হইল, এবং তিন শ্রেণীতে পরস্পর † সম্মুখ বাতায়ন করিল। এবং
৬ স্তম্ভের সম্মুখস্থ বারাণ্ডা করিল, তাহার দীর্ঘতা পঞ্চাশ হস্ত ও প্রস্থতা ত্রিশ হস্ত; এই বারাণ্ডা সম্মুখস্থ করিল, এবং অন্য স্তম্ভ ও পাইড় কাষ্ঠ তাহার সম্মুখে ছিল।
৭ এবং যে সিংহাসনের বারাণ্ডাতে বিচার করিত, তাহা বিচার বারাণ্ডা করিল, এবং মেঝিয়ার এক দিগ অবধি অন্য দিগ পর্য্যন্ত এরস্ কাষ্ঠদ্বারা আচ্ছাদিত করিল।
৮ আর আপন বাসগৃহের নিমিত্তে বারাণ্ডার পশ্চাতে তদ্রূপ আর এক প্রাঙ্গণ করিল; এবং সুলেমান্ আপন বিবাহিত স্ত্রী ফিরৌণের কন্যার নিমিত্তে ঐ বারাণ্ডার
৯ ন্যায় আর এক বারাণ্ডা নির্ম্মাণ করিল। এই সকল ভিত্তিমূল অবধি আলিশা পর্য্যন্ত ভিতরে ও বাহিরে তক্ষিত প্রস্তরের পরিমাণানুসারে করাতদ্বারা ছিন্ন বহুমূল্য প্রস্তরদ্বারা নির্ম্মাণ করিল, এবং প্রশস্ত
১০ প্রাঙ্গণের দিগেও তদ্রূপ করিল। এবং বহুমূল্য প্রস্তর, অর্থাৎ দশ হস্ত পরিমিত ও অষ্ট হস্ত পরিমিত
১১ বৃহৎ প্রস্তরদ্বারা ভিত্তিমূল করিল। ও তাহার উপরে তক্ষিত প্রস্তরের পরিমাণানুসারে বহুমূল্য প্রস্তর ও
১২ এরস্ কাষ্ঠ দিল। এবং মহা প্রাঙ্গণের চতুর্দ্দিগে, যেমন পরমেশ্বরের মধ্যপ্রাঙ্গণের, তেমন আপন গৃহের বারাণ্ডার নিমিত্তে তিন শ্রেণী তক্ষিত প্রস্তর, ও এক শ্রেণী এরস্ কাষ্ঠের কড়ি নির্ম্মাণ করিল।

১৩ পরে সুলেমান্ রাজা লোক প্রেরণ করিয়া সোর্-
১৪ হইতে হূরমকে আনাইল। ঐ হূরম্ নপ্তালি বংশীয় এক বিধবার গর্ব্ভজাত, ও সোর্ নগরস্থ এক কাংস্যকারের পুত্র ছিল, এবং পিত্তলের সমস্ত কর্ম্মেতে সুজ্ঞানী ও বুদ্ধিমান ও নিপুণ ছিল; পরে সে সুলেমান্ রাজের কাছে আসিয়া তাহার সমস্ত কার্য্য করিল।

১৫ সে অষ্টাদশ হস্ত উচ্চ ও দ্বাদশ হস্ত বেষ্টনে
১৬ পিত্তলের দুই স্তম্ভ নির্ম্মাণ করিল। এবং দুই স্তম্ভের মস্তকে উপবেশনার্থে পিত্তলের দুই মাথলা ছাঁচে ঢালিল, এক মাথলার উচ্চতা যেমন পাঁচ হস্ত, অন্য
১৭ মাথলার উচ্চতাও তদ্রূপ পাঁচ হস্ত করিল। এবং স্তম্ভের উপরিস্থ মাথলার জন্যে ঝালা কার্য্যে জাল ও শৃঙ্খলের কার্য্যে পাকান রজ্জু নির্ম্মাণ করিল; তাহার এক মাথলার জন্যে যেমন সাত, অন্য মাথলার
১৮ জন্যেও তদ্রূপ সাত করিল। এবং স্তম্ভ ও তাহার উপরিস্থ মাথলা আচ্ছাদনার্থে জালরূপ কার্য্যের উপরে বেষ্টন করিতে দুই শ্রেণী দাড়িম্বাকার নির্ম্মাণ করিল, এবং অন্য মাথলার জন্যেও তদ্রূপ করিল।
১৯ এবং বারাণ্ডাতে যেমন, তেমন এই স্তম্ভের উপরিস্থ মাথলা চারি হস্ত পর্য্যন্ত শোষণ পুষ্পের আকৃতি-

[২৯] যা ৩৬; ৮॥—[৩৩-৩৫] যিহি ৪১; ২৩-২৫॥—[৩৭,৩৮] প ১॥

[৭ অধ্য; ১] ২ বং ৮; ১॥—[৮] ১ রাও; ১। ২ বং ৮; ১১॥—[১৩,১৪] ২ বং ২; ১৩,১৪। যা ৩১; ৩-৬॥—[১৫-২২] ২ বংও; ১৫-১৭। ৪; ১২,১৩॥

* (ইব্রী) পঞ্জর † (ইব্রী) দৃষ্টিতে।

২০ বিশিষ্ট ছিল। এই জালরূপ কার্য্যের নিকটে দুই স্তম্ভের মাথলার প্রধান ভাগের উপরে চতুর্দ্দিগে শ্রেণীবদ্ধ দাড়িম্বাকার ছিল, এবং প্রত্যেক মাথলার ২১ উপরে দুই শত ছিল। পরে সে ঐ স্তম্ভ মন্দিরের বারাণ্ডাতে স্থাপন করিল, এবং দক্ষিণ দিগের স্তম্ভ স্থাপন করিয়া তাহার নাম যাখীন্ (স্থিরকারক) রাখিল, এবং বামদিগের স্তম্ভ স্থাপন করিয়া তাহার নাম ২২ বোয়স্ (বল) রাখিল। ঐ দুই স্তম্ভের উপরে শোষণ পুষ্পাকৃতি ছিল; এই রূপে স্তম্ভ সমাপ্ত করিল।

২৩ পরে সে ছাঁচে ঢালা এক গোলাকার সমুদ্রুরূপ পাত্র নির্ম্মাণ করিল, তাহা এক কানা অবধি অন্য কানা পর্য্যন্ত দশ হস্ত, ও তাহার উচ্চতা পাঁচ হস্ত, এবং তাহার ২৪ পরিধি ত্রিংশৎ হস্ত করিল। এবং তাহার চতুর্দ্দিগে কানার নীচে প্রত্যেক হস্ত পরিমাণের মধ্যে সমুদ্রুরূপ পাত্র বেষ্টনকারি দশ ২ গোলাকৃতি ছিল, এবং পাত্র ২৫ ঢালিবার সময়ে দুই শ্রেণীতে তাহা ছাঁচে ঢালিল। এবং ঐ সমুদ্রুরূপ পাত্র দ্বাদশ গোরুর উপরে স্থাপিত হইল; তাহাদের তিন উত্তরমুখ, ও তিন পশ্চিমমুখ, ও তিন দক্ষিণমুখ, ও তিন পূর্ব্বমুখ হইল; এবং সমুদ্রুরূপ পাত্র তাহাদের উপরে থাকিল; তাহাদের পশ্চাদ্ভাগ ২৬ অন্তরে থাকিল। ঐ পাত্র চারি অঙ্গুলি পুরু ও তাহার কানা শোষণ পুষ্পাকারে ভূষিত হইয়া বাটীর কানার সদৃশ ছিল; তাহাতে দুই সহস্র মোন ধরিল।

২৭ পরে সে চারি হস্ত দীর্ঘ ও চারি হস্ত প্রস্থ ও তিন ২৮ হস্ত উচ্চ পিত্তলময় দশ পীঠ নির্ম্মাণ করিল। তাহাদের এই রূপ নির্ম্মাণ ছিল; তাহাদের মধ্যদেশ ছিল, ২৯ এবং মধ্যদেশ বিটের মধ্যে ছিল। এবং বিটের মধ্যদেশের উপরে সিংহ ও গোরু ও কিরূব্ চিত্রিত ছিল, এবং উপরিস্থ বিটেতেও সেই রূপ ছিল, এবং সিংহদের ও গোরুদের নীচে আর ২ কতক সূক্ষ্ম কার্য্যের ৩০ ভূষণ ছিল। প্রত্যেক পীঠের পিত্তলময় চারি চক্র ও পিত্তলময় আল ছিল, এবং চারি কোণে স্থাপিত অবলম্বন ছিল, এবং স্নানপাত্রের নীচে ছাঁচে ঢালা প্রত্যেক ৩১ অবলম্বনের নিকটে ভূষণ ছিল। এবং পীঠের মধ্যে ও তদুপরি তাহার মুখ এক হস্ত, কিন্তু তাহার বহির্মুখ গোল ও স্তম্ভের আকৃতির ন্যায় দেড় হস্ত; ও তাহার মুখের উপরে শিল্পকার্য্য ছিল; তাহার ৩২ মধ্যদেশ গোল নয়, চতুষ্কোণ হইল। এবং মধ্যদেশের নীচে চারি চক্র; ঐ চক্রের আল পীঠের সহিত নির্ম্মিত ছিল; তাহার প্রত্যেক চক্র দেড় হস্ত ৩৩ উচ্চ ছিল। এবং রথচক্রের ন্যায় তাহার আকৃতি ছিল, এবং তাহার আল ও নেমি ও তাহার নাভি ৩৪ ও দণ্ড ছাঁচে ঢালা হইল। এবং প্রত্যেক পীঠের চারি কোণে স্থাপিত চারি অবলম্বন ছিল; সে অবলম্বন স্বয়ং পীঠের সহিত নির্ম্মিত ছিল। ৩৫ ঐ পীঠের উপরিস্থ অর্দ্ধ হস্ত উচ্চ গোলবেষ্টনকারি হাতল এবং পীঠের উপরিস্থ বিট ও মধ্যদেশ তাহার সহিত নির্ম্মিত ছিল। ৩৬ কেননা তাহার বিটের প্রদেশের ও তাহার মধ্যদেশের উপরে প্রত্যেকের পরিমাণানুসারে কিরূব্দিগকে ও সিংহদিগকে ও তালবৃক্ষদিগকে খুদিল ও চতুর্দ্দিগে ভূষণ দিল। ৩৭ এই রূপে সে এক ছাঁচে ও এক পরিমাণে ও এক আকারেতে পিত্তলময় দশ পীঠ নির্ম্মাণ করিল।

৩৮ পরে সে পিত্তলময় দশ স্নানপাত্র নির্ম্মাণ করিল, এবং প্রত্যেক পাত্র চারি হস্ত পরিমিত ছিল; তাহার প্রত্যেক পাত্রে চল্লিশ মোন ধরিল, এবং এক ২ পীঠের উপরে এক ২ স্নানপাত্র রাখিল। ৩৯ এবং গৃহের দক্ষিণ পার্শ্বে পাঁচ পীঠ ও বাম পার্শ্বে পাঁচ পীঠ রাখিল; এবং পূর্ব্বদিগে গৃহের দক্ষিণ পার্শ্বে দক্ষিণদিগের সম্মুখে সমুদ্রুরূপ পাত্র স্থাপন করিল।

৪০ হূরম্ স্নানপাত্র ও হাতা ও ডাবর নির্ম্মাণ করিল; এই রূপে হূরম্ পরমেশ্বরের মন্দিরের উদ্দেশে সুলেমান্ রাজের জন্যে যে ২ কর্ম্মে প্রবৃত্ত হইয়াছিল, সে সকল সমাপ্ত করিল। ৪১ দুই স্তম্ভ, ও দুই স্তম্ভের উপরিস্থ মাথলার গোলাকার, ও আচ্ছাদনার্থক জালবৎ দুই আচ্ছাদক; ৪২ এবং জালবৎ দুই কার্য্যের জন্যে চারি শত দাড়িম্বাকার, অর্থাৎ স্তম্ভোপরি মাথলার দুই গোলাকার আচ্ছাদনার্থক প্রত্যেক জালবৎ কার্য্যার্থে দুই শ্রেণী দাড়িম্বাকার; ৪৩ এবং দশ পীঠ ও পীঠের উপরে দশ স্নানপাত্র; ৪৪ এবং এক সমুদ্রুরূপ পাত্র ও সমুদ্রুপাত্রের নীচে দ্বাদশ গোরু; ৪৫ এবং বহুগুণা ও চমস ও ডাবর, এই যে সকল পাত্র হূরম্ পরমেশ্বরের মন্দিরের উদ্দেশে প্রস্তুত করিল, সকলি সুলেমানের জন্যে তেজোময় পিত্তলদ্বারা সমাপ্তি পর্য্যন্ত নির্ম্মাণ করিল। ৪৬ রাজা যর্দ্দনের প্রান্তরে সুক্কোৎ ও সর্ত্তনের মধ্যস্থিত চিক্কণ ভূমিতে তাহা ঢালাইল। ৪৭ এবং সুলেমান্ অতি বাহুল্য প্রযুক্ত ঐ সকল পাত্র গণনা করিল না; এবং তাহার পিত্তলের কত পরিমাণ, তাহা জ্ঞাত হইল না। ৪৮ এবং সুলেমান্ পরমেশ্বরের মন্দিরের জন্যে এই সকল পাত্র করিল, এবং স্বর্ণবেদি ও দর্শনরুটি রক্ষার্থে স্বর্ণমেজ; ৪৯ এবং ঈশ্বরের বাক্যস্থানের সম্মুখস্থ নির্ম্মল স্বর্ণময় দীপবৃক্ষ, এবং দক্ষিণে পাঁচ ও বামে পাঁচ স্বর্ণময় পুষ্প ও নির্ম্মল স্বর্ণময় কলিকা ও চিমটা; ৫০ এবং পাত্র ও গুলতরাশ ও বাটী ও চমস ও ধুনাচি, ও মধ্যস্থিত মহাপবিত্র স্থানের ও মন্দিরের কপাটের জন্যে স্বর্ণময় কব্জা করিল। ৫১ এই রূপে পরমেশ্বরের গৃহের জন্যে সকল কার্য্য সম্পূর্ণ হইলে, সুলেমান্ আপন পিতা দায়ূদের পবিত্রীকৃত সকল দ্রব্য তাহার

[২৩-২৬] ২ বং ৪; ২-৫।।—[৩৮,৩৯] ২ বং ৪; ৬,১০। যা ৪০; ৩০,৩১।।—[৪০-৪৭] ২ বং ৪; ১১-১৮।।—[৪১] প ১৭, ১৮।।—[৪২] প ২০।।—[৪৬] ১ রা ৪; ১২। যি ৩; ১৬। বি ৮; ৪৫।।—[৪৭] যা ৩৮; ২-৩১।।—[৪৮-৫০] যা ৩৯; ৩৬-৩৮।।—[৫১] ২ শি ৮; ১৭,১১। ২ বং ৫; ১।।

মধ্যে আনিল; সে ঐ রূপা ও স্বর্ণ ও পাত্র পরমেশ্বরের গৃহস্থিত ধনাগারের মধ্যে রাখিল।

৮ অধ্যায়।

১ মন্দির উৎসর্গ করণের উৎসব, ১২ ও সুলেমানের আশীর্ব্বাদ কথা, ২২ ও সুলেমানের প্রার্থনার কথা, ৬২ ও বলিদানাদি উৎসর্গ করণ।

১ অপর সুলেমান্ ইস্রায়েল্ বংশের প্রাচীনগণকে ও বংশের প্রধান লোকদিগকে, অর্থাৎ ইস্রায়েল্ বংশের প্রধান পিতৃ লোকদিগকে দায়ূদ্‌নগর সিয়োন্‌হইতে পরমেশ্বরের নিয়মসিন্দুক আনিতে যিরূশালমে আপ- ২ নার নিকটে একত্র করিল। তাহাতে এথানীম্ নামে সপ্তম মাসে উৎসব সময়ে ইস্রায়েলের তাবৎ লোক ৩ সুলেমান্ রাজার নিকটে একত্র হইল। পরে ইস্রায়েলের প্রাচীনগণ উপস্থিত হইলে যাজকগণ সিন্দুক ৪ উঠাইল। এবং যাজকগণ ও লেবীয় লোকেরা পরমেশ্বরের সিন্দুক ও মণ্ডলীর আবাস ও আবা- ৫ সের মধ্যস্থ সমস্ত পবিত্রপাত্র উঠাইল। তাহাতে সুলেমান্ রাজ সিন্দুকের সম্মুখে যাইয়া আগত ইস্রায়েলের তাবৎ মণ্ডলীর বহুত্ত্ব প্রযুক্ত অসংখ্য ও ৬ অকথ্য মেষ গবাদি বলিদান করিল। পরে যাজকেরা মন্দির মধ্যস্থ ঈশ্বরের বাক্যস্থানে, অর্থাৎ অতি পবিত্র স্থানে কিরূবদের পক্ষের নীচে নিরূপিত স্থানে পরমে- ৭ শ্বরের নিয়মসিন্দুক আনিল। আর কিরূবেরা আপনাদের দুই পক্ষ সিন্দুকের স্থানোপরি বিস্তীর্ণ করিল, এবং কিরূবেরা সিন্দুক ও তাহার সাঙ্গের উপরে ৮ আচ্ছাদন করিল। এবং সাঙ্গের অগ্রভাগ এই মত টানিয়া বাহির করিল, যে তাহারা ঈশ্বরের বাক্যস্থানের সম্মুখে পবিত্র স্থানে দৃষ্ট হইল, কিন্তু বাহিরে দৃষ্ট হইল না; তাহারা অদ্য পর্য্যন্ত সেই স্থানে ৯ আছে। পরমেশ্বর মিসরহইতে ইস্রায়েল্ বংশের নির্গমনকালে তাহাদের সহিত যে নিয়ম করিয়াছিলেন, তদনুসারে হোরেবে মূসাকর্তৃক সিন্দুকে স্থাপিত দুই খোদিত প্রস্তর ব্যতিরেক তাহার মধ্যে আর কিছু ১০ ছিল না। অপর পবিত্র স্থানের মধ্যহইতে যাজকদের আগমন কালে পরমেশ্বরের মন্দির এমত মেঘেতে ১১ পরিপূর্ণ হইল, যে যাজকগণ মেঘ প্রযুক্ত দণ্ডায়মান হইয়া সেবা করিতে অসমর্থ হইল, কেননা পরমেশ্বরের তেজেতে পরমেশ্বরের মন্দির পরিপূর্ণ হইল।

১২ তখন সুলেমান্ কহিল, পরমেশ্বর ঘোর অন্ধকারে ১৩ বাস করেন, ইহা তিনি কহিয়াছেন। আমি তোমার বাসার্থে অবশ্য এক মন্দির নির্ম্মাণ করাইলাম; তোমার নিত্য বাসার্থে সেই স্থান স্থিরীকৃত হয়। ১৪ অপর ইস্রায়েলের সমস্ত মণ্ডলী দণ্ডায়মান হইলে রাজা আপন মুখ ফিরাইয়া ইস্রায়েলের তাবৎ মণ্ডলীকে আশীর্ব্বাদ করিল; পরে রাজা কহিল, ইস্রায়েলের ১৫ প্রভু পরমেশ্বর ধন্য; তিনি আমার পিতা দায়ূদের প্রতি আপন মুখে এই যে কথা কহিয়াছেন, তাহা আপন হস্তদ্বারা সফল করিলেন; ১৬ ‘আমি আপন ইস্রায়েল্ বংশকে মিসরহইতে বাহির করিয়া আনয়ন দিবসাবধি ইস্রায়েলের সমস্ত বংশের মধ্যে আপন নাম রাখিতে গৃহ নির্ম্মাণার্থে কোন নগর মনোনীত করি নাই; কিন্তু আমার ইস্রায়েল্ লোকদের প্রভু হইবার জন্যে দায়ূদ্‌কে মনোনীত করিলাম।’ ১৭ এবং ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের নামে এক মন্দির নির্ম্মাণ করিতে আমার পিতা দায়ূদেরও মনস্থ ছিল। ১৮ কিন্তু পরমেশ্বর আমার পিতা দায়ূদ্‌কে কহিলেন, আমার নামে মন্দির নির্ম্মাণ করিতে তোমার মনস্থ আছে; তোমার যে মনস্থ আছে, সে ভালই। ১৯ তথাপি তুমি সেই মন্দির নির্ম্মাণ করিবা না, কিন্তু তোমার ঔরসজাত এক সন্তান জন্মিয়া আমার নামে মন্দির নির্ম্মাণ করিবে। ২০ এখন পরমেশ্বর আপনার উক্ত কথা সফল করিলেন; তাহাতে আমি আপন পিতা দায়ূদের পদে স্থাপিত ও পরমেশ্বরের প্রতিজ্ঞানুসারে ইস্রায়েলের সিংহাসনোপবিষ্ট হইলাম, ও ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের নামে এক মন্দির নির্ম্মাণ করাইলাম। ২১ পরমেশ্বর আমাদের পূর্ব্বপুরুষদিগকে মিসরহইতে বাহির করণ কালে তাহাদের সহিত যে নিয়ম করিয়াছিলেন, সেই নিয়মের সিন্দুকার্থে আমি সেখানে এক স্থান প্রস্তুত করিলাম।

২২ পরে সুলেমান্ ইস্রায়েলের সমস্ত মণ্ডলীর সাক্ষাতে পরমেশ্বরের হোমবেদির নিকটে দাঁড়াইয়া আকাশের প্রতি হস্ত বিস্তার করিয়া কহিল, ২৩ হে ইস্রায়েলের প্রভো পরমেশ্বর, আপন সর্ব্বান্তঃকরণের সহিত তোমার সম্মুখে আচরণকারি দাসগণের প্রতি তুমি আপন নিয়ম ও দয়া পালন করিতেছ; ২৪ তোমার দাস আমার পিতা দায়ূদের প্রতি আপন কৃত প্রতিজ্ঞা পালন করিতেছ, ও যাহা আপন মুখে কহিয়াছ, তাহা অদ্য আপন হস্তদ্বারা সিদ্ধ করিতেছ যে তুমি, তোমার তুল্য উপরিস্থ স্বর্গে ও অধঃস্থ পৃথিবীতে আর কোন দেবতা নাই। ২৫ হে ইস্রায়েলের প্রভো পরমেশ্বর, ‘আমার সম্মুখে তুমি যেমন আচরণ করিলা, তোমার বংশও যদি সাবধান হইয়া তদ্রূপ আমার সম্মুখে আচরণ করে, তবে

[৮ অধ্যা; ১-১১] ২ বং ৫; ২-১৪ ।।—[১] ২ শি ৬; ১২ ।।—[২] লে ২৩; ২৭,৩৪ । ২ বং ৭; ৯ ।।—[৩] গী ৪; ১৫ ।। [৪] ২ বং ১; ৩ ।।—[৫] ২ শি ৬; ১৩ ।।—[৬] যা ২৬; ৩৩,৩৪ । ১ রা ৬; ১৯,২৩,২৭ ।।—[৮] যা ২৫; ১৩,১৪ ।।—[৯] যা ৩৪; ৪, ২৮ । ৪০; ২০ । ইব্রু ৯; ৪ ।।—[১০,১১] যা ৪০; ৩৪, ৩৫ ।।—[১২,১৩] ২ বং ৬; ১,২ ।।—[১৪-২১] ২ বং ৬; ৩-১১ ।।—[১৫,১৬] ২ শি ৭; ৫-৮ ।।—[১৭] ২ শি ৭; ২ ।।—[১৮,১৯] ১ বং ২২; ৮-১০ ।।—[২০] প ১১ । ২ শি ৭; ১২, ১৩ ।।—[২১] প ৬-৯ ।।—[২২-৩০] ২ বং ৬; ১২-২১ ।।—[২৩, ২৪] গী ৮৯; ১-৮ । ২ শি ৭; ২২ ।।—[২৫,২৬] গী ৮৯; ১৯-৩৭ । ২ শি ৭; ২৫-২৯ ।।

আমার দৃষ্টিতে ইস্রায়েলের সিংহাসনোপবিষ্ট হইতে তোমার বংশে মনুষ্যের অভাব হইবে না, এই কথাদ্বারা তুমি আপন দাস আমার পিতা দায়ূদের নিকটে যে প্রতিজ্ঞা করিয়াছ, তাহা এখন সফল কর।
২৬ হে ইস্রায়েলের ঈশ্বর, আমি বিনয় করি, তোমার দাস আমার পিতা দায়ূদের প্রতি যে কথা কহিয়াছ, তাহা
২৭ সুস্থির হউক। কিন্তু ঈশ্বর কি নিতান্ত পৃথিবীতে বাস করিবেন? * স্বর্গ ও স্বর্গের উপরিস্থ স্বর্গ যাঁহাকে ধারণ করিতে পারে না, তাঁহাকে কি আমার নির্ম্মিত এই
২৮ মন্দির ধারণ করিতে পারে? হে আমার প্রভু পরমেশ্বর, তুমি আপন দাসের নিবেদন ও প্রার্থনার প্রতি মনোযোগ কর, ও তোমার দাস অদ্য তোমার
২৯ নিকটে যে কাকুতি ও প্রার্থনা করে, তাহা শুন। এবং যে স্থানের বিষয়ে তুমি কহিয়াছ, আমার নাম সেই স্থানে থাকিবে, সে স্থান অর্থাৎ তোমার এই মন্দিরের প্রতি তোমার চক্ষু দিবারাত্রি উন্মীলিত থাকুক, এবং এই স্থানের প্রতি মুখ রাখিয়া তোমার দাস যে প্রার্থনা
৩০ করে, তাহা শুন। তোমার দাসের বিনতির এবং এই স্থানের দিগে অভিমুখ ইস্রায়েল্ লোকদের বিনতির প্রতি মনোযোগ কর, এবং তোমার স্বর্গ নিবাসে থাকিয়া তাহা শুন, ও শুনিয়া ক্ষমা কর।

৩১ কেহ আপন প্রতিবাসির বিরুদ্ধে অপরাধ করিলে যদি তাহাকে দিব্য করাইবার জন্যে এক দিব্য নিরূপিত হয়, ও এই মন্দিরে সে দিব্য তোমার হোমবেদির সম্মুখে উপস্থিত হয়, তবে তুমি স্বর্গে থাকিয়া তাহা শুনিয়া কর্ম্ম করিয়া আপন দাসদের বিচার কর।
৩২ অর্থাৎ দোষিকে সদোষ করিয়া তাহার কর্ম্মের ফল তাহাকে† দেও; ও নির্দ্দোষকে নির্দ্দোষ করিয়া তাহার ধর্ম্মানুসারে ফল দেও।

৩৩ আর তোমার ইস্রায়েল্ বংশ তোমার বিরুদ্ধে পাপ করাতে শত্রুদ্বারা আহত হইলে পর পুনর্ব্বার যদি তোমার প্রতি ফিরে ও এই মন্দিরে তোমার নাম স্বীকার করিয়া তোমার নিকটে বিনয় করিয়া প্রার্থনা করে;
৩৪ তবে তুমি স্বর্গে থাকিয়া মনোযোগ করিয়া আপন ইস্রায়েল্ লোকদের পাপ ক্ষমা করিবা, ও তাহাদের পূর্ব্বপুরুষদিগকে যে দেশ দিয়াছ, তাহাতে পুনর্ব্বার তাহাদিগকে আনিবা।

৩৫ আর তোমার বিরুদ্ধে তাহাদের পাপ করণ প্রযুক্ত যদি আকাশ রুদ্ধ হইয়া বৃষ্টি না করে, আর তাহাতে লোকেরা যদি এই স্থানের দিগে অভিমুখ হইয়া তোমার নাম স্বীকার করিয়া প্রার্থনা করে এবং তোমাহইতে ক্লেশ পাইয়া আপন ২ পাপহইতে ফিরে, তবে তুমি
৩৬ স্বর্গে থাকিয়া মনোযোগ করিয়া আপন দাসদের ও আপন ইস্রায়েল্ বংশের অপরাধ ক্ষমা করিবা ও তাহাদিগকে উত্তম ও গন্তব্য পথ শিক্ষা দিবা, এবং অধিকারার্থে তোমার লোকদের প্রতি তোমার দত্ত দেশে বৃষ্টি করিবা।

৩৭ আর যদি তাহাদের দেশে দুর্ভিক্ষ কিম্বা মহামারী কিম্বা চিটা কিম্বা তেজহীন শস্য কিম্বা পঙ্গপাল কিম্বা কীট হয়, কিম্বা তাহাদের শত্রুগণ তাহাদের তাবৎ দেশের নগর অবরোধ করে, কিম্বা কোন মারী ও রোগ ব্যাপ্ত হয়; পরে আপনাদের মনঃপীড়া জানিয়া
৩৮ তাবৎ ইস্রায়েল্ লোকদের মধ্যে কোন জন যদি এই মন্দিরের দিগে হস্ত বিস্তার করিয়া বিনয় করিয়া কোন নিবেদন কিম্বা প্রার্থনা করে; তবে তুমি আপন নিবাস
৩৯ স্বর্গে থাকিয়া তাহা শ্রবণ করিয়া ক্ষমা করিবা ও সিদ্ধ করিবা, এবং প্রত্যেক জনের মন জানিয়া তাহাদের ক্রিয়ানুসারে প্রতিফল দিবা; কেননা মনুষ্যের তাবৎ বংশের মন কেবল তুমিই জান। তাহাতে তাহারা
৪০ আমাদের পূর্ব্বপুরুষদের প্রতি তোমার দত্ত দেশে যত দিন সজীব থাকে, তাবৎ তোমাকে ভয় করিবে।

৪১ আর বিদেশিরা তোমার মহানাম ও সবল হস্ত ও বিস্তীর্ণ বাহুর কথা শ্রবণ করিবে; অতএব তোমার ইস্রায়েল্ বংশীয় না হইলেও যদি বিদেশি লোক তোমার নামের গুণে দূরদেশহইতে আইসে; তবে যে
৪২ সময়ে আসিয়া এই মন্দিরের সম্মুখে প্রার্থনা করে, সে সময়ে তুমি আপন নিবাস স্বর্গে থাকিয়া তাহা শুনিবা;
৪৩ এবং তোমার ইস্রায়েল্ লোকেরা যেমন তোমাকে ভয় করে, পৃথিবীস্থ সকল লোক যেন তোমাকে তদ্রূপ ভয় করে, ও আমার নির্ম্মিত মন্দির তোমার নামে বিখ্যাত, ইহা যেন জানে, এই জন্যে বিদেশিগণ তোমার নিকটে যে প্রার্থনা করিবে, তুমি তাহার প্রতি তদনুসারে করিবা।

৪৪ আর তুমি আপন লোকদিগকে কোন স্থানে প্রেরণ করিলে, তাহারা যদি আপন শত্রুগণের সহিত যুদ্ধ করিতে যাইয়া তোমার মনোনীত নগরের দিগে ‡ কিম্বা তোমার নামে আমার কৃত মন্দিরের দিগে অভিমুখ হইয়া পরমেশ্বরের কাছে প্রার্থনা করে; তবে তুমি স্বর্গে
৪৫ থাকিয়া তাহাদের প্রার্থনা ও বিনয় শুনিয়া তাহাদের বিচারের নিষ্পত্তি করিবা। আর তাহারা যদি তোমার
৪৬ বিরুদ্ধে পাপ করে, কেননা অকৃতপাপ কেহ নাই, এবং তুমি তাহাদের প্রতি ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে শত্রুহস্তগত কর, ও শত্রুগণ তাহাদিগকে দূরস্থ কিম্বা

[২৭] ২ বং ২; ৬। যিশ ৬৬; ১,২। প্রে ৭; ৪৮-৫০। গী ১১৩; ৫,৬।।—[২৯] দ্বি ১২; ১০,১১। গী ১৩২; ১২,১৩।। [৩০] ২ বং ২০; ৯।।—[৩১,৩২] ২ বং ৬; ২২,২৩। লে ৫; ১।।—[৩৩,৩৪] ২ বং ৬; ২৪,২৫। লে ২৬; ১৭। দ্বি ২৮; ২৫।।—[৩৫,৩৬] ২ বং ৬; ২৬,২৭। লে ২৬; ১৯,২৬। দ্বি ২৮; ২৩,২৪।।—[৩৭-৪৩] ২ বং ৬; ২৮-৩৩।।—[৩৭] লে ২৬; ১৬,২৫,২৬। দ্বি ২৮; ২১,২২, ৩৫-৪২।।—[৩৯] যির ১৫; ১০।।—[৪১-৪৩] যিশ ৫৬; ৩-৮।।—[৪৪,৪৫] ২ বং ৬; ৩৪, ৩৫।।—[৪৬-৫৩] ২ বং ৬; ৩৬-৪০। লে ২৬; ৪০-৪৫। দ্বি ৩০; ১-১০।।—[৪৬] ৪ ৭; ২০।।

* (ইব্রু) দেখ। † (ইব্রু) পথের ফল তাহার মস্তকে। ‡ (ইব্রু) পথে।

৪৭ নিকটস্থ আপন দেশে বন্দি করিয়া লইয়া যায়, এবং সেই বন্দিরা নীত হইয়া সেই স্থানে বিবেচনা করিয়া* তোমার প্রতি ফিরে, এবং যাহারা তাহাদিগকে বন্দি করিয়া লইয়া গেল, তাহাদের দেশে থাকিয়া, 'আমরা পাপ করিলাম ও বিপথগামী হইলাম ও দুষ্টতা করিলাম,' তোমার নিকটে বিনতি করিয়া এই কথা কহে, ৪৮ এবং যে শত্রুগণ তাহাদিগকে লইয়া গেল, তাহাদের দেশে থাকিয়া সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণের সহিত তোমার প্রতি ফিরে, এবং তাহাদের পূর্ব্বপুরুষদের প্রতি তোমার দত্ত দেশের দিগে, ও তোমার মনোনীত নগরের দিগে, ও তোমার নামে আমার কৃত মন্দিরের ৪৯ দিগে অভিমুখ হইয়া যদি প্রার্থনা করে; তবে তুমি আপন স্বর্গনিবাসে থাকিয়া তাহাদের প্রার্থনা ও বিনয় ৫০ শুনিয়া তাহাদের বিচারের নিষ্পত্তি করিবা; এবং তোমার বিরুদ্ধে পাপকারি আপন লোকদিগকে ক্ষমা করিবা, ও তোমার আজ্ঞা লঙ্ঘনকারিদিগকে মার্জ্জনা করিবা; যাহারা তাহাদিগকে বন্দি করিয়া লইয়া যাইবে, তাহারা যেন তাহাদের প্রতি দয়া করে, এই ৫১ জন্যে তুমি তাহাদের মনে দয়া জন্মাইবা। কেননা তুমি যাহাদিগকে মিসরের মধ্যহইতে, অর্থাৎ লৌহের কুণ্ড-হইতে আনিলা, তাহারাই তোমার সেই লোক ও সেই ৫২ অধিকার। তোমার এই দাস ও তোমার ইস্রায়েল্ লোক তোমার কাছে যে ২ প্রার্থনা করিবে, তাহাদের সেই সকল প্রার্থনাতে প্রসন্নচক্ষুঃ হইবা, এবং তাহারা যে ২ ৫৩ প্রার্থনা করিবে, তুমি তাহা শুনিবা। কেননা হে প্রভো পরমেশ্বর, আমাদের পূর্ব্বপুরুষদিগকে মিসর্হইতে আনয়ন কালে আপন দাস মূসার প্রতি যেমন কহিয়াছিলা, তদ্রূপ তোমার অধিকারার্থে তুমি তাহাদিগকে পৃথিবীস্থ সকল লোকের মধ্যহইতে পৃথক করিলা।

৫৪ সুলেমান্ পরমেশ্বরের নিকটে এই সকল প্রাথনা ও নিবেদন সাঙ্গ করিয়া পরমেশ্বরের হোমবেদির সম্মুখে আকাশের দিগে হস্তদ্বয় বিস্তার করণ ও ৫৫ হাঁটু পাতনহইতে উঠিল। এবং দণ্ডায়মান হইয়া উচ্চৈঃস্বরে এই কথা কহিয়া ইস্রায়েলের তাবৎ মণ্ডলীকে ৫৬ আশীর্ব্বাদ করিল; যে পরমেশ্বর আপন সকল প্রতিজ্ঞানুসারে আপন ইস্রায়েল্ লোকদিগকে বিশ্রাম দিলেন, তিনিই ধন্য; তিনি আপন দাস মূসার প্রমুখাৎ যে প্রতিজ্ঞা করিয়াছিলেন, সেই উত্তম প্রতিজ্ঞার এক ৫৭ কথাও নিষ্ফল† হইল না। আমাদের প্রভু পরমেশ্বর যেমন আমাদের পূর্ব্বপুরুষদের সহবর্ত্তী ছিলেন, তদ্রূপ আমাদেরও সহবর্ত্তী হউন, ও আমাদিগকে ৫৮ ত্যাগ করিয়া পৃথক না হউন। এবং আপন তাবৎ পথে চলিতে ও আমাদের পূর্ব্বপুরুষদিগকে যে আজ্ঞা ও বিধি ও ব্যবস্থা আজ্ঞা দিলেন, তাহা পালন করিতে আমাদের মনে প্রবৃত্তি দিউন। ৫৯ আমি এই যে কথা-দ্বারা পরমেশ্বরের কাছে প্রার্থনা করিলাম, আমার সেই প্রার্থনা প্রভু পরমেশ্বরের নিকটে দিবারাত্রি থাকুক; এবং যেমন প্রয়োজন‡ তদনুসারে তিনি আপন দাসের ও আপন ইস্রায়েল্ লোকদের বিচার সিদ্ধ করুণ। ৬০ তাহাতে পরমেশ্বর ব্যতিরেকে আর কেহ ঈশ্বর নাই, ইহা পৃথিবীস্থ তাবৎ লোক জ্ঞাত হইবে। ৬১ আমাদের প্রভু পরমেশ্বরের বিধিমতে আচরণ করিতে ও অদ্যকার ন্যায় তাঁহার আজ্ঞা প্রতিপালন করিতে তাঁহার প্রতি তোমাদের মন স্থির থাকুক।

৬২ পরে রাজা ও তাহার সহিত সমস্ত ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের উদ্দেশে বলিদান করিতে লাগিল। ৬৩ তাহাতে সুলেমান্ পরমেশ্বরের উদ্দেশে দ্বাবিংশতি সহস্র গোরু ও এক লক্ষ বিংশতি সহস্র মেষ মঙ্গলার্থক বলি উৎসর্গ করিল; এই রূপে রাজা ও ইস্রায়েল্ লোকেরা পরমেশ্বরের মন্দির প্রতিষ্ঠা করিল। ৬৪ এবং সেই দিনে রাজা পরমেশ্বরের মন্দিরের সম্মুখস্থ প্রাঙ্গণের মধ্যভাগ পবিত্র করিল, কেননা সে স্থানে সে হোমবলি ও নৈবেদ্য ও মঙ্গলার্থক বলির মেদ উৎসর্গ করিল; কিন্তু হোমবলি ও নৈবেদ্য ও মঙ্গলার্থক বলির মেদ গ্রহণ করিতে পরমেশ্বরের সম্মুখস্থ পিত্তলময় হোমবেদি অতি ক্ষুদ্র ছিল। ৬৫ ঐ সময়ে সুলেমান্ পরমেশ্বরের উদ্দেশে (আবাসের) উৎসব করিল, ও তাহার সঙ্গি মহামণ্ডলী, অর্থাৎ ইস্রায়েলের সমস্ত লোক হমাতের প্রবেশ স্থান অবধি মিসরের সীমানদী পর্য্যন্ত প্রভু পরমেশ্বরের সাক্ষাতে সাত দ্বিগুণে § চৌদ্দ দিন ঐ উৎসব করিল। ৬৬ পরে অষ্টম দিনে সে লোক বিদায় করিলে লোকেরা রাজার মঙ্গল প্রার্থনা করিল; এবং পরমেশ্বর আপন দাস দায়ূদের ও আপন ইস্রায়েল্ লোকদের জন্যে যে সকল মঙ্গল করিয়াছিলেন, তাহাতে আনন্দিত ও হৃষ্টচিত্ত হইয়া আপন ২ বাসস্থানে গেল।

৯ অধ্যায়।

১ দ্বিতীয় দর্শনে সুলেমানের সহিত ঈশ্বরের নিয়ম, ১০ ও সুলেমান্ ও হীরমের পরস্পর উপঢৌকন দেওন, ১৫ ও নানা নগরের নির্ম্মাণ, ২০ ও কিনানীয় প্রভৃতিদের দাসত্বের কথা, ২৪ ও ফিরৌণের কন্যার আপন গৃহে গমন, ২৫ ও সুলেমানের সম্বৎসরের বলিদানাদি, ২৬ ও তাহার জাহাজের কথা।

[৪৮] দা ৬; ১০॥—[৫১,৫২] দ্বি ৯; ২৯। যিশ ৬৩; ১৬॥—[৫৩] যা ১৯; ৫,৬। দ্বি ১৪; ২॥—[৫৫] ২ শি ৬; ১৮॥ [৫৬] দ্বি ১২; ১০-১২। যি ২১; ৪৩-৪৫॥—[৫৭,৫৮] দ্বি ৩১; ৬। যি ২২; ৩১॥—[৫৯,৬০] প ৪১-৪৩॥—[৬১] যি ২৩; ৬,৮,১১॥—[৬২,৬৩] ২ বং ৭; ৪,৫॥—[৬৪-৬৬] ২ বং ৭; ৭-১০॥—[৬৪] ২ বং ৪; ১॥—[৬৫] প ২। লে ২৩; ২৭,৩৪। গী ৩৪; ৫,৮॥—[৬৬] ২ শি ৬; ১১॥

* (ইব্রু) মনে করিয়া। † (ইব্রু) পতিত। ‡ (ইব্রু) দিনে দিনের কার্য্য। § (ইব্রু) সাত দিন ও সাত দিন।

১ সুলেমান্ পরমেশ্বরের মন্দির ও রাজমন্দির ও আপন ইচ্ছামত যে সকল কর্ম্ম করিতে বাঞ্ছা করিল, তাহা ২ সমাপ্ত করিলে, পরমেশ্বর যেমন গিবিয়োনে দর্শন দিয়াছিলেন, তদ্রূপ সুলেমান্‌কে দ্বিতীয় বার দর্শন ৩ দিলেন। এবং পরমেশ্বর তাহাকে কহিলেন, তুমি আমার সাক্ষাতে যে২ প্রার্থনা ও নিবেদন করিলা, তাহা আমি শুনিলাম; এবং আমার নাম সেখানে নিত্য-স্থায়ি হইবার জন্যে তুমি যে মন্দির নির্ম্মাণ করাইয়াছ, সেই মন্দির পবিত্র করিলাম, এবং সেই স্থানের প্রতি ৪ সর্ব্বদা আমার চক্ষুঃ ও মন থাকিবে। এবং আমি তোমাকে যে২ আজ্ঞা দিয়াছি, তদনুসারে আচরণ করিতে সমস্ত মনে ও সরলতাতে যদি তোমার পিতা দায়ূদের ন্যায় আমার সাক্ষাতে আচরণ কর এবং ৫ আমার বিধি ও ব্যবস্থা পালন কর; তবে ‘ইস্রায়েলের সিংহাসনোপবিষ্ট হইতে তোমার বংশে মনুষ্যের অভাব হইবে না,’ এই যে কথা কহিয়া তোমার পিতা দায়ূদের কাছে প্রতিজ্ঞা করিয়াছি, তদনুসারে আমি ইস্রায়েলের মধ্যে তোমার রাজসিংহাসন স্থির করিব। ৬ কিন্তু যদি তোমরা, অর্থাৎ তোমরা ও তোমাদের বংশ কোন ক্রমে আমার পশ্চাৎহইতে ফির ও তোমাদের সম্মুখে স্থাপিত আমার আজ্ঞা ও বিধি পালন না কর, কিন্তু যাইয়া অন্য দেবগণের সেবা ও আরাধনা ৭ কর, তবে আমি ইস্রায়েল্ বংশকে যে দেশ দিয়াছি, তাহাহইতে তাহাদিগকে উচ্ছিন্ন করিব, এবং আপন নামের জন্যে এই যে মন্দির পবিত্র করিলাম, ইহা আপন দৃষ্টিহইতে দূর করিব, এবং তাবৎ লোকদের মধ্যে ইস্রায়েল্ লোক দৃষ্টান্ত ও উপকথাস্বরূপ হইবে। ৮ তাহাতে যখন লোকেরা এই উচ্চ মন্দিরের নিকট দিয়া গমন করিবে, তখন চমৎকৃত হইয়া ও শিশ দিয়া, ‘এই দেশ ও মন্দিরের প্রতি পরমেশ্বর এমত দুর্দ্দশা ৯ কেন ঘটাইলেন?’ ইহা জিজ্ঞাসা করিবে; তাহাতে লোকেরা উত্তর করিবে, এই লোকদের পূর্ব্বপুরুষদিগকে মিসর্‌হইতে বাহির করিয়া আনিলেন যে তাহাদের প্রভু পরমেশ্বর, তাঁহাকে ত্যাগ করিয়া তাহারা দেবগণের আশ্রয় লইয়া তাহাদের ভজনা ও সেবা করিল, এই জন্যে পরমেশ্বর তাহাদের প্রতি এই সকল অমঙ্গল করিয়াছেন।

১০ সুলেমান্ দুই গৃহ, অর্থাৎ পরমেশ্বরের মন্দির ও রাজবাটী বিংশতি বৎসর পর্য্যন্ত নির্ম্মাণ করাইলে ১১ সোরের রাজা হীরম্ সুলেমানের ইচ্ছানুসারে এরস্ বৃক্ষ ও দেবদারু বৃক্ষ ও স্বর্ণ যোগাইয়া দিল; পরে সুলেমান্ হীরম্ রাজকে গালীল্ দেশস্থ বিংশতি ১২ নগর দিল। কিন্তু হীরম্ সুলেমানের দত্ত নগর দেখিতে সোর্‌হইতে আইলে তাহা তাহার তুষ্টিজনক* ১৩ হইল না। তাহাতে সে কহিল, হে আমার ভ্রাতঃ, এই কেমন নগর আমাকে দিলা? একারণ সে দেশের নাম কাবূল্ (অতুষ্টিকর) রাখিল; অদ্যাপি তাহার সেই ১৪ নাম আছে। হীরম্ এক শত বিংশতি কিক্কর স্বর্ণ রাজাকে পাঠাইয়া দিয়াছিল।

১৫ আর সুলেমান্ পরমেশ্বরের মন্দির ও আপনার বাটী ও মিল্লো ও যিরূশালমের প্রাচীর ও হাৎসোর্ ও মগিদ্দো ও গেষরের নির্ম্মাণ করিবার কারণ এক বি-১৬ শেষ করের নিরূপণ করিল। মিসরের রাজা ফিরৌণ্ সেই গেষর্ হস্তগত করিয়া অগ্নিতে দগ্ধ করিয়াছিল, ও নগরবাসি কিনানীয়দিগকে বধ করিয়া তাহা আপন ১৭ কন্যা সুলেমানের ভার্য্যাকে দিয়াছিল। অতএব সুলে-১৮ মান্ গেষর্ ও অধঃস্থিত বৈথোরোণ; এবং বালৎ, ও ১৯ আপন দেশের প্রান্তরে তদ্‌মোর নির্ম্মাণ করিল। এই রূপে সুলেমান্ আপন ইচ্ছানুসারে যিরূশালমে ও লিবানোনে ও তাহার অধিকার দেশের সর্ব্বত্র আপন কোষনগর ও রথনগর ও অশ্বারূঢ়দের জন্যে নগর নির্ম্মাণ করিল।

২০ ইস্রায়েল্ বংশ ভিন্ন দেশে অবশিষ্ট ইমোরীয় ও হিত্তীয় ও পিরিষীয় ও হিব্বীয় ও যিবূষীয়দের যে ২১ বংশদিগকে ইস্রায়েল্ বংশ নিঃশেষে বিনষ্ট করিতে পারিল না, তাহাদের হইতে দাসত্ব কর্ম্ম করিতে সুলেমান্ অদ্যকার ন্যায় এক দল গ্রহণ করিল; ২২ কিন্তু সুলেমান্ ইস্রায়েল্ বংশের মধ্যে কাহাকেও দাস করিল না; তাহাদিগকে যোদ্ধা ও অনুচর ও অধ্যক্ষ ও সেনাপতি ও সারথি ও অশ্বারূঢ় করিল। ২৩ সুলেমানের কর্ম্মে নিযুক্ত পাঁচ শত পঞ্চাশ জন প্রধান অধ্যক্ষ ছিল; তাহারা কর্ম্মকারিদের উপরে কর্তৃত্ব করিল।

২৪ পরে ফিরৌণের কন্যা সুলেমানের কৃত বাটীতে দায়ূদ্ নগরহইতে আইলে সুলেমান্ মিল্লো নির্ম্মাণ করিল।

২৫ আর সুলেমান্ পরমেশ্বরের জন্যে আপন নির্ম্মিত হোমবেদির উপরে বৎসরের মধ্যে তিন বার হোমবলি ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিত, এবং পরমে-

---

[৯ অধ্যা; ১-৯] ২ বং ৭; ১১-২২ ॥—[১] ১ রা ৬; ৩৮। ৭; ১ ॥—[২] ৩; ৫ ॥—[৩] ৮; ২৮-৩০ ॥—[৪] ৩; ৬, ১৪ ॥ [৫] ২ শি ৭; ১৫, ১৬ ॥—[৬,৭] দ্বি ৩০; ১৭, ১৮ ॥—[৭] দ্বি ২৮; ৩৭ ॥—[৮] ২ বং ৩৬; ১৪-২০। য ২৪; ২ ॥ [৮, ৯] দ্বি ২৯; ২২-২৮। যির ২২; ৮,৯ ॥—[১০] ১ রা ৬; ৩৮। ৭, ১। ২ বং ৮; ১ ॥—[১১] ১ রা ৫; ১-১১ ॥ [১৩] যি ১৯; ২৭। ২ বং ৮; ২ ॥—[১৪] ১ রা ৪; ৩। ৫; ১৩-১৬ ॥—[১৫-১৯] ২ বং ৮; ১-৬ ॥—[১৫] ২ শি ৫; ৯। যি ১৯; ৩৬। ১৭; ১১ ॥—[১৬] যি ১৬; ১০ ॥—[১৭] যি ১৬; ৩ ॥—[১৮] যি ১৯; ৪৪ ॥—[১৯] ১ রা ৪; ২৬,২৮ ॥ [২০-২৩] ২ বং ৮; ৭-১০। লে ২৫; ৪২-৪৬ ॥—[২০, ২১] বি ১; ১৯,২১,২৭-৩৬ ॥—[২৪] ২ বং ৮; ১১। ১ রা ৭; ৮। প ১৫ ॥ [২৫] ২ বং ৮; ১২,১৩। ১ রা ৮; ৬৪। ৬; ২২ ॥

* (ইব্রি) দৃষ্টিতে ভাল।

শ্বরের সম্মুখস্থ বেদির উপরে ধূপ জ্বালাইত; এই রূপে মন্দির সমাপ্ত করিল।

২৬ আর সুলেমান্ রাজ ইদোম্ দেশে সূফসমুদ্রের তীরের নিকটস্থ এলতের নিকটবর্ত্তি ইৎসিয়োন্-গেবরে সমূহ ২৭ জাহাজ নির্ম্মাণ করিল। তাহাতে হীরম্ সুলেমানের দাসদের সহিত সমুদ্রে নিপুন নাবিক আপন দাসদিগকে ২৮ জাহাজে প্রেরণ করিল। তাহারা ওফীরে উপস্থিত হইয়া তথাহইতে চারিশত বিৎশতি কিক্কর্ স্বর্ণ লইয়া রাজা সুলেমানের নিকটে আনিত।

১০ অধ্যায়।

১ শিবা দেশের রাণীর কথা, ১১ ও হীরম্ রাজের কথা, ১৪ ও সুলেমানের স্বর্ণময় ঢাল করণ, ১৮ ও সিংহাসনাদির কথা, ২৪ ও তাহার কাছে লোকদের সমাগম, ২৬ ও রথ ও অশ্বের কথা।

১ অপর শিবা দেশের রাণী পরমেশ্বরের নামের উদ্দেশে সুলেমান্ রাজের সুখ্যাতির কথা শুনিয়া নিগূঢ় বাক্য- ২ দ্বারা তাহার পরীক্ষা করিতে আইল। সে সমূহ লোক ও সুগন্ধি দ্রব্য ও প্রচুর স্বর্ণ ও মণিবাহক উষ্ট্রগণ সঙ্গে লইয়া যিরূশালমে আইল; পরে সে সুলেমানের নিকটে আসিয়া তাহাকে আপন মনের তাবৎ কথা ভাঙ্গি- ৩ য়া কহিল। তাহাতে সুলেমান্ তাহার জিজ্ঞাসিত সকল কথার উত্তর করিল, ও রাজার সাক্ষাতে কিছু গুপ্ত না ৪ হইলে সে সকলি তাহাকে কহিল। এই প্রকারে শিবার রাণী সুলেমানের সকল জ্ঞান ও তাহার নির্ম্মিত গৃহ; ৫ এবং তাহার মেজের খাদ্যদ্রব্য ও তাহার দাসদের আসন ও মন্ত্রিদের সভা ও তাহাদের বস্ত্র ও তাহার পাত্রবাহক ও পরমেশ্বরের মন্দিরে আরোহণ করিবার তাহার নির্ম্মিত সোপান *, এই সকল দেখিয়া সে হত- ৬ জ্ঞান হইল। পরে ঐ রাণী রাজাকে কহিল, আমি আপন দেশে থাকিয়া তোমার কর্ম্ম † ও বিদ্যার যে ৭ সুখ্যাতি শুনিয়াছি, তাহা সত্য। কিন্তু আমি যাবৎ আসিয়া আপন চক্ষুতে না দেখিলাম, তাবৎ তাহা প্রত্যয় করিলাম না; তথাপি তাহার অর্দ্ধেক আমাকে কথিত হইল না; যে কথা আমি শুনিলাম, তাহাহইতে তোমার ৮ বিদ্যা ও ঐশ্বর্য্য অধিক হয়। তোমার যে লোকেরা এবং তোমার যে দাসেরা নিত্য তোমার সম্মুখে দাঁড়াইয়া ৯ তোমার জ্ঞানের কথা শুনে, তাহারা ধন্য। এবং তোমাকে ইস্রায়েলের সিংহাসনোপবিষ্ট করিতে সন্তুষ্ট হইলেন যে তোমার প্রভু পরমেশ্বর, তিনি ধন্য; পরমেশ্বর ইস্রায়েল্ বংশেতে সর্ব্বদা প্রেম করেন, এই জন্যে ন্যায় ও ধর্ম্ম করিতে তোমাকে রাজত্বপদে নিযুক্ত ১০ করিলেন। পরে সে রাজাকে এক শত বিংশতি কিক্কর স্বর্ণ ও প্রচুর সুগন্ধি দ্রব্য ও মণি উপঢৌকন দিল। শিবার ঐ রাণী সুলেমান্ রাজকে যত সুগন্ধি দ্রব্য দিল, এত প্রচুর সুগন্ধি সেখানে কখনো আর আইসে নাই।

১১ অপর হীরম্ যে জাহাজদ্বারা ওফীর্হইতে স্বর্ণ আনাইত, সেই জাহাজদ্বারা ওফীর্হইতে বিস্তর ১২ চন্দনকাষ্ঠ ও মণি আনিল। পরে রাজা ঐ চন্দনকাষ্ঠদ্বারা পরমেশ্বরের মন্দিরের ও রাজবাটীর নিমিত্তে ক্ষুদ্র স্তম্ভ ও গায়কদের জন্যে বীণা ও নবল নির্ম্মাণ করিল; তদ্রূপ চন্দনকাষ্ঠ অদ্যাপি এই স্থানে আইসে ১৩ নাই ও কেহ দেখে নাই। পরে সুলেমান্ রাজ শিবার রাণীর বাঞ্ছা সকল সিদ্ধ করিল, তদ্ভিন্ন আপন দাতৃত্বানুসারে ‡ তাহাকে আরো দিল; পরে সে ও তাহার দাসগণ ফিরিয়া আপন দেশে গেল।

১৪ বাণিজ্যকারি ও ব্যবসায়ি ও অধীন সমস্ত রাজার ও দেশের সমস্ত শাসনকর্ত্তাদের স্থানে যে স্বর্ণপ্রাপ্তি ১৫ ছিল, তদ্ব্যতিরেকে সম্বৎসরে ছয় শত ছেষট্টি কিক্কর্ ১৬ পরিমিত স্বর্ণ সুলেমানের কাছে আইল। তাহাতে সুলেমান রাজা পিটান § স্বর্ণময় দুই শত গোলাকার ঢাল প্রস্তুত করিল; তাহার প্রত্যেক ঢালে ছয় শত ১৭ শেকল্ পরিমিত স্বর্ণ ছিল। এবং পিটান § স্বর্ণদ্বারা আর তিন শত ঢাল প্রস্তুত করিল; তাহার প্রত্যেক ঢালে তিন শের স্বর্ণ ছিল; পরে রাজা লিবানোন্ অরণ্য বাটীতে তাহা রাখিল।

১৮ পরে রাজা হস্তিদন্তময় এক সিংহাসন নির্ম্মাণ করা- ১৯ ইয়া উত্তম স্বর্ণেতে তাহা মুড়িল। ঐ সিংহাসনের ছয় সোপান ছিল, ও সিংহাসনের উপরিস্থ ভাগ পশ্চাতে গোলাকার ছিল, ও তাহার উভয় পার্শ্বে হাতা ছিল, ও সে হাতার নিকটে দুই সিংহ মূর্ত্তি দণ্ডায়মান ছিল। ২০ এবং সেই ছয় সোপানের উপরে দুই পার্শ্বে দ্বাদশ সিংহ মূর্ত্তি দাঁড়াইল; এই রূপ সিংহাসন আর কোন ২১ রাজ্যে প্রস্তুত হয় নাই। সুলেমানের সকল পানপাত্র স্বর্ণময় ছিল, ও লিবানোন্ অরণ্য গৃহের সকল পাত্র নির্ম্মল স্বর্ণময় ছিল; রূপ্যময় কোন পাত্র ছিল না; সুলেমানের অধিকারে রূপার মূল্য ছিল না। ২২ কেননা হীরমের জাহাজের সহিত রাজারও তর্শীশ্গামি সমূহজাহাজ ছিল; তর্শীশের সমূহজাহাজ স্বর্ণ ও রূপা ও হস্তিদন্ত ও বানর ও ময়ূর লইয়া তিন২ বৎসরে এক বার আসিত। ২৩ এই রূপে ধন ও বিদ্যাতে

[২৬-২৮] ২ বং ৮; ১৭,১৮ ।।—[২৬] দ্বি ২; ৮ ।।
[১০ অধ্য; ১-১০] ২ বং ৯; ১-৯ ।।—[১] মা ১২; ৪২ ।।—[২] য ২; ১,২,১১ ।।—[৫] ১ রা ৪; ১-৭,২২,২৩ ।।—[৮] হি ৮; ৩৪। লূ ১০; ২৩,২৪ ।।—[৯] ১ রা ৫; ৭ ।।—[১০] প ২। গী ৭২; ১৫ ।।—[১১] প ২২। ১ রা ৯; ২৬-২৮। ২ বং ৯; ১০,১১,২১ ।।—[১৩] ২ বং ৯; ১২ ।।—[১৪,১৫] ২ বং ৯; ১৩,১৪ ।।—[১৬,১৭] ২ বং ৯; ১৫,১৬। ১ রা ১৪; ২৬,২৭ ।। [১৭] ৭; ২ ।।—[১৮-২৫] ২ বং ৯; ১৭-১৯ ।।—[২১-২৯] ২ বং ৯; ২০-২৮ ।।—[২২] অ ১০; ৪। ২ বং ২০; ৩৬ ।।
[২৩, ২৪] ১ রা ৩; ১২, ১৩। ৪; ২৯-৩৪ ।।

* (বা) ওৎসর্গ করিবার তাহার হোমবলি। † (ইব্রু) কথা। ‡ (ইব্রু) সুলেমান্ রাজের হস্তানুসারে। § (বা) মিশ্রিত।

সুলেমান্ রাজা পৃথিবীস্থ অন্য সকল রাজাহইতে প্রধান হইল।

২৪ ঈশ্বর সুলেমান্‌কে যে রূপ জ্ঞান দিলেন, তাহার সেই জ্ঞানের কথা শ্রবণ করিতে তাবদ্দেশীয় লোক ২৫ তাহার সহিত সাক্ষাৎ করিতে চেষ্টা করিল। এবং প্রত্যেক জন বৎসরে২ আপন২ উপঢৌকন, অর্থাৎ রূপ্যময় ও স্বর্ণময় পাত্র ও বস্ত্র ও অস্ত্র ও সুগন্ধি দ্রব্য ও অশ্ব ও অশ্বতরদিগকে আনিল।

২৬ পরে সুলেমান্ রথ ও অশ্বারূঢ় লোকদের সংগ্রহ করিল; তাহাতে সে এক সহস্র চারিশত রথ ও বারো সহস্র অশ্বারূঢ় রথনগরে ও যিরূশালমে আপনার ২৭ নিকটে রাখিল। রাজা যিরূশালমে বাহুল্য প্রযুক্ত রূপ্যকে প্রস্তরের ন্যায় ও এরস বৃক্ষকে প্রান্তরস্থ ২৮ ডুম্বুর বৃক্ষের ন্যায় সাধারণ করিল। এবং রাজা মিসর্‌হইতে অশ্বগণ আনাইলে তাহার বণিক সমূহ ২৯ বিশেষ মূল্য দিয়া সকল ক্রয় করিল। এবং মিসর্‌হইতে আগত ও আনীত এক রথের মূল্য ছয় শত রূপ্য টাকা, ও এক অশ্বের মূল্য এক শত পঞ্চাশ টাকা। এই প্রকারে তাহারা হিত্তীয়দের ও ইমোরীয় রাজাদের জন্যে আনিল।

১১ অধ্যায়।

১ স্ত্রীগণদ্বারা সুলেমানের দেবপূজা করণ, ৯ ও তাহার প্রতি পরমেশ্বরের অনুযোগ, ১৪ ও তাহার শত্রু হদদের কথা, ২৩ ও তাহার শত্রু রিষোনের কথা, ২৬ ও তাহার শত্রু যারবিয়ামের কথা, ৪১ ও সুলেমানের মৃত্যুর কথা।

১ সুলেমান্ রাজা ফিরৌণের কন্যা ব্যতিরেকে অনেক বিদেশীয় স্ত্রীতে প্রেম করিল, অর্থাৎ মোয়াবীয়া ও অম্মোনীয়া ও ইদোমীয়া ও সীদোনীয়া ও হিত্তীয়া ২ প্রভৃতি, যে দেশীয়দের বিষয়ে পরমেশ্বর ইস্রায়েল্ বংশকে কহিয়াছিলেন, তোমরা তাহাদের মধ্যে যাইও না, এবং তাহাদিগকে আপনাদের মধ্যে আসিতে দিও না, কেননা তাহারা অবশ্য আপনাদের দেবগণের প্রতি তোমাদের মনকে বিপথগামি করিবে, ৩ তাহাদের সহিত সুলেমান্ প্রেমাসক্ত হইল। তাহার সাত শত স্ত্রী রাণী হইল, ও তিন শত উপপত্নী; তাহাতে সেই স্ত্রীগণ তাহার মনকে বিপথগামি করিল। ৪ তাহার স্ত্রীগণ বৃদ্ধাবস্থাতে তাহার মনকে অন্য দেবগণের প্রতি বিপথগামি করিলে তাহার পিতা দায়ূদের অন্তঃকরণ যেমন সর্ব্বতোভাবে আপন প্রভু পর- ৫ মেশ্বরের প্রতি ছিল, তাহার তদ্রূপ থাকিল না। কিন্তু সুলেমান্ সীদোনীয় অস্তারোৎ দেবীদের ও অম্মোনীয়দের মিল্‌কমের ঘৃণার্হ দেবের পশ্চাদ্গামী হইল। ৬ এই রূপে সুলেমান্ পরমেশ্বরের দৃষ্টিতে পাপ করিল; আপন পিতা দায়ূদের ন্যায় সর্ব্বতোভাবে পরমেশ্বরের পশ্চাদ্গামী হইল না। ৭ সেই সময়ে সুলেমান্ যিরূশালমের সম্মুখস্থ পর্ব্বতে মোয়াবের মোলক্‌নামে ঘৃণার্হ দেবের জন্যে বেদি নির্ম্মাণ করিল। ৮ এই রূপে তাহার বিদেশীয় যে স্ত্রীগণ আপন দেবের উদ্দেশে ধূপ জ্বালাইত ও বলিদান করিত, তাহাদের সকলের জন্যে সেও তদ্রূপ করিল।

৯ যে পরমেশ্বর সুলেমান্‌কে দুই বার দর্শন দিয়াছিলেন, এবং অন্য দেবের পশ্চাদ্গমনে তাহাকে নিষেধ করিয়াছিলেন, সেই ইস্রায়েলের প্রভু পরমে- ১০ শ্বরহইতে সে মন ফিরাইল, এবং পরমেশ্বরের দত্ত আজ্ঞা পালন করিল না, এই জন্যে পরমেশ্বর তাহার প্রতি ক্রুদ্ধ হইলেন। ১১ এবং পরমেশ্বর সুলেমান্‌কে কহিলেন, আমি যে আজ্ঞা ও বিধি তোমাকে দিলাম, তাহা তুমি পালন করিলা না; তোমার এই মত আচরণ হওয়াতে আমি অবশ্য তোমাহইতে রাজ্য হরণ করিয়া তোমার দাসকে দিব। ১২ কিন্তু আমার দাস দায়ূদের অনুরোধে তোমার বর্ত্তমানে তাহা করিব না; তোমার পুত্রের হস্তহইতে তাহা কাড়িয়া লইব। ১৩ সকল রাজ্য কাড়িয়া লইব না; আপন দাস দায়ূদের ও আপন মনোনীত যিরূশালমের জন্যে তোমার পুত্রকে এক বংশ দিব।

১৪ পরে পরমেশ্বর ইদোম্ দেশে ইদোমীয় হদদ্ নামক এক ব্যক্তির সহিত সুলেমানের শত্রুতা জন্মাইলেন। ১৫ কেননা দায়ূদের ইদোমে থাকন সময়ে যোয়াব্ সেনাপতি ইদোমের সকল পুরুষদিগকে আঘাত করিয়া মৃতদিগকে কবর দিতে গেল। ১৬ যাবৎ ইদোমের সকল পুরুষ উচ্ছিন্ন না হইল, তাবৎ যোয়াব্ ইস্রায়েলের সমস্ত বংশের সহিত ছয় মাস পর্য্যন্ত ইদোমে থাকিল। ১৭ কিন্তু হদদ্ ও তাহার পিতার ইদোমীয় কএক দাস তাহার সহিত মিসরে পলায়ন করিল; তখন হদদ্ ক্ষুদ্র বালক ছিল। ১৮ এবং তাহারা মিদিয়ন্‌হইতে যাইয়া পারণে গেল; পরে পারণ্‌হইতে লোকদিগকে সঙ্গে লইয়া মিসরে ফিরৌণ্ রাজের নিকটে উপস্থিত হইল; তাহাতে ফিরৌণ্ তাহাকে এক বাটী ও তাহার আহারার্থে বৃত্তি ও ভূমি নিরূপণ করিয়া দিল। ১৯ পরে হদদ্ ফিরৌণের সাক্ষাতে অতিশয় অনুগ্রহ পাইলে, ফিরৌণ্ আপন ভার্য্যা তহপিনেষ্ রাণীর ভগিনীর সহিত তাহার বিবাহ দিল। ২০ অপর তহপিনেষের ভগিনী গিনুবৎ নামে এক পুত্র প্রসব করিলে তহপিনেষ্ ফিরৌণের গৃহে তাহার স্তন্যপান ত্যাগ করাইল, এবং গিনুবৎ ফিরৌণের গৃহে ফিরৌণের পুত্রদের মধ্যে থাকিল। ২১ পরে দায়ূদ্ আপন পিতৃলোকদের সহিত শয়ন করিতেছে, ও যোয়াব্ সেনাপতি মৃত আছে, এই সমাচার হদদ্ মিসরে শুনিয়া

[২৬-২৯] ২ বং ১; ১৪-১৭॥—[২৬] ১ রা ৪; ২৬। দ্বি ১৭; ১৬॥—[২৮] দ্বি ১৭; ১৬॥
[১১ অধ্য; ১-৪] দ্বি ১৭; ১৬, ১৭। ২৩; ৩। ৭; ২-৪॥—[৪] ১ রা ৯; ৪, ৫॥—[৫] প ৩০॥—[৭] প ৫, ৩০। ২ রা ২৩; ১৩॥—[৯, ১০] ১ রা ৩; ৫, ১৪। ৬; ১২, ১৩। ৯; ২, ৬, ৭॥—[১১-১৩] প ৩১-৩৬। ১২; ১৬-২০॥—[১৩] ২ শি ৭; ১৪, ১৫॥—[১৫] ২ শি ৮; ১৪॥

ফিরৌণ্কে কহিল, আমাকে বিদায় কর, আমি স্বদেশে ২২ যাইব। তাহাতে ফিরৌণ্ তাহাকে কহিল, তুমি স্বদেশে যাইতে কেন বাঞ্ছা কর? আমার এখানে তোমার কিসের অভাব? সে কহিল, কিছুর অভাব নাই; তথাপি আমাকে বিদায় কর।

২৩ ঈশ্বর সুলেমানের সহিত রিষোন্ নামক আর এক জনের শত্রুতা জন্মাইলেন; যে ইলিয়াদা আপন প্রভু সোবার হদদেষর্ রাজের নিকটহইতে পলায়ন করিয়া- ২৪ ছিল, সে তাহার পুত্র। যে সময়ে দায়ূদ্ তাহার লোক-দিগকে আঘাত করিল, তৎকালে সে আপনার নিকটে এক দল একত্র করিয়া তাহার সেনাপতি হইল; পরে তাহারা দম্মেষকে যাইয়া সেখানে বাস করিয়া দম্মেষকে ২৫ রাজ্য করিল। এইরূপে সুলেমানের তাবৎ বর্ত্তমান সময়ে হদদ্ শত্রু ভিন্ন সেও ইস্রায়েলের শত্রু ছিল, এবং ইস্রায়েলকে ঘৃণা করিয়া অরামের উপরে রাজত্ব করিল।

২৬ সিরেদা স্থানের যারবিয়াম্ নামে সুলেমানের এক দাস ছিল; তাহার পিতার নাম ইফ্রয়িমীয় নিবাট, কিন্তু সিরুয়া নামে তাহার মাতা সে সময়ে এক বিধবা ছিল; এই ব্যক্তি রাজার বিরুদ্ধে হস্ত বিস্তার ২৭ করিল। তাহার হস্ত বিস্তার করণের কারণ এই; সুলেমান্ মিল্লো নির্ম্মাণ করিতেছিল, ও আপন ২৮ পিতা দায়ূদের নগর পুনর্নির্ম্মাণ করিতেছিল। এবং সুলেমান্ যারবিয়াম্কে অতি বলবান ও যুব ও কর্ম্মশীল দেখিয়া যূষফ্ বংশের সমস্ত কর্তৃত্বভার তা- ২৯ হার হস্তে সমর্পণ করিল। তৎকালে যারবিয়াম্ যিরূশালম্হইতে প্রস্থান করিলে শীলোনীয় অহিয় ভবিষ্যদ্বক্তা তাহার সহিত পথে সাক্ষাৎ করিল; তখন সে নূতন বস্ত্র পরিহিত ছিল, এবং কেবল ৩০ তাহারা দুই জন ক্ষেত্রে একত্র ছিল। তাহাতে অহিয় তাহার গাত্রীয় নূতন বস্ত্র ধরিয়া চিরিয়া দ্বাদশ খণ্ড ৩১ করিল। এবং যারবিয়াম্কে কহিল, তুমি ইহার দশ খণ্ড গ্রহণ কর, কেননা ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি সুলেমানের হস্তহইতে রাজ্য ৩২ কাড়িয়া লইব, ও তাহার দশ বংশ তোমাকে দিব। কিন্তু আমার দাস দায়ূদের জন্যে, এবং ইস্রায়েলের সমস্ত বংশের মধ্যহইতে যে যিরূশালম্কে মনোনীত করিয়াছি, তাহার জন্যে তাহার অবশিষ্ট এক বংশ হইবে। ৩৩ কেননা তাহারা আমাকে ত্যাগ করিয়া সীদোনীয়দের অস্তারোৎ দেবীকে ও মোয়াবীয় কিমোশ্ দেবকে ও অম্মোন্ বংশের মিল্কম্ দেবকে সেবা করিল; তাহারা আপন পিতা দায়ূদের ন্যায় আমার সাক্ষাতে সৎক্রিয়া ও বিধি ও ব্যবস্থা পালনার্থে আমার পথে চলিল না। ৩৪ তথাচ আমি তাহার হস্তহইতে সমস্ত রাজ্য লইব না, এবং আমার আজ্ঞা ও বিধি পালন প্রযুক্ত আমার মনোনীত দাস দায়ূদের জন্যে তাহার যাবজ্জীবন তাহাকে রাজ্যচ্যুত করিব না। ৩৫ কিন্তু তাহার পুত্রের হস্ত-হইতে রাজ্য, অর্থাৎ দশ বংশ লইয়া তোমাকে দিব। ৩৬ এবং সেই স্থানে আপন নাম স্থাপনার্থে যে যিরূশালম্ মনোনীত করিয়াছি, তাহার মধ্যে আমার সম্মুখে যেন আমার দাস দায়ূদের প্রদীপ নিত্য জ্বলে, এই নিমিত্তে আমি তাহার পুত্রকে এক বংশ দিব। ৩৭ এবং আমি তোমাকে গ্রহণ করিলে তুমি আপন মনের ইচ্ছানুসারে ইস্রায়েলের উপরে রাজা হইয়া রাজ্য করিবা। ৩৮ আমি তোমাকে যে সকল আজ্ঞা দি, মনোযোগ করিয়া তাহা যদি আমার দাস দায়ূদের ন্যায় আমার বিধি ও আজ্ঞা পালন করিতে আমার সাক্ষাতে সৎকর্ম্ম করিয়া আমার পথে চল, তবে আমি তোমার সহবর্ত্তী হইব, ও যেমন দায়ূদের জন্যে করিলাম, তদ্রূপ তোমার জন্যেও দৃঢ় বংশ করিব, ও তোমাকে ইস্রায়েল্ লোককে দিব। ৩৯ আমি দায়ূদের বংশকে দুঃখ দিব, ৪০ কিন্তু সর্ব্বদা নয়। অতএব সুলেমান্ যারবিয়াম্কে বধ করিতে চেষ্টা করিল; তাহাতে যারবিয়াম্ উঠিয়া শীশক্ মিসরের রাজের নিকটে মিসরে পলাইল, ও যে পর্য্যন্ত সুলেমানের মৃত্যু না হইল, তাবৎ সে মিসরে থাকিল।

৪১ সুলেমানের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত ব্যবহার ও জ্ঞান কি সুলেমানের চরিত্রপুস্তকে লিখিত নাই? এই সুলেমান্ চল্লিশ বৎসর পর্য্যন্ত ইস্রায়েলের উপরে ৪২ রাজত্ব করিল। পরে সুলেমান্ আপন পিতৃলোকদের সহিত শয়ন করিয়া আপন পিতা দায়ূদের নগরে কবর প্রাপ্ত হইলে তাহার পুত্র রিহবিয়াম্ তাহার পদে রাজা হইল।

১২ অধ্যায়।

১ রিহবিয়ামের নিকটে লোকদের নিবেদন, ৬ ও যুবদের পরামর্শদ্বারা লোকদের প্রতি রিহবিয়ামের কঠিন উত্তর দেওন, ১৬ ও ইস্রায়েলের দশ বংশের রাজদ্রোহ করণ, ২১ ও তাহাদের সহিত যুদ্ধ করিতে ভবিষ্যদ্বক্তাদ্বারা রিহবিয়ামের প্রতি নিষেধ, ২৫ ও দশ বংশের উপরে যারবিয়ামের রাজত্ব করণ ও দুই প্রতিমা স্থাপন করণ।

১ পরে ইস্রায়েলের সমস্ত লোক রিহবিয়াম্কে রাজ্যাভিষিক্ত করিতে শিখিমে আইলে রিহবিয়াম্ শিখিমে ২ গেল। ইতিমধ্যে সুলেমান্ রাজের সম্মুখহইতে পলাইয়া তখনি মিসরে বাস করিতেছিল যে নিবাটের পুত্র ৩ যারবিয়াম্, সে ঐ কথা শুনিলেও মিসরে থাকিল। তাহাতে লোকেরা প্রেরণ করিয়া তাহাকে আহ্বান করিল; পরে যারবিয়াম্ ও ইস্রায়েলের তাবৎ মণ্ডলী একত্র হইয়া

[২৭] ১ রা ৯; ১৫॥—[২৯] ১৪; ২॥—[৩০] ১ শি ১৫; ২৭, ২৭॥—[৩১-৩৬] প ১১-১৩॥—[৩১] প ৩৫, ৩৭॥ [৩৩] প ৫-৭॥—[৩৫] ১ রা ১২; ১৬, ১৭, ২০॥—[৩৬] ১৫; ৪, ৫॥—[৩৭, ৩৮] ১২; ২৫-৩৩। ১৪; ৭-১১॥—[৩৮] ২ শি ৭; ১১॥—[৩৯] ২ শি ৭; ১৪, ১৫॥—[৪১-৪৩] ২ বং ৯; ২৯-৩১॥

[১২ অধ্য; ১-১১] ২ বং ১০; ১-১১॥—[২] ১ রা ১১; ২৬, ৪০॥

৪ রিহবিয়ামের কাছে এই কথা কহিল, তোমার পিতা আমাদের উপরে দুঃসহ যোঁয়ালি দিয়াছে; অতএব তোমার পিতা আমাদের উপরে যে কঠিন সেবার ভার ও দুঃসহ যোঁয়ালি দিয়াছে,তাহার কিছু লঘু কর,তা- ৫ হাতে আমরা তোমার সেবা করিব। সে তাহাদিগকে কহিল, এখন যাও, তিন দিনের পর আমার নিকটে আইস; তাহাতে লোকেরা প্রস্থান করিল।

৬ পরে রিহবিয়াম্ রাজা আপন পিতা সুলেমানের বর্ত্তমান কালে যে প্রাচীনগণ তাহার সম্মুখে দণ্ডায়মান থাকিত, তাহাদের সহিত মন্ত্রণা করিয়া কহিল, আমি ঐ লোকদিগকে কি উত্তর দিব? তোমরা কি মন্ত্রণা দেও? ৭ তাহাতে তাহারা তাহাকে কহিল, যদি তুমি অদ্য এই লোকদের সেবক হইয়া ইহাদের সেবা কর ও প্রিয় কথাদ্বারা তাহাদের প্রতি উত্তর দেও, তবে তাহারা ৮ সর্ব্বদা তোমার দাস হইবে। কিন্তু সে এই প্রাচীনদের দত্ত মন্ত্রণা ত্যাগ করিয়া আপনার সঙ্গে বর্দ্ধিত আপন সম্মুখে দণ্ডায়মান যুবদের সহিত মন্ত্রণা করিল। ৯ সে তাহাদিগকে জিজ্ঞাসিল, লোকেরা কহিতেছে, তোমার পিতা আমাদের উপরে যে যোঁয়ালি দিয়াছে, তাহা কিছু লঘু কর; এখন তাহাদিগকে কি উত্তর দিব? ১০ তোমরা কি মন্ত্রণা দেও? তাহাতে তাহার সহিত বর্দ্ধিত যুবগণ উত্তর করিল, তোমার পিতা আমাদের উপরে ভারি যোঁয়ালি দিয়াছে, তুমি তাহা কিছু লঘু কর, এই কথা লোকেরা কহিতেছে; তুমি তাহাদিগকে এই উত্তর দেও, আমার কনিষ্ঠ অঙ্গুলি আমার পিতার কটিহই- ১১ তেও স্থূল হইবে। আমার পিতা তোমাদের উপরে যে ভারি যোঁয়ালি দিয়াছে, আমি তাহা আরো ভারি করিব; আমার পিতা তোমাদিগকে কোড়াদ্বারা শাস্তি দিল, কিন্তু আমি গুন্থিবিশিষ্ট কোড়াদ্বারা * তোমাদিগকে ১২ শাস্তি দিব। পরে 'তৃতীয় দিবসে আমার নিকটে পুনর্ব্বার আইস,' রাজার এই উক্ত বাক্যানুসারে যারবিয়াম্ ও তাবৎ লোক তৃতীয় দিবসে রিহবিয়ামের নিকটে আ- ১৩ ইল। তাহাতে রাজা লোকদিগকে কঠিন উত্তর করিল; প্রাচীন লোকেরা তাহাকে যে মন্ত্রণা দিয়াছিল, তাহা ১৪ ত্যাগ করিয়া, যুবদের মন্ত্রণানুসারে এই উত্তর করিল, আমার পিতা তোমাদের উপরে যে ভারি যোঁয়ালি দিল, তাহা আমি আরো ভারি করিব; আমার পিতা তোমাদিগকে কোড়াদ্বারা শাস্তি দিল, কিন্তু আমি তোমাদিগকে গুন্থিবিশিষ্ট কোড়াদ্বারা * শাস্তি ১৫ দিব। এই রূপে রাজা লোকদের নিবেদনে মনোযোগ করিল না, কেননা নিবাটের পুত্র যারবিয়াম্‌কে শীলোনীয় অহিয়ের প্রমুখাৎ পরমেশ্বর যে কথা কহিয়াছিলেন,তাহা সিদ্ধ হওনার্থে ইহা পরমেশ্বরহইতে হইল।

১৬ পরে রাজা তাহাদের নিবেদনে মনোযোগ করিল না, ইহা দেখিয়া ইস্রায়েলের সমস্ত লোক এই উত্তর করিল, দায়ূদে আমাদের কি অংশ? ও যিশয়ের পুত্রে আমাদের কি অধিকার? হে ইস্রায়েল্ লোক সকল, আপন২ বাসস্থানে যাও; হে দায়ূদ্, এখন তুমি আপন বংশের তত্ত্বাবধারণ কর; পরে ইস্রায়েল্ লোকেরা আপন ২ বাসস্থানে ফিরিয়া গেল। ১৭ তাহাতে রিহবিয়াম্ কেবল যিহূদা প্রদেশের নগর নিবাসি ইস্রায়েল্ বংশের উপরে রাজা হইল। ১৮ পরে রিহবিয়াম্ রাজা লোকদের নিকটে অদোরাম্ দলাধ্যক্ষকে পাঠাইলে ইস্রায়েলের সমস্ত বংশ তাহাকে প্রস্তরাঘাতদ্বারা বধ করিল; তাহাতে রিহবিয়াম্ রাজ শীঘ্র † যিরূশালমে পলাইতে রথারোহণ করিল। ১৯ এই রূপে ইস্রায়েল্ লোকেরা অদ্য পর্য্যন্ত দায়ূদ্ বংশের কর্ত্তৃত্বাধীনতা ত্যাগ করিল। ২০ পরে যারবিয়াম্ ফিরিয়া আসিয়াছে, ইহা তাবৎ ইস্রায়েল্‌বংশ শুনিয়া লোক প্রেরণদ্বারা তাহাকে মণ্ডলীর নিকটে ডাকাইয়া সমস্ত ইস্রায়েলের উপরে রাজ্যাভিষিক্ত করিল; তাহাতে কেবল যিহূদা বংশ ব্যতিরেক আর কোন লোক দায়ূদ্ বংশের অধীন হইল না।

২১ পরে রিহবিয়াম যিরূশালমে আসিয়া আপন সুলেমান্ বংশীয় রিহবিয়ামের পক্ষে পুনর্ব্বার রাজ্য আনিবার জন্যে ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করিতে যিহূদা বংশের ও বিন্‌য়ামীন্ বংশের এক লক্ষ আশী সহস্র মনোনীত যোদ্ধাদিগকে একত্র করিল। ২২ তাহাতে ঈশ্বরের এই বাক্য ঈশ্বরের লোক শিময়িয়ের নিকটে উপস্থিত হইল; ২৩ তুমি যিহূদার রাজা সুলেমানের পুত্র রিহবিয়াম্‌কে এবং যিহূদার ও বিন্‌য়ামীনের সমস্ত বংশকে ও অবশিষ্ট লোকদিগকে এই কথা কহ; ২৪ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা যাইও না, ও আপন ভ্রাতা ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করিও না; প্রত্যেক জন আপন ২ বাসস্থানে যাও, কেননা এই সকল আমাহইতে হইল; অতএব তাহারা পরমেশ্বরের কথা মানিয়া পরমেশ্বরের কথানুসারে ফিরিয়া গেল।

২৫ পরে যারবিয়াম্ ইফ্রয়িম্ পর্ব্বতে শিখিম্ নগর পুনর্নির্ম্মাণ করিয়া তাহার মধ্যে বসতি করিল, এবং তথাহইতে যাইয়া পিনূয়েল্ নগর পুনর্নির্ম্মাণ করিল। ২৬ পরে যারবিয়াম্ আপন মনে২ বিবেচনা করিল, এই রাজ্য পুনর্ব্বার দায়ূদ্ বংশের অধীন হইবে। ২৭ এই লোকেরা যদি যিরূশালমস্থ পরমেশ্বরের মন্দিরে বলিদান করিতে যায়, তবে আপন প্রভু যিহূদার রাজা রিহবিয়ামের প্রতি অবশ্য তাহাদের মন ফিরিবে, তাহাতে তাহারা আমাকে বধ করিয়া পুনর্ব্বার যিহূদার

[১২-২১] ২ বং ১০; ১২-১৯ ॥—[১৫] ১ রা ১১; ৩০। ৩১; ৩৫ ॥—[১৬] ২ শি ২০; ১ ॥—[১৭] ১ রা ১১; ১৩,৩৬ ॥ [১৮] ৪; ৬। ৫; ১৪ ॥—[২০] প ১৭ ॥—[২১-২৪] ২ বং ১১; ১-৪ ॥—[২৪] প ১৫ ॥—[২৫] বি ২; ৪৫। ৮; ১৭ ॥ [২৭] দ্বি ১২; ১৩,১৪ ॥

* (ইব্রী) বৃশ্চিকদের দ্বারা। † (ইব্রী) আপনাকে শক্ত করিয়া।

২৮ রিহবিয়াম্ রাজের পক্ষ হইবে। অতএব রাজা মন্ত্রণা লইয়া স্বর্ণময় দুই গোবৎস নির্ম্মাণ করাইয়া কহিল, হে ইস্রায়েল্ বংশ, যিরূশালমে যাইতে তোমাদের ক্লেশ হয়, এই জন্যে মিসর্হইতে তোমাদিগকে আনয়নকারি ২৯ দেবগণকে এই দেখ। পরে এককে বৈথেলে ও অন্যকে ৩০ দানে স্থাপন করিল। এই পাপের কারণ হইল, কেননা লোকেরা প্রতিমার সম্মুখে আরাধনা করিতে ৩১ দান্ পর্য্যন্ত যাইতে লাগিল। পরে সে উচ্চস্থানস্থ গৃহ নির্ম্মাণ করিল, এবং যাহারা লেবির বংশ নয়, কিন্তু লোকদের মধ্যে অতি নীচ, এমত লোকদিগকে ৩২ যাজকপদে নিযুক্ত করিল। এবং যারবিয়াম্ অষ্টম মাসের পঞ্চদশ দিবসে যিহূদার পর্ব্বের ন্যায় পর্ব্ব নিরূপণ করিয়া আপনকৃত বৎস প্রতিমার উদ্দেশে বেদিতে বলি উৎসর্গ করিত; বৈথেলে সে এই রূপ করিত, এবং আপনকৃত উচ্চস্থানের যাজকদিগকে ৩৩ বৈথেলে স্থাপন করিত। অতএব অষ্টম মাসের পঞ্চদশ দিবসে, অর্থাৎ আপন মনে নিরূপিত মাসে ও দিবসে বৈথেলস্থ আপনকৃত বেদির উপরে বলি উৎসর্গ করিত; এই রূপে যারবিয়াম্ ইস্রায়েল্ বংশের জন্যে এক উৎসব নিরূপণ করিয়া বেদির উপরে বলি উৎসর্গ করিত ও ধূপ জ্বালাইত।

১৩ অধ্যায়।

১ যারবিয়ামের নিকটে ঈশ্বরের লোকের কথা, ১১ ও ঐ ঈশ্বরের লোকের প্রতি প্রাচীন ভবিষ্যদ্বক্তার মিথ্যা কথা ২০ ও সে কথা বিশ্বাস করণ প্রযুক্ত তাহার প্রতি ঈশ্বরের অনুযোগ, ২৩ ও তাহার মৃত্যু ও কবর দেওন, ৩৩ ও যারবিয়ামের মহাপাপ।

১ পরে যারবিয়াম্ ধূপ জ্বালাইতে বেদির নিকটে দাঁড়াইলে ঈশ্বরের এক লোক পরমেশ্বরের আজ্ঞাতে ২ যিহূদাহইতে বৈথেলে উপস্থিত হইল; এবং বেদির প্রতিকূলে পরমেশ্বরের আজ্ঞাদ্বারা এই কথা কহিল, হে বেদি, হে বেদি, পরমেশ্বর এই কথা কহেন, যোশিয় নামে এক বালক দায়ূদ্ বংশে জন্মিয়া ধূপ জ্বলনকারি উচ্চস্থানের যাজকদিগকে তোমার উপরে উৎসর্গ করিবে, ও তোমার উপরে মনুষ্যের অস্থি দগ্ধ ৩ করিবে। এবং ঐ দিবসে সে লক্ষণদ্বারা এই কথা কহিল, পরমেশ্বর এই লক্ষণের কথা কহেন, এই বেদি ভগ্ন হইবে, ও তাহার উপরিস্থ ভস্ম বাহিরে নিক্ষিপ্ত ৪ হইবে। পরে যারবিয়াম্ রাজা বৈথেলস্থ বেদির বিরুদ্ধে ঈশ্বরের লোকের উক্ত কথা শুনিয়া বেদিহইতে হস্ত বিস্তার করিয়া কহিল, ইহাকে ধর; কিন্তু সে তাহার বিরুদ্ধে যে হস্ত বিস্তার করিল তাহা শুষ্ক হইল, সে ৫ আর হস্ত সংকোচ করিতে পারিল না। পরে ঈশ্বরের লোকের দ্বারা পরমেশ্বরের বাক্যানুসারে যে লক্ষণ দত্ত হইল, তদনুসারে বেদি ভগ্ন হইল, ও বেদিহইতে ভস্ম বহির্নিক্ষিপ্ত হইল। ৬ তখন রাজা ঈশ্বরের লোককে কহিল, আমার হস্ত যেন পূর্ব্বমত হয়, এই জন্যে তুমি আপন প্রভু পরমেশ্বরের কাছে* প্রার্থনা কর ও আমার নিমিত্তে নিবেদন কর; তাহাতে ঈশ্বরের লোক পরমেশ্বরের কাছে প্রার্থনা করিলে রাজার হস্ত সুস্থ হইয়া পূর্ব্বমত হইল। ৭ তখন রাজা ঈশ্বরের লোককে কহিল, তুমি আমার সহিত গৃহে আসিয়া বিশ্রাম কর, আমি তোমার পুরস্কার করিব। ৮ ঈশ্বরের লোক রাজাকে কহিল, যদি তুমি আমাকে আপন গৃহের অর্দ্ধেক দেও, তথাপি তোমার সহিত প্রবেশ করিব না, ও এই স্থানে ভোজন পান করিব না। ৯ কেননা পরমেশ্বর আমাকে দৃঢ় আজ্ঞাতে কহিলেন, কিছু ভোজন ও পান করিও না, এবং যে পথ দিয়া যাও, সে পথ দিয়া ফিরিয়া আসিও না। ১০ পরে সে যে পথ দিয়া বৈথেলে আসিয়াছিল, সে পথ দিয়া না গিয়া অন্য পথ দিয়া প্রস্থান করিল।

১১ ঐ বৈথেলে এক প্রাচীন ভবিষ্যদ্বক্তা থাকিত; অপর তাহার পুত্রগণ † আসিয়া বৈথেলে ঐ দিবসে ঈশ্বরের লোকের কৃত সমস্ত কর্ম্মের কথা তাহাকে জ্ঞাত করিল, এবং সে রাজাকে যে কথা কহিয়াছিল, তাহাও আপনাদের পিতাকে কহিল। ১২ তাহাতে তাহাদের পিতা জিজ্ঞাসিল, সে কোন্ পথে গেল? যিহূদাহইতে আগত ঈশ্বরের লোক কোন্ পথে গেল, তাহা তাহার পুত্রগণ দেখিতে গেল। ১৩ পরে সে আপন পুত্রদিগকে গর্দ্দভ সাজাইতে কহিল; তাহাতে তাহারা তাহার জন্যে গর্দ্দভ ১৪ সাজাইলে সে তাহার উপরে আরোহণ করিয়া, ঐ ঈশ্বরের লোকের পশ্চাদ্গমন করিল, এবং এক অলোন্ বৃক্ষের তলে তাহাকে উপবিষ্ট দেখিয়া জিজ্ঞাসিল, তুমিই কি যিহূদাহইতে আগত ঈশ্বরের লোক? ১৫ সে কহিল, আমি সেই বটি। তখন সে তাহাকে কহিল, তুমি আমার সহিত আমার গৃহে আসিয়া কিছু ১৬ আহার কর। তাহাতে সে কহিল, আমি তোমার সহিত যাইতে ও তোমার গৃহে প্রবেশ করিতে পারিব না; আমি এখানে তোমার সঙ্গে কিছু ভোজন ও ১৭ পান করিব না। কেননা পরমেশ্বরের দ্বারা আমার নিকটে এই কথা উপস্থিত হইল, 'তুমি সে স্থানে কিছু ভোজন ও পান করিও না, এবং যে পথ দিয়া যাইবা, সে পথ দিয়া ফিরিয়া আসিও না।' ১৮ পরে সে তাহাকে কহিল, আমিও তোমার মত এক ভবিষ্যদ্বক্তা; এক দূত পরমেশ্বরের আজ্ঞাদ্বারা এই কথা আমাকে কহিল, তুমি তাহাকে ভোজন ও পান

[২৮] যা ৩২; ৪ ॥—[২৯] আ ২৮; ১৬-১৯। বি ১৮; ৩০ ॥—[৩১,৩২] ২ বং ১১; ১৩-১৭॥—[৩১] গ ৩; ১০। ১৬; ৩২॥ [৩২] গ ২৩; ৩১-৪৩॥

[১৩ অধ্য; ২] ২ রা ২৩; ১৫-২০ ॥—[৩] প ৫ ॥—[৫] প ৩॥—[৬] যা ৯; ২৭-৩০ ॥—[৮] গ ২২; ১৮॥—[১৬,১৭] প ৮,৯॥

* (ইব্রী) মুখের কাছে। † (ইব্রী) পুত্র।

করাইতে ফিরাইয়া আপন গৃহে আন; কিন্তু সে মিথ্যা
১৯ কথা কহিল। অতএব সে তাহার সহিত ফিরিয়া যাইয়া তাহার গৃহে ভোজন ও পান করিল।

২০ তাহারা ভোজনাসনে বসিতেছিল, এমত সময়ে যে ভবিষ্যদ্বক্তা তাহাকে ফিরাইয়া আনিল, তাহার প্রতি
২১ পরমেশ্বরের বাক্য উপস্থিত হইল। তাহাতে সে যিহূদাহইতে আগত ঈশ্বরের মনুষ্যকে উচ্চৈঃস্বরে কহিল, পরমেশ্বর এই কথা কহেন, তুমি পরমেশ্বরের মুখের আজ্ঞা লঙ্ঘন করিলা; তোমার প্রভু পরমেশ্বর তোমাকে যাহা আজ্ঞা করিলেন, তাহা তুমি পালন করিলা
২২ না। তিনি যে স্থানের বিষয়ে কহিলেন, 'তুমি কিছু ভোজন ও পান করিও না,' সেই স্থানে ফিরিয়া আসিয়া ভোজন ও পান করিলা, অতএব তোমার শব তোমার পিতৃকবর পাইবে না।

২৩ অপর সে ভোজন পান করিলে পর তাহাকে ফিরাইয়া আনিল যে ভবিষ্যদ্বক্তা, সে তাহার জন্যে গর্দ্দভ
২৪ সাজাইল; তাহাতে সে প্রস্থান করিলে পথিমধ্যে এক সিংহ তাহাকে পাইয়া বধ করিল, এবং তাহার শব পথে পতিত থাকিল, ও গর্দ্দভ তাহার নিকটে দণ্ডায়মান থাকিল, এবং সিংহও শবের নিকটে দণ্ডায়মান
২৫ থাকিল। পরে যে২ লোকেরা ঐ পথদিয়া গমনকালে পথে নিক্ষিপ্ত শব ও শবের নিকটে দণ্ডায়মান সিংহকে দেখিল, তাহারা ঐ প্রাচীন ভবিষ্যদ্বক্তার নিবাস
২৬ নগরে আসিয়া সংবাদ দিল। অপর যে ভবিষ্যদ্বক্তা তাহাকে পথহইতে ফিরাইয়া আনিয়াছিল, সে ঐ সম্বাদ শুনিয়া কহিল, এ ঈশ্বরের লোক; কিন্তু পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিল, এই জন্যে পরমেশ্বর তাহাকে সিংহের হস্তগত করিলেন, এবং তাহার প্রতি পরমেশ্বরের উক্ত কথানুসারে সিংহ তাহাকে
২৭ বিদীর্ণ * করিয়া বধ করিল। পরে আপন পুত্রগণকে কহিল, আমার নিমিত্তে গর্দ্দভ সাজাও; তাহাতে তা-
২৮ হারা তাহা সাজাইলে সে যাইয়া পথে নিক্ষিপ্ত তাহার শব, ও শবের নিকটে গর্দ্দভ ও সিংহ দাঁড়াইয়া আছে; সিংহ শব ভক্ষণ করে নাই এবং গর্দ্দভকেও বি-
২৯ দীর্ণ করে নাই, ইহা দেখিল। পরে সেই ভবিষ্যদ্বক্তা ঈশ্বরের লোকের শব উঠাইয়া গর্দ্দভোপরি রাখিয়া ফিরাইয়া আনিল, এবং সেই প্রাচীন ভবিষ্যদ্বক্তা তাহার বিষয়ে শোক করিতে ও তাহাকে কবরে দিতে
৩০ আপন বাসনগর মধ্যে আইল। পরে সে আপন কবরে ঐ শব রাখিল, এবং 'হায় আমার ভ্রাতা২!' ইহা
৩১ কহিয়া তাহারা তাহার জন্যে শোক করিল। অপর সে তাহাকে কবর দিয়া আপন পুত্রগণকে কহিল, আমি মরিলে তোমরা আমাকে এই ঈশ্বরের লোকের কবরে রাখিও, ও আমার অস্থি তাহার অস্থির নিকটে রাখিও।
৩২ কেননা বৈথেলস্থ যজ্ঞবেদির ও শোমিরোণের তাবৎ নগরস্থ উচ্চস্থানের গৃহের প্রতিকূলে পরমেশ্বরের বাক্যদ্বারা সে যে কথা কহিয়াছে, তাহা অবশ্য ফলিবে।

৩৩ ইহার পরে যারবিয়াম্ আপন কুপথহইতে পরাঙ্মুখ হইল না, কিন্তু পুনর্ব্বার লোকদের মধ্যে অতিনীচ লোকদিগকে উচ্চস্থানের যাজক করিয়া নিযুক্ত † করিল; যাহাকে ইচ্ছা করিল, তাহাকেই নিযুক্ত † করিলে সে
৩৪ উচ্চস্থানের যাজক হইল। কিন্তু এই কর্ম্ম যারবিয়ামের বংশে পাপজনক হইল, এবং তদ্দ্বারা সে বংশ উচ্ছিন্ন হইল ও পৃথিবীহইতে লুপ্ত হইল।

১৪ অধ্যায়।

১ পুত্রের অসুস্থতা প্রযুক্ত অহিয়ের নিকটে যারবিয়ামের স্ত্রীর গমন, ৫ ও অহিয়ের দুঃখদায়ক সমাচার দেওন, ১৭ ও অবিয়ের মরণ ও কবর দেওন, ২১ ও রিহবিয়ামের কুরাজত্বের কথা, ২৫ ও মিসরের শীশক্রাজদ্বারা ইস্রায়েলের লুঠ, ২৯ ও রিহবিয়ামের পদে অবিয়ের অভিষিক্ত হওন।

১ সেই সময়ে যারবিয়ামের পুত্র অবিয় অসুস্থ হইলে,
২ যারবিয়াম্ আপন স্ত্রীকে কহিল, বিনয় করি, এখন যাহাতে তুমি যারবিয়ামের ভার্য্যা ইহা বোধ না হয়, এমত আচ্ছন্ন বেশ ধারণ করিয়া উঠিয়া শীলোতে যাও; দেখ, অহিয় নামক যে ভবিষ্যদ্বক্তা আমাকে কহিয়াছে, তুমি এই লোকদের রাজা হইবা, সে সেই স্থানে
৩ আছে। তুমি আপন হস্তে দশ রুটী ও মোদক ও এক পাত্র মধু লইয়া তাহার কাছে যাও; তাহাতে বালকের
৪ কি দশা হইবে, তাহা সে তোমাকে কহিবে। পরে যারবিয়ামের স্ত্রী সেই রূপ করিয়া উঠিয়া শীলোতে গিয়া অহিয়ের বাটীতে উপস্থিতা হইল; ঐ সময়ে অহিয় বার্দ্ধক্য প্রযুক্ত অন্ধ ‡ হইয়াছিল, দেখিতে পাইত না।

৫ অপর পরমেশ্বর অহিয়কে কহিলেন, দেখ, যারবিয়ামের ভার্য্যা আপন পুত্রের জন্যে তোমার কাছে এক কথা জিজ্ঞাসা করিতে আসিতেছে, কেননা সে পীড়িত আছে; কিন্তু সে ছল করিয়া অন্য স্ত্রীবেশে আসিবে,
৬ অতএব তুমি তাহাকে এমন২ কথা কহিবা। পরে সেই স্ত্রীর দ্বারে প্রবেশ করণ সময়ে তাহার পদের শব্দ শুনিয়া অহিয় তাহাকে কহিল, হে যারবিয়ামের ভার্য্যে, ভিতরে আইস; তুমি কেন অন্য স্ত্রীবেশ ধরিয়া ছল করিতেছ? আমি ভারি ‖ সমাচার কহিতে তোমার
৭ কাছে প্রেরিত হইলাম। তুমি যাইয়া যারবিয়াম্কে কহ, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি লোকদের মধ্যে তোমাকে উচ্চপদস্থ করিলাম, ও আমার ইস্রায়েল্ বংশের উপরে তোমাকে রাজা

[১৯,২২] ১ শি ১৫; ২৩॥—[২৪] ১ রা ২০; ৩৬। ১ ক ১১; ৩২॥—[৩১] ২ রা ২৩; ১৭,১৮॥—[৩২] প ২। ২ রা ১৫; ২০॥—[৩৩] ১ রা ১২; ৩১। ১৪; ৯,১০॥

[১৪ অধ্যা; ২] ১ রা ১১; ২৯,৩১॥—[৩] ১ শি ৯; ৭,৮॥—[৭-১১] ১ রা ১১; ৩৭,৩৮। ১ শি ১৫; ১৬-১৯,২৬-২৯। ২৮; ১৬-১৯॥

* (ইব্রী) ভগ্ন। † (ইব্রী) তাহার হস্ত পূর্ণ। ‡ (ইব্রী) চক্ষু স্থগিত হইল। ‖ (ইব্রী) কঠিন।

৮ লাম। আমি দায়ূদের বংশহইতে রাজ্য লইয়া তোমাকে দিলাম; তথাপি আমার দাস যে দায়ূদ্ আমার আজ্ঞা পালন করিল, এবং আমার দৃষ্টিতে কেবল উচিত কর্ম্ম করিয়া আপন সর্ব্বান্তঃকরণের সহিত আমার পশ্চাদ্-৯ গামী হইল, তুমি তাহার মত হইলা না। কিন্তু পূর্ব্বকার লোকদের অপেক্ষাও কুকর্ম্ম করিলা; তুমি যাইয়া আমাকে ক্রুদ্ধ করণার্থে অন্য দেবগণ ও ছাঁচে ঢালা প্রতিমা আপনার জন্যে নির্ম্মাণ করিয়া আমাকে ১০ অবজ্ঞা * করিলা। অতএব দেখ, আমি যারবিয়ামের বংশের প্রতি অমঙ্গল ঘটাইব; যারবিয়ামের বংশীয় প্রত্যেক পুরুষকে † এবং ইস্রায়েলে বদ্ধ ও মুক্ত লোককে উচ্ছিন্ন করিব, এবং যেমন কোন মনুষ্য শেষ পর্য্যন্ত মল দূর করে, তদ্রূপ আমি যারবিয়ামের ১১ বংশের অবশিষ্ট লোককে দূর করিব। যারবিয়ামের যে লোক নগরে মরিবে, কুক্কুরেরা তাহাকে ভক্ষণ করিবে; ও যে জন ক্ষেত্রে মরিবে, তাহাকে শূন্যের পক্ষিগণ ভক্ষণ করিবে, ইহা পরমেশ্বর কহিলেন। ১২ অতএব তুমি উঠিয়া আপন নিবাসে যাও; কিন্তু নগরে ১৩ তোমার পদার্পণ মাত্রে তোমার বালক মরিবে। এবং তাহার জন্যে ইস্রায়েলের সমস্ত লোক শোক করিয়া তাহাকে কবর দিবে, কেননা যারবিয়ামের বংশের মধ্যে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের প্রতি তাহাতে কিঞ্চিৎ উত্তমতা পাওয়া যায়, এই জন্যে যারবিয়াম্ ১৪ বংশে কেবল সেই বালক কবর পাইবে। আর পরমেশ্বর ইস্রায়েলের এক রাজাকে উৎপন্ন করিবেন; এই বর্ত্তমান ঘটনা ব্যতিরেকে সে এক দিনে যারবিয়ামের ১৫ বংশকে উচ্ছিন্ন করিবে। তাহাদের কৃত চৈত্যবৃক্ষদ্বারা পরমেশ্বরকে ক্রুদ্ধ করাতে পরমেশ্বর স্রোতঃস্থিত কম্পিত নলের ন্যায় ইস্রায়েল্ বংশকে আঘাত করিবেন, এবং তাহাদের পূর্ব্বপুরুষদিগকে এই যে উত্তম দেশ দিয়াছেন, তথাহইতে ইস্রায়েল্ বংশকে উৎপাটিত করিয়া নদীর ওপারে তাহাদিগকে ছিন্নভিন্ন করিবেন। ১৬ যারবিয়াম্ আপনি পাপ করিল, এবং ইস্রায়েল্ বংশকেও পাপ করাইল; তাহার এই পাপ প্রযুক্ত ইস্রায়েল্ বংশকে ত্যাগ করিবেন।

১৭ পরে যারবিয়ামের ভার্য্যা উঠিয়া যাইয়া তির্সাতে উপস্থিত হইল, এবং গৃহের দ্বারের গোবরাটে পা ১৮ দিবামাত্র তাহার বালক মরিল। পরে লোকেরা তাহাকে কবর দিলে পরমেশ্বর আপন দাস অহিয় ভবিষ্যদ্বক্তার প্রমুখাৎ যে কথা কহিলেন, তদনুসারে ইস্রায়েলের সমস্ত লোক তাহার জন্যে শোক করিল। ১৯ এই যারবিয়ামের অবশিষ্ট ক্রিয়া, অর্থাৎ কি রূপে যুদ্ধ করিল, ও কি প্রকারে রাজ্য করিল, তাহার বিবরণ ইস্রায়েলীয় রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত ২০ আছে। যারবিয়াম্ বাইশ বৎসর পর্য্যন্ত রাজ্য করিলে পর আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইল; তাহার পুত্র নাদব্ তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

২১ সুলেমানের পুত্র রিহবিয়াম্ যিহূদা দেশের রাজা ছিল; রিহবিয়াম্ একচল্লিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিল, এবং পরমেশ্বর আপন নাম স্থাপনার্থে ইস্রায়েলের তাবৎ বংশের মধ্যে যে স্থানকে মনোনীত করিয়াছেন, সেই যিরূশালমনগরে সপ্তদশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল; তাহার মাতার নাম অম্মোনীয়া ২২ নয়মা ছিল। পরে যিহূদা বংশ পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল; তাহারা অধিক পাপ করিয়া আপন ২৩ পূর্ব্বপুরুষদের অপেক্ষা তাঁহাকে ক্রুদ্ধ করিল। কারণ তাহারাও প্রত্যেক উচ্চপর্ব্বতে ও প্রত্যেক হরিত বৃক্ষের তলে আপনাদের জন্যে উচ্চস্থান ও প্রতিমা ও চৈত্য ২৪ বৃক্ষ স্থাপন করিল; ও দেশে পুংগামি লোক হইল, এবং পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে যাহাদিগকে দূর করিয়াছিলেন, তাহাদের ঘৃণার্হ ক্রিয়ানুসারে কর্ম্ম করিল।

২৫ অপর রিহবিয়ামের অধিকারের পঞ্চম বৎসরে মিসরের শীশক্ রাজা যিরূশালমের বিরুদ্ধে আসিয়া ২৬ পরমেশ্বরের মন্দিরের তাবৎ ধন ও রাজগৃহের তাবৎ ধন ইত্যাদি সর্ব্বস্ব ও সুলেমানের নির্ম্মিত তাবৎ স্বর্ণময় ২৭ ঢাল লইয়া প্রস্থান করিল। পরে রিহবিয়াম্ রাজা সে সকল ঢালের পরিবর্ত্তে পিত্তলময় ঢাল করিয়া রাজবাটীর দ্বারপাল যে প্রধান রক্ষক, তাহাদের ২৮ কাছে সমর্পণ করিল। তাহাতে রাজার পরমেশ্বরের মন্দিরে প্রবেশ করণ সময়ে রক্ষক সেই সকল ঢাল বহিয়া আনিত; পরে রক্ষাশালাতে ফিরিয়া লইয়া যাইত।

২৯ এই রিহবিয়ামের অবশিষ্ট ক্রিয়া ও তাবৎ বিবরণ কি যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত ৩০ নাই? এই রিহবিয়াম্ ও যারবিয়াম্ উভয়ের যাব-৩১ জ্জীবন পরস্পর যুদ্ধ হইল। পরে রিহবিয়াম্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইয়া আপন পিতৃলোকদের সহিত দায়ূদ্নগরে কবরপ্রাপ্ত হইল, তাহার মাতার নাম অম্মোনীয়া নয়মা ছিল; পরে তাহার পুত্র অবিয় তাহার পদে রাজা হইল।

[৯] ১ রা ১২; ২৮-৩০ ।।—[১০] ১৫; ২৯,৩০ ।।—[১১] ১৬; ৪ । ২১; ২৪ ।।—[১২] প ১৭ ।।—[১৪] প ২০ । ১৫; ২৭-৩০ ।।—[১৫] দ্বি ৪; ২৫-২৭ । ২ রা ১৭; ৬-১৮ ।।—[১৬] ১ রা ১২; ৩০ ।।—[১৭] প ১২ ।।—[১৮] প ১৩ ।। [১৯] ২ বং ১৩; ৩-২০ ।।—[২১] ২ বং ১২; ১৩ । ১ রা ৯; ৩ । প ৩১ । ১১; ১ ।।—[২২] ২ বং ১২; ১৩ ।।—[২৩] দ্বি ৪; ২৫ । ৩১; ১৬, ২০, ২৯ ।।—[২৪] দ্বি ২৩; ১৭ । লে ১৮; ২৪-৩০ ।।—[২৫-২৮] ২ বং ১২; ২-১১ ।।—[২৬] ১ রা ১০; ১৬, ১৭ ।।—[২৯-৩১] ২ বং ১২; ১৫,১৬ ।।—[৩১] প ২১ ।।

* (ইব্রি) পৃষ্ঠে নিক্ষেপ। † (ইব্রি) ভিত্তিতে মূত্রকারী।

১৫ অধ্যায়।

১ অবিয়ের কুরাজত্বের কথা, ৯ ও তাহার পুত্র আসার সুরাজত্বের কথা, ১৬ ও তাহার সহিত ইস্রায়েলের বাশা রাজার যুদ্ধ, ২৩ ও তাহার মৃত্যু ও যিহোশাফট্ নামে তাহার পুত্রের অভিষিক্ত হওন, ২৫ ও নাদব্ ও বাশার কথা।

১ নিবাটের পুত্র যারবিয়ামের অধিকারের অষ্টাদশ ২ বৎসরে অবিয় যিহূদা দেশে রাজা হইল। সে তিন বৎসর পর্য্যন্ত যিরূশালমে রাজত্ব করিল; তাহার মাতার নাম মাখা; সে অব্শালোমের কন্যা ছিল। ৩ তাহার পূর্ব্বে তাহার পিতা যে রূপ পাপ করিয়াছিল, তদনুসারে সে আচরণ করিল, কিন্তু আপন পূর্ব্বপুরুষ দায়ূদের মনের ন্যায় ঈশ্বরবিষয়ে তাহার মন সরল ৪ ছিল না। তথাপি দায়ূদের পরে তাহার সন্তান যেন রাজ্য করে ও যিরূশালম্ স্থির রাখে, এই জন্যে তাহার প্রভু পরমেশ্বর দায়ূদের অনুরোধে যিরূশালমে তা- ৫ হাকে এক প্রদীপ দিলেন। কেননা দায়ূদ্ পরমেশ্বরের দৃষ্টিতে সৎকর্ম্ম করিয়াছিল; হিত্তীয় ঊরিয়ের ভার্য্যার কথা ব্যতিরেকে সে তাবৎ আয়ুর মধ্যে পরমেশ্বরের ৬ আজ্ঞাহইতে পরাঙ্মুখ হয় নাই। কিন্তু অবিয়ের যাবজ্জীবন রিহবিয়াম্ (বংশের) ও যারবিয়ামের যুদ্ধ ৭ হইল। এই অবিয়ের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে কি লিখিত নাই? ৮ এবং অবিয়ের সহিত যারবিয়ামের যুদ্ধ হইল। পরে অবিয় আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে লোকেরা তাহাকে দায়ূদ্নগরে কবর দিল; ও তাহার পুত্র আসা তাহার পদে রাজা হইল।

৯ ইস্রায়েলের রাজা যারবিয়ামের অধিকারের বিং- ১০ শতি বৎসরে আসা যিহূদার রাজা হইল। সে যিরূশালমে একচাল্লিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল; সে অব্- ১১ শালোমের কন্যা মাখার পৌত্র ছিল। এই আসা পরমেশ্বরের সাক্ষাতে আপন পূর্ব্বপুরুষ দায়ূদের ১২ ন্যায় সদাচরণ করিল। সে দেশহইতে পুংগামি লোকদিগকে দূর করিল, এবং আপন পূর্ব্বপুরুষেরা যে২ ঘৃণার্হ প্রতিমা স্থাপন করিয়াছিল, তাহাও দূর করিল। ১৩ এবং তাহার মাতামহী মাখা চৈত্যবৃক্ষের তলে এক প্রতিমা স্থাপন করিয়াছিল, এই জন্যে আসা তাহাকে রাজ্ঞীপদচ্যুতা করিল, এবং তাহার প্রতিমাকে উচ্ছিন্ন ১৪ করিয়া কিদ্রোণ্ নদী তীরে তাহা দগ্ধ করিল। কিন্তু উচ্চস্থান দূরীকৃত হইল না; তথাপি আসার মন যাবজ্জীবন ১৫ পরমেশ্বরের প্রতি সরল থাকিল। তাহার পিতা যে২ বস্তু নিবেদন করিয়াছিল, এবং সে আপনি যে২ বস্তু, অর্থাৎ রূপা ও স্বর্ণ ও পাত্র নিবেদন করিয়াছিল, তাহা পরমেশ্বরের মন্দিরে আনিল।

১৬ এই আসাতে ও ইস্রায়েলের বাশা রাজেতে যাবজ্জীবন যুদ্ধ হইল। ১৭ এবং কেহ যেন নির্গত হইয়া যিহূদার রাজা আসার নিকটে গমন করিতে না পায়, এই জন্যে ইস্রায়েলের বাশা রাজা যিহূদার প্রতিকূলে যাইয়া রামৎ নগর দৃঢ় করাইতে লাগিল। ১৮ তাহাতে আসা রাজা পরমেশ্বরের গৃহস্থিত ভাণ্ডারের অবশিষ্ট তাবৎ রূপা ও স্বর্ণ, ও রাজবাটীর তাবৎ ধন লইয়া আপন দাসদের হস্তে সমর্পণ করিল, এবং আসা রাজা হিষিয়োনের পৌত্র টব্রিম্মোনের পুত্র বিন্হদদ্ নামক দম্মেষক্ নিবাসি ১৯ অরামের রাজার কাছে লোক প্রেরণ করিয়া এই কথা কহিল, আমাতে ও তোমাতে, এবং আমার পিতাতে ও তোমার পিতাতে নিয়ম আছে, অতএব আমি উপঢৌকনার্থে রূপা ও স্বর্ণ পাঠাইতেছি; ইস্রায়েলের বাশা রাজের সহিত তোমার যে নিয়ম আছে, আসিয়া তাহা ভঙ্গ কর, তাহাতে সে আমার নিকটহইতে প্রস্থান ২০ করিবে। তাহাতে বিন্হদদ্ আসা রাজের কথায় মনোযোগ করিয়া ইস্রায়েল্ নগরের বিরুদ্ধে আপন সেনাপতিগণকে প্রেরণ করিয়া ইয়োন্ ও দান্ ও আবেল্বৈৎমাখা ও সমস্ত কিন্নেরৎ অর্থাৎ নপ্তালির তাবৎ দেশ ২১ পরাস্ত করিল। তখন বাশা এই সমাচার পাইয়া রামৎ ২২ প্রস্তুত করণ ত্যাগ করিয়া তির্সাতে বসতি করিল। পরে আসা রাজা যিহূদার তাবৎ লোককে আহ্বান করিল; কেহ অনাহূত থাকিল না; তাহারা রামতে বাশার প্রস্তুত প্রস্তর ও কাষ্ঠ লইয়া গেল, এবং আসা রাজা বিন্য়ামিনের গেবা ও মিস্পা নগর প্রস্তুত করিল।

২৩ এই আসার অবশিষ্ট তাবৎ ক্রিয়া ও তাহার সকল পরাক্রম ও তাহার সকল বিবরণ, এবং সে যে২ নগর প্রস্তুত করিল, এই সকলের কথা কি যিহূদার রাজাদের ২৪ ইতিহাসপুস্তকে লিখিত নাই? কিন্তু তাহার বৃদ্ধাবস্থাতে পাদরোগ হইলে আসা আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইয়া আপন পিতা দায়ূদের নগরে আপন পিতৃলোকদের সহিত কবর প্রাপ্ত হইল; পরে তাহার পুত্র যিহোশাফট্ তাহার পদে রাজা হইল।

২৫ যিহূদার আসা রাজের অধিকারের দ্বিতীয় বৎসরে যারবিয়ামের পুত্র নাদব্ ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিয়া সম্পূর্ণ দুই বৎসর ইস্রায়েলের ২৬ উপরে রাজত্ব করিল। এবং সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল; সে আপন পিতার পথে অর্থাৎ আপন

[১৫ অধ্য; ১, ২] ২ বং ১৩; ১,২ ॥—[২] ২ বং ১১; ২০॥—[৩] ২ বং ১৩; ২১॥—[৪, ৫] ১ রা ১১; ৩৬॥—[৫] ২ শি ১১; ২-১৭,২৬,২৭॥—[৬] ১ রা ১৪; ৩০॥—[৭] ২ বং ১৩; ৩-২০॥—[৮] ২ বং ১৪; ১॥—[১১,১২] ২ বং ১৪; ২-৫॥—[১২] ১ রা ১৪; ২৪॥—[১৩-১৫] ২ বং ১৫; ১৬-১৮॥—[১৩] দ্বি ১৩; ৬-৮। যা ৩২; ২০॥—[১৭-২২] ২ বং ১৬; ১-৬॥—[১৭] ২ বং ১৫; ৯॥—[১৮] ১ রা ১১; ২৩,২৪॥—[২০] যি ১৯; ৪৭। ২ রা ১৫; ২৯॥—[২২] যি ১৮; ২৫,২৬॥—[২৩] ২ বং ১৪; ৬-১৫। ১৬; ১২॥—[২৪] ২ বং ১৬; ১৩,১৪। ১৭; ১॥—[২৫] ১ রা ১৪; ২০॥ [২৬] ১২; ৩০॥

পিতা যে পাপপথে ইস্রায়েল্ বংশকে প্রবৃত্তি দিল, সেই ২৭ পাপপথে চলিল। পরে নাদব্ ও ইস্রায়েলের সমস্ত লোক গিব্বিথোন্ নগর্ অবরোধ করিতেছিল; তাহাতে ইষাখর্ বংশীয় অহিয়ের পুত্র বাশা তাহার বিরুদ্ধে কুমন্ত্রণা করিয়া পিলেষ্টীয়দের গিব্বিথোনের নিকটে ২৮ তাহাকে বধ করিল। যিহূদার আসা রাজের অধিকারের তৃতীয় বৎসরে বাশা নাদব্কে বধ করিয়া তাহার পদে ২৯ রাজ্যাভিষিক্ত হইল। যারবিয়াম্ আপনি পাপ করিল ও ইস্রায়েল্ বংশকে পাপে প্রবৃত্ত করিল, এবং ক্রোধজনক কর্ম্ম করিয়া ইস্রায়েলের প্রভু পরমেশ্বরকে ক্রুদ্ধ ৩০ করিল, এই জন্যে বাশা রাজ্যাভিষিক্ত হইয়া যারবিয়ামের তাবৎ বংশকে উচ্ছিন্ন করিল, তাহার বংশের এক প্রাণিকেও অবশিষ্ট রাখিল না; পরমেশ্বর শীলোনীয় অহিয়ের প্রমুখাৎ যে কথা কহিয়াছিলেন, তদনু- ৩১ সারে বিনষ্ট করিল। এই নাদবের অবশিষ্ট ক্রিয়া ও তাবৎ বিবরণ কি ইস্রায়েলের রাজাদের ইতিহাস- ৩২ পুস্তকে লিখিত নাই? আসা রাজা ও ইস্রায়েলের ৩৩ বাশা রাজা যাবজ্জীবন পরস্পর যুদ্ধ করিল। যিহূদার আসা রাজের অধিকারের তৃতীয় বৎসরে অহিয়ের পুত্র বাশা সমস্ত ইস্রায়েলের উপরে তির্সাতে রাজত্ব করিতে আরম্ভ করিয়া চব্বিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব ৩৪ করিল। সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল, এবং যারবিয়ামের পথে, অর্থাৎ যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে যে পাপেতে প্রবৃত্তি দিল সেই পাপপথে চলিল।

১৬ অধ্যায়।

১ বাশার বিরুদ্ধে যেহূর ভবিষ্যদ্বাক্য, ৮ ও সিম্রির বিশ্বাসঘাতকতা, ১১ ও যেহূর ভবিষ্যদ্বাক্য সিদ্ধ করণ ১৫ ও অম্রির রাজ্যাভিষিক্ত হওন ও সিম্রির দগ্ধ হওন ২১ ও অম্রির দ্বারা তিব্নির পরাস্ত হওন ২৩ ও তাহাদ্বারা শোমিরোণের পত্তন ও তাহার রাজত্ব করণ ও মৃত্যু ২৯ ও অম্রির পুত্র আহাবের অভিষিক্ত হওন, ও কুরাজত্ব করণ, ৩৪ ও যিরীহোর পুনর্ব্বার পত্তন করণ।

১ পরে পরমেশ্বর বাশার বিরুদ্ধে হনানির পুত্র যেহূকে ২ এই কথা কহিলেন, আমি তোমাকে ধূলার মধ্যহইতে উঠাইয়া আপন ইস্রায়েল্ লোকদের উপরে রাজা করিলাম, কিন্তু তুমি যারবিয়ামের পথে চলিয়া আমার ইস্রায়েল্ লোকদের পাপদ্বারা আমাকে ক্রুদ্ধ করণার্থে তাহা- ৩ দিগকে পাপেতে প্রবৃত্তি দিলা। অতএব দেখ, আমি বাশার বংশ ও তাহার সন্তানসন্ততির বংশ উচ্ছিন্ন করিব; নিবাটের পুত্র যারবিয়ামের বংশের ন্যায় তোমার ৪ বংশ করিব। বাশার যে প্রত্যেক লোক নগরে মরিবে, কুক্কুরেরা তাহাকে ভক্ষণ করিবে; এবং যে জন প্রান্তরে ৫ মরিবে, শূন্যের পক্ষিগণ তাহাকে ভক্ষণ করিবে। এই বাশার অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ ও ক্ষমতা কি ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত ৬ নাই? পরে বাশা আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইয়া তির্সাতে কবরপ্রাপ্ত হইল, এবং তাহার ৭ পুত্র এলা তাহার পদে রাজা হইল। এই বাশা যারবিয়ামের বংশের ন্যায় হওয়াতে ও তাহার নাশ করাতে আপন হস্তকৃত বস্তুদ্বারা পরমেশ্বরকে ক্রুদ্ধ করিতে তাঁহার সাক্ষাতে পাপ করিল, এই জন্যে পরমেশ্বর হনানীর পুত্র যেহূ ভবিষ্যদ্বক্তাদ্বারা বাশার ও তাহার বংশের বিরুদ্ধে ঐ কথা কহিলেন।

৮ অপর যিহূদার আসা রাজের ষড়্বিংশতি বৎসরে বাশার পুত্র এলা তির্সাতে ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিয়া দুই বৎসর পর্য্যন্ত রাজত্ব ৯ করিল। পরে এলা তির্সাতে আপন বাটীর অধ্যক্ষ অর্সার গৃহে মত্ত হইলে তাহার রথসমূহের অর্দ্ধেকের অধ্যক্ষ সিম্রি নামে তাহার দাস তাহার বিরুদ্ধে মন্ত্রণা ১০ করিয়া সেই গৃহে প্রবেশ করিয়া যিহূদার আসা রাজের অধিকারের সপ্তবিংশতি বৎসরে তাহাকে আঘাত দ্বারা বধ করিয়া তাহার পদে রাজা হইল।

১১ পরে সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া আপন সিংহাসনে উপবিষ্ট হইয়াই বাশার তাবৎ বংশকে বিনষ্ট করিল; তাহার জ্ঞাতি কিম্বা মিত্র কোন পুরুষমাত্র * ১২ তাহার বংশে অবশিষ্ট রাখিল না। বাশার ও তাহার পুত্র এলার পাপ করণ ও আপনাদের নিষ্ফল দেব- ১৩ পূজাদ্বারা ইস্রায়েলের প্রভু পরমেশ্বরকে ক্রুদ্ধ করণার্থে ইস্রায়েল্ বংশকে পাপে প্রবৃত্তি দেওন, এই সকল পাপদ্বারা পরমেশ্বর যেহূ ভবিষ্যদ্বক্তার প্রমুখাৎ † বাশার প্রতিকূলে যে২ কথা কহিয়াছিলেন, তদনু- ১৪ সারে সিম্রি বাশার তাবৎ বংশকে উচ্ছিন্ন করিল। এই এলার অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত ববিরণ ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে কি লিখিত নাই?

১৫ যিহূদার আসা রাজের অধিকারের সপ্তবিংশ বৎসরে সিম্রি সাত দিন তির্সাতে রাজত্ব করিল; সেই সময়ে লোকেরা পিলেষ্টীয়দের অধিকারস্থ গিব্বিথোন্ ১৬ নগর অবরোধ করিতেছিল। অতএব সিম্রি মন্ত্রণা করিয়া রাজাকে বধ করিয়াছে, এই সম্বাদ নগরাবরোধকারি লোকেরা শুনিয়া ঐ দিবসে সৈন্যস্থলে ইস্রায়েলের ১৭ উপরে অম্রি নামক সেনাপতিকে রাজা করিল। পরে অম্রি ও ইস্রায়েলের সমস্ত লোক গিব্বিথোন্হইতে ১৮ যাত্রা করিয়া তির্সা অবরোধ করিল। তাহাতে নগর হস্তগত হইল, ইহা দেখিয়া সিম্রি রাজবাটীর গর্ভাগারের উপরে যাইয়া উপরিস্থ রাজগৃহে অগ্নি দিয়া ১৯ প্রাণত্যাগ করিল। সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ

---

[২৭] যি ১১ ; ৪৪। ১ রা ১৬ ; ১৫ ॥—[২৯, ৩০] ১৪ ; ৭-১১ ॥—[৩২] প ১৬।।—[৩৪] ১২ ; ৩০ ॥
[১৬ অধ্যা ; ১-৪] ১ রা ১৪ ; ৭-১১ ॥—[৩] প ১১। ১৫ ; ২৯ ॥—[৫] ১৫ ; ১৭, ২১। ২ বং ১৬ ; ১॥—[৭] প ১। ১ রা ১৫ ; ২৭, ২৮ ॥—[৮] প ৬ ॥—[১১-১৩] প ১-৪, ৭ ॥—[১৫] ১৫ ; ২৭ ॥—[১৮] প ৭। ২ রা ১ ; ৩১ ॥

* (ইব্রু) ভিত্তিতে মূত্রকারী। † (ইব্রু) হস্তেতে।

করিল এবং যারবিয়ামের পথে ও যারবিয়াম্ যে পাপেতে ইস্রায়েল্ বংশকে প্রবৃত্তি দিল, সেই পাপ-
২০ পথে চলিল, এই জন্যে সে মরিল। এই সিম্রির অবশিষ্ট ক্রিয়া ও তাহার কৃত রাজদ্রোহ ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে কি লিখিত নাই?

২১ অপর ইস্রায়েল্ বংশ দুই দল হইয়া অর্দ্ধেক লোক গীনতের পুত্র তিব্নিকে রাজা করিতে তাহার পশ্চাদ্গামী হইল; এবং অন্য অর্দ্ধেক লোক অম্রির
২২ পশ্চাদ্গামী হইল। কিন্তু শেষে অম্রির পশ্চাদ্গামি লোকেরা গীনতের পুত্র তিব্নির পশ্চাদ্গামিদিগকে পরাস্ত করিল; তাহাতে তিব্নি মরিলে অম্রি রাজা হইল।

২৩ যিহূদার আসা রাজের অধিকারের একত্রিশ বৎসরে অম্রি ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিয়া দ্বাদশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল; সে
২৪ ছয় বৎসর তির্সাতে রাজত্ব করিল। পরে সে দুই কিক্কর্ রূপ্য মূল্য দিয়া শোমরের শোমিরোণ্ পর্ব্বত ক্রয় করিয়া তাহার উপরে এক নগর পত্তন করিল; পরে ঐ পর্ব্বতের অধিকারি শোমরের নামানুসারে
২৫ এই স্বকৃত নগরের নাম শোমিরোণ্ রাখিল। পরে অম্রি পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল; সে আপন পূর্ব্ববর্ত্তি তাবৎ লোকহইতেও অধিক পাপ করিল। সে
২৬ নিবাটের পুত্র যারবিয়ামের সমস্ত পথে, অর্থাৎ যারবিয়াম্ নিষ্ফল দেবপূজাদ্বারা ইস্রায়েলের প্রভু পরমেশ্বরকে ক্রুদ্ধ করিতে যে পাপপথে ইস্রায়েল্ বংশকে
২৭ প্রবৃত্তি দিল, সেই পাপপথে চলিল। এই অম্রির কৃত অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত পরাক্রান্ত ব্যবহারের বিবরণ ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে কি
২৮ লিখিত নাই? অতএব অম্রি আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইয়া শোমিরোণে কবরপ্রাপ্ত হইল পরে তাহার পুত্র আহাব্ তাহার পদে রাজা হইল।

২৯ যিহূদার আসা রাজের অধিকারের অষ্টত্রিংশ বৎসরে অম্রির পুত্র আহাব্ ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিল; অম্রির পুত্র আহাব্ দ্বাবিংশতি বৎসর পর্য্যন্ত শোমিরোণে ইস্রায়েলের উপরে রাজত্ব
৩০ করিল। পরে অম্রির পুত্র আহাব্ আপন পূর্ব্ববর্ত্তি লোক অপেক্ষাও পরমেশ্বরের সাক্ষাতে এমত পাপ করিল, যে নিবাটের পুত্র যারবিয়ামের পাপপথে
৩১ পশ্চাদ্গমনকে লঘু পাপ বোধ করাইল। সে সীদোনীয়দের ইৎবাল্ রাজার কন্যা ঈষেবল্কে বিবাহ করিল, এবং যাইয়া বালের সেবা ও পূজা করিল।
৩২ এবং সে শোমিরোণে যে বালের মন্দির নির্ম্মাণ করিয়াছিল, তাহার মধ্যে বালের জন্যে এক যজ্ঞ-
৩৩ বেদি নির্ম্মাণ করিল। এবং আহাব্ চৈত্যবৃক্ষ রোপণ করিল; এই রূপে আহাবের পূর্ব্বে ইস্রায়েলে যত রাজা ছিল, সকলহইতে সে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরকে আরও অধিক ক্রুদ্ধ করিল।

৩৪ তাহার অধিকারের সময়ে বৈথেলীয় হীয়েল্ পুনর্ব্বার যিরীহো নগর পত্তন করিল; পরমেশ্বর নূনের পুত্র যিহোশূয়ের প্রমুখাৎ যাহা কহিয়াছিলেন, তদনুসারে তাহার ভিত্তি করিলে তাহার জ্যেষ্ঠ পুত্র অবীরাম্ মরিল, ও তাহার দ্বার স্থাপন করিলে তাহার কনিষ্ঠ পুত্র সিগূব্ মরিল।

১৭ অধ্যায়।

১ এলিয়ের কিরীৎ স্রোতের নিকটে প্রেরিত হইয়া কাকদ্বারা পালিত হওন, ৮ ও সারিফৎ নিবাসিনী এক বিধবার কাছে তাহার প্রেরিত হওন, ১৭ ও ঐ বিধবার পুত্রকে সজীব করণ, ২৪ ও ঐ বিধবার বিশ্বাস।

১ পরে গিলিয়দ্ নিবাসি তিশ্বীয় এলিয় আহাব্কে কহিল, আমি যে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের সাক্ষাতে দণ্ডায়মান আছি, ইনি যদি অমর হন, তবে এই কএক বৎসর পর্য্যন্ত শিশির ও বৃষ্টি পড়িবে না;
২ আমার কথানুসারে ঘটিবে। পরে পরমেশ্বরের এই
৩ বাক্য তাহার নিকটে উপস্থিত হইল; তুমি এই স্থানহইতে প্রস্থান করিয়া পূর্ব্বদিগে যাইয়া যর্দনের পূর্ব্বদিগস্থ কিরীৎ নামক স্রোতের নিকটে লুকাইয়া
৪ থাক। সে স্থানে তুমি স্রোতের জল পান করিতে পাইবা, এবং আমি তোমাকে ভোজন করাইতে কাকদিগকে
৫ আজ্ঞা দিলাম। তাহাতে সে যাইয়া পরমেশ্বরের আজ্ঞানুসারে যর্দনের পূর্ব্বদিগস্থ কিরীৎ স্রোতের উপত্য-
৬ কাতে বাস করিল। তাহাতে কাকেরা প্রাতঃকালে রুটি ও মাংস, এবং সন্ধ্যাকালেও রুটি ও মাংস আনিয়া তাহাকে দিত; এবং সে স্রোতের জল পান করিত।
৭ কিছু কাল পরে * দেশে অনাবৃষ্টি প্রযুক্ত ঐ স্রোতের জল শুষ্ক হইয়া গেল।

৮ পরে পরমেশ্বরের এই বাক্য তাহার প্রতি উপস্থিত
৯ হইল; তুমি উঠিয়া সীদোনের সারিফতে যাইয়া সেখানে বাস কর; দেখ, আমি সে স্থানে তোমার প্রতিপালনার্থে
১০ এক বিধবাকে আজ্ঞা দিলাম। অতএব সে উঠিয়া সারিফতে যাত্রা করিল, এবং সেই নগরের দ্বারে উপস্থিত হইলে সেই স্থানে এক বিধবা কাষ্ঠ সংগ্রহ করিতেছিল; তাহাতে সে তাহাকে ডাকিয়া কহিল, বিনয় করি, তুমি এক পাত্রে করিয়া কিঞ্চিৎ জল আন, আমি
১১ পান করিব। তখন সে স্ত্রী তাহা আনিতে যাইতেছে, ইতিমধ্যে সে আর বার তাহাকে ডাকিয়া কহিল, আমি বিনয় করি, তুমি হস্তে করিয়া আমার জন্যে এক
১২ খণ্ড রুটিও আনিও। সে কহিল, তোমার প্রভু পরমেশ্বরের অমরতার দিব্য করিয়া কহিতেছি, আমার গৃহে

[২০] প ৯ ॥—[২৫,২৬] ১ রা ১২; ৩০ ॥—[৩১] ১২; ৩০। দ্বি ৭; ১-৩ ॥—[৩৪] যি ৬; ২৬ ॥
[১৭ অধ্য; ১] যাক ৫; ১৭ ॥—[৯] লূ ৪; ২৫, ২৬ ॥

* (ইব্রী) দিনের শেষে।

একটি রুটিও নাই; কেবল এক পিপাতে এক মুষ্টি ময়দা ও এক পাত্রে কিঞ্চিৎ তৈল আছে; তাহা যেন আমি ও আমার পুত্র মরণের পূর্ব্বে ভক্ষণ করি, এই জন্যে দেখ, তাহা পাক করিতে কাষ্ঠ সংগ্রহ করিতেছি।
১৩ এলিয় তাহাকে কহিল, ভয় করিও না; যাহা কহিলা, তাহা যাইয়া কর, কিন্তু প্রথমে একটি ক্ষুদ্র পিষ্টক করিয়া আমার জন্যে আন; পরে আপনার ও আপন
১৪ পুত্রের জন্যে পাক কর। ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, যে পর্য্যন্ত পরমেশ্বর পৃথিবীতে বৃষ্টি না দেন, তাবৎ পিপাতে ঐ ময়দার ক্ষয় হইবে না,
১৫ ও তৈলপাত্রে তৈলের ন্যূনতা হইবে না। তাহাতে সে যাইয়া এলীয়ের বাক্যানুসারে করিল; অতএব এলিয় ও সে স্ত্রী ও তাহার পরিজন অনেক দিন * পর্য্যন্ত
১৬ আহার পাইল। কেননা পরমেশ্বর এলিয়ের প্রমুখাৎ† যে কথা কহিলেন, তদনুসারে পিপাতে ময়দা ক্ষয় পাইল না ও তৈলপাত্রে তৈলের ন্যূনতা হইল না।

১৭ অপর ঐ গৃহের কর্ত্রীর পুত্র পীড়িত হইল, এবং সেই পীড়ার অতিশয় বৃদ্ধি হওয়াতে বালকের প্রাণ
১৮ বিয়োগ হইল। তাহাতে সেই স্ত্রী এলিয়কে কহিল, হে ঈশ্বরের লোক, তোমার সহিত আমার সম্বন্ধ কি? তুমি কি আমার অপরাধ মনে করাইতে আমার পুত্রকে
১৯ বিনাশ করিতে আইলা? তাহাতে এলিয় তাহাকে কহিল, তোমার পুত্রকে আমাকে দেও; পরে সে তাহার বক্ষহইতে বালককে লইয়া ছাতের উপরিস্থ আপন বাস-
২০ স্থানে আনিয়া আপন শয্যাতে শয়ন করাইল। এবং সে পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিয়া কহিল, হে আমার প্রভু পরমেশ্বর, আমি যে বিধবার সহিত বাস করি, তাহার পুত্রকে বিনষ্ট করিয়া তুমি কি তাহাকেও বিপদ্-
২১ গ্রস্ত করিবা? এবং সে বালকের উপরে তিন বার আপন শরীর বিস্তার ‡ করিয়া পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিয়া কহিল, হে আমার প্রভো পরমেশ্বর, আমি বিনয় করি, এই বালকের অন্তরে পুনর্ব্বার প্রাণসংস্থান হউক।
২২ তাহাতে পরমেশ্বর এলিয়ের প্রার্থনা শুনিলে ঐ বালকের অন্তরে পুনর্ব্বার প্রাণসংস্থান হইল, তাহাতে সে
২৩ সজীব হইল। তখন এলিয় সেই বালককে লইয়া উপরিস্থ কুঠরীহইতে গৃহমধ্যে আনিয়া তাহার মাতার কাছে সমর্পণ করিয়া কহিল, এই দেখ তোমার পুত্র জীবৎ হইল।

২৪ তাহাতে সে স্ত্রী এলিয়কে কহিল, তুমি ঈশ্বরের লোক, এবং পরমেশ্বর তোমার প্রমুখাৎ যে কথা কহেন, সেই সত্য, ইহাতে আমি তাহা জানিলাম।

১৮ অধ্যায়।

১ দুর্ভিক্ষ সময়ে আহাবের নিকটে এলিয়ের প্রেরিত হওন, ৭ ও ওবদিয়ের সহিত তাহার সাক্ষাৎ করন ও কথোপকথন, ১৭ ও আহাবের সহিত এলিয়ের সাক্ষাৎ করন ও কথোপকথন, ২১ ও আকাশহইতে অগ্নি আসিয়া বলি দগ্ধ করাতে বালের পুরোহিতকে অপ্রতীত করন, ৪২ ও প্রার্থনাদ্বারা বৃষ্টি পাওন ও আহাবের অগ্রে এলিয়ের গমন।

১ বহুদিনের পর, অর্থাৎ তৃতীয় বৎসরে পরমেশ্বরের এই বাক্য এলিয়ের নিকটে উপস্থিত হইল, তুমি যাইয়া আহাবের নিকটে দর্শন দেও; কেননা আমি পৃথিবীতে বৃষ্টি
২ করিব। তাহাতে এলিয় যে সময়ে আহাবের নিকটে দর্শন দিতে গেল, তখনও শোমিরোণে অতিশয় দুর্ভিক্ষ
৩ থাকাতে আহাব্ আপন বাটীর অধ্যক্ষ ওবদিয়কে ডাকিল; এই ওবদিয় পরমেশ্বরকে অতিশয় ভয় করিত। যে
৪ সময়ে ঈষেবল্ পরমেশ্বরের ভবিষ্যদ্বক্তৃগণকে উচ্ছিন্ন করিল, তৎকালে ঐ ওবদিয় এক শত ভবিষ্যদ্বক্তাকে লইয়া পঞ্চাশ২ করিয়া তাহাদিগকে গহ্বরের মধ্যে গোপন করিল, ও তাহাদিগকে অন্নজল ভোজন পান
৫ করাইল। আহাব্ সেই ওবদিয়কে এই কথা কহিল, আমাদের সকল পশু যেন উচ্ছিন্ন না হয়, এই জন্যে তুমি দেশে জলের সকল উনুইতে ও সকল স্রোতে যাও; হইতে পারে অশ্বদের ও অশ্বতরদের প্রাণ রক্ষার
৬ জন্যে তৃণ পাইব। পরে তাহারা দেশের সর্ব্বত্র ভ্রমণ করণার্থে তাহা দুই ভাগ করিয়া আহাব্ একাকী এক পথে, ও ওবদিয় একাকী অন্য পথে যাত্রা করিল।

৭ অপর ওবদিয় পথে উপস্থিত হইলে এলিয়ের সহিত তাহার সাক্ষাৎ হইল; তাহাতে সে তাহাকে চিনিয়া ভূমিষ্ঠ হইয়া কহিল, তুমি কি আমার প্রভু
৮ এলিয়? তাহাতে সে কহিল, আমি বটি; তুমি যাইয়া
৯ আপন প্রভুকে কহ, দেখ, এলিয় উপস্থিত আছে। সে উত্তর করিল, আমি কি দোষ করিলাম; যে তুমি আপন দাস আমাকে বধ করণার্থে আহাবের হস্তে
১০ সমর্পণ করিতেছ? আমি তোমার প্রভু পরমেশ্বরের অমরতার দিব্য করিয়া কহিতেছি, আমার প্রভু রাজা তোমার অন্বেষণে যে স্থানে দূত প্রেরণ করে নাই, এমত দেশ ও রাজ্য নাই; সেই সকল দূতেরা কহিল, সে এখানে নাই; এবং সেই সকল রাজ্যের ও দেশের লোকেরাও তোমাকে পায় নাই, এ বিষয়ে
১১ রাজা তাহাদিগকে দিব্য করাইল। কিন্তু তুমি কহিতেছ, ‘দেখ, এলিয় উপস্থিত আছে,’ তুমি যাইয়া আপন
১২ প্রভুকে এই কথা কহ। তাহাতে আমি তোমার নিকটহইতে গেলে পরমেশ্বরের আত্মা আমার অজ্ঞাত কোন স্থানে তোমাকে লইয়া যাইবেন, এবং আমি যাইয়া আহাব্কে কহিলে সে তোমাকে না পাইয়া আমাকে বধ করিবে; কিন্তু তোমার দাস আমি বাল্যকালাবধি
১৩ পরমেশ্বরকে ভয় করি। যে সময়ে ঈষেবল্ পরমেশ্বরের ভবিষ্যদ্বক্তৃগণকে বধ করিল, তখন আমি পর-

[১৬] ২ রা ৪; ১-১১॥—[১৭-২৪] ২ রা ৪; ২৭-৩৭॥—[১৮] লূ ৫; ৮॥
[১৮ অধ্য; ১] ১ রা ১৭; ১॥—[১২] ২ রা ২ ১৬॥—[১৩] প ৪॥

* (বা) এক বৎসর। † (ইব্রি) হস্তেতে। ‡ (ইব্রি) মাপ।

মেশ্বরের এক শত ভবিষ্যদ্বক্তাকে পঞ্চাশ ২ করিয়া গহ্বরে গোপনে রাখিয়া তাহাদিগকে অন্নজল ভোজন পান করাইলাম; আমার কৃত এই কর্ম্মের কথা কি কেহ ১৪ আমার প্রভুর নিকটে কহে নাই? এবং তুমি কহিতেছ, 'দেখ, এলিয় উপস্থিত আছে,' এই সম্বাদ যাইয়া আপন প্রভুকে কহ; তাহাতে সে আমাকে বধ করিবে। ১৫ এলিয় কহিল, আমি যে সৈন্যাধ্যক্ষ্য পরমেশ্বরের সাক্ষাতে দণ্ডায়মান আছি, তাঁহার অমরতার দিব্য করিয়া কহিতেছি, আমি অদ্য অবশ্য তাহার কাছে দর্শন ১৬ দিব। পরে ওবদিয় আহাবের সহিত সাক্ষাৎ করিতে যাইয়া তাহাকে সমাচার কহিল; তাহাতে আহাব্ এলিয়ের সহিত সাক্ষাৎ করিতে যাত্রা করিল।

১৭ পরে আহাব্ এলিয়কে দেখিয়া কহিল, ইস্রায়েলের ১৮ দুঃখদায়ক যে তুমি, তুমিই কি এই? এলিয় কহিল, আমি ইস্রায়েল্কে দুঃখ দি নাই, কিন্তু তুমি ও তোমার পিতৃবংশ পরমেশ্বরের আজ্ঞালঙ্ঘন ও বালের অনুগমন ১৯ করাতে দুঃখ দিলা। এখন তুমি লোক প্রেরণ করিয়া ইস্রায়েলের সমস্ত লোককে ও ঈষেবলের ভোজাসনে ভোজনকারি বালের চারিশত পঞ্চাশ জন ভবিষ্যদ্বক্তাকে ও চৈত্যবৃক্ষের ভবিষ্যদ্বক্তা চারিশত লোককে কর্ম্মিল্ ২০ পর্ব্বতে আমার নিকটে একত্র কর। তাহাতে আহাব্ ইস্রায়েলের সমস্ত বংশের কাছে লোক প্রেরণ করিয়া ভবিষ্যদ্বক্তৃগণকে কর্ম্মিল্ পর্ব্বতে একত্র করিল।

২১ পরে এলিয় সমস্ত লোকের নিকটে যাইয়া কহিল, তোমরা কত কাল দুই মতাবলম্বী * হইয়া সন্দিগ্ধ থাকিবা? যদি পরমেশ্বর প্রভু হন, তবে তাঁহার পশ্চাদ্গমন কর; আর যদি বাল্ প্রভু হন, তবে তাহার পশ্চাদ্গমন কর: তাহাতে লোকেরা এক কথাদ্বারাও তাহাকে ২২ উত্তর দিল না। তাহাতে এলিয় লোকদিগকে কহিল, পরমেশ্বরের ভবিষ্যদ্বক্তাদের মধ্যে কেবল আমিই অবশিষ্ট থাকিলাম; কিন্তু বালের ভবিষ্যদ্বক্তৃগণ চারি- ২৩ শত পঞ্চাশ জন আছে। তাহারা দুই বলদ আনুক, এবং আপনাদের জন্যে এক বলদ মনোনীত করুক, ও তাহা ছেদন করিয়া খণ্ড২ করিয়া কাষ্ঠোপরি রাখুক, কিন্তু তাহাতে অগ্নি দিবে না; এবং আমি অন্য বলদ প্রস্তুত করিয়া কাষ্ঠের উপরে রাখিব, ২৪ কিন্তু তাহাতে অগ্নি দিব না। পরে তোমরা আপনাদের দেবতার নামে প্রার্থনা করিও, ও আমি পরমেশ্বরের নামে প্রার্থনা করিব; তাহাতে যিনি অগ্নিদ্বারা উত্তর দিবেন, তিনিই প্রভু হইবেন; তখন সকল লোক ২৫ উত্তর করিল, এ কথা উত্তম। পরে এলিয় বালের ভবিষ্যদ্বক্তৃদিগকে কহিল, তোমরা অনেকে আছ; অতএব তোমরা অগ্রে আপনাদের জন্যে এক বলদ মনোনীত করিয়া প্রস্তুত কর; পরে আপনাদের দেবতার নামে প্রার্থনা কর, কিন্তু তাহার নীচে অগ্নি দিও না। ২৬ পরে তাহাদিগকে যে বলদ দত্ত হইল, তাহা লইয়া তাহারা প্রস্তুত করিল, এবং 'হে বাল্, আমাদিগকে উত্তর দেও,' ইহা কহিয়া প্রাতঃকালাবধি মধ্যাহ্নকাল পর্য্যন্ত বালের নামে প্রার্থনা করিল, কিন্তু কোন আকাশবাণী কি উত্তরদায়ী উপস্থিত হইল না; তাহাতে তাহারা ঐ কৃত বেদির উপরে লম্ফ দিতে লাগিল। ২৭ পরে মধ্যাহ্নকালে এলিয় তাহাদিগকে বিদ্রূপ করিয়া কহিল, উচ্চৈঃস্বরে ডাক; সে দেবতা; ধ্যান করিতেছে, কিম্বা ধাবমান হইতেছে, কিম্বা কোন স্থানে যাইতেছে, কিম্বা হইতে পারে সে নিদ্রিত আছে, তাহাকে জাগাইতে হয়। ২৮ পরে তাহারা উচ্চৈঃস্বরে ডাকিল, এবং আপনাদের ব্যবহারানুসারে রক্তের স্রোত বহন পর্য্যন্ত আপনাদিগেতে ছুরিকা ও অস্ত্রাঘাত করিল। ২৯ এবং মধ্যাহ্নকাল উত্তীর্ণ হইলে সন্ধ্যার বলিদান পর্য্যন্তও তাহারা প্রলাপ কহিল, তথাপি আকাশবাণী কি উত্তরদায়ী কিম্বা মনোযোগকারী উপস্থিত হইল না। ৩০ পরে এলিয় তাবৎ লোককে কহিল, আমার নিকটে আইস; তাহাতে তাবৎ লোক তাহার নিকটে গেলে সে পরমেশ্বরের ভগ্ন বেদি প্রস্তুত করিল। ৩১ এবং পরমেশ্বর যে যাকুব্কে কহিয়াছিলেন, তোমার নাম ইস্রায়েল্ থাকিবে, তাহার সন্তানদের বংশের সংখ্যানুসারে এলিয় দ্বাদশ প্রস্তর গ্রহণ করিল। ৩২ ঐ প্রস্তরদ্বারা পরমেশ্বরের নামে এক যজ্ঞবেদি নির্ম্মাণ করিল, এবং বেদির চতুর্দ্দিগে দুই মোন বীজ ধরে, এমত এক পরিখা খুদিল। ৩৩ পরে সে কাষ্ঠ সাজাইয়া বলদকে কাটিয়া খণ্ড২ করিল ও কাষ্ঠের উপরে রাখিয়া কহিল, চারি পাত্র জল পূর্ণ কর, ও হব্যের উপরে ও কাষ্ঠের উপরে তাহা ঢাল। ৩৪ পরে এলিয় কহিল, দ্বিতীয় বার তাহা কর; তাহাতে তাহারা দ্বিতীয় বার তাহা করিল; পরে সে কহিল, তৃতীয় বার তাহা কর; তাহাতে তাহারা তৃতীয় বার তাহা করিল। ৩৫ তাহাতে বেদির চতুর্দ্দিগে জল গেল, এবং ঐ জলেতে খাত পরিপূর্ণ হইল। ৩৬ এবং সন্ধ্যাকালের বলিদান সময়ে এলিয় ভবিষ্যদ্বক্তা নিকটে আসিয়া কহিল, হে ইব্রাহীমের ও ইস্হাকের ও ইস্রায়েলের প্রভু পরমেশ্বর, তুমি ইস্রায়েলের ঈশ্বর ও আমি তোমার দাস; তোমার বাক্যদ্বারা এই সকল কর্ম্ম করিতেছি, ইহা অদ্য সকলে জ্ঞাত হউক। ৩৭ হে পরমেশ্বর, আমার কথা শুন, আমার কথা শুন; তুমি পরমেশ্বর যে প্রভু, ইহা এই লোকেরা জ্ঞাত হউক, ও তাহাদের মন পরিবর্ত্তন কর। ৩৮ তখন পরমেশ্বরহইতে অগ্নি পতিত

[১৭,১৮] ১ রা ২১; ২০ ।।—[১৯] যি ১৯; ২৬।।—[২১] যি ২৪; ১৪, ১৫, ১৯, ২০ ।।—[২২] প ৪, ১১। ১৯; ১০।।
[২৪] ১ বং ২১; ১৬।।—[২৮] লে ১৯; ২৮।।—[২৯] গী ২৮; ৪ ।।—[৩০] ১ রা ১৯; ১০।।—[৩১] আ ৩২; ২৮।।
[৩৫] প ৩২।।—[৩৬] প ২১।।—[৩৮] বি ৬; ২০,২১। লে ৯; ২৪। ১ বং ২১; ২৬। ২ বং ৭; ১।।

* (ইব্রি) দুই চরণে খঞ্জ।

হইয়া হব্য ও কাষ্ঠ ও প্রস্তর ও ধূলি দগ্ধ করিল, ও পরিখাস্থিত জলও শুষ্ক করিল। ৩৯ তখন ইহা দেখিয়া তাবৎ লোক ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল, এবং 'পরমেশ্বর যিনি তিনিই প্রভু, পরমেশ্বর যিনি তিনিই প্রভু,' এই কথা কহিল। ৪০ পরে এলিয় তাহাদিগকে কহিল, তোমরা বালের ভবিষ্যদ্বক্তৃগণকে ধর, ও তাহাদের কাহাকেও পলায়ন করিতে দিও না; তাহাতে তাহারা তাহাদিগকে ধরিলে এলিয় কীশোন্ স্রোতের নিকটে নামাইয়া সেখানে তাহাদিগকে বধ করিল।

৪১ পরে এলিয় আহাব্‌কে কহিল, তুমি যাইয়া ভোজন পান কর, কেননা অতিশয় বৃষ্টির শব্দ শুনিতেছি। ৪২ তাহাতে আহাব্ ভোজন পান করিতে গেলে এলিয় কর্ম্মিলের পর্ব্বতশৃঙ্গে যাইয়া ভূমিতে হাঁটু গাড়িয়া আপন মস্তক হাঁটুর উপরে রাখিল; ৪৩ এবং আপন দাসকে কহিল, তুমি যাইয়া সমুদ্রের দিগে অবলোকন কর; তাহাতে সে যাইয়া অবলোকন করিয়া কহিল, কিছু নাই; এই রূপে এলিয় সাত বার কহিল, যাও। ৪৪ অপর সে সাত বার গেলে পর কহিল, দেখ, মনুষ্যহস্তের ন্যায় একখান ক্ষুদ্র মেঘ সমুদ্রহইতে উঠিতেছে; তখন এলিয় কহিল, তুমি যাইয়া আহাব্‌কে কহ, বৃষ্টিদ্বারা যেন তুমি বাধাপ্রাপ্ত না হও, এই জন্যে অশ্ব যোগ করিয়া গমন কর। ৪৫ ইতিমধ্যে মেঘ ও বায়ুদ্বারা আকাশ অন্ধকারময় হইলে অতিশয় বৃষ্টি হইল; তাহাতে আহাব্ যানারোহণ করিয়া যিষ্রিয়েল্ নগরে প্রস্থান করিল। ৪৬ এবং পরমেশ্বর এলিয়েতে আবির্ভূত হইলে সে কটিবন্ধনদ্বারা যিষ্রিয়েলের প্রবেশস্থান পর্য্যন্ত আহাবের অগ্রে২ ধাবমান হইল।

১৯ অধ্যায়।

১ এলিয়ের পলায়ন, ৪ ও প্রান্তরে প্রাণ বারণে বিরক্ত হইলে দিব্য দূতদ্বারা সান্ত্বনা পাওন, ৯ ও হোরেব্ পর্ব্বতে ঈশ্বরের দর্শন দেওন এবং হসায়েল্ ও যেহূ ও ইলীশায়কে অভিষিক্ত করিতে এলিয়কে প্রেরণ, ১৯ ও ইলীশায়ের কুটুম্বাদি ত্যাগ করিয়া এলিয়ের পশ্চাদগমন করণ।

১ পরে আহাব্ এলিয়ের কৃত ঐ কর্ম্ম, অর্থাৎ খড়্গদ্বারা ভবিষ্যদ্বক্তৃদিগকে বধ করণের বিবরণ, এই সকল ঈষেবল্‌কে জ্ঞাত করিল। ২ তাহাতে ঈষেবল্ এলিয়ের নিকটে এক দূত প্রেরণ পূর্ব্বক এই কথা কহিল, কল্য এমত সময়ে যদি তাহাদের একের প্রাণের ন্যায় তোমার প্রাণকে না করি, তবে দেবগণ আমার প্রতি তদ্রূপ ও ততোধিক করুণ। ৩ তাহাতে এলিয় তাহা দেখিয়া উঠিয়া আপন প্রাণ রক্ষার্থে প্রস্থান করিয়া যিহূদার অন্তঃপাতি বের্শেবাতে উপস্থিত হইয়া সেখানে আপন দাসকে রাখিল।

৪ অনন্তর এক দিবসের পথ প্রান্তরের মধ্যে যাইয়া এক রোতম্ বৃক্ষের তলে বসিল, এবং আপন * মৃত্যু প্রার্থনা করিয়া কহিল, এই প্রচুর, হে পরমেশ্বর, এখন আমার প্রাণ লও, কেননা আমি আপন পূর্ব্বপুরুষদের হইতে উত্তম নহি। ৫ পরে † সে রোতম্ বৃক্ষের তলে শয়ন করিয়া নিদ্রিত হইলে এক দূত আসিয়া তাহাকে স্পর্শ করিয়া কহিল, উঠিয়া ভোজন কর। ৬ তাহাতে সে দৃষ্টি করিলে † আপন শিয়রে অঙ্গারের উপরে এক পিষ্টক ও এক পাত্র জল আছে, ইহা দেখিল; পরে সে ভোজন পান করিয়া পুনর্ব্বার শয়ন করিল। ৭ অপর পরমেশ্বরের দূত দ্বিতীয় বার তাহার নিকটে আসিয়া তাহাকে স্পর্শ করিয়া কহিল, উঠিয়া ভোজন কর, কেননা তোমার শক্তিহইতেও পথ অধিক আছে। ৮ তাহাতে উঠিয়া ভোজন পান করিলে সেই খাদ্যের শক্তিতে চল্লিশ দিবারাত্রিতে ঈশ্বরের পর্ব্বত হোরেব্ পর্য্যন্ত গমন করিল।

৯ পরে সে সেই স্থানস্থ গহ্বরেতে উপস্থিত হইয়া রাত্রি যাপন করিল; তখন পরমেশ্বরের এই বাক্য তাহার নিকটে উপস্থিত হইল, হে এলিয়, তুমি এখানে কি করিতেছ? ১০ তাহাতে সে কহিল, আমি সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের জন্যে অতিশয় উদ্‌যোগী হইলাম; কেননা ইস্রায়েল বংশ তোমার নিয়ম ত্যাগ করিল, ও তোমার যজ্ঞবেদি সকল ভাঙ্গিয়া খড়্গদ্বারা তোমার ভবিষ্যদ্বক্তৃগণকে বধ করিল; তাহাদের মধ্যে কেবল আমি অবশিষ্ট থাকিলাম; এবং তাহারা আমার ও প্রাণ লইতে চেষ্টা করিল। ১১ পরে তিনি কহিলেন, তুমি বাহির হইয়া পরমেশ্বরের সম্মুখে পর্ব্বতের উপরে দাঁড়াও, পরে পরমেশ্বর সেই স্থান দিয়া গমন করিবেন; তাহাতে পরমেশ্বরের অগ্রগামি প্রবল প্রচণ্ড বায়ুদ্বারা পর্ব্বত বিদীর্ণ হইল ও পাষাণ খণ্ড২ হইয়া ভগ্ন হইল, বায়ুতে পরমেশ্বর ছিলেন না; বায়ুর পরে ভূমিকম্প হইল, পরমেশ্বর ভূমিকম্পেতেও ছিলেন না। ১২ এবং ভূমিকম্পের পরে অগ্নি হইল, পরমেশ্বর অগ্নিতেও ছিলেন না; ও অগ্নির পরে ঈষৎ শব্দকারি ক্ষুদ্র এক স্বর হইল। ১৩ তখন এলিয় তাহা শ্রবণ করিয়া বস্ত্রেতে আপন মুখ আচ্ছাদন করিয়া বাহিরে গিয়া গহ্বরের মুখে দণ্ডায়মান হইল; তাহাতে তাহার প্রতি এই বাণী উপস্থিত হইল, হে এলিয়, তুমি এখানে কি করিতেছ? ১৪ সে কহিল, আমি সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের জন্যে অতিশয় উদ্‌যোগী হইলাম, কেননা ইস্রায়েল বংশ তোমার নিয়ম ত্যাগ করিল, ও তোমার যজ্ঞবেদি সকল ভাঙ্গিয়া খড়্গদ্বারা তোমার ভবিষ্যদ্বক্তৃগণকে বধ করিল; তাহাদের মধ্যে কেবল আমি অবশিষ্ট থাকিলাম; এবং তাহারা আমারও প্রাণ লইতে চেষ্টা করিল। ১৫ পরমেশ্বর

[৩৯] প ২৪॥—[৪০] ২ রা ১০ ; ২৫। দ্বি ১৩ ; ৫॥—[৪২] যাক ৫ ; ১৭,১৮॥—[৪৬] ২ রা ৪ ; ২৯॥
[১৯ অধ্যা; ১] ১ রা ১৮; ৪০ ॥—[৪] গ ১১ ; ১৫। যূ ৪ ; ৩,৮ ॥—[৮] দ্বি ৯ ; ৯,১৮॥—[১০] প ১৪। ১ রা ১৮ ; ৪,২২, ৪০। রো ১১ ; ২,৩॥—[১১-১৩] যা ৩৩ ; ১৮-২৩। ৩৪ ; ৫-৮॥—[১৩] প ৯॥—[১৪] প ১০॥—[১৫] ২ রা ৮ ; ১২,১৩॥

* (ইব্রী) আপন প্রাণ বিষয়ে। † (ইব্রী) দেখ।

কহিলেন, যাও, তুমি দম্মেষকের প্রান্তরের পথ দিয়া ফিরিয়া তথায় উপস্থিত হইয়া হসায়েল্কে অরাম্ ১৬ দেশের রাজা হইবার জন্যে অভিষিক্ত কর। এবং নিম্শির পুত্র যেহুকে ইস্রায়েলের রাজা হইতে অভিষিক্ত কর; এবং আবেল্-মিহোলা নিবাসি শাফটের পুত্র ইলীশায়কে আপনার ভবিষ্যদ্বক্তৃত্বপদে অভিষেক ১৭ কর। যে জন হসায়েলের খড়্গহইতে রক্ষা পায়, যেহূ তাহাকে বধ করিবে; ও যে জন যেহূর খড়্গহইতে রক্ষা পায়, ইলীশায় তাহাকে বধ করিবে। কিন্তু ইস্রায়েলের ১৮ মধ্যে যাহারা বালের সম্মুখে হাঁটু গাড়ে নাই, ও মুখের দ্বারা তাহাকে চুম্বন করে নাই, আপনার জন্যে এমন সাত সহস্র লোককে অবশিষ্ট রাখিলাম *।

১৯ পরে সে তথাহইতে প্রত্যাগমন করিয়া দ্বাদশ যোড়া বলদকে হাল বহন করাইতে ও দ্বাদশের সহিত থাকিতে শাফটের পুত্র ইলীশায়ের দেখা পাইল; তখন এলিয় তাহার নিকটে যাইয়া আপন উত্তরীয় বস্ত্র ২০ তাহার গাত্রে ফেলিয়া দিল। তাহাতে সে বলদগণকে ত্যাগ করিয়া এলিয়ের পশ্চাদ্গমন করিয়া কহিল, আমি বিনয় করি, আমাকে আপন পিতামাতাকে চুম্বন করিয়া আসিতে দেও, পরে আমি তোমার পশ্চাদ্গামী হইব; তাহাতে সে তাহাকে কহিল, আমি তোমার কি ২১ করিলাম? তুমি যাইয়া ফিরিয়া আইস। পরে সে তাহার নিকটহইতে ফিরিয়া গেল, এবং এক যোড়া বলদ লইয়া মারিয়া তাহার যোঁয়ালি কাষ্ঠদ্বারা তাহার মাংস পাক করিল, এবং লোকদিগকে দিলে তাহারা ভোজন করিল; পরে সে উঠিয়া এলিয়ের পশ্চাদ্গামী হইয়া তাহার সেবা করিল।

২০ অধ্যায়।

১ বিন্হদদের দ্বারা শোমিরোণের অবরোধ, ১৩ ও ভবিষ্যদ্বক্তার পরামর্শদ্বারা অরামীয় লোকদের হত হওন, ২২ ও ভবিষ্যদ্বাক্যানুসারে অরামীয় লোকদের পুনরাগমন, ২৮ ও ভবিষ্যদ্বক্তার পরামর্শে অরামীয়দের পুনর্ব্বার হত হওন ৩১ ও পরাস্ত হইয়া বিন্হদদের উপঢৌকন দেওন, ৩৫ ও আহাবের প্রতি দৃষ্টান্ত কথা ও ভবিষ্যদ্বাক্য।

১ পরে অরামের বিন্হদদ্ রাজা আপন তাবৎ সৈন্য একত্র করিয়া বত্রিশ রাজা ও অশ্ব ও রথ সঙ্গে লইয়া যাইয়া শোমিরোণ্ অবরোধ করিয়া তাহার সহিত যুদ্ধ করিল। ২ এবং সে ইস্রায়েলের আহাব্ রাজের নিকটে দূতগণকে নগরে পাঠাইয়া কহিল, বিন্হদদ্ এই কথা কহে; ৩ তোমার রূপ্য ও স্বর্ণ আমার, এবং তোমার ভার্য্যাগণ ও বালকগণ, অর্থাৎ যাহারা অতি শ্রেষ্ঠ, তাহারা আমার। ৪ তাহাতে ইস্রায়েলের রাজা উত্তর করিল, হে আমার প্রভো রাজন্, তোমার কথানুসারে আমিও তোমার, এবং আমার সর্ব্বস্বই তোমার। ৫ পরে দূতগণ আর বার আসিয়া কহিল, বিন্হদদ্ এই কথা কহে, তুমি আপন স্বর্ণ ও রূপ্য ও ভার্য্যা ও পুত্রদিগকে আমার কাছে সমর্পণ করিবা, ৬ ইহা কহিয়া তোমার কাছে দূত পাঠাইয়াছি। অতএব আমি কল্য এই সময়ে আপন দাসদিগকে তোমার নিকটে পাঠাইব; তাহারা তোমার গৃহে ও তোমার দাসদের গৃহে অন্বেষণ করিবে, তাহাতে সুখদায়ি † যে কোন দ্রব্য পাওয়া যায়, তাহা তাহারা হস্তগত করিয়া লইয়া ৭ যাইবে। তাহাতে ইস্রায়েলের রাজা দেশের সকল প্রাচীন লোকদিগকে ডাকিয়া কহিল, বিনয় করি, মনোযোগ কর, এ মনুষ্য কেমন হিংসা করিতে চেষ্টা করে, তাহা দেখ; সে আমার ভার্য্যা ও সন্তানগণ ও রূপা ও সোণার জন্যে লোক পাঠাইল; তাহাতে আমি অস্বীকার ‡ করি-৮ লাম না। পরে সকল প্রাচীন লোক ও সমস্ত লোক কহিল, ৯ তুমি তাহাকে মানিও না ও স্বীকার করিও না। তাহাতে সে বিন্হদদের দূতগণকে কহিল, আমার প্রভু মহারাজকে কহ, তুমি প্রথমে যাহার জন্যে আপন দাসের নিকটে দূত পাঠাইলা, সে সকল আমি দিব ‖; কিন্তু এই কার্য্য করিতে পারিব না; পরে দূতগণ যাইয়া তাহাকে ১০ সমাচার দিল। পরে বিন্হদদ্ তাহার কাছে লোক পাঠাইয়া কহিল, এই শোমিরোণের ধূলা যদি আমার পশ্চাদ্গামি § লোকদের প্রত্যেকের মুষ্টিতে কুলায়, তবে দেবগণ আমার প্রতি এই রূপ ও ইহাহইতেও ১১ অধিক করুণ। তাহাতে ইস্রায়েলের রাজা উত্তর করিল, তাহাকে কহ, কটিবন্ধনকারী কটিবন্ধন মুক্তকারির ১২ ন্যায় অহঙ্কার না করুক। ঐ সময়ে বিন্হদদ্ ও তাহার সহায় রাজগণ তাম্বুতে পান করিতেছিল; ইতিমধ্যে সে ঐ সমাচার শুনিয়া আপনার দাসদিগকে কহিল, নগর আক্রমণ কর; তাহাতে লোকেরা নগর আক্রমণ করিল।

১৩ পরে ইস্রায়েলের আহাব্ রাজের নিকটে এক ভবিষ্যদ্বক্তা আসিয়া কহিল, পরমেশ্বর এই কথা কহেন, তুমি কি এই সমূহ লোককে দেখিলা? আমি অদ্য তোমার হস্তে তাহাদিগকে সমর্পণ করিব; তাহাতে ১৪ আমিই যে পরমেশ্বর, ইহা তুমি জ্ঞাত হইবা। আহাব্ কহিল, কাহাদ্বারা করিবেন? ভবিষ্যদ্বক্তা কহিল, পরমেশ্বর এই কথা কহেন, প্রদেশের অধ্যক্ষদের যুব লোকদের দ্বারা করিবেন; তাহাতে রাজা জিজ্ঞাসিল, ১৫ সৈন্য রচনা কে করিবে? সে কহিল, তুমি। পরে সে দেশের অধ্যক্ষদের যুবগণকে গণনা করিলে সংখ্যাতে দুই শত বত্রিশ জন হইল, তৎপরে ইস্রায়েলের তাবৎ বংশের তাবৎ লোককে গণনা করিলে তাহারা সাত ১৬ সহস্র লোক হইল। পরে তাহারা মধ্যাহ্নকালে বাহিরে

[১৬] ২ রা ৯; ১-৩। প ১১-২১॥—[১৮] রো ১১; ৪। হো ১৩; ২॥—[১৯] ২ রা ২; ১৪॥—[২০] লূ ৯; ৬১,৬২॥ [২১] ২ শি ২৪; ২২॥

[২০ অধ্য; ১০] ১ রা ১৯; ২॥—[১২] প ১৬॥—[১৩] প ২০,২৮॥—[১৬] প ১২॥

* (বা) রাখিব। † (ইব্রু) দৃষ্টিতে মনোহর। ‡ (ইব্রু) তাহাহইতে কিছু রাখিলাম না। ‖ (ইব্রু) করিব। § (ইব্রু) পদস্থ।

গেল; ঐ সময়ে বিন্‌হদদ্ ও তাহার সহায় বত্রিশ রাজা ১৭ তাম্বুতে পান করিয়া মত্ত ছিল। অপর যখন প্রদেশের অধ্যক্ষদের যুবগণ অগ্রে বাহিরে গেল; তৎকালে বিন্‌হদদ্ লোক পাঠাইলে তাহারা আসিয়া ঐ সমাচার দিল, শোমিরোণ্হইতে কএক লোক বাহিরে আইল। ১৮ তখন সে আজ্ঞা দিল, তাহারা সন্ধির কিম্বা যুদ্ধের জন্যে বাহিরে আইলেই তাহাদিগকে সজীব ধরিবা। ১৯ পরে প্রদেশের অধ্যক্ষদের যুবগণ ও তাহাদের পশ্চাদ্‌২০ গামি সৈন্যগণ নগরহইতে বাহির হইয়া প্রত্যেক জন অরামীয় লোকদের এক২ জনকে বধ করিল; তাহাতে তাহারা পলায়ন করিলে ইস্রায়েল্ লোক তাহাদের পশ্চাৎ ধাবমান হইল, এবং অরামের বিন্‌হদদ্ রাজা অশ্বারোহণ করিয়া অশ্বারূঢ়দের সহিত পলা-২১ ইয়া রক্ষা পাইল। এবং ইস্রায়েলের রাজা বহির্গত হইয়া তাহাদের অশ্ব ও রথ সকল বিনষ্ট করিল, ও অরামীয়দিগকে মহাসংহারে সংহার করিল।

২২ পরে সেই ভবিষ্যদ্বক্তা ইস্রায়েলের রাজার নিকটে আসিয়া কহিল, তুমি যাইয়া আপনাকে বলবান কর, এবং সাবধান হইয়া আপনার কর্ত্তব্য বিবেচনা কর, কেননা আগামি বৎসরে অরামের রাজা তোমার ২৩ বিরুদ্ধে পুনর্ব্বার আসিবে। পরে অরামের রাজার দাসগণ তাহাকে কহিল, তাহাদের দেবতা পর্ব্বতীয় দেবতা, এই জন্যে আমাদের হইতেও তাহারা বলবান, কিন্তু আমরা যদি তাহাদের সহিত সমভূমিতে যুদ্ধ ২৪ করি, তবে অবশ্য তাহাদের হইতে বলবান হইব। অতএব তুমি এই কর্ম্ম কর, প্রত্যেক রাজাকে অপদস্থ করিয়া তাহাদের পদে সেনাপতিদিগকে নিযুক্ত কর। ২৫ এবং তোমার যে রূপ সৈন্য ও যত অশ্ব ও রথ বিনষ্ট হইল, তদ্রূপ সৈন্য ও তত অশ্ব ও রথ সংগ্রহ কর, আমরা সমভূমিতে তাহাদের সহিত যুদ্ধ করিব, তাহাতে অবশ্য আমরা তাহাদের হইতে বলবান হইব; পরে বিন্‌হদদ্ তাহাদের কথা গ্রাহ্য করিয়া তদনু-২৬ সারে করিল। এবং পরবৎসর উপস্থিত হইলে বিন্‌হদদ্ অরামীয়দিগকে গণনা করিয়া ইস্রায়েল্ লোক-২৭ দের সহিত যুদ্ধ করিতে অফেকে গেল। পরে ইস্রায়েল্ বংশেরা গণিত ও প্রস্তুত হইয়া তাহাদের বিরুদ্ধে গেল; যেমন ছাগশাবকের দুই ক্ষুদ্র পাল, তদ্রূপ তাহারা অরামীয়দের সম্মুখে শিবির স্থাপন করিল, কিন্তু অরামীয়েরা দেশের সর্ব্বত্র ব্যাপিল।

২৮ পরে ঈশ্বরের এক লোক আসিয়া ইস্রায়েলের রাজাকে কহিল, পরমেশ্বর এই কথা কহেন, অরামীয়েরা কহিল, পরমেশ্বর পর্ব্বতীয় প্রভু, কিন্তু সমভূমির প্রভু নন্, এই জন্যে আমি সেই মহাজনতাকে তোমার হস্তে সমর্পণ করিব, তাহাতে আমিই ২৯ পরমেশ্বর, ইহা তোমরা জ্ঞাত হইবা। অপর তাহারা সপ্তাহ সম্মুখাসম্মুখী হইয়া শিবিরে থাকিয়া সপ্তম দিনে যুদ্ধ করিতে গেল, তাহাতে ইস্রায়েলের লোকেরা এক দিনে অরামীয়দের এক লক্ষ পদাতিক সৈন্য বিনষ্ট করিল। তাহাতে অবশিষ্ট সেনাগণ পলাইয়া অফেক্ ৩০ নগরে প্রবেশ করিল, কিন্তু সেই অবশিষ্টদের সাতাইশ সহস্র লোকের উপরে প্রাচীর পতিত হইল, এবং বিন্‌হদদ্ পলাইয়া নগরের ভিতরের এক গর্ব্ভাগারে প্রবেশ করিল।

পরে তাহার দাসগণ তাহাকে কহিল, আমরা শুনি- ৩১ য়াছি, ইস্রায়েল্ বংশীয় রাজগণ দয়ালু, অতএব বিনয় করি, আমরা কটিতে চট পরিয়া ও মস্তকে রজ্জু দিয়া ইস্রায়েলের রাজার কাছে যাই; হইতে পারে তিনি তোমার প্রাণ রক্ষা করিবেন। পরে তাহারা কটিতে চট ৩২ পরিয়া ও মস্তকে রজ্জু দিয়া ইস্রায়েলের রাজার কাছে আসিয়া কহিল, আপনকার দাস বিন্‌হদদ্ কহিতেছে, আমি বিনয় করি, আমাকে রক্ষা কর; তাহাতে সে কহিল, সে কি এখনো জীবৎ আছে? সে আমার ভ্রাতা। তখন সে কথা তাহার উক্ত, ইহা নিশ্চয় করিয়া ৩৩ লোকেরা তাহা শীঘ্র ধরিয়া কহিল, বিন্‌হদদ্ আপনকারই ভ্রাতা বটে, পরে সে কহিল, তোমরা যাইয়া তাহাকে আন; তাহাতে বিন্‌হদদ্ বাহির হইয়া তাহার নিকটে আইলে সে আপন রথে তাহাকে বসাইল। তখন বিন্‌হদদ্ তাহাকে কহিল, আমার পিতা তোমার ৩৪ পিতার যে২ নগর লইয়াছেন, তাহা আমি ফিরিয়া দিব; এবং আমার পিতা শোমিরোণে যেমন আপনার জন্যে রাজমার্গ করিয়াছেন, তদ্রূপ তুমি আপনার জন্যে দম্মেষকে রাজমার্গ কর; তাহাতে আহাব্ কহিল, আমি এই নিয়ম করিয়া তোমাকে বিদায় করিব; পরে সে তাহার সহিত নিয়ম করিয়া তাহাকে বিদায় করিল।

পরে ভবিষ্যদ্বক্তৃগণের শিষ্যদের এক জন পরমে- ৩৫ শ্বরের বাক্যদ্বারা আপন প্রতিবাসিকে কহিল, আমি বিনয় করি, তুমি আমাকে মার; কিন্তু সে তাহাকে মারিতে সম্মত হইল না। তাহাতে সে তাহাকে কহিল, তুমি ৩৬ পরমেশ্বরের বাক্য পালন করিলা না, অতএব আমার নিকটহইতে যাইবামাত্র এক সিংহ তোমাকে বধ করিবে; পরে তাহার নিকটহইতে তাহার গমনমাত্র এক সিংহ তাহাকে পাইয়া বধ করিল। পরে সে আর ৩৭ এক জনকে পাইয়া কহিল, আমি বিনয় করি, আমাকে মার; তাহাতে সে এমত আঘাত করিল, যে সেই আঘাতদ্বারা ক্ষত হইল। পরে এ ভবিষ্যদ্বক্তা যাইয়া ৩৮ আপন মুখে ভস্ম মাখিয়া প্রচ্ছন্নবেশ হইয়া পথে রাজার অপেক্ষাতে থাকিল।

অপর রাজা পথে গমন করিলে সে রাজার প্রতি ৩৯ উচ্চৈঃস্বরে নিবেদন করিয়া কহিল, তোমার দাস আমি যুদ্ধে গেলে, দেখ, এক জন পার্শ্বে ফিরিয়া আমার নিকটে এক জনকে আনিয়া কহিল, এই মানুষকে

[২৮] প ২৩ প ১৩॥—[৩১] আ ৩১; ৩৪॥—[৩৪] ১ রা ১৫; ২০॥—[৩৬] ১৩; ২৪॥

রাখ; ইহাকে যদি কোন রূপে না পাওয়া যায়, তবে ইহার প্রাণের পরিবর্ত্তে তোমার প্রাণ যাইবে, নতুবা ৪০ তুমি এক কিক্কর পরিমিত রূপা দিবা *। কিন্তু তোমার দাস আমি ইতস্ততো ব্যস্ত হইলে সে গেল †; পরে ইস্রায়েলের রাজা তাহাকে কহিল, তুমি আপন দণ্ড ৪১ নিশ্চয় করিলা। পরে সে শীঘ্র আপন মুখের ভস্ম দূর করিলে, সে যে এক জন ভবিষ্যদ্বক্তা, ইহা ৪২ ইস্রায়েলের রাজা চিনিল। পরে সে রাজাকে কহিল, পরমেশ্বর এই কথা কহেন, আমি যে জনকে সর্ব্বতোভাবে উচ্ছিন্ন করিতে নিরূপণ করিয়াছিলাম, তাহাকে তুমি আপন হস্তহইতে মুক্ত করিলা, এই জন্যে তাহার প্রাণের পরিবর্ত্তে তোমার প্রাণ যাইবে, ও তাহার লোকদের পরিবর্ত্তে তোমার লোক যাইবে। ৪৩ তাহাতে ইস্রায়েলের রাজা বিমর্ষ ও অসন্তুষ্ট হইয়া আপন গৃহে গেল; পরে শোমিরোণে গেল।

২১ অধ্যায়।

১ নাবোতের ক্ষেত্র না পাইয়া আহাবের বিমর্ষ হওন, ৫ ও ঈষেবলের দ্বারা নাবোতের হত হওন, ১৫ ও নাবোতের ক্ষেত্র আহাবের হরন করন, ১৭ ও আহাবের ও ঈষেবলের দণ্ডের ভবিষ্যদ্বাক্য, ২৫ ও আহাবের অনুতাপ পুযুক্ত সেই দণ্ডের ক্ষমা হওন।

১ এই সকল ঘটনার পরে শোমিরোণের রাজা আহাবের অট্টালিকার নিকটে যিষ্রিয়েলীয় নাবোতের ২ এক দ্রাক্ষাক্ষেত্র যিষ্রিয়েল্ নগরে ছিল। আহাব্ নাবোৎকে কহিল, আমার গৃহের নিকটে তোমার যে দ্রাক্ষাক্ষেত্র আছে, তাহা আমাকে দেও; আমি তাহা শাকের ক্ষেত্র করিব; কিন্তু তাহার পরিবর্ত্তে তাহাহইতেও উত্তম আর এক দ্রাক্ষাক্ষেত্র তোমাকে দিব; কিম্বা যদি তোমার মনে লয় ‡, তবে তাহার মূল্য রূপার ৩ মুদ্রা তোমাকে দিব। তাহাতে নাবোৎ আহাব্কে কহিল, আমি তোমাকে আপন পৈতৃক অধিকার দি, পরমেশ্বর ৪ এমত না করুণ। 'আমি পৈতৃক অধিকার তোমাকে দিব না,' যিষ্রিয়েলীয় নাবোতের এই কথাতে আহাব্ বিমর্ষ ও অসন্তুষ্ট হইয়া আপন গৃহে আইল, এবং শয্যাগত হইয়া বিবর্ণ মুখ করিয়া থাকিল, কিছু ভোজন করিতে সম্মত হইল না।

৫ পরে তাহার স্ত্রী ঈষেবল্ তাহার নিকটে আসিয়া তাহাকে কহিল, তোমার মন এমন বিমর্ষ কেন, যে তুমি ৬ কিছু ভোজন কর না? তাহাতে সে তাহাকে কহিল, আমি যিষ্রিয়েলীয় নাবোৎকে কহিলাম, টাকার পরিবর্ত্তে তোমার দ্রাক্ষাক্ষেত্র তুমি আমাকে দেও; কিম্বা যদি মনে লয় ‡, তবে তাহার পরিবর্ত্তে আর এক দ্রাক্ষাক্ষেত্র তোমাকে দিব; তাহাতে সে উত্তর করিল, আমি আপন দ্রাক্ষাক্ষেত্র তোমাকে দিব না। ৭ তখন তাহার স্ত্রী ঈষেবল্ কহিল, তুমিই কি এখন ইস্রায়েল দেশের রাজত্ব কর? উঠ, ভোজন কর; তোমার মন হৃষ্ট হউক; আমি যিষ্রিয়েলীয় নাবোতের দ্রাক্ষাক্ষেত্র তোমাকে দিব। ৮ পরে সে আহাবের নামেতে পত্র লিখিয়া তাহার মুদ্রাতে মুদ্রাঙ্কিত করিয়া নাবোতের নগরস্থ প্রতিবাসি প্রাচীন ও প্রধান লোকদের নিকটে পত্র প্রেরণ করিল। ৯ সে পত্রে এই কথা লিখিল, উপবাস নিরূপণের ঘোষণা কর, ও লোকদের মধ্যে নাবোৎকে উচ্চস্থানে বসাও। ১০ পরে তুমি ঈশ্বরকে ও রাজাকে অস্বীকার করিলা, তাহার বিপরীতে এই সাক্ষ্য দিতে কদাচার দুই জনকে তাহার সম্মুখে দাঁড় করাও; পরে তাহাকে বাহির করিয়া মরণ পর্য্যন্ত প্রস্তরাঘাত কর। ১১ পরে ঈষেবলের প্রেরিত আজ্ঞা ও লিখিত প্রেরিত পত্রানুসারে নগরের লোকেরা, অর্থাৎ নগর নিবাসি প্রাচীন ও প্রধানেরা করিল। ১২ তাহারা উপবাস নিরূপণ কথা ঘোষণা করিল, ও লোকদের মধ্যে নাবোৎকে উচ্চস্থানে বসাইল। ১৩ এবং কদাচার দুই জন ভিতরে আসিয়া তাহার সম্মুখে বসিল; পরে ঐ দুই কদাচার লোকেরা নাবোতের বিরুদ্ধে সকল লোকের সাক্ষাতে এই কথা কহিয়া সাক্ষ্য দিল; 'নাবোৎ ঈশ্বরকে ও রাজাকে অস্বীকার করিল,' তখন লোকেরা তাহাকে নগরের বাহিরে লইয়া গিয়া তাহার মরণ পর্য্যন্ত তাহাকে প্রস্তরাঘাত করিল। ১৪ পরে তাহারা ঈষেবলের নিকটে এই সমাচার পাঠাইল, 'নাবোৎ প্রস্তরাঘাতে মরিয়াছে।'

১৫ অপর নাবোৎ প্রস্তরাঘাতে মরিয়াছে, ঈষেবল্ এই কথা শুনিয়া আহাব্কে কহিল, উঠ, যিষ্রিয়েলীয় নাবোৎ টাকাদ্বারা যে দ্রাক্ষাক্ষেত্র দিতে অসম্মত হইল, তাহা অধিকার কর, কেননা নাবোৎ জীবৎ নাই, মৃত আছে। ১৬ তখন নাবোৎ মৃত আছে, এই কথা শুনিয়া আহাব যিষ্রিয়েলীয় নাবোতের দ্রাক্ষাক্ষেত্র অধিকার করিতে যাইতে উঠিল।

১৭ পরে পরমেশ্বর তিশ্বীয় এলিয়কে এই কথা কহিলেন, ১৮ তুমি উঠিয়া শোমিরোণ্ নিবাসি ইস্রায়েলের আহাব্ রাজের সহিত সাক্ষাৎ করিতে যাও; দেখ, সে নাবোতের দ্রাক্ষাক্ষেত্র অধিকার করিতে গিয়া সেই ক্ষেত্রে আছে। ১৯ তুমি তাহাকে কহ, পরমেশ্বর এই কথা কহেন, তুমি এক জনকে বধ করিয়া তাহার অধিকার গ্রহণ করিলা; এই জন্যে পরমেশ্বর কহেন, কুক্কুরগণ যে স্থানে নাবোতের রক্ত চাটিয়া পান করিল, সেই স্থানে তোমার রক্তও চাটিয়া পান করিবে। ২০ তখন আহাব্ এলিয়কে কহিল, হে আমার শত্রো, তুমি কি আমাকে পাইলা? তাহাতে সে কহিল, পাইলাম; কেননা তুমি পরমেশ্বরের

[৪২] ১ রা ২২; ৩১-৩৭।।—[৪৩] ২১; ৪।।
[২১ অধ্য; ৩] গ ৩৬; ৭-৯ ।।—[৪] ১ রা ২০; ৪৩ ।।—[১০] লে ২৪; ১৩-১৬ ।।—[১৩] ২ রা ৯; ২৬ ।।—[১৭] গী ৯; ১২ ।।—[১৯] ১ রা ২২; ৩৮।।—[২০] ১ রা ১৮; ১৭,১৮। ২ রা ১৭; ১৭।।

* (ইব্রি) তৌল করিবা। † (ইব্রি) হইল না। ‡ (ইব্রি) দৃষ্টিতে উত্তম হয়।

সাক্ষাতে পাপ করণার্থে আপনাকে বিক্রয় করিলা।
২১ অতএব তিনি কহেন, দেখ, আমি তোমার প্রতি অমঙ্গল ঘটাইব, ও তোমার ভাবি বংশকে উচ্ছিন্ন করিব, আহাব্ বংশের প্রত্যেক পুরুষকে * এবং ইস্রায়েলের
২২ মধ্যে মুক্ত ও বদ্ধ সকলকে আমি বিনষ্ট করিব। তুমি যে ক্রোধেতে আমাকে ক্রুদ্ধ করিলা ও ইস্রায়েল্ লোকদিগকে পাপেতে প্রবৃত্তি দিলা, তাহার জন্যে আমি তোমার বংশকে নিবাটের পুত্র যারবিযামের ও অহি-
২৩ য়ের পুত্র বাশার বংশের ন্যায় করিব। আর পরমেশ্বর ঈষেবলের বিষয়ে এই কথা কহেন, কুক্কুরেরা যিষ্রিয়েলের প্রাচীরের কাছে ঈষেবল্‌কে ভক্ষণ করিবে।
২৪ আহাবের যে সন্তান নগরে মরিবে, কুক্কুরেরা তাহাকে ভক্ষণ করিবে, আর যে সন্তান প্রান্তরে মরিবে, শূন্যের পক্ষিরা তাহাকে ভক্ষণ করিবে।
২৫ আর আপন ভার্য্যা ঈষেবল্ কর্ত্তৃক প্রবৃত্ত যে আহাব্,তাহার ন্যায় পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিতে
২৬ আর কেহ আপনাকে বিক্রয় করে নাই। তদ্ভিন্ন পরমেশ্বর যে ইমোরীয়দিগকে ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে দূর করিয়াছিলেন, তাহাদের সমস্ত ক্রিয়ানুসারে দেবগণের অনুগত হইয়া সে অতিশয় ঘৃণার্হ
২৭ কর্ম্ম করিল। সেই আহাব্ এই কথা শুনিয়া আপন বস্ত্র চিরিল, এবং গাত্রে চট পরিধান ও উপবাস ও
২৮ চটে শয়ন করিল, এবং নম্রতাচরণ করিল। অপর তিশ্‌বিয় এলিয়ের কাছে পরমেশ্বরের এই কথা উপ-
২৯ স্থিত হইল। আহাব্ আমার সাক্ষাতে আপনাকে নত করিতেছে, তুমি কি তাহা দেখিতেছ? আমার সাক্ষাতে তাহার নম্রতাচরণ প্রযুক্ত আমি তাহার যাবজ্জীবন অমঙ্গল ঘটাইব না, কিন্তু তাহার পুত্রের জীবৎ সময়ে তাহার বংশের প্রতি অমঙ্গল ঘটাইব।

২২ অধ্যায়।

১ মীখায় ভবিষ্যদ্বক্তাকে আহাব্ রাজের ডাকন, ১৫ ও মীখায়ের ভবিষ্যদ্বাক্য, ২৪ ও কথা প্রযুক্ত তাহার দণ্ড, ২৯ ও যিহূদার যিহোশাফট্ রাজের ও আহাবের যুদ্ধে গমন, ৩৪ ও আহাবের হত হওন, ৩৭ ও তাহার কবর দেওন, ৪১ ও যিহোশাফটের বিবরণ ও মরণ, ৫১ ও তাহার পুত্র অহসিয়ের বিবরণ।

১ অপর অরামীয় লোকদের ও ইস্রায়েল্ লোকদের
২ পরস্পর যুদ্ধ তিন বৎসর পর্য্যন্ত নিবৃত্ত থাকিল। পরে তৃতীয় বৎসরে যখন যিহূদার যিহোশাফট্ রাজা ইস্রা-
৩ য়েলের রাজার নিকটে গেল, তৎকালে ইস্রায়েলের রাজা আপন দাসদিগকে কহিল, গিলিয়দস্থ রামোৎ আমাদের অধিকার, ইহা কি তোমরা জান না? কিন্তু আমরা বসিয়া † থাকি, অরামের রাজার হস্তহইতে তাহা লই নাই। এবং সে যিহোশাফট্‌কে কহিল, তুমি
৪ কি রামোৎ-গিলিয়দে যুদ্ধ করিতে আমার সহিত যাইবা? তাহাতে যিহোশাফট্ ইস্রায়েলের রাজাকে কহিল, আমিও তোমার মত এক জন; যেমন তোমার লোক তেমন আমার লোক, এবং যেমন তোমার অশ্ব তেমন আমারও অশ্ব আছে। পরে যিহোশাফট্
৫ ইস্রায়েলের রাজাকে কহিল, আমি বিনয় করি, অদ্য ইহাতে পরমেশ্বরের কি কথা তাহা জিজ্ঞাসা কর। তা-
৬ হাতে ইস্রায়েলের রাজা প্রায় চারি শত ভবিষ্যদ্বক্তৃগণকে একত্র করিয়া জিজ্ঞাসা করিল, আমি রামোৎ গিলিয়দে যুদ্ধ করিতে যাইব কি ক্ষান্ত হইব? তখন তাহারা কহিল, যাও, পরমেশ্বর রাজার হস্তে তাহা সমর্পণ করিবেন। পরে যিহোশাফট্ জিজ্ঞাসিল,
৭ ইহাদের ভিন্ন আর কাহাকে জিজ্ঞাসা করিতে পারা যায়? পরমেশ্বরের এমত ভবিষ্যদ্বক্তা কি আর কেহ নাই? তখন ইস্রায়েলের রাজা যিহোশাফট্‌কে কহিল,
৮ আমরা যাহাদ্বারা পরমেশ্বরকে জিজ্ঞাসা করিতে পারি, যিম্লের পুত্র মীখায় নামে আর এক জন আছে, কিন্তু আমি তাহাকে ঘৃণা করি, কেননা সে আমার বিষয়ে মঙ্গলের কথা নয় কিন্তু অমঙ্গলের কথা কহে; তাহাতে যিহোশাফট্ কহিল, রাজা এমত কথা কহিবেন
৯ না। তখন ইস্রায়েলের রাজা আপনার এক কর্ম্মাধ্যক্ষকে ‡ ডাকিয়া আজ্ঞা দিল, যিম্লের পুত্র মীখায়কে
১০ শীঘ্র এখানে আন। অপর ইস্রায়েলের রাজা ও যিহূদার যিহোশাফট্ রাজা শোমিরোণের দ্বার প্রবেশের সমান স্থানে আপন রাজকীয় বস্ত্র পরিধান করিয়া আপন২ সিংহাসনে বসিল,এবং ভবিষ্যদ্বক্তৃগণ তাহাদের
১১ সম্মুখে ভবিষ্যদ্বাক্য কহিল। এবং খিনানার পুত্র সিদিকীয় লৌহময় শৃঙ্গ নির্ম্মাণ করিয়া কহিল, পরমেশ্বর এই কথা কহেন, তুমি যে পর্য্যন্ত অরামীয়দিগকে বিনষ্ট না করিবা, তাবৎ ইহাতে তাহাদিগকে প্রহার
১২ করিবা। এবং তাবৎ ভবিষ্যদ্বক্তা ভবিষ্যদ্বাক্যদ্বারা ইহা কহিল, তুমি রামোৎ-গিলিয়দে যাইয়া ভাগ্যবান হও,
১৩ পরমেশ্বর তাহা রাজার হস্তগত করিবেন। অপর যে দূত মীখায়কে ডাকিতে গিয়াছিল, সে তাহাকে কহিল, দেখ, সকল ভবিষ্যদ্বক্তা এক জনের ন্যায় রাজার মঙ্গল কথা কহিল; অতএব আমি বিনয় করি, তুমিও
১৪ তাহাদের এক জনের ন্যায় মঙ্গল কথা কহ। তাহাতে মীখায় কহিল, আমি পরমেশ্বরের অমরতার দিব্য

[২১,২২] ১ রা ১৪; ১০,১১। ১৫; ২৯,৩০। ১৬; ৩,৪, ১১। ২ রা ৯; ৮,৯॥—[২৩] ২ রা ৯; ১০,৩৫-৩৭॥—[২৪] ১ রা ১৪; ১১। ১৬; ৪॥—[২৫] প ২০। ১৬; ৩০-৩৩॥—[২৬] লে ২০; ২২,২৩। দ্বি ৮; ১৯,২০॥—[২৭] ১ রা ২০; ৩১॥ [২৯] ২ রা ৯; ২৫,২৬॥

[২২ অধ্য; ২-১৪] ২ বং ১৮; ১-১৩॥—[৩] যি ২০; ৮। ১ রা ২০; ৩৪॥—[৪] ২ রা ৩; ৭॥—[৬] ১ রা ১৮; ১৯॥ [৭] ২ রা ৩; ১১॥—[১৪] গ ২২; ৩৮॥

*(ইব্রি) ভিত্তিতে মূত্রকারিকে। † (ইব্রি) তুষ্ণীভূত হইয়া। ‡ (বা) নপুংসককে।

করিতেছি, পরমেশ্বর আমার কাছে যে কথা কহিবেন, আমি সেই কথাই কহিব।

১৫ পরে সে রাজার নিকটে আইলে রাজা তাহাকে জিজ্ঞাসিল, হে মীখায়, আমরা রামোৎ-গিলিয়দের বিরুদ্ধে যুদ্ধ করিতে যাইব, কি ক্ষান্ত হইব? তাহাতে সে তাহাকে কহিল, যাইয়া ভাগ্যবান হও; পরমেশ্বর তাহা ১৬ রাজার হস্তে সমর্পণ করিবেন। পরে রাজা তাহাকে কহিল, তুমি পরমেশ্বরের নামে সত্য কথা ব্যতিরেক আর কিছুই কহিও না, আমি কত বার তোমাকে এই ১৭ শপথ করাইব? তাহাতে সে কহিল, আমি ইস্রায়েলের সকল লোককে অরক্ষক মেষের ন্যায় পর্ব্বতের উপরে ছিন্নভিন্ন দেখিলাম, এবং পরমেশ্বর কহিলেন, ইহাদের স্বামী নাই; প্রত্যেক জন আপন ২ বাটীতে কুশলে ১৮ ফিরিয়া যাউক। পরে ইস্রায়েলের রাজা যিহোশাফটকে কহিল, সে আমার বিষয়ে মঙ্গলের কথা কহিবে না, কেবল অমঙ্গলের কথা কহিবে, এই কথা কি আমি অগ্রে ১৯ তোমাকে কহি নাই? পরে মীখায় কহিল, তুমি পরমেশ্বরের কথা শুন, আমি সিংহাসনোপবিষ্ট পরমেশ্বরকে এবং তাহার দক্ষিণে বামে নিকটে দণ্ডায়মান স্বর্গীয় তা- ২০ বৎ সৈন্যকেও দেখিলাম। পরমেশ্বর কহিলেন, আহাব্ যেন রামোৎ-গিলিয়দে যাইয়া পতিত হয়, এই জন্যে কে তাহাকে ভুলাইবে? তাহাতে এক জন এক প্রকারে ও অন্য ২১ জন অন্য প্রকারে কহিল। পরে এক আত্মা আসিয়া পরমেশ্বরের সাক্ষাতে দাঁড়াইয়া কহিল, আমি তাহাকে ২২ ভুলাইব। পরমেশ্বর কহিলেন, কাহাদ্বারা? সে কহিল, আমি যাইয়া তাহার সকল ভবিষ্যদ্বক্তার মুখেতে মিথ্যাবাদি আত্মা হইব; তখন তিনি কহিলেন, তুমি তাহাকে ভুলাইয়া জয়ী হও, ও বাহিরে যাইয়া সেই ২৩ রূপ কর। এই রূপে দেখ, পরমেশ্বর তোমার এই সকল ভবিষ্যদ্বক্তাদের মুখে মিথ্যাবাদি আত্মা দিলেন, কিন্তু পরমেশ্বর তোমার বিষয়ে অমঙ্গল কহিলেন।

২৪ তখন খিনানার পুত্র সিদিকিয় নিকটে আসিয়া মীখায়কে এক চড় মারিয়া কহিল, পরমেশ্বরের আত্মা তোমাকে কহিবার জন্যে আমার নিকটহইতে কোন দিগে ২৫ গেল? মীখায় কহিল, দেখ, যে দিনে তুমি লুকাইবার ২৬ জন্যে গর্ব্ভাগারে যাইবা, সেই দিনে তাহা জানিবা। পরে ইস্রায়েলের রাজা আজ্ঞা দিল, মীখায়কে ধরিয়া নগরাধ্যক্ষ আমোনের ও রাজপুত্র যোয়াশের নিকটে লইয়া ২৭ যাও। এবং তাহাদিগকে কহ, রাজা এই কথা কহে, ইহাকে কারাগারে বদ্ধ কর, এবং যে পর্য্যন্ত আমি কুশলে ফিরিয়া না আইসি, তাবৎ ইহাকে দুঃখরূপ ২৮ অন্ন ও দুঃখরূপ জল ভোজন করিতে দেও। তাহাতে মীখায় কহিল, যদি কুশলে ফিরিয়া আইস, তবে পরমেশ্বর আমার প্রমুখাৎ কহেন না; পরে সে কহিল, হে লোক সকল, তোমরা প্রত্যেক জন মনোযোগ কর।

২৯ পরে ইস্রায়েলের রাজা ও যিহূদার যিহোশাফট্ রাজা রামোৎ-গিলিয়দে গেলে, ইস্রায়েলের রাজা ৩০ যিহোশাফট্কে কহিল, আমি অন্য বেশ ধারণ করিয়া যুদ্ধে প্রবেশ করি, তুমি আপন রাজকীয় বস্ত্র পরিধান কর; পরে ইস্রায়েলের রাজা অন্য বেশ ধরিয়া যুদ্ধে প্রবেশ করিল। আর অরামের রাজা ৩১ আপন রথাধ্যক্ষ বত্রিশ সেনাপতিকে এই আজ্ঞা দিল, তোমরা কেবল ইস্রায়েলের রাজা ব্যতিরেক ক্ষুদ্র কি মহৎ, আর কাহারো সহিত যুদ্ধ করিও না। পরে ৩২ রথাধ্যক্ষগণ যিহোশাফট্কে দেখিয়া, ইনিই অবশ্য ইস্রায়েলের রাজা, ইহা কহিয়া তাহার সহিত যুদ্ধ করিতে এক পার্শ্বে গেল, তাহাতে যিহোশাফট্ চেঁচাইতে লাগিল। তখন সে ইস্রায়েলের রাজা নহে, ইহা রথা- ৩৩ ধ্যক্ষগণ জানিয়া তাহার পশ্চাদ্ যাইতে নিবৃত্ত হইল।

৩৪ পরে এক জন সন্ধান ব্যতিরেক ধনুর্গুণ টানিল, এবং ইস্রায়েলের রাজার সাজোয়ার সন্ধিস্থানে বাণ আঘাত করিল; তাহাতে সে আপন সারথিকে কহিল, হস্ত ফিরাইয়া সৈন্যহইতে আমাকে লইয়া যাও, আমি ব্যথিত হইলাম। ঐ দিবসে তুমুল যুদ্ধ হইল, ইহাতে ৩৫ রাজা অরামীয়দের বিরুদ্ধে আপন রথে থাকিল; কিন্তু সায়ংকালে মরিল, এবং তাহার ক্ষতের রক্ত রথের মধ্যে পড়িল। পরে সূর্য্য অস্তগত হইলে প্রত্যেক জন ৩৬ আপন ২ নগরে ও আপন ২ দেশে প্রস্থান করুক, এই আজ্ঞা সৈন্যের সর্ব্বত্র ঘোষণা করিল।

৩৭ পরে রাজা মরিলে লোকেরা তাহাকে শোমিরোণে আনিল, এবং শোমিরোণে রাজাকে কবর দিল। পরে ৩৮ লোকেরা শোমিরোণের পুষ্করিণীতে তাহার রথ ধৌত করিল, এবং তাহার সজ্জা * ধৌত করিলে পরমেশ্বরের বাক্যানুসারে কুক্কুরগণ তাহার রক্ত চাটিয়া পান করিল। এই আহাবের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিব- ৩৯ রণ, এবং সে যে হস্তিদন্তময় গৃহ নির্ম্মাণ করিল ও অন্য ২ নগর প্রস্তুত করিল, এই সকল কথা কি ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত নাই? আহাব্ ৪০ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে তাহার পুত্র অহসিয় তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

৪১ ইস্রায়েলের আহাব্ রাজের অধিকারের চতুর্থ বৎসরে আসার পুত্র যিহোশাফট যিহূদাতে রাজত্ব ৪২ করিতে আরম্ভ করিল। যিহোশাফট্ পঁয়ত্রিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশা-

[১৫-২৮] ২ বং ১৮; ১৪-২৭॥—[১৭] প ৩৫,৩৬। ম ৯; ৩৬॥—[১৯] দা ৭; ৯,১০। যূব ১; ৬। ২; ১॥—[২২] ২ যি ২; ১১॥—[২৮] দ্বি ১৮; ২০-২২॥—[২৯-৩৫] ২ বং ১৮; ২৮-৩৪॥—[৩০] ২ বং ৩৫; ২২॥—[৩২] ২ বং ১৮; ৩১॥ [৩৪] ২ বং ৩৫; ২৩॥—[৩৫,৩৬] প ১৭॥—[৩৮] ১ রা ২১; ১৯॥—[৩৯] আম ৩; ১৫॥—[৪১] ২ বং ১৭; ১॥ [৪২-৪৫] ২ বং ২০; ৩১-৩৪॥

* (বা) বেশ্যা তাহা।

লমে পাঁচিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল; শিল্হীর ৪৩ কন্যা অসূবা নামে তাহার মাতা ছিল। সে আপন পিতা আসার পথাবলম্বী ছিল, এবং তাহাহইতে না ফিরিয়া পরমেশ্বরের সাক্ষাতে সৎকর্ম্ম করিল; কিন্তু উচ্চস্থান উচ্ছিন্ন হইল না, লোকেরা উচ্চস্থানে হোম ৪৪ করিত ও ধূপ জ্বালাইত। যিহোশাফট্ ইস্রায়ে- ৪৫ লের রাজার সহিত সন্ধি করিল। এই যিহোশাফটের অবশিষ্ট ক্রিয়া এবং সে যে রূপ পরাক্রম প্রকাশ করিল, ও যে রূপ যুদ্ধ করিল, সে সকল কি ৪৬ যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত নাই? তাহার পিতা আসার অধিকার সময়ে যে অবশিষ্ট পুংগামি লোকেরা ছিল, সে তাহাদিগকে দেশ- ৪৭ হইতে দূর করিল। এই সময়ে ইদোমে রাজা ছিল ৪৮ না, এক প্রতিনিধি রাজত্ব করিল। পরে যিহোশাফট্ স্বর্ণের নিমিত্তে ওফীরে যাইতে তর্শীশের জাহাজ নির্ম্মাণ করিল, কিন্তু সে জাহাজ গেল না, ইৎসি- ৪৯ য়োন্-গেবরে সকলি ভগ্ন হইল। তখন আহাবের পুত্র অহসিয় যিহোশাফট্কে কহিল, আমার দাসেরা তোমার দাসদের সহিত জাহাজে যাউক; কিন্তু যিহোশাফট্ তাহাতে সম্মত হইল না। ৫০ পরে যিহোশাফট্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে আপন পূর্ব্বপুরুষ দায়ূদের নগরে পূর্ব্বপুরুষদের সহিত কবরপ্রাপ্ত হইল; তাহাতে তাহার পুত্র যোরাম্ তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

৫১ যিহূদার যিহোশাফট্ রাজের অধিকারের সতর বৎসরে আহাবের পুত্র অহসিয় ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিল; সে দুই বৎসর পর্য্যন্ত ইস্রায়েলের উপরে রাজত্ব করিল। ৫২ এবং পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল, এবং আপন পিতা মাতার পথে, এবং যে নিবাটের পুত্র যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল, তাহার পথে চলিল। ৫৩ সে বালের সেবা ও পূজা করিয়া আপন পিতার ক্রিয়ানুসারে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরকে ক্রুদ্ধ করিল।

[৪৩] ২ বং ১৭; ৩,৪ ॥—[৪৪] ২ বং ১৮; ১। ১৯; ১,২ ॥—[৪৬] ১ রা ১৪; ২৪। ১৫; ১২ ॥—[৪৭] আ ২৫; ২৩। ২ শি ৮; ১৪। ২ রা ৩; ৯। ৮; ২০ ॥—[৪৮,৪৯] ২ বং ২০; ৩৫-৩৭। ১ রা ৯; ২৬,২৮। ১০; ২২ ॥—[৫০] ২ বং ২১; ১ ॥—[৫১] প ৪০,৪১ ॥—[৫২,৫৩] ১ রা ১৬; ৩০-৩৩। ২১; ২৫,২৬ ॥

রাজাবলির দ্বিতীয় পুস্তক।

১ অধ্যায়।

১ আপন পীড়ার সময়ে অহসিয়ের দেবের কাছে দূতগণ প্রেরণ, ৫ ও দূতগণের কাছে এলিয়কে প্রেরণ, ৯ ও এলিয়কে ধরিতে দুই দলকে প্রেরণ ও তাহাদের বিনাশ, ১৩ ও তৃতীয় দলকে প্রেরণ ও তাহার রক্ষা ১৭ ও অহসিয়ের মৃত্যু।

১ আহাবের মৃত্যুর পরে মোয়াবীয় লোকেরা ইস্রায়ে- ২ লের অধীনতা স্বীকার করিল না। এবং অহসিয় শোমিরোণস্থিত আপন গৃহের উপরিস্থ কুঠরির বাতায়ন দিয়া পতিত হইয়া পীড়িত হইল; তাহাতে সে আপন দূতগণকে এই কথা কহিল, তোমরা যাইয়া আমি এই পীড়াহইতে মুক্ত হইব কি না? ইহা ইক্রোণের ৩ বাল্-সিবূব্ দেবতাকে জিজ্ঞাসা কর। কিন্তু পরমেশ্বরের দূত তিশ্বীয় এলিয়কে কহিল, তুমি উঠিয়া শোমিরোণের রাজার দূতগণের সহিত সাক্ষাৎ করিতে যাইয়া তাহাদিগকে এই কথা কহ, ইস্রায়েল্ দেশে কি ঈশ্বর নাই? এই জন্যে তোমরা ইক্রোণের দেবতা বাল্-সিবূবের কাছে জিজ্ঞাসা করিতে যাইতেছ? ৪ পরমেশ্বর এই কথা কহেন, তুমি যে শয্যাগত * হইয়াছ, তাহাহইতে উঠিতে পারিবা না, অবশ্য মরিবা †; তাহাতে এলিয় প্রস্থান করিল।

৫ পরে দূতগণ ফিরিয়া রাজার নিকটে আইলে সে ৬ জিজ্ঞাসা করিল, তোমরা কেন ফিরিয়া আইলা? তাহারা উত্তর করিল, এক জন আসিয়া আমাদের সহিত সাক্ষাৎ করিয়া কহিল, যে রাজা তোমাদিগকে পাঠাইল, তাহার কাছে তোমরা ফিরিয়া যাইয়া কহ, পরমেশ্বর এই কথা কহেন, ইস্রায়েল্ দেশে কি ঈশ্বর নাই? এই জন্যে তুমি কি ইক্রোণের দেবতা বাল্-সিবূবের কাছে জিজ্ঞাসা করিতে লোক পাঠাইতেছ? তুমি যে শয্যাগত * হইয়াছ, তাহাহইতে উঠিতে পারিবা না,

[১ অধ্য; ১] ২ শি ৮; ২। ২ রা ৩; ৫ ॥—[২] য ১২; ২৪। ১ শি ৬; ১৭ ॥

* (ইব্রু) শয্যারূঢ়।

৭ অবশ্য মরিবা। রাজা তাহাদিগকে জিজ্ঞাসিল, তোমাদের সহিত সাক্ষাৎ করিতে আসিয়া যে মানুষ এই ৮ কথা কহিল, সে কি প্রকার মানুষ *? তাহারা উত্তর করিল, সে লোমশ, এবং তাহার কটিতে চর্ম্মপটুকা বদ্ধ আছে; তাহাতে রাজা কহিল, সে তিশ্‌বীয় এলিয়।

৯ পরে রাজা পঞ্চাশৎ লোকের সহিত পঞ্চাশৎপতি এক জনকে তাহার নিকটে পাঠাইয়া দিল; তৎকালে এলিয় এক পর্ব্বতোপরি বসিয়াছিল, এমত সময়ে সে তাহার নিকটে উপস্থিত হইয়া কহিল, হে ১০ ঈশ্বরের লোক, রাজা আজ্ঞা দিলেন, তুমি নাম। তাহাতে এলিয় পঞ্চাশৎপতিকে উত্তর করিল, যদি আমি ঈশ্বরের লোক হই, তবে আকাশহইতে অগ্নি নামুক, এবং তোমাকে ও তোমার পঞ্চাশৎ লোককে দগ্ধ করুক; তাহাতে আকাশহইতে অগ্নি নামিয়া তাহাকে ১১ ও তাহার পঞ্চাশৎ লোককে দগ্ধ করিল। পরে রাজা পুনর্ব্বার পঞ্চাশৎ লোকের সহিত এক পঞ্চাশৎপতিকে পাঠাইল, তাহাতে সে কহিল, হে ঈশ্বরের লোক, রাজা আজ্ঞা দিলেন, শীঘ্র নামিয়া আইস। ১২ এলিয় তাহাদিগকে উত্তর করিল, যদি আমি ঈশ্বরের লোক হই, তবে আকাশহইতে অগ্নি নামিয়া তোমাকে ও তোমার পঞ্চাশৎ লোককে দগ্ধ করুক; তাহাতে আকাশহইতে ঈশ্বরের অগ্নি নামিয়া তাহাকে ও তাহার পঞ্চাশৎ লোককে দগ্ধ করিল।

১৩ পরে রাজা তৃতীয় বার পঞ্চাশৎ লোকের সহিত এক পঞ্চাশৎপতিকে পাঠাইল; তাহাতে সেই তৃতীয় পঞ্চাশৎপতি যাত্রা করিয়া উপস্থিত হইয়া এলিয়ের সাক্ষাতে হাঁটু পাতিয়া বিনয়পূর্ব্বক কহিল, হে ঈশ্বরের লোক, আমি বিনয় করি, আমার প্রাণ এবং তোমার এই পঞ্চাশৎ দাসের প্রাণ তোমার দৃষ্টিতে বহুমূল্য হউক। ১৪ পূর্ব্বে আকাশহইতে অগ্নি নামিয়া পঞ্চাশৎ২ লোককে ও তাহাদের দুই সেনাপতিকে দগ্ধ করিল; কিন্তু ১৫ আমার প্রাণ তোমার দৃষ্টিতে বহুমূল্য হউক। তাহাতে পরমেশ্বরের দূত এলিয়কে কহিল, ইহার সহিত না১৬মিয়া যাও, ইহাকে ভয় করিও না; পরে এলিয় উঠিয়া তাহার সহিত রাজার নিকটে গেল। এবং সে রাজাকে কহিল, পরমেশ্বর এই কথা কহেন, কথা জিজ্ঞাসা করিতে ইস্রায়েল্ দেশে কি ঈশ্বর নাই? এই জন্যে তুমি কি ইক্রোণের বাল্‌সিবূব্ দেবতার কাছে জিজ্ঞাসা করিতে দূতগণকে পাঠাইলা? অতএব তুমি যে শয্যাগত † হইয়াছ, তাহাহইতে উঠিবা না, অবশ্য মরিবা।

১৭ পরে সে এলিয় প্রমুখাৎ পরমেশ্বরের বাক্যানুসারে মরিলে তাহার পুত্র না থাকাতে যিহূদার রাজা যিহোশাফটের পুত্র যোরামের অধিকারের দ্বিতীয় বৎসরে যোরাম্ তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল; এই অহসিয়ের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে কি লিখিত নাই?

২ অধ্যায়।

১ এলিয় ও ইলীশায়ের যাত্রা করণ ও নদী পার হওন ও কথোপকথন ও এলিয়ের স্বর্গারোহণ, ১২ ও ইলীশায়ের পুনরাগমন ও নদী পার হওন ও ভবিষ্যদ্বক্তৃগণদ্বারা মর্য্যাদা প্রাপ্ত হওন, ১৯ ও প্রথম আশ্চর্য্য ক্রিয়া, ২৩ ও দ্বিতীয় আশ্চর্য্য ক্রিয়া।

১ পরে পরমেশ্বর ঘূর্ণবায়ুদ্বারা এলিয়কে স্বর্গে লইতে উদ্যত হইলে, এলিয় ইলীশায়ের সহিত গিল্‌গল্‌হইতে ২ গেল। এবং এলিয় ইলীশায়কে কহিল, আমি বিনয় করি, তুমি এই স্থানে থাক, কেননা পরমেশ্বর আমাকে বৈথেল্ পর্য্যন্ত পাঠাইলেন; তাহাতে ইলীশায় উত্তর করিল, যদি পরমেশ্বর অমর হন, এবং তোমার প্রাণ সজীব হয়, তবে আমি তোমাকে ত্যাগ করিব না; ৩ অতএব তাহারা বৈথেলে গেল। তাহাতে ভবিষ্যদ্বক্তাদের শিষ্যগণ ‡ বৈথেল নিবাসি ইলীশায়ের নিকটে আসিয়া তাহাকে কহিল, অদ্য পরমেশ্বর তোমার সম্মুখহইতে ‖ তোমার প্রভুকে লইবেন, ইহা কি তুমি জান? সে ৪ কহিল, জানি; তোমরা নীরব হও। এলিয় তাহাকে কহিল, হে ইলীশায়, আমি বিনয় করি, তুমি এখানে থাক, কেননা পরমেশ্বর আমাকে যিরীহোতে পাঠাইলেন; তাহাতে সে কহিল, যদি পরমেশ্বর অমর হন, এবং তোমার প্রাণ সজীব হয়, তবে আমি তোমাকে ত্যাগ করিব ৫ না; অতএব তাহারা যিরীহোতে আইল। তখন যিরীহো নিবাসি ভবিষ্যদ্বক্তাদের শিষ্যগণ‡ ইলীশায়ের নিকটে আসিয়া কহিল, অদ্য পরমেশ্বর তোমার সম্মুখহইতে ‖ তোমার প্রভুকে লইবেন, ইহা কি তুমি জান? তাহাতে সে ৬ উত্তর করিল, জানি; তোমরা নীরব হও। পরে এলিয় তাহাকে কহিল, আমি বিনয় করি, তুমি এই স্থানে থাক, কেননা পরমেশ্বর আমাকে যর্দ্দনের পারে পাঠাইলেন; তাহাতে সে উত্তর করিল, যদি পরমেশ্বর অমর হন, এবং তোমার প্রাণ সজীব হয়, তবে আমি তোমাকে ৭ ত্যাগ করিব না। পরে তাহারা দুই জন অগ্রে গেল, এবং ভবিষ্যদ্বক্তাদের শিষ্যদের মধ্যে পঞ্চাশ জন ৮ যাইয়া দেখিতে সম্মুখে দাঁড়াইল। এবং এই দুই জন যর্দ্দনের তীরে দাঁড়াইলে এলিয় আপন গাত্রীয় বস্ত্র ধরিয়া যড় করিয়া জলকে প্রহার করিল; তাহাতে জল এদিগে ওদিগে বিভিন্ন হইলে তাহারা দুই জন শুষ্ক ভূমি ৯ দিয়া পার হইল। পার হইলে পর, এলিয় ইলীশায়কে কহিল, আমি তোমার নিকটহইতে নীত হওনের পূর্ব্বে

[৮] যিশ ২০; ২। য ৩; ৪॥—[১০] লূ ৯; ৫৪॥—[১৩] ১ শি ২৬; ২১॥—[১৭] ২ রা ৩; ১॥
[২ অধ্যা; ১] ১ রা ১৯; ২১॥—[২] রূ ১; ১৬,১৭॥—[৩] ১ শি ১৯; ২০। ১ রা ২০; ৩৫॥—[৪] প ২॥—[৬] প ২,৪॥—[৮] যা ১৪; ২১,২২। যি ৩; ১৩-১৬॥

* (বা) সেই মনুষ্যের কেমন আচরণ? † (ইব্রু) শয্যারূঢ়। ‡ (ইব্রু) পুত্রগণ। ‖ (ইব্রু) মস্তকহইতে॥

তোমার নিমিত্তে কি করিব? তাহা প্রার্থনা কর; তাহাতে ইলীশায় প্রার্থনা করিল, তোমার আত্মার * দুই অংশ ১০ আমাতে বর্ত্তুক, এই আমার প্রার্থনা। সে কহিল, যাহা প্রার্থনা করিলা তাহা দুঃসাধ্য; তথাপি যদি তোমার নিকটহইতে নীত হওন সময়ে আমাকে দেখ, তবে তোমার প্রতি তদ্রূপ বর্ত্তিবে; কিন্তু না দেখিলে বর্ত্তিবে ১১ না। তাহারা যাইতে২ এইরূপ কথা কহিতেছে, ইতি মধ্যে অগ্নিময় এক রথ ও অগ্নিময় অশ্ব আসিয়া তাহাদিগকে পৃথক করিল, এবং এলিয় ঘূর্ণবায়ুদ্বারা স্বর্গে আরোহণ করিল।

১২ তখন ইলীশায় তাহা দেখিয়া, হে আমার পিতঃ, হে আমার পিতঃ, ইস্রায়েলের রথ ও তাহার অশ্ব, ইহা উচ্চৈঃস্বরে কহিল, কিন্তু তাহাকে আর দেখিতে পাইল না; পরে সে আপন বস্ত্র ধরিয়া চিরিয়া দুই খান ১৩ করিল। এবং এলিয়হইতে যে গাত্রীয় বস্ত্র পতিত হইল, তাহা সে লইল, এবং ফিরিয়া যর্দ্দনের তীরে † দাঁড়া- ১৪ ইল। পরে সে এলিয়হইতে পতিত গাত্রীয় বস্ত্র লইয়া জল প্রহার করিয়া কহিল, এলিয়ের প্রভু পরমেশ্বর কোথায়? তিনি অবশ্য আছেন; তাহাতে তাহার জল প্রহারদ্বারা জল এদিগে ওদিগে বিভিন্ন হইলে ইলী- ১৫ শায় পার হইয়া গেল। তখন যিরীহো নিবাসি ভবিষ্যদ্বক্তৃগণের শিষ্যেরা ‡ সম্মুখে তাহা দেখিয়া কহিল, এলিয়ের আত্মা ইলীশায়েতে বর্ত্তিতেছে; পরে তাহারা তাহার সহিত সাক্ষাৎ করিতে যাইয়া ১৬ ভূমিতে দণ্ডবৎ হইল। এবং তাহারা তাহাকে কহিল, দেখ, তোমার দাস পঞ্চাশ বলবান লোক এখানে আছে; আমরা বিনয় করি, তাহারা তোমার প্রভুর অন্বেষণে যাউক, কি জানি, পরমেশ্বরের আত্মা তাহাকে উঠাইয়া কোন পর্ব্বতের উপরে কিম্বা কোন প্রান্তরে ১৭ ফেলিয়া দিয়া থাকে; সে কহিল, পাঠাইও না। তথাপি তাহারা পুনঃ২ কহিয়া লজ্জাদায়ক প্রবৃত্তি দিল; তাহাতে সে কহিল, পাঠাইয়া দেও; অতএব তাহারা পঞ্চাশ লোককে প্রেরণ করিলে তাহারা তিন দিন ১৮ পর্য্যন্ত অন্বেষণ করিয়া তাহাকে পাইল না। পরে তাহারা ফিরিয়া তাহার নিকটে আইলে সে তখন যিরীহোতে ছিল; সে কহিল, তোমরা যাইও না, এ কথা কি আমি তোমাদিগকে কহি নাই?

১৯ পরে নগরস্থ লোকেরা ইলীশায়কে কহিল, বিনয় করি, দেখ, এই নগরের স্থান রম্য বটে, ইহা আমাদের প্রভু দেখিতেছ, কিন্তু ইহার জল মন্দ ও ২০ ভূমি ফলনাশক। তাহাতে সে কহিল, আমার কাছে নূতন এক পাত্র আনিয়া তাহাতে লবণ দেও; পরে তাহা নিকটে আনীত হইলে সে জলের উনুইতে যাইয়া তাহাতে লবণ ফেলিয়া কহিল, পরমেশ্বর কহেন, আমি এ জল ভাল করিলাম, অদ্যাবধি ইহা ২১ মৃত্যুজনক ও বিনাশকারী হইবে না। পরে ইলী- ২২ শায়ের উক্ত বাক্যানুসারে অদ্য পর্য্যন্ত সেই জল ভাল হইল।

পরে সে তথাহইতে বৈথেলে গেল; তাহাতে ২৩ পথে যাইতেছে, এমত সময়ে নগরহইতে কতক ক্ষুদ্র বালকেরা আসিয়া তাহাকে নিন্দা করিয়া কহিল, হে টাকপড়া, আরোহণ কর, হে টাকপড়া, আরোহণ কর। তখন সে ফিরিয়া তাহাদের প্রতি দৃষ্টি করিয়া ২৪ পরমেশ্বরের নামে তাহাদিগকে শাপ দিল; তাহাতে বনহইতে দুই ভালূক আসিয়া তাহাদের বেয়াল্লিশ বালককে বিদীর্ণ করিল। পরে সে তথাহইতে কর্ম্মিল্ ২৫ পর্ব্বতে গেল, এবং তথাহইতে শোমিরোণে প্রত্যাগমন করিল।

৩ অধ্যায়।

১ যোরামের রাজত্বের কথা, ৪ ও মোয়াব্ রাজের ইস্রায়েলের অধীনতা ত্যাগ করণ, ৬ ও যোরাম্ ও যিহোশাফট্ ও ইদোমের রাজা জলাভাবে ক্লিষ্ট হইলে ইলীশায়দ্বারা জলের ও জয়ের প্রতিজ্ঞা পাওন, ২১ ও মোয়াবীয়দের পরাস্ত হওন, ২৬ ও মোয়াব্ রাজের আপন পুত্রকে বলিদান করণ ও ইস্রায়েল্ লোকের আপন দেশে ফিরিয়া যাওন।

১ যিহূদার রাজা যিহোশাফটের অধিকারের অষ্টাদশ বৎসরে আহাবের পুত্র যোরাম্ ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিয়া দ্বাদশ বৎসর পর্য্যন্ত ২ রাজত্ব করিল; এবং পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল; সে যদ্যপি আপন পিতা মাতার সদৃশ না হইয়া পিতার নির্ম্মিত বালের প্রতিমাকে দূর করিল, ৩ তথাপি নিবাটের পুত্র যে যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল, তাহার পাপেতে আসক্ত হইল, তাহা ত্যাগ করিল না।

৪ মোয়াব্ দেশের মেশা রাজা মেষাধিকারী ছিল, সে ইস্রায়েলের রাজাকে এক লক্ষ মেষবৎস ও এক লক্ষ ৫ সলোম মেষ কর দিত। কিন্তু আহাব্ মরিলে মোয়াবের রাজা ইস্রায়েলের রাজার অধীনতা ত্যাগ করিয়াছিল।

৬ সেই সময়ে যোরাম্ রাজা শোমিরোণের মধ্যহইতে যাইয়া সমুদয় ইস্রায়েল্ লোককে গণনা করিয়াছিল। ৭ এবং যিহূদার যিহোশাফট্ রাজের কাছে দূত পাঠাইয়া কহিয়াছিল, মোয়াবের রাজা আমার অধীনতা ত্যাগ করিল, অতএব তুমি কি আমার সঙ্গে মোয়াবীয়দের সহিত যুদ্ধ করিতে যাইবা? সে কহিল,

[১০] প ১২॥—[১১] ২ রা ৬; ১৭। অা ৫; ২৪। প্রে ১; ৯॥—[১২] ২ রা ১৩; ১৪। অা ১৮; ২৩-৩২॥—[১৪] প ৮॥ [১৫] প ৭॥—[১৬] ১ রা ১৮; ১২॥—[১৯] ১ রা ১৬; ৩৪॥—[২১] ২ রা ৪; ৪১। যা ১৫; ২৫॥—[২৩,২৪] গী ১২; ৬-৮॥ [৩ অধ্য; ১] ২ রা ১; ১৭॥—[২] ১ রা ১৬; ৩১,৩২॥—[৩] ১ রা ১২; ২৮-৩২॥—[৪] যিশ ১৬; ১॥—[৫] ২ রা ১; ১॥

* (বা) প্রধের। † (ইব্রু) অধরে। ‡ (ইব্রু) পুত্রগণ॥

যাইব, কেননা আমিও তোমার ন্যায়; যেমন তোমার লোক তেমন আমার লোক, ও যেমন তোমার অশ্ব তেমন আমারও অশ্ব আছে। ৮ সে জিজ্ঞাসিল, আমরা কোন্ পথ দিয়া যাইব? তাহাতে সে কহিল, ইদোম্ প্রান্তরের মধ্যদিয়া পথ। ৯ পরে ইস্রায়েলের রাজা ও যিহূদার রাজা ও ইদোমের রাজা যাত্রা করিয়া ঘুরিয়া সাত দিনের পথ গেল; তখন সৈন্য ও সৈন্যের পশ্চাদ্গামি পশুদের কারণ জল ছিল না। ১০ তাহাতে ইস্রায়েলের রাজা কহিল, হায় ২! মোয়াব লোকদের হস্তে সমর্পণ করিতে পরমেশ্বর এই তিন রাজাকে এক স্থানে একত্র করিলেন। ১১ কিন্তু যিহোশাফট কহিল, আমরা যাহাদ্বারা পরমেশ্বরের কাছে জিজ্ঞাসা করিতে পারি,এমত পরমেশ্বরের ভবিষ্যদ্বক্তা কি এখানে কেহ নাই? তাহাতে ইস্রায়েলের রাজার এক দাস কহিল, যে জন এলিয়ের হস্তে জল ঢালিত, শাফটের পুত্র সেই ইলীশায় এখানে আছে। ১২ যিহোশাফট্ কহিল, পরমেশ্বরের বাক্য তাহার মধ্যে আছে; পরে ইস্রায়েলের রাজা ও যিহোশাফট্ ও ইদোমের রাজা ইলীশায়ের কাছে গেল। ১৩ তখন এলীশায় ইস্রায়েলের রাজাকে কহিল, তোমার সহিত আমার সম্বন্ধ কি? তুমি আপন পিতার ভবিষ্যদ্বক্তাদের ও মাতার ভবিষ্যদ্বক্তাদের নিকটে যাও; তাহাতে ইস্রায়েলের রাজা কহিল, তাহা নয়, মোয়াব্ দেশীয়দের হস্তে সমর্পণ করিতে পরমেশ্বর এই তিন রাজাকে একত্র করিলেন। ১৪ ইলীশায় কহিল, আমি যে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের সাক্ষাতে দণ্ডায়মান আছি, তাঁহার অমরতার দিব্য করিতেছি, যদি যিহূদার যিহোশাফট্ রাজের কাছে আমার আদর না থাকিত, তবে আমি কখনো তোমার প্রতি দৃষ্টি করিতাম না, ও তোমাকে দেখিতাম না। ১৫ এখন আমার নিকটে এক তবল বাদ্যকারিকে আন; পরে বাদ্যকারী তবল বাজাইলে পরমেশ্বর ইলীশায়েতে আবির্ভূত হইলেন। ১৬ তাহাতে সে কহিল, পরমেশ্বর এই কথা কহেন, এই উপত্যকা খাতময় কর। ১৭ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা বায়ু দেখিবা না ও বৃষ্টি দেখিবা না, কিন্তু তোমাদের ও তোমাদের পশু ও জন্তুদের পানার্থে এই উপত্যকা জলেতে পূর্ণ হইবে। ১৮ ইহা পরমেশ্বরের দৃষ্টিতে অতি ক্ষুদ্র কথা; তিনি মোয়াবীয়দিগকে তোমাদের হস্তে সমর্পণ করিবেন। ১৯ তোমরা প্রাচীরবেষ্টিত প্রতি নগর ও প্রত্যেক উত্তম নগর উচ্ছিন্ন করিবা, ও প্রত্যেক উত্তম বৃক্ষ কাটিয়া ফেলিবা, ও কূপ সকল বুজাইবা, ও উর্ব্বরা ভূমি সকল খণ্ড প্রস্তরেতে বিনষ্ট করিবা। ২০ পরে প্রাতঃকালে বলি উৎসর্গ করণ সময়ে ইদোম্ দেশের পথ দিয়া জল আসিয়া দেশ পরিপূর্ণ করিল।

২১ পরে রাজগণ তাহাদের বিরুদ্ধে যুদ্ধ করিতে আইল, ইহা শুনিয়া মোয়াবীয় লোকেরা অস্ত্রধারণক্ষম * ও অন্যান্য লোকদিগকে একত্র † করিয়া দেশের সীমাতে দণ্ডায়মান হইল। ২২ অপর প্রত্যূষে মোয়াবীয়েরা উঠিলে সূর্য্য জলের উপরে চকমক করিল, তাহাতে অন্য পারে রক্তের ন্যায় রাঙ্গা জল দেখিল। ২৩ তাহাতে তাহারা কহিল, ইহা রক্ত; অবশ্য রাজগণ হত ‡ হইয়াছে; তাহারা মারামারি করিয়া মরিয়াছে; অতএব হে মোয়াবীয়েরা, তোমরা এখন লুট করিতে যাও। ২৪ পরে তাহারা ইস্রায়েলের শিবিরে উপস্থিত হইলে ইস্রায়েল্ লোকেরা উঠিয়া মোয়াবীয়দিগকে এমত প্রহার করিল, যে তাহারা তাহাদের সম্মুখহইতে পলায়ন করিল; পরে তাহাদের দেশের মধ্যেও মোয়াবীয়দিগকে মারিতে ২ তাহাদের পশ্চাদ্গমন করিল। ২৫ তাহারা সকল নগর ভাঙ্গিল, ও প্রত্যেক জন প্রত্যেক উর্ব্বরা ভূমিতে প্রস্তর ফেলিয়া তাহা পরিপূর্ণ করিল; ও সকল সজল কূপ বুজাইল ও উত্তম ২ বৃক্ষ সকল কাটিয়া ফেলিল; কেবল কীর্হেরসের প্রাচীর রাখিল, তাহাতে ফিঙ্গাধারিরা তাহার চতুর্দ্দিগে যাইয়া তাহা আক্রমণ করিল।

২৬ অপর আপনার অসহ্য যুদ্ধ হইতেছে, ইহা দেখিয়া মোয়াবের রাজা ইদোমের রাজার নিকটে ভেদ করিয়া যাইবার জন্যে সাত শত অস্ত্রধারিকে আপনার সঙ্গে লইল; কিন্তু তাহারা পারিল না। ২৭ পরে তাহার রাজপদে অভিষেচনীয় আপন জ্যেষ্ঠ পুত্রকে লইয়া ভিত্তির উপরে হোম করিল, তাহাতে ইস্রায়েলের বিরুদ্ধে অতিশয় ক্রোধ উৎপন্ন হইল; পরে তাহারা তাহার নিকটহইতে যাত্রা করিয়া আপন দেশে ফিরিয়া গেল।

৪ অধ্যায়।

১ বিধবার তৈল বৃদ্ধি করণ ৮ ও শূনেমীয়া স্ত্রীকে পুত্রের দেওন ১৮ ও পুত্র মৃত হইলে তাহাকে পুনর্জীবন দেওন ৩৮ ও গিলগলে প্রাণনাশক ব্যঞ্জনকে ভাল করণ ৪২ ও অল্প খাদ্য দ্বারা অনেক লোককে ভোজন করাওন।

১ ভবিষ্যদ্বক্তাদের শিষ্যদের ‖ এক স্ত্রী ইলীশায়কে উচ্চৈঃস্বরে কহিল, তোমার দাস আমার স্বামী মরিয়াছে, সে পরমেশ্বরকে ভয় করিত, তাহা তুমি জ্ঞাত আছ; এখন উত্তমর্ণ আমার দুই পুত্রকে আপনার দাস করিতে আসিতেছে। ২ ইলীশায় জিজ্ঞাসিল, আমি তোমার নিমিত্তে কি করিব? তাহা কহ; তোমার গৃহে কি আছে? সে কহিল, এক পাত্র তৈল ব্যতিরেকে তোমার দাসীর গৃহে আর কিছুই নাই। ৩ তখন সে কহিল,

[৭] ১ রা ২২; ৪॥—[১১] ১ রা ২২; ৭॥—[১৩] যিহি ১৪; ৩। বি ১০; ১৪। যিশ ৪৭; ১২। ১ রা ১৮; ১৯॥
[১৫] ১ শি ১০; ৫॥—[২০] গ ২৮; ৪॥—[২৫] যিশ ১৬; ৭,১১॥—[২৭] লে ১৮; ২১। আম ২; ১॥
[৪ অধ্য; ১] লে ২৫; ৩৯॥

* (বা) কটিবন্ধন ক্ষম। † (বা) আহ্বান। ‡ (বা) নষ্ট। ‖ (ইব্রি) পুত্রগণের।

গৃহে যাও, আপন তাবৎ প্রতিবাসির নিকটহইতে
৪ শূন্য পাত্র চাহিয়া আন, অল্প আনিও না। এবং
গৃহের ভিতরে যাইয়া তোমার ও তোমার পুত্রদের
পশ্চাৎ দ্বার রুদ্ধ কর, এবং তৈল সেই সকল পাত্রে
ঢাল; তাহাতে যে২ পাত্র পূর্ণ হয়, তাহা এক দিগে
৫ রাখ। অপর সে তাহার নিকটহইতে গেল, এবং
তাহার পুত্রগণ পাত্র আনিলে, তাহাদের ও আপনার
৬ পশ্চাদ্ দ্বার রুদ্ধ করিয়া ঢালিতে লাগিল। এবং সকল
পাত্র পূর্ণ হইলে সে আপন পুত্রকে কহিল, আর পাত্র
আন; তাহাতে পুত্র কহিল, আর পাত্র নাই; অতএব
৭ তৈল আর বাড়িল না। পরে সে যাইয়া ঈশ্বরের
লোককে সমাচার দিল; তাহাতে সে কহিল, যাইয়া
তৈল বিক্রয় করিয়া ঋণ পরিশোধ কর, * এবং অব-
শিষ্টেতে তুমি ও তোমার পুত্রগণ প্রাণ ধারণ কর।

৮ অপর এক দিন ইলীশায় শূনেমে গেলে তথাকার
এক ধনবতী স্ত্রী বিনয়পূর্ব্বক তাহাকে ভোজনের নিমন্ত্রণ
করিল †; পরে সে যতবার সেই পথ দিয়া গেল,
৯ ততবার ভোজনার্থে সেই স্থানে গেল। অনন্তর সে
স্ত্রী আপন স্বামিকে কহিল, দেখ, এই যে জন আমাদের
নিকট দিয়া নিত্য যাতায়াত করে, আমার বোধ
১০ হয়, সে ঈশ্বরের পবিত্র লোক। অতএব আইস,
আমরা তাহার নিমিত্তে ভিত্তির উপরে এক ক্ষুদ্র কুঠরী
নির্ম্মাণ করি, এবং তাহার মধ্যে এক খট্টা ও এক মেজ
ও এক আসন ও এক দীপবৃক্ষ রাখি, সে আমাদের
১১ এখানে আইলে সেই স্থানে যাইবে। এক দিন ইলী-
শায় সেখানে গিয়া সেই কুঠরীতে প্রবেশ করিয়া
১২ শয়ন করিল। পরে আপন দাস গেহসিকে কহিল,
তুমি শুনেমীয়াকে ডাক; তাহাতে সে তাহাকে ডাকিলে
১৩ সেই স্ত্রী তাহার সম্মুখে দাঁড়াইল। তখন ইলীশায়
গেহসিকে কহিল, তমি তাহাকে কহ, দেখ, তুমি আমা-
দের নিমিত্তে এই সকল চিন্তা করিলা; এখন তোমার
নিমিত্তে কি কর্ত্তব্য? তোমার নিমিত্তে রাজার কিম্বা
সেনাপতির নিকটে কিছু প্রার্থিত হইবে? সে উত্তর
করিল, আমি আপন লোকদের মধ্যে বিশ্রাম করি-
১৪ তেছি। পরে ইলীশায় কহিল, তাহার জন্যে কর্ত্তব্য
কি? তাহাতে গেহসি কহিল, তাহার পুত্র মাত্র নাই;
১৫ এবং স্বামীও বৃদ্ধ হইয়াছে। ইলীশায় কহিল, তুমি
তাহাকে ডাক; তাহাতে তাহাকে ডাকিলে সে দ্বারে
১৬ দাঁড়াইল। তখন ইলীশায় কহিল, এক বৎসরের পর
এই ঋতুতে তুমি পুত্রকে ক্রোড়ে করিবা; কিন্তু সে
কহিল, হে আমার প্রভো, হে ঈশ্বরের লোক, না, না;
১৭ আপন দাসীর প্রতি মিথ্যা কথা কহিও না। পরে সেই
স্ত্রী গর্ব্ভধারণ করিয়া ইলীশায়ের বাক্যানুসারে সম্বৎ-
সরের পর সেই ঋতুতে পুত্র প্রসব করিল।

পরে সেই বালক ক্রমশ বৃদ্ধি পাইলে এক দিন আ- ১৮
পন পিতার নিকটে শস্যচ্ছেদকদের মধ্যে যাইয়া,
হায় আমার মাথা! হায় আমার মাথা! আপন ১৯
পিতার প্রতি এই কথা কহিল; তাহাতে সে এক যুব
দাসকে কহিল,ইহার মাতার কাছে ইহাকে লইয়া যাও।
পরে সে তাহাকে উঠাইয়া তাহার মাতার কাছে তাহাকে ২০
লইয়া গেল; বালক মধ্যাহ্নকাল পর্য্যন্ত মাতার উরুতে
বসিয়া মরিল। তখন সে তাহাকে লইয়া যাইয়া ঈশ্ব- ২১
রের লোকের খট্টাতে শয়ন করাইয়া দ্বার রুদ্ধ করিয়া
বাহিরে আইল। এবং আপন স্বামিকে কহিয়া পাঠা- ২২
ইল, আমি বিনয় করি, তুমি যুবদের এক জনকে ও এক
গর্দ্দভকে আমার কাছে পাঠাইয়া দেও, আমি ঈশ্বরের
লোকের কাছে শীঘ্র যাইয়া ফিরিয়া আসিব। তাহাতে ২৩
সে কহিল, তুমি অদ্য তাহার নিকটে কেন যাইবা?
অদ্য অমাবস্যা নয়, ও বিশ্রামদিন নয়; সে কহিল,
মঙ্গল হইবে। পরে সে গর্দ্দভ সাজাইয়া আপন দাসকে ২৪
কহিল, তুমি গর্দ্দভী চালাইয়া চল, আজ্ঞা না পাইয়া
আমার গমন শিথিল করিও না। অপর সে যাইয়া ২৫
কর্ম্মিল্ পর্ব্বতে ঈশ্বরের লোকের নিকটে উপস্থিত
হইল; তখন ঈশ্বরের লোক দূরহইতে তাহাকে দেখিয়া
আপন দাস গেহসিকে কহিল,ঐ দেখ,শূনেমীয়া। এখন ২৬
বিনয় করি,তুমি তাহার সহিত সাক্ষাৎ করিতে শীঘ্র যাও,
এবং তোমার মঙ্গল আছে? ও তোমার স্বামির মঙ্গল
আছে? ও তোমার বালকের মঙ্গল আছে? ইহা জিজ্ঞাসা
কর; পরে সে উত্তর করিল,মঙ্গল আছে। কিন্তু পর্ব্বতে ২৭
ঈশ্বরের লোকের কাছে উপস্থিত হওন সময়ে তাহার
পা ধরিল; তাহাতে গেহসি তাহাকে ঠেলিয়া দিতে নি-
কটে আইলে ঈশ্বরের লোক কহিল, উহাকে থাকিতে
দেও, উহার অন্তঃকরণ শোকাকুল আছে, পরমেশ্বর
আমাকে তাহা গোপন করিলেন, আমাকে জানাইলেন
না। তখন সেই স্ত্রী কহিল, আমি আপন প্রভুর কাছে ২৮
কি পুত্র চাহিলাম? এবং আমাকে প্রতারণা করিও না,
এ কথা কি কহিলাম না? তখন ইলীশায় গেহসিকে ২৯
কহিল, তুমি কটিবন্ধন করিয়া হস্তে আমার এই যষ্টি
লইয়া প্রস্থান কর; তাহাতে কাহারো সহিত সাক্ষাৎ
হইলে তাহাকে নমস্কার করিও না, ও কেহ নমস্কার
করিলে তাহাকে উত্তর দিও না; সেই বালকের মুখের
উপরে আমার এই যষ্টি রাখ। বালকের মাতা কহিল, ৩০
পরমেশ্বর যদি অমর হন এবং তোমার প্রাণ যদি
সজীব হয়, তবে তোমাকে ত্যাগ করিব না; পরে সে
উঠিয়া তাহার পশ্চাৎ২ গেল। ইতিমধ্যে গেহসি ৩১
তাহাদের অগ্রে২ যাইয়া বালকের মুখে যষ্টি রাখিল,
তথাপি শব্দ কি তাহার চেতনা ‡ হইল না; অতএব
গেহসি তাহার সহিত সাক্ষাৎ করিতে ফিরিয়া যাইয়া

[৫,৬] ১ রা ১৭; ১৬॥—[৮] যি ১৯; ১৮॥—[১৬] আ ১৮; ১০,১৪॥—[২৩] গ ২৮; ৯,১১॥—[২৫] ২ রা ২; ২৫॥
[২৮] প ১৬॥—[২৯] লূ ১০; ৪॥

* (বা) উত্তমর্ণকে দেও। † (ইব্রী) ধরিল। ‡ (ইব্রী) শ্রবণ।

৩২ তাহাকে কহিল, বালকের চেতনা হয় নাই। পরে ইলীশায় গৃহে আসিয়া বালককে মৃত ও শয্যাতে ৩৩ শোয়ান দেখিল। অতএব সে প্রবেশ করিয়া দ্বার ৩৪ রুদ্ধ করিয়া পরমেশ্বরের কাছে প্রার্থনা করিল। এবং যাইয়া বালকের উপরে শয়ন করিয়া তাহার মুখের উপরে আপন মুখ ও চক্ষুর উপরে আপন চক্ষু ও হস্তের উপরে আপন হস্ত দিল, এবং বালকের উপরে আপনি লম্বমান হইল; তাহাতে বালকের গাত্রে তাপ ৩৫ পাইতে লাগিল। পরে সে নামিয়া গৃহে ইতস্ততো ভ্রমণ করিল, এবং উপরে যাইয়া তাহার গাত্রে পুনর্ব্বার লম্বমান হইল, তাহাতে বালক সাত বার হাঁছিল ৩৬ ও চক্ষু উন্মীলন করিল। তখন সে গেহসিকে ডাকিয়া কহিল, তুমি শূনেমীয়াকে ডাক; সে তাহাকে ডাকিলে শূনেমীয়া তাহার নিকটে আইল; তাহাতে সে ৩৭ কহিল, তুমি আপন পুত্রকে লও। তখন সে ভিতরে যাইয়া ভূমিষ্ঠ হইয়া তাহার পদতলে পড়িয়া প্রণাম করিল, এবং আপন পুত্রকে তুলিয়া লইয়া বাহিরে গেল।

৩৮ পরে ইলীশায় পুনর্ব্বার গিল্‌গলে গেল; সেই সময়েও দেশে দুর্ভিক্ষ ছিল, এবং ভবিষ্যদ্বক্তাদের শিষ্যগণ তাহার সম্মুখে বসিলে সে আপন দাসকে আজ্ঞা দিল, বড় পাত্র চড়াইয়া এই ভবিষ্যদ্বক্তাদের শিষ্যগণের ৩৯ জন্যে শাক পাক কর। তখন তাহাদের এক জন শাক আনিতে ক্ষেত্রে গেল, এবং ইন্দ্রবারুণি লতা পাইয়া তাহার ফলেতে বস্ত্র পূর্ণ করিয়া আনিয়া তাহা কুটিয়া পাক- ৪০ স্থালীতে দিল, কিন্তু তাহা কি, তাহারা চিনিত না। পরে লোকদের ভোজনার্থে পরিবেশন করিলে তাহারা শাক ভোজন করিতে ২ উচ্চৈঃস্বরে কহিল, হে ঈশ্বরের লোক, পাকস্থালীতে মৃত্যু আছে: তাহারা তাহা ভোজন করিতে ৪১ পারিল না। তখন সে কহিল, কিছু ময়দা আন; পরে সে পাকস্থালীতে তাহা ফেলিয়া কহিল, লোকদের জন্যে পরিবেশন কর, তাহারা তাহা ভোজন করুক; তাহাতে পাকস্থালীতে কিছুই মন্দ থাকিল না।

৪২ পরে এক লোক বাল্‌-শালিশাহইতে প্রথম শস্যের রুটি অর্থাৎ যবের বিংশতি রুটি ও ঝুলিতে শস্যের পূর্ণশীষ পরমেশ্বরের লোকের জন্যে আনিলে ইলীশায় কহিল, ইহা লোকদিগকে দেও, তাহারা ভো- ৪৩ জন করুক। তাহাতে তাহার পরিচারক কহিল, আমি কি এক শত লোককে ইহা পরিবেশন করিব? সে আরবার কহিল, তাহা লোকদিগকে দেও, তাহারা ভোজন করুক; পরমেশ্বর কহিতেছেন, তাহারা ভো- ৪৪ জন করিলেও তাহার কিছু অবশিষ্ট থাকিবে। অতএব সে তাহাদের সম্মুখে তাহা রাখিলে তাহারা সকলে ভোজন করিলেও পরমেশ্বরের বাক্যানুসারে অবশিষ্ট থাকিল।

৫ অধ্যায়।

১ কুষ্ঠরোগহইতে মুক্তি পাইতে নামানের শোমিরোণে গমন ৮ ও যর্দ্দন নদীতে সাত বার স্নান করিতে ইলীশায়ের আজ্ঞা ১৫ ও মুক্তি প্রযুক্ত নামানের দত্ত ওপঢৌকন গ্রহণ করিতে ইলীশায়ের অস্বীকার ২০ ও ওপঢৌকন লওয়াতে গেহসির কুষ্ঠ হওন।

১ অরামের রাজার নামান্‌ নামক এক সেনাপতি ছিল, তাহাদ্বারা পরমেশ্বর অরামীয়দিগকে জয়যুক্ত করিয়াছিলেন, এই জন্যে সে আপন প্রভুর সাক্ষাতে মহান্‌ ও সম্মানিত ছিল, এবং বীর * ছিল, কিন্তু কুষ্ঠ- ২ রোগী ছিল। এক সময়ে অরামীয় লোকেরা দলে ২ গমন করিয়া ইস্রায়েল্‌ দেশহইতে এক বন্দি বালিকাকে আনিল, এবং সে নামানের স্ত্রীর পরিচারিকা হইল †। ৩ সে আপন কর্ত্রীকে কহিল, আহা! যদি আমার প্রভু শোমিরোণস্থ ভবিষ্যদ্বক্তার সঙ্গী হইতেন, তবে সে ৪ তাহাকে কুষ্ঠহইতে মুক্ত করিত। পরে এক জন ভিতরে যাইয়া আপন প্রভুকে কহিল, ইস্রায়েল্‌ দেশহইতে ৫ আনীতা বালিকা এমন ২ কথা কহে। তাহাতে অরামের রাজা কহিল, তুমি সেখানে চলিয়া যাও, আমি ইস্রায়েলের রাজার কাছে পত্র পাঠাই; তখন সে আপনার হস্তে দশ কিক্কর রূপা ও ছয় সহস্র স্বর্ণমুদ্রা ও ৬ দশ যোড়া বস্ত্র লইয়া প্রস্থান করিল। সে ইস্রায়েলের রাজার কাছে যে পত্র লইয়া গেল, তাহাতে এই রূপ লিখিত ছিল, এই পত্রের উপস্থিত হওন সময়ে দেখ, আমার প্রেরিত দাস নামান উপস্থিত হইবে ‡; তুমি ৭ তাহার কুষ্ঠরোগ সুস্থ করিবা। পরে ইস্রায়েলের রাজা ঐ পত্র পাঠ করিয়া আপন বস্ত্র চিরিয়া কহিল, মারিতে ও বাঁচাইতে পারি? আমি কি ঈশ্বর, যে এই মনুষ্য এক জনের কুষ্ঠ ভাল করিতে তাহাকে আমার কাছে পাঠাইয়া দেয়? বিনয় করি, তোমরা বিবেচনা করিয়া দেখ, সে কি রূপে আমার সহিত বিরোধের ছল চেষ্টা করিতেছে।

৮ পরে ইস্রায়েলের রাজা বস্ত্র চিরিয়াছে, এই কথা শুনিয়া ঈশ্বরের লোক ইলীশায় রাজার কাছে এই কথা কহিয়া পাঠাইল, তুমি কেন আপন বস্ত্র চিরিলা? সে আমার কাছে আইসুক; তাহাতে ইস্রায়েলের মধ্যে ৯ এক ভবিষ্যদ্বক্তা আছে, ইহা জ্ঞাত হইবে। অতএব নামান্‌ আপন অশ্ব ও রথের সহিত আসিয়া ইলীশায়ের ১০ গৃহের দ্বারে দণ্ডায়মান হইল। তাহাতে ইলীশায় এক দূত পাঠাইয়া তাহাকে কহিল, তুমি যাইয়া যর্দ্দন্‌ নদীতে সাত বার স্নান কর, তাহাতে তোমার গাত্রে পুনর্ব্বার

[৩২-৩৭] ১ রা ১৭; ১৯-২৩ ॥—[৩৭] ২ রা ৮; ১,৫ ॥—[৩৮] ২; ১। ৮; ১॥—[৪১] ২; ২০,২১ ॥—[৪২] ১ শি ৯; ৪, ৭। গী ১৮; ১২। গাল ৬; ৬॥—[৪৩] যো ৬; ৫-১৩॥

[৫ অধ্যা; ১] লূ ৪; ২৭॥—[৫] ১ শি ৯; ৭। ২ রা ৮; ৮,৯ ॥—[৭] দ্বি ৩২; ৩৯। ১ শি ২; ৬॥—[১০] যো ৯; ৭॥

* (ইব্রি) বীর্য্যে বা সৈন্যে বীর। † (ইব্) সম্মুখে ছিল। ‡ (ইব্রি) পাঠাইতেছি।

১১ নূতন মাংস হইবে, ও তুমি শুচি হইবা। কিন্তু নামান্ ক্রুদ্ধ হইয়া চলিয়া গেল, এবং কহিল, আমি ভাবিলাম*, সে বাহির হইয়া আমার নিকটে আসিয়া অবশ্য দাঁড়াইবে, ও আপন প্রভু পরমেশ্বরের নামে প্রার্থনা করিয়া কুষ্ঠ স্থানে হস্ত বুলাইয়া কুষ্ঠ ভাল ১২ করিবে। দম্মেষকের অবানা ও পর্পর নদী কি ইস্রায়েলের সকল নদীহইতে ভাল নয়? আমি কি তাহাতে স্নান করিয়া শুচি হইতে পারিতাম না? এই রূপে ১৩ ক্রোধ করিয়া ফিরিয়া গেল। পরে তাহার দাসেরা নিকটে আসিয়া তাহাকে কহিল, হে আমাদের পিতঃ, ভবিষ্যদ্বক্তা যদি কোন মহৎকর্ম্ম করিতে তোমাকে আজ্ঞা করিত, তবে তুমি কি তাহা করিতা না? কিন্তু স্নান করিয়া শুচি হও, এই আজ্ঞা দিলে, তুমি কি ১৪ করিবা না? তখন সে যাইয়া ঈশ্বরের লোকের আজ্ঞানুসারে যর্দ্দন্ নদীতে সাত বার অবগাহন করিল, তাহাতে ক্ষুদ্র বালকের ন্যায় তাহার নূতন মাংস হইল, ও সে শুচি হইল।

১৫ পরে নামান্ আপন সঙ্গি লোকদের সহিত ফিরিয়া ঈশ্বরের লোকের কাছে আসিয়া তাহার সম্মুখে দাঁড়াইয়া কহিল, দেখ, ইস্রায়েলের মধ্য ব্যতিরেকে পৃথিবীতে সত্য ঈশ্বর নাই, ইহা এখন আমি জ্ঞাত হইলাম; অতএব বিনয় করি, আপন দাসের কিছু উপ১৬ ঢৌকন গ্রহণ কর। কিন্তু সে কহিল, আমি যাহার সম্মুখে দণ্ডায়মান আছি, সেই পরমেশ্বর যদি অমর হন, তবে আমি কিছু গ্রহণ করিব না; তাহাতে সে তাহা গ্রহণ করিতে তাহাকে অনেক বিনয় করিল, তথাপি সে অস্বী১৭ কার করিল। পরে নামান্ কহিল, বিনয় করি, দুই অশ্বতরের ভার মৃত্তিকা কি তোমার দাসকে দিবা না? কেননা অদ্যাবধি তোমার দাস পরমেশ্বর ব্যতিরেকে কোন দেবতার উদ্দেশে হোম কিম্বা বলিদান করিবে না। ১৮ কেবল ইহাতে পরমেশ্বর তোমার দাসকে ক্ষমা করুণ; আমার প্রভু পূজার্থে রিম্মোনের মন্দিরে প্রবেশ করণ সময়ে আমার হস্তে নির্ভর দিলে আমি রিম্মোনের মন্দিরে প্রণাম করি; অতএব রিম্মোনের মন্দিরে প্রণাম করণ বিষয়ে পরমেশ্বর আপন দাসকে ক্ষমা ১৯ করুণ। তাহাতে ইলীশায় তাহাকে কহিল, তুমি কুশলে যাও; তাহাতে সে প্রস্থান করিয়া কিছু পথ† গমন করিল।

২০ অপর ঈশ্বরের লোক ইলীশায়ের দাস গেহসি মনে২ কহিল, এই অরামীয় নামান্ যাহা আনিল, তাহার হস্তহইতে তাহা গ্রহণ না করিয়া আমার প্রভু তাহাকে ক্ষমা করিলেন; কিন্তু পরমেশ্বর যদি অমর হন, তবে আমি তাহার পশ্চাৎ২ দৌড়িয়া তাহাহইতে কিছু গ্রহণ ২১ করিব। পরে গেহসি নামানের পশ্চাৎ গমন করিলে নামান্ আপন পশ্চাতে তাহাকে দৌড়িতে দেখিয়া তাহার সহিত সাক্ষাৎ করণার্থে রথহইতে নামিয়া জিজ্ঞাসিল, কি সকল মঙ্গল? তাহাতে সে কহিল, সকল মঙ্গল; ২২ আমার প্রভু এই কথা কহিতে আমাকে পাঠাইলেন, এইক্ষণে ইফ্রয়িম্ পর্ব্বতহইতে ভবিষ্যদ্বক্তাদের দুই জন শিষ্য আসিয়াছে; আমি বিনয় করি, তাহাদিগকে এক কিক্কর রূপা ও দুই যোড়া বস্ত্র দেও। তাহাতে ২৩ নামান্ কহিল, অনুগ্রহ করিয়া দুই কিক্কর রূপা লও; পরে সে তাহাকে সাধ্যসাধনা করিলে সে দুই যোড়া বস্ত্রের সহিত দুই থৈলাতে দুই কিক্কর রূপা বান্ধিয়া দুই দাসকে দিলে, তাহারা অগ্রে২ বহিয়া চলিল। পরে ২৪ উপপর্ব্বতে‡ উপস্থিত হইলে সে তাহাদের হস্তহইতে তাহা লইয়া গৃহে রাখিল, এবং সেই লোকদিগকে বিদায় করিলে তাহারা প্রস্থান করিল। পরে গেহসি ২৫ ভিতরে যাইয়া আপন প্রভুর অগ্রে দাঁড়াইলে ইলীশায় তাহাকে কহিল, হে গেহসি, তুমি কোথাহইতে আইলা? সে কহিল, তোমার দাস কোন স্থানে|| যায় নাই। কিন্তু সে তাহাকে কহিল, সেই মানুষ তোমার সহিত ২৬ সাক্ষাৎ করিতে রথহইতে নামিয়া আইলে আমার মন কি তোমার সঙ্গে যায় নাই? রূপ্য ও বস্ত্র ও জিতবৃক্ষ ও দ্রাক্ষাক্ষেত্র ও মেষগণ ও গোপাল ও দাস দাসী লইবার সময় কি এই? অতএব নামানের সেই ২৭ কুষ্ঠরোগ তোমাতে ও তোমার বংশেতে চিরকাল থাকুক; তাহাতে গেহসি বরফের ন্যায় কুষ্ঠগ্রস্ত হইয়া তাহার নিকটহইতে প্রস্থান করিল।

৬ অধ্যায়।

১ ইলীশায়ের কুড়ালির ফলা ভাষাওন ৮ ও অরামীয় রাজার পরামর্শ ইস্রায়েল্ রাজাকে জ্ঞাত করণ ১৩ ও অরামীয় সৈন্যগণকে অন্ধ করণ ১৯ ও শোমিরোণে তাহাদিগকে লইয়া যাইয়া ভোজন করাইয়া বিদায় করণ ২৪ ও দুর্ভিক্ষ ২৬ ও দুই স্ত্রীলোকের আপন বালক ভোজন করণ ৩০ ও ইলীশায়কে বধ করিতে রাজার চেষ্টা করণ।

১ পরে ভবিষ্যদ্বক্তাদের শিষ্যেরা § ইলীশায়কে কহিল, এখন আমরা তোমার সঙ্গে যে স্থানে বাস করি, এ স্থান ২ সঙ্কীর্ণ। এ কারণ বিনয় করি, আমরা যর্দ্দনের কূলে যাইয়া প্রত্যেক জন তথাহইতে এক২ কড়িকাষ্ঠ লইয়া আপনাদের জন্যে সেই স্থানে বাসস্থান প্রস্তুত করি, ৩ তাহাতে সে কহিল, যাও। পরে আর এক জন কহিল, আমি বিনয় করি, তুমি অনুগ্রহ করিয়া আপন দাসদের সহিত চল; তাহাতে সে কহিল, আমি যাইব। ৪ সে তাহাদের সহিত গেলে, তাহারা যর্দ্দনের নিকটে ৫ উপস্থিত হইয়া কাষ্ঠ ছেদন করিল। এক জন কড়িকাষ্ঠ ছেদন করিতেছিল, ইতিমধ্যে কুড়ালির বাঁট ফলার

[১৪] যুব ৩০; ২৫। লূ ৪; ২৭॥—[১৫] দা ২; ৪৭। ৩; ২৯॥—[১৬] অা ১৪; ২২,২৩। দা ৫; ১৭॥—[১৮] ২ রা ৭; ২,১৭॥—[২৭] প্রে ৫; ৩,৬,৯, ১০॥

* (ইব্রী) কহিলাম। † (ইব্রী) ভূমি। ‡ (বা) দুর্গে। || (ইব্রী) এই স্থানে বা ও স্থানে। § (ইব্রী) পুত্রগণ॥

সহিত জলে পড়িল, তাহাতে সে উচ্চৈঃস্বরে কহিল, ৬ হায় ২! হে প্রভো, তাহা ঋণবস্তু। তখন ঈশ্বরের লোক জিজ্ঞাসিল, তাহা কোথায় পড়িল? পরে সে তাহাকে সেই স্থান দেখাইলে ইলীশায় এক কাষ্ঠ কাটিয়া সেই ৭ স্থানে ফেলিল, তাহাতে লৌহ ভাষিয়া উঠিল। তখন ইলীশায় তাহাকে কহিল, তাহা আপনার কাছে লও; তাহাতে সে হস্ত বিস্তার করিয়া তাহা লইল।

৮ সেই সময়ে অরামের রাজা ইস্রায়েল্ লোকদের সহিত যুদ্ধ করিতে২ আপন দাসদের সহিত মন্ত্রণা করিয়া কহিল, আমি অমুক২ স্থানে শিবির স্থাপন করিব। ৯ তাহাতে ঈশ্বরের লোক ইস্রায়েলের রাজার কাছে কহিয়া পাঠাইল, সাবধান, অমুক স্থানের উপেক্ষা করিও ১০ না, সে স্থানে অরামীয়েরা আসিতেছে। তাহাতে ঈশ্বরের লোক যে স্থানের বিষয়ে সমাচার দিয়া সাবধান করিয়াছে, সেই স্থানে ইস্রায়েলের রাজা দূত পাঠাইয়া আপনাকে রক্ষা করিত, এমত অনেক বার * করিত। ১১ অতএব এ বিষয়ে অরামের রাজার মন উদ্বিগ্ন হইলে সে আপন দাসদিগকে ডাকিয়া কহিল, আমাদের মধ্যে ইস্রায়েলের রাজার পক্ষীয় লোক কে আছে? ১২ তাহা কি তোমরা আমাকে কহিবা না? তখন তাহার এক দাস কহিল, হে আমার প্রভো রাজন্, কেহ নাই, কিন্তু ইস্রায়েলীয় ইলীশায় ভবিষ্যদ্বক্তা তোমার শয়নস্থানস্থ মন্ত্রণাও ইস্রায়েলের রাজাকে জ্ঞাত করে।

১৩ সে কহিল, তোমরা যাইয়া তাহার বাসস্থান অনুসন্ধান কর, আমি লোক পাঠাইয়া তাহাকে আনিব, পরে দেখ, সে দোথনে আছে, এ কথা কেহ তাহাকে ১৪ কহিলে, সে অশ্বগণ ও রথ ও মহাসৈন্য † সেখানে পাঠাইল: তাহাতে তাহারা রাত্রিতে আসিয়া সেই ১৫ নগর বেষ্টন করিল। পরে প্রত্যূষে ঈশ্বরের লোকের দাস উঠিয়া বাহিরে গেলে অশ্বগণ ও রথ ও মহাসৈন্যদল নগর বেষ্টন করিয়া আছে, ইহা দেখিয়া সে দাস ১৬ তাহাকে কহিল, হায়২ প্রভো! আমরা কি করিব? সে কহিল, ভয় করিও না, তাহাদের সঙ্গি লোকহইতে ১৭ আমাদের সঙ্গি লোকেরা অধিক আছে। তখন ইলীশায় প্রার্থনা করিয়া কহিল, হে পরমেশ্বর, আমি বিনয় করি, সে যেন দেখিতে পায়, তাহার চক্ষু প্রকাশ কর; তাহাতে পরমেশ্বর সেই যুবার চক্ষু প্রকাশ করিলে সে আলোচনা করিয়া ইলীশায়ের চতুর্দ্দিগে পর্ব্বতকে ১৮ অগ্নিময় অশ্ব ও রথেতে পরিপূর্ণ দেখিল। পরে সৈন্যগণ তাহার নিকটে আইলে ইলীশায় পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিয়া কহিল, আমি বিনয় করি, এই লোকদিগকে অন্ধ কর; তাহাতে তিনি ইলীশায়ের বাক্যানুসারে তাহাদিগকে অন্ধ করিলেন।

১৯ পরে ইলীশায় কহিল, এই পথ নয় ও এই নগর নয়, আমার পশ্চাতে আইস; যে মনুষ্যের অন্বেষণ কর, তাহার নিকটে আমি তোমাদিগকে লইয়া যাইব; কিন্তু সে তাহাদিগকে শোমিরোণে লইয়া গেল। ২০ তাহারা শোমিরোণে প্রবিষ্ট হইলে, ইলীশায় কহিল, হে পরমেশ্বর, এই লোকেরা যেন দেখিতে পায়, ইহাদের চক্ষু প্রকাশ কর; তাহাতে পরমেশ্বর তাহাদের চক্ষু প্রকাশ করিলে তাহারা দেখিতে পাইল, এবং শোমিরোণের মধ্যে আছি, ইহা দেখিল। ২১ অপর ইস্রায়েলের রাজা তাহাদিগকে দেখিয়া ইলীশায়কে কহিল, হে আমার পিতঃ, আমি কি মারিব? কি মারিব? ২২ ইলীশায় কহিল, মারিও না; তুমি যাহাদিগকে আপন খড়্গ ও ধনুর্দ্বারা বন্দী কর, তাহাদিগকে কি মারিবা? ইহাদের কাছে রুটী ও জল আন; ইহারা ভোজন করিলে ইহাদিগকে আপন২ প্রভুর কাছে যাইতে ২৩ দেও। তাহাতে সে তাহাদের জন্যে অনেক খাদ্য দ্রব্য প্রস্তুত করিল, এবং তাহারা ভোজন পান করিলে সে তাহাদিগকে বিদায় করিল, তাহাতে তাহারা আপনাদের প্রভুর নিকটে গেল; পরে অরামের দস্যুদল ইস্রায়েল্ দেশে আর কখন আইল না।

২৪ পরে অরামের বিন্হদদ্ রাজা আপনার সমস্ত সৈন্য একত্র করিয়া যাত্রা করিয়া শোমিরোণ্ নগর অবরোধ ২৫ করিল। তাহাতে শোমিরোণে অতিশয় দুর্ভিক্ষ হইল, তাহারা এমত অবরোধ করিল, যে শেষে একটা গর্দ্দভের মস্তকের ‡ মূল্য আশী টাকা, ও কপোতের মলের ‖ এক কাবের চতুর্থাংশের মূল্য পাঁচ টাকা হইল।

২৬ পরে রাজা প্রাচীরের উপরে ভ্রমণ করিতেছে, ইতিমধ্যে এক স্ত্রী উচ্চৈঃস্বরে নিবেদন করিল, হে ২৭ আমার প্রভো রাজন্, উপকার কর। রাজা কহিল, যদি পরমেশ্বর তোমার উপকার না করেন, তবে আমি শস্য মর্দ্দনস্থান কিম্বা দ্রাক্ষাযন্ত্রহইতে, কিসে তোমার ২৮ উপকার করিতে পারি? রাজা আরো কহিল, তোমার কি দুঃখ? তাহাতে সে উত্তর করিল, এই স্ত্রী আমাকে কহিল, অদ্য আমাদের আহারার্থে তোমার পুত্রকে দেও, কল্য আমার পুত্রকে আমরা আহার করিব। ২৯ তাহাতে আমরা আমার পুত্রকে পাক করিয়া ভোজন করিলাম; পরদিনে আমি তাহাকে কহিলাম, আমাদের আহারার্থে তোমার পুত্রকে দেও, কিন্তু সে আপন পুত্রকে লুকাইল।

৩০ তখন রাজা ঐ স্ত্রীর কথা শুনিয়া আপন গাত্রীয় বস্ত্র চিরিল, ও তাহার প্রাচীরে ভ্রমণ সময়ে লোকেরা ৩১ তাহাকে গাত্রে চট পরিহিত অবলোকন করিল। পরে সে কহিল, অদ্য যদি শাফটের পুত্র ইলীশায়ের মস্তক স্কন্ধে থাকে, তবে ঈশ্বর আমার প্রতি তদ্রূপ ও ৩২ ততোধিক করুণ। কিন্তু ইলীশায় আপন গৃহে বসিলে

[৬ অধ্যা; ১৩] আ ৩৭; ১৭।—[১৬] ২ বং ৩২; ৭। গী ৩৪; ৭।—[১৭] ২ রা ২; ১১।—[১৮] আ ১৯; ১১।
[২২] হি ২৫; ২১।—[২৩] ২ রা ৫; ২।—[২৮,২৯] লে ২৬; ২৯। দ্বি ২৮; ৫৩-৫৭।—[৩১] ১ রা ১৯; ২।

* (ইব্রু) এক বার নয় ও দুই বার নয়। † (ইব্রু) ভারি সৈন্য। ‡ (বা) বড় রুটীর। ‖ (বা) শাকের।

প্রাচীন লোকেরাও তাহার সঙ্গে বসিতেছে, এমন সময়ে রাজা আপন নিকটহইতে এক দূত পাঠাইল; ঐ দূত তাহার নিকটে উপস্থিত হওনের পূর্ব্বে ইলীশায় প্রাচীনদিগকে কহিল, সেই হত্যাকারির পুত্র আমার মস্তক ছেদন করিতে লোক পাঠাইতেছে, ইহা কি তোমরা দেখিতেছ? অতএব দেখ, সে দূত আইলে দ্বার রুদ্ধ কর, তাহাকে দ্বারের বাহিরে রাখ*, তাহার প্রভুর ৩৩ পদের শব্দ কি তাহার পশ্চাৎ নয়? সে তাহাদের সহিত কথা কহিতেছে, ইতিমধ্যে সেই দূত তাহার নিকটে আইল; এবং রাজার উক্ত এই কথা কহিল, এই অমঙ্গল পরমেশ্বরহইতে হইল, আমি কি পরমেশ্বরের আরো অপেক্ষা করিব?

৭ অধ্যায়।

১ বাহুল্য খাদ্য বিষয়ে ইলীশায়ের ভবিষ্যদ্বাক্য ৩ ও চারি কুষ্ঠি লোকের অরামীয়দের শিবিরে গমন এ সমাচার আনয়ন ১২ ও তাহাদের সমাচার সত্য জানিয়া অরামীয়দের শিবির লুট করণ ১৭ ও ভবিষ্যদ্বাক্যে অবিশ্বাসকারি এক অধ্যক্ষের মৃত্যু।

১ তখন ইলীশায় কহিল, তোমরা পরমেশ্বরের কথা শুন, পরমেশ্বর এই কথা কহেন, কল্য এই বেলাতে শোমিরোণের দ্বারে দশ শের পরিমিত সূক্ষ্ম সূজির এক শেকল্ মূল্য ও বিংশতি শের পরিমিত যবের এক ২ শেকল্ মূল্য হইবে। তখন রাজা যে অধ্যক্ষের হস্তে নির্ভর দিত, সে ঈশ্বরের লোককে উত্তর করিল, দেখ, যদ্যপি পরমেশ্বর আকাশে দ্বার করেন, তথাপি তাহা কি হইতে পারিবে? সে কহিল, দেখ, তুমি আপন চক্ষুতে তাহা দেখিবা, কিন্তু কিছুই ভক্ষণ করিতে পাইবা না।

৩ অপর দ্বারে প্রবেশস্থানে চারি কুষ্ঠী ছিল, তাহারা পরস্পর কহিল, আমরা মৃত্যু পর্য্যন্ত কেন এখানে বসি? ৪ আমরা যদি কহি, নগরে প্রবেশ করি, তবে সেখানেও দুর্ভিক্ষ, সেখানে আমরা মরিব; আর এখানে যদি বসিয়া থাকি, তথাপি মরিব; অতএব আইস, আমরা অরামীয়দের সৈন্যের পক্ষে যাই, তাহারা আমাদিগকে বাঁচাইলে বাঁচিব, ও মারিলে কেবল মরিব। অতএব ৫ তাহারা অরামীয়দের শিবিরে যাইবার জন্যে প্রত্যূষে উঠিয়া অরামীয়দের শিবিরের বহির্ভাগে উপস্থিত ৬ হইলে, সেখানে কেহ নাই, ইহা দেখিল। কেননা পরমেশ্বর অরামীয়দের সৈন্যগণকে রথের ও অশ্বের শব্দ, অর্থাৎ মহাসৈন্যগণের শব্দ শ্রবণ করাইয়াছিলেন; তাহাতে তাহারা এক জন অন্যকে কহিল, দেখ, আমাদের প্রতি আক্রমণ করিতে ইস্রায়েলের রাজা হিত্তীয়দের রাজগণকে ও মিস্রীয়দের রাজগণকে মুদ্রা দিয়াছে। ৭ পরে তাহারা প্রত্যূষে উঠিয়া পলায়ন করিল, তাহারা আপনাদের তাম্বু ও অশ্ব ও গর্দ্দভ ও শিবির পূর্ব্বাবস্থাতে ত্যাগ করিয়া আপন ২ প্রাণ রক্ষার্থে পলায়ন ৮ করিল। পরে কুষ্ঠি লোকেরা শিবিরের বহির্ভাগে এক তাম্বুতে গিয়া ভোজন পান করিল, এবং তথাহইতে স্বর্ণ ও রূপা ও বস্ত্র লইয়া গিয়া লুকাইয়া রাখিল, এবং পুনশ্চ আসিয়া আর এক তাম্বুতে গিয়া তথাহইতে ৯ দ্রব্যাদি লইয়া গিয়া লুকাইয়া রাখিল। পরে তাহারা পরস্পর কহিল, আমরা ভাল কর্ম্ম করিতেছি না; অদ্য সুসমাচারের দিন, ও আমরা নীরব হইয়া থাকি; যদি প্রভাত পর্য্যন্ত বিলম্ব করি, তবে অবশ্য আমাদের উপরে বিপদ † ঘটিবে; অতএব এখন আইস, আমরা যাইয়া রাজার পরিজনদিগকে এই সমাচার দি। ১০ পরে তাহারা যাইয়া নগরের দ্বারিকে ডাকিয়া কহিল, আমরা অরামীয়দের শিবিরে গিয়াছিলাম, দেখ, সেখানে কেহ নাই, মানুষের শব্দও নাই, কেবল বদ্ধ ১১ অশ্বগণ ও বদ্ধ গর্দ্দভ ও তাম্বু পূর্ব্বাবস্থাতে আছে। তাহাতে সে রাজদ্বারপালদিগকে কহিলে তাহারা বাটীর মধ্যস্থিত রাজপরিজনদিগকে এই সমাচার দিল।

১২ পরে রাজা রাত্রিতে উঠিয়া আপন দাসদিগকে কহিল, অরামীয়েরা আমাদের প্রতি যে কর্ম্ম করিল, তাহা তোমাদিগকে কহি; আমরা ক্ষুধিত আছি, তাহা তাহারা জানে; অতএব তাহারা শিবিরহইতে ক্ষেত্রে গিয়া লুকাইয়া এই মন্ত্রণা করিয়াছে, লোকেরা নগরের মধ্যহইতে বাহির হইলে আমরা তাহাদিগকে জীবৎ ১৩ ধরিব ও নগরমধ্যে প্রবেশ করিব। তাহাতে তাহার এক দাস উত্তর করিল, আমি বিনয় করি, নগরে অবশিষ্ট অশ্বগণের মধ্যে পাঁচকে লইয়া প্রেরণ করিয়া দেখি; (দেখ, ইহারা নগরে অবশিষ্ট ইস্রায়েলের সমূহের সমান হয়; দেখ, ইহারা বিনষ্ট ইস্রায়েলের সমূহেরও ১৪ সমান হয়।) পরে তাহারা দুই যোড়া অশ্ব ‡ লইলে, তোমরা যাইয়া দেখ, এই কথা কহিয়া রাজা অরামীয়দের সৈন্যের পশ্চাতে তাহাদিগকে পাঠাইল। তাহাতে ১৫ তাহারা যর্দ্দন পর্য্যন্ত তাহাদের পশ্চাদ্গমন করিলে অরামীয়দের শীঘ্রতা প্রযুক্ত তাহাদের ত্যক্ত বস্ত্রে ও পাত্রেতে পথ পরিপূর্ণ আছে, ইহা দেখিল; তখন ঐ দূতেরা ফিরিয়া আসিয়া রাজাকে সমাচার দিলে, ১৬ লোকেরা বহির্গত হইয়া অরামীয়দের শিবির লুট করিল; তাহাতে পরমেশ্বরের লোকের বাক্যানুসারে দশ শের পরিমিত সূক্ষ্ম সূজি এক শেকল্ মূল্যেতে, ও বিংশতি শের পরিমিত যব এক শেকল্ মূল্যেতে বিক্রীত হইল।

১৭ পরে রাজা যে অধ্যক্ষের হস্তে নির্ভর দিল, তাহাকে দ্বার রক্ষা করিতে নিযুক্ত করিলে লোকেরা তাহাকে দ্বারেতে দলিত করিল, তাহাতে ঈশ্বরের লোকের

[৭ অধ্য; ১] প ১৮॥—[২] প ১৭-২০। মল ৩; ১০॥—[৩] লে ১৩; ৪৬॥—[৬] বি ৭; ২০-২২। ২ রা ১৯; ৭॥
[১৬] প ১॥—[১৭-২০] প ১,২॥

* (বা) ঠেল। † (বা) দণ্ড। ‡ (ইব্রু) দুই রথের যোড়া।

কাছে রাজার গমন কালে ঈশ্বরের লোক যাহা কহি- ১৮ য়াছিল, তদনুসারে সে মরিল। ফলতঃ কল্য এই বেলাতে শোমিরোণের দ্বারে দশ শের পরিমিত সূক্ষ্ম সূজি এক শেকল্ মূল্যে, ও বিংশতি শের পরিমিত যব এক শেকল মূল্যে বিক্রীত হইবে, এই কথা ঈশ্বরের ১৯ লোক রাজাকে কহিলে, ঐ অধ্যক্ষ ঈশ্বরের লোককে উত্তর করিয়াছিল, দেখ, যদ্যপি পরমেশ্বর আকাশে দ্বার করেন, তথাপি তাহা কি হইতে পারিবে? তাহাতে ঈশ্বরের লোক কহিয়াছিল, তাহা তুমি স্বচক্ষুতে ২০ দেখিবা বটে, কিন্তু ভক্ষণ করিতে পাইবা না। অতএব তাহার সেই দশা ঘটিল, লোকেরা তাহাকে দ্বারে দলিত করিলে সে মরিল।

৮ অধ্যায়।

১ দুর্ভিক্ষ সময়ে শূনেমীয়ার বিবরণ ৭ ও হসায়েলের বিবরণ ১৬ ও যোরামের কুরাজত্ব ২০ ও ইদোম্ ও লিব্নার তাহার কর্তৃত্ব ত্যাগ করণ ২৫ ও অহসিয়ের কুরাজত্ব ২৮ ও ক্ষতযুক্ত যোরামের সহিত সাক্ষাৎ করিতে যিষ্রিয়েলে গমন।

১ পূর্ব্বে ইলীশায় যে নারীর মৃত পুত্রকে সজীব করিয়াছিল, তাহাকে কহিয়াছিল, পরমেশ্বর এই দেশে দুর্ভিক্ষ আনিবেন, তাহা সাত বৎসর পর্য্যন্ত এই দেশে থাকিবে; অতএব তুমি উঠিয়া পরিজনের সহিত যে স্থানে বাস করিতে পার, সেই স্থানে বাস করিতে যাও। ২ তাহাতে সে স্ত্রী উঠিয়া ঈশ্বরের লোকের বাক্যানুসারে আপনি পরিজনের সহিত যাইয়া পিলেষ্টীয়দের দেশে ৩ সাত বৎসর পর্য্যন্ত বাস করিয়াছিল। পরে সাত বৎসর গত হইলে সে স্ত্রী পিলেষ্টীয়দের দেশহইতে ফিরিয়া আসিয়া আপন বাটী ও ভূমির জন্যে রাজার ৪ কাছে নিবেদন করিতে গেল। ঐ সময়ে রাজা ঈশ্বরের লোকের দাস গেহসির সহিত কথা কহিতে ২ বলিল, ৫ ইলীশায়ের কৃত মহৎকর্ম্ম সকল আমাকে কহ। তাহাতে ইলীশায় কি রূপে মৃত নারীর সজীব করিল, সেই বিবরণ রাজাকে কহিতেছে, ইতিমধ্যে * যে স্ত্রীর মৃত পুত্রকে সজীব করিয়াছিল, সেই স্ত্রী আপন বাটী ও ভূমির জন্যে রাজার কাছে নিবেদন করিতে উপস্থিত হইল; তখন গেহসি কহিল, হে আমার প্রভো রাজন্, সেই স্ত্রী এই, এবং ইলীশায় তাহার যে পুত্রকে ৬ সজীব করিয়াছিল, সেও এই। তখন রাজা সে স্ত্রীকে জিজ্ঞাসিলে সে সমস্ত কহিল; তাহাতে রাজা তাহার পক্ষে এক অধ্যক্ষকে নিযুক্ত করিয়া কহিল, ইহার যে কিছু বিষয় আছে, এবং যে দিনে এ দেশ ত্যাগ করিল, সেই দিনাবধি অদ্য পর্য্যন্ত তাহার ক্ষেত্রে যে কিছু উৎপন্ন হইল, সকলি ইহাকে ফিরিয়া দেও।

৭ পরে যখন ইলীশায় দম্মেষকে আইল, তখন অরামের বিন্‌হদদ্ রাজা পীড়িত ছিল; তাহাতে ঈশ্বরের লোক এখানে আসিয়াছে, এই সম্বাদ কেহ রাজাকে কহিলে, ৮ রাজা হসায়েল্‌কে কহিল, তুমি স্বহস্তে উপঢৌকন লইয়া ঈশ্বরের লোকের সহিত সাক্ষাৎ করিতে যাও, এবং আমি কি এই রোগহইতে মুক্ত হইব? এই কথা তাহাদ্বারা পরমেশ্বরকে জিজ্ঞাসা কর। ৯ পরে হসায়েল্ তাহার সহিত সাক্ষাৎ করণার্থে দম্মেষকের প্রত্যেক উত্তম বস্তুতে চল্লিশ উষ্ট্রের ভার উপঢৌকন দ্রব্য সঙ্গে † লইয়া আসিয়া তাহার সম্মুখে দাঁড়াইয়া কহিল, আমি কি এই রোগহইতে মুক্ত হইব? এই কথা তোমার পুত্র অরামের রাজা বিন্‌হদদ্ তোমার কাছে জিজ্ঞাসা ১০ করিতে আমাকে পাঠাইল। ইলীশায় তাহাকে কহিল, তুমি যাইয়া তাহাকে বল, তুমি এই রোগহইতে মুক্ত হইতে পার; তথাপি পরমেশ্বর আমাকে জ্ঞাত করিলেন, সে অবশ্য মরিবে। ১১ তখন ঈশ্বরের লোক ইলীশায় তাহার লজ্জা হওন পর্য্যন্ত তাহার মুখের প্রতি স্থির দৃষ্টি করিয়া ক্রন্দন করিল। ১২ তাহাতে হসায়েল্ জিজ্ঞাসা করিল, আমার প্রভু কেন ক্রন্দন করেন? সে উত্তর করিল, তুমি ইস্রায়েল্ বংশের প্রতি কি রূপ মন্দ করিবা, তাহা আমি জানি; তুমি তাহাদের দৃঢ় দুর্গ অগ্নিতে দগ্ধ করিবা, ও যুবগণকে খড়্গেতে বধ করিবা, ও বালকগণকে ভূমিতে আঘাত করিবা, ও গর্ব্ভবতীদের উদর বিদীর্ণ করিবা। ১৩ হসায়েল্ কহিল, তোমার দাস কি কুক্কুর, যে এমত দারুণ ‡ কর্ম্ম করিবে? ইলীশায় কহিল, তুমি অরামের রাজা হইবা, ইহা পরমেশ্বর আমাকে জ্ঞাত করিলেন। ১৪ পরে সে ইলীশায়ের নিকটহইতে প্রস্থান করিয়া আপন প্রভুর কাছে গেলে রাজা তাহাকে জিজ্ঞাসিল, ইলীশায় তোমাকে কি কহিল? সে উত্তর দিল, তুমি অবশ্য সুস্থ হইবা, এই কথা সে আমাকে কহিল। ১৫ পরদিবসে হসায়েল্ এক বস্ত্র জলে ডুবাইয়া রাজার মুখ বাঁধিল, তাহাতে সে মরিল; পরে হসায়েল্ তাহার পদে রাজা হইল।

১৬ আহাবের পুত্র ইস্রায়েলের রাজা যোরামের অধিকারের পঞ্চম বৎসরে ও যিহূদা দেশীয় যিহোশাফট্ রাজার অধিকারের সময়ে তাহার পুত্র যোরাম্ রাজত্ব করিতে আরম্ভ করিল। ১৭ সে বত্রিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে আট বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল। ১৮ সে আহাব্ বংশের ন্যায় ইস্রায়েলের রাজাদের পথে গমন করিল, কেননা সে আহাবের কন্যাকে বিবাহ করাতে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল। ১৯ তথাপি পরমেশ্বর আপন দাস দায়ূদ্‌কে ও তাহার বংশকে চিরকাল প্রদীপ

[৮ অধ্য; ১] ২ রা ৪; ৩২-৩৭।।—[৪] ৪; ২০।।—[৫] ৪; ৩২-৩৭।।—[৮] ১ রা ১১; ১৫। ২ রা ১; ২।।—[১০] প ১৫।। [১২] ১০; ৩২। ১৩; ৩,৭।।—[১৩] ১ শি ১৭; ৪৩। ১ রা ১৯; ১৫।।—[১৬-১৯] ২ বং ২১; ৩-৭।।—[১৯] ২ শি ৭; ১৩-১৬। ১ রা ১১; ৩৪-৩৬।।—[২০-২২] ২ বং ২১; ৮-১০। আ ২৭; ৪০।।—[২০] ১ রা ২২; ৪৭। ২ রা ৩; ৯,২৬।।

* (ইব্রী) দেখ। † (ইব্রী) হস্তে। ‡ (বা) তোমার এই কুক্কুর দাস এই মহৎ।

দিবার যে প্রতিজ্ঞা করিয়াছিলেন, তন্নিমিত্তে যিহূদাকে সর্ব্বতোভাবে বিনষ্ট করিতে সম্মত হইলেন না।

২০ তাহার অধিকার সময়ে ইদোমীয় লোকেরা যিহূদার কর্তৃত্ব ত্যাগ করিয়া আপনাদের উপরে এক ২১ রাজা নিযুক্ত করিল। অতএব যোরাম্ ও তাহার রথি সকল সায়ীরে যাইয়া সেই রাত্রিতে উঠিয়া আপনার বেষ্টনকারি ইদোমীয়দিগকে ও তাহাদের রথিদিগকে বধ করিল, তাহাতে লোকেরা আপন২ বাসস্থানে ২২ পলাইল। তথাপি ইদোমীয় লোকেরা অদ্য পর্য্যন্ত যিহূদার কর্তৃত্ব ত্যাগ করিয়া আছে; এবং ঐ সময়ে লিব্নার লোকেরাও তাহার কর্তৃত্ব ত্যাগ করিল। ২৩ এই যোরামের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ কি যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত নাই? ২৪ পরে যোরাম্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইয়া দায়ূদের নগরে পিতৃলোকদের সহিত কবর-প্রাপ্ত হইল; তাহাতে তাহার পুত্র অহসিয় তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

২৫ ইস্রায়েলের আহাব্ রাজের পুত্র যোরামের অধিকারের দ্বাদশ বৎসরে যিহূদার যোরামের পুত্র অহ-২৬ সিয় রাজত্ব করিতে আরম্ভ করিল। অহসিয় দ্বাবিংশতি বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে এক বৎসর রাজত্ব করিল, ইস্রায়েলের অম্রি ২৭ রাজের কন্যা অথলিয়া তাহার মাতা ছিল। সে আহাব্ বংশের পথে চলিয়া পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল, কেননা সে আহাব্ বংশের জামাতা ছিল।

২৮ পরে সে আহাবের পুত্র যোরাম্‌কে সঙ্গে লইয়া অরামের হসায়েল্ রাজার সহিত যুদ্ধ করণার্থে রামোৎ-গিলিয়দে গেল; তাহাতে অরামীয় লোকেরা যোরা-২৯ মকে ক্ষত বিক্ষত করিল। পরে যোরাম্ রাজা অরামের হসায়েল্ রাজের সহিত যুদ্ধ করিতে রামোৎ-গিলিয়দে যে ক্ষতবিক্ষত পাইয়াছিল, তাহাহইতে সুস্থ হইবার জন্যে ফিরিয়া যিষ্রিয়েলে গমন করিল; পরে যিহূদার যোরাম্ রাজের পুত্র অহসিয় যিষ্রিয়েলে আহাবের পুত্র যোরামের পীড়া প্রযুক্ত তাহাকে দেখিতে গেল।

৯ অধ্যায়।

১ যেহূকে রাজ্যাভিষিক্ত করিতে এক যুব ভবিষ্যদ্বক্তাকে ইলীশায়ের প্রেরণ ৪ ও সেই কর্ম্ম করিয়া ভবিষ্যদ্বক্তার পলায়ন ১১ ও রাজ্যাভিষিক্ত হইয়া নাবোতের ক্ষেত্রে যেহূর যোরাম্‌কে বধ করণ ২৭ ও অহসিয়কে বধ করণ ৩০ ও অহঙ্কারিণী ঈষেবলের গবাক্ষহইতে নিক্ষিপ্তা হওন ও কুক্কুরকর্তৃক ভক্ষিত হওন।

১ পরে ইলীশায় ভবিষ্যদ্বক্তা ভবিষ্যদ্বক্তাদের এক শিষ্যকে ডাকিয়া কহিল, তুমি আপন কটিবন্ধন করিয়া এক কৌটা তৈল হস্তে লইয়া রামোৎ-গিলিয়দে যাও। ২ সেখানে উপস্থিত হইয়া নিম্শির পৌত্র যিহোশাফটের পুত্র যেহূর অন্বেষণ কর, এবং তাহার গৃহে প্রবেশ করিয়া তাহার ভ্রাতৃগণের মধ্যহইতে তাহাকে ৩ উঠাইয়া এক গর্ব্ভাগারে লইয়া যাও। এবং তৈলের কৌটা লইয়া তাহার মস্তকে ঢালিয়া তাহাকে কহ, পরমেশ্বর এই কথা কহেন, আমি তোমাকে ইস্রায়েলের উপরে রাজ্যাভিষিক্ত করিলাম; পরে তুমি দ্বার খুলিয়া পলায়ন করিবা, বিলম্ব করিবা না।

৪ পরে সে যুব ভবিষ্যদ্বক্তা রামোৎ-গিলিয়দে গেল। ৫ এবং সেখানে উপস্থিত হইয়া উপবিষ্ট সেনাপতিদিগকে দেখিয়া কহিল, হে সেনাপতে, তোমার কাছে আমার কিছু বক্তব্য আছে; তাহাতে যেহূ জিজ্ঞাসিল, আমাদের মধ্যে কাহার কাছে? সে কহিল, হে সেনা-৬ পতে, তোমার কাছে। তখন যেহূ উঠিয়া গৃহের মধ্যে গেল; তাহাতে সে তাহার মস্তকোপরি তৈল ঢালিয়া তাহাকে কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, পরমেশ্বরের লোক যে ইস্রায়েল্ বংশ, তাহাদের ৭ উপরে আমি তোমাকে রাজ্যাভিষিক্ত করিলাম। ঈষেবলের হস্তদ্বারা আমার দাস ভবিষ্যদ্বক্তৃগণের রক্তপাতের ও পরমেশ্বরের সকল দাসদের রক্তপাতের প্রতিফল দিবার জন্যে তুমি আপন প্রভু আহাবের ৮ বংশ উচ্ছিন্ন করিবা। আহাবের সমুদয় বংশ বিনষ্ট হইবে, ইস্রায়েলে মুক্ত ও বদ্ধ তাহার বংশের প্রত্যেক ৯ পুরুষকে আমি বিনষ্ট করিব। আহাবের বংশকে আমি নিবাটের পুত্র যারবিয়ামের বংশের ও অহিয়ের পুত্র বাশার বংশের ন্যায় করিব। ১০ তাহাতে কুক্কুরগণ যিষ্রিয়েলের ভূমিতে ঈষেবল্‌কে খাইবে, ও কেহ তাহাকে কবর দিবে না; পরে সে দ্বার খুলিয়া পলায়ন করিল।

১১ পরে যেহূ আপন প্রভুর দাসদের নিকটে বাহিরে আইলে এক জন তাহাকে জিজ্ঞাসা করিল, সকল মঙ্গল? সে ক্ষিপ্ত তোমার নিকটে কেন আইল? তাহাতে সে কহিল, তোমরা সে মনুষ্যকে ও তাহার কথাবার্ত্তা ১২ জান। তাহারা কহিল, তাহা মিথ্যা কথা; তুমি এখন আমাদিগকে কহ; সে কহিল, সে আমাকে এই প্রকার কথা কহিল, পরমেশ্বর এই কথা কহেন, আমি তোমাকে ইস্রায়েলের উপরে রাজ্যাভিষিক্ত করিলাম। ১৩ তখন তাহারা প্রত্যেক জন শীঘ্র করিয়া আপন২ বস্ত্র খুলিয়া সোপানের উপরে তাহার পদতলে রাখিল, ১৪ এবং তূরী বাজাইয়া কহিল, যেহূ রাজা হইলেন। পরে নিম্শির পৌত্র যিহোশাফটের পুত্র যেহূ যোরামের বিরুদ্ধে কুমন্ত্রণা করিল; (যোরাম্ ও সকল ইস্রায়েল্

[২৫-২৯] ২ বং ২২ ; ১-৬॥— [২৯] ২ রা ৯ ; ১৫, ১৬॥
[৯ অধ্য; ১-৩] ১ রা ১৯ ; ১৬॥—[১] ২ রা ৮ ; ২৮,২৯॥— [২] প ৫,১১॥—[৩] ১ শি ১০ ; ১॥—[৫] ২ রা ৮ ; ২৮॥
[৬] ১ রা ১৯ ; ১৬॥—[৭-১০] ১ রা ২১ ; ২১-২৪॥—[৯] ১ রা ১৫ ; ২৯,৩০। ১৬ ; ৩,৪,১১॥—[১০] প ৩০-৩১॥
[১১] যির ২৯ ; ২৬,২৭॥—[১৩] ম ২১ ; ৭॥

লোক অরামের হসায়েল্ রাজহইতে রামোৎ-গিলিয়দ্ ১৫ রক্ষা করিতেছিল; কিন্তু অরামের রাজা হসায়েলের সহিত যোরামের যুদ্ধ করণ সময়ে অরামীয়েরা তাহার যে সকল ক্ষত করিয়াছিল, তাহাহইতে সুস্থ হইবার জন্যে যিষ্রিয়েলে গিয়াছিল;) তখন যেহূ কহিল, যদি তোমাদের ইচ্ছা হয়, তবে যিষ্রিয়েলে সমাচার দিতে কাহাকে এই নগরহইতে বাহির হইয়া পলায়ন ১৬ করিতে দিও না। পরে যেহূ রথারোহণ করিয়া যিষ্রিয়েলে যাত্রা করিল, কেননা যোরাম্ সেই স্থানে শয্যাগত ছিল, এবং যিহূদার অহসিয় রাজা যোরাম্কে ১৭ দেখিতে সেই স্থানে আসিয়াছিল। তখন যিষ্রিয়েলের দুর্গের উপরে এক রক্ষক দণ্ডায়মান ছিল; সে যেহূর সঙ্গি সেনাদলকে আসিতে দেখিয়া কহিল, আমি এক দল সেনা দেখিতেছি; তাহাতে যোরাম্ কহিল, তাহাদের সহিত সাক্ষাৎ করিতে, ও 'তোমরা কুশলে আসিতেছ?' এই কথা কহিতে এক অশ্বারূঢ়কে পাঠাইয়া ১৮ দেও। পরে এক জন অশ্বারূঢ় তাহার সহিত সাক্ষাৎ করিতে যাইয়া কহিল, রাজা কহিতেছে, কি সকল মঙ্গল? তাহাতে যেহূ কহিল, মঙ্গলেতে তোমার কার্য্য কি? তুমি আমার পশ্চাৎ যাও; পরে রক্ষক এই সমাচার দিল, দূত তাহার নিকটে গিয়া ফিরিয়া আইল ১৯ না। পরে রাজা দ্বিতীয় অশ্বারূঢ়কে পাঠাইলে সে তাহাদের নিকটে যাইয়া কহিল, রাজা কহেন, কি সকল মঙ্গল? তাহাতে যেহূ কহিল, মঙ্গলেতে তোমার ২০ কার্য্য কি? তুমি আমার পশ্চাৎ যাও। পরে রক্ষক সমাচার দিল, দূত তাহাদের নিকটে গমন করিয়া ফিরিয়া আইসে না, কিন্তু ইহার চালন নিম্শির পুত্র যেহূর চালনের ন্যায় হইতেছে, কেননা সে অতি ২১ বেগে * চালায়। তখন যোরাম্ কহিল, রথ প্রস্তুত কর †; তাহাতে রথ প্রস্তুত হইলে ইস্রায়েলের যোরাম্ রাজা ও যিহূদার অহসিয় রাজা আপন ২ রথে আরোহণ করিল, এবং যেহূর বিরুদ্ধে গিয়া যিষ্রিয়েলীয় নাবোতের ক্ষেত্রে তাহার সঙ্গে সাক্ষাৎ করিল ‡। ২২ তখন যোরাম্ যেহূকে দেখিয়া কহিল, হে যেহূ, কি কুশলে আসিতেছ? সে উত্তর করিল, যাবৎ তোমার মাতা ঈষেবলের এত ব্যভিচার ও মায়া থাকে, তাবৎ ২৩ কুশল কি? তাহাতে যোরাম্ আপন হস্ত ফিরাইয়া পলায়ন করিল, এবং অহসিয়কে কহিল, হে অহসিয়, ২৪ রাজদ্রোহ হয়। পরে যেহূ আপন সকল বলেতে ধনুক আকর্ষণ ‖ করিয়া যোরামের উভয় বাহুমূলের মধ্যে বাণাঘাত করিল; তাহাতে বাণ তাহার হৃদয় দিয়া নির্গত হইলে সে আপন রথে নত হইয়া পড়িল। ২৫ তখন যেহূ আপন সেনাপতি বিদ্করকে কহিল, তুমি ইহাকে তুলিয়া লইয়া যিষ্রিয়েলীয় নাবোতের ক্ষেত্রেতে § ফেল; কেননা যখন তুমি ও আমি উভয়ে অশ্বারূঢ় হইয়া তাহার পিতা আহাবের পশ্চাৎ গেলাম, তখন পরমেশ্বর তাহাকে এই যে শাপ দিলেন, ২৬ তাহা মনে কর। 'পরমেশ্বর কহেন, আমি কল্য অবশ্য নাবোতের রক্ত ও তাহার পুত্রদের রক্ত দেখিলাম; পরমেশ্বর কহেন, আমি এই ক্ষেত্রাংশে তোমাকে প্রতিফল দিব;' অতএব এখন পরমেশ্বরের বাক্যানুসারে তাহাকে লইয়া এই ক্ষেত্রাংশে ফেল।

২৭ তখন যিহূদার অহসিয় রাজা তাহা দেখিয়া উদ্যানস্থ গৃহের পথে পলায়ন করিল; তাহাতে যেহূ তাহার পশ্চাৎ ২ ধাবমান হইয়া কহিল, ইহাকেও রথের মধ্যে বধ কর; পরে তাহারা যিব্লিয়মের নিকটস্থ গূরের আরোহণ স্থানে তাহাকে আঘাত করিল, সে মগিদ্দোতে ২৮ পলাইয়া সে স্থানে মরিল। তাহাতে তাহার দাসগণ তাহাকে রথে যিরূশালমে লইয়া গিয়া দায়ূদের নগরে তাহার পিতৃলোকদের সহিত তাহার নিজ ২৯ কবরে তাহাকে কবর দিল। সেই অহসিয় আহাবের পুত্র যোরামের অধিকারের একাদশ বৎসরে যিহূদার উপরে রাজত্ব করিতে আরম্ভ করিল।

৩০ অপর যেহূ যিষ্রিয়েলে উপস্থিত হইলে ঈষেবল্ তাহা শুনিয়া আপন চক্ষুতে রঙ্গ দিয়া কেশবেশ করিয়া ৩১ বাতায়নদ্বারা অবলোকন করিল। পরে যেহূ দ্বারে প্রবেশ করিলে সে কহিল, আপন প্রভুকে বধ করিল ৩২ যে শিম্রি, তাহার কি মঙ্গল হইল? তাহাতে যেহূ বাতায়নের প্রতি মুখ তুলিয়া কহিল, আমার পক্ষে ৩৩ কে আছে? পরে দুই তিন নপুংসক তাহার প্রতি অবলোকন করিলে যেহূ আজ্ঞা করিল, তাহাকে নীচে নিক্ষেপ কর। তাহাতে তাহারা তাহাকে নীচে নিক্ষেপ করিলে ভিত্তিতে ও অশ্বদের গাত্রে তাহার রক্তের ছিটা লাগিল, এবং সে তাহাকে পদতলে দলিত করা৩৪ইল। পরে যেহূ ভিতরে আসিয়া ভোজন পান করিয়া কহিল, যাইয়া ঐ শাপগ্রস্তা স্ত্রীকে অন্বেষণ করিয়া ৩৫ কবর দেও, কেননা সে রাজকন্যা। তাহাতে লোকেরা তাহাকে কবর দিতে গেল, কিন্তু তাহার মস্তকের খুলি ও পদ ও হস্ততল ব্যতিরেকে আর কিছুই পাইল না। ৩৬ অতএব তাহারা ফিরিয়া আসিয়া তাহাকে সমাচার দিল, তাহাতে সে কহিল, পরমেশ্বর আপন দাস তিশ্বীয় এলিয়ের প্রমুখাৎ ¶ এই কথা কহিলেন, কুক্কুরগণ যিষ্রিয়েলের ক্ষেত্রাংশে ঈষেবলের মাংস খাইবে। ৩৭ ঈষেবলের শব যিষ্রিয়েলের ক্ষেত্রের উপরে সারের

[১৫] ২ রা ৮; ২৯ ।।—[১৬] ৮; ২৯। ২ বং ২২; ৬ ।।—[১৭-২০] ২ শি ১৮; ২৪-২৭ ।।—[২১] ২ বং ২২; ৭ ।।—[২৫,২৬] ১ রা ২১; ১৯, ২৯ ।।—[২৭] ২ বং ২২; ৭-৯ ।।—[২৮] ২ বং ২২; ৯ ।।—[২৯] ২ রা ৮; ২৫। ২ বং ২১; ১৯। ২২; ১ ।। [৩১] ১ রা ১৬; ৯,১০,১৫-২০ ।।—[৩৪] ১ রা ১৬; ৩১ ।।—[৩৫-৩৭] প ১০ ।।—[৩৬] ১ রা ২১; ২৩ ।।

* (ইব্রী) উন্মত্ততাতে। † (ইব্রী) বদ্ধ কর বা যোত। ‡ (ইব্রী) তাহাকে পাইল। ‖ (ইব্রী) ধনুকেতে স্বহস্ত পূর্ণ করিয়া। § (ইব্রী) ক্ষেত্রাংশে। ¶ (ইব্রী) হস্তদ্বারা।

মত হইবে, তাহাতে ‘এই ঈষেবল,’ এই কথা লোকেরা কহিতে পারিবে না।

১০ অধ্যায়।

১ যেহূকর্ত্তৃক আহাবের সত্তরি পুত্রের শিরশ্ছেদন ৮ ও এলিয়ের কথাদ্বারা যেহূর আপনাকে নির্দ্দোষ করণ ১২ ও অহসিয়কে বধ করণ ১৫ ও য়োনাদবের সহিত সাক্ষাৎ করণ ১৮ ও ছলদ্বারা বালের পূজকদিগকে বধ করণ ২৯ ও যারবিয়ামের পথে যেহূর গমন ৩২ ও ইস্রায়েলের উপদ্রব ও যেহূর মৃত্যু।

১ শোমিরোণে আহাবের সত্তরি পুত্র ছিল, একারণ যেহূ শোমিরোণীয় যিষ্রিয়েলের শাসনকর্ত্তাপ্রাচীন লোকদের ও আহাবের সন্তানগণকে পালনকারিদের নিকটে এই রূপ পত্র লিখিয়া পাঠাইল। ২ তোমাদের প্রভুর পুত্রগণ তোমাদের নিকটে আছে, এবং রথ ও অশ্বগণ ও প্রাচীরবেষ্টিত নগর ও অস্ত্র- ৩ শস্ত্র তোমাদের হস্তগত আছে। অতএব তোমাদের নিকটে এই পত্র উপস্থিত হইবামাত্র আপনাদের প্রভুপুত্রদের মধ্যে যে শ্রেষ্ঠ ও রাজযোগ্য হইবে, তাহাকে অন্বেষণ করিয়া তাহার পিতৃসিংহাসনে উপবিষ্ট করাও, এবং আপন প্রভু পরিবারের নিমিত্তে যুদ্ধ কর। ৪ ইহাতে তাহারা অতিশয় ভীত হইয়া কহিল, দেখ, তাহার সম্মুখে দুই রাজা দাঁড়াইতে পারিল না, তবে ৫ আমরা কি প্রকারে দাঁড়াইব? অতএব গৃহাধ্যক্ষ ও নগরাধ্যক্ষ ও প্রাচীন লোকেরা ও রাজকুমারপালকেরা যেহূর নিকটে এই কথা পাঠাইল, আমরা তোমার দাস; তুমি আমাদিগকে যে সকল কহিবা, আমরা তাহাই করিব, আপনাদের উপরে কোন রাজা করিব না; তোমার দৃষ্টিতে যাহা ভাল বোধ ৬ হয়, তাহাই কর। পরে সে দ্বিতীয় বার এই এক পত্র লিখিয়া পাঠাইল, যদি তোমরা আমার হও, ও আমার কথাতে মনোযোগ কর, তবে আপনাদের প্রভুর পুত্রদের মস্তক লইয়া কল্য এমত সময়ে যিষ্রিয়েলে আমার নিকটে আইস; এই রাজকুমার সত্তরি জন ছিল, এবং তাহারা নগরের শ্রেষ্ঠ প্রতিপালকদের ৭ নিকটে প্রতিপালিত হইল। ঐ পত্র তাহাদের নিকটে উপস্থিত হইলে তাহারা সত্তরি জন রাজকুমারকে লইয়া বধ করিয়া তাহাদের মস্তক ডালাতে করিয়া যিষ্রিয়েলে তাহার নিকটে পাঠাইয়া দিল।

৮ পরে দূত আসিয়া তাহাকে সমাচার দিয়া কহিল, রাজকুমারদের মস্তক আনীত হইল; তাহাতে সে কহিল, প্রভাত পর্য্যন্ত দ্বারপ্রবেশের স্থানে দুই ৯ ঢিবি করিয়া রাখ। পরে প্রভাত হইলে সে বাহিরে যাইয়া দাঁড়াইয়া সকল লোকদিগকে কহিল, তোমরা ধার্ম্মিক লোক, দেখ, আমি প্রভুর দ্রোহ করিয়া তাহাকে বধ করিয়াছি; কিন্তু এই সকলকে কে বধ করিল? ১০ অতএব পরমেশ্বর আহাব্ পরিবারের বিষয়ে যে২ কথা কহিয়াছেন, তাহার কোন কথা নিষ্ফলা হইবে না, ইহা জ্ঞাত হও; কেননা পরমেশ্বর আপন দাস এলিয়ের প্রমুখাৎ * যাহা২ কহিয়াছেন, তাহা সিদ্ধ করিলেন। ১১ পরে যিষ্রিয়েলে আহাব্ পরিবারের যত লোক ছিল, যেহূ তাহার কাহাকেও অবশিষ্ট রাখিল না, তাহাদিগকে ও তাহার প্রধান লোকদিগকে ও জ্ঞাতিদিগকে ও যাজকদিগকে বধ করিল।

১২ অপর সে উঠিয়া গৃহে গেল পরে শোমিরোণে প্রস্থান করিলে লোমচ্ছেদন গৃহের † পথ দিয়া যাইতে যিহূদার রাজা অহসিয়ের ভ্রাতাদের সহিত ১৩ সাক্ষাৎ হইলে ‡ সে জিজ্ঞাসিল, তোমরা কে? তাহারা কহিল, আমরা অহসিয়ের ভ্রাতৃগণ; রাজার ও রাণীর সন্তানদিগকে নমস্কার করিতে যাইতেছি। ১৪ তখন সে কহিল, তাহাদিগকে জীবৎ ধর; তাহাতে দাসেরা তাহাদিগকে জীবৎ ধরিল, এবং লোমচ্ছেদন গৃহের † গর্ত্তের নিকটে সেই বেয়াল্লিশ সন্তানকেই বধ করিল, তাহাদের এক জনকেও অবশিষ্ট রাখিল না।

১৫ পরে তথাহইতে প্রস্থান করিয়া আপন সম্মুখাভিগামি রেখবের পুত্র যিহোনাদবের সহিত সাক্ষাৎ § করিল, ও তাহাকে নমস্কার করিয়া কহিল, তোমার প্রতি আমার মন যেমন হয়, তেমন কি তোমার মন সরল হয়? যিহোনাদব্ কহিল, হয়। তাহা যদি হয়, তবে আমাকে হস্ত দেও। পরে সে তাহাকে হস্ত দিলে যেহূ তাহাকে রথে আরোহণ করাইয়া আপনার নিকটে ১৬ লইল। এবং সে কহিল, আমার সহিত আসিয়া পরমেশ্বরের নিমিত্তে আমার উদ্‌যোগ কর্ম্ম দেখ; পরে ১৭ তাহারা রথে স্থিত তাহাকে লইয়া গেল। পরে সে শোমিরোণে উপস্থিত হইলে পরমেশ্বর এলিয়কে যে কথা কহিয়াছিলেন, তদনুসারে যাবৎ আহাবের সর্ব্বনাশ না করিল, তাবৎ শোমিরোণস্থ তাহার সকল অবশিষ্টদিগকে বধ করিল।

১৮ পরে যেহূ সকল লোককে একত্র করিয়া কহিল, আহাব্ বালের অল্প সেবা করিল, কিন্তু আমি যেহূ ১৯ তাহার অধিক সেবা করিব। অতএব এখন বালের সকল ভবিষ্যদ্বক্তৃগণকে ও তাহার সেবকদিগকে ও যাজকদিগকে আমার কাছে আহ্বান কর, কেহ অবশিষ্ট না থাকুক; কেননা আমি বালের উদ্দেশে এক মহৎ যজ্ঞ করিব, তাহাতে যে কেহ অনুপস্থিত হইবে, তাহার প্রাণ থাকিবে না; কিন্তু যেহূ বালের সকল সেবকদিগকে বিনষ্ট করিবার আশয়ে এই ছল করিল। ২০ পরে যেহূ

[১০ অধ্য; ৭] ১ রা ২১; ২১। বি ২; ৫॥—[৯] ২ রা ৯; ১৪,২৪॥—[১০] যি ২৩; ১৫॥—[১০,১১] ১ রা ২১; ১৯-২৪॥ [১৩] ২ রা ৮; ২৯। ২ বং ২২; ৮॥—[১৫] ১ বং॰ ২; ৫৫। যির ৩৫; ১-১১। ইষ্র ১০; ১৯॥—[১৬] ১ রা ১৯; ১০॥ [১৭] প ১১। ২ রা ৯; ৮। ১ রা ২১; ১৯-২৪॥—[১৮] ১ রা ১৬; ৩১,৩২॥—[১৯] ১ রা ২২; ৬॥

* (ইব্রি) হস্তদ্বারা। † (বা) বৈথেকদ্ হরোয়িম স্থানের। ‡ (ইব্রি) ভ্রাতৃদিগকে পাইলে। § (ইব্রি) আশীর্ব্বাদ।

আজ্ঞা করিল,বালের উদ্দেশে এক মহোৎসব নিরূপণ * ২১ কর, তাহাতে তাহারা ঘোষণা করিল। এবং যেহূ ইস্রায়েলের সর্ব্বত্র লোক পাঠাইলে বালের সকল সেবক লোকেরা আইল; আইল না, এমত অবশিষ্ট কেহ ছিল না; পরে তাহারা বালের মন্দিরে প্রবিষ্ট হইলে এক সীমা অবধি অন্য সীমা পর্য্যন্ত বালের মন্দির পরিপূর্ণ † ২২ হইল। তখন সে বস্ত্রাগারের কর্ত্তাকে কহিল, বালের সেবকদের জন্যে বস্ত্র আন; তাহাতে সে তাহাদের জন্যে ২৩ বস্ত্র আনিল। পরে যেহূ ও রেখবের পুত্র যিহোনাদব্ বালের মন্দিরে প্রবেশ করিয়া বালের সেবকদিগকে কহিল, বালের সেবক ব্যতিরেকে পরমেশ্বরের কোন সেবক যেন এখানে তোমাদের মধ্যে না থাকে, ২৪ ইহা অন্বেষণ করিয়া দেখ। পরে যে সময়ে তাহারা বলিদান ও হোম করিতে ভিতরে গেল, তৎকালে যেহূ আশী জনকে বাহিরে থাকিতে নিরূপণ করিয়া আজ্ঞা দিল, এই লোকদিগকে আমি তোমাদের হস্তগত করিলাম, ইহাদের কাহাকেও যদি কেহ পলায়ন করিতে দেয়,তবে তাহার প্রাণের পরিবর্ত্তে তাহার প্রাণ যাইবে। ২৫ পরে তাহাদের হোম করণ সাঙ্গ হইলে যেহূ পদাতিক ও সেনাপতিদিগকে আজ্ঞা দিল, তোমরা ভিতরে যাইয়া তাহাদিগকে বধ কর, কাহাকেও বাহিরে আসিতে দিও না। তখন তাহারা খড়্গধারেতে তাহাদিগকে বধ করিল, এবং পদাতিক ও সেনাপতিরা তাহাদিগকে বাহিরে ফেলিয়া দিল; পরে তাহারা ২৬ বালের মন্দিরের গৃহে গেল। এবং তাহারা বালের মন্দিরহইতে সকল প্রতিমাকে বাহির করিয়া দগ্ধ ২৭ করিল; এবং বালের প্রতিমা ভাঙ্গিয়া ফেলিল, এবং বালের মন্দির ভাঙ্গিয়া সেস্থানে এক মলগৃহ ২৮ প্রস্তুত করিল, তাহা অদ্যাপি আছে। এই রূপে যেহূ ইস্রায়েল্ দেশের মধ্যহইতে বাল্‌কে উচ্ছিন্ন করিল।

২৯ নিবাটের পুত্র যে যারবি[illegible]ম্ ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল, তাহার পাপহইতে অর্থাৎ বৈথেলস্থ ও দানস্থ স্বর্ণময় বৎসহইতে যেহূ ক্ষান্ত হইল না। ৩০ তাহাতে পরমেশ্বর যেহূকে কহিলেন, আমার দৃষ্টিতে যাহা উত্তম,তাহা করিয়া উত্তম কর্ম্ম করিয়াছ,ও আহাবের বংশকে আমার অন্তঃকরণানুসারে করিয়াছ। এই নিমিত্তে চতুর্থ পুরুষ পর্য্যন্ত তোমার বংশ ইস্রা- ৩১ য়েলের সিংহাসনোপবিষ্ট হইবে। তথাপি যেহূ আপন সমস্ত অন্তঃকরণের সহিত ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের ব্যবস্থানুসারে আচরণ করিতে মনোযোগ করিল না, ও যে যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল, তাহার পাপহইতে নিবৃত্ত হইল না।

৩২ ঐ সময়ে পরমেশ্বর ইস্রায়েল্ বংশকে ন্যূন করিতে ৩৩ লাগিলেন; সূর্য্যোদয় দিগে যর্দ্দন্ অবধি গিলিয়দের সকল দেশ, অর্থাৎ গাদীয়দিগকে ও রূবেনীয়দিগকে ও মিনশীয়দিগকে ও অর্ণোন্ নদীর নিকটস্থ অরোয়ের ইত্যাদি তাবৎ গিলিয়দ্ ও বাশন্ অবধি ইস্রায়েলের সকল সীমায় হসায়েল্ তাহাদিগকে বধ করিল। ৩৪ এই যেহূর অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ ও তাহার পরাক্রম কি ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে ৩৫ লিখিত নাই? পরে যেহূ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে লোকেরা তাহাকে শোমিরোণে কবর দিল; পরে তাহার পুত্র যিহোয়াহস্ তাহার পদে ৩৬ রাজ্যাভিষিক্ত হইল। এই যেহূ শোমিরোণেতে আটাইশ বৎসর পর্য্যন্ত ইস্রায়েলের উপরে রাজত্ব করিল।

১১ অধ্যায়।

১ যোয়াশের রক্ষা ৪ ও যিহোয়াদাদ্বারা রাজ্যাভিষিক্ত হওন ১৩ ও অথলিয়াকে বধ করণ ১৭ ও যিহোয়াদাদ্বারা দেবমন্দির ভগ্ন হওন, ও পরমেশ্বরকে সেবা করিতে লোকদের সহিত নিয়ম করণ।

১ পরে অহসিয়ের মাতা অথলিয়া আপন পুত্রকে মৃত দেখিয়া উঠিয়া রাজকীয় তাবৎ বংশ বিনষ্ট করিল; ২ কিন্তু যোরাম্ রাজের কন্যা অহসিয়ের ভগিনী যিহোশেবা অহসিয়ের পুত্র যোয়াশ্‌কে রাজার হত পুত্রদের মধ্যহইতে চুরি করিয়া তাহাকে ও তাহার ধাত্রীকে অথলিয়াহইতে শয়নাগারে লুকাইল, এই জন্যে সে ৩ হত হইল না। এবং সে ছয় বৎসর পর্য্যন্ত তাহার সহিত পরমেশ্বরের মন্দিরে গোপনে থাকিল, এবং অথলিয়া দেশের উপরে রাজত্ব করিল।

৪ পরে সপ্তম বৎসরে যিহোয়াদা লোক প্রেরণ করিয়া শতপতি ও সেনাপতি ও পদাতিকদিগকে ডাকিয়া আপনার নিকটে পরমেশ্বরের মন্দিরে আনিল, ও তাহাদের সহিত নিয়ম করিয়া পরমেশ্বরের গৃহে তাহাদিগকে ৫ শপথ করাইয়া রাজপুত্রকে দেখাইল। পরে সে তাহাদিগকে আজ্ঞা দিয়া কহিল, তোমরা এই কর্ম্ম করিবা, তোমরা তৃতীয়াংশ হইলে একাংশ ‡ বিশ্রামদিনে ৬ প্রবেশ করিয়া রাজবাটীর রক্ষা করিবা। ও একাংশ সূরের দ্বারে থাকিবা, ও একাংশ পদাতিকদের পশ্চাতে দ্বারে থাকিবা; এবং তাহার যেন আক্রমণ ‖ না হয়, ৭ এই জন্যে তোমরা গৃহ রক্ষা করিবা। এবং বিশ্রামবারে বহির্গামি তোমাদের দুই অংশ রাজার চারি- ৮ দিগে পরমেশ্বরের মন্দিরে রক্ষা করিবা। এবং প্রত্যেক জন হস্তে অস্ত্র লইয়া রাজাকে বেষ্টন করিবা, ও যে কেহ শ্রেণীর ভিতরে আইসে, সে হত হইবে, এবং রাজা যখন বাহিরে যায় ও ভিতরে আইসে,

---

[২১] ১ রা ১৬; ৩২ ‖—[২৪] ১ রা ২০; ৩৯ ‖—[২৫] ১ রা ১৮; ৪০ ‖—[২৭] প ২১। ইষ্রু ৬; ১১। দা ২; ৫। ৩; ২৯ ‖
[২৯] ১ রা ১২; ২৮-৩০ ‖—[৩০] ২ রা ১৫; ৮-১২ ‖—[৩১] প ২৯ ‖—[৩২,৩৩] ২ রা ৮; ১২। আম ১; ৩ ‖
[১১ অধ্য; ১-৩] ২ বং ২২; ১০-১২ ‖—[২] ২ রা ৮; ২৬। ৯; ২৭ ‖—[৪-১২] ২ বং ২৩; ১-১১ ‖

* (ইব্রু) পবিত্র। † (ইব্রু) মুখামুখি পূর্ণ। ‡ (ইব্রু) হস্ত বা দল। ‖ (ইব্রু) ভগ্নতা।

৯ তখন তোমরা তাহার সঙ্গে থাকিবা। পরে যিহোয়াদা যাজক যে আজ্ঞা করিল, তদনুসারে শতপতিরা করিল, এবং তাহারা প্রত্যেক জন বিশ্রামবারে প্রবেশকারি ও বিশ্রামবারে নির্গমনকারি আপন ২ লোকদিগকে লইয়া যিহোয়াদা যাজকের নিকটে আ- ১০ ইল। এবং যাজক পরমেশ্বরের মন্দিরে থাকন সময়ে দায়ূদ্ রাজের বর্শা ও ঢাল শতপতিদিগকে দিল। ১১ এবং মন্দিরের দক্ষিণ দিগ অবধি মন্দিরের বাম দিগ পর্য্যন্ত রক্ষক সেনাগণ হস্তে অস্ত্র লইয়া যজ্ঞবেদির ১২ ও মন্দিরের নিকটে রাজার চারিদিগে থাকিল। পরে সে রাজপুত্রকে বাহিরে আনিয়া তাহার মস্তকে মুকুট দিয়া তাহার হস্তে সাক্ষ্যপুস্তক দিল, ও তাহারা তাহাকে অভিষেক করিয়া রাজা করিল; পরে করতালী দিয়া কহিল, রাজা চিরজীবী হউন।

১৩ পরে অথলিয়া পদাতিক সেনার ও লোকদের কোলাহল শুনিয়া পরমেশ্বরের মন্দিরে লোকদের নিকটে ১৪ আইল। এবং আলোচনা করিলে রাজা ব্যবস্থানুসারে এক স্তম্ভের নিকটে দাঁড়াইয়া আছে, এবং অধ্যক্ষগণ ও তূরীবাদকগণ রাজার নিকটে আছে, এবং দেশের সকল লোক আনন্দ করিতেছে ও তূরী বাজাইতেছে, ইহা দেখিয়া অথলিয়া আপন বস্ত্র চিরিয়া ১৫ 'রাজদ্রোহ ও রাজদ্রোহ' ইহা কহিয়া ডাকিল। কিন্তু যিহোয়াদা যাজক শতপতিদিগকে ও সেনাপতিদিগকে আজ্ঞা করিয়া কহিল, তাহাকে শ্রেণীর বাহিরে লইয়া যাও; যে জন তাহার পশ্চাৎ যাইবে, তাহাকে খড়্গদ্বারা বধ কর; কেননা যাজক কহিয়াছিল, পরমেশ্বরের ১৬ গৃহে সে হতা না হউক। পরে লোকেরা তাহাকে ধরিয়া রাজধানীর অশ্বদ্বারের নিকটে লইয়া গিয়া তাহাকে বধ করিল।

১৭ পরে লোকেরা পরমেশ্বরের লোক হইবে, যিহোয়াদা পরমেশ্বরের ও রাজার ও লোকদের সহিত এই নিয়ম করিল, এবং রাজাতে ও লোকদিগেতেও নিয়ম ১৮ হইল। পরে দেশের লোকেরা বালের গৃহে গিয়া তাহা ভাঙ্গিয়া ফেলিল, এবং তাহার বেদি ও প্রতিমাদিগকে সর্ব্বতোভাবে চূর্ণ করিল, ও বেদির সম্মুখে বালের যাজক মত্তন্‌কে বধ করিল; পরে যাজক পরমেশ্বরের ১৯ গৃহের উপরে কর্ম্মকারিদিগকে নিযুক্ত করিল। অপর সে শতপতিদিগকে ও সেনাপতিদিগকে ও পদাতিকদিগকে ও দেশের লোকদিগকে সঙ্গে আনিলে তাহারা পরমেশ্বরের গৃহহইতে রাজাকে লইয়া রাজধানীর রক্ষক দ্বারের পথ দিয়া তাহাকে রাজবাটীতে ২০ আনিল; পরে সে রাজসিংহাসনে বসিল। তাহাতে দেশের সমস্ত লোক আনন্দ করিল, এবং নগর সুস্থির হইল; এবং তাহারা রাজবাটীর নিকটে অথলিয়াকে খড়্গদ্বারা বধ করিল। ২১ ঐ যোয়াশ্ সাত বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিল।

১২ অধ্যায়।

১ যিহোয়াদার বর্ত্তমান সময়ে যোয়াশের সুরাজত্ব করণ ৪ ও ঈশ্বরের গৃহ সারিতে তাহার আজ্ঞা করণ ১৭ ও টাকা পাইয়া হসায়েলের যিরূশালমহইতে ফিরণ ১৯ ও যোয়াশের হত হওন ও তাহার পদে তাহার পুত্র অমৎসিয়ের অভিষিক্ত হওন।

১ যেহূর অধিকারের সপ্তম বৎসরে যোয়াশ্ রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে চল্লিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল; বের্শেবা নিবাসিনী সিবিয়া ২ তাহার মাতা ছিল। যিহোয়াদা যাজক যত দিন তাহাকে উপদেশ দিল, তত দিন যোয়াশ্ পরমেশ্বরের ৩ সাক্ষাতে উত্তম কর্ম্ম করিল। কিন্তু উচ্চস্থান উচ্ছিন্ন হইল না, তখনি লোকেরা উচ্চস্থানে হোম ও ধূপদাহ করিল।

৪ পরে যোয়াশ্ যাজকদিগকে কহিল, যে সকল পবিত্র টাকা পরমেশ্বরের মন্দিরে আনীত হয়, অর্থাৎ প্রত্যেক গণিত লোকদের টাকা ও প্রত্যেক জনের নিরূপিত মূল্যের টাকা, ও পরমেশ্বরের মন্দিরে আনীত ৫ লোকদের মানতের * টাকা; এই সকল টাকা যাজকেরা আপন ২ পরিচিত লোকদের হস্তহইতে লইয়া ৬ মন্দিরের যে ২ স্থান ভগ্ন আছে তাহা সারুক। কিন্তু যোয়াশ্ রাজের তেইশ বৎসর অধিকারের সময় পর্য্যন্ত ৭ যাজকেরা মন্দিরের ভগ্ন স্থান সারে নাই। তাহাতে যোয়াশ্ রাজা যিহোয়াদা যাজককে ও অন্য যাজকদিগকে ডাকিয়া কহিল, তোমরা মন্দিরের ভগ্ন স্থান কেন সারিলা না? অতএব অদ্যাবধি তোমরা পরিচিত লোকদের নিকটহইতে আর টাকা লইও না, কেননা ৮ মন্দিরের ভগ্ন স্থানের জন্যে তাহা দিতে হইল। তাহাতে যাজকেরা লোকদের নিকটহইতে টাকা না লইতে ৯ ও মন্দিরের ভগ্ন স্থান না সারিতেও সম্মত হইল। পরে যিহোয়াদা যাজক এক সিন্দুক লইয়া তাহার ডালাতে এক ছিদ্র করিয়া হোমবেদির নিকটে পরমেশ্বরের মন্দিরে প্রবেশ স্থানের দক্ষিণ পার্শ্বে রাখিল; তাহাতে দ্বার † রক্ষক যাজকেরা পরমেশ্বরের মন্দিরে ১০ আনীত সমস্ত টাকা তাহার মধ্যে রাখিত। পরে সিন্দুকে অনেক টাকা হইতে দেখিলে রাজার লেখক ও প্রধান যাজক আসিয়া পরমেশ্বরের মন্দিরে ১১ প্রাপ্ত ঐ সকল টাকা গণনা করিয়া বন্ধন করিল। পরে তাহারা টাকা গণনা করিয়া কর্ম্মকারদের হস্তে অর্থাৎ পরমেশ্বরের মন্দিরের অধ্যক্ষদের হস্তে দিলে

---

[৯] ২ বং ২৩; ৮।।—[১৩-২০] ২ বং ২৩; ১২-২১।।—[১৪] ২ রা ২৩; ৩।।—[১৮] ১০; ২৬,২৭।।—[২১] ২ বং ২৪; ১।। [১২ অধ্য; ১-১৬] ২ বং ২৪; ১-১৪।।—[৪] যা ৩০; ১৩। লে ২৭; ২। যা ৩৫; ৫-৯। ১ বং ২৯; ৬-৯।।—[১০-১২] ২ রা ২২; ৪-৭।।

* (ইব্রু) যাহা মনুষ্যের মনে উঠে। † (ইব্রু) গোবরাট।

তাহারা পরমেশ্বরের মন্দিরের কর্ম্মকারি সূত্রধর ও [১২] গৃন্থনকার, ও রাজ ও ভাস্করদিগকে কাষ্ঠ ও খোদিত প্রস্তর ক্রয় করণার্থে ও পরমেশ্বরের মন্দিরের ভগ্ন স্থান সারিতে ও গৃহ সারিতে যে ব্যয় তাহা দিল। [১৩] কিন্তু পরমেশ্বরের মন্দিরে আনীত টাকাদ্বারা পরমেশ্বরের মন্দিরের জন্যে রূপ্য বাটী ও শুলত্রাস ও বাটী ও তূরী ও স্বর্ণময় পাত্র ও রূপ্যময় পাত্র [১৪] নির্ম্মাণ হইল না। তাহারা পরমেশ্বরের মন্দির সারিতে [১৫] কর্ম্মকারদিগকেই সকল টাকা দিল। কিন্তু তাহারা কর্ম্মকারদের পরিশ্রমের কারণ যাহাদের হস্তে টাকা দিল, তাহাদের হইতে টাকার নিকাস লইল না, [১৬] কেননা তাহারা বিশ্বাস্য রূপে কর্ম্ম করিল। আর দোষ ও পাপের জন্যে দত্ত যে টাকা, তাহা পরমেশ্বরের মন্দিরে আনীত হইল না, তাহা যাজকদের হইল।

[১৭] ঐ সময়ে অরামের হসায়েল্ রাজা গাতের বিরুদ্ধে যাইয়া যুদ্ধ করিয়া তাহা হস্তগত করিল; এবং হসায়েল্ যিরূশালমে যাইতেও উন্মুখ হইল। [১৮] তাহাতে যিহূদার যোয়াশ্ রাজা আপন পূর্ব্বপুরুষদের, অর্থাৎ যিহূদার যিহোশাফট্ ও যোরাম্ ও অহসিয় রাজদের পবিত্রীকৃত বস্তু, ও আপনার পবিত্রীকৃত বস্তু, এবং পরমেশ্বরের মন্দিরের ভাণ্ডারে ও রাজবাটীর ভাণ্ডারে যত স্বর্ণ ছিল, সে সকল লইয়া অরামের হসায়েল্ রাজার নিকটে পাঠাইয়া দিল, তাহাতে সে যিরূশালম্হইতে ফিরিয়া গেল।

[১৯] এই যোয়াশের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ কি যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত [২০] নাই? পরে তাহার দাসগণ উঠিয়া দ্রোহ করিয়া সিল্লার পথস্থিত মিল্লো নামক বাটীতে তাহাকে বধ [২১] করিল। শিমিয়তের পুত্র যোষাখর্ ও শিম্রীতের * পুত্র যিহোষাবদ্ এই দাসেরা তাহাকে প্রহার করিলে সে মরিল; পরে লোকেরা দায়ূদ্নগরে তাহার পিতৃলোকদের সহিত তাহাকে কবর দিল, এবং তাহার পুত্র অমৎসিয় তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

১৩ অধ্যায়।

১ ইস্রায়েলের যিহোয়াহস্ রাজের কুরাজত্ব করণ ৩ ও লোকদের বিপদের কথা ও যিহোয়াহসের মৃত্যু ১০ ও তাহার পুত্র যোয়াশের কুরাজত্ব করণ ১৪ ও ইলীশায়ের পীড়িত হওনের ভবিষ্যদ্বাক্য ২০ ও মৃত ইলীশায়ের অস্থি স্পর্শ করিয়া এক শবের জীবন প্রাপ্তি ২২ ও ইলীশায়ের ভবিষ্যদ্বাক্যের সিদ্ধি।

[১] যিহূদার অহসিয় রাজের পুত্র যোয়াশের অধিকারের ত্রয়োবিংশ বৎসরে যেহূর পুত্র যিহোয়াহস্ শোমিরোণে ইস্রায়েল্ বংশের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিয়া সতের বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল। [২] সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল, অর্থাৎ নিবাটের পুত্র যে যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল, তাহার অনুগামী হইল; তাহাহইতে ফিরিল না।

[৩] তাহাতে ইস্রায়েলের বিরুদ্ধে পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি অরামের হসায়েল্ রাজের ও হসায়েলের পুত্র বিন্হদদের যাবজ্জীবন তাহাদের হস্তে তাহাদিগকে সমর্পণ করিলেন। [৪] পরে যিহোয়াহস্ পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিলে পরমেশ্বর তাহার প্রার্থনায় মনোযোগ করিলেন, এবং অরামের রাজা ইস্রায়েল্ বংশকে যে উপদ্রব ভোগ করাইল, তাহা তিনি দেখিলেন। [৫] কেননা অরামের রাজা যিহোয়াহসের নিমিত্তে লোকদের মধ্যে কেবল পঞ্চাশ অশ্বারূঢ় ও দশ রথ ও দশ সহস্র পদাতিককে অবশিষ্ট রাখিয়া তাহাদিগকে বিনষ্ট করিল ও তাহাদিগকে মর্দ্দন করিয়া ধূলির ন্যায় করিল। [৬] তাহাতে ইস্রায়েল্ বংশ যাহাদ্বারা অরামীয়দের হস্তহইতে মুক্তি পাইল, এমত এক উদ্ধারকর্ত্তাকে পরমেশ্বর দিলে ইস্রায়েলের বংশ পূর্ব্ববৎ † আপন২ বাসস্থানে বাস করিল। [৭] তথাপি ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল যে যারবিয়াম্, তাহার পাপ তাহারা ত্যাগ না করিয়া তাহার ন্যায় আচরণ করিল, এবং শোমিরোণে চৈত্য বৃক্ষ থাকিল ‡। [৮] এই যিহোয়াহসের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ ও প্রতাপ কি ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত নাই? [৯] পরে যিহোয়াহস্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে লোকেরা তাহাকে শোমিরোণে কবর দিল, ও তাহার পুত্র যোয়াশ্ তাহার পদে রাজা হইল।

[১০] যিহূদার যোয়াশ্ রাজের অধিকারের পঞ্চত্রিংশৎ বৎসরে যিহোয়াহসের পুত্র যোয়াশ্ শোমিরোণে ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিয়া ষোল বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল। [১১] সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল; নিবাটের পুত্র যে যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল, তাহার কোন পাপ ত্যাগ করিল না, তদনুসারে আচার করিল। [১২] এই যোয়াশের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ, এবং যে প্রভাবদ্বারা যিহূদার অমৎসিয় রাজের সহিত যুদ্ধ করিল, সেই সকল কথা কি ইস্রায়েলের রাজাদের

---

[১৫] ২ রা ২২; ৭॥—[১৬] লে ৫; ১৫,১৮। ৬;৬। ৭; ৭। গ ১৮; ৯॥—[১৭-২১] ২ বং ২৪; ২৩-২৭॥ ২ রা ৮; ১২॥ [১৮] ১ রা ১৫; ১৮। ২ রা ১৮; ১৩-১৬॥—[২০,২১] ১৪; ৫॥

[১৩ অধ্য; ২] ১ রা ১২; ২৯,৩০॥—[৩] বি ২; ১৪। ২ রা ৮; ১২॥—[৪-৬] বি ২; ১১-২০। গী ৭৮; ৩৪-৩৯॥ [৫] প ২৫॥—[৬] ১ রা ১৬; ৩৩॥—[৭] ২ রা ৮; ১২। আম ১; ৩॥—[১০] ২ রা ১৪; ১॥—[১২] প ১৪, ২৫। ১৪; ৯। ২ বং ২৫; ১৭॥

* (ইব্রু) শোমেরের। † (ইব্রু) কাল ও পরশ্বের ন্যায়। ‡ (ইব্রু) দাঁড়াইল।

১৩ ইতিহাসপুস্তকে লিখিত নাই? পরে যোয়াশ্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে ইস্রায়েলের রাজাদের সহিত শোমিরোণে কবরপ্রাপ্ত হইল; তাহাতে যারবিয়াম্ তাহার সিংহাসনে উপবিষ্ট হইল।

১৪ ইলীশায় যে পীড়াতে মরিল, সেই পীড়াতে পীড়িত হইলে ইস্রায়েলের যোয়াশ্ রাজা তাহার নিকটে যাইয়া তাহার মুখের উপরে ক্রন্দন করিয়া কহিল, হে আমার পিতঃ, হে আমার পিতঃ, হে ইস্রায়েলের ১৫ রথ ও অশ্বারূঢ়গণ। ইলীশায় তাহাকে কহিল, তুমি ১৬ ধনুর্ব্বাণ লও, তাহাতে সে ধনুর্ব্বাণ লইল। পরে সে ইস্রায়েলের রাজাকে কহিল, তুমি হস্ত বিস্তার করিয়া ধনুক ধর *; তাহাতে সে হস্ত বিস্তার করিয়া ধনুক ধরিল, পরে ইলীশায় রাজার হস্তের উপরে আপন ১৭ হস্ত দিল। এবং কহিল, পূর্ব্বদিগের বাতায়ন খোল; তাহাতে সে খুলিল; পরে ইলীশায় কহিল, বাণক্ষেপণ কর; তাহাতে সে বাণক্ষেপণ করিলে ইলীশায় কহিল, এ পরমেশ্বরদ্বারা জয়কারি বাণ, ও অরামকে জয়কারি বাণ, কেননা তুমি অফেকে অরামীয়দিগকে ১৮ নিঃশেষ করণ পর্য্যন্ত আঘাত করিবা। পরে সে কহিল, অন্য বাণ লও, তাহাতে সে অন্য বাণ লইলে সে ইস্রায়েলের রাজাকে কহিল, তুমি ভূমিতে আঘাত কর; তাহাতে সে তিন বার ভূমিতে আঘাত করিয়া নিবৃত্ত ১৯ হইল। তখন ঈশ্বরের লোক তাহার প্রতি ক্রোধ করিয়া কহিল, পাঁচ ছয় বার আঘাত করা তোমার উচিত ছিল, কেননা তাহা করিলে তুমি অরামীয়দিগকে নিঃশেষে আঘাত করিতা, কিন্তু এখন অরামকে কেবল তিন বার আঘাত করিবা।

২০ পরে ইলীশায় মরিলে লোকেরা তাহাকে কবর দিল; অপর বৎসরের প্রথমে মোয়াবীয় দস্যুদলেরা দেশের ২১ উপরে আক্রমণ করিল। তৎকালে লোকেরা এক মনুষ্যকে কবর দিতেছিল, এমন সময়ে শত্রুপক্ষীয় এক দলকে দেখিয়া সেই শব ইলীশায়ের কবরে নিক্ষেপ করিল; তাহাতে ঐ শব দৈবাৎ † ইলীশায়ের অস্থি স্পর্শ করিবামাত্র সজীব হইয়া আপন পদে দাঁড়াইল।

২২ যিহোয়াহসের অধিকার সময়ে অরামের হসায়েল্ ২৩ রাজা ইস্রায়েলের প্রতি উপদ্রব করিল। তাহাতে পরমেশ্বর তাহাদের প্রতি অনুগ্রহ করিলেন ও দয়া করিলেন, এবং ইব্রাহীম্ ও ইস্‌হাক্ ও যাকূবের সহিত যে নিয়ম করিয়াছিলেন, তন্নিমিত্তে তাহাদের প্রতি সুদৃষ্টি করিয়া তাহাদিগকে আপাততো বিনষ্ট করিতে এবং আপন সাক্ষাৎহইতে নিক্ষেপ করিতে ২৪ অসম্মত হইলেন। পরে অরামের হসায়েল্ রাজা মরিলে তাহার পুত্র বিন্‌হদদ্ তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল। ২৫ আর হসায়েলের পুত্র বিন্‌হদদ্ যুদ্ধ করিয়া যোয়াশের পিতা যিহোয়াহস্‌হইতে যে ২ নগর লইয়াছিল, সেই সকল নগর যিহোয়াহসের পুত্র যোয়াশ্ লইল; যোয়াশ্ তাহাকে তিন বার জয় করিয়া ইস্রায়েলের নগর পুনর্ব্বার লইল।

১৪ অধ্যায়।

১ অমৎসিয়ের সুরাজত্ব ৫ ও আপন পিতার বধকারিদিগকে ও ইদোমীয়দিগকে বধ করণ ৮ ও তাহার যুদ্ধে পরাস্ত হওন ১৫ ও যোয়াশের মৃত্যু ১৭ ও অমৎসিয়ের হত হওন ২১ ও অসরিয়ের রাজ্যাভিষিক্ত হওন ২৩ ও যারবিয়ামের কুরাজত্ব ২৮ ও সিখরিয়ের রাজ্যাভিষিক্ত হওন।

১ ইস্রায়েলের যিহোয়াহস্ রাজের পুত্র যোয়াশের অধিকারের দ্বিতীয় বৎসরে যিহূদার যোয়াশ্ রাজের পুত্র অমৎসিয় রাজ্যাভিষিক্ত হইল। ২ সে পঁয়ত্রিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে ঊনত্রিশ বৎসর রাজত্ব করিল; যিরূশালম্ নিবাসিনী যিহোয়দ্দন্ তাহার মাতা ছিল। ৩ সে যদ্যপি পরমেশ্বরের সাক্ষাতে উত্তম কর্ম্ম করিল, তথাপি তাহার পূর্ব্বপুরুষ দায়ূদের তুল্য নয়, সে আপন পিতা যোয়াশের তাবৎ কর্ম্মানুসারে কর্ম্ম করিল। ৪ তাহাতে উচ্চস্থান উচ্ছিন্ন হইল না, কিন্তু লোকেরা তাহার উপরে বলিদান ও ধূপ দগ্ধ করিল।

৫ পরে তাহার কর্তৃত্বদ্বারা রাজ্য সুস্থির হইলে তাহার যে দাসগণ তাহার পিতা রাজাকে বধ করিয়াছিল, তাহাদিগকে বধ করিল। ৬ কিন্তু পুত্রের পরিবর্ত্তে পিতা, ও পিতার পরিবর্ত্তে পুত্র হত হইবে না; প্রতি জন আপন ২ পাপ প্রযুক্ত হত হইবে,' পরমেশ্বরের এই যে আজ্ঞা মূসার ব্যবস্থাপুস্তকে লিখিত আছে, তদনুসারে ঐ ঘাতকদের সন্তানদিগকে সে বধ করিল না। ৭ সে লবণপ্রান্তরে ইদোমের সহস্র লোককে বধ করিল, ও যুদ্ধদ্বারা সেলা নগর ‡ হস্তগত করিয়া তাহার নাম যক্তেল্ রাখিল; অদ্যাপি তাহার সেই নাম আছে।

৮ পরে অমৎসিয় ইস্রায়েলের যেহূ রাজের পৌত্র যিহোয়াহসের পুত্র যোয়াশের নিকটে লোক পাঠাইয়া কহিল, আইস, আমরা পরস্পর সাক্ষাৎ করি। ৯ তাহাতে ইস্রায়েলের যোয়াশ্ রাজা যিহূদার অমৎসিয় রাজের নিকটে লোক পাঠাইয়া কহিল, লিবানোনস্থ শিয়াল কাঁটা লিবানোনস্থ এরস্ বৃক্ষের

---

[১৪] ২ রা ২; ১২। ৬; ১৬॥—[১৭] প ৫। ১ রা ২০, ২৬॥—[১৯] প ২৫॥—[২২-২৫] প ৪-৬। গী ৭৮; ৩৫-৩৯॥
[২৩] যা ৩২; ১৩॥—[২৫] প ১৮,১৯॥

[১৪ অধ্য; ১-৪] ১ বং ২৫; ১,২॥—[১] ২ রা ১৩; ১০॥—[৪] ১২; ৩॥—[৫] ১২; ২০॥—[৫,৬] ২ বং ২৫; ৩,৪॥
[৬] দ্বি ২৪; ১৬॥—[৭] ২ বং ২৫; ১১,১২। ২ শি ৮; ১৩॥—[৮-১৪] ২ বং ২৫; ১৭-২৪॥—[৯] বি ৯; ৮-১৫॥

* (ইব্র) ধনুকে হস্তারোহণ করাও। † (ইব্র) যাইয়া। ‡ (বা) শৈল।

নিকটে লোক পাঠাইয়া কহিল, আমার পুত্রের বিবাহের জন্যে তোমার কন্যাকে দেও; পরে লিবানোনস্থ বন্য পশু যাইয়া শিয়াল কাঁটা দলিয়া ফেলিল।

১০ তুমি ইদোম্‌কে জয় করিয়াছ, এ কারণ তোমার মন গর্ব্বিত হইয়াছে, তুমি সম্ভ্রান্ত হইয়া আপন গৃহে থাক; আপনার ক্ষতির জন্যে ও যিহূদার সহিত পতিত হইবার ১১ জন্যে কেন অনধিকার চর্চ্চা করিবা? কিন্তু অমৎসিয় রাজা তাহা শুনিল না; অতএব ইস্রায়েলের যোয়াশ্ রাজা গেল, এবং সে ও যিহূদার অমৎসিয় রাজা যিহূদার ১২ বৈৎশেমশে পরস্পর সাক্ষাৎ করিল। তাহাতে ইস্রায়েল্ বংশের সম্মুখে যিহূদার লোকেরা পরাজিত* হইয়া প্রত্যেক জন আপন ২ বাসস্থানে পলায়ন করিল।

১৩ পরে ইস্রায়েলের যোয়াশ্ রাজা বৈৎশেমশে অহসিয়ের পৌত্র যোয়াশের পুত্র যিহূদার অমৎসিয় রাজাকে ধরিয়া লইয়া যিরূশালমে আইল, এবং ইফ্রয়িমের দ্বার অবধি কোণের দ্বার পর্য্যন্ত চারি শত হস্ত যিরূশা- ১৪ লমের প্রাচীর ভগ্ন করিয়া ফেলিল। এবং পরমেশ্বরের মন্দিরে ও রাজবাটীর ভাণ্ডারে প্রাপ্ত সকল স্বর্ণ ও রূপ্য ও তাবৎ পাত্র লইল, এবং বন্ধকস্বরূপ লোকদিগকে সঙ্গে লইয়া শোমিরোণে ফিরিয়া গেল।

১৫ এই যোয়াশের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ ও পরাক্রম ও যিহূদার অমৎসিয় রাজের সহিত কি প্রকারে যুদ্ধ করিল, এই সকল কি ইস্রায়েলের রাজাদের ইতি- ১৬ হাসপুস্তকে লিখিত নাই? পরে যোয়াশ্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে শোমিরোণে ইস্রায়েলের রাজাদের সহিত কবরপ্রাপ্ত হইল, এবং তাহার পুত্র যারবিয়াম্ তাহার পদে রাজা হইল।

১৭ পরে যিহূদার যোয়াশ্ রাজের পুত্র অমৎসিয় ইস্রায়েলের যিহোয়াহস্ রাজের পুত্র যোয়াশের মৃত্যুর ১৮ পরে পোনেরো বৎসর বাঁচিল। এই অমৎসিয়ের অবশিষ্ট ক্রিয়া কি যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে ১৯ লিখিত নাই? পরে লোকেরা যিরূশালমে তাহার বিরুদ্ধে কুমন্ত্রণা করিলে সে লাখীশে পলায়ন করিল; তথাপি তাহারা তাহার পশ্চাৎ২ লাখীশে লোক ২০ পাঠাইয়া সেখানে তাহাকে বধ করাইল। পরে তাহারা অশ্বদ্বারা তাহাকে লইয়া যিরূশালমে দায়ূদ্ নগরে আপন পিতৃলোকদের সহিত কবর দিল।

২১ পরে যিহূদার লোকেরা ষোড়শ বৎসর বয়স্ক অসরিয়কে লইয়া তাহার পিতা অমৎসিয়ের পদে ২২ রাজ্যাভিষিক্ত করিল। রাজা পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে সে এলৎ নগর প্রস্তুত করিয়া পুনর্ব্বার যিহূদার অধীন করিল।

২৩ যিহূদার যোয়াশ্ রাজের পুত্র অমৎসিয়ের অধিকারের পোনেরো বৎসরে ইস্রায়েলের যোয়াশ রাজের পুত্র যারবিয়াম্ শোমিরোণে রাজ্য করিতে আরম্ভ করিয়া একচল্লিশ বৎসর রাজত্ব করিল। ২৪ সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল, এবং নিবাটের পুত্র যে যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল, তাহার সকল পাপ ত্যাগ করিল না। ২৫ এবং গাৎ-হেফরীয় অমিত্তয়ের পুত্র যূনস্ ভবিষ্যদ্বক্তার প্রমুখাৎ ইস্রায়েলের প্রভু পরমেশ্বর যে কথা কহিয়াছিলেন, তদনুসারে সে হমাতে প্রবেশ স্থান অবধি প্রান্তরের সমুদ্র পর্য্যন্ত ইস্রায়েলের সীমা পুনর্ব্বার হস্তগত করিল। ২৬ কেননা ইস্রায়েল্ বংশের অতিশয় দুঃখ, এবং মুক্ত ও বদ্ধ সকলে গত, কেহ উপকারক নাই; পরমেশ্বর ইহা দেখিলেন। ২৭ এবং আমি ইস্রায়েলের নাম আকাশের অধোহইতে লোপ করিব, এমত কথা না কহিয়া পরমেশ্বর যোয়াশের পুত্র যারবিয়ামের হস্তদ্বারা তাহাদিগকে উদ্ধার করিলেন।

২৮ এই যারবিয়ামের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ ও তাহার পরাক্রম ও সে যে রূপ যুদ্ধ করিল, এবং যিহূদার কারণ দম্মেষক্ ও হমাৎ ইস্রায়েল্ বংশদ্বারা পুনর্ব্বার হস্তগত করিল; এই সকল কি ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত নাই? ২৯ পরে যারবিয়াম্ আপন পিতৃলোক ইস্রায়েলের রাজাদের ন্যায় মহানিদ্রিত হইলে তাহার পুত্র সিখরিয় তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

১৫ অধ্যায়।

১ ওষিয়ের সুরাজত্ব করণ ৫ ও সে কুষ্ঠী হওয়াতে তাহার পুত্রের বিচার করণ ৮ ও সিখরিয়ের কুরাজত্ব করণ ও হত হওন ১৩ ও শল্লুমের কুরাজত্ব করণ ও হত হওন ১৬ ও মিনহেমের বিবরণ ২১ ও তাহার পুত্র পিকহিয়ের রাজ্যাভিষিক্ত হওন ২৩ ও পিকহিয়ের হত হওন ২৭ ও পেকহের অভিষিক্ত হওন ২৯ ও ইস্রায়েলের দুর্দ্দশা ৩০ ও পেকহের হত হওন ৩২ ও যোথমের বিবরণ।

১ ইস্রায়েলের যারবিয়াম্ রাজের অধিকারের সাতাইশ বৎসরে যিহূদার অমৎসিয় রাজের পুত্র উষিয়† রাজত্ব করিতে লাগিল। ২ সে ষোড়শ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে বাবান্ন বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল; যিরূশালম্ নিবাসিনী যিখলিয়া তাহার মাতা ছিল। ৩ সে আপন পিতা অমৎসিয়ের কার্য্যানুসারে পরমেশ্বরের সাক্ষাতে উত্তম কর্ম্ম করিল। ৪ কিন্তু উচ্চস্থান উচ্ছিন্ন হইল না, তখনি লোকেরা উচ্চস্থানে হোম ও ধূপদাহ করিল।

[১০] হি ১৬; ১৮॥—[১১] যি ১১; ৩৮॥—[১৪] ১ রা ১৪; ২৫, ২৬॥—[১৫] ২ রা ১৩; ১২॥—[১৭-২০] ২ বং ২৫; ২৫-২৮॥—[২১,২২] ২ বং ২৬; ১,২॥—[২৫] গা ৩৪; ৮,১২। দ্বি ৩; ১৭। য়ূ ১; ১। যি ১১; ১৩॥—[২৬,২৭] ২ রা ১৩; ৪,৫। দ্বি ৩২; ৩৬॥—[২৮] ২ শি ৮; ৬। ১ বং ২; ২১-২৩॥—[২৯] ২ রা ১৫; ৮॥

[১৫ অধ্য; ১-৪] ২ বং ২৬; ১-৫॥—[১] ২ রা ১৪; ২১॥—[৪] ১৪; ৪॥

* (ইব্রী) পুহারিত। † (ইব্রী) অসরিয়।

৫ অপর পরমেশ্বর রাজাকে আঘাত করিলে সে মরণ দিন পর্য্যন্ত কুষ্ঠরোগী হইয়া চিকিৎসালয়ে বাস করিল; তাহাতে যোথম্ রাজকুমার গৃহের কর্ত্তা হইয়া ৬ দেশের লোকদের বিচার করিল। এই উষিয়ের * অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ কি যিহূদার রাজাদের ৭ ইতিহাসপুস্তকে লিখিত নাই? পরে উষিয় * আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে দায়ূদ্ নগরে পিতৃলোকদের সহিত কবরপ্রাপ্ত হইল, এবং তাহার পুত্র যোথম্ তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

৮ যিহূদার উষিয় * রাজের অধিকারের আটত্রিশ বৎসরে যারবিয়ামের পুত্র সিখরিয় শোমিরোণে ইস্রা- ৯ য়েলের উপরে ছয় মাস রাজত্ব করিল। সে আপন পিতৃলোকদের কর্ম্মানুসারে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল, এবং নিবাটের পুত্র যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে যে পাপেতে প্রবৃত্তি দিল, তাহা ত্যাগ করিল ১০ না। পরে যাবেশের পুত্র শল্লুম্ রাজদ্রোহ করিয়া লোকদের সম্মুখে তাহাকে প্রহার করিয়া বধ করিল, ১১ এবং তাহার পদে আপনি রাজা হইল। এই সিখ- রিয়ের অবশিষ্ট ক্রিয়া † কি ইস্রায়েলের রাজা- ১২ দের ইতিহাসপুস্তকে লিখিত নাই? পরমেশ্বর যেহূকে কহিয়াছিলেন, চতুর্থ পুরুষ পর্য্যন্ত তোমার বংশ ইস্রায়েলের সিংহাসনোপবিষ্ট হইবে, তাঁহার সেই কথানুসারে ঘটিল।

১৩ যিহূদার উষিয় রাজের অধিকারের ঊনচল্লিশ বৎ- সরে যাবেশের পুত্র শল্লুম্ রাজ্য করিতে আরম্ভ ১৪ করিয়া পূর্ণ এক মাস শোমিরোণে রাজ্য করিল। কেননা গাদির পুত্র মিনহেম্ তির্সাহইতে যাইয়া শোমিরোণে উপস্থিত হইয়া শোমিরোণ্ নিবাসি যাবেশের পুত্র শল্লুমকে প্রহার করিয়া বধ করিল, এবং তাহার পদে ১৫ আপনি রাজা হইল। এই শল্লুমের অবশিষ্ট ক্রিয়া ও সে যে রাজদ্রোহ করিল, † তাহা কি ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত নাই?

১৬ পরে মিনহেম্ তিপ্সহ ও তাহার মধ্যস্থিত সকলকে ও তির্সা পর্য্যন্ত তাহার সীমা জয় করিল, কেননা তাহারা তাহার জন্যে দ্বার খুলিয়া দিল না, এই জন্যে তাহাদিগকে বধ করিল ও তাহাদের গর্ব্ভবতীদের উদর ১৭ বিদীর্ণ করিল। যিহূদার উষিয় রাজের অধিকারের ঊনচল্লিশ বৎসরে গাদির পুত্র মিনহেম্ ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিয়া শোমিরোণে ১৮ দশ বৎসর রাজত্ব করিল। সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল, এবং নিবাটের পুত্র যে যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল, তাহার ১৯ পাপ যাবজ্জীবন ত্যাগ করিল না। পরে অশূরের পূল্ রাজা সে দেশের বিরুদ্ধে আইলে, পূলের হস্তের সাহায্যদ্বারা যেন তাহার রাজ্য স্থির থাকে, এই জন্যে মিনহেম পূল্কে এক সহস্র কিক্কর রূপা দিল। এবং মিনহেম্ তাবৎ ধনবান লোকহইতে ২০ পঞ্চাশ ২ শেকল রূপা লইয়া অশূরের রাজাকে দিবার জন্যে ইস্রায়েলের মধ্যে ধন সঞ্চয় করিল ‡; অতএব অশূরের রাজা সে দেশে না থাকিয়া ফি- রিয়া গেল।

২১ এই মিনহেমের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ কি ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত ২২ নাই? পরে মিনহেম্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে তাহার পুত্র পিকহিয় তাহার পদে রাজা হইল।

২৩ যিহূদার উষিয় * রাজের অধিকারের পঞ্চাশ বৎ- সরে মিনহেমের পুত্র পিকহিয় শোমিরোণে রাজত্ব করিতে আরম্ভ করিয়া দুই বৎসর রাজত্ব করিল। এবং ২৪ সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল, এবং নিবাটের পুত্র যে যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল, তাহার পাপ ত্যাগ করিল না। পরে রিমলিয়ের ২৫ পুত্র পেকহ নামক তাহার এক সেনাপতি তাহার বিরুদ্ধে রাজদ্রোহ করিয়া শোমিরোণে রাজবাটীর অন্তঃপুরে তাহাকে ও অর্গোবকে ও অরিয়িকে, ও তাহার সঙ্গি পঞ্চাশ জন গিলিয়দীয়কে বধ করিয়া তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল। এই পিকহিয়ের অবশিষ্ট ২৬ ক্রিয়া ও সমস্ত বিবরণ ইস্রায়েলের রাজাদের ইতিহাস- পুস্তকে লিখিত আছে।

২৭ যিহূদার উষিয় * রাজের অধিকারের বাবান্ন বৎসরে রিমলিয়ের পুত্র পেকহ ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে আরম্ভ করিয়া বিংশতি বৎসর পর্য্যন্ত শোমি- রোণে রাজত্ব করিল। সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ ২৮ করিল, এবং নিবাটের পুত্র যে যারবিয়াম্ ইস্রায়েল্ বংশকে পাপেতে প্রবৃত্তি দিল, তাহার পাপ ত্যাগ করিল না।

২৯ পরে ইস্রায়েলের পেকহ রাজের অধিকার সময়ে অশূরের রাজা তিগ্লৎ-পিলেষর্ আসিয়া ইয়োন্ ও আবেল্-বৈৎমাখা ও যানোহ ও কেদশ্ ও হাৎসোর্ ও গিলিয়দ্ ও গালীল্ অর্থাৎ নপ্তালির সকল দেশ হস্তগত করিল, ও লোকদিগকে বন্দী করিয়া অশূরে লইয়া গেল।

৩০ পরে উষিয়ের পুত্র যোথমের অধিকারের বিং- শতি বৎসরে এলার পৌত্র হোশেয় রিমলিয়ের পুত্র পেকহের বিরুদ্ধে রাজদ্রোহ করিয়া তাহাকে প্রহার করিয়া বধ করিল, ও তাহার পদে আপনি

[৫] ২ বং ২৬; ১৬-২১। লে ১৩; ৪৬।—[৭] ২ বং ২৬; ২৩।—[১০] আম ৭; ৯।—[১২] ২ রা ১০; ৩০।—[১৩] প ১০।—[১৪] ১ রা ১৪; ১৭।—[১৬] ১ রা ৪; ২৪।—[১৯] ১ বং ৫; ২৫, ২৬।—[২৯] ১ বং ৫; ২৫, ২৬। যিশ ৯; ১।—[৩০] ২ রা ১৭; ১। হো ১০; ৩, ৭, ১৫।

*(ইব্রী) অসরিয়। † (ইব্রী) দেখ। ‡ (ইব্রী) নির্গমন করাইল।

৩১ রাজ্যাভিষিক্ত হইল। এই পেকহের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত আছে।

৩২ ইস্রায়েলের রিমলিয়ের পুত্র পেকহ রাজার অধিকারের দ্বিতীয় বৎসরে যিহূদার উষিয় রাজের পুত্র যোথম্ ৩৩ রাজত্ব করিতে লাগিল। সে পঁচিশ বৎসর বয়সে রাজ্য করিতে আরম্ভ করিয়া যিরূশালমে ষোল বৎসর রাজত্ব করিল; সাদোকের কন্যা যিরূশা তাহার মাতা ৩৪ ছিল। সে পরমেশ্বরের সাক্ষাতে উত্তম কর্ম্ম করিল ও আপন পিতা উষিয়ের কার্য্যানুসারে কার্য্য করিল। ৩৫ কিন্তু উচ্চস্থান উচ্ছিন্ন হইল না, লোকেরা উচ্চস্থানে হোম ও ধূপ দগ্ধ করিল; সে পরমেশ্বরের মন্দিরের ৩৬ উচ্চদ্বার নির্ম্মাণ করিল। এই যোথমের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ যিহূদার রাজাদের ইতিহাস- ৩৭ পুস্তকে কি লিখিত নাই? ঐ সময়ে পরমেশ্বর অরামের রিৎসীন্ রাজাকে ও রিমলিয়ের পুত্র পেকহকে ৩৮ যিহূদার বিরুদ্ধে পাঠাইতে আরম্ভ করিলেন। পরে যোথম্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে আপন পূর্ব্বপুরুষ দায়ূদের নগরে আপন পিতৃলোকদের সহিত কবরপ্রাপ্ত হইল, ও তাহার পুত্র আহস্ তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

১৬ অধ্যায়।

১ আহসের কুরাজত্ব করণ ৫ ও তাহার রুদ্ধ হওন ৭ ও মুক্ত হওন ১০ ও নূতন বেদির নির্ম্মাণ ১৭ ও মন্দিরের দ্রব্য লুট করণ ১৯ ও তাহার মৃত্যু।

১ রিমলিয়ের পুত্র পেকহের অধিকারের সপ্তদশ বৎসরে যিহূদার যোথম্ রাজের পুত্র আহস্ রাজত্ব করিতে ২ লাগিল। সে বিংশতি বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে ষোল বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল; সে আপন প্রভু পরমেশ্বরের সাক্ষাতে আপন ৩ পূর্ব্বপুরুষ দায়ূদের ন্যায় সৎকর্ম্ম করিল না। কিন্তু ইস্রায়েলের রাজাদের পথে গমন করিল. এবং পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে যে অন্য দেশীয়দিগকে দূর করিলেন,তাহাদের ঘৃণার্হ ব্যবহারানুসারে ৪ আপন পুত্রকেও অগ্নিতে প্রবেশ করাইল। এবং উচ্চস্থানে ও পর্ব্বতের উপরে ও প্রত্যেক নবীন বৃক্ষের নীচে হোম করিল ও ধূপ জ্বালাইল।

৫ পরে অরামের রাজা রিৎসীন্, এবং ইস্রায়েলের রিমলিয়ের পুত্র পেকহ রাজা যুদ্ধার্থে যিরূশালমে আগত হইয়া আহস্‌কে অবরোধ করিল,কিন্তু তাহাকে ৬ পরাস্ত করিতে পারিল না। তথাপি অরামের রাজা রিৎসীন্ অরামের জন্যে এলৎ নগর পুনর্ব্বার হস্তগত করিয়া তথাহইতে যিহূদীয়দিগকে দূর করিল; অরামীয়েরা এলতে আসিয়া অদ্যাপি সেখানে বাস করে।

৭ পরে আহস্ অশূরের তিগ্লৎ-পিলেষর্ রাজার নিকটে এই কথা কহিতে দূত পাঠাইল, আমি তোমার দাস ও তোমার পুত্র, তুমি আসিয়া আমার বিরুদ্ধে যুদ্ধকারি অরামের রাজার ও ইস্রায়েলের রাজার হস্তহইতে আমাকে উদ্ধার কর। ৮ এবং আহস্ পরমেশ্বরের মন্দিরের ও রাজবাটীর ভাণ্ডারে প্রাপ্ত সকল স্বর্ণ ও রূপা লইয়া অশূরের রাজার নিকটে উপঢৌকন পাঠাইল। ৯ তাহাতে অশূরের রাজা তাহার কথায় মনোযোগ করিল, এবং অশূরের রাজা দম্মেষকের বিরুদ্ধে যাইয়া তাহা হস্তগত করিল, এবং তাহার প্রজাদিগকে বন্দী করিয়া কীরে লইয়া গেল, এবং রিৎসীন্‌কে বধ করিল।

১০ অপর আহস্ রাজা অশূরের তিগ্লৎ-পিলেষর্ রাজার সহিত সাক্ষাৎ করিতে দম্মেষকে গেল; সেখানে দম্মেষকস্থ এক যজ্ঞবেদি দেখিয়া আহস্ রাজা তাহার সদৃশ আকৃতি ও কার্য্যানুযায়ি কার্য্য লিখিয়া ঊরিয় যাজকের নিকটে তাহার আদর্শ পাঠাইল। ১১ তাহাতে দম্মেষক্‌হইতে আহস্ রাজের আগমনের পূর্ব্বে দম্মেষক্‌হইতে তাহার প্রেরিত আদর্শানুসারে ঊরিয় যাজক এক যজ্ঞবেদি নির্ম্মাণ করিল। ১২ পরে রাজা দম্মেষক্‌হইতে উপস্থিত হইয়া বেদি দেখিয়া বেদির নিকটে আসিয়া তাহার উপরে বলি উৎসর্গ করিল। ১৩ এবং হোম করিল ও ধূপ জ্বালাইল ও পানীয় নৈবেদ্য ঢালিল, এবং বেদির উপরে আপন মঙ্গলার্থক বলিদানের রক্ত ছিটাইল। ১৪ এবং সে পরমেশ্বরের সম্মুখস্থ পিত্তলময় বেদি মন্দিরের সম্মুখহইতে অর্থাৎ পরমেশ্বরের মন্দির ও নূতন বেদির মধ্যহইতে আনিয়া নূতন বেদির উত্তর দিগে স্থাপন করিল। ১৫ পরে আহস্ রাজ ঊরিয় যাজককে এই কথা কহিয়া আজ্ঞা দিল; বড় বেদির উপরে প্রত্যূষিক হোমবলি ও প্রদোষিক হোমবলি, এবং রাজার হোমবলি ও তাহার নৈবেদ্য, এবং দেশের সমস্ত লোকদের হোমবলি ও নৈবেদ্য ও তাহাদের পানীয় নৈবেদ্য উৎসর্গ কর, এবং অন্য ২ হব্যের ও বলিদানের সকল রক্ত তাহার উপরে ছড়িয়া দেও; এবং পিত্তলময় বেদির বিষয় আমাকে বিবেচনা করিতে হয়। ১৬ পরে ঊরিয় যাজক আহস্ রাজের আজ্ঞানুসারে কর্ম্ম করিল।

১৭ পরে আহস্ রাজা পীঠের মধ্যদেশ সকল কাটিয়া তাহার উপরহইতে স্নানপাত্র স্থানান্তর করিল,এবং তাহার

[৩২-৩৬] ২ বং ২৭; ১-৮॥—[৩৪,৩৫] প ৩,৪॥—[৩৭] প ২৫। ২ রা ১৬; ৫। যিশ ৭; ১॥

[১৬ অধ্য; ১-৪] ২ বং ২৮; ১-৫॥—[৩] লে ১৮; ২১। দ্বি ১২; ৩১॥—[৫,৬] যিশ ৭; ১,২,৫,৬॥—[৬] ২ রা ১৪; ২২। ২ বং ২৮; ৫-৮॥—[৭-৯] ২ রা ১৫; ২০। ২ বং ২৮; ১৬-২১। যিশ ৭; ১৭-২০॥—[৭] ১ রা ১৫; ১৬-২০॥ [৮] ২ রা ১২; ১৮॥—[৯] আম ১; ৩-৫॥—[১০-১৮] ২ বং ২৮; ২২-২৫॥—[১২] ২ বং ২৬; ১৬-১৯॥—[১৪] ২ বং ৪; ১। ১ রা ৮; ৬৪॥—[১৫] যা ২৯; ৩৮-৪১॥—[১৭] ১ রা ৭; ২৩-২৮॥

অধঃস্থ পিত্তলময় বলদের উপরহইতে সমুদ্রুরূপ পাত্র
১৮ নামাইয়া প্রস্তরময় ভূমির উপরে রাখিল। এবং
তাহারা বিশ্রামদিনের জন্যে মন্দিরের পথের যে
আচ্ছাদন ও বাহিরে রাজার প্রবেশ পথের যে দ্বার
করিয়াছিল, তাহা অশূরের রাজার ভয়ে পরমে-
শ্বরের মন্দিরের মধ্যে রাখিল।

১৯ এই আহসের অবশিষ্ট ক্রিয়ার বিবরণ যিহূদার
২০ রাজাদের ইতিহাসপুস্তকে কি লিখিত নাই? পরে
আহস্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে
আপন পিতৃলোকদের সহিত দায়ূদের নগরে কবর-
প্রাপ্ত হইল; এবং তাহার পুত্র হিষ্কিয় তাহার পদে
রাজ্যাভিষিক্ত হইল।

১৭ অধ্যায়।

১ হোশেয়ের কুরাজত্ব করণ ও তাহার দণ্ড ৫ ও ইস্রায়েল্ লোকদের পাপ ও বন্দিত্ব ২৪ ও তাহাদের নগরে অন্য লোকদের স্থাপন।

১ যিহূদার আহস্ রাজের অধিকারের দ্বাদশ বৎসরে
এলার পুত্র হোশেয় শোমিরোণে রাজত্ব করিতে
আরম্ভ করিয়া নয় বৎসর পর্য্যন্ত ইস্রায়েলের উপরে
২ রাজত্ব করিল। সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল
বটে, কিন্তু তাহার পূর্ব্ববর্ত্তি রাজাদের ন্যায় নহে।
৩ পরে অশূরের রাজা শল্মনেষর্ তাহার বিরুদ্ধে
আগমন করিলে হোশেয় তাহার দাস হইল ও তাহাকে
৪ উপঢৌকন দিতে লাগিল। পরে অশূরের রাজা হোশে-
য়েতে বিশ্বাসঘাতকতা পাইল, কেননা সে মিসরের সো
রাজের নিকটে দূতগণকে প্রেরণ করিল, এবং বৎসর ২
যেমত করিত, অশূরের রাজার প্রতি তদ্রূপ উপ-
ঢৌকন পাঠাইল না; অতএব অশূরের রাজা তাহাকে
রুদ্ধ ও কারাগারে বদ্ধ করিল।

৫ পরে অশূরের রাজা তাবৎ দেশ হস্তগত * করিল,
ও শোমিরোণে যাইয়া তিন বৎসর পর্য্যন্ত তাহা রোধ
৬ করিয়া থাকিল। পরে হোশেয়ের অধিকারের নবম
বৎসরে অশূরের রাজা শোমিরোণ্ হস্তগত করিয়া
ইস্রায়েল্ লোকদিগকে অশূর্ দেশে লইয়া গেল, এবং
হলহে ও গোষন্ দেশীয় হাবোর্ নদীতীরে ও মাদীয়-
৭ দের নগরে তাহাদিগকে স্থাপন করিল। কেননা ইস্রা-
য়েল্ বংশকে মিসর্ দেশহইতে অর্থাৎ মিসরের ফি-
রৌণ্ রাজের হস্তহইতে আনিয়াছিলেন যে তাহাদের
প্রভু পরমেশ্বর, তাঁহার বিরুদ্ধে তাহারা পাপ করিল
৮ ও অন্য দেবগণকে ভয় করিল। এবং পরমেশ্বর ইস্রা-
য়েল্ বংশের সম্মুখহইতে যে অন্যদেশীয়দিগকে দূর
করিয়াছিলেন, তাহাদের এবং ইস্রায়েলের রাজ-
গণের নির্ণীত বিধির অনুসারে চলিল। যে কর্ম্ম ৯
কর্ত্তব্য নয়, ইস্রায়েল্ বংশ আপন প্রভু পরমেশ্বরের
বিরুদ্ধে তাহাই গুপ্তরূপে করিল, এবং রক্ষাগৃহ অবধি
প্রাচীর বেষ্টিত নগর পর্য্যন্ত আপনাদের সকল নগরে
আপনাদের জন্যে উচ্চস্থান নির্ম্মাণ করিল। এবং ১০
প্রত্যেক উচ্চ পর্ব্বতের উপরে ও প্রত্যেক নবীন বৃক্ষের
নীচে প্রতিমা ও চৈত্য বৃক্ষ স্থাপন করিল। এবং ১১
পরমেশ্বর তাহাদের সম্মুখহইতে যে অন্যদেশীয়দিগকে
দূর করিয়াছিলেন, তাহাদের ন্যায় আপনাদের সকল
উচ্চস্থানে ধূপ জ্বালাইল, এবং পরমেশ্বরকে ক্রুদ্ধ
করিতে পাপ করিল। এবং পরমেশ্বর যে বিষয়ে ১২
কহিয়াছিলেন, এমত কর্ম্ম করিও না, তাহাই অর্থাৎ
দেবগণের সেবা করিল। তথাপি তোমরা আপনা- ১৩
দের পাপপথহইতে ফির, এবং আমি তোমাদের
পিতৃলোকদিগকে যে সমস্ত ব্যবস্থা দিয়াছি, ও আমার
ভবিষ্যদ্বক্তৃ দাসদের হস্তদ্বারা তোমাদের নিকটে পাঠা-
ইয়াছি, তদনুসারে আমার আজ্ঞা ও বিধি পালন কর,
এ কথা কহিয়া পরমেশ্বর সকল ভবিষ্যদ্বক্তা ও দর্শক-
দের দ্বারা ইস্রায়েলের ও যিহূদার বিরুদ্ধে সাক্ষ্য
দিলেন। কিন্তু তাহারা তাহা শুনিতে সম্মত না হইয়া ১৪
তাহাদের প্রভু পরমেশ্বরেতে অপ্রত্যয়কারি পূর্ব্ব-
পুরুষদের ন্যায় আপনাদের গ্রীবা দৃঢ় করিল।
এবং তাহারা তাঁহার বিধি, এবং তাহাদের পিতৃ- ১৫
লোকদের প্রতি স্থাপিত তাঁহার নিয়ম, এবং তাহা-
দের প্রতি দত্ত তাঁহার সাক্ষ্য অবজ্ঞা করিয়া অসার
প্রতিমার অনুগামী হইল; এবং পরমেশ্বর যে চত-
র্দ্দিগস্থ অন্যদেশীয়দের অনুযায়ি কর্ম্ম করিতে নিষেধ
করিয়াছিলেন, তাহারা হতবুদ্ধি হইয়া তাহাদেরই
অনুগামী হইল। তাহারা আপনাদের প্রভু পরমে- ১৬
শ্বরের তাবৎ আজ্ঞা লঙ্ঘন করিল, ও আপনাদের
জন্যে ছাঁচে ঢালা দুই বৎস নির্ম্মাণ করিল, এবং
চৈত্য বৃক্ষ স্থাপন করিল, ও আকাশের জ্যোতির্গণের
পূজা ও বালের সেবা করিল। এবং আপনাদের ১৭
পুত্র কন্যাদিগকে অগ্নিতে প্রবেশ করাইল, এবং
গণকতা ও মায়াবিতা করিল, এবং পরমেশ্বরের
সাক্ষাতে পাপ করিতে ও তাঁহাকে ক্রুদ্ধ করিতে আপ-
নাদিগকে বিক্রয় করিল। এই জন্যে পরমেশ্বর ইস্রায়েল্ ১৮
বংশের প্রতি বড় ক্রুদ্ধ হইলেন ও তাহাদিগকে আপন
সাক্ষাৎহইতে দূর করিলেন; কেবল যিহূদার বংশ
ব্যতিরেকে আর কেহ অবশিষ্ট থাকিল না। এবং ১৯

[২০] ২ বং ২৮; ২৭॥

[১৭ অধ্য; ১] ২ রা ১৫; ৩০॥—[৩] ১৮; ৯॥—[৫] ১৮; ৯॥—[৬] ১৮; ৯-১২। ১ বং ৫; ২৬। হো ১৩; ১৬॥ [৬-২৩] লে ২৬; ২৭-৩৯। দ্বি ৮; ১৯,২০। ২৮; ৩৬, ৬৪। ২৯; ২৮॥—[১২] যা ২০; ৩-৫॥—[১৩] ১ শি ৭; ৩,৪। হো ১৪; ১-৩। আম ৫; ৪-৮॥—[১৪] দ্বি ৯; ৬,৭। বি ২; ১১-২০॥—[১৫] দ্বি ২৬; ১৬-১৯। ১২; ২৯-৩২॥—[১৬] ১ রা ১২; ২৬-৩০। ১৬; ৩১-৩৩। ২২; ৫৩। ২ রা ১০; ২১॥—[১৭] লে ১৮; ২১। দ্বি ১৮; ১০, ১১॥—[১৮] ১ রা ১১; ১৩॥

* (ইব) আগমন।

যিহূদার লোকেরাও আপনাদের প্রভু পরমেশ্বরের
আজ্ঞা পালন করিল না, ইস্রায়েল্ রাজ্যীয় লোকদের
২০ নির্ণীত বিধির অনুসারে চলিল। অতএব পরমেশ্বর
ইস্রায়েলের সমস্ত বংশকে ত্যাগ করিয়া তাহাদিগকে
দুঃখ দিলেন, এবং যাবৎ আপন সাক্ষাৎহইতে দূর না
২১ করিলেন, তাবৎ তাহাদিগকে নাশকদের হস্তগত করি-
লেন। কেননা তিনি দায়ূদের বংশহইতে ইস্রায়েল্ রাজ্য
পৃথক করিলে লোকেরা নিবাটের পুত্র যারবিয়াম্কে
রাজা করিল; তাহাতে যারবিয়াম্ পরমেশ্বরের সেবা-
হইতে ইস্রায়েল্ বংশকে পরাঙ্মুখ করিয়া তাহাদিগকে
২২ মহাপাপেতে প্রবৃত্তি দিল। কেননা যারবিয়াম্ যেরূপ
পাপাচরণ করিল, ইস্রায়েল্ বংশও তদ্রূপ পাপাচরণ
২৩ করিল। এবং পরমেশ্বর আপন সেবক ভবিষ্যদ্বক্তৃগণ
প্রমুখাৎ যে রূপ কহিয়াছিলেন, তদনুসারে ইস্রায়েল্
বংশকে যাবৎ আপন সম্মুখহইতে দূর না করিলেন,
তাবৎ তাহারা তাহা ত্যাগ করিল না; এই রূপে ইস্রা-
য়েল্ বংশ আপন দেশহইতে অশূরে নীত হইল, ও
অদ্যাপি সেই স্থানে আছে।

২৪ পরে অশূরের রাজা বাবিল্ ও কুথা ও অব্বা ও
হমাৎ ও সিফর্বয়িম্হইতে লোকদিগকে আনিয়া ইস্রা-
য়েলের পরিবর্ত্তে তাহাদিগকে শোমিরোণ্ দেশীয় তাবৎ
নগরে স্থাপন করিল; তাহাতে তাহারা শোমিরোণ্
অধিকার করিয়া সেই সকল নগরের মধ্যে বসতি করিল।
২৫ সেখানে তাহাদের বাসের আরম্ভ সময়ে তাহারা পর-
মেশ্বরকে ভয় করিল না, এই জন্যে পরমেশ্বর তাহাদের
মধ্যে সিংহগণকে পাঠাইলে তাহারা তাহাদের কতক
২৬ লোককে বিনষ্ট করিতে লাগিল। অতএব লোকেরা
অশূরের রাজাকে কহিল, তুমি যে জাতিদিগকে স্থানান্তর
করিয়া শোমিরোণ্ দেশীয় নগরে স্থাপন করিয়াছ,
তাহারা সে দেশের দেবতার পথে চলিতে জানে না,
এই জন্যে দেবতা তাহাদের মধ্যে সিংহগণকে পাঠাই-
য়াছে, এবং দেখ, সিংহগণ তাহাদিগকে বিনষ্ট
করিতেছে, কেননা তাহারা সে দেশের দেবতার পথে
২৭ চলিতে জানে না। পরে অশূরের রাজা এই আজ্ঞা
করিল, তোমরা তথাহইতে যে যাজকদিগকে আনি-
য়াছ, তাহাদের এক জনকে সেই দেশে লইয়া যাও;
লোকেরা সেখানে যাইয়া বাস করুক, এবং সে তাহা-
দিগকে সে দেশের দেবতার পথ শিক্ষা দিউক।
২৮ পরে তাহারা শোমিরোণহইতে যে যাজকদিগকে
লইয়া গিয়াছিল, তাহাদের এক জন আসিয়া বৈথেলে
বাস করিল, এবং যে রূপে পরমেশ্বরকে ভয় করিতে
হয়, তাহা তাহাদিগকে শিক্ষা দিতে লাগিল। তথাপি ২৯
প্রত্যেক জাতীয় লোকেরা আপন ২ দেবগণ নির্ম্মাণ
করিল, এবং শোমিরোণীয়েরা যে ২ উচ্চস্থানে মন্দির
করিয়াছিল সেই ২ স্থানে, এবং আপন ২ নিবাসনগরে
প্রত্যেক জাতিরা আপন ২ দেবগণকে স্থাপন করিল।
সেই রূপে বাবিলের লোকেরা সুক্কোৎ-বিনোৎকে ৩০
নির্ম্মাণ করিল, ও কুথীয় লোকেরা নের্গল্কে, ও হমা-
তের লোকেরা অশীমাকে নির্ম্মাণ করিল। এবং ৩১
অব্বীয়েরা নিভস্ ও তর্ত্তক্কে নির্ম্মাণ করিল, ও সিফ-
র্বীয়েরা সিফর্বয়িমের দেবতার অর্থাৎ অদ্রম্মেলকের ও
অনম্মেলকের উদ্দেশে আপন বালকগণকে দগ্ধ করিল।
তাহারা পরমেশ্বরকে ভয় করিল, এবং আপনাদের ৩২
জন্যে উচ্চস্থানের মন্দিরে যজ্ঞকারি যাজকদিগকে অতি-
নীচ লোকদের মধ্যহইতে মনোনীত করিল। তাহারা ৩৩
পরমেশ্বরকেও ভয় করিল, এবং যে ২ জাতিহইতে
নীত হইয়াছিল *, তাহাদের ন্যায় আপন ২ দেব-
গণেরও সেবা করিল। তাহারা অদ্য পর্য্যন্ত পূর্ব্বকা- ৩৪
লের আচারের ন্যায় আচার করে, পরমেশ্বরকে
ভয় করে না, ও তাঁহার বিধি ও ব্যবস্থানুসারে,
অর্থাৎ পরমেশ্বর যাহার নাম ইস্রায়েল্ রাখিলেন, ৩৫
সেই যাকুবের বংশের প্রতি যে আজ্ঞা ও ব্যবস্থা দিয়া-
ছিলেন, তদনুসারে চলে না; পরমেশ্বর সেই বংশের
সহিত নিয়ম করিয়া এই আজ্ঞা দিয়াছিলেন, তোমরা
অন্য দেবগণকে ভয় করিও না, ও তাহাদিগকে প্রণাম
করিও না, ও তাহাদের সেবা করিও না, ও তাহাদের
উদ্দেশে বলিদান করিও না। কিন্তু যে পরমেশ্বর মহা- ৩৬
পরাক্রমে ও বিস্তীর্ণ বাহুদ্বারা মিসরদেশহইতে তোমা-
দিগকে আনিয়াছেন, তাঁহাকে ভয় কর, ও তাঁহার
ভজনা কর, ও তাঁহার উদ্দেশে বলিদান কর। এবং তিনি ৩৭
তোমাদের জন্যে যে বিধি ও ব্যবস্থা ও রাজ্য নীতি ও
আজ্ঞা দিয়াছেন, মনোযোগ করিয়া তদনুসারে সর্ব্বদা
চল; অন্য দেবগণকে ভয় করিও না। আমি তোমাদের ৩৮
সহিত যে নিয়ম করিলাম, তাহা বিস্মৃত হইও না, ও অন্য
দেবগণকে ভয় করিও না। কিন্তু আপনাদের প্রভু পর- ৩৯
মেশ্বরকে ভয় কর, তিনি তোমাদের তাবৎ শত্রুর হস্ত-
হইতে তোমাদিগকে উদ্ধার করিবেন। তথাপি তাহারা ৪০
তাহা শুনিল না, কিন্তু আপনাদের পূর্ব্ব মতানুসারে
চলিল। সেই রূপে এই জাতীয় লোকেরা পুত্রপৌত্রক্রমে ৪১
পরমেশ্বরকেও ভয় করে, এবং আপনাদের ছাঁচে ঢালা
প্রতিমার সেবাও করে; তাহাদের পূর্ব্বপুরুষেরা যে-
রূপ করিত, তাহারাও অদ্য পর্য্যন্ত সেই রূপ করে।

[১৯] ২ রা ৮; ২৬,২৭। ১৬; ৩।।—[২০] লে ২৬; ৩৩। দ্বি ২৯; ২৫-২৮। ৩২; ১৫-২৫।।—[২১] ১ রা ১১; ৩১-৩৩। ১২; ২০, ২৬-৩৩।।—[২৩] প ৬, ২০। ২ রা ১৪; ১৫। হো ৮; ১-৮। ৯; ৩, ১৬, ১৭। আম ৬; ৭-১৪। ৯; ১-১০। মী ১; ৩-৭।।—[২৪] ইস্র ৪; ২, ১০।।—[৩০,৩১] প ৩৪।।—[৩২] ১ রা ১২; ৩১।।—[৩৩] যাক ২; ১৯। যো ৪; ২২।।—[৩৪] আ ০২; ২৮।।—[৩৫,৩৬] দ্বি ৫; ৬-১০।।—[৩৬] দ্বি ১০; ২০।।—[৩৭] দ্বি ৫; ৩২।।—[৩৮] দ্বি ৪; ২৩।।—[৩৯] দ্বি ৩২; ৩৫।।—[৪১] প ২৮-৩৩। যো ৪; ২২।।

* (বা) জাতিগণকে তথাহইতে লইয়া গেল।

১৮ অধ্যায়।

১ হিষ্কিয়ের সুরাজত্ব করণ ৪ ও দেবপূজা দূর করণ ৯ ও শোমিরোণের পরাস্ত হওন ১৩ ও সন্‌হেরীবের যিহূদা দেশ আক্রমণ করণ ও উপঢৌকন প্রাপ্তি ১৭ ও রব্‌শাকির নিন্দার কথা।

১ এলার পুত্র ইস্রায়েলের রাজা হোশেয়ের অধিকারের তৃতীয় বৎসরে যিহূদার আহস্‌ রাজের পুত্র হি-২ ষ্কিয় রাজ্যে অভিষিক্ত হইল। সে পঁচিশ বৎসর বয়সে রাজ্য করিতে আরম্ভ করিয়া উনত্রিশ বৎসর পর্য্যন্ত যিরূশালমে রাজত্ব করিল; সিখরিয়ের কন্যা ৩ অবী তাহার মাতা ছিল। সে আপন পূর্ব্বপুরুষ দায়ূদের কার্য্যানুসারে পরমেশ্বরের সাক্ষাতে প্রকৃত কার্য্য করিল।

৪ সে উচ্চস্থান উচ্ছিন্ন করিল, ও প্রতিমা ভগ্ন করিল, এবং চৈত্য বৃক্ষ ছেদন করিল, এবং মূসা যে পিত্তলময় সর্প নির্ম্মাণ করিয়াছিল, তাহা ভগ্ন করিল, কেননা ইস্রায়েল্‌ বংশ সেই সময় পর্য্যন্ত তাহার উদ্দেশে ধূপ জ্বালাইল; এবং সে তাহার নাম নিহুষ্টন্‌(পিত্তলখণ্ড) ৫ রাখিল। সে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরেতে বিশ্বাস করিল; যিহূদার রাজাদের মধ্যে পূর্ব্বে কি পরে তাহার ৬ তুল্য কেহ ছিল না। সে পরমেশ্বরেতে আসক্ত হইল, তাঁহার পশ্চাদ্‌গমনহইতে ফিরিল না, এবং পরমেশ্বর মূসাকে যে ২ আজ্ঞা দিয়াছিলেন, তাহা পালন করিল। ৭ এবং পরমেশ্বর তাহার সহবর্ত্তী থাকিলেন, এবং সে যাহাতে ২ প্রবৃত্ত হইল তাহাতেই কৃতকার্য্য হইল; সে অশূরের রাজার অধীনতা ত্যাগ করিয়া তাহার সেবা ৮ আর করিল না। এবং অসা ও তাহার সীমা অর্থাৎ রক্ষকদের দুর্গ অবধি প্রাচীর বেষ্টিত নগর পর্য্যন্ত পিলেষ্টীয়দিগকে বধ করিল।

৯ পরে হিষ্কিয় রাজের অধিকারের চতুর্থ বৎসরে, এবং এলার পুত্র ইস্রায়েলের হোশেয় রাজের অধিকারের সপ্তম বৎসরে অশূরের শল্‌মনেষর রাজা শোমিরোণের বিরুদ্ধে আসিয়া তাহা রোধ করিল। ১০ এবং তিন বৎসরের পরে তাহা হস্তগত করিল; রাজা হিষ্কিয়ের অধিকারের ষষ্ঠ বৎসরে, ও ইস্রায়েলের হোশেয় রাজের অধিকারের নবম বৎসরে শোমিরোণ্‌ ১১ পরহস্তগত হইল। পরে অশূরের রাজা ইস্রায়েলীয়দিগকে অশূর্‌ দেশে লইয়া যাইয়া হলহে ও গোষন্‌ দেশের হাবোর্‌ নদীতীরে ও মাদীয়দের নগরে স্থাপন ১২ করিল। কেননা তাহারা আপনাদের প্রভু পরমেশ্বরের কথা মানিত না, এবং তাঁহার নিয়ম ও পরমেশ্বরের দাস মূসার আজ্ঞা লঙ্ঘন করিত, তাহা শুনিতে কিম্বা পালন করিতে ইচ্ছা করিত না।

১৩ পরে হিষ্কিয় রাজের অধিকারের চতুর্দ্দশ বৎসরে অশূরের সন্‌হেরীব্‌ রাজা যিহূদার প্রাচীরবেষ্টিত নগর সকলের বিরুদ্ধে আসিয়া তাহা হস্তগত করিল। ১৪ তাহাতে যিহূদার হিষ্কিয় রাজা লাখীশ্‌ নগরে অশূরের রাজার নিকটে এই কথা কহিয়া লোক পাঠাইল, আমি অপরাধ করিলাম, আমার নিকটহইতে ফিরিয়া যাও, তুমি আমার উপরে যে ভার অর্পণ করিবা, আমি তাহা সহ্য করিব; তাহাতে অশূরের রাজা যিহূদার হিষ্কিয় রাজহইতে তিন শত কিক্কর রূপা ও ত্রিশ কিক্কর স্বর্ণ লইতে নিরূপণ করিল। ১৫ অতএব হিষ্কিয় পরমেশ্বরের গৃহে ও রাজবাটীর ভাণ্ডারে প্রাপ্ত সকল রূপা তাহাকে দিল। ১৬ ঐ সময়ে হিষ্কিয় পরমেশ্বরের মন্দিরের দ্বারের, ও যিহূদার রাজা হিষ্কিয় যে স্তম্ভ নির্ম্মাণ করিয়াছিল, তাহারও স্বর্ণ কাটিয়া অশূরের রাজাকে দিল।

১৭ পরে অশূরীয় রাজা বিস্তর সৈন্যসামন্তের সহিত তর্ত্তন্‌কে ও রব্‌সারীষ্‌কে ও রব্‌শাকিকে লাখীশ নগরহইতে যিরূশালম্‌ নগরে হিষ্কিয় রাজের কাছে প্রেরণ করিলে, তাহারা যাত্রা করিয়া যিরূশালমে উপস্থিত হইল, এবং আসিয়া উপরিস্থ পুষ্করিণীর প্রণালীতে রজকের ভূমিতে যাওন পথে অবস্থিতি করিল। ১৮ পরে তাহারা রাজাকে আহ্বান করিলে হিল্‌কিয়ের পুত্র ইলিয়াকীম্‌ নামে রাজবাটীর অধ্যক্ষ ও শিব্‌ন লেখক ও আসফের পুত্র যোয়াহ নামা ইতিহাসরচক তাহার সহিত সাক্ষাৎ করিতে বাহিরে গেল। ১৯ তাহাতে রব্‌শাকি তাহাদিগকে কহিল, তোমরা হিষ্কিয়কে এই কথা বল, মহারাজ অশূরের রাজা কহেন, তুমি যে বিশ্বাস করিতেছ, সে কেমন বিশ্বাস? ২০ তুমি কহিতেছ, সংগ্রাম করিতে আমার মন্ত্রণা ও বল আছে, কিন্তু তাহা শব্দমাত্র; অতএব তুমি কিসে ভরসা করিয়া আমার অনাজ্ঞাবহ হও? ২১ দেখ, তুমি ঐ ভাঙ্গা নলের যষ্টিতে, অর্থাৎ মিসরেতে বিশ্বাস করিতেছ; কিন্তু যে কেহ তাহাতে নির্ভর দেয়, সে তাহার হস্ত বিদ্ধ করিয়া ক্ষত করে; আপন তাবৎ শরণাগতের প্রতি মিস্রীয় ফিরৌণ্‌ রাজা তদ্রূপ। ২২ কিন্তু যদি বল, আমরা আপন প্রভু পরমেশ্বরেতে ভরসা করি, তবে যাঁহার উচ্চস্থান ও বেদি স্থানান্তর করিয়া হিষ্কিয় যিহূদীয়দিগকে ও যিরূশালমস্থিত লোকদিগকে কহিল, তোমরা কেবল যিরূশালমস্থ এই বেদির নিকটে ভজনা করিবা, তিনি কি সে নন? ২৩ এখনি আমার প্রভু অশূরীয় রাজার সহিত পণ কর, তুমি যদি তাহার আরোহক লোক পাইতে পার, তবে আমি দুই সহস্র অশ্ব দিব। ২৪ তাহা না হইলে রথ ও অশ্বের জন্যে মিসরেতে বিশ্বাস করিয়া আমার প্রভুর অতি নীচ দাসগণের মধ্যে এক সেনাপতিরও সহিত

[১৮ অধ্য; ১-৩] ২ বং ২৯; ১,২॥—[৪] ২ বং ৩১; ১। গা ২১; ৯॥—[৭] যি ১; ৭,৮। ২ রা ১৬; ৭,৮॥—[৮] ১ বং ৪; ৪১॥—[৯-১২] ২ রা ১৭; ৩-৮॥—[১৩] ২ বং ৩২; ১॥—[১৫] ২ রা ১৬; ৮॥—[১৭-২৫] যিশ ৩৬; ১-১০। ২ বং ৩২; ৯-১৫॥—[১৭] যিশ ৭; ৩॥—[২১] যিহি ২৯; ৬,৭॥—[২২] প ৪॥

২৫ কি প্রকারে সংগ্রাম করিবা? আর আমি কি পরমেশ্বরের আজ্ঞা ব্যতিরেকে এ দেশ উচ্ছিন্ন করিতে এখন আইলাম? তুমি ঐ দেশে গিয়া বিনাশ কর, পরমেশ্বর আমাকে এই আজ্ঞা দিয়াছেন।

২৬ তাহাতে হিল্কিয়ের পুত্র ইলিয়াকীম্ ও শিব্ন ও যোয়াহ রব্শাকিকে কহিল, বিনয় করি, অরামীয় ভাষাতে আপনকার দাসদিগকে কহুন, কেননা আমরা তাহা বুঝিতে পারি; এবং প্রাচীরের উপরিস্থ লোকদের কর্ণগোচরে আমাদের প্রতি যিহূদীয় ভাষাতে

২৭ না কহুন। রব্শাকি উত্তর করিল, আমার প্রভু কি কেবল তোমার রাজাকে ও তোমাকে এই কথা কহিতে আমাকে পাঠাইয়াছেন? যাহারা তোমাদের সহিত আপন ২ বিষ্ঠা ভোজন করিবে ও আপন ২ মূত্র পান করিবে, প্রাচীরের উপরিস্থিত তোমাদের ঐ লোক-

২৮ দিগকে কি নয়? পরে রব্শাকি দাঁড়াইয়া উচ্চৈঃস্বরে যিহূদীয় ভাষাতে কহিতে লাগিল, তোমরা মহারাজের

২৯ অর্থাৎ অশূরীয় রাজার কথা শুন। মহারাজ কহিলেন, হিষ্কিয় যেন তোমাদিগকে প্রবঞ্চনা না করে, কেননা আমার * হস্তহইতে তোমাদিগকে রক্ষা করিতে

৩০ তাহার সাধ্য নাই। এবং পরমেশ্বর আমাদিগকে অবশ্য উদ্ধার করিবেন, এই নগর কখনো অশূরীয় রাজার হস্তগত হইবে না, ইহা কহিয়া হিষ্কিয় যেন

৩১ তোমাদিগকে পরমেশ্বরে বিশ্বাস না করায়। হিষ্কিয়ের কথা শুনিও না, কেননা অশূরের রাজা কহিল, তোমরা উপঢৌকন লইয়া আমার সঙ্গে সন্ধি কর; আমি যদবধি আসিয়া তোমাদের নিজ দেশের মত শস্য ও দ্রাক্ষারস ও ভক্ষ্য ও দ্রাক্ষাক্ষেত্র, ও জিতবৃক্ষ ও তৈল ও মধু এই সকল বিশিষ্ট কোন দেশে তোমাদিগকে লইয়া না যাই, তাবৎ প্রত্যেক জন আপন ২ দ্রাক্ষাফল ও ডুম্বুর ফল ভোজন কর ও আপন ২ পুষ্ক-

৩২ রিণীর জল পান কর। পরমেশ্বর আমাদিগকে উদ্ধার করিবেন, এই কথাতে মনোযোগ করাইয়া হিষ্কিয়

৩৩ তোমাদিগকে না ভুলাউক। অন্য দেশীয় দেবতাগণ অশূরীয় রাজার হস্তহইতে কি আপন ২ দেশ রক্ষা

৩৪ করিয়াছে? হমাৎ ও অর্পদের দেবগণ কোথায়? ও সিফর্বয়িমের ও হেনার ও অব্বার দেবগণ কোথায়? দেবগণ কি আমার হস্তহইতে শোমিরোণকে রক্ষা

৩৫ করিয়াছে? যদি এই সকল দেশীয় দেবগণের মধ্যে কেহ আমার হস্তহইতে দেশ রক্ষা করিতে পারে নাই, তবে পরমেশ্বর আমার হস্তহইতে কি যিরূশালমকে

৩৬ মুক্ত করিবেন? কিন্তু লোকেরা নীরব হইয়া থাকিল; এক কথারও উত্তর করিল না, কারণ তাহাকে উত্তর দিও না, রাজার এই আজ্ঞা ছিল। পরে হিল্কিয়ের

৩৭ পুত্র ইলিয়াকীম্ রাজবাটীর অধ্যক্ষ ও শিব্ন লেখক ও আসফের পুত্র যোয়াহ ইতিহাসরচক আপন ২ বস্ত্র চিরিয়া হিষ্কিয়ের নিকটে আসিয়া রব্শাকির কথা জ্ঞাত করিল।

১৯ অধ্যায়।

১ হিষ্কিয়ের যিশয়িয়ের নিকটে দূত পাঠাওন, ও যিশয়িয়ের উত্তর ৮ ও হিষ্কিয়ের নিকটে অশূরের রাজার পুনর্ব্বার প্রেরণ ১৪ ও হিষ্কিয়ের প্রার্থনা ২০ ও যিশয়িয়ের ভবিষ্যদ্বাক্য ৩৫ ও সন্হেরীবের সামন্তের বিনাশ ও তাহার মৃত্যু।

১ হিষ্কিয় রাজা ইহা শুনিয়া আপন বস্ত্র চিরিয়া ও চট পরিধান করিয়া পরমেশ্বরের মন্দিরে গমন করিল।

২ এবং চট পরিহিত রাজবাটীর অধ্যক্ষ ইলিয়াকীম্কে ও শিব্ন লেখককে এবং প্রাচীন যাজকদিগকে আমোসের পুত্র যিশয়িয় ভবিষ্যদ্বক্তার নিকটে পাঠা-

৩ ইল। তাহাতে তাহারা তাহাকে কহিল, হিষ্কিয় কহিলেন, অদ্যকার দিবস ক্লেশ ও অনুযোগ ও অপমানের দিবস, কেননা বালক প্রসবের সময় উপস্থিত,

৪ কিন্তু প্রসব করণের শক্তি নাই। রব্শাকির প্রভু অশূরীয় রাজা অমর ঈশ্বরকে নিন্দা করণার্থে যে কথা কহিতে তাহাকে পাঠাইয়াছে, হয় তো তোমার প্রভু পরমেশ্বর তাহা শুনিয়াছেন, এবং তোমার প্রভু পরমেশ্বর যাহা শুনিয়াছেন, তাহার শাসন করিবেন; অতএব তুমি বিনয়পূর্ব্বক অবশিষ্ট লোকদের নিমিত্তে

৫ প্রার্থনা কর। এই রূপে হিষ্কিয় রাজার দাসগণ যিশয়ি-

৬ য়ের নিকটে উপস্থিত হইলে, যিশয়িয় তাহাদিগকে কহিল, তোমাদের স্বামিকে বল, পরমেশ্বর কহিলেন, তুমি যাহা শুনিয়াছ, ও যে কথাদ্বারা অশূরীয় রাজার দাসগণ আমার নিন্দা করিয়াছে, তাহাতে ভীত হইও

৭ না: দেখ, আমি তাহার মধ্যে এক আত্মা প্রবেশ করাইব, এবং সে কোন সমাচার শুনিয়া আপন দেশে ফিরিয়া যাইবে, আমি স্বদেশে তাহাকে খড়্গদ্বারা নিপাত করিব।

৮ পরে অশূরীয় রাজা লাখীশ্ নগরহইতে গিয়াছে, এই সম্বাদ পাইয়া রব্শাকি ফিরিয়া যাইয়া সৈন্যদ্বারা লিব্না নগর বেষ্টন সময়ে তাহার সহিত মিলিল।

৯ সেই সময়ে কূশ্ দেশীয় তির্হক রাজা তোমার সহিত সংগ্রাম করিতে আসিতেছে, এই সম্বাদ পাইল; তাহাতে সে পুনর্ব্বার হিষ্কিয়ের নিকটে দূতগণকে

১০ পাঠাইয়া কহিল, যিহূদীয় হিষ্কিয় রাজাকে কহ, যিরূশালম্ অশূরের রাজার হস্তগত হইবে না, এই কথা

[২৬-৩৭] যিশ ৩৬; ১১-২২। ২ বং ৩২; ১৬, ১৮, ১৯।।—[৩২] দ্বি ৮; ৭, ৮।।—[৩৩,৩৪] ২ রা ১৯; ১২, ১৩। যিশ ১০; ৯-১১।।—[৩৭] আ ৩৭; ৩৪।।

[১৯ অধ্য; ১-৭] যিশ ৩৭; ১-৭।।—[৪] ২ শি ১৬; ১২। ২ রা ১৮; ৩৫। ২ বং ৩২; ২০।।—[৭] প ৩৫-৩৭।।—[৮-১৩] যিশ ৩৭; ৮-১৩। ২ বং ৩২; ১৭,১৯।।—[৮] ২ রা ১৮; ১৪।।—[১০-১৩] ১৮; ৩৩-৩৫।।—[১০] ১৮; ২২।।

* (ইব্রু) তাহার।

কহিয়া তোমার বিশ্বাসভূমি ঈশ্বর তোমার ভ্রান্তি না ১১ জন্মাউন। দেখ, অশূরীয় রাজারা তাবৎ দেশ সর্ব্বতোভাবে উচ্ছিন্ন করিয়া যে রূপ করিয়াছে, তাহা তুমি শুনিয়াছ; তবে তুমি কি প্রকারে উদ্ধার পাইবা? ১২ আমার পূর্ব্বপুরুষের দ্বারা বিনষ্ট গোষন্ ও হারণ্ ও রেৎসফ্ দেশীয়দের ও তিলসর নিবাসি এদনের সন্তান- ১৩ দের দেবগণ কি তাহাদের উদ্ধার করিয়াছে? হমাতের রাজা কোথায়? ও অর্পদের রাজা কোথায়? এবং সিফর্ব্বয়িম্ নগরের ও হেনার ও অব্বার রাজা কোথায়?

১৪ পরে হিষ্কিয় দূতগণের হস্তহইতে ঐ পত্র লইয়া পাঠ করিলে পর * পরমেশ্বরের মন্দিরে গিয়া পরমে- ১৫ শ্বরের সম্মুখে তাহা বিস্তার করিল। এবং হিষ্কিয় পরমেশ্বরের নিকটে এই কথা নিবেদন করিল, হে কিরূবদের মধ্যনিবাসিন্ ইস্রায়েলের প্রভো পরমেশ্বর, কেবল তুমি পৃথিবীর তাবৎ রাজ্যের ঈশ্বর; স্বর্গ ১৬ ও পৃথিবী তুমি সৃষ্টি করিয়াছ। হে পরমেশ্বর, কর্ণ পাতিয়া শুন; হে পরমেশ্বর, আপন চক্ষু উন্মীলন করিয়া দেখ। সন্হেরীব্ অমর ঈশ্বরের অপমানার্থে ১৭ যে সকল কথা পাঠাইয়াছে, তাহা শুন। হে পরমেশ্বর, অশূরীয় রাজগণ সমস্ত দেশীয়দের ও তাহা- ১৮ দের দেশের বিনাশ করিয়াছে বটে, এবং তাহাদের দেবগণকে অগ্নিতে নিক্ষেপ † করিয়াছে; কারণ তাহারা ঈশ্বর নয়, কিন্তু মনুষ্যের হস্তকৃত কাষ্ঠ ও প্রস্তরময় বস্তু; এই জন্যে তাহারা তাহাদিগকে নষ্ট করিয়াছে। ১৯ কিন্তু হে আমাদের প্রভো পরমেশ্বর, আমরা এই নিবেদন করি, সম্প্রতি তুমি তাহার হস্তহইতে আমাদিগকে উদ্ধার কর; তাহাতে কেবল তুমিই প্রভু পরমেশ্বর, ইহা পৃথিবীর তাবৎ রাজ্যের লোকেরা জ্ঞাত হইবে।

২০ পরে আমোসের পুত্র যিশয়িয় হিষ্কিয়ের নিকটে এই কথা কহিয়া পাঠাইল; ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহিলেন, তুমি অশূরীয় সন্হেরীব্ রাজার বিষয়ে আমার কাছে যে নিবেদন করিয়াছ, ২১ তাহা আমি শুনিয়াছি। পরমেশ্বর তাহার বিষয়ে এই কথা কহিলেন, সিয়োনের কন্যা তোমাকে তুচ্ছ করিতেছে, ও সে তোমাকে পরিহাস করিতেছে, ও যিরূশালমের কন্যা তোমার কাছে মস্তক লাড়িতেছে। ২২ তুমি কাহার নিন্দা ও অপমান করিয়াছ? ও কাহার বিরুদ্ধে উচ্চশব্দ ও ঊর্দ্ধদৃষ্টি করিয়াছ? কি ইস্রায়েলের ২৩ ধর্ম্ম স্বরূপের বিরুদ্ধে? তুমি আপন দূতগণের দ্বারা ‡ প্রভুর নিন্দা করিয়া এই কথা বলিয়াছ, আমি অনেক রথে পর্ব্বতশৃঙ্গের অর্থাৎ লিবানোন্ পার্শ্বের উপরে আরোহণ করিয়াছি, এবং তাহার উচ্চ ‖ এরস্ বৃক্ষ ও তাহার উত্তম দেবদারু বৃক্ষ ছেদন করিয়াছি, ও তাহার সীমাস্থ রাত্রিবাসস্থানে ও উত্তম কাননে গমন করিয়াছি। এবং খনন করিয়া অসাধারণ জল পান করিয়াছি, ২৪ ও প্রাচীর বেষ্টিত নগরের তাবৎ জলাশয় পদতলদ্বারা শুষ্ক করিয়াছি। আর তুমি কি ইহা শুন নাই? তুমি যে ২৫ দৃঢ় নগরগণকে বিনাশ করিয়া ঢিবি করিবা, আমি অগ্রে তাহার নিরূপণ করিয়াছি, পূর্ব্বেই তাহা স্থির করিয়াছি, এবং এখন সিদ্ধ করিলাম। এই নিমিত্তে ২৬ তাহাদের প্রজাগণ দুর্ব্বল § ও ভীত ও লজ্জিত হইল, ও তাহারা ক্ষেত্রের তৃণ ও নবীন তৃণ ও ছাতের উপরিস্থ তৃণ ও অপক্ব শুষ্ক শস্যের স্বরূপ হইল। কিন্তু ২৭ তোমার উপবেশন ও বহির্গমন ও ভিতরে আগমন ও আমার বিরুদ্ধে ক্রোধ, এ সকলি আমি জানি। আমার ২৮ বিরুদ্ধে তোমার যে ক্রোধ ও দর্প, তাহা আমার কর্ণগোচর হইয়াছে; অতএব আমি তোমার নাসিকাতে আপন বড়শী ও তোমার মুখে আপন বলগা দিব, এবং যে পথ দিয়া আসিয়াছ, সেই পথ দিয়া তোমাকে ফিরাইব। হে হিষ্কিয়, তোমার নিমিত্তে এই এক চিহ্ন ২৯ থাকিবে, এক বৎসরে আপনাহইতে উৎপন্ন শস্য ও দ্বিতীয় বৎসরে তাহাহইতে উৎপন্ন শস্য ভোজন করিলে পর, তৃতীয় বৎসরে বীজ বপন করিয়া শস্য কাটিতে পারিবা, এবং দ্রাক্ষাক্ষেত্র করিয়া তাহার ফলভোগ করিবা। যিহূদা বংশের অবশিষ্ট পলায়িত লোকরূপ ৩০ মূল নীচে বৃদ্ধি পাইবে, ও উপরে ফল ফলিবে। কেননা ৩১ যিরূশালম্হইতে অবশিষ্ট ও সিয়োন্ পর্ব্বতহইতে পলায়িত লোকেরা বহির্গত হইবে, ও (সৈন্যাধ্যক্ষ) পরমেশ্বরের উদ্‌যোগদ্বারা তাহা সিদ্ধ হইবে। অতএব ৩২ অশূরীয় রাজার বিষয়ে পরমেশ্বর এই কথা কহেন, সে এ নগরে প্রবেশ করিবে না, ও ইহার মধ্যে বাণ নিক্ষেপ ও সম্মুখে ঢাল দেখাইবে না, এবং ইহার বিরুদ্ধে জাল বান্ধিবে না। পরমেশ্বর কহেন, সে যে পথ দিয়া ৩৩ আসিয়াছে, তাহা দিয়াই ফিরিয়া যাইবে, এ নগরে প্রবিষ্ট হইবে না। আমি আপনার ও আপন দাস ৩৪ দায়ূদের নিমিত্তে এই নগর উদ্ধার ও রক্ষা করিব।

পরে সেই রাত্রিতে পরমেশ্বরের দূত অশূরীয়দের ৩৫ শিবিরে গমন করিয়া তাহাদের এক লক্ষ পঁচাশী সহস্র লোককে বিনাশ করিলে অবশিষ্ট লোকেরা প্রত্যূষে উঠিয়া সমস্ত লোককেই মৃত দেখিল। অতএব অশূরীয় ৩৬ সন্হেরীব্ রাজা তথাহইতে বিমুখ হইয়া নিনিবী নগরে প্রত্যাগমন করিয়া বাস করিল। পরে সে নিষ্রোক্ ৩৭

[১২,১৩] যিশ ১০; ৯-১১॥—[১৪-১৯] শি ৩৭; ১৪-২০। ২ বং ৩২; ২০॥—[১৫] যা ২৫; ২২। ১ শি ৪; ৪। গী ৮০; ১। যিশ ৪৪; ৬। গী ২৬; ৪, ৫॥—[১৮] গী ১১৫; ৪-৭। যির ১০; ৩-৫॥—[১৯] গী ৮৩; ১৭, ১৮॥—[২০-৩৪] যিশ ৩৭; ১৫-৩৫॥—[২২] যিশ ৫; ২৪॥—[২৩-২৬] যিশ ১০; ৫-১৪॥—[২৭,২৮] যিশ ১০; ১৫-১৯। প ৬,৭,৩৩,৩৫,৩৭॥ [২৯] যিশ ৭; ১৫, ২০-২৫॥—[৩০,৩১] যিশ ১০; ২০-২৩॥—[৩২-৩৪] যিশ ১০; ২৪-৩৪॥—[৩৪] ২ রা ২০; ৬। ১ রা ১১; ১২,১৩॥—[৩৫-৩৮] যিশ ৩৭; ৩৬-৩৮। ২ বং ৩২; ২১-২৩॥

* (ইব্রু) হিষ্কিয়। † (বা) অর্পণ। ‡ (ইব্রু) হস্তের দ্বারা। ‖ (ইব্রু) ঙ্ঘতার। § (ইব্রু) ক্ষুদ্র হস্ত।

নামক ইষ্টদেবতার মন্দিরে পূজা করিতেছিল, ইতি মধ্যে অদ্রম্মেলক্ ও শরেৎসর্ (নামক তাহার দুই পুত্র) খড়্গদ্বারা তাহাকে নষ্ট করিল পরে অরারট্ দেশে পলায়ন করিলে; এ সর্হদ্দোন্ নামে তাহার আর এক পুত্র তাহার পদে রাজত্ব করিল।

২০ অধ্যায়।

১ হিষ্কিয়ের মৃত্যু সম্বাদ দেওন ও প্রার্থনাদ্বারা রক্ষা পাওন ৮ ও রক্ষার চিহ্ন ১২ ও হিষ্কিয়ের নিকটে দূতগণের উপস্থিত হওন ও তাহাদিগকে সকল ঐশ্বর্য্য দেওন ১৪ ও তাহার বিষয়ে যিশয়িয়ের ভবিষ্যদ্বাক্য ২০ ও হিষ্কিয়ের মৃত্যু।

১ তৎকালে হিষ্কিয় মৃতকল্প পীড়িত হইলে আমোসের পুত্র যিশয়িয় ভবিষ্যদ্বক্তা তাহার নিকটে আসিয়া কহিল, পরমেশ্বর কহেন, তুমি আপন বাটী প্রস্তুত কর*, কেননা তোমার মৃত্যু হইবে, তুমি আর বাঁচিবা ২ না। তাহাতে সে ভিত্তির দিগে সম্মুখ করিয়া পর- ৩ মেশ্বরের প্রতি প্রার্থনা করিয়া কহিল, হে পরমেশ্বর, বিনয় করি, আমি সত্যতাতে ও সরল অন্তঃকরণে তোমার সাক্ষাতে যেরূপ আচরণ করিয়াছি, ও তোমার দৃষ্টিতে যেরূপ সৎকর্ম্ম করিয়াছি, তাহা তুমি এখন স্মরণ কর; তাহাতে হিষ্কিয় অতিশয় † ক্রন্দন করিতে লাগিল।

৪ পরে যিশয়িয়ের মধ্যপ্রাঙ্গণে ‡ উপস্থিত হওনের পূর্ব্বে তাহার নিকটে পরমেশ্বরের এই কথা উপস্থিত হইল, ৫ তুমি ফিরিয়া গিয়া আমার লোকদের প্রধান হিষ্কিয়কে বল, তোমার পূর্ব্বপুরুষ দায়ূদের প্রভু পরমেশ্বর ইহা কহেন, আমি তোমার প্রার্থনা শুনিলাম ও তোমার চক্ষুর জল দেখিলাম; দেখ, আমি তোমাকে সুস্থ করিব; তৃতীয় দিবসে তুমি পরমেশ্বরের মন্দিরে ৬ যাইবা। এবং আমি তোমার আয়ুর পঞ্চদশ বৎসর বৃদ্ধি করিব; এবং অশূরীয় রাজার হস্তহইতে তোমাকে ও এই নগরকে রক্ষা করিব, আমি আপনার ও আপন দাস দায়ূদের নিমিত্তে এই নগর রক্ষা করিব।

৭ পরে যিশয়িয় কহিল, এক ডুম্বুর ফলের চাক আন; পরে লোকেরা তাহা লইয়া স্ফোটকের উপরে দিলে সে সুস্থ হইল।

৮ তৎকালে হিষ্কিয় যিশয়িয়কে কহিল, পরমেশ্বর আমাকে সুস্থ করিবেন, ও আমি তৃতীয় দিবসে পরমে- ৯ শ্বরের মন্দিরে যাইব, ইহার চিহ্ন কি? তাহাতে যিশয়িয় কহিল, পরমেশ্বর আপনার উক্ত বাক্য সফল করিবেন, ইহার এই চিহ্ন পরমেশ্বরহইতে তোমার প্রতি দত্ত হইবে; ছায়া দশ অংশ অগ্রগামী, কিম্বা দশ ১০ অংশ পশ্চাদ্গামী হইবে। হিষ্কিয় কহিল, ছায়া যে দশ অংশ অগ্রগামী হয়, এ ক্ষুদ্র বিষয়; কিন্তু ছায়া দশ অংশ ফিরুক। পরে যিশয়িয় ভবিষ্যদ্বক্তা পর- ১১ মেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিলে আহসের ঘড়ির উপরে ছায়া যত অংশ গিয়াছিল, তিনি তাহার দশ অংশ ফিরাইলেন।

১২ ঐ সময়ে বলদনের পুত্র মিরোদক্-বলদন্ নামে বাবিলের রাজা হিষ্কিয়ের পীড়িত হওনের পরে সুস্থ হওনের সম্বাদ পাইয়া দূতদ্বারা তাহার নিকটে পত্র ও উপঢৌকন দ্রব্য পাঠাইল। তাহাতে হিষ্কিয় তাহাদের ১৩ সহিত সাক্ষাৎ ‖ করিয়া আপন ভাণ্ডার, অর্থাৎ রূপা ও সোণা ও সুগন্ধি দ্রব্য ও বহুমূল্য তৈল ও আপন অস্ত্রাগার § ও ভাণ্ডারের তাবৎ বস্তু তাহাদিগকে দেখাইল; হিষ্কিয় তাহাদিগকে না দেখাইল, এমত কোন সামগ্রী তাহার বাটীতে ও তাবৎ রাজ্যে ছিল না।

১৪ পরে যিশয়িয় ভবিষ্যদ্বক্তা হিষ্কিয় রাজার নিকটে আসিয়া জিজ্ঞাসা করিল, ঐ মনুষ্যেরা কি কহিল? এবং কোথাহইতে তোমার নিকটে আসিয়াছে? তাহাতে হিষ্কিয় কহিল, ইহারা দূর দেশ বাবিল্হইতে ১৫ আসিয়াছে। সে জিজ্ঞাসা করিল, ইহারা তোমার বাটীতে কি২ দেখিয়াছে? হিষ্কিয় কহিল, আমার বাটীতে যাহা২ আছে, সকলি দেখিয়াছে; তাহাদিগকে না দেখাইয়াছি, সম্পত্তির মধ্যে এমত কোন ১৬ দ্রব্য নাই। পরে যিশয়িয় হিষ্কিয়কে কহিল, পরমে- ১৭ শ্বরের কথা শুন। দেখ, তোমার পূর্ব্বপুরুষাবধি অদ্য পর্য্যন্ত যাহা২ সঞ্চয় হইতেছে, ও তোমার বাটীতে যে কিছু আছে, সকলি বাবিল্ নগরে লইয়া যাওনের সময় উপস্থিত হইবে; তাহার কিছু অবশিষ্ট থাকিবে ১৮ না, পরমেশ্বর এই কথা কহেন। এবং তোমার ঔরসজাত ও তোমার উৎপন্ন সন্তানগণের মধ্যে কতক নীত হইয়া বাবিলের রাজবাটীতে ছিন্নপুংস্ত হইয়া থা- ১৯ কিবে। তাহাতে হিষ্কিয় যিশয়িয়কে কহিল, তুমি পরমেশ্বরের যে কথা কহিলা, সে উত্তম; আরো কহিল, আমার রাজ্য সময়ে মঙ্গল ও সত্যতা হইবে।

২০ এই হিষ্কিয়ের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত পরাক্রম ও পুষ্করিণী ও প্রণালী করিয়া নগরে জল আনয়ন, এই সকল কি যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে ২১ লিখিত নাই? পরে হিষ্কিয় আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে তাহার পুত্র মিনশি তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

২১ অধ্যায়।

১ মিনশির কুরাজত্ব করণ ও দেবপূজা করণ ১০ ও তাহার বিরুদ্ধে পরমেশ্বরের দণ্ডাজ্ঞা ১৭ ও তাহার মৃত্যু ১৯ ও আমোনের কুরাজত্ব করণ ২৩ ও তাহার মৃত্যু।

[২০ অধ্য; ১-৩] যিশ ৩৮; ১-৩॥—[৪-৬] যিশ ৩৮; ৪-৬। ২ বং ৩২; ২৪॥—[৫] ২ রা ১৯; ২০। গী ৫৬; ৮॥ [৬] ২ রা ১৯; ৩৪॥—[৭] যিশ ৩৮; ২১॥—[৮-১১] যিশ ৩৮; ৭,৮॥—[১১] যি ১০; ১২,১৩॥—[১২-১৯] যিশ ৩৯; ১-৮॥—[১৩] ২ বং ৩২; ২৫,২৭,২৮,৩১॥—[১৭] ২ রা ২৪; ১৩। ২৫; ১৩॥—[১৮] ২ বং ৩৩; ১১। ২ রা ২৪; ১২। ২৫; ৭। দা ১; ৩॥—[১৯] ২ বং ৩২; ২৬। ১ শি ৩; ১৮॥—[২০] ২ বং ৩২; ২৭-৩০॥—[২১] ২ বং ৩২; ৩২,৩৩॥

* (বা) বাটীর বিষয়ে আজ্ঞা দেও। † (ইব্রু) মহাক্রন্দনেতে। ‡ (বা) মধ্য নগরে। ‖ (ইব্রু) তাহাদের শুবণ। § (বা) রত্নাগার।

১ মিনশি বারো বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া পঞ্চান্ন বৎসর যিরূশালমে রাজত্ব করিল,তাহার মাতার নাম হিফ্‌সীবা ছিল। ২ পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে যে অন্য দেশীয়দিগকে দূর করিয়াছিলেন, তাহাদের ন্যায় সে পরমেশ্বরের সাক্ষাতে ঘৃণার্হ কর্ম্ম করিয়া পাপ করিল। ৩ তাহার পিতা হিষ্কিয় যে ২ উচ্চস্থান বিনষ্ট করিয়াছিল, সে তাহা পুনর্ব্বার নির্ম্মাণ করিল, ও বালের কারণ বেদি প্রস্তুত করিল, এবং ইস্রায়েলের আহাব্ রাজের ন্যায় চৈত্য বৃক্ষ রোপণ করিল, এবং আকাশীয় তাবৎ নক্ষত্রের ভজনা ও সেবা করিল। ৪ এবং পরমেশ্বর যে মন্দিরের বিষয়ে কহিয়াছিলেন,আমি যিরূশালমে আপন নাম স্থাপন করিব, সেই পরমেশ্বরের মন্দিরে দেববেদি নির্ম্মাণ করাইল। ৫ এবং পরমেশ্বরের গৃহের দুই প্রাঙ্গণে সে আকাশের নক্ষত্রগণের জন্যে বেদি নির্ম্মাণ করাইল। ৬ এবং সে আপন পুত্রকে অগ্নিতে প্রবেশ করাইল, ও গণকতা ও মোহন করিল, এবং ভূতড়িয়ার ও গুণির কর্ম্ম করিল; সে পরমেশ্বরকে ক্রুদ্ধ করণার্থে তাঁহার সাক্ষাতে অনেক পাপ কর্ম্ম করিল। ৭ আর এই মন্দিরে এবং ইস্রায়েলের সকল বংশের মধ্যহইতে মনোনীত যিরূশালমে আমি আপন নাম নিত্য স্থাপন করিব; ৮ এবং আমি তাহাদিগকে যে আজ্ঞা দিয়াছি, এবং আমার দাস মূসা তাহাদিগকে যে শাস্ত্র দিয়াছে, কেবল তদনুসারে কর্ম্ম করিতে যদি তাহারা মনোযোগ করে, তবে আমি তাহাদের পূর্ব্বপুরুষদিগকে যে দেশ দিয়াছি, সে দেশের মধ্যহইতে ইস্রায়েল্ বংশকে এক পদও সরিতে দিব না, পরমেশ্বর যে মন্দিরের বিষয়ে দায়ূদ্‌কে ও তাহার পুত্র সুলেমান্‌কে এই কথা কহিয়াছিলেন,সেই মন্দিরে সে আপন নির্ম্মিত চৈত্য প্রতিমা স্থাপন করিল। ৯ এই রূপে তাহারা সেই কথাতে মনোযোগ করিল না, কিন্তু পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মখহইতে যে সকল জাতিকে বিনষ্ট করিয়াছিলেন,তাহাদের অপেক্ষা মন্দ কার্য্য করিতে মিনশি তাহাদিগকে প্রবৃত্তি দিল।

১০ পরে পরমেশ্বর আপন দাস ভবিষ্যদ্বক্তৃগণ প্রমুখাৎ এই কথা কহিলেন, ১১ যিহূদার রাজা মিনশি এই সকল ঘৃণার্হ কর্ম্ম করিল, পূর্ব্বে যে ইমোরীয় লোকেরা ছিল, তাহাদের হইতেও অধিক পাপ করিল, এবং আপন প্রতিমাদের দ্বারা যিহূদাকেও পাপেতে প্রবৃত্তি দিল। ১২ অতএব ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি যিরূশালম্ ও যিহূদার প্রতি এমত দুর্গতি ঘটাইব, যে তাহা শুনিলে তাবৎ লোকের কর্ণ শিহরিয়া উঠিবে। ১৩ আমি যিরূশালমের উপরে শোমিরোণের সূত্র ও আহাব্ বংশের ওলন বিস্তার করিব; যেমন কেহ কোন পাত্র পরিষ্কার করিয়া উল্টায়, তদ্রূপ আমি যিরূশালম্‌কে পরিষ্কার করিব। ১৪ আমি আপন অধিকারের অবশিষ্টদিগকে ত্যাগ করিব, ও তাহাদিগকে শত্রুহস্তে সমর্পণ করিব, তাহারা আপন তাবৎ শত্রুর মৃগয়া ও লুটবস্তুস্বরূপ হইবে। ১৫ কেননা তাহারা আমার সাক্ষাতে পাপ করিয়া তাহাদের পিতৃলোকদের মিসর্‌হইতে বহিরাগমনাবধি অদ্য পর্য্যন্ত আমাকে ক্রুদ্ধ করিল। ১৬ মিনশি পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিয়া যিহূদা বংশকেও পাপেতে প্রবৃত্তি দিল, এবং তাহার সেই পাপ ভিন্ন সে অনেক নির্দ্দোষের রক্তপাত করিয়া যিরূশালম্‌কে এক সীমাবধি অন্য সীমা পর্য্যন্ত রক্তেতে পরিপূর্ণ করিল।

১৭ এই মিনশির অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ ও পাপ করণ, এই সকল কি যিহূদার রাজাদের ইতিহাস পুস্তকে লিখিত নাই? ১৮ পরে মিনশি আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে আপন বাটীর উদ্যানে, অর্থাৎ উষের উদ্যানে কবরস্থ হইল, পরে তাহার পুত্র আমোন্ তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

১৯ আমোন বাইশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে দুই বৎসর রাজত্ব করিল; যট্‌বা নিবাসি হারুষের কন্যা মিশুল্লেমৎ তাহার মাতা ছিল। ২০ তাহার পিতা মিনশি যে রূপ করিয়াছিল, সেও পরমেশ্বরের সাক্ষাতে তদ্রূপ পাপ করিল। ২১ তাহার পিতা যে ২ পথে গিয়াছিল, সেও সেই পথে গেল; ও তাহার পিতা যে প্রতিমার পূজা করিয়াছিল, সেও সেই প্রতিমার পূজা ও সেবা করিল; ২২ ও আপন পিতৃলোকদের প্রভু পরমেশ্বরকে ত্যাগ করিল; পরমেশ্বরের পথে গমন করিল না।

২৩ পরে আমোনের দাসগণ তাহার প্রতি দ্রোহ করিয়া তাহার গৃহে রাজাকে বধ করিল। ২৪ তাহাতে দেশীয় লোকেরা আমোনের দ্রোহকারিগণকে বধ করিয়া আমোনের পুত্র যোশিয়কে তাহার পদে রাজ্যাভিষিক্ত করিল। ২৫ এই আমোনের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে কি লিখিত নাই? ২৬ এবং সে উষের উদ্যানস্থিত আপন কবরে কবরস্থ হইল,এবং তাহার পুত্র যোশিয় তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল।

২২ অধ্যায়।

১ যোশিয়ের সুরাজত্ব করণ ৩ ও মন্দির সারাওন ৮ ও ঈশ্বরের ব্যবস্থাপুস্তক পাওন ১৫ ও হুল্‌দা ভবিষ্যদ্বক্ত্রীর নিকটে প্রেরণ করিলে তাহার ভবিষ্যদ্বাক্য।

[২১ অধ্য ; ১-৯] ২ বং ৩৩ ; ১-১০ ।।—[২] ২ রা ১৬ ; ৩ । ১৭ ; ১৫ ।।—[৩] ১৭ ; ১৬ । ১৮ ; ৪ । ১ রা ১৬ ; ৩২-৩৩ । দ্বি ৪; ১৯ । ১৭ ; ৩ ।।—[৪] ১ রা ৯ ; ৩ ।।—[৫] যির ৩২ ; ৩৪ ।।—[৬] ২ রা ১৬ ; ৩ । ১৭ ; ১৭ । লে ১৮; ২১ ।।—[৭] ১ রা ৯ ; ৩ ।।—[৮] ২ শি ৭ ; ১০, ১১ । ২ রা ৯ ; ৪,৫ ।।—[১০-১৫] আম ২ ; ৪, ৫ । মী ১ ; ৯ । ৩ ; ১২ । সিফ ১ ; ২-১৮ । যিশ ৫ ; ৫, ৬, ১৩-৩০ । ২৯ ; ১-৬ । যির ১৯ ; ৩,৪ । ২ রা ২৩ ; ২৬,২৭ । ২৫ ; ৮-১১ । বিল ৪ ; ১-২০ ।।—[১৬] ২ রা ২৪ ; ৪ ।। [১৭,১৮] ২ বং ৩৩ ; ১১-২০ ।।—[১৯-২৬] ২ বং ৩৩ ; ২১-২৫ ।।—[২১] প ২-৯ ।।

১ যোশিয় আট বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া একত্রিশ বৎসর যিরূশালমে রাজত্ব করিল; বস্কতীয় অদায়ার কন্যা যিদীদা তাহার মাতা ছিল।
২ সে পরমেশ্বরের সাক্ষাতে সৎকর্ম্ম করিল, ও আপন পূর্ব্বপুরুষ দায়ূদের পথে চলিল; তাহার দক্ষিণে কি বামে ফিরিল না।

৩ যোশিয়ের অধিকারের অষ্টাদশ বৎসরে রাজা মিশুল্লমের পৌত্র অৎসলিয়ের পুত্র শাফন্ লেখককে এই
৪ কথা কহিয়া পরমেশ্বরের মন্দিরে পাঠাইল। তুমি প্রধান যাজক হিল্কিয়ের নিকটে যাইয়া পরমেশ্বরের গৃহে যে রূপা আনীত হইয়াছে, ও দ্বারপালেরা লোকদের স্থানে
৫ যাহা সংগ্রহ করিয়াছে, তাহা গণনা করিতে বল। এবং পরমেশ্বরের গৃহাধ্যক্ষ যে কার্য্যকারিরা তাহাদের হস্তে লোকেরা তাহা সমর্পণ করুক, এবং তাহারা মন্দিরের ভগ্ন স্থান সারিবার জন্যে পরমেশ্বরের মন্দিরের কর্ম্ম-
৬ কারদের হস্তে তাহা দিউক। অর্থাৎ সূত্রধর ও গ্রন্থনকারি ও রাজদিগকে গৃহ সারিবার জন্যে কাষ্ঠ ও খোদিত প্র-
৭ স্তর ক্রয় করিতে দিউক। কিন্তু তাহাদের হস্তে যে টাকা সমর্পিত হইবে, তাহার বিষয়ে তাহাদের সহিত গণনা হইবে না, কেননা তাহারা বিশ্বাস্য হইয়া কর্ম্ম করে।

৮ পরে হিল্কিয় প্রধান যাজক শাফন্ লেখককে কহিল, আমি পরমেশ্বরের মন্দিরে এই ব্যবস্থাপুস্তক পাইলাম, পরে হিল্কিয় শাফন্‌কে সেই পুস্তক দিলে সে তাহা
৯ পাঠ করিল। এবং শাফন্ লেখক রাজার নিকটে যাইয়া তাহাকে পুনর্ব্বার এই সমাচার দিল, মন্দিরেতে যত মুদ্রা পাওয়া গিয়াছে, সে সকল তোমার দাসগণ একত্র করিয়া * পরমেশ্বরের গৃহাধ্যক্ষ যে কার্য্য-
১০ কারিরা তাহাদের হস্তে দিয়াছে। পরে শাফন্ লেখক রাজাকে এই কথা জ্ঞাত করিল, হিল্কিয় যাজক আমাকে এই পুস্তক দিল; পরে শাফন্ রাজার সাক্ষাতে তাহা
১১ পাঠ করিল। তখন রাজা সেই ব্যবস্থাপুস্তকের কথা
১২ শুনিয়া আপন বস্ত্র চিরিল। এবং রাজা হিল্কিয় যাজককে ও শাফনের পুত্র অহীকাম্‌কে ও মীখায়ের পুত্র অক্‌বোর্‌কে ও শাফন্ লেখককে ও অসায় নামে
১৩ রাজার এক দাসকে এই আজ্ঞা করিল, তোমরা যাইয়া আমার ও লোকদের ও যিহূদার নিমিত্তে ঐ লব্ধ পুস্তকের কথার বিষয়ে পরমেশ্বরকে জিজ্ঞাসা কর, কেননা আমাদের পূর্ব্বপুরুষেরা এই পুস্তকের কথাতে মনোযোগ করে নাই, এই জন্যে আমাদের প্রতি লিখিত সকল কথানুসারে করিবার জন্যে আমাদের বিরুদ্ধে পরমেশ্বরের অতিশয় ক্রোধ প্রজ্বলিত হই-
য়াছে। অতএব হিল্কিয় যাজক ও অহীকাম্ ও অক্‌বোর্
১৪ ও শাফন্ ও অসায় বস্ত্রাগারের অধ্যক্ষ হর্হসের পৌত্র তিক্‌বের পুত্র শল্লুমের ভার্য্যা হুল্‌দা ভবিষ্যদ্বক্ত্রীর নিকটে গেল; সে যিরূশালমের বিদ্যালয়ে † বাস করিত, পরে তাহার সহিত কথোপকথন করিল।

১৫ সে তাহাদিগকে কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, যে মানুষ তোমাদিগকে আমার কাছে পাঠাইল, তাহাকে কহ। পরমেশ্বর এই কথা কহেন,
১৬ দেখ, আমি এই স্থানের ও তন্নিবাসিদের উপরে অমঙ্গল, অর্থাৎ যিহূদার রাজা যে পুস্তক পাঠ করিয়াছে, তাহাতে লিখিত সকল অমঙ্গল ঘটাইব। কেননা
১৭ তাহারা আমাকে ত্যাগ করিয়া স্ব২ হস্তের ক্রিয়াদ্বারা আমাকে ক্রুদ্ধ করিবার জন্যে অন্য দেবগণের উদ্দেশে ধূপ জ্বালাইল, এই জন্যে এই স্থানের বিরুদ্ধে আমার ক্রোধ প্রজ্বলিত হইল, তাহা নির্ব্বাণ হইবে না। পর-
১৮ মেশ্বরকে জিজ্ঞাসা করিতে তোমাদিগকে পাঠাইল যে যিহূদার রাজা, তাহাকে এই কথা কহ, তুমি যে বাক্য শুনিয়াছ, তাহার বিষয়ে ইস্রায়েলের প্রভু পরমেশ্বর ইহা কহেন, এই স্থানের ও তন্নিবাসিদের
১৯ বিরুদ্ধে এই কথা কহিয়াছি, তাহারা অরণ্য তুল্য ও শাপাস্পদ হইবে; তুমি যখন এই বাক্য শুনিলা, তখন তোমার অন্তঃকরণ কোমল হইল, ও তুমি পরমেশ্বরের সাক্ষাতে নম্র হইলা ও আপন বস্ত্র চিরিয়া আমার সম্মুখে ক্রন্দন করিলা, এই জন্যে পর-মেশ্বর কহেন, আমিও তোমার কথা শুনিলাম। আমি
২০ তোমার পিতৃলোকদের সহিত তোমাকে সংগৃহীত করিব; তুমি শান্তিতে আপন কবরে শয়ন করিবা, এবং আমি এই স্থানের উপরে যে সকল অমঙ্গল ঘটাইব, তাহা তোমার চক্ষুর্গোচর হইবে না। পরে তাহারা পুনর্ব্বার রাজাকে এই কথার সমাচার দিল।

২৩ অধ্যায়।

১ সভাতে পুস্তকের পাঠ করণ ৩ ও লোকদের সঙ্গে নিয়ম স্থির করণ ও দেবপূজার দ্রব্য ও স্থান নষ্ট করণ ১৫ ও বৈথেলের বেদি অশুচি করণ ২১ ও নিস্তার পর্ব্ব পালন ২৪ ও দুষ্ট লোককে দূর করণ ২৬ ও যিহূদালোকের প্রতি ঈশ্বরের ক্রোধ ২৯ ও যুদ্ধেতে যোশিয়ের মৃত্যু ৩১ ও তাহার পুত্র যিহোয়াহসের বদ্ধ হওন ৩৬ ও যিহোয়াকীমের কুরাজত্ব করণ।

১ পরে রাজা লোক পাঠাইলে তাহারা যিহূদার ও যিরূশালমের সমস্ত প্রাচীনকে তাহার নিকটে একত্র
২ করিল। পরে রাজা পরমেশ্বরের মন্দিরে গেলে,

[২২ অধ্য; ১,২] ২ ব০ ৩৪; ১,২॥—[১] যি ১৫; ৩১॥—[৩-৭] ২ ব০ ৩৪; ৮-১৩॥—[৪-৭] ২ রা ১২; ৪-১২॥ [৭] ১২; ১৫॥—[৮-১৪] ২ ব০ ৩৪; ১৪-২২॥—[৮] দ্বি ৩১; ২৪-২৬॥—[৯] প ৪, ৫॥—[১৩] দ্বি ২৮; ১৫-৬৮। ৩২; ২২॥—[১৪] বি ৪; ৪॥—[১৫-২০] ২ ব০ ৩৪; ২৩-২৮॥—[১৬,১৭] দ্বি ২৮; ১৫-৬৮। ২৯; ২২-২৮। ৩২; ২১,২২॥ [১৯,২০] ২ রা ২০; ১৭-১৯। ১ রা ২১; ২৯॥
[২৩ অধ্য; ১-৩] ২ ব০ ৩৪; ২৯-৩৪॥—[২] ২ রা ২২; ৮॥

* (ইব) গলাইয়া। † (বা) দ্বিতীয় ভাগে।

যিহূদার সমস্ত লোক ও যিরূশালম্ নিবাসিগণ ও যাজকগণ ও ভবিষ্যদ্বক্তৃগণ ও ক্ষুদ্র ও মহান্ সকল লোক তাহার সহিত গমন করিল; পরে রাজা পরমেশ্বরের গৃহে প্রাপ্ত নিয়মপুস্তকের সকল কথা তাহাদের কর্ণগোচরে পাঠ করাইল।

৩ অপর রাজা এক স্তম্ভের নিকটে দাঁড়াইয়া পরমেশ্বরের কথানুসারে চলিতে*, এবং সকল মন ও প্রাণের সহিত, তাঁহার আজ্ঞা ও সাক্ষ্য কথা ও বিধি পালন করিতে, ও এই পুস্তকে লিখিত নিয়মবাক্য পালন করিতে পরমেশ্বরের সাক্ষাতে নিয়ম করিল, এবং সমস্ত লোক ঐ নিয়ম স্থির করিল। ৪ এবং বালের ও চৈত্যবৃক্ষের ও আকাশের নক্ষত্রগণের নিমিত্তে নির্ম্মিত যে সকল পাত্র, তাহা পরমেশ্বরের মন্দিরহইতে বাহির করিতে রাজা হিল্কিয় প্রধান যাজককে ও দ্বিতীয় পালার সকল যাজককে ও দ্বারপালদিগকে আজ্ঞা করিল, পরে সে যিরূশালমের বাহিরে কিদ্রোণের প্রান্তরে তাহা দগ্ধ করিয়া তাহার ভস্ম বৈথেলে লইয়া গেল। ৫ এবং যিহূদার রাজগণ যে দেবপূজক যাজকদিগকে নিযুক্ত করিয়াছিল, ও যাহারা বালের ও সূর্য্যের ও চন্দ্রের ও গ্রহগণের ও আকাশীয় জ্যোতির্গণের উদ্দেশে ধূপ জ্বালাইত, তাহাদিগকে পদচ্যুত করিয়া যিহূদা নগরের ও যিরূশালমের চতুর্দ্দিগের উচ্চস্থানে দগ্ধ করিল। ৬ এবং সে পরমেশ্বরের মন্দিরের মধ্যস্থিত চৈত্য প্রতিমা বাহির করিয়া যিরূশালমের বাহিরে কিদ্রোণ্ স্রোতের নিকটে আনিয়া কিদ্রোণ স্রোতে তাহা দগ্ধ করিল, ও তাহা পিষিয়া ধূলার ন্যায় চূর্ণ করিয়া সামান্য লোকদের কবরের উপরে নিক্ষেপ করিল। ৭ এবং যেখানে স্ত্রীলোকেরা চৈত্য প্রতিমার জন্যে ব্যবধানবস্ত্র প্রস্তুত করিল, পরমেশ্বরের মন্দিরের নিকটস্থ পুংশৃঙ্গারকারিদের সেই গৃহ সকল ভাঙ্গিয়া ফেলিল। ৮ এবং সে যিহূদা নগরহইতে সকল যাজককে আনিল, ও গেবা অবধি বের্শেবা পর্য্যন্ত যে ২ স্থানে যাজকেরা ধূপ জ্বালাইত, সেই ২ স্থান অশুচি করিল, এবং দ্বারের নিকটস্থ যে২ উচ্চস্থান, বিশেষতঃ নগরাধ্যক্ষ যিহোশূয়ের প্রবেশ স্থান, অর্থাৎ নগরে প্রবেশের বামদিগে যে উচ্চস্থান, তাহা ভগ্ন করিল। ৯ কিন্তু উচ্চস্থানের যাজকগণ পরমেশ্বরের যিরূশালমস্থ যজ্ঞবেদির নিকটে আসিত না, তাহারা কেবল আপনাদের ভ্রাতৃগণের মধ্যে থাকিয়া তাড়ীশূন্য রুটি ভোজন করিত। ১০ কেহ যেন মোলকের উদ্দেশে আপন পুত্রকে কিম্বা কন্যাকে অগ্নিতে প্রবেশ না করায়, এই নিমিত্তে সে হিন্নোম্ বংশের নিম্নভূমির তোফৎ স্থান অশুচি করিল। ১১ এবং যিহূদার রাজারা যে অশ্বদিগকে সূর্য্যের উদ্দেশে দিয়াছিল, তাহাদিগকে পরমেশ্বরের মন্দিরে প্রবেশস্থানহইতে দূর করিয়া উপনগরস্থিত নিথন-মেলক নামে কৃতনপুংসকের বাটীতে রাখিল, এবং অগ্নিদ্বারা সূর্য্যের রথকে দগ্ধ করিল। ১২ এবং যিহূদার রাজগণ আহসের উপরিস্থ কুঠরীর ছাতের উপরে যে ২ বেদি নির্ম্মাণ করিয়াছিল, এবং মিনশি পরমেশ্বরের মন্দিরের দুই প্রাঙ্গণে যে বেদি করিয়াছিল, সেই সকল বেদি রাজা ভাঙ্গিল, ও তথাহইতে লইয়া † চূর্ণ করিয়া কিদ্রোণ্ স্রোতে সেই চূর্ণ নিক্ষেপ করিল। ১৩ এবং ইস্রায়েল্ বংশের সুলেমান্ রাজা সীদোনীয়দের ঘৃণার্হ অস্তোরতের কারণ, এবং মোয়াবীয়দের ঘৃণার্হ কিমোশের কারণ, ও অম্মোন বংশের ঘৃণার্হ মিল্কমের কারণ বিনাশক ‡ পর্ব্বতের দক্ষিণে স্থিত যিরূশালমের সম্মুখে যে ২ উচ্চস্থান করিয়াছিল, তাহা রাজা অশুচি করিল। ১৪ এবং সেই সকল প্রতিমা ভাঙ্গিয়া ফেলিল ও চৈত্য বৃক্ষ ছেদন করিয়া তাহার স্থান মনুষ্যের অস্থিতে পরিপূর্ণ করিল।

১৫ পরে ইস্রায়েল্ বংশকে পাপে প্রবৃত্তি দিল যে নিবাটের পুত্র যারবিয়াম্, সে বৈথেলে যে যজ্ঞবেদি ও উচ্চস্থান করিয়াছিল, তাহা ভগ্ন করিল, এবং উচ্চস্থানের প্রতিমা অগ্নিতে দগ্ধ করিয়া কুটিয়া চূর্ণ করিল, এবং চৈত্য প্রতিমাও দগ্ধ করিল। ১৬ এবং যোশিয় ফিরিয়া সেই স্থানের পর্ব্বতস্থ কবর সকল দেখিলে সে লোক পাঠাইয়া তাহাহইতে অস্থি লইল, এবং পরমেশ্বরের লোক কর্তৃক ঘোষিত পরমেশ্বরের বাক্যানুসারে সে অস্থি বেদির উপরে দগ্ধ করিয়া বেদি অশুচি করিল। ১৭ পরে সে জিজ্ঞাসিল, আমি এই কি স্তম্ভ দেখিতেছি? তাহাতে নগরের লোকেরা উত্তর করিল, পরমেশ্বরের যে লোক যিহূদাহইতে আসিয়া বৈথেলস্থ যজ্ঞবেদির বিরুদ্ধে তোমার কৃত এই সকল ক্রিয়ার ভবিষ্যদ্বাক্য কহিয়াছিল, এই তাহার কবর। ১৮ তাহাতে রাজা কহিল, ইহাকে থাকিতে দেও; ইহার অস্থি কেহ স্থানান্তর না করুক; অতএব তাহারা শোমিরোণ্হইতে আগত ভবিষ্যদ্বক্তার অস্থির সহিত তাহার অস্থি ত্যাগ করিল। ১৯ এবং ইস্রায়েলের রাজগণ ক্রোধ জন্মাইবার জন্যে শোমিরোণের তাবৎ নগরে যে ২ উচ্চস্থানের গৃহ নির্ম্মাণ করিয়াছিল, সে সকল যোশিয় দূর করিল, এবং বৈথেলে যে কর্ম্ম করিয়াছিল, তদনুসারে তাহার প্রতি করিল। ২০ এবং তত্রস্থ উচ্চস্থানের যাজক-

[৩] ২ রা ১১; ১৪,১৭॥—[৪-২০] ২ বং ৩৪; ৩-৭। দ্বি ৭; ৫,২৫,২৬॥—[৪] ২ রা ২১; ৩,৪,৭। যা ৩২; ২০॥—[৫] ২ রা ২১; ৩-৮॥—[৬] প ৪,১৫॥—[৭] ১ রা ১৪; ২৪। ১৫; ১২॥—[৮] ১ রা ১৫; ২২॥—[৯] যিহি ৪৪; ১২-১৪। লে ২২; ১-৭॥—[১০] প ১৪,১৬,২০। ২ রা ২১; ৬। যির ৭; ৩১। ১৯; ৬॥—[১২] যির ১৯; ১৩। ২ রা ২১; ৫॥ [১৩] ১ রা ১১; ৭॥—[১৪] প ১৬,২০। গা ৫; ১, ২॥—[১৫] প ৬॥—[১৬] প ১৪,২০। ১ রা ১৩; ২॥—[১৭,১৮] ১ রা ১৩; ৩০,৩১॥—[১৯] ১ রা ১৩; ৩২॥—[২০] ১ রা ১৩; ২। প ১৬॥

* (ইব্রী) পশ্চাদ্গমন করিতে। † (ইব্রী) দৌড়াইয়া। ‡ (বা) জৈতুন।

গণকে বেদির উপরে বধ করিল, ও তাহার উপরে মনুষ্যের অস্থি দগ্ধ করিয়া যিরূশালমে ফিরিয়া গেল।

২১ পরে রাজা সকল লোককে এই আজ্ঞা করিল, তোমরা এই নিয়মপুস্তকের লিখনানুসারে আপনাদের প্রভু ২২ পরমেশ্বরের উদ্দেশে নিস্তারপর্ব্ব পালন কর। ইস্রায়েল্ বংশের উপরে বিচারকর্ত্তৃদের বিচার করণাবধি ইস্রায়েলের রাজগণের ও যিহূদার রাজগণের অধিকারের তাবৎ সময়ে ইহার তুল্য নিস্তারপর্ব্ব পালিত ২৩ হয় নাই। পরে যোশিয়ের অধিকারের অষ্টাদশ বৎসরে যিরূশালমে পরমেশ্বরের উদ্দেশে এই নিস্তারপর্ব্ব পালিত হইল।

২৪ পরমেশ্বরের মন্দিরে হিল্কিয় যাজকের প্রাপ্ত পুস্তকে লিখিত ব্যবস্থার সমস্ত বাক্য পালন করিতে যোশিয় ভূতড়িয়াদিগকে ও গুণিদিগকে ও বিগ্রহদিগকে ও প্রতিমাদিগকে এবং যিহূদা দেশে ও যিরূশালমে ২৫ প্রাপ্ত ঘৃণ্য বস্তুদিগকে দূর করিল। এবং আপন সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণ ও সমস্ত শক্তিদ্বারা মূসার সকল ব্যবস্থানুসারে পরমেশ্বরের পক্ষে ফিরিল, এমত কোন রাজা তাহার পূর্ব্বে ছিল না, এবং তাহার পরেও হয় নাই।

২৬ তথাপি মিনশি যে সকল ক্রোধজনক ক্রিয়াদ্বারা পরমেশ্বরকে ক্রুদ্ধ করিল, তাহাদ্বারা যিহূদার প্রতিকূলে পরমেশ্বরের যে অতিশয় ক্রোধ হইয়াছিল, তাহা- ২৭ হইতে পরমেশ্বর ফিরিলেন না। এবং পরমেশ্বর কহিলেন, আমি যেমন ইস্রায়েল্ বংশকে আপন দৃষ্টিহইতে দূর করিয়াছি, তদ্রূপ যিহূদা বংশকেও দূর করিব, এবং আমি এই যে যিরূশালম্ নগর মনোনীত করিয়াছি, এবং আমার নাম এই স্থানে থাকিবে, এ কথা যে মন্দিরের বিষয়ে কহিয়াছি, তাহাও ত্যাগ করিব।

২৮ এই যোশিয়ের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে কি লিখিত নাই?

২৯ তাহার সময়ে মিস্রীয় ফিরৌণ্-নিখো রাজা অশূরের রাজার বিরুদ্ধে ফরাৎ নদীর নিকটে আইলে যোশিয় রাজা তাহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিল, তাহাতে ফিরৌণ্-নিখো তাহার সাক্ষাৎ পাইবামাত্র মগিদ্দোতে তাহাকে ৩০ বধ করিল। অপর যোশিয়ের দাসগণ তাহার মৃত শরীর রথে রাখিয়া মগিদ্দোহইতে যিরূশালমে লইয়া যাইয়া তাহাকে তাহার নিজ কবরে কবর দিল; পরে দেশের লোকেরা যোশিয়ের পুত্র যিহোয়াহস্কে লইয়া তাহাকে অভিষিক্ত করিয়া তাহার পিতার পদে তাহাকে রাজা করিল।

৩১ যিহোয়াহস্ তেইশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে তিন মাস রাজত্ব করিল, লিব্নার যিরিমিয়ের কন্যা হমূটল্ তাহার মাতা ছিল। ৩২ সে আপন পিতৃলোকদের কর্ম্মানুসারে পরমেশ্বরের ৩৩ সাক্ষাতে পাপকর্ম্ম করিল। কিন্তু সে যেন যিরূশালমে রাজত্ব করিতে না পারে, এই জন্যে ফিরৌণ্-নিখো হমাৎ দেশস্থ রিব্লাতে তাহাকে বদ্ধ করিল, এবং একশত কিক্কর রূপা ও এক কিক্কর স্বর্ণ দিতে ৩৪ দেশীয়দের প্রতি ভার হইল। পরে ফিরৌণ্-নিখো যোশিয়ের পুত্র ইলিয়াকীম্কে তাহার পিতা যোশিয়ের পদে রাজা করিয়া তাহার নাম যিহোয়াকীম্ রাখিল, এবং যিহোয়াহস্কে লইয়া গেল; তাহাতে সে মিসর্ ৩৫ দেশে উপস্থিত হইয়া সেস্থানে মরিল। পরে যিহোয়াকীম্ ফিরৌণ্কে সেই সকল রূপা ও স্বর্ণ দিল, কিন্তু ফিরৌণের আজ্ঞানুসারে সেই কর দিবার জন্যে দেশে কর স্থাপন করিল; প্রতি জনের নিরূপণানুসারে কর লইয়া ফিরৌণ্-নিখোকে কর দিবার জন্যে দেশের লোকদের কাছে রূপা ও স্বর্ণ আদায় করিল।

৩৬ যিহোয়াকীম্ পঁচিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে এগার বৎসর রাজত্ব করিল, রুমা নিবাসি পিদায়ের কন্যা সিবূদা তাহার মাতা ৩৭ ছিল। এবং সে আপন পিতৃলোকদের কর্ম্মানুসারে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল।

২৪ অধ্যায়।

১ যিহোয়াকীমের বাবিলের রাজার অধীনতা অস্বীকার করণ ৫ ও তাহার মৃত্যু ৮ ও তাহার পুত্র যিহোয়াখীনের কুরাজত্ব করণ ১০ ও তাহার ও তাহার অনেক লোকের বন্দী হওন ১৭ ও সিদিকিয়ের কুরাজত্ব ও বাবিলের রাজার অধীনতা অস্বীকার করণ।

১ যিহোয়াকীমের অধিকার সময়ে বাবিলের নিবূখদ্নিৎসর রাজা আইল, কেননা সে তিন বৎসর পর্য্যন্ত তাহার অধীন হইলে পরে তাহার অধীনতা আর ২ স্বীকার করিল না। এবং পরমেশ্বর তাহার বিরুদ্ধে কস্দীয়দের ও অরামীয়দের ও মোয়াবীয়দের ও অম্মোন্ বংশের দস্যুদলদিগকে প্রেরণ করিলেন; পরমেশ্বর আপন দাস ভবিষ্যদ্বক্তৃগণ প্রমুখাৎ যে কথা কহিয়াছিলেন, তদনুসারে যিহূদাকে বিনষ্ট করিতে তাহার বিরুদ্ধে তাহাদিগকে পাঠাইলেন। ৩ মিনশি যে সকল পাপ কর্ম্ম করিল, ও নির্দ্দোষের রক্তপাত করিল, ও সেই নির্দ্দোষদের রক্তে যিরূশালম্কে পরিপূর্ণ করিল, সেই সকল দোষ পরমেশ্বর ক্ষমা

[২১-২৩] ২ বং ৩৫; ১-১৯ ॥—[২১] যা ২১; ১-২৭। দ্বি ১৬; ১-৮ ॥—[২২,২৩] ২ বং ৩৫; ১৮,১৯ ॥—[২৪] ২ রা ২১; ৬। লে ১৯; ২৬,৩১। ২০; ২৭। দ্বি ১৮; ১০,১১ ॥—[২৬,২৭] ২ রা ২১; ১৮। ১৮; ১১,১২। ২১; ১১-১৫। যির ১৫; ৪। ১ রা ৯; ৩ ॥—[২৯,৩০] ২ বং ৩৫; ২০-২৫ ॥—[২৯] সিখ ১২; ১১ ॥—[৩০] ২ বং ৩৬; ১ ॥—[৩১-৩৪] ২ বং ৩৬; ২-৪ ॥—[৩১] ১ বং ৩ ১৫। ২ রা ২৪; ১৮ ॥—[৩৩] ২৫; ২০,২১ ॥—[৩৪] যির ২২; ১১,১২। যিহি ১৯; ৩,৪ ॥—[৩৫] প ৩০ ॥—[৩৬,৩৭] ২ বং ৩৬; ৫ ॥—[৩৭] যির ২২; ১৩-১৯। ২৬; ২০-২৩। ৩৭; ২০-৩১ ॥

[২৪ অধ্য; ১] দা ১; ১,২। ২ বং ৩৬; ৬,৭ ॥—[২] যির ২৫; ৯ ॥—[৩,৪] ২ রা ২১; ১০-১৬। ২২; ১৬,১৭। ২৩; ২৬,২৭ ॥

৪ করিতে সম্মত না হওয়াতে যিহূদার লোকেরা যেন তাঁহার সম্মুখহইতে দূরীকৃত হয়, এই জন্যে পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহাদের প্রতি এই দশা ঘটিল।

৫ এই যিহোয়াকীমের অবশিষ্ট ক্রিয়া ও সমস্ত বিবরণ যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে কি লিখিত ৬ নাই? পরে যিহোয়াকীম্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে তাহার পুত্র যিহোয়াখীন্ তাহার ৭ পদে রাজ্যাভিষিক্ত হইল। পরে মিসরের রাজা আপন দেশহইতে আর আইল না, কেননা মিসরের নদী অবধি ফরাৎ নদী পর্য্যন্ত মিস্রীয় রাজার যত অধিকার ছিল, সে সকলি বাবিলের রাজা হস্তগত করিল।

৮ যিহোয়াখীন্ আঠারো বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে তিন মাস রাজত্ব করিল, যিরূশালমের ইল্‌নাথনের কন্যা নিহুষ্টা তাহার মাতা ৯ ছিল। সে আপন পিতার কর্ম্মের ন্যায় পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল।

১০ ঐ সময়ে বাবিলের নিবূখদ্‌নিৎসর্ রাজার দাসগণ ১১ যিরূশালমে আসিয়া নগর অবরোধ করিল। এবং বাবিলের নিবূখদ্‌নিৎসর্ রাজা নগরের প্রতিকূলে ১২ আইলে তাহার দাসগণ নগর অবরোধে থাকিল। তাহাতে যিহূদার যিহোয়াখীন্ রাজা ও তাহার মাতা ও দাসগণ ও রাজকুমারগণ ও অধ্যক্ষগণ * বাবিলের রাজার নিকটে বাহিরে আইলে বাবিলের রাজা আ- ১৩ পন অধিকারের অষ্টম বৎসরে তাহাকে ধরিল। এবং সে পরমেশ্বরের উক্ত বাক্যানুসারে তথাহইতে পরমেশ্বরের মন্দিরের সকল ধন ও রাজবাটীর সকল ধন লইয়া গেল, এবং ইস্রায়েলের সুলেমান্ রাজা পরমেশ্বরের মন্দিরে যে স্বর্ণময় পাত্র নির্ম্মাণ করিয়াছিল, ১৪ তাহাও কাটিয়া লইল। এবং সে যিরূশালমস্থ তাবৎ লোককে ও তাবৎ অধ্যক্ষকে ও তাবৎ বলবান যোদ্ধাকে অর্থাৎ দশ সহস্র বন্দিগণকে ও সকল শিল্পকারদিগকে ও কর্ম্মকারদিগকে লইয়া গেল; তাহাতে দেশে দরিদ্র ১৫ লোক ব্যতিরেক আর কেহ থাকিল না। এবং সে যিহোয়াখীন্‌কে ও রাজার মাতাকে ও ভার্য্যাদিগকে ও অধ্যক্ষদিগকে * ও দেশের পরাক্রমি লোকদিগকে বন্দী করিয়া যিরূশালম্‌হইতে বাবিলে লইয়া গেল। ১৬ এবং বাবিলের রাজা সমস্ত বলবান লোককে অর্থাৎ সপ্ত সহস্র লোককে, ও শিল্পকার ও কর্ম্মকার এক সহস্রকে, তাবৎ বলবান ও যুদ্ধোপযুক্ত লোককে বন্দী করিয়া বাবিলে লইয়া গেল।

১৭ পরে বাবিলের রাজা যিহোয়াখীনের মাতুল মত্তনিয়কে তাহার পদে রাজ্যাভিষিক্ত করিল, ও তাহার ১৮ নাম অন্যথা করিয়া সিদিকিয় রাখিল। সিদিকিয় একুশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া এগার বৎসর পর্য্যন্ত যিরূশালমে রাজত্ব করিল; লিব্‌নার যিরিমিয়ের কন্যা হমূটল্ তাহার মাতা ছিল। ১৯ সে যিহোয়াকীমের সকল কর্ম্মানুসারে পরমেশ্বরের ২০ সাক্ষাতে পাপ করিল। পরে সিদিকিয় বাবিলের অধীনতা ত্যাগ করিল; এবং যিরূশালম্ ও যিহূদার প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রযুক্ত তাহারা যেন তাঁহার সম্মুখহইতে দূর হয়, এই জন্যে এমন দশা ঘটিল।

২৫ অধ্যায়।

১ যিরূশালমের অবরোধ করণ ৪ ও সিদিকিয়ের বীরা পড়ন প্রভৃতি ৮ ও লোকদিগকে বন্দিত্বে লইয়া যাওন ১৩ ও মন্দিরের দ্রব্য লুট করণ, ১৮ ও প্রধান লোকদিগকে বধ করণ, ২২ ও গিদলিয়কে শাসনকর্ত্তৃত্বপদে নিযুক্ত করণ, ২৭ ও বাবিলের রাজার সভাতে যিহোয়াখীনের উন্নত হওন।

১ পরে তাহার অধিকারের নবম বৎসরের দশম মাসে মাসের দশম দিনে বাবিলের নিবূখদ্‌নিৎসর্ রাজা ও তাহার সকল সৈন্য যিরূশালমের বিরুদ্ধে আসিয়া শিবির স্থাপন করিল, ও তাহার বিরুদ্ধে চতুর্দ্দিগে দুর্গ ২ গাঁথাইল। সিদিকিয়ের অধিকারের একাদশ বৎসর ৩ পর্য্যন্ত নগর অবরুদ্ধ থাকিল। তাহাতে (চতুর্থ) মাসের নবম দিনে নগরে অতিশয় দুর্ভিক্ষ হইল, দেশের লোকদের জন্যে খাদ্য দ্রব্য কিছুই ছিল না।

৪ পরে নগর ভগ্ন হইলে, যোদ্ধারা রাত্রিতে রাজার উদ্যানের নিকটস্থ দুই প্রাচীরের দ্বারের পথে পলায়ন করিয়া প্রান্তরের পথের দিগে গেল, কিন্তু কস্‌দীয়েরা নগরের বিরুদ্ধে চতুর্দ্দিগে থাকিল। পরে কস্- ৫ দীয়দের সেনাগণ রাজার পশ্চাদ্ধাবমান হইয়া যিরীহোর প্রান্তরে তাহার নিকটে উপস্থিত হইল, তাহাতে তাহার সকল সৈন্য তাহার নিকটহইতে ছিন্ন ভিন্ন ৬ হইল। অতএব তাহারা রাজাকে ধরিয়া রিব্‌লাতে বাবিলের রাজার নিকটে আনিল; তাহাতে তাহার ৭ প্রতি দণ্ডাজ্ঞা হইল। পরে তাহারা সিদিকিয়ের সাক্ষাতে তাহার পুত্রগণকে বধ করিল, এবং সিদিকিয়ের চক্ষু উৎপাটন করিয়া তাহাকে পিত্তলের শৃঙ্খলেতে বদ্ধ করিয়া বাবিলে লইয়া গেল।

৮ অপর পঞ্চম মাসে মাসের সপ্তম দিনে বাবিলের নিবূখদ্‌নিৎসর্ রাজার অধিকারের উনিশ বৎসরে

[৫,৬] ২ বং ৩৬; ৮ ॥—[৬] যির ২২; ১৮,১৯। ৩৬; ৩০,৩১ ॥—[৭] যির ৪৬; ২ ॥—[৮-১৬] ২ বং ৩৬; ৯, ১০ ॥
[১০-১৬] যির ২২; ২৪-৩০। ২৪; ১-৭। ২৯; ১, ২ ॥—[১৩] ২ বং ৩৬; ১০। ২ রা ২০; ১৭। যির ২০; ৫ ॥—[১৪] যির ৫২; ২৮ ॥—[১৫] ২ রা ২৫; ১২ ॥—[১৬] যির ৫২; ২৮ ॥—[১৭] ১ বং ৩; ১৫। ২ বং ৩৬; ১০ ॥—[১৮-২০] যির ৫২; ১-৩। ২ বং ৩৬; ১১-১৩ ॥—[১৮] ২ রা ২৩; ৩১ ॥—[১৯] যির ৩৭; ২ ॥
[২৫ অধ্য; ১-৭] যির ৩৯; ১-৭। ৫২; ৪-১১ ॥—[১] যিহি ২৪; ১,২ ॥—[৪,৫] যিহি ১২; ১-১৬ ॥—[৬] ২ রা ২৩; ৩৩ ॥—[৭] যির ৩২; ৪৫। ৩৪; ১-৫। যিহি ১২; ১৩ ॥—[৮-১২] যির ৩৯; ৮-১০। ৫২; ১২-১৬ ॥

* (বা) নপুংসক।

নিবুষরদন্ নামক বাবিলের রাজার এক রক্ষকসেনা- ৯ পতি যিরূশালমে আসিয়া পরমেশ্বরের মন্দির ও রাজবাটী ও যিরূশালমের সকল গৃহ ও বৃহৎ অট্টালিকা ১০ সকল অগ্নিতে দগ্ধ করিল। এবং রক্ষকসেনাপতির অনুগামি কস্‌দীয়দের সেনাগণ যিরূশালমের চতুর্দ্দি- ১১ গের প্রাচীর ভগ্ন করিল। এবং নিবুষরদন্ রক্ষকসেনাপতি নগরের অবশিষ্ট লোকদিগকে ও যাহারা পলায়ন করিয়া বাবিলের রাজার পক্ষ হইল, তাহাদিগকে এবং অন্য অবশিষ্ট লোকদিগকে দূরে লইয়া গেল। ১২ কেবল দ্রাক্ষাক্ষেত্র পালন ও ভূমিকর্ষণার্থে রক্ষকসেনাপতি কতক দরিদ্র লোককে দেশে রাখিল।

১৩ আর পরমেশ্বরের মন্দিরের পিত্তলময় স্তম্ভ ও তাহার পীঠ ও পরমেশ্বরের মন্দিরের পিত্তলময় সমুদ্ররূপ পাত্র কস্‌দীয়েরা খণ্ড২ করিয়া তাহার পিত্তল ১৪ বাবিলে লইয়া গেল। এবং পাত্র ও হাতা ও প্রলত্রাস্ ও চমস ও সেবার্থক পিত্তলময় পাত্র, এই সকল তাহারা ১৫ লইয়া গেল। এবং অগ্নির পাত্র ও কটাহ ও স্বর্ণময় পাত্রের স্বর্ণ ও রূপ্যময় পাত্রের রূপ্য রক্ষকসেনাপতি ১৬ লইয়া গেল। এবং সুলেমান্ পরমেশ্বরের মন্দিরের জন্যে যে দুই স্তম্ভ ও এক সমুদ্ররূপ পাত্র * ও পীঠ নির্ম্মাণ করিয়াছিল, সে সকল পাত্রের পিত্তলের ১৭ পরিমাণ অসংখ্য ছিল। কেননা তাহার এক স্তম্ভ আঠারো হস্ত উচ্চ, ও তাহার উপরিস্থিত মাথলা পিত্তলময় ছিল, ও সেই মাথলা তিন হস্ত উচ্চ, এবং মাথলার উপরে চতুর্দ্দিগে জালরূপ কর্ম্ম ও দাড়িম্বাকৃতি সকলি পিত্তলময়, এবং জালরূপ কর্ম্ম ব্যতিরেকে দ্বিতীয় স্তম্ভও ইহার তুল্য ছিল।

১৮ পরে রক্ষকসেনাপতি প্রধান যাজক সিরায়কে ও সিফনিয় দ্বিতীয় যাজককে ও তিন জন দ্বারপালকে ১৯ ধরিল। এবং নগরের যোদ্ধাদের এক অধ্যক্ষকে † এবং নগরে প্রাপ্ত পাঁচ জন রাজসভাসদকে ‡ ও দেশের লোকদের গণনাকারি সৈন্যের প্রধান এক লেখককে ‖ ২০ ও নগরে প্রাপ্ত দেশীয় ষাইট জনকে ধরিয়া, নিবুষরদন রক্ষকসেনাপতি রিব্‌লাতে বাবিলের রাজার কাছে ২১ লইয়া গেল। পরে বাবিলের রাজা হমাৎদেশস্থ রিব্‌লাতে তাহাদিগকে প্রহার করিয়া বধ করাইল; এই রূপে যিহূদার লোকেরা আপন দেশহইতে নীত হইল।

২২ যিহূদাদেশে যে লোকেরা থাকিল, অর্থাৎ যাহাদিগকে বাবিলের নিবূখদ্‌নিৎসর রাজা সেই স্থানে রাখিয়া গিয়াছিল, তাহাদের উপরে শাফনের পৌত্র অহীকামের পুত্র গিদলিয়কে শাসনকর্ত্তা করিয়া নিযুক্ত ২৩ করিল। পরে বাবিলের রাজা গিদলিয়কে শাসনকর্ত্তা করিয়াছে, এই কথা সেনাপতিগণ ও তাহাদের লোকেরা শুনিলে, নিথনিয়ের পুত্র ইস্‌মায়েল্ ও কারেহের পুত্র যোহানন্ ও নিটোফাতীয় তন্‌হূমতের পুত্র সিরায় ও মাখাতীয়ের পুত্র যাসনিয় ও তাহাদের ২৪ লোকেরা মিস্পাতে গিদলিয়ের নিকটে আইল। পরে গিদলিয় তাহাদের ও তাহাদের লোকদের কাছে দিব্য করিয়া কহিল, তোমরা কস্‌দীয়দের দাস হইতে ভয় করিও না; দেশে বাস করিয়া বাবিলের রাজার ২৫ সেবা কর, তাহাতে তোমাদের মঙ্গল হইবে। কিন্তু সপ্তম মাসে রাজবংশজ ইলীশামার পৌত্র নিথনিয়ের পুত্র ইস্‌মায়েল্ ও আর দশ জন তাহার সঙ্গে আইল, এবং গিদলিয়কে এবং যে যিহূদীয়েরা ও কস্‌দীয়েরা তাহার সহিত মিস্পাতে ছিল, তাহাদিগকে প্রহার ২৬ করিয়া বধ করিল। পরে আপামর সাধারণ সমস্ত লোক ও সেনাপতিগণ উঠিয়া মিসরে গেল, কেননা তাহারা কস্‌দীয়দের হইতে ভীত হইল।

২৭ অপর যিহূদার যিহোয়াখীন্ রাজার দাসত্বের সপ্ত ত্রিংশ বৎসরের দ্বাদশ মাসে মাসের সপ্তবিংশ দিবসে অর্থাৎ বাবিলের ইবিল্-মিরোদক্ রাজা যে বৎসরে রাজত্ব করিতে আরম্ভ করিল, সেই সময়ে যিহোয়াখীন্ ২৮ রাজাকে কারাগারহইতে মুক্ত করিল §। এবং তাহাকে প্রীতিবাক্য কহিয়া তাহার সহিত বাবিলে যত রাজা ছিল, সকলের আসনহইতে তাহার আসন উচ্চে ২৯ স্থাপন করিল। এবং তাহার কারাগারের বস্ত্র পরিবর্ত্তন করাইল, এবং সে যাবজ্জীবন তাহার সহিত ভোজন ৩০ পান করিতে লাগিল। এবং রাজাদ্বারা নিত্য এক বৃত্তি হইল, অর্থাৎ তাহার যাবজ্জীবন প্রতিদিন তাহার পরিমিত খাদ্য নিরূপিত হইল।

---

[৯] ২ বং ৩৬; ১৯॥—[১১] ২ বং ৩৬; ২০॥—[১২] ২ রা ২৪; ১৪॥—[১৩-১৭] ২ বং ৩৬; ১৮। যির ৫২; ১৭-২৩॥ [১৩] ১ রা ৭; ২১,২৩,২৭॥—[১৪,১৫] ১ রা ৭; ৪৮-৫০॥—[১৬] ১ রা ৭; ৪৭॥—[১৭] ১ রা ৭; ১৫-২০॥ [১৮-২১] যির ৫২; ২৪-২৭॥—[১৮] ১ বং ৬; ১৪। যির ২১; ১॥—[২০] ২ রা ২৩; ৩৩॥—[২১] দ্বি ২৮; ৩৬। যির ৩৯; ১৪। ৪০; ৫॥

* (ইব্র) এক সমুদ্র। † (বা) নপুংসক। ‡ (ইব্র) রাজমুখ দর্শনকারিকে। ‖ (বা) সেনাপতি। § (ইব্র) মস্তক উঠাইল।

বংশাবলির প্রথম পুস্তক।

১ অধ্যায়।

১ নোহ পর্য্যন্ত বংশাবলি ৫ ও যেফতের বংশাবলি ৮ ও হামের বংশাবলি ১৭ ও শামের বংশাবলি ২৪ ও ইব্রাহীমের বংশাবলি ২৯ ও ইস্মায়েলের বংশাবলি ৩২ ও কিটূরার ও ইস্হাকের বংশাবলি ৩৫ ও এষৌর বংশাবলি ৪৩ ও তাহার বংশের অধ্যক্ষগণের নাম।

১ আদম্, শেৎ, ইনোশ্; ২ কৈনন্, মহললেল্, যেরদ্; ৩ হনোক্, মিথূশেলহ, লেমক্; ৪ নোহ, শাম্, হাম, যেফৎ।

৫ এই যেফতের সন্তান, গোমর্ ও মাজূজ্ ও মাদয়্ ও ৬ যূনান্ ও তূবল্ ও মেশক্ ও তীরস্। ঐ গোমরের সন্তান ৭ অস্কিনস্ ও রীফৎ ও তোগর্ম। এবং যূনানের সন্তান্ ইলীশা ও তর্শীশ্ ও কিত্তীয় ও দোদানীয়।

৮ হামের সন্তান কূশ্ ও মিসর্ ও পূট্ ও কিনান্। ৯ কূশের সন্তান সিবা ও হবীলা ও সব্তা ও রয়মা ও ১০ সব্তিখা; এবং রয়মার সন্তান শিবা ও দিদন্। কূশের পুত্র নিম্রোদ্; সে পৃথিবীতে পরাক্রমী হইতে লাগিল। ১১ এবং মিস্রের সন্তান লূদীয় ও অনামীয় ও লিহাবীয় ১২ ও নপ্তুহীয়, ও পথ্রূষীয়, এবং পিলেষ্টীয়দের পূর্ব্ব- ১৩ পুরুষ কস্লূহীয় ও কপ্তোরীয়। এবং কিনানের প্রথম- ১৪ জাত পুত্র সীদোন্, পরে হিত্তীয়; ও যিবূষীয় ও ইমো- ১৫ রীয় ও গির্গাষীয়, ও হিব্বীয় ও অর্কীয় ও সীনীয় ও ১৬ অর্বদীয়, ও সিমারীয় ও হমাতীয় লোক।

১৭ আর শামের সন্তান এলম্ ও অশূর ও অর্ফক্ষদ ও ১৮ লূদ্ ও অরাম্ ও ঊস্ ও হূল্ ও গেথর্ ও মশ্ *। এই ১৯ অর্ফক্ষদের সন্তান শেলহ, ও শেলহের সন্তান এবর্। ও এবরের দুই পুত্র; একের নাম পেলগ্ (বিভাগ,) কেননা তাহার জন্মকালে পৃথিবী বিভক্তা হইল; ও তাহার ২০ ভ্রাতার নাম যক্তন্। এই যক্তনের সন্তান অল্মোদদ্ ও ২১ শেলফ্ ও হৎসর-মাবৎ ও যেরহ, ও হদোরাম্ ও ২২ উসল্ ও দিক্লা, ও ওবল্ ও অবীমায়েল্ ও শিবা, ও ২৩ ওফীর্ ও হবীলা ও যোবব্, এই সকল যক্তনের সন্তান।

২৪ শাম্, অর্ফক্ষদ্, শেলহ; এবর্, পেলগ্, রিয়ূ; ও সিরূগ্, নাহোর, তেরহ, ইব্রাম্, অর্থাৎ ইব্রাহীম্। ২৮ ইব্রাহীমের পুত্র ইস্হাক ও ইস্মায়েল্।

২৯ তাহাদের বংশাবলি। ইস্মায়েলের জ্যেষ্ঠ পুত্র নিবায়োৎ, অন্য কেদর্ ও অদ্বেল্ ও মিব্সম্। ৩০ ও মিশ্ম ও দূমা ও মসা ও হদর্ † ও তেমা। ৩১ ও যিটূর্ ও নাফীশ্ ও কেদিমা, এই সকল ইস্মায়েলের বংশ।

৩২ ইব্রাহীমের উপপত্নী কিটূরার সন্তান সিম্রণ্ ও যক্ষন্ ও মিদান্ ও মিদিয়ন্ ও যিশ্বক্ ও শূহ; এবং ঐ যক্ষনের সন্তান শিবা ও দিদন্। ৩৩ এবং মিদিয়নের সন্তান ঐফা ও এফর ও হনোক্ ও অবীদ ও ইল্দায়া; এই সকল কিটূরার বংশ। ৩৪ এবং ইব্রাহীমের পুত্র যে ইস্হাক্, তাহার পুত্র এষৌ ও ইস্রায়েল্।

৩৫ ঐ এষৌর পুত্র ইলীফস্ ও রূয়েল্ ও যিয়ূষ্ ও যালম্ ও কোরহ। ৩৬ ঐ ইলীফসের পুত্র তৈমন ও ওমার্ ও সিফো ‡ ও গয়িতম্ ও কিনস্ ও তিম্ন ও অমালেক্। ৩৭ এবং রূযেলের পুত্র নহৎ ও সেরহ ও শম্ম ও মিসা। ৩৮ সেয়ীরের পুত্র লোটন্ ও শোবল্ ও সিবিয়োন্ ও অনা ও দিশোন্ ও এৎসর্ ও দীশন্। ৩৯ এবং লোটনের সন্তান হোরি ও হেমম্ ‖ ও লোটনের ভগিনী তিম্না। ৪০ এবং শোবলের সন্তান অল্বন্ § ও মানহৎ ও এবল ও শিফো ¶ ও ওনম; এবং সিবিয়োনের সন্তান অয়া ও অনা। ৪১ এবং অনার সন্তান দিশোন, ও দিশোনের সন্তান হিম্দন্ ** ও ইশ্বন্ ও যিত্রন্ ও কিরাণ। ৪২ এবং এৎসরের সন্তান বিল্হন্ ও সাবন্ ও যাকন্; এবং দীশনের সন্তান ঊস্ ও অরাণ্।

৪৩ ইস্রায়েল্ দেশে রাজত্ব করণের পূর্ব্বে এই সকল রাজা ইদোম্ দেশে রাজত্ব করিল; প্রথমে বিয়োরের পুত্র বেলা রাজা হইল, এবং দিন্হাবা তাহার রাজ- ৪৪ ধানীর নাম হইল। পরে বেলা মরিলে বস্রা নিবাসি সেরহের পুত্র যোবব্ তাহার পদে রাজত্ব করিল। ৪৫ এবং যোবব্ মরিলে তৈমন্ দেশীয় হূশম্ তাহার পদে ৪৬ রাজত্ব করিল। এবং হূশম্ মরিলে বিদদের পুত্র যে হদদ্ মোয়াবের প্রান্তরে মিদিয়ন্কে জয় করিয়াছিল,

[১ অধ্য; ১-৪] আ ৫; ৩-৩২ ॥—[৫-৭] আ ১০; ২-৫ ॥—[৮-১৬] আ ১০; ৬-২০ ॥—[১৭-২৩] আ ১০; ২১-৩১ ॥ [২৪-২৭] আ ১১; ১০-২৬ ॥—[২৮] আ ১৬; ১৫। ২১; ২,৩ ॥—[২৯-৩১] আ ২৫; ১২-১৬ ॥—[৩২,৩৩] আ ২৫; ১-৪ ॥—[৩৪] প ২৮। আ ২৫; ২৪-২৬ ॥—[৩৫-৩৭] আ ৩৬; ১-১৮ ॥—[৩৮-৪২] আ ৩৬; ২০-৩০ ॥—[৪৩-৫০] আ ৩৬; ৩১-৩৯ ॥

* (বা) মেশক। † (বা) হদদ্। ‡ (বা) সিফি। ‖ (বা) হোমম্। § (বা) অলিয়ন। ¶ (বা) শিফি। ** (বা) হম্রণ।

সে তাহার পদে রাজত্ব করিল, তাহার রাজধানীর নাম
৪৭ অবীৎ ছিল। এবং হদদ্ মরিলে মস্রেকার নিবাসি সম্ল
৪৮ তাহার পদে রাজত্ব করিল। এবং সম্ল মরিলে (ফরাৎ)
নদীর নিকটস্থ রিহোবোৎ নিবাসি শৌল্ তাহার পদে
৪৯ রাজত্ব করিল। এবং শৌল্ মরিলে অক্‌বোরের পুত্র
৫০ বাল্‌হানন্ তাহার পদে রাজত্ব করিল। এবং বাল্‌হানন্
মরিলে হদর্ * তাহার পদে রাজত্ব করিল, তাহার
রাজধানীর নাম পায়ূ, ও মেষাহবের দৌহিত্রী মট্রেদের
৫১ কন্যা মিহেটবেল্ তাহার ভার্য্যা ছিল। পরে হদর্ *
মরিল। ইদোমের অধ্যক্ষদের নাম; প্রথমে তিম্ন,
৫২ ও অল্‌বা ও যিথেৎ, ও অহলীবামা ও এলা ও পীনোন্
৫৩ ও কিনস্ ও তৈমন্ ও মিব্‌সর্, ও মগদীয়েল্ ও ঈরম্,
৫৪ ইহারা ইদোমের অধ্যক্ষ ছিল।

২ অধ্যায়।

১ ইস্রায়েলের বংশাবলি ৩ ও যিহূদার বংশাবলি ১৮ ও কালেবের বংশাবলি ২১ ও হিষ্রোণের বংশাবলি ২৫ ও যিরহমেলের বংশাবলি ৩৪ ও শেশনের বংশাবলি ৪২ ও কালেবের পুত্র মেশার বংশাবলি ৫০ ও কালেবের পুত্র হূরের বংশাবলি।

১ ইস্রায়েলের এই ২ পুত্র, রূবেন্ ও শিমিয়োন্ ও লেবি
২ ও যিহূদা ও ইষাখর্ ও সিবূলূন, ও দান্ ও যূষফ্ ও
বিন্‌য়ামীন্ ও নপ্তালি ও গাদ্ ও আশের্।
৩ কিনানীয় শূয়ের কন্যার গর্ব্ভহইতে যিহূদার তিন
সন্তান হয়, এর্ ও ওনন্ ও শেলা; তাহাদের মধ্যে
যিহূদার জ্যেষ্ঠ পুত্র এর্ পরমেশ্বরের সাক্ষাতে পাপ
৪ করিলে পরমেশ্বর তাহাকে সংহার করিলেন। পরে
যিহূদার পুত্রবধূ তামরের গর্ব্ভে তাহাহইতে পেরস ও
৫ সেরহ জন্মিল; যিহূদার এই পাঁচ সন্তান হয়। ঐ পের-
৬ সের সন্তান হিষ্রোণ ও হামূল্। এবং সেরহের সন্তান
সিম্রি † ও এথন্ ও হেমন্ ও কল্‌কোল্ ও দেরা, সকলে
৭ পাঁচ জন। এবং (সিম্রির পৌত্র) কর্ম্মির পুত্র আখন্ ‡
নিবেদিত দ্রব্যের বিষয়ে আজ্ঞা লঙ্ঘন করিয়া ইস্রা-
৮ য়েলের বিঘ্ন করিল। এবং এথনের পুত্র অসরিয়।
৯ এবং হিষ্রোণের পুত্র এই, যিরহমেল্ ও অরাম্ ও
১০ কালেব্ ‖। এবং অরামের পুত্র অম্মীনাদব্, ও অম্মীনা-
১১ দবের পুত্র যিহূদা বংশের অধ্যক্ষ নহশোন্। এবং
নহশোনের পুত্র সল্‌মোন্ § ও সল্‌মোনের পুত্র বো-
১২ য়স্। এবং বোয়সের পুত্র ওবেদ, ও ওবেদের পুত্র
১৩ যিশয়। ঐ যিশয়ের জ্যেষ্ঠ পুত্র ইলীয়াব্, ও দ্বিতীয়
১৪ অবীনাদব্, ও তৃতীয় শম্ম; ও চতুর্থ নিথনেল্, ও
১৫ পঞ্চম রদ্দয়; ও ষষ্ঠ ওৎসম্, ও সপ্তম দায়ূদ্। ও
১৬ তাহাদের ভগিনী সিরুয়া ও অবীগয়িল্; এবং সিরু-
১৭ য়ার তিন পুত্র, অবীশয় ও যোয়াব্ ও অসাহেল্। এবং
অবীগয়িলের পুত্র অমাসা, ও অমাসার পিতা ইস্মা-
য়েলীয় যেথর্।

১৮ আর হিষ্রোণের পুত্র কালেব্ আপন ভার্য্যা যিরী-
য়োৎ ও অসূবার গর্ব্ভে যেশর্ ও শোবব্ ও অর্দো-
১৯ ন্‌কে জন্ম দিল। এবং অসূবা মরিলে কালেব্ ইফ্রা-
থাকে বিবাহ করিল, এবং তাহাদ্বারা হূর জন্ম গ্রহণ
২০ করিল। হূরের পুত্র ঊরি, ও ঊরির পুত্র বিৎসলেল্।

২১ হিষ্রোণ্ ষাইট বৎসর বয়সে গিলিয়দের পিতা
মাখীরের কন্যাকে বিবাহ করিয়া তাহাতে উপ-
গত হইল, ও তাহার গর্ব্ভে তাহাহইতে সিগূব্ জন্মিল।
২২ ঐ সিগূবের পুত্র যায়ীরের গিলিয়দ্ দেশে তেইশ
২৩ নগর ছিল। কিন্তু গিশূরীয়েরা ও অরামীয়েরা
সেই যায়ীরের নগর ও কিনাৎ ও তাহার অন্তর্গত গ্রাম
প্রভৃতি ষাইট নগর তাহাদের হইতে লইয়া হস্তগত
২৪ করিল; এই সকলে গিলিয়দের পিতা মাখীরের বংশ
ছিল। পরে হিষ্রোণ্ কালেব্-ইফ্রাথাতে মরিলে হিষ্রো-
ণের ভার্য্যা অবিয়ার গর্ব্ভে তাহাহইতে তিকোয়ের
পিতা অস্‌হূর জন্মিল।

২৫ হিষ্রোণের জ্যেষ্ঠ পুত্র যে যিরহমেল্, তাহার
জ্যেষ্ঠ পুত্র অরাম্, ও অপর পুত্র বূনা ও ওরণ্ ও
২৬ ওৎসম্ ও অহিয়। এবং অটারা নামে যিরহমেলের
২৭ অন্য এক ভার্য্যা ছিল, তাহার পুত্র ওনম্। এবং
যিরহমেলের জ্যেষ্ঠ পুত্র যে অরাম্, তাহার পুত্র মাষ্
২৮ ও যামীন্ ও একর্। এবং ওনমের পুত্র শম্ময় ও যাদা,
২৯ এবং শম্ময়ের পুত্র নাদব্ ও অবীশূর্। এবং অবী-
হয়িল্ নামে ভার্য্যার গর্ব্ভে অবীশূরের পুত্র অহবান্ ও
৩০ মোলীদ্ জন্মিল। এবং নাদবের পুত্র সেলদ্ ও অপ্‌প-
৩১ য়িম্; ঐ সেলদ নিঃসন্তান মরিল। এবং অপ্‌পয়িমের
পুত্র যিশয়ি, ও যিশয়ির পুত্র শেশন্, ও শেশনের
৩২ সন্তান অহলয়। এবং শম্ময়ের ভ্রাতা যাদার সন্তান
৩৩ যেথর ও যোনাথন্; ঐ যেথর নিঃসন্তান মরিল। এবং
যোনাথনের পুত্র পেলট্ ও সসা, এই সকল যিরহ-
মেলের বংশ।

৩৪ শেশনের পুত্র ছিল না, কেবল কন্যা ছিল, এবং
৩৫ যার্হা নামে মিস্রীয় এক দাস ছিল। পরে শেশন্
আপন দাস যার্হার সহিত আপন কন্যার বিবাহ দিলে
৩৬ তাহাদের হইতে অত্তয় জন্মিল। ঐ অত্তয়ের পুত্র
৩৭ নাথন্, ও নাথনের পুত্র সাবদ্; ও সাবদের পুত্র
৩৮ ইফ্‌লল্, ও ইফ্‌ললের পুত্র ওবেদ্; ও ওবেদের পুত্র

[৫১-৫৪] আ ৩৬; ৪০-৪৩॥

[২ অধ্যা; ১,২] আ ৩৫; ২২-২৬॥—[৩-৫] আ ৪৬; ১২॥—[৩] আ ৩৮; ১-১০॥—[৪] আ ৩৮; ২৪-৩০॥—[৬] ১ রা ৪; ৩১॥—[৭] যি ৭; ১৭-২১॥—[৯-১২] রু ৪; ১৮-২২। ম ১; ৩-৫॥—[১৩-১৫] ১ শি ১৬; ৬-১০॥—[১৬] ২ শি ২; ১৩॥—[১৭] ২ শি ১৭; ২৫॥—[১৮] প ৯॥—[১৯] প ৫০॥—[২০] যা ৩১; ১,২॥—[২১] গ ২৭; ১॥—[২২,২৩] গ ৩২; ৩৯-৪১। দ্বি ৩; ৪॥—[২৪] ১ বং ৪; ৫॥—[২৫] প ৯॥—[৩১] প ৩৪,৩৫॥—[৩২] প ২৮॥—[৩৪] প ৩১॥

* (বা) হদদ। † (বা) সিম্রি। ‡ (বা) আখর। ‖ (বা) কিলুবয়। § (বা) সলম।

৩৯ যেহূ, ও যেহূর পুত্র অসরিয়; ও অসরিয়ের পুত্র
৪০ হেলস্, ও হেলসের পুত্র ইলীয়াসা; ও ইলীয়াসার
৪১ পুত্র সিস্ময়, ও সিস্ময়ের পুত্র শল্লুম্; ও শল্লুমের
পুত্র যিকমিয়, ও যিকমিয়ের পুত্র ইলীশামা।

৪২ যিরহমেলের ভ্রাতা কালেবের জ্যেষ্ঠ পুত্র মেশা, ও
মেশার পুত্র সীফ্,ও সীফের পুত্র মারেশা,ও মারেশার
৪৩ পুত্র হিব্রোণ্; ও হিব্রোণের পুত্র কোরহ ও তপূহ ও
৪৪ রেকম্ ও শেমা; এবং শেমার পুত্র যর্কিয়মের পিতা
৪৫ রেকম্, ও রেকমের পুত্র শম্ময়; ও শম্ময়ের পুত্র
৪৬ মায়োন্, ও মায়োনের পুত্র বৈৎসূর্। এবং কালে-
বের উপপত্নী ঐফার পুত্র হারণ্ ও মোৎসা ও গাসেস,
৪৭ এবং হারণের পুত্র যেহদয় *। ও যেহদয়ের পুত্র
রেগম্ ও যোথম্ ও গেশন্ ও পেলট্ ও ঐফা ও
৪৮ শাফ্। এবং কালেবের উপপত্নী মাখার পুত্র
৪৯ শেবর ও তির্হনঃ। এবং তাহাহইতে মদ্মন্নার পিতা
শাফ্ ও মগ্‌বেনার ও গিবিয়ার পিতা শিবা, এবং
কালেবের কন্যা অক্‌ষা জন্মিল।

৫০ কালেবের এই২ সন্তান; ইফ্রাথার গর্ব্ভজাত জ্যেষ্ঠ
পুত্র হূর্, † ও কিরিয়ৎ-যিয়ারীমের পিতা শোবল্;
৫১ ও বৈৎলেহমের পিতা শল্ম, ও বৈৎগাদেরের
৫২ পিতা হারেফ্; এবং কিরিয়ৎ-যিয়ারীমের পিতা
শোবলের পুত্র হরায়া ও হৎসী-হম্মনূখোৎ। কিরিয়ৎ-
৫৩ যিয়ারীমের বংশ যিত্রীয় ও পূথীয় ও শূমাথীয়
ও মিশ্রায়ীয়, এবং তাহাদের হইতে সরিয়ীয় ও
৫৪ ইষ্টায়োলীয় উৎপন্ন হইল। শল্মের সন্তান বৈৎলে-
হম্ ও নিটোফা ও অট্রোৎ ও বৈৎ-যোয়াব্ ও সরি-
৫৫ য়ীয় হৎসী-হম্মনুখীয়; এবং যাবেসে বাসকারি সোফে-
রীয় বংশ, এবং তিরিয়াথিয় ও শিমিয়তীয় ও সূখা-
থীয়; এই সকল রেখব বংশের পিতা হমাতের
সন্তান কেনীয় নামে খ্যাত ছিল।

৩ অধ্যায়।

১ দায়ূদের বংশাবলি ১০ ও সুলেমানের বংশাবলি ১৭ ও যিখনিয়ের বংশাবলি।

১ হিব্রোণে দায়ূদের এই সকল পুত্র জন্মিল। যিষ্রী-
য়েলীয়া অহীনোয়মের গর্ব্ভজাত অম্মোন দায়ূদের জ্যেষ্ঠ
পুত্র, এবং কর্ম্মিলীয়া অবীগয়িলের গর্ব্ভজাত দানিয়েল্
২ দ্বিতীয় পুত্র। এবং গিশূরের তল্ময় রাজের কন্যা
মাখার গর্ব্ভজাত অবশালোম্ তৃতীয় পুত্র, এবং হগী-
৩ তের গর্ব্ভজাত অদোনিয় চতুর্থ পুত্র। এবং অবীটলের
গর্ব্ভজাত শিফটিয় পঞ্চম পুত্র, এবং তাহার স্ত্রী ইগ্লার
গর্ব্ভজাত যিত্রিয়ম্ ষষ্ঠ পুত্র। ৪ হিব্রোণে তাহার এই ছয়
পুত্র জন্মিল,এবং দায়ূদ্ সেই স্থানে সাত বৎসর ছয় মাস
রাজত্ব করিল, পরে যিরূশালমে তেত্রিশ বৎসর পর্য্যন্ত
রাজত্ব করিল। ৫ আর তাহার এই সকল পুত্র যিরূশালমে
জন্মিল, শিমিয় ‡ ও শোবব ও নাথন ও সুলেমান্, এই
চারি পুত্র অম্মীয়েলের কন্যা বৎশেবার গর্ব্ভজাত।
৬ তদ্‌ভিন্ন যিভর ও ইলীশূয় ‖ ও ইলীফেলট্; এবং
৭ নোগহ ও নেফগ্ ও যাফিয়; ৮ এবং ইলীশামা ও
ইলীয়াদা ও ইলীফেলট্, এই নয় জন। ৯ দায়ূদের উপ-
পত্নীদের পুত্র ব্যতিরেকে এই সকল দায়ূদের পুত্র,ও
তাহাদের ভগিনী তামর্।

১০ সুলেমানের পুত্র রিহবিয়াম; ও রিহবিয়ামের পুত্র
অবিয়; ও অবিয়ের পুত্র আসা; ও আসার পুত্র যিহো-
শাফট্; ১১ ও যিহোশাফটের পুত্র যোরাম্; ও যোরা-
মের পুত্র অহসিয়; ১২ ও অহসিয়ের পুত্র যোয়াশ্; ও
যোয়াশের পুত্র অমৎসিয়; ও অমৎসিয়ের পুত্র
উষিয়; ও উষিয়ের পুত্র যোথম্; ১৩ ও যোথমের পুত্র
আহস্; ও আহসের পুত্র হিষ্কিয়; ও হিষ্কিয়ের পুত্র
মিনশি; ১৪ ও মিনশির পুত্র আমোন্; ও আমোনের
পুত্র যোশিয়; ১৫ যোশিয়ের জ্যেষ্ঠ পুত্র যোহানন্; ও
দ্বিতীয় পুত্র যিহোয়াকীম্; ও তৃতীয় পুত্র সিদিকিয়;
ও চতুর্থ পুত্র শল্লুম্; ১৬ এবং যিহোয়াকীমের পুত্র
যিহোয়াখীন্ § ও সিদিকিয়।

১৭ বন্দি যিহোয়াখীনের § পুত্র শল্‌তীয়েল্; ও মল্‌কী-
১৮ রাম্ ও পিদায় ও শিনৎসর ও যিকমিয় ও হোশামা
ও নিদবিয়। ১৯ এবং পিদায়ের পুত্র সিরুব্বাবিল্ ও শি-
মিয়ি, এবং সিরুব্বাবিলের সন্তান মিশুল্লম্ ও হনানিয়,
ও তাহাদের ভগিনী শিলোমীৎ। ২০ ও হশুবা ও ওহেল্ ও
বেরিখিয় ও হসদিয় ও যুশব্-হেষদ্, এই পাঁচ জন।
২১ এবং হনানিয়ের পুত্র পিলটিয় ও যিশয়িয়, ও
তাহাদের পুত্র রিফায় ও অর্ণন্ ও ওবদিয় ও
শিখনিয়। ২২ ঐ শিখনিয়ের পুত্র শিময়িয়; ও শিময়ি-
য়ের পুত্র হটূশ্ ও যিগাল্ ও বারীহ ও নিয়রিয় ও
শাফট্ (ও হসরিয়,) এই ছয় জন। ২৩ এবং নিয়রিয়ের
সন্তান ইলীয়ো-ঐনয় ও হিষ্কিয় ও অস্রীকাম্, এই
তিন জন। ২৪ এবং ইলীয়ো-ঐনয়ের পুত্র হোদবিয় ও
ইলীয়াশীব্ ও পিলায় ও অক্কূব্ ও যোহানন্ ও
দিলায় ও অনানি, এই সাত জন।

৪ অধ্যায়।

১ যিহূদার বংশাবলি ৫ ও অস্হুরের বংশাবলি ১১ ও কিলূ-

[৪২] প ১,১৮।।—[৫০] প ১১।।—[৫৫] বি ১; ১৬। ৪; ১১। যির ৩৫; ৩।।
[৩ অধ্য; ১] ১ বং ২; ১৫।।—[১-৪] ২ শি ৩; ২-৫।।—[৪] ২ শি ৫; ৪,৫।।—[৫-৯] ২ শি ৫; ১৩-১৬। ১ বং ১৪; ৩-৭।।—[৫] ২ শি ১১; ২৭। ১২; ২৪।।—[৯] ২ শি ১৩; ১।।—[১০-১৯] ম ১; ৭-১২।।—[১০] ১ রা ১১; ৪৩। ১৪; ৩১। ১৫; ৮, ২৪।।—[১১] ১ রা ২২; ৫০। ২ রা ৮; ২৪। ১১; ২।।—[১২] ২ রা ১২; ২০, ২১। ১৪; ২১। ১৫; ৭।।—[১৩] ২ রা ১৫; ৩৮। ১৬; ২০। ২০; ২১।।—[১৪] ২ রা ২১; ১৮, ২৬।।—[১৫] ২ রা ২৫; ৩০, ৩৪। ২৪; ১৭। যির ২২; ১১।।
[১৬] ২ রা ২৪; ৬।।—[১৭] ইষ্রা ৩; ২।।—[১৯] হগা ১; ১।।

* (ইব্রী) গাসেস। † (ইব্রী) বিন্-হূর। ‡ (বা) শম্মূয়। ‖ (বা) ইলীশামা। § (বা) যিখনিয়।

বের বংশাবলি ২১ ও শেলার বংশাবলি ২৪ ও শিমিয়োনের বংশাবলি ৩৯ ও পুরান অধ্যক্ষদের কথা।

১ যিহূদার সন্তান পেরস্ ও হিষ্রোণ্ ও কর্ম্মী ও হূর্ ও ২ শোবল্। এবং শোবলের সন্তান রায়া, ও রায়ার পুত্র যহৎ, ও যহতের পুত্র অহূময় ও লহদ্, এই সকল সরি- ৩ য়ীয় বংশ নামে বিখ্যাত। ঐটমের পিতার সন্তান যিষ্রিয়েল্ ও যিশ্মা ও যিদ্‌বশ্ ও তাহাদের ভগিনীর নাম ৪ হৎসিলিল্-পোনী। এবং পিনূয়েলের পিতা গিদোর্, ও হূশের পিতা এসর্ বৈৎলেহমের পিতা ইফ্রাথার জ্যেষ্ঠ পুত্র হূরের বংশ ছিল।

৫ তিকোয়ের পিতা অস্হূরের হিলা ও নারা নামে ৬ দুই ভার্য্যা ছিল। তাহার ঔরসজাত নারার পুত্র অহুষম্ ও হেফর ও তৈমিনি ও অহস্তরি, এই সকল না- ৭ রার সন্তান। এবং হিলার সন্তান সেরৎ ও যিৎসো- ৮ হর্ ও ইৎনন্ ও কোস্। ও কোসের সন্তান আনূব্ ও সোবেবা, এই সকল হারুমের পুত্র অহর্হেলের বংশ। ৯ এবং (অহর্হেলের পুত্র) যাবেষ্ আপন ভ্রাতৃগণহইতে ভ্রান্ত ছিল; আমি দুঃখেতে গর্ব্ভধারণ করিলাম, এই কথা কহিয়া তাহার মাতা তাহার নাম যাবেষ্ (দুঃখ- ১০ দায়ক) রাখিয়াছিল। কিন্তু যাবেষ্ ইস্রায়েলের ঈশ্বরের কাছে প্রার্থনা করিয়া কহিল, হে ঈশ্বর, তুমি অবশ্য আমাকে আশীর্ব্বাদ কর, ও আমার অধিকার বৃদ্ধি কর, ও তোমার হস্ত আমার নিকটবর্ত্তী হউক; আমি যেন দুঃখ প্রাপ্ত না হই, এই জন্যে তাহাহইতে আমাকে রক্ষা কর; তাহাতে ঈশ্বর তাহার প্রার্থিত বিষয় তাহাকে দিলেন।

১১ শূহের ভ্রাতা কিলূবের পুত্র মিহীর, ও মিহীরের পুত্র ১২ ইষ্টোন। ও ইষ্টোনের পুত্র বৈৎরাফ ও পাসেহ, এবং ঈর-নাহশের পিতা তিহিন্ন, এই সকল রেকার বংশ। ১৩ এবং কিনসের সন্তান অৎনীয়েল্ ও সিরায়, এবং অৎ- ১৪ নীয়েলের পুত্র হথৎ ও মিয়োনোথয়। ও মিয়োনোথয়ের পুত্র অফ্রা, ও সিরায়ের পুত্র শিল্পকরদের প্রান্তরস্থ লোকদের পিতা যোয়াব্, কেননা তাহারা শিল্প- ১৫ কার ছিল। এবং যিফুন্নির পুত্র কালেব, ও কালেবের পুত্র ঈরু ও এলা ও নয়ম্, এবং এলার সন্তান কিনস্ ও ১৬ যিহলিলেল্। এবং যিহলিলেলের পুত্র সীফ ও সীফাও ১৭ তীরিয় ও অসারেল্ ও ইস্রা। এবং ইস্রার পুত্র যেথর্ ও মেরদ্ ও এফর্ ও যালোন্, এবং (যালোনের) সন্তান ১৮ মরিয়ম্ ও শম্ময় ও ইষ্টীমোয়ের পিতা যিশ্‌বহ। এবং তাহার ভার্য্যা যিহূদীয়ার পুত্র গিদোরের পিতা যেরদ্, ও সোখোর পিতা হেবর্, ও সানোহের পিতা যিকুথীয়েল্; আর মেরদ্ বিথিয়া নাম্নী যে ফিরৌণের কন্যাকে ১৯ বিবাহ করিল, এই সকল তাহার বংশ। নহমের ভগিনী হোদিয়ার ভার্য্যার সন্তান কিয়ীলার পিতা গর্ম্মি ও মাখাথীয় ইষ্টিমোয়। এবং শীমোনের সন্তান অম্নোন্ ২০ ও রিন্ন ও বিন্-হানন্ ও তীলোন্ ও যিশয়ি; ও যিশয়ির সন্তান সোহেৎ ও বিন্-সোহেৎ।

২১ যিহূদার পুত্র শেলার সন্তান লেকার পিতা এর্, ও মারেশার পিতা লাদা, এবং অস্‌বেয় বংশীয় যাহারা সূক্ষ্ম বস্ত্র বুনিত তাহাদের বংশ; ও যোকীম্ ও কোষে- ২২ বার লোক ও যোয়াশ্ ও সারফ, ইহারা পুরাতন ইতিহাসানুসারে মোয়াবে প্রভুত্ব করিল, কিন্তু বৈৎলেহমে ফিরিয়া আইল *। ইহারা এবং নিটায়ীম্ ২৩ ও গিদেরা নিবাসি এই লোকেরা কুম্ভকার হইয়া রাজকার্য্যে নিযুক্ত হইল।

২৪ শিমিয়োনের সন্তান নিমূয়েল্ ও যামীন্ ও যারিব্ ও সেরহ ও শৌল্। ও শৌলের সন্তান শল্লুম্, ও শল্লুমের ২৫ সন্তান মিব্‌সম্, ও মিব্‌সমের সন্তান মিশ্ম। এবং ২৬ মিশ্মের সন্তান হমূয়েল্, ও হমূয়েলের সন্তান সক্কূর্, ও সক্কূরের সন্তান শিমিয়ি। ঐ শিমিয়ির ষোল পুত্র ও ২৭ ছয় কন্যা ছিল, কিন্তু তাহার ভ্রাতাদের বিস্তর সন্তান ছিল না, এবং তাহাদের বংশ যিহূদা বংশের ন্যায় বৃদ্ধি পাইল না। তাহারা বের্শেবাতে ও মোলাদাতে ২৮ ও হৎসর-শিয়ালে, ও বালাতে ও এৎসমে ও তোলদে ২৯ ও বিথূয়েলে ও হর্মাতে ও সিক্লগে, ও বৈৎমর্কাবোতে ৩০ ও হৎসর-সূষীমে ও বৈৎবিরীতে ও শারয়িমে বাস ৩১ করিল; দায়ূদের অধিকার পর্য্যন্ত এই সকল নগর তাহাদের অধিকারে ছিল। এবং ঐটম্ ও ঐন্ ও ৩২ রিম্মোন্ ও তোখেন্ ও আশন্, গ্রামশুদ্ধ এই পাঁচ নগর তাহাদের ছিল। এবং বাল পর্য্যন্ত এই সকল ৩৩ নগরের চতুর্দ্দিক স্থিত সমস্ত গ্রাম; এই তাহাদের নিবাসস্থান ও তাহাদের বংশাবলী।

৩৪ মিশোবব্ ও যম্লেক্ ও অমৎসিয়ের পুত্র যোশ, ও ৩৫ যোয়েল্, এবং অসীয়েলের প্রপৌত্র সিরায়ের পৌত্র যোশিবিয়ের পুত্র যেহূ; এবং ইলিয়ো-ঐনয় ও যা- ৩৬ কোবা ও যিশোহায় ও অসায় ও অদীয়েল্ ও যিষীমীয়েল্ ও বিনায়; এবং শিময়িয়ের অতি বৃদ্ধ প্রপৌত্র ৩৭ শিম্রির বৃদ্ধ প্রপৌত্র যিদয়িয়ের প্রপৌত্র অলোনের পৌত্র শিফিয়ির পুত্র সীষঃ, ইহারা আপন ২ বংশের ৩৮ অধ্যক্ষ ছিল, এবং বহুগোষ্ঠী ছিল।

৩৯ তাহারা আপনাদের পশুপালের চরণভূমি পাইবার জন্যে গিদোরে প্রবেশস্থান অর্থাৎ প্রান্তরের পূর্ব্ব পার্শ্ব পর্য্যন্ত গেল। তাহাতে তাহারা ফলবান ও ৪০ উত্তম চরণভূমি পাইল, এবং সে দেশ প্রশস্ত ও শান্ত ও নির্ব্বিরোধ ছিল, কারণ হাম্ বংশীয় লোকেরা পূর্ব্বে সেই স্থানে বাস করিত। যিহূদার হিষ্কিয় ৪১

[৪ অধ্য; ১] ১ বং ২; ৩, ৫, ৭, ৫০ ॥—[২] ৩; ৫২, ৫৩ ॥—[৪] ২; ৫০ ॥—[৫] ২; ২৪ ॥—[১৩] যি ১৫; ১৭ ॥ [১৪] নি ১১; ৩৫ ॥—[১৯] যি ১৫; ৬ ॥—[২১] ১ বং ২; ৩ ॥—[২৪] আ ৪৬; ১০। যা ৬; ১৫। গ ২৬; ১২ ॥ [২৮-৩৩] যি ১৯; ১-৯ ॥

* (বা) মোয়াবে ও যাশুবী-লেহমে প্রভুত্ব করিল।

রাজের অধিকারের সময়ে পূর্ব্বলিখিত ঐ লোকেরা যাইয়া সেই লোকদের তাম্বু ও সেখানে প্রাপ্ত মিয়ূনীয়দিগকে * নষ্ট করিয়া তাহাদিগকে নিঃশেষে বধ করিল; তাহারা সেই স্থানে অদ্যাপি বাস করে, কেননা সে ৪২ স্থানে তাহাদের পালের চরণভূমি ছিল। এবং তাহাদের মধ্যে, অর্থাৎ শিমিয়োনের বংশের মধ্যে, পাঁচ শত জন যিশয়ি বংশ পিলটিয়কে ও নিয়রিয়কে ও রিফায়কে ৪৩ ও উষীয়েল্‌কে সেনাপতি করিয়া সেয়ীর্ পর্ব্বতে গেল। এবং অমালেকীয়দের যে অবশিষ্ট লোক জীবৎ ছিল, তাহাদিগকে প্রহার করিয়া সেই স্থানে বাস করিল, সেখানে তাহারা অদ্যাপি বাস করিতেছে।

৫ অধ্যায়।

১ রূবেনের বংশাবলি ১১ ও গাদের বংশাবলি ১৮ ও রূবেন্ ও গাদের ও মিনশির অর্দ্ধ বংশের বিবরণ।

১ রূবেন্ ইস্রায়েলের জ্যেষ্ঠ পুত্র বটে, কিন্তু সে আপন পিতার শয্যা অশুচি করিল, এই জন্যে ইস্রায়েলের পুত্র যূষফের পুত্রদিগকে জ্যেষ্ঠাধিকার দত্ত হইল, কিন্তু ২ জ্যেষ্ঠানুসারে বংশাবলির গণনা হইল না। যিহূদা আপন ভ্রাতৃগণহইতে বলবান ও তাহার মধ্যহইতে প্রধান অধ্যক্ষ ছিল, তথাপি জ্যেষ্ঠাধিকার যূষফের ছিল। ৩ ইস্রায়েলের জ্যেষ্ঠ পুত্র রূবেনের সন্তান হনোক্ ও পল্লূ ৪ ও হিষ্রোণ্ ও কর্ম্মী; এবং যোয়েলের সন্তান শিময়িয়, ৫ ও শিময়িয়ের সন্তান জূজ্, ও জূজের সন্তান শিমিয়ি; ও শিমিয়ির সন্তান মীখা, ও মীখার সন্তান রায়া, ও রায়ার ৬ সন্তান বাল; ও বালের সন্তান বেরা; তাহাকে অশূরের রাজা তিগ্লৎ-পিলেষর্ লইয়া গেল, কেননা সে রূবেন্ ৭ বংশের মধ্যে অধ্যক্ষ ছিল। যখন তাহাদের বংশাবলি লেখা গেল, তখন আপন ২ বংশানুসারে তাহার ৮ এই ভ্রাতৃগণ ছিল, প্রধান যিয়ূয়েল্ ও সিখরিয়। এবং যোয়েলের প্রপৌত্র শেমার পৌত্র আসসের পুত্র বেলা অরোয়েরের নিকটে নিবো ও বাল্-মিয়োন পর্য্যন্ত বাস ৯ করিল। এবং পূর্ব্বদিগে ফরাৎ নদীর নিকটস্থ প্রান্তরে প্রবেশের স্থান পর্য্যন্ত বাস করিল, কেননা গিলিয়দ্ দেশে ১০ তাহাদের পশুগণের বাহুল্য হইল। এবং শৌলের অধিকার সময়ে তাহারা হাজিরীয়দের সহিত যুদ্ধ করিলে তাহারা তাহাদের হস্তগত হইল, পরে তাহারা গিলিয়দ্ দেশের পূর্ব্বভাগের সর্ব্বত্র তাম্বুতে বাস করিল।

১১ আর গাদের বংশ বাশন্ দেশের সল্‌খা পর্য্যন্ত ১২ তাহাদের সম্মুখে বাস করিল। তাহাদের মধ্যে যোয়েল্ প্রধান ছিল, তাহার পরে শাফম্; পরে যানয় ও ১৩ শাফট, ইহারা বাশনে থাকিল। এবং তাহাদের পিতৃসন্তান মীখায়েল্ ও মিশুল্লম্ ও শেবা ও যোরয় ও যাকন্ ও সীয় ও এবর, এই সাত জন। এবং বূষের পুত্র যহদো, ১৪ ও যহদোর পুত্র যিশীশয়, ও যিশীশয়ের পুত্র মীখায়েল্, ও মীখায়েলের পুত্র গিলিয়দ্, ও গিলিয়দের পুত্র যারোহ, ও যারোহের পুত্র হূরি, ও হূরির পুত্র অবীহয়িল্, তাহারা সেই অবীহয়িলের বংশ। এবং গূ- ১৫ নির পৌত্র অব্দিয়েলের পুত্র অহি আপন পিতৃবংশের প্রধান ছিল। ১৬ তাহারা গিলিয়দে ও বাশনে ও তাহার গ্রামে এবং তাহাদের সীমাস্থিত শারোণের উপনগরে বাস করিল। ১৭ এবং যিহূদার যোথম্ রাজের ও ইস্রায়েলের যারবিয়াম্ রাজের অধিকার সময়ে তাহারা আপন ২ বংশানুসারে গণিত হইল।

১৮ তাহাতে রূবেন্ বংশ ও গাদ্ বংশ ও মিনশির অর্দ্ধ বংশেতে ঢাল ও খড়্গ ও ধনুর্দ্ধারি ও যুদ্ধে নিপুণ ও যুদ্ধে গমনকারি চোয়াল্লিশ সহস্র সাত শত ষাইট জন যোদ্ধা ছিল। ১৯ তাহারা হাজিরীয়দের ও যিটূরের ও নাফীশের ও নোদবের সহিত যুদ্ধ করিল। ২০ ও তাহাদের বিপরীতে উপকার পাইল; তাহাতে হাজিরীয়েরা ও তাহাদের সহায় লোকেরা তাহাদের হস্তগত হইল, কেননা তাহারা সংগ্রামে ঈশ্বরের কাছে প্রার্থনা করিলে তিনি তাহাদের প্রার্থনা শুনিলেন, যেহেতুক তাহারা তাঁহাতে বিশ্বাস করিল। ২১ অতএব তাহারা তাহাদের পঞ্চাশ সহস্র উষ্ট্র ও আড়াই লক্ষ মেষ ও দুই সহস্র গর্দ্দভ ও এক লক্ষ মনুষ্য লইয়া গেল। ২২ ঐ যুদ্ধ ঈশ্বর করিলেন, এই জন্যে অনেকে হত হইল, এবং ইস্রায়েল্ লোকের বন্দী না হওন পর্য্যন্ত তাহারা তাহাদের স্থানে বাস করিল। ২৩ এবং মিনশির অর্দ্ধ বংশ সেই দেশে বাশন্ অবধি বাল-হর্ম্মোণ্ ও সিনীর ও হর্ম্মোণ পর্ব্বত পর্য্যন্ত বসতি করিয়া বর্দ্ধিষ্ণু হইল। ২৪ তাহাদের পিতৃবংশে এই সকল লোক অধ্যক্ষ ছিল, এফর্ ও যিশয়ি ও ইলীয়েল্ ও অস্রীয়েল্ ও যিরিমিয় ও হোদবিয় ও যহদীয়েল্, এই সকল বলবান ও বিখ্যাত লোকেরা আপন ২ পিতৃবংশের অধ্যক্ষ ছিল। ২৫ কিন্তু তাহারা আপন পিতৃলোকদের ঈশ্বরের বিরুদ্ধে পাপ করিল, এবং ঈশ্বর যে দেশের লোকদিগকে তাহাদের সম্মুখহইতে দূর করিয়াছিলেন, তাহাদের দেবগণের প্রতি বিপথগামী হইল। ২৬ এবং ইস্রায়েলের ঈশ্বর অশূরের পূল্ ও তিগ্লৎ-পিলেষর রাজের মনে প্রবৃত্তি দিয়া তাহাদিগকে অর্থাৎ রূবেন্ বংশ ও গাদ্ বংশ ও মিনশির অর্দ্ধ বংশকে লইয়া গেলেন, এবং তাহাদিগকে হলহে ও হাবোরে

[৪৩] ১ শি ১৫ ; ৮। ৩০ ; ১৭॥

[৫ অধ্য ; ১] আ ৪৯ ; ৩,৪। ৩৫ ; ২২॥—[২] আ ৪৯ ; ৮,১০,২৬॥—[৩] আ ৪৬ ; ৯। যা ৬ ; ১৪। গ ২৬ ; ৫,৬॥—[৬] ২ রা ১৫ ; ২৯। ১৬ ; ৭॥—[৭] প ১৭॥—[৮,৯] যি ১৩ ; ১৫-২১॥—[১০] আ ২৫ ; ১২-১৮॥—[১১] যি ১৩ ; ২৫॥ [১৬] ১ বং ২৭ ; ২৯॥—[১৭] ২ রা ১৪ ; ২৩। ১৫ ; ৫,৭॥—[১৯] ১ বং ১ ; ৩১॥—[২২] প ২৬॥—[২৫] ২ রা ১৭ ; ৭-১৮॥—[২৬] ২ রা ১৫ ; ১৯, ২৯। ১৭ ; ৬॥

* (বা) নিবাসস্থান।

ও হারাতে ও গোষনের নদীতীরে আনিলেন; তাহারা সেই স্থানে অদ্যাপি বাস করিতেছে।

৬ অধ্যায়।

১ লেবির বংশাবলি ৪ ও ইলিয়াসরের বংশাবলি ১৬ ও গের্শোনের ও কিহাতের ও মিরারির বংশাবলি ৪৯ ও হারোণ্ বংশের কর্ম্মের কথা ৫৪ ও যাজক ও লেবিদের নগর নির্ণয়।

১ লেবির পুত্র গের্শোন্ ও কিহাৎ ও মিরারি। এবং ২ কিহাতের পুত্র অম্রাম্ ও যিষ্‌হর্ ও হিব্রোণ্ ও ৩ উষীয়েল্। এবং অম্রামের সন্তান হারোণ্ ও মূসা ও মরিয়ম্; এবং হারোণের পুত্র নাদব্ ও অবীহূ ও ইলিয়াসর্ ও ঈথামর।

৪ এবং ইলিয়াসরের পুত্র পীনিহস্, ও পীনিহসের ৫ পুত্র অবীশূয়; ও অবিশূয়ের পুত্র বুক্কি,ও বুক্কির পুত্র ৬ উষি; ও উষির পুত্র সিরহিয়, ও সিরহিয়ের পুত্র মিরা- ৭ য়োৎ; এবং মিরায়োতের পুত্র অমরিয়, ও অমরিয়ের ৮ পুত্র অহীটূব্; এবং অহীটূবের পুত্র সাদোক্, ও সাদো- ৯ কের পুত্র অহীমাস্; ও অহীমাসের পুত্র অসরিয়, ও ১০ অসরিয়ের পুত্র যোহানন্; এবং যোহাননের পুত্র অসরিয়; এই অসরিয় যিরূশালমে সুলেমানের নির্ম্মিত ১১ মন্দিরে যাজন কর্ম্ম করিল। এবং অসরিয়ের পুত্র ১২ অমরিয়, ও অমরিয়ের পুত্র অহীটূব্; ও অহীটূবের ১৩ পুত্র সাদোক্,ও সাদোকের পুত্র শল্লুম্ *; এবং শল্লুমের ১৪ পুত্র হিল্‌কিয়, ও হিল্‌কিয়ের পুত্র অসরিয়; এবং অসরিয়ের পুত্র সিরায়, ও সিরায়ের পুত্র যিহোষা- ১৫ দক্। যে সময়ে পরমেশ্বর নিবূখদ্‌নিৎসরের হস্তে যিহূদাকে ও যিরূশালমকে সমর্পণ করিলেন, তৎকালে এই যিহোষাদক্ বন্দী হইয়া গে[illegible]।

১৬ লেবির পুত্র গের্শোন্ ও কিহাৎ ও মিরারি। এবং ১৮ গের্শোনের পুত্র লিব্‌নিও শিমিয়ি। এবং কিহাতের পুত্র ১৯ অম্রাম্ ও যিষ্‌হর্ ও হিব্রোণ্ ও উষীয়েল্। এবং মিরা- রির পুত্র মহলি ও মূশি; আপন ২ পূর্ব্ব পুরুষানুক্রমে ২০ এই লেবীয় বংশ। গের্শোনের পুত্র যে লিব্‌নি তাহার ২১ পুত্র যহৎ, ও যহতের পুত্র সিম্ম, ও সিম্মের পুত্র যোয়াহ, ও যোয়াহের পুত্র ইদ্দো, ও ইদ্দোর পুত্র সেরহ, ও সের- ২২ হের পুত্র যিয়ত্রয়। আর কিহাতের পুত্র অম্মীনাদব, ও অম্মীনাদবের পুত্র কোরহ,ও কোরহের পুত্র অসীর্, ২৩ ও অসীরের পুত্র ইল্‌কানা, ও ইল্‌কানার পুত্র অবীয়া- ২৪ সফ্,ও অবীয়াসফের পুত্র অসীর্; এবং অসীরের পুত্র তহৎ, ও তহতের পুত্র ঊরীয়েল্, ও ঊরীয়েলের পুত্র ২৫ উষিয়, ও উষিয়ের পুত্র শৌল। এবং ইল্‌কানার পুত্র ২৬ অমাসয় ও অহীমোৎ। এবং ইল্‌কানার অন্য পুত্র ২৭ সূফ, † ও সূফের পুত্র তোহ ‡। এবং তোহের পত্র ইলী- য়াব্,ও ইলীয়াবের পুত্র যিরোহম্, ও যিরোহমের পুত্র ইলকানা। (এবং ইল্‌কানার পুত্র শিমুয়েল্,) ও শিমূ- ২৮ য়েলের জ্যেষ্ঠ পুত্র যোয়েল্, ‖ ও অপর অবিয়। এবং ২৯ মিরারির পুত্র মহলি,ও মহলির পুত্র লিব্‌নি,ও লিব্‌নির পুত্র শিমিয়ি, ও শিমিয়ির পুত্র উষঃ; এবং উষের পুত্র ৩০ শিমিয়ি,ও শিমিয়ির পুত্র হগিয়,ও হগিয়ের পুত্র অসায়।

সিন্দুকের অবস্থিতির পরে দায়ূদ্ যাহাদিগকে পরমে- ৩১ শ্বরের মন্দিরে গীতের সেবাতে নিযুক্ত করিল,তাহাদের নাম। যে পর্য্যন্ত সুলেমান্ যিরূশালমে পরমেশ্বরের ৩২ মন্দির নির্ম্মাণ না করিয়াছিল, তাবৎ তাহারা মণ্ডলীর পবিত্রাবাসের সম্মুখে গান করিয়া সেবা করিত ও আপন ২ পালানুসারে কর্ম্ম করিত। ইহারা আপন বং- ৩৩ শের সহিত থাকিত, কিহাতীয় বংশের মধ্যে হেমন্ গা- য়ক, সেই হেমনের পিতা যোয়েল্, ও যোয়েলের পিতা শিমূয়েল্, ও শিমূয়েলের পিতা ইল্‌কানা, ও ইল্‌কা- নার পিতা যিরোহম্; ও যিরোহমের পিতা ইলীয়েল্, ৩৪ ও ইলীয়েলের পিতা তোহ, ও তোহের পিতা সূফ্, ও ৩৫ সূফের পিতা ইল্‌কানা, ও ইল্‌কানার পিতা মাহৎ, ও মাহতের পিতা অমাসয়,ও অমাসয়ের পিতা ইল্‌কানা, ৩৬ ও ইল্‌কানার পিতা যোয়েল্,ও যোয়েলের পিতা অস- রিয়,ও অসরিয়ের পিতা সিফনিয়,ও সিফনিয়ের পিতা ৩৭ তহৎ, ও তহতের পিতা অসীর, ও অসীরের পিতা অবীয়াসফ্, ও অবীয়াসফের পিতা কোরহ, ও কোর- ৩৮ হের পিতা যিষ্‌হর্,ও যিষ্‌হরের পিতা কিহাৎ,ও কিহা- তের পিতা লেবি, ও লেবির পিতা ইস্রায়েল্। ঐ ৩৯ হেমনের ভ্রাতা আসফ্ তাহার দক্ষিণে দাঁড়াইত; সেই আসফের পিতা বেরিখিয়, ও বেরিখিয়ের পিতা শি- মিয়; ও শিমিয়ের পিতা মীখায়েল্, ও মীখায়েলের ৪০ পিতা বাসেয়,ও বাসেয়ের পিতা মল্কিয়, ও মল্কিয়ের ৪১ পিতা ইৎনি, ও ইৎনির পিতা সেরহ, ও সেরহের পিতা অদায়া, এবং অদায়ার পিতা এথন, ও এথনের ৪২ পিতা সিম্ম, ও সিম্মের পিতা শিমিয়ি, ও শিমিয়ির ৪৩ পিতা যহৎ, ও যহতের পিতা গের্শোন্, ও গের্শোনের পিতা লেবি। ইহাদের ভ্রাতৃগণ মিরারি বংশ এথনের § ৪৪ সহিত বামদিগে দাঁড়াইত; সেই এথনের পিতা কীশি ¶, ও কীশির পিতা অব্দি, ও অব্দির পিতা মল্লূক্, ও মল্লূ- ৪৫ কের পিতা হশবিয়, এবং হশবিয়ের পিতা অমৎসিয়, ও অমৎসিয়ের পিতা হিল্‌কিয়, ও হিল্‌কিয়ের পিতা ৪৬ অম্‌সি,ও অম্‌সির পিতা বানি, ও বানির পিতা শেমর্, ও শেমরের পিতা মহলি, এবং মহলির পিতা মূশি, ৪৭ ও মূশির পিতা মিরারি, ও মিরারির পিতা লেবি। তাহাদের ভ্রাতৃগণ লেবীয়েরা পবিত্র তাম্বুর ও ঈশ্বরের ৪৮ মন্দিরের আবাসের তাবৎ কার্য্যে নিযুক্ত ছিল।

[৬ অধ্যা; ১-৪] যা ৬; ১৬-২৫। গ ২৬; ৫৭-৬১॥—[৮] ২ শি ৮; ১৭। ১৫; ২৭॥—[১০] ১ রা ৮; ৬২। ২ বং ৭; ২॥ [১৪, ১৫] ২ রা ২৫; ১৮॥—[১৬-২২] প ১। যা ৬; ১৬-২৫। গ ২৬; ৫৭-৬১॥—[২৮] ১ শি ১; ১১, ২০॥—[৩১] ১ বং ১৬; ১॥

* (বা) মিশুল্লম্। † (বা) সোফয়। ‡ (বা) নহৎ। ‖ (বা) বশ্‌নি। § (বা) যিদূথূনের। ¶ (বা) কূশায়া।

৪৯ কিন্তু হারোণ্ ও তাহার পুত্রগণ হোমবেদি ও ধূপবেদির উপরে উৎসর্গ করিত, এবং মহাপবিত্র স্থানে তাবৎ কার্য্য করিতে, এবং ঈশ্বরের সেবক মূসার আজ্ঞানুসারে ইস্রায়েলের জন্যে প্রায়শ্চিত্ত করিতে ৫০ নিযুক্ত ছিল। এবং এই সকল হারোণের বংশ, হারোণের পুত্র ইলিয়াসর্, ও ইলিয়াসরের পুত্র পীনি- ৫১ হস্, ও পীনিহসের পুত্র অবীশূর, ও অবীশূরের পুত্র বুক্কি, ও বুক্কির পুত্র উষি, ও উষির পুত্র সিরহিয়, ৫২ ও সিরহিয়ের পুত্র মিরায়োৎ, ও মিরায়োতের পুত্র ৫৩ অমরিয়, ও অমরিয়ের পুত্র অহীটূব্, ও অহীটূবের পুত্র সাদোক্, ও সাদোকের পুত্র অহীমাস্।

৫৪ সীমানুসারে ও দুর্গানুসারে এই সকল কিহাতীয় হারোণ বংশের বাসস্থান, এবং এই সকল তাহাদের ৫৫ অংশ ছিল। চতুর্দ্দিক্‌স্থিত গ্রামের সহিত যিহূদাদেশস্থ ৫৬ হিব্রোণ্ তাহাদিগকে দত্ত হইল। কিন্তু সেই নগরের ৫৭ ক্ষেত্র ও উপনগর যিফুন্নির পুত্র কালেবকে দত্ত হইল। এবং হারোণ্ বংশকে যিহূদা দেশে নগর দত্ত হইল, অর্থাৎ হিব্রোণ্ আশ্রয় নগর, এবং গ্রামের সহিত লিব্না, এবং গ্রামের সহিত যত্তীর্ ও ইষ্টিমোয়; ৫৮ এবং গ্রামের সহিত হিলেন্, এবং গ্রামের সহিত ৫৯ দিবীর্, এবং গ্রামের সহিত আশন, এবং গ্রামের সহিত বৈৎশেমশ্। এবং বিন্যামীন্ বংশ- ৬০ হইতে গ্রামের সহিত গেবা, এবং গ্রামের সহিত আলেমৎ, এবং গ্রামের সহিত অনাথোৎ; এই রূপে তাহাদের সকল নগর বংশানুসারে তের নগর ৬১ দত্ত হইল। পরে মিনশির অর্দ্ধ বংশহইতে গুলি- বাঁট করিয়া কিহাৎ বংশের অবশিষ্ট লোকদিগকে ৬২ দশ নগর দত্ত হইল। এবং ইষাখরের বংশ ও আশেরের বংশ ও নপ্তালির বংশ ও বাশনস্থ মিন- শির বংশহইতে তের নগর বংশানুসারে গের্শোনের ৬৩ বংশকে দত্ত হইল। এবং রূবেনের বংশ ও সিবূলূ- নের বংশহইতে গুলিবাঁট করিয়া বংশানুসারে মিরারি ৬৪ বংশকে বারো নগর দত্ত হইল। এই রূপে ইস্রায়েল্ বংশ লেবীয়দিগকে গ্রামের সহিত এই সকল নগর ৬৫ দিল। এবং তাহারা যিহূদা বংশ ও শিমিয়োন্ বংশ ও বিন্যামীন্ বংশহইতে গুলিবাঁটদ্বারা এই সকল নগর তাহাদিগকে দিল, এবং এই সকল তাহাদের নামে ৬৬ বিখ্যাত হয়। এবং কিহাৎ বংশের অবশিষ্ট লো- কেরা ইফ্রয়িম্ বংশহইতে আপন সীমা নগর পাইল। ৬৭ এবং তাহারা তাহাদিগকে আশ্রয়নগরও দিল, অর্থাৎ গ্রামের সহিত ইফ্রয়িম্ পর্ব্বতস্থ শিখিম, এবং গ্রামের ৬৮ সহিত গেষর, এবং গ্রামের সহিত যগ্‌মিয়াম, এবং ৬৯ গ্রামের সহিত বৈথোরোণ, এবং গ্রামের সহিত ৭০ অয়ালোন, এবং গ্রামের সহিত গাৎ-রিমোন্। এবং মিনশির অর্দ্ধবংশহইতে গ্রামের সহিত আনের, ও গ্রামের সহিত যিব্লিয়ম্, কিহাৎ বংশের অবশিষ্ট লোক- দের জন্যে এই সকল নগর ও দেশ দিল। এবং গের্শো- ৭১ নের বংশকে মিনশির অর্দ্ধবংশহইতে গ্রামের সহিত বাশনস্থ গোলন্, এবং গ্রামের সহিত অস্তারোৎ; ৭২ এবং ইষাখর্ বংশহইতে গ্রামের সহিত কেদশ্, ৭৩ এবং গ্রামের সহিত দাবিরৎ, এবং গ্রামের সহিত রামোৎ, এবং গ্রামের সহিত আনেম্; এবং আশে- ৭৪ রের বংশহইতে গ্রামের সহিত মিশাল্, এবং গ্রামের ৭৫ সহিত অব্দোন্, এবং গ্রামের সহিত হূকোক্, এবং ৭৬ গ্রামের সহিত রিহোব্; এবং নপ্তালি বংশহইতে গ্রামের সহিত গালীলস্থ কেদশ্, এবং গ্রামের সহিত হম্মোন্, এবং গ্রামের সহিত কিরিয়াথয়িম্ দত্ত হইল। ৭৭ এবং সিবূলূনের বংশহইতে মিরারির অবশিষ্ট বংশকে গ্রামের সহিত রিম্মোন্, এবং গ্রামের সহিত ৭৮ তাবোর্; এবং যিরীহোর নিকটে যর্দ্দনের ওপারে, অর্থাৎ যর্দ্দনের পূর্ব্বপারে রূবেন্ বংশহইতে গ্রামের সহিত অরণ্যস্থ বেৎসর্, এবং গ্রামের সহিত যহস, ৭৯ এবং গ্রামের সহিত কিদেমোৎ, এবং গ্রামের সহিত ৮০ মেফাৎ; এবং গাদের বংশহইতে গ্রামের সহিত গিলিয়দস্থ রামোৎ, এবং গ্রামের সহিত মহনয়িম্, ৮১ এবং গ্রামের সহিত হিষ্‌বোন্, এবং গ্রামের সহিত যাসের্ দত্ত হইল।

৭ অধ্যায়।

১ ইষাখরের বংশাবলি ৬ ও বিন্যামীনের বংশাবলি ১৩ ও নপ্তালির বংশাবলি ১৪ ও মিনশির বংশাবলি ২০ ও ইফ্রয়িমের বংশাবলি ২৩ ও সাবদের বংশাবলি ২৮ ও তাহাদের অধিকার ৩০ ও আশেরের বংশাবলি।

১ ইষাখরের পুত্র তোলয় ও পূয় ও যাশূব্ ও শি- ২ ম্রোণ্, এই চারি জন। এবং তোলয়ের পুত্র উষি ও রিফায় ও যিরীয়েল্ ও যহময় ও যিব্‌সম্ ও শিমূয়েল্, ইহারা আপন পিতৃবংশের অর্থাৎ তোলয়ের বংশের প্রধান ছিল, এবং আপন লোকদের মধ্যে পরাক্রান্ত ছিল, এবং দায়ূদের সময়ে সংখ্যাতে বাইশ সহস্র ৩ ছয় শত লোক ছিল। এবং উষির পুত্র যিস্রাহিয়, ও যিস্রাহিয়ের পুত্র মীখায়েল্ ও ওবদিয় ও যোয়েল্ ও ৪ যিশিয়, এই পাঁচ জন প্রধান ছিল। এবং যুদ্ধার্থে তাহাদের বংশানুসারে ছত্রিশ সহস্র সৈন্য ছিল, ৫ এবং তাহাদের ভার্য্যা ও সন্তান অনেক ছিল। এবং ইষাখর্ বংশীয় তাহাদের ভ্রাতৃগণও অতিপরাক্রমী ছিল, তাহারা আপন ২ বংশানুসারে গণিত সাতাশী সহস্র লোক ছিল।

৬ আর বিন্যামীনের পুত্র বেলা ও বেখর্ ও যিদী- ৭ য়েল্, এই তিন জন। এবং বেলার পুত্র ইষ্‌বোন্ ও

[৫০-৫৩] প ৩-৮।।—[৫৪-৬০] যি ২১; ৯-১৯।।—[৬১] প ৬৬। যি ২১; ৫।।—[৬২] যি ২১; ৬।।—[৬৩] যি ২১; ৭।।
[৬৬-৭০] যি ২১; ২০-২৬।।—[৬৬] প ৬১।।—[৭১-৭৬] যি ২১; ২৭-৩০।।—[৭৭-৮১] যি ২১; ৩৪-৩৯।।
[৭ অধ্য; ১] আ ৪৬; ১৩। গ ২৬; ২৩।।—[২] ২ শি ২৪; ২, ৪। ১ বং ২৭; ১।।—[৬] আ ৪৬; ২১। গ ২৬; ৩৮-৪০। ১ বং ৮; ১।।

উষি ও উষীয়েল্ ও যিরেমোৎ ও ঈর্, এই পাঁচ জন আপন ২ পিতৃবংশের প্রধান ছিল, ও বংশানুসারে পরাক্রমী গণিত বাইশ সহস্র লোক ছিল। ৮ এবং বেখরের পুত্র সিমীর ও যোয়াশ্ ও ইলীয়েষর্ ও ইলিয়ো-ঐনয় ও অম্রি ও যিরেমোৎ ও অবিয় ও অনাথোৎ ও আলেমৎ, এই সকল বেখরের সন্তান। ৯ তাহারা বংশানুসারে সংখ্যাতে বিংশতি সহস্র দুই শত পরাক্রমী লোক ছিল, এবং তাহারা সকলে আপন ২ বংশের প্রধান ছিল। ১০ এবং যিদীয়েলের পুত্র বিল্‌হন্, ও বিল্‌হনের পুত্র যিয়ূশ্ ও বিন্যামীন্ ও এহূদ্ ও খিনানা ও সেথন্ ও তর্শীশ্ ও অহীশহর। ১১ এই সকল যিদীয়েলের সন্তান আপন ২ পিতৃবংশের প্রধান ও পরাক্রমী লোক ছিল, ও তাহাদের বংশানুসারে যুদ্ধে গমন যোগ্য সপ্তদশ সহস্র দুই শত যোদ্ধা ছিল। ১২ এবং ঈরের পুত্র শুপ্পীম্ ও হুপ্পীম্, ও অহেরের সন্তান হূশীম্।

১৩ আর বিল্‌হার গর্ব্ভজাত নপ্তালির পুত্র যহসিয়েল্ ও গূনি ও যেৎসর ও শল্লুম্।

১৪ মিনশির পুত্র অস্রীয়েল্ এবং তাহার অরামীয়া ১৫ উপপত্নী জাত গিলিয়দের পিতা মাখীর্। ঐ মাখীর হুপ্পীম্ ও শুপ্পীমের ভগিনী মাখাকে বিবাহ করিল; তাহার দ্বিতীয় পুত্রের নাম সিলফদ্, ও সিলফদের কেবল কন্যা ছিল। ১৬ এবং মাখীরের ভার্য্যা মাখা পুত্র প্রসব করিয়া তাহার নাম পেরশ রাখিল, ও তাহার ভ্রাতার নাম শেরশ্, এবং পেরশের পুত্রদের নাম ঊলম্ ও রেকম্। ১৭ এবং ঊলমের পুত্র বিদান্, এই সকল গিলিয়দের বংশ মিনশির পৌত্র মাখীরের পুত্র ছিল। ১৮ এবং তাহার ভগিনী হম্মোলেকতের পুত্র ঈশ্‌হোদ্ ও অবীয়েষর্ ও মহলা ও শিমীদা। ১৯ এবং শিমীদার পুত্র অহিয়ন্ ও শেখম ও লিক্‌হি ও অনীয়াম্।

২০ ইফ্রয়িমের পুত্র শূথলহ, ও শূথলহের পুত্র বেরদ্, ও বেরদের পুত্র তহৎ, ও তহতের পুত্র ইলিয়াদা, ও ইলিয়াদার পুত্র তহৎ; ২১ ও তহতের পুত্র সাবদ্, ও সাবদের পুত্র শূথলহ ও এৎসর্ ও ইলিয়দ্, কিন্তু দেশনিবাসি গাতের লোকেরা তাহাদিগকে বধ করিল, কেননা তাহারা তাহাদের পশু লইয়া যাইতে আইল। ২২ তাহাতে তাহাদের পিতা ইফ্রয়িম্ অনেক দিন পর্য্যন্ত শোক করিল, এবং তাহার ভ্রাতৃগণ তাহাকে সান্ত্বনা করিতে আইল।

২৩ পরে সে আপন ভার্য্যাতে উপগত হইলে তাহার ভার্য্যা গর্ব্ভবতী হইয়া এক পুত্র প্রসব করিয়া তাহার নাম বিরিয় (অমঙ্গল) রাখিল, কেননা তখন তাহার বাটীতে অমঙ্গল ঘটিয়াছিল। ২৪ এবং তাহার কন্যা শীরা উপরিস্থ ও নীচস্থ বৈথোরোণ্ ও উষেন্-শীরা পত্তন করাইল। ২৫ ও তাহার পুত্র রেফহ ও রেশফ্; ও রেশফের পুত্র তেলহ, ও তেলহের পুত্র তহন্; ২৬ ও তহনের পুত্র লাদন্, ও লাদনের পুত্র অম্মীহূদ্, ও অম্মীহূদের পুত্র ইলীশামা; ২৭ ও ইলীশামার পুত্র নূন্, ও নূনের পুত্র যিহোশূয়।

২৮ ইহাদের অধিকার ও নিবাসস্থান বৈথেল্ ও তাহার গ্রাম, এবং পূর্ব্বদিগে নারন্ ও পশ্চিমদিগে গেষর্ ও তাহার গ্রাম, এবং শিখিম্ ও তাহার গ্রাম, এবং অসা ও তাহার গ্রাম। ২৯ এবং মিনশি বংশের সীমার নিকটস্থ বৈৎশান্ ও তাহার গ্রাম, এবং তানক্ ও তাহার গ্রাম, এবং মগিদ্দো ও তাহার গ্রাম, এবং দোর্ ও তাহার গ্রাম; ইহাদের মধ্যে ইস্রায়েলের পুত্র যূষফের বংশ বাস করিত।

৩০ আশেরের সন্তান যিম্ন ও যিশ্‌বা ও যিশ্‌বি ও বিরিয় ও তাহাদের ভগিনী শীরা। ৩১ বিরিয়ের পুত্র হেবর্ ও বির্ষোতের্ পিতা মল্কীয়েল্। ৩২ এবং হেবরের সন্তান যফ্‌লেট্ ও শেমর ও হোথম্ ও ইহাদের ভগিনী শূয়া। ৩৩ ও যফ্‌লেটের পুত্র পেষহ ও বিম্‌হল্ ও অশ্বৎ, এই সকল যফ্‌লেটের বংশ। ৩৪ এবং শেমরের পুত্র অহি ও রোহগ ও যিহূব্ব ও অরাম্। ৩৫ ও তাহার ভ্রাতা হেলমের পুত্র সোফহ ও যিম্ন ও শেলশ্ ও আমল্। ৩৬ এবং সোফহের পুত্র সূহ ও হর্ণেফর্ ও শিয়াল্ ও বেরী ও যিম্র; ৩৭ ও বেৎসর্ ও হোদ্ ও শম্ম ও শিল্‌শ ও যিত্রন ও বেরা। ৩৮ এবং যেথরের পুত্র যিফুন্নি ও পিস্প ও অরা। ৩৯ এবং উল্লের পুত্র আরহ ও হন্নীয়েল ও রিৎসিয়। ৪০ এই সকল আশেরের বংশ আপন পিতৃবংশের প্রধান ও অতি বিক্রান্ত লোক ছিল; এবং অধ্যক্ষদের মধ্যে ও প্রধান ছিল, ইহাদের মধ্যে বংশানুসারে যুদ্ধে গমন যোগ্য ছাব্বিশ সহস্র লোক ছিল।

৮ অধ্যায়।

১ বিন্যামীনের প্রধান সন্তানের বংশাবলি ৩৩ ও শৌল ও যোনাথনের বংশাবলি।

১ বিন্যামীনের জ্যেষ্ঠ পুত্র বেলা ও দ্বিতীয় অস্‌বেল্ ২ ও তৃতীয় অহর্হ, ও চতুর্থ নোহা, ও পঞ্চম রাফা। ৩ এবং বেলার পুত্র অদ্দর ও গেরা ও অবীহূদ্, ৪ ও অবীশূয় ও নামান্ ও অহোহ ৫ ও গেরা ও শিফূফন্ ও হূরম্। ৬ ইহারা এহূদের পুত্র এবং গেবা নিবাসিদের পিতৃবংশের প্রধান ছিল, পরে তাহারা তাহাদিগকে মানহতেতে স্থানান্তর করিল। ৭ বিশেষতঃ নামান্ ও অহিয় অর্থাৎ গেরা তাহাদিগকে দূর করিল, ও গেরার পুত্র উষঃ ও অহীহূদ্ ও শহরয়িম্। ৮ এবং তাহাদিগকে স্থানান্তর করিলে পর মোয়াব্ দেশে শহরয়িম্ অন্য পুত্রগণকে

---

[১৩] আ ৪৬ ; ২৪ । গ ২৬ ; ৪৮,৪৯ ।।—[১৪-১৯] গ ২৬ ; ২৯-৩৩ ।।—[১৬] ১ বং ২ ; ২১-২৩ ।।—[২০] গ ২৬ ; ৩৫, ৩৬ ।।—[২৭] গ ২৮ ; ১৮-২১ । যি ১ ; ১।।—[২৮,২৯] যি ১৬ ; ৫-৯ । ১৭ ; ৭,৮,১১ ।।—[৩০] আ ৪৬ ; ১৭ । গ ২৬ ; ৪৪-৪৬ ।।

[৮ অধ্য ; ১] ১ বং ৭ ; ৬ । আ ৪৬ ; ২১ । গ ২৬ ; ৩৮-৪০ ।।

৯ জন্ম দিল, তাহার ভার্য্যা হূশীম্ ও বারা। এবং আপন ভার্য্যা হোদশের গর্ব্ভজাত তাহার পুত্র যোবব্ ও সিবিয় ১০ ও মেশা ও মল্কম্, ও যিয়শ্ ও শখিয় ও মির্ম, তাহার ১১ এই পুত্রেরা আপন পিতৃবংশের প্রধান ছিল। এবং হূশীমের গর্ব্ভজাত তাহার পুত্র অবীটূব্ ও ইল্পাল্। ১২ এবং ইল্পালের পুত্র এবর্ ও মিশিয়ম্, এবং ওনো ও লোদ্ ও তাহার অন্তঃপাতি গ্রাম পত্তনকারি শামদ্। ১৩ ও বিরিয় ও শেমা অয়ালোন্ নিবাসি পিতৃবংশের প্রধান ছিল, ও তাহারা গাৎ নিবাসিদিগকে দূর ১৪ করিয়া দিল। এবং বেরিয়ের পুত্র অহিয়ো ও শাশক্ ১৫ ও যিরেমোৎ, এবং সিবদিয় ও অরাদ্ ও এদর্, ও ১৬ মীখায়েল্ ও যিশ্পা ও যোহ। এবং ইল্পালের পুত্র ১৭ সিবদিয় ও মিশুল্লম্ ও হিষ্কি ও হেবর্, ও যিশ্মিরয় ১৮ ও যিষ্লিয় ও যোবব্। এবং শিমিয়ির পুত্র যাকীম্ ও ২০ সিখ্রি ও সব্দি, ও ইলী-ঐনয় ও সিল্লিথয় ও ইলীয়েল্, ২১ ও অদায়া ও বিরায়া ও শিম্রৎ। এবং শাশকের পুত্র ২২ যিশ্পন ও এবর্ ও ইলীয়েল্, ও অব্দোন্ ও সিখ্রি ও ২৪ হানন্, ও হনানিয় ও এলম ও অন্তোথিয়, ও যিফি- ২৫ দিয় ও পিনূয়েল্। এবং যিরোহমের সন্তান শম্শিরয় ২৭ ও শিহরিয় ও অথলিয়, ও যারিশিয় ও এলিয় ও ২৮ সিখ্রি। ইহারা আপন বংশের প্রধান হইয়া যিরূশা- ২৯ লমে বাস করিত। এবং গিবিয়োনের পিতা গিবিয়োনে ৩০ বাস করিল, তাহার ভার্য্যার নাম মাখা। এবং তাহার জ্যেষ্ঠ পুত্র অব্দোন্, অপর সূর্ ও কীশ্ ও বাল্ ও ৩১ নাদব্, এবং গিদোর্ ও অহিয়ো ও সক্কূর্, এবং ৩২ মিক্লোৎ, ও মিক্লোতের পুত্র শিমিয়; ইহারা যিরূশালমে আপন ভ্রাতাদের নিকটে বাস করিল।

৩৩ নেরের পুত্র কীশ, ও কীশের পুত্র শৌল, ও শৌলের পুত্র যোনাথন্ ও মল্কীশূয় ও অবীনাদব্ ও ইশ্বাল *। ৩৪ এবং যোনাথনের পুত্র মিরীবাল্ †, ও তাহার পুত্র ৩৫ মীখা। এবং মীখার পুত্র পিথোম ও মেলক্ ও ৩৬ তহরেয় ও আহস্। ও আহসের পুত্র যিহোয়াদা, ও যিহোয়াদার পুত্র আলেমৎ ও অসমাবৎ ও সিম্রি; ও ৩৭ সিম্রির পুত্র মোৎসা। এবং মোৎসার পুত্র বিনিয়া, ও বিনিয়ার পুত্র রাফা, ও রাফার পুত্র ইলীয়াসা, ও ৩৮ ইলীয়াসার পুত্র আৎসেল্। ও আৎসেলের ছয় পুত্র; তাহাদের নাম অস্রীকাম ও বোখিরূ ও ইস্মায়েল্ ও শিয়রিয় ও ওবদিয় ও হানন্, এই সকল আৎসেলের ৩৯ বংশ। এবং তাহার ভ্রাতা এশকের জ্যেষ্ঠ পুত্র উলম, ও ৪০ দ্বিতীয় যিয়ূশ, ও তৃতীয় এলীফেলট। এবং উলমের পুত্রগণ অতি বিক্রমী ও ধনুর্দ্ধর ছিল, এবং তাহাদের পুত্র ও পৌত্রেতে এক শত পঞ্চাশ লোক ছিল; এই সকল বিন্য়ামীনের বংশ।

৯ অধ্যায়।

১ বংশাবলি লিখনের কথা ২ ও বাবিল্হইতে পুনরাগত লোকদের বিবরণ ১০ ও যাজকের ও লেবীয়দের বিবরণ ২৭ ও লেবীয়দের বিশেষ কর্ম্মের কথা ৩৫ ও শৌলের বিবরণ।

১ এই রূপে বংশাবলিদ্বারা ইস্রায়েলের বংশ গণিত হইল, এবং যে সময়ে যিহূদীয় লোকেরা আপন ২ দোষে বাবিলে নীত হইল, সেই পর্য্যন্ত ইস্রায়েলের রাজগণের পুস্তকেতে লিখিত হইল।

২ পরে ইস্রায়েল্ দেশে যাজকেরা ও লেবীয়েরা ও নি- থীনীয়েরা প্রথমে আপন২ অধিকারনগরে বাস করিল। ৩ এবং যিরূশালমে যিহূদা বংশের ও বিন্য়ামীন্ বং- শের ও ইফ্রয়িম বংশের ও মিনশি বংশের কতক ২ ৪ লোকেরা বাস করিল। যিহূদার পুত্র পেরস্ বংশের মধ্যে বানির বৃদ্ধপ্রপৌত্র ইম্রির প্রপৌত্র অম্রির পৌত্র অম্মীহূদের পুত্র উথয়। ৫ এবং শীলোনীয়দের মধ্যে ৬ জ্যেষ্ঠ অসায় ও তাহার সন্তান। এবং সেরহের বং- শের মধ্যে যূয়েল্ ও তাহার ভ্রাতৃগণ ছয় শত নব্বই ৭ লোক ছিল। এবং বিনয়ামীন্ বংশের মধ্যে হস্নিনু- য়ের প্রপৌত্র হোদবিয়ের পৌত্র মিশুল্লমের পুত্র সল্লূ; ৮ এবং যিরোহমের পুত্র যিব্নিয়, ও মিখ্রীর পৌত্র উষির পুত্র এলা, এবং যিব্নিয়ের প্রপৌত্র রূয়েলের পৌত্র ৯ শিফটিয়ের পুত্র মিশুল্লম্; ইহারা ও ইহাদের ভ্রাতৃগণ আপন ২ বংশানুসারে নয় শত ছাপ্পান্ন লোক ছিল। ইহারা সকলে আপন ২ পিতৃবংশের প্রধান ছিল।

১০ আর যাজকদের মধ্যে যিদয়িয় ও যিহোয়ারীব্ ও ১১ যাখীন্; এবং ঈশ্বরের মন্দিরের অধ্যক্ষ যে অহীটূব্, তাহার অতিবৃদ্ধ প্রপৌত্র ও মিরায়োতের বৃদ্ধপ্র- পৌত্র সাদোকের প্রপৌত্র মিশুল্লমের পৌত্র হিল্কিয়ের ১২ পুত্র অসরিয়; এবং মল্কিয়ের প্রপৌত্র পল্হূরের পৌত্র যিরোহমের পুত্র অদায়া, এবং ইম্মেরের অতি বৃদ্ধ প্রপৌত্র মিশিল্লেমোতের বৃদ্ধ প্রপৌত্র মিশুল্লমের প্রপৌত্র যহসেবার পৌত্র অদীয়েলের পুত্র মাসয়; ১৩ ও তাহাদের ভ্রাতৃগণ আপন ২ পিতৃবংশানুসারে এক সহস্র সাত শত ষাইট জন আপন পিতৃবংশের প্রধান ছিল, এবং ঈশ্বরের মন্দিরের কর্ম্ম করিতে অতি ১৪ নিপুণ ‡ ছিল। লেবীয় মিরারি বংশের মধ্যে হশে- বিয়ের প্রপৌত্র অস্রীকামের পৌত্র হশূবের পুত্র শিম- ১৫ য়িয়। এবং বক্বকর ও হেরশ্ ও গালল্ ও আসফের প্রপৌত্র সিখ্রির পৌত্র মীখার পুত্র মত্তনিয়; ১৬ এবং যিদূথূনের প্রপৌত্র গাললের পৌত্র শিময়িয়ের পুত্র ওবদিয়, এবং নিটোফাতীয়ের নগরে বাসকারি ইল্কা- ১৭ নার পৌত্র আসার পুত্র বেরিখিয়। এবং দ্বারি শল্লুম্ ও অক্কূব্ ও টল্মোন্ ও অহীমান্ এবং তাহাদের

[২৯-৩৮] ১ বং ৯ ; ৩৫-৪৪ ॥—[২৯] ৯ ; ৩৫ ॥—[৩৩] ১ শি ১৪ ; ৪৯,৫১ ॥
[৯ অধ্য ; ১] ১ বং ৫ ; ১৭ ॥—[২] ইষ্রা ২ ; ৭০। নি ৭ ; ৭৩ ॥—[৩-৯] নি ১১ ; ৩-৯ ॥—[১০-১৬] নি ১১ ; ১০-১৮॥
[১৭] নি ১১ ; ১৯ ॥

* (বা) ঈশ্বোশৎ। † (বা) মিফীবোশৎ। ‡ (ইব্র) বীর।

১৮ ভ্রাতৃগণ, কিন্তু শল্লুম্ ইহাদের প্রধান ছিল। তাহারা পূর্ব্বদিকস্থিত রাজদ্বারে থাকিত, এবং লেবি বংশ সমূ- ১৯ হের মধ্যে দ্বারপাল ছিল। এবং কোরির প্রপৌত্র ও অবীয়াসফের পৌত্র কোরহের পুত্র শল্লুম্ ও তাহার পিতৃবংশীয় কোরহীয় ভ্রাতৃগণ সেবাকর্ম্মে নিযুক্ত ছিল। যে সময়ে ইলিয়াসরের পত্র পীনিহস্ তাহাদের অধ্যক্ষ ছিল, এবং পরমেশ্বর তাহার সহকারী ছি- ২০ লেন, সেই পূর্ব্বসময়ে যেমন তাহাদের পিতৃলোকেরা সৈন্যের মধ্যে পরমেশ্বরের শিবিরে প্রবেশ স্থানের রক্ষক ছিল, তদ্রূপ তাহারা মন্দিরের দ্বার * রক্ষা কর্ম্মে ২১ নিযুক্ত ছিল। মিশেলিমিয়ের পুত্র সিখরিয় মণ্ডলীর ২২ আবাসের দ্বাররক্ষক ছিল। দ্বারপালকার্য্যে নিযুক্ত এই লোকেরা আপন ২ গ্রামে বংশানুসারে সংখ্যাতে দুই শত বারো জন ছিল; এবং দায়ূদ্ ও শিমূয়েল্ প্রদর্শক তাহাদিগকে এই নিরূপিত কার্য্যে নিযুক্ত ২৩ করিল। অতএব তাহারা ও তাহাদের সন্তানেরা পর- মেশ্বরের আবাসের দ্বারের কর্ম্মে অংশানুক্রমে অধি- ২৪ কারী হইল। এই দ্বারপালেরা পূর্ব্ব ও পশ্চিম ও উত্তর ২৫ ও দক্ষিণ চারিদিগে থাকিত। এবং গ্রামস্থ তাহা- দের ভ্রাতৃগণ সপ্তাহান্তে তাহাদের নিকটে আসিত। ২৬ কেননা লেবীয়েরা অর্থাৎ চারি প্রধান দ্বারপাল আপন ২ নিরূপিত পদে নিযুক্ত হইয়া পরমেশ্বরের মন্দিরের কুঠরী ও ভাণ্ডারের অধ্যক্ষ ছিল।

২৭ তাহাদের প্রতি সেই পদের ভার ছিল; তাহারা ঈশ্বরের মন্দিরের চতুর্দ্দিগে শয়ন করিয়া থাকিত, এবং ২৮ প্রতি প্রাতে দ্বার খুলিত। এবং তাহাদের কতক লোক সেবার পাত্র রক্ষা করিতে ও সংখ্যানুসারে ভিতরে ২৯ ও বাহিরে আনিতে নিযুক্ত ছিল। এবং পবিত্র স্থানের পাত্র ও অন্ন ও সূজি ও দ্রাক্ষারস ও তৈল ও কুন্দুরু ও ৩০ গন্ধদ্রব্য রক্ষণাবেক্ষণ করিতে নিযুক্ত ছিল। এবং যাজকদের কএক পুত্র সুগন্ধিদ্রব্যের তৈল প্রস্তুত করিত। ৩১ এবং লেবীয়দের মধ্যে কোরহীয় শল্লুমের জ্যেষ্ঠ পুত্র ৩২ মত্তথিয় তাম্রে প্রস্তুত দ্রব্যের রক্ষক ছিল। এবং তাহা- দের অন্যান্য কিহাতীয় ভ্রাতৃগণ প্রতি বিশ্রামবারে ৩৩ দর্শনরুটি প্রস্তুত করিতে নিযুক্ত ছিল। এবং লেবীয়দের প্রধান পিতৃলোক যে গায়ক তাহারা কুঠরীর কর্ম্ম- হইতে মুক্ত † হইল, কেননা তাহারা দিবারাত্রি সেই ৩৪ কর্ম্মে প্রবৃত্ত ছিল; এবং তাহারা আপন ২ লেবীয় পিতৃবংশের মধ্যে পুরুষানুক্রমে প্রধান হইয়া যিরূ- শালমে বাস করিত।

৩৫ আর গিবিয়োনের পিতা যিয়ীয়েল্ গিবিয়োনে ৩৬ বাস করিত, তাহার ভার্য্যার নাম মাখা ছিল। তাহার জ্যেষ্ঠ পুত্র অব্দোন্ ও অপর পুত্র সূর্ ও কীশ্ ও বাল্ ও নের ও নাদব্, ও গিদোর্ ও অহিয়ো ও সিখ- ৩৭ রিয় ও মিক্লোৎ। এবং মিক্লোতের পুত্র শিমিয়াম্; ৩৮ ইহারা আপনাদের ভ্রাতৃগণের সহিত যিরূশালমে বাস করিল। এবং নেরের পুত্র কীশ, ও কীশের পুত্র ৩৯ শৌল, ও শৌলের পুত্র যোনাথন্ ও মল্কীশূয় ও অবীনাদব্ ও ইশ্‌বাল্ ‡। এবং যোনাথনের পুত্র ৪০ মিরীবাল §, ও মিরীবালের পুত্র মীখা। এবং মীখার ৪১ পুত্র পিথোন ও মেলক ও তহরেয়, এবং আহস; ও ৪২ আহসের পুত্র যার, ও যারের পুত্র আলেমৎ ও অস- মাবৎ ও সিম্রি, ও সিম্রির পুত্র মোৎসা। ও মোৎসার ৪৩ পুত্র বিনিয়া, ও বিনিয়ার পুত্র রিফায়, ও রিফায়ের পুত্র ইলিয়াসা, ও ইলিয়াসার পুত্র আৎসেল। এবং ৪৪ আৎসেলের ছয় পুত্র, তাহাদের নাম অস্রীকাম ও বোখিরু ও ইস্মায়েল্ ও শিয়রিয় ও ওবদিয় ও হানন; এই সকল আৎসেলের সন্তান।

১০ অধ্যায়।

১ শৌলের পরাস্ত হওন ৮ ও পিলেষ্টীয়দের জয় ১১ ও যাবেশ-গিলিয়দ্ লোকদের সাহস ১৩ ও পাপপ্রযুক্ত শৌলের মরণের কথা।

১ পিলেষ্টীয়েরা ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করিলে ইস্রায়েল্ বংশ পিলেষ্টীয়দের সম্মুখহইতে পলায়ন করিলেও গিল্‌বোয় পর্ব্বতে আহত হইয়া পড়িল। এবং ২ পিলেষ্টীয়েরা শৌলের ও তাহার পুত্রগণের পশ্চাৎ ধাবমান হইয়া শৌলের পুত্র যোনাথন্‌কে ও অবীনা- দব্‌কে ও মল্‌কিশূয়কে বধ করিল। এবং শৌলের সহিত ৩ ঘোরতর সংগ্রাম হইলে ধনুর্দ্ধরেরা তাহাকে পাইলে শৌল ধনুর্বাণধারি লোককর্তৃক বিদ্ধ হইল। তাহাতে ৪ শৌল আপন অস্ত্রবাহককে কহিল, এই অচ্ছিন্নত্বকেরা আসিয়া যেন আমার অপমান না করে, এই জন্যে আপন খড়্গ নিষ্কোষ করিয়া আমাকে বিদ্ধ কর; কিন্তু তাহার অস্ত্রবাহক অতিশয় ভীত হওন প্রযুক্ত তাহা করিতে সম্মত হইল না; অতএব শৌল আপন খড়্গ লইয়া আপনি তাহার উপরে পড়িল। তাহাতে ৫ শৌল মরিল, ইহা দেখিয়া তাহার অস্ত্রবাহকও আপন খড়্গের উপরে পড়িয়া মরিল। এই প্রকারে শৌল ও ৬ তাহার তিন পুত্র ও সমস্ত পরিবার একত্র মরিল।

৭ অপর তলভূমি নিবাসি তাবৎ ইস্রায়েল্ বংশ (লোকদের) পলায়ন এবং শৌলের ও তাহার পুত্র- দের মরণ দেখিয়া নগর সকল ত্যাগ করিয়া পলা- য়ন করিল; তাহাতে পিলেষ্টীয়েরা আসিয়া সেই সকলের মধ্যে বাস করিল।

৮ পরদিবসে পিলেষ্টীয়েরা হত লোকদের বস্ত্রাদি লইতে আসিয়া গিল্‌বোয় পর্ব্বতে শৌলকে ও তাহার

[২০] গ ৩১; ৬ ।।—[২১] ১ বং ২৬; ১,২ ।।—[২৫] ২ রা ১১; ৫ ।।—[৩০] যা ৩০; ২২-২৫ ।।—[৩১] লে ২; ৫ । ৬; ২১ ।।
[৩২] লে ২৪; ৫-৯ ।।—[৩৩] ১ বং ২৫; ১ ।।—[৩৫-৪৪] ৮; ২৯-৩৮ ।।—[৩৫] ৮,২৯ ।।—[৩৯] ১ শি ১৪; ৪৯,৫১ ।।
[১০ অধ্য] ১ শি ৩১ ।।—[১] ১ শি ২৮; ৪ ।।—[২] ১ শি ২৮; ১৯ ।।—[৪] বি ৯; ৫৪ ।।

* (ইব্রী) গোবরাট। † (বা) কুঠরীতে থাকিয়া মুক্ত ছিল। ‡ (বা) ঈশবোশৎ § (বা) মিরীবোশৎ।

পুত্রদিগকে পতিত পাইলে তাহার দ্রব্য লুট করণ পূর্ব্বক ৯ তাহার মস্তক ও সজ্জাদি তুলিয়া লইয়া আপনাদের দেবগণের ও লোকদের নিকটে সম্বাদ ঘোষণা করণার্থে ১০ পিলেষ্টীয়দের দেশের চতুর্দ্দিগে প্রেরণ করিল। এবং তাহারা তাহার সজ্জা আপনাদের দেবতার মন্দিরে রাখিল, এবং তাহার মস্তকের খুলি দাগোনের মন্দিরে টাঙ্গাইয়া দিল।

১১ পরে যাবেশ্-গিলিয়দের লোকেরা শৌলের প্রতি পিলেষ্টীয়দের তাবৎ কার্য্যের সম্বাদ পাইলে তাবৎ ১২ বলবান লোক উঠিয়া শৌলের ও তাহার পুত্রগণের শরীর তুলিয়া লইয়া যাবেশে আনিয়া তাহাদের অস্থি যাবেশস্থ এক অলোন্ বৃক্ষের তলে পুতিয়া রাখিল; পরে তাহারা সাত দিবস উপবাস করিল।

১৩ শৌল পরমেশ্বরের বিরুদ্ধে আজ্ঞা লঙ্ঘন করিল,ও পরমেশ্বরের বিধি পালন করিল না,আর তত্ত্ব জানিতে ভূতড়িয়ার কাছে পরামর্শ লইল, এই সকল পাপের ১৪ জন্যে মরিল। এই রূপে ঈশ্বর তাহাকে বধ করিয়া তাহার রাজ্য যিশয়ের পুত্র দায়ূদের হস্তে দিলেন।

১১ অধ্যায়।

১ হিব্রোণে দায়ূদের রাজা হওন ৪ ও যিরূশালমকে জয় করণ ১০ ও প্রথম তিন প্রধান সেনাপতিদের কথা ১৫ ও তাহাদের কর্ম্ম ২০ ও দ্বিতীয় তিন প্রধান সেনাপতিদের কথা ২৬ ও প্রধান লোকদের নাম।

১ পরে ইস্রায়েলের সমস্ত বংশ হিব্রোণে দায়ূদের নিকটে আসিয়া কহিল, দেখ, আমরা তোমার অস্থি ও মাংস। ২ এবং পূর্ব্বে * আমাদের রাজা শৌলের অধিকারে তুমি ইস্রায়েল্ লোককে বাহিরে ও ভিতরে গমনাগমন করাইয়াছ, এবং 'তুমি আমার ইস্রায়েল্ লোকদিগকে চরাইবা, ও তুমিই আমার ইস্রায়েল্ লোকদের অগ্রগামী হইবা,' এই কথা তোমার প্রভু পরমেশ্বর তোমাকে কহি- ৩ লেন। এই রূপে ইস্রায়েলের সমস্ত প্রাচীন লোক হিব্রোণে রাজার নিকটে আইল; তাহাতে দায়ূদ্ হিব্রোণে পরমেশ্বরের সাক্ষাতে তাহাদের সহিত নিয়ম করিলে তাহারা শিমূয়েলের প্রমুখাৎ† পরমেশ্বরের বাক্যানুসারে ইস্রায়েলের উপরে দায়ূদ্‌কে রাজ্যাভিষিক্ত করিল।

৪ অপর দায়ূদ্ ও তাবৎ ইস্রায়েল্ লোক যিরূশালমে অর্থাৎ যিবূষে গেল; তৎকালে যিবূষীয়েরা সেই স্থানে ৫ বাস করিল। তাহাতে যিবূষের নিবাসিরা দায়ূদ্‌কে কহিল, তুমি এখানে আসিতে পাইবা না; তথাপি দায়ূদ্ ৬ সিয়োন্ দুর্গ অর্থাৎ দায়ূদ্‌নগর হস্তগত করিল। এবং দায়ূদ্ আজ্ঞা করিল, যে জন অগ্রে যিবূষীয়দিগকে বধ করিবে, সে প্রধান সেনাপতি হইবে; অতএব সিরূয়ার পুত্র যোয়াব্ অগ্রে গমন করাতে প্রধান সেনাপতি ৭ হইল। এবং দায়ূদ্ দুর্গে বাস করিল; তাহাতে লো- ৮ কেরা তাহার নাম দায়ূদের নগর রাখিল। এবং সে চারিদিগে অর্থাৎ মিল্লোহইতে চারিদিগে দায়ূদ নগর সারিল‡, ৯ এবং যোয়াব্ নগরের অবশিষ্ট স্থান সারিল। পরে দায়ূদ্ উত্তরোত্তর বৃদ্ধি পাইয়া মহান্ হইল,‖ এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর তাহার সহবর্ত্তী থাকিলেন।

১০ পরে দায়ূদের এই প্রধান পরাক্রমি লোকেরা ইস্রায়েলের বিষয়ে পরমেশ্বরের বাক্যানুসারে দায়ূদ্‌কে রাজা করণার্থে তাবৎ ইস্রায়েলের সহিত রাজ্যে তাহার ১১ প্রবল সহকারী ছিল। তাহাদের অর্থাৎ দায়ূদের প্রধান লোকের সংখ্যা এই। প্রথম তিন জনের প্রধান হক্মোনীয় যাশবিয়াম্, সে এক সময়ে বড়শা ধরিয়া তিন ১২ শত লোককে মারিল। এবং অহোহীয় দোদয়ের পুত্র ইলিয়াসর্, সে প্রথম তিন পরাক্রমির মধ্যে এক জন ১৩ ছিল। সে এফস্-দম্মীমে দায়ূদের সঙ্গে ছিল; সেই স্থানে এক যবক্ষেত্রের নিকটে পিলেষ্টীয়েরা যুদ্ধ করিতে একত্র হইলে যখন লোকেরা পিলেষ্টীয়দের হইতে ১৪ পলায়ন করিল, তখন ইহারা ভূমিমধ্যে দাঁড়াইয়া তাহা রক্ষা করিল এবং পিলেষ্টীয়দিগকে বধ করিল, তাহাতে পরমেশ্বর মহাজয় করাইলেন।

১৫ ত্রিশ প্রধান লোকের মধ্যে এই তিন জন অদুল্লম্ গুহার দুরাক্রমণ স্থানে দায়ূদের নিকটে আইলে পিলেষ্টীয়দের সৈন্যগণ রিফায়ীম্ তলভূমিতে শিবির স্থাপন করিয়াছিল, ১৬ এবং বৈৎলেহমে পিলেষ্টীয়দের দুর্গ ছিল। ১৭ অপর দায়ূদ্ দুরাক্রমণ স্থানে থাকিয়া পিপাসাযুক্ত হইয়া কহিল, হায়! বৈৎলেহমের দ্বার নিকটস্থ কূপের জল আনিয়া আমাকে কে পান করিতে দিবে? ১৮ তাহাতে সেই তিন লোক পিলেষ্টীয়দের সৈন্য মধ্যদিয়া যাইয়া বৈৎলেহমের দ্বার নিকটস্থ কূপের জল তুলিয়া লইয়া দায়ূদের নিকটে আইল, কিন্তু দায়ূদ্ তাহা পান করিতে সম্মত না হইয়া পরমেশ্বরের উদ্দেশে ঢালিয়া ফেলিল। ১৯ এবং কহিল, হে আমার ঈশ্বর, এমত কর্ম্ম যেন আমি না করি, ইহা কি আপন প্রাণপণে গমনকারিদের রক্ত নয়? সে তাহা পান করিতে সম্মত হইল না, কিন্তু ঐ তিন জন বলবান এমত কর্ম্ম করিল।

২০ আর যোয়াবের ভ্রাতা অবিশয় (অন্য) তিন জনের মধ্যে প্রধান ছিল; সে তিন শত লোকের বিরুদ্ধে বড়শা ধরিয়া § তাহাদিগকে বিনষ্ট করিয়া তিনের মধ্যে নামলব্ধ হইল। ২১ সে কি ঐ তিনের মধ্যে অন্য দুই হইতে অধিক মর্য্যাদাপন্ন নয়? অতএব সে তাহাদের সেনাপতি হইল, তথাচ সে প্রথম তিনের

[১০] ১ শি ৫; ২। ৩১; ১০॥—[১১] ১ শি ৩১; ১০ ॥—[১৩] ১ শি ১৩; ১৩। ১৫; ২২,২৩। ২৮; ৭ ॥—[১৪] ১ শি ১৫; ২৮। ১৬; ১,১২ ॥

[১১ অধ্য; ১-৩] ২ শি ৫; ১-৩॥—[২] ১ শি ১৮, ১৩-১৬ ॥—[৩] ১ শি ১৬; ১, ১২॥—[৪-৯] ২ শি ৫; ৬-১০ ॥ [১০] প ৩॥—[১১-১৪] ২ শি ২৩; ৮-১২ ॥—[১৫-১৯] ২ শি ২৩; ১৩-১৭ ॥—[২০,২১] ২ শি ২৩; ১৮,১৯॥

* (ইব্রু) কল্য ও পরশ্ব। † (ইব্রু) হস্তে। ‡ (ইব্রু) সজীব করিল। ‖ (ইব্রু) যাইয়া বাড়িয়া গমন করিল। § (ইব্রু) উঠাইয়া।

২২ তুল্য নয়। এবং অনেক * কার্য্যকারি কব্‌সেলের এক বলবানের পৌত্র যিহোয়াদার পুত্র বিনায় ছিল, সে সিংহতুল্য দুই † মোয়াবীয় লোককে বধ করিল; তদ্ভিন্ন সে হিমানীর সময়ে গর্ত্তের মধ্যে যাইয়া এক
২৩ সিংহকে মারিল; এবং সে পাঁচ হস্ত দীর্ঘ বৃহৎ-কায় এক মিস্রীয়কে বধ করিল; ঐ মিস্রীয়ের হস্তে তন্তুবায়ের নরাজের ন্যায় এক বড়শা ছিল, এবং ইহার হস্তে এক দণ্ড ছিল; পরে সে যাইয়া মিস্রীয়ের হস্তহইতে বড়শা কাড়িয়া লইয়া তাহার বড়শাদ্বারা
২৪ তাহাকে বধ করিল। যিহোয়াদার পুত্র বিনায় এই সকল কর্ম্ম করিল, তাহাতে সে (দ্বিতীয়) তিন পরাক্র-
২৫ মির মধ্যে নামলব্ধ হইল। সে ঐ ত্রিশ জন অপেক্ষা মর্য্যাদাপন্ন ছিল, কিন্তু প্রথম তিনের তুল্য ছিল না; এবং দায়ূদ্ আত্মরক্ষার্থে তাহাকে সেনাপতি করিল।
২৬ সৈন্যগণের মধ্যে এই সকল লোক বীর ছিল, যোয়াবের ভ্রাতা অসাহেল্, এবং বৈৎলেহম্ নিবাসি
২৭ দোদয়ের পুত্র ইল্‌হানন; এবং হরোরীয় শম্মোৎ,
২৮ পিলোনীয় হেলস্; এবং তিকোয়ীয় ইক্কেশের পুত্র
২৯ ঈরা, ও অনাথোতীয় অবীয়েষর্; এবং হূশাতীয়
৩০ সিব্বিখয়, ও অহোহীয় ঈলয়; এবং নিটোফাতীয়
৩১ মহরয়, ও নিটোফাতীয় বানার পুত্র হেলদ্; এবং বিন্‌য়ামীন্ বংশের গিবিয়া নিবাসি রীবয়ের পুত্র
৩২ ইত্তয়; এবং পিরিয়াথোনীয় বিনায়, ও নহল্-গাশ্
৩৩ নিবাসি হূরয়, ও অর্ব্বতীয় অবীয়েল্; ও বাহরুমীয়
৩৪ অস্‌মাবৎ, ও শাল্‌বীয় ইলিয়হবা; এবং গিষোনীয়
৩৫ বিনেহাশেম্, ও হরারীয় শাগির পুত্র যোনাথন; ও হরারীয় সাখরের পুত্র অহীয়াম্; এবং উরের পুত্র
৩৬ ইলীফাল; ও মিখেরাতীয় হেফর, ও পিলোনীয়
৩৭ অহিয়; ও কর্ম্মিলীয় হিস্রয়, ও ইষ্‌বয়ের পুত্র নারয়;
৩৮ এবং নাথনের ভ্রাতা যোয়েল্, ও হগ্রির পুত্র মিভর;
৩৯ ও অম্মোনীয় সেলক্, ও সিরূয়ার পুত্র যোয়াবের অস্ত্র-
৪০ বাহক বেরোতীয় নহরয়; ও যিত্রীয় ঈরা, ও যিত্রীয়
৪১ গারেব; ও হিত্তীয় উরিয়, ও অহলয়ের পুত্র সাবদ্; ও
৪২ রূবেনীয় শীষার পুত্র অদীনা, সে রূবেনীয়দের সেনা-
৪৩ পতি ছিল, ও তাহার অনুগামী ত্রিশ জন ছিল; এবং
৪৪ মাখার পুত্র হানন্, ও মিত্নীয় যোশাফট্; ও অস্তি-রোতীয় উষিয়, ও অরোয়েরীয় হোথমের পুত্র শামা ও
৪৫ যিয়ীয়েল, ও শিম্রির পুত্র যিদীয়েল্ ও তাহার ভ্রাতা
৪৬ তীষীয় যোহা; এবং মহবীয় ইলীয়েল, ও ইল্‌নামের
৪৭ পুত্র যিরীবয় ও যোশবিয়, ও মোয়াবীয় যিৎমা; এবং ইলীয়েল্ ও ওবেদ্ ও মিষোবায় যাসীয়েল।

১২ অধ্যায়।

১ দায়ূদের বিন্‌য়ামীনীয় উপকারিদের নাম ৮ ও গাদীয় উপকারিদের নাম ১৬ ও অমাসার প্রতি দায়ূদের কথা ১৯ ও মিনশির কতক লোকদের কথা ২৩ ও তাবৎ বংশের উপকারিদের সংখ্যা।

১ যে সময়ে দায়ূদ্ কীশের পুত্র শৌলের ভয়ে সিক্লগে রুদ্ধ ছিল, তৎকালে এই সকল লোক দায়ূদের নিকটে আইল; তাহারা বীরের মধ্যে গণিত ও যুদ্ধে
২ উপকারী ছিল। এবং ধনুর্দ্ধারী ছিল, এবং বাম হস্তের ও দক্ষিণ হস্তের দ্বারা প্রস্তর ও ধনুর্বাণ নিক্ষেপণে নিপুণ ছিল, এমত বিন্‌য়ামীনীয় শৌলের কতক ভ্রাতৃগণ
৩ আইল। গিবিয়াতীয় শিমায়ের পুত্র অহীয়েষর্ ও যোয়াশ্ তাহাদের প্রধান, ও অস্‌মাবতের পুত্র যিষীয়েল,
৪ ও পেলট ও বিরাখা ও অনাথোতীয় যেহূ; এবং ত্রিশ জনের মধ্যে বলবান ও ত্রিশের উপরে নিযুক্ত গিবিয়োনীয় যিশ্‌ময়িয় ও যিরিমিয় ও যহসীয়েল্ ও যোহানন্
৫ ও গিদেরাথীয় যোষাবদ্; ও ইলিয়ূষয় ও যিরেমোৎ
৬ ও বালিয়া ও শিমরিয় ও হরূফীয় শিফটিয়; ও ইল্‌কানা ও যিশিয় ও অসরেল ও যোয়েষর্, ও
৭ যাশবিয়াম্; এই সকল কোরীয় লোক, ও গিদোরের নিবাসি যিরোহমের পুত্র যোয়েলা ও সিবদিয়।
৮ আর গাদীয়দের মধ্যে যুদ্ধযোগ্য বলবান লোকেরা ঢাল ও বড়শা ধারণ করিয়া সিংহের মুখের ন্যায় মুখ ও পর্ব্বতস্থ হরিণের ন্যায় বেগ বিশিষ্ট হইয়া প্রান্তর-
৯ স্থিত দুরাক্রমণ স্থানে দায়ূদের নিকটে আইল। প্রথম
১০ এষর্, ও দ্বিতীয় ওবদিয়, ও তৃতীয় ইলীয়াব্; ও চতুর্থ
১১ মিশ্‌মন্না, ও পঞ্চম যিরিমিয়; ও ষষ্ঠ অত্তয়, ও সপ্তম
১২ ইলীয়েল; ও অষ্টম যোহানন্, ও নবম ইল্‌সাবদ্;
১৩ ও দশম যিরিমিয়, ও একাদশ মগ্‌বন্নয়। গাদের এই
১৪ সন্তানেরা সেনাপতি ছিল, এবং ক্ষুদ্র জন শতপতি ‡
১৫ ছিল, ও মহৎ লোক সহস্রপতি || ছিল। প্রথম মাসে যে সময়ে যর্দন নদীর জলে তট পূর্ণ ছিল, তখন ইহারা তাহার পারে প্রান্তরস্থ তাবৎ লোককে পূর্ব্বদিগে ও পশ্চিমদিগে পলায়ন করাইয়াছিল।
১৬ অপর বিন্‌য়ামীনের ও যিহূদার কতক লোকেরা
১৭ দায়ূদের নিকটে দুরাক্রমণ স্থানে আইল। তাহাতে দায়ূদ্ তাহাদের সহিত সাক্ষাৎ করিতে বাহিরে যাইয়া তাহাদিগকে কহিল, যদি তোমরা আমার উপকারের জন্যে নির্ব্বিরোধে আমার কাছে আইস, তবে আমার মন তোমাদের প্রতি একাগ্র হইবে; কিন্তু আমার কোন দৌরাত্ম্য না থাকিলেও যদি আমাকে শত্রুহস্তগত করণার্থে আসিয়া থাক, তবে আমাদের পিতৃলোকদের
১৮ ঈশ্বর তাহা দেখিয়া অনুযোগ করুন। তখন প্রধান রথী অমাসয়ের প্রতি আত্মা আবির্ভূত হইলে সে কহিল, হে দায়ূদ্, আমরাই তোমার পক্ষীয়, ও হে যিশয়ের পুত্র, আমরা তোমার সঙ্গি লোক; মঙ্গল হউক, তোমারই মঙ্গল হউক, ও তোমার উপকারিদের মঙ্গল হউক,

[২২-২৫] ২ শি ২৩; ২০-২৩॥—[২৬-৪৭] ২ শি ২৩; ২৪-৩৯॥—[২৬] ২ শি ২; ১৮॥—[৪১] ২ ১১; ৩, ৬॥ ১২ অধ্য; ১] ১ শি ২৭; ৫.৬॥—[২] বি ২০; ১৬॥—[১৮] ১ বং ২; ১৭। ২ শি ১৭; ২৫॥

* (বা) মহত। † (বা) দুই মোয়াবীয় সিংহকে। ‡ (বা) শত লোক জেতা। || (বা) সহস্র লোক জেত॥

কেননা তোমার ঈশ্বর তোমার উপকার করেন; তখন দায়ূদ্ তাহাদিগকে গ্রাহ্য করিয়া আপনার সৈন্যদলের সেনাপতি করিল। ১৯ পরে দায়ূদ্ পিলেষ্টীয়দের সহিত শৌলের বিপক্ষে যুদ্ধে গমন করিলে মিনশি বংশের কতক লোক দায়ূদের পক্ষে হইল, কিন্তু তাহাদের পিলেষ্টীয়দের উপকার করা হইল না, কেননা পিলেষ্টীয়দের অধ্যক্ষগণ বিবেচনা করিয়া এই কথা কহিয়া তাহাকে বিদায় করিল, সে আমাদের মস্তকের দ্বারা আপন প্রভু শৌলের সহিত মেলন করিবে। ২০ পরে দায়ূদ্ সিক্লগে যাইতেছিল, এমত সময়ে মিনশীয়দের মধ্যগত মিনশির সহস্রসেনাপতি অদ্নহ ও যোষাবদ্ ও যিদীয়েল্ ও মীখায়েল্ ও যোষাবদ্ ও ইলীহূ ও সিল্লিথয় তাহার পক্ষে হইল। ২১ তাহারা সকলে দস্যুদলের বিপক্ষে দায়ূদের উপকার করিল, কারণ তাহারা মহাবীর ও সেনাপতি ছিল। ২২ সেই সময়ে দায়ূদের উপকারার্থে দিনে২ সৈন্যগণ আসিয়া ঈশ্বরের সৈন্যের ন্যায় মহাসৈন্য হইল।

২৩ আর যে লোকেরা পরমেশ্বরের বাক্যানুসারে শৌলের রাজ্য দায়ূদ্কে দিবার জন্যে যুদ্ধবেশ ধারণ করিয়া হিব্রোণে তাহার নিকটে গেল, তাহাদের সংখ্যা এই। ২৪ য়িহূদা বংশের ঢাল ও বড়শা ও যুদ্ধবেশধারী ছয় সহস্র আটশত লোক। ২৫ শিমিয়োন্ বংশের যুদ্ধে মহাবীর সাত সহস্র এক শত লোক। ২৬ এবং লেবি বংশের চারি সহস্র ছয় শত লোক। ২৭ এবং হারোণ্ বংশের অধ্যক্ষ যিহোয়াদা, ও তাহার অনুগামি তিন সহস্র সাত শত লোক। ২৮ এবং যুবা ও মহাবীর সাদোক্, ও তাহার পিতৃবংশের বাইশ প্রধান লোক। ২৯ এবং শৌলের জ্ঞাতি বিন্য়ামীন্ বংশের তিন সহস্র লোক। কিন্তু সেই সময় পর্য্যন্ত তাহাদের অধিকাংশ লোক শৌল বংশের পক্ষ ছিল। ৩০ এবং ইফ্রয়িম্ বংশের বিংশতি সহস্র আট শত পরাক্রমি লোক, তাহারা আপন২ পিতৃবংশে বিখ্যাত হইল। ৩১ এবং মিনশির অর্দ্ধ বংশের আঠার সহস্র লোক, তাহারা আসিয়া দায়ূদ্কে রাজা করিতে আপন২ নামে নিমন্ত্রিত হইল। ৩২ এবং ইষাখর্ বংশের দুই শত প্রধান লোক, তাহারা জ্ঞানী ও পরিণামদর্শী, ও বিশেষ সময়ে ইস্রায়েল্ লোকদের কি কর্ত্তব্য তাহা জানিত, ও তাহাদের ভ্রাতা সকল তাহাদের আজ্ঞাবহ ছিল। ৩৩ এবং সিবূলূন বংশের যুদ্ধে গমনকারী ও ব্যূহ করণে নিপুণ এবং যুদ্ধে অস্ত্রশস্ত্রধারী ও একমনা পঞ্চাশ সহস্র লোক। ৩৪ এবং নপ্তালি বংশের এক সহস্র সেনাপতি ও তাহাদের সহিত ঢাল ও বড়শাধারি সাঁইত্রিশ সহস্র লোক। ৩৫ এবং দান্ বংশের যুদ্ধে নিপুণ আটাইশ সহস্র ছয় শত লোক। ৩৬ এবং আশের্ বংশের যুদ্ধে নিপুণ চল্লিশ সহস্র যোদ্ধা লোক। ৩৭ এবং যর্দ্দনের ওপারস্থ রূবেন্ বংশের ও গাদ্ বংশের ও মিনশির অর্দ্ধ বংশের যুদ্ধার্থে সকল প্রকার অস্ত্রধারি এক লক্ষ বিংশতি সহস্রলোক। ৩৮ যুদ্ধে ও ব্যূহ রক্ষণে নিপুণ এই সকল লোকেরা দায়ূদ্কে ইস্রায়েলের রাজা করিতে সরল অন্তঃকরণের সহিত হিব্রোণে আইল, এবং ইস্রায়েলের অবশিষ্ট তাবৎ লোকও দায়ূদ্কে রাজ্যাভিষিক্ত করিতে একমনা হইল। ৩৯ এবং তাহারা তিন দিবস সেখানে দায়ূদের সহিত থাকিয়া ভোজন পান করিল, কেননা তাহাদের ভ্রাতৃগণ তাহাদের জন্যে পাক করিল। ৪০ অধিকন্তু তাহাদের প্রতিবাসি ইষাখর্ ও সিবূলূন্ ও নপ্তালির লোকেরা গর্দ্দভ ও উষ্ট্র ও অশ্বতর ও বলদের উপরে খাদ্য ও গোধূমজদ্রব্য ও ডুম্বুরের চাক ও দ্রাক্ষার থলুয়া ও দ্রাক্ষারস ও তৈল ও বলদ্ ও মেষ অনেক২ আনিল, কেননা ইস্রায়েল লোকদের বড় আনন্দ হইল।

১৩ অধ্যায়।

১ নিয়মসিন্দুক আনিতে দায়ূদের পরামর্শ ৯ ও আনিবার সময়ে ঊষের হত হওন।

১ পরে দায়ূদ্ সহস্রপতিদের ও শতপতিদের ও তাবৎ অধ্যক্ষের সহিত পরামর্শ করিল। ২ এবং দায়ূদ্ ইস্রায়েলের তাবৎ মণ্ডলীকে কহিল, যদি ইহা তোমাদের ও প্রভু পরমেশ্বরের অভিমত হয়, তবে তাবৎ ইস্রায়েলের দেশে আমাদের অবশিষ্ট ভ্রাতৃগণ এবং নগর ও উপনগর নিবাসি যাজকগণ ও লেবীয়েরা যেন একত্র হইয়া আমাদের নিকটে আইসে, এই জন্যে আইস, আমরা তাহাদের সর্ব্বত্র লোক পাঠাই। ৩ আমরা পুনর্ব্বার আপনাদের কাছে ঈশ্বরের সিন্দুক আনিব, কেননা শৌলের সময়ে আমরা তাহার নিকটে ঈশ্বরের উদ্দেশ করি নাই। ৪ তাহাতে এই বিষয় সকল লোকের দৃষ্টিতে উত্তম বোধ হওয়াতে তাবৎ মণ্ডলী তাহা করিতে স্বীকার করিল। ৫ পরে কিরিয়ৎ-যিয়ারীম্‌হইতে ঈশ্বরের সিন্দুক আনিবার জন্যে দায়ূদ্ মিসরের শীহোর নদী অবধি হমাতে প্রবেশ স্থান পর্য্যন্ত তাবৎ ইস্রায়েল্‌কে একত্র করিল। ৬ এবং দায়ূদ্ ও তাবৎ ইস্রায়েল্ লোক বালাতে অর্থাৎ যিহূদার অধিকারস্থ কিরিয়ৎ-যিয়ারীমে কিরূব্ মধ্য নিবাসি পরমেশ্বরের নামে বিখ্যাত ঈশ্বরের সিন্দুক সেই স্থানহইতে আনিতে গেল। ৭ পরে তাহারা ঈশ্বরের সিন্দুক নূতন এক শকটে আরোহণ করাইয়া অবীনাদবের গৃহহইতে আনিল, এবং উষঃ ও অহিয়ো ঐ শকট চালাইল। ৮ পরে দায়ূদ্ ও তাবৎ ইস্রায়েল্ লোক আপন২ তাবৎ শক্তিতে গান এবং বীণা ও নবল ও তবল ও করতাল ও তূরী বাদ্যদ্বারা ঈশ্বরের সাক্ষাতে আনন্দ করিল।

[১৯] ১ শি ২৯; ২-৫॥—[২০] ১ শি ২৯; ১১॥—[২১] ১ শি ৩০; ১-২০॥—[২৩] ১ বং ১১; ১-৩॥—[২৮] ২ শি ৮; ১৭॥—[২৯] ২ শি ২; ৮-১০। ৩; ১॥—[৩৮] প ২৩॥

[১৩ অধ্য; ২] ১ বং ১০; ৭॥—[৫-১৪] ২ শি ৬; ১-১১॥—[৫] ১ শি ৭; ১,২॥—[৭] ১ শি ৭; ১॥

৯ পরে তাহারা কীদোনের * শস্যমর্দ্দন স্থানে উপস্থিত হইলে বলদ্ শকট হেলাইল; তাহাতে উষঃ ঈশ্বরের ১০ সিন্দুককে ধরিতে হস্ত বিস্তার করিল। তাহাতে উষের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে সিন্দুকের প্রতি তাহার হস্ত বিস্তার করণ প্রযুক্ত তিনি সেই স্থানে তাহাকে আঘাত করিলেন; তাহাতে সে সেই স্থানে ১১ ঈশ্বরের সাক্ষাতে মরিল। পরমেশ্বর উষের প্রতি আঘাত করিলেন, এই জন্যে দায়ূদ্ অসন্তুষ্ট হইল, এবং সেই স্থানের নাম পেরস্-উষঃ (উষের আঘাত স্থান) রাখিল; অদ্যাপি তাহার সেই নাম আছে। ১২ এবং দায়ূদ্ ঐ দিবসে পরমেশ্বরহইতে ভীত হইয়া কহিল, তবে ঈশ্বরের সিন্দুক কি প্রকারে আমার নিকটে ১৩ আনিব? পরে দায়ূদ্ দায়ূদ্নগরে আপনার নিকটে সিন্দুক না আনিয়া পার্শ্বস্থ গাতীয় ওবেদ্-ইদোমের ১৪ বাটীতে লইয়া রাখিল। তাহাতে ঈশ্বরের সিন্দুক ওবেদ্-ইদোমের বাটীতে অর্থাৎ তাহার গৃহে তিন মাস থাকিলে পরমেশ্বর ওবেদ্-ইদোমের ও তাহার সর্ব্বস্বের মঙ্গল করিলেন।

১৪ অধ্যায়।

১ দায়ূদের প্রতি হীরমের অনুগ্রহ ৩ ও দায়ূদের পুত্রগণের নাম ৮ ও পিলেষ্টীয়দিগকে দুই বার জয় করণ।

১ পরে সোরের রাজা হীরম্ অট্টালিকা নির্ম্মাণ করিতে দায়ূদের নিকটে এরস্ বৃক্ষ ও রাজ ও সূত্রধর লোককে ২ দূতদ্বারা প্রেরণ করিল। তাহাতে আপন ইস্রায়েল্ বংশের নিমিত্তে আমার রাজ্যের উন্নতি হইলে পরমেশ্বর ইস্রায়েলের উপরে আমাকে রাজা স্থির করিলেন, ইহা দায়ূদ্ বুঝিল।

৩ অপর দায়ূদ্ যিরূশালমে অন্য ভার্য্যা গ্রহণ করিল, ৪ তাহাতে দায়ূদের আরো পুত্র ও কন্যা জন্মিল। যিরূ- ৫ শালমে শম্মূয় ও শোবব্ ও নাথন্ ও সুলেমান্, ও ৬ যিভর্ ও ইলীশূয় ও ইল্পেলট্ ও নোগহ ও নেফগ্ ও ৭ যাফিয়, ও ইলীশামা ও বীলিয়াদা † ও ইলীফেলট্ নামে তাহার এই সকল পুত্র জন্মিল।

৮ পরে দায়ূদ্ তাবৎ ইস্রায়েল্ বংশের উপরে রাজ্যাভিষিক্ত হইল, এই কথা শুনিয়া তাবৎ পিলে- ৯ ষ্টীয়েরা দায়ূদের অন্বেষণে আইল, এবং দায়ূদ্ তাহা শুনিয়া তাহাদের বিরুদ্ধে বহির্গমন করিলে পিলেষ্টীয়েরা আসিয়া রিফায়ীম্ তলভূমিতে বিস্তারিত ১০ হইল। পরে দায়ূদ্ ঈশ্বরকে জিজ্ঞাসা করিল, আমি কি পিলেষ্টীয়দের নিকটে যাইব? তুমি কি আমার হস্তে তাহাদিগকে সমর্পণ করিবা? তাহাতে পরমেশ্বর তাহাকে কহিলেন, যাও, আমি তাহাদিগকে তোমার হস্তে সমর্পণ করিব। ১১ অপর তাহারা বাল্পিরাসীমে আইলে দায়ূদ্ সেই স্থানে তাহাদিগকে প্রহার করিল; পরে দায়ূদ্ কহিল, ঈশ্বর আমার হস্তদ্বারা আমার শত্রুগণকে স্রোতভঙ্গের ন্যায় ভগ্ন করিলেন, এই জন্যে সেই স্থানের নাম বাল্পিরাসীম্ (দেবতার ভগ্ন স্থান) রাখিল। ১২ পরে তাহারা আপনাদের প্রতিমাগণকে পরিত্যাগ করিলে লোকেরা দায়ূদের আজ্ঞানুসারে তাহাদিগকে অগ্নিতে দগ্ধ করিল।

১৩ পরে পিলেষ্টীয়েরা পুনর্ব্বার আসিয়া সেই তল- ১৪ ভূমিতে বিস্তারিত হইল। তাহাতে দায়ূদ্ ঈশ্বরকে জিজ্ঞাসা করিলে তিনি কহিলেন, তুমি তাহাদের পশ্চাতে যাইও না, কিন্তু তাহাদের হইতে ঘুরিয়া আসিয়া বাকা ‡ স্থানের সম্মুখে তাহাদিগকে আক্রমণ করিবা। ১৫ তুমি বাকার ‡ উচ্চস্থানে গমনের শব্দ শুনিলে যুদ্ধ করিতে যাইবা; তাহাতে ঈশ্বর পিলেষ্টীয়দের সৈন্য বধ করণার্থে তোমার সম্মুখে অগ্রসর হইবেন। ১৬ পরে দায়ূদ্ পরমেশ্বরের আজ্ঞানুসারে কর্ম্ম করিয়া গিবিয়োন্হইতে ‖ গেষরে উপস্থিত হওন পর্য্যন্ত তাবৎ ১৭ পিলেষ্টীয়দিগকে বধ করিল। তাহাতে দায়ূদের কীর্ত্তি তাবৎ দেশ ব্যাপিল, এবং পরমেশ্বরদ্বারা অন্যদেশীয় লোক সকল তাহার প্রতি সভয় হইল।

১৫ অধ্যায়।

১ নিয়মসিন্দুক আনিতে লেবিদিগকে ও যাজকদিগকে দায়ূদের নিযুক্ত করণ ১১ এবং সাদোক্ ও অবিয়াথর্ প্রভৃতিকে আজ্ঞা দেওন ১৬ ও অন্য লেবীয় গায়ককে নিযুক্ত করণ ২৫ ও সিন্দুক আনয়ন ২৯ ও মীখলের দায়ূদ্‌কে তুচ্ছ করণ।

১ পরে দায়ূদ্ দায়ূদ্নগরে আপনার জন্যে গৃহ নির্ম্মাণ করাইল, এবং ঈশ্বরের সিন্দুকের জন্যে স্থান প্রস্তুত করিল, ও তাহার নিমিত্তে আবাস বিস্তার করিল।

২ অপর দায়ূদ্ আজ্ঞা করিল, লেবীয় ব্যতিরেকে ঈশ্বরের সিন্দুক বহন করিতে আর কাহারো অধিকার নাই; কেননা ঈশ্বরের সিন্দুক বহিতে ও নিত্য তাঁহার সেবা করিতে পরমেশ্বর কেবল তাহাদিগকে মনোনীত ৩ করিয়াছেন। পরে দায়ূদ্ ঈশ্বরের সিন্দুকের জন্যে যে স্থান নির্ম্মাণ করিয়াছিল, সেই স্থানে তাহা আনিবার জন্যে তাবৎ ইস্রায়েল্‌কে যিরূশালমে একত্র করিল। ৪ এবং দায়ূদ্ হারোণ্ বংশকে ও লেবীয় বংশকে একত্র ৫ করিল। কিহাৎ বংশের মধ্যে প্রধান ঊরীয়েল্, ও ৬ তাহার এক শত বিংশতি ভ্রাতা। এবং মিরারি বংশের মধ্যে প্রধান অসায়, ও তাহার এক শত বিংশতি ৭ ভ্রাতা। আর গেশোন্ বংশের মধ্যে প্রধান যোয়েল্,

[১০] গী ৪; ১৫। ১ শি ৬; ১১॥—[১২] ১ শি ৬; ২০॥
[১৪ অধ্যা; ১,২] ২ শি ৫; ১১, ১২॥—[৩-৭] ২ শি ৫; ১৩-১৬। ১ বং ৩; ৫-৭॥—[৮-১২] ২ রা ৫; ১৭-২১॥
[১৩-১৭] ২ শি ৫; ২২-২৫॥
[১৫ অধ্যা; ১] ১ বং ১৩; ১৩,১৪। ১৬; ১॥—[২] গী ৪; ১৫। ৮; ১৪-১৯॥—[৩] ১ বং ১৩; ৫॥—[৪-১০] ৬; ১,২॥

* (বা) নাখোনের। † (বা) ইলীয়াদা। ‡ (বা) তুতবৃক্ষ। ‖ (বা) গবাহইতে।

৮ ও তাহার এক শত ত্রিংশৎ ভ্রাতা। এবং ইলীষাফন্ বংশের মধ্যে প্রধান শিময়িয়, ও তাহার দুই শত ৯ ভ্রাতা। এবং হিব্রোণ্ বংশের মধ্যে প্রধান ইলীয়েল্ ১০ ও তাহার আশী জন ভ্রাতা। এবং উষীয়েল্ বংশের মধ্যে প্রধান অম্মীনাদব্, ও তাহার এক শত বারো ভ্রাতা।

১১ পরে দায়ূদ্ সাদোক্ ও অবিয়াথর্ যাজককে ও লেবিদিগকে, অর্থাৎ উরীয়েল্কে ও অসায়কে ও যোয়েল্কে ও শিময়িয়কে ও ইলীয়েল্কে ও অম্মীনাদব্কে ডাকিয়া ১২ তাহাদিগকে কহিল, আমি ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের সিন্দুকের জন্যে যে স্থান প্রস্তুত করিয়াছি, সে স্থানে তাহা আনিবার জন্যে লেবি পিতৃবংশের প্রধান যে তোমরা তোমরা ও তোমাদের ভ্রাতারা আপনা- ১৩ দিগকে পবিত্র কর। কেননা তোমরা অগ্রে তাহা কর নাই, এই জন্যে আমাদের প্রভু পরমেশ্বর আমাদের মধ্যে ভগ্নতা করিলেন, কারণ আমরা বিধিমতে ১৪ তাঁহার চেষ্টা করি নাই। পরে যাজকেরা ও লেবীয়েরা ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের সিন্দুক আনিতে ১৫ আপনাদিগকে পবিত্র করিল। এবং লেবি বংশ মূসার উক্ত পরমেশ্বরের বাক্যানুসারে সাইঙ্গদ্বারা আপন স্কন্ধে ঈশ্বরের সিন্দুক বহন করিল।

১৬ দায়ূদ্ লেবীয়দের প্রধানদিগকে আরও কহিল, তোমরা নবল ও বীণা ও করতাল ইত্যাদি বাদ্যের শব্দ ও আনন্দধ্বনি করিতে আপনাদের ভ্রাতৃগণকে ১৭ গায়কপদে নিযুক্ত কর। তাহাতে লেবীয়েরা যোয়েলের পুত্র হেমন্কে ও তাহার ভ্রাতাদের মধ্যে বেরিখিয়ের পুত্র আসফ্কে ও তাহাদের ভ্রাতা যে মিরারি বংশ, তাহাদের মধ্যে কূশায়ার পুত্র এথন্কে নিযুক্ত করিল। ১৮ এবং তাহাদের সহিত তাহাদের দ্বিতীয় পদস্থ ভ্রাতাদিগকে, অর্থাৎ সিখরিয় ও বিন্ ও যাসীয়েল্ ও শিমীরামোৎ ও যিহীয়েল্ ও উন্নি ও ইলীয়াব্ ও বিনায় ও মাসেয় ও মত্তথিয় ও ইলীফিলেহূ ও মিগ্নেয় ও ওবেদ্-ইদোম্ ও যিয়ূয়েল্, এই সকল দ্বারপালকে নিযুক্ত ১৯ করিল। অতএব হেমন্ ও আসফ্ ও এথন্ গায়ক পিত্ত- ২০ লের করতালের ধ্বনি করিতে; ও সিখরিয় ও অসীয়েল্ ও শিমীরামোৎ ও যিহীয়েল্ ও উন্নি ও ইলিয়াব্ ও মাসেয় ২১ ও বিনায় অলামোতে নবল বাজাইতে; এবং মত্তথিয় ও ইলীফিলেহূ ও মিগ্নেয় ও ওবেদ্-ইদোম্ ও যিয়ূয়েল্ ও অসসিয় শিমিনীতে জয়ধ্বনি করিতে ও বীণা বাজা- ২২ ইতে নিযুক্ত ছিল। এবং লেবীয়দের মধ্যে প্রধান যে কিননিয়, সে গান করণে নিপুণ ছিল, অতএব সে গান ২৩ বিষয়ে আজ্ঞা দিত। এবং বেরিখিয় ও ইল্কানা সিন্দু- ২৪ কের দ্বাররক্ষক ছিল। এবং ঈশ্বরের সিন্দুকের সম্মুখে শিবনিয় ও যিহোশাফট্ ও নিথনেল্ ও অমাসয় ও সিখরিয় ও বিনায় ও ইলীয়েষর্ তূরী বাজাইত, এবং ওবেদ্‌ইদোম ও যিহিয় সিন্দুকের দ্বাররক্ষক ছিল।

২৫ পরে দায়ূদ্ ও ইস্রায়েলের প্রাচীন লোকেরা ও সহস্রপতিরা আনন্দ করিয়া ওবেদ্-ইদোমের গৃহহইতে পরমেশ্বরের নিয়মসিন্দুক আনিতে গেল। এবং ২৬ ঈশ্বর পরমেশ্বরের নিয়মসিন্দুক বাহক লেবিদিগের উপকার করিলে তাহারা সাত বলদ ও সাত মেষ উৎসর্গ করিল। এবং দায়ূদ্ ও সিন্দুকবাহক লেবী- ২৭ য়েরা ও গায়কেরা ও গায়কদের সহিত গানের কর্ত্তা কিননিয় মসীনার বস্ত্র পরিহিত ছিল, এবং দায়ূদের গাত্রে মসীনা বস্ত্রের এক এফোদ্ ছিল। এই প্রকারে ২৮ উচ্চৈঃস্বরে শৃঙ্গ ও তূরী ও করতাল ও নবল ও বীণা বাজাইয়া তাবৎ ইস্রায়েল্ লোক পরমেশ্বরের নিয়মসিন্দুক আনিল।

২৯ পরে দায়ূদ্নগরে পরমেশ্বরের সিন্দুকের প্রবেশ সময়ে শৌলের কন্যা মীখল্ বাতায়ন দিয়া নিরীক্ষণ করিয়া দায়ূদ্ রাজাকে লম্ফ দিতে ও নৃত্য করিতে দেখিয়া মনে ২ তাহাকে তুচ্ছ করিল।

১৬ অধ্যায়।

১ দায়ূদের যজ্ঞ কর্ম্ম ৪ ও গায়কগণকে নিযুক্ত করণ ৭ ও প্রশংসার গীত ৩৭ ও সেবক ও বাহক ও যাজক ও বাদ্যকরদিগকে নিযুক্ত করণ।

১ পরে লোকেরা ঈশ্বরের সিন্দুক ভিতরে আনিয়া দায়ূদ্ তাহার জন্যে যে আবাস প্রস্তুত *করিয়াছিল, তাহার মধ্যে স্থাপন করিল, এবং ঈশ্বরের সাক্ষাতে হোমবলি ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিল। এবং ২ হোমবলি ও মঙ্গলার্থক বলি উৎসর্গ সাঙ্গ করিলে পর দায়ূদ্ পরমেশ্বরের নামে লোকদিগকে আশীর্ব্বাদ ৩ করিল। এবং তাবৎ ইস্রায়েল্ লোকের মধ্যে যেমন প্রত্যেক পুরুষকে, তদ্রূপ প্রত্যেক স্ত্রীকেও এক ২ রুটী ও এক ২ পাত্র দ্রাক্ষারস † ও এক ২ উড়ুম্বর চাক ‡ পরিবেশন করিল।

৪ অপর সে পরমেশ্বরের সিন্দুকের সম্মুখে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের স্মরণ ও ধন্যবাদ ও স্তব ইত্যাদি সেবা করিতে লেবীয়দের কএক জনকে নিযুক্ত করিল। ৫ তাহাদের মধ্যে প্রধান আসফ্, দ্বিতীয় সিখরিয়, অপর যিয়ূয়েল্ ও শিমীরামোৎ ও যিহীয়েল্ ও মত্তথিয় ও ইলীয়াব্ ও বিনায় ও ওবেদ্-ইদোম্ ছিল, এবং যিয়ূয়েল নবল ও বীণা বাজাইত, এবং আসফ্ করতাল ৬ বাজাইত। এবং বিনায় ও যহসীয়েল্ যাজক ঈশ্বরের নিয়মসিন্দুকের সম্মুখে নিত্য ২ তূরী বাজাইত।

৭ আর সেই দিনে দায়ূদ্ পরমেশ্বরের ধন্যবাদ করিতে

[৮] যা। ৬ ; ২২ ।।—[১২] গ ৮ ; ১৪,১৫ ।।—[১৩] ১ বং ১৩ : ৭ ।।—[১৫] প ২ ।।—[১৭] ৬ ; ৩৩,৩৯,৪৪ ।।—[২৪] গ ১০ ; ২ । গী ৮১ ; ৩ ।।—[২৫] ২ শি ৬ ; ১২,১৩ ।।—[২৮] ১ বং ১৩ ; ৮ ।।—[২৯] ২ শি ৬ ; ১৬ ।।
[১৬ অধ্য ; ১-৩] ২ শি ৬ ; ১৭-১৯ ।।—[১] ১ বং ১৫ ; ১ ।।

* (ইব্রী) বিস্তার। † (বা) মাংস খণ্ড। ‡ (বা) পাত্র দ্রাক্ষারস।

আসফের ও তাহার ভ্রাতাদের হস্তে প্রথমে এই গীত সমর্পণ করিল।

৮ পরমেশ্বরের প্রশংসা কর ও তাঁহার নামে প্রার্থনা কর, ও লোকদের কাছে তাঁহার আশ্চর্য্য ক্রিয়ার ৯ প্রকাশ কর। তাঁহার উদ্দেশে গান কর, ও তাঁহার উদ্দেশে গীত গাও, ও তাঁহার আশ্চর্য্য কর্ম্ম সকল ১০ মনেতে ধ্যান কর। তাঁহার পবিত্র নামের শ্লাঘা কর; ও পরমেশ্বরের অন্বেষণকারিদের অন্তঃকরণ সর্ব্বদা আন- ১১ ন্দযুক্ত থাকুক। পরমেশ্বরের ও তাঁহার শক্তির অন্বে- ১২ ষণ কর ও সর্ব্বদা তাঁহার মুখের অন্বেষণ কর। হে তাঁ- হার সেবক ইস্রায়েলের বংশ, হে তাঁহার মনোনীত যা- ১৩ কূবের বংশ, তাঁহার কৃত আশ্চর্য্য কর্ম্ম সকল ও তাঁহার অদ্ভুত লক্ষণ ও তাঁহার মুখের দণ্ডাজ্ঞা স্মরণ কর।

১৪ পরমেশ্বর আমাদের প্রভু হন; তাবৎ পৃথিবীতে ১৫ তাঁহার রাজশাসন আছে। তিনি আপন নিয়ম, অর্থাৎ সহস্র পুরুষ পরম্পরাকে যে আজ্ঞা করিয়াছেন, ও ১৬ ইব্রাহীমের সহিত যে নিয়ম করিয়াছেন, ও ইস্‌হাকের সহিত যে [illegible] করিয়াছেন, তাহা সর্ব্বদা স্মরণ ১৭ কর। তিনি যাকূবের সহিত এক ব্যবস্থা ও ইস্রায়েলের সহিত এক চিরস্থায়ি নিয়ম স্থির করিয়া কহিলেন, ১৮ আমি তোমাকে মনোনীত* অধিকার কিনান্‌দেশ দিব। ১৯ তৎকালে তাহারা† সংখ্যাতে অনেক নয়, অত্যল্প ও ২০ বিদেশী ছিল; এবং এক দেশহইতে অন্য দেশে ও এক ২১ রাজ্যহইতে অন্য রাজ্যে ভ্রমণ করিল। তথাপি তিনি তাহাদের উপদ্রব করিতে কাহাকেও দিলেন না, বরং তাহাদের নিমিত্তে রাজগণকে অনুযোগ করিয়া কহি- ২২ লেন, আমার অভিষিক্তগণকে স্পর্শও করিও না, এবং আমার ভবিষ্যদ্বক্তৃগণের কিছু মন্দ করিও না।

২৩ হে পৃথিবীস্থ লোক সকল, পরমেশ্বরের উদ্দেশে গান ২৪ কর ও তাঁহার কৃত পরিত্রাণ দিনে ২ প্রকাশ কর। এবং অন্য দেশীয়দের মধ্যে তাঁহার গৌরবের, ও তাবৎ লোকের নিকটে তাঁহার আশ্চর্য্য ক্রিয়ার বর্ণনা কর। ২৫ পরমেশ্বর মহান্‌ ও অতি প্রশংসনীয় ও তাবদ্দেবতা ২৬ অপেক্ষা ভয়ার্হ। অন্য দেশীয়দের দেবতা সকল নগণ্যের মধ্যে, কিন্তু পরমেশ্বর আকাশের সৃষ্টিকর্ত্তা, ২৭ এবং প্রশংসা ও সমাদর তাঁহার অগ্রবর্ত্তী ও তাঁহার ২৮ বাসস্থানে শক্তি ও সৌন্দর্য্য থাকে। হে মনুষ্যসন্তানবর্গ, তোমরা পরমেশ্বরের প্রশংসা কর ও পরমেশ্বরের ২৯ মহিমা ও পরাক্রমের প্রশংসা কর। এবং পরমেশ্বরের নামের মহিমার প্রশংসা কর, ও নৈবেদ্য সঙ্গে লইয়া তাঁহার সাক্ষাতে উপস্থিত হও, ও পবিত্র আদরেতে ৩০ পরমেশ্বরকে প্রণাম কর। হে পৃথিবীস্থ লোক সকল, তাঁ- হার সাক্ষাতে ভীত হও। তিনি এমন রূপে জগতের স্থিতি করেন, যে সে কদাচ বিচলিত হইবে না। অতএব স্বর্গীয় ৩১ লোকেরা আনন্দ করুক, ও পৃথিবীস্থ লোকেরা উল্লা- সিত হউক, এবং পরমেশ্বর রাজত্ব করেন, ইহা তাবৎ লোকের মধ্যে কহুক। এবং সমূদ্র ও তন্মধ্যস্থ সকল ৩২ গর্জ্জন করুক, এবং ক্ষেত্র ও ক্ষেত্রস্থিত সকল আহ্লা- দিত হউক; ও বনস্থ বৃক্ষগণ পরমেশ্বরের সাক্ষাতে ৩৩ উচ্চধ্বনি করুক; তিনি পৃথিবীর বিচার করিতে আসি- তেছেন। পরমেশ্বরের প্রশংসা কর, কেননা তিনি ৩৪ মঙ্গলদাতা, ও তাঁহার অনুগ্রহ চিরস্থায়ী। এবং এই ৩৫ কথা কহ, হে আমাদের প্রভো পরমেশ্বর, আমরা যেন তোমার পবিত্র নামের ধন্যবাদ ও তোমার প্রশংসাতে শ্লাঘা করি, তন্নিমিত্তে আমাদিগকে ত্রাণ কর ও অন্য দেশীয়দের মধ্যহইতে সংগ্রহ করিয়া উদ্ধার কর। ইস্রায়েলের প্রভু পরমেশ্বর আদ্যন্ত পর্য্যন্ত ধন্য হউন; ৩৬ পরে সকল লোক কহিল, এমনি হউক, ও পরমেশ্বরের ধন্যবাদ করিল।

আর প্রতি দিনের প্রয়োজনানুসারে সিন্দুকের সম্মুখে ৩৭ নিত্য সেবার্থে আসফ্‌ ও ওবেদ্‌-ইদোম্‌ ও তাহাদের ৩৮ আটষট্টি ভ্রাতৃগণ পরমেশ্বরের নিয়মসিন্দুকের সম্মুখে থাকিল; এবং যিদূথূনের পুত্র ওবেদ্‌-ইদোম্‌ ও হোষা দ্বারপালক ছিল। এবং পরমেশ্বর ইস্রায়েলের কাছে ৩৯ যে ২ ব্যবস্থা আজ্ঞা করিয়াছিলেন, তাহার তাবৎ লিখনানুসারে, বিশেষতঃ প্রতি প্রাতঃকালে ও সন্ধ্যা- কালে, হোমবেদির উপরে পরমেশ্বরের উদ্দেশে হোম করিতে সাদোক্‌ যাজক ও তাহার যাজক ভ্রাতৃগণ গিবি- ৪০ য়োনস্থ উচ্চস্থানে পরমেশ্বরের আবাসের সম্মুখে থা- কিল। এবং পরমেশ্বরের অনুগ্রহ নিত্যস্থায়ী, এই ৪১ জন্যে তাঁহার ধন্যবাদ করিতে তাহাদের সহিত হেমন্‌ ও যিদূথূন্‌ ও যাহাদের নাম লিখিত হইল, এমত অবশিষ্ট মনোনীত লোকেরা থাকিল। এবং শব্দ ও ৪২ ঈশ্বরীয় বাদ্য যন্ত্র তূরী ও করতাল বাজাইতে হেমন ও যিদূথূন্‌ থাকিল। এবং যিদূথূনের পুত্রগণ দ্বারপাল ৪৩ হইল; পরে তাবৎ লোক প্রস্থান করিয়া আপন ২ স্থানে গেল; এবং দায়ূদ্‌ আপন পরিজনদিগকে আশীর্ব্বাদ করিতে গেল।

১৭ অধ্যায়।

১ মন্দির নির্ম্মাণ বিষয়ে নাথনের ও পরমেশ্বরের কথা এবং দায়ূদের বিষয়ক কথা ১৬ ও পরমেশ্বরের প্রতি দায়ূদের প্রার্থনা ও প্রশংসা।

পরে যে সময়ে দায়ূদ্‌ আপন গৃহে বসিতেছিল, সেই ১ সময়ে সে নাথন্‌ ভবিষ্যদ্বক্তাকে কহিল, এখন দেখ,

[৮-২২] গী ১০৫; ১-১৫॥—[১৬,১৭] আ ১৩; ১৫-১৭। ১৭; ১৮-২১। ২৬; ৩। ২৮; ১৩॥—[২০-২২] আ ১২; ১৭। ২০; ৩-৭। ২৬; ১১,২৮,২৯। ৩১; ২৯। ৩৩; ৪। ৩৪; ৩০। ৩৫; ৫॥—[২৩-৩৩] গী ৯৬॥—[৩৪] গী ১০৭; ১॥ [৩৫,৩৬] গী ১০৬; ৪৭,৪৮॥—[৩৯] গ ২৮। ২৯॥—[৪০] ১ ব ২১; ২৯। ২ বং ১; ৩॥—[৪১] গী ১৩৬॥—[৪৩] ২ শি ৬; ১৯,২০॥

* (ইব্রী) রজ্জু মাপিত। † (ইব্রী) তোমরা।

আমি এরস্ কাষ্ঠ নির্ম্মিত গৃহে বাস করিতেছি, কিন্তু পরমেশ্বরের নিয়মসিন্দুক ব্যবধানবস্ত্রের মধ্যে বাস ২ করে। তাহাতে নাথন্ দায়ূদকে কহিল, তুমি আপন মনে যাহা আছে, তাহাই কর; ঈশ্বর তোমার সঙ্গেই আছেন।

৩ অপর ঐ রাত্রিতে ঈশ্বরের এই বাক্য নাথনের ৪ নিকটে উপস্থিত হইল, তুমি যাইয়া আমার দাস দায়ূদ্‌কে কহ, পরমেশ্বর এই কথা কহেন, তুমি আমার বাসার্থে ৫ এক মন্দির নির্ম্মাণ করিবা না। আমি ইস্রায়েল্ বংশকে এই স্থানে আনয়ন দিবসাবধি অদ্য পর্য্যন্ত মন্দিরে বাস করি নাই, কিন্তু এক তাম্বুহইতে অন্য তাম্বুতে ও এক ৬ বাসস্থানহইতে অন্য বাসস্থানে গিয়াছি। তথাপি আমি ইস্রায়েল্ বংশের সহিত যত কাল ভ্রমণ করিলাম, তাহার কোন সময়ে, তোমরা আমার জন্যে এরস্ কাষ্ঠের গৃহ নির্ম্মাণ কর না কেন? আমার লোকদিগকে পালন করিতে যে বিচারকর্ত্তৃগণ আজ্ঞাপিত ছিল, সেই ইস্রায়েলীয় বিচারকর্ত্তৃগণের কাছে আমি ৭ কি এমন কথা কখন কহিয়াছি? এখন তুমি আমার দাস দায়ূদকে কহ, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমার লোক ইস্রায়েল্ বংশের উপরে রাজা করিবার জন্যে আমি তোমাকে মেষবাথানহইতে অর্থাৎ ৮ মেষের পশ্চাদ্‌গমনহইতে গ্রহণ করিলাম। এবং তুমি যে ২ স্থানে গমন করিলা, সেই সকল স্থানে তোমার সঙ্গে থাকিয়া তোমার সম্মুখহইতে তোমার সমস্ত শত্রুকে উচ্ছিন্ন করিলাম; এবং পৃথিবীস্থ মহল্লোকের ৯ নামের ন্যায় তোমার মহানাম করিলাম। তদ্ভিন্ন আমি আপন লোক ইস্রায়েল্ বংশের জন্যে এক স্থান নিরূপণ করিয়াছি; সেই নিজ স্থানে যেন তাহারা চিরকাল বাস করে, ও কখনো চালিত না হয়, এই জন্যে আমি তাহাদিগকে স্থাপন করিয়াছি; এবং দুষ্ট বংশেরা পূর্ব্বকালের ন্যায় তাহাদিগকে আর ক্লেশ দিবে না। ১০ যে অবধি আমার লোক ইস্রায়েল্ বংশের উপরে বিচারকর্ত্তৃত্বপদ স্থাপন করিলাম, তদবধি যে রূপ হইল, তদপেক্ষাও অধিক রূপে তোমার সমস্ত শত্রুদিগকে দমন করিলাম, এবং পরমেশ্বর তোমার জন্যে এক বংশ স্থাপন * করিবেন, এই কথাও কহিলাম।

১১ আর তুমি সম্পূর্ণায়ু হইয়া পিতৃলোকদের নিকটে গত হইলে আমি তোমার সন্তানজাত ভাবিবংশকে ১২ স্থাপিত করিব, ও তাহার রাজ্য স্থির করিব। সে আমার নিমিত্তে এক মন্দির নির্ম্মাণ করিবে, এবং আমি ১৩ তাহার রাজসিংহাসন চিরকাল স্থির করিব। এবং আমি তাহার পিতৃস্বরূপ হইব ও সে আমার পুত্রস্বরূপ হইবে। কিন্তু তোমার অগ্রগামিহইতে যেমন অনুগ্রহ লইলাম, তেমনি তোমাহইতে আমার অনুগ্রহ নীত ১৪ হইবে না। কিন্তু আমার গৃহে ও আমার রাজ্যে তাহাকে চিরকাল স্থির রাখিব, এবং তাহার সিংহা- ১৫ সনও সর্ব্বদা নিশ্চল হইবে। পরে নাথন্ এই সকল বাক্য ও স্বপ্ন দর্শনানুসারে দায়ূদকে কহিল।

১৬ তাহাতে দায়ূদ্ রাজা অন্তরে যাইয়া পরমেশ্বরের সম্মুখে বসিয়া কহিল, হে প্রভো পরমেশ্বর, আমি কে, ও আমার বংশ কে, যে তুমি আমাকে এ পর্য্যন্ত আনিয়াছ? ১৭ তথাপি, হে প্রভো, ইহা তোমার দৃষ্টিতে ক্ষুদ্র বিষয় হয়; কেননা, হে প্রভো পরমেশ্বর, তুমি আপন দাসের ভাবিবংশের বিষয়ে কথা কহিলা, ও আমাকে উচ্চপদস্থ লোকের সদৃশ জ্ঞান † করিলা। এতদ্ভিন্ন দায়ূদ্ ১৮ তোমার দাসের মর্য্যাদার বিষয়ে তোমাকে আর কি কহিতে পারে? তুমি আপন দাসকে জ্ঞাত আছ। হে ১৯ পরমেশ্বর, তুমি আপন দাসের জন্যে আপন অন্তঃকরণানুসারে এই সকল মহিমা প্রচার করিয়াছ, ও এই সকল মহৎ কার্য্য জ্ঞাত করিয়াছ। হে পরমেশ্বর, ২০ আমরা স্বকর্ণে যে রূপ শুনিয়াছি, তোমার সদৃশ কেহই নাই, তোমা ব্যতিরেকে আর কোন ঈশ্বরই নাই। আর ২১ তুমি মহৎ ও ভয়ঙ্কর কর্ম্মদ্বারা আপন নাম প্রকাশার্থে যে লোকদিগকে মিসর্‌দেশহইতে আনিয়া মুক্ত করিয়াছ, এবং অন্যদেশীয়দিগকে তাহাদের সম্মুখহইতে দূর করণার্থে ঈশ্বর যাইয়া যাহাদিগকে আপনার লোক হইবার জন্যে উদ্ধার করিয়াছেন, সেই তোমার লোক ইস্রায়েল্ বংশের তুল্য পৃথিবীতে আর কোন্ এক জাতি আছে? কেননা তুমি আপন ইস্রায়েল্ বংশকে ২২ আপনার চিরস্থায়ী লোক করিয়াছ, এবং হে পরমেশ্বর, তুমি তাহাদের প্রভু হইয়াছ। হে পরমেশ্বর, তুমি এখন ২৩ আপন দাসের ও তাহার বংশের বিষয়ে যে বাক্য কহিলা, তাহা নিরন্তর স্থিরীকৃত হউক; ও যেমন কহিলা, তদনুসারে কর। তাহা স্থিরীকৃত কর, এবং ইস্রা- ২৪ য়েলের ঈশ্বর যে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, তিনি ইস্রায়েল্ বংশের প্রভু, ও তোমার দাস দায়ূদের বংশ তোমার সাক্ষাতে চিরস্থায়ী, এই কথা কহিয়া আপনার নাম নিত্য গৌরবান্বিত কর। হে আমার প্রভো, আমি তোমার ২৫ বংশ বৃদ্ধি করিব, এই কথা তুমি আপন দাসের কর্ণগোচর করিলা; অতএব তোমার কাছে এই প্রার্থনা করিতে তোমার দাসের মনে সাহস হইতেছে। হে পরমেশ্বর, ২৬ তুমিই সত্য ঈশ্বর; তুমি আপন দাসের প্রতি মঙ্গলপ্রতিজ্ঞা করিলা। এখন তোমার দাসের বংশ যেন তোমার ২৭ সাক্ষাতে স্থিরীকৃত হয়, এই জন্যে আপন দাসের বংশে আশীর্ব্বাদ করিতে সম্মত হও, কেননা হে পরমেশ্বর, তুমি আশীর্ব্বাদ করিলে সে নিত্য আশীর্ব্বাদ প্রাপ্ত হইবে।

[১৭ অধ্যা] ২ শি ৭।।—[২] ১ বং ১৪; ১।।—[৪-১২] ২২; ৭-১০। ২৮; ২-৭। ২ বং ৬; ৪-৯।।—[৭] ১ শি ১৬; ১১,১২।। [৮] ১ বং ১৪; ১৭। ১৮; ১৩।।—[৯,১০] বি ২; ১১-২৩। ১ শি ১৪; ৪৭।।—[১১-১৪] গাল ৩; ১৬। ১ বং ২৮; ৫-৭। গী ৮৯; ২৮-৩৭। গী ৭২। লূ ১; ২৭,৩২,৩৩।।—[১৩] (ইব্রি) ১; ৫।।—[২০-২২] দ্বি ৪; ৩১-৩৯।।—[২৪] প ১১-১৪।।

* (ইব্রি) গৃহ নির্ম্মাণ। † (ইব্রি) ব্যবস্থানুসারে দৃষ্টি।

১৮ অধ্যায়।

১ পিলেষ্টীয় ও মোয়াবীয় লোকদিগকে দায়ূদের দমন করণ ৩ ও হদদেষরকে ও অরামীয় লোককে জয় করণ ৯ ও দায়ূদের প্রতি তয়ি রাজা প্রভৃতির উপঢৌকন ১২ ও ইদোমীয়দিগকে জয় করণ ও দেশে দুর্গ স্থাপন ১৪ ও দায়ূদের অধ্যক্ষগণের নাম।

১ পরে দায়ূদ্ পিলেষ্টীয়দিগকে প্রহারদ্বারা বশীভূত করিয়া তাহাদের হইতে গাৎ ও তাহার উপনগর ২ হস্তগত করিল। এবং মোয়াবীয়দিগকে প্রহার করিল; তাহাতে মোয়াবীয়েরা দায়ূদের দাস হইয়া উপঢৌকন দ্রব্য আনিল।

৩ পরে যে সময়ে সোবার রাজা হদদেষর ফরাৎ নদীর নিকটস্থ আপন অধিকার * পাইতে গমন করে, ৪ তৎকালে দায়ূদ্ হমাতে তাহাকে পরাস্ত করিয়া তাহার এক সহস্র রথ ও সাত সহস্র অশ্বারূঢ় ও বিংশতি সহস্র পদাতিক হস্তগত করিয়া রথের অশ্বগণের পাদশিরা ছেদন করিল, কিন্তু তাহার মধ্যে এক শত রথ রাখিল। ৫ পরে দম্মেষকের অরামীয়েরা সোবার হদদেষর রাজার সাহায্য করিতে আইলে দায়ূদ্ অরামীয়দের বা- ৬ ইশ সহস্র লোককে বধ করিল। এবং দায়ূদ্ দম্মেষকের অধীন অরাম্ দেশে দুর্গ স্থাপন করিল; তাহাতে অরামীয়েরা দায়ূদের দাস হইয়া উপঢৌকন আনিল; এই প্রকারে দায়ূদ্ যে ২ স্থানে গেল, সর্ব্বত্র পরমেশ্বর তা- ৭ হাকে জয়ী করিলেন। এবং দায়ূদ্ হদদেষরের দাস- ৮ দের গাত্রস্থ স্বর্ণঢাল লইয়া যিরূশালমে আনিল। এবং দায়ূদ্ হদদেষরের অধিকারস্থ টিভৎ ও কূন্ নগরহইতে অনেক পিত্তল আনিল, পরে সুলেমান্ তাহাদ্বারা পিত্তলময় সমুদ্র ও স্তম্ভ ও পিত্তলময় পাত্র নির্ম্মাণ করিল।

৯ সেই সময়ে হদদেষরের সহিত তয়ির যুদ্ধ † ছিল; এবং দায়ূদ্ হদদেষরের সহিত যুদ্ধ করিয়া তা- ১০ হাকে পরাস্ত করিল; অতএব দায়ূদ্ হদদেষরের সমস্ত সৈন্যকে পরাস্ত করিয়াছে, এই কথা শুনিয়া হমাতের রাজা তয়ি দায়ূদ্ রাজার কল্যাণ জিজ্ঞাসা করিতে ও ধন্যবাদ দিতে রূপার ও স্বর্ণের ও পিত্তলের নানা প্রকার পাত্রের সহিত আপন পুত্র হদো- ১১ রামকে তাহার কাছে প্রেরণ করিল। তাহাতে দায়ূদ্রাজ যেমন ইদোম্ ও মোয়াব্ ও অম্মোন্ বংশ ও পিলেষ্টীয় ও অমালেক্ প্রভৃতি সমস্ত জাতিহইতে লুটিত রূপা ও স্বর্ণ উৎসর্গ করিয়াছিল, তেমনি সেই সকলি পরমেশ্বরের উদ্দেশে উৎসর্গ করিল।

১২ পরে সিরূয়ার পুত্র অবীশয় লবণপ্রান্তরে অষ্টাদশ ১৩ সহস্র ইদোমীয় লোকদিগকে বধ করিল। পরে সে ইদোমে দুর্গ স্থাপন করিল: এবং ইদোমীয় সকল লোক দায়ূদের দাস হইল; আর দায়ূদ্ যে ২ স্থানে গেল, সেই সকল স্থানে পরমেশ্বর তাহাকে জয়ী করিলেন।

১৪ এইরূপে দায়ূদ্ ইস্রায়েলের তাবৎ বংশের উপরে রাজত্ব করিয়া আপন সমস্ত লোকের প্রতি বিচার ও ন্যায় ব্যবহার করিল। ১৫ ঐ সময়ে সিরূয়ার পুত্র যোয়াব্ তাহার প্রধান সেনাপতি ছিল; এবং অহীলূদের পুত্র যিহোশাফট্ ইতিহাসকর্ত্তা ছিল। ১৬ এবং অহীটূবের পুত্র সাদোক্ ও অবিয়াথরের পুত্র অহীমেলক্ ‡ যাজক ছিল; এবং সিরায় ‖ তাহার লেখক ছিল। ১৭ ও যিহোয়াদার পুত্র বিনায় কিরেথীয়দের ও পিলেথীয়দের উপরে নিযুক্ত ছিল; এবং দায়ূদের পুত্রগণ রাজার প্রধান সভাসদ § ছিল।

১৯ অধ্যায়।

১ দায়ূদের দূতগণের বস্ত্র হানূনের ছেদন করণ ৬ ও অম্মোনীয় লোকদের পরাজিত হওন ১৬ ও তাহাদের উপকারি শোবকের পরাস্ত হওন।

১ ঘটনা ক্রমে অম্মোন্ বংশের নাহশ্ রাজা মরিলে তা- ২ হার পুত্র তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল। তাহাতে দায়ূদ্ কহিল, হানূনের পিতা নাহশ্ আমার প্রতি যেরূপ অনুগ্রহ করিয়াছিল, এখন আমিও হানূনের প্রতি তদ্রূপ অনুগ্রহ করিব; পরে দায়ূদ্ তাহার পিতৃবিষয়ে তাহাকে সান্ত্বনা করিতে দূতগণকে প্রেরণ করিল। ৩ কিন্তু দায়ূদের দাসগণ হানূন্‌কে সান্ত্বনা করিতে অম্মোন্ বংশের দেশে তাহার সাক্ষাতে উপস্থিত হইলে অম্মোন্ বংশের অধ্যক্ষগণ হানূন্‌কে কহিল, দায়ূদ্ তোমার নিকটে সান্ত্বনাকারিগণকে পাঠাইয়া কি তোমার পিতার সম্মান করিতেছে? তোমার ¶ কি এমন বোধ হয়? বরং তাহার দাসগণ কি দেশের অনুসন্ধান ও তত্ত্ব করিতে ও তাহা নষ্ট করিতে তোমার নি- ৪ কটে আইসে নাই? তাহাতে হানূন্ দায়ূদের দাসগণকে ধরিয়া তাহাদের শ্মশ্রু ক্ষৌর করাইল, ও তাহাদের নিতম্ব পর্য্যন্ত বস্ত্র কাটিয়া তাহাদিগকে বিদায় করিল। ৫ পরে কোন লোক যাইয়া এই মনুষ্যদের বৃত্তান্ত দায়ূদ্‌কে জ্ঞাত করিলে তাহাদের অতিশয় লজ্জা প্রযুক্ত রাজা তাহাদের সহিত সাক্ষাৎ করিতে লোক পাঠাইয়া এই আজ্ঞা করিল, যাবৎ তোমাদের শ্মশ্রুর বৃদ্ধি না হয়, তাবৎ তোমরা যিরীহো নগরে থাক, পরে ফিরিয়া আইস।

৬ অনন্তর আমরা দায়ূদের সম্মুখে ঘৃণিত হইলাম, অম্মোন্ বংশেরা ইহা দেখিল; অতএব হানূন্ ও

[১৮ অধ্য; ১,২] ২ শি ৮; ১, ২ ।।—[৩-৮] ২ শি ৮; ৩-৮ ।।—[৩] ১ বং ১৯; ১৬ ।।—[৮] ২ বং ৪; ২-১৭ ।।
[৯-১২] ২ শি ৮; ৯-১৩ ।।—[১২] গী ৬০ ।।—[১৩] ২ শি ৮; ১৪ ।।—[১৪] ২ শি ৮; ১৫ ।।—[১৫-১৭] ২ শি ৮; ১৬-১৮ ।।
[১৯ অধ্য; ১-৫] ২ শি ১০; ১-৫ ।।

* (ইব্রু) হস্ত, বা অঞ্চল, বা সৈন্য। † (ইব্রু) তয়ি যুদ্ধকারী প্রধান। ‡ (বা) অবীমেলক্। ‖ (ইব্রু) শবশ। § (ইব্রু) রাজার হস্তে ¶ (ইব্রু) তোমার দৃষ্টিতে এমন হয়?

অম্মোনের বংশ লোক প্রেরণ করিয়া অরাম্-নহরয়িম্ ও অরাম্‌মাখা ও সোবাহইতে বেতন দিয়া রথ ও অশ্বারূঢ়দিগকে লইতে এক সহস্র কিক্কর রূপা পাঠা-৭ইল। তাহাতে তাহারা বেতন দিয়া বত্রিশ সহস্র রথ ও মাখার রাজাকে ও তাহার লোকদিগকে নিযুক্ত করিল, এবং তাহারা আসিয়া মেদিবার সম্মুখে শিবির স্থাপন করিল, এবং অম্মোন্ বংশেরা আপন ২ নগরের মধ্যহইতে আপনারা একত্র হইয়া যুদ্ধেতে আইল। ৮ অপর দায়ূদ্ এই সমাচার পাইয়া যোয়াবকে ও তাবৎ ৯ বলবান সৈন্যকে তথায় প্রেরণ করিল। তাহাতে অম্মোন্ বংশেরা বাহিরে আসিয়া নগর প্রবেশস্থানে সৈন্য রচনা করিল, এবং আগত রাজগণ ক্ষেত্রে স্বতন্ত্র থাকিল। ১০ এই রূপে আপনার প্রতিকূলে বিপক্ষ সৈন্যগণের এক দল অগ্রে ও অন্য দল * পশ্চাতে থাকিল, ইহা দেখিয়া যোয়াব্ ইস্রায়েলের তাবৎ পরীক্ষিত † লোকহইতে লোক মনোনীত করিয়া লইয়া অরামীয়-১১দের বিরুদ্ধে ব্যূহ রচনা করিল। এবং অবশিষ্ট লোক-দিগকে আপন ভ্রাতা অবীশয়ের হস্তে সমর্পণ করিল; তাহাতে তাহারা অম্মোনীয়দের বিরুদ্ধে ব্যূহ রচনা ১২ করিল। এবং যোয়াব্ কহিল, যদি অরামীয়েরা আমার অপেক্ষা বলবান হয়, তবে তুমি আমার উপকার করিবা; এবং যদি অম্মোনীয়েরা তোমা অপেক্ষা বলবান হয়, তবে আমি তোমার উপকার করিব। ১৩ প্রবল সাহসী হও, আইস, আমরা আপনাদের লোক-দের ও আমাদের ঈশ্বরের নগরের জন্যে পুরুষত্ব প্রকাশ করি; পরমেশ্বর আপন দৃষ্টিতে যাহা ভাল ১৪ বোধ হয়, তাহাই করুণ। পরে যোয়াব্ ও তাহার সঙ্গি লোকেরা অরামীয়দের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলে তাহারা ১৫ তাহার অগ্রে ২ পলায়ন করিল। এবং অরামীয়েরা পলাইতেছে, ইহা দেখিয়া অম্মোন্ বংশেরাও তাহার ভ্রাতা অবীশয়ের অগ্রে ২ পলাইয়া নগরে প্রবেশ করিল; পরে যোয়াব্ যিরূশালমে গেল।

১৬ পরে আমরা ইস্রায়েল্ বংশের সম্মুখে পরাস্ত হই-তেছি, ইহা দেখিয়া অরামীয়েরা দূত প্রেরণ করিয়া ফরাৎ নদীর ওপারস্থ অরামীয়দিগকে ও তাহাদের অগ্রগামী হদদেষরের সেনাপতি শোবক্‌কে বাহির ১৭ করিয়া আনিল। পরে দায়ূদ্‌কে এই সমাচার কথিত হইলে সে ইস্রায়েলের সমস্ত বংশকে একত্র করিয়া যর্দ্দন্ নদী পার হইয়া তাহাদের নিকটে উপস্থিত হইয়া তাহাদের বিরুদ্ধে ব্যূহ রচনা করিল; তাহাতে দায়ূদ্ অরামীয় লোকদের বিরুদ্ধে ব্যূহ রচনা করিলে ১৮ তাহারা তাহার সহিত যুদ্ধ করিল। কিন্তু অরামীয়েরা ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে পলায়ন করিল; তাহাতে দায়ূদ্ অরামীয়দের সাত সহস্র রথ ও চল্লিশ সহস্র পদাতিক সৈন্যকে বিনষ্ট করিল, এবং তাহাদের সেনা-পতি শোবককে বধ করিল। পরে আমরা ইস্রায়েল্ ১৯ বংশের সম্মুখে পরাস্ত হইতেছি, ইহা দেখিয়া হদদে-ষরের দাসগণ দায়ূদের সহিত মিলন করিয়া তাহার সেবা করিতে লাগিল; অতএব অরামীয়েরা অম্মোন্ বংশের আর উপকার করিতে অসম্মত হইল।

২০ অধ্যায়।

১ দায়ূদের সৈন্যকর্তৃক রব্বানগর পরাস্ত হওন ৪ ও পিলে-ষ্টীয়দের তিন দীর্ঘকায় লোকের হত হওন।

১ সে বৎসর গত হইলে রাজবর্গের যুদ্ধযাত্রা সময়ে যো-য়াব্ সৈন্য লইয়া যাইয়া অম্মোন্ বংশের দেশ বিনষ্ট করিল, ও রব্বা নগরে গিয়া অবরোধ করিল, কিন্তু দায়ূদ্ যিরূশালমে থাকিল; পরে যোয়াব্ রব্বাকে আঘাত করিয়া বিনষ্ট করিল। পরে দায়ূদ্ রত্নশুদ্ধ ২ এক কিক্কর্ পরিমাণে ‡ স্বর্ণময় রাজমুকুট রাজার মস্তক-হইতে লইলে, তাহা দায়ূদের মস্তকে দত্ত হইল; এবং সে ঐ নগরহইতে প্রচুর ‖ লুটদ্রব্য বাহির করিয়া আনিল। পরে দায়ূদ্ তন্মধ্যবর্ত্তি লোকদিগকে বাহির ৩ করিয়া আনিয়া করাতের ও লৌহময় মযির ও কুড়ালির কর্ম্মে § নিযুক্ত করিল; দায়ূদ্ অম্মোন্ বংশের সমস্ত নগরের প্রতি এই রূপ করিল; পরে দায়ূদ্ ও তাহার তাবৎ লোক যিরূশালমে ফিরিয়া গেল।

৪ পরে গেষরে পিলেষ্টীয়দের সহিত সংগ্রাম উপস্থিত হইলে হূশাতীয় সিব্বিখয় ¶ ঐ বৃহৎকায়ের ** পুত্র ৫ সফ্‌কে †† বধ করিল। পুনর্ব্বার পিলেষ্টীয়দের সহিত যুদ্ধ আরম্ভ হইল, তাহাতে যায়ীরের ‡‡ পুত্র ইল্‌হানন্ তাঁতের নরাজের ন্যায় বড়শাধারি গাতীয় জালূতের ৬ লহমি ভ্রাতাকে বধ করিল। পরে গাতে আর এক যুদ্ধ হইলে সেস্থানে অতিদীর্ঘকায় এবং প্রতি হস্তে ও পদে ছয় অঙ্গুলি, সর্ব্ব শুদ্ধ চব্বিশ অঙ্গুলি বিশিষ্ট সেই ৭ বৃহৎকায়ের ** পুত্র এক জন ইস্রায়েল্ লোকের প্রতি স্পর্দ্ধা করিলে দায়ূদের ভ্রাতা শিময়ের পুত্র যোনাথন্ ৮ তাহাকে বধ করিল। এই চারি জন গাতের বৃহৎকায়ের † বংশ দায়ূদ্ ও তাহার দাসগণ কর্তৃক হত হইল।

২১ অধ্যায়।

১ দায়ূদের লোকদের গণনা করণ ৯ ও গাদের দ্বারা দায়ূ-দের প্রতি তিন দণ্ডের কথা কহন ১৪ ও সত্তরি সহস্র লোক হত হইলে যিরূশালমের জন্যে দায়ূদের প্রার্থনা ১৮ ও অরৌনার শস্য মর্দ্দন স্থানে অগ্নিদ্বারা দায়ূদ্‌কে উত্তর দেওন ২৮ ও সেই স্থানে যজ্ঞবেদি করণ ও মন্দির নির্ম্মাণ করিতে আজ্ঞা দেওন।

[৬-১৫] ২ শি ১০; ৬-১৪ ॥—[১৬-১৯] ২ শি ১০; ১৫-১৯ ॥

[২০ অধ্য; ১] ২ শি ১১,১ ॥—[২.৩] ২ শি ১২; ২৬-৩১ ॥—[৪-৮] ২ শি ২১; ১৮-২২ ॥

* (ইব্রী) যুদ্ধের মুখ। † (ইব্রী) মনোনীত। ‡ (ইব্রী) তৌলে। ‖ (ইব্রী) অতি বড়। § (বা) নীচে। ¶ (বা) সব্বিখয়। ** (বা) রাফার। †† (বা) সিপপয়কে। ‡‡ (বা) যারে-ওরিগীমের।

১ পরে শয়তান্ * ইস্রায়েল্ বংশের প্রতিকূলে উঠিয়া ইস্রায়েল্ বংশকে গণনা করিতে দায়ূদ্‌কে প্রবৃত্তি ২ দিল। পরে দায়ূদ্ যোয়াব্‌কে ও লোকদের প্রধান-দিগকে আজ্ঞা করিল, তোমরা বের্শেবা অবধি দান্ পর্য্যন্ত ইস্রায়েলের লোকদিগকে গণনা কর, এবং আমার নিকটে সমাচার আন, আমি তাহাদের সংখ্যা ৩ জানিব। তাহাতে যোয়াব্ কহিল, এখন যত লোক আছে, পরমেশ্বর তাহার শত গুণ আপন লোকদের বৃদ্ধি করুন, কিন্তু হে আমার প্রভো রাজন্, তাহারা সকলে কি আমার প্রভুর দাস নয়? তবে আমার প্রভু রাজা এ কর্ম্মেতে প্রবৃত্তিদ্বারা কেন ইস্রায়েলের দোষের ৪ মূল হইবেন? তথাপি রাজার কথা যোয়াবের কথা-হইতে প্রবল হইলে যোয়াব্ প্রস্থান করিয়া ইস্রায়েল্ দেশের সর্ব্বত্র গমনাগমন করিল; পরে যিরূশালমে ৫ প্রত্যাগমন করিল। অপর যোয়াব্ দায়ূদের নিকটে লোকদের গণনার সংখ্যা দিল; তাহাতে ইস্রায়েল্ বংশের খড়্গধারি এগার লক্ষ ও যিহূদা বংশের খড়্গধারি চারি লক্ষ সত্তরি সহস্র লোকের সংখ্যা ৬ ছিল। কিন্তু তাহাদের মধ্যে সে লেবীয়দিগকে ও বিন্যামীন বংশকে গণনা করিল না, কারণ যোয়াব্ ৭ রাজার ঐ আজ্ঞাকে ঘৃণ্য জ্ঞান করিল। অপর ঈশ্বর এই কার্য্যেতে অসন্তুষ্ট হইয়া † ইস্রায়েল্ বংশকে ৮ আঘাত করিলেন। পরে দায়ূদ্ ঈশ্বরকে কহিল, আমি এই কার্য্যদ্বারা মহাপাপ করিলাম, এখন বিনয় করি, আপন দাসের পাপ ক্ষমা কর; আমি অতিশয় অজ্ঞানের কর্ম্ম করিলাম।

৯ পরে পরমেশ্বর দায়ূদের প্রদর্শক গাদ্‌কে এই কথা ১০ কহিলেন; তুমি যাইয়া দায়ূদ্‌কে কহ, পরমেশ্বর এই কথা কহেন, আমি তোমার সম্মুখে তিন দণ্ড রাখি, তাহার একটা মনোনীত কর, আমি তাহাই তোমার ১১ প্রতি করিব। তাহাতে গাদ্ দায়ূদের নিকটে যাইয়া ১২ তাহাকে কহিল, পরমেশ্বর কহেন, তিন বৎসর দুর্ভিক্ষ; কিম্বা তিন মাস পর্য্যন্ত শত্রুদের খড়্গ তোমার পশ্চাৎ থাকিলে তাহাদের সম্মুখে তোমার বিনষ্ট হওন, কিম্বা তিন দিবস পর্য্যন্ত দেশে পরমেশ্বরের খড়্গরূপ মহামারীর অর্থাৎ ইস্রায়েলের তাবৎ দেশে বিনাশকারি দূতের ভ্রমণ; এই তিনের মধ্যে এক মনোনীত কর; যিনি আমাকে পাঠাইলেন, তাঁহার কাছে কি উত্তর ১৩ দিব? তাহা এখন বিবেচনা কর। তাহাতে দায়ূদ্ গাদ্‌কে কহিল, আমি বড় বিপদগ্রস্ত হইলাম, আমি এখন পরমেশ্বরের হস্তে পড়িতে চাহি, কেননা তাঁহার দয়া অনেক; কিন্তু মনুষ্যের হস্তে পড়িতে চাহি না।

১৪ পরে পরমেশ্বর ইস্রায়েল্ বংশের উপরে মহামারীকে প্রেরণ করিলেন, তাহাতে ইস্রায়েল্ বংশের সত্তরি সহস্র লোক মরিল। অপর ঈশ্বর যিরূশালম্ ১৫ বিনষ্ট করিতে যে দূতকে পাঠাইয়াছিলেন, সে বিনাশ করিতেছে, এমত সময়ে পরমেশ্বর অবলোকন করিয়া ও বিপদের জন্যে অনুতাপ করিয়া ঐ বিনাশক দূতকে কহিলেন, এই যথেষ্ট হইল, এখন হস্ত সঙ্কুচিত কর; তখন পরমেশ্বরের ঐ দূত যিবূষীয় অরৌনার ‡ শস্য-মর্দ্দন স্থানের নিকটে দণ্ডায়মান হইল। পরে দায়ূদ্ ঊর্দ্ধ ১৬ দৃষ্টি করিলে যিরূশালমের উপরে পৃথিবীর ও আকা-শের মধ্যপথে স্থিত নিষ্কোষ ও বিস্তৃত খড়্গহস্ত পর-মেশ্বরের দূতকে দেখিয়া দায়ূদ্ ও প্রাচীন লোকেরা চট পরিহিত হইয়া উবুড় হইয়া পড়িল। এবং দায়ূদ্ ঈশ্বরকে ১৭ কহিল, লোকদিগকে গণনা করিতে যে আজ্ঞা দিল, সে কি আমি নহি? আমিই পাপ করিলাম, ও আমিই দুষ্কর্ম্ম করিলাম, কিন্তু এই মেষগণ কি করিল? হে আমার প্রভো পরমেশ্বর, আমি বিনয় করি, বরং আমার ও আমার পিতৃবংশের বিরুদ্ধে হস্ত বিস্তার কর, কিন্তু আপনার লোকদিগকে প্রহার করিতে হস্ত বিস্তার করিও না।

১৮ পরে তুমি যাইয়া যিবূষীয় অরৌনার ‡ শস্যমর্দ্দন স্থানে পরমেশ্বরের এক যজ্ঞবেদি নির্ম্মাণ কর, এই কথা দায়ূদ্‌কে কহিতে পরমেশ্বরের দূত গাদ্‌কে আজ্ঞা ১৯ করিল। পরে দায়ূদ্ পরমেশ্বরের আজ্ঞানুসারে গাদের ২০ কথানুযায়ি গমন করিল। অরৌনা ‖ তৎকালে গোম মাড়িতেছিল; পরে ফিরিয়া দূতকে দেখিল, তাহাতে ২১ সে ও তাহার চারি পুত্র লুকাইল। পরে দায়ূদ্ অরৌ-নার ‡ নিকটে উপস্থিত হইলে সে দৃষ্টি করিয়া দায়ূদ্‌কে দেখিয়া শস্যমর্দ্দন স্থানহইতে বাহিরে যাইয়া ভূমিষ্ঠ ২২ হইয়া দায়ূদ্‌কে প্রণাম করিল। তখন দায়ূদ্ অরৌ-নাকে কহিল, তুমি এই শস্যমর্দ্দনস্থান আমাকে দেও; তুমি সম্পূর্ণ মূল্য লইয়া তাহা আমাকে দেও; তাহাতে লোকদের মধ্যে মহামারী যেন নিবৃত্ত হয়, এই জন্যে ২৩ আমি এই স্থানে যজ্ঞবেদি নির্ম্মাণ করিব। অরৌনা ‖ দায়ূদ্‌কে কহিল, লউন, আমার প্রভু রাজার যাহা ভাল বোধ হয়, তাহাই করুন; দেখ, হোমবলির নিমিত্তে বলদ ও কাষ্ঠের নিমিত্তে মেধিকাষ্ঠ, ও নৈবেদ্যের নিমিত্তে গোম, এ সকলি আমি তোমাকে ২৪ দিলাম। পরে দায়ূদ্ অরৌনাকে কহিল, তাহা নয়, কিন্তু আমি সম্পূর্ণ মূল্য দিয়া তোমার কাছে এই সকল ক্রয় করিব; আমি পরমেশ্বরের উদ্দেশে তোমার দ্রব্য উৎসর্গ করিব না, ও বিনা মূল্যের হোম বলিদান ২৫ করিব না। পরে দায়ূদ্ ছয় শত শেকল স্বর্ণ দিয়া ২৬ অরৌনার ‡ কাছে তাহা ক্রয় করিল। এবং দায়ূদ্ সেই স্থানে পরমেশ্বরের এক যজ্ঞবেদি নির্ম্মাণ করিয়া

[২১ অধ্যা; ১-৪] ২ শি ২৪; ১-৪ ॥—[৩] ১ বং ২৭; ২৩। আ ১৫; ৫॥—[৫-৮] ২ শি ২৪; ৫-১০ ॥—[৯-১৩] ২ শি ২৪; ১১-১৪ ॥—[১৪-১৭] ২ শি ২৪; ১৫-১৭ ॥—[১৮-২৭] ২ শি ২৪; ১৮-২৫ ॥—[২৩,২৪] আ ২৩; ১০-১৩ ॥—[২৬] লে ৯; ২৪। ১ রা ১৮; ৩৮। ২ বং ৭; ১॥

* (বা) এক বিঘ্নকারী। † (ইব্রী) ঈশ্বরের দৃষ্টিতে এই কার্য্য মন্দ হওয়াতে। ‡ (ইব্রী) অর্ণনের। ‖ (ইব্রী) অর্ণন।

হোমবলি ও মঙ্গলার্থক উপহার উৎসর্গ করিল, ও পরমেশ্বরের নামে প্রার্থনা করিল; পরে তিনি যজ্ঞবেদির উপরে স্বর্গহইতে আগত অগ্নিদ্বারা তাহাকে ২৭ উত্তর দিলেন। পরে পরমেশ্বর দূতকে আজ্ঞা করিলে সে আপন খড়্গ কোষে রাখিল।

২৮ এই রূপে পরমেশ্বর যিবূষীয় অরৌনার শস্যমর্দ্দন স্থানে তাহাকে উত্তর দিলেন, ইহা দেখিয়া দায়ূদ্ তদ- ২৯ বধি সেই স্থানে বলিদান করিতে লাগিল। কিন্তু মূসা প্রান্তরে পরমেশ্বরের যে আবাস নির্ম্মাণ করিয়াছিল, সেই আবাস ও হোমবেদি তখন গিবিয়োনস্থ উচ্চ- ৩০ স্থানে ছিল। এবং দায়ূদ্ ঈশ্বরের কাছে জিজ্ঞাসা করিতে তাঁহার সম্মুখে যাইতে পারিল না, কেননা সে পরমেশ্বরের দূতের খড়্গহইতে ভীত হইয়াছিল। পরে দায়ূদ্ কহিল, এই প্রভু পরমেশ্বরের মন্দির ও ইস্রায়েলের হোমবেদির স্থান হইবে।

২২ অধ্যায়।

১ মন্দির নির্ম্মাণার্থে দায়ূদের অনেক দ্রব্য প্রস্তুত করণ ৬ ও সুলেমানের প্রতি পরামর্শ ও আজ্ঞা ১৭ ও সুলেমানের উপকার করিতে অধ্যক্ষগণকে আজ্ঞা দেওন।

১ পরে দায়ূদ্ ইস্রায়েল্ দেশস্থ বিদেশীয়দিগকে একত্র ২ করিতে আজ্ঞা দিল; এবং ঈশ্বরের মন্দির নির্ম্মাণার্থে উপযুক্ত প্রস্তর কাটিতে ভাস্করদিগকে নিযুক্ত করিল। ৩ এবং দ্বারের কবাটের প্রেকের জন্যে ও কব্জার জন্যে অপরিমিত লৌহ ও অপরিমিত পিত্তল প্রস্তুত ৪ করিল। এবং অসংখ্য এরস্‌কাষ্ঠ প্রস্তুত করিল, কেননা সীদোনীয়েরা ও সোরীয়েরা দায়ূদের নিকটে অনেক ৫ এরস্ কাষ্ঠ আনিল। দায়ূদ্ কহিল, আমার পুত্র সুলেমান্ যুবা ও অপরিপক্ক, কিন্তু পরমেশ্বরের জন্যে যে মন্দির প্রস্তুত করা যাইবে, তাহা সকল দেশে বৃহত্ত্বে নামলব্ধ ও যশস্বি হইবে *; আমি এখন তাহার জন্যে আয়োজন করিব; পরে দায়ূদ্ মৃত্যুর পূর্ব্বে তাহার জন্যে বাহুল্যরূপে আয়োজন করিল।

৬ পরে দায়ূদ্ আপন পুত্র সুলেমান্‌কে ডাকিয়া ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের জন্যে মন্দির নির্ম্মাণ করা- ৭ ইতে আজ্ঞা করিল। এবং দায়ূদ্ সুলেমান্‌কে কহিল, হে আমার পুত্র, আমার প্রভু পরমেশ্বরের নামের উদ্দেশে মন্দির নির্ম্মাণ করিতে আমার মনস্থ হইলে, ৮ পরমেশ্বরের এই কথা আমার প্রতি উপস্থিত হইল, তুমি অনেক রক্তপাত করিয়াছ ও বড় যুদ্ধ করিয়াছ, এই জন্যে তুমি আমার উদ্দেশে মন্দির নির্ম্মাণ করিও না, কেননা পৃথিবীতে আমার সাক্ষাতে অনেক রক্ত- ৯ পাত করিয়াছ। কিন্তু তোমার এক পুত্র জন্মিবে, সে শান্ত মনুষ্য হইবে; আমি তাহাকে চতুর্দ্দিকস্থ শত্রুহইতে বিশ্রাম দিব, তাহার নাম সুলেমান্ (শান্ত) হইবে, ও তাহার অধিকার সময়ে আমি ইস্রায়েল্‌কে ১০ সন্ধি ও শান্তি দিব। সে আমার নামের উদ্দেশে মন্দির নির্ম্মাণ করাইবে; ও সে আমার পুত্র হইবে, ও আমি তাহার পিতা হইব, এবং ইস্রায়েলের উপরে তাহার ১১ রাজসিংহাসন চিরকাল স্থির করিব। হে আমার পুত্র, এখন পরমেশ্বর তোমার সহবর্ত্তী হউন, ও তুমি ভাগ্যবান হও; তিনি তোমার বিষয়ে যেমন কহিয়াছেন, তদনুসারে আপন প্রভু পরমেশ্বরের মন্দির নির্ম্মাণ কর। ১২ তদ্ভিন্ন ইস্রায়েলের উপরে কর্ত্তৃত্ব করিতে ও তোমার প্রভু পরমেশ্বরের আজ্ঞা পালন করিতে পরমেশ্বর ১৩ তোমাকে জ্ঞান ও বুদ্ধি দিউন। পরমেশ্বর ইস্রায়েলের বিষয়ে মূসাকে যে২ বিধি ও আজ্ঞা দিয়াছেন, সে সকল পালন করিতে যদি মনোযোগ কর, তবে তুমি ভাগ্যবান হইবা; অতএব শক্তিমান ও সাহসী হও, ভীত ও ১৪ নিরাশ হইও না। দেখ, আমি আপন দুঃখের সময়ে পরমেশ্বরের মন্দিরের জন্যে এক লক্ষ কিক্কর স্বর্ণ ও দশ লক্ষ কিক্কর রূপা ও অপরিমিত পিত্তল ও লৌহ প্রস্তুত করিয়াছি, কেননা তাহা অতি প্রচুর; এবং আমি কাষ্ঠ ও প্রস্তর প্রস্তুত করিয়াছি, তুমি আরো প্রস্তুত ১৫ করিতে পারিবা। এবং তোমার নিকটেও অনেক শিল্পকর আছে, অর্থাৎ ভাস্কর ও সূত্রধর ও সকল ১৬ প্রকার কর্ম্মে নিপুণ নানা লোক আছে। এবং স্বর্ণ ও রূপ্য ও পিত্তল ও লৌহ অসংখ্য আছে; অতএব উঠ, কর্ম্মের উদ্‌যোগ কর, পরমেশ্বর তোমার সহবর্ত্তী হউন।

১৭ পরে দায়ূদ্ আপন পুত্র সুলেমানের উপকার করিতে ইস্রায়েলের সকল অধ্যক্ষকে আজ্ঞা করিয়া ১৮ কহিল, তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদের সহবর্ত্তী হইয়া কি সর্ব্বদিগে তোমাদিগকে বিশ্রাম দেন নাই? তিনি দেশনিবাসি লোকদিগকে আমার হস্তগত করাতে পরমেশ্বরের ও তাঁহার লোকদের সম্মুখে দেশ ১৯ পরাজিত হইয়াছে। অতএব আপন প্রভু পরমেশ্বরের অন্বেষণ করিতে আপনাদের অন্তঃকরণ ও চিত্ত রাখ, এবং পরমেশ্বরের নামের উদ্দেশে যে মন্দির নির্ম্মাণ হইবে, তাহার মধ্যে পরমেশ্বরের নিয়মসিন্দুক ও ঈশ্বরের পবিত্র পাত্র আনিতে প্রভু পরমেশ্বরের পবিত্র স্থান প্রস্তুত কর।

২৩ অধ্যায়।

১ সুলেমানের রাজা হওন ২ ও লেবি বংশের বিভাগ ৭ ও গের্শোনীয় বংশের নাম ১২ ও কিহাতীয় বংশের নাম ২১ ও মিরারি বংশের নাম ২৪ ও লেবীয়দের কর্ম্ম।

[২৯] ১ রা০ ১৬; ৩৯, ৪০। ২ ব০ ১; ৩॥—[৩১] ২ ব০ ৩; ১॥

[২২ অধ্যা; ২] ১ রা ৯; ২০, ২১॥—[৩] প ১৪। ১ বং ১৮; ১১॥—[৪] ১৪; ১॥—[৫] ২৯; ১॥—[৭-১০] ১৭; ৪-১৪॥—[৮] ১৮; ১, ২, ৫, ১২। ২০; ৩। ২ শি ১২; ৯॥—[৯] ১ বং ২৮; ৫, ৬॥—[১০] ইব্রু ১; ৫॥—[১২] ১ রা ৩; ৯, ১২॥—[১৩] যি ১; ৭-৯॥—[১৪] প ৩, ৪॥—[১৬] প ১১॥—[১৮] প ৯॥

* (বা) তেজোময় নামের গৌরব প্রকাশ করিবে।

১ পরে দায়ূদ্ বৃদ্ধ ও সম্পূর্ণায়ু হইলে আপন পুত্র সুলেমান্‌কে ইস্রায়েলের উপরে রাজ্যাভিষিক্ত করিল।

২ সে যাজকদের ও লেবীয়দের সহিত ইস্রায়েলের ৩ অধ্যক্ষগণকে একত্র করিল। ঐ লেবীয়েরা ত্রিংশৎ ও ততোধিক বৎসর বয়স্ক ছিল, এবং তাহারা প্রত্যেকের মস্তকের গণনাতে আটত্রিশ সহস্র পুরুষ ৪ ছিল। (এবং দায়ূদ্ কহিল,) তাহাদের মধ্যে পরমেশ্বরের মন্দিরের কার্য্যাধ্যক্ষ চব্বিশ সহস্র লোক হউক, ৫ এবং শাসনকর্ত্তা ও বিচারকর্ত্তা ছয় সহস্র হউক। এবং দ্বারপাল চারি সহস্র হউক; ও আমি প্রশংসার্থে যে বাদ্য নির্ম্মাণ করিয়াছি, তাহাদ্বারা পরমেশ্বরের স্তব- ৬ কারি চারি সহস্র লোক হউক। এবং দায়ূদ্ গের্শোনে ও কিহাতে ও মিরারিতে, এই তিন লেবি বংশে পালা করিয়া দিল।

৭ ঐ গের্শোনীয়দের মধ্যে লাদন্ ও শিমিয়ি। এবং ৮ লাদনের তিন পুত্র; জ্যেষ্ঠ যিহীয়েল, ও অপর সেথম্ ৯ ও যোয়েল্। এবং শিমিয়ির তিন পুত্র, শিলোমীৎ ও হসীয়েল ও হারণ্; ইহারা লাদন্ বংশের প্রধান ১০ ছিল। এবং শিমিয়ির পুত্র যহৎ ও সীষ* ও যিয়ূশ্ ১১ ও বিরিয়; শিমিয়ির এই চারি পুত্র। ইহাদের মধ্যে জ্যেষ্ঠ যহৎ, ও দ্বিতীয় সীষ* ছিল, আর যিয়ূশের ও বিরিয়ের বহু সন্তান ছিল না, এ কারণ তাহারা পিতৃবংশানুসারে এক পত্রে গণিত ছিল।

১২ আর কিহাতের চারি সন্তান, অম্রাম্ ও যিষ্‌হর ও ১৩ হিব্রোণ্ ও উষীয়েল্। এবং অম্রামের পুত্র হারোণ্ ও মূসা; এই হারোণ্ ও তাহার পুত্রগণ অতি পবিত্রতাতে পবিত্র করিতে ও পরমেশ্বরের সম্মুখে ধূপ জ্বালাইতে ও সেবা করিতে ও তাঁহার নামে নিত্য আশীর্ব্বাদ ১৪ করিতে চিরকালের জন্যে পৃথক কৃত হইল। ঈশ্বরের লোক মূসার বংশাবলি; এই মূসার পুত্রগণ লেবি ১৫ বংশের মধ্যে গণিত ছিল। মূসার পুত্র গের্শোম্ ও ১৬ ইলীয়েষর্। এই গের্শোমের সন্তানদের মধ্যে শিবূ- ১৭ য়েল্ প্রধান ছিল। এবং ইলীয়েষরের সন্তানদের মধ্যে রিহবিয় প্রধান ছিল; এই ইলীয়েষরের আর পুত্র ছিল না, কিন্তু রিহবিয়ের অনেক ২ পুত্র ছিল। ১৮ এবং যিষ্‌হরের পুত্রদের মধ্যে শিলোমীৎ প্রধান ১৯ ছিল। এবং হিব্রোণের জেষ্ঠ পুত্র যিরিয়, ও দ্বিতীয় অমরিয়, ও তৃতীয় যিহসীয়েল, ও চতুর্থ যিকমিয়াম্। ২০ এবং উষীয়েলের জ্যেষ্ঠ পুত্র মীখা, ও দ্বিতীয় যিশিয়।

২১ আর মিরারির পুত্র মহলি ও মূশি; ও মহলির ২২ পুত্র ইলিয়াসর্ ও কীশ। ঐ ইলিয়াসর্ যখন মরিল, তখন তাহার পুত্র ছিল না, কেবল কন্যা ছিল; তাহাতে জ্ঞাতি কীশের পুত্রগণ তাহাদিগকে বিবাহ করিল। ২৩ এবং মূশির তিন পুত্র, মহলি ও এদর্ ও যিরেমোৎ।

২৪ আপন ২ পিতৃবংশানুসারে অর্থাৎ পিতৃবংশের প্রধান লোকানুসারে এই ২ লেবীয় লোক নামের ও মস্তকের সংখ্যাতে পালানুসারে পরমেশ্বরের মন্দিরের সেবার্থে বিংশতি বৎসর ও ততোধিক বৎসর বয়স্ক গণিত ছিল। ২৫ কেননা দায়ূদ্ কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর সর্ব্বদা যিরূশালম্‌বাসী হইয়া আপন লোকদিগকে বিশ্রাম দিয়াছেন। ২৬ এবং লেবীয়েরাও অদ্যাবধি পবিত্র তাম্বু কিম্বা সেবার্থক কোন পাত্র আর বহিবে না। ২৭ এই জন্যে দায়ূদের শেষ আজ্ঞাতে বিংশতি বৎসর ও ততোধিক বৎসর বয়স্ক লেবীয়েরা গণিত হইল। ২৮ এবং প্রাঙ্গণে ও কুঠরীতে ঈশ্বরের মন্দিরের সেবা বিষয়ে হারোণ্ বংশের উপকার † করিতে অর্থাৎ সকল পবিত্র বস্তু পরিষ্কার করিতে, এবং পরমেশ্বরের মন্দিরের পরিচর্য্যা করিতে; ২৯ এবং দর্শনরুটি ও নৈবেদ্য ও তাড়ীশূন্য পিষ্টক এবং পক্ব ও ভর্জ্জিত পিষ্টক, এই সকলের নিমিত্তে ময়দা প্রস্তুত করিতে, এবং সকল পরিমাণের ও তৌলের পরীক্ষা করিতে; ৩০ এবং প্রতি প্রাতঃকালে ও সন্ধ্যাকালে দণ্ডায়মান হইয়া পরমেশ্বরের প্রশংসা ও ধন্যবাদ করিতে; ৩১ এবং বিশ্রামবারে ও অমাবস্যাতে ও নিরূপিত উৎসবে সংখ্যানুসারে বিধিমতে পরমেশ্বরের সাক্ষাতে পরমেশ্বরের উদ্দেশে নিত্য সকল হোম করিতে; ৩২ এবং মণ্ডলীর আবাসের ও পবিত্র স্থানের নিরূপিত কার্য্য করিতে এবং পরমেশ্বরের মন্দিরের সকল সেবাতে তাহাদের ভ্রাতা হারোণ বংশের উপকার করিতে তাহাদের ভার ছিল।

২৪ অধ্যায়।

১ গুলিবাঁট্‌দ্বারা চব্বিশ অংশে হারোণ্ বংশের বিভাগ, ২০ কিহাৎ বংশের বিবরণ ২৬ ও মিরারির বংশের বিবরণ।

১ হারোণ্ বংশের পালা সকলের বিবরণ। হারোণের ২ পুত্র নাদব্ ও অবীহূ ও ইলিয়াসর্ ও ঈথামর্। তাহাদের মধ্যে নাদব্ ও অবীহূ আপনাদের পিতার অগ্রে মরিল, এবং তাহাদের সন্তান ছিল না, অতএব ইলিয়াসর ও ঈথামর্ যাজক কর্ম্ম করিতে পাইল। ৩ পরে সেবা কর্ম্মের যে পদ, তদনুসারে দায়ূদ্ ও ইলিয়াসর বংশজ সাদোক্, ও ঈথামর্ বংশজ অহীমেলক্ লোককে ভিন্ন ২ পদে নিযুক্ত করিল। ৪ এবং ঈথামরের সন্তানদের অপেক্ষা ইলিয়াসরের সন্তানদের মধ্যে অনেক প্রধান লোক হইলে, তাহারা তাহাদের মধ্যে এই রূপ বিভাগ করিল;

[২৩ অধ্য; ১] ১ রা ১; ৩২-৪০॥—[৩] গ ৪; ৩, ৪৭॥—[৪] দ্বি ১৬; ১৮॥—[৫] ১ বং ২৫; ৬॥—[৬] ৬; ১॥—[১২] ৬; ২॥—[১৩] যা ৬; ২০। ২৮; ১॥—[১৫] যা ২; ২২। ১৮, ৩,৪॥—[১৬,১৭] ১ বং ২৪; ২০,২১। ২৬; ২৪, ২৫॥—[১৮] ২৪; ২২॥—[১৯] ২৪; ২৩॥—[২০] ২৪; ২৪॥—[২১-২৩] ২৪; ২৬-৩০॥—[২৪] প ২৭। গ ১; ৩॥

[২৫] দ্বি ১২; ১০,১১॥—[২৬] গ ৪, ১৫॥—[২৮-৩২] গ ৮; ৫-২৬॥

[২৪ অধ্য; ১] ১ বং ৬; ৩॥—[২] লে ১০; ১,২। গ ৩; ৪॥

* (বা) সীন। † (ইব্রু) হস্ত।

ইলিয়াসরের বংশের মধ্যে আপন২ পিতৃবংশানুসারে ষোল জনকে, ও ঈথামরের বংশের মধ্যে পিতৃবংশা- ৫ নুসারে আট জনকে প্রাধান্যপদ দিল। তাহারা তাহাদিগকে অবিশেষে গুলিবাঁটদ্বারা বিভক্ত করিল, কেননা পবিত্র স্থানের অধ্যক্ষগণ ঈশ্বরের * অধ্যক্ষগণ ইলি- ৬ য়াসর্ বংশের ও ঈথামর্ বংশের মধ্যে হইল। এবং রাজার ও অধ্যক্ষদের ও সাদোক্ যাজকের ও অবিয়াথরের পুত্র অহীমেলক্ এবং যাজকদের ও লেবীয়দের পিতৃবংশের প্রধান লোকদের সাক্ষাতে লেবীয় নিথনেলের পুত্র শিময়িয় লেখক তাহাদের নাম লিখিল; এবং ঈথামরের কারণ ও ইলিয়াসরের কারণ ৭ দুই পিতৃবংশের প্রধান লোক লেখা গেল। পরে প্রথম গুলিবাঁট যিহোয়ারীবের নামে উঠিল, এবং দ্বিতীয় বাঁট ৮ যিদয়িয়ের নামে; এবং তৃতীয় বাঁট হারীমের নামে; ৯ ও চতুর্থ বাঁট সিয়োরীমের নামে; ও পঞ্চম বাঁট মল্কি- ১০ য়ের নামে; ও ষষ্ঠ বাঁট মিয়ামীনের নামে; এবং সপ্তম বাঁট কোসের নামে; ও অষ্টম বাঁট অবিয়ের ১১ নামে; এবং নবম বাঁট যেশূয়ের নামে, ও দশম বাঁট ১২ শিখনিয়ের নামে; এবং একাদশ বাঁট ইলিয়াশীবের ১৩ নামে; ও দ্বাদশ বাঁট যাকীমের নামে; এবং ত্রয়োদশ বাঁট হুপ্পের নামে; ও চতুর্দ্দশ বাঁট যেশবাবের নামে। ১৪ ও পঞ্চদশ বাঁট বিল্গার নামে; ও ষোড়শ বাঁট ইম্মে- ১৫ রের নামে; ও সপ্তদশ বাঁট হেষীরের নামে; ও ১৬ অষ্টাদশ বাঁট হপ্পিসেসের নামে; এবং ঊনবিংশতি বাঁট পিথাহিয়ের নামে; ও বিংশতি বাঁট যিহিস্কে- ১৭ লের নামে; এবং একবিংশতি বাঁট যাখীনের নামে; ১৮ ও দ্বাবিংশতি বাঁট গামূলের নামে; ও ত্রয়োবিংশতি বাঁট দিলায়ের নামে; ও চতুর্ব্বিংশতি বাঁট মাসিয়ের ১৯ নামে উঠিল। ইস্রায়েলের প্রভু পরমেশ্বর যেমন তাহাদের পিতা হারোণকে আজ্ঞা দিয়াছিলেন, তদ্রূপ আপনাদের ব্যবহারানুসারে পরমেশ্বরের মন্দিরে উপস্থিত হইয়া সেবা করিতে এই২ পালা তাহাদের হইল।

২০ লেবির অন্য সন্তানদের বিবরণ। অম্রাম্ বংশের মধ্যে শিবূয়েল্, ও শিবূয়েলের বংশের মধ্যে যেহ- ২১ দিয়। এবং রিহবিয়ের এই বিবরণ; রিহবিয়ের জ্যেষ্ঠ ২২ পুত্র যিশিয়। যিষ্হরীয়দের মধ্যে শিলোমীৎ, ও ২৩ শিলোমীতের পুত্রদের মধ্যে যহৎ। এবং হিব্রোণের জ্যেষ্ঠ পুত্র যিরিয়, ও দ্বিতীয় অমরিয়, ও তৃতীয় যহা- ২৪ সীয়েল, ও চতুর্থ যিকমিয়াম্। এবং উষীয়েলের পুত্র ২৫ মীখা, ও মীখার পুত্রদের মধ্যে শামীর্। ও মীখার ভ্রাতা যিশিয়, ও যিশিয়ের পুত্রদের মধ্যে সিখরিয়।

২৬ আর মিরারির বংশ মহলি ও মূশি ও তাহার পুত্র ২৭ যাসিয়ের সন্তান †। এবং মিরারির পুত্র যাসিয়ের ২৮ বংশ ‡ শোহম ও সক্কূর ও ইব্রি। এবং মহলির পুত্র ইলিয়াসর্, তাহার পুত্র ছিল না। কীশের বিবরণ; ২৯ কীশের পুত্র যিরহমেল্। এবং মূশির পুত্র মহলি ও ৩০ এদর্ ও যিরেমোৎ, ইহারা আপন২ পিতৃবংশানুসারে লেবির বংশ। ইহারাও দায়ূদ্ রাজার ও ৩১ সাদোকের ও অহীমেলকের ও যাজকদের ও লেবীয়দের পিতৃপ্রধানদের সাক্ষাতে আপনাদের ভ্রাতা হারোণের বংশের ন্যায় গুলিবাঁট করিল, অর্থাৎ পিতৃপ্রধান লোক ও তাহাদের কনিষ্ঠ ভ্রাতৃগণও এক মত করিল।

২৫ অধ্যায়।

১ গায়কের বিবরণ ৮ ও চব্বিশ অংশে গুলিবাঁটদ্বারা তাহাদিগকে বিভক্ত করণ।

১ অপর দায়ূদ্ ও প্রধান যাজকগণ আসফের ও হেমনের ও যিদূথূনের সন্তানদের সেবা করিতে ও বীণা ও নবল ও করতাল বাজাইতে সেনাপতি লোকদিগকে নিযুক্ত করিল; তাহাদের কর্ম্মানুসারে কর্ম্মকারিদের সংখ্যা। ২ আসফের কথা; আসফের সন্তান সক্কূর্ ও যূষফ ও নিথনিয় ও অসারেল; এবং আসফ্ রাজ আজ্ঞানুসারে গান করিলে তাহার এই পুত্রেরা সহায়তা করিল। ৩ যিদূথূনের কথা; যিদূথূনের সন্তান গিদলিয় ও যিস্রি (ও শিমিয়ি) ও যিশয়িয় ও হশবিয় ও মত্তথিয়; পরমেশ্বরের ধন্যবাদ ও প্রশংসা করিয়া বীণাদ্বারা গান করিলে ইহারা আপনাদের পিতা যিদূথূনের সহায়তা করিল। ৪ হেমনের কথা; হেমনের সন্তান বুক্কিয় ও মত্তনিয় ও উষীয়েল্ ও শিবূয়েল ও যিরেমোৎ ও হনানিয় ও হনানি ও ইলীয়াথা ও গিদ্দল্তি ও রোমাম্তী-এষর্ ও যশ্বিকাশা ও মল্লোথি ও হোথীর ও মহসীয়োৎ। ৫ ঈশ্বরের বাক্যানুসারে গান করিতে রাজপ্রদর্শক হেমনের এই সকল পুত্র; ঈশ্বর হেমন্কে চৌদ্দ পুত্র ও তিন কন্যা ৬ দিলেন। ইহারা সকলে ঈশ্বরের মন্দিরের সেবার্থে করতাল ও বীণা ও নবলদ্বারা পরমেশ্বরের মন্দিরে গান করিতে রাজার আজ্ঞানুসারে আপনাদের পিতা আসফ্ ৭ ও যিদূথূন্ ও হেমনের সহায়তা করিল। পরমেশ্বরের গান শিক্ষিত তাহাদের ও তাহাদের বুদ্ধিমান ভ্রাতৃগণের সংখ্যাতে দুই শত অষ্টাশী জন ছিল।

৮ পরে তাহারা ছোট ও বড় অর্থাৎ গুরু ও শিষ্যদের ৯ পালা গুলিবাঁটদ্বারা স্থির করিল। তাহাতে আসফের পুত্র যূষফের জন্যে প্রথম বাঁট উঠিল; এবং গিদলিয়ের জন্যে দ্বিতীয় বাঁট উঠিল, সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। ১০ এবং সক্কূরের জন্যে তৃতীয় বাঁট উঠিল, সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। ১১ এবং যিস্রির জন্যে চতুর্থ বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। ১২ এবং নিথনিয়ের জন্যে পঞ্চম

[১০] লূ ১; ৫ ॥—[২০-২৪] ১ বং ২৩; ১৬-২০ ॥—[২৬] ৬; ১৯। ২৩; ২১॥—[২৮-৩১] ২৩; ২২,২৩॥
[২৫ অধ্য; ১] ১ বং ৬; ৩৩,৩৯,৪৪ ॥—[৮] ২ বং ২৩; ১৩॥

* (বা) বিচারকর্ত্তৃগণের। † (বা) ও যাসিয়ের সন্তান বিনো। ‡ (বা) মিরারায় যাসিয়ের বংশ বিনো।

বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ ১৩ বারো জন। এবং বুক্কিয়ের জন্যে ষষ্ঠ বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো ১৪ জন। এবং যিশারেলার জন্যে সপ্তম বাঁট উঠিল; সে ১৫ ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং যিশয়িয়ের জন্যে অষ্টম বাঁট উঠিল; সে ও তাহার ১৬ ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং মত্তনিয়ের জন্যে নবম বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও ১৭ পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং শিমিয়ির জন্যে দশম বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ ১৮ বারো জন। এবং অসরেলের জন্যে একাদশ বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো ১৯ জন। এবং হশবিয়ের জন্যে দ্বাদশ বাঁট উঠিল; সে ২০ ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং শিবূয়েলের জন্যে ত্রয়োদশ বাঁট উঠিল; সে ও তাহার ২১ ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং মত্তিথিয়ের জন্যে চতুর্দশ বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও ২২ পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং যিরেমোতের জন্যে পঞ্চদশ বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ ২৩ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং হনানিয়ের জন্যে ষোড়শ বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ ২৪ বারো জন। এবং যশ্‌বিকাশার জন্যে সপ্তদশ বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো ২৫ জন। এবং হনানির জন্যে অষ্টাদশ বাঁট উঠিল; সে ২৬ ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং মল্লোথির জন্যে ঊনবিংশতি বাঁট উঠিল; সে ও তাহার ২৭ ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং ইলীয়াথার জন্যে বিংশতি বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃ- ২৮ গণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং হোথীরের জন্যে একবিংশতি বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ২৯ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং গিদ্দল্‌তির জন্যে দ্বাবিংশতি বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও ৩০ পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং মহসীয়োতের জন্যে ত্রয়োবিংশতি বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও ৩১ পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন। এবং রোমাম্‌তী-এষরের জন্যে চতুর্ব্বিংশতি বাঁট উঠিল; সে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রগণ সর্ব্বশুদ্ধ বারো জন ছিল।

২৬ অধ্যায়।

১ দ্বারপালদের বিবরণ ১৩ ও গুলিবাঁটদ্বারা দ্বারপালদের নিরূপণ ২০ ও ভাণ্ডার রক্ষার্থে লেবীয়দের নিযুক্ত হওন।

১ দ্বারপালদের পালার বিবরণ। কোরীয়দের মধ্যে কোরির পুত্র মিশেলিমিয় আসফ্ বংশীয় লোক ছিল। ২ মিশেলিমিয়ের জ্যেষ্ঠ পুত্র সিখরিয়, ও দ্বিতীয় যিদীয়েল্, ৩ ও তৃতীয় সিবদিয়, ও চতুর্থ যৎনীয়েল্; ও পঞ্চম এলম্, ও ৪ ষষ্ঠ যিহোহানন্; ও সপ্তম ইলিয়ো-ঐনয়। এবং ওবেদ-ইদোমের জ্যেষ্ঠ পুত্র শিময়িয়, ও দ্বিতীয় যিহোষাবদ্, ও তৃতীয় যোয়াহ, ও চতুর্থ সাখর্, ও পঞ্চম নিথনেল্; ৫ ও ষষ্ঠ অম্মীয়েল্, ও সপ্তম ইষাখর্, ও অষ্টম পিয়ুল্‌তয়; কেননা পরমেশ্বর তাহাকে আশীর্ব্বাদ করি- ৬ লেন। এবং ওবেদ-ইদোমের পুত্র শিময়িয়ের পুত্রগণ জন্মিল, তাহারা বলবান লোক হইয়া পিতৃবংশে ৭ কর্তৃত্ব করিল। শিময়িয়ের পুত্র অৎনি ও রিফায়েল্ ও ওবেদ্ ও ইল্‌সাবদ্, ও তাহার ভ্রাতৃগণ ইলীহূ ও ৮ সিমখিয় বলবান লোক ছিল। ইহারাও ওবেদ্-ইদোমের সন্তান, এবং ইহারা ও ইহাদের পুত্রগণ ও ভ্রাতৃগণ সেবার্থক বলেতে বলবান ছিল; এই ওবেদ্-ইদোম্ ৯ বংশজ বাষট্টি জন ছিল। এবং মিশেলিমিয়ের পুত্র ও ভ্রাতা সকলে আঠারো বলবান লোক ছিল। ১০ এবং মিরারি বংশীয় হোষার পুত্রগণের মধ্যে শিম্রি প্রধান ছিল; সে জ্যেষ্ঠ না হইলেও তাহার পিতা তাহাকে ১১ প্রধান করিল। দ্বিতীয় হিল্‌কিয়, ও তৃতীয় টিবলিয়, ও চতুর্থ সিখরিয়; হোষার তাবৎ পুত্র ও ভ্রাতাতে তেরো ১২ জন ছিল। পরমেশ্বরের মন্দিরে সেবার্থে ভ্রাতৃগণের সহিত প্রহরি কর্ম্ম ও লোকদের সংখ্যানুসারে দ্বারপালকদের পালা ইহাদের অধিকার ছিল।

১৩ আর তাহারা প্রধান ও অপ্রধান আপন ২ পিতৃবংশানুসারে প্রত্যেক দ্বারের কারণ গুলিবাঁট করিল। ১৪ প্রথমে শেলিমিয়ের জন্যে পূর্ব্বদিগের দ্বারের বাঁট উঠিল; পরে মন্ত্রণাতে জ্ঞানী তাহার পুত্র সিখরিয়ের জন্যে বাঁট তুলিলে উত্তরদিগের দ্বারের বাঁট উঠিল। ১৫ এবং ওবেদ্-ইদোমের জন্যে দক্ষিণ দিগের দ্বারের, ও তাহার পুত্রগণের জন্যে ভাণ্ডারের* বাঁট উঠিল। ১৬ এবং শুপ্পীমের ও হোষার জন্যে পশ্চিমদিগের অর্থাৎ ঊর্দ্ধপথের নিকটস্থ বাহিরে লইয়া যাওনের দ্বারের বাঁট উঠিল, তাহার দুই প্রকার দল অভিমুখ ছিল। ১৭ এবং পূর্ব্বদিগের দ্বারে ছয়, ও উত্তরদিগে চারি, ও দক্ষিণদিগে চারি, ও এক ২ ভাণ্ডারে* দুই; এবং ১৮ পশ্চিমদিগস্থিত উপনগরের দ্বারে উচ্চপথে চারি, ও উপনগরে দুই লেবীয় লোক দিনে২ নিযুক্ত ছিল। ১৯ এই রূপে কোরির ও মিরারির বংশের মধ্যে এই সকল দ্বারপালের পালা ছিল।

২০ আর লেবীয়দের মধ্যে অহিয় পরমেশ্বরের মন্দিরের ধনের ও পবিত্রীকৃত বস্তুরূপ ধনের উপরে নিযুক্ত ২১ ছিল। এবং লাদনের পুত্রদের বিবরণ। গের্শোনীয় লাদনের এই সন্তান পিতৃবংশের প্রধান ছিল, গের্শোনীয় লাদনের পুত্র যিহীয়েলি; ২২ ও যিহীয়েলির পুত্র সেথম্, ও তাহার ভ্রাতা যোয়েল্, ইহারা পরমেশ্বরের মন্দিরের ধনের উপরে নিযুক্ত ছিল। ২৩ এবং অম্রামীয়দের ও যিষহরীয়দের ও হিব্রোণীয়দের ও উষীয়েলীয়দের মধ্যে ২৪ মূসার পুত্র গের্শোমের সন্তান শিবূয়েল

[২৬ অধ্য; ৫] ১ বং ১৩; ১৪ ॥—[১০] ১ বং ১৬; ৩৮॥

* (বা) অসুপ্পীমের।

২৫ ধনাধ্যক্ষ ছিল। এবং ইলীয়েষর্ জাত তাহার ভ্রাতৃগণ রিহবিয়,ও তাহার পুত্র যিশয়িয়,ও যিশয়িয়ের পুত্র যোরাম্,ও যোরামের পুত্র সিখ্রি,ও সিখ্রির পুত্র শিলো-
২৬ মীৎ। দায়ূদ্ রাজ ও পিতৃবংশীয় প্রধান লোক ও সহস্রপতিরা ও শতপতিরা ও সেনাপতিরা যে সকল ধন নিবেদন করিয়াছিল, তাহার উপরে শিলোমীৎ ও তাহার
২৭ ভ্রাতৃগণ অধ্যক্ষ ছিল। তাহারা পরমেশ্বরের মন্দির প্রস্তুত করিতে যুদ্ধে লব্ধ ধনহইতে অনেক নিবেদন
২৮ করিত। এবং শিমূয়েল্ প্রদর্শক ও কীশের পুত্র শৌল ও নেরের পুত্র অব্নের্ ও সিরূয়ার পুত্র যোয়াব্ যে সকল বস্তু নিবেদন করিয়াছিল, ও যে কেহ যে কোন বস্তু পবিত্র করিয়াছিল,সে সকল শিলোমীতের ও তা-
২৯ হার ভ্রাতৃগণের হস্তে সমর্পিত ছিল। এবং যিষ্হরীয়দের মধ্যে কিননিয় ও তাহার পুত্রগণ ইস্রায়েলের বাহিরের কর্ম্মে নিযুক্ত হইয়া অধ্যক্ষ ও বিচারকর্ত্তা
৩০ ছিল। এবং হিব্রোণীয়দের মধ্যে হশবিয় ও তাহার ভ্রাতৃগণ বলবান মনুষ্য এক সহস্র সাত শত জন পরমেশ্বরের সকল কার্য্যে ও রাজার সেবাতে যর্দ্দনের এপারে পশ্চিমদিগে ইস্রায়েল্ লোকদের মধ্যে অধ্যক্ষ হইল।
৩১ আপন ২ পিতৃবংশানুসারে হিব্রোণীয় লোকদের মধ্যে যিরিয় প্রধান ছিল; তাহাদের মধ্যে গিলিয়দস্থ যাসের্ নগরে বলবান লোক প্রাপ্ত হইল,কেননা তাহারা দায়ূদ্ রাজের অধিকারের চল্লিশ বৎসরে পরীক্ষিত হইল।
৩২ এবং তাহার সেই ভ্রাতৃগণ দুই সহস্র সাত শত লোক বলবান পিতৃবংশের প্রধান ছিল; এবং দায়ূদ্ রাজ ঈশ্বর বিষয়ক ও রাজবিষয়ক তাবৎ কার্য্য করিতে রূবেনীয়দের ও গাদীয়দের ও মিনশির অর্দ্ধবংশের উপরে তাহাদিগকে নিযুক্ত করিল।

২৭ অধ্যায়।

১ মাসিক সেনাপতির নাম ১৬ ও বারো বংশের অধ্যক্ষদের নাম ২৩ ও লোকদের গণনা করণে আপত্তি ২৫ ও দায়ূদ্ রাজের অধ্যক্ষগণের নাম।

১ ইস্রায়েল্ বংশের সংখ্যানুসারে পিতৃবংশের যে প্রধান লোক ও সহস্রপতি ও শতপতি ও অধ্যক্ষ লোকেরা রাজার নিত্য সেবা করিল, অর্থাৎ যাহারা পালাতে বিভক্ত ছিল, এবং বৎসরের প্রত্যেক মাসে কর্ম্মে প্রবৃত্ত ও নিবৃত্ত ছিল, তাহারা প্রত্যেক পালার
২ চব্বিশ সহস্র লোক ছিল। প্রথম মাসের প্রথম পালাতে স্থিত যে সব্দীয়েলের পুত্র যাশবিয়াম্, তাহার
৩ পালাতে চব্বিশ সহস্র লোক ছিল। আর পেরসের বংশের মধ্যহইতে প্রথম মাসে সকল প্রধান সেনা-
৪ পতি ছিল। এবং দ্বিতীয় মাসের পালাতে অহোহীয় দোদয় ছিল; সে পালাতে মিক্লোৎ প্রধান
৫ ছিল, এবং চব্বিশ সহস্র লোক ছিল। এবং তৃতীয় মাসের পালাতে প্রধান যাজক * যিহোয়াদার পুত্র বিনায় তৃতীয় সেনাপতি ছিল, এবং তাহার পালাতে চব্বিশ সহস্র লোক ছিল। এই বিনায় ত্রিশ জনের মধ্যে পরা-
৬ ক্রান্ত ও কর্ত্তা ছিল, এবং তাহার পালাতে তাহার পুত্র অম্মীষাবদ্ ছিল। এবং চতুর্থ মাসের পালাতে যোয়া-
৭ বের ভ্রাতা অসাহেল্ ও তাহার (মৃত্যুর) পরে তাহার পুত্র সিবদিয় চতুর্থ সেনাপতি ছিল, ও তাহার পালাতে
৮ চব্বিশ সহস্র লোক ছিল। এবং পঞ্চম মাসের পালাতে যিষ্রাহীয় শম্হোৎ পঞ্চম সেনাপতি ছিল, ও তাহার
৯ পালাতে চব্বিশ সহস্র লোক ছিল। এবং ষষ্ঠ মাসের পালাতে তিকোয়ীয় ইক্কেশের পুত্র ঈরা ষষ্ঠ সেনাপতি ছিল, ও তাহার পালাতে চব্বিশ সহস্র লোক
১০ ছিল। এবং সপ্তম মাসের পালাতে ইফ্রয়িমের বংশের মধ্যে পিলোনীয় হেলস্ সপ্তম সেনাপতি ছিল, ও তাহার
১১ পালাতে চব্বিশ সহস্র লোক ছিল। এবং অষ্টম মাসের পালাতে সেরহের বংশীয় হূশাতীয় সিব্বিখয় অষ্টম সেনাপতি ছিল, তাহার পালাতে চব্বিশ সহস্র লোক
১২ ছিল। এবং নবম মাসের পালাতে বিনয়ামীন্ বংশের মধ্যে অনাথোতীয় অবীয়েষর্ নবম সেনাপতি ছিল,
১৩ তাহার পালাতে চব্বিশ সহস্র লোক ছিল। এবং দশম মাসের পালাতে সেরহ বংশীয় নিটোফাতীয় মহরয় দশম সেনাপতি ছিল, তাহার পালাতে চব্বিশ
১৪ সহস্র লোক ছিল। এবং একাদশ মাসের পালাতে ইফ্রয়িম্ বংশের মধ্যে পিরিয়াথোনীয় বিনায় একাদশ সেনাপতি ছিল, তাহার পালাতে চব্বিশ সহস্র লোক
১৫ ছিল। এবং দ্বাদশ মাসের পালাতে অৎনীয়েল্ বংশীয় নিটোফাতীয় হিল্দয় দ্বাদশ সেনাপতি ছিল, তাহার পালাতে চব্বিশ সহস্র লোক ছিল।

১৬ আর ইস্রায়েল্ বংশের মধ্যে রূবেন্ বংশেতে সিখ্রির পুত্র ইলীয়েষর্ শাসনকর্ত্তা, ও শিমিয়োন্ বংশে-
১৭ তে মাখার পুত্র শিফটিয়; এবং লেবি বংশেতে কিমূয়েলের পুত্র হশবিয়, ও হারোণ্ বংশেতে সাদোক্;
১৮ এবং যিহূদা বংশেতে দায়ূদের ভ্রাতা ইলীহূ, এবং
১৯ ইষাখর্ বংশেতে মীখায়েলের পুত্র অম্রি; এবং সিবূলূন বংশেতে ওবদিয়ের পুত্র যিশ্ময়িয়, ও নপ্তালি
২০ বংশেতে অস্রীয়েলের পুত্র যিরেমোৎ; এবং ইফ্রয়িম বংশেতে অসসিয়ের পুত্র হোশেয়, এবং মিনশির
২১ অর্দ্ধ বংশেতে পিদায়ের পুত্র যোয়েল্; এবং গিলিয়দস্থ মিনশির অর্দ্ধ বংশেতে সিখরিয়ের পুত্র যিদ্দো, এবং বিন্য়ামীন্ বংশেতে অব্নেরের পুত্র যাসী-
২২ য়েল্; এবং দান্ বংশেতে যিরোহমের পুত্র অসরেল, ইহারা ইস্রায়েল্ বংশের অধ্যক্ষ ছিল।

২৩ দায়ূদ্ বিংশতি বৎসর বয়স্ক ও তাহার ন্যূন বয়স্ক ব্যক্তিদের নাম লইল না, কেননা পরমেশ্বর কহিয়া-

[২৪,২৫] ১ বং ২৩; ১৬,১৮॥—[২৬,২৭] ১৮; ১১। ২৯; ৬-৯॥—[২৯] ২৩; ৪॥—[৩১] ২৩; ১৯॥
[২৭ অধ্য; ২] ১ বং ১১; ১১॥—[৪] ১১; ২৬॥—[৫,৬] ১১; ২২॥—[৭-১৫] ১১; ২৬-৩১॥—[২৩] আ ১৫; ৫॥

*(বা) অধ্যক্ষ।

ছিলেন, আমি আকাশের নক্ষত্রের ন্যায় ইস্রায়েল্ ২৪ বংশের বৃদ্ধি করিব। সিরূয়ার পুত্র যোয়াব্ গণনা করিতে আরম্ভ করিল, কিন্তু সমাপ্ত করিল না, এবং ইস্রায়েল্ বংশের বিরুদ্ধে পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হওয়াতে তাহাদের সংখ্যাও দায়ূদ্ রাজের ইতিহাসপুস্তকে লিখিত হইল না।

২৫ রাজধনের অধ্যক্ষ অদীয়েলের পুত্র অস্মাবৎ; এবং ক্ষেত্র ও নগর ও গ্রাম ও দুর্গ ও কোষাগার, এই সকলের অধ্যক্ষ উষিয়ের পুত্র যিহোনাথন। ২৬ এবং ক্ষেত্রের কৃষিকার্য্যকারিদের অধ্যক্ষ কিলূবের ২৭ পুত্র ইষ্রি। এবং দ্রাক্ষাক্ষেত্রের অধ্যক্ষ রামাথীয় শিমিয়ি, এবং দ্রাক্ষাক্ষেত্রস্থ দ্রাক্ষাশালার উৎপন্ন ২৮ দ্রব্যের অধ্যক্ষ শিফমীয় সব্দি। এবং নিম্নভূমিস্থিত জিতবৃক্ষ ও ডুম্বুরবৃক্ষের অধ্যক্ষ গিদেরীয় বাল্হানন্, ২৯ এবং তৈলশালার অধ্যক্ষ যোয়াশ্। এবং শারোণস্থ পালের অধ্যক্ষ শারোণীয় সিট্রয়, ও প্রান্তরস্থ পা- ৩০ লের অধ্যক্ষ অদলয়ের পুত্র শাফট। ও উষ্ট্রগণের অধ্যক্ষ ইস্মায়েলীয় ওবীল্, এবং গর্দ্দভের অধ্যক্ষ ৩১ মেরোনোথীয় যেহদিয়। ও মেষপালদের অধ্যক্ষ হাজিরীয় যাসীষ্, ইহারা দায়ূদ্ রাজের ধনের অধ্যক্ষ ৩২ ছিল। এবং দায়ূদ্ রাজের পিতৃব্য যোনাথন্ মন্ত্রী ও পরিণামদর্শী হইয়া লেখক ছিল, এবং হক্মোনির ৩৩ পুত্র যিহীয়েল রাজপুত্রদের সভাসদ ছিল। এবং অহীথোফল রাজমন্ত্রী ছিল, ও অর্কীয় হূশয় রাজার ৩৪ সুহৃৎ ছিল। এবং বিনায়ের পুত্র যিহোয়াদা ও অবিয়াথর্ অহীথোফলের সহকারী ছিল, এবং যোয়াব রাজার সেনাপতি ছিল।

২৮ অধ্যায়।

১ তাবৎ অধ্যক্ষগণ একত্র হইলে তাহাদের প্রতি দায়ূদের পরামর্শ, ৯ ও সুলেমানের প্রতি দায়ূদের পরামর্শ, ১১ ও সুলেমানকে মন্দিরের আদর্শ দেওন ও স্বর্ণরূপ্যাদি সমর্পণ করণ, ২০ ও দায়ূদের অন্য কথা।

১ পরে দায়ূদ্ রাজের নিকটে ইস্রায়েল্ বংশের অধ্যক্ষগণকে, অর্থাৎ তাবৎ বংশের অধ্যক্ষগণকে ও পালানুসারে সেবাকারি সেনাপতিগণকে ও সহস্রপতিগণকে ও শতপতিগণকে, এবং দায়ূদের ও তাহার পুত্রদের সম্পদাধ্যক্ষকে ও অন্য অধ্যক্ষ ও পরাক্রান্ত ও বলবান ২ লোকদিগকে যিরূশালমে একত্র করিল। তখন দায়ূদ্ রাজপদে দণ্ডায়মান হইয়া কহিল, হে আমার ভ্রাতৃগণ ও আমার লোকেরা, পরমেশ্বরের নিয়মসিন্দুকের জন্যে ও আমাদের ঈশ্বরের পাদপীঠের জন্যে বিশ্রামার্থে এক মন্দির নির্ম্মাণ করিতে আমার মনস্থ হইল; তাহাতে আমি নির্ম্মাণার্থে দ্রব্যাদির আয়োজন ৩ করিলাম। কিন্তু ঈশ্বর আমাকে কহিলেন, তুমি আমার নামের উদ্দেশে মন্দির নির্ম্মাণ করিও না, কেননা তুমি যোদ্ধা হইয়া রক্তপাত করিয়াছ। ৪ তথাপি ইস্রায়েলের প্রভু পরমেশ্বর ইস্রায়েলের উপরে নিত্য রাজত্ব করিতে আমার তাবৎ পিতৃবংশহইতে আমাকে মনোনীত করিলেন; তিনি শাসনপদের কারণ যিহূদাকে, এবং তাবৎ ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে যিহূদার মধ্যে আমার পিতৃবংশকে মনোনীত করিলেন, এবং আমার পিতার পুত্রগণের মধ্যে আমাকে অনুগ্রহ করিলেন। ৫ এবং পরমেশ্বর আমাকে যে অনেক পুত্র দিলেন, আমার সেই সকল পুত্রদের মধ্যহইতে ইস্রায়েল্ লোকদের মধ্যে পরমেশ্বরের রাজ্যের সিংহাসনোপবিষ্ট করিতে আমার পুত্র সুলেমান্কে মনোনীত করিলেন। ৬ এবং তিনি আমাকে কহিলেন, তোমার পুত্র সুলেমান্ই আমার মন্দির ও প্রাঙ্গণ নির্ম্মাণ করিবে; আমি তাহাকে আপন পুত্ররূপে মনোনীত করিলাম, এবং আমি তাহার পিতাস্বরূপ হইব। ৭ আর যদি সে অদ্যকার মত আমার আজ্ঞা ও বিধি পালন করিতে বলবান হয়, তবে আমি তাহার রাজ্য চিরস্থায়ী করিব। ৮ অতএব এখন পরমেশ্বরের মণ্ডলী যে তাবৎ ইস্রায়েল, তাহার সাক্ষাতে ও আমাদের প্রভু পরমেশ্বরের কর্ণগোচরে পরমেশ্বরের বিধি ও আজ্ঞা পালন করিতে চেষ্টা কর; তাহাতে তোমরা এই উত্তম দেশ অধিকার করিবা, এবং তোমাদের পরে তোমাদের বংশের অধিকারার্থে চিরকালের জন্যে তাহা অর্পণ করিবা।

৯ হে আমার পুত্র সুলেমান্, তুমি আপন পৈতৃক ঈশ্বরকে জ্ঞাত হও; সকল অন্তঃকরণ ও প্রসন্ন মনের সহিত তাঁহার সেবা কর; কেননা পরমেশ্বর সকল অন্তঃকরণের অনুসন্ধান করেন ও মনের সকল কল্পনা জ্ঞাত আছেন; তুমি যদি তাঁহার চেষ্টা কর, তবে তাঁহার উদ্দেশ পাইবা; কিন্তু যদি তাঁহাকে ত্যাগ কর, তবে তিনি তোমাকে সদাকাল দূর করিবেন। ১০ এখন সাবধান হও, পবিত্র স্থানার্থে এক মন্দির নির্ম্মাণ করিতে পরমেশ্বর তোমাকে মনোনীত করিলেন, অতএব তুমি বলবান হইয়া কর্ম্ম কর।

১১ পরে দায়ূদ্ আপন পুত্র সুলেমানকে মন্দিরের, অর্থাৎ তাহার বারান্দার ও তাহার সকল কুঠরীর ও সমস্ত ভাণ্ডারের ও সকল উপরিস্থ কুঠরীর ও ভিতর কুঠরীর ও আবরণের স্থানের আদর্শ দিল। ১২ এবং পরমেশ্বরের মন্দিরের প্রাঙ্গণের ও চতুর্দ্দিকস্থ সকল কুঠরীর ও ঈশ্বরের মন্দিরের ভাণ্ডারের ও নিবেদিত বস্তুর ভাণ্ডারের; ১৩ এবং যাজকদের ও লেবীয়দের পালার, এবং পরমেশ্বরের মন্দিরের সেবার তাবৎ

[২৪] ১ বং ২১; ৭,১৪ ॥—[৩৩] ২ শি ১৫; ১২, ৩২, ৩৭ ॥—[৩৪] ১ রা ১; ৭। ১ বং ১১; ৬ ॥
[২৮ অং; ২] ১ বং ১৭; ১। ২২; ১-৫, ৭ ॥—[৩] ১ বং ১৭; ৪। ২২; ৮ ॥—[৪] আ ৪৯; ১০। ১ শি ১৬; ১,১২ ॥
[৫] ১ বং ৩; ১-৯। ২২; ৯ ॥—[৬] ১৭; ১১। ২২; ৯, ১০ ॥—[৭] ১৭; ১২। ২২; ১৩ ॥—[৯] গী ৮৯; ২৬-২৯ ॥
[১০] প ৬। ১ বং ২২; ৯, ১০ ॥—[১১,১২] প ১৯। যা ২৫; ৪০ ॥

কর্ম্মের ও পরমেশ্বরের মন্দিরের সেবাকারি তাবৎ পাত্রের বিষয়ে আত্মাদ্বারা তাহাকে দত্ত যে আদর্শ তাহাও ১৪ দিল। এবং সর্ব্বপ্রকার সেবাকারি স্বর্ণময় তাবৎ পাত্রের জন্যে স্বর্ণ তৌল করিয়া দিল, এবং সর্ব্বপ্রকার সেবাকারি রূপ্যময় তাবৎ পাত্রের জন্যে রূপা তৌল ১৫ করিয়া দিল। এবং স্বর্ণদীপবৃক্ষের ও স্বর্ণদীপের জন্যে এক ২ দীপবৃক্ষের ও দীপের পরিমাণানুসারে স্বর্ণ ১৬ তৌল করিয়া দিল। এবং রূপ্যময় দীপবৃক্ষের ও দীপের জন্যে প্রত্যেক দীপবৃক্ষের কর্ম্মানুসারে রূপা ১৭ তৌল করিয়া দিল। এবং দর্শনরুটির মেজের জন্যে, অর্থাৎ প্রত্যেক মেজের জন্যে, স্বর্ণ তৌল করিয়া দিল, এবং রূপ্য মেজের জন্যে রূপ্য তৌল করিয়া দিল; এবং কাঁটা ও ডাবর ও চসকের নির্ম্মাণের জন্যে, এবং স্বর্ণময় পাত্রের অর্থাৎ প্রত্যেক পাত্রের জন্যে ১৮ স্বর্ণ তৌল করিয়া দিল। এবং প্রত্যেক রূপ্যময় পাত্রের জন্যে রূপ্য তৌল করিয়া দিল, এবং ধূপবেদির জন্যে নির্ম্মল স্বর্ণ, এবং পরমেশ্বরের নিয়মসিন্দুকের উপরে পক্ষবিস্তারকারি কিরূবদের বাহনের আদর্শের ১৯ মত স্বর্ণ তৌল করিয়া দিল। এবং দায়ূদ্ কহিল, পরমেশ্বর আমার প্রতি আপন অনুগ্রহেতে * এই সকল লিখিত আদর্শের কথা আমাকে বুঝাইলেন।

২০ পরে দায়ূদ্ আপন পুত্র সুলেমান্‌কে কহিল, বলবান ও সাহসী হও ও কর্ম্ম কর; ভয় করিও না, ও নিরাশ হইও না; আমার ঈশ্বর প্রভু পরমেশ্বর তোমার সহবর্ত্তী হইবেন; যে পর্য্যন্ত পরমেশ্বরের মন্দিরের সেবার তাবৎ কার্য্য সিদ্ধ না হয়, তাবৎ নিরুপকারী হইবেন ২১ না ও তোমাকে ত্যাগ করিবেন না। দেখ, ঈশ্বরের মন্দিরের সকল সেবার জন্যে যাজকদের ও লেবীয়দের পালা তোমার হস্তে আছে, এবং সর্ব্বপ্রকার শিল্পকর্ম্মের জন্যে ও সর্ব্বপ্রকার সেবার জন্যে প্রত্যেক বিদ্বান লোক ইচ্ছুক হইয়া তোমার হস্তে আছে, এবং অধ্যক্ষেরা ও সমস্ত লোক সর্ব্বতোভাবে তোমার বশীভূত আছে।

২৯ অধ্যায়।

১ দায়ূদের আয়োজন করণের কথা ৬ ও অধ্যক্ষদের ও লোকদের দান ১০ ও দায়ূদের প্রার্থনা ২০ ও বলিদান ও দ্বিতীয় বার সুলেমানকে রাজা করণ ২৬ ও দায়ূদের রাজত্ব ও মৃত্যু।

১ পরে দায়ূদ্ রাজ তাবৎ মণ্ডলীকে কহিল, ঈশ্বর কেবল আমার পুত্র সুলেমান্‌কে মনোনীত করিয়াছেন; সে যুবা ও অপরিপক্ক আছে, আর এই কর্ম্ম অতি ভারি, কেননা এই প্রাসাদ মনুষ্যের নিমিত্তে নয়, কিন্তু ২ প্রভু পরমেশ্বরের নিমিত্তে হইবে। অতএব আমি আপন শক্ত্যনুসারে আমার ঈশ্বরের মন্দিরের নিমিত্তে আয়োজন, অর্থাৎ স্বর্ণময় দ্রব্যের জন্যে স্বর্ণ, ও রূপ্যময় দ্রব্যের জন্যে রূপ্য, ও পিত্তলময় দ্রব্যের জন্যে পিত্তল, ও লৌহময় দ্রব্যের জন্যে লৌহ, ও কাষ্ঠময় দ্রব্যের জন্যে কাষ্ঠ, এবং বৈদূর্য্যমণি, ও খচনার্থক প্রস্তর ও তেজস্বি প্রস্তর ও নানাবর্ণ প্রস্তর, এবং সর্ব্বপ্রকার বহুমূল্য প্রস্তর, ও প্রচুররূপে মর্ম্মর প্রস্তর ৩ আয়োজন করিলাম। এবং ঐ পবিত্র মন্দিরের নিমিত্তে যাহা ২ আয়োজন করিলাম, তদতিরিক্ত আমি আপন ঈশ্বরের মন্দিরের প্রতি অনুরাগ প্রযুক্ত আপন ধনহইতেও আপন ঈশ্বরের মন্দিরের জন্যে স্বর্ণ ও রূপ্য ৪ দিলাম; অর্থাৎ মন্দিরের ভিত্তি মুড়িবার জন্যে তিন সহস্র কিক্কর পরিমিত ওফীরের স্বর্ণ ও সাত সহস্র ৫ কিক্কর পরিমিত নির্ম্মল রূপ্য দিলাম। এবং স্বর্ণময় দ্রব্যের জন্যে স্বর্ণ, ও রূপ্যময় দ্রব্যের জন্যে রূপ্য, এবং শিল্পকরের কর্ত্তব্য সর্ব্ব প্রকার দ্রব্যের জন্যেও দিলাম; এবং অদ্য তোমাদের মধ্যে কে পূর্ণহস্ত হইয়া ঈশ্বরের নিকটে আসিতে ইচ্ছা করে?

৬ অপর পিতৃবংশের প্রধানেরা ও ইস্রায়েল্ বংশের অধ্যক্ষগণ ও সহস্রপতিগণ ও শতপতিগণ ও রাজার ৭ কর্ম্মাধ্যক্ষগণ স্বেচ্ছাতে দান করিল। এবং ঈশ্বরের মন্দিরের কার্য্যের জন্যে পাঁচ সহস্র স্বর্ণের কিক্কর্ ও দশ সহস্র স্বর্ণের অদর্কোন্, ও দশ সহস্র রূপার কিক্কর, ও আঠারো সহস্র কিক্কর পিত্তল, ও এক লক্ষ ৮ কিক্কর লৌহ দিল। এবং যাহার নিকটে মণি ছিল, গের্শোনীয় সেই যিহীয়েলের হস্তে পরমেশ্বরের মন্দি৯ রের ভাণ্ডারে তাহা দিল। তাহাতে লোকেরা তাহাদের দাতৃত্বে আনন্দ করিল, কেননা তাহারা সম্পূর্ণ অন্তঃকরণের সহিত স্বেচ্ছাতে পরমেশ্বরের উদ্দেশে দান করিল, এবং দায়ূদ্‌রাজও মহানন্দ করিল।

১০ অপর দায়ূদ্ সকল মণ্ডলীর সাক্ষাতে পরমেশ্বরের ধন্যবাদ করিল, এবং দায়ূদ্ কহিল, হে আমাদের পিতঃ ইস্রায়েলের প্রভু পরমেশ্বর, তুমি সর্ব্বদা ধন্য। ১১ হে পরমেশ্বর, তোমাতে মহত্ত্ব ও পরাক্রম ও ঐশ্বর্য্য ও জয় ও প্রশংসা আছে; স্বর্গে ও পৃথিবীতে যত আছে, সকলি তোমার আছে; হে পরমেশ্বর, রাজ্য তোমার, এবং তুমি সম্রাটের ন্যায় সকলের উপরে উন্নত আছ। ১২ এবং তোমাহইতে ধন ও সম্মান হয়, এবং তুমি সকলের উপরে রাজত্ব করিতেছ, পরাক্রম ও বল তোমার হস্তে আছে, এবং বড় করিতে ও সকলকে বল দিতে ১৩ তোমার হস্তের অধিকার আছে। অতএব হে আমাদের ঈশ্বর, আমরা তোমার ধন্যবাদ করি ও তোমার ঐশ্বর্য্যযুক্ত নামের প্রশংসা করি। কিন্তু আমি কে? এবং ১৪

[১৮] যা ২৫; ১৮-২২ ॥—[১৯] প ১১; ১২ ॥—[২০] যি ১; ৫-৯ ॥
[১৯ অধ্য; ২, ৩] ১ বং ২২; ১-৫ ॥—[৬-৯] যা ৩৫; ৪-২৯ ॥—[৮] ১ বং ২৩; ২১ ॥—[৯] ২ ক ৯; ৭ ॥—[১১] পু ৫; ১৩ ॥—[১২] ১ শি ২; ৬-৮ ॥—[১৪] ১ বং ১৭; ১৬। হগ ২; ৮ ॥

* (বা) আমার ওপরে আপন হস্তদ্বারা।

আমার লোকেরা বা কে? যে আমরা এই প্রকারে স্বেচ্ছাতে দান করিতে সমর্থ হই; কেননা তোমাহইতে সকলি পাওয়া যায়, এবং আমরা তোমার দান দ্রব্যই তোমাকে ১৫ দিলাম। কেননা আমরা আপনাদের সকল পিতৃলোকদের ন্যায় তোমার সম্মুখে বিদেশী ও প্রবাসী; পৃথিবীতে আমাদের যে আয়ু, সে ছায়াসদৃশ ও অস্থা- ১৬ য়ী *। হে আমাদের প্রভো পরমেশ্বর, তোমার পবিত্র নামের উদ্দেশে মন্দির নির্ম্মাণ করাইবার জন্যে আমরা এই যে অনেক দ্রব্য আয়োজন করিলাম, সে সকল তোমার হস্তহইতেই আইল, ও সকলি তোমার আছে। ১৭ হে আমার ঈশ্বর, তুমি অন্তঃকরণের পরীক্ষা করিতেছ, ও সরলতাতে সন্তুষ্ট আছ, তাহা আমি জানি; আমিই আপন অন্তঃকরণের সরলতাতে স্বেচ্ছাতে এই সকল দ্রব্য দান করিলাম, এবং এখন তোমার উপস্থিত † লোকদিগকে তোমার উদ্দেশে স্বেচ্ছাতে আনন্দে দান ১৮ করিতে দেখিলাম। হে আমাদের পিতৃলোক ইব্রাহীম্ ও ইস্‌হাক্ ও ইস্রায়েলের প্রভো পরমেশ্বর, তুমি আপন লোকদের অন্তঃকরণের কল্পনার উদয়ে এই কর্ম্ম সর্ব্বদা স্থির করিয়া রাখ, ও আপনার প্রতি তাহাদের ১৯ অন্তঃকরণ প্রস্তুত কর। এবং তোমার আজ্ঞা ও বিধি ও ব্যবস্থা পালন করিয়া কর্ম্ম করিতে, এবং আমি যে প্রাসাদের জন্যে আয়োজন করিয়াছি, তাহা গ্রন্থন করিতে আমার পুত্র সুলেমান্‌কে সরল অন্তঃকরণ দেও।

২০ পরে দায়ূদ্ সকল মণ্ডলীকে কহিল, এখন আপনাদের প্রভু পরমেশ্বরের ধন্যবাদ কর; তাহাতে সকল মণ্ডলী আপনাদের পিতৃলোকদের প্রভু পরমেশ্বরের ধন্যবাদ করিল, ও মস্তকদ্বারা প্রণাম করিয়া পরমেশ্বরের প্রতি ভজনা ও রাজার প্রতি নমস্কার করিল। ২১ এবং পরদিবসে তাহারা সকল ইস্রায়েলের জন্যে পরমেশ্বরের উদ্দেশে বলিদান ও হোমবলি উৎসর্গ করিল, অর্থাৎ উপযুক্ত পানীয় নৈবেদ্যের সহিত এক সহস্র বলদ ও এক সহস্র মেষ ও এক সহস্র মেষশাবক এবং বাহুল্য বলি উৎসর্গ করিল। এবং সে দিনে অতি ২২ আনন্দে পরমেশ্বরের সাক্ষাতে ভোজন পান করিল, এবং দায়ূদের পুত্র সুলেমান্‌কে দ্বিতীয় বার রাজা করিল, এবং প্রধান শাসনকর্ত্তা করিতে তাহাকে, ও যাজক করিতে সাদোক্‌কে পরমেশ্বরের উদ্দেশে অভিষেক করিল। তাহাতে সুলেমান্ আপন পিতা দায়ূদের ২৩ পদে রাজা হইয়া পরমেশ্বরের সিংহাসনোপবিষ্ট হইল ও ভাগ্যবান হইল, এবং সকল ইস্রায়েল্ লোক তাহার আজ্ঞাবর্ত্তী হইল। এবং অধ্যক্ষ সকল ২৪ ও পরাক্রমি লোকেরা ও দায়ূদ্ রাজের সকল পুত্রেরা সুলেমান্ রাজার বশীভূত হইল ‡। এবং পরমেশ্বর ২৫ সকল ইস্রায়েলের সাক্ষাতে সুলেমান্‌কে অতিশয় উন্নত করিলেন, এবং তাহাকে যেরূপ রাজকীয় প্রতাপ দিলেন, পূর্ব্বে ইস্রায়েলের কোন রাজার তাদৃশ প্রতাপ হয় নাই।

২৬ এই রূপে যিশয়ের পুত্র দায়ূদ্ তাবৎ ইস্রায়েল বংশের উপরে রাজত্ব করিল। সে চল্লিশ বৎসর পর্য্যন্ত ২৭ ইস্রায়েলের উপরে রাজত্ব করিল; তাহার মধ্যে সাত বৎসর হিব্রোণে, ও তেত্রিশ বৎসর যিরূশালমে রাজত্ব করিল। পরে সে সম্পূর্ণ আয়ু ও বৃদ্ধ হইয়া ২৮ ধনেতে ও সম্মানেতে পূর্ণ হইয়া মরিল, এবং তাহার পুত্র সুলেমান্ তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল। এই ২৯ দায়ূদের আদ্যন্ত ক্রিয়া ও রাজ্য করণের বিবরণ ও পরাক্রম, এবং তাহার প্রতি ও ইস্রায়েলের প্রতি ও অন্য দেশের তাবৎ রাজ্যের প্রতি যে২ ঘটিল, ‖ সে সকল শিমূয়েল্ প্রদর্শকের পুস্তকে § ও নাথন্ ৩০ ভবিষ্যদ্বক্তার পুস্তকে § ও গাদ প্রদর্শকের পুস্তকে § লিখিত আছে।

---

[১৫] গী ৩৯; ১২। ১৪৪; ৪ ॥—[১৬] হগ ২; ৮। ১ ক ৪; ৭ ॥—[১৯] গী ৭২; ১। ১ ব ২২; ৭-৯ ॥—[২১] ২ বং ৭; ৪,৫ ॥—[২২] ১ রা ১; ৩৮-৪০ ॥—[২৩] ১ রা ২; ১২ ॥—[২৫] ২ বং ১; ১২ ॥—[২৭] ২ শি ৫; ৪,৫ ॥

* (বা) তাহাতে প্রত্যাশা নাই। † (ইব্রি) প্রাপ্ত। ‡ (ইব্রি) নীচে হস্ত দিল। ‖ (ইব্রি) দেখ। § (ইব্রি) কথাতে।

বংশাবলির দ্বিতীয় পুস্তক।

১ অধ্যায়।

১ গিবিয়োনে সুলেমানের বলিদান করণ ৭ ও বুদ্ধি ও জ্ঞানের বর প্রার্থনা করণ ১৪ ও তাহার রথ ও অশ্বগণের কথা।

১ পরে দায়ূদের পুত্র সুলেমান্ আপন রাজ্য দৃঢ় করিল, এবং তাহার প্রভু পরমেশ্বর তাহার সহবর্ত্তী হইয়া ২ তাহাকে অতিশয় উন্নত করিলেন। পরে সুলেমান্ তাবৎ ইস্রায়েল্ বংশকে ও সহস্রপতিদিগকে ও শতপতিদিগকে ও বিচারকর্ত্তাদিগকে ও তাবৎ ইস্রায়েলের প্রত্যেক শাসনকর্ত্তাকে ও পিতৃবংশের প্রধানদিগকে ৩ আজ্ঞা করিল। পরে সুলেমান্ ও তাহার সহিত সকল মণ্ডলী গিবিয়োনস্থ উচ্চস্থানে গেল, কেননা পরমেশ্বরের দাস মূসা ঈশ্বরের মণ্ডলীর যে আবাস প্রান্তরে নির্ম্মাণ ৪ করিয়াছিল, তাহা সেই স্থানে ছিল; কিন্তু দায়ূদ্ ঈশ্বরের সিন্দুকের জন্যে যে স্থান প্রস্তুত করিয়াছিল, সেই স্থানে কিরিয়ৎ-যিয়ারীম্হইতে তাহা আনিয়াছিল, কেননা সে যিরূশালমে তাহার জন্যে এক তাম্বু প্রস্তুত ৫ করিয়াছিল। আর হূরের পৌত্র ঊরির পুত্র বিৎসলেল্ যে পিত্তলময় বেদি করিয়াছিল, তাহা পরমেশ্বরের আবাসের সম্মুখে স্থাপিত হইলে সুলেমান্ ও মণ্ডলী ৬ তাহার নিকটে ঈশ্বরের অন্বেষণ করিল। এবং মণ্ডলীর আবাসের নিকটে পরমেশ্বরের সম্মুখস্থ পিত্তলময় যে বেদি, তাহার নিকটে যাইয়া * সুলেমান্ তাহার উপরে এক সহস্র হোমবলি উৎসর্গ করিল।

৭ ঐ রাত্রিতে ঈশ্বর সুলেমান্কে দর্শন দিয়া কহিলেন, ৮ আমি তোমাকে কি বর দিব, তাহা প্রার্থনা কর। তাহাতে সুলেমান্ ঈশ্বরকে কহিল, তুমি আমার পিতা দায়ূদ্কে মহানুগ্রহ করিয়াছ, এবং তাহার পদে আমাকে রাজ্যা- ৯ ভিষিক্ত করিয়াছ। এখন হে প্রভো পরমেশ্বর, তুমি আমার পিতা দায়ূদের কাছে যে প্রতিজ্ঞা করিয়াছ, তাহা সফল হউক, কেননা পৃথিবীর বালির ন্যায় এক ১০ সমূহলোকের উপরে আমাকে রাজা করিয়াছ। অতএব আমি যেন এই লোকদের দৃষ্টিতে সৎ আচার ব্যবহার করি †, এই জন্যে আমাকে বুদ্ধি ও জ্ঞান দেও; নতুবা তোমার এত লোকদের বিচার কে করিতে পারে? ১১ পরে ঈশ্বর সুলেমান্কে কহিলেন, তোমার হৃদয়ে ইহা ছিল; তুমি ধন, কিম্বা সম্পত্তি, কিম্বা সম্মান, কিম্বা শত্রুদের প্রাণ, কিম্বা দীর্ঘায়ু, প্রার্থনা করিলা না; কিন্তু আমি আপনার যে লোকদের উপরে তোমাকে রাজা করিলাম, তাহাদের সুবিচার করিতে বুদ্ধি ও জ্ঞান প্রার্থনা করিলা। ১২ বুদ্ধি ও জ্ঞান তোমাকে দিলাম, অধিকন্তু তোমাকে এতো ধন ও সম্পত্তি ও সম্মান দিব, যে তোমার পূর্ব্বে কোন রাজার সে রূপ ছিল না, এবং তোমার পরেও কাহারো হইবে না।

১৩ পরে গিবিয়োনের উচ্চস্থানস্থ মণ্ডলীর আবাসহইতে সুলেমান্ যিরূশালমে আসিয়া তাবৎ ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে লাগিল।

১৪ পরে সুলেমান্ রথ ও অশ্বারূঢ় লোকদের সংগ্রহ করিল; তাহাতে সে এক সহস্র চারি শত রথ, ও বারো সহস্র অশ্বারূঢ় রথনগরে ও যিরূশালমে আপনার নিকটে রাখিল। ১৫ রাজা যিরূশালমে বাহুল্য প্রযুক্ত রূপ্য ও স্বর্ণকে প্রস্তরের ন্যায়, ও এরস্ বৃক্ষকে প্রান্তরস্থ ডুম্বুর বৃক্ষের ন্যায় সাধারণ করিল ‡। ১৬ এবং সুলেমান্ মিসর্হইতে অশ্বগণ আনাইলে তাহার বণিক সমূহ ‖ বিশেষ মূল্য দিয়া সকল ক্রয় করিল। ১৭ এবং মিসর-হইতে আগত ও আনীত এক রথের মূল্য ছয় শত রূপ্য টাকা, ও এক অশ্বের মূল্য এক শত পঞ্চাশ টাকা। এই প্রকারে তাহারা § হিত্তীয় ও অরামীয় রাজাদের জন্যে আনিল।

২ অধ্যায়।

১ মন্দিরের কর্ম্মকারিদের সংখ্যা ৩ ও নিপুণ লোকদের জন্যে হীরমের কাছে লোক প্রেরণ ১১ ও তাহার নিকটে এক গুণবান লোককে হীরমের প্রেরণ করণ ১৭ ও লোকদের বর্ণনা।

১ পরে সুলেমান্ পরমেশ্বরের নামের উদ্দেশে এক মন্দির ও আপন রাজ্যের নিমিত্তে এক প্রাসাদ নির্ম্মাণ করিতে মনস্থ করিল। ২ এবং ভার বহনার্থে সত্তরি সহস্র লোককে, ও পর্ব্বতের মধ্যে কাষ্ঠাদি ছেদন করিতে আশী সহস্র লোককে ও তাহাদের অধ্যক্ষ তিন সহস্র ছয় শত লোককে নিযুক্ত করিল।

৩ পরে সুলেমান্ সোরের হীরম্ রাজার নিকটে লোক পাঠাইয়া কহিল, তুমি আমার পিতা দায়ূদের প্রতি যে রূপ ব্যবহার করিয়াছ ও তাহার বসৎবাটী নির্ম্মাণার্থে

[১ অধ্যা; ১] প ১১, ১২। ১ রা ২; ১২॥—[৩] ১ বং ২১; ২৯॥—[৪] ১ বং ১৫; ২৫-২৮॥—[৫] প ৩। যা ২৭; ১-৮। ৩১; ২। ৩৮; ১, ২॥—[৬] ১ রা ৩; ৪॥—[৭-১২] ১ রা ৩; ৫-১৫॥—[১২] ২ বং ৯; ২২, ২৩। ১ রা ৪; ২৯-৩৪॥—[১৩] ১ রা ৩; ১৫॥—[১৪-১৭] ১ রা ১০; ২৬-২৯॥—[১৫,১৬] ২ বং ৯; ২৭, ২৮॥

[২ অধ্যা; ১] ১ রা ৫; ৫॥—[২] প ১৭,১৮। ১ রা ৫; ১৫॥—[৩-১০] ১ রা ৫; ২-৬॥

* (বা) ওপরে উৎসর্গ করিয়া। † (ইব্রু) বাহিরে যাইও ভিতরে আইসি। ‡(ইব্রু) দিল। ‖(ইব্রু) সূত্র।§(ইব্রু) আপনাদের হস্তদ্বারা।

তাহার কাছে যে রূপ এরস্ কাষ্ঠ পাঠাইয়াছ, তদ্রূপ ৪ আমার প্রতিও কর। দেখ, আমি আপন প্রভু পরমেশ্বরের সম্মুখে সুগন্ধি দ্রব্য জ্বালাইবার জন্যে এবং নিত্য দর্শনরুটীর জন্যে ও ইস্রায়েল্ লোকদের নিত্য বিধি অনুসারে প্রাতে ও সন্ধ্যাকালে ও বিশ্রামবারে ও অমাবস্যাতে আমাদের প্রভু পরমেশ্বরের উৎসবে হোম করিবার জন্যে তাঁহার নামের উদ্দেশে পবিত্র করণার্থে এক মন্দির নির্ম্মাণ করাইতেছি। ৫ আমি যে মন্দির নির্ম্মাণ করাইব, তাহা মহৎ হইবে, কেননা আমাদের ঈশ্বর সকল দেবতাহইতে মহান্। ৬ কিন্তু স্বর্গ ও স্বর্গের উপরিস্থ স্বর্গও তাঁহাকে ধারণ করিতে পারে না, তবে তাঁহার নিমিত্তে মন্দির নির্ম্মাণ করাইতে কে সমর্থ হয়? আর আমি কে, যে আমি তাঁহার সম্মুখে ধূপ জ্বালাওন ব্যতিরেকে তাঁহার ৭ মন্দির নির্ম্মাণ করিতে পারি? অতএব এখন যিহূদা ও যিরূশালমে আমার নিকটবর্ত্তি যে গুণবান লোকদিগকে আমার পিতা দায়ূদ্ আনিয়াছিল, তাহাদের সহিত স্বর্ণ ও রূপ্য ও পিত্তল ও লৌহ এবং ধূম্র ও রক্ত ও নীল বর্ণের কার্য্যে ভাস্করের কর্ম্মে নিপুণ, এমত ৮ এক লোককে পাঠাইবা। এবং লিবানোন্হইতে এরস্কাষ্ঠ ও দেবদারুকাষ্ঠ ও চন্দনকাষ্ঠ * আমার এখানে পাঠাইবা, কেননা তোমার দাসেরা লিবানোনে কাষ্ঠ ৯ কাটিতে নিপুণ, তাহা আমি জানি। এবং বাহুল্যরূপ কাষ্ঠ সংগ্রহ করণার্থে আমার দাসেরাও তোমার দাসদের সহিত থাকিবে, কেননা আমি যে মন্দির ১০ নির্ম্মাণ করাইব, তাহা আশ্চর্য্যরূপ বড় হইবে। দেখ, আমি তোমার কাষ্ঠচ্ছেদক দাসদিগকে বিংশতি সহস্র পরিমাণ তণ্ডুল ও বিংশতি সহস্র পরিমাণ যব ও বিংশতি সহস্র পাত্র দ্রাক্ষারস ও বিংশতি সহস্র পাত্র তৈল দিব।

১১ পরে সোরের হীরম্ রাজা সুলেমানের প্রতি এই উত্তর লিখিয়া পাঠাইল, পরমেশ্বর আপন লোকদিগকে প্রেম করেন, এই জন্যে তাহাদের উপরে তো- ১২ মাকে রাজা করিলেন। হীরম্ আরো কহিল, পরমেশ্বরের জন্যে এক মন্দির ও রাজকার্য্যার্থে এক প্রাসাদ নির্ম্মাণ করাইবে, এমত পরিণামদর্শী ও বুদ্ধিমান এক জ্ঞানি পুত্র দায়ূদ্ রাজাকে দিয়াছেন, যে স্বর্গমর্ত্ত্যের ১৩ সৃষ্টিকর্ত্তা ইস্রায়েলের প্রভু পরমেশ্বর, তিনি ধন্য। এখন আমি হূরম্ (আবি) নামক † এক গুণবান ও বুদ্ধি- ১৪ মান লোককে পাঠাইতেছি। সে দান্বংশীয়া এক স্ত্রীর পুত্র, তাহার পিতা সোর্ দেশীয় লোক, এবং সে তোমার গুণবান লোকদের সহিত এবং আমার প্রভু তোমার পিতা দায়ূদের গুণবানদের সহিত স্বর্ণ ও রূপ্য ও পিত্তল ও লৌহ ও প্রস্তর ও কাষ্ঠ, এবং ধূম্র ও নীল ও সূক্ষ্মবস্ত্র ও রক্তবর্ণ বস্ত্রের কার্য্য করিতেও নিপুণ, এবং সর্ব্বপ্রকার ভাস্করের কর্ম্ম করিতে ও যে কোন কল্পনীয় কর্ম্ম তাহাকে কহা যায়, তাহা প্রস্তুত করিতে নিপুণ, এমত এক জনকে পাঠাইতেছি। ১৫ আর আমার প্রভু যে গোম ও যব ও তৈল ও দ্রাক্ষারসের কথা কহিয়াছেন, ১৬ তাহা আপন দাসদের নিকটে পাঠাইয়া দিউন। তোমার যত কাষ্ঠের প্রয়োজন হইবে, আমরা লিবানোনে ততো কাষ্ঠ কাটিব, এবং ভেলা বাঁধিয়া সমুদ্র পথে যাফোতে তোমার নিকটে উপস্থিত করিব; পরে তুমি তাহা যিরূশালমে লইয়া যাইবা।

১৭ সুলেমান্ আপন পিতা দায়ূদের গণনা করণের পরে ইস্রায়েল্ দেশ প্রবাসি তাবদ্দেশীয় লোকদিগকে গণনা করাইল, তাহাতে এক লক্ষ তিপ্পান্ন সহস্র ছয় শত ১৮ লোক গণিত হইল। তাহাদের মধ্যে সে সত্তরি সহস্র লোককে ভার বহিতে, ও আশী সহস্র লোককে পর্ব্বতে কাষ্ঠচ্ছেদন করিতে, ও লোকদিগকে কার্য্য করাইতে তিন সহস্র ছয় শত লোককে নিযুক্ত করিল।

৩ অধ্যায়।

১ মন্দির নির্ম্মাণের স্থান ও সময় নিরূপণ ৩ ও মন্দিরের ভূষণাদি ১৪ ও ব্যবধানবস্ত্র ও স্তম্ভের কথা।

১ যে স্থান তাহার পিতা দায়ূদকে দেখান গেল, অর্থাৎ যিবূষীয় অরৌনার শস্যমর্দ্দন্ স্থানে দায়ূদ্ যে স্থান প্রস্তুত করিয়াছিল, যিরূশালমস্থ মোরিয়া পর্ব্বতের সেই স্থানে সুলেমান্ পরমেশ্বরের মন্দির নির্ম্মাণ করাইতে আরম্ভ করিল। ২ সে আপন অধিকারের চতুর্থ বৎসরের দ্বিতীয় মাসের দ্বিতীয় দিনে নির্ম্মাণ করাইতে আরম্ভ করিল।

৩ সুলেমান্ ঈশ্বরের মন্দির নির্ম্মাণ করিতে যে উপদেশ পাইয়াছিল, তদনুসারে হস্তের পূর্ব্ববৎ পরিমাণে মন্দিরের দীর্ঘতা ষাটি হস্ত, ও প্রস্থতা বিংশতি হস্ত করিল। ৪ এবং মন্দিরের প্রস্থতানুসারে বিংশতি হস্ত দীর্ঘ, ও একশত বিংশতি হস্ত উচ্চ, মন্দিরের সম্মুখে এক বারান্দা করিল; এবং ভিতরে নির্ম্মল স্বর্ণেতে তাহা মুড়াইল। ৫ এবং প্রধান গৃহ উত্তম স্বর্ণ মুণ্ডিত দেবদারু কাষ্ঠের করিল, ও তাহার উপরে তালবৃক্ষ ও শৃঙ্খলাকৃতি করিল। ৬ এবং শোভার নিমিত্তে গৃহ সকল মণিতে অলঙ্কৃত করিল, এবং স্বর্ণ পর্ব্বয়িম্ দেশের স্বর্ণ ছিল। ৭ এবং সে গৃহ ও গৃহের আড়া ও গোবরাট ও ভিত্তি ও কপাট স্বর্ণেতে মুড়িল, এবং ভিত্তির উপরে কিরূবাকৃতি করিল। ৮ এবং সে যে মহাপবিত্র গৃহ নির্ম্মাণ করিল, তাহার

[৫] ১ বং ২২; ১।।—[৬] ২ বং ৬; ১৮।।—[৭] ১ রা ৭; ১৩।।—[১০] ১ রা ৫; ১১।।—[১১-১৬] ১ রা ৫; ১-১০।।—[১১,১২] ১ রা ৫; ১।।—[১৩,১৪] ১ রা ৭; ১৩,১৪।।—[১৫] প ১০।।—[১৭,১৮] প ২। ১ বং ২২; ২। ১ রা ৯; ২০,২১।।
[৩ অধ্য; ১] আ ২২; ২,১৪। ১ বং ২১; ২৮-৩০।।—[২] ১ রা ৬; ১।।—[৩,৪] ১ রা ৬; ২,৩।।—[৫] ১ রা ৬; ১৫,১৭।।
[৭] ১ রা ৬; ২১,২২।।—[৮] ১ রা ৬; ১৬,২০।।

* (ইব্রী) অলগুম কাষ্ঠ। † (বা) আপন পিতা হীরমের।

দীর্ঘতা মন্দিরের একদিগহইতে অন্য দিগ পর্য্যন্ত বিংশতি হস্ত ও প্রস্থতা বিংশতি হস্ত; এবং সে ছয়শত কিক্কর ৯ পরিমাণ উত্তম স্বর্ণদ্বারা তাহা মুড়াইল। এবং প্রেকের স্বর্ণের পরিমাণ পঞ্চাশ শেকল্, এবং সে উপরিস্থ গৃহও ১০ স্বর্ণদ্বারা মুড়াইল। এবং সে মহাপবিত্র স্থানে নিকাল কার্য্যদ্বারা দুই কিরূব্ নির্ম্মাণ করিল, এবং তাহা স্বর্ণেতে ১১ মুড়াইল। ঐ কিরূবদের পক্ষ বিংশতি হস্ত দীর্ঘ, তাহার পাঁচ হস্ত এক পক্ষ গৃহের ভিত্তি স্পর্শ করিল, এবং পাঁচ হস্ত তাহার অন্য পক্ষ অন্য কিরূবের পক্ষ স্পর্শ ১২ করিল। অন্য কিরূবের এক পক্ষ পাঁচ হস্ত গৃহের ভিত্তি স্পর্শ করিল, এবং অন্য পক্ষও পাঁচ হস্ত; তাহা অন্য ১৩ কিরূবের পক্ষ স্পর্শ করিল। ঐ কিরূবদের পক্ষ বিংশতি হস্ত বিস্তারিত হইল, এবং তাহারা চরণদ্বারা দাঁড়াইল, এবং তাহাদের মুখ ভিতরদিগে থাকিল।

১৪ আর সে নীল ও বাগুণীয় ও রক্তবর্ণ ও সূক্ষ্ম সূত্র নির্ম্মিত ব্যবধান বস্ত্র প্রস্তুত করিল, ও তাহার দ্বারা ১৫ কিরূবাকৃতি করিল। এবং গৃহের সম্মুখে পঁয়ত্রিশ হস্ত উচ্চ দুই স্তম্ভ করিল, এবং ঐ এক ২ স্তম্ভের উপরে যে ১৬ মাথলা তাহা পাঁচ হস্ত দীর্ঘ। এবং সে বাক্যস্থানে যেমন তেমনি স্তম্ভের মস্তকে শৃঙ্খল করিয়া দিল, এবং এক শত দাড়িম্বাকৃতি করিয়া ঐ শৃঙ্খলের উপরে রা- ১৭ খিল। এবং ঐ স্তম্ভ মন্দিরের সম্মুখে দণ্ডায়মান করিল, একটা দক্ষিণে ও অন্যটা বামে রাখিল, এবং দক্ষিণস্থের নাম যাখীন (স্থিরকারক,) ও বামস্থের নাম বোয়স্ (বল) রাখিল।

৪ অধ্যায়।

১ পিত্তলের বেদির কথা ২ ও সমুদ্র ও তাহার গোরুর কথা ৬ ও স্নানপাত্র ও দীপবৃক্ষের ও মেজের ও প্রাঙ্গনের কথা, ১১ ও পিত্তলের বস্তুর কথা, ১৯ ও স্বর্ণময় বস্তুর কথা।

১ পরে সুলেমান্ পিত্তলময় এক বেদি নির্ম্মাণ করাইল, তাহার দীর্ঘতা বিংশতি হস্ত, ও প্রস্থতা বিংশতি হস্ত, ও উচ্চতা দশ হস্ত।

২ পরে সে ছাঁচে ঢালা এক গোলাকার সমুদ্ররূপ পাত্র নির্ম্মাণ করিল; তাহা এক কানা অবধি অন্য কানা পর্য্যন্ত দশ হস্ত, ও তাহার উচ্চতা পাঁচ হস্ত, এবং তাহার ৩ পরিধি ত্রিংশৎ হস্ত করিল। এবং তাহার চতুর্দ্দিগে কানার নীচে প্রত্যেক হস্ত পরিমাণের মধ্যে সমুদ্ররূপ পাত্র বেষ্টনকারি দশ ২ গোলাকৃতি ছিল, এবং পাত্র ঢালিবার সময়ে দুই শ্রেণীতে তাহা ছাঁচে ঢালিল। ৪ এবং ঐ সমুদ্র বারো গোরুর উপরে স্থাপিত হইল, তাহাদের তিন উত্তরমুখ, ও তিন পশ্চিমমুখ, ও তিন দক্ষিণমুখ, ও তিন পূর্ব্বমুখ হইল, এবং সমুদ্ররূপ পাত্র তাহাদের উপরে থাকিল; ঐ গোরুর পশ্চাদ্ভাগ অন্তরে থাকিল। ঐ পাত্র চারি অঙ্গুলি পুরু, ও তাহার ৫ কানা শোষণ পুষ্পাকারে ভূষিত হইয়া বাটীর কানার ন্যায় ছিল, তাহাতে তিন সহস্র মোন ধরিল।

৬ আর দশ প্রক্ষালনপাত্র নির্ম্মাণ করাইল, এবং প্রক্ষালনার্থে তাহার পাঁচটা দক্ষিণে ও পাঁচটা বামে স্থাপন করিল; এবং তাহারা যে ২ বস্তু হোম করিল, তাহা তাহার মধ্যে প্রক্ষালন করিল, কিন্তু যাজকদের স্নানার্থে সমুদ্ররূপ পাত্র ছিল। ৭ এবং সাধারণ আকারানুসারে স্বর্ণময় দশটা দীপাধার করিয়া মন্দিরে স্থাপন করিল, তাহার পাঁচটা দক্ষিণে ও পাঁচটা বামে ৮ রাখিল। এবং সে দশ মেজও নির্ম্মাণ করাইয়া তাহার পাঁচ দক্ষিণে ও পাঁচ বামে মন্দিরে রাখিল, এবং সে এক শত স্বর্ণময় চষকও নির্ম্মাণ করাইল।

৯ আর সে যাজকদের প্রাঙ্গণ ও বৃহৎ প্রাঙ্গণ নির্ম্মাণ করাইল, এবং প্রাঙ্গণের দ্বার ও তাহার কপাট করিয়া তাহার চারিদিগে পিত্তল মুড়িল। ১০ এবং সব্য দিগে পূর্ব্বে সম্মুখে সমুদ্ররূপ পাত্র স্থাপন করিল।

১১ আর হূরম্ কটাহ ও হাতা ও ডাবর নির্ম্মাণ করিল, এই রূপে হূরম্ ঈশ্বরের মন্দিরের উদ্দেশে সুলেমান্ রাজের নিমিত্তে সমস্ত কর্ত্তব্য কর্ম্ম সমাপ্ত করিল। ১২ অর্থাৎ দুই স্তম্ভ ও তাহার গোলাকার ও দুই স্তম্ভোপরিস্থ দুই মাথলা এবং মাথলার গোলাকার আচ্ছাদক দুই জালকার্য্য। ১৩ এবং জালকার্য্যের উপরে চারি শত দাড়িম্ব ও মাথলার দুই গোলাকার আচ্ছাদনার্থে এক ২ জালকর্ম্মের উপরে সারি ২ দুই ভাগ দাড়িম্ব ১৪ করিল। এবং পীঠ নির্ম্মাণ করিয়া তাহার উপরে স্থাপনার্থে স্নানপাত্র নির্ম্মাণ করিল। ১৫ এবং এক সমুদ্ররূপ ১৬ পাত্র ও তাহার অধোস্থিত দ্বাদশ গোরু; এবং বহুগুণা ও চমস ও কাঁটা ও তাহার সকল সাজ হূরম্ * সুলেমান্ রাজের নিমিত্তে পরমেশ্বরের মন্দিরের জন্যে ১৭ তেজস্বি পিত্তলেতে নির্ম্মাণ করিল। এবং যর্দ্দনের সমভূমিতে সুক্কোৎ ও সিরেদার মধ্যে চিক্কণ ভূমিতে ১৮ রাজা তাহা ঢালাইল। এই রূপে সুলেমান্ প্রচুর পাত্র নির্ম্মাণ করিল, তাহার পিত্তল অপরিমিত ছিল।

১৯ আর ঈশ্বরের মন্দিরের জন্যে সকল পাত্র ও স্বর্ণময় বেদি ও দর্শনরুটী রাখিবার মেজ, এই সকল সুলেমান্ ২০ নির্ম্মাণ করিল। এবং ঈশ্বরের বাক্যস্থানের সম্মুখে বিধিমতে জ্বলিবার জন্যে দীপবৃক্ষ ও তাহার দীপ নির্ম্মল ২১ স্বর্ণেতে নির্ম্মিত ছিল। এবং পুষ্প ও প্রদীপ ও চিমটা ২২ অতি নির্ম্মল স্বর্ণেতে নির্ম্মিত ছিল। এবং দীপকর্ত্তনী ও জলপাত্র ও চমস ও ধুনাচি নির্ম্মল স্বর্ণেতে নির্ম্মিত ছিল, এবং গৃহের প্রবেশস্থান ও মহাপবিত্র স্থানের ভিতরের কপাট ও মন্দিরের কপাট স্বর্ণময় নির্ম্মিত ছিল।

[১০-১৩] ১ রা ৬; ২৩-২৮ ॥—[১৪] যা ২৬; ৩১,৩৩ ॥—[১৫-১৭] ১ রা ৭; ১৫-২২ ॥
[৪ অধ্যা; ১] যা ২৭; ১-৫। ২ রা ১৬; ১৪ ॥—[২-৫] ১ রা ৭; ২৩-২৬ ॥—[৬] ১ রা ৭; ২৭-৩৯ ॥—[৭] ১ রা ৭; ৪৯ ॥
[৮] ১ রা ৭; ৪৮ ॥—[৯] ১ রা ৬; ৩৬ ॥—[১০] ১ রা ৭; ৩৯ ॥—[১১-১৮] ১ রা ৭; ৪০-৪৭ ॥—[১৯-২২] ১ রা ৭; ৪৮-৫০ ॥

* (ইব্রি) হূরম্ আবীব্।

৫ অধ্যায়।

১ নিবেদিত বস্তু ভাণ্ডারে রাখন, ২ ও মহাপবিত্র স্থানে সিন্দুক আনয়ন, ১১ ও পরমেশ্বরের প্রশংসা করণ সময়ে তাঁহার তেজ প্রকাশ হওন।

১ পরে সুলেমান্ পরমেশ্বরের মন্দিরের সমস্ত কর্ম্ম সমাপ্ত করিয়া আপন পিতা দায়ূদের নিবেদিত তাবৎ বস্তু ভিতরে আনিয়া রূপা ও স্বর্ণ ও সমস্ত পাত্র ঈশ্বরের মন্দিরের ভাণ্ডারে রাখিল।

২ আর সুলেমান্ ইস্রায়েল্ বংশের তাবৎ প্রচীনগণকে ও বংশের প্রধান লোকদিগকে ও ইস্রায়েল্ বংশের প্রধান পিতৃলোকদিগকে দায়ূদ্‌নগর অর্থাৎ সিয়োন্‌হইতে পরমেশ্বরের নিয়মসিন্দুক আনিতে যিরূশালমে ৩ একত্র করিল। তাহাতে সপ্তম মাসের উৎসব সময়ে ইস্রায়েলের তাবৎ লোক রাজার নিকটে একত্র হইল। ৪ পরে ইস্রায়েলের প্রাচীনগণ উপস্থিত হইলে লেবিগণ ৫ সিন্দুক উঠাইল, এবং লেবি বংশীয় যাজকেরা সিন্দুক ও মণ্ডলীর আবাস ও আবাসের মধ্যস্থ সমস্ত পবিত্র ৬ পাত্র উঠাইল। তাহাতে সুলেমান্ রাজ সিন্দুকের সম্মুখে আগত ইস্রায়েলের তাবৎ মণ্ডলীর বহুত্বপ্রযুক্ত অসংখ্য ৭ ও অকথ্য মেষগবাদি বলিদান করিল। পরে যাজকেরা মন্দিরের মধ্যস্থ ঈশ্বরের বাক্যস্থানে, অর্থাৎ অতি পবিত্র স্থানে কিরূবদের পক্ষের নীচে নিরূপিত স্থানে পরমে- ৮ শ্বরের নিয়ম সিন্দুক আনিল। কেননা কিরূবেরা আপনাদের দুই পক্ষ সিন্দুকের স্থানোপরি বিস্তীর্ণ করিল, এবং কিরূবেরা সিন্দুক ও তাহার সাইঙ্গের উপরে ৯ আচ্ছাদন করিল। এবং সাইঙ্গের অগ্রভাগ এই মত টানিয়া বাহির করিল, যে তাহারা সিন্দুকের বাহিরে ঈশ্বরের বাক্যস্থানের সম্মুখে দৃষ্ট হইল, কিন্তু বাহিরে দৃষ্ট হইল না; এবং তাহা অদ্য পর্য্যন্ত সেই স্থানে ১০ আছে। পরমেশ্বর মিসরহইতে ইস্রায়েল্ বংশের নির্গমন কালে তাহাদের সহিত যে নিয়ম করিয়াছিলেন, তদনুসারে হোরেবে মূসাকর্ত্তৃক সিন্দুকে স্থাপিত দুই খোদিত প্রস্তর ব্যতিরেক তাহার মধ্যে আর কিছু ছিল না।

১১ এই সকল উপস্থিত যাজকেরা পবিত্র ছিল, কিন্তু পালানুসারে কার্য্য করিল না; এবং যাজকগণ পবিত্র ১২ স্থানহইতে বাহির হইলে আসফ্ ও হেমন্ ও যিদূথূন্ ও তাহাদের পুত্রগণ ও ভ্রাতৃগণ ইত্যাদি সকল গায়ক লেবীয়েরা সূক্ষ্ম বস্ত্র পরিহিত এবং করতাল ও নবল ও বীণাধারী হইয়া বেদির পূর্ব্বদিগে দাঁড়াইল, এবং তাহাদের সহিত তূরীবাদক একশত বিংশতি জন যাজক দাঁ- ১৩ ড়াইল। সেই তূরীবাদকেরা ও গায়কেরা সকলে এক স্বরেতে পরমেশ্বরের প্রশংসা ও ধন্যবাদ করিল, এবং যখন তাহারা তূরী ও করতাল ও অন্য বাদ্যের সহিত মহাশব্দ করিয়া, 'পরমেশ্বর মঙ্গলদাতা ও তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী,' এই কথা কহিয়া প্রশংসা করিল, তৎকালে মন্দির অর্থাৎ পরমেশ্বরের মন্দির মেঘেতে এমত পরিপূর্ণ হইল, যে যাজকগণ মেঘ প্রযুক্ত দণ্ডায়- ১৪ মান হইয়া সেবা করিতে অসমর্থ হইল; কেননা পরমেশ্বরের তেজেতে ঈশ্বরের মন্দির পরিপূর্ণ হইল।

৬ অধ্যায়।

১ লোকদিগকে সুলেমানের আশীর্ব্বাদ করণ ও পরমেশ্বরের প্রশংসা করণ, ১২ ও মন্দির প্রতিষ্ঠার সময়ে সুলেমানের প্রার্থনা।

১ তখন সুলেমান্ কহিল, পরমেশ্বর ঘোর অন্ধকারে ২ বাস করেন, ইহা তিনি কহিয়াছেন। কিন্তু আমি তোমার বাসার্থে এক মন্দির নির্ম্মাণ করাইলাম; তোমার নিত্য বাসার্থে সেই স্থান স্থিরীকৃত হয়। ৩ অপর ইস্রায়েলের সমস্ত মণ্ডলী দণ্ডায়মান হইলে রাজা আপন মুখ ফিরাইয়া ইস্রায়েলের তাবৎ মণ্ডলীকে আশীর্ব্বাদ ৪ করিল। পরে (রাজা) কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর ধন্য; তিনি আমার পিতা দায়ূদের প্রতি আপন মুখে এই যে কথা কহিয়াছেন, তাহা আপন হস্তদ্বারা সফল করিলেন; 'আমি আপন লোকদিগকে মিসরহইতে বাহির করিয়া আনয়ন দিবসাবধি ইস্রায়েলের সমস্ত বংশের মধ্যে আপন নাম রাখিতে গৃহ নির্ম্মা- ৫ ণার্থে কোন নগর মনোনীত করি নাই; এবং আপন ইস্রায়েল্ লোকদের প্রভু হইবার জন্যে কোন মনুষ্যকে ৬ মনোনীত করি নাই। কিন্তু আপন নাম রাখিবার জন্যে আমি যিরূশালম্ মনোনীত করিলাম, ও আমার ইস্রায়েল্ লোকদের প্রভু হইবার জন্যে দায়ূদ্‌কে মনোনীত ৭ করিলাম,' এবং ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের নামে এক মন্দির নির্ম্মাণ করিতে আমার পিতা দায়ূদেরও ৮ মনস্থ ছিল। কিন্তু পরমেশ্বর আমার পিতা দায়ূদ্‌কে কহিলেন, আমার নামে মন্দির নির্ম্মাণ করিতে তোমার মনস্থ আছে; তোমার যে মনস্থ আছে সে ভালই। ৯ তথাপি তুমি সেই মন্দির নির্ম্মাণ করিবা না, কিন্তু তোমার ঔরসজাত এক সন্তান জন্মিয়া আমার নামে মন্দির ১০ নির্ম্মাণ করিবে। এখন পরমেশ্বর আপনার উক্ত কথা সফল করিলেন; তাহাতে আমি আপন পিতা দায়ূদের পদে স্থাপিত ও পরমেশ্বরের প্রতিজ্ঞানুসারে ইস্রায়েলের সিংহাসনোপবিষ্ট হইলাম, ও ইস্রায়েলের প্রভু ১১ পরমেশ্বরের নামে এক মন্দির নির্ম্মাণ করাইলাম। এবং পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সহিত যে নিয়ম করিয়াছেন, সেই নিয়মের সিন্দুক তাহার মধ্যে রাখিলাম।

১২ পরে সে ইস্রায়েলের তাবৎ মণ্ডলীর সাক্ষাতে পরমেশ্বরের বেদির সম্মুখে আপন হস্ত বিস্তার করিয়া ১৩ দাঁড়াইল। কেননা সুলেমান্ পাঁচ হস্ত দীর্ঘ ও পাঁচ

[৫ অধ্যা; ১] ১ রা ৭; ৫১ ।।—[২-১৪] ১ রা ৮; ১-১১ ।।—[১২] ১ বং ২৫; ১ । ১৫; ২৪ ।।—[১৩] ১ বং ১৬; ৪১ ।।
[৬ অধ্যা; ১, ২] ১ রা ৮; ১২,১৩ ।।—[৩-১১] ১ রা ৮; ১৪-২১ ।।—[৪-৬] ১ বং ১৭; ৪-১০ ।।—[৭] ১ বং ১৭; ১ । ২২;
৭।।—[৮,৯] ১ বং ১৭; ৪,১১,১২ । ২২; ৮-১০ ।।—[১১] ২ বং ৫; ১০ ।।—[১২-২১] ১ রা ৮; ২২-৩০ ।।

হস্ত প্রস্থ ও তিন হস্ত উচ্চ পিত্তলময় এক মঞ্চ নির্ম্মাণ করিয়া প্রাঙ্গণের মধ্যে তাহা রাখিয়াছিল, এবং সে তাহার উপরে দাঁড়াইল; পরে সে ইস্রায়েলের তাবৎ মণ্ডলীর সম্মুখে হাঁটু পাতিয়া আকাশের প্রতি হস্ত ১৪ বিস্তার করিয়া কহিল, হে ইস্রায়েলের প্রভো পরমেশ্বর, আপন সর্ব্বান্তঃকরণের সহিত তোমার সম্মুখে আচরণকারি দাসগণের প্রতি তুমি আপন নিয়ম ও ১৫ দয়া পালন করিতেছ; তোমার দাস আমার পিতা দায়ূদের প্রতি আপন কৃত প্রতিজ্ঞা পালন করিতেছ, ও যাহা আপন মুখে কহিয়াছ, তাহা অদ্য আপন হস্তদ্বারা সিদ্ধ করিতেছ যে তুমি, তোমার তুল্য স্বর্গে ১৬ ও পৃথিবীতে কোন দেবতা নাই। হে ইস্রায়েলের প্রভো পরমেশ্বর, তুমি আপন দাস আমার পিতা দায়ূদের নিকটে এই প্রতিজ্ঞা করিয়াছ, 'আমার সম্মুখে তুমি যেমন আচরণ করিলা, তোমার বংশও যদি সাবধান হইয়া তদ্রূপ আমার সম্মুখে আমার ব্যবস্থানুসারে আচরণ করে, তবে আমার দৃষ্টিতে ইস্রায়েলের সিংহা- ১৭ সনোপবিষ্ট হইতে তোমার বংশে মনুষ্যের অভাব হইবে না,' এখন সেই কথা সফল কর। হে ইস্রায়েলের ঈশ্বর, আমি বিনয় করি, তোমার দাস আমার পিতা দায়ূদের প্রতি যে কথা কহিয়াছ, তাহা সুস্থির ১৮ হউক। কিন্তু ঈশ্বর কি নিতান্ত পৃথিবীতে মনুষ্যের সহিত বাস করিবেন? * স্বর্গ ও স্বর্গের উপরিস্থ স্বর্গ যাঁহাকে ধারণ করিতে পারে না, তাঁহাকে কি আমার নির্ম্মিত এই ১৯ মন্দির ধারণ করিতে পারে? হে আমার প্রভু পরমেশ্বর, তুমি আপন দাসের নিবেদন ও প্রার্থনার প্রতি মনোযোগ কর, ও তোমার দাস অদ্য তোমার ২০ নিকটে যে কাকুতি ও প্রার্থনা করে, তাহা শুন। এবং যে স্থানের বিষয়ে তুমি কহিয়াছ, আমার নাম সেই স্থানে থাকিবে, সে স্থান অর্থাৎ তোমার এই মন্দিরের প্রতি তোমার চক্ষু দিবারাত্রি উন্মীলিত থাকুক, এবং এই স্থানের প্রতি মুখ রাখিয়া তোমার দাস যে প্রার্থনা ২১ করে, তাহা শুন। তোমার দাসের বিনতির এবং এই স্থানের দিগে অভিমুখ ইস্রায়েল্ লোকদের বিনতির প্রতি মনোযোগ কর, এবং আপন স্বর্গ নিবাসে থাকিয়া তাহা শুন, ও শুনিয়া ক্ষমা কর।

২২ আর যদি কেহ আপন প্রতিবাসির বিরুদ্ধে অপরাধ করিলে তাহাকে দিব্য করাইবার জন্যে এক দিব্য নিরূপিত হয়, ও সেই দিব্য এই মন্দিরে তোমার হোম- ২৩ বেদির সম্মুখে উপস্থিত হয়, তবে তুমি স্বর্গে থাকিয়া তাহা শুনিয়া মনোযোগ করিয়া আপন দাসদের বিচার কর; অর্থাৎ দোষিকে সদোষ করিয়া তাহার কর্ম্মের ফল তাহাকে † দেও; ও নির্দ্দোষকে নির্দ্দোষ করিয়া তাহার ধর্ম্মানুসারে ফল দেও।

২৪ আর তোমার ইস্রায়েল্ বংশ তোমার বিরুদ্ধে পাপ করাতে শত্রুদ্বারা আহত হইলে পর পুনর্ব্বার যদি তোমার প্রতি ফিরে ও এই মন্দিরে তোমার নাম স্বীকার করিয়া তোমার নিকটে বিনয় করিয়া প্রার্থনা ২৫ করে; তবে তুমি স্বর্গে থাকিয়া মনোযোগ করিয়া আপন ইস্রায়েল্ লোকদের পাপ ক্ষমা কর, ও তাহাদিগকে ও তাহাদের পূর্ব্বপুরুষদিগকে যে দেশ দিয়াছ, তাহাতে পুনর্ব্বার তাহাদিগকে আন।

২৬ আর তোমার বিরুদ্ধে তাহাদের পাপ করণ প্রযুক্ত যদি আকাশ রুদ্ধ হইয়া বৃষ্টি না করে, আর তাহাতে লোকেরা যদি এই স্থানের দিগে অভিমুখ হইয়া তোমার নাম স্বীকার করিয়া প্রার্থনা করে এবং তোমাহইতে ক্লেশ পাইয়া আপন২ পাপহইতে ফিরে, তবে ২৭ তুমি স্বর্গে থাকিয়া মনোযোগ করিয়া আপন দাসদের ও আপন ইস্রায়েল্ বংশের অপরাধ ক্ষমা কর, ও তাহাদিগকে উত্তম ও গন্তব্য পথ শিক্ষা দেও, এবং অধিকারার্থে তোমার লোকদের প্রতি তোমার দত্ত দেশে বৃষ্টি কর।

২৮ আর যদি তাহাদের দেশে দুর্ভিক্ষ কিম্বা মহামারী কিম্বা চিটা কিম্বা তেজহীন শস্য কিম্বা পঙ্গপাল কিম্বা কীট হয়, কিম্বা তাহাদের শত্রুগণ তাহাদের তাবৎ দেশের নগর অবরোধ করে, কিম্বা কোন মারী ও ২৯ রোগ ব্যাপ্ত হয়; পরে আপনাদের মনঃপীড়া জানিয়া তাবৎ ইস্রায়েল্ লোকদের মধ্যে কোন জন যদি এই মন্দিরের দিগে হস্ত বিস্তার করিয়া বিনয় করিয়া কোন ৩০ নিবেদন কিম্বা প্রার্থনা করে; তবে তুমি আপন নিবাস স্বর্গে থাকিয়া তাহা শ্রবণ করিয়া ক্ষমা কর ও সিদ্ধ ৩১ কর, এবং প্রত্যেক জনের মন জানিয়া তাহাদের ক্রিয়ানুসারে ফল দেও, কেননা মনুষ্যের তাবৎ বংশের মন কেবল তুমিই জান; তাহাতে তাহারা আমাদের পূর্ব্বপুরুষদের প্রতি তোমার দত্ত দেশে যত দিন সজীব থাকে, তাবৎ তোমাকে ভয় করিবে।

৩২ আর তোমার ইস্রায়েল্ বংশীয় না হইলেও যদি বিদেশি লোক তোমার মহানাম ও সবল হস্ত ও বিস্তীর্ণ বাহুর গুণ শুনিয়া দূরদেশহইতে আইসে; তবে যে সময়ে আসিয়া এই মন্দিরের সম্মুখে প্রা- ৩৩ র্থনা করে, সে সময়ে তুমি আপন নিবাস স্বর্গে থাকিয়া তাহা শুন; এবং তোমার ইস্রায়েল্ লোকেরা যেমন তোমাকে ভয় করে, পৃথিবীস্থ সকল লোক যেন তোমার নাম জ্ঞাত হইয়া তোমাকে তদ্রূপ ভয় করে, ও আমার নির্ম্মিত মন্দির তোমার নামে বিখ্যাত, ইহা যেন জানে, এই জন্যে বিদেশিগণ তোমার নিকটে যে প্রার্থনা করিবে, তমি তাহাদের প্রতি তদনুসারে কর।

[২২,২৩] ১ রা ৮; ৩১,৩২ ।।—[২৪,২৫] ১ রা ৮; ৩৩,৩৪ ।।—[২৬,২৭] ১ রা ৮; ৩৫,৩৬ ।।—[২৮-৩১] ১ রা ৮; ৩৭-৪০ ।। [৩২,৩৩] ১ রা ৮; ৪১-৪৩ ।।

* (ইব্রু) দেখ। † (ইব্রু) পথের ফল তাহার মস্তকে।

৩৪ আর তুমি আপন লোকদিগকে কোন স্থানে প্রেরণ করিলে তাহারা যদি আপন শত্রুগণের সহিত যুদ্ধ করিতে যাইয়া তোমার মনোনীত নগরের দিগে * কিম্বা তোমার নামে আমার কৃত মন্দিরের দিগে অভিমুখ ৩৫ হইয়া পরমেশ্বরের কাছে প্রার্থনা করে; তবে তুমি স্বর্গে থাকিয়া তাহাদের প্রার্থনা ও বিনয় শুনিয়া তাহাদের ৩৬ বিচারের নিষ্পত্তি কর। আর তাহারা যদি তোমার বিরুদ্ধে পাপ করে, (কেননা অকৃতপাপ কেহ নাই) এবং তুমি তাহাদের প্রতি ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে শত্রুহস্তগত কর, ও শত্রুগণ তাহাদিগকে দূরস্থ কিম্বা নিক- ৩৭ টস্থ আপন দেশে বন্দি করিয়া লইয়া যায়; এবং সেই বন্দিরা নীত হইয়া সেই স্থানে বিবেচনা করিয়া তোমার প্রতি ফিরে, এবং যাহারা তাহাদিগকে বন্দি করিয়া লইয়া গেল, তাহাদের দেশে থাকিয়া, 'আমরা পাপ করিলাম ও বিপথগামী হইলাম ও দুষ্টতা করিলাম,' তোমার নিকটে বিনতি করিয়া এই কথা কহে; ৩৮ এবং যে শত্রুগণ তাহাদিগকে লইয়া গেল, তাহাদের দেশে থাকিয়া সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণের সহিত তোমার প্রতি ফিরে, এবং তাহাদের পূর্ব্বপুরুষদের প্রতি তোমার দত্ত দেশের দিগে, ও তোমার মনোনীত নগরের দিগে, ও তোমার নামে আমার কৃত মন্দিরের ৩৯ দিগে অভিমুখ হইয়া যদি প্রার্থনা করে; তবে তুমি আপন স্বর্গনিবাসে থাকিয়া তাহাদের প্রার্থনা ও বিনয় শুনিয়া তাহাদের বিচারের নিষ্পত্তি কর, ও তোমার বিরুদ্ধে পাপকারি আপন লোকদিগকে ক্ষমা ৪০ কর। হে আমার ঈশ্বর, আমি বিনয় করি, এই স্থানে যে প্রার্থনা হয়, তাহার প্রতি তুমি দৃষ্টিপাত ও কর্ণপাত ৪১ কর। হে প্রভো পরমেশ্বর, এখন তুমি আপন শক্তিরূপ আসনের সহিত আপন বিশ্রামস্থানে আরোহণ কর; হে প্রভো পরমেশ্বর, তোমার যাজকগণ পরিত্রাণরূপ বস্ত্র পরিধান করুক, ও তোমার পবিত্র লোক তোমার ৪২ মঙ্গলে আনন্দ করুক। হে প্রভো পরমেশ্বর, তুমি আপন অভিষিক্তকে পরাঙ্মুখ করিও না, ও আপন দাস দায়ূদের প্রাপ্ত অনুগ্রহ স্মরণ কর।

৭ অধ্যায়।

১ সুলেমানের প্রার্থনার পরে আকাশহইতে অগ্নি পতন ৪ ও তাহার যজ্ঞকর্ম্ম ৮ ও উৎসব করণের পরে লোকদিগকে বিদায় করণ ১২ ও সুলেমানের প্রতি পরমেশ্বরের প্রতিজ্ঞা।

১ সুলেমান্ প্রার্থনা শেষ করিলে পর আকাশহইতে অগ্নি নামিয়া হোম ও বলি সকল দগ্ধ করিল, তাহাতে পর- ২ মেশ্বরের তেজেতে মন্দির পরিপূর্ণ হইল। পরমেশ্বরের তেজেতে পরমেশ্বরের মন্দির এমত পরিপূর্ণ হইল, যে যাজকগণ পরমেশ্বরের মন্দিরে প্রবেশ করিতে অসমর্থ ৩ হইল। এবং ইস্রায়েলের তাবৎ বংশ এই অগ্নিপাত ও মন্দিরের উপরে পরমেশ্বরের তেজ দেখিয়া প্রস্তরময় ভূমিতে উবুড় হইয়া প্রণাম করিয়া তাঁহার ভজনা করিল, এবং পরমেশ্বরের প্রশংসা করিয়া কহিল, পরমেশ্বর মঙ্গলদাতা, ও তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী।

৪ পরে রাজা ও তাবৎ লোক পরমেশ্বরের উদ্দেশে ৫ বলিদান করিল। তাহাতে সুলেমান্ রাজ বাইশ সহস্র গো ও এক লক্ষ বিংশতি সহস্র মেষ বলিদান করিল; এই রূপে রাজা ও সমস্ত লোক ঈশ্বরের মন্দির প্রতিষ্ঠা ৬ করিল। এবং যাজকগণ আপন ২ পদের কার্য্য করিল, এবং পরমেশ্বরের অনুগ্রহ নিত্যস্থায়ী প্রযুক্ত দায়ূদ্ রাজ পরমেশ্বরের প্রশংসার্থে যে বাদ্যযন্ত্র নির্ম্মাণ করিয়াছিল, এবং পরমেশ্বরের প্রশংসার্থে যে গীত তাহাদিগকে শিখাইয়াছিল, তাহাদ্বারা লেবীয়েরা আপন ২ পদের কার্য্য করিল, এবং যাজকগণ তাহাদের সম্মুখে তূরী বাজাইল, এবং ইস্রায়েলের তাবৎ লোক দণ্ডায়মান ৭ হইল। সেই সময়ে সুলেমান্ পরমেশ্বরের মন্দিরের সম্মুখস্থ প্রাঙ্গণের মধ্যভাগও পবিত্র করিল, কেননা সে স্থানে সে হোমবলি ও মঙ্গলার্থক বলির মেদ উৎসর্গ করিল, কিন্তু হোমবলি ও নৈবেদ্য ও (মঙ্গলার্থক বলির) মেদ গ্রহণ করিতে সুলেমানের নির্ম্মিত পিত্তলময় হোমবেদি পারিল না।

৮ ঐ সময়ে সুলেমান্ ও তাহার সঙ্গি মহামণ্ডলী, অর্থাৎ ইস্রায়েলের সমস্ত লোক হমাতের প্রবেশ স্থান অবধি মিসরের সীমানদী পর্য্যন্ত সাত দিন ঐ (আবা- ৯ সের) উৎসব করিল। পরে অষ্টম দিনে তাহারা বিশ্রাম করিল, কেননা তাহারা এক সপ্তাহ বেদির প্রতিষ্ঠা, ১০ ও অন্য সপ্তাহ উৎসব পালন করিল। এবং পরমেশ্বর দায়ূদের ও সুলেমানের ও আপন ইস্রায়েল্ লোকদের জন্যে যে সকল মঙ্গল করিয়াছিলেন, তাহাতে লোকেরা আনন্দিত ও হৃষ্টচিত্ত হইলে সে সপ্তম মাসের ত্রয়োবিংশ দিনে তাহাদিগকে আপন ২ বাসস্থানে যা- ১১ ইতে বিদায় করিল। এইরূপে সুলেমান্ পরমেশ্বরের মন্দির ও রাজবাটীর নির্ম্মাণ সমাপ্ত করিল, এবং পরমেশ্বরের মন্দিরে ও আপনার প্রাসাদে যাহা ২ করিতে সুলেমানের ইচ্ছা হইল, তাহাই সিদ্ধ করিল।

১২ অপর পরমেশ্বর রাত্রিতে সুলেমান্কে দর্শন দিয়া কহিলেন, আমি তোমার প্রার্থনা শুনিলাম, ও যজ্ঞ- ১৩ বাটীর জন্যে এই স্থান মনোনীত করিলাম। যদি আমি আকাশ রুদ্ধ করিয়া বৃষ্টি না করি, কিম্বা দেশ বিনষ্ট করিতে পঙ্গপালদিগকে আজ্ঞা করি, কিম্বা আ- ১৪ পন লোকদের মধ্যে মহামারী প্রেরণ করি; তাহাতে

[৩৪,৩৫] ১ রা ৮; ৪৪,৪৫ ।।—[৩৬-৪০] ১ রা ৮; ৪৬-৫৩ ।।—[৪১,৪২] গ ১০; ৩৫,৩৬ । গী ৬৮,১ । ১৩২; ৮,৯,১০ ।। [৭ অধ্যা; ১] ১ রা ৮; ৫৪,৫৫ ।।—[১-৩] ২ বং ৫; ১৩,১৪। লে ৯; ২৪। বি ৬; ২১,২২। ১ রা ১৮; ৩৮,৩৯।।—[৪-১০] ১ রা ৮; ৬২-৬৬ ।।—[৬] ১ বং ১৫; ১৬ ।।—[১১-২২] ১ রা ৯; ১-৯ ।।—[১২] দ্বি ১২; ১০-১৪ ।।—[১৩,১৪] ২ বং ৬; ২৬,২৭ ।।

* (ইব্রী) পথে।

যদি আমার নামে বিখ্যাত আমার লোকেরা নম্র হইয়া প্রার্থনা করে, ও আমার মুখাপেক্ষা করে ও আপনাদের কুপথহইতে ফিরে, তবে আমি স্বর্গে থাকিয়া তাহা শুনিব, ও তাহাদের পাপ ক্ষমা করিব, ও তাহাদের ১৫ দেশের মঙ্গল * করিব। এই স্থানে যে২ প্রার্থনা হইবে, ১৬ তাহার প্রতি আমার দৃষ্টি ও কর্ণপাত হইবে। কেননা এই মন্দিরে যেন সর্ব্বদা আমার নাম থাকে, এই জন্যে আমি ইহা মনোনীত করিলাম ও পবিত্র করিলাম, আমার চক্ষু ও আমার মন সর্ব্বদা এই স্থানে থা- ১৭ কিবে। এবং আমি তোমাকে যে২ আজ্ঞা দিয়াছি, তদনুসারে যদি তোমার পিতা দায়ূদের আচরণের ন্যায় আমার সাক্ষাতে আচরণ কর, এবং ১৮ আমার বিধি ও ব্যবস্থা পালন কর; তবে 'ইস্রায়েলের উপরে রাজত্ব করিতে তোমার বংশে মনুষ্যের অভাব হইবে না,' এই যে কথা কহিয়া তোমার পিতা দায়ূদের সহিত নিয়ম করিয়াছি, তদনুসারে আমি ১৯ তোমার রাজসিংহাসন স্থির করিব। কিন্তু যদি তোমরা আমাহইতে ফির ও তোমাদের সম্মুখে স্থাপিত আমার আজ্ঞা ও বিধি পালন না কর, কিন্তু যাইয়া ২০ অন্য দেবগণের সেবা ও আরাধনা কর; তবে আমি তোমাদিগকে † আমার এই যে দেশ দিয়াছি, তাহাহইতে তোমাদিগকে † উচ্ছিন্ন করিব, এবং আপন নামের জন্যে এই যে মন্দির পবিত্র করিলাম, ইহা আপন দৃষ্টিহইতে দূর করিব, এবং তাবৎ জাতির মধ্যে তাহা ২১ দৃষ্টান্ত ও উপকথাস্বরূপ করিব। তাহাতে যখন লোকেরা এই উচ্চ মন্দিরের নিকট দিয়া গমন করিবে, তখন চমৎকৃত হইয়া 'এই দেশ ও মন্দিরের প্রতি পরমেশ্বর এমত দুর্দ্দশা কেন ঘটাইলেন?' ইহা জিজ্ঞাসা করিবে; ২২ তাহাতে লোকেরা উত্তর করিবে, এই লোকদের পূর্ব্বপুরুষদিগকে মিসর্‌হইতে বাহির করিয়া আনিলেন যে তাহাদের প্রভু পরমেশ্বর, তাঁহাকে ত্যাগ করিয়া তাহারা অন্য দেবগণের আশ্রয় লইয়া তাহাদের ভজনা ও সেবা করিল, এই জন্যে পরমেশ্বর তাহাদের প্রতি এই সকল অমঙ্গল ঘটাইয়াছেন।

৮ অধ্যায়।

১ সুলেমানের নগর প্রস্তুত করণ ৭ ও অন্যদেশীয়দিগকে করদায়ী করণ ১১ ও আপন স্ত্রীকে প্রাসাদে লইয়া যাওন ১২ ও বিধি পালন করণ ১৪ ও যাজকগণকে ও লেবীয়দিগকে নিরূপণ করণ ১৭ ও ওফীর্‌হইতে স্বর্ণ আনয়ন করণ।

১ সুলেমান্ বিংশতি বৎসরে পরমেশ্বরের মন্দির ও ২ আপন রাজবাটী নির্ম্মাণ করাইলে পর হীরম্ সুলেমান্‌কে যে২ নগর দিয়াছিল, তাহা সুলেমান্ প্রস্তুত করিয়া সেই স্থানে ইস্রায়েল্ বংশকে বাস করাইল। ৩ পরে সুলেমান্ হমাৎ-সোবাতে যাইয়া তাহা ৪ জয় করিল। এবং অরণ্যস্থ তদ্‌মোর্ নগর ও হমাতে যে২ ধন রক্ষার্থক নগর নির্ম্মাণ করিল, সে তাহা ৫ তখন নির্ম্মাণ করাইল। সে উপরিস্থ বৈথোরোণ্ ও নীচস্থ বৈথোরোণ্ এই দুই দৃঢ় নগর প্রাচীর ও দ্বার ও ৬ অর্গলদ্বারা প্রস্তুত করাইল। এবং সুলেমান্ বালৎ ও ধন রক্ষার্থক তাবৎ নগর ও তাবৎ রথনগর ও অশ্বারূঢ়দের নগর ও যাহা২ করিতে ইচ্ছা করিল, তাহা যিরূশালমে ও লিবানোনে ও আপন অধিকার দেশের সর্ব্বত্র নির্ম্মাণ করাইল।

৭ ইস্রায়েল্ বংশ ভিন্ন দেশে অবশিষ্ট যে সকল হিত্তীয় ও ইমোরীয় ও পিরিষীয় ও হিব্বীয় ও যিবূষীয় লোক- ৮ দিগকে ইস্রায়েল্ বংশ নিঃশেষে বিনষ্ট করিল না, তাহাদের হইতে সুলেমান্ অদ্যকার ন্যায় এক দল গ্রহণ ৯ করিল; কিন্তু সুলেমান্ ইস্রায়েল্ বংশের মধ্যে কাহাকেও আপন কার্য্যের জন্যে দাস করিল না; তাহাদিগকে যোদ্ধা ও প্রধান সেনাপতি ও সারথি ও অশ্বারূঢ় ১০ করিল। এবং তাহাদের মধ্যে সুলেমানের কর্ম্মে নিযুক্ত দুই শত পঞ্চাশ জন লোকদের প্রধান অধ্যক্ষ ছিল।

১১ পরে সুলেমান্ ফিরৌণের কন্যার নিমিত্তে যে প্রাসাদ নির্ম্মাণ করিয়াছিল, সেই প্রাসাদে দায়ূদের নগরহইতে তাহাকে আনিল, আর সে কহিল, আমার ভার্য্যা ইস্রায়েলের দায়ূদ্ রাজের প্রাসাদে বাস করিবে না, কেননা যে কোন স্থানে পরমেশ্বরের সিন্দুক আনীত হইল, সেই স্থান পবিত্র হইল।

১২ অপর সুলেমান্ বারাণ্ডার সম্মুখে পরমেশ্বরের যে বেদি নির্ম্মাণ করিয়াছিল, তাহার উপরে পরমেশ্বরের উদ্দেশে হোম করিতে লাগিল, ১৩ এবং মূসা যে আজ্ঞা করিয়াছিল, তদনুসারে সে বিশ্রামবার ও অমাবস্যা ও বৎসরের মধ্যে তিন মহোৎসবে, অর্থাৎ তাড়ীশূন্য রুটীর পর্ব্বে ও সপ্তাহের পর্ব্বে ও তাম্বুবাস পর্ব্বে, প্রতিদিন নিরূপিত পরিমাণে উৎসর্গ করিত।

১৪ আর সে আপন পিতা দায়ূদের নিরূপণানুসারে যাজকদের সেবার জন্যে তাহাদের পালা নিরূপণ করিল, এবং প্রতি দিনের কার্য্য যেমন আবশ্যক, তদ্রূপ যাজকদের সম্মুখে স্তব ও সেবা করিতে লেবিদিগকে নিরূপণ করিল; এবং তাহাদের পালানুসারে প্রত্যেক দ্বারে দ্বারিদিগকেও নিরূপণ করিল, কেননা ঈশ্বরের লোক দায়ূদ্ সেই রূপ আজ্ঞা করি- ১৫ য়াছিল। এবং রাজা যাজকদিগকে ও লেবিদিগকে ধন বিষয়ে কিম্বা যে কোন বিষয়ে যে আজ্ঞা

[১৫] ২ বং ৬; ৪০॥—[১৬] ৬; ৬। দ্বি ১২; ১০,১১॥—[১৭,১৮] ১ বং ২৮; ৭॥—[১৯,২০] গী ৮৯; ৩০,৩১। দ্বি ২৮; ৩৭। ৩০; ১৭,১৮॥—[২১,২২] দ্বি ২৯; ২৪-২৮॥

[৮ অধ্য; ১-৬] ১ রা ৯; ১০-১৯॥—[১] ১ রা ৬; ৩৭,৩৮। ৭; ১॥—[৭-১০] ১ রা ৯; ২০-২৩॥—[১১] ১ রা ৯; ২৪॥ [১২,১৩] ১ রা ৯; ২৫॥—[১৪] ১ বং ২৪। ২৫। ২৬॥

* (ইব্রী) স্বাস্থ্য। † (ইব্রী) তাহাদিগকে।

১৬ দিয়াছিল, তাহার অন্যথা তাহারা করিল না। পরমেশ্বরের মন্দিরের ভিত্তিমূল করণ আরম্ভাবধি তাহার বিনাশ * পর্য্যন্ত সুলেমানের তাবৎ নিয়ম স্থির থাকিল; এই রূপে পরমেশ্বরের মন্দির প্রস্তুত হইল।

১৭ পরে সুলেমান্ ইদোম্ দেশে ও সমুদ্রতীরস্থ ইৎসি-১৮ য়োন্-গেবরে ও এলতে গেল। এবং হীরম্ আপন দাসদের দ্বারা তাহার নিকটে জাহাজ ও নিপুণ নাবিকদিগকে প্রেরণ করিল, এবং তাহারা সুলেমানের দাসদের সহিত ওফীরে যাইয়া তথাহইতে চারিশত পঞ্চাশ কিক্কর স্বর্ণ লইয়া সুলেমান্ রাজের নিকটে আনিত।

৯ অধ্যায়।

১ সুলেমানের জ্ঞানের কথা শুনিতে শিবার রাণীর যিরূশালমে আগমন ১০ ও সুলেমানের স্বর্ণ ১৩ ও স্বর্ণঢালের কথা ১৭ ও হস্তিদন্তের সিংহাসনের কথা ২০ ও পাত্রাদির কথা ২৩ ও উপঢৌকনের কথা ২৫ ও রথ ও অশ্বের কথা। ২৬ ও করাদির কথা ২৯ ও তাহার রাজত্ব ও মৃত্যুর কথা।

১ অপর শিবা দেশের রাণী সুলেমান্ রাজের সুখ্যাতির কথা শুনিয়া নিগূঢ় বাক্যদ্বারা তাহার পরীক্ষা করিতে সমূহলোক ও সুগন্ধি দ্রব্য ও প্রচুর স্বর্ণ ও মণিবাহক উষ্ট্রগণ সঙ্গে লইয়া যিরূশালমে আইল; পরে সে সুলেমানের নিকটে আসিয়া তাহাকে আপন মনের ২ তাবৎ কথা ভাঙ্গিয়া কহিল। তাহাতে সুলেমান্ তাহার জিজ্ঞাসিত সকল কথার উত্তর করিল, ও সুলেমানের সাক্ষাতে কিছু গুপ্ত না হইলে সে সকলি তাহাকে ৩ কহিল। এই প্রকারে শিবার রাণী সুলেমানের সকল ৪ জ্ঞান ও তাহার নির্ম্মিত গৃহ, এবং তাহার মেজের খাদ্যদ্রব্য ও তাহার দাসদের আসন ও মন্ত্রিদের সভা ও তাহাদের বস্ত্র ও তাহার পাত্রবাহক ও তাহাদের বস্ত্র ও পরমেশ্বরের মন্দিরে আরোহণ করিবার তাহার নির্ম্মিত সোপান †, এই সকল দেখিয়া সে হত-৫ জ্ঞান হইল। পরে ঐ রাণী রাজাকে কহিল, আমি আপন দেশে থাকিয়া তোমার কর্ম্ম ‡ ও বিদ্যার যে ৬ সুখ্যাতি শুনিয়াছি, তাহা সত্য। কিন্তু আমি যাবৎ আসিয়া আপন চক্ষুতে না দেখিলাম, তাবৎ তাহা প্রত্যয় করিলাম না; তথাপি তোমার বাহুল্য জ্ঞানের অর্দ্ধেক আমাকে কথিত হইল না; যে কথা আমি শুনিলাম, ৭ তাহাহইতে তোমার অধিক হয়। তোমার যে লোকেরা এবং তোমার যে দাসেরা নিত্য তোমার সম্মুখে দাঁড়া-৮ ইয়া তোমার জ্ঞানের কথা শুনে, তাহারা ধন্য। এবং তোমার প্রভু পরমেশ্বরের নিমিত্তে তোমাকে সিংহাসনোপবিষ্ট করিতে সন্তুষ্ট হইলেন যে তোমার প্রভু পরমেশ্বর, তিনি ধন্য; তোমার ঈশ্বর ইস্রায়েল্ বংশকে চিরস্থায়ী করণার্থে তাহাদিগকে প্রেম করেন, এই জন্যে ন্যায় ও ধর্ম্ম করিতে তোমাকে তাহাদের উপরে রাজত্বপদে নিযুক্ত করিলেন। পরে সে রাজাকে এক ৯ শত বিংশতি কিক্কর স্বর্ণ ও প্রচুর সুগন্ধি দ্রব্য ও মণি উপঢৌকন দিল। শিবার ঐ রাণী সুলেমান্ রাজকে যাদৃশ প্রচুর সুগন্ধি দ্রব্য দিল, তাদৃশ সুগন্ধি সেখানে কখনো আর আইসে নাই।

১০ অপর হীরমের ও সুলেমানের যে দাসগণ ওফীর-হইতে স্বর্ণ আনিল, তাহারা চন্দনকাষ্ঠ || ও মণি আনিল। ১১ পরে রাজা ঐ চন্দনকাষ্ঠদ্বারা পরমেশ্বরের মন্দিরের ও রাজবাটীর নিমিত্তে সোপান ও গায়কদের জন্যে বীণা ও নবল নির্ম্মাণ করাইল; তদ্রূপ দ্রব্য কেহ পূর্ব্বে ১২ যিহূদা দেশে কখনও দেখে নাই। পরে সুলেমান্ রাজ শিবার রাণীর যাচিত ও বাঞ্ছিত সকল সিদ্ধ করিল, তদ্ভিন্ন সে আপনার প্রতি আনীত দ্রব্যানুসারে তাহাকে আরো দিল; পরে রাণী ও তাহার দাসগণ আপন দেশে ফিরিয়া গেল।

১৩ বাণিজ্যকারি ও ব্যবসায়িদের স্থানে যে স্বর্ণপ্রাপ্তি ছিল, তদ্ব্যতিরেকে সম্বৎসরে ছয় শত ছেষট্টি কিক্কর্ ১৪ পরিমিত স্বর্ণ সুলেমানের কাছে আনীত হইল; আর তাবৎ অরবীয় রাজা ও দেশের অধ্যক্ষগণ সুলে-১৫ মানের নিকটে স্বর্ণ ও রূপ্য আনিল। তাহাতে সুলেমান রাজা পিটান § স্বর্ণময় দুই শত গোলাকার ঢাল প্রস্তুত করিল; তাহার প্রত্যেক ঢালে ছয় শত শেকল্ ১৬ পরিমিত পিটান স্বর্ণ ছিল। এবং পিটান স্বর্ণদ্বারা আর তিন শত ঢাল প্রস্তুত করিল; তাহার প্রত্যেক ঢালে তিন শত শেকল পরিমিত স্বর্ণ ছিল; পরে রাজা লিবানোন্ অরণ্য বাটীতে তাহা রাখিল।

১৭ পরে রাজা হস্তিদন্তময় এক মহাসিংহাসন নির্ম্মাণ ১৮ করাইয়া নির্ম্মল স্বর্ণেতে তাহা মুড়িল। ঐ সিংহাসনের ছয় সোপান ছিল, ও স্বর্ণময় এক পাদপীঠ তাহাতে বদ্ধ ছিল, ও আসনের উভয় পার্শ্বে হাতা ছিল, ও সে হাতার নিকটে দুই সিংহমূর্ত্তি দণ্ডায়মান ছিল। ১৯ এবং সেই ছয় সোপানের উপরে দুই পার্শ্বে দ্বাদশ সিংহমূর্ত্তি দাঁড়াইল; এই রূপ সিংহাসন আর কোন রাজ্যে প্রস্তুত হয় নাই।

২০ সুলেমান্ রাজের সকল পানপাত্র স্বর্ণময় ছিল, ও লিবানোন্ অরণ্য গৃহের সকল পাত্র নির্ম্মল স্বর্ণময় ছিল; সুলেমানের অধিকারে রূপার মূল্য ছিল না। ২১ কেননা হীরমের দাসদের সহিত রাজারও তর্শীশ্গামি জাহাজ ছিল; তর্শীশের জাহাজ স্বর্ণ ও রূপা ও হস্তিদন্ত ও বানর ও ময়ূর লইয়া তিন ২ বৎসরে এক বার ২২ যাতায়াত করিত। এই রূপে ধন ও বিদ্যাতে সুলেমান্ রাজা পৃথিবীস্থ অন্য সকল রাজাহইতে প্রধান হইল।

---

[১৭] দ্বি ২ ; ৮ ।।—[১৭,১৮] ১ রা ৯ ; ২৬-২৮ ।।

[৯ অধ্য; ১-৯] ১ রা ১০; ১-১০ ।।—[১] ম ১২;৪২ ।।—[১০,১১] ১ রা ১০; ১১,১২ ।।—[১২] ১ রা ১০; ১৩ ।।—[১৩,১৪] ১ রা ১০ ; ১৪,১৫ ।।—[১৫,১৬] ১ রা ১০ ; ১৬, ১৭ ।।—[১৭-১৯] ১ রা ১০; ১৮-২০ ।।—[২০-২২] ১ রা ১০ ; ২১-২৩ ।।

 * (বা) সমাপ্তি। † (বা) উৎসর্গ করিবার তাহার হোম বলি। ‡ (ইব্রু) কথা। || (ইব্রু) অলগুম্ কাষ্ঠ। § (ইব্রু) মিশ্রিত।

২৩ ঈশ্বর সলেমানের হৃদয়ে যে রূপ জ্ঞান দিলেন, তাহার সেই জ্ঞানের কথা শ্রবণ করিতে পৃথিবীর তাবৎ রাজা ২৪ তাহার সহিত সাক্ষাৎ করিতে চেষ্টা করিল। এবং প্রত্যেক জন বৎসরে ২ আপন ২ উপঢৌকন, অর্থাৎ রূপ্যময় ও স্বর্ণময় পাত্র ও বস্ত্র ও অস্ত্র ও সুগন্ধি দ্রব্য ও অশ্ব ও অশ্বতরদিগকে আনিল।

২৫ আর অশ্ব ও রথের নিমিত্তে তাহার চারি সহস্র গৃহ ছিল, এবং তাহার দ্বাদশ সহস্র অশ্বারূঢ় ছিল; সে তাহাদিগকে রথনগরে ও যিরূশালমে আপনার কাছে রাখিল।

২৬ আর সুলেমান্ ফরাৎ নদী অবধি পিলেষ্টীয়দের দেশ ও মিসরের সীমা পর্য্যন্ত তাবৎ রাজার উপরে ২৭ রাজত্ব করিল। এবং রাজা যিরূশালমে বাহুল্য প্রযুক্ত রূপাকে প্রস্তরের ন্যায় ও এরস্ বৃক্ষকে প্রান্তরস্থ ২৮ ডুম্বুর বৃক্ষের ন্যায় সাধারণ করিল। এবং লোকেরা মিসর্ দেশ ও সকল দেশহইতে সুলেমানের জন্যে অশ্বগণকে আনিল।

২৯ এই সুলেমানের আদ্যন্ত চরিত্র ও তাবৎ ব্যবহার নাথন্ ভবিষ্যদ্বক্তার পুস্তকে ও শীলোনীয় অহিয় ভবিষ্যদ্বক্তার গ্রন্থে, ও নিবাটের পুত্র যারবিয়ামের বিরুদ্ধে যিদ্দো পরিদর্শকের যে দর্শন, তাহার মধ্যে কি ৩০ লিখিত নাই? এই সুলেমান্ যিরূশালমে সমস্ত ইস্রায়েলের উপরে চল্লিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল। ৩১ পরে সুলেমান্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে আপন পিতা দায়ূদের নগরে কবরপ্রাপ্ত হইল, ও তাহার পুত্র রিহবিয়াম্ তাহার পদে রাজত্ব করিল।

১০ অধ্যায়।

১ রিহবিয়াম্কে অভিষেক করিতে ইস্রায়েল্ লোকদের শিখিমে গমন ও তাহার প্রতি লোকদের প্রার্থনা ৬ ও তাহাদের প্রার্থনা বিষয়ে প্রাচীন মন্ত্রী ও যুবলোকদিগকে জিজ্ঞাসা করণ ১২ ও যুবদের মন্ত্রণানুসারে উত্তর দেওন ১৬ ও ইস্রায়েল্ লোকদের অনাজ্ঞাবহ হওন ও দলাধ্যক্ষকে বধ করণ।

১ পরে ইস্রায়েলের সমস্ত লোক রিহবিয়াম্কে রাজ্যাভিষিক্ত করিতে শিখিমে আইলে রিহবিয়াম্ শিখিমে ২ গেল। ইতিমধ্যে সুলেমান্ রাজের সম্মুখহইতে পলাইয়া তখনি মিসরে বাস করিতেছিল যে নিবাটের পুত্র যারবিয়াম্, সে ঐ কথা শুনিয়া মিসর্‌হইতে ফিরিয়া ৩ আইল। তাহাতে লোকেরা প্রেরণ করিয়া তাহাকে আহ্বান করিল; পরে যারবিয়াম্ ও ইস্রায়েলের তাবৎ মণ্ডলী একত্র হইয়া রিহবিয়ামের কাছে এই কথা ৪ কহিল, তোমার পিতা আমাদের উপরে দুঃসহ যোঁয়ালি দিয়াছে; অতএব তোমার পিতা আমাদের উপরে যে কঠিন সেবার ভার ও দুঃসহ যোঁয়ালি দিয়াছে, তাহা কিছু লঘু কর, তাহাতে আমরা তোমার সেবা করিব। ৫ সে তাহাদিগকে কহিল, তিন দিনের পর আমার নিকটে পুনর্ব্বার আইস; তাহাতে লোকেরা প্রস্থান করিল।

৬ পরে রিহবিয়াম্ রাজা আপন পিতা সুলেমানের বর্ত্তমান কালে যে প্রাচীনগণ তাহার সম্মুখে দণ্ডায়মান থাকিত, তাহাদের সহিত মন্ত্রণা করিয়া কহিল, আমি ঐ লোকদিগকে কি উত্তর দিব? তোমরা কি মন্ত্রণা দেও? ৭ তাহাতে তাহারা তাহাকে কহিল, যদি তুমি সেই লোকদের প্রতি অনুগ্রহ করিয়া তাহাদিগকে তুষ্ট কর ও প্রিয় কথাদ্বারা তাহাদের প্রতি উত্তর দেও, তবে তাহারা ৮ সর্ব্বদা তোমার দাস হইবে। কিন্তু সে এই প্রাচীনদের দত্ত মন্ত্রণা ত্যাগ করিয়া আপনার সঙ্গে বর্দ্ধিত আপন সম্মুখে দণ্ডায়মান যুবদের সহিত মন্ত্রণা করিল। ৯ সে তাহাদিগকে জিজ্ঞাসিল, লোকেরা কহিতেছে, তোমার পিতা আমাদের উপরে যে যোঁয়ালি দিয়াছে, তাহা কিছু লঘু কর; এখন তাহাদিগকে কি উত্তর দিব? ১০ তোমরা কি মন্ত্রণা দেও? তাহাতে তাহার সহিত বর্দ্ধিত যুবগণ উত্তর করিল, তোমার পিতা আমাদের উপরে ভারি যোঁয়ালি দিয়াছে, তুমি তাহা কিছু লঘু কর, এই কথা লোকেরা কহিতেছে; তুমি তাহাদিগকে এই উত্তর দেও, আমার কনিষ্ঠ অঙ্গুলি আমার পিতার কটিহই-১১ তেও স্থূল হইবে। আমার পিতা তোমাদের উপরে যে ভারি যোঁয়ালি দিয়াছে, আমি তাহা আরো ভারি করিব; আমার পিতা তোমাদিগকে কোড়াদ্বারা শাস্তি দিল, কিন্তু আমি গুল্মিবিশিষ্ট * কোড়াদ্বারা তোমাদিগকে শাস্তি দিব।

১২ পরে 'তৃতীয় দিবসে আমার নিকটে পুনর্ব্বার আইস,' রাজার এই উক্ত বাক্যানুসারে যারবিয়াম্ ও তাবৎ লোক তৃতীয় দিবসে রিহবিয়ামের নিকটে আইল। ১৩ তাহাতে রাজা লোকদিগকে কঠিন উত্তর করিল; প্রাচীন লোকেরা রিহবিয়াম্ রাজাকে যে মন্ত্রণা দিয়াছিল, ১৪ তাহা সে ত্যাগ করিয়া যুবদের মন্ত্রণানুসারে এই উত্তর করিল, আমার পিতা তোমাদের উপরে যে ভারি যোঁয়ালি দিল, তাহা আমি আরো ভারি করিব; আমার পিতা তোমাদিগকে কোড়াদ্বারা শাস্তি দিল, কিন্তু আমি তোমাদিগকে গুল্মিবিশিষ্ট * কোড়াদ্বারা ১৫ শাস্তি দিব। এই রূপে রাজা লোকদের নিবেদনে মনোযোগ করিল না, কেননা নিবাটের পুত্র যারবিয়াম্কে শীলোনীয় অহিয়ের প্রমুখাৎ পরমেশ্বর যে কথা কহিয়াছিলেন, তাহা সিদ্ধ হওনার্থে ইহা পরমেশ্বরহইতে হইল।

১৬ পরে রাজা তাহাদের নিবেদনে মনোযোগ করিল না, ইহা দেখিয়া ইস্রায়েলের সমস্ত লোক রাজাকে এই উত্তর করিল, দায়ূদে আমাদের কি অংশ? ও যিশয়ের পুত্রে

[২৩,২৪] ১ রা ১০; ২৪,২৫ ॥—[২৫-২৮] ১ রা ১০; ২৬-২৯ ॥—[২৯] ১ রা ১১; ২৯ ॥—[২৯-৩১] ১ রা ১১; ৪১-৪৩ ॥
[১০ অধ্য; ১-১১] ১ রা ১২; ১-১১ ॥—[২] ১ রা ১১; ৪০ ॥—[১২-১৯] ১ রা ১২; ১২-২১ ॥—[১৫] ১ রা ১১; ২৯-৩৯ ॥

* (ইব্রু) বৃশ্চিকদ্বারা।

আমাদের কি অধিকার? হে ইস্রায়েল্ লোক সকল, আপন২ বাসস্থানে যাও; হে দায়ূদ্, এখন তুমি আপন বংশের তত্ত্বাবধারণ কর; পরে ইস্রায়েল্ লোকেরা ১৭ সকলে আপন২ বাসস্থানে ফিরিয়া গেল। তাহাতে রিহবিয়াম্ কেবল যিহূদা প্রদেশের নগর নিবাসি ইস্রায়েল্ ১৮ বংশের উপরে রাজা হইল। পরে রিহবিয়াম্ রাজা লোকদের নিকটে অদোরাম্ দলাধ্যক্ষকে পাঠাইলে ইস্রায়েলের বংশ তাহাকে প্রস্তরাঘাতদ্বারা বধ করিল; তাহাতে রিহবিয়াম্ রাজ শীঘ্র* যিরূশালমে পলাইতে ১৯ রথারোহণ করিল। এই রূপে ইস্রায়েল লোকেরা অদ্যকার ন্যায় দায়ূদ্ বংশের কর্তৃত্বাধীনতা ত্যাগ করিল।

১১ অধ্যায়।

১ যুদ্ধ করিতে রিহবিয়াম্কে পরমেশ্বরের নিষেধ ৫ ও নগরকে দৃঢ় করণ, ১৩ ও তাহার কাছে যাজক ও লেবীয়দের গমন ১৮ ও তাহার স্ত্রী পুত্রাদির নাম।

১ পরে রিহবিয়াম্ যিরূশালমে আসিয়া আপন পক্ষে পুনর্ব্বার রাজ্য আনিবার জন্যে ইস্রায়েল্ বংশের সহিত যুদ্ধ করিতে যিহূদা বংশের ও বিন্যামীন্ বংশের এক লক্ষ আশী সহস্র মনোনীত যোদ্ধাদিগকে ২ একত্র করিল। তাহাতে পরমেশ্বরের এই বাক্য ঈশ্বরের ৩ লোক শিময়িয়ের নিকটে উপস্থিত হইল; তুমি যিহূদার রাজা সুলেমানের পুত্র রিহবিয়াম্কে এবং যিহূদা ও বিন্যামীন্দেশ নিবাসি সমস্ত বংশকে এই কথা কহ; ৪ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা যাইও না, ও আপন ভ্রাতৃলোকদের সহিত যুদ্ধ করিও না; প্রত্যেক জন আপন২ বাসস্থানে যাও, কেননা এই সকল আমাহইতে হইল; অতএব তাহারা পরমেশ্বরের কথা মানিয়া যারবিয়ামের বিরুদ্ধে গমনহইতে ফিরিয়া গেল।

৫ পরে রিহবিয়াম্ যিরূশালমে বাস করিয়া যিহূদা ৬ দেশে রক্ষার্থ নগর পত্তন করিল। এবং সে যিহূদা ও ৭ বিন্যামীন্ দেশস্থ বৈৎলেহম্ ও ঐটম্ ও তিকোয়, ও ৮ বৈৎসূর্ ও সোখো ও অদুল্লম্, ও গাৎ ও মারেশা ও ১০ সীফ্, ও অদোরয়িম্ ও লাখীশ্ ও অসেকা, ও সরিয় ও অয়ালোন্ ও হিব্রোণ্, এই সকল নগর দৃঢ় করাইল। ১১ এবং সে দুর্গ দৃঢ় করিয়া তাহার মধ্যে সেনাপতিগণকে এবং সঞ্চিত বহু খাদ্য দ্রব্য ও তৈল ও দ্রাক্ষারস রা১২ খিল। আর যিহূদা বংশ ও বিন্যামীন্ বংশ তাহার পক্ষে হইলে সে প্রত্যেক নগরে ঢাল ও বড়্শা রাখিল, এবং নগর অতি দৃঢ় করিল।

১৩ আর সমুদয় ইস্রায়েল্দেশস্থ যাজকগণ ও লেবীয়েরা আপন২ অধিকারহইতে তাহার নিকটে উপস্থিত হইল। ১৪ লেবীয়েরা আপনাদের উপনগর ও অধিকার ত্যাগ করিয়া যিহূদাতে ও যিরূশালমে আইল, কেননা যারবিয়াম ও তাহার পুত্রগণ পরমেশ্বরের উদ্দেশে যাজকতাহইতে তাহাদিগকে দূর করিয়াছিল। ১৫ আর সে উচ্চস্থানের ও ভূতগণের ও আপন কৃত বৎসগণের জন্যে অন্য যাজকদিগকে নিযুক্ত করিয়াছিল। ১৬ এবং তাবৎ ইস্রায়েল্ বংশের যত লোক ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের চেষ্টা করিতে মনেতে উদ্যোগ করিল, তাহারা আপনাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে বলিদান করিতে ঐ লেবীয়দের † পশ্চাৎ গেল। ১৭ এবং তাহারা যিহূদার রাজ্য দৃঢ় করিল, এবং তাহারা তিন বৎসর পর্য্যন্ত দায়ূদের ও সুলেমানের পথে চলিয়া তিন বৎসরে সুলেমানের পুত্র রিহবিয়াম্কে বলবান করিল।

১৮ পরে রিহবিয়াম্ দায়ূদের পুত্র যিরেমোতের কন্যা মহলৎকে ও যিশয়ের পুত্র ইলীয়াবের কন্যা অবীহয়িল্কে বিবাহ করিল। ১৯ পরে তাহার গর্ব্ভে তাহার পুত্র যিয়ূশ্ ও শিমরিয় ও সহম্ জন্মিল। ২০ তাহার পর অব্শালোমের কন্যা মাখাকে‡ বিবাহ করিলে, তাহার গর্ব্ভে অবিয়কে ও অত্তয়কে ও সীষকে ও শিলোমীৎকে জন্ম দিল। ২১ রিহবিয়াম্ আপনার সকল পত্নী ও উপপত্নীহইতে অব্শালোমের কন্যা মাখাকে * অধিক ভাল বাসিল; তাহার আঠারো পত্নী ও ষাইট উপপত্নী ছিল, এবং আটাইশ পুত্র ও ষাইট কন্যা ছিল। ২২ পরে রিহবিয়াম্ মাখার গর্ব্ভজাত অবিয়কে ভ্রাতৃগণের মধ্যে অধ্যক্ষ করিল, কারণ সে তাহাকেই রাজা করিতে মনস্থ করিয়াছিল। ২৩ সে বুদ্ধি পূর্ব্বক আচরণ করিল, এবং যিহূদা ও বিন্যামীন্ দেশের সর্ব্বত্র ও প্রাচীরবেষ্টিত প্রতি নগরে আপন পুত্রগণকে নিযুক্ত করিল, ও তাহাদিগকে প্রচুর খাদ্য সামগ্রী দিল, এবং তাহাদের জন্যে অনেক কন্যা || চেষ্টা করিল।

১২ অধ্যায়।

১ পরমেশ্বরকে ত্যাগ করণ প্রযুক্ত রিহবিয়ামের দণ্ড ৫ ও পাপের জন্যে অনুতাপ করণ প্রযুক্ত দণ্ডের হ্রাস করণ ১৩ ও রাজত্ব ও মৃত্যুর কথা।

১ পরে রিহবিয়াম্ সকল রাজ্য স্থাপন করিয়া অতি উন্নত হইলে সে ও তাহার সহিত তাবৎ ইস্রায়েল্ লোক পরমেশ্বরের ব্যবস্থা পরিত্যাগ করিল। ২ এবং তাহারা পরমেশ্বরের বিরুদ্ধে আজ্ঞা লংঘন করিল, এই জন্যে রিহবিয়ামের অধিকারের পঞ্চম বৎসরে মিস্রীয় শীশক্ রাজা বারো শত রথ ও ষষ্টি সহস্র অশ্বারূঢ়দিগকে, ৩ এবং মিসরহইতে তাহার সহিত আগত লূবীয় ও সুক্কীয় এবং কূশীয় অসংখ্য লোককে সঙ্গে লইয়া যিরূশালমের বিরুদ্ধে যাত্রা করিল। ৪ এবং সে যিহূদা দেশীয় প্রাচীরবেষ্টিত নগর হস্তগত করিয়া যিরূশালমে আইল।

[১১ অধ্য; ১-৪] ১ রা ১২; ২১-২৪ ।।—[১৪] ১ বং ৬; ৬১-৮১ ।।—[১৪,১৫] ১ রা ১২; ২৬-৩১ ।।—[১৬] ২ বং ১৫; ৯,১০ ।।—[১৭] ১২; ১ ।।

[১২ অধ্য; ১] ২ বং ১১; ১৭। ১ রা ১৪; ২১-২৪ ।।—[২-১২] ১ রা ১৪; ২৫-২৮ ।।

* (ইব্রু) আপনাকে শক্ত করিয়া। † (ইব্রু) তাহাদের। ‡ (বা) ঊরীয়েলের কন্যা মীখায়া। || (ইব্রু) স্ত্রীগণের বাহুল্য।

৫ ঐ সময়ে শিময়িয় ভবিষ্যদ্বক্তা রিহবিয়ামের নিকটে এবং শীশকের ভয়ে যিরূশালমে একত্রীকৃত যিহূদা বংশের অধ্যক্ষগণের নিকটে আসিয়া তাহাদিগকে কহিল, পরমেশ্বর এই কথা কহেন, তোমরা আমাকে পরিত্যাগ করিলা, এই জন্যে আমিও তোমাদিগকে ৬ শীশকের হস্তে পরিত্যাগ করিলাম। তাহাতে ইস্রায়েলের অধ্যক্ষগণ ও রাজা নম্র হইয়া কহিল, পরমেশ্বর ৭ ন্যায়কারী। তখন পরমেশ্বর তাহাদিগকে নম্র দেখিলে শিময়িয়ের নিকটে পরমেশ্বরের এই কথা উপস্থিত হইল; তাহারা নম্র হইল, এ কারণ আমি তাহাদিগকে বিনষ্ট করিব না, কিন্তু তাহাদিগকে অল্পকালে উদ্ধার করিব; শীশকের হস্তদ্বারা যিরূশালমের উপরে ৮ আমার ক্রোধ পূর্ণরূপে বর্ত্তিবে না। কিন্তু আমার সেবা কি ও অন্য দেশীয় রাজ্যের সেবা কি, ইহা যেন বুঝে, এই জন্যে তাহারা তাহার সেবক হইবে।

৯ অপর মিসরের শীশক্ রাজা যিরূশালমের বিরুদ্ধে আসিয়া পরমেশ্বরের মন্দিরের তাবৎ ধন ও রাজগৃহের তাবৎ ধন ইত্যাদি সর্ব্বস্ব ও সুলেমানের নির্ম্মিত স্বর্ণময় ১০ ঢাল লইয়া গেল। পরে রিহবিয়াম্ রাজা সে সকল ঢালের পরিবর্ত্তে পিত্তলময় ঢাল করিয়া রাজবাটীর দ্বারপাল যে প্রধান রক্ষক, তাহাদের কাছে সমর্পণ ১১ করিল। তাহাতে রাজার পরমেশ্বরের মন্দিরে প্রবেশ করণ সময়ে রক্ষক সেই সকল ঢাল বহিয়া আনিত; পরে ১২ রক্ষাশালাতে ফিরিয়া লইয়া যাইত। রিহবিয়াম্ নম্র হইলে পরমেশ্বর যেন তাহাকে সর্ব্বতোভাবে বিনষ্ট না করেন, এই জন্যে তাঁহার ক্রোধ তাহাহইতে নিবৃত্ত হইল; পরে যিহূদাতেও উত্তম রূপে কার্য্য চলিল।

১৩ অপর রিহবিয়াম্ রাজা যিরূশালমে উন্নত হইয়া রাজত্ব করিল, এবং পরমেশ্বর আপন নাম স্থাপনার্থে ইস্রায়েলের তাবৎ বংশের মধ্যে যে নগর মনোনীত করিয়াছিলেন, সেই যিরূশালম্ নগরে সে এক চল্লিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া সতেরো বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল; অম্মোনীয়া নয়মা তা- ১৪ হার মাতা ছিল। এবং সে পরমেশ্বরকে অন্বেষণ করিতে আপন মনকে সুস্থির না করাতে পাপ করিল। ১৫ এই রিহবিয়ামের আদ্যোপান্ত সকল ক্রিয়া শিময়িয় ভবিষ্যদ্বক্তার ও ইদ্দো প্রদর্শকের বংশাবলি নামক পুস্তকে * কি লিখিত নাই? এই রিহবিয়ামের ও যার- ১৬ বিয়ামের সহিত নিত্য যুদ্ধ ছিল। পরে রিহবিয়াম্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইয়া দায়ূদ্ নগরে কবরপ্রাপ্ত হইলে তাহার পুত্র অবিয় তাহার পদে রাজত্ব করিল।

১৩ অধ্যায়।

১ যারবিয়ামের সহিত অবিয়ের যুদ্ধ করণ ৪ ও যারবিয়ামের প্রতি অবিয়ের কথা ১৩ ও পরমেশ্বরের ওপরে নির্ভর দিয়া যারবিয়াম্কে জয় করণ ২১ ও অবিয়ের স্ত্রী ও পুত্রাদির কথা।

১ যারবিয়াম্ রাজার অধিকারের অষ্টাদশ বৎসরে অবিয় যিহূদা দেশে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যি- ২ রূশালমে তিন বৎসর রাজত্ব করিল; গিবিয়া নিবাসি ঊরীয়েলের কন্যা মীখায়া † তাহার মাতা ছিল; এই ৩ অবিয়েতে ও যারবিয়ামেতে যুদ্ধ ছিল। পরে অবিয় চারি লক্ষ মনোনীত বলবান যোদ্ধাদের সহিত যুদ্ধসজ্জা করিল, এবং যারবিয়াম্ আট লক্ষ মনোনীত বলবান লোকদের সহিত তাহার বিরুদ্ধে যুদ্ধ সজ্জা করিল।

৪ অপর অবিয় ইফ্রয়িম্ পর্ব্বতস্থ সিমারয়িম্ পর্ব্বতের উপরে দাঁড়াইয়া কহিল, হে যারবিয়াম্, তুমি ও সকল ৫ ইস্রায়েল্ লোক আমার কথা শুন। ইস্রায়েলের প্রভু পরমেশ্বর ইস্রায়েলের রাজ্যপদ চিরকালের জন্যে দায়ূদ্কে দিয়াছেন, অর্থাৎ অমোঘ ‡ নিয়মদ্বারা তাহাকে ও তাহার বংশকে দিয়াছেন, ইহা তোমাদের ৬ জ্ঞাত হওয়া কি উচিত নয়? তথাপি দায়ূদের পুত্র সুলেমানের এক দাস যে নিবাটের পুত্র যারবিয়াম, সে উঠিয়া আপনপ্রভুর আজ্ঞা লঙ্ঘন করিয়াছে। ৭ এবং চঞ্চল ও দুষ্ট লোকেরা তাহার পক্ষে একত্র হইয়াছে; যে সময়ে রিহবিয়াম্ যুবা ও অপরিপক্ক ছিল, তাহাদের বিরুদ্ধে কিছু করিতে পারিল না, তখন সুলেমানের পুত্র রিহবিয়ামের বিরুদ্ধে তাহারা বলবান ৮ হইল। এখন তোমরাও দায়ূদ্ বংশের হস্তগত যে পরমেশ্বরের রাজ্য, তাহা পরাস্ত করিতে মনস্থ করিয়াছ; তোমরা অনেকে আছ, এবং যারবিয়াম্ তোমাদের যে ২ বৎস দেবগণ নির্ম্মাণ করিল, তাহারা ৯ তোমাদের কাছে আছে। তোমরা কি হারোণ্ বংশজাত পরমেশ্বরের যাজকগণকে ও লেবিদিগকে দূর কর নাই? এবং অন্য দেশীয় জাতিদের ন্যায় আপনাদের জন্যে কি যাজকগণকে নিযুক্ত কর নাই? তাহাতে যে যুবা এক বলদ ও সাত মেষ বলি দিয়া আপনাকে পবিত্র করিতে ‖ আইসে, সে অনীশ্বরদের যাজক হইতে পারে। ১০ কিন্তু পরমেশ্বরই আমাদের প্রভু, আমরা তাঁহাকে ত্যাগ করি না, এবং পরমেশ্বরের নিকটে সেবাকারি হারোণের বংশজাত যাজক ও লেবীয়েরা আপন ২ ১১ কার্য্যে প্রবৃত্ত আছে। এবং তাহারা পরমেশ্বরের উদ্দেশে প্রতি প্রাতে ও সন্ধ্যাকালে হোম বলিদান করে ও সুগন্ধি ধূপ জ্বালায় এবং নির্ম্মল মেজের উপরে দর্শন

[৫] ২ বং ১১; ২। ১৫; ২ ॥—[৭] ১ রা ২১; ২৭-২৯ ॥—[৯-১১] ১ রা ১৪; ২৫-২৮ ॥—[৯] ২ বং ৯; ১৫,১৬ ॥—[১৩] ১ রা ১৪; ২১ ॥—[১৪] প ১ ॥—[১৫] প ৫। ২ বং ৯; ২৯। ১১; ২ ॥—[১৫,১৬] ১ রা ১৪; ৩০,৩১ ॥

[১৩ অধ্যা; ১,২] ১ রা ১৫; ১,২ ॥—[৪] যি ১৮; ২২ ॥—[৫] ১ বং ১৭; ১১-১৪ ॥—[৬,৭] ১ রা ১২; ১৯,২০ ॥ [৮] ১ রা ১২; ২৮ ॥—[৯] ২ বং ১১; ১৪,১৫ ॥—[১০] গ ১৮; ১-৭ ॥—[১১] গ ২৮; ৩-৮। লে ২৪; ১-৮ ॥

* (ইব্রু) বাক্যে। † (বা) অব্শালোমের কন্যা মাখা। ‡ (ইব্রু) লবণের। ‖ (ইব্রু) আপন হস্ত পূর্ণ করিতে।

রুটী রাখে, এবং প্রতি সন্ধ্যাকালে জ্বালিবার জন্যে দীপের সহিত স্বর্ণময় দীপবৃক্ষ প্রস্তুত করে, কেননা আমরা আপনাদের প্রভু পরমেশ্বরের নিরূপিত কার্য্য পালন করি, কিন্তু তোমরা তাঁহাকে ত্যাগ করিয়াছ। ১২ দেখ, ঈশ্বর আমাদের সেনাপতি হইয়া আমাদের সঙ্গে আছেন, এবং তাঁহার যাজকগণ তোমাদের বিরুদ্ধে ঘোর নাদ করিতে শব্দকারি তূরী হস্তে লইয়া আমাদের সঙ্গে আছে; অতএব, হে ইস্রায়েল্ বংশ, আপনাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে যুদ্ধ করিও না, তাহা করিলে তোমরা কৃতার্থ হইবা না।

১৩ যারবিয়াম্ এক দল সৈন্যকে গোপনে তাহাদের পশ্চাৎদিগে প্রেরণ করিল; তাহার লোকেরা যিহূদার ১৪ অগ্রে ছিল, ও গুপ্ত দল পশ্চাৎ ছিল। পরে যিহূদার লোকেরা আপনাদের অগ্র পশ্চাতে যুদ্ধ দেখিয়া পরমেশ্বরের কাছে প্রার্থনা করিল; এবং যাজকেরা ১৫ তূরী বাজাইল। তাহাতে যিহূদার লোকেরা সিংহনাদ করিয়া উঠিল, তাহারা সিংহনাদ করিলে ঈশ্বর অবিয়ের ও যিহূদার লোকেদর সম্মুখে যারবিয়াম্কে ও ১৬ সকল ইস্রায়েল্ বংশকে আঘাত করিলেন। তাহাতে ইস্রায়েল্ বংশ যিহূদা লোকদের অগ্রে পলায়ন করিল, এবং ঈশ্বর তাহাদিগকে তাহাদের হস্তে সমর্পণ করি- ১৭ লেন। পরে অবিয় ও তাহার লোকেরা মহাসংহারে তাহাদিগকে সংহার করিল; তাহাতে ইস্রায়েলের পাঁচ ১৮ লক্ষ মনোনীত লোক হত হইল। ইস্রায়েল্ বংশ সেই সময়ে বশীভূত ও যিহূদা বংশ জয়যুক্ত হইল, কেননা তাহারা আপনাদের পিতৃলোকদের প্রভু পরমেশ্বরেতে ১৯ নির্ভর দিল। পরে অবিয় যারবিয়ামের পশ্চাৎ ধাবমান হইয়া তাহার নগর, অর্থাৎ বৈথেল্ ও তাহার গ্রাম, এবং যিশানা ও তাহার গ্রাম, এবং ইফ্রোণ্ ও ২০ তাহার গ্রাম হস্তগত করিল। এই অবিয়ের অধিকার সময়ে যারবিয়াম্ আর বলবান হইল না; পরে পরমেশ্বর তাহাকে প্রহার করিলে সে মরিল।

২১ পরে অবিয় উত্তর২ উন্নত হইয়া চৌদ্দ স্ত্রীকে বিবাহ করিল, এবং বাইশ পুত্র ও ষোল কন্যাকে জন্ম দিল। ২২ এই অবিয়ের অবশিষ্ট ক্রিয়া ও তাবৎ বিবরণ ও উপদেশ কথা ইদ্দো ভবিষ্যদ্বক্তার গ্রন্থে কি লিখিত নাই?

১৪ অধ্যায়।

১ আসার দেবপূজা দূর করণ, ৬ ও দুর্গ ও সৈন্যদ্বারা রাজ্য স্থির করণ ৯ ও পরমেশ্বরের সহায়তাতে শত্রুগণকে জয় করণ।

১ পরে অবিয় আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে লোকেরা দায়ূদ্নগরে তাহাকে কবর দিল; পরে তাহার পুত্র আসা তাহার পদে রাজ্যাভিষিক্ত হইল, এবং তাহার অধিকারদেশ দশ বৎসর পর্য্যন্ত ২ সুস্থির থাকিল। আসা আপন প্রভু পরমেশ্বরের সা- ৩ ক্ষাতে উত্তম ও প্রকৃত রূপে কার্য্য করিল। অন্যজাতীয়দের দেবগণের বেদি ও উচ্চস্থান ভগ্ন করিল, ও প্রতিমাদিগকে চূর্ণ করিল, ও চৈত্যবৃক্ষ ছেদন করিল। ৪ সে আপন পিতৃলোকদের প্রভু পরমেশ্বরের অন্বেষণ করিতে এবং তাঁহার ব্যবস্থা ও আজ্ঞা পালন করিতে ৫ যিহূদা লোককে আজ্ঞা দিল। এবং সে যিহূদার সমস্ত নগরের মধ্যহইতে উচ্চস্থান ও সূর্য্যপ্রতিমাগণকে ভগ্ন করিল, তাহাতে তাহার সাক্ষাতে রাজ্য সুস্থির হইল।

৬ পরমেশ্বর তাহাকে শান্তি দিলে তাহার রাজ্য সুস্থির হওয়াতে ও ঐ সময়ে যুদ্ধ না হওয়াতে সে যিহূদার প্রাচীরবেষ্টিত নগর প্রস্তুত করাইল। ৭ এবং সে যিহূদা বংশকে কহিল, আমাদের দেশ অদ্যাপি সুগম্য আছে, এখন আমরা এই সকল নগর প্রস্তুত করি, ও ইহার চতুর্দ্দিগে প্রাচীর ও দুর্গ ও দ্বার ও অর্গল নির্ম্মাণ করি, কেননা আমরা আপনাদের প্রভু পরমেশ্বরের অন্বেষণ ও চেষ্টা করাতে তিনি চতুর্দ্দিগে আমাদিগকে শান্তি দিলেন; অপর তাহারা নগর প্রস্তুত করিয়া ৮ উন্নত হইল। এই আসার ঢাল ও বড়শাধারি অনেক সৈন্য ছিল, অর্থাৎ যিহূদা বংশের তিন লক্ষ ও বিনয়ামীন্ বংশের ঢাল ও ধনুর্দ্ধারি দুই লক্ষ আশী সহস্র, এ সকল মহাবীর ছিল।

৯ পরে কূশ্দেশীয় সেরহ তাহাদের বিরুদ্ধে দশ লক্ষ সৈন্য ও তিন শত রথ সঙ্গে লইয়া আসিয়া মারেশাতে ১০ উপস্থিত হইল। তাহাতে আসা তাহার বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করিয়া সিফাথা প্রান্তরস্থ মারেশাতে ব্যূহ রচনা ১১ করিল। এবং আসা আপন প্রভু পরমেশ্বরের কাছে নিবেদন করিয়া কহিল, হে পরমেশ্বর, বলবানের ও বলহীনের সহায়তা করা তোমার কিছু বিশেষ নহে; অতএব, হে আমাদের প্রভু পরমেশ্বর, আমাদের উপকার কর; আমরা তোমাতে নির্ভর করিয়া তোমার নাম লইয়া এই জনতার প্রতিকূলে গমন করি; অতএব আমাদের প্রভু পরমেশ্বর যে তুমি, তোমার বিরুদ্ধে ১২ মর্ত্ত্যেরা জয়ী না হউক। তাহাতে পরমেশ্বর আসার ও যিহূদা বংশের সম্মুখে কূশীয়দিগকে প্রহার করিলে ১৩ কূশীয়েরা পলায়ন করিল। এবং আসা ও তাহার সঙ্গি লোকেরা গিরর্ পর্য্যন্ত তাহাদের পশ্চাৎ ধাবমান হইল, তাহাতে কূশীয়দের এত লোক পতিত হইল, যে কেহ জীবৎ থাকিল না; তাহারা পরমেশ্বরের ও তাহার সৈন্যের সম্মুখে ভগ্ন হইলে তাহাদের বিস্তর লুট

[১২] দ্বি ৩১ ; ১-৬ । যি ৬ ; ২০ ॥—[১৮] ২ বং ১৪ ; ১১,১২ ॥—[১৯] যি ১৫ ; ৯ ॥—[২০] ১ শি ২৫ ; ৩৮ ॥—[২১] ১ রা ১৫ ; ৩ ॥—[২২] ২ বং ৯ ; ২৯ । ১২ ; ১৫ ॥

[১৪ অধ্যা ; ১-৫] ১ রা ১৫ ; ৮-১২ ॥—[৬,৭] ১ বং ১৬ ; ৬ ॥—[৯] যি ১৫ ; ৪৪ ॥—[১১] দ্বি ২ ; ১-৫ । ১ শি ১৪ ; ৬ । গী ১৮ ; ৩২-৪০ ॥—[১২] ২ বং ১৩ ; ১৮ ॥—[১৩] আ ২০ ; ১ ॥

১৪ লইয়া গেল। এই রূপে সকলের প্রতি পরমেশ্বরের ভয় উপস্থিত হইলে তাহারা গিররের চতুর্দ্দিকস্থ সমস্ত নগরকে প্রহার করিয়া লুট করিল; সেস্থানে ১৫ অনেক লুট হইল। এবং তাহারা তাহাদের পশুর খোয়াড়ও নষ্ট করিল, ও বিস্তর মেষ ও উষ্ট্রগণকে লইয়া যিরূশালমে প্রত্যাগমন করিল।

১৫ অধ্যায়।

১ অসরিয় পুদর্শকের কথা ৮ ও তাহার বাক্য প্রযুক্ত লোকদের নিয়ম ও শপথ করণ ১৬ ও দেবপূজা করণ প্রযুক্ত রাণীকে পদচ্যুতা করণ ১৮ ও নিবেদিত বস্তু মন্দিরে আনয়ন।

১ পরে ওদেদের পুত্র অসরিয়ের প্রতি ঈশ্বরের আত্মা ২ আবির্ভূত হইলে সে আসার সহিত সাক্ষাৎ করিতে বাহিরে যাইয়া তাহাকে কহিল, হে আসা, ও হে যিহূদার ও বিন্যামীনের বংশ সকল, তোমরা আমার কথা শুন; তোমরা পরমেশ্বরের নিকটে থাকিলে তিনিও তোমাদের নিকটবর্ত্তী থাকিবেন; আর যদি তোমরা তাঁহাকে অন্বেষণ কর, তবে তিনি তোমাদের উদ্দিষ্ট হইবেন; কিন্তু যদি তাঁহাকে ত্যাগ কর, ৩ তবে তিনি তোমাদিগকে ত্যাগ করিবেন। পূর্ব্বে ইস্রায়েল্ বংশ বহুকাল সত্য ঈশ্বরহীন ও শিক্ষক যাজক৪ হীন ও ব্যবস্থাহীন হইয়া আপনাদের দুর্দ্দশা সময়ে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের প্রতি ফিরিয়া তাঁহার অন্বেষণ করিলে তিনি তাহাদের উদ্দিষ্ট হইতেন। ৫ ঐ দুঃসময়ে যে জন বাহিরে যাইত ও যে জন ভিতরে আসিত, তাহাদের কিছুই নিরাপদ হইত না; দেশের ৬ সকল নিবাসিদেরই অতিশয় ক্লেশ হইত। এক বংশ অন্য বংশকে ও এক নগর অন্য নগরকে বিনষ্ট করিত; কেননা ঈশ্বর অতিশয় দুর্দ্দশাতে তাহাদিগকে ৭ ক্লেশ দিতেন। এখন তোমরা সাহসী হও,তোমাদের হস্ত দুর্ব্বল না হউক,তাহাতে তোমাদের কার্য্য সফল হইবে।

৮ তখন আসা ওদেদ্ ভবিষ্যদ্বক্তার এই ভবিষ্যদ্বাক্য সকল শুনিয়া সাহস পাইয়া যিহূদা ও বিন্যামীনের তাবৎ দেশহইতে এবং ইফ্রয়িম্ পর্ব্বতে যে২ নগর হস্তগত করিয়াছিল, তাহাহইতে ঘৃণার্হ প্রতিমাদিগকে দূর করিল, এবং পরমেশ্বরের বারাণ্ডার সম্মুখস্থ পরমেশ্বরের বেদি ৯ সারাইল। পরে সে সমস্ত যিহূদার ও বিন্যামীনের লোকদিগকে এবং ইফ্রয়িম্ ও মিনশি ও শিমিয়োন্হইতে আগত তাহাদের প্রতিবাসিদিগকে একত্র করিল; আর তাহার প্রভু পরমেশ্বর তাহার সহবর্ত্তী আছেন, ইহা দেখিয়া ইস্রায়েল্হইতে সমূহলোক আসিয়া তা১০ হার পক্ষপাতী হইল। আসার অধিকারের পঞ্চদশ বৎসরের তৃতীয় মাসে লোকেরা যিরূশালমে একত্র হইল। ১১ এবং তাহারা আনীত লুটিত দ্রব্যহইতে সাত শত বলদ ও সাত সহস্র মেষ পরমেশ্বরের উদ্দেশে সেই সময়ে বলিদান করিল। ১২ এবং আপন২ সমস্ত অন্তঃকরণ ও সমস্ত মনের সহিত আপনাদের পিতৃলোকদের প্রভু পরমেশ্বরের অন্বেষণ করিতে নিয়ম করিল। ১৩ এবং যে কেহ ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের অন্বেষণ না করিবে সে, মহান্ কিম্বা ক্ষুদ্র, ও পুরুষ কিম্বা স্ত্রী হউক, অবশ্য বধ্য হইবে, এই নিয়ম করিল। ১৪ তাহারা উচ্চৈঃস্বরে তূরী ও শৃঙ্গ বাজাইয়া পরমেশ্বরের সাক্ষাতে শপথ করিল। ১৫ এই শপথে যিহূদার সমস্ত লোক আনন্দ করিল, কেননা তাহারা আপনাদের সমস্ত অন্তঃকরণের সহিত শপথ ও সম্পূর্ণ ইচ্ছাতে তাঁহার অন্বেষণ করাতে তিনি তাহাদের উদ্দিষ্ট হইলেন; অপর পরমেশ্বর চতুর্দ্দিগে তাহাদিগকে বিশ্রাম দিলেন।

১৬ আর আসা রাজার মাতামহী চৈত্যবৃক্ষের তলে এক প্রতিমা স্থাপন করিয়াছিল, এই জন্যে আসা আপন মাতামহী মাখাকে রাজ্ঞীপদচ্যুতা করিল,ও তাহার প্রতিমা উচ্ছিন্ন করিয়া চূর্ণ করিল, ও কিদ্রোণ্ নদীতীরে তাহা দগ্ধ করিল। ১৭ আর ইস্রায়েলের মধ্যহইতে সকল উচ্চস্থান উচ্ছিন্ন না হইলেও আসার যাবজ্জীবন তাহার অন্তঃকরণ সরল ছিল।

১৮ আর তাহার পিতা যে২ বস্তু নিবেদন করিয়াছিল, ও সে আপনি যে২ বস্তু নিবেদন করিয়াছিল, সেই সকল রূপা ও স্বর্ণ ও পাত্র ঈশ্বরের মন্দিরে আনিল। ১৯ এই আসার অধিকারের পঁয়ত্রিশ বৎসর পর্য্যন্ত তাহার রাজ্যে যুদ্ধ ছিল না।

১৬ অধ্যায়।

১ অরামীয়দের উপকারে আসার বাশা রাজাকে জয় করণ ৭ ও পুদর্শকদ্বারা অনুযুক্ত হইয়া তাহাকে কারাগারে রাখন ১১ ও পাদরোগে পীড়িত হইয়া ঈশ্বর অপেক্ষা বৈদ্যের অন্বেষণ করণ ১৩ ও তাহার মৃত্যু ও কবর দেওন।

১ পরে ছত্রিশ বৎসরে আসার অধিকার সময়ে ইস্রায়েলের বাশা রাজা যিহূদার বিপক্ষে আইল, এবং কেহ যেন নির্গত হইয়া যিহূদার আসা রাজের নিকটে গমন করিতে না পায়, এই জন্যে রামৎ নগর নির্ম্মাণ করাইতে লাগিল। ২ তাহাতে আসা পরমেশ্বরের মন্দিরের ও রাজবাটীর ভাণ্ডারহইতে রূপা ও স্বর্ণ বাহির করিয়া দম্মেষক্ নিবাসি অরামের বিনহদদ্ রাজের নিকটে পাঠাইয়া এই কথা কহিল, ৩ আমাতে ও তোমাতে, এবং আমার পিতাতে ও তোমার পিতাতে নিয়ম আছে; দেখ, আমি তোমার নিকটে স্বর্ণ ও রৌপ্য পাঠাইতেছি। ইস্রায়েলের বাশা রাজা যেন আমার নিকটহইতে প্রস্থান করে, এই জন্যে তুমি আসিয়া তাহার সহিত তোমার যে নিয়ম আছে, তাহা ভঙ্গ কর। ৪ তাহাতে বিনহদদ্ আসা রাজার কথাতে

[১৫ অধ্যা; ২] দ্বি ৭; ১২। ৩২; ২১। যি ২৪; ২০। যাক ৪; ৮॥—[৩-৬] বি ২; ১১-২২। গী ১০৬; ৩৪-৪৬॥—[৮] ২ বং. ১৩; ১৯। ৪; ১॥—[৯] ১১; ১৬॥—[১১] ১৪; ১৩-১৫॥—[১২,১৩] দ্বি ১৩॥—[১৫] প ২॥—[১৬-১৮] ১ রা ১৫; ১১-১৫॥
[১৬ অধ্যা; ১-৬] ১ রা ১৫; ১৭-২২॥—[১] ২ বং. ১৫; ৯,১৯॥—[৪] ২ রা ১৫; ২৯॥

মনোযোগ করিয়া ইস্রায়েলের সমস্ত নগরের বিরুদ্ধে আপন সেনাপতিগণকে প্রেরণ করিয়া ইয়োন্ ও দান্ ও আবেল-ময়িম্ ও নপ্তালির সমস্ত ধননগর বিনষ্ট ৫ করিল। তখন বাশা তাহা শুনিয়া রামৎ প্রস্তুত করণহইতে নিবৃত্ত হইল ও আপন কার্য্যহইতে ক্ষান্ত হইল। ৬ পরে আসা রাজা সমস্ত যিহূদা বংশকে সঙ্গে লইয়া বাশা যে প্রস্তর ও কাষ্ঠদ্বারা রামৎ প্রস্তুত করিতেছিল, সে সকল লইয়া যাইয়া তাহাদ্বারা গেবা ও মিস্পা নগর প্রস্তুত করাইল।

৭ ঐ সময়ে হনানি প্রদর্শক যিহূদার আসা রাজের নিকটে আসিয়া কহিল, তুমি আপন প্রভু পরমেশ্বরেতে নির্ভর না দিয়া অরামের রাজাতে নির্ভর দিলা, এই জন্যে অরামের রাজার সৈন্য তোমার হস্তহইতে ৮ পলায়িত হইয়াছে। কূশীয় ও লূবীয় লোকেরা অনেক রথ ও অশ্বারূঢ়দের সহিত কি মহাসৈন্য ছিল না? তথাপি তুমি পরমেশ্বরেতে নির্ভর দিলে তিনি তাহাদি- ৯ গকে তোমার হস্তে সমর্পণ করিলেন। কেননা পরমেশ্বরের প্রতি যাহাদের অন্তঃকরণ সরল আছে, তাহাদিগকে বলবান করিতে তাঁহার দৃষ্টি পৃথিবীর সর্ব্বত্র ইতস্ততো ভ্রমণ করে; তুমি অজ্ঞানের কার্য্য করিয়াছ, এই জন্যে ইহার পরে তোমার প্রতি যুদ্ধ উপস্থিত ১০ হইবে। তখন আসা ঐ প্রদর্শকের প্রতি ক্রোধ করিয়া তাহাকে কারাগারে রাখিল, কেননা সে ঐ কথাতে কোপান্বিত হইল, এবং ঐ সময়ে আর কএক লোকের প্রতি উপদ্রব করিল।

১১ এই আসার আদ্যোপান্ত ক্রিয়া যিহূদার ও ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত আছে। ১২ এই আসার অধিকারের ঊনচল্লিশ বৎসরে তাহার পাদরোগ হইয়া অত্যন্ত বৃদ্ধি পাইল, তথাপি সে রোগের সময়েও পরমেশ্বরের অন্বেষণ না করিয়া বৈদ্যের অন্বেষণ করিল।

১৩ পরে আসা আপন অধিকারের একচল্লিশ বৎসরে আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে সে ১৪ দায়ূদের নগরে আপনার জন্যে যে কবর খনন করিয়াছিল, তাহার মধ্যে লোকেরা তাহাকে কবর দিল ও গন্ধবণিকের ক্রিয়াতে কৃত সুগন্ধি দ্রব্যে ও নানা সুগন্ধি তৈলেতে পরিপূর্ণ শয্যাতে তাহাকে শয়ন করাইল, ও তাহার জন্যে অনেক গন্ধদ্রব্য দগ্ধ করিল।

১৭ অধ্যায়।

১ যিহোশাফটের সুরাজত্ব করণ ৭ ও যিহূদার লোকদিগকে শিক্ষা দিতে লেবীয়দিগকে ও যাজকদিগকে প্রেরণ ১০ ও রাজাকে লোকদের উপঢৌকন দেওন ১২ ও তাহার উন্নতির ও সেনাপতির ও সৈন্যের কথা।

১ পরে আসার পুত্র যিহোশাফট্ তাহার পদে রাজত্ব করিয়া ইস্রায়েলের বিরুদ্ধে আপনাকে বলবান করিল। ২ এবং সে যিহূদার সকল প্রাচীরবেষ্টিত নগরে সৈন্য রাখিল, এবং যিহূদা দেশে ও আপন পিতা আসা ইফ্রয়িমের যে২ নগর হস্তগত করিয়াছিল, তাহাতেও দুর্গ নির্ম্মাণ করিল। ৩ এবং যিহোশাফট্ আপন পিতার প্রথম পথে ও দায়ূদের পথে চলিল; সে বালের উদ্দেশ ৪ করিল না; কিন্তু আপন পূর্ব্বপুরুষের ঈশ্বরের উদ্দেশ করিয়া তাঁহার বিধ্যনুসারে চলিল; সে ইস্রায়েল্ লোকদের কর্ম্মানুসারে কর্ম্ম করিল না, অতএব পরমেশ্বর যিহোশাফটের সহিত থাকিলেন। ৫ এবং পরমেশ্বর তাহার হস্তে রাজ্য দৃঢ় করিলেন; তাহাতে তাবৎ যিহূদার লোকেরা যিহোশাফটের কাছে উপঢৌকন আনিল, এবং তাহার সম্মান ও ধন অতিশয় বৃদ্ধি পাইল। ৬ এবং পরমেশ্বরের পথে তাহার অন্তঃকরণ আসক্ত হইল, এবং সে যিহূদার মধ্যহইতে উচ্চস্থান ও চৈত্যবৃক্ষ দূর করিল।

৭ পরে সে আপন অধিকারের তৃতীয় বৎসরে যিহূদা নগরে উপদেশ দিবার জন্যে আপন অধ্যক্ষ বিন্-হয়িলের ও ওবদিয়ের ও সিখরিয়ের ও নিথনেলের ও মীখায়ের নিকটে আজ্ঞা পাঠাইল। ৮ এবং তাহাদের সহিত শিময়িয় ও নিথনিয় ও সিবদিয় ও অসাহেল্ ও শিমীরামোৎ ও যিহোনাথন্ ও অদোনিয় ও টোবিয় ও টোবদোনিয় এই সকল লেবিদিগকে, এবং ইলীশামা ও যিহোরাম্ যাজকগণকে তাহাদের সহিত পাঠাইল। ৯ তাহাতে তাহারা যিহূদা লোককে উপদেশ দিল, এবং পরমেশ্বরের ব্যবস্থাপুস্তক সঙ্গে লইয়া যিহূদার সকল নগরের সর্ব্বত্র যাইয়া লোকদিগকে উপদেশ দিতে লাগিল।

১০ তাহাতে যিহূদার চতুর্দ্দিকস্থ দেশের সকল রাজ্যে পরমেশ্বরহইতে এমত ভয় উপস্থিত হইল, যে তাহারা যিহোশাফটের সহিত যুদ্ধ করিল না। ১১ এবং পিলেষ্টীয়দের কতক লোক যিহোশাফটের নিকটে উপঢৌকন ও করের জন্যে রূপা আনিল, এবং অরবীয়েরা তাহার নিকটে পশুপাল অর্থাৎ সাত সহস্র সাত শত মেষ ও সাত সহস্র সাত শত ছাগল আনিল।

১২ এই রূপে যিহোশাফট্ উত্তরোত্তর বৃদ্ধি পাইয়া উন্নত হইয়া যিহূদার মধ্যে দুর্গ ও ভাণ্ডারার্থক নগর প্রস্তুত ১৩ করাইল। এবং যিহূদার তাবৎ নগরের মধ্যে তাহার যথেষ্ট সম্পদ ছিল, এবং তাহার বলবান যোদ্ধারা ও বীর লোকেরা যিরূশালমে থাকিল। ১৪ তাহাদের পিতৃবংশানুসারে তাহাদের সংখ্যা এই, যিহূদা বংশীয় সহস্র সেনাপতিগণের মধ্যে অদ্ন প্রধান ছিল, ও তা-

[৭] ২ বং ১৯; ২। ১ রা ১৬; ১। যিশ ৩১; ১॥—[৮] ২ বং ১৪; ৯-১৩॥—[৯] গী ৩৪; ১৫। যিশ ৪০; ২৬,২৭॥
[১০] ২ বং ১৮; ২৫,২৬॥—[১১-১৪] ১ রা ১৫; ২৩,২৪॥—[১৪] আ ৫০; ২,৩। যির ৩৪; ৫। যা ১৬; ১। যো ১৯; ৩৯,৪০॥
[১৭ অধ্য; ১] ১ রা ১৫; ২৪। ২২; ৪১॥—[২] ২ বং ১৫; ৮॥—[৩] ১ রা ২২; ৪৩॥—[৩,৪] ২ বং ৭; ১৭-২০॥
[৫] ১; ১১,১২॥—[৬] ১ রা ২২; ৪৩,৪৬॥—[৯] ২ বং ১৫; ১৩॥

১৫ হার সহিত তিন লক্ষ মহাবীর্য্যবান যোদ্ধা ছিল। তাহার নীচে * যিহোহানন্ সেনাপতি ছিল, ও তাহার সহিত ১৬ দুই লক্ষ আশী সহস্র লোক ছিল। তাহার নীচে আপনাকে স্বেচ্ছাতে ঈশ্বরের প্রতি সমর্পণ করিল যে সিখ্রির পুত্র অমসিয়, সে সেনাপতি ছিল, ও তাহার সহিত ১৭ দুই লক্ষ মহাবীর্য্যবান লোক ছিল। বিন্যামীন্ বংশের মধ্যে ইলিয়াদা নামে মহাবীর্য্যবান এক সেনাপতি ছিল, ও তাহার সহিত দুই লক্ষ ধনুর্দ্ধর ও চর্ম্মধর ছিল। ১৮ তাহার নীচে যিহোষাবদ্ সেনাপতি ছিল; ও তাহার সহিত যুদ্ধার্থে প্রস্তুত এক লক্ষ আশী সহস্র লোক ১৯ ছিল। রাজা যিহূদার সর্ব্বত্র প্রাচীরে বেষ্টিত নগরে যাহাদিগকে রাখিল, তাহাদের ব্যতিরেকে ইহারা রাজার পরিচর্য্যা করিত।

১৮ অধ্যায়।

১ আহাবের সহিত যিহোশাফটের কুটুম্বতা করণ ২ ও তাহার সঙ্গে রামোৎ-গিলিয়দে যাওন, ও মীখায় ভবিষ্যদ্বক্তাকে কারাগারে রাখন ২৮ ও যুদ্ধে আহাবের হত হওন।

১ যিহোশাফট্ অতিশয় ঐশ্বর্য্যবান ও মর্য্যাদাপন্ন হইলে পর আহাবের সহিত কুটুম্বতা করিল।

২ কএক বৎসর পরে সে শোমিরোণে আহাবের নিকটে গেল; তাহাতে আহাব্ তাহার ও তাহার সঙ্গি লোকদের নিমিত্তে অনেক মেষ ও বলদ মারিল ও তাহাকে ৩ রামোৎগিলিয়দে যাইতে প্রবৃত্তি দিল। সেই সময়ে ইস্রায়েলের আহাব্ রাজা যিহূদার যিহোশাফট্ রাজাকে কহিল, তুমি কি রামোৎ-গিলিয়দে আমার সহিত যাইবা? তাহাতে সে কহিল, আমিও তোমার মত এক জন; যেমন তোমার লোক তেমন আমার লোক, অত৪ এব আমরা যুদ্ধে তোমার সহায় হইব। পরে যিহোশাফট্ ইস্রায়েলের রাজাকে কহিল, আমি বিনয় করি, অদ্য ইহাতে পরমেশ্বরের কি কথা? তাহা জিজ্ঞাসা ৫ কর। তাহাতে ইস্রায়েলের রাজা চারি শত ভবিষ্যদ্বক্তৃগণকে একত্র করিয়া জিজ্ঞাসা করিল, আমরা রামোৎ-গিলিয়দে যুদ্ধ করিতে যাইব কি ক্ষান্ত হইব? ৬ তখন তাহারা কহিল, যাও, ঈশ্বর রাজার হস্তে তাহা সমর্পণ করিবেন। পরে যিহোশাফট্ জিজ্ঞাসিল, ইহাদের ভিন্ন আর কাহাকে জিজ্ঞাসা করিতে পারা যায়, পরমেশ্বরের এমত ভবিষ্যদ্বক্তা কি আর কেহ নাই? ৭ তখন ইস্রায়েলের রাজা যিহোশাফটকে কহিল, আমরা যাহাদ্বারা পরমেশ্বরকে জিজ্ঞাসা করিতে পারি, যিম্লের পুত্র মীখায় নামে আর এক জন আছে, কিন্তু আমি তাহাকে ঘৃণা করি, কেননা সে আমার বিষয়ে মঙ্গলের কথা কহে না, কিন্তু সর্ব্বদা অমঙ্গলের কথা কহে; তাহাতে যিহোশাফট্ কহিল, রাজা এমত কথা কহিবেন না। ৮ তখন ইস্রায়েলের রাজা আপনার এক কর্ম্মাধ্যক্ষকে † ডাকিয়া আজ্ঞা দিল, যিম্লের পুত্র মীখায়কে শীঘ্র এখানে আন। ৯ অপর ইস্রায়েলের রাজা ও যিহূদার যিহোশাফট্ রাজা শোমিরোণের দ্বার প্রবেশের সমান ‡ স্থানে আপন রাজকীয় বস্ত্র পরিধান করিয়া আপন ২ সিংহাসনে বসিল, এবং ভবিষ্যদ্বক্তৃগণ তাহাদের সম্মুখে ভবিষ্যদ্বাক্য কহিল। ১০ এবং খিনানার পুত্র সিদিকিয় লৌহময় শৃঙ্গ নির্ম্মাণ করিয়া কহিল, পরমেশ্বর এই কথা কহেন, তুমি যে পর্য্যন্ত অরামীয়দিগকে বিনষ্ট না করিবা, তাবৎ ইহাতে তাহাদিগকে প্রহার করিবা। ১১ এবং তাবৎ ভবিষ্যদ্বক্তা ভবিষ্যদ্বাক্যদ্বারা ইহা কহিল, তুমি রামোৎ-গিলিয়দে যাইয়া ভাগ্যবান হও, পরমেশ্বর তাহা রাজার হস্তগত করিবেন। ১২ অপর যে দূত মীখায়কে ডাকিতে গিয়াছিল, সে তাহাকে কহিল, দেখ, সকল ভবিষ্যদ্বক্তা এক জনের ন্যায় ‖ রাজার মঙ্গল কথা কহিল; অতএব আমি বিনয় করি, তুমিও তাহাদের এক জনের ন্যায় মঙ্গল কথা কহ। ১৩ তাহাতে মীখায় কহিল, আমি পরমেশ্বরের অমরতার দিব্য করিতেছি, আমার ঈশ্বর আমার কাছে যে কথা কহিবেন, আমি সেই কথাই কহিব। ১৪ পরে সে রাজার নিকটে আইলে রাজা তাহাকে জিজ্ঞাসিল, হে মীখায়, আমরা রামোৎ-গিলিয়দের বিরুদ্ধে যুদ্ধ করিতে যাইব, কি ক্ষান্ত হইব? তাহাতে সে তাহাদিগকে কহিল, যাইয়া ভাগ্যবান হও; তাহার লোকেরা তোমাদের হস্তে সমর্পিত হইবে। ১৫ পরে রাজা তাহাকে কহিল, তুমি পরমেশ্বরের নামে সত্য কথা ব্যতিরেক আর কিছুই কহিও না, আমি কত বার তোমাকে এই শপথ করাইব? ১৬ তাহাতে সে কহিল, আমি ইস্রায়েলের সকল লোককে অরক্ষক মেষের ন্যায় পর্ব্বতের উপরে ছিন্নভিন্ন দেখিলাম, এবং পরমেশ্বর কহিলেন, ইহাদের স্বামী নাই; প্রত্যেক জন আপন ২ বাটীতে কুশলে ফিরিয়া যাউক। ১৭ পরে ইস্রায়েলের রাজা যিহোশাফটকে কহিল, সে আমার বিষয়ে মঙ্গলের কথা কহিবে না, কেবল অমঙ্গলের কথা কহিবে, এই কথা কি আমি অগ্রে তোমাকে কহি নাই? ১৮ পরে (মীখায়) কহিল, তোমরা পরমেশ্বরের কথা শুন, আমি সিংহাসনোপবিষ্ট পরমেশ্বরকে এবং তাহার দক্ষিণে বামে নিকটে দণ্ডায়মান স্বর্গীয় তাবৎ সৈন্যকেও দেখিলাম। ১৯ পরমেশ্বর কহিলেন, ইস্রায়েলের আহাব্ রাজা যেন রামোৎ-গিলিয়দে যাইয়া পতিত হয়, এই জন্যে কে তাহাকে ভুলাইবে? তাহাতে এক জন এক প্রকারে ও অন্য জন অন্য প্রকারে কহিল। ২০ পরে এক আত্মা আসিয়া পরমেশ্বরের সাক্ষাতে দাঁড়াইয়া কহিল, আমি তাহাকে ভুলাইব। ২১ পরমেশ্বর কহিলেন, কাহাদ্বারা? সে কহিল, আমি যাইয়া

[১৮ অধ্যা; ১-১৩] ১ রা ২২; ২-১৪ ॥—[৩] ২ রা ৩; ৭ ॥—[৫] ১ রা ১৮; ১৯ ॥—[৬] ২ রা ৩; ১১ ॥—[১৪-২৭] ১ রা ২২; ১৫-২৮ ॥—[১৬] প ৩৪ ॥—[১৭] প ৭ ॥—[১৮] যূব ১ ৬। ২; ১। দা ৭; ৯,১০ ॥

* (ইব্রি) হস্তে। † (বা) নপুংসক। ‡ (ইব্রি) শস্যমর্দ্দন। ‖ (ইব্রি) এক মুখে।

তাহার সকল ভবিষ্যদ্বক্তার মুখেতে মিথ্যাবাদি আত্মা হইব; তখন তিনি কহিলেন, তুমি তাহাকে ভুলাইয়া জয়ী ২২ হও, বাহিরে যাইয়া সেই রূপ কর। ইহাতে দেখ, পরমেশ্বর তোমার এই সকল ভবিষ্যদ্বক্তাদের মুখে মিথ্যাবাদি আত্মা দিলেন; কিন্তু পরমেশ্বর তোমার ২৩ বিষয়ে অমঙ্গল কহিলেন। তখন খিনানার পুত্র সিদিকিয় নিকটে আসিয়া মীখায়কে এক চড় মারিয়া কহিল, পরমেশ্বরের আত্মা তোমাকে কহিবার ২৪ জন্যে আমার নিকটহইতে কোন্ দিগে গেল? মীখায় কহিল, দেখ, যে দিনে তুমি লুকাইবার জন্যে গর্ত্তা- ২৫ গারে * যাইবা, সেই দিনে তাহা জানিবা। পরে ইস্রায়েলের রাজা আজ্ঞা দিল, মীখায়কে ধরিয়া নগরাধ্যক্ষ আমোনের ও রাজপুত্র যোয়াশের নিকটে ২৬ লইয়া যাও। এবং কহ, রাজা এই কথা কহে, ইহাকে কারাগারে বদ্ধ কর, এবং যে পর্য্যন্ত আমি কুশলে ফিরিয়া না আইসি, তাবৎ ইহাকে দুঃখরূপ অন্ন ও ২৭ দুঃখরূপ জল ভোজন করিতে দেও। তাহাতে মীখায় কহিল, যদি কুশলে ফিরিয়া আইস, তবে পরমেশ্বর আমার প্রমুখাৎ কহেন না; পরে সে কহিল, হে লোক সকল, তোমরা মনোযোগ কর।

২৮ পরে ইস্রায়েলের রাজা ও যিহূদার যিহোশাফট্ ২৯ রাজা রামোৎ-গিলিয়দে গেলে, ইস্রায়েলের রাজা যিহোশাফট্‌কে কহিল, আমি অন্য বেশ ধারণ করিয়া যুদ্ধে প্রবেশ করি, কিন্তু তুমি আপন রাজকীয় বস্ত্র পরিধান কর; পরে ইস্রায়েলের রাজা অন্য বেশ ধরিলে ৩০ তাহারা যুদ্ধে প্রবেশ করিল। আর অরামের রাজা আপন রথাধ্যক্ষ সেনাপতিকে এই আজ্ঞা দিল, তোমরা কেবল ইস্রায়েলের রাজা ব্যতিরেক ক্ষুদ্র কি মহান্, ৩১ আর কাহারো সহিত যুদ্ধ করিও না। পরে রথাধ্যক্ষগণ যিহোশাফট্‌কে দেখিয়া, ইনিই অবশ্য ইস্রায়েলের রাজা, ইহা কহিয়া যুদ্ধ করিতে তাহার প্রতি আক্রমণ করিল; তাহাতে যিহোশাফট্ উচ্চৈঃস্বর করিলে পরমেশ্বর তাহার উপকার করিলেন, এবং ঈশ্বর তাহার নিকটহইতে যাইতে তাহাদিগকে প্রবৃত্তি ৩২ দিলেন। তাহাতে সে ইস্রায়েলের রাজা নহে, ইহা রথাধ্যক্ষগণ জানিয়া তাহার পশ্চাদ্ যাইতে নিবৃত্ত হইল।

৩৩ পরে এক জন সন্ধান ব্যতিরেকে ধনুর্গুণ টানিয়া ইস্রায়েলের রাজার সাজোয়ার সন্ধিস্থানে † বাণ আঘাত করিল; তাহাতে সে আপন সারথিকে কহিল, হস্ত ফিরাইয়া সৈন্যহইতে আমাকে লইয়া যাও, আমি ৩৪ ব্যথিত হইলাম। ঐ দিবসে তুমুল যুদ্ধ হইল, এবং ইস্রায়েলের রাজা অরামীয়দের বিরুদ্ধে সন্ধ্যাকাল পর্য্যন্ত রথে রহিল; কিন্তু সূর্য্য অস্তগত হইলে সে মরিল।

১৯ অধ্যায়।

১ যিহোশাফটের আপন রাজ্যে যাওন সময়ে যেহূ ভবিষ্যদ্বক্তাদ্বারা অনুযোজিত হওন ৪ ও বিচারকর্ত্তাদের প্রতি তাহার উপদেশ ৮ ও লেবীয়দের ও যাজকগণের প্রতি তাহার উপদেশ কথা।

১ পরে যিহূদার যিহোশাফট্ রাজা কুশলে যিরূশালমে ২ আপন গৃহে গেলে হনানির পুত্র যেহূ প্রদর্শক তাহার সহিত সাক্ষাৎ করিতে যাইয়া যিহোশাফট্ রাজকে কহিল, পাপিদের উপকার করা এবং পরমেশ্বরের ঘৃণাকারিদের প্রতি প্রেম করা কি তোমার কর্ত্তব্য? ইহাতে তোমার প্রতিকূলে পরমেশ্বরের ক্রোধ নির্গত ৩ হইয়াছে। তথাপি তোমার সৎকর্ম্ম হইয়াছে; তুমি দেশহইতে দেব চৈত্যবৃক্ষ দূর করিয়াছ, ও ঈশ্বরের অন্বেষণ করিতে মন সুস্থির করিয়াছ।

৪ পরে যিহোশাফট্ যিরূশালমে বসতি করিল, এবং বের্শেবা অবধি ইফ্রয়িম্ পর্ব্বত পর্য্যন্ত লোকদের সর্ব্বত্র পুনর্ব্বার গমন করিয়া তাহাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বরের পক্ষে তাহাদিগকে ফিরাইয়া আনিল। ৫ এবং সে দেশে অর্থাৎ যিহূদার প্রাচীরবেষ্টিত সকল ৬ নগরের সর্ব্বত্র বিচারকর্ত্তাদিগকে নিযুক্ত করিল। এবং বিচারকর্ত্তাদিগকে কহিল, তোমরা যাহা কর, তাহাতে সাবধান হও; কেননা তোমরা মনুষ্যদের জন্যে বিচার করিবা না, কিন্তু বিচার করণার্থে তোমাদের মধ্যে ৭ আছেন যে পরমেশ্বর, তাঁহার জন্যে করিবা। অতএব তোমাদের মধ্যে পরমেশ্বরের ভয় হউক, তোমরা সাবধান হইয়া কর্ম্ম কর, আমাদের প্রভু পরমেশ্বরের নিকটে অন্যায় ও মুখাপেক্ষা ও উৎকোচ গ্রহণ হয় না।

৮ পরে যিহোশাফট্ যিরূশালমে পরমেশ্বরের বিচারার্থে ও বিবাদভঞ্জনার্থে লেবীয়দের ও যাজকদের ও ইস্রায়েলের পিতৃপ্রধানদের কতক লোককে নিযুক্ত ৯ করিল। এবং যিরূশালমে উপস্থিত হইলে তাহাদিগকে এই আজ্ঞা দিল, তোমরা বিশ্বস্ত রূপে সম্পূর্ণ অন্তঃকরণের সহিত পরমেশ্বরের প্রতি ভয় রাখিয়া এই প্রকার ১০ কর্ম্ম কর। রক্তের বিষয়ে এবং শাস্ত্রের ও আজ্ঞার ও বিধির ও ব্যবস্থার বিষয়ে তোমাদের নগরবাসি ভ্রাতাদের দ্বারা যে কোন বিষয়ে বিচার উপস্থিত হয়, তাহাতে তাহারা যেন পরমেশ্বরের নিকটে দোষী না হয়, এবং তোমাদের ও তোমাদের ভ্রাতাদের প্রতি ক্রোধ না বর্ত্তে, এই জন্যে তাহাদিগকে উপদেশ কর; ইহা করিলে দোষী হইবা না; এই সকল কথা তাহাদি- ১১ গকে কহিল। দেখ, পরমেশ্বরের সর্ব্ব বিষয়ে অমরিয় প্রধান যাজক এবং রাজার সর্ব্ববিষয়ে ইস্মায়েলের পুত্র সিবদীয় যিহূদা বংশের কর্ত্তা তোমাদের উপরে আছে;

[২১] ২ যি ২; ১১ ॥—[২৭] দ্বি ১৮; ২০-২২ ॥—[২৮-৩৪] ১ রা ২২; ২৯-৩৫ ॥—[২৯] ২ বং ৩৫; ২২ ॥—[৩৩] ২ বং ৩৫; ২৩ ॥
[১৯ অধ্য; ২] ২ বং ১৬; ৭ । ২ ক ৬; ১৪-১৬ ॥—[৩] ২ বং ১৭; ৩-৬ ॥—[৬,৭] দ্বি ১; ১৫-১৭ । ১৬; ১৮-২০ ॥
[৮-১১] দ্বি ১৭; ৮-১৩ ॥

* (বা) এক আগারহইতে অন্য আগারে। † (ইব্রু) সন্ধির ও বুকপাটার স্থান।

এবং তোমাদের অধীন লেবীয়েরাও অধ্যক্ষ হইবে, তোমরা সাহসে কর্ম্ম কর, তাহাতে পরমেশ্বর মঙ্গলের জন্যে তোমাদের সহবর্ত্তী হইবেন।

২০ অধ্যায়।

১ ভীত যিহোশাফটের উপবাস প্রচার করণ, ৫ ও তাহার প্রার্থনা ১৪ ও যহসীয়েলের ভবিষ্যদ্বাক্য ২০ ও যিহোশাফটের গায়কগণকে নিযুক্ত করণ, ২২ ও শত্রুগণকে পরাস্ত করণ, ২৬ ও জয়ী হইয়া লোকদের প্রত্যাগমন ৩১ ও যিহোশাফটের সুরাজত্ব করণ, ৩৫ ও ইলীয়েষরের ভবিষ্যদ্বাক্যানুসারে জাহাজ ভগ্ন হওন।

১ পরে মোয়াব্ বংশ ও অম্মোন্ বংশ এবং তাহাদের সহিত কএক মায়োনীয় * লোক যিহোশাফটের বিরুদ্ধে যুদ্ধ করিতে আইলে কোন জন আসিয়া যিহো- ২ শাফট্কে সম্বাদ দিল, হ্রদের ওপারস্থ অরামহইতে বিস্তর লোক তোমার বিরুদ্ধে আসিতেছে, † তাহারা ৩ হৎসসোন্-তামরে অর্থাৎ ঐন্গিদীতে আছে। তাহাতে যিহোশাফট্ ভীত হইয়া পরমেশ্বরের অন্বেষণ করিতে উদ্যোগ ‡ করিল, এবং উপবাস করিতে যিহূদার সর্ব্বত্র ৪ সমাচার দিল। এবং যিহূদার তাবৎ লোক পরমেশ্বরের কাছে উপকার প্রার্থনা করিতে একত্র হইল, অর্থাৎ যিহূদার তাবৎ নগরহইতে লোকেরা পরমেশ্বরের অন্বেষণ করিতে আইল।

৫ পরে যিহোশাফট্ পরমেশ্বরের মন্দিরের নূতন প্রাঙ্গণের সম্মুখে যিহূদার ও যিরূশালমের তাবৎ মণ্ড- ৬ লীর মধ্যে দাঁড়াইয়া কহিল, হে আমাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বর, তুমি কি স্বর্গের প্রভু নহ? ও তুমি কি অন্যদেশীয়দের তাবৎ রাজ্যের উপরে কর্ত্তৃত্ব কর না? এবং তোমার হস্তে কি শক্তি ও সকলের অনিবার্য্য ৭ পরাক্রম নাই? আমাদের ঈশ্বর যে তুমি, তুমি কি আপন ইস্রায়েল্ লোকদের সম্মুখহইতে এতদ্দেশীয় লোকদিগকে দূর করিয়া আপন মিত্র ইব্রাহীমের বংশকে ৮ চিরকালের জন্যে এই দেশ দেও নাই? আর তাহারা এই দেশে বাস করিয়া তোমার নামের জন্যে তাহার ৯ মধ্যে এক পবিত্র স্থান নির্ম্মাণ করিয়া কহিল, যদি খড়্গ কিম্বা বিচারদণ্ড কিম্বা মহামারী কিম্বা দুর্ভিক্ষ ইত্যাদিজন্য দুঃখ আমাদের প্রতি ঘটে, আর এই মন্দিরে তোমার নাম থাকন প্রযুক্ত এই মন্দিরের প্রতি অভিমুখ হইয়া তোমার সাক্ষাতে দাঁড়াইয়া দুর্দ্দশাগ্রস্ত হইয়া তোমার নিকটে প্রার্থনা করি, তবে তুমি তাহা শুনিয়া ১০ উপকার করিবা। দেখ, মিসর্হইতে আগমন কালে ইস্রায়েল্ বংশ তোমাকর্ত্তৃক নিষেধিত হইয়া যাহাদের দেশে প্রবিষ্ট না হইয়া বিনাশ না করিয়া অন্য পথে যাত্রা করিল, সেই অম্মোন্ বংশ ও মোয়াব্ বংশ ও সেয়ীর্ পর্ব্বতীয় লোকেরা আমাদিগকে প্রতিফল দি- ১১ তেছে; এবং দেখ, তুমি যে অধিকার ভোগ করিতে আমাদিগকে দিয়াছিলা, তাহাহইতে আমাদিগকে দূর করিতে আক্রমণ করিতেছে। ১২ হে আমাদের ঈশ্বর, তুমি কি তাহাদের প্রতিকার করিবা না? আমাদের প্রতিকূলে যে সমূহলোক আসিতেছে, তাহাদের প্রতি প্রতিকূলাচরণ করিতে আমাদের কিছু ক্ষমতা নাই; ও কি কর্ত্তব্য, তাহা জানি না; কেবল তোমার প্রতি দৃষ্টিপাত করিতেছি। ১৩ এই রূপে যিহূদার তাবৎ বালক ও স্ত্রী ও শিশু প্রভৃতি পরমেশ্বরের সাক্ষাতে দাঁড়াইল।

১৪ তাহাতে মণ্ডলীর মধ্যে আসফ্ বংশীয় মত্তনিয়ের বৃদ্ধপ্রপৌত্র যিয়ূয়েলের প্রপৌত্র বিনায়ের পৌত্র ও সিখরিয়ের পুত্র যহসীয়েল্ নামে এক লেবীয়ের প্রতি পরমেশ্বরের আত্মা আবির্ভূত হইলে সে ১৫ কহিল, হে যিহূদীয় ও যিরূশালম্ নিবাসি লোক সকল, ও হে যিহোশাফট্ রাজ, তোমরা আমার কথাতে মনোযোগ কর; পরমেশ্বর তোমাদিগকে এই কথা কহেন, তোমরা এই মহাজনতাহইতে ভীত ও শঙ্কাযুক্ত হইও না, কেননা এই যুদ্ধ তোমাদের নয়, কিন্তু ঈশ্বরের ১৬ হয়। অতএব কল্য তোমরা তাহাদের বিরুদ্ধে যাও; তাহারা সীস্ শিখরের ‖ পথে আগমন করিতেছে; তোমরা যিরুয়েল্ প্রান্তরের সম্মুখে উপত্যকার অন্তভাগে তাহাদিগকে পাইবা। ১৭ ঐ সময়ে তোমাদের যুদ্ধ করিবার আবশ্যক হইবে না, কেবল সুসজ্জ হইয়া দাঁড়াইয়া থাকিবা; পরমেশ্বর কেমন উদ্ধার করিবেন, তাহা দেখিবা; হে যিহূদীয় ও যিরূশালমস্থ লোক সকল, ভয় ও শঙ্কা না করিয়া কল্য তাহাদের বিরুদ্ধে যাত্রা কর; পরমেশ্বর তোমাদের সহবর্ত্তী হইবেন। ১৮ তাহাতে যিহোশাফট্ মস্তক নত করিয়া ভূমিতে প্রণাম করিল, এবং যিহূদীয় ও যিরূশালম্ নিবাসি লোকেরা পরমেশ্বরের সম্মুখে দণ্ডবৎ হইয়া পরমেশ্বরকে ভজনা করিল। ১৯ এবং কিহাতীয় ও কোরহীয় বংশ লেবীয়েরা দাঁড়াইয়া অতি উচ্চৈঃস্বরে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের প্রশংসা করিতে লাগিল।

২০ পরে তাহারা প্রত্যূষে উঠিয়া তিকোয় বনে গেল, এবং যাওন সময়ে যিহোশাফট্ দাঁড়াইয়া কহিল, হে যিহূদা ও যিরূশালম্ নিবাসিরা, আমার কথা শুন; তোমরা আপন প্রভু পরমেশ্বরেতে বিশ্বাস কর, তাহাতে তোমরা সুস্থির থাকিবা; ও তাঁহার ভবিষ্যদ্বক্তার কথাতে প্রত্যয় কর, তাহাতে কৃতকার্য্য হইবা। ২১ লোকদের সহিত এই পরামর্শ করিয়া সৈন্যের অগ্রগামী হইয়া পবিত্র আদরেতে স্তব করিতে এবং 'পরমেশ্বরের ধন্যবাদ কর, কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী' এই

[২০ অধ্য; ২] আ ১৪; ৭। যি ১৫; ৬২। ১ শি ২৪; ১॥—[৩-১৩] ২ বং ৬; ২১, ২৪, ২৫॥—[৭,৮] যি ২৪; ২-১৩॥ [৯] ২ বং ৭; ১২-১৬॥—[১০] দ্বি ২; ৪-৭, ৯, ১৯॥—[১২] গী ১২১॥—[১৫-১৭] যা ১৪; ১৩, ১৪॥—[২০] যিশ ৭; ৯॥—[২১] ১ বং ২৫; ১-৭। ১৬; ২৯, ৩৪, ৪১॥

* (ইব্রু) অম্মোনীয়। † (ইব্রু) ও দেখ। ‡ (ইব্রু) মুখ রাখিল। ‖ (বা) উপত্যকার।

কথাও কহিতে পরমেশ্বরের উদ্দেশে গায়কদিগকে নিযুক্ত করিল।

২২ পরে তাহারা গান ও স্তব করিতে আরম্ভ করিলে পরমেশ্বর যিহূদার প্রতিকূলে আগত যে অম্মোন্ বংশ ও মোয়াব্ বংশ ও সেয়ীর্ পর্ব্বতীয় বংশ, তাহাদের বিরুদ্ধে যুদ্ধ করিতে দস্যুদিগকে প্রবৃত্তি দিলেন; তাহাতে ২৩ তাহারা আহত হইল। আর অম্মোন্ বংশ ও মোয়াব্ বংশ সর্ব্বতোভাবে বধ ও বিনাশ করিতে সেয়ীর্ পর্ব্বত নিবাসি লোকদিগকে আক্রমণ করিল; এবং সেয়ীর্ নিবাসিদের শেষ করিয়া পরস্পর আপনাদিগকে বিনষ্ট করিতে লাগিল। ২৪ পরে যিহূদার লোকেরা বনস্থ দুর্গের নিকটে উপস্থিত হইয়া জনতার প্রতি অবলোকন করিলে তাহারা সকলেই ভূমিতে পতিত শব, কেহ ২৫ জীবিত নাই, ইহা দেখিল। তখন যিহোশাফট্ ও তাহার লোকেরা তাহাদের লুট গ্রহণ করিতে গেলে শবের সহিত প্রচুর ধন ও রত্ন পাইল; তাহারা আপনাদের জন্যে তাহা খুলিয়া এতো ধন একত্র করিল, যে বহিয়া লইতে পারিল না, ও তাহাদের লুটিত বস্তুর বাহুল্য প্রযুক্ত তাহা একত্র করিতে তাহাদের তিন দিন লাগিল।

২৬ চতুর্থ দিবসে তাহারা বিরাখা তলভূমিতে একত্র হইল, কেননা তাহারা সেই স্থানে পরমেশ্বরের ধন্যবাদ করিয়াছিল, এই জন্যে অদ্য পর্য্যন্ত সেই স্থান বিরাখা ২৭ (ধন্যবাদ) নামে বিখ্যাত আছে। পরে যিহূদার ও যিরূশালমের তাবৎ সৈন্য ও তাহাদের অগ্রে* যিহোশাফট্ আনন্দ পূর্ব্বক যিরূশালমে প্রবেশ করিবার জন্যে ফিরিয়া গেল, কেননা পরমেশ্বর তাহাদের শত্রুদের বিনাশে তাহাদিগকে আনন্দিত করিলেন। ২৮ এবং তাহারা তবল ও বীণা ও তূরী সঙ্গে লইয়া যিরূশালমে পরমেশ্বরের মন্দিরে প্রবেশ করিল। ২৯ অপর পরমেশ্বর ইস্রায়েল্ বংশের শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছেন, এই কথা অন্য দেশের তাবৎ লোক শুনিলে ঈশ্বরের বিষয়ে তাহাদের প্রতি ভয় উপস্থিত ৩০ হইল। এই রূপে ঈশ্বর যিহোশাফটের চতুর্দ্দিগে শান্তি দিলে তাহার রাজ্য সুস্থির হইল।

৩১ যিহোশাফট্ যিহূদার উপরে রাজত্ব করিল; সে পঁয়ত্রিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া পঁচিশ বৎসর যিরূশালমে রাজত্ব করিল, এবং শিল্- ৩২ হীর কন্যা অসূবা তাহার মাতা ছিল। সে আপন পিতা আসার পথে চলিয়া পরমেশ্বরের দৃষ্টিতে যাহা ৩৩ উত্তম, তাহাহইতে নিবৃত্ত হইল না। তথাপি সকল উচ্চস্থান দূরীকৃত হইল না, ও লোকেরা আপনাদের পূর্ব্বপুরুষের ঈশ্বরের প্রতি আপনাদের অন্তঃকরণ প্রস্তুত করিল না। ৩৪ এই যিহোশাফটের আদ্যন্ত ক্রিয়ার কথা ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তক সম্বলিত হনানির পুত্র যেহূর পুস্তকে লিখিত আছে।

৩৫ পরে যিহূদার যিহোশাফট্ রাজা ইস্রায়েলের অতি কুকর্ম্মকারি অহসিয় রাজের সহিত মিলন করিল। ৩৬ তাহাতে সে তর্শীশে যাইবার জন্যে জাহাজ নির্ম্মাণ করিতে তাহার সহিত মিলন করিল, এবং তাহারা ইৎসিয়োন্গেবরে সেই জাহাজ নির্ম্মাণ করিল। ৩৭ তখন মারেশা নিবাসি দোদাবার পুত্র ইলীয়েষর্ যিহোশাফটের বিরুদ্ধে এই ভবিষ্যদ্বাক্য কহিল, তুমি অহসিয়ের সঙ্গ লইয়াছ, এই জন্যে পরমেশ্বর তোমার কর্ম্ম বিনষ্ট করিবেন; পরে তাহার সমস্ত জাহাজ ভগ্ন হইলে তাহারা তর্শীশে যাইতে পারিল না।

২১ অধ্যায়।

১ যিহোশাফটের মৃত্যু ও অভিষিক্ত যোরামের ভ্রাতৃগণকে বধ করণ ৫ ও তাহার কুরাজত্ব ৮ ও ইদোম্ ও লিব্নার লোকেরা তাহার অধীনতা ত্যাগ করণ ১২ ও তাহার বিরুদ্ধে এলিয়ের ভবিষ্যদ্বাক্য ১৬ ও পিলেষ্টীয় ও অরবীয়দের তাহাকে ক্লেশ দেওন ১৮ ও অনিবার্য্য পীড়াদ্বারা তাহার মৃত্যু ও কবর দেওন।

১ পরে যিহোশাফট্ আপন পূর্ব্বপুরুষের ন্যায় মহানিদ্রিত হইয়া তাহাদের সহিত দায়ূদের নগরে কবর প্রাপ্ত হইল; পরে তাহার পুত্র যোরাম্ তাহার পদে অভিষিক্ত হইল। ২ এবং অসরিয় ও যিহীয়েল্ ও সিখরিয় ও অসরিয় ও মীখায়েল্ ও শিফটিয়, ইহারা সকলেই ইস্রায়েলের রাজা যিহোশাফটের পুত্র ছিল, এবং যোরামের ভ্রাতৃগণ ছিল। ৩ এবং তাহাদের পিতা তাহাদিগকে রূপা ও স্বর্ণ ও বহুমূল্য দ্রব্য ও যিহূদা দেশস্থ প্রাচীরবেষ্টিত নগর দান করিল†, কিন্তু যোরাম জ্যেষ্ঠ প্রযুক্ত তাহাকে রাজ্য দিল। ৪ পরে যোরাম্ আপন পিতৃরাজ্য পাইয়া দুঃসাহসী হইল†, এবং আপনার সকল ভ্রাতৃগণকে ও ইস্রায়েলের কতক অধ্যক্ষকে খড়্গদ্বারা বধ করিল।

৫ যোরাম্ বত্রিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া আট বৎসর পর্য্যন্ত যিরূশালমে রাজত্ব করিল। ৬ এবং সে ইস্রায়েলের রাজাদের, বিশেষত আহাব্ বংশের পথে গমন করিল, কেননা সে আহাবের কন্যাকে বিবাহ করিয়াছিল, এবং সে পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল। ৭ কিন্তু পরমেশ্বর দায়ূদের প্রতি এই প্রতিজ্ঞা করিয়াছিলেন, আমি তোমাকে ও তোমার বংশকে নিত্য এক প্রদীপ দিব, দায়ূদের প্রতি এই নিয়ম প্রযুক্ত তিনি তাহার বংশকে বিনষ্ট করিতে চাহিলেন না।

[২২-২৪] ২ রা ৩; ২১-২৪। বি ৭; ২১,২২ ॥—[২৯] ২ বং ১৭; ১০॥—[৩১] ১ রা ২২; ৪১,৪২॥—[৩২] ২ বং ১৭; ৩। ১ রা ২২; ৪৩॥—[৩৩] ২ বং ১৫; ১৭। দ্বি ১২; ১৪,১৩॥—[৩৪] ১ রা ১৬; ১,৭॥—[৩৫-৩৭] ১ রা ২২; ৪৮,৪৯॥ [২১ অধ্যা; ১] ১ রা ২২; ৫০॥—[৫-৭] ২ রা ৮; ১৬-১৯॥—[৬] ২ বং ২২; ২॥—[৭] ২ বং ১৭; ১৩। গী ৮৯; ৩০-৩৪। ১ রা ১১; ৩৬॥

* (ইব্রু) মস্তকে। † (ইব্রু) আপনাকে বলবান করিল।

৮ অপর তাহার অধিকার সময়ে ইদোমীয় লোকেরা যিহূদার অধীনতা * ত্যাগ করিয়া আপনাদের উপরে এক ৯ রাজা নিযুক্ত করিল। অতএব যোরাম্ আপন অধ্যক্ষগণকে ও সকল রথকে সঙ্গে লইয়া বহির্গমন পূর্ব্বক রাত্রিতে উঠিয়া আপনার বেষ্টনকারি ইদোমীয়দিগকেও ১০ তাহাদের রথিদিগকে বিনষ্ট করিল। তথাপি ইদোমীয় লোকেরা অদ্য পর্য্যন্ত যিহূদার অধীনতা ত্যাগ করিয়া আছে; সে সময়ে লিব্নার লোকেরাও তাহার অধীনতা ত্যাগ করিল, কেননা সে আপন পূর্ব্বপুরুষদের প্রভু ১১ পরমেশ্বরকে ত্যাগ করিল। অধিকন্তু সে যিহূদার পর্ব্বতের মধ্যে উচ্চস্থান নির্ম্মাণ করিয়া যিহূদা ও যিরূশালম নিবাসিদিগকে ব্যভিচার করিতে প্রবৃত্তি দিল।

১২ পরে এলিয় ভবিষ্যদ্বক্তার নিকটহইতে তাহার নিকটে এই বাক্য সম্বলিত এক পত্র আইল, তোমার পিতা দায়ূদের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তুমি আপন পিতা যিহোশাফটের পথে ও যিহূদার আসা ১৩ রাজের পথে গমন করিলা না। কিন্তু ইস্রায়েলের রাজাদের পথে গমন করিলা, এবং আহাব্ বংশের ব্যভিচারানুসারে যিহূদা ও যিরূশালম নিবাসিদিগকে ব্যভিচার করাইলা, এবং তোমাহইতে উত্তম ছিল যে তোমার পিতৃবংশজ ভ্রাতৃগণ, তাহাদিগকে বধ করিলা। ১৪ অতএব দেখ, পরমেশ্বর তোমার লোকদিগকে ও বালকদিগকে ও ভার্য্যাদিগকে ও সমস্ত সম্পত্তিকে মহা- ১৫ মারীদ্বারা প্রহার করিবেন। এবং তুমি অন্ত্রপীড়াতে এমত পীড়িত হইবা যে সেই পীড়াদ্বারা অনেক দিনের পরে তোমার অন্ত্র বাহিরে নির্গত হইবে।

১৬ পরে পরমেশ্বর যোরামের বিরুদ্ধে পিলেষ্টীয়দের ও কূশীয়দের নিকটস্থ অরবীয়দের মনে প্রবৃত্তি দিলে ১৭ তাহারা যিহূদা দেশেতে আসিয়া আক্রমণ পূর্ব্বক প্রবেশ করিয়া রাজবাটীতে প্রাপ্ত সকল সম্পত্তি ও তাহার পুত্রগণকে ও ভার্য্যাদিগকে লইয়া গেল; তাহার কনিষ্ঠ পুত্র অহসিয় † ব্যতিরেকে তাহার এক পুত্রও থাকিল না।

১৮ এই সকল ঘটনার পরে পরমেশ্বর তাহাকে অন্ত্রস্থ ১৯ অনিবার্য্য এক রোগেতে বিনাশ করিলেন। কেননা অনেক দিনের পরে অর্থাৎ দুই বৎসরের শেষে তাহার অন্ত্র সকল বহির্গত হইলে সে অতিশয় ক্লেশেতে মরিল, এবং লোকেরা তাহার পূর্ব্বপুরুষদের রীত্যনু- ২০ সারে তাহার জন্যে সুগন্ধি দ্রব্য দগ্ধ করিল না। সে বত্রিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে আট বৎসর রাজত্ব করিল; যদ্যপি তাহার মরণেতে লোকদের শোক ‡ হইল না, তথাপি তাহারা দায়ূদের নগরে তাহাকে কবর দিল, কিন্তু রাজাদের কবরে দিল না।

২২ অধ্যায়।

১ অহসিয়ের কুরাজত্ব ৫ ও যেহূদ্বারা তাহার হত হওন ১০ ও অথলিয়ার যোয়াশ্ ব্যতিরেকে রাজবংশকে বিনাশ করিয়া রাণী হওন।

১ পরে যিরূশালম্ নিবাসিরা তাহার কনিষ্ঠ পুত্র অহসিয়কে তাহার পদে রাজ্যে অভিষেক করিল, কারণ যে অরবীয় দল শিবিরে আসিয়াছিল, তাহারা তাহার সকল জ্যেষ্ঠ পুত্রকে বধ করিয়াছিল, অতএব যিহূদার যোরাম্ রাজের পুত্র অহসিয় রাজ্যাভিষিক্ত হইল। ২ সে অহসিয় বাইশ ‖ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে এক বৎসর রাজত্ব করিল; অম্রির কন্যা অথলিয়া তাহার মাতা ছিল। ৩ এবং আপন মাতা তাহাকে পাপ করিতে মন্ত্রণা দিলে সে আহাব্ বংশের পথে চলিল; ও পরমেশ্বরের সাক্ষাতে আহাব্ ৪ বংশের ন্যায় পাপ করিল, কেননা তাহারা তাহার পিতার মৃত্যুর পরে তাহার বিনাশজনক মন্ত্রী ছিল।

৫ সে তাহাদের মন্ত্রণানুসারে পাপ করিল; এবং ইস্রায়েলের আহাব্ রাজের পুত্র যোরামের সঙ্গে অরামের হসায়েল্ রাজের সহিত যুদ্ধ করিতে রামোৎ-গিলিয়দে গেল; তাহাতে অরামীয় লোকেরা যোরামকে প্রহার করিল §। ৬ পরে অরামের হসায়েল্ রাজের সহিত যুদ্ধ করিতে রামোতে যে ২ ক্ষত পাইয়াছিল, তাহাহইতে সুস্থ হইবার জন্যে যোরাম্ ফিরিয়া যিষ্রিয়েলে গমন করিল; পরে যোরাম্ রাজের পুত্র যিহূদার রাজা অহসিয় ¶ যিষ্রিয়েলে আহাবের পুত্র যোরামের পীড়া প্রযুক্ত তাহাকে দেখিতে গেল। ৭ কিন্তু যোরামের নিকটে গমনদ্বারা পরমেশ্বরহইতে তাহার বিনাশ হইল, কেননা তাহার নিকটে উপস্থিত হইলে পরমেশ্বর আহাব্ বংশকে উচ্ছিন্ন করিতে নিম্শির পুত্র যে যেহূকে অভিষিক্ত করিয়াছিলেন, অহসিয় তাহার বিরুদ্ধে যোরামের সহিত গমন করিল। ৮ পরে যে সময়ে যেহূ আহাব্ বংশকে দণ্ড দিতেছিল, সেই সময়ে যিহূদার অধ্যক্ষগণকে ও অহসিয়ের সেবাকারি ভ্রাতৃপুত্রগণকে পাইয়া বধ করিল। ৯ পরে সে অহসিয়ের অন্বেষণ করিলে লোকেরা শোমিরোণে লুক্কায়িত অহসিয়কে ধরিয়া যেহূর নিকটে আনিল, এবং তাহারা তাহাকে বধ করিয়া কবর দিল, যেহেতুক লোকেরা কহিল, আপন সমস্ত অন্তঃকরণের সহিত পরমেশ্বরের অন্বেষণ করিল যে যিহোশাফট, সে তাহার পৌত্র ছিল; পরে রাজশাসনার্থে অহসিয় বংশের কোন ক্ষমতা থাকিল না।

[৮-১০] ২ রা ৮; ২০-২২ ॥—[১১] প ৬ ॥—[১৩] প ৪,৬,১১ ॥—[১৫] প ১৮,১৯ ॥—[১৮,১৯] প ১৫ ॥—[১৯] ২ বং ১৬; ১৪ ॥—[২৪] প ৫ ॥

[২২ অধ্য; ১-৪] ২ রা ৮; ২৫-২৭ ॥—[১] ২ বং ২১; ১৭ ॥—[৫,৬] ২ রা ৮; ২৮,২৯ ॥—[৭] ২ রা ৯; ১-২৮ ॥—[৮] ২ রা ১০; ১২-১৪ ॥—[৯] ২ রা ৯; ২৭,২৮ ॥

* (ইব্রু) হস্ত। † (বা) যিহোয়াহস্। ‡ (ইব্রু) ইন্ধ। ‖ (বা) বেয়াল্লিশ। § (ইব্রু) ক্ষতে তাহাকে বিক্ষত করিল। ¶ (বা) অসরিয়।

১০ পরে অহসিয়ের মাতা অথলিয়া আপন পুত্রকে মৃত দেখিয়া উঠিয়া যিহূদার রাজকীয় তাবৎ বংশ বিনষ্ট ১১ করিল। কিন্তু রাজার কন্যা যিহোশেবা অহসিয়ের পুত্র যোয়াশকে লইয়া হত রাজকুমারদের মধ্যহইতে চুরি করিয়া তাহাকে ও তাহার ধাত্রীকে মন্দিরের এক শয্যাগারে রাখিল; এই রূপে যিহোয়াদা যাজকের ভার্য্যা যে যোরাম্ রাজের কন্যা অহসিয়ের ভগিনী যিহোশেবা, সে অথলিয়ার নিকটহইতে তাহাকে গোপন করিল, তাহাতে সে তাহাকে বধ করিতে পারিল ১২ না। পরে যোয়াশ্ ছয় বৎসর পর্য্যন্ত তাহাদের সহিত ঈশ্বরের মন্দিরে গোপনে থাকিল, এবং অথলিয়া দেশের উপরে রাজত্ব করিল।

২৩ অধ্যায়।

১ সৈন্যগণ নিযুক্ত করিয়া যিহোয়াদা যাজকের যোয়াশকে রাজা করণ ১২ ও অথলিয়াকে বধ করণ ১৬ ও দেব পূজাহইতে পুনর্ব্বার ঈশ্বরের প্রতি লোকদিগকে যিহোয়াদার ফিরাওন।

১ পরে সপ্তম বৎসরে যিহোয়াদা আপনাকে বলবান করিয়া শতপতিদিগকে অর্থাৎ যিরোহমের পুত্র অসরিয়কে ও যিহোহাননের পুত্র ইস্মায়েলকে ও ওবেদের পুত্র অসরিয়কে এবং অদায়ার পুত্র মাসেয়কে ও সিখ্রির পুত্র ইলীশাফটকে আপনার সহিত নিয়ম ২ পূর্ব্বক গ্রহণ করিল। এবং তাহারা যিহূদাতে ভ্রমণ করিয়া যিহূদার তাবৎ নগরহইতে লেবীয়দিগকে ও ইস্রায়েলের পিতৃবংশের প্রধানদিগকে একত্র করিলে ৩ তাহারা যিরূশালমে আইল। এবং তাবৎ মণ্ডলী ঈশ্বরের মন্দিরে রাজার সহিত নিয়ম করিল, এবং যিহোয়াদা তাহাদিগকে কহিল, দেখ, পরমেশ্বর দায়ূদ্ বংশের বিষয়ে যে রূপ কহিয়াছেন, তদনুসারে রাজ৪ পুত্র রাজত্ব করিবে। তোমরা এক কর্ম্ম করিবা, বিশ্রামবারে তোমাদের অর্থাৎ যাজকদের ও লেবীয়দের ৫ তৃতীয়াংশ আসিয়া দ্বারপাল হইবে। অন্য তৃতীয়াংশ রাজবাটীতে থাকিবে, এবং অন্য তৃতীয়াংশ ভিত্তির * দ্বারে থাকিবে,এবং সমস্ত লোক পরমেশ্বরের মন্দিরের ৬ প্রাঙ্গণে থাকিবে। এবং যাজক ও লেবীয়দের মধ্যে সেবাকারি লোক ব্যতিরেক পরমেশ্বরের মন্দিরে আর কাহাকেও প্রবেশ করিতে দিও না; তাহারা পবিত্র, এই জন্যে প্রবেশ করিবে; কিন্তু অন্য সমস্ত লোক পর৭ মেশ্বরের নিরূপিত প্রহরি কর্ম্ম করিবে। এবং লেবীয়েরা প্রত্যেক জন অস্ত্রধারী হইয়া রাজাকে বেষ্টন করিয়া থাকিবে,ইহাতে অন্য কেহ যদি মন্দিরে প্রবেশ করে, তবে সে হত হইবে; যে সময়ে রাজা অন্তরে কিম্বা বাহিরে যাইবেন, তখন তোমরা তাঁহার সহিত ৮ থাকিবা। পরে লেবীয়েরা ও সমস্ত যিহূদার লোকেরা যিহোয়াদা যাজকের আজ্ঞানুসারে সকল কর্ম্ম করিল, এবং যাহারা বিশ্রামবারে নির্গমন করে, তাহাদের সহিত বিশ্রামবারে প্রবেশকারি লোকদিগকেও লইল, কেননা যিহোয়াদা যাজক সে পালা ছাড়াইল না। ৯ এবং ঈশ্বরের মন্দিরে স্থিত দায়ূদ্ রাজের যে ২ বড়শা ও চর্ম্ম ও ঢাল ছিল, যিহোয়াদা যাজক তাহা শত১০ সেনাপতিদিগকে সমর্পণ করিল। এবং সে অস্ত্রধারি লোক সকলকে মন্দিরের দক্ষিণ বাম পার্শ্বে † যজ্ঞ১১ বেদিতে ও মন্দিরে রাজার চতুর্দ্দিগে রাখিল। পরে তাহারা রাজপুত্রকে বাহিরে আনিয়া তাহার মস্তকে মুকুট দিল, ও তাহাকে সাক্ষ্য পুস্তক দিয়া রাজা করিল, এবং যিহোয়াদা ও তাহার পুত্রগণ তাহার অভিষেক করিল; পরে তাহারা কহিল, রাজা চিরজীবী হউন।

১২ অপর অথলিয়া দ্রুতগামি রাজস্তাবকদের কোলাহল শুনিয়া পরমেশ্বরের মন্দিরে লোকদের নিকটে আইল। ১৩ এবং আলোচনা করিলে রাজা আপন স্তম্ভের নিকটে প্রবেশস্থানে দণ্ডায়মান আছে, এবং দেশের সমস্ত লোকেরা আনন্দ করিতেছে ও তূরী বাজাইতেছে এবং গায়কেরাও বাদ্যের সহিত গান ও স্তুতি করিতেছে, ইহা দেখিয়া অথলিয়া আপন বস্ত্র চিরিয়া কহিল, ১৪ রাজদ্রোহ ২। কিন্তু যিহোয়াদা যাজক সেনাধ্যক্ষ ও শত সেনাপতিদিগকে আজ্ঞা করিল, ইহাকে শ্রেণীহইতে বাহিরে লইয়া যাও, এবং যে কেহ তাহার পশ্চাৎ যাইবে, তাহাকে খড়্গদ্বারা বধ কর, যেহেতুক পরমেশ্বরের মন্দিরে তাহাকে বধ করিও না, এ কথা ১৫ যাজক কহিয়াছিল। অতএব লোকেরা হস্তদ্বারা ধরিয়া রাজধানীর অশ্বদ্বারের প্রবেশস্থানে লইয়া গিয়া সেই স্থানে তাহাকে বধ করিল।

১৬ পরে লোকেরা পরমেশ্বরের লোক হইবে, যিহোয়াদা আপনার ও রাজার ও লোকদের সহিত এই ১৭ নিয়ম করিল। পরে তাবৎ লোক বালের মন্দিরে যাইয়া তাহাকে ভগ্ন করিয়া তাহার বেদি ও প্রতিমা চূর্ণ করিয়া বালের যাজক মত্তনকে সেই বেদির সম্মুখে ১৮ বধ করিল। এবং দায়ূদের রীত্যনুসারে ‡ আনন্দ ও গানের সহিত মূসার ব্যবস্থার লিখনানুসারে পরমেশ্বরের উদ্দেশে হোম করিতে দায়ূদ্ যে লেবীয় ও যাজকদিগকে নিরূপণ করিয়াছিল, তাহাদের দ্বারা যিহোয়াদা পরমেশ্বরের মন্দিরের কর্ম্মপদ নিরূপণ ১৯ করিল। এবং কোন প্রকার অশুচি লোক যেন প্রবেশ না করে, এই জন্যে সে পরমেশ্বরের মন্দিরের দ্বারে

[১০-১২] ২ রা ১১; ১-৩॥

[২৩ অধ্য; ১-১১] ২ রা ১১; ৪-১২॥—[৩] ২ বং ১৩; ৫। ১ বং ১৭; ১১-১৪॥—[৪] ১ বং ৯; ২৫॥—[৬] ১ বং ২৩; ২৮-৩২॥—[৮] ১ বং ২৪॥—[১১] দ্বি ১৭; ১৮-২০॥—[১২-২১] ২ রা ১১; ১৩-২০॥—[১৩] ২ রা ২৩; ৩॥ [১৮] ১ বং ২৩; ২৮-৩২। ২৫; ১-৭॥—[১৯] ১ বং ২৬। লে ১১। ১২। ১৩। ১৫॥

* (বা) যিসোদ। † (ইব্রি) স্কন্ধে। ‡ (ইব্রি) হস্তদ্বারা।

২০ দ্বারপালদিগকে নিযুক্ত করিল। পরে শতপতিগণকে
ও সম্ভ্রান্ত লোকদিগকে ও শাসনকর্ত্তাদিগকে ও দেশের
সমস্ত লোকদিগকে লইয়া রাজাকে পরমেশ্বরের মন্দির-
হইতে বাহিরে আনিল, এবং তাহারা উচ্চ দ্বারদিয়া
রাজবাটীতে প্রবেশ করিয়া রাজসিংহাসনে তাহাকে
২১ উপবিষ্ট করিল। তাহাতে দেশের তাবৎ লোক আনন্দ
করিল, এবং খড়্গদ্বারা অথলিয়াকে বধ করিলে পর
নগর সুস্থির হইল।

২৪ অধ্যায়।

১ যিহোয়াদার বর্ত্তমান সময়ে যোয়াশের সুরাজত্ব করণ,
৪ ও ঈশ্বরের মন্দির সারিতে তাহার আজ্ঞা দেওন ১৫ ও
যিহোয়াদার মৃত্যু ও কবর দেওন ১৭ ও দেবপূজক হইয়া
যোয়াশের যিহোয়াদার পুত্র সিখরিয়কে বধ করণ, ২৩
ও অরামীয়দের দ্বারা পরাস্ত হওন ও দাসগণদ্বারা হত
হওন ২৭ ও যোয়াশের বিবরণ।

১ যোয়াশ্ সাত বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ
করিয়া যিরূশালমে চল্লিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল;
২ বের্শেবা নিবাসিনী সিবিয়া তাহার মাতা ছিল। এই
যোয়াশ্ যিহোয়াদা যাজকের যাবজ্জীবন পরমেশ্ব-
৩ রের সাক্ষাতে সৎকর্ম্ম করিল। এবং যিহোয়াদা তা-
হার সহিত দুই কন্যার বিবাহ দিল; পরে তাহার পুত্র
ও কন্যাগণ জন্মিল।

৪ অপর পরমেশ্বরের মন্দির সারিতে যোয়াশের
৫ মনস্থ হইলে সে যাজকদিগকে ও লেবীয়দিগকে একত্র
করিয়া কহিল, তোমরা যিহূদার তাবৎ নগরে গমন কর,
এবং বৎসর ২ আপন ঈশ্বরের মন্দির সারিবার জন্যে
ইস্রায়েলের তাবৎ লোকের নিকটহইতে অর্থ সং-
গ্রহ কর, এই কর্ম্ম শীঘ্র কর; কিন্তু লেবীয়েরা
৬ তাহা শীঘ্র করিল না। পরে রাজা তাহাদের প্রধান
যিহোয়াদাকে আহ্বান করিয়া কহিল, তুমি সাক্ষ্যরূপ
তাম্বুর জন্যে ঈশ্বরের দাস মূসার নিরূপিত ও ইস্রায়ে-
লের মণ্ডলীতে দাতব্য মুদ্রা যিহূদা ও যিরূশালম্-
৭ হইতে আনিতে লেবীয়দিগকে কেন কহ নাই? কেন-
না সেই দুষ্টা স্ত্রী অথলিয়ার পুত্রগণ পরমেশ্বরের
মন্দির ভগ্ন করিয়াছিল, এবং পরমেশ্বরের মন্দিরে
৮ নিবেদিত সকল বস্তু বালের উদ্দেশে দিয়াছিল। পরে
তাহারা রাজার আজ্ঞাতে এক সিন্দুক নির্ম্মাণ করিয়া
পরমেশ্বরের মন্দিরের দ্বারসমীপে বাহিরে স্থাপন
৯ করিল। এবং ঈশ্বরের লোক মূসা প্রান্তরে ইস্রায়েলের
মধ্যে যেরূপ অর্থের বিষয় নিরূপণ করিয়াছিল, তাহা
আনিতে যিহূদা ও যিরূশালমের সর্ব্বত্র প্রচার করিল।
১০ তাহাতে সমস্ত অধ্যক্ষগণ ও লোকেরা আনন্দ করিয়া
তাহা আনিল, এবং শেষ না হওন পর্য্যন্ত তাহা সিন্দুকে
১১ রাখিল। এবং লেবীয়েরা স্বহস্তে সেই সিন্দুক রাজভা-
ণ্ডারে আনিবার সময়ে যদি তাহার মধ্যে অনেক মুদ্রা
দেখিত, তবে রাজলেখক ও প্রধান যাজকের নিযুক্ত
এক লোক আসিয়া সিন্দুক শূন্য করিত এবং পুনর্ব্বার
তুলিয়া স্বস্থানে রাখিত; দিনে ২ এই রূপ করাতে তা-
হারা অনেক ধন সঞ্চয় করিল। পরে রাজা ও যিহো- ১২
য়াদা পরমেশ্বরের মন্দিরের কর্ম্মাধ্যক্ষকে তাহা দিল,
এবং পরমেশ্বরের মন্দির সারিবার জন্যে গাঁথক-
দিগকে ও ছুতারদিগকে বেতন দিল, এবং পরমেশ্বরের
মন্দির সারিবার জন্যে লৌহকর্ম্মকারিদিগকে ও পি-
ত্তলকারিদিগকে বেতন দিল। তাহাতে কর্ম্মকারি লো- ১৩
কেরা কর্ম্ম করিলে তাহাদের হস্তে কর্ম্ম সিদ্ধ হইল;
এই রূপে তাহারা পরমেশ্বরের মন্দির সারিয়া পূর্ব্ব-
মতে দৃঢ় করিল। তাহারা কর্ম্ম সমাপ্ত করিয়া অব- ১৪
শিষ্ট মুদ্রা রাজার ও যিহোয়াদার সাক্ষাতে আনিলে
সেই মুদ্রাদ্বারা পরমেশ্বরের মন্দিরের জন্যে পাত্র
অর্থাৎ হোমপাত্র ও চামস ইত্যাদি স্বর্ণময় ও রূপ্যময়
সেবাপাত্র নির্ম্মাণ করিল; পরে তাহারা যিহোয়াদার
যাবজ্জীবন নিত্য পরমেশ্বরের মন্দিরে হোম করিল।

পরে যিহোয়াদা বৃদ্ধ ও সম্পূর্ণায়ু হইয়া মরিল; মরণ ১৫
সময়ে তাহার একশত বত্রিশ বৎসর বয়স ছিল। সে ১৬
ইস্রায়েলের মধ্যে ঈশ্বরের বিষয়ে ও তাহার মন্দিরের
বিষয়ে উত্তম কর্ম্ম করিয়াছিল, এই জন্যে লোকেরা
দায়ূদ্‌নগরে রাজগণের মধ্যে তাহাকে কবর দিল।

যিহোয়াদার মরণের পর যিহূদার অধ্যক্ষগণ ১৭
আসিয়া রাজাকে প্রণাম করিলে রাজা তাহাদের
কথা গ্রাহ্য করিল। পরে তাহারা আপনাদের পিতৃ- ১৮
লোকদের প্রভু পরমেশ্বরের মন্দির ত্যাগ করিয়া চৈ-
ত্যবৃক্ষ ও প্রতিমা পূজা করিতে লাগিল; এই অপরাধ
প্রযুক্ত যিহূদা ও যিরূশালমের প্রতি ক্রোধ উপস্থিত
হইল। তথাপি পরমেশ্বর তাহাদিগকে আপন পক্ষে ১৯
পরিবর্ত্তন করিবার জন্যে তাহাদের নিকটে ভবিষ্যদ্বক্তৃ-
গণকে পাঠাইয়া তাহাদের বিরুদ্ধে সাক্ষ্য দিলেন,
কিন্তু তাহারা মনোযোগ করিল না। পরে পরমে- ২০
শ্বরের আত্মা যিহোয়াদা যাজকের পুত্র সিখরিয়ের
প্রতি আবির্ভূত হইলে সে লোকদের উপরিস্থিত
হইয়া তাহাদিগকে কহিল, ঈশ্বর এই কথা কহেন,
তোমরা কেন পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিতেছ?
ইহাতে ভাগ্যবান হইতে পারিবা না, এবং তোমরা
পরমেশ্বরকে ত্যাগ করাতে তিনি তোমাদিগকে ত্যাগ
করিবেন। তাহাতে লোকেরা রাজ আজ্ঞানুসারে তা- ২১
হার বিরুদ্ধে ঐক্য করিয়া পরমেশ্বরের মন্দিরের প্রা-
ঙ্গণে তাহাকে প্রস্তরাঘাতে বধ করিল। তাহার পিতা ২২
যিহোয়াদা রাজার উপকার করিয়াছিল, তাহা যো-
য়াশ্ রাজা স্মরণ না করিয়া তাহার পুত্রকে বধ করিল;
তাহাতে সে মরণকালে এই কথা কহিল, পরমেশ্বর
ইহার প্রতি দৃষ্টি করিয়া ইহার প্রতিফল দিবেন।

[২৪ অধ্য; ১] ২ রা ১১; ২১ ॥—[১-১৪] ২ রা ১২; ১-১৬ ॥—[২] ২ বং ২৬; ৫ ॥—[৬] যা ৩০; ১২-১৬ ॥—[৯] প ৫ ॥—[১১] ২ বং ৩৬; ১৫,১৬ ॥—[২০] ১৫; ২ ॥—[২১] ম ২৩; ৩৫ ॥

২৩ পরে সম্বৎসর গত হইলে অরামীয় সৈন্যগণ তাহার বিরুদ্ধে আইল, তাহারা যিহূদাতে ও যিরূশালমে আসিয়া লোকদের মধ্যে অধ্যক্ষগণকে বধ করিল, ও তাবৎ লুটিত বস্তু দম্মেষকের রাজার নিকটে পাঠা- ২৪ ইয়া দিল। কারণ যদ্যপি অরামীয়দের অল্প সৈন্য আইল, তথাপি পরমেশ্বর তাহাদের হস্তে মহাসৈন্য সামন্তকে সমর্পণ করিলেন, লোকেরা আপনাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বরকে ত্যাগ করিয়াছিল, ২৫ এই জন্যে অরামীয়েরা যোয়াশকে দণ্ড দিল। এবং তাহাকে ক্ষতবিক্ষত করিয়া ত্যাগ করিয়া ফিরিয়া গেল; অপর তাহার দাসেরা যিহোয়াদা যাজকের পুত্রকে বধ করণ প্রযুক্ত তাহার বিরুদ্ধে রাজদ্রোহ করিয়া শয্যার উপরে তাহাকে বধ করিল, এবং সে মরিলে পর দায়ূদ্ নগরে তাহাকে কবর দিল বটে, ২৬ কিন্তু রাজগণের কবরে দিল না। অম্মোনীয়া শিমিয়-তের পুত্র সাবদ্ ও মোয়াবীয়া শিম্রীতের পুত্র যিহো-যাবদ্, ইহারা তাহার বিরুদ্ধে রাজদ্রোহ করিল।

২৭ আর তাহার পুত্রদের কথা, ও তাহার দত্ত করের ভার, ও ঈশ্বরের মন্দির সারাওনের বিবরণ, এই সকল রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত আছে; পরে তাহার পুত্র অমৎসিয় তাহার পদে অভিষিক্ত হইল।

২৫ অধ্যায়।

১ অমৎসিয়ের রাজত্ব করণ ৩ ও বিশ্বাসঘাতকদিগকে বধ করণ ৫ ও ইস্রায়েলের সৈন্যকে বিদায় করণ ১১ ও ইদোমের লোককে বধ করণ ১৩ ও ইস্রায়েল্ লোকের বিদায় পাইয়া যিহূদা লোককে বধ করণ ১৪ ও রাজার ইদোমীয়দের দেবগণকে পূজা করণ ও ভবিষ্যদ্বক্তার কথা অমান্য করণ ১৭ ও তাহার দণ্ড ২৫ ও তাহার রাজত্ব ও মৃত্যুর কথা।

১ অমৎসিয় পঞ্চবিংশতি বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া ঊনত্রিশ বৎসর পর্য্যন্ত যিরূশালমে রাজত্ব করিল; যিরূশালম্ নিবাসিনী যিহোয়দ্দন্ তা-২ হার মাতা ছিল। এবং সে পরমেশ্বরের সাক্ষাতে সৎ-কর্ম্ম করিল বটে, কিন্তু সরল অন্তঃকরণে করিল না।

৩ পরে তাহার প্রতি রাজ্য স্থির হইলে সে আপন ৪ পিতৃরাজঘাতক নিজ দাসদিগকে বধ করিল। কিন্তু তাহাদের সন্তানগণকে বধ করিল না, কেননা মূসার পুস্তকে এই কথা লিখিত আছে, পরমেশ্বর এই কথা কহেন, 'পুত্রের পরিবর্ত্তে পিতা ও পিতার পরিবর্ত্তে পুত্র হত হইবে না, প্রতি জন আপন ২ পাপপ্রযুক্ত হত হইবে;' সেই কথানুসারে তাহারা করিল।

৫ পরে অমৎসিয় যিহূদা বংশকে একত্র করিয়া, সমস্ত যিহূদা ও সমস্ত বিন্যামীন্ দেশে পিতৃবংশানুসারে শতপতি ও সহস্রপতিগণের অধীনে তাহাদিগকে নিযুক্ত করিল, এবং বিংশতি বৎসর ও ততোধিক বৎসর বয়স্ক লোকদিগকে গণনা করিয়া যুদ্ধোপযুক্ত বড়শা ও ঢাল ধরিতে ক্ষমতাপন্ন তিন লক্ষ মনোনীত লোককে ৬ পাইল। আর এক শত কিক্কর রূপা বেতন দিয়া ইস্রায়েল্‌হইতে এক লক্ষ মহাবীরগণকে লইল। ৭ কিন্তু ঈশ্বরের এক লোক তাহার নিকটে আসিয়া কহিল, হে রাজন্, ইস্রায়েলের সেনাগণ তোমার সঙ্গে না যাউক; পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সহিত নাই, ও ৮ ইফ্রয়িম্ বংশের সহিতও নাই। কিন্তু তুমি যাইয়া যুদ্ধ করিতে সাহসী হও, নতুবা ঈশ্বর শত্রুদের সম্মুখে তোমাকে নিপাত করিবেন, যেহেতুক উপকার করিতে ও অধঃপতন করিতে ঈশ্বরের শক্তি আছে। ৯ তাহাতে অমৎ-সিয় ঈশ্বরের লোককে কহিল, আমরা ইস্রায়েলের দলকে যে এক শত কিক্কর রূপা দিয়াছি, তাহার নি-মিত্তে কি করিব? ঈশ্বরের লোক কহিল, পরমেশ্বর তদ-পেক্ষা তোমাকে প্রচুর দিতে পারেন। ১০ তাহাতে অমৎসিয় তাহাদিগকে অর্থাৎ ইফ্রয়িম্‌হইতে আপনার নিকটে আনীত সৈন্যগণকে আপন ২ গৃহে পাঠাইতে পৃথক করিল; অতএব তাহারা যিহূদার বিরুদ্ধে মহাক্রোধে প্রজ্বলিত হইল, এবং মহাকোপান্বিত হইয়া আপন ২ গৃহে ফিরিয়া গেল।

১১ পরে অমৎসিয় আপনাকে বলবান করিল এবং আপন লোকদিগকে বাহির করিয়া লইয়া লবণ্ প্রা-ন্তরে যাইয়া সেয়ীর্ বংশের দশ সহস্র লোককে বধ ১২ করিল। এবং যিহূদা বংশ অবশিষ্ট জীবৎ দশ সহস্র লোককে বন্দী করিয়া লইয়া গেল, এবং তাহাদিগকে শৈলশিখরে তুলিয়া তথাহইতে অধঃক্ষেপণ করিল, তাহাতে তাহারা সকলে চূর্ণ হইয়া গেল।

১৩ কিন্তু অমৎসিয় যে সৈন্যগণকে যুদ্ধে আপন সঙ্গে না লইয়া ফিরাইয়া পাঠাইয়াছিল, তাহারা শোমিরোণ্ অবধি বৈথোরোণ্ পর্য্যন্ত যিহূদা নগরের উপরে আক্র-মণ করিয়া তাহাদের তিন সহস্র লোককে বধ করিল এবং প্রচুর লুটিত দ্রব্য লইল।

১৪ পরে অমৎসিয় ইদোমীয়দের বধহইতে ফিরিয়া আইল, এবং সে সেয়ীর্ বংশের যে দেবগণকে আনিল, তাহাদিগকে আপনার ইষ্টদেবতা করণার্থে স্থাপন করিয়া তাহাদের সম্মুখে প্রণাম করিল ও তাহাদের ১৫ উদ্দেশে ধূপ জ্বালাইল। তাহাতে অমৎসিয়ের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি তাহার নিকটে এক ভবিষ্যদ্বক্তাকে পাঠাইলেন; তাহাতে সে তাহাকে কহিল, লোকদের যে দেবগণ তোমার হস্ত-হইতে আপন লোকদিগকে উদ্ধার করিতে পারিল না, তাহাদের নিকটে তুমি কেন ফলের অন্বেষণ করি-

---

[২৩,২৪] ২ রা ১২; ১৭,১৮।।—[২৪] দ্বি ২৮; ২৫।। —[২৫,২৬] ২ রা ১২; ২০,২১।।—[২৭] ২ রা ১২; ১৮,২১।। [২৫ অধ্য; ১,২] ২ রা ১৪; ১-৪।।—[৩,৪] ২ রা ১৪; ৫,৬।।—[৪] দ্বি ২৪; ১৬।।—[৮] ২ বং ২০; ৬,১২।।—[১১] ২ রা ১৪; ৭।।—[১৪] ২ বং ২৮; ২৩।।—[১৫] প ১১,১২।।

১৬ তেছ? সে এই কথা কহিলে রাজা তাহাকে কহিল, তুমি কি রাজমন্ত্রিপদে নিযুক্ত হইয়াছ? ক্ষান্ত হও, কেন প্রহারিত হইবা? তাহাতে ভবিষ্যদ্বক্তা ক্ষান্ত হইয়া কহিল, তুমি এই কর্ম্ম করিলা, এবং আমার মন্ত্রণা মানিলা না, ইহাতে ঈশ্বর তোমাকে বিনষ্ট করিতে স্থির * করিলেন, তাহা জানিলাম।

১৭ অপর যিহূদার অমৎসিয় রাজা পরামর্শ লইয়া ইস্রায়েলের যেহূর পৌত্র যিহোয়াহসের পুত্র যোয়াশ্ রাজের নিকটে লোকদ্বারা এই কথা কহিয়া পাঠাইল, ১৮ আইস, আমরা পরস্পর মুখ দর্শন করি। তাহাতে ইস্রায়েলের যোয়াশ্ রাজ যিহূদার অমৎসিয় রাজের নিকটে এই উত্তর পাঠাইল, লিবালোন্ স্থিত শিয়াল কাঁটা লিবানোনস্থ এরস্ বৃক্ষের নিকটে কহিয়া পাঠাইল, আমার পুত্রের বিবাহের জন্যে তোমার কন্যাকে দেও; পরে লিবানোনস্থ এক বন্য † পশু সেই পথে যা- ১৯ ইয়া শিয়াল কাঁটাকে দলিয়া ফেলিল। তুমি কহিতেছ, আমি ইদোমীয়দিগকে বিনষ্ট করিলাম; ইহাতে দর্প করিতে তোমার মন তোমাকে প্রবৃত্তি দেয়; কিন্তু গৃহে থাক, তুমি ও তোমার সহিত যিহূদা পতিত হইবার ২০ জন্যে কেন অনধিকার চর্চ্চা করিবা? কিন্তু অমৎসিয় সে কথা গ্রাহ্য করিল না, কারণ ইদোমীয় দেবগণের নিকটে ফল অন্বেষণ করাতে তাহারা যেন শত্রুহস্তে পতিত হয়, এই জন্যে এই সকল ঈশ্বরহইতে হইল। ২১ পরে ইস্রায়েলের যোয়াশ্ রাজ যুদ্ধযাত্রা করিল, তাহাতে তাহারা অর্থাৎ সে ও যিহূদার অমৎসিয় রাজা যিহূদার অধিকারস্থ বৈৎশেমশে পরস্পর মুখদর্শন ২২ করিল। তাহাতে যিহূদার লোকেরা ইস্রায়েল্ বংশের সম্মুখে পরাস্ত ‡ হইয়া প্রত্যেক জন আপন২ বাসস্থানে ২৩ পলায়ন করিল। পরে ইস্রায়েলের যোয়াশ্ রাজা অহসিয়ের ‖ পৌত্র যোয়াশের পুত্র যিহূদার অমৎসিয় রাজকে বৈৎশেমশে ধরিয়া লইয়া যিরূশালমে আইল, এবং ইফ্রয়িমের দ্বার অবধি কোণের § দ্বার পর্য্যন্ত চারি শত হস্ত যিরূশালমের প্রাচীর ভগ্ন করিয়া ফে- ২৪ লিল। এবং ঈশ্বরের মন্দিরে ওবেদ্-ইদোমের হস্তগত যে স্বর্ণ ও রূপা ও পাত্র ছিল, ও রাজবাটীর যত ধন ছিল তাহা, এবং কতক বন্ধক লোককে লইয়া শোমিরোণে প্রত্যাগমন করিল।

২৫ পরে ইস্রায়েলের যিহোয়াহসের পুত্র যোয়াশ্ রাজের মরণের পর যিহূদার যোয়াশের পুত্র অমৎসিয় ২৬ রাজা পোনেরো বৎসর জীবৎ থাকিল। এই অমৎসিয়ের আদ্যন্ত অবশিষ্ট ক্রিয়া কি যিহূদার ও ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত নাই?

২৭ অমৎসিয় পরমেশ্বরের অনুগমনহইতে বিমুখ হইলে পর লোকেরা যিরূশালমে তাহার বিরুদ্ধে রাজদ্রোহ করিল, তাহাতে সে লাখীশে পলায়ন করিল; তথাপি তাহারা তাহার পশ্চাৎ লাখীশে লোক পাঠাইয়া সে স্থানে তাহাকে বধ করাইল। ২৮ পরে লোকেরা তাহাকে অশ্বারোহণ করাইয়া আনিয়া যিহূদা দেশের প্রধান নগরে তাহার পিতৃলোকদের নিকটে তাহাকে কবর দিল।

২৬ অধ্যায়।

১ সিখরিয়ের বর্ত্তমান সময়ে উষিয়ের সুরাজত্ব করণ ১৬ ও যাজকদের কর্ম্মে প্রবৃত্ত হওয়াতে কুষ্ঠরোগী হওন ২২ ও তাহার মৃত্যু।

১ তখন যিহূদার তাবৎ লোক ষোল বৎসর বয়স্ক উষিয়কে লইয়া তাহার পিতা অমৎসিয়ের পদে তাহাকে ২ রাজ্যাভিষিক্ত করিল। রাজা পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে সে এলৎ সারাইয়া যিহূদা দেশের ৩ অধিকারে পুনর্ব্বার রাখিল। উষিয় ষোল বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া বাওয়ান্ন বৎসর পর্য্যন্ত যিরূশালমে রাজত্ব করিল; যিরূশালম্ নিবাসিনী যিখলিয়া তাহার মাতা ছিল। ৪ এবং তাহার পিতা অমৎসিয় যে২ কর্ম্ম করিয়াছিল, তদনুসারে পরমে- ৫ শ্বরের সাক্ষাতে উত্তম কর্ম্ম করিল। এবং ঈশ্বরীয় দর্শনে বুদ্ধিমান যে সিখরিয়, তাহার যাবজ্জীবন সে ঈশ্বরের অন্বেষণ করিল; সে যত কাল পরমেশ্বরের অন্বেষণ করিল, তত কাল ঈশ্বর তাহাকে কৃতকার্য্য করিলেন। ৬ পরে সে যাইয়া পিলেষ্টীয়দের সহিত যুদ্ধ করিল, এবং গাতের ও যব্নির ও অস্দোদের প্রাচীর ভগ্ন ৭ করিল। এবং অস্দোদের সীমাতে ও পিলেষ্টীয়দের সীমাতে নগর নির্ম্মাণ করিল, এবং ঈশ্বর পিলেষ্টীয়দের ও গূর্বাল্ নিবাসি অরবীয় ও মিয়ূ- ৮ নীয়দের বিরুদ্ধে তাহার উপকার করিলেন। এবং অম্মোনীয়েরা উষিয়কে উপঢৌকন দিল, এবং অতিশয় বলবান হওয়াতে তাহার কীর্ত্তি মিসরে প্রবিষ্ট ৯ হইয়া ব্যাপ্ত হইল। আর উষিয় যিরূশালমে কোণের দ্বারে ও উপত্যকার দ্বারে ও প্রাচীরের কোণে ১০ দুর্গ নির্ম্মাণ করিয়া তাহা দৃঢ় করিল। এবং সে অরণ্যেও দুর্গ করিল, ও অনেক কূপ খুদিল, কেননা নীম্নভূমিতে ও প্রান্তরে তাহার যথেষ্ট পশু ছিল, এবং পর্ব্বতে ও কর্ম্মিলে কৃষকগণ ও দ্রাক্ষাকৃষকগণ ১১ ছিল; সে কৃষিকর্ম্ম ভাল বাসিত। আর যিয়ূয়েল লেখকের ও মাসেয় শাসনকর্ত্তার ও রাজার এক সেনাপতি হনানিয়ের হস্তে লিখিত সংখ্যানুসারে দলে২ ১২ গমনকারি উষিয়ের সৈন্যগণ ছিল। মহাবীর লোকদের পিতৃপ্রধান সমুদয়ে দুই সহস্র ছয় শত লোক ছিল।

[১৭-২৪] ২ রা ১৪; ৮-১৪॥—[২০] যা ২০; ৪,৫॥—[২৫-২৮] ২ রা ১৪; ১৭-২০॥
[২৬ অধ্যা; ১,২] ২ রা ১৪; ২১,২২॥—[৩,৪] ২ রা ১৫; ১-৪॥—[৫] ২ বং ২৪; ২॥—[৬] যিশ ১৪; ২৯॥
[৭,৮] ২ বং ২১; ৫,৬॥—[৯] ২৫; ২৩॥—[১০] ১ শি ২৫; ২॥

* (ইব্রু) মন্ত্রণা। † (ইব্রু) ক্ষেত্রের। ‡ (ইব্রু) প্রহারিত। ‖ (বা) যিহোয়াহসের। § (ইব্রু) দর্শনকারী।

১৩ এবং তাহাদের হস্তাধীন ও পরাক্রমে যুদ্ধকারী ও শত্রুর বিরুদ্ধে রাজার উপকারী তিন লক্ষ সাত সহস্র ১৪ পাঁচ শত সৈন্য ছিল। এবং উষিয় সৈন্যদের নিমিত্তে ঢাল ও বড়শা ও শিরস্ত্রাণ ও বর্ম্ম ও ধনুক ও প্রস্তর ১৫ নিক্ষেপার্থ ফিঙ্গা প্রস্তুত করিল। এবং দুর্গ ও প্রাচীরের উপরে থাকিয়া বাণ ও বড় প্রস্তর নিক্ষেপার্থে নিপুণ লোকদের কল্পনাকৃত যন্ত্র যিরূশালমে প্রস্তুত করাইল; এমত আশ্চর্য্য রূপে সে উপকৃত হইয়া অতি বলবান হইলে তাহার কীর্ত্তি দূরদেশে ব্যাপিল।

১৬ কিন্তু বলবান হইলে তাহার মন বিনাশজনক গর্ব্বে গর্ব্বিত হইল, কেননা সে আপন প্রভু পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিল, এবং ধূপবেদির উপরে ধূপ জ্বালা-১৭ ইতে পরমেশ্বরের মন্দিরে গেল। তাহাতে অসরিয় যাজক ও তাহার সহিত পরমেশ্বরের যাজক আশী জন ১৮ বলবান লোক তাহার পশ্চাৎ প্রবেশ করিল। এবং তাহারা উষিয় রাজের প্রতিকূলে দাঁড়াইয়া তাহাকে কহিল, হে উষিয়, পরমেশ্বরের উদ্দেশে ধূপ জ্বালাইতে তোমার অধিকার নাই, কিন্তু ধূপ জ্বালাইবার জন্যে পবিত্রীকৃত যে হারোণ বংশজাত যাজকেরা, তাহাদের অধিকার আছে; তুমি পবিত্র স্থানহইতে বাহিরে যাও, কেননা তুমি আজ্ঞা লঙ্ঘন করিতেছ, এবং ইহাতে ১৯ প্রভু পরমেশ্বরহইতে তোমার সম্ভ্রম হইবে না। তখন উষিয় ক্রুদ্ধ হইয়া ধূপ জ্বালাইবার জন্যে আপন হস্তে এক ধূনাচি লইল; কিন্তু সে যাজকদের প্রতি ক্রুদ্ধ হইলে যাজকদের সাক্ষাতে পরমেশ্বরের মন্দিরে ধূপবেদির উপরহইতে আগত কুষ্ঠরোগ তাহার কপালে প্রকাশ ২০ পাইল। তখন অসরিয় প্রধান যাজক ও অন্য সকল যাজক তাহার প্রতি অবলোকন করিলে তাহার কপালে কুষ্ঠ হইল, ইহা দেখিয়া তাহারা তথাহইতে তাহাকে দূর করিল, এবং সে আপনিও শীঘ্র গেল, কেননা ২১ পরমেশ্বর তাহাকে প্রহার করিলেন। তাহাতে উষিয় রাজা মৃত্যুকাল পর্য্যন্ত কুষ্ঠী হইল; কুষ্ঠী হওয়াতে পরমেশ্বরের মন্দিরহইতে বহিষ্কৃত হইয়া চিকিৎসালয়ে বাস করিল, এবং তাহার পুত্র যোথম্ রাজবাটীর অধ্যক্ষ হইয়া দেশীয় লোকদের বিচার করিত।

২২ এই উষিয়ের আদ্যন্ত অবশিষ্ট ক্রিয়া আমোসের ২৩ পুত্র যিশয়িয় ভবিষ্যদ্বক্তা লিখিয়াছে। পরে উষিয় আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে লোকেরা রাজাদের কবরস্থানের ক্ষেত্রে তাহার পিতৃলোকদের নিকটে তাহাকে কবর দিল, কারণ তাহারা কহিল, সে কুষ্ঠী; এবং তাহার পুত্র যোথম্ তাহার পদে রাজত্ব করিল।

২৭ অধ্যায়।

১ যোথমের সুরাজত্ব করণ ৫ ও অম্মোনীয়দিগকে জয় করণ ৭ ও তাহার রাজত্বের কথা ও মৃত্যু।

১ যোথম্ পঞ্চ বিংশতি বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে ষোল বৎসর রাজত্ব করিল; সাদোকের কন্যা যিরূশা তাহার মাতা ছিল। ২ এবং সে আপন পিতা উষিয়ের কার্য্যানুসারে পরমেশ্বরের সাক্ষাতে উত্তম কর্ম্ম করিল; তথাচ পরমেশ্বরের মন্দিরে প্রবেশ করিল না; এবং লোকেরা ৩ তৎকালেও দুষ্টতাচরণ করিল। সে পরমেশ্বরের মন্দিরের উচ্চদ্বার নির্ম্মাণ করাইল, এবং ওফলের * ৪ ভিত্তির অনেক গাঁথাইল; এবং যিহূদার পর্ব্বতীয় স্থানে নগর এবং অরণ্যে গড় ও দুর্গ প্রস্তুত করিল।

৫ সে অম্মোনীয়দের রাজার সহিত যুদ্ধ করিয়া তাহাকে জয় করিল; তাহাতে অম্মোন্ বংশেরা সেই বৎসরে এক শত কিক্কর রূপা ও দশ সহস্র পরিমাণ গোম ও দশ সহস্র পরিমাণ যব দিল; এবং দ্বিতীয় ও তৃতীয় বৎসরেও অম্মোন্ বংশেরা তাহাকে তত দিল। ৬ এই রূপে যোথম্ আপন প্রভু পরমেশ্বরের সাক্ষাতে আপন পথ প্রস্তুত † করিয়া প্রতাপান্বিত হইল।

৭ এই যোথমের অবশিষ্ট ক্রিয়া ও তাহার সকল যুদ্ধ ও তাহার সমস্ত ব্যবহার ইস্রায়েলের ও যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত আছে। ৮ সে পঞ্চ বিংশতি বৎসর বয়সে রাজ্য করিতে আরম্ভ করিয়া যিরূশালমে ৯ ষোল বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল। পরে যোথম্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে লোকেরা তাহাকে দায়ূদ্নগরে কবর দিল, এবং তাহার পুত্র আহস্ তাহার পদে অভিষিক্ত হইল।

২৮ অধ্যায়।

১ আহসের কুরাজত্ব করণ ও তৎপ্রযুক্ত অরামীয়দের দ্বারা দণ্ড পাওন ৬ ও ইস্রায়েল্ লোকদ্বারা দণ্ড পাওন ও বন্দি লোকদের মুক্তি পাওন ১৬ ও অশূরীয় লোকদ্বারা বঞ্চিত হওন ২২ ও দেবপূজা ও অন্য মহাপাপ করণ ২৬ ও তাহার মৃত্যু।

১ আহস্ বিংশতি বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে ষোল বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল; কিন্তু সে আপন পূর্ব্বপুরুষ দায়ূদের ন্যায় ২ পরমেশ্বরের সাক্ষাতে উত্তম কর্ম্ম করিল না। সে ইস্রায়েলের রাজাদের পথে গমন করিয়া বালের ৩ ছাঁচে ঢালা প্রতিমা নির্ম্মাণ করাইল। এবং সে হিন্নোমের পুত্রের উপত্যকাতে ধূপ জ্বালাইল, এবং পরমেশ্বর ইস্রায়েল বংশের সম্মুখে যাহাদিগকে দূর করিয়া-

[১৬] দ্বি ৮; ১০-২০। ২ বং ৩২; ২৫। ২ রা ১৩; ১২,১৩॥—[১৭] ১ বং ৬; ১৩॥—[১৮] গ ১৬; ৩৯.৪০। ১৮; ৭॥ [১৯] গ ১২; ৯,১০॥—[২০,২১] ২ রা ১৫; ৫-৭। লে ১৩; ৪৬॥—[২২,২৩] যিশ ১; ১। ৬; ১॥

[২৭ অধ্য; ১,২] ২ রা ১৫; ৩২-৩৪॥—[৩,৪] ২ বং ২৩; ৯,১০॥—[৫,৬] ২৬; ৪,৫॥—[৭-৯] ২ রা ১৫; ৩৩,৩৬,৩৮॥

[২৮ অধ্য; ১-৪] ২ রা ১৬; ১-৪॥—[২] ১ রা ১৬; ৩১,৩২॥—[৩] ২ বং ৩৩; ৬। লে ১৮; ২১। দ্বি ১২, ৩১॥

* (বা) দুর্গের। † (বা) স্থির।

ছিলেন, সেই অন্য দেশীয়দের ঘৃণার্হ ক্রিয়ানুসারে ৪ আপন বালকদিগকে অগ্নিতে দগ্ধ করিল ; এবং উচ্চস্থানে ও পর্ব্বতের উপরে ও প্রত্যেক সতেজ বৃক্ষের তলে ৫ বলিদান করিল ও ধূপ জ্বালাইল। অতএব তাহার প্রভু পরমেশ্বর তাহাকে অরামের রাজার হস্তে সমর্পণ করিলে অরামীয়েরা তাহাকে প্রহার করিল, এবং তাহার অনেক লোককে বন্দী করিয়া দম্মেষকে লইয়া গেল; অধিকন্তু ইস্রায়েলের রাজার হস্তে সমর্পণ করিলে সেও তাহাকে মহাপ্রহারে প্রহার করিল।

৬ আর রিমলিয়ের পুত্র পেকহ যিহূদার এক লক্ষ বিংশতি সহস্র বলবান্ লোককে এক দিনে বধ করিল, যেহেতুক তাহারা আপনাদের পিতৃলোকদের প্রভু ৭ পরমেশ্বরকে ত্যাগ করিয়াছিল। এবং ইফ্রয়িমের পরাক্রান্ত সিখ্রি নামে এক ব্যক্তি রাজপুত্র মাসেয়কে ও বাটীর অধ্যক্ষ অস্রীকাম্কে ও রাজসমীপস্থ ইল্কানাকে ৮ বধ করিল। এবং ইস্রায়েল্ বংশ আপনাদের ভ্রাতৃগণের স্ত্রী পুত্র কন্যা দুই লক্ষ লোককে বন্দী করিয়া লইয়া গেল, এবং তাহাদের অনেক দ্রব্য লুট করিল, এবং সেই সকল লুটিত বস্তু শোমিরোণে লইয়া গেল। ৯ কিন্তু তত্রস্থ ওদেদ্ নামে পরমেশ্বরের এক ভবিষ্যদ্বক্তা শোমিরোণে আগত সৈন্যদের সহিত সাক্ষাৎ করিতে যাইয়া তাহাদিগকে কহিল, দেখ, তোমাদের পিতৃলোকদের প্রভু পরমেশ্বর যিহূদার প্রতি ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে তোমাদের হস্তে সমর্পণ করিলেন,তাহাতে তোমরা আকাশ স্পর্শকারি ক্রোধাগ্নিদ্বারা তাহাদিগ- ১০ কে বধ করিলা। অধিকন্তু এখন যিহূদা ও যিরূশালমের লোকদিগকে দাস দাসী করিয়া রাখিতে মনস্থ করিতেছ; ভাল, তোমাদের প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে কি তোমাদের, তোমাদেরই মধ্যে কোন পাপ নাই? ১১ অতএব এখন আমার কথা শুন, তোমরা আপনাদের যে ২ ভ্রাতৃগণকে বন্দী করিয়া লইয়া আসিতেছ, তাহাদিগকে মুক্ত কর ; কেননা তোমাদের প্রতি পরমেশ্বরের ১২ প্রচণ্ড ক্রোধ প্রজ্বলিত আছে। তাহাতে ইফ্রয়িম বংশের কতক প্রধান লোক অর্থাৎ যিহোহাননের পুত্র অসরিয় ও মিশিল্লেমোতের পুত্র বেরিখিয় ও শল্লুমের পুত্র যিহিষ্কিয় ও হদ্লয়ের পুত্র অমাসা যুদ্ধহইতে প্রত্যাগত লোকদের সম্মুখে দাঁড়াইয়া তাহাদিগকে কহিল, ১৩ তোমরা বন্দি লোকদিগকে এ স্থানে আনিতে পাইবা না; আমরা পরমেশ্বরের বিরুদ্ধে দোষ করিয়াছি এবং তোমরা আমাদের অপরাধ ও দোষ আরো অধিক করিতে মন্ত্রণা করিতেছ; আমাদের বড় দোষ হইয়াছে ও ইস্রায়েলের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত ১৪ আছে। তাহাতে অস্ত্রধারি লোকেরা সেই বন্দিদিগকে ও লুটিত বস্তু সকল আনিয়া অধ্যক্ষদের ও সমস্ত মণ্ডলীর সাক্ষাতে রাখিল। ১৫ পরে নামলিখিত লোকেরা উঠিয়া বন্দি লোকদিগকে লইয়া তাহাদের সকল উলঙ্গদিগকে লুটিত বস্তুদ্বারা বস্ত্রপরিহিত ও ভূষিত করিল, ও তাহাদের পদে পাদুকা দিল, এবং তাহাদিগকে ভোজন পান করিতে দিল, এবং তাহাদের গাত্রে তৈল লেপন করিল, ও তাহাদের যত লোক দুর্ব্বল হইয়াছিল, তাহাদিগকে গর্দ্দভারোহণ করাইয়া তাহাদের ভ্রাতাদের নিকটে তালবৃক্ষ নগরে অর্থাৎ যিরীহোতে লইয়া গেল ; পরে তাহারা আপনারা শোমিরোণে প্রত্যাগমন করিল।

১৬ ঐ সময়ে আহস্ রাজা সাহায্য প্রার্থনা করিয়া অশূর্ দেশের রাজাদের নিকটে লোক প্রেরণ করিল। ১৭ কারণ ইদোমীয়েরা পুনর্ব্বার আসিয়া যিহূদা দেশকে আঘাত করিয়া লোকদিগকে বন্দী করিয়া লইয়া গেল। ১৮ এবং পিলেষ্টীয়েরা নীম্নভূমির ও যিহূদার দক্ষিণ দেশের নগর আক্রমণ করিয়া বৈৎশেমশ্ ও অয়ালোন্ ও গিদেরোৎ এবং সোখো ও তাহার উপনগর, এবং তিম্নাথা ও তাহার উপনগর,এবংগিম্সো ও তাহার উপনগর হস্তগত করিয়া সেই স্থানে বাস করিল। ১৯ ইস্রায়েলের আহস্ রাজা যিহূদীয়দিগকে উলঙ্গ * করিয়া পরমেশ্বরের বিরুদ্ধে অতিশয় অপরাধ করাইল, এই জন্যে পরমেশ্বর যিহূদা দেশকে খর্ব্ব করিলেন। ২০ আর অশূরের তিগ্লৎ-পিলেষর্ রাজা তাহার নিকটে আসিয়া তাহার সহায়তা না করিয়া তাহাকে ক্লেশ দিল। ২১ তাহাতে আহস্ পরমেশ্বরের মন্দিরহইতে ও রাজবাটীহইতে ও অধ্যক্ষদের নিকটহইতে দ্রব্য লইয়া অশূরের রাজাকে দিল, কিন্তু তাহাতে তাহার উপায় হইল না।

২২ এই আহস্ রাজা ক্লেশের সময়ে পরমেশ্বরের বিরুদ্ধে আরো অপরাধ করিল। ২৩ কেননা সে দম্মেষকীয় আপন প্রহারকারি দেবগণের উদ্দেশে বলিদান করিল। আরো কহিল, অরামীয়দের দেবগণ তাহাদের উপকার করে, অতএব তাহারা যেন আমার উপকার করে, এই জন্যে আমি তাহাদের উদ্দেশে বলিদান করিব ; কিন্তু তাহারা তাহার ও সমস্ত ইস্রায়েলের বিনাশকারী হইল। ২৪ পরে আহস্ ঈশ্বরের মন্দিরের সমস্ত পাত্র একত্র করিল, এবং সেই সকল ঈশ্বরের মন্দিরের পাত্র অকর্ম্মণ্য করিল, এবং পরমেশ্বরের মন্দিরের কবাট রুদ্ধ করিল, এবং যিরূশালমের প্রত্যেক কোণে আপনার জন্যে বেদি নির্ম্মাণ করিল। ২৫ এবং যিহূদার প্রত্যেক নগরে অন্য দেবগণের উদ্দেশে ধূপ জ্বালাইতে উচ্চস্থান নির্ম্মাণ করিল; এই রূপে আপন পিতৃলোকদের প্রভু পরমেশ্বরকে ক্রুদ্ধ করিল।

[৫-৭] ২ রা ১৬ ; ৫,৬॥—[৫] যিশ ৭ ; ১,২,৫.৬॥—[৬] ২ রা ১৫ ; ২৭॥—[৯-১৫] যিশ ১১ ; ১৩,১৪। যাক ১ ; ২০। ২ ; ১৩॥—[১৫] প ১২। বি ১ ; ১৬॥—[১৬-২১] ২ রা ১৬ ; ৭-৯॥—[১৮] ২ বং ২১ ; ১৬॥—[২২-২৫] ২ রা ১৬ ; ১০-১৮॥—[২৪] ২ বং ২৯ ; ৩॥

* (বা) অবাধ্য।

২৬ তাহার অবশিষ্ট ক্রিয়া ও আদ্যন্ত সমস্ত বিবরণ যিহূদা ও ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে ২৭ লিখিত আছে। পরে আহস্ আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে লোকেরা ইস্রায়েলের রাজাদের কবরে তাহাকে কবর দিল না, যিরূশালম্ নগরে কবর দিল; পরে তাহার পুত্র হিষ্কিয় তাহার পদে অভিষিক্ত হইল।

২৯ অধ্যায়।

১ হিষ্কিয়ের সুরাজত্ব করণ ৩ ও পরমেশ্বরের মন্দির পরিষ্কার করিতে আজ্ঞা দেওন ১২ ও মন্দিরের পরিষ্কার করণের কথা ২০ ও হিষ্কিয়ের বলিদানাদির কথা।

১ হিষ্কিয় পঁচিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া ঊনত্রিশ বৎসর পর্য্যন্ত যিরূশালমে রাজত্ব করিল; সিখরিয়ের কন্যা অবিয়া তাহার মাতা ছিল। ২ এবং সে আপন পূর্ব্বপুরুষ দায়ূদের ক্রিয়ানুসারে পরমেশ্বরের সাক্ষাতে উত্তম কর্ম্ম করিল।

৩ সে আপন অধিকারের প্রথম বৎসরের প্রথম মাসে পরমেশ্বরের মন্দিরের দ্বার খুলিয়া সারাইল। ৪ এবং সে যাজক ও লেবীয়দিগকে প্রবেশ করাইয়া পূর্ব্বদিগের প্রাঙ্গণে তাহাদিগকে একত্র করিয়া কহিল, ৫ হে লেবীয়েরা, আমার কথা শুন। এখন আপনাদিগকে পবিত্র কর, ও আপনাদের পিতৃলোকদের প্রভু পরমেশ্বরের মন্দির পবিত্র কর, ও পবিত্র স্থানহইতে তাবৎ ৬ মল লইয়া যাও। কেননা আমাদের পিতৃলোকেরা অপরাধ করিল, ও আমাদের প্রভু পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিয়া তাঁহাকে ত্যাগ করিল, ও পরমেশ্বরের বাসস্থানহইতে বিমুখ হইয়া তাঁহার দিগেও ৭ পশ্চাৎ করিল *; এবং বারাণ্ডার দ্বার সকল বন্ধ করিল, এবং পবিত্র স্থানে প্রদীপ নির্ব্বাণ করিয়া ইস্রায়েলের ঈশ্বরের উদ্দেশে ধূপ জ্বালিল না, ও ৮ হোম করিল না। এই জন্যে যিহূদা ও যিরূশালমের প্রতি পরমেশ্বরের ক্রোধ হইল; তাহাতে যেমন স্বচক্ষে দেখিতেছ, তদ্রূপ তিনি তাহাদিগকে ক্লেশ ও বিস্ময় ও ৯ লজ্জা † ভোগ করিতে সমর্পণ করিলেন। তাহাতে দেখ, আমাদের পিতৃলোকেরা খড়্গে পতিত হইল, এবং আমাদের পুত্র ও কন্যাগণ ও ভার্য্যাগণ বন্দী হইয়া ১০ গেল। অতএব আমাদের হইতে তাঁহার প্রজ্বলিত ক্রোধ যেন নিবৃত্ত হয়, এই জন্যে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের সহিত এক নিয়ম করিতে এখন আমার মনস্থ ১১ আছে। হে আমার পুত্রগণ, তোমরা ইহাতে শিথিল হইও না, কেননা পরমেশ্বর তোমাদিগকে আপন সম্মুখে দাঁড়াইতে ও আপন সেবা করিতে ও আপন সেবাকারী হইতে ও ধূপ জ্বালাইতে তোমাদিগকে মনোনীত করিয়াছেন।

১২ তখন কিহাৎ বংশীয় অমাসয়ের পুত্র মহৎ ও অসরিয়ের পুত্র যোয়েল্, ও মিরারি বংশীয় অব্দির পুত্র কীশ্ ও যিহলিলেলের পুত্র অসরিয়, এবং গের্শোন্ বংশীয় সিম্মের পুত্র যোয়াহ ও যোয়াহের পুত্র এদন; ১৩ এবং ইলীষাফন্ বংশের শিম্রি ও যিয়ূয়েল্, ও আসফ্ ১৪ বংশের সিখরিয় ও মত্তনিয়; এবং হেমন্ বংশের যিহীয়েল ও শিমিয়ি; ও যিদূথূন্ বংশের শিময়িয় ১৫ ও উষীয়েল, এই সকল লেবীয়েরা উঠিয়া আপনাদের ভ্রাতৃগণকে একত্র করিয়া আপনাদিগকে পবিত্র করিল, এবং পরমেশ্বরের বিধিমতে রাজআজ্ঞানুসারে পরমেশ্বরের মন্দির পরিষ্কার করিতে প্রবেশ করিল। ১৬ এবং যাজকেরা তাহা পরিষ্কার করণার্থে পরমেশ্বরের মন্দিরের অভ্যন্তরে গিয়া সেখানে যে২ মল পাইল, সে সমস্ত বাহির করিয়া পরমেশ্বরের মন্দিরের প্রাঙ্গণে আনিল; পরে লেবীয়েরা কিদ্রোণ্ স্রোতে ‡ তাহা লইয়া ১৭ গেল। তাহারা প্রথম মাসের প্রথম দিনে পবিত্র করিতে আরম্ভ করিল, এবং মাসের অষ্টম দিনে পরমেশ্বরের বারাণ্ডাতে আইল; এই রূপে তাহারা অষ্টাহের মধ্যে পরমেশ্বরের মন্দির পবিত্র করিল, এবং প্রথম মাসের ১৮ ষোল দিনে তাহার শেষ করিল। পরে তাহারা হিষ্কিয় রাজের গৃহে যাইয়া কহিল, আমরা পরমেশ্বরের সমুদয় মন্দির ও হোমবেদি ও তাহার সকল পাত্র ও দর্শনরুটির মেজ ও তাহার সকল পাত্র পরিষ্কৃত ১৯ করিলাম। এবং আহস্ রাজ তাহার অধিকার কালে আজ্ঞা লঙ্ঘন করিয়া যে২ পাত্র অশুচি করিয়াছিল, সে সকল আমরা প্রস্তুত করিলাম ও পবিত্র করিলাম; দেখ, সে সকল পরমেশ্বরের বেদির সম্মুখে আছে।

২০ অপর হিষ্কিয় রাজা প্রত্যূষে উঠিয়া নগরাধ্যক্ষদিগকে একত্র করিয়া পরমেশ্বরের মন্দিরে গেল। ২১ এবং তাহারা রাজ্যের ও পবিত্র স্থানের ও যিহূদা দেশের জন্যে প্রায়শ্চিত্তবলি দান করিতে সাত বলদ ও সাত মেষ ও সাত মেষশাবক ও সাত ছাগল উৎসর্গ করিল, এবং সে পরমেশ্বরের বেদির উপরে হোম করিতে হারোণ্ বংশীয় যাজকদিগকে আজ্ঞা করিল। ২২ অতএব তাহারা বলদগণকে বলিদান করিলে যাজকেরা রক্ত লইয়া বেদির উপরে প্রোক্ষণ করিল, এবং মেষ বধ করিয়া তাহাদের রক্ত বেদির উপরে প্রোক্ষণ করিল, এবং মেষশাবককে বধ করিয়া তাহাদের রক্ত বেদির ২৩ উপরে প্রোক্ষণ করিল। এবং তাহারা প্রায়শ্চিত্ত বলিদানার্থে রাজার ও মণ্ডলীর সাক্ষাতে ছাগলদিগকে

[২৬,২৭] ২ রা ১৬; ১৯, ২০॥

[২৯ অধ্যা; ১, ২] ২ রা ১৮; ১-৩॥—[৩] প ৭। ২ বং ২৮; ২৪॥—[৫] লে ২২; ৩। গ ৮; ২১, ২২॥—[৭] ২ বং ২৮; ২৪॥—[৮,৯] ২৮; ৫-৮,১৭-১৯॥—[১০] ১৫; ১২॥—[১১] গ ৮; ১৪। ১৮; ১-৭॥—[১৬] গ ৪; ১৫॥—[১৯] ২ বং ২৮; ২৪॥—[২১,২২] লে ৪; ৩-২১॥

* (ইব্রী) তাঁহাকে গ্রীবা দিল। † (ইব্রী) সীস। ‡ (বা) উপত্যকাতে।

বাহির করিয়া তাহাদের উপরে হস্তার্পণ করিল। ২৪ অপর যাজকেরা তাহাদিগকে বধ করিয়া তাবৎ ইস্রায়েলের জন্যে বলিদান করিয়া তাহাদের রক্তদ্বারা বেদির উপরে প্রায়শ্চিত্ত করিল, কেননা রাজা তাবৎ ইস্রায়েলের জন্যে হোম ও প্রায়শ্চিত্তবলি দান করিতে আজ্ঞা দিল। ২৫ এবং সে দায়ূদের ও রাজার প্রদর্শক গাদের ও নাথন্ ভবিষ্যদ্বক্তার আজ্ঞানুসারে করতাল ও নবল ও বীণাহস্ত লেবীয়দিগকে পরমেশ্বরের মন্দিরে স্থাপন করিল, যেহেতুক পরমেশ্বর আপন ভবিষ্যদ্বক্তাদের দ্বারা * এই আজ্ঞা দিয়াছিলেন। ২৬ অপর লেবীয়েরা দায়ূদের নিরূপিত বাদ্য হস্তে করিয়া এবং যাজকেরা তূরী হস্তে করিয়া দাঁড়াইল। ২৭ পরে হিষ্কিয় বেদির উপরে হোম করিতে আজ্ঞা করিলে যখন হোমের আরম্ভ হইল, তখন তূরী প্রভৃতি ইস্রায়েলের দায়ূদ্ রাজের নিরূপিত বাদ্যদ্বারা পরমেশ্বরের গীতের আরম্ভ হইল। ২৮ তাহাতে হোমের শেষ পর্য্যন্ত সকল মণ্ডলী ভজনা করিল ও গায়কেরা গান করিল ও তূরী বাদকেরা তূরী বাজাইল। ২৯ পরে তাহারা হোম বলিদান সাঙ্গ করিলে রাজা ও তাহার নিকটবর্ত্তি লোকেরা হাঁটু পাতিয়া ভজনা করিল। ৩০ এবং হিষ্কিয় রাজ ও অধ্যক্ষগণ দায়ূদের বাক্যে ও প্রদর্শক আসফের বাক্যে পরমেশ্বরের উদ্দেশে প্রশংসার গান করিতে লেবীয়দিগকে আজ্ঞা করিলে তাহারা আনন্দপূর্ব্বক প্রশংসার গান করিল, ও মস্তক নমন করিয়া ভজনা করিল। ৩১ তখন হিষ্কিয় কহিল, তোমরা পরমেশ্বরের নিমিত্তে আপনাদিগকে পবিত্র † করিলা, এখন নিকটে আসিয়া মঙ্গল বলি ও প্রশংসার্থক বলি পরমেশ্বরের মন্দিরে আন; তাহাতে মণ্ডলী মঙ্গলার্থে ও প্রশংসার্থে বলি আনিল, ও দানশীল লোকেরা হোমবলি আনিল। ৩২ মণ্ডলী সত্তরি বলদ ও এক শত মেষ ও দুই শত মেষশাবক, এই সকল পরমেশ্বরের উদ্দেশে হোমার্থে উৎসর্গ করিল। ৩৩ এবং পবিত্রীকৃত ছয় শত বলদ ও তিন সহস্র মেষ ছিল। ৩৪ কিন্তু যাজকগণের অল্পতাপ্রযুক্ত তাহারা হোমার্থক পশুদের চর্ম্ম উন্মোচন করিতে পারিল না; অতএব সে কর্ম্ম সাঙ্গ না হওন পর্য্যন্ত, এবং অন্য যাজকেরা যে পর্য্যন্ত আপনাদিগকে পবিত্র না করিল, তাবৎ তাহাদের লেবীয় ভ্রাতৃগণ তাহাদের উপকার ‡ করিল, কেননা লেবীয়েরা আপনাদিগকে পবিত্র করিয়া যাজকদের হইতেও সরলান্তঃকরণ ছিল। ৩৫ এবং মঙ্গলার্থক বলির মেদের সহিত ও হোমবলির উপযুক্ত পানীয় নৈবেদ্যের সহিত অনেক হোমবলি দিল; এইরূপে পরমেশ্বরের মন্দিরের সেবার ধারা স্থির হইল। ৩৬ ঈশ্বর লোকদিগকে স্থির করিয়াছিলেন, তাহাতে হিষ্কিয় ও তাবৎ লোক আনন্দ করিল; আর সে কার্য্য হঠাৎ হইল।

৩০ অধ্যায়।

১ হিষ্কিয়ের নিস্তারপর্ব্ব পালনের নিরূপণ ১৩ ও লোকদের দেব পুত্তিয়া ভাঙ্গন ও চৌদ্দ দিন পর্ব্ব পালন করণ ২৭ ও যাজক ও লেবীয়দের লোকদিগকে আশীর্ব্বাদ করণ।

১ পরে লোকেরা ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের উদ্দেশে নিস্তারপর্ব্ব পালন করিতে যেন যিরূশালমে পরমেশ্বরের মন্দিরে আইসে, এই জন্যে হিষ্কিয় সমস্ত ইস্রায়েল্ বংশ ও যিহূদা বংশের নিকটে লোক প্রেরণ করিল, এবং ইফ্রয়িম্ বংশের ও মিনশি বংশের নিকটে পত্র পাঠাইল। ২ রাজা ও তাহার অধ্যক্ষগণ ও তাবৎ মণ্ডলী দ্বিতীয় মাসে যিরূশালমে নিস্তারপর্ব্ব পালন করিতে পরামর্শ করিল। ৩ যাজকদের বাহুল্যরূপে আপনাদিগকে পবিত্র না করণ ও যিরূশালমের লোকদিগকে একত্র না করণ প্রযুক্ত তাহারা তাহা উপযুক্ত ‖ সময়ে পালন করিতে পারিল না। ৪ এবং এই কর্ম্ম রাজার ও তাবৎ মণ্ডলীর দৃষ্টিতে তুষ্টিজনক হইল। ৫ অতএব লোকেরা যেন যিরূশালমে আসিয়া ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের উদ্দেশে নিস্তারপর্ব্ব পালন করে, এই জন্যে তাহারা বের্শেবা অবধি দান্ পর্য্যন্ত ইস্রায়েলের সর্ব্বত্র ঘোষণা করিতে নিয়ম করিল, কেননা তাহারা চিরকালাবধি লিখিত বিধি অনুসারে তাহা করে নাই। ৬ পরে দূতগণ রাজ আজ্ঞানুসারে রাজার ও তাহার অধ্যক্ষদের হস্তহইতে ইস্রায়েল্ ও যিহূদার সর্ব্বত্র পত্র লইয়া যাইয়া এই কথা কহিল, হে ইস্রায়েল্ বংশ, তোমরা ইব্রাহীমের ও ইস্হাকের ও ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের পক্ষে পুনর্ব্বার ফির; তাহাতে তোমাদের যে অবশিষ্ট লোকেরা অশূরের রাজাদের হস্তহইতে রক্ষা পাইয়াছে, তাহাদের প্রতি তিনি ফিরিবেন। ৭ তোমাদের যে পিতৃলোকেরা ও ভ্রাতারা আপনাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে অপরাধ করিল, তৎপ্রযুক্ত তাহারা বিনাশে সমর্পিত হইল, ইহা তোমরা দেখিতেছ; অতএব তোমরা তাহাদের মত হইও না। ৮ এখন তোমরা আপনাদের পিতৃলোকদের ন্যায় অবাধ্য § না হইয়া পরমেশ্বরের বশীভূত হও, ও তিনি চিরকালের জন্যে যে স্থান পবিত্র করিয়াছেন, তাঁহার সেই ধর্ম্মধামে প্রবেশ কর, এবং তোমাদের হইতে যেন তোমাদের প্রভু পরমেশ্বরের প্রচণ্ড ক্রোধ নিবৃত্ত হয়, এই জন্যে তাঁহার সেবা কর। ৯ তোমরা যদি পুনর্ব্বার পরমেশ্বরের প্রতি ফির, তবে যাহারা তোমাদের ভ্রাতৃগণকে ও সন্তানদিগকে বন্দী করিয়া লইয়া গেল, তাহা-

[২৩,২৪] লে ৪; ২২-২৬ ॥—[২৫-২৮] ১ বং ২৫; ১-৫ ॥—[২৭] লে ৪; ১০, ১৯, ২৪ ॥—[২৯] ২ বং ২০; ১৮ ॥—[৩০] ২০; ১৯ ॥—[৩১-৩৬] ৭; ৪-১০ ॥—[৩৪] লে ১; ৬। ২ বং ৩৫; ১১ ॥—[৩৫] লে ৩; ৩-৫। গ ১৫; ১-১১ ॥
[৩০ অধ্যা; ১-৩] ২ বং ২৯; ১৭,৩৪। লে ২৩; ৫-৮। গ ৯; ১-১২ ॥—[৬] ২ বং ১৫; ২-৪। ২ রা ১৫; ১৯,২৯ ॥—[৭,৮] ২ রা ১৭; ৭-১৮ ॥—[৯] ২ বং ৬; ৩৬-৩৯। লে ২৬; ৪৪, ৪৫। দ্বি ৩০; ১-১০ ॥

* (ইব্রী) হস্তে। † (ইব্রী) হস্ত পূর্ণ। ‡ (ইব্রী) স্থিরতা। ‖ (ইব্রী) সেই। § (ইব্রী) দৃঢ়গ্রীবা।

দেরহইতে অনুগ্রহ পাইয়া তাহারা এই দেশে পুনর্ব্বার ফিরিয়া আসিবে, কেননা তোমাদের প্রভু পরমেশ্বর অনুগ্রাহক ও দয়ালু; যদি তোমরা তাঁহার প্রতি পুনর্ব্বার ফির, তবে তিনি তোমাদের হইতে পরাঙ্মুখ হইবেন না। ১০ অপর দূতগণ ইফ্রয়িম্ ও মিনশি দেশের তাবৎ নগরে সিবূলূন্ পর্য্যন্ত গেল, কিন্তু লোকেরা ১১ তাহাদিগকে পরিহাস ও বিদ্রূপ করিল তথাপি আশেরের ও মিনশির ও সিবূলূনের কতক লোক ১২ আপনাদিগকে নম্র করিয়া যিরূশালমে আইল। আর পরমেশ্বরের বাক্যানুসারে রাজার ও অধ্যক্ষদের আজ্ঞা পালন করিতে ঈশ্বর যিহূদা দেশীয়দিগকে এক মন দিয়াছিলেন।

১৩ পরে দ্বিতীয় মাসে তাড়ীশূন্য রুটীর পর্ব্ব করিতে লোকদের এক মহামহামণ্ডলী যিরূশালমে একত্র হইল। ১৪ এবং তাহারা উঠিয়া যিরূশালমস্থ দেববেদি সকল দূর করিল, এবং ধূপ জ্বালাইবার জন্যে যে সকল বেদি ছিল, তাহাও দূর করিয়া কিদ্রোণ্ স্রোতেতে * নিক্ষেপ ১৫ করিল। পরে দ্বিতীয় মাসের চতুর্দ্দশ দিনে তাহারা নিস্তারপর্ব্বের বলিদান করিল, তাহাতে যাজকেরা ও লেবীয়েরা লজ্জিত হইয়া আপনাদিগকে পবিত্র করিল ও ১৬ পরমেশ্বরের মন্দিরে হোমবলি উৎসর্গ করিল। এবং তাহারা ঈশ্বরের লোক মূসার ব্যবস্থানুসারে রীতিমতে আপন ২ স্থানে দাঁড়াইল, এবং যাজকেরা লেবী১৭ য়দের হস্তে প্রাপ্ত রক্ত প্রোক্ষণ করিল। মণ্ডলীর মধ্যে অনেক লোক অপবিত্র ছিল, এই জন্যে যে কেহ পবিত্র না হইয়াছে, তাহাকে পরমেশ্বরের কারণ পবিত্র করিতে লেবীয়েরা তাহাদের জন্যে নিস্তারপর্ব্বের বলি১৮ দান কর্ম্মে নিযুক্ত ছিল। আর লোকদের মধ্যে ইফ্রয়িম্ ও মিনশি ও ইষাখর্ ও সিবূলূনের অনেক লোক আপনাদিগকে পবিত্র করে নাই; তাহারা লিখিত বিধির বৈপরীত্যে নিস্তারপর্ব্বের ভোজন করিল। ১৯ হিষ্কিয় তাহাদের জন্যে প্রার্থনা করিয়া কহিয়াছিল, যে প্রত্যেক জন পবিত্র স্থানের বিধি অনুসারে পবিত্র না হইলেও আপন পিতৃলোকদের প্রভু পরমেশ্বরের তত্ত্ব করিতে অন্তঃকরণ প্রস্তুত করে, অনুগ্রাহক পরমে২০ শ্বর তাহাদিগকে ক্ষমা করুণ। তাহাতে পরমেশ্বর হিষ্কিয়ের কথাতে মনোযোগ করিয়া লোকদিগকে ক্ষমা † ২১ করিলেন। পরে যিরূশালমে উপস্থিত ইস্রায়েলের বংশেরা সাত দিন পর্য্যন্ত মহানন্দেতে তাড়ীশূন্য রুটীর পর্ব্ব পালন করিল, এবং লেবীয়েরা ও যাজকেরা প্রতি দিন উচ্চৈঃশব্দে বাদ্য করিয়া পরমেশ্বরের প্রশংসা ক২২ রিল। এবং যে সকল লেবীয়েরা পরমেশ্বর বিষয়ক সদ্জ্ঞান শিক্ষা করাইল, তাহাদিগকে হিষ্কিয় সান্ত্বনার ‡ কথা কহিল; এই রূপে তাহারা উৎসবের সাত দিন পর্য্যন্ত মঙ্গলার্থক বলি ভোজন করিয়া আপনাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বরের প্রশংসা প্রকাশ করিল। ২৩ পরে সমুদয় মণ্ডলী আর সাত দিন পালন করিতে পরামর্শ করিয়া সেই সাত দিন আনন্দেতে পালন করিল। ২৪ এবং যিহূদার হিষ্কিয় রাজ মণ্ডলীকে এক সহস্র বলদ ও সাত সহস্র মেষ দিল, এবং অধ্যক্ষেরা মণ্ডলীকে এক সহস্র বলদ ও দশ সহস্র মেষ দিল, এবং যাজকদের মধ্যে অনেকে আপনাদিগকে পবিত্র করিল। ২৫ আর যাজকদের ও লেবীয়দের সহিত যিহূদা বংশের তাবৎ মণ্ডলী ও ইস্রায়েল্ বংশের মধ্যে উপস্থিত তাবৎ মণ্ডলী অর্থাৎ ইস্রায়েল্ দেশহইতে আগত বিদেশী ও যিহূদাতে প্রবাসকারি সকল আনন্দ করিল। ২৬ এই রূপে যিরূশালমে বড় আনন্দ হইল; ইস্রায়েলের দায়ূদ্ রাজের পুত্র সুলেমানের সময়াবধি যিরূশালমে এমত হয় নাই।

২৭ পরে যাজকেরা ও লেবীয়েরা উঠিয়া লোকদিগকে আশীর্ব্বাদ করিল, তাহাদের শব্দ শুনা গেল, এবং তাহাদের প্রার্থনার শব্দ তাঁহার পবিত্র বসতি স্থান স্বর্গ পর্য্যন্ত ঊর্দ্ধে গমন করিল।

৩১ অধ্যায়।

১ তাবৎ প্রতিমাদির বিনাশ ২ ও হিষ্কিয়ের যাজকদের পালা নিরূপণ ৫ ও লোকদের বাহুল্য নৈবেদ্য আনয়ন ১১ ও যাজকগণকে অংশ দিতে হিষ্কিয়ের অধ্যক্ষগণ নিযুক্ত করণ ২০ ও হিষ্কিয়ের সৎকর্ম্ম ও তাহার ফলপ্রাপ্তি।

১ এই সকল সাঙ্গ হইলে পর সেস্থানে উপস্থিত তাবৎ ইস্রায়েল্ লোক যিহূদা নগরে প্রবেশ করিয়া প্রতিমা সকল ভাঙ্গিয়া ফেলিল ও চৈত্যবৃক্ষ ছেদন করিল; যাবৎ সর্ব্বতোভাবে সকলের নিঃশেষ না হইল, তাবৎ সকল যিহূদাতে ও বিন্যামীনে ও ইফ্রয়িমে ও মিনশিতে উচ্চস্থান ও বেদি ভাঙ্গিয়া ফেলিল; পরে ইস্রায়েলের সন্তানগণ প্রত্যেক জন আপন২ অধিকারে ও আপন ২ নগরে প্রত্যাগমন করিল।

২ আর হিষ্কিয় হোম ও মঙ্গলার্থক বলিদান ও সেবা ও ধন্যবাদ করিতে এবং পরমেশ্বরের শিবিরের দ্বারে প্রশংসা করিতে যাজকদিগকে ও লেবীয়দিগকে আপন ২ সেবানুসারে পালার বিধিমতে নিযুক্ত করিল। ৩ এবং হোমের জন্যে অর্থাৎ প্রাতঃকালিক ও সন্ধ্যাকালিক হোমের জন্যে, এবং বিশ্রামবার ও অমাবস্যা ও নিরূপিত উৎসবের হোমের জন্যে ঈশ্বরের শাস্ত্রের লিখনানুসারে রাজার সম্পত্তিহইতে দাতব্য অংশ নিরূপণ করিল। ৪ এবং

[১৪] ২ বং ১৮; ২৪॥—[১৫] প ২,৩। ২৯; ৩৪॥—[১৬] লে ৪; ২৫,৩০॥—[১৭,১৮] লে ৭; ২০,২১। গী ৯; ৬,৭॥ [১৮,১৯] গী ৯; ১০। ১ শি ৭; ২২॥—[২১-২৬] ১ বং ১৬; ১-৬। ২ বং ৭; ৪-১০। ২৯; ৩১-৩৬। ৩৫; ১-১৯॥—[২৪] ১ বং ১৬; ৩। ২ বং ৩৫; ৭-৯॥—[২৫] প ১১,১৮॥—[২৬] ৭; ৪-১০॥—[২৭] ১ রা ৮; ৫৫-৬১। ২ বং ৭; ১৪,১৫॥ [৩১ অধ্য; ১] ২ রা ১৮; ৪॥—[২] ১ বং ২৩; ৬-৩২॥—[৩] গী ২৮। ২৯॥

* (বা) উপত্যকাতে। † (ইব্রি) স্বাস্থ্য। ‡ (ইব্রি) অন্তঃকরণে।

যাজকেরা ও লেবীয়েরা যেন পরমেশ্বরের শাস্ত্রে আসক্ত হয়, এই জন্যে সে তাহাদিগকে অংশ দিতে যিরূশালম্ নিবাসি লোকদিগকে আজ্ঞা করিল।

৫ এই আজ্ঞা বাহির হইবামাত্র ইস্রায়েল্ বংশ শস্য ও দ্রাক্ষারস ও তৈল ও মধু * প্রভৃতি ভূমির উৎপন্ন সকলের প্রথমজাত ফল অতি বাহুল্য রূপে আনিল, এবং সকল দ্রব্যের দশমাংশ প্রচুর রূপে আনিল। ৬ এবং যিহূদার অন্য২ নগরবাসি ইস্রায়েল্ ও যিহূদা বংশ গোমেষের দশমাংশ এবং আপনাদের প্রভু পরমেশ্বরের নিকটে নিবেদিত পবিত্র দ্রব্যের দশমাংশ ৭ আনিয়া রাশি২ করিল। তৃতীয় মাসে তাহারা সেই রাশি করিতে আরম্ভ করিয়া সপ্তম মাসে তাহা সমাপ্ত ৮ করিল। পরে হিষ্কিয় ও অধ্যক্ষগণ আসিয়া রাশি সকল দেখিয়া পরমেশ্বরের ও তাঁহার ইস্রায়েল্ লোক-৯ দের ধন্যবাদ করিল। এবং হিষ্কিয় সে সকল রাশি বিষয়ে যাজকদিগকে ও লেবীয়দিগকে জিজ্ঞাসা করিল। ১০ তাহাতে সাদোকের বংশজ অসরিয় প্রধান যাজক তাহাকে উত্তর করিল, যে অবধি লোকেরা পরমেশ্বরের মন্দিরে নৈবেদ্য আনিতে আরম্ভ করিল, তদবধি আমাদের আহারের প্রচুর দ্রব্য হইল, এবং অনেকও উদ্বৃত্ত হইল, কেননা পরমেশ্বর আপন লোকদিগকে আশীর্ব্বাদ করিলেন, তাহাতে এই প্রচুর ধন অবশিষ্ট হইল।

১১ পরে হিষ্কিয় পরমেশ্বরের মন্দিরে ভাণ্ডার প্রস্তুত করিতে আজ্ঞা দিল, তাহাতে তাহারা ভাণ্ডার প্রস্তুত ১২ করিল। এবং নৈবেদ্য ও দশমাংশ ও পবিত্রীকৃত বস্তু বিশ্বস্ত রূপে ভিতরে আনিল, তাহাদের উপরে লেবীয় কাননিয় অধ্যক্ষ ছিল; তাহার নীচে তাহার ১৩ ভ্রাতা শিমিয়ি; তাহার নীচে † যিহীয়েল্ ও অসসিয় ও নহৎ ও অসাহেল্ ও যিরেমোৎ ও যোষাবদ্ ও ইলীয়েল্ ও যিষ্মখিয় ও মাহৎ ও বিনায়, ইহারা হিষ্কিয় রাজের ও ঈশ্বরের মন্দিরের অধ্যক্ষ অসরিয়ের আজ্ঞাতে কাননিয় ও তাহার ভ্রাতা শিমিয়ির নীচে † ১৪ অধ্যক্ষ ছিল। এবং যিম্নার পুত্র লেবীয় কোরি পূর্ব্বদিগের দ্বারপাল ছিল; সে পরমেশ্বরের উদ্দেশে নিবেদিত ও মহাপবিত্র বস্তু বণ্টন করিবার জন্যে ঈশ্ব-১৫ রের উদ্দেশে ইচ্ছাপূর্ব্বক দত্ত বস্তুর কর্ত্তা ছিল। তাহার নীচে † এদন্ ও মিয়ামীন্ ও যেশূয় ও শিময়িয় ও অমরিয় ও শিখনিয়, ইহারা যাজকদের নগরে আপামর সাধারণ আপনাদের ভ্রাতৃগণকে পালানুসারে বিশ্ব-১৬ স্ততারূপে অংশ দিতে নিযুক্ত ছিল। তদ্ব্যতিরেক বংশাবলিতে লিখিত তিন বৎসর ও ততোধিক বয়স্ক প্রত্যেক পুরুষকে, অর্থাৎ পালানুসারে সেবা করণার্থে দিনে২ পরমেশ্বরের মন্দিরে আগত প্রত্যেক পুরুষকে, ১৭ এবং বিংশতি বৎসর বয়স্ক ও ততোধিক বয়স্ক যে যাজকেরা আপনাদের পালার সেবার্থে আপন২ পিতৃবংশানুসারে গণিত ছিল, ১৮ অর্থাৎ যাহারা বিশ্বস্ত রূপে আপনাদিগকে পবিত্র করিয়াছিল, তাহাদিগকে ও তাহাদের বালকগণ ও ভার্য্যাগণ ও পুত্রগণ ও কন্যাগণকে, ১৯ এবং হারোণ্ বংশীয় যে যাজকেরা প্রত্যেক নগরে ও উপনগরের ক্ষেত্রে থাকিল, তাহাদিগকে অংশ দিতে নিযুক্ত ছিল; এই রূপে ঐ পূর্ব্বোক্ত লোকেরা যাজকদের মধ্যে যে সকল পুরুষ, ও বংশাবলি অনুসারে গণিত যে সকল লেবীয় লোক, তাহাদিগকে অংশ দিল।

২০ হিষ্কিয় যিহূদার সর্ব্বত্র এই রূপ করিল, ও আপন প্রভু পরমেশ্বরের সাক্ষাতে উত্তম ও প্রকৃত ও সত্য ২১ কর্ম্ম করিল। এবং ঈশ্বরের মন্দিরের সেবাতে ও শাস্ত্রেতে ও আজ্ঞাতে আপন ঈশ্বরের অন্বেষণ করিবার জন্যে যে২ কর্ম্ম আরম্ভ করিল, তাহা আপন সমস্ত অন্তঃকরণের সহিত করিয়া উন্নত হইল।

৩২ অধ্যায়।

১ সন্হেরীবের যিরূশালম অবরোধ করণ ও হিষ্কিয়ের রোধ করণ ৯ ও ঈশ্বরের বিরুদ্ধে সন্হেরীবের কথা ২০ ও হিষ্কিয়ের প্রার্থনা ও পরমেশ্বরের উত্তর ২৪ ও হিষ্কিয়ের পীড়ার পরে সুস্থ হওন ২৭ ও তাহার ধনের কথা ৩২ ও তাহার মৃত্যু।

১ এই সকল বিবরণ ও বিশ্বস্ততার পরে অশূরের রাজা সন্হেরীব আসিয়া যিহূদা দেশে প্রবেশ করিল, এবং প্রাচীরবেষ্টিত তাবৎ নগরের বিরুদ্ধে শিবির স্থাপন করিয়া তাহা পরাস্ত করিতে মনস্থ ২ করিল। তাহাতে হিষ্কিয় সন্হেরীবের আগমন ও যিরূশালমের বিরুদ্ধে তাহার যুদ্ধ করিতে মনস্থ ‡ করণ ৩ দেখিয়া নগরের বহিস্থিত উনুইর জল বন্ধ করিতে আপন অধ্যক্ষ ও পরাক্রমি লোকদের সহিত মন্ত্রণা ৪ করিল, তাহাতে তাহারা সম্মত হইল। এবং অশূরের রাজগণ আসিয়া কেন অনেক জল পাইবে? এই কথা কহিয়া অনেক লোক একত্র হইয়া তাবৎ উনুই ও দেশের মধ্যবাহিনী ‖ স্রোত বন্ধ করিল। ৫ এবং হিষ্কিয় আপনাকে বলবান করিয়া ভগ্ন প্রাচীর সকল সারাইয়া উচ্চেতে দুর্গ সমান করিল; অধিকন্তু তাহার বাহিরে আর এক প্রাচীর নির্ম্মাণ করাইয়া দায়ূদ্নগরের মধ্যস্থিত মিল্লো স্থান সারাইল, ও প্রচুর অস্ত্র ও ঢাল ৬ প্রস্তুত করাইল। এবং লোকদের উপরে সেনাপতিদিগকে নিযুক্ত করিয়া নগরের দ্বারে আপনাদের নিকটে তাহাদিগকে একত্র করিয়া আশ্বাসজনক § এই বাক্য কহিল, ৭ তোমরা বলবান ও সাহ-

[৪] গ ১৮; ৮-২৬। নি ১৩; ১০-১৩॥—[৫,৬] লে ২৭; ৩০। গ ১৮; ১২,১৩,২৪। দ্বি ১৪; ২৮,২৯॥—[১০] মল ৩; ১০॥
[১২,১৩] গ ১৩; ১২,১৩॥—[১৫] ১ বং ৬; ৫৪-৬০॥—[১৯] প ১২-১৫। ১ বং ৬; ৫৪-৬০॥
[৩২ অধ্য; ১] ২ রা ১৮; ১৩। যিশ ৩৬; ১॥—[৫] ২ বং ২৬; ৯। ২ শি ৫; ৯। ১ রা ৯; ২৪॥

* (বা) খর্জ্জুর। † (ইব্রু) হস্তে। ‡ (ইব্রু) মুখোন্মুখিত। ‖ (ইব্রু) প্লাবিনী। § (ইব্রু) অন্তঃকরণের॥

সিক হও, অশূরের রাজার ও তাহার সঙ্গি জনতার বিষয়ে বিষণ্ণ হইও না; দেখ, তাহাদের সঙ্গি লোকহইতে আমাদের সঙ্গি লোক অধিক আছে। ৮ এবং দেখ, মাংসপিণ্ড হস্ত তাহাদের সহায়, কিন্তু আমাদের উপকার ও যুদ্ধ করিতে আমাদের প্রভু পরমেশ্বর আমাদের সহায় আছেন; তাহাতে লোকেরা যিহূদার রাজা হিষ্কিয়ের কথার উপরে নির্ভর দিল।

৯ পরে অশূরের সন্হেরীব রাজ লাখীশের বিরুদ্ধে সৈন্যসামন্তের সহিত থাকিবার সময়ে যিহূদার রাজা হিষ্কিয়ের নিকটে ও যিরূশালমস্থ তাবৎ যিহূদা বংশের নিকটে আপন দাসগণদ্বারা এই কথা কহিয়া যিরূশা- ১০ লমে পাঠাইল; অশূরের সন্হেরীব্ রাজা এই কথা কহে, তোমরা দৃঢ় নগর * যিরূশালমে থাকিয়া কাহাতে ১১ বিশ্বাস করিতেছ? আমাদের প্রভু পরমেশ্বর আমাদিগকে অশূরের রাজার হস্তহইতে উদ্ধার করিবেন, এই কথা কহিয়া হিষ্কিয় কি ক্ষুধাতে ও তৃষ্ণাতে ১২ বিনাশ করিবার জন্যে তোমাদিগকে ভুলায় না? ঐ হিষ্কিয় কি তাঁহারি উচ্চস্থান ও বেদি দূর করে নাই? এবং তোমরা এক বেদির সম্মুখে ভজনা করিবা, ও তাহার উপরে ধূপ জ্বালাইবা, এই কথা কহিয়া সে কি যিহূদা বংশ ও যিরূশালম্ নিবাসিগণকে আজ্ঞা ১৩ দেয় নাই? আমি ও আমার পিতৃলোকেরা আমরা অন্যদেশীয় সকলের প্রতি যাহা করিয়াছি, তোমরা কি তাহা জান না? অন্যদেশীয় দেবগণ কি কোন প্রকারে আমার হস্তহইতে আপন ২ দেশ উদ্ধার ১৪ করিতে পারিল? আমার পিতৃলোকেরা যে ২ জাতিদিগকে উচ্ছিন্ন করিল, তাহাদের মধ্যে আপন লোককে আমার হস্তহইতে উদ্ধার করিল এমত কে ছিল, যে তোমাদের ঈশ্বর আমার হস্তহইতে তোমাদিগকে উদ্ধার ১৫ করিবে? অতএব এখন হিষ্কিয় যেন তোমাদিগকে না ভুলায় ও সেই রূপ প্রতারণা না করে, তোমরা তাহাকে প্রত্যয় করিও না; কেননা যদি কোন জাতিদের কিম্বা কোন রাজ্যের কোন দেবতা আমার হস্তহইতে ও আমার পিতৃলোকদের হস্তহইতে আপন লোককে উদ্ধার করিতে পারে নাই, তবে কি রূপে তোমাদের ঈশ্বর আমার হস্তহইতে তোমাদিগকে উদ্ধার করিতে ১৬ পারিবে? তদ্ভিন্ন তাহার দাসগণ প্রভু পরমেশ্বরের ও তাঁহার দাস হিষ্কিয়ের বিরুদ্ধে আরো অধিক ১৭ কহিল। এবং সে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের নিন্দা করিতে ও তাঁহার বিরুদ্ধে কথা কহিতে এই রূপ পত্র লিখিল, অন্যদেশীয়দের দেবগণ যেমন আমার হস্তহইতে আপন লোকদিগকে উদ্ধার করিতে পারে নাই, তদ্রূপ হিষ্কিয়ের ঈশ্বর আপন লোকদিগকে আমার হস্তহইতে উদ্ধার করিতে পারিবে না। ১৮ তখন তাহারা নগর হস্তগত করিতে ও প্রাচীরের উপরিস্থ যিরূশালম নিবাসি লোকদিগকে ভয় দেখাইতে ও ব্যাকুল করিতে যিহূদীয়দের ভাষায় তাহাদের কাছে উচ্চৈঃস্বরে করিল। ১৯ এবং মনুষ্যহস্তকৃত পৃথিবীস্থ লোকদের দেবগণের সদৃশ যিরূশালমের ঈশ্বরকে মানিয়া তাঁহার বিরুদ্ধে কথা কহিল।

২০ পরে হিষ্কিয় রাজা ও আমোসের পুত্র যিশয়িয় ভবিষ্যদ্বক্তা এই কারণ স্বর্গের প্রতি প্রার্থনা ও বিনয় ২১ করিল। অপর পরমেশ্বর এক দূতকে পাঠাইলে সে অশূরের রাজার শিবিরের তাবৎ পরাক্রমি লোককে ও প্রধান লোককে ও সেনাপতিদিগকে উচ্ছিন্ন করিল; তাহাতে সন্হেরীব্ সলজ্জমুখ হইয়া আপন দেশে প্রস্থান করিল; পরে সে আপন দেবতার মন্দিরে প্রবেশ করিলে তাহার ঔরসজাত সন্তানগণ খড়্গদ্বারা সেই স্থানে তাহাকে বধ করিল †। ২২ এই প্রকারে পরমেশ্বর হিষ্কিয়কে ও যিরূশালম্ নিবাসিদিগকে অশূরের সন্হেরীব্ রাজের হস্তহইতে ও আর সকলের হস্তহইতে উদ্ধার করিলেন ও তাহাদিগকে সর্ব্বদিগে রক্ষা করিলেন। ২৩ তাহাতে অনেকে পরমেশ্বরের জন্যে যিরূশালমে নৈবেদ্য আনিল, এবং যিহূদার হিষ্কিয় রাজের নিমিত্তে উপঢৌকন ‡ আনিল; অতএব তদবধি তাবৎ জাতীয়দের দৃষ্টিতে মহান্ হইল।

২৪ ঐ সময়ে হিষ্কিয় মৃতকল্প পীড়িত হইয়া পরমেশ্বরের কাছে প্রার্থনা করিল; তাহাতে তিনি তাহাকে উত্তর দিলেন ও তাহাকে (আরোগ্য) চিহ্ন দিলেন ‖। ২৫ কিন্তু হিষ্কিয় প্রাপ্ত উপকারানুসারে প্রত্যুপকার না করিয়া মনে গর্ব্বিত হইল; অতএব তাহার ও যিহূদার ও যিরূশালমের প্রতি ক্রোধ উপস্থিত হইল। ২৬ পরে হিষ্কিয় ও যিরূশালম নিবাসিরা আপন মনের গর্ব্বের জন্যে আপনাদিগকে নম্র করিল, এই কারণ হিষ্কিয়ের অধিকারে তাহাদের প্রতি পরমেশ্বরের ক্রোধ উপস্থিত হইল না।

২৭ এই হিষ্কিয়ের প্রচুর ধন ও সম্মান ছিল, এবং রূপার ও স্বর্ণের ও মণির ও সুগন্ধি দ্রব্যের ও ঢালের ও সর্ব্ব প্রকার মনোহর পাত্রের ভাণ্ডার ছিল। ২৮ এবং শস্য ও দ্রাক্ষারস ও তৈল, এই সকল উৎপন্ন দ্রব্যের ভাণ্ডার, এবং নানা প্রকার পশুশালা ও

[৭, ৮] দ্বি ৩১; ৬। ২ রা ৬; ১৫-১৭। যিশ ৩৭; ৬, ৭। ৫১; ৭, ৮॥—[৯-১৫] ২ রা ১৮; ১৭-২৫। যিশ ৩৬; ১-১০॥ [১২] ২ বং ৩০; ১৪। ৩১; ১॥—[১৬] ২ রা ১৮; ২৬-৩৫। যিশ ৩৬; ১১-২০॥—[১৭] ২ রা ১৯; ৮-১৩। যিশ ৩৭; ৮-১৩॥—[১৮, ১৯] ২ রা ১৮; ২৬-৩৫। যিশ ৩৬; ১১-২০॥—[২০] ২ রা ১৮; ৩৭। ১৯; ১-৭, ১৪-১৯। যিশ ৩৬; ২২। ৩৭; ১-৭, ১৪-২০॥—[২১] ২ রা ১৯; ৩৫-৩৭। যিশ ৩৭; ৩৬-৩৮॥—[২২, ২৩] ২ বং ১৭; ১০, ১১। ২০; ২৯, ৩০। ২৭; ৫, ৬॥—[২৪] ২ রা ২০। যিশ ৩৮॥—[২৫, ২৬] ২ বং ৩৪; ২৭, ২৮। ২ রা ২০; ১২-১৯। যিশ ৩৯; ১-৮। যির ২৬; ১৮, ১৯॥—[২৫] ২ বং ২৬; ১৬। যাক ৪; ৬॥

 * (বা) দুরাক্রমণ স্থানে। † (ইব্রী) পতন করাইল। ‡ (ইব্রী) মূল্য দ্রব্য। ‖ (বা) তাহার জন্যে আশ্চর্য্য কর্ম্ম করিলেন।

২৯ মেষপালের খোয়াড় ছিল। এবং সে আপনার জন্যে নগর ও গোমেষাদি পাল সঞ্চয় করিল, যেহেতুক ঈশ্বর ৩০ তাহাকে প্রচুর ধন দিয়াছিলেন। এই হিষ্কিয় গীহোনের ঊর্দ্ধ জলধারা বন্ধ করিয়া (ভূমির) নীচে সরল পথে দায়ূদ্ নগরের পশ্চিম পার্শ্বে আনিল; এবং ৩১ হিষ্কিয় সকল কার্য্যেতেই কৃতার্থ হইল। কিন্তু তাহার দেশে কৃত আশ্চর্য্য ক্রিয়ার বিবরণ জিজ্ঞাসা করিতে বাবিলের যে দূত ও অধ্যক্ষগণ প্রেরিত ছিল, তাহাদের দ্বারা তাহার পরীক্ষা করিতে ও তাহার মনের সকল কথা জানাইতে ঈশ্বর তাহাকে ত্যাগ করিলেন।

৩২ হিষ্কিয়ের অবশিষ্ট ক্রিয়া ও ধর্ম্মকর্ম্ম আমোসের পুত্র যিশয়িয় ভবিষ্যদ্বক্তার দর্শনপুস্তকে এবং যিহূদার ও ইস্রায়েলের রাজাদের ইতিহাসপুস্তকে ৩৩ লিখিত আছে। পরে হিষ্কিয় আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে লোকেরা দায়ূদ্ বংশের উচ্চ কবরে তাহাকে কবর দিল, এবং সকল যিহূদা ও যিরূশালম নিবাসিরা তাহার মৃত্যুকালে তাহার সম্মান করিল; পরে তাহার পুত্র মিনশি তাহার পদে অভিষিক্ত হইল।

৩৩ অধ্যায়।

১ মিনশির কুরাজত্ব করণ ৩ ও নানা দেবপূজা করণ ১১ ও তাহার বন্দী হওন ও স্বদেশে পুনরাগমন ও পরমেশ্বরের সেবা করণ ১৮ ও তাহার বিবরণ ২০ ও তাহার পুত্র আমোনের মৃত্যু।

১ মিনশি দ্বাদশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে পঞ্চান্ন বৎসর রাজত্ব করিল। ২ কিন্তু পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে যে অন্যদেশীয়দিগকে দূর করিয়াছিলেন, তাহাদের ন্যায় সে পরমেশ্বরের সাক্ষাতে ঘৃণার্হ কর্ম্ম করিয়া পাপ করিল।

৩ তাহার পিতা হিষ্কিয় যে ২ উচ্চস্থান ভাঙ্গিয়াছিল, সে তাহা পুনর্ব্বার নির্ম্মাণ করাইল, এবং বালের নিমিত্তে বেদি প্রস্তুত করাইল, ও চৈত্যবৃক্ষ স্থাপন করিল, এবং আকাশীয় তাবৎ নক্ষত্রের ভজনা ও সেবা ৪ করিল। পরমেশ্বর যে মন্দিরের বিষয়ে কহিয়াছিলেন, আমার নাম যিরূশালমে নিত্য থাকিবে, পরমেশ্বরের সেই মন্দিরে সে দেববেদি নির্ম্মাণ করাইল। ৫ এবং পরমেশ্বরের গৃহের দুই প্রাঙ্গণে সে আকাশের ৬ নক্ষত্রগণের জন্যে বেদি নির্ম্মাণ করাইল। এবং সে আপন বালকগণকে হিন্নোমের উপত্যকাতে অগ্নিতে প্রবেশ করাইল, ও গণকতা ও মোহন করিল, এবং মায়াবীর ও ভূতড়িয়ার ও গুণির কর্ম্ম করিল; সে পরমেশ্বরকে ক্রুদ্ধ করণার্থে তাঁহার সাক্ষাতে অনেক ৭ পাপকর্ম্ম করিল। আর এই মন্দিরে এবং ইস্রায়েলের সকল বংশের মধ্যহইতে মনোনীত যিরূশালমে আমি আপন নাম নিত্য স্থাপন করিব, এবং আমার আদিষ্ট সকল কর্ম্ম অর্থাৎ মূসার হস্তে দত্ত সকল শাস্ত্র ও ব্যবস্থা ও বিধি অনুসারে কর্ম্ম করিতে যদি তাহারা ৮ মনোযোগ করে,তবে আমি তাহাদের * পূর্ব্বপুরুষদের নিমিত্তে যে দেশ নিরূপণ করিয়াছি, সে দেশহইতে ইস্রায়েল্ বংশকে আর স্থানান্তর করিব না, ঈশ্বরের যে মন্দিরের বিষয়ে ঈশ্বর দায়ূদ্‌কে ও তাহার পুত্র সুলেমান্‌কে এই কথা কহিয়াছিলেন, সেই মন্দিরে সে আপন হস্ত খোদিত এক প্রতিমাকে স্থাপন করিল। ৯ এই রূপে মিনশি যিহূদা ও যিরূশালম্ নিবাসিদিগকে ভুলাইল, এবং পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে যে অন্য দেশীয়দিগকে উচ্ছিন্ন করিয়াছিলেন, ১০ তাহাদের হইতেও অধম ক্রিয়া করাইল। পরে পরমেশ্বর মিনশিকে ও তাহার লোকদিগকে উপদেশ কথা কহিলেন, কিন্তু তাহারা তাহাতে মনোযোগ করিল না।

১১ পরে পরমেশ্বর তাহাদের প্রতিকূলে অশূরের রাজার সেনাগণকে আনিলেন; তাহাতে তাহারা কণ্টকের মধ্যে মিনশিকে ধরিয়া পিত্তল শৃঙ্খল দিয়া তাহাকে বদ্ধ ১২ করিয়া বাবিলে লইয়া গেল। পরে সে অত্যন্ত ক্লিষ্ট হইয়া আপন প্রভু পরমেশ্বরের কাছে বিনয় করিল, ও আপন পূর্ব্বপুরুষদের ঈশ্বরের সম্মুখে আপনাকে অতি ১৩ নম্র করিল। এবং সে তাঁহার কাছে প্রার্থনা করিল; তাহাতে তিনি তাহার প্রার্থনা ও বিনয় শুনিয়া পুনর্ব্বার তাহাকে তাহার রাজ্য যিরূশালমে আনিলেন; অতএব সেই পরমেশ্বর বিনা আর কেহ ঈশ্বর নাই, ইহা মিনশি ১৪ জ্ঞাত হইল। পরে সে দায়ূদ্‌নগরের বাহিরে গীহোনের নিকটে পশ্চিম পার্শ্বে উপত্যকার মধ্যে মৎস্যদ্বার পর্য্যন্ত প্রাচীর নির্ম্মাণ করিল, এবং অতি উচ্চ করিয়া ওফলে † বিস্তার করিয়া সংযোগ করিল, এবং প্রাচীর বেষ্টিত যিহূদার সমস্ত নগরে যুদ্ধার্থে সেনাপতিগণকে ১৫ নিযুক্ত করিল। এবং সে অন্য জাতীয়দের দেবগণকে ও পরমেশ্বরের মন্দিরহইতে প্রতিমাকে এবং পরমেশ্বরের মন্দিরের পর্ব্বতে ও যিরূশালমে আপনি যে সকল যজ্ঞবেদি করিয়াছিল, সে সকল নগরহইতে বাহির ১৬ করিয়া নিক্ষেপ করিল,এবং পরমেশ্বরের বেদি সারিয়া তাহার উপরে মঙ্গল ও প্রশংসার্থক বলিদান করিল, এবং যিহূদা বংশের ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের

[৩০] ২ বং ৩২; ২-৪ ॥—[৩১] ২ রা ২০; ১২, ১৩। যিশ ৩৯; ১,২। দ্বি ৮; ২ ॥—[৩২] যিশ ৩৬-৩৯। ২ রা ১৮-২০ ॥ [৩৩] ২ রা ২০; ২১ ॥

[৩৩ অধ্য; ১-১০] ২ রা ২১; ১-৯ ॥—[২] প ৬, ৯ ॥—[৩] ২ বং ৩০; ১৪। ৩১; ১। ১ রা ১৬; ৩১-৩৩। দ্বি ১৭; ৩ ॥ [৪] ১ রা ৯; ৩ ॥—[৬] ২ বং ২৮; ৩ ॥—[৭] ১ রা ৯; ৩ ॥—[৮] ১ বং ১৭; ৯ ॥—[৯] প ২ ॥—[১১-১৩] ২ বং ৬; ৩৬-৩৯ ॥—[১৪] ৩২; ২-৬। ২৭; ৩ ॥—[১৫] প ৩-৭ ॥

* (ইব্রী) তোমাদের। † (বা) দুর্গে।

১৭ সেবা করিতে আজ্ঞা দিল। তথাপি লোকেরা তখনও উচ্চস্থানে যজ্ঞ করিল, কিন্তু তাহা কেবল আপনাদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে করিল।

১৮ এই মিনশির অবশিষ্ট ক্রিয়া এবং আপন ঈশ্বরের কাছে তাহার কৃত প্রার্থনা ও যে প্রদর্শকেরা ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের নামে তাহাকে কথা কহিল তাহাদের কথা, এই সকল ইস্রায়েলের রাজাদের ১৯ ইতিহাসপুস্তকে লিখিত আছে। এবং তাহার প্রার্থনা ও তাহার নিবেদনের গ্রাহ্য হওন ও তাহার সমস্ত পাপ ও আজ্ঞালঙ্ঘন এবং তাহার নম্র হইবার পূর্ব্বে স্থানে২ উচ্চস্থান ও চৈত্যবৃক্ষ ও খোদিত প্রতিমা স্থাপন করণ, এই সকলের বিবরণ প্রদর্শকদের গ্রন্থে লিখিত আছে।

২০ পরে মিনশি আপন পিতৃলোকদের ন্যায় মহানিদ্রিত হইলে লোকেরা তাহার নিজ গৃহে তাহাকে কবর দিল, এবং তাহার পুত্র আমোন্ তাহার পদে ২১ অভিষিক্ত হইল। আমোন্ বাইশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে দুই বৎ-২২ সর রাজত্ব করিল। এবং সে আপন পিতা মিনশির ন্যায় পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল; তাহার পিতা মিনশি যে সকল খোদিত প্রতিমা করিয়াছিল, তাহাদের উদ্দেশে সে যজ্ঞ করিল ও তাহাদের সেবা ২৩ করিল। এবং তাহার পিতা মিনশি যেমন পরমেশ্বরের কাছে আপনাকে নম্র করিয়াছিল, সে তাহা করিল ২৪ না; কিন্তু আমোন্ উত্তর২ অধিক পাপ করিল। পরে তাহার দাসগণ তাহার প্রতিকূলে রাজদ্রোহ করিয়া ২৫ তাহার গৃহে তাহাকে বধ করিল। এবং যাহারা আমোন্ রাজের প্রতিকূলে রাজদ্রোহ করিল, দেশের লোকেরা তাহাদের সকলকে বধ করিয়া তাহার পুত্র যোশিয়কে তাহার পদে অভিষিক্ত করিল।

৩৪ অধ্যায়।

১ যোশিয়ের সুরাজত্ব করণ ৩ ও দেবপূজা দূর করণ ৮ ও মন্দির সারাইতে লোক নিযুক্ত করণ ১৪ ও ব্যবস্থাপুস্তক পাওন ও রাজার কাছে প্রেরণ করণ ২৩ ও হুল্দার ভবিষ্যদ্বাক্য ২৯ ও ব্যবস্থাপুস্তক পাঠ করণ ও ঈশ্বরের সহিত নিয়ম করণ।

১ যোশিয় আট বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে একত্রিশ বৎসর রাজত্ব করিল। ২ সে পরমেশ্বরের সাক্ষাতে সৎকর্ম্ম করিল, ও আপন পূর্ব্বপুরুষ দায়ূদের পথে চলিল; তাহার দক্ষিণে কি বামে ফিরিল না।

৩ তাহার অধিকারের অষ্টম বৎসরে সে যুবা হইলেও আপন পূর্ব্বপুরুষ দায়ূদের ঈশ্বরের অন্বেষণ করিতে আরম্ভ করিল, এবং দ্বাদশ বৎসরে উচ্চস্থান ও চৈত্যবৃক্ষ ও খোদিত প্রতিমা ও ছাঁচে ঢালা প্রতিমা দূর করিয়া যিহূদা ও যিরূশালমকে পরিষ্কার করিতে ৪ লাগিল। তাহার সাক্ষাতে লোকেরা বালের বেদি ভাঙ্গিয়া ফেলিল, ও তদুপরি স্থাপিত সূর্য্য প্রতিমা ছেদন করিল, এবং চৈত্যবৃক্ষ ও খোদিত প্রতিমা ও ছাঁচে ঢালা প্রতিমা ভাঙ্গিয়া ধূলীবৎ করিল, এবং যাহারা তাহাদের উদ্দেশে যজ্ঞ করিয়াছিল, তাহাদের কবরের * ৫ উপরে ধূলা ছড়াইল। এবং যাজকদের যজ্ঞবেদির উপরে তাহাদের অস্থি দগ্ধ করিল, এবং যিহূদা ও ৬ যিরূশালম্ পরিষ্কার করিল। এবং মিনশির ও ইফ্রয়িমের ও শিমিয়োনের নগরে নপ্তালি পর্য্যন্ত সর্ব্বত্র ৭ গৃহে২ অন্বেষণ করিল। এবং সে বেদি ও চৈত্যবৃক্ষ ভগ্ন করিল, ও খোদিত প্রতিমা চূর্ণ করিল, এবং ইস্রায়েলের সর্ব্বত্র সকল প্রতিমাদিগকে কাটিয়া ফেলিয়া যিরূশালমে প্রত্যাগমন করিল।

৮ আর তাহার অধিকারের অষ্টাদশ বৎসরে দেশ ও বাটী পরিষ্কৃত করিয়া পরমেশ্বরের মন্দির সারাইবার জন্যে অৎসলিয়ের পুত্র শাফন্কে ও নগরের অধ্যক্ষ মাসেয়কে ও যোয়াহসের পুত্র যোয়াহ ৯ ইতিহাসকর্ত্তাকে পাঠাইল। তাহাতে তাহারা হিল্কির মহাযাজকের নিকটে উপনীত হইয়া যে২ রূপ্য পরমেশ্বরের মন্দিরে আনীত ছিল, ও দ্বারপাল লেবিরা মিনশির ও ইফ্রয়িমের ও অবশিষ্ট ইস্রায়েলের ও সমস্ত যিহূদার ও বিনয়ামীনের হস্তহইতে যাহা সংগ্রহ করিয়াছিল, সেই সকল মুদ্রা তাহার কাছে সমর্পণ করিল; পরে তাহারা যিরূশালমে প্রত্যাগমন করিল। ১০ আর যে কর্ম্মাধ্যক্ষেরা পরমেশ্বরের মন্দিরের পরিদর্শক পদ পাইল, তাহাদের হস্তে তাহা দিল, এবং ধর্ম্মাধ্যক্ষেরা মন্দির সারিতে ও ভাল করিতে পরমেশ্বরের মন্দিরে কর্ম্মকারিদিগকে তাহা দিল। অর্থাৎ ১১ যিহূদার রাজগণ যে২ গৃহ বিনষ্ট করিয়াছিল, তাহার জন্যে খোদিত প্রস্তর ও বরোগা কাষ্ঠ ও আড়াকাষ্ঠ ক্রয় করিতে তাহারা সূত্রধরদিগকে ও ১২ গাঁথকদিগকে তাহা দিল। এবং সেই লোকেরা বিশ্বস্ত রূপে ঐ কর্ম্ম করিল, এবং তাহা শীঘ্র করণার্থে মিরারি বংশের মধ্যে লেবীয় যহৎ ও ওবদিয়, ও কিহাতীয় বংশের মধ্যে সিখরিয় ও মিশুল্লম্ ও অন্য লেবীয়েরা অর্থাৎ বাদ্য বাজাইতে নিপুণ যে সকল ১৩ লোক, তাহারা তাহাদের অধ্যক্ষ ছিল। এবং তাহারা ভারবাহকদের ও সর্ব্বপ্রকার কর্ম্মকারিদের অধ্যক্ষ ছিল, এবং লেবীয়দের মধ্যে লেখক ও ধর্ম্মাধ্যক্ষ ও দ্বারপাল ছিল।

---

[১৭] দ্বি ১২ ; ১৩,১৪ ॥—[২০] ২ রা ২১ ; ১৮ ॥—[২১-২৫] ২ রা ২১ ; ১৯-২৬ ॥—[২২] প ৩-৯ ॥
[৩৪ অধ্য ; ১,২] ২ রা ২২ ; ১,২ ॥—[৩-৭] দ্বি ১২ ; ২,৩ । ১ রা ১৩ ; ২ । ২ রা ২৩ ; ৪-২০ ॥—[৩,৪] ২ বং ৩৩ ; ৩,২২ ॥
[৪] দ্বি ৯ ; ২১ ॥—[৫] ১ রা ১৩ ; ২ ॥—[৮-১৩] ২ রা ২২ ; ৩-৭ ॥—[৯-১০] ২ বং ২৪ ; ৪-১৪ ॥

* (ইব্রী) কবরের মুখের।

১৪ পরে তাহারা পরমেশ্বরের মন্দিরে আনীত সকল মুদ্রা বাহিরে লইলে হিল্কিয় যাজক মূসালিখিত* ১৫ পরমেশ্বরের ব্যবস্থা পুস্তক পাইল। পরে হিল্কিয় উত্তর করিয়া শাফন্ লেখককে কহিল, আমি পরমেশ্বরের মন্দিরে এক ব্যবস্থা পুস্তক পাইলাম; পরে ১৬ হিল্কিয় শাফন্‌কে ঐ পুস্তক দিল। এবং শাফন্ ঐ পুস্তক রাজার কাছে লইয়া গিয়া পুনর্ব্বার রাজার সাক্ষাতে এই নিবেদন করিল, দাসদের প্রতি তোমার ১৭ আদিষ্ট সমস্ত কর্ম্ম করা যাইতেছে। তাহারা পরমেশ্বরের মন্দিরে প্রাপ্ত সকল মুদ্রা একত্র করিয়া কর্ম্মাধ্য-১৮ ক্ষদের ও কর্ম্মকারিদের হস্তে তাহা দিতেছে। পরে শাফন্ লেখক রাজাকে এই কথা জ্ঞাত করিল, হিল্কিয় যাজক আমাকে এই পুস্তক দিল; পরে শাফন্ রাজার ১৯ সাক্ষাতে তাহা পাঠ করিল। তখন রাজা সেই ব্যবস্থা-২০ পুস্তকের কথা শুনিয়া আপন বস্ত্র চিরিল। এবং রাজা হিল্কিয়কে ও শাফনের পুত্র অহীকাম্‌কে ও মীখায়ের পুত্র অক্‌বোর্‌কে † ও শাফন্ লেখককে ও অসায় নামে ২১ রাজার এক দাসকে এই আজ্ঞা করিল, তোমরা যাইয়া আমার ও ইস্রায়েলের ও যিহূদার অবশিষ্ট লোকদের নিমিত্তে ঐ লব্ধ পুস্তকের কথার বিষয়ে পরমেশ্বরকে জিজ্ঞাসা কর, কেননা আমাদের পূর্ব্বপুরুষেরা পরমেশ্বরের বাক্য পালন করে নাই এবং আমাদের প্রতি ঐ পুস্তকে লিখিত কথানুসারে কর্ম্ম করে নাই; এই জন্যে আমাদের বিরুদ্ধে পরমেশ্বরের অতিশয় ক্রোধ প্রজ্ব-২২ লিত ‡ হইয়াছে। পরে হিল্কিয় ও রাজার নিযুক্ত সকল লোক হর্হসের পৌত্র তিক্‌বের পুত্র শল্লুম্ বস্ত্ররক্ষকের ভার্য্যা হুল্দা ভবিষ্যদ্বক্ত্রীর নিকটে গেল; (সে যিরূশালমের বিদ্যালয়ে ‖ বাস করিত,) পরে তাহারা ঐ বিষয়ের কথা তাহাকে কহিল।

২৩ তাহাতে সে তাহাদিগকে কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, যে মানুষ তোমাদিগকে ২৪ আমার কাছে পাঠাইল, তাহাকে এই কথা কহ। পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি এই স্থানের ও তন্নিবাসিদের উপরে অমঙ্গল অর্থাৎ যিহূদার রাজার সাক্ষাতে পাঠিত পুস্তকে লিখিত সকল শাপের ২৫ কথা ঘটাইব। কেননা তাহারা আমাকে ত্যাগ করিয়া স্ব২ হস্তের ক্রিয়াদ্বারা আমাকে ক্রুদ্ধ করিবার জন্যে অন্য দেবগণের উদ্দেশে ধূপ জ্বালাইল, এই জন্যে এই স্থানের বিরুদ্ধে আমার ক্রোধ প্রজ্বলিত হইবে, তাহা ২৬ নির্ব্বাণ হইবে না। পরমেশ্বরকে জিজ্ঞাসা করিতে তোমাদিগকে পাঠাইল যে যিহূদার রাজা, তাহাকে এই কথা কহ, তুমি যে বাক্য শুনিয়াছ, তাহার বিষয়ে ইস্রায়েলের প্রভু পরমেশ্বর ইহা কহেন, এই স্থানের ২৭ ও তন্নিবাসিদের বিরুদ্ধে যে কথা কহিয়াছি, তাহা যখন তুমি শুনিলা, তখন তোমার অন্তঃকরণ কোমল হইল ও তুমি ঈশ্বরের সাক্ষাতে নম্র হইলা, ও আমার সাক্ষাতে নম্র হইয়া আপন বস্ত্র চিরিয়া আমার সম্মুখে ক্রন্দন করিলা, এই জন্যে পরমেশ্বর কহেন, আমিও তোমার কথা শুনিলাম। দেখ, আমি তোমার পিতৃ-২৮ লোকদের সহিত তোমাকে সংগৃহীত করিব; তুমি শান্তিতে আপন কবরে সংগৃহীত হইবা, এবং আমি এই স্থানের ও তন্নিবাসিদের উপরে যে সকল অমঙ্গল ঘটাইব, তাহা তোমার চক্ষুর্গোচর হইবে না। পরে তাহারা পুনর্ব্বার রাজাকে এই কথার সমাচার দিল।

২৯ পরে রাজা লোক পাঠাইয়া যিহূদার ও যিরূশালমের তাবৎ প্রাচীন লোকদিগকে একত্র করিল। ৩০ এবং রাজা ও যিহূদার তাবৎ লোক ও যিরূশালম্ নিবাসিরা ও যাজকেরা ও লেবীয়েরা ও মহান্ ও ক্ষুদ্র সকল লোক পরমেশ্বরের মন্দিরে গেল, এবং সে তাহাদের কর্ণগোচরে পরমেশ্বরের মন্দিরে প্রাপ্ত নিয়মপুস্তকের সকল কথা পাঠ করাইল। ৩১ অপর রাজা আপনার স্থানে দাঁড়াইয়া পরমেশ্বরের কথানুসারে চলিতে এবং সকল মন ও অন্তঃকরণের সহিত তাঁহার আজ্ঞা ও সাক্ষ্য ও বিধি পালন করিতে ও সেই পুস্তকে লিখিত নিয়ম কথানুসারে ক্রিয়া করিতে পরমেশ্বরের সাক্ষাতে নিয়ম করিল। ৩২ এবং যিরূশালমে ও বিন্যামীনে যত লোক বিদ্যমান ছিল, তাহাদিগকে সে নিয়মের নিশ্চয় করিতে প্রবৃত্ত করিল; এবং যিরূশালম্ নিবাসিরা ঈশ্বরের অর্থাৎ আপনাদের পূর্ব্বপুরুষদের ঈশ্বরের নিয়মানুসারে করিতে লাগিল। ৩৩ এবং ইস্রায়েল্ বংশের অধিকারের মধ্যে যত দেশ, সে সকল দেশহইতে যোশিয় সকল ঘৃণার্হ বস্তু দূর করিল, এবং ইস্রায়েলের মধ্যে উপস্থিত লোকদিগকে সেবা অর্থাৎ তাহাদের প্রভু পরমেশ্বরের সেবা করাইল, এবং তাহারা তাহার যাবজ্জীবন আপনাদের পূর্ব্বপুরুষদের প্রভু পরমেশ্বরের পশ্চাদ্গমন ত্যাগ করিল না।

৩৫ অধ্যায়।

১ নিস্তারপর্ব্ব পালন করণ ২০ ও যুদ্ধে যোশিয়ের হত হওন ও কবর দেওন ২৫ ও তাহার জন্যে লোকদের শোক ও বিলাপ করণ।

১ পরে যোশিয় যিরূশালমে পরমেশ্বরের উদ্দেশে নিস্তারপর্ব্ব করিল, ও লোকেরা প্রথম মাসের চতুর্দ্দশ দিনে নিস্তারপর্ব্বের বলিদান করিল। ২ এবং সে যাজকদিগকে

[১৪-২২] ২ রা ২২; ৮-১৯॥—[১৪] দ্বি ৩১; ২৪-২৬॥—[২১] দ্বি ২৮; ১৫-৬৮। ৩২; ২২॥—[২৩-২৮] ২ রা ২২; ১৫-২০॥—[২৪, ২৫] দ্বি ২৮; ১৫-৬৮। ২৯; ২২-২৮। ৩২; ২১, ২২॥—[২৭, ২৮] ২ বং ৩২; ২৬॥—[২৯-৩০] ২ রা ২৩; ১-৩॥—[৩০] প ১৪॥—[৩১-৩৩] ২ বং ২৩; ১৩, ১৬॥

[৩৫ অধ্য; ১-১৮] ২ রা ২৩; ২১-২৩। ২ বং ৩০; ২, ২১-২৬। লে ২৩; ৫॥—[২] ২ বং ৩০; ১৫, ১৬॥

* (ইব্রী) মূসার হস্তে। † (বা) অব্দোন্‌কে। ‡ (ইব্রী) চালিত। ‖ (বা) দ্বিতীয় ভাগে।

তাহাদের পদে নিযুক্ত করিল, এবং পরমেশ্বরের মন্দি- ৩ রের সেবা করিতে তাহাদিগকে আশ্বাস দিল। এবং সে সমস্ত ইস্রায়েলের শিক্ষক ঈশ্বরের পবিত্র লেবীয়-দিগকে কহিল, ইস্রায়েলের দায়ূদ্ রাজের পুত্র সুলে-মান্ যে মন্দির নির্ম্মাণ করিল, তাহার মধ্যে তোমরা পবিত্র সিন্দুক রাখ; তাহার ভার তোমাদের স্কন্ধে হইবে না; এখন তোমরা আপন প্রভু পরমেশ্বরের ৪ ও তাঁহার ইস্রায়েল্ লোকের সেবা কর। এবং আপন২ পিতৃবংশানুসারে ও ইস্রায়েলের দায়ূদ্ রাজের ও তাহার পুত্র সুলেমানের লিপিনিরূ- ৫ পিত পালানুসারে আপনাদিগকে প্রস্তুত কর। এবং তোমাদের ভ্রাতৃলোকদের পিতৃবংশের অংশানু-সারে ও লেবীয় বংশের অংশানুসারে পবিত্র স্থানে ৬ উপস্থিত হও। এই প্রকারে তোমরা মূসার দত্ত পরমেশ্বরের আজ্ঞা পালনার্থে নিস্তারপর্ব্বের বলি-দান কর ও আপনাদিগকে পবিত্র কর, ও আপন ৭ ভ্রাতাদের জন্যে প্রস্তুত কর। অপর যোশিয় পালহইতে মেষশাবক ও ছাগবৎস লোকদিগকে দিল; সে স্থানে যে২ লোক ছিল, সকলের জন্যে নিস্তারপর্ব্বে বলিদান করিতে ত্রিশ সহস্র মেষ ও ছাগ ও তিন সহস্র বলদ ৮ দিল; এ সকলি রাজার সম্পদহইতে দত্ত হইল। এবং তাহার অধ্যক্ষেরা স্বেচ্ছাপূর্ব্বক লোকদিগকে ও যাজক-দিগকে ও লেবীয়দিগকে দান করিল, এবং হিল্কিয় ও সিখরিয় ও যিহীয়েল্ পরমেশ্বরের মন্দিরের এই অধ্যক্ষেরা নিস্তারপর্ব্বের বলিদানার্থে যাজকদিগকে ৯ দুই সহস্র ছয় শত মেষাদি ও তিন শত বলদ দিল। এবং লেবীয়দের অধ্যক্ষ কাননিয় ও শিময়িয় ও নিথনেল্ নামক তাহার ভ্রাতৃগণ ও হশবিয় ও যিয়ূয়েল্ ও যোষা-বদ্ নিস্তারপর্ব্বের বলিদানার্থে লেবীয়দিগকে পাঁচ সহস্র ১০ মেষাদি ও পাঁচ শত বলদ দিল। এই রূপে রাজার আজ্ঞানুসারে সকল প্রস্তুত হইলে যাজকেরা আপন২ স্থানে ও লেবীয়েরা আপন২ নিরূপিত পদে দাঁড়াইল। ১১ এবং তাহারা নিস্তারপর্ব্বের বলিদান করিল; তাহাতে যাজকগণ আপন২ হস্তে রক্ত প্রোক্ষণ করিল, ও লেবী- ১২ য়েরা পশুদের চর্ম্ম উত্তোলন করিল। আর লোকদের পিতৃবংশের অংশানুসারে পরমেশ্বরের উদ্দেশে যেন মূসার পুস্তকের লিখনানুসারে উৎসর্গ করিতে দেয়, এই জন্যে তাহারা স্থানান্তরে হোম করিল; তদ্রূপ বলদও ১৩ হোম করিল। পরে তাহারা বিধিমতে নিস্তারপর্ব্বের বলি অগ্নিতে ঈষদ্ দগ্ধ করিল; কিন্তু অন্যান্য অংশ হাঁড়িতে ও বহুগুণাতে ও কটাহে পাক করিল, ও সকল লোককে শীঘ্র পরিবেশন করিল *। পরে তাহারা আপ- ১৪ নাদের ও যাজকদের জন্যে প্রস্তুত করিল, কেননা হারোণের সন্তান যাজকেরা রাত্রি পর্য্যন্ত হোম ও মেদ দগ্ধ করিতে প্রবৃত্ত ছিল; অতএব লেবীয়েরা আপনা-দের ও হারোণ্ বংশের যাজকদের জন্যে প্রস্তুত করিল। এবং দায়ূদের ও আসফের ও হেমনের ও ১৫ রাজার প্রদর্শক যিদূথূনের আজ্ঞানুসারে আসফ্ বং-শের গায়কেরা আপনাদের স্থানে ছিল, ও দ্বার-পালেরা প্রতি দ্বারে ছিল; তাহারা আপনাদের কার্য্য ত্যাগ করিল না, যেহেতুক তাহাদের ভ্রাতা লেবীয়েরা তাহাদের জন্যে প্রস্তুত করিল। এই রূপে যোশিয় ১৬ রাজের আজ্ঞানুসারে নিস্তারপর্ব্ব পালনার্থে ও পরমে-শ্বরের বেদির উপরে হোম করণার্থে ঐ দিনে পরমে-শ্বরের সেবার্থে সকল প্রস্তুত করিল। ঐ সময়ে উপস্থিত ১৭ ইস্রায়েল্ বংশ নিস্তারপর্ব্ব পালন করিল, এবং সাত দিন পর্য্যন্ত তাড়ীশূন্য রুটির পর্ব্ব পালন করিল। শিমূ- ১৮ য়েল্ ভবিষ্যদ্বক্তার সময়াবধি ইস্রায়েলে এই রূপ নিস্তারপর্ব্ব কখনো পালিত হয় নাই, এবং যোশিয় ও যাজকেরা ও লেবীয়েরা ও সমস্ত যিহূদা ও ইস্রায়েলের উপস্থিত লোকেরা ও যিরূশালম নিবাসিরা যেমন এই নিস্তারপর্ব্ব পালন করিল, তাহার ন্যায় ইস্রায়ে-লের কোন রাজা এই পর্ব্ব পালন করে নাই। যোশিয় ১৯ রাজের অধিকারের অষ্টাদশ বৎসরে এই নিস্তার-পর্ব্ব পালিত হইল।

এই সকলের পরে যোশিয় মন্দির প্রস্তুত করিলে ২০ মিসরের নিখো রাজা ফরাৎ নদীর নিকটস্থ কর্কিমীশের বিরুদ্ধে যুদ্ধ করণার্থে আইল, তাহাতে যোশিয় তাহার বিরুদ্ধে গমন করিল। কিন্তু সে দূতদ্বারা এই কথা কহিয়া ২১ পাঠাইল, হে যিহূদার রাজন্, তোমার সঙ্গে আমার বিষয় কি? আমি অদ্য তোমার বিরুদ্ধে আসি নাই, কিন্তু যে বংশের সহিত আমার যুদ্ধ আছে, তাহা-দের বিরুদ্ধে আইলাম; ঈশ্বর আমাকে শীঘ্র কর্ম্ম করিতে † আজ্ঞা দিলেন, অতএব আমার সহবর্ত্তি ঈশ্বর যেন তোমাকে বিনষ্ট না করেন, এই জন্যে তুমি তাহা-হইতে ক্ষান্ত হও। তথাপি যোশিয় তাহাহইতে বিমুখ ২২ হইতে সম্মত না হইয়া ঈশ্বরের মুখনির্গত নিখোর বাক্যে মনোযোগ না করিয়া তাহার সহিত যুদ্ধ করিতে অন্য বেশ ধারণ করিয়া মগিদ্দোর তলভূমিতে যুদ্ধ করিতে আইল। তাহাতে ধনুর্দ্ধরেরা যোশিয় রাজের ২৩ গাত্রে বাণাঘাত করিলে রাজা আপন দাসদিগকে কহিল, আমি অতি ক্ষতবিক্ষত হইলাম, আমাকে

---

[৩] ২ বং ৩৪; ১৪। ১ বং ২৫; ২৫-৩২॥—[৪] ১ বং ২৩; ৬। ২ বং ৮; ১৪-১৬॥—[৫, ৬] ৩০; ১৫-১৭। যা ১২; ৩-২০॥—[৭-৯] ১ বং ১৬; ৩। ২ বং ৩০; ২৪॥—[১০] প ৫॥—[১১] ২ বং ২৯; ২২॥—[১২] লে ১; ৪॥—[১৩] যা ১২; ৮,৯। লে ৭; ১৫-১৭॥—[১৪] লে ১; ৮,৯। ৩; ৩-৫॥—[১৫] ১ বং ২৫। ২৬॥—[১৭-১৯] ২ রা ২৩; ২১-২৩॥ [১৭] লে ২৩; ৫-৮॥—[১৮] ২ বং ৩০; ২,১০, ১৭॥—[২০-২৪] ২ রা ২৩; ২৯,৩০। যির ৪৬; ২॥—[২২] ২ বং ১৮; ২৯॥—[২৩] ১৮; ৩৩॥

* (ইব্রী) দৌড়াইল। † (বা) কৃতকার্য্য হইতে।

২৪ লইয়া যাও। তাহাতে তাহার দাসগণ সে রথহইতে তাহাকে বাহির করিয়া দ্বিতীয় রথে আরোহণ করাইয়া যিরূশালমে আনিলে সে মরিল; এবং সে আপন পিতৃলোকদের এক কবরে স্থাপিত হইল; পরে সমস্ত যিহূদা ও ইস্রায়েল্ লোকেরা যোশিয়ের নিমিত্তে অনেক শোক করিল।

২৫ আর যিরিমিয় যোশিয়ের জন্যে বিলাপ করিল, এবং অদ্যাবধি সকল গায়ক ও গায়িকা ইস্রায়েলের রীতি অনুসারে আপন২ বিলাপগানে যোশিয়ের বিষয়ে গান করে,এবং বিলাপপুস্তকে তাহার ঐ বিলাপ কথা লিখিত আছে। ২৬ এই যোশিয়ের অবশিষ্ট ক্রিয়া ও পরমেশ্বরের শাস্ত্রে লিখিত বাক্যানুসারে তাহার সুব্যবহার, ও তাহার আদ্যন্ত সকল বিবরণ ইস্রায়েলের ও যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত আছে।

৩৬ অধ্যায়।

১ যিহোয়াহসের রাজত্ব করণ ও পদচ্যুত হওন ৫ ও কুরাজত্ব প্রযুক্ত যিহোয়াকীম্কে বাবিলে লইয়া যাওন ৯ ও কুরাজত্ব প্রযুক্ত যিহোয়াখীন্কে বাবিলে লইয়া যাওন ১১ ও সিদিকিয়ের রাজা হওন ও পাপ করণ ১৪ ও পাপ প্রযুক্ত যিরূশালমের দণ্ড ও বিনাশ ২২ ও খস্রের ঘোষণা।

১ পরে দেশীয় লোকেরা যোশিয়ের পুত্র যিহোয়াহস্কে লইয়া তাহার পিতার পদে যিরূশালমে তাহাকে অভিষিক্ত করিল। ২ যিহোয়াহস্ রাজ তেইশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে তিন মাস রাজত্ব ৩ করিল। পরে মিসরের রাজা যিরূশালমে তাহাকে পদচ্যুত করিয়া এক শত কিক্কর রূপা ও এক কিক্কর স্বর্ণ দণ্ড দিতে দেশীয় লোকদিগকে আজ্ঞা করিল। ৪ পরে মিসরের রাজা তাহার ভ্রাতা ইলিয়াকীম্কে যিহূদা ও যিরূশালমের উপরে রাজা করিল, ও তাহার নাম যিহোয়াকীম রাখিল, এবং নিখো তাহার ভ্রাতা যিহোয়াহস্কে মিসরে লইয়া গেল।

৫ যিহোয়াকীম্ পঁচিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে এগার বৎসর পর্য্যন্ত রাজত্ব করিল; সে আপন প্রভু পরমেশ্বরের সাক্ষাতে ৬ পাপ করিল। তাহাতে বাবিলের নিবূখদ্নিৎসর্ রাজা তাহার বিরুদ্ধে আসিয়া তাহাকে পিত্তল শৃঙ্খলে বদ্ধ ৭ করিয়া বাবিলে লইয়া গেল। এবং নিবূখদ্নিৎসর পরমেশ্বরের মন্দিরের পাত্রও বাবিলে লইয়া গিয়া ৮ বাবিলস্থ আপন মন্দিরে রাখিল। এই যিহোয়াকীমের অবশিষ্ট ক্রিয়া ও তাহার কৃত ঘৃণার্হ কর্ম্ম ও তাহার সমস্ত দোষ * ইস্রায়েলের ও যিহূদার রাজাদের ইতিহাসপুস্তকে লিখিত আছে; পরে তাহার পুত্র যিহোয়াখীন্ তাহার পদে অভিষিক্ত হইল।

৯ যিহোয়াখীন্ আঠার † বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া তিন মাস দশ দিন যিরূশালমে রাজত্ব করিল, এবং পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল। ১০ অন্য বৎসর আগত হইলে নিবূখদ্নিৎসর রাজা লোক পাঠাইয়া তাহাকে ও পরমেশ্বরের মন্দিরের সকল বাঞ্ছনীয় পাত্রকে বাবিলে লইয়া গেল, এবং যিহূদা ও যিরূশালমের উপরে তাহার পিতৃব্য সিদিকিয়কে রাজা করিল।

১১ সিদিকিয় একুশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে এগার বৎসর রাজত্ব করিল। ১২ এবং সে আপন প্রভু পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল, ও পরমেশ্বরের দ্বারা বাক্যবাদি যিরিমিয় ভবিষ্যদ্বক্তার সম্মুখে আপনাকে নম্র করিল না। ১৩ এবং তাহাকে ঈশ্বরের নামে দিব্য করাইল যে নিবূখদ্নিৎসর রাজা, তাহার অধীনতা ত্যাগ করিল, এবং অবাধ্য হইয়া ‡ ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের প্রতি পরাঙ্মুখ হইয়া আপন মন কঠিন করিল।

১৪ আর প্রধান যাজকেরা ও লোকেরা অন্যদেশীয়দের ঘৃণার্হ ক্রিয়ানুসারে অনেক অপরাধ করিল, এবং যিরূশালমে পরমেশ্বর যে মন্দির পবিত্র করিয়াছিলেন, তাহা অশুচি করিল। ১৫ তথাপি তাহাদের পিতৃলোকদের প্রভু পরমেশ্বর আপন লোকদের ও আপন বাসস্থানের উপরে দয়া করিয়া সচেষ্ট হইয়া ‖ আপন দূতদিগকে § তাহাদের নিকটে প্রেরণ করিলেন। ১৬ কিন্তু তাহারা ঈশ্বরের দূতদিগকে পরিহাস করিল ও তাঁহার কথা তুচ্ছ করিল ও তাঁহার ভবিষ্যদ্বক্তাদিগকে বিদ্রূপ করিল, এই কারণ তাহাদের প্রতিকূলে ঈশ্বরের ক্রোধ উপস্থিত হইল ও তাহার প্রতিকার হইল না। ১৭ তাহাতে তিনি কস্দীয়দের রাজাকে তাহাদের বিরুদ্ধে আনিলে সে তাহাদের পবিত্র স্থানে তাহাদের যুবদিগকে খড়্গদ্বারা বধ করিল; যুবদের কিম্বা যুবতিদের, কিম্বা বৃদ্ধের কিম্বা বৃদ্ধতমের প্রতি দয়া করিল না, ঈশ্বর তাহার হস্তে সকলকে সমর্পণ করিলেন। ১৮ সে ঈশ্বরের মন্দিরের ছোট বড় সকল পাত্র ও পরমেশ্বরের মন্দিরের সকল ধন এবং রাজার ও অধ্যক্ষদের সকল ধন বাবিলে লইয়া গেল। ১৯ এবং ঈশ্বরের মন্দির দগ্ধ করিল, ও যিরূশালমের

[২৪,২৫] সিখ ১২; ১১ ॥

[৩৬ অধ্যা; ১-৪] ২ রা ২৩; ৩১-৩৪ ॥—[৫] ২ রা ২৩; ৩৬,৩৭ ॥—[৬] যির ৪৬; ২ ॥—[৬,৭] ২ রা ২৪; ১। দা ১; ১,২ ॥—[৮] ২ রা ২৪; ৫,৬। যির ২২; ১৮, ১৯। ৩৬; ৩০, ৩১ ॥—[৯, ১০] ২ রা ২৪; ৮-১৭ ॥—[১১-১৩] ২ রা ২৪; ১৮-২০। যির ৫২; ১-৩ ॥—[১৩] যিহি ১৭; ১১-২১ ॥—[১৪-১৬] যির ২৫; ৪-১১। ২৬; ২-৬। ২৯; ১৬-১৯। ৩৮; ৪-৬। যিহি ৮; ৫-১৮। ৯; ১-১০। ১২; ১-২০ ॥—[১৭-২০] যির ৩৯; ১-১০। ৫২; ৪-৩০। ২ রা ২৫; ৪-২১ ॥

* (ইব্রু) তাহাতে প্রাপ্ত সকল। † (ইব্রু) আট। ‡ (ইব্রু) আপন গ্রীবা দৃঢ় করিয়া। ‖ (ইব্রু) প্রত্যূষে উঠিয়া। § (ইব্রু) দূতদের হস্তের দ্বারা।

প্রাচীর ভগ্ন করিয়া অগ্নিদ্বারা সকল অট্টালিকা দগ্ধ করিয়া তাহার সমস্ত উত্তম২ পাত্র বিনষ্ট করিল। ২০ এবং খড়্গহইতে রক্ষিত লোকদিগকে বাবিলে লইয়া গেল; তাহাতে পারসের রাজ্য স্থাপন না হওন পর্য্যন্ত লোকেরা তাহার ও তাহার বংশের দাস ২১ হইয়া থাকিল। এবং যে পর্য্যন্ত দেশ আপন নিরূপিত বিশ্রাম ভোগ না করিল, তাবৎ যিরিমিয়ের বাক্য সফল করণার্থে তাহাদের দেশ সত্তর বৎসর পর্য্যন্ত পতিত হইয়া বিশ্রাম করিল।

২২ অপর যিরিমিয়ের উক্ত পরমেশ্বরের বাক্য সফল করণার্থে পারসের খস্রু রাজের অধিকারের প্রথম বৎসরে পরমেশ্বর পারসের খস্রু রাজের মনে প্রবৃত্তি দিলে সে আপন রাজ্যের সর্ব্বত্র এই কথা ঘোষণা করাইল ও লেখাইল, ২৩ পারসের খস্রু রাজ এই কথা কহে, স্বর্গীয় প্রভু পরমেশ্বর পৃথিবীর সকল রাজ্য আমাকে দিলেন, এবং যিহূদা দেশস্থ যিরূশালমে তাহার মন্দির পুনর্নির্ম্মাণ করাইতে আমাকে আজ্ঞা দিলেন; অতএব তাঁহার লোক তোমাদের মধ্যে কে আছে? তাহার প্রভু পরমেশ্বর তাহার সহবর্ত্তী হউন, ও সে সেখানে যাউক।

[২১] যির ২৫; ১১, ১২। ২৯; ১০। লে ২৬; ৩৪, ৩৫, ৪৩॥—[২২,২৩] ইষ্রা ১; ১-৩॥—[২২] যির ২৫; ১২। ২৯; ১০॥
[২৩] যিশ ৪৪; ২৮। ৪৫; ১৩॥

ইষ্রা যাজকের পুস্তক।

---

১ অধ্যায়।

১ খস্রু রাজের ঘোষণা ৫ ও যিরূশালমে ফিরিয়া যাইতে লোকদিগের প্রস্তুত হওন ৭ ও মন্দিরের পাত্র খস্রু রাজের ইস্রায়েল লোককে দেওন।

১ অপর যিরিমিয়ের উক্ত পরমেশ্বরের বাক্য সফল করণার্থে পারসের খস্রু রাজের অধিকারের প্রথম বৎসরে পরমেশ্বর পারসের খস্রু রাজের মনে প্রবৃত্তি দিলে সে আপন রাজ্যের সর্ব্বত্র এই কথা ঘোষণা করাইল ২ ও লেখাইল; পারসের খস্রু রাজ এই কথা কহে, স্বর্গীয় প্রভু পরমেশ্বর পৃথিবীর সকল রাজ্য আমাকে দিলেন, এবং যিহূদা দেশস্থ যিরূশালমে তাঁহার মন্দির পুনর্নির্ম্মাণ করাইতে আমাকে আজ্ঞা দিলেন। ৩ অতএব তাঁহার লোক তোমাদের মধ্যে কে আছে? তাহার প্রভু পরমেশ্বর তাহার সহবর্ত্তী হউন; সে যিহূদা দেশস্থ যিরূশালমে যাইয়া তথায় ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের মন্দির পুনর্নির্ম্মাণ করাউক, ৪ কেননা তিনিই সত্য ঈশ্বর। এবং যে কোন স্থানে কোন এক জন প্রবাস করে, সেই স্থাননিবাসি * লোকেরা যিরূশালমস্থ পরমেশ্বরের মন্দিরের জন্যে স্বেচ্ছক নৈবেদ্য ব্যতিরেক রূপা ও স্বর্ণ ও অন্যান্য দ্রব্য ও পশুদিগকে দিয়া তাহার উপকার করুক।

৫ তাহাতে যিরূশালমে পরমেশ্বরের মন্দির পুনর্নির্ম্মাণ করিতে যিহূদা বংশের ও বিন্যামীন্ বংশের প্রধান লোকেরা এবং যাজকেরা ও লেবীয়েরা ইত্যাদি যাহাদের ২ মনে ঈশ্বর প্রবৃত্তি দিলেন, সেই সকলে যাত্রা ৬ করিল। এবং চতুর্দ্দিকস্থ তাবৎ লোক স্বেচ্ছানৈবেদ্য ব্যতিরেক রূপ্যময় পাত্র ও স্বর্ণ ও অন্যান্য দ্রব্য ও পশু ও বহুমূল্য দ্রব্য তাহাদিগকে দিয়া উপকার করিল।

৭ আর নিবূখদ্‌নিৎসর্ পরমেশ্বরের মন্দিরের যে সকল পাত্র যিরূশালম্‌হইতে আনিয়া আপন দেবমন্দিরে রাখিয়াছিল, ৮ পারসের খস্রু রাজ তাহা কোষাধ্যক্ষ মিত্রিদাতের হস্তহইতে লইয়া শেশ্‌বসর্ † নামে যিহূদার শাসনকর্ত্তার কাছে তাহা গণনা করিয়া ৯ সমর্পণ করিল। সেই দ্রব্যের সংখ্যা। স্বর্ণময় ত্রিশ পাত্র, এবং রূপ্যময় এক সহস্র পাত্র,ও উনত্রিশ ছুরী; ১০ এবং ত্রিশ স্বর্ণময় পানপাত্র, ও চারি শত দশ রূপ্যময় মধ্যম পাত্র, এবং এক সহস্র অন্যান্য পাত্র; ১১ সর্ব্বশুদ্ধ পাঁচ সহস্র চারি শত স্বর্ণময় ও রূপ্যময় পাত্র ছিল; এই সকল বাবিল্‌হইতে উদ্ধৃত বন্দিদের সহিত শেশ্‌বসর্ লইয়া গেল।

২ অধ্যায়।

১ যিরূশালমে আগত বন্দি লোকদের সংখ্যা ৩৬ ও যাজকদের সংখ্যা ৪০ ও লেবীয়দের সংখ্যা ৪১ ও গায়কদের সংখ্যা ৪২ ও দ্বারপালদের সংখ্যা ৪৩ ও নিথীনী-

[১ অধ্যা; ১-৪] ২ বং ৩৬; ২২, ২৩। দা ৬; ২৫-২৮। ইষ্রা ৫; ১৩। ৬; ১-৫॥—[১] যির ২৫; ১১, ১২। ২৯; ১০॥
[২] যিশ ৪৪; ২৮। ৪৫; ১৩॥—[৭] ২ বং ৩৬; ৭, ১০, ১৮। ২ রা ২৪; ১৩। ২৫; ১৩-১৭॥—[৭,৮] ইষ্রা ৫, ১৪, ১৫॥

* (ইব্রা) অবশিষ্ট। † (বা) সিব্বাবিল।

য়দের সংখ্যা ৫৫ ও সুলেমানের দাসদের বংশের সংখ্যা ৬১ ও যাজকদের বংশের সংখ্যা ৬৪ ও সকলের সংখ্যা ও তাহাদের দ্রব্য ৬৮ ও ৬৯ কৃষ্ণ দ্রব্যের কথা।

১ যে বন্দি লোকেরা বাবিলের নিবূখদ্‌নিৎসর্ রাজ কর্ত্তৃক স্বদেশহইতে অপহৃত হইয়া বাবিলে নীত হইলে পর পুনর্ব্বার যিরূশালমে ও যিহূদাতে আপন ২ নগরে
২ ফিরিয়া গেল, এবং সিরুব্বাবিল্ ও যেশূয় ও নিহিমিয় ও সিরায় * ও রিয়েলায় † ও মর্দিখয় ও বিল্‌শন্ ও মিস্পর্ ও বিগ্‌বয় ও রিহূম্ ‡ ও বানা, ইহাদের সহিত ফিরিয়া গেল, ইস্রায়েল বংশীয় সেই লোকদের সংখ্যা।
৩ পরিয়োশ্ বংশের দুই সহস্র এক শত বাহাত্তর জন।
৪ শিফটিয় বংশের তিন শত বাহাত্তর জন। আরহ
৫ বংশের সাত শত পঁচাত্তর জন। এবং যেশূয় ও
৬ যোয়াব্ বংশীয় পহৎমোয়াব্ বংশের দুই সহস্র আট
৭ শত বারো জন। এবং এলম্ বংশের এক সহস্র
৮ দুই শত চোয়ান্ন জন। ও সত্তূ বংশের নয় শত পঁয়-
৯ তাল্লিশ জন। এবং সক্কেয় বংশের সাত শত ষাইট
১০ জন। এবং বানি ‖ বংশের ছয় শত বেয়াল্লিশ জন।
১১ ও বেবয় বংশের ছয় শত তেইশ জন। এবং অস্‌গদ্
১২ বংশের এক সহস্র দুই শত বাইশ জন। এবং অদোনী-
১৩ কাম্ বংশের ছয় শত ছেষট্টি জন। ও বিগ্‌বয় বংশের
১৪ দুই সহস্র ছাপ্পান্ন জন। ও আদীন্ বংশের চারি
১৫ শত চোয়ান্ন জন। ও হিষ্কিয় বংশীয় আটের্ বংশের
১৬ আটানব্বই জন। ও বেৎসয় বংশের তিন শত তেইশ
১৭ জন। ও যোর § বংশের এক শত বারো জন। ও হশুম্
১৮ বংশের দুই শত তেইশ জন। ও গিব্বর্ ¶ বংশের পঁচা-
২০ নব্বই জন। ও বৈৎলেহম্ বংশের এক শত তেইশ জন।
২১ ও নিটোফার লোক ছাপ্পান্ন জন। ও অনাথোতের
২২ লোক এক শত আটাইশ জন। ও অস্‌মাবৎ বংশের **
২৪ বেয়াল্লিশ জন। এবং কিরিয়ৎ-যিয়ারীম্ ও কিফীরা
২৫ ও বেরোৎ বংশের সাত শত তেতাল্লিশ জন। এবং
২৬ রামৎ ও গেবা বংশের ছয় শত একুশ জন। ও
২৭ মিক্‌মসের লোক এক শত বাইশ জন। এবং বৈথেলের
২৮ ও অয়ের লোক দুই শত তেইশ জন। ও নিবো বংশের
২৯ বামান্ন জন। এবং মগ্‌বীশ্ বংশের একশত ছাপ্-
৩০ পান্ন জন। ও অন্য এলম্ বংশের এক সহস্র দুই
৩১ শত চোয়ান্ন জন। এ হারীম্ বংশের তিন শত বিংশতি
৩২ জন। এবং লোদ্ ও হাদীদ্ †† ও ওনো বংশের সাত
৩৩ শত পঁচিশ জন। ও যিরীহো বংশের তিন শত পঁয়-
৩৪ তাল্লিশ জন। ও সিনায়া বংশের তিন সহস্র ছয় শত
৩৫ ত্রিশ জন ছিল।

৩৬ যাজকদের সংখ্যা; যেশূয় বংশজ যিদয়িয় বংশের
৩৭ নয় শত তেহাত্তর জন। ও ইম্মের্ বংশের এক সহস্র
৩৮ বামান্ন জন। ও পশ্‌হূর্ বংশের এক সহস্র দুই শত
সাতচল্লিশ জন। ও হারীম্ বংশের এক সহস্র সতের ৩৯ জন ছিল।

লেবীয়দের সংখ্যা; হোদবিয় ‡‡ বংশীয় যেশূয় ৪০ ও কদ্‌মীয়েল্ বংশের চোহাত্তর জন ছিল।

গায়কদের সংখ্যা; আসফ্ বংশের এক শত ৪১ আটাইশ জন ছিল।

দ্বারপালদের সংখ্যা; শল্লূম্ ও আটের্ ও টল্- ৪২ মোন্ ও অক্কূব্ ও হটীটা ও শোবয়, এই সকল বংশের এক শত ঊনচল্লিশ জন ছিল।

নিথীনীয় লোকদের সংখ্যা; সীহ ও হসূফা ও ৪৩ টব্বায়োৎ, ও কেরোস্ ও সীয় ও পাদোন্, ও লিবানা ৪৪ ও হগাবঃ, ও অক্কূব্ ও হাগব্ ও শল্‌ময় ও হানন্, ও ৪৭ গিদ্দেল্ ও গহর্ ও রায়া, ও রিৎসীন্ ও নিকোদঃ ও গসম, ৪৮ ও উষঃ ও পাসেহ ও বেষয়, ও অস্না ও মিয়ূনীম্ ও ৪৯ নিফূষীম্, ও বক্‌বূক্ ও হকূফা ও হর্হূর, ও বস্‌লূৎ ৫১ ও মিহীদা ও হর্শা, ও বর্কোস্ ও সীষিরা ও তেমহ, ও ৫৩ নিৎসীহ ও হটীফা, এই সকলের সন্তানগণ ছিল।

সুলেমানের দাসদের সন্তানদের সংখ্যা; সোটয় ৫৫ ও সোফের ও পিরূদা, ও যালা ও দর্কোণ ও গিদ্দেল্, ৫৬ ও শিফটিয় ও হটীল ও পোখেরৎ-হৎসীবায়ীম ও ৫৭ আমী §§, এই সকলের সন্তানগণ ছিল। সকল নিথী- ৫৮ নীয়েরা ও সুলেমানের এই সকল দাসদের বংশের তিন শত বিরানব্বই জন ছিল। এবং তেল্‌মেলহ ও তেল্‌হর্শা ৫৯ ও কিরূব্ ও অদ্দন্ ও ইম্মের, এই সকল স্থানহইতে আগত এই সকল লোক ইস্রায়েলের বংশ কি না, এ বিষয়ে আপন ২ পিতৃবংশ ও গোত্র প্রমাণ দিতে পারিল না; দিলায় ও টোবিয় ও নিকোদঃ বংশের ৬০ ছয় শত বামান্ন জন। এবং যাজক বংশের মধ্যে ৬১ হবায়ের ও কোসের ও বর্সিল্লয়ের সন্তানগণ; এই বর্সিল্লয় গিলিয়দীয় বর্সিল্লয়ের এক কন্যাকে বিবাহ করিয়া তাহার নামে বিখ্যাত হইয়াছিল। বংশা- ৬২ বলিতে গণিত লোকদের মধ্যে ইহারা আপনাদের বংশপত্র অন্বেষণ করিয়া পাইল না, এই জন্যে তাহারা অশুচি হইয়া যাজকপদ ভ্রষ্ট হইল। এবং ৬৩ শাসনকর্ত্তা তাহাদিগকে কহিল, যে পর্য্যন্ত ঊরীম্ ও তুম্মীম ব্যবসায়ী এক যাজক না উঠিবে, তাবৎ পবিত্র বস্তু ভোজন তোমাদের উপযুক্ত হইবে না।

আর একত্রীকৃত সকল মণ্ডলী বেয়াল্লিশ সহস্র তিন ৬৪ শত ষাইট জন ছিল। তদ্ভিন্ন তাহাদের দাস ও দাসী ৬৫ সাত সহস্র তিন শত সাঁইত্রিশ জন ছিল, এবং তাহাদের মধ্যে দুই শত জন গায়ক ও গায়িকা ছিল। এবং তাহা- ৬৬ দের অশ্ব সাত শত ছত্রিশ ছিল, এবং অশ্বতর দুই শত পঁয়তাল্লিশ ছিল। এবং উষ্ট্র চারি শত পঁয়ত্রিশ, ৬৭ ও গর্দ্দভ ছয় সহস্র সাত শত বিংশতি ছিল।

[২ অধ্য; ১-৬৭] নি ৭; ৬-৬৯॥—[১] ২ বং ৩৬; ২০। ২ রা ২৪; ১৪-১৬। ২৫; ১১॥—[৩১] প ৭॥

* (বা) অসরিয়। † (বা) রয়মা। ‡ (বা) নিহূম্। ‖ (বা) বিন্নূয়ী। § (বা) হারীফ। ¶ (বা) গিবিয়োন্। ** (বা) বৈৎ-অসমাবৎ। †† (বা) হারীদ্। ‡‡ (বা) যিহূদা। §§ (বা) আমোন্।

৬৮ পরে পিতৃপ্রধান কতক লোক যিরূশালমস্থ পরমেশ্বরের মন্দিরস্থানে আইলে সেই মন্দির স্বস্থানে স্থাপিত ৬৯ করিতে স্বেচ্ছাপূর্ব্বক দান দিল। এই রূপে তাহারা আপন২ শক্ত্যনুসারে ঐ কর্ম্মের ভাণ্ডারে এক ষষ্টি সহস্র অদর্কোন স্বর্ণ, ও পাঁচ সহস্র অর্দ্ধশের রূপা ৭০ ও যাজকের জন্যে এক শত বস্ত্র দিল। পরে যাজকেরা ও লেবীয়েরা ও অন্যান্য লোকেরা এবং গায়কেরা ও দ্বারপালেরা ও নিথীনীয়েরা আপন২ নগরে ও তাবৎ ইস্রায়েল্ লোক আপন২ নগরে বাস করিতে লাগিল।

৩ অধ্যায়।

১ ঈশ্বরের বেদির পুনর্নির্ম্মাণ করণ ৭ ও আনন্দেতে ও ক্রন্দনে পরমেশ্বরের মন্দিরের ভিত্তিমূল স্থাপন করণ।

১ পরে সপ্তম মাস উপস্থিত হইলে ইস্রায়েলের সমস্ত নগরনিবাসি লোকেরা যিরূশালমে এক জনের ন্যায় ২ একত্র হইল, এবং যিহোষাদকের পুত্র যেশূয়* ও তাহার যাজক ভ্রাতৃগণ ও শল্তীয়েলের পুত্র সিরুব্বাবিল্ ও তাহার ভ্রাতৃগণ উঠিয়া ঈশ্বরের লোক মূসার ব্যবস্থানুসারে হোমবলি উৎসর্গ করণার্থে ইস্রা-৩ য়েলের ঈশ্বরের হোমবেদি পুনর্নির্ম্মাণ করিল। তাহারা দেশের লোকহইতে ভীত হইয়া সেই বেদি স্বস্থানে স্থাপন করিল, এবং পরমেশ্বরের উদ্দেশে তাহার উপরে হোম করিল, অর্থাৎ প্রাতঃকালে ও ৪ সন্ধ্যাকালে হোম করিল। এবং লিখিত ব্যবস্থামতে তাম্বুবাসপর্ব্ব পালন করিল, এবং বিধিমতে দিবসিক ক্রিয়ানুসারে নিরূপিত দিবসিক হোম করিল। ৫ পরে তাহারা প্রতি দিনে ও অমাবস্যাতে ও পরমেশ্বরের পবিত্রীকৃত নিরূপিত পর্ব্বে ও পরমেশ্বরের উদ্দেশে স্বেচ্ছাপূর্ব্বক কোন লোকের নৈবেদ্য করণের ৬ সময়ে কর্ত্তব্য হোম করিতে লাগিল। সপ্তম মাসের প্রথম দিনাবধি তাহারা পরমেশ্বরের উদ্দেশে হোম করিতে আরম্ভ করিল, কিন্তু তৎকালে পরমেশ্বরের মন্দিরের ভিত্তিমূল স্থাপিত হয় নাই।

৭ অপর পারসের খস্রু রাজ যে দান আজ্ঞা করিয়াছিল, তাহাহইতে তাহারা গাঁথকদিগকে ও সূত্রধরদিগকে মুদ্রা দিল, এবং এরস্ কাষ্ঠ লিবানোন্হইতে যাফোর সমুদ্রতীরে আনিতে সীদোনীয় ও সোরীয় লোকদিগকে খাদ্য ও পানীয় দ্রব্য ও তৈল দিল। ৮ পরে তাহারা যিরূশালমে পরমেশ্বরের মন্দিরে আইলে পর দ্বিতীয় বৎসরের দ্বিতীয় মাসে শল্তীয়েলের পুত্র সিরুব্বাবিল্ ও যিহোষাদকের পুত্র যেশূয়* এবং তাহাদের অবশিষ্ট ভ্রাতৃগণ, অর্থাৎ যাজকেরা ও লেবীয়েরা এবং বন্দি অবস্থাহইতে যিরূশালমে আগত লোকেরা কর্ম্মের আরম্ভ করিল, এবং পরমেশ্বরের মন্দিরের কার্য্যের অধ্যক্ষের জন্যে বিংশতি বৎসর ও ততোধিক বৎসর বয়স্ক লেবীয়দিগকে নিযুক্ত করিল। ৯ তখন যেশূয় ও তাহার পুত্রগণ ও ভ্রাতৃগণ ও হোদবিয়ের† বংশ কদ্মীয়েল্ ও তাহার পুত্রগণ, ও হেনাদদের পুত্রগণ ও তাহাদের লেবীয় পুত্র ও ভ্রাতৃগণ ঈশ্বরের মন্দিরের কর্ম্মকারিদের অধ্যক্ষ হইবার জন্যে ১০ একত্র হইয়া দাঁড়াইল। তাহাতে গাঁথকেরা যখন পরমেশ্বরের মন্দিরের ভিত্তিমূল করিল, তখন ইস্রায়েলের দায়ূদ্ রাজের নিরূপণানুসারে পরমেশ্বরের প্রশংসা করণার্থে আপন২ বস্ত্রে বস্ত্রান্বিত ও তূরীহস্ত যাজকগণ ও করতালহস্ত আসফ বংশীয় লেবীয়েরা দণ্ডায়মান হইল, এবং ‘পরমেশ্বর মঙ্গলদাতা ও ইস্রায়েলের প্রতি ১১ তাঁহার অনুগ্রহ চিরস্থায়ী,’ ইহা বলিয়া তাহারা পরমেশ্বরের প্রশংসা ও ধন্যবাদ করিয়া পালানুসারে একত্র গান করিল; এবং পরমেশ্বরের মন্দিরের ভিত্তিমূল করণ সময়ে পরমেশ্বরের প্রশংসা করিতে২ সকল লোক ১২ উচ্চৈঃস্বরে আনন্দধ্বনি করিল। কিন্তু প্রথম মন্দির দর্শনকারি যাজকদের ও লেবীয়দের ও পিতৃপ্রধানদের মধ্যে যে অনেক বৃদ্ধ মনুষ্য ছিল, তাহারা এই মন্দিরের ভিত্তিমূল সাক্ষাতে স্থাপিত হওনের সময়ে উচ্চৈঃস্বরে ক্রন্দন করিল, এবং অনেকে আনন্দে সিংহনাদ করিল। ১৩ এবং অনেক উচ্চৈর্ধ্বনিতে ডাকিলে লোকেরা তাহাদের শব্দ দূরে শুনিয়া আনন্দযুক্ত সিংহনাদের শব্দের ও ক্রন্দনের শব্দের বিশেষ নিশ্চয় করিতে পারিল না।

৪ অধ্যায়।

১ যিহূদীয়দিগকে গাঁথনিহইতে বিপক্ষদের নিবৃত্ত করণ ১১ ও রাজার কাছে তাহাদের প্রেরিত অপবাদ পত্রের অনুরূপ পত্র ১৭ ও তাহাদের প্রতি রাজার আজ্ঞা প্রেরণ ২৩ ও গাঁথনির নিবৃত্তি হওন।

১ পরে বন্দি লোকেরা ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের উদ্দেশে মন্দির পুনর্নির্ম্মাণ করাইতেছে, এই ২ কথা শুনিয়া যিহূদার ও বিন্য়ামীনের শত্রুগণ সিরুব্বাবিলের ও পিতৃপ্রধানদের নিকটে আসিয়া তাহাদিগকে কহিল, আমরা তোমাদের সহিত গ্রন্থন করিব, কেননা যেমত তোমরা, তদ্রূপ আমরাও তোমাদের ঈশ্বরের সেবা করিয়া থাকি; আমাদিগকে এই স্থানে

[৬৮-৭০] নি; ৭; ৭০-৭৩। ১ বং ২৯; ৬-৮॥

[৩ অধ্য; ১-৬] লে ১৬; ৩-৩৪। ২৩; ২০-৪৩। নি ৮॥—[২] ইষ্রা ২; ২,৩৬। দ্বি ১২; ১৩, ১৪॥—[৩] ইষ্রা ৪; ৯,১০। গ ২৮; ৩, ৪॥—[৪] গ ২৯; ৭-৩৮॥—[৫] গ ২৮; ৩, ৪, ৯, ১১, ১৬, ২৬॥—[৬] গ ২৯; ১, ২॥—[৭] ইষ্রা ১; ২। ৬; ৩, ৪, ৮। ২ বং ২; ১৫, ১৬। ২৪; ১২। ৩৪; ১০, ১১॥—[৮] ১ বং ২৩; ২৭-৩২। ২ বং ৩৪; ১২, ১৩॥—[৯] ইষ্রা ২; ৪০॥—[১০, ১১] ১ বং ১৬; ৫-৩৭। ২ বং ৫; ১২, ১৩॥—[১২] হগ ২; ৩॥

[৪ অধ্য; ১] প ৭-১০॥—[২] ২ রা ১৭; ২৪-৩৪। ১৯; ৩৭॥

*(বা) যিহোশূয়। †(বা) যিহূদার।

আনিল যে অশূরের এসর্-হদ্দোন্ রাজ, তাহার অধি-
৩ কারাবধি তাঁহার উদ্দেশে বলিদান করিয়া থাকি। তা-
হাতে সিরুব্বাবিল্ ও যেশূয় ও ইস্রায়েলের অন্য সকল
পিতৃপ্রধানেরা তাহাদিগকে কহিল, আমাদের ঈশ্বরের
নিমিত্তে আমাদের সহিত মন্দির নির্ম্মাণ করাইতে
তোমাদের অধিকার নাই; পারসের খস্রু রাজ আমা-
দিগকে যেমন আজ্ঞা করিলেন, তদনুসারে কেবল
আমরা ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের মন্দির নির্ম্মাণ
৪ করাইব। তাহাতে দেশের লোকেরা যিহূদার লোক-
দের হস্ত দুর্ব্বল করিতে ও নির্ম্মাণ করণে তাহাদিগকে
৫ ক্লেশ দিতে লাগিল; এবং পারসের খস্রু রাজের
অধিকারাবধি পারসের দারা রাজের অধিকার পর্য্যন্ত
তাহাদের অভিপ্রায় নিরর্থক করিবার জন্যে তাহাদের
৬ বিরুদ্ধে মন্ত্রিগণকে উৎকোচ দিল। বিশেষতঃ অহশ্বে-
রের অধিকারের প্রথমে তাহারা যিহূদা ও যিরু-
শালম্ নিবাসিদের বিরুদ্ধে এক অপবাদপত্র লিখিল।
৭ এবং অর্তসস্তের অধিকারে বিশ্লম্ ও মিত্রিদাৎ
ও টাবেল্ ও তাহাদের সহায়গণ পারসের অর্তসস্ত
রাজের কাছে যে পত্র লিখিল, তাহা অরামীয় ভা-
ষাতে লিখিত ও অরামীয় ভাষাতে অর্থবিশিষ্ট
৮ ছিল। এই রূপে রিহূম্ শাসনকর্ত্তা ও শিম্শয় লেখক
যিরূশালমের বিরুদ্ধে অর্তসস্ত রাজের নিকটে পত্র
৯ লিখিল। তখন রিহূম্ শাসনকর্ত্তা ও শিম্শয় লেখক
ও তাহাদের অন্য সকল সহায় দীনীয়েরা ও অফর্সিথী-
য়েরা ও টর্পিলীয়েরা ও অফর্সীয়েরা ও অর্কিবীয়েরা
ও বাবিলীয়েরা ও শূশনীয়েরা ও দেহীয়েরা ও এল-
১০ মীয়েরা; এবং যে অন্য সকল জাতিদিগকে মহামহিম
অস্নপ্পর আনিয়া শোমিরোণ্ নগরে স্থাপন করিয়া-
ছিল, তাহারা এবং ফরাৎ নদীর এপারস্থ অন্য সকল
জাতিরা এই রূপে পত্র লিখিল।

১১ তাহারা অর্তসস্ত রাজের নিকটে যে পত্র পাঠাইল,
তাহার অনুরূপপত্র এই। ফরাৎ নদীর পারস্থ তো-
১২ মার দাসেরা প্রভৃতি * পত্র লিখে। রাজার নিকটে এই
নিবেদন; যিহূদীয়েরা তোমার নিকটহইতে আমা-
দের এখানে যিরূশালমে আসিয়া রাজদ্রোহি নগর
পুনর্নির্ম্মাণ করিতেছে, ও ভিত্তিমূল করিয়া প্রাচীর
১৩ করিতে উদ্যত আছে। অতএব রাজার নিকটে নিবেদন
এই, এই নগর পুনর্নির্ম্মিত ও তাহার প্রাচীর স্থাপিত
হইলে এই লোকেরা কর ও রাজস্ব ও পথের কর আর
১৪ দিবে না, ইহাতে রাজার রাজস্বের ক্ষতি হইবে। রাজ-
ধানীহইতে আমরা প্রতিপালিত † হই, আর রাজার
ক্ষতি দেখা আমাদের উচিত নয়, একারণ লোক পাঠা-
১৫ ইয়া রাজাকে জ্ঞাত করিতেছি। আপন পিতৃলোকদের
ইতিহাসপুস্তকে অনুসন্ধান কর, তাহাতে এই নগর
রাজদ্রোহি ও রাজাদের ও দেশের ক্ষতিকর, এবং
পূর্ব্বকালে এই নগরনিবাসিরা আজ্ঞালঙ্ঘন করিয়া-
ছিল, এই নিমিত্তে সে বিনষ্ট হইয়াছিল, ইহা সেই
ইতিহাসপুস্তকে নিশ্চয় পাওয়া যাইবে। অতএব আ- ১৬
মরা রাজাকে জ্ঞাত করিতেছি, যদি এই নগর পুন-
র্নির্ম্মিত হয় ও তাহার প্রাচীর উঠে, তবে তাহাতে
নদীর এ পারে তোমার কিছু অধিকার থাকিবে না।

পরে রাজা রিহূম্ শাসনকর্ত্তাকে ও শিম্শয় লেখ- ১৭
ককে ও শোমিরোণ্ নিবাসি তাহাদের অন্য সকল সঙ্গি-
দিগকে এবং নদীর এ পারস্থ অন্যান্য লোকদিগকে
উত্তর লিখিল, তোমরা সকলে * আমার নমস্কার জা-
নিবা। তোমরা আমার কাছে যে পত্র পাঠাইয়াছ, ১৮
তাহা আমার সম্মুখে স্পষ্ট রূপে পাঠিত হইলে, আমি
আজ্ঞা দিয়া ‡ অনুসন্ধান করাইয়া জ্ঞাত হইলাম, পূর্ব্ব- ১৯
কালে এই নগর রাজদ্রোহি ছিল, ও তাহার মধ্যে
রাজবিরুদ্ধ কর্ম্ম ও আজ্ঞালঙ্ঘন হইয়াছে। যিরূশা- ২০
লমে পরাক্রমি রাজগণ হইয়া নদীর ওপারস্থ সকলের
উপরে রাজত্ব করিয়াছে, এবং তাহাদিগকে রাজস্ব ও
রাজকর ও পথের কর দেওয়া গিয়াছে। অতএব ২১
এই লোকদিগকে ঐ কর্ম্মহইতে নিবৃত্ত হইতে, এবং যে
পর্য্যন্ত আমাহইতে কোন আজ্ঞা প্রাপ্ত না হও, তাবৎ
নগর পুনর্নির্ম্মাণ না করিতে আজ্ঞা দেও। সাবধান, এ ২২
বিষয়ে যেন তোমাদের ত্রুটি না হয়; রাজগণের ক্ষতি
ও অপচয় কেন হইবে?

পরে অর্তসস্তের পত্র রিহূমের ও শিম্শয় লেখ- ২৩
কের ও তাহার পক্ষলোকদের সাক্ষাতে পঠিত হইবা-
মাত্র তাহারা শীঘ্র যিরূশালমে যিহূদীয়দের নিকটে
যাইয়া বাহুবলেতে তাহাদিগকে ঐ কর্ম্মহইতে নিবৃত্ত
করিল। তাহাতে যিরূশালমস্থ ঈশ্বরের মন্দিরের কার্য্য ২৪
নিবৃত্ত হইল; পারসের দারা রাজের অধিকারের
দ্বিতীয় বৎসর পর্য্যন্ত নিবৃত্ত রহিল।

৫ অধ্যায়।

১ যিহূদীয়দের পুনর্ব্বার গাঁথনি আরম্ভ করণ ৩ ও তাহা-
দিগকে নিবারণ করিতে বিপক্ষদের যত্ন করণ ৬ ও দারা
রাজের প্রতি বিপক্ষদের অনুরূপ পত্র।

পরে হগয় ভবিষ্যদ্বক্তা ও ইদ্দোর পুত্র সিখরিয় যিহূ- ১
দার ও যিরূশালমস্থ সমস্ত যিহূদীয়দের নিকটে ইস্রা-
য়েলের ঈশ্বরের নামে ভবিষ্যদ্বাক্য কহিল; তাহাতে
শল্তীয়েলের পুত্র সিরুব্বাবিল্ ও যিহোষাদকের ২
পুত্র যেশূয় উঠিয়া যিরূশালমে ঈশ্বরের মন্দির পুন-
র্নির্ম্মাণ করাইতে আরম্ভ করিল, এবং ঈশ্বরের ভবিষ্য-
দ্বক্তৃগণ তাহাদের সহিত থাকিয়া উপকার করিল।

পরে নদীর এ পারস্থ দেশাধ্যক্ষ তৎনয় ও শেথর- ৩
বোষিনয় ও তাহাদের পক্ষীয় লোকেরা তাহাদের

[৩] ইষ্রা ১; ১-৪॥—[৪] ৩; ৩॥—[৯,১০] প ১,২। ২ রা ১৭; ২৪-৩৪॥—[১৭] প ৮॥—[২০] ২ শি ৮। ১বং ১৮। ২ রা ৪; ২৪॥
[৫ অধ্য; ১] হগ ১; ১। সিখ ১; ১॥—[২] ইষ্রা ৩; ২। হগ ১; ১২-১৫॥
* (বা) অমুক শাকে। † (ইব্রী) লবণ খাই। ‡ (ইব্রী) নিয়ম স্থির করিয়া।

নিকটে আসিয়া তাহাদিগকে কহিল, এই মন্দির নির্ম্মাণ করাইতে ও প্রাচীর প্রস্তুত করাইতে তোমাদিগকে কে আজ্ঞা দিল? ৪ তখন যাহারা এই গাঁথনী করে, তাহাদের নাম কি? ইহা আমরা তাহাদের প্রশ্নানুসারে কহিলাম, ৫ কিন্তু যিহূদীয়দের প্রাচীন লোকদের প্রতি ঈশ্বরের কৃপাদৃষ্টি হইলে, শত্রুরা দারার আজ্ঞা ব্যতিরেক তাহাদিগকে নিবৃত্ত করিতে পারিল না; পরে তাহারা এই কর্ম্মের বিষয়ে পত্র লিখি[য়া] পাঠাইল।

৬ অপর নদীর এ পারস্থ দেশাধ্যক্ষ তৎনয় ও শেথর-বোষিনয় ও নদীর এ পারস্থ তাহাদের পক্ষীয় অফর্সিখীয়েরা যে পত্র দারা রাজের নিকটে পাঠাইল, ৭ তাহার অনুরূপপত্র এই। তাহারা এই সকল কথা * লিখিত এক পত্র পাঠাইল, দারা রাজের সমস্ত মঙ্গল হউক। ৮ রাজার নিকটে আমাদের নিবেদন; আমরা যিহূদা দেশে মহেশ্বরের মন্দিরে গেলে তাহা খোদিত প্রস্তর ও ভিত্তিতে স্থাপিত কাষ্ঠদ্বারা পুনর্নির্ম্মিত হইতেছে ইহা দেখিলাম। এই কর্ম্ম শীঘ্র চলিতেছে ও তাহাদের হস্তদ্বারা অতিশয় বৃদ্ধি পাইতেছে। ৯ তাহাতে আমরা সেই প্রাচীন লোকদিগকে জিজ্ঞাসা করিয়া কহিলাম, এই মন্দির নির্ম্মাণ করাইতে ও প্রাচীর প্রস্তুত করিতে তোমাদিগকে কে আজ্ঞা দিল? ১০ এবং আমরা তাহাদের প্রধান লোকদিগের নাম লিখিবার জন্যে তোমাকে জ্ঞাত করাইতে তাহাদের নামও করিলাম। ১১ তাহাতে তাহারা আমাদিগকে এই উত্তর দিল, অনেক বৎসর পূর্ব্বে যে মন্দির নির্ম্মিত অর্থাৎ ইস্রায়েলের এক মহারাজকর্ত্তৃক নির্ম্মিত ও স্থাপিত ছিল, সেই মন্দির স্বর্গ ও পৃথিবীর ঈশ্বরের দাস যে আমরা, আমরা পুনর্নির্ম্মাণ করাইতেছি। ১২ আমাদের পূর্ব্বপুরুষেরা স্বর্গীয় ঈশ্বরকে ক্রুদ্ধ করিলে পর তিনি তাহাদিগকে বাবিলের কস্দীয় নিবুখদ্‌নিৎসর রাজের হস্তগত করিলেন, তাহাতে সে এই মন্দির ভগ্ন করিল ও লোকদিগকে বাবিলে লইয়া গেল। ১৩ কিন্তু বাবিলের খস্রু রাজের অধিকারের প্রথম বৎসরে খস্রু রাজ ঈশ্বরের এই মন্দির পুনর্নির্ম্মাণ করাইতে আজ্ঞা দিল। ১৪ এবং নিবূখদ্‌নিৎসর্ যিরূশালমের মন্দিরহইতে ঈশ্বরের মন্দিরের যে ২ স্বর্ণময় ও রূপ্যময় পাত্র লইয়া গিয়া বাবিলের প্রাসাদে রাখিয়াছিল, সে সকল পাত্র খস্রু রাজ বাবিলস্থ প্রাসাদহইতে লইয়া শেশ্‌বসর † নামক শাসনকর্ত্তার হস্তে সমর্পণ করিল। ১৫ এবং তাহাকে কহিল, তুমি এই সকল পাত্র লইয়া যিরূশালমস্থ মন্দিরে যাও, এবং ঈশ্বরের মন্দির নিজ স্থানে পুনর্নির্ম্মাণ করাও। ১৬ তাহাতে শেশ্‌বসর * আসিয়া যিরূশালমস্থ মন্দিরের ভিত্তিমূল করিল; তদবধি এখন পর্য্যন্ত ইহার গাঁথনি হইতেছে, তথাপি সাঙ্গ হয় নাই। ১৭ অতএব এখন যদি রাজার তুষ্টি হয়, তবে খস্রু রাজ যিরূশালমস্থ ঈশ্বরের মন্দির পুনর্নির্ম্মাণ করিতে আজ্ঞা দিল কি না, তাহা রাজার বাবিলস্থ ধনাগারে অন্বেষণ করা যাউক; এ বিষয়ে রাজা আমাদের নিকটে আপন আজ্ঞা প্রেরণ করিবেন।

৬ অধ্যায়।

১ মন্দিরের গাঁথনির জন্যে দারার নূতন আজ্ঞা ১৩ ও মন্দিরের সমাপ্তি করণ ১৬ ও মন্দিরের প্রতিষ্ঠা করণ ১৯ ও নিস্তারপর্ব্ব পালন করণ।

১ পরে দারা রাজা আজ্ঞা করিলে বাবিলের ধনাগারের লিপিশালাতে সেই পত্রের অন্বেষণ হইল। ২ তাহাতে মাদীয়দের দেশের অহমিথা ‡ (নগরস্থ) রাজবাটীতে এক লিপি পত্র পাওয়া গেল; তাহাতে এই কথা লিখিত ছিল; ৩ খস্রু রাজের প্রথম বৎসরে খস্রু রাজ ঈশ্বরের যিরূশামস্থ মন্দিরের বিষয়ে আজ্ঞা করিলেন, লোকেরা যে স্থানে বলিদান করিত, সেই মন্দির পুনর্নির্ম্মাণ করা যাউক, ও তাহার ভিত্তিমূল স্থাপন করা যাউক, এবং তাহার ঊর্দ্ধতা ষাইট হস্ত ও প্রস্থতা ষাইট হস্ত হইবে। ৪ এবং তাহা তিন সারি বৃহৎ প্রস্তরে ও এক সারি নূতন কাষ্ঠে গাঁথান হইবে, এবং রাজবাটীহইতে তাহার ব্যয় হইবে। ৫ এবং নিবূখদ্‌নিৎসর্ যিরূশালমস্থ মন্দিরহইতে যে ২ স্বর্ণময় ও রূপ্যময় পাত্র লইয়া বাবিলে আনিয়াছিল, সে সকল ফিরিয়া দেওয়া যাইবে ‖, এবং প্রত্যেক পাত্র আপন স্থানে যিরূশালমস্থ মন্দিরে নীত হইবে, ও তাহা ঈশ্বরের গৃহে রক্ষিত হইবে। ৬ এখন নদীর ওপারস্থ দেশাধ্যক্ষ তৎনয় ও শেথর-বোষিনয় ও নদীর ওপারস্থ তোমাদের পক্ষীয় অফর্সিখীয়েরা, তোমরা তথাহইতে দূরে থাক। ৭ ঈশ্বরের মন্দিরের কার্য্যের কিছু ব্যাঘাত করিও না; যিহূদীয়দের অধ্যক্ষ ও প্রাচীন লোকেরা ঈশ্বরের মন্দির নিজ স্থানে নির্ম্মাণ করাউক। ৮ আর ঈশ্বরের ঐ মন্দিরের গাঁথনির জন্যে তোমরা যিহূদীয়দের প্রাচীন লোকদের কি ২ উপকার করিবা, আমি তাহার আজ্ঞা § দি; তাহাদের যেন বাধা ¶ না হয়, এই জন্যে রাজার ধন, অর্থাৎ নদীর ওপারের করের ধন তাহাদিগকে দত্ত হইবে। ৯ এবং তাহারা যেন স্বর্গের ঈশ্বরের উদ্দেশে সুগন্ধি নৈবেদ্য করে, এবং রাজার ও তাহার পুত্রদের ১০ জীবন প্রার্থনা করে, এই জন্যে স্বর্গীয় ঈশ্বরের হোমার্থে যিরূশালমস্থ যাজকদের নিরূপণানুসারে যে ২ দ্রব্য তাহাদের আবশ্যক, অর্থাৎ যুব বলদ ও

[৬] ইষ্রা ৪; ১০ ॥—[১১] ২ বং ৩ ॥—[১২] ২ বং ৩৬; ১৪-২০ ॥—[১৩-১৫] ইষ্রা ১; ১-৮। ৬; ৩-৫ ॥—[১৪] ২ বং ৩৬; ১৮ ॥—[১৬] ইষ্রা ৩; ৮-১১ ॥—[১৭] ৬; ১,২ ॥

[৬ অধ্য; ১] ইষ্রা ৫; ১৭ ॥—[৩-৫] ১; ১-৮। ৫; ১৩-১৫ ॥—[৪] ১ রা ৬; ৩৬ ॥—[৫] ২ বং ৩৬; ১৮ ॥—[৬] ইষ্রা ৫; ৩ ॥—[৯] ৭; ২০ ॥

 * (ইব্রী) তাহার মধ্যে। † (বা) সিরুব্বাবিল্। ‡ (বা) সিন্দুকে। ‖ (ইব্রী) যাউক। § (ইব্রী) নিয়ম। ¶ (বা) নিবৃত্তি।

মেষ ও মেষশাবক, এবং গোম ও লবণ ও দ্রাক্ষারস ও তৈল অবাধে দিনে ২ তাহাদিগকে দত্ত হইবে। ১১ আরো আজ্ঞা করিতেছি, যে কেহ এই আজ্ঞার অন্যথা করিবে, তাহার গৃহহইতে নীত কাষ্ঠের উপরে তাহার বিনাশ হইবে ও তাহার গৃহ সারঢিবি করা যাইবে। ১২ যে কোন রাজা কিম্বা লোক যিরূশালমস্থ ঈশ্বরের মন্দিরের অন্যথা করিতে ও বিনাশ করিতে হস্তার্পণ করিবে, সেই স্থানে আপন নাম স্থাপনকারি ঈশ্বর তাহাদের বিনাশ করিবেন; আমি দারা আজ্ঞা করিতেছি, ইহা শীঘ্র করা যাউক।

১৩ অপর নদীর এপারস্থ দেশাধ্যক্ষ তৎনয় ও শেথর-বোষিনয় ও তাহাদের পক্ষীয় লোকেরা দারা রাজের প্রেরিত আজ্ঞানুসারে তাহা শীঘ্র করিল। ১৪ যিহূদীয়দের প্রাচীন লোকেরা গাঁথনি করিল, এবং হগয় ভবিষ্যদ্বক্তা ও ইদ্দোর পুত্র সিখরিয় ভবিষ্যদ্বক্তার বাক্যেতে তাহা সফল হইল, এবং তাহারা ইস্রায়েলের ঈশ্বরের প্রেরিত আজ্ঞানুসারে ও পারসের খস্রু রাজের ও দারার ও অর্তসস্তের আজ্ঞানুসারে গাঁথনি করিয়া কর্ম্ম সাঙ্গ করিল। ১৫ এবং দারা রাজের অধিকারের ষষ্ঠ বৎসরে অদর্ মাসের তৃতীয় দিনে মন্দিরের নির্ম্মাণ সাঙ্গ হইল।

১৬ পরে ইস্রায়েলের বংশেরা ও যাজকেরা ও লেবীয়েরা ও অন্য সকল বন্দি লোক আনন্দেতে ঈশ্বরের মন্দিরের প্রতিষ্ঠা করিল। ১৭ এবং ঈশ্বরের মন্দির প্রতিষ্ঠার সময়ে এক শত বলদ ও দুই শত মেষ ও চারি শত মেষশাবক বলিদান করিল, এবং সমস্ত ইস্রায়েলের পাপ প্রায়শ্চিত্ত বলিদানের জন্যে ইস্রায়েল্ বংশদের সংখ্যানুসারে দ্বাদশ ছাগল উৎসর্গ করিল। ১৮ এবং মূসার লিখিত ব্যবস্থানুসারে যিরূশালমে ঈশ্বরের সেবার্থে যাজকদিগকে তাহাদের পদে ও লেবীয়দিগকে তাহাদের পালাতে নিযুক্ত করিল।

১৯ পরে প্রথম মাসের চতুর্দ্দশ দিনে বন্দিদের সন্তানেরা নিস্তারপর্ব্ব পালন করিল। ২০ কেননা যাজকেরা ও লেবীয়েরা এক সময়ে শুচি হইল, তাহারা সকলেই শুচি হইল, এবং বন্দি লোকদের ও আপনাদের যাজক ভ্রাতাদের ও আপনাদের নিমিত্তে নিস্তারপর্ব্বের বলিদান করিল। ২১ এবং বন্দিত্বহইতে পুনরাগত ইস্রায়েল্ বংশ এবং ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের অন্বেষণ করণার্থে ও তাহাদের পক্ষীয় হইবার জন্যে সে স্থানের অন্য দেশীয়দের অশুচি ক্রিয়াহইতে যত লোক আপনাদিগকে বিভিন্ন করিয়াছিল, সে সকলে তাহা ভোজন করিল। ২২ এবং সাত দিন পর্য্যন্ত আনন্দেতে তাড়ীশূন্য রুটির পর্ব্ব পালন করিল, যেহেতুক ইস্রায়েলের ঈশ্বরের মন্দিরের কার্য্যে তাহাদের হস্ত দৃঢ় করিবার জন্যে পরমেশ্বর তাহাদের পক্ষে অশূরের রাজার মনে প্রবৃত্তি দিয়া তাহাদিগকে আনন্দযুক্ত করিলেন।

৭ অধ্যায়।

১ যিরূশালমে ইষ্রা প্রভৃতির গমন ১১ ও ইষ্রার প্রতি অর্তসস্তের আজ্ঞা ২৭ ও ইষ্রার পরমেশ্বরকে দণ্ডবৎ করণ।

১ তদনন্তর প্রধান যাজক হারোণের পুত্র ইলিয়াসর, ও ইলিয়াসরের পুত্র পীনিহস্, ও পীনিহসের পুত্র অবীশূয়, ২ ও অবীশূয়ের পুত্র বুক্কি, ও বুক্কির পুত্র উষি, ৩ ও উষির পুত্র সিরহিয়; ও সিরহিয়ের পুত্র মিরায়োৎ, ও মিরায়োতের পুত্র অসরিয়, ও অসরিয়ের পুত্র অমরিয়, ৪ ও অমরিয়ের পুত্র অহীটূব্, ও অহীটূবের পুত্র সাদোক্, ৫ ও সাদোকের পুত্র শল্লুম্, ও শল্লুমের পুত্র হিল্কিয়, ও হিল্কিয়ের পুত্র অসরিয়, ও অসরিয়ের পুত্র সিরায়, ও সিরায়ের পুত্র ইষ্রা; ৬ এই ইষ্রা পারসের অর্তসস্ত রাজের অধিকার সময়ে বাবিল্হইতে গেল; সে ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের দত্ত মূসার ব্যবস্থাতে বিজ্ঞ এক অধ্যাপক ছিল, এবং ইস্রায়েলের প্রভু পরমেশ্বর তাহার প্রতি অনুগ্রহ করাতে রাজা তাহার প্রার্থনীয় দিল। ৭ এবং অর্তসস্ত রাজের অধিকারের সপ্তম বৎসরে ইস্রায়েলের সন্তানদের ও যাজকদের ও লেবীয়দের ও গায়কদের ও দ্বারপালদের ও নিথীনীয়দের কতক লোক যিরূশালমে গেল। ৮ এবং রাজার ঐ সপ্তম বৎসরের পঞ্চম মাসে সে যিরূশালমে উপস্থিত হইল। ৯ কেননা প্রথম মাসের প্রথম দিনে ইষ্রা বাবিল্হইতে যাইতে আরম্ভ * করিল, এবং তাহার প্রতি ঈশ্বরের মঙ্গলদায়ি অনুগ্রহানুসারে পঞ্চম মাসের প্রথম দিনে উপস্থিত হইল। ১০ কেননা ইষ্রা পরমেশ্বরের শাস্ত্র অধ্যয়ন করিতে ও পালন করিতে এবং ইস্রায়েল্কে আজ্ঞা ও বিধি শিক্ষা করাইতে আপন অন্তঃকরণ প্রস্তুত করিয়াছিল।

১১ অর্তসস্ত রাজা যাজক ও লেখক ইষ্রাকে অর্থাৎ পরমেশ্বরের আজ্ঞাবাক্যের ও ইস্রায়েলের প্রতি তাঁহার বিধির অধ্যাপককে যে পত্র দিল, তাহার বিবরণ। ১২ রাজাধিরাজ অর্তসস্ত স্বর্গের ঈশ্বরের সিদ্ধ ব্যবস্থাধ্যাপকাদি † ইষ্রা যাজককে এই পত্র লিখিল, ১৩ আমি এই আজ্ঞা করিতেছি, আমার রাজ্যের মধ্যহইতে ইস্রায়েল্ বংশের যত লোক ও যত যাজক ও লেবীয় লোকেরা তোমার সহিত যিরূশালমে যাইতে ইচ্ছা করে, তাহারা তোমার সহিত যাউক। ১৪ কেননা আপন হস্তে স্থিত তোমার ঈশ্বরের শাস্ত্রানু-

[১১] ইষ্ঠ ৭; ৯,১০। দা ২; ৫। ৩; ২৯॥—[১২] ২ বং ৭; ১৬॥—[১৪]ইষ্রূ ১; ১-৪। ৪; ২৪। ৭; ১১-২৬। ৫; ১,২॥ [১৫] ৫; ১৬॥—[১৬-১৮] ২ শি ৬; ১২-১৯। ২ বং ৭; ৪-৬॥—[১৭]ইষ্রূ ৮; ৩৫। লে ৪; ২২-২৬॥—[১৮]২ বং ৭; ৬॥ [১৯-২২] লে ২৩; ৫-৮॥—[১৯] ২ বং ৩৫; ১॥—[২০] ২ বং ২৯; ৩৪। ৩৫; ১১॥—[২১] ১ ক ৫; ৬,৮॥ [৭ অধ্যা; ১-৫] ১ বং ৬; ৪-১৪॥—[৬] ইষ্রূ ৬: ১৪। নি ২,১,৮॥—[৭] ইষ্রূ ৮; ১-২০॥—[১৪] ইষ্ঠ ১; ১৪॥

* (ইব্রী) মূল। † (বা) অমুক শাকে।

সারে যিহূদার ও যিরূশালমের বিষয়ে জিজ্ঞাসা করি- ১৫ বার জন্যে; এবং যিরূশালম নিবাসি ইস্রায়েলের ঈশ্বরের উদ্দেশে রাজা ও তাহার মন্ত্রিগণ কর্তৃক ১৬ ইচ্ছাপূর্ব্বক দত্ত রূপা ও স্বর্ণ, এবং যিরূশালমস্থ তাহাদের ঈশ্বরের মন্দিরের নিমিত্তে লোকদের ও যাজকদের স্বেচ্ছাতে দত্ত দানের সহিত তুমি বাবিলের সকল দেশে যত রূপা ও স্বর্ণ পাইতে পার, সে সকল লইবার জন্যে তুমি রাজা ও তাহার সপ্ত মন্ত্রিদ্বারা* ১৭ প্রেরিত আছ। এবং সে ধনদ্বারা তুমি বলদ ও মেষ ও মেষশাবক ও উপযুক্ত নৈবেদ্য ও পানীয় দ্রব্য অবিলম্বে ক্রয় করিয়া যিরূশালমস্থ তোমাদের ঈশ্বরের ১৮ মন্দিরে তাঁহার বেদির উপরে উৎসর্গ করিবা। এবং অবশিষ্ট রূপাতে ও স্বর্ণেতে তোমার ও তোমার ভ্রাতাদের মনে যাহা ভাল বোধ হয়, তাহা আপনাদের ঈশ্- ১৯ রের ইচ্ছানুসারে কর। এবং তোমার ঈশ্বরের মন্দিরের সেবার জন্যে যে২ পাত্র তোমাকে দত্ত হইল, তাহা ২০ যিরূশালমে ঈশ্বরের সাক্ষাতে সমর্পণ করিবা। এবং ততোধিক তোমার ঈশ্বরের মন্দিরের নিমিত্তে যাহা প্রয়োজন আছে, তাহা রাজভাণ্ডারহইতে গ্রহণ করিবা। ২১ আর আমি অর্তসস্ত রাজা নদীর ওপারস্থিত তাবৎ ২২ কোষাধ্যক্ষকে আজ্ঞা দিতেছি। স্বর্গের ঈশ্বরের শাস্ত্রাধ্যাপক ইষ্রা যাজক তোমাদের কাছে এক শত কিক্কর রূপা ও এক শত কোর পরিমাণ গোম ও এক শত বাৎ দ্রাক্ষারস ও এক শত বাৎ তৈল, এবং অপরিমিত ২৩ রূপে লবণ যত চাহিবে, তাহা শীঘ্র দত্ত হইবে। স্বর্গের ঈশ্বরের মন্দিরের জন্যে স্বর্গের ঈশ্বরের আদিষ্ট † তাবৎ কর্ম্ম যত্নপূর্ব্বক করা যাইবে; রাজ্যের ও রাজার ২৪ ও তাহার পুত্রদের বিরুদ্ধে কেন ক্রোধ আসিবে? আর যাজকদের ও লেবীয়দের ও বাদকদের ও দ্বারপালদের ও নিথীনীয়দের ও ঈশ্বরের ঐ মন্দিরের অন্য কর্ম্মকারিদের কোন কাহারো স্থানে রাজস্ব ও কর ও পথের কর গ্রহণ করা অব্যবস্থা হইবে, এই সমাচার ২৫ তোমাদিগকে জ্ঞাত করা যাইতেছে। এবং হে ইষ্রা, তোমার ঈশ্বর বিষয়ক যে জ্ঞান তোমাকে দত্ত হইয়াছে, তদনুসারে নদীর ওপারস্থ সকল লোকদের বিচার করণের জন্যে যাহারা তোমার ঈশ্বরের শাস্ত্র জানে, এমত সকল শাসনকর্তাকে ও বিচারকর্তাকে নিযুক্ত কর; এবং যাহারা তাহা জানে না, তাহা- ২৬ দিগকে শিক্ষা করাও। এবং যে কেহ তোমার ঈশ্বরের আজ্ঞা ও রাজাজ্ঞা পালন করিতে অসম্মত, শীঘ্র তাহার বিচার হউক; সে মৃত্যুদণ্ড ভোগী কিম্বা দেশবহিষ্কৃত ‡ কিম্বা হৃতধন কিম্বা কারাগারে বদ্ধ হউক।

২৭ যিনি যিরূশালমের পরমেশ্বরের মন্দির শোভাবিশিষ্ট করণের এই রূপ ইচ্ছা রাজার অন্তঃকরণে দিয়াছেন, এবং রাজার ও তাহার মন্ত্রিদের ও রাজার সকল পরাক্রান্ত অধ্যক্ষদের সাক্ষাতে আমার প্রতি কৃপা বৃদ্ধি করিয়াছেন, আমাদের পিতৃলোকদের সেই প্রভু পরমেশ্বর ধন্য। ২৮ আমার প্রতি পরমেশ্বরের যেমন অনুগ্রহ §, আমি তদনুরূপ আশ্বাস পাইলাম; পরে আমার সহিত যাইবার নিমিত্তে ইস্রায়েলের মধ্যহইতে প্রধান লোকদিগকে একত্র করিলাম।

৮ অধ্যায়।

১ বাবিল্হইতে প্রত্যাগত লোকদের নাম ১৫ ও মন্দিরের সেবকদের জন্যে ইদ্দোর প্রতি লোক প্রেরণ করণ ২১ ও উপবাস করণ ২৪ ও যাজকদের হস্তে তাবৎ ধন সমর্পণ ৩১ ও অহবাহইতে যিরূশালমে গমন করণ ৩৩ ও মন্দিরে স্বর্ণ রূপ্যাদি তৌল করণ ৩৬ ও অধ্যক্ষগণকে রাজার আজ্ঞাপত্র সমর্পণ করণ।

১ অর্তসস্ত রাজের অধিকার সময়ে যে প্রধান পিতৃলোকেরা আমার সহিত বাবিল্হইতে প্রস্থান করিল, ২ তাহাদের বংশাবলি। পীনিহসের সন্তানদের মধ্যে গের্শোম্, ও ইথামর্ বংশের মধ্যে দানিয়েল্, ও দায়ূদ্ ৩ বংশের মধ্যে হটূশ্। ও শিখনিয় বংশের মধ্যে এক জন, অর্থাৎ পরিয়োশ্ বংশের মধ্যে সিখরিয়, এবং বংশানুসারে তাহার সহিত এক শত পঞ্চাশ পুরুষ ৪ গণিত ছিল। এবং পহৎ-মোয়াব্ বংশের মধ্যে সিরহিয়ের পুত্র ইলীহো-ঐনয়, ও তাহার সহিত দুই শত ৫ পুরুষ ছিল। এবং শিখনিয় বংশের মধ্যে যহসীয়েলের পুত্র এক জন, ও তাহার সহিত তিন শত পুরুষ ৬ ছিল। এবং আদীন্ বংশের মধ্যে যোনাথনের পুত্র এবদ্, ও তাহার সহিত পঞ্চাশ পুরুষ ছিল। ৭ এবং এলম্ বংশের মধ্যে অথলিয়ের পুত্র যিশয়িয় ৮ ও তাহার সহিত সত্তর পুরুষ ছিল। এবং শিফটিয় বংশের মধ্যে মীখায়েলের পুত্র সিবদিয় ও তাহার ৯ সহিত আশী পুরুষ ছিল। এবং যোয়াব্ বংশের মধ্যে যিহীয়েলের পুত্র ওবদিয়, ও তাহার সহিত দুই ১০ শত আঠার পুরুষ ছিল। এবং শিলোমীৎ বংশের মধ্যে যোষিফিয়ের পুত্র এক জন, ও তাহার সহিত ১১ এক শত ষাইট পুরুষ ছিল। এবং বেবয় বংশের মধ্যে বেবয়ের পুত্র সিখরিয় ও তাহার সহিত আটা- ১২ ইশ পুরুষ ছিল। এবং অস্গদের বংশের মধ্যে হকাটনের‖ পুত্র যোহানন্ ও তাহার সহিত এক শত ১৩ দশ পুরুষ ছিল। এবং অদোনীকামের অন্য বংশের মধ্যে ইলীফেলট্ ও যিয়ূয়েল ও শিময়িয়, ও ১৪ তাহাদের সহিত ষাইট পুরুষ ছিল। এবং বিগ্বয় বংশের মধ্যে উথয় ও সব্বূদ্, ও তাহাদের সহিত সত্তর পুরুষ ছিল।

১৫ পরে আমি অহবাগামিনী নদীর নিকটে তাহা-

[১৫,১৬] ইষ্রা ৮; ২৪-২৭॥—[১৬] ১; ৪॥—[১৭] গ ১৫; ১-১২॥—[২০] ইষ্রা ৬; ১০॥—[২৫] ২ বং ১৭; ৭-৯॥
[৮ অধ্য; ১] ইষ্রা ৭; ৭॥—[৩-১৪] ২; ৩-১৭॥

* (ইব্রী) সাক্ষাৎহইতে। † (ইব্রী) নিয়মিত। ‡ (বা) উৎপাটন। § (ইব্রী) উত্তম হস্ত। ‖ (বা) কনিষ্ঠ।

দিগকে একত্র করিলাম, এবং আমরা সেই স্থানে তিন দিবস তাম্বুতে বাস করিলাম, এবং লোকদের ও যাজকদের প্রতি নিরীক্ষণ করিয়া সে স্থানে লেবি- ১৬ বংশের কাহাকেও পাইলাম না। তখন আমি ইলীয়েষর ও অরীয়েল্ ও শিময়িয় ও ইল্নাথন্ ও যারিব্ ও ইলনাথন্ ও নাথন্ ও সিখরিয় ও মিশুল্লম্ এই সকল প্রধান লোককে, এবং যোয়ারীব্ ও ইল্নাথন্ ১৭ প্রভৃতি বুদ্ধিমানদিগকে ডাকিতে পাঠাইলাম। পরে কাসিফিয়া নামক স্থানে ইদ্দোর প্রধান লোকের নিকটে এই আজ্ঞা করিতে তাহাদিগকে পাঠাইলাম,আমাদের ঈশ্বরের মন্দিরের জন্যে সেবকদিগকে আমাদের নিকটে আন, কাসিফিয়া স্থানে ইদ্দো ও তাহার ভ্রাতা নিথীনীয়দিগকে এই কথা কহিতে ১৮ তাহাদিগকে আজ্ঞা দিলাম *। তাহাতে তাহারা আমাদের প্রতি ঈশ্বরের মঙ্গলদায়ক অনুগ্রহদ্বারা ইস্রায়েল বংশ লেবির পৌত্র মহলি বংশীয় এক বুদ্ধিমানকে আমাদের নিকটে আনিল, এবং শেরেবিয়কে ও তাহার পুত্র ও ভ্রাতৃগণের সহিত আঠারো ১৯ জনকে; এবং হশবিয়কে ও তাহার সহিত মিরারি বংশীয় যিশয়িয়কে ও তাহার ভ্রাতৃগণ ও পুত্রদের সহিত ২০ বিংশতি জনকে; এবং দায়ূদ্ ও অধ্যক্ষেরা লেবীয়দের সেবার জন্যে যাহাদিগকে নিরূপণ করিয়াছিল, এমত নিথীনীয়দের মধ্যহইতে দুই শত বিংশতি জনকে আনিল, এ সকলেরই নাম লিখিত হইল।

২১ পরে আমরা আপনাদের ও আপন ২ বালকদের ও সম্পত্তির নিমিত্তে প্রকৃত পথ চেষ্টা করিতে যেন আপনাদের ঈশ্বরের সাক্ষাতে আপনাদিগকে ক্লেশ দি, এই জন্যে আমি অহবা নদীর নিকটে উপবাস ২২ করণের কথা প্রচার করিলাম। কেননা যাহারা আমাদের ঈশ্বরের সেবা করে, তাহাদের প্রতি মঙ্গলজনক তাঁহার অনুগ্রহ হয়, কিন্তু যাহারা তাঁহাকে ত্যাগ করে, তাহাদের বিরুদ্ধে তাঁহার পরাক্রম ও ক্রোধ উপস্থিত হয়; এই কথা আমরা রাজাকে কহিয়াছিলাম, এই জন্যে পথে শত্রুদের বিরুদ্ধে উপকারার্থে রাজার কাছে সৈন্য ও অশ্বারূঢ়দিগকে চাহিতে আমার ২৩ লজ্জা হইল। এই নিমিত্তে আমরা উপবাস করিলাম, ও আমাদের ঈশ্বরের কাছে প্রার্থনা করিলাম; তাহাতে তিনি আমাদের প্রার্থনাতে মনোযোগ করিলেন।

২৪ পরে আমি যাজকদের মধ্যে বারো জন প্রধান লোককে অর্থাৎ শেরেবিয় ও হশবিয় ও তাহাদের ২৫ সহিত দশ ভ্রাতৃলোককে পৃথক করিলাম। এবং রাজা ও তাহার মন্ত্রিগণ ও অধ্যক্ষগণ ও সেই স্থানস্থ তাবৎ ইস্রায়েল্ লোক আমাদের ঈশ্বরের মন্দিরের জন্যে যে রূপা ও স্বর্ণ ও পাত্র দিয়াছিল, তাহা তাহাদের সাক্ষাতে তৌল করিয়া দিলাম। ২৬ ছয় শত পঞ্চাশ কিক্কর রূপা ও এক শত কিক্কর স্বর্ণের পাত্র ও এক শত কিক্কর স্বর্ণ, এবং এক সহস্র অদর্কোন্ ২৭ মূল্য বিংশতি স্বর্ণময় পাত্র, এবং স্বর্ণের ন্যায় বহুমূল্য উত্তম পরিষ্কৃত তাম্রের দুই পাত্র তৌল করিয়া তাহাদিগকে দিলাম। ২৮ এবং আমি তাহাদিগকে কহিলাম, তোমরা পরমেশ্বরের উদ্দেশে পবিত্র আছ, এবং পাত্রও পবিত্র আছে, এবং রূপা ও স্বর্ণ তোমাদের পিতৃলোকদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে স্বেচ্ছাদত্ত নৈবেদ্য আছে। ২৯ অতএব তোমরা যিরূশালমে পরমেশ্বরের মন্দিরের কুঠরীতে প্রধান যাজকদের ও লেবীয়দের ও ইস্রায়েলের পিতৃপ্রধানদের কাছে যে পর্য্যন্ত তাহা তৌল করিয়া না দেও, তাবৎ সতর্ক থাকিয়া রক্ষা কর। ৩০ পরে যাজকেরা ও লেবীয়েরা সেই রূপা ও স্বর্ণ ও পাত্রের ভার যিরূশালমে আমাদের ঈশ্বরের মন্দিরে আনিতে তাহা গ্রহণ করিল।

৩১ পরে আমরা প্রথম মাসের দ্বাদশ দিনে যিরূশালমে যাইবার জন্যে অহবা নদী ছাড়াইয়া চলিলাম, তাহাতে ঈশ্বর আমাদিগকে অনুগ্রহ করিয়া পথিমধ্যে শত্রুদের ও দস্যুদের হস্তহইতে আমাদিগকে উদ্ধার করিলেন। ৩২ পরে আমরা যিরূশালমে উপস্থিত হইয়া সে স্থানে তিন দিন বিশ্রাম করিলাম।

৩৩ পরে চতুর্থ দিনে সেই রূপা ও স্বর্ণ ও পাত্র আমাদের ঈশ্বরের মন্দিরে ঊরিয় যাজকের পুত্র মিরেমোতের হস্তে তৌল করা গেল, এবং তাহার সহিত পীনিহসের পুত্র ইলিয়াসর ও তাহাদের সহিত যেশূয়ের পুত্র যোষাবদ্ ও বিন্নূয়ীর পুত্র নোয়দিয় লেবীয়েরা ছিল। ৩৪ এই রূপে প্রত্যেক দ্রব্য গণনা ও তৌলদ্বারা দত্ত হইল, এবং সে সময়ে সেই তৌলের পরিমাণ লিখিত হইল। ৩৫ এবং বন্দিলোকেরা বন্দি অবস্থাহইতে আসিয়া ইস্রায়েলের জন্যে ইস্রায়েলের ঈশ্বরের উদ্দেশে বারো বলদ হোম করিল, ও প্রায়শ্চিত্তার্থে ছেয়ানব্বই মেষ ও সাতাত্তর মেষশাবক ও দ্বাদশ ছাগ এ সকল পরমেশ্বরের উদ্দেশে হোম বলিদান করিল।

৩৬ পরে তাহারা রাজপ্রতিনিধি লোকদিগকে ও নদীর এ পারস্থ শাসনকর্তাদিগকে রাজ আজ্ঞাপত্র দিল; তাহাতে তাহারা লোকদের ও ঈশ্বরের মন্দিরের কার্য্যের উপকার করিল।

৯ অধ্যায়।

১ যিহূদীয়দের অন্যজাতিদের স্ত্রীদের সঙ্গে কুটম্বতা করণ প্রযুক্ত ইস্রার বিলাপ ৫ ও তাহার প্রার্থনা।

১ সেই কর্ম্মের সমাপ্তি হইলে পর অধ্যক্ষগণ আমার নিকটে আসিয়া এই কথা কহিল,ইস্রায়েল্ লোকেরা ও যাজকেরা ও লেবীয়েরা কিনানীয়দের ও হিত্তীয়দের ও

[১৮,১৯] ইস্র ৮; ৭। ৯; ৪,৫ ।।—[২০]২; ৪৩।।—[২১] ২ বং ২০; ৩,৪ ।।—[২২] নি ২; ৭,৮ ।।—[২৪-২৭] ইস্র ৭; ১৫,১৬।।
[২৯]প ৩০,৩৪।।—[৩১] ২২,২৩। ৭; ৬ ।—[৩২]নি ২; ১১ ।।—[৩৩,৩৪]প ২৪-৩০।।—[৩৫] ইস্র ৬; ১৭।।—[৩৬] ৭;২১-২৬।।

* (ইব্রু) মুখে কথা রাখিলাম।

পিরিষীয়দের ও যিবূষীয়দের ও অম্মোনীয়দের ও মোয়াবীয়দের ও মিস্রীয়দের ও ইমোরীয়দের ঘৃণার্হ ক্রিয়ানুসারে কর্ম্ম করিতে এই দেশীয় লোকদের হইতে আপ- ২ নাদিগকে পৃথক করে নাই। কিন্তু আপনাদের ও আপন২ পুত্রদের জন্যে তাহাদের কন্যাগণকে গ্রহণ করিয়াছে; এই রূপে পবিত্র বংশজ লোকেরা এই দেশীয়দের সহিত মিশ্রিত হইয়াছে; অধ্যক্ষগণ ও ৩ শাসনকর্ত্তারাই এই দোষের মূল হইয়াছে। এই কথা শুনিয়া আমি আপন পরিধেয় ও উত্তরীয় বস্ত্র ছিঁড়িলাম, ও আপন মস্তকের ও শ্মশ্রুর কেশ ছিঁড়িয়া ৪ বিস্ময়াপন্ন হইয়া বসিলাম। তখন যাহারা বন্দিদের আজ্ঞালঙ্ঘন বিষয়ে ইস্রায়েলের ঈশ্বরের আজ্ঞাতে কম্পিত হইল, তাহারা আমার নিকটে একত্র হইল, এবং আমি সন্ধ্যাকালের হোমের সময় পর্য্যন্ত বিস্ময়াপন্ন হইয়া বসিলাম।

৫ পরে সন্ধ্যাকালে হোম করণের সময়ে আমি শোকহইতে উঠিয়া আপন ছিন্ন পরিধেয় ও উত্তরীয় বস্ত্রেতে বস্ত্রান্বিত হইয়া হাঁটু পাতিয়া আপন প্রভু পরমেশ্বরের ৬ সাক্ষাতে হস্ত বিস্তার করিয়া কহিলাম, হে আমার ঈশ্বর, হে আমার ঈশ্বর, আমি তোমার প্রতি আপন মুখ তুলিতে লজ্জিত ও বিবর্ণ হই, কেননা আমাদের পাপ আমাদের মস্তকের ঊর্দ্ধে উঠিয়াছে, ও আমা- ৭ দের দোষ গগনস্পর্শ হইয়াছে। আমাদের পূর্ব্বপুরুষদের সময় অবধি অদ্য পর্য্যন্ত আমরা মহাদোষ করিয়াছি; আমাদের অপরাধের জন্যে আমরা ও আমাদের রাজগণ ও যাজকগণ অদ্যকার দশানুসারে মুখের ব্যাকুলতাতে ও লুটেতে ও বন্দিত্বে ও খড়্গে ও অন্য ৮ দেশীয় রাজাদের হস্তে সমর্পিত হইলাম। কিন্তু এখন আমাদের কতক অবশিষ্ট লোককে রক্ষা করিতে ও ধর্ম্মধামে আমাদিগকে অটল স্থান * দিতে ও আমাদের চক্ষু ঈশ্বরেতে দীপ্তিমান করিতে ও বন্দি দশাতে প্রাণ জুড়াইতে আমাদের প্রভু পরমেশ্বর ক্ষণেক কাল অনু- ৯ গ্রহ করিয়াছেন। আমরা বন্দী ছিলাম, তথাপি আমাদের ঈশ্বর বন্দি অবস্থাতে আমাদিগকে ত্যাগ করেন নাই, কিন্তু আমাদের ঈশ্বরের মন্দির স্থাপন করিতে ও তাহার ভগ্নস্থান সারিতে এবং যিহূদা ও যিরূশালমে প্রাচীর দিতে আমাদিগকে প্রাণ দান করিবার জন্যে তিনি পারসের রাজাদের দৃষ্টিতে আমাদের প্রতি অনু- ১০ গ্রহ ভোগ করিতে দিলেন। এখন হে আমাদের ঈশ্বর, ইহার পরে আমরা কি কহিব? কেননা আমরা তোমার ১১ আজ্ঞা ত্যাগ করিলাম। তুমি আপন ভবিষ্যদ্বক্তা সেবকদ্বারা † এই কথা কহিয়াছিলা, যে দেশ অধিকার করিতে প্রবেশ করিবা, সেই দেশীয় লোকদের অশুচি ক্রিয়াদ্বারা, অর্থাৎ যে ঘৃণার্হ ক্রিয়াদ্বারা তাহারা তাহার দিগ্‌দিগন্তর ‡ পূর্ণ করিয়াছে, তাহাদ্বারা সেই দেশ সর্ব্বত্র অশুচি আছে। অতএব তোমরা তাহাদের ১২ পুত্রদের সহিত তোমাদের কন্যাগণের বিবাহ দিও না, ও তোমাদের পুত্রগণের সহিত তাহাদের কন্যাগণের বিবাহ দিও না, ও তাহাদের মঙ্গল ও সৌভাগ্য কখনো চেষ্টা করিও না; তাহাতে তোমরা বলবান হইবা, ও দেশের উত্তম দ্রব্য ভোগ করিবা, ও আপন বংশের কারণ নিত্য অধিকারস্বরূপ তাহা রাখিয়া যাইবা। কিন্তু ১৩ আমাদের মন্দ কর্ম্ম ও মহাপাপ করাতে আমাদের প্রতি এই সকল অমঙ্গল ঘটিয়াছে; তথাপি হে আমাদের ঈশ্বর, তুমি আমাদের পাপের উপযুক্ত দণ্ডহইতে অল্প দণ্ড দিয়াছ, অধিকন্তু আমাদিগকে এই রূপে উদ্ধার করিয়াছ। ইহা দেখিয়াও আমরা যদি তো- ১৪ মার আজ্ঞালঙ্ঘন পুনর্ব্বার করিয়া ঘৃণার্হ কর্ম্মকারি এই জাতীয়দের সহিত কুটুম্বতা করি, তবে যে পর্য্যন্ত আমাদের কেহ রক্ষিত ও অবশিষ্ট না থাকে, তাবৎ তুমি আমাদের প্রতি ক্রুদ্ধ হইয়া কি নিঃশেষে সংহার করিবা না? হে ইস্রায়েলের প্রভু পরমেশ্বর, তুমি ধর্ম্ম- ১৫ স্বরূপ, কেননা আমরা অদ্য পর্য্যন্ত রক্ষিত ও অবশিষ্ট আছি; দেখ, আমরা তোমার সাক্ষাতে দোষী আছি, তৎপ্রযুক্ত তোমার সাক্ষাতে দাঁড়াইতে পারি না।

১০ অধ্যায়।

১ ইষ্রাকে শিখনিয়ের আশ্বাস করণ ৬ ও শোকান্বিত হইয়া ইষ্রার লোককে একত্র করণ ৯ ও দোষ স্বীকার করিয়া তাহা ত্যাগ করিতে স্বীকার করণ ১৫ ও অন্য জাতীয় স্ত্রীদিগকে দূর করিতে লোকদিগকে নিযুক্ত করণ ১৮ ও দোষি লোকদের নাম।

১ ইষ্রা এইরূপ প্রার্থনা ও পাপস্বীকার ও ক্রন্দন ও ঈশ্বরের মন্দিরের সম্মুখে আপনাকে ভূমিষ্ঠ করিলে ইস্রায়েল্ দেশের মধ্যহইতে আবাল বৃদ্ধ বনিতা মহামণ্ডলী তাহার নিকটে একত্র হইল, এবং লোকেরা অতিশয় ২ ক্রন্দন করিল। তখন এলম্ বংশের মধ্যে এক জন যিহীয়েলের পুত্র শিখনিয় ইষ্রাকে এই কথা কহিল, আমরা আপনাদের ঈশ্বরের আজ্ঞালঙ্ঘন করিয়াছি, ও দেশীয়দের মধ্যহইতে অন্যজাতীয় কন্যাদিগকে বিবাহ করিয়াছি; তথাপি এ বিষয়ে ইস্রায়েলের ৩ মধ্যে প্রত্যাশা আছে। অতএব আইস, এখন আমার প্রভুর মন্ত্রণানুসারে ও আমাদের ঈশ্বরের আজ্ঞাতে

[৯ অধ্য; ১] ইষ্রা ৬; ২১। নি ৯; ২। ১৩; ৫॥—[১,২] যা ৩৪; ২৫, ১৬। দ্বি ৭; ৩, ৪,৬॥—[৪] যশ ৬; ১৫-১৮॥—[৫] গা ২৮; ৪। ১ রা ১৮; ৩৬। দা ৯; ২১॥—[৬-৯] নি ৯; ২৬-৩৮।—[৬, ৭] দা ৯; ৩-১৫॥—[৭] দ্বি ২৮; ৩৬। ২ বং ৩৪; ২৪, ২৫॥—[৮,৯] লে ২৬; ৩৯-৪৫। দ্বি ৩০; ৩॥—[১১,১২] যা ৩৪; ১২-১৬। লে ১৮; ২৪-২৮। দ্বি ৭; ১-৬। ২৩; ৬॥ [১৩,১৪] যশ ২; ১১-১৬॥—[১৫] দা ৯; ৭-৯॥

[১০ অধ্য; ১] যশ ৩; ১৬-১৮॥—[২] যা ৩৪; ১৫,১৬। দ্বি ৭; ৩,৪,৬॥—[৩] যশ ৩; ১৬-১৮। ২ বং ২৩; ১৬। ৩৪; ৩১-৩৩। দ্বি ৭; ৩,৪॥

* (ইব্রী) গোঁজ। † (ইব্রী) হস্তদ্বারা। ‡ (ইব্রী) এক মুখ অবধি অন্য মুখ পর্য্যন্ত।

কম্পিত লোকদের মন্ত্রণানুসারে সেই স্ত্রীদিগকে ও
তাহাদের হইতে জাত বালকদিগকে ত্যাগ করিতে আমরা
আপনাদের ঈশ্বরের সহিত নিয়ম করি; সে কর্ম্ম ব্যব-
৪ স্থানুসারে হউক। উঠ, তোমার এই কার্য্যে আমরাও
তোমার সহকারী হইব, তুমি সাহসী হইয়া তাহা কর।
৫ তখন ইষ্রা উঠিয়া ঐ বাক্যানুসারে করিতে প্রধান যাজ-
কদিগকে ও লেবীয়দিগকে ও ইস্রায়েলের সমস্ত লোককে
দিব্য করাইল; তাহাতে তাহারা দিব্য করিল।

৬ পরে ইষ্রা ঈশ্বরের মন্দিরের সম্মুখহইতে উঠিয়া
ইলিয়াশীবের পুত্র যোহাননের কুঠরীতে প্রবেশ
করিল, কিন্তু সেখানে যাইয়া কিছু রুটী ভোজন করিল
না ও জল পান করিল না, কেননা বন্দি অবস্থাহইতে
আগত লোকদের আজ্ঞালঙ্ঘনেতে সে শোক করিল।
৭ পরে বন্দি লোকেরা যিরূশালমে একত্র হইবে, কিন্তু
৮ যে কেহ অধ্যক্ষদের ও প্রাচীনদের মন্ত্রণানুসারে তিন
দিনের মধ্যে না আসিবে, তাহার সর্ব্বস্ব হরণ করা
যাইবে, ও বন্দি অবস্থাহইতে আগত মণ্ডলীহইতে সে
বহির্ভূত হইবে, ইহা যিহূদার ও যিরূশালমের সর্ব্বত্র
ঘোষণা করিল।

৯ পরে যিহূদার ও বিন্‌য়ামীনের তাবৎ লোক তিন দি-
নের মধ্যে যিরূশালমে একত্র হইল; সেই দিন নবম মাস
ও মাসের বিংশতি দিন ছিল; লোকেরা এই ভারি বিষয়
ও ভারি বৃষ্টি প্রযুক্ত ঈশ্বরের গৃহের বাহির স্থানে কাঁ-
১০ পিতে ২ বসিল। পরে ইষ্রা যাজক উঠিয়া তাহাদিগকে
কহিল, তোমরা আজ্ঞালঙ্ঘন করিয়াছ, ও ইস্রায়ে-
লের আজ্ঞালঙ্ঘন বৃদ্ধি করণার্থে অন্যজাতীয় কন্যা-
১১ দিগকে বিবাহ করিয়াছ। অতএব এখন তোমাদের
পিতৃলোকদের প্রভু পরমেশ্বরের কাছে তাহা স্বীকার
কর ও তাঁহার তুষ্টিকর কর্ম্ম কর, এবং দেশীয় লোকদের
হইতে ও অন্যজাতীয় স্ত্রীদের হইতে আপনাদিগকে
১২ পৃথক কর। তখন সকল মণ্ডলী উচ্চৈঃস্বরে উত্তর করিল,
১৩ তুমি যেমন কহিলা, তদনুসারে আমরা করিব। কিন্তু
লোক অনেক ও বর্ষাকাল উপস্থিত, এ কারণ আমরা
বাহিরে দাঁড়াইতে পারি না, এবং ইহা এক দিনের
কিম্বা দুই দিনের কর্ম্ম নয়, যেহেতুক আমরা অনেকে
১৪ এই বিষয়ে আজ্ঞালঙ্ঘন* করিয়াছি। অতএব সকল
মণ্ডলীর অধ্যক্ষগণ ইহাতে নিযুক্ত† হউক, এবং
আমাদের নগরে যাহারা অন্যজাতীয় কন্যাদিগকে
বিবাহ করিয়াছে, তাহারা ও প্রত্যেক নগরের প্রাচীন
লোকেরা ও বিচারকর্ত্তারা নিরূপিত সময়ে আইসুক;
তাহাতে এ বিষয়ে আমাদের ঈশ্বরের জ্বলন্ত ক্রোধ
আমাদের হইতে নির্ব্বাণ হইবে।

এই কর্ম্মে কেবল অসাহেলের পুত্র যোনাথন্ ও ১৫
তিক্‌বের পুত্র যহসিয় নিযুক্ত‡ ছিল, এবং মিশুল্লম্ ও
লেবীয় শব্বিথয় তাহাদের উপকার করিল। এবং বন্দি ১৬
লোকেরা বিধিমতে কর্ম্ম করিল, এবং ইষ্রা যাজক
ও পিতৃপ্রধান কতক লোক আপন ২ পিতৃবংশানু-
সারে ও আপন ২ নামানুসারে পৃথক হইয়া দশম
মাসের প্রথম দিনে এ বিষয়ের বিচার করিতে বসিল।
এবং প্রথম মাসের প্রথম দিনে তাহারা অন্যজাতীয় ১৭
কন্যা গ্রহণকারি পুরুষদের বিচার সাঙ্গ করিল।

যাজক বংশের মধ্যে অন্যজাতীয় কন্যা গ্রহণকারি ১৮
এই সকল লোক ছিল, যিহোষাদকের পৌত্র যেশূয়ের
পুত্রদের ও ভ্রাতাদের মধ্যে মাসেয় ও ইলীয়েষর্ ও
যারিব্ ও গিদলিয়। ইহারা আপন ২ ভার্য্যা ত্যাগ ১৯
করিতে হস্তাক্ষর লিখিল, এবং অপরাধী হইয়া
পালের এক মেষ আপনাদের দোষার্থে বলি উৎ-
সর্গ করিল। এবং ইম্মের্ বংশের মধ্যে হনানি ২০
ও সিবদিয়; ও হারীম্ বংশের মধ্যে মাসেয় ও ২১
এলিয় ও শিময়িয় ও যিহীয়েল ও উষিয়; এবং পশ্- ২২
হূর্ বংশের মধ্যে ইলিয়ো-ঐনয় ও মাসেয় ও ইস্মা-
য়েল্ ও নিথনেল্ ও যোষাবদ্ ও ইলিয়াসা। এবং ২৩
লেবীয়দের মধ্যে যোষাবদ্ ও শিমিয়ি ও কিলায়
(সেই কিলীট) এবং পিথাহিয় ও যিহূদা ও ইলিয়ে-
ষর্। এবং গায়কদের মধ্যে ইলিয়াশীব্; ও দ্বার- ২৪
পালদের মধ্যে শল্লুম্ ও টেলম্ ও ঊরি। এবং ইস্রায়ে- ২৫
লের পরিয়োশ্ বংশের মধ্যে রিমায় ও যিষিয় ও
মল্কিয় ও মিয়ামীন্ ও ইলিয়াসর্ ও মল্কিয় ও বিনায়;
এবং এলম্ বংশের মধ্যে মত্তনিয় ও সিখরিয় ও ২৬
যিহীয়েল্ ও অব্দি ও যিরেমোৎ ও এলিয়; এবং সত্তূ ২৭
বংশের মধ্যে ইলিয়ো-ঐনয় ও ইলিয়াশীব্ ও মত্তনিয়
ও যিরেমোৎ ও সাবদ্ ও অসীসা; এবং বেবয় ২৮
বংশের মধ্যে যিহোহানন্ ও হনানিয় ও সব্বয় ও
অৎলয়; এবং বানি বংশের মধ্যে মিশুল্লম্ ও মল্লূক্ ২৯
ও অদায়া ও যাশূব্ ও শাল্ ও রামোৎ; এবং পহৎ- ৩০
মোয়াবের বংশের মধ্যে অদ্‌ন ও কিলল্ ও বিনায় ও
মাসেয় ও মত্তনিয় ও বিৎসলেল্ ও বিন্নূয়ী ও মিনশি;
এবং হারীম্ বংশের মধ্যে ইলিয়েষর্ ও যিশিয় ও ৩১
মল্কিয় ও শিময়িয় ও শিমিয়োন, ও বিন্‌য়ামীন্ ও ৩২
মল্লূক্ ও শিমরিয়; এবং হশূম্ বংশের মধ্যে মত্তিনয় ৩৩
ও মত্তত্ত ও সাবদ্ ও ইলীফেলট্ ও যিরেময় ও মিনশি
ও শিমিয়ি; এবং বানি বংশের মধ্যে মাদয় ও ৩৪
অম্রাম্ ও ঊয়েল; ও বিনায় ও বেদিয়া ও কিলূহূ; ও ৩৫
বনিয় ও মিরেমোৎ ও ইলিয়াশীব্; ও মত্তনিয় ও মত্তি- ৩৭

[৪] ১ বং ২৮; ২০,২১ ॥—[৫] ২ বং ৩৪; ৩১,৩২। নি ৯;৩৮ ॥—[৬] দ্বি ৯; ১৮। ১ শি ১৫; ৩৫ ॥—[৮] ইষ্রা ৭; ২৬ ॥
[১১] প ৩। হি ২৮; ১৩। লে ২৬; ৪০ ॥—[১২] দ্বি ৫; ২৭-২৯ ॥—[১৭] নি ৯; ১,২। ১৩; ৩, ৬, ২৩-৩০। যা ১২; ৪৩ ॥
[১৮] মল ২; ৮ ॥—[১৯] লে ৬; ২-৭ ॥—[১৮-২২] ইষ্রা ২; ৩৬-৩৯ ॥—[২৩] ২; ৪০। ৮; ১৮, ১৯ ॥—[২৪]
২; ৪১, ৪২ ॥—[২৫-৪৩] ২; ৩-৩৫। ৮; ৩-১৪ ॥

* (বা) আমরা এই বিষয়ে মহাজ্ঞালঙ্ঘন। † (ইব্রী) দণ্ডায়মান। ‡ (বা) বিপরীতবাদি।

৩৮ নয় ও যাসয়, ও বানি ও বিন্নূয়ী ও শিমিয়ি, ও ৪০ শেলিমিয় ও নাথন্ ও অদায়া, ও মগ্নদ্‌বয় ও শাশয় ৪১ ও শারয়, ও অসরেল্ ও শেলিমিয় ও শিমরিয়, ৪৩ ও শল্লূম্ ও অমরিয় ও যূষফ্; এবং নিবো বংশের মধ্যে যিয়ূয়েল্ ও মত্তথিয় ও সাবদ্ ও সিবীনঃ ও যাদয় ও যোয়েল্ ও বিনায়; ইহারা অন্য জাতীয় কন্যা- ৪৪ দিগকে বিবাহ করিয়াছিল, এবং কাহারো২ সেই ভার্য্যাতে সন্তান জন্মিয়াছিল।

নিহিমিয়ের পুস্তক।

---

১ অধ্যায়।

১ যিরূশালমের দুর্দ্দশার কথা শুনিয়া নিহিমিয়ের শোক ও উপবাস করণ ৪ ও তাহার প্রার্থনা।

১ হখলিয়ের পুত্র নিহিমিয়ের বিবরণ। বিংশতি বৎসরের কিশ্‌লেব্ মাসে আমি শূশন্ রাজধানীতে ২ ছিলাম। তখন হনানি নামে আমার ভ্রাতাদের এক জন ও যিহূদার কতক লোক সেই স্থানে আইলে আমি তাহাদিগকে রক্ষিত ও অবশিষ্ট যিহূদীয় বন্দিদের ও ৩ যিরূশালমের বিষয়ে জিজ্ঞাসা করিলাম। তাহাতে তাহারা আমাকে কহিল, সেই দেশ নিবাসি অবশিষ্ট বন্দি লোকেরা অতিশয় দুঃখে ও অপমানে আছে, এবং যিরূশালমের প্রাচীর ভগ্ন আছে, ও তাহার দ্বার অগ্নিতে দগ্ধ আছে।

৪ তাহাদের এই কথা শুনিয়া আমি কতক দিন বসিয়া ক্রন্দন করিয়া শোক করিলাম, এবং উপবাস করিয়া স্বর্গীয় ঈশ্বরের নিকটে এই প্রার্থনার কথা কহি- ৫ লাম, হে স্বর্গীয় প্রভু পরমেশ্বর, তুমি মহান্ ও ভয়ঙ্কর ঈশ্বর, এবং আপন প্রেমকারি ও আজ্ঞা পালনকারিদের ৬ জন্যে নিয়ম ও দয়া পালন করিয়া থাক। এখন আমি তোমার দাস ইস্রায়েল্ বংশের জন্যে দিবারাত্রি তোমার নিকটে প্রার্থনা করিতেছি, এবং আমরা তোমার বিরুদ্ধে যে২ পাপ করিয়াছি, ইস্রায়েল্ বংশের ও আমার ও আমার পিতৃবংশের সেই২ পাপ স্বীকার করিতেছি, তুমি এখন আপন দাসদের এই ৭ প্রার্থনার প্রতি কর্ণপাত ও দৃষ্টিপাত কর। আমরা তোমার বিরুদ্ধে দুষ্কর্ম্ম করিয়াছি; তুমি আপন দাস মূসাকে যে আদেশ ও বিধি ও ব্যবস্থা পালনের আজ্ঞা দিয়াছ, তাহা আমরা পালন করি নাই। আর ৮ 'তোমাদের আজ্ঞালঙ্ঘন করাতে আমি অন্যজাতিদের মধ্যে তোমাদিগকে ছিন্ন ভিন্ন করিলেও যদি ৯ তোমরা আমার প্রতি ফির ও আমার আজ্ঞা পালন কর ও আজ্ঞানুসারে কর্ম্ম কর, তবে তোমাদের কেহ২ আকাশের প্রান্তস্থ সীমাতে দূরীকৃত হইলেও আমি তথাহইতেও তাহাদিগকে সংগ্রহ করিব, এবং আপন নামের বাসস্থানার্থে যে স্থান মনোনীত করিয়াছি, সেই স্থানে তাহাদিগকে আনিব'; এই যে কথা তুমি আপন দাস মূসাকে কহিয়াছ, বিনয় করি তাহা এখন স্মরণ কর। তুমি যাহাদিগকে আপন মহাপরা- ১০ ক্রমে ও সবল হস্তদ্বারা মুক্ত করিয়াছ, তাহারাই তোমার সেই দাস ও লোক। হে পরমেশ্বর, আমি বিনয় ১১ করি, এখন তুমি আপন দাসের প্রার্থনাতে, এবং যাহারা তোমার নামে ভয় করিতে ইচ্ছা করে, তোমার সেই দাসদের প্রার্থনাতে কর্ণপাত কর; এবং বিনয় করি, অদ্য আপন দাসের কর্ম্ম সিদ্ধ কর, ও এই ব্যক্তির সাক্ষাতে তাহার প্রতি কৃপা কর।

২ অধ্যায়।

১ নিহিমিয়ের মুখ বিষণ্ণ হওনের কারণ জানিয়া অর্তসস্ত রাজার তাহাকে যিরূশালমে প্রেরণ করণ ৯ ও সেখানে উপস্থিত হইলে তাহার শত্রুগণের দুঃখ ১১ ও রাত্রিকালে ভগ্ন প্রাচীর নিরীক্ষণ করণ ১৭ ও প্রাচীর পুনর্নির্ম্মাণ করিতে যিহূদীয়দিগকে প্রবৃত্তি দেওন।

১ আমি রাজার পানপাত্রবাহক ছিলাম; এবং অর্তসস্ত রাজার অধিকারের বিংশতিতম বৎসরের নীসন্ মাসে রাজার সম্মুখে দ্রাক্ষারস থাকিলে আমি সেই দ্রাক্ষা-

---

[১ অধ্য; ১] নি ২; ১। ইস্রা ৭; ৭,৮ ।।—[৩] নি ২; ১৩,১৭ ।।—[৪-১১] দা ৯; ৩-১৯ ।।—[৫] যা ২০; ৬ ।।—[৬,৭] ইস্রা ৯; ৬,৭ ।।—[৮,৯] দ্বি ৪; ২৯,৩০। ৩০; ১-১০। ৩২; ৩৬। লে ২৬; ৪০-৪৫ ।।—[১০] দ্বি ৯; ২৬,২৯ ।।

[২ অধ্য; ১] নি ১; ১। ইস্রা ৭; ৭,৮ ।।

রস লইয়া রাজাকে দিলাম; পূর্ব্বে আমি তাহার ২ সাক্ষাতে কখনও বিষণ্ণ ছিলাম না; এই জন্যে রাজা আমাকে জিজ্ঞাসিল, তুমি পীড়িত না হইলেও তোমার মুখ বিষণ্ণ কেন হইল? ইহা মনের দুঃখ ব্যতিরেক ৩ আর কিছুতে হয় না। তখন আমি অতি উদ্বিগ্ন হইয়া রাজাকে কহিলাম, রাজা চিরজীবী হউন; আমার পূর্ব্বপুরুষদের কবরস্থান যে নগর, তাহা অরণ্য আছে, ও তাহার দ্বার অগ্নিতে দগ্ধ আছে, ইহাতে ৪ আমার মুখ কেন বিষণ্ণ হইবে না? তখন রাজা আমাকে কহিল, তুমি কিসের প্রার্থনা কর? তাহাতে আমি স্বর্গীয় ঈশ্বরের কাছে প্রার্থনা করিয়া রাজাকে কহিলাম, ৫ যদি রাজার অভিমত হয়, এবং তোমার দাস যদি তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া থাকে, তবে এই নিবেদন করি, তুমি আমাকে যিহূদা দেশে আমার পিতৃলোকদের কবরের নগরে প্রেরণ কর, তাহাতে ৬ আমি তাহা পুনর্নির্ম্মাণ করিব। তাহাতে রাজা ও তাহার পার্শ্বে উপবিষ্টা ভার্য্যা আমাকে জিজ্ঞাসিল, তোমার যাত্রাতে কত দিন লাগিবে? এবং কবে তুমি ফিরিয়া আসিবা? তাহাতে আমাকে পাঠাইতে রাজার অভিমত হইলে আমি তাহার কাছে সময় নিরূপণ ৭ করিলাম। অধিকন্তু আমি রাজাকে কহিলাম, যদি রাজার অভিমত হয়, তবে যিহূদাদেশে উপস্থিত হওন পর্য্যন্ত যেন নদীর ওপারস্থ দেশাধ্যক্ষেরা আমার গমনের সহায়তা করে, এই জন্যে তাহাদের নামে ৮ লিখিত পত্র আমাকে দত্ত হউক। এবং রাজার বনরক্ষক আসফ্ যেন মন্দিরের পার্শ্বস্থ দুর্গের দ্বারের ও নগরের প্রাচীরের ও আমার প্রবেশনীয় গৃহের কড়িকাষ্ঠের জন্যে আমাকে কাষ্ঠ দেয়, এই জন্যে তাহার নামেও এক পত্র দত্ত হউক; তাহাতে আমার প্রতি ঈশ্বরের অনুগ্রহেতে * রাজা আমাকে সকল দিল।

৯ আর রাজা আমার সহিত সেনাপতিদিগকে ও অশ্বারূঢ়দিগকে পাঠাইল, পরে আমি নদীর এপারস্থ দেশাধ্যক্ষদের নিকটে উপস্থিত হইয়া রাজার পত্র ১০ তাহাদিগকে দিলাম। তখন ইস্রায়েল্ বংশের মঙ্গল করণার্থে এক মনুষ্য আসিয়াছে, এই কথা হোরোণীয় সন্‌বল্লট্ ও অম্মোনীয় টোবিয় দাস শুনিলে তাহাদের বড় শোক হইল।

১১ পরে আমি যিরূশালমে উত্তীর্ণ হইয়া সে স্থানে তিন ১২ দিন প্রবাস করিলে আমি ও আমার সঙ্গি কতক লোক রাত্রিতে উঠিলাম, এবং ঈশ্বর যিরূশালমে যাহা করিতে আমার মনে প্রবৃত্তি দিয়াছেন, তাহা আমি কাহাকেও কহিলাম না; এবং আমি যে অশ্বেতে আরূঢ় ছিলাম, তদ্ব্যতিরেকে আর কোন পশু আমার সঙ্গে ছিল না। ১৩ আমি নিম্নভূমির দ্বার দিয়া নাগকূপ ও সারদ্বার পর্য্যন্ত রাত্রিতে বাহিরে গেলাম, এবং যিরূশালমের ভগ্ন প্রাচীর ও অগ্নিতে দগ্ধ দ্বার অবলোকন করিলাম। ১৪ এবং উনুইর দ্বার ও রাজার পুষ্করিণী পর্য্যন্ত গেলাম, কিন্তু সেই স্থানে আমার বাহন পশুর গন্তব্য ১৫ পথ না হইলে আমি রাত্রিকালে স্রোতের তীরে ২ গমন করিয়া প্রাচীর অবলোকন করিলাম, পরে পুনর্ব্বার নিম্নভূমির দ্বার দিয়া প্রবেশ করিয়া ফিরিয়া আইলাম। ১৬ কিন্তু আমি যে ২ স্থানে গেলাম ও যাহা ২ করিলাম, তাহা অধ্যক্ষেরা জানিল না, এবং তৎকাল পর্য্যন্ত আমি যিহূদীয়দিগকে ও যাজকদিগকে ও প্রধান লোকদিগকে ও অধ্যক্ষদিগকে ও কর্ম্মকারিদিগকে কাহাকেও তাহা কহিলাম না।

১৭ পরে আমি তাহাদিগকে কহিলাম, আমরা অতি দুরবস্থাতে আছি, যিরূশালম অরণ্যময় ও তাহার দ্বার অগ্নিতে দগ্ধ আছে, ইহা দেখিতেছ; অতএব আমরা অদ্যাবধি যেন নিন্দাস্পদ না হই, এই কারণ আইস, যিরূশালমের প্রাচীর পুনর্নির্ম্মাণ করি। ১৮ পরে আমার প্রতি ঈশ্বরের যে রূপ মঙ্গলদায়ক অনুগ্রহ † ও আমার প্রতি উক্ত রাজার যেরূপ কথা, তাহা তাহাদিগকে কহিলাম; তাহাতে তাহারা কহিল, আইস, আমরা উঠিয়া পুনর্নির্ম্মাণ করি; এই রূপে তাহারা এই উত্তম কার্য্যের নিমিত্তে আপনাদিগকে ‡ সবল করিল। ১৯ কিন্তু হোরোণীয় সন্‌বল্লট্ ও অম্মোনীয় দাস টোবিয় ও অরবীয় গেশম্ এ কথা শুনিয়া আমাদিগকে পরিহাস ও অবজ্ঞা করিয়া কহিল, তোমরা এই যে কার্য্য করিতেছ, এ কি? তোমরা কি রাজদ্রোহ করিবা? ২০ তখন আমি উত্তর করিলাম, স্বর্গের ঈশ্বর আমাদের কর্ম্ম সিদ্ধ করিবেন, এবং আমরা উঠিয়া নির্ম্মাণ করিব; কিন্তু যিরূশালমে তোমাদের অংশ ও অধিকার ও স্মৃতিচিহ্ন নাই।

৩ অধ্যায়।

১ যাহারা প্রাচীর পুনর্নির্ম্মাণ করিল তাহাদের নাম ও স্থানের নির্ণয়।

১ পরে ইলিয়াশীব্ প্রধান যাজক ও তাহার যাজক ভ্রাতৃগণ উঠিয়া মেষদ্বার পুনর্নির্ম্মাণ করিল, এবং তাহার কপাট স্থাপন করিয়া তাহা পবিত্র করিল, অর্থাৎ মেয়া গড় অবধি হননেলের দুর্গ পর্য্যন্ত তাহা পবিত্র করিল। ২ তাহার নিকটে যিরীহোর লোকেরা ভিত্তি পুনর্নির্ম্মাণ করিল; ও তাহাদের নিকটে ইম্রির পুত্র সক্কূর্ পুনর্নির্ম্মাণ করিল। ৩ এবং সিনায়ার বংশেরা মৎস্যদ্বার পুনর্নির্ম্মাণ করিল, ও তাহার আড়কাটা তুলিল, এবং তাহার

[৩] নি ১; ৩ ॥—[৬] ৫; ১৪ ॥—[৭,৮] ইস্রা ৮; ২২ ॥—[১১] ইস্রা ৮; ৩২ ॥—[১৩] নি ৩; ১৩,১৪ ॥—[১৪] ৩; ১৫,১৬। ১২; ৩৭ ॥—[১৭] গী ৭৯; ৪,১০ ॥—[১৮] প ৪-৮ ॥—[১৯] ইস্রা ৪; ১২,১৩। নি ৫; ৬,৭ ॥—[২০] ইস্রা ৪; ১-৪ ॥
[৩ অধ্যা; ১] নি ১২; ১০,৩৯। যির ৩১; ৩৮ ॥—[৩] নি ১২; ৩৯। ২ বং ৩৩; ১৪ ॥

* (ইব) আমার উপরে ঈশ্বরের উত্তম হস্তের দ্বারা। † (ইব্রা) উত্তম হস্ত। ‡ (ইব্রা) আপনাদের হস্ত।

৪ কপাট ও তালা ও অর্গল স্থাপন করিল। তাহাদের নিকটে কোসের পৌত্র ঊরিয়ের পুত্র মিরেমোৎ পুনর্নির্ম্মাণ করিল; তাহার নিকটে মিশেষবেলের পৌত্র বেরিখিয়ের পুত্র মিশুল্লম্ পুনর্নির্ম্মাণ করিল: ও তাহাদের নিকটে বানার পুত্র সাদোক্ পুনর্নির্ম্মাণ ৫ করিল। তাহাদের নিকটে তিকোয়ীয় লোকেরা পুনর্নির্ম্মাণ করিল, কিন্তু তাহাদের প্রধান লোকেরা আপনাদের প্রভুর কর্ম্মে প্রবৃত্ত হইল না *। ৬ পরে পাসেহের পুত্র যিহোয়াদা ও বিষোদিয়ার পুত্র মিশুল্লম্ পুরাতন দ্বার পুনর্নির্ম্মাণ করিল; তাহারা তাহার আড়কাটা তুলিল, এবং তাহার কপাট ও তালা ও ৭ অর্গল স্থাপন করিল। তাহাদের নিকটে গিবিয়োনীয় মিলটিয় ও মিরোনোথীয় যাদোন্ ও গিবিয়োনের ও মিস্পার লোকেরা নদীর এপারে দেশাধ্যক্ষের ৮ সিংহাসন পর্য্যন্ত পুনর্নির্ম্মাণ করিল। তাহার নিকটে স্বর্ণকারদের মধ্যে হরহয়ের পুত্র উষীয়েল্ পুনর্নির্ম্মাণ করিল; ও তাহার নিকটে এক গন্ধবণিকের পুত্র হনানিয় পুনর্নির্ম্মাণ করিল, এবং তাহারা দীর্ঘ প্রাচীর পর্য্যন্ত ৯ দৃঢ় † করিল। তাহাদের নিকটে যিরূশালম্ প্রদেশের অর্দ্ধ ভাগের অধ্যক্ষ হূরের পুত্র রিফায় পুনর্নির্ম্মাণ ১০ করিল। তাহার নিকটে হরুমফের পুত্র যিদায় আপন গৃহের সম্মুখস্থ প্রাচীর পুনর্নির্ম্মাণ করিল; তাহার নি-১১ কটে হশবনিয়ের পুত্র হটূশ্ পুনর্নির্ম্মাণ করিল। হারীমের পুত্র মল্কিয় ও পহৎ-মোয়াবের পুত্র হশূব্ আর ১২ অন্য ভাগ ও ভাফরের দুর্গ পুনর্নির্ম্মাণ করিল। তাহার নিকটে যিরূশালম্ প্রদেশের এক অর্দ্ধের কর্ত্তা হলোহেশের পুত্র শল্লুম্ ও তাহার কন্যারা পুনর্নির্ম্মাণ ১৩ করিল। পরে হানূন্ ও সানোহ নিবাসিরা নিম্নভূমির দ্বার পুনর্নির্ম্মাণ করিল; তাহারা তাহার গাঁথনি করিল, এবং তাহার কপাট ও তালা ও অর্গল স্থাপন করিল, এবং সারদ্বার পর্য্যন্ত প্রাচীরের এক সহস্র হস্ত ১৪ পুনর্নির্ম্মাণ করিল। এবং বৈথক্কেরম্ প্রদেশের কর্ত্তা রেখবের পুত্র মল্কিয় সারদ্বার পুনর্নির্ম্মাণ করিল; সে তাহার গাঁথনি করিল, এবং তাহার কপাট ও তালা ১৫ ও অর্গল স্থাপন করিল। এবং মিস্পা প্রদেশের কর্ত্তা কল্‌হোষির পুত্র শল্লুম্ উনুইর দ্বার পুনর্নির্ম্মাণ করিল; সে তাহা নির্ম্মাণ করিয়া তাহার আচ্ছাদন করিল, এবং তাহার কপাট ও তালা ও অর্গল স্থাপন করিল, এবং যে সোপান্ দিয়া দায়ূদনগরহইতে নামে, সে পর্য্যন্ত রাজার উদ্যানের সম্মুখস্থ শীলোহ পুষ্করিণীর ১৬ প্রাচীর পুনর্নির্ম্মাণ করিল। তাহার নিকটে বৈৎসূর্ প্রদেশের এক অর্দ্ধ ভাগের কর্ত্তা অস্‌বুকের পুত্র নিহিমিয় দায়ূদের কবরের সম্মুখে ও খনিত পুষ্করিণী পর্য্যন্ত ও বীরলোকদের গৃহ পর্য্যন্ত পুনর্নির্ম্মাণ করিল।

১৭ তাহার নিকটে লেবীয়দের মধ্যে বানির পুত্র রিহূম পুনর্নির্ম্মাণ করিল, ও তাহার নিকটে কিয়ীলা প্রদেশের অর্দ্ধাংশের কর্ত্তা হশবিয় আপন ভাগ পুনর্নির্ম্মাণ ১৮ করিল। ও তাহার নিকটে তাহাদের ভ্রাতৃগণ অর্থাৎ কিয়ীলা প্রদেশের অর্দ্ধের কর্ত্তা হেনাদদের পুত্র ববয় ১৯ পুনর্নির্ম্মাণ করিল। তাহার নিকটে মিস্পার কর্ত্তা যেশূয়ের পুত্র এসর্ প্রাচীরের বাঁকে স্থিত অস্ত্রাগারের পথের ২০ সম্মুখে আর এক স্থান পুনর্নির্ম্মাণ করিল। তাহার নিকটে সব্বয়ের পুত্র বারূক্ যত্ন করিয়া প্রাচীরের বাঁকহইতে ইলিয়াশীব্ প্রধান যাজকের দ্বার পর্য্যন্ত ২১ অন্য স্থান পুনর্নির্ম্মাণ করিল। তাহার নিকটে কোসের পৌত্র ঊরিয়ের পুত্র মিরেমোৎ ইলিয়াশীবের গৃহের দ্বার অবধি ইলিয়াশীবের গৃহের সীমা পর্য্যন্ত আর ২২ এক স্থান পুনর্নির্ম্মাণ করিল। তাহার নিকটে সমভূমির ২৩ যাজক লোকেরা পুনর্নির্ম্মাণ করিল। তাহার নিকটে বিন্‌য়ামীন্ ও হশূব্ আপনাদের গৃহের সম্মুখে পুনর্নির্ম্মাণ করিল; তাহার নিকটে অননিয়ের পৌত্র মাসেয়ের পুত্র অসরিয় আপন গৃহের সম্মুখ পুনর্নির্ম্মাণ ২৪ করিল। তাহার নিকটে হেনাদদের পুত্র বিন্নূয়ী অসরিয়ের গৃহ অবধি প্রাচীরের বাঁক অর্থাৎ কোণ পর্য্যন্ত ২৫ আর এক স্থান পুনর্নির্ম্মাণ করিল। পরে ঊষয়ের পুত্র পালল্ বাঁকের সম্মুখস্থ প্রাচীর ও কারাগারের উঠানের নিকটস্থ রাজার উচ্চবাটীর সমীপে বহির্বর্ত্তি দুর্গের সম্মুখস্থ প্রাচীর পুনর্নির্ম্মাণ করিল; তাহার নিকটে ২৬ পরিয়োশের পুত্র পিদায় পুনর্নির্ম্মাণ করিল। (তথাপি নিথীনীয়েরা ওফল্ অর্থাৎ জলদ্বারের পূর্ব্বদিগের সম্মুখস্থ স্থান ও বহির্বর্ত্তি দুর্গ পর্য্যন্ত বাস ‡ করিল।) ২৭ তাহার নিকটে তিকোয়ীয়েরা বহির্বর্ত্তি বৃহৎ দুর্গ অবধি ওফলের প্রাচীর পর্য্যন্ত আর এক স্থান পুনর্নির্ম্মাণ ২৮ করিল। (অশ্বদ্বারের পরদিগ অবধি যাজকেরা প্রত্যেক জন আপন ২ গৃহের সম্মুখ প্রাচীর পুনর্নির্ম্মাণ করিল।) ২৯ তাহার নিকটে ইম্মেরের পুত্র সাদোক্ আপন গৃহের সম্মুখ পুনর্নির্ম্মাণ করিল; তাহার নিকটে পূর্ব্বদ্বার রক্ষক শিখনিয়ের পুত্র শিময়িয় পুনর্নির্ম্মাণ করিল। ৩০ তাহার নিকটে শেলিমিয়ের পুত্র হনানিয় এ সালফের ষষ্ঠ পুত্র হানূন্ আর এক স্থান পুনর্নির্ম্মাণ করিল; তাহার নিকটে বেরিখিয়ের পুত্র মিশুল্লম্ আপন কুঠরীর ৩১ সম্মুখ পুনর্নির্ম্মাণ করিল। তাহার নিকটে স্বর্ণকারের পুত্র মল্কিয় নিথীনীয়দের ও বণিকদের স্থান পর্য্যন্ত মিপ্‌কদ্ দ্বারের সম্মুখস্থ প্রাচীর ও কোণের পথ পর্য্যন্ত ৩২ পুনর্নির্ম্মাণ করিল। এবং কোণের পথ ও মেষদ্বারের মধ্যে স্বর্ণকারেরা ও বণিকেরা পুনর্নির্ম্মাণ করিল।

৪ অধ্যায়।

১ শত্রুগণের নিন্দার কথা ৭ ও শত্রুগণের বিরুদ্ধে প্রহরীগণ

[৬] নি ১২; ৩৯॥—[৮] ১২; ৩৮॥—[১১] ১২; ৩৮॥—[১৩,১৪] ২; ১৩॥—[১৫] প ২৬। ২; ১৪। ১২; ৩৭। ২ বং ৩৩; ১৪। যো ৯; ৭॥—[১৬] নি ২; ১৪॥—[১৯] ২বং ২৬; ৯॥—[২৬] প ১৫। নি ১২; ৩৭॥—[২৮] ২ বং ২৩; ১৫॥

* (ইব্রী) গ্রীবা রাখিল না। † (ইব্রী) ত্যাগ। ‡ (বা) পুনর্নির্ম্মাণ।

রাখন ১৩ ও কর্ম্মকারিদের হস্তে অস্ত্র দেওন ১৯ ও লোকদের প্রতি নিহিমিয়ের পরামর্শ কথা।

১ অপর আমরা প্রাচীর পুনর্নির্ম্মাণ করিতেছি, এই কথা সন্বল্লট্ শুনিয়া কুপিত ও মহাক্রোধান্বিত হইয়া ২ যিহূদীয়দিগকে তিরস্কার করিল। এবং আপন ভ্রাতৃগণের ও শোমিরোণের সৈন্যগণের সাক্ষাতে এই কথা কহিল, এই দুর্ব্বল যিহূদীয়েরা কি করিবে? ইহারা কখন্ নিবৃত্ত হইবে*? ইহারা কি যজ্ঞ করিবে? ও এক দিনে কি এই কর্ম্ম সমাপ্তি করিবে? ও দগ্ধ কাঁথড়ার ঢিবিহইতে প্রস্তর তুলিয়া সজীব করিবে? ৩ তাহাতে তাহার নিকটস্থ অম্মোনীয় টোবিয় কহিল, তাহারা যে গাঁথনী নির্ম্মাণ করিতেছে, তাহার উপর দিয়া যদি শৃগাল যায়, তবে সেই প্রস্তরনির্ম্মিত ৪ প্রাচীর ভাঙ্গিয়া পড়িবে। হে আমাদের ঈশ্বর, শ্রবণ কর, আমরা অপমানিত হইলাম; ইহাদের কৃত অপমান ইহাদের প্রতি ফিরাও, এবং বন্দী করিয়া লুটিত বস্তুর ন্যায় ইহাদিগকে অন্যদেশে যাইতে দেও। ৫ ইহাদের পাপ গোপন করিও না, ও ইহাদের অধর্ম্ম আপন সম্মুখহইতে মার্জ্জন করিও না; কেননা তাহারা ৬ গাঁথকদিগের সম্মুখে তোমার ক্রোধ জন্মাইয়াছে। তথাপি আমরা প্রাচীর নির্ম্মাণ করাইলাম, ও (উচ্চতার) অর্দ্ধপর্য্যন্ত তাহা সমাপ্ত করিলাম, কেননা তাহা করিতে সকল লোকেরই মনস্থ ছিল।

৭ তথাপি যিরূশালমের প্রাচীর পুনর্নির্ম্মিত আছে, ও তাহার ভগ্নস্থান সারণের আরম্ভ হইতেছে, ইহা শুনিয়া সন্বল্লট ও টোবিয় ও অরবীয়েরা ও অম্মোনীয়েরা ও ৮ অস্দোদীয়েরা মহাক্রোধান্বিত হইয়া যিরূশালমের বিরুদ্ধে যুদ্ধ করণার্থে ও কর্ম্মের বিঘ্ন জন্মাওনার্থে সকলে ৯ যাত্রা করিতে ঐক্য করিল। তাহাতে আমরা আপনাদের ঈশ্বরের কাছে প্রার্থনা করিলাম, ও দিবারাত্রি তাহাদের ১০ বিরুদ্ধে প্রহরিগণকে রাখিলাম। এবং যিহূদার কতক লোক কহিতেছে, ভারবাহকেরা দুর্ব্বল হইল, এখনো অনেক কাঁথড়া আছে, আমরা প্রাচীর পুনর্নির্ম্মাণ সমা- ১১ প্তি করিতে পারিব না। এবং আমাদের শত্রুগণ কহিতেছে, আমরা অজ্ঞাতসারে ও অদৃশ্যরূপে ইহাদের মধ্যে আসিয়া ইহাদিগকে বধ করিয়া কর্ম্ম ছাড়াইব†। ১২ এবং তাহাদের নিকটনিবাসি যিহূদীয়েরা আমাদের নিকটে আসিয়া দশ বার এই কথা কহিতেছে, তোমরা যে কোন স্থানের প্রতি দৃষ্টিপাত কর, সেই ২ স্থানহইতে তাহারা আমাদিগকে ক্লেশ দেয়।

১৩ অপর আমি প্রাচীরের পশ্চাৎ নীচে ও উর্দ্ধে লোক নিযুক্ত করিলাম, অর্থাৎ সপরিবারে খড়্গ ও ১৪ বড়শা ও ধনুকধারি লোক নিযুক্ত করিলাম। পরে আমি অবলোকন করিলাম, এবং উঠিয়া প্রধান লোকদিগকে ও অধ্যক্ষগণকে ও অন্য সকল লোকদিগকে কহিলাম, তোমরা তাহাদের হইতে ভীত হইও না, মহান্ ও ভয়ঙ্কর পরমেশ্বরকে স্মরণ কর, এবং আপনাদের ভ্রাতৃগণ ও পুত্রগণ ও কন্যাগণ ও ভার্য্যাগণ ও গৃহের জন্যে যুদ্ধ কর। ১৫ পরে আমরা তাহাদের অভিপ্রায় জানিয়াছি ও ঈশ্বর তাহাদের পরামর্শ ব্যর্থ করিয়াছেন, ইহা শত্রুগণ জ্ঞাত হইলে আমরা সকলে আপন২ প্রাচীরের কার্য্য করিতে পুনর্ব্বার গমন ১৬ করিলাম। এবং সেই দিন অবধি আমার দাসদের অর্দ্ধেক লোক কর্ম্ম করিত, ও তাহাদের অন্য অর্দ্ধেক লোক বড়শা ও ঢাল ও ধনু ও বর্ম্ম ধরিয়া থাকিত, এবং যিহূদা বংশের পশ্চাৎ সৈন্যাধ্যক্ষগণ থাকিত। ১৭ এবং যাহারা প্রাচীরের উপরে গাঁথিত ও যাহারা ভার বহিত ও যাহারা ভার দিত, তাহারা সকলে এক হস্তে কর্ম্ম করিত ও অন্য হস্তে অস্ত্র ধরিত। ১৮ এবং গাঁথকেরা প্রত্যেক জন কটিতে খড়্গ বদ্ধ করিয়া গাঁথিত, এবং তূরীবাদক আমার কাছে থাকিত।

১৯ আর আমি প্রধান লোকদিগকে ও অধ্যক্ষগণকে ও অন্য সকল লোককে কহিলাম, এই কর্ম্ম ভারি ও গুরুতর, আমরা প্রাচীরের উপরে এক জনহইতে অন্য ২০ জন দূরে আছি। অতএব তোমরা যে কোন স্থানে তূরীর শব্দ শুনিবা, সেই স্থানে আমাদের নিকটে একত্র হইবা, আমাদের ঈশ্বর আমাদের নিমিত্তে যুদ্ধ করি- ২১ বেন। এই রূপে আমরা সেই কার্য্যে পরিশ্রম করিলাম, এবং প্রাতে উদয় কালাবধি তারাদর্শন কাল পর্য্যন্ত আমাদের ‡ অর্দ্ধেক লোক বড়শা ধরিয়া ২২ থাকিত। সে সময়ে আমি লোকদিগকে আরো কহিলাম, লোকেরা যেন রাত্রিতে আমাদিগকে রক্ষা করে ও দিনে কর্ম্ম করে, এই জন্যে প্রত্যেক পুরুষ আপন২ ২৩ দাসের সহিত রাত্রিতে যিরূশালমে থাকুক। অতএব আমি ও আমার ভ্রাতৃগণ ও আমার দাসগণ ও আমার পশ্চাদ্বর্ত্তি রক্ষকেরা কেহ বস্ত্র খুলিল না, কেবল প্রক্ষালনার্থে খুলিল ‖।

৫ অধ্যায়।

১ লোকদের কলহকথা ৬ ও সুদগ্রাহি লোকদিগকে অনুযোগ করিয়া সুদ ফিরাইয়া দিতে নিহিমিয়ের আজ্ঞা দেওন ১৪ ও অধ্যক্ষপদের বেতন না লইয়া আপন ধনেতে অনেক লোককে পালন করণ।

১ অপর যিহূদীয় ভ্রাতৃগণের বিরুদ্ধে সামান্য লোকদের ও স্ত্রীলোকদের মহাকলহ উপস্থিত হইল। ২ কেহ২ কহিল, আমাদের অনেক পুত্র ও কন্যা, অতএব আমরা ভোজন করিয়া জীবন ধারণের জন্যে শস্য ঋণ লই-

[৪ অধ্য; ১] নি ২; ১০,১৯॥—[৩] ২; ১০,১৯॥—[৪.৫] নি ৬; ১৪॥—[৭] প ১,৩॥—[৮] গী ৮৩; ৩,৪॥—[১৪] দ্বি ৩১; ৬। ২ ব' ২০; ১৫॥—[২০] প ১৪॥

[৫ অধ্য; ১-১৩] লে ২৫; ৩৫-৫৫। দ্বি ১৫; ১,২,৭-১৮। যির ৩৪; ৮-২০॥

* (ইব্রু) ত্যাগ করিবে। † (ইব্রু) কর্ম্মেতে ভ্রান্তি জন্মাইব। ‡ (ইব্রু) তাহাদের। ‖ (ইব্রু) প্রত্যেকের খড়্গ জলস্বরূপ ছিল।

৩ রাছি। এবং কেহ ২ কহিল, আমরা দুর্ভিক্ষ সময়ে আপনাদের ভূমি ও দ্রাক্ষাক্ষেত্র ও গৃহ বন্ধক রাখিয়া ৪ শস্য ঋণ লইয়াছি। এবং কেহ ২ কহিল, রাজকরের নিমিত্তে আমরা আপনাদের ভূমি ও দ্রাক্ষাক্ষেত্র ৫ বন্ধক রাখিয়া মুদ্রা ঋণ লইয়াছি। আমাদের শরীর আমাদের ভ্রাতাদের শরীরের ন্যায়, এবং আমাদের বালকেরা তাহাদের বালকদের ন্যায়; দেখ,আপনাদের পুত্রগণকে ও কন্যাগণকে দাসত্বে আনিতে হইবে, ও আমাদের কন্যাদের মধ্যে কেহ ২ এখনো দাসীত্বাবস্থায় আছে; তাহাদিগকে মুক্ত করিতে আমাদের সাধ্য নাই, কেননা আমাদের ভূমি ও দ্রাক্ষাক্ষেত্র অন্য লোকদের অধিকার আছে।

৬ তখন আমি তাহাদের এই কলহের কথা শুনিয়া ৭ মহাক্রুদ্ধ হইলাম। এবং আপন মনে পরামর্শ করিয়া প্রধান লোকদিগকে ও অধ্যক্ষদিগকে অনুযোগ করিয়া তাহাদিগকে এই কথা কহিলাম, তোমরা প্রত্যেক জন আপন ২ ভ্রাতৃগণের কাছে সুদ লইতেছ; এবং আমি তাহাদের বিরুদ্ধে অনেক লোককে একত্র ৮ করিয়া তাহাদিগকে কহিলাম, আমাদের যে যিহূদীয় ভ্রাতৃগণ অন্যদেশীয়দের কাছে বিক্রীত ছিল, আমরা তাহাদিগকে আপনাদের সাধ্যানুসারে মুক্ত করিলাম; এখন তোমরা কি আপনাদের ভ্রাতৃগণকে বিক্রয় করিবা? তাহারা কি আমাদের মধ্যে বিক্রীত হইবে? তাহাতে তাহারা নীরব হইয়া থাকিল, কিছু উত্তর ৯ করিতে পারিল না। আমি আরো কহিলাম, তোমরা যাহা কর, তাহা ভাল নয়; অন্যদেশীয় শত্রুগণের নিন্দা শুনিয়া* আমাদের ঈশ্বরকে ভয় করিয়া আচার ১০ করা কি তোমাদের কর্ত্তব্য নয়? আমি ও আমার ভ্রাতৃগণ ও আমার দাসেরা তাহাদের কাছে মুদ্রা ও শস্য লইতে পারিতাম; কিন্তু আমি বিনয় করি, আইস, ১১ আমরা এই সুদ গ্রহণ করা ত্যাগ করি। আমি বিনয় করি,তাহাদের যে শস্যক্ষেত্র ও দ্রাক্ষাক্ষেত্র ও জিতবৃক্ষক্ষেত্র ও গৃহ লইয়াছ সে সকল, এবং যে মুদ্রা ও শস্য ও দ্রাক্ষারস ও তৈল লইয়াছ,তাহার শতাংশের একাংশ ১২ অদ্যই তাহাদিগকে ফিরাইয়া দেও। তখন তাহারা কহিল, আমরা তাহা ফিরাইয়া দিব, তাহাদের কাছে কিছুই চাহিব না; তুমি যাহা কহ, তদনুসারে করিব; তখন আমি যাজকদিগকে ডাকিয়া এই প্রতিজ্ঞানুসারে ১৩ কর্ম্ম করিতে তাহাদিগকে দিব্য করাইলাম। এবং আমি বস্ত্র ঝাড়িয়া কহিলাম, যে প্রত্যেক জন এই প্রতিজ্ঞা পালন না করে, ঈশ্বর তাহার গৃহ ও পরিশ্রমের ফলহইতে তাহাকে এই রূপ ঝাড়িয়া ফেলুন, এই রূপে সে নিক্ষিপ্ত ও রিক্তহস্ত হউক; তাহাতে সকল মণ্ডলী কহিল, 'এমন হউক,' এবং পরমেশ্বরের ধন্যবাদ করিল. এবং লোকেরা এই প্রতিজ্ঞানুসারে কর্ম্ম করিল।

১৪ আমি যিহূদা দেশে তাহাদের অধ্যক্ষ পদে যদবধি নিযুক্ত ছিলাম, তদবধি অর্থাৎ অর্ত্তসস্ত রাজের অধিকারের বিংশতি বৎসরাবধি দ্বাত্রিংশৎ বৎসর পর্য্যন্ত, এই দ্বাদশ বৎসর পর্য্যন্তই আমি ও আমার ভ্রাতৃগণ ১৫ অধ্যক্ষের ভোক্ষ্য ভোজন করি নাই। কিন্তু আমার পূর্ব্ববর্ত্তি অধ্যক্ষগণ লোকদিগকে ভার দিত,এবং তাহাদের হইতে মূল চল্লিশ শেকল্ রূপা ব্যতিরেক ভোক্ষ্য ও দ্রাক্ষারস লইত,এবং তাহাদের দাসেরাই লোকদের উপরে কর্ত্তৃত্ব করিত,কিন্তু আমি ঈশ্বরকে ভয় করিয়া তাহা ১৬ করি নাই। আমি এই প্রাচীরের কর্ম্মে নিত্যই প্রবৃত্ত ছিলাম,আমরা কিছু ভূমি ক্রয় করি নাই,এবং আমার ১৭ সকল দাসেরা সেই স্থানে কর্ম্মেতে একত্র হইত। এবং যাহারা আমাদের চতুর্দ্দিকস্থিত অন্যদেশীয়দের মধ্যহইতে আমাদের নিকটে আইল,তাহাদের ব্যতিরেকে যিহূদা লোক ও অধ্যক্ষগণ এক শত পঞ্চাশ জন আমার ১৮ ভোজনাসনে বসিত। সে সময়ে আমার নিমিত্তে নিত্য২ এক বলদ ও ছয়টা উত্তম মেষ পাক করা যাইত, এবং পক্ষীও পাক করা যাইত, এবং দশ দিনের মধ্যে এক বার যথেষ্ট নানা প্রকার দ্রাক্ষারস হইত, তথাপি লোকদের দাসত্বের ভার গুরুতর হওয়াতে অধ্যক্ষ ১৯ হওনের বেতন চাহিলাম না। হে আমার ঈশ্বর, আমি এই লোকদের নিমিত্তে যে সকল কর্ম্ম করিলাম, তদনুসারে মঙ্গলের নিমিত্তে আমাকে স্মরণ কর।

৬ অধ্যায়।

১ সনবল্লটের বৈর্ত্তা ও মিথ্যা জনরব ও বেতনগ্রাহি ভবিষ্যদ্বক্তার দ্বারা ভয় দেখাইতে চেষ্টা করণ ১৫ ও কর্ম্ম সমাপ্ত হওয়াতে শত্রুগণের উদ্বিগ্ন হওন ১৭ ও শত্রুগণের ও প্রধান যিহূদীয়দের মধ্যে গুপ্ত কথা প্রকাশিত হওন।

১ পরে আমি প্রাচীর পুনর্নির্ম্মাণ করিয়াছি,তাহার মধ্যে আর কোন স্থান ভগ্ন নাই,কেবল দ্বারে কপাট ঝুলাইবার অপেক্ষা আছে, ইহা সন্‌বল্লট্ ও টোবিয় ও অরবীয় ২ গেশম্ ও আমাদের অন্য সকল শত্রুগণ শুনিলে,সন্‌বল্লট্ ও গেশম্ আমার হিংসা করিতে মনস্থ করিয়া লোকদ্বারা আমার কাছে এই কথা কহিয়া পাঠাইল, আইস, আমরা ওনো প্রান্তরস্থ এক গ্রামে পরস্পর ৩ সাক্ষাৎ করি। তাহাতে আমি দূতদ্বারা উত্তর করিয়া পাঠাইলাম, আমি এক মহৎ কর্ম্ম করিতেছি, নামিতে পারি না; কার্য্য ত্যাগ করিয়া তোমাদের কাছে নামিলে ৪ কর্ম্ম কেন বন্ধ থাকিবে? এই প্রকারে তাহারা চারি বার আমার কাছে লোক পাঠাইলে আমি তাহা৫ দিগকে তদ্রূপ উত্তর করিলাম। পরে সনবল্লট্ ঐ প্রকারে পঞ্চম বার আমার নিকটে আপন দাসকে ৬ পাঠাইল। তাহার হস্তে এই কথা লিখিত এক মুক্ত পত্র

[৭] যা ২২; ২৫। দ্বি ২৩; ১৯॥—[১৪] নি ১; ১। ২; ১। ১৩; ৬॥—[১৬] ৪; ১৬॥—[১৯] ১৩; ১৪,২২,৩১॥
[৬ অধ্যা; ১] নি ৪; ১,৩,৭।—[২] ১ বং ৮; ১২॥

* (ইব্রী) কারণ।

ছিল, তুমি ও যিহূদীয়েরা রাজদ্রোহ করিতে মনস্থ করিয়া প্রাচীর পুনর্নির্ম্মাণ করিতেছ; তাহা করিয়া * তুমি তাহা-
৭ দের রাজা হইবা; এবং যিহূদীয়দের এক রাজা আছে, তুমি আপনার বিষয়ে যিরূশালমে এই কথা প্রচার করিতে ভবিষ্যদ্বক্তাদিগকে নিযুক্ত করিয়াছ, এই কথা অন্যদেশীয়দের সর্ব্বত্র কহা যায়, এবং গেশমও তাহা কহে, এখন এই বাক্যানুসারে রাজার কাছে সমাচার দেওয়া যাইবে; অতএব আইস, আমরা একত্র হইয়া
৮ পরামর্শ করি। তখন আমি লোক পাঠাইয়া তাহার প্রতি এই উত্তর করিলাম, তুমি যে ২ কথা কহিতেছ, তাহা সত্য নহে; তুমি ইহা আপন মনে কল্পনা করিতেছ।
৯ এই কর্ম্মে আমাদের † হস্ত দুর্ব্বল হইবে, আমরা ইহা সাঙ্গ করিতে পারিব না, এই ভরসাতে তাহারা সকলে আমাদিগকে ভয় দেখাইল; অতএব (হে পর-
১০ মেশ্বর,) তুমি আমার হস্ত সবল কর। পরে মিহেটবেলের পৌত্র দিলায়ের পুত্র যে শিময়িয় অবরুদ্ধ ছিল, তাহার গৃহে আমি গেলাম; তাহাতে সে কহিল, আইস, আমরা ঈশ্বরের গৃহে অর্থাৎ মন্দিরের মধ্যে একত্র হইয়া মন্দিরের দ্বার রুদ্ধ করি, কেননা তাহারা তোমাকে বধ করিতে আসিবে, এই রাত্রিকালেই তোমাকে
১১ বধ করিতে আসিবে। তাহাতে আমি কহিলাম, কি আমার তুল্য মনুষ্য পলাইবে? ও আমার তুল্য মনুষ্য হইয়া আপন প্রাণ রক্ষার্থে মন্দিরে আশ্রয় লইবে?
১২ আমি সেখানে যাইব না। ‡ ঈশ্বর তাহাকে পাঠান নাই, সে আপনি আমার বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য কহিতেছে; এবং টোবিয় ও সন্‌বল্লট্ তাহাকে বেতন দিয়াছে, ইহা
১৩ আমি বুঝিলাম। আমি যেন ভীত হইয়া সে কর্ম্ম করি ও পাপ করি, এবং আমার কুখ্যাতির জন্যে তাহারা যেন কোন ছিদ্র পাইয়া আমাকে নিন্দা করে, এই জন্যে তাহা-
১৪ কে বেতন দিয়াছিল। হে আমার ঈশ্বর, যে ২ কর্ম্মদ্বারা টোবিয় ও সন্‌বল্লট্ ও নোয়দিয়া ভবিষ্যক্ত্রী ও অন্যান্য ভবিষ্যদ্বক্তা আমাকে ভয় দেখাইত, তাহা স্মরণ কর।
১৫ পরে বামান্ন দিনের মধ্যে ইলূল্ মাসের ‖ পঞ্চবিংশ-
১৬ তি দিনে প্রাচীর সমাপ্ত হইল। তখন তাহা শুনিয়া আমাদের সকল শত্রু ও তাহা দেখিয়া আমাদের চতুর্দ্দিকস্থ অন্যদেশীয়েরা বড় বিষণ্ণবদন হইল; কেননা এই কর্ম্ম আমাদের ঈশ্বরহইতে হইল, ইহা তাহারা বুঝিল।
১৭ ঐ সময়ে যিহূদার প্রধান লোকেরা টোবিয়ের নিকটে অনেক পত্র পাঠাইত, এবং টোবিয়ের পত্রও
১৮ তাহাদের কাছে আসিত। কেননা সে আরহের পুত্র শিখনিয়ের জামাতা ছিল, এবং তাহার পুত্র যিহোহানন বেরিখিয়ের পুত্র মিশুল্লমের কন্যাকে বিবাহ করিয়াছিল, এই জন্যে যিহূদার মধ্যে অনেকে তাহার
১৯ পক্ষে দিব্য করিয়াছিল। তাহারা আমার সাক্ষাতে তাহার স্তুতিবাদ কহিত, এবং আমার কথাও তাহার সাক্ষাতে কহিত, এবং টোবিয় আমাকে ভয় দেখাইবার জন্যে পত্র পাঠাইত।

৭ অধ্যায়।

১ হনানির ও হনানিয়ের হস্তে যিরূশালম্ সমর্পণ করণ ৫ ও বাবিল্‌হইতে আগত বন্দি লোকদের নাম ও সংখ্যা ৩৯ ও যাজকদের ও লেবীয়দের ও গায়কদের ও দ্বারপালদের ও নিথীনীয়দের ও সুলেমানের দাসদের বং ৬১ ও আপন বংশ অজ্ঞাত যাজকদের কথা ৬৬ ও তাবৎ লোকের সংখ্যা ও পশু আদির সংখ্যা ও প্রধান লোকদের দানাদি।

১ পরে প্রাচীর নির্ম্মিত হইলে আমি দ্বারে কপাট ঝুলাইলাম, এবং দ্বারপালকেরা ও গায়কেরা ও লেবীয়েরা
২ নিযুক্ত হইলে আমি আপন ভ্রাতা হনানিকে ও দুর্গের শাসনকর্ত্তা হনানিয়কে যিরূশালমে নিযুক্ত করিলাম, কেননা হনানিয় বিশ্বস্ত জন এবং অনেক লোকহইতে ঈশ্ব-
৩ রকে অধিক ভয় করিল। এবং আমি তাহাদিগকে আজ্ঞা করিলাম, যাবৎ রৌদ্র প্রচণ্ড না হয়, তাবৎ যিরূশালমের দ্বার মুক্ত হইবে না, এবং লোক উপস্থিত হইলে দ্বার রুদ্ধ ও দ্বারে অর্গল দত্ত হউক, এবং তোমরা যিরূশালমে লোকদের মধ্যে প্রত্যেক প্রহরে প্রহরিকে নিযুক্ত কর, এবং প্রত্যেক জন আপন ২ গৃহের সম্মুখে
৪ থাকুক। নগর বৃহৎ ও বিস্তারিত, কিন্তু তাহার মধ্যে অল্প লোক আছে ও গৃহ নির্ম্মাণ করা যায় নাই।
৫ আমার ঈশ্বর প্রধান লোকদিগকে ও অধ্যক্ষদিগকে ও লোকদিগকে একত্র করণ পূর্ব্বক গণনা করিতে আমার মনে প্রবৃত্তি দিলেন; এবং প্রথমে আমি বাবিল্‌হইতে আগত লোকদের বংশাবলির এক পত্র পাইলাম, তাহাতে এই কথা লিখিত ছিল।
৬ যে বন্দি লোকেরা বাবিলের নিবূখদ্‌নিৎসর্ রাজ কর্ত্তৃক স্বদেশহইতে অপহৃত হইয়া বাবিলে নীত হইলে পর পুনর্ব্বার যিরূশালমে ও যিহূদাতে আপন ২ নগরে
৭ ফিরিয়া আইল, এবং সিরুব্বাবিল্ ও যেশূয় ও নিহিমিয় ও অসরিয় § ও রয়মা ¶ ও নহমানি ও মর্দ্দখয় ও বিল্‌শন্ ও মিস্পর্ ও বিগ্‌বয় ও নিহূম্ ** ও বানা, ইহাদের সহিত ফিরিয়া আইল, ইস্রায়েল বংশীয় সেই
৮ লোকদের সংখ্যা। পরিয়োশ্ বংশের দুই সহস্র এক
৯ শত বাহাত্তর জন। শিফটিয় বংশের তিন শত বাহা-
১০ ত্তর জন। আরহ বংশের ছয় শত পঁচাত্তর জন।
১১ এবং যেশূয় ও যোয়াব্ বংশীয় পহৎমোয়াব্ বংশের
১২ দুই সহস্র আট শত আঠারো জন। এবং এলম্
১৩ বংশের এক সহস্র দুই শত চোয়ান্ন জন। ও সত্তূ বং-

[৬,৭] নি ২; ১৯। ইষ্রা ৪; ১২,১৩।—[১৪] নি ৪; ৪,৫।—[১৫] ৮; ১।
[৭ অধ্য; ১] নি ৬; ১।—[২] ১; ২।—[৬-৭২] ইষ্রা ২; ১-৭০।
* (ইব্রী) সেই কথানুসারে। † (ইব্রী) তাহাদের। ‡ (ইব্রী) দেখ। ‖ (অর্থাৎ) ষষ্ঠ মাসের। § (বা) সিরায়। ¶ (বা) রিয়েলায়। ** (বা) রিহূম্।

১৪ শের আট শত পঁয়তাল্লিশ জন। এবং সক্কেয় বংশের
১৫ সাত শত ষাইট জন। এবং বিন্নূয়ী * বংশের ছয় শত
১৬ আটচল্লিশ জন। ও বেবয় বংশের ছয় শত আটাইশ
১৭ জন। এবং অস্‌গদ্ বংশের দুই সহস্র তিনশত বাইশ
১৮ জন। এবং অদোনীকাম্ বংশের ছয় শত সাতষট্টি
১৯ জন। ও বিগ্‌বয় বংশের দুই সহস্র সাতষট্টি জন।
২১ ও আদীন্ বংশের ছয় শত পঞ্চান্ন জন। ও হিস্কিয়
২২ বংশীয় আটের্ বংশের আটানব্বই জন। ও হশুম্
২৩ বংশের তিন শত আটাইশ জন। ও বেৎসয় বংশের
২৪ তিন শত চব্বিশ জন। ও হারীফ্ † বংশের এক শত
২৫ বারো জন। ও গিবিয়োন ‡ বংশের পঁচানব্বই জন। ও
২৬ বৈৎলেহম্ ও নিটোফার লোক এক শত অষ্টাশী
২৭ জন। ও অনাথোতের লোক এক শত আটাইশ
২৮ জন। ও বৈৎ-অস্‌মাবতের ‖ লোক বেয়াল্লিশ জন।
২৯ এবং কিরিয়ৎ-যিয়ারীম্ ও কিফীরা ও বেরোতের
৩০ লোক সাত শত তেতাল্লিশ জন। এবং রামৎ ও গেবার
৩১ লোক ছয় শত একুশ জন। ও মিক্‌মসের লোক এক
৩২ শত বাইশ জন। এবং বৈথেলের ও অয়ের লোক
৩৩ এক শত তেইশ জন। ও অন্য নিবোর লোক বামান্ন
৩৪ জন। ও অন্য এলম্ বংশের এক সহস্র দুইশত চোয়ান্ন
৩৫ জন। ও হারীম্ বংশের তিন শত বিংশতি জন। ও যিরী-
৩৬ হো বংশের তিন শত পঁয়তাল্লিশ জন। এবং লোদ্ ও
৩৮ হারীদ্ § ও ওনো বংশের সাত শত একুশ জন। ও সি-
নায়া বংশের তিন সহস্র নয় শত ত্রিশ জন ছিল।

৩৯ যাজকদের সংখ্যা; যেশূয় বংশজ যিদয়িয় বংশের
৪০ নয়শত তেহাত্তর জন। ও ইম্মের্ বংশের এক সহস্র
৪১ বামান্ন জন। ও পশ্‌হূর বংশের এক সহস্র দুই শত
৪২ সাতচল্লিশ জন। ও হারীম্ বংশের এক সহস্র সতের
জন ছিল।

৪৩ লেবীয়দের সংখ্যা; হোদবিয় ¶ বংশীয় যেশূয় ও
কদ্‌মীয়েল্ বংশের চোহাত্তর জন ছিল।

৪৪ গায়কদের সংখ্যা; আসফ্ বংশের এক শত
আটচল্লিশ জন ছিল।

৪৫ দ্বারপালদের সংখ্যা; শল্লূম্ ও আটের্ ও টল্‌-
মোন্ ও অক্কূব্ ও হটীটা ও শোবয়, এই সকল
বংশের এক শত আটত্রিশ জন ছিল।

৪৬ নিথীনীয় লোকদের সংখ্যা; সীহ ও হসূফা ও টব্বা-
৪৮ য়োৎ, ও কেরোস্ ও সীয় ও পাদোন্, ও লিবানা ও হগাবঃ
৪৯ ও শল্‌ময়, ও হানন্ ও গিদ্দেল্ ও গহর্, ও রায়া ও রিৎসীন্
৫২ ও নিকোদঃ, ও গসম ও উষঃ ও পাসেহ, ও বেষয় ও
৫৩ মিয়ূনীম্ ও নিফূষীম, ও বক্‌বূক্ ও হকূফা ও হর্হূর, ও
৫৪ বস্‌লূৎ ও মিহীদা ও হর্শা, ও বর্কোস ও সীষিরা ও তেমহ,
৫৬ ও নিৎসীহ ও হটীফা, এই সকলের সন্তানগণ ছিল।

সুলেমানের দাসদের সন্তানদের সংখ্যা; সোটয় ও ৫৭
সোফেরৎ ও পিরূদা, ও যালা ও দর্কোণ্ ও গিদ্দেল্, ও ৫৮
শিফটিয় ও হটীল্ ও পোখেরৎ-হৎসীবায়ীম ও আ- ৫৯
মোন্ **, এই সকলের সন্তানগণ ছিল। সকল নিথীনী- ৬০
য়েরা ও সুলেমানের এই সকল দাসদের বংশের তিন
শত বিরানব্বই জন। এবং তেল্‌মেলহ ও তেলহর্শা ও ৬১
কিরূব্ ও অদ্দন্ ও ইম্মের্, এই সকল স্থানহইতে আগত
এই সকল লোক ইস্রায়েলের বংশ কি না, এ বিষয়ে
আপন ২ পিতৃবংশ ও গোত্র প্রমাণ দিতে পারিল না।
দিলায় ও টোবিয় ও নিকোদঃ বংশের ছয় শত বেয়া- ৬২
ল্লিশ জন। এবং যাজক বংশের মধ্যে হবায়ের ও কো- ৬৩
সের ও বর্সিল্লয়ের সন্তানগণ; এই বর্সিল্লয় গিলিয়দীয়
বর্সিল্লয়ের এক কন্যাকে বিবাহ করিয়া তাহার নামে বি-
খ্যাত হইয়াছিল। বংশাবলিতে গণিত লোকদের মধ্যে ৬৪
ইহারা আপনাদের বংশপত্র অন্বেষণ করিয়া পাইল
না, এই জন্যে তাহারা অশুচি হইয়া যাজক পদভ্রষ্ট
হইল। এবং শাসনকর্ত্তা তাহাদিগকে কহিল, যে পর্য্যন্ত ৬৫
ঊরীম্ ও তুম্মীম্ ব্যবসায়ি এক যাজক না উঠিবে, তাবৎ
পবিত্র বস্তু ভোজন তোমাদের উপযুক্ত হইবে না।

আর একত্রীকৃত সকল মণ্ডলী বেয়াল্লিশ সহস্র তিন ৬৬
শত ষাইট জন ছিল। তদ্ভিন্ন তাহাদের দাস ও দাসী ৬৭
সাত সহস্র তিন শত সাঁইত্রিশ জন ছিল, এবং তাহাদের
মধ্যে দুই শত পঁয়তাল্লিশ জন গায়ক ও গায়িকা ছিল।
এবং তাহাদের অশ্ব সাত শত ছত্রিশ ছিল, এবং অশ্ব- ৬৮
তর দুই শত পঁয়তাল্লিশ ছিল। এবং উষ্ট্র চারি শত ৬৯
পঁয়ত্রিশ, ও গর্দ্দভ ছয় সহস্র সাত শত বিংশতি ছিল।

পিতৃপ্রধানদের কেহ ২ সেই কর্ম্মের জন্যে দান ৭০
করিল, এবং শাসনকর্ত্তা ভাণ্ডারে এক সহস্র অদর্কোন্
স্বর্ণ ও পঞ্চাশ পাত্র ও পাঁচ শত ত্রিশ যাজকের বস্ত্র
দিল। এবং পিতৃপ্রধান কতক লোক সে কর্ম্মের ভা- ৭১
ণ্ডারে বিংশতি সহস্র অদর্কোন্ স্বর্ণ ও দুই সহস্র দুই
শত অর্দ্ধশের রূপা দিল। এবং অন্য লোকেরা যাহা ৭২
দিল, তাহা বিংশতি সহস্র অদর্কোন্ স্বর্ণ, ও দুই সহস্র
অর্দ্ধশের রূপা, ও সাতষষ্টি যাজকের বস্ত্র দিল। পরে ৭৩
যাজকেরা ও লেবীয়েরা ও দ্বারপালেরা ও গায়কেরা ও
অন্যান্য লোকেরা ও নিথীনীয়েরা ও তাবৎ ইস্রায়েল্
লোক আপন ২ নগরে বাস করিতে লাগিল।

৮ অধ্যায়।

১ ব্যবস্থার কথা পাঠ ও শ্রবণ করণ ৯ ও লোকদের আনন্দ ১৩ ও উপদেশ কথা বুঝিতে মনোযোগ করণ ১৬ ও তাম্বুবাস পর্ব্ব পালন করণ।

পরে সপ্তম মাস উপস্থিত হইলে ইস্রায়েলের সমস্ত ১
নগরনিবাসি লোকেরা জলদ্বারের সম্মুখস্থ চতুষ্কোণ

---

[৩৪] প ১২ ॥—[৭০-৭৩] ইষ্রু ২; ৬৮-৭০ ॥
[৮ অধ্য; ১] নি ৬; ১৫ ॥—[১-৮] ইষ্র ৩; ১। দ্বি ৩১; ১০-১৩ ॥

* (বা) বানি। † (বা) যোরঃ ‡ (বা) গিব্বর্। ‖ (বা) অস্‌ম্রাবৎ বংশের। § (বা) হাদীদ্। ¶ (বা) হোদিবা বা যিহূদা।
** (বা) আমী।

স্থানে এক জনের ন্যায় একত্র হইয়া পরমেশ্বরের দত্ত মূসার ব্যবস্থাপুস্তক আনিতে ইস্রা অধ্যাপককে কহিল। ২ তাহাতে সপ্তম মাসের প্রথম দিনে ইস্রা যাজক মণ্ডলীর সম্মুখে অর্থাৎ স্ত্রী পুরুষাদি যত লোক শুনিয়া বুঝিতে পারে, তাহাদের নিকটে সেই পুস্তক আনিল। ৩ এবং জলদ্বারের সম্মুখস্থ চতুষ্কোণ স্থানে স্ত্রী পুরুষাদি যত লোক শুনিয়া বুঝিতে পারে, তাহাদের নিকটে প্রাতঃকালাবধি * মধ্যাহ্ন পর্য্যন্ত তাহা পাঠ করিল, তাহাতে সমস্ত লোক পুস্তক শ্রবণে কর্ণ নিবিষ্ট ৪ করিল। এবং ঐ কর্ম্মের জন্যে নির্ম্মিত এক কাষ্ঠের মঞ্চের উপরে ইস্রা অধ্যাপক দাঁড়াইল, এবং তাহার দক্ষিণ পার্শ্বে মত্তথিয় ও শেমা ও অনায় ও উরিয় ও হিল্কিয় ও মাসেয়, এবং বাম পার্শ্বে পিদায় ও মীশায়েল্ ও মল্কিয় ও হস্তম্ ও হস্‌বদ্দানা ও সিখরিয় ৫ ও মিশুল্লম্ দাঁড়াইল। তাহাতে ইস্রা অধ্যাপক সকল লোকের উচ্চস্থানে দাঁড়াইয়া সকল লোকের সাক্ষাতে পুস্তক খুলিল; সে পুস্তক খুলিলে তাবৎ লোক ৬ দাঁড়াইল। পরে ইস্রা মহান্ প্রভু পরমেশ্বরের ধন্যবাদ করিল; তাহাতে তাবৎ লোক ঊর্দ্ধবাহু হইয়া 'এমন হউক২' কহিল, এবং মস্তক নমন করিয়া ভূমির দিগে মুখ করিয়া পরমেশ্বরের ভজনা করিল। ৭ এবং যেশূয় ও বানি ও শেরেবিয় ও যামীন্ ও অক্কূব্ ও শব্বিথয় ও হোদিয় ও মাসেয় ও কিলীট ও অসরিয় ও যোষাবদ্ ও হানন্ ও পিলায় ও লেবীয়েরা লোকদিগকে ব্যবস্থাপুস্তক বুঝাইয়া দিল, ৮ এবং লোকেরা স্ব ২ স্থানে থাকিল। এই রূপে তাহারা স্পষ্ট উচ্চারণ পূর্ব্বক পরমেশ্বরের পুস্তক পাঠ করিয়া তাহার অর্থ করিয়া লোকদিগকে বুঝাইয়া দিল।

৯ আর নিহিমিয় শাসনকর্ত্তা ও অধ্যাপক ইস্রা যাজক ও লোক শিক্ষাদায়ি লেবীয়েরা সকল লোককে কহিল, এই দিন তোমাদের প্রভু পরমেশ্বরের পবিত্র দিন, তোমরা শোক করিও না ও ক্রন্দন করিও না; কেননা ঐ পুস্তকের কথা শুনিয়া তাবৎ লোক ক্রন্দন করিতে১০ ছিল। এবং সে তাহাদিগকে কহিল, চলিয়া যাও, পুষ্ট বস্তু ভোজন কর, ও মিষ্ট বস্তু পান কর, এবং যাহাদের জন্যে কিছু প্রস্তুত হয় নাই, তাহাদিগকে অংশ পাঠাইয়া দেও; অদ্য পরমেশ্বরের পবিত্র দিন, তোমরা শোক করিও না, কেননা পরমেশ্বর বিষয়ক যে ১১ আনন্দ, তাহাই তোমাদের শক্তি। এই রূপে লেবীয়েরা লোকদিগকে শান্ত করিয়া কহিল, নীরব হও, অদ্য ১২ পবিত্র দিনে শোক করিও না। তখন সকল লোক আপনাদের প্রতি কথিত বাক্য বুঝিয়া ভোজন পান ও অংশ প্রেরণ ও অতিশয় আনন্দ করিতে গেল।

১৩ অপর দ্বিতীয় দিনে লোকদের পিতৃপ্রধানেরা ও যাজকেরা ও লেবীয়েরা একত্র হইয়া ব্যবস্থাপুস্তকের বাক্য বুঝিতে ইস্রা অধ্যাপকের কাছে আইল। ১৪ পরমেশ্বরের দত্ত মূসার † ব্যবস্থাপুস্তকে এই লিখিত ছিল; 'ইস্রায়েল্ বংশ সপ্তম মাসের পর্ব্বসময়ে কুটীরে বাস ১৫ করিবে; এবং তোমরা এই লিখনানুসারে কুটীর করিতে পর্ব্বতে গিয়া জিতবৃক্ষের ও বন্য জিতবৃক্ষের ও মেন্দির শাখা ও তালপত্র ও বৃক্ষের স্থূল শাখা আন,' এই কথা তাহারা আপনাদের সকল নগরে ও যিরূশালমে ঘোষণা ও প্রচার করিবে।

১৬ তাহাতে লোকেরা বাহিরে যাইয়া তাহা আনিয়া প্রত্যেক জন আপন ২ গৃহের ছাতের উপরে ও প্রাঙ্গণে ও ঈশ্বরের মন্দিরের প্রাঙ্গণে ও জলদ্বারের চতুষ্কোণ স্থানে ও ইফ্রয়িমের দ্বারের চতুষ্কোণ স্থানে আপনাদের ১৭ জন্যে কুটীর নির্ম্মাণ করিল। যে সকল লোক বন্দি অবস্থাহইতে ফিরিয়া আসিয়াছিল, সকলেই কুটীর নির্ম্মাণ করিয়া তাহার মধ্যে বাস করিল; আর নূনের পুত্র যিহোশূয়ের সময়াবধি সেই দিন পর্য্যন্ত ইস্রায়েল্ বংশ তদ্রূপ করে নাই, এই জন্যে বড় আনন্দ ১৮ হইল। এই রূপে প্রথম দিনাবধি শেষ দিন পর্য্যন্ত দিনে২ ঈশ্বরের ব্যবস্থাপুস্তকের পাঠ হইল, এবং তাহারা সাত দিন পর্ব্ব পালন করিল, এবং রীতি অনুসারে অষ্টম দিনে মহোৎসব হইল।

৯ অধ্যায়।

১ উপবাসের ও অনুতাপের কথা ৪ ও পরমেশ্বরের অনুগ্রহ ও আপনাদের পাপ স্বীকার করণ।

১ ঐ মাসের চতুর্ব্বিংশতি দিনে ইস্রায়েল্ বংশ উপবাস ও চটপরিধান ও সর্ব্বাঙ্গে ধূলি মুক্ষণ করিতে একত্র ২ হইল। এবং ইস্রায়েল্ বংশেরা তাবৎ বিদেশি লোকহইতে আপনাদিগকে পৃথক করিয়া দাঁড়াইয়া আপনাদের ও আপন ২ পিতৃলোকদের পাপ স্বীকার করিল। ৩ এবং তাহারা আপনাদের স্থানে দাঁড়াইলে দিনের চতুর্থাংশে আপনাদের প্রভু পরমেশ্বরের ব্যবস্থাপুস্তক পাঠ্যমান হইল, এবং দিনের চতুর্থাংশে পাপ স্বীকার করিয়া আপনাদের প্রভু পরমেশ্বরের ভজনা করিল।

৪ আর যেশূয় ও বানি ও কদ্‌মীয়েল্ ও শিবনিয় ও বুন্নি ও শেরেবিয় ও বানি ও কিনানী লেবীয়দের উচ্চস্থানে দাঁড়াইয়া আপনাদের প্রভু পরমেশ্বরের কাছে ৫ উচ্চৈঃস্বরে প্রার্থনা করিল। পরে লেবীয় যেশূয় ও কদ্‌মীয়েল্ ও বানি ও হশব্‌নিয় ও শেরেবিয় ও হোদিয় ও শিবনিয় ও পিথাহিয় কহিল, তোমরা উঠিয়া নিত্য ২ আপনাদের প্রভু পরমেশ্বরের ধন্যবাদ করিয়া এই কথা কহ, সকল প্রকার ধন্যবাদ ও স্তবহইতে শ্রেষ্ঠ যে

[২] লে ২৩; ২৪ ।।—[৭] ২ বং ১৭; ৭-৯ ।।—[৯] লে ২৩; ২৪,২৫ ।।—[১৪,১৫] লে ২৩; ৩৪-৪৬ ।।—[১৬] প ১। নি ৩; ৭। ১২; ৩৯ ।।—[১৭] দ্বি ১৬; ১৩-১৫ ।।—[১৮] দ্বি ৩১; ১০-১৩। লে ২৩; ৩৬ ।।
[৯ অধ্যা; ১,২] ইস্রা ১০; ১,২,১৭ ।।—[২] নি ৯; ১,২। ১৩; ৩ ।।

* (ইব্রু) দীপ্তি অবধি। † (ইব্রু) হস্তের দ্বারা।

৬ তোমার পবিত্র নাম তাহা ধন্য হউক। কেবল তুমিই পরমেশ্বর, এবং তুমি আকাশকে ও সর্ব্বোপরিস্থ স্বর্গকে ও তাহার সৈন্য সকলকে এবং পৃথিবীকে ও তন্মধ্যস্থ সকলকে এবং সমুদ্রকে ও তন্মধ্যস্থ সকলকে সৃষ্টি করিয়াছ ও তাহাদের সকলের স্থিতি করিতেছ, এবং ৭ স্বর্গের সৈন্যগণও তোমার ভজনা করে। তুমিই প্রভু পরমেশ্বর ইব্রামকে মনোনীত করিয়া তাহাকে কস্‌দীয়দের ঊর্ নগরহইতে বাহির করিয়া তাহার নাম ইব্রা- ৮ হীম্ রাখিলা; এবং আপন সাক্ষাতে তাহার মনের বিশ্বস্ততা পাইয়া কিনানীয়দের ও হিত্তীয়দের ও ইমোরীয়দের ও পিরিষীয়দের ও যিবূষীয়দের ও গির্গাশীয়দের দেশ তাহার বংশকে দিতে তাহার সহিত নিয়ম করিলা, এবং সেই নিয়মের প্রতিজ্ঞা পালন করিলা, ৯ কেননা তুমি ধর্ম্মস্বরূপ। তুমি মিস্রদেশে আমাদের পূর্ব্বপুরুষদের দুর্গতি দেখিলা ও অরবীয় সমুদ্রের নি- ১০ কটে তাহাদের প্রার্থনা শুনিলা; এবং ফিরৌণ্ ও তাহার দাসদের ও তদ্দেশস্থ সকলের নিকটে লক্ষণ ও আশ্চর্য্য ক্রিয়া দেখাইলা; কেননা মিস্রীয়েরা তাহাদের বিরুদ্ধে অহঙ্কারের কর্ম্ম করে, ইহাতে মনোযোগ করিয়া ১১ অদ্যকার মত আপনার যশ প্রাপ্ত হইয়াছ। এবং তুমি তাহাদের সম্মুখে সমুদ্রকে দ্বিভাগ করিলে তাহারা শুষ্ক ভূমি দিয়া সমুদ্র পার হইল, এবং জলরাশিতে যেমন প্রস্তর নিক্ষিপ্ত হয়, তদ্রূপ তাহাদের আক্রমণকারি- ১২ দিগকে গভীর জলে নিক্ষেপ করিলা। আর তুমি দিনে মেঘস্তম্ভদ্বারা ও রাত্রিতে তাহাদের গন্তব্য পথে আলোকারক অগ্নিস্তম্ভদ্বারা তাহাদিগকে গমন করা- ১৩ ইলা। এবং তুমি সীনয় পর্ব্বতে নামিয়া আকাশহইতে তাহাদের সহিত কথা কহিয়া তাহাদের প্রতি ন্যায়বিচার ও যথার্থ ব্যবস্থা ও উত্তম বিধি ও আজ্ঞা ১৪ দিলা; এবং আপনার পবিত্র বিশ্রামদিন তাহাদিগকে জ্ঞাত করিলা; এবং আপন দাস মূসাদ্বারা * ১৫ তাহাদিগকে বিধি ও ব্যবস্থা ও আজ্ঞা দিলা; এবং তাহাদের ক্ষুধা নিবারণার্থে স্বর্গহইতে তাহাদিগকে খাদ্য দিলা, ও তাহাদের পিপাসা নিবারণার্থে শৈলহইতে জল নির্গত করিলা, এবং তুমি তাহাদিগকে যে দেশ দিতে দিব্য করিয়াছিলা †, সেই দেশ অধিকার করণার্থে প্রবেশ করিতে তাহাদিগকে আজ্ঞা দিলা। ১৬ তথাপি আমাদের সেই পূর্ব্বপুরুষেরা অহঙ্কারের কর্ম্ম করিল ও অবাধ্য হইয়া ‡ তোমার আজ্ঞাতে ১৭ মনোযোগ করিল না; ও তাহা পালন করিতে সম্মত না হইয়া আপনাদের জন্যে তোমার কৃত আশ্চর্য্য ক্রিয়া স্মরণে রাখিল না; এবং অবাধ্য হইয়া ‡ আজ্ঞালঙ্ঘন করিয়া পুনর্ব্বার বন্দি অবস্থাতে যাইতে এক সেনাপতিকে নিযুক্ত করিল, তথাপি ক্ষমাবান ও অনুগ্রাহক ও দয়ালু ও ক্রোধে ধীর ও অনুগ্রহেতে মহান্ ঈশ্বর যে তুমি, তুমি তাহাদিগকে ত্যাগ করিলা না। ১৮ তাহারা ছাঁচে ঢালা এক বৎস নির্ম্মাণ করিয়া, যে দেবতা আমাদিগকে ‖ মিসরহইতে আনয়ন করিল সে ১৯ এই, এই কথা কহিয়া মহাক্রোধজনক কর্ম্ম করিলেও তুমি আপন প্রচুর দয়া প্রযুক্ত তাহাদিগকে প্রান্তরে ত্যাগ করিলা না, এবং তাহাদের পথদর্শক দিনের মেঘস্তম্ভ এবং আলোকারক ও গন্তব্য পথ দর্শক রাত্রির অগ্নিস্তম্ভ তাহাদের অগ্রহইতে গেল না। ২০ এবং তুমি উপদেশ দিবার জন্যে আপন পবিত্র আত্মা তাহাদিগকে দিলা, ও তাহাদের § মান্না ভক্ষ্যের অকুলান করিলা না, এবং তৃষ্ণাতে তাহাদিগকে জল দিলা। ২১ তুমি চল্লিশ বৎসর পর্য্যন্ত প্রান্তরে তাহাদিগকে প্রতিপালন করিলা, তাহাতে তাহাদের কোন দ্রব্যের অভাব হইল না, ও তাহাদের বস্ত্র জীর্ণ হইল না, ও তাহাদের ২২ পদ স্ফীত হইল না। এবং তুমি রাজ্য ও অন্যজাতীয় লোক তাহাদিগকে সমর্পণ করিয়া সর্ব্বদিগে তাহা বিভাগ করিলা; তাহাতে তাহারা সীহোন্ রাজের অর্থাৎ হিষ্‌বোণের রাজের দেশ ও বাশনের ওগ্ ২৩ রাজের দেশ অধিকার করিল। এবং তুমি আকাশের নক্ষত্রের ন্যায় তাহাদের বংশ বৃদ্ধি করিলা, এবং 'তোমরা অধিকার করিতে দেশের মধ্যে প্রবেশ করিবা,' এই কথা কহিয়া যে দেশের বিষয়ে তাহাদের পিতৃলোকদের কাছে প্রতিজ্ঞা করিয়াছিলা, সেই ২৪ দেশে তাহাদিগকে আনিলা। পরে সেই দেশে প্রবেশ করিয়া তাহাদের বংশ তাহা অধিকার করিল, এবং তুমি তাহাদের সম্মুখে সেই দেশনিবাসি কিনানীয়দিগকে পরাস্ত করিলা, এবং রাজগণের সহিত দেশস্থ সকল লোককে তাহাদের হস্তগত করিয়া ২৫ তাহাদের প্রতি ইচ্ছানুসারে করিতে দিলা। তাহাতে তাহারা তাহাদের দৃঢ় নগর ও উর্ব্বরা ভূমি লইল, এবং তাহাদের তাবৎ দ্রব্যেতে পূর্ণ ভাণ্ডার ও খুদিত কূপ ও দ্রাক্ষাক্ষেত্র ও জিতক্ষেত্র ও প্রচুর ফলবান বৃক্ষ এই সকল অধিকার করিল; এই রূপে তাহারা ভোজন করিয়া তৃপ্ত ও পুষ্ট হইল, ও তোমার ২৬ মহাদাতৃত্বে আপ্যায়িত হইল। তথাপি তাহারা

[৬] গী ১০৪ ॥—[৭] আ ১১; ৩১। ১২; ১। ১৭; ৫ ॥—[৮] আ ১৫; ৮-২১। ১৮: ১৭-১৯। ২২; ১২। যি ২৩; ১৪ ॥ [৯-২৭] গী ৭৮। ১০৬। ১০৫ ॥—[৯] যা ২; ২৩-২৫। ১৪; ১৫-১৮ ॥—[১০] যা ৭। ৮। ৯। ১০। ১২; ২৯,৩০। ১৫: ১১ ॥—[১১] যা ১৪। ১৫ ॥—[১২] যা ৪০; ৩৬-৩৮। গ ১০; ৩৩-৩৬ ॥—[১৩] দ্বি ৫ ॥—[১৪] দ্বি ৫; ১৪ ॥—[১৫] যা ১৬; ১১-৩৬। ১৭; ৬। গ ২০; ৭-১১। দ্বি ৮ ॥—[১৬,১৭] গ ১৪। দ্বি ৯ ॥—[১৮] যা ৩২। আম ৫; ২৫. ২৬॥—[১৯] প ১২॥—[২০] প ১৫। গ ১১; ২৫ ॥—[২১] দ্বি ৮: ৪ ॥—[২২] দ্বি ২; ২৬-৩৭। ৩; ১-১১ ॥—[২৩] আ ২২; ১৭। দ্বি ১; ১০ ॥—[২৪] যি ২৪; ১১-১৩ ॥—[২৫] দ্বি ৮; ৭-২০ ॥—[২৬] দ্বি ৩১; ২০। ৩২; ১৫। ১ রা ১১; ১৪।

* (ইব্র) মূসার হস্তদ্বারা। † (ইব্র) হস্ত উঠাইয়াছিলা। ‡ (ইব্র) গ্রীবা কঠিন করিয়া। ‖ (ইব্র) তোমাকে। § (ইব্র) মুখহইতে।

অনাজ্ঞাবহ হইয়া তোমার আজ্ঞা লঙ্ঘন করিয়া তোমার ব্যবস্থা পশ্চাৎ নিক্ষেপ করিল, ও তোমার যে ভবিষ্যদ্বক্তৃগণ তাহাদিগকে তোমার প্রতি ফিরাইবার জন্যে তাহাদের বিরুদ্ধে সাক্ষ্য দিল, তাহাদিগকে তাহারা বধ করিল ও মহাক্রোধজনক কর্ম্ম করিল।
২৭ পরে তুমি তাহাদিগকে শত্রুদের হস্তে সমর্পণ করিলে তাহারা তাহাদিগকে ক্লেশ দিল, এবং ক্লেশের সময়ে তাহারা তোমার কাছে প্রার্থনা করিলে তুমি স্বর্গে থাকিয়া তাহা শুনিয়া আপন প্রচুর দয়া প্রযুক্ত তাহাদিগকে শত্রুহস্তহইতে উদ্ধার করিতে পারে,
২৮ এমত উদ্ধারকারিদিগকে দিলা। কিন্তু তাহারা বিশ্রাম পাইলে পর আর বার তোমার সাক্ষাতে পাপ করিতে লাগিল; তাহাতে তুমি তাহাদিগকে শত্রুহস্তে সমর্পণ করিলে শত্রুগণ তাহাদের উপরে রাজত্ব করিল; তখন তাহারা ফিরিয়া তোমার কাছে প্রার্থনা করিলে তুমি স্বর্গে থাকিয়া তাহাদের প্রার্থনা শুনিয়া আপন বাহুল্য দয়ানুসারে অনেক বার তাহাদিগকে
২৯ উদ্ধার করিলা; এবং আপন ব্যবস্থাপথে তাহাদিগকে পুনর্ব্বার আনিতে তাহাদের বিরুদ্ধে সাক্ষ্য দিলা; তথাপি তাহারা অহঙ্কার করিয়া তোমার আজ্ঞাতে মনোযোগ করিল না, কিন্তু যাহার পালনে মনুষ্য বাঁচে, তোমার এমত রাজনীতির বিরুদ্ধে পাপ করিল, ও গ্রীবা স্তব্ধ করিয়া স্কন্ধ সরাইয়া মনোযোগ করিল না।
৩০ তথাপি তুমি অনেক বৎসর পর্য্যন্ত তাহাদের ব্যবহার সহ্য করিলা, ও তোমার ভবিষ্যদ্বক্তৃগণের মধ্যবর্ত্তি* তোমার আত্মাদ্বারা তাহাদের বিরুদ্ধে সাক্ষ্য দিলা, কিন্তু তাহারা মনোযোগ করিল না, তাহাতে তুমি তাহাদিগকে দেশস্থ লোকের হস্তে সমর্পণ করিলা।
৩১ কিন্তু মহাদয়া প্রযুক্ত সর্ব্বতোভাবে তাহাদিগকে বিনাশ ও ত্যাগ করিলা না, কেননা তুমি অনুগ্রাহক ও দয়াময়
৩২ ঈশ্বর। অতএব হে আমাদের ঈশ্বর, তুমি মহান্ ও শক্তিমান্ ও ভয়ঙ্কর এবং নিয়ম ও দয়াপালক ঈশ্বর; আমাদের রাজাদের ও অধ্যক্ষদের ও যাজকদের ও ভবিষ্যদ্বক্তাদের ও পিতৃলোকদের ও তোমার সকল লোকদের উপরে অশূরীয় রাজাদের অধিকার সময় অবধি অদ্য পর্য্যন্ত আমাদের প্রতি যে সকল দুঃখ† ঘটিয়াছে, তাহা তোমার দৃষ্টিতে ক্ষুদ্র বোধ না হউক।
৩৩ আমাদের প্রতি এই সকল ঘটিলেও তুমি ধর্ম্মস্বরূপ; তুমি ন্যায় কর্ম্ম করিলা, কিন্তু আমরা পাপ করিলাম।
৩৪ এবং আমাদের রাজগণ ও অধ্যক্ষগণ ও যাজকগণ ও পিতৃলোকেরা তোমার ব্যবস্থানুসারে আচরণ করিল না, এবং তুমি যে আজ্ঞা ও বিধির বিষয়ে তাহাদের প্রতিকূলে সাক্ষ্য দিলা, তাহার প্রতিও মনোযোগ করিল না।
৩৫ এবং তুমি তাহাদিগকে অতিশয় অনুগ্রহ করিয়া প্রশস্ত ও উর্ব্বরা দেশ দিলেও তাহারা আপনাদের রাজ্যে তোমার সেবা করিল না, ও আপনাদের পাপকর্ম্মহইতে পরাঙ্মুখ হইল না।
৩৬ দেখ, অদ্য আমরা দাস হইলাম; তুমি আমাদের পূর্ব্বপুরুষদিগকে ফল ও উত্তম দ্রব্য ভোগ করিতে যে দেশ দিয়াছ, তাহার মধ্যে আমরা দাস হইলাম।
৩৭ তুমি আমাদের পাপ প্রযুক্ত আমাদের উপরে যে রাজগণকে রাজত্ব করাইলা, দেশের প্রচুর উৎপন্ন দ্রব্য তাহাদের আছে; তাহারা আপনাদের ইচ্ছানুসারে আমাদের শরীরের ও পশুর উপরে রাজত্ব করে, তাহাতে আমরা মহা কষ্ট পাই।
৩৮ অতএব আমরা এই সকল বিষয় দৃঢ় নিয়ম করিয়া লিখিব, এবং আমাদের অধ্যক্ষগণ ও লেবীয়েরা ও যাজকেরা তাহাতে মুদ্রাঙ্ক করিবে।

১০ অধ্যায়।

১ নিয়ম মুদ্রাঙ্ককারিদের নাম ২৮ ও নিয়মের বিবরণ।

১ মুদ্রাঙ্ককারিদের নাম, হখলিয়ের পুত্র নিহিমিয় শাসন-
২ কর্ত্তা, ও সিদিকিয়, ও সিরায় ও অসরিয় ও যিরিমিয়,
৪ ও পশ্হূর্ ও অমরিয় ও মল্কিয়, ও হটূশ্ ও শিবনিয়
৬ ও মল্লূক্, ও হারীম্ ও মিরেমোৎ ও ওবদিয়, ও দানি-
৭ য়েল্ ও গিন্নিথোন্ ও বারূক্, ও মিশুল্লম্ ও অবিয়
৮ ও মিয়ামীন্, ও মাসিয় ও বিল্গয় ও শিময়িয়, ইহারা
৯ যাজক ছিল। এবং অসনিয়ের পুত্র যেশূয়, এবং হেনা-
১০ দদ্ বংশের মধ্যে বিন্নূয়ী ও কদ্মীয়েল; এবং তাহাদের ভ্রাতৃগণ শিবনিয় ও হোদিয় ও কিলীট ও পিলায়
১২ ও হানন্, ও মীখা ও রিহোব্ ও হশবিয়, ও সক্কুর ও শেরেবীয় ও শিবনিয়, ও হোদিয় ও বানি ও বিনীনূ,
১৪ ইহারা লেবীয় ছিল। এবং পরিয়োশ্ ও পহৎ-মোয়াব্
১৫ ও এলম্ ও সত্তূ ও বানি, ও বুন্নি ও অস্গদ্ ও বেবয়, ও অদোনিয় ও বিগ্বয় ও আদীন, ও আটের্ ও হিষ্কিয়
১৯ ও অসূর্, ও হোদিয় ও হশুম্ ও বেৎসয়, ও হারীফ্ ও অনাথোৎ ও নেবয়, ও মগ্পীয়শ্ ও মিশুল্লম্ ও হেষীর্,
২১ ও মিশেষবেল্ ও সাদোক্ ও যদ্দুয়, ও পিলটিয় ও
২৩ হানন্ ও অনায়, ও হোশেয় ও হনানিয় ও হশূব্, ও
২৫ হলোহেশ্ ও পিল্হ ও শোবেক্, ও রিহূম্ ও হশব্না ও
২৭ মাসেয়, ও অহিয় ও হানন্ ও অনান্, ও মল্লূক্ ও হারীম্ ও বানা, ইহারা লোকদের প্রধান ছিল।
২৮ অপর যাহারা অন্য দেশীয়দের মতহইতে ঈশ্বরের মতে আপনাদিগকে পৃথক করিয়াছিল, এমত অন্য লোকেরা ও যাজকেরা ও লেবীয়েরা ও দ্বারপালের ও গায়কেরা ও নিথীনীয়েরা এবং তাহাদের স্ত্রীগণ ও

---

২ বং ৩৬; ১৫, ১৬ ॥—[২৬-৩০] বি ২; ১১-১৯। গী ১০৬; ৩৪-৪৮। ২ রা ১৭; ৭-২০॥—[২৯] লে ১৮; ৫ ॥—[৩১] যিশ ৬; ১৩। যির ৩০; ১০, ১১। ৪৬; ২৭,২৮ ॥—[৩২] যা ৩৪; ৬,৭। ২ রা ১৭; ৫,৬। ২ বং ৩৬; ১-২০ ॥—[৩৩-৩৫] প ২৪-২৬। ইষ্র ৯; ৬-৯। দা ৯; ৩-১৫ ॥—[৩৮] ইষ্র ১০; ৩,৫ ॥

[১০ অধ্যা; ২-৮] নি ১২; ১-৭॥—[৯-১৩] ৭; ৪৩। ৮; ৪,৭। ৯; ৪,৫। ১২; ৮,৯॥—[১৪-২৭] ৭; ৭-৩৭॥—[২৮] ৭; ৪৩-৬০। ৯; ২ ॥

* (ইব্রি) হস্তদ্বারা। † (ইব্রি) ক্লান্তি।

পুত্রগণ ও কন্যাগণ, অর্থাৎ প্রত্যেক জ্ঞানবান ও বুদ্ধিমান ২৯ লোকেরা আপনাদের ভ্রাতৃগণেতে ও প্রধান লোকদিগেতে আসক্ত হইয়া থাকিল, এবং ঈশ্বরের দাস মূসা-দ্বারা দত্ত ঈশ্বরের ব্যবস্থানুসারে আচরণ করিতে, এবং আমাদের প্রভু পরমেশ্বরের তাবৎ আজ্ঞা ও বিধি ও ৩০ ব্যবস্থা মানিয়া পালন করিতে; এবং দেশের লোকদের সহিত আপনাদের কন্যাগণের বিবাহ না দিতে, এবং তাহাদের কন্যাগণের সহিত আপনাদের পুত্রগণের ৩১ বিবাহ না দিতে; এবং দেশের লোকেরা বিশ্রামদিনে বিক্রেয় দ্রব্য ও কোন ভক্ষ্য দ্রব্য বিক্রয় করিতে আনিলে বিশ্রামদিনে কিম্বা উৎসবদিনে তাহাদের কাছে তাহা ক্রয় না করিতে, এবং সপ্তম বৎসরে ঋণ আদায় করা ত্যাগ করিতে, আমরা এই প্রতিজ্ঞা ৩২ ও শপথ করিলাম। অধিকন্তু আমরা আপনাদের ঈশ্বরের মন্দিরের সেবার্থে, অর্থাৎ দর্শনরুটি ও নিত্য নৈবেদ্য এবং নিত্য হোমের ও বিশ্রামবারের ও অমাবস্যার ও নিরূপিত পর্ব্বের ও পবিত্র বস্তুর ও ৩৩ ইস্রায়েলের প্রায়শ্চিত্তার্থক পাপবলির নিমিত্তে, এবং আমাদের ঈশ্বরের মন্দিরের সকল কর্ম্মের নিমিত্তে বৎসর২ শেকলের তৃতীয়াংশ দানের ভার আপনাদের ৩৪ উপরে লইতে ব্যবস্থা করিলাম। এবং ব্যবস্থার লিখনানুসারে আমাদের প্রভু পরমেশ্বরের হোমবেদির উপরে জ্বালাইবার জন্যে আমাদের পিতৃবংশানুসারে নিরূপিত কালে বৎসর ২ আমাদের ঈশ্বরের মন্দিরে কাষ্ঠ আনিতে কাষ্ঠের বিষয়ে আমরা যাজকদের ও লেবীয়দের ও লোকদের মধ্যে গুলিবাঁট করিলাম। ৩৫ এবং আমাদের সকল ভূমির প্রথম ফল ও তাবৎ বৃক্ষের প্রথম ফল বৎসর ২ পরমেশ্বরের মন্দিরে আ-৩৬ নিতে; এবং ব্যবস্থার লিখনানুসারে আমাদের প্রথমজাত পুত্র ও পশুদিগকে এবং আমাদের গোপালদের ও মেষপালদের প্রথমজাতদিগকে আমাদের ঈশ্বরের মন্দিরের সেবাকারি যাজকদের জন্যে ঈশ্বরের মন্দিরে ৩৭ আনিতে, এবং আপনাদের শক্তুর প্রথম ভাগ ও উপকরণ ও সকল বৃক্ষের ফল এবং দ্রাক্ষারসের ও তৈলের নৈবেদ্য ঈশ্বরের মন্দিরের কুঠরীতে যাজকদের নিকটে আনিতে, এবং আমাদের ভূমির উৎপন্নের দশমাংশ লেবীয়দের কাছে আনিতে স্থির করিলাম, তাহাতে লেবীয়েরা আমাদের তাবৎ কৃষিনগরে দশমাংশ ৩৮ পাইবে; এবং যে সময়ে লেবীয়েরা দশমাংশ পাইবে, তৎকালে হারোণের যাজক সন্তানগণ তাহাদের সহিত থাকিবে, এবং লেবীয়েরা আমাদের ঈশ্বরের মন্দিরের কুঠরীতে অর্থাৎ ভাণ্ডারগৃহে দশমাংশের দশমাংশ ৩৯ আনিবে; এবং যে ২ কুঠরীতে পবিত্র পাত্র ও সেবাকারি যাজকেরা ও দ্বারপালেরা ও গায়কেরা থাকে, সেই স্থানে ইস্রায়েল্ বংশ ও লেবির বংশ শস্য ও দ্রাক্ষারস ও তৈল ও নৈবেদ্য আনিবে, এবং আমরা আপনাদের ঈশ্বরের মন্দির ত্যাগ করিব না।

১১ অধ্যায়।

১ যিরূশালমে বাস করিতে গুলিবাঁটদ্বারা লোক নিযুক্ত করণ ৩ ও ঐ লোকদের নাম ২০ ও অবশিষ্ট লোকদের গ্রামে বাস করণ।

১ সেই সময়ে লোকদের অধ্যক্ষগণ যিরূশালমে বাস করিতেছিল; পরে ধর্ম্মনগর যিরূশালমে বাস করণার্থে দশ জনের মধ্যহইতে এক জনকে সেখানে আনিতে ও অন্য নয় জনকে অন্য নগরে বাস করাইতে অবশিষ্ট লোকেরা গুলিবাঁট করিল। ২ এবং যে সকল লোক ইচ্ছাপূর্ব্বক যিরূশালমে বাস করিতে আইল, লোকেরা তাহাদিগকে আশীর্ব্বাদ করিল।

৩ দেশের যে ২ প্রধান লোক যিরূশালমে বাস করিল, তাহাদের নাম। ইস্রায়েল্ বংশ ও যাজকেরা ও লেবীয়েরা ও নিথীনীয়েরা ও সুলেমানের দাসদের সন্তানেরা প্রত্যেক জন যিহূদা নগরে আপন ২ অধিকারে ৪ বাস করিল। এবং যিহূদা বংশের ও বিন্য়ামীন্ বংশের কতক লোক যিরূশালমে বাস করিল; অর্থাৎ যিহূদা বংশের এই ২ লোক, পেরস্ বংশের মধ্যে মহললেলের অতি বৃদ্ধ প্রপৌত্র শিফটিয়ের বৃদ্ধ প্রপৌত্র অমরিয়ের প্রপৌত্র সিখরিয়ের পৌত্র উষিয়ের পুত্র অথায়; ৫ এবং শীলোনীর অতি বৃদ্ধ প্রপৌত্র সিখরিয়ের বৃদ্ধ প্রপৌত্র যোয়ারীবের প্রপৌত্র অদায়ার পৌত্র হসায়ের পুত্র যে কল্‌হোষি, তাহার পৌত্র ৬ বারুকের পুত্র মাসেয়। যিরূশালম্ নিবাসি পেরসের সন্তান সর্ব্বশুদ্ধ চারি শত আটষষ্টি বলবান লোক ছিল। ৭ এবং বিন্য়ামীনের সন্তান এই ২ ছিল, যিশয়িয়ের অতি বৃদ্ধ প্রপৌত্র ঈথীয়েলের বৃদ্ধ প্রপৌত্র মাসেয়ের প্রপৌত্র কোলায়ার পৌত্র পিদায়ের পুত্র যে যোয়েদ্ ৮ তাহার পৌত্র মিশুল্লমের পুত্র সাল্লু। ও তদ্ব্যতিরেকে গব্বয় ও সল্লয় প্রভৃতি নয় শত আটাইশ জন ছিল। ৯ এবং সিখ্রির পুত্র যোয়েল্ তাহাদের অধ্যক্ষ ছিল, এবং সিনূয়ার পুত্র যিহূদা নগরের দ্বিতীয় কর্ত্তা ছিল। ১০ যাজকদের নাম, যোয়ারীবের পুত্র যিদয়িয় ও যাখীন; ১১ ও অহীটুবের অতি বৃদ্ধ প্রপৌত্র মিরায়োতের বৃদ্ধপ্রপৌত্র সাদোকের প্রপৌত্র মিশুল্লমের পৌত্র হিল্কিয়ের

[২৯] ইস্রু ১০; ৫, ১২, ১৭, ১৯। ২ বং ৩৪; ৩১, ৩২ ॥—[৩০] যা ৩৪; ১৫, ১৬। দ্বি ৭; ৩, ৪, ৬।—[৩১] যা ২০; ১০। লে ২৫; ১-৭। দ্বি ১৫; ১, ২ ॥—[৩২, ৩৩] যা ৩০; ১২-১৬। ২ বং ২৪; ৬ ॥—[৩৪] নি ১৩; ৩১। লে ৬; ১২ ॥—[৩৫-৩৯] দ্বি ১২; ৫-২৮। যশ ৩; ৮-১২। নি ১৩; ১০-১৪ ॥—[৩৫] যা ২৩; ১৯। লে ২৩; ৯-১১ ॥—[৩৬] যা ১৩; ২, ১১-১৩। ৩৪; ১৯, ২০। লে ২৭; ২৬, ২৭। গ ১৮; ১৫-১৭ ॥—[৩৭] লে ২৩; ১৬, ১৭। গ ১৫; ১৮-২১। ১৮; ১২, ১৩, ২০, ২১। দ্বি ১৮; ৩-৫। লে ২৭; ৩০, ৩১ ॥—[৩৮] গ ১৮; ২৫-২৮ ॥

[১১ অধ্য; ০-৯] ১ বং ৯; ৩-৯ ॥—[১০-১৮] ১ বং ৯; ১০-১৬ ॥

১২ পুত্র সিরায় ঈশ্বরের মন্দিরের কর্ত্তা ছিল। এবং গৃহের কর্ম্মকারী তাহাদের ভ্রাতৃগণ আট শত বাইশ জন ছিল; ও মল্কিয়ের অতি বৃদ্ধ প্রপৌত্র পশ্‌হূরের বৃদ্ধ প্রপৌত্র সিখরিয়ের প্রপৌত্র অম্‌সির পৌত্র পিললিয়ের পুত্র ১৩ যে যিরোহম্ তাহার পুত্র অদায়া। এবং তাহার পিতৃপ্রধান ভ্রাতৃগণ দুই শত বেয়াল্লিশ জন ছিল, এবং ইম্মেরের বৃদ্ধ প্রপৌত্র মিশিল্লেমোতের প্রপৌত্র ১৪ অহসয়ের পৌত্র অসরেলের পুত্র অমশয়। এবং তাহাদের ভ্রাতৃগণ মহাবীর এক শত আটাইশ জন ছিল; এবং তাহাদের অধ্যক্ষ সব্দীয়েল্, সে এক ১৫ মহৎ লোকের সন্তান ছিল। এবং লেবীয়দের মধ্যে বুন্নির বৃদ্ধ প্রপৌত্র হশবিয়ের প্রপৌত্র অস্রীকামের ১৬ পৌত্র হশূবের পুত্র শিময়িয়। এবং প্রধান লেবীয়দের মধ্যে শব্বিথয় ও যোষাবদ্ ঈশ্বরের মন্দিরের ১৭ বহিস্থ কার্য্যের অধ্যক্ষ ছিল। এবং আসফের প্রপৌত্র সব্দির পৌত্র মীখার পুত্র মত্তনিয় এবং তাহার ভ্রাতাদের মধ্যে দ্বিতীয় বক্‌বুকিয়, এবং যিদূথূনের প্রপৌত্র গাললের পৌত্র শম্মূয়ের পুত্র অব্দ, ইহারা প্রার্থনা ১৮ ও ধন্যবাদ করিতে অধ্যক্ষ ছিল। আর পবিত্র নগরস্থ ১৯ লেবীয়েরা সর্ব্বশুদ্ধ দুই শত চৌরাশী জন ছিল। এবং দ্বারপালদের নাম অক্কূব্ ও টল্‌মোন্, ও তাহাদের দ্বারপাল ভ্রাতৃগণ এক শত বাহাত্তর জন ছিল।

২০ আর ইস্রায়েল্ বংশের ও যাজকদের ও লেবীয়দের অন্য সকল লোক যিহূদার তাবৎ নগরে প্রত্যেক ২১ জন আপন ২ অধিকারে থাকিল। কিন্তু নিথীনীয়েরা ওফলে* বাস করিল, এবং সীহ ও গিস্প নিথীনী২২ য়দের অধ্যক্ষ ছিল। এবং মীখার বৃদ্ধ প্রপৌত্র মত্তনিয়ের প্রপৌত্র হশবিয়ের পৌত্র বানির পুত্র যে উষি গায়ক বংশীয় আসফ্ বংশের মধ্যবর্ত্তি এক জন ছিল, সে যিরূশালমস্থ ঈশ্বরের মন্দিরের কর্ম্মে ২৩ লেবীয়দের অধ্যক্ষ হইল। কেননা তাহাদের বিষয়ে রাজা এই আজ্ঞা দিল, গায়কদের জন্যে প্রতিদিন ২৪ নিরূপিত অংশ † দত্ত হইবে। এবং যিহূদার সেরহ বংশের মধ্যে মিশেষবেলের পুত্র পিথাহিয় লোকদের তাবৎ কার্য্যের বিষয়ে রাজার সহকারী ছিল। ২৫ এবং অনেক যিহূদীয়েরা পল্লিগ্রামে আপন ২ ক্ষেত্রে অর্থাৎ কিরিয়থর্ব্বে ও তাহার গ্রামে, এবং দীবোনে ও তাহার গ্রামে, এবং যিকব্‌সেলে ও তাহার গ্রামে; ২৬ এবং যেশূয়েতে ও মোলাদাতে ও বৈৎপেলটে; এবং ২৭ হৎসর্-শিয়ালে ও বের্শেবাতে ও তাহার গ্রামে, এবং ২৮ সিক্লগে ও মিকোনাতে ও তাহার গ্রামে, ও ঐন্-রিম্মোনে ৩০ ও সরিয়ে ও যর্মূতে, ও সানোহে ও অদুল্লমে ও তাহাদের গ্রামে, এবং লাখীশে ও তাহার ক্ষেত্রে, ও অসেকাতে ও তাহার গ্রামে বাস করিল; এই রূপে তাহারা বের্শেবা অবধি হিন্নোম্ তলভূমি পর্য্যন্ত বাস করিল। ৩১ এবং বিন্‌য়ামীন্ বংশেরা গেবা অবধি মিক্‌মসে ও ৩২ অয়াতে ও বৈথেলে ও তাহাদের গ্রামে, এবং অনা৩৩ থোতে ও নোবে ও অননিয়াতে, ও হাৎসোরে ও রামতে ৩৪ ও গিত্তয়িমে, ও হাদীদে ও সিবোয়িমে ও নিবল্লাটে, ৩৫ এবং লোদে ও ওনোতে ও শিল্পকরদের প্রান্তরে বাস ৩৬ করিল। এবং যিহূদা দেশীয় লেবীয়দের কতক লোক বিন্‌য়ামীনের প্রদেশে বাস করিল।

১২ অধ্যায়।

১ যাজকদের ও লেবীয়দের নাম ১০ ও মহাযাজকদের নাম ২২ ও প্রধান লেবীয়দের নাম ২৭ ও প্রাচীর প্রতিষ্ঠার উৎসব ৪৪ ও যাজকদের ও লেবীয়দের মন্দিরের কর্ম্মে আপন২ পদে নিযুক্ত হওন।

১ যে যাজকগণ ও লেবীয়েরা শল্‌তীয়েলের পুত্র সিরুব্বাবিলের ও যেশূয়ের সহিত আগমন করিল, তাহা২ দের নাম। সিরায় ও যিরিমিয় ও ইষ্রা, ও অমরিয় ও ৩ মল্লূক্ ও হটুশ, ও শিখনিয় ও রিহূম্ ও মিরেমোৎ, ৪ ও ইদ্দো ও গিন্নিথোন্ ও অবিয়, ও মিয়ামীন্ ও ৬ মোয়দীয় ও বিল্‌গা, ও শিময়িয় ও যোয়ারীব্ ও ৭ যিদয়িয়, ও সল্লয় ও আমোক্ ও হিল্কিয় ও যিদযিয়; যেশূয়ের বর্ত্তমান সময়ে ইহারা যাজকদের ও আ৮ পন ২ ভ্রাতৃগণের মধ্যে প্রধান ছিল। লেবীয়দের নাম, যেশূয় ও বিন্নূয়ী ও কদ্‌মীয়েল্ ও শেরেবিয় ও যিহূদা ও মত্তনিয়; এই মত্তনিয় ও তাহার ভ্রাতৃগণ ধন্য৯ বাদ করণের অধ্যক্ষ ছিল। এবং তাহাদের ভ্রাতৃগণ বক্‌বুকিয় ও উন্নি প্রহরীগণের অধ্যক্ষ ছিল।

১০ আর যেশূয়ের পুত্র যোয়াকীম্, ও যোয়াকীমের পুত্র ১১ ইলিয়াশীব্, ও ইলিয়াশীবের পুত্র যোয়াদঃ, ও যোয়া১২ দের পুত্র যোনাথন্, ও যোনাথনের পুত্র যদ্দুয়। ইহারা যোয়াকীমের বর্ত্তমান সময়ে পিতৃপ্রধান যাজক ছিল। সিরায় বংশীয় মিরায়, ও যিরিমিয় বংশীয় হনানিয়; ১৩ ও ইষ্রা বংশীয় মিশুল্লম, ও অমরিয় বংশীয় যিহো১৪ হানন্, ও মল্লূক্ বংশীয় যোনাথন্, ও শিবনিয় বংশীয় ১৫ যূষফ্, ও হারীম্ বংশীয় অদ্‌ন, ও মিরায়োৎ বংশীয় ১৬ হিল্কয়, ও ইদ্দো বংশীয় সিখরিয়, ও গিন্নিথোন্ ১৭ বংশীয় মিশুল্লম, ও অবিয় বংশীয় সিখ্রি, ও মিয়ামীন্ বংশীয় এক জন, ও মোয়দিয় বংশীয় পিল্টয়, ১৮ ও বিল্‌গা বংশীয় শম্মূয়, ও শিময়িয় বংশীয় যিহো১৯ নাথন্, ও যোয়ারীব্ বংশীয় মত্তিনয়, ও যিদয়িয় ২০ বংশীয় উষি, ও সল্লয় বংশীয় কল্লয়, ও আমোক্ ২১ বংশীয় এবর্, ও হিল্কিয় বংশীয় হশবিয়, ও যিদয়িয় বংশীয় নিথনেল্।

২২ আর লেবীয়েরা ইলিয়াশীবের ও যোয়াদের ও যোহাননের ও যদ্দুয়ের বর্ত্তমান সময়ে, এবং যাজকেরা

[১৮] প ১ ॥—[১৯] ১ বং ৯; ১৭ ॥—[২১] নি ৩; ২৬ ॥—[২৩] ইষ্রা ৬; ৯,১০। ৭; ২০,২৪॥—[৩৫] ১ বং ৮; ১২ ॥
[১২ অধ্য; ১-৭] প ১০-২১। নি ৭; ৩৯-৪২। ১০; ২-৮ ॥—[১৩-২১] প ১-৭ ॥

* (বা) দুর্গে। † (ইব্রু) স্থির বিধি।

পার্সীয় দারার অধিকারের সময় পর্য্যন্ত আপন ২ পিতৃপ্রধান লোকদের নাম লিখিল। ২৩ আর লেবি বংশীয় পিতৃপ্রধান লোকদের নাম ইলিয়াশীবের পুত্র যোহাননের বর্ত্তমান সময় পর্য্যন্ত বংশাবলিপুস্তকে লিখিত ছিল। ২৪ লেবীয়দের প্রধান লোক হশবিয় ও শেরেবিয় ও কদ্মীয়েলের পুত্র যেশূয় ও তাহাদের ভ্রাতৃগণ ঈশ্বরের লোক দায়ূদের আজ্ঞানুসারে দলে ২ প্রশংসা ও ধন্যবাদ করিতে নিযুক্ত হইল। ২৫ আর মত্তনিয় ও বক্‌বুকিয় ও ওবদিয় ও মিশুল্লম্ ও টল্‌মোন্ ও অক্কূব্ প্রহরী হইয়া ভাণ্ডারের দ্বারে * থাকিয়া প্রহরি কর্ম্ম করিল। ২৬ ইহারা যোষাদকের পৌত্র যেশূয়ের পুত্র যোয়াকীমের অধিকার সময়ে এবং নিহিমিয় অধ্যক্ষের ও ইষ্রা যাজক ও অধ্যাপকের সময়ে ছিল।

২৭ অপর যিরূশালমের প্রাচীরের প্রতিষ্ঠা করণ সময়ে লোকেরা আনন্দ করিয়া প্রতিষ্ঠার উৎসব করিতে অর্থাৎ ধন্যবাদ ও গান ও করতাল ও নবল ও বীণা বাদ্যদ্বারা উৎসব পালনার্থে লেবীয়দিগকে যিরূশালমে আনিতে তাহাদের সকল স্থানে তাহাদিগকে অন্বেষণ করিল। ২৮ এবং গায়ক বংশেরা যিরূশালমের চতুর্দ্দিকস্থ সমভূমিহইতে ও নিটোফাতীয়দের গ্রামহইতে এবং ২৯ বৈৎ-গিল্‌গল্‌হইতে এবং গেবার ও অস্‌মাবতের ক্ষেত্রহইতে আপনাদিগকে একত্র করিল, কেননা গায়কেরা যিরূশালমের চতুর্দ্দিগে আপনাদের জন্যে গ্রাম প্রস্তুত করিয়াছিল। ৩০ এবং যাজকেরা ও লেবীয়েরা আপনাদিগকে পবিত্র করিল, এবং লোকদিগকে ও দ্বারকে ও প্রাচীরকে পবিত্র করিল। ৩১ পরে আমি যিহূদার অধ্যক্ষদিগকে প্রাচীরের উপরে আনিলাম, এবং ধন্যবাদকারি দুই মহাদলকে নিরূপণ করিলাম; (তাহার এক দল) দক্ষিণ পার্শ্বে সারদ্বারের দিগে প্রাচীরের উপরে গেল। ৩২ তাহাদের পশ্চাতে হোশয়িয় ও যিহূদার অর্দ্ধেক অধ্যক্ষেরা, ৩৩ এবং অসরিয় ও ইষ্রা ও মিশুল্লম্; ৩৪ এবং যিহূদা ও বিন্‌য়ামীন্ ও শিময়িয় ও যিরিমিয় গেল। ৩৫ এবং তূরীর সহিত যাজকের পুত্র কতক জন, অর্থাৎ আসফের অতিবৃদ্ধ প্রপৌত্র সক্কূরের বৃদ্ধ প্রপৌত্র মীখায়ের প্রপৌত্র মত্তনিয়ের পৌত্র শিময়িয়ের পুত্র যে যোনাথন্ তাহার পুত্র শিখরিয়; ৩৬ ও তাহার ভ্রাতৃগণ শিময়িয় ও অসরেল্ ও মিললয় ও গিললয় ও মায়য় ও নিথনেল্ ও যিহূদা ও হনানি, ইহারা ঈশ্বরের লোক দায়ূদের নিরূপিত বাদ্য হস্তে লইয়া গেল, এবং ইষ্রা অধ্যাপক তাহাদের অগ্রে ২ গেল। ৩৭ তাহারা উন্‌ইদ্বার দিয়া সম্মুখস্থ দায়ূদ্‌নগরের প্রাচীরস্থিত সোপানে আরোহণ করিয়া দায়ূদের গৃহ দিয়া পূর্ব্বদিগ জলদ্বার পর্য্যন্ত গমন করিল। ৩৮ এবং অন্য দলও ধন্যবাদ করিতে ২ প্রাচীরের উপরে অন্য দিগে গমন করিল; এবং আমি ও অর্দ্ধ লোকেরা তাহাদের পশ্চাৎ গমন করিলাম। তাহারা হাফরের দুর্গ অবধি প্রস্থ প্রাচীর দিয়া ৩৯ ও ইফ্রয়িমের দ্বার ও পুরাতন দ্বার ও মৎস্য দ্বার ও হননেলের দুর্গ ও মেয়ার দুর্গ দিয়া মেষদ্বার পর্য্যন্ত গেল, ও তাহারা কারাগারের দ্বারে স্থগিত হইল। ৪০ এবং যে দুই দল ঈশ্বরের ধন্যবাদ করিল, তাহারা এবং আমি ও আমার সহিত অধ্যক্ষদের অর্দ্ধ জন; ৪১ এবং ইলিয়াকীম্ ও মাসেয় ও মিয়ামীন্ ও মিখায় ও ইলিয়ো-ঐনয় ও সিখরিয় ও হনানিয়, তূরীবাদক এই সকল যাজকেরা ৪২ এবং মাসেয় ও শিময়িয় ও ইলিয়াসর্ ও উষি ও যিহোহানন্ ও মল্কিয় ও এলম্ ও এষর্, ইহারা ঈশ্বরের মন্দিরের নিকটে স্থগিত হইল; পরে গায়কেরা উচ্চৈঃস্বরে গান করিল †, ও যিষ্রহিয় তাহাদের অধ্যক্ষ ছিল। ৪৩ ঐ দিনে তাহারা অনেক ২ বলিদান করিয়া আনন্দ করিল, কেননা ঈশ্বর তাহাদিগকে মহানন্দে আনন্দিত করিলেন, তাহাতে তাহাদের ভার্য্যারা ও বালকগণও আনন্দ করিল; অতএব অনেক দূর পর্য্যন্ত যিরূশালমের আনন্দ ধ্বনি শুনা গেল।

৪৪ ঐ সময়ে ধন ও উত্তোলনীয় দ্রব্যও প্রথমজাত ফল ও দশমাংশ এবং নগরের ক্ষেত্রহইতে যাজকদের ও লেবীয়দের কারণ ব্যবস্থিত অংশ কুঠরীতে একত্র করিয়া আনিতে কেহ ২ নিযুক্ত হইল, কেননা যিহূদার লোকেরা সেই স্থানে দণ্ডায়মান যাজকদের ও লেবীয়দের বিষয়ে আনন্দ করিল। ৪৫ এবং গায়কেরা ও দ্বারপালেরা দায়ূদের ও তাহার পুত্র সুলেমানের আজ্ঞানুসারে আপনাদের ঈশ্বরের রক্ষণীয় ও পবিত্রতার রক্ষণীয় রক্ষা করিল। ৪৬ কেননা পূর্ব্বকালে অর্থাৎ দায়ূদের ও আসফের বর্ত্তমান সময়ে প্রধান গায়কেরা ঈশ্বরের প্রশংসা ও ধন্যবাদের গান করিতে নিযুক্ত ছিল। ৪৭ এবং সিরুব্বাবিলের ও নিহিমিয়ের অধিকার সময়ে ইস্রায়েলের তাবৎ লোক গায়কদের ও দ্বারপালদের অংশ দিল, এবং প্রতি দিন এক ২ অংশ দিল, এবং তাহারা লেবীয়দের জন্যে দ্রব্য পবিত্র করিল, এবং লেবীয়েরা হারোণ্ বংশের নিমিত্তে তাহা পবিত্র করিল।

১৩ অধ্যায়।

১ ব্যবস্থানুসারে মিশ্রিত লোকহইতে যিহূদিদিগকে পৃথক করণ ৪ ও নিহিমিয়দ্বারা মন্দিরের কুঠরীর পরিষ্কার হওন ১০ ও মন্দিরের কর্ম্মে লোককে নিযুক্ত করণ ১৫ ও বিশ্রামবার মানিতে শাসন করণ ২৩ ও অন্য দেশীয় স্ত্রীদিগকে ত্যাগ করিতে আজ্ঞা দেওন।

১ ঐ সময়ে লোকদের কর্ণগোচরে মূসার পুস্তকের কথা

[২৪] প ৮ ॥—[২৫] নি ১১; ১৯ ॥—[২৭] প ৪০-৪৩ ॥—[৩১] প ৩৮। নি ৩; ১৩ ॥—[৩৭] ৩; ১৫,২৬ ॥—[৩৮] প ৩১। ৩; ৮,১১ ॥—[৩৯] ৩; ১,৩,৬,৭ ॥—[৪০-৪৩] প ২৭। ১ বং ১৫; ২৭,২৮। ২ বং ৫; ১২,১৩। ৭; ৬। ইষ্রা ৩; ১০, ১৩ ॥—[৪৪] নি ১০; ৩২-৩৯ ॥—[৪৫] ১ বং ২৫। ২৬ ॥—[৪৭] নি ১০; ৩৭,৩৮ ॥

* (বা) সভাতে বা গোবরাটে। † (ইব্রী) ধ্বনি শুনাইল।

পাঠিত হইলে তাহার লিখিত এই আজ্ঞা পাওয়া গেল, অম্মোনীয়েরা কিম্বা মোয়াবীয়েরা কখনও ঈশ্বরের ২ মণ্ডলীতে প্রবেশ করিতে পাইবে না। কেননা তাহারা অন্ন জল লইয়া ইস্রায়েল্ বংশের সহিত সাক্ষাৎ করিল না, বরং তাহাদিগকে শাপ দিতে বিলিয়মকে বেতন দিল; কিন্তু আমাদের ঈশ্বর সেই শাপকে আশীর্ব্বাদ-৩ স্বরূপ করিলেন। তখন তাহারা এই ব্যবস্থা শুনিয়া মিশ্রিত জনতাকে ইস্রায়েল্ বংশহইতে পৃথক করিল।

৪ ইহার পূর্ব্বে টোবিয়ের কুটুম্ব ইলিয়াশীব্ যাজক আমাদের ঈশ্বরের মন্দিরের কুঠরীর অধ্যক্ষ হই-৫ য়াছিল। এবং পূর্ব্বে তাহারা নিবেদিত বস্তু ও কুন্দুরু ও পাত্র এবং লেবীয়দের ও যাজকদের ও দ্বারপাল-দের নিমিত্তে আজ্ঞাপিত শস্য ও দ্রাক্ষারস ও তৈলের দশমাংশ ও যাজকদের নৈবেদ্য যে কুঠরীতে রাখিত, সেই মহাকুঠরী তাহার জন্যে সে প্রস্তুত করিয়াছিল। ৬ কিন্তু আমি এই সকল ঘটনের সময়ে যিরূশালমে ছি-লাম না, কেননা বাবিলের অর্তসস্ত রাজার অধিকারের দ্বাত্রিংশৎ বৎসরে আমি রাজার নিকটে গমন করিলাম, এবং কিছু বৎসর * পরে রাজার নিকটহইতে বিদায় ৭ পাইলাম †। অপর আমি যিরূশালমে আইলে ইলি-য়াশীব্ ঈশ্বরের মন্দিরের প্রাঙ্গণে টোবিয়ের জন্যে কু-ঠরী প্রস্তুত করিয়া যে কুকর্ম্ম করিয়াছে, তাহা জ্ঞাত হই-৮ লাম। এবং তাহার জন্যে অতিশয় শোক পাইলাম, এবং কুঠরীহইতে টোবিয়ের পরিবারের সকল দ্রব্য দূরে ৯ নিক্ষেপ করিলাম। এবং আজ্ঞা দিয়া সেই ২ কুঠরী পরি-ষ্কার করাইলাম, এবং সেই স্থানে ঈশ্বরের গৃহের পাত্র ও নিবেদিত বস্তু ও কুন্দুরু পুনর্ব্বার আনিলাম।

১০ অপর লেবীয়দিগকে অংশ দেওয়া যায় নাই, এই জন্যে কর্ম্মকারি লেবীয়েরা ও গায়কেরা প্রত্যেকে আ-পন ২ ভূমিতে পলায়ন করিয়াছে, ইহাও আমি দেখি-১১ লাম। এবং আমি অধ্যক্ষদিগকে অনুযোগ করিয়া কহি-লাম, ঈশ্বরের মন্দির কেন ত্যক্ত হইল? পরে আমি তাহাদিগকে একত্র করিয়া তাহাদের পদে তাহাদিগকে ১২ স্থাপন করিলাম। এবং সকল যিহূদীয়েরা শস্যের ও নূতন দ্রাক্ষারসের ও তৈলের দশমাংশ ভাণ্ডারে আনিতে ১৩ লাগিল। এবং আমি শেলিমিয় যাজককে ও সাদোক্ অধ্যাপককে এবং লেবীয়দের মধ্যে পিদায়কে, ও তাহার পরে ‡ মত্তনিয়ের পৌত্র সক্কূরের পুত্র হানন-কে কোষাধ্যক্ষ করিলাম; তাহারা বিশ্বস্ত রূপে গণিত ছিল, এবং তাহাদের ভ্রাতৃগণকে বিতরণ করিতে ১৪ তাহাদের অধিকার ছিল। হে আমার ঈশ্বর, এ বিষয়ে আমাকে স্মরণ কর; আমি আপন ঈশ্বরের মন্দিরের জন্যে ও তাঁহার বিধানের জন্যে যে সৎকর্ম্ম করিয়াছি, তাহা লুপ্ত করিও না।

১৫ আর ঐ সময়ে আমি যিহূদা নগরে কতক লোককে বিশ্রামদিনে দ্রাক্ষাযন্ত্র মাড়িতে ও আটি আনিতে ও গর্দ্দভ বোঝাই করিতে এবং বিশ্রামদিনে দ্রাক্ষারস ও দ্রাক্ষা ও ডুম্বুরাদি সকল দ্রব্যের ভার যিরূশালমে আনিতে দেখিলাম; তাহাতে আমি দিবাভাগে ভক্ষ্যদ্রব্য বিক্রয় করণ বিষয়ে তাহাদের বিরুদ্ধে সাক্ষ্য দিলাম। ১৬ এবং যিরূশালম নিবাসি সোর্ লোকেরা মৎস্য ও নানা বিক্রেয় দ্রব্য যিহূদা বংশের নিকটে আনিয়া বিশ্রামদিনে বিক্রয় করিত। ১৭ তখন আমি যিহূদার প্রধানদের সহিত বিবাদ করিয়া তাহা-দিগকে কহিলাম, তোমরা বিশ্রামদিনকে অপবিত্র কর, এ কি কুকর্ম্ম কর? ১৮ তোমাদের পিতৃলোকেরা এই মত করিলে ঈশ্বর কি আমাদের ও এই নগরের উপরে এই সকল দুর্দ্দশা ঘটান নাই? তথাপি তোমরা বিশ্রা-মদিনকে অপবিত্র করিয়া ইস্রায়েলের উপরে কি ক্রোধ জন্মাইবা? ১৯ পরে বিশ্রামদিনের পূর্ব্বে সন্ধ্যা হইলে ‖ যিরূশালমের দ্বার রুদ্ধ করিতে আজ্ঞা করি-লাম, আরো কহিলাম, বিশ্রামদিন না গেলে এই দ্বার মুক্ত হইবে না; এবং বিশ্রামদিনে যেন কোন ভার ভিতরে আনীত না হয়, এই জন্যে আমি আপন কয়েক দাসকে দ্বারে রাখিলাম। ২০ তথাপি বণিকেরা ও সকল দ্রব্য বিক্রেতারা এক বার দুই বার যিরূশালমের বাহিরে রাত্রিতে বাস করিল। ২১ তাহাতে আমি তাহাদের বিরুদ্ধে সাক্ষ্য দিয়া তাহাদিগকে কহিলাম, তোমরা কেন প্রাচীরের নিকটে রাত্রি যাপন কর? যদি আর বার এমত কর, তবে আমি তোমাদিগকে ধরিব; তাহাতে তদবধি তাহারা বিশ্রামদিনে আর আইল না। ২২ পরে বিশ্রামদিনকে পবিত্র করিবার জন্যে আমি আপনাদি-গকে পবিত্র করিতে ও দ্বার রক্ষা করণার্থে আসিতে লেবীয়দিগকে আজ্ঞা করিলাম। হে আমার ঈশ্বর, এ বিষয়ে আমাকে স্মরণ কর, ও আপনার অসীম দয়া-নুসারে আমাকে দয়া কর।

২৩ আর সেই সময়ে যাহারা অস্দোদীয়া ও অম্মো-নীয়া ও মোয়াবীয়া স্ত্রীদিগকে গ্রহণ § করিয়াছে, আমি সেই যিহূদীয়দিগকেও দেখিলাম। ২৪ এবং তাহাদের বালকেরা অর্দ্ধ অস্দোদীয় ভাষা কহিতেছে ও যিহূদীয় ভাষা কহিতে জানে না, কিন্তু বিশেষ লোকের ভাষানু-সারে কথা কহে; ২৫ তাহাতে আমি তাহাদের সহিত বিবাদ

[১৩ অধ্যা; ১] দ্বি ৩১; ১০ ১৩॥—[১,২] দ্বি ২৩; ৩-৬॥—[৩] ইব্রী ১। ১০। নি ৯; ২। ১০; ২৮-৩০।—[৪-৯] মল ২; ১০-১২। ৩; ৩। নি ২; ১০,১৯। ৬; ১৭,১৮। ১০; ৪৪॥—[৫] ১০; ৩২-৩৯। ১২; ৪৪,৪৭॥—[৬] ১; ১। ২; ১। ৫; ১৪॥—[৭] প ১,৫॥—[৮] যো ২; ১৫,১৬॥—[১০-১৪] নি ১০; ৩৭-৩৯। ১২; ৪৭। মল ৩; ৮-১২। হগ ২; ১৮,১৯॥ [১৩] নি ১২; ৪৪॥—[১৪] প ২২,৩১। ৫; ১৯॥—[১৫-২২] ১০; ৩১॥—[১৭] যা ৩১; ১২-১৭॥—[১৮] যিশ ৫৮; ১৩, ১৪। যির ১৭; ১৯-২৭॥—[২২] প ১৪॥—[২৩-৩০] ইষ্রা ৯। ১০। নি ৯; ২। ১০; ২৮-৩০। মল ২; ১১-১৫॥

* (ইব্রী) দিন। † (ইব্রী) চাহিলাম। ‡ (ইব্রী) হস্তে। ‖ (ইব্রী) দ্বার ছায়াযুক্ত হইলে। § (ইব্রী) বাস করাইয়াছে।

করিয়া তাহাদিগকে তিরস্কার করিলাম, ও তাহাদের কতক লোককে প্রহার করিয়া তাহাদের কেশ উৎপাটন করাইয়া ঈশ্বরের নামে তাহাদিগকে দিব্য করাইলাম, তোমরা তাহাদের পুত্রদের সহিত আপনাদের কন্যা-দের বিবাহ দিবা না, ও আপনাদের পুত্রদের সহিত তাহাদের কন্যাদের বিবাহ দিবা না। ২৬ ইস্রায়েলের সুলেমান্ রাজা এমত কার্য্য করিয়া কি পাপ করে নাই? অনেক জাতীয় রাজগণের মধ্যে তাহার তুল্য কেহ ছিল না; সে ঈশ্বরের প্রিয় হইলে ঈশ্বর তাহাকে সমস্ত ইস্রায়েলের উপরে রাজা করিলেন, তথাপি বি-দেশীয় স্ত্রীগণ তাহাকে পাপ করিতে প্রবৃত্তি দিল। ২৭ অতএব বিদেশীয়দিগকে বিবাহ করাতে আমাদের ঈশ্বরের আজ্ঞালঙ্ঘন করা হয়, এই মহাপাপ করিতে আমরা কি তোমাদের কথা শুনিব? ২৮ মহাযাজক ইলিয়াশীবের পৌত্র যিহোয়াদার পুত্র হোরোণীয় সনবল্লটের জামাতা ছিল, এই জন্যে আমি আপন নিকটহইতে তাহাকে দূর করিলাম। ২৯ হে আমার ঈশ্বর, তাহাদিগকে স্মরণ কর, কেননা তাহারা যাজকতা এবং যাজকদের ও লেবীয়দের নিয়ম অন্যথা করি-য়াছে। ৩০ এবং আমি অন্যদেশীয় সকলহইতে তাহাদিগকে পরিষ্কার করিলাম, এবং যাজকদের ও লেবীয়দের প্রত্যেক জনকে আপন পদে, ৩১ এবং নিরূপিত সময়ে কাষ্ঠ ও প্রথমজাত ফল আনিতে লোককে নিযুক্ত করি-লাম। হে আমার ঈশ্বর, মঙ্গলার্থে আমাকে স্মরণ কর।

[২৫] ইষ্ণ্র ১০; ৩,৪। নি ১০; ২৯,৩০ ।।—[২৬] ২ শি ১২, ২৪,২৫। ১ রা ৪; ২৯-৩১। ১১; ১-১১ ।।—[২৮] নি ১০; ১৮। ১২; ১০। ১৩; ৪ ।।—[২৯] মল ২; ১-৯,১১,১২ ।।—[৩০,৩১] নি ১০; ২৮-৩৯ ।।—[৩১] প ১৩,২২ ।।

ইষ্টেরের ইতিহাস।

১ অধ্যায়।

১ অহস্বেরঃ রাজের ভোজ ১০ ও বষ্টী রাণীর রাজ আজ্ঞালঙ্ঘন ১৩ ও মিমূখনের মন্ত্রণাদ্বারা স্ত্রী লোককে বশীভূত রাখিতে রাজার আজ্ঞা প্রচার।

১ অহস্বেরঃ রাজা হিন্দিয়া অবধি কূশ্ দেশ্ পর্য্যন্ত এক ২ শত সাতাইশ প্রদেশের উপরে রাজত্ব করিল। সে অহস্বেরঃ রাজা শূশন্ রাজধানীতে আপন রাজসিং-৩ হাসনে উপবিষ্ট হইলে পর আপন অধিকারের তৃতীয় বৎসরে আপন কুলীনদের ও দাসদের জন্যে ভোজ প্রস্তুত করিল, তাহাতে পারস্ ও মাদিয়া দেশের পরা-ক্রমি লোকেরা এবং প্রদেশের প্রধানেরা ও অধ্যক্ষেরা ৪ তাহার সাক্ষাতে উপস্থিত হইল। সে আপন ঐশ্বর্য্য-বন্ত রাজ্যের ধন ও শ্রেষ্ঠ প্রতাপের গৌরব অনেক দিন অর্থাৎ এক শত আটাইশ দিন পর্য্যন্ত তাহাদের কাছে ৫ প্রকাশ করিল। এবং সেই সকল দিন উত্তীর্ণ হইলে রাজা শূশন্ রাজধানীতে উপস্থিত ক্ষুদ্র ও মহৎ সকল লোকদের জন্যে রাজপুরীর উদ্যানের প্রাঙ্গণে সপ্তাহ ৬ পর্য্যন্ত ভোজ প্রস্তুত করিল। তাহার উপরে ধূম্রবর্ণের সূক্ষ্ম সূত্র নির্ম্মিত রজ্জুতে ও রূপ্যময় কড়াতে ও মর্ম্মর স্তম্ভে বদ্ধ শুক্ল ও হরিৎ ও নীলবর্ণের চন্দ্রাতপ ছিল, এবং রক্তবর্ণ ও নীলবর্ণ ও শুক্লবর্ণ ও কৃষ্ণবর্ণ মর্ম্মরের মেঝিয়ার উপরিস্থিত স্বর্ণময় ও রূপ্যময় বালিশ ছিল। ৭ এবং পান করণের বিবিধ প্রকার সুবর্ণ পাত্র এবং রাজযোগ্য প্রচুর রাজকীয় দ্রাক্ষারস দত্ত হইল। ৮ তাহা-তে রীত্যনুসারে পান হইল; কেহ বল করিল না, কেননা প্রত্যেক জনকে আপন ইচ্ছানুসারে কর্ম্ম করণের অনু-মতি দিতে রাজা আপন রাজধানীর তাবৎ অধ্যক্ষকে আজ্ঞা করিয়াছিল। ৯ এবং বষ্টী রাণীও অহস্বেরের রাজবাটীতে স্ত্রীগণের জন্যে ভোজ প্রস্তুত করিল।

১০ অপর সপ্তম দিনে রাজা দ্রাক্ষারসেতে প্রফুল্লচিত্ত হইয়া মিহূমন্ ও বিস্থা ও হর্বোণা ও বিগ্থা ও অবগথ ও সেথর্ ও কর্কস্ অহস্বেরঃ রাজার সম্মুখস্থ সেবা-কারি এই সপ্ত নপুংসককে আজ্ঞা করিল, ১১ তোমরা লোক-দিগকে ও অধ্যক্ষদিগকে বষ্টী রাণীর সৌন্দর্য্য দেখা-ইবার জন্যে তাহাকে রাজমুকুটে ভূষিতা করিয়া রাজার সাক্ষাতে আন; কেননা সে পরমসুন্দরী ছিল। ১২ কিন্তু সে বষ্টী রাণী নপুংসকদের প্রমুখাৎ রাজার আজ্ঞা পাইলেও আসিতে সম্মতা হইল না; অতএব রাজা অতিশয় ক্রুদ্ধ হইল, তাহার অন্তরে ক্রোধ প্রজ্বলিত হইয়া উঠিল।

১৩ তৎকালে কর্শিনা ও শেথর্ ও অদ্মাথা ও তর্শীশ ও মেরস্ ও মসিনা ও মিমূখন্ নামে রাজার মুখ দেখিতে ও রাজ্যের উত্তম স্থানে বসিতে অধিকারী পারস্ দেশের ও মাদিয়া দেশের এই সাত জন কুলীন রাজার নিকটে ছিল। ১৪ তখন রাজা ব্যবস্থা ও রাজনীতিজ্ঞ লোকদের প্রতি কথনের রাজনীত্যনুসারে ঐ বিদ্বান্

[১ অধ্য; ১] ইষ্ণ্র ৮; ৯। দা ৬; ১ ।।—[২] নি ১; ১। দা ৮; ২ ।।

ও কালজ্ঞ লোকদের প্রতি এই কথা কহিল, বষ্টী ১৫ রাণী নপুংসকদের প্রমুখাৎ অহশ্বেরঃ রাজের আজ্ঞা পাইয়া তাহা মানিল না, ব্যবস্থানুসারে তাহার প্রতি ১৬ কি কর্ত্তব্য? তাহাতে মিমূখন্ রাজার ও অধ্যক্ষদের সাক্ষাতে উত্তর করিল, বষ্টী রাণী রাজার প্রতি অনুচিত কর্ম্ম করিল, তাহা কেবল নয়, কিন্তু অহশ্বেরের তাবৎ অধিকারস্থ সকল অধ্যক্ষের ও সমস্ত লোকের ১৭ প্রতি অনুচিত কর্ম্ম করিল। রাণীর এই কর্ম্মের কথা স্ত্রীলোকদের মধ্যে ব্যাপ্ত হইবে; তাহাতে অহশ্বেরঃ রাজা বষ্টী রাণীকে আপন নিকটে আনিতে আজ্ঞা করিলে সে আইল না, এই সম্বাদ পাইলে তাহারা ১৮ সাক্ষাতেও আপন ২ স্বামিকে অবজ্ঞা করিবে। এবং পারসের ও মাদিয়ার স্ত্রীগণ রাণীর এই কর্ম্মের সমাচার শুনিলে তাহারা অদ্যই রাজার সকল অধ্যক্ষদিগকে ঐ রূপ কহিবে, তাহাতে অতিশয় অবজ্ঞা ও ক্রোধ ১৯ উপস্থিত হইবে। অতএব যদি রাজার অভিমত হয়, তবে বষ্টী অহশ্বেরঃ রাজের নিকটে আর আসিতে পাইবে না, এবং রাজা তাহার রাজকীয় স্ত্রীধন লইয়া তাহাহইতে উত্তমা আর এক স্ত্রীকে দিবেন, এই রাজাজ্ঞা প্রকাশিত হউক; এবং ইহার অন্যথা যেন না হয়, এই জন্যে তাহা পার্সীয়দের ও মাদীয়- ২০ দের ব্যবস্থার মধ্যে লিখিত হউক। আর রাজ্য বৃহৎ হইলেও রাজ্যের সর্ব্বত্র এই আজ্ঞা প্রকাশিত হউক, তাহাতে স্ত্রীগণ ক্ষুদ্র কি মহান আপন২ স্বামিকে ২১ মর্য্যাদা করিবে। তখন এই কথা রাজার ও অধ্যক্ষদের তুষ্টিকর হইলে রাজা মিমূখনের মন্ত্রণানুসারে করিল। ২২ সে সকল প্রদেশের লিখনানুসারে ও প্রত্যেক লোকের ভাষানুসারে আপনার অধীন প্রত্যেক প্রদেশেতে এই লিপি প্রেরণ করিল, 'প্রত্যেক পুরুষ আপন২ গৃহে কর্তৃত্ব করুক, ও আপন লোকের ভাষাতে তাহা প্রকাশ করুক *।'

২ অধ্যায়।

১ অনেক যুবতীকে একত্র করিতে পরামর্শ করণ ৫ ও ইষ্টেরের ও তাহার পালকপিতার কথা ৮ ও ইষ্টের্ স্ত্রীপালক হেগয়ের অনুগ্রহ পাওন ১২ ও পরিষ্কার করণ ও রাজার কাছে যাওনের রীতি ১৫ ও ইষ্টেরের প্রতি রাজার তুষ্টি ২১ ও রাজদ্রোহ প্রকাশিত করিলে মর্দিখয়ের নাম রাজার ইতিহাসপুস্তকে লিখন।

১ এ সকল ঘটনার পর অহশ্বেরঃ রাজের ক্রোধ নিবৃত্তি হইলে সে বষ্টীকে ও তাহার কার্য্য ও তাহার প্রতিকূলে যে নিয়ম হইল, এই সকল চিন্তা করিতে ২ লাগিল। তাহাতে রাজার সেবাকারি দাসেরা তাহাকে কহিল, রাজার জন্যে সুন্দরী যুবতি কন্যা অন্বেষণ করা যাউক। ৩ এবং রাজা আপন অধিকারের তাবৎ প্রদেশে অধ্যক্ষদিগকে নিযুক্ত করুণ; তাহারা শূশন্ রাজধানীতে অন্তঃপুরে ও স্ত্রীলোকদের রক্ষক রাজনপুংসক যে হেগয় তাহার নিকটে সেই সকল সুন্দরী যুবতি কন্যাদিগকে একত্র করুক, এবং তাহাদের ভূষণার্থে দ্রব্য দত্ত হউক। ৪ তাহাতে যে কন্যাতে রাজার তুষ্টি হইবে, সে বষ্টীর পদে রাণী হইবে; তখন এই কথা রাজার তুষ্টিকর হইলে সে তদনুসারে করিল।

৫ তখন বিন্যামীন্ বংশীয় কীশের প্রপৌত্র শিমিয়ির পৌত্র যায়ীরের পুত্র মর্দিখয় নামে এক যিহূদীয় ৬ লোক শূশন্ রাজধানীতে ছিল। যে লোকেরা যিহূদার যিহোয়াখীন্ † রাজের সহিত বাবিলের নিবূখদ্‌নিৎসর্ রাজকর্তৃক বন্দিত্বাবস্থায় নীত হইয়াছিল, তাহাদের সহিত ঐ মর্দিখয় যিরূশালমহইতে নীত হইয়াছিল। ৭ সে আপন পিতৃব্যের কন্যা হদসাকে অর্থাৎ ইষ্টের্কে প্রতিপালন করিত; ঐ কন্যার পিতামাতা ছিল না; সে পরমসুন্দরী ও সুবদনা ছিল; তাহার পিতামাতা মরিলে মর্দিখয় তাহাকে পোষ্যপুত্রী করিল।

৮ পরে রাজার ঐ নিয়মের ও আজ্ঞার কথা প্রচারিত হইলে শূশন্ রাজধানীতে হেগয়ের নিকটে অনেক কন্যা একত্রীকৃতা হইল, এবং ইষ্টের্ও রাজবাটীতে স্ত্রীরক্ষক হেগয়ের নিকটে আনীতা হইল। ৯ তাহাতে সে যুবতি হেগয়ের তুষ্টি জন্মাইয়া তাহার অনুগ্রহ পাইলে, সে ভূষণার্থক দ্রব্য ও তাহার অংশ যে ২ দ্রব্য দিতে হয় তাহা, এবং রাজবাটীহইতে মনোনীত সাত দাসী তাহাকে শীঘ্র দিল, এবং অন্তঃপুরের উত্তম স্থানে দাসীদের সহিত তাহাকে বাস করাইল; কিন্তু ইষ্টের্ আপন কুটুম্বের ও জাতির পরিচয় কাহাকে দিল না; ১০ কারণ মর্দিখয় তাহা না জানাইতে তাহাকে আজ্ঞা করিয়াছিল। ১১ পরে ইষ্টের্ কেমন আছে ও তাহার কি হইবে, ইহা জানিতে মর্দিখয় প্রতিদিন অন্তঃপুরের প্রাঙ্গণের সম্মুখে গতায়াত করিত।

১২ অপর প্রত্যেক কন্যা দ্বাদশ মাস সে স্থানে থাকিলে পর স্ত্রীদের পালানুসারে ক্রমে ২ অহশ্বেরঃ রাজের নিকটে আনীতা হইল; ছয় মাস গন্ধরসের তৈলেতে ও ছয় মাস সুগন্ধি দ্রব্যেতে ও স্ত্রীদের পরিষ্কারার্থক দ্রব্যেতে তাহাদিগকে পরিষ্কার করিতে এতো দিন লাগিত। ১৩ এবং রাজার নিকটে যাইতে হইলে অন্তঃপুরহইতে রাজবাটীতে যাইবার সময়ে প্রত্যেক যুবতি যে ২ দ্রব্য চাহিত, তাহা তাহাকে দত্ত হইত। ১৪ এবং সে সন্ধ্যাকালে যাইত ও প্রাতঃকালে উপপত্নীদের রক্ষক রাজনপুংসক শাশ্‌গসের নিকটে দ্বিতীয় অন্তঃপুরে ফিরিয়া আসিত; যদি তাহার প্রতি

[১১] ইষ্ট ৮; ৮। দা ৬; ৮, ১২, ১৫।।—[২২] ইষ্ট ৩; ১২, ১৩। ৮; ৯।।
[২ অধ্যা; ১] ইষ্ট ১; ১৯।।—[৩] প ১২।।—[৬] ২ রা ২৪; ১০-১৬। ২ বং ৩৬; ১০।।—[৭] প ১৫।।—[৮] প ৩।।
[৯] প ১২।।—[১০] প ২০।।

* (বা) কথা কহুক। † (বা) যিখনিয়।

রাজা তুষ্ট না হইত, ও তাহার নামে না ডাকিত, তবে সে রাজার নিকটে আর যাইত না।

১৫ অপর মর্দিখয় আপন পিতৃব্য অবীহয়িলের ইষ্টের্ নামে যে কন্যাকে পোষ্যপুত্রী করিয়াছিল, তাহাকে রাজার নিকটে যাইতে হইলেও স্ত্রীদের রক্ষক রাজনপুংসক হেগয় যাহা২ নিরূপণ করিল, তদ্ব্যতিরেকে সে আর কিছু চাহিল না; কিন্তু যাহারা২ ইষ্টেরের প্রতি দৃষ্টি করিত, তাহারাই ১৬ ইষ্টের্কে অনুগ্রহ করিত। রাজার অধিকারের সপ্তম বৎসরের দশম মাসে অর্থাৎ টেবেৎ মাসে ইষ্টের্ অহশ্বেরঃ রাজের নিকটে রাজবাটীতে আনীতা হইল। ১৭ তাহাতে রাজা আর সকল স্ত্রী অপেক্ষা ইষ্টের্কে অধিক ভাল বাসিল, এবং অন্য সকল কন্যা অপেক্ষা সে রাজার দৃষ্টিতে প্রসাদ ও অনুগ্রহ পাইল; অতএব সে তাহার মস্তকে রাজমুকুট দিয়া বষ্টীর পদে তাহাকে ১৮ রাণী করিল। পরে রাজা আপন সকল অধ্যক্ষদের ও দাসদের জন্যে ইষ্টেরের সম্ভ্রমার্থে মহাভোজ প্রস্তুত করিল, এবং সকল প্রদেশের কর মোচন করিয়া আপন ঐশ্বর্য্যানুসারে দান করিল।

১৯ কন্যারা দ্বিতীয় বার একত্রীকৃতা হইলে মর্দিখয় ২০ রাজদ্বারে বসিত। ইষ্টের্ মর্দিখয়ের আজ্ঞানুসারে আপন কুটুম্বের ও জাতির পরিচয় কাহাকে দিত না; ইষ্টের্ মর্দিখয়ের নিকটে প্রতিপালিত হওন সময়ে যেমন করিত, তখনও তদ্রূপ তাহার আজ্ঞা পালন করিত।

২১ সেই সময়ে মর্দিখয় রাজদ্বারে বসিলে দ্বারপালদের মধ্যে বিগথন্ ও তেরশ্ নামে রাজবাটীর দুই নপুংসক ক্রুদ্ধ হইয়া অহশ্বেরঃ রাজাকে বধ ২২ করিতে মনস্থ করিল। অতএব মর্দিখয় তাহা জ্ঞাত হইয়া ইষ্টের্ রাণীকে জ্ঞাত করিল; তাহাতে ইষ্টের্ ২৩ মর্দিখয়ের নাম করিয়া রাজাকে ঐ বৃত্তান্ত কহিল। পরে রাজা অনুসন্ধান করিয়া সে বিষয় জানিলে বৃক্ষের উপরে সেই দুই জনের উদ্বন্ধন হইল, এবং সে কথা রাজার সাক্ষাতে ইতিহাসপুস্তকে লিখিত হইল।

৩ অধ্যায়।

১ হামনের উন্নতি ও যিহূদীয়দিগকে বিনাশ করণের দিন নিরূপণ করিতে গুলিবাঁট করণ ৮ ও যিহূদীয় লোকদিগকে বিনাশ করিতে রাজাহইতে হামনের আজ্ঞা পাওন ও সর্বত্র প্রকাশ করণ।

১ পরে অহশ্বেরঃ রাজা অগাগীয় হম্মিদাথার পুত্র হামনের পদবৃদ্ধি করিয়া তাহাকে উন্নত করিল, এবং আপন সঙ্গি সমস্ত কুলীনদের আসনের উপরে তাহার ২ আসন স্থাপন করিল। তাহাতে রাজদ্বারে আগমনকারি রাজার দাসগণ ভূমিষ্ঠ হইয়া হামন্কে প্রণাম করিতে লাগিল, কারণ রাজা তাহার বিষয়ে সেই রূপ আজ্ঞা করিয়াছিল; কিন্তু মর্দিখয় ভূমিষ্ঠ হইয়া তাহাকে প্রণাম ৩ করে না। তাহাতে রাজার দ্বারস্থ দাসগণ মর্দিখয়কে ৪ কহিল, তুমি রাজার আজ্ঞা কেন লঙ্ঘন করিতেছ? এই রূপে তাহারা নিত্য২ তাহাকে কহে, তথাপি সে তাহাদের কথা মানে না; অতএব এই মর্দিখয় যিহূদী, ইহা তাহারি কথাদ্বারা জ্ঞাত হইয়া তাহার ব্যবহার বিহিত কি না, তাহা জানিতে তাহারা হামন্কে তাহা জ্ঞাত করিল। ৫ অপর মর্দিখয় ভূমিষ্ঠ হইয়া আমাকে প্রণাম করে না, ৬ ইহা দেখিয়া হামন্ ক্রোধে পরিপূর্ণ হইল। এবং যিহূদীয়েরা মর্দিখয়ের জাতি, ইহা অবগত হইয়া কেবল মর্দিখয়ের প্রতি হস্তার্পণ করা লঘু জ্ঞান করিয়া অহশ্বেরঃ রাজের তাবৎ রাজ্যেতে সকল যিহূদীয় লোককে অর্থাৎ মর্দিখয়ের তাবৎ লোককে বিনষ্ট করিতে চেষ্টা ৭ করিল। আর ইহার বিষয়ে অহশ্বেরঃ রাজের অধিকারের দ্বাদশ বৎসরের প্রথম মাস অর্থাৎ নীষন্ মাস অবধি অদর নামক দ্বাদশ মাস পর্য্যন্ত প্রতি দিনের ও প্রতি মাসের জন্যে হামনের সাক্ষাতে গুলিবাঁট হইল।

৮ পরে হামন্ অহশ্বেরঃ রাজকে কহিল, তোমার রাজ্যের সকল প্রদেশীয় লোকদের মধ্যে বিস্তারিত ও ছিন্নভিন্ন অমুক এক দল আছে; অন্য লোকদের ব্যবস্থাহইতে তাহাদের ব্যবস্থা ভিন্ন, তাহারা রাজার ব্যবস্থা মানে না; অতএব তাহাদিগের ব্যবহার সহ্য ৯ করা রাজার উচিত নয়। যদি রাজার অভিমত হয়, তবে তাহাদিগকে বিনষ্ট করিতে লেখা যাউক; তাহাতে আমি রাজকার্য্যে নিযুক্ত লোকদের হস্তে রাজভাণ্ডারে রাখিতে দশ সহস্র কিক্কর রূপা দিব। ১০ তখন রাজা আপন ১১ হস্ত হইতে অঙ্গুরীয় লইয়া যিহূদীয়দের শত্রু অগাগীয় হম্মিদাথার পুত্র হামন্কে দিল। এবং রাজা হামন্কে কহিল, সেই রূপা ও সেই লোক তোমাকে দত্ত হইল, তাহাদের প্রতি আপন ইচ্ছানুসারে কর। ১২ পরে প্রথম মাসের ত্রয়োদশ দিনে রাজার লেখকেরা আহূত হইল, এবং হামনের আজ্ঞানুসারে প্রত্যেক প্রদেশের রাজপ্রতিনিধিগণের ও অধ্যক্ষগণের এবং প্রত্যেক লোকদের শাসনকর্ত্তৃগণের কাছে অহশ্বেরঃ রাজার নামে প্রত্যেক প্রদেশের অক্ষরানুসারে ও প্রত্যেক লোকের ভাষানুসারে পত্র লিখিত হইয়া ১৩ রাজার অঙ্গুরীয়েতে মুদ্রাঙ্কিত হইল। এবং এক দিনে অর্থাৎ অদর্ নামক দ্বাদশ মাসের ত্রয়োদশ দিনে যুবা ও বৃদ্ধ ও শিশু ও স্ত্রীলোকের সহিত তাবৎ যিহূদীয়দিগকে সংহার ও বধ ও বিনষ্ট করিতে ও তাহাদের দ্রব্য লুট করিতে সেই পত্র দূতদ্বারা রাজার সকল ১৪ প্রদেশে প্রেরিত হইল। এবং সেই দিনের জন্যে সকল

[১৫] প ৭ ॥—[১৬] ইষ্ট ১ ; ৩ ॥—[১৮] ১ ; ৩ ॥—[২০] প ১০ ॥—[২১-২৩] ইষ্ট ৬ ; ১-১১ ॥
[৩ অধ্য ; ১] ইস্থ ৪ ; ৫ । গা ২৪ ; ৭ । ১ শি ১৫ ; ১-৩,৮,৩৩ ॥—[২] প ৫ । দা ৬ ; ৭ ॥—[৫] প ২ ॥—[৬] ১ শি ১৫ ; ১-৩, ৮ ॥—[৭] ইষ্ট ২ ; ১৬ । ৯ ; ২৪ । গা ২৩ ; ২৩,২৪ ॥—[৮] ইস্থ ৪ ; ১২-১৬ । গা ২৩ ; ৯ ॥—[১০] আ ৪১ ; ৪২ । ইষ্ট ৮ ; ২, ৮ ॥—[১২,১৩] ১ ; ২২ । ৮ ; ৯-১২ ॥—[১৪, ১৫] ৮ ; ১৩, ১৪ ॥

লোক যেন প্রস্তুত হয়,এই কারণ প্রত্যেক প্রদেশে আজ্ঞা দিবার জন্যে লোকদের নিকটে প্রচারিত করিতে সেই ১৫ লিখনের আদর্শ দত্ত হইল। অপর দূতগণ রাজাজ্ঞা বিষয়ে ত্বরা করিয়া বাহিরে গেল, এবং সে আজ্ঞা শূশন্ রাজধানীতে প্রকাশিত হইল; পরে রাজা ও হামন্ ভোজন পান করিতে বসিল, কিন্তু শূশন্ রাজধানীর সকল লোক উদ্বিগ্ন হইল।

৪ অধ্যায়।

১ মর্দ্দিখয় ও যিহূদীয়দের শোকের কথা ৪ ও তাহার বিষয় শুনিয়া তাহার কাছে ইষ্টেরের লোক প্রেরণ ও তাহার উত্তর ১০ ও ইষ্টেরের দ্বিতীয় কথা ও মর্দ্দিখয়ের উত্তর ১৫ ও ইষ্টেরের উপবাস নিরূপণ করণ।

১ অপর মর্দ্দিখয় এই সকল জ্ঞাত হইয়া আপন বস্ত্র ছিঁড়িল, এবং চট পরিধান ও ভস্মলেপন করিয়া নগরের মধ্যে যাইয়া খেদ উক্তিতে উচ্চৈঃস্বরে ক্রন্দন ২ করিল। পরে রাজদ্বারের সম্মুখ পর্য্যন্ত আইল, কিন্তু চট পরিয়া কেহ রাজদ্বারে প্রবেশ করিতে ৩ পারে না। এবং প্রত্যেক প্রদেশের যে ২ স্থানে ঐ রাজাজ্ঞা ও নিয়মপত্র গেল, সেই স্থানের যিহূদীয়দের মধ্যে মহাশোক ও উপবাস ও ক্রন্দন ও বিলাপ হইল, এবং অনেকে চট পরিয়া ভস্মে শয়ন করিল।

৪ পরে ইষ্টেরের দাসীগণ ও নপুংসকেরা আসিয়া ঐ কথা ইষ্টের্‌কে জ্ঞাত করিল; তাহাতে রাণী অতি শোকান্বিতা হইয়া মর্দ্দিখয়ের চট লইতে ও তাহাকে পরিধান করাইতে অন্য বস্ত্র প্রেরণ করিল, কিন্তু ৫ সে তাহা গ্রহণ করিল না। তাহাতে কি হইল ও কেন হইল, ইহা জানিতে ইষ্টের্ আপন সেবাকারি হথক্ রাজনপুংসককে ডাকিয়া মর্দ্দিখয়ের কাছে ৬ যাইতে আজ্ঞা দিল। পরে হথক্ রাজদ্বার সম্মুখস্থ নগরের চতুষ্কোণ স্থানে মর্দ্দিখয়ের নিকটে গেল। ৭ তাহাতে মর্দ্দিখয় আপনার যাহা ২ ঘটিয়াছে, এবং যিহূদীয়দিগকে বিনষ্ট করিতে হামন্ রাজভাণ্ডারে যত মুদ্রা দিতে প্রতিজ্ঞা করিয়াছে, তাহা তাহাকে কহিল। ৮ এবং তাহাদিগকে বিনষ্ট করিতে যে আজ্ঞাপত্র শূশনে দত্ত হইয়াছে, তাহার অনুরূপ এক পত্র ইষ্টের্‌কে দেখাইতে তাহাকে দিল, এবং তাহার নিকটে তাহা শুনাইতে, এবং সে যে আপন লোকদের জন্যে রাজার কাছে বিনয় ও প্রার্থনা করিতে রাজার নিকটে প্রবেশ ৯ করে, ইহাও কহিতে আজ্ঞা দিল। পরে হথক্ আসিয়া মর্দ্দিখয়ের কথা ইষ্টের্‌কে জ্ঞাত করিল।

১০ পরে ইষ্টের্ মর্দ্দিখয়কে এই কথা কহিতে পুন- ১১ র্ব্বার হথক্‌কে আজ্ঞা করিল। অনাহূত হইয়া পুরুষ কিম্বা স্ত্রী যে কেহ ভিতর প্রাঙ্গণে রাজার নিকটে যায়, তাহার রক্ষার্থে রাজা যে লোকের প্রতি স্বর্ণময় রাজদণ্ড বিস্তার করেন, তাহা ব্যতিরেকে সকলের প্রাণদণ্ডের একই আজ্ঞা আছে; ইহা রাজার তাবৎ দাস ও রাজার তাবৎ প্রদেশের লোক জানে; আর ত্রিশ দিন গত হইল আমি রাজার নিকটে যাইতে আহূতা হই ১২ নাই। পরে সে মর্দ্দিখয়কে ইষ্টেরের এই কথা জ্ঞাত ১৩ করিলে সে ইষ্টের্‌কে এই উত্তর করিতে কহিল, তুমি রাজবাটীতে থাকিয়া অন্য সকল যিহূদীয়দের মধ্যে রক্ষা পাইবা, ইহা মনে করিও না। যদি তুমি এ ১৪ সময়ে সর্ব্বতোভাবে নীরব হইয়া থাক, তবে অন্য কোন উপায়হইতে যিহূদীয়দের উপকার * ও নিস্তারের পথ হইবে, এবং তুমি আপন পিতৃবংশের সহিত বিনষ্ট হইবা; কিন্তু বোধ হয় তুমি এই বিপদসময়ের নিমিত্তে রাজ্য পাইয়াছ।

১৫ তখন ইষ্টের্ মর্দ্দিখয়কে এই উত্তর করিতে আজ্ঞা ১৬ দিল, তুমি যাইয়া শূশনে উপস্থিত তাবৎ যিহূদীয়দিগকে একত্র করিয়া আমার মঙ্গলার্থে উপবাস কর, এবং তিন দিন পর্য্যন্ত দিনে কিম্বা রাত্রিতে কিছু আহার করিও না; এবং আমি ও আমার দাসীরাও উপবাস করিব, এবং যদ্যপি ব্যবস্থা বিরুদ্ধ কর্ম্ম হয়, তথাপি আমি রাজার নিকটে যাইব; তাহাতে হত হইতে হয় হইব। ১৭ পরে মর্দ্দিখয় যাইয়া ইষ্টেরের আজ্ঞানুসারে করিল।

৫ অধ্যায়।

১ রাজার কাছে যাইয়া অনুগ্রহ পাইলে পর তাহাকে ও হামনকে ইষ্টেরের নিমন্ত্রণ করণ ৬ ও দ্বিতীয় বার নিমন্ত্রণ করণ ৯ ও অহঙ্কারি হামনের মর্দ্দিখয়কে হেয়জ্ঞান করণ ১৪ ও তাহার জন্যে ফাঁশিকাষ্ঠ প্রস্তুত করণ।

১ অপর তৃতীয় দিনে ইষ্টের্ রাজকীয় বস্ত্র পরিধান করিয়া রাজবাটীর ভিতরপ্রাঙ্গণে রাজার গৃহের সম্মুখে দণ্ডায়মানা হইল, এবং রাজা রাজবাটীতে রাজসিংহাসনের উপরে গৃহের দ্বারের সম্মুখে বসিতেছিল। ২ তাহাতে রাজা প্রাঙ্গণে দণ্ডায়মানা ইষ্টের্ রাণীকে দেখিল, এবং ইষ্টের্ রাজার দৃষ্টিতে অনুগ্রহ পাইলে রাজা ইষ্টেরের প্রতি স্বহস্তস্থিত স্বর্ণময় রাজদণ্ড বিস্তার করিল; তাহাতে ইষ্টের্ নিকটে আসিয়া রাজদণ্ডের ৩ অগ্রভাগ স্পর্শ করিল। এবং রাজা তাহাকে জিজ্ঞাসিল, হে ইষ্টের্ রাণি, তোমার কি বাঞ্ছা ও কি প্রার্থনা? ৪ অর্দ্ধেক রাজ্য পর্য্যন্ত তোমাকে দত্ত হইবে। তাহাতে ইষ্টের্ উত্তর করিল, যদি রাজার দৃষ্টিতে উত্তম বোধ হয়, তবে রাজা হামনের সহিত আমার প্রস্তুত ভোজেতে ৫ অদ্য আগমন করুণ। তখন রাজা কহিল, ইষ্টেরের আজ্ঞানুসারে শীঘ্র কর্ম্ম করিতে হামন্‌কে কহ; পরে রাজা ও হামন্ ইষ্টেরের প্রস্তুত ভোজেতে গেল।

[৪ অধ্য ; ১] আ ৩৭ ; ৩৪ । যিহি ২৭ ; ৩০, ৩১ ॥—[২] ইষ্ট ২ ; ১১, ১৯ ॥—[৭] ইষ্ট ৩ ; ৯ ॥—[৮] ৩ ; ১২-১৫ ॥
[১১] ৫ ; ১,২ । ৮ ; ৪ ॥—[১৬] ৫ ; ১ । আ ৪৩ ; ১৪ ॥
[৫ অধ্য ; ১] ইষ্ট ৪ ; ১১,১৬ ॥—[২] ৪ ; ১১ । ৮ ; ৪ ॥—[৩] মা ৬ ; ২৩ ॥

* (ইব্রী) প্রশ্বাস।

৬ পরে রাজা দ্রাক্ষারস পান করিবার সময়ে ইষ্টের্কে কহিল, তোমার প্রার্থিত কি? তাহা তোমাকে দত্ত হইবে, ও তোমার বাঞ্ছা কি? আমার অর্দ্ধেক রাজ্যেতে ৭ যদি হয়, তবে তাহা সিদ্ধ হইবে। তাহাতে ইষ্টের্ ৮ উত্তর করিল, এই আমার প্রার্থনা ও বাঞ্ছা; আমি যদি রাজার দৃষ্টিতে অনুগ্রহ পাইলাম, এবং আমার প্রার্থিত দিতে ও বাঞ্ছা সিদ্ধ করিতে রাজার অভিমত হয়, তবে যে ভোজ প্রস্তুত করিব, তাহাতে রাজা ও হামন্ আইসুন, এবং আমি কল্য রাজার আজ্ঞানুসারে কহিব *।

৯ তাহাতে সেই দিনে হামন্ আহ্লাদিত ও হৃষ্টচিত্ত হইয়া বাহিরে গেল, কিন্তু রাজদ্বারস্থিত মর্দিখয় তখনও উঠিল না ও প্রণাম করিল না; তাহা দেখিয়া হামন্ ১০ মর্দিখয়ের বিরুদ্ধে ক্রোধেতে পরিপূর্ণ হইল। তথাপি হামন্ ধৈর্য্যাবলম্বন করিল, এবং গৃহে আসিয়া আপন বন্ধুদিগকে ও আপন ভার্য্যা সেরশ্কে ডাকাইয়া আনিল। ১১ এবং হামন্ তাহাদের কাছে আপন ধন ও ঐশ্বর্য্যের কথা ও আপন বহু সন্তানদের কথা, এবং রাজা কি রূপে তাহার পদবৃদ্ধি করিয়াছে ও কি রূপে তাহাকে আপন কুলীনদের ও দাসদের উপরে আসন দিয়াছে, ১২ এই সকল কথা তাহাদিগকে শুনাইল। হামন্ আরো কহিল, ইষ্টের্ রাণী আপনার প্রস্তুত ভোজেতে আমাব্যতিরেকে আর কাহাকেও রাজার সহিত যাইতে দেয় নাই; কল্যও আমি রাজার সহিত তাহার কাছে নিমন্ত্রিত ১৩ আছি। কিন্তু যতকাল আমি রাজদ্বারে উপবিষ্ট যিহূদীয় মর্দিখয়কে দেখিতেছি, ততকাল এই সকলেতে আমার কিছু ফল হয় না।

১৪ তখন তাহার ভার্য্যা সেরশ্ ও বন্ধুগণ তাহাকে কহিল, পঞ্চাশ হস্ত দীর্ঘ এক ফাঁশিকাষ্ঠ প্রস্তুত করাও এবং মর্দিখয়কে ফাঁশি দিতে কল্য রাজাকে কহ, পরে হৃষ্ট হইয়া রাজার সহিত ভোজেতে যাও; তখন সেই কথাতে হামনের তুষ্টি হইল, ও সে সেই রূপ ফাঁশি কাষ্ঠ প্রস্তুত করাইল।

৬ অধ্যায়।

১ ইতিহাসপুস্তকে মর্দিখয়ের সৎক্রিয়ার বিবরণ পাঠ করিয়া রাজার তাহাকে পুরস্কার দিতে চাহন ৪ ও মর্দিখয়কে বধ করণের প্রার্থনা করিতে রাজার কাছে গিয়া অজ্ঞাতসারে মর্দিখয়ের সম্ভ্রম দিতে হামনের যন্ত্রণা দেওন ১২ ও বন্ধুগণের প্রতি হামনের মনের কথা কহন ও তাহার কাছে তাহার ভাবিবিনাশের কথা কহন।

১ ঐ রাত্রিতে রাজার নিদ্রা উপস্থিত না হওয়াতে † সে স্মরণীয় ইতিহাসপুস্তক আনিতে আজ্ঞা দিল; পরে ২ রাজার সাক্ষাতে সেই পুস্তক পঠিত হইল। তাহাতে এই কথা লিখিত ছিল, রাজার নপুংসক দ্বারপাল বিগ্থন্ ও তেরশ্ নামে দুই জন অহশ্বেরঃ রাজাকে বধ ‡ করিতে চাহিলে মর্দিখয় তাহার সম্বাদ দিয়াছিল। ৩ রাজা জিজ্ঞাসিল, ইহাতে মর্দিখয়কে কি সম্মান ও উচ্চপদ দত্ত হইয়াছে? রাজার সেবক দাসেরা কহিল, তাহার নিমিত্তে কিছু করা যায় নাই।

৪ পরে হামন্ ফাঁশিকাষ্ঠ প্রস্তুত করাইয়া তাহাতে মর্দিখয়কে ফাঁশি দিবার জন্যে রাজাকে কহিতে রাজগৃহের বাহিরপ্রাঙ্গণে আইলে রাজা জিজ্ঞাসিল, প্রাঙ্গণে কে ৫ আছে? রাজার দাসগণ কহিল, হামন্ প্রাঙ্গণে দণ্ডায়মান আছে; তাহাতে রাজা কহিল, সে ভিতরে আইসুক। ৬ অতএব হামন্ ভিতরে আইলে রাজা তাহাকে কহিল, রাজা যাহার সম্মান করিতে আহ্লাদিত আছেন, তাহার প্রতি কি করা কর্ত্তব্য? হামন্ মনে২ ভাবিল, রাজা আমা ব্যতিরেকে আর কাহার্ সম্মান করিতে আহ্লাদিত হইবেন? ৭ পরে হামন্ রাজাকে কহিল, রাজা যাহার ৮ সম্মান করিতে সন্তুষ্ট হন, তাহার নিমিত্তে রাজার পরিধেয় রাজকীয় বস্ত্র ও রাজার আরোহণের অশ্ব ও ৯ রাজার মস্তকের মুকুট আনীত হউক। এবং সেই বস্ত্র ও অশ্ব রাজার এক প্রধান কুলীনের হস্তে সমর্পিত হউক; এবং রাজা যাহার সম্মান করিতে সন্তুষ্ট হন, তাহাকে সে ঐ রাজবস্ত্র পরিধান ও ঐ অশ্বারোহণ করাইয়া নগরের চতুষ্কোণ স্থানে লইয়া যাউক, এবং তাহার সম্মুখে এই কথা ঘোষণা করুক, রাজা যাহার সম্মান করিতে সন্তুষ্ট হন, তাহার প্রতি এই রূপ ব্যবহার ১০ হইবে। তখন রাজা হামন্কে কহিল, তুমি ইহা শীঘ্র কর; যেমত কহিলা, তদনুসারে রাজবস্ত্র ও রাজঅশ্ব লইয়া রাজদ্বারে উপবিষ্ট যিহূদীয় মর্দিখয়ের প্রতি কর; তুমি যে সকল কথা কহিলা, তাহার কিছু ত্রুটি ১১ করিও না। তখন হামন্ সেই বস্ত্র ও অশ্ব লইয়া মর্দিখয়কে বস্ত্র পরিধান করাইল, এবং অশ্বেতে আরোহণ করাইয়া নগরের চতুষ্কোণ স্থানে গমন করাইল, এবং 'রাজা যাহার সম্মান করিতে সন্তুষ্ট হন, তাহার প্রতি এই রূপ ব্যবহার হইবে,' এই কথা তাহার অগ্রে২ ঘোষণা করিল।

১২ পরে মর্দিখয় পুনর্ব্বার রাজদ্বারে গেল, কিন্তু হামন্ শোকান্বিত হইয়া মস্তক আচ্ছাদন করিয়া আপন ১৩ গৃহে শীঘ্র গেল। এবং হামন্ আপনার এই সকল ঘটনার কথা আপন ভার্য্যা সেরশ্কে ও আপনার সকল বন্ধুদিগকে কহিল; তাহাতে তাহার জ্ঞানি লোকেরা ও তাহার ভার্য্যা সেরশ্ তাহাকে কহিল, যাহার অগ্রে তোমার এই পতনের আরম্ভ হইল, সে মর্দিখয় যদি যিহুদা বংশীয় লোক হয়, তবে তুমি তাহাকে জয় করিতে পারিবা না; কিন্তু তুমি অবশ্য তাহার সম্মুখে ১৪ পতিত হইবা। তাহারা এই রূপ কথা কহিতেছে, ইতি-

[৬] প ৩ ॥—[৯] ইষ্ট ৩; ১-৬ ॥—[১১] ৩; ১ ॥—[১২] প ৪,৮ ॥—[১৩] প ৩ ॥—[১৪] ৬; ৪ । ৭; ৯,১০ ॥
[৬ অধ্যা; ১,২] ইষ্ট ২; ২১-২৩ ॥—[৪] ৫; ১৪ ॥—[৭-৯] আ ৪১; ৪২,৪৩ ॥—[১৪] ইষ্ট ৫; ৮, ১২ ॥

* (ইব্রু) করিব। † (ইব্রু) পলায়ন করাতে। ‡ (ইব্রু) রাজার উপরে হস্ত বিস্তার।

মধ্যে রাজবাটীর নপুংসক আসিয়া হামন্‌কে ইষ্টেরের প্রস্তুত ভোজে আনিতে ত্বরা করিল।

৭ অধ্যায়।

১ ইষ্টেরের আপন বাঞ্ছা প্রকাশ করণ ৫ ও হামন্‌কে দোষী করণ ৭ ও হামন্‌কে ফাঁশি দিতে রাজার আজ্ঞা করণ।

১ পরে রাজা ও হামন্ ইষ্টের্ রাণীর সহিত ভোজন ২ করিতে আইলে রাজা দ্বিতীয় দিনে দ্রাক্ষারস পান করণ সময়ে ইষ্টেরকে পুনর্ব্বার কহিল, হে ইষ্টের্ রাণি,তোমার প্রার্থিত কি? তাহা তোমাকে দত্ত হইবে; ও তোমার বাঞ্ছা কি? আমার অর্দ্ধেক রাজ্যেতে যদি ৩ হয়, তবে তাহা সিদ্ধ করা যাইবে। তখন ইষ্টের্ রাণী উত্তর করিল, হে রাজন্,আমি যদি আপনকার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া থাকি ও যদি আপনকার অভিমত হয়, তবে আমার প্রার্থিত আমার প্রাণ ও আমার বাঞ্ছিত আমার লোকদের প্রাণ আমাকে দত্ত হউক। ৪ কেননা সংহারিত ও হত ও বিনষ্ট হইতে আমরা অর্থাৎ আমি ও আমার লোকেরা বিক্রীত হইলাম। যদি আমরা কেবল দাস দাসী হওনের জন্যে বিক্রীত হইতাম, তবে আমি নীরব থাকিতাম, কিন্তু রাজার এই ক্ষতিতেই শত্রুর ইষ্ট লাভ হয় না।

৫ তখন অহশ্বেরঃ রাজা ইষ্টের্ রাণীকে কহিল, এমত কর্ম্ম করিতে কে মনস্থ করিল? ও সে কোথা আছে? ৬ ইষ্টের্ কহিল, বিপক্ষ ও শত্রু এই দুষ্ট হামন্; তাহাতে হামন্ রাজার ও রাণীর সাক্ষাতে ভীত হইল।

৭ অপর রাজা ক্রোধান্বিত হইয়া দ্রাক্ষারস পানহইতে উঠিয়া রাজবাটীর উদ্যানে গেল; তাহাতে রাজাহইতে আপনার অমঙ্গল নিশ্চয় করিয়া হামন্ ইষ্টের্ রাণীর কাছে আপন প্রাণ প্রার্থনা করিতে দণ্ডায়মান হইল। ৮ পরে রাজা রাজবাটীর উদ্যানহইতে দ্রাক্ষারস ভোজের স্থানে প্রত্যাগমন করিল; তখন হামন্ ইষ্টেরের বালিশে পতিত ছিল; তাহাতে রাজা কহিল, এ লোক কি গৃহেতে আমার সাক্ষাতে আমার রাণীকে বলাৎকার করিবে? এই কথা রাজমুখহইতে নির্গত হইবা- ৯ মাত্র লোকেরা হামনের মুখ আচ্ছাদন করিল। পরে হর্বোণা নামে রাজার এক নপুংসক রাজাকে কহিল, দেখ, রাজার কাছে উত্তম সমাচারদায়ি মর্দ্দিখয়ের বধের নিমিত্তে হামন্ পঞ্চাশ হস্ত উচ্চ ফাঁশিকাষ্ঠ প্রস্তুত করিয়াছে,তাহা হামনের বাটীতে স্থাপিত আছে; রাজা কহিল, তাহারই উপরে ইহাকে ফাঁশি দেও। ১০ তাহাতে হামন্ মর্দ্দিখয়ের জন্যে যে ফাঁশিকাষ্ঠ প্রস্তুত করিয়াছিল, তাহার উপরে লোকেরা হামন্‌কে ফাঁশি দিল; এই রূপে রাজার ক্রোধনিবৃত্তি হইল।

৮ অধ্যায়।

১ মর্দ্দিখয়ের উন্নতি ও হামনের পত্র অন্যথা করিতে ও অন্য লোক পাঠাইতে প্রার্থনা করণ ৭ ও শত্রুদের সহিত যুদ্ধ করিতে রাজার যিহূদিদিগকে অনুমতি দেওন ১৫ ও মর্দ্দিখয়ের উন্নতিদ্বারা যিহূদীয় লোকদের আনন্দ।

১ আর ঐ দিনে অহশ্বেরঃ রাজা ইষ্টের্ রাণীকে যিহূদার শত্রু হামনের সকল পরিজন দিল, এবং মর্দ্দিখয় আপনার কে হয়, ইষ্টের্ ইহা জানাইলে মর্দ্দিখয় রাজার নিকটে উপস্থিত হইল। তাহাতে রাজা হামন্- ২ হইতে নীত অঙ্গুরীয় মর্দ্দিখয়কে দিল,এবং ইষ্টের্ হামনের পরিজনদের উপরে মর্দ্দিখয়কে কর্ত্তৃত্বভার দিল।

৩ ইষ্টের্ রাজার কাছে পুনর্ব্বার নিবেদন করিয়া তাহার চরণে পতিত হইয়া অগাগীয় হামন্ যিহূদীয়দের হিংসা করিতে যে কুমন্ত্রণা করিয়াছিল, তাহা ব্যর্থ করিতে অশ্রুপাত পূর্ব্বক প্রার্থনা করিল। তা- ৪ হাতে রাজা ইষ্টেরের দিগে স্বর্ণময় রাজদণ্ড বিস্তার করিলে ইষ্টের্ রাজার সম্মুখে দাঁড়াইয়া কহিল, যদি ৫ রাজার অভিমত হয়, এবং আমি রাজার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া থাকি, ও এই কর্ম্ম রাজার ভাল বোধ হয়, ও আমি রাজার সন্তোষকারিণী হই, তবে রাজার তাবৎ প্রদেশস্থ যিহূদীয়দিগকে বিনষ্ট করণার্থে অগাগীয় হম্মিদাথার পুত্র হামন্ যে পত্র লিখিতে পরামর্শ দিয়াছিল, তাহা ব্যর্থ করিতে লেখা যাউক। কেননা আমার সাক্ষাতে আমার লোকদের ৬ প্রতি অমঙ্গল ঘটনা ইহার দর্শন আমি কি প্রকারে সহিতে পারি? ও আপন কুটুম্বদের বিনাশ দর্শন কি রূপে সহ্য করিতে পারি?

৭ তখন অহশ্বেরঃ রাজা ইষ্টের্ রাণীকে ও যিহূদীয় মর্দ্দিখয়কে কহিল, দেখ,আমি ইষ্টের্‌কে হামনের পরিবার দিলাম; লোকেরা হামন্‌কে ফাঁশিকাষ্ঠে ফাঁশি দিল, কেননা সে যিহূদীয়দের প্রতি হস্তার্পণ করিতে উদ্যত হইল। অতএব তোমরা যিহূদীয়দের নিমিত্তে আপনা- ৮ দের ইচ্ছানুসারে রাজার নামে পত্র লিখ, ও তাহাতে রাজার অঙ্গুরীয়ের মুদ্রাঙ্ক কর; রাজার নামে লিখিত ও রাজার অঙ্গুরীয়ের মুদ্রাঙ্কে মুদ্রাঙ্কিত যে পত্র, তাহার অন্যথা কেহ করিতে পারে না। তখন তৃতীয় মাসের ৯ অর্থাৎ সীবন্ মাসের তেইশ দিনে রাজার লেখকেরা আহূত হইলে মর্দ্দিখয়ের আজ্ঞানুসারে হিন্দিয়া অবধি কূশ্ দেশ পর্য্যন্ত আপন অক্ষর ও ভাষানুসারে যিহূদীয়দের প্রতি, এবং এক শত সাতাইশ প্রদেশের প্রত্যেক প্রদেশের লিখনানুসারে ও প্রত্যেক জাতির ভাষানুসারে প্রত্যেক প্রদেশের অধ্যক্ষদের ও অধিপতিদের ও প্রদেশাধিপতিদের প্রতি পত্র লিখিত হইল। তাহা অহশ্বেরঃ রাজের নামে লিখিত হইল ও ১০ রাজার অঙ্গুরীয়কেতে মুদ্রাঙ্কিত হইল, এবং অশ্বিনীজাত অশ্বতর বাহনারূঢ় * দ্রুতগামি দূতগণের হস্তদ্বারা

[৭ অধ্য; ২] ইষ্ট ৫; ৫-৮॥—[৪] ইষ্ট ৩; ৮-১৫। ৪; ৭॥—[৯,১০] ৫; ১৪। হি ১৬; ১৮। গী ৯; ১৬॥
[৮ অধ্য; ১] ইষ্ট ২; ৭,১০,২০॥—[২] ৩; ১০॥—[৪] ৪; ১১॥—[৭] প ১। ৭; ৯,১০॥—[৮] প ২। ১; ১৯॥

* (বা) অশ্বতর ও উষ্ট্র ও দুই কুঁটি উষ্ট্র।

১১ তাহা প্রেরিত হইল। তাহাতে অহস্বেরঃ রাজের তাবৎ প্রদেশে এক দিনে অর্থাৎ অদর্ নামে দ্বাদশ মাসের ত্রয়োদশ দিনে প্রত্যেক নগরস্থ তাবৎ যিহূদীয়দিগকে একত্র হইয়া আপন ২ প্রাণের নিমিত্তে দণ্ডায়মান হই-১২ তে; এবং যে জাতি ও প্রদেশের যে লোকসমূহ তাহাদিগকে আক্রমণ করিবে, তাহাদের বালক ও স্ত্রী সকলকে সংহার ও বধ ও বিনষ্ট করিতে, এবং তাহাদের তাবৎ বস্তু লুট করিতে, রাজা এই রূপ আজ্ঞা দিল।

১৩ আর যিহূদীয়েরা আপনাদের শত্রুদের প্রতিকার করিতে যেন প্রস্তুত হয়, এই নিমিত্তে প্রত্যেক প্রদেশে দাতব্য ঐ আজ্ঞাপত্রের অনুরূপপত্র তাবৎ লোকদের ১৪ কাছে প্রেরিত হইল। পরে অশ্বতরবাহনারূঢ় * দূতগণ রাজ আজ্ঞাতে শীঘ্র ও সত্বর হইয়া সর্ব্বত্র গমন করিল, আর শূশন্ রাজধানীতে সেই আজ্ঞা প্রকাশিত হইল।

১৫ অপর মর্দ্দিখয় নীল ও শুক্লবর্ণ রাজকীয় বস্ত্র পরিধান করিয়া মস্তকে সুবর্ণময় বৃহৎ মুকুট দিয়া এবং সূক্ষ্ম ও রক্তবর্ণ বস্ত্রেতে বস্ত্রান্বিত হইয়া রাজার নিকটহইতে গেল; তাহাতে শূশন্ রাজধানী আনন্দে ১৬ ও হর্ষে পরিপূর্ণ হইল। এবং যিহূদীয়দের দীপ্তির ১৭ ও আনন্দের ও হর্ষের ও সম্ভ্রমের উদয় হইল। এবং প্রতি প্রদেশে ও প্রতি নগরে যে কোন স্থানে রাজ আজ্ঞা প্রচারিত হইল, সেই ২ স্থানে যিহূদীয়দের আনন্দের হর্ষের ও ভোজের ও মঙ্গলের দিন হইল, এবং দেশের অনেক লোক যিহূদীয় মতাবলম্বী হইল, কেননা তাহারা যিহূদীয়দের হইতে ভীত হইল †।

৯ অধ্যায়।

১ শত্রুগণকে ও হামনের দশ পুত্রকে যিহূদীয়দের বধ করণ ১১ ও দ্বিতীয় দিনে শত্রুগণকে বধ করণ ও হামনের পুত্রগণকে ফাঁশিকাষ্ঠে টাঙ্গাওন ২০ ও পূরীম্ দিনের উৎসব নিরূপণ করণ।

১ অপর অদর্ নামক দ্বাদশ মাসের যে ত্রয়োদশ দিনে রাজার আজ্ঞা ও নিয়ম পূর্ণ করণের সময় উপস্থিত হইল, অর্থাৎ যে দিনে যিহূদীয়দের শত্রুগণ তাহাদিগকে পরাভূত করিতে অপেক্ষা করিয়াছিল, সেই দিনে এমত বিপরীত ঘটনা হইল, যে যিহূদীয়েরা আপন ঘৃণাকা-২ রিদের উপরে কর্তৃত্ব করিল। তখন যিহূদীয়েরা আপনাদের হিংসা চেষ্টাকারিদের প্রতি হস্তার্পণ করিতে অহস্বেরঃ রাজের তাবৎ প্রদেশের সর্ব্বত্র আপন ২ নগরে আপনাদিগকে একত্র করিল, এবং তাহাদের সম্মুখে কেহ দাঁড়াইতে পারিল না, কেননা তাবৎ ৩ লোক তাহাদের হইতে ভীত হইল †। প্রদেশাধিপতিগণ ও অধ্যক্ষগণ ও অধিপতিগণ ও রাজকর্ম্মকারিগণ যিহূদীয়দের উপকার করিল, তাহারা মর্দ্দিখয়হইতে ৪ ভীত হইল। কেননা মর্দ্দিখয় রাজবাটীতে প্রধান লোক ছিল, ও তাহার যশ সর্ব্বত্র সকল প্রদেশে ব্যাপ্ত হইল ও সে মর্দ্দিখয় উত্তর ২ উন্নতি পাইল। এই প্রকারে ৫ যিহূদীয়েরা তাবৎ শত্রুদিগকে খড়্গাঘাত ও সংহার ও বিনাশ করিল; তাহারা আপনাদের ঘৃণাকারিদের প্রতি আপন ইচ্ছানুসারে করিল। এই রূপে যিহূদী-৬ য়েরা শূশন্ রাজধানীতে পাঁচ শত লোককে বধ ও বিনাশ করিল। এবং পর্শন্দাথ ও দল্ফোন্ ও অস্পা-৭ থা ও পোরথা ও অদলিয়া ও অরীদাথা, ও পর্মস্ত ও ৮ অরীষয় ও অরীদয় ও বয়িষাথ, যিহূদীয়দের শত্রু ১০ হম্মিদাথার পুত্র হামনের এই দশ পুত্রকে তাহারা বধ করিল, কিন্তু তাহাদের কোন বস্তু লুট ‡ করিল না।

১১ যাহারা শূশন্ রাজধানীতে হত হইল, তাহাদের সংখ্যা সেই দিনে রাজার সাক্ষাতে আইলে রাজা ১২ ইষ্টের্ রাণীকে কহিল, যিহূদীয়েরা শূশন্ রাজধানীতে পাঁচ শত লোককে ও হামনের দশ পুত্রকে বধ ও বিনাশ করিল; না জানি রাজার অন্য প্রদেশে কি করিল; এখন তোমার প্রার্থিত কি? তাহা তোমাকে দত্ত হইবে; ও তোমার আর বাঞ্ছা কি? তাহা সিদ্ধ ১৩ করা যাইবে। ইষ্টের্ কহিল, যদি রাজার অভিমত হয়, তবে অদ্যকার আজ্ঞানুসারে কল্য করিতে শূশনস্থ যিহূদীয়দের প্রতি আজ্ঞা হউক, এবং হামনের ১৪ দশ পুত্র ফাঁশিকাষ্ঠে উদ্বদ্ধ হউক। পরে রাজা তাহা করিতে আজ্ঞা দিল, এবং সেই আজ্ঞা শূশনে প্রচারিত হইলে লোকেরা হামনের দশ পুত্রকে ফাঁশিকাষ্ঠে ১৫ টাঙ্গাইল। আর শূশনস্থ যিহূদীয়েরা অদর্ মাসের চতুর্দ্দশ দিনেও একত্র হইয়া শূশনে তিন শত লোককে ১৬ বধ করিল, কিন্তু কোন বস্তু লুট করিল না। ইতিমধ্যে রাজার অন্য ২ প্রদেশে যে সকল যিহূদীয়েরা ছিল, তাহারা একত্র হইয়া প্রাণের জন্যে দণ্ডায়মান হইল; তাহাতে তাহারা শত্রুগণহইতে বিশ্রাম পাইয়া শত্রুদের পঁচাত্তর সহস্র লোককে বধ করিল, কিন্তু কোন বস্তু ১৭ লুট করিল না। এই সমস্ত অদর্ মাসের ত্রয়োদশ দিনে হইল, এবং চতুর্দ্দশ দিনে তাহারা বিশ্রাম করিয়া ১৮ তাহা ভোজ ও আনন্দ করণের দিন করিল। কিন্তু শূশনস্থ যিহূদীয়েরা তাহার ত্রয়োদশ ও চতুর্দ্দশ দিনে একত্র হইল, এবং পঞ্চদশ দিনে বিশ্রাম করিল, ও ১৯ তাহা ভোজ ও আনন্দ করণের দিন করিল। এই জন্যে অপ্রাচীর নগর নিবাসি যিহূদীয়েরা অদর মাসের চতুর্দ্দশ দিনকে আনন্দের ও ভোজের ও মঙ্গলের ও পরস্পর উপঢৌকন দেওনের দিন করিতে লাগিল।

২০ আর অহস্বেরঃ রাজের নিকটস্থ ও দূরস্থ সকল প্রদেশে যে সকল যিহূদীয়েরা থাকে, তাহাদের নিকটে মর্দ্দিখয় এই সমস্ত কথা পত্রে লিখিয়া পাঠাইল। ২১ আর যিহূদীয়েরা যে দুই দিনে আপনাদের শত্রুহইতে

[১০-১৪] ইষ্ট ৩; ১৩-১৫।।—[১২] ৩; ১৩। ৯; ১।।—[১৫] ৬; ৮। আ ৪১; ৪২,৪৩।।
[৯ অধ্য; ১] ইষ্ট ৩; ১৩। ৮; ১১,১২।।—[২] ৮; ১১,১২।।—[১০] ৫; ১১।।—[১৬] প ১,২।।
(বা) * অশ্বতর ও উষ্ট্র ও দুই কুঁটি উষ্ট্রারূঢ়। † (ইব্রু) যিহূদীয়দের ভয় তাহাদের উপরে পড়িল। ‡ (ইব্রু) বস্তুর উপরে হস্তার্পণ।

বিশ্রাম করিল, এবং যে মাসে তাহাদের দুঃখ সুখ হইল ও শোক উৎসব হইল,সেই মাসের সেই দুই দিন ভোজের ও আনন্দের ও পরস্পর উপঢৌকন দেও- ২২ নের ও দরিদ্রদিগকে দান করণের দিন হইবে; অর্থাৎ তাহারা বৎসরে২ অদর্ মাসের চতুর্দ্দশ ও পঞ্চদশ ২৩ দিন পালন করিবে,ইহা পত্রদ্বারা নিরূপণ করিল। তাহাতে যিহূদীয়েরা যেমন আরম্ভ করিয়াছিল ও মর্দ্দিখয় যেমন লিখিয়াছিল, তদ্রূপ ব্যবহার করিতে লাগিল। ২৪ তাবৎ যিহূদীয়দের শত্রু অগাগীয় হম্মিদাথার পুত্র হামন্ তাহাদিগকে বিনষ্ট করিতে মনস্থ করিয়া তাহাদিগকে ক্ষয় ও বিনাশ করণের নিমিত্তে পূর্ অর্থাৎ ২৫ গুলিবাঁট করিয়াছিল; কিন্তু (ইষ্টের্) রাজার সাক্ষাতে আইলে সে এই আজ্ঞাপত্র দিল, হামন্ যিহূদীয়দের বিরুদ্ধে যে দুষ্ট পরামর্শ করিয়াছে, তাহা তাহার * প্রতি বর্ত্তিতে দেও, এবং তাহাকে ও তাহার পুত্রদিগকে ফাঁশিকাষ্ঠের উপরে টাঙ্গাইয়া দেও। ২৬ অতএব পূরীমের (গুলিবাঁটের) নামানুসারে সেই দিনের নাম পূরীম্ হইল; এবং সেই পত্রের সকল কথার জন্যে, এবং তাহারা সে বিষয়ে যাহা দেখিয়া- ২৭ ছিল ও তাহাদের নিকটে যাহা ঘটিয়াছিল,তাহার জন্যে যিহূদীয়েরা লিখিত আজ্ঞা ও নিরূপিত সময়ানুসারে আপনাদের ও আপনাদের ভাবিবংশদের ও আপন২ মতাবলম্বিদের নিমিত্তে বৎসরে২ ঐ দুই দিন পালন করিতে ও কোন রূপে তাহার ত্রুটি না করিতে নিরূপণ ২৮ করিল। এবং সকল পুরুষপরম্পরাতে প্রত্যেক বংশে ও প্রদেশে ও নগরে সেই দুই দিনের স্মরণ ও পালন করা উচিত; এবং এই পূরীম্ দিন যিহূদীয়দের মধ্যহইতে কখন লুপ্ত হইবে না,ও তাহাদের বংশের মধ্যহইতে তাহাদের স্মরণের লোপ হইবে না।

২৯ অবীহয়িলের কন্যা ইষ্টের্ রাণী ও যিহূদীয় মর্দ্দিখয় পূরীম্ দিন বিষয়ক এই দ্বিতীয় আজ্ঞাপত্র স্থির করিতে তাবৎ ক্ষমতাতে লিখিল। ৩০ এবং যিহূদীয় মর্দ্দিখয় ও ইষ্টের্ রাণী যে আজ্ঞা করিয়াছিল, এবং তাহারাও আপনাদের ও আপনাদের ভাবিবংশের জন্যে উপবাস ও প্রার্থনা বিষয়ক যে নিয়ম করিয়াছিল, তদনুসারে নিরূপিত কালে পূরীমের সেই দিন ৩১ স্থির করিতে অহশ্বেরঃ রাজের অধিকারস্থ এক শত সাতাইশ প্রদেশে সকল যিহূদীয়দের নিকটে শান্তিকর ও সত্য বাক্যের পত্র প্রেরিত হইল। ৩২ এই রূপে ইষ্টের্ আজ্ঞাদ্বারা পূরীম্ দিনের কর্ত্তব্য স্থির করিল, ও তাহা পুস্তকে লিখিত হইল।

১০ অধ্যায়।

১ অহশ্বেরঃ রাজার মহিমা ও মর্দ্দিখয়ের উন্নতির কথা।

১ সে অহশ্বেরঃ রাজা দেশের ও সমুদ্রস্থ উপদ্বীপের ২ লোকদিগকে রাজসহায়তা করিতে আজ্ঞা দিল। এবং তাহার পরাক্রমের ও প্রভাবের সকল কথা এবং রাজা মর্দ্দিখয়কে যে উচ্চপদে নিযুক্ত করিল, মাদিয়া ও পারস্ দেশের রাজাদের ইতিহাসপুস্তকে তাহার ৩ কথা কি লিখিত নাই? এই যিহূদীয় মর্দ্দিখয় অহশ্বেরঃ রাজের প্রধান মন্ত্রী হইয়া যিহূদীয়দের মধ্যে প্রধান ও আপন ভ্রাতৃসমূহের মধ্যে গ্রাহ্য ও আপন লোকদের মর্য্যাদান্বেষী ও আপন সকল বংশের প্রতি মঙ্গল বাক্যবাদী হইল।

[২২] প ১১॥—[২৪] ইষ্ট ৩; ৫-১৫॥—[২৫] গী ৯; ১৬। ইষ্ট ৭;১০। ৯; ১৩, ১৪॥—[২৯] প ২০। ৮; ১১, ১২॥

* (ইব্রি) তাহার মস্তকে।

আয়ূবের বিবরণ পুস্তক।

১ অধ্যায়।

১ আয়ূবের ধন ও ধর্ম্ম ৪ ও তাহার পুত্রদের রীতি ৬ ও শয়তানের অপবাদ কথা ১৩ ও আয়ূবের বিপদ ২০ ও তাহার ধৈর্য্যাবলম্বন।

১ উষ্ দেশে আয়ূব্ নামে সরল ও অকুটিল ও ঈশ্বর- ২ ভয়কারি ও কুক্রিয়াত্যাগি এক জন ছিল; তাহার ৩ সাত পুত্র ও তিন কন্যা জন্মিল, এবং তাহার সপ্ত সহস্র মেষ ও তিন সহস্র উষ্ট্র ও পাঁচ শত যুগ্ম বলদ ও পাঁচ শত গর্দ্দভী এবং অনেক২ পরিবারও ছিল; ইহাতেই সে পূর্ব্বদেশ নিবাসি তাবৎ লোকাপেক্ষা ধনবান ছিল।

৪ তাহার পুত্রগণ প্রত্যেকে আপন২ জন্মদিনে আপন২ গৃহে ভোজ করিত; তাহাতে লোক পাঠাইয়া আপনাদের সহিত ভোজন পান করিতে তিন ভগিনীকেও ৫ নিমন্ত্রণ করিত। পরে তাহাদের ভোজের দিন গত হইলে আয়ূব্ তাহাদিগকে আনাইয়া পবিত্র করিত, অর্থাৎ প্রত্যূষে উঠিয়া তাহাদের সংখ্যানুসারে হোম করিত, কারণ আয়ূব্ কহিত, কি জানি আমার পুত্রগণ

[১ অধ্য; ১] আ ২২; ২১। ৩৬; ২৮। বিল ৪; ২১। যিহি ১৪; ১৪,২০। যাক ৫; ১১॥

যদি পাপ করিয়া মনে২ ঈশ্বরকে অস্বীকার * করিয়া থাকে; এই জন্যে আয়ূব তাহা বৎসরে২ করিত।

৬ এক দিন ঈশ্বরীয় লোকেরা পরমেশ্বরের সহিত সাক্ষাৎ করিতে উপস্থিত হইলে শয়তানও তাহাদের ৭ সহিত উপস্থিত হইল। তাহাতে পরমেশ্বর তাহাকে জিজ্ঞাসা করিলেন, তুমি কোথাহইতে আইলা? শয়তান্ পরমেশ্বরকে উত্তর করিল, আমি পৃথিবীতে গমনাগমন ও ইতস্ততো ভ্রমণ করিয়া উপস্থিত হইলাম। ৮ তাহাতে পরমেশ্বর শয়তানকে জিজ্ঞাসিলেন, আমার সেবক আয়ূবের প্রতি কি তোমার মন পড়িয়াছে †? তাহার তুল্য সরল ও অকুটিল ও ঈশ্বরভয়কারি ও কুক্রিয়াত্যাগি লোক পৃথিবীতে কেহই নাই। ৯ শয়তান পরমেশ্বরকে কহিল, আয়ূব্ কি বিনালাভে ঈশ্বরের ১০ সেবা ‡ করে? তুমি তাহার ও তাহার পরিবারের ও তাহার সর্ব্বস্বের চতুর্দ্দিগে কি বেড়া দেও নাই? এবং তাহার হস্তগত সমস্ত কার্য্য কি সফল কর নাই? এবং পৃথিবীর মধ্যে কি তাহার সম্পত্তির বৃদ্ধি হয় ১১ নাই? কিন্তু তুমি যদি হস্ত বিস্তার করিয়া তাহার সর্ব্বস্ব হানি ‖ কর, তবে সে কি তোমার সাক্ষাতে তোমা- ১২ কে অস্বীকার * করিবে না? তাহাতে পরমেশ্বর শয়তান্‌কে কহিলেন, দেখ, তাহার সর্ব্বস্বই তোমার হস্তগত আছে, কেবল তাহার প্রাণে হস্তার্পণ § করিও না। তাহাতে শয়তান্ পরমেশ্বরের নিকটহইতে বহির্গমন করিল।

১৩ অপর কোন এক দিন আয়ূবের পুত্ত্র কন্যাগণ জ্যেষ্ঠ ১৪ ভ্রাতার গৃহে ভোজন ও দ্রাক্ষারস পান করিলে আয়ূবের নিকটে এক দূত আসিয়া এই সংবাদ দিল, বলদগণ হাল বহিতেছিল, এবং গর্দ্দভীগণ তাহাদের ১৫ পার্শ্বে চরিতেছিল, ইতিমধ্যে শিবায়ীয় দস্যুদল আক্রমণ করিয়া খড়্গধারে সকল ভৃত্যকে নষ্ট করিয়া তাবৎ পশু লইয়া গেল; কেবল আমি একা জীবিত ১৬ থাকিয়া তোমাকে সমাচার দিতে আইলাম। সে ইহা কহিতেছিল, ইতিমধ্যে আর এক জন আসিয়া সম্বাদ দিল, আকাশহইতে ঈশ্বরাগ্নি পতিত হইয়া তাবৎ মেষ ও মেষপালকগণ দগ্ধ করিয়া গ্রাস করিয়াছে; কেবল আমি একা জীবিত থাকিয়া তোমাকে ১৭ সমাচার দিতে আইলাম। সে ইহা কহিতেছিল, ইতিমধ্যে আর এক জন আসিয়া সম্বাদ দিল, কস্‌দীয় তিন দস্যুদল আক্রমণ করিয়া খড়্গধারে দাসগণকে বধ করিয়া তাবৎ উষ্ট্র লইয়া গেল; কেবল আমি একা জীবিত থাকিয়া তোমাকে সমাচার দিতে আই- ১৮ লাম। সে ইহা কহিতেছিল, ইতিমধ্যে আর এক জন আসিয়া সম্বাদ দিল, তোমার পুত্ত্রগণ ও কন্যারা অদ্য জ্যেষ্ঠ ভ্রাতার গৃহে ভোজন ও দ্রাক্ষারস পান ১৯ করিতেছিল। ইতোমধ্যে অকস্মাৎ বনের মধ্য দিয়া এক প্রবল ঝড় আসিয়া গৃহের চতুষ্কোণে লগ্ন হওয়াতে সেই যুবগণের উপরে গৃহ পতিত হইয়াছে, তাহাতে তাহারা প্রাণত্যাগ করিয়াছে; কেবল আমি একা জীবিত থাকিয়া তোমাকে সমাচার দিতে আইলাম।

২০ তখন আয়ূব উঠিয়া বস্ত্র চিরিয়া ও মস্তক মুণ্ডন ২১ পূর্ব্বক ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিয়া কহিল, আমি মাতার গর্ব্ভহইতে উলঙ্গ আসিয়াছি, ও উলঙ্গ সেই স্থানে ফিরিয়া যাইব; পরমেশ্বর দিয়াছেন, এবং পরমেশ্বর লইলেন; পরমেশ্বরের নাম ধন্য হউক। ২২ এই সকলেতেও আয়ূব্ পাপ করিল না, এবং ঈশ্বরের প্রতি দোষারোপণ করিল না।

২ অধ্যায়।

১ শয়তানের দ্বিতীয় অপবাদ ৭ ও আয়ূব্‌কে আর ও দুঃখ দেওন ৯ ও আয়ূবের আপন স্ত্রীর পরামর্শ অগ্রাহ্য করণ ১১ ও আয়ূবকে প্রবোধ দিতে তিন বন্ধুর আগমন।

১ অনন্তর আর এক দিন ঈশ্বরীয় লোকেরা পরমেশ্বরের সহিত সাক্ষাৎ করিতে উপস্থিত হইলে শয়তানও পর- ২ মেশ্বরের সহিত সাক্ষাৎ করিতে উপস্থিত হইল। তাহাতে পরমেশ্বর শয়তান্‌কে জিজ্ঞাসিলেন, তুমি কোথাহইতে আইলা? শয়তান পরমেশ্বরকে উত্তর করিল, আমি পৃথিবীতে গমনাগমন ও ইতস্ততো ভ্রমণ করিয়া ৩ উপস্থিত হইলাম। পরমেশ্বর শয়তান্‌কে জিজ্ঞাসিলেন, আমার সেবক আয়ূবের প্রতি কি তোমার মন পড়িয়াছে †? তাহার তুল্য সরল ও অকুটিল ও ঈশ্বর ভয়কারি এবং কুক্রিয়াত্যাগি লোক পৃথিবীতে কেহই নাই; যদ্যপি তুমি অকারণে তাহাকে নষ্ট ¶ করিতে আমাকে প্রবৃত্ত করিয়াছ, তথাপি সে এখন পর্য্যন্ত ৪ আপন সরলতা রক্ষা করিতেছে। তাহাতে শয়তান্ পরমেশ্বরকে উত্তর করিল, লোক প্রাণের জন্যে ৫ প্রাণ **, বরং প্রাণের জন্যে সর্ব্বস্ব দিবে। কিন্তু এখন যদি তুমি হস্ত বিস্তার করিয়া তাহার অস্থি ও মাংসের হানি ‖ কর, তবে সে তোমার সাক্ষাতে তোমাকে ৬ অস্বীকার * করিবে। তাহাতে পরমেশ্বর শয়তান্‌কে কহিলেন, দেখ, সে তোমার হস্তগত আছে; কিন্তু তাহার প্রাণের বিনাশ করিও না।

৭ পরে শয়তান্ পরমেশ্বরের সম্মুখহইতে প্রস্থান করিয়া আয়ূবের আপাদমস্তকে মহাজ্বালাকারি বি- ৮ স্ফোটক জন্মাইল। তাহাতে সে খাপরাদ্বারা সর্ব্বাঙ্গ ঘর্ষণ করিয়া ভস্মের মধ্যে বসিতে লাগিল।

[৬-১২] যূব্ ২; ১-৬। ১ রা ২২; ১৯-২২ ॥—[৬] পু ১২; ১০। ২ ক ১১; ১৪ ॥—[৭] ১ পি ৫; ৮ ॥—[২০] আ ৩৭; ৩৪ ॥
[২১] ১ তী ৬; ৭। গী ৪৯; ১৭। ৩৯; ৯ ॥—[২২] প ১১, ১২ ॥
[২ অধ্য; ১-৬] যূব্ ১; ৬-১২ ॥—[৮] ২ শি ১৩; ১৯ ॥—[৯] প ৩ ॥

* (ইব্র) আশীর্ব্বাদ। † (ইব্র) স্থিত আছে। ‡ (ইব্র) ভয়। ‖ (ইব্র) স্পর্শ। § (বা) প্রাণ বধ। ¶ (ইব্র) গ্রাস।
** (ইব্র) চর্ম্মের জন্যে চর্ম্ম।

৯ পরে তাহার স্ত্রী তাহাকে কহিল, তুমি কি এখানে আপন সরলতা রক্ষা করিতেছ? বরং ঈশ্বরকে অস্বী- ১০ কার করিয়া মৃত্যু স্বীকার কর। তাহাতে সে উত্তর করিল, তুমি অজ্ঞান স্ত্রীর মত কথা কহিতেছ; আমরা ঈশ্বরের হস্তহইতে কি সকলি মঙ্গল গ্রহণ করিব? কিছুই অমঙ্গল গ্রহণ করিব না? এ বিষয়েও আয়ূব্ আপন ওষ্ঠে পাপ করিল না।

১১ পরে আয়ূবের তাবৎ দুর্দ্দশার সমাচার পাইয়া তৈমনীয় ইলীফস্ নামে ও শূহীয় বিলদদ্ নামে ও নামাথীয় সোফর্ নামে তাহার তিন মিত্র আপন২ স্থানহইতে যাত্রা করিয়া তাহার দুঃখে দুখী হওনের ও তাহাকে সান্ত্বনা করণের জন্যে তাহার নিকটে গমন করিতে পরস্পর ১২ স্থির করিল। যখন তাহারা দূরে চক্ষু তুলিয়া তাহাকে দেখিয়া চিনিতে পারিল না, তখন তাহারা উচ্চৈঃস্বরে ক্রন্দন করিতে ও বস্ত্র চিরিয়া আকাশের দিগে আ- ১৩ পন২ মস্তকে ধূলা ছড়াইতে লাগিল। পরে সাত দিবা-রাত্রি তাহার সহিত কথা না কহিয়া ভূমিতে বসিয়া থাকিল; কারণ তাহারা তাহাকে অতিশয় শোকার্ত্ত দেখিল।

৩ অধ্যায়।

১ আয়ূবের আপন জন্মদিনকে অভিশাপ দেওন ১১ ও আপন মৃত্যু প্রার্থনা করণ ২০ ও জীবনেতে বিরক্ত হওন।

১ অনন্তর আয়ূব্ আপনার জন্মদিনকে শাপ দিতে ৩ ও এই প্রকার কথা কহিতে লাগিল, যে দিনে আমার জন্ম হইয়াছে, এবং 'পুত্র জন্মিয়াছে,' এই কথা যে রাত্রিতে প্রচার হইয়াছে, সে বিনষ্ট ৪ হউক; ও সে দিন অন্ধকারময় হউক; উপরিস্থ ঈশ্বর তাহার প্রতি দৃষ্টি না করুণ, দীপ্তি তাহাকে আলো না করুক; এবং অন্ধকার ও মৃত্যুরূপ ছায়া তাহাকে ৫ লোপ করুক, ও মেঘ তাহাকে আচ্ছন্ন করুক, এবং রাহু তাহার ভয় জন্মাউক। সে রাত্রি অত্যন্ত অন্ধকা- ৭ রাবৃত হউক, ও বৎসরের দিনগণের মধ্যে গণিত না হউক, ও মাসের সংখ্যার মধ্যেও গণ্য না হউক। সে ৮ রাত্রি বন্ধ্যা হউক, ও তাহাতে কোন আনন্দধ্বনি না হ- উক; এবং দিনের শাপদায়ক ও লিবিয়াথন্‌কে উঠাই- ৯ তে নিপুণ লোকেরা ঐ দিনকে শাপগ্রস্ত করুক; ও তা- হার প্রভাতি নক্ষত্র নিস্তেজ হউক, ও সে দিন দীপ্তির ১০ অপেক্ষাতে নিরাশ হউক ও অরুণোদয় দেখিতে না পাউক। কেননা সে আমার মাতার গর্ব্ভের দ্বার রুদ্ধ করিল না, ও আমার চক্ষুহইতে দুঃখকে গুপ্ত করিল না।

১১ আমি কেন গর্ব্ভে মরিলাম না? উদরহইতে ভূমিষ্ঠ ১২ হইবামাত্র কেন আমার প্রাণ বিয়োগ হইল না? ক্রোড় ও চোষণীয় স্তন কেন আমার অপেক্ষা করিল? ১৩ তাহা না করিলে আমি এখনি শয়ন করিয়া বিশ্রাম ১৪ করিতাম, ও নিদ্রিত হইয়া শান্তি পাইতাম। যে ১৫ নৃপতি ও পৃথিবীর রাজমন্ত্রিগণ আপনাদের নিমিত্তে অরণ্যীভূত স্থান ভূষিত করিয়াছিল, কিম্বা যে অধ্যক্ষদের অনেক স্বর্ণ ও রৌপ্যে পরিপূর্ণ ভাণ্ডার ছিল, ১৬ তাহাদের সহিত আমি থাকিতাম; কিম্বা গুপ্ত গর্ব্ভ-পাতের যে শিশু কখনো আলো দেখে নাই, তাহার ১৭ মত প্রাণহীন হইতাম। সে স্থানে দুষ্টগণ ক্লেশ ১৮ দেয় না, ও শ্রান্তেরা* বিশ্রাম পায়; ও বন্দিগণ নিরাপদে থাকে, ও উপদ্রবির রব আর শুনে না; ১৯ এবং মহৎ কি ক্ষুদ্র সকলেই সেখানে থাকে, ও দাস প্রভুহইতে মুক্ত থাকে।

২০ যে জন অপ্রাপ্য মৃত্যুর আকাঙ্ক্ষা† করে, ও গুপ্ত ২১ ধন অপেক্ষা তাহার চেষ্টা করে, ও কবর পাইতে ২২ পারিলে আনন্দে রোমাঞ্চিত হয়, এবং যাহার গতি গুপ্ত থাকে, ও যাহার চতুর্দ্দিগে ঈশ্বর বেড়া দিয়াছেন, ২৩ এমত তিক্তপ্রাণ ও ক্লিষ্ট লোককে দীপ্তি ও জীবন কি ২৪ জন্যে দত্ত হয়? 'আহা,' এই শব্দ আমার আহার‡ হইয়াছে, এবং আমার ক্রন্দনের জল ধারাক্রমে ২৫ পড়ে। আমি যাহাতে মহাভয় করিতাম||, তাহাই ঘটিল; ও যাহাতে আশঙ্কা করিতাম, তাহাই উপস্থিত ২৬ হইল। দুঃখ উপস্থিত হইল, ইতিমধ্যে আমার নিরা-পদ ও বিশ্রাম ও আরাম হইল না।

৪ অধ্যায়।

১ আয়ূবের প্রতি ইলীফসের উত্তর ১২ ও তাহার স্বপ্ন দর্শনের কথা।

১ অনন্তর তৈমনীয় ইলীফস্ উত্তর করিল, তোমার ২ সহিত আমাদের কথা কহনেতে কি তোমার ক্লেশ বোধ হইবে? কিন্তু কথা কহনহইতে কে নিবৃত্ত হইতে ৩ পারে? দেখ, তুমি বহুলোককে শিক্ষা দিয়াছ, ও দুর্ব্বল ৪ হস্তকে সবল করিয়াছ; ও পতিত লোক তোমার বাক্য-দ্বারা উদ্ধার পাইয়াছে, ও তুমি দুর্ব্বল§ হাঁটু সবল করি- ৫ য়াছ। কিন্তু এক্ষণে তাহা তোমাতে উপস্থিত হইলে তুমি ক্লান্ত হইতেছ, ও তোমাতে আঘাত করিলে তুমি ব্যা- ৬ কুল হইতেছ। ঐশ্বরিক ভয় ও প্রত্যাশা ও গতির ৭ অকুটিলতা কি তোমার আশ্রয় নাই? কোন্ নিষ্পাপী বিনষ্ট হইয়াছে? ও ধার্ম্মিকগণ কোথায় উচ্ছিন্ন হই- ৮ য়াছে? বিনয় করি, ইহা স্মরণ কর। যাহারা অধর্ম্মের হাল বহন করিয়া দুষ্টতারূপ বীজ বপন করে, তাহা-রাই ঐ রূপ শস্য কাটে, এরূপ আমি দেখিয়াছি। ৯ তাহারা ঈশ্বরের ফুৎকারে হত হয়, ও তাঁহার নাসার ১০ নিশ্বাসে¶ বিনাশ পায়। সিংহের গর্জ্জন ও শ্যামল-বর্ণ সিংহের হুঙ্কার ও তরুণ সিংহের দন্ত নষ্ট হয়।

[৯] প ০॥—[১০] যূব ১; ২১। যাক ৫; ১০, ১১॥—[১১] আ ৩৬; ১১। ২৫; ২॥
[৩ অধ্যা; ৩] যির ২০; ১৪,১৫॥—[১০] যির ২০; ১৭,১৮॥—[১১] যূব্ ১০; ১৮॥—[১৩] ১৩; ১১॥
[৪ অধ্যা; ৭] গী ৩৭; ২৫॥—[৮] গল ৬; ৭,৮। হি ২২; ৮॥—[১০,১১] গী ৩৪; ১০॥

* (ইব্রু) বলহীন। † (বা) অপেক্ষা। ‡ (ইব্রু) আহারের অগ্রে। || (ইব্রু) ভয়েতে ভীত হইলাম। § (ইব) নত। ¶ (বা) ক্রোধ।

১১ প্রবল সিংহ অন্নাভাবে প্রাণত্যাগ করে, ও সিংহীর শিশু ছিন্নভিন্ন হয়।

১২ যে সময়ে মনুষ্য ঘোরতর নিদ্রা যায়,এমত রাত্রিকালে ১৩ চিন্তাযুক্ত স্বপ্নদর্শনে এক কথা আমার কাছে গুপ্তরূপে ১৪ প্রকাশিত হইল ও আমি স্বকর্ণে কিছু শুনিলাম। তাহাতে আমার এমত ভয় উপস্থিত হইল, যে কাঁপিতে২ ১৫ আমার সকল অস্থি লড়িতে লাগিল। পরে আমার সম্মুখদিয়া এক মূর্ত্তি গমন করিল; তাহাতে আমার ১৬ গাত্র রোমাঞ্চিত হইল। পরে সে স্থির থাকিল, এবং যাহার আকৃতি আমি নিশ্চয় করিতে পারিলাম না; এমন এক মূর্ত্তি আমার সম্মুখে উপস্থিত হইল;তখন নিঃ- ১৭ শব্দ হইলে আমি এই বাক্য শুনিলাম, 'মর্ত্ত্য কি ঈশ্বরের সাক্ষাতে পুণ্যবান হইতে পারে? ও মনুষ্য আপন সৃষ্টি- ১৮ কর্ত্তার সাক্ষাতে কি পবিত্র হইতে পারে? দেখ, তিনি আপন দাসদিগকেও বিশ্বাস করেন না, এবং আপ- ১৯ নার স্বর্গীয় দূতদিগেরও দোষ ধরিতে পারেন। তবে যাহারা মৃত্তিকাগৃহে বাস করে, ও যাহাদের গৃহের ভিত্তিমূল ধূলাতে নির্ম্মিত তাহারা কি? তাহারা প্রজা- ২০ পতির দ্বারাও নষ্ট হয়; ও প্রভাত অবধি সায়ং পর্য্যন্ত বিনাশ পায়, ও স্থায়ী হয় না, নিরবধি বিনষ্ট ২১ হয়। তাহাদের উত্তমতা কি সঙ্গে যায় না? ও তাহারা কি অজ্ঞানাবস্থায় মরে না?'

৫ অধ্যায়।

১ আয়ূবের প্রতি ইলীফসের বিদ্রূপকথা ও পরামর্শ ১৭ ও পরমেশ্বরের শাস্তিরূপ ফলের নির্ণয়।

১ তুমি আহ্বান করিলে কেহ কি তোমাকে উত্তর দিবে? এবং পুণ্যবানদের মধ্যে কাহার নিকটে যাইবা? ২ ক্রোধ অজ্ঞানকে নষ্ট করে, ও ঈর্ষ্যা নির্ব্বোধকে ৩ বিনাশ করে। আমি অজ্ঞানকে বদ্ধমূল দেখিয়া তৎ- ৪ ক্ষণাৎ তাহার গৃহের প্রতি শাপ দিলাম। তাহার সন্তানগণ নির্ব্বিঘ্নতাহইতে দূরে থাকে, ও তাহারা দ্বারে পরাস্ত হয়, তাহাদিগকে কেহ নিস্তার করে ৫ না। ক্ষুধিত লোক তাহার ক্ষেত্রের শস্য ভোজন করে, ও তাহার কণ্টক পর্য্যন্ত হরণ করে, ও তাহার ধনের ৬ বিনাশ আকাঙ্ক্ষা করে। ধূলীহইতে ক্লেশ হয়, কি ৭ মৃত্তিকাহইতে দুঃখ জন্মে, তাহা নয়; কিন্তু অগ্নির স্ফুলিঙ্গ* যেমন উপরে উড়ে‡,তদ্রূপ মনুষ্য দুঃখ ভোগ ৮ করিতে জন্মে। অতএব ঈশ্বরের নিকটে প্রার্থনা করা ও আপনার সর্ব্বস্ব তাঁহাকে সমর্পণ করা উচিত। ৯ কেননা তিনি জ্ঞানের অগম্য মহৎ ক্রিয়া ও অসংখ্য ১০ আশ্চর্য্য ক্রিয়া করেন। তিনি পৃথিবীতে বৃষ্টি করেন, ১১ ও ক্ষেত্রেতে জল প্রদান করেন; এবং নীচ লোকদিগকে উচ্চ করেন, ও শোকান্বিত লোকদিগকে ত্রাণ করেন; ১২ ও খলদিগের কল্পনা এমত বৃথা করেন,যে তাহাদের হস্তহইতে নিয়মিত কার্য্য নির্ব্বাহ হয় না। ১৩ তিনি জ্ঞানি লোকদিগকে তাহাদের কৌশলরূপ জালে বদ্ধ করেন, ও ধূর্ত্তদের পরামর্শ ব্যর্থ করেন। ১৪ তাহারা দিবসে অন্ধকারে গমন করে, ও মধ্যাহ্নে রাত্রিকালের ন্যায় হাঁতড়িয়া২ যায়। ১৫ কিন্তু তিনি তাহাদের মুখহইতে ও খড়্গহইতে ও পরাক্রমিদের হস্তহইতে দরিদ্র- ১৬ দিগকে রক্ষা করেন; এই জন্যে দরিদ্রগণের প্রত্যাশা আছে এবং অধর্ম্মের মুখ বন্ধ হয়।

১৭ দেখ,ঈশ্বর যাহাকে অনুযোগ করেন,সেই জন ধন্য; অতএব সর্ব্বশক্তিমানের কৃত শাস্তি তুচ্ছ করিও ১৮ না। কেননা তিনি ক্ষত করেন ও তাহা বন্ধন করেন, এবং আঘাত করেন ও আপন হস্ত দিয়া তাহা সুস্থ ১৯ করেন। তিনি ছয় দুর্গতিহইতে তোমাকে উদ্ধার করিবেন, সপ্ত হইলেও তোমাকে আপদ ঘটিবে না। ২০ তিনি দুর্ভিক্ষসময়ে মৃত্যুহইতে ও যুদ্ধসময়ে খড়্গের ২১ ধারহইতে তোমাকে রক্ষা করিবেন। জিহ্বার আঘাতহইতে তুমি গুপ্ত হইবা, ও বিনাশ উপস্থিত হইলেও ২২ তোমার শঙ্কা হইবে না। বিনাশ ও দুর্ভিক্ষ দেখিয়া হাস্য করিবা, এবং কোন বন্য পশুহইতে তোমার ২৩ শঙ্কা হইবে না। তুমি ক্ষেত্রের শৈলের সহিত নিয়ম করিবা, ও বন্য পশুগণ তোমার সহিত প্রীত্যাচরণ ২৪ করিবে। তাহাতে নিরাপদে আপন বাসস্থানকে দেখিবা, ও নিরীক্ষণ করিয়া কোন বস্তুর অভাব পাইবা ২৫ না। এবং তোমার বংশ অনেক, ও তোমার সন্তান পৃথিবীর তৃণের ন্যায় বহুসংখ্যক দেখিতে পাইবা। ২৬ যেমন উপযুক্ত সময়ে শস্যের আটি গৃহে লইয়া যায়, তদ্রূপ তুমি সম্পূর্ণায়ু হইয়া কবরস্থ হইবা। ২৭ দেখ, আমরা এই সকল বিবেচনা করিয়া ইহার তত্ত্ব জানি; তুমি তাহা শুনিয়া আপনার মঙ্গলার্থে জ্ঞাত হও।

৬ অধ্যায়।

১ ইলীফসের প্রতি আয়ূবের উত্তর ও দুঃখের বর্ণনা ৮ ও পুনর্ব্বার মৃত্যু প্রার্থনা করণ ১৪ ও শুষ্ক বন্যার দৃষ্টান্ত ২১ ও তাহার তাৎপর্য্য ও বন্ধুগণের নির্দ্দয়তা ও তাহাদের প্রতি অনুযোগ।

[১২,১৩] যুব ৩৩; ১৪-১৬।।—[১৭-২১]৫; ১৪-১৬। ২৫; ৪-৬।।—[২০] গী ৯০; ৫,৬।।—[২১] গী ৪৯; ১২,১৪।। [৫ অধ্যা;৩] গী ৩৭; ৩৫,৩৬।।—[৭] যুব ৭;১,২। আ ৩; ১৭-১৯।।—[৮-১৬] গী ৩৭; ১-১৮।।—[৯] যুব ৯; ১০। গী ৪০; ৫।।—[১০] যুব ৩৬; ২৭,২৮। ৫৭; ৬,১১।।—[১১] ১ শি ২; ৭,৮। গী ১১৩; ৭,৮।।—[১২] গী ৩৩; ১০।।—[১৩] গী ২; ১৬। ১ ক ৩; ১৯।।—[১৪] দ্বি ২৮; ২৯।।—[১৫,১৬] গী ৩৪; ৬। ৩৫; ১০। ১০৭; ৪১,৪২।।—[১৭] গী ৯৪; ১২। হি ৩; ১১,১২। ইব্রি ১২; ৫,৬। যাক ১; ১২। প্র ৩; ১৯।।—[১৮] দ্বি ৩২; ৩৯। হো ৬; ১। ১ শি ২; ৬,৭।। [১৯] হি ২৪; ১৬। গী ৯১।।—[২০] গী ৩৩; ১৯। ৩৭; ১৯।।—[২১] গী ৩১; ২০।।—[২২,২৩] গী ৯১; ১১-১৩। হো ২; ১৮।।—[২৫] গী ১১২; ২।।—[২৬] হি ১০; ২৭।।

* (বা) পক্ষিগণ, বা বিদ্যুতের শিখা। ‡ (ইব্রি) আরোহণ করে।

১ পরে আয়ূব্ উত্তর করিল, হায়২ যদি আমার ২ দুঃখের পরিমাণ করা হয়, এবং আমার দুর্গতি ৩ একত্র করিয়া পরিমাণদণ্ডে পরিমিত করা যায়, তবে অবশ্য তাহা সমুদ্রের বালিহইতে ভারী, এই জন্যে ৪ আমার বাক্য অসংগত হয়। সর্ব্বশক্তিমানের বাণ আমার মধ্যে প্রবিষ্ট হইয়াছে, ও তাহার বিষ আমার প্রাণকে পান করিতেছে, ও ঈশ্বরের ভয়রূপ সৈন্য ৫ আমার বিরুদ্ধে শ্রেণীবদ্ধ আছে। বনগর্দ্দভ কি ঘাস পাইলে চীৎকার করে? ও গোরু কি তৃণ পাইলে ৬ হম্বা রব করে? যাহা স্বাদু নয়, তাহা কি লবণ ব্যতিরেকে ভোজন করা যায়? আর ডিম্বস্থিত লালা কি ৭ সুস্বাদু হইতে পারে? যাহাতে মনের অরুচি হয়, সে আমার ক্লেশদায়ি ভক্ষ্য।

৮ আমি যদি আপনার বাঞ্ছনীয় পাইতে পারি, ও ৯ ঈশ্বর যদি আমার অপেক্ষণীয় আমাকে দেন; অর্থাৎ আমাকে চূর্ণ করিতে যদি ঈশ্বরের সন্তোষ জন্মে, ও তিনি হস্ত বিস্তার করিয়া আমাকে নষ্ট করেন; ১০ তবে আমার সান্ত্বনা হইবে, ও তিনি যদি আমাকে দয়া না করেন, তবে আমি দুঃখ সহ্য করিয়া ধর্ম্ম- ১১ স্বরূপ ঈশ্বরের আজ্ঞার লঙ্ঘন করিব, না। আমার বল কি, যে আমি তাহাতে প্রত্যাশা করিতে পারি? ও আমার শেষ কি, যে আমি প্রাণধারণ করিতে ১২ চাহি? আমার বল কি প্রস্তরের বল? ও আমার ১৩ মাংস কি পিত্তল? আমাহইতে আমার আর উপকার হয় না, আমার উপায় দূরীকৃত হইয়াছে।

১৪ দুঃখার্ত্ত লোকের প্রতি বন্ধুর দয়া কর্ত্তব্য, নতুবা ১৫ সে সর্ব্বশক্তিমানের ভয় ত্যাগ করে। আমার ভ্রাতৃগণ স্রোতের ন্যায় অর্থাৎ পর্ব্বতীয় অস্থায়ি স্রো- ১৬ তের ন্যায় মিথ্যা ব্যবহার করিয়াছে। সেই স্রোত হিমদ্বারা কৃষ্ণবর্ণ হয়, ও নীহার তাহার মধ্যে লীন ১৭ থাকে; কিন্তু উত্তপ্ত হইবামাত্র লুপ্ত হয়, ও গ্রীষ্ম পা- ১৮ ইলে স্বস্থানহইতে অন্তর্হিত হয়; ও তাহার গমনপথ ১৯ বক্র হয় ও শুষ্ক হইয়া নষ্ট হয়*। তেমার পথিকেরা তাহার অন্বেষণ করে, ও শিবার পথিকেরা ২০ তাহার অপেক্ষা করে। তাহারা প্রত্যাশা করিয়াছিল, এই জন্যে লজ্জিত হয়, ও সেই স্থানে গিয়া ব্যাকুল হয়।

২১ এখন তোমরা সেই রূপ নিষ্ফল†; আমার বিপদ ২২ দেখিয়া ভয় পাইতেছ। আমাকে কিছু দেও, তোমা- ২৩ দের ধনহইতে আমাকে উৎকোচ দেও; শত্রুর হস্তহইতে আমাকে রক্ষা কর, ও পরাক্রমির হস্তহইতে আমাকে উদ্ধার কর, আমি কি ইহা কহিলাম? ২৪ আমাকে বুঝাও, তবে আমি নীরব হইব; ও আমার ২৫ কি দোষ? তাহা আমাকে জ্ঞাত কর। প্রকৃত বাক্য কেমন ২৬ প্রবল হয়! কিন্তু তোমাদের উদ্‌যোগে কি ফল? তোমরা কি বাক্যমাত্রে ও নিরাশ ব্যক্তির বায়ুবৎ বাক্যে ২৭ দোষারোপণ করিতে চেষ্টা করিবা? তোমরা কি দীনহীনকে ভয়াক্রান্ত করিবা? ও আপন বন্ধুর নিমিত্তে ২৮ গর্ত্ত খনন করিবা? এখন অনুগ্রহ করিয়া আমার ২৯ প্রতি দৃষ্টিপাত কর, তাহাতে আমি মিথ্যাবাদী (কি না) তাহা তোমাদের চক্ষুর্গোচর হইবে? এখন তোমরা ফিরিয়া যাও, যেন অধর্ম্ম না হয়; ফিরিয়া যাও, আ- ৩০ মার ধর্ম্ম স্বস্থানে থাকুক। আমার জিহ্বাতে কি অধর্ম্ম আছে? মন্দ আস্বাদনে কি আমার বোধ হইবে না?

৭ অধ্যায়।

১ আয়ূবের বিলাপ কথা ও দুঃখের নির্ণয় ও পাপস্বীকার করন ও ঈশ্বরের প্রতি নিবেদন।

১ পৃথিবীতে কি মর্ত্ত্যের ক্লেশ‡ নাই? তাহার দিন কি ২ কর্ম্মকারির দিনের তুল্য নহে? যেমন দাস ছায়া আকাংক্ষা করে, ও কর্ম্মকারী যেমন কর্ম্ম সমাপ্তির ৩ অপেক্ষা করে; তদ্রূপ আমি দুঃখের মাস ভোগ‖ ৪ করিতেছি, ও ক্লেশের রাত্রি যাপন করিতেছি§। শয়নকালে আমি বলি, কখন রাত্রি প্রভাত হইলে উঠিব? প্রভাত পর্য্যন্ত আমি সর্ব্বতোভাবে¶ ছট্‌ফট্ করিতে ৫ থাকি। কীট ও ভস্মেতে আমার শরীর আচ্ছন্ন হইয়াছে, ও আমার গাত্রচর্ম্ম ফাটিয়াছে ও গলিত হই- ৬ য়াছে। তন্তুবায়ের মাকু যেমন শীঘ্র২ গমন করে; ও সূত্রশেষ** হইলে বদ্ধ হয়, আমার দিনও তদ্রূপ ৭ হইতেছে। দেখ††, আমার প্রাণ নিশ্বাসমাত্র আছে, ৮ আমার চক্ষু আর কুশল দেখিবে না; ও আমার দর্শনকারি লোকেরা আমাকে আর দেখিতে পাইবে না; ও তুমি আমার প্রতি দৃষ্টি করিলে আমি ৯ থাকিব না। মেঘ যেমন ক্ষয় পাইয়া লুপ্ত হয়, তদ্রূপ যে জন পরলোকে নামে, সে আর উঠে না। ১০ সে আপনার গৃহে আর ফিরিয়া আইসে না, ও আ- ১১ পন স্থানে আর দৃষ্ট হয় না। অতএব আমি আর মুখ বুজিয়া থাকিব না, কিন্তু মনের দুঃখের কথা ১২ বলিব, ও মনের তিক্ততাতে বিলাপ করিব। আমি কি সমুদ্র বা কুম্ভীর, যে আমার উপরে তুমি রক্ষক ১৩ রাখিতেছ? আমি যখন বলি, শয্যাতে আমার সান্ত্বনা ১৪ হইবে ও শয়নে আমার মনের দুঃখ ঘুচিবে, তখন

[৬ অধ্য; ৪] গী ৩৮; ২। ৮৮; ১৫, ১৬ ॥—[৭] যূব ৩; ২৪, ২৫॥—[৮-১০] ৩; ১১-২৩। ৭; ১৫,১৬॥—[১০] ১৩; ১৩-১৬॥—[১৪] হি ১৭; ১৭॥—[১৫] যির ১৫; ১৮॥—[১৯] আ ২৫; ১৫। যিহি ২৭; ২২,২৩॥—[২১] যূব ১৩; ৪॥
[৭ অধ্য; ১] যূব ১৪; ১। গী ৯০; ৭-১০ ॥—[৪] দ্বি ২৮; ৬৭॥—[৫] যিশ ১৪; ১১॥—[৬-১০] যূব ৯; ২৫,২৬। ১৪; ২, ৫, ১০-১২। গী ৯০; ৩-১০। ১০২; ১১। ১০৩; ১৫, ১৬। ১৪৪; ৪। যিশ ৩৮; ১১, ১২। ৪০; ৬। যাক ৪; ১৪॥
[১১-২১] যূব ১০। ১৩; ১৭-১৮॥

* (বা) যাত্রিরা তাহার দিগে যাইয়া অরণ্য দিয়া ভ্রমণ করিয়া বিনষ্ট হয়। † (ইব্রু) সমান। ‡ (ইব্রু) যুদ্ধ।
‖ (ইব্রু) অধিকার। § (ইব্রু) গণিত হয়। ¶ পূর্ণরূপে। ** (বা) অপ্রত্যাশা। †† (ইব্রু) মনে কর॥

তুমি স্বপ্নেতে আমাকে ভয় দেখাও, ও স্বপ্নদর্শনে ১৫ আমার ত্রাস জন্মাও। অতএব আমার প্রাণধারণ * অপেক্ষা আমার মন গলাটিপিতে মৃত্যু বরং ভাল ১৬ বাসে। (জীবনেতে) আমার বড় ঘৃণা হইয়াছে, আমি নিত্য বাঁচিতে চাহি না; আমাকে ত্যাগ কর, কেননা ১৭ আমার দিন বাষ্পস্বরূপ। মর্ত্য এমত কি, যে তুমি তাহাকে গণনা কর, ও তাহার উপরে তোমার মন ১৮ পড়ে, ও প্রতি প্রভাতে তাহাকে দেখ, ও নিমিষে ২ ১৯ তাহার পরীক্ষা কর? তুমি কত কাল আমাহইতে দূরে যাইবা না? আমার ঢোক গেলার মধ্যে কি আমাকে ২০ ছাড়িবা না? হে মনুষ্যদর্শক, আমি যদি পাপ করিয়াছি, তবে আমার কর্ম্ম তোমাতে কি হয়? তুমি কি নিমিত্তে আমাকে লক্ষ্য করিয়াছ? তাহাতে আমি ২১ আপনার ভার আপনি হইয়াছি। তুমি আমার অপরাধ মার্জ্জনা কর না কেন? ও আমার পাপ দূর কর না কেন? আমি শীঘ্র ধূলীতে শয়ন করিব; তাহাতে তুমি আমার অন্বেষণ করিবা, কিন্তু আমি অপ্রাপ্য হইব।

৮ অধ্যায়।

১ আয়ূবের প্রতি বিল্দদের উত্তর ১১ ও দুঃখের কারণ ও পাপের কথা কহন ২০ ও আয়ূবকে দোষী করণ, ও পরামর্শ দেওন।

১ পরে শূহীয় বিল্দদ্ উত্তর করিল, তুমি কত ক্ষণ ২ এ রূপ কহিবা? আর কত ক্ষণ তোমার মুখের কথা ৩ ঝড়ের মত হইবে? ঈশ্বর কি বিচার বিরুদ্ধ কর্ম্ম করেন? ও সর্ব্বশক্তিমান কি অন্যায় কার্য্য করেন? ৪ যদ্যপি তোমার সন্তানগণ তাঁহার বিরুদ্ধে পাপ করিয়াছে, ও তিনি সেই পাপের জন্যে † তাহাদিগকে ৫ ত্যাগ করিয়াছেন, তথাপি তুমি যদি প্রভুর অন্বেষণ করিতা ও সর্ব্বশক্তিমানের নিকটে প্রার্থনা করিতা, ৬ ও শুচি ও সরল হইতা, তবে তিনি তোমার নিমিত্তে উদ্যোগী হইয়া তোমার ধর্ম্মস্থানের মঙ্গল করিতেন। ৭ তাহাতে প্রথমাবস্থায় তোমার অল্প ধন হইলেও ৮ শেষকালে তোমার বিস্তর হইত। আমরা অল্প দিনের ‡ লোক, কিছুই জানি না; পৃথিবীতে ছায়ার ৯ ন্যায় আমাদের দিন আছে। অতএব আমি নিবেদন করি, তুমি পূর্ব্বকালীয় লোককে জিজ্ঞাসা কর, এবং তাহাদের পিতৃপিতামহাদির পরামর্শেতে মনোযোগ ১০ কর। তাহারা কি তোমাকে শিক্ষা দিবে না? ও কথা কহিবে না? এবং মনের কথা ভাঙ্গিয়া বলিবে না?

'কর্দ্দম ব্যতিরেকে কি নল বৃদ্ধি পাইতে পারে? ১১ ও জল বিনা কি দাম বাড়িতে পারে? সে তেজস্বী ১২ থাকে বটে, কিন্তু কাটনের সময় উপস্থিত না হইলে সে অন্য সকল তৃণের পূর্ব্বে শুষ্ক হয়। যে জন ঈশ্বরকে ১৩ বিস্মৃত হয়, তাহার এই রূপ গতি ও যে জন কপটি হয়, তাহার এই রূপ নৈরাশ হইবে। তাহার ১৪ প্রত্যাশা উচ্ছিন্ন হইবে, ও মাকড়সার জালের ‖ ন্যায় তাহার আশ্রয় হইবে। সে আপন স্থান অবলম্বন ১৫ করিবে, কিন্তু তাহা স্থির থাকিবে না, ও তাহা দৃঢ় করিয়া ধরিবে, কিন্তু তাহা রহিবে না। যদ্যপি লতা ১৬ সূর্য্যের সাক্ষাতে সতেজ থাকে, ও উদ্যানে তাহার কোমল শাখা বৃদ্ধি পায়, এবং প্রস্তরেতে তাহার ১৭ মূল বিস্তারিত হয়, ও প্রস্তর স্থলেতে দৃষ্ট হয়, তথাপি আপন স্থানহইতে বিনষ্ট হইলে পর সেই ১৮ স্থান তাহাকে বিস্মৃত হইয়া অস্বীকার করিয়া কহিবে, আমি তোমাকে কখনো দেখি নাই। দেখ, এই তাহার ১৯ আনন্দের গতি; তাহার পরে ধূলিহইতে তদ্রূপ অন্য লতা উঠিবে।'

শুন, ঈশ্বর সাধু লোককে তুচ্ছ করেন না, ও ২০ দুষ্কর্ম্মিদিগের উপকার § করেন না। হয় তো তোমার ২১ মুখ হাস্যেতে ও তোমার ওষ্ঠাধর আনন্দেতে পূর্ণ করিবেন; এবং যাহারা তোমাকে ঘৃণা করে, তাহারা ২২ লজ্জিত হইবে, এবং পাপিদের বসতি থাকিবে না।

৯ অধ্যায়।

১ বিল্দদের প্রতি আয়ূবের উত্তর ও ঈশ্বরের শাস্তি স্বীকার করণ এবং ধার্ম্মিক ও অধার্ম্মিকের প্রতি তাহা স্বীকার করণ ২৫ ও আপন দুঃখের বর্ণনা।

১ অনন্তর আয়ূব উত্তর করিল, তাহা সত্য, আমি জানি; ২ মনুষ্য ঈশ্বরের সাক্ষাতে কি প্রকারে পুণ্যবান হইতে ৩ পারে? তিনি যদি অনুগ্রহ করিয়া মনুষ্যের সহিত বিচার করেন, তবে মনুষ্য সহস্রের মধ্যে এক কথারও উত্তর দিতে পারে না। ৪ তিনি মনে বুদ্ধিমান ও বলে পরাক্রান্ত; তাঁহার সহিত যুদ্ধ করিয়া কে জয়ী হইয়াছে? ৫ তিনি পর্ব্বতগণকে অকস্মাৎ স্থানান্তর করেন, ও ক্রোধেতে তাহাদিগকে উল্টাইয়া ফেলেন। ৬ তিনি পৃথিবীকে স্বস্থানহইতে কম্পবান করেন, তাহাতে তাহার স্তম্ভও কম্পবান হয়। ৭ তিনি আজ্ঞাদ্বারা সূর্য্যকে উদয়রহিত করেন, ও তারাগণকে বন্ধ করেন। ৮ এবং একাকী আকাশ বিস্তারিত করেন, ও সমুদ্রের তরঙ্গের উপরে গমনাগমন করেন। ৯ তিনি শ্বাতী ও মৃগশীর্ষ ও কির্ত্তিকা ¶ ও দক্ষিণদিগের

[১৫,১৬] যূব ৬; ৮,৯ ।।—[১৭] গী ১৪৪; ৩।।—[২০] যূব ১৬; ১২।।
[৮ অধ্য; ৩] আ ১৮; ২৫ ।।—[৪] যূব ১; ৫, ১৮,১৯।।—[৭] ৪২; ১০ ।।—[৮] ১৪; ১,২। গী ১৪৪; ৪ ।।—[১২] গী ১১৯; ৬,৭ ।।—[১৩-১৫] হি ১০; ২৮। য ৭; ২৬,২৭।।—[১৬-১৯] গী ৩৭; ৩৫,৩৬ ।।—[২২] গী ৩৫; ২৬। য ৭; ২৬,২৭ ।।
[৯ অধ্য; ২,৩] যূব ৪; ১৭-২১। ১৫; ১৪-১৬। ২৫; ৪-৬। গী ১৪৩; ২ ।।—[৪] যূব ৩৬; ৫ ।।—[৬-৯] যিশ ৪০; ১২-১৭, ২৬।।—[৬] যূব ২৬; ১১ ।।—[৭] যি ১০; ১২-১৪ ।।—[৪] গী ১০৪; ২ ।।—[৯] যূব ৩৮; ৩১,৩২।।

* (ইব্রু) কংকাল। † (ইব্রু) হস্তে। ‡ (ইব্রু) কল্যকার। ‖ (ইব্রু) গৃহের। § (ইব্রু) হস্ত ধারণ। ¶ (ইব্রু) আশ্ ও কিসীল্ ও কীমা।

১০ সৃষ্টি করেন। তিনি অচিন্তনীয় মহৎকার্য্য ও অসং-
১১ খ্য ২ আশ্চর্য্য ক্রিয়া করেন। দেখ, তিনি আমার
সমীপে গমন করিলে আমি তাঁহাকে দেখিতে পাই
না; ও আমার নিকটদিয়া গমন করিলে আমি তাঁ-
১২ হাকে জানিতে পারি না। তিনি যদি হরণ করেন, তবে
তাঁহাকে কে নিবারণ করিতে পারে? এবং 'তুমি কি
১৩ করিতেছ'? ইহাই বা কে কহিতে পারে? ঈশ্বর যদি
আপন ক্রোধ সম্বরণ না করেন, তবে অহঙ্কারি*
১৪ সহায়গণও তাঁহার পদতলে নত হয়। অতএব আমি
কি প্রকারে তাঁহার প্রতি উত্তর করিব? আমি কেমন
১৫ করিয়া কথা বাচিয়া২ তাহাকে কহিব? আমি পুণ্য-
বান হইলেও উত্তর না দিয়া আমার বিচারকর্ত্তার
১৬ কাছে বিনয় করিতাম। আমি নিবেদন করিলে তিনি
যদি উত্তর দেন,তথাপি তিনি যে আমার কথায় মনো-
যোগ করেন, ইহা আমি বিশ্বাস করিতে পারি না।
১৭ কেননা তিনি আমাকে প্রবল ঝড়েতে ভাঙ্গেন,ও অকা-
১৮ রণে আমাতে অনেক ক্ষত করেন। তিনি আমাকে
প্রশ্বাস টানিতে দেন না, বরং তিক্ততাতে পরিপূর্ণ
১৯ করেন। বলের কথা কহিলে তিনিই বলবান, ও বিচার
২০ করণের কথা কহিলে কে সময় নিরূপণ করিবে? আমি
যদি আপনাকে নির্দ্দোষী বলি, তবে আমারই মুখ আ-
মার দোষের প্রমাণ দিবে; যদি আপনাকে সরল বলি,
২১ তবে তাহা আমার বক্রতার সাক্ষী দিবে; কিম্বা আমি
সাধু, ইহা বলিলে আপনার প্রাণে আমার হেয়জ্ঞান
২২ হইবে। এই কথা সত্য,তন্নিমিত্তে আমি কহিলাম, তিনি
২৩ সাধুকে ও দুষ্টকে সংহার করেন। যদ্যপি দুর্জ্জনকে
হঠাৎ নষ্ট করেন, তথাপি নির্দ্দোষির পরীক্ষা দেখিয়া
২৪ হাস্য করেন। পৃথিবী দুষ্টগণের হস্তে সমর্পিত আছে,
তিনি তাহার বিচারকর্ত্তাদের মুখ বস্ত্রাচ্ছন্ন করেন;
কিন্তু তাহা যদি না হয়, তবে সর্ব্বত্র এ কর্ম্ম কে করে?
২৫ আমার দিন ডাক অপেক্ষাও দ্রুতগামী; সে
সকল উড়িয়া যায়, কিন্তু মঙ্গলের দর্শনও পায় না।
২৬ দ্রুতগামী† জাহাজ ও মৃগয়া করিতে উদ্যত উৎক্রোশ
২৭ পক্ষির ন্যায় গমন করে। আমি আপন বিলাপ ত্যাগ
করিব, ও আপন মুখের বিষণ্ণতা দূর করিব, ও
২৮ শান্ত হইব, এই কথা যদি বলি, তথাপি আপনার
সকল দুঃখে ভীত হই; তুমি আমাকে নিরপরাধী
২৯ জ্ঞান করিবা না, তাহা আমি জানি। আমি যদি পাপী
৩০ গণিত হই, তবে কেন বৃথা পরিশ্রম করি? যদ্যপি
হিমজলে আপন গাত্র মার্জ্জনা করি, ও সাবন দিয়া
৩১ হস্ত পরিষ্কার করি, তথাপি তুমি আমাকে পঙ্কে মগ্ন
করিবা, ও আমার বস্ত্র ঘৃণার্হ হইবে। তিনি আমার ৩২
মত মনুষ্য নহেন, যে আমি তাঁহাকে প্রত্যুত্তর দিব,ও
বিচারের কারণ তাঁহার সহিত এক স্থানে আসিব। উভ- ৩৩
য়ের উপরে হস্তার্পণ করিতে পারে, এমত মধ্যস্থ ‡
আমাদের কেহ নাই। তিনি আমার উপরহইতে ৩৪
আপনার দণ্ড লউন, ও তাঁহার ভয়ানকত্ব আমাকে
ভীত না করুক, তবে আমি কথা কহিয়া তাঁহাহইতে ৩৫
ভীত হইব না; কিন্তু আমি অন্তরে স্থির নহি।

১০ অধ্যায়।

১ ঈশ্বরের প্রতি আয়ূবের নিবেদন ও বিলাপ কথা ও মর-
ণের পূর্ব্বে কিঞ্চিৎ শান্তি প্রার্থনা করণ।

১ আমার মন প্রাণধারণে ক্লিষ্ট হইয়াছে; অতএব আমি
আপন দুঃখের কথা প্রকাশ করিব, ও প্রাণের
২ তিক্ততাতে বলিব। আমি ঈশ্বরকে এই কথা কহিব,
তুমি আমাকে দোষী করিও না; আমার সহিত কেন
৩ বিবাদ করিতেছ? তাহা আমাকে জ্ঞাত কর। উপদ্রব
করা, ও আপন হস্তের কর্ম্ম ‖ তুচ্ছ করা, ও দুষ্টের
৪ পরামর্শে প্রসন্ন হওয়া কি তোমার উচিত? তোমার
চক্ষু কি চর্ম্মচক্ষুবৎ? ও তোমার দৃষ্টি কি মনুষ্যের
৫ দৃষ্টির ন্যায়? ও তোমার দিন কি মনুষ্যের দিনের
ন্যায়? ও তোমার বৎসর কি মনুষ্যের কালের ন্যায়?
৬ তন্নিমিত্তে তুমি কি আমার পাপের অনুসন্ধান করি-
৭ তেছ? ও আমার দোষ অন্বেষণ করিতেছ? আমি
পাপাচরণ করি নাই,ইহা তুমি জ্ঞাত আছ। করিলেও
তোমার হস্তহইতে আমাকে কেহ মুক্ত করিতে পারে
৮ না। আমি তোমার হস্তকৃত,তোমার হস্তহইতে আমার
সমুদায় নির্ম্মিত হইয়াছে, তথাপি তুমি কি আমাকে
৯ নষ্ট করিবা? তুমি মৃত্তিকা দিয়া আমাকে নির্ম্মাণ
করিয়াছ; আর বার কি আমাকে মৃত্তিকাতে লীন
১০ করিবা? বিনয় করি,তাহা স্মরণ কর। দুগ্ধের ন্যায় কি
আমাকে প্রস্তুত কর নাই? এবং পনিরের ন্যায় কি
১১ আমাকে দৃঢ় কর নাই? তুমি আমাকে ত্বক্ ও মাংসা-
চ্ছাদিত করিয়াছ, এবং অস্থি ও শিরাতে আমাকে
১২ বুনিয়াছ; এবং আমাকে অনুগ্রহ ও প্রাণ দান করি-
য়াছ, ও তোমার পালনেতে আমার প্রাণ রক্ষা পাই-
১৩ তেছে। তথাপি এই সকল আপন মনে রাখিয়াছ, এই
১৪ তোমার ব্যবহার, তাহা আমি জানি। আমি যদি পাপ
করিয়াছি, তবে তুমি তন্নিমিত্তে আমাকে সন্ধান করিয়া
১৫ আমার পাপের মার্জ্জনা করিবা না? আমি যদি পাপী
হই,তবে আমাকে ধিক; কিন্তু পুণ্যবান হইয়াও মস্তক
তুলিতে পারি না, এবং অপমানে পরিপূর্ণ হইয়া দুঃখ-

[১০] যূব ৫; ৯ ॥—[১১] ২৩; ৮,৯ ॥—[১২] যিশ ৪৫; ৯। দা ৪; ৩৫॥—[১৩] ন ১; ৬। যিশ ২; ১০-১৭ ॥—[১৭] যূব ২; ৩ ॥—[২২-২৪] ২১; ৭-২৬। ২৪। গী ৩৭। গী ৭৩ ॥—[২৫,২৬] যূব ৭; ৬-১০ ॥—[৩০,৩১] যির ২; ২২ ॥
[৩২-৩৫] দ্বি ৫; ২৩-২৭ ॥—[৩৪] যূব ১৩; ২০-২২। ১ তী ২; ৫ ॥
[১০ অধ্যা] যূব ৭; ১১-২১। ১৩; ১৭-২৮ ॥—[৮-১২] গী ১১৯; ৭৩। ১৩৯; ১৪-১৮ ॥—[৯] আ ২; ৭। ৩; ১৯ ॥
[১৫] যিশ ৩; ১১ ॥—[১৬] যিশ৩৮; ১৩ ॥

* (বা) বলবান। † (বা) নলজ বা মনোহর। ‡ (বা) অনুযোগী। ‖ (ইব্রু) শ্রম।

১৬ ভোগ করিতেছি। মস্তক তুলিলে তুমি সিংহের ন্যায় আমাকে মৃগয়া করিতেছ, ও আমার প্রতিকূলে ১৭ আপনাকে চমৎকৃত দেখাইতেছ; এবং আমার বৈপরীত্যে নূতন প্রমাণ * দিতেছ, ও আমার প্রতি আপনার ক্রোধ প্রজ্বলিত করিতেছ, ও আমার প্রতিকূলে ১৮ অমঙ্গল ও যুদ্ধ উপস্থিত হইতেছে। তুমি আমাকে গর্ব্ভহইতে কেন নির্গত করিয়াছ? আহা! আমি যদি গর্ব্ভে প্রাণত্যাগ করিতাম, ও জগতের নয়নগোচর না ১৯ হইতাম! তবে জন্মের পূর্ব্বে যেমন, তদ্রূপ থাকিতাম, ২০ ও গর্ব্ভহইতেই কবরে নীত হইতাম। আমার দিন কি ২১ অল্প নয়? আমি যে স্থানহইতে পুনরাগমন করিব না, সেই অন্ধকার ও মৃত্যুচ্ছায়া দেশে, অর্থাৎ যে দেশ জ্যোতিরহিত অন্ধকার ও মৃত্যুচ্ছায়া ব্যাপ্ত ও যাহার ২২ আলো অন্ধকারের ন্যায় আছে, সেই দেশে আমার যাত্রার পূর্ব্বে কিঞ্চিৎ সান্ত্বনার ভোগ করিতে আমাকে ত্যাগ করিয়া দূরে থাক।

১১ অধ্যায়।

১ আয়ূবের প্রতি সোফরের কথা ৭ ও ঈশ্বরকে নির্দ্দোষ দেখাওন ১৩ ও আয়ূবের প্রতি পরামর্শ।

১ পরে নামাথীয় সোফর্ উত্তর করিল, এতো কথার ২ কি কিছুই উত্তর দেওয়া যাইবে না? বাচাল † কি নি- ৩ র্দ্দোষ হইবে? তোমার বাচালতাতে কি নর সকল নীরব থাকিবে? তুমি নিন্দা করিলে কি কেহ তোমাকে ৪ লজ্জিত করিবে না? তুমি এ কথা কহিতেছ, 'আমার শিক্ষিত বাক্য শুদ্ধ, আমি ঈশ্বরের ‡ দৃষ্টিতে পবিত্র ৫ হইয়াছি।' আহা! ঈশ্বর যদি অনুগ্রহ করিয়া তোমাকে ৬ উত্তর দেন, ও তোমার প্রতিকূলে কথা কহেন ‖, এবং জ্ঞানের নিগূঢ় কথা অর্থাৎ আপনার নানাবিধ তত্ত্ব তোমাকে জ্ঞাত করেন, তবে ঈশ্বর যে তোমার পাপ অপেক্ষা অল্প শাস্তি দেন, ইহা জানিতে পারিবা।

৭ তুমি কি অনুসন্ধান করিয়া ঈশ্বরের উদ্দেশ পাইতে পার? ও সর্ব্বশক্তিমানের তাবৎ তত্ত্ব কি জানিতে ৮ পার? আকাশ যেমন উচ্চ তাহাও তদ্রূপ, তুমি তাহার কি করিতে পার? তাহা পাতাল অপেক্ষাও অগাধ, ৯ তুমি তাহার কি জানিতে পার? পৃথিবীহইতেও তাহার পরিমাণ দীর্ঘ, ও সমুদ্রহইতেও তাহার পরিসর বড়। ১০ তিনি যদি ধরিয়া বন্ধন করিয়া বিচার করেন, তবে ১১ তাঁহাকে কে নিষেধ করিতে পারে? কেননা তিনি প্রতারক মনুষ্যকে জানেন, ও অনেক বিবেচনা না করিয়া ১২ তাহার পাপ দেখেন। অজ্ঞান § মনুষ্য কি জ্ঞানবান বিখ্যাত হইবে? তবে বনগর্দ্দভ মনুষ্য হইতে পারে। ¶

১৩ তুমি যদি আপনার মন প্রস্তুত করিয়া তাঁহার প্রতি ১৪ হস্ত বিস্তার করিতা, ও হস্তস্থিত পাপ পরিত্যাগ করিতা, এবং পাপকে আপন নিবাসেও থাকিতে না দিতা; ১৫ তবে তুমি নিষ্কলঙ্ক রূপে মুখ তুলিতা, ও স্থির হইয়া ১৬ ভয় করিতা না। তোমার দুঃখ মনে থাকিত না, কিম্বা তাহা গত স্রোতোজলের ন্যায় স্মরণ করিতা। ১৭ তোমার পরমায়ু মধ্যাহ্নহইতেও নির্ম্মল হইত, ও ১৮ তুমি তেজস্বী ও প্রভাতের সদৃশ হইতা। তোমার প্রত্যাশা থাকিলে তুমি নির্ব্বিঘ্নে থাকিতা, ও সকলের ১৯ তত্ত্বাবধারণ করিয়া নিরাপদে শয়ন করিতা। শয়ন করিলে কেহ তোমাকে ভয় দেখাইতে পারিত না, বরং ২০ অনেকে তোমার নিকটে নিবেদন ** করিত। কিন্তু দুষ্টদের চক্ষু নিস্তেজ হয় ও তাহাদের আশ্রয় নষ্ট হয়, ও তাহাদের প্রত্যাশা প্রাণত্যাগির ন্যায় হয়।

১২ অধ্যায়।

১ সোফরের প্রতি আয়ূবের উত্তর ৭ ও ঈশ্বরের নির্দ্দোষতা স্বীকার করণ ১৩ ও ঈশ্বরের সর্ব্বকর্তৃত্ব।

১ অনন্তর আয়ূব্ উত্তর করিল, অবশ্য তোমরাই ২ জ্ঞানি লোক! তোমাদের মরণে জ্ঞান লুপ্ত হইবে! ৩ কিন্তু তোমরা যেমন বুদ্ধিমান আমিও তদ্রূপ; তোমাদের হইতে ক্ষুদ্র †† নহি; ঐ রূপ কথা কে না জ্ঞাত ৪ আছে? যেমন কোন জন উপকারার্থে ঈশ্বরের নিকটে প্রার্থনা করিয়া বন্ধুকর্তৃক নিন্দিত হয়, আমিও তদ্রূপ হইয়াছি; সাধু ও পুণ্যবান হইয়াও হাস্যাস্পদ হই- ৫ য়াছি। পিছলিয়া পড়িতে উদ্যত লোক সুখি লোকের ৬ দৃষ্টিতে মিট্‌মিটা প্রদীপের ন্যায় হয়। চোরের বাসস্থানেই মঙ্গল থাকে, ও ঈশ্বরের ক্রোধকারি লোকেরা নিরাপদে থাকে; ঈশ্বর তাহাদের হস্তে ধন দেন।

৭ সম্প্রতি পশুদিগকে জিজ্ঞাসা কর, তাহারা তোমাকে শিক্ষাইয়া দিবে; ও শূন্যের পক্ষিগণকে জি- ৮ জ্ঞাসা কর, তাহারা তোমাকে বলিয়া দিবে। কিম্বা পৃথিবীকে জিজ্ঞাসা কর, সে তোমাকে উপদেশ করিবে, ও সমুদ্রস্থ মৎস্যগণ তোমাকে কহিয়া দিবে। ৯ যাঁহার হস্তে সকল জীবের প্রাণ ও মনুষ্যের আত্মা ১০ আছে, সেই পরমেশ্বরের হস্তকৃত এই সকল, এ কথা ১১ কে না জানে? কর্ণ কি কথার পরীক্ষা করে না? ও ১২ মুখ কি খাদ্যের পরীক্ষা করে না? প্রাচীন লোকদের জ্ঞান হয় ও দীর্ঘায়ু লোকদের বুদ্ধি আছে।

১৩ তাঁহার নিকটে জ্ঞান ও বল আছে, তাঁহার পরামর্শ

[১৮,১৯] যূব ৩ ; ১১-১৬ ।।—[২০-২২] যূব ৭ ; ২১ ।।—[২১,২২] গী ৮৮ ; ১২ ।।
[১১ অধ্য ; ৪] যূব ৬ ; ১০ । ১০ ; ২,৭ ।।—[৬] ইষ্রা ৯ ; ১৩ ।।—[৭] রো ১১ ; ৩৩,৩৪ ।।—[১০] যূব ৯ ; ১২ ।।—[১১] গী ১৪ ; ১১ ।।—[১৩-২০] যূব ৪২,১০-১৭ ।।—[১৩,১৪] ৫ ; ৮ ।।—[১৭] হি ৪ ; ১৮ ।।—[১৯] গী ৩ ; ৫ ।।—[২০] যূব ৮ ; ১৩,১৪ ।।
[১২ অধ্য ; ৩] যূব ১৩ ; ২ ।।—[৫] হি ১৪ ; ২০ । ১৯ ; ৭ ।।—[৬] যূব ৯ ; ২২-২৪ । ২১ ; ৭-২৬ ।।—[৯,১০] গী ১০৪ ; ২৪-৩০ । প্রে ১৭ ; ২৮ ।।—[১২,১৩] যূব ৩২ ; ৭,৮ ।।—[১৩] ৯ ; ৪ । ২৮ ; ২০ ।।

* (বা) সাক্ষী। † (ইব্র) ওষ্ঠাধরের মনুষ্য। ‡ (ইব্র) তোমার। ‖ (ইব্র) মুখ ব্যাদান করেন। § (ইব্র) শূন্য। ¶ (ইব্র) জন্মিবে।
** (ইব্র) মুখাপেক্ষা। †† (ইব্র) পতিত।

১৪ ও বুদ্ধিও আছে। দেখ, তিনি ভঙ্গ করিলে কেহ সারিতে পারে না, ও তিনি বদ্ধ করিলে কেহ মুক্ত করিতে ১৫ পারে না। তিনি জল বদ্ধ করিলে তাহা শুষ্ক হইয়া যায়; তিনি জলপ্লাবিত করিলে পৃথিবী বিনষ্ট হয়। ১৬ বল ও বুদ্ধি তাঁহার, ভ্রান্ত ও ভ্রামক তাঁহার। তিনি ১৭ মন্ত্রিগণকে বন্দী করিয়া লইয়া যান, ও বিচারকর্ত্তা- ১৮ দিগকে উন্মত্ত করেন। তিনি রাজাদিগের কর্তৃত্ববন্ধন মুক্ত করেন, ও তাহাদের কটিদেশে দাসত্ব ১৯ পটুকা বন্ধ করেন। মহল্লোকদিগকে বন্দী করিয়া ২০ লইয়া যান, ও বলবানদিগকে নত করেন। তিনি বিশ্বাসিদের কথার * অন্যথা করেন, ও বৃদ্ধলোকদের জ্ঞান ২১ লোপ করেন। তিনি কর্ত্তাদিগকে নিন্দিত করেন, ও ২২ বলবানদিগকে দুর্ব্বল † করেন। তিনি অন্ধকারে অপ্রকাশিত বস্তু প্রকাশ করেন ও মৃত্যুচ্ছায়া প্রকাশ ২৩ করেন। তিনি লোকদিগের বৃদ্ধি করিয়া নষ্ট করেন, ২৪ ও উন্নতি করিয়া হ্রাস করেন। তিনি পৃথিবীস্থিত মহল্লোকদের মন অপহরণ করেন, ও অপথ অর- ২৫ ণ্যের মধ্যে তাহাদিগকে ভ্রমণ করান। তাহারা আলো না পাইয়া অন্ধকারে হাঁৎড়িয়া২ গমন করে, তিনি তাহাদিগকে মত্তের ন্যায় ভ্রমণ করান।

১৩ অধ্যায়।

১ বন্ধুগণের প্রতি আয়ূবের অনুযোগ ১৪ ও আপনার অকাপট্য প্রকাশ করণ।

১ দেখ, এই সকল আমি চক্ষুতে দেখিয়া কর্ণেতে শুনিয়া ২ বুঝিয়াছি। তোমরা যাহা জান, আমিও তাহা জানি; ৩ আমি তোমাদের হইতে ক্ষুদ্র নহি। আমি অবশ্য সর্ব্বশক্তিমানের সহিত কথা কহিতে চাহি, ও ঈশ্বরের ৪ সহিত বিচার করিতে প্রার্থনা করি। কিন্তু তোমরা সকলে অবশ্য মিথ্যাবাক্যরচক ও অকর্ম্মণ্য চিকিৎ- ৫ সক। তোমরা যে কিঞ্চিৎ কাল নীরব হইয়া থাক, ইহা আমার বাঞ্ছা; ইহা তোমাদের জ্ঞানসূচক হইবে। ৬ আমার অনুযোগ কথা শুন, ও আমার ওষ্ঠাধরের ৭ সকল বিচারকথাতে মনোযোগ কর। তোমরা কি ঈশ্বরের পক্ষে অযথার্থ কহিয়া থাক? ও তাঁহার পক্ষে ৮ প্রতারণার কথা কহিয়া থাক? তোমরা কি ঈশ্বরের মুখাপেক্ষা করিয়া থাক? ও তাঁহার নিমিত্তে বিবাদ ৯ করিয়া থাক? তিনি তোমাদের পরীক্ষা করিলে কি তোমাদের মঙ্গল হইবে? মনুষ্য যেমন মনুষ্যকে প্রবঞ্চনা করে, তোমরাও কি তদ্রূপ করিয়া থাক? ১০ তোমরা গোপনে মুখাপেক্ষা করিলে তিনি তোমাদিগকে অবশ্য অনুযোগ করিবেন। তাঁহার মহত্ত্ব কি ১১ তোমাদিগকে ত্রাসযুক্ত করে না? ও তাঁহার ভয়েতে কি তোমরা ভীত হও না? তোমাদের স্মরণীয় উপ- ১২ দেশ ভস্মতুল্য, ও তোমাদের প্রতুলের কথা মৃত্তিকা রাশিন্যায়। তোমরা নীরব হও; আমি কিছু কহি, ১৩ তাহাতে আমার যাহা হয় হইবে।

যাহা হউক, আমি আপন মাংস দন্তে বহন করিব, ১৪ ও আপন প্রাণ আপনার হস্তে রাখিব। তিনি ১৫ যদি আমাকে নষ্ট করেন, তথাপি তাঁহার অপেক্ষা করিব, ও আপনার বিচারের কথা ‡ তাঁহার গোচরে উপস্থিত § করিব। কিন্তু তিনিই আমার রক্ষাকর্ত্তা ১৬ হইবেন; কপটি লোক তাঁহার সম্মুখে উপস্থিত হইতে পারে না। মনোযোগ করিয়া আমার কথা শুন, ১৭ আমার কথা তোমাদের কর্ণগোচর হউক। দেখ, ১৮ আমি আপন বিচারের কথা প্রস্তুত করিলাম, এবং তাহাতে নির্দ্দোষ হইব, ইহাও জানি। বিচারে আমার ১৯ প্রতিবাদী কে? ক্ষণের পরে আমি নীরব হইয়া মৃতকল্প হইব। তুমি আমার নিকটহইতে হস্ত লও, এবং ২০ তোমার ভয়ানকত্ব আমাকে ভীত না করুক; আমার ২১ বিরুদ্ধে এই দুই কর্ম্ম করিও, তাহাতে আমি তোমার নিকটহইতে লুক্কায়িত হইব না; এবং তুমি ডাকিলে ২২ আমি উত্তর দিব, কিম্বা আমি কথা কহিলে তুমি প্রত্যুত্তর দিবা। আমার অযাথার্থ্য ও পাপ কত আছে? ২৩ এবং আমার দোষ ও অপরাধ কি? তাহা আমাকে জ্ঞাত কর। তুমি কেন আপন মুখ লুকাইতেছ? ও কেন ২৪ আমাকে শত্রু বোধ করিতেছ? তুমি কি শীর্ণ পত্র ভা- ২৫ ঙ্গিবা ও শুষ্ক তৃণকে তাড়না করিবা? আমার বিরুদ্ধে ২৬ তুমি তিক্ত কথা লিখিতেছ, ও আমাকে যৌবনাবস্থার পাপের ফলভোগী করিতেছ; ও আমার চরণ নিগ- ২৭ ড়েতে বদ্ধ করিতেছ, ও আমার চলনের বিচার করিতেছ, এবং আমার পদচিহ্ন ‖ লক্ষ্য করিতেছ।

১৪ অধ্যায়।

১ মানুষের অল্পায়ুর কথা ৭ ও বিচার পর্য্যন্ত উত্থান না হওন ১৬ ও পাপের দ্বারা দুঃখ ও মৃত্যু হওন।

মনুষ্য জীর্ণ বস্ত্রের ন্যায় ও কীটকুট্টিত বস্ত্রের ন্যায় ১ ক্ষয় পায়; স্ত্রীজাত মনুষ্য অল্পায়ু ও দুঃখেতে পরিপূর্ণ হয়। সে পুষ্পের ন্যায় বৃদ্ধি পাইয়া ছিন্ন হয়, ও ২ ছায়ার ন্যায় চলিয়া যায়, স্থির থাকে না। তুমি কি ৩ এমত লোকের প্রতি দৃষ্টি করিবা? ও আমাকে আপন সঙ্গে বিচারস্থানে লইয়া যাইবা? অপরিষ্কৃতহইতে ৪

[১৪] যূব ১১; ১০। পু ৩; ৭॥—[১৫] ১ রা ১৭; ১। আ ৭; ১১-২৩॥—[১৭] ২ শি ১৭; ১৪। ১ ক ১; ১৯।—[১৮-২১] দা ২; ২১॥—[২১] গী ১০৭; ৪০॥—[২২] দা ২; ২২॥—[২৪] দা ৪; ৩১-৩৩। গী ১০৭; ৪০॥—[২৫] দ্বি ২৮; ২৮, ২৯॥
[১৩ অধ্য; ২] যূব ১২; ৩॥—[৩] প ২২, ২০। ২৩; ৩-৭। ৩১; ৩৫॥—[৪] ৬; ২১॥—[৫] হি ১৭; ২৮॥ [১৩-১৬] যূব ৬; ১০॥—[১৫, ১৬] ১৬; ১৯, ২০। ১৯; ২৫-২৮। ২৩; ১০। গী ৭৩; ২৫, ২৬॥—[১৯-২১] যূব ৯; ৩৪, ৩৫। ৩৩; ৫-৭। [২২, ২৩] প ৩। ২৩; ৩-৭। ৩১; ৩৫, ৩৬॥—[২৪] ২৩; ৮, ৯॥—[২৫-২৭] ৭; ১-১০॥—[২৫] ১০; ২০॥
[১৪ অধ্য; ১, ২] যূব ৫; ৭। ৭; ৬-১০। যিশ ৪০; ৬-৮। ৫১; ৮। যাক ১; ১০। ৪; ১৪॥—[৩] যূব ৭; ১৭-২১। ১০; ২০॥
* (ইব্রু) ওষ্ঠাধরের। † (ইব্রু) কটিবন্ধ যুক্ত। ‡ (ইব্রু) পথ। § (ইব্রু) অনুযোগ বা বিবাদ। ‖ (বা) পাদমূল।

পরিষ্কৃতের উৎপত্তি কে করিতে পারে? কেহই পারে
৫ না। তাহার আয়ুর সীমা নির্ণীত আছে, ও তোমাদ্বারা
তাহার মাসের সংখ্যা নিরূপিত আছে, তাহার
৬ অলঙ্ঘনীয় সীমা তুমি স্থাপন করিয়াছ। অতএব যে
পর্য্যন্ত সে কোন কর্ম্মকারির ন্যায় এক দিন বিশ্রাম
পাইয়া ভোগ * করে,তাবৎ তাহাহইতে পৃথক থাক।
৭ বৃক্ষ ছিন্ন হইলেও তাহার পল্লব হইবে ও শা-
খার অভাব হইবে না, বৃক্ষেতে এমত আশা থাকে।
৮ যদ্যপি মৃত্তিকাতে তাহার মূল প্রাচীন হয়, ও ভূমিতে
৯ তাহার গুঁড়ি মৃতকল্প হয়, তথাচ জলসেচন পাইলে
পল্লবিত হয়, এবং রোপিত বৃক্ষের ন্যায় শাখাবিশিষ্ট
১০ হয়। কিন্তু মনুষ্য মরিলেই ক্ষয় পায় †; মর্ত্ত্য প্রাণত্যাগ
১১ করিয়া কোথায় থাকে? সমুদ্রহইতে যেমন তরঙ্গ
চলিয়া যায়, ও নদী যেমন শুষ্ক হইয়া মজিয়া যায়,
১২ তদ্রূপ যাবৎ আকাশ লুপ্ত না হয়, তাবৎ মনুষ্য
কবরে শয়ন করিয়া উঠে না ও মহানিদ্রাহইতে জাগৃত
১৩ হয় না। হায় ২ তুমি যদি আমাকে পরলোকে লুকা-
ইয়া রাখ, ও যে পর্য্যন্ত তোমার ক্রোধ সম্বরণ না
হয়, তাবৎ আমাকে গুপ্ত রাখ! হায় ২ যদি আমার
নিমিত্তে এক নিরূপিত সময় স্থির করিয়া আমাকে
১৪ স্মরণ কর! মনুষ্য মরিয়া কি পুনর্জীবিত হইবে?
তবে যে পর্য্যন্ত আমার মুক্তি না হয়, আমার নিরূপিত
১৫ তাবৎ দিন আমি প্রতীক্ষা করিব। পরে তুমি আহ্বান
করিলে আমি উত্তর দিব, ও তুমি আপন হস্তকৃতের
প্রতি কৃপা করিবা।
১৬ এখন তুমি আমার পাদবিন্যাস গণনা করিয়া কি
১৭ আমার পাপের প্রতি দৃষ্টি করিতেছ না? তুমি থৈ-
লীতে আমার দোষ মুদ্রাঙ্কিত করিতেছ ও আমার
১৮ অপরাধের উপরে চিহ্ন দিতেছ। পর্ব্বতও পড়িয়া চূর্ণ
১৯ হয়, এবং পাষাণও আপন স্থানে জীর্ণ হয়। এবং জল-
দ্বারা প্রস্তরও ক্ষয় পায়, এবং জলপ্লাবনদ্বারা মৃত্তি-
কাও ভাষিয়া যায়, তদ্রূপ তুমি মনুষ্যদিগের প্রত্যাশা
২০ ক্ষয় করিতেছ। তুমি নিত্য ২ তাহাকে আক্রমণ করিলে
সে স্থানান্তর যায়, ও তাহার মুখ অন্য প্রকার করিয়া
২১ তাহাকে দূর করিতেছ। তাহার পুত্রগণ যশস্বী হইলেও
সে জানিতে পারে না, এবং তাহাদের অপচয় হই-
২২ লেও টের পায় না। তাহা হইলে ‡ তাহার উপরিস্থিত
মাংস দুঃখ পাইত ও তন্মধ্যস্থিত প্রাণ ব্যাকুল হইত।

১৫ অধ্যায়।

১ আয়ূবের প্রতি ইলীফসের উত্তর ও দোষীকরন ১৪ ও ইতি-
হাস কথাদ্বারা পাপের ভোগ শাস্তির প্রমাণ দেওন।

১ পরে তৈমনীয় ইলীফস্ উত্তর করিল, জ্ঞানবান কি
২ বায়ুগ্রস্তের কথার ‖ উত্তর করিবে? ও পূর্ব্বীয় বায়ুতে
৩ আপন উদর পূর্ণ করিবে? সে কি অনর্থক কথার ও
৪ নিষ্ফল বাক্যের সহিত বিবাদ করিবে? তুমি ঈশ্বরকে
ভয় না করিয়া তাঁহার সাক্ষাতে প্রার্থনা করা ত্যাগ §
৫ করিতেছ। তোমার মুখহইতে তোমার দোষ প্রকাশ
৬ হইতেছে, তুমি ধূর্ত্তের কথা কহিতেছ ¶। তোমা-
রই মুখহইতে তোমার অপরাধ নিশ্চয় হয়; আমি
নহি, তোমারই ওষ্ঠাধর তোমার বিরুদ্ধে প্রমাণ দি-
৭ তেছে। তুমি কি প্রথমজাত মনুষ্য? ও পর্ব্বতগণের
৮ পূর্ব্বে কি জন্মিয়াছিলা? তুমি কি ঈশ্বরের গুপ্ত কথা
শুনিয়াছ? ও আপনার মধ্যে সমস্ত জ্ঞান রাখিয়াছ?
৯ আমরা না জানি এমত কথা কি জান? ও আমাদের
১০ অজ্ঞাত এমত কি বুঝ? পক্বকেশবিশিষ্ট বৃদ্ধগণ ও
তোমার পিতাহইতেও বৃদ্ধতমেরা আমাদের মধ্যে
১১ আছে। ঈশ্বরের দয়া ও তোমার প্রতি উক্ত কোমল
১২ কথা কি তোমার তুচ্ছ বোধ হয়? তোমার মন তোমার
ভ্রান্তি কেন জন্মায়? ও তোমার চক্ষু কেন বিদ্রূপ করে?
১৩ তুমি প্রভুর বিরুদ্ধে আপন আত্মাকে দণ্ডায়মান করি-
য়াছ, ও মুখহইতে অহঙ্কারের কথা নির্গত করিয়াছ।
১৪ মনুষ্য কি পবিত্র হইতে পারে? স্ত্রীজাত মনুষ্য
১৫ কি পুণ্যবান হইতে পারে? দেখ, তিনি আপনার
পুণ্যবান লোকেতেও বিশ্বাস করেন না, তাঁহার
১৬ দৃষ্টিতে আকাশও নির্ম্মল নহে। তবে জলের ন্যায়
অধর্ম্মপায়ি মনুষ্যজাতি কেমন নিন্দনীয় ও মলিন
১৭ হয়! আমার কথা শুন, আমি তোমাকে জ্ঞাত করি;
১৮ ও যাহা দেখিয়াছি, তাহা বলি। জ্ঞানি লোকেরা
আপনাদের পিতৃপিতামহাদিহইতে যাহা ২ পাইয়া
প্রকাশ করিয়াছে, গুপ্ত রাখে নাই, তাহা আমি
১৯ প্রকাশ করি। কেবল তাহাদিগকেই পৃথিবী দত্ত হইল,
ও তাহাদের মধ্যে কোন বিদেশী ভ্রমণ করিল না।
২০ দুষ্ট লোক আপনাহইতে ক্লেশ পায়, ও উপদ্রবির
২১ বৎসরের সংখ্যা গুপ্ত থাকে। তাহার কর্ণে ভয়ঙ্কর
শব্দ আছে, ও বিনাশক তাহার মঙ্গল সময়ে উপদ্রব
২২ করে। ও খড়্গ তাহার অপেক্ষা করে, এই জন্যে সে

---

[৪] যূব ৪; ১৭-২১। ১৫; ১৪-১৬। ২৫; ৪-৬। গী ৫১; ৫। যো ৩; ৬। রো ৩; ৯-২০। ৫; ১২॥
[৫,৬] প ১-৩। যূব ৭; ১-১০, ১৭-২১। ১০; ২০॥—[৭-১২] ১ ক ১৫: ৩৭,৩৮॥—[১২] যূব ১৯; ২৫-২৭। ২ পি ৩;
৭-১৩। প্র ২০; ১১-১৩॥—[১৪] ১ ক ১৫; ১১-২৩। যো ৫; ২৮,২৯। ২ তী ১; ১২॥—[১৫] যূব ১৩; ২২॥—[১৬,১৭]
৪ ১২; ১৪। য ১০; ২৬। ১২; ৩৬,৩৭॥—[১৮-২২] গী ৯০; ৩-১০॥
[১৫ অধ্য; ৬] গী ৯০; ২॥—[৮] রো ১১; ৩৪॥—[৯] যূব ১৩; ২॥—[১০] ৮; ৯,১০। ৩২; ৭॥—[১৪-১৬] ৪;
১৭-২১। ১৪; ৪। ২৫; ৪-৬। যো ৩; ৬॥—[১৬] রো ৩; ৯-২০॥—[১৭-৩৫] যূব ৮; ৯-১৯॥—[১৯] আ ৯; ১-১৯॥
[২০-৩৫] যূব ১৮; ৫-২১। ২০; ৪-২৯॥

* (বা) যাপন। † (বা) অশক্ত বা উচ্ছিন্ন হয়। ‡ (বা) কেবল-পায়-হয়। ‖ (ইব্রূ) আয়ুজ্ঞানের। § (বা) নিরর্থক।
¶ (ইব্রূ) জিহ্বা মনোনীত।

যে অন্ধকারহইতে রক্ষা পাইবে, এমত বিশ্বাস করে
২৩ না। সে খাদ্যের নিমিত্তে সর্ব্বত্র ভ্রমণ করে, এবং
অন্ধকারের দিন তাহার হস্তে উপস্থিত হয়, তাহাও
২৪ জানে। সে দুঃখ ও ক্লেশহইতে ভীত হয়, এবং ঐ
উভয় যুদ্ধোদ্যত রাজার ন্যায় তাহাকে পরাভব করে।
২৫ কেননা সে ঈশ্বরের বিরুদ্ধে হস্ত বিস্তার করিত, ও
সর্ব্বশক্তিমানের বিরুদ্ধে আপনাকে বলবান করিত;
২৬ এবং তাঁহার গলাটিপিবার জন্যে তাঁহার ঢালের
২৭ ফুলের বিরুদ্ধে দৌড়িত। যদ্যপি তাহার মুখ মাংস-
২৮ পিণ্ড ও কটিদেশ হৃষ্টপুষ্ট হয়, তথাপি সে শূন্য
নগরে ও নিবাসিরহিত পতনোন্মুখ বাটীতে বাস
২৯ করে; সে ধনবান হয় না, ও তাহার সম্পত্তি সম্পূর্ণ
থাকে না, ও পৃথিবীতে তাহার অধিকার চিরস্থায়ী
৩০ হয় না; এবং অন্ধকারহইতে সে বহির্গত হয় না, ও
অগ্নিশিখা তাহার কোমল শাখা শুষ্ক করে, এবং সে
৩১ আপন* মুখের নিশ্বাসে উড়িয়া যাইবে। সে মিথ্যা
কথাতে বিশ্বাস না করুক, নতুবা ভ্রান্ত হইবে; কেননা
৩২ তাহার ফলও মিথ্যা হইবে; এবং সময়ের পূর্ব্বে ও
৩৩ শাখা সতেজ হওনের পূর্ব্বে সে ফল ফলিবে। যেমন
দ্রাক্ষালতার অপক্ক ফল ঝরিয়া পড়ে, ও যেমন জিত-
বৃক্ষের পুষ্প খসিয়া পড়ে, তদ্রূপ তাহারও হইবে।
৩৪ কপটিদের সভা শূন্য হইবে, ও উৎকোচগ্রাহির বসতি
৩৫ অগ্নিদ্বারা দগ্ধ হইবে। কেননা তাহারা অন্যায়ে গর্ব্ভ
ধারণ করিয়া উদরে প্রতারণা প্রস্তুত করিয়া পাপ
প্রসব করে।'

১৬ অধ্যায়।

১ বন্ধুগণের প্রতি আয়ূবের অনুযোগ ৬ ও আপন দুঃখের বর্ণনা ১১ ও তাহার অধঃপতনের কথা ১৫ ও তাহার দুঃখ ও ব ১৯ ও স্বর্গেতে তাহার সাক্ষ্য।

১ অনন্তর আয়ূব্ উত্তর করিল, আমি এরূপ অনেক
২ শুনিয়াছি, তোমরা সকলে অতি দুঃখদায়ি সান্ত্বনা-
৩ কারী। এই নিরর্থক† কথার কি শেষ হইবে না?
৪ উত্তর করিতে তোমাকে কে প্রবৃত্তি দেয়? আমিও তো-
মাদের ন্যায় কহিতে পারি; আমার অবস্থার মত
যদি তোমাদের অবস্থা হইত, তবে আমিও তোমাদের
বিরুদ্ধে কথা সঞ্চয় করিতে ও মস্তক লাড়িতে পারি-
৫ তাম। কিন্তু আপন মুখদ্বারা তোমাদিগকে সবল করি-
তাম, এবং আমার ওষ্ঠের চালনেতে তোমাদের
দুঃখের শান্তি হইত।

৬ আমি কথা কহিলে আমার শোকনিবৃত্তি হয় না,
এবং নীরব থাকিলেও আমার সুখ বোধ হয় না।
৭ তুমি আমাকে অবসন্ন করিয়াছ, ও আমার তাবৎ
বাটী শূন্য করিয়াছ। তুমি আমাকে ধরিয়াছ, ইহা
৮ আমার বিরুদ্ধে সাক্ষ্য আছে; ও আমার ক্ষীণতা আ-
মার বিরুদ্ধে উঠিয়া আমার সাক্ষাতে উত্তর দিতেছে।
৯ আমার শত্রু আপন ক্রোধে আমাকে বিদীর্ণ করে, ও
আমাকে ঘৃণা করে, ও আমার প্রতি দন্ত ঘর্ষণ করে,
১০ ও আমার প্রতি চক্ষু রক্তবর্ণ করে। এবং লোকেরা
আমাকে দেখিলে মুখ ব্যাদান করিয়া অপমান
পূর্ব্বক আমার গালে চপেটাঘাত করে, ও আমার
প্রতি আপন ২ অভিলাষ পূর্ণ করে।

১১ ঈশ্বর আমাকে অধার্ম্মিকদের হস্তে সমর্পণ‡ করি-
১২ য়াছেন, ও পাপিদের হস্তগত করিয়াছেন। আমি
সুখে ছিলাম, কিন্তু তিনি আমাকে ভগ্ন করিয়াছেন,
ও আমার গলা ধরিয়া আমাকে খণ্ড২ করিয়াছেন,
ও আমাকে আপনার লক্ষ্যের কারণ রাখিয়াছেন।
১৩ তাঁহার ধনুর্দ্ধরেরা আমাকে বেষ্টন করে, ও তিনি
দয়া না করিয়া আমার যকৃৎ বিদীর্ণ করেন, ও
১৪ মৃত্তিকায় আমার পিত্ত ঢালেন। তিনি আমাকে খণ্ড ২
করেন ও বীরের ন্যায় আমার প্রতি ধাবমান হন।

১৫ আমি গাত্রেতে চটপরিধান করিলাম, ও ধূলাতে
১৬ আপন মস্তক‖ অপরিষ্কৃত করিলাম। ও ক্রন্দনেতে
আমার মুখ মলিন হইয়াছে, এবং মৃত্যুচ্ছায়া আমার
১৭ চক্ষুর পাতার উপরে আছে। এই ফল আমার হস্ত-
স্থিত কোন দোষহইতে হইল তাহা নয়, আমার
১৮ প্রার্থনাও পবিত্র। হে পৃথিবি, আমাকর্ত্তৃক পাতিত
রক্ত আচ্ছাদিত করিও না; আমার বিরুদ্ধে যে আর্ত্ত-
নাদ, সে কুত্রাপি গুপ্ত স্থানে না থাকুক।

১৯ দেখ, এখনও আমার সাক্ষ্য স্বর্গে ও আমার সাক্ষী
২০ উপরে থাকেন। আমার মধ্যস্থ জন আমার মিত্র§, এই
জন্যে ঈশ্বরের উদ্দেশে আমার চক্ষুহইতে অশ্রুপাত
২১ হয়। আহা! যেমন মনুষ্যপুত্র আপন বন্ধুর নিমিত্তে,
তদ্রূপ যদি তিনি মত্তুল্য মনুষ্যের নিমিত্তে ঈশ্বরের
২২ সহিত উত্তর প্রত্যুত্তর করেন! কেননা আমার আর
অল্প আয়ু গত হইলে, যে পথে গিয়া কেহ ফিরিয়া
না আইসে, সেই পথে আমি যাইব।

১৭ অধ্যায়।

১ ঈশ্বরের প্রতি আয়ূবের নিবেদন ১১ ও মৃত্যুর অপেক্ষা করণ।

১ আমার প্রাণ ব্যাকুল হইয়াছে, ও আমার দিন অব-
সান হইয়াছে, ও আমার নিমিত্তে কবর প্রস্তুত
২ আছে। আমার নিকটে কি নিন্দকগণ নাই? আমি কি
৩ নিত্য ২ তাহাদের কটুবাক্য শুনি নাই? বিনয় করি,
তোমার নিকটে এক জনকে আমার প্রতিভূ হইতে দেও;

[২৫-২৭] গী৭৩; ৩-১১ ॥—[৩০,৩১] যূব ৪; ৮,৯ ॥—[৩২] ৮; ১২। গী ৫৫; ২৩ ॥—[৩৫] গী ৭; ১৪। যিশ ৫৯; ৪ ॥
[১৬ অধ্য; ২] যূব ১৩; ৪ ॥—[৯] ২; ৩,৬। ১৯; ৮-১২ ॥—[১০, ১১] ১৯; ১৩-১৯ ॥—[১২] ৭; ২০ ॥—[১৫] ২; ৭,৮ ॥—[১৮] আ ৪; ১০ ॥—[১৯,২০] যূব ১৯; ২৩-২৭ ॥—[২১] ৯; ৩২-৩৫ ॥—[২২] ৭; ৯ ॥
[১৭ অধ্য; ৩] যূব ১৩; ১৯। ২৩; ৩-৭ ॥

* (বা) তাঁহার। † (ইব্রু) বায়ুর। ‡ (ইব্রু) রুদ্ধ। ‖ (ইব্রু) শৃঙ্গ। § (বা) আমার বন্ধুগণ আমার নিন্দা করে।

৪ কিন্তু কে তাহা স্বীকার করিবে? তুমি ইহাদের বুদ্ধি হরণ ৫ করিয়াছ, অতএব ইহাদের উন্নতি করিবা না। যে জন হরণকারিকে আপনার বন্ধুকে অর্পণ করে,* তাহার ৬ সন্তানদের চক্ষু অন্ধ হইবে। কিন্তু তিনি লোকদের কাছে আমাকে হাস্যাস্পদ করেন, এবং তাহাদের ৭ সাক্ষাতে আমাকে ঘৃণাস্পদ করেন। আমার চক্ষু শোকেতে অন্ধ হয়, এবং আমার সর্ব্বাঙ্গ ছায়ার ন্যায় ৮ হয়। ধার্ম্মিকেরা চমৎকৃত হইবে, এবং নিষ্পাপিগণ ৯ ঐ কপটিদের বিরুদ্ধে উঠিবে। পুণ্যবান লোক আপন পথে চলিয়া যাইবে, ও পরিষ্কৃতহস্ত লোক উত্ত- ১০ রোত্তর প্রবল হইবে। কিন্তু তোমরা এখন ফিরিয়া যাও, কেননা আমি তোমাদের মধ্যে কাহাকেও জ্ঞানবান দেখি না।

১১ আমার দিন যায়, কিন্তু আমার অভিপ্রায় ও মনো- ১২ রথ সিদ্ধ হয় না। এবং দিন রাত্রি হইয়া গিয়াছে, ১৩ এবং আলো প্রায় অন্ধকার হইয়াছে। আমি কবর-রূপ গৃহের অপেক্ষা করি, এবং আপনার আসন অন্ধ- ১৪ কারে পাতি। আমি ক্লেদকে কহি, তুমি আমার পিতা, ও কীটগণকে কহি, তোমরা আমার মাতা ও ভগিনী। ১৫ এখন আমার প্রত্যাশা কোথায়? ও আমার প্রত্যাশা ১৬ কে দেখিতে পায়? সে পরলোকের মধ্যে পড়িবে, এবং আমার সহিত ধূলায় একত্র থাকিবে।

১৮ অধ্যায়।

১ আয়ূবের প্রতি বিল্‌দদের উত্তর ও আয়ূবকে দোষী করণ, ও তাহার পাপের ফল বিপদ দেখাওন।

১ পরে শূহীয় বিল্‌দদ্ উত্তর করিল, কখন্ তোমার ২ কথার শেষ হইবে? তাহা আমাদিগকে বুঝাইয়া দেও; ৩ তবে আমরা উত্তর করিব। আমরা কি নিমিত্তে ৪ পশুবৎ মান্য, ও কেন নীচের ন্যায় মান্য হই? তুমি† ক্রুদ্ধ হইয়া আপনাকে ‡ বিদীর্ণ করিতেছ; তোমার নিমিত্তে কি পৃথিবী ত্যাগ করা যাইবে? কিম্বা আপন ৫ স্থানহইতে শৈলকে সরান যাইবে? দুষ্টের দীপ্তি নির্ব্বাণ হয়, ও তাহার অগ্নির উল্কা তেজবিশিষ্ট নয়। ৬ তাহার তাম্বুতে আলো অন্ধকার হয়, ও তাহার ৭ প্রদীপ নির্ব্বাণ হয়। ও তাহার পরাক্রমের গতি খর্ব্ব করা যায়, এবং আপনার পরামর্শদ্বারাই সে ৮ নিপাত হয়। সে জালের মধ্যে পদ বিক্ষেপ করে, ও ৯ ফাঁদের উপরে গমনাগমন করে। তাহার পাদমূল কলে ১০ বদ্ধ হয়, ও সে ফাঁদে ধৃত হয়। তাহার ফাঁস ভূমিতে ১১ লুক্কায়িত আছে, ও তাহার ফাঁদ পথে আছে। চতুর্দ্দিগে নানা উৎপাত তাহাকে ভয় দেখায় ও তাহার পদতলে উপস্থিত হয়। ১২ দুর্ভিক্ষ তাহার বলকে গ্রাস করে, ও তাহার পার্শ্বে বিপদ থাকে। ১৩ শবজাত কৃমি তাহার শরীরের চর্ম্ম ভক্ষণ করে, এবং সকল শরীরও ভক্ষণ করে; ১৪ ও তাহার তাম্বুহইতে তাহার প্রত্যাশা উৎপাটিত হইয়া ভয়ানক রাজার কাছে তাহাকে লইয়া যায়। ১৫ এবং বিনাশ করণ পর্য্যন্ত বিপদ তাহার তাম্বুতে বাস করে, ও তাহার বাসস্থানে গন্ধক নিক্ষিপ্ত হয়। ১৬ নীচে তাহার মূল শুষ্ক হয়, এবং উপরেও তাহার শাখা ছিন্ন হয়। ১৭ পৃথিবীতে সকলেই তাহাকে বিস্মৃত হয়, ও রাজপথে কেহ তাহার নামও করে না। ১৮ সে আলোহইতে অন্ধকারে দূরীকৃত হয়, ও সংসারহইতে তাড়িত হয়। ১৯ লোকের মধ্যে তাহার পুত্র কি পৌত্র থাকে না, তাহার বাটীতে কেহই থাকে না। ২০ যেমন বর্ত্তমান লোকও তাহার দশাতে ভয়ে রোমাঞ্চিত হয়, তদ্রূপ ভবিষ্যল্লোকও চমৎকৃত হইবে। ২১ দেখ, দুষ্টের এ রূপ বসতি; যে জন ঈশ্বরকে জানে না, তাহার এই রূপ অধিকার।

১৯ অধ্যায়।

১ বিল্‌দদের প্রতি আয়ূবের উত্তর ৬ ও দুঃখের বিশেষ বর্ণনা, ২৩ ও কবরহইতে উত্থানের কথা।

১ অনন্তর আয়ূব্ উত্তর করিল, তোমরা কত ক্ষণ আমার ২ মনে ক্লেশ দিবা, ও বাক্যের আঘাতে আমাকে ভগ্ন করিবা? ৩ দশ বার আমাকে ভর্ৎসনা করিয়াছ; আমার প্রতি নিষ্ঠুরতা করিতে তোমাদের কি লজ্জা হয় না? ৪ যদ্যপি আমি ভ্রান্ত হই, তবে সেই ভ্রান্তির ফল আমার। ৫ তোমরা কি আমার উপরে দর্প করিবা? ও আমার বিরুদ্ধে আমার অপমানের কথা কহিবা?

৬ ঈশ্বর আমাকে নত করিয়াছেন ও আপন জালে বদ্ধ করিয়াছেন, ইহা জানিও। ৭ দেখ, অন্যায় প্রযুক্ত আর্ত্তনাদ করি, কিন্তু আমার কথা কেহ শুনে না; আমি উচ্চৈঃস্বরে কহিলেও কেহ বিচার করে না। ৮ তিনি আমার পথে এমত বেড়া দিয়াছেন, যে আমি তাহা লঙ্ঘিতে পারি না; এবং পথে অন্ধকারও স্থাপন করিয়াছেন। ৯ তিনি আমার মানের হানি করিয়াছেন, ও আমার মস্তকের মুকুট হরণ করিয়াছেন। ১০ চতুর্দ্দিগে আমাকে বিনাশ করিয়াছেন, তাহাতে আমি প্রায় গত হইয়াছি; তিনি বৃক্ষের ন্যায় আমার প্রত্যাশা ছেদন করিয়াছেন। ১১ আমার বিরুদ্ধে আপন ক্রোধ চালিয়াছেন, ও আমাকে শত্রুর ন্যায় গণনা করিয়াছেন। ১২ তাঁহার সৈন্যদল সকল একত্র হইয়া আমার বিরুদ্ধে জাঙ্গাল প্রস্তুত করিয়াছে, ও আমার তাম্বুর চতুর্দ্দিগে শীবির স্থাপন করিয়াছে।

[৬] যূব ৩০ ; ৯ ।।—[৮,৯] মল ৩ ; ১৩-১৮। প্র ২২ ; ১১।।—[১১-১৬] যূব ৭ ; ১-১০ ।।
[১৮ অধ্য ; ৩] যূব ১৬ ; ২ । ১৭ ; ২,৪ ।।—[৫-২১] ১৫ ; ২০-৩৫। ২০ ; ৪-২৯ ।।—[৫,৬] হি ১৩ ; ৯। ২৪ ; ২০। যূব ২১ ; ১৭ ।।—[৭] ৫ ; ১৩ ।।—[৮] গী ৯ ; ১৫,১৬ ।।—[১৪] যূব ৮ ; ১৩,১৪। ১১ ; ২০। য ৭ ; ২৬,২৭ ।।—[১৫] আ ১৯ ; ২৪,২৫। দ্বি ২৯ ; ২৩ ।।—[১৬] যিশ ৫ ; ২৪। আম ২ ; ৯ ।।—[১৭] হি ১০ ; ৭ ।।—[১৯] যিশ ১৪ ; ২২ ।।—[২১] ২ থি ১ ; ৬ ।।
[১৯ অধ্য ; ৬-২০] যূব ৩০ ; ৮-৩১ ।।—[৮] ৩ ; ২২ ।।—[১১] ১৩ ; ২৪ ।।—[১২] ১৬ ; ১৩ ।।

* (বা) বন্ধুকে স্তুতিবাদ করে। † (ইব্রি) সে। ‡ (ইব্রি) আপন প্রাণকে।

১৩ তিনি আমার জ্ঞাতিদিগকে আমাহইতে দূর করিয়াছেন, ও আমার পরিচিত লোকেরা অপরিচিতের ন্যায় ১৪ হইয়াছে। আমার কুটুম্বগণ আমাকে ত্যাগ করিয়াছে, ১৫ ও আমার মিত্রগণ আমাকে বিস্মৃত হইয়াছে। আমার গৃহের প্রবাসি লোক ও আমার দাসীগণ আমাকে অপরিচিতের ন্যায় জ্ঞান করে, আমি তাহাদের দৃষ্টিতে ১৬ বিদেশী হই। আমি আপনার দাসকে ডাকিলে সে উত্তর দেয় না, আমি আপন মুখে তাহাকে বিনয় করি। ১৭ আমার ভার্য্যার নিকটে আমার নিশ্বাস, ও আমার ঔরসজাত পুত্রের নিকটে আমার নিবেদন গর্হিত হয়*। ১৮ ক্ষুদ্র বালকেরাও আমাকে নিন্দা করে, আমি উঠিলে ১৯ তাহারা আমার প্রতিকূল কথা কহে। আমার আত্মীয় সখাগণ আমাকে ঘৃণা করে, ও আমার প্রিয়তম বন্ধুগণ ২০ আমার বিপরীত হয়। আমার মাংস ও চর্ম্ম দিয়া অস্থি নির্গত হয়, আমি কেবল অস্থি † চর্ম্ম বিশিষ্ট ২১ হইয়া জীবৎ আছি। হে আমার বন্ধুগণ, তোমরা আমাকে দয়া কর, দয়া কর, কেননা ঈশ্বরের হস্ত আ- ২২ মাকে আঘাত করিয়াছে। তোমরা ঈশ্বরের মত কেন আমার নিগ্রহ কর? আমার মাংস ভক্ষণ করিলেও কি তৃপ্ত হও না?

২৩ আহা, আমার কথা সকল যদি লিখিত হয়! তাহা ২৪ যদি পুস্তকে লিখিত হয়! এবং লৌহ কলম ও সীসাদ্বারা যদি পাষাণে লিখিত হইয়া চিরকাল থাকে! ২৫ কেননা আমার মুক্তিদাতা অমর ‡ হন, এবং শেষ ২৬ দিনে পৃথিবীতে দাঁড়াইবেন, ইহা আমি জানি। যদ্যপি আমার চর্ম্ম গেলে আমার মাংস ক্ষয় পায়, তথাচ আমি শরীরবিশিষ্ট হইয়া ঈশ্বরকে দর্শন করিব। ২৭ যদ্যপি আমার মধ্যে আমার অন্তর্বর্ত্তি বস্তুর ক্ষয় হয়, তথাপি আমি আপনার নিমিত্তে তাঁহাকে দেখিব, ও অন্যের চক্ষুরদ্বারা নহে, আপনার চক্ষুর ২৮ দ্বারা দেখিব। আমার মধ্যে সারকথা প্রাপ্ত হইলে তোমরা বলিবা, আমরা কেন তাহাকে তাড়না করি- ২৯ য়াছি? তোমরা খড়্গহইতে ভীত হও, কেননা তাঁহার দণ্ড অতি ভারি, অতএব তাঁহার শাস্তিতে সাবধান হও।

২০ অধ্যায়।

১ আয়ুবের প্রতি সোফরের উত্তর পাপিদের দুর্দ্দশা দেখাওন।

১ পরে নামাথীয় সোফর্ উত্তর করিল, আমার ভাবনা ৩ প্রযুক্ত আমাকে শীঘ্র উত্তর দিতে হয়। আমি আপন অপমানের কথা শুনিয়াছি, এ কারণ আমি মানসিক ৪ শক্তিদ্বারা উত্তর দিব। পূর্ব্বকালাবধি অর্থাৎ পৃথিবীতে মনুষ্য স্থাপনাবধি দুরাচারের আনন্দ ক্ষণমাত্র ৫ স্থায়ী ও কপটিদের আনন্দ নিমেষমাত্র স্থায়ী, এ কথা ৬ তুমি কি জান না? তাহার মহত্ত্ব যদি আকাশ পর্য্যন্ত ৭ উঠে, ও তাহার মস্তক যদি গগণ স্পর্শ করে; তথাপি সে আপন বিষ্ঠার ন্যায় সর্ব্বতোভাবে নষ্ট হয়, তাহাতে পূর্ব্ব দর্শনকারি লোকেরা কহে, সে কোথায়? ৮ সে স্বপ্নবৎ লুপ্ত হয়, § তাহাকে আর পাওয়া যায় না; ৯ সে রাত্রির স্বপ্নের ন্যায় দূরীকৃত হয়। যে চক্ষু তাহাকে দেখিয়াছে, সে আর দেখে না, ও আপন বাসস্থানে ১০ সে আর দৃষ্ট হয় না। তাহার সন্তানগণ দরিদ্রদিগকে তুষ্ট করিবে, এবং তাহার হস্ত তাহাদের দ্রব্য ফিরাইয়া দিবে। ১১ যদ্যপি তাহার অস্থি যৌবনশক্তিতে পূর্ণ থাকে, তথাপি সে তাহার সহিত ধূলায় শয়ন করে। ১২ যদ্যপি কুক্রিয়া তাহার মুখে মিষ্ট লাগে, ও যদ্যপি ১৩ সে তাহা জিহ্বার নীচে লুকাইয়া রাখে, ও যদ্যপি ভাল বাসিয়া তাহা ত্যাগ না করে, কিন্তু মুখের ১৪ তালুতে রাখে; তথাপি তাহার আহার উদরে গিয়া ১৫ বিকৃত হইয়া অন্তরে কালসর্পের গরলস্বরূপ হয়। সে ধন গ্রাস করে বটে, কিন্তু তাহা উদ্গীরণ করে; ঈশ্বর ১৬ তাহার উদরহইতে বমন করান। সে সর্পের বিষ চুষে ও ১৭ বিষধরের জিহ্বা তাহাকে নষ্ট করে। মধু ও নবনীত- ১৮ প্রবাহি স্রোত ও নদী সে দেখিতে পায় না। সে আপন পরিশ্রমের ফল ভোগ না করিয়া ফিরিয়া দেয়; ও তাহার যত ধন তত ব্যয় হইলে সে কিছু আনন্দ ১৯ পায় না। কেননা সে উপদ্রব করিয়া দরিদ্রগণকে ত্যাগ করে, এবং গৃহ নির্ম্মাণ না করিয়া পরের গৃহ হরণ ২০ করে। তাহার তৃষ্ণার ‖ শান্তি বোধ হয় না, এই কারণ ২১ সে আপনার মনোরথ সিদ্ধ করিতে পারে না; ও তাহার গ্রাসদ্বারা কিছু অবশিষ্ট থাকে না, একারণ তা- ২২ হার সম্পদ থাকে না। সে উন্নতির সময়ে বিপদগ্রস্ত হয়, ও তাবৎ প্রকার দুঃখ তাহাকে আক্রমণ করে। ২৩ তাহার উদর পূর্ণ করণ সময়ে ঈশ্বর তাহার উপরে ক্রোধাগ্নি নিক্ষেপ করেন, এবং তাহার ভোজন কালেও ২৪ তাহা বর্ষণ করেন। সে লৌহাস্ত্রহইতে পলাইলেও ২৫ পিত্তলের ধনুর্ব্বাণদ্বারা বিদ্ধ হয়। সেই বাণ তাহার অঙ্গহইতে আকৃষ্ট হইয়া বহির্গত হয়, ও তাহার হৃদয়হইতে দীপ্তিমান অস্ত্র নির্গত হয়, তাহাতে সে ২৬ ভয়গ্রস্ত হয়। সমুদায় অন্ধকার তাহার নিমিত্তে অদৃশ্য স্থানে সঞ্চিত হয়, ও অনির্ব্বাণ অগ্নি তাহাকে দগ্ধ করে, ও তাহার বাটীর অবশিষ্ট লোকের দুর্দ্দশা

[২১] যূব ৬; ১৪ ॥—[২৩,২৪] যূব ৩১; ৩৫-৩৭ ॥—[২৫-২৮] ১৩; ১৫। ১৪; ১২-১৫। ১৬; ১৯-২১। গী ১৭; ১৫। যো ৫; ২৮,২৯। ১৪; ৩। ১ ক ১৩; ১২। কল ৩; ৩,৪। ১ থি ৪; ১৬,১৭। ১ যো ৩; ২ ॥

[২০ অধ্য; ৪-১৬] যূব ১৫; ২০-৩৫। ১৮; ৫-২১ ॥—[৪-৭] ৮; ১১-১৯ ॥—[৬,৭] যিশ ১৪; ১৩-১৫। ওব ৩, ৪ ॥ [৭] গী ৫৮; ৮ ॥—[৯] যূব ৭; ৮,১০ ॥—[১০] প ১৮ ॥—[১৫] প ১৮ ॥—[১৭] প্র ২২; ৯ ॥—[১৮-২০] প ১০,১৫। হি ১৩; ২২। ৬ ৫; ১৩,১৪ ॥—[২৩] গী ১১; ৩৩,৩৪ ॥—[২৪] যিশ ২৪; ১৮। আম ৫; ১৯ ॥—[২৫] যূব ১৮; ১১। ২৭; ২০ ॥

* (বা) আমি আপন ভার্য্যার নিকটে ঔরসজাত পুত্রের অন্যে প্রার্থনা করিলেও তাহার প্রতি আমার নিশ্বাস গর্হিত হয়।
† (ইব্রু) দন্ত। ‡ (ইব্রু) জীবৎ। § (ইব্রু) উড়িয়া যায়। ‖ (ইব্রু) উদরের।

২৭ ঘটে। স্বর্গ তাহার অধর্ম্ম ব্যক্ত করে, ও পৃথিবী ২৮ তাহার প্রতিকূলে উঠে। তাহার বাটীর সম্পত্তি উড়িয়া যায়, এবং ক্রোধের দিনে তাহা বহিয়া যায়। ২৯ ঈশ্বরহইতে পাপির এই রূপ অংশ, ও ঈশ্বরহইতে তাহার এই নিরূপিত অধিকার।

২১ অধ্যায়।

১ সোফরের প্রতি আয়ূবের প্রত্যুত্তর ৭ ও পাপি লোকদের সম্পদ হওন ১৬ ও তাহাদেরও বিপদ হওন ২২ ও ভাল ও দুষ্ট লোকদের বিপদের কথা ২৭ ও ইতিহাসের কথা ৩১ ও তাহার এক দৃষ্টান্ত।

১ অনন্তর আয়ূব্ উত্তর করিল, তোমরা মনোযোগ ২ করিয়া আমার কথা শুন, তাহাই তোমাদের দত্ত ৩ শান্তি হইবে। ক্ষান্ত হও, আমি কথা কহি; কহনের ৪ পরে তোমরা পরিহাস করিও। মনুষ্যের প্রতি কি আমার কাতরোক্তি আছে? আমার আত্মা বা ৫ কাতর হইবে না কেন? আমাকে দেখিয়া চমৎকার ৬ বোধে মুখে হস্তার্পণ কর। আমি আপন দুঃখ স্মরণ করিয়া ভীত হই ও আমার সর্ব্ব শরীর কাঁপে।

৭ পাপি লোক বৃদ্ধ ও পরাক্রান্ত হইয়া কেন কাল- ৮ ক্ষেপ করে? তাহাদের সন্তান তাহাদের সম্মুখে ও তাহাদের উৎপন্ন সন্তান তাহাদের দৃষ্টিতে সর্ব্বদা ৯ থাকে। তাহাদের বাটী ভয়হইতে রক্ষা পায়, ও ১০ তাহাদের প্রতি ঈশ্বরের দণ্ড হয় না। তাহাদের বৃষ সঙ্গম করে, কিন্তু তাহার বীর্য্য স্খলন হয় না; ও তাহাদের গাভী গাভীন হয়, কিন্তু তাহার গর্ব্ভপাত ১১ হয় না। তাহারা বালকদিগকে পালের ন্যায় বাহির ১২ করে, ও তাহাদের সন্তানগণ নৃত্য করে। তাহারা তবল ও বীণা বাদ্য করে, এবং কক্ষবাদ্য শব্দেতে ১৩ আনন্দিত হয়। তাহারা সুখসম্ভোগে কাল যাপন করিয়া শেষে এক নিমেষের মধ্যে পরলোকে নামে। ১৪ তাহারা ঈশ্বরকে কহে, 'তুমি আমাদের নিকটহইতে ১৫ দূর হও, আমরা তোমার পথ জানিতে চাহি না। সর্ব্বশক্তিমান কে, যে আমরা তাঁহার সেবা করি? ও তাঁহার কাছে প্রার্থনা করণে আমাদের কি লাভ?'

১৬ দেখ, তাহাদের অদৃষ্ট তাহাদের হস্তগত নয়, ও ১৭ পাপিদের পরামর্শ আমাহইতে দূরে থাকুক। পাপিদের প্রদীপ কত বার নির্ব্বাণ হয়! তাহাদের প্রতি কত বার বিনাশ ঘটে! ঈশ্বর ক্রুদ্ধ হইয়া তাহাদের প্রতি ১৮ ক্লেশ বণ্টন করেন। তাহারা বায়ুর সম্মুখস্থ শুষ্ক তৃণের ১৯ ন্যায় হয়, ও ঝড়ের সম্মুখস্থ ভূষির ন্যায় হয়। ঈশ্বর আপন সন্তানগণের নিমিত্তে তাহাদের ধন* সঞ্চয় করেন, এবং তাহাদিগকে পাপের ফল দিলে তাহারা ২০ তাহা জ্ঞাত হয়। তাহাতে তাহারা আপনাদের চক্ষুতে বিপদ দেখে ও সর্ব্বশক্তিমানের ক্রোধ পান করে। ২১ তাহাদের বয়সের পরিমাণ সম্পূর্ণ না হইলে অবশিষ্ট বাটীতে তাহাদের কি সুখ হইতে পারে?

২২ ঈশ্বরকে কে জ্ঞান শিক্ষা দিতে পারে? তিনি মহ- ২৩ ল্লোকদের বিচার করেন। কেহ সম্পূর্ণ বল ও সর্ব্ব- ২৪ প্রকারে বিশ্রাম ও কুশল পাইয়া মরে। তাহার বক্ষঃস্থল মেদেতে† পরিপূর্ণ ও তাহার অস্থি মজ্জাতে সবল ২৫ থাকে। আর কেহ বা সুভোজন না পাইয়া প্রাণে ২৬ তিক্ত হইয়া মরে। এই দুই জনই এক রূপে ধূলায় শয়ন করে ও কীটেতে আচ্ছন্ন হয়।

২৭ দেখ, তোমাদের চিন্তা ও আমার বিরুদ্ধে তো- ২৮ মাদের মন্ত্রণা কি, তাহা আমি জানি। তোমরা বল, 'ভাগ্যবানের বংশ কোথায়? ও পাপিদের বস- ২৯ তির তাম্বু কোথায়?' তোমরা কি পথিকদিগকে জিজ্ঞাসা কর নাই? ও তাহাদের চিহ্ন কি জান না? ৩০ বিনাশের দিনের জন্যে পাপী রক্ষিত হয়, সে ক্রোধের দিনে উপনীত হইবে।

৩১ তথাচ তাহার সম্মুখে তাহার দোষারোপ করিতে কে পারে? ও কে তাহার পাপকর্ম্মের ফল দিতে ৩২ পারে? সে কবরে আনীত হয়, ও কবরস্থানে ৩৩ রক্ষিত হয়। ক্ষেত্রের ডেলা তাহার মিষ্ট বোধ হয়, ও তাহার অগ্র পশ্চাৎ সকল লোক গমন করে। ৩৪ তোমাদের উত্তরে এত ভ্রান্তি থাকিলে তোমরা আমাকে বৃথা সান্ত্বনা করিতে কেন চেষ্টা কর?

২২ অধ্যায়।

১ ইলীফসের উত্তর আয়ূব্‌কে দোষী করণ ১৫ ও পরমেশ্বরকে নির্দ্দোষ করণ ২১ ও আয়ূবের প্রতি পরামর্শ।

১ পরে তৈমনীয় ইলীফস্ উত্তর করিল, বিদ্বান লোক ২ আপনার ফলদায়ক আপনি হইতে পারে বটে, কিন্তু ৩ মনুষ্য কি ঈশ্বরের ফলদায়ক হইতে পারে? তোমার পুণ্য থাকাতে সর্ব্বশক্তিমানের কি সুখ? ও তোমার ৪ পথ সিদ্ধ হওয়াতে তাঁহার কি লাভ? তিনি কি তোমাকে ভয় করিয়া অনুযোগ করিবেন ও তোমার সহিত ৫ বিচারস্থানে যাইবেন? তোমার পাপ কি বিস্তর নয়? ৬ ও তোমার অধর্ম্ম কি অসংখ্য নয়? তুমি অকারণে আপন ভ্রাতাহইতে বন্ধক লইয়া থাক, ও অবস্ত্রির ৭ বস্ত্র হরণ করিয়া থাক। এবং পিপাসার্ত্তদিগকে জল

[২১ অধ্য; ৭-২৬] যূব ৯; ২২-২৪। ২৪। গী ৩৭। গী ৭৩।।—[৭] যির ১২; ১,২।।—[৮] গী ১৭; ১৪।।—[১১] প ৮। গী ১৭; ১৪।।—[১৩] যূব ২৪; ২৪।।—[১৪, ১৫] ২২; ১৭। ৩৪; ৯। যা ৫; ২।।—[১৬] যূব ২২; ১৮।।—[১৭] ১৮ ৫,৬। হি ১০; ৯। ২৪; ২০।।—[১৮] গী ১; ৪,৫।।—[১৯] যা ২০; ৫। হি ১৩; ২২; ২৮; ৮।।—[২২] রো ১১; ৩৩, ৩৪।।—[২৩-২৬] লূ ১৬; ১৯-২৩। হি ২৩; ১৭, ১৮।।—[২৬] উ ৯; ২,৩।।—[২৭, ২৮] যূব ১; ১৮,১৯। ৮; ১৫। ১৮; ১৯-২১।।—[৩০] গী ৫০; ২১। হি ১৬; ৪। লূ ১৬; ২৫। ২ পি ২; ৯।।

[২২ অধ্য; ২-৪] যূব ৩৫; ৬,৭।।—[৬] ৩১; ১৯, ২০।।

* (বা) তাহার সন্তানদের নিমিত্তে তাহার পাপ। † (ইব্র) দুগ্ধেতে।

৮দেও না, ও ক্ষুধিত লোককে খাইতে দেও না। তথাচ বলবান লোক পৃথিবীর অধিকার পায়, ও মহল্লোক ৯ তাহাতে বাস করে। তদ্ভিন্ন তুমি বিধবাদিগকে রিক্ত হস্তে বিদায় করিয়া থাক, ও পিতৃহীনদিগের উপায় ১০ নষ্ট করিয়া থাক। এই নিমিত্তে তোমার চতুর্দ্দিগে ফাঁদ আছে, ও অকস্মাৎ ভয় আসিয়া তোমাকে ব্যাকুল ১১ করে। এবং দৃষ্টির অগম্য অন্ধকার ও সমূহজল ১২ তোমাকে আচ্ছন্ন করে। স্বর্গের উচ্চস্থানে কি ঈশ্বর নাই? ও তারাগণ যত উচ্চস্থিত হউক, তাহাদের উপরি- ১৩ ভাগ কি দৃষ্টি করেন না? এই কারণ তুমি কহিতেছ, 'ঈশ্বর কি প্রকারে জানেন? তিনি কি কৃষ্ণবর্ণ নিবিড় ১৪ মেঘের মধ্য দিয়া বিচার করিতে পারেন? নিবিড় মেঘ তাঁহার দর্শনের আবরণ আছে, তিনি দেখিতে পান না, কেবল আকাশমণ্ডলে ভ্রমণ করেন।'

১৫ পূর্ব্বকালের যে সকল লোক হঠাৎ নষ্ট হইল, যাহা- ১৬ দের বাসগৃহ * প্লাবনেতে ভাসিয়া গেল, সেই দুষ্ট- ১৭ দের পথে কি তুমি চলিবা? তাহারা ঈশ্বরকে কহিল, 'তুমি আমাদের নিকটহইতে দূর হও! সর্ব্বশক্তিমান ১৮ আমাদের কি করিবেন?' যদ্যপি তিনি তাহাদের গৃহ উত্তম২ দ্রব্যে পরিপূর্ণ করিলেন, তথাপি পাপিদের ১৯ পরামর্শ আমাহইতে দূরে থাকুক। ধার্ম্মিকগণ তাহা- দিগকে দেখিয়া হাস্য করে, ও নির্দ্দোষ লোক ২০ তাহাদিগকে পরিহাস করে। 'আমাদের শত্রুগণ কি নষ্ট হয় নাই? ও তাহাদের উত্তম † দ্রব্য কি অগ্নিতে দগ্ধ হয় নাই?'

২১ তুমি ঈশ্বরের সহিত পরিচিত হইয়া শান্ত হও, ২২ তাহাতে তোমার মঙ্গল হইবে। বিনয় করি, তুমি তাঁহার মুখহইতে ব্যবস্থা গ্রহণ করিয়া সর্ব্বদা তাঁহার কথা ২৩ মনে রাখ। তুমি সর্ব্বশক্তিমানের প্রতি মতি ফিরাইলে উন্নতি পাইবা, অতএব তোমার তাম্বুহইতে অধর্ম্ম দূর ২৪ কর। তাহাতে তুমি ধূলীর ন্যায় সুবর্ণ সঞ্চয় করিতে পারিবা, এবং নদীর প্রস্তরের ন্যায় ওফীরের সুবর্ণ ২৫ সংগ্রহ করিতে পারিবা। সর্ব্বশক্তিমান তোমার সম্পত্তি ২৬ হইবেন, তাহাতে যথেষ্ট রূপা পাইবা। এবং সর্ব্ব- শক্তিমানে সন্তুষ্ট হইয়া ঈশ্বরের প্রতি আপন মুখ ২৭ তুলিতে পারিবা। এবং তুমি তাঁহার কাছে প্রার্থনা করিলে তিনি তোমার বাক্য শুনিবেন, তাহাতে তুমি ২৮ আপন মানত সিদ্ধ করিতে পারিবা। এবং তুমি কোন বিষয় মনস্থ করিলে তাহা সফল হইবে, ও তোমার ২৯ পথে আলো প্রকাশ পাইবে। এবং লোক অধঃপ- তিত হইলে তুমি কহিবা, 'উন্নতি হইবে, এবং অধো- মুখের পরিত্রাণ হইবে।' তুমি অপরাধিকে উদ্ধার ৩০ করিবা, এবং সে তোমার হস্তের পবিত্রতাতে উদ্ধৃত হইবে।

২৩ অধ্যায়।

১ ঈশ্বরকর্ত্তৃক বিচারিত হইতে আয়ূবের প্রার্থনা ও আপ- নাকে নির্দ্দোষ কল্পন ১৩ ও ঈশ্বরের প্রতি আয়ূবের ভয়।

১ পরে আয়ূব্ উত্তর করিল, অদ্য আমার বিলাপ অতি ২ ক্লেশদায়ক ‡ ও আমার কাতরতাহইতে আমার পী- ড়া ‖ ভারি। আঃ, আমি যদি তাঁহার উদ্দেশ পাইবার ৩ উপায় জানিয়া তাঁহার সিংহাসনের নিকটে উপস্থিত হইতে পারি! তবে আমি আপন বিচার তাঁহার গো- ৪ চর করিয়া নানা হেতুবাদে মুখ পূর্ণ করিব। এবং ৫ তিনি যাহা কহিবেন তাহা বুঝিব, ও আমার প্রতি কি কহিবেন তাহা বিবেচনা করিব। তিনি কি আপন মহা- ৬ পরাক্রমে আমার সহিত উত্তর প্রত্যুত্তর করিবেন? তাহা নয়, তিনি আপনি আমার সহায়তা করিবেন। কেননা সে স্থানে ধার্ম্মিক তাঁহার সহিত বিচার করিতে ৭ পারে, এবং আমি আপন বিচারকর্ত্তাহইতে উদ্ধার পাইতে পারি। দেখ, আমি অগ্রে২ গমন করি, কিন্তু ৮ তিনি সে স্থানে নহেন; ও পশ্চাৎ২ যাই, কিন্তু তাঁহাকে দেখিতে পাই না; এবং বামদিগে তাঁহার কর্ম্মস্থানে ৯ গেলেও তাঁহার দর্শন পাই না; এবং তিনি দক্ষিণ দিগে আপনাকে এমত গোপন করেন, যে আমি তাঁ- হাকে দেখিতে পাই না। তথাচ তিনি আমার গমনের ১০ পথ জ্ঞাত আছেন, এবং আমার পরীক্ষা করিলে আমি সুবর্ণের ন্যায় উত্তীর্ণ হইব। কেননা আমি তাঁহার পদ- ১১ চিহ্ন দিয়া গমন করি, ও তাঁহার পথহইতে আমার পাদ বিচলিত না হইয়া স্থির থাকে। এবং তাঁহার ১২ ওষ্ঠনির্গত আজ্ঞা লঙ্ঘন করি নাই, বরং আপন খা- দ্যহইতে § তাঁহার মুখের কথা অধিক মান্য ¶ করি।

তিনি সম্রাট; তাঁহাকে কে ফিরাইতে পারে? ১৩ তিনি আপন মনের ইচ্ছানুসারে কর্ম্ম করেন। তিনি ১৪ আমার নিয়তি সিদ্ধ করিবেন, এবং এই রূপ তাঁ- হার অনেক কর্ম্ম আছে। অতএব আমি তাঁহার ১৫ সাক্ষাতে ব্যাকুল আছি, এবং ইহার বিবেচনা করি- য়া তাঁহাহইতে ভীত হই। আমি অন্ধকারহইতে ও মুখাবরণকারি ঘোরান্ধকারহইতে ব্যাকুল হই না; ১৬ কিন্তু ঈশ্বর আমার মনকে ভগ্ন ** করেন, ও সর্ব্ব- ১৭ শক্তিমান আমাকে ব্যাকুল করেন।

---

[৭] যূব ৩১; ১৭।—[৯] ২৯; ১২,১৩।—[১৩,১৪] গী ১০; ১১। ৭৩; ১১। ৯৪; ৭।—[১৫-১৮] আ ৬; ১-৮। ৭; ১১-২৪।—[১৭] যূব ২১; ১৪,১৫।—[১৯,২০] প্র ১৬; ৫-৭।—[২১] হি ৩: ১৭।—[২২] গী ১; ২।—[২৩-২৫] হি ৩; ৯,১০। ১০; ২২। ১ রা ৩; ১-১৪।—[২৬] যূব ১১; ১৫। গী ৩৭; ৪। যিশ ৫৮; ১৪।—[২৭] গী ৫০; ১৪,১৫। ১১৬; ১,১৭,১৮। যিশ ৫৮; ৯।—[২৮] গী ১; ৩।—[২৯] ২ ক ১; ৪-৬। ১ পি ৫; ৫,৬।—[৩০] আ ১৮; ২৩,৩২। যূব ৪২; ৮,৯।
[২৩ অধ্যা; ৩-৭] যূব ১৩; ৩। ১৬; ২১।—[৮,৯] ৯; ১১। ১৩; ২৪।—[১০-১২] ১৩; ১৫,১৬। ১৬; ১৯। ১৯; ২৩-২৮। ৩১; ৩৫-৩৭।—[১৩] ২১; ২২। দা ৪; ৩৫।—[১৪] যূব ২১; ২২-২৬।—[১৫] ২১; ৬।—[১৬,১৭] ১৯; ৬,২১। গী ২২; ১।
* (ইব্রু) মূল। † (বা) অবশিষ্ট। ‡ (বা) তিক্ত। ‖ (ইব্রু) হস্ত। § (বা) বিধি বা অংশ। ¶ (ইব্রু) গোপন। ** (ইব্রু) কোমল।

২৪ অধ্যায়।

১ ইহকালে পাপিদের দণ্ড সর্ব্বদা না হওনের কথা ও কতক অরণ্য নিবাসির তাহার প্রমাণস্বরূপ হওন, ৯ ও উপদ্রবি লোকের প্রমাণস্বরূপ হওন, ১৩ ও বধকারি ও ব্যভিচারিদের প্রমাণস্বরূপ হওন, ১৮ ও নানাবিধ লোকের প্রমাণস্বরূপ হওন।

১ সর্ব্বশক্তিমানহইতে যদি সময় গুপ্ত না হয়, তবে যাহারা তাঁহাকে জ্ঞাত হয়, তাহারা কেন তাঁহার দিনজানিতে ২ পায় না? কেহ২ ভূমির পরিমাণচিহ্ন দূর করে, ৩ ও বলেতে মেষপাল হরণ করিয়া চরায়। তাহারা পিতৃহীনদিগের গর্দ্দভ তাড়িয়া দেয় ও বিধবার বলদ ৪ বন্ধক রাখে; এবং দরিদ্রদিগকে পথ বহির্ভূত করে, ৫ এবং দেশস্থ দীনহীনদিগকে লুক্কায়িত করে। দেখ, এই দরিদ্রেরা বন্য গর্দ্দভের ন্যায় ব্যবসায় করে, তাহারা যাইয়া খাদ্য অন্বেষণ করিলে তাহাদের ও ৬ তাহাদের বালকদের জন্যে বন্য খাদ্য প্রাপ্ত হয়। তাহারা ক্ষেত্রে খাদ্যার্থে শস্য ছিঁড়ে ও পাপিদের অব- ৭ শিষ্ট দ্রাক্ষাফল চয়ন করে; এবং বস্ত্ররহিত উলঙ্গ হইয়া শয়ন করে, এবং শীতকালে তাহাদের আচ্ছা- ৮ দনমাত্র থাকে না। তাহারা পর্ব্বতে বৃষ্টিতে ভিজে ও নিরাশ্রয় প্রযুক্ত পর্ব্বতকে আশ্রয় করে।

৯ আর কেহ২ পিতৃহীন দুগ্ধপোষ্য বালককে হরণ ১০ করে, ও দরিদ্রদিগের দ্রব্য বন্ধক রাখে। এবং লোককে বস্ত্র না দিয়া উলঙ্গ ভ্রমণ করায়, এবং ক্ষুধিত- ১১ দিগকে শস্যগুচ্ছ বহন করায়। এবং তৃষ্ণার্ত্ত লোকদিগকে আপন গৃহে তৈল প্রস্তুত করায়, ও দ্রাক্ষা যন্ত্র ১২ পীড়ন করায়। তাহাতে নগরনিবাসি লোকেরা মুমূর্ষু হইয়া কোঁকায়, ও ক্ষতবিক্ষত লোকেরা চীৎকার করে, তথাপি ঈশ্বর এই দোষেতে মনোযোগ করেন না।

১৩ আর কেহ২ আলোতে বিরক্ত হয়, ও তাহার গতি জানে না, ও তাহার আলোতে যায় না। ১৪ রাত্রি প্রভাতে বধকারিগণ উঠিয়া দরিদ্র ও নির্ধনদিগকে হত্যা করে, রাত্রিতে চৌরের ন্যায় ব্যবসায় ১৫ করে। পারদারিক লোকদের চক্ষু সন্ধ্যাকালের অপেক্ষা করে, এবং আপন মুখ আচ্ছাদন করিয়া* বলে, কেহ চক্ষুতে আমাকে দেখিতে পাইবে না। ১৬ তাহারা অন্ধকারে লোকের গৃহে সিঁধ কাটে, এবং দিনমানে লুক্কায়িত থাকে; তাহারা আলো দেখিতে ১৭ চাহে না। প্রাতঃকাল তাহাদের পক্ষে সর্ব্বতোভাবে মৃত্যুছায়ার ন্যায়, এবং তাহারা মৃত্যুচ্ছায়ার ন্যায় তাহা ভয়ানক জ্ঞান করে।

১৮ তাহারা স্রোতের ন্যায় বেগে বহিয়া যায়, এবং দেশেতে তাহাদের অধিকার শাপগ্রস্ত হয়, এবং ১৯ তাহারা দ্রাক্ষাক্ষেত্রে † বিহার করে না। অনাবৃষ্টি ও গ্রীষ্ম যেমন হিমানী জল নাশ ‡ করে, তদ্রূপ পরলোক ২০ পাপিদের নাশক। গর্ভ তাহাদিগকে বিস্মৃত হইলে তাহারা কীটের ভক্ষিত হইবে ও কাহারো স্মরণে থাকিবে না; এমত হইলে পাপ ভগ্ন বৃক্ষের ন্যায় হয়।

২১ তিনি অপ্রসূতি বন্ধ্যা স্ত্রীকে হিংসা করেন, এবং ২২ বিধবার হিত করেন না। এবং আপনার বলদ্বারা বলবানকে রক্ষা করেন, ও তাহার প্রাণের প্রত্যাশা ২৩ না থাকিলে তাহাকে উঠান। তিনি যাহাকে আশ্রয় দেন, সে নিরাপদে থাকে; কিন্তু তাহাদের পথে ২৪ তাঁহার দৃষ্টি থাকে। তাহারা উন্নতি পায় বটে, কিন্তু অল্প দিনের মধ্যে লুপ্ত হয়, ও অন্যদের ন্যায় মগ্ন ‖ হইয়া বিনষ্ট হয়, এবং শস্যের শিশের অগ্রভাগের ২৫ ন্যায় ছিন্ন হয়। এই রূপ যদি না হয়, তবে আমাকে মিথ্যাবাদী কে করিবে? ও আমার কথা নিরর্থক কে কহিবে?

২৫ অধ্যায়।

১ বিল্‌দদের উত্তর ঈশ্বরকে নির্দ্দোষ ও মনুষ্যকে দোষী করণ।

১ পরে শূহীয় বিল্‌দদ্ উত্তর করিল, ‘শাসনপদ ও ভয়া- ২ নকত্ব তাঁহার; তিনি উচ্চস্থানে থাকিয়া সম্পূর্ণ রূপে ৩ মঙ্গল করেন। তাঁহার সৈন্য কি অসংখ্য নয়? ও তাঁহার দীপ্তি কাহার উপরে উদয় না পায়? অতএব ৪ ঈশ্বরের নিকটে মর্ত্ত্য কি প্রকারে পুণ্যবান হইতে পারে? ও স্ত্রীজাত কি রূপে নির্ম্মল হইতে পারে? ৫ দেখ, চন্দ্রও তাঁহার কাছে নিস্তেজ, ও তারাগণ ৬ তাঁহার দৃষ্টিতে মলিন; তবে কীটস্যকীট মর্ত্ত্য কি? ও কৃমি সদৃশ মনুষ্য সন্তান কি?’

২৬ অধ্যায়।

১ বিল্‌দদের প্রতি আয়ূবের উত্তর ও ঈশ্বরের মহিমা প্রকাশ করণ।

১ তাহাতে আয়ূব্ উত্তর করিল, তুমি কি রূপে শক্তি- ২ হীনের উপকার করিতেছ! ও কি রূপে দুর্ব্বল হস্ত ৩ রক্ষা করিতেছ! এবং কি রূপে মূর্খকে পরামর্শ দিতেছ! এবং কিরূপে যথেষ্ট জ্ঞান প্রকাশ করিতেছ! ৪ তুমি কাহার পক্ষে কথা কহিতেছ? তোমাহইতে কা- ৫ হার বুদ্ধি নির্গত হইতেছে? ‘জলের নীচস্থ প্রেত লোক ৬ ও তৎসহবাসিগণ কম্পিত হয়; এবং তাঁহার সম্মুখে নরক অনাবৃত আছে, এবং বিনাশের স্থান আচ্ছা- ৭ দিত নাই। তিনি শূন্যের মধ্যে পৃথিবীর উত্তরকেন্দ্র

[২৪ অধ্যা; ১] প ২৫। গী ৭৩; ১৩-১৭ ॥—[৭] যা ২২; ২৬,২৭ ॥—[১৩-১৭] যো ৩; ২০,২১। যিশ ২৯; ১৫॥—[১৫] হি ৭; ৮,১৮॥—[১৬] গী ১০৪; ২১,২২ ॥—[১৮-২০] যূব ২১; ১৬-২১,২৯,৩০ ॥—[২০] হি ১০; ৭॥—[২৩] গী ৫০; ২১ ॥—[২৪] যূব ২১; ১৩,২৯,৩০। গী ৭৩; ১৮-২০ ॥

[২৫ অধ্যা; ২] লূ ২; ১৪। প্র ১৫; ৪॥—[৩] দা ৭; ৯,১০। যিশ ৪৫; ৭॥—[৪-৬] যূব ৪; ১৭-২১। ১৪; ৪। ১৫; ১৪-১৬॥

[২৬অধ্যা; ২-৪] যূব ১৯; ২,৩॥—[৫] যাক ২; ১১॥—[৬] হি ১৫; ১১॥—[৭] যূব ৩৮; ৪-৬। যিশ ৪০; ১২,২২॥

* (ইব্র) গোপনে রাখিয়া। † (ইব্র) দ্রাক্ষাক্ষেত্রের পথে। ‡ (ইব্র) হরণ। ‖ (ইব্র) লীন বা নত।

বিস্তীর্ণ করেন, ও শূন্যের উপরে পৃথিবীকে ঝুলান; ৮ এবং নিবিড় মেঘেতে জল বন্ধ করেন, ও তাঁহার ৯ ভারে মেঘ ছিন্নভিন্ন হয় না; এবং তিনি আপন সিংহাসনের মুখ আচ্ছাদন করেন, ও মেঘদ্বারা তাহা আ- ১০ বৃত করেন। তিনি অন্ধকারহইতে দীপ্তিকে পৃথক ক- ১১ রিতে সমুদ্রের পরিসীমা নিরূপণ করেন। তিনি অনুযোগ করিলে আকাশমণ্ডলের স্তম্ভ কম্পান্বিত ও চমৎ- ১২ কৃত হয়। তিনি আপন পরাক্রমে জলরাশির ক্ষোভ জন্মান, ও আপন বুদ্ধিতে তাহার অহঙ্কার ভঙ্গ করেন। ১৩ তিনি আপন আত্মাদ্বারা আকাশকে অলঙ্কৃত করিয়াছেন, ও হস্তদ্বারা বক্রগামি * সর্পের সৃষ্টি করিয়া- ১৪ ছেন। দেখ, তাঁহার কর্ম্মের এই লেশমাত্র হয়; তাঁহার বিষয়ে কাকলীমাত্র শুনা যায়। তবে তাঁহার পরাক্রমরূপ গর্জ্জন কে বুঝিতে পারে?'

২৭ অধ্যায়।

১ আয়ুবের আপনাকে নির্দ্দোষ করণ ৮ ও আপনার অকাপট্য প্রকাশ করণ ১৩ এ ইহকালে পাপিদের কদাচিৎ দণ্ড হওনের স্বীকার করণ।

১ পরে আপন প্রসঙ্গদ্বারা আয়ূব্ পুনর্ব্বার এই রূপ ২ কহিল, যে ঈশ্বর আমার বিচার অগ্রাহ্য করেন, ও যে সর্ব্বশক্তিমান আমার প্রাণে ক্লেশ দেন, তিনি যদি নিত্য ৩ হন, তবে আমার প্রাণ থাকিতে ও আমার নাসিকাতে ৪ ঈশ্বরদত্ত প্রাণবায়ু থাকিতে আমার ওষ্ঠ দুষ্ট কথা কহিবে না, ও আমার জিহ্বা প্রতারণা করিবে না। ৫ আমি তোমাদিগকে যাথার্থিক বলি, এমত যেন না হয়; ৬ আমি প্রাণ থাকিতে আপন যথার্থতা ত্যাগ করিব না। আমার ধর্ম্ম আমি রক্ষা করিব, কখনো ছাড়িব না; আমি জীবৎ থাকিতে আমার মন আমাকে † নিন্দা করিবে ৭ না। আমার শত্রু পাপিষ্ঠের মধ্যে, ও যে জন আমার বিরুদ্ধে উঠে, সে অধার্ম্মিকের মধ্যে গণ্য হউক।

৮ কপটি লোক ধন সঞ্চয় করিলেও যদি ঈশ্বর তাহার প্রাণ হরণ করেন, তবে তাহার প্রত্যাশা কি আছে? ৯ তাহার ক্লেশের সময়ে ঈশ্বর কি তাহার আর্ত্তনাদ ১০ শুনিবেন? সে কি সর্ব্বশক্তিমানেতে সন্তুষ্ট হইবে? ১১ এবং ঈশ্বরের কাছে নিত্য প্রার্থনা করিবে? আমি ঈশ্বরের সহায়তাদ্বারা ‡ তোমাদিগকে উপদেশ করিব, ও সর্ব্বশক্তিমানের নিকটে যাহা আছে, তাহা গো- ১২ পনে রাখিব না। তোমরা সকলেই তাহা দেখিয়াছ, তবে কেন এমত অলীক কথা কহিতেছ?

১৩ পাপি লোক ঈশ্বরের নিকটহইতে যে ভোগ পায়, এবং উপদ্রবী সর্ব্বশক্তিমানের নিকটহইতে যে অধিকার পায় তাহা এই। তাহাদের সন্তান বাহুল্য হইলে ১৪ খড়্গে নষ্ট হয়, এবং তাহাদের বংশ ভক্ষ্যেতে তৃপ্ত হয় না; ও তাহাদের অবশিষ্ট লোকেরাও ১৫ মৃত্যুগ্রস্ত হয়; এবং তাহাদের বিধবাগণ ক্রন্দন করে না। সে যদি ধূলির ন্যায় রূপ্য সঞ্চয় ও মৃত্তিকার ১৬ ন্যায় বস্ত্র প্রস্তুত করে, তথাপি প্রস্তুত করিলে পর ১৭ ধার্ম্মিক লোক সে বস্ত্র পরিধান করে, ও নির্দ্দোষ লোক সেই রূপ্য বিভাগ করিয়া লয়। প্রজাপতির ১৮ বাসার ন্যায় ও ক্ষেত্ররক্ষকের কুড়িয়ার ন্যায় তাহার গৃহ নির্ম্মিত হয়। ধনবান মহানিদ্রিত হইয়া সংগৃহীত ১৯ হয় না; সে আপন চক্ষু উন্মীলন করিয়া থাকে না। যেমন জলপ্লাবনেতে তদ্রূপ সে ভয়েতে মগ্ন হয়, কিম্বা ২০ রাত্রিতে তাহাকে ঝড়ে উড়াইয়া লয়। পূর্ব্বীয় বায়ু তা- ২১ হাকে উড়াইয়া লয় ও ঝড়ের ন্যায় তাহার স্থানহইতে তাহাকে নিক্ষেপ করে। যদ্যপি ঈশ্বরের হস্তহইতে ২২ পলায়ন করিতে তাহার বাঞ্ছা, তথাপি তিনি ক্ষমা না করিয়া তাহার উপরে আক্ষেপ করেন; এবং লো- ২৩ কেরা তাহাকে হাততালি ও শিশ দিয়া তাহার স্থানহইতে তাহাকে দূর করে।

২৮ অধ্যায়।

১ পদার্থ বিষয়ে মানুষের বাহুল্য জ্ঞান হওনের কথা ১২ ও পারমার্থিক জ্ঞানের মূল্যের কথা ২০ ও পরমার্থ বিষয়ে জ্ঞানের দুষ্প্রাপ্য হওনের কথা।

১ রূপার আকর আছে, এবং পরিষ্কৃত সুবর্ণের স্থান ২ আছে; এবং পৃথিবীহইতে লৌহ গৃহীত হয়, ও ৩ প্রস্তরহইতে পিত্তল নীত § হয়। মনুষ্য খনন করিয়া অন্ধকারের পরিশেষ করে, এবং সম্পূর্ণ রূপে অন্ধকারময় ও মৃত্যুচ্ছায়ারূপ শৈলের অনুসন্ধান করে। ৪ তাহারা বাসস্থানের নিকটহইতে আকর খনন করে, এবং পদব্রজে না চলিয়া নীচে নামে ও মনুষ্যদিগকে ৫ ছাড়িয়া ভ্রমণ করে। আর যে মৃত্তিকাহইতে শস্যোৎপত্তি হয়, তাহার অধোহইতে অগ্নিবৎ তেজস্কর ৬ দ্রব্য উৎপন্ন হয়। তাহার প্রস্তরহইতে নীলকান্ত ৭ মণি জন্মে, ও সেস্থানে সুবর্ণ ধাতু থাকে। সেই পথ তাবৎ পক্ষির অজ্ঞাত ও গৃধ্রচক্ষুর অগোচর আছে; ৮ এবং সিংহশাবকের অগম্য ও পিঙ্গলবর্ণ সিংহের ৯ অলংঘ্য আছে। মনুষ্য দৃঢ় শৈলেতে হস্তার্পণ ১০ করে ও পর্ব্বতদিগকে সমূলে উৎপাটন করে। এবং পর্ব্বতের মধ্যে খাত খনন করে, ও তাহার চক্ষু নানা

---

[৮] হি ৩০; ৪ ॥—[৯] যিশ ৬; ১,৪ ॥—[১০] আ ১; ৬-১০ ॥—[১১] ২ শি ২২; ৮ ॥—[১২] যূব ৩৮; ৮-১০। যূ ১; ৪,১৩-১৬। গী ১০৭; ২৩-৩২ ॥—[১৩] গী ৩৩; ৬। যিশ ৪০; ২৬ ॥—[১৪] যূব ১১; ৭-৯ ॥

[২৭ অধ্য; ২-৬] যূব ২; ৯,১০। ৬; ১০,২৮-৩০। ১০; ৭,১৫। ১৩; ১৫,১৬। ১৬; ১৯,২০। ১৯; ২৩-২৮। ২৩; ১০-১২। ৩১; ৩৫-৩৭ ॥—[৮-১০] লূ ১২; ১৬-২১। যূব ১০; ১৪,১৫। ১৩; ১৬। ২১; ১৬-২১ ॥—[১৩-২৩] ২১; ১৮-২১,২৯,৩০ ॥ [১৪,১৫] গী ৩৭; ২৮ ॥—[১৬,১৭] হি ১৩; ২২। ২৮; ৮ ॥—[১৮] গী ৩৭; ১০। যূব ৮; ১৫ ॥—[১৯] গী ৭৩; ১৮-২০ ॥ [২০] যূব ১৮; ১১। ২০; ২৫ ॥—[২৩] ২২; ১৯,২০। যিশ ১৪; ৪-২০ ॥

* (বা) পলায়নকারি। † (বা) আমার মন আমার গত আয়ুর দোষ করে না। ‡ (ইব) হস্তদ্বারা। § (ইব্র) দ্রবীভূত।

১১ প্রকার মণি দর্শন করে। এবং সে জলস্রোত * বদ্ধ
করে, ও অপ্রকাশিত বস্তু দীপ্তিতে আনে।
১২ কিন্তু জ্ঞান কোথা প্রাপ্ত হয়? ও বুদ্ধিস্থানই বা
১৩ কোথায়? মনুষ্য তাহার মূল্য জানে না, ও মর্ত্য ভূমিতে
১৪ তাহা প্রাপ্ত হয় না। গভীর স্থান বলে, তাহা আমাতে
১৫ নাই; এবং সমুদ্র বলে, তাহা আমাতেও নাই। তাহা
নির্ম্মল সুবর্ণদ্বারাও প্রাপ্ত † হইতে পারে না, এবং
১৬ রূপাতেও তাহার মূল্য হয় না। ওফীরের সুবর্ণ ও
বহুমূল্য মাণিক ও নীলকান্তমণি তাহার তুল্য মূল্য
১৭ হয় না; এবং স্বর্ণ ও স্ফটিক তাহার তুল্য হইতে
পারে না, এবং তাহার পরিবর্ত্তে উত্তম স্বর্ণাভরণও
১৮ দত্ত হইতে পারে না। তাহার কাছে প্রবাল ও মুক্তার
প্রসঙ্গও করা যায় না, কেননা পদ্মরাগমণির মূল্য
১৯ অপেক্ষাও জ্ঞানের অধিক মূল্য হয়। কূশ্ দেশীয়
পদ্মরাগমণিও তাহার তুল্য নয়, এবং নির্ম্মল সুবর্ণও
তাহার তুলনা ধরিতে পারে না।
২০ অতএব সর্ব্ব প্রাণির চক্ষুর অগোচর ও শূন্যের
২১ পক্ষির অদৃষ্ট যে জ্ঞান, তাহা কোথাহইতে আইসে?
২২ এবং বুদ্ধিরই বা বাসস্থান কোথায়? বিনাশ ও মৃত্যু
২৩ কহে, আমরা স্বকর্ণে তাহার কীর্ত্তি শুনিয়াছি। ঈশ্বর
তাহার পথ জানেন; তিনি তাহার বাসস্থান জানেন।
২৪ কেননা তিনি পৃথিবীর সীমা পর্য্যন্ত দৃষ্টি করেন, ও
২৫ আকাশমণ্ডলের নীচস্থ সর্ব্বত্র দর্শন করেন। তিনি
যে সময়ে বায়ুর গুরুত্বা নিরূপণ করিলেন, ও পরিমাণ
২৬ দ্বারা জল পরিমিত করিলেন, এবং বৃষ্টির ধারা ও
২৭ বিদ্যুৎ ও মেঘগর্জ্জনের পথ নিরূপণ করিলেন, তৎ-
কালে তাহা দেখিয়া প্রকাশ ‡ করিলেন, ও প্রস্তুত
২৮ করিয়া স্পষ্ট করিলেন। এবং মনুষ্যকে কহিলেন,
দেখ, প্রভু বিষয়ক যে ভয় সেই জ্ঞান; এবং কুক্রি-
য়ার যে ত্যাগ সেই বুদ্ধি।

২৯ অধ্যায়।

১ আয়ূবের আপন পূর্ব্বের সৌভাগ্য বিষয়ে বিলাপ করণ,
২১ ও পূর্ব্বের সম্ভ্রমের বিষয়ে বিলাপ করণ।

১ পরে আয়ূব্ আপন প্রসঙ্গক্রমে আরো কহিতে
২ লাগিল, যে গত মাসে ঈশ্বর আমাকে রক্ষা করি-
তেন, তৎকালে আমার যে২ রূপ অবস্থা ছিল,
৩ তাহা যদি এখন ঘটিত! তখন তাঁহার প্রদীপদ্বারা
আমার মস্তক দীপ্তিমান ছিল, এবং তাঁহার আলো-
৪ দ্বারা অন্ধকারের পথদিয়া গমন করিতাম। তৎকালে
আমি উত্তম § অবস্থাতে ছিলাম, ঈশ্বরের অনুগ্রহ
৫ আমার বাসস্থানে অবস্থিতি করিত; এবং সর্ব্বশক্তি-
মান আমার নিকটে ছিলেন, ও আমার সন্তানগণ
৬ আমার চতুর্দ্দিগে ছিল; এবং আমার গমনকালে
আমি নবনীতে আপন চরণ প্রক্ষালন করিতাম,
ও আমার নিমিত্তে পর্ব্বত তৈলের নদী বহাইত;
ও আমি নগরের মধ্য দিয়া নগরদ্বারে গমন করিলে ৭
ও বিচারস্থানে আসন প্রস্তুত করিলে, যুবগণ আ- ৮
মাকে দেখিয়া লুকাইত, ও বৃদ্ধ লোকেরা উঠিয়া
দাঁড়াইত; ও অধ্যক্ষগণ কোন কথা না কহিয়া ৯
আপন২ মুখে হস্ত দিয়া থাকিত; এবং কুলীনেরা ১০
অবাক ‖ হইয়া রহিত, ও তাহাদের জিহ্বা তালুয়াতে
লাগিত; ও কর্ণ আমার কথা শুনিয়া আশীর্ব্বাদ ১১
করিত, ও চক্ষু আমার প্রতি দৃষ্টি করিয়া প্রশংসা
করিত। কারণ আমি চীৎকারকারি দীনহীন ও পিতৃ- ১২
হীন ও উপকারহীনদিগকে উদ্ধার করিতাম। তাহাতে ১৩
মুমূর্ষুর আশীর্ব্বাদ আমাতে ঘটিত; আমি বিধবাকে
মনের আনন্দজনক গান করাইতাম। আমি ধর্ম্ম পরি- ১৪
ধান করিতাম, ও তাহা আমার বস্ত্রস্বরূপ ছিল; এবং
ন্যায় করণ আমার রাজবস্ত্র ও উষ্ণীষস্বরূপ ছিল।
আমি অন্ধদের চক্ষু ও খঞ্জদের চরণস্বরূপ ও দরিদ্র- ১৫
গণের পিতাস্বরূপ ছিলাম; এবং যাহার বিচার না ১৬
জানিতাম, তাহার অনুসন্ধান করিতাম; এবং দুষ্টদের ১৭
কসের দন্ত ভগ্ন করিয়া কসের দন্তের মধ্যহইতে হৃত
বস্তু সকল উদ্ধার করিতাম; এবং কহিতাম, ‘ আমি ১৮
আপন বাসস্থানে মরিব; আমার দিন বালুকার ন্যায়
বর্দ্ধিত হইবে। জলের মধ্যে আমার মূল বিস্তৃত ¶ ১৯
হইবে, এবং সমস্ত রাত্রি আমার শাখাতে শিশির
থাকিবে। আমার অতি প্রবল ** প্রতাপ হইবে, ২০
ও আমার ধনুক আমার হস্তে পুনর্নূতনীকৃত হইবে।
তখন সকল লোক আমার কথা শুনিতে মনোযোগ ২১
করিত, এবং আমি পরামর্শ দিলে নীরব হইয়া
শুনিত। আমার কথার শেষ হইলেও কিছু উত্তর ২২
দিত না; আমার কথা তাহাদের উপরে বৃষ্টির ন্যায়
বর্ষিত। যেমন বৃষ্টির প্রতীক্ষা করে, তদ্রূপ তাহারা ২৩
আমার প্রতীক্ষা করিত; এবং শেষ বৃষ্টিতে যেমন
মুখ ব্যাদান করা যায়, তদ্রূপ মুখ বিস্তার করিত।
আমি তাহাদের প্রতি হাস্য করিলেও তাহারা প্রত্যয় ২৪
করিতে সমর্থ হইত না, এবং আমার মুখের প্রসন্ন-
তাতে তাহারা অপ্রসন্ন হইত না। আমি তাহাদের পথ ২৫
মনোনীত করিয়া প্রধানের ন্যায় বসিতাম; সৈন্যের
মধ্যে যেমন রাজা ও শোকার্ত্ত লোকের মধ্যে যেমন
সান্ত্বনাকর্ত্তা থাকে, তদ্রূপ আমি তাহাদের মধ্যে
বাস করিতাম।

৩০ অধ্যায়।

১ আয়ূবের সম্ভ্রমের পরিবর্ত্তে নিন্দাভোগ করণের কথা। ১৫ ও
তাহার দুঃখের বর্ণনা। ২৫ ও তাহার খেদওক্তি।

[২৮ অধ্যা; ১২-২২] হি ৩; ১৩-২৫। ৮; ১০,১১,১৯॥—[২৩-২৭] হি ৮; ২৭-৩১॥—[২৮] গী ১১১; ১০। হি ১; ৭। ৯; ১০॥
[২৯ অধ্যা; ২-১০] যূব ১; ১-৫॥—[১২,১৩] ২২; ৯॥—[১৫] ২২; ৬,৯॥—[১৭] ২২; ৮॥—[১৯] গী ১; ৩॥—[২০] আ ৪৯; ২৪॥

* (ইব্রী) নদীর রোদন। † (ইব্রী) তাহার পরিবর্ত্তে নির্ম্মল সুবর্ণ দত্ত। ‡ (ইব্রী) গণনা। § (ইব্রী) ফল চয়ন। ‖ (ইব্রী) গুপ্তবাক্য।
¶ (ইব্রী) মুক্ত। ** (ইব্রী) নবীন।

১ আমাহইতে কনিষ্ঠ যে সকল যুবলোক এইক্ষণে আমাকে নিন্দা করে, তাহাদের পিতাদিগকে আমি ২ পালরক্ষক কুক্কুরের সহিত রাখিতেও অবজ্ঞা করিতাম; তাহাদের যৌবনাবস্থা নষ্ট হওয়াতে তাহাদের ৩ ভুজবলেতে আমার কি ফল? তাহারা দরিদ্রতা ও কঠিন * অন্নাভাব প্রযুক্ত পূর্ব্বশূন্য ও নির্জ্জন প্রান্তরে ৪ পলায়ন করিত; এবং খাদ্যের নিমিত্তে ঝোড়ের নি-৫ কটে রেতমবৃক্ষের মূল ও মালোক শাক কাটিত। তাহারা মনুষ্যের নিকটহইতে তাড়িত হইলে লোকেরা ৬ চোরের ন্যায় তাহাদের পশ্চাৎ২ ডাকিত। এবং তাহারা ভয়ানক জোলে ও গর্ত্তে ও পর্ব্বতের গুহাতে ৭ বাস করিত। তাহারা ঝোড়ের মধ্যে থাকিয়া চীৎ-৮ কার করিত, ও গোক্ষুর বনে একত্র হইত। এমন অসভ্য ও নীচ † লোকের যে সন্তানগণ দেশহইতে ৯ তাড়িত ছিল, আমি এইক্ষণে তাহাদের গানের ১০ বিষয় ও হাস্যাস্পদ হইয়াছি। তাহারা আমাকে ঘৃণা করে, ও আমাহইতে দূরে থাকে, এবং আ-১১ মাকে দেখিয়া আমার মুখে থুথু ফেলে। তাহারা আমার শাসনরূপ বন্ধন ছেদন করিয়া আমাকে দুঃখ দেয়, ও আমার সাক্ষাতে আপন২ মুখের ১২ বল্‌গা ফেলিয়া দেয়। এবং সর্প বংশস্বরূপ হইয়া আমার দক্ষিণে উঠিয়া আমার পদ ঠেলে ও আমার ১৩ বিনাশের পথ প্রস্তুত করে। এবং প্রবৃত্তি না পাইলেও আমার পথ রোধ করিয়া আমার বিপদ বৃদ্ধি ১৪ করে। তাহারা প্রবল তরঙ্গের ন্যায় আগমন করে, ও প্রলয়কালীয় প্লাবনের ন্যায় দৌড়িয়া আইসে।

১৫ সর্ব্বপ্রকার ভয় আমাকে আক্রমণ করিতেছে, এবং আমার সম্ভ্রম বায়ুর ন্যায় দূরীকৃত হইতেছে, ও ১৬ মেঘের ন্যায় আমার কুশল গত হইতেছে। এইক্ষণে আমার প্রাণ দ্রব হইতেছে, ও দুঃখের দিন আমাকে ১৭ গ্রাস করিতেছে। রাত্রিতে আমার সকল হাড় ফুটে, ও ১৮ আমার কোন শিরাতেই স্বাস্থ্য হয় না। অতি বল করিয়া আমার বস্ত্র খুলিতে হয়, কেননা বদ্ধ জামার ১৯ ন্যায় তাহা আমাতে আঁটিয়া থাকে। আমি পঙ্কেতে মগ্ন আছি, এবং ধূলা ও ভস্মের ন্যায় হইতেছি। ২০ আমি তোমাকে ডাকিলে তুমি উত্তর দেও না; আমি দাঁড়াইয়া থাকিলে তুমি আমার প্রতি কেবল নিরীক্ষণ ২১ করিতেছ। তুমি আমার প্রতি নির্দ্দয়তা করিতেছ, ২২ আপন ভুজবলেতে আমাকে তাড়না করিতেছ। তুমি আমাকে লইয়া বায়ুর উপরে আরোহণ করাইতেছ, ২৩ ও আমার শরীর ‡ চূর্ণ ‖ করিতেছ। তুমি আমাকে মৃত্যুতে ও তাবৎ জীবিত লোকদের নিরূপিত গৃহে ২৪ আনিতেছ, তাহা জানি। কিন্তু তুমি কবর পর্য্যন্ত হস্ত নিক্ষেপ করিবা না, ও কবরে ত্রাহি২ শব্দ হইবে না।

আমি বিপদগ্রস্তের নিমিত্তে কি ক্রন্দন করিলাম ২৫ না? দীনহীনের নিমিত্তে শোকাকুলচিত্ত হইলাম না? আমি মঙ্গলের প্রার্থনা করিলাম, কিন্তু অমঙ্গল আ-২৬ ইল; ও আলোর অপেক্ষা করিলাম, কিন্তু অন্ধকার উপস্থিত হইল। আমার অন্ত্র প্রজ্বলিত হইল, তা-২৭ হার শান্তি হইল না, আমার দুরবস্থা আমার সঙ্গে২ চলিল। আমি ব্যাকুল হইয়া সূর্য্য বিহীনে ভ্রমণ ২৮ করিলাম, ও উঠিয়া মণ্ডলীতে বিলাপ করিলাম। আমি ২৯ নাগগণের ভ্রাতৃতুল্য ও উষ্ট্রপক্ষির বন্ধুতুল্য হইতেছি। আমার গাত্রচর্ম্ম কৃষ্ণবর্ণ হইতেছে, আমার অস্থি ৩০ তাপেতে দগ্ধ হইতেছে। এবং আমার বীণার হাহা-৩১ কার রব হইতেছে, ও আমার কক্ষবাদ্যহইতে ক্রন্দনের স্বর নির্গত হয়।

৩১ অধ্যায়।

১ আয়ূবের কর্ম্মের নির্দ্দোষতা ১৩ ও দাসগণের প্রতি তাহার নির্দ্দোষতা ১৬ ও দরিদ্র লোকের প্রতি তাহার নির্দ্দোষতা ২৪ ও অন্য নানা কর্ম্মে নির্দ্দোষতা ৩৫ ও ঈশ্বরের বিচারার্থে প্রার্থনা।

আমি আপনার চক্ষুর সহিত নিয়ম করিয়াছি; অত-১ এব যুবতির প্রতি কামভাবে দৃষ্টি কেন করিব? কে-২ ননা ঊর্দ্ধস্থিত ঈশ্বরহইতে পাপির কি অংশ আছে? ও উপরিস্থিত সর্ব্বশক্তিমানহইতে তাহার কি অধিকার আছে? পাপি লোকের কি বিনাশ হইবে না? ও ৩ দুষ্কৃত লোকদের কি ভয়ানক শাস্তি হইবে না? তিনি ৪ কি আমার গতি দেখেন না, ও আমার পাদবিক্ষেপ গণনা করেন না? আমি যদি লম্পটতাচরণ করিয়া ৫ থাকি ও আমার চরণ মিথ্যাপথে দ্রুতগামী হইয়া থাকে, তবে ঈশ্বর ধর্ম্মরূপ নিক্তিতে আমার তোলন ৬ করিয়া আমার পবিত্রতা জ্ঞাত হউন। আমি যদি বি-৭ পথে চলিয়া থাকি, ও আমার অন্তঃকরণ যদি আপন চক্ষুর অভিলাষ পূর্ণ করিয়া থাকে, ও আমার হস্তে যদি কোন কলঙ্ক লাগিয়া থাকে, তবে আমি বুনিলে ৮ অন্যে ভোগ করুক, ও আমাহইতে যাহা উৎপন্ন হয়, তাহা বিনষ্ট হউক। এবং আমার মন যদি কখ-৯ নো পরস্ত্রীতে আসক্ত হইয়া থাকে, ও প্রতিবাসির দ্বারের নিকটে যদি আমি লুকাইয়া থাকি, তবে আমার ১০ স্ত্রী অন্যের জন্যে যাঁতা পেষণ করুক, ও অন্য লোক তাহাকে ভোগ করুক। কেননা এ অতি বড় অপরাধ ১১ ও বিচারকর্ত্তাদের কাছে দণ্ডনীয় দোষ। তাহা বিনাশ ১২ পর্য্যন্ত নাশক ও আমার সর্ব্বস্ব সংহারক অগ্নিস্বরূপ হইত।

আমার দাস কি দাসী আপত্তি করিলে, আমি যদি ১৩ তাহাদের বিচার করিতে তাচ্ছল্য করিয়া থাকি, তবে ঈশ্বর উঠিলে আমি কি করিব? এবং তিনি ১৪

[৩০ অধ্যা;] যূব ১৬; ৬-১৬। ১৯; ৫-২০ ॥—[৯] ১৭; ৬ ॥—[১১] ৭; ১৩-১৫ ॥—[১৯] গী ৪০; ২॥ —[২৫] যূব ২৯; ১২-১৭॥
[৩১ অধ্যা; ২,৩] যূব ২৭; ১৩-২০॥—[৪] গী ১৩৯; ১-৫ ॥—[৭] যিশ ৫৮; ১৩ ॥—[১১,১২] লে ২০; ১০। হি ৬; ২৫-৩৫ ॥

* (বা) বন ভক্ষণ। † (ইব্রী) নাম রহিত। ‡ (বা) সার বা শক্তি। ‖ (বা) দৃঢ় বা গলিত।

১৫ তত্ত্ব করিলে কি উত্তর দিব? যিনি গর্ব্ভের মধ্যে আমার সৃষ্টি করিয়াছেন, তিনিই কি তাহাদের সৃষ্টি করেন নাই? ও এক (ঈশ্বর) কি আমাদিগকে গর্ব্ভে সৃষ্টি করেন নাই?

১৬ আমি যদি দরিদ্রদের প্রার্থিত বস্তুর বাধক হইয়া থাকি, ও বিধবাদের মনোবাঞ্ছা সিদ্ধি না করিয়া ১৭ থাকি, ও আমার খাদ্য যদি একা খাইয়া থাকি, এবং পিতৃহীন লোক যদি তাহার কিছু খাইতে না ১৮ পাইয়া থাকে, (বরঞ্চ সে বাল্যকালাবধি পিতার নিকটের ন্যায় আমার নিকটে প্রতিপালিত হইত, এবং আমি মাতৃগর্ব্ভহইতে ভূমিষ্ঠ হওনাবধি বিধবাদিগকে ১৯ প্রতিপালন করিয়াছি;) আমি যদি বস্ত্রাভাবে কাহাকে মরিতে দেখিয়া থাকি, ও দীনহীনকে উলঙ্গ দেখিলে, ২০ তাহার কটিদেশ যদি আমাকে আশীর্ব্বাদ না করিয়া থাকে, ও আমার মেষের লোমেতে উত্তপ্ত না হইয়া ২১ থাকে, এবং বিচারস্থানে আপন পরাক্রম জানিয়া ২২ যদি পিতৃহীনের বিপরীতে হাত তুলিয়া থাকি; তবে আমার স্কন্ধের অস্থি ভগ্ন হউক, ও স্কন্ধের সন্ধিহইতে ২৩ হস্ত খসিয়া পড়ুক। তাহা হইলে আমার প্রতি ঈশ্বরের শাস্তি অতি ভয়ানক হইত, তাঁহার শাসন * আমি সহ্য করিতে পারিতাম না।

২৪ আমি যদি স্বর্ণে প্রত্যাশা করিয়া থাকি, ও 'তুমি আমার আশ্রয়,' এমত কথা যদি সুবর্ণকে বলিয়া ২৫ থাকি, এবং আমার অতিশয় সম্পদ ও বহু সমৃদ্ধি হইয়াছে †, এই নিমিত্তে আমি যদি আনন্দিত হইয়া ২৬ থাকি; এবং প্রখর তেজস্কর সূর্য্যকে দেখিয়া, ২৭ ও কলাবৃদ্ধি চন্দ্রকে দেখিয়া, আমার মন গোপনে ভ্রান্ত হইলে আমার মুখ যদি আমার হস্তকে চুম্বন ২৮ করিয়া থাকে, তবেও বিচারকারিকর্তৃক আমার দণ্ডনীয় অপরাধ হইত, এবং সর্ব্বোপরিস্থ ঈশ্বরকে ২৯ অস্বীকার করিতাম। আমি শত্রুর বিপদে কি সন্তুষ্ট হইয়া থাকি? ও তাহার দুর্ঘটনাতে আনন্দিত হইয়া ৩০ থাকি? বরঞ্চ তাহার প্রাণকে শাপ দিতে ইচ্ছা করিয়া ৩১ আপন মুখকে পাপ করিতে দিলাম না। 'আহা, অতৃপ্ত লোক যে আমরা, আমরা যদি শত্রু ভক্ষণেতে ‡ তৃপ্ত হই,' আমার বাটীর লোক এই কথা কি কহিত ৩২ না? কিন্তু বিদেশি লোক যেন পথিমধ্যে না থাকে, পথিকদের জন্যে আমি আপন দ্বার মুক্ত রাখিতাম; ৩৩ আমি কি আদমের § ন্যায় আপন পাপ লুকাইয়া থাকি? ও আপন বক্ষঃস্থলে অপরাধ আচ্ছাদন ৩৪ করিয়া থাকি? এবং মহাজনতার ভয় ও অন্যান্য বংশদের হেয়জ্ঞান ও ব্যাকুলতা প্রযুক্ত নীরব থাকিয়া কি দ্বারহইতে গমন করিয়া থাকি?

৩৫ দেখ, ইহা আমার সাক্ষ্যপত্র; হায়২! যদি কেহ আমার কথা শুনে, ও সর্ব্বশক্তিমান আমাকে উত্তর দেন, ও আমার বিপক্ষ আমার দোষপত্র লিখে, ৩৬ তবে আমি অবশ্য তাহা স্কন্ধে ধারণ করিব, ও ৩৭ উষ্ণীষের ন্যায় মস্তকে বান্ধিব; ও আমার পাদবিক্ষেপের সংখ্যা তাঁহাকে জ্ঞাত করিব, ও অধ্যক্ষের ৩৮ ন্যায় তাঁহার নিকটে যাইব। আমার ভূমি যদি আমার প্রতিকূলে চীৎকার করে, ও তাহার সীমন্ত যদি ক্রন্দন ৩৯ করে, ও আমি যদি বিনাবেতনে তাহার ফল ‖ ভোগ করিয়া থাকি, কিম্বা তাহার চাসকারির প্রাণ হরণ ক- ৪০ রিয়া থাকি, তবে আমার গোমের স্থানে কণ্টক ও যবের স্থানে বিষবৃক্ষ উৎপন্ন হউক। আয়ূবের প্রসঙ্গ সমাপ্ত

৩২ অধ্যায়।

১ ইলীহূর বিষয়ে কথা ৬ ও তাহার প্রসঙ্গের আরম্ভ ১১ ও আয়ূবের ও তাহার বন্ধুগণের প্রতি ইলীহূর অনুযোগ।

১ অনন্তর আয়ূব্ আপন দৃষ্টিতে আপনাকে পুণ্যবান বোধ করাতে ঐ তিন জন তাহার কথায় উত্তর করা ২ ত্যাগ করিল। তাহাতে অরাম্ বংশের মধ্যে বূষীয় বারখেলের পুত্র ইলীহূর ক্রোধ প্রজ্বলিত হইল; আয়ূব্ ঈশ্বরের সাক্ষাতে আপনাকে পুণ্যবান জ্ঞান করিয়াছিল, এই জন্যে তাহার উপরে তাহার ক্রোধ প্রজ্ব- ৩ লিত হইল। এবং আয়ূবের তিন বন্ধু তাহার কথার উত্তর করিতে না পারিয়া তাহাকে দোষী করিয়াছিল, এই জন্যে তাহাদের প্রতিও ইলীহূর ক্রোধ প্রজ্বলিত ৪ হইল। ইলীহূর বয়ঃক্রম অপেক্ষা তাহাদের সকলের বয়ঃক্রম অধিক ছিল, এই জন্যে সে কহনের পূর্ব্বে ৫ আয়ূবের উত্তরের অপেক্ষা করিল। কিন্তু ঐ তিন জনের মুখে আর উত্তর প্রত্যুত্তর শুনিতে না পাইলে তাহার বড় ক্রোধ জন্মিল; অতএব বূষীয় বারখেলের পুত্র ইলীহূ এই রূপ উত্তর করিতে লাগিল।

৬ আমি যুবা, তোমরা প্রাচীন, এই জন্যে তোমাদের কাছে আপন মনস্থ প্রকাশ করিতে সঙ্কুচিত ও ভীত ৭ ছিলাম। আমি মনে করিলাম, এই প্রাচীনেরাই কহিবেন, ও এই বৃদ্ধ লোকেরাই জ্ঞানশিক্ষা দিবেন। ৮ কিন্তু মানুষের মধ্যে যে আত্মা আছে, সর্ব্বশক্তিমা- ৯ নের আবেশে তাহার জ্ঞানোদয় হয়। ধনী লোক সদা জ্ঞানবান নয়, ও প্রাচীন লোক সদা বিচারজ্ঞ নয়। ১০ অতএব আমি কহি, আমার কথা শুন, আমিও আপন অভিপ্রায় নিবেদন করি।

১১ আমি তোমাদের কথার অপেক্ষা করিলাম, ও যাবৎ তোমরা উত্তর দিতে চেষ্টা করিলা, তাবৎ তোমাদের বিচারে মনোযোগ করিলাম; এবং তোমাদের কথা ১২ বিবেচনা করিলাম। দেখ, এখন আয়ূবের কথায়

[১৫] যুব ৩৪; ১৯। মল ২; ১০॥—[১৬-২২] যূব ২২; ৬-৯॥—[২৩] যা ২২; ২১-২৪॥—[২৪,২৫] কল ৩; ৫॥—[২৬] দ্বি ৪; ১৯॥—[২৮] প ১১॥—[২৯] হি ২৪; ১৭,১৮॥—[৩৩] আ ৩; ৮-১২॥—[৩৫-৩৭] যূব ১৯; ২৩,২৪॥
[৩২ অধ্য; ২] আ ২২; ২১॥—[৭] যূব ১২; ১২॥

 * (ইব্রি) উচ্চতা। † (ইব্রি) আমার হস্ত অনেক পাইয়াছে। ‡ (ইব) তাহার মাংসেতে। § (বা) মনুষ্যের। ‖ (ইব্রি) বল।

দোষারোপণ করিতে কি উত্তর দিতে তোমাদের
১৩ কেহই পারে না। 'আমরা জ্ঞান পাইয়াছি; মনুষ্য নহে, কিন্তু ঈশ্বর তাহাকে নত করিতে পারেন;'
১৪ তোমরা কেবল এই কথাই কহিতে পার। দেখ, সে আমার বিরুদ্ধে কিছুই বলে নাই, এবং আমি তোমাদের উত্তরের ন্যায় তাহার কথার উত্তর দিব না।
১৫ ইহারা বিস্মৃত হইল, আর উত্তর দিতে পারিল না,
১৬ এবং কথা কহনই পরিত্যাগ করিল। আমি অপেক্ষা করিলেও কেহ কথা কহিল না, ইহারা দাঁড়াইয়া থা-
১৭ কিল, কোন উত্তর করিল না। এই জন্যে আমি আপন-
১৮ হইতে উত্তর করি, ও আমার মনস্থ জ্ঞাত করি। কেননা আমার অন্তঃকরণ কথাতে পরিপূর্ণ হওয়াতে অন্তরস্থ
১৯ মন আমাকে প্রবৃত্তি দিতেছে। দেখ, দ্রাক্ষারসের অমুক্ত নূতন কুপার ন্যায় আমার উদর চড় ২ করি-
২০ তেছে। আমি স্বাস্থ্য * পাইবার জন্যে বলি ও ওষ্ঠাধর
২১ খুলিয়া উত্তর করি। কিন্তু নিতান্ত মহল্লোকের মুখাপেক্ষা করিব না, ও ক্ষুদ্র লোককে স্তব করিব না।
২২ আমি স্তব করিতে জানি না, তাহা করিলে আমার সৃষ্টিকর্ত্তা আমাকে শীঘ্র নষ্ট করিবেন।

৩৩ অধ্যায়।

১ ইলীহূর পরমেশ্বরের প্রতিনিধি হইয়া তাহাদের দোষ প্রকাশ করণ ১৯ ও শান্তির অভিপ্রায় প্রকাশ করণ ২৯ ও আয়ূবের প্রতি পরামর্শ।

১ হে আয়ূব্, বিনয় করি, আমার কথা শুন, আমার
২ বাক্য সকল তোমার কর্ণগোচর হউক। দেখ, আমি এখন কহিতে আরম্ভ করিতেছি, ও আমার মুখ †
৩ স্থিত জিহ্বা কথা কহিতেছে। মনের সরলতাতে আমার বাক্য নির্গত হয়, ও আমার ওষ্ঠ নির্ম্মল জ্ঞানের
৪ কথা কহে। ঈশ্বরের আত্মা আমাকে সৃষ্টি করিয়াছেন, ও সর্ব্বশক্তিমানের নিশ্বাস আমাকে জীবন
৫ দিয়াছেন। তুমি যদি পার, তবে আমার কথার উত্তর
৬ দেও, ও দণ্ডায়মান হইয়া বাক্য বিন্যাস কর। দেখ, আমি মৃত্তিকাহইতে নির্ম্মিত হইয়া তোমার বাক্যানু-
৭ সারে ‡ ঈশ্বরের প্রতিনিধিস্বরূপ আছি। দেখ, আমার ভয়ানকত্বহইতে তোমার ভয় জন্মিবে না, ও আমার
৮ গৌরব তোমার প্রতি গুরুতর বোধ হইবে না। দেখ, 'আমি আজ্ঞা লঙ্ঘন না করাতে নির্ম্মল ও নিষ্পাপ
৯ আছি, আমার অধর্ম্ম নাই; দেখ, তিনি ছিদ্র অন্বেষণ
১০ করেন, ও আমাকে আপনার শত্রু বোধ করেন; ও আমার চরণ নিগড়েতে বদ্ধ করেন, ও আমার তাবৎ
১১ পথ নিরীক্ষণ করেন।' তুমি এই রূপ কথা আমার কর্ণগোচর করিয়াছ, আমি সে রূপ কথাবার্ত্তা শুনি-
১২ য়াছি। দেখ, ইহাতে তুমি যথার্থবাদী নও, এ কারণ আমি তোমাকে এই কথা কহি, ঈশ্বর মনুষ্য অপেক্ষা শ্রেষ্ঠ; তাঁহার সহিত তুমি কেন বিতণ্ডা করিতেছ?
১৩ তিনি আপন কর্ম্মের কারণ কহেন ‖ না।
১৪ ঈশ্বর এক বার কথা কহেন, দ্বিতীয় বার কি তাহা স্পষ্ট করেন না?
১৫ তিনি স্বপ্নে ও রাত্রিস্বপ্নে ও সুষুপ্তি অবস্থাতে ও
১৬ শয্যাতে নিদ্রাবস্থাতে মনুষ্যের কর্ণ খুলিয়া তাহার উপদেশ মুদ্রাঙ্কিত করেন।
১৭ তাহাতে তিনি তাহার প্রবৃত্ত কর্ম্মহইতে মনুষ্যকে ফিরান, এবং তাহাহইতে অহঙ্কার গুপ্ত করেন;
১৮ এবং বিনাশহইতে তাহার প্রাণ ও অস্ত্রাঘাতহইতে তাহার জীবন রক্ষা করেন।

১৯ সে যদি আপন শয্যাতে ব্যথিত হয়, ও তাহার তাবৎ অস্থিতে বড় বেদনা বোধ হয়,
২০ এবং আহারেও তাহার প্রাণের রুচি না হয়, ও প্রিয় খাদ্য সামগ্রীও তাহার ভাল না লাগে,
২১ ও তাহার মাংস ক্ষয় পাইয়া অদৃশ্য হয়, এবং অন্তরাস্থি সকল দৃষ্ট হয়,
২২ এবং তাহার প্রাণ কবরের ও তাহার জীবন নাশকের নিকটবর্ত্তী হয়,
২৩ তবে এমত মনুষ্যকে ধর্ম্মক্রিয়া দেখাইতে মধ্যস্থ অথচ সহস্রের মধ্যে উত্তম এক দূত তাহার সহিত থাকিলে
২৪ ঈশ্বর দয়া করিয়া এই আজ্ঞা দিবেন, 'কবরে নামনহইতে ইহাকে মুক্ত কর, আমি প্রায়শ্চিত্ত পাইলাম।'
২৫ তাহাতে সে বালকের ন্যায় নবীন মাংসবিশিষ্ট হয়, ও পুনর্ব্বার যৌবনকাল পায়।
২৬ সে ঈশ্বরের কাছে প্রার্থনা করিলে তিনি তাহার প্রতি দয়া করেন, এবং সে আনন্দে তাঁহার মুখাবলোকন করে, কারণ তিনি মনুষ্যকে আপন ধর্ম্মফল দেন।
২৭ ও সে জন মনুষ্যের প্রতি নিরীক্ষণ করিয়া কহে, 'আমি পাপ করিয়াছি, ও প্রকৃতের অন্যথা করিয়াছি, তাহাতে আমার ফল ছিল না;
২৮ কিন্তু তিনি কবরে নামনহইতে আমার প্রাণকে মুক্ত করিলেন, ও আমার আত্মা আলো দর্শন করিল।'

২৯ দেখ, জীবিত লোকের দীপ্তিতে দীপ্তিমান করণার্থে ও কবরহইতে মনুষ্যের প্রাণকে ফিরাইতে ঈশ্বর মনুষ্যের প্রতি পুনঃ ২ § এই সকল করেন।
৩০ অতএব হে আয়ূব্, নীরব হইয়া শুন, আমি বলি;
৩১ যদি তোমার কিছু কহিবার থাকে, তবে উত্তর
৩২ কর, ও কথা কহ, কেননা আমি তোমাকে নির্দ্দোষ করিতে চাহি।
৩৩ আর যদি না থাকে, তবে নীরব হইয়া আমার কথা শুন, আমি তোমাকে জ্ঞান শিক্ষা দি।

৩৪ অধ্যায়।

১ ইলীহূর পরমেশ্বরকে নির্দ্দোষ করণ ও আয়ূবকে দোষী করণ ১০ ও পাপি লোকদের প্রতি ঈশ্বরের দণ্ড ২৯ ও তাহার তাৎপর্য্য ৩১ ও আয়ূবের প্রতি পরামর্শ।

[৩৩ অধ্য; ৫-৭] যূব ১; ৩২-৩৫। ১৩; ১৯-২১। ১৬; ১৯-২১ ॥—[৮] ৬; ১০। ১০; ৭, ১৫। ২৩; ১০-১২। ২৭; ২-৬ ॥—[৯] ১৩; ২৪। ১৯; ৬-১৩ ॥—[১০] ১৩; ২৭ ॥—[১৪-১৮] যিহি ৩৩; ১১ ॥ [২৩,২৪] ১যো ২; ১,২ ॥ [২৫-২৮] গী ৩২; ১-৭ ॥

* (ইব্র) প্রশ্বাস। † (ইব্র) তালু। ‡ (ইব্র) মুখানুসারে। ‖ (ইব্র) উত্তর দেন। § (ইব্র) দুই তিন বার।

১ পরে ইলীহূ আরো কহিতে লাগিল, হে বিজ্ঞ সকল,
২ আমার কথা শুন; হে জ্ঞানবান সমস্ত, আমার কথায়
৩ মনোযোগ কর। কেননা জিহ্বা * যেমন খাদ্য দ্রব্যের
বিচার করিতে পারে, তদ্রূপ কর্ণ কথার বিচার
৪ করিতে পারে। এবং আমাদের মধ্যে ন্যায় কি,
আইস তাহা স্থির করি; ও আমাদের ভাল কি,
৫ তাহা নিশ্চয় করি। দেখ, 'আমি পুণ্যবান, আমার
৬ পক্ষে ঈশ্বর অন্যায় করেন; ও আমি বিচারে অপ-
রাদিত হই ও বিনা পাপে ঘোরতর ক্লেশ পাই,' আয়ূব্
৭ এই কথা কহিল। অতএব আয়ূবের সদৃশ কে আছে?
৮ সে জলের ন্যায় পরিহাস পান করে, এবং কুকর্ম্মি-
৯ দের সঙ্গে ও পাপিদের পথে গমন করে। কেননা সে
কহিল, 'ঈশ্বরের সন্তোষ জন্মাইলে মনুষ্যের লাভ
১০ কি?' হে বুদ্ধিমান† সকল, আমার কথা শুন, ঈশ্বর-
হইতে কুক্রিয়া ও সর্ব্বশক্তিমানহইতে অধর্ম্ম ক্রিয়া দূর
১১ হউক। কেননা তিনি মনুষ্যদের কর্ম্মের উচিত ফল
দেন, ও প্রত্যেক লোককে স্ব২ কর্ম্মানুযায়ি ফল
১২ দেন। ঈশ্বর কখনো পাপ করেন না, ও সর্ব্বশক্তিমান
১৩ কখনো অন্যায় করেন না। পৃথিবীর কর্ত্তৃত্বভার
তাঁহাকে কে দিল? ও তাবৎ সংসার তাঁহাকে কে সম-
১৪ র্পণ করিল? মনুষ্যের প্রতি যদি তাঁহার মন পড়ে,
ও তাহার আত্মা ও নিশ্বাস যদি আপনার কাছে
১৫ সংগ্রহ করেন, তবে এক কালে তাবৎ প্রাণী মরিয়া
১৬ যায়, ও মর্ত্ত্য পুনর্ব্বার ধূলাতে লীন হয়। তোমাদের
যদি বুদ্ধি থাকে, তবে এই কথা শুন, ও আমার বচ-
১৭ নের শব্দার্থ গ্রহণ কর। যে জন ন্যায় ঘৃণা করে, সে
কি কর্ত্তৃত্ব ‡ করিবে? ও যে জন ধর্ম্মময়, তাহার দোষ
১৮ কি তুমি কহিবা? রাজাকে দুষ্ট ও অধ্যক্ষকে দুরাচার
১৯ বলিয়া কে সম্বোধন করিতে পারে? তবে যিনি রাজা-
দেরও মুখাপেক্ষা করেন না, ও আপন হস্তকৃত
ধনবান ও দরিদ্র উভয়কেই সমান জ্ঞান করেন,
তাঁহাকে কি প্রকারে ঐ কথা বলিতে পারে?

২০ তাহারা হঠাৎ মরে ও লোকসমূহ মধ্য রাত্রিতে
ব্যাকুল হইয়া প্রাণত্যাগ করে, এবং বলবানেরাও
২১ অদৃষ্টাধীন দূরীকৃত হয়। ঈশ্বর মানুষের পথ নিরীক্ষণ
করেন; তাহার সমস্ত গতিতে তাঁহার দৃষ্টি আছে;
২২ ও যাহাতে পাপিগণ লুকাইতে পারে, এমন অন্ধকার
২৩ ও মৃত্যুচ্ছায়া নাই। তবে আপনার সহিত বিচার
করিতে মনুষ্যদিগকে অবকাশ দেওয়া ঈশ্বরের কিছু
২৪ প্রয়োজন নাই। তিনি অসংখ্য ‖ পরাক্রান্ত লোককে
খণ্ড২ করেন, ও তাহাদের স্থানে অন্য লোকদিগকে
স্থাপন করেন। তিনি তাহাদের সকল ক্রিয়া জানেন; ২৫
ও রাত্রিতে তাহাদিগকে নষ্ট করেন, তাহাতে তাহারা
খণ্ড২ হয়। তিনি দুরাচারিদের স্থানে সকল লোক- ২৬
দের সাক্ষাতে তাহাদিগকে প্রহার করেন। কেননা ২৭
তাহারা তাঁহার পথ § জ্ঞাত না হইয়া তাঁহাকে ত্যাগ
করিয়া গিয়াছে। কিন্তু দরিদ্রদের চীৎকার তাঁহার ২৮
নিকট পর্য্যন্ত উপস্থিত হইলে, তিনি দুঃখিদের চীৎ-
কার শুনেন।

দুষ্ট লোক যেন কর্ত্তৃত্ব না করে, ও লোকদের ২৯
প্রতি যেন উপদ্রব না হয়, এই জন্যে তিনি দেশের ৩০
প্রতি কিম্বা কোন জনের প্রতি মুখ আচ্ছাদন করিলে
কে তাঁহার দর্শন পাইতে পারে? কিম্বা সুখ দিলে
কে দোষারোপ ¶ করিতে পারে?

'আমি শাস্তি পাইয়াছি, আর পাপ করিব না; ৩১
আমি যাহা জানি না, তাহা আমাকে শিক্ষা দেও; ৩২
আমি যদি পাপ করিয়া থাকি, আর করিব না,'
ঈশ্বরের সাক্ষাতে এই কথা কহা উচিত। তোমার ৩৩
ইচ্ছার মত কি নিষ্পত্তি হইবে? তুমি ইচ্ছা করিলে
বা না করিলে, আমি নহি, তিনি ক্রিয়ার ফল দিবেন;
অতএব তুমি যাহা জান তাহাই বল। বুদ্ধিমান লোক ৩৪
আমার মত বলিবে, ও জ্ঞানবানেরা আমার এই কথা
মানিবে। আয়ূব্ জ্ঞানশূন্য কথা কহিয়াছে, তাহার ৩৫
কথা বুদ্ধির অতীত। সে পাপিদের পক্ষে যেরূপ উত্তর ৩৬
করিয়াছে, তন্নিমিত্তে তাহার পরীক্ষা শেষ পর্য্যন্ত
হয়, এই আমার বাঞ্ছা। কেননা সে আপন পাপের ৩৭
উপরে পাপ সঞ্চয় করে, ও আমাদের মধ্যে হাত-
তালি দেয়, ও ঈশ্বরের বিরুদ্ধে অনেক কথা বলে।

৩৫ অধ্যায়।

১ পরমেশ্বরের মহিমার কথা ৫ ও মনুষ্যের ধর্ম্মেতে ঈশ্ব-
রের লাভ না হওন ও অহঙ্কারি খেদযুক্ত লোকদের
পাপক্ষমা না করণ।

পরে ইলীহূ আরো কহিতে লাগিল, তুমি কহিলা, ১
'ঈশ্বরের ধর্ম্মহইতে আমার ধর্ম্ম অধিক,' ইহা কি ২
প্রকৃত জ্ঞান করিয়াছ? আরো কহিলা, '(ধর্ম্মেতে) আ- ৩
মার কি লাভ? ও পাপ করণ অপেক্ষা তাহাতে কি
ফল?' আমি তোমাকে ও তোমার বন্ধুগণকে উত্তর দি। ৪

তুমি আকাশের প্রতি দৃষ্টি করিয়া দেখ, এবং ৫
মেঘ সকল কত উচ্চ, তাহা দেখ। তুমি পাপ করিয়া ৬
তাঁহার বিরুদ্ধে কি করিতে পার? ও তোমার পুঞ্জ২
অপরাধ হইলেও তুমি তাঁহার কি করিবা? এবং ৭
তুমি যদি ধার্ম্মিক, তাহাতেই বা তাঁহার কি লাভ? ও

[৩৪ অধ্যা; ৩] যূব ১২; ১১॥—[৫,৬] ১০; ১৫। ২৭; ২-৬। ৩৩; ৯-১১॥—[৯] ৯; ২২,২৩॥—[১০-১২] আ ১৮; ২৫। রো ২; ৬-১০। ২ ক ৫; ১০॥—[১৪,১৫] গী ১০৪; ২৯॥—[১৯] যূব ৩১; ১৫। রো ২; ১১॥—[২০] প ২৫। যা ১২; ২৯,৩০। ২ রা ১৯; ৩৫। দা ৫; ৫,৩০॥—[২১] হি ১৫; ৩,১১॥—[২২] গী ১৩৯; ৭॥—[২৫] প ২০॥—[২৬-২৮] যা ৩; ৭। ৯; ১৫,১৬। ২২; ২৩॥—[২৯,৩০] রো ৮; ৩১। গী ৩০; ৭॥—[৩১,৩২] হি ২৮; ১৩॥

[৩৫ অধ্যা; ২] যূব ৩৩; ৮-১১। ৩৪; ৫,৬॥—[৩] ৩৪; ৯॥—[৫-৮] ২২; ২,৩॥

* (ইব্রী) তালু। † (ইব্রী) অন্তঃকরণের লোক। ‡ (ইব্রী) বন্ধ। ‖ (ইব্রী) অনির্ণেয়। § (ইব) কোন পথ। ¶ (বা) দুঃখ দিতে।

৮ তোমার হস্তহইতে তিনি কি পাইবেন? তুমি কুক্রিয়া করিলে তোমার সদৃশ যে লোক তাহারই ক্ষতি; এবং তুমি ধার্ম্মিক হইলে তোমার সদৃশ মনুষ্য-
৯ সন্তানেরই লাভ। জনতার মধ্যে উপক্রুত লোক চীৎকার করে, ও বলবানের হস্তের ভয়ে* চীৎকার
১০ করে। কিন্তু যিনি আমাদিগকে সৃষ্টি করিয়া পৃথিবীর পশুহইতেও অধিক জ্ঞানবান ও আকাশের
১১ পক্ষি অপেক্ষাও অধিক বুদ্ধিমান করিয়া রাত্রিতে গান করান, এমত সেই ঈশ্বর কোথায়? এ কথা
১২ কেহ বলে না। তাহারা সেখানে পাপিদের অহঙ্কার প্রযুক্ত চীৎকার করিলেও তিনি তাহাদিগকে
১৩ উত্তর দেন না। ঈশ্বর কখনো অনর্থক কথা শুনেন না, ও সর্ব্বশক্তিমান তাহার প্রতি দৃষ্টিপাত করেন না।
১৪ তুমি তাঁহাকে দৃষ্টি কর না, এ কথা কহিতেছ; তথাচ তোমার বিচার তাঁহার গোচরে আছে, অতএব তাঁহার
১৫ অপেক্ষা কর। কিন্তু তিনি এখনো মহাপাপের শাস্তি দেন নাই, ও আপনার অধিক কোপে শাসন করেন
১৬ নাই, এই জন্যে আয়ূব্ বৃথা কথা কহিতে আরম্ভ করিয়াছে, ও অনেক অজ্ঞানের কথা কহিয়াছে।

৩৬ অধ্যায়।

১ আপন তাবৎ কর্ম্মেতে পরমেশ্বরের যথার্থ হওন ও আয়ূবের কর্ম্মে দোষ হওনের কথা ২৪ ও ঈশ্বরের তাবৎ ক্রিয়া বিবেচনা করণোপযুক্ততা।

১ ইলীহূ আরো কহিল, তুমি কিছু ধৈর্য্য কর, আমি
২ তোমাকে ঈশ্বরের পক্ষে অন্য কিছু কথা জ্ঞাত করিব।
৩ আমি দূরহইতে আপনার জ্ঞান প্রকাশ করিব, এবং আমার সৃষ্টিকর্ত্তাই ধর্ম্মস্বরূপ, এই প্রস্তাব করিব।
৪ কোন প্রকারে আমার কথা মিথ্যা হইবে না, তোমার
৫ প্রতি সম্পূর্ণ জ্ঞান প্রকাশ পাইবে। দেখ, ঈশ্বর সর্ব্বশক্তিমান হইলেও কাহাকে তুচ্ছ বোধ করেন না;
৬ তিনি বলেতে ও বুদ্ধিতে শ্রেষ্ঠ। তিনি পাপিদের প্রাণ রক্ষা করেন না, কিন্তু দরিদ্রদের পক্ষে ন্যায়বিচার
৭ করেন। তিনি ধার্ম্মিকদের প্রতি চক্ষু মুদ্রিত না করিয়া সিংহাসনস্থ রাজগণের সহিত নিত্য২ তাহাদিগকে
৮ উপবিষ্ট করেন, তাহাতে তাহারা উন্নত হয়। তাহারা শৃঙ্খলেতে বদ্ধ কিম্বা দুঃখরূপ রজ্জুতে বন্ধনগ্রস্ত
৯ হইলে, তিনি তাহাদের ক্রিয়া ও যে পাপেতে তাহারা অহংকারী হইয়াছে, তাহা তাহাদিগকে দেখান;
১০ এবং হিতোপদেশ গ্রহণ করাইতে তাহাদের কর্ণ খুলেন, ও তাহাদিগকে পাপত্যাগ করিতে আজ্ঞা দেন। তাহারা যদি আজ্ঞাবহ হইয়া তাঁহার সেবা
১১ করে, তবে সৌভাগ্যেতে দিন কাটায়, ও সুখেতে সম্বৎসর ক্ষেপণ করে। কিন্তু যদি আজ্ঞাবহ না হয়,
১২ তবে অস্ত্রাঘাতে প্রাণত্যাগ করে ও জ্ঞানের অভাবে
১৩ মরে। কপট অন্তঃকরণ লোকেরা ক্রোধ সঞ্চয় করে, এবং ঈশ্বর তাহাদিগকে বদ্ধ করিলে প্রার্থনা করে না। তাহারা যৌবনকালে প্রাণত্যাগ করিলে তাহাদের
১৪ দেহ † অশুচিদের মধ্যে থাকে। কিন্তু তিনি দুর্দ্দশা-
১৫ পন্ন দুঃখিদিগকে উদ্ধার করেন, এবং শাস্তিদ্বারা তাহাদের কর্ণ খুলেন। এই রূপে তিনি সঙ্কীর্ণ স্থান-
১৬ হইতে দুঃখ রহিত পরিসর স্থানে তোমাকে লইতে পারেন; তাহাতে উত্তম খাদ্য দ্রব্যেতে তোমার ভোজনাসন ‡ পরিপূর্ণ হইতে পারে। কিন্তু তুমি পাপি লোক-
১৭ দিগের শাস্তির যোগ্যপাত্র হইয়া ‖ শাস্তি ও দণ্ড ভোগ করিতেছ। সাবধান, পাছে ক্রোধ তোমাকে একাঘাতে
১৮ দূর করে, তাহা হইলে বহু প্রায়শ্চিত্ত করিলেও তোমার মুক্তি হইবে না। তিনি কি তোমার ধন মানি-
১৯ বেন? তাহা নয়, তোমার সম্পত্তি ও সমূহ পরাক্রমও মানিবেন না। তুমি স্বস্থানহইতে লোকদিগকে
২০ লইয়া যাইতে রাত্রিতে প্রার্থনা করিও না। সাবধান,
২১ পাপের প্রতি ফিরিও না, কেননা দুঃখ অপেক্ষা বরং পাপ ভাল, এমত তোমার বোধ হইয়াছে। দেখ,
২২ ঈশ্বর আপন পরাক্রমদ্বারা উন্নতি করেন, এবং তাঁহার তুল্য কে শিক্ষা দিতে পারে? তাঁহার পথের
২৩ বিষয়ে কে তাঁহাকে আজ্ঞা দিতে পারে? এবং 'তুমি অন্যায় করিয়াছ,' এ কথা তাঁহাকে কে বলিতে পারে?

২৪ মনুষ্যগণ তাঁহার যে সকল ক্রিয়ার প্রশংসা করে, তাহার মহিমা প্রকাশ করিতে মনে রাখ। দেখ, প্রত্যেক
২৫ মনুষ্য তাহা দর্শন করে, ও দূরহইতে অবলোকন করে। দেখ, ঈশ্বর কেমন মহান্ ও বোধের অগম্য!
২৬ তাঁহার সম্বৎসরের সংখ্যার অনুসন্ধানও পাওয়া যায় না। দেখ, তিনি পরমাণুরূপ জল আকর্ষণ করেন,
২৭ এবং বাষ্পরূপ বৃষ্টি পাত করেন। এবং মেঘ সকল
২৮ ক্ষরিয়া মনুষ্যদের উপরে যথেষ্ট রূপে পতিত হয়। মেঘের বিস্তার ও তাঁহার তাম্বুর গর্জ্জন কেহ
২৯ কি বুঝিতে পারে? দেখ, তিনি তাহার উপরে দীপ্তি
৩০ বিস্তার করেন, তাহাতে সমুদ্রের মূল প্রকাশ পায়। ও
৩১ তাহাদ্বারা লোকদিগের দণ্ড দেন, এবং বাহুল্যরূপে শস্য উৎপন্ন করেন। এবং তিনি মেঘের মধ্যে বিদ্যুৎ
৩২ প্রকাশ করেন, ও সে কাহাকে আঘাত করিবে তাহা

[১-১৩] বিল ৩; ৩১। যিশ ৮; ২০-২২ ॥—[১০,১১] হ ৩; ১৭,১৮। পে ১৩; ২৫। রো ৫; ৩॥—[১২,১৩] গী ৬৬; ১৮॥
[১৪] ইব্রি ১১; ৩৬,৩৭। ২ পি ৩; ৭-১৪॥

[৩৬ অধ্য; ৫,৬] গী ১১৩। যিশ ৪০; ২৬,২৭। ৬৬; ১,২ ॥—[৭] গী ৩৩; ১৮। পি ১; ৬। ৩; ২১॥—[৮-১২] যূব ৩৩; ১৯-৩০। ৫; ১৭। ২২; ২১-৩০ ॥—[১১,১২] যিশ ১; ১৯,২০ ॥—[১৩] যিশ ১; ৫.৬॥—[১৫] প ৭-১১॥—[১৬] যূব ৮; ৪-৭॥—[২২,২৩] ২১; ২২। ৩৩; ১২,১৩॥—[২৬] ১১; ৭-৯। গী ১০২; ২৪-২৭॥—[২৭,২৮] যূব ৩৮; ২৮। হি ৩; ২০। গী ১৪৭; ৮॥—[৩১] যা ১৯; ১৬। ২০; ১৮। গী ৬৮; ৮-১০॥

* (ইব্রি) জন্যে। † (ইব্রি) প্রাণ। ‡ (বা) ভোজনাসনস্থিত খাদ্য মেদেতে। ‖ (ইব্রি) বিচার পূর্ণ করিয়া।

৩৩ আজ্ঞা দেন। এবং তাঁহার মিত্র কে, ও পাপ জন্য ক্রোধের পাত্র কে, তাহা তাহাকে জ্ঞাত করেন।

৩৭ অধ্যায়।

১ ঝড়ের বর্ণনা ৬ ও হিমের বর্ণনা ৯ ও দক্ষিণ বায়ুর বর্ণনা ১১ ও বিদ্যুতের বর্ণনা ১৪ ও মেঘাদির বর্ণনা।

১ এ শব্দেতে* আমার হৃদয় কম্পবান ও স্বস্থানে থাকিয়া ২ চঞ্চল হয়। তাঁহার শব্দ ও তাঁহার মুখহইতে যে ধ্বনি ৩ নির্গত হয়, তাহা মনোযোগ করিয়া শুন। তিনি আকাশের নীচে সর্ব্বত্র তাহা প্রেরণ করেন, ও আপন ৪ বিদ্যুৎকে পৃথিবীর অন্ত † পর্য্যন্ত প্রেরণ করেন। তদনন্তর শব্দ শুনা যায়, তিনি আপন ভয়ানক রবেতে মেঘগর্জ্জন করেন; তাহার শব্দ শ্রুত হইলে তিনি তাহা ৫ বারণ করেন না। ঈশ্বর আপন রবেতে আশ্চর্য্যরূপ গর্জ্জন করেন, ও আমাদের বোধের অগম্য মহৎ-ক্রিয়া করেন।

৬ তিনি হিমানীকে বলেন, তুমি পৃথিবীতে পতিত হও; এবং আপন অল্প বৃষ্টি ও প্রবল বৃষ্টিকেও ৭ তদ্রূপ আজ্ঞা দেন। এবং সকলে যেন তাঁহার কর্ম্ম জ্ঞাত হয়, এই নিমিত্তে তিনি সকল লোকের হস্তের ৮ কর্ম্ম রোধ করেন। তখন পশুগণ গহ্বরে গমন করে, ও আপন২ বাসস্থানে গিয়া বসতি করে।

৯ দক্ষিণহইতে ঝড় ও উত্তরীয় বায়ুহইতে শীত ১০ আইসে। ঈশ্বরের নিশ্বাসহইতে নীহার জন্মে ও বিস্তারিত জল সঙ্কুচিত হইয়া যায়।

১১ ঈশ্বর বৃষ্টিদ্বারা ঘনমেঘকে ক্ষীণ করেন, ও আ-১২ পনার দীপ্তিদ্বারা ঘনমেঘকে ছিন্নভিন্ন করেন। তিনি আপন পরামর্শদ্বারা ঋতু সকল পরিবর্ত্তন করেন, ১৩ তাহাতে সে সকল তাঁহার আজ্ঞা সফল করে। তিনি দণ্ডের কিম্বা পৃথিবীর হিতের কিম্বা দয়ার নিমিত্তে এই সকল ঘটান।

১৪ হে আয়ূব্, এই কথা শুন, ও স্থির হইয়া ঈশ্বরের ১৫ আশ্চর্য্য কার্য্যের বিবেচনা কর। ঈশ্বর কি রূপে এই সকল স্থাপন করেন? ও কি প্রকারে মেঘকে দীপ্তিমান ১৬ করেন? তাহা কি তুমি জান? এবং মেঘের সমতা করণ অর্থাৎ তাঁহার সম্পূর্ণ জ্ঞান বিশিষ্ট যে আশ্চর্য্য ক্রিয়া, ১৭ তাহা কি তুমি জ্ঞাত আছ? তিনি দক্ষিণ বায়ুতে পৃথিবীকে সুস্থির করিলে তোমার বস্ত্র কি রূপে উষ্ণ হয়, ১৮ তাহা কি তুমি জান? দৃঢ় ও পরিষ্কৃত দর্পণের তুল্য যে আকাশ, তাহা কি তুমি তাঁহার সঙ্গে বিস্তারিত করিতে ১৯ পার? তবে তাঁহাকে যাহা বক্তব্য হয়, তাহা আমাদিগকে জ্ঞাত কর; যেহেতুক আমরা অন্ধকার প্রযুক্ত ২০ বাক্য বিন্যাস করিতে পারি না। 'তাঁহার সহিত আলাপ করিতে আমার বাঞ্ছা,' এই কথা কি তাঁহাকে কহা যাইবে? কিন্তু কেহ যদি কহে, তবে সে মৃত্যুগ্রস্ত হইবে। এখন বায়ু আকাশ মধ্যদিয়া গমন করিয়া ২১ তাহা পরিষ্কার করিলে, লোকেরা মেঘস্থ মহাতেজস্কর আলোর প্রতি দৃষ্টি করিতে পারে না; ও উত্তরদিগ- ২২ হইতে নির্ম্মল তেজ ‡ আইসে, এবং ঈশ্বরের নিকটে ভয়ানক ঐশ্বর্য্য আছে। সর্ব্বশক্তিমান আমাদের ২৩ বোধের অগম্য; তিনি পরাক্রমে ও বিচারে অতি শ্রেষ্ঠ ও ন্যায়েতে পরিপূর্ণ হইয়া অন্যায় করেন না। এ কারণ মনুষ্যগণ তাঁহাকে ভয় করুক, যেহেতুক ২৪ তিনি জ্ঞানবানদেরও মুখাপেক্ষা করেন না।

৩৮ অধ্যায়।

১ ঘূর্ণবায়ুহইতে আয়ূবের প্রতি উত্তর করিয়া আপন কর্ম্মের মহিমার দ্বারা পরমেশ্বরের আয়ূবের দুর্ব্বলতা প্রকাশ করণ ও সৃষ্টির কথা ১২ ও আলোকের কথা ১৬ ও সমুদ্রের কথা ১৯ ও অরুণের কথা ২২ ও হিমের কথা ২৪ ও বিদ্যুতের কথা ২৮ ও বৃষ্টি প্রভৃতির কথা ৩৩ ও আকাশের ও মেঘের কথা।

১ পরে পরমেশ্বর ঘূর্ণবায়ুর মধ্যহইতে আয়ূব্‌কে উত্তর ২ করিলেন, যে জন অজ্ঞানের কথাদ্বারা পরামর্শকে ৩ অস্পষ্ট করে সে কে? তুমি এখন বলবানের ন্যায় কটিবন্ধন কর; আমি তোমাকে জিজ্ঞাসা করি, তুমি ৪ উত্তর ‖ দেও। যে সময়ে আমি পৃথিবীর মূল স্থাপন করিলাম, তৎকালে তুমি কোথায় ছিলা? যদি তোমার বুদ্ধি থাকে, তবে তাহা বল। যে সময়ে প্রভাতীয় নক্ষত্র ৫ সকল একত্র হইয়া গান করিল, এবং ঈশ্বরের সন্তানগণ আনন্দধ্বনি করিল, তৎকালে ঐ পৃথিবীর পরিমাণ ৬ কে করিল? এবং তাহার উপরে কে পরিমাণরজ্জু ধরিল? এবং কিসের উপরে তাহার ভিত্তিমূল স্থাপিত ৭ হইল? § ও কে তাহার কোণের প্রস্তর বসাইল? তাহা যদি তুমি জান, তবে বল। এবং গর্ভহইতে নির্গতের ৮ ন্যায় সমুদ্র নির্গত হওন সময়ে কবাট দিয়া তাহাকে কে রুদ্ধ করিল? তৎকালে আমি মেঘকে তাহার বস্ত্র- ৯ স্বরূপ ও ঘনমেঘকে তাহার কটিবন্ধনস্বরূপ করিলাম; এবং তাহার উপরে আপন নিয়ম নিরূপণ করিলাম, ১০ এবং অর্গল ও কবাট স্থাপন করিয়া কহিলাম, তুমি ১১ এই স্থান অতিক্রম করিয়া অধিক আসিতে পাইবা না, এই স্থানে তোমার তরঙ্গের গর্ব্ব নিবারিত হইবে।

তুমি কি পৃথিবীর অন্তভাগ গ্রহণার্থে ও তাহা- ১২ হইতে পাপিগণকে দূর করিতে জন্মাবধি প্রভাত- ১৩ কে আজ্ঞা দিয়াছ? এবং তাহার অরুণকে আপন উদয়ের স্থান জানাইয়াছ? তাহাতে পৃথিবী মুদ্রাঙ্কিত ১৪ মৃত্তিকার ন্যায় চিহ্নিত হয়, ও বস্ত্রের ন্যায় বিভূষিত হয়, ও পাপিহইতে দীপ্তি নিবারিত হয়, ও উচ্চ ১৫ হস্ত ভঙ্গ হয়।

তুমি কি সমুদ্রের উনুইতে প্রবেশ করিয়াছ? ও ১৬

[৩৭ অধ্য] যূব ৩৮ ॥—[১০] গী ১৪৭; ১৬,১৭ ॥—[২০] যা ৩৩; ১৮-২৩ ॥—[২৩] যূব ১১; ৭-৯। ৩৬; ২৬ ॥
[৩৮ অধ্য] যূব ৩৭॥—[১-৩] ৪০; ৬,৭।৪২; ৩-৬॥—[৭] ২৬; ৭॥—[৮-১১] ২৬; ১০,১২। অ ১; ৯-১০। ২; ৮-১১। গী ১০৪; ৬-৯॥

* (ইব) ইহাতে। † (ইব্রু) পক্ষ। ‡ (ইব্রু) সুবর্ণ। ‖ (ইব্রু) আমাকে জ্ঞাত কর। § (ইব্রু) বসাইল।

১৭ অগাধ জলের তলে গমন করিয়াছ? এবং তোমার নিমিত্তে কি মৃত্যুদ্বার মুক্ত হইয়াছে? এবং তুমি কি ১৮ মৃত্যুচ্ছায়ার দ্বার দেখিয়াছ? ও পৃথিবীর বিস্তার জান? এই সকল যদি জান, তবে বল।

১৯ দীপ্তির গমনের পথ কোথায়? এবং অন্ধকারেরই ২০ বা বাসস্থান কোথায়? তুমি কি তাহার সীমাতে তাহাকে লইয়া যাইতে পার? ও তাহার গৃহের পথ জ্ঞাত হইতে ২১ পার? তৎকালে তোমার জন্ম হইয়াছিল, ও এখন তোমার অনেক বয়ঃক্রম, এই জন্যে তুমি কি তাহা জান?

২২ তুমি কি হিমানীর ভাণ্ডারে প্রবেশ করিয়াছ? এবং ২৩ বিপদকাল ও সংগ্রাম ও যুদ্ধসময়ের নিমিত্তে যে শিলাভাণ্ডার প্রস্তুত করিয়াছি তাহা কি তুমি দেখিয়াছ?

২৪ যে স্থানে দীপ্তি নির্গত হয়, ও পূর্ব্বদিগে পৃথি- ২৫ বীতে ব্যাপ্ত হয়, সে কোথায়? পৃথিবীর নরশূন্য ২৬ স্থানে ও নির্জ্জন বনে বর্ষাইতে, এবং মরুভূমি ও কানন তৃপ্ত করিতে, এবং তৃণের উৎপত্তির স্থান ২৭ প্রফুল্ল করিতে অতিবৃষ্টি গমনের পথ, ও মেঘধ্বনির সহচর বিদ্যুতের পথ কে করিয়াছে?

২৮ বৃষ্টির পিতা কে? ও শিশিরের জনক কে? কাহার ২৯ গর্ব্ভহইতে নীহার জন্মিয়াছে? ও আকাশীয় হিম- ৩০ সমূহের জন্ম কে দিয়াছে? তাহাদ্বারা জল প্রস্তরময় ৩১ হয়, ও গভীরের মুখ দৃঢ়তর * হয়। কীর্ত্তিকা নক্ষত্রের সুখদায়ি গুণ কি বন্ধ করিতে পার? ও মৃগশীর্ষের ৩২ কটিবন্ধন কি খুলিতে পার? এবং রাশিগণকে কি তাহার ঋতুতে আনয়ন করিতে পার? এবং স্বাতী ও তাহার পুত্রগণকে কি পথ দেখাইতে পার?

৩৩ তুমি কি আকাশমণ্ডলের নিয়ম জান? ও পৃথিবীর ৩৪ উপরে তাহার কর্তৃত্ব নিরূপণ করিতে পার? এবং বহুজল বেষ্টিত হইবার নিমিত্তে তুমি কি মেঘ ৩৫ পর্য্যন্ত আপনার রব শুনাইতে পার? তুমি কি বিদ্যুৎকে এ রূপে পাঠাইতে পার, যে সে আসিয়া ৩৬ তোমাকে বলে, আমরা উপস্থিত আছি? এবং তাহার অন্তরে জ্ঞান ও অন্তঃকরণে বুদ্ধি কে দিয়াছে?

৩৭ জ্ঞানদ্বারা কে মেঘ গণনা করিতে পারে? এবং যে ৩৮ সময়ে ধূলা শক্ত † হইয়া ডেলা বান্ধে ও লোষ্ট্র একত্রীকৃত হয়, তৎকালেই বা আকাশস্থ মেঘকে কে নামাইতে ‡ পারে?

৩৯ অধ্যায়।

৩৯ সিংহের কথা ৪১ ও দাঁড়কাকের কথা ১ ও ছাগের কথা ৫ ও বনগাধার কথা ৯ ও গণ্ডারের কথা ১৩ ও উষ্ট্র পক্ষির কথা ১৯ ও অশ্বের কথা ২৬ ও বাজপক্ষির ও গৃধ্রপক্ষির কথা।

৩৯ যে সময়ে সিংহ ও সিংহের শাবকগণ আপন২ বাসায় শয়ন করিয়া আপন২ গুপ্ত স্থানে আক্রমণ করিতে লুক্কায়িত থাকে, তৎকালে তুমি কি সিংহের নিমিত্তে ৪০ মৃগয়া করিবা? ও তাহার শাবকগণকে কি তৃপ্ত ‖ করিতে পার?

৪১ যখন দাড়কাকের শাবকগণ ঈশ্বরের নিকটে চীৎকার করে, ও আহার না পাইয়া ভ্রমণ করে, তৎকালে তাহার আহার কে যোগায়?

১ তুমি কি পর্ব্বতীয় বন্য ছাগলের উৎপত্তির রীতি জান? ও হরিণের প্রসবের রীতি নির্ণয় করিতে পার? ২ তাহারা কত মাস গর্ব্ভ ধারণ করিবে, তাহা গণনা করিয়া কোন্ মাসে তাহাদের প্রসবকাল হইবে, তাহা ৩ কি জানাইতে পার? তাহারা হেঁট হইবামাত্র সন্তান ৪ প্রসব করে, ও স্বযন্ত্রণাহইতে নিস্তার পায়। তাহাদের সন্তান হৃষ্টপুষ্ট হয়, ও শস্যস্থানে বৃদ্ধি পাইয়া প্রস্থান করে, তাহাদের নিকটে আর আইসে না।

৫ আমি বনে যাহার বাসস্থান দিয়াছি, ও মরুভূমিতে ৬ যাহার থাকিবার স্থান দিয়াছি, সেই বন্য গর্দ্দভকে কে স্বাধীন করিয়াছে? ও তাহার § বন্ধন কে মুক্ত ৭ করিয়াছে? সে নগরের শব্দকে পরিহাস করে, ও চাল- ৮ কের শব্দও মান্য করে না। এবং পর্ব্বতশ্রেণী তাহার চরণস্থান; সে প্রত্যেক নবীন আহার চেষ্টা করে।

৯ আর গণ্ডার কি তোমার সেবা করিতে সম্মত হইবে? ১০ ও তোমার জাবপাত্রের নিকটে থাকিবে? তুমি কি যোত দিয়া গণ্ডারকে সীতাতে বান্ধিতে পার? সে কি ১১ তোমার পশ্চাৎ২ যাইয়া মাঠে চাস দিবে? তাহার অধিক বল প্রযুক্ত তুমি তাহার উপরে ভার দিবা? ও ১২ তোমার কর্ম্ম তাহাকে সমর্পণ করিবা? এবং তোমার বীজ আনিয়া তোমার গোলায় একত্র করিতে কি তাহাকে ভার দিবা?

১৩ বকের ও বাজের পক্ষ যেমন উড়িবার নিমিত্ত হয়, তদ্রূপ উষ্ট্র পক্ষির পক্ষ চালনের নিমিত্ত হয়। ১৪ সে মৃত্তিকাতে আপন ডিম্ব ত্যাগ করে, তাহাতে তাহা ১৫ ধূলায় উষ্ণ হয়। কিন্তু চরণে তাহা ভগ্ন হইতে পারে, কিম্বা বন্যপশু তাহা দলাইতে পারে, ইহা মনে করে ১৬ না। সে আপন সন্তানদের প্রতি পরের ন্যায় নির্দ্দয় হয়, ও তাহার প্রসববেদনা বৃথা হয়, তাহার চিন্তা ১৭ থাকে না। যেহেতুক ঈশ্বর তাহাকে জ্ঞানহীন করিয়া- ১৮ ছেন ও বুদ্ধিও দেন নাই। যে সময়ে পক্ষ তুলিয়া গমন করে, তৎকালে সে অশ্বকে ও অশ্বারূঢ় ব্যক্তিকে পরিহাস করে।

১৯ তুমি কি অশ্বকে প্রতিভা দিতে পার? ও তাহার গল- ২০ দেশে ঘোর গর্জ্জন দিতে পার? তুমি কি পঙ্গপাল ফড়িঙ্গের ন্যায় তাহাকে লম্ফন করাইতে পার? তা- ২১ হার নাসিকার শব্দ অতি ভয়ানক। সে মাঠ আঁচড়ায় ও আপন বিক্রমে হৃষ্ট হইয়া সুসজ্জ লোকদের ¶

[২২,২৩] যা ৯; ২৩-২৫। যি ১০; ১১॥—[২৮] যূব ৩৬; ২৭,২৮॥—[৩১,৩২] ৯; ৯॥—[৪১] গী ১৪৭; ৯॥
[৩৯ অধ্য; ১৯] বিল ৪; ৩॥

(ইব) সংগৃহীত। † (বা) কর্দ্দমীকৃত। ‡ (বা) নিবারণ করিতে। ‖ (বা) প্রাণ তৃপ্ত। § (ইব্) বন্য গর্দ্দভের। ¶ (ইব্) বর্ম্মের।

২২ সহিত সাক্ষাৎ করিতে যায়। সে নির্ভয়ে পরিহাস করে, ভয় পায় না, এবং খড়্গের মুখহইতে ফিরে না।
২৩ কোষ ও শাণিত বড়শা ও ঢাল তাহার চতুর্দ্দিগে শব্দ
২৪ করে। সে গর্ব্বে ও ক্রোধে ভূমি দংশন করে, এবং
২৫ তূরীবাদ্য শুনিয়া সাহসী হয়। তূরীর শব্দ শুনিলে সে হা২ শব্দ করে, এবং বহুদূরে থাকিলেও সেনাপতিদের নাদ ও হুঙ্কারদ্বারা সংগ্রামের গন্ধ পায়।
২৬ বাজপক্ষী দক্ষিণদিগে আপন পক্ষ বিস্তার করণ-
২৭ সময়ে কি তোমার বুদ্ধিতে উড়ে? ও গৃধ্রুপক্ষী কি তোমার আজ্ঞাতে* ঊর্দ্ধে উঠে,ও অত্যুচ্চ স্থানে আপ-
২৮ নার বাসা করে, এবং পর্ব্বতে বাস করে, ও পর্ব্বতের
২৯ শৃঙ্গে ও দুরাক্রমণ স্থানে থাকে? সে সেই স্থানহইতে আহার অবলোকন করে, ও তাহার চক্ষু অতি দূর-
৩০ হইতে তাহা দেখে। তাহার সন্তানগণ রক্ত চুষে, এবং যে স্থানে শব সেই স্থানেই থাকে।

৪০ অধ্যায়।

১ আয়ূবের প্রতি পরমেশ্বরের কথা ৩ ও পরমেশ্বরের কাছে আয়ূবের আপন দোষ স্বীকার করণ ৬ ও পরমেশ্বরের আপন আশ্চর্য্য কর্ম্মদ্বারা আয়ূবের অজ্ঞানতা প্রকাশ করণ ১৫ ও বিহেমোৎ পশুর কথা।

১ পরে পরমেশ্বর আয়ূব্কে আরো কহিলেন, সর্ব্ব-
২ শক্তিমানের সহিত বিরোধকারী তাঁহাকে শিক্ষা দিউক†; ও ঈশ্বরের প্রতি অনুযোগকারী তাঁহাকে উত্তর দিউক।

৩ তাহাতে আয়ূব্ পরমেশ্বরকে কহিল, আমি তুচ্ছ-
৪ নীয়; তোমাকে কি উত্তর দিব? আপনার মুখে হস্তা-
৫ র্পণ করিব। আমি এক বার কহিয়াছি, আর কহিব না; ও দুই বার কহিয়াছি, পুনর্ব্বার বলিব না।

৬ পরে পরমেশ্বর ঘূর্ণবায়ুর মধ্যহইতে আয়ূব্কে
৭ কহিলেন, তুমি এখন বলবানের ন্যায় কটিবন্ধন কর;
৮ আমি তোমাকে জিজ্ঞাসা করি, তুমি উত্তর দেও। তুমি কি নিতান্ত আমার বিচার অন্যথা করিবা? ও আপনাকে পুণ্যবান করণার্থে আমাকে দোষী করিবা?
৯ তোমার হস্ত কি ঈশ্বরের হস্তের ন্যায়? তুমি তাঁহার
১০ ন্যায় কি মেঘগর্জ্জন করিতে পার? তুমি প্রধানত্বে ও মহত্ত্বে বিভূষিত হও, এবং সৌন্দর্য্য ও গৌরবরূপ বস্ত্র
১১ পরিধান কর; এবং আপন ক্রোধরূপ বজ্র নিক্ষেপ কর, এবং প্রত্যেক অহঙ্কারিকে দেখিয়া নত কর;
১২ এবং প্রত্যেক অহঙ্কারিকে দেখিবামাত্র তাহাদের গর্ব্ব খর্ব্ব কর, ও পাপিদিগকে আপনাদের স্থানে দলিত
১৩ কর; ও ধূলীতে তাহাদিগকে লুকাইয়া রাখ, ও গুপ্ত
১৪ স্থানে তাহাদের মুখ বন্ধন কর। এমত করিলে তোমার দক্ষিণ হস্ত তোমাকে রক্ষা করিতে পারে, তাহা আমি স্বীকার করিব।

১৫ আমি তোমার সহিত যে বিহেমোৎ‡ নামক পশুকে সৃষ্টি করিয়াছি, তাহাকে দেখ; সে গোরুর ন্যায় তৃণ
১৬ আহার করে। এবং তাহার কটিদেশেতে কেমন বল, ও উদরস্থ নাভিতে কেমন পরাক্রম আছে, তাহা
১৭ দেখ। এবং এরস্ বৃক্ষের ন্যায় তাহার লাঙ্গূল লড়ে,
১৮ ও তাহার মুষ্কদ্বয়ের শিরা যোড়া আছে। তাহার অস্থি পিত্তল অর্গলের ন্যায়, ও তাহার পর্ব্ব সকল
১৯ লৌহদণ্ডসদৃশ। ঈশ্বরের সৃষ্টির মধ্যে সে প্রধান জন্তু;
২০ তাহার সৃষ্টিকর্ত্তাই তাহাকে খড়্গ দিয়াছেন। যে পর্ব্বতে তাবৎ বন্য পশু ক্রীড়া করে,সেই স্থানে তাহার
২১ আহার উৎপন্ন হয়। সে ছায়াদায়ক বৃক্ষের তলে ও
২২ নলবনের গুপ্তস্থানে কর্দ্দমেতে শয়ন করে। বৃক্ষ সকল স্বচ্ছায়াতে তাহাকে আচ্ছন্ন করে, ও নদীর বাইশি
২৩ বৃক্ষ তাহার চতুর্দ্দিগে থাকে। এবং নদী যদ্যপি বেগে চলে, তথাচ সে পলায়ন করে না, ও যর্দ্দন নদী যদ্যপি তাহার মুখে আসিয়া পড়ে, তথাপি
২৪ সে নির্ব্বিঘ্নে থাকে। তাহার সাক্ষাতে কে তাহাকে ধরিতে পারে? ও রজ্জু দিয়া কে তাহার নাসিকা ফুড়িতে পারে?

৪১ অধ্যায়।

১ লিবিয়াথনের কথা ১২ ও তাহার বিশেষ অঙ্গের বর্ণনা।

১ তুমি কি বড়শীদ্বারা লিবিয়াথন‖ জন্তুকে তুলিতে পার?
২ এবং হাতসূতাদ্বারা তাহার জিহ্বা এবং রজ্জুদিয়া কি তাহার নাসিকা গাঁথিতে§ পার? ও বড়শীতে
৩ তাহার ওষ্ঠ বিন্ধিতে পার? সে কি তোমার কাছে প্রার্থনা করিবে ও তোমাকে বিনয় কথা বলিবে?
৪ সে কি তোমার সহিত নিয়ম স্থির করিবে? ও তুমি কি চিরকালের নিমিত্তে তাহাকে আপনার দাস
৫ করিবা? যেমন পক্ষির সহিত, তদ্রূপ কি তাহার সহিত ক্রীড়া করিবা? ও যুবতিদের কারণ তাহাকে
৬ বন্ধন করিবা? তোমার বন্ধুগণ কি তাহাকে ক্রয় করিবে? ও তাহারা কি তাহা অংশ২ করিয়া মহা-
৭ জনদিগকে দিবে? তাহার চর্ম্ম খোঁচাতে ও তাহার
৮ মস্তক টেঁটাতে কি বিন্ধ করিতে পার? তোমার হস্ত তাহার উপরে রাখ, কিন্তু সংগ্রাম মনে করিয়া পুন-
৯ র্ব্বার এমত করিবা না। দেখ, তাহার ধরণের প্রত্যাশা করা মিথ্যা; তাহাকে দেখিবামাত্র কি তাহা লুপ্ত হয়
১০ না? তাহাকে উঠাইতে যদি কাহারো সাহস হয় না,
১১ তবে আমার সাক্ষাতে কে দাঁড়াইতে পারে? ও যাহার প্রত্যুপকার করা আমার কর্ত্তব্য, এমত আমার উপকারী কে? আকাশের নীচে যে কিছু আছে, সকলি আমার।

১২ তাহার অঙ্গ ও বল ও শরীরের সৌষ্ঠব আমি
১৩ গুপ্ত করিব না। তাহার বর্ম্ম কে অনাচ্ছাদিত

---

[৩০] য ২৭; ২৮॥—[৪০ অধ্য; ৩৪] যূব ৪২; ৬। লূ ৫; ৮॥—[৬,৭] যূব ৩৮; ১-৩॥—[১১,১২] যিশ ২; ১১-১৭॥
[৪১ অধ্য; ১] গী ১০৪; ২৬॥—[১১] রো ১১; ৩৫। গী ৫০; ১০-১২॥

* (ইব) মুখেতে। † (বা) কি তাঁহাকে শিক্ষা দিবে? ‡ (বা) নদ্যশ্ব ‖ (বা) কুম্ভীর বা বৃহৎ সর্প। § (ইব) মগ্নরজ্জু।

করিতে পারে? ও তাহার দন্তের শ্রেণীদ্বয়ের মধ্যে ১৪ কে যাইতে পারে? ও তাহার মুখের দ্বার কে খুলিতে ১৫ পারে? তাহার দন্ত চতুর্দ্দিগে ভয়ানক আছে। তাহার অহঙ্কারস্বরূপ আঁইসশ্রেণি মুদ্রাঙ্কিতের ন্যায় সর্ব্বাঙ্গে ১৬ বদ্ধ আছে। এবং এমত গাঁথা আছে, যে তাহার ১৭ মধ্যে বায়ু প্রবেশ করিতে পারে না। ঐ আঁইস সকল পরস্পর সংযুক্ত ও লগ্ন আছে, কিছুতেই ভিন্ন ১৮ হয় না। তাহার হাঁচিতে দীপ্তি প্রকাশ হয়, ও তাহার ১৯ নয়ন অরুণের ন্যায়। তাহার মুখহইতে প্রদীপের ন্যায় তেজ নির্গত হয়, ও অগ্নিস্ফুলিঙ্গ বাহির হয়। ২০ যেমন উথলিত জল হণ্ডিকাহইতে, তদ্রূপ তাহার ২১ নাসিকাহইতে ধূম নির্গত হয়। তাহার নিশ্বাসদ্বারা অঙ্গার প্রজ্বলিত হয়, ও তাহার মুখহইতে অগ্নিশিখা ২২ বাহির হয়। তাহার গলদেশে অতিশয় বল ও তাহার ২৩ সম্মুখে মর্ম্ম বেদনা নৃত্য করে। তাহার মাংসের পর্ব্ব পরস্পর সংযুক্ত; তাহা অতিশক্ত, তাহার উপরে চালিত ২৪ হইতে পারে না। ও তাহার হৃৎপিণ্ড প্রস্তরের ন্যায় ২৫ দৃঢ় ও যাঁতার পাটের ন্যায় শক্ত। সে উঠিলে বলবা-২৬ নেরাও উদ্বিগ্ন হয় ও ভয়েতে ব্যাকুল হয়। তাহাকে আঘাতকারির খড়্গ ও বড়শা ও বাণ ও সাঁজোয়া ২৭ ব্যর্থ হয়। সে লৌহকে নাড়ার ন্যায় ও পিত্তলকে ২৮ গলিত কাষ্ঠের ন্যায় বোধ করে। ধনুর্ব্বাণ তাহাকে তাড়াইতে পারে না, ও ফিঙ্গার প্রস্তর তাহার কাছে ২৯ ভূষিস্বরূপ। সে গদাকে ভূষিতুল্য বোধ করে, ও বড়-৩০ শার চালনে হাস্য করে। শিল্পকারের তীক্ষ্ণ অস্ত্র* তাহার নীচে থাকে, ও তীক্ষ্ণ অস্ত্র কর্দ্দমেতে বিস্তৃত ৩১ থাকে। সে গভীর জলকে হাঁড়ির জলের ন্যায় ফুটায়, ও সমুদ্রকে ঔষধের হাঁড়ির সদৃশ করে। ৩২ তাহার পশ্চাৎ পথ চকমক্ করে ও গভীর জল পক্ব ৩৩ কেশের তুল্য হয়। পৃথিবীতে তাহার তুল্য নির্ভয় ৩৪ ব্যবহারকারী আর কেহই নাই। সে তাবৎ প্রধান প্রাণিদিগকে তুচ্ছ বোধ করে, ও তাবৎ অহঙ্কারিদের মধ্যে রাজা হয়।

৪২ অধ্যায়।

১ ঈশ্বরের নির্দ্দোষতা ও আয়ূবের আপন দোষ স্বীকার করণ ৭ ও তাহার বন্ধুগণের প্রায়শ্চিত্তের কথা ১০ ও আয়ূবের পুনর্ব্বার ঐশ্বর্য্য হওন ১৩ ও তাহার কন্যা পুত্রের কথা ১৬ ও তাহার মৃত্যু।

১ তাহার পর আয়ূব্ পরমেশ্বরকে কহিল, তুমি সকলি ২ করিতে পার; কোন কল্পনা তোমার অসাধ্য† নয়, ৩ ইহা আমি জানি। ‘যে জন অজ্ঞানের কথাদ্বারা পরামর্শকে অস্পষ্ট করে সে কে?’ আমি যাহা জানি না ও যে আশ্চর্য্য কথা বুঝি না, তাহাই কহিয়াছি। ৪ ‘বিনয় করি আমার নিবেদন শুন, আমি কিছু বলি; ও আমি তোমাকে জিজ্ঞাসা করি, তুমি উত্তর দেও।’ ৫ কর্ণদ্বারা আমি তোমার বিষয় শ্রবণ করিয়াছি বটে, ৬ কিন্তু এখন আমার চক্ষু তোমাকে দেখিল। এই নিমিত্তে আমি আপনাকে তুচ্ছ করিয়া ধূলাতে ও ভস্মে বসিয়া অনুতাপ করিতেছি।

৭ পরমেশ্বর আয়ূবের প্রতি উক্ত কথা সমাপ্ত করিলে পর তৈমনীয় ইলীফস্‌কে কহিলেন, তোমার ও তোমার দুই বন্ধুর প্রতি আমার ক্রোধ প্রজ্বলিত হইয়াছে, কারণ আমার দাস আয়ূব্ যেরূপ কহিল, তোমরা আমার বিষয়ে তদ্রূপ প্রকৃত কহ নাই। ৮ অতএব আমার দাস আয়ূবের ন্যায় আমার বিষয়ে প্রকৃত না কহাতে আমি যেন তোমাদিগকে সেই অজ্ঞানজন্য কর্ম্মের প্রতিফল না দি, এই জন্যে তোমরা সাতটা গো ও সাতটা মেষ লইয়া আমার দাস আয়ূবের নিকটে গিয়া আপনাদের নিমিত্তে হোমবলি উৎসর্গ কর; পরে আমার দাস আয়ূব্ তোমাদিগের ক্ষমার নিমিত্তে প্রার্থনা করিবে, তাহাতে আমি তাহাকে গ্রাহ্য‡ করিব। ৯ তাহাতে তৈমনীয় ইলীফস্ ও শূহীয় বিল্‌দদ্ ও নামাথীয় সোফর্ গমন করিয়া পরমেশ্বরের আজ্ঞানুসারে কর্ম্ম করিল; তাহাতে পরমেশ্বর আয়ূব্‌কে গ্রাহ্য‡ করিলেন।

১০ পরে আয়ূব্ আপন মিত্রগণের নিমিত্তে প্রার্থনা করিলে পরমেশ্বর তাহার দুর্দ্দশা দূর করিলেন, এবং আয়ূবের পূর্ব্বস্থিত সম্পদের দ্বিগুণ সম্পদ তাহাকে ১১ দিলেন। পরে তাহার ভ্রাতৃগণ ও ভগিনী সকল ও পূর্ব্ব পরিচিত লোকেরা আয়ূবের বাটীতে আসিয়া তাহার সহিত ভোজন করিল ও তাহাকে প্রবোধ দিল, এবং পরমেশ্বরের দ্বারা ঘটিত তাবৎ আপদ বিষয়ে তাহাকে সান্ত্বনা করিল, এবং প্রত্যেক জন এক ২ মুদ্রা ১২ ও এক ২ সুবর্ণের কুণ্ডল তাহাকে দিল। এই প্রকারে পরমেশ্বর আয়ূবের প্রথম অবস্থাহইতেও শেষাবস্থার মঙ্গল করিলেন; তাহাতে তাহার চতুর্দ্দশ সহস্র মেষ ও ছয় সহস্র উষ্ট্র ও এক সহস্র যুগ্ম বলদ ও এক সহস্র গর্দ্দভী হইল।

১৩ অপর তাহার সাত পুত্র ও তিন কন্যা হইল। ১৪ তাহাতে তাহার জ্যেষ্ঠা কন্যার নাম যিমীমা ও দ্বিতীয়ার নাম কিৎসীয়া ও তৃতীয়ার নাম কেরণ্-হপ্পূক্ রাখিল। ১৫ ঐ আয়ূবের কন্যাদের তুল্য রূপবতী পৃথিবীতে আর কেহ ছিল না, এবং তাহাদের পিতা তাহাদের ভ্রাতৃগণের সহিত তাহাদিগকে অধিকার দিল।

১৬ পরে আয়ূব্ এক শত চল্লিশ বৎসর পর্য্যন্ত জীবিত থাকিয়া আপন পুত্র পৌত্রাদি চারি পুরুষ দেখিল। ১৭ পরে বৃদ্ধ হইয়া সম্পূর্ণ আয়ু হইলে প্রাণ ত্যাগ করিল।

[৪২ অধ্য; ২] আ ১৮; ১৪। গী ৩৩; ১১॥—[৩] যূব ৩৮; ২॥—[৪] ৩৮; ৩॥—[৬] ৪০; ৪। লূ ৫; ৮।—[৮] আ ২০; ৭। যাক ৫; ১৫,১৬॥—[১০] যূব ৮; ৭॥—[১১] ১৯; ১৩,১৪। হি ১৪; ২০॥—[১২,১৩] প ১০। যূব ১; ২.৩॥

* (বা) পুস্তর। † (বা) নিবারিত। ‡ (ইব্) তাহার মুখ অপেক্ষা।

(দায়ূদের)

গীতপুস্তক।

১ গীত।

পুণ্যবান লোকদের সুখ ও পাপি লোকদের দুঃখ।

১ যে জন পাপিদের পরামর্শে চলে না, ও অপরাধিদের পথে দণ্ডায়মান হয় না, ও নিন্দকদের সহিত ২ একাসনে বসে না; কিন্তু পরমেশ্বরের শাস্ত্রেতেই সন্তুষ্ট থাকে, এবং দিবারাত্রি তাঁহার শাস্ত্র ধ্যান ৩ করে, সেই ধন্য। সে জন জলস্রোতের নিকটে রোপিত, ও সময়ে ফলবান্, ও অম্লান* পত্র বিশিষ্ট বৃক্ষের সদৃশ; তাহার কৃত সমস্ত কর্ম্ম সফল হয়। ৪ পাপিদের তাদৃশ গতি নয়, তাহারা বায়ুতে চালিত ৫ তুষের ন্যায়। তাহাতে পাপি লোকেরা বিচারস্থানে ও অপরাধি লোকেরা পুণ্যবান্দের সভাতে দাঁড়া- ৬ ইতে পারিবে না। কেননা পরমেশ্বর পুণ্যবান্ লোকদের পথকে উত্তম জ্ঞান করেন†, কিন্তু পাপি লোকদের পথ বিনষ্ট হইবে।

২ গীত।

১ খ্রীষ্টের শত্রুদের কথা, ৪ ও তাঁহার রাজ্য স্থাপনের ভবিষ্যদ্বাক্য, ১০ ও তাঁহার বিষয়ে রাজগণের প্রতি নিবেদন।

১ অন্য দেশীয়েরা কেন কলহ করে, ও লোকেরা ২ কেন অনর্থ চিন্তা করে‡? পরমেশ্বরের ও তাঁহার অভিষিক্ত ব্যক্তির বিপরীতে ভূপতিরা দণ্ডায়মান ৩ হয়, ও রাজারা পরস্পর এমত পরামর্শ করে; ‘আইস, আমরা তাহাদের বন্ধন ছেদন করি, ও আপনাদের নিকটহইতে তাহাদের রজ্জু ফেলিয়া দি।’

৪ ইহাতে স্বর্গনিবাসী হাস্য করিবেন, ও প্রভু তাহা- ৫ দিগকে উপহাস করিবেন। তখন তিনি আপন ক্রোধে তাহাদিগকে ব্যাকুল করিবেন, ও কোপে এই ৬ কথা কহিবেন; ‘আমি আপন কৃত রাজাকে আপনার পবিত্র সিয়োন্ পর্ব্বতে অভিষিক্ত করিলাম।’

৭ আমি নিয়ম প্রকাশ করিব, পরমেশ্বর আমাকে কহিয়াছেন, ‘তুমি আমার পুত্র, আমি অদ্য তোমাকে উৎপাদিত‖ করিলাম। আমার নিকটে যাচ্ঞা ৮ কর, তাহাতে আমি তোমার অধিকারের নিমিত্তে অন্য দেশীয়দিগকে, ও তোমার রাজ্যের নিমিত্তে ৯ ভূমণ্ডলস্থ লোকদিগকে দিব। তুমি তাহাদিগকে লৌহদণ্ডদ্বারা আঘাত করিয়া কুম্ভকারের পাত্রের ন্যায় চূর্ণ করিবা।’

১০ হে নৃপতিবর্গ, তোমরা এখন জ্ঞান পূর্ব্বক আচরণ কর; হে পৃথিবীর বিচারকর্ত্তৃগণ, তোমরা উপদেশ ১১ গ্রহণ কর। সভয় হইয়া পরমেশ্বরের সেবা কর, ১২ সকম্প হইয়া আনন্দিত হও। তিনি যেন ক্রুদ্ধ না হন, ও ক্ষণমাত্রে তাঁহার ক্রোধানল প্রজ্বলিত হইলে তোমরা যেন পথে বিনষ্ট না হও, তন্নিমিত্তে পুত্রকে চুম্বন কর; যে সকল লোক তাঁহাতে আশ্রয় লয়, তাহারাই ধন্য।

৩ গীত।

ঈশ্বরের আশ্রয়েতে যে রক্ষা হয় তাহার বর্ণনা।

অব্শালোম্ নামক পুত্রের নিকটহইতে পলায়ন কালে দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, কত লোক আমার বৈরী হইয়াছে! ২ অনেকে আমার বিপক্ষ হইয়াছে। ঈশ্বরহইতে তাহার নিস্তার হইবে না, আমার প্রাণের বিষয়ে অনেকে ৩ এমত কহে। সেলা। হে পরমেশ্বর, তুমি আমার ঢালস্বরূপ ও আমার গৌরবস্বরূপ ও আমার মস্তক ৪ তুলিবার কর্ত্তা। আমি আপন রবেতে পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিলে তিনি আপন পবিত্রময় পর্ব্বতে থাকিয়া আমাকে উত্তর দিলেন। সেলা। ৫ আমি শয়ন করিয়া নিদ্রিত ছিলাম, এবং পুনর্ব্বার

[১ গীত; ১] গী ২৬; ৪,৫। ১০১; ৩-৭ ॥—[২] দ্বি ৬; ৭। গী ১১২; ১। ১১৯; ৩৫, ৪৭, ৯২, ৯৭-১০৪ ॥—[৩] যির ১৭; ৮। যিহি ৪৭; ১২। প্র ২২; ২। যূব ২২; ২৭,২৮ ॥—[৪] যূব ২১; ১৮। হো ১৩; ৩। ম ৩; ১২॥—[৫] ম ২৫; ৪১ ॥—[৬] গী ৩৭; ১৮, ২০। হি ২; ৮। ১৪; ১২ ॥

[২ গীত] গী ৪৫। ৭২। ১১০ ॥—[১,২] প্রে ৪; ২৫-২৮ ॥—[৩] লূ ১৯; ১৪ ॥—[৬] ২ শি ৭; ১৩। প্রে ৫; ৩০,৩১ ॥ [৭] প্রে ১৩; ৩২,৩৩। ইব্র ১; ৫। ৫; ৫। ম ৩; ১৭। ১৭; ৫ ॥—[৮] গী ৭২; ৮-১১ ॥—[৯] ১১০; ৫,৬। প্র ২; ২৬, ২৭। ১৯; ৫ ॥—[১২] লূ ১৯; ২৭। রো ৯; ৩৩ ॥

[৩ গীত] ২ শি ১৫; ১৪। ১৭; ২২, ২৪ ॥—[১] ২ শি ১৫; ১২,১৩। ১৬; ৫,৬, ১৫ ॥—[২-৪] গী ১৮; ১-৬ ॥—[৫] ৪; ৮ ॥

* (বা) অশুষ্য। † (বা) পথকে জানেন। ‡ (বা) বৃথা একত্র হয়। ‖ (ইব্র) জন্ম দিলাম।

জাগৃৎ হইলাম, কারণ পরমেশ্বর আমাকে রক্ষা ৬ করিলেন। অতএব সহস্র ২ লোক আমার বিরুদ্ধে চতুর্দ্দিগে সুসজ্জ হইলেও আমি কাহাকে ভয় করিব ৭ না। হে পরমেশ্বর, উঠ; হে আমার ঈশ্বর, আমার পরিত্রাণ কর; ও আমার তাবৎ শত্রুকে চপেটাঘাত ৮ কর, ও পাপিগণের দন্ত ভগ্ন কর। পরমেশ্বরহইতে পরিত্রাণ, ও নিজ লোকের প্রতি তাঁহার আশীর্ব্বাদ আছে। সেলা।

৪ গীত।

১ ঈশ্বরের প্রতি দায়ূদের নিবেদন, ২ ও শত্রুদের প্রতি অনুযোগ, ৬ এবং বলেতে নয় কিন্তু ঈশ্বরের অনুগ্রহেতে সুখী হওন।

নিগীনোৎ যন্ত্রবাদকের প্রধানের নিমিত্তে দায়ূদের এই গীত।

১ হে আমার ধর্ম্মজনক ঈশ্বর, আমি প্রার্থনা করিলে আমাকে উত্তর দেও। দুঃখসময়ে আমাকে উদ্ধার করিয়াছ; অনুগ্রহ করিয়া আমার প্রার্থনা শুন।

২ হে মনুষ্যসন্তানেরা, তোমরা আর কত কাল আমার গৌরবকে অপমান জ্ঞান করিবা? ও কত কাল বা অনর্থ ক্রিয়া ভাল বাসিয়া মিথ্যা চেষ্টা ৩ করিবা? সেলা। কিন্তু পরমেশ্বর আপনার নিমিত্তে সজ্জনকে মনোনীত করেন, ইহা তোমরা জ্ঞাত হও; আমি প্রার্থনা করিলে পরমেশ্বর তাহা শুনিবেন। ৪ তোমরা সভয় * হইয়া অপরাধ করিও না, এবং আপন শয্যাতে নীরব হইয়া মনে ধ্যান কর। সেলা। ৫ ধর্ম্মবলিদান কর, ও পরমেশ্বরেতে বিশ্বাস কর।

৬ আমাদিগকে মঙ্গল কে দেখাইবে? এ কথা অনেকেই বলিয়া থাকে; হে পরমেশ্বর, আমাদের প্রতি ৭ আপন শ্রীমুখের দীপ্তি প্রকাশ কর। শস্য ও দ্রাক্ষারসের বাহুল্য হইলে যেমত লোকদের আহ্লাদ হয়, তদপেক্ষাও আমার মনেতে তুমি অধিক আহ্লাদ দিয়া ৮ থাক। হে পরমেশ্বর, কেবল তুমি আমাকে নিরাপদে রাখিলে আমি শান্তিতে শয়ন করিয়া নিদ্রা যাই।

৫ গীত।

১ ঈশ্বরের প্রতি দায়ূদের নিবেদন, ৮ এবং শত্রুগণের বিরুদ্ধে ও ধার্ম্মিকগণের নিমিত্তে তাহার প্রার্থনা।

নিহীলোৎ নামক যন্ত্রবাদকের প্রধানের নিমিত্তে দায়ূদের এই গীত।

১ হে পরমেশ্বর, তুমি আমার কথা শুন ও আমার কাকু- ২ ক্তিতে মনোযোগ কর। আমি তোমার কাছে নিবেদন করি, অতএব হে আমার রাজন্ ও আমার ঈশ্বর, আমার আহ্বান শ্রবণ কর। হে পরমেশ্বর, প্রাতঃ- ৩ কালে আমার বাক্য শ্রবণ কর; প্রাতঃকালে আমি তোমার নিকটে উপস্থিত হইয়া ঊর্দ্ধদৃষ্টি করি। তুমি ৪ পাপে প্রেমকারি ঈশ্বর নও; তোমার দৃষ্টিতে কোন মন্দ থাকিতে পারে না। এই জন্যে অহঙ্কারিরা তোমার ৫ সাক্ষাতে দাঁড়াইতে পারিবে না; তুমি দুষ্কর্ম্মি সকলকে ঘৃণা করিতেছ। মিথ্যাবাদিদিগকে নষ্ট করিবা, এবং ৬ হে পরমেশ্বর, যাহারা হত্যাকারী ও কপটী হয়, তাহাদিগকে তুমি অশ্রদ্ধা করিবা। কিন্তু আমি তোমার ৭ প্রচুর অনুগ্রহেতে তোমার মন্দিরে প্রবেশ করিব, ও তোমার ধর্ম্মধামের দিগে সম্মুখ হইয়া সভয়ে তোমার ভজনা করিব।

৮ হে পরমেশ্বর, আমার বৈরিগণ প্রযুক্ত তোমার ধর্ম্মপথে আমাকে লইয়া যাও, এবং আমার সম্মুখে তোমার পথ সরল কর। কারণ তাহাদের মুখে ৯ প্রকৃত বাক্য নাই, ও তাহাদের অন্তঃকরণ দুষ্ট, তাহাদের গলার নলী অনাবৃত কবরস্বরূপ, তাহারা জিহ্বাদ্বারা স্তুতিবাদ করে। অতএব হে ঈশ্বর, তুমি ১০ তাহাদিগকে দণ্ড দিবা †, তাহাতে তাহারা আপন২ পরামর্শদ্বারাই পতিত হইবে; এবং তাহাদের বহুদোষের দ্বারা তাহাদিগকে অধঃক্ষিপ্ত করিবা, কেননা তাহারা তোমার আজ্ঞা লঙ্ঘন করিয়াছে। কিন্তু ১১ যাহারা তোমার শরণাগত, তাহারা আনন্দিত হইবে, এবং তোমাদ্বারা রক্ষিত হওন প্রযুক্ত সর্ব্বদা হৃষ্টচিত্ত হইবে; এবং যাহারা তোমার নামে প্রেম করে, তাহারা তোমাতে আনন্দিত হইবে। হে পরমেশ্বর, ১২ তুমি পুণ্যবান্ লোককে আশীর্ব্বাদ করিয়া অনুগ্রহ রূপ ঢালেতে আবৃত করিবা।

৬ গীত।

বিপদসময়ে দায়ূদের বিলাপ।

শিমীনীৎ যন্ত্রে প্রধান নিগীনোৎ বাদ্যকরের জন্যে দায়ূদের এই গীত।

১ হে পরমেশ্বর, ক্রোধেতে আমাকে অনুযোগ করিও ২ না, ও কোপেতে আমাকে শাস্তি দিও না। হে পরমেশ্বর, আমি দুর্ব্বল, আমাকে কৃপা কর; হে পরমেশ্বর, আমার অস্থি সকল কাঁপিতেছে, আমাকে সুস্থ ৩ কর। হে পরমেশ্বর, আমার প্রাণ অতি ব্যাকুল ৪ হইতেছে, কত কাল বিলম্ব করিবা? হে পরমেশ্বর, ফিরিয়া আইস, আমার প্রাণকে মুক্ত কর, তোমার ৫ দয়াগুণে আমাকে পরিত্রাণ কর। কেননা মৃত্যুদশাতে তোমার স্মরণ হইতে পারে না; পরলোকে কে

---

[৬] গী ২৭; ৩। ১১৮; ১০-১২ ॥—[৭] ৫৮; ৬ ॥—[৮] হি ২১; ৩১। যির ৩:২৩। ১ ক ১৫; ৫৭। প্র ৭; ১০ ॥
[৪ গীত; ৩] ২ তী ২; ১৯ ॥—[৪] ইফ ৪; ২৬। বিল ৩; ৩১ ॥—[৫] গ ৬; ২৪-২৬ ॥—[৮] গী ৩; ৫। লে ২৬; ৬॥
[৫ গীত; ৩] গী ৮৮; ১৩ ॥—[৪] হ ১; ১৩ ॥—[৫] য ৭; ২৩ ॥—[৬] যো ৮; ৪৪ ॥—[৭] ১ রা ৮; ২৯,৩০ ॥—[৮] গী ২৭; ১১ ॥—[৯] রো ৩; ১৩ ॥—[১০] ২ শি ১৫; ৩১। ১৭; ১৪,২৩ ॥—[১২] যিশ ৩; ১০ ॥
[৬ গীত; ১] গী ৩৮; ১। যির ১০; ২৪ ॥—[৫] গী ৮৮; ১০-১২। যিশ ৩৮; ১৮,১৯ ॥

* (বা) ক্রুদ্ধ। † (বা) দোষী করিবা।

৬ তোমার প্রশংসা করিতে পারে? আমি কোঁকাইতে২ শ্রান্ত হইলাম, সমস্ত রাত্রি অশ্রুপাতে শয্যা ভাষাই-
৭ লাম, ও নয়ন জলে খাট ভিজাইলাম। রোদনেতে আমার চক্ষু ক্ষীণ হইল, ও আমার তাবৎ বৈরি
৮ প্রযুক্ত আমার চক্ষু নিস্তেজ হইল। হে কুকর্ম্মকারি সকল, তোমরা আমার নিকটহইতে দূর হও, পর-
৯ মেশ্বর আমার ক্রন্দনের রব শুনিবেন। পরমেশ্বর আমার প্রার্থনা শুনিবেন, ও পরমেশ্বর আমার বিনয়
১০ বাক্য গ্রাহ্য করিবেন। আমার তাবৎ শত্রু লজ্জিত ও ব্যাকুল হইবে, তাহারা পরাঙ্মুখ হইয়া হঠাৎ লজ্জিত হইবে।

৭ গীত।

১ শত্রু কূশের অপবাদ বিষয়ে দায়ূদের আপনাকে নির্দ্দোষ করণ ৮ ও কূশের বিনাশ প্রকাশ করণ।

বিন্যামীনীয় কূশের কথার বিষয়ে পরমেশ্বরের নিকটে দায়ূদের এই গীত।

১ হে আমার প্রভো পরমেশ্বর, আমি তোমার শরণা-
২ গত। শত্রু যেন আমাকে অরক্ষক* দেখিয়া সিংহের ন্যায় বিদীর্ণ করিয়া ছিন্নভিন্ন না করে, এই জন্যে আমাকে তাবৎ তাড়নাকারিহইতে উদ্ধার
৩ কর ও রক্ষা কর। হে আমার প্রভো পরমেশ্বর, আমি যদি মন্দ কর্ম্ম করিয়া থাকি, ও আমার হস্তে
৪ যদি কুকর্ম্ম হইয়া থাকে; ও যদি স্বপক্ষের মন্দ করিয়া থাকি, এবং যে জন অকারণে আমার বৈরী,
৫ তাহার প্রতি যদি অন্যায় করিয়া থাকি; তবে শত্রুগণ পশ্চাৎ ধাবমান হইয়া আমাকে ধরুক, ও ভূমির উপরে আমার প্রাণকে দলিত করুক, এবং আমার
৬ সম্ভ্রমকে ধূলায় নিপাত করুক। সেলা। হে পরমেশ্বর, ক্রোধেতে উঠ, ও আমার বৈরিদের কোপ প্রযুক্ত
৭ গাত্রোত্থান কর; এবং আমার নিমিত্তে জাগ্রৎ হইয়া বিচার নিষ্পত্তি কর; লোকসমূহ তোমাকে বেষ্টন করে, তাহাদের জন্যে তুমি পুনর্ব্বার উচ্চস্থানে গমন কর।

৮ হে পরমেশ্বর, তুমি লোকদের বিচারকর্ত্তা; হে পরমেশ্বর, আমার ধর্ম্ম ও সৎস্বভাবানুসারে
৯ আমার বিচার কর। বিনয় করি, পাপিদের দুষ্টতার শেষ হউক, কিন্তু তুমি পুণ্যবান্দিগকে সুস্থির কর; কেননা যিনি প্রকৃত ঈশ্বর, তিনি সকলের
১০ অন্তঃকরণ ও মনের বিচার করেন। সরলান্তঃকরণের
১১ নিস্তারক যে ঈশ্বর, তিনি আমার ঢালস্বরূপ। ঈশ্বর ন্যায় বিচারকর্ত্তা হইয়া প্রতিদিন (পাপে) ক্রোধকারী ঈশ্বর হন। (পাপিগণ) যদি না ফিরে, তবে তিনি ১২ আপনার খড়্গে শাণ দিবেন, ও আপন ধনুকে চাড়া দিয়া প্রস্তুত করিবেন; এবং তাহাদের নিমিত্তে ১৩ সংহারক অস্ত্র প্রস্তুত করিবেন, ও তাড়নাকারিদের প্রতি নিজ বাণ সন্ধান করিবেন। দেখ, এই ব্যক্তি ১৪ পাপে গর্ব্ভধারণ করিয়াছে, ও কুসন্ধানে পূর্ণগর্ব্ভ হইয়া মিথ্যা প্রসব করিয়াছে। সে যে কূপ খনন করিয়াছে ১৫ ও যাহা গভীর করিয়াছে, আপনার কৃত সেই খাতে আপনি পতিত হইবে। তাহাতে তাহার কুসন্ধান ১৬ তাহারই প্রতি ফলিবে, ও তাহার দৌরাত্ম্য তাহারই উপরে ঘটিবে। কিন্তু পরমেশ্বরের ন্যায় প্রযুক্ত আমি ১৭ তাঁহার প্রশংসা করিব, ও সর্ব্বোপরিস্থ পরমেশ্বরের নামে গান করিব।

৮ গীত।

১ ঈশ্বরের গুণ, ৩ ও মনুষ্যদের প্রতি তাঁহার অনুগ্রহের প্রশংসা।

যে জন গিত্তীৎ যন্ত্রেতে প্রধান বাদক তাহার নিমিত্তে দায়ূদের এই গীত।

হে আমাদের প্রভো পরমেশ্বর, সমস্ত পৃথিবীতে ১ তোমার নাম কেমন আদরণীয়! এবং আকাশে তোমার তেজ স্থাপিত হইতেছে। তুমি আপন বৈরি- ২ গণ প্রযুক্ত শত্রু ও হিংসাকারিকে দমন† করিতে বালক ও দুগ্ধপোষ্য শিশুদের মুখের দ্বারা আপন স্তব প্রকাশ‡ করিতেছ।

তোমার অঙ্গুলীদ্বারা নির্ম্মিত যে আকাশ ও তোমার ৩ স্থাপিত যে চন্দ্র ও তারাগণ, তাহা নিরীক্ষণ করিলে বলি, মনুষ্য কে, যে তুমি তাহাকে স্মরণ কর? এবং ৪ মনুষ্য সন্তানই বা কে, যে তাহার তত্ত্বাবধারণ কর? তুমি দিব্য দূতগণ‖ অপেক্ষা তাহাকে অল্প (কাল) ৫ ন্যূন করিয়াছ, ও গৌরব ও সম্ভ্রমরূপ মুকুটেতে বিভূষিত করিয়াছ। তোমার হস্তকৃত তাবৎ বস্তুর উপরে ৬ তাহাকে কর্ত্তৃত্ব দিয়াছ। এবং সকল বস্তু, অর্থাৎ ৭ গো মেষ প্রভৃতি প্রান্তরস্থিত পশু, ও খেচর পক্ষী ও ৮ সমুদ্রের জলচর মৎস্যগণ ইত্যাদিকে তাহার পদতলস্থ করিয়াছ। হে আমাদের প্রভো পরমেশ্বর, ৯ সমস্ত পৃথিবীতে তোমার নাম কেমন আদরণীয়!

৯ গীত।

১ জয়ের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা, ১৩ ও ভাবি উপকারের জন্যে প্রার্থনা।

[৮] গী ১১১; ১১৫। য ৭; ২৩॥—[৯] গী ৬৬: ১৮,১৯॥

[৭ গীত; ৩-৫] যূব ৩১; ১৬-২০॥—[৪] ১ শি ২৪; ১০। ২৬; ৯,১১॥—[৮] আ ১৮; ২৫।—[৯] গী ১০৪; ৩৫। ১৩৯; ১-৫। যির ১১; ২০। ২০; ১২॥—[১২, ১৩] দ্বি ৩২; ৪১,৪২॥—[১৪] যূব ১৫; ৩৫॥—[১৫, ১৬] যূব ৪; ৮। গী ৯; ১৫। হি ২৬; ২৭॥

[৮ গীত; ১] প ৯। গী ১৪৮; ১৩॥—[২] য ১১; ২৫। ২১; ১৬। ১ ক ১; ২৭॥—[৩,৪] যূব ২৫; ৫,৬। যিশা ৪০; ২৬,২৭॥ [৪] গী ১৪৪; ৩॥—[৪-৬] ইব্রি ২; ৬-৯॥—[৬-৮] আ ১; ২৬,২৮॥—[৬] ১ ক ১৫; ২৬,২৭,৪৫। ইব্রি ২; ৮॥—[৯] প ১॥

* (বা) আমার নিস্তারকর্ত্তা নয় ইহা। † (ইব্রি) নীরব। ‡ (ইব্রি) স্থাপন। ‖ (বা) ঈশ্বর।

শুৎলবেনেতে প্রধান বাদ্যকরের নিমিত্তে দায়ূদের এই গীত।

১ হে পরমেশ্বর, আমি সর্ব্বান্তঃকরণের সহিত তোমার প্রশংসা করি, ও তোমার তাবৎ আশ্চর্য্য ক্রিয়া ২ বর্ণনা করি; এবং তোমাতে আনন্দ করিয়া সুখী হই; হে সর্ব্বোপরিস্থ প্রভো, আমি তোমার নামে ৩ গান করি। আমার শত্রুগণ পরাঙ্মুখ হইলে পতিত ৪ হইয়া তোমার সাক্ষাতে বিনষ্ট হইল। কেননা তুমি যথার্থ বিচার করিতে সিংহাসনে বসিয়া আমার ৫ বিচার ও বিবাদ নিষ্পত্তি করিলা; এবং অন্য দেশীয়দিগকে অনুযোগ করিলা, ও পাপিদিগকে সংহার করিয়া সদাকাল তাহাদের নাম লোপ ৬ করিলা। সদাকালের নিমিত্তে শত্রুদিগকে পূর্ণরূপে উচ্ছিন্ন করিয়া তাহাদের সকল নগরের ধ্বংস করিলা, এবং তাহাদের স্মৃতিও বিনষ্ট হইল। ৭ কিন্তু পরমেশ্বর সর্ব্বকালস্থায়ী; তিনি বিচার করিতে ৮ আপন সিংহাসন প্রস্তুত করিবেন। তিনি ন্যায়েতে জগতের বিচার করিবেন, ও যাথার্থ্যে ৯ লোকদের বিচার আজ্ঞা দিবেন। পরমেশ্বর ক্লিষ্ট লোকদের উচ্চদুর্গস্বরূপ ও বিপদ সময়েও উচ্চ-১০ দুর্গস্বরূপ। হে পরমেশ্বর, যাহারা তোমার নাম জ্ঞাত আছে, তাহারা তোমাতে বিশ্বাস করে, যেহেতুক তুমি আপনার অন্বেষণকারি লোকদিগকে ১১ কখনো পরিত্যাগ কর না। সিয়োন্ নিবাসি পরমেশ্বরের নামে তোমরা গান কর, ও লোকদের ১২ মধ্যে তাঁহার আশ্চর্য্য ক্রিয়া প্রকাশ কর। তিনি হত্যার বিষয়ে বিচার করণ সময়ে তাহাদিগকে স্মরণ করিবেন, দুঃখি লোকের কাতরোক্তি কখন বিস্মৃত হইবেন না।

১৩ হে পরমেশ্বর, আমার প্রতি দয়া কর, ও ঘৃণাকারিগণহইতে আমার যে ক্লেশ তাহার প্রতি দৃষ্টিপাত কর, ও মৃত্যুদ্বারহইতে আমাকে উদ্ধার ১৪ কর। তাহাতে আমি সিয়োন্ নগরের দ্বারে গিয়া তোমার গুণের বর্ণনা করিব, ও তোমার কৃত পরি-১৫ ত্রাণেতে আনন্দিত হইব। অন্য দেশীয় লোকেরা আপনাদের খোদিত খাতেতেই আপনারা ডুবিয়াছে, ও গোপনে বিস্তারিত আপনাদের জালেতেই আপ-১৬ নারা বদ্ধচরণ হইয়াছে। পরমেশ্বর আপন দত্ত দণ্ডের দ্বারা জ্ঞাত হন, এবং পাপী স্বহস্তের কর্ম্মদ্বারা ১৭ ধরা পড়ে। হিগায়োন। সেলা। পাপি লোকেরা ও ঈশ্বরবিস্মৃত সর্ব্ব দেশীয় লোকেরা নরকে নিক্ষিপ্ত ১৮ হইবে। কিন্তু দরিদ্রগণ কখন তাঁহার বিস্মরণের পাত্র হইবে না, এবং দুঃখিগণের আশা কদাচ ১৯ বিনষ্ট হইবে না। হে পরমেশ্বর, উঠ; মনুষ্যকে জয়ী হইতে দিও না, ও অন্য দেশীয়দিগকে তোমার সাক্ষাতে বিচারিত হইতে দেও। ২০ হে পরমেশ্বর, অন্যদেশীয় লোকেরা যেন আপনাদিগকে মনুষ্যমাত্র জ্ঞান করে, এই জন্যে তাহাদের মনেতে ভয় জন্মাও। সেলা।

১০ গীত।

১ পাপি লোকদের বিষয়ে দায়ূদের খেদ করণ, ১২ ও ঈশ্বরের প্রতি তাহাদের হইতে রক্ষার প্রার্থনা করণ।

১ হে পরমেশ্বর, তুমি কেন দূরে দণ্ডায়মান থাক? ২ দুর্দ্দশার সময়ে কেন লুক্কায়িত থাক? পাপি লোক অহঙ্কারী হইয়া দুঃখিদিগকে তাড়না করে; কিন্তু যে মন্ত্রণা করে, তাহাতেই ধরা পড়িবে। ৩ কেননা পাপি লোক মনোরথ সিদ্ধি বিষয়ে দর্প করে, এবং ঈশ্বরকর্ত্তৃক ঘৃণিত যে লোভী তাহাকেই আশীর্ব্বাদ করে*। ৪ পাপী আপন অহঙ্কার প্রযুক্ত ঈশ্বরের অন্বেষণ করে না, ও ঈশ্বরের বিষয়ে তাহার কোন চিন্তা হয় না। ৫ তাহার সমস্ত গতিতে সর্ব্বদা সৌভাগ্য হয়; তোমার দণ্ডাজ্ঞা উচ্চ, তাহার অগোচর হয়; সে তাবৎ শত্রুকে হেয়জ্ঞান করে; ৬ এবং 'আমি কখন স্থানভ্রষ্ট ও পুরুষানুক্রমে দুর্দ্দশাগ্রস্ত হইব না,' মনে২ এমত কহে। ৭ তাহার মুখ অভিশাপ ও কাপট্য ও শঠতাতে পরিপূর্ণ, এবং তাহার জিহ্বার নিম্নভাগে মিথ্যা ও অন্যায় ৮ থাকে। সে গ্রামের গুপ্ত স্থানে বসতি করিয়া নির্জ্জনেতে নির্দ্দোষকে বধ করে, ও তাহার চক্ষু দুঃখগ্রস্তদের নিমিত্তে গুপ্ত রূপে নিরীক্ষণ করে। ৯ এবং যেমন গহ্বরের মধ্যে সিংহ, তদ্রূপ সেও গুপ্ত স্থানে অপেক্ষাতে থাকে ও দুঃখিকে ধরিতে অপেক্ষা করে; সে আপন জালে দুঃখিকে টানিয়া ধরে; ১০ এবং আপনাকে খর্ব্ব ও সংকুচিত করিয়া বলেতে ১১ দুঃখগ্রস্ত লোককে ভূমিপাত করে; এবং 'পরমেশ্বর বিস্মৃত হইবেন, মুখ আচ্ছাদিত করিয়া কখনো দেখিবেন না,' মনে২ এমত কহে।

১২ হে পরমেশ্বর, উঠ; হে ঈশ্বর, আপনার হস্ত ১৩ বিস্তার কর, দরিদ্রদিগকে বিস্মৃত হইও না। পাপি লোক পরমেশ্বরকে কেন তুচ্ছবোধ করে? তুমি ইহার ১৪ অনুসন্ধান করিবা না, সে মনে২ এমত কহে। কিন্তু তুমি দেখিতেছ, এবং উপদ্রব ও ক্লেশ দেখিয়া

[৯ গীত; ২] গী ৫; ১১ ॥—[৭] ১০২; ২৬ ॥—[৮] ৯৬; ১৩ ॥—[৯] ৩১; ১৯,২০। হি ১৮; ১০ ॥—[১০] গী ৯১; ১৪ ॥—[১২] আ ৯; ৫। গী ১১৬; ১৫ ॥—[১৫] ৭; ১৫,১৬ ॥—[১৬] ৫০; ২১। যিশ ২৬; ৯ ॥—[১৭] য ২৫; ৪১,৪৬। গী ৩৬; ১। ৫০; ২২ ॥—[১৮] লূ ১৬; ২৫ ॥

[১০ গীত; ৪] যূব ২১; ১৪,১৫। গী ১৪; ১। ৩৬; ১ ॥—[৫] যিশ ২৬; ১০, ১১। যূব ২২; ১৩,১৪ ॥—[৯,১০] গী ১৭; ১১,১২ ॥—[১১] যূব ২২; ১৩,১৪। গী ৭৩; ১১। ৯৪; ৭ ॥—[১৩,১৪] ৫০; ২১,২২ ॥—[১৪] ৬৮; ৫ ॥

* (ব) এবং লোভী পরমেশ্বরকে অস্বীকার করিয়া ঘৃণা করে (বা) আপনাকে ধন্য করিয়া পরমেশ্বরকে তুচ্ছজ্ঞান করে।

স্বহস্তেতে তাহার প্রতিফল দিবা; তুমি পিতৃহীনের উপকারক, এই কারণ দুঃখগ্রস্ত লোক তোমার হস্তে ১৫ আপন প্রাণ সমর্পণ করে। তুমি পাপি ও দুষ্ট লোকের হস্ত ভগ্ন করিবা, এবং শেষ পর্য্যন্ত তাহার ১৬ পাপ অন্বেষণ করিবা। পরমেশ্বর সদাকাল রাজা, অন্য দেশীয়েরা তাঁহার দেশহইতে লুপ্ত হইয়াছে। ১৭ হে পরমেশ্বর, তুমি দুঃখিদের প্রার্থনা শুনিয়া তাহা- ১৮ দেরও মন সুস্থির করিবা। এবং সাংসারিক লোক যেন পুনর্ব্বার দৌরাত্ম্য না করে*, এই নিমিত্তে পিতৃহীন ও ক্লিষ্ট লোকদের বিচার করিতে আপন কর্ণপাত করিবা।

১১ গীত।

১ শত্রুদ্বারা দায়ূদের তাড়না. ৪ ও পরমেশ্বরেতে তাহার আশ্রয় লওন।

প্রধান বাদ্যকরের নিমিত্তে দায়ূদের এই গীত।

১ আমি পরমেশ্বরের শরণাগত, অতএব ‘পক্ষির ন্যায় আপন পর্ব্বতে উড়িয়া যাও,’ এ কথা তোমরা আমা- ২ কে কেন কহ? দেখ, পাপিগণ সরলান্তঃকরণ লোককে গোপনে বধ করিবার জন্যে আপন ২ ধনুকে চাড়া ৩ দিয়া গুণেতে বাণ যোগ করিয়াছে। মূলবস্তু সকল উৎপাটিত হইলে ধার্ম্মিক জন কি করিবে?

৪ পরমেশ্বর আপন পবিত্র মন্দিরে থাকেন, ও তাঁহার সিংহাসন স্বর্গে আছে, এবং তাঁহার চক্ষু নিরীক্ষণ করে; তাঁহার চক্ষুর পাতা মনুষ্যসন্তানদিগের পরীক্ষা ৫ করে। পরমেশ্বর ধার্ম্মিকগণের পরীক্ষা করেন, কিন্তু ৬ পাপি ও দৌরাত্ম্যপ্রিয়কে মনেতে ঘৃণা করেন। তিনি পাপি লোকদের প্রতি অঙ্গার ও অগ্নি ও গন্ধক বর্ষণ করিবেন, ও প্রচণ্ড বায়ু তাহাদের পানপাত্রস্থ পেয় ৭ দ্রব্য হইবে। প্রকৃত পরমেশ্বর ধর্ম্মই ভাল বাসেন, তাঁহার চক্ষু সরল লোককেই নিরীক্ষণ করে†।

১২ গীত।

১ দায়ূদের নিন্দিত হওন, ৩ ও পরমেশ্বরেতে তাহার আশ্রয় লওন।

শিমীনীতে প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের এই গীত।

১ হে পরমেশ্বর, উপকার কর; কেননা সাধু লোকের লোপ হইতেছে, ও মনুষ্যসন্তানের মধ্যে বিশ্বসনীয় ২ লোকের হ্রাস হইতেছে। প্রতি জন আপন প্রতিবাসির সহিত মিথ্যা কথা কহে, এবং ওষ্ঠাধরেতে স্তুতিবাদ ও দ্বিধা মনে আলাপ করে।

৩ পরমেশ্বর তাবৎ স্তুতিবাদির ওষ্ঠাধর ও অহঙ্কার- ৪ বাদির জিহ্বা ছেদন করিবেন। ‘আমরা আপন ২ জিহ্বাদ্বারা জয় করিব; আমাদের ওষ্ঠ আমাদেরই‡ আছে, আমাদের উপরে কর্ত্তা কে?’ এ কথা তাহারা ৫ কহে। অতএব পরমেশ্বর কহেন, দুঃখিদের বিনাশ ও দরিদ্রদের কাতরোক্তি প্রযুক্ত আমি এইক্ষণেই উঠিয়া তুচ্ছকারিহইতে তাহাদিগকে রক্ষাস্থানে রা- ৬ খিব। ঈশ্বরের বাক্য মৃত্তিকার মুচিতে সাত বার ৭ পরিষ্কৃত রূপার ন্যায় নির্ম্মল। দুষ্ট লোক মনুষ্যদের মধ্যে উচ্চপদ প্রাপ্ত হইলে যদ্যপি পাপিরা চতুর্দ্দিগে ৮ গমনাগমন করে; তথাপি হে পরমেশ্বর, তুমি তাহাদিগকে প্রতিপালন করিবা, ও এ বর্ত্তমান লোকহইতে সর্ব্বদাই রক্ষা করিবা।

১৩ গীত।

দায়ূদের বিলাপ ও প্রার্থনা ও ধন্যবাদ করণ।

প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের কৃত এই গীত।

১ হে পরমেশ্বর, আর কত কাল আমাকে বিস্মৃত থাকিবা? কি চিরকাল? কত কাল আমাহইতে আপন মুখ ২ লুক্কায়িত করিবা? কত কাল দিনে ২ অন্তঃকরণে বিষণ্ণ হইয়া মনে ২ পরামর্শ করিব? এবং কত কাল বা শত্রু ৩ আমার উপরে দর্প করিবে? হে আমার প্রভো পরমেশ্বর, আমার প্রতি দৃষ্টি করিয়া উত্তর দেও; আমি যেন মহানিদ্রা প্রাপ্ত না হই, একারণ আমার চক্ষুকে ৪ সতেজ কর। নতুবা ‘আমি তাহাকে জয় করিলাম,’ আমার শত্রু এই কথা কহিবে, ও আমি বিচলিত ৫ হইলে আমার শত্রুগণ আনন্দিত হইবে। কিন্তু আমি তোমার অনুগ্রহে প্রত্যাশা রাখি, তোমাদ্বারা পরিত্রাণ পাইলে আমার মন বড় আনন্দিত হইবে। ৬ পরমেশ্বর আমার প্রতি অনুগ্রহ করিয়াছেন, এই নিমিত্তে আমি তাঁহার উদ্দেশে গান করিব।

১৪ গীত।

পাপি লোকদের দুষ্টতা ও ভাবি দুঃখ।

প্রধান বাদকের জন্যে দায়ূদের কৃত গীত।

১ ‘ঈশ্বর নাই,’ অজ্ঞান লোক আপন মনে এমত কহে। তাহারা দুষ্ট ও ঘৃণ্যকর্ম্মকারী, সৎকর্ম্ম কেহই করে ২ না। অতএব জ্ঞানী ও ঈশ্বরের তত্ত্ব চেষ্টাকারী কেহ আছে কি না, ইহা জানিবার জন্যে পরমেশ্বর স্বর্গহইতে মনুষ্যসন্তানদের প্রতি নিরীক্ষণ করিয়া ৩ থাকেন। সকলে কেবল বিপথগামী ও দুষ্কর্ম্মকারী॥ হয়, সৎকর্ম্ম কেহই করে না, এক জনও না।

---

[১৫] গী ৩৭; ১৭॥—[১৬] ২৯; ১০। দা ৬; ২৬॥
[১১ গীত; ১] গী ৭৬; ১১। ১ শি ২৪; ১,২। ২৬; ১॥—[৩] গী ৮২; ৫। ১ শি ২২; ১৮॥—[৪] গী ১১৩; ৫,৬। ৩৪; ১৫, ১৬॥—[৫] যূব ৩৬; ৮-১৪॥—[৬] আ ১৯; ২৪। দ্বি ২৯; ২২, ২৩॥—[৭] গী ৩৭; ২৮। যূব ৩৬; ৭॥
[১২ গীত; ১, ২] মী ৭; ২-৪॥—[৩,৪] যিশ ২; ১১, ১৭॥—[৫] হি ২৩; ১১॥—[৬] গী ১৯; ৮,৯। ৩০; ৫॥
[১৩ গীত; ১,২] গী ৬; ৩। ৭৭; ৭, ৮। হ ১; ২॥—[৫] গী ৩৩; ২১॥—[৬] ৫; ১১॥
[১৪ গীত] গী ৫৩॥—[১] ১০; ৪। ৩৬; ১॥—[১-৩] রো ৩; ১০-১২॥

* (বা) লোক দেশহইতে দূরীকৃত না হয়। † (বা) সরল লোক তাঁহার মুখ দেখিবে। ‡ (বা) আমাদের সহিত। ॥ (ইব্রী) দুর্গন্ধি।

৪ এই কুকর্ম্মকারিদের কি কিছুই জ্ঞান নাই? তাহারা অন্নের ন্যায় আমার লোককে গ্রাস করে, ও পরমে- ৫ শ্বরের কাছে প্রার্থনা করে না। কোন সময়ে তাহারা বড় ভয় পাইবে, কেননা ঈশ্বর ধার্ম্মিকের ৬ বংশের মধ্যে থাকেন। তাহারা* দুঃখি লোকের পরামর্শকে তুচ্ছ করিতেছে, কিন্তু পরমেশ্বর তা- ৭ হার আশ্রয় আছেন। আহা†, যদি সিয়োনহইতে ইস্রায়েলের পরিত্রাণ হয়; তাহাতে পরমেশ্বর আপনার লোকদিগকে দাসত্বহইতে মুক্ত করিলে যাকূব্ বংশ আনন্দিত ও ইস্রায়েল্ বংশ হৃষ্টচিত্ত হইবে।

১৫ গীত।

সিয়োন নিবাসির বর্ণনা।

দায়ূদের কৃত গীত।

১ হে পরমেশ্বর, তোমার আবাসে কে প্রবাস করিবে? ২ ও তোমার পবিত্র পর্ব্বতে কে বসতি করিবে? যে জন সরলভাবে আচরণ ও ধর্ম্মকর্ম্ম করে, ও মনের সহিত ৩ সত্য কথা কহে; এবং জিহ্বাতে কাহারও গ্লানি করে না, ও মিত্রের অনিষ্ট করে না, ও প্রতি- ৪ বাসির অপবাদ করে না‡; এবং দুষ্ট লোককে তুচ্ছ বোধ করিয়া পরমেশ্বর ভয়কারি লোকের গৌরব করে, ও দিব্য করিলে আপনার ক্ষতি হইলেও ৫ তাহার অন্যথা করে না; এবং কুসীদের লোভে ঋণ দেয় না, ও নির্দ্দোষের বিরুদ্ধে উৎকোচ গ্রহণ করে না; যে জন এমত আচার করে, সে কদাচ বিচলিত হইবে না।

১৬ গীত।

১ পরমেশ্বরেতে দায়ূদের আশ্রয় করণ, ৮ ও অনন্ত পরমায়ুর প্রত্যাশা করণ।

দায়ূদের স্বর্ণময় গীত।

১ হে ঈশ্বর, আমাকে রক্ষা কর, আমি তোমার শর- ২ ণাগত। হে পরমেশ্বর, তুমি আমার প্রভু, তোমা বিনা আমার কিছু মঙ্গল নাই ‖, এ কথা আমি তোমাকে ৩ কহিয়াছি। আর পৃথিবীস্থ যে পুণ্যবান্ ও আদরণীয় ৪ লোক, তাহারা আমার বড় সন্তোষপাত্র। যাহারা অন্যের পূজাতে সত্বর হয়, তাহাদের দুঃখের বৃদ্ধি হইবে; তাহাদের খর্পরের রক্ত আমি উৎসর্গ করিব না, এবং আপন ওষ্ঠাধরে তাহাদের নামও লইব ৫ না। হে পরমেশ্বর, তুমি আমার অধিকার ও পানপাত্র- ৬ স্বরূপ, তুমি আমার অংশ স্থির করিয়াছ। আমার নিমিত্তে পরিমাণরজ্জু মনোহর স্থানেতেই পড়িয়াছে, ও আমার উৎকৃষ্ট অধিকার হইয়াছে। পর- ৭ মেশ্বর আমাকে পরামর্শ দিয়াছেন, এই জন্যে আমি তাঁহার ধন্যবাদ করি; রাত্রিকালে আমার মন আমাকে উপদেশ দেয়।

৮ আমি সর্ব্বদাই পরমেশ্বরকে সম্মুখে রাখি, তিনি আমার দক্ষিণদিগে থাকিলে আমি বিচলিত হইব না। ৯ তন্নিমিত্তে আমার মন আনন্দিত ও আমার জিহ্বা§ আনন্দেতে গান করিবে; আমার শরীরও প্রত্যাশাতে শয়ন করিবে। ১০ যেহেতুক তুমি পরলোকে¶ আমার আত্মাকে পরিত্যাগ করিবা না, ও নিজ পুণ্যবানকে ক্ষয় পাইতে দিবা না। ১১ এবং আমাকে জীবনের পথ দর্শন করাইবা, ও আপনার সম্মুখে যে আনন্দ ও আপনার দক্ষিণে যে অনন্ত সুখ, তাহাতে আমাকে পূর্ণ করিবা।

১৭ গীত।

১ নিন্দা বিষয়ে দায়ূদের আপনাকে নির্দ্দোষ করণ, ৩ অপবাদকের বিরুদ্ধে তাহার প্রার্থনা।

দায়ূদের প্রার্থনা।

১ হে পরমেশ্বর, আমার যথার্থ বাক্য শুন, আমার আহ্বানেতে মনোযোগ কর, ও আমার অপ্রবঞ্চক ওষ্ঠহইতে নির্গত এই প্রার্থনা শ্রবণ কর। ২ তোমার সাক্ষাতে আমার বিচার নিষ্পত্তি হউক, তোমার দৃষ্টিতে ন্যায় প্রকাশ পাউক। ৩ তুমি আমার মন নিরীক্ষণ করিয়া রাত্রিকালে আমার সহিত সাক্ষাৎ করিয়া আমাকে পরীক্ষা করিয়াছ; তাহাতে দোষ পাইলা না, আমার মুখ আজ্ঞা লঙ্ঘন করে না। ৪ তোমার মুখের ** কথাদ্বারা আমি মনুষ্যের কার্য্য বিষয়ে বিনাশকের পথহইতে সাবধান হইয়াছি। ৫ তুমি আপন পথে আমার গতি স্থির রাখ; তাহাতে আমার পাদ বিচলিত হইবে না। ৬ হে ঈশ্বর, তুমি আমার নিবেদন শুনিয়া থাক, এই জন্যে তোমার কাছে প্রার্থনা করিতেছি; আপন কর্ণ পাতিয়া আমার কথা শুন। ৭ দক্ষিণ বাহুদ্বারা শরণাগত লোকদিগকে বিপক্ষগণহইতে রক্ষা কর যে তুমি, তুমি আপন আশ্চর্য্য অনুগ্রহ প্রকাশ কর। ৮ নয়নের তারার ন্যায় আমাকে রক্ষা কর, ও আপন পক্ষের ছায়াতে আচ্ছাদন কর। ৯ এবং যে পাপিগণ আমার হিংসা করে, ও যে শত্রুগণ প্রাণনাশার্থে আমাকে বেষ্টন করে, তাহাদের হইতে রক্ষা কর।

---

[৪] গী ১২; ৬,৭। যিশ ১০; ১৫। আম ৮; ৪-৭। মী ৩; ১-৪ ॥—[৫] গী ২৩; ২১ ॥—[৭] গী ১২৬; ১,২ ॥
[১৫ গীত; ১-৫] গী ২৪; ৩,৪ ॥—[৪] বি ১১; ৩৫ ॥—[৫] যা ২২; ২৫। ২৩; ৮ ॥
[১৬ গীত; ২] গী ৭০; ২৫ ॥—[৩] যো ১৭; ৯॥—[৪] যি ২৪; ২০। দ্বি ৩২; ২১-২৫। যা ২৩; ১৩॥—[৫] গী ৭৩; ২৬। ১৪২; ৫॥—[৮-১১] প্রে ২; ২৪-৩১॥—[১০] প্রে ১৩; ৩৫-৩৭॥—[১১] গী ১১০; ১। ১৭; ১৫। ৩৬; ৯। ১ যো ৩; ২ ॥
[১৭ গীত; ১] গী ৬৬; ১৮॥—[২-৪] যূব ২৩; ১০-১২॥—[৪] গী ১১৯; ১১,১০৫॥—[৫] ১১৯; ১৩৩॥—[৭] ৩১; ১৯-২১॥
* (ইব) তোমরা। † (ইব্রু) কে দিবে? ‡ (বা) সহে না। ‖ (বা) তোমার প্রতি আমার ভদ্রতা নয়, কিন্তু তাহাদের প্রতি। § (ইব্রু) গৌরব। ¶ (ইব্রু) পরলোকের হস্তে। ** (ইব্রু) ওষ্ঠনির্গত।

১০ তাহারা হৃষ্টপুষ্ট হয় ও অহঙ্কারের কথা কহে। এখন
১১ তাহারা আমাদের গমনপথে আমাদিগকে ঘেরে, ও ভূমিপাত করিতে সর্ব্বদা পথ নিরীক্ষণ করিয়া
১২ থাকে। তাহারা মৃগয়া করিতে উদ্যত বলবান্ সিংহের ন্যায় ও গুপ্তস্থানে শয়নকারি যুবসিংহের ন্যায়
১৩ হয়। হে পরমেশ্বর, উঠ, তাহাদিগকে বঞ্চিত করিয়া অধঃপতন কর, ও নিজ খড়্গদ্বারা * পাপিলোক-
১৪ হইতে আমার প্রাণ রক্ষা কর। হে পরমেশ্বর, যাহারা তোমার হস্তগত, ও সাংসারিক, ও কেবল জীবৎ-দশাতেই সুখ সম্পত্তিভোগী, ও যাহাদের উদর তুমি নিজ গুপ্ত ধনদ্বারা পরিপূর্ণ করিতেছ, যাহারা বহু সন্তানসন্ততি বিশিষ্ট হইয়া শিশুগণের নিমিত্তে অব-
১৫ শিষ্ট ধন রাখে, তাহাদের হইতেও রক্ষা কর। আমি ধর্ম্মেতে তোমার মুখ দর্শন করিয়া তোমার সাদৃশ্যে (মহানিদ্রাহইতে) জাগৃত হইয়া তৃপ্ত হইব।

১৮ গীত।

১ দায়ূদের কথা, ৭ ও পরমেশ্বরের নানা আশ্চর্য্য ক্রিয়া, ১৬ ও ঈশ্বরহইতে উপকারের দ্বারা দায়ূদের রক্ষা, ৪৬ ও তাহার নিমিত্তে ধন্যবাদ করণ।

প্রধান বাদ্যকরের নিমিত্তে দায়ূদের এই গীত। যে সময়ে পরমেশ্বর নিজ দাস দায়ূদকে তাবৎ শত্রুর ও শৌলের হস্তহইতে রক্ষা করিলেন, তৎ-কালে দায়ূদ পরমেশ্বরের নিকটে যে গীত গান করিল, এই সেই গীত।

১ হে আমার বলস্বরূপ পরমেশ্বর, আমি তোমাকে
২ প্রেম করি। হে পরমেশ্বর, তুমিই আমার পর্ব্বত ও গড় ও রক্ষাকর্ত্তা, ও আমার ঈশ্বর, ও আমার আশ্রয়-গিরি; এবং আমার ঢাল, ও আমার বলবান্
৩ ত্রাণকর্ত্তা ও উচ্চদুর্গ। আমি প্রশংসনীয় পরমেশ্ব-রের কাছে প্রার্থনা করিয়া আপন শত্রুহইতে রক্ষা
৪ পাইলাম। মৃত্যুরূপ রজ্জু আমাকে বেষ্টন করিল, ও
৫ বিনাশরূপ বন্যা আমার ভয় জন্মাইল। এবং পর-লোকীয় পাশ আমাকে বন্ধন করিল, ও মৃত্যুরূপ জাল
৬ আমাকে জড়িত করিল। আমি দুঃখেতে পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিলাম, ও আপন ঈশ্বরকে আহ্বান করিলাম; তাহাতে তিনি আপন মন্দিরে থাকিয়া আমার কাতরোক্তি শ্রবণ করিলেন, ও আমার আহ্বান তাঁহার কর্ণগোচর হইল।
৭ তাহাতে তাঁহার ক্রোধ প্রযুক্ত পৃথিবী টলটলায়মান ও কম্পিত হইল, এবং পর্ব্বতের মূল কম্পান্বিত হইয়া বিচলিত হইল। এবং তাঁহার নাসারন্ধ্রহইতে
৮ ধূম নির্গত হইল, ও তাঁহার মুখহইতে নির্গত অগ্নি তাবৎকে গ্রাস করিল; তাহাতে অঙ্গার প্রজ্বলিত
৯ হইল। পরে তিনি আকাশকে ভূমিষ্ঠ করিয়া পদতলে
১০ অন্ধকার লইয়া নামিলেন। এবং কিরূবের উপরে আরোহণ করিয়া উড্ডীয়মান হইলেন, এবং বায়ু-
১১ রূপ পক্ষদ্বারা শীঘ্র উড্ডীয়মান হইলেন। এবং কৃষ্ণবর্ণ জল ও নিবিড় মেঘকে চতুর্দ্দিগস্থ আবাস-স্বরূপ করিয়া অন্ধকাররূপ নিভৃত স্থানে বসতি করি-
১২ লেন। তাহাতে তাঁহার অগ্রবর্ত্তি তেজহইতে মেঘ ও
১৩ শিল ও জ্বলন্ত অঙ্গার বহির্গত হইল। এবং পরমে-শ্বর আকাশে গর্জ্জন করিলেন, এবং সর্ব্বোপরিস্থ যিনি, তিনি শিল ও জ্বলন্ত অঙ্গারবৃষ্টির সহিত ধ্বনি
১৪ করিলেন। এবং আপনার বাণ নিক্ষেপ করিয়া শত্রুদিগকে ছিন্নভিন্ন করিলেন, ও বিদ্যুৎ প্রকাশদ্বারা
১৫ তাহাদিগকে উদ্বিগ্ন করিলেন। হে পরমেশ্বর, তোমার হুঙ্কারেতে ও নাসিকার প্রশ্বাস বায়ুতে জলাশয়ের খাত সকল প্রকাশ পাইল, ও পৃথিবীর মূল দৃষ্ট হইল।
১৬ তৎকালে তিনি ঊর্দ্ধহইতে হস্ত বিস্তার করিয়া অনেক জলহইতে আকর্ষণ পূর্ব্বক আমাকে গ্রহণ
১৭ করিলেন। এবং বলবান্ শত্রু ও ঘৃণাকারিগণহইতে আমাকে উদ্ধার করিলেন, কেননা তাহারা আমা
১৮ অপেক্ষাও বলবান্ ছিল। তাহারা যে সময়ে আসিয়া আমাকে ঘেরিল, সেই বিপদ সময়ে পরমেশ্বর আমার
১৯ অবলম্বন যষ্টিস্বরূপ হইলেন। এবং তিনি আমার প্রতি তুষ্ট হওয়াতে আমাকে উদ্ধার করিয়া এক
২০ প্রশস্ত স্থানে আনিলেন। পরমেশ্বর আমার ধর্ম্মানু-সারে পুরস্কার করিলেন, ও আমার হস্তের পবিত্র-
২১ তানুসারে ফল দিলেন। কেননা আমি পরমেশ্বরের পথের পথিক হইলাম, ও আপন ঈশ্বরের বিরুদ্ধে
২২ পাপ করিলাম না। তাঁহার সকল দণ্ডাজ্ঞা আমার গোচরে ছিল, আমি তাঁহার বিধি আপনাহইতে দূর
২৩ করিলাম না। ইহাতে আমি তাঁহার দৃষ্টিতে সাধু হইলাম, ও আপন পাপহইতে আপনাকে রক্ষা
২৪ করিলাম। অতএব পরমেশ্বর আমার ধর্ম্মানুসারে ও আপন সাক্ষাতে আমার হস্তের পবিত্রতানুসারে
২৫ আমাকে ফল দিলেন। তুমি অনুগ্রাহকের প্রতি অনু-
২৬ গ্রহ ও সল্লোকের প্রতি সদ্ব্যবহার করিয়া থাক। এবং পবিত্রের সহিত পবিত্রাচরণ ও বিরুদ্ধকারির সহিত

[১০] যুব ১৫ ; ২৭। গী ৭৩ ; ৭ ॥—[১১,১২] গী ১০ ; ৮-১০ ॥—[১৪] লূ ১৬; ১৯,২৫ ॥—[১৫] লূ ১৬; ২০-২২। ম ৫; ৩-১০। ফিল ৩; ২০,২১। ১ যো ৩; ২। গী ১৬; ১১ ॥
[১৮ গী] ২ শি ২২ ॥—[১-৩] দ্বি ৩২; ৪। গী ৬২; ২, ৬, ৭। ১৪৪; ১,২ ॥—[৪-৬] গী ১১৬; ৩-৫ ॥—[৬] গী ১১৬; ১,২। যূ ২; ৭ ॥—[৭-১৫] গী ৬৮; ৭, ৮। ৭৭; ১৬-১৯। যি ১০; ১১। বি ৪; ১৫। ৫; ৪, ৫, ২০, ২১। যিশ ৬৪; ১-৩ ॥ হ ৩; ৩-১১ ॥—[১০] গী ১০৪; ৩ ॥—[১১,১২] ৯৭; ২,৩ ॥—[১৬] ১৪৪; ৭, ৮ ॥—[১৯] ৩১; ৮। ১১৮; ৫ ॥—[২০] প ২৬ ॥—[২১-২৩] যি ১; ৭-৯। গী ১৯; ৭-১১ ॥—[২৪] প ২০ ॥—[২৫] যাক ২; ১৩ ॥—[২৬] যূব ৫; ১২, ১৩ ॥

* (বা) খড়্গস্বরূপ।

২৭ বিরুদ্ধাচরণ করিয়া থাক; এবং দুঃখিদিগকে রক্ষা ২৮ করিয়া থাক,কিন্তু উচ্চদৃষ্টিকে নীচ করিয়া থাক। তুমি আমার প্রদীপ প্রজ্বলিত করিয়া থাক; আমার প্রভু পরমেশ্বর আমার অন্ধকারকে আলোকময় করেন। ২৯ আমি তোমার অনুগ্রহেতে সৈন্যমধ্য দিয়া দৌড়িয়া ঈশ্বরের সহায়তাতে প্রাচীর উল্লংঘন* করিতে পারি। ৩০ ঈশ্বরের পথ নির্দ্দোষ ও পরমেশ্বরের বাক্য সুপরীক্ষিত, তিনি নিজ শরণাগত লোকের ঢালস্বরূপ। ৩১ পরমেশ্বর ব্যতিরেকে আর ঈশ্বর কে আছে? ও আমাদের ঈশ্বর ব্যতিরেকে পর্ব্বতস্বরূপ কে আছে? ৩২ ঈশ্বর বলেতে আমার কটি বন্ধন করিলেন, ও আ- ৩৩ মার পথ সরল করিলেন। তিনি হরিণের চরণ সদৃশ আমার চরণ করিলেন, ও উচ্চস্থানে আমাকে ৩৪ স্থাপিত করিলেন। এবং আমার হস্তকে যুদ্ধ করিতে এমত শিক্ষা দিলেন, যে আমার বাহুদ্বারা তাম্রময় ৩৫ ধনুক ভগ্ন হইল। তুমি আমাকে পরিত্রাণরূপ ঢাল দিলা, ও তোমার দক্ষিণ হস্ত আমাকে ধারণ করিল, ৩৬ ও তোমার নম্রতাদ্বারা† আমি উন্নত হইলাম। তুমি আমার নীচে পাদবিক্ষেপের স্থান প্রশস্ত করিলা, ৩৭ এ কারণ আমার চরণ বিচলিত হইল না। আমি শত্রুর পশ্চাৎ ধাবমান হইয়া তাহাদিগকে ধরিয়া সকলকে ৩৮ সংহার না করিয়া ফিরিলাম না। আমি তাহাদিগকে প্রহার করিলে তাহারা আমার পদতলে পড়িয়া উঠিতে ৩৯ পারিল না। তুমি যুদ্ধ করিতে বলেতে আমার কটিবন্ধন করিলা, ও আমার বিপক্ষগণকে আমার বশী- ৪০ ভূত‡ করিলা;এবং আমার শত্রুগণের মস্তক‖ আমার হস্তে সমর্পণ করিলা; তাহাতে আমি আপন ঘৃণা- ৪১ কারিগণকে সংহার করিলাম। তাহারা ত্রাহি২ শব্দ করিলেও তাহাদিগকে কেহ রক্ষা করিল না; এবং পরমেশ্বরের প্রতি করিলেও তিনি উত্তর দিলেন ৪২ না। তাহাতে আমি বায়ুর দ্বারা চালিত ধুলির ন্যায় তাহাদিগকে চূর্ণ করিলাম, এবং পথের কর্দ্দমের ৪৩ ন্যায় তাহাদিগকে নিক্ষেপ করিলাম। তুমি আমাকে আপন লোকদের সহিত বিরোধহইতে উদ্ধার করিয়া অন্যদেশীয়দের মস্তকস্বরূপ নিযুক্ত করিলা, তাহাতে আমার অজ্ঞাত যে সকল ভিন্ন জাতি, তাহারা ৪৪ আমার সেবা করিবে; এবং আমার কথা শ্রবণমাত্র আমার আজ্ঞাবর্ত্তী হইবে, ও বিদেশীয়েরা§ আ- ৪৫ মার বশীভূত হইবে। এবং বিদেশীয়েরা§ উদ্বিগ্ন হইয়া আপনাদের গোপনীয় স্থানে থাকিয়া কম্পিত হইবে।

৪৬ আমার পর্ব্বতস্বরূপ যে অমর পরমেশ্বর, তিনি ধন্য, ও আমার ত্রাণজনক ঈশ্বর সর্ব্বদা উন্নত হউন্। ৪৭ হে ঈশ্বর, তুমি আমার নিমিত্তে অন্যকে প্রতিফল দিয়া আমার বশে লোককে দমন করিলা। ৪৮ তুমি শত্রুগণহইতে আমাকে উদ্ধার করিলা, এবং বিপক্ষগণের উপরে আমাকে উচ্চপদ দিলা, ও দুর্ব্বৃত্ত লোকহইতে আমাকে মুক্ত করিলা। ৪৯ অতএব হে পরমেশ্বর, আমি ভিন্নদেশীয়দের নিকটে তোমার গুণের প্রশংসা¶ করিব ও তোমার নাম গান করিব। ৫০ তুমি স্বকৃত রাজাকে মহাপরিত্রাণ দিয়া আপন অভিষিক্ত দায়ূদ্কে ও তাহার সন্তানদিগকে সর্ব্বদা অনুগ্রহ করিবা।

১৯ গীত।

১ নিজ কর্ম্মদ্বারা পরমেশ্বরের মহিমা, ৭ ও শাস্ত্রদ্বারা তত্তোধিক প্রকাশ হওন।

প্রধান বাদকের জন্যে দায়ূদের কৃত এই গীত।

১ আকাশ ঈশ্বরের গৌরব প্রকাশ করে,ও গগণমণ্ডল তাঁহার হস্তকৃত কর্ম্ম দেখায়। ২ প্রতি দিবস কথা কহে, ও প্রতি রাত্রি জ্ঞান জন্মায়। ৩ তাহাদের কোন বাক্য ও ভাষা নাই,এবং তাহাদের রবও শুনা যায় না**; ৪ তথাপি তাহাদের উপদেশ†† সর্ব্ব দেশে, ও তাহাদের বক্তব্য পৃথিবীর সীমা পর্য্যন্ত ব্যাপিয়াছে। ৫ তিনি তাহাদের মধ্যে সূর্য্যের এক তাম্বু স্থাপন করিয়াছেন; সে সূর্য্য আপনার বাসর গৃহহইতে বহির্গত বরের ন্যায়,ও পণের নিমিত্তে ধাবমান বলবান পুরুষের ন্যায় আনন্দযুক্ত হয়। ৬ সে আকাশের আদিসীমাহইতে যাত্রা করিয়া অন্তসীমা পর্য্যন্ত গমন করে, তাহার উত্তাপে কোন বস্তু লুক্কায়িত থাকে না।

৭ পরমেশ্বরের শাস্ত্র সিদ্ধ ও মনের পরিবর্ত্তক, এবং পরমেশ্বরের প্রমাণবাক্য অটল ও অজ্ঞানের জ্ঞানজনক। ৮ পরমেশ্বরের উপদেশ অতি সরল ও মনের আনন্দবর্দ্ধক; এবং পরমেশ্বরের আজ্ঞা নির্ম্মল ও নয়নের দীপ্তিজনক। ৯ পরমেশ্বরের ভয় করণ পবিত্র ও চিরস্থায়ী, এবং পরমেশ্বরের রাজনীতি সত্য ও সর্ব্বাংশে যথার্থ; ১০ এবং কাঞ্চন ও তপ্তকাঞ্চন অপেক্ষা লোভনীয়, এবং মধু ও সদ্যোজাত মধুহইতেও সুস্বাদু। ১১ এই সকলদ্বারা তোমার দাস উপদিষ্ট আছে, এই সকল প্রতিপালন করিলে মহাফল হয়। ১২ কিন্তু

[২৭] গী ৩৪ ; ১৮। যাক ৪ ; ৬ ॥—[২৮] গী ২৭ ; ১ ॥—[২৯] ১১৮ ; ৯-১২ ॥—[৩০] ১২ ; ৬। ১৯ ; ৯-১১। ৮৪ ; ১১॥ [৩১] দ্বি ৩২ ; ৪,৩৯ ॥—[৩২] যা ১৫ ; ২। গী ২৩ ; ৩। ২৭ ; ১ ॥—[৩৩] দ্বি ৩২ ; ১৩। হ ৩ ; ১৯ ॥—[৩৪] গী ১৪৪ ; ১ ॥—[৩৬] হি ৪ ; ১২ ॥—[৩৯] গী ৪৪ ; ৫ ॥—[৪১]২ ; ৮-১২ ॥—[৪২]২ ; ৯ ॥—[৪৩]২ শি ৫ ; ১। ১৯ : ৯। ২০ ; ২২। ৮ ; ১-১৪ ॥—[৪৭] গী ১৪৪ ; ২ ॥—[৪৯] রো ১৫ ; ৯ ॥—[৫০] ২ শি ৭ ; ১৫,১৬। গী ৮৯ ; ২০-২৯ ॥
[১৯ গীত ; ১] গী ৮ ; ১,৩। যিশ ৪০ ; ২৬। রো ১ ; ১৯, ২০॥—[৪] রো ১০ ; ১৮ ॥—[৭] গী ১১১ ; ৭। ১১৯ ; ৯৮-১০০ ॥ [৮] ১২ ; ৬। ১১৯ ; ১২৮-১৩০ ॥—[৯] রো ৭ ; ১২ ॥—[১০] গী ১১৯ ; ৭২,১০৩,১২৭ ॥—[১১] হি ২৯ ; ১৮॥

* (বা) ভগ্ন। † (বা) শাস্তি। ‡ (ইব্রু) নত। ‖ (ইব্রু) গ্রীবা। § (ইব্রু) বিদেশিদের সন্তানেরা। ¶ (বা) স্বীকার। ** (বা) এমন স্থান নাই যাহাতে তাহাদের রব শুনা যায় না। †† (বা) বিধি।

আপনার তাবৎ ভ্রান্তি কে বুঝিতে পারে? অতএব ১৩ গুপ্ত দোষহইতে আমাকে রক্ষা কর। অহঙ্কারময় সকল দোষহইতেও * নিজ দাসকে রক্ষা কর; সেই সকল দোষকে আমার উপরে কর্ত্তৃত্ব করিতে দিও না; তাহাতে আমি মহাপাপহইতে নির্দ্দোষ হইয়া ১৪ সিদ্ধ হইব। হে আমার আশ্রয় ত্রাণকর্ত্তা পরমেশ্বর, আমার মুখের কথা ও মনের ধ্যান তোমার দৃষ্টিতে গ্রাহ্য হউক।

২০ গীত।

১ রাজার নিমিত্তে প্রজাদের প্রার্থনা, ৬ ও রাজার উত্তর, ৭ ও পরমেশ্বরে প্রজাদের প্রত্যাশা।

প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের গীত।

১ পরমেশ্বর বিপদকালে তোমাকে উত্তর দিউন, ও ২ যাকুবের ঈশ্বরের নাম তোমাকে রক্ষা করুণ † তিনি আপন ধর্ম্মস্থানহইতে তোমার উপকার করুণ, ও ৩ সিয়োনে থাকিয়া তোমাকে সুস্থির রাখুন; এবং তোমার তাবৎ নৈবেদ্য স্মরণ করুণ, ও তোমার হোমবলি ৪ গ্রাহ্য করুণ। সেলা। এবং তোমার মনের ইচ্ছানুসারে তোমাকে দান করুণ, ও তোমার তাবৎ পরা- ৫ মর্শ সিদ্ধ করুণ। আমরা তোমাহইতে পরিত্রাণে আনন্দিত হইব, ও আমাদের ঈশ্বরের নামে ধ্বজা তুলিব; পরমেশ্বর তোমার তাবৎ প্রার্থনা সিদ্ধ করুণ।

৬ পরমেশ্বর নিজ অভিষিক্তকে রক্ষা করেন, ও নিজ ধর্ম্মময় স্বর্গহইতে তাহাকে উত্তর দেন, এবং নিজ দক্ষিণ বাহুবলেতে তাহাকে রক্ষা করেন, ইহা আমি এখন জানিলাম।

৭ দেখ, কেহ২ রথের ও কেহ২ অশ্বের প্রশংসা করে, কিন্তু আমরা আমাদের প্রভু পরমেশ্বরের ৮ নামের প্রশংসা ‡ করি। তাহারা নত হইয়া পতিত হইয়াছে, কিন্তু আমরা গাত্রোত্থান করিয়া দণ্ডায়মান ৯ আছি। পরমেশ্বর রাজাকে রক্ষা করুণ; যে সময়ে আমরা প্রার্থনা করি, তৎকালে আমাদিগকে উত্তর দিউন।

২১ গীত।

১ জয়ের নিমিত্তে ঈশ্বরের ধন্যবাদ, ৮ ও উপকারার্থে তাঁহাতে প্রত্যাশা করণ।

প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, তোমার পরাক্রমে রাজা আনন্দিত হয়, ও তোমাহইতে পরিত্রাণ পাইয়া পরমাহ্লাদিত ২ হয়। তুমি তাহার মনোবাঞ্ছা পরিপূর্ণ করিয়াছ, এবং তাহার ওষ্ঠাধরের প্রার্থনাতে অসম্মত হও নাই। ৩ সেলা। তাহাকে শীঘ্র শুভাশীর্ব্বাদ করিয়া সুবর্ণ ৪ মুকুট তাহার মস্তকে দিয়াছ। সে তোমার নিকটে আয়ুঃ প্রার্থনা করিলে তুমি তাহাকে দীর্ঘায়ুঃ ও অমরত্ব ৫ দিয়াছ। সে তোমাহইতে পরিত্রাণ পাইয়া মহাগৌ- ৬ রবান্বিত ও সম্ভ্রান্ত ও মর্য্যাদাপন্ন হইয়াছে। এবং তুমি তাহাকে নিত্য আশীর্ব্বাদ দিয়াছ, ও আপন ৭ মুখের প্রসন্নতাতে পরমানন্দিত করিয়াছ। রাজা পরমেশ্বরেতে প্রত্যাশা করিতেছে, ও সর্ব্বোপরিস্থের অনুগ্রহদ্বারা কদাচ বিচলিত হইবে না।

৮ তোমার হস্ত তোমার তাবৎ শত্রুকে বশীভূত, ও তোমার দক্ষিণ হস্ত ঘৃণাকারিবর্গকে বশীভূত করি- ৯ বে। তুমি ক্রোধের সময়ে তাহাদিগকে তুন্দুরের ন্যায় অগ্নিময় করিবা; পরমেশ্বর আপন ক্রোধদ্বারা তাহাদিগকে গ্রাস করিবেন, এবং অগ্নি তাহাদিগকে ভক্ষণ ১০ করিবে। পৃথিবীহইতে তাহাদের ফল ও মনুষ্যসন্তানদের মধ্যে তাহাদের বংশ বিনষ্ট করিবা। ১১ যেহেতুক তাহারা তোমার বিরুদ্ধে দুশ্চিন্তা করিল, এবং কুমন্ত্রণা করিল, কিন্তু তাহা সিদ্ধ হইবে না। ১২ অতএব তুমি তাহাদের সাক্ষাতে ধনুর্গুণে বাণ যোজনা করিয়া তাহাদিগকে লক্ষ্য করিবা ‖। হে পরমেশ্বর, ১৩ তুমি নিজ বলেতে উচ্চপদান্বিত হও, তাহাতে আমরা তোমার মহিমার গান ও প্রশংসা করিব।

২২ গীত।

১ খ্রীষ্টের নিদর্শনস্বরূপ দায়ূদের বিলাপ, ১৯ এবং প্রার্থনা ২২ ও প্রশংসা করণ।

অয়েলৎ-শহরের স্বরে প্রধান বাদকের জন্যে দায়ূদের গীত।

১ হে আমার ঈশ্বর, হে আমার ঈশ্বর, তুমি কেন আমাকে পরিত্যাগ কর? ও আমার রক্ষা ও আর্ত্ত- ২ নাদহইতে কেন দূরে থাক? হে আমার ঈশ্বর, আমি দিনেতে প্রার্থনা করিলে তুমি উত্তর দেও না, রাত্রিতেও ৩ করিলে আমার বিরাম হয় না; কিন্তু হে ইস্রায়েলের প্রশংসার পাত্র, তুমিই পবিত্র। আমাদের পূর্ব্ব- ৪ পুরুষেরা তোমাতে বিশ্বাস করিয়াছে, ও বিশ্বাস ৫ করিলে তুমি তাহাদিগকে উদ্ধার করিয়াছ; এবং

---

[১২] যির ১৭; ৯,১০। গী ৯০; ৮॥—[১৩] গ ১৫; ৩০; ৩১। দ্বি ১৭; ১২। ইব্রু ১০; ২৬-৩০। ১১৯; ১৩৩। রো ৬; ১৪॥—[১৪] গী ৫১; ১৫॥

[২০ গীত; ১,২] ১ রা ৮; ৪৪,৪৫॥—[৪] গী ২১; ২॥—[৫-৮] যা ১৫; ৩। ১৭; ১৫। গী ৪৪; ৩-৮। ৬০; ৪। ১৪৪; ১॥ [৬] ২; ৬-৯। ২ শি ৫; ২২॥—[৭] গী ৩৩; ১৬,১৭। হি ২১; ৩১॥

[২১ গীত; ২] গী ২০; ৪॥—[৪-৭] ২ শি ৭; ৮-১৬। ৮; ১-১৫॥—[৭] গী ১৮; ২৯-৩৬। ৪৬; ১-৩॥—[৮-১২] ১৮; ৩৭-৪৫। ২; ৮,৯,১২। ৯২; ৮। ১১০; ১,২,৫,৬॥—[৯] মল ৪; ১॥—[১০] গী ৩৭; ২৮॥—[১৩] ১৮; ৪৬॥

[২২ গীত; ১-২১] ইব্রু ৫; ৭। ১ পি ২; ২১-২৪॥—[১] ম ২৭; ৪৬। যা ১৫; ৩৪॥—[৩] গী ২৩; ২১। দ্বি ৪; ৬-৮। ৩৩; ২৬-২৯॥—[৪,৫] ইব্রু ১১; ১-৩২॥

* (বা) লোকহইতে। † (বা) উচ্চস্থানে রাখুন। ‡ (ইব্রু) স্মরণ। ‖ (ইব্রু) পীঠ বা পশ্চাৎ ফিরাইবা।

তাহারা তোমাকে আহ্বান করিয়া রক্ষা পাইল, এবং
৬ তোমাতে বিশ্বাস করিয়া লজ্জিত হইল না। কিন্তু
আমি কোন্ কীটের কীট, মনুষ্যের মধ্যেও গণ্য
নই, ও মনুষ্যদের নিন্দাস্পদ, ও লোকদের তুচ্ছতার
৭ পাত্র। যে সকল লোক আমাকে দেখে, তাহারা ওষ্ঠ
বক্র করিয়া মস্তক লাড়িয়া আমাকে উপহাস করিয়া
৮ কহে, সে * পরমেশ্বরেতে আপন ভার অর্পণ করুক;
তাহাতে তিনি যদি তাহাতে সন্তুষ্ট হন, তবে তাহাকে
৯ রক্ষা করিবেন। তুমি আমাকে মাতৃগর্ভহইতে মুক্ত
করিয়াছ, ও মাতৃস্তন পান করণ সময়েও আমার
১০ আশ্রয় হইয়াছ। গর্ভহইতে নিঃসৃত হওনাবধি
তোমাতে সমর্পিত আছি, ও আমার মাতৃগর্ভস্থ হওনা-
১১ বধি তুমি আমার ঈশ্বর হইয়াছ। অতএব আমা-
হইতে দূরবর্ত্তী হইও না, কেননা আমার দুঃখ
উপস্থিত আছে, ও উপকার করে এমত কেহই নাই।
১২ অনেক বৃষ আমাকে বেষ্টন করে, ও বাশনের বল-
১৩ বান্ বৃষ সকল আমাকে ঘেরে। লোকেরা গর্জ্জনকারি
দুরন্ত সিংহের ন্যায় আমার প্রতি মুখ ব্যাদান
১৪ করে। আমি পতিত জলস্বরূপ হই, ও আমার তাবৎ
অস্থি খসে, ও আমার অন্তঃকরণ মোমের ন্যায় উদ-
১৫ রস্থ নাড়ীর মধ্যে গলিত আছে। আমার বল খোলার
ন্যায় শুষ্ক হয়, ও তালুতে আমার জিহ্বা রুদ্ধ হয়, ও
১৬ তুমি মৃত্যুর ধূলাতে আমাকে নিক্ষেপ করিতেছ। কুক্কু-
রেরা আমাকে ঘেরে, ও খলসমূহ আমাকে বেড়ে, ও
১৭ আমার হস্তপাদ বিদ্ধ করে। আমার তাবৎ অস্থি গণনা
করিতে পারি, কিন্তু লোকেরা † আমার প্রতি দৃষ্টি
১৮ করিয়া অবলোকন করে। তাহারা আপনাদের মধ্যে
আমার পরিধেয় বস্ত্র বিভাগ করে, এবং আমার
উত্তরীয় বস্ত্রের জন্যে গুলিবাঁট করে।

১৯ হে পরমেশ্বর, আমাহইতে দূরস্থ হইও না, তুমিই
আমার বল, আমার উপকার করিতে ত্বরায় আগ-
২০ মন কর। খড়্গহইতে আমার প্রাণকে, ও কুক্কুরের
২১ হস্তহইতে আমার প্রিয় প্রাণকে ‡ রক্ষা কর। সিং-
হের মুখহইতে আমাকে ত্রাণ কর, ও গণ্ডারের
শৃঙ্গহইতে উদ্ধার ‖ কর।

২২ আমি ভ্রাতৃগণের মধ্যে তোমার নাম প্রকাশ
করিব, ও সভার মধ্যে তোমার প্রশংসা করিব।
২৩ হে পরমেশ্বরের ভয়কারি লোক সকল, তোমরা তাঁ-
হার প্রশংসা কর; হে যাকুবের তাবৎ বংশ, তোমরা
তাঁহার গুণানুবাদ কর; হে ইস্রায়েলের তাবৎ বংশ,
২৪ তোমরা তাঁহাকে ভয় কর। কেননা তিনি দুঃখি
লোকের দুঃখকে তুচ্ছবোধ বা সামান্য জ্ঞান না
করিয়া তাহাহইতে আপনার মুখ আচ্ছাদন করি-
লেন না, বরং আহ্বান করিবামাত্র তাহার নিবেদন
২৫ শুনিলেন। হে প্রভো, আমি মহাসভাতে তোমার
গুণের প্রশংসা করিব, ও তোমার ভয়কারি লোক-
২৬ দের সাক্ষাতে আপন মানত পরিপূর্ণ করিব। তাহাতে
দুঃখি লোকেরা ভোজন করিয়া তৃপ্ত হইবে। হে
পরমেশ্বর, তোমার অন্বেষণকারি লোকেরা তোমার
গুণানুবাদ করিবে, ও তাহাদের মন সর্ব্বদা সচেতন থা-
২৭ কিবে। পৃথিবীর প্রান্তভাগ পর্য্যন্ত লোকেরা পরমেশ্ব-
রকে স্মরণ করিয়া তাঁহার প্রতি ফিরিবে, ও অন্যান্য
দেশীয় তাবৎ জাতিরা তাঁহার সাক্ষাতে ভজনা করিবে।
২৮ যেহেতুক রাজ্য পরমেশ্বরের আছে, ও তিনি দেশীয়-
২৯ দের মধ্যে কর্তৃত্ব করেন। অতএব পৃথিবীস্থ পুষ্ট
লোকেরা ভোজন করিয়া তাঁহার ভজনা করিবে, ও
আপন২ প্রাণ রক্ষা করিতে অসমর্থ কবরে প্রবে-
শোদ্যত যে লোকেরা তাহারা তাঁহার সাক্ষাতে হাঁটু
৩০ পাতিয়া প্রণাম করিবে। এক বংশ প্রভুর সেবা
৩১ করিয়া তাঁহার লোক সর্ব্বদা গণিত হইবে। এবং
তাহারা উপস্থিত হইয়া তাঁহার যে ধর্ম্ম সিদ্ধ করিয়া-
ছেন, তাহা ভাবি লোকদিগকে জ্ঞাত করিবে।

২৩ গীত।

১ পালক পরমেশ্বরের প্রতি প্রত্যাশা করণ।

দায়ূদের গীত।

১ পরমেশ্বর আমার প্রতিপালক, আমার কিছুরই
২ অভাব হইবে না। তিনি আমাকে তৃণ § যুক্ত ক্ষেত্রে
৩ শয়ন করান, ও স্থির ¶ জলের নিকটে চরান। তিনি
আমার মনঃ পরিবর্ত্তন করিয়া আপন নামের গুণে
৪ আমাকে ধর্ম্মপথে গতি করান। অতএব আমি যখন
মৃত্যুচ্ছায়ারূপ উপত্যকার মধ্যদিয়া গমন করিব,
তৎকালেও কোন বিপদে ভয় করিব না, কেননা তুমি
আমার সঙ্গে থাকিবা, এবং তোমার পাচনি ও যষ্টি
৫ আমার সান্ত্বনাকারী হইবে। তুমি আমার বৈরিগণের

---

[৬] যিশ ৫২; ১৪। ৫৩; ২,৩॥—[৭,৮] ম ২৭; ৩৯-৪৪। মা ১৫; ২৯-৩২॥—[৯,১০] গী ৭১; ৬। যিশ ৪৬; ৩। ৪৯; ১॥
[১১] প ১৯॥—[১২] আম ৪; ১॥—[১৪] লূ ২২; ৪৪। যো ১৯; ৩৪॥—[১৫] যো ১৯; ২৮॥—[১৬] লূ ২৪; ৩৯।
যো ২০; ২৫,২৭॥—[১৮] ম ২৭; ৩৫। ২ শি ১৪; ১৪॥—[১৯] প ১১॥—[২২] ইব্রি ২; ১১,১২। গী ৪০; ৯,১০॥
[২৩,২৪] রো ১১; ২৫-২৭। গী ৩৪; ৩-৬॥—[২৫] ১১৬; ১৪, ১৮॥—[২৬] যিশ ৬৫; ১৩, ১৪। ম ৫; ২-৯॥—[২৭]
গী ৮৬; ৯। ২; ৮। ৭২; ৮-১১। যিশ ২; ৩,৪। ৪৯; ৬। রো ১৫; ৮-১৩॥—[২৮] দা ২; ৪৪॥—[২৯] যিশ ৪৯; ১৪,
১৫, ২৩। ৬০; ১৪, ১৫। ফিল ২; ৯-১১॥—[৩০,৩১] যো ১; ১২। ১ পী ২; ৯॥
[২৩ গীত; ১] যো ১০; ৯-১৫। যিশ ৪০; ১১। যিহি ৩৪; ১১, ২৩॥—[২] যিহি ৩৪; ১৩-১৬। যিশ ৪৯; ৯,১০। প্র
৭; ১৭॥—[৩] ফিল ১; ৬। ২; ১৩। গী ৩২; ৮॥—[৪] হি ১৪; ৩২। প্রে ৭; ৫৫, ৫৬, ৫৯। ফিল ১; ২১, ২৩। যিশ
৪৩; ১, ২॥—[৫] গী ৯২; ৯-১১॥

* (ইব্রি) তুমি। † (ইব্রি) তাহারা। ‡ (ইব্রি) আমার অদ্বিতীয়কে। ‖ (ইব্রি) শুনন। § (বা) কোমল তৃণ। ¶ (ইব্রি) নীরব।

সাক্ষাতে আমার সম্মুখে ভোজনাসন সুসজ্জ করিতেছ, ও আমার মস্তক তৈলার্দ্র করিতেছ, ও আমার ৬ পানপাত্র উথলিয়া পড়িতেছে। অতএব আমার তাবৎ জীবৎকালে মঙ্গল ও অনুগ্রহ আমার পশ্চাদ্গামী হইবে, এবং আমি চিরকাল পরমেশ্বরের মন্দিরে বসতি করিব।

২৪ গীত।

১ পরমেশ্বরের রাজত্ব, ৩ ও তাঁহার লোকের বর্ণনা, ৭ ও তাঁহার গ্রাহ্য লোকদের নিবেদন।

দায়ূদের গীত।

১ পৃথিবী ও তন্মধ্যস্থ তাবৎ বস্তু এবং জগৎ ও তন্নি২ বাসি সকলেই পরমেশ্বরের। তিনি সমুদ্রের উপরে তাহার ভিত্তি ও প্রবাহের উপরে তাহার গাঁথনি প্রস্তুত করিয়াছেন।

৩ পরমেশ্বরের পর্ব্বতে কে আরোহণ করিবে? ও ৪ তাঁহার ধর্ম্মধামে কে অধিষ্ঠান করিবে? যাহার পরিষ্কৃত করতল ও পবিত্র অন্তঃকরণ আছে; যে জন মিথ্যাকথাতে মনোনিবেশ না করে ও মিথ্যাশপথ ৫ না করে; এমত ব্যক্তি পরমেশ্বরহইতে আশীর্ব্বাদ ও তাহার পরিত্রাণকর্ত্তা ঈশ্বরহইতে পুণ্য প্রাপ্ত ৬ হইবে। এই বংশ তাঁহার অন্বেষণকারী, ও হে যাকুব্*, তোমার মুখেরও চেষ্টাকারী হয়। সেলা।

৭ হে দ্বার সকল, মুক্ত হও; হে চিরস্থায়ি কবাট সকল, উত্থিত হও; মহামহিম রাজা প্রবেশ করি৮ বেন। মহামহিম রাজা কে? যে পরমেশ্বর সর্ব্ব৯ শক্তিমান্ ও যুদ্ধেতে শূর ও পরাক্রমী, তিনি। হে দ্বার সকল, মুক্ত হও; হে চিরস্থায়ি কবাট সকল, ১০ উত্থিত হও; মহামহিম রাজা প্রবেশ করিবেন। মহামহিম রাজা কে? সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরই মহামহিম রাজা। সেলা।

২৫ গীত।

১ ইব্রী ভাষার ককারাদি গীত; তাহাতে দায়ূদের পাপের ক্ষমা ও উপকারার্থে প্রার্থনা করণ।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, আমি তোমাতে মনোনিবেশ করি।
২ হে আমার ঈশ্বর, আমি তোমার প্রত্যাশা করি; আমাকে কোন রূপে লজ্জিত হইতে দিও না, এবং আমার শত্রুগণকে আমার প্রতি দর্প করিতে দিও ৩ না। যে সকল লোক তোমার অপেক্ষা করে, তাহারা লজ্জা পাইবে না; কিন্তু যাহারা অকারণে প্রবঞ্চনা করে, তাহারাই লজ্জিত হইবে। ৪ হে পরমেশ্বর, তোমার পথ আমাকে জ্ঞাত কর, ও তোমার মার্গে ৫ আমাকে শিক্ষা দেও। এবং তোমার সত্য পথে আমাকে লইয়া শিক্ষা দেও; যেহেতুক তুমিই আমার ত্রাণকর্ত্তা ঈশ্বর, এবং আমি তাবৎ দিন তোমার ৬ অপেক্ষা করি। হে পরমেশ্বর, পূর্ব্বাবধি তোমার যে ৭ দয়া ও অনুগ্রহ † তাহা স্মরণ কর। কিন্তু আমার যৌবনাবস্থার অপরাধ ও পাপ স্মরণ করিও না; হে পরমেশ্বর, আপন দাতৃত্বের নিমিত্তে আপন কৃপানুসারে ৮ আমাকে স্মরণ কর। পরমেশ্বর দাতা ও প্রকৃত, এই ৯ জন্যে অপরাধিদিগকেও সৎপথে শিক্ষা দেন। তিনি নম্র লোকদিগকে রাজ্যনীতির পথে গমন করান, ১০ ও নম্রদিগকে আপন পথে শিক্ষা দেন। যাহারা পরমেশ্বরের নিয়ম ও প্রমাণবাক্য প্রতিপালন করে, তাহাদের জন্যে তাঁহার তাবৎ পথে অনুগ্রহ ও ১১ সত্যতা আছে। হে পরমেশ্বর, আমার পাপ বড়, ১২ তুমি নিজ নামের গুণে তাহার মার্জ্জনা কর। যে জন পরমেশ্বরকে ভয় করে সে কে? তাহাকে তিনি ১৩ আপন মনোনীত পথে শিক্ষা দিবেন। তাহাতে তাহার প্রাণ কুশলে থাকিবে, এবং তাহার বংশ ১৪ পৃথিবীর অধিকারী হইবে। পরমেশ্বরের ভয়কারিদিগের সহিত তাঁহার নিগূঢ় কথা আছে, তিনি তাহা১৫ দিগকে আপন নিয়ম জ্ঞাত করেন। পরমেশ্বর জালহইতে আমার চরণ উদ্ধার করিবেন, এই জন্যে ১৬ সর্ব্বদা তাঁহার প্রতি আমার এক দৃষ্টি আছে। আমি অনন্য ও দুঃখী, অতএব আমার প্রতি ফিরিয়া দয়া ১৭ কর। আমার মনের ক্লেশ বৃদ্ধি পাইতেছে, কষ্টহইতে ১৮ আমাকে নিস্তার কর। আমার দুঃখ ও ক্লেশের প্রতি দৃষ্টিপাত কর, আমার অপরাধ সকল ক্ষমা কর। ১৯ আমার শত্রুগণের প্রতি অবলোকন কর, তাহারা ২০ অনেক ও আমাকে নির্দ্দয়ে ঘৃণা করে। তাহাদের হইতে আমার প্রাণকে রক্ষা কর, ও আমাকে উদ্ধার কর; আমি তোমার শরণাগত, আমাকে লজ্জা ২১ পাইতে দিও না। সাধুতা ও সরলতা আমাকে রক্ষা ২২ করুক, আমি তোমার অপেক্ষা করিতেছি। হে ঈশ্বর, ইস্রায়েল্কে তাবৎ ক্লেশহইতে মুক্ত কর।

২৬ গীত।

১ দায়ূদের সরলতা ও প্রার্থনা।

---

[৬] গী ৭০; ২৪ ॥—[২৪ গীত; ১] যূব ৪১; ১১। গী ৫০; ১০-১২। ১ ক ১০; ২৬, ২৮ ॥—[২] আ ১; ৯। গী ১০৬; ৬। ২ পি ৩; ৫ ॥—[৩, ৪] গী ১৫; ১-৫ ॥—[৬] ২২; ৩০। যিশ ৪৯; ৩ ॥—[৭-১০] ১ বং ১৫; ২৫-২৮ ॥—[৭] গী ১১৮; ১৯। যিশ ২৬; ১, ২ ॥—[৮] ১ ক ২; ৮ ॥—[৯] ইফ ৪; ৮ ॥

[২৫ গীত; ২] গী ২২; ৪, ৫। ৩১; ১ ॥—[৩] ৩১; ১৭ ॥—[৪] ২৭; ১১। ৮৬; ১১ ॥—[৬] দ্বি ৩২; ৬-১২ ॥—[৭] ২৬। গী ৫১; ১ ॥—[১০] ১০৩; ১৭, ১৮। হি ৩; ১৭ ॥—[১১] গী ৭৯; ৯। গী ১৪; ১৫-১৯ ॥—[১২] প ৪। গী ৩২; ৮ ॥—[১৩] গী ৩৭; ১১ ॥—[১৪] আ ১৮; ১৭-১৯। হি ৩; ৩২ ॥—[১৫] গী ১২৩; ১, ২ ॥—[২০] প ২ ॥—[২২] ১৩০; ৮ ॥

* (বা) যাকুবের ঈশ্বর। † (ইব্রী) অন্তঃ।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, আমার বিচার কর, যেহেতুক আমি সরলাচরণ করি; পরমেশ্বরেতে বিশ্বাস করি, আমি ২ বিচলিত হইব না। হে পরমেশ্বর, আমার পরীক্ষা করিয়া প্রমাণ লও, এবং আমার মন ও চিত্ত পরি- ৩ ষ্কার কর। তোমার অনুগ্রহ আমার নয়নগোচরে ৪ থাকাতে আমি তোমার সত্য পথে গমন করি; এবং অসার লোকের সহবাস ও কপটি লোকের সহিত ৫ গমনাগমন করি না। এবং আমি দুষ্ট লোকদের সভা- ৬ কে ঘৃণা করি, ও পাপিদের সহিত বসতি করি না। হে পরমেশ্বর, প্রশংসার ধ্বনি শ্রবণ করাইতে ও তোমার ৭ আশ্চর্য্য ক্রিয়া প্রকাশ করিতে আমি শুচিরূপ জলে হস্ত প্রক্ষালন করিয়া তোমার বেদি প্রদক্ষিণ করিয়া ৮ থাকি। হে পরমেশ্বর, আমি তোমার বাসমন্দিরকে ও ৯ তোমার গৌরবের বসতিস্থানকে প্রেম করি। অতএব যাহাদের হস্ত প্রবঞ্চনাতে ও দক্ষিণ হস্ত উৎকোচেতে ১০ পরিপূর্ণ, সেই অপরাধিদের সহিত আমার প্রাণকে, ও হত্যাকারিদের সহিত আমার জীবনকে সংগ্রহ ১১ করিও না। আমি সরল ভাবে আচরণ করি, আমাকে ১২ নিস্তার কর ও আমার প্রতি সদয় হও। তাহাতে আমি সরল স্থানে পাদবিক্ষেপ করিব, ও সভার মধ্যে পরমেশ্বরের প্রশংসা করিব।

২৭ গীত।

১ পরমেশ্বরের প্রতি দায়ূদের প্রত্যাশা ৪ ও প্রেম ৭ ও প্রার্থনা।

দায়ূদের গীত।

১ পরমেশ্বর আমার দীপ্তি ও পরিত্রাণকর্ত্তা, অতএব আমি কাহাকে ভয় করিব? এবং পরমেশ্বরই আমার ২ জীবনের বল, আমি কাহাহইতে ভীত হইব? যে সময়ে দুষ্টেরা আমার বৈরী ও শত্রু হইয়া আমার মাংস ভোজন করিতে উদ্যত হইল, তৎকালে তাহারা ৩ টলিয়া পড়িল। যদ্যপি সৈন্যগণ আমার বিরুদ্ধে শিবির স্থাপন করে, তথাপি আমি মনেতে কিছু ভয় করিব না; যদ্যপি আমার বিরুদ্ধে যুদ্ধ করিতে প্রবৃত্ত হয়, তথাপি বরং উৎসাহ করিব।

৪ আমি যেন পরমেশ্বরের মন্দিরে তাঁহার অনুসন্ধান করিয়া তাঁহার সৌন্দর্য্য * দর্শন করিয়া যাবজ্জীবন তাঁহার আলয়ে বাস করি, এই এক বিষয় আমি পর- ৫ মেশ্বরের কাছে প্রার্থনা করিয়া চেষ্টা করি। কেননা বিপদকালে তিনি আপন আবাসে আমাকে গুপ্ত করিবেন, ও আপন তাম্বুর গুপ্তস্থানে আমাকে লুক্কা-ইত করিবেন, ও পর্ব্বতের উপরে আমাকে উঠাইয়া ৬ রাখিবেন। তাহাতে চতুর্দ্দিকস্থিত তাবৎ শত্রুহইতে আমার মস্তক উত্থাপিত হইবে; এবং আমি তাঁহার তাম্বুতে থাকিয়া আনন্দরূপ † নৈবেদ্য উৎসর্গ করিব, এবং গান করিয়া পরমেশ্বরের প্রশংসা করিব।

৭ হে পরমেশ্বর, আমি আপন রবেতে প্রার্থনা করিলে আমার নিবেদন শ্রবণ করিও, এবং ৮ আমার প্রতি কৃপা করিয়া উত্তর দিও। 'আমার মুখের অন্বেষণ কর,' তোমার এ কথাতে আমার মন কহিল, হে পরমেশ্বর, তোমার মুখের অন্বেষণ ৯ করিব। অতএব আমাহইতে আপন মুখ লুক্কায়িত করিও না, এবং ক্রোধ করিয়া নিজ দাসকে দূর করিও না; হে আমার ত্রাণকর্ত্তা ঈশ্বর, তুমি আমার উপকারী, আমাকে ছাড়িও না ও পরিত্যাগ করিও ১০ না। যদ্যপি আমার পিতা মাতা আমাকে ত্যাগ করে, ১১ তথাপি পরমেশ্বর আমাকে গ্রাহ্য করিবেন। হে পরমেশ্বর, তোমার পথ আমাকে জ্ঞাত কর, বৈরি-১২ গণ প্রযুক্ত আমাকে সরলপথে গতি করাও। আমার বৈরিগণের হস্তে ‡ আমাকে সমর্পণ করিও না; মিথ্যা সাক্ষিগণ আমার বিরুদ্ধে উঠিয়া নির্দ্দয়ে ১৩ হুঙ্কার করিতেছে। আমি যদি জীবিত লোকদের নিকটে পরমেশ্বরহইতে মঙ্গল দর্শন করিতে বিশ্বাস ১৪ না করিতাম, তবে নিরাশ হইতাম। পরমেশ্বরের অপেক্ষা কর ও উৎসাহ কর, তাহাতে তিনি তোমার মন সবল করিবেন; পরমেশ্বরের অপেক্ষাতে থাক।

২৮ গীত।

১ আপনার ও আপন লোকদের নিমিত্তে দায়ূদের প্রার্থনা ৬ ও পরমেশ্বরের ধন্যবাদ করণ।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, আমি তোমার কাছে প্রার্থনা করি-তেছি; হে আমার পর্ব্বত, আমার প্রতি নীরব হইও না; কেননা আমার প্রতি তুমি মৌনীভূত হইলে আমি ২ কবরস্থ লোকের তুল্য গতি প্রাপ্ত হইব। তোমার উদ্দেশে আমার প্রার্থনাকালে ও তোমার ধর্ম্মধামের বাক্যস্থানের উদ্দেশে কৃতাঞ্জলি হওন সময়ে আমার ৩ প্রার্থনার কথা শ্রবণ করিও। পাপিদের ও দুষ্কর্ম্ম-কারি লোকদের সঙ্গে আমাকে দূর করিও না;

[২৬ গীত; ১] গী ৭; ৮ ।।—[২] ১৩৯; ২৩,২৪ ।।—[৩] যূব ২৩; ১২ ।।—[৪,৫] গী ১; ১ ।।—[৬,৭] ১ তী ২; ৮। দ্বি ১২; ১৩,১৪ ।।—[৮] গী ২৭; ৪। ৪২; ৪। ৮৪; ১-৪,১০ ।।—[৯,১০] য ১৩; ৪১,৪২। গী ২৮; ৩ ।।—[১১] প ১ ।।—[১২] ৮৪; ৪-৭। ১১৬; ১৮, ১৯ ।।

[২৭ গীত; ১] রো ৮; ৩১ ।।—[৩] গী ৩; ৬ ।।—[৪] ২৬; ৮। ৪২; ৪। ৬৩; ৪। ৮৪; ১০ ।।—[৫] ৩১; ২০। ৪০; ২। ১১; ১ ।।—[৬] ১৮; ৪৮, ৪৯ ।।—[৮] যা ২৯; ৪৩। দ্বি ১৬; ১৬। যিশ ৪৫; ১৯ ।।—[৯] গী ৬৯; ১৭। ১৪৩; ৭ ।।—[১০] ১০৩; ১৩। যিশ ৪৯; ১৫ ।।—[১১] গী ২৫; ৪। ৮৬; ১১ ।।—[১৩] ৭৩; ৩,২১-২৮। ১৪; ১৭ ।।—[১৪] ৩১; ২৪। ইব্র ২; ৩ ।।

[২৮ গীত; ১] গী ১৪৩; ৭ ।।—[২] ১ রা ৮; ২৯,৩০। গী ৫; ৭ ।।—[৩] ২৬; ৯,১০ ।।

* (ইব্রী) ওত্তমতা। † (ইব্রী) জয়ধ্বনি। ‡ (ইব্রী) ইচ্ছাতে।

তাহারা প্রতিবাসির সহিত শান্তির কথা কহে, কিন্তু ৪ অন্তঃকরণে মন্দ চিন্তা করে। অতএব তাহাদের যেমন কুক্রিয়া ও কুচেষ্টা, তদনুসারে তাহাদিগকে ফল দেও; তাহাদের হস্তকৃত কর্ম্মানুসারে ফল দেও, ৫ ও তাহাদিগকে সমুচিত প্রতিফল দেও। তাহারা পরমেশ্বরের কার্য্য ও হস্তকৃত বস্তু সকল বিবেচনা করে না, এই জন্যে তিনি তাহাদিগকে ভঙ্গ করিয়া পুনর্ব্বার গাঁথিবেন না।

৬ পরমেশ্বর ধন্য, কেননা তিনি আমার প্রার্থনা ৭ বাক্য শুনিলেন। পরমেশ্বর আমার পরাক্রম ও ঢাল-স্বরূপ, তাঁহাতে আমার মন প্রত্যাশা করে; আমি তাঁহাহইতে উপকার পাইলাম; অতএব আমার অন্তঃকরণ উল্লাসিত হয়, ও আমি গীতদ্বারা তাঁহার ৮ প্রশংসা করি। হে পরমেশ্বর, তুমি আপনার লোক-দের বলস্বরূপ ও আপন অভিষিক্তের ত্রাণকারি বল- ৯ স্বরূপ। আপন লোকদিগকে পরিত্রাণ কর, ও নিজ অধিকারের প্রতি আশীর্ব্বাদ কর, এবং সর্ব্বদা তাহাদিগকে প্রতিপালন করিয়া উচ্চপদান্বিত কর।

২৯ গীত।

ঈশ্বরের গুণানুবাদ করণ।

দায়ূদের গীত।

১ হে বীরবংশ * সকল, পরমেশ্বরের প্রশংসা ও তাঁহার ২ গৌরবের ও পরাক্রমের প্রশংসা কর। এবং তাঁহার নামের গৌরব প্রকাশ কর, ও আদরণীয় ধর্ম্মেতে † ৩ তাঁহার ভজনা কর। সমুদ্রের উপরে পরমেশ্বরের ধ্বনি আছে। মহামহিম ঈশ্বর গর্জ্জন করেন; পর-৪ মেশ্বর জলরাশির উপরে থাকেন। পরমেশ্বরের ধ্বনি ৫ বলবান্, ও পরমেশ্বরের ধ্বনি মহামহিমান্বিত। পর-মেশ্বরের ধ্বনি এরস বৃক্ষ ভগ্ন করে, ও পরমেশ্বর ৬ লিবানোনের এরস্ বৃক্ষ ভগ্ন করেন; এবং বৎসের ন্যায় তাহাদিগকে এবং গণ্ডারশাবকের ন্যায় লিবা-৭ নোন্ ও শিরিয়োনকে লম্ফ দেওয়ান। পরমেশ্বরের ৮ ধ্বনি অগ্নিশিখাকে দ্বিধা করে। ও পরমেশ্বরের ধ্বনি অরণ্যকে কম্পন করায়, ও পরমেশ্বর কাদেশের ৯ অরণ্যকে কম্পন করান। পরমেশ্বরের ধ্বনি বৃহদ্ বৃক্ষকে বিদীর্ণ করে ‡, ও বনসমূহকে মুড়া করে; তাঁহার মন্দিরস্থ সকলে তাঁহার মহিমা প্রকাশ করে। ১০ জলপ্রবাহের উপরে পরমেশ্বরের অধিষ্ঠান; তিনি ১১ সর্ব্বদা রাজা হইয়া বসিয়া থাকেন। পরমেশ্বর আপন লোকদিগকে বল দেন, ও পরমেশ্বর তাহাদিগকে কুশলের আশীর্ব্বাদ করেন।

৩০ গীত।

১ বিপদহইতে নিস্তারের নিমিত্তে ধন্যবাদ করণ, ৪ ও অনুগ্রহ প্রাপ্তির নিমিত্তে ঈশ্বরের কাছে ধন্যবাদ ও প্রার্থনা।

দায়ূদের গৃহপ্রতিষ্ঠা সময়ের গীত ও গান।

১ হে পরমেশ্বর, আমি তোমাকে শ্রেষ্ঠ করিয়া মান্য করি, কেননা তুমি আমাকে উদ্ধার করিয়া আমার ২ শত্রুগণকে নিরানন্দ করিলা। হে আমার প্রভো পর-মেশ্বর, আমি তোমার কাছে প্রার্থনা করিলে তুমি ৩ তৎক্ষণাৎ আমাকে সুস্থ করিলা, এবং পরলোক-হইতে আমার প্রাণকে উদ্ধার করিলা, ও কবরে প্রবেশহইতে আমাকে বাঁচাইলা।

৪ হে পরমেশ্বরের পুণ্যবান্ লোক সকল, তোমরা তাঁহার নামে গান কর, ও তাঁহার পবিত্রতা স্মরণ ৫ করিয়া প্রশংসা কর। তাঁহার ক্রোধ ক্ষণমাত্রস্থায়ী, কিন্তু তাঁহার অনুগ্রহ চিরস্থায়ী ‖; সন্ধ্যাতে রোদন হই-৬ লে প্রভাতে আনন্দ হয়। আমি কদাচ বিচলিত হইব ৭ না, এ কথা সম্পদকালে কহিলাম। হে পরমেশ্বর, তুমি আপন অনুগ্রহে আমার পর্ব্বতকে দৃঢ় করিয়া স্থির রাখিয়াছিলা; কিন্তু আপন মুখ লুক্কায়িত করিলে ৮ আমি ব্যাকুল হইলাম। হে পরমেশ্বর, আমি তোমার নিকটে প্রার্থনা করিতেছি, ও তোমার নিকটে নিবে-৯ দন করিতেছি। আমার রক্তেতে ও কবর প্রবেশে কি লাভ হইবে? ধূলা কি তোমার গুণানুবাদ করিবে? ১০ কিম্বা তোমার সত্যতা প্রকাশ করিবে? হে পরমেশ্বর, শ্রবণ করিয়া আমার প্রতি দয়া কর; হে পরমেশ্বর, ১১ আমার উপকারী হও। আমার রোদনকে হাস্য করাও, ও আমার চট মুক্ত করিয়া আনন্দরূপ বস্ত্র ১২ পরিধান করাও। তাহাতে আমার জিহ্বা ¶ মৌনী না হইয়া তোমার স্তুতি গান করিবে; এবং হে আমার প্রভো পরমেশ্বর, আমি সর্ব্বদা তোমার গুণের প্রশংসা করিব।

৩১ গীত।

১ উপকারার্থে পরমেশ্বরের কাছে প্রার্থনা, ১৪ ও অনুগ্রহের নিমিত্তে প্রশংসা।

প্রধান বাদ্যকরের জন্যে দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, আমি তোমার শরণাগত, অতএব কখন আমাকে লজ্জিত হইতে দিও না; তুমি নিজ

[৫]যিশ ৫; ১২ ॥—[৬]গী ১১৬; ১ ॥—[৭]৩৩; ২০,২১ ॥—[৮]১১৫; ৯-১১ ॥—[৯]১১৫; ১২-১৫। দ্বি ৯; ২৯। ১ রা ৮; ৫১ ॥
[২৯ গীত; ২,] ১ বং ১৬; ২৮,২৯। গী ৯৬; ৭-৯ ॥—[৩-৯] যূব ৩৭; ২-৫ ॥—[৬] গী ১১৪; ৪। দ্বি ৩; ৯ ॥—[১০] গী ১০; ১৬। ৯৩ ॥—[১১] ১১৫; ৯-১৫ ॥

[৩০ গীত] ২ শি ৫; ১১,১২। ১ বং ১৪; ১,২ ॥—[১-৩] গী ১৮; ১-৬। ১১৬; ১-৪ ॥—[৪] ৯৭; ১২ ॥—[৫] ১০৩; ৯। যিশ ২৬; ২০। ৫৪; ৭ ॥—[৬] যূব ২৯; ১৮-২০ ॥—[৭] গী ১০৪; ২৯ ॥—[৮-১০] যূব ১০; ২০-২২। গী ৬; ৪,৫। ৮৮; ৯-১২। যিশ ৩৮; ১৮,১৯ ॥—[১১,১২] যিশ ৬১; ৩। গী ১০৭; ৮, ১৫, ২১, ৩১ ॥

[৩১ গীত; ১] গী ২২; ৪, ৫। ২৫; ২ ॥

* (বা) স্বর্গদূত। † (বা) ধর্ম্মবাসে বা ধর্ম্মবস্ত্রেতে। ‡ (বা) হরিণীকে প্রসব করায়। ‖ (ইব্রু) জীবনদায়ক। ¶ (ইব্রু) মর্য্যাদা।

২ ধর্ম্মপথে আমাকে রক্ষা কর। আমার নিবেদনেতে কর্ণপাত করিয়া ত্বরায় আমাকে উদ্ধার কর; ও আমার নিমিত্তে এক দৃঢ় পর্ব্বতরূপ আশ্রয় ও আমার ৩ রক্ষার নিমিত্তে এক দুর্গস্বরূপ হও। তুমিই আমার পর্ব্বত ও দুর্গস্বরূপ হইয়াছ; অতএব আপন নামের ৪ গুণে আমাকে গমন করাইয়া লইয়া যাও। এবং আমাকে বদ্ধ করিতে লোকেরা গোপনে যে জাল পাতিয়াছে, তাহাহইতে রক্ষা কর; তুমিই আমার বল ৫ স্বরূপ। তোমার হস্তে আমি আপন আত্মাকে সমর্পণ করি; হে সত্য প্রভো পরমেশ্বর, তুমি আমাকে মুক্ত ৬ কর। আমি অনর্থ ক্রিয়ার মান্যকারিগণকে ঘৃণা ৭ করিয়া পরমেশ্বরেতে প্রত্যাশা রাখি। তুমি আমার দুঃখ দেখিয়াছ, ও দুর্দ্দশাতে আমার প্রাণের তত্ত্বাব- ৮ ধারণ করিয়া থাক, এবং শত্রুগণের হস্তে আমাকে সমর্পণ না করিয়া প্রশস্ত স্থানে আমার চরণ রাখিয়া থাক, এই কারণ আমি তোমার অনুগ্রহে সর্ব্বদা আ- ৯ নন্দ ও উল্লাস করি। হে পরমেশ্বর, আমার প্রতি দয়া কর, আমি বিপদগ্রস্ত হই; আমার নয়ন ও প্রাণ ও ১০ উদর চিন্তাতে বিশীর্ণ হয়। শোকেতে আমার জীবৎকাল ও বিপদে আমার বয়স গেল; অপরাধদ্বারা ১১ আমার বল ক্ষীণ ও অস্থি সকল বিশীর্ণ হয়। আমি বৈরিগণের মধ্যে, বিশেষতঃ প্রতিবাসি লোকের মধ্যে নিন্দাস্পদ ও পরিচিত লোকের কাছে ভয়ঙ্কর হই; ১২ লোকেরা পথের মধ্যে আমাকে দেখিলে পলায়ন করে। আমি মৃত ব্যক্তির ন্যায় বিস্মৃত ও বিনষ্ট পা- ১৩ ত্রের সদৃশ হই। অনেকের মুখে আমার নিন্দা শুনি, ও চতুর্দ্দিগে আমার ভয় আছে, কেননা তাহারা আমার বিরুদ্ধে পরামর্শ করিয়া আমার প্রাণ আক্রমণ করিতে মন্ত্রণা করে।

১৪ হে পরমেশ্বর, আমি তোমার শরণাগত, 'তুমি ১৫ আমার ঈশ্বর,' এ কথা কহিলাম। আমার তাবৎ সময় তোমার হস্তগত; তুমি শত্রুগণ ও তাড়নাকারিদের হস্ত- ১৬ হইতে আমাকে উদ্ধার কর। নিজ দাসের প্রতি প্রসন্ন- ১৭ বদন হইয়া অনুগ্রহেতে আমাকে ত্রাণ কর। হে পরমেশ্বর, আমি তোমার কাছে প্রার্থনা করিলাম, আমাকে লজ্জিত হইতে দিও না; কিন্তু পাপিগণ লজ্জিত হউক ও পরলোকে নীরব হইয়া থাকুক। ১৮ এবং যাহারা মিথ্যা কথা কহে এবং ধার্ম্মিক মনুষ্যের বিরুদ্ধে অহঙ্কারে ও অবজ্ঞাতে গ্লানির কথা কহে, তাহারাও মূক হউক। কিন্তু তোমার ভয়কারি- ১৯ দের জন্যে যে মঙ্গল সঞ্চয় করিয়াছ, ও মনুষ্যসন্তানদের সাক্ষাতে তোমার শরণাগত লোকদের নিমিত্তে যে মঙ্গল প্রস্তুত করিয়াছ, তাহা কেমন বড়! তুমি মনুষ্যগণের কুমন্ত্রণাহইতে তাহাদিগকে আপন ২০ সম্মুখে গোপনে রাখিবা, এবং জিহ্বার দুর্ব্বাক্যহইতে তাহাদিগকে আপন আবাসে লুক্কায়িত করিবা। পরমেশ্বর ধন্য হউন, তিনি দৃঢ় নগরে আ- ২১ মার প্রতি আশ্চর্য্য অনুগ্রহ করিলেন। 'আমি তো- ২২ মার দৃষ্টিবহিষ্কৃত,' এই কথা হঠাৎ * বলিলাম; কিন্তু তোমাকে আহ্বান করিলে তুমি আমার নিবেদনবাক্য শ্রবণ করিলা। হে পরমেশ্বরের পুণ্যবান্ লোক, ২৩ তোমরা তাঁহাকে প্রেম কর; পরমেশ্বর বিশ্বস্ত লোকদের রক্ষাকর্ত্তা, কিন্তু অহঙ্কারিবর্গের বাহুল্যরূপে প্রতিফলদাতা। হে পরমেশ্বরে প্রত্যাশাকারি লোক সকল, ২৪ উৎসাহ কর, এবং তোমাদের অন্তঃকরণ সবল হউক।

৩২ গীত।

১ পাপ মার্জ্জনা নিমিত্তক সুখের নির্ণয় ৩ ও মার্জ্জনার নিমিত্তে খেদের ও পাপস্বীকারের প্রয়োজন ৮ ও তাহার ফল।

দায়ূদের উপদেশ গীত।

১ যাহার পাপ ক্ষমা ও যাহার অপরাধ আচ্ছাদিত হইয়াছে সে ধন্য। ২ এবং পরমেশ্বর যাহাকে পাপিরূপে গণনা না করেন ও যাহার আত্মাতে কোন প্রবঞ্চনা নাই সে ধন্য।

৩ আমি (পাপ) অস্বীকার করিলে † সমস্ত দিন রোদনেতে আমার অস্থি সকল জর্জ্জরীভূত হইল। ৪ দিবারাত্রিতে আমার উপরে তোমার হস্ত ভারী হইল, গ্রীষ্মকালের ন্যায় আমার সরসতা শুষ্ক হইল। সেলা। ৫ আমি আপনার অপরাধ ও পাপ গোপন না করিয়া স্বীকার করিলাম, এবং 'পরমেশ্বরের কাছে নিজ পাপ স্বীকার করিব', ইহা কহিলে তুমি আমার পাপ ও অপরাধ ক্ষমা করিলা। সেলা। ৬ এই নিমিত্তে সকল পুণ্যবান্ লোক তোমার সাক্ষাৎ প্রাপ্ত হওন সময়ে বিনয় করিবে, এবং অতিশয় জলপ্লাবন হইলে তাহাদের নিকটে তাহা আসিবে না। ৭ তুমি আমার গুপ্তস্থান, আমাকে দুর্গতিহইতে উদ্ধার কর ও রক্ষা গীতদ্বারা আমাকে বেষ্টন কর। সেলা। ৮ 'আমি তোমাকে জ্ঞান দিব ও গন্তব্য পথের উপদেশ দিব ও চক্ষুর ইঙ্গিতে তোমাকে পরামর্শ দিব।'

---

[৩] গী ১৮; ১,২। ২৩; ৩ ॥—[৫] লূ ২৩; ৪৬ ॥—[৭,৮] গী ৩০; ১-৩ ॥—[৯-১১] ৬; ৭। ৩৮; ১-১১। যূব ১৯; ১৩-২০ ॥—[১১] গী ৮৮; ৮, ১৮ ॥—[১২] ৮৮; ৪,৫ ॥—[১৩] যির ২০; ১০ ॥—[১৬] গ ৬; ২৫,২৬ ॥—[১৭] গী ২৫; ২,৩ ॥—[১৯] যিশ ৬৪; ৪। ১ ক ২; ৯ ॥—[২০] গী ২৭; ৫। ৩২; ৭। যূব ৫; ২১ ॥—[২১] গী ১৭; ৭ ॥ [২২] ১১৬; ১০,১১। যূ ২; ৪,৭ ॥—[২৩] গী ৩৪; ৯ ॥—[২৪] ২৭; ১৪ ॥

[৩২ গীত; ১,২] রো ৪; ৬,৭ ॥—[৩,৪] হি ২৮; ১৩। গী ৩৮; ১-৮ ॥—[৫] হি ২৮; ১৩। ১ যো ১; ৯ ॥—[৬] যির ৩১; ১৮-২০। হো ১৪; ১-৮। ১ ক ১১; ৩১, ৩২ ॥—[৭] গী ২৭; ৫। ৩১; ২০ ॥—[৮] ২৩; ৩। ২৫; ৮,৯, ১২। ৪৮; ১৪। ৭৩; ২৪। যিশ ৩০; ২১ ॥

* (ইব্রী) কম্পনে। † (ইব্রী) নীরব হইলে।

৯ অশ্ব ও অজ্ঞান অশ্বতরের ন্যায় হইও না,তাহাদের মুখ বল্গা ও লৌহদ্বারা বন্ধ করা যায়, নতুবা তোমার ১০ নিকটে থাকে না। পাপি লোকের অনেক দুঃখ ঘটিবে, কিন্তু যে জন পরমেশ্বরেতে প্রত্যাশা করে, সে তাঁহার ১১ অনুগ্রহেতে বেষ্টিত হইবে। অতএব হে ধার্ম্মিকগণ, তোমরা পরমেশ্বরেতে আনন্দ কর ও উল্লাসিত হও; হে সরলান্তঃকরণ লোক সকল, তোমরা জয়ধ্বনি কর।

৩৩ গীত।

১ অনুগ্রহের ও পরাক্রমের ১২ ও রক্ষার নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা।

১ হে ধার্ম্মিকগণ, পরমেশ্বরের উদ্দেশে জয়ধ্বনি কর, ২ কেননা প্রশংসা করা সরল লোকদের উচিত। অতএব বীণাযন্ত্রে পরমেশ্বরের প্রশংসা গান কর, ও নেবল্ নামক দশতন্ত্রীতে তাঁহার গুণের গান কর। ৩ তাঁহার নামের নূতন গীত গাও ও উচ্চৈঃশব্দে মনোহর ৪ বাদ্য কর। পরমেশ্বরের বাক্য যথার্থ ও তাঁহার তাবৎ ৫ কর্ম্ম সত্য। এবং ধর্ম্ম ও ন্যায়বিচার তাঁহার প্রিয়; ৬ পৃথিবী তাঁহার অনুগ্রহেতে পরিপূর্ণ। পরমেশ্বরের আজ্ঞাতে আকাশ, ও তাঁহার মুখের শ্বাসে আকাশের ৭ নক্ষত্রাদি নির্ম্মিত হইল। তিনি সমুদ্রের তাবৎ জলকে রাশির ন্যায় করিয়া গভীর জল ভাণ্ডারে রাখিলেন। ৮ অতএব পৃথিবীস্থ সকলেই পরমেশ্বরকে ভয় করুক্, ও তাবৎ জগন্নিবাসি লোক তাঁহাহইতে ভীত হউক। ৯ তাঁহার কথামাত্রেতে সৃষ্টি হইল, ও তাঁহার আজ্ঞা- ১০ মাত্রেতে স্থিতি হয়। পরমেশ্বর অন্য দেশীয়দের পরামর্শ নিষ্ফল করেন; তাহাতে লোকদের সকল কল্পনা ১১ বৃথা হয়। কিন্তু পরমেশ্বরের পরামর্শ সদাকালস্থায়ী, ও তাঁহার মনের কল্পনা পুরুষানুক্রমে স্থায়ী।

১২ পরমেশ্বর যে দেশীয় লোকদের প্রভু হন, ও যে লোকদিগকে আপন অধিকারের জন্যে মনোনীত ১৩ করিয়াছেন,তাহারা ধন্য। পরমেশ্বর স্বর্গহইতে দৃষ্টিপাত করিয়া মনুষ্যসন্তানগণকে নিরীক্ষণ করেন। ১৪ তিনি আপন বাসস্থানহইতে পৃথিবীনিবাসি লোক- ১৫ দিগকে অবলোকন করেন। তিনি তাহাদের এক রূপ অন্তঃকরণের সৃষ্টিকর্ত্তা হইয়া তাহাদের তাবৎ ক্রিয়া ১৬ বিবেচনা করেন। কোন রাজা মহাসৈন্যদ্বারা ত্রাণ পায় না,ও কোন বীর মহাবলেতে নিস্তার পায় না। ত্রাণার্থে ১৭ অশ্বও বৃথা হয়, সে আপন মহাবলেতে রক্ষা করিতে পারে না। দেখ, যাহারা পরমেশ্বরকে ভয় করে ও ১৮ তাঁহার অনুগ্রহের অপেক্ষাতে থাকে, তাহাদের প্রাণকে মৃত্যুহইতে রক্ষা করিতে ও দুর্ভিক্ষ সময়ে ১৯ তাহাদিগকে জীবৎ রাখিতে তাঁহার চক্ষু তাহাদের প্রতি সপ্রকাশ আছে। আমাদের আত্মা পরমে- ২০ শ্বরের অপেক্ষাতে থাকে,তিনি আমাদের উপকারক ও ঢালস্বরূপ। আমরা তাঁহার ধর্ম্মময় নামে প্রত্যাশা ২১ করাতে আমাদের মন তাঁহাতে আনন্দিত আছে। হে পরমেশ্বর, আমরা যেমন তোমার অপেক্ষাতে ২২ থাকি, তুমিও আমাদের প্রতি তদ্রূপ অনুগ্রহ কর।

৩৪ গীত।

১ ইব্রী ভাষাতে ককারাদি অক্ষরের গীত; তাহাতে রক্ষার নিমিত্তে ঈশ্বরের প্রশংসা ১১ ও দায়ূদের উপদেশ কথা।

যে কালে দায়ূদ্ অবীমেলকের* সাক্ষাতে নিজ স্বভাবের অন্যথা প্রযুক্ত তৎকর্ত্তৃক বহিষ্কৃত হইয়া গমন করিল, তাহার সেই কালের গীত।

আমি সর্ব্বদা পরমেশ্বরের ধন্যবাদ করিব,ও নিত্য ২ ১ আমার মুখে তাঁহার প্রশংসা থাকিবে। আমার ২ আত্মা পরমেশ্বরে শ্লাঘা করিবে, তাহা শুনিয়া দুঃখি লোক আনন্দিত হইবে। আমার সহিত পরমেশ্বরের ৩ মহিমা প্রকাশ কর; আইস, আমরা একত্র হইয়া তাঁহার নামের প্রশংসা করি। আমি পরমেশ্বরের ৪ অন্বেষণ করিলাম, তাহাতে তিনি উত্তর দিয়া তাবৎ ভয়হইতে আমাকে উদ্ধার করিলেন। অন্যেরাও ৫ তাঁহার প্রতি দৃষ্টি করিয়া সলজ্জ না হইয়া বরং আপনারা দীপ্তিমান্ হইল। এই দুঃখী পরমেশ্বরের ৬ কাছে প্রার্থনা করিলে তিনি শ্রবণ করিয়া তাবৎ বিপদহইতে ইহাকে উদ্ধার করিলেন। যাহারা পর- ৭ মেশ্বরকে ভয় করে, তাঁহার দূত তাহাদের চতুর্দ্দিগে থাকিয়া তাহাদিগকে রক্ষা করে। তোমরা পরমে- ৮ শ্বরের অনুগ্রহ আস্বাদন করিয়া বুঝ†; যে জন তাঁহার শরণাগত হয় সেই ধন্য। হে পুণ্যবান্ লোক সকল, ৯ পরমেশ্বরকে ভয় কর; কেননা যে জন পরমেশ্বরকে ভয় করে, তাহার কিছুরই অভাব থাকে না। সিং- ১০

[১০] গী ৩৪; ৮, ২২, ২৩। ৮৪; ১১ ॥—[১১] ৩৩; ১। ফিল ৪; ৪ ॥

[৩৩ গীত; ১] গী ৩২; ১১। ১৪৭; ১ ॥—[২,৩] ৯২; ১-৩। ৯৬; ১। ৯৮; ১। ১৪৪; ৯ ॥—[৪] গী ১১১; ৭-৮ ॥—[৫] যূব ৩৪; ১০-১২। গী ১১৯; ৬৪ ॥—[৬] আ ১; ১-৮, ১৪-১৮ ॥—[৭] আ ১; ৯,১০। যূব ৩৮; ৮-১১। যিশ ৪০; ১২। [৮,৯] প ৬। গী ১৪৮; ৫,৬ ॥—[১০] ২; ১-৪। যিশ ৮; ৯,১০ ॥—[১১] হি ১৯; ২১। যিশ ৪৬; ১০ ॥—[১২] গী ১৪৪; ১৫। দ্বি ৭; ৬ ॥—[১৩,১৪] গী ১১; ৪। ১৪; ২। হি ১৫; ৩ ॥—[১৫] ১ শি ২; ৩। গী ৯৪; ৮-১১ ॥—[১৬,১৭] ২০; ৭। ১৪৭; ১০। হি ২১; ৩১ ॥—[১৮,১৯] গী ৩৪; ১০,১৫। ৩৭; ১৮,১৯। ১৪৭; ১১। যূব ৫; ২০। ৩৬; ৭ ॥ [২০] গী ৬২; ১,৫। ১১৫; ৯-১৩ ॥—[২১] ১৩; ৫। যিশ ২৫; ৯ ॥

[৩৪ গীত] ১ শি ২১; ১০-১৫ ॥—[১] ইফ ৫; ২০। ১ থি ৫; ১৮ ॥—[২] যির ৯; ২৩,২৪। গী ১১৯; ৭৪ ॥—[৪] ১১৬; ১,২ ॥—[৫] ২২; ৪,৫ ॥—[৬] ২২; ২৪ ॥—[৭] আ ৩২; ১,২। ২ রা ৬; ১৬,১৭। গী ৯১; ১০-১২ ॥—[৮] ১ পি ২; ৩। গী ২; ১২ ॥—[৯,১০] ৮৪; ১১ ॥—[১০] যূব ৪; ১০,১১ ॥

* (বা) আখীশের। † (ইব্রু) দেখ।

হগণ খাদ্য না পাইয়া ক্ষুধিত হয়, কিন্তু যাহারা পরমেশ্বরের অন্বেষণ করে, তাহাদের কোন মঙ্গলের অভাব হয় না।

১১ হে বালকগণ, আইস, আমার কথা শুন, আমি তোমাদিগকে পরমেশ্বর বিষয়ক ভয় শিক্ষা করাই। ১২ কোন্ ব্যক্তি পরমায়ু চাহে ও মঙ্গল দেখিবার জন্যে ১৩ দীর্ঘায়ুতে প্রেম করে? সে মন্দ কথাহইতে আপন জিহ্বাকে, ও প্রবঞ্চনার কথাহইতে আপন ওষ্ঠাধ- ১৪ রকে নিবৃত্ত করুক, দুষ্টাচরণ ত্যাগ করিয়া সৎকর্ম্ম করুক, ও মঙ্গল চেষ্টা করিয়া তাহাতে প্রবৃত্ত থাকুক। ১৫ ধার্ম্মিকগণের প্রতি পরমেশ্বরের দৃষ্টি, ও তাহাদের ১৬ প্রার্থনার প্রতি তাঁহার কর্ণ আছে। পৃথিবীহইতে দুষ্টদের নাম লোপ করিতে তাহাদের বিরুদ্ধে পর- ১৭ মেশ্বরের মুখ আছে। (ধার্ম্মিকেরা) কাতরোক্তি করিলে পরমেশ্বর তাহা শুনিয়া তাহাদিগকে সকল ১৮ বিপদহইতে রক্ষা করেন। পরমেশ্বর ভগ্নান্তঃকরণ লোকদের নিকটবর্ত্তী হন, ও ক্ষুণ্নমনঃ লোকদের ১৯ পরিত্রাণ করেন। ধার্ম্মিক লোকদের অনেক মন্দ ঘটে, কিন্তু পরমেশ্বর তাহাদিগকে সকলহইতে উদ্ধার ২০ করেন। তিনি তাহাদের তাবৎ অস্থি রক্ষা করেন, ২১ একটাও ভগ্ন হয় না। বিপদ পাপিদিগকে নিঃশেষ করে; যাহারা ধার্ম্মিকদিগকে ঘৃণা করে, তাহারা ২২ দণ্ডনীয় * হয়। কিন্তু পরমেশ্বর আপন দাসগণের প্রাণকে মুক্ত করেন, তাঁহার শরণাগত লোকেরা কদাচ দণ্ডনীয় * হয় না।

৩৫ গীত।

১ শত্রুদমনের নিমিত্তে প্রার্থনা ১৭ ও আপনার রক্ষার নিমিত্তে ঈশ্বরের কাছে প্রার্থনা।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, তুমি আমার বিবাদির সহিত বিবাদ কর, ও আমার প্রতিপক্ষ যোদ্ধার সহিত যুদ্ধ কর। ২ আমার উপকারের নিমিত্তে ঢাল ও ফলক ধরিয়া ৩ গাত্রোত্থান কর; এবং বড়শা ধরিয়া আমার তাড়নাকারিদের পথ রোধ কর; ও 'আমি তোমার পরিত্রা- ৪ ণকর্ত্তা,' এ কথা আমার প্রাণকে বল। যাহারা আমার প্রাণের বিরুদ্ধে কুচেষ্টা করে, তাহারা লজ্জিত ও কুণ্ঠিত হইবে; এবং আমার অনিষ্ট চিন্তাকারিগণ ৫ পরাঙ্মুখ ও লজ্জিত হইবে। তাহারা বায়ুর সম্মুখে তূষের ন্যায় হইবে; পরমেশ্বরের দূত তাহাদিগকে ছিন্নভিন্ন করিবে। ৬ তাহাদের পথ অন্ধকারময় ও পিচ্ছিল হইবে; পরমেশ্বরের দূত তাহাদিগকে তাড়না করিবে। ৭ কেননা তাহারা আমার নিমিত্তে অকারণে গর্ত্তের মধ্যে গুপ্তরূপে জাল পাতিল, ও আমার প্রাণ নাশার্থে অকারণে গর্ত্ত খনন করিল। ৮ অজ্ঞাতসারে তাহাদের বিনাশ উপস্থিত হইবে; তাহারা আপনাদের গোপনে বিস্তারিত জালে আপনারা ধৃত হইয়া বিপদে পড়িবে। ৯ কিন্তু আমার প্রাণ পরমেশ্বরে আনন্দিত হইবে, ও তাঁহার কৃত পরিত্রাণে উল্লাসিত হইবে। ১০ 'হে পরমেশ্বর, দুঃখি লোককে তদপেক্ষা বলবান্ হইতে ও দুঃখি দরিদ্রকে আপন সর্ব্বস্বহারিহইতে রক্ষাকর্ত্তা যে তুমি, তোমার তুল্য কে আছে?' এ কথা আমার অস্থি সকল বলিবে। ১১ অন্যায় সাক্ষিগণ আমার বিরুদ্ধে উঠিয়া আমার অজ্ঞাত বিষয়ের সাক্ষ্য দেয় †। ১২ তাহারা আমার প্রাণকে অনাথ করিতে হিতের পরিবর্ত্তে আমার অহিত ঘটায়। ১৩ কিন্তু তাহারা পীড়িত হইলে আমি চট পরিধান করিলাম, ও উপবাসদ্বারা আপন প্রাণকে দুঃখ দিলাম, ও হৃদয়ে পুনঃ২ প্রার্থনা করিলাম ‡। ১৪ আমি তাহাদের প্রতি নিজ বন্ধুর ও ভ্রাতার ন্যায় আচরণ করিলাম, এবং মাতৃশোকের ন্যায় শোকগ্রস্ত হইয়া অধোমুখ হইলাম। ১৫ তথাপি তাহারা আমার দুর্গতিতে ‖ আনন্দিত হইয়া সকলে একত্র হইল; অপবাদকেরা § আমার অজ্ঞাতসারে আমার বিরুদ্ধে একত্র হইল; পরে তাহারা আমাকে বিদীর্ণ করিয়াও নিবৃত্ত হইল না। ১৬ এবং ভোজে দুষ্ট উপহাসকারিরাও আমার প্রতি দন্ত ঘর্ষণ করিল।

১৭ হে প্রভো, তুমি আর কত কাল ইহা দেখিবা? তাহাদের ধ্বংসকারি হস্তহইতে আমার প্রাণকে ও সিংহগণহইতে আমার প্রিয় প্রাণকে ¶ রক্ষা কর। ১৮ তাহাতে আমি মহাসভার মধ্যে তোমার প্রশংসা করিব, ও বলবান্ ** লোকদের কাছে তোমার ধন্যবাদ করিব। ১৯ শত্রুগণকে অকারণে আমার বিরুদ্ধে আনন্দ করিতে, ও ঘৃণাকারিগণকে অকারণে আমার প্রতি ভ্রূকুটি করিতে দিও না। ২০ তাহারা হিতের কথা কিছুই কহে না, কেবল দেশে নির্ব্বিরোধিগণের বিরুদ্ধে প্রবঞ্চনার কথা কল্পনা করে। ২১ তাহারা আমার বিরুদ্ধে আপন ২ মুখ বিস্তার করিয়া বলে, 'আহা ২, আমাদের চক্ষু দেখিতেছে!' ২২ হে পরমেশ্বর, তুমিও তাহা

[১১-১৬] ১ পি ৩; ১০-১২ ॥—[১৪] গী ৩৭; ২৭। রো ১২; ১৮ ॥—[১৫] প ১১। গী ৩৩; ১৮ ॥—[১৬] ৩৭; ৯,১০। হি ১০; ৭ ॥—[১৭] গী ১৪৫; ১৮,১৯ ॥—[১৮] ৫১; ১৭। যিশ ৫৭; ১৫। ৬৬; ২ ॥—[১৯] প্রে ১৪; ২২। যুব ২৪; ১৬ ॥—[২১, ২২] ২ যি ১; ৪-৭ ॥

[৩৫ গীত] গী ৫৫। ৬৯। ১০৯ ॥—[৪] ৪০; ১৪,১৫। ১২৯; ৫ ॥—[৫] ৮৩; ১৩ ॥—[৭,৮] ৭; ১৫,১৬ ॥—[৯] ১৩; ৫ ॥ [১০] ৬৯; ৩২, ৩৩। ১১৩; ৫-৯ ॥—[১২-১৪] ৫৫; ১২-১৪,২০। ১০৯; ৪,৫ ॥—[১৫] যুব ৩০: ১-১০ ॥—[১৭] যুব ৩০:২০। গী ২২; ১৯-২১ ॥—[১৮] ২২; ২২, ২৫। ৬৯; ৩০। ১০৯; ৩০ ॥—[১৯-২১] ৭১; ১০-১৩ ॥—[২১] ৪০; ১৫ ॥—[২২] ৩৮; ২১।

* (বা) অপরাধী। † (বা) জিজ্ঞাসা করে। ‡ (ইব্রু) আমার প্রার্থনা আমার বক্ষস্থলে ফিরিল। ‖ (ইব্রু) খঞ্জগতিতে। § (বা) বাগ্‌যোদ্ধারা। ¶ (ইব্রু) আমার অদ্বিতীয়কে। ** (বা) অনেক।

দেখিতেছ, অতএব নীরব থাকিও না; হে প্রভো, ২৩ আমাহইতে দূরবর্ত্তী হইও না। হে আমার ঈশ্বর, হে আমার প্রভো,জাগৃত হইয়া আমার বিবাদের বিচার ২৪ করিতে গাত্রোত্থান কর। হে আমার প্রভো পরমেশ্বর, তাহারা যেন আমার বিরুদ্ধে আনন্দিত না হয়, ২৫ এবং 'এই আমাদের অভিলষিত, ও আমরা তাহাকে গ্রাস করিলাম,' এ কথা যেন মনে ২ না বলে, এ নিমিত্তে তোমার ন্যায়ানুসারে আমার বিচার কর। ২৬ যাহারা আমার বিপদ দেখিয়া আনন্দিত হয়,তাহারা এক কালে লজ্জিত ও নিরাশ হইবে; এবং যাহারা আমার বিরুদ্ধে আত্মশ্লাঘা করে, তাহারা লজ্জা ও ২৭ অপযশেতে আচ্ছন্ন হইবে। কিন্তু যাহারা আমার ধর্ম্ম বিষয়ে সন্তুষ্ট, তাহারা আনন্দিত ও উল্লাসিত হইবে; 'যিনি নিজ দাসের কল্যাণে সন্তুষ্ট হন, সেই পরমেশ্বর মহামহিমান্বিত হউন্!' এ কথা তাহারা ২৮ সর্ব্বদা কহিবে। তাহাতে আমার জিহ্বা দিবারাত্রি তোমার ধর্ম্ম ও প্রশংসা প্রকাশ করিবে।

৩৬ গীত।

১ মানুষের দুষ্টতা ৫ ও পরমেশ্বরের অদ্ভুতার বর্ণনা।

প্রধান বাদকের নিমিত্তে পরমেশ্বরের দাস দায়ূদের গীত।

১ পাপির পাপের দ্বারা আমার অন্তরে বোধ হইতেছে, পরমেশ্বর বিষয়ক ভয় তাহার চক্ষুর অগো- ২ চর। যে পর্য্যন্ত তাহার পাপের ঘৃণিত ফল উপস্থিত ৩ না হয়, তাবৎ সে মনে ২ * আত্মশ্লাঘা করে। তাহার মুখে অযথার্থ ও প্রবঞ্চনার কথা থাকে, এবং ৪ সে সুবিবেচনা ও সৎকর্ম্মহইতে নিবৃত্ত হয়। এবং শয্যাতে অযথার্থ কল্পনা করে, ও আপন কুপথে দণ্ডায়মান হইয়া দুষ্কর্ম্মকে হেয় জ্ঞান করে না।

৫ হে পরমেশ্বর, তোমার অনুগ্রহ স্বর্গপর্য্যন্ত ও তো- ৬ মার সত্যতা আকাশ পর্য্যন্ত। তোমার ধর্ম্ম বৃহৎ† পর্ব্বতের ন্যায়, ও তোমার দণ্ডাজ্ঞা মহাসাগরস্বরূপ; হে পরমেশ্বর, তুমি মনুষ্য ও পশ্বাদিকে প্রতিপালন ৭ করিতেছ। হে ঈশ্বর, তোমার অনুগ্রহ কেমন বহুমূল্য! অতএব মনুষ্যসন্তানবর্গ তোমার পক্ষচ্ছায়াতে ৮ আশ্রয় লয়। তাহারা তোমার গৃহের প্রচুর খাদ্যে তৃপ্ত হইবে; তুমি তাহাদিগকে আপন আনন্দনদীর জল ৯ পান করাইবা। তোমার কাছে জীবনের উনুই আছে; ১০ আমরা তোমার দীপ্তিতে দীপ্তি পাইব ‡। তোমার তত্ত্বজ্ঞানিদের প্রতি আপন অনুগ্রহ, ও সরলান্তঃকরণদের প্রতি আপন ধর্ম্ম চিরস্থায়ী কর। ১১ আমার নিকটে অহঙ্কাররূপ চরণ না আইসুক, ও পাপি লোকদের হস্ত আমাকে দূর না করুক‖। ১২ এখন দুষ্কর্ম্মকারিগণ পতিত হয়; তাহারা অধঃপতিত হইয়া আর উঠিতে পারে না।

৩৭ গীত।

ইব্রী ভাষাতে দায়ূদের ককারাদিবর্ণের গীত; তাহাতে সাংসারিক সুখের নিমিত্তে পাপিলোকদের প্রতি ঈর্ষ্যা করণের অনুপযুক্ততা, ও পরমেশ্বরেতে প্রত্যাশা রাখনের উপযুক্ততা।

দায়ূদের গীত।

১ তুমি দুষ্টদের বিষয়ে ব্যস্ত হইও না, এবং কুকর্ম্মকারিদের প্রতি ঈর্ষ্যা করিও না। ২ তাহারা ত্বরায় ঘাসের ন্যায় ছিন্ন হইবে, ও হরিৎ তৃণের ন্যায় ম্লান হইবে। ৩ পরমেশ্বরেতে প্রত্যাশা রাখিয়া সৎক্রিয়া § কর, তাহাতে স্বদেশে বসতি করিয়া নিতান্ত ভক্ষ্য পাইবা। ৪ এবং পরমেশ্বরেতে আনন্দিত থাক, তাহাতে তিনি তোমার তাবৎ মনোবাঞ্ছা পরিপূর্ণ করিবেন। ৫ তোমার গতি সকল পরমেশ্বরেতে সমর্পণ কর ও তাঁহাতে প্রত্যাশা কর, তাহাতে তিনি সকল সিদ্ধ করিবেন; ৬ এবং দীপ্তির ন্যায় তোমার ধর্ম্ম ও মধ্যাহ্নের ন্যায় তোমার নীতি প্রকাশ করিবেন। ৭ পরমেশ্বরের নিকটে নীরব হইয়া তাঁহার অপেক্ষা কর, ও আপন পথে কুশল যে কুমন্ত্রণাকারী, তাহার বিষয়ে ব্যস্ত হইও না। ৮ ক্রোধহইতে নিবৃত্ত হও ও কোপ ত্যাগ কর, এবং ব্যস্ততা প্রযুক্ত কুক্রিয়া করিও না। ৯ যেহেতুক কুক্রিয়াকারিগণ উচ্ছিন্ন হইবে; কিন্তু যাহারা পরমেশ্বরের অপেক্ষা করে, তাহারা দেশাধিকারী হইবে। ১০ ক্ষণেক কাল গত হইলে পাপিগণ বিনষ্ট হইবে, এবং তুমি তাহাদের স্থানে তত্ত্ব করিয়া তাহাদিগকে পাইবা না। ১১ নম্র লোকেরা স্বদেশে অধিকার পাইয়া বহুমঙ্গলেতে সন্তুষ্ট থাকিবে। ১২ যে পাপী ধার্ম্মিকের প্রতিকূলে মন্ত্রণা ও দন্তঘর্ষণ ১৩ করে, তাহাকে প্রভু উপহাস করিবেন। কেননা তাহার

[২৩] গী ৪৪; ২৩ ॥—[২৫,২৬] ৪০; ১৪,১৫ ॥—[২৭] ৪০; ১৬। ৬৯; ৩২,৩৩ ॥—[২৮] ৭১; ২৪ ॥

[৩৬ গীত; ১] রো ৩; ১৮। গী ১০; ৪। ১৪; ১ ॥—[২] ১০; ৩-১১ ॥—[৩] ৫; ৯। ১০; ৭। ১৪; ৩ ॥—[৪] হি ৪; ১৬। মী ২; ১ ॥—[৫] গী ৫৭; ১০। ১০৮; ৪ ॥—[৬] ৭১; ১৯। রো ১১; ৩৩ ॥—[৭] গী ৩১; ১৯,২০ ॥—[৮] গী ৬৫; ৪। যূব ২০; ১৭। গী ৪৬; ৪। প্র ২২; ১ ॥—[৯] যির ২; ১৩। ১৭; ১৩। যো ৪; ১০-১৪। ৭; ৩৮। ১ পি ২; ৯। প্র ২১; ২৩। ২২; ৫ ॥

[৩৭ গীত] গী ৭৩ ॥—[১] প ১। হি ২৩; ১৭। ২৪; ১,১৯,২০ ॥—[২] যূব ৮; ১১-১৯ ॥—[৩] যূব ২২; ২৩-২৫। গী ৩৪; ৯,১০ ॥—[৪] যূব ২২; ২৭,২৮ ॥—[৫] গী ৫৫; ২২ ॥—[৬] যূব ১১; ১৭। যিশ ৫৮; ৮। মী ৭; ৮,৯ ।—[৭] প ৩৪। প ১ ॥—[৮] যাক ১; ২০ ॥—[৯, ১০] প ২০,৩৪-৩৬,৩৭। যূব ২০; ৫-৯। ২৭; ১৩-২৩ ॥—[১১] প ২৯। ম ৫; ৫ ॥

[১২,১৩] যূব ২২; ১৯,২০ ॥

 * (বা) সে পাপ ও ঘৃণা করিতে মনেং। † (ইব্রী) ঈশ্বরের। ‡ (ইব্রী) দেখিব। ‖ (বা) ভ্রমণ না করাউক। §(ইব) সত্যতা।

১৪ সময় যে নিকটবর্ত্তী, ইহা তিনি দেখিতেছেন। যে পাপিগণ দুঃখি ও দরিদ্র লোককে নিপাত করিতে, ও সরল পথগামিকে বধ করিতে খড়্গ নিষ্কোষ করে ১৫ ও ধনুক প্রস্তুত করে; তাহাদের খড়্গ তাহাদেরই অন্তঃকরণে প্রবিষ্ট হইবে, ও তাহাদের ধনুক চূর্ণায়মান ১৬ হইবে। পাপিগণের প্রচুর সম্পত্তি অপেক্ষা ধার্ম্মি- ১৭ কের অল্প সম্পত্তি ভাল; যেহেতুক পাপি লোকদের বাহু ভগ্ন হইবে; কিন্তু ধার্ম্মিক লোকদিগকে পর- ১৮ মেশ্বর ধরিয়া রাখেন। পরমেশ্বর সাধু লোকদের আয়ু ১৯ জানেন, তাহাদের অধিকার চিরকাল থাকিবে। তাহারা বিপদকালেও লজ্জিত হইবে না, এবং দুর্ভিক্ষ ২০ সময়ে তৃপ্ত হইবে। পাপিগণ বিনষ্ট হইবে; পরমেশ্বরের শত্রুগণ মেষশাবকের মেদের * ন্যায় লুপ্ত হই- ২১ বে, ও ধূমেতে লুপ্ত হইবে। পাপিলোক ঋণ করিয়া পরিশোধ করে না, কিন্তু ধার্ম্মিক লোক দয়া করিয়া ২২ বিতরণ করে। অতএব তাঁহার আশীর্ব্বাদপ্রাপ্ত লোকেরা দেশাধিকারী হইবে, কিন্তু তাঁহার শাপ- ২৩ গ্রস্ত লোকেরা উচ্ছিন্ন হইবে। পরমেশ্বর সল্লোককে ২৪ গতি করান † ও তাহার পথে সন্তুষ্ট হন। সে যদিও পতিত হয়, তথাপি ত্যক্ত হইবে না; যেহেতুক পরমেশ্বর আপন হস্তে তাহাকে ধরিয়া রাখেন। ২৫ আমি যুবা ছিলাম, এইক্ষণে বৃদ্ধ হইলাম, কিন্তু ধার্ম্মিক লোককে কখন ত্যক্ত হইতে ও তাহাদের বংশকে কদাচ খাদ্যদ্রব্য ভিক্ষা করিতে দেখি নাই। ২৬ সে প্রতিদিন দয়া করিয়া ধার দেয়, তাহাতে তা- ২৭ হার বংশ আশীর্ব্বাদপ্রাপ্ত হয়। তুমি মন্দহইতে পলায়ন করিয়া সর্ব্বদা সৎক্রিয়া করিয়া বাস কর। ২৮ পরমেশ্বর ন্যায়েতে প্রেম করেন, তিনি আপন পুণ্যবান্দিগকে কদাচ ত্যাগ করেন না; তাহারা সর্ব্বদা রক্ষা পাইবে, কিন্তু পাপি লোকদের বংশ ২৯ উচ্ছিন্ন হইবে। ধার্ম্মিকেরা দেশাধিপতি হইয়া ৩০ সর্ব্বদা তাহাতে বাস করিবে। কেননা ধার্ম্মিকের মুখহইতে জ্ঞানের কথা নির্গত হয়, ও তাহার জিহ্বা ৩১ বিচারের কথা উচ্চারণ করে। তাহার মনের মধ্যে ঈশ্বরের শাস্ত্রের অধিষ্ঠান আছে, অতএব তাহার ৩২ চরণ ‡ টলিবে না। পাপি লোক পুণ্যবানের অনুস- ৩৩ ন্ধান করে, ও তাহাকে বধ করিতে চেষ্টা করে; কিন্তু পরমেশ্বর তাহার হস্তে তাহাকে সমর্পণ করিবেন না, ও তাহার বিচারের সময়ে তাহাকে দোষী করি- ৩৪ বেন না। অতএব পরমেশ্বরের অপেক্ষা করিয়া তাঁহার পথে গমন কর, তাহাতে তিনি তোমাকে দেশাধিকারী করিতে উন্নত করিবেন; পাপি লোকেরা উচ্ছিন্ন হইবে, তাহা তুমি দেখিবা। ৩৫ আমি পাপি লোককে দুর্জ্জয় ও শ্যামল বৃক্ষের ন্যায় ৩৬ বিস্তারিত দেখিয়াছি; তথাপি সে গেল, থাকিল না; আমি তাহার অন্বেষণ করিলাম, কিন্তু উদ্দেশ ৩৭ পাইলাম না। সাধু জনকে সন্দর্শন কর, ও সরল ব্যক্তিকে অবলোকন কর, তাহার শেষগতিতে § মঙ্গল ৩৮ হইবে। কিন্তু পাপিরা এক কালেই বিনষ্ট হইবে, ৩৯ ও অপরাধিদের শেষগতিতে উচ্ছিন্নতা হইবে। পরমেশ্বর পুণ্যবানদের ত্রাণকর্ত্তা, ও বিপদ্কালে তাহা- ৪০ দের বলস্বরূপ হন। পরমেশ্বর তাহাদের উপকার করিয়া রক্ষা করিবেন; তাহারা তাঁহার শরণাগত, এই প্রযুক্ত তিনি দুষ্ট লোকদের হস্তহইতে তাহাদিগকে উদ্ধার করিয়া রক্ষা করিবেন।

৩৮ গীত।

১ আপন পাপের নিমিত্তে শোক ১১ ও দুঃখের নিমিত্তে দায়ূদের বিলাপ।

স্মরণের নিমিত্তে দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, ক্রোধ করিয়া আমাকে অনুযোগ করিও না, এবং রাগ করিয়া আমাকে শাস্তি দিও ২ না। কেননা তোমার তীর আমাতে বিদ্ধ আছে, ও আ- ৩ মার গাত্রে তোমার হস্ত ভারী আছে! তোমার রোষদ্বারা আমার মাংসে কিছু স্বাস্থ্য নাই, এবং অপরাধের নিমিত্তে আমার অস্থিতে কিছুই সুখ নাই। ৪ আমার অপরাধ তরঙ্গের ন্যায় মস্তক উল্লঙ্ঘন করিতেছে, এবং আমার শক্তি অপেক্ষা তাহা ভারি বো- ৫ ঝার ন্যায় হইতেছে। এবং আমার দোষের নিমিত্তে আমার ক্ষত সকল দুর্গন্ধ ও গলিত হইতেছে। ৬ এবং আমি উদ্বিগ্ন হইয়া অত্যন্ত অধোমুখ হইতেছি, ৭ ও দিনে২ শোকান্বিত হইতেছি। আমার কটিদেশ ব্যথাতে পূর্ণ হইতেছে, ও আমার মাংসেতে কিছু- ৮ মাত্র স্বাস্থ্য নাই। আমি শক্তিহীন ও অতিক্ষীণ হইতেছি, ও মনের ব্যাকুলতাতে আড়ম্বর করিতেছি। ৯ হে প্রভো, তুমি আমার মনের বাঞ্ছা জ্ঞাত আছ, ও ১০ আমার কাতরোক্তি তোমার অগোচর নয়। আমার

[১৪,১৫] গী ৯; ১৬ ॥—[১৬] হি ১৫; ১৬,১৭। ১৬; ৮ ॥—[১৭] গী ১০: ১৫। যূব ৩৮; ১৫ ॥—[১৮] ১ পি ১; ৪,৫ ॥ [১৯] গী ৩৩; ১৮,১৯। ৯১; ১-১৩। যূব ৫; ১৯-২৪ ॥—[২০] প ৯, ১০ ॥—[২১] প ২৬। গী ১১২: ৫,৯ ॥—[২২]প ৯,১১। হি ৩; ৩৩ ॥—[২৩] হি ১৬; ৯ ॥—[২৪]গী ৩৪; ১৯। যূব ৫; ১৯। হি ২৪; ১৬। মী ৭; ৮ ॥—[২৬] গী ১১২; ৫,৯ ॥—[২৭] ৩৪; ১৪ ॥—[২৮] ১১; ৭ ॥—[২৯] প ১১। হি ২; ২১ ॥—[৩০] হি ১০; ১১,২০,২১ ॥—[৩১] গী ১; ২,৩ ॥—[৩২] প ১২,১৪ ॥—[৩৩] প ৪০ ॥—[৩৪] প ৭-১১ ॥—[৩৫,৩৬] যূব ৫; ৩। ৮; ১৬-১৯। ২০; ৪-৯ ॥
[৩৭] হি ২৩; ১৮। লূ ১৬; ২২ ॥—[৩৮] হি ২৪; ২০ ॥—[৩৯,৪০] গী ৪৬; ১। ৯১; ১-১৬ ॥
[৩৮ গীত; ১] যির ১০; ২৪। গী ৬; ১ ॥—[২-৮] ৩২; ৩,৪ ॥—[২] যূব ৬; ৪ ॥—[৩] গী ৫১; ১০ ॥—[৪] ৪০; ২২। ইব্র ১; ৬ ॥—[৯] গী ৫৬; ৮ ॥—[১০] ৬; ৭। ৩১; ৯ ॥

* (বা) ক্ষেত্রের শিশিরের ন্যায়। † (ইব্রু) পাদবিক্ষেপ স্থির করেন। ‡ (ইব্রু) গমন। § (বা) পরকালে।

হৃদয় দুপ্‌২ করিতেছে, শক্তি আমাকে ত্যাগ করিয়াছে, এবং আমার চক্ষুর তেজও আমাহইতে পৃথক্ হইয়াছে।

১১ আমার প্রিয় লোক ও বন্ধুগণ আমার বিপদহইতে* পৃথক্ থাকে, এবং জ্ঞাতিগণও দূরে দণ্ডায়মান

১২ থাকে। এবং যাহারা আমার প্রাণের অন্বেষণ করে, তাহারা ফাঁদ পাতে; ও যাহারা আমার অনিষ্ট চেষ্টা করে, তাহারা মন্দ কথা কহিয়া সমস্ত দিন

১৩ কুমন্ত্রণা চিন্তা করে। কিন্তু আমি বধিরের ন্যায় কোন কথা শুনি না, ও মুখবন্ধ বোবের সদৃশ থাকি।

১৪ যে জন শুনিতে পায় না, ও বাদানুবাদের কথা মুখে

১৫ আনে না, তাহার তুল্য হই। হে পরমেশ্বর, আমি তোমার অপেক্ষা করিতেছি; হে প্রভো,হে আমার

১৬ ঈশ্বর, আমাকে উত্তর দেও। তাহারা যেন আমার বিপক্ষে আনন্দিত না হয়, ও আমার চরণ টলিলে যেন আমার বিপক্ষে শ্লাঘা না করে,এই জন্যে আমি

১৭ মনোযোগী হইলাম। আমি পতনোন্মুখ † হই, ও

১৮ আমার দুঃখ সর্ব্বদা আমার গোচরে থাকে। আমি আপন পাপ স্বীকার করি, ও অপরাধের নিমিত্তে

১৯ অনুতাপ করি। তথাপি আমার শত্রুগণ প্রগল্‌ভ ও বলবান্ হয়, ও অকারণে অনেকে আমাকে ঘৃণা

২০ করে। এবং মঙ্গলের পরিশোধে অমঙ্গল করে, ও তাহাদের মঙ্গল চেষ্টা করণের পরিশোধে আমার

২১ শত্রুতা করে। হে পরমেশ্বর, আমাকে ত্যাগ করিও না; হে আমার ঈশ্বর, আমাহইতে দূরবর্ত্তী হইও

২২ না। হে আমার পরিত্রাণের প্রভো, আমার উপকার করিতে সত্বর হও।

৩৯ গীত।

১ মানুষের অসারতা ৭ ও দায়ূদের প্রার্থনা।

যিদূথূনের মধ্যে প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের গীত।

১ 'আমি আপন পথে সাবধান হইয়া চলিব; আপন জিহ্বাহইতে যেন কোন অপরাধ না জন্মে, এই জন্যে যে পর্য্যন্ত পাপি লোক আমার নিকটে থাকিবে, তাবৎ আমি বল্‌গাদ্বারা মুখবন্ধের ন্যায় থাকিব,'

২ এই কথা কহিলাম; এবং সৎকথাহইতেও নিবৃত্ত হইয়া বোবের ন্যায় নীরব হইয়া থাকিলাম; কিন্তু

৩ তাহাতে আমার শোক উথলিল, ও ভাবিতে২ মনের অগ্নি প্রজ্বলিত হইলে আমার মন উত্তপ্ত হইল;

৪ তখন আমি জিহ্বাতে এই কথা কহিলাম; হে পরমেশ্বর, আমার মরণ ও আয়ুর পরিমাণ আমাকে জ্ঞাত কর, তাহাতে আমি কেমন অল্পস্থায়ী তাহা জানিতে

৫ পারিব। দেখ, তুমি আমার জীবৎকাল হস্তপরিমিত করিয়াছ, ও আমার আয়ু তোমার দৃষ্টিতে নামমাত্র; প্রত্যেক মনুষ্য আপন উত্তম অবস্থাতেও নিতান্ত

৬ অসার। সেলা। প্রত্যেক মনুষ্যই ছায়ার ‡ ন্যায় চলিয়া যায় ও অসারতাতে ব্যস্ত থাকে; এবং ধনসঞ্চয় করে, কিন্তু কে ভোগ করিবে তাহা জানে না।

৭ হে প্রভো, সম্প্রতি আমি কাহার অপেক্ষা করিব?

৮ তোমাতে আমার প্রত্যাশা আছে। আমার সমস্ত অপরাধহইতে আমাকে নিস্তার কর, ও আমাকে

৯ অজ্ঞান লোকের নিন্দাস্পদ করিও না। তোমাহইতে এই বিপদ্ ঘটিয়াছে, এই জন্যে আমি নীরব হইয়া

১০ এক কথাও কহিলাম না। আমাহইতে আপন প্রহার দূর কর, তোমার করাঘাতে আমি ক্ষীণ হইতেছি।

১১ তুমি যখন অপরাধানুসারে তর্জ্জন করিয়া মনুষ্যকে শাস্তি দেও, তৎকালে কীটের ন্যায় তাহার সৌন্দর্য্যের নাশ কর; প্রত্যেক মনুষ্য অসারমাত্র। সেলা।

১২ হে পরমেশ্বর, আমার নিবেদন শুন, ও আমার প্রার্থনাতে কর্ণ দেও, আমার অশ্রুপাত দেখিয়া নীরব হইও না; কেননা আমি তোমার সহিত বিদেশী ও

১৩ আমার পূর্ব্বপুরুষের ন্যায় প্রবাসী আছি। আমি যেন আপন প্রস্থান ও মৃত্যুর পূর্ব্বে সান্ত্বনা পাই, এই জন্যে আমাকে থাকিতে দেও।

৪০ গীত।

১ ঈশ্বরের দয়ার বর্ণনা ৬ ও খ্রীষ্টের পুণ্যের বাক্য ১৩ ও প্রার্থনা।

প্রধান বাদকের জন্যে দায়ূদের গীত।

১ আমি পরমেশ্বরের অপেক্ষায় থাকিলে তিনি আমার প্রতি মনোযোগ করিয়া আমার প্রার্থনা শুনি-

২ লেন; এবং ভয়ানক‖ গর্ত্ত ও পঙ্কের হ্রদহইতে আমাকে তুলিলেন, ও পর্ব্বতের উপরে আমার চরণ

৩ রাখিয়া গতিশক্তি দিলেন; এবং এক নূতন গীত অর্থাৎ আমাদের ঈশ্বরের প্রশংসা আমার মুখে দিলেন; ইহা দেখিয়া অনেকে ভীত হইয়া পরমেশ্বরেতে

৪ প্রত্যাশা করিবে। যে জন অহঙ্কারি ও মিথ্যাতে ভ্রমণ

[১১] ৩১; ১১। ৮৮; ৮,১৮। যূব ১৯; ১৩-১৭ ॥—[১২] গী ৩৫; ২০ ॥—[১৩-১৫] ২ শি ১৬; ১০-১২। গী ৩৯; ২, ৭, ৯। ১ পি ২; ২০-২৩ ॥—[১৬,১৭] গী ১৩; ৩, ৪ ॥—[১৮] ৩২; ৫। ৫১; ৩, ৪ ॥—[২০] ৩৫; ১২। ১০৯; ৪,৫। ১ যো ৩; ১২ ॥—[২১] গী ৩৫; ২২। ৭১; ১২ ॥

[৩৯ গীত; ১] গী ১৪১; ৩। যাক ১; ২৬ ॥—[২] প ৯ ॥—[৩] যির ২০; ৯ ॥—[৪] গী ৯০; ১২ ॥—[৫] প ১১। ৬২; ৯। ১৪৪; ৪। ৯০; ৩-৯। যূব ৭: ৬-১০ ॥—[৬] গী ৪৯; ১০,১১। যাক ৪; ১৪। ৫২; ১৮-২১। লূ ১২; ১৬-২১ ॥—[৭] গী ৩৮; ১৫ ॥—[৮] ৭৯; ৮-১০। দ্বি ৯; ২৭,২৮ ॥—[৯] প ২। গী ৩৮; ১৩-১৫ ॥—[১১] যিশ ৫০; ৯। গী ৬২; ৯ ॥—[১২] লে ২৫; ২৩। ১ বং ২৯; ১৫। ২ ক ৫; ১-৭। ইব্রি ১১; ১৩-১৬। ১ পি ২; ১১ ॥—[১৩] যূব ১০; ২০-২২ ॥

[৪০ গীত; ১] গী ১৮; ৭। ২২; ২৪ ॥—[২] ২৭; ৫। ৬৯; ২,১৪। ১৮; ১৯,৩৩,৩৬ ॥—[৩] ৩৩; ৩। ২২; ২২-২৭ ॥

* (ইব্রি) আঘাতহইতে। † (বা) স্খলিত হইতে উদ্যত। ‡ (ব.) ছায়াতে। ‖ (ইব্রি) কর্দ্দময়ুক্ত।

কারি লোকদের মুখাপেক্ষা না করিয়া পরমেশ্বরকে
৫ আশ্রয় করে, সেই ধন্য। হে আমার প্রভো পরমেশ্বর,
তুমি আমাদের জন্যে অনেক আশ্চর্য্য ক্রিয়া ও ভাবনা
করিয়াছ; তাহা গণনা করা যায় না, প্রত্যেকের নাম
কহিতে ও প্রকাশ করিতে গেলে অসংখ্যেয় হয়।
৬ তুমি বলিদান ও নৈবেদ্য না চাহিয়া আমার
শরীর প্রস্তুত* করিয়াছ; এবং হোমে ও পাপার্থক
৭ বলিদানে প্রয়াস না করিলে আমি কহিলাম, দেখ,
আমি আসিতেছি; ধর্ম্ম পুস্তকে আমার বিষয়ে
৮ এই মত লিখিত আছে। হে ঈশ্বর, তোমার ইষ্ট-
ক্রিয়া করিতে আমার সন্তোষ হয়; তোমার ব্যবস্থা
৯ আমার অন্তঃকরণের† মধ্যে আছে। আমি মহা-
সভাতে ধর্ম্ম প্রকাশ করি, এবং হে পরমেশ্বর, দেখ,
আমার ওষ্ঠাধর তাহা প্রকাশ করিতে নিবৃত্ত হয় না,
১০ ইহা তুমি জ্ঞাত আছ। আমি মনের মধ্যে তোমার
ধর্ম্ম গোপন করিয়া রাখি নাই, তোমার সত্যতা ও
তোমার কৃত পরিত্রাণ সর্ব্বত্র প্রকাশ করিয়াছি, তো-
মার অনুগ্রহ ও সত্য পথ মহাসভাতেও গুপ্ত রাখি
১১ নাই। অতএব হে পরমেশ্বর, তোমার কৃপাবিষয়ে
আমাকে বঞ্চিত করিও না, তোমার অনুগ্রহ ও সত্য-
১২ তাহইতে সর্ব্বদা আমার রক্ষা হউক। অসংখ্যেয়
বিপদ আমাকে ঘেরে ও আমার পাপ‡ আমাকে
ধরে, আমি ঊর্দ্ধদৃষ্টি করিতে পারি না; আমার মস্ত-
কের কেশ অপেক্ষাও তাহা অধিক; অতএব আমার
মনশ্চেতনা|| আমাকে ত্যাগ করিতেছে।
১৩ হে পরমেশ্বর, আমাকে উদ্ধার করিতে সম্মত হও;
১৪ হে পরমেশ্বর, আমার উপকারে সত্বর হও। তাহাতে
আমার প্রাণের হিংসাতে সচেষ্ট লোকেরা একত্র
লজ্জিত ও অপ্রতিভ হইবে, ও আমার বিপদে আনন্দ-
১৫ কারিগণ পরাঙ্মুখ ও বিষণ্ণ হইবে। এবং যাহারা হাঃ
বলিয়া আমাকে বিদ্রূপ করে, তাহারা আপনাদের
১৬ লজ্জারূপ ফল পাইয়া উচ্ছিন্ন হইবে। কিন্তু তোমার
চেষ্টাকারী সকল তোমাতে আনন্দিত ও উল্লাসিত
হইবে, এবং যাহারা তোমার কৃত পরিত্রাণে প্রেম
করে, তাহারা সর্ব্বদা এ কথা বলিবে, পরমেশ্বর মহা-
১৭ মহিমান্বিত হউন। হে প্রভো, আমি দুঃখী ও দরিদ্র,
তুমি আমার বিষয়ে চিন্তা কর; তুমি আমার উপকারী
ও রক্ষাকর্ত্তা; হে আমার ঈশ্বর, বিলম্ব করিও না।

৪১ গীত।

১ দয়ালু লোকের ধন্যতা ৪ ও বিশ্বাসঘাতকতা বিষয়ে বিলাপ ১০ ও প্রার্থনা।

প্রধান বাদ্যকের নিমিত্তে দায়ূদের গীত।

১ যে জন দীনহীনের উপায় চিন্তা করে সে ধন্য, পর-
মেশ্বর তাহাকে বিপদ্‌কালে রক্ষা করিবেন। ২ পরমেশ্বর
তাহাকে বাঁচাইয়া প্রতিপালন করিবেন, ও পৃথি-
বীতে তাহাকে সুখী করিবেন, এবং তাহার শত্রু-
গণের ইচ্ছাতে তাহাকে সমর্পণ করিবেন না। ৩ পরমে-
শ্বর ব্যাধিশয্যার উপরে তাহাকে সবল করিবেন, ও
রোগেতে তাহার তাবৎ শয্যা প্রস্তুত করিবেন§।
৪ আমি কহিলাম, হে পরমেশ্বর, যদ্যপি আমি তো-
মার বিরুদ্ধে অপরাধ করিলাম, তথাপি তুমি করুণা
করিয়া আমাকে সুস্থ কর। ৫ 'সে কবে মরিবে? ও কত
দিনে তাহার নাম লুপ্ত হইবে?' আমার শত্রু আমার
বিষয়ে এমন মন্দ কথা কহে। ৬ সে যদি আমাকে দেখি-
তে আইসে, তবে আমার নিকটে মিথ্যা কহে, এবং
মনের মধ্যে দুষ্টতা সঞ্চয় করিয়া বাহিরে গিয়া তাহা
প্রকাশ করে। ৭ 'পাপের ফল¶ তাহাতে ফলিতেছে, সে
শয়ন করিয়া আছে, পুনর্ব্বার উঠিতে পারিবে না;'
৮ আমার ঘৃণাকারিগণ কুমন্ত্রণা করিয়া আমার বিরুদ্ধে
সর্ব্বদা এমত মন্দ চিন্তা করে। ৯ আমার সুহৃৎ**, যা-
হাতে প্রত্যাশা রাখি, ও যে আমার রুটি আহার
করে, সেও আমার বিরুদ্ধে পাদমূল উঠায়††।
১০ হে পরমেশ্বর, তুমি আমাকে দয়া কর, আমি
যেন তাহাদিগকে ইহার প্রতিফল দিতে পারি, তন্নি-
মিত্তে আমাকে গাত্রোত্থান করাও। ১১ আমার শত্রু জয়
করে নাই; ইহাতে আমি জানি, তুমি আমাতে সন্তুষ্ট
আছ। ১২ তুমি আমার সারল্যে আমাকে প্রতিপালন
করিয়া আপন সাক্ষাতে আমাকে সর্ব্বদা রাখিবা।
১৩ ইস্রায়েলের প্রভু পরমেশ্বর আদ্যোপান্ত পর্য্যন্ত
ধন্য হউন্। আমেন, আমেন।

৪২ গীত।

১ পরমেশ্বরের মন্দিরহইতে দূর হওয়াতে দায়ূদের দুঃখ ৬ ও তাহার কাছে ফিরিতে তাহার ইচ্ছা।

কোরহীয় বংশের প্রধান বাদ্যকরের নিমিত্তে দায়ূদের জ্ঞানসূচক গীত।

১ হরিণ জলস্রোতের নিমিত্তে যেমন ব্যাকুল হয়, হে

[৪] যির ১৭; ৫-৮।—[৫] যূব ৫; ৯। ৯; ১০। গী ৭১; ১৫। ১৩৯; ১৭,১৮। ১০৭।—[৬-৮] ইব্রি ১০; ৫-১০॥
[৬] ১ শি ১৫; ২২। গী ৫০; ৮-১৩। ৫১; ১৬। যী ৬; ৬,৭। ইব ১০; ১-৪॥—[৭] আ ৩; ১৭। দ্বি ১৮; ১৫-১৮। লে ১৬; ১৫-২২॥—[৮] যো ৪; ৩৪। ১০; ১৭,১৮॥—[৯,১০] গী ২২; ২২,২৫। প্রে ২০; ২৭॥—[১১] গী ২২; ৯-১১। ৬১; ৭॥
[১২] ৩৮; ৪। ১ পি ২; ২৪। য ২৬; ৩৮॥—[১৩-১৭] গী ৭০॥—[১৩] ৩৮; ২২॥—[১৪,১৫] ৩৫; ৪,২৫,২৬॥
[১৬] ৩৫; ২৭॥—[১৭] ৬৯; ৩০। ৭২, ১২।
[৪১ গীত; ১,২] গী ১১২; ৯। হি ১৪; ২১। যিশ ৫৮; ৬-১১॥—[৩] যাক ২; ১৩॥—[৪] গী ৬; ২। ১৪৭; ৩॥
[৯] ২ শি ১৫; ১২। ১৬; ৩। গী ৫৫; ১২-১৪। যো ১৩; ১৮॥—[১২] গী ১৬; ১১। ৩৪; ১৫॥

* (ইব্রি) কর্ণ বিদ্ধ (যা ২১; ৬)। † (ইব্রি) অন্তের। ‡ (বা) পাপের দণ্ড। || (ইব্রি) মন। § (ইব্রি) তুমি করিবা।
¶ (বা) দুষ্ট বিষয়। ** (ইব্রি) কুশলের ব্যক্তি। †† (ইব্রি) বড় করে।

ঈশ্বর, তোমার নিমিত্তে আমার প্রাণ তদ্রূপ ব্যাকুল
২ হইতেছে। ঈশ্বরের নিমিত্তে, অর্থাৎ অমর ঈশ্বরের
কারণ আমার প্রাণ তৃষ্ণার্ত্ত হইতেছে, আমি কখন্
৩ আসিয়া ঈশ্বরের সাক্ষাতে উপস্থিত হইব? লোকেরা
সর্ব্বদা আমাকে বলে, তোমার ঈশ্বর কোথায়? এই
কথা প্রযুক্ত আমি দিবারাত্রি অশ্রুজল পান করি-
৪ তেছি। তাহা মনে করিলে আমার হৃদয় গলিত হয়,
কেননা আমি লোকারণ্যের সহিত, অর্থাৎ পর্ব্ব-
পালনকারি জনতার সহিত জয়ধ্বনি ও প্রশংসাধ্বনি
করিতে২ গমন করিয়া ঈশ্বরের মন্দিরে প্রবেশ
৫ করিতাম। হে আমার মন, তুমি কেন ব্যস্ত* হও? ও
আমার অন্তরে কেন ব্যাকুল হও? ঈশ্বরের অপেক্ষা
কর; তিনি আমার ত্রাণকর্ত্তা ও ঈশ্বর হইলে আমি
অবশ্য তাঁহার গুণানুবাদ করিব।

৬ আমার প্রাণ আমার অন্তরে ব্যস্ত হইতেছে;
অতএব আমি যর্দ্দন্ ও হর্মোণ্ দেশে মিৎসিয়র্†
৭ পর্ব্বতে তোমাকে স্মরণ করিতেছি। তোমার ধারা-
সম্পাতের শব্দদ্বারা এক গভীর জল অন্য গভীর
জলকে আহ্বান করিতেছে, ও তোমার তরঙ্গ ও প্রবল
৮ ঢেউ সকল আমার উপর দিয়া যাইতেছে। তথাপি
পরমেশ্বর দিবসে আমার প্রতি অনুগ্রহ প্রকাশ করি-
বেন, এবং রাত্রিতে আমি তাঁহার গুণের গান করিব,
ও আমার জীবনদাতা ঈশ্বরের কাছে নিবেদন করিব,
৯ এবং আমার পর্ব্বতস্বরূপ ঈশ্বরের কাছে এই কথা
বলিব, তুমি কেন আমাকে বিস্মৃত হইতেছ? আমি কেন
শত্রুনিন্দাপ্রযুক্ত শোকান্বিত হইয়া ভ্রমণ করিতেছি?
১০ আর 'তোমার ঈশ্বর কোথায়?' এই অপমানের কথা
কহিয়া আমার বৈরিগণ সমস্ত দিন অস্থিভঙ্গের ন্যায়
১১ আমাকে বেদনা দিতেছে। হে আমার মন, তুমি কেন
ব্যস্ত* হও? ও আমার অন্তরে কেন ব্যাকুল হও?
ঈশ্বরের অপেক্ষা কর; তিনি আমার ত্রাণকর্ত্তা ও
ঈশ্বর হইলে আমি অবশ্য তাঁহার গুণানুবাদ করিব।

৪৩ গীত।

পরমেশ্বরের মন্দিরের প্রতি ফিরিবার সময়ে আনন্দপূর্ব্বক ঈশ্বরের আরাধনা করিতে দায়ূদের মানস।

১ হে ঈশ্বর, আমার বিচার কর, ও অন্যদেশীয় অধা-
র্ম্মিক‡ লোকের সহিত আমার বিবাদ নিষ্পত্তি কর,
এবং প্রবঞ্চক ও পাপিষ্ঠ মনুষ্যহইতে আমাকে উদ্ধার
কর। ২ তুমিই আমার পরাক্রমস্বরূপ ঈশ্বর; তুমি কেন
আমাকে অগ্রাহ্য করিতেছ? এবং আমি কেন শত্রু-
নিন্দাপ্রযুক্ত শোকান্বিত হইয়া ভ্রমণ করিতেছি? ৩ হে
প্রভো, তোমার দীপ্তি ও সত্যতাকে প্রেরণ কর; তদ্দ্বারা
আমি চালিত হইয়া তোমার ধর্ম্মধামের পর্ব্বতে ও বাস-
স্থানে আনীত হইব। ৪ তাহাতে, হে ঈশ্বর, হে আমার
ঈশ্বর, আমি তোমার‖ বেদির নিকটে ও আপন পরমা-
নন্দজনক ঈশ্বরের নিকটে গমন করিয়া বীণাযন্ত্রেতে
তোমার গুণানুবাদ করিব। ৫ হে আমার মন, তুমি কেন
ব্যস্ত* হও? ও আমার অন্তরে কেন ব্যাকুল হও?
ঈশ্বরের অপেক্ষা কর; তিনি আমার ত্রাণকর্ত্তা ও
ঈশ্বর হইলে আমি অবশ্য তাঁহার গুণানুবাদ করিব।

৪৪ গীত।

১ মণ্ডলীর বিলাপ ২০ ও প্রার্থনা।

কোরহীয় বংশের প্রধান বাদ্যকরের জন্যে জ্ঞান-সূচক গীত।

১ হে ঈশ্বর, তুমি পূর্ব্বকালে আমাদের পূর্ব্বপুরুষদের
নিমিত্তে যেরূপ কার্য্য করিয়াছ, তাহা আমরা স্বকর্ণে
শুনিলাম; তাহারা আমাদের নিমিত্তে বর্ণনা করি-
য়াছে। ২ তুমি আপন হস্তে অন্য দেশীয়দিগকে দূর
করিয়া তাহাদিগকে বাস করাইয়াছ, এবং সেই
লোকদিগকে শাস্তি দিয়া তাহাদিগকে নিক্ষেপ করি-
য়াছ। ৩ তাহারা আপন২ খড়্গদ্বারা দেশাধিকার
পায় নাই, এবং আপন২ বাহুবলেতে জয় করে
নাই; কিন্তু তুমি তাহাদিগেতে সন্তুষ্ট হওয়াতে আ-
পন প্রসন্ন বদন ও দক্ষিণ হস্ত ও বাহুবলদ্বারা
তাহা করিয়াছ। ৪ অতএব হে ঈশ্বর, তুমি আমাদের
রাজা; যাকুবের জয়প্রাপ্তির নিমিত্তে আজ্ঞা দেও;
৫ তাহাতে আমরা তোমাদ্বারা আপন শত্রুদিগকে শৃঙ্গা-
ঘাত করিব, এবং তোমার নামের গুণে আপন
বিপক্ষগণকে পদতলে দলিব। ৬ ধনুকেতে বিশ্বাস
করিব§ না, এবং খড়্গ আমাদিগকে¶ রক্ষা করিতে
পারিবে না; ৭ কিন্তু তুমিই আমাদের শত্রুগণহইতে
আমাদিগকে রক্ষা করিবা ও ঘৃণাকারিগণকে লজ্জা
দিবা। ৮ আমরা সমস্ত দিন ঈশ্বরের ধন্যবাদ করিব, ও
সর্ব্বদা তাঁহার নামের প্রশংসা করিব। সেলা। ৯ কিন্তু
তুমি আমাদিগকে¶ দূর করিয়া লজ্জা দিতেছ, এবং
১০ আমাদের সৈন্যের সহিত গমন না করিয়া শত্রুহইতে

[৪২ গীত; ১,২] গী ৬৩; ১,২। ৮৪; ২। যো ৭; ৩৭॥—[৩] প ১০। যুব ৩; ২৪। গী ৭৯; ১০। ৮০; ৫। ১০২; ৯,১০॥
[৪] ৮৪; ৪-৭॥—[৫] প ১১। ৪৩; ৫॥—[৬] ২ শি ১৭; ২২,২৪॥—[৭] গী ৮৮; ৭। যূ ২; ৩॥—[৮] যুব ৩৫; ১০,১১।
হ ৩; ১৭,১৮। গী ৬৩; ৫,৬। প্রে ১৬; ২৫॥—[৯] গী ৪৩; ২॥—[১০] প ৩। যো ২; ১৭॥—[১১] প ৫। গী ৪৩; ৫॥
[৪৩ গীত; ১] গী ২৬; ১। ৩৫; ১॥—[২] ২৭; ১। ৪২; ৯॥—[৩] যা ২৮; ৩০। ১ শি ২৩; ২,৯-১২। গী ৫৭; ৩।
১৩২; ১৩,১৪॥—[৫] ৪২; ৫, ১১॥
[৪৪] গীত; ১] দ্বি ৬; ২০-২৩। গী ৭৮; ২-৮॥—[২] যা ১৫; ১৭। গী ৭৮; ৫৫। ৮০; ৮-১১॥—[৩] দ্বি ৪; ৩৭,৩৮। ৭;
৬-৮। ৮; ১১-২০। যি ২৪; ৫-১৩॥—[৪] গী ৭৪; ১২॥—[৫] ১৮; ২৯। ১১৮; ১০-১২। ৬০; ১২॥—[৬] প ৩। ২০;
৭। ৩৩; ১৬,১৭।—[৮] ২০; ৫,৭॥—[৯,১০] ৬০; ১,৩,১০। লে ২৬; ১৭। দ্বি ২৮; ২৫॥

* (ইব্রু) নত। † (বা) ক্ষুদ্র। ‡ (বা) নির্দয়। ‖ (ইব্রু) ঈশ্বরের। § (ইব্রু) আমি করিব। ¶ (ইব্রু) আমাকে।

আমাদিগকে পরাঙ্মুখ করিতেছ, এবং ঘৃণাকারিগণ ১১ আমাদের দ্রব্যাদি লুট করিতেছে। আমাদিগকে মেষের ন্যায় আহারার্থে রাখিতেছ, এবং অন্য- ১২ দেশীয়দের মধ্যে ছিন্নভিন্ন করিতেছ। তুমি আপন লোকদিগকে বিনা মূল্যে বিক্রয় করিতেছ, কিন্তু ১৩ তাহাদের মূল্যদ্বারা তোমার বৃদ্ধি হয় না। তুমি প্রতিবাসিগণের নিকটে আমাদিগকে নিন্দিত, ও চতুর্দ্দিক্স্থিত লোকদের কাছে আমাদিগকে হাস্যা- ১৪ স্পদ ও তিরস্কৃত করিতেছ। এবং আমাদিগকে অন্য জাতিদের গল্পের বিষয় ও লোকদের মধ্যে শির- ১৫ শ্চালনের আস্পদ করিতেছ। এবং নিন্দক ও তির- স্কারির বাক্যদ্বারা এবং শত্রু ও বিরুদ্ধকারির কর্ম্ম- ১৬ দ্বারা অপমান প্রতিদিন আমাদের * সম্মুখে থাকে, ও ১৭ লজ্জা আমাদের * মুখ আচ্ছাদন করে। আমাদের প্রতি এই সমস্ত ঘটে; তথাপি আমরা তোমাকে বিস্মৃত হই না, ও তোমার নিয়ম অমান্য করি ১৮ না; এবং আমাদের মন নিবৃত্ত হয় না, ও তোমার ১৯ পথহইতে আমাদের * চরণ † কখন টলে না। কিন্তু তুমি নাগগণের আলয়ে আমাদিগকে ভগ্ন করিতেছ, ও মৃত্যুচ্ছায়াতে আচ্ছন্ন করিতেছ।

২০ আমরা যদি আপনাদের ঈশ্বরের নাম বিস্মৃত হইয়া অন্য ঈশ্বরের সম্মুখে কৃতাঞ্জলি হইয়া থাকি, ২১ তবে ঈশ্বর কি তাহার অনুসন্ধান করিবেন না? যেহে- ২২ তুক তিনি মনেরও গুপ্ত কথা জ্ঞাত আছেন। আ- মরা তোমার নিমিত্তে সমস্ত দিন মৃত্যুমুখে আছি; ২৩ বলিদেয় মেষের ন্যায় গণিত হইতেছি। হে প্রভো, জাগ্রৎ হও, কেন নিদ্রা যাও? গাত্রোত্থান কর; আ- ২৪ মাদিগকে চিরকাল পরিত্যাগ করিও না। তুমি কেন আপনার মুখ আচ্ছাদিত করিতেছ? আমাদের দুঃখ ২৫ ও তাড়না কেন বিস্মৃত হইতেছ? আমাদের প্রাণ ধূলিতে পতিত, ও আমাদের উদর পৃথিবীতে লগ্ন ২৬ আছে। আমাদের উপকারের নিমিত্তে উঠিয়া নিজ কৃপাগুণে আমাদিগকে মুক্ত কর।

৪৫ গীত।

খ্রীষ্টের সৌন্দর্য্য ও জয় ও রাজ্য বিষয়ের ভবিষ্যদ্বাক্য।

কোরহীয় বংশের প্রধান বাদ্যকরের জন্যে শোশনযন্ত্রে জ্ঞানসূচক ও প্রেম বিষয়ক গীত।

১ আমার মনে সৎকথা উঠিতেছে ‡; আমি রাজার বিষয়ে আপন রচিত কথা কহিব; আমার জিহ্বা ২ দ্রুত লেখকের লেখনীস্বরূপ হইবে। তুমি মনুষ্যের সন্তানহইতে সুন্দর, তোমার ওষ্ঠাধরে অনুগ্রহের প্রবাহ আছে, এই নিমিত্তে ঈশ্বর তোমাকে নিরন্তর ৩ আশীর্ব্বাদ করেন। হে মহাবীর, আপন সম্ভ্রম ও ৪ মহিমারূপ খড়্গ আপন কটিদেশে বন্ধন কর, এবং সত্যবাক্য ও নম্রতা ও ধর্ম্মের নিমিত্তে নিজ মহি- মাতে জয়ী হইয়া বাহনে গমন কর; তাহাতে তো- ৫ মার দক্ষিণ হস্ত ভয়ানক কর্ম্ম দেখাইবে ‖। এবং রাজার বিপক্ষগণের অন্তঃকরণে তোমার বাণ তীক্ষ্ণ হওয়াতে লোকেরা তোমার নীচে পতিত হইবে। ৬ হে ঈশ্বর, তোমার সিংহাসন নিত্যস্থায়ী, ও তোমার ৭ রাজদণ্ড যথার্থ দণ্ড; তুমি পুণ্যকে প্রেম করিতেছ, এবং পাপকে ঘৃণা করিতেছ; এই নিমিত্তে ঈশ্বর §, অর্থাৎ তোমার ঈশ্বর তোমার মিত্রগণ অপেক্ষা অধিক আ- ৮ নন্দরূপ তৈলেতে তোমাকে অভিষিক্ত করেন। এবং গন্ধরস ও অগুরু ও দারচিনীতে তোমার তাবৎ বস্ত্র সুবাসিত হয়, ও হস্তিদন্তনির্ম্মিত অট্টালিকাতে ৯ বাদ্যাদি তোমার আনন্দ জন্মায়। রাজকন্যারা তোমার প্রধান স্ত্রীগণের মধ্যে আছে, এবং ওফীর্ সুবর্ণেতে ভূষিতা রাণী তোমার দক্ষিণদিগে দণ্ডায়মানা আছে। ১০ হে কন্যে, কথা শুন ও কর্ণ পাতিয়া মনোযোগ কর; তোমার আত্মীয়বর্গকে ও পিতৃগৃহকে বিস্মৃত হও। ১১ তাহাতে রাজা তোমার সৌন্দর্য্যে সন্তুষ্ট হইবেন; তিনিই তোমার প্রভু, তুমি তাঁহাকে প্রণাম কর। ১২ তাহাতে সোরের কন্যা উপঢৌকন আনিবে, ও ধনি লোকেরা তোমার অনুগ্রহের নিমিত্তে নিবেদন ১৩ করিবে। অন্তঃপুরে রাজকুমারী সর্ব্বতোভাবে সৌ- ন্দর্য্য বিশিষ্টা ও সুবর্ণ বস্ত্রেতে বস্ত্রান্বিতা আছে; ১৪ সে বিচিত্র বস্ত্রান্বিতা হইয়া রাজার নিকটে আনীতা হইবে, ও তাহার পশ্চাদ্বর্ত্তি সহচরী কুমারীরা ১৫ তাঁহার ¶ নিকটে আনীতা হইবে। তাহারা আনন্দে ও উল্লাসে আনীতা হইয়া রাজমন্দিরে প্রবেশ করিবে। ১৬ তাহাতে তোমার পিতৃগণ গত হইলে তোমার সন্তানেরা থাকিবে; তুমি তাহাদিগকে তাবৎ পৃথিবীর অধ্যক্ষ ১৭ পদে নিযুক্ত করিবা। আমি তোমার নাম পুরুষ- পরম্পরায় স্মরণ করাইব; তাহাতে লোকেরা নির- ন্তর তোমার প্রশংসা করিবে।

৪৬ গীত।

জয়ের নিমিত্তে দায়ূদের পরমেশ্বরের ধন্যবাদ করণ।

কোরহীয় বংশের প্রধান বাদ্যকরের জন্যে অলা- মোৎযন্ত্রে এই গীত।

---

[১১] প ২২। লে ২৬; ৩৩। দ্বি ২৮; ৬৪॥—[১২] যির ১৫; ১৩॥—[১৩,১৪] দ্বি ২৮; ৩৭। গী ৭৯; ৪। ৮০; ৬। যির ২৪; ৯॥—[১৭-২১] লে ২৬; ১৪,১৫। দ্বি ২৮; ১৫॥—[২০,২১] গী ৬৬; ১৮। ১৩৯; ১-৫,২৩,২৪॥—[২২] রো ৮; ৩৬॥—[২৩] গী ৭; ৬। ৩৫; ২৩। ৫৯; ৪,৫॥—[২৪] ১৩; ১। ৮৮; ১৪॥

[৪৫ গীত] গী ২। ৭২। ১১০॥—[১-৫] প্র ১৯; ১১-১৬॥—[৬,৭] ইব্র ১; ৮,৯। যিশ ৫০; ১০-১২॥—[৯] প্র ১৯; ৭,৮। ইফ ৫; ২৫-২৭॥—[১০,১১] লূ ৩; ৮। যো ৯; ২৯। যিশ ৬৩; ১৬। ৫৪; ১-৬। ৬২; ১-৫॥—[১২] যিশ ৬০; ৫-১৬॥ [১৩-১৫] যিশ ৬১; ১০। রো ১১; ১৩-২৪। প্র ৭; ৪,৯। ১৯; ৮॥—[১৬] ম ১; ২৮। প্র ২; ২৬॥

* (ইব) আমার। † (ইব্র) চলন। ‡ (ইব্র) উথলিতেছে। ‖ (ইব্র) তোমাকে দেখাইবে। § (বা) হে ঈশ্বর। ¶ (ইব্র) তোমার।

১ ঈশ্বর আমাদের আশ্রয় ও বলস্বরূপ, এবং আমাদের বিপদকালে অতি নিকটবর্ত্তী উপকারী হন। ২ অতএব পৃথিবী যদ্যপি টলে ও পর্ব্বতগণ সমুদ্রের ৩ মধ্যে নিক্ষিপ্ত হয়; এবং তাহার তরঙ্গ ঘোর গর্জন করিয়া বেগে চলে, ও তাহার আস্ফালনে পর্ব্বতগণ কম্পিত হয়, তথাপি আমরা ভয় করিব না। সেলা। ৪ এক নদী আছে, তাহার প্রবাহের দ্বারা ঈশ্বরের নগর ও সর্ব্বাধ্যক্ষের বাসস্থান ধর্ম্মধাম আনন্দিত হয়। ৫ ঈশ্বর তাহার মধ্যে থাকেন; এই কারণ সে কখন বিচলিত হইবে না, ঈশ্বর অতি শীঘ্র* তাহার উপ- ৬ কার করিবেন। অন্যদেশীয়েরা কলরব করিলে ও রাজ্য সকল বিচলিত হইলে তিনি আপন স্বর বাহির ৭ করিবামাত্র পৃথিবী গলিয়া যায়। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আমাদের সহায় হন †, ও যাকুবের ঈশ্বর আমা- ৮ দের উচ্চদুর্গস্বরূপ। সেলা। আইস, পরমেশ্বরের কর্ম্ম দেখ, তিনি পৃথিবীতে কি প্রকার উৎপাত করেন! ৯ পৃথিবীর সীমাপর্য্যন্ত যুদ্ধ নিবৃত্ত করেন, ও আপনি ধনুর্ভঙ্গ করেন ও বড়শাচ্ছেদন করেন, ও অগ্নিতে ১০ রথকে দগ্ধ করেন। 'আমি ঈশ্বর, আমি অন্যদেশীয়দের মধ্যে মহিমান্বিত হইব, ও তাবৎ পৃথিবীতে ১১ মহিমান্বিত হইব, ইহা জানিয়া ক্ষান্ত হও।' সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আমাদের সহায় হন †, ও যাকুবের ঈশ্বর আমাদের উচ্চদুর্গস্বরূপ। সেলা।

৪৭ গীত।

ঈশ্বরের বশীভূত হওনের ও প্রশংসা করণের আবশ্যকতা।

কোরহীয় বংশের প্রধান বাদ্যকরের নিমিত্তে এই গীত।

১ হে সমস্ত লোক, তোমরা করতালি দিয়া ঈশ্বরের ২ উদ্দেশে উচ্চৈঃস্বরে জয়ধ্বনি কর। কেননা সর্ব্বোপরিস্থ পরমেশ্বর ভয়ার্হ ও তাবৎ পৃথিবীর মহারাজ। ৩ তিনি লোকদিগকে আমাদের অধীন করেন, ও অন্য ৪ দেশীয়দিগকে আমাদের পদতলস্থ করেন। এবং তিনি আপন প্রিয় যাকুবের যে উত্তম দেশ, তাহাতে আমাদের অধিকারার্থে মনোনীত করেন। সেলা। ৫ ঈশ্বর জয়ধ্বনিতে ও পরমেশ্বর তূরীধ্বনিতে আরোহণ ৬ করেন। ঈশ্বরের উদ্দেশে গান কর, গান কর; এবং ৭ আমাদের রাজার উদ্দেশে গান কর, গান কর। ঈশ্বর তাবৎ পৃথিবীর রাজা, তাঁহার উদ্দেশে বিবেচনা করিয়া ‡ গান কর। ঈশ্বর অন্যদেশীয়দের উপরে রা- ৮ জত্ব করেন; তিনি আপন পবিত্র সিংহাসনে বসিয়া থাকেন। লোকদের অধ্যক্ষ ইব্রাহীমের ঈশ্বরের ৯ লোক হইয়া একত্র হইতেছে; যেহেতুক পৃথিবীর অধ্যক্ষগণ ঈশ্বরের, তিনি অতি উচ্চপদান্বিত হন।

৪৮ গীত।

মণ্ডলীর গৌরব ও সুখ।

কোরহীয় বংশের জন্যে এই গীত।

১ আমাদের ঈশ্বরের নগরে অর্থাৎ তাঁহার ধর্ম্মধামের ২ পর্ব্বতে পরমেশ্বর মহান্ ও অতি প্রশংসনীয়। উত্তরদিগে মহারাজের রাজধানী সিয়োন্ পর্ব্বত, সে স্বস্থান প্রযুক্ত অতি রমণীয় ও তাবদ্দেশের আনন্দজনক ৩ হয়। তাহার অট্টালিকার মধ্যে ঈশ্বর উচ্চদুর্গ- ৪ স্বরূপ জ্ঞাত আছেন। রাজগণ সভাস্থ হইল, কিন্তু ৫ সকলে একত্র হইয়া পলায়ন করিল। কেননা তাহারা তাহা দেখিবামাত্র বড় চমৎকৃত হইল, এবং উদ্বিগ্ন ৬ হইয়া ত্বরায় পলায়ন করিল। সেখানে তাহারা কম্পান্বিত হইয়া প্রসূতার ন্যায় বেদনাগ্রস্ত হইল; ৭ পূর্ব্ব বায়ুতে ভগ্ন তর্শীশ্ জাহাজের তুল্য হইল। ৮ কিন্তু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের নগরে অর্থাৎ আমাদের ঈশ্বরের নগরে যাহা আমরা শুনিয়াছিলাম, তাহা দেখিয়াছি, ঈশ্বর সর্ব্বদা তাহা স্থির করিবেন। ৯ সেলা। হে ঈশ্বর, আমরা তোমার মন্দিরের মধ্যে তোমার অনুগ্রহের কর্ম্ম মনেতে চিন্তা করিতেছি। ১০ হে ঈশ্বর, পৃথিবীর সীমা পর্য্যন্ত তোমার যেমন নাম, তোমার প্রশংসাও তদ্রূপ; তোমার দক্ষিণ হস্ত ১১ ধর্ম্মেতে পরিপূর্ণ আছে। এবং তোমার দণ্ডাজ্ঞা প্রযুক্ত সিয়োন্ পর্ব্বত আনন্দময় স্থান হইবে, ও ১২ যিহূদা নগর সকল উল্লাসিত হইবে। তোমরা সিয়োন্‌কে প্রদক্ষিণ কর ও তাহার সর্ব্বত্র ভ্রমণ করিয়া ১৩ তাহার দুর্গের সংখ্যা কর। ও তাহার দৃঢ় প্রাচীরে মনোযোগ কর, ও তাহার অট্টালিকা সন্দর্শন কর; তাহাতে তোমরা ভাবি লোকদিগকে ইহা ১৪ কহিতে পারিবা; এই ঈশ্বর সর্ব্বদা আমাদের ঈশ্বর হইয়া মৃত্যুকাল পর্য্যন্ত আমাদের পথদর্শক হইবেন।

[৪৬ গীত; ১] গী ১৮; ২,৩। ৬২; ৭,৮। ৯১; ২, ৯-১১। ১৪৫; ১৮॥—[২,৩] ৩; ৬; ২৩; ৩,৪॥—[৪] যিশ ৩৩; ২১। যিহি ৪৭; ১-৯। মিখ ১৩; ১। পু ২২; ১,১৭॥—[৫] ২ রা ১৯,৩২-৩৫। যা ৩০; ১৩। গা ২৩; ২১। মিখ ২; ৫,১০,১১॥ [৬] গী ২; ১-৫। ২ পি ৩; ৭॥—[৭] প ৫,১১॥—[৮] গী ৬৬; ৫॥—[৯] ২ রা ১৯; ৩৫। গা ১৬; ৩। যিশ ২; ৪। ৯; ৫। [১০] যিশ ২; ১০-২১॥—[১১] প ৫,৭॥

[৪৬ গীত; ১,২] গী ২৫; ১-৫॥—[৩] ১৮; ৪৭॥—[৪] দ্বি ৩২; ৭-১৪॥—[৫] গী ৬৮; ১৭,১৮,২৪॥—[৭] প ২। ১ ক ১৪; ১৫॥—[৮] গী ৯৬; ১০। পু ১৯; ৬॥—[৯] রো ৪; ১১,১২। ৯; ২৫,২৬। গী ৭২; ৮-১১॥

[৪৮ গীত; ১] গী ১৪৫; ৩। ২; ৬। ৬৬; ২।—[২] ১২২; ২। বিল ২; ১৫। যিশ ১৪; ১৩। ম ৫; ৩৫॥—[৩] গী ৪৬; ৫॥ [৪-৬] ২ শি ৫; ১৭-২৫। ২ রা ১৬; ৫। ১৯; ৩২-৩৬॥—[৭] যিশ ২; ১৬। যিহি ২৭; ২৬॥—[৮] গী ৪৪; ১। ৬৮; ১৬॥ [১০] ১১৩; ৩। মল ১; ১১॥—[১১] যিশ ২৬; ৮,৯॥—[১২,১৩] যিশ ২৬; ১॥—[১৪] যিশ ২৫; ৯। গী ৭৩; ২৪॥

* (ইব্রী) অতি প্রত্যূষে। † (ইব্রী) সঙ্গে আছেন। ‡ (বা) জ্ঞানসূচক।

৪৯ গীত।

ধনের ও মানুষের অসারতা।

কোরহীয় বংশের মধ্যে প্রধান বাদকের জন্যে এই গীত।

১ হে সমস্ত লোক, তোমরা শ্রবণ কর; হে জগন্নিবাসি-
২ গণ, তোমরা মহান্ কি ক্ষুদ্র, ও ধনবান্ কি দরিদ্র, যে
৩ হও, আমার কথাতে সকলে মনোযোগ কর। আমি
মুখদ্বারা জ্ঞানের কথা কহিব, ও মনেতে বুদ্ধির কথা
৪ চিন্তা করিব,ও কর্ণেতে দৃষ্টান্তকথা শ্রবণ করিব,এবং
৫ বীণাযন্ত্রে আপনার মর্ম্মকথা গান করিব *। প্রবঞ্চ-
নাকারির প্রবঞ্চনা আমাকে ঘেরিলে আমি কেন বি-
৬ পদসময়ে ভয় করিব? যাহারা আপনাদের ধনেতেই
বিশ্বাস রাখে, ও সম্পত্তি বাহুল্য প্রযুক্ত শ্লাঘা করে,
৭ তাহাদের মধ্যে কেহ আপন ভ্রাতাকে মুক্ত করিতে
৮ পারে না; এবং সে যেন চিরজীবী হইয়া মৃত্যুগ্রস্ত
না হয়, তন্নিমিত্তে ঈশ্বরকে মূল্য দিতেও পারে না;
৯ কেননা প্রাণকে যে মুক্ত করা, সে অমূল্য ও সর্ব্বদা
১০ অসাধ্য হয়। সে মৃত্যুগ্রস্ত হইবে †, কেননা জ্ঞান-
বান্ লোকেরা যেমন মরে, তদ্রূপ অজ্ঞান ও পশুবৎ
লোক বিনষ্ট হয়, ও অন্যদের হস্তে ধন ত্যাগ করে।
১১ তাহাদের বাটী চিরস্থায়ী ও গৃহ পুরুষানুক্রমে থা-
কিবে, এবং তাহাদের ভূমি সকল তাহাদের নামে
বিখ্যাত থাকিবে, ইহা তাহাদের মনের অভিপ্রায়।
১২ তথাপি মানুষ সম্ভ্রান্ত হইয়া থাকে না, কিন্তু বিনাশ্য
১৩ পশুবৎ হয়। তাহাদের এমত গতিতে অজ্ঞানতা হই-
লেও তাহাদের সন্তানেরা তাহাদের বাক্যই ভাল
১৪ বাসে। সেলা। তাহারা মেষের ন্যায় পরলোকে চালিত
হয়, ও মৃত্যু তাহাদিগকে গ্রাস করে; ধার্ম্মিকগণ
প্রভাতেই তাহাদের উপরে কর্ত্তৃত্ব করিবে, পরলোক
১৫ রূপ বাসস্থানে তাহাদের সৌন্দর্য্য নষ্ট হইবে। কিন্তু
ঈশ্বর পরলোকের হস্তহইতে আমার প্রাণকে মুক্ত
১৬ করিয়া আমাকে গ্রহণ করিবেন। সেলা। কোন লোক
ধনবান্ হইয়া গৃহের ঐশ্বর্য্য বৃদ্ধি করিলে তুমি তাহাতে
১৭ উদ্বিগ্ন হইও না। কেননা সে মরণকালে কিছু সঙ্গে
লইয়া যাইবে না; ও তাহার ঐশ্বর্য্য তাহার পশ্চাতে
১৮ গমন করিবে না। সে জীবদ্দশাতে আপন প্রাণকে
শ্লাঘা করিল, ও আপন মঙ্গল করিলে লোকেরা
১৯ তাহাকে ‡ প্রশংসা করিল; কিন্তু পিতৃলোকদের
বাসস্থানে গিয়া দীপ্তির দর্শন কখনো পাইবে না।
মনুষ্য সম্ভ্রান্ত ও অজ্ঞান হইয়া বিনাশ্য পশুবৎ হয়। ২০

৫০ গীত।

১ পরমেশ্বরের বিচার করণ ৭ ও যজ্ঞকর্ম্মাদি অপেক্ষা ভক্তির আবশ্যকতা ১৬ ও পাপি লোকের প্রতি অনুযোগ।

আসফের গীত।

প্রভুদের প্রভু পরমেশ্বর বক্তা হইয়া সূর্য্যের উদয়- ১
চল অবধি অস্তাচল পর্য্যন্ত তাবৎ জগজ্জনকে আ-
হ্বান করিবেন। ঈশ্বর সম্পূর্ণ সৌন্দর্য্য বিশিষ্ট সি- ২
য়োন্হইতে দীপ্তি প্রকাশ করিবেন; আমাদের ঈশ্বর ৩
আগমন করিয়া নীরব হইয়া থাকিবেন না; তাঁহার
অগ্রে অগ্নি দগ্ধ করিবে, ও তাঁহার চতুর্দ্দিগে প্রবল
ঝড় উপস্থিত হইবে। তিনি আপন লোকদের বিচার ৪
করণার্থে উপরিস্থ স্বর্গকে ও পৃথিবীকে আহ্বান
করিয়া কহিবেন, ‘যাহারা বলিদানদ্বারা আমার ৫
সহিত নিয়ম করিয়াছে, এমত পুণ্যবান্ লোকদিগকে
আমার নিকটে একত্র কর।’ তাহাতে স্বর্গ তাঁহার ৬
ধর্ম্ম প্রকাশ করিবে, কেননা ঈশ্বর আপনি বিচার-
কর্ত্তা হইবেন। সেলা।

‘হে আমার লোকেরা, আমি কহি, শ্রবণ কর; হে ৭
ইস্রায়েল লোকেরা,আমি তোমাদের ‖ বিষয়ে সাক্ষ্য
দিব। আমি ঈশ্বর,তোমাদের ‖ ঈশ্বর; তোমরা আমার ৮
সাক্ষাতে নিত্য২ যে বলিদান ও হোম করিয়া থাক,
তদ্বিষয়ে তোমাদিগকে ‡ অনুযোগ করিব না; এবং ৯
তোমাদের ‖ গৃহহইতে কোন বলদ ও খোঁয়াড়হইতে
ছাগল লইব না। কেননা তাবৎ বনপশু ও সহস্র২ পর্ব্ব- ১০
তীয় পশু সকলই আমার। আমি পর্ব্বতীয় পক্ষিগণকে ১১
জানি, এবং মাঠের সমস্ত পশুও আমার। অতএব ১২
আমি ক্ষুধিত হইলে তোমাদিগকে কহিব না; কেননা
পৃথিবী ও তন্মধ্যস্থ সকল বস্তুই আমার। আমি কি ১৩
বলবান্ বৃষের মাংস ভোজন করিব? কি ছাগলের
রক্ত পান করিব? ঈশ্বরের নিকটে প্রশংসারূপ বলি ১৪
উৎসর্গ কর, ও সর্ব্বোপরিস্থের প্রতি আপন ব্রত
সম্পূর্ণ কর। এবং বিপদ্কালে আমার কাছে প্রার্থনা ১৫
কর; তাহাতে আমি তোমাদিগকে ‡ উদ্ধার করিলে
তোমরা § আমার মহিমা প্রকাশ করিবা।’

পরে ঈশ্বর দুষ্ট লোককে কহিবেন, ‘আমার ১৬
বিধি প্রকাশ করিতে ও নিয়মের কথা মুখে আনিতে

[৪৯ গীত; ৪] গী ৭৮; ২। ম ১৩; ৩৫॥—[৭-৯] ম ১৬; ২৬। যুব ৩৬; ১৮, ১৯॥—[১০] ৪ ২; ১৬,১৮-২১। গী ৩৯; ৬॥—[১১-১৩] লূ ১২; ১৬-২১॥—[১২] প ২০। ৪ ৩; ১৯॥—[১৩] প ১৮॥—[১৪] প ১২। যিশ ৫১; ৬-৮। মল ৪; ১-৩। ১ ক ৬; ২। পু ২; ২৬,২৭॥—[১৫] যূব ১৯; ২৫-২৭। হো ১৩; ১৪। ১ ক ১৫; ৫৪-৫৭॥—[১৬,১৭] গী ৩৭; ১,৭। ৪ ৫; ১৫,১৬॥—[১৮] প ১৩। লূ ১২; ১৯॥—[১৯] যূব ২৭; ১৯। ম ২৫; ৩০॥—[২০] প ১২॥

[৫০ গীত; ১-৬] ম ২৫; ৩১,৩২॥—[২,৩] গী ৬৮; ১৭। দ্বি ৩৩; ২। হ ৩; ৩-৬। যোয় ৩; ১৪-১৭॥—[৩] গী ২১; ৯। দা ৭; ৯,১০॥—[৪] দ্বি ৩২; ১॥—[৫] ইব্রু ৯; ১৫-২৮॥—[৬] গী ১৬; ১১-১৩। ৯৭; ৬॥—[৭] যা ২০; ২॥—[৮-১৩] হো ৬; ৬। যির ৭; ২২। গী ৪০; ৬। ৫১; ১৬,১৭। মী ৬; ৬-৮। প্রে ১৭; ২৫। ইব্রু ১০; ১-৬॥—[১২] যূব ৪১; ১১। গী ২৪; ১। ১ ক ১০; ২৬,২৮॥—[১৪] হো ১৪; ২। ইব্রু ১৩; ১৫॥—[১৫] প ২৩। গী ৯১; ১৫,১৬॥—[১৬-১৮] রো ২; ১৭-২৩॥

* (ইব্রু) খুলিব। † (ইব্রু) সে মৃত্যু দেখিবে। ‡ (ইব্রু) তোমাকে। ‖ (ইব্রু) তোমার। § (ইব্রু) তুমি।

১৭ তোমার কি অধিকার? তুমি আমার উপদেশ অশ্রদ্ধা করিয়া আমার বাক্য পশ্চাৎ নিক্ষেপ করিয়া থাক; ১৮ এবং চোরকে দেখিয়া তাহার সহিত সম্মত হইয়া পারদারিকের সহিত সমান ভোগ করিয়া থাক; ১৯ এবং মুখে কুকথা কহিয়া থাক, ও জিহ্বাতে প্রবঞ্চনা ২০ করিয়া থাক; এবং বসিয়া২ আপনার ভ্রাতার বিরুদ্ধে কুকথা কহিয়া থাক, ও সহোদরকে নিন্দা ২১ করিয়া থাক। তুমি এই প্রকার করিয়া থাক, এবং আমি নীরব হইলে আমি তোমার মত, ইহা অনুমান করিয়া থাক। আমি তোমাকে অনুযোগ করিব ও ২২ তোমার সাক্ষাতে সকলি উপস্থিত করিব। হে ঈশ্বর-বিস্মৃত লোকেরা, এক্ষণে ইহা বিবেচনা কর, নতুবা তোমাদিগকে বিদীর্ণ করিব, কেহ রক্ষা করিতে ২৩ পারিবে না। যে জন ধন্যবাদরূপ বলি উৎসর্গ করে, সে আমাকে গৌরবান্বিত করে; এবং যে জন সৎপথে গমন * করে, তাহাকে আমি ঈশ্বরকৃত পরিত্রাণ দর্শন করাইব।’

৫১ গীত।

১ স্বপাপের নিমিত্তে দায়ূদের খেদ ও বিলাপ।

প্রধান বাদকের জন্যে দায়ূদের গীত।

বৎশেবার সহিত সঙ্গ করিলে পর নাথন্ ভবিষ্যদ্বক্তা তাহার নিকটে আইলে এই গীত প্রস্তুত হইল।

১ হে ঈশ্বর, আপন অনুগ্রহানুসারে আমার প্রতি অনুগ্রহ কর, ও আপন প্রচুর কৃপানুসারে আমার ২ পাপ মার্জ্জনা কর। এবং আমার অধর্ম্ম নিঃশেষে প্রক্ষালন করিয়া অপরাধহইতে আমাকে পরিষ্কার ৩ কর। আমি আপন পাপ স্বীকার করিতেছি, আমার ৪ অপরাধ সর্ব্বদাই আমার সাক্ষাতে আছে। আমি তোমার বিরুদ্ধে, কেবল † তোমার বিরুদ্ধে অপরাধ করিয়াছি, ও তোমার দৃষ্টিতে দুষ্কর্ম্ম করিয়াছি; অতএব তুমি আপনার কথাতে নির্দ্দোষ ও বিচারে ৫ জয়ী ‡ হইবা। দেখ, পাপেতে আমার উৎপত্তি হইল, ও অপরাধে আমার মাতা আমাকে গর্ব্ভে ৬ ধারণ করিল। দেখ, তুমি অন্তরে সত্যতা প্রয়াস করিয়া থাক; অতএব আমাকে গোপনে জ্ঞানের ৭ কথা জ্ঞাত কর। এসোবের দ্বারা আমাকে পরিষ্কার কর, তাহাতে আমি পবিত্র হইব; এবং আমাকে প্রক্ষালন কর, তাহাতে হিম অপেক্ষা শুক্লবর্ণ হইব। ৮ আহ্লাদ ও আনন্দজনক বাক্য আমাকে শ্রবণ করাও; তাহাতে তোমাদ্বারা ভগ্ন আমার অস্থি সকল ৯ প্রফুল্ল হইবে। আমার অপরাধের প্রতি তোমার মুখ আচ্ছাদন কর, ও আমার তাবৎ পাপ মার্জ্জনা কর। ১০ হে ঈশ্বর, আমার মনের পবিত্রতা জন্মাও, ও আমার ১১ অন্তরে পুনর্ব্বার আত্মার স্থিরতা কর। তোমার সম্মুখহইতে আমাকে দূর করিও না, ও আমাহইতে তো১২মার পবিত্র আত্মাকে লইও না। তোমার কৃত পরিত্রাণের আনন্দ আমাকে পুনর্ব্বার দেও, ও তোমার ১৩ দানশীল আত্মাতে আমাকে ধারণ কর। তাহাতে আমি পাপিলোকদিগকে তোমার পথের শিক্ষা দিব, ও অপরাধিরা তোমার প্রতি মনের পরিবর্ত্তন করিবে। ১৪ হে ঈশ্বর, তুমিই আমার পরিত্রাতা ঈশ্বর, আমাকে রক্তপাত দোষহইতে উদ্ধার কর; তাহাতে আমার ১৫ জিহ্বা তোমার পুণ্যেতে জয়ধ্বনি করিবে। হে প্রভো, আমার ওষ্ঠাধরকে মুক্ত কর, তাহাতে আমার মুখ ১৬ তোমার প্রশংসা প্রকাশ করিবে। তুমি বলিদানের প্রয়াস কর না, নতুবা তাহা দিতাম; এবং হোমেতেও তুষ্ট নও। ১৭ ঈশ্বরের গ্রাহ্য বলি ভগ্ন আত্মা; হে ঈশ্বর, তুমি ভগ্ন ও চূর্ণ অন্তঃকরণকে তুচ্ছ করিবা না। ১৮ আপন তুষ্টি অনুসারে সিয়োনের মঙ্গল কর, ও ১৯ যিরূশালমের প্রাচীর নির্ম্মাণ কর। তখন তুমি ধর্ম্ম বলিদান ও হোম ও পূর্ণ আহুতিতে সন্তুষ্ট হইবা; এবং লোকেরা তোমার বেদির উপরে বৃষগণকে উৎসর্গ করিবে।

৫২ গীত।

দোয়েগের দোষ ও বিনাশের কথা।

প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের জ্ঞানসূচক গীত।

যে সময়ে ইদোমীয় দোয়েগ্ উপস্থিত হইয়া ‘দায়ূদ অহীমেলকের গৃহে প্রবেশ করিয়াছিল,’ এই কথা শৌলের প্রতি প্রকাশ করিয়া কহিল, তৎকালের গীত।

১ হে বলবান্ মনুষ্য, তুমি কুক্রিয়াতে কেন আত্মশ্লাঘা ২ করিতেছ? ঈশ্বরের অনুগ্রহ নিত্য। তোমার জিহ্বা তীক্ষ্ণ ক্ষুরের ন্যায় খলতা করিয়া ক্ষতি করিতেছে। ৩ তুমি সৎক্রিয়া অপেক্ষা কুক্রিয়া করিতে, এবং সত্য

[১৯,২০] যাক ১; ২৬॥—[২১] যূব ২৪; ২৪। রো ২; ৩ ৫। ম ১২; ৩৬॥—[২২] যূব ৮; ১৩, ১৪। গী ২; ১০-১২॥ [২৩] প ১৪,১৫। ৫১; ১৫। ৯১; ১৬। রো ৮; ১-৪। যো ৭; ১৭॥

[৫১ গীত] ২ শি ১২; ১-১৪॥—[১] প ৯॥—[২] প ৭। ১ যো ১; ৭॥—[৩] গী ৩২; ৫। ৩৮; ১৮॥—[৪] ২ শি ১২; ৭-৯,১৪। লূ ১৫; ২১। রো ৩; ৪॥—[৫] আ ৮; ২১। যূব ১৪; ৪। ১৫; ১৪। যো ৩; ৬॥—[৬] যূব ৩৮; ৩৬। যী ৬; ৮। যো ৪; ২৩॥—[৭] প ২। লে ১৪; ৪-৭। গ ১৯; ১৮। যিশ ১; ১৮। ইব্রু ৯; ১৯। ১ যো ১; ৭।—[৮] গী ৩২; ১-৫॥—[৯] প ১॥—[১০] প্রে ১৫; ৮,৯॥—[১১] আ ৪; ১৪। রো ৮; ৯॥—[১২] প ৮। ২ক ৩; ১৭॥—[১৩] ১ তী ১; ১৫,১৬॥—[১৪] ২ শি ১২; ৯। যিশ ১২; ১॥—[১৬] গী ৪০; ৬। ৫০; ৮-১৩। যিশ ৬৬; ৩। ১ শি ১৫; ২২। হো ৬; ৬। যী ৬; ৬,৭॥—[১৭] গী ৩৪; ১৮। যিশ ৫৭; ১৫। ৬৬; ২॥

[৫২ গীত] ১ শি ২২; ৬-২২॥—[১] ১ শি ২১; ৭॥—[২] গী ৫৭; ৪। ৬৪; ৩॥

* (ইব্রু) নিরূপণ। † (বা) বিশেষতঃ। ‡ (বা) নিষ্পাপ।

কথা অপেক্ষা মিথ্যাকথা কহিতে ভাল বাস। সেলা। ৪ হে প্রবঞ্চক জিহ্বে, তুমি সর্ব্বনাশক বাক্যই* ভাল ৫ বাস। কিন্তু ঈশ্বর তোমাকে সর্ব্বতোভাবে বিনষ্ট করিবেন ও তোমাকে উচ্ছিন্ন করিবেন, এবং আলয়হইতে তোমাকে দূর করিবেন, ও জীবৎ লোকদের স্থানহইতে ৬ উৎপাটন করিবেন। সেলা। তাহা দেখিয়া ধার্ম্মিকেরা ভীত হইবে, এবং তোমার † প্রতি উপহাস ৭ করিয়া কহিবে, 'যে মানুষ ঈশ্বরকে আপন বলস্বরূপ না করিয়া আপন প্রচুর ধনে প্রত্যাশা করিয়া দুষ্ট৮ তাতে সাহস বাঁধিল, তাহাকে দেখ।' কিন্তু আমি সতেজ জিতবৃক্ষের ন্যায় ঈশ্বরের মন্দিরে থাকিয়া ৯ সদা সর্ব্বক্ষণে ঈশ্বরানুগ্রহে প্রত্যাশা করিব। তুমিই এই কর্ম্ম করিয়াছ, অতএব আমি সর্ব্বদা তোমার প্রশংসা করিব; তুমি ‡ পুণ্যবানদের প্রতি মঙ্গলদায়ক, অতএব আমি তোমার † অপেক্ষা করিব।

৫৩ গীত।

পাপি লোকদের দুষ্টতা ও ভাবিদুঃখ।

প্রধান বাদকের নিমিত্তে মহলৎ যন্ত্রে দায়ূদের জ্ঞানসূচক গীত।

১ ঈশ্বর নাই, অজ্ঞান লোকেরা আপন মনে এমত কহে; তাহারা দুষ্ট ও ঘৃণ্য কর্ম্মকারী, সৎকর্ম্ম কেহই করে ২ না। অতএব জ্ঞানী ও ঈশ্বরের তত্ত্ব চেষ্টাকারী কেহ আছে কি না, ইহা জানিবার জন্যে পরমেশ্বর স্বর্গহইতে মনুষ্যসন্তানদের প্রতি নিরীক্ষণ করিয়া ৩ থাকেন। সকলে কেবল বিপথগামী ও দুষ্কর্ম্মকারী হয়; সৎকর্ম্ম কেহই করে না, এক জনও না। ৪ এই কুকর্ম্মকারিদের কি কিছুই জ্ঞান নাই? তাহারা অন্নের ন্যায় আমার লোককে গ্রাস করে, ও ৫ ঈশ্বরের কাছে প্রার্থনা করে না। তাহারা কোন সময়ে নির্ভয় স্থানে বড় ভয়‖ পাইবে; কেননা ঈশ্বর তোমার বিরুদ্ধে উপস্থিত লোকদের অস্থি নিক্ষেপ করিবেন, এবং ঈশ্বর তাহাদিগকে তুচ্ছ বোধ করিলে তুমি তাহা৬ দিগকে লজ্জা দিবা। আহা, যদি সিয়োন্‌হইতে ইস্রায়েলের পরিত্রাণ হয়; তাহাতে ঈশ্বর আপন লোকদিগকে দাসত্বহইতে মুক্ত করিলে যাকূব্ বংশ আনন্দিত ও ইস্রায়েল্ বংশ হৃষ্টচিত্ত হইবে।

৫৪ গীত।

সীফীয় লোকহইতে রক্ষার্থে দায়ূদের প্রার্থনা।

প্রধান বাদকের জন্যে নির্গীনোৎ যন্ত্রে দায়ূদের জ্ঞানসূচক গীত।

যে সময়ে সীফীয় লোকেরা উপস্থিত হইয়া শৌলের নিকটে বলিল, 'দায়ূদ কি আমাদের মধ্যে আপনাকে গুপ্ত করে নাই?' তৎকালের এই গীত।

১ হে ঈশ্বর, আপন নামের গুণে আমাকে পরিত্রাণ ২ কর, ও আপন ক্ষমতাতে আমার বিচার কর। হে ঈশ্বর, আমার নিবেদন শুন, আমার মুখের বাক্য ৩ শ্রবণ কর। অপরিচিত লোকেরা আমার বিরুদ্ধে উঠে, ও উপদ্রবিরা আমার প্রাণ নাশার্থে চেষ্টা করে; তাহারা আপন ২ গোচরে ঈশ্বরকে রাখে না। সেলা। ৪ দেখ, ঈশ্বর আমার উপকারী; প্রভু আমার প্রাণের ৫ উপকারকদের সহিত আছেন। তিনি আমার শত্রুদের দুষ্টতার প্রতিফল দিবেন, ও আপন সত্যতাতে ৬ তাহাদিগকে সংহার করিবেন§। হে পরমেশ্বর, আমি তোমার উদ্দেশে যথেষ্ট বলিদান করিব, ও তো৭ মার নামের প্রশংসা করিব, কেননা সে উত্তম। সেই নাম আমাকে অশেষ বিপদহইতে রক্ষা করিবে, এবং আমার চক্ষু শত্রুগণের বিনাশ দর্শন করিবে।

৫৫ গীত।

বিপদসময়ে দুষ্ট লোকদের বিরুদ্ধে দায়ূদের প্রার্থনা।

প্রধান বাদকের জন্যে নির্গীনোৎ যন্ত্রে দায়ূদের জ্ঞানসূচক গীত।

১ হে ঈশ্বর, আমার প্রার্থনা শ্রবণ কর, আমার নিবে২ দন সময়ে লুক্কায়িত হইও না। আমার প্রতি মনোযোগ করিয়া উত্তর দেও, আমি শত্রুদের দুর্ব্বাক্য ও পাপিদের উপদ্রব প্রযুক্ত ভাবনাতে ব্যাকুল ও উন্মনা ৩ হইতেছি; তাহারা আমাকে দোষী করিয়া ক্রোধেতে ৪ আমার বিপক্ষতা করে। আমার অন্তরে মন বড় ব্যথিত আছে, আমি মৃত্যুযাতনাগ্রস্ত হইতেছি। ৫ ভয় ও কম্প আমাকে ধরিতেছে, এবং আমি মহা৬ ত্রাসে আচ্ছন্ন হইতেছি। আমি কহিতেছি, আঃ, যদি কপোতের ন্যায় আমার পক্ষ হয়! তবে উড্ডীয়মান ৭ হইয়া বিশ্রাম করি; এবং ভ্রমণ করিয়া দূরে যাই, ৮ ও বনের মধ্যে বসতি করি। সেলা। এবং প্রবল বায়ু ৯ ও ঝড়হইতে ত্বরায় পলায়ন করি। হে প্রভো, তুমি তাহাদিগকে গ্রাস কর, ও তাহাদের জিহ্বায় অনৈক্য জন্মাও; আমি নগরের মধ্যে দৌরাত্ম্য ও কলহ দেখি১০ তেছি। তাহারা দিবারাত্রি প্রাচীরের উপরে ভ্রমণ করে; তাহাতে নগরের মধ্যে অন্যায় ও ক্লেশ হয়। ১১ তাহার মধ্যে দুষ্টতা আছে, বিচারস্থানহইতে চাতুরী ১২ ও প্রবঞ্চনা নির্গত হয় না। কোন শত্রু আমার নিন্দা

---

[৫] হি ২ ; ২২॥—[৬,৭] যুব ২২ ; ১৯,২০। গী ৩৭ ; ৩৪। ৫৮ ; ১০,১১। ৬৪ ; ৯,১০ ॥—[৮] ৯২ ; ১২-১৫॥—[৯] ৫৪ ; ৬॥
[৫৩ গীত] গী ১৪॥—[১] ১০ ; ৪। ৩৬ ; ১॥—[১-৩] রো ৩ ; ১০-১২॥—[৪] গী ৭৯ ; ৬,৭। আম ৮ ; ৪-৭। মী ৩ ; ১-৪। যিশ ১০ ; ১৫॥—[৫] দ্বি ৩২ ; ৪১,৪২। যিহি ৩৯ ; ১-১৬॥—[৬] গী ১২৬ ; ১,২॥
[৫৪ গীত] ১ শি ২৩ ; ১৯। ২৬ ; ১॥—[৪] গী ১১৮ ; ৬, ৭॥—[৬] ৫২ ; ৯॥—[৭] ৯২ ; ১১॥
[৫৫ গীত] গী ৩৫। ৬৯। ১০৯॥—[৩] ২শি ১৫ ; ৩,৪। ১৬ ; ৭,৮॥—[৪] গী ১৮ ; ৪, ৫। ১১৬ ; ৩॥—[৬-৮] ১ রা ১৯ ; ৪,৯,১০॥—[৯] ২ শি ১৬ ; ৩১॥

*(বা) তুমি সর্ব্বনাশক বাক্য ও প্রবঞ্চক জিহ্বাকে। †(ইব্রু) তাহার। ‡(ইব্রু) তোমার নাম। ‖(ইব্রু) ভয়েতে ভীত। §(ইব্রু) করিবা।

করে নাই, করিলে আমি সহ্য করিতাম; এবং কোন ঘৃণাকারী আমার প্রতি দর্প্প করে নাই, করিলে ১৩ তাহাহইতে লুক্কায়িত হইতাম। কিন্তু আমার সমান ১৪ ও মিত্র ও পরিচিত যে তুমি, তুমিই তাহা করিলা। আমরা একত্র হইয়া মধুর পরামর্শ করিতাম, ও জনতার ১৫ সহিত ঈশ্বরের মন্দিরে গমন করিতাম। তাহারা মৃত্যুগ্রস্ত হইবে, ও অকস্মাৎ পরলোকে গমন করিবে, যেহেতুক তাহাদের আলয়ে ও হৃদয়ে মন্দ আছে। ১৬ আমি ঈশ্বরের নিকটে প্রার্থনা করি, তাহাতে পর১৭ মেশ্বর আমাকে পরিত্রাণ করিবেন। এবং আমি সায়ংকালে ও প্রাতঃকালে ও মধ্যাহ্নকালে তাঁহার ধ্যান করিয়া উচ্চৈঃস্বরে বিলাপ করিলে তিনি ১৮ আমার নিবেদন শুনিবেন। অনেকে আমার বিরোধী হয়, কিন্তু তিনি যুদ্ধহইতে আমার প্রাণকে ১৯ কুশলে মুক্ত করিবেন। চিরকাল বর্ত্তমান যে ঈশ্বর, তিনি শুনিয়া শত্রুদিগকে দুঃখ দিবেন। সেলা। তাহাদের কোন বিঘটিত হয় নাই, এই নিমিত্তে তাহারা ২০ ঈশ্বরকে ভয় করে না। তাহারা আপন মঙ্গলকারির বিরুদ্ধে হস্ত তুলিয়াছে, ও আপন নিয়ম লঙ্ঘন করি২১ য়াছে। তাহাদের বদন নবনীতহইতে কোমল বটে, কিন্তু তাহাদের মনের মধ্যে সংগ্রাম আছে; এবং তাহাদের বাক্য তৈলাপেক্ষা স্নেহবিশিষ্ট, কিন্তু নি২২ ষ্কোষ খড়্গের ন্যায় হয়। পরমেশ্বরের প্রতি আপনার ভার সমর্পণ কর, তাহাতে তিনি তোমাকে স্থির করিয়া রাখিবেন; কোন প্রকারে ধার্ম্মিক লো২৩ ককে বিচলিত হইতে দিবেন না। কিন্তু হে ঈশ্বর, তুমি তাহাদিগকে বিনাশগর্ত্তে নামাইবা; রক্তপাতকারী ও প্রবঞ্চক লোকেরা অর্দ্ধেক পরমায়ুও পাইবে না; আমি তোমাতে প্রত্যাশা করিব।

৫৬ গীত।

পিলেষ্টীয় লোকহইতে রক্ষার্থে দায়ূদের প্রার্থনা।

প্রধান বাদকের নিমিত্তে যোনৎ-এলম্-রিহোকীম্ স্বরে দায়ূদের স্বর্ণময় গীত।

যে সময়ে পিলেষ্টীয়েরা গাৎ নগরে তাহাকে ধরিল, তৎকালের গীত।

১ হে ঈশ্বর, আমার প্রতি দয়া কর; মনুষ্য আমাকে গ্রাস করিতে উদ্যত হয়, এবং আমার প্রতি উপ২ দ্রব করিতে সমস্ত দিন যুদ্ধ করে। আমার শত্রুগণ সমস্ত দিন আমাকে গ্রাস করিতে উদ্যত হয়; হে সর্ব্বোপরিস্থ*, আমার প্রতিকূলে অনেকে যুদ্ধ ৩ করে। কিন্তু আমার ভয় উপস্থিত হওন সময়ে ৪ আমি তোমাতে প্রত্যাশা করি। এবং বাক্যের † দ্বারা ঈশ্বরের প্রশংসা করিব, ও ঈশ্বরের প্রতি প্রত্যাশা রাখিয়া আমার বিরুদ্ধে মনুষ্যের সাধ্যকর্ম্মে ভয় ৫ করিব না। তাহারা সমস্ত দিন আমার কথার বিপরীত করিয়া যাহাতে আমার মন্দ হয়; এমন চিন্তা ৬ করে। এবং সকলে একত্র হইয়া গোপনে থাকে, এবং আমার পদচিহ্ন দৃষ্টি করণ পূর্ব্বক আমার ৭ প্রাণ হিংসার অপেক্ষাতে থাকে। এমত অধর্ম্মেতে তাহারা কি বাঁচিবে? হে ঈশ্বর, ক্রোধে এই লোক৮ দিগকে অধঃপতন কর। তুমি আমার ভ্রমণ গণনা করিতেছ, ও আমার নেত্রজল আপনার পাত্রে রাখিতেছ; তাহা কি তোমার পুস্তকে লিখিত নাই? ৯ প্রার্থনা করণ সময়ে আমার শত্রুগণ পরাঙ্মুখ হইবে; ১০ ঈশ্বর আমার সহায় আছেন, ইহা আমি জানি। আমি বাক্যের † দ্বারা ঈশ্বরের প্রশংসা করিব, এবং ১১ বাক্যের † দ্বারা পরমেশ্বরের প্রশংসা করিব। এবং ঈশ্বরের প্রতি প্রত্যাশা রাখিয়া আমার বিরুদ্ধে ১২ মনুষ্যের সাধ্যকর্ম্মে ভয় করিব না। হে ঈশ্বর, তোমার কাছে আমার মানত আছে, আমি তোমাকে ১৩ প্রশংসা করিব। আমার প্রাণকে মৃত্যুহইতে উদ্ধারকর্ত্তা যে তুমি, তুমি কি জীবৎ লোকের দীপ্তিতে তোমার সাক্ষাতে গমনাগমন করিতে পতনহইতে আমার চরণকে উদ্ধার করিবা না?

৫৭ গীত।

১ শৌলের হস্তহইতে রক্ষার্থে প্রার্থনা ৭ ও ঈশ্বরের ধন্যবাদ করণ।

প্রধান বাদকের নিমিত্তে অল্‌তস্‌হেৎ স্বরে দায়ূদের স্বর্ণময় গীত।

যে সময়ে শৌলের সম্মুখহইতে দায়ূদ্ গহ্বরে পলায়ন করিল, তৎকালের এই গীত।

১ হে ঈশ্বর, আমাকে দয়া কর, আমাকে দয়া কর, আমার প্রাণ তোমার শরণাগত; আমি এই বিপদহইতে উত্তীর্ণ হওন পর্য্যন্ত তোমার পক্ষছায়াতে ২ আশ্রয় লই। আমি সর্ব্বোপরিস্থ ঈশ্বরের ও আমার ৩ সর্ব্বসাধক ঈশ্বরের নিকটে প্রার্থনা করিব। তাহাতে তিনি স্বর্গহইতে হস্ত বিস্তার করিয়া আমার গ্রাসকারির নিন্দাহইতে আমাকে উদ্ধার করিবেন ‡। সেলা।

---

[১২] গী ৪১; ৯। ২ শি ১৬; ১১॥—[১৩] ২ শি ১৫; ১২,৩১। ১৬; ২৩॥—[১৫] ২ শি ১৭; ২৩। ১৮; ৭,৮,১৪,১৫॥
[১৬,১৭] ২ শি ১৩; ১২। গী ৫৬; ৩॥—[১৭] দা ৬; ১০॥—[১৮] গী ২৭; ১-৩॥—[১৯] ১০; ১,২। দ্বি ৩০; ২৭। গী ৭৩; ৪-১১॥—[২১] ২ শি ১৫; ৭-১০। গী ৬২; ৪॥—[২২] ৩৭; ৫। ১ পি ৫; ৭॥—[২৩] হি ১০; ২৭॥
[৫৬ গীত] ১ শি ২১: ১০,১১॥—[১] গী ৩১; ২০। ৫৭; ১॥—[৩] ৪৬; ১॥—[৪] প ১০,১১। ১১৮; ৬। ইব্রি ১৩; ৬॥—[৮] মল ৩; ১৬॥—[৯] রো ৮; ৩১॥—[১০,১১] প ৪॥—[১৩] গী ১১৬; ৮॥
[৫৭ গীত] গী ১৪২। ১ শি ২২; ১। ২৪; ৩॥—[১] গী ৫৬; ১। ৩৬; ৭। ৬৩; ৭॥—[২] ৩৭; ৫। ১৩৮; ৮॥
[৩] ১৪৪; ৫-৭। ৪৩; ৩॥

* (বা) ঔদ্যোগেতে। † (ইব্রি) তাঁহার বাক্যের। ‡ (বা) আমার গ্রাসকারিদিগকে অনুযোগ করিবেন।

ঈশ্বর আপন অনুগ্রহ ও সত্যতা প্রেরণ করিবেন। ৪ কিন্তু সিংহগণের মধ্যে আমার প্রাণ আছে, ও অগ্নিশিখাস্বরূপ মনুষ্যসন্তানদের মধ্যে আমি বাস করিতেছি; তাহাদের দন্ত বড়শা ও তীর তুল্য, এবং ৫ তাহাদের জিহ্বা তীক্ষ্ণ খড়্গস্বরূপ। হে ঈশ্বর, তুমি আকাশে উচ্চপদান্বিত হও, এবং তাবৎ ভূমণ্ডলে ৬ তোমার মহিমা সপ্রকাশ হউক। তাহারা আমার চরণ বদ্ধ করিতে জাল পাতিয়াছিল, তাহাতে আমার প্রাণ সঙ্কুচিত ছিল; কিন্তু আমার সম্মুখে যে খাত খনন করিয়াছিল, তাহার মধ্যে আপনারাই পতিত হইল। সেলা।

৭ হে ঈশ্বর, আমার মন সুস্থির আছে, আমার মন ৮ সুস্থির আছে, আমি গান ও প্রশংসা করিব। হে আমার জিহ্বে*, জাগৃত হও; হে নেবল্ যন্ত্র ও বীণে, ৯ জাগৃত হও; আমিও প্রত্যূষে জাগৃত হইব। হে প্রভো, লোকদের মধ্যে তোমার প্রশংসা করিব, ও দেশীয়- ১০ দের মধ্যে তোমার নাম গান করিব। কেননা তো-মার অনুগ্রহ আকাশ পর্য্যন্ত উচ্চ, ও তোমার সত্যতা ১১ মেঘ পর্য্যন্ত ব্যাপ্ত আছে। হে ঈশ্বর, তুমি আকাশে উচ্চপদান্বিত হও, এবং তাবৎ ভূমণ্ডলে তোমার মহিমা সপ্রকাশ হউক।

৫৮ গীত।

১ অন্যায় বিচারকর্ত্তাদের দোষ ৬ ও বিনাশ।

প্রধান বাদকের নিমিত্তে অল্‌তস্‌হেৎ স্বরে দায়ূদের স্বর্ণময় গীত।

১ হে সভাসদ্‌গণ, তোমরা কি যথার্থ কথা কহিতেছ? হে মনুষ্যসন্তানবর্গ, তোমরা কি প্রকৃত বিচার করি- ২ তেছ? না, মনের মধ্যে অযথার্থ রাখিতেছ, ও ৩ দেশেতে হস্তদ্বারা বলাৎকার করিতেছ। পাপিগণ জন্মাবধি বিপথগামী হয়, এবং ভূমিষ্ঠ হওনাবধিই ৪ মিথ্যা কহিয়া ভ্রমণ করে। সর্পবিষের ন্যায় তাহা- ৫ দের বিষ, এবং বধির কালসর্প যেমন কর্ণ রোধ করিয়া তীক্ষ্ণ মন্ত্রবাদি সর্পবৈদ্যের রব শুনে না তাহারাও তদ্রূপ।

৬ হে ঈশ্বর, তাহাদের মুখের দন্ত ভগ্ন কর; হে পরমেশ্বর, যুবসিংহের কষের দন্ত উৎপাটন কর। ৭ তাহারা স্রোতোজলের ন্যায় বহিয়া যাইবে, এবং তাহাদের আকৃষ্ট বাণ ভগ্ন বাণের ন্যায় ব্যর্থ হইবে। ৮ এবং তাহারা গমনকারি শম্বূকের ন্যায় গলিত হইবে, এবং গর্ভস্রাবের সন্তানের ন্যায় সূর্য্য দেখিতে পা- ৯ ইবে না। এবং হাঁড়ী উত্তপ্ত হওন কালাপেক্ষা শীঘ্র তিনি আর্দ্র ও দগ্ধ কণ্টকস্বরূপ তাহাদিগকে ঝড়ে উড়াইয়া লইবেন। ১০ এবং ধার্ম্মিক লোক তাহাদের এমত প্রতিফল দেখিয়া আনন্দিত হইবে, ও পাপির রক্তে আপন২ পাদ প্রক্ষালন করিবে। ১১ তাহাতে মনুষ্যগণ এমত কহিবে, 'অবশ্য ধার্ম্মিক লোকের ফল আছে, অবশ্য পৃথিবীর† বিচারকর্ত্তা এক ঈশ্বর আছেন।'

৫৯ গীত।

প্রাণরক্ষা হইলে পর পরমেশ্বরের প্রশংসা করণ।

প্রধান বাদকের জন্যে অল্‌তস্‌হেৎ স্বরে দায়ূদের স্বর্ণময় গীত।

শৌলের প্রেরিত লোক যখন দায়ূদকে বধ করিতে গৃহের নিকটে ঘাঁটী বসাইল, তৎকালের এই গীত।

১ হে আমার ঈশ্বর, শত্রুগণহইতে আমাকে নিস্তার কর, ও আমার বিপক্ষগণহইতে আমাকে উচ্চদুর্গে স্থাপন কর। ২ দুষ্কর্ম্মিদের হইতে আমাকে নিস্তার কর, ও রক্তপাতি মনুষ্যদের হইতে আমাকে ত্রাণ কর। ৩ দেখ, তাহারা আমার প্রাণ হিংসার্থে লুক্কায়িত আছে; হে পরমেশ্বর, বলবান লোকেরা আমার বিরুদ্ধে একত্র হয়, কিন্তু আমার পাপ ও অপরাধ প্রযুক্ত নয়। ৪ তাহারা আমার দোষ না পাইলেও দৌ-ড়িয়া আসিয়া প্রস্তুত হয়। অতএব তুমি আমার উপ-কারের জন্যে‡ জাগৃত হইয়া অবলোকন কর। ৫ হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, হে ইস্রায়েলের ঈশ্বর, তুমি তাবদ্দেশীয়দিগকে শাস্তি দিতে জাগৃত হও, দুষ্ট বঞ্চকদিগকে কদাচ দয়া করিও না। সেলা। ৬ তাহারা নগরের চতুর্দ্দিগ্ প্রদক্ষিণ করিয়া কুক্কুরদের ন্যায় কঠোর শব্দ করিয়া রাত্রিকালে ভ্রমণ করে। ৭ দেখ, তাহারা মুখহইতে মন্দ কথার উদ্গীরণ করে, তা-হাদের জিহ্বা‖ খড়্গস্বরূপ, ও তাহারা বলে, কে শুনিতে পাইবে? ৮ কিন্তু হে পরমেশ্বর, তুমি তাহাদিগ-কে হাস্য করিবা, ও তাবৎ অন্যদেশীয়কে উপহাস করিবা। ৯ আমি তাহাদের বলপ্রযুক্ত তোমার অপেক্ষা করিতেছি; ঈশ্বর আমার উচ্চদুর্গস্বরূপ। ১০ আমার অনুগ্রহকারি ঈশ্বর আমার অগ্রবর্ত্তী হইবেন, ও ঈশ্বর আমার শত্রুগণের বিপদ আমাকে দেখাইবেন। ১১ আমার লোক যেন তোমাকে বিস্মৃত না হয়, এই নিমিত্তে শত্রুদিগকে বধ করিও না; কিন্তু হে আমা-দের ঢালস্বরূপ প্রভো, তুমি নিজ শক্তিতে তাহাদি-গকে ছিন্নভিন্ন করিয়া অধঃক্ষেপণ কর। ১২ তাহারা

[৪] ১৪২; ৩,৪। যাক ৩; ৫,৬। গী ৫২; ৭॥—[৫] প ১১॥—[৭-১১] ১০৮; ১-৫॥—[৯] ১৮; ৪৯॥—[১০] ৩৬; ৫॥—[১১] প ৫॥
[৫৮ গীত] গী ৮২॥—[৩] আ ৮; ২১। যিশ ৪৮; ৮॥—[৪] গী ১৪০; ৩॥—[৬] যূব ৪; ১০॥—[৭] গী ৬৪; ৩॥
[৮] যুব ৩; ১৬। ২০; ৭॥—[১০] যূব ২২; ১৯,২০। গী ৬৮; ২৩॥—[১১] যিশ ৩; ১০,১১। ২ পি ২; ৪-১৩॥
[৫৯ গীত] ১ শি ১৯; ১১॥—[৩] গী ৫৬; ৬॥—[৪] ৩৫; ২৩॥—[৬] প ১৪॥—[৭] ৫২; ২। ৫৭; ৪। ১০; ১১,১৩। ১২; ৪॥—[৮] ২; ৪॥—[৯] প ১৭। ২৭; ১-৩॥—[১০] ৫৪; ৭। ৯২; ১১॥—[১১] দ্বি ৭; ২২,২৩। বি ২, ২০-২৩॥

* (ইব্রী) গৌরব। † (বা) দেশের। ‡ (ইব্রী) সাক্ষাৎ করিতে। ‖ (ইব্রী) ওষ্ঠাধরের মধ্যে।

নিজ মুখের অপরাধের ও ওষ্ঠাধরের বাক্যের ও অভিশাপের ও মিথ্যা কথনের জন্যে আপনাদের ১৩ অহঙ্কারে ধরা পড়িবে। তুমি ক্রোধে তাহাদিগকে সংহার করিবা; এমত সংহার করিবা, যে তাহাদের একও থাকিবে না; তাহাতে ঈশ্বর যাকূব্ বংশের মধ্যে থাকিয়া পৃথিবীর সীমা পর্য্যন্ত কর্ত্তৃত্ব ১৪ করেন, ইহা তাহারা জ্ঞাত হইবে। সেলা। তাহারা নগরের চতুর্দ্দিগ্ প্রদক্ষিণ করিয়া কুক্কুরদের ন্যায় ১৫ কঠোর শব্দ করিয়া রাত্রিতে ভ্রমণ করিবে; এবং আহারের নিমিত্তে পর্য্যটন করিয়া তৃপ্ত না হইয়া ১৬ কলহ করিবে। কিন্তু বিপদকালে তুমি আমার উচ্চদুর্গ ও আশ্রয়, এই জন্যে আমি তোমার পরাক্রমের বিষয়ে গান করিব, ও প্রত্যূষে তোমার অনু- ১৭ গ্রহের বিষয়ে উচ্চৈঃস্বরে গান করিব; হে আমার বলস্বরূপ, আমি তোমার উদ্দেশে গান করিব, কেননা ঈশ্বর আমার উচ্চদুর্গস্বরূপ ও ঈশ্বর আমার অনুগ্রহকারী।

৬০ গীত।

১ যুদ্ধসময়ে দায়ূদের প্রত্যাশা ৯ ও প্রার্থনা।

প্রধান বাদকের জন্যে শোশন্-এদূৎ স্বরে শিক্ষার্থে দায়ূদের এক স্বর্ণময় গীত।

যখন সে অরাম্-নহরয়িম্ ও অরাম-সোবার সহিত যুদ্ধ করিল ও যোয়াব্ যাইয়া লবণ নিম্ন ভূমিতে ইদোমের দ্বাদশ সহস্র লোককে বিনাশ করিল, তৎকালের এই গীত।

১ হে ঈশ্বর, তুমি আমাদিগকে ত্যাগ করিয়াছ, ও আমাদিগকে ছিন্নভিন্ন* করিয়াছ, এবং আমাদের প্রতি ক্রোধ করিয়াছ, কিন্তু এখন আমাদের প্রতি ফির। ২ তুমি দেশকে কম্পান্বিত ও ভগ্ন করিয়াছ, এখন ভগ্ন স্থান পুনর্নির্ম্মাণ কর, কেননা সে অস্থির হইতেছে। ৩ তুমি আপন লোকদিগকে সঙ্কট দর্শন করাইয়াছ, এবং আমাদিগকে মত্ততাজনক দ্রাক্ষারস পান করা- ৪ ইয়াছ। সত্য ধর্ম্ম স্থাপন করিতে তুমি আপনার ভয়- ৫ কারিদিগকে এক পতাকা দিয়াছ। সেলা। অতএব তোমার প্রিয় লোকদের উদ্ধারের নিমিত্তে নিজ দক্ষিণ ৬ হস্তদ্বারা আমাকে রক্ষা করিয়া উত্তর দেও। ঈশ্বর আপন ধর্ম্মধামে ইহা কহিলেন, আমি আনন্দ করিয়া শিখিম্দেশ বিভাগ করিব, ও সুক্কোৎ নিম্নভূমির মাপ ৭ করিব; গিলিয়দ্ দেশ আমার, ও মিনশি আমার ও ইফ্রয়িম্ আমার মস্তকের বলস্বরূপ; যিহূদা আমার, ৮ ব্যবস্থাপক, ও মোয়াব্ আমার প্রক্ষালনপাত্রস্বরূপ; আমি ইদোমের উপরে পাদুকা নিক্ষেপ করিব, এবং হে পিলেষ্টিয়া, তুমি আমার অধীন হইবা †। ৯ দুর্গম নগরে আমাকে কে লইয়া যাইবে? এবং ১০ ইদোমেই বা আমাকে কে প্রবেশ করাইবে? হে ঈশ্বর, আমাদিগকে ত্যাগ করিয়াছ যে তুমি, তুমি কি তাহা করিবা না? তুমি কি আমাদের সৈন্য সঙ্গে গমন ১১ করিবা না? ক্লেশে আমাদের উপকার কর; মনুষ্য- ১২ হইতে যে উপকার ‡, সে নিষ্ফল। কিন্তু ঈশ্বরের দ্বারা আমরা অসম্ভব কর্ম্ম করিতে পারিব; তিনি আমাদের শত্রুদিগকে পদতলস্থ করিবেন।

৬১ গীত।

পরমেশ্বরেতে দায়ূদের আশ্রয় করণ।

প্রধান বাদকের জন্যে নিগীনোৎ যন্ত্রে দায়ূদের গীত।

১ হে ঈশ্বর, আমার কাকূতি শ্রবণ কর, আমার নিবে- ২ দনে মনোযোগ কর। আমার মন অবসন্ন হইলে আমি দেশের সীমাতে থাকিয়া প্রার্থনা করি; আমার দুর্গম্য যে পর্ব্বত, তাহাতে আমাকে লইয়া যাও। ৩ কেননা তুমিই আমার আশ্রয় ও শত্রুর নিবারণে ৪ আমার দৃঢ় দুর্গস্বরূপ। আমি সর্ব্বদা তোমার তাম্বুতে বাস করিব, ও তোমার পক্ষের ছায়াতে আশ্রয় ৫ লইব। সেলা। কেননা হে ঈশ্বর, তুমি আমার মানত শুনিয়াছ, এবং তোমার নামে ভয়কারি লোকদের ৬ সহিত আমাকে অধিকার দিয়াছ। তুমি রাজার আয়ুর ও অনেক পুরুষপর্য্যন্ত তাহার বৎসরের বৃদ্ধি করিবা। ৭ সে সর্ব্বদা ঈশ্বরের সাক্ষাতে বসতি করিবে, ও তাঁহার ৮ অনুগ্রহ ও সত্যতাদ্বারা রক্ষা পাইবে। তাহাতে আমি নিতান্ত তোমার নামে গান করিয়া দিনে২ আপন মানস পরিপূর্ণ করিব।

৬২ গীত।

ঈশ্বরের সারতা ও মনুষ্যের অসারতা।

যিদূথূন্ বংশের প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের গীত।

১ আমার মন ঈশ্বরের অপেক্ষা করে ||, তাঁহাহইতে ২ আমার পরিত্রাণ হয়। তিনিই আমার পর্ব্বতস্বরূপ

---

[১৩] গী ৮৩; ১৭,১৮ ॥—[১৪] প ৬ ॥—[১৫] ১০৯; ১০। যূব ১৫; ২৩। যিশ ৮; ২১,২২ ॥—[১৬] গী ৬৪; ১॥—[১৭] প ১,১০॥
[৬০ গীত] ২ শি ৮; ৩-১৪। ১০, ৬-১৯। ১ বং ১৮; ৩-১৩ ॥—[১-৩] গী ৪৪; ৭-১৬। ১ শি ৩১; ১-৭ ॥—[২] ২ শি ৩; ১ ॥—[৩] যিশ ৫১; ১৭ ॥—[৪] গী ২০; ৫। ২ শি ৫; ১২ ॥—[৫-১২] গী ১০৮ ৬-১৩ ॥—[৭] দ্বি ৩৩; ১৭। আ ৪৯; ১০ ॥—[৮] ২ শি ৮; ২, ১৪। ৫; ২৫ ॥—[৯] যির ৪৯; ১৬ ॥—[১০] প ১ ॥—[১১] গী ১৪৬; ৩-৫ ॥
[১২] ১৮; ২৯-৪০, ৪৭, ৪৮ ॥
[৬১ গীত; ২] যিশ ৩২; ২ ॥—[৩] গী ১৮; ২,৩ ॥—[৪] ২৭; ৪। ৫৭; ১ ॥—[৫] ২০; ১-৪। ২১; ১-৭ ॥—[৬] ২১; ৪ ॥—[৭] ৪০; ১১। ৮৯; ১১-৩৭ ॥—[৮] ৮৯; ১,২ ॥
[৬২ গীত; ১] প ৫। গী ৩৩; ২০। যিশ ৩০; ১৫ ॥—[২] প ৬, ৭। ৩৭; । ২৪ ॥

* (ইব্রী) ভগ্ন। † (ইব্রী) আমার প্রতি জয়২কার শব্দ করিবা। ‡ (ইব্রী) পরিত্রাণ। || (ইব্রী) নীরব হয়।

ও ত্রাণকর্ত্তা এবং উচ্চদুর্গস্বরূপ; অতএব আমি ৩ অত্যন্ত বিচলিত হইব না। তোমরা এক মনুষ্যকে আর কত কাল আক্রমণ করিবা? পতনোন্মুখ ভিত্তি ও ভগ্ন বেড়ার ন্যায় তোমরা সকলেই নষ্ট হইবা। ৪ তাহারা তাঁহাকে উচ্চপদহইতে অধঃপতন করিতে পরামর্শ করে ও মিথ্যাকথাতে সন্তুষ্ট হয়; এবং মুখে আশীর্ব্বাদ করে বটে, কিন্তু মনে২ * শাপ দেয়। ৫ সেলা। হে আমার মন, কেবল ঈশ্বরের অপেক্ষা কর, ৬ কেননা তিনি আমার প্রত্যাশার স্থান। তিনিই আমার পর্ব্বত ও পরিত্রাণকর্ত্তা এবং উচ্চদুর্গস্বরূপ, অতএব ৭ আমি বিচলিত হইব না। ঈশ্বরহইতে আমার পরিত্রাণ ও গৌরব, ও ঈশ্বর আমার বলবান্ পর্ব্বত ও ৮ আশ্রয়স্থান। হে লোক সকল, সর্ব্বকাল তাঁহাতে প্রত্যাশা কর, ও তাঁহার সম্মুখে আপন২ মনোগত বাক্য প্রকাশ কর; কেননা ঈশ্বর আমাদের আশ্রয়- ৯ স্থান। সেলা। অধম লোকেরা অসার, এবং উত্তম লোকেরাও মিথ্যা; তুলাযন্ত্রে যদি তাহাদিগকে তৌল করা যায়, তবে উভয়ই † অসারহইতে লঘু হয়। ১০ তোমরা উপদ্রব করিতে সাহস করিও না, ও অপহরণেতে শ্লাঘা করিও না, এবং ধনের বাহুল্য হইলে ১১ তাহাতে মন দিও না। ঈশ্বর এক বার কহিয়াছেন, এবং ঈশ্বরের পরাক্রম আছে, ইহা আমি দুই বার ১২ শুনিয়াছি। হে প্রভো, তোমার দয়াও আছে, কিন্তু তুমি মনুষ্যগণকে স্ব২ কর্ম্মানুসারে প্রতিফল দিবা।

৬৩ গীত।

ঈশ্বরের অনুগ্রহের আকাঙ্ক্ষা ও শত্রুজয়ের অপেক্ষা।

যিহূদার অরণ্যস্থ দায়ূদের এক গীত।

১ হে ঈশ্বর, তুমি আমার ঈশ্বর; আমি তোমার অন্বেষণ করি; শুষ্ক ও মৃগতৃষ্ণান্বিত ও নির্জ্জল ভূমিতে তোমার নিমিত্তে আমার মন আকাঙ্ক্ষী ও আমার ২ শরীর তৃষ্ণার্ত্ত আছে। ধর্ম্মধামে তোমার যেরূপ দর্শন করিয়াছি, তদ্রূপে তোমার বল ও মহিমা দর্শন করিতে ৩ (ইচ্ছা করি)। তোমার অনুগ্রহ জীবনহইতেও শ্রেষ্ঠ, এই নিমিত্তে আমার ওষ্ঠাধর তোমার প্রশংসা করে। ৪ এবং আমিও যাবজ্জীবন তোমার ধন্যবাদ করিব, ৫ এবং তোমার নামে ঊর্দ্ধ কৃতাঞ্জলি হইব। এবং শয্যার উপরে যখন তোমাকে স্মরণ করিব, ও রাত্রির প্রহ- ৬ রে২ তোমার বিষয়ে চিন্তা করিব; তৎকালে যেমন মজ্জা ও তৈলাক্ত মাংসেতে, তদ্রূপ আমার প্রাণ তৃপ্ত হইবে, ও আমার মুখ জয়ধ্বনিকারি ওষ্ঠাধরে তোমার প্রশংসা করিবে। তুমি আমার উপকারী হও- ৭ য়াতে তোমার পক্ষের ছায়াতে আমি আনন্দ করিব। ৮ আমার আত্মা তোমার অনুগত, তোমার দক্ষিণ হস্ত আমাকে ধারণ করে। অতএব যাহারা আমার প্রাণ ৯ হিংসা করিতে চেষ্টা করে, পৃথিবীর নীচে তাহাদের অধোগতি হইবে। তাহারা খড়্গধারে পতিত ১০ হইয়া শৃগালের খাদ্য হইবে; কিন্তু রাজা ঈশ্বরেতে আনন্দ করিবে। যে কেহ তাঁহার নামে শপথ করি- ১১ বে, সে শ্লাঘা করিবে; কিন্তু মিথ্যাবাদিদের মুখ রুদ্ধ হইবে।

৬৪ গীত।

শত্রুদের দোষ ও বিনাশ।

প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের গীত।

১ হে ঈশ্বর, আমার বিলাপ প্রার্থনার কথা শ্রবণ কর, ২ ও শত্রুর ভয়হইতে আমার প্রাণকে রক্ষা কর। এবং দুষ্টদের কুমন্ত্রণা ও দুষ্কর্ম্মকারিদের দলহইতে আমাকে সংগোপন কর। ৩ কেননা তাহাদের জিহ্বা শাণিত খড়্গের ন্যায়, তাহারা গুপ্তরূপে সাধুর প্রতি ত্যাগ করিতে কটুবাক্যরূপ বাণ যোজনা করে; ৪ এবং হঠাৎ বাণ পরিত্যাগ করে; কিছুমাত্র ভয় ৫ করে না। তাহারা মন্দ বিষয়ে ‡ আপনাদিগকে সুস্থির করিয়া রাখে, এবং গোপনে ফাঁদ পাতিবার‖ জন্যে মন্ত্রণা করিয়া বলে, তাহা কে দেখিতে পাইবে? ৬ তাহারা অন্যায়ের চেষ্টা করিয়া বলে, 'আমাদের চেষ্টিত অভিপ্রায় সিদ্ধ হইল;' তাহাদের প্রত্যে- ৭ কেরই মন ও হৃদয় অতি গভীর। কিন্তু ঈশ্বর তাহাদিগকে বাণাঘাত করিবেন; তাহারা হঠাৎ বিদ্ধ ৮ হইবে। তখন তাহাদের জিহ্বার বাক্য তাহাদেরই প্রতি ফলিবে, ও তাহাদিগকে দেখিয়া তাবৎ লোক ৯ পলায়ন করিবে! এবং সকল মনুষ্য ভীত হইয়া ঈশ্বরের কর্ম্ম প্রকাশ করিবে এবং তাঁহার কার্য্য ১০ বিবেচনা করিবে। কিন্তু ধার্ম্মিক লোক পরমেশ্বরেতে আনন্দ করিয়া তাঁহার শরণাপন্ন হইবে, ও সরলান্তঃকরণ লোকেরা ধন্যবাদ করিবে।

৬৫ গীত।

ঈশ্বরের অনুগ্রহ ও আশীর্ব্বাদ বর্ণনা।

প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের গীত ও গান।

১ হে ঈশ্বর, প্রশংসা সিয়োনেতে তোমার অপেক্ষা§

---

[৩] যিশ ৩০ ; ১৩ ।।—[৪] গী ২৮ ; ৩ ।।—[৫] প ১ ।।—[৬,৭] প ২ ।।—[৮] যিশ ২৬;১৬,২০ ।।—[৯] গী ৩৯ ; ৫,১১ । যিশ ৪০ ; ১৫,১৭ ।।—[১০] যূব ২০ ; ৫-২৯ । ২৭ ; ১৬,১৭ । গী ৫২ ; ৭ । লূ ১২ ; ১৫-২১ ।।—[১১] যূব ৩৩ ; ১৪ । ৩৬ ; ৫ । ৩৭ ; ২৩ । ৪০ ; ৯-১৪ ।।—[১২] দ্বি ৩২ ; ৪০ । ১ ক ৫ ; ১০ ।।

[৬৩ গীত] ১ শি ২২ ; ৫ । ২৩ ; ১৪ ।।—[১,২] গী ৪২ ; ২,৪ । ৮৪ ; ১,২ । ১৪৩ ; ৬ ।।—[৪] ৩৪ ; ১ । ১০৪ ; ৩৩ । ১৪৬ ; ২।। [৫] ২৩ ; ৫,৬ । ৩৬ ; ৮ ।।—[৬] ১১৯ ; ৫৫ ।।—[৭] ৩৬ ; ৭ । ৬১ ; ৩,৪ ।।—[৮] ১১ ; ১৪,১৫ ।।—[১১] ২১ ; ১-৭ । যিশ ৬৫ ; ১৬।।

[৬৪ গীত ; ২] গী ৩১ ; ২০ ।।—[৩] ৫৭ ; ৪ ।।—[৫] হি ১ ; ১১-১৪ । গী ১০ ; ১১,১৩ । ৫৯ ; ৭ ।।—[৭] ৭ ; ১২,১৩ ।। [৮] ৫৯ ; ১২ । হি ১২ ; ১৩ । ১৮ ; ৭ । গা ১৬ ; ২৬,২৭,৩৪ ।।—[১০] গী ৩২ ; ১১ । ৬৮, ৩ ।।

* (ইব্রী) অন্তরভাগে। † (ইব্রু) উভয় সমান। ‡ (বা) কথাতে। ‖ (ইব্রু) গোপন করিবার। § (ইব্রু) নীরব হয়।

করিতেছে, ও মাননি তোমার উদ্দেশে পূর্ণা হইবে। ২ হে প্রার্থনাশ্রবণকারি, তাবৎ লোক তোমার কাছে ৩ আসিবে। পাপ * আমাহইতে প্রবল হয়, কিন্তু তুমি ৪ আমাদের অপরাধ ক্ষমা করিবা। তুমি যাহাকে মনোনীত করিয়া নিকটে রাখিতেছ, সে ধন্য; সে তোমার প্রাঙ্গণে বসতি করিবে। আমরা তোমার গৃহের অর্থাৎ পবিত্র মন্দিরের উত্তম দ্রব্যে- ৫ তেই তৃপ্ত হইব। হে আমাদের ত্রাণকারি ঈশ্বর, তুমি ধর্ম্মানুসারে আশ্চর্য্য ক্রিয়াদ্বারা আমাদিগকে উত্তর দিবা; তুমি পৃথিবীর আদ্যোপান্তস্থিত ও সমুদ্রের ৬ দূরস্থিত লোকদের আশ্রয়স্থান; এবং পরাক্রমেতে বেষ্টিত হইয়া আপন শক্তির দ্বারা পর্ব্বতের স্থাপন- ৭ কর্ত্তা হইতেছ; এবং সমুদ্রের গর্জ্জন অর্থাৎ তরঙ্গের শব্দ ও লোকের কোলাহল নিবৃত্তিকর্ত্তা হইতেছ। ৮ এবং পৃথিবীর প্রান্তবাসি তাবৎ লোক তোমার আশ্চর্য্য চিহ্নদ্বারা ভয় পাইতেছে, এবং তুমি সূর্য্যের ৯ উদয় ও অস্তগমনের স্থানকে প্রফুল্ল করিতেছ †; এবং পৃথিবীকে তত্ত্বাবধারণ করিয়া জলেতে সেচিতেছ, এবং মহানদীর জলের পূর্ণতাতে তাহাকে ধনাঢ্য করিতেছ; এই রূপ প্রস্তুত করিলে পর তাহার শস্যোৎ- ১০ পত্তি করিতেছ; এবং হালখাত প্রস্তুত করিয়া আলিতে জল সেচিতেছ, ও বৃষ্টিদ্বারা তাহাকে গলিত ১১ করিয়া তাহার অঙ্কুরকে আশীর্ব্বাদ করিতেছ; এবং বৎসরকে কল্যাণরূপ মুকুট দিতেছ, এবং তোমার ১২ পথহইতে স্নিগ্ধতা নিঃসৃত হইয়া অরণ্যে ও প্রান্তরে পতিত হইলে চতুর্দ্দিগে পর্ব্বতগণ উল্লাসিত ‡ হয়; ১৩ এবং ক্ষেত্র সকল মেষেতে ব্যাপ্ত ও নিম্নভূমি শস্যে আচ্ছন্ন হয়; তাহাতে সকলে জয়ধ্বনি করিয়া গান করে।

৬৬ গীত।

১ অনুগ্রহ প্রাপ্তির নিমিত্তে ঈশ্বরের প্রতি প্রশংসা ১৩ ও মনস্থ করণ।

প্রধান বাদকের নিমিত্তে গীত ও গান।

১ হে পৃথিবীস্থ লোক সকল ||, তোমরা ঈশ্বরের উদ্দেশে ২ জয়ধ্বনি কর। এবং তাঁহার নামের মহিমার গান ৩ কর, ও তাঁহার প্রশংসার মহিমা প্রকাশ কর। এবং ঈশ্বরকে বল, তুমি আপন কর্ম্মেতে কেমন ভয়ার্হ! তোমার পরাক্রমের প্রভাবে শত্রুগণ তোমার বশীভূত ৪ হইবে। পৃথিবীস্থ লোক সকল তোমার ভজনা করিয়া তোমার গুণ গাইবে ও তোমার নাম গান করিবে। ৫ সেলা। আইস, ঈশ্বরের অদ্ভুত ক্রিয়া দেখ, মনুষ্য-সন্তানদের প্রতি তিনি আপন কর্ম্মেতে ভয়ানক হন। ৬ তিনি সমুদ্রকে শুষ্ক ভূমি করিলেন; লোকেরা পদব্রজে নদী পার হইয়া গেল; আমরা সেই স্থানে তাঁহাতে ৭ আনন্দ করিলাম। তিনি নিজ পরাক্রমে সর্ব্বদা কর্তৃত্ব করেন; তাঁহার চক্ষু দেশীয়দের প্রতি নিরীক্ষণ করে; ৮ অত্যাচারিগণ দর্প না করুক। সেলা। হে লোকেরা, আমাদের ঈশ্বরের ধন্যবাদ কর, ও তাঁহার প্রশং- ৯ সার ধ্বনি শ্রবণ করাও। তিনি জীবদ্দশাতে আমাদের প্রাণকে রক্ষা করেন, ও আমাদের চরণকে ১০ বিচলিত হইতে দেন না। হে ঈশ্বর, তুমি আমাদের বিচার করিয়া রৌপ্যের পরীক্ষার ন্যায় আমাদিগের ১১ পরীক্ষা করিলা; এবং আমাদিগকে জালে আনিয়া ১২ আমাদের কটিদেশে বেদনা জন্মাইলা; এবং আমাদের মস্তকের উপরে অশ্বারূঢ় মনুষ্যগণকে গমন করাইলা; আমরা অগ্নি ও জল দিয়া গমন করিলাম, কিন্তু তুমি আমাদিগকে উর্ব্বরা স্থানে আনিলা।

১৩ দুঃখের সময়ে আমার ওষ্ঠাধর যাহা উচ্চারণ ১৪ করিল ও আমার মুখ যাহা কহিল §, সেই মানত হোমীয় বলি লইয়া আমি তোমার মন্দিরে প্রবিষ্ট ১৫ হইয়া তোমার উদ্দেশে উৎসর্গ করিব। এবং তোমার উদ্দেশে পুষ্ট পশুর মেদ ও হোমীয় গন্ধযুক্ত মেষকে উৎসর্গ করিব, এবং গো ও ছাগ বলিদান ১৬ করিব। সেলা। হে ঈশ্বরের ভয়কারি সকল, আসিয়া শ্রবণ কর, ঈশ্বর আমার আত্মার নিমিত্তে যাহা ১৭ করিয়াছেন, তাহা তোমাদিগকে জ্ঞাত করিব। আমি তাঁহার কাছে মুখে প্রার্থনা করিলাম, ও জিহ্বাদ্বারা ১৮ তাঁহার প্রতিষ্ঠা করিলাম। যদি মনের মধ্যে দুষ্টতা ১৯ মান্য করিতাম, তবে প্রভু কখন শুনিতেন না। কিন্তু ঈশ্বর শ্রবণ করিয়া আমার প্রার্থনার কথাতে মনো- ২০ যোগ করিলেন। যিনি আমার নিবেদন অগ্রাহ্য ও আমাহইতে অনুগ্রহ দূরীকৃত করিলেন না, সেই ঈশ্বর ধন্য।

৬৭ গীত।

সকলের হিতার্থে দায়ূদের প্রার্থনা।

প্রধান বাদকের জন্যে নিগিনোৎ যন্ত্রে গীত ও গান।

[৬৫ গীত; ১] গী ২২; ২। দ্বি ১২; ১১,২৬॥—[২] যিশ ৬৬; ২৩। রো ১০; ১২,১০॥—[৩] গী ৫১; ১-৯। যিশ ১; ১৮। ৪০; ২৫। ১ যো ১; ৭,৯॥—[৪] ২ বং ২৯; ১১। গী ৮৪; ৪। ৩৬; ৭,৮॥—[৫] ৬৬; ৩-১২। ২২; ২৭। ৭২; ৮-১১। যিশ ৪২; ৪। ৫১; ৫॥—[৭] গী ৮৯; ৯। ৪৬; ২,৩,৬॥—[৮] যূব ৩৭; ৭। ৩৮; ৭,১২,১৩॥—[৯-১৩] গী ১৪৭; ৮। যূব ৩৬; ২৭,২৮। ৩৮; ২৫-২৮। দ্বি ১১; ১১,১২। গী ৭২; ৬,৭,১৬॥

[৬৬ গীত; ১,২] দ্বি ৩২; ৪৩। গী ৯৮; ৩,৪। ১০০; ১॥—[৩] ৪৫; ৩-৫॥—[৪] গী ৬৭। ২২; ২৭। রো ১৫; ৮-১২॥ [৫] গী ৪৬; ৮,৯॥—[৬] যা ১৪; ২১,২২। ১৫; ১,২০। যি ৩; ১৬,১৭॥—[৭] দ্বি ৩২: ৩৯-৪২॥—[৮] যিশ ২৬; ১-৪॥ [১০] যিশ ৪৮; ৯-১১॥—[১১,১২] গী ১২৯; ১-৪। যিশ ২৬; ১৬-১৮। দ্বি ৪; ৩০,৩১। ৩০; ১-৪॥—[১৩-১৫] গী ১১৬; ১২-১৯। ১১৮; ২৭॥—[১৬] যো ৪; ২৮,২৯॥—[১৮] যূব ৩৫; ১৩। গী ১৮; ৪১। হি ২৮; ৯। যো ৯; ৩১। যাক ৪; ৩॥

* (ইব্রু) পাপবাক্য। † (ইব্রু) গান করাইতেছ। ‡ (বা) আহ্লাদেতে বেষ্টিত। || (ইব্রু) তাবৎ পৃথিবী বা দেশ। § (ইব্র) খুলিল।

১ ঈশ্বর অনুগ্রহ করিয়া আমাদিগকে আশীর্ব্বাদ করুণ, ও আমাদের প্রতি আপনার মুখ প্রসন্ন করুণ। ২ সেলা। তাহাতে পৃথিবীতে তোমার পথ ও সর্ব্বদেশীয়দের মধ্যে পরিত্রাণ জ্ঞাত হইবে। ৩ হে ঈশ্বর, লোকেরা তোমার প্রশংসা করিবে, ও তাবৎ লোকেই তোমার প্রশংসা করিবে; ৪ এবং দেশীয়েরা আনন্দিত হইয়া জয়ধ্বনি করিবে; যেহেতুক তুমি প্রকৃত রূপে লোকদের বিচার করিবা ও পৃথিবীতে দেশীয়দের উপরে কর্ত্তৃত্ব করিবা*। সেলা। ৫ হে ঈশ্বর, লোকেরা তোমার প্রশংসা করিবে, ও তাবৎ লোকেই তোমার প্রশংসা করিবে। ৬ পৃথিবী ফলবতী হইবে; ঈশ্বর, আমাদের ঈশ্বর, আমাদিগকে আশীর্ব্বাদ করিবেন। ৭ ঈশ্বরই আমাদিগকে আশীর্ব্বাদ করিবেন, তাহাতে পৃথিবীর প্রান্তপর্য্যন্ত তাবৎ লোক তাঁহাকে ভয় করিবে।

৬৮ গীত।

১ দায়ূদের প্রার্থনা ৪ ও অনুগ্রহের ১৫ ও মণ্ডলী রক্ষার ১৯ ও আশ্চর্য্য কর্ম্মের নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা ২৮ ও দায়ূদের বিনয়।

প্রধান বাদকের জন্যে দায়ূদের গীত ও গান।

১ ঈশ্বর উঠিয়া আপন শত্রুগণকে ছিন্নভিন্ন করিবেন, ও ঘৃণাকারিবর্গ তাঁহার সম্মুখহইতে পলায়ন করিবে। ২ যেমন ধূম চালিত হয়, তদ্রূপ তুমি তাহাদিগকে চালিত করিবা; এবং যেমন মোম অগ্নির সম্মুখে দ্রবীভূত হয়, তদ্রূপ পাপিগণ ঈশ্বরের সম্মুখে বিনষ্ট হইবে। ৩ কিন্তু পুণ্যবানেরা আনন্দ করিয়া ঈশ্বরের সাক্ষাতে আহ্লাদিত ও আনন্দেতে হৃষ্ট হইবে।

৪ তোমরা ঈশ্বরের স্তব ও তাঁহার নামের গান কর, এবং যিনি অরণ্যে বাহনে গমন করেন, তাঁহার জন্যে পথ প্রস্তুত কর, ও পরমেশ্বর, তাঁহার এই নাম লইয়া তাঁহার সাক্ষাতে আনন্দ কর। ৫ কেননা আপন ধর্ম্মধামস্থ যে ঈশ্বর, তিনি পিতৃহীনদের পিতা ও বিধবাদের বিচারকর্ত্তা। ৬ ঈশ্বর পরিবারশূন্য লোককে পরিবার দেন, ও বন্দিগণকে কুশলে আনয়ন করেন; ৭ কিন্তু অবাধ্য লোকেরা শুষ্ক ভূমিতে বাস করে। হে ঈশ্বর, তুমি নিজ লোকদিগের অগ্রে২ গমন করিয়া প্রান্তরমধ্যে যাত্রা করিলা। সেলা। ৮ তাহাতে ঈশ্বরের সাক্ষাতে ভূমিকম্প ও আকাশহইতে জলবর্ষণ হইল, এবং ঈশ্বরের অর্থাৎ ইস্রায়েলের ঈশ্বরের সাক্ষাতে সীনয় পর্ব্বত কাঁপিল। ৯ হে ঈশ্বর, তুমি সুবৃষ্টি প্রেরণ করিয়া আপন অধিকারস্থ ক্লান্ত লোকদিগকে সুস্থির করিলা; ১০ তাহাতে তোমার মণ্ডলী পুনর্জ্জীবিত হইল; হে ঈশ্বর, তুমি দাতৃত্ব প্রকাশ করিয়া দুঃখিদের নিমিত্তে সামগ্রী প্রস্তুত করিলা। ১১ প্রভু আজ্ঞা দিলে মহাজনতা তাহা সুখেতে প্রচার করিল। ১২ রাজসেনাপতিগণ বেগে পলায়ন করিল, এবং গৃহনিবাসিনী স্ত্রী লুটদ্রব্যের বিভাগ করিয়া লইল। ১৩ যদিও তোমরা মেষবাথানে† শয়ন করিয়াছ, তথাপি রৌপ্যমণ্ডিত পক্ষ ও সুবর্ণমণ্ডিত পালকবিশিষ্ট কপোতের ন্যায় হইবা। ১৪ সর্ব্বশক্তিমান রাজাদিগকে দেশে ছিন্ন ভিন্ন করিলে সল্‌মোন্ পর্ব্বত হিমের ন্যায় শুক্লবর্ণ হইল।

১৫ বাশন্ পর্ব্বত মহাপর্ব্বত‡, ও বাশন পর্ব্বত বহুশৃঙ্গ পর্ব্বত। ১৬ হে বহুশৃঙ্গ পর্ব্বতগণ, তোমরা কেন কুটিল দৃষ্টি করিতেছ? ঈশ্বর আপন বাসের নিমিত্তে যে পর্ব্বতকে মনোনীত করেন, তন্মধ্যে পরমেশ্বর সর্ব্বদা বাস করিবেন। ১৭ ঈশ্বরের রথ সহস্র২ ও লক্ষ্য২, এবং প্রভু যেমন সীনয়ে ছিলেন, তদ্রূপ ধর্ম্মধামেও তাহাদের মধ্যে আছেন। ১৮ তুমি ঊর্দ্ধে আরোহণ করিয়া জয়িগণকে বন্দি করিয়াছ, এবং প্রভু পরমেশ্বর যেন মনুষ্যদের মধ্যে বসতি করেন, একারণ তুমি তাহাদের জন্যে অর্থাৎ অত্যাচারিদের জন্যে দান গ্রহণ করিয়াছ।

১৯ আমাদের প্রতি দিনে২ অনুগ্রহের ভারদাতা ও আমাদের ত্রাণকর্ত্তা প্রভু পরমেশ্বর ধন্য হউন। সেলা। ২০ সেই ঈশ্বর পরিত্রাণকর্ত্তা ঈশ্বর; মৃত্যু প্রভু পরমেশ্বরের অধীন আছে। ২১ ঈশ্বর আপন শত্রুগণের মস্তক ও কুপথগামিদের সকেশ কপাল চূর্ণ করিবেন। ২২ প্রভু কহেন, আমি বাশন্ পর্ব্বতদিগহইতে আনয়ন করিব, ও সমুদ্রের গভীর জলহইতে আনয়ন করিব। ২৩ তাহাতে তোমার চরণ রক্তে ধৌত হইবে, ও তোমার কুক্কুরের জিহ্বা শত্রুগণের রক্ত চাটিবে‖। ২৪ হে ঈশ্বর, তাহারা তোমার গমন, অর্থাৎ ধর্ম্মধামে আমার ঈশ্বরের ও আমার রাজার গমন দেখে। ২৫ বাদ্যবাদিনী কুমারীদের অগ্রে গায়কগণ, ও পশ্চাতে বাদ্যকরগণ গমন করে। ২৬ তাহারা সভাতে ঈশ্বরের, ও ইস্রায়েল্ বংশজাত লোক প্রভুর ধন্যবাদ করে। ২৭ সে স্থানে তাহাদের অগ্রসর কনিষ্ঠ বিন্‌য়ামীন্ ও যিহূদার অধ্যক্ষগণ ও সিবূলূনের অধ্যক্ষবর্গ এবং নপ্তালীর অধ্যক্ষগণ তাহাদের সভাস্থ হয়।

[৬৭ গীত; ১] গ ৬: ২৪,২৫ ‖—[২] রো ১১; ১২,১৫ ‖—[৩-৫] দ্বি ৩২; ৪৩। গী ৬৬; ৪। ৯৬; ১০,১৩। ৯৮; ৯ ‖ [৬] ৭২; ৭,১৬। ৮৫; ১২। ৯২; ১২-১৫। যিশ ৬৫; ২১-২৩। যিহি ৩৪; ২৭ ‖—[৭] রো ১১; ১২,১৫ ‖

[৬৮ গীত] ১ বং ১৫; ২৫ ‖—[১] গ ১০; ৩৫ ‖—[৩] গী ৩২; ১১ ‖—[৫] ১৪৬; ৯ ‖—[৬] ১১৩; ৯। ১০৭; ১০-১৬ ‖—[৭,৮] যা ১১; ১৮। যিশ ৬৪; ১-৩ ‖—[৯,১০] যা ১৬; ১৩,১৪। ১৭; ৬। গ ৩১; ৩২-৩৪। দ্বি ৩২; ২ ‖ [১২] গ ৩১; ৮,২৭। যি ১০; ১৬। বি ৪; ৯। ৫; ১৯ ‖—[১৩] বি ৫; ১৫। যা ২৫; ১৮-২০ ‖—[১৪] প ১২ ‖—[১৬] দ্বি ১২; ১০,১১। গী ৮৭। ১৩২; ১৩-১৬ ‖—[১৭] দ্বি ৩৩; ২। দা ৭; ১০ ‖—[১৮] ইফ ৪; ৮ ‖—[২০] দ্বি ৩২; ৩৯। হো ১৩; ১৪। ১ ক ১৫; ২৬,৫৪,৫৫। প্র ১; ১৮ ‖—[২১] আ ৩; ১৫। দ্বি ৩২; ৪১, ৪২ ‖—[২২] যিশ ৪৩; ৬। ৪৯; ১২ ‖ [২৩] গী ৫৮; ১০ ‖—[২৪,২৫] ১ বং ১৫; ১৬, ২৫-২৮ ‖—[২৭] আ ৪৪; ২০। যি ১৮; ২৮ ‖

* (বা) বংশদিগকে দেশে আনয়ন করিবা। † (বা) চুলার মধ্যে। ‡ (ইব্রু) ঈশ্বরের পর্ব্বত। ‖ (ইব্রু) রক্ত তাহার অংশ হইবে।

২৮ তোমার ঈশ্বর তোমার বলের আজ্ঞা দিয়াছেন; হে ঈশ্বর, তুমি আমাদের নিমিত্তে যাহা করিয়াছ, ২৯ তাহা সবল কর। তাহাতে রাজগণ যিরূশালমস্থ তোমার মন্দিরের নিমিত্তে তোমার উদ্দেশে নৈবেদ্য আন- ৩০ য়ন করিবে। নলবনের জন্তু ও বৃষসমূহ ও গোবৎসস্বরূপ লোকদিগকে এমত অনুযোগ কর, যে তাহারা রূপা লইয়া পদতলস্থ হয়; এবং যে লোকেরা ৩১ যুদ্ধেতে সন্তুষ্ট, তাহাদিগকে ছিন্নভিন্ন কর। মিসর্ দেশহইতে প্রধান লোক আসিবে, ও কূশ্দেশস্থ ৩২ লোকেরা ঈশ্বরের প্রতি হস্ত প্রসারণ করিবে। হে পৃথিবীস্থ প্রজা সকল, তোমরা ঈশ্বরের উদ্দেশে গীত ৩৩ গাও, ও প্রভুর উদ্দেশে গান কর। সেলা। এবং যিনি প্রথমাবধি উচ্চতর স্বর্গে বাহনে গমন করেন, তাঁহার উদ্দেশে (গান কর); দেখ, তিনি আপন ৩৪ রবে অর্থাৎ ঘোরতর রবে গর্জ্জন করেন। ঈশ্বরের পরাক্রমের গুণানুবাদ কর, ইস্রায়েল্ বংশের মধ্যে তাঁহার মহিমা, ও আকাশের মধ্যে তাঁহার ৩৫ বল প্রকাশিত হয়। ঈশ্বর আপন ধর্ম্মধামে ভয়ঙ্কর; ইস্রায়েলের প্রভু যিনি, তিনি আপন লোকদিগকে বল ও পরাক্রম দেন; ঈশ্বর ধন্য হউন।

৬৯ গীত।

১ বিপদ সময়ে প্রার্থনা ২৯ ও তাহার ফল।

প্রধান বাদকের জন্যে শোশন্ যন্ত্রে দায়ূদের গীত।

১ হে ঈশ্বর, আমাকে ত্রাণ কর, আমার প্রাণ পর্য্যন্ত ২ জল আসিতেছে। আমি গভীর পঙ্কে মগ্ন হইতেছি, আমার দাঁড়াইবার স্থল নাই; গভীর জলে প্রবিষ্ট ৩ হওয়াতে আমার উপর দিয়া ঢেউ যাইতেছে। আমি প্রার্থনা করিয়া শ্রান্ত হইতেছি, ও আমার কণ্ঠ শুষ্ক হইতেছে; আমার ঈশ্বরের অপেক্ষা করাতে আমার ৪ নয়ন নিস্তেজ হইতেছে। আমার অকারণ ঘৃণাকারী আমার মস্তকের কেশ অপেক্ষাও অনেক হয়; মিথ্যাবাদী ও প্রাণহিংসক আমার শত্রুগণ প্রবল হইলে আমি যাহা অপহরণ করি নাই, তাহাও ৫ ফিরিয়া দিলাম। হে ঈশ্বর, তুমি আমার মূঢ়তা জ্ঞাত আছ, এবং আমার দোষ তোমার অগোচর নহে। ৬ হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, তোমার অপেক্ষাকারিগণ আমাদ্বারা লজ্জিত না হউক; হে ইস্রায়েলের ঈশ্বর, তোমার অন্বেষণকারিরা আমার দ্বারা অপ্র- ৭ তিভ না হউক। তোমারই নিমিত্তে আমি নিন্দা সহ্য করি ও আমার মুখ লজ্জাতে আচ্ছন্ন হয়। এবং আমি ৮ ভ্রাতৃগণের নিকটে বিদেশিতুল্য ও সহোদরগণের কাছে অপরিচিতের ন্যায় হই। তোমার মন্দির নি- ৯ মিত্তক উদ্যোগ আমাকে গ্রাস করে, এবং তোমার নিন্দকের নিন্দাতে আমি নিন্দাগ্রস্ত হই। আমি উপ- ১০ বাসদ্বারা আপন প্রাণকে ক্লেশ দি; কিন্তু তাহাও আমার নিন্দাস্পদ হয়। এবং চট পরিধান করি, তাহা- ১১ তেও তাহাদের এক কুদৃষ্টান্ত হই। যাহারা সমাজে* ১২ বৈসে, তাহারাও আমার বিরুদ্ধে পরামর্শ করে; আমি সুরাপায়িদের গীতস্বরূপ হই। হে পরমেশ্বর, ১৩ শুভসময়ে তোমার প্রতি আমার নিবেদন আছে; হে ঈশ্বর, তোমার প্রচুর অনুগ্রহ ও সত্যতা ও পরিত্রাণ দিয়া আমাকে উত্তর দেও। এবং আমি যেন ১৪ মগ্ন না হই, এই জন্যে পঙ্কহইতে আমাকে উদ্ধার কর, এবং ঘৃণাকারিগণহইতে ও গভীর জলহইতে আমাকে উদ্ধার কর। এবং আমার উপর দিয়া তর- ১৫ ঙ্গকে যাইতে দিও না, ও গভীর জলকে আমাকে গ্রাস করিতে দিও না, এবং গর্ত্তকে নিজ মুখদ্বারা আমাকে রুদ্ধ করিতে দিও না। হে পরমেশ্বর, আ- ১৬ মাকে উত্তর দেও, কেননা তোমার অনুগ্রহ উত্তম; এবং আপন প্রচুর কৃপাদ্বারা আমার প্রতি দৃষ্টিপাত কর। নিজ দাসের প্রতি মুখ আচ্ছাদিত করিও ১৭ না, এই দুঃখের সময়ে ত্বরায় আমাকে উত্তর দেও†। নিকটে আসিয়া আমার আত্মাকে মুক্ত কর, ১৮ ও শত্রুগণহইতে আমাকে উদ্ধার কর। আমার যে ১৯ প্রকার নিন্দা ও লজ্জা ও অপযশ, তাহা তুমি জ্ঞাত আছ; আমার তাবৎ বৈরী তোমার সম্মুখে আছে। নিন্দাদ্বারা আমার মনোভঙ্গ হয়, আমি উদ্বিগ্ন হইয়া ২০ প্রবোধকর্ত্তার অপেক্ষা করি, কিন্তু কেহই নাই; এবং সান্ত্বনাকর্ত্তাদের অপেক্ষা করি, কিন্তু প্রাপ্ত হই না। তাহারা আমাকে তিক্ত দ্রব্য ভোজন করিতে দেয়, ও ২১ পিপাসার সময়ে কটুরস পান করায়। অতএব তাহা- ২২ দের ভোজনাসন তাহাদের সম্মুখে ফাঁদস্বরূপ হইবে, ও নির্ভয় কালে তাহাদের বাঁসকলস্বরূপ হইবে। তাহারা যেন দেখিতে না পায়, তন্নিমিত্তে তাহাদের ২৩ চক্ষু অন্ধ হইবে; ও নিত্য তাহাদের কটিদেশের কম্প হইবে। তাহাদের উপরে তোমার ক্রোধ বর্ষণ ২৪ হইবে, এবং তোমার ক্রোধাগ্নি তাহাদিগকে গ্রাস করিবে। তাহাদের বাটী শূন্য হইবে, ও তাহাদের ২৫

[২৮] গী ২৩; ১১-২৪। ২৪; ৮, ৯ ।।—[২৯] ১ বং ২৯; ১-৮। ইষু ৭; ১১-২৩। ৮; ২৩-২৭। হগ ২; ৭,৮। যিশ ৬০; ৬-১৭। গী ৭২; ১০,১১।।—[৩০] গী ৪৬; ৯। যিশ ২; ৪ ।।—[৩১] গী ৮৭; ৪। যিশ ১৯; ১৯-২৫। ৪৫; ১৪। প্রে ৮; ২৬-৩৯।।
[৩৩] দ্বি ৩৩; ২৬। গী ১৮; ৯,১০ ।।—[৩৪] ২৯; ১ ।।—[৩৫] যা ১৫; ১১। গী ৬৫; ৫। গ ২৩; ১৯-২৪ ।।
[৬৯ গীত] গী ২৫। ৫৫। ১০৯।।—[১,২] প ১৪,১৫ ।।—[৩] ৬; ৬। ৩৮; ১০। যিশ ৩৮; ১৪ ।।—[৪] যো ১৫; ২৫।।
[৬] গী ৩৫; ২৭। লূ ২৪; ২১ ।।—[৮] যো ৭; ৫।।—[৯] যো ২; ১৭। রো ১৫; ৩। গী ৮৯; ৫০,৫১।।—[১২] যূব ৩০; ৯।।
[১৩] যিশ ৪৯; ৮। ২ ক ৬; ২ ।।—[১৪,১৫] প ১,২ ।।—[১৭,১৮] গী ২৭; ৯।।—[২০] ১৪২; ৪ ।।—[২১] ম ২৭; ৩৪,৪৮।
লূ ২৩; ৩৬। যো ১৯; ২৮,২৯ ।।—[২২,২৩] রো ১১; ৯,১০ ।।—[২৪] ১ থি ২; ১৪-১৬।।—[২৫] ম ২৩; ৩৮। প্রে ১; ২০ ।।

* (ইব্রু) দ্বারে। † (ইব্রু) শুনিতে সত্বর হও।

২৬ তাম্বুতে বাসকারী কেহ থাকিবে না। কেননা তাহারা তোমার প্রহারিত ব্যক্তিকে তাড়না করে, ও তোমার ২৭ ক্ষতযুক্ত ব্যক্তির ব্যথা বৃদ্ধি করে। তুমি তাহাদের অপরাধানুসারে দণ্ড দিবা, তাহারা তোমার দত্ত ২৮ পুণ্য প্রাপ্ত হইবে না। ও জীবৎ লোকের পুস্তকহইতে তাহাদের নাম লুপ্ত হইবে, এবং পুণ্যবানদের মধ্যে তাহাদের অঙ্কপাত হইবে না।

২৯ যদ্যপি আমি দুঃখী ও ব্যথিত হই, তথাপি হে ঈশ্বর, তোমার কৃত পরিত্রাণদ্বারা আমার উন্নতি ৩০ হইবে। তাহাতে আমি গানদ্বারা ঈশ্বরের * প্রশংসা ৩১ করিব, ও ধন্যবাদদ্বারা তাঁহার গৌরব করিব। শৃঙ্গ ও খুরবিশিষ্ট বৃষ ও গো অপেক্ষা পরমেশ্বরের দৃষ্টিতে ৩২ তাহা অধিক তুষ্টিকর হইবে। এবং নম্র লোকেরা তাহা দেখিয়া আনন্দ করিবে, ও ঈশ্বরের অন্বেষণ- ৩৩ কারিদের অন্তঃকরণ সচেতন হইবে। কেননা পরমেশ্বর দরিদ্রদের প্রতি মনোযোগ করেন, এবং বন্দি- ৩৪ গণকেও তুচ্ছ করেন না। অতএব স্বর্গ ও মর্ত্য ও সমুদ্র ও তন্মধ্যস্থ তাবৎ জঙ্গম তাঁহার ধন্যবাদ ৩৫ করিবে। ঈশ্বর সিয়োন্‌কে পরিত্রাণ করিয়া যিহূদার সমস্ত নগর পুনর্নির্ম্মাণ করিবেন; তাহাতে লোকেরা ৩৬ সেখানে বাস করিয়া অধিকার পাইবে; এবং তাঁহার সেবকদের বংশ তাহাতে অধিকার পাইবে; এবং যাহারা তাঁহার নামে প্রেম করে, তাহারা তাহাতে বসতি করিবে।

৭০ গীত।

পাপি শত্রুদের বিরুদ্ধে ও ধার্ম্মিকদের জন্যে প্রার্থনা।

প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের স্মরণার্থক গীত।

১ হে ঈশ্বর, আমাকে উদ্ধার করিতে (সম্মত হও;) ২ হে পরমেশ্বর, আমার উপকারে সত্বর হও। তাহাতে আমার প্রাণের (হিংসাতে) সচেষ্ট লোকেরা লজ্জিত ও অপ্রতিভ হইবে, এবং আমার বিপদে আনন্দকা- ৩ রিগণ পরাঙ্মুখ ও বিষণ্ণ হইবে। এবং যাহারা হা২ বলিয়া আমাকে বিদ্রূপ করে, তাহারা পরাস্ত হইয়া ৪ আপনাদের লজ্জারূপ ফল প্রাপ্ত হইবে। কিন্তু তোমার চেষ্টাকারি সকল তোমাতে আনন্দিত ও উল্লাসিত হইবে, এবং যাহারা তোমার কৃত পরিত্রাণে প্রেম করে, তাহারা সর্ব্বদা এ কথা বলিবে, 'পর- ৫ মেশ্বর মহামহিমান্বিত হউন।' হে ঈশ্বর, আমি দুঃখী ও দরিদ্র, তুমি আমার নিকটে শীঘ্র আইস, তুমি আমার উপকারী ও রক্ষাকর্ত্তা; হে পরমেশ্বর, বিলম্ব করিও না।

৭১ গীত।

পরমেশ্বরেতে আশ্রয় লওন।

১ হে পরমেশ্বর, আমি তোমার শরণাগত, কখনো ২ আমাকে লজ্জা দিও না। আপনার ধর্ম্মে আমাকে উদ্ধার করিয়া রক্ষা কর, ও আমার প্রতি কর্ণ পা- ৩ তিয়া আমাকে ত্রাণ কর। যাহাতে আমি নিত্য গমনাগমন করিতে পারি, আমার এমত আশ্রয়পর্ব্বত হও, ও আমার পরিত্রাণের আজ্ঞা দেও; কেননা ৪ তুমি আমার গিরি ও দুর্গস্বরূপ। হে আমার ঈশ্বর, পাপির হস্ত এবং দুষ্টের ও দুরন্তের হস্তহইতে ৫ আমাকে উদ্ধার কর। হে প্রভো পরমেশ্বর, তুমি আমার অপেক্ষাস্থান ও বাল্যকালাবধি প্রত্যাশা- ৬ স্থান। গর্ভহইতে ভূমিষ্ঠ হওনাবধি তোমাকর্তৃক রক্ষিত হইতেছি, ও মাতৃগর্ভস্থ হওনাবধি তুমি আমাকে প্রতিপালন করিতেছ; অতএব আমি সর্ব্বদা তোমার ৭ প্রশংসা করি। অনেকে আমাকে অদ্ভুতের ন্যায় ৮ জ্ঞান করে, কিন্তু তুমি আমার দৃঢ় আশ্রয়। তোমার প্রশংসা ও সৌন্দর্য্য বর্ণনাতে আমার মুখ প্রতিদিন ৯ পরিপূর্ণ হয়। বৃদ্ধাবস্থাতে আমাকে ছাড়িও না, ১০ বলক্ষীণ সময়ে আমাকে পরিত্যাগ করিও না; কেননা আমার শত্রুগণ আমার বিরুদ্ধে কথা কহে, ও আমার প্রাণচেষ্টাকারিরা একত্র পরামর্শ করিয়া ১১ বলে, 'ঈশ্বর তাহাকে ত্যাগ করিলেন, তোমরা তাহাকে তাড়িয়া ধর; তাহার রক্ষাকর্ত্তা কেহই নাই।' ১২ হে ঈশ্বর, আমাহইতে দূরবর্ত্তী হইও না, হে আমার ঈশ্বর, আমার উপকার করিতে সত্বর হও। ১৩ আমার প্রাণের রিপুগণ লজ্জিত ও উচ্ছিন্ন হইবে, এবং আমার অনিষ্ট চেষ্টাকারিরা নিন্দাতে ও অপ- ১৪ যশেতে আচ্ছন্ন হইবে। আমি চিরকাল তোমার অপেক্ষা করিব, ও উত্তরোত্তর তোমার প্রশংসা ১৫ করিব। আমার মুখ প্রতিদিন তোমার ধর্ম্মের ও তোমার কৃত পরিত্রাণের বর্ণনা করিবে, কিন্তু তাহার ১৬ সংখ্যা আমি জানি না। আমি প্রভু পরমেশ্বরের শক্তিতে গমন করিব, এবং তোমার ধর্ম্মের, কেবল তোমার ১৭ ধর্ম্মের ব্যাখ্যা করিব। হে ঈশ্বর, তুমি যৌবনাবস্থাতে

---

[২৬] যিশ ৫৩; ২-৪,৮ ॥—[২৮] যা ৩২; ৩২। যিশ ৪; ৪। লূ ১০; ২০। ফিল ৪; ৩। প্র ৩; ৫। ১৩; ৮॥—[২৯] গী ৭০; ৫॥—[৩০] ২২; ২২,২৫॥—[৩১] ৪০; ৬-১০। ৫০; ১৩,১৪॥—[৩২] ৩৪; ২। ২২; ২৬॥—[৩৩] ২২; ২৪॥ [৩৪] ১৬; ১১॥—[৩৫] যিশ ৪৪; ২৬। ৬০; ১০। ৬৫; ১৮-২০॥—[৩৬] ২২; ৩০। যিহি ৩৪; ১৩,১৪। ৩৬; ২৪-২৮॥ [৭০ গীত] গী ৪০; ১৩-১৭॥—[১] ৩৮; ২২॥—[২,৩] ৩৫; ৪,২৫,২৬॥—[৪] ৩৫; ২৭॥—[৫] ৬৯; ২৯; ৩০। ৭২; ১২॥ [৭১ গীত; ১] গী ২৫; ১-৩। ৩১; ১॥—[২,৩] ৩১; ১-৪॥—[৪] ১৪০; ১-৫॥—[৫,৬] ২২; ৯,১০। যিশ ৪৬; ৩। ৪৯; ২॥—[৭] যিশ ৮; ১৮। ৫২; ১৪। ৫৩; ৩। সিখ ৩; ৮। ম ১১; ৬। ২১; ৪২। ১ক ৪; ৯-১৪। ২ক ৪; ৮-১০॥ [৮] প ১৫, ২৪। গী ৩৫; ২৮॥—[৯] প ১৮॥—[১০, ১১] ৩; ১,২॥—[১২] ২২; ১১, ১৯। ৩৮; ২১, ২২। ৭০; ১॥—[১৩] ৭০; ২॥—[১৫] প ৮,২৪। ৪০; ৫॥—[১৭] ১১৯; ৯৭-১০২॥

* (হিব্রু) ঈশ্বরের নামের।

আমাকে শিক্ষা দিয়াছ; আমি অদ্য পর্য্যন্ত তোমার ১৮ আশ্চর্য্য কর্ম্ম প্রকাশ করিতেছি। হে ঈশ্বর, আমি বর্ত্তমান লোকের নিকটে তোমার শক্তি, ও ভাবি-লোকদের নিকটে তোমার পরাক্রম যাবৎ প্রকাশ না করি, তাবৎ বৃদ্ধাবস্থাতে পক্ককেশ হইলেও* আমাকে ১৯ পরিত্যাগ করিও না। হে ঈশ্বর, তোমার ধর্ম্ম অতি উচ্চ, তুমি মহৎ কর্ম্ম করিতেছ; হে ঈশ্বর, তোমার তুল্য কে ২০ আছে? আমাকে অনেক ক্লেশ ও বিপদ দেখাইয়াছ যে তুমি, তুমি আমাকে পুনর্ব্বার সজীব করিবা, ও ২১ পৃথিবীর গভীর স্থলহইতে আমাকে উঠাইবা। তুমি আমার সম্ভ্রম বৃদ্ধি করিয়া চতুর্দ্দিগে আমাকে সান্ত্বনা ২২ দিবা। হে আমার ঈশ্বর, আমি নেবল্ যন্ত্রে তোমার ও তোমার সত্যতার প্রশংসা করিব; হে ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ, আমি বীণাযন্ত্রে তোমার গুণগান করিব। ২৩ এবং গান করণের সময়ে আমার ওষ্ঠাধর ও তোমাকর্ত্তৃক মুক্ত আমার আত্মা উচ্চৈঃস্বরে জয়ধ্বনি ২৪ করিবে। এবং আমার জিহ্বা প্রতি দিন তোমার ধর্ম্ম প্রকাশ করিবে, যেহেতুক আমার অনিষ্ট চেষ্টাকারিরা লজ্জিত ও অপ্রতিভ হয়।

৭২ গীত।

খ্রীষ্টের রাজ্যের বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

স্থলেমান্ বিষয়ক† গীত।

১ হে ঈশ্বর, তুমি রাজাকে আপন বিচারাজ্ঞা ও রাজ ২ পুত্রকে আপন ধর্ম্ম প্রদান কর। তাহাতে তিনি ধর্ম্মে লোকদের ও সুবিচারেতে দুঃখিদের বিচার করি-৩ বেন। এবং পর্ব্বতগণ ও উপপর্ব্বতগণ ধর্ম্মদ্বারা লোক-৪ দের মঙ্গল জন্মাইবে। তিনি দুঃখিদের প্রতি সুবিচার করিয়া দরিদ্রদিগকে ত্রাণ করিবেন; কিন্তু উপদ্রবিকে ৫ চূর্ণ করিবেন। যাবৎ চন্দ্র সূর্য্য থাকিবে, তাবৎ পুরুষা-৬ নুক্রমে লোকেরা তোমাকে ভয় করিবে। এবং ছিন্ন-তৃণ ও ভূমি সিঞ্চনকারি বৃষ্টির ন্যায় তিনি আগমন ৭ করিবেন। তাঁহার সময়ে ধার্ম্মিক লোক প্রফুল্ল হইবে, এবং চন্দ্রের স্থিতিকাল পর্য্যন্ত‡ বহুতর মঙ্গল হইবে। ৮ এক সমুদ্র অবধি অপর সমুদ্র পর্য্যন্ত, এবং নদী অবধি পৃথিবীর শেষ সীমা পর্য্যন্ত তিনি রাজ্য করি-৯ বেন। তাহাতে বনবাসিরাও তাঁহার সম্মুখে হাঁটু পা-১০ তিবে, এবং তাঁহার শত্রুগণ ধূলা চাটিবে। এবং তর্শী-শের ও উপদ্বীপের রাজগণ নৈবেদ্য আনিবে, এবং শিবার ও সিবার রাজগণ উপঢৌকন প্রদান করি-১১ বে; এবং তাবৎ রাজা তাঁহাকে প্রণাম করিবে, ও ১২ তাবৎ দেশীয়েরা তাঁহাকে সেবা করিবে। কেননা তিনি আর্ত্তনাদকারি দরিদ্রকে ও দুঃখিকে ও অনাথ ১৩ লোককে উদ্ধার করিবেন; এবং দীনহীন ও দরি-দ্রদিগকে দয়া করিবেন, ও দরিদ্রগণের প্রাণ রক্ষা ১৪ করিবেন। এবং তিনি উপদ্রব ও দৌরাত্ম্যহইতে তাহাদের আত্মাকে মুক্ত করিবেন; ও তাঁহার দৃষ্টি-১৫ তে তাহাদের রক্ত মূল্যবান হইবে। তাহারা‖ চির-জীবী হইয়া শিবার সুবর্ণ তাঁহাকে দান করিবে, এবং তাঁহার নিমিত্তে নিত্য২ প্রার্থনা করিবে, ও ১৬ প্রতি দিন তাঁহার ধন্যবাদ করিবে। পৃথিবীতে§ ও পর্ব্বতগণের শিখরে প্রচুর শস্য হইবে, তাহার শীষ লিবানোনের ন্যায় দোলায়মান হইবে; তাহাতে নগ-রনিবাসিরা পৃথিবীস্থ তৃণের ন্যায় প্রফুল্ল হইবে। ১৭ চিরকাল তাঁহার নাম থাকিবে, সূর্য্যের স্থিতিকাল পর্য্যন্ত তাঁহার নাম বিখ্যাত থাকিবে; মনুষ্যেরা তাঁহাদ্বারা মঙ্গল প্রাপ্ত হইবে, ও তাবৎ দেশীয়েরা তাঁহাকে ধন্য২ কহিবে।

১৮ ইস্রায়েলের ঈশ্বর প্রভু পরমেশ্বর ধন্য, কেবল তিনি আশ্চর্য্য কর্ম্ম করেন। ১৯ ও তাঁহার মহিমাযুক্ত নাম সর্ব্বদা ধন্য হউক, এবং তাঁহার মহিমাতে তাবৎ জগৎ পরিপূর্ণ হউক। আমেন। ২০ যিশয়ের পুত্র দায়ূদের নিবেদন সম্পূর্ণ।

৭৩ গীত।

১ পাপিলোকদের সুখের প্রতি আসফের ঈর্ষ্যা ১৭ ও সে ঈর্ষ্যার প্রতিকার।

আসফের গীত।

১ ঈশ্বর ইস্রায়েল্ ও শুদ্ধমনা লোকদের অবশ্য মঙ্গল-২ দায়ক। কিন্তু আমার চরণ প্রায় টলিল, ও আমার ৩ পাদবিক্ষেপ প্রায় স্খলিত হইল। যেহেতুক আমি পা-পিদের মঙ্গল দেখিয়া সেই অহঙ্কারিদের প্রতি ঈর্ষ্যা ৪ করিলাম। মৃত্যুর বিষয়ে তাহাদের কোন ভাবনা ৫ হয় না, কিন্তু তাহাদের শরীর হৃষ্টপুষ্ট আছে। এবং অন্য মর্ত্ত্যের ন্যায় তাহাদের ক্লেশ হয় না, ও অন্য ৬ মানুষের মত তাহাদের বিপদ হয় না; এই নিমিত্তে

[১৮] প ৯। ২২; ৩১। ৭৮; ৩-৮॥—[১৯] ৫৭; ১০। যা ১৫; ১১। গী ৮৬; ৬॥—[২০] ৬০; ৩। দ্বি ৩২; ৩৯। ১ শি ২; ৬-৮। হো ৬; ১,২॥—[২২] গী ৯২; ১-৩॥—[২৪] প ৮,১৩,১৫। ৭০; ২॥

[৭২ গীত] গী ২। ৪৫। ১১০। যিশ ৯; ৬,৭। ১১; ১-১১। ৩২; ১,২॥—[১,২] ২ শি ২৩; ৩,৪॥—[৩] গী ৮৫; ১০, ১১। যিশ ৩২; ১৫-১৭॥—[৫] প ৭, ১৭॥—[৬] ২ শি ২৩; ৪॥—[৭] প ৫, ১৬, ১৭॥—[৮] যা ২৩; ৩১। ১ রা ৪; ২১,২৪। গী ২; ৮। ৮৯; ২৫। সিখ ৯; ১০॥—[৯] যিশ ৪৯; ২৩॥—[১০] ১ রা ১০; ৬-১০,১৫,২৪,২৫। গী ৪৫; ১২। ৬৮; ২৯। যিশ ৪৯; ৭। ৬০; ৫-১৬॥—[১২] প ৯। যিশ ৪৯; ২৩॥—[১৩] যিশ ৬১; ১। ইব্রি ৪; ১৫,১৬॥ [১৪] গী ৯; ১২। ১১৬; ১৫॥—[১৫] প ১০॥—[১৬] যিশ ৬৫; ১৮-২৫॥—[১৭] প ৫, ৭। আ ২২; ১৮। ২৮; ১৪। ফিল ২; ৯-১১॥—[১৮] যা ১৫; ১১। গী ৪১; ১৩। ৭৭; ১৪। ১০৬; ৪৮॥—[১৯] যিশ ৬; ৩। সিখ ১৪; ৯॥

[৭৩ গীত] গী ৩৭॥—[২-১৪] যুব ২১; ৭-১৫। ২৪। যির ১২; ১,২॥

 * (ইব্রি) বৃদ্ধাবস্থা ও পক্বকেশ পর্য্যন্ত। † (বা) সুলেমানের। ‡ (ইব্রি) চন্দ্র না হওন পর্য্যন্ত। ‖ (বা) তিনি। § (বা) দেশে।

অহঙ্কার তাহাদের ভূষণস্বরূপ, ও দৌরাত্ম্য তাহা-
৭ দের আবরক বস্ত্রস্বরূপ হয়। এবং মেদপ্রযুক্ত তা-
হাদের চক্ষু উচ্চবর্ত্তী হয়, ও তাহারা মনের ইচ্ছা-
৮ হইতেও অধিক প্রাপ্ত হয়। তাহারা বিদ্রূপ করে ও
মন্দ কথা কহে ও দৌরাত্ম্য বিষয়ে সাহঙ্কার বাক্য
৯ কহে। তাহারা আকাশের প্রতি মুখ রাখে, এবং
১০ তাহাদের জিহ্বা পৃথিবীতে ভ্রমণ করে। এই কারণ
তাঁহার লোকেরা দুঃখগ্রস্ত হয় *, ও তাহাদের নিমিত্তে
১১ অনেক (দুঃখরূপ) জল নিঙ্গড়ান আছে। এবং তাহারা
বলে, 'ঈশ্বর কি রূপে জানিবেন? ও সর্ব্বোপরিস্থের
১২ কি বোধ আছে?' দেখ, এই সকল পাপী সর্ব্বদা
১৩ মঙ্গল প্রাপ্ত হইয়া ধন বৃদ্ধি করে। তবে আমি মন
পরিষ্কার ও পবিত্রতাতে হস্ত প্রক্ষালন নিরর্থক করি-
১৪ লাম। কেননা আমি প্রতিদিন তাড়িত ও প্রতি প্রভাতে
১৫ শাস্তিপ্রাপ্ত হইতেছি। 'এমন কথা কহিব,' ইহা যদি
বলি, তবে কেবল তোমার লোকদের বংশদিগকে
১৬ প্রবঞ্চনা করি। ইহা বুঝিবার জন্যে আমি চিন্তা
করিলে তাহা আমার গোচরে ক্লেশদায়ক হইল।
১৭ পরে ঈশ্বরের ধর্ম্মধামে প্রবেশ করিয়া তাহাদের
১৮ শেষগতি বিবেচনা করিলাম। তুমি তাহাদিগকে নি-
তান্ত পিচ্ছিল স্থানে রাখিতেছ, ও তাহাদিগকে বিনাশে
১৯ নিক্ষেপ করিতেছ। তাহারা এক নিমিষের মধ্যে কেমন
উচ্ছিন্ন হয়, ও উদ্বিগ্নতাতে পূর্ণ হইয়া বিনাশ পায়!
২০ হে প্রভো, জাগৃত মনুষ্যের স্বপ্নের ন্যায় তুমি জাগরণ-
২১ কালে তাহাদের প্রতিমাকে তুচ্ছ করিবা। এই রূপে
২২ আমার মন দুঃখিত ও হৃদয় বিদ্ধ হইল। আমি মূর্খ ও
২৩ অজ্ঞান ও তোমার সাক্ষাতে পশুবৎ হইলাম। তথাপি
আমি সর্ব্বদা তোমার সহিত আছি; তুমি আমার
২৪ দক্ষিণ হস্ত ধরিয়া আমাকে রাখিতেছ। তুমি আ-
পন পরামর্শদ্বারা আমাকে লইয়া গিয়া শেষে বৈ-
২৫ ভবে গ্রহণ করিবা। স্বর্গে তোমা ব্যতিরেকে আমার
কে আছে? ভূমণ্ডলে আমি আর কিছুতেই সন্তুষ্ট
২৬ নহি। যদ্যপি আমার শরীর ও মন ক্ষীণ হয়, তথাপি
ঈশ্বরেতে আমার মনের পরাক্রম ও অংশ সদাকাল
২৭ হয়। দেখ, তোমার দূরবর্ত্তি লোকেরা বিনষ্ট হয়,
তুমি আপনাতে বিমুখ ব্যভিচারি সকলকে উচ্ছিন্ন
২৮ করিবা। কিন্তু ঈশ্বরের নিকটবর্ত্তী হওয়া আমার
মঙ্গল, তাঁহার তাবৎ কর্ম্ম বর্ণনা করিতে আমি প্রভু
পরমেশ্বরের আশ্রয় লইলাম।

৭৪ গীত।

১ মন্দিরের বিষয়ে বিলাপ ১০ ও ঈশ্বরের প্রতি প্রার্থনা।

আসফের জ্ঞানসূচক গীত।

১ হে ঈশ্বর, তুমি চিরকালের জন্যে আমাদিগকে কেন
ত্যাগ করিতেছ? আপন ক্ষেত্রের মেষের বিরুদ্ধে
২ কেন তোমার ক্রোধানল ধূমাইতেছে? পূর্ব্বকালে
ক্রীত তোমার যে মণ্ডলী, এবং তোমাকর্তৃক মুক্ত যে
মনোনীত অধিকার, ও তোমার বাসস্থান যে সিয়োন্
৩ পর্ব্বত, এ সকলকে স্মরণ কর; এবং বহুকাল উচ্ছিন্ন
স্থানের নিকটে পদার্পণ কর। শত্রুগণ তোমার ধর্ম্ম-
৪ ধামে নানা মন্দ করে; এবং বৈরিগণ তোমার সভার
মধ্যে গর্জ্জন করে, ও চিহ্নের নিমিত্তে আপনাদের
৫ চিহ্ন স্থাপন করে। কুঠারদ্বারা বৃহৎ বৃক্ষ ছেদনকারির
৬ সদৃশ জ্ঞাত হয় †। তাহারা এক্ষণে কুঠার ও হাতু-
ড়িদ্বারা তাহার শিল্প কর্ম্ম একেবারে ভগ্ন করে।
৭ তাহারা তোমার ধর্ম্মধামে অগ্নি নিক্ষেপ করে; তো-
মার নামের বাসগৃহ ভূমিপাত করিয়া অশুচি করে।
৮ 'আমরা তাহাদিগকে একেবারে সংহার করিব,' ইহা
মনে২ কহিয়া তাহারা দেশের মধ্যে ঈশ্বরের তাবৎ
৯ ভজনালয় দগ্ধ করে। আমরা আপনাদের কোন চিহ্ন
দেখি না, এবং এক্ষণে আর কোন ভবিষ্যদ্বক্তা
হয় না; এবং এই রূপ কত দিন থাকিবে, তাহাও
আমাদের মধ্যে কেহ জানে না।

১০ হে পরমেশ্বর, বৈরী আর কত কাল নিন্দা করিবে?
১১ শত্রু কি চিরকাল তোমার নামকে তুচ্ছ করিবে? তুমি
আপন হস্তকে, অর্থাৎ দক্ষিণ হস্তকে কেন সঙ্কুচিত
১২ করিতেছ? বক্ষঃস্থলহইতে তাহা বাহির কর। হে
১৩ ঈশ্বর, তুমি পূর্ব্বাবধি আমার রাজা, তুমি পৃথিবীর
১৪ মধ্যে ত্রাণকর্ত্তা; তুমি আপন পরাক্রমেতে সমুদ্রকে
দ্বিধা করিয়াছ, ও জলস্থ নাগের মস্তক ভগ্ন করি-
য়াছ, ও মহাকুম্ভীরের মস্তক চূর্ণ করিয়াছ, ও মরু-
১৫ ভূমিস্থিত সকলকে তাহা ভোজন করিতে দিয়াছ। এবং
তুমি উনুই ও বন্যা বহাইয়াছ, ও বৃহৎ ‡ নদী শুষ্ক
১৬ করিয়াছ। দিবস তোমার এবং রাত্রিও তোমার, তুমি
১৭ দীপ্তিকে ও সূর্য্যকে প্রস্তুত করিয়াছ। তুমি পৃথিবীর

---

[৭] যূব ১৫; ২৭। গী ১৭; ১০॥—[১০] যূব ২৪; ১-১২॥—[১১] যূব ১৫; ২৫,২৬। ২১; ১৪, ১৫। ২২; ১৭। গী ১০; ১১। ৯৪; ৭॥—[১২] গী ১৭; ১৪॥—[১৩,১৪] যূব ৩৪; ৯। ৩৫; ৩॥—[১৫] যূব ৮; ৮-১৯। ২০; ৪,৫। ২১; ১৬। ২২; ১৮॥—[১৬] যূব ২৪; ২৫। গী ৩৭; ৩৮॥—[১৭] গী ৭৭; ১৩॥—[১৮-২০] যূব ২০; ৪-৯। ২১; ১৬-১৮। গী ৩৭; ১৩,৩৫,৩৬। ৫৮; ৭-১১॥—[২১,২২] প ৩, ১৬॥—[২৩] ৩৭; ৩-৫, ৭॥—[২৪] ১৭; ১৫। ৩২; ৮। ৩৭; ২৩। ৪৮; ১৪॥—[২৬] বিল ৩; ২৪। গী ১৬; ৫। ১৪২; ৫॥—[২৭] যা ৩৪; ১৫,১৬॥—[২৮] যূব ২২; ২১-৩০॥
[৭৪ গীত] গী ৭৯। ৮০। বিল ২॥—[১] গী ৪৪; ৯,২৩,২৪। ৯৫; ৭। ১০০; ৩॥—[২] যা ১৫; ১৬। দ্বি ৯; ২৯। ৩২; ৯। গী ১৩২; ১৩,১৪॥—[৪-৮] ২ রা ২৫; ১-১০। ২ বং ৩৬; ১৭-১৯॥—[৬] ১ রা ৬; ১৮, ২৩, ২৯, ৩২, ৩৫॥ [৮] গী ৮৩; ৪॥—[১১] বিল ২; ৩॥—[১২] গী ৪৪; ৪॥—[১৩,১৪] যা ১৪; ২১-৩১। যিশ ৫১; ৯,১০। যিহি ২৯; ৩॥—[১৫] যা ১৫; ৫,৬। গ ২০; ৭-১১। যি ৩; ১৪-১৭॥—[১৬] আ ১; ৩,১৬। যূব ৩৮; ১২,১৩। গী ১০৪; ২০॥

* (ইব্রী) এই স্থানে ফিরিয়া আইসে। † (বা) ছেদনকারী পূর্ব্বে সুখ্যাত হইল কিন্তু এখন। ‡ (ইব্রী) প্রবল।

সীমা স্থাপন করিয়াছ, এবং গ্রীষ্ম ও শীতকাল সৃষ্টি
১৮ করিয়াছ। হে পরমেশ্বর, শত্রু তোমার নিন্দা করে, ও
অজ্ঞান লোক তোমার নামকে তুচ্ছ করে, তাহা স্মরণ
১৯ কর। তোমার ঘুঘুর প্রাণ বনপশুকে দিও না, তোমার
২০ দরিদ্র সমূহকে চিরকাল বিস্মৃত হইও না। তোমার
নিয়মের প্রতি দৃষ্টি রাখ; কেননা পৃথিবীর * অন্ধ-
কারময় স্থান উপদ্রবির বসতিতে পরিপূর্ণ হইতেছে।
২১ হে ঈশ্বর, ক্লিষ্ট লোক যেন লজ্জিত হইয়া ফিরিয়া না
যায়, এবং দুঃখি ও দরিদ্র লোক যেন তোমার ধন্য-
২২ বাদ করিতে পারে; তন্নিমিত্তে উঠিয়া আপন বিবাদ
নিষ্পত্তি কর, ও অজ্ঞানেরা প্রতি দিন তোমার যে
২৩ অপমান করে, তাহা স্মরণ কর। বৈরিগণের রব ও
বিপক্ষগণের কলহের নিত্য বৃদ্ধি বিস্মৃত হইও না।

৭৫ গীত।

ঈশ্বরের ধন্যবাদ ও উপদেশ কথা।

প্রধান বাদকের জন্যে অল্‌তস্‌হেৎ স্বরে আসফের গীত গান।

১ হে ঈশ্বর, আমরা তোমার ধন্যবাদ করিতেছি, আ-
মরা তোমার ধন্যবাদ করিতেছি; কেননা তুমি † যে
নিকটবর্ত্তী ইহা তোমার আশ্চর্য্য কর্ম্ম বর্ণনা করে।
২ 'যখন আমি উপযুক্ত সময় পাইব, তখন যথার্থ বি-
৩ চার করিব। পৃথিবী ও তন্নিবাসিগণ দুর্দ্দশাগ্রস্ত হয়,
৪ কিন্তু আমি তাহার স্তম্ভ স্থাপিত করিব।' সেলা। আমি
অজ্ঞানদিগকে কহিলাম, তোমরা অজ্ঞান হইও না;
ও পাপিগণকে কহিলাম, তোমরা শৃঙ্গ তুলিও না।
৫ অত্যুচ্চে তোমাদের শৃঙ্গ তুলিও না, এবং গ্রীবা দৃঢ়
৬ করিয়া কথা কহিও না। কেননা পূর্ব্বদিক্ কি পশ্চিম-
দিক্ কি দক্ষিণদিক্‌হইতে ‡ উচ্চপদ প্রাপ্তি হয় এমত
৭ নয়; কিন্তু ঈশ্বর বিচারকর্ত্তা হইয়া কাহাকে নীচপদ
৮ ও কাহাকে উচ্চপদ দেন। কেননা রক্তবর্ণ দ্রাক্ষারসে
ও মিশ্রিত দ্রব্যে পরিপূর্ণ এক পানপাত্র পরমেশ্বরের
হস্তে আছে; তিনি তাহাহইতে ঢালেন, তাহাতে
পৃথিবীস্থ পাপি সকল তাহার তলস্থভাগ নিঙ্গড়িয়া
৯ পান করে। কিন্তু আমি যাকূবের ঈশ্বরের উদ্দেশে
১০ গান করিয়া সর্ব্বদা তাঁহার গুণ প্রকাশ করিব। 'এবং
পাপিগণের শৃঙ্গ সকল আমার দ্বারা ছিন্ন হইলে
ধার্ম্মিকগণের শৃঙ্গ উচ্চীকৃত হইবে।'

৭৬ গীত।

জয়ের নিমিত্তে ঈশ্বরের গুণানুবাদ করণ।

প্রধান বাদকের নিমিত্তে নিগীনোৎ যন্ত্রে আসফের গীত গান।

ঈশ্বর যিহূদাদেশে জ্ঞাত হন, এবং ইস্রায়েল্‌দেশে ১
তাঁহার নাম বড় হয়। যিরূশালমে তাঁহার তাম্বু ২
আছে, এবং সিয়োনেতে তাঁহার বাসস্থান। সেখানে ৩
তিনি ধনুর্ব্বাণ ও ঢাল ও খড়্গ ও সংগ্রামের অস্ত্র
ভঙ্গ করিয়াছেন। সেলা। তুমি মৃগয়ার পর্ব্বতহইতে ৪
তেজোময় ও মহামহিমান্বিত হইয়াছ। সবলান্তঃকরণ ৫
লোকেরা পরাস্ত হইয়া মহানিদ্রাতে নিদ্রিত হইয়াছে,
ও তাবৎ বীরের হস্ত অবশ হইয়াছে। হে যাকূবের ৬
ঈশ্বর, তোমার গর্জ্জনে তাবৎ রথী ও অশ্ব মহানিদ্রিত
হইয়াছে। তুমিই ভয়ার্হ, তুমি ক্রুদ্ধ হইলে তোমার ৭
সাক্ষাতে কে দাঁড়াইতে পারে? তুমি স্বর্গহইতে ৮
আপন বিচারাজ্ঞা শ্রবণ করাইয়াছ; তাহাতে ঈশ্বর ৯
বিচারের ও পৃথিবীস্থ নম্র সকলের পরিত্রাণের নি-
মিত্তে গাত্রোত্থান করিলে পৃথিবী ভীত হইয়া নীরব
হইল। সেলা। মনুষ্যের ক্রোধ তোমার প্রশংসাজ- ১০
নক হইবে, কিন্তু তদ্ব্যতিরিক্ত ক্রোধ তুমি নিবারণ
করিবা ‖। তোমরা আপন প্রভু পরমেশ্বরের কাছে ১১
মানত করিয়া তাহা সম্পূর্ণ কর; যিনি ভয়ার্হ, তাঁহার
নিকটে চতুর্দ্দিক্‌স্থিত লোকেরা উপঢৌকন আনিবে।
তিনি প্রধান লোকদের মনকে দমন করেন, এবং ১২
পৃথিবীস্থ রাজগণকে ভয় দেখান।

৭৭ গীত।

১ বিপদ সময়ে বিলাপ, ১০ ও পরমেশ্বরেতে আশ্রয় লওন।

যিদূথূন্ বংশের প্রধান বাদকের নিমিত্তে আস-ফের গীত।

আমি আপন রবে ঈশ্বরকে আহ্বান করি, ও আ- ১
পন রবে ঈশ্বরকে আহ্বান করিলে তিনি তাহা
শ্রবণ করেন। আমি বিপদকালে প্রভুর অন্বেষণ ২
করি, রাত্রিকালেও আমার হস্ত § বিস্তারিত হইয়া
ক্লান্ত হয় না, ও আমার মন প্রবোধ মানে না।
আমি ঈশ্বরকে স্মরণ করিয়া ধ্যান করি, ও চিন্তা ৩
করিলে আমার আত্মা মূর্চ্ছিত হয়। সেলা। তুমি ৪
আমার চক্ষুতে নিদ্রা দেও না, আমি উদ্বেগ প্রযুক্ত

---

[১৭] গী ৮৯; ১১,১২ ॥—[১৮] প ২২। ৮৯; ৫০,৫১ ॥—[১৯] ৬৮; ১০ ॥—[২০] যা ২৪; ৩-৮। দ্বি ২৬; ১৭-১৯। ২৯; ১০-১৩ ॥—[২২] প ১৮॥

[৭৫ গীত; ১] যিশ ২৬; ৮,৯,১৩॥—[২,৩] দ্বি ৩২; ৩৫-৪৩ ॥—[৭] দ্বি ৩২; ৩৫, ৩৯। যিশ ২৬; ৫-৭॥—[৮] যিহি ২৫; ১৫-৩৩। প্র ১৪; ৯-১১ ॥—[১০] যিশ ৩৩; ১৩-১৬ ॥

[৭৬ গীত, ১, ২] গী ৪৮; ১-৩॥—[৩] ৪৬; ৯। ৪৮; ৪-৮। যিহি ৩৯; ৯॥—[৪] গী ৬৮; ১৫,১৬। যিশ ২; ২,১১ ॥ [৫, ৬] ২ রা ১৯; ৩৫। যিহি ৩৯; ১-২২॥—[৭] ন ১; ৬॥—[৮,৯] দ্বি ৩২; ৪১। যিহি ৩৮; ১৮-২০ ॥—[১০] যিহি ৩৮; ১৪-২৩॥—[১১,১২] গী ৬৮; ২৮-৩৫ ॥

[৭৭ গীত; ১,২] গী ১৪২; ১,২॥—[২] যা ১৭; ১১, ১২ ॥—[৩] ১৪৩; ৪ ॥—[৫] ১৪৩; ৫। যিশ ৫১; ৯ ॥

* (বা) দেশের। † (ইব্রু) তোমার নাম। ‡ (ইব্রু) প্রান্তরহইতে। ‖ (বা) এবং তাহাহইতে অবশিষ্ট লোক তোমার ভূষণ-স্বরূপ হইবে। § (বা) ব্যথা।

৫ কথা কহিতে পারি না। পূর্ব্বকালের দিন ও বহুকাল ৬ গত বৎসর স্মরণ করি, ও রাত্রিতে আপন গীত স্মরণ করি, এবং মনের মধ্যে চিন্তা করি,ও আমার আত্মা ৭ ইহা আলোচনা করে। প্রভু কি চিরকালের নিমিত্তে ত্যাগ করিবেন? তিনি কি আর অনুকূল হইবেন ৮ না? চিরকাল কি তাঁহার অনুগ্রহ হ্রাস থাকিবে? ও তাঁহার প্রতিজ্ঞা কি পুরুষানুক্রমে বিফল হইবে? ৯ এবং ঈশ্বর কি দয়া করিতে বিস্মৃত হইবেন? ও ক্রোধ করিয়া কি আপনার দয়া রুদ্ধ করিবেন? সেলা।

১০ পরে আমি কহিলাম, এ আমার দুঃখের সময় হইলেও সর্ব্বোপরিস্থের দক্ষিণ হস্তের বৎসর ১১ আছে *। আমি পরমেশ্বরের কর্ম্ম স্মরণ করিব, ও তোমার পূর্ব্বের আশ্চর্য্য ক্রিয়া স্মরণ করিব, ১২ ও তোমার তাবৎ কর্ম্ম চিন্তা করিব, ও তোমার ক্রিয়া ১৩ সকল ধ্যান করিব। হে ঈশ্বর, ধর্ম্মধামে তোমার পথ, ১৪ তোমার তুল্য মহান্ ঈশ্বর কে? তুমি আশ্চর্য্য কর্ম্মকারি ঈশ্বর, তুমি লোকদের মধ্যে আপন পরাক্রমের ১৫ পরিচয় দিয়াছ। এবং আপন লোক যাকুবের ও যূষফের সন্তানদিগকে আপন বাহুদ্বারা মুক্ত ১৬ করিয়াছ। সেলা। হে ঈশ্বর, জলসমূহ তোমাকে দেখিল, ও জলসমূহ তোমাকে দেখিয়া কম্পিত ১৭ হইল, এবং গভীর স্থল উদ্বিগ্ন হইল; এবং নিবিড় মেঘ জলবর্ষণ করিল, ও মেঘ গর্জ্জন করিল ও চতু- ১৮ র্দ্দিগে তোমার বাণ নিক্ষিপ্ত হইল। এবং আকাশের মধ্যে তোমার গর্জ্জনধ্বনি হইল, ও তোমার বিদ্যুৎ জগৎকে দীপ্তিমান করিলে পৃথিবী কম্পিত ১৯ ও টলটলায়মান হইল। সমুদ্রের মধ্যে তোমার পথ, ও জলরাশির মধ্যে তোমার মার্গ আছে; কিন্তু ২০ তোমার পদচিহ্ন জানা যায় না। তুমি মূসার ও হারোণের হস্তদ্বারা আপন লোককে মেষের ন্যায় লইয়া গমন করিলা।

৭৮ গীত।

ইস্রায়েল্ লোকদের প্রতি ঈশ্বরের শাসন ও আশ্চর্য্য ক্রিয়া।

আসফের জ্ঞানসূচক গীত।

১ হে আমার লোক সকল, তোমরা আমার উপদেশ শ্রবণ কর, আমার মুখের কথাতে কর্ণপাত কর। ২ আমি দৃষ্টান্ত কথাদ্বারা আপন মুখ প্রসারণ করিয়া ৩ পূর্ব্বকালের মর্ম্ম কথা প্রকাশ করিব। আমরা যাহা২ শ্রবণ করিয়া জ্ঞাত হইয়াছি, ও আমাদের পিতৃলোক আমাদের কাছে যাহা২ বর্ণনা করিয়াছে, ৪ তাহা আমরা তাহাদের সন্তানদের নিকটে গোপন করিব না; বরং শেষপুরুষ পর্য্যন্ত পরমেশ্বরের প্রশংসা ও পরাক্রম ও তাঁহার কৃত আশ্চর্য্য ক্রিয়ার বর্ণনা করিব।

৫ তিনি যাকুব্ বংশের মধ্যে যে বিধি ও ইস্রায়েল্ ৬ বংশের মধ্যে যে ব্যবস্থা স্থাপন করিলেন, শেষপুরুষ পর্য্যন্ত ভাবিসন্তানেরা যেন তাহা জ্ঞাত হয়, ও উঠিয়া আপন২ সন্তানদিগের কাছে ৭ তাহার বর্ণনা করে, এবং ঈশ্বরেতে আপনাদের প্রত্যাশা রাখিয়া ঈশ্বরের কর্ম্ম বিস্মৃত না হয়, ও তাঁহার আজ্ঞা পালন করিয়া আপনাদের মনে অস্থির ও আত্মাতে ঈশ্বরের প্রতি অবিশ্বস্ত আপনাদের পূর্ব্বপুরুষের ন্যায় এক অবাধ্য ও অত্যা- ৮ চারি বংশ না হয়; এই নিমিত্তে তিনি তাহাদের সন্তানদিগকে এই কথা জানাইতে আমাদের পূর্ব্বপুরুষগণকে আজ্ঞা দিলেন।

৯ ইফ্রয়িমের সন্তানেরা অস্ত্রধারী ও ধনুর্দ্ধারী হইয়াও ১০ সংগ্রামসময়ে পলায়ন করিল। তাহারা ঈশ্বরের নিয়ম পালন করিল না,ও তাঁহার ব্যবস্থানুসারে আচরণ করিতে অসম্মত হইল। ১১ তিনি আপনার যে কর্ম্ম ও আশ্চর্য্য ক্রিয়া দেখাইলেন, অর্থাৎ ১২ মিসর্দেশে ও সোয়ন্ প্রান্তরে তাহাদের পূর্ব্বপুরুষদের সাক্ষাতে যে আশ্চর্য্য কর্ম্ম করিলেন, তাহা তাহারা বিস্মৃত হইল।

১৩ তিনি সমুদ্রকে দ্বিধা করিয়া তন্মধ্যদিয়া তাহাদিগকে পার করিলেন, এবং জলকে ভিত্তির ন্যায় ১৪ উচ্চীকৃত করিলেন; এবং দিবসে মেঘদ্বারা ও তাবৎ ১৫ রাত্রিতে অগ্নিতেজদ্বারা লইয়া গেলেন; এবং অরণ্যের মধ্যে পর্ব্বতকে বিদীর্ণ করিয়া গভীর জলাশয়ের ১৬ সদৃশ জল পান করাইলেন; তিনি পর্ব্বতহইতে স্রোত বাহির করিয়া নদীর ন্যায় জল নামাইলেন। ১৭ পরে তাহারা সর্ব্বোপরিস্থের ক্রোধ জন্মাইতে অরণ্যে তাঁহার বিরুদ্ধে আরও অনেক পাপ করিল। ১৮ এবং আপন২ মনের বাঞ্ছিত ভক্ষ্যের প্রার্থনাতে ১৯ ঈশ্বরের পরীক্ষা করিল। এবং ঈশ্বরের বিরুদ্ধে কথা কহিয়া ইহা বলিল, ঈশ্বর কি অরণ্যের মধ্যে ২০ আমাদের খাদ্য প্রস্তুত করিতে পারেন? দেখ, তিনি পর্ব্বতকে আঘাত করিলে তাহাহইতে স্রোতোবাহি

[৬]গী ১১৯; ৫৪,৫৫,৬২। ৪; ৫॥—[৭] ৭৪; ১॥—[৯]যিশ ৪৯; ১৪,১৫॥—[১০]গী ৩১; ২৪॥—[১১] প ৫। যিশ ৫১; ৯,১০॥—[১৩]গী ৭৩; ১৭। যা ১৫; ১১॥—[১৫]দ্বি ৯; ২৯॥—[১৬] যা ১৪; ২১-২৮। গী ১১৪; ৩॥—[১৭,১৮] ৬৮; ৭,৮। যা ১৯; ১৮। যিশ ৬৪; ৩॥—[১৮] গী ১১৪;৪॥—[১৯] যা ১৪; ২৮। হ ৩; ১৫॥—[২০] গী ৭৮; ৫২। ৮০; ১॥
[৭৮ গীত] গী ১০৬। নি ৯॥—[২] গী ৪৯; ৪। ম ১৩; ৩৫॥—[৩,৪] গী ৭১; ১৮॥—[৫-৮] দ্বি ৪; ৯। ৬; ৬-৯। ১১; ১৮-২১॥—[৯-১২] ১ রা ১২; ২৬-৩৩। ২ বং ১৩; ৪-১৮॥—[১২] প ৪৩॥—[১৩-১৬] গী ১০৬; ৬-১২॥—[১৩] প ৫৩। যা ১৪; ২১-৩১। ১৫; ৮। যি ৩; ১৪-১৭॥—[১৪] যা ১৩; ২১,২২। গ ৯; ১৫-২৩॥—[১৫,১৬]যা ১৭; ৫,৬। গ ২০; ৭-১১। গী ১০৫; ৪১॥—[১৭-৩১] গ ১১। গী ১০৬; ১৩-১৫॥

* (বা) আমি সর্ব্বোপরিস্থের দক্ষিণ হস্তের বৎসর স্মরণ করিব।

জল নির্গত হইল, তদ্রূপ কি খাদ্য দিতে পারেন? ও আপন লোকদের নিমিত্তে মাংস দিতে পারেন? ২১ তখন পরমেশ্বর এমত শুনিয়া ক্রোধান্বিত হইলে যাকুব্ বংশের বিরুদ্ধে অগ্নি প্রজ্বলিত হইল, ও ২২ ইস্রায়েল বংশের বিরুদ্ধে ক্রোধ উঠিল। কেননা তাহারা ঈশ্বরেতে বিশ্বাস করিল না, এবং তাঁহার ২৩ কৃত পরিত্রাণের প্রত্যাশা করিল না। তথাপি তিনি উপরিস্থ মেঘের প্রতি আজ্ঞা দিলেন ও আকাশের ২৪ দ্বার খুলিলেন; এবং ভক্ষ্যের নিমিত্তে তাহাদের ২৫ উপরে মান্না বর্ষাইয়া স্বর্গের শস্য দিলেন। তাহাতে মনুষ্য পরাক্রমিদের * খাদ্য ভোজন করিল। তিনি ২৬ তাহাদের তৃপ্তি পর্য্যন্ত ভক্ষ্য প্রেরণ করিলেন। আকাশের মধ্যে পূর্ব্ববায়ু বহাইলেন, ও নিজ পরাক্রমেতে ২৭ দক্ষিণ বায়ু আনয়ন করিলেন; এবং মাংসকে ধূলির ন্যায় ও পক্ষিগণকে সমুদ্রের বালির ন্যায় তাহাদের ২৮ উপরে বর্ষাইলেন; এবং তাহাদের শিবিরের মধ্যে ও বাসস্থানের চতুষ্পার্শ্বে তাহা অধঃপতিত করিলেন। ২৯ এই রূপে তিনি তাহাদের বাঞ্ছিত সামগ্রী আনয়ন করিলে তাহারা ভোজন করিয়া অতি তৃপ্ত হইল। ৩০ কিন্তু মুখে খাদ্য থাকিলেও তাহারা লোভহইতে ৩১ নিবৃত্ত হইল না। এবং ঈশ্বরের ক্রোধ তাহাদের মধ্যে উপস্থিত হইয়া তাহাদের হৃষ্টপুষ্ট লোকদিগকে সংহার † করিল, এবং ইস্রায়েল বংশের ৩২ শ্রেষ্ঠ লোকদিগকে ভূমিপাত করিল। এমত হইলেও তাহারা পুনর্ব্বার পাপ করিল ও তাঁহার আশ্চর্য্য ৩৩ ক্রিয়াতে বিশ্বাস করিল না। অতএব তিনি অনর্থক রূপে তাহাদের দিবস ও ব্যস্তরূপে তাহাদের বৎসর ৩৪ যাপন করাইলেন। এই রূপে তিনি তাহাদের কতককে বধ করিলে পর তাহারা তাঁহার চেষ্টা করিল ও ৩৫ ফিরিয়া শীঘ্র ঈশ্বরের অন্বেষণ করিল; এবং ঈশ্বর আমাদের পর্ব্বতস্বরূপ, ও সর্ব্বোপরিস্থ ঈশ্বর আ- ৩৬ মাদের মুক্তিদাতা, ইহা মনে করিল। তথাপি তাঁহাকে মৌখিক স্তব করিল ও জিহ্বাতে তাঁহার নিকটে ৩৭ মিথ্যা কহিল; যেহেতুক তাহাদের মন তাঁহাতে স্থির হইল না, এবং তাহারা তাঁহার নিয়মেও বিশ্বাস ৩৮ করিল না। কিন্তু তিনি দয়ালু হইয়া তাহাদিগকে নষ্ট না করিয়া তাহাদের পাপ ক্ষমা করিতেন, এবং তাহাদের প্রতি আপন ক্রোধ প্রজ্বলিত না করিয়া ৩৯ বরং অনেক বার ক্রোধ সম্বরণ করিতেন। কেননা তাহারা কেবল মাংসপিণ্ড ও শীঘ্রগামি পুনরনাগত বায়ুর ন্যায়, ইহা তিনি মনে করিতেন।

৪০ তাহারা অরণ্যমধ্যে কতবার তাঁহার ক্রোধ জন্মাইল ও নির্জ্জন স্থানে তাঁহাকে বিরক্ত করিল! এবং ৪১ বিমুখ হইয়া ঈশ্বরের পরীক্ষা করিল ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপকে ক্রুদ্ধ করিল। এবং তাঁহার হস্তকে, ৪২ ও আপনাদের শত্রুহইতে ‡ মুক্তির দিনকে মনে করিল না। কিন্তু তিনি মিসর্দেশে আপন চিহ্ন, ৪৩ ও সোয়ন্ প্রান্তরে আপন আশ্চর্য্য ক্রিয়া প্রকাশ করিয়াছিলেন। তিনি মিস্রীয়দের নদীকে রক্ত করি- ৪৪ য়াছিলেন, এবং তাহাদের স্রোতের জল কেহ পান করিতে পারে নাই। তাহাদের মধ্যে ঝাঁকে ২ দংশন- ৪৫ কারি মশককে ও বিনাশকারি ভেককে প্রেরণ করিয়াছিলেন। এবং তাহাদের উৎপন্ন শস্য ফড়ি- ৪৬ ঙ্গকে, ও তাহাদের পরিশ্রমের ফল পঙ্গপালকে দিয়াছিলেন। তিনি শিলাদ্বারা তাহাদের দ্রাক্ষালতা ৪৭ ও হিমদ্বারা ডুম্বুর বৃক্ষ নষ্ট করিয়াছিলেন। এবং ৪৮ তাহাদের পশুগণকে শিলাতে ও পালকে বজ্রাঘাতে বিনাশে সমর্পণ করিয়াছিলেন। এবং তাহাদের ৪৯ প্রতি প্রচণ্ড রাগ ও ক্রোধ ও ঘোর কোপ ও দুঃখ ও অমঙ্গলদায়ক দূতগণের এক দলকে প্রেরণ করিয়াছিলেন; এবং আপন ক্রোধ প্রকাশ ‖ করিয়া মৃত্যু- ৫০ হইতে তাহাদের প্রাণকে রক্ষা না করিয়া মহামারীতে সমর্পণ করিয়াছিলেন। এবং মিসর্দেশীয় ৫১ তাবৎ প্রথমজাত সন্তানকে ও হামের তাম্বুতে তাহাদের প্রধানবলরূপ সন্তানকে বিনষ্ট করিয়াছিলেন। এবং আপন লোকদিগকে মেষের ন্যায় গমন করা- ৫২ ইয়া পালের ন্যায় অরণ্য মধ্যদিয়া লইয়া গিয়াছিলেন। তিনি তাহাদিগকে এমত নির্ব্বিঘ্নে লইয়া ৫৩ গিয়াছিলেন, যে তাহারা উদ্বিগ্ন হয় নাই; কিন্তু তাহাদের শত্রুগণ সমুদ্রে মগ্ন হইয়াছিল।

৫৪ পরে তিনি আপন ধর্ম্মধামের সীমাতে অর্থাৎ আপনার দক্ষিণ হস্তলব্ধ § পর্ব্বতে তাহাদিগকে আনিলেন। এবং তাহাদের সম্মুখহইতে দেশীয় ৫৫ লোককে দূর করিয়া রজ্জুদ্বারা তাহাদের অধিকার বিভাগ করিয়া দিলেন, ও ইস্রায়েল্ বংশকে তাহাদের বাসস্থানের মধ্যে বসতি করাইলেন। তথাপি ৫৬ তাহারা সর্ব্বোপরিস্থ ঈশ্বরের পরীক্ষা করিয়া তাঁহাকে বিরক্ত করিল, এবং তাঁহার সপ্রমাণ বিধি

[২৪,২৫] যো ৬; ৩০-৩৪,৪৯-৫১ ‖—[৩২] গী ১০৬; ২৪-২৭। গ ১৪ ‖—[৩৩] গী ৯০; ৩-১১ ‖—[৩৪,৩৫] প ৩৮। ১০৬; ৪৩-৪৫। বি ২; ১১-১৯ ‖—[৩৬, ৩৭] আয ৫; ২৫, ২৬। পে ৭; ৪২,৪৩ ‖—[৩৮] দ্বি ৯; ৭, ২৪। যিশ ৬৩; ৭-৯। পে ১৩; ১৮ ‖—[৩৯] প ৩৩। গী ৯০ ‖—[৪০,৪১] ১০৬; ১৬-৩৩। দ্বি ৯; ৭,২৪। ১ ক ১০; ৫-১০ ‖—[৪] যা ১১। ১২। ১৩ ‖ [৪৩-৫২] গী ১০৫; ২৬-৩৭ ‖—[৪৩] প ১২ ‖—[৪৪] যা ৭; ২০,২১ ‖—[৪৫] যা ৮; ১-৬, ২০-২৪ ‖—[৪৬] যা ১০; ১২-১৫ ‖—[৪৭,৪৮] যা ৯; ২২-২৫ ‖—[৪৯-৫১] যা ১২; ২৯,৩০। ১৭; ২৬ ‖—[৫২] গী ৭৭; ২০ ‖—[৫৩] প ১৩ ‖ [৫৩,৫৪] যা ১৫; ৯-১৯ ‖—[৫৫] গী ৪৪; ১-৩। ৮০; ৮-১১। ১০৫; ৪৪,৪৫। যি ১১; ১৬-২০। ২৪; ৮-১৩ ‖ [৫৬-৫৮] বি ৩; ১১-৩,১১-১৩। গী ১০৬; ৩৪-৪২ ‖

* (বা) স্বর্গদূতগণের। † (ইব্রু) নত। ‡ (বা) বিপদহইতে। ‖ (ইব্রু) সমর্পণ। § (বা) হস্তক্রীত।

৫৭ মানিল না; বরং বিমুখ হইয়া তাহাদের পূর্ব্বপুরুষের ন্যায় প্রবঞ্চনা করিল; তাহারা এক শিথিল ৫৮ ধনুকের ন্যায় লক্ষ্য লঙ্ঘন করিল; এবং উচ্চস্থানে তাঁহাকে ক্রুদ্ধ করিল, ও আপনাদের প্রতিমাদ্বারা ৫৯ তাঁহার কোপ জন্মাইল। তাহাতে ঈশ্বর তাহা শুনিয়া ক্রোধান্বিত হইয়া ইস্রায়েল্ বংশকে অতি তুচ্ছ ৬০ করিলেন; এবং শীলোস্থিত আপন আবাস, অর্থাৎ মনুষ্যের মধ্যে আপন বাসের তাম্বু ত্যাগ করিলেন; ৬১ এবং আপন বল পরহস্তে ও আপন গৌরব শত্রু- ৬২ হস্তে সমর্পণ করিলেন; এবং আপন লোককে খড়্গে সমর্পণ করিলেন, ও আপন অধিকারস্থের প্রতি ৬৩ ক্রোধ করিলেন। তাহাতে অগ্নি তাহাদের যুবদিগকে ভক্ষণ করিল, ও তাহাদের কন্যাগণের বিবাহ * হইল ৬৪ না; এবং তাহাদের যাজকগণ খড়্গে পতিত হইল, ৬৫ ও তাহাদের বিধবাগণ বিলাপ করিল না। তখন প্রভু এক নিদ্রাভঙ্গ ব্যক্তির ন্যায় ও দ্রাক্ষারসদ্বারা হুঙ্কারকারি এক বীরের ন্যায় জাগৃত হইলেন। ৬৬ এবং আপন শত্রুবর্গের পৃষ্ঠে প্রহার করিলেন, ও তাহাদিগকে নিত্য নিন্দাস্পদ করিলেন।

৬৭ তিনি যূষফের তাম্বু তুচ্ছ করিলেন ও ইফ্রয়িমের ৬৮ বংশকে মনোনীত না করিয়া যিহূদার বংশকে ও তাঁহার প্রিয় এই সিয়োন্ পর্ব্বতকে মনোনীত ৬৯ করিলেন। তিনি উচ্চগৃহের ন্যায় ও চিরস্থায়ি ভিত্তিবিশিষ্ট পৃথিবীর ন্যায় আপন ধর্ম্মধাম নির্ম্মাণ ৭০ করিলেন; এবং আপন দাস দায়ূদ্কে মনোনীত করিয়া মেষের খোঁয়াড়হইতে তাহাকে আনিলেন। ৭১ তিনি আপন লোক যাকূব্ বংশকে ও আপন অধিকার ইস্রায়েল্ বংশকে প্রতিপালন করিতে স্তনদাত্রী † মেষীর পশ্চাৎহইতে তাহাকে আনয়ন ৭২ করিলেন। তাহাতে সে আপন মনের সরলতানুসারে তাহাদিগকে প্রতিপালন করিল, ও হস্তের নৈপুণ্যানুসারে তাহাদিগকে লইয়া গেল।

৭৯ গীত।

১ যিরূশালমের বিষয়ে বিলাপ ৯ ও পরমেশ্বরের প্রতি প্রার্থনা।

আসফের এক গীত।

১ হে ঈশ্বর, অন্যদেশীয়েরা তোমার অধিকারে প্রবেশ করিয়া তোমার ধর্ম্মমন্দির অপবিত্র করিল, এবং ২ যিরূশালম্কে ভগ্ন দ্রব্যের ঢিবীর ন্যায় করিল। তোমার দাসদের শব আকাশীয় পক্ষিগণকে, ও তোমার অনুগ্রহের পাত্রদের মাংস বনপশুদিগকে ভক্ষণার্থে ৩ দিল; এবং যিরূশালমের চতুর্দ্দিগে জলের ন্যায় তাহাদের রক্ত ঢালিল; তাহাদের কবর দিতে কেহ থাকিল না। ৪ আমরা প্রতিবাসির নিকটে নিন্দাস্পদ ও চতুর্দ্দিক্স্থ লোকদের কাছে হাস্যাস্পদ ও ঘৃণার পাত্র হইলাম। ৫ হে পরমেশ্বর, আর কত কাল এমত হইবে? তুমি কি নিরন্তর ক্রুদ্ধ থাকিবা? ও তোমার কোপ কি অগ্নির ন্যায় প্রজ্বলিত ৬ থাকিবে? যে দেশীয় লোকেরা তোমাকে জ্ঞাত নয়, ও যে রাজ্যের লোকেরা তোমার নামে প্রার্থনা করে না, তাহাদের প্রতি আপন কোপ প্রজ্বলিত ৭ কর। কেননা তাহারা যাকূব্ বংশকে গ্রাস করিয়া ৮ তাহার বাসস্থান শূন্য করিল। আমাদের পূর্ব্বপাপ ‡ সকল আর মনে করিও না, তোমার দয়া শীঘ্র আমাদের অগ্রবর্ত্তী হউক, কেননা আমরা অতি দীনহীন।

৯ হে আমাদের পরিত্রাণকর্ত্তা ঈশ্বর, নিজ নামের মহিমাতে আমাদের উপকার কর, ও আপন নামের গুণে আমাদিগকে উদ্ধার কর ও আমাদের অপ- ১০ রাধ মার্জ্জনা কর। 'তাহাদের ঈশ্বর কোথায়?' অন্যদেশীয়েরা এমত কথা কেন বলিবে? তিনি নিজ দাসগণের পাতিত রক্তের পরিশোধ করাতে আমাদের দৃষ্টিগোচরে অন্যদেশীয়দের মধ্যে জ্ঞাত হউন। ১১ তোমার সাক্ষাতে বন্দিগণের হাহাকার উপস্থিত হউক, ও আপন মহাবাহুদ্বারা আসন্নমৃত্যুদিগকে রক্ষা কর। ১২ হে প্রভো, আমাদের প্রতিবাসিগণ যে রূপ তোমার অপমান করিয়াছে, তাহাদের ক্রোড়ে তাহার সাত গুণ ১৩ অপমান দেও। তাহাতে তোমার লোক ও তোমার পালিত যে আমরা, আমরা সর্ব্বদা তোমার গুণানুবাদ করিব, ও পুরুষানুক্রমে তোমার প্রশংসা করিব।

৮০ গীত।

১ ছিন্ন দ্রাক্ষালতার স্বরূপ ইস্রায়েল্ বংশের বিষয়ে বিলাপ ১৪ ও ঈশ্বরের প্রতি প্রার্থনা।

প্রধান বাদকের জন্যে শোশন্-এদূৎ যন্ত্রে আসফের গীত।

১ হে ইস্রায়েল্ বংশের প্রতিপালক, হে মেষবৎ যূষফ্ বংশের অগ্রগামি, অবধান কর; হে কিরূবদের ২ মধ্যনিবাসি, দীপ্তি প্রকাশ কর। এবং ইফ্রয়িম্ ও বিন্য়ামীন্ ও মিনশি বংশের সাক্ষাতে আপনার পরাক্রম প্রকাশ কর, এবং আসিয়া আমাদের ৩ পরিত্রাণ কর। হে ঈশ্বর, আমাদিগকে ফিরাইয়া

[৬৭,৬৮] গী ৮৭ ; ২ । ১৩২ ; ১৩,১৪ । ১ বং ২১ ; ১৮-৩০ ॥—[৭০,৭১] ১ শি ১৬ ; ১০-১৩ । ২ শি ৭ ; ৮ ॥—[৭২] ১ রা ৯ ; ৪ । প্রে ১৩ ; ২২ ॥

[৭৯ গীত] গী ৭৪ । ৮০ ॥—[১-৩] ২ রা ২৫ ; ১-১০ । ২ বং ৩৬ ; ১৮-২০ ॥—[১] গী ৭৪ ; ৩-৭ ॥—[৪] দ্বি ২৮ ; ৩৭ । বিল ২ ; ১৫,১৬ ॥—[৫] গী ৭৪ ; ১,১০ ॥—[৮,৯] দ্বি ৪ ; ২৯-৩১ ॥—[১০] গী ১১৫ ; ১,২ ॥—[১১] লে ২৬ ; ৪০-৪৫ । দ্বি ৪ ; ২৯-৩১ ॥—[১২] গী ৭৪ ; ১৮,২২ ॥—[১৩] ১০০ ; ৩ ॥

[৮০ গীত] গী ৭৪ । ৭৯ ॥—[১] ৭৭ ; ২০ । যা ২৫ ; ১৮-২২ । ২ শি ৬ ; ২ ॥—[২] গ ২ ; ১৮-২৪ । দ্বি ৩৩ ; ১২,১৭ ॥

* (বা) বিবাহবাদ্য। † (বা) গর্ভবতী। ‡ (বা) পূর্ব্বপুরুষদের পাপ।

আপন মুখের দীপ্তি প্রকাশ কর, তাহাতে আমরা পরিত্রাণ প্রাপ্ত হইব।

৪ হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, নিজ লোকের ৫ নিবেদনে আর কত কাল ক্রুদ্ধ থাকিবা? তুমি তাহাদের আহারার্থে অশ্রু দিতেছ, ও অনেক অশ্রু পান করা- ৬ ইতেছ। এবং প্রতিবাসিগণের মধ্যে আমাদিগকে বিবাদাস্পদ করিতেছ, তাহাতে আমাদের শত্রুগণ ৭ পরস্পর পরিহাস করে। হে সৈন্যাধ্যক্ষ ঈশ্বর, আমাদিগকে ফিরাইয়া আপন মুখের দীপ্তি প্রকাশ কর, তাহাতে আমরা পরিত্রাণ প্রাপ্ত হইব।

৮ তুমি মিসর্‌দেশহইতে এক দ্রাক্ষালতা লইয়া অন্য দেশীয়দিগকে দূর করিয়া তাহা রোপণ করিয়াছ; ৯ এবং স্থান প্রস্তুত করিয়া তাহার মূল বৃদ্ধি করিয়াছ, ১০ তাহাতে সে তাবৎ দেশ ব্যাপিল। তাহার ছায়া পর্ব্বত আচ্ছন্ন করিল, ও তাহার শাখা বৃহৎ এরস্ বৃক্ষের ১১ ন্যায় হইল। এবং সমুদ্র পর্য্যন্ত তাহার শাখা, ও নদী ১২ পর্য্যন্ত তাহার ডাল বিস্তারিত হইল। তুমি কেন তাহার বেড়া এমত ভগ্ন করিলা, যে পথিকেরা তাহার ১৩ পত্র ছিঁড়ে, এবং বন্য শূকর তাহার মূল উৎপাটন করে, ও বনপশু তাহা মুড়াইয়া খাইয়া ফেলে?

১৪ হে সৈন্যাধ্যক্ষ ঈশ্বর, এখন ফির ও স্বর্গহইতে দৃষ্টি করিয়া মনোযোগী হও, এবং এই দ্রাক্ষালতার ১৫ নিকটে, এবং যে শাখা তোমার দক্ষিণ হস্ত রোপণ করিয়াছে, এবং যে (মনুষ্য) পুত্রকে তুমি আপনার নিমিত্তে বলবান্ করিয়াছ, তাহার নিকটে আইস। ১৬ এবং যাহারা তাহা ছিন্ন করিয়া অগ্নিতে দগ্ধ করে, ১৭ তাহারা তোমার মুখের গর্জনে বিনষ্ট হউক। তোমার দক্ষিণহস্তে (উপবিষ্ট) মনুষ্যের, অর্থাৎ তুমি যে মনুষ্যপুত্রকে আপনার নিমিত্তে বলবান্ করিয়াছ, ১৮ তাঁহার উপরে হস্তার্পণ কর। তাহাতে আমরা তোমাহইতে পরাঙ্মুখ হইব না; এবং আমাদিগকে সজীব কর, তাহাতে আমরা তোমার নামে প্রার্থনা করিব। ১৯ হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, আমাদিগকে ফিরাইয়া আপন মুখের দীপ্তি প্রকাশ কর, তাহাতে আমরা পরিত্রাণ প্রাপ্ত হইব।

৮১ গীত।

১ অনুগ্রহের নিমিত্তে ঈশ্বরের ধন্যবাদ করিতে আসফের বিনতি ৮ ও আজ্ঞাবহনের ফল।

প্রধান বাদকের জন্যে গিত্তীৎযন্ত্রে আসফের গীত।

১ আমাদের উপকারক ঈশ্বরের উদ্দেশে উচ্চৈঃস্বরে গান কর, ও যাকূবের ঈশ্বরের উদ্দেশে জয়ধ্বনি ২ কর। এবং ডম্ফ ও মনোহর বীণা ও নেবল্ যন্ত্রের ৩ সহিত গান করিতে প্রবৃত্ত হও। এবং শুক্ল প্রতিপদে ও পূর্ণিমাতে আমাদের নিরূপিত পর্ব্বসময়ে তূরী ৪ বাজাও। কেননা এই সকল ইস্রায়েলের বিধি ও ৫ যাকূবের ঈশ্বরের ব্যবস্থা। মিসর্‌দেশের বিরুদ্ধে * গমন সময়ে তিনি ঐ সপ্রমাণ বিধি যূষফের বংশে নিরূপণ করিলেন; আমি বোধের অগম্য ৬ কথা শুনিলাম। 'আমি তোমার † স্কন্ধহইতে ভার দূর করিলাম, ও কুম্ভবহনহইতে তোমার হস্ত মুক্ত ৭ হইল; এবং বিপদকালে প্রার্থনা করিলে তোমাকে রক্ষা করিলাম, ও মেঘের গুপ্তস্থানে থাকিয়া তোমাকে উত্তর দিলাম, ও মিরীবার জলেতে তোমাকে পরীক্ষা করিলাম। সেলা।

৮ 'হে আমার লোক, শ্রবণ কর, আমি তোমাদের ৯ বিষয়ে সাক্ষ্য দিব। হে ইস্রায়েল্ লোক, তোমরা যদি আমার কথা শুনিতে সম্মত হও, তবে তোমাদের মধ্যে কোন দেবতা স্থাপিত হইবে না, এবং তোমরা অন্য ‡ ১০ কোন দেবতার পূজা করিবা না। আমি তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে মিসর্‌দেশহইতে আনিলাম; আপন মুখ বিস্তার কর, তাহাতে আমি তাহা ১১ পরিপূর্ণ করিব। কিন্তু আমার লোক আমার কথা শুনিল না, ও ইস্রায়েল্ লোক আমাকে চাহিল না। ১২ অতএব আমি তাহাদিগকে আপন২ মনের কুঅভিলাষ পূর্ণ করিতে দিলাম, তাহাতে তাহারা আপন২ ১৩ পরামর্শানুসারে গমন করিল। যদি আমার লোকেরা আমার কথা শুনিত, ও ইস্রায়েল্ বংশ আমার ১৪ পথে চলিত; তবে আমি তাহাদের শত্রুগণকে ত্বরায় দমন করিতাম, ও তাহাদের বৈরিগণের প্রতিকূলে ১৫ হস্ত ফিরাইতাম। তাহাতে পরমেশ্বরের ঘৃণাকারিগণ তাহাদের বশীভূত হইত, ও তাহাদের সুসময় ১৬ চিরকাল থাকিত। এবং আমি তাহাদিগকে উত্তম গোধূম ভোজন করাইতাম, ও পর্ব্বতীয় মধুদ্বারা তাহাদিগকে তৃপ্ত করিতাম।'

৮২ গীত।

বিচারকর্ত্তাদের প্রতি অনুযোগ।

আসফের গীত।

১ ঈশ্বর ঈশ্বরীয় ‖ সভাতে দণ্ডায়মান হইয়া বিচার-

[৩] প ৭,১৯। গা ৬; ২৫। বিল ৫; ২১। যির ৩১; ১৮,১৯॥—[৫] গী ৪২; ৩। ১০২; ৯॥—[৬] ৭৯; ৪॥—[৭] প ৩, ১৯॥—[৮] যিশ ৫; ৭। গী ৭৮; ৫৫॥—[১১] দ্বি ১১; ২৪। ১ রা ৪; ২০,২১॥—[১২] যিশ ৫; ৫॥—[১৩] প ১৭। যিশ ১১; ১। গী ৮৯; ২০,২১॥—[১৬] ৭৪; ৭॥—[১৭] প ১৫। ৮৯, ২০,২১॥—[১৮] হো ১৪; ১-৩॥—[১৯] প ৩,৭॥

[৮১ গীত; ৩,৪] লে ২৩; ২৪। গ ১০; ১০॥—[৫] যা ১২; ২১-২৮॥—[৬] যা ১; ১০-১৪। ২০; ২॥—[৭] যা ২; ২৩-২৫। ১৯; ১৯। দ্বি ৫; ২২। গ ২০; ১০। দ্বি ৩৩; ৮॥—[৮-১০] যা ১৯; ৩-৬। ২০; ১-৬॥—[৯] দ্বি ৩২; ১২॥ [১০] দ্বি ৪; ৭॥—[১১,১২] দ্বি ৩২; ১৫-২১। প্রে ৭; ৪২,৪৩। রো ১; ২৮॥—[১৩-১৫] দ্বি ৩২; ২৯,৩০। ৩৩; ২৬-২৯॥ [১৬] দ্বি ৩২; ১৩, ১৪। ৩৩; ২৮॥

* (বা) মধ্য দিয়া। † (ইব্রী) তাহার। ‡ (বা) বিদেশীয়। ‖ (বা) বলবানদের।

২ কর্ত্তাদের * বিচার করেন। অতএব তোমরা পাপিদের মুখাপেক্ষা করিয়া আর কত কাল অন্যায়-৩ বিচার করিবা? সেলা। ক্লিষ্ট ও পিতৃহীন লোকের বিচার কর; যাহারা দুঃখী ও অকিঞ্চন, তাহাদের ৪ যথার্থ বিচার কর। এবং দীনহীন ও দরিদ্রদিগকে নিস্তার কর, ও পাপিদের হস্তহইতে তাহাদিগকে ৫ উদ্ধার কর। তাহারা না জানিয়া ও না বুঝিয়া অন্ধকারে ভ্রমণ করে ও দেশের মূলবস্তু টলটলায়মান ৬ হয়। আমি কহিলাম, তোমরা দেবতা ও সকলে ৭ সর্ব্বোপরিস্থ ঈশ্বরের সন্তান বট; কিন্তু মনুষ্যের ন্যায় মরিবা ও কোন অধ্যক্ষের ন্যায় তোমাদের ৮ পতন হইবে। হে ঈশ্বর, উঠিয়া জগতের বিচার কর, যেহেতুক তুমি তাবৎ দেশের অধিকারী।

৮৩ গীত।

দুষ্ট শত্রুদের বিরুদ্ধে আসফের প্রার্থনা।

আসফের গীত।

১ হে ঈশ্বর, তুমি নীরব হইও না; হে ঈশ্বর, মৌনী ও ২ অযত্ন হইও না। দেখ, তোমার শত্রুগণ কলহ করে, ৩ ও তোমার ঘৃণাকারিবর্গ মস্তক তুলে। তাহারা তোমার লোকদের বিরুদ্ধে ধূর্ত্ততার পরামর্শ করে, ও তোমার গুপ্ত লোকদের প্রতিকূলে কুমন্ত্রণা করিয়া বলে, আইস, ৪ আমরা তাহাদিগকে সবংশে বিনাশ করি, তাহাতে ৫ ইস্রায়েল্ বংশের নাম আর স্মরণে থাকিবে না। এতদ্বিষয়ে ইদোম্ ও ইস্মায়েল্ ও মোয়াব্ ও হাজিরার ৬ তাম্বুস্থ লোকেরা, এবং গিবাল্ ও অম্মোন্ ও অমা-৭ লেক্ ও পিলেষ্টিয়া ও সোর্ নিবাসিরা একপরামর্শী হইয়া তোমার বিরুদ্ধে এক নিয়ম স্থাপিত করে। ৮ এবং অশূরীয় লোকেরা তাহাদের সহায় † হয়; তাহারা লোটের সন্তানদের উপকার করে। সেলা।

৯ তুমি মিদিয়নীয়দের প্রতি ও কীশোন্নদীতে সীষিরার ও যাবীনের প্রতি যেরূপ করিয়াছ, ইহাদের প্র-১০ তিও তদ্রূপ কর। তাহারা ঐন্দোর্ নগরে নষ্ট হইয়া ভূ-১১ মির উপরে সারস্বরূপ হইয়াছিল। এবং তাহাদের অধ্যক্ষগণকে ওরেব্ ও সেবের ন্যায় কর, এবং তাহাদের অভিষিক্তগণকে সেবহ ও সল্মুন্নের ন্যায় কর। ১২ কেননা তাহারা বলিল, আইস, আমরা ঈশ্বরের বাস-১৩ স্থান আপনাদের অধিকার করিয়া লই। অতএব হে আমার ঈশ্বর, তুমি তাহাদিগকে বায়ুদ্বারা ঘূর্ণ ভূষি ১৪ ও নাড়ার ন্যায় কর। এবং দাবানল যেমন বন দগ্ধ করে, ও অগ্নির শিখা যেমন পর্ব্বতকে প্রজ্বলিত ১৫ করে, তদ্রূপ তুমিও তাহাদিগকে ঝড়ে তাড়না কর, ১৬ এবং প্রচণ্ড বায়ুতে ভয় দেখাও। হে পরমেশ্বর, তুমি ১৭ তাহাদিগের মুখ এমত লজ্জাতে পরিপূর্ণ কর, যে তাহারা তোমার নামের অনুসন্ধান করে, কিম্বা সর্ব্বদা ১৮ লজ্জিত ও উদ্বিগ্ন ও অপ্রতিভ হইয়া বিনষ্ট হয়। তাহাতে অদ্বিতীয় পরমেশ্বর বিখ্যাত যে তুমি, তুমি তাবৎ জগতের সর্ব্বোপরিস্থ, ইহা সকলে জ্ঞাত হইবে।

৮৪ গীত।

১ মন্দিরে ঈশ্বরের ভজনা করিতে ইচ্ছা ৪ ও তাহার সুখের বর্ণনা ৮ ও সেই সুখ ভোগ করিতে প্রার্থনা।

কোরহীয় বংশের প্রধান বাদকের নিমিত্তে গিত্তীৎ যন্ত্রে এক গীত।

১ হে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, তোমার বাসস্থান কেমন ২ প্রিয়! আমার মন পরমেশ্বরের (মন্দিরের) প্রাঙ্গণে লালসা করিয়া মোহিত হয়, এবং আমার মন ও ৩ শরীর অমর ঈশ্বরের নিমিত্তে হাহাকার করে। হে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, তুমি যে আমার রাজা ও আমার ঈশ্বর, তোমার বেদিতে চটক পক্ষী আশ্রয়, ও খঞ্জন পক্ষী আপন ছা রাখিবার বাসা পায়।

৪ যাহারা তোমার মন্দিরে বাস করে তাহারা ধন্য, কেননা নিত্য২ তোমার ধন্যবাদ করে। সেলা। ৫ আর তুমি যাহাদের পরাক্রম তাহারা ধন্য; তাহারা পথ মনে রাখিয়া যে স্থানে বৃষ্টিদ্বারা পুষ্করিণী‡ ৬ পরিপূর্ণ হয়, এমত বাকা ‖ নামক নিম্নভূমি দিয়া ৭ গমন করিতে২ উনুইর জল পান করে §। এবং ক্রমে২ তাহাদের বলের বৃদ্ধি হইলে প্রত্যেক জন সিয়োনেতে ঈশ্বরের সাক্ষাতে উপস্থিত হয়।

৮ হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, আমার নিবেদন ৯ শুন; হে যাকূবের ঈশ্বর, অবধান কর। সেলা। হে আমাদের ঢালস্বরূপ ঈশ্বর, দৃষ্টি কর; আপন অভিষি-১০ ক্তের মুখ অবলোকন কর। অন্য সহস্র দিন অপেক্ষা তোমার (মন্দিরের) প্রাঙ্গণে এক দিনও ভাল, এবং পাপিদের তাম্বুতে বাস করা অপেক্ষা বরং ঈশ্বরের ১১ গৃহের দ্বারী হওয়া ¶ আমার মনোনীত। প্রভু পরমেশ্বর সূর্য্য ও ঢালস্বরূপ; পরমেশ্বর অনুগ্রহ ও বিভব প্রদান করিবেন, এবং সরল পথাবলম্বিদের কোন ১২ মঙ্গলের অভাব করিবেন না। হে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, যে জন তোমাতে প্রত্যাশা করে সেই ধন্য।

[৮২ গীত] গী ৫৮ ।।—[১-৪] যা ২৩; ৬,৮। দ্বি ১; ১৬,১৭। ২ বং ১৯; ৬,৭ ।।—[৫] গী ৫৮; ২,৩। ১১; ৩ ।।—[৬] প ১। যো ১০; ৩৪। দ্বি ১; ১৭। ২ বং ১৯; ৬ ।।—[৭] গী ৫৮; ৯ ।।—[৮] ২; ৮ ।।

[৮৩ গীত] ২ বং ২০; ৫-১৩ ।।—[২] গী ২; ১,২ ।।—[৪] ৭৪; ৮ ।।—[৫-৮] ২ শি ১০; ৬,১৫,১৬। ২ বং ২০: ১,১০,১১ ।। [৯] গ ৩১; ১-২০। বি ৪। ৫। ৭ ।।—[১১] বি ৭; ২৫। ৮; ১০-১২ ।।—[১৩] গী ৩৫; ৫ ।।—[১৬,১৭] ৩৫; ৪,২৬ ।।—[১৮] ৫৮; ১১ ।।

[৮৪ গীত; ২] গী ২৬; ৮। ২৭; ৪। ৪২; ১-৪। ৬৩, ১,২ ।।—[৪] ৬৫; ৪ ।।—[৬] ২ শি ৫; ২৩,২৪। গী ১২৬; ৬ ।।—[৭] যিশ ৪০; ৩১। গী ৭৩; ২৪ ।।—[১০] ৪২; ৪ ।।—[১১] যিশ ৬০; ১৯। গী ১১৫; ৯,১০,১১। ৩৪; ৯,১০ ।।—[১২] ২; ১২ ।।

* (ইব্রু) দেবতাদের। † (বা) বাহু। ‡ (বা) যে স্থান উপদেশকদ্বারা আশীর্ব্বাদে। ‖ (বা) অশ্রুপাত। § (ইব্রু) তাহা উনুই করে। ¶ (ইব্রু) দ্বারে বসা।

৮৫ গীত

১ পারমার্থিক সম্পদের নিমিত্তে ঈশ্বরের কাছে প্রার্থনা ৮ও তন্নিমিত্তে ঈশ্বরেতে প্রত্যাশা।

কোরহীয় বংশের প্রধান বাদকের নিমিত্তে এক গীত।

১ হে পরমেশ্বর,তুমি নিজ দেশস্থের প্রতি কৃপা করিয়া * ২ যাকুব্ বংশকে দাসত্বহইতে মুক্ত করিবা। লোকদের তাবৎ পাপ মার্জ্জনা করিয়া তাহাদের অপরাধ সকল ৩ আচ্ছাদন করিবা। সেলা। এবং আপন ক্রোধ সম্বরণ করিয়া প্রজ্বলিত ক্রোধহইতে নিবৃত্ত হইবা।

৪ হে আমাদের ত্রাণকর্ত্তা ঈশ্বর, এখন আমাদিগকে ফিরাও, এবং আমাদের প্রতি তোমার ক্রোধ নিবৃত্ত ৫ কর। আমাদের প্রতি কি সর্ব্বদা ক্রোধান্বিত থাকিবা? ও পুরুষানুক্রমেই কি তোমার ক্রোধ নিবৃত্তি ৬ হইবে না? এবং আপন লোকদিগকে তোমাতে আনন্দিত করিতে কি তুমি ফিরিয়া আমাদিগকে ৭ সজীব করিবা না? হে পরমেশ্বর, আমাদের প্রতি আপন অনুগ্রহ প্রকাশ কর, ও তোমাহইতে আমাদের পরিত্রাণ হউক।

৮ প্রভু পরমেশ্বর যাহা কহিবেন, আমি তাহাই শুনিব, কেননা তিনি আপন লোকদের ও আপন অনুগ্রহের পাত্রদের প্রতি মঙ্গল কথা কহিবেন, কিন্তু তাহারা পুনর্ব্বার অজ্ঞানতাতে না ফিরুক।

৯ পরিত্রাণ তাঁহার ভয়কারি লোকদের নিকটবর্ত্তী হইবে, তাহাতে আমাদের দেশে তাঁহার মহিমা থা-১০ কিবে। অনুগ্রহ ও সত্যতার মেলন হইবে, এবং ১১ ধর্ম্ম ও মঙ্গল পরস্পর চুম্বন করিবে। পৃথিবীহইতে সত্যতার অঙ্কুর হইবে, ও স্বর্গহইতে ধর্ম্ম ১২ দৃষ্টিপাত করিবে। পরমেশ্বর মঙ্গল করিবেন, তাহাতে আমাদের দেশ নিজ ফল উৎপন্ন করিবে। ১৩ এবং ধর্ম্ম তাঁহার সম্মুখে গমন করিয়া তাঁহার পদচিহ্নিত পথে আমাদিগকে রাখিবে †।

৮৬ গীত।

দায়ূদের প্রার্থনা।

১ হে পরমেশ্বর, কর্ণ পাতিয়া আমার নিবেদন শুন, ২ যেহেতুক আমি দুঃখী ও দরিদ্র। আমার প্রাণ রক্ষা কর, কেননা আমি পুণ্যবান্; হে আমার ঈশ্বর, ৩ তোমার প্রত্যাশাকারি দাসকে পরিত্রাণ কর। হে প্রভো, আমি প্রতিদিন তোমার কাছে প্রার্থনা করি, ৪ আমাকে অনুগ্রহ কর। হে প্রভো, আমি তোমাতে মনোনিবেশ করি, নিজ দাসের মন আনন্দিত কর। ৫ হে প্রভো, তুমি মঙ্গলদাতা ও ক্ষমাবান্ ও তাবৎ ৬ প্রার্থনাকারির প্রতি পরমানুগ্রাহক। হে পরমেশ্বর, কর্ণ পাতিয়া আমার নিবেদন শুন, ও আমার ৭ প্রার্থনা বাক্যে মনোযোগ কর। তুমি আমাকে উত্তর দিবা, এই জন্যে আমি বিপদের সময়ে তোমার ৮ কাছে প্রার্থনা করিব। হে প্রভো, দেবগণের মধ্যে তোমার তুল্য কেহই নাই, এবং তোমার কর্ম্ম তুল্য ৯ কাহারো কর্ম্ম নাই। হে প্রভো, তোমার সৃষ্ট তাবদ্দেশীয় লোকেরা উপস্থিত হইয়া তোমার সাক্ষাতে তোমাকে প্রণাম করিবে ও তোমার নামের গৌরব ১০ প্রকাশ করিবে। কেননা তুমি মহান্ ও আশ্চর্য্য কর্ম্ম-১১ কর্ত্তা ও অদ্বিতীয় ঈশ্বর। হে পরমেশ্বর, তোমার পথ আমাকে জ্ঞাত কর, তাহাতে আমি তোমার সত্য পথে গমন করিব; তোমার নামে ভয় করিতে আ-১২ মার মনকে যুক্তি দেও। হে আমার প্রভো ঈশ্বর, আমি সর্ব্বান্তঃকরণের সহিত তোমার প্রশংসা করিব, এবং সর্ব্বদা তোমার নামের গৌরব প্রকাশ করিব। ১৩ কেননা তুমি আমার প্রতি বড় অনুগ্রহ করিয়া নীচস্থ ১৪ পরলোকহইতে আমার প্রাণ রক্ষা করিয়াছ। হে ঈশ্বর, অহঙ্কারিগণ আমার বিরুদ্ধে উঠিতেছে, ও উপদ্রবি লোক সমূহ আমার প্রাণহিংসার চেষ্টা করিতেছে, এবং আপনাদের গোচরে ঈশ্বরকে ১৫ রাখে না। কিন্তু হে প্রভো, তুমি দয়ালু ও অনুগ্রাহক ঈশ্বর ও অতি সহিষ্ণু এবং অনুগ্রহে ও সত্যতাতে ১৬ মহান্। তুমি আমার প্রতি ফিরিয়া অনুগ্রহ কর, এবং নিজ দাসকে আপন পরাক্রম দেও, ও দাসীর ১৭ পুত্রকে পরিত্রাণ কর। হে পরমেশ্বর, আমাকে মঙ্গলসূচক চিহ্ন দেখাও; তাহাতে তুমি আমার উপকার ও সান্ত্বনা করিলে আমার ঘৃণাকারিবর্গ তাহা দেখিয়া লজ্জিত হইবে।

৮৭ গীত।

মণ্ডলীর প্রশংসা।

কোরহীয় বংশের নিমিত্তে গীত।

১ (ঈশ্বরের মন্দিরের‡) ভিত্তিমূল পবিত্র পর্ব্বতে আছে। ২ পরমেশ্বর যাকূবের তাবৎ বাসস্থানহইতে সিয়োনের

[৮৫ গীত] যিহি ৩৬;৩৭ ॥—[১-৩]দ্বি ৪; ২৯,৩০ । ৩০; ১-১০ ॥—[৪]দ্বি ৩০; ১-৬। যির ৩১; ১৮,১৯ ॥—[৫]গী ৭৪; ১। ৭৯; ৫। ৮০; ৪ ॥—[৬]হো। ৬; ১-৩ ॥—[৭] গী ৬৭; ১।—[৮]যিশ ৬৬; ১২। যির ৩১; ৩১-৩৪ ॥—[৯] যিশ ৪; ২-৬। ৪৬; ১৩॥—[১০] যিশ ৩২; ১৫-১৭। রো ৩; ২৫,২৬॥—[১১]লূ ২; ১৩,১৪॥—[১২,১৩]যিহি ৩৪; ২২-৩১। ৩৬; ২২-২৮॥

[৮৬ গীত; ১] গী ১০; ৫॥—[২] ২৫; ২। ১১৬; ১৪,১৫ ॥—[৩] ৫৭; ১॥—[৪] ২৫; ১॥ —[৫] প ১৫। ১৪৫; ৮, ৯,১৮। নি ৯; ১৭॥—[৭] গী ৫০; ১৫॥—[৮] ৮৯; ৬,৮। দ্বি ৩; ২৪॥—[৯] গী ২২; ২৭। ৭২; ৮-১১। যিশ ২; ৩॥ [১০] যা ১৫; ১১। গী ৭২; ১৮। দ্বি ৩২; ৩৯॥—[১১] গী ১১৯; ৩৩-৩৫॥—[১২] ১৪৫; ১-৩॥—[১৩] ১১৬; ৭,৮॥ [১৪] ৫৪; ৩।—[১৫] প ৫। যা ৩৪; ৬,৭॥—[১৬] গী ২৫; ১৬। ১১৬; ১৬॥

[৮৭ গীত; ১] গী ২; ৬॥—[২] ৬৮; ১৬। ৭৮; ৬৭, ৬৮॥

* (বা) তুষ্ট হইয়া। † (বা) পথে পাদ বিক্ষেপ করিবে। ‡ (ইব্রী) তাঁহার।

৩ দ্বারকে অধিক প্রেম করেন। হে ঈশ্বরের নগর, তো-
৪ মার বিষয়ে আশ্চর্য্য কথা উক্ত আছে। সেলা। 'যা-
হারা আমাকে জানে,তাহাদের মধ্যে রহবীয় * ও বা-
বিলীয় লোককে আমি গণনা করিব †, এবং পিলে-
ষ্টিয়া ও সোর্ ও কূশ্ দেশীয়দিগকে দেখ, তাহারা
৫ সে স্থানে জন্মিবে।' তাহাতে সিয়োনের বিষয়ে ইহা
উক্ত হইবে, এই ব্যক্তি আর ঐ ব্যক্তি তাহার মধ্যে
জন্মিল; ও সর্ব্বোপরিস্থ আপনি তাহার স্থাপনকর্ত্তা
৬ হন ‡। এবং পরমেশ্বর লোকদের নাম লিখিয়া
গণনা করিয়া বলিবেন, এই মানুষ সে স্থানে জন্মিল।
৭ সেলা। গায়কগণ ও বাদকগণ কহিবে, আমাদের
তাবৎ উনুই ‖ তোমাতে আছে।

৮৮ গীত।

মুমূর্ষু লোকের প্রার্থনা।

কোরহীয় বংশের জন্যে এই গীত।

প্রধান বাদকের নিমিত্তে মহলৎ-লিয়ন্নোৎ স্বরে ইষ্রাহীয় হেমনের জ্ঞানসূচক গীত।

১ হে আমার ত্রাণকর্ত্তা পরমেশ্বর, আমি দিবারাত্রি
২ তোমার কাছে বিনয় করিতেছি। আমার নিবেদনকে
আপনকার গোচরে উপস্থিত হইতে দেও, আমার
৩ কাকুক্তিতে কর্ণ দেও। আমার মন দুঃখেতে পরিপূর্ণ
৪ ও আমার প্রাণ পরলোকের নিকটবর্ত্তী। আমি
কবরে নামিতে উদ্যত লোকদের মধ্যে গণিত হই-
৫ তেছি, ও নিঃশক্তি মানুষের ন্যায় হইতেছি। এবং
তোমার হস্তদ্বারা উচ্ছিন্ন হওয়াতে যাহাকে তুমি
আর স্মরণ করিবা না, এমত হত ও কবরস্থ লোকের
৬ ন্যায় আমি মৃতলোকদের মধ্যে ত্যক্ত হইতেছি। তুমি
আমাকে অতি নীচ গর্ত্তে ও অন্ধকারে ও গভীর স্থানে
৭ রাখিতেছ; এবং আমার উপরে ক্রোধের ভার থা-
কাতে তুমি আপনার সমস্ত তরঙ্গদ্বারা আমাকে দুঃখ
৮ দিতেছ। সেলা। এবং বন্ধুগণকে আমার নিকটহইতে
দূর করিয়া তাহাদের জ্ঞানে আমাকে হেয় করিতেছ;
৯ আমি বদ্ধ প্রযুক্ত নির্গত হইতে পারি না। দুঃখেতে
আমার চক্ষু নিস্তেজ হইতেছে; হে ঈশ্বর, আমি প্রতি
দিন তোমার উদ্দেশে হস্ত বিস্তার করিয়া তোমার
১০ কাছে প্রার্থনা করিতেছি। তুমি কি মৃত লোকদের
প্রতি আশ্চর্য্য কর্ম্ম প্রকাশ করিবা ? মৃত লোকেরা কি
১১ উঠিয়া তোমার গুণানুবাদ করিবে? সেলা। কবরের
মধ্যে তোমার অনুগ্রহ ও বিনাশস্থানে তোমার
১২ সত্যতা কি প্রকাশ পাইবে? এবং অন্ধকারে তোমার
আশ্চর্য্য কর্ম্ম ও বিস্মরণরূপ দেশে তোমার ধর্ম্ম
১৩ কি জ্ঞাত হইবে? হে পরমেশ্বর, আমি তোমাকে আ-
হ্বান করিতেছি, ও প্রাতঃকালে আমার প্রার্থনা তো-
১৪ মার অগ্রবর্ত্তী আছে। হে পরমেশ্বর, তুমি আমার
প্রাণকে কেন ত্যাগ করিতেছ? ও আমাহইতে কেন
১৫ আপন মুখ লুক্কায়িত করিতেছ? আমি যৌবনাবস্থা-
বধি দুঃখী ও মৃতকল্প আছি ও তোমাদ্বারা মহাভয়-
১৬ গ্রস্ত হইয়া উন্মনা হইতেছি। তোমার কোপরূপ ঢেউ
আমার উপরদিয়া যাইতেছে, ও তোমার ভয়ানক
১৭ বিষয় আমাকে সংহার করিতেছে, এবং প্রতিদিন §
জলের ন্যায় আমাকে ঘেরিতেছে, ও একত্র হইয়া
১৮ আমাকে প্রদক্ষিণ করিতেছে। তুমি প্রিয় বন্ধুকে ও
সুহৃৎকে আমাহইতে এবং আমার আত্মীয় লো-
ককে অন্ধকারে দূর করিতেছ।

৮৯ গীত।

১ আভাষ, ৫ ও পরমেশ্বরের গুণানুবাদ ১৯ ও দায়ূদের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা ৩৮ ও দুঃখের বিষয়ে বিলাপ ৪৬ ও প্রার্থনা।

ইষ্রাহীয় এথনের জ্ঞানসূচক গীত।

১ আমি চিরকাল পরমেশ্বরের অনুগ্রহের বিষয়ে গান
করিব, ও পুরুষানুক্রমে আপন মুখে তাঁহার সত্যতা
২ ব্যক্ত করিব। আমি কহিলাম, অনুগ্রহ সর্ব্বদা স্থির
থাকিবে, এবং তুমি আকাশে আপন সত্যতা স্থাপন
৩ করিবা। 'আমি আপন মনোনীতের সহিত নিয়ম করি-
লাম, ও নিজ দাস দায়ূদের প্রতি এই শপথ করি-
৪ লাম; আমি চিরকাল তোমার বংশ স্থাপন করিব, ও
পুরুষানুক্রমে তোমার সিংহাসন স্থির রাখিব।' সেলা।
৫ হে পরমেশ্বর, স্বর্গে তোমার আশ্চর্য্য কর্ম্ম ও
পুণ্যবান লোকদের মণ্ডলীর মধ্যে তোমার সত্যতা
৬ প্রশংসিত হইবে। স্বর্গে পরমেশ্বরের সহিত কে
উপমা ধরিতে পারে? ও বলবান্ লোকের সন্তান-
দের ¶ মধ্যে পরমেশ্বরের তুল্য বা কে আছে?
৭ ঈশ্বর পুণ্যবানদের সভাতে অতি ভয়ঙ্কর, ও তাঁহার
চতুর্দ্দিক্স্থিত সকল লোকের কাছে ভয়ার্হ। হে সৈন্যা-
ধ্যক্ষ প্রভো পরমেশ্বর, তোমার সমান কে আছে?
৮ হে পরমেশ্বর, তুমি বলবান্ ও তোমার বিশ্বস্ততা

[৩] যিশ ৬০ ।।—[৪] গী ৬৮ ;৩১ ।৪৫; ১২ । যিশ ১৯ ; ২৩-২৫।।—[৫]গাল ৪;২৬,২৭ ।।—[৬]গী ২২; ৩০ । যিশ ৪৯ ; ২০,২১।।
[৮৮ গীত] গী ৩৮ । ১০২ ।।—[১] ২২; ২ ।।—[৪,৫] ৩১ ; ১০,১২ ।।—[৭] ৪২ ; ৭ ।।—[৮] প ১৮ । ৩১; ১১ । ৩৮; ১১ ।
যুব ১৯; ১৩-২০ ।।—[৯] গী ৩৮; ১০ । ১৪৩; ৬ ।।—[১০-১২] যুব ১০; ২০-২২ । গী ৬; ৫ । ৩০ ; ৯ । যিশ ৩৮; ১৮,১৯ ।।
[১৩] গী ৫ ; ৩ ।।—[১৫,১৬] যুব ৬; ৪ ।।—[১৮] প ৮ ।।
[৮৯ গীত; ১,২] ২ শি ৭ ; ২৫-২৮ । ২৩; ৩-৫ । ১ বং ১৭; ২৩-২৭ ।।—[২] যিশ ৫৫; ৩ । প্রে ১৩ ; ৩৪ ।।—[৩] প ২৮,
৩৪,৩৫ ।।—[৩,৪] প ১৯-৩৭ । ২ শি ৭; ১২-১৬ । ১ বং ১৭; ১১-১৪ । লূ ১; ৩২,৩৩ ।।—[৫] প ৭ । গী ১৯; ১ । ৯৭; ৬ ।।
[৬]৮৬ ;৮ ।১১৩; ৫ ।।—[৭] যিশ ৬ ; ১-৪ ।।—[৮] গী ৭১;১৯ ।।

* (অর্থাৎ) মিস্রীয়। † (ইব্রু) রহব্ ও বাবিল্ স্মরণ করাইব। ‡ (বা) তাহাকে স্থির করিবেন। ‖ (বা) বংশ। § (বা) সমস্ত দিন।
¶ (বা) স্বর্গদূতগণের ।।

৯ তোমার চতুর্দ্দিগে আছে। তুমি সমুদ্রগর্জ্জনের উপরে কর্তৃত্ত্ব করিয়া উত্থিত প্রবল তরঙ্গের শান্তি করিতেছ। ১০ তুমি হত ব্যক্তির ন্যায় রহবকে * চূর্ণ করিয়াছ, এবং সবল হস্তে নিজ শত্রুগণকে ছিন্নভিন্ন করিয়াছ। ১১ আকাশমণ্ডল তোমার, এবং পৃথিবীও তোমার; এই ১২ জগৎ ও তন্মধ্যস্থ তাবৎ বস্তু তোমার স্থাপিত। তুমি উত্তর ও দক্ষিণদিগের সৃষ্টি করিয়াছ; তাবোর্ ও ১৩ হর্ম্মোণ্ তোমার নামে উল্লাসধ্বনি করে। তোমার বাহু বলবান্ ও তোমার হস্ত শক্তিমান্ ও তোমার দক্ষিণ ১৪ হস্ত উচ্চতর। ন্যায় ও সুবিচার তোমার সিংহাসনের ভিত্তিমূল আছে, অনুগ্রহ ও সত্যতা তোমার অগ্রগামী ১৫ হয়। যে লোকেরা আনন্দধ্বনি জ্ঞাত আছে তাহারা ধন্য; কেননা হে পরমেশ্বর, তাহারা তোমার মুখের ১৬ দীপ্তিতে গমনাগমন করে; এবং সমস্ত দিন তোমার নামে আনন্দিত থাকে, এবং তোমার দত্ত পুণ্যে ১৭ উচ্চপদ পায়। যেহেতুক তুমিই তাহাদের বলের ভূষণস্বরূপ, ও তোমার তুষ্টিতে আমাদের বলবৃদ্ধি ১৮ হয়। এবং পরমেশ্বর আমাদের ঢালস্বরূপ ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ ঈশ্বর আমাদের রাজা।

১৯ তখন তুমি আপন অনুগৃহীতকে দর্শন দিয়া এই কথা কহিলা, 'বলবানকে উপকার করণের ভার সমর্পণ করিয়া লোকদের মধ্যহইতে মনোনীত এক ব্যক্তিকে ২০ উচ্চপদস্থ করিলাম; অর্থাৎ আপন দাস দায়ূদকে পাইয়া আপন পবিত্র তৈলেতে তাহাকে অভিষিক্ত ২১ করিলাম; আমার হস্ত তাহার স্থাপনকারী হইবে, ও ২২ আমার বাহু তাহাকে বলবান্ করিবে। তাহাতে কোন শত্রু তাহাকে দমন করিতে পারিবে না, এবং পাপের ২৩ সন্তান তাহাকে ক্লেশ দিতে পারিবে না। আমি তাহার সম্মুখে তাহার শত্রুগণকে প্রহার করিব, এবং ঘৃণা- ২৪ কারিগণকে আঘাত করিব। কিন্তু আমার বিশ্বস্ততা ও অনুগ্রহ তাহার সহিত থাকিবে, এবং আমার নামে ২৫ তাহার বলের বৃদ্ধি হইবে। অতএব আমি তাহার বাম হস্ত সমুদ্রে, ও দক্ষিণ হস্ত নদীতে স্থাপিত করিব। ২৬ সে প্রার্থনা করিয়া কহিবে, হে পিতঃ, তুমি আমার ২৭ ঈশ্বর ও আমার পরিত্রাণরূপ পর্ব্বত। তাহাতে আমি তাহাকে জ্যেষ্ঠাধিকার দিব ও পৃথিবীর রাজ- ২৮ গণহইতেও উচ্চপদান্বিত করিব। তাহার প্রতি আমার অনুগ্রহ সর্ব্বদা থাকিবে, এবং আমার নিয়ম ২৯ তাহাতে স্থির থাকিবে। আমি চিরকাল তাহার বংশকে রক্ষা করিব, এবং আকাশমণ্ডলের ন্যায় তাহার সিংহাসনকে চিরস্থায়ী করিব। ৩০ যদি তাহার সন্তানেরা আমার ব্যবস্থা অমান্য করে ও আমার দণ্ডনীত্যনুসারে না চলে, ৩১ এবং আমার বিধি লঙ্ঘন করে ও ৩২ আজ্ঞা না মানে, তবে অপরাধের জন্যে দণ্ডাঘাত ও পাপের জন্যে প্রহার করিব। ৩৩ তথাপি তাহাহইতে আপন অনুগ্রহ দূর করিব না, ও আপন বিশ্বস্ততার ত্রুটি করিব না। ৩৪ আপন নিয়ম লঙ্ঘন করিব না, ও ওষ্ঠাধর নিঃসৃত বাক্যের অন্যথা করিব না। ৩৫ দায়ূদের বিষয়ে মিথ্যা কহিব না, আমি আপন পবিত্রতা লইয়া এক কালেই এই শপথ করিলাম। ৩৬ তাহার বংশ চিরকাল থাকিবে ও তাহার সিংহাসন আমার সাক্ষাতে সূর্য্যের ন্যায় থাকিবে; ৩৭ এবং চন্দ্রের ও আকাশের দৃঢ় প্রমাণের † ন্যায় চিরস্থায়ী হইবে।' সেলা।

৩৮ তুমি আপনার অভিষিক্ত ব্যক্তিকে অবজ্ঞা করিয়া দূর করিলা ও ক্রোধান্বিত হইলা। ৩৯ তুমি নিজ দাসের নিয়ম ব্যর্থ করিয়া ভূমিতে তাহার মুকুট নিক্ষেপ করিলা। ৪০ এবং তাহার তাবৎ বেড়া ভগ্ন করিলা ও দুর্গ সকল ভূমিসাৎ করিলা। ৪১ তাহাতে পথিকগণ তাহার দ্রব্য লুট করাতে সে প্রতিবাসিদের নিন্দাস্পদ হইল। ৪২ তুমি তাহার বৈরিগণের দক্ষিণ হস্ত উচ্চ করিলা, ও তাহার তাবৎ শত্রুকে আনন্দিত করিলা। ৪৩ এবং তাহার খড়্গের ধার ভোঁতা করিয়া সংগ্রামে তাহাকে অস্থির করিলা। ৪৪ এবং তাহাকে অপ্রতিভ করিয়া তাহার সিংহাসন ভূমিতে নিক্ষেপ করিলা। ৪৫ এবং তাহার যৌবনাবস্থার অল্পতা করিলা ও লজ্জাতে তাহাকে আচ্ছন্ন করিলা। সেলা।

৪৬ হে পরমেশ্বর, কত কাল লুক্কায়িত থাকিবা? তোমার কোপাগ্নি কি চিরকাল প্রজ্বলিত থাকিবে? ৪৭ আমি কেমন ক্ষণিক, তাহা স্মরণ কর; তুমি মনুষ্য- ৪৮ সন্তান সকলকে কেন নিরর্থক সৃষ্ট করিলা? মৃত্যুগ্রস্ত হইবে না, এবং পরলোকের হস্তহইতে প্রাণকে মুক্ত করিতে পারিবে, এমত জীবৎ মনুষ্যই কে? সেলা। ৪৯ হে প্রভো, তুমি যাহার বিষয়ে দায়ূদের প্রতি নিজ বিশ্বস্ততাতে শপথ করিয়াছ, তোমার সেই পূর্ব্বীয় অনুগ্রহ কোথায়? ৫০ হে পরমেশ্বর, বলবান্ লোকহইতে যে অপমান, অর্থাৎ শত্রুগণের ৫১ কৃত তোমার যে অপমান, ও তোমার অভিষিক্তের পদচিহ্নের যে অপমান, তাহা আমি বক্ষঃস্থলে

---

[৯] গী ৬৫; ৪। ৯৩; ৪।।—[১০] ৭৪; ১৪। যা ১৪; ২৭,৩০। যিশ ৫১; ৯।।—[১১] গী ২৪; ১। ৫০; ১২। যিশ ৪৪; ২৪।। [১২] যুব ২৩; ৭।।—[১৪]গী ৯৭; ২।।—[১৫-১৮]৩৩; ১২। ১৪৪; ১৫।।—[১৮]যিশ ৩৩; ২২।।—[১৯-৩৭]প ৩,৪। ২ শি ৭; ১২-১৬। ১ বং ১৭, ১১-১৪।।—[২১] গী ৮০; ১৭।।—[২৫]৭২; ৮।।—[২৬] ১ বং ২২; ১০।।—[২৭]গী ২; ৭। ৪৫; ৭। ইব্রি ১; ৫।।—[২৮] প ২,৩,৩৪,৩৫।।—[২৯] প ৪। ইব্রি ১; ৮।।—[৩০-৩৩] ২ শি ৭; ১৪,১৫।।—[৩৪,৩৫]প ৩,২৮। গী ১৩২; ১১। ইব্রি ৬; ১৬-১৮।।—[৩৬,৩৭] প ৪। গী ৭২; ৭,১৭। লূ ১; ৩১-৩৩।।—[৩৭] আ ৯; ১২-১৭।।—[৩৮-৪৫] গী ৪৪; ৯-১৪। ২ রাজা ২২; ১৩। ২ বং ৩৪; ২১।।—[৪০,৪১] গী ৮০; ১২,১৩।।—[৪৬] ৭৪; ১। ৭৯; ৫।।—[৪৭] যুব ১০; ২০-২২। গী ৩৯; ৫,৬।।—[৪৮] ৪৯; ৬-১০।।—[৪৯] প ৩,৪,১৯-৩৭।।—[৫০,৫১] ৪৪; ১৪-১৬। ৬৯; ৯, ১৯। ৭৪; ২২,২৩।।

* (অর্থাৎ) মিসরকে। † (বা) ও আকাশে এক সত্য সাক্ষী হন।।

সহ্য করি; হে প্রভো, নিজ দাসগণের এই অপমান স্মরণ কর।
৫২ পরমেশ্বর চিরকাল প্রশংসিত হউন। আমেন্ ২।

৯০ গীত।

১ মনুষ্যের অসারতা ১২ ও ঈশ্বরের কাছে মঙ্গলের নিমিত্তে প্রার্থনা।

ঈশ্বরের লোক মূসার এক প্রার্থনা।

১ হে প্রভো, তুমি পুরুষানুক্রমে আমাদের আশ্রয়। ২ পর্ব্বতগণ উৎপন্ন হওনের এবং পৃথিবী ও জগৎ সৃষ্ট হওনের পূর্ব্বাবধি তুমি অনাদি ও অনন্ত ঈশ্বর। ৩ তুমি মনুষ্যগণকে মৃত্তিকাতে লীন করিয়া কহিতেছ,হে মনুষ্যসন্তানেরা, ফিরিয়া যাও। ৪ তোমার দৃষ্টিতে এক সহস্র বৎসর গত দিনের তুল্য ও রাত্রির এক প্রহরের ন্যায়। ৫ তুমি তাহাদিগকে বেগবান্ স্রোতের ন্যায় করিতেছ, তাহারা স্বপ্নবৎ ও প্রাতঃকালের প্রফুল্ল পুষ্পের ন্যায় হয়। ৬ পুষ্প প্রাতঃকালে সতেজ ও প্রফুল্ল থাকে, কিন্তু সায়ংকালে ম্লান ও শুষ্ক হয়। ৭ আমরা তোমার ক্রোধে ক্ষীণ হই, ও তোমার কোপে উদ্বিগ্ন হই। ৮ তুমি আমাদের তাবৎ অপরাধ আপন সাক্ষাতে, ও আমাদের গুপ্ত পাপ আপন মুখের দীপ্তিতে রাখিতেছ। ৯ তোমার ক্রোধে আমাদের তাবৎ দিন যাপন হয়, ও গল্পের ন্যায় আমাদের বৎসরের যাপন হয়। ১০ আমাদের আয়ুর পরিমাণ সত্তর বৎসর; বল প্রযুক্ত যদি আশী বৎসর হয়,তবে সেই দীর্ঘায়ু কেবল ক্লেশ ও দুঃখজনক হয়; সেই কাল শীঘ্র কাটিয়া আমরা উড়িয়া যাই। ১১ তোমার ক্রোধের প্রবলতা কে জানে? তোমার ভয়ঙ্করতা যেমন, তেমন তোমার ক্রোধ।

১২ যাহাতে আমাদের মন জ্ঞানেতে নিবিষ্ট হয়, আয়ুর এরূপ গণনা করিতে আমাদিগকে শিক্ষা দেও। ১৩ হে পরমেশ্বর,তুমি ফির,কত বিলম্ব করিবা? নিজ দাসের প্রতি দয়া কর। ১৪ অরায় আমাদিগকে অনুগ্রহেতে তৃপ্ত কর, তাহাতে আমরা যাবজ্জীবন আহ্লাদিত ও আনন্দিত হইব। ১৫ যত দিন আমাদিগকে দুঃখ দিলা, ও যত বৎসর আমরা বিপদ ভোগ করিলাম, তাবৎ আমাদিগকে আনন্দিত কর। ১৬ তোমার কর্ম্ম তোমার দাসগণের প্রতি, ও তোমার মহিমা তাহাদের সন্তানদের প্রতি প্রকাশিত হউক। ১৭ হে আমাদের প্রভো পরমেশ্বর, আমাদের প্রতি তোমার সৌন্দর্য্য প্রকাশিত হউক, আমাদের নিমিত্তে আমাদের হস্তকৃত কর্ম্ম সফল কর; আমাদের হস্তকৃত কর্ম্ম সফল কর।

৯১ গীত।

১ পরমেশ্বরের আশ্রিত লোকের নির্বিঘ্নতা ১৪ ও তাহার প্রতি ঈশ্বরের অনুগ্রহ।

১ যে জন সর্ব্বোপরিস্থের গুপ্তস্থাননিবাসী, সে সর্ব্বশক্তিমানের ছায়াতে বসতি করে। ২ 'আমি পরমেশ্বরকে কহি, তুমি আমার আশ্রয়স্থান ও আমার দুর্গস্বরূপ ও আমার প্রত্যাশাস্থান ঈশ্বর।' ৩ তিনি অবশ্য তোমাকে ব্যাধের ফাঁদ ও মহামারীহইতে রক্ষা করিবেন; ৪ এবং আপন পক্ষেতে তোমাকে আবৃত করিবেন, তাহাতে তুমি তাঁহার পক্ষের নীচে আশ্রয় পাইবা, ও তাঁহার সত্যতা তোমার ঢাল ও আবরণস্বরূপ হইবে। ৫ এবং রাত্রিকালের ভয়ানক বিষয় ও দিবসের নিক্ষিপ্ত বাণ, ৬ এবং অন্ধকারগামি মারী ও মধ্যাহ্নের সাংঘাতিক রোগ, এই সকলহইতে তোমার ভয় থাকিবে না। ৭ এবং তোমার পার্শ্বে সহস্র লোক, ও দক্ষিণ পার্শ্বে অযুত লোক পতিত হইবে; কিন্তু সে বিপদ তোমার নিকটে আসিবে না। ৮ তুমি কেবল নিজ চক্ষুতে নিরীক্ষণ করিয়া পাপিদের প্রতিফল দেখিবা। ৯ আমার আশ্রয় পরমেশ্বরকে অর্থাৎ সর্ব্বোপরিস্থকে আপনার বাসস্থান করিতেছ। ১০ এই জন্যে তোমার প্রতি কোন বিপদ ঘটিবে না, ও কোন মারী তোমার তাম্বুর নিকটে আসিবে না। ১১ তিনি তোমাকে তাবৎ পথে রক্ষা করিতে আপন দূতগণকে আজ্ঞা দিবেন। ১২ তাহাতে তোমার চরণে যেন প্রস্তরাঘাত না লাগে, এ কারণ তাহারা তোমাকে হস্তে ধরিয়া রাখিবে। ১৩ এবং তুমি সিংহ ও সর্পের উপর দিয়া গমন করিবা, এবং যুব সিংহ ও বৃহৎ সর্পকে দলিবা।

১৪ 'এই ব্যক্তি আমাকে প্রেম করে,এই জন্যে আমি তাহাকে উদ্ধার করিব;এবং সে আমার নাম জ্ঞাত আছে, এই জন্যে আমি তাহাকে উচ্চপদান্বিত করিব। ১৫ আমার নামে প্রার্থনা করিলে আমি তাহাকে উত্তর দিব, এবং দুঃখের সময়ে আমি তাহার সহায় হইয়া তাহার নিস্তার ও গৌরব করিব। ১৬ এবং দীর্ঘায়ুর্দ্বারা তাহাকে তৃপ্ত করিয়া আমার কৃত পরিত্রাণ দর্শন করাইব।'

৯২ গীত।

১ ঈশ্বরের গুণানুবাদ ৬ ও পাপিদের দুঃখ ১২ ও পুণ্যবানদের সুখ।

বিশ্রামদিনের এই গীত ও গান।

১ পরমেশ্বরের প্রশংসা করা উত্তম; হে সর্ব্বোপরিস্থ, ২ তোমার নামে গান করা এবং দশতন্ত্রীতে ও নেবল ৩ যন্ত্রে ও গম্ভীরস্বর বীণাতে প্রাতঃকালে তোমার অনু-

[৯০ গীত; ১] দ্বি ৩৩; ২৭।।—[২] গী ১০২; ১২,২৪-২৭।।—[৩] আ ৩; ১৯।।—[৪] ২ পি ৩; ৮।।—[৫,৬] যূব ১৪; ২। গী ১০৩; ১৫,১৬। যিশ ৪০: ৬-৮। য ৬; ৩০।।—[৭-৯] গা ১৮; ৩২,৩৩।১০৬; ২৪-২৯।।—[১০] যূব ৫; ৬,৭। ১৪; ১-১২। গী ৩৯; ৫,৬।।—[১২] ৩৯; ৪।।—[১৩] দ্বি ৯; ২৬-২৯।।—[১৪] গী ৭১; ২০।।—[১৬,১৭] ১০২; ২৭,২৮।।
[৯১ গীত] যূব ৫; ১৯-২৭।।—[১] গী ২৭; ৫। ৩১; ২০।।—[২] ২৭; ৪। ৩২; ৭। ১৪২; ৫।।—[৩] ১২৪; ৭।।
[৮] ৩৭; ৩৪।।—[৯] প ১।।—[১১,১২] ৩৪; ৭। ম ৪; ৬। লূ ৪; ১০,১১।।—[১৫] গী ৫০; ১৫। যিশ ৪৩; ২।।
[৯২ গীত; ১-৩] গীত ৩৩; ২। ১৪৭; ১।।

গৃহের ও রাত্রিকালে তোমার সত্যতার প্রকাশ করা
৪ উত্তম। হে পরমেশ্বর, তুমি আপন কর্ম্মদ্বারা আমাকে সন্তুষ্ট করিতেছ ; তোমার হস্তকৃত কর্ম্মেতে আমি বড়
৫ আহ্লাদিত হইতেছি। হে পরমেশ্বর, তোমার কর্ম্ম কেমন মহৎ ! তোমার কল্পনা সকলি অতি গভীর।
৬ পাপিগণ তৃণের ন্যায় বৃদ্ধি পাইলে ও দুষ্কর্ম্মকারি সকল প্রফুল্ল হইলে পর সদা তাহাদের বিনাশ
৭ হইবে ; ইহা পশুবৎ লোকেরা বুঝে না, ও অজ্ঞানেরা
৮ বিবেচনা করে না। হে পরমেশ্বর, তুমি চিরকাল
৯ উন্নত। হে পরমেশ্বর, দেখ, তোমার শত্রু, তোমার তাবৎ শত্রু বিনষ্ট হইবে, ও তাবৎ কুকর্ম্মকারী ছিন্ন-
১০ ভিন্ন হইবে। কিন্তু তুমি গণ্ডারের শৃঙ্গবৎ আমার শৃঙ্গ উচ্চ করিবা, আমি সদ্যোজাত তৈলে অভিষিক্ত
১১ হইব। তাহাতে আমার চক্ষু শত্রুর বিপদ অবলোকন করিবে, ও আমার কর্ণ আমার বিপক্ষ দুষ্টগণের বিনাশের কথা শ্রবণ করিবে।
১২ পুণ্যবান লোক তালবৃক্ষের ন্যায় প্রফুল্ল হইবে, ও লিবানোনের এরস্ বৃক্ষের ন্যায় বৃদ্ধি পাইবে।
১৩ এবং পরমেশ্বরের গৃহে রোপিত হইবে, ও আমাদের
১৪ ঈশ্বরের প্রাঙ্গণে প্রফুল্ল হইবে। এবং আমাদের পর্ব্বতস্বরূপ পরমেশ্বর অতি যথার্থ, তাঁহার মধ্যে
১৫ কোন অযাথার্থ্য নাই, ইহা প্রকাশ করণার্থে তাহারা প্রাচীনাবস্থাতে ফলবান ও সরস ও তেজস্বী হইবে।

৯৩ গীত।

ঈশ্বরীয় রাজ্যের সৌন্দর্য্য ও সুখের বর্ণনা।

১ পরমেশ্বর মহামহিমাতে বস্ত্রান্বিত হইয়া কর্তৃত্ব করেন, ও পরমেশ্বর পরাক্রমে বস্ত্রান্বিত ও কটিবদ্ধ হন ; ও পৃথিবী এমত স্থাপিত আছে, যে সে বিচলিত
২ হয় না। হে পরমেশ্বর, তুমি অনাদি ও তোমার সিং-
৩ হাসন আদিকালাবধি স্থাপিত আছে। নদী কল্লোলধ্বনি, নদী কল্লোলধ্বনি করিতেছে, ও নদী প্রবল তরঙ্গ
৪ তুলিতেছে। কিন্তু জলসমূহের গর্জ্জন ও বলবান্ তরঙ্গ অপেক্ষাও উপরিস্থ পরমেশ্বর অধিক বলবান্।
৫ তোমার সপ্রমাণ বাক্য অতি সত্য ; হে পরমেশ্বর, ধর্ম্ম সর্ব্বদাই তোমার গৃহের শোভা হইতেছে।

৯৪ গীত।

১ পাপি লোকদের বিরুদ্ধে প্রার্থনা ৮ ও তাহাদের প্রতি অনুযোগ ১৬ ও ধার্ম্মিকদের সুখের বর্ণনা।

১ হে প্রতিফলদাতা প্রভো পরমেশ্বর, হে উচিত ফলদায়ি
২ ঈশ্বর, দীপ্তি প্রকাশ কর। হে জগতের বিচারাধ্যক্ষ,
৩ উঠিয়া অহঙ্কারিদিগকে প্রতিফল দেও। হে পরমেশ্বর, পাপিগণ কত কাল, পাপিগণ কত কাল দম্ভ করিবে?
৪ কুকর্ম্মকারি সকল কত কাল অহংকার বাক্যের
৫ উচ্চারণ ও প্রকাশ করিয়া আত্মশ্লাঘা করিবে ? হে পরমেশ্বর, তাহারা তোমার লোকদিগকে চূর্ণ করে, ও
৬ তোমার প্রজাদিগকে ক্লেশ দেয় ; এবং বিধবাগণকে ও বিদেশনিবাসিদিগকে বধ করে, ও পিতৃহীন-
৭ দিগকে হত্যা করিয়া বলে, পরমেশ্বর ইহা দেখিতে পান না, এবং যাকুবের ঈশ্বর বিবেচনা করেন না।
৮ হে লোকদের মধ্যে মূঢ়গণ, তোমরা বুদ্ধিমান
৯ হও ; হে অজ্ঞানেরা, কখন্ জ্ঞানবান্ হইবা ? যিনি কর্ণের সৃষ্টিকর্ত্তা, তিনি কি শুনেন না ? এবং যিনি
১০ চক্ষুর নির্ম্মাণকর্ত্তা, তিনি কি দেখেন না ? এবং যিনি তাবদ্দেশীয়কে শাস্তি দেন ও তাবৎ মনুষ্যকে জ্ঞান
১১ বুঝাইয়া দেন, তিনি কি শাসন করেন না ? মনুষ্যের কল্পনা যে অনর্থক, তাহা পরমেশ্বর জ্ঞাত আছেন।
১২ হে পরমেশ্বর, তুমি যাহাকে শাসন কর এবং আপন
১৩ শাস্ত্র বুঝাইয়া দেও, সে ধন্য। কেননা পাপিদের নিমিত্তে যাবৎ কবর খনিত না হইবে, তাবৎ তুমি
১৪ তাহাকে বিপদসময়ে বিশ্রাম দিবা। পরমেশ্বর আপন লোকদিগকে ছাড়িয়া দিবেন না, ও আপন
১৫ অধিকার ত্যাগ করিবেন না। অবশ্য ধর্ম্মের পক্ষে দণ্ড ফিরিবে, ও সরলান্তঃকরণ লোকেরা তাহার পশ্চাদ্‌গামী হইবে।
১৬ আমার নিমিত্তে দুষ্টগণের প্রতিকূলে কে উঠিবে ? ও আমার নিমিত্তে কুকর্ম্মকারিদের বিপক্ষে কে
১৭ দণ্ডায়মান হইবে ? পরমেশ্বর যদি আমার উপকারী না হইতেন, তবে আমার প্রাণ নীরব স্থানে থাকিত।
১৮ হে পরমেশ্বর, আমার চরণ বিচলিত হয়, এ কথা কহিলে তোমার অনুগ্রহ আমাকে স্থির রাখে।
১৯ আমার মনের মধ্যে নানা ভাবনা উপস্থিত হইলে
২০ তোমার সান্ত্বনাতে আমার মন আহ্লাদিত হয়। ব্যবস্থার লংঘনদ্বারা ক্লেশজনক পাপরূপ সিংহাসনের
২১ সহিত তোমার কি কোন সম্পর্ক আছে ? তাহারা ধার্ম্মিকদের প্রাণের প্রতি আক্রমণ করিয়া নির্দ্দোষ
২২ ব্যক্তিকে রক্তপাতের দোষ দেয়। কিন্তু পরমেশ্বর

---

[৫] ৪০ ; ৫। ১০৪ ; ২৪। ১৩৯ ; ১৭। রো ১১ ; ৩৩,৩৪॥—[৬] যূব ৮ ; ৮-১৯। গী ৩৭ ; ১,২,৩৫,৩৬। ৭৩ ; ১৭-২০॥
[৮] ৮৩ ; ১৮॥—[৯] ১ ; ৪,৫। ৭৩ ; ২৭॥—[১০] গী ২৩ ; ২২। ২৪ ; ৮। গী ২৩ ; ৫॥—[১১] ৫৪ ; ৭। ১১২ ; ৮॥
[১২] ৫২ ; ৮। যিশ ৬১ : ৩॥—[১৪] গী ১ ; ৩॥—[১৫] দ্বি ৩২ ; ৪॥
[৯৩ গীত] প্র ১১ ; ১৫-১৯॥—[১] গী ৯৬ ; ১০। ৯৭ ; ১। ৯৯ ; ১। ১০৪ ; ১। প্র ১৯ ; ৬॥—[২] গী ৪৫ ; ৬। ৯০ ; ১,২॥
[৩,৪] ৪৬ ; ২,৩,৬। ৬৫ ; ৭। ৮৯ ; ৯॥—[৫] য ২৪ ; ৩৫। গী ২৪ ; ৩-৬। প্র ২২ ; ১৪,১৫॥
[৯৪ গীত] দ্বি ৩২ ; ৩৫,৩৬,৪০-৪৩। প্র ৬ ; ৯-১১॥—[১] দ্বি ৩২ ; ৩৫,৪১। রো ১২ ; ১৯॥—[৭] গী ১০ ; ১১,১৩॥
[৯] ৩৩ ; ১৫॥—[১০] যূব ৩৫ ; ১০,১১॥—[১১] ১ ক ৩ ; ২০॥—[১২,১৩] যূব ৫ ; ১৭। হি ৩ ; ১১,১২। ১ ক ১১ ; ৩২।
ইব্রি ১২ ; ৫-১১॥—[১৪] ১ শি ১২ ; ২২। রো ১১ ; ১,২,২৫-৩২॥—[১৬] যিশ ৬৩ ; ৪-৬॥—[১৭] গী ১২৪ ; ১-৩॥
[১৯] ২ ক ১ ; ৩-৫॥—[২০] প্র ১৮ ; ৫,৫।

আমার উচ্চদুর্গ, ও ঈশ্বর আমার আশ্রয় পর্ব্বত-
২৩ স্বরূপ। তিনি তাহাদের পাপের দণ্ড দিয়া তাহাদের
দুষ্টতাতে তাহাদিগকে উচ্ছিন্ন করিবেন, আমাদের
প্রভু পরমেশ্বর তাহাদিগকে উচ্ছিন্ন করিবেন।

৯৫ গীত।

১ ঈশ্বরের প্রশংসা করিতে বিনতি ৬ ও অনাজ্ঞাবহনের দণ্ড।

১ আইস, আমরা পরমেশ্বরের উদ্দেশে আনন্দধ্বনি
করি, ও আমাদের ত্রাণরূপ পর্ব্বতের উদ্দেশে আনন্দ-
২ গান করি। আমরা তাঁহার ধন্যবাদ করিয়া তাঁহার
সম্মুখে গমন করি, এবং তাঁহার উদ্দেশে গীতদ্বারা
৩ আনন্দধ্বনি করি। কেননা পরমেশ্বর মহান্ ঈশ্বর, ও
৪ তাবৎ দেবতার উপরে মহারাজ। পৃথিবীর তাবৎ
নীচস্থান তাঁহার হস্তগত, এবং পর্ব্বতের তাবৎ উচ্চ-
৫ স্থান তাঁহার অধিকার। এবং সমুদ্র তাঁহার, তিনি
তাহার সৃষ্টি করিলেন, ও তাঁহার হস্ত শুষ্ক ভূমি
নির্ম্মাণ করিল।

৬ আইস, আমরা সৃষ্টিকর্ত্তা পরমেশ্বরকে প্রণাম করি,
৭ ও হাঁটু পাতিয়া তাঁহার ভজনা করি। কেননা তিনি
আমাদের ঈশ্বর ও আমরা তাঁহার হস্তগত লোক ও
৮ ক্ষেত্রের মেষস্বরূপ *। অদ্য তোমরা যদি তাঁহার কথা
শুনিতে ইচ্ছা কর, তবে যেমন মিরীবা (বিবাদের) স্থানে
ও প্রান্তরের মধ্যে মসার (পরীক্ষার) দিবসে, তেমনি
৯ আপন২ অন্তঃকরণ কঠিন করিও না। কেননা তো-
মাদের পূর্ব্বপুরুষ আমার বিষয়ে বিচার করিয়া
আমার কর্ম্ম দেখিলেও আমার পরীক্ষা লইল।
১০ আমি চল্লিশ বৎসর পর্য্যন্ত সেই বংশের প্রতি বিরক্ত
হইয়া কহিলাম, এই লোকেরা অন্তঃকরণে ভ্রান্ত
১১ হইয়া আমার পথ চিনে না। এই কারণ আমি
ক্রোধে এই শপথ করিলাম, তাহারা আমার বিশ্রামে
বিশ্রান্ত হইবে না।

৯৬ গীত।

মহিমার ও কর্ত্তৃত্বের ও শাসনের নিমিত্তে পরমেশ্বরের
ধন্যবাদ করিতে বিনতি।

১ পরমেশ্বরের উদ্দেশে নূতন গীত গান কর; হে পৃথি-
বীস্থ লোক সকল, পরমেশ্বরের উদ্দেশে গান কর।
২ পরমেশ্বরের উদ্দেশে গান কর ও তাঁহার নামের
ধন্যবাদ কর ও তাঁহার কৃত পরিত্রাণ দিনে২ প্রকাশ
৩ কর; এবং অন্যদেশীয়দের মধ্যে তাঁহার গৌরবের,
ও তাবৎ লোকের নিকটে তাঁহার আশ্চর্য্য ক্রিয়ার
৪ বর্ণনা কর। পরমেশ্বর মহান্ ও অতি প্রশংসনীয় ও
৫ তাবদ্দেবতা অপেক্ষা ভয়ার্হ। অন্য দেশীয়দের
দেবতা সকল নগণ্যের মধ্যে, কিন্তু পরমেশ্বর আ-
৬ কাশের সৃষ্টিকর্ত্তা, এবং প্রশংসা ও সমাদর তাঁহার
অগ্রবর্ত্তী, ও তাঁহার ধর্ম্মধামে শক্তি ও সৌন্দর্য্য থাকে।
৭ হে মনুষ্যসন্তানবর্গ, তোমরা পরমেশ্বরের প্রশংসা
কর, ও পরমেশ্বরের মহিমা ও পরাক্রমের প্রশংসা
৮ কর; এবং পরমেশ্বরের নামের মহিমার প্রশংসা
কর, ও নৈবেদ্য সঙ্গে লইয়া তাঁহার প্রাঙ্গণে গমন
৯ কর। হে পৃথিবীস্থ লোক সকল, পবিত্র আদরেতে †
পরমেশ্বরকে প্রণাম কর, ও তাঁহার সাক্ষাতে ভীত হও,
১০ এবং 'পরমেশ্বর রাজত্ব করেন,' এ কথা দেশীয়-
দিগকে বল; তিনি এমন রূপে জগতের স্থিতি করেন,
যে সে কদাচ বিচলিত হইবে না; তিনি যথার্থরূপে
১১ লোকদের বিচার করেন। অতএব স্বর্গীয় লোকেরা
আনন্দ করুক, ও পৃথিবীস্থ লোকেরা উল্লাসিত হউক;
১২ এবং সমুদ্র ও তন্মধ্যস্থ সকল গর্জ্জন করুক। এবং
ক্ষেত্র ও ক্ষেত্রস্থিত সকল আহ্লাদিত হউক, ও বনস্থ
১৩ বৃক্ষগণ পরমেশ্বরের সাক্ষাতে উচ্চধ্বনি করুক। তিনি
আসিতেছেন ও, পৃথিবীর বিচার করিতে আসিতে-
ছেন; তিনি ন্যায়েতে জগতের ও সত্যতাতে আপন
লোকদের বিচার করিবেন।

৯৭ গীত।

ঈশ্বরের প্রশংসা ও ধার্ম্মিকদের সুখের বর্ণনা।

১ 'পরমেশ্বর রাজত্ব করেন, অতএব পৃথিবীস্থ লোকেরা
উল্লাসিত হউক, ও উপদ্বীপস্থ সমূহলোক ‡ আনন্দিত
২ হউক। মেঘ ও অন্ধকার তাঁহার চতুর্দ্দিগে থাকে, ধর্ম্ম
ও সুবিচারের দ্বারা তাঁহার সিংহাসনের স্থিতি হয়।
৩ চতুর্দ্দিগস্থ বৈরিগণদগ্ধকারি অগ্নি তাঁহার অগ্রে আছে।
৪ তাঁহার বিদ্যুৎ জগৎকে দীপ্তিমান্ করে, তাহা দেখিয়া
৫ পৃথিবী কম্পান্বিত হয়। পরমেশ্বরের সাক্ষাতে, অর্থাৎ
তাবৎ পৃথিবীর প্রভুর সাক্ষাতে পর্ব্বতগণ লাক্ষার ন্যায়
৬ গলিত হয়। আকাশমণ্ডল তাঁহার ধর্ম্ম প্রকাশ করে, ও
৭ তাবৎ লোক তাঁহার মহিমা দেখে। যে সকল লোক
প্রতিমা পূজা করে ও পুত্তলিকাতে শ্লাঘা করে, তাহারা
লজ্জিত হইবে; হে ঈশ্বরের দূত‖ সকল, তোমরা
৮ তাঁহাকে প্রণাম কর।' এই কথা শুনিয়া সিয়োন্

---

[২২] গী ৫৯; ৯,১০। ৬২; ২,৬॥—[২৩] ৭; ১৬। হি ৫; ২২। প্র ১৬; ৫-৭॥

[৯৫ গীত] দ্বি ৩২; ৪০। গী ১০০॥—[৩] ৯৬; ৪। ৯৭; ৯। ১৩৫; ৫॥—[৪,৫] ৮৯; ৮-১২॥—[৭] ১০০; ৩॥—[৮] যা ১৭; ৭॥—[৮-১১] ইব্র ৩; ৭-১৪। ৪; ১-১১॥—[৯-১১] গ ১৪; ২০-৩৯। গী ৭৮; ১৩-৪২। আম ৫; ২৫-২৭॥

[৯৬ গীত] ১ বং ১৬; ২৩-৩৩॥—[১] গী ৩৩; ৩। ৯৮, ৪॥—[২,৩] গী ২২; ৩০,৩১॥—[৪] ৯৫; ৩। ৯৭; ৯। ১৪৫; ৩॥—[৫] যির ১০; ২-১৬। গী ১১৫॥—[৬] ৮৯; ১৪। ৯৭; ২॥—[৭] ২৯; ১,২॥—[৯] ২৯; ২। ১১০; ৩॥—[১০] প ১১। ৩৭; ৪। ৯৩; ১। ৯৭; ১। ৯৮; ৯। প্র ১১; ১৫-১৯॥—[১১-১৩] গী ৯৮; ৭-৯॥—[১১] ৬৯; ৩৪॥—[১২] যিশ ৫৫; ১২॥—[১৩] প ১০॥

[৯৭ গীত] ইব্র ১; ৬॥—[১] গী ৯৬; ১০। প্র ১১; ১৫-১৯॥—[২-৬] যা ১৯; ১৬,১৮। হ ৩; ৩-৬। গী ৫০; ১-৬। দা ৭; ৯,১০। ২ থি ১; ৬-১০। ২ পি ৩; ১০-১৩॥—[২] গী ৯৬; ৬। ৮৯; ১১॥—[৭] যিশ ২; ১৬-২১। ইব্র ১; ৬॥—[৮] প্র ১৯; ১-৯॥

(ইব্র) তাঁহার হস্তগত মেষ ও ক্ষেত্রের লোক। † (বা) সুন্দর ধর্ম্মধামে। ‡ (বা) মহোপদ্বীপের। ‖ (ইব্র) দেবতা।

আনন্দিত হয়; হে পরমেশ্বর, যিহূদার নগরস্থ লোকেরা তোমার দণ্ডাজ্ঞার নিমিত্তে আনন্দিত হয়। ৯ হে পরমেশ্বর, তুমি তাবৎ পৃথিবীর উপরিস্থ ও সকল ১০ দেবতাহইতে অতি উচ্চপদান্বিত। হে পরমেশ্বরের প্রেমকারিগণ, তোমরা মন্দকে ঘৃণা কর; তিনি আপন পুণ্যবান্ লোকদের প্রাণ রক্ষা করেন, ও পাপিগণের হস্তহইতে তাহাদিগকে উদ্ধার করেন। ১১ ধার্ম্মিক লোকদের নিমিত্তে দীপ্তি ও সরলান্তঃকরণ ১২ লোকদের নিমিত্তে আনন্দ সঞ্চিত আছে। হে ধার্ম্মিকগণ, পরমেশ্বরেতে আনন্দিত হও, ও তাঁহার ধর্ম্ম স্মরণ করিয়া প্রশংসা কর।

৯৮ গীত।

পরমেশ্বরের প্রশংসা করিতে সকলের প্রতি বিনতি।

১ পরমেশ্বরের উদ্দেশে নূতন গীত গান কর, কেননা তিনি আশ্চর্য্য কর্ম্ম করিয়াছেন, এবং তাঁহার দক্ষিণ হস্ত ও ধর্ম্মরূপ বাহুদ্বারা পরিত্রাণের সিদ্ধি হইয়াছে। ২ এবং পরমেশ্বর আপনার কৃত পরিত্রাণ জানাইয়াছেন; অন্যদেশীয়দের নিকটে আপন ধর্ম্ম প্রকাশ ৩ করিয়াছেন। এবং ইস্রায়েল্ বংশের প্রতি আপনার যে অনুগ্রহ ও সত্যতা, তাহা স্মরণ করাইয়াছেন; এবং পৃথিবীর আদ্যোপান্তস্থিত লোকেরা আমাদের ৪ ঈশ্বরের কৃত পরিত্রাণ দেখিয়াছে। হে পৃথিবীস্থ লোক সকল, পরমেশ্বরের উদ্দেশে জয়ধ্বনি কর ও আনন্দধ্বনি কর ও উচ্চৈঃস্বর কর ও গান কর; ৫ এবং পরমেশ্বরের উদ্দেশে বীণাতে ও বীণার সহিত ৬ স্বরেতে গান কর। এবং তূরী ও ভেরী বাজাইয়া ৭ রাজা পরমেশ্বরের সাক্ষাতে জয়ধ্বনি কর। এবং সমুদ্র ও তন্নিবাসি সমূহ এবং জগৎ ও তন্নিবাসিগণ ৮ গর্জ্জন করুক; এবং নদীগণ করতালী দিউক, ও পর্ব্বত- ৯ গণ পরমেশ্বরের সাক্ষাতে উচ্চধ্বনি করুক। কেননা তিনি পৃথিবীতে বিচার করিতে আসিতেছেন; ন্যায়েতে জগতের ও যাথার্থ্যে লোকদের বিচার করিবেন।

৯৯ গীত।

আশ্চর্য্য কর্ম্মকারি ও প্রার্থনা শ্রবণকারি ঈশ্বরের প্রশংসা।

১ পরমেশ্বর রাজত্ব করেন, তাহাতে লোকেরা কম্পিত হউক; এবং তিনি কিরূব্‌গণের মধ্যে অধিষ্ঠান ২ করেন, তাহাতে পৃথিবীস্থ লোক নত হউক *। পরমেশ্বর সিয়োনে মহান্ ও তাবৎ লোকদের উপরে ৩ উচ্চপদান্বিত হন। তাহারা তোমার মহৎ ও ভয়ার্হ ও ৪ পবিত্র নামের প্রশংসা করুক। এবং যে রাজা সুবিচারে প্রেম করেন, তাঁহার পরাক্রমের প্রশংসা করুক; তুমি সকল ন্যায় স্থির করিয়াছ, এবং যাকুবের বংশের মধ্যে সুবিচার ও ধর্ম্ম স্থাপন করিয়াছ। ৫ আমাদের প্রভু পরমেশ্বরের প্রতিষ্ঠা কর ও তাঁহার ৬ পাদপীঠে প্রণাম কর; তিনি পবিত্রময়। তাঁহার যাজকদের মধ্যে যে মূসা ও হারোণ্, এবং তাঁহার নামে প্রার্থনাকারিদের মধ্যে যে শিমূয়েল্, ইহারা পরমেশ্বরের কাছে প্রার্থনা করিলে তিনি তাহাদিগকে ৭ উত্তর দিলেন। এবং মেঘরূপ স্তম্ভে থাকিয়া তাহাদের সহিত কথা কহিলেন; এবং তাহাদিগকে যে সপ্রমাণ বাক্য ও বিধি দিলেন, তাহা তাহারা পালন ৮ করিল। হে আমাদের প্রভো পরমেশ্বর, তুমি তাহাদিগকে উত্তর দিয়াছ; যদ্যপি তাহাদের কুকর্ম্মের নিমিত্তে তাহাদিগকে শাস্তি দিয়াছ, তথাপি তাহাদের ৯ প্রতি সদয় ঈশ্বর হইয়াছ। অতএব আমাদের প্রভু পরমেশ্বরের প্রতিষ্ঠা কর, এবং তাঁহার পবিত্র পর্ব্বতে প্রণাম কর, কেননা আমাদের প্রভু পরমেশ্বর পবিত্রময়।

১০০ গীত।

মহিমা ও পরাক্রম ও অনুগ্রহের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা।

প্রশংসার গীত।

১ হে পৃথিবীস্থ লোক সকল †, তোমরা পরমেশ্বরের ২ উদ্দেশে জয়ধ্বনি কর; এবং আনন্দিত হইয়া পরমেশ্বরের আরাধনা কর, ও উচ্চৈঃস্বর করিতে২ তাঁ- ৩ হার সম্মুখে গমন কর। এবং পরমেশ্বর সত্য ঈশ্বর, আমাদিগকে সৃষ্টি করণ আমাদের কর্ম্ম নয়, কেবল তাঁহারই কর্ম্ম; আমরা তাঁহার লোক ও ক্ষেত্রের মেষ- ৪ স্বরূপ, ইহা জ্ঞাত হও। এবং প্রশংসাতে তাঁহার দ্বারে ও ধন্যবাদেতে তাঁহার প্রাঙ্গণে প্রবেশ কর, ও তাঁহার প্রশংসা কর ও তাঁহার নামের গুণানুবাদ ৫ কর। কেননা পরমেশ্বর মঙ্গলদাতা, এবং তাঁহার অনুগ্রহ নিত্য ও তাঁহার সত্যতা পুরুষানুক্রমে স্থায়ী।

১০১ গীত।

দায়ূদের মানসী ও প্রতিজ্ঞা।

---

[৯] গী ৮৩; ১৮। ৯৫; ৩। ৯৬; ৪,৫ ॥—[১০] রো ১২; ৯। ২ পি ২; ৯। গী ৩৭; ৩৯,৪০ ॥—[১১] ১১২; ৪। হি ৪; ১৮। প্র ২১; ২৩,২৪ ॥—[১২] গী ৩০; ৪। ৩২; ১১। ফিল ৪; ৪ ॥

[৯৮ গীত; ১-৩] যিশ ৫২; ১০ ॥—[১]গী ৯৬; ১। ১১৮; ১৫,১৬। প্র ১৫; ৩,৪ ॥—[২]রো ১৫; ৮-১২ ॥—[৩]যিশ ৪৪; ২৩। লূ ১; ৫৪,৫৫॥—[৪] গী ৯৫; ১। ১০০; ১॥—[৫,৬] ৮১; ১-৪। ৯২; ১-৩ ।—[৭-৯] ৯৬; ১১-১৩॥

[৯৯ গীত; ১] গী ৯৩; ১। যা ২৫; ২২। যিশ ২; ১০-২১॥—[২] ইব্র ১২; ২২-২৪ ॥—[৩] প্র ১৫; ৩,৪॥—[৪]গী ৪৫; ৬,৭। ২ শি ২৩; ৩॥—[৫] প ৯। যিশ ৬; ৩॥—[৬] প্র ১; ৬। ৭; ১৫। যা ৮; ৮-১৩। ১৭; ১১। গী ১০৬; ২৩। ১ শি ৭; ৯,১০ ॥—[৭] যা ৩৩; ৯-১১ ॥—[৮] যা ৩৪; ৬,৭ ॥—[৯] প ৫ ॥

[১০০ গীত] দ্বি ৩২; ৪৩। গী ৯৫ ॥—[১] ৯৮; ৪ ॥—[৩] ৯৫; ৭। ১১৯; ৭৩। ১ ক ১; ৩০,৩১। ইফ ২; ৮-১০ ॥ [৪] যিশ ৬৬; ২৩॥—[৫] গী ১১৭; ৮। ১৩২ ॥

* (ইব্র) টলে ।‡ † (ইব্র) সমস্ত পৃথিবী বা দেশ।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, আমি অনুগ্রহের ও দণ্ডের বিষয়ে গান ২ করিব ও তোমার উদ্দেশে গান করিব। আমি সাবধান হইয়া সরল পথে গমন করিব; কিন্তু তুমি কোন্ সময়ে আমার নিকটে আগমন করিবা? আমি গৃহে ৩ থাকিয়া সরলভাবে আচরণ করিব; এবং কোন মন্দ কথা* আপনার মুখে রাখিব না, ও বিপথগামির ৪ কর্ম্ম ঘৃণা করিয়া তাহার সঙ্গ পরিত্যাগ করিব। তাহাতে কুটিলান্তঃকরণ লোক আমার নিকটহইতে দূরে গমন করিবে, ও আমি দুষ্ট লোকের পরিচয় লইব ৫ না। যে জন পরোক্ষে নিজ প্রতিবাসির গ্লানি করে, আমি তাহাকে উচ্ছিন্ন করিব; যাহার সাহঙ্কার দৃষ্টি ও সাহঙ্কার মন, তাহার ব্যবহার সহ্য করিব না। ৬ দেশীয় বিশ্বস্ত লোক যেন আমার সহিত বাস করে, তন্নিমিত্তে তাহার প্রতি আমার দৃষ্টি থাকিবে; যে জন সরল পথাবলম্বী, সে আমার সেবা করিবে। ৭ কিন্তু প্রবঞ্চনাকারী আমার গৃহে বাস করিতে পাইবে না, এবং মিথ্যাবাদী আমার সাক্ষাতে থাকিতে† ৮ পাইবে না। আমি পরমেশ্বরের নগরহইতে কুকর্ম্মকারিকে ছিন্নভিন্ন করিবার নিমিত্তে দেশস্থ পাপিলোকদিগকে ত্বরায়‡ উচ্ছিন্ন করিব।

১০২ গীত।

পরমেশ্বরের কাছে বিনয়কারি ও বিপদগ্রস্ত দুঃখি লোকের নিবেদন।

১ হে পরমেশ্বর, আমার প্রার্থনা শুন, ও আমার নিবে- ২ দন তোমার কর্ণগোচর হউক। বিপদকালে আমাহইতে আপন মুখ আচ্ছাদন করিও না, আমার নিবেদনের প্রতি কর্ণপাত কর, ও আমার প্রার্থনা ৩ করণ সময়ে ত্বরায় আমাকে উত্তর দেও। কেননা আমার দিন সকল ধূমের ন্যায় ক্ষয় পায়, ও আ- ৪ মার অস্থি সকল দগ্ধ কাষ্ঠের ন্যায় দগ্ধ হয়। এবং আমার অন্তঃকরণ তৃণের ন্যায় ছিন্ন ও শুষ্ক হওয়াতে ৫ আমি ভোজন করিতে বিস্মৃত হই। এবং হাহাকার ৬ করাতে আমার অস্থি চর্ম্ম বিদ্ধ করে। আমি বনস্থ হাড়গিলার তুল্য ও উচ্ছিন্ন স্থানের পেচকের ন্যায় ৭ হই। এবং ছাতের উপরিস্থ সঙ্গিহীন চটকের ন্যায় ৮ হইয়া জাগৃত থাকি। আমার শত্রুগণ তাবৎ দিন আমাকে নিন্দা করে, ও আমার বিরুদ্ধে ক্রোধান্ধ লোকেরা আমার প্রতিকূলে শপথ করে। তোমার ৯ প্রচণ্ড ক্রোধ ও কোপ প্রযুক্ত আমি অন্নের ন্যায় ভস্ম ভক্ষণ করি, এবং পানীয়ের ন্যায় চক্ষুর জল পান ১০ করি; তুমি আমাকে উচ্চপদ দিয়াও নীচপদস্থ করিতেছ। অপরাহ্ণের ছায়ার ন্যায় আমার দিন যায়, ১১ আমি তৃণের ন্যায় শুষ্ক হই।

হে পরমেশ্বর, তুমি নিত্যস্থায়ী, ও তোমার স্মরণ ১২ পুরুষানুক্রমে স্থায়ি। তুমি উঠিয়া সিয়োনের প্রতি ১৩ অনুগ্রহ করিবা, তাহার অনুগ্রহ করণের সময় অর্থাৎ নিরূপিত সময় উপস্থিত হইতেছে। যেহেতুক তোমার ১৪ সেবকগণ তাহার প্রস্তরেতে তুষ্ট হইতেছে ও তাহার ধূলাতে অনুগ্রহ করিতেছে। তাহাতে অন্যদেশীয়েরা ১৫ পরমেশ্বরের নামে ও পৃথিবীর তাবৎ রাজা তাঁহার মহিমাতে ভীত হইবে। কেননা পরমেশ্বর সিয়োন্ ১৬ গাঁথনের সময়ে আপন মহিমাতে দর্শন দিবেন; এবং দীনহীনদিগের প্রার্থনা গ্রাহ্য করিবেন ও সেই ১৭ প্রার্থনা তুচ্ছ করিবেন না। ভাবিলোকদের নিমিত্তে ১৮ এই লিখিত হয়; যে লোকেরা সৃষ্ট হইবে, তাহারা পরমেশ্বরের গুণানুবাদ করিবে। কেননা বন্দিলোক- ১৯ দের হাহাকার শ্রবণার্থে এবং আসন্নমৃত্যুদিগের‖ মুক্তি করণার্থে পরমেশ্বর আপন উচ্চ ধর্ম্মধামহইতে ২০ অর্থাৎ স্বর্গহইতে অবলোকন করিয়া পৃথিবীতে দৃষ্টি করিবেন। তাহাতে পরমেশ্বরের সেবার নিমিত্তে ২১ স্বদেশীয় ও বিদেশীয় তাবৎ লোক একত্র হইলে, সিয়োনের মধ্যে ঈশ্বরের নাম ও যিরূশালমের মধ্যে ২২ তাঁহার গুণানুবাদ প্রকাশিত হইবে।

তিনি পথের মধ্যে আমার বলের হ্রাস§ ও দিব- ২৩ সের ক্ষয় করিতেছেন। অতএব আমি কহি, হে আ- ২৪ মার ঈশ্বর, আয়ুঃসত্ত্বে আমাকে মৃত্যুতে সমর্পণ করিও না; পুরুষানুক্রমে তোমার বৎসর বর্ত্তমান আছে। তুমি প্রথমে পৃথিবীর মূল স্থাপন করিয়াছ, ২৫ এবং আকাশমণ্ডল তোমার হস্তকৃত। উভয়ই বিনষ্ট ২৬ হইবে, কিন্তু তুমি নিত্য; সে সমস্ত বস্ত্রের ন্যায় জর্জ্জরীভূত হইবে, এবং তুমি বস্ত্রের ন্যায় খুলিলে তাহার পরিবর্ত্তন হইবে। কিন্তু তুমি নিত্য, তোমার ২৭ বৎসরের ক্ষয় কদাচ হইবে না। তোমার সেবক- ২৮ দের সন্তানগণ থাকিবে, এবং তাহাদের বংশ তোমার সাক্ষাতে স্থির থাকিবে।

[১০১ গীত ; ৩] গী ২৭ ; ১০ । ইফি ৫ ; ১১ ॥—[৪] গী ৬ ; ৮ ॥
[১০২ গীত] গী ৩৮ । ৮৮ । বিল ৩ ॥—[২] গী ৬৯ ; ১৭ । ৭১ ; ২ ॥—[৩] যূব ৩০ ; ৩০ ॥—[৪] প ১১ ॥—[৫] গী ৩২ ; ৩ ॥—[৬] যূব ৩০ ; ২৯ ॥—[৭] যিশ ৩৮ ; ১৪ ॥—[৯,১০] গী ৪২ ; ৩ । ৮০ ; ৫ । যি ২৪ ; ২০ ॥—[১১] প ৪ । গী ১০৯ ; ২৩ ॥—[১২] প ২৪, ২৬, ২৭ । ১৩৫ ; ১৩ ॥—[১৩] যিশ ৪৯ ; ১৩-১৭ ॥—[১৪] যিশ ৬০ ; ১০ ॥—[১৫] যিশ ৬০ । ৬২ ; ৭-১৫ । ৬৬ ; ১৯-২৪ ॥—[১৬] যিশ ৫২ ; ৯, ১০ ॥—[১৭] যিশ ৬১ ॥—[১৮] গী ২২ ; ৩০, ৩১ । ১১৮ ; ১৪-২৯ ॥ [১৯,২০] দ্বি ৩২ ; ৩৬ । গী ১১৩ ; ৫-৯ । যিশ ৬১ ; ১-৩ ॥—[২১, ২২] যিশ ২ ; ২-৫ । গী ৯৬ । ৯৮ । ১০০ ॥—[২৩,২৪] যিশ ৬০ ; ১৫,১৬ ॥—[২৫-২৭] ইব্রু ১ ; ১০-১২ । আ ১ ; ১ ॥—[২৬] ম ২৪ ; ৩৫ । ২ পি ৩ ; ৭, ১০-১২ ॥—[২৭] প ১২। মল ৩ ; ৬ । যাক ১ ; ১৭ । ইব্রু ১৩ ; ৮ ॥—[২৮] গী ২২ ; ৩০ । ৬৯ ; ৩৬ ॥

* (ইব্রু) বিলীয়ালের বিষয়। † (ইব্রু) স্থির। ‡ (ইব্রু) প্রত্যুষে। ‖ (ইব্রু) মৃত্যুর সন্তানদের। § (ইব্রু) কেশ।

১০৩ গীত।

দয়া ও অনুগ্রহের নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা করিতে বিনতি।

দায়ূদের গীত।

১ হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর; হে আমার অন্তরস্থ সকল, তাঁহার পবিত্র নামের ধন্যবাদ ২ কর। হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর ও ৩ তাঁহার কৃত মঙ্গল সকল বিস্মৃত হইও না। তিনি তোমার তাবৎ পাপ মার্জ্জনা করেন ও তোমার সকল ৪ রোগের শান্তি করেন; এবং বিনাশহইতে তোমার প্রাণকে উদ্ধার করিয়া স্নেহ ও দয়ারূপ মুকুটেতে ৫ তোমাকে ভূষিত করেন; এবং উত্তম দ্রব্যে তোমার মুখকে * তৃপ্ত করেন; তাহাতে উৎক্রোষ পক্ষির ন্যায় পুনর্ব্বার তোমার নূতন যৌবন হয়।

৬ পরমেশ্বর উপদ্রুত লোকদের নিমিত্তে ন্যায় ও ৭ সুবিচার করেন। তিনি মূসাকে আপনার পথ ও ইস্রায়েল্ বংশকে আপনার কর্ম্ম জানাইয়াছেন। ৮ পরমেশ্বর দয়াময় ও অনুগ্রাহক এবং ক্রোধেতে ধীর ৯ ও অনুগ্রহেতে মহান্। তিনি নিরন্তর ক্রোধ করেন ১০ না ও সর্ব্বদা অনুযোগ করেন না। তিনি আমাদের অপরাধানুসারে প্রতিফল ও পাপানুসারে দণ্ড করেন ১১ না। কিন্তু পৃথিবী অপেক্ষা আকাশমণ্ডল যেমন উচ্চ, তদ্রূপ তাঁহার ভয়কারিদের প্রতি তাঁহার অনুগ্রহ বড় ১২ হয়। উদয়াচলহইতে যেমন অস্তাচল দূর, তদ্রূপ আমাদের হইতে আমাদের পাপ সকলকে দূর করেন। ১৩ পুত্রের প্রতি যাদৃশ পিতার স্নেহ, আপন ভয়কারিদের ১৪ প্রতি পরমেশ্বরেরও তাদৃশ স্নেহ। তিনি আমাদের স্বভাব জ্ঞাত আছেন, এবং আমরা যে ধূলীমাত্র, ১৫ ইহাও তাঁহার স্মরণে আছে। মর্ত্ত্যের দিন তৃণবৎ, ১৬ সে ক্ষেত্রপুষ্পের ন্যায় প্রফুল্ল হয়। তাহার উপরে এক বার বায়ু বহিলে তাহার কিছুই থাকে না; সে ১৭ কোথায় ছিল, তাহার চিহ্নও দৃষ্ট হয় না। কিন্তু আপন ভয়কারিদের প্রতি পরমেশ্বরের অনুগ্রহ আ- ১৮ দ্যোপান্ত আছে; এবং যাহারা তাঁহার নিয়ম পালন করে ও তাঁহার আজ্ঞা মনে রাখিয়া পালন করে, তাহাদের নিকটে তাঁহার ধর্ম্ম বংশানুক্রমে আছে। ১৯ পরমেশ্বর স্বর্গের মধ্যে আপনার সিংহাসন স্থাপন করিয়া আপন রাজ্যে সকলের উপরে কর্ত্তৃত্ব করেন।

২০ হে পরমেশ্বরের আজ্ঞাকারি ও বাক্যের রব শ্রবণকারি মহাপরাক্রমি দূতগণ, তোমরা তাঁহার ২১ ধন্যবাদ কর। হে পরমেশ্বরের সেবাকারি ও তাঁহার অভিমত পালনকারি সৈন্যগণ, তোমরা তাঁহার ধন্যবাদ কর। ২২ হে পরমেশ্বরের সৃষ্ট বস্তু সকল, তোমরা তাঁহার রাজ্যের সর্ব্বত্র তাঁহার ধন্যবাদ কর। হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর।

১০৪ গীত।

ঈশ্বরের গুণ ও কর্ম্মের বর্ণনা ও প্রশংসা।

১ হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর; আমার প্রভু পরমেশ্বর অতি মহান্ ও গৌরবেতে ও সৌন্দর্য্যেতে বিভূষিত হন। ২ তিনি † দীপ্তিরূপ পরিচ্ছদান্বিত হন ও আকাশকে চন্দ্রাতপের ন্যায় বিস্তারিত করেন। ৩ তিনি জলকে আপন অট্টালিকার মেঝিয়া করেন, ও মেঘকে রথরূপ ও বায়ুকে পক্ষস্বরূপ করিয়া গমনাগমন করেন। ৪ তিনি আপন দূতগণকে বায়ুস্বরূপ ও আপন সেবকদিগকে অগ্নিশিখাস্বরূপ করেন। ৫ তিনি পৃথিবীর মূল ‡ এমত স্থাপিত করেন, যে সে কদাচ বিচলিত হয় না। ৬ তিনি বস্ত্ররূপ গম্ভীর জলে পৃথিবীকে আচ্ছাদিত করিলে জল পর্ব্বতের উপরিস্থ হইল। ৭ কিন্তু তাঁহার শাসনদ্বারা পলায়ন করিল, ও তাঁহার গর্জ্জনধ্বনির দ্বারা বেগে গমন করিল। ৮ নিরূপিত স্থানে পর্ব্বত উঠিল ও উপত্যকা নামিল। ৯ তিনি † তাহার এমন এক সীমা রাখিলেন, যে ঐ জল তাহা লঙ্ঘন করিয়া পৃথিবীকে পুনর্ব্বার আচ্ছাদন করিতে পারে না। ১০ তিনি উনুইকে নিম্ন স্থানে বহাইলে সে পর্ব্বতের মধ্যে ভ্রমণ করে। ১১ ক্ষেত্রস্থ পশুগণ তাহার জল পান করে ও বনগর্দ্দভ আপন তৃষ্ণা নিবৃত্ত করে। ১২ এবং শূন্যের পক্ষিগণ তাহার নিকটে বাসা করে ও ডালে বসিয়া গান করে। ১৩ তিনি আপন অট্টালিকাহইতে পর্ব্বতগণকে সেচন করেন, তাহাতে তাঁহার কর্ম্মফলেতে পৃথিবী পরিতৃপ্ত হয়। ১৪ তিনি পশুগণের নিমিত্তে তৃণ ও মনুষ্যের সেবার্থে ১৫ শাক বৃদ্ধি করেন। এবং মনুষ্যের মনের আনন্দ-

[১০৩ গীত] যিশ ১২॥—[১] প ২২। গী ১০৪; ১॥—[৩] ৮৫: ২,৩। যা ১৫; ২৬। যিশ ৩৩; ২৪॥—[৪] গী ৩৪; ২২। ৬৩; ৬। ১২৪॥—[৫] যিশ ২৫; ৬। ৪০; ৩১। যূব ৩৩; ২৫॥—[৬] গী ১৪৬; ৭॥—[৭] ১৪৭; ১৯॥—[৮] যা ৩৪; ৬,৭। গী ৮৬; ৫,১৫॥—[৯] ৩০; ৫। যিশ ১২; ১। ৫৪; ৭,৮। ৫৭; ১৬। মী ৭; ১৮॥—[১০] ইব্র ৯; ১৩॥—[১১] গী ৫৭; ১০॥—[১২] যিশ ৪৩; ২৫। মী ৭; ১৮, ১৯॥—[১৩] মল ৩; ১৭। যিশ ৬৩; ১৬॥—[১৪] গী ৭৮; ৩৮, ৩৯॥ [১৫, ১৬] যূব ১৪; ২। গী ৯০; ৫,৬। যিশ ৪০; ৬-৮। ১ পি ১; ২৪। যাক ১; ১০, ১১॥—[১৭, ১৮] দ্বি ৫; ১০। ৭; ৯॥—[১৯] গী ১১; ৪। ৪৭; ২। দা ৪; ৩৪, ৩৫॥—[২০] গী ১৪৮; ২। য ৬; ১০॥—[২১] গী ৬৮; ১৭। দা ৭; ৯, ১০। ইব ১; ১৪॥—[২২] প ১। গী ১৪৫; ১। ১৪৮॥

[১০৪ গীত; ১] প ৩৫। ১০৩; ১। ২০; ১॥—[২] ১ তী ৬; ১৬। যিশ ৪০; ২২॥—[৩] আ ১; ৭। আম ৯; ৬। গী ১৮; ২-১১॥—[৪] ইব্র ১; ৭॥—[৫] যূব ২৬; ৭। গী ২৪; ২। ১৬: ১০॥—[৬] আ ৭; ১৭-২০॥—[৭] আ ৮; ১-৩॥—[৯] আ ৯; ১১,১৫। যূব ৩৮; ৯-১১। যির ৫; ২২॥—[১৩,১৪] গী ৬৫; ৯-১৩॥

* (বা) বৃদ্ধাবস্থাকে। † (বা) তুমি। ‡ (ইব) মূলেতে পৃথিবীকে।

কারি মদিরা ও তাহার মুখের চিক্কণকারি তৈল, ও তাহার হৃদয় দৃঢ়কারি ভক্ষ্য,ইত্যাদি খাদ্যদ্রব্য পৃথি- ১৬ বীহইতে উৎপন্ন করেন। পরমেশ্বরের বৃক্ষ সকল, অর্থাৎ লিবানোনের এরস্বৃক্ষ প্রভৃতি যাহা২ তিনি রোপণ করিয়াছেন, সে সমস্তই রসেতে পরিপূর্ণ ১৭ হয়। তাহার মধ্যে ক্ষুদ্র পক্ষিগণ বাসা করে, ও ১৮ দেবদারু বৃক্ষে বকের বাসা আছে। এবং বনছাগের আশ্রয় উচ্চপর্ব্বত ও শাফন্* পশুর আশ্রয় পর্ব্বতের শৃঙ্গ।

১৯ তিনি কালকে বিশেষ২ করণার্থে চন্দ্রের সৃষ্টি করিয়াছেন, এবং সূর্য্যকে আপন অস্তগমনের সময় ২০ জ্ঞাত করেন†। অন্ধকারদ্বারা রাত্রি উপস্থিত করিলে ২১ বনপশুগণ বহির্গত হয়। তরুণ সিংহ সকল আহারের নিমিত্তে গর্জ্জন করিয়া ঈশ্বরহইতে খাদ্য চেষ্টা ২২ করে। সূর্য্যোদয় হইলে তাহারা ফিরিয়া আপন২ ২৩ গুহাতে শয়ন করে। কিন্তু মনুষ্য সায়ংকাল পর্য্যন্ত ২৪ আপন২ কর্ম্মে শ্রম করিতে বহির্গত হয়। হে পরমেশ্বর, তোমার কর্ম্ম কেমন বহুবিধ! তুমি জ্ঞানেতে তাবৎ সৃষ্টি করিয়াছ; এই পৃথিবী তোমার ঐশ্বর্য্যেতে ২৫ পরিপূর্ণ আছে। অসংখ্য জলচর এবং ক্ষুদ্র ও মহান্ জন্তু বিশিষ্ট যে অতিশয় বিস্তারিত সমুদ্র, ২৬ সেও তদ্রূপ। তাহার মধ্যদিয়া জাহাজ চলে, ও খেলা করণের নিমিত্তে তন্মধ্যে তুমি লিবিয়াথনের সৃষ্টি ২৭ করিয়াছ। ইহারা উচিত কালে তোমার দত্ত খাদ্যের ২৮ জন্যে তোমার অপেক্ষা করে। তাহাতে তুমি তাহাদিগকে যাহা দেও, তাহা তাহারা সঞ্চয় করে; তুমি আপন হস্ত প্রসারণ করিলে তাহারা মঙ্গলেতে তৃপ্ত ২৯ হয়। কিন্তু তুমি আপন মুখ আচ্ছাদন করিলে তাহারা ব্যাকুল হয়, এবং তাহাদের প্রাণ অপহরণ করিলে তাহারা মৃত হইয়া মৃত্তিকাতে পুনর্ব্বার মিশ্রিত ৩০ হয়। তুমি আপন আত্মা প্রেরণ করিলে তাহারা সৃষ্ট হয়; তুমি ভূমির মুখকে পুনঃ২ প্রফুল্ল করিতেছ।

৩১ পরমেশ্বরের মহিমা নিত্যস্থায়ী,তিনি আপন কার্য্যে ৩২ আনন্দিত হন। এবং পৃথিবীতে দৃষ্টি করিলে সে কম্পান্বিত হয়,ও পর্ব্বতগণকে স্পর্শ করিলে তাহারা ৩৩ ধূমময় হয়। আমি যাবজ্জীবন পরমেশ্বরের উদ্দেশে গান করিব, ও যাবজ্জীবন আমার ঈশ্বরের নামের ৩৪ গুণানুবাদ করিব। তাঁহার বিষয়ে আমার ধ্যান সুখদায়ক হইবে, ও আমি পরমেশ্বরেতে আনন্দ করিব। ৩৫ পৃথিবীতে অপরাধিরা নিঃশেষ হইবে, ও পাপিগণ আর থাকিবে না; হে আমার মন, পরমেশ্বরের গুণানুবাদ কর; তোমরা পরমেশ্বরের ধন্যবাদ কর।

১০৫ গীত।

ইস্রায়েল্ লোকদের প্রতি ঈশ্বরের ব্যবহারের বর্ণনা।

১ পরমেশ্বরের প্রশংসা কর ও তাঁহার নামে প্রার্থনা কর, ও লোকদের কাছে তাঁহার আশ্চর্য্য ক্রিয়া ২ প্রকাশ কর। তাঁহার উদ্দেশে গান কর, ও তাঁহার উদ্দেশে গীত গাও, ও তাঁহার আশ্চর্য্য কর্ম্ম সকল ৩ মনেতে ধ্যান কর। তাঁহার পবিত্র নামের শ্লাঘা কর; পরমেশ্বরের অন্বেষণকারিদের অন্তঃকরণ সর্ব্বদা ৪ আনন্দযুক্ত থাকুক। পরমেশ্বরের ও তাঁহার শক্তির অন্বেষণ কর ও সর্ব্বদা তাঁহার মুখের অন্বেষণ কর। ৫ হে তাঁহার সেবক ইব্রাহীমের বংশ, হে তাঁহার ৬ মনোনীত যাকুবের বংশ, তাঁহার কৃত আশ্চর্য্য কর্ম্ম সকল ও তাঁহার অদ্ভুত লক্ষণ ও তাঁহার মুখের দণ্ডাজ্ঞা স্মরণ কর।

৭ তিনি আমাদের প্রভু পরমেশ্বর, এবং তাবৎ পৃথি- ৮ বীতে তাঁহার রাজশাসন আছে। তিনি আপন নিয়ম, অর্থাৎ সহস্র পুরুষপরম্পরাকে যে আজ্ঞা করিয়া- ৯ ছেন, ও ইব্রাহীমের সহিত যে নিয়ম করিয়াছেন, ও ইস্হাকের সহিত যে শপথ করিয়াছেন, তাহা সর্ব্বদা ১০ স্মরণ করেন। তিনি যাকুবের সহিত এক ব্যবস্থা ও ইস্রায়েলের সহিত এক চিরস্থায়ি নিয়ম স্থির করিয়া ১১ কহিলেন, আমি তোমাকে এক নির্ণীত‡ অধিকার ১২ অর্থাৎ কিনান্দেশ দিব। তৎকালে তাহারা সংখ্যাতে ১৩ অনেক নয়, অত্যল্প ও বিদেশী ছিল। এবং এক দেশহইতে অন্য দেশে ও এক রাজ্যহইতে অন্য রাজ্যে ১৪ ভ্রমণ করিল। তথাপি তিনি তাহাদের উপদ্রব করিতে কাহাকেও দিলেন না, বরং তাহাদের নিমিত্তে রাজ- ১৫ গণকে অনুযোগ করিয়া কহিলেন,আমার অভিষিক্তগণকে স্পর্শও করিও না, এবং আমার ভবিষ্যদ্বক্তৃ- ১৬ গণের কিছু মন্দ করিও না। পরে তিনি পৃথিবীতে দুর্ভিক্ষ আহ্বান করিয়া ভক্ষ্যরূপ তাবৎ যষ্টি ভগ্ন ১৭ করিলেন। কিন্তু তাহাদের অগ্রে যূষফ নামক এক ব্যক্তিকে প্রেরণ করিলেন; তাহাতে সে দাসের ন্যায় ১৮ বিক্রীত হইলে লোকেরা বেড়িদ্বারা তাহার চরণকে ক্লেশ দিল, ও লৌহদ্বারা তাহার প্রাণকে বিদ্ধ ১৯ করিল॥। কিন্তু তাহার পরীক্ষাকারি পরমেশ্বরের

[১৯] আ ১; ১৪-১৮ ॥—[২১] যূব ০৮; ৩৯,৪০ ॥—[২৪] হি ৩; ১১ ॥—[২৬] যূব ৪১ ॥—[২৭, ২৮]গী ১৪৫; ১৫॥
[২৯] যূব ০৪; ১৪,১৫ ॥—[৩০] গী ৩৩; ৬ ॥—[৩৩] ৩৪; ১। ১৪৬; ২ ॥—[৩৫] ৩৭; ১০,২৮,৩৮ ॥
[১০৫ গীত; ১-১৫] ১ বং ১৬; ৮-২২ ॥—[১] যিশ ১২; ৪ ॥—[২] গী ১৪৫; ৫ ॥—[৪]২৭; ৮ ॥—[৫] ৭৭; ১১॥
[৭]যিশ ২৬; ৯॥—[৮,৯] আ ১৫; ৯-২১। ২২; ১৫-১৮। ২৬; ২-৫। লূ ১; ৭২ ॥—[১০-২৫]প্রে ৭; ২-১৯॥—[১০,১১]
আ ২৮; ১৩-১৫। ৩৫; ১১,১২। ৪৬; ৩,৪ ॥—[১২] আ ৩৪; ৩০। ইব্র ১১; ৯ ॥—[১৪,১৫] আ ১২; ১৭। ২০; ৩-৭।
২৬; ২৮,২৯। ৩৫; ৫ ॥—[১৬] আ ৪১; ৫৩-৫৭ ॥—[১৭] আ ৩৭ ॥—[১৮] আ ৩৯; ২০ ॥—[১৯-২২] আ ৪১ ॥

* (অর্থাৎ) শশকবৎ পশু। † (বা) চন্দ্র আপন নিরূপিত কালের কর্ম্ম করে ও সূর্য্য আপন অস্তগমনের সময় জানে।
‡ (ইব্রু) রজ্জুদ্বারা। ‖ (ইব্রু) তাহার প্রাণে লৌহ গত হইল।

২০ বাক্য উপস্থিত হইলে রাজা লোক পাঠাইয়া তাহাকে উদ্ধার করিল, ও নরপতি তাহাকে মুক্ত করিল। ২১ এবং ইচ্ছানুসারে রাজপুত্রদিগকে বদ্ধ করিতে ও ২২ মন্ত্রিগণকে শিক্ষা দিতে তাহাকে আপন গৃহের কর্ত্তা ও সর্ব্বস্বের অধ্যক্ষ করিয়া রাখিল।

২৩ পরে ইস্রায়েল্ মিসর্দেশে গেল ও যাকুব্ হাম্ ২৪ দেশে প্রবাস করিতে লাগিল। তখন ঈশ্বর আপন লোকদের অতিশয় বংশ বৃদ্ধি করিয়া শত্রুগণহইতে ২৫ তাহাদিগকে বলবন্ত করিলেন। এবং আপন লোক-দিগকে ঘৃণা করিতে ও আপন ভৃত্যগণকে বঞ্চনা ২৬ করিতে তাহাদের মনে প্রবৃত্তি দিলেন। পরে আপন দাস মূসাকে ও আপন মনোনীত হারোণ্কে পাঠা-২৭ ইলেন। তাহাতে তাহারা লোকদের মধ্যে তাঁহার চিহ্ন ২৮ ও হাম্ দেশে আশ্চর্য্য কর্ম্ম দর্শন করাইল। তিনি অন্ধ-কার প্রেরণ করিলে সকল অন্ধকারময় হইল, তাহা-তে (শত্রুগণ) তাঁহার বাক্যের বিপরীত করিতে পারিল ২৯ না। তিনি তাহাদের তাবৎ জল রক্ত করিয়া মৎস্য-৩০ গণকে সংহার করিলেন। ও ভূমিজাত অগণ্য ভেক ৩১ তাহাদের রাজগণের অট্টালিকাতে থাকিল। এবং তাঁহার আজ্ঞাতে মশকের ঝাঁক ও উকুন তাহাদের ৩২ সমস্ত প্রদেশে উপস্থিত হইল। এবং তাহাদের দেশে বৃষ্টির পরিবর্ত্তে শীল ও শিখাযুক্ত অগ্নি বর্ষণ করি-৩৩ লেন। এবং তাহাদের দ্রাক্ষালতা ও ডুম্বুর বৃক্ষে আঘাত করিয়া তাহাদের তাবৎ প্রদেশের বৃক্ষ ভগ্ন ৩৪ করিলেন। এবং তাঁহার আজ্ঞাতে অসংখ্য ফড়িঙ্গ ৩৫ ও কীট আগমন করিয়া তাহাদের দেশের সমুদয় ৩৬ তৃণ ও ভূমির তাবৎ ফল ভক্ষণ করিল। তিনি তাহা-দের প্রধান বলকে অর্থাৎ তাহাদের দেশীয় সমুদয় প্রথমজাত সন্তানকে প্রহার করিলেন।

৩৭ পরে তিনি সুবর্ণ রৌপ্যের সহিত আপন লোক-দিগকে বহির্গত করিলেন, ও তাহাদের বংশের মধ্যে ৩৮ এক জনও দুর্ব্বল হইল না। তাহাদের নির্গমনেতে মিস্রীয় লোকেরা আনন্দিত হইল, কেননা তাহারা ৩৯ তাহাদের হইতে ভয়গ্রস্ত হইল। তিনি আচ্ছাদনের জন্যে মেঘ ও রাত্রিতে দীপ্তি দিবার নিমিত্তে অগ্নি ৪০ বিস্তারিত করিলেন। তাহারা যাচ্ঞা করিলে তিনি ভাটুই পক্ষিগণকে আনাইলেন ও স্বর্গীয় ভক্ষ্যেতে ৪১ তাহাদিগকে তৃপ্ত করিলেন। তিনি পর্ব্বত খুলিলে জল বাহিরে বহিয়া নদীর স্রোতের ন্যায় শুষ্ক প্রদেশে গমন করিল। ৪২ সেই রূপে তিনি আপন পবিত্র প্রতিজ্ঞা ও আপন সেবক ইব্রাহীম্কে মনে করিলেন। ৪৩ এবং উল্লাসেতে আপন লোকদিগকে ও উচ্চধ্বনিতে আপন মনোনীত লোকদিগকে বাহির করিলেন। ৪৪ তাহারা যেন তাঁহার বিধি মান্য করে ও তাঁহার ব্যবস্থা পালন করে, তন্নিমিত্তে তাহাদিগকে অন্য দেশীয়দের ভূমি ৪৫ প্রদান করিলেন, এবং অন্য লোকদের কর্ম্মফল তাহাদিগকে ভোগ করাইলেন; পরমেশ্বরের ধন্যবাদ কর।

১০৬ গীত।

ঈশ্বরের প্রতি ইস্রায়েল্ লোকদের ব্যবহারের বর্ণনা।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর, ও পরমেশ্বরের প্রশংসা কর; তিনি মঙ্গলদাতা ও তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। ২ পরমেশ্বরের মহৎকর্ম্ম বর্ণনা করিতে কে পারে? ও তাঁহার তাবৎ প্রশংসা প্রকাশ করিতে কে পারে? ৩ যাহারা তাঁহার রাজ্যনীতি পালন করে ও সর্ব্বদা ধর্ম্মাচরণ করে, তাহারাই ধন্য। ৪ হে পরমেশ্বর, তোমার লোকদের প্রতি তোমার যেমন অনুগ্রহ, তদনুসারে আমাকে স্মরণ কর ও আপন কৃত পরি-ত্রাণেতে আমার সহিত সাক্ষাৎ কর। ৫ তাহাতে আমি তোমার মনোনীতগণের মঙ্গল দেখিতে পাইব, ও তোমার দেশের আনন্দে আনন্দ করিব, ও তোমার অধিকারের সহিত শ্লাঘা করিব।

৬ আমাদের পূর্ব্বপুরুষ ও আমরা অপরাধ ও অধর্ম্ম ও পাপ করিলাম। ৭ আমাদের পূর্ব্বপুরুষেরা মিসর্দেশে তোমার আশ্চর্য্য কর্ম্ম বুঝিল না, ও তো-মার প্রচুর অনুগ্রহের স্মরণ করিল না, বরং সাগ-রের অর্থাৎ সূফ্সাগরের নিকটে ক্রোধ জন্মাইল। ৮ তথাপি তিনি আপন নামের গুণে ও আপন মহিমা প্রকাশার্থে তাহাদিগকে পরিত্রাণ করিলেন। ৯ তিনি সূফ্ সাগরকে ধমকাইলে সে শুষ্ক হইল, তাহাতে প্রান্তরের ন্যায় গভীর সমুদ্রের মধ্যদিয়া তাহা-দিগকে লইয়া গেলেন। ১০ এই রূপে তিনি ঘৃণাকারিদের হস্তহইতে তাহাদিগকে ত্রাণ করিলেন ও শত্রুগণের হস্তহইতে তাহাদিগকে মুক্ত করিলেন। ১১ সমুদ্রের জল তাহাদের বৈরিগণকে আচ্ছন্ন করিল ও তাহাদের এক জনও অবশিষ্ট রহিল না। ১২ তখন তাহারা তাঁহার বাক্যে বিশ্বাস করিয়া তাঁহার প্রশংসার গান করিতে লাগিল।

---

[২৩] আ ৪৬ ॥—[২৪,২৫] যা ১ ॥—[২৬-৩৭] গী ৭৮; ৪৩-৫২॥—[২৬] যা ৩। ৪ ॥—[২৮] যা ১০; ২২,২৩॥—[২৯] যা ৭; ২০, ২১ ॥—[৩০] যা ৮; ১-৬॥—[৩১] যা ৮; ১৭,২৪॥—[৩২] যা ৯; ২৩-২৫॥—[৩৪,৩৫] যা ১০; ১৩-১৫ ॥ [৩৬] যা ১২; ২৯,৩০ ॥—[৩৭] যা ১২; ৩৫,৩৬ ॥—[৩৮] যা ১২; ৩৩ ॥—[৩৯] যা ১৩; ২১,২২ ॥—[৪০] যা ১৬; ১৩,৩৫। গী ৭৮; ২৪,২৫। যো ৬; ৩১ ॥—[৪১] যা ১৭; ১-৭ ॥—[৪২] প ৮, ৯ ॥—[৪৪,৪৫] দ্বি ৬; ৩,১০,১১, ২০-২৫ ॥

[১০৬ গীত] গী ৭৮। নি ৯ ॥—[১] গী ১০৭; ১। ১৩৬; ১ ॥—[২] ৪০; ৫। যুব ২৬; ১৪ ॥—[৩] গী ১; ১-৩ ॥ [৪,৫] নি ১; ৫-১১। ১২; ১৪,২২,৩১ ॥—[৬] ইম্র ৯; ৭। যি ৯; ৩৩। দা ৯; ৫-৮ ॥—[৭] যা ১৪; ১০-১২ ॥—[৮-১১] যা ১৪; ১৫-৩১ ॥—[১২] যা ১৫; ১-২২ ॥

১৩ পরে তাহারা ত্বরায় * তাঁহার কর্ম্ম বিস্মৃত হইল, ১৪ ও তাঁহার উপদেশের অপেক্ষা করিল না। তাহারা প্রান্তরের মধ্যে অত্যন্ত কুলোভ করিল, ও নির্জ্জন ১৫ স্থানে ঈশ্বরের পরীক্ষা লইল। তিনি তাহাদের যাজ্ঞানুসারে তাহাদিগকে দিলেন, কিন্তু তাহাদের মনে ১৬ ক্ষীণতা প্রেরণ করিলেন। তাহারা শিবিরের মধ্যে মূসাকে ও পরমেশ্বরের পবিত্রীকৃত হারোণকে ঈর্ষ্যা ১৭ করিতে লাগিল। তাহাতে পৃথিবী বিদীর্ণ হইয়া দাথন্কে গ্রাস করিল ও অবীরামের দলকে আচ্ছাদন ১৮ করিল; এবং তাহাদের দলের মধ্যে অগ্নি প্রজ্বলিত হইলে তাহার শিখাদ্বারা পাপিগণ দগ্ধ হইল। ১৯ তাহারা হোরেব্ পর্ব্বতে ছাঁচে ঢালা গোবৎসাকৃতি এক ২০ প্রতিমা নির্ম্মাণ করিয়া তাহার পূজা করিল; এবং তৃণ খাদক গোবৎসের প্রতিমাতে আপনাদের গৌর- ২১ বের পরিবর্ত্তন করিল; এবং মিসর্দেশে মহৎ কর্ম্ম- ২২ কারি ও হাম্ দেশে আশ্চর্য্য কর্ম্মকারি ও সূফ্ সাগরে ভয়ানক কর্ম্মকারি আপনাদের পরিত্রাতা ঈশ্বরকে ২৩ বিস্মৃত হইল। তাঁহার মনোনীত মূসা যদি তাঁহার কোপ সম্বরণ করাইতে ও বিনাশ নিবারণ করাইতে তাঁহার সাক্ষাতে ভগ্ন বেড়ার দ্বারে না দাঁড়াইত, তবে তিনি তাহাদিগকে সংহার করিতে আজ্ঞা দিতেন। ২৪ পরে তাহারা উত্তম † দেশ তুচ্ছ করিয়া তাঁহার ২৫ কথাতে বিশ্বাস করিল না। এবং আপনাদের তাম্বুর মধ্যে বচসা করিয়া পরমেশ্বরের বাক্যে ২৬ প্রত্যয় করিল না। অতএব তিনি তাহাদিগকে প্রান্তরে পতন করাইতে, ও তাহাদের সন্তানদিগকে অন্য ২৭ দেশীয়দের মধ্যে পতন করাইতে, ও দেশান্তরে ছিন্ন ভিন্ন করিতে তাহাদের প্রতিকূলে আপনার ২৮ হস্ত তুলিয়া শপথ করিলেন। পরে তাহারা বাল্পিয়োরের মতাবলম্বী হইয়া মৃতলোকের শ্রাদ্ধে ভোজন ২৯ করিল। তাহারা এই রূপ কদাচরণেতে তাঁহাকে বিরক্ত করিল, এই জন্যে তাহাদের মধ্যে মহামারী উপ- ৩০ স্থিত হইল। কিন্তু পীনিহস দৃঢ়রূপে দণ্ডায়মান হইয়া উচিত বিচার করিলে সেই মহামারী নিবৃত্ত হইল। ৩১ তন্নিমিত্তে পুরুষানুক্রমে ঐ কর্ম্ম সর্ব্বদা তাহার ধর্ম্ম- ৩২ কর্ম্মরূপে গণিত হইল। তাহারা মিরীবার জলে তাঁহার ক্রোধ প্রজ্বলিত করিলে তাহাদের দ্বারা মূসার ৩৩ মন্দ হইল। কেননা তাহারা তাহার আত্মাকে বিরক্ত করিলে সে আপন ওষ্ঠাধরে অনুচিত কথা কহিল।

৩৪ যে জাতিদের বিষয়ে পরমেশ্বর তাহাদিগকে আজ্ঞা দিয়াছিলেন, তাহারা তাহাদিগকে বিনষ্ট করিল না; ৩৫ কিন্তু অন্য দেশীয়দের সহিত মিশ্রিত হইয়া তাহাদের ৩৬ কর্ম্ম শিক্ষা করিতে লাগিল; এবং তাহাদের প্রতিমা সেবা করিলে সেই কর্ম্ম তাহাদের ফাঁদস্বরূপ হইল। ৩৭ এবং তাহারা আপন২ পুত্রকন্যাগণকে দেবতাদের ৩৮ উদ্দেশে বলিদান করিল; এবং নির্দ্দোষদের রক্ত অর্থাৎ কিনানীয় দেবতাদের উদ্দেশে বলীকৃত আপনাদের পুত্রকন্যাদের রক্ত পাত করিল; তাহাতে ৩৯ সেই রক্তদ্বারা তাহাদের দেশ অশুচি হইল। এবং সেই কর্ম্মে তাহারাও অপবিত্র হইল এবং কদাচারেতে ৪০ ব্যভিচার করিল। তাহাতে আপন লোকদের মধ্যে পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি আপন ৪১ অধিকারকে ঘৃণা করিলেন। এবং তাহাদিগকে অন্য দেশীয়দের হস্তে সমর্পণ করিলে ঘৃণাকারিগণ তাহা- ৪২ দের উপরে কর্ত্তৃত্ব করিল। এবং শত্রুগণ তাহাদের প্রতি উপদ্রব করিলে তাহারা তাহাদের হস্তের বশ- ৪৩ তাপন্ন হইল। তিনি তাহাদিগকে অনেক বার উদ্ধার করিলেন, কিন্তু তাহারা আপন২ পরামর্শদ্বারা তাঁহাকে ক্রোধান্বিত করিয়া ‡ আপনাদের দোষে দীন- ৪৪ হীন হইল। তথাচ তিনি তাহাদের প্রার্থনা শুনিবামাত্র তাহাদের দুঃখের প্রতি কৃপাদৃষ্টি করিলেন; ৪৫ এবং ‖ আপনার নিয়ম স্মরণ করিয়া অনুগ্রহের ৪৬ বাহুল্যানুসারে তাহাদিগকে দয়া করিলেন; এবং যাহারা তাহাদিগকে বন্দি করিল, তাহাদের মনে তাহাদের প্রতি দয়া জন্মাইলেন।

৪৭ হে আমাদের প্রভো পরমেশ্বর, আমরা যেন তোমার পবিত্র নামের ধন্যবাদ ও তোমার প্রশংসাতে শ্লাঘা করি, তন্নিমিত্তে আমাদিগকে ত্রাণ কর ও অন্য দেশীয়দের মধ্যহইতে সংগ্রহ কর।

৪৮ ইস্রায়েলের প্রভু পরমেশ্বর আদ্যন্ত পর্য্যন্ত ধন্য হউন; ‘এমনি হউক,’ এ কথা সকল লোক বলুক। পরমেশ্বরের ধন্যবাদ কর।

১০৭ গীত।

১ ভ্রমণকারি ১০ ও বন্দি ১৭ ও দুঃখগ্রস্ত ২৩ ও জাহাজীয় ৩৩ ও অন্যান্য লোকদের প্রতি ঈশ্বরের অনুগ্রহের বর্ণনা।

১ পরমেশ্বরের প্রশংসা কর, কেননা তিনি মঙ্গলদাতা ২ ও তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। পরমেশ্বরের মুক্ত লোকেরা অর্থাৎ তিনি যাহাদিগকে শত্রুদের হস্ত-

---

[১৩-১৫] যা ১৬; ২,৩,৭। গ ১১। গী ৭৮; ১৭-৩১॥—[১৬-১৮] গ ১৬॥—[১৯-২৩] যা ৩২। দ্বি ৯; ৮-২১॥—[২০] রো ১; ২৩॥—[২১,২২] গী ৭৮; ১১,১২.৪২,৪৩॥—[২৪-২৭] গ ১৪। যিহি ২০; ১৩-২৪॥—[২৬] গী ৯৫; ১১॥—[২৭] আয় ৫; ২৬॥—[২৮-৩০] গ ২৫॥—[৩১] গ ২৫; ১০-১৩॥—[৩২.৩৩] গ ২০; ১-১৩। দ্বি ১; ৩৭। ৩; ২৬॥—[৩৪-৪২] গী ৭৮; ৫৬-৫৮॥—[৩৪-৩৬] বি ২; ১১-১৩। ৩; ৫-৭॥—[৩৭-৪২] ২ রা ১৭; ৭-২৩॥—[৪৩-৪৫] গী ৭৮; ৩৪,৩৫। বি ২; ১১-১৯। নি ৯; ২৭-৩১॥—[৪৬] যির ৪২; ১২। দা ২; ৪৮,৪৯। ৬; ৩। ইষ্রা ৯; ৯। নি ২; ১-৮। ইষ্টে ২; ১৫-১৭॥

[৪৭] ১ বং ১৬; ৩৫॥—[৪৮] গী ৪১; ১৩॥

[১০৭ গীত; ১] গী ১০৬; ১॥—[২,৩] যিশ ৪৩; ৫,৬॥

* (ইব্র) শীঘ্র করিল ও। † (বা) বাঞ্ছনীয়। ‡ (বা) অনাজ্ঞাবহ হইয়া। ‖ (ইব্র) তাহাদের জন্যে।

৩ হইতে মুক্ত করিয়া পূর্ব্ব ও পশ্চিম ও উত্তর ও দক্ষিণ এই চারিদিকস্থ দেশদেশান্তরহইতে সংগ্রহ করিলেন, তাহারা এই রূপ বলুক। ৪ তাহারা লোকালয় না পাইয়া বনমধ্যে ও নির্জ্জন পথে ভ্রমণ করিল; ৫ এবং ক্ষুধার্ত্ত ও তৃষ্ণার্ত্ত হইলে তাহাদের প্রাণ মূর্চ্ছাপন্ন হইল। ৬ এমত বিপদের সময়ে তাহারা পরমেশ্বরের প্রতি কাকুক্তি করিলে তিনি তাহাদিগকে কষ্টহইতে ত্রাণ করিলেন; ৭ এবং এক লোকালয় প্রাপ্তির নিমিত্তে তাহাদিগকে সরল পথে লইয়া গেলেন। ৮ অতএব তাহারা পরমেশ্বরের অনুগ্রহের ও মনুষ্যগণের প্রতি তাঁহার আশ্চর্য্য কর্ম্মের নিমিত্তে তাঁহার প্রশংসা করুক। ৯ তিনি তৃষিত ব্যক্তিকে পান ও ক্ষুধিত ব্যক্তিকে উত্তম দ্রব্য ভোজন করাইয়া তৃপ্ত করেন।

১০ কোন লোকেরা লৌহশৃঙ্খলে ও দুঃখে বদ্ধ হইয়া ১১ অন্ধকারে ও মৃত্যুচ্ছায়াতে বসে। কেননা তাহারা ঈশ্বরের বাক্য লঙ্ঘন করিল ও সর্ব্বোপরিস্থের পরামর্শ ১২ তুচ্ছ করিল। তিনি তাহাদের মনকে ক্লেশেতে নত করেন, তাহাতে তাহারা পতিত হইলে কেহ তাহাদের ১৩ উপকারী হয় না। এমত বিপদের সময়ে তাহারা পরমেশ্বরের কাছে কাকূক্তি করিলে তিনি তাহাদিগকে ১৪ কষ্টহইতে ত্রাণ করেন; এবং তাহাদের বন্ধন ছেদন করিয়া তাহাদিগকে অন্ধকার ও মৃত্যুচ্ছায়াহইতে ১৫ আনেন। অতএব তাহারা পরমেশ্বরের অনুগ্রহের ও মনুষ্যগণের প্রতি তাঁহার আশ্চর্য্য কর্ম্মের নিমিত্তে ১৬ তাঁহার প্রশংসা করুক। তিনি পিত্তলের দ্বার ভগ্ন করেন ও লৌহময় হুড়কা ছেদন করেন।

১৭ অজ্ঞান লোকেরা আপন২ পাপকর্ম্ম ও দোষের ১৮ নিমিত্তে ক্লেশ পায়। কোন খাদ্য সামগ্রীতে তাহাদের রুচি হয় না; তাহারা মৃত্যুদ্বারের নিকটে উপস্থিত ১৯ হয়। এমত বিপদের সময়ে তাহারা পরমেশ্বরের কাছে কাকূক্তি করিলে তিনি তাহাদিগকে কষ্টহইতে ২০ ত্রাণ করেন। এবং আপনার বাক্য প্রেরণ করিয়া তাহাদিগকে সুস্থ করিয়া বিনাশহইতে নিস্তার করেন। ২১ অতএব তাহারা পরমেশ্বরের অনুগ্রহের ও মনুষ্যগণের প্রতি তাঁহার আশ্চর্য্য কর্ম্মের নিমিত্তে তাঁহার ২২ প্রশংসা করুক; এবং প্রশংসারূপ বলি উৎসর্গ করিয়া আনন্দধ্বনিতে তাঁহার কর্ম্মের বর্ণনা করুক।

২৩ সমুদ্রের মধ্যে জাহাজে গমনাগমনকারি ও জল- ২৪ সমূহের মধ্যে ব্যবসায়কারি লোকেরা গভীর জলে পরমেশ্বরের কর্ম্ম ও আশ্চর্য্য ক্রিয়া দেখিতে পায়। ২৫ তিনি আজ্ঞা দিলে প্রচণ্ড বায়ু উঠে ও তরঙ্গ উঠায়। ২৬ তাহাতে তাহারা কখন আকাশে উঠে ও কখন গভীর জলে নামে; এই বিপদে তাহাদের প্রাণ গলিত হয়। ২৭ তাহারা মত্ত মনুষ্যের ন্যায় হেলিয়া দুলিয়া ঢলিয়া পড়ে ও হতবুদ্ধি* হয়। ২৮ এমত বিপদের সময়ে তাহারা পরমেশ্বরের কাছে কাকূক্তি করিলে তিনি তাহাদিগকে কষ্টহইতে আনয়ন করেন; ২৯ এবং ঝড়কে নির্ব্বাত করিয়া তরঙ্গের শান্তি করেন। ৩০ তাহাতে তাহারা শান্ত হইয়া পরমানন্দিত হয়; এই রূপে তিনি তাহাদিগকে বাঞ্ছিত স্থলে লইয়া যান। ৩১ অতএব তাহারা পরমেশ্বরের অনুগ্রহের ও মনুষ্যগণের প্রতি তাঁহার আশ্চর্য্য কর্ম্মের নিমিত্তে তাঁহার প্রশংসা করুক; ৩২ এবং লোকদের সমাজে তাঁহার প্রতিষ্ঠা করিয়া প্রাচীনদের সভাতে তাঁহার ধন্যবাদ করুক।

৩৩ তিনি নদীকে প্রান্তর ও জলের উনুইকে শুষ্ক ভূমি ৩৪ করেন, এবং নিবাসিদের দুষ্টতাচরণের নিমিত্তে উর্ব্বরা ভূমিকে লোণা করেন; ৩৫ এবং প্রান্তরকে জলাশয় ও শুষ্ক ভূমিকে উনুই করেন; ৩৬ এবং সেখানে ক্ষুধিত লোকদিগকে বাস করান; তাহাতে তাহারা লোকালয় প্রস্তুত করে, ৩৭ এবং ক্ষেত্রে বীজ বপন ও দ্রাক্ষালতা রোপণ করিয়া বহু ফল উৎপন্ন করে। ৩৮ তিনি তাহাদিগকে আশীর্ব্বাদ করেন, তাহাতে তাহারা অতি বর্দ্ধিষ্ণু হয় ও তাহাদের পশুগণ অনেক ৩৯ হয়। পরে তাহারা উপদ্রব ও বিপদ ও শোকদ্বারা দীনহীন ও অধঃপতিত হয়। ৪০ তিনি প্রধান লোকদিগকে অবজ্ঞাত করিয়া বিপথে অরণ্যের † মধ্যে তাহাদিগকে ভ্রমণ করান। ৪১ তিনি দরিদ্রদিগকে দুঃখহইতে উচ্চপদে আনেন, ও পালের ন্যায় তাহাদের পরিজন বৃদ্ধি করেন। ৪২ তাহা দেখিয়া সাধু লোকেরা আনন্দিত হয়, ও তাবৎ পাপ আপন মুখ রোধ করে। ৪৩ যে কেহ জ্ঞানী হয়, সে এই সকল বিবেচনা করিয়া পরমেশ্বরের অনুগ্রহ বুঝিবে।

১০৮ গীত।

পরমেশ্বরের প্রশংসা ও তাঁহাতে প্রত্যাশা করণ।

দায়ূদের গীত ও গান।

১ হে ঈশ্বর, আমার মন সুস্থির আছে, আমি গীত গাইব ও আপন জিহ্বাদ্বারা ‡ প্রশংসা করিব। ২ হে নেবল্ যন্ত্র ও বীণে, জাগৃত হও, আমিও প্রত্যূষে জাগৃত হইব। ৩ হে পরমেশ্বর, লোকদের মধ্যে তোমার প্রশংসা করিব, ও দেশীয়দের মধ্যে তোমার নাম গান করিব। ৪ কেননা তোমার অনুগ্রহ আকাশ

[৩] প ১০,১৯,২৮ ।।—[৮] প ১৫,২১,৩১ ।।—[৯] য ৫ ; ৬ ।।—[১০] প ৬,১৯,২৮ ।।—[১৫] প ৮,২১,৩১।।—[১৬] যিশ ৪৫ ; ২ ।।—[১৮] যূব ৩৩ ; ২০,২২ ।।—[১৯] প ৬,১৩,২৮।।—[২১] প ৮,১৫,৩১ ।।—[২৮] প ৬,১৩,১৯ ।।—[২৯] গী ৮৯ ; ৯।। [৩১] প ৮,১৫,২১ ।।—[৩৩,৩৪] দ্বি ২৯ ; ২২-২৮ ।।—[৩৫] যিশ ৪১ ; ১৮।।—[৩৮] ১৪৪ ; ১২-১৪ ।।—[৪০] যূব ১২ ; ২১,২৪ ।।—[৪১] গী ১১৩ ; ৭-৯ ।।—[৪২] ৬৩ ; ১১ । যূব ৫ ; ১৬ ।।—[৪৩] হো ১৪ ; ৯ ।।
[১০৮ গীত] গী ৫৭ ; ৭-১১ । ৬০ ; ৫-১২ ।।—[৪] ৩৬ ; ৫ ।।

* (ইব্রু) তাহাদের সকল জ্ঞান গ্রস্ত হয়। † (বা) শূন্যস্থানে। ‡ (ইব্রু) গৌরব দ্বারা।

অপেক্ষা উচ্চ, ও তোমার সত্যতা মেঘ পর্য্যন্ত ব্যাপ্ত
৫ আছে। হে ঈশ্বর, তুমি আকাশে উচ্চপদান্বিত হও,
এবং তাবৎ ভূমণ্ডলে তোমার মহিমা সপ্রকাশ হউক।
৬ তোমার প্রিয় লোকদের উদ্ধারের নিমিত্তে নিজ
দক্ষিণ হস্তদ্বারা রক্ষা করিয়া আমাকে উত্তর দেও।
৭ ঈশ্বর আপন ধর্ম্মধামে ইহা কহিলেন, আমি আনন্দিত
হইয়া শিখিম্ দেশ বিভাগ করিব, ও সুক্কোৎ নিম্ন
৮ ভূমির মাপ করিব; গিলিয়দ্ দেশ আমার, এবং
মিনশি আমার, ও ইফ্রয়িম্ আমার মস্তকের বল-
৯ স্বরূপ, ও যিহূদা আমার ব্যবস্থাপক। মোয়াব্ আমার
প্রক্ষালনপাত্রস্বরূপ; আমি ইদোমের উপরে পাদুকা
নিক্ষেপ করিব, এবং পিলেষ্টীয় দেশকে জয় করিব।
১০ দুর্গম নগরে আমাকে কে লইয়া যাইবে? এবং
১১ ইদোমেই বা আমাকে কে প্রবেশ করাইবে? হে
ঈশ্বর, আমাদিগকে ত্যাগ করিয়াছ যে তুমি, তুমি
কি তাহা করিবা না? হে ঈশ্বর, তুমি কি আমাদের
১২ সৈন্যের সঙ্গে গমন করিবা না? ক্লেশে আমাদের
উপকার কর; মনুষ্যহইতে যে উপকার, সে নি-
১৩ ষ্ফল। কিন্তু ঈশ্বরের দ্বারা আমরা অসম্ভব কর্ম্ম
করিতে পারিব; তিনি আমাদের শত্রুদিগকে পদ-
তলস্থ করিবেন।

১০৯ গীত।

১ দুষ্ট শত্রুদের বিরুদ্ধে দায়ূদের প্রার্থনা ২১ ও পরমেশ্বরেতে আশ্রয়।

প্রধান বাদকের নিমিত্তে দায়ূদের গীত।

১ হে আমার প্রশংসনীয় ঈশ্বর, তুমি নীরব হইয়া থা-
২ কিও না। কেননা পাপিগণ ও প্রবঞ্চকেরা আমার
বিরুদ্ধে মুখ বিস্তার করিয়া মিথ্যাবাদি জিহ্বার
৩ দ্বারা আমার সহিত কথা কহিতেছে; এবং ঘৃণা-
বাক্যেতে আমাকে ঘেরিয়া অকারণে আমার সহিত
৪ যুদ্ধ করিতেছে; এবং আমার প্রেমের পরিবর্ত্তে
আমার প্রতি বিপক্ষতা করিতেছে, কিন্তু আমি প্রা-
৫ র্থনা করিতেছি। তাহারা আমার প্রতি মঙ্গলের
পরিবর্ত্তে অমঙ্গল, ও আমার প্রেমের পরিবর্ত্তে
ঘৃণা করে।
৬ তুমি এই ব্যক্তির উপরে দুষ্ট লোককে নিযুক্ত
করিবা, ও শয়তান * তাহার দক্ষিণদিগে থাকিবে।
৭ এবং বিচার সময়ে সে দোষীকৃত হইবে, ও আপন
৮ নিবেদনে অপরাধী হইবে। এবং তাহার দিন অল্প
হইবে, ও অন্য ব্যক্তি তাহার পদ প্রাপ্ত হইবে।
৯ এবং তাহার পুত্রগণ পিতৃহীন ও তাহার স্ত্রী বিধবা
১০ হইবে। তাহার সন্তানগণ ভ্রমণ করিয়া নিত্য২ ভিক্ষা
১১ করিবে ও উচ্ছিন্ন স্থানে † খাদ্য চেষ্টা করিবে। এবং
মহাজন তাহার সর্ব্বস্ব লইবে, এবং অপরিচিত
লোকেরা তাহার পরিশ্রমের ফল অপহরণ করিবে।
১২ তাহাতে তাহার প্রতি কেহ দয়া করিবে না, ও তা-
হার পিতৃহীন সন্তানদিগকে কেহ অনুগ্রহ করিবে
১৩ না। এবং তাহার বংশ ‡ উচ্ছিন্ন হইবে, ও ভাবি-
১৪ পুরুষের সময়ে তাহাদের নাম লুপ্ত হইবে। এবং
তাহার পিতৃলোকদের পাপ পরমেশ্বরের স্মরণে
থাকিবে, ও তাহার মাতার পাপ লুপ্ত হইবে না।
১৫ ঈশ্বরের সাক্ষাতে তাহা সর্ব্বদাই থাকিলে তাহা-
১৬ দের স্মরণ পৃথিবীহইতে দূরীকৃত হইবে। কেননা সে
অনুগ্রহ করিতে মনে করিল না, কিন্তু দুঃখি ও দরি-
দ্রের প্রতি দৌরাত্ম্য করিল ও ভগ্নান্তঃকরণের বধে
১৭ উদ্যত হইল। সে যে অভিশাপ ভাল বাসিল, তাহা
তাহার প্রতি ঘটিবে, এবং যে আশীর্ব্বাদে অসন্তুষ্ট
১৮ হইল, তাহা তাহাহইতে দূর হইবে। সে যে অভিশা-
পকে বস্ত্রের ন্যায় পরিধান করিল, তাহা ‖ তাহার
অন্তরে জলের ন্যায় ও অস্থিতে তৈলের ন্যায় প্রবিষ্ট
১৯ হইবে। এবং তাহার পরিধেয় বস্ত্রের ন্যায় ও নিত্য
কটিবন্ধ পটুকার ন্যায় তাহা তাহার প্রতি হইবে।
২০ আমার রিপুগণের ও আমার প্রাণ হিংসা করিতে
কুমন্ত্রণাকারিদের প্রতি পরমেশ্বরহইতে ঐ ফল হইবে।
২১ হে প্রভো পরমেশ্বর, তুমি নিজ নামের গুণে আ-
মার সহিত ব্যবহার কর; তোমার অনুগ্রহ উত্তম,
২২ আমাকে উদ্ধার কর। আমি দুঃখী ও দরিদ্র, আ-
২৩ মার অন্তরস্থ হৃদয় বিদ্ধ হইতেছে। আমি অপরা-
হ্নের ছায়ার ন্যায় ক্ষীণ, ও পঙ্গপালের ন্যায় চঞ্চল
২৪ হইতেছি। উপবাসদ্বারা আমার হাঁটু দুর্ব্বল ও আ-
২৫ মার মাংস ক্ষীণমেদ হইতেছে। এবং আমি লো-
কদের কাছে নিন্দাস্পদ হইতেছি, তাহারা আমাকে
২৬ দেখিয়া মস্তক চালনা করে। অতএব হে আমার
প্রভু পরমেশ্বর, আমার উপকার কর, নিজ কৃপাতে
২৭ আমাকে পরিত্রাণ কর। তাহাতে এই তোমার হস্তের
কর্ম্ম, ও তুমি পরমেশ্বর এই সকল করিয়াছ, ইহা
২৮ তাহারা জ্ঞাত হইবে। তাহারা অভিশাপ করিলেও
তুমি আশীর্ব্বাদ করিবা; তাহারা উঠিলে লজ্জিত
২৯ হইবে, কিন্তু তোমার সেবক আনন্দিত হইবে।
আমার রিপুগণ লজ্জারূপ বস্ত্রেতে বস্ত্রান্বিত হইবে,
ও উত্তরীয় বস্ত্রের ন্যায় আপনাদের লজ্জা পরি-
৩০ ধান করিবে। আমি মুখেতে পরমেশ্বরের অনেক

---

[৮] আ ৪৯; ১০ ॥—[১২] গী ১৪৬; ৩-৫ ॥
[১০৯ গীত] গী ৩৫। ৫৫। ৬৯ ॥—[৩] যো ১৫; ২৫ ॥—[৫] গী ৩৫; ১২। ৩৮; ২০ ॥—[৬] সিখ ৩; ১ ॥—[৭] হি ২৮; ৯ ॥—[৮] প্রে ১; ১৬,২০ ॥—[১৩] গী ৩৭; ২৮। হি ১০; ৭ ॥—[১৪] যা ২০; ৫ ॥—[১৫] গী ৩৪; ১৬ ॥
[১৬,১৭] ১৮; ২৫,২৬। যাক ২; ১৩ ॥—[১৮] গা ৫; ২২,২৪ ॥—[২২] গী ৮৬; ১ ॥—[২৩] ১০২; ১১। ১৪৪; ৪ ॥
[২৫] ২২; ৬,৭ ॥—[২৬,২৭] ৮৬; ১৭ ॥—[২৯] ৩৫; ২৬। ৪০; ১৪ ॥—[৩০,৩১] ২২; ২২-২২ ॥

* (বা) বিঘ্নকারী। † (বা) নিরালয়ে। ‡ (বা) বংশের শেষগতি। ‖ (বা) অভিশাপ বস্ত্রের ন্যায় তাহাকে বেষ্টন করিয়া।

প্রশংসা করিব, ও লোকারণ্যের মধ্যে তাঁহার ধন্য-৩১ বাদ করিব। তিনি বিদূষকহইতে দরিদ্রের প্রাণকে উদ্ধার করণার্থে তাহার দক্ষিণে দণ্ডায়মান হইবেন।

১১০ গীত।

খ্রীষ্টের রাজ্য ও যাজকত্ব ও জয়ের বিষয়ে ভবিষ্যদ্বাক্য। দায়ূদের গীত।

১ পরমেশ্বর আমার প্রভুকে কহিলেন, আমি যাবৎ তোমার শত্রুগণকে তোমার পাদপীঠ না করি, তাবৎ ২ তুমি আমার দক্ষিণে বৈস। পরমেশ্বর সিয়োন্‌হইতে তোমার বলরূপ রাজদণ্ড প্রেরণ করিবেন, তাহাতে ৩ তুমি শত্রুগণের মধ্যে রাজত্ব করিবা। তোমার পরাক্রম প্রকাশের দিনে তোমার লোকেরা ধর্ম্মের সৌন্দর্য্যেতে বিভূষিত হইয়া প্রস্তুত হইবে, এবং প্রাতঃকালের গর্ব্ভজাত শিশিরহইতে তোমার বংশবৃদ্ধি* ৪ হইবে। 'তুমি মল্কীষেদকের মতানুসারে নিত্য যাজক হইবা,' পরমেশ্বর এই শপথ করিলেন ও তাহার ৫ অন্যথা করিবেন না। তাঁহার † দক্ষিণস্থিত প্রভু আপন ক্রোধ প্রকাশের দিনে রাজগণকে প্রহার ৬ করিবেন। এবং অন্য দেশীয়দের বিচার করিয়া শবেতে দেশ পরিপূর্ণ করিবেন, ও অনেক দেশিদের ৭ মস্তক ‡ বিন্ধিয়া ফেলিবেন। এবং তিনি পথের মধ্যে নদীর জলপান করাতে মস্তক উত্তোলন করিবেন।

১১১ গীত।

ইব্রী ভাষাতে ককারাদি গীতদ্বারা ঈশ্বরানুগ্রহের প্রশংসা।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর; আমি সল্লোকদের সভাতে ও মণ্ডলীতে সর্ব্বান্তঃকরণের সহিত পরমে-২ শ্বরের প্রশংসা করিব। পরমেশ্বরের কর্ম্ম মহৎ, এবং যাহারা তাহাতে সন্তুষ্ট, তাহারা তাহাতে ৩ নিবিষ্ট হয়। ‖ তাঁহার কর্ম্ম প্রশংসনীয় ও আদরণীয় ৪ এবং তাঁহার ধর্ম্ম নিত্যস্থায়ী। তিনি আপনার আশ্চর্য্য ক্রিয়া স্মরণ করান; পরমেশ্বর অনুগ্রাহক ও ৫ দয়াময়। তিনি আপন ভয়কারি লোকদিগকে আহার দেন, এবং আপনার নিয়ম সর্ব্বদা মনে রা-৬ খেন। তিনি অন্য দেশীয়দের অধিকার আপন লোকদিগকে দিবার জন্যে তাহাদের প্রতি আপনার ৭ ক্রিয়ার বিক্রম প্রকাশ করিয়াছেন। তাঁহার হস্তকৃত কর্ম্মে সত্যতা ও ধর্ম্ম আছে, এবং তাঁহার ৮ সমস্ত আজ্ঞা অটল ও সদাকাল স্থির এবং সত্যতা ও ৯ সরলতাতে স্থাপিত হয়। তিনি আপন লোকদের প্রতি মুক্তি প্রেরণ করিয়া চিরকাল নিয়ম পালনের আজ্ঞা দিয়াছেন; তাঁহার নাম পবিত্রময় ও ভয়ার্হ। ১০ পরমেশ্বর বিষয়ক ভয় জ্ঞানের আরম্ভক; এবং যাহারা তাঁহার আজ্ঞা পালন করে, তাহাদের উত্তম জ্ঞান হয়; পরমেশ্বরের প্রশংসা নিত্যস্থায়ী হউক।

১১২ গীত।

ইব্রীভাষাতে ককারাদি গীতদ্বারা ভদ্রলোকের প্রশংসা।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর; যে জন পরমেশ্বরকে ভয় করে ও তাঁহার আজ্ঞাতে অতি সন্তুষ্ট হয়, সেই ২ ধন্য। পৃথিবীর মধ্যে তাহার বংশ মান্য হয়; সাধু ৩ লোকের সন্তানেরা আশীর্ব্বাদপ্রাপ্ত হয়। তাহার গৃহেতে ধন ও সম্পত্তি থাকে, ও তাহার ধর্ম্ম ৪ চিরস্থায়ী হয়। এবং সাধু লোকের জন্যে অন্ধকারে দীপ্তির উদয় হয়; সে অনুগ্রাহক ও দয়ালু ও ৫ ধার্ম্মিক হয়। সাধু লোক অনুগ্রহ করিয়া ঋণ দেয় ৬ ও সুবিচারে আপন কর্ম্ম নিষ্পন্ন করে। সে কদাচ বিচলিত হয় না, ধার্ম্মিক লোক সর্ব্বদা স্মরণে থাকে। ৭ এবং সে কুসম্বাদ শুনিলেও ভয় করে না, পরমে-৮ শ্বরে প্রত্যাশা করাতে তাহার মন সুস্থির থাকে। সে যাবৎ শত্রুগণের বিপদ দর্শন না করে, তাবৎ তাহার ৯ মন দৃঢ় ও নির্ভয় থাকে। সে ধন ব্যয় করে ও দরিদ্রদিগকে দান করে, ও তাহার ধর্ম্ম নিত্যস্থায়ী; সম্ভ্র-১০ মেতে তাহার বলবৃদ্ধি হয়। পাপিগণ তাহা দেখিয়া শোকান্বিত হয়, ও আপনারা দন্তঘর্ষণ করিয়া ক্ষয় পায়; তাহাতে পাপিগণের মনস্কামনা ব্যর্থ হয়।

১১৩ গীত।

অনুগ্রহের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর; হে পরমেশ্বরের সেবকগণ, তোমরা তাঁহার ধন্যবাদ কর, ও পরমেশ্বরের ২ নামের ধন্যবাদ কর। অদ্যাবধি সদাকাল পর্য্যন্ত ৩ পরমেশ্বরের নাম ধন্য হউক। সূর্য্যের উদয়াচল অবধি অস্তাচল পর্য্যন্ত পরমেশ্বরের নাম ধন্য হউক। ৪ পরমেশ্বর তাবৎ দেশীয়দের উপরে উচ্চপদান্বিত হন, ও আকাশের উপরে তাঁহার মহিমা প্রকাশ পায়। ৫ আমাদের প্রভু পরমেশ্বরের তুল্য কে আছে? তিনি

[১১০ গীত] গী ২। ৪৫। ৭২॥—[১] ম ২২; ৪৩-৪৫। প্রে ২; ৩৪,৩৫। ১ ক ১৫; ২৫,২৬। ইব্রু ১; ১৩। ১০; ১২,১৩। ১ পি ৩; ২২॥—[২] যিশ ২; ৩। লূ ২৪; ৪৭॥—[৩] মিথ ১৪। প্র ১৯; ১১-১৬। যী ৫; ৭,৮। হো ১৪; ৫। যিশ ২৬; ১৯। যিহি ৩৭; ১০,১২-১৪। যির ৩১; ৩১-৩৪। ৩৪; ২২। গী ১৩২; ১৬॥—[৪] ইব্রু ৬; ১৫-২০। ৭; ১-২৫॥—[৫,৬] প ১। যিহি ৩৯। প্র ১৯; ১৭-২১॥—[৭] বি ৭; ৫,৬॥

[১১১ গীত; ১] গী ৩৫; ১৮। ৯২; ১-৩। ১৩৮; ১॥—[২] ৯২; ৫। ১৪৩; ৫॥—[৩] ১৪৫; ৪-৬॥—[৪] ১০৩; ৮॥ [৫]৩৪; ১০॥—[৭]প্র ১৫; ৩॥—[৮]গী ১৯; ৭-১০॥—[৯] লূ ১; ৪৯॥—[১০]যূব ২৮; ২৮। হি ১; ৭। ৯; ১০। দ্বি৪; ৬॥

[১১২ গীত; ১] গী ১২৮; ১॥—[২] ২৫; ১৩। ৩৭; ২৬। হি ২০; ৭॥—[৩] ১ তী ৪; ৮॥—[৪] গী ৯৭; ১১॥—[৫] ৩৭; ২৬॥—[৭,৮] ৫৬; ৪,৯,১১। ৫৯; ১০। ১১৮; ৬,৭॥—[৯] ২ ক ৯; ৯॥—[১০] লূ ১৩; ২৮। গী ৫৮; ৭,৮। হি ১০; ২৮॥

[১১৩ গীত; ১] গী ১৩৫; ১॥—[২] দা ২; ২০॥—[৩] যিশ ৫৯; ১৯। মল ১; ১১॥—[৪] গী ৯৭; ৯। ৫৭; ৫,১১॥

* (বা) যুবশিশির। † (ইব্রু) তোমার। ‡ (বা) মহারণস্থলে রোশ্‌কে। ‖ (বা) সকল প্রকার সৌন্দর্য্য পযুক্ত আকাঙ্ক্ষণীয়।

৬ উচ্চস্থানে বসতি করিয়া স্বর্গ ও পৃথিবীতে কৃত ৭ কর্ম্ম দর্শনার্থে আপনি নত হন। তিনি অধ্যক্ষগণের, অর্থাৎ আপন লোকদের অধ্যক্ষগণের মধ্যে ৮ স্থাপিত করিতে দরিদ্র ব্যক্তিকে ধূলাহইতে উঠান ও দীনহীন ব্যক্তিকে নীচপদহইতে * উচ্চপদান্বিত ৯ করেন। তিনি বন্ধ্যা স্ত্রীকে সন্তানদের আনন্দময়ী মাতা করিয়া গৃহের কর্ত্রী করেন। পরমেশ্বরের ধন্যবাদ কর।

১১৪ গীত।

স্থাবরাদিদ্বারা ঈশ্বরের প্রশংসা।

১ ইস্রায়েল্ বংশ মিসরদেশহইতে ও যাকূব্ বংশ ২ অন্য ভাষাবাদি লোকহইতে গমন করিলে, যিহূদা বংশে তাঁহার ধর্ম্মধাম ও ইস্রায়েল্ বংশে তাঁহার ৩ রাজধানী হইল। ইহা দেখিয়া সমুদ্র পলায়ন করিল, ৪ এবং যর্দ্দন্ নদী উজানে বহিতে লাগিল; এবং পর্ব্বতগণ মেষের ন্যায় ও উপপর্ব্বতগণ মেষশাবকের ৫ ন্যায় লম্ফ দিতে লাগিল। হে সমুদ্র, তুমি কি নিমিত্তে ৬ পলাইলা? হে যর্দ্দন্, তুমি কেন উজানে বহিলা? হে পর্ব্বতগণ, তোমরা মেষের ন্যায়, হে উপপর্ব্বত সকল, তোমরা মেষশাবকের ন্যায় কেন লম্ফ দিলা? ৭ হে পৃথিবি, তুমিও প্রভুর সাক্ষাতে অর্থাৎ যাকূবের ৮ ঈশ্বরের সাক্ষাতে কম্পিত হও। তিনি পর্ব্বতকে জলাশয় ও অগ্নিপ্রস্তরকে জলের উনুই করিলেন।

১১৫ গীত।

১ প্রতিমার অসারতা ৯ ও ঈশ্বরের সারতার বর্ণনা।

১ হে পরমেশ্বর, আমাদের নয়, আমাদের নয়, কিন্তু তোমার অনুগ্রহ ও সত্যতার নিমিত্তে তোমার ২ নামের মহিমার বৃদ্ধি হউক। 'এখন তাহাদের ঈশ্বর কোথায়?' অন্যদেশীয়েরা কেন এমত কথা বলে? ৩ আমাদের ঈশ্বর স্বর্গে থাকিয়া আপন ইচ্ছানুসারে ৪ তাবৎ কর্ম্ম করেন। কিন্তু তাহাদের রৌপ্যময় ৫ ও সুবর্ণময় প্রতিমা মানুষের হস্তকৃত। তাহাদের মুখ থাকিতেও কথা কহিতে পারে না, ও চক্ষু থাকিতেও ৬ দেখিতে পায় না; এবং কর্ণ থাকিতেও শুনিতে পায় ৭ না, ও নাসিকা থাকিতেও আঘ্রাণ পায় না; এবং হস্ত থাকিতেও স্পর্শ করিতে পারে না, ও পদ থাকিতেও গমন করিতে পারে না, এবং গলার নলী দিয়া ৮ কথা কহিতে পারে না। যেমন তাহারা, তাহাদের নির্ম্মাণকর্ত্তারা এবং তাহাদের প্রতি বিশ্বাসকারি সকলও তদ্রূপ।

৯ হে ইস্রায়েল্ বংশ, পরমেশ্বরেতে বিশ্বাস কর, তিনি তোমাদের † উপকারক ও ঢালস্বরূপ। ১০ হে হারোণের বংশ, পরমেশ্বরেতে বিশ্বাস কর, তিনি তোমাদের † উপকারক ও ঢালস্বরূপ। ১১ হে পরমেশ্বরের ভয়কারিগণ, পরমেশ্বরেতে বিশ্বাস কর, তিনি তোমাদের † উপকারক ও ঢালস্বরূপ। ১২ পরমেশ্বর আমাদিগকে মনে করিয়া আশীর্ব্বাদ করিবেন, ও ইস্রায়েলের বংশকে ও হারোণের বংশকে আশীর্ব্বাদ করিবেন। ১৩ এবং পরমেশ্বরের ভয়কারি ক্ষুদ্র কি মহান্, সকলকেই আশীর্ব্বাদ করিবেন। ১৪ পরমেশ্বর তোমাদের ও তোমাদের সন্তানদের বৃদ্ধি করিবেন। ১৫ তোমরা স্বর্গমর্ত্ত্যের সৃষ্টিকারি পরমেশ্বরের আশীর্ব্বাদ প্রাপ্ত লোক। ১৬ স্বর্গ অর্থাৎ উচ্চতম স্বর্গ পরমেশ্বরের, কিন্তু তিনি মনুষ্যসন্তানদিগকে পৃথিবী দিলেন। ১৭ মৃত লোকেরা ও নীরব স্থানে প্রবিষ্টেরা পরমেশ্বরের ধন্যবাদ করিতে অশক্ত। ১৮ কিন্তু আমরা অদ্যাবধি সদাকাল পরমেশ্বরের ধন্যবাদ করিব। পরমেশ্বরের ধন্যবাদ কর।

১১৬ গীত।

অনুগ্রহের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা করণ।

১ পরমেশ্বর আমার নিবেদন ও প্রার্থনা শ্রবণ করাতে ২ আমি তাঁহাতে প্রেম করি। এবং আমার কথায় কর্ণপাত করাতে আমি যাবজ্জীবন প্রার্থনা করিব। ৩ যে সময়ে মৃত্যুরূপ রজ্জু আমাকে বেষ্টন করিল ও পারত্রিক বেদনা আমাকে ধরিল, ও আমি দুঃখ ৪ ও শোকগ্রস্ত হইলাম, তৎকালে আমি ঈশ্বরের নামে এই প্রার্থনা করিলাম, হে পরমেশ্বর, আমি নিবেদন করি, আমার প্রাণকে উদ্ধার কর। ৫ পরমেশ্বর অনুগ্রাহক ও ন্যায়কারী, এবং আমাদের ঈশ্বর দয়াময়। ৬ পরমেশ্বর অল্পবুদ্ধি লোকদের রক্ষাকর্ত্তা; আমি দীনহীন হইলেও তিনি আমার উপকার করিলেন। ৭ হে আমার মন, আপনার বিশ্রামস্থানে ফির, কেননা পরমেশ্বর তোমার মঙ্গল করিলেন। ৮ তিনি মৃত্যুহইতে আমার প্রাণকে ও অশ্রুহইতে আমার চক্ষুকে ও পতনহইতে আমার চরণকে রক্ষা ৯ করিলেন। অতএব আমি পরমেশ্বরের সাক্ষাতে

[৫,৬] যুব ৩৬; ৫। গী ১৩৮; ৬॥ —[৭,৮] যুব ৩৬; ৬,৭। ১ শি ২; ৮॥—[৯] গী ১০১; ৪১। ১ শি ২; ৫। গল ৪; ২৭॥
[১১৪ গীত; ১] যা ১২; ৪০,৪১॥—[২] যা ৬; ৬,৭। ১২; ৬। ২৯; ৪৫। দ্বি ৩২; ৯॥—[৩] যা ১৪; ২১,২২। যি ৩; ১৪-১৭॥—[৪] যা ১৯; ১৮। গী ৬৮; ৮। হ ৩; ৬,১০॥—[৫,৬] হ ৩; ৮॥—[৭,৮] যা ১৭; ৬। গ ২০; ১১॥
[১১৫ গীত; ১] গী ৭৯; ৯। যিহি ৩৬; ২১,২২॥—[২] গী ৭৯; ১০॥—[৩] গী ১৩৫; ৫,৬। দা ৪; ৩৫॥—[৪-৮] গী ১৩৫; ১৫-১৮॥—[৮] ৯৭; ৭। যিশ ৪৪; ৯-১১॥—[৯-১১] গী ৩৩; ২০। ১১৮; ২-৪। ১৩৫; ১৯,২০॥—[১৩] ১২৮; ১,৪॥—[১৬] হি ৮; ৩১॥—[১৭] গী ৮৮; ১০-১২॥—[১৮] ১১৩; ২॥
[১১৬ গীত; ১] গী ১৮; ১,৬॥—[৩,৪] ১৮; ৪-৬॥—[৫] ৬২; ১২। ১০৩; ৮॥—[৬] মু ১১; ২৫॥—[৭,৮] গী ৫৬; ১৩॥—[৯] আ ১৭; ১। গী ১৪২; ৫॥

* (ইব্রী) মলরাশিহইতে। † (ইব্রী) তাহাদের।

১০ জীবৎ লোকদের দেশে গমনাগমন করিব। আমি বিশ্বাস প্রযুক্ত কথা কহিলাম; আমি বড় দুঃখিত ১১ হইলাম। এবং তাবৎ লোক মিথ্যাবাদী, ইহা হঠাৎ ১২ কহিলাম। আমাকে দত্ত পরমেশ্বরের তাবৎ মঙ্গলের ১৩ পরিবর্ত্তে তাঁহাকে কি ফিরিয়া দিব? পরিত্রাণের ১৪ বাটী লইয়া পরমেশ্বরের নামে প্রার্থনা করিব; এবং পরমেশ্বরের কাছে আমার যে মানত, তাহা তাঁহার ১৫ সকল লোকের সাক্ষাতে এখন সম্পূর্ণ করিব। পরমেশ্বরের সাক্ষাতে তাঁহার পুণ্যবান লোকদের মৃত্যু ১৬ বহুমূল্য। হে পরমেশ্বর, আমি তোমার দাস, আমি তোমার দাস বটি, ও তোমার দাসীর পুত্র; তুমি ১৭ আমার বন্ধন মুক্ত করিলা। আমি প্রশংসারূপ বলি ১৮ উৎসর্গ করিয়া ঈশ্বরের নামে প্রার্থনা করিব; এবং পরমেশ্বরের কাছে আমার যে মানত, তাহা তাঁহার ১৯ সকল লোকের সাক্ষাতে, অর্থাৎ পরমেশ্বরের মন্দিরের প্রাঙ্গণে যিরূশালমের মধ্যে এখন সম্পূর্ণ করিব। পরমেশ্বরের ধন্যবাদ কর।

১১৭ গীত।

পরমেশ্বরের প্রশংসা।

১ হে সর্ব্বদেশীয়েরা, তোমরা পরমেশ্বরের ধন্যবাদ ২ কর; হে লোক সকল, তাঁহার প্রশংসা কর। আমাদের প্রতি তাঁহার অনুগ্রহ বড়, এবং পরমেশ্বরের সত্য কথা নিত্যস্থায়ী। পরমেশ্বরের ধন্যবাদ কর।

১১৮ গীত।

১ ঈশ্বরের প্রশংসা ৫ ও বিপদহইতে রক্ষার নিমিত্তে ঈশ্বরের গুণানুবাদ ২২ ও খ্রীষ্টের বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

১ পরমেশ্বরের প্রশংসা কর, তিনি মঙ্গলদাতা এবং ২ তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। ইস্রায়েল্ বংশ এখন ৩ বলুক, তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং হারোণের বংশও এখন বলুক, তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। ৪ এবং পরমেশ্বরকে ভয়কারি লোকেরাও এখন বলুক, তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী।

৫ আমি বিপদ সময়ে পরমেশ্বরের কাছে প্রার্থনা করিলাম, তাহাতে পরমেশ্বর আমাকে উত্তর দিয়া ৬ উদ্ধার করিলেন। পরমেশ্বর আমার সপক্ষ আছেন, আমি আপনার বিরুদ্ধে মনুষ্যের সাধ্য কর্ম্মকে ভয় ৭ করিব না। পরমেশ্বর আমার উপকারিদের সহিত আমার সপক্ষ হন; অতএব যাহারা আমাকে ঘৃণা করে, ৮ তাহাদের বিপদ আমি দেখিব। মানুষে প্রত্যাশা করা অপেক্ষা পরমেশ্বরের শরণাগত হওয়া উত্তম। ৯ এবং অধ্যক্ষগণের শরণাগত হওয়া অপেক্ষা পরমেশ্বরে প্রত্যাশা করা উত্তম। ১০ সমস্তজাতীয় লোক আমাকে বেষ্টন করিল, তথাপি * আমি পরমেশ্বরের নামের গুণে তাহাদিগকে সংহার † করিলাম ‡। ১১ তাহারা আমাকে ঘেরিল ও পুনর্ব্বার আমাকে ঘেরিল, তথাপি আমি পরমেশ্বরের নামের গুণে তাহাদিগকে সংহার করিলাম। ১২ তাহারা মধুমক্ষিকার ন্যায় আমাকে ঘেরিল, তথাপি কণ্টকের অগ্নির ন্যায় নির্ব্বাণ হইল; আমি পরমেশ্বরের নামের গুণে তাহাদিগকে সংহার করিলাম। ১৩ হে শত্রো, তুমি আমাকে অধোনিক্ষেপ করিতে অত্যন্ত ঠেলিলেও পরমেশ্বর আমার উপকার করিলেন। ১৪ পরমেশ্বর আমার বল ও গানস্বরূপ হইয়া আমার পরিত্রাতা হইলেন। ১৫ ধার্ম্মিকগণের তাম্বুতে আনন্দ ও জয়ধ্বনি হয়; পরমেশ্বরের দক্ষিণ হস্ত দুঃসাধ্য কর্ম্ম করে। ১৬ পরমেশ্বরের দক্ষিণ হস্ত উচ্চতর, ও পরমেশ্বরের দক্ষিণ হস্ত দুঃসাধ্য কর্ম্ম করে। ১৭ আমি মরিব না, বরং সজীব হইয়া পরমেশ্বরের কর্ম্মের বর্ণনা করিব। ১৮ পরমেশ্বর আমাকে অতিশয় শাসন করিলেন, কিন্তু মৃত্যুর হস্তে সমর্পণ করিলেন না। ১৯ আমার নিমিত্তে ধর্ম্মদ্বার মুক্ত কর, আমি তাহা দিয়া প্রবেশ করিয়া পরমেশ্বরের প্রশংসা করিব। ২০ যাহা দিয়া ধার্ম্মিকগণ প্রবেশ করে, সেই পরমেশ্বরের দ্বার। ২১ আমি তোমার প্রশংসা করিব, তুমি আমাকে উত্তর দিয়া আমার পরিত্রাণকর্ত্তা হইয়াছ।

২২ গাঁথকেরা যে প্রস্তর অগ্রাহ্য করিয়াছে, তাহা ২৩ কোণের প্রধান প্রস্তর হইয়া উঠিল; এই যে পরমেশ্বরের কর্ম্ম ‖, সে আমাদের দৃষ্টিতে অদ্ভুত। ২৪ পরমেশ্বরের নিরূপিত দিন এই; আইস, আমরা তাহাতে আনন্দিত ও উল্লাসিত হই। ২৫ হে পরমেশ্বর, নিবেদন করি, এখন পরিত্রাণ কর; হে পরমেশ্বর, নিবেদন করি, এখন মঙ্গল কর। ২৬ যিনি পরমেশ্বরের নামে আসিতেছেন তিনি ধন্য; আমরা পরমেশ্বরের মন্দিরে থাকিয়া তোমাদের ধন্যবাদ করি। ২৭ পরমেশ্বর প্রভু হন, তিনি আমাদিগকে দীপ্তি দেন; তোমরা বেদির শৃঙ্গে রজ্জুদ্বারা বলিকে বন্ধন কর।

[১০] ২ করি ৪; ১৩ ॥—[১২,১৩] প ১৭। গী ৫০; ১৪ ॥—[১৪] প ১৮,১৯। ২২; ২৫ ॥—[১৫] ৭২; ১৪ ॥—[১৬] ১১৯; ১২৫। ৮৬; ১৬ ॥—[১৭] প ১২,১৩। ৫০; ১৪। রো ১২; ১ ॥—[১৮,১৯] প ১৪ ॥

[১১৭ গীত; ১] রো ১৫; ১১ ॥—[২] গী ১০০; ৫ ॥

[১১৮ গীত; ১] প ২৯। গী ১০৬; ১। ১০৭; ১॥—[২-৪] ১১৫; ৯-১১। ১০৫; ১৯,২০ ॥—[৫] ১৮; ৪-৬,১৯। ১১৬; ৩-৫। ১২০; ১ ॥—[৬] ২৭; ১। ৫৬; ৪,১১। রো ৮; ৩১। ইব্রী ১৩; ৬ ॥—[৭] গী ৫৪; ৪,৫ ॥—[৮,৯] ৬২; ৮,৯। ১০৮; ১২। ১৪৬; ৩-৫ ॥—[১০-১২] ৩; ৬। ২৭; ২,৩ ॥—[১৪] যা ১৫; ২। যিশ ১২; ২ ॥—[১৬] যিশ ১৫; ৬ ॥—[১৮] ২ করি ৬; ৯ ॥—[১৯] যিশ ২৬; ২ ॥—[২০] গী ২৪; ৭,৯। প্র ২১; ২৭। ২২; ১৪ ॥—[২১] প ১৪। গী ১১৬; ১॥ [২২,২৩] ম ২১; ৪২। প্রে ৪; ১০-১২। ইফ ২; ২০। ১ পি ২; ৪,৭ ॥—[২৪] যিশ ২৫; ৯ ॥—[২৬] ম ২১; ৯। ২৩; ৩৯॥

* (বা) করিলেও। † (বা) ছিন্ন। ‡ (বা) করিব। ‖ (ইব্রী) পরমেশ্বরহইতে হয়

তুমি আমার ঈশ্বর, আমি তোমার প্রশংসা করিব; ২৮ তুমি আমার ঈশ্বর, আমি তোমার প্রতিষ্ঠা করিব। ২৯ তোমরা পরমেশ্বরের প্রশংসা কর; তিনি মঙ্গল-দাতা ও তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী।

১১৯ গীত।

ইব্রী ভাষাতে ককারাদি গীত; তাহাতে ধর্ম্মশাস্ত্রের গুণের বর্ণনা এবং অনেক প্রার্থনা ও প্রশংসা ও উপদেশাদি।

א আলফ্।

১ যাহারা সরল * আচরণ করে ও পরমেশ্বরের শাস্ত্রা-২ নুসারে চলে, তাহারা ধন্য। এবং যাহারা তাঁহার প্রমাণবাক্য গ্রাহ্য করে ও সর্ব্বান্তঃকরণের সহিত ৩ তাঁহার চেষ্টা করে, তাহারা ধন্য। তাহারা মন্দ কর্ম্ম ৪ না করিয়া তাঁহার পথে গমন করে। তুমি আপনার সমস্ত আজ্ঞা সম্পূর্ণ রূপে পালন করিতে আদেশ ৫ করিতেছ। আহা, তোমার বিধিমতানুসারে আমার ৬ গতি স্থির হউক। তোমার আজ্ঞা সকল মান্য করিলে ৭ আমার লজ্জা হইবে না। তোমার ধর্ম্মের ব্যবস্থা শিখিলে আমি সরল মনে তোমার প্রশংসা করিব। ৮ তোমার বিধি পালন করিব; আমাকে কখনও পরি-ত্যাগ করিও না।

ב বৈৎ।

৯ যুবমানুষ কি প্রকারে আপন পথ পরিষ্কার করিবে? তোমার বাক্যানুসারে সতর্ক হইয়া করিবে। ১০ আমি সর্ব্বান্তঃকরণের সহিত তোমার চেষ্টা করিতেছি, আমাকে আপন আজ্ঞা লঙ্ঘন করিতে দিও না। ১১ আমি যেন তোমার বিরুদ্ধে পাপ না করি, এই জন্যে ১২ তোমার বাক্য মনের মধ্যে সঞ্চয় করি। হে পর-মেশ্বর, তুমি ধন্য, আমাকে তোমার বিধি শিক্ষা ১৩ দেও। আমি আপন ওষ্ঠে তোমার মুখের আজ্ঞার ১৪ বর্ণনা করি। আমি সমূহধন অপেক্ষা তোমার প্রমাণ ১৫ বাক্যের পথে হৃষ্ট হই। তোমার আজ্ঞা ধ্যান করিয়া ১৬ তোমার পথকে মান্য করি। এবং তোমার বিধিতে সন্তুষ্ট হইয়া তোমার কথা বিস্মৃত হই না।

ג গিমল্।

১৭ নিজ দাসের মঙ্গল কর, তাহাতে আমি সজীব ১৮ হইয়া তোমার বাক্য পালন করিব। আমার চক্ষুঃ প্রসন্ন † কর, তাহাতে তোমার শাস্ত্রে আশ্চর্য্য দর্শন ১৯ করিব। আমি পৃথিবীতে এক প্রবাসী হই, আমা-২০ হইতে তোমার আজ্ঞা লুক্কায়িত করিও না। তোমার রাজ্যনীতির প্রতি সর্ব্বদা আমার যে ইচ্ছা, তাহাতে আমার প্রাণ ভগ্ন হয়। যে শাপগ্রস্ত অহঙ্কারি লোকেরা ২১ তোমার আজ্ঞা লঙ্ঘন করে, তাহাদিগকে অনুযোগ কর। আমাহইতে নিন্দা ও তুচ্ছতা দূর কর, কেননা ২২ আমি তোমার প্রমাণবাক্য পালন করি। প্রধান ২৩ লোকেরা বসিয়া আমার বিপক্ষে কথা কহে, কিন্তু তোমার দাস তোমার বিধি ধ্যান করে। তোমার ২৪ প্রমাণবাক্য আমার আহ্লাদ ও মন্ত্রণাদায়ক ‡ হয়।

ד দালৎ।

আমার মন ধূলীতে সংলগ্ন আছে, তুমি আপন ২৫ বাক্যানুসারে আমাকে সচেতন কর। আমি আপন ২৬ গতির বর্ণনা করিলে তুমি আমাকে উত্তর দিয়া আপন বিধি শিক্ষা দেও। তোমার উপদেশের পথ আ-২৭ মাকে জ্ঞাত কর, তাহাতে আমি তোমার তাবৎ আশ্চর্য্য কর্ম্ম ধ্যান করিব। আমার মন শোকেতে গলিত ২৮ হয়, এখন আপন বাক্যানুসারে আমাকে উঠাও। আমাহইতে মিথ্যা পথকে দূর করিয়া অনুগ্রহেতে ২৯ তোমার শাস্ত্র আমাকে জ্ঞাত কর। আমি সত্য পথ ৩০ মনোনীত করিয়া তোমার রাজ্যনীতি সম্মুখে রাখি। হে পরমেশ্বর, আমি তোমার প্রমাণবাক্যে সংলগ্ন ৩১ হই, আমাকে লজ্জিত করিও না। তুমি আমার মন ৩২ বিস্তারিত করিলে তোমার আজ্ঞাপথে ধাবমান হইব।

ה হে।

হে পরমেশ্বর, তুমি আমাকে আপন বিধির মতে ৩৩ শিক্ষা দেও, তাহাতে আমি শেষ পর্য্যন্ত তাহা পালন করিব। আমাকে জ্ঞান দেও, তাহাতে আমি তোমার ৩৪ শাস্ত্র মানিয়া সর্ব্বান্তঃকরণের সহিত তাহা পালন করিব। তুমি আমাকে আপন আজ্ঞাপথে গমন ৩৫ করাও, তাহাতে আমি সন্তুষ্ট হইব। লোভের প্রতি ৩৬ নয়, কিন্তু তোমার প্রমাণবাক্যের প্রতি আমার মনে প্রবৃত্তি দেও। মায়ার দর্শনহইতে আমার চক্ষুকে ৩৭ ফিরাইয়া তোমার পথে আমাকে সচেতন কর। আপন ভয়কারি দাসের প্রতি নিজ কথা সফল কর। ৩৮ এবং আমার ভয়জনক নিন্দা দূর কর; তোমার ৩৯ তাবৎ রাজ্যনীতি উত্তম। দেখ, আমি তোমার ৪০ উপদেশের লোভে আছি, অতএব তোমার ধর্ম্মে আমাকে সচেতন কর।

ו বৌ।

হে পরমেশ্বর, তোমার অনুগ্রহ অর্থাৎ তোমার ৪১

---

[২৮] যা ১৫ ; ২। যিশ ২৫ ; ১ ॥—[২৯] প ১ ॥

[১১৯ গীত ; ৩] ১ যো ৩ ; ৬,৯। ৫ ; ১৮ ॥—[৪] দ্বি ৪ ; ১। ৬ ; ১৭। ৩০ ; ১৯,২০ ॥—[৬] প ৮০ ॥—[৭] প ২৭, ১৭১ ॥ [৯] প ১০৪ ॥—[১১] প ১০৪। গী ৩৭ ; ৩১ ॥—[১২] প ৬৪,৬৮,১০৮ ॥—[১৩] প ১৭২ ॥—[১৪] প ৭২,১১১,১২৭, ১৬২ ॥—[১৫] প ৪৮,১৪৮ ॥—[১৬] প ৪৭,৯৩ ॥—[১৭] প ১২৪ ॥—[১৮] প ২৭ ॥—[১৯] ৩৯ ; ১২। ইব্রু ১১ ; ১৩-১৬ ॥ [২০] প ৪০ ॥—[২২] প ৩১ ॥—[২৩] প ৫১ ॥—[২৪] প ৯৭-১০০ ॥—[২৫] প ১০৭। গী ৪৪ ; ২৫,২৬। ১৪৩ ; ১১॥ [২৬] ৩২ ; ৫,৮ ॥—[২৭] প ১৮ ॥—[২৮] প ৯২ ॥—[২৯] প ৩৭ ॥—[৩১] প ২২ ॥—[৩৩,৩৪] প ৭৩ ॥—[৩৬] প ১২৭ ॥ [৩৭] প ২৯ ॥—[৩৮] প ৪৯ ॥—[৩৯] প ৩১ ॥—[৪০] প ২০,১৩১ ॥—[৪১] প ৭৭ ॥

* (বা) সিদ্ধ। † (বা) খুল। ‡ (ইব্রু) মন্ত্রিগণ।

কৃত পরিত্রাণ তোমার বাক্যানুসারে আমার প্রতি
৪২ আইসুক। তাহাতে আমি তোমার বাক্যে প্রত্যাশা
করাতে আপন নিন্দাকারিকে উত্তর দিতে পারিব।
৪৩ তোমার বিচারাজ্ঞার অপেক্ষা করি, অতএব আমার
মুখহইতে কখন সত্য কথা অপহরণ করিও না।
৪৪ তাহাতে তোমার ব্যবস্থা সদা সর্ব্বক্ষণে পালন করিব।
৪৫ এবং আমি তোমার উপদেশ চেষ্টা করাতে বিস্তা-
৪৬ রিত পথে গতায়াত করিব। আমি তোমার প্রমাণ-
বাক্য রাজগণের সাক্ষাতে কহিব,ও তাহাতে লজ্জিত
৪৭ হইব না। বরং তোমার যে২ আজ্ঞাতে আমি প্রেম
৪৮ করি, তাহাতে সন্তুষ্ট হইব। এবং যে২ আজ্ঞাতে
আমি প্রেম করি, তাহার নিকটে কৃতাঞ্জলি হইব,
ও তোমার বিধি সকল ধ্যান করিব।

ז সয়িন্।

৪৯ যে কথাতে নিজ দাসকে প্রত্যাশান্বিত করিয়াছ,
৫০ তাহা স্মরণ কর। তোমার বাক্যদ্বারা আমি চেতনা
পাইলাম; এই কথা আমার দুঃখের সময়ে সান্ত্বনা-
৫১ জনক হয়। অহঙ্কারি লোক আমাকে অনেক নিন্দা
করিলেও আমি তোমার ব্যবস্থাহইতে বিপথগামী হই
৫২ না। হে পরমেশ্বর, আমি তোমার পুরাতন রাজ্যনীতি
৫৩ স্মরণ করিয়া আপনাকে সান্ত্বনাযুক্ত করি। পাপিগণ
তোমার ব্যবস্থা ত্যাগ করে; তাহাতে আমার রোমাঞ্চ
৫৪ হয়। আমার প্রবাসগৃহে তোমার বিধি সকল আ-
৫৫ মার গতি হয়। হে পরমেশ্বর, আমি রাত্রিকালে
তোমার নাম স্মরণ করিয়া তোমার ব্যবস্থা পা-
৫৬ লন করি। তোমার আজ্ঞা পালন করা আমার
ব্যবহার হয়।

ח হেৎ।

৫৭ হে পরমেশ্বর, তুমি আমার অংশ, আমি তো-
৫৮ মার বাক্য পালন করিব, ইহা কহিলাম। এবং
আমি সর্ব্বান্তঃকরণের সহিত তোমার মুখাপেক্ষা
করি, তুমি আপন বাক্যানুসারে আমার প্রতি অনু-
৫৯ গ্রহ কর। আমি আপন পথ বিবেচনা করিয়া
তোমার প্রমাণবাক্যের পথে আপন পাদ ফিরাই।
৬০ তোমার আজ্ঞা পালন করিতে আমি সত্ত্বর হই,
৬১ বিলম্ব করি না। পাপি লোকের দল আমাকে
ঘেরিলেও * আমি তোমার শাস্ত্র বিস্মৃত হই না।
৬২ তোমার ধর্ম্মময় রাজ্যনীতির নিমিত্তে তোমার
প্রশংসা করিতে আমি অর্দ্ধরাত্রিতে গাত্রোত্থান
৬৩ করি। আমি তোমার ভয়কারিগণের ও আজ্ঞাপা-
৬৪ লকদের মিত্র হই। হে পরমেশ্বর, তোমার অনুগ্র-
হেতে পৃথিবী পরিপূর্ণ আছে; আমাকে তোমার
বিধির শিক্ষা দেও।

ט টেট্।

৬৫ হে পরমেশ্বর, তুমি আপন বাক্যানুসারে নিজ
৬৬ দাসের মঙ্গল করিতেছ। এখন আমাকে উত্তম বোধ
ও জ্ঞানের শিক্ষা দেও, কেননা আমি তোমার আ-
৬৭ জ্ঞাতে বিশ্বাস করি। পীড়িত হওনের পূর্ব্বে আমি
ভ্রান্ত ছিলাম, কিন্তু এইক্ষণে তোমার কথা পালন
৬৮ করিতেছি। তুমি দাতা ও মঙ্গলদায়ক; আমাকে
৬৯ আপনার বিধির শিক্ষা দেও। অহঙ্কারি লোকেরা
আমার প্রতি মিথ্যা অপবাদের কল্পনা করিলেও
আমি সর্ব্বান্তঃকরণের সহিত তোমার আজ্ঞা পালন
৭০ করি। তাহাদের অন্তঃকরণ মেদের ন্যায় স্থূল; কিন্তু
৭১ তোমার ব্যবস্থাতে আমার তুষ্টি আছে। আমি যে
পীড়িত হইলাম, সেও আমার মঙ্গল; কেননা তাহা-
৭২ তেই আমি তোমার বিধির শিক্ষা পাইলাম। তোমার
মুখের ব্যবস্থা আমার নিকটে সহস্র২ সুবর্ণ ও
রৌপ্য মুদ্রাহইতেও উত্তম হয়।

י য়ুদ্।

৭৩ তোমার হস্ত আমার সৃষ্টি ও স্থিতি করিয়াছে,
এখন যাহাতে তোমার তাবৎ আজ্ঞা শিখিতে পারি,
৭৪ এমত জ্ঞান আমাকে দেও। আমি তোমার কথাতে
প্রত্যাশা করি, এই কারণ তোমার ভয়কারিগণ আ-
৭৫ মাকে দেখিয়া আনন্দিত হয়। হে পরমেশ্বর, তো-
মার রাজ্যনীতি ধর্ম্মময়; এবং তুমি বিশ্বস্ততাতে
৭৬ আমাকে ক্লেশ দিয়াছ, ইহা আমি জানি। কিন্তু এই-
ক্ষণে নিজ দাসের প্রতি আপন বাক্যানুসারে তো-
৭৭ মার অনুগ্রহ আমার সান্ত্বনাদায়ক হউক। আমার
প্রতি তোমার দয়া হউক,তাহাতে আমি সচেতন হইব;
৭৮ তোমার শাস্ত্র আমার তুষ্টিকর হয়। অহঙ্কারি লো-
কেরা লজ্জিত হউক, কেননা তাহারা আমার প্রতি
অকারণে অন্যায় করে; কিন্তু আমি তোমার উপ-
৭৯ দেশ ধ্যান করি। তোমার ভয়কারিগণ ও প্রমাণ
৮০ বাক্য জ্ঞাত লোকেরা আমার সপক্ষ হউক; এবং
আমি যেন লজ্জিত না হই, একারণ আমার মন
তোমার বিধিতে সিদ্ধ হউক।

כ কফ্।

৮১ তোমাহইতে পরিত্রাণের অপেক্ষাতে আমার
প্রাণ অবসন্ন হয়, আমি তোমার বাক্যের অপেক্ষা
৮২ করি। তুমি কখন্ আমাকে প্রবোধ দিবা? ইহা
কহিতে২ তোমার বাক্যের নিমিত্তে আমার চক্ষু

---

[৪৬] মা ১০; ১৮, ৩২, ৩৩ ॥—[৪৭] প ১৬ ॥—[৪৯] প ৩৮, ১১৬ ॥—[৫০] গী ১৪; ১৯ ॥—[৫১] প ২৩ ॥—[৫২] ৭৭; ৫, ১১,১২ ॥—[৫৫] প ৬২ ॥—[৫৭] প ১০৬ ॥—[৫৮] প ১৭০ ॥—[৬২] প ৫৫ ॥—[৬৩] গী ১০১; ৬ ॥—[৬৪] প ১২। ৩৩; ৫ ॥—[৬৭] প ৭১ ॥—[৬৮] প ১২ ॥—[৬৯] প ৬১ ॥—[৭০] ৭৩; ৬-৯ ॥—[৭১] প ৬৭ ॥—[৭২] প ১২৭। ১৯; ১০ ॥—[৭৩] প ৩০, ৩৪। যুব ১০; ৮। গী ১৩৯; ১৫,১৬ ॥—[৭৪] ৩৪; ২ ॥—[৭৫] ইব্রি ১২; ৫-১০ ॥ [৭৬] প ৫০ ॥—[৭৭] প ৪১ ॥—[৭৮] প ৫১,৮৫,৯৫,১১৮,১১৯ ॥—[৭৯] প ৬০ ॥—[৮১,৮২] প ২০,৪০,১২৩ ॥

* (বা) আমার দ্রব্য লুট করিলেও।

৮৩ অবসন্ন হয়। আমি ধূমস্থ কুপার ন্যায় হইলেও ৮৪ তোমার বিধি বিস্মৃত হই না। তোমার দাসের কত পরমায়ু আছে? কবে আমার তাড়নাকারিগণের ৮৫ শাসন করিবা? যে অহঙ্কারিরা তোমার ব্যবস্থানুসারে চলে না, তাহারা আমার নিমিত্তে গর্ত্ত খনন করে। ৮৬ তোমার আজ্ঞা সকল বিশ্বসনীয়; লোকেরা অন্যায়েতে আমাকে তাড়না করে; তুমি আমার উপকার কর। ৮৭ তাহারা আমাকে প্রায় ভূমিপাত করিলেও আমি ৮৮ তোমার আজ্ঞা পরিত্যাগ করি না। অতএব নিজ অনুগ্রহানুসারে আমাকে সচেতন কর; তাহাতে আমি তোমার মুখের প্রমাণবাক্য পালন করিব।

ᒐ লামদ্।

৮৯ হে পরমেশ্বর, তোমার বাক্য আকাশমণ্ডলে চির- ৯০ স্থায়ী আছে। তোমার বিশ্বস্ততা পুরুষানুক্রমে স্থায়ী, ৯১ তোমার স্থাপিত পৃথিবী স্থির থাকে। তোমার শাসনানুসারে সে অদ্যাপি স্থির থাকে; যেহেতুক ৯২ সকলেই তোমার দাস। যদি তোমার শাস্ত্র আমার আহ্লাদজনক না হইত, তবে আমি আপন ৯৩ দুঃখেতে নষ্ট হইতাম। আমি তোমার আজ্ঞা কখন বিস্মৃত হই না, কেননা তুমি তাহারই দ্বারা আমাকে ৯৪ সচেতন করিতেছ। আমি তোমারই, তুমি আমাকে পরিত্রাণ কর; আমি তোমার উপদেশের অন্বেষণ ৯৫ করিতেছি। পাপি লোকেরা আমাকে নষ্ট করিতে অপেক্ষা করিতেছে; আমি তোমার প্রমাণবাক্য ৯৬ বিবেচনা করি। আমি তাবৎ সিদ্ধির শেষ দেখি; তোমার আজ্ঞা অতি বিস্তারিত।

מ মেম্।

৯৭ আমি তোমার শাস্ত্র কেমন ভাল বাসি! সমস্ত দিন ৯৮ তাহা ধ্যান করি। তুমি আপন আজ্ঞাদ্বারা শত্রুগণ অপেক্ষাও আমাকে জ্ঞানবান্ করিতেছ; সেই আজ্ঞা ৯৯ সর্ব্বদা আমার (নিকটে) থাকে। আমি তোমার প্রমাণবাক্য ধ্যান করি; এই কারণ আপন তাবৎ ১০০ গুরু অপেক্ষা জ্ঞানবান্ হই। এবং তোমার আজ্ঞা ১০১ পালন করাতে প্রাচীন লোকহইতেও জ্ঞানী হই। তোমার বাক্য পালনার্থে তাবৎ মন্দ পথহইতে আপন ১০২ চরণকে নিবৃত্ত করি। তুমি আমাকে শিক্ষা দিয়াছ, এই কারণ আমি তোমার রাজ্যনীতিহইতে ফিরি না। ১০৩ তোমার কথা আমার জিহ্বাতে কেমন মিষ্ট লাগে! ১০৪ আমার মুখে মধুহইতেও মিষ্ট লাগে। তোমার উপদেশদ্বারা আমি জ্ঞান পাই, এই জন্যে তাবৎ মিথ্যা পথ হেয়জ্ঞান করি।

נ নূন্।

তোমার বাক্য আমার চলনার্থে* প্রদীপ ও পথের ১০৫ আলোস্বরূপ। তোমার ধর্ম্মময় রাজ্যনীতি পালন ১০৬ করিতে শপথ করিলাম ও তাহা সিদ্ধ করিব। আমি ১০৭ অত্যন্ত দুঃখিত হই; হে পরমেশ্বর, আপন বাক্যানুসারে আমাকে সচেতন কর। হে পরমেশ্বর, এই- ১০৮ ক্ষণে আমার মুখের প্রশংসা † গ্রাহ্য করিয়া আমাকে আপনার রাজ্যনীতি শিক্ষা দেও। আমার প্রাণ নিত্য ১০৯ মৃত্যুর ‡ হস্তগত থাকিলেও আমি তোমার শাস্ত্র বিস্মৃত হই না। পাপিগণ আমার নিমিত্তে ফাঁদ পাতিলেও ১১০ আমি তোমার আজ্ঞাহইতে বিপথগামী নহি। তোমার ১১১ প্রমাণবাক্য আমার মনের আনন্দজনক হয়, এই নিমিত্তে তাহা আপন নিত্যাধিকারের ন্যায় গ্রহণ করি। এবং শেষ পর্য্যন্ত সদাকাল তোমার বিধি ১১২ পালন করণার্থে আমি আপন মনকে প্রবৃত্তি দি।

ס সামক্।

আমি কুচিন্তা ‖ ঘৃণা করি, কিন্তু তোমার শাস্ত্র ভাল ১১৩ বাসি। তুমি আমার গুপ্ত স্থান ও ঢালস্বরূপ; আমি ১১৪ তোমার বাক্যেতে প্রত্যাশা করি। হে কুকর্ম্মকা- ১১৫ রিগণ, তোমরা আমার নিকটহইতে দূর হও; আমি আপন ঈশ্বরের আজ্ঞা পালন করিব। যাহাতে ১১৬ আমি জীবন পাই, এ রূপে আপন বাক্যানুসারে আমাকে ধারণ কর, ও আমার আশার বিষয়ে আমাকে লজ্জিত করিও না। আমাকে স্থাপন কর, তা- ১১৭ হাতে আমি রক্ষা পাইব, ও তোমার বিধি সর্ব্বদা মান্য করিব। তুমি আপন বিধিহইতে ভ্রান্ত তাবৎ লো- ১১৮ ককে মর্দ্দন § করিবা; তাহাদের প্রবঞ্চনা ভ্রান্তিমাত্র। তুমি পৃথিবীস্থিত তাবৎ পাপিকে মলের ন্যায় দূর ১১৯ করিবা, এই জন্যে আমি তোমার প্রমাণ বাক্য ভাল বাসি। তোমাকে ভয় করাতে আমার শরীরে রোমাঞ্চ ১২০ হয়, ও তোমার দণ্ডাজ্ঞাহইতে আমি ভীত হই।

ע অয়িন্।

আমি ন্যায় ও ধর্ম্মাচরণ করি, আমাকে উপদ্রবি- ১২১ দের হস্তে সমর্পণ করিও না। মঙ্গলের নিমিত্তে আ- ১২২ পন দাসের প্রতিভূ হও, ও অহঙ্কারিদিগকে আমার প্রতি উপদ্রব করিতে দিও না। তোমার কৃত ১২৩ পরিত্রাণের ও ধর্ম্মকথার অপেক্ষাতে আমার চক্ষু ক্ষীণ হইতেছে। আপন অনুগ্রহানুসারে নিজ দাসের ১২৪ সহিত ব্যবহার কর, ও আমাকে আপন বিধির শিক্ষা দেও। আমি তোমার দাস, আমাকে বুদ্ধি ১২৫ প্রদান কর, তাহাতে তোমার প্রমাণবাক্য বুঝিব। হে ১২৬

[৮৩] যূব ৩০; ৩০॥—[৮৪] প্রু ৬; ১০॥—[৮৫-৮৭] প ৭৮॥—[৮৯] ম ২৪; ৩৫। ১ পি ১; ২৫॥—[৯০] গী ৮৯; ৮,১১॥ [৯২] প ২৮॥—[৯৫] প ৭৮॥—[৯৭] গী ১; ২॥—[৯৮-১০০] দ্বি ৪; ৬-৮॥—[১০৩] গী ১৯; ১০॥—[১০৫] হি ৬; ২৩॥—[১০৬] প ১১২॥—[১০৭] প ২৫॥—[১০৮] গী ১৯; ১৪॥—[১১০] ১৪০; ৫। ১৪১; ৯। ১৪২; ৩॥ [১১১] প ১৪,৭২,১২৭,১৬২॥—[১১২] প ১০৬॥—[১১৪] গী ৩১; ১৯,২০। ৩২; ৭॥—[১১৫] ১০১। ৬; ৮॥ [১১৬] ২৫; ২,৩। প ৪৯॥—[১১৮,১১৯] প ৭৮॥—[১২০] প ৮১, ৮২॥—[১২৪] প ১৭॥—[১২৫] প ১৭৬॥

* (ইব্রু) চরণের। † (ইব্রু) নৈবেদ্য। ‡ (ইব্রু) আপনার। ‖ (বা) চঞ্চল লোকদিগকে। § (বা) তুচ্ছ।

পরমেশ্বর, তোমার কর্ম্ম করণের সময় উপস্থিত; কেননা লোকেরা তোমার ব্যবস্থা লঙ্ঘন করিতেছে। ১২৭ কিন্তু আমি সুবর্ণ ও খাঁটি সুবর্ণ অপেক্ষাও তোমার ১২৮ আজ্ঞা সকল ভাল বাসি। এবং তাবৎ বিষয়ে তোমার সকল উপদেশ প্রকৃত জ্ঞান করি ও সকল মিথ্যাপথ ঘৃণা করি।

ঢ পে।

১২৯ তোমার প্রমাণবাক্য আশ্চর্য্য, এই জন্যে আমার ১৩০ মন তাহা পালন করে। তোমার বাক্য সপ্রকাশ হইলে দীপ্তি প্রদান করে ও অবোধের বোধ জন্মায়। ১৩১ আমি তোমার আজ্ঞার আকাঙ্ক্ষা করাতে আপন ১৩২ মুখ প্রসারণ করিয়া ধুকিতেছি। তোমার নামে প্রেমকারিগণের প্রতি তোমার যেমন ব্যবহার, আমার প্রতিও তদ্রূপ দৃষ্টিপাত করিয়া অনুগ্রহ কর। ১৩৩ এবং আপন বাক্যানুসারে আমার পদার্পণ স্থির কর, ও কোন পাপকে আমার উপরে কর্তৃত্ব করিতে ১৩৪ দিও না। এবং মনুষ্যের উপদ্রবহইতে আমাকে উদ্ধার কর, তাহাতে আমি তোমার আজ্ঞা পালন ১৩৫ করিব। নিজ দাসের প্রতি প্রসন্নবদন হইয়া আমাকে ১৩৬ আপন বিধি শিক্ষা দেও। লোকেরা তোমার ব্যবস্থা পালন করে না, এই নিমিত্তে আমার চক্ষুহইতে জলস্রোত বহিতেছে।

ঠ সাদে।

১৩৭ হে পরমেশ্বর, তুমি যথার্থ ও তোমার বিচার প্রকৃত। ১৩৮ তুমি আপন প্রমাণবাক্যের দ্বারা যথার্থতা ও অতি ১৩৯ বিশ্বসনীয়তা স্থির করিয়াছ। আমার শত্রুগণ তোমার বাক্য বিস্মৃত হয়, এই জন্যে আমার উদ্যোগ ১৪০ আমাকে গ্রাস করিতেছে। তোমার বাক্য অতি পরিষ্কৃত, এই জন্যে তোমার দাস তাহা ভাল বাসে। ১৪১ আমি ক্ষুদ্র ও তুচ্ছতার পাত্র হইলেও তোমার উপ- ১৪২ দেশ বিস্মৃত হই না। তোমার ধর্ম্ম নিত্য ও তোমার ১৪৩ শাস্ত্র সত্য। আমি শোক ও দুঃখগ্রস্ত হইলেও তো- ১৪৪ মার আজ্ঞা আমার তুষ্টিজনক হয়। তোমার প্রমাণ বাক্যের ধর্ম্ম নিত্য; আমাকে জ্ঞান দেও, তাহাতে আমি সজীব হইব।

ק কুফ্।

১৪৫ আমি সর্ব্বান্তঃকরণের সহিত প্রার্থনা করি; হে পরমেশ্বর, আমাকে উত্তর দেও, তাহাতে আমি ১৪৬ তোমার বিধি পালন করিব। তোমার কাছে প্রার্থনা করিতেছি; তুমি আমাকে পরিত্রাণ কর, তাহাতে আমি তোমার প্রমাণবাক্য পালন করিব। ১৪৭ অরুণোদয়ের পূর্ব্বে আমি তোমাকে আহ্বান করিয়া তোমার বাক্যেতে প্রত্যাশা রাখি; ১৪৮ এবং তোমার বাক্য ধ্যান করিতে রাত্রির শেষ প্রহরের পূর্ব্বে চক্ষুঃ প্রকাশ করি। ১৪৯ হে পরমেশ্বর, আপন অনুগ্রহানুসারে আমার রব শুন ও আপন রাজ্যনীতি অনুসারে আমাকে সচেতন কর। ১৫০ কুচেষ্টাকারিরা নিকটবর্ত্তী হয়, ১৫১ তাহারা তোমার শাস্ত্রহইতে দূরে আছে। হে পরমেশ্বর, তুমি নিকটস্থ ও তোমার আজ্ঞা সকল সত্য। ১৫২ তুমি আপন প্রমাণবাক্য নিত্য স্থাপন করিয়াছ, ইহা পূর্ব্বাবধি জ্ঞাত হইয়াছি।

ר রেশ্।

১৫৩ আমার দুঃখ দেখিয়া আমাকে উদ্ধার কর, আমি ১৫৪ তোমার শাস্ত্র বিস্মৃত হই না! আমার বিবাদের নিষ্পত্তি করিয়া আমাকে মুক্ত কর, ও আপন কথানুসারে আমাকে সচেতন কর। ১৫৫ পাপিগণ তোমার বিধির অন্বেষণ করে না, এই জন্যে তাহাদের হইতে পরিত্রাণ দূরে আছে। ১৫৬ হে পরমেশ্বর, তোমার কৃপা বড়; আপন রাজ্যনীতি অনুসারে আমাকে সচেতন কর। ১৫৭ আমার তাড়নাকারি ও শত্রু অনেক, তথাপি ১৫৮ তোমার প্রমাণবাক্যহইতে বিমুখ হই না। প্রবঞ্চকেরা তোমার কথা পালন করে না, এই জন্যে তাহাদিগকে দেখিয়া আমি বড় বিরক্ত হই। ১৫৯ দেখ, তোমার উপদেশে আমি কেমন প্রেম করি! হে পরমেশ্বর, আপন অনুগ্রহানুসারে আমাকে সচেতন কর। ১৬০ প্রথমাবধি তোমার কথা সত্য ও তোমার পবিত্রময় রাজ্যনীতি সকল নিত্য আছে।

ש শিন্।

১৬১ রাজকীয় লোকেরা অকারণে আমাকে তাড়না করে, কিন্তু তোমার বাক্যহইতে আমার মন ভীত ১৬২ হয়। এবং প্রচুর লুটদ্রব্য প্রাপ্ত লোকের ন্যায় আমি ১৬৩ তোমার কথাতে আনন্দিত হই। এবং মিথ্যাকে ১৬৪ ঘৃণা ও তুচ্ছ করিয়া তোমার শাস্ত্রে প্রেম করি। এবং তোমার ধর্ম্মময় রাজ্যনীতির জন্যে আমি দিনের মধ্যে ১৬৫ সাত বার তোমার ধন্যবাদ করি। যাহারা তোমার শাস্ত্রে প্রেম করে, তাহাদের পরম মঙ্গল হয় ও ১৬৬ কোন প্রতিবন্ধক থাকে না। হে পরমেশ্বর, আমি তোমাদ্বারা পরিত্রাণের অপেক্ষাতে আছি, ও তোমার

---

[১২৭]প ৭২। গী ১৯; ১০॥—[১২৮]প ১০৪॥—[১২৯]প ১৮,২৭॥—[১৩০] ১৯; ৭॥—[১৩১]প ২০,৪০॥—[১৩২] ২৫; ১০॥—[১৩৩] ১৯; ১৩॥—[১৩৪] প ১৪৫, ১৪৬॥—[১৩৫] ৪; ৬॥—[১৩৬] প ৫৩,১৫৮। যির ৯; ১। যিহি ৯; ৪॥ [১৩৭] গী ১৪৫; ১৭॥—[১৩৮] ১৯; ৭-১০॥—[১৩৯] ৬৯; ৯। যো ২; ১৭॥—[১৪০] গী ১২; ৬। ১৯; ৮। হি ৩০; ৫॥ [১৪২] প ১৪৪। যো ১৭; ১৭॥—[১৪৩] গী ১৪; ১১॥—[১৪৪] প ১৪২,১৫২। যো ১৭; ৩॥—[১৪৫,১৪৬] প ১০৪॥ [১৪৭,১৪৮] গী ৫; ৩। ১৩০; ৫,৬॥—[১৪৯] প ৪০॥—[১৫১] প ১৪২। ১৪৫; ১৮॥—[১৫২] ম ৫; ১৮। ২৪; ৩৫॥ [১৫৩,১৫৪] প ১০৯,১৫৯। গী ৩৫; ১॥—[১৫৫] যিশ ৫৭; ২১॥—[১৫৭] প ১০৯,১৪১॥—[১৫৮] প ৫৩,১৩৬॥ [১৬০] প ১৪২, ১৫২। যো ১৭; ১৭॥—[১৬১] প ২৩। যিশ ৬৬; ২॥—[১৬২] প ১২৭॥—[১৬৪] দা ৬; ১০॥—[১৬৫] হি ৩; ২.১৭॥—[১৬৬] প ১৭৪। আ ৪৯; ১৮॥

১৬৭ আজ্ঞানুসারে আচরণ করি। আমার মন তোমার প্রমাণবাক্য পালন করে ও আমি তাহাতে অত্যন্ত ১৬৮ প্রেম করি। তোমার উপদেশ ও প্রমাণবাক্য পালন করি; আমার সকল পথ তোমার সাক্ষাতে আছে।

ת তৌ।

১৬৯ হে পরমেশ্বর, আমার নিবেদন তোমার নিকটে উপস্থিত হউক, এবং তুমি আপন বাক্যানুসারে আ- ১৭০ মাকে জ্ঞান দেও। আমার নিবেদন তোমার সম্মুখে উপস্থিত হউক, ও আপন বাক্যানুসারে আমাকে ১৭১ নিস্তার কর। তুমি আমাকে আপন বিধি শিক্ষা দিলে পর আমার ওষ্ঠাধর তোমার প্রশংসা প্রকাশ ১৭২ করিবে; এবং আমার জিহ্বা তোমার বাক্য প্রকাশ করিবে, যেহেতুক তোমার আজ্ঞা সকল যথার্থ। ১৭৩ আমি তোমার উপদেশ মনোনীত করি; এই জন্যে তোমার হস্ত আমার উপকারের নিমিত্ত হউক। ১৭৪ হে পরমেশ্বর, আমি তোমাদ্বারা পরিত্রাণের আ-কাঙ্ক্ষা করি, তোমার শাস্ত্র আমার হর্ষজনক হয়। ১৭৫ আমার মন সচেতন হইয়া তোমার ধন্যবাদ করুক; তোমার রাজ্যনীতির দ্বারা আমার উপকার হউক। ১৭৬ আমি হারাণ মেষের ন্যায় ভ্রমণ করিলাম, নিজ দাসের অন্বেষণ কর; আমি তোমার আজ্ঞা বিস্মৃত হই না।

১২০ গীত।

নিন্দিত হওনের সময়ে মনের চিন্তা।

আরোহণের গীত।

১ আমি বিপদকালে পরমেশ্বরের কাছে প্রার্থনা ২ করিলে তিনি আমার কথা শুনিলেন। হে পরমেশ্বর, মিথ্যাবাদি ওষ্ঠাধর ও প্রবঞ্চক জিহ্বাহইতে আমার ৩ প্রাণ রক্ষা কর। হে প্রতারক জিহ্বে, তোমাকে কি দিতে ৪ হইবে? ও তোমার প্রতি কি করিতে হইবে? বল-৫ বানের তীক্ষ্ণ বাণ ও কুল * কাষ্ঠের অঙ্গার। হায় ২, আমি মেশক্ দেশে প্রবাস করি ও কেদরের তাম্বুতে ৬ বাস করি। সন্ধিঘৃণাকারিদের সহিত আমার প্রাণ ৭ বহুকাল বাস করিল। আমি সন্ধি চাহি, কিন্তু এই কথা কহিবামাত্র তাহারা যুদ্ধ করিতে উদ্যত হয়।

১২১ গীত।

আশ্রিত লোকদিগকে পরমেশ্বরের রক্ষা করণ

আরোহণের গীত।

১ আমি পর্ব্বতের প্রতি ঊর্দ্ধদৃষ্টি করি; আমার উপকার ২ কোথাহইতে হয়? † স্বর্গ মর্ত্ত্যের সৃষ্টিকর্ত্তা পরমে-৩ শ্বরহইতে আমার উপকার হয়। তিনি তোমার চরণ-কে বিচলিত হইতে দিবেন না, তোমার রক্ষাকারী ৪ নিদ্রা যান না। দেখ, ইস্রায়েলের রক্ষাকারী কখনও ৫ তন্দ্রা কি নিদ্রা যান না। পরমেশ্বর তোমার রক্ষাকর্ত্তা ও পরমেশ্বর তোমার দক্ষিণদিগস্থিত ছায়াস্বরূপ। ৬ দিবসে সূর্য্য এবং রাত্রিতে চন্দ্র তোমাকে আঘাত ৭ করিবে না। পরমেশ্বর তোমাকে সমস্ত আপদহইতে রক্ষা করিবেন; তিনি তোমার প্রাণ রক্ষা করিবেন। ৮ অদ্যাবধি পরমেশ্বর তোমার অন্তর্ব্বহির্গমনে তো-মাকে সর্ব্বদা রক্ষা করিবেন।

১২২ গীত।

পরমেশ্বরের মন্দিরে যাওনে আহ্লাদ করণ।

দায়ূদের কৃত আরোহণের গীত।

১ আইস, আমরা পরমেশ্বরের মন্দিরে যাই; লো-কেরা আমাকে এই কথা কহিলে আমি আনন্দিত ২ হইলাম। হে যিরূশালম্, তোমার দ্বারে আমরা ৩ চরণে দণ্ডায়মান হইব। যিরূশালম্ সুরচিত নগরবৎ ৪ নির্ম্মিত আছে। সে স্থানে বংশ, অর্থাৎ পরমেশ্ব-রের বংশ সকল পরমেশ্বরের নামের প্রশংসা করিতে ইস্রায়েলের রীত্যনুসারে ‡ আরোহণ করে। ৫ কেননা সে স্থানে বিচারের সিংহাসন অর্থাৎ দায়ূদ্ ৬ বংশের সিংহাসন স্থাপিত আছে। ‖ যিরূশালমের মঙ্গলার্থে প্রার্থনা কর; হে যিরূশালম্, তোমার ৭ প্রেমকারিগণ ভাগ্যবান্ হউক। তোমার প্রাচীরের ৮ মঙ্গল ও তোমার রাজধানীর সৌভাগ্য হউক। আ-মার ভ্রাতাদের ও মিত্রগণের নিমিত্তে আমি এইক্ষণে ৯ ইহা কহিব, তোমার কল্যাণ হউক। এবং আমা-দের প্রভু পরমেশ্বরের মন্দিরের কারণ তোমার মঙ্গল চেষ্টা করিব।

১২৩ গীত।

পরমেশ্বরে আশ্রয় করণ।

আরোহণের গীত।

১ হে স্বর্গনিবাসি, আমি তোমার প্রতি ঊর্দ্ধদৃষ্টি করি-২ তেছি। দেখ, আপন২ প্রভুর হস্তের প্রতি যেমন দাসদের চক্ষু, ও আপন কর্ত্রীর হস্তের প্রতি যেমন দাসীর চক্ষু থাকে; তদ্রূপ আমাদের প্রভু পরমেশ্ব-রের অনুগ্রহ যে পর্য্যন্ত আমাদের প্রতি না হয়, ৩ তাবৎ। তাঁহার প্রতি আমাদের চক্ষু থাকে। হে

---

[১৬৮] গী ১৩৯; ২৩,২৪।।—[১৬৯] প ১৪৪,১৪৯ ।।—[১৭০] প ৫৮ ।।—[১৭১] প ৭ ।।—[১৭২] প ১৩,৪৬ ।।—[১৭৩] প ১২৯ ।।—[১৭৪] প ১৬৬ ।।—[১৭৬] যিশ ৫৩; ৬ ।।

[১২০ গীত; ১] গী ১১৮; ৫ ।।—[৩] ৫২; ১-৩ ।।—[৫] আ ১০; ২। ২৫; ১৩। ১ শি ২৫; ১। ২৭; ৮ ।।

[১২১ গীত; ১] যির ৩; ২৩।।—[২] গী ১২৪; ৮। ১৪৬; ৫,৬ ।।—[৩,৪] ১২৭; ১ ।।—[৫,৬] যিশ ২৫; ৪। ৩২; ২। ৪৯; ১০ ।।—[৭] গী ৯৭; ১০ ।।—[৮] দ্বি ২৮; ৬ ।।

[১২২ গীত; ৪] দ্বি ১২; ১০-১২। ১৬; ১৬।।—[৫] দ্বি ১৭; ৮-১৩। ২ বং ১৯; ৮।।—[৬] গী ৫১; ১৮।।—[৯] গী ৬৮; ২৯।।

* (ইব্রু) রোতম্। † (বা) যে পর্ব্বতহইতে আমার উপকার, তাহার প্রতি দৃষ্টি করি। ‡ (বা) প্রমাণবাক্যাসনের নিকটে।
‖ (ইব্রু) বসে।

পরমেশ্বর, আমাদের প্রতি অনুগ্রহ কর, আমাদের প্রতি অনুগ্রহ কর, কেননা আমরা অতিশয় নিন্দাতে ৪ পরিপূর্ণ হইতেছি। আমাদের মন সুখাসক্ত লোকদের উপহাসে ও অহঙ্কারি লোকদের নিন্দাতে পরিপূর্ণ আছে।

১২৪ গীত।

রক্ষার্থে পরমেশ্বরের প্রশংসা করণ।

দায়ূদের কৃত আরোহণের গীত।

১ ইস্রায়েল্ লোকেরা এখন এমত কহিতে পারে, যদি ২ পরমেশ্বর আমাদের পক্ষে না হইতেন; ফলতঃ যে সময়ে মনুষ্যগণ আমাদের বিরুদ্ধে উঠিল, তৎকালে ৩ যদি পরমেশ্বর আমাদের পক্ষে না হইতেন; তবে আমাদের প্রতি তাহাদের ক্রোধ প্রজ্বলিত হইলে ৪ তাহারা সজীব আমাদিগকে গ্রাস করিত; এবং জলপ্লাবনে শীঘ্র মগ্ন হইলে আমাদের প্রাণের ৫ উপর দিয়া স্রোত যাইত; এবং আমাদের প্রাণের ৬ উপর দিয়া অহঙ্কাররূপ জল যাইত। কিন্তু পরমেশ্বর ধন্য হন; তিনি আমাদিগকে তাহাদের দন্তের খাদ্য ৭ করিলেন না। আমাদের প্রাণ ব্যাধের ফাঁদ হইতে নির্গত পক্ষির ন্যায় রক্ষিত হয়; ফাঁদ ছিন্ন হওয়াতে ৮ আমরা রক্ষিত হই। স্বর্গ মর্ত্তের সৃষ্টিকর্ত্তা পরমেশ্বরের নামে আমাদের উপকার হয়।

১২৫ গীত।

পরমেশ্বরের শরণাগত লোকদের মঙ্গল।

আরোহণের গীত।

১ পরমেশ্বরের প্রত্যাশি লোকেরা সিয়োন্ পর্ব্বতের ২ ন্যায় অটল ও চিরস্থায়ী হয়। যেমন পর্ব্বত যিরূশালমের চতুর্দ্দিগে আছে, তেমনি অদ্যাবধি সদাকাল পরমেশ্বর আপন লোকদের চতুর্দ্দিগে আছেন। ৩ ধার্ম্মিকেরা যেন কোন অন্যায় করিতে হস্ত বিস্তার না করে, এই নিমিত্তে ধার্ম্মিকদের অধিকারের ৪ উপরে পাপিদের * রাজদণ্ড থাকিবে না। হে পরমেশ্বর, ভদ্র ও সরলান্তঃকরণ লোকদের মঙ্গল কর। ৫ পরমেশ্বর কুকর্ম্মকারিদের সহিত বক্রপথগামিদিগকে লইয়া যাইবেন; কিন্তু ইস্রায়েল্ বংশের মঙ্গল হইবে।

১২৬ গীত।

বাবিলহইতে নিস্তারের জন্যে পরমেশ্বরের প্রশংসা।

আরোহণের গীত।

১ পরমেশ্বর সিয়োন্‌কে দাসত্বহইতে মুক্ত করিলে পর ২ আমরা স্বপ্নদর্শিদের ন্যায় হইলাম। তাহাতে আমাদের মুখ হাস্যেতে ও জিহ্বা উচ্চধ্বনিতে পরিপূর্ণ হইল; এবং অন্য দেশীয়দের নিকটে এমত কথিত হইল, 'পরমেশ্বর তাহাদের নিমিত্তে মহৎ কর্ম্ম করিলেন।' ৩ পরমেশ্বর আমাদের নিমিত্তে মহৎ কর্ম্ম করিলেন বটে, তাহাতে আমরা আনন্দিত হইতেছি। ৪ হে পরমেশ্বর; দক্ষিণ স্রোতের ন্যায় আমাদের ৫ দাসত্ব ফিরাও। যাহারা কাঁদিতে২ বীজ বপন ৬ করে, তাহারা হাসিতে২ শস্যচ্ছেদন করিবে। যে জন বপনীয় বীজ লইয়া রোদন করিতে২ বহির্গত হয়, সে অবশ্য আটি লইয়া হাসিতে২ † ফিরিয়া আসিবে।

১২৭ গীত।

ঈশ্বরের অনুগ্রহহইতে তাবৎ উন্নতি ও মঙ্গল।

স্থলেমানের কৃত আরোহণের গীত।

১ যদি পরমেশ্বর গৃহ নির্ম্মাণ না করান, তবে নির্ম্মাণকর্ত্তাদের পরিশ্রম বৃথা হয়; এবং পরমেশ্বর যদি নগরের রক্ষা না করান, তবে রক্ষকদিগের জাগরণ বৃথা হয়; ২ এবং তোমাদের প্রত্যূষে গাত্রোত্থান ও শয়ন করিতে বিলম্ব করণ ও ব্যস্ত মনে ভোজন বৃথা হয়; তিনি নিতান্ত আপন প্রিয়কে বিশ্রাম দেন। ৩ দেখ, সন্তানেরা পরমেশ্বরের দত্ত এক অধিকার, ৪ ও গর্ব্ভের ফল এক পুরস্কারস্বরূপ। এবং বলবান্ মনুষ্যের হস্তস্থিত বাণ যেমন, যুব মানুষের সন্তা- ৫ নেরাও তদ্রূপ। তাদৃশ বাণেতে যাহার তূণ পরিপূর্ণ হয়, সেই ধন্য; কেননা তাহারা লজ্জিত না হইয়া বিচারস্থানে শত্রুগণের সহিত বিবাদ ‡ করিবে।

১২৮ গীত।

পরমেশ্বরের আশ্রিত লোকদের সুখের বর্ণনা।

আরোহণের গীত।

১ যে কেহ পরমেশ্বরকে ভয় করে ও তাঁহার পথের ২ পথিক হয়, সে ধন্য। তুমি আপন হস্তের পরিশ্রমের ফল ভোগ করিবা ও ধন্য হইবা ও তোমার মঙ্গল ৩ হইবে। তোমার স্ত্রী তোমার গৃহের পার্শ্বস্থ সফল দ্রাক্ষালতার ন্যায় হইবে, ও তোমার সন্তানবর্গ তোমার মেজের চতুর্দ্দিগে জিতবৃক্ষের শাখার ন্যায় হই- ৪ বে। দেখ, যে জন পরমেশ্বরকে ভয় করে, সে এমন ৫ আশীর্ব্বাদ প্রাপ্ত হয়। পরমেশ্বর সিয়োনে থাকিয়া তোমাকে আশীর্ব্বাদ করিবেন, ও তুমি যাবজ্জীবন ৬ যিরূশালমের মঙ্গল দর্শন করিবা। এবং আপন সন্তানদের বংশ ও ইস্রায়েল্ বংশের মঙ্গল দেখিতে পাইবা।

[১২৩ গীত; ৩,৪] গী ৭৪; ১৮,২২ ।।—[১২৪ গীত] গী ১২৯ ।।—[৮] ১২১; ২। ১৪৬; ৫,৬ ।।
[১২৫ গীত; ১,২] গী ৪৬; ৫।।—[৩] ১৪; ২০-২৩। মিথ ১৪; ২ ।।—[৫] লূ ১৩; ২৫-২৮। গাল ৬; ১৬ ।।
[১২৬ গীত; ১,২] ইষ্র ৩; ১০-১৩।।—[৩] ইষ্র ৯; ৮,৯ ।।—[৪] নি ৯; ৩৬,৩৭ ।।—[৫] যির ৩১; ৯ ।।—[৬] ইব্র ১২; ১১ ।।
[১২৮ গীত; ১] গী ১১২; ১।।—[২] দ্বি ২৮; ৮। যিশ ৩; ১০ ।।—[৩] লে ২৬; ৯। গী ১৪৪: ১২ ।।—[৫] গী ১৩৪; ৩ ।।—[৬] যিশ ৬৫; ২০,২২ ।।

* (ইব্রী) পাপের। † (বা) গানেতে। ‡ (বা) শত্রুগণকে দমন।

১২৯ গীত।

ঔপদ্রবি লোকদের বিরুদ্ধে বিলাপ ও প্রার্থনা।

আরোহণের গীত।

১ ইস্রায়েল্ লোক এখন এই কথা কহিতে পারে, লোকেরা আমার যৌবনাবস্থাবধি বার ২ আমাকে ২ তাড়না করিয়াছে। যদ্যপি আমার যৌবনাবস্থাবধি বার ২ আমাকে তাড়না করিয়াছে, তথাপি আমাকে ৩ জয় করিতে পারে নাই। কৃষকেরা আমার পৃষ্ঠদেশে হাল বহাইয়াছে ও দীর্ঘ সীতা কাটিয়াছে; ৪ কিন্তু পরমেশ্বর যাথার্থিক; তিনি পাপিগণের রজ্জু ৫ ছেদন করিয়াছেন। সিয়োনের ঘৃণাকারি সকল ৬ লজ্জিত ও পরাঙ্মুখ হইবে। ছাতের উপরিস্থ যে তৃণ উৎপাটিত হওনের পূর্ব্বে শুষ্ক হয়, তাহারা এমন ৭ তৃণের ন্যায় হইবে। তাহাতে ঘাসড়িয়া আপন হস্ত ও ৮ আটিবন্ধক আপন ক্রোড় পূর্ণ করে না, এবং পথিকেরা তাহাদিগকে এই কথা বলে না, 'তোমাদের প্রতি পরমেশ্বরের আশীর্ব্বাদ হউক, ও আমরা পরমেশ্বরের নামে তোমাদিগকে আশীর্ব্বাদ করি।'

১৩০ গীত।

পরমেশ্বরে প্রত্যাশা করন।

আরোহণের গীত।

১ হে পরমেশ্বর, আমি গভীর জলে থাকিয়া তোমার ২ কাছে প্রার্থনা করিতেছি। হে প্রভো, আমার রব শুন, আমার নিবেদনবাক্য তোমার কর্ণগোচর ৩ হউক। হে প্রভো পরমেশ্বর, তুমি যদি অপরাধ ধর, ৪ তবে কে দাঁড়াইতে পারিবে? লোক যেন তোমাহইতে ভীত হয়, এই নিমিত্তে তোমার নিকটে ক্ষমা আছে। ৫ আমি পরমেশ্বরের অপেক্ষা করি, এবং আমার মনও তাঁহার অপেক্ষা করে; আমি তাঁহার কথায় ৬ প্রত্যাশা করি। লোকেরা যেমন প্রত্যূষের অপেক্ষা করে, যেমন প্রত্যূষেরই অপেক্ষা করে, ততোধিক ৭ আমার মন প্রভুর অপেক্ষা করে। ইস্রায়েল্ বংশ পরমেশ্বরেতে প্রত্যাশা করুক; কেননা পরমেশ্বরের ৮ নিকটে অনুগ্রহ ও প্রচুর মুক্তি আছে। তিনি ইস্রায়েল্ বংশকে সমস্ত পাপহইতে মুক্ত করিবেন।

১৩১ গীত।

নম্রতার বর্ণনা।

দায়ূদের কৃত আরোহণের গীত।

১ হে পরমেশ্বর, আমার অন্তঃকরণ অহঙ্কারি নয়, ও আমার উচ্চদৃষ্টি নয়, এবং আমি মহৎকর্ম্ম ও আপন শক্তি অপেক্ষা আশ্চর্য্য কর্ম্ম করিতে প্রবৃত্ত নহি। ২ আমি আপনাকে * মাতৃস্তনপান ত্যাগি বালকের ন্যায় শান্ত ও দান্ত করিলাম, আমার মন স্তনপান ত্যাগি বালকের ন্যায় আছে। ৩ ইস্রায়েল্ বংশ অদ্যাবধি চিরকাল পরমেশ্বরের প্রত্যাশা করুক।

১৩২ গীত।

১ পরমেশ্বরের সেবাতে দায়ূদের উদ্যোগ ও প্রার্থনা ১১ ও তাহার প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা।

আরোহণের গীত।

১ হে পরমেশ্বর, তুমি দায়ূদকে ও তাহার সমস্ত ক্লেশকে ২ স্মরণ কর। সে পরমেশ্বরের নামে শপথ করিয়া যাকূবের পরাক্রমি ঈশ্বরের উদ্দেশে এই মানত ৩ করিল; 'আমি যে পর্য্যন্ত পরমেশ্বরের নিমিত্তে এক স্থানের ও যাকূবের পরাক্রমি ঈশ্বরের নিমিত্তে এক ৪ আবাসস্থানের উদ্দেশ না পাই, তাবৎ আপনার বাটীর আবাসে যাইব না, ও শয্যাতে আরোহণ করিব না; ৫ এবং আপন চক্ষুতে নিদ্রা ও চক্ষুপক্ষ্মেতে তন্দ্রা আসিতে দিব না।' ৬ দেখ, আমরা ইফ্রাথাতে তাহার সমাচার শুনিয়া যিয়ারীম্ প্রান্তরে তাহা পাইলাম। ৭ আমরা তাঁহার আবাসে গিয়া তাঁহার পাদপীঠে প্রণাম ৮ করিব। হে পরমেশ্বর, তুমি আপন শক্তিরূপ ধর্ম্মসিন্দুকের সহিত আপন বিশ্রামস্থানে আরোহণ কর। ৯ তোমার যাজকগণ ধর্ম্মরূপ বস্ত্র পরিধান করুক, ও তোমার পুণ্যবান লোকেরা আনন্দেতে উচ্চৈঃস্বর করুক। ১০ তুমি নিজ দাস দায়ূদের নিমিত্তে শুন, ও আপন অভিষিক্তকে পরাঙ্মুখ করিও না।

১১ পরমেশ্বর যাহার অন্যথা করিবেন না, দায়ূদের কাছে এমত সত্য শপথ করিয়া কহিলেন, আমি তোমার আত্মজকে † তোমার সিংহাসনস্থ করিব। ১২ আর তোমার সন্তানবর্গ যদি আমার নিয়ম ও শিক্ষিত প্রমাণবাক্য পালন করে, তবে তাহাদের সন্তানবর্গও সর্ব্বদা তোমার সিংহাসনে বসতি করিবে। ১৩ পরমেশ্বর সিয়োন্ পর্ব্বতকে মনোনীত করিয়া আপন বসতির নিমিত্তে তাহা চাহিলেন। ১৪ 'সর্ব্বদা এই আমার বিশ্রামস্থান, এই স্থানে আমি বসতি করিব; ১৫ যেহেতুক আমি তাহা চাহিলাম। এবং তাহার ভক্ষ্যের প্রতি অবশ্য আশীর্ব্বাদ করিব, ও তাহার দরিদ্র-

[১২৯ গীত] গী ১২৪ ॥—[৩,৪] গী ৬৬ ; ১১,১২ ॥—[৬] ৩৭ ; ২ ॥—[৮] রু ২ : ৪ ॥
[১৩০ গীত; ১] যূ ২ ; ২,৩ ॥—[৩] যুব ৯ ; ৩। গী ১৪৩; ২ ॥—[৪]ইব্রু ১০ ; ২৬-২৯ ॥—[৫]গী ১৩১ ॥—[৬] ১১৯ ; ১৪৭,১৪৮ ॥—[৭] ১৩১ ; ৩। যিশ ৫৫ ; ৭ ॥—[৮] যিশ ৪৩ ; ২৫। যির ৩১ ; ৩৩,৩৪ ॥
[১৩১ গীত ; ১,২] গী ১৩০ ; ৫। ম ১৮ ; ২-৪। ১ পি ৫ ; ৫,৬ ॥—[৩] গী ১৩০ ; ৭ ॥
[১৩২ গীত; ৩-৫] ১ বং ১৩ ; ১-৪। ১৫ ; ১,৩। প্রে ৭ ; ৪৬ ॥—[৬] ১ শি ৭ ; ১,২। ১ বং ১৩ ; ৫,৬ ॥—[৮] ১ বং ১৩ ; ৩,৪। গী ২৫ ; ৬ ॥—[৮-১০]২ বং ৬ ; ৪১,৪২ ॥—[৮]গ ১০ ; ৩৫। গী ৬৮; ১ ॥—[৯]প ১৬ ॥—[১১,১২]গী ৮৯ ; ৩, ৪,২৯-৩৭। ২ শি ৭; ১২-১৬। ১ বং ১৭;১১-১৪। লূ ১; ৩২,৩৩ ॥—[১৩,১৪]২ বং ৬; ৬। গী ৬৮; ১৬,১৭ ॥—[১৪-১৮]প ৮-১০ ॥

* (ইব্রু) আপন প্রাণকে। † (ইব্রু) উদরজকে।

১৬ গণকে আহারদ্বারা তৃপ্ত করিব। এবং তাহার পুরোহিতগণকে ত্রাণরূপ বস্ত্র পরিধান করাইব; তাহাতে তাহার পুণ্যবান লোকেরা আনন্দেতে উচ্চৈঃ-
১৭ স্বর করিবে। আমি সেখানে দায়ূদের বলের বৃদ্ধি করিব, ও আমার অভিষিক্তের জন্যে এক প্রদীপ
১৮ প্রস্তুত করিব। তাহার শত্রুগণকে লজ্জারূপ বস্ত্র পরিধান করাইব, এবং তাহার মস্তকে মুকুট শোভা পাইবে।'

১৩৩ গীত।

ঐক্যতার শ্রেষ্ঠতা।

দায়ূদের কৃত আরোহণের গীত।

১ দেখ, ভ্রাতাদের ঐক্যেতে বসতি করা কেমন উত্তম
২ ও মনোহর হয়! যে সুগন্ধি তৈল মস্তকহইতে দাড়ি, অর্থাৎ হারোণের দাড়ি বহিয়া বস্ত্রের অঞ্চল পর্য্যন্ত
৩ গড়িয়া পড়িল, তাহার ন্যায়। এবং যে শিশির হর্ম্মোণ্ পর্ব্বতে ও সিয়োন্ পর্ব্বতে পতিত হয়, তাহার ন্যায়; কেননা সে স্থানে পরমেশ্বর আপন আশীর্ব্বাদের অর্থাৎ অনন্ত পরমায়ুর আজ্ঞা করেন।

১৩৪ গীত।

পরমেশ্বরের প্রশংসা করিতে বিনতি।

আরোহণের গীত।

১ হে রাত্রিকালে পরমেশ্বরের মন্দিরে দণ্ডায়মান পরমেশ্বরের দাস সকল, তোমরা পরমেশ্বরের ধন্যবাদ
২ কর। এবং পবিত্র স্থানে * আপনাদের হস্ত তুলিয়া
৩ পরমেশ্বরের গুণানুবাদ কর। তাহাতে আকাশের ও পৃথিবীর সৃষ্টিকর্ত্তা পরমেশ্বর সিয়োন্হইতে তোমাদিগকে আশীর্ব্বাদ করিবেন।

১৩৫ গীত।

অনুগ্রহের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা ও প্রতিমার অসারতা।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর ও পরমেশ্বরের নামের
২ ধন্যবাদ কর। হে পরমেশ্বরের দাসগণ, তোমরা পরমেশ্বরের গৃহের ও আমাদের ঈশ্বরের গৃহের প্রাঙ্গণে
৩ দাঁড়াইয়া তাঁহার ধন্যবাদ কর। পরমেশ্বরের ধন্যবাদ কর, যেহেতুক পরমেশ্বর মঙ্গলদাতা; এবং তাঁহার নামের উদ্দেশে গীত গান কর, যেহেতুক তাহা মনো-
৪ হর। পরমেশ্বর আপনার নিমিত্তে যাকূব্কে,ও আপন বিশেষ ধনের জন্যে ইস্রায়েল্ বংশকে মনোনীত
৫ করিলেন। পরমেশ্বর মহান্, ও আমাদের প্রভু সকল দেবতাহইতে শ্রেষ্ঠ, তাহা আমি জানি। পর-
৬ মেশ্বর স্বর্গে ও পৃথিবীতে ও সমুদ্রে ও পাতালে
৭ আপন ইচ্ছামতে সকল কর্ম্ম করেন। পৃথিবীর সীমা পর্য্যন্ত বাষ্প উত্থিত করেন, ও বৃষ্টিজনক বিদ্যুৎ করেন, ও আপন ভাণ্ডারহইতে বায়ু নির্গত
৮ করেন। তিনি মিসর্দেশে প্রথমজাত মনুষ্য ও পশু-
৯ গণকে আঘাত করিলেন। হে মিসর্দেশ, তিনি তোমার মধ্যে ফিরৌণ্ ও তাহার দাসগণের প্রতি
১০ চিহ্ন ও আশ্চর্য্য কর্ম্ম প্রকাশ করিলেন। এবং বৃহৎ জাতিকে আঘাত করিলেন; ও বলবান্ রাজগণকে,
১১ অর্থাৎ সীহোন্ নামে ইমোরীয়দের রাজাকে, এবং ওগ্ নামে বাশনের রাজাকে, ও কিনানের সমস্ত
১২ রাজ্যকে বিনাশ করিলেন; এবং আপন লোক ইস্রায়েল্ বংশকে তাহাদের ভূমির অধিকার দিলেন।
১৩ হে পরমেশ্বর, তোমার নাম নিত্যস্থায়ী; হে পরমে-
১৪ শ্বর, তোমার স্মরণ তাবৎ পুরুষানুক্রমে থাকে। পরমেশ্বর নিজ লোকের বিচার করিবেন, ও আপন দাসগণের প্রতি দয়া করিবেন।

১৫ অন্যদেশীয়দের রৌপ্যময় ও সুবর্ণময় প্রতিমা মানু-
১৬ ষের হস্তকৃত। তাহাদের মুখ থাকিতেও কথা কহিতে পারে না, ও চক্ষু থাকিতেও দেখিতে পায় না।
১৭ এবং কর্ণ থাকিতেও শুনিতে পায় না, ও তাহাদের
১৮ মুখে শ্বাস নাই। যেমন তাহারা, তাহাদের নির্ম্মাণকর্ত্তারা এবং তাহাদের প্রতি বিশ্বাসকারী সকলেও
১৯ তদ্রূপ। হে ইস্রায়েল্ বংশ, পরমেশ্বরের ধন্যবাদ কর; হে হারোণের বংশ, পরমেশ্বরের ধন্যবাদ
২০ কর। হে লেবির বংশ, পরমেশ্বরের ধন্যবাদ কর; হে পরমেশ্বরের ভয়কারিগণ, পরমেশ্বরের ধন্যবাদ
২১ কর। সিয়োন্হইতে যিরূশালম্ নিবাসি পরমেশ্বরের ধন্যবাদ হউক। পরমেশ্বরের ধন্যবাদ কর।

১৩৬ গীত।

পূর্ব্ব অনুগ্রহের জন্যে পরমেশ্বরের প্রশংসা।

১ পরমেশ্বরের প্রশংসা কর; কেননা তিনি মঙ্গলদাতা
২ ও তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং ঈশ্বরগণের ঈশ্বরের প্রশংসা কর; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য-
৩ স্থায়ী। এবং প্রভুদিগের প্রভুর প্রশংসা কর; কেননা
৪ তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং কেবল যিনি মহাশ্চর্য্য কর্ম্ম করেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ

[১৭] ১ রা ১১ ; ৩৬। লূ ১ ; ৩২,৩৩ ॥—[১৮] গী ২ ; ১। ১৮ ; ৩৭-৪৫ ॥
[১৩৩ গীত ; ২] যা ৩০ ; ২২-৩০ ॥—[৩] গী ১৩২ ; ১৫,১৬ ॥
[১৩৪ গীত ; ১] গী ১৩৫ ; ১,২। ১ বং ৯ ; ৩৩ ॥—[৩] গী ১২৪ ; ৮। ১২৮ ; ৫ ॥
[১৩৫ গীত ; ১] গী ১১৩ ; ১। ১৩৪ ; ১ ॥—[৩] ১২ ; ১-৩। ১৪৭ ; ১ ॥—[৪] যা ১৯ ; ৫ ॥—[৫] গী ৯৫ ; ৩। ৯৬ ; ৪, ৫ ॥—[৬] ১১৫ ; ৩। দা ৪ ; ৩৫ ॥—[৭] যির ১০ ; ১৩। ৫১ ; ১৬। যুব ৩৮ ; ২৫-২৭ ॥—[৮,৯] গী ১০৫ ; ২৬-৩৬। ১৩৬ ; ১০ ॥—[১০,১১]গ ২১ ; ২১-৩৫। গী ১৩৬ ; ১৭-২০ ॥—[১২]৭৮ ; ৫৫। ১৩৬ ; ২১,২২ ॥—[১৩]যা ৩ ; ১৫। গী ১০২ ; ১২ ॥—[১৪] দ্বি ৩২ ; ৩৬ ॥—[১৫-১৮] গী ১১৫ ; ৪-৮ ॥—[১৯,২০] ১১৫ ; ৯-১১। ১১৮ ; ২-৪ ॥
[১৩৬ গীত] ১ বং ১৬ ; ৪১ ॥—[১] গী ১০৬ ; ১। ১০৭ ; ১। ১১৮ ; ১ ॥—[২,৩] দ্বি ১০ ; ১৭ ॥—[৪] গী ৭২ ; ১৮ ॥

* (বা) পবিত্রতাতে।

৫ নিত্যস্থায়ী। এবং যিনি আপন জ্ঞানে আকাশের নির্ম্মাণ করিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ ৬ নিত্যস্থায়ী। এবং যিনি জলের উপরে পৃথিবী স্থাপন করিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য- ৭ স্থায়ী। এবং যিনি বৃহৎ জ্যোতির্গণ নির্ম্মাণ করিলেন ৮ তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। অর্থাৎ যিনি দিনের উপরে কর্ত্তৃত্ব করাইবার জন্যে সূর্য্যকে নির্ম্মাণ করিলেন তাঁহার, কেননা তাঁহার অনুগ্রহ নিত্য- ৯ স্থায়ী। এবং যিনি রাত্রির উপরে কর্ত্তৃত্ব করাইবার জন্যে চন্দ্র ও তারাগণকে নির্ম্মাণ করিলেন তাঁহার; ১০ কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি মিসর দেশীয় প্রথমজাতদিগকে আঘাত করিলেন তাঁহার; ১১ কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি তাহাদের মধ্যহইতে ইস্রায়েল্ বংশকে আনয়ন করিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। ১২ অর্থাৎ যিনি সবল হস্ত ও বিস্তারিত বাহুদ্বারা আনয়ন করিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য- ১৩ স্থায়ী। এবং যিনি সূফ্ সমুদ্রকে দুই ভাগ করিলেন ১৪ তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি ইস্রায়েল্ বংশকে তাহার মধ্যদিয়া লইয়া গেলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। ১৫ এবং যিনি ফিরৌণ্ ও তাহার সৈন্যগণকে সূফ্ সাগরে মগ্ন * করিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ ১৬ নিত্যস্থায়ী। এবং যিনি আপন লোককে অরণ্যের মধ্যদিয়া লইয়া গেলেন তাঁহার; কেননা তাঁহার ১৭ অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি মহারাজগণকে আঘাত করিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য- ১৮ স্থায়ী। এবং যিনি সুপ্রতিষ্ঠিত রাজগণকে বধ করিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। ১৯ অর্থাৎ যিনি ইমোরীয়দের রাজা সীহোন্কে বধ করি- ২০ লেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি ওগ্ নামক বাশনের রাজাকে বধ করিলেন ২১ তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি তাহাদের ভূমির অধিকার দিলেন তাঁহার; কে- ২২ ননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। অর্থাৎ যিনি আপন দাস ইস্রায়েল্ বংশকে অধিকার দিলেন তাঁহার; ২৩ কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি আমাদের দুর্দ্দশার সময়ে আমাদিগকে স্মরণ করিলেন ২৪ তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি শত্রুগণহইতে আমাদিগকে উদ্ধার করিলেন ২৫ তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি তাবৎ প্রাণিকে আহার দেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। ২৬ স্বর্গস্থ ঈশ্বরের প্রশংসা কর; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী।

১৩৭ গীত।

১ বাবিল্ নগরে যিহূদীয়দের দুঃখ ৭ ও ইদোমের ও বাবিলের দণ্ডবিষয়ে ভবিষ্যদ্বাক্য।

১ আমরা বাবিলের নদীতীরে বসিয়া সিয়োন্কে স্মরণ করিয়া রোদন করিলাম; ২ এবং তাহার মধ্যে বাইশী বৃক্ষে আপনাদের বীণা টাঙ্গাইয়া রাখিলাম। ৩ তৎকালে আমাদের দাসত্বকারিগণ † এক গীত, ও উপদ্রবিগণ আনন্দগান শুনিতে চাহিয়া কহিল, 'আমাদের কাছে সিয়োনের এক গীত গাও।' ৪ আমরা বিদেশে থাকিয়া কি প্রকারে পরমেশ্বরের গীত গান করিব? ৫ হে যিরূশালম্, আমি যদি তোমাকে বিস্মৃত হই, তবে আমার দক্ষিণ হস্ত আপন কর্ম্ম বিস্মৃত হউক্। ৬ এবং যদি তোমাকে মনে না করি, ও আপন পরমানন্দহইতে যিরূশালম্কে অধিক না ভাল বাসি, তবে আমার জিহ্বা তালুয়াতে সংলগ্ন হউক্।

৭ হে পরমেশ্বর, যিরূশালমের বিপদসময়ে ইদোম্ বংশের কথা স্মরণ কর, কেননা তাহারা কহিল, 'উৎপাটন কর, তাহার মূল পর্য্যন্ত উৎপাটন কর'। ৮ হে বিনাশ্য বাবিলের কন্যে, তুমি আমাদের প্রতি যেরূপ ব্যবহার করিয়াছ, যে জন তোমাকে তদ্রূপ প্রতিফল দিবে, সে ধন্য। ৯ এবং যে জন তোমার বালকদিগকে ধরিয়া শৈলের উপরে আছাড়িবে, সে ধন্য।

১৩৮ গীত।

অনুগ্রহ ও সত্যতার নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা করণ।

দায়ূদের গীত।

১ আমি সর্ব্বান্তঃকরণের সহিত তোমার প্রশংসা করিব, ও দেবতাদের সাক্ষাতে তোমার নামের গান করিব। ২ এবং তোমার পবিত্র মন্দিরের প্রতি সম্মুখ হইয়া তোমার ভজনা করিব, এবং তোমার অনুগ্রহ ও সত্যতার নিমিত্তে তোমার নামের প্রশংসা করিব; কেননা তুমি আপন বাক্যদ্বারা আপনার তাবৎ নামকে ‡ গৌরবান্বিত করিলা। ৩ আমার প্রার্থনা করণ দিনে তুমি আমাকে উত্তর দিলা ও আমার মানসিক বলের বৃদ্ধি করিলা। ৪ হে পরমেশ্বর, ভূপতি সকল তোমার মুখের কথা শুনিলে তোমার প্রশংসা করিবে। ৫ তাহারা পরমেশ্বরের পথে গান করিবে, কেননা পরমেশ্বর মহামহিম। ৬ পরমেশ্বর উচ্চপদান্বিত

[৫] আ ১ : ১,৬॥—[৬] আ ১ ; ৯। গী ২৪ ; ২ ॥—[৭-৯]আ ১ ; ১৪-১৬॥—[১০]যা ১২ ; ২৯॥—[১১]যা ১২ ; ৪১,৫১॥
[১২] যা ৬ ; ৬॥—[১৩] যা ১৪ ; ২১॥—[১৪] যা ১৪ ; ২২,২৯॥—[১৫] যা ১৪ ; ২৭॥—[১৬] দ্বি ৮ ; ১৫,১৬॥
[১৭-২২] গী ১৩৫ ; ১০-১২॥—[২৩] দ্বি ৩২ ; ৩৬॥—[২৫] গী ১৪৫ ; ১৫,১৬॥
[১৩৭ গীত ; ৭] ওব ১০-১৬॥—[৮,৯] যিশ ১৩ ; ১১,১৬। যির ২৫ ; ১২-১৪। ৫০ ; ১১,১২,১৫,২৯॥
[১৩৮ গীত ; ১] গী ১১১ ; ৪৬॥—[২]৫ ; ৭। ১ রা ৮ ; ২৯,৩০॥—[৩]গী১১৬ ;৩,৪॥—[৪]১০২ ; ১৫॥—[৫]যিশ ২ ; ৩॥

* (বা) নিক্ষেপ † (ইব্রী) জীর্ণ বা ক্ষয়কারিগণ। ‡ (ইব্রী) তাবৎ নামের উপরে আপন বাক্য।

হইলেও নম্র লোকদের প্রতি অবলোকন করেন; ৬ কিন্তু অহঙ্কারিদিগকে দূরস্থ জানেন। যদ্যপি আমি বিপদের মধ্যে পতিত হই *, তথাপি তুমি আমাকে সচেতন করিবা, ও আমার শত্রুর ক্রোধের প্রতি তোমার হস্ত বিস্তারিত হইবে,ও তোমার দক্ষিণ হস্ত আমাকে পরিত্রাণ করিবে। ৮ পরমেশ্বর আমার কর্ম্ম সিদ্ধ করিবেন; হে পরমেশ্বর, তোমার অনুগ্রহ নিত্যস্থায়ী; আপনার হস্তকৃত কর্ম্ম পরিত্যাগ করিও না।

১৩৯ গীত।

১ পরমেশ্বরের সর্ব্বব্যাপিত্ব ১৩ ও সৃষ্টির আশ্চর্য্য কর্ম্মের বর্ণনা ১৯ ও পাপিদের পুতি ঘৃণা।

প্রধান বাদকের জন্যে দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, তুমি অনুসন্ধান করিয়া আমাকে ২ জ্ঞাত হইতেছ; এবং আমার উপবেশন ও উত্থান সকলই জানিতেছ, ও দূরে আমার মনের সংকল্প ৩ বুঝিতেছ; এবং আমার পথ ও শয়নস্থান বেষ্টন করিয়া † আমার সকল গতি ভালরূপে জানিতেছ। ৪ হে পরমেশ্বর, তুমি যাহা সর্ব্বতোভাবে জ্ঞাত নও, ৫ এমত কোন কথা আমার জিহ্বাতে হয় না। তুমি আমার অগ্রপশ্চাৎ বেষ্টন করিয়া আমার উপরে ৬ হস্তার্পণ করিতেছ। এই প্রকার জ্ঞান আমার নিকটে আশ্চর্য্য এবং উচ্চতা প্রযুক্ত আমার বোধের ৭ অগম্য হয়। আমি তোমার আত্মাহইতে কোথায় যাইব? ও তোমার সাক্ষাৎহইতে কোথায় পলায়ন ৮ করিব? আমি যদি স্বর্গারোহণ করি, তবে সেখানেও তুমি; এবং যদি পরলোকে শয্যা পাতি, তবে ৯ সেখানেও তুমি। যদি অরুণরূপ পক্ষ ধরিয়া সমু- ১০ দ্রের দূরস্থ পারে গিয়া বাস করি; তবে সেখানেও তোমার হস্ত আমাকে গমন করাইবে, ও তোমার ১১ দক্ষিণ হস্ত আমাকে ধরিবে। যদি বলি, আমি অন্ধকারে লুকাইয়া ‡ থাকিব, তবে রাত্রিও আমার ১২ চতুর্দ্দিকে দীপ্তিময় হইবে। অন্ধকার তোমাহইতে গুপ্ত রাখে না, বরং রাত্রি দিনের ন্যায় দীপ্তিমান হয়, এবং অন্ধকার ও দীপ্তি দুই তুল্য হয়।

১৩ তুমি আমার অন্তর্যামী ‖, তুমি আমাকে মাতৃগর্ব্ভে ১৪ ঢাকিয়াছ। আমি তোমার প্রশংসা করিব, আমি ভয়ঙ্কর ও আশ্চর্য্যরূপে নির্ম্মিত আছি; তোমার কার্য্য সকল আশ্চর্য্য, তাহা আমার মন বিলক্ষণ ১৫ রূপে জানে। যে সময়ে আমি গোপনে নির্ম্মিত ও পৃথিবীর নিম্নভাগে গঠিত ছিলাম, তৎকালে আমার সেই পিণ্ড তোমাহইতে লুক্কায়িত ছিল না। ১৬ তোমার চক্ষু আমাকে পিণ্ডবৎ দেখিয়াছে; এবং আমার যে সকল অঙ্গ ক্রমে২ § বৃদ্ধি পাইল, তাহার একটাও না জন্মিতে তোমার পুস্তকে সে সমস্ত লিখিত হইয়াছিল। ১৭ হে ঈশ্বর, আমার বিষয়ে তোমার সংকল্প কেমন প্রিয়! ও তাহার সংখ্যা কেমন অধিক! ১৮ গণনা করিলে বালুকা অপেক্ষা অধিক হয়; আমি যখন জাগৃত হইব, তখনও তোমার নিকটে থাকিব।

১৯ হে ঈশ্বর, তুমি পাপিলোককে বধ করিবা; হে রক্তপাতকারিগণ, আমার নিকটহইতে দূর হও। ২০ শত্রুগণ তোমার বিরুদ্ধে প্রবঞ্চনার কথা কহে ও ২১ তোমার নাম নিরর্থক লয়। হে পরমেশ্বর, আমি তোমার ঘৃণাকারিগণকে কি ঘৃণা করি না? ও তোমার বিপক্ষগণের প্রতি কি বিরক্ত হই না? ২২ আমি সর্ব্বতোভাবে ঘৃণা করিয়া তাহাদিগকে শত্রু জ্ঞান ২৩ করি। হে ঈশ্বর, আমাকে অনুসন্ধান করিয়া আমার মন জ্ঞাত হও; আমাকে পরীক্ষা করিয়া আমার ২৪ সঙ্কল্প জ্ঞাত হও। এবং আমাতে কোন দুষ্ট আচরণ আছে কি না, তাহা নিরীক্ষণ কর, ও নিত্য পথে আমাকে গমন করাও।

১৪০ গীত।

শত্রুহইতে রক্ষার্থে প্রার্থনা।

প্রধান বাদকের জন্যে দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, দুষ্ট মানুষহইতে আমাকে উদ্ধার কর, ২ এবং হিংসুক লোকহইতে আমাকে রক্ষা কর। তাহারা মনেতে কুকল্পনা করে, ও যুদ্ধ করণার্থে সর্ব্বদা ৩ একত্র হয়। তাহারা সর্পের ন্যায় জিহ্বা তীক্ষ্ণ করে, তাহাদের ওষ্ঠাধরের নিম্নভাগে কালসর্পের ন্যায় ৪ বিষ থাকে। সেলা। হে পরমেশ্বর, দুষ্টগণের হস্তহইতে আমাকে পালন কর, ও হিংসুক লোকহইতে আমাকে রক্ষা কর; তাহারা আমার পদার্পণের ৫ ব্যাঘাত জন্মাইতে চেষ্টা পায়। অহঙ্কারি লোকেরা আমার নিমিত্তে গোপনে এক রজ্জুর ফাঁদ পাতে ও পথের পার্শ্বে জাল বিস্তার করে ও আমার জন্যে ৬ কল পাতে। সেলা। আমি পরমেশ্বরকে কহিলাম, তুমি আমার ঈশ্বর; হে পরমেশ্বর, আমার নিবেদন ৭ বাক্য শুন। হে আমার পরিত্রাণের বল প্রভু পরমেশ্বর, তুমি যুদ্ধসময়ে আমার মস্তক আচ্ছাদন কর। ৮ হে পরমেশ্বর, পাপি লোকদের বাঞ্ছা সিদ্ধ করিও না; তাহারা যেন দর্প না করে, এই জন্যে তাহাদের

---

[৬] যূব ৩৬; ৫। গী ১১৩; ৫,৬। ১ পি ৫; ৫ ॥—[৭] গী ২৩; ৩,৪ ॥—[৮] ৫৭; ২। যূব ১০; ৩,৮,৯ ॥
[১৩৯ গীত; ১-৫] যূব ৩৪; ২১। হি ১৫ : ৩,১১। যির ১৭; ১০। ম ১২; ৩৬। ইব্রী ৪; ১২, ১৩ ॥—[৬] যূব ১১; ৭-৯ ॥
[৭-১০] যির ২৩; ২৪। হি ১৫; ১১। যূব ২৬; ৬। আম ৯; ২, ৩ ॥—[১১, ১২] যূব ৩৪; ২২। দা ২; ২২ ॥
[১৩-১৬] যূব ১০; ৮-১১ ॥—[১৭,১৮] গী ৪০; ৫। ৭১; ১৫ ॥—[১৮] ১৭; ১৫ ॥—[১৯] ৬; ৮। ১১৯; ১১৫ ॥
[২৩] ১৭; ৩। ২৬; ২,২ ॥
[১৪০ গীত; ৩] গী ৫৮; ৪। রো ৩; ১৩ ॥—[৪] গী; ৭১; ৪ ॥—[৫] ৫৭; ৬। ১৪১; ৯। ১৪২; ৩ ॥

 * (ইব্রী) চলি। † (ইব্রী) ঝাড়িয়া। ‡ (ইব্রী) আচ্ছাদিত হইয়া। ‖ (বা) অন্তরের নির্ম্মাণকারী। § (ইব্রী) নিরূপিত দিনে।

৯ কুমন্ত্রণা সিদ্ধ না হউক। সেলা। যাহারা আমাকে ঘেরে, তাহাদের মুখের দোষ তাহাদের মস্তক আ- ১০ চ্ছাদন করিবে। এবং তাহারা অঙ্গারেতে চাপা পড়িবে ও অগ্নিতে ও গভীর খাতে নিক্ষিপ্ত হইয়া আর উঠিতে ১১ পারিবে না। দুর্ম্মুখ লোক পৃথিবীতে স্থির হইতে পারিবে না; বিপদ উপদ্রুবি ব্যক্তিকে বধ করিতে ১২ মৃগয়া করিবে। পরমেশ্বর দুঃখিগণের বিচার নিষ্পত্তি ও দরিদ্রবর্গের প্রতি ন্যায় করিবেন, তাহা ১৩ আমি জানি। ধার্ম্মিকেরা অবশ্য তোমার নামের প্রশংসা করিবে, এবং সরল লোকেরা তোমার সাক্ষাতে বসতি করিবে।

১৪১ গীত।

শত্রুহইতে রক্ষার্থে প্রার্থনা।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, আমি তোমার কাছে প্রার্থনা করি; আমার নিকটে শীঘ্র আইস; তোমার কাছে প্রার্থনা ২ করিলে আমার বাক্য শুন। তোমার সম্মুখে আমার নিবেদন সুগন্ধি ধূপের ন্যায় ও আমার কৃতাঞ্জলি সন্ধ্যাকালের নৈবেদ্যের ন্যায় উপস্থিত হউক। ৩ হে পরমেশ্বর, আমার মুখের উপরে এক প্রহরিকে ও ওষ্ঠাধরের দ্বারে এক রক্ষককে নিযুক্ত কর। ৪ এবং কুকর্ম্মিদের সহিত কুকর্ম্ম ও কদাচার করিতে আমাকে * দিও না, এবং তাহাদের সুখাদ্য ৫ ভোজন করিতে আমাকে দিও না। বরং ধার্ম্মিকেরা আমাকে প্রহার করুক, তাহা আমার অনুগ্রহস্বরূপ হইবে; ও তাহারা আমাকে অনুযোগ করুক, তাহা আমার মস্তকের হানি না করিয়া উত্তম তৈলস্বরূপ হইবে; এবং তাহাদের বিপদের সময়ে ৬ আমি প্রার্থনা করিব। তাহাদের বিচারকর্ত্তৃগণ পর্ব্বতের পার্শ্বে অধঃপতিত হওন সময়ে আমার কথা ৭ কেমন মিষ্ট তাহা শুনিবে। ভূমির উপরিস্থ চেলাকাষ্ঠের ন্যায় আমাদের অস্থি সকল কবরের † সম্মুখে ৮ ছড়িয়া থাকে। হে আমার প্রভো পরমেশ্বর, আমার চক্ষু তোমার প্রতি আছে, আমি তোমার শরণাগত, ৯ আমার প্রাণকে নিরাশ্রয় করিও না। আমার জন্যে পাতিত ফাঁদ ও কুকর্ম্মিদের জালহইতে আমাকে ১০ রক্ষা কর। পাপিগণ আপনাদের জালে পতিত হইবে, কিন্তু আমরা বাঁচিয়া থাকিব।

১৪২ গীত।

বিপদ সময়ে দায়ূদের প্রার্থনা।

গুহাস্থ দায়ূদের জ্ঞানসূচক গীত ও প্রার্থনা।

১ আমি বাক্যদ্বারা পরমেশ্বরের উদ্দেশে আর্ত্তস্বর করিলাম, ও বাক্যদ্বারা পরমেশ্বরের প্রতি নিবেদন ২ করিলাম; এবং তাঁহার সাক্ষাতে আপন মানস বিস্তারিত করিলাম, ও তাঁহার সাক্ষাতে আপন দুঃখ ৩ জানাইলাম। আমার আত্মা দুঃখেতে মগ্ন হইলে তুমি আমার পথ জ্ঞাত হইয়াছ; আমার গন্তব্য পথে ৪ লোকেরা গোপনে ফাঁদ পাতিয়াছে। আমার দক্ষিণে নিরীক্ষণ করিয়া দেখিলে আমার মিত্রলোক কেহই নাই; আমার আশ্রয় বিনষ্ট হইল, আমার প্রাণের ৫ তত্ত্বাবধারণকারী কেহ নাই। হে পরমেশ্বর, আমি তোমার প্রতি আর্ত্তস্বর করিয়া কহিলাম, তুমি আমার আশ্রয়স্থান ও জীবৎ লোকদের দেশে আমার ৬ অংশ। অতএব আমার আর্ত্তস্বরেতে মনোযোগ কর; আমি অতি দীনহীন, তাড়নাকারিগণহইতে আমাকে উদ্ধার কর, কেননা তাহারা আমাহইতে বল- ৭ বান্। আমি যেন তোমার নামের প্রশংসা করিতে পারি, এই জন্যে আমার প্রাণকে কারাগারহইতে বাহির কর; তুমি আমার মঙ্গল করিলে ধার্ম্মিক লোকেরা আমাকে বেষ্টন করিবে।

১৪৩ গীত।

রক্ষার্থে পরমেশ্বরের কাছে প্রার্থনা।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, আমার প্রার্থনা শুন ও আমার নিবেদনে কর্ণপাত কর; তোমার বিশ্বস্ততা ও ধর্ম্মানুসারে ২ আমাকে উত্তর দেও। নিজ দাসকে বিচারে আনিও না, কেননা কোন প্রাণী তোমার সাক্ষাতে নির্দ্দোষ ৩ হইতে পারে না। শত্রু আমার প্রাণকে তাড়না করিয়া ভূমিতে দলিত করিল, এবং আমাকে বহুকাল মৃত ব্যক্তির ন্যায় করিয়া অন্ধকারে বাস করাইল ৪ আমার আত্মা দুঃখে মগ্ন হইতেছে, ও আমার ৫ অন্তরে মন শূন্য আছে; আমি পূর্ব্বের সময় মনে করিয়া তোমার তাবৎ কর্ম্ম চিন্তা করিতেছি, ও তো- ৬ মার হস্তের কার্য্যের বিবেচনা করিতেছি। আমি তোমার কাছে হস্ত বিস্তার করিতেছি; শুষ্ক ভূমির ন্যায় আমার প্রাণ তোমার আকাঙ্ক্ষা করিতেছে। ৭ সেলা। হে পরমেশ্বর, ত্বরায় আমাকে উত্তর দেও, আমার আত্মা ব্যস্ত হইতেছে; আমি যেন গর্ত্তে পতনোন্মুখ লোকের ন্যায় না হই, এই জন্যে আমা- ৮ হইতে আপনার মুখ লুক্কায়িত করিও না। আমি

---

[৯] গী ৭ ; ১৬। হি ১২ ; ১০।—[১০] গী ১১ ; ৬।—[১২] ৯ ; ১২॥

[১৪১ গীত ; ১] গী ৭০ ; ১,৫॥—[২] প্র ৫ ; ৮। ৮ ; ৩,৪। যা ২৯ ; ৩৯। গ ২৮ ; ২॥—[৩] যাক ১ ; ২৬॥—[৪] গী ১১৯ ; ৩৬॥—[৫] হি ২৫ ; ১২॥—[৭] গী ৪৪ ; ১১॥—[৮] ২৫ ; ১৫॥—[৯] ১৪০ ; ৫॥—[১০] ৩৫ ; ৮॥

[১৪২ গীত] গী ৫৭ ; ১। ১ শি ২২ ; ১। ২৪ : ৩॥—[৩] গী ১৩৮ ; ৭। ১৪০ ; ৫॥—[৪] ৬৯ ; ২০॥—[৫] ৯১ ; ২। ৭৩ ; ২৬॥—[৬] ৭ ; ১,২॥—[৭] ৩৪ ; ২॥

[১৪৩ গীত ; ২] য়ুব ৯ ; ২,৩। গী ১৩০ ; ৩। রো ৩ ; ১০-২৩॥—[৪,৫] গী ৭৭ ; ৩-৬,১১,১২॥—[৬] ৮৮ ; ৯। ৬৩ ; ১॥—[৭] ২৮ ; ১॥

* (ইব্রী) আমার মনকে। † (ইব্রী) পরলোকের।

তোমার প্রত্যাশাতে আছি; প্রাতঃকালে আমাকে অনগ্রহবাক্য শুনাও, ও আমার গন্তব্য পথ আমাকে ৯ জানাও; আমি তোমাতে আপন মনোনিবেশ করি। হে পরমেশ্বর, আমি তোমার শরণাগত, শত্রুগণহইতে ১০ আমাকে * নিস্তার কর। তোমার ইষ্ট কর্ম্ম করিতে আমাকে শিক্ষা দেও, কেননা তুমিই আমার ঈশ্বর; তোমার আত্মা মঙ্গলদায়ক, তিনি আমাকে সরল ১১ স্থানে গমন করাউন। হে পরমেশ্বর, আপন নামের গুণে আমাকে সচেতন কর, ও আপন ধর্ম্মের গুণে বিপদ- ১২ হইতে আমার প্রাণকে উদ্ধার কর। অনুগ্রহ করিয়া আমার শত্রুকে বিনাশ কর, ও আমার প্রাণের বৈরিকে সংহার কর, যেহেতুক আমি তোমার দাস।

১৪৪ গীত।

রক্ষা ও জয়ের নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা।

দায়ূদের এক গীত।

১ আমার হস্তকে যুদ্ধ করিতে ও আমার অঙ্গুলিকে সংগ্রাম করিতে শিক্ষা দেন যে পর্ব্বতরূপ পরমেশ্বর, ২ তিনি ধন্য। তিনি আমার অনুগ্রাহক ও গড় ও উচ্চদুর্গ হইয়া আমাকে নিস্তার করেন, এবং আমার ঢাল ও আশ্রয়স্থান হইয়া লোকদিগকে আমার বশী- ৩ ভূত করেন। হে পরমেশ্বর, মনুষ্য কে, যে তুমি তাহাকে মান্য কর? ও মর্ত্ত্যের সন্তান বা কে, যে ৪ তুমি তাহার তত্ত্বাবধারণ কর? মনুষ্য অসার পদা- র্থের ন্যায়, ও তাহার দিবস দ্রুতগামি ছায়ার ন্যায়। ৫ হে পরমেশ্বর, আকাশমণ্ডলকে † নিম্ন করিয়া নীচে আইস; পর্ব্বতগণকে স্পর্শ কর, তাহাতে সকলে ধূম- ৬ যুক্ত হইবে। এবং বিদ্যুৎ নির্গত করিয়া লোকদিগকে ছিন্নভিন্ন কর, ও আপন বাণ নিক্ষেপ করিয়া তাহা- ৭ দিগকে সংহার কর। উচ্চহইতে আপন হস্ত বিস্তার ৮ করিয়া অগাধ জলহইতে, অর্থাৎ যাহাদের মুখে মিথ্যা বাক্য ও যাহাদের মিথ্যারূপ দক্ষিণ হস্ত আছে, সেই বিদেশি বংশদের হস্তহইতে আমাকে উদ্ধার ৯ করিয়া রক্ষা কর। হে ঈশ্বর, আমি তোমার উদ্দেশে নূতন গীত গান করিব, এবং নেবল্ ও দশতন্ত্রীতে ১০ তোমার উদ্দেশে গান করিব। তুমি রাজাদিগের ত্রাণকর্ত্তা, ও সংহারক খড়্গহইতে আপন দাস দা- ১১ য়ূদের উদ্ধারকর্ত্তা। যাহাদের মুখে মিথ্যাবাক্য ও যাহাদের মিথ্যারূপ দক্ষিণ হস্ত আছে, সেই বিদেশি বংশদের হস্তহইতে আমাকে উদ্ধার করিয়া রক্ষা কর। তাহাতে আমাদের পুত্রগণ আপন২ যৌবনা- ১২ বস্থাতে বৃক্ষতুল্য বর্দ্ধিষ্ণু হইবে, ও আমাদের কন্যা- গণ মন্দিরের কোণস্থ খোদিত প্রস্তরের ন্যায় হইবে; এবং আমাদের ভাণ্ডার পরিপূর্ণ ও নানা প্রকার ১৩ দ্রব্যযুক্ত হইবে; এবং ক্ষেত্রেতে আমাদের মেষ সহস্র২ ও লক্ষ২ শাবক প্রসব করিবে; এবং আ- ১৪ মাদের বলদ সকল বহনযোগ্য হইবে, এবং ভাঙ্গন বা বহির্গমন বা পথে ক্রন্দন কিছুই হইবে না। যে লোকদের এমত গতি, তাহারা ধন্য; এবং পর- ১৫ মেশ্বর যে লোকদের প্রভু, তাহারা ধন্য।

১৪৫ গীত।

ইব্রীয় ভাষাতে ককারাদি গীত; তাহাতে শরণাগত লোক- দের প্রতি ঈশ্বরের অনুগ্রহের বর্ণনা।

দায়ূদের কৃত প্রশংসা।

হে আমার রাজন্ ঈশ্বর, আমি তোমার প্রতিষ্ঠা ১ করিব, ও সর্ব্বদা তোমার নামের গুনানুবাদ করিব। প্রতিদিন তোমার গুণানুবাদ করিব, এবং সর্ব্বদা তো- ২ মার নামের প্রশংসা করিব। পরমেশ্বর মহান্ ও অতি ৩ প্রশংসনীয়, তাঁহার মহত্ত্ব বোধের ‡ অগম্য। লো- ৪ কেরা পুরুষানুক্রমে তোমার কর্ম্মের প্রশংসা করিবে ও তোমার মহৎ কার্য্য প্রকাশ করিবে। এবং আমি ৫ তোমার গৌরবের উজ্বল মহিমা ও আশ্চর্য্য ক্রিয়ার কথা কহিব। এবং লোকেরাও তোমার ভয়ানক ৬ কর্ম্মের বিক্রম প্রকাশ করিবে ও আমি তোমার মহৎ কার্য্যের বর্ণনা করিব। এবং তাহারা তোমার মহৎ ৭ দানশীলতা স্মরণ করিয়া উচ্চৈঃস্বরে তোমার ধর্ম্মের গান করিবে। পরমেশ্বর কৃপাবান্ ও দয়াময় এবং ৮ ক্রোধে ধীর ও অনুগ্রহেতে মহান্। তিনি সকলের ৯ মঙ্গলদাতা, এবং তাবৎ সৃষ্টের প্রতি তাঁহার দয়া আছে। হে পরমেশ্বর, তোমার সকল কর্ম্ম তোমার ১০ প্রশংসা করে, ও তোমার পুণ্যবান লোক তোমার গুণানুবাদ করে; এবং তোমার মহৎকার্য্য ও তোমার ১১ রাজ্যের উজ্বল গৌরব মনুষ্যসন্তানদিগকে জ্ঞাত কর- ণার্থে তোমার রাজ্যের সম্ভ্রম প্রকাশ করিবে, ও তো- ১২ মার মহৎকার্য্যের বিষয়ে কথা কহিবে। তোমার রা- ১৩ জ্য নিত্যস্থায়ী, ও তোমার কর্ত্তৃত্ব তাবৎ পুরুষানুক্রমে থাকে। পরমেশ্বর পতনোন্মুখ লোককে ধরিয়া রাখেন ১৪ ও নত লোকদিগকে দণ্ডায়মান করেন। তাবতের চক্ষু ১৫ তোমার অপেক্ষা ‖ করিতেছে, এবং তুমি তাহাদি-

---

[৮] গী ৫ : ৮। ২৫ ; ১ ।।—[১০] লূ ১১ ; ১৩। যো ১৬ ; ১৩ ।।—[১১] গী ১১৯ ; ২৫ ।।—[১২] ৫৪ ; ৫। ১১৬ ; ১৬ ।।
[১৪৪ গীত ; ১] গী ১৮ ; ৩৪ ।।—[২] ১৮ : ২,৩১,৪৭ ।।—[৩] যূব ৭ ; ১৭,১৮। গী ৮ ; ৪ ।।—[৪] যূব ১৪ ; ২। গী ৩৯ ; ৫। ১০২ ; ১১ ।।—[৫,৬] ১৮ ; ৭-১৭। ৬৪ ; ১-৩।।—[৭,৮] প ১১। ১৮ ; ১৬।।—[৯] ৩৩ ; ২,৩ ।।—[১০] ১৮ ; ৪৭-৫০ ।।
[১১] প ৭,৮।।—[১২-১৪] লে ২৬ ; ৩-১২। দ্বি ২৮ ; ৪,৫ ।।—[১২] গী ১২৮ ; ৩ ।।—[১৫] ৩৩ ; ১২। দ্বি ৩৩ ; ২৯ ।।
[১৪৫ গীত ; ১,২] গী ৩৪ ; ১। ১৪৬ ; ২ ।।—[৩] ৯৬ ; ৪। যূব ১১ ; ৭-৯। ২৬ ; ১৪ ।।—[৪] যিশ ৩৮ ; ১৯ ।।—[৫-৭] গী ১১১। ১০৪ ; ২৪ ।।—[৮] যা ৩৪ ; ৬,৭। গী ৮৬ ; ৫,১৫। ১০৩ ; ৮।।—[১০] ১৯ : ১-৪ ।।—[১৩] ৪৫ ; ৬। ১৪৬ ; ১০। দা ২ ; ৪৪ ।।—[১৪] গী ১৪৬ ; ৮ ।।—[১৫,১৬] ১০৪ ; ২৭,২৮ ।।

* (ইব্রী) আপনার নিকট আমাকে। † (বা) আপন স্বর্গকে। ‡ (ইব্রী) চেষ্টার। ‖ (বা) তোমার প্রতি দৃষ্টি।

১৬ গকে সময়ে ভক্ষ্য দিতেছ। আপন হস্ত বিস্তার করিয়া তাবৎ প্রাণির মনোবাঞ্ছা পরিপূর্ণ করিতেছ।
১৭ পরমেশ্বর আপন তাবৎ পথে যাথার্থিক ও তাবৎ
১৮ কার্য্যে অনুগ্রাহক *। তিনি প্রার্থনাকারিদের, অর্থাৎ যে লোকেরা তাঁহার কাছে সত্য প্রার্থনা করে, তাহা-
১৯ দের সকলের নিকটবর্ত্তী হন। তিনি আপন ভয়কারি-দের বাঞ্ছা সিদ্ধি করেন, এবং তাহাদের আহ্বান-
২০ বাক্য শুনিয়া তাহাদিগকে ত্রাণ করেন। পরমেশ্বর আপন প্রেমকারিদিগকে রক্ষা করেন, কিন্তু তাবৎ
২১ পাপিকে সংহার করেন। আমি মুখদ্বারা পরমে-শ্বরের প্রশংসা করিব, ও তাবৎ প্রাণী সর্ব্বদা তাঁহার পবিত্র নামের গুণানুবাদ করুক।

১৪৬ গীত।

পরমেশ্বরের গুণের নিমিত্তে তাঁহার প্রশংসা করণ।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর; হে আমার মন, পরমেশ্ব-
২ রের ধন্যবাদ কর। আমি যাবজ্জীবন পরমেশ্বরের ধন্যবাদ করিব, ও যাবৎ আমার প্রাণ থাকে, তাবৎ
৩ ঈশ্বরের গুণের গান করিব। প্রধান লোকে ও মনুষ্য-সন্তানদিগেতে প্রত্যাশা করিও না; তাহাদের হইতে
৪ ত্রাণ † হয় না। মনুষ্যের প্রাণ নির্গত হইলে তাহার দেহ মৃত্তিকাতে লীন হয়; সেই দিনে তাহার মনের
৫ সংকল্প নষ্ট হয়। যাকুবের ঈশ্বর যাহার উপকার করেন, এবং যে জন আপন প্রভু পরমেশ্বরের প্রতি
৬ প্রত্যাশা করে, সেই ধন্য। তিনি আকাশ ও পৃথিবী ও সমুদ্র ও তন্মধ্যস্থিত তাবতের সৃষ্টিকর্ত্তা ও সর্ব্বদা
৭ সত্যতার পালনকর্ত্তা; এবং উপদ্রবগ্রস্ত ব্যক্তির বিচারকর্ত্তা ও ক্ষুধিতের খাদ্যদাতা; পরমেশ্বর বন্দি-
৮ দের মোচনকর্ত্তা। পরমেশ্বর অন্ধের চক্ষুর্দাতা; পর-মেশ্বর পতিতের উত্থাপনকর্ত্তা; পরমেশ্বর ধার্ম্মিক-
৯ দের প্রতি প্রেমকারী। পরমেশ্বর বিদেশি লোকদের রক্ষাকর্ত্তা, এবং পিতৃহীনের ও বিধবার উপকার-
১০ কর্ত্তা, কিন্তু পাপিগণের পথ বিনষ্ট করেন। হে সি-য়োন্, তোমার প্রভু পরমেশ্বর পুরুষানুক্রমে সর্ব্বদা রাজত্ব করেন; পরমেশ্বরের ধন্যবাদ কর।

১৪৭ গীত।

পরমেশ্বরের কর্ম্মের নিমিত্তে তাঁহার প্রশংসা করণ।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর, কেননা আমাদের ঈশ্বরের উদ্দেশে গান করা উত্তম, এবং তাঁহার প্রশংসা
২ করা মনোহর ও উপযুক্ত। পরমেশ্বর যিরূশালম্ নির্ম্মাণ করেন, ও ছিন্নভিন্ন ইস্রায়েল্ লোকদিগ-
৩ কে সংগ্রহ করেন। তিনি ভগ্নান্তঃকরণদিগকে সুস্থ
৪ করেন, ও তাহাদের ক্ষত বন্ধন করেন। তিনি নক্ষত্রগণের সংখ্যা করিয়া তাহাদের নাম ধরিয়া
৫ ডাকেন। আমাদের প্রভু মহান্ ও মহাবলবান্
৬ ও অপরিমিত বুদ্ধিমান্। এবং পরমেশ্বর দুঃখিগণের উন্নতি করেন, কিন্তু পাপিদিগকে ভূমিতে অধঃপতিত করেন।

৭ পরমেশ্বরের উদ্দেশে প্রশংসাতে গান কর, ও আমাদের ঈশ্বরের উদ্দেশে বীণাযন্ত্রে গীত গান
৮ কর। তিনি মেঘদ্বারা আকাশ আচ্ছন্ন করেন, ও পৃথিবীর জন্যে জল সঞ্চয় করিয়া পর্ব্বতের তৃণ
৯ বৃদ্ধি করেন। তিনি পশুগণকে ও চীৎকারকারি দাঁড়-
১০ কাকের বৎসদিগকে আহার দেন। তিনি অশ্বের বলেতে তুষ্ট নহেন ও মানুষের চরণে সন্তুষ্ট নহেন;
১১ কিন্তু পরমেশ্বর আপন ভয়কারিগণেতে ও আপন অনুগ্রহের অপেক্ষাকারিগণেতে সন্তুষ্ট হন।

১২ হে যিরূশালম, পরমেশ্বরের প্রশংসা কর; হে
১৩ সিয়োন্, তোমার ঈশ্বরের ধন্যবাদ কর। তিনি তোমার দ্বারের হুড়কা দৃঢ় করিয়া দেন এবং তো-
১৪ মার মধ্যস্থিত সন্তানগণকে আশীর্ব্বাদ করেন। তিনি তোমার তাবৎ সীমাতে মঙ্গল ‡ করেন, ও তোমাকে
১৫ উত্তম গোমেতে আপ্যায়িত করেন। তিনি পৃথিবীতে আপন আজ্ঞা পাঠাইলে তাঁহার বাক্য বেগেতে
১৬ দৌড়ে। তিনি মেষলোমের সদৃশ তুষার বর্ষণ করেন,
১৭ ও ভস্মের ন্যায় নীহার প্রক্ষেপ করেন। তিনি বিন্দু২ হিম প্রেরণ করেন; তাঁহার শীতের সম্মুখে কে
১৮ দাঁড়াইতে পারে? তিনি আজ্ঞা পাঠাইয়া সে সমস্তকে পুনর্ব্বার দ্রব করেন, এবং বায়ুর চালনা করিলে সে
১৯ সমস্ত তরল জল হয়। তিনি যাকুবের কাছে আপন বাক্য, ও ইস্রায়েলের কাছে আপন বিধি ও রাজ্য-
২০ নীতি প্রকাশ করিয়াছেন। অন্য কোন দেশীয়দের সহিত এই মত ব্যবহার করেন নাই, তাহারা তাঁহার ব্যবস্থাও জানে না; পরমেশ্বরের ধন্যবাদ কর।

---

[১৭]দ্বি ৩২;৪। গী১১১;৭।প্র ১৫;৩।—[১৮]দ্বি ৪;৭। যো ৪;২৪।—[১৯] হি ১০;২৪।—[২০]গী৩১;১৯,২০,২৩।
[১৪৬ গীত; ১] গী ১০৩; ২২।—[২] ৩৪; ১। ১০৪; ৩৩।—[৩,৪] ১১৮; ৮,৯। যিশ ২; ২২।—[৫] যির ১৭; ৭।
[৫,৬] গী ১২১; ২। ১২৪; ৮।—[৭] ১০৩; ৬। ১০৭; ৯,১৪। ৬৮; ৬।—[৮] যিশ ৩৫; ৫। গী ১৪৫; ১৪। ১৪৬; ১১।—[৯] দ্বি ১০; ১৮। গী ১৪৭; ৬।—[১০] ১০; ১৬। ১৪৫; ১৩।
[১৪৭ গীত; ১] গী ৯২; ১-৩। ১৩৫; ৩।—[২] ৬৯; ৩৫। দ্বি ৩০; ৩।—[৩] যিশ ৬১; ১-৩।—[৪] যিশ ৪০; ২৬।—[৫] গী ৪৮; ১। ১৪৫; ৩। যিশ ৪০; ২৮। রো ১১; ৩৩।—[৬] গী ১৪৬; ৮,৯।—[৮] ১০৪; ১৩,১৪। যূব ৩৬; ২৭-৩১। ৩৮; ২৫-২৭।—[৯] যূব ৩৮; ৪১। গী ১০৪; ২৭, ২৮। ম ৬; ২৬।—[১০] গী ৩৩; ১৬,১৭।—[১১] ৩৩; ১৮,১৯।—[১৩] যিশ ৬০; ৪।—[১৪] যিশ ৬৬; ১২। দ্বি ৩৩; ২৮।—[১৫] গী ৩৩; ৬,৯। ২ তী ২; ৯।—[১৬] যূব ৩৭; ৬।—[১৭] যূব ৩৭; ১০।—[১৯,২০] দ্বি ৪; ৮,৩২-৩৫।

* (বা) পবিত্র। † (বা) উপকার। ‡ (বা) সন্ধি।

১৪৮ গীত।

পরমেশ্বরের গুণানুবাদ করিতে স্থাবর জঙ্গমাদিকে বিনতি।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর *; স্বর্গেতে পরমেশ্বরের ২ ধন্যবাদ কর, ও উচ্চস্থানে তাঁহার ধন্যবাদ কর। হে স্বর্গদূত সকল, তাঁহার ধন্যবাদ কর; হে তাঁহার সৈন্য ৩ সকল, তাঁহার ধন্যবাদ কর। হে সূর্য্য ও চন্দ্র, তাঁহার ধন্যবাদ কর; হে তেজস্বি তারা সকল, তাঁহার ধন্য- ৪ বাদ কর। হে উচ্চতম স্বর্গ ও আকাশোপরিস্থ জল, ৫ তাঁহার ধন্যবাদ কর। সকলেই পরমেশ্বরের নামে ধন্য-বাদ করুক; কেননা তাহারা তাঁহার আজ্ঞামাত্রেতে ৬ সৃষ্ট হইল। তিনি তাহাদিগকে চিরকাল স্থাপিত করিলেন, ও এক অলঙ্ঘনীয় বিধি দিলেন।

৭ পৃথিবীতে পরমেশ্বরের ধন্যবাদ কর; বৃহৎ মৎস্য ও ৮ গভীর জল সকল, এবং অগ্নি ও শীল ও হিম ও বাষ্প ৯ ও তাঁহার আজ্ঞাকারি প্রচণ্ড বায়ু; এবং পর্ব্বত ও ১০ উপপর্ব্বত ও ফলবান্ বৃক্ষ ও সকল এরস্বৃক্ষ; এবং বন্য পশু ও গ্রাম্য পশু সকল ও উরোগামি জন্তু ও ১১ উড্ডীয়মান পক্ষী; এবং পৃথিবীর রাজগণ ও তাবৎ প্রজা ও প্রধান লোক ও পৃথিবীর তাবৎ বিচারকর্ত্তা; ১২ এবং যুবক ও যুবতীগণ, এবং আবাল বৃদ্ধ সকলে ১৩ পরমেশ্বরের নামে ধন্যবাদ করুক, কেননা কেবল তাঁহার নাম শ্রেষ্ঠ, এবং পৃথিবীতে ও স্বর্গে তাঁহার ১৪ মহিমা প্রকাশ পায়। তিনি আপন লোকদের জন্যে আপন তাবৎ পুণ্যবান্ লোকের ও আপন নিকট-বর্ত্তি ইস্রায়েল্ বংশের প্রশংসনীয় এক পাত্র † উত্থাপন করেন; পরমেশ্বরের ধন্যবাদ কর।

১৪৯ গীত।

জয়ের নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা করণ।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর *; পরমেশ্বরের উদ্দেশে নূতন গীত গান কর; পুণ্যবান লোকদের সভাতে তাঁহার প্রশংসা হউক। ২ ইস্রায়েল্ বংশ আপন সৃষ্টি-কর্ত্তাতে আনন্দ করুক, ও সিয়োনের বংশ আপন রাজাতে আহ্লাদিত হউক। ৩ তাহারা নৃত্য সময়ে ‡ তাঁহার নামের ধন্যবাদ করুক, এবং তবল ও বীণা-যন্ত্রে তাঁহার উদ্দেশে গান করুক। ৪ পরমেশ্বর আপন লোকদের প্রতি অনুগ্রহ করেন এবং দুঃখিগণকে পরিত্রাণরূপ ভূষণেতে বিভূষিত করেন। ৫ অতএব তাঁহার পুণ্যবান লোকেরা গৌরবেতে উল্লাসিত হউক ও আপ-নাদের শয্যাতে উচ্চধ্বনি করুক। ৬ অন্যদেশীয়দিগকে প্রতিফল ও লোকদিগকে শাস্তি প্রদানের জন্যে, ৭ এবং রাজগণকে শৃঙ্খলে ও অধ্যক্ষদিগকে লৌহবে-ড়িদ্বারা বদ্ধ করিতে, ও তাহাদের মধ্যে নিরূপিত বি-৮ চার নিষ্পন্ন করিতে তাহাদের কণ্ঠে ঈশ্বরের উচ্চ প্রশংসা, ও তাহাদের হস্তে দ্বিধার খড়্গ আছে; ৯ তাঁহার তাবৎ গ্রাহ্য লোকের এমন সম্ভ্রম আছে; পরমেশ্বরের ধন্যবাদ কর।

১৫০ গীত।

নানাযন্ত্রদ্বারা ঈশ্বরের প্রশংসা করিতে বিনয়।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর *; পবিত্র স্থানে ঈশ্বরের ধন্যবাদ কর; তাঁহার বলদ্বারা কৃত আকাশমণ্ডলে ২ তাঁহার ধন্যবাদ কর। তাঁহার মহৎ কার্য্যের নিমিত্তে তাঁহার ধন্যবাদ কর, ও তাঁহার মহামহিমার নিমিত্তে ৩ তাঁহার ধন্যবাদ কর। তূরীর ধ্বনির সহিত তাঁহার ধন্যবাদ কর, এবং নেবল্ ও বীণাযন্ত্রে তাঁহার ধন্য-বাদ কর, এবং তবল ও নৃত্যদ্বারা তাঁহার ধন্যবাদ ৪ কর। এবং সতার যন্ত্র ও বংশীরবের সহিত তাঁহার ৫ ধন্যবাদ কর। এবং সুশ্রাব্য করতালিদ্বারা তাঁহার ধন্যবাদ কর, এবং উচ্চধ্বনি করতালিদ্বারা তাঁহার ৬ ধন্যবাদ কর। তাবৎ প্রাণী পরমেশ্বরের ধন্যবাদ করুক; পরমেশ্বরের ধন্যবাদ কর।

[১৪৮ গীত; ২] গী ১০৩; ২০,২১ ॥—[৪] আ ১; ৭। গী ১০৪; ৩ ॥—[৫] ৩৩; ৯ ॥—[৬] ১০৪; ৫,৯। ১১৯; ৯০, ৯১ ॥—[৮] ১৪৫; ১৫-১৮ ॥—[১৩] ১১৩; ২-৪ ॥—[১৪] যিশ ৪৯; ৬ ॥

[১৪৯ গীত; ১] গী ৯৮; ১ ॥—[২] ১০০; ৩। যিশ ৩১; ২২ ॥—[৩] গী ৮১; ২। ১৫০; ৪ ॥—[৪,৫] প্র ১৯; ৮,৯ ॥—[৬-৯] প্র ১৯; ১৪-২১ ॥

* (ইব্রু) হলিলুয়াঃ। † (ইব্রু) শৃঙ্গ। ‡ (বা) বংশীতে।

সুলেমান্‌লিখিত

হিতোপদেশ পুস্তক।

১ অধ্যায়।

১ আভাষ ৭ ও বিদ্যার বা তত্ত্বজ্ঞানের কথা ১০ ও পাপিলোক-হইতে স্বতন্ত্র হওনের আবশ্যকতা ২০ ও বিদ্যার কথা ২৪ ও বিদ্যার অনুযোগ কথা।

১ বিদ্যা ও উপদেশ দিতে, ও বোধজনক বাক্য জানা-২ ইতে, এবং বুদ্ধির উপদেশ ও ধর্ম্ম ও বিচার ও ন্যায় ৩ গ্রাহ্য করাইতে, এবং অবিজ্ঞ লোককে বিবেচনা ও ৪ যুব লোককে জ্ঞান ও পরামর্শ দিতে, ইস্রায়েল্ বংশীয় দায়ূদ্ রাজার পুত্র সুলেমানের এই হিতোপ-৫ দেশ। হিতোপদেশ ও তাহার অর্থ ও পণ্ডিতের ৬ বাক্য ও তাহাদের গূঢ় কথা বুঝিবার জন্যে বুদ্ধিমান লোক মনোযোগ করিয়া বহু অভ্যাস করুক, ও সুবোধ লোক সুপরামর্শ প্রাপ্ত হউক।

৭ পরমেশ্বর বিষয়ক যে ভয়, সেই জ্ঞানের আরম্ভক; কিন্তু অজ্ঞানেরা বিদ্যা ও উপদেশ তুচ্ছবোধ ৮ করে। হে আমার পুত্র, আপন পিতার উপদেশ শ্রবণ কর, ও আপন মাতার আজ্ঞা অগ্রাহ্য করিও ৯ না। কারণ সে বাক্য তোমার সুন্দর শিরোভূষণ ও গলদেশের হারস্বরূপ।

১০ হে আমার পুত্র, পাপিগণ তোমাকে লোভ দেখা-১১ ইলে তুমি সম্মত হইও না। এবং তাহারা যদি কহে, আমাদের সহিত আইস, আমরা রক্তপাত করণার্থে লুকাইয়া থাকি, ও নির্দ্দোষদিগকে অকারণে ধরিতে ১২ গুপ্ত থাকি; এবং কবরের * ন্যায় তাহাদিগকে জীবন্ত গ্রাস করি, ও খাতে পতিত লোকের ন্যায় তাহাদিগকে ১৩ সর্ব্বতোভাবে গ্রাস করি; তাহাতে সর্ব্বপ্রকার মূল্য দ্রব্য পাইব, ও লুটিত দ্রব্যেতে আপন ২ গৃহ পরিপূর্ণ ১৪ করিব; আইস, তুমি আমাদের এক জন অংশী হও; ১৫ আমাদের সকলের এক তোড়া হউক; হে আমার পুত্র, তাহাদের সহিত সে পথে যাইও না, তাহাদের ১৬ পথহইতে তোমার চরণ ফিরাও; কেননা তাহাদের চরণ কুক্রিয়া করিতে দৌড়ে ও রক্তপাত করিতে বেগে ধাবমান হয়। পক্ষির দৃষ্টিগোচরে জাল পাতা নিতান্ত ১৭ বৃথা হয়। তাহারা আপনাদেরই রক্তপাত করিতে ১৮ লুকাইয়া থাকে ও আপনাদেরই প্রাণ ধরিতে গুপ্ত থাকে। সকল ধনলোভির এই গতি, সেই লোভ ১৯ ধনাধিকারিদিগকে সংহার করে।

বিদ্যা বাহিরে থাকিয়া ডাকে, ও তাবৎ রাজ- ২০ পথে দাঁড়াইয়া উচ্চৈঃস্বর করে। সভার প্রধান স্থানে ২১ আহ্বান করে, এবং নগরের মুক্ত দ্বারে এই ২ কথা বলে, হে অজ্ঞান লোকেরা, তোমরা কত দিন অজ্ঞা- ২২ নতাতে আসক্ত থাকিবা? হে নিন্দকেরা, তোমরা কত দিন নিন্দাতে সন্তুষ্ট হইবা? হে অজ্ঞান সকল, তোমরা আর কত কাল জ্ঞানকে অবজ্ঞা করিবা? আমার অনুযোগেতে মন ফিরাও; তাহাতে আমি ২৩ তোমাদের কাছে মনের সমস্ত কথা বলিব, ও আপন কথা তোমাদিগকে জ্ঞাত করিব।

আমি ডাকিলে তোমরা উত্তর দিলা না, ও হস্ত ২৪ বিস্তার করিলে তোমরা কেহ মানিলা না; কিন্তু আ- ২৫ মার তাবৎ পরামর্শ তুচ্ছ করিলা, ও আমার অনুযোগ শুনিতে ইচ্ছা করিলা না; এই নিমিত্তে তোমা- ২৬ দের বিপদকালে আমি হাসিব, ও তোমাদের ভয় উপস্থিত হইলে পরিহাস করিব। যখন ঝঞ্ঝার ন্যায় ২৭ তোমাদের ভয় উপস্থিত হইবে, ও ঘূর্ণবায়ুর ন্যায় তোমাদের বিপদ আসিবে, ও যখন দুঃখ ও ক্লেশ তোমাদের উপরে ঘটিবে; তৎকালে সকলে আমাকে ২৮ বিনয় করিবে, কিন্তু আমি উত্তর দিব না; তাহারা আমার অন্বেষণ † করিবে, কিন্তু আমার উদ্দেশ পাইবে না; কারণ তাহারা জ্ঞানিকে হেয়জ্ঞান করি- ২৯ য়াছে, ও পরমেশ্বর বিষয়ক ভয়কে মনোনীত করে নাই; এবং আমার পরামর্শ গ্রহণ করে নাই, ও ৩০ আমার অনুযোগ বাক্য তুচ্ছ করিয়াছে। অতএব ৩১ তাহারা আপন ২ কর্ম্মের প্রতিফল ভোগ করিবে, ও আপনাদের কুপরামর্শের সম্পূর্ণ ফল পাইবে। অবিজ্ঞ ৩২

[১ অধ্য] ১ রা ৪; ৩২॥—[৭] যূব ২৮; ২৮। গী ১১১; ১০। হি ৯; ১০॥—[৮] ৬; ২০॥—[৯] ৩; ২২॥—[১০] প ১৫॥
[১৫] প ১০। ৪; ১৪॥—[১৬] যিশ ৫৯; ৭। রো ৩; ১৫॥—[১৯] হি ১৫; ২৭॥—[২০,২১] ৮; ১-৩॥—[২৪-৩০]
যিশ ৬৫; ১২। ৬৬; ৪। যো ৩; ১৯॥

* (ইব্রু) পরলোকের। † (ইব্রু) প্রত্যূষে অন্বেষণ।

লোকদের বিপথগমন তাহাদিগকে বিনষ্ট করিবে, ও মূর্খদিগের নিষ্কণ্টকতা তাহাদিগকে বিনাশ করিবে।
৩৩ কিন্তু যে জন আমার কথা শুনে, সে নিরাপদে বাস করিবে ও অমঙ্গলের ভয়হইতে বিশ্রাম পাইবে।

২ অধ্যায়।

১ জ্ঞানের দ্বারা রক্ষা পাওন ১০ ও পাপিহইতে নিস্তার ২০ ও সৎপথে গমন।

১ হে আমার পুত্র, তুমি যদি আমার কথা গ্রহণ কর ও
২ আমার আজ্ঞা মনে রাখ, এবং যদি বিদ্যাতে মনো-
৩ যোগ কর ও বুদ্ধিতে নিবিষ্টমনা হও; এবং যদি জ্ঞানকে আহ্বান কর ও বুদ্ধির জন্যে উচ্চৈঃস্বর কর;
৪ এবং যদি রূপার ন্যায় তাহার অন্বেষণ কর ও গুপ্ত
৫ ধনের ন্যায় তাহার অনুসন্ধান কর; তবে পরমেশ্বর বিষয়ক ভয় বুঝিতে পাইবা, ও ঈশ্বর বিষয়ক
৬ জ্ঞান পাইবা। কেননা পরমেশ্বরই জ্ঞানদাতা, তাঁহা-
৭ রই মুখহইতে জ্ঞান ও বুদ্ধি নির্গত হয়। তিনি ধার্ম্মিকদের নিমিত্তে মঙ্গল * রাখেন, তিনিই সরলতাচারি-
৮ দের ঢালস্বরূপ। তিনি ন্যায়ের পথ রক্ষা করেন, ও
৯ আপন পবিত্র লোকদের পথ পালন করেন। অতএব তুমি ধর্ম্ম ও বিচার ও ন্যায় ও সমস্ত মঙ্গলের পথ জানিতে পাইবা।

১০ যদি বিদ্যা তোমার হৃদয়ে প্রবেশ করে ও জ্ঞান
১১ তোমার প্রাণের তুষ্টি জন্মায়, তবে পরিণামদর্শিতা তোমাকে পালন করিবে ও বুদ্ধি তোমাকে রক্ষা
১২ করিবে। যে লোকেরা দুষ্ট ও বিপরীত বক্তা ও
১৩ প্রকৃত পথত্যাগী ও ঘোর অন্ধকারগামী, ও কুক্রি-
১৪ য়াতে সন্তুষ্ট ও অযথার্থ ক্রিয়াতে হৃষ্ট ও বিপথ-
১৫ গামী ও বক্রপথগামী হয়, তাহাদের পথহইতে
১৬ তোমাকে উদ্ধার করিবে। এবং যে বেশ্যা অর্থাৎ
১৭ যে পরস্ত্রী মনোহর কথা বলে; ও যৌবনকালের মিত্রকে ত্যাগ করিয়া আপন ঈশ্বরের নিয়ম বি-
১৮ স্মৃতা হয়; এবং যাহার বাটী মৃত্যুতে গমন
১৯ করায়, ও যাহার পথ পরলোকে লইয়া যায়; ও যাহার কাছে গমন করিলে কেহ ফিরে না ও জীবনের পথ আর পায় না, এমন স্ত্রীহইতে তোমাকে উদ্ধার করিবে।

২০ এই নিমিত্তে তুমি সৎলোকের পথে গমন কর ও
২১ ধার্ম্মিক লোকদের পথাবলম্বন কর। কেননা সরল লোকেরা দেশে বাস করিবে, ও সাধু লোকেরাই
২২ তাহাতে স্থির † থাকিবে। কিন্তু পাপিগণ দেশহইতে উচ্ছিন্ন হইবে, ও খলেরা দেশহইতে উন্মূল হইবে।

৩ অধ্যায়।

১ আজ্ঞা পালন করিতে বিনয় ৫ ও পরমেশ্বরে বিশ্বাস করিতে বিনয় ৭ ও ঈশ্বরের সেবা করিতে বিনয় ১১ ও ঈশ্বরের শাস্তি স্বীকার করিতে বিনয় ১৩ ও জ্ঞানদ্বারা লাভ ২১ ও জ্ঞানের ফল ২৭ ও নানা উপদেশ।

১ হে আমার পুত্র, তুমি আমার ব্যবস্থা বিস্মৃত হইও না; তোমার অন্তঃকরণ আমার আজ্ঞা পালন করুক।
২ কেননা তাহাদ্বারা তোমার চিরজীবিত্ব ও দীর্ঘায়ু ও
৩ শান্তির বৃদ্ধি হইবে। এবং দয়া ও সত্যতা যেন তোমাকে ত্যাগ না করে, এ কারণ উভয়কে কণ্ঠেতে
৪ বন্ধন কর ও আপন চিত্তপত্রে লিখিয়া রাখ। তাহা করিলে ঈশ্বরের ও মনুষ্যের নিকটে তুমি অনুগ্রহ ও সম্মান পাইবা।

৫ তুমি সমস্ত অন্তঃকরণের সহিত পরমেশ্বরেতে বিশ্বাস কর; এবং আপন বুদ্ধিতে নির্ভর দিও না।
৬ আপন তাবৎ গতিতে তাঁহাকে স্বীকার কর; তাহাতে তিনি তোমার পথ সরল করিবেন।

৭ আপনি আপনাকে জ্ঞানবান জ্ঞান করিও না; পরমেশ্বরহইতে ভীত হও, ও পাপহইতে পরাঙ্মুখ
৮ হও। কেননা তাহা তোমার মাংসের স্বাস্থ্য ও
৯ অস্থির মজ্জাস্বরূপ হইবে। তুমি আপনার ধনেতে ও উৎপন্ন বস্তুর প্রথমজাত ফলেতে ঈশ্বরের মর্য্যা-
১০ দা কর। তাহাতে তোমার ভাণ্ডার বহুধনেতে পরিপূর্ণ হইবে, ও তোমার যন্ত্রে নূতন দ্রাক্ষারস উথলিয়া পড়িবে।

১১ হে আমার পুত্র, পরমেশ্বরের কৃত শাস্তি তুচ্ছ করিও না, ও তাঁহাহইতে অনুযোগ পাইয়া ক্লান্ত
১২ হইও না। কেননা পিতা আপন প্রিয় পুত্রকে যে রূপ করে, তদ্রূপ পরমেশ্বর যাহাকে প্রেম করেন, তাহাকেই শাস্তি প্রদান করেন।

১৩ যে জন বিদ্যা উপার্জ্জন করে ও বুদ্ধি লাভ করে,
১৪ সেই ধন্য। কেননা রূপার বাণিজ্য অপেক্ষাও তাহার বাণিজ্য উত্তম, এবং সুবর্ণ অপেক্ষাও তাহার
১৫ লভ্য শ্রেষ্ঠ ও মুক্তাহইতেও বহুমূল্য; কোন ইষ্ট
১৬ বস্তু তাহার তুল্য নয়। তাহার দক্ষিণ হস্তে দীর্ঘায়ু,
১৭ ও বাম হস্তে ধন ও সম্ভ্রম থাকে। তাহার পথ সুখ-
১৮ দায়ক ও তাহার সকল মার্গ শান্তিকর। যাহারা তাহার আশ্রয় লয়, তাহাদের কাছে তাহা জীবনদায়ক বৃক্ষস্বরূপ হয়; ও যে জন তাহাকে আশ্রয়
১৯ করে, সে ধন্য হয়। পরমেশ্বর বিদ্যাদ্বারা পৃথিবীর মূল স্থাপন করিলেন ও বুদ্ধিদ্বারা আকাশমণ্ডল

[৩২] হি ৮ ; ৩৬ ॥—[৩৩]গী ২৫ ; ১২,১৩ ॥

[২ অধ্য ; ৬]যাক ১ ; ৫ ॥—[৮] গী ৩৭ ; ২৩,২৪ ॥—[১৬-১৯] হি ৫ ; ৩-৫ । ৬ ; ২৩,২৪ । ৭॥—[২১,২২]গী ৩৭; ২৮,২৯ ॥
[৩ অধ্য ; ৩] দ্বি ৬ ; ৮,৯ ॥—[৫] গী ৩৭ ; ৩,৫,৭ ॥—[৬] হি ১৬ ; ৩,৯ ॥—[৭] ১৬ ; ৬ । রো ১২ ; ১৬ ॥—[৯,১০] হগ ২ ; ১৮, ১৯ । মল ৩ ; ১০-১২ ॥—[১১, ১২] যূব ৫ ; ১৭ । ইব্রি ১২ ; ৫, ৬ । প্র ৩ ; ১৯ ॥—[১৩] হি ৮ ; ৩৫ ॥
[১৪,১৫] ৮; ১০,১১,১৯ । যূব ২৮; ১২-১৯॥—[১৬] হি ৮; ১৮। ৯; ১১॥—[১৭] মৎ ১১ ;২৯,৩০॥—[১৯,২০] হি ৮;২৩-৩১ ॥

* (বা) তত্ত্বজ্ঞান। † (ইব্রি) অবশিষ্ট।

২০ প্রস্তুত করিলেন। তাঁহার জ্ঞানদ্বারা গভীর স্থান প্রস্তুত* হইল, ও আকাশহইতে কুজ্ঝটিকার বৃষ্টি হয়।

২১ হে আমার বৎস, এই সকল তোমার চক্ষুর অগোচর না হউক; তত্ত্বজ্ঞান ও পরিণামদর্শিতা রক্ষা ২২ কর। তাহা তোমার মনের জীবন ও কণ্ঠের ভূষণ- ২৩ স্বরূপ হইবে। তাহা পাইলে তুমি আপন পথে নির্ভয়ে গমন করিবা, এবং তোমার পদে উছোট ২৪ লাগিবে না; ও শয়নকালে ভয় থাকিবে না, ও ২৫ শয়ন করিলে সুখে নিদ্রা হইবে; এবং হঠাৎ বিপদ উপস্থিত হইলে ও দুষ্টদের বিনাশ উপনীত হইলেও ২৬ তুমি শঙ্কা করিবা না। কেননা পরমেশ্বর তোমার বিশ্বাসপাত্র হইবেন ও তোমার চরণকে ফাঁদহইতে রক্ষা করিবেন।

২৭ আর দিবার সঙ্গতি হস্তে থাকিলে, যাহাকে দিতে ২৮ হয়, তাহাকে বিমুখ করিও না। আপন হস্তে দ্রব্য থাকিলে, 'তুমি যাইয়া পুনর্ব্বার আইস, আমি কল্য ২৯ দিব,' এমত কথা প্রতিবাসিকে কহিও না। যে প্রতিবাসি লোক তোমার নিকটে নির্ভয়ে বাস করে, ৩০ তাহার বিরুদ্ধে মন্দ ভাবিও না। কেহ তোমার মন্দ না করিলে তাহার সহিত অকারণে বিরোধ করিও ৩১ না। ও অন্যায়কারির প্রতি ঈর্ষ্যা করিও না, এবং ৩২ তাহার কোন পথ মনোনীত করিও না। কেননা দুষ্ট লোক পরমেশ্বরের ঘৃণার পাত্র; কিন্তু ধার্ম্মিক- ৩৩ দের সহিত তাঁহার নিগূঢ় কথা হয়। পাপি লোকদের গৃহে ঈশ্বরের অভিশাপ থাকে, কিন্তু ধার্ম্মিক- ৩৪ দের নিবাসে আশীর্ব্বাদ থাকে। তুচ্ছকারিদিগকে তিনি তুচ্ছ করেন, কিন্তু নম্র লোকদিগকে অনুগ্রহ ৩৫ করেন। জ্ঞানবানেরা সম্মানের অধিকারী হয়, কিন্তু অজ্ঞানদের উন্নতি লজ্জাস্পদ হয়।

৪ অধ্যায়।

১ সুলেমানের বিনয় কথা ১০ ও সে কথার ফল ১৪ ও পাপিহইতে স্বতন্ত্র হইতে বিনয় ২০ ও সাবধান হইতে বিনয়।

১ হে বালকগণ, পিতার উপদেশ শুন, ও বিদ্যা অভ্যাস ২ করিতে মনোযোগ কর। আমি তোমাদিগকে সৎ উপদেশ দিব; আমার ব্যবস্থা ত্যাগ করিও না। ৩ কেননা আমিও আপন পিতার পুত্র ছিলাম, এবং ৪ মাতার দৃষ্টিতে প্রিয় একমাত্র ছিলাম। তিনি এই কথা বলিয়া আমাকে শিক্ষা দিতেন, তুমি মন দিয়া আমার কথা রক্ষা কর, ও আমার আজ্ঞা পালন ৫ করিয়া জীবন ধারণ কর। বিদ্যা উপার্জ্জন কর, ও বুদ্ধি লাভ কর, তাহা বিস্মৃত হইও না, আমার মুখের ৬ কথাহইতে পরাঙ্মুখ হইও না। বিদ্যাকে† ত্যাগ করিও না, তাহাদ্বারা রক্ষা পাইবা; তাহাতে প্রেম ৭ কর, তাহাদ্বারা রক্ষা পাইবা। বিদ্যা সকলের শ্রেষ্ঠ, অতএব বিদ্যা উপার্জ্জন কর; তাবৎ লাভহইতে ৮ বুদ্ধি লাভ কর; ও তাহার প্রশংসা কর, তবে তাহাহইতে উচ্চপদ পাইবা; ও তাহাকে আলিঙ্গন কর, ৯ তাহাতে মর্য্যাদা পাইবা। সে তোমার মস্তকে উত্তম ভূষণ দিবে ও সৌন্দর্য্যের মুকুট প্রদান করিবে।

১০ হে আমার পুত্র,শুন, আমার কথা গ্রহণ কর,তাহাতে ১১ তোমার অনেক বৎসর আয়ু হইবে। আমি তোমাকে জ্ঞানের পথ শিক্ষা দি, ও যথার্থ পথে গমন করাই। ১২ তাহাতে তোমার গমনে পাদ সঙ্কুচিত হইবে না, ও ১৩ বেগে গমনকালে বিঘ্ন পাইবা না। হিতোপদেশ দৃঢ়রূপে গ্রহণ কর; যাইতে দিও না; তাহা রক্ষা কর, কেননা তাহা তোমার জীবন হয়।

১৪ পাপিদের পথে প্রবেশ করিও না, ও দুষ্ট লোক- ১৫ দের পথে গমন করিও না। তাহা ত্যাগ কর, তাহার নিকট দিয়া যাইও না; তাহাহইতে বিমুখ হইয়া ১৬ চলিয়া যাও। কেননা দুষ্কর্ম্ম না করিলে তাহাদের নিদ্রা হয় না, ও কাহাকে ভ্রষ্ট না করিলে তাহাদের ১৭ নিদ্রা ভঙ্গ হয়। তাহারা পাপভক্ষ্য ভক্ষণ করে ও ১৮ দৌরাত্ম্যরূপ দ্রাক্ষারস পান করে। কিন্তু সূর্য্যের যে দীপ্তি মধ্যাহ্ন পর্য্যন্ত উত্তর ২ বৃদ্ধি পায়, ধার্ম্মি- ১৯ কদের পথ সেই তেজস্বি দীপ্তির ন্যায় হয়। পাপিদের পথ অন্ধকারের ন্যায়; তাহারা কিসে বাধা পায়, তাহা জানে না।

২০ হে আমার পুত্র, আমার বাক্যে মনোযোগ কর, ২১ ও আমার কথাতে কর্ণপাত কর। তাহা তোমার চক্ষুগোচরহইতে না যাউক, মনের মধ্যে তাহা যত্ন ২২ করিয়া রাখ। কেননা যাহারা তাহা পায়, তাহাদের ২৩ জীবন ও সর্ব্বাঙ্গের স্বাস্থ্য হয়। যাহাহইতে জীবনের প্রবাহ জন্মে, আপনার সেই মনকে অতি যত্নেতে‡ ২৪ রক্ষা কর; ও আপনার মুখহইতে কুকথা সরাও, ২৫ ও ওষ্ঠাধরহইতে কুবাক্য দূর কর। তোমার চক্ষু অগ্রে দৃষ্টি করুক ও তোমার চক্ষুর পাতা সম্মুখে ২৬ অবলোকন করুক। তুমি আপন গন্তব্য‖ পথ বিবেচনা কর,তাহাতে তোমার সকল গতি§ স্থির হইবে। ২৭ দক্ষিণে কি বামে বিপথগামী হইও না, ও মন্দহইতে চরণ নিবারিত হউক।

৫ অধ্যায়।

১ সুলেমানের বিনয় কথা ৩ ও বেশ্যার বিরুদ্ধে কথা ১৫ ও বিবাহের প্রশংসা।

১ হে আমার পুত্র, আমার বিদ্যার প্রতি মনোযোগ

[২১,২২] হি ৪; ৬,৯,১৩।।—[২৩] ৪; ১২ ।।—[২৪] ৬; ২২ ।।—[২৫,২৬] গী ১১২; ৭ ।।—[২৭] রো ১৩; ৮।।—[২৮] ব্রি ২৪; ১৫ ।।—[৩১] হি ২৪; ১। গী ৩৭; ১ ।।—[৩২,৩৩] গী ২৫; ১৪। সিখ ৫; ৩,৪ ।।—[৩৪] যাক ৪; ৬। ১ পি ৫; ৫ ।। [৪ অধ্যায়; ৪] প ১০। হি ৭; ২ ।।—[৯] ১; ৯। ৩; ২২ ।।—[১০] প ৪ ।।—[১২] ৩; ২৩ ।।—[১৪-১৭] ১; ১০-১৬ ।। [১৮]যূব ১১; ১৭। ১ যো ১; ৫-৭ ।।—[১৯]যিশ ৮; ২০-২২। যো ১২; ৩৫ ।।—[২০-২২] হি ৩; ০,৮,২১,২২।।—[২৩]ব ২৬; ৪১।

* (ইব্রু) বিদ্ধ। † (ইব্রু) তাহাকে। ‡ (ইব্রু) সর্ব্ব রক্ষাতে। ‖ (ইব্রু) পদের। § (ইব্রু) পথ।

২ কর, ও আমার বুদ্ধির প্রতি কর্ণপাত কর। তাহাতে তুমি পরিণামদর্শিতা রক্ষা করিবা ও আপন ওষ্ঠাধরে জ্ঞানের কথা পালন করিবা।

৩ বেশ্যার ওষ্ঠহইতে মৌচাকের ন্যায় ফোটা২ মধু ক্ষরে, ও তাহার তালুকা তৈল অপেক্ষাও চিক্কণ ৪ বটে। কিন্তু তাহার শেষগতি নাগদানার ন্যায় তিক্ত ৫ হয়, ও দ্বিধার খড়্গের ন্যায় তীক্ষ্ণ হয়। তাহার চরণ ৬ মৃত্যুতে নামে,ও তাহার পাদবিক্ষেপ কবরে পড়ে। সে জীবনের পথ বিবেচনা করে না,এবং তাহার আচার ৭ চঞ্চল ও বোধের অগম্য হয়। অতএব হে বালকগণ, আমার কথা শুন, আমার মুখের কথাহইতে পরা- ৮ ঙ্মুখ হইও না। তুমি তাহাহইতে আপন পথ দূরে রাখ, তাহার বাটীর দ্বারের নিকটেও যাইও না; ৯ নতুবা তোমার সম্ভ্রম অন্যকে, ও তোমার পরমায়ু ১০ নির্দ্দয় লোককে দত্ত হইবে; ও অন্য লোক তোমার ধনেতে* আপ্যায়িত হইবে, ও তোমার পরিশ্রমের ১১ ফলেতে বেশ্যার গৃহ পরিপূর্ণ হইবে; এবং তোমার মাংস ও শরীর ক্ষয় পাইলে শেষে তুমি ক্রন্দন করিয়া ১২ কহিবা; হায়২, আমি কেন হিতোপদেশ ঘৃণা করিলাম? ও আমার মন কেন অনুযোগ তুচ্ছ করিল? ১৩ আমি কেন গুরুলোকের কথা শুনিলাম না? ও শিক্ষকদের কথাতে কেন মনোযোগ করিলাম না? ১৪ আমি হঠাৎ সভাতে ও মণ্ডলীর মধ্যে সর্ব্ব প্রকার বিপদে পড়িয়াছিলাম।

১৫ তুমি আপন জলাশয়ের জল ও আপন কূপের ১৬ স্রোতোজল পান কর। তোমার উনুই কেন বাহিরে বিস্তারিত হইবে? ও তোমার জলের স্রোত কেন ১৭ রাজপথে থাকিবে? তাহা কেবল তোমারই হউক, ১৮ তোমার ও অন্যের না হউক। তোমার উনুই ধন্য হউক, ও তুমি আপন যুবতি ভার্য্যাতে সন্তুষ্ট হও। ১৯ সে হরিণীর ন্যায় প্রেমিকা ও বাতপ্রমীর ন্যায় রূপবতী হউক; তাহার স্তনের দ্বারা তুমি সর্ব্বদা আপ্যায়িত হও, ও তাহার প্রেমেতে সর্ব্বদা রত ২০ থাক। হে আমার পুত্র, বেশ্যা কেন তোমার মন হরণ করে? ও তুমি অন্যার বক্ষে কেন আলিঙ্গন ২১ কর? মনুষ্যের তাবৎ পথ ঈশ্বরের দৃষ্টিগোচর আছে; তিনি তাহার সকল গতি বিচার করেন। ২২ পাপী আপন পাপদ্বারা ধরা পড়ে ও নিজ পাপরূপ ২৩ রজ্জুদ্বারা বদ্ধ হয়। সে বাহুল্য ভ্রমে ভ্রান্ত হইয়া অনুপদেশে প্রাণ ত্যাগ করে।

৬ অধ্যায়।

১ প্রতিভূ হওনের নিষেধ ও আলস্যের বিরুদ্ধে কথা ১২ ও দুষ্ট লোকের বিরুদ্ধে কথা ১৬ ও সাত ঘৃণাস্পদ ২০ ও আজ্ঞা পালনের ফল ২৫ ও পরদার করণে ক্ষতি।

১ হে আমার পুত্র, তুমি যদি আপন বন্ধুর প্রতিভূ হও ২ ও অন্যের বিষয়ে হস্তার্পণ কর, তবে আপন বাক্য-রূপ ফাঁদে পতিত ও আপন মুখের কথাতে ধৃত হও। ৩ অতএব হে আমার পুত্র, আপন বন্ধুর হস্তগত হইলে তুমি এখন এই রূপে আপন প্রাণকে উদ্ধার কর; ৪ তুমি আপন চক্ষুকে নিদ্রা যাইতে না দিয়া ও চক্ষুর পাতাকে মুদ্রিত হইতে না দিয়া যাইয়া দণ্ডবৎ পূর্ব্বক আপন বন্ধুকে নিবেদন কর। ৫ যেমন হরিণ (ব্যাধের) হস্তহইতে ও পক্ষী ব্যাধের হস্তহইতে পলায়ন করে, তদ্রূপ তুমি আপনাকে মুক্ত কর।

৬ হে অলস, তুমি পিপীলিকার কাছে গিয়া তাহার ৭ ক্রিয়া দেখিয়া জ্ঞান শিক্ষা কর। তাহার রাজা কি ৮ অধ্যক্ষ কি প্রভু কেহ না থাকিলেও সে গ্রীষ্মকালে আপন খাদ্য সংগ্রহ করে, ও শস্য কাটনের সময়ে ৯ আহার সঞ্চয় করে। হে অলস, তুমি কত কাল শয়নে ১০ থাকিবা? ও কখন্ নিদ্রাহইতে উঠিবা? আর অল্প কাল নিদ্রা ও অল্প কাল তন্দ্রা ও অল্প কাল নি- ১১ দ্রাতে আপন হস্ত জড়সড় করিলে, তোমার দৈন্যতা দস্যুর ন্যায় ও তোমার দীনতা সুসজ্জ সেনার ন্যায় উপস্থিত হইবে।

১২ পাপিলোক ও দুষ্ট জন সর্ব্বদা মুখে কটুবাক্য ১৩ কহে; ও চক্ষুদ্বারা ইঙ্গিত করে, এবং পদের ভঙ্গি-দ্বারা বুঝায়, ও অঙ্গুলি দিয়া শিক্ষা দেয়। ১৪ সে আ-পন কুটিল অন্তঃকরণে মন্দ চিন্তা করে, ও সর্ব্বদা ১৫ বিবাদের আরোপণ† করে। অতএব অকস্মাৎ তাহার বিপদ উপস্থিত হইবে, ও প্রতিকার বিনা সে হঠাৎ বিনষ্ট হইবে।

১৬ অহঙ্কারদৃষ্টি ও মিথ্যাবাদি জিহ্বা ও নির্দ্দোষ ১৭ রক্তপাতকারি হস্ত, ও কুমন্ত্রণাকারি মন ও কুকর্ম্ম ১৮ করিতে দ্রুতগামি চরণ, এবং মিথ্যাবাদি মিথ্যা- ১৯ সাক্ষী ও ভ্রাতৃমধ্যে বিরোধজনক, এই সপ্ত বিশে-ষতঃ ছয় পরমেশ্বরের ঘৃণিত; তিনি মনের মধ্যে এই সকলকে বড় ঘৃণা করেন।

২০ হে আমার পুত্র, তুমি আপন পিতার আজ্ঞা পা-লন কর, ও আপন মাতার ব্যবস্থা ত্যাগ করিও না। ২১ তাহা সর্ব্বদা হৃদয়ে গাঁথিয়া রাখ ও গলদেশে বন্ধন ২২ কর। তাহাতে গমনকালে সে তোমার পথদর্শক হই-বে, ও শয়নকালে তোমাকে রক্ষা করিবে, ও জাগরণ ২৩ সময়ে তোমার সহিত আলাপ করিবে। কেননা ব্যভিচারিণীহইতে ও প্রিয়বাদিনী বেশ্যাহইতে

[৫ অধ্যা; ৩-৬] হি ২; ১৬-১৯। ৬; ২৩-২৯। ৭; ১০-২৭। ঊ ৭; ২৬॥—[৮,৯] হি ৩১; ৩॥—[২১] ১৫; ১১। য়ুব ৩৪; ২১,২২। গী ১৩৯; ১-৫॥—[২২] গী ৯; ১৬। হি ১১; ৩,৫,৬,১৮॥

[৬ অধ্যা; ১,২] হি ১১; ১৫। ২২; ২৬,২৭॥—[৬-৮] ৩০; ২৫॥—[৯-১১] ২০; ১৩। ২৪; ৩৩,৩৪॥—[১৩] ১০; ১০॥ [১৫]১;২৭॥—[২০,২১] ১; ৮,৯। ৩; ৩॥—[২২] ৩; ২৩, ২৪॥—[২৩,২৪] গী ১১৯; ১০৫। হি ২; ১৬-১৯। ৭; ৪,৫॥

* (ইব্রি) বলেতে। † (ইব্রি) প্রেরণ।

২৪ রক্ষা করণার্থে আজ্ঞা প্রদীপস্বরূপ ও ব্যবস্থা দীপ্তিস্বরূপ ও হিতোপদেশের অনুযোগ জীবনদায়ি পথস্বরূপ হয়।

২৫ তুমি অন্তঃকরণে ঐ স্ত্রীর সৌন্দর্য্য বাঞ্ছা করিও ২৬ না, ও তাহার কটাক্ষেতে ধৃত হইও না। কেননা বেশ্যাদ্বারা অন্নাভাবও ঘটে, এবং পরস্ত্রীদ্বারা ২৭ মনুষ্যের মহামূল্য প্রাণ ধরা পড়ে। বস্ত্র পর্য্যন্ত দগ্ধ হইবে না, এমন রূপে বক্ষঃস্থলে অগ্নি রাখিতে ২৮ কে পারে? এবং পদতল দগ্ধ হইবে না, এমত করিয়া প্রজ্বলিত অঙ্গারের উপরে কে গমন করিতে পারে? ২৯ যে জন প্রতিবাসির স্ত্রীতে গমন করে, সে তদ্রূপ হয়; এবং যে কেহ তাহাকে স্পর্শ করে, সে নির্দ্দোষ ৩০ হইবে না। যদ্যপি চোর ক্ষুধিত হইয়া প্রাণ রক্ষার্থে চুরী করে, তথাপি লোক তাহাকে অদণ্ডনীয় বোধ ৩১ করে না; এবং ধৃত হইলে চৌর্য্যের সপ্ত গুণ দিতে হয়, ও আপন গৃহের সর্ব্বস্ব হইলেও তাহা দিতে ৩২ হয়। কিন্তু পরস্ত্রীগামী পুরুষ নির্ব্বোধমাত্র, কেননা ৩৩ সে আপনার প্রাণ আপনি বিনষ্ট করে, এবং দণ্ড ও লজ্জাবিশিষ্ট হয়; তাহার অপমান কখনো ঘুচে না। ৩৪ যেহেতুক স্ত্রীবিষয়ক ঈর্ষ্যাতে স্বামির ক্রোধ জন্মে, ৩৫ দণ্ডের দিনে সে ক্ষমা * করিবে না; ও পারিতোষিক কিছু গ্রহণ করিবে না, এবং অনেক ধন পাইলেও সন্তুষ্ট হইবে না।

৭ অধ্যায়।

১ সুলেমানের বিনয়কথা ৬ ও বেশ্যার ব্যবহারের বর্ণনা, ২৪ ও তাহাহইতে স্বতন্ত্র হওনের আবশ্যকতা।

১ হে আমার পুত্র, আমার কথা পালন কর ও আমার ২ আজ্ঞা মনে রাখ; ও আমার আজ্ঞা পালন করিয়া জীবন ধারণ কর, ও আমার ব্যবস্থাকে আপনার ৩ নয়নের তারাস্বরূপ পালন কর; এবং তোমার অঙ্গুলিতে তাহা বন্ধন কর, ও অন্তঃকরণরূপ পত্রে ৪ তাহা লিখিয়া রাখ। বিদ্যাকে বল, তুমিই আমার ৫ ভগিনী, ও বুদ্ধিকে বল, তুমিই আমার জ্ঞাতি; তাহাতে সে বেশ্যা ও প্রিয়বাদিনী ব্যভিচারিণীহইতে তোমাকে রক্ষা করিবে।

৬ আমি আপন গৃহের গবাক্ষদ্বার দিয়া নিরীক্ষণ ৭ করিতেছিলাম। তাহাতে অজ্ঞান লোকদের মধ্যে আমার দৃষ্টি পড়িলে সেই যুবলোকদের † মধ্যে এক ৮ নির্ব্বোধ যুবকে দেখিলাম। সন্ধ্যাকালে দিন অবসানে ৯ অন্ধকার ও রাত্রির আরম্ভকালে সে এক ব্যভিচারিণীর বাটীর কোণের নিকটস্থ পথে গমন করিয়া ১০ তাহার বাটীর পথে গেল। তাহাতে বেশ্যাবেশধারিণী এক চতুরা স্ত্রী তাহার সহিত মিলিল। সে কল্লা ১১ ও দাম্ভিকা, তাহার চরণ গৃহে থাকে না; কখনো ১২ হাটে ও কখনো পথে ও কখনো পথের কোণে অপেক্ষাতে থাকে। পরে ঐ স্ত্রী তাহাকে ধরিয়া চুম্বন ১৩ করিল এবং নির্লজ্জ মুখে তাহাকে কহিল, ‘আমি ১৪ অদ্য মঙ্গলার্থে বলিদান করিয়া আপন মানস সিদ্ধ করিলাম। আমি তোমার সহিত সাক্ষাৎ করিতে ১৫ ও যত্ন পূর্ব্বক তোমার মুখ দর্শন করিতে বাহিরে আসিয়া তোমাকে পাইলাম। আমি চিত্রবিচিত্র বস্ত্রে ১৬ ও চিত্রবিচিত্র মিস্রীয় সূক্ষ্ম বস্ত্রে আপন শয্যা সাজাইলাম; এবং গন্ধরস ও অগুরু ও দারুচিনির দ্বারা ১৭ তাহার সৌগন্ধ করিলাম। আইস, আমরা প্রভাত ১৮ পর্য্যন্ত প্রেমেতে আপ্যায়িত হই ও প্রেমেতে সুখী হই। কেননা আমার স্বামী গৃহে নাই, দূর পথে গমন ১৯ করিয়াছে। টাকার তোড়া সঙ্গে লইয়া গিয়াছে, ২০ শুক্লপক্ষে গৃহে আসিবে।’ এই রূপ অনেক মধুর ২১ বাক্যেতে সে তাহার মন হরণ করিল, ও ওষ্ঠাধরের কোমলতাতে তাহাকে আকর্ষণ করিল। তাহাতে সে ২২ হঠাৎ তাহার পশ্চাৎ গেল; যেমন গোরু হত হইতে যায়, ও হরিণ জালে প্রবেশ করিয়া ‡ যেমন বাণদ্বারা ২৩ যকৃৎ বিদ্ধ হওন পর্য্যন্ত থাকে, এবং পক্ষী ফাঁদকে প্রাণনাশক না জানিয়া যেমন ফাঁদে পড়িতে শীঘ্র উড়ে, তদ্রূপ।

২৪ অতএব হে বালকেরা, আমার কথা শুন, ও আমার ২৫ মুখের কথা মান্য কর। তোমার চিত্ত তাহার পথে না যাউক, এবং তুমি তাহার মার্গে ভ্রমণ করিও না। ২৬ কেননা সে অনেককে ক্ষত করিয়া নিপাত করিয়াছে, ২৭ ও অনেক বলবানকে হত করিয়াছে। তাহার গৃহ পরলোকের পথ ও মৃত্যুর আলয়ে প্রবেশকারক হয়।

৮ অধ্যায়।

১ বিদ্যার সুখ্যাতি ও শ্রেষ্ঠতা ১২ ও বিদ্যাদ্বারা পরাক্রম ও ধন ২২ ও বিদ্যার অনাদিত্ব ৩২ ও বিদ্যার দ্বারা সুখের বর্ণনা।

১ বিদ্যা কি ডাকে না? ও বুদ্ধি কি উচ্চৈঃশব্দ করে না? ২ সে পথের পার্শ্বে উচ্চস্থানে এবং চতুর্ম্মস্তক পথে ৩ দাঁড়ায়; ও দ্বারে অর্থাৎ নগরের সম্মুখদ্বারে ও দ্বারের প্রবেশস্থানে থাকিয়া উচ্চৈঃস্বরে কহে, হে ৪ মনুষ্যগণ, আমি তোমাদিগকে আহ্বান করি; মনুষ্যসন্তানদের কাছে আমার এই নিবেদন। হে অজ্ঞা- ৫ নেরা, জ্ঞানের কথা বুঝ; হে নির্ব্বোধ সকল, তোমরা বুদ্ধির কথা বুঝ। শুন, আমি সৎকথা কহি ও ওষ্ঠা- ৬ ধরে প্রকৃত কথা বলি। আমার মুখ সত্য কথা কহে, ৭ দুষ্টতা আমার ওষ্ঠের ঘৃণাস্পদ। আমার মুখের ৮

[২৬] দ্বি ২২; ২২ ॥—[৩১] যা ২২; ১-৪ ॥
[৭ অধ্যা; ২] হি ৪; ৪ ॥—[৩] দ্বি ৬; ৮। ১১; ১৮। হি ৩; ৩ ॥—[৪, ৫] ৬; ২০,২৪ ॥—[১১, ১২] ৫; ৬। তী ২; ৪,৫ ॥—[২৪-২৭] হি ২; ১৮,১৯। ৫; ৩-৫। ৯; ১৮ ॥—[২৬] বি ১৬; ১৬-৩১ ॥
[৮ অধ্যা; ১-৩] হি ১; ২০,২১। ৯; ১-৩॥

* (ইব্রি) প্রায়শ্চিত্তের মুখাপেক্ষা। † (ইব্রি) সন্তানদের। ‡ (বা) ও অজ্ঞান যেমন নিগড়েতে বদ্ধহইতে যায় ও।

তাবৎ কথাই ধর্ম্ম; তাহার মধ্যে বক্র কি বিপরীত ৯ বাক্য নাই। বুদ্ধিমানের স্থানে সে সকল সুগম, এবং জ্ঞানিদের কাছেও প্রকৃত। ১০ রূপা অপেক্ষা আমার উপদেশ, এবং সুবর্ণ অপেক্ষাও জ্ঞানকে গ্রহণ কর। ১১ কেননা বিদ্যা মুক্তাহইতেও উত্তম, ও কোন ইষ্ট বস্তু তাহার সমান নয়।

১২ আমি বিদ্যা বিবেচনার সহিত বাস করি, ও মর্ম্মভেদ বুদ্ধি পাই। ১৩ এবং পরমেশ্বরকে ভয় ও পাপকে ঘৃণা করিয়া অহঙ্কার ও দাম্ভিকতা ও কুপথ ও দুর্ম্মুখতা ঘৃণা করি। ১৪ পরামর্শ ও তত্ত্বজ্ঞান আমার, আমি স্বয়ংবুদ্ধি, ও বল আমার। ১৫ আমাদ্বারা রাজগণ রাজ্য করে ও মন্ত্রিগণ যথার্থ ব্যবস্থা স্থাপন করে। ১৬ এবং আমাদ্বারা পৃথিবীস্থ বিচারকর্ত্তা ও প্রধান লোক ও অধ্যক্ষগণ শাসন করে। ১৭ যাহারা আমাকে প্রেম করে, আমিও তাহাদিগকে প্রেম করি; ও যাহারা আমার অন্বেষণ* করে, তাহারা আমাকে পায়। ১৮ ঐশ্বর্য্য ও সম্ভ্রম এবং অক্ষয় বিভব ও ধর্ম্ম, এ সকলি আমার। ১৯ সুবর্ণ ও নির্ম্মল সুবর্ণ অপেক্ষাও আমার ফল উত্তম, এবং মনোনীত রূপাহইতেও আমার সম্পত্তি ভাল। ২০ আমিই ধর্ম্মপথে ও বিচারের পথের মধ্যে গতি করাই। ২১ যাহারা আমাকে প্রেম করে, তাহাদিগকে ঐশ্বর্য্যবান করি, ও তাহাদের ভাণ্ডার ধনেতে পরিপূর্ণ করি।

২২ পরমেশ্বরের কর্ম্মের আরম্ভে, বরং তাঁহার আদিকৃত কর্ম্মের পূর্ব্বে আমি তাঁহার প্রাপ্ত ছিলাম। ২৩ অনাদি কালাবধি, পৃথিবীর মূল স্থাপনের পূর্ব্বাবধি আমি অভিষিক্ত আছি। ২৪ এবং সমুদ্র ও জলপূর্ণ উনুই সৃষ্টি হওনের পূর্ব্বে, ২৫ এবং পর্ব্বতের স্থাপন ও উপপর্ব্বতের জন্মের পূর্ব্বে, ২৬ এবং যে সময়ে পৃথিবী ও ক্ষেত্র ও উপরিস্থ মৃত্তিকার এক রেণুও জন্মে নাই, ২৭ তৎকালেও আমি জন্মিয়াছিলাম। এবং তাঁহার আকাশমণ্ডল স্থাপন কালেও আমি সেখানে ছিলাম; এবং যে সময়ে তিনি সমুদ্রের চক্রাকার পরিমাণ ২৮ করিলেন, এবং উপরিস্থিত মেঘ স্থাপন করিলেন, ২৯ ও সমুদ্রের উনুই বদ্ধ করিলেন, এবং সমুদ্রের জল যে সীমা উল্লঙ্ঘন করিতে পারে না, সেই সীমা স্থাপন করিলেন, ও পৃথিবীর মূল স্থাপন করিলেন; ৩০ তৎকালে আমি তাঁহার নিকটে কর্ম্মকারী ছিলাম, এবং প্রতি দিন আনন্দজনক হইয়া তাঁহার সম্মুখে ৩১ নিত্য আহ্লাদ করিতাম; এবং ভূমণ্ডলে আমোদ ও মনুষ্যসন্তানদের সহিত আনন্দ করিতাম।

৩২ হে বালকগণ, তোমরা আমার কথা শুন; যে জন আমার পথে চলে, সেই ধন্য। ৩৩ তোমরা হিতোপদেশ শুনিয়া জ্ঞানবান্ হও; তাহাতে অশ্রদ্ধা করিও না। ৩৪ যে জন আমার কথা শুনিয়া আমার দ্বারে জাগৃত থাকিয়া অর্থাৎ আমার দ্বারের চৌকাঠে থাকিয়া অপেক্ষা করে, সেই ধন্য। ৩৫ কেননা আমাকে পাইলেই জীবন প্রাপ্ত হয়, এবং পরমেশ্বরের অনুগ্রহও গ্রহণ করে। ৩৬ কিন্তু যে জন আমার বিরুদ্ধে পাপ করে, সে আপন প্রাণ হিংসা করে; এবং যে সকল লোক আমাকে ঘৃণা করে, তাহারাই মৃত্যুতে প্রেম করে।

৯ অধ্যায়।

১ তত্ত্বজ্ঞানের আহ্বান ৭ ও উপদেশ কথা ১৩ ও অজ্ঞানতার কথা ও ফল।

১ বিদ্যা আপন গৃহ ও তাহার সপ্ত স্তম্ভ নির্ম্মাণ করিল; ২ এবং পশু মারিয়া ও দ্রাক্ষারস মিশ্রিত করিয়া আপন ভোজ† প্রস্তুত করিল; ৩ এবং আপন দাসীদিগকে পাঠাইয়া নগরের উচ্চ স্থানহইতে নিমন্ত্রণ করিয়া ৪ কহিল, হে অজ্ঞান, এই স্থানে আইস; এবং নির্ব্বোধকে কহিল, ৫ আইস, আমার ভোজ্য ভোজন কর, আমার প্রস্তুত দ্রাক্ষারস পান কর, ৬ ও অজ্ঞানদের সঙ্গ ছাড়িয়া জীবন রক্ষা কর, ও জ্ঞানের পথে গমন কর।

৭ যে জন নিন্দককে অনুযোগ করে, সেই লজ্জা পায়, এবং দুষ্টকে অনুযোগ করিলে দুশ্চিহ্ন পায়। ৮ অতএব তুমি নিন্দককে অনুযোগ করিও না, করিলে সে তোমাকে ঘৃণা করিবে; বরং জ্ঞানবানকে অনুযোগ কর, তাহাতে সে তোমাকে প্রেম করিবে। ৯ জ্ঞানবানকে উপদেশ দিলে সে আরও জ্ঞানবান হইবে, এবং সাধুকে শিক্ষা দিলে তাহার জ্ঞান বৃদ্ধি পাইবে। ১০ পরমেশ্বর বিষয়ক ভয়ই জ্ঞানের আরম্ভক, এবং ধর্ম্ম বিষয়ক জ্ঞানই প্রকৃত জ্ঞান। ১১ কেননা আমাদ্বারা তোমার পরমায়ু বৃদ্ধি হইবে, ও তোমার আয়ুর বৎসর বাড়িবে। ১২ তুমি জ্ঞান পাইলে আপনিই তাহা লাভ করিবা, আর নিন্দা করিলে আপনিই তাহা ভোগ করিবা।

১৩ অজ্ঞানা স্ত্রী কলহকারিণী ও অবিবেচিকা ও নির্ব্বুদ্ধি হয়। ১৪ সে গৃহের দ্বারে ও নগরের উচ্চস্থানে আসন পাতিয়া বসে; ১৫ এবং সৎপথের পথিকদিগকে ডাকিয়া বলে, ১৬ হে অজ্ঞান, এই স্থানে আইস; এবং নির্ব্বোধকে এই কথা কহে, ১৭ চৌর্য্য জল বড় মিষ্ট, ও গুপ্ত রূপে ভক্ষিত সামগ্রী বড় সুস্বাদু। ১৮ কিন্তু প্রেত যে

[১০,১১]প ১১। ৩; ১৩-১৬ ॥—[১৩]১৬; ৬। ৬; ১৬-১৯ ॥—[১৭]১ শি ২; ৩০। যাক ৪; ৮॥—[১৮-২১]হি ৩; ১৪-১৬। যূব ২৮; ১২-১৯॥—[১৯]প ১০॥—[২২-৩১]যূব ২৮; ২০-২৭। হি ৩; ১৯॥—[২২]আ ১; ১,২,১০॥—[৩২-৩১] হি ৩; ১৩,১৮॥ [৯ অধ্য; ১-৩] হি ৮; ১-৩। ম ২২; ১-৪। লূ ১৪; ১৬, ১৭ ॥—[৪] প ১৬ ॥—[৫] যিশ ৫৫; ১ ॥—[৮] ম ৭; ৬। হি ১৭; ১০ ॥—[১০] ১; ৭ ॥—[১১] ৩; ২,১৬। ১০; ২৭ ॥—[১২] ১ তী ৪; ৮ ॥—[১৬] প ৪ ॥—[১৭] হি ২০; ১৭ ॥—[১৮] ২; ১৮। ৭; ২৭ ॥

* (ইব্রু) প্রত্যুষে অন্বেষণ। † (ইব্রু) ভোজনাসন।

তাহার গৃহে থাকে, ও তাহার নিমন্ত্রিত লোকেরা যে পাতালের গভীর স্থানে যায়,ইহা সে লোক বিবেচনা করে না।

১০ অধ্যায়।

১ সুলেমানের নানা প্রকার হিতোপদেশ।

১ সুলেমানের হিতোপদেশ। জ্ঞানবান পুত্র পিতার আনন্দকর হয়, কিন্তু মূর্খ পুত্র মাতার ক্লেশদায়ক। ২ দুষ্টতাদ্বারা প্রাপ্ত ধনে কিছু ফল নাই, কিন্তু ধর্ম্মদ্বারা মৃত্যুহইতে ত্রাণ পাওয়া যায়। ৩ পরমেশ্বর ধার্ম্মিকগণকে ক্ষুধায় ব্যাকুল হইতে দেন না, কিন্তু পাপিদের লোভ বিফল করেন। ৪ যে জন আলস্যভাবে কর্ম্ম করে, সে দরিদ্রতা পায়; কিন্তু সত্বর কর্ম্মকারির হস্ত তাহাকে ধনবান করে। ৫ যে গ্রীষ্মকালে সঞ্চয় করে, সেই বুদ্ধিমান পুত্র; কিন্তু যে শস্য কাটনের সময়ে নিদ্রিত থাকে, সে লজ্জাজনক পুত্র। ৬ ধার্ম্মিকের মস্তকে আশীর্ব্বাদ বর্ত্তে, কিন্তু পাপিদের মুখ দৌরাত্ম্যে আচ্ছন্ন থাকে। ৭ ধার্ম্মিক লোকদের স্মরণীয় নাম ধন্য হয়, কিন্তু দুষ্টদের নাম লুপ্ত হয়। ৮ জ্ঞানবান লোক আজ্ঞা গ্রহণ করে, কিন্তু অজ্ঞান বাচাল লোক পতিত হয়। ৯ সরলগমনকারী নির্ভয়ে গমন করে, কিন্তু বক্রগামী শাস্তি পায়। ১০ যে জন চক্ষুদ্বারা ইঙ্গিত করে, সে দুঃখ দেয়; কিন্তু অজ্ঞান বাচাল লোক পতিত হয়। ১১ ধার্ম্মিকদের মুখ জীবনের উনুইস্বরূপ; কিন্তু পাপিদের মুখ দৌরাত্ম্যে আচ্ছন্ন থাকে। ১২ দ্বেষ বিরোধ উপস্থিত করে, কিন্তু প্রেম সকল পাপ আচ্ছাদন করে। ১৩ জ্ঞানবানের মুখে বিদ্যা থাকে, কিন্তু অজ্ঞানের পৃষ্ঠের নিমিত্তে দণ্ড হয়। ১৪ জ্ঞানবান জ্ঞান সঞ্চয় করে, কিন্তু অজ্ঞানের মুখ বিনাশ উপস্থিত করে। ১৫ ধনবানের ধনই আপন দৃঢ় নগর, দরিদ্রের দরিদ্রতা বিনাশস্বরূপ। ১৬ ধার্ম্মিকের শ্রম জীবনজনক, কিন্তু পাপিদের সম্পত্তি পাপজনক। ১৭ যে জন হিতোপদেশ মানে, সে জীবনের পথে চলে; কিন্তু যে জন অনুযোগ মানে না, সে ভ্রান্ত * হয়। ১৮ যে জন দ্বেষ আচ্ছাদন করে, সে মিথ্যাবাদী; এবং যে কেহ অপবাদ করে, সে অজ্ঞান। ১৯ বহুবাক্যে পাপের অভাব নাই; অতএব যে জন আপন ওষ্ঠকে নিবৃত্ত করে, সেই বুদ্ধিমান। ২০ ধার্ম্মিকদের জিহ্বা নির্ম্মল রূপাস্বরূপ, কিন্তু পাপিদের অন্তঃকরণ অল্পমূল্য। ২১ ধার্ম্মিকদের ওষ্ঠাধর অনেককে ভোজন করায়, কিন্তু পাপিগণ জ্ঞানের অভাবে জীবন ত্যাগ করে। ২২ পরমেশ্বরের আশীর্ব্বাদ ধনবান করে; এবং তিনি তাহার সহিত কোন দুঃখ উপস্থিত করেন না। ২৩ কুক্রিয়াতে অজ্ঞানের এবং বিদ্যাতে বুদ্ধিমানের আনন্দ হয়। ২৪ পাপী যাহাতে ভয় করে, তাহার প্রতি তাহাই ঘটে; কিন্তু ধার্ম্মিকদের ইষ্ট লাভ হয়। ২৫ যেমন ঘূর্ণবায়ু বহিয়া যায়, তদ্রূপ পাপীও যায়; কিন্তু ধার্ম্মিকদের ভিত্তিমূল চিরস্থায়ী। ২৬ দন্তে যেমন অম্লরস ও চক্ষুতে যেমন ধূম, তদ্রূপ অলস আপন প্রেরকের প্রতি হয়। ২৭ পরমেশ্বর বিষয়ক ভয় আয়ুর্বৃদ্ধি করে; কিন্তু পাপিদের বৎসরের ন্যূনতা করা যায়। ২৮ ধার্ম্মিকদের অপেক্ষা আনন্দস্বরূপ; কিন্তু পাপিদের প্রত্যাশা ক্ষয় পায়। ২৯ পরমেশ্বরের পথ সাধুদের দুর্গস্বরূপ; কিন্তু দুষ্কর্ম্মিদের বিনাশ হয়। ৩০ ধার্ম্মিক লোক কখনো বিচলিত হইবে না; কিন্তু পাপিগণ দেশবাসী হইবে না। ৩১ ধার্ম্মিকদের মুখহইতে জ্ঞান জন্মে; কিন্তু বক্রবাদি জিহ্বা ছেদন করা যায়। ৩২ ধার্ম্মিকদের ওষ্ঠাধর মনোহর কথা কহে, কিন্তু পাপিদের মুখ কদালাপ করে।

১১ অধ্যায়।

১ অযথার্থ নিক্তি পরমেশ্বরের ঘৃণিত; কিন্তু যথার্থ ঢকেতে তাঁহার সন্তোষ আছে। ২ অহঙ্কার আইলে লজ্জাও আইসে; কিন্তু নম্রশীল লোকদের সহিত জ্ঞান আইসে। ৩ সাধু লোকদের ধর্ম্ম তাহাদিগকে সুপথে লইয়া যায়, কিন্তু ধূর্ত্ত লোকদের ধূর্ত্ততা তাহাদিগকে নষ্ট করে। ৪ ক্রোধের দিনে ধন নিষ্ফল হয়; কিন্তু ধর্ম্ম মৃত্যুহইতে রক্ষা করে। ৫ সাধুতা সাধুর পথ সরল করে; কিন্তু দুষ্টতা দুষ্টকে নিপাত করে। ৬ সরল লোকদের ধর্ম্ম তাহাদিগকে উদ্ধার করে; কিন্তু কুটিল লোক আপনাদের লোভে ধরা পড়ে। ৭ পাপী মরিলে তাহার প্রত্যাশা মরে; এবং বলবানদের প্রত্যাশা বিনাশ পায়। ৮ ধার্ম্মিক দুঃখহইতে উদ্ধৃত হয়; কিন্তু পাপী তাহার স্থানে উপস্থিত হয়। ৯ কপটি লোক মুখের দোষে আপন বন্ধুকে † নষ্ট করে, কিন্তু ধার্ম্মিক জ্ঞানদ্বারা উদ্ধার পায়। ১০ ধার্ম্মিকদের মঙ্গল হইলে নগরে আনন্দ হয়; কিন্তু পাপিদের বিনাশ হইলে জয়ধ্বনি হয়। ১১ সরলদিগের আশীর্ব্বাদে নগরের উন্নতি হয়;

[১০ অধ্য; ১] হি ১৫; ২০। ১৭; ২১,২৫ ॥—[২] ১১; ৪ ॥—[৩] গী ৩৪; ৯,১০ ॥—[৪] হি ১২; ২৪। ১৯; ১৫ ॥
[৫] ৬; ৬-৮ ॥—[৬] প ১১ ॥—[৭] গী ১১২; ৬ ॥—[৮] প ১০ ॥—[৯] হি ২৮; ১৮ ॥—[১০] প ৮। ৬; ১২-১৫ ॥
[১১] প ৬ ॥—[১২] ১৭; ৯। ১ পি ৪; ৮ ॥—[১৩] হি ২৬; ৩ ॥—[১৪] ১৮; ৭ ॥—[১৫] ১৮; ১১। ১৯; ৭ ॥
[১৯] যাক ১; ১৯। ৩; ২ ॥—[২০,২১] প ৩১ ॥—[২৩] ১৪; ৯। ১৫; ২১ ॥—[২৪] যুব ২২; ২৮। গী ১৪৫; ১৯ ॥
[২৫] প ৩০। হি ১৪; ৩২। ম ৭; ২৪-২৭ ॥—[২৭] হি ৯; ১১। গী ৭০; ১৯,২০ ॥—[২৮] গী ১১২; ৬,১০। হি ১১; ৭ ॥
[২৯] গী ৩৭; ২০ ॥—[৩০] প ২৫ ॥—[৩১] প ২০, ২১ ॥—[৩২] ইফ ৪; ২৯ ॥
[১১ অধ্য; ১] দ্বি ২৫; ১৩-১৬। হি ২০; ১০,২৩ ॥—[২] ১৬; ১৮। ১৮; ৩,১২ ॥—[৩] প ৫,৬। ১৩; ৬ ॥
[৪] ১০; ২ ॥—[৫,৬] প ৩ ॥—[৭] ১০; ২৮ ॥—[৮] ২১; ১৮ ॥—[১০,১১] ২৮; ১২,২৮। ২৯; ২,৮ ॥

* (ইব্রু) ভ্রামক। † (বা) পরস্পর আপনাদিগকে।

কিন্তু পাপিদের বাক্যেতে * তাহার অধঃপতন হয়।
১২ নির্ব্বোধ আপন বন্ধুকেও তুচ্ছ করে; কিন্তু বুদ্ধিমান
১৩ নীরব হইয়া থাকে। অনধিকারচর্চ্চক ভ্রমণ করিয়া গুপ্ত কথা ব্যক্ত করে; কিন্তু বিশ্বস্ত লোক কথা গো-
১৪ পন করে। মন্ত্রণার অভাবে লোক পতিত হয়; কিন্তু
১৫ মন্ত্রির বাহুল্যেতে রক্ষা পায়। যে জন অজ্ঞাত লোকের প্রতিভূ হয়, সে ক্লেশ পায়; কিন্তু যে জন প্রতি-
১৬ ভূর কর্ম্মেতে ঘৃণা করে, সে নিরাপদে থাকে। সুন্দরী স্ত্রী যেমন সম্ভ্রম রক্ষা করে, তদ্রূপ বলবান লোক ধন
১৭ রক্ষা করে। দয়ালু লোক আপন প্রাণের মঙ্গল করে; কিন্তু নির্দ্দয় আপন শরীরের দুঃখ ঘটায়।
১৮ পাপী বৃথা কর্ম্ম করে; কিন্তু ধর্ম্মবীজ বাপকের সত্য
১৯ ফল হয়। ধর্ম্মদ্বারা যেমন জীবনলাভ, তদ্রূপ কুক্রিয়ার
২০ উদ্যোগদ্বারা মৃত্যুলাভ হয়। কুটিলমনা পরমেশ্বরের ঘৃণার পাত্র; কিন্তু সরলপথগামিরা তাঁহার সন্তোষ-
২১ জনক। পাপিলোক পুরুষানুক্রমে দণ্ড এড়াইবে না;
২২ কিন্তু ধার্ম্মিকদের বংশ উদ্ধৃত হইবে। যেমন শূকরের নাসিকাতে সুবর্ণের ভূষণ, তদ্রূপ বিবেচনা-
২৩ রহিতা সুন্দরী স্ত্রী। ধার্ম্মিকেরা কেবল উত্তম ইচ্ছা
২৪ করে, কিন্তু পাপিরা ক্রোধের অপেক্ষা করে। কেহ বিতরণ করিয়াও বৃদ্ধি পায়; আর কেহ বা অন্যা-
২৫ য়েতে সঞ্চয় করিয়াও কেবল দরিদ্রতা পায়। দানশীল প্রাণী পরিতৃপ্ত হয়, এবং জলসেচনকারী জলেতে
২৬ সিক্ত হয়। যে জন শস্য বন্ধন করিয়া রাখে, লোকেরা তাহাকে শাপ দেয়; কিন্তু যে জন বিক্রয় করে,
২৭ তাহার মস্তকে আশীর্ব্বাদ বর্ত্তে। যে জন মঙ্গলের চেষ্টা করে, সে অনুগ্রহ পায়; কিন্তু যে জন পরের
২৮ ক্ষতি চেষ্টা করে, তাহার সেই ক্ষতি হইবে। যে জন আপন ধনে বিশ্বাস করে, সে পতিত হয়; কিন্তু
২৯ ধার্ম্মিক জন শাখার ন্যায় প্রফুল্ল হয়। যে জন পরিজনকে কষ্ট দেয়, সে বায়ুরূপ অধিকার পায়, এবং
৩০ অজ্ঞান বুদ্ধিমানের দাস্য করে। অমৃত বৃক্ষের ফলই ধার্ম্মিকের ফল; এবং যে জন আত্মাকে পরিত্রাণ †
৩১ করে, সেই জ্ঞানবান। পৃথিবীতে যদি ধার্ম্মিকগণ প্রতিফল পায়, তবে দুষ্টগণ ও পাপিগণ কি পাইবে না?

১২ অধ্যায়।

১ যে জন উপদেশ ভাল বাসে, সে জ্ঞানও ভাল বাসে; কিন্তু যে জন অনুযোগ ঘৃণা করে, সে পশুবৎ।
২ পরমেশ্বর সাধু লোককে কৃপা করেন; কিন্তু কুস-
ঙ্কানিকে দোষী করেন।
৩ পাপদ্বারা কোন লোক স্থির থাকিতে পারে না, কিন্তু ধার্ম্মিকের মূল অটল
৪ থাকে। গুণবতী স্ত্রী স্বামির মুকুটস্বরূপ; কিন্তু লজ্জাদাত্রী স্ত্রী তাহার অস্থির ক্লেদস্বরূপ।
৫ ধার্ম্মিকদের সংকল্প যথার্থ; কিন্তু পাপিদের পরামর্শ মিথ্যা।
৬ পাপিগণ বধ করিবার জন্যে লুক্কায়িত থাকনের কথা বলে; কিন্তু সরলান্তঃকরণদের জিহ্বা তাহাদিগকে রক্ষা করে।
৭ পাপিগণ উচ্ছিন্ন হইয়া থাকে না; কিন্তু ধার্ম্মিকদের গৃহ অটল থাকে।
৮ মনুষ্য আপন জ্ঞানদ্বারাতেই বিখ্যাত হয়; কিন্তু কুটিলান্তঃকরণেরা তুচ্ছীকৃত হয়।
৯ যে সামান্য লোক আপনার দাসত্ব করে, সে খাদ্যহীন শ্লাঘাকারিহইতে ভাল।
১০ ধার্ম্মিক আপন পশুর প্রাণের প্রতিও দয়া করে; কিন্তু পাপিদের স্নেহই ‡ নিষ্ঠুরতা।
১১ যে জন আপন ভূমির চাস করে, সে যথেষ্ট আহার পায়; কিন্তু যে জন নিষ্ফল কর্ম্মেতে প্রবৃত্ত হয়, সে নির্ব্বোধ।
১২ পাপী দুষ্ট লোকদের দুর্গেতে ‖ লোভ করে; কিন্তু ধার্ম্মিকের মূল ফলোৎপন্ন করে।
১৩ পাপিলোক আপন ওষ্ঠের দোষে ধরা পড়ে, কিন্তু ধার্ম্মিক দুঃখহইতে উদ্ধার পায়।
১৪ মনুষ্য আপন মুখের গুণে § মঙ্গলে তৃপ্ত হয়, এবং আপন হস্তের ক্রিয়ার ফল তাহার প্রতি বর্ত্তে।
১৫ অজ্ঞানের পথ আপন দৃষ্টিতে ভাল; কিন্তু যে জন পরামর্শ শুনে, সেই জ্ঞানবান।
১৬ অজ্ঞানের ক্রোধ শীঘ্র ¶ ব্যক্ত হয়, কিন্তু বিজ্ঞলোক অপমান আচ্ছাদন করে।
১৭ সত্যবাদী ধর্ম্ম প্রকাশ করে; কিন্তু মিথ্যাসাক্ষী প্রবঞ্চনা প্রকাশ করে।
১৮ বাচালের বাক্য অস্ত্রাঘাতস্বরূপ; কিন্তু জ্ঞানবানের জিহ্বা আরোগ্যস্বরূপ হয়।
১৯ সত্যবাদির ওষ্ঠ চিরস্থায়ী; কিন্তু মিথ্যাবাদি জিহ্বা ক্ষণকাল স্থায়ী।
২০ কুচিন্তাকারিদের মনে প্রতারণা থাকে, কিন্তু শান্তির পরামর্শদাতার আনন্দ হয়।
২১ ধার্ম্মিকের কোন বিপদ ঘটে না; কিন্তু দুষ্ট লোক দুর্গতিগ্রস্ত হয়।
২২ মিথ্যাবাদি ওষ্ঠ পরমেশ্বরের ঘৃণিত; কিন্তু সত্য ক্রিয়াকারিগণ তাঁহার সন্তোষজনক।
২৩ পরিণামদর্শি লোক জ্ঞানের সম্বরণ করে; কিন্তু অজ্ঞানদের মন অজ্ঞানতা প্রকাশ করে।
২৪ কর্ম্মশীলের হস্ত কর্ত্তৃত্ব করে; কিন্তু অলস লোক কর দেয়।
২৫ মনের দুঃখে লোক নত হয়; কিন্তু শান্তিদায়ক বাক্য তাহাকে হর্ষ দান করে।
২৬ ধার্ম্মিক অন্য প্রতিবাসিহইতে উত্তম; কিন্তু পাপিদের পথ তাহাদের ভ্রান্তি

---

[১৩] হি ২০; ১৯ ॥—[১৪] ১৫; ২২। ২৪; ৬ ॥—[১৫] ৬; ১,২। ১৭; ১৮ ॥—[১৬] ৩১; ২৯,৩০ ॥—[১৭] ২৮; ২৭ ॥—[১৮] গাল ৬; ৭,৮ ॥—[১৯] হি ১৯; ২৩ ॥—[২০] ১২; ২২। ১৫; ৯ ॥—[২১] যা ২০; ৫,৬ ॥—[২৪] হি ১৩; ৭ ॥—[২৫] ২ ক ৯; ৬ ॥—[২৭] হি ২৬; ২৭ ॥—[২৮] গী ৫২; ৭,৮ ॥—[৩০] হি ৩; ১৮। দা ১২; ৩ ॥—[৩১] ১ পি ৪; ১৮ ॥
[১২ অধ্যা; ১] হি ১৩; ১৮ ॥—[৩] প ৭। ১০; ২৫,৩০ ॥—[৪] ৩১; ২৩ ॥—[৬] ১৪; ৩ ॥—[৭] প ৩। ১০; ২৫। ১৪; ১১। য ৭; ২৪-২৭ ॥—[৯] হি ১৩; ৭ ॥—[১১] ২৮; ১৯ ॥—[১৩] ১৮; ৭ ॥—[১৪] ১৮; ২০। য ১২; ৩৭। ২ ক ৫; ১০ ॥—[১৭] হি ১৪; ২৫ ॥—[১৮] গী ৬৪; ৩,৪। হি ১৫; ৪ ॥—[১৯] ১৩; ৩। ১৮; ২১ ॥—[২১] গী ৩২; ১০ ॥
[২৩] হি ১৩; ১৬। ১৫; ২ ॥—[২৪] ২২; ২৯ ॥—[২৫] ১৫; ১৩। ১৬; ২৪ ॥

* (ইব্রী) মুখেতে। † (ইব্রী) লাভ। ‡ (ইব্রী) অন্ত্র। ‖ (বা) জালেতে § (ইব্রী) ফলেতে। ¶ (ইব্রী) সেই দিনে।

২৭ জন্মায়। অলস মৃগয়াতে আপন হস্তে ধৃত বস্তুও পাক করে না; কিন্তু কর্ম্মশীল মানুষের ধন বহু- ২৮ মূল্য। ধর্ম্মের পথে জীবন থাকে; তাহার সরল মার্গে মৃত্যু নাই।

১৩ অধ্যায়।

১ জ্ঞানবান পুত্র পিতার উপদেশ শুনে; কিন্তু নিন্দক ২ পুত্র অনুযোগ শুনে না। মনুষ্য মুখের গুণে উত্তম সামগ্রী খাইতে পায়; কিন্তু প্রবঞ্চকদের প্রাণ দৌ- ৩ রাত্ম্য ভোগ করে। যে জন আপন মুখ রক্ষা করে, সে আপন প্রাণও রক্ষা করে; কিন্তু যে কেহ ওষ্ঠাধর ৪ বিস্তার করে, সে বিনাশ পায়। অলস লোক বাঞ্ছা করিলেও কিছুই পায় না, কিন্তু কর্ম্মশীল হৃষ্টপুষ্ট ৫ হয়। ধার্ম্মিক মিথ্যাকথা ঘৃণা করে; কিন্তু পাপী লজ্জা ৬ ও অপমান জন্মায়। ধর্ম্ম ধর্ম্মপথগামিকে রক্ষা করে; ৭ কিন্তু পাপ পাপিকে * বিনাশ করে। কেহ২ অকিঞ্চন হইলেও আপনাকে ধনী করে; আর কেহ বা ধনী ৮ হইলেও আপনাকে দরিদ্র করে। ধনি লোক ধন-দ্বারা প্রাণ রক্ষা করে; কিন্তু দরিদ্র অনুযোগ মানে ৯ না। ধার্ম্মিকের দীপ্তি উজ্জ্বল হয়; কিন্তু পাপিদের ১০ প্রদীপ নির্ব্বাণ হয়। কেবল অহঙ্কারহইতে বিবাদ ১১ জন্মে, কিন্তু পরামর্শ গ্রহণকারিদের জ্ঞান আছে। ধন অসারতাহইতেও ক্ষণিক; কিন্তু যে জন ক্রমশ † সঞ্চয় ১২ করে, তাহার ধন বৃদ্ধি পায়। আশাসিদ্ধির বিলম্ব মনের পীড়াস্বরূপ; কিন্তু বাঞ্ছিত প্রাপ্তি অমৃত বৃক্ষ ১৩ স্বরূপ। যে জন (ঈশ্বরের)বাক্য তুচ্ছ করে,সে বিনাশ পায়; কিন্তু যে জন আজ্ঞা মান্য করে, সে মঙ্গল ১৪ পায়। মৃত্যুরূপ ফাঁদহইতে রক্ষা করিতে জ্ঞানবানের ১৫ ব্যবস্থা অমৃতের উনুইস্বরূপ হয়। সুবোধ লোক অনুগ্রহ লাভ করে; কিন্তু প্রবঞ্চকদের পথ অতি কঠিন। ১৬ বিজ্ঞ লোক সকল বিবেচনা করিয়া কর্ম্ম করে, কিন্তু ১৭ মূর্খ আপন মূর্খতা প্রকাশ করে। দুষ্ট দূত বিপদে ১৮ পড়ে; কিন্তু সত্যবাদি দূত আরোগ্যস্বরূপ। যে জন উপদেশ তুচ্ছ করে, সে দরিদ্রতা ও লজ্জা পায়; কিন্তু যে কেহ অনুযোগকে মান্য করে, সে আদর ১৯ পায়। আশার সিদ্ধি মনেতে মিষ্ট বোধ হয়; কিন্তু ২০ দোষ ত্যাগ করা অজ্ঞানের ঘৃণিত কর্ম্ম। জ্ঞানিদের সঙ্গী হইলে জ্ঞানী হয়; কিন্তু অজ্ঞানের বন্ধু ২১ হইলে বিনষ্ট হয়। আপদ পাপিদের পশ্চাৎ২ গমন ২২ করে; কিন্তু ধার্ম্মিকদিগকে মঙ্গল দত্ত হয়। সাধু লোক পুত্র পৌত্রদিগকে আপন অধিকার দিয়া যায়; কিন্তু পাপিদের ধন ধার্ম্মিকদের নিমিত্তে সঞ্চিত হয়। দরিদ্রের চাসেতে অনেক শস্য জন্মে; কিন্তু ২৩ বিচারের অভাবে কাহারও অকুলান হয়। যে জন ২৪ বিহিত দণ্ড না করে ‡, সে পুত্রকে ঘৃণা করে; কিন্তু যে জন প্রেম করে, সে অবিলম্বে তাহাকে শাস্তি দেয়। ধার্ম্মিক তৃপ্তি পর্য্যন্ত ভোজন করে; কিন্তু পাপিদের ২৫ উদরে ক্ষুধা থাকে।

১৪ অধ্যায়।

জ্ঞানবতী স্ত্রী আপন গৃহ দৃঢ় করে; কিন্তু অজ্ঞানা ১ আপন হস্ত দিয়া তাহা ভাঙ্গে। যে আপন সারল্যে ২ চলে, সেই পরমেশ্বরকে ভয় করে; কিন্তু বিপথগামী তাঁহাকে তুচ্ছ করে। অজ্ঞানদের মুখে অহঙ্কারজন্য ৩ দণ্ড থাকে; কিন্তু জ্ঞানবানদের ওষ্ঠ আপনাদিগকে রক্ষা করে। গোরু না থাকিলে খাদ্যপাত্র পরিষ্কার ৪ থাকে; কিন্তু গোরুর বলেতে ধন বহুবৃদ্ধি পায়। সত্যবাদী সাক্ষী মিথ্যা কহে না; কিন্তু মিথ্যাবাদী ৫ সাক্ষী মিথ্যা কথাই কহে। নিন্দক চেষ্টা করিলেও ৬ বিদ্যা পায় না; কিন্তু বুদ্ধিমান সহজে জ্ঞান পায়। অজ্ঞানের নিকটহইতে, এবং যাহার জ্ঞানবিশিষ্ট ৭ ওষ্ঠাধর না দেখ, তাহাহইতে দূরে যাও। বুদ্ধিমান ৮ জ্ঞানদ্বারা আপন পথ বুঝে; কিন্তু অজ্ঞান লোকেরা অজ্ঞানতাতে আপনাদিগকে ভ্রান্ত করে। পাপি- ৯ লোকেরা পাপের সহিত কৌতুক করে; কিন্তু ধার্ম্মিকদের মধ্যে অনুগ্রহ আছে। অন্তঃকরণ আপন ১০ তিক্ততা ‖ বুঝে, এবং অন্য কেহ তাহার সুখ ভোগ করিতে পারে না। পাপিদের গৃহ বিনষ্ট হয়; কিন্তু ১১ ধার্ম্মিকদের তাম্বুর উন্নতি হয়। কোন পথ মানুষের ১২ দৃষ্টিতে ভাল বোধ হয়; কিন্তু তাহার শেষে মৃত্যুপথ ঘটে। কখনো হাস্যকালেও মনোদুঃখ হয়, এবং ১৩ সেই আনন্দের শেষে বিষণ্ণতা হয়। যে জন অন্তঃ- ১৪ করণে বিপথগামী হয়, সে আপন আচরণের ফলেতে পূর্ণ হয়; কিন্তু সাধু লোক আপনাহইতে তৃপ্ত হয়। অবিজ্ঞ লোক সকল কথায় প্রত্যয় করে, কিন্তু বিজ্ঞ ১৫ লোক আপন আচরণের বিচার করে। জ্ঞানি লোক ১৬ ভয় করিয়া পাপহইতে বিমুখ হয়; কিন্তু অজ্ঞান ক্রোধী ও দুঃসাহসী হয়। হঠাৎ ক্রোধি লোক অজ্ঞা- ১৭ নের কর্ম্ম করে, ও কুপরামর্শী ঘৃণার পাত্র হয়। অবিজ্ঞ লোক অজ্ঞানতারূপ অধিকার পায়; কিন্তু ১৮ বিজ্ঞ লোক জ্ঞানরূপ মুকুটে বিভূষিত হয়। দোষি ১৯ লোক নির্দ্দোষের কাছে, ও পাপি লোক ধার্ম্মিকদের দ্বারে নত হয়। দরিদ্র লোক আপন বন্ধুরও ২০ অপ্রিয় হয়, কিন্তু ধনবানের অনেক বন্ধু হয়। যে ২১

[১৩ অধ্য; ২,৩] হি ১৮; ২০,২১ ॥—[৪] ২১; ২৫ ॥—[৫] গী ১১৯; ১৬৩ ॥—[৬] হি ১১; ৩,৫,৬ ॥—[৭] ১১; ২৪ ॥
[৯] ৪; ১৮,১৯। ২৪; ২০ ॥—[১০] ১৮; ২৫ ॥—[১২] প ১১ ॥—[১৪] ১৪; ২৭ ॥—[১৬] ১২; ২৩। ১৫; ২ ॥
[১৭] ২৫; ১৩ ॥—[১৯] প ১২ ॥—[২২] ২৮; ৮। যুব ২৭; ১৬,১৭ ॥—[২৪] হি ২৩; ১৩,১৪। ২৯; ১৭ ॥
[১৪ অধ্য; ৩] হি ১২; ৬ ॥—[৫] প ২০ ॥—[৬] ১৭; ২৪। ২৪; ৭ ॥—[৯] ১০; ২৩ ॥—[১১] ১২; ৭ ॥—[১২] ১৬; ২৫ ॥—[১৬] ২২; ৩ ॥—[২০] ১৯; ৭ ॥—[২১] প ৩১। গী ৪১; ১ ॥

* (ইব্রু) পাপকে। † (ইব্রু) হস্তে। ‡ (ইব্রু) দণ্ড রক্ষা করে। ‖ (বা) প্রাণের তিক্ততা।

জন মিত্রকে তুচ্ছবোধ করে, সে পাপ করে; কিন্তু যে জন দরিদ্রগণকে দয়া করে, তাহার মঙ্গল হয়।
২২ যাহারা প্রবঞ্চনা রচনা করে, তাহারা কি ভ্রান্ত নয়? কিন্তু যাহারা সৎপরামর্শ করে, তাহাদের দয়া ও
২৩ সত্যতা হয়। তাবৎ প্রকার পরিশ্রমের ফল আছে,
২৪ কিন্তু বাচালতাতে অকুলানমাত্র। জ্ঞানিদের মুকুট ধন;
২৫ কিন্তু অজ্ঞানদের অধিকার অজ্ঞানতা। সত্যবাদি সাক্ষী প্রাণ রক্ষা করে; কিন্তু মিথ্যাবাদী সাক্ষী
২৬ মিথ্যাই কহে। পরমেশ্বরের ভয়কারি লোকের দৃঢ়
২৭ আশ্রয় হয়, ও তাহার সন্তানগণও রক্ষা পায়। মৃত্যুরূপ ফাঁদহইতে রক্ষা করিতে পরমেশ্বর বিষয়ক ভয়ই
২৮ জীবনের উনুইস্বরূপ। প্রজার বাহুল্য হইলে রাজার সম্ভ্রম হয়; কিন্তু প্রজার অভাবে রাজার ক্ষতি হয়।
২৯ যে জন ক্রোধেতে ধীর, সে বড় জ্ঞানবান; কিন্তু যে
৩০ কোপেতে চঞ্চল, সে অজ্ঞানতা প্রকাশ করে। সুস্থ মন শরীরের জীবনস্বরূপ; কিন্তু ঈর্ষ্যা অস্থিমধ্যস্থ ক্লেদ-
৩১ স্বরূপ। যে জন দরিদ্রের প্রতি উপদ্রব করে, সে তাহার সৃষ্টিকর্ত্তার অসম্ভ্রম করে; কিন্তু যে কেহ দীন-
৩২ হীনকে দয়া করে, সে তাঁহাকে সম্ভ্রম করে। পাপি লোক আপন পাপদ্বারা দূরীকৃত হয়; কিন্তু ধার্ম্মি-
৩৩ কের মরণকালেও প্রত্যাশা থাকে। বিদ্যা জ্ঞানবানদের হৃদয়ে থাকে; কিন্তু অজ্ঞানদের অন্তরস্থ হইলে
৩৪ জ্ঞাপিত হয়। ধর্ম্ম মনুষ্যজাতির মর্য্যাদা করে; কিন্তু
৩৫ অধর্ম্ম লোকদিগকে অপমান করে। বুদ্ধিমান দাস রাজার অনুগ্রহ পায়; কিন্তু লজ্জাদায়ী তাঁহার ক্রোধের পাত্র হয়।

১৫ অধ্যায়।

১ কোমল উত্তর ক্রোধ সম্বরণ করায়; কিন্তু কঠিন
২ বাক্য ক্রোধ জন্মায়। বুদ্ধিমানের জিহ্বা উত্তম জ্ঞান প্রকাশ করে; কিন্তু অজ্ঞানের মুখ অজ্ঞানতা উদ্-
৩ গার করে। পরমেশ্বরের চক্ষু সর্ব্বত্র থাকিয়া অধম
৪ ও উত্তমদিগকে দেখে। মিলনকারি জিহ্বা অমৃত বৃক্ষস্বরূপ; কিন্তু বিচ্ছেদকারি জিহ্বা বিনাশক ঝড়ের
৫ ন্যায়। অজ্ঞান আপন পিতার উপদেশ তুচ্ছ করে;
৬ কিন্তু যে জন অনুযোগ মানে, সে বুদ্ধিমান। ধার্ম্মিকের গৃহে বহু ধন থাকে; কিন্তু পাপিদের সম্প-
৭ ত্তিতে ক্লেশ থাকে। জ্ঞানবানের ওষ্ঠ জ্ঞান প্রকাশ
৮ করে; কিন্তু অজ্ঞানের অন্তঃকরণ চঞ্চল হয়। পাপিদের বলিদান পরমেশ্বরের ঘৃণিত; কিন্তু সরলদের প্রার্থনা তাঁহার সন্তোষজনক। পরমেশ্বর পাপিদের ৯
পথ ঘৃণা করেন; কিন্তু ধর্ম্মানুরক্তকে প্রেম করেন।
বিপথগামির প্রতি দুঃখদায়ক শাস্তি হইবে; এবং ১০
যে জন অনুযোগ ঘৃণা করে, সে মরিবে। পরলোক ১১
ও নরক যদি ঈশ্বরের গোচর হয়, তবে মনুষ্যসন্তানদের অন্তঃকরণের কি ততোধিক গোচর নয়?
নিন্দক অনুযোগকারিতে প্রেম করে না, এবং জ্ঞানি- ১২
দের সহিত গতায়াতও করে না। আনন্দিত মন মুখ- ১৩
কে প্রফুল্ল করে, কিন্তু মনের দুঃখেতে আত্মা বিষণ্ণ
হয়। বুদ্ধিমানের মন জ্ঞানান্বেষণ করে; কিন্তু অজ্ঞা- ১৪
নদের মুখ অজ্ঞানতারূপ আহার করে। দুঃখি ১৫
লোকের সকল দিনই দুঃখদায়ক; কিন্তু হৃষ্ট মনই
নিত্য ভোজস্বরূপ। চিন্তার সহিত প্রচুর ধন অপেক্ষা ১৬
ঈশ্বরের ভয়বিশিষ্ট অল্প ধনও ভাল। দ্বেষভাবে ১৭
পুষ্ট গোরু ভোজন অপেক্ষা প্রেমেতে শাকমাত্র
ভোজন করাও ভাল। ক্রোধি লোক বিরোধ জন্মায়; ১৮
কিন্তু ক্রোধে ধীর লোক বিরোধ শান্তি করে। অল- ১৯
সের পথ কণ্টকবেষ্টিত পথের ন্যায়; কিন্তু ধার্ম্মি-
কের পথ রাজপথস্বরূপ। জ্ঞানি পুত্র পিতার আনন্দ ২০
জন্মায়; কিন্তু অজ্ঞান পুত্র আপন মাতাকে তুচ্ছ
করায়। নির্ব্বোধ * অজ্ঞানতাতে আনন্দ করে, কিন্তু ২১
বুদ্ধিমান সরল পথে চলে। পরামর্শ ব্যতিরেকে ২২
কল্পনা সিদ্ধ হয় না; কিন্তু অনেক মন্ত্রিদ্বারা সম্পন্ন
হয়। মানুষ আপন মুখের উত্তরেতে আনন্দ পায়; ২৩
উচিত কালে উপযুক্ত বাক্য কেমন উত্তম! অধঃস্থিত ২৪
পরলোকহইতে রক্ষা করিতে বুদ্ধিমানদের জীবনের
পথ ঊর্দ্ধে আছে। পরমেশ্বর অহঙ্কারিদের গৃহ বিনাশ ২৫
করেন; কিন্তু বিধবার সীমা স্থির রাখেন। পরমেশ্ব- ২৬
রের নিকটে দুষ্টের কল্পনা ঘৃণাস্পদ হয়; কিন্তু
মনোহর কথা শুচি হয়। লোভী আপন পরিজনকে ২৭
ক্লেশ দেয়; কিন্তু যে জন উৎকোচ ঘৃণা করে, সে জীবিত থাকে। ধার্ম্মিকের মন উত্তর করিতে চিন্তা করে; ২৮
কিন্তু পাপিদের মুখ দুষ্ট কথা নির্গত করে। পর- ২৯
মেশ্বর পাপিদের হইতে দূরে থাকেন, কিন্তু ধার্ম্মিকদের প্রার্থনা শুনেন। চক্ষুর দীপ্তি মনকে আনন্দিত ৩০
করে, ও সুসমাচার অস্থির পুষ্টি করে। যাহার কর্ণ ৩১
জীবনদায়ি অনুযোগ শুনে, সে জ্ঞানিদের মধ্যে

[২৩] হি ১০; ৪। ১২; ১১ ॥—[২৫] প ৫। ১২; ১৭ ॥—[২৬] ১৮; ১০ ॥—[২৭] ১৩; ১৪ ॥—[২৯] ১৯; ১১ ॥ [৩১] প ২১। ১৭; ৫। ২২; ২। যূব ৩১; ১৩-১৫ ॥—[৩২] যূব ২১; ১৮। ফিল ১; ২১ ॥—[৩৩] হি ২৯; ১১ ॥ [১৫ অধ্য; ১] হি ২৫; ১৫ ॥—[২] ১২; ২৩। ১৩; ১৬ ॥—[৩] ৫; ২১। গী ৩৩; ১৩-১৫ ॥—[৪] হি ১২; ১৮ ॥ [৫] প ১২, ৩১। ১২; ১ ॥—[৮] প ২১। ২১; ২৭। ২৮; ৯ ॥—[৯] প ২৬। ১১; ২০ ॥—[১০] ২৯; ১ ॥—[১১] যূব ২৬; ৬ ॥—[১২] প ৫; ৩১ ॥—[১৩] প ১৫। হি ১২; ২৫। ১৭; ২২ ॥—[১৫] প ১৩ ॥—[১৬, ১৭] ১৬; ৮। ১৭; ১। গী ৩৭; ১৬ ॥—[১৮] হি ২৯; ২২ ॥—[২০] ১০; ১ ॥—[২১] ১০; ২৩। ১৪; ৯ ॥—[২২] ১১; ১৪। ২০; ১৮ ॥—[২৩] ২৫; ১১ ॥—[২৪] কল ৩; ১,২ ॥—[২৫] হি ১২; ৭। ১৪; ১১ ॥—[২৬] প ৮,৯। গী ৩৭; ৩০ ॥ [২৭] হি ১; ১৯ ॥—[২৯] প ৮,৯,২৬। ২১; ২৭। গী ৬৬; ১৮,১৯। যো ৯; ৩১ ॥—[৩১] প ৫,১২ ॥

* (ইব্রী) অন্তঃকরণরহিত।

৩২ থাকে। যে জন শাস্তিতে অসম্মত হয়, সে আপনার প্রাণকে তুচ্ছ করে; কিন্তু যে কেহ অনুযোগ শুনে, ৩৩ সেই জ্ঞান পায়। পরমেশ্বর বিষয়ক যে ভয় সে জ্ঞানের উপদেশক, ও উন্নতির পূর্ব্বে নম্রতা হয়।

১৬ অধ্যায়।

১ মানুষের মনের মানস * ও জিহ্বার উত্তর পরমেশ্বর- ২ হইতে হয়। মানুষের তাবৎ পথ আপন২ দৃষ্টিতে ৩ পরিষ্কৃত; কিন্তু পরমেশ্বর আত্মা পরীক্ষা করেন। তুমি আপনার কার্য্য পরমেশ্বরেতে সমর্পণ কর, তাহাতে ৪ তোমার অভিপ্রায় সিদ্ধ হইবে। পরমেশ্বর আপন অভিপ্রায় সাধনের নিমিত্তে তাবৎ সৃষ্টি করিয়াছেন; সুতরাং পাপিকে দুর্দ্দশাদিনের নিমিত্তে সৃষ্টি করি- ৫ য়াছেন। মনে অহঙ্কারি সকল লোক পরমেশ্বরের ৬ ঘৃণিত, তাহারা কোন ক্রমে † দণ্ড এড়াইবে না ‡ দয়া ও সত্যতাহইতে পাপমোচন হয়, এবং পরমেশ্বরবিষ- ৭ য়ক ভয়দ্বারা লোকেরা কুক্রিয়া ত্যাগ করে। মানুষের গতি পরমেশ্বরের তুষ্টিকর হইলে তিনি তাহার শত্রু- ৮ দিগকেও তাহার সহিত মিলন করান। অন্যায়বিশিষ্ট ৯ প্রচুর ধন অপেক্ষা ধর্ম্মযুক্ত অল্প ধনও ভাল। মনুষ্যের মন আপন পথবিষয়ে চিন্তা করে; কিন্তু পরমে- ১০ শ্বর তাহার গতি নিরূপণ করেন। রাজার ওষ্ঠে দিব্য কথা থাকে, অতএব তাহার মুখেতে বিচারে ভ্রান্তি না ১১ হউক্। যে পরিমাণচক্রও নিক্তি প্রকৃত, সে পরমেশ্বরের; এবং থলিয়াতে যত পরিমাণপ্রস্তর থাকে, সক- ১২ লি তাঁহার কৃত। দুষ্কর্ম্ম রাজাদের ঘৃণার্হ; যেহেতুক ১৩ ধর্ম্মকর্ম্মেতে সিংহাসন স্থির থাকে। ধর্ম্মযুক্ত ওষ্ঠদ্বারা রাজগণ সন্তুষ্ট হয়, ও তাহারা ন্যায়বাদিকে ১৪ প্রেম করে। রাজার ক্রোধ মৃত্যুর দূতস্বরূপ; কিন্তু ১৫ জ্ঞানবান তাহা শান্ত করে। রাজার মুখের প্রসন্নতাতে জীবন হয়, এবং তাহার অনুগ্রহ শরৎকালীয় সজল ১৬ মেঘস্বরূপ। সুবর্ণলাভ অপেক্ষা জ্ঞানলাভ কেমন উত্তম! এবং রূপালাভ অপেক্ষা বুদ্ধিলাভ কেমন শ্রেষ্ঠ! ১৭ কুক্রিয়া ত্যাগ করাই সরল লোকদের রাজপথ; যে জন আপন গতি পালন করে, সে আপন প্রাণ রক্ষা ১৮ করে। বিনাশের পূর্ব্বে অহঙ্কার, ও পতনের পূর্ব্বে ১৯ মনের গর্ব্ব। অহঙ্কারিদের সহিত লুটিত দ্রব্য অংশ করা অপেক্ষা সরলদের সহিত নম্র হওয়া ভাল। ২০ কর্ম্মপটু লোক মঙ্গল পায়; ও যে জন পরমেশ্বরেতে বিশ্বাস করে, সে ধন্য হয়। জ্ঞানবান লোক বুদ্ধিমান ২১ বিখ্যাত হয়; এবং তাহার মধুর ওষ্ঠ জ্ঞান বৃদ্ধি করে। জ্ঞানির কাছে জ্ঞান জীবনের উনুইস্বরূপ; ২২ কিন্তু অজ্ঞানদের উপদেশ অজ্ঞানতামাত্র। জ্ঞানবা- ২৩ নের হৃদয় তাহার মুখকে শিক্ষা করায় ও তাহার ওষ্ঠের বিদ্যার উত্তরোত্তর বৃদ্ধি করে। মনোহর ২৪ কথা মনেতে মধুর চাকের ন্যায় মিষ্ট ও অস্থির মজ্জাস্বরূপ হয়। কোন পথ মানুষের দৃষ্টিতে ভাল ২৫ বোধ হয়; কিন্তু তাহার শেষে মৃত্যুপথ ঘটে। কর্ম্ম- ২৬ কারী আপনার নিমিত্তে শ্রম করে; কারণ তাহার মুখ তাহার প্রার্থনা করে। দুষ্ট লোক খনন করিয়া ২৭ কুক্রিয়া তোলে, ও তাহার ওষ্ঠে জ্বলন্ত অঙ্গার থাকে। বিপথগামী বিরোধ জন্মায়, এবং পরীবাদক ২৮ মিত্রভেদ করে। দুর্বৃত্ত লোক আপন মিত্রের ভ্রান্তি ২৯ জন্মায় ও তাহাকে কুপথে লইয়া যায়। সে কুচিন্তা ৩০ করিতে চক্ষু মুদ্রিত করে, ও ওষ্ঠাধর লাড়িয়া কুকর্ম্ম সম্পন্ন করে। ধর্ম্মপথে যাহার যে কেশ পক্ক হয়, ৩১ সেই তাহার মুকুটস্বরূপ। ক্রোধে ধীর লোক বল- ৩২ বানহইতেও উত্তম, এবং যে জন আপন মনকে জয় করে, সে নগরজয়কারিহইতেও ভাল। গুলিবাঁট পত্রে ৩৩ ফেলা যায় বটে, কিন্তু তাহার নিরূপণ করা কেবল পরমেশ্বরের কর্ম্ম।

১৭ অধ্যায়।

১ বিরোধযুক্ত ভোজেতে ‖ পরিপূর্ণ গৃহ অপেক্ষা শান্তিযুক্ত এক শুষ্ক গ্রাসও ভাল। বুদ্ধিমান দাস লজ্জাদায়ি ২ পুত্রের উপরে কর্তৃত্ব করে, এবং ভ্রাতাদের সহিত অধিকারের অংশ পায়। মুষীদ্বারা রূপার ও হাফ- ৩ রের দ্বারা সুবর্ণের পরীক্ষা হয়; কিন্তু পরমেশ্বর মনের পরীক্ষা করেন। পাপি লোক মিথ্যাবাদি ৪ ওষ্ঠের কথা শুনে, এবং মিথ্যাবাদী মন্দ জিহ্বার কথাতে মনোযোগ করে। যে জন দীনহীনকে পরিহাস ৫ করে, সে তাহার সৃষ্টিকর্ত্তাকে নিন্দা করে; এবং যে কেহ পরের বিপদে আনন্দ করে, সে দণ্ড এড়াইবে না ‡। বৃদ্ধ লোকের পৌত্রাদিই মুকুটস্বরূপ, ৬ এবং বালকদের গৌরব পিতৃগণ। যেমন মূর্খের মুখে ৭ বিদ্বানের কথা শোভা পায় না, তদ্রূপ রাজার মিথ্যাবাদি ওষ্ঠ শোভা পায় না। গ্রাহকের দৃষ্টিতে দান ৮ মণির ন্যায়; সে যে স্থানে যায়, সেই স্থানেই সফল

---

[৩২] প ১০। হি ১২; ১। ২৯; ১॥—[৩৩] ১; ৭। ১৮; ১২॥

[১৬ অধ্য; ১] প ৯। হি ২০; ২৪॥—[২] ২১; ২॥—[৩] গী ৩৭; ৫। ৫৫; ২২। ১ পি ৫; ৭॥—[৪] যুব ২১; ৩০। রো ৯; ২১,২২॥—[৫] হি ৮; ১৩॥—[৬] ২৮; ১৪। গী ১৩০; ৪॥—[৭] আ ৩১; ২৪। ৩৩; ৪॥—[৮] হি ১৫; ১৬,১৭॥—[৯] প ১। ১৯; ২১। ২০; ২৪। যির ১০; ২৩॥—[১১] হি ১১; ১॥—[১২] ২০; ২৮। ২৫; ৫। ২৯; ১৪॥ [১৩] ২২; ১১॥—[১৪,১৫] ২০; ২। ১৯; ১২॥—[১৬] ৩; ১৪, ১৫। ৮; ১০, ১১, ১৮, ১৯॥—[১৮] ১৮; ১২॥ [২০] গী ১৪৬; ৫। যির ১৭; ৭॥—[২১] প ২৩॥—[২২] হি ১৩; ১৪॥—[২৩] প ২১॥—[২৫] ১৪; ১২॥ [২৮] ৬; ১৪। ১৭; ৯॥—[৩০] ৬; ১২, ১৩। ১০; ১০॥—[৩১] ২০; ২৯॥—[৩২] ২৫; ২৮॥

[১৭ অধ্য; ১] হি ১৫; ১৬, ১৭॥—[৩] যিশ ১৩; ৯॥—[৫] হি ১৪; ৩১। ২৪; ১৭,১৮॥—[৮] ১৮; ১৬। ১৯; ৬॥

* (বা) মনের মানস মনুষ্যহইতে কিন্তু। † (ইব্রী) হস্তে হস্তযোগেতে। ‡ (বা) নির্দোষ হইবে না। ‖ (বা) যজ্ঞে।

৯ হয়। যে জন দোষ আচ্ছাদন করে, সে প্রেম চেষ্টা করে*; কিন্তু যে কেহ শ্রুত কথা কহে, সে মিত্রভেদ ১০ জন্মায়। জ্ঞানবানে এক অনুযোগের কথা যেমন লাগে, ১১ অজ্ঞানে এক শত প্রহারও তদ্রূপ লাগে না। আজ্ঞালঙ্ঘনকারী কেবল মন্দ চেষ্টা করে, ও তাহার বিপ- ১২ রীতে কঠিন দূত প্রেরিত হয়। অজ্ঞানতাতে মগ্ন অজ্ঞানের সহিত সাক্ষাৎ করণ অপেক্ষা হৃতবৎস ভল্লূকের ১৩ সহিত সাক্ষাৎ করা বরং ভাল। যে জন উপকার পাইয়া অপকার করে, অপকার তাহার গৃহ ত্যাগ ১৪ করে না। বিবাদের আরম্ভ সেতুভঙ্গ জলের ন্যায়; অতএব ক্রোধ জন্মাওনের পূর্ব্বে বিবাদ ত্যাগ কর। ১৫ যে জন পাপিকে নির্দ্দোষ করে, ও যে জন ধার্ম্মিককে দোষী করে, এই উভয় লোক পরমেশ্বরের ঘৃণিত। ১৬ যাহার ইচ্ছা† নাই এমত অজ্ঞানের হস্তে জ্ঞান পাই- ১৭ বার উপায়‡ কেন থাকে? বন্ধু সর্ব্বদা প্রেম করে, ১৮ এবং ভ্রাতা বিপদ দূর করণার্থে জন্মে। নির্বুদ্ধি‖ লোক আপন বন্ধুর হস্তে তালী দিয়া তাহার সম্মুখে প্রতিভূ ১৯ হয়। যে জন বিরোধ ভাল বাসে, সে অপরাধও ভাল বাসে; এবং যে কেহ আপন দ্বার উচ্চ করে, ২০ সে বিনাশ চেষ্টা করে। যাহার মন বিপথগামি হয়, সে সৌভাগ্য পায় না; এবং যাহার জিহ্বা বক্রবাদী, ২১ সে আপদে পতিত হয়। যে জন মূর্খ পুত্রের জন্ম দেয়, সে আপন দুঃখ জন্মায়; ও অজ্ঞানের পিতার ২২ আনন্দ হয় না। উল্লাসযুক্ত মন ঔষধের ন্যায় সুস্থ ২৩ করে; কিন্তু ভগ্ন মন অস্থি পর্য্যন্ত শুষ্ক করে। পাপি লোক বিচারের পথ বক্র করিতে কটিদেশহইতে ২৪ উৎকোচ লয়। বুদ্ধিমানের সম্মুখে বিদ্যা থাকে; কিন্তু ২৫ মূর্খের দৃষ্টি পৃথিবীর অন্তে যায়। মূর্খ পুত্র আপন ২৬ পিতার মনস্তাপ ও জননীর দুঃখজনক হয়। ধার্ম্মিক লোককে শাস্তি দেওয়া এবং ন্যায় পাইবার জন্যে ২৭ রাজগণকে প্রহার করা উচিত নয়। যে জন অধিক কথা কহে না, সে জ্ঞানবান; এবং স্থির আত্মা ২৮ বুদ্ধিমান হয়। মূর্খ লোক যে পর্য্যন্ত নীরব থাকে, তাবৎ জ্ঞানবান গণিত হয়; এবং যে জন ওষ্ঠাধর মুদ্রিত করে, সে বুদ্ধিমান গণিত হয়।

১৮ অধ্যায়।

১ মনুষ্য পৃথক হইয়া আপন ইষ্ট চেষ্টা করে, ও তাবৎ ২ বিদ্যার অভ্যাসে প্রবৃত্ত হয়§। অজ্ঞান জ্ঞানেতে সন্তুষ্ট না হইয়া মনের কথা প্রকাশ করিতে সন্তুষ্ট হয়। ৩ পাপী আইলে অবজ্ঞা আইসে, ও অপমানের সহিত নিন্দা হয়। ৪ মানুষের মুখের কথা গভীর জলের ন্যায়, ও বিদ্যা স্রোতোবাহি উনুইর ন্যায়। ৫ বিচারে ধার্ম্মিকের প্রতি অন্যায় করিবার জন্যে পাপির মুখাপেক্ষা কর্ত্তব্য নয়। ৬ অজ্ঞানের ওষ্ঠ তাহাকে বিরোধে প্রবৃত্ত করে, ও তাহার মুখ প্রহার করিতে আজ্ঞা দেয়। ৭ অজ্ঞানের মুখ আপন বিনাশজনক, ও তাহার ওষ্ঠ আপন আত্মার ফাঁদস্বরূপ। ৮ কর্ণেজপের কথা মিষ্ট খাদ্যের ন্যায়, ও মর্ম্মে প্রবিষ্ট হয়। ৯ যে জন আপন কার্য্যে আলস্য করে, সে অপব্যয়কারির সহোদর। ১০ পরমেশ্বরের নাম দৃঢ় দুর্গস্বরূপ; ধার্ম্মিকগণ তাহাতে পলায়ন করিয়া রক্ষা পায়। ১১ ধনবানের ধনই দৃঢ় নগর ও তাহার বোধেতে উচ্চ প্রাচীরস্বরূপ। ১২ বিনাশ ঘটনের পূর্ব্বে মনুষ্যের মন গর্ব্বিত হয়, এবং সম্মান ঘটনের পূর্ব্বে নম্রতা হয়। ১৩ বাক্য না শুনিয়া উত্তর করা বড় অজ্ঞানতা ও লজ্জার বিষয়। ১৪ মানুষের মন তাহার ব্যথা সহিতে পারে, কিন্তু মনের ভগ্নতা কে সহিতে পারে? ১৫ বুদ্ধিমানের মন জ্ঞান উপার্জ্জন করে, এবং জ্ঞানবানের কর্ণ জ্ঞানের কথা শুনে। ১৬ উপঢৌকন মানুষের স্থান প্রস্তুত করিয়া মহৎলোকের সাক্ষাতে তাহাকে আনয়ন করে। ১৭ বিচারে প্রথম ব্যক্তিকে ধার্ম্মিক বোধ হয়; কিন্তু তাহার প্রতিবাদী পশ্চাৎ আসিয়া তাহাকে পরীক্ষা করে। ১৮ গুলিবাঁটদ্বারা বিরোধ নিষ্পত্তি হয়, ও বলবানদের মধ্যে নিশ্চয় হয়। ১৯ বিরক্ত ভ্রাতা দৃঢ় নগর অপেক্ষা দুর্জ্জয়নীয়, ও তাহাদের বিরোধ দুর্গের হুড়কাস্বরূপ। ২০ মানুষের উদর মুখের ফলেতে তৃপ্ত হয়, ও আপন ওষ্ঠের ফলেতে তৃপ্ত হয়। ২১ মরণ ও জীবন জিহ্বার অধীন; যাহারা তাহা ভাল বাসে, তাহারা তাহার ফল ভোগ করে। ২২ যে জন ভার্য্যা পায়, সে পরম বস্তু পায়, এবং পরমেশ্বরের অনুগ্রহও প্রাপ্ত হয়। ২৩ দরিদ্র লোক বিনয় করে; কিন্তু ধনবান কঠিন উত্তর দেয়। ২৪ মানুষের বন্ধু কখন ক্ষতি করে, কিন্তু ভ্রাতৃ অপেক্ষা প্রেমাসক্ত এক বন্ধু হয়।

১৯ অধ্যায়।

১ দুর্মুখ মূর্খ (ধনি) লোক অপেক্ষা সরলতাচারি দরিদ্র লোকও ভাল। ২ বিবেচনাশূন্য প্রবৃত্তি ভাল নয়, এবং যে হঠাৎ পাদবিক্ষেপ করে সে পাপ করে। ৩ অজ্ঞানতা মানুষকে বিপথগামী করে, ও তাহার মন পরমেশ্বরের বিরুদ্ধে ক্রুদ্ধ হয়। ৪ ধনদ্বারা অনেক বন্ধু লাভ হয়; কিন্তু দরিদ্র আপন বন্ধুহইতে দূরীকৃত হয়।

---

[৯]হি ১০;১২॥—[১৫]প২৫॥—[১৭]১৮;২৪। ২৭;১০॥—[১৮]৬;১,২। ২২;২৬,২৭॥—[২১]প২৫॥—[২২]১২;
২৫।১৫;১৩,১৫॥—[২৪]১৪;৬।৪২;১৪॥—[২৫]প২১।হি ১০;১।১৯;১৩॥—[২৬]প১৫॥—[২৭]যাক ১;১৯॥
[১৮ অধ্য;১] যিহু ১৮,১৯॥—[৩]হি ১১;২॥—[৪]২০;১১।২০;৫॥—[৫]দ্বি ১;১৭। হি ২৮;২১॥—[৭]১২;১৩।
১৩;৩॥—[৮]২৬;২২।গী ৫৫;২১॥—[১০]হি ১৪;২৬॥—[১১]১০;১৫॥—[১২]১৬;১৮।২৯;২৩॥—[১৩]১৭;
৮।১১;৬॥—[২০,২১]১২;১৪।১৩;৩।ম ১২;৩৬,৩৭॥—[২২]১৯;১৪॥—[২৩]১৭;১৭।২৭;১০॥
[১৯ অধ্য;১] হি ২৮;৬॥—[৪]প৬,৭।১৪;২০॥

*(ইব্রী) প্রেম প্রাপ্ত হয়। † (ইব্রী) অন্তঃকরণ। ‡ (ইব্রী) মূল্য। ‖ (ইব্রী) অন্তঃকরণরহিত। § (বা) বিবাদ করে।

৫ মিথ্যাসাক্ষী দণ্ড এড়ায় না *, ও মিথ্যাবাদী বাঁচিতে ৬ পারে না। অনেক লোক রাজার অনুগ্রহের অন্বে- ৭ ষণ করে, এবং অনেকে দাতার বন্ধু হয়। সহোদর- গণও দরিদ্রকে ঘৃণা করে, এবং বন্ধুগণ তাহাহইতে দূরস্থ হয়; এবং সে নিবেদন করিলেও তাহারা ৮ মানে না। যে জন জ্ঞান পায়, সে আপন প্রাণেতে প্রেম করে; ও যে কেহ বুদ্ধি রক্ষা করে, সে সৌ- ৯ ভাগ্য পায়। মিথ্যাসাক্ষী দণ্ড এড়ায় না *, এবং ১০ মিথ্যাবাদী বিনাশ পায়। যেমন অজ্ঞানের সুখভোগ শোভা পায় না, তদ্রূপ রাজার উপরে দাসের কর্তৃত্ব ১১ শোভা পায় না। মানুষ বিবেচনাদ্বারা আপন ক্রোধ সম্বরণ করে,এবং দোষ ক্ষমা করিলে তাহার গৌরব ১২ প্রকাশ পায়। রাজার ক্রোধ সিংহগর্জ্জনের তুল্য; কিন্তু তাহার অনুগ্রহ তৃণের উপরিস্থ শিশিরের ন্যায়। ১৩ মূর্খ পুত্র পিতার দুঃখদায়ক; এবং স্ত্রীর কলহ নিত্য ১৪ ফোটা২ জলপতনের সদৃশ। পিতাহইতে বাটী ও ধন প্রাপ্ত হয়; কিন্তু জ্ঞানবতী স্ত্রী পরমেশ্বরহইতে ১৫ প্রাপ্ত হয়। আলস্য ঘোর নিদ্রাজনক, এবং অলস ১৬ লোক ক্ষুধা ভোগ করে। যে জন আজ্ঞা পালন করে, সে আপন প্রাণ রক্ষা করে; এবং যে কেহ আপন ১৭ পথকে অবজ্ঞা করে, সেই মরে। যে জন দরিদ্রদিগকে দয়া করে, সে পরমেশ্বরকে ঋণ দেয়; তিনি অবশ্য ১৮ তাহা পরিশোধ করিবেন। আশা থাকিলে পুত্রের প্রতি শাসন কর; তাহাতে তোমার মন তাহার মরণ ১৯ ইচ্ছা করিবে না †। অতি রাগি লোক শাস্তি পায়, কারণ তাহাকে মুক্ত করিলেও সে পুনর্ব্বার দোষ ২০ করে। তুমি শেষাবস্থায় যেন জ্ঞানবান হও, তন্নি- ২১ মিত্তে পরামর্শ শুন ও উপদেশ গ্রহণ কর। মানু- ষের মনে২ অনেক কল্পনা হয় বটে, কিন্তু পর- ২২ মেশ্বরের মন্ত্রণা স্থির হইবে। মানুষ দাতৃত্বদ্বারা প্রিয়পাত্র হয়, এবং মিথ্যাবাদি অপেক্ষা দরিদ্র ২৩ লোক ভাল। পরমেশ্বর বিষয়ক ভয় জীবনদায়ক; তদধিকারী তৃপ্ত থাকে; আপদ তাহার নিকটেও ২৪ যায় না। অলস পাত্রে হস্ত রাখিলে পুনর্ব্বার ২৫ মুখে দিতে উদ্যোগ করে না। নিন্দককে প্রহার করিলে মূর্খ সাবধান হয়; এবং বুদ্ধিমানকে অনু- ২৬ যোগ করিলে সে উত্তর২ বুদ্ধিমান হয়। যে পুত্র আপন পিতার অপচয় করে ও মাতাকে দূর করে, সে লজ্জাকর ও অপমানজনক হয়। হে আমার ২৭ পুত্র, যে উপদেশ জ্ঞানের কথাহইতে তোমাকে ভ্রমণ করায়, তাহার শ্রবণহইতে নিবৃত্ত হও। দুষ্ট ২৮ সাক্ষী ন্যায়কে নিন্দা করে, ও পাপির মুখ অধর্ম্ম গ্রাস করে। নিন্দকদের নিমিত্তে দণ্ড প্রস্তুত আছে, ২৯ এবং মূর্খদের পৃষ্ঠের নিমিত্তে প্রহার আছে।

২০ অধ্যায়।

দ্রাক্ষারস মনুষ্যকে পরিহাস করায়, ও মদ্য মনু- ১ ষ্যকে ক্রোধ করায়; যে কেহ তাহাতে ভ্রান্ত হয়, সে জ্ঞানবান নয়। রাজার ভয়ানকত্ব সিংহগর্জ্জনের ২ ন্যায়; যে জন তাহার ক্রোধ জন্মায়, সে আপন প্রাণের বিরুদ্ধে পাপ করে। বিবাদহইতে নিবৃত্ত ৩ হইলে মনুষ্যের যশ হয়; কিন্তু প্রত্যেক মূর্খ লোক ক্রোধী হয়। অলস লোক শীতকালে হাল বহিতে ৪ চায় না; এই জন্যে শস্যের সময়ে ভিক্ষা করিলেও কিছু পায় না। মানুষের মনের পরামর্শ গভীর ৫ জলের ন্যায়; কিন্তু বুদ্ধিমান তাহা উত্তোলন করে। অনেক লোক আপন দাতৃত্ব প্রকাশ করে; ৬ কিন্তু বিশ্বস্ত মনুষ্য কোথা পাওয়া যায়? ধার্ম্মিক ৭ আপন সরলতাতে চলে; তাহার পরে তাহার সন্তান- গণ ধন্য হয়। বিচারাসনে উপবিষ্ট রাজা আপন ৮ দৃষ্টিদ্বারা তাবৎ অন্যায় চালন করে। আমি আপন ৯ মন পরিষ্কার করিলাম, ও আপন পাপহইতে পরি- ষ্কৃত হইলাম, এমত কথা কে বলিতে পারে? নানা ১০ প্রকার ঢক ও নানাবিধ তৌল ‡ উভয়ই পরমেশ্বরের ঘৃণিত। যে বালকের কর্ম্ম পবিত্র ও সরল হইবে, ১১ তাহা তাহার কার্য্যদ্বারা জানা যায়। শ্রবণকারি কর্ণ ও ১২ দর্শনকারি চক্ষু এই উভয়ই পরমেশ্বরের সৃষ্ট। নিদ্রাকে ১৩ ভাল বাসিও না, তাহা করিলে দরিদ্রতা ঘটিবে; চক্ষু মেল, তাহাতে খাদ্যেতে তৃপ্ত হইবা। ক্রয়কারী মন্দ২ ১৪ এই কথা বলে, কিন্তু দূরে গেলে পর শ্লাঘা করে। সুবর্ণ ও মুক্তাসমূহ অপেক্ষা জ্ঞানবিশিষ্ট ওষ্ঠ বহু- ১৫ মূল্য ভূষণস্বরূপ হয়। যে জন পরের প্রতিভূ হয়, ১৬ তাহার বস্ত্র লও; এবং যে কেহ বিদেশির নিমিত্তে হয়, তাহার বন্ধক লও। প্রতারণারূপ খাদ্য মানুষের ১৭ মুখে মিষ্ট বোধ হয়, কিন্তু শেষে তাহার মুখ কাঁকরেতে পরিপূর্ণ হয়। বিবেচনা করিলে পরামর্শ ১৮ স্থির হয়; এবং উত্তম পরামর্শ করিয়া যুদ্ধ কর।

---

[৫] প ৯। হি ২১; ২৮॥—[৬,৭] প ৪। ১৪; ২০। ২৯; ২৬॥—[৮] ৮; ৩২-৩৫॥—[৯] প ৫॥—[১০] ৩০; ২২॥—[১১] ১৪; ২৯। ১৬; ৩২॥—[১২] ১৬; ১৪,১৫। ২০; ২॥—[১৩] হি ১৭; ২১,২৫। ২৭; ১৫॥—[১৪] ১৮; ২২॥—[১৫] ১০; ৪। ২৩; ২১॥—[১৬] দ্বি ৩০; ১৫-২০॥—[১৭] হি ২৮; ২৭॥—[১৮] ২২; ৬। ২৩; ১৩,১৪॥—[২০] ১৫; ৩২॥—[২১] ১৬; ১,৯॥—[২৪] ২৬; ১৫॥—[২৫] ৯; ৮। ২১; ১১॥—[২৯] ২৬; ৩॥

[২০ অধ্যা; ১] হি ২৩; ২৯-৩৫॥—[২] ১৬; ১৪। ১৯; ১২॥—[৪] ১৮; ৪॥—[৬] ২৫; ১৪॥—[৭] গী ৩৭; ২৫, ২৬। ১১২; ১,২॥—[৮] প ২৬॥—[৯] যূব ২৫; ৪-৬॥—[১০] প ২৩। লে ১৯; ৩৫,৩৬। হি ১১; ১॥—[১৩] ৬; ৯-১১। ২৩; ২১॥—[১৫] ৩; ১৪,১৫। ৮; ১০,১১,১৮,১৯॥—[১৬] ২৭; ১৩॥—[১৭] ৯; ১৭॥—[১৮] ১১; ১৪। ১৫; ২২। ২৪; ৬॥

* (বা) নির্দ্দোষ হইবে না। † (বা) রোদনপ্রযুক্ত ক্ষান্ত না হউক। ‡ (ইব্রী) প্রস্তর ও প্রস্তর, এফা ও এফা।

১৯ পরাধিকারচর্চ্চি লোক ভ্রমণ করিতে২ গোপনীয় কথা প্রকাশ করে; অতএব যে কেহ আপন ওষ্ঠদ্বারা লোককে স্তুতিবাদ করে, তাহার সহিত ব্যবহার করিও ২০ না। যে জন আপন পিতা কিম্বা মাতাকে শাপ দেয়, ২১ ঘোর অন্ধকারে তাহার প্রদীপ নির্ব্বাণ হয়। যে অধিকার প্রথমে শীঘ্র পাওয়া যায়, তাহার শেষে মঙ্গল ২২ নাই। দুষ্টের প্রতিফল দিব,এ কথা না কহিয়া পরমেশ্বরের অপেক্ষা কর; তিনি তোমাকে রক্ষা করিবেন। ২৩ নানা প্রকার ঢক পরমেশ্বরের ঘৃণিত, ও কাটা নিক্তি ২৪ ভাল নয়। পরমেশ্বরদ্বারা মানুষের পাদবিক্ষেপ স্থির হয়; মানুষ কি রূপে আপন পথ বুঝিতে পারে? ২৫ হঠাৎ মানত করা, পরে মানিত দ্রব্যের বিচার করা, ২৬ এ দুই ফাঁদস্বরূপ। জ্ঞানি রাজা পাপিগণকে ছিন্নভিন্ন ২৭ করে, ও তাহাদের উপরে চক্রের গতি করায়। অন্তরস্থিত তাবৎ ভাব বিবেচনা করেন যে পরমেশ্বর, ২৮ তাঁহার প্রদীপই মানুষের আত্মা। দয়া ও সত্যতাতে রাজার রক্ষা হয়: এবং কৃপাতে তাহার সিং-২৯ হাসন স্থির হয়। যুবলোকের বলই যশঃস্বরূপ, ও ৩০ বৃদ্ধের পক্ককেশ সম্ভ্রম। পূয় বাহির করা * যেমন ক্ষতের ঔষধ, † তদ্রূপ প্রহার অন্তরস্থ ভাবের ঔষধ হয়।

২১ অধ্যায়।

১ রাজার অন্তঃকরণ পরমেশ্বরের হস্তগত, তিনি জলধা-২ রার ন্যায় আপন ইচ্ছানুসারে তাহা ফিরান। আপন২ দৃষ্টিতে মানুষের তাবৎ কর্ম্ম প্রকৃত বোধ হয়, কিন্তু ৩ পরমেশ্বর তাহার অন্তঃকরণ পরীক্ষা করেন। বলিদান অপেক্ষা ধর্ম্ম ও ন্যায়কর্ম্ম পরমেশ্বরের গ্রাহ্য হয়। ৪ অহঙ্কারদৃষ্টি ও গর্ব্বিত মন ও পাপিলোকদের শোভা‡ ৫ পাপজনক হয়। কর্ম্মপারকের চিন্তাহইতে কেবল ধনলাভ হয়, কিন্তু হঠাৎকারির চিন্তাহইতে দরিদ্রতা ৬ লাভ হয়। মিথ্যাবাদি জিহ্বাদ্বারা ধনের যে লাভ, সে মরণোদ্যত লোকদের চঞ্চল শ্বাসের ন্যায় হয়। ৭ পাপিলোকদের লুণ্ঠিত দ্রব্য তাহাদিগকে ভয় দেখায়; ৮ তথাপি তাহারা ন্যায় করিতে স্বীকার করে না। দুষ্ট লোকের পথ বক্র হয়; কিন্তু পবিত্র লোক আপন ৯ কর্ম্মে সরল হয়। কলহকারিণীর সহিত প্রশস্ত বাটীতে বাস করা অপেক্ষা ছাতের এক কোণে বাস করা ১০ ভাল। পাপির মন পাপকর্ম্মই চাহে, এবং তাহার দৃষ্টিতে বন্ধু লোক অনুগৃহীত হয় না। নিন্দককে দণ্ড ১১ দিলে মূর্খ জ্ঞান পায়, এবং জ্ঞানী উপদেশ পাইলে আরো জ্ঞানবান হয়। ধার্ম্মিক লোক পাপিদের ১২ বংশের বিষয় বিবেচনা করে, কেননা পাপিগণ আপদে পতিত হয়। যে জন দরিদ্রের আর্ত্তস্বরে কর্ণ ১৩ রোধ করে, সে আপনি আর্ত্তস্বর করিবে, কিন্তু কেহ শুনিবে না। গুপ্তরূপে দান ক্রোধ শান্ত করে, এবং ১৪ বক্ষস্থলে দত্ত দান প্রচণ্ড ক্রোধ শান্ত করে। ন্যায়-১৫ কর্ম্মে ধার্ম্মিকের আনন্দ আছে; কিন্তু তাহাতে অধর্ম্মকারিদের ভয় আছে। যে কেহ জ্ঞানের পথ ১৬ ছাড়িয়া ভ্রমণ করে, সে মৃত লোকদের সভাতে থাকিবে। যে জন সুখাসক্ত হয়, সে দরিদ্র হইবে; ১৭ এবং যে কেহ দ্রাক্ষারস ও তৈলেতে আসক্ত হয়, সে ধনবান হইবে না। পাপি লোক ধার্ম্মিকদের এবং ১৮ প্রতারক সরলদের মুক্তির মূল্যস্বরূপ। কলহকারিণী ১৯ ও ক্রোধবতী স্ত্রীর সহিত বাস করা অপেক্ষা বনে বাস করা ভাল। জ্ঞানবান লোকদের গৃহে উত্তম২ ২০ ধন ও তৈল সঞ্চিত থাকে; কিন্তু মূর্খ লোক তাহা অপচয় করে। যে কেহ ধর্ম্ম ও অনুগ্রহের পশ্চাদ্বর্ত্তী ২১ হয়, সে জীবন ও ধর্ম্ম ও যশ পায়। জ্ঞানী বলবান-২২ দের নগরে প্রবেশ করে,এবং তাহার শক্ত গড় অধঃপতন করে। যে কেহ আপনার মুখ ও জিহ্বা রক্ষা ২৩ করে, সে দুঃখহইতে আপন প্রাণকে রক্ষা করে। যে জন অহঙ্কারের প্রচণ্ডতাতে কর্ম্ম করে, সে অহ-২৪ ঙ্কারী ও দাম্ভিক ও নিন্দক নামে বিখ্যাত হয়। অলস ২৫ আপন ইচ্ছাদ্বারা বিনষ্ট হয়, কেননা তাহার হস্ত কর্ম্ম করিতে অসম্মত হয়। অলস সমস্ত দিন নানা ২৬ লোভ করে; কিন্তু ধার্ম্মিক দান করে, তাহাহইতে নিবৃত্ত হয় না। পাপিদের বলিদানই ঘৃণাস্পদ, ২৭ বিশেষতঃ তাহা কুঅভিপ্রায়ে আনিলে কি ততোধিক হয় না? মিথ্যাসাক্ষী বিনষ্ট হয়; কিন্তু যে কেহ ২৮ শুনে, সে সর্ব্বদা কহে। পাপি লোক আপন মুখ দৃঢ় ২৯ করে; কিন্তু সরল লোক আপন পথ প্রস্তুত করে। পরমেশ্বরের বিরুদ্ধে যে জ্ঞান ও বুদ্ধি ও যুক্তি, তাহা ৩০ সার্থক হয় না। যুদ্ধের দিনের জন্যে অশ্বসজ্জা হয়; ৩১ কিন্তু জয় পরমেশ্বরহইতে হয়।

২২ অধ্যায়।

১ প্রচুর ধন অপেক্ষা সুখ্যাতি ভাল; এবং রূপা ও

---

[১৯] হি ১১; ১৩। ২৭; ৪॥—[২০] যা ২১; ১৭। হি ৩০; ১৭॥—[২১] ২৮; ২০॥—[২২] ২৪; ২৯। ২৫; ২১,২২। রো ১২; ১৯॥—[২৩] প ১০॥—[২৪] হি ১৬; ৯। যির ১০; ২৩॥—[২৫] ঊ ৫; ১-৬॥—[২৬] প ৮॥—[২৭] ১ক ২; ১১॥—[২৮] হি ১৬; ১২। ২৯; ১৪॥—[২৯] ১৬; ৩১॥

[২১ অধ্যা; ২] হি ১৬; ২॥—[৩] ১ শি ১৫; ২২। গী ৫০; ৮-১৪। হো ৬; ৬। মী ৬; ৬-৮। ম ৯; ১৩॥—[৫] হি ৬; ১৬-১৯॥—[৬] ২০; ২১॥—[৯] প ১৯। ২৫; ২৪॥—[১১] ১৯; ২৫॥—[১২] যুব ২১; ১৭। হি ২২; ১৮॥ [১৩] যাক ২; ১৩॥—[১৪] হি ১৭; ৮॥—[১৫] ১০; ২৯॥—[১৮] ১১; ৮॥—[১৯] প ৯॥—[২০] ১৩; ২২॥ [২১] রো ২; ৭॥—[২২] হি ২৪; ৫। উ ৯; ১৪,১৫॥—[২৩] হি ১৩; ৩॥—[২৫] ১৩; ৪॥—[২৭] ১৫; ৮,২৯। ২৮; ৯॥—[২৮] ১৯; ৫,৯॥—[৩০] গী ৩৩; ১০,১১॥—[৩১] গী ২০; ৭,৮॥

* (ইব্র) টিপন। † (ইব্র) যন্দের পরিষ্কার। ‡ (বা) কৃষি।

২ সুবর্ণ অপেক্ষা অনুগ্রহ ভাল। ধনবান ও দরিদ্র উভয়ে সাক্ষাৎ করে; কিন্তু পরমেশ্বর তাহাদের এক সৃষ্টিকর্ত্তা। ৩ পরিণামদর্শী বিপদ দেখিয়া আপনাকে লুক্কায়িত করে; কিন্তু অজ্ঞানেরা অগ্রে যাইয়া শাস্তি পায়। ৪ নম্রতার ও পরমেশ্বর বিষয়ক ভয়ের যে ফল, সেই ধন ও যশ ও জীবন হয়। ৫ বিপথগামিদের পথে কন্টক ও ফাঁদ থাকে; অতএব যে কেহ আপন প্রাণ রক্ষা করিতে চাহে, সে তাহাদের হইতে দূরে থাকুক। ৬ বালকের গন্তব্য পথে তাহাকে শিক্ষা দেও; তাহাতে সে প্রাচীন হইলে তাহাহইতে বিমুখ হইবে না। ৭ ধনবান দরিদ্রের উপরে কর্তৃত্ব করে, এবং ঋণী মহাজনের দাসস্বরূপ। ৮ যে জন অধর্ম্মবীজ বপন করে, সে দুর্গতিরূপ শস্য কাটে, ও আপন কোপরূপ দণ্ডদ্বারা বিনষ্ট হয়। ৯ সুদৃষ্টি লোক আশীর্ব্বাদ পায়; কারণ সে দরিদ্রকে আপন খাদ্য দেয়। ১০ নিন্দককে বাহির করিলে বিবাদ বাহিরে যায়; এবং বিরোধ ও অপমান নিবৃত্ত হয়। ১১ যে জন মনের নির্ম্মলতা ভাল বাসে, তাহার ওষ্ঠের বক্তৃতা প্রযুক্ত রাজাও তাহার বন্ধু হন। ১২ পরমেশ্বরের চক্ষু জ্ঞান রক্ষা করে; এবং তিনি প্রবঞ্চক লোকের কথা অন্যথা করেন। ১৩ অলস বলে, বাহিরে সিংহ আছে; আমি রাজপথে হত হইব। ১৪ বেশ্যার মুখ বৃহৎ খাতস্বরূপ; পরমেশ্বরের ঘৃণিত লোক তন্মধ্যে পতিত হয়। ১৫ বালকের মনে অজ্ঞানতা বদ্ধ থাকে, কিন্তু শাসনদণ্ডদ্বারা তাহা তাহাহইতে দূরে যায়। ১৬ যে জন আপন ধন বৃদ্ধি করিতে দরিদ্রের প্রতি উপদ্রব করে, ও যে জন ধনবানকে দান করে, তাহাদের দরিদ্রতা অবশ্য হইবে *। ১৭ মনোযোগ করিয়া জ্ঞানের কথা শুন ও আমার উপদেশে মনোযোগ কর। ১৮ কেননা তাহা তোমার অন্তরে থাকিলে সুখদায়ক হইবে, ও তোমার ওষ্ঠকে শোভিত করিবে। ১৯ পরমেশ্বরেতে তোমার বিশ্বাস যেন স্থির হয়, এই কারণ আমি তোমাকে অদ্য এই সকল কথা জানাইতেছি। ২০ আমি যেন তোমাকে সত্য বাক্যের সত্যতা জানাই, এবং তুমি যেন আপন আহ্বানকারিদিগকে † সত্য উত্তর দিতে পার, ২১ এই জন্যে তোমার প্রতি যুক্তিতে ও জ্ঞানেতে কি উত্তম কথা লিখি নাই? ২২ দরিদ্র হওয়াতে দরিদ্রের দ্রব্য চুরী করিও না, ও বিচারস্থানে উপদ্রুত লোকের প্রতি উপদ্রব করিও না। ২৩ কেননা পরমেশ্বর তাহাদের বিচার করিবেন, ও তাহাদের উপদ্রবিদের প্রাণের প্রতি উপদ্রব করিবেন। ২৪ রাগি লোকের সহিত বন্ধুতা করিও না, এবং ক্রোধি লোকের সঙ্গে গমন করিও না; ২৫ করিলে তাহার মত শিখিয়া আপন প্রাণকে ফাঁদে ফেলিবা। ২৬ এবং যাহারা হস্তে হস্ত দেয় ও ঋণির প্রতিভূ হয়, তাহাদের মধ্যে তুমি এক জন হইও না। ২৭ যদি তোমার পরিশোধ করণের সঙ্গতি না থাকে, তবে তোমার পাতিত শয্যা কেন নীত হইবে? ২৮ তোমার পূর্ব্বপুরুষেরা পূর্ব্বে ভূমির যে পরিমাণচিহ্ন দিয়াছে, তাহা দূর করিও না। ২৯ তুমি কি কোন লোককে কর্ম্মে উদ্যোগী দেখিতেছ? সে নীচ লোকদের সাক্ষাতে না দাঁড়াইয়া রাজগণের সাক্ষাতে দাঁড়াইবে।

২৩ অধ্যায়।

১ তুমি অধ্যক্ষের সহিত ভোজনে বসিলে তোমার সাক্ষাতে কি আছে, তাহা বিবেচনা কর। ২ উদরম্ভরি হইলে আপনার গলায় আপনি ছুরি দেওয়া হয়। ৩ তাহার উত্তম খাদ্যে লোভ করিও না; কারণ সে ভ্রান্তিজনক আহার। ৪ ধন সঞ্চয় করিতে অত্যন্ত যত্ন করিও না, এবং আপন বুদ্ধিতে নির্ভর দিও না। ৫ তুমি ধনের প্রতি কেন লোভদৃষ্টি করিতেছ? সে থাকে না; যেমন উৎক্রোশ পক্ষী আকাশে উড়ে, তদ্রূপ সে পাখাবিশিষ্ট হইয়া উড়িয়া যায়।

৬ কুদৃষ্টি লোকের খাদ্য ভোজন করিও না, ও তাহার উত্তম খাদ্যে লালসা করিও না। ৭ কেননা সে যেমন মনে২ ভাবে তদ্রূপ আছে; তুমি ভোজন পান কর, এ কথা সে তোমাকে বলে বটে, কিন্তু তোমাতে তাহার মন নাই। ৮ তুমি যে গ্রাস ভোজন করিয়াছ, তাহা বমন করিবা, এবং আপন মিষ্ট কথার অপচয় বোধ করিবা। ৯ অজ্ঞানের কর্ণে কথা কহিও না, কেননা সে তোমার বুদ্ধির কথা তুচ্ছ করিবে। ১০ পূর্ব্বকালের ভূমির পরিমাণচিহ্ন দূর করিও না, এবং পিতৃহীনের ক্ষেত্রে প্রবেশ ‡ করিও না। ১১ কেননা তাহাদের মুক্তিদাতা বলবান; তিনি তোমার বিপক্ষে তাহাদের বিচার করিবেন। ১২ তোমার মনকে উপদেশে ও কর্ণকে জ্ঞানের কথাতে যোগ কর। ১৩ বালককে শাসন করিতে নিবৃত্ত হইও না; তুমি দণ্ডদ্বারা প্রহার করিলেও সে মরিবে না। ১৪ তুমি দণ্ডদ্বারা তাহাকে প্রহার কর, তাহাতে তুমি তাহার প্রাণকে পরলোকহইতে রক্ষা করিবা।

[২২ অধ্যা; ১] উ ৭; ১ ॥—[২] যুব ৩১; ১৩-১৫। হি ২৯; ১৩ ॥—[৩] ১৪; ১৬। ২৭; ১২ ॥—[৪] ১০; ২২ ॥ [৬] ১৯; ১৮। ইফ ৬; ৪ ॥—[৮] যুব ৪; ৮, ৯ ॥—[৯] হি ১১; ২৫। ২ ক ৯; ৬ ॥—[১০] হি ২৬; ২০,২১ ॥ [১১] ১৬; ১৩ ॥—[১৩] ২৬; ১৩ ॥—[১৪] ৫; ৩-৫। ২৩; ২৭। উ ৭; ২৬ ॥—[১৫] হি ২৩; ১৩,১৪ ॥—[১৬] প ২২,২৩ ॥ [১৭-১৯] ২; ১-৫। ৩; ১-৪ ॥—[২২,২৩] ২৩; ১০,১১। গী ৬৮: ৫ ॥—[২৬,২৭] হি ১১; ১৫। ১৭; ১৮ ॥—[২৮] ২৩; ১০। দ্বি ১৯; ১৪ ॥—[২৯] হি ১২; ২৪ ॥

[২৩ অধ্যা; ৪,৫] ম ৬: ১৯ ॥—[৯] হি ৯; ৮। ম ৭; ৬ ॥—[১০,১১] দ্বি ১৯; ১৪। হি ২২; ২২,২৩,২৮ ॥—[১৩,১৪] ১৩; ২৪। ১৯; ১৮। ২২; ১৫ ॥

* (বা) সে তাহা ধনিকে দিয়া দরিদ্র হইবে। † (বা) প্রেরণকারিদিগকে। ‡ (বা) আক্রমণ।

১৫ হে আমার পুত্র, তোমার মন জ্ঞানি হইলে আ-
১৬ মারও মন আনন্দিত হয়। তোমার ওষ্ঠ যথার্থবাদী
১৭ হইলে আমার মন আহ্লাদিত হয়। তোমার মন পাপি-
দের প্রতি মাৎসর্য্য না করুক, কিন্তু তুমি সমস্ত দিন
১৮ পরমেশ্বরের ভয়েতে থাক। কেননা অবশ্য পরকাল
১৯ আছে, ও তোমার আশা ব্যর্থ হইবে না। হে আমার
পুত্র, শুন,জ্ঞানী হও,ও তোমার মনকে সৎপথে লইয়া
২০ যাও। দ্রাক্ষারসে মত্ত ও মাংসাশি লোকদের সঙ্গ
২১ করিও না। কেননা মত্ত ও পেটুক দরিদ্রতা পায়,এবং
২২ নিদ্রালুতা মনুষ্যকে জীর্ণ বস্ত্র পরিধান করায়। তোমার
জন্মদাতা পিতার কথা শুন, এবং তোমার বৃদ্ধা মাতা-
২৩ কে তুচ্ছজ্ঞান করিও না। সত্যতা ক্রয় কর, কিন্তু তাহা
বিক্রয় করিও না; এবং বিদ্যা ও উপদেশ ও বুদ্ধি
২৪ ক্রয় কর। ধার্ম্মিকের পিতা হৃষ্ট হয়, ও বিদ্বানের
২৫ জন্মদাতা আনন্দ পায়। তোমার পিতা মাতা আহ্লা-
২৬ দিত হউক, ও তোমার গর্ভধারিণী আনন্দ করুক। হে
আমার পুত্র, তোমার মন আমাকে দেও, ও তোমার
২৭ চক্ষু আমার পথ নিরীক্ষণ করুক। বেশ্যা গভীর
খাততুল্যা, ও ব্যভিচারিণী অপ্রশস্ত কূপস্বরূপ।
২৮ সে দস্যুর ন্যায় লুক্কায়িতা থাকে, ও মনুষ্যদের
২৯ মধ্যে প্রবঞ্চক লোকদের দল পুষ্টি করে। কাহাদের
সন্তাপ? ও কাহাদের মনস্তাপ? ও কাহাদের বিবাদ?
ও কাহাদের ভাবনা? ও কাহাদের অকারণ আঘাত?
৩০ ও কাহাদের রক্তবর্ণ চক্ষু? যাহারা দ্রাক্ষারসের
নিকটে বহুকাল থাকে, ও যাহারা সুরা অন্বেষণ
৩১ করিতে যায়, তাহাদের। যখন দ্রাক্ষারস রক্তবর্ণ ও
পাত্রেতে তেজস্কর হয় ও উত্তম রূপে লড়ে, তখন তা-
৩২ হার প্রতি দৃষ্টি করিও না। কেননা শেষে তাহা
সর্পের ন্যায় কামড়াইবে ও বিষধরের ন্যায় দংশন
৩৩ করিবে। তোমার চক্ষু বেশ্যাকে দেখিবে ও তোমার
৩৪ মন মন্দ কথা কহিবে; এবং তুমি সমুদ্রের মধ্যে *
শয়নকারির ন্যায়, কিম্বা জাহাজের মাস্তুলের উপরে
৩৫ শয়নকারির ন্যায় হইবা। (এবং এমত কথা কহিবা,)
তাহারা আমাকে মারিয়াছে বটে, কিন্তু আমি পীড়া
পাই নাই; ও তাহারা আমাকে প্রহার করিয়াছে
বটে, কিন্তু তাহা আমার বোধ হয় নাই, আমি কখন্
জাগ্রৎ হইব? আর বার তাহা চেষ্টা করিব।

২৪ অধ্যায়।

১ তুমি দুষ্ট লোকদের উপরে মাৎসর্য্য করিও না, এবং
২ তাহাদের সঙ্গে থাকিতে ইচ্ছা করিও না। কেননা
তাহাদের অন্তঃকরণ উপদ্রবের কল্পনা করে, ও
৩ তাহাদের ওষ্ঠ ক্লেশদায়ক কথা কহে। বিদ্যাদ্বারা
৪ গৃহ নির্ম্মাণ হয়, ও বুদ্ধিদ্বারা তাহা স্থির হয়। জ্ঞান-
দ্বারা তাহার কুঠরী সকল বহুমূল্য ও উত্তম ২ সা-
৫ মগ্রীতে পরিপূর্ণ হয়। বিদ্বান বলবিশিষ্ট ও জ্ঞানী
৬ পরাক্রমবিশিষ্ট হয়। অনেক বিবেচনা করিয়া যুদ্ধ
৭ কর; কেননা অনেক পরামর্শদ্বারা জয় হয়। মূর্খ-
হইতে বিদ্যা অতি উচ্চ; সে বিচারস্থানে মুখ খুলিতে
৮ পারে না। কুকল্পনাকারি লোক কুমন্ত্রী নামে বি-
৯ খ্যাত হয়। অজ্ঞানের কল্পনাই পাপ, এবং নিন্দক
১০ মনুষ্য সকলের ঘৃণিত। বিপদের সময়ে যদি হীন-
১১ সাহস হও, তবে তোমার পরাক্রম অল্প †। বধের
নিমিত্তে সমর্পিত লোকদিগকে নিস্তার কর, ও বধ্য
১২ লোকদিগকে উদ্ধার কর। যদি বল, আমরা তাহা
জানি না, তবে যিনি অন্তঃকরণের বিচার করেন,
তিনি কি তাহা বুঝিবেন না? ও তোমার প্রাণ রক্ষা-
কর্ত্তা কি তাহা জানিতে পারেন না? তিনি প্রত্যেক
লোককে আপন ২ ক্রিয়ানুসারে কি ফল দিবেন না?
১৩ হে আমার পুত্র,মধু পান করিলে যেমন তোমার মিষ্ট
বোধ হয়, এবং মধুর চাক চুষিলে যেমন মুখে
১৪ সুস্বাদু জ্ঞান হয়; বিদ্যার জ্ঞান পাইলে তোমার
মনে তদ্রূপ হইবে; কেননা অবশ্য পরকাল আছে,
১৫ ও তোমার আশা ব্যর্থ হইবে না। তুমি পাপির ন্যায় ‡
ধার্ম্মিকের বাটী আক্রমণ করিতে লুক্কায়িত থা-
১৬ কিও না, ও তাহার আশ্রয় নষ্ট করিও না। কেননা
ধার্ম্মিক সাত বার পড়িলেও আর বার উঠে; কিন্তু
১৭ পাপি লোক আপদে মগ্ন হয়। তোমার শত্রু আপদে
পড়িলে তুমি হৃষ্ট হইও না, এবং সে বিঘ্ন পাইলে
১৮ তোমার মন আনন্দিত না হউক; হইলে পরমে-
শ্বর তাহা দেখিয়া অসন্তুষ্ট হইবেন এবং তাহাহইতে
১৯ ক্রোধ ফিরাইবেন। পাপি লোককে দেখিয়া ব্যাকুল
হইও না ‖, ও দুরাচারকে দেখিয়া মাৎসর্য্য করিও
২০ না। যেহেতুক দুষ্টের ভাবিমঙ্গল হয় না, ও পাপি-
২১ দের প্রদীপ নির্ব্বাণ হয়। হে আমার পুত্র, পরমেশ্ব-
রকে ও রাজাকে ভয় কর, এবং চঞ্চলমতিদের সঙ্গ
২২ করিও না। কেননা তাহাদের অকস্মাৎ বিনাশ
ঘটিবে; এবং তাহাদের § কি রূপে বিনাশ ঘটিবে,
তাহা কে জানিতে পারে?

[১৫,১৬] ২৭ ; ১১ ‖—[১৭,১৮] ৩ ; ৩১। ২৪ ; ১,১৪,১৯,২০। গী ৩৭ ; ১,৩৭,৩৮ ‖—[২১] হি ১১ ; ১৫ ‖—[২২] ১ ; ৮। ৩০ ; ১৭ ‖—[২৩] ৪ ; ৭ ‖—[২৪,২৫] ১০ ; ১। ১৫ ; ২০ ‖—[২৬] ৭ ; ৪ ‖—[২৭] ২২ ; ১৪ ‖—[২৯-৩৫] ২০ ; ১। ৩১ ; ৪,৫। যিশ ৫ ; ১১, ২২ ‖—[৩৫] হি ২৭ ; ২২। যিশ ৫৬ : ১২ ‖

[২৪ অধ্য ; ১]প ১২।গী ৩৭। ৭৩। হি ৩ ;৩১। ২৩ ; ১৭,১৮‖—[২]গী ৭৩ ; ৬-১১‖—[৩,৪] হি ৩ ; ১,১০।৮ ; ২১। ২১;২০ ‖ [৫]২১ ;২২‖—[৬]১৫; ২২। ২০ ; ১৮। ১১;১৪‖—[৭]১৪ ;৬‖—[১১,১২]৩১;৮ ‖—[১২]যূব ৩১;৩,৪,১৪‖—[১৪]হি ২৩; ১৮। গী ১৯; ১০। ১১৯ ; ১০৩‖—[১৬] যূব ৫ ; ১৯। গী ৩৭ ;২৪ ‖—[১৭,১৮]হি ১৭; ৫। যূব ৩১;২৯,৩০ ‖—[১৯,২০] প ১। হি ২৩ ; ১৭,১৮। গী ৩৭ ; ১,৩৮ ‖—[২০] হি ১৩ ; ৯ ‖—[২১]৪৮ ; ২। ১ পি ২ ; ১৭ ‖—[২৩] লে ১৯; ১৫। হি ২৮ ; ২১ ‖

* (ইব্রু) অন্তঃকরণে। † (ইব্রু) সঙ্কীর্ণ। ‡ (বা) হে পাপি। ‖ (বা) তাহার সঙ্গে যাইও না। § (ইব্রু) উভয়ের।

২৩ এই সকলও জ্ঞানবানের কথা। বিচারে মুখাপেক্ষা ২৪ করা উচিত নয়। যে কেহ দুষ্টকে ধার্ম্মিক বলে, লোকেরা তাহাকে শাপ দেয়, ও দেশীয় লোকেরা ২৫ তাহাকে ঘৃণা করে। কিন্তু দুষ্টের অনুযোগকারিদের প্রতি আনন্দ হয়, ও তাহাদের প্রতি উত্তম আশী- ২৬ র্ব্বাদ ঘটে। যথার্থ উত্তরকারির যে ওষ্ঠাধর, তাহা ২৭ লোক চুম্বন করে*। তোমার কার্য্য বাহিরে প্রস্তুত কর, ক্ষেত্রে তাহা প্রস্তুত করিলে পর তোমার গৃহ নির্ম্মাণ ২৮ কর। অকারণে তোমার প্রতিবাসির বিপক্ষে সাক্ষী হইও না, ও তোমার ওষ্ঠদ্বারা প্রতারণা করিও না। ২৯ 'সে আমার প্রতি যেমন করিয়াছে, আমিও তাহার প্রতি তদ্রূপ করিব; ও যাহার যেমন কর্ম্ম, তাহাকে তেমনি ফল দিব,' এমত কথা কহিও না।

৩০ আমি অলসের ক্ষেত্র দিয়া গেলাম, ও অজ্ঞানের ৩১ দ্রাক্ষাক্ষেত্র দিয়া গমন করিলাম। দেখ, তাহার সর্ব্বত্র কাঁটা ও বিছুটিতে ব্যাপ্ত আছে, ও তাহার প্রস্তর- ৩২ ময় প্রাচীর ভগ্ন হইয়াছে। তাহা অবলোকন করিয়া আমি মনে২ বিবেচনা করিলাম, এবং তাহা দেখিয়া ৩৩ উপদেশ পাইলাম। আর অল্প কাল নিদ্রা ও অল্প কাল তন্দ্রা ও অল্প কাল নিদ্রাতে আপন হস্ত জড়সড় ৩৪ করিলে, তোমার দৈন্যতা দস্যুর ন্যায় ও তোমার দীনতা সুসজ্জ সেনার ন্যায় উপস্থিত হইবে।

২৫ অধ্যায়।

রাজগণের বিষয়ে কথা ৮ ও কলহের কথা ও নানাবিধ কথা।

১ যিহূদা দেশের হিষ্কিয় নামক রাজার লোকেরা সুলেমানের এই বক্ষ্যমাণ হিতোপদেশ সংগ্রহ করিল।

২ কথা গোপন করিলে ঈশ্বরের গৌরব হয়, কিন্তু ৩ তাহা অনুসন্ধান করিলে রাজার গৌরব হয়। যেমন স্বর্গের উচ্চতা ও পৃথিবীর নীচতা, তদ্রূপ রাজার ৪ অন্তঃকরণ বোধের অগম্য। তুমি রূপাহইতে খাদ বাহির কর, তাহাতে পরিষ্কারকের নির্ম্মল পাত্র ৫ হইবে। রাজার নিকটহইতে দুষ্টদিগকে দূর কর, ৬ তাহাতে সিংহাসন ধর্ম্মেতে স্থির হইবে। রাজার সম্মুখে আপন সম্ভ্রম করিও না, এবং প্রধান লো- ৭ কের পদে দাঁড়াইও না। কেননা তোমার চক্ষুর গোচর যে রাজা, তাঁহার সাক্ষাতে অমর্য্যাদা প্রাপ্তি ভাল নয়; বরং তিনি যদি কহেন, এখানে আইস, তবে সে তোমার মঙ্গল।

৮ হঠাৎ বিবাদ করিতে যাইও না; গেলে তোমার প্রতিবাসী তোমাকে লজ্জিত করিলে শেষে তোমার কি কর্ত্তব্য? ৯ প্রতিবাসির সহিত বিবাদ নিষ্পত্তি কর, এবং কাহারো গোপনীয় কথা প্রকাশ করিও না। ১০ করিলে যে জন তাহা শুনিবে, সে তোমাকে লজ্জা দিবে, ও তোমার সেই অপযশ লুপ্ত হইবে না। ১১ রূপার পাত্রে যেমন সুবর্ণ ফল, উপযুক্ত সময়ে† ১২ সৎকথা তদ্রূপ হয়। যেমন সুবর্ণের নথ ও নির্ম্মল সুবর্ণের অভরণ, তদ্রূপ আজ্ঞানুবর্ত্তি কর্ণের প্রতি ১৩ জ্ঞানবান অনুযোগকারী। শস্য কাটনের সময়ে যেমন হিমের শীত, তদ্রূপ প্রেরকের নিকটে বিশ্বস্ত দূত; যেহেতুক সে আপন কর্ত্তার প্রাণকে আপ্যায়িত করে। ১৪ যে কেহ দান বিষয়ে মিথ্যা দর্পকথা কহে, সে নির্জ্জল মেঘ ও বায়ুস্বরূপ। ১৫ দীর্ঘসহিষ্ণুতাদ্বারা রাজাও সম্মত হয়, ও কোমল জিহ্বাও অস্থি ভগ্ন করিতে পারে। ১৬ মধু পাইলে পরিমিত রূপে পান কর; নতুবা অতি তৃপ্ত হইলে বমি করিবা। ১৭ তোমার প্রতিবাসির গৃহে পুনঃ২ গমনহইতে তোমার চরণকে নিবৃত্ত কর; নতুবা সে বিরক্ত হইয়া তোমাকে ঘৃণা করিবে। ১৮ যে কেহ প্রতিবাসির বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দেয়, সে গদা ও খড়্গ ও তীক্ষ্ণ বাণস্বরূপ। ১৯ যেমন ভগ্ন দন্ত ও খঞ্জ চরণ, তদ্রূপ দুঃখের সময়ে প্রতারক লোকেতে বিশ্বাস। ২০ দুঃখিমনের নিকটে গান করা শীতকালে বস্ত্রাপহরণের ন্যায় ও সোরার উপরে অম্লরস দেওনের তুল্য। ২১ তোমার শত্রু যদি ক্ষুধিত হয়, তবে তাহাকে ভোজন করাও; এবং যদি তৃষ্ণাযুক্ত হয়, তবে তাহাকে জল পান করাও; ২২ তাহাতে তুমি তাহার মস্তকে জ্বলদগ্নি রাশি করিয়া রাখিবা, এবং পরমেশ্বর তোমাকে ফল দিবেন। ২৩ উত্তরীয় বায়ু যেমন বৃষ্টি দূর করে‡, তদ্রূপ ক্রোধদৃষ্টি কর্ণেজপ জিহ্বাকে দূর করে। ২৪ কলহকারিণী স্ত্রীর সহিত প্রশস্ত বাটীতে বাস করা অপেক্ষা বরং ছাতের এক কোণে বাস করা ভাল। ২৫ পিপাসার্ত্ত লোকের পক্ষে যেমন শীতল জল, দূর দেশহইতে সুসমাচার তদ্রূপ। ২৬ পাপির সম্মুখে ধার্ম্মিকের পতন, ঘোলা জলের আকর ও মলিন উনুইস্বরূপ। ২৭ অনেক মধু পান করা যেমন ভাল নয়, তদ্রূপ আপন গৌরব অন্বেষণ করা আপনার গৌরব নয়‖। ২৮ যে জন আপন মনকে দমন না করে, সে ভগ্ন ও প্রাচীরহীন নগর তুল্য।

২৬ অধ্যায়।

১ মূর্খদের বিষয়ে কথা ১৩ ও অলসদের বিষয়ে কথা ১৭ ও কলহকারিদের বিষয়ে কথা।

[২৮] যা ২০; ১৬॥—[২৯] হি ২০; ২২। ২৫; ২১,২২॥—[৩৩,৩৪] ৬; ১০,১১॥
[২৫ অধ্যা; ১] হি ১০; ১। ২বং ৩২; ২৭॥—[২] দ্বি ২৯; ২৯। যিশ ৪৫; ১৫। রো ১১; ৩৩॥—[৪,৫] হি ১৬; ১২। ২৯; ১৪॥
[৭] লূ ১৪; ১০॥—[৯] ম ১৮; ১৫॥—[১১] হি ১৫; ২৩॥—[১২] গী ১৪১; ৫॥—[১৩] প ২৫। হি ১৩; ১৭॥
[১৪] ২০; ৬॥—[১৫] ১৫; ১॥—[১৬] প ২৭॥—[১৮] ১২; ১৮। গী ৬৪; ৩,৪॥—[২১,২২] রো ১২; ২০। ম ৫; ৪৪,৪৫। ২০; ২২॥—[২৪] ২১; ৯,১৯॥—[২৫] প ১৩॥—[২৭] প ১৬॥—[২৮] ১৬; ৩২॥

* (বা) যথার্থ উত্তর দেওন ওষ্ঠাধরের চুম্বনস্বরূপ। † (ইব্রী) চক্রেতে। ‡ (বা) জন্মায় তদ্রূপ কর্ণেজপ জিহ্বা ক্রোধদৃষ্টি জন্মায়। ‖ (বা) ভার বোধ হয়।

১ যেমন গ্রীষ্মকালে হিম ও শস্য কাটনের সময়ে বৃষ্টি, ২ তদ্রূপ অজ্ঞান লোকের সম্ভ্রম অসম্ভব। ভ্রমণকারি পক্ষির ও উড্ডীয়মান তালচোঁচ পক্ষির ন্যায় শাপ ৩ অকারণে আইসে না। যেমন অশ্বের নিমিত্তে কশা ও গর্দ্দভের নিমিত্তে বল্‌গা, তদ্রূপ মূর্খের পৃষ্ঠের ৪ নিমিত্তে দণ্ড। তুমি মূর্খকে তাহার মূর্খতানুসারে ৫ উত্তর দিও না; দিলে তুমিও তাহার মত হইবা। তুমি মূর্খকে তাহার মূর্খতানুসারে উত্তর দেও, নতুবা সে আপনার দৃষ্টিতে আপনাকে জ্ঞানী বোধ করিবে। ৬ যে জন মূর্খ লোকদ্বারা সমাচার প্রেরণ করে, সে আপনার পদ আপনি ছেদন করে ও ক্ষতিপ্রাপ্ত ৭ হয়। খঞ্জের চরণ যেমন দুর্ব্বল, অজ্ঞানের মুখে ৮ উপদেশ বাক্যও তদ্রূপ। প্রস্তররাশির মধ্যে যেমন ৯ মণির পোটলী*, তদ্রূপ মূর্খকে সম্ভ্রম দেওন। যেমন মত্ত লোকের হস্তে কণ্টক, তদ্রূপ অজ্ঞানের মুখে ১০ হিতোপদেশ। যে প্রভু তাবৎ সৃষ্টি করিলেন, তিনিই অজ্ঞানদিগকে ও আজ্ঞালঙ্ঘনকারিদিগকে কর্ম্মের ১১ ফল দেন। যেমন কুক্কুর আপন বমির প্রতি ফিরে, ১২ তদ্রূপ অজ্ঞান অজ্ঞানতার প্রতি ফিরে। আপনার দৃষ্টিতে আপনাকে জ্ঞানবান জ্ঞান করিতে যাহাকে দেখ, তাহার অপেক্ষা বরং মূর্খের বিষয়ে প্রত্যাশা আছে।

১৩ অলস বলে, পথে সিংহ আছে, ও রাজপথে ১৪ বলবান সিংহ আছে। হাঁসকলেতে যেমন কপাট, ১৫ তদ্রূপ অলস আপন শয্যাতে ফিরে। অলস পাত্রেতে হস্ত রাখিলে পুনর্ব্বার মুখে দিতে তাহার ক্লেশ ১৬ বোধ হয়। সৎপরামর্শি সাত জন অপেক্ষা অলস আপন দৃষ্টিতে আপনাকে জ্ঞানবান করিয়া মানে।

১৭ যে জন পথে যাইতে২ পরের বিরোধে হস্ত দেয়, ১৮ সে কুক্কুরের কর্ণগ্রাহি লোকের সদৃশ। যে জন ১৯ অঙ্গার ও মৃত্যুজনক বাণ নিক্ষেপ করে, এবং যে জন প্রতিবাসিকে প্রতারণা করিয়া বলে, আমি কি খেলা করিতেছি না? এ উভয় লোকই সমান উন্মত্ত ২০ হয়। যেমন কাষ্ঠের অভাবে অগ্নি নির্ব্বাণ পায়, ২১ তদ্রূপ কর্ণেজপের অভাবে বিরোধ থাকে না। যেমন জ্বলন্ত অঙ্গারের প্রতি অঙ্গার ও অগ্নির প্রতি কাষ্ঠ, ২২ তদ্রূপ বিরোধবৃদ্ধির প্রতি বিরোধি লোক। কর্ণজপের কথা মিষ্ট খাদ্যের ন্যায়, ও মর্ম্মে প্রবিষ্ট হয়। ২৩ স্তুতিকর ওষ্ঠ ও দুষ্টান্তঃকরণ লোক রৌপ্যপত্রে মণ্ডিত ২৪ ঘটস্বরূপ। ঘৃণাকারি লোক মনের মধ্যে প্রতারণা ২৫ রাখিয়া ওষ্ঠেতে কাপট্য কথা কহে। সে অনুগ্রহের কথা কহিলেও তাহাতে প্রত্যাশা করিও না; কারণ তাহার অন্তঃকরণ ঘৃণ্য বস্তুতে পরিপূর্ণ আছে। ২৬ যাহার ঘৃণা কপটতাতে আচ্ছন্ন,তাহার দোষ সভাতে ২৭ প্রকাশিত হয়। যে জন খাত খুদে, সে তন্মধ্যে পতিত হয়; ও যে কেহ প্রস্তর গড়ায়, তাহা তাহারই ২৮ প্রতি ফিরে। মিথ্যাবাদি জিহ্বা যাহাকে ক্লেশ দেয়, তাহাকেই ঘৃণা করে; ও স্তুতিকর মুখ বিনাশের কর্ম্ম করে।

২৭ অধ্যায়।

১ আত্মশ্লাঘা ও ক্রোধের কথা ৫ ও সত্য প্রেমের কথা ১১ ও বিঘ্ন না জন্মাওনের কথা ২৩ ও গৃহ কর্ম্মের কথা।

১ কল্যের বিষয়ে গর্ব্ব কথা কহিও না; কেননা এক ২ দিনের মধ্যে কি ঘটিবে, তাহা তুমি জান না। অন্য লোক তোমার প্রশংসা করুক, কিন্তু তুমি আপন মুখে করিও না; ও অন্য লোক তোমার সুখ্যাতি ৩ করুক, কিন্তু তুমি আপন ওষ্ঠদ্বারা করিও না। প্রস্তর ভারী এবং বালিও ভারী বটে, কিন্তু অজ্ঞানের ৪ ক্রোধ ঐ উভয় অপেক্ষা ভারী। ক্রোধ দুরন্ত ও কোপ প্রলয়কারী; কিন্তু স্ত্রীনিমিত্তক ক্রোধের নিকটে কে দাঁড়াইতে পারে?

৫ গুপ্ত প্রেম অপেক্ষা প্রকাশিত অনুযোগও ভাল। ৬ বন্ধু লোকের প্রহারও বিশ্বাসযোগ্য, কিন্তু শত্রুর ৭ চুম্বনও অবিশ্বাসযোগ্য। তৃপ্ত লোক মধুচাককে ঘৃণা ৮ করে; কিন্তু ক্ষুধিতের কাছে তিক্ত দ্রব্যও মিষ্ট। যে জন আপন স্থান ছাড়িয়া ভ্রমণ করে, সে বাসাহইতে ৯ ভ্রমণকারি পক্ষির ন্যায়। সুগন্ধি তৈল ও সুগন্ধি ধূপ যেমন মনের তুষ্টিজনক হয়, মনের পরামর্শের ১০ দ্বারা মিত্রের যে মিষ্ট প্রেম, সেও তদ্রূপ। আপনার ও পিতার মিত্রকে ত্যাগ করিও না, এবং দুঃসময়ে আপন ভ্রাতার গৃহে যাইও না; কেননা দূরস্থিত ভ্রাতা অপেক্ষা নিকটস্থিত মিত্র ভাল।

১১ হে আমার পুত্র, জ্ঞানবান হও, ও আমার মনকে আনন্দিত কর; তাহাতে আমি আপন অপমানকা- ১২ রির প্রতি উত্তর দিতে পারিব। পরিণামদর্শী বিপদ দেখিয়া আপনাকে লুক্কায়িত করে; কিন্তু অজ্ঞানেরা ১৩ অগ্রে যাইয়া শাস্তি পায়। যে জন পরের প্রতিভূ হয়, তাহার বস্ত্র লও; এবং যে কেহ বিদেশির নিমিত্তে ১৪ হয়, তাহার বন্ধক লও। যে জন প্রত্যূষে উঠিয়া উচ্চৈঃস্বরে আপন বন্ধুকে আশীর্ব্বাদ করে, তাহার ১৫ সেই কর্ম্ম অভিশাপরূপে গণিত হয়। বৃষ্টিকালে টোপে২ জল পড়া†, ও কলহকারিণী স্ত্রী, এ উভয়ই ১৬ তুল্য। যে জন সেই স্ত্রীকে লুকাইতে পারে, সে

[২৬ অধ্যা; ১] ১ শি ১২; ১৬-১৮॥—[৩] গী ৩২; ৯। হি ১০; ১৩॥—[৫] ম ২১; ২৪-২৭॥—[১১] ২ পি ২; ২২॥ [১২] প ১৬। হি ২৮; ২৬। ২৯; ২০॥—[১৩] ২২; ১৩॥—[১৬] ১৯; ২৪॥—[১৬] প ১২॥—[২০] ২২; ১০॥ [২১] ১৫; ১৮॥—[২২] ১৮; ৮। গী ৫৫; ২১॥—[২৭] উ ১০; ৮॥

[২৭ অধ্যা; ১] লূ ১২; ১৬-২১। যাক ৪; ১৩-১৬।—[৬] প ১৪। গী ১৪১; ৫। হি ২৫; ১২॥—[১০] ১৭; ১৭। ১৮; ২৪। ১৯; ৭॥—[১১] ২৩; ১৫,১৬॥—[১২] ২২; ৩॥—[১৩] ২০; ১৬॥—[১৪] প ৬॥—[১৫] ১৯; ১৩।

* (বা) ফিঙ্গাতে প্রস্তর বন্ধন যেমন। † (বা) বর্ষাকালের নালা।

য়ুকে এবং আপন দক্ষিণ হস্তস্থিত স্বপ্রকাশকারি ১৭ (সুগন্ধি) তৈলকেও * লুকাইতে পারে। যেমন লৌহ লৌহকে সতেজ করে, তদ্রূপ মনুষ্য আপন মিত্রের ১৮ মুখকে সতেজ করে। যে জন ডুম্বুরের বৃক্ষ রক্ষা করে, সে তাহার ফল ভোজন করে; ও যে কেহ ১৯ আপন প্রভুর সেবা করে, সে যশ পায়। যেমন জলে প্রতিবিম্বিত মুখ সত্য মুখের সমান, তদ্রূপ এক মানুষের অন্তঃকরণ অন্যের অন্তঃকরণের সমান। ২০ যেমন পরলোকের ও কবরের তৃপ্তি নাই, তদ্রূপ ২১ মানুষের চক্ষু তৃপ্ত হয় না। যেমন মুচি রূপাকে ও হাফর সুবর্ণকে, তদ্রূপ মনুষ্য প্রশংসাকে পরীক্ষা ২২ করে। যদি ঢেঁকিতে গড়ের মধ্যে ধান্যের ন্যায়† অজ্ঞানকে কোটে, তথাপি তাহার মূর্খতা দূর হয় না। ২৩ ধন চিরস্থায়ী নয়, ও মুকুট পুরুষানুক্রমে থাকে ২৪ না। অতএব তুমি আপন মেষপালের বিষয় জ্ঞাত হও, ২৫ ও পশুপালের প্রতি মনোযোগ কর। তাহাতে তৃণ প্রকাশ পাইবে, ও নবীন তৃণ দৃষ্ট হইবে, ও পর্ব্বতের ২৬ তৃণ একত্রীকৃত হইবে। মেষবৎস তোমার বস্ত্রের নিমিত্তে, এবং ছাগ তোমার ক্ষেত্রের মূল্যের নিমিত্তে ২৭ হইবে; এবং ছাগী তোমার ও তোমার পরিবারের ও যুবতিদের খাদ্যের নিমিত্তে যথেষ্ট দুগ্ধ দিবে।

২৮ অধ্যায়।

ধর্ম্মাধর্ম্ম বিষয়ে নানা উপদেশ কথা।

১ কেহ তাড়না না করিলেও পাপি লোক পলায়ন করে; কিন্তু ধার্ম্মিকেরা সিংহের ন্যায় নির্ভয়ে থাকে। ২ প্রজার দোষে নিত্য নূতন রাজা হয়; কিন্তু বুদ্ধিমান ৩ ও জ্ঞানি লোকদ্বারা রাজ্য সুস্থির থাকে। যে দরিদ্র দরিদ্রের প্রতি উপদ্রব করে, সে তাবৎ শস্য নাশ- ৪ কারি প্লাবনের ন্যায়। ব্যবস্থা লঙ্ঘনকারি লোক পাপিদের প্রশংসা করে; কিন্তু যাহারা ব্যবস্থা পালন করে, তাহারা তাহাদের সহিত বিরোধ করে। ৫ পাপি লোক ন্যায় বুঝে না, কিন্তু পরমেশ্বরের অন্বে- ৬ ষণকারি লোকেরা সকলি বুঝে। বিপথগামি ধনবান ৭ লোক অপেক্ষা সরলাচারি দরিদ্র লোকও ভাল। যে ব্যবস্থা মানে, সেই জ্ঞানবান পুত্র; কিন্তু যে জন অপব্যয়ির মিত্র, সে আপন পিতার লজ্জাকর হয়। ৮ যে কেহ সুদ ও অযথার্থ লাভদ্বারা ধন বৃদ্ধি করে, সে দরিদ্রের প্রতি দয়াকারি লোকদের জন্যে তাহা ৯ সঞ্চয় করে। যে জন শাস্ত্র শ্রবণহইতে কর্ণকে নিবৃত্ত করে, তাহার প্রার্থনাও ঘৃণাস্পদ হয়। যে জন সরল ১০ লোককে কুপথে লইয়া যায়, সে স্বকৃত খাতে পতিত হয়; কিন্তু সাধু লোক উত্তম অধিকার পায়। ধনি ১১ লোক আপন দৃষ্টিতে জ্ঞানবান হয়, কিন্তু বুদ্ধিমান দরিদ্র তাহার পরীক্ষা করে। ধার্ম্মিকদের আনন্দ ১২ হইলে মহাগৌরব হয়, কিন্তু পাপিদের উন্নতি হইলে লোক গুপ্ত থাকে ‡। যে জন আপনার পাপ ১৩ আচ্ছাদন করে, সে মঙ্গল পায় না; কিন্তু যে কেহ তাহা স্বীকার করিয়া ত্যাগ করে, সে দয়া প্রাপ্ত হয়। যে জন সর্ব্বদা ভয় রাখে, সে ধন্য; কিন্তু যে ১৪ কেহ আপন মনকে কঠিন করে, সে আপদে পতিত হয়। যেমন গর্জ্জনকারি সিংহ ও দুর্বৃত্ত ভল্লূক, দরিদ্র ১৫ প্রজার প্রতি দুষ্ট শাসনকর্ত্তা তদ্রূপ হয়। নির্ব্বোধ ১৬ রাজা বড় উপদ্রবী হয়; কিন্তু যে জন লোভকে ঘৃণা করে, সে দীর্ঘায়ু হয়। যে জন প্রাণি হত্যাতে ব্যাকুল ১৭ হয়, তাহাকে পাছে কেহ ধরে, এই ভয়ে তাহাকে কবরে পলায়ন করিতে হয়। যে কেহ সরল পথে ১৮ গমন করে, সে রক্ষা পায়; কিন্তু বিপথগামী অকস্মাৎ পতিত হয়। যে জন আপনি ভূমির চাস করে, সে ১৯ যথেষ্ট আহার পায়; কিন্তু যে জন নিষ্ফল কর্ম্মেতে প্রবৃত্ত হয়, সে যথেষ্ট অকুলান পায়। বিশ্বস্ত লোক ২০ অনেক আশীর্ব্বাদ পায়; কিন্তু হঠাৎ ধনবান হইতে উদ্‌যোগি লোক নির্দ্দোষ নয়। বিচারে পক্ষপাত ২১ করা উচিত নয়, তাহা করিলে লোক এক খণ্ড রুটির নিমিত্তেও দোষ করিবে। কুদৃষ্টি মানুষ শীঘ্র ২২ ধনবান হইতে উদ্‌যোগী হয়; কিন্তু তাহার প্রতি যে দরিদ্রতা আসিতেছে, তাহা সে বিবেচনা করে না। জিহ্বাতে স্তুতিকারি লোক অপেক্ষা অনুযোগ- ২৩ কারি লোক শেষে অনুগ্রহ পায়। যে জন আপন ২৪ পিতামাতার ধন চুরি করিয়া বলে, ইহাতে পাপ নাই, সে বিনাশকের মিত্র। অহঙ্কারি লোক বিরোধ- ২৫ জনক; কিন্তু পরমেশ্বরেতে বিশ্বাসকারি লোক আপ্যায়িত হয়। যে জন আপন মনেতে বিশ্বাস রাখে, ২৬ সে অজ্ঞান; কিন্তু যে কেহ বিবেচনা করিয়া চলে, সে রক্ষা পায়। যে জন দরিদ্রকে দান করে, তাহার ২৭ দরিদ্রতা ঘটে না; কিন্তু যে জন তাহার প্রতি চক্ষু মুদে, সে অনেক অভিশাপ পায়। পাপি লোকেরা ২৮ উন্নতি পাইলে অন্য লোক লুক্কায়িত থাকে; কিন্তু তাহারা নষ্ট হইলে ধার্ম্মিকদের বৃদ্ধি হয়।

---

[১৮] ১ ক ৯; ৭। হি ২; ১২॥—[২০] ৩০; ১৫,১৬। ঙ ১; ৮॥—[২২] হি ২৩; ৩৫॥
[২৮ অধ্যা: ১] লে ২৬; ১৭,৩৬। হি ৩০; ৩০॥—[২] হো ১৩; ১১॥—[৪] য ১২; ৩০॥—[৫] ১ ক ২; ১৪,১৫॥
[৬] প ১৮। হি ১৯; ১॥—[৭] ২৯; ৩॥—[৮] ১৩; ২২। যূব ২৭; ১৬,১৭। ঙ ২; ২৬॥—[৯] হি ১৫; ৮,২৯। ২১; ২৭॥
[১০] ২৬; ২১॥—[১২] প ২৮। ১১; ১০,১১। ২৯; ২,৮॥—[১৩] গী ৩২; ৩-৫। ১ যো ১; ৮-১০॥—[১৪] গী ২০;
১২। হি ২০; ১৭। ২৯; ১॥—[১৭] দ্বি ১৯; ১১-১৩॥—[১৮] প ৬। হি ১০; ৯॥—[১৯] ১২; ১১॥—[২০] প ২২।
২০; ২১॥—[২১] ১৮; ৫। ২৪; ২৩॥—[২২] প ২০॥—[২৩] ২৭; ৫,৬॥—[২৪] ১৮; ৯। য ১৫: ৪-৬॥
[২৫] হি ১৩; ১০॥—[২৬] ২৬; ১২॥—[২৭] ১১; ১৭। ১৯; ১৭। ২২; ৯॥—[২৮] প ১২॥

* (ইব্রী) দক্ষিণ হস্তের শব্দকারি তৈলকে। † (ইব্রী) সহিত। ‡। (ইব্রী) চেষ্টিত হয়।

২৯ অধ্যায়।

১ যে জন পুনঃ২ অনুযোগ পাইলেও * গ্রীবা নত করে না, সে হঠাৎ উচ্ছিন্ন হয়, তাহার প্রতিকার হয় না। ২ সাধু জন উন্নতি পাইলে লোকদের আনন্দ হয়; কিন্তু দুষ্ট জন কর্তৃত্ব করিলে লোকেরা দুঃখিত হয় †। ৩ যে জন বিদ্যাতে অনুরক্ত হয়, সে পিতার আনন্দদায়ক হয়; কিন্তু যে কেহ বেশ্যাকে পালন করে, সে আপন ধন অপব্যয় করে। ৪ রাজা সুবিচারদ্বারা রাজ্য সুস্থির করে; কিন্তু উৎকোচগ্রাহি রাজা তাহার বিপর্য্যয় করে। ৫ যে জন আপন প্রতিবাসিকে স্তুতিবাদ করে, সে তাহার পাদ বন্ধন করিবার জন্যে জাল পাতে। ৬ দুষ্ট লোক আপন দুষ্টতাতে ধরা পড়ে; ৭ কিন্তু ধার্ম্মিক আনন্দিত হইয়া গান করে। ধার্ম্মিক লোক দরিদ্রের বিষয়ে বিচার করে; কিন্তু পাপি ৮ লোক তাহা বুঝিতে মনোযোগ করে না। নিন্দকগণ নগরে অগ্নি প্রদান করে; কিন্তু জ্ঞানবান তাহাহইতে ৯ ক্রোধ দূর করে। জ্ঞানবান ও অজ্ঞান উভয়ে বিচার করিলে, রাগ বা হাস্য হউক, তাহাতে শান্তি হয় ১০ না। বধকারিগণ সাধুকে ঘৃণা করে; কিন্তু সরল ১১ লোক তাহার প্রাণরক্ষার চেষ্টা করে। অজ্ঞান লোক তাবৎ মনস্থ প্রকাশ করে, কিন্তু জ্ঞানী উচিত ‡ সময়ের ১২ জন্যে তাহা রাখে। যে রাজা মিথ্যাকথা গ্রাহ্য করে, ১৩ তাহার তাবৎ ভৃত্য পাপিষ্ঠ হইবে। দরিদ্র ও উপদ্রবী পরস্পর সাক্ষাৎ করে, এবং পরমেশ্বর উভয়েরই ১৪ চক্ষু দীপ্তিমান করেন। যে রাজা যথার্থ রূপে দরিদ্রের ১৫ বিচার করে, তাহার সিংহাসন চিরস্থায়ী হয়। দণ্ড ও অনুযোগ জ্ঞান জন্মায়; কিন্তু অশাসিত সন্তান আপন ১৬ মাতার লজ্জাজনক হয়। পাপিলোক বৃদ্ধি পাইলে অনেক দোষ হয়; কিন্তু ধার্ম্মিকগণ তাহাদের অধঃ- ১৭ পতন দেখে। তুমি যদি আপন পুত্রকে শাস্তি দেও, তবে সে তোমাকে শান্তি দিবে এবং মনেতেও আ- ১৮ নন্দ দিবে। সত্য শাস্ত্রের ‖ অভাবে লোক দুষ্ট হয়; কিন্তু যে জন ব্যবস্থা পালন করে, সে ধন্য ১৯ হয়। কথাতে দাসের দমন হয় না, কেননা সে ২০ বুঝিলেও আজ্ঞা মানে না §। তুমি কি হঠাৎবাদিকে দেখিতেছ? বরং তাহার অপেক্ষা মূর্খের বিষয়ে ২১ অধিক প্রত্যাশা আছে। যে জন বাল্যকালাবধি দাসকে সুপ্রতিপালন করে, সে শেষে তা- ২২ হাকে পুত্র তুল্য জ্ঞান করে। রাগি লোক বিরোধ ২৩ জন্মায়, ও ক্রোধি লোক বিস্তর পাপ করে। মনুষ্যের অহঙ্কার তাহাকে অধঃপতন করে, কিন্তু নম্র মন বিশিষ্ট লোক সম্ভ্রম পায়। ২৪ চোরের অংশি লোক আপন প্রাণকে ঘৃণা করে; সে দিব্য করাওনের কথা শুনে, কিন্তু তাহা প্রকাশ করে না। ২৫ মনুষ্যবিষয়ক ভয় মানুষকে ফাঁদে ফেলে; কিন্তু পরমেশ্বরের বিশ্বাসি লোক রক্ষিত হয়। ২৬ অনেকে শাসনকর্ত্তার অনুগ্রহ প্রার্থনা করে; কিন্তু মানুষের বিচার পরমেশ্বরহইতে হয়। ২৭ পাপী ধার্ম্মিকের ঘৃণাস্পদ, ও সরল লোক দুষ্টদের ঘৃণাস্পদ হয়।

৩০ অধ্যায়।

১ আগুরের ধর্ম্মকথা ৭ ও তাহার প্রার্থনা ১০ ও নানা উপদেশ কথা।

১ আগুর্ নামক যাকির পুত্র ঈথীয়েল্‌কে অর্থাৎ ঈথীয়েল্ ও উকল্‌কে এই উপদেশবাক্য কহিয়াছিল। ২ আমি তাবৎ মনুষ্যহইতেও মূর্খ, আমার ৩ মনুষ্যবৎ বুদ্ধি নাই। আমি বিদ্যাভ্যাস করি নাই, ৪ ও ধর্ম্মজ্ঞান বুঝি না। কে স্বর্গারোহণ করিয়া তাহাহইতে নামিয়াছে? এবং কে মুষ্টিদ্বারা বায়ু একত্র করিয়াছে? ও কে বস্ত্রদ্বারা সমুহজল বাঁধিয়াছে? ও কে পৃথিবীর তাবৎ সীমা নিরূপণ করিয়াছে? তাঁহার নাম কি? ও তাঁহার পুত্রের নাম কি? যদি জান, তবে বল। ৫ ঈশ্বরের প্রত্যেক বাক্যই নির্ম্মল, যাহারা তাঁহাতে বিশ্বাস করে, তিনি তাহাদের ঢালস্বরূপ। ৬ তাঁহার কথাতে কিছু যোগ করিও না, নতুবা তোমাকে অনুযোগ করিবেন ও তুমি মিথ্যাবাদী হইবা।

৭ (হে ঈশ্বর,) আমি তোমার কাছে দুই বর প্রার্থনা করি, আমার যাবজ্জীবন তাহা দিতে অস্বীকার করিও না। ৮ অলীকতা ও মিথ্যাকথা আমার নিকটহইতে দূর কর; এবং দরিদ্রতা কিম্বা ধনাঢ্যতা আমাকে না দিয়া উপযুক্ত ভোজ্যদ্বারা আমাকে ভোজন করাও; ৯ নতুবা আমি তৃপ্ত হইয়া তোমাকে অস্বীকার করিয়া বলিব, পরমেশ্বর কে? কিম্বা দরিদ্র হইয়া চুরি করিব ও আমার ঈশ্বরের নাম অনর্থক লইব।

১০ প্রভুর নিকটে দাসের অপবাদ করিও না, নতুবা সে তোমাকে শাপ দিলে তুমি অপরাধী হইবা। ১১ আপন পিতাকে শাপ দেয় ও আপন মাতার মঙ্গল প্রার্থনা করে না, এমত বংশ আছে। ১২ এবং আপনার মল ধৌত না করিলেও আপন দৃষ্টিতে নির্ম্মল হয়, এমত বংশ আছে। ১৩ এবং দৃষ্টি উচ্চ ও চক্ষুর পাতা উচ্চী-

[২৯ অধ্যা; ১] হি ১; ২৪-৩০। ২৮; ১৪॥—[২] ১১; ১০,১১। ২৮; ১২,২৮॥—[৩] ১০; ১। ১৫; ২০। ২৮; ৭॥ [৭] গী ১১২; ৪,৫,৯॥—[৯] য ১১; ১৬-১৯॥—[১০] ১ যো ৩; ১২॥—[১১] হি ১৪; ৩৩॥—[১৩] ২২; ২। য ৫; ৪৪,৪৫॥—[১৪] হি ২০; ২৮॥—[১৫] প ১৭। ২২; ১৫॥—[১৬] গী ৩৭; ৩৪॥—[১৭] প ১৫। হি ২২; ৬,১৫॥ [২০] ২৬; ১২॥—[২২] ১৫; ১৮। ২৬; ২১॥—[২৩] ১৮; ১২॥—[২৪] লে ৫; ১॥—[২৬] হি ১৯; ৬॥

[৩০ অধ্যা; ১] হি ৩১; ১॥—[২,৩] য ১১; ২৫॥—[৪] যুব ৩৮; ৫। গী ১০৪; ২,৩। যিশ ৪০; ১২। য ৩; ১৩। যো ৩; ১৩। ইফ ৪; ১০॥ [৫] গী ১২; ৬। ১৯, ৭-১১॥—[৬] দ্বি ৪; ২। ১২; ৩২। প্র ২২; ১৮॥—[৮] য ৬; ১১॥—[৯] দ্বি ৮; ১২-১৭॥—[১২] প্র ৩; ১৭॥

* (ইব্রু) অনুযোগের মনুষ্য। † (ইব্রু) কোঁকায়। ‡ (বা) অন্য। ‖ (ইব্রু) দর্শন। § (ইব্রু) উত্তর দেয় না।

১৪ কৃত করিয়া থাকে, এমত বংশ আছে। এবং পৃথিবীতে দরিদ্রকে ও মনুষ্যের মধ্যহইতে দীনহীনকে ভক্ষণ করণার্থে যাহাদের দন্ত খড়্গের ন্যায়, ও কসের দন্ত ছুরিকার ন্যায় হয়, এমত বংশ আছে।
১৫ দেওং এই নামে জোঁকের দুই কন্যা আছে; এবং তিন বস্তু কখনো তৃপ্ত হয় না; বরং চারি বস্তু 'প্রচুর হই-
১৬ য়াছে' এ কথা কখনো বলে না; অর্থাৎ পরলোক, ও বন্ধ্যার গর্ব্ভাশয়, ও জলেতে অতৃপ্ত মরুভূমি এবং
১৭ 'প্রচুর হইয়াছে' এই বাক্য অপ্রকাশক অগ্নি। যে চক্ষু আপন পিতাকে পরিহাস করে ও মাতৃ আজ্ঞা তুচ্ছ করে, উপত্যকার কাকেরা তাহা বাহির করিবে,
১৮ ও উৎক্রোশ পক্ষির বৎস তাহা খাইবে। তিন বিষয় আমার জ্ঞানের অগম্য, বরং চারি বিষয়ও
১৯ আমি বুঝিতে পারি না; অর্থাৎ উৎক্রোশ পক্ষির গতি আকাশে, ও সর্পের গতি পর্ব্বতে, ও জহাজের গতি সমুদ্রেতে, এবং পুরুষের গতি যুবতিতে।
২০ ব্যভিচারিণীর গতিও তদ্রূপ; সে খাইয়া মুখ পুছিয়া
২১ বলে, আমি পাপ করি নাই। তিন বস্তুহইতে পৃথিবী
২২ উদ্বিগ্না, বরং চারিও সহিতে পারে না; অর্থাৎ কর্তৃত্বকারি দাসকে, ও ভক্ষ্যেতে পরিতৃপ্ত মূর্খকে;
২৩ ও বিবাহিতা ঘৃণিতা স্ত্রীকে, ও স্বকর্ত্রীর ধনাধিকা-
২৪ রিণী দাসীকে। পৃথিবীতে চারি বস্তু অতি ক্ষুদ্র হই-
২৫ লেও অতি জ্ঞানবান হয়; অর্থাৎ পিপীলিকাগণ শক্তিমান না হইলেও গ্রীষ্মকালে আহার সঞ্চয়
২৬ করে; এবং শাফন্ জন্তুগণ বলবান না হইলেও
২৭ পাষাণ স্থলে গৃহ বাঁধে; পঙ্গপাল ফড়িঙ্গদিগের যদ্যপি রাজা নাই, তথাপি তাহারা বদ্ধসৈন্য হইয়া
২৮ গমন করে; এবং টিকটিকি হস্তপাদদ্বারা ভিত্তি
২৯ ধরে, ও রাজার অট্টালিকাতেও থাকে। আর তিন সুন্দর গমন করে, বরং চারিও সুন্দর রূপে চলে;
৩০ অর্থাৎ জন্তুর মধ্যে বলবান ও কাহারো মুখ দেখিয়া
৩১ ফিরে না, এমত সিংহ; এবং যুদ্ধের* অশ্ব, ও ছাগ,
৩২ ও সমূহপ্রজাবিশিষ্ট রাজা। তুমি যদি অহঙ্কার প্রযুক্ত অজ্ঞানের কর্ম্ম করিয়াছ ও কোন দুশ্চিন্তা করিয়াছ,
৩৩ তবে আপন হস্ত মুখে দেও। কেননা যেমন দুগ্ধ মন্থনেতে নবনীত হয়, ও নাসিকা পীড়নেতে রক্ত বাহির হয়, তেমনি ক্রোধের চালনেতে বিরোধ জন্মে।

৩১ অধ্যায়।

১ লিমূয়েল্ রাজের মাতার উপদেশ কথা ১০ ও উত্তম স্ত্রীর বর্ণনা।

১ লিমূয়েল্ রাজের মাতা তাহাকে যে উপদেশ শিক্ষা
২ দিল, তাহার কথা। হে আমার পুত্র, হে আমার গর্ব্ভজাত বালক, হে আমার মানিত পুত্র, আমি কি
৩ কহিব? তুমি স্ত্রীগণকে আপন শক্তি ও রাজবিনাশ-
৪ কারিণীগণকে আপন গতি দিও না। হে লিমূয়েল্, দ্রাক্ষারসে আসক্ত হওয়া রাজাদের উচিত নয়, এবং সুরাপানে আসক্ত হওয়া নৃপতিদের উচিত নয়।
৫ তাহারা পান করিলে ব্যবস্থা বিস্মৃত হইবে ও সকল
৬ দুঃখি লোকের প্রতি অন্যায় করিবে। মৃতকল্প জনকে সুরা দেও, ও তিক্তমনা লোককে দ্রাক্ষারস
৭ দেও। সে পান করিয়া আপন দীনতা বিস্মৃত হউক,
৮ ও আপনার দুঃখ আর মনে না করুক। বোবা লোকদের জন্যে ও তাবৎ দীনহীন† লোকের বিচারে
৯ আপন মুখ খুল। তুমি মুখ খুলিয়া ধর্ম্ম বিচার কর, এবং দরিদ্র ও দীনহীনদের বিচার কর।

১০ সতী স্ত্রীকে কে পাইতে পারে? পদ্মরাগ মণিহই-
১১ তেও তাহার অধিক মূল্য। তাহার স্বামী মনের সহিত তাহাতে বিশ্বাস করে, ও তাহার লাভের অভাব হয়
১২ না। সে স্বামির মঙ্গল করে; যাবজ্জীবন কখনো
১৩ তাহার অমঙ্গল করে না। সে মেষলোম ও মসিনা অন্বেষণ করে, ও আপন হস্তে স্বেচ্ছাতে সকল কর্ম্ম
১৪ করে। সে বাণিজ্যের জাহাজের ন্যায় দূরহইতে
১৫ আপন খাদ্য সামগ্রী আনয়ন করে। সে রাত্রি থাকিতে উঠিয়া পরিজনদিগকে খাদ্য ও দাসদিগকে
১৬ নিরূপিত কর্ম্ম দেয়। সে ক্ষেত্রের বিষয়ে বিবেচনা করিয়া তাহা ক্রয় করে, ও আপন হস্তের
১৭ ফল দিয়া দ্রাক্ষাক্ষেত্র রোপণ করে। সে বলেতে কটি বন্ধন করে, ও আপন হস্ত বলবান করে।
১৮ সে আপন ব্যবসায়ের উত্তম ফল আস্বাদন
১৯ করে, রাত্রিতে তাহার প্রদীপ নির্ব্বাণ হয় না। সে টেকুয়াদ্বারা আপন হস্তে কর্ম্ম করে, ও হস্ত দিয়া
২০ পাঁজা ধরে; সে দরিদ্রের প্রতি মুক্তহস্ত হয়, ও দীন-
২১ হীনদের প্রতি হস্ত বিস্তার করে। সে শীতকালে পরিবারের বিষয়ে ভয় করে না; কারণ তাহার
২২ তাবৎ পরিজন দুই পুরু‡ বস্ত্র পরিধান করে। সে আপনার নিমিত্তে বিচিত্র আচ্ছাদনবস্ত্র নির্ম্মাণ করে, ও শুক্লপট্ট ও রক্তবর্ণ বস্ত্রে বস্ত্রান্বিতা হয়।
২৩ তাহার স্বামী দেশীয় প্রাচীনদের সহিত বসিয়া বি-
২৪ চারসভাতে পরিচিত হয়। সে মসিনার বস্ত্র প্রস্তুত করিয়া বিক্রয় করে, ও বণিকদের কাছে পটুকা
২৫ বিক্রয় করে। বল ও মর্য্যাদা তাহার বস্ত্রস্বরূপ
২৬ হয়, সে ভবিষ্যৎকালের বিষয়ে আনন্দ করে। সে মুখ খুলিয়া জ্ঞানের কথা কহে, তাহার জিহ্বাগ্রে
২৭ অনুগ্রহের ব্যবস্থা থাকে। সে আপন পরিবারের

[১৫,১৬] হি ২৭; ২০ ॥—[১৭] ২০; ২০ ॥—[২২] ১৯; ১০। ২৮; ৩ ॥—[২৫] ৬; ৬-৮। ১০; ৫ ॥—[২৬] গী ১০৪; ১৮ ॥
[৩৩] যিশ ৩১; ৪ ॥—[৩২] যূব ৪০; ৪। য ৫; ২৫ ॥
[৩১ অধ্য; ১] হি ৩০; ১ ॥—[৩] ৫; ৯ ॥—[৮] হি ২৪; ১১,১২। যূব ২৯; ১১-১৭ ॥—[৯] যিশ ১; ১৭ ॥—[১০] ১২; ৪। ১৮; ২২। ১৯; ১৪ ॥

* (ইব্রী) বলেতে কটিবদ্ধ। † (ইব্রী) বিনাশ্য। ‡ (বা) কৃষ্ণলোহিত।

আচরণে মনোযোগ করে ও আলস্যের খাদ্য খায় ২৮ না। তাহার সন্তানগণ উঠিয়া তাহার ধন্যবাদ করে, ও তাহার স্বামীও তাহার এই রূপ প্রশংসা করে; ২৯ 'অনেক কন্যা ভাল কর্ম্ম করে বটে, কিন্তু তুমি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠা।' লাবণ্য প্রবঞ্চনাজনক, ও সৌন্দর্য্য ৩০ মিথ্যা হয়, কিন্তু যে স্ত্রী পরমেশ্বরহইতে ভীতা হয়, তাহার প্রশংসা হইবে। তাহার হস্তের ফল তাহাকে ৩১ দেও, ও বিচারসভাতে তাহার ক্রিয়ার প্রশংসা হউক।

উপদেশক।

১ অধ্যায়।

১ আভাষ ৪ ও তাবৎ বস্তুর অসারতা ১২ ও তাবৎ কর্ম্মের নিষ্ফলতা।

১ যিরূশালম্ নগরীয় রাজা দায়ূদের পুত্র যে উপদেশক তাহার কথা।

২ উপদেশক কহিতেছে, অসারের অসার, ও অসা৩ রের অসার, তাবৎই অসার। মনুষ্য সূর্য্যের নীচে যে সকল পরিশ্রম করে, তাহাতে তাহার কি লাভ?

৪ এক পুরুষ গত হয়, আর এক পুরুষ আইসে; কিন্তু ৫ পৃথিবী চিরস্থায়িনী। এবং সূর্য্য একবার উদয় পায়, আর বার অস্তগত হয়; পুনর্ব্বার স্বস্থান উদয়াচলে ৬ বেগে গমন করে। এবং বায়ু দক্ষিণ অয়নে গমন করিয়া উত্তর অয়নে ফিরে এবং বার২ ভ্রমণ করে ও ৭ আপন গতি অনুসারে ফিরে। এবং তাবৎ নদী সমুদ্রে প্রবেশ করে, তথাচ সমুদ্র উথলে না; এবং সকল নদী যে স্থানহইতে উৎপন্ন হয়, সেই স্থানে পুনরাগমন ৮ করে। সকলেতেই পরিশ্রম আছে, তাহার বর্ণনা কেহ করিতে পারে না *; দর্শনেতে চক্ষুর তৃপ্তি নাই, ৯ এবং শ্রবণেতে কর্ণেরও তৃপ্তি নাই। যাহা অতীত, তাহাই ভবিষ্যৎ; ও যাহা করা গিয়াছে, তাহাই করা ১০ যাইবে; সূর্য্যের নীচে নূতন কিছু নাই। 'দেখ, ইহা নূতন,' কাহার বিষয়ে এমত কহা যাইতে পারে? সে ১১ অবশ্য গত যুগে আমাদের পূর্ব্বে ছিল। পূর্ব্বের বিষয় কিছু স্মরণে থাকে না; আমরা যাহাকে ভবিষ্যৎ বলিতেছি, তাহা অতি ভবিষ্যৎ কালের লোকদের স্মরণে থাকিবে না।

১২ উপদেশক যে আমি, আমি যিরূশালম নগরে ইস্রায়েল্ বংশীয় রাজা হইলাম। এবং আকাশের নীচে ১৩ যে সকল আছে, সে সকলের তত্ত্ব জানিতে ও জ্ঞানদ্বারা অনুসন্ধান করিতে মনোযোগ করিলাম; ঈশ্বর যে কার্য্যে ব্যস্ত হইতে মনুষ্যসন্তানবর্গকে ভার দিয়াছেন, সে সকলি বড় ক্লেশদায়ক। সূর্য্যের নীচে যে ১৪ কর্ম্ম করা যায়, তাহা সকলি আমি বিবেচনা করিলাম; দেখ, সে সকলি অসার ও আত্মার ক্লেশদায়কমাত্র †। যাহা বক্র, তাহা সোজা করা যায় না; ১৫ এবং যাহার ত্রুটি আছে, তাহাও গণনা করা যায় না। আমি আপন মনের সহিত কথোপকথন করিয়া কহি- ১৬ লাম, দেখ, আমি মহাপদস্থ হইলাম ও যিরূশালম্ নগরস্থ পূর্ব্বকালীয় লোকদের অপেক্ষা অধিক জ্ঞান পাইলাম, এবং আমার মন নানা প্রকার জ্ঞান ও বুদ্ধি প্রাপ্ত হইল। এবং আমি জ্ঞানের তত্ত্ব এবং ১৭ অজ্ঞানতার ও মূর্খতার তত্ত্ব জানিতে মনোযোগ করিলে তাহাও আত্মার ক্লেশদায়কমাত্র † জানিলাম। কেননা ১৮ অনেক জ্ঞানেতে অনেক দুঃখ আছে; এবং যাহার বুদ্ধি বৃদ্ধি পায়, তাহার শোকও বৃদ্ধি পায়।

২ অধ্যায়।

১ সাংসারিক সুখের নিষ্ফলতা ১২ ও আয়ুর অসারতা।

আমি আপন মনকে কহিলাম, 'আইস, আমি এখন ১ আনন্দে তোমাকে পরীক্ষা করি, তুমি সুখভোগ কর;' কিন্তু ‡ তাহাও অসার। হাস্যের প্রতি আমি কহি- ২ লাম, তুমি অজ্ঞান; এবং সুখের প্রতিও কহিলাম, তুমি কি করিতে পার? আকাশের নীচে মনুষ্যসন্তা- ৩ নেরা যে মঙ্গলের নিমিত্তে যাবজ্জীবন পরিশ্রম করে, তাহা জানিবার জন্যে আমি মনেতে জ্ঞান রাখিয়া মদ্য

[১ অধ্য; ১] প ১২। ৪ ৭; ২৭॥—[২] ১২; ৮॥—[৩] ২; ২২। ৩; ৯॥—[৮] হি ২৭; ২০॥—[৯] ৪ ৩; ১৫॥ [১২] প ১॥—[১৩] প ১৭। ১ রা ৪; ২৯-৩৪॥—[১৫] ৪ ৭; ১৩॥—[১৬] ১ রা ৪; ২৯-৩৪॥—[১৭] প ১৩। ৪২; ৩, ১২। ৭; ২৩, ২৫॥

* (বা) এ সকল কথা কহা ক্লেশদায়ক হয়। † (বা) বায়ু আহারমাত্র। ‡ (ইব্রী) দেখ।

পানে আসক্ত হইতে ও অজ্ঞানতাতে মগ্ন হইতে মনস্থ ৪ করিলাম; এবং অনেক ২ ঐশ্বর্য্যের দ্রব্য প্রস্তুত করিলাম, ও আপনার নিমিত্তে অট্টালিকা নির্ম্মাণ করি- ৫ লাম ও দ্রাক্ষাক্ষেত্র প্রস্তুত করিলাম; এবং উদ্যান ও উপবন ও নানা প্রকার ফলবান বৃক্ষ রোপণ করিলাম; ৬ এবং বৃক্ষের উৎপাদক উপবনের সেচন করণার্থে ৭ পুষ্করিণী খনন করিলাম; ও অনেক দাস ও দাসী ক্রয় করিলাম, এবং আমার গৃহেতেও দাস জন্মিল, এবং যিরূশালমস্থ পূর্ব্বকালীয় তাবৎ লোকহইতে আমার ৮ অনেক গোমেষাদি পশুপাল ছিল। এবং আমি রৌপ্য ও সুবর্ণ ও রাজাদের ও রাজ্যের উপযুক্ত বিশেষ ২ ধন সঞ্চয় করিলাম; এবং গায়ক ও গায়িকা ও মনুষ্যদের ৯ তুষ্টিজনিকা পত্নী ও উপপত্নীগণকে* পাইলাম। এই রূপে আমি প্রধান ও যিরূশালমস্থিত পূর্ব্বকালীয় লোক অপেক্ষা উন্নত হইলাম, এবং আমার জ্ঞানও ১০ আমাতে থাকিল। এবং আমার চক্ষু যাহা ইচ্ছা করিল, তাহা দেখিতে আমি তাহাকে নিষেধ করিলাম না; এবং আমার মনকে কোন সুখভোগ করিতে বারণ করিলাম না, তাহাতে তাবৎ পরিশ্রমে আমার যে মানসিক সুখ জন্মিল, সেই মাত্র আমার তাবৎ ১১ পরিশ্রমের ফল হইল। আমি যে ২ কর্ম্মে প্রবৃত্ত হইলাম ও যে ২ পরিশ্রমে পরিশ্রান্ত হইলাম, তাহা বিবেচনা করিলে † সে সকলি অসার ও আত্মার ক্লেশদায়কমাত্র ‡, সূর্য্যের নীচে কিছু লাভ নাই।

১২ পরে জ্ঞান ও উন্মত্ততা ও মূর্খতা জানিতে আমি প্রবৃত্ত হইলাম; আর যে জন রাজার পশ্চাৎ আইসে, সে কি করিবে? যাহা ২ করা গিয়াছিল, তাহাইমাত্র। ১৩ যেমন অন্ধকার অপেক্ষা দীপ্তি উত্তম, তদ্রূপ মূর্খতা ১৪ অপেক্ষা জ্ঞান ভাল, ইহা আমি দেখিলাম। জ্ঞানবানের মস্তকে চক্ষু আছে, কিন্তু অজ্ঞান অন্ধকারে ভ্রমণ করে; তথাপি সকলেরই একরূপ ঘটে, ইহা ১৫ আমি জানিলাম। আমি অন্তঃকরণে বিবেচনা করিলাম, যেমন অজ্ঞানের প্রতি, তেমনি যদি আমার প্রতি ঘটে, তবে আমার অধিক জ্ঞানেতে ফল কি? পরে মনেতে বিবেচনা করিলাম, ইহাও অসার। ১৬ কেননা জ্ঞানবানের বা অজ্ঞানের স্মৃতি চিরকাল থাকে না, ভবিষ্যৎ কালে সকলেই বিস্মৃত হইবে; ১৭ যেমন অজ্ঞান মরে, তদ্রূপ জ্ঞানবানও মরে। অতএব আমি প্রাণধারণে বিরক্ত হইলাম; কেননা সূর্য্যের নীচে আপন কত কার্য্য আমার বড় ক্লেশদায়ক হইল; ১৮ সে সকলি অসার, আত্মার ক্লেশদায়কমাত্র ‡। সূর্য্যের নীচে আমি যে সকল পরিশ্রমে পরিশ্রান্ত হইলাম, সে সকলেতেই বিরক্ত হইলাম; কেননা উত্তরাধিকারি ব্যক্তিকে আপনার সর্ব্বস্ব দিতে হয়। সে ১৯ বুদ্ধিমান হইবে, কি নির্ব্বোধ হইবে, তাহা কে জানে? কিন্তু আমি সূর্য্যের নীচে যে কর্ম্মে পরিশ্রম করিয়া জ্ঞান প্রকাশ করিলাম, ঐ সকল পরিশ্রমের ফলাধিকারী সে হইবে, ইহাও অসার। সূর্য্যের নীচে যে ২০ সকল পরিশ্রমে পরিশ্রান্ত হইলাম, সে সমস্ত বিষয়ে মনের আশা পরিত্যাগ করিতে প্রস্তুত হইলাম। কেননা বুদ্ধি ও জ্ঞান ও নৈপুণ্যদ্বারা এক জন পরিশ্রম ২১ করে, কিন্তু অন্য জন কোন পরিশ্রম না করিয়া তাহার ফলে অধিকারী হয়, ইহাও অসার ও বড় বিপদ। তবে সূর্য্যের নীচে মনুষ্য যে সকল কর্ম্মের পরি- ২২ শ্রমে ও মনের ক্লেশে ক্লান্ত হয়, তাহাতে তাহার কি লাভ? কেননা তাহার তাবৎ দিন দুঃখময়, এবং ২৩ পরিশ্রমে মনস্তাপও আছে, এবং তাহার মন রাত্রিতেও বিশ্রাম পায় না, ইহাও অসার। ভোজন ও ২৪ পান ও নিজ কর্ম্মজাত মঙ্গলেতে আপন মনকে সন্তুষ্ট করা অপেক্ষা মানুষের আর কিছু মঙ্গল হয় না; ইহা ঈশ্বরের হস্তহইতে হয়, তাহা আমি দেখিলাম। আর কে আমাহইতে অধিক ভোজন করিতে ২৫ পারে? ও আমাহইতে কে তাহাতে অধিক উদ্যোগী হইতে পারে? যে জন ঈশ্বরের গোচরে গ্রাহ্য হয়, ২৬ ঈশ্বর তাহাকে জ্ঞান ও বুদ্ধি ও আনন্দ দেন; কিন্তু যে জন পাপী, তাহাকে ঈশ্বরের গ্রাহ্য লোকদের নিমিত্তে ধনসঞ্চয় ও সংগ্রহ করণের পরিশ্রম করিতে দেন, ইহাও অসার ও আত্মার ক্লেশদায়কমাত্র ‡।

৩ অধ্যায়।

১ কালের প্রভেদদ্বারা আয়ুর অসারতা ১৬ ও ঈশ্বরের বিচার ও মনুষ্যের অসারতা।

১ সকল বিষয়েরই সময় আছে ও আকাশের নীচে তাবৎ ২ বিষয় সিদ্ধ করণের কাল আছে। জন্মের এক কাল, ও মৃত্যুর এক কাল; এবং রোপণের এক কাল, ও রো- ৩ পিতের উৎপাটনের এক কাল আছে। এবং বধ করণের এক কাল, ও সুস্থ করণের এক কাল; এবং ভঞ্জ- ৪ নের এক কাল, ও গাঁথনের এক কাল আছে। এবং ক্রন্দনের এক কাল, ও হাস্য করণের এক কাল; এবং বিলাপ করণের এক কাল, ও নৃত্য করণের এক কাল ৫ আছে। এবং প্রস্তর ছড়াওনের এক কাল, ও একত্র করণের এক কাল; এবং আলিঙ্গন করণের এক কাল, ও আলিঙ্গন ত্যাগ করণের এক কাল আছে। ৬ এবং উপার্জ্জন করণের এক কাল, ও ব্যয় করণের এক কাল; এবং রক্ষণের এক কাল, ও নিক্ষেপ

[৪] ১ রা ৬। ৭। ১; ১৫-১৮। পর ৮; ১১॥—[৮] ১ রা ১০; ১৪,২১॥—[৯] ৪ ১; ১৬। ১ রা ১০; ২৩॥—[১১] ৪ ১; ৩,১৪॥—[১২] ১; ১৭॥—[১৪] হি ১৭; ২৪॥—[১৪,১৫] ৪ ৯; ২,৩,১১। গী ৪৯; ১০॥—[১৬] ৪ ১; ১১॥—[১৮] গী ৩৯; ৬। ৪৯; ১০॥—[২২] ৪ ১; ৩। ৩; ৯॥—[২৪] ৩; ১২,১৩। ৫; ১৭,১৮। ৮; ১৫। ১২; ৯। ১ তী ৪; ৪॥ [২৬] যূব ২৭; ১৬,১৭। হি ২৮; ৮॥

* (বা) নানা প্রকার সুস্বর বাদ্য। † (ইব্রু) দেখ। ‡ (বা) বায়ু আহারমাত্র।

৭ করণের এক কাল আছে। এবং চিরণের এক কাল, ও সিঙ্গনের এক কাল; এবং নীরব থাকনের এক ৮ কাল, ও কথা কহনের এক কাল আছে। এবং প্রেম করণের এক কাল, ও ঘৃণা করণের এক কাল; এবং যুদ্ধ করণের এক কাল, ও সন্ধি করণের এক কাল ৯ আছে। কর্ম্মকারি ব্যক্তির পরিশ্রমেতে লাভ কি? ১০ ঈশ্বর মনুষ্যসন্তানদিগকে যে পরিশ্রমে ব্যস্ত হইতে ১১ দেন, তাহা আমি বিবেচনা করিলাম। তিনি সকল দ্রব্যকে স্বকালে শোভাযুক্ত করেন; তিনি লোকদের অন্তঃকরণে এই সংসারের বিষয় সকল* স্থাপিত করেন, এই নিমিত্তে ঈশ্বর যে সকল কর্ম্ম করেন, তাহারা প্রথমাবধি শেষ পর্য্যন্ত তাহার অভিপ্রায় ১২ জানিতে পারে না। যাবজ্জীবন আনন্দ ও সৎকর্ম্ম ব্যতিরেকে মনুষ্যের আর কিছুতেই মঙ্গল নাই, ইহা ১৩ আমি নিশ্চয় জানিলাম। এবং মানুষের ভোজন ও পান ও কর্ম্মজাত মঙ্গলে সন্তুষ্ট হওয়া ইহাও ঈশ্বরের ১৪ দানস্বরূপ হয়। কিন্তু ঈশ্বর যাহা করেন, তাহা নিত্য-স্থায়ী; তাহার আধিক্য কেহ করিতে পারে না, ও তাহার ন্যূনতা কেহ করিতে পারে না; এবং তাঁহার সাক্ষাতে মনুষ্যগণ যেন ভয় করে, এই জন্যে ঈশ্বর ১৫ সে সকল করেন, তাহা আমি নিশ্চয় করিলাম। যাহা আছে, তাহাই ছিল; এবং যাহা হইবে, তাহাই ছিল; এবং যাহা অতীত হইয়াছে, তাহা ঈশ্বর ভবিষ্যৎ করিবেন।

১৬ সূর্য্যের নীচে আমি বিচারের স্থান দেখিলাম, সেখানেও অধর্ম্ম আছে; এবং ধর্ম্মেরও স্থান দেখিলাম, ১৭ কিন্তু সেখানেও অধর্ম্ম আছে। ঈশ্বর অবশ্য ধার্ম্মিকদের ও পাপিদের বিচার করিবেন, কেননা সকল অভিপ্রায় ও সকল কর্ম্ম সিদ্ধ করণের কাল তাঁহার নিরূপিত আছে; ইহা আমি মনে২ নিশ্চয় করি-১৮ লাম। পরে মনুষ্যসন্তানদের অবস্থা বিষয়ে আমি মনে২ ইহা কহিলাম, ঈশ্বর তাহাদের স্বভাব প্রকাশ করেন, ও তাহারা যে পশুবৎ হয়, ইহা তাহাদিগকে ১৯ জ্ঞাত করেন। কেননা মনুষ্যদিগকে যাহা ঘটে, তাহা পশুদিগকেও ঘটে, সকলেরই ঘটনা একরূপ; যেমন ইহারা মরে, তদ্রূপ তাহারাও মরে; সকলেরই জীবাত্মা এক, অতএব পশুহইতে মানুষের কিছু প্রাধান্য ২০ নাই, কেননা সকলি অসার। সকলেই এক স্থানে গমন করে, এবং সকলেই ধূলাহইতে উৎপন্ন হইয়া পুন-২১ র্ব্বার ধূলাতে লীন হয়। মনুষ্যসন্তানদের আত্মা ঊর্দ্ধগামী হয়, ও পশুদের আত্মা পৃথিবীর নীচে ২২ অধোগামী হয়, ইহা কে জানে? অতএব আপন তাবৎ কর্ম্মে আনন্দ করণ অপেক্ষা মনুষ্যের আর কিছু অধিক মঙ্গল নাই, ইহা আমি বোধ করিলাম; কেননা এই তাহার অধিকার। মনুষ্যের মরণের পরে কি ঘটিবে, তাহা দেখিতে কে তাহাকে আনিতে পারে?

৪ অধ্যায়।

১ উপদ্রব ও ঈর্ষ্যা ও আলস্য ও লোভ ও একাকী হওন ও মূর্খতাদ্বারা আয়ুর অসারতা।

১ পরে আমি মন ফিরাইয়া সূর্য্যের নীচে যে সকল উপদ্রব হয়, তাহা বিবেচনা করিতে লাগিলাম। দেখ, উপদ্রুত লোকদের অশ্রুপাত হইতেছে, তাহাদের সান্ত্বনাকর্ত্তা কেহ নাই; এবং উপদ্রবকারি লোকদের হস্তে বল আছে, কিন্তু উপদ্রুতদের সান্ত্বনাকর্ত্তা কেহ ২ নাই। অতএব বর্ত্তমান জীবিত লোকদের অপেক্ষা পূর্ব্বকালের মৃত লোকদিগকে আমি প্রশংসা করি-৩ লাম। কিন্তু যে কেহ অদ্য পর্য্যন্ত জন্মে নাই, এবং সূর্য্যের নীচে যে২ মন্দ কর্ম্ম করা যায় তাহা দেখে নাই, তাহার অবস্থা উভয় লোকহইতেও ভাল।

৪ পরে তাবৎ পরিশ্রম ও কার্য্যার্থ সিদ্ধির নিমিত্তে মনুষ্যেতে আপন প্রতিবাসির ঈর্ষ্যা বর্ত্তে, ইহা দেখিলাম, ইহাও অসার ও আত্মার ক্লেশদায়কমাত্র†। ৫ অজ্ঞান আপন হস্ত জড়সড় করিয়া আপন মাংস ৬ ভোজন করে। পরিশ্রম ও আত্মার ক্লেশদ্বারা প্রাপ্ত দুই মুষ্টি অপেক্ষা শান্তিপূর্ব্বক এক মুষ্টি আহারও ভাল।

৭ তখন আমি মন ফিরাইয়া সূর্য্যের নীচে তাবৎ ৮ অসারতা বিবেচনা করিতে লাগিলাম। এক জন একাকী থাকে, তাহার দ্বিতীয় কেহ নাই, তাহার সন্তান কি ভ্রাতা কেহ নাই, তথাচ সে অসীম পরিশ্রম করে ও তাহার ধনের আশা পূর্ণা হয় না‡; এবং আমি আপনি সুখভোগ করি না? কাহার নিমিত্তে পরিশ্রম করি? এ কথাও সে বলে না; ইহাও অসার ও অতি দুঃখের বিষয়।

৯ এক জনহইতে দুই জন ভাল, কেননা তাহাদের ১০ পরিশ্রমের উত্তম ফল হয়। এবং তাহাদের এক জন পড়িলে‖ অন্য জন আপন সঙ্গিকে উঠাইতে পারে; কিন্তু যদি একাকী পড়ে, তবে তাহার বড় ১১ সন্তাপ, তাহাকে তুলিতে কেহ থাকে না। দুই জন একত্র শয়ন করিলে উষ্ণ হয়, কিন্তু এক জন কি ১২ প্রকারে উষ্ণ হইতে পারে? যদ্যপি কেহ এক জনকে পরাস্ত করিতে পারে, তথাপি দুই জন তাহার বাধা করিবে, এবং ত্রিগুণ রজ্জু শীঘ্র ছিঁড়ে না।

১৩ যে বৃদ্ধ অজ্ঞান রাজা কোন মন্ত্রণা শুনিতে অসম্মত ১৪ হয়, তদপেক্ষা বুদ্ধিমান দরিদ্র বালক ভাল। যদ্যপি

[৩ অধ্যা; ৯] ৪ ১; ৩। ২; ২২॥—[১১] ৮; ১৭। ১ ক ২; ৯,১০। ১৩; ১২॥—[১২,১৩] প ২২। ৪ ২; ২৪। ৮; ১৫॥
[১৪] গী ১১১; ৪,৮॥—[১৫] ৪ ১; ৯॥—[১৬,১৭] ৫; ৮। ৮; ১২,১৩। ২ থি ১; ৫-১০॥—[১৯] গী ৪৯; ১০,১২॥
[২০] আ ২; ৭, ১৯। ৩; ১৯॥—[২২] প ১২,১৩। ৪ ৫; ১০-২০। ৬; ১, ২॥
[৪ অধ্যা; ১] ৪ ৩; ১৬। ৫; ৮॥—[২,৩] যূব ৩; ১১-১৯॥—[৫] হি ১৩; ৪। ২১; ২৫॥—[৬] হি ১৫; ১৬,১৭। ১৭; ১॥

* (ইব্রু) এই জগৎকে। † (ইব্রু) বায়ু আহারমাত্র। ‡ (ইব্রু) তাহার চক্ষু ধনেতে তৃপ্ত নয়। ‖ (ইব্রু) তাহারা পড়িলে।

সে বালক আপন রাজ্যে দরিদ্রভাবে জন্মিল, তথাপি ১৫ সে কারাগারহইতে কর্তৃত্ব করিতে আইসে। পরে ঐ রাজার পরিবর্ত্তে রাজত্ব করিতে উদ্যত ঐ যুবার সহিত সূর্য্যের নীচে ভ্রমণকারি সকল প্রাণিকে দে- ১৬ খিলাম। সেই যুবা যে লোকদের অধ্যক্ষ, তাহারা অসংখ্য হয়; কিন্তু যে সকল লোক পরে আসিবে, তাহারা তাহাতে কিছু আনন্দ করিবে না, ইহাও অসার ও আত্মার ক্লেশদায়কমাত্র।

৫ অধ্যায়।

১ ধর্ম্মে মনুষ্যের ত্রুটি হওন ৮ ও পরাক্রমের অসারতা ১০ ও ধনের অসারতা ১৮ ও সারের নির্ণয়।

১ তুমি ঈশ্বরের মন্দিরে গমন সময়ে সাবধানে চরণ নিক্ষেপ কর, এবং অজ্ঞানদের ন্যায় বলিদান না করিয়া উপদেশ শ্রবণে প্রস্তুত হও; কেননা তাহারা ২ যে মন্দ কর্ম্ম করে, ইহা বিবেচনা করে না। তুমি আপন মুখে অবিবেচনার কথা কহিও না, এবং ঈশ্বরের সাক্ষাতে কথা কহিতে তোমার মন ব্যস্ত না হউক; কেননা ঈশ্বর স্বর্গে ও তুমি পৃথিবীতে, ৩ অতএব তোমার কথা অল্প হউক। যেমন অনেক কার্য্যেতে স্বপ্ন হয়, তদ্রূপ অনেক বাক্যেতে অজ্ঞা- ৪ নের কথোপকথন হয়। ঈশ্বরের নিকটে কিছু মানিলে তাহা দিতে বিলম্ব করিও না, যেহেতুক অজ্ঞান লোকেতে তাঁহার সন্তোষ নাই; যাহা মানিলা, তাহা ৫ পরিশোধ কর। মানিলে না দেওয়া অপেক্ষা বরং ৬ মানন না করা ভাল। এবং 'এই ভ্রান্তি ছিল,' এই কথা যেন দূতের সাক্ষাতে কহিতে না হয়, এই নিমিত্তে তোমার শরীরকে পাপে প্রবৃত্ত করাইতে মুখকে ক্ষমতা দিও না; ঈশ্বর তোমার কথাতে ক্রোধ করিয়া তোমার হস্তের কার্য্য কেন নষ্ট করিবেন? ৭ অনেক স্বপ্ন ও অনেক কথা উভয়ই অতি অসার; অতএব তুমি ঈশ্বরকে ভয় কর।

৮ তুমি দেশেতে দরিদ্রের প্রতি অন্যায়, কিম্বা বিচারের ও ন্যায়ের বৈপরীত্য দেখিলেও অতি আশ্চর্য্য জ্ঞান করিও না, কেননা যিনি মহানহইতেও মহান ও তাহাদের অপেক্ষা প্রধান, তিনি তাহা দেখিতেছেন।

৯ ভূমিহইতে উৎপন্ন বস্তুতে সকলেরই অধিকার; ক্ষেত্রহইতে রাজাও প্রতিপালিত হন।

১০ যে জন রূপা ভাল বাসে, সে রূপাহইতে তৃপ্ত হয় না; ও যে জন ধনবৃদ্ধি ভাল বাসে, সে ধনবৃদ্ধিতে তৃপ্ত ১১ হয় না; ইহাও অসার। ঐশ্বর্য্য বাড়িলে তাহার ভোগকারিগণও বাড়ে; চাক্ষুষসুখ ব্যতিরেকে তাহার স্বামিদের কি লাভ? পরিশ্রমি লোক অধিক বা অল্প ১২ ভোজন করিলেও সুখে নিদ্রা যায়; কিন্তু ধনবানের প্রচুর ধন তাহাকে নিদ্রা যাইতে দেয় না। আপন ১৩ স্বামির ক্ষতির নিমিত্তে ধন সঞ্চিত হয়, সূর্য্যের নীচে আমি এই বড় অমঙ্গল দেখিলাম। কেননা ভারি বি- ১৪ পদে সে ধনের ক্ষয় হয় এবং ঔরসজাত পুত্রকে দিতে তাহার কিছুই ধন থাকে না। সে মাতৃগর্ব্ভহইতে উলঙ্গ ১৫ আইসে; যেমন আইসে তদ্রূপ উলঙ্গভাবেই তথায় যায়, পরিশ্রমদ্বারা প্রাপ্ত কোন বস্তুই হস্তে লইয়া যাইতে পারে না। কিন্তু সে যেমন আইসে, সর্ব্বতো- ১৬ ভাবে তদ্রূপেই যায়, ইহা বড় খেদের বিষয়; বায়ুর নিমিত্তে শ্রম করিলে তাহার কি লাভ? সে যাব- ১৭ জ্জীবন অন্ধকারে ও সমূহ মনস্তাপে ও পীড়াতে ও ক্রোধে ভোজন করে।

১৮ দেখ, আমার বিবেচনা এই, ঈশ্বর মনুষ্যকে সূর্য্যের নীচে শ্রম করিতে যত দিন পরমায়ু দেন, তাবৎ দিন ভোজন ও পান করা ও সেই সকল শ্রমের ফল ভোগ করা উত্তম ও উপযুক্ত, কেননা তাহার সেই অংশ। ১৯ ঈশ্বর ধন ও সম্পত্তি দান করিয়া তাহা ভোগ করিতে ও তাহার অংশ লইতে ও আপন শ্রমে আনন্দ করিতে যাহাকে ক্ষমতা দেন, তাহার ইহাও ঈশ্বরদত্ত। ২০ কেননা ঈশ্বর তাহার মনে আনন্দ জন্মাইলে সে আপন আয়ুর বিষয়ে বিস্তর চিন্তা করিবে না।

৬ অধ্যায়।

১ অভুক্ত ধনের নিষ্ফলতা ৭ ও সুখভোগের অসারতা ১০ ও জীবনের অসারতা।

১ সূর্য্যের নীচে আমি এক দুঃখের বিষয় দেখিলাম, তাহা মনুষ্যদিগের অনেক বার ঘটে। ২ অর্থাৎ ঈশ্বর কাহাকে২ এত ধন ও সম্পত্তি ও সম্ভ্রম দিয়াছেন, যে মনোরথ সিদ্ধি করিতে তাহার কিছু অভাব নাই, তথাচ ঈশ্বর তাহা ভোগ করণের শক্তি তাহাকে দেন নাই, কিন্তু নিঃসম্পর্কীয় লোক তাহা ভোগ করে; ইহা অতি অসার, ও অতি দুঃখের বিষয়। ৩ সে যদি এক শত পুত্রের জন্ম দিয়া অনেক বৎসর বাঁচিয়া দীর্ঘজীবী হয়, এবং তাহার মন যদি সুখেতে তৃপ্ত না হয়, ও তাহার কবর না হয়, তবে আমি বলি, তাহাহইতে বরং গর্ব্ভস্রাবও ভাল। ৪ কেননা সে নিরর্থক আইসে, ও অন্ধকারে গমন করে, ও তাহার নাম অন্ধকারে আচ্ছন্ন হয়। ৫ যদ্যপি গর্ব্ভস্রাব সূর্য্য দেখে নাও কিছুই জানে না, তথাচ ঐ মনুষ্য অপেক্ষা তাহার বিশ্রাম আছে। ৬ সে যদি দুই সহস্র বৎসর

[১৩-১৬] ১ শি ২৮; ১৬,১৭। ২ শি ৫; ১-৩। ১৫; ১৩॥

[৫ অধ্য: ১] হি ১৫; ৮॥—[২] প ৪,৫। ম ৬; ৭,৮॥—[৩] প ৭। ঽ ১০; ১৪॥—[৪,৫] গী ৩৩; ২। দ্বি ২৩; ২১-২৩। হি ২০; ২৫॥—[৬] যা ২৩; ২০,২১। প্রে ৫; ১-১০॥—[৭] প ৩। হি ১০; ১১॥—[৮] ঽ ৩; ১৬,১৭। যূব ২১; ৩০। গী ৮২; ১॥—[১০,১৪] ঽ ৬; ১,২। লূ ১২; ১৩-২১॥—[১৫] যূব ১; ২১। গী ৪৯; ১৭। ১ তী ৬; ৭॥—[১৮-২০] ঽ ৩; ১২,১৩,২২। ৯; ৭-৯॥

[৬ অধ্য; ১,২] ঽ ৫; ১৩,১৪। লূ ১২; ১৬-২১॥—[৩-৫] ঽ ৪; ৩॥

বাঁচে, তথাচ কিছু ভোগ করিতে পারে না, এবং (শেষে) সকলেই কি এক স্থানে যায় না?

৭ মুখের নিমিত্তেই মানুষের তাবৎ পরিশ্রম, কিন্তু ৮ ভোজনেচ্ছা কখনো নিবৃত্ত হয় না। অতএব মূর্খ অপেক্ষা জ্ঞানির কি লাভ? এবং জীবিতদের সাক্ষাতে আচার করিতে জানে এমত দরিদ্রেরই বা কি লাভ? ৯ মনের লালসাহইতে* সাক্ষাৎ ভোগ ভাল, ইহাও অসার ও আত্মার ক্লেশদায়ক মাত্র।

১০ যে জন্মে তাহার নাম করণ পূর্ব্বে হইল, এবং সে যে মনুষ্য (অর্থাৎ ধূলানির্ম্মিত), তাহা আমরা জানি; অতএব সে আপনাহইতে বলবানের সহিত বিরোধ ১১ করিতে সাহস না করুক। অসারতাবর্দ্ধক অনেক ১২ বিষয় আছে, তাহাতে মানুষের কি লাভ? কেননা আপনার অসার জীবনকাল ছায়ার ন্যায় শীঘ্র ক্ষয় করে যে মনুষ্য, তাহার মঙ্গল কি, তাহা কে জানে? এবং মরণের পরে সূর্য্যের নীচে কি ঘটিবে, তাহা তাহাকে কে জানাইতে পারে?

৭ অধ্যায়।

১ সুখ্যাতি ও শোক ও সহিষ্ণুতা ও জ্ঞান প্রভৃতিদ্বারা অসারতার প্রতিকার হওন ২০ ও জ্ঞানের দুষ্প্রাপ্যতা।

১ উত্তম তৈল অপেক্ষা সুখ্যাতি ভাল, এবং জন্মদিন ২ অপেক্ষা মরণ দিন ভাল। এবং ভোজনগৃহে যাওয়া অপেক্ষা বিলাপগৃহে যাওয়া ভাল, তাহা তাবৎ মনুষ্যের শেষগতি হইবে, এবং তাহার বিষয়ে ভাবনা ৩ করা সজীব লোকদের উচিত। হাস্যহইতে শোক ভাল, কারণ মুখের বিষণ্ণতাতে হৃদয় প্রসন্ন হয়। ৪ জ্ঞানিদের মন বিলাপের আলয়ে থাকে, কিন্তু অজ্ঞান- ৫ দের মন আনন্দগৃহে থাকে। অজ্ঞানদের গীত শ্রবণ- ৬ হইতে জ্ঞানিদের অনুযোগ শ্রবণ ভাল। যেমন হাঁড়ির তলায় কাঁটার শব্দ†, অজ্ঞানের হাস্য তদ্রূপ; তাহাও ৭ অসার। উপদ্রব জ্ঞানিদিগকে ব্যস্ত করে, এবং উৎ- ৮ কোচ অন্তঃকরণকে নষ্ট করে। কার্য্যের আরম্ভহইতে তাহার শেষ ভাল, এবং অহঙ্কৃত আত্মা অপেক্ষা ৯ সহিষ্ণু আত্মা ভাল। মনের মধ্যে হঠাৎ ক্রোধ করিও না, কেননা অজ্ঞানদের হৃদয়েতেই ক্রোধ থাকে। ১০ বর্ত্তমান কাল অপেক্ষা পূর্ব্বকাল কেন ভাল ছিল? ইহা কহিও না, কেননা ইহার বিষয়ে জিজ্ঞাসা করাতে ১১ তোমার জ্ঞান প্রকাশ পায় না। পৈতৃকধন অপেক্ষা‡ জ্ঞান ভাল, এবং তাহাতে সূর্য্যদর্শি লোকদের ফল ১২ আছে। ধন যেমন এক আশ্রয়, জ্ঞানও তদ্রূপ এক আশ্রয়; কিন্তু জ্ঞান আপন অধিকারিকে জীবনদান করে, এই তাহার বিশেষ ফল।

১৩ ঈশ্বরের কর্ম্ম দেখ; তিনি যাহা বক্র করিয়াছেন, ১৪ তাহা সরল করিতে কে পারে? সুখের সময়ে আনন্দ কর, এবং দুঃখের সময়ে বিবেচনা কর; কেননা পরে কি ঘটিবে, তাহা যেন মনুষ্য জানিতে না পারে, এই জন্যে ঈশ্বর সুখ ও দুঃখের দিনকে ১৫ পরস্পর অনুগামী করেন। আমি আপন অসার জীবন কালে এই সকল বিবেচনা করিলাম; ধার্ম্মিক লোক কখন২ আপন ধর্ম্মদ্বারা বিনষ্ট হয়, এবং পাপি লোক কখন২ আপনার পাপদ্বারা দীর্ঘজীবী ১৬ হয়। অতিধার্ম্মিক হইও না, ও আপনাকে অতি জ্ঞানী জ্ঞান করিও না; কেন আপনাকে নষ্ট করিবা? ১৭ অতি দুষ্ট ও অতি অজ্ঞান হইও না, আয়ু সম্পূর্ণ না ১৮ হইলে কেন মরিবা? তুমি যদি ইহা গ্রহণ কর, ও উহাহইতে হস্ত না লও, তবে ধন্য হইবা; কেননা যে ঈশ্বরকে ভয় করে, সে উভয় বিপদহইতে মুক্ত ১৯ হইবে। নগরস্থ দশ অধ্যক্ষ যেমন নগরকে, জ্ঞান জ্ঞানবানদিগকে ততোধিক বলবান করে।

২০ পাপ না করিয়া সৎকর্ম্ম করে পৃথিবীতে এমত ২১ ধার্ম্মিক নাই। যত কথা কহা যায়, সকল মানিও না; তাহা করিলে তুমি আপন দাসের মুখে আপন ২২ নিন্দার কথা শুনিবা। কেননা তুমি অন্যকে পুনঃ২ নিন্দা করিয়াছ, তাহা তোমার মন জ্ঞাত আছে। ২৩ আমি জ্ঞানেতে এ সকল পরীক্ষা করিলাম; আমি কহিলাম, আমি জ্ঞানবান হইব, কিন্তু সে আমাহইতে ২৪ দূরে ছিল। যাহা অতি দূর ও অতি গভীর, তাহা ২৫ কে পাইতে পারে? আমি বিদ্যা ও পরিণামদর্শিতাকে জানিতে ও অনুসন্ধান ও অন্বেষণ করিতে, এবং অজ্ঞানের দুষ্টতা ও উন্মত্তের অজ্ঞানতা জানিতে ২৬ মনোযোগ করিলাম। যে স্ত্রীর অন্তঃকরণ ফাঁদ ও জালস্বরূপ, ও যাহার হস্ত শৃঙ্খলস্বরূপ, তাহাকে আমি মৃত্যু অপেক্ষাও ক্লেশদায়ক পাইলাম; যে জন ঈশ্বরের সাক্ষাতে সাধু হয়, সে তাহাহইতে মুক্ত ২৭ হইবে, কিন্তু পাপী তদ্দ্বারা ধরা পড়িবে। উপদেশক কহিতেছে, দেখ, উদ্দেশ পাইবার জন্যে একের পরে এক বিবেচনা করিয়া আমি ইহা পাইলাম; যাহা আমার মন এখন অন্বেষণ করিতেছে, ২৮ তাহা আমি পাই নাই। সহস্র লোকের মধ্যে এক পুরুষকে পাইলাম; কিন্তু এত লোকদের মধ্যে এক

---

[৭] ৪ ৪; ৮। ১ তী ৬; ৮॥—[১০] আ ২; ৭। যিশ ৪৫; ৯॥

[৭ অধ্য; ১] হি ১৫; ৩০। ২২; ১॥—[৩] ২ ক ৭; ১০॥—[৭] দ্বি ১৬; ১৯॥—[৮] হি ১৪; ২৯। ১৬; ৩২॥—[৯] যাক ১; ১৯,২০॥—[১৩] ও ১; ১৫॥—[১৪] ১১; ৮-১০। ১২; ১॥—[১৫] ৮; ১৪। লূ ১৩; ১১-২৬॥—[১৬] ও ১১; ১। যিশ ৫৮; ৫। মী ৬; ৬,৭। য ১১; ১৮,১৯॥—[১৭] গী ৫৫; ২৩॥—[১৮] য ২৩; ২৩॥—[১৯] ও ৯; ১৪,১৫॥ [২০] রো ৩; ১০-১৮॥—[২৪] যূব ২৮; ১৪,২০-২৩॥—[২৫] ও ১; ১৭। ২; ৩, ১২॥—[২৬] হি ৫; ৪,৫। ২২; ১৪॥ [২৮] যূব ৩৩; ২৩। ১ প ২; ২২।

* (ইব্রী) মনের গমন বা ইচ্ছার গমনহইতে। † (বা) চটপট। ‡ (বা) ধনাধিকারের সহিত।

২৯ স্ত্রীকে পাইলাম না। দেখ, ঈশ্বর সরলভাবে মনুষ্যকে সৃষ্টি করিযাছেন, কিন্তু তাহারা অনেক কুকল্পনা অন্বেষণ করিয়াছে।

৮ অধ্যায়।

১ রাজাদিগের সমাদরের কর্ত্তব্যতা ৬ ও উপযুক্ত সময়ে কর্ম্ম করণের কর্ত্তব্যতা ১২ ও ধনের সহিত অধর্ম্ম অপেক্ষা দীনতার সহিত ধর্ম্মের শ্রেষ্ঠতা ১৬ ও ঈশ্বরের কর্ম্মের অসন্ধানীয়তা।

১ জ্ঞানির তুল্য কে আছে? ও তাহার তুল্য কে মর্ম্ম কথা জানে? জ্ঞান মানুষের মুখকে প্রফুল্ল করে, ২ এবং তাহার মুখের নির্ভয়তার বৃদ্ধি করে *। ঈশ্বরের সাক্ষাতে শপথ করণ প্রযুক্ত রাজার আজ্ঞা পালন ৩ কর, আমি এই পরামর্শ দি। তাহার নিকটহইতে ব্যাকুল হইয়া যাইও না, এবং মন্দ বিষয়ে আসক্ত হইও না; কেননা সে যাহা ইচ্ছা করে, তাহাই করিতে ৪ পারে। রাজার আজ্ঞা প্রবল হয়, এবং 'তুমি কি ৫ করিতেছ?' এ কথা তাহাকে কে কহিতে পারে? যে জন আজ্ঞা পালন করে, সে আপদ জানে না; এবং জ্ঞানির মন সময় ও অবকাশ বিবেচনা করে।

৬ সকল অভিপ্রায় সাধনার্থে কাল ও অবকাশ † আছে; তাহাতেও মানুষের অতিশয় দুঃখ হয়। ৭ কেননা কি ঘটিবে, তাহা সে জানে না; ও কি প্রকারে ঘটিবে, তাহা তাহাকে কে জ্ঞাত করিতে পারে? ৮ আত্মাকে নিবারণ করিতে তাহার উপরে কাহারও ক্ষমতা হয় না, মৃত্যুকালেও কাহারও ক্ষমতা হয় না; এবং সেই যুদ্ধহইতে কেহ পলায়ন করিতে পারে না, এবং দুষ্কর্ম্মদ্বারা দুষ্কর্ম্মকারিদের মুক্তি ৯ হইতে পারে না। সূর্য্যের নীচে যত কর্ম্ম হয়, সে সকলি আমি দেখিলাম, ও তাহার প্রতি মনোযোগ করিলাম; যাহাতে এক জন আপন ক্ষতির নিমিত্তে অন্যের শাসন করে, এমত সময় আছে। ১০ যে পাপিগণ ধর্ম্মধামে গমনাগমন করিয়াছিল, তাহারা কবরস্থ হইল; পরে যে নগরে ঐ কর্ম্ম করিয়াছিল, সে স্থানে তাহারা বিস্মৃত হইল, তাহাও ১১ দেখিলাম; ইহাও অসার। পাপ করিয়া ত্বরায় শাস্তি না পাওয়াতে মনুষ্যসন্তানদের মন আরও কুকর্ম্ম করিতে আসক্ত হয়।

১২ যদ্যপি পাপিলোক শত বার দুষ্কর্ম্ম করিয়া দীর্ঘায়ু পায়, তথাপি যাহারা ঈশ্বরকে ভয় করে ও তাঁহার সম্মুখে ভীত হয়, তাহাদের মঙ্গল হইবে, তাহা আমি জানি। কিন্তু পাপি লোকদের কদাচ মঙ্গল হইবে না, ১৩ ও তাহাদের ছায়ারূপ আয়ু বৃদ্ধি পাইবে না, কারণ তাহারা ঈশ্বরের সাক্ষাতে ভীত হয় না। পৃথিবীতে ১৪ এই অসারতা আছে, কখন২ পাপিদের কর্ম্মানুসারিক ফল ধার্ম্মিকদের প্রতি ঘটে, এবং কখন২ ধার্ম্মিকদের কর্ম্মানুসারিক ফল পাপিদের প্রতি ঘটে; এই জন্যে আমি কহিলাম, ইহাও অসার।

১৫ তখন আমি সুখভোগের প্রশংসা করিলাম, কেননা সূর্য্যের নীচে ভোজন ও পান ও আনন্দ করণ ব্যতিরেকে মানুষের আর কিছুই মঙ্গল নাই; সূর্য্যের নীচে ঈশ্বরদত্ত তাবৎ পরমায়ুর মধ্যে মনুষ্যেরা যে পরিশ্রম করে, তাহার এই ফল। দিবারাত্রির মধ্যে ১৬ চক্ষু মুদ্রিত করে না, এমত লোক আছে; এবং আমি জ্ঞান পাইতে ও পৃথিবীতে মনুষ্যদের কৃত পরিশ্রম দেখিতে মনোযোগ করিলে ঈশ্বরের কৃত সমস্ত কর্ম্ম ১৭ অর্থাৎ সূর্য্যের নীচে যে সকল কর্ম্ম করা যায়, তাহা মনুষ্য বুঝিতে পারে না, ইহা দেখিলাম, কেননা মনুষ্য তাহা জানিতে যদি অতিশয় যত্ন করে, তথাপি তাহার উদ্দেশ পায় না; এবং জ্ঞানবান লোক তাহা বুঝিতে বিবেচনা করিলেও তাহার তত্ত্ব পাইতে পারে না।

৯ অধ্যায়।

১ মনুষ্যের মৃত্যুর বশতা ১০ ও ঈশ্বরের কর্ম্মের শ্রেষ্ঠতা ১৩ ও পরাক্রম অপেক্ষা জ্ঞানের শ্রেষ্ঠতা।

১ পরে আমি মনোযোগ করিয়া এই সকল বিষয় বিবেচনা করিলাম, ধার্ম্মিক ও জ্ঞানী ও তাহাদের কার্য্য ঈশ্বরের হস্তগত হওয়াতে অনুপস্থিত বিষয়ে প্রেম কি ঘৃণা কি ঘটিবে, তাহা তাহাদের কেহ জানে না। সক- ২ লের প্রতি সকল বিষয় সমান ঘটে; ধার্ম্মিক কি পাপী এবং সৎ (কি অসৎ) ও শুচি কি অশুচি ও যজ্ঞকারী কি অযজ্ঞকারী, তাবতের প্রতি একরূপ ঘটনা হয়; সদাচারের প্রতি যেমন, কদাচারের প্রতিও তদ্রূপ; এবং শপথকারির প্রতি যেমন, শপথে ভয়কারির প্রতিও তদ্রূপ ঘটে। সকলের প্রতি সমান ঘটনা হয়, ৩ সূর্য্যের নীচে যত কর্ম্ম করা যায়, তাহার মধ্যে এই বড় দুঃখের বিষয়; মনুষ্যসন্তানদের মন পাপেতে পরিপূর্ণ, এবং জীবদ্দশাতে তাহাদের মনের মধ্যে উন্মত্ততা থাকে, তাহার পরে মৃতদের নিকটে গমন

---

[২৯] আ ১; ২৭। ৩; ৬,৭। ৮; ২১॥

[৮ অধ্য; ১] হি ৩; ১৬,১৭। ১৭; ২৭॥—[২] হি ২৪; ২১। যিহি ১৭; ১৮,১৯। রো ১৩; ৬॥—[৩] ৬ ১০; ৪॥ [৫] রো ১৩; ৩॥—[৬] ৬ ৩; ১॥—[৭] ১০; ১৪॥—[৮] গী ৪৯; ৬-৯। যিশ ৫১; ৭,৮। য ১০; ২৮॥—[১০] প ১৪। ৬ ৭; ১৫॥—[১১] যিশ ৫; ১৯। ২ পি ৩; ৩,৪,৮,৯॥—[১২,১৩] গী ৩৭। ৭৩। লূ ১৬; ১৯-৩১। রো ২; ৩-১০। ২ক ৪; ১৭,১৮॥—[১৪] প ১০। ৬ ৭; ১৫॥—[১৫] ২; ৭-৯। য ৫; ১১,১২। ৬; ২৫-৩৫। ফিল ৪; ৬,১১॥—[১৭] ৬ ৩; ১১। ১১; ১৫। যুব ১১; ৭-৯। ২৬; ২৪। রো ১১; ৩৩॥

[৯ অধ্য; ১] ৬ ৫; ৮॥—[২,৩] ২; ১৪,১৫॥

* (বা) কিন্তু মুখের প্রগল্‌ভতা ঘৃণিত হয়। † (বা) উপায়।

৪ করে। যে জন তাবৎ জীবৎ লোকের মধ্যে রক্ষিত* হয় তাহারই প্রত্যাশা আছে, কেননা মৃত সিংহ ৫ অপেক্ষা বরং জীবৎ কুক্কুরও ভাল। আর আপনাদের মৃত্যু হইবে, ইহা জীবৎ লোকেরা জানে; কিন্তু মৃত লোকেরা কিছুই জানে না, এবং তাহাদের আর ৬ কোন ফলও হয় না, তাহাদের স্মরণ লুপ্ত হয়। এবং তাহাদের প্রেম ও ঘৃণা ও মাৎসর্য্য সকলি বিনষ্ট হয়; সূর্য্যের নীচস্থ সংসারে যে কোন কর্ম্ম করা যায়, ৭ তাহাতে তাহাদের আর অধিকার থাকে না। তুমি যাও, আনন্দ করিয়া আপন খাদ্য ভোজন কর ও হৃষ্ট মনে আপনার দ্রাক্ষারস পান কর, কেননা এখন ঈশ্বর ৮ তোমার কার্য্য গ্রাহ্য করেন। তোমার বস্ত্র সর্ব্বদা শুক্লবর্ণ হউক, ও তোমার মস্তকের তৈলের অকুলান ৯ না হউক। সূর্য্যের নীচে ঈশ্বর তোমাকে পরমায়ুর যে অসার দিন দেন, তাহাতে আপন প্রিয় ভার্য্যার সহিত আনন্দ কর, কেননা সূর্য্যের নীচে তুমি যে পরিশ্রমে আপন তাবৎ অসার দিন যাপন করিতেছ, ১০ তাহাতে এই তোমার অধিকার। তুমি যে২ কর্ম্মে তৎপর † হও, তাহা যত্ন পূর্ব্বক কর; কেননা তুমি যে স্থানে যাইতেছ, সেই কবরে ‡ কোন কার্য্য কি উপায় কি বুদ্ধি কি জ্ঞান কিছুই নাই।

১১ আমি মন ফিরাইয়া সূর্য্যের নীচে ইহা দেখিলাম; বেগগামি লোক পণ পায় না, ও পরাক্রমি লোক জয় পায় না, এবং জ্ঞানবান অন্ন, ও বুদ্ধিমান ধন, ও পণ্ডিত অনুগ্রহ পায় না, কিন্তু সকলের প্রতি সময় ১২ ও দৈবঘটনা ঘটে। মনুষ্য আপন কাল জানে না; যেমন মৎস্যগণ দুঃখদায়ক জালেতে পতিত হয়, ও পক্ষিগণ যেমন ফাঁদে ধৃত হয়, তদ্রূপ বিপদ অকস্মাৎ উপস্থিত হইলে মনুষ্যসন্তানেরা ধৃত হয়।

১৩ সূর্য্যের নীচে আমি আর এক জ্ঞানের বিষয় দেখি- ১৪ লাম, তাহা আমার দৃষ্টিতে শ্রেষ্ঠ বোধ হইল। কোন প্রধান রাজা অল্পলোক বিশিষ্ট এক ক্ষুদ্র নগরে আসিয়া সৈন্যদ্বারা তাহা বেষ্টন করিয়া তাহার ১৫ বিরুদ্ধে বড় দুর্গ নির্ম্মাণ করিল। ঐ নগরের মধ্যে এক দরিদ্র জ্ঞানী ছিল; সে আপন জ্ঞানদ্বারা নগর রক্ষা করিল, কিন্তু পরে সেই দরিদ্র মনুষ্যকে ১৬ কেহই স্মরণ করিল না। যদ্যপি দরিদ্রের জ্ঞান অতি হেয় ও তাহার কথা কেহ মানে না, তথাপি ১৭ আমি কহিলাম, বলহইতে জ্ঞান শ্রেষ্ঠ হয়। অজ্ঞান রাজার উচ্চৈঃস্বর অপেক্ষা জ্ঞানির ক্ষুদ্র স্বর মান্য ১৮ হয়। যুদ্ধের অস্ত্র অপেক্ষাও জ্ঞান শ্রেষ্ঠ, কিন্তু এক অপরাধী অনেকের মঙ্গল নষ্ট করে।

১০ অধ্যায়।

১ জ্ঞান ও অজ্ঞানতার বিষয়ে উপদেশ কথা ১৬ ও রাজাদের বিষয়ে কথা।

১ যেমন মৃত মক্ষিকা বণিকের গন্ধদ্রব্যকে দুর্গন্ধ ও বিকৃত করে, অল্প অজ্ঞানতা জ্ঞান ও সম্ভ্রম বিশিষ্ট ২ লোককে তদ্রূপ করে। জ্ঞানির জ্ঞান ‖ দক্ষিণ হস্তে, ৩ কিন্তু মূর্খের জ্ঞান ‖ বাম হস্তে থাকে। অজ্ঞান যে পথে গমন করে, সে পথে অজ্ঞানতা প্রকাশ করে, এবং আমিই অজ্ঞান, ইহা সকলের কাছে প্রকাশ ৪ করে। যদ্যপি তোমার বিষয়ে শাসনকর্ত্তার মনে ক্রোধ জন্মে, তথাপি আপন স্থান ছাড়িও না, কেননা ৫ নম্রতা মহৎ দোষের শান্তি করে। শাসনকর্ত্তার ভ্রমহইতে এক মন্দ বিষয় জন্মে, ইহা আমি সূর্য্যের ৬ নীচে দেখিলাম। অজ্ঞান অতি উচ্চপদে স্থাপিত হয়, ৭ এবং ধনবান নীচপদে বৈসে। এবং দাস অশ্বারূঢ় হয়, ও নৃপতি দাসের ন্যায় পদব্রজে গমন করে; ৮ ইহাও আমি দেখিলাম। খাত খননকারী আপন খাতে ৯ পতিত হয়, ও বেড়া ভগ্নকারী সর্পদংশিত হয়। যে জন প্রস্তর ছুড়ে, সে তাহাতেই আহত হয়; ও যে কেহ কাষ্ঠ কাটে, তাহার তাহাতেই আপদ ঘটে। ১০ ধারশূন্য লৌহাস্ত্র শাণ না দিলে অধিক বল প্রয়োজন হয়, কিন্তু কর্ম্ম সিদ্ধ করিতে জ্ঞান ফলদায়ক হয়। ১১ মন্ত্র না পড়াতে যদি সর্প দংশন করে §, তবে পরে ১২ মন্ত্রপাঠকের কিছু ফল হয় না। জ্ঞানবানের মুখের কথাদ্বারা অনুগ্রহ লাভ হয়, কিন্তু অজ্ঞানের মুখ ১৩ তাহাকে গ্রাস করে। তাহার মুখের কথার আরম্ভই অজ্ঞানতা, ও তাহার শেষ দুঃখদায়ি উন্মত্ততা থাকে। ১৪ অজ্ঞান লোক অনেক কথা কহে, কিন্তু পরে কি ১৫ হইবে, তাহা কেহই জানে না। কেননা পরে কি ঘটিবে, তাহা তাহাকে কে জানাইতে পারে? অজ্ঞান আপন কর্ম্মে আপনাকে পরিশ্রান্ত করে, কেননা নগরে কি রূপে যাইতে হয়, তাহা সে জানে না।

১৬ হে দেশ, তোমার রাজা যদি বালক হয়, ও অধ্যক্ষগণ যদি প্রত্যূষে ভোজন করে, তবে তোমার সন্তাপ ১৭ হইবে। কিন্তু হে দেশ, কুলীনের পুত্র যদি তোমার রাজা হয়, এবং অধ্যক্ষগণ মত্ততার নিমিত্তে না করিয়া যদি বলের নিমিত্তে উপযুক্ত সময়ে ভোজন করে, ১৮ তবে তুমি ধন্য হইবা। আলস্যদ্বারা কড়িকাষ্ঠ ক্ষয় ১৯ পায়, ও হস্তের শৈথিল্যেতে ঘরছেঁদা হয়। আমোদের নিমিত্তে ভোজ প্রস্তুত হয়, এবং জীবৎ লোকের আনন্দ জন্মাইতে দ্রাক্ষারস হয়, কিন্তু ধন এই ২০ সকলেরই সাধনকর্ত্তা। মনে২ রাজার নিন্দা করিও

[৭-৯] উ ০; ১২,১৩,২২। ৮; ১৫॥—[১০] ১১; ৬। ইফ ৫; ১৫, ১৬॥—[১১] গী২০; ৭,৮। ৩৩; ১৬,১৭।১৪৭; ১০। রো৯; ১৬। ১ক ৩; ৭॥—[১৪,১৫] ২শি ২০; ১৬-২২। হি ২১; ২২॥—[১৬]প ১৮। হি ২৪; ৫। উ ৭; ১৯॥—[১৮] প ১৩॥ [১০ অধ্য; ১] ১ক ৫; ৬॥—[৩] হি ১৩; ১৬॥—[৪] উ ৮; ৩॥—[৭] হি ১৯; ১০। ৩০; ২২॥—[৮,৯] হি ২৬; ২৭॥ [১২] হি ১০; ৩২। ১৮; ৪,৭॥—[১৪] উ ৫; ৩॥—[১৬] যিশ ৩; ৪,১২। ৫; ১১,১২॥—[২০] যা ২২; ২৮॥

* (বা) যুক্ত। † (ইব্রু) হস্ত পায়। ‡ (ইব্রু) পরলোকে। ‖ (ইব্রু) অন্তঃকরণ। § (বা) মন্ত্র বিনা সর্প দংশন করে তদ্বৎ বাচাল।

না, এবং আপনার গুপ্ত শয়নস্থানেও ধনির নিন্দা করিও না; কেননা আকাশের পক্ষী সেই শব্দ লইয়া যায়, ও পক্ষবিশিষ্ট জীব সেই কথা প্রকাশ করে।

১১ অধ্যায়।

১ সাবধানতা ও দাতৃত্ববিষয়ে উপদেশ ৭ ও যৌবনকালের অসারতা।

১ বৃষ্টির পূর্ব্বে * ধান্যের বীজ বপন কর, তাহাতে ২ অনেক দিনের পরে ফল পাইবা। সাত জনকে বরং আট জনকে বিতরণ কর, কেননা পৃথিবীতে কি২ আ-৩ পদ ঘটিবে, তাহা তুমি জান না। মেঘগণ যদি বৃষ্টিতে পূর্ণ হয়, তবে পৃথিবীতে তাহা প্রদান করে; এবং বৃক্ষ যদি দক্ষিণে কিম্বা উত্তরে পড়ে, তবে যে দিগে ৪ পড়ে, সেই দিগে থাকে। যে জন বায়ুর গতি মানে, সে বীজ বপন করে না; এবং যে কেহ মেঘের গতি ৫ মানে, সে শস্য কাটে না। তুমি যেমন বায়ুর † গতি ও গর্ব্ভবতীর উদরস্থ অস্থির বৃদ্ধি জান না; তদ্রূপ তুমি সকলের সৃষ্টিকর্ত্তা ঈশ্বরের কর্ম্মও জান না। ৬ তুমি প্রাতঃকালে বীজ বপন কর, এবং সায়ংকালেও হস্ত নিবৃত্ত করিও না; কেননা ইহা সফল হইবে, কি উহা সফল হইবে, কিম্বা উভয় সমান উত্তম হইবে, তাহা তুমি জান না।

৭ আলো মিষ্ট, এবং চক্ষুতে সূর্য্যদর্শনও ভাল। ৮ যদ্যপি কেহ অনেক বৎসর বাঁচে ও তাবৎ বিষয়ে আনন্দিত হয়, তথাপি অন্ধকারের দিন মনে রাখুক; কেননা সেই দিন অনেক হইবে; ও যাহা ৯ উপস্থিত হইবে, সে সকলি অসার হইবে। হে যুবলোক, তুমি আপন যৌবনাবস্থাতে আনন্দ কর, ও যৌবনকালে তোমার চিত্ত তোমাকে আহ্লাদিত করুক, ও তুমি মনের গতিতে চল, ও আপন চক্ষুর অভিলাষানুসারে আচরণ কর; কিন্তু এই সকল ধরিয়া ঈশ্বর তোমার বিচার করিবেন, ইহা জ্ঞাত ১০ হও। অতএব আপন মনহইতে ক্রোধ দূর কর, ও শরীরহইতে অপবিত্রতা ত্যাগ কর, কেননা বালককাল ও যৌবনকাল ‡ উভয়ই অসার।

১২ অধ্যায়।

১ বার্দ্ধক্যের দুঃখের পূর্ব্বে ঈশ্বরের সেবা করণের আবশ্যকতা ৮ ও ঈশ্বরের প্রতি ভয় করণের সারতা।

১ আপন যৌবনাবস্থাতে আপন সৃষ্টিকর্ত্তাকে স্মরণ কর, যেহেতুক দুঃসময় আসিতেছে, অর্থাৎ যে বৎসরে তুমি বলিবা, 'ইহাতে আমার কিছু সন্তোষ হয় ২ না,' সেই বৎসর নিকট হইতেছে। তৎকালে সূর্য্য ও দীপ্তি ও চন্দ্র ও তারাগণ অন্ধকারময় হইবে, এবং ৩ বৃষ্টির পরে পুনর্ব্বার মেঘাড়ম্বর হইবে। সেই দিনে গৃহের রক্ষকেরা কম্পিত হইবে, ও পরাক্রমিগণ নত হইবে, ও পেষকেরা অল্প হইয়া কর্ম্ম ত্যাগ করিবে, ও গবাক্ষ দৃষ্টিকারিণী অন্ধীভূতা হইবে; ৪ এবং পথের দ্বার রুদ্ধ হইবে, ও যাঁতার শব্দ অতি সূক্ষ্ম হইবে, এবং পক্ষির রবেতে উত্থান হইবে, ও বাদ্যকারী কন্যাগণ ক্ষীণ হইবে; এবং উচ্চস্থান-৫ হইতে ভয় হইবে, ও পথেও ভয় হইবে, ও বাদাম বৃক্ষ পুষ্পিত হইবে, ও ফড়িঙ্গ আপন ভারে ভারগ্রস্ত হইবে, এবং বুভুক্ষা থাকিবে না, এবং মানুষ আপন দীর্ঘ বাসস্থানে যাইবে, এবং শোককারিগণ ৬ পথে ভ্রমণ করিবে। এবং সেই সময়ে রূপার তার নরম হইবে, ও সুবর্ণের বাটী ভগ্ন হইবে, এবং উনুইতে কলস ভঙ্গ হইবে, ও কূপে চক্র ভগ্ন হইবে। ৭ এবং ধূলা পূর্ব্বাবস্থার ন্যায় মৃত্তিকাতে লীন হইবে; এবং আত্মাদাতা ঈশ্বরের কাছে আত্মা প্রত্যাগমন করিবে।

৮ উপদেশক কহিতেছে, অসারের অসার, সকলি ৯ অসার। উপদেশক আরো জ্ঞানী হইয়া নিত্য২ লোকদিগকে জ্ঞানশিক্ষা করাইত, এবং মনোযোগ ও বিবেচনা করিয়া অনেক হিতোপদেশের বাক্য ১০ বিন্যাস করিত, এবং মনোহর বাক্য পাইতে অনুসন্ধান করিত; যে বাক্য লিখিত আছে, তাহা যথার্থ ১১ ও সত্য। জ্ঞানবানের বাক্য অঙ্কুশস্বরূপ, ও সভাধ্যক্ষ ‖ বদ্ধ প্রেকস্বরূপ, এবং এক পালকদ্বারা সকল ১২ দত্ত হইয়াছে। হে আমার পুত্র, তুমি এই বিষয়ে উপদেশ গ্রহণ কর, পুস্তকের রচনাতে কিছুই শেষ হয় না, এবং অনেক অভ্যাসেও শরীরের পরিশ্রম ১৩ আছে। আইস, আমরা তাবতের সারকথা শুনি, 'ঈশ্বরকে ভয় কর, ও তাঁহার আজ্ঞা পালন কর,' ১৪ মানুষের এইমাত্র সার। কেননা ঈশ্বর তাবৎ ক্রিয়া ও ভাল মন্দ তাবৎ গুপ্ত কথা বিচারে আনিবেন।

[১১ অধ্য; ১] যিশ ৩২; ২০। ২ ক ৯; ৬।।—[২] লূ ১৬; ৯।।—[৫] ও ৩; ১১। ৮; ১৭। গী ১৩৯; ১৪-১৬। যো ৩; ৮।।—[৬] ৪ ৯; ১০।।—[৮] ৭; ১৪।।—[৯,১০] ১২; ১৪। ইফ ৬; ৪। ফিল ৪; ৪-৬। ১ তী ৪; ৪,৫।।

[১২ অধ্য; ১] ১ বং ২৮; ৯। গী ৭১; ৫,৬,৯,১৭,১৮।।—[২-৫] ২ শি ১৯; ৩৫।।—[৭] আ ২; ৭। ৩; ১৯। যূব ৩৪; ১৪,১৫। গী ৩১; ১৫।।—[১৩] দ্বি ১০; ১২,১৩। ৩০; ১৫-২০। মী ৬; ৮।।—[১৪] ৪ ১১; ৯। ম ১২; ৩৬। ২ ক ৫; ১০।।

*(বা) জলের ওপরে। † (বা) আত্মার। ‡ (ইব্রী) অরুণোদয়। ‖ (বা) অধ্যক্ষদ্বারা।

সুলেমান্‌লিখিত

পরম গীত।

১ অধ্যায়।

খ্রীষ্টের প্রতি মণ্ডলীর প্রেম ইত্যাদি।

স্থলেমানের পরম গীত।

১ আপনি আপন ওষ্ঠাধরদ্বারা আমাকে চুম্বন করুণ। ২ কেননা তোমার প্রেম দ্রাক্ষারসহইতেও উত্তম। ঢালিত ৩ সুগন্ধির ন্যায় যে তোমার নাম, ও তোমার সুগন্ধি দ্রব্যের যে সৌরভ, তন্নিমিত্তে কন্যাগণ তোমাকে ৪ প্রেম করে। আমাকে আকর্ষণ কর; আমরা তোমার পশ্চাদ্গমন করিব। রাজা আপন অন্তঃপুরে আমাকে আনিয়াছেন। আমরা তোমার বিষয়ে আনন্দিত ও উল্লাসিত হইব, ও দ্রাক্ষারসহইতেও তোমার প্রেমের অধিক প্রশংসা করিব। সাধুগণ তোমাকে প্রেম করে।

৫ হে যিরূশালমের কন্যাগণ,আমি যদ্যপি কৃষ্ণবর্ণা, তথাপি কেদরের তাম্বু ও সুলেমানের ব্যবধানবস্ত্রের ৬ তুল্য সুন্দরী। আমি কৃষ্ণবর্ণা, সূর্য্য আমাকে বিবর্ণ করিয়াছে, একারণ আমাতে কুদৃষ্টি করিও না; আমার মাতৃপুত্রগণ আমার প্রতি কুপিত হইল; তাহারা আমাকে দ্রাক্ষাক্ষেত্রের রক্ষিকা করিয়াছিল, কিন্তু আমি আপনার দ্রাক্ষাক্ষেত্রও রক্ষা করি নাই।

৭ হে আমার প্রাণ প্রিয়তম, তুমি যে স্থানে আপন পাল চরাইতেছ ও মধ্যাহ্নকালে তাহাদিগকে যেখানে শয়ন করাইতেছ, সেস্থান আমাকে জ্ঞাত কর; আমি তোমার বন্ধুগণের পালের নিকটে তোমার নিঃসম্পর্কীয়* লোকদের ন্যায় কেন হইব?

৮ "হে নারীর মধ্যে পরম সুন্দরি, তুমি যদি তাহা না জান, তবে এই পালের পদচিহ্ন ধরিয়া গমন কর, এবং তোমার ছাগীর শাবকদিগকে পালকদের তাম্বুর নিকটে চরাও।"

৯ 'হে আমার প্রিয়তমে, আমি ফিরৌণ রাজের ১০ রথের অশ্বের সহিত তোমার উপমা দিতেছি। রত্নশ্রেণীদ্বারা তোমার কপাল ও মুক্তার হারদ্বারা ১১ তোমার গলদেশ শোভাযুক্ত হইয়াছে। আমরা তোমার নিমিত্তে রূপার গ্রন্থিবিশিষ্ট সুবর্ণ হার আরো প্রস্তুত করিব।'

১২ যে সময়ে রাজা সভাতে বসেন, তৎকালে আমার ১৩ জটামাংসীর সৌরভ বিস্তারিত হইবে। আমার প্রিয় ব্যক্তি কর্পূর বৃক্ষের গুচ্ছস্বরূপ, তিনি রাত্রিতে আমার ১৪ বক্ষঃস্থলে শয়ন করিবেন। আমার প্রিয় আমার কাছে ঐন্‌গিদীর দ্রাক্ষাক্ষেত্রের এক গুচ্ছস্বরূপ।

১৫ '† হে আমার প্রিয়ে, তুমি সুন্দরী ও † পরমসুন্দরী আছ; কপোতের চক্ষুর ন্যায় তোমার চক্ষু।'

১৬ † হে আমার প্রিয়, তুমিও পরমসুন্দর ও সুখদায়ী, ১৭ আমাদের শয্যা হরিদ্বর্ণ। আমাদের গৃহে এরস্ কাষ্ঠের কড়ি ও দেবদারুকাষ্ঠের বরগা আছে।

২ অধ্যায়।

খ্রীষ্টের ও মণ্ডলীর পরস্পর প্রেম ইত্যাদি।

১ আমি শারোণের গোলাব ও ক্ষেত্রের শোশন্ পুষ্পস্বরূপ।

২ 'যেমন কণ্টকের মধ্যে শোশন্ পুষ্প, যুবতিদের মধ্যে আমার প্রিয়া তদ্রূপ।'

৩ বনবৃক্ষের মধ্যে যেমন তপূহবৃক্ষ, যুবদের মধ্যে আমার প্রিয় তদ্রূপ; আমি পরমানন্দিতা হইয়া তাহার ছায়াতে বসিলাম, ও তাহার ফল আমার মুখে সুস্বাদু ৪ লাগিল। তিনি আমাকে ভোজন পানের শালাতে লইয়া গেলেন, এবং আমার উপরিস্থিত তাঁহার ৫ প্রেমরূপ ধ্বজ থাকিল। দ্রাক্ষাপূপদ্বারা আমাকে তৃপ্ত কর, ও তপূহফলদ্বারা আমাকে সান্ত্বনা কর; ৬ কেননা আমি প্রেমেতে পীড়িতা আছি। তাঁহার বাম হস্ত আমার মস্তকের নীচে থাকুক‡, ও তাঁহার দক্ষিণ হস্ত আমাকে আলিঙ্গন করুক‖।

[১ অধ্য] ১ রা ৪ ; ৩২। গী ৪৫। যিশ ৫৪ ; ৫,৬। ৬২ ; ৪,৫। যিহি ১৬ ; ৬০-৬৩। হো ২ ; ১৪-২০। ইফ ৫ ; ২৩-৩২। প্র ১৯ ; ৭-৯॥—[২] পর ৪ ; ১০॥—[৪] গী ৪৫ ; ১৪,১৫॥—[৯] ২ বং ১ ; ১৬,১৭॥—[১৫] পর ৪ ; ১। ৫ ; ১২॥

[২ অধ্য ; ৬] পর ৮ ; ৩॥

* (বা) আবৃত বা ক্ষীণ। † (ইব্রি) দেখ। ‡ (বা) আছে। ‖ (বা) করে।

৭ 'হে যিরূশালমের কন্যাগণ, আমি মৃগ ও ক্ষেত্রের হরিণদিগকে সাক্ষী করিয়া তোমাদিগকে এই শপথ করাই; আমার প্রিয়া যাবৎ উঠিতে না চাহেন, তাবৎ তাঁহাকে উঠাইও না, ও জাগ্রৎ করিও না।'

৮ ঐ আমার প্রিয়ের রব; দেখ, তিনি পর্ব্বতকে উল্লঙ্ঘন করিয়া উপপর্ব্বতের উপরে দৌড়িয়া আসি-৯ তেছেন। আমার প্রিয় মৃগের ও যুবহরিণের সদৃশ; দেখ, তিনি আমাদের প্রাচীরের পশ্চাৎ দণ্ডায়মান আছেন, ও গবাক্ষের মধ্য দিয়া দেখিতেছেন, ও ১০ জালদিয়া আপনাকে দেখাইতেছেন। আমার প্রিয় কথা আরম্ভ করিয়া আমাকে কহিলেন।

১১ 'হে আমার প্রিয়ে, হে সুন্দরি, গাত্রোত্থান কর, আইস। দেখ, শীতকাল অতীত ও বৃষ্টির সময় ১২ অবশেষ হইয়া গত হইয়াছে। ক্ষেত্রেতে পুষ্প সকল প্রস্ফুটিত আছে, ও পক্ষির গানের সময় ১৩ হইয়াছে; আমাদের দেশে ঘুঘুর রব শুনা যায়। ডুম্বুরবৃক্ষের ফল সুপক্ক হইতেছে ও দ্রাক্ষাপুষ্পের সৌরভ বিস্তারিত হইতেছে। হে আমার প্রিয়ে, হে ১৪ আমার রূপবতি, তুমি উঠিয়া আইস। হে আমার কপোতি, পর্ব্বতাশ্রয়ে ও শৃঙ্গের গুপ্ত স্থানে তোমার মুখ দর্শন করিতে ও তোমার কথা শুনিতে আমাকে দেও, কেননা তোমার কথা সুস্বাদু ও তোমার মুখ অতি সুন্দর।'

১৫ শৃগালদিগকে অর্থাৎ যে ক্ষুদ্র শৃগাল সকল দ্রাক্ষালতা নষ্ট করে, তাহাদিগকে ধর, যেহেতুক আমাদের লতাতে পুষ্প আছে।

১৬ আমার প্রিয় আমারি, ও আমি তাঁহারি; তিনি শোশন্ পুষ্পের ক্ষেত্র মধ্যে চরেন; হে আমার প্রিয়, যাবৎ প্রভাত না হয়, ও ছায়া পলায়ন না করে, তাবৎ তুমি আমার কাছে ফিরিয়া আইস, এবং শৃঙ্গময় পর্ব্বতের উপরিস্থিত মৃগ ও যুবহরিণের সদৃশ হও।

৩ অধ্যায়।

মণ্ডলীর দুঃখ হওন ও খ্রীষ্টের শ্লাঘা করণ ইত্যাদি।

১ রাত্রিকালে আমি আপন শয্যাতে প্রাণপ্রিয়তমকে অন্বেষণ করিলাম ও তাঁহাকে তত্ত্ব করিলাম, কিন্তু ২ পাইলাম না। এখন আমি উঠিয়া নগরে ও পথে ও চতুষ্কোণ পথে ভ্রমণ করিয়া প্রাণপ্রিয়তমের অন্বেষণ করিব, ইহা কহিয়া তাঁহার অন্বেষণ করিলাম, কিন্তু ৩ উদ্দেশ পাইলাম না। এবং নগরে ভ্রমণকারি প্রহরিবর্গের সাক্ষাৎ পাইলে তাহাদিগকে জিজ্ঞাসা করিলাম, ৪ তোমরা কি আমার প্রাণপ্রিয়তমকে দেখিয়াছ? কিন্তু তাহাদের নিকটহইতে অল্প পথ যাইবামাত্র প্রাণপ্রিয়তমকে পাইলাম, তাহাতে আমি যে পর্য্যন্ত আপন মাতার গৃহে অর্থাৎ জননীর অন্তঃপুরে তাঁহাকে লইয়া না গেলাম, তাবৎ তাঁহাকে ধরিয়া রাখিলাম, ছাড়িলাম না।

৫ 'হে যিরূশালমের কন্যাগণ, মৃগ ও ক্ষেত্রের হরিণদিগকে সাক্ষী করিয়া আমি তোমাদিগকে এই শপথ করাই, আমার প্রিয়া যাবৎ উঠিতে না চাহেন, তাবৎ তাঁহাকে উঠাইও না, ও জাগ্রৎ করিও না।'

৬ "গন্ধরস ও কুন্দুরু ও বণিকদের সর্ব্ব প্রকার দ্রব্যেতে সুগন্ধীকৃত ধূমের স্তম্ভের ন্যায় প্রান্তরহইতে আসিতেছে ঐ কে?"

৭ "ঐ দেখ, সুলেমানের শিবিকা, উহার চতুর্দ্দিগে ষষ্টি জন বলবান, অর্থাৎ ইস্রায়েলের বলবান লোক ৮ থাকে। তাহারা সকল খড়্গধারী যুদ্ধ করিতে বিজ্ঞ, রাত্রির ভয়ের নিমিত্তে তাহাদের প্রত্যেকের ঊরুতে ৯ খড়্গ বাঁধা থাকে। সুলেমান্ রাজা আপনার নিমিত্তে লিবানোন্ কাষ্ঠের এক শিবিকা নির্ম্মাণ করিলেন। ১০ তাহাতে রূপার স্তম্ভ ও সুবর্ণের বাজু ও বাগ্নীয়া রঙ্গের আসন করিলেন, এবং তাহার মধ্যভাগ যিরূশালমের কন্যাগণদ্বারা প্রেমরূপ বস্ত্রেতে বিস্তীর্ণ হইল।"

১১ "হে সিয়োনের কন্যাগণ, তোমরা বাহিরে গিয়া বিবাহের দিনে ও মনের আনন্দের দিনে তাহার মাতাকর্ত্তৃক মুকুটেতে বিভূষিত সুলেমান্ রাজকে দেখ।"

৪ অধ্যায়।

মণ্ডলীর প্রতি খ্রীষ্টের প্রেম ইত্যাদি।

১ 'হে আমার প্রিয়ে, তুমি সুন্দরী ও তুমি পরম সুন্দরী; ঘোমটার মধ্যে তোমার চক্ষু কপোতের চক্ষুর ন্যায়, এবং গিলিয়দের পার্শ্বে চরে এমত ছাগপালের ২ ন্যায় তোমার কেশ। এবং যে ২ মেষী পুষ্করিণীহইতে ধৌতা হইয়া আগতা ও যমজবৎসবিশিষ্টা হয় এবং যাহাদের মধ্যে একও বন্ধ্যা নাই, এমত ৩ ছিন্নলোম মেষপালের ন্যায় তোমার দন্ত। এবং সিন্দূরবর্ণ সূত্রের ন্যায় তোমার ওষ্ঠাধর, ও তোমার বাক্য অতি মনোহর, ও তোমার ঘোমটার মধ্যস্থিত ৪ গণ্ডদেশ দাড়িম্বখণ্ডের ন্যায়। এবং অস্ত্রাগারের নিমিত্তে নির্ম্মিত এক সহস্র বলবানের ঢালবিশিষ্ট ৫ দায়ূদের দুর্গের ন্যায় তোমার গলদেশ। এবং শোশন্ পুষ্পের মধ্যে ভক্ষণকারি মৃগের দুই যমজ ৬ বৎসের ন্যায় তোমার দুই স্তন। যাবৎ প্রভাত না হয়, ও ছায়া সকল পলায়ন না করে, তাবৎ গন্ধরসের ৭ পর্ব্বতে ও কুন্দুরু পর্ব্বতে আমি যাইব। হে আমার প্রিয়ে, তুমি পরম সুন্দরী; তোমাতে কোন দোষ ৮ নাই। হে আমার কন্যে, লিবানোন্‌হইতে আমার

---

[৭] পর ৩; ৫।।—[১০] প ১৩।।— [১৩] প ১০।।—[১৬] ৬; ৩।।—[১৭] ৪; ৬।৮; ১৪।।
[৩ অধ্যা; ১] পর ৫; ৬।।—[৩] ৫; ৭।।—[৫] ২; ৭।৮; ৪।।—[১১] ৮; ৫।।
[৪ অধ্যা; ১] পর ১; ১৫।৫; ১২।।—[১-৩] ৬; ৫-৭।।—[৪] ৭; ৪।।—[৫] ৭; ৩।।—[৬] ২; ১৭।।—[৭] ইফি ৫; ২৫-২৭।।

কাছে আইস, লিবানোন্‌হইতে আমার কাছে আইস, অমানা ও সিনীর এবং হর্মোণ পর্ব্বতের শৃঙ্গহইতে, অর্থাৎ সিংহদের বাসস্থানহইতে ও ব্যাঘ্রদের পর্ব্বত- ৯ হইতে অবলোকন কর। হে আমার ভগিনীবৎ কন্যে, তুমি আমার মন হরণ করিয়াছ, তোমার এক চক্ষু ও তোমার গলদেশের এক অভরণদ্বারা আমার মন ১০ হরণ করিয়াছ। হে আমার ভগিনীবৎ কন্যে, তোমার প্রেম কি বা উত্তম! তাহা দ্রাক্ষারসহইতেও মনোহর, ও তোমার তৈলের সৌরভ তাবৎ সুগন্ধি দ্রব্য অপে- ১১ ক্ষাও উত্তম। হে কন্যে, তোমার ওষ্ঠাধরহইতে মৌচা- কের ন্যায় মধু ক্ষরে, এবং তোমার জিহ্বার তলে মধু ও দুগ্ধ আছে, এবং তোমার বস্ত্রের গন্ধ লিবানোনের ১২ গন্ধের ন্যায়। আমার ভগিনীবৎ কন্যা প্রাচীরবেষ্টিত এক উদ্যানস্বরূপ, এবং বদ্ধ এক জলাকরস্বরূপ, ১৩ এবং মুদ্রাঙ্কিত এক উনুইস্বরূপ। তোমার শাখাবি- শিষ্ট উদ্যানে দাড়িম্ব ও সুস্বাদু ফল, ও কর্পূর * ও ১৪ জটামাংসী, ও জটামাংসীর সহিত কুম্‌কুম ও কেশর ও দারুচিনী ও সকল প্রকার সুগন্ধি বৃক্ষ ও গন্ধরস ও ১৫ অগুরু ও তাবৎ প্রধান২ সুগন্ধি দ্রব্য আছে। উদ্যা- নের উনুই অমৃত জলের কূপস্বরূপ ও লিবানোন্‌হইতে তাহার স্রোত আইসে।'

১৬ হে উত্তরীয় বায়ু, জাগ্রৎ হও, হে দক্ষিণ বায়ু, আইস, ও আমার উদ্যানে বহ; তাহাতে তাহার সুগন্ধি দ্রব্যের সৌরভ বিস্তারিত হইবে, এবং আ- মার প্রিয় আপন উদ্যানে আসিয়া আপন উত্তম ফল ভোজন করিবেন।

১৭ 'হে আমার ভগিনীবৎ কন্যে, আমি আপন উদ্যানে উপস্থিত আছি, আপন গন্ধরস ও সুগন্ধি দ্রব্য চয়ন করিতেছি, এবং আপন মধু ও মধুচাক চুষিতেছি, এবং আপন দ্রাক্ষারস ও দুগ্ধ পান করিতেছি। হে আমার বন্ধুগণ, ভোজন কর; হে আমার প্রিয় সকল, পান করিয়া তৃপ্ত হও।'

৫ অধ্যায়।

খ্রীষ্টের মণ্ডলীর পরস্পর ব্যবহার ও তাহার সৌন্দর্য্য।

১ আমি নিদ্রিতা ছিলাম, কিন্তু আমার মন জাগ্রৎ ছিল, (এমত কালে) আমার প্রিয়ের রব শুনিলাম; ২ তিনি দ্বারে আঘাত করিয়া এই কথা কহিলেন, 'হে আমার ভগিনীবৎ প্রিয়ে, হে আমার কপোতি, হে আমার শুদ্ধমতে, দ্বার মুক্ত কর, আমার মস্তক শিশিরেতে, ও রাত্রির শিশিরেতে আমার কেশ ৩ পরিপূর্ণ হইয়াছে।' (তাহাতে আমি কহিলাম,) আমি বস্ত্র খুলিয়াছি, এখন আর বার কি প্রকারে পরিধান করিব? ও পদ ধৌত করিয়াছি; পুনর্ব্বার কেমন ৪ করিয়া মলিন করিব? আমার প্রিয় দ্বারের এক ছিদ্রেতে হস্তার্পণ করিলেন, তাহাতে আমার মন ৫ দয়ার্দ্র হইল। আমি আপন প্রিয়ের নিমিত্তে দ্বার খুলিতে উঠিলাম, এবং হস্তদ্বারা সুগন্ধি গন্ধরস ছড়াইলাম, ও অঙ্গুলিদ্বারা দ্বারের কুলুপের হাত- ৬ লের উপরেও দ্রব গন্ধরস ছড়াইলাম। পরে আপন প্রিয়ের নিমিত্তে দ্বার মুক্ত করিলাম, কিন্তু আমার প্রিয় চলিয়া গিয়াছিলেন; তখন তাঁহার কথার স্মরণে আমার প্রাণ উড়িয়া গেল; আমি তাঁহার অন্বেষণ করিলাম, কিন্তু তাঁহাকে পাইলাম না; ও তাঁহাকে ডাকিলাম, কিন্তু তিনি আমাকে উত্তর দিলেন না। ৭ নগর ভ্রমণকারি প্রহরিবর্গ আমাকে দেখিয়া প্রহার করিল ও ক্ষত করিল, ও প্রাচীরের প্রহরিবর্গ আমার ৮ ঘোমটার বস্ত্র কাড়িয়া লইল। হে যিরূশালমের কন্যাগণ, তোমরা যদি আমার প্রিয়তমের দেখা পাও, তবে আমি প্রেমেতে পীড়িতা আছি, এই কথা তাঁহাকে কহিও, আমি তোমাদিগকে শপথ দিয়া ইহা কহিতেছি।

৯ "হে নারীর মধ্যে পরমসুন্দরি, অন্য২ প্রিয়হইতে তোমার প্রিয় কিসে শ্রেষ্ঠ? এবং তুমি যে আমা- দিগকে এমত শপথ করাইতেছ, তাহাতে আর২ প্রিয়হইতে তোমার প্রিয় কিসে শ্রেষ্ঠ?"

১০ আমার প্রিয়তম শ্বেত রক্ত বর্ণ; তিনি দশ সহস্রের ১১ মধ্যে অগ্রগণ্য। তাঁহার মস্তক নির্ম্মল সুবর্ণের ন্যায়, ও তাঁহার কেশ চাঁচর † ও দাঁড়কাকের ন্যায় কৃষ্ণ- ১২ বর্ণ। তাঁহার চক্ষু জলস্রোতে কিম্বা সরোবরে উপবিষ্ট ১৩ ও দুগ্ধেতে ধৌত কপোতের চক্ষুর ন্যায়। তাঁহার গণ্ডদেশ ক্ষেত্রের সুগন্ধি বৃক্ষেতে পরিপূর্ণ উদ্যান- ১৪ স্বরূপ। তাঁহার ওষ্ঠাধর দ্রব গন্ধরস ক্ষরণকারি শোশন্‌ পুষ্পের ন্যায়। তাঁহার হস্ত পদ্মরাগ মণিতে খচিত সুবর্ণের অঙ্গুরীস্বরূপ। তাঁহার শরীর নীলকান্ত মণি- ১৫ তে খচিত হস্তিদন্ত নির্ম্মিত বস্তুর ন্যায়। তাঁহার উরু সুবর্ণ স্থানে স্থিত শ্বেতপ্রস্তরের স্তম্ভের ন্যায়। তাঁহার ১৬ দর্শন এরসবৃক্ষবিশিষ্ট লিবানোনের ন্যায়। তাঁহার মুখ ‡ অতি মিষ্ট ||; তিনি সর্ব্বতোভাবে মনোহর। হে যিরূশালমের কন্যাগণ, এই আমার প্রিয়; এই আমার সখা।

৬ অধ্যায়।

মণ্ডলীর সৌন্দর্য্যের বর্ণনা ইত্যাদি।

১ "হে নারীর মধ্যে পরমসুন্দরি, তোমার প্রিয় কো- থায় গেলেন? তোমার প্রিয় কোন্‌ দিগে গমন করি- লেন? আমরা তোমার সঙ্গে তাঁহার অন্বেষণ করি।"

২ আমার প্রিয়তম আপন উদ্যানে ভোজন করিতে ও শোশন্‌ পুষ্প চয়ন করিতে সুগন্ধিবৃক্ষ পরিপূর্ণ ৩ ক্ষেত্রের উদ্যানে গেলেন। আমি আমার প্রিয়েরই, ও

---

[৮] দ্বি ৩; ৯।।—[১০] পর ১; ২ ।।—[১১] ৫; ১। হো ১৪; ৬,৭।।—[১৭] প ১১,১৬। য ৯; ১৫।।
[৫ অধ্য; ৬] পর ৩; ১ ।।—[৭] ৩; ৩।।—[১২] ১; ১৬। ৪; ১।।

* (বা) সরল বৃক্ষ। † (ইব্রু) তালপত্র। ‡ (ইব্রু) তালু। || (ইব্রু) মিষ্ঠতা।

আমার প্রিয় আমারই; তিনি শোশন্পুষ্পের মধ্যে ভোজন করেন।

৪ 'হে আমার প্রিয়ে, তুমি তির্সার ন্যায় সুন্দরী, ও যিরূশালমের মত রূপবতী, ও ধ্বজযুক্ত সেনার ন্যায় ৫ ভয়ঙ্করী। তুমি আমাহইতে আপন চক্ষু ফিরাও, কেননা তাহাতে আমি পরাভূত হই; গিলিয়দের পার্শ্বে ৬ চরে এমত ছাগপালের ন্যায় তোমার কেশ। এবং যে যে মেষী পুষ্করিণীহইতে ধৌতা হইয়া আগতা ও যমজবৎস বিশিষ্টা হয় এবং যাহাদের মধ্যে একও বন্ধ্যা ৭ নাই, এমত মেষপালের ন্যায় তোমার দন্ত। এবং ঘোমটার মধ্যস্থিত তোমার গণ্ডদেশ দাড়িম্ব খণ্ডের ৮ ন্যায়। ষষ্টি রাণী ও অশীতি সংগৃহীত স্ত্রী ও অসংখ্য ৯ যুবতিগণ আছে। কিন্তু আমার প্রিয়া কেবল এক; আমার কপোতী শুদ্ধমতী, সে আপন মাতার একমাত্র কন্যা ও আপন জননীর স্নেহপাত্রী; কন্যাগণ তাহাকে দেখিয়া ধন্য ২ বলে, এবং রাণীগণ ও সংগৃহীতারা ১০ তাহার সুখ্যাতি করে।' "প্রত্যূষের ন্যায় উদয়কারিণী ও চন্দ্রের ন্যায় সুন্দরী ও সূর্য্যের ন্যায় তেজস্বিনী ও ধ্বজাবিশিষ্ট সেনার ন্যায় ভয়ঙ্করী ইনি কে?"

১১ নিম্নভূমির বৃক্ষ দেখিতে, ও দ্রাক্ষালতা পল্লবিতা হয় কি না, ও দাড়িম্বপুষ্প ফুটে কি না, ইহা দেখিতে আমি বাদাম উদ্যানে গমন করিলাম। ১২ তাহাতে আমার মন অকস্মাৎ আমাকে অম্মীনাদীবের * রথের ন্যায় করিল।

১৩ "ফির ২, হে শূলম্মিয়া; ফির ২, আমরা তোমাকে দেখিব।" তোমরা শূলম্মিয়াকে কি রূপে দেখিতে চাহ? "সেনাসমূহের † ন্যায়।"

৭ অধ্যায়।

মণ্ডলীর সৌন্দর্য্য ও খ্রীষ্টের প্রতি প্রেম ইত্যাদি।

১ "হে রাজকন্যে, তোমার চরণ পাদুকাদ্বারা কিবা শোভা পাইতেছে! তোমার কটিমণ্ডল নিপুণ কর্ম্মকারদ্বারা ২ নির্ম্মিত মণিময় হারস্বরূপ। এবং তোমার নাভিদেশ মিশ্রিত দ্রাক্ষারসে পরিপূর্ণ এক গোল পাত্রের ন্যায়; এবং তোমার উদর শোশন্পুষ্পবেষ্টিত গোধূমরা- ৩ শির ন্যায়। এবং তোমার স্তনদ্বয় যুগল হরিণবৎসের ন্যায়; এবং তোমার গলদেশ হস্তিদন্তময় উচ্চগৃহের ৪ ন্যায়। এবং তোমার চক্ষু বৈৎরব্বীমের দ্বারের নিকটস্থ হিশবোণের সরোবরের ন্যায়, এবং তোমার নাসিকা দম্মেষকের সম্মুখস্থ লিবানোনের উচ্চ- ৫ গৃহের ন্যায়। এবং তোমার মস্তক কর্ম্মিল্ পর্ব্বতের ন্যায়, ও তোমার মস্তকের বেণী বাগুনীয়া রঙ্গের কেশবন্ধনীর ন্যায়। তোমার কেশবেশেতে রাজা বদ্ধ আছে।"

৬ 'হে প্রিয়ে, তুমি প্রেমদ্বারা সন্তোষ দিবার জন্যে ৭ কেমন সুন্দরী ও মনোহারিণী! তোমার দীর্ঘতা তালবৃক্ষের ন্যায়, ও তোমার স্তন তাহার ফলস্বরূপ। ৮ আমি কহিলাম, আমি তালবৃক্ষে আরোহণ করিব ও তাহার বাগুড়া ধরিব; এখন তোমার স্তন দ্রাক্ষাফলের গুচ্ছস্বরূপ ও তোমার নাসিকার গন্ধ তপূহ ৯ ফলের ন্যায়। যে উত্তম দ্রাক্ষারস পান করা প্রিয়ের সুখদায়ক হয় ও তন্দ্রাযুক্ত লোককে কথা কহায়, তাহার ন্যায় তোমার কথা।'

১০ আমি আমার প্রিয়ের, ও তাঁহার ইচ্ছা আমার ১১ প্রতি হয়। হে আমার প্রিয়, আইস, আমরা ক্ষেত্রেতে ১২ যাই ও গ্রামেতে বাস করি। দ্রাক্ষাক্ষেত্রে যাইতে আমরা প্রত্যূষে উঠিব, এবং দ্রাক্ষালতার পল্লব হইয়াছে কি না, ও তাহার ক্ষুদ্র২ ফল ধরিয়াছে কি না, ও দাড়িম্বের পুষ্প ফুটিয়াছে কি না, তাহা দেখিব; সেখানে তোমার প্রতি আপন প্রেম প্রকাশ করিব। ১৩ হে আমার প্রিয়, দূদাফল আপন সৌরভ বিস্তার করিতেছে; আমাদের দ্বারে নূতন ও পুরাতন তাবৎ উত্তম২ ফল তোমার নিমিত্তে রাখিয়াছি।

৮ অধ্যায়।

খ্রীষ্টের প্রতি মণ্ডলীর মহা প্রেম ও প্রার্থনা ইত্যাদি।

১ আহা, তুমি যদি আমার মাতার স্তন্য পান করিতা ও কোন সহোদরের ন্যায় হইতা, তবে আমি তোমাকে পথে পাইয়া চুম্বন করিলেও নিন্দিতা ২ হইতাম না। তোমাকে পথ দেখাইয়া আমার শিক্ষাকারিণী মাতার গৃহে লইয়া যাইতাম, এবং তোমাকে মিশ্রিত দ্রাক্ষারস ও দাড়িম্বের মিষ্ট রস পান করাইতাম।

৩ তাঁহার বাম হস্ত আমার মস্তকের নীচে থাকুক ‡, ও তাঁহার দক্ষিণ হস্ত আমাকে আলিঙ্গন করুক ||।

৪ 'হে যিরূশালমের কন্যাগণ, আমি তোমাদিগকে শপথ দিয়া কহিতেছি, আমার প্রিয়া যাবৎ উঠিতে না চাহেন, তাবৎ তাঁহাকে উঠাইও না ও জাগ্রৎ করিও না।'

৫ "আপন প্রিয়ের প্রতি নির্ভর দিয়া প্রান্তরহইতে আসিতেছে ঐ স্ত্রী কে?"

আমি তপূহ বৃক্ষের তলে তোমাকে প্রেমে আকর্ষণ করিলাম, সে স্থানে তোমার মাতা তোমার বিষয়ে বাগ্দান করিল, তোমার জননী সেখানে বাগ্দান ৬ করিল। তুমি আপন হৃদয়ে ও বাহুতে আমাকে মুদ্রাঙ্কের ন্যায় ধারণ কর, কেননা প্রেম মৃত্যুর ন্যায় বলবান্, এবং প্রেমপ্রযুক্ত ক্রোধ পরলোকের ন্যায় নির্দ্দয়; § তাহার শিখা অগ্নিশিখা ও পরমেশ্বরের

[৬ অধ্য; ৩] পর ২; ১৬॥—[৪] প ১০॥—[৫-৭] ৪; ১-৩॥—[১০] প ৪॥—[১১] ৭; ১২॥
[৭ অধ্য; ৩] পর ৪; ৫॥—[৪] ৪; ৪॥—[১২] ৬; ১১॥—[১৩] আ ৩০; ১৪॥
[৮ অধ্য; ৩] পর ২; ৬॥—[৪] ২; ৭। ৩; ৫॥—[৫] ৩; ৬॥

* (বা) আমার দানশীল লোকের। † (ইব্রু) মহনয়িমের বা দুই দলের। ‡ (বা) থাকে। || (বা) করে। § (ইব্রু) কঠোর।

৭ বিদ্যুতের ন্যায়। সমূহজল প্রেমকে নির্ব্বাণ করিতে পারে না, এবং মহাপ্লাবন তাহা ডুবাইতে পারে না; কেহ প্রেমের নিমিত্তে আপন গৃহের সর্ব্বস্ব ব্যয় করিলেও সে কেবল অবজ্ঞা পায়।

৮ অজাত স্তনবিশিষ্ট আমাদের একটি ছোট ভগিনী আছে, আমরা তাহার সম্বন্ধের দিনে সেই ভগিনীর নিমিত্তে কি করিব?

৯ 'সে যদি ভিত্তিস্বরূপ হয়, তবে তাহার উপরে রূপার উচ্চগৃহ নির্ম্মাণ করিব; কিম্বা যদি দ্বারস্বরূপ হয়, তবে এরসকাষ্ঠের কপাট দিয়া তাহাকে আবরণ করিব।'

১০ "আমিই ভিত্তিস্বরূপ, আমার স্তন উচ্চগৃহের ন্যায়, এই জন্যে তাঁহার গোচরে অনুগ্রহ প্রাপ্ত হইলাম।

১১ (বাল্-হামোনে রক্ষকদের হস্তে সমর্পিত সুলেমানের এক দ্রাক্ষাক্ষেত্র ছিল, এবং তাহার ফলের মূল্য প্রত্যেক রক্ষক এক২ সহস্র মুদ্রা দিত।)

১২ আমার দ্রাক্ষাক্ষেত্র আমার সম্মুখে আছে; হে সুলেমান, তাহাদ্বারা তোমার এক সহস্র মুদ্রা হইবে, ও ফল রক্ষকদিগের দুই শত মুদ্রা হইবে।"

১৩ 'হে উদ্যানবাসিনি, তোমার যে রব বন্ধুগণ শুনে, এখন আমাকে তাহা শুনিতে দেও!'

১৪ হে আমার প্রিয়, শীঘ্র আইস, এবং সৌগন্ধি পর্ব্বতের উপরে মৃগ কিম্বা হরিণের বৎসের সদৃশ হও।

[১৪] পর ৪; ৬। প্র ২২; ২০॥

যিশয়িয়ের ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায়।

১ যিহূদার পাপের বিষয়ে বিলাপ, ৫ ও পাপের দণ্ড, ১০ ও মিথ্যাধর্ম্মের প্রতি অনুযোগ, ১৬ ও পাপহইতে ফিরিতে বিনয়, ২১ ও লোকদের পাপের কথা ২৪ ও সাধুর হিত, ও অসাধুর অহিত ভোগ করণের কথা।

১ উষিয় ও যোথম্ ও আহস্ ও হিষ্কিয় নামে যিহূদা দেশীয় রাজগণের অধিকার সময়ে আমোসের পুত্র যিশয়িয় যিহূদার ও যিরূশালমের বিষয়ে এই২ দর্শন পাইল।

২ হে আকাশমণ্ডল, শুন; হে পৃথিবি, শ্রবণ কর; পরমেশ্বর কহিতেছেন; আমি সন্তানদিগকে প্রতিপালন ও ভরণপোষণ করিয়াছি, কিন্তু তাহারা আমার অনাজ্ঞাবহ হইয়াছে। ৩ গোরু আপন স্বামিকে ও গর্দ্দভ আপন প্রভুর দত্ত খাদ্যপাত্রকে জানে, কিন্তু ইস্রায়েল্ বংশ আমাকে জানে না, ও আমার লোক বিবেচনা করে না। ৪ আহা পাপিষ্ঠ বংশ ও অধর্ম্ম ভারগ্রস্ত লোক ও কুকর্ম্মিবর্গ ও সৎপথত্যাগি সন্তানগণ! তোমরা * পরমেশ্বরকে ত্যাগ করিয়াছ, ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপকে ক্রুদ্ধ করিয়াছ, ও তাঁহাহইতে পরাঙ্মুখ হইয়াছ।

৫ তোমরা আর কোন্ স্থানে † প্রহারিত হইবা? হইলেও পাপ করিবা; সমুদয় মস্তকে বেদনা হইয়াছে, ৬ ও সকল হৃদয় দুর্ব্বল হইয়াছে। পায়ের তালু অবধি মস্তক পর্য্যন্ত কোন স্থানে স্বাস্থ্য নাই; সর্ব্বত্র ক্ষত ও কালশিরা ও নবীন ক্ষত আছে, তাহা টেপা কি বাঁধা যায় নাই, এবং তৈলদ্বারা কোমলও করা যায় ৭ নাই। তোমাদের দেশ উচ্ছিন্ন হইয়াছে ও তোমাদের তাবৎ নগর অগ্নিতে দগ্ধ হইয়াছে, ও বিদেশিগণ তোমাদের সাক্ষাতে তাবৎ ভূমি ভোগ করিয়াছে, ও তাহা বিদেশিদ্বারা বিনষ্ট ভূমির ন্যায় উচ্ছিন্ন ৮ হইয়াছে। দ্রাক্ষাক্ষেত্রের কুটীর কিম্বা শসাক্ষেত্রের কুঁড়িয়া কিম্বা শত্রুবেষ্টিত নগর যেমন, তদ্রূপ ৯ সিয়োনের কন্যা ত্যক্তা হইয়াছে। এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর যদি অবশিষ্ট কিঞ্চিৎ না রাখিতেন, তবে আমরা সিদোম্ নগরের ন্যায় হইতাম, ও অমোরা নগরের তুল্য হইতাম।

১০ হে সিদোমের অধ্যক্ষগণ, পরমেশ্বরের কথা শুন; হে অমোরার লোকেরা, আমাদের ঈশ্বরের ব্যবস্থাতে মনোযোগ কর। ১১ পরমেশ্বর কহিতেছেন, তোমাদের কৃত সমূহবলিদানেতে আমার প্রয়োজন কি? আমি মেষাহুতি ও পুষ্টপশুদের মেদেতে পরিপূর্ণ ‡ আছি; বলদ ও মেষশাবক ও ছাগদিগের ১২ রক্তেতে আমার কিছু সন্তোষ নাই। আমার সহিত সাক্ষাৎ করণার্থে আমার প্রাঙ্গণে পদার্পণ করিতে ১৩ তোমাদের কাছে কে ইহা চাহিয়াছে? তোমরা আমার নিকটে নিরর্থক নৈবেদ্য সকল আর আনিও না; সৌগন্ধিধূপ আমার ঘৃণিত বস্তু, এবং অমাবস্যা ও বিশ্রামবার ও সভাকরণ ও ব্রত ‖ ও কার্য্যত্যাগের ১৪ দিন, এই সকল আমি সহিতে পারি না। আমার মন তোমাদের মাসিক পর্ব্ব ও বার্ষিক উৎসব ঘৃণা করে; তাহা আমি ভার বোধ করিয়া বহিতে শ্রান্ত ১৫ হই। তোমরা কৃতাঞ্জলি হইলেও তোমাদের হইতে আপন চক্ষু আচ্ছাদন করিব, ও বিস্তর প্রার্থনা করিলেও তাহা শুনিব না; কেননা তোমাদের হস্ত রক্তে পরিপূর্ণ আছে।

১৬ তোমরা আপনাদিগকে ধৌত করিয়া পরিষ্কৃত হও, ও আমার গোচরহইতে পাপকর্ম্ম দূর করিয়া ১৭ অসৎকর্ম্ম ত্যাগ কর ও সৎকর্ম্ম শিক্ষা কর, এবং ন্যায় চেষ্টা করিয়া উপদ্রুত লোকদের উপকার কর, এবং পিতৃহীনদের বিচার কর, ও বিধবাদের বিচার ১৮ কর। পরমেশ্বর কহিতেছেন, আইস, আমরা উত্তর প্রত্যুত্তর করি; তাহাতে তোমাদের পাপ রক্তবর্ণ § হইলেও হিমের ন্যায় শুক্লবর্ণ হইবে, ও সিন্দূরবর্ণের ন্যায় রাঙ্গা হইলেও মেষলোমের ন্যায় শ্বেতবর্ণ ১৯ হইবে। তোমরা যদি ইচ্ছুক ও আজ্ঞাকারী হও, তবে ২০ দেশের উত্তম২ সামগ্রী ভোগ করিবা। কিন্তু যদি অসম্মত ও অনাজ্ঞাবহ হও, তবে খড়্গে ভুক্ত হইবা; এই কথা পরমেশ্বরের মুখহইতে নির্গত হইয়াছে।

[১ অধ্যা; ১] ২ রা ১৫-২১। ২ বং ২৬-৩০। হো ১; ১। আম ১; ১। মী ১; ১।।—[২] দ্বি ৩২; ১।।—[৩] যির ৮; ৭।। [৪] দ্বি ৩২; ৫,৬।।—[৭,৮] যিশ ৭; ১।।—[৯] আ ১৯; ২৪-২৮। রো ৯; ২৯।।—[১১-১৫] হি ১৫; ৮। ২১; ২৭। ২৮; ৯। যিশ ৫৮; ৪,৫। ৬৬; ৩। যির ৬; ২০। আম ৫; ২১-২৩।।—[১৮] হি ২৮; ১৩। গী ৫১; ৭। ১ যো ১; ৭-৯।।

* (ইব্রী) তাহারা। † (বা) কেন। ‡ (বা) বিরক্ত। ‖ (বা) পাপ। § (বা) শোণবর্ণ।

২১ বিশ্বস্য নগরী কেমন বেশ্যা হইয়াছে! সে প্রকৃত বিচারে পূর্ণ ছিল, ও তাহার মধ্যে ধর্ম্মের আবাস ২২ ছিল; কিন্তু এখন হত্যাকারিগণ থাকে। তোমার রূপা মলযুক্ত হইয়াছে, ও তোমার দ্রাক্ষারস জলমি- ২৩ শ্রিত হইয়াছে। ও তোমার অধ্যক্ষগণ অনাজ্ঞাবহ ও চৌরবন্ধু হইয়াছে; ও তাহাদের প্রত্যেক লোকই উৎকোচ ভাল বাসে ও ভেট পাইতে চেষ্টা করে; তাহারা পিতৃহীনদের বিচার করে না, এবং বিধবাদের বিচার তাহাদের নিকটেও আসিতে পায় না।

২৪ এই নিমিত্তে সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর ও ইস্রায়েলের সর্ব্বশক্তিমান্ ঈশ্বর কহেন, আহা, আমি আপন শত্রুদিগকে সমুচিত প্রতিফল দিব ও বৈরি- ২৫ দিগকে দণ্ড দিব। আমি তোমার প্রতি পুনর্ব্বার হস্তার্পণ করিয়া ক্ষারদ্বারা তোমার মল পরিষ্কার করিব, ২৬ ও তোমার তাবৎ মলিনতা দূর করিব। পরে আমি পুনর্ব্বার তোমাকে পূর্ব্বকালের ন্যায় বিচারকর্ত্তৃগণ দিব ও প্রথম কালের ন্যায় মন্ত্রিগণ দিব; তাহাতে তুমি ধর্ম্মপুর ও বিশ্বস্য নগর নামে বিখ্যাত হইবা। ২৭ সিয়োন্ বিচারে মুক্তি পাইবে, ও তাহার পরাবৃত্ত * ২৮ লোক ধর্ম্মদ্বারা উদ্ধার পাইবে। কিন্তু পাপী ও অধার্ম্মিকদের একেবারে বিনাশ ঘটিবে, ও পরমে- ২৯ শ্বরত্যাগি লোক বিনষ্ট হইবে। তোমরা ইষ্ট এলীম্ বৃক্ষ বিষয়ে লজ্জা পাইবা, ও আপনাদের মনোনীত ৩০ উদ্যানের বিষয়ে বিবর্ণ হইবা। কেননা তোমরা শুষ্কপত্র এলাবৃক্ষ ও নির্জ্জল উদ্যানের ন্যায় হইবা। ৩১ বলবান্ ব্যক্তি কোষ্টাপাটের ন্যায় হইবে, ও তাহার কার্য্য অগ্নিকণার ন্যায় হইবে; তাহাতে উভয় একেবারে প্রজ্বলিত হইবে, তাহা কেহ নির্ব্বাণ করিতে পারিবে না।

২ অধ্যায়।

১ খ্রীষ্টের রাজ্যের কথা, ৬ ও পরমেশ্বরকে ত্যাগ করণের দোষের নির্ণয়, ১০ ও তাঁহার মহিমা প্রযুক্ত তাঁহাকে ভয় করিতে বিনয়।

১ আমোসের পুত্র যিশয়িয়ের নিকটে যিহূদার ও যিরূশালমের বিষয়ে এই বাক্য প্রকাশিত হইল।

২ শেষকালে এইরূপ ঘটনা হইবে; পরমেশ্বরের গৃহের পর্ব্বত পর্ব্বতগণের শিখরের উপরে স্থাপিত হইবে ও উপপর্ব্বতহইতেও উচ্চীকৃত হইবে; তাহাতে তাবৎদেশীয় লোক স্রোতের ন্যায় তাহার ৩ প্রতি ধাবমান হইবে। এবং যাইতে২ অনেক২ জাতি কহিবে, 'আইস, আমরা পরমেশ্বরের পর্ব্বতে, অর্থাৎ যাকূবের ঈশ্বরের মন্দিরে গমন করি; তিনি আমাদিগকে আপন পথের বিষয়ে শিক্ষা দিবেন, তাহাতে আমরা তাঁহার মার্গে গমন করিব;' কেননা সিয়োন্হইতে শাস্ত্র ও যিরূশালম্হইতে পরমেশ্বরের বাক্য নির্গত হইবে। ৪ এবং তিনি অন্যদেশীয়দের বিচার করিবেন, এবং অনেক২ লোককে অনুযোগ করিবেন; তাহাতে তাহারা আপন২ খড়্গ ভাঙ্গিয়া লাঙ্গলের ফাল নির্ম্মাণ করিবে, ও বড়শা ভাঙ্গিয়া কাস্ত্যা গড়িবে; এবং এক দেশীয় লোক অন্য দেশীয়দের বিপরীতে খড়্গ চালন করিবে না, তাহারা আর যুদ্ধ শিখিবে না। ৫ হে যাকূবের বংশ, আইস, আমরা পরমেশ্বরের দীপ্তিতে গমন করি।

৬ তুমি অবশ্য যাকূব্ বংশীয় আপন লোককে ত্যাগ করিয়াছ, কেননা তাহারা পূর্ব্বদেশের মায়াতে † পরিপূর্ণ ও পিলেষ্টীয়দের ন্যায় গণক আছে, ও বিদেশি সন্তানদের সহিত নিয়ম স্থির করে। ৭ এবং সুবর্ণ ও রৌপ্যেতে তাহাদের দেশ পরিপূর্ণ, ও তাহাদের সম্পত্তির সীমা নাই; এবং সে দেশ অশ্বেতে পরিপূর্ণ, ও তাহাতে কতো রথ, তাহার সংখ্যা নাই। ৮ এবং দেবপ্রতিমাতে তাহাদের দেশ পরিপূর্ণ, তাহারা আপন হস্তকৃত অর্থাৎ স্বহস্তের অঙ্গুলীদ্বারা নির্ম্মিত বস্তুকে প্রণাম করে। ৯ অতএব নীচ লোকদিগকে নত করা যাইবে, ও মহৎ লোকদিগকে ক্ষুদ্র করা যাইবে; তুমিও তাহাদিগকে ক্ষমা করিবা না।

১০ তোমরা ‡ পরমেশ্বরের ভয়ানকত্বহইতে ও তাঁহার মহিমার তেজহইতে পর্ব্বতে প্রবেশ করিয়া ধূলাতে লুক্কায়িত হও। ১১ মানুষের গর্ব্বিত দৃষ্টি খর্ব্ব হইবে, ও নশ্বর মনুষ্যের গর্ব্ব খর্ব্ব হইবে, এবং সেই দিনে কেবল পরমেশ্বর উন্নত হইবেন। ১২ কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের দিন তাবৎ মহৎ ও উচ্চ বস্তুর বিপরীতে ও প্রত্যেক উন্নত বস্তুর বিপরীতে উপস্থিত হইবে; তাহাতে সে বস্তু নত হইবে। ১৩ অর্থাৎ লিবানোনের উচ্চ ও উন্নত সকল এরস্বৃক্ষের বিপরীতে, ও বাশন্স্থিত সকল অলোন্ বৃক্ষের বিপরীতে, ১৪ ও সকল উচ্চ পর্ব্বতের বিপরীতে, ও সকল উন্নতউপপর্ব্বতের বিপরীতে; ১৫ এবং প্রত্যেক উচ্চদুর্গের বিপরীতে, ও প্রত্যেক সুদৃঢ় প্রাচীরের বিপরীতে, ১৬ এবং তর্শীশের তাবৎ জাহাজের বিপরীতে, ও তাবৎ মনোহর চিত্রের বিপরীতে সেই দিন উপস্থিত হইবে। ১৭ তাহাতে মনুষ্যের উন্নতি নত হইবে, ও নশ্বর মনুষ্যের গর্ব্ব খর্ব্ব হইবে; সেই দিনে কেবল পরমেশ্বর উন্নত হইবেন। ১৮ এবং প্রতিমাগণ সর্ব্বতোভাবে লুপ্ত হইবে। ১৯ যখন পরমেশ্বর শঙ্কাদ্বারা পৃথিবীকে আঘাত করিতে উঠিবেন, তখন লোকেরা পরমেশ্বরের ভয়ানকত্ব-

[২৪] দ্বি ২৮; ৬৩॥—[২৫-২৭] যিশ ৪; ৩,৪। সিখ ৮; ২,৩॥—[২৮-৩১] যিশ ২; ১২-২১। ৬৫; ২-৭,১১,১২। ৬৬; ১৭॥
[২ অধ্যা; ২-৪] মী ৪; ১-৩। গী ৮৭। সিখ ৮; ২২। ৯; ১০। লূ ২৪; ৪৭॥—[১০] যিশ ২৬; ২০॥—[১১] ৫; ১৫,১৬॥
[১৭] ২৪; ২১॥—[১৯] প ২১। পু ৬; ১৫-১৭॥

* (বা) বন্দিগণ। † (বা) পূর্ব্বদেশাপেক্ষা। ‡ (ইব্রী) তুমি।

হইতে ও তাঁহার মহিমার তেজহইতে পর্ব্বতে৮ গুহাতে ও ভূমির গর্ত্তে প্রবেশ করিবে। ২০ এবং যখন পরমেশ্বর শঙ্কাদ্বারা পৃথিবীকে আঘাত করিতে উঠিবেন; ২১ তখন মনুষ্যগণ পূজার্থে স্বহস্তে নির্ম্মিত স্বর্ণ রৌপ্যাদির প্রতিমাগণকে উন্দুর ও চামচিকার কাছে নিক্ষেপ করিয়া পরমেশ্বরের ভয়ানকত্বহইতে ও তাঁহার মহিমার তেজহইতে পর্ব্বতের গহ্বরে ও পর্ব্বতের ফাটাতে প্রবেশ করিবে। ২২ অতএব নাসাগ্রে প্রাণ ধারণ করে যে মনুষ্য, তাহাতে বিশ্বাস করিও না, কেননা সে কাহার মধ্যে গণ্য হইতে পারে?

৩ অধ্যায়।

১ পাপদ্বারা লোকদের দুঃখ, ১৩ ও প্রবীন লোকদ্বারা ওপদ্রব ১৬ ও স্ত্রীলোকের অহঙ্কারের দণ্ড।

১ দেখ, সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর যিরূশালম্ ও যিহূদাহইতে যষ্টি ও যষ্টিকা অর্থাৎ যষ্টিরূপ তাবৎ ২ অন্ন ও যষ্টিকারূপ তাবৎ জল দূর করিবেন। এবং বলবান্ ও যোদ্ধা ও বিচারকর্ত্তা ও ভবিষ্যদ্বক্তা ও গুণী ৩ ও প্রাচীন ও পঞ্চাশতপতি ও সম্ভ্রান্ত মনুষ্য ও মন্ত্রী ও কর্ম্মনিপুণ ও বশীকরণে জ্ঞানী, এই সকলকেও দূর ৪ করিবেন। আমি তাহাদের উপরে বালকগণকে রাজা ৫ করিব, শিশুগণ তাহাদের উপরে কর্ত্তৃত্ব করিবে। এবং লোকেরা পরস্পর উপদ্রব করিবে, এবং প্রত্যেক জন প্রতিবাসির প্রতি উপদ্রব করিবে, ও বালক বৃদ্ধের বিরুদ্ধে কলহ করিবে, ও নীচ মহতের উপরে ৬ অহঙ্কার করিবে। একারণ কেহ২ আপন পিতৃবংশীয় ভ্রাতাকে কহিবে, ‘তোমার বস্ত্র আছে, আইস, তুমি আমাদের শাসনকর্ত্তা হইয়া আমাদের এই নষ্ট-৭ কল্প রাজ্য রক্ষা কর।’ কিন্তু সে সেই দিনে শপথ করিয়া * কহিবে, ‘আমি চিকিৎসক নহি, এবং আমার বাটীতে খাদ্য ও পরিধেয় কিছুই নাই; অতএব লোকদের উপরে কর্ত্তৃত্ব করিতে আমাকে নিযুক্ত ৮ করিও না।’ যিরূশালম্ কম্পবান্ ও যিহূদা পতিত হইবে, কেননা পরমেশ্বরের মহত্ত্বরূপ নয়নকে ক্রোধযুক্ত করিতে তাহাদের জিহ্বা ও কর্ম্ম ঈশ্বরের প্রতিকূল ৯ হইয়াছে। তাহাদের মুখের আকার তাহাদের প্রতিকূলে প্রমাণ দিতেছে; এবং তাহারা সিদোমের ন্যায় আপনাদের পাপ গোপন না করিয়া প্রকাশ করে; অতএব তাহাদের প্রাণের সন্তাপ জন্মিবে, কেননা তাহারা আপনাদের দুঃখ আপনারাই জন্মাইতেছে। ১০ তোমরা ধার্ম্মিকগণকে বল, তোমাদের মঙ্গল হইবে, ও তোমরা আপন২ ক্রিয়ার ফলভোগ করিবা। ১১ কিন্তু পাপি লোকদিগকে ধিক্, তাহাদের অমঙ্গল ঘটিবে ও তাহারা আপন২ হস্তকৃত কর্ম্মের ফল ভোগ করিবে। ১২ আর বালকেরা আমার লোকদের প্রতি উপদ্রব করে, ও স্ত্রীলোকেরা তাহাদের প্রতি কর্ত্তৃত্ব করে। হে আমার লোকেরা, তোমাদের অগ্রগামিগণ তোমাদিগকে ভ্রমণ করায় ও তোমাদের গমনের পথ নষ্ট করে।

১৩ পরমেশ্বর বিচার করিতে দণ্ডায়মান হইবেন ও ১৪ লোকদের সহিত বিচারে দণ্ডায়মান হইবেন। পরমেশ্বর আপনার লোকদের প্রাচীনগণের ও অধ্যক্ষদের সহিত বিচার করিতে আসিয়া কহিবেন, তোমরা আমার দ্রাক্ষাক্ষেত্র নষ্ট † করিয়াছ, ও দরিদ্রদের লুটিত বস্তু তোমাদের গৃহে আছে। ১৫ সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর কহিতেছেন, তোমরা যে আমার লোককে দলিতেছ ও দরিদ্রদের মুখ ঘষিতেছ, ইহাতে তোমাদের অভিপ্রায় কি?

১৬ পরমেশ্বর আরো কহেন, সিয়োনের কন্যাগণ অহঙ্কারী হইয়া বুক ফুলাইয়া গমন করে, ও চক্ষুতে কটাক্ষ করে ‡, এবং ব্যঙ্গ করিয়া চলে, ও চরণে রুণু২ শব্দ করিতে২ গমন করে। ১৭ অতএব প্রভু সিয়োনের কন্যাদের মস্তক টাকযুক্ত করিবেন, ও পরমেশ্বর তাহাদের গুহ্যদেশ প্রকাশ করিবেন। ১৮ এবং সেই দিনে প্রভু তাহাদের অভরণ অর্থাৎ ১৯ নূপুর ও জালিবস্ত্র ও চন্দ্রহার, ও ঝুমকা ও চুড়ি ও ২০ ঘোমটা, ও মস্তকের বস্ত্র ও পাদশৃঙ্খল ও হেলিয়া ২১ ও সুগন্ধি পাত্র ও বাজু, ও অঙ্গুরীয়ক ও নথ, ও চিত্র-২৩ বস্ত্র ও ঘাগরা ও উড়নী ও গেজিয়া, ও সূক্ষ্মবস্ত্র ‖ ও মসিনা বস্ত্র ও উষ্ণীষ্ ও উত্তরীয় বস্ত্র প্রভৃতি তাবৎ ২৪ খুলিয়া লইবেন। অধিকন্তু সুগন্ধির পরিবর্ত্তে দুর্গন্ধ ক্ষত, ও হেলিয়ার পরিবর্ত্তে রজ্জু, ও সুন্দর কেশবিন্যাসের পরিবর্ত্তে টাক, ও বস্ত্র বন্ধনের পরিবর্ত্তে চটবন্ধন, ও সুন্দর রূপের পরিবর্ত্তে কলঙ্ক ২৫ দিবেন। তোমাদের পুরুষেরা খড়্গের আঘাতে, ও তোমাদের বলবান লোকেরা সংগ্রামে পতিত ২৬ হইবে। সেই নগরী অনাথা হইয়া ভূমিতে বসিবে, ও তাহার দ্বারে ক্রন্দন ও বিলাপ হইবে।

৪ অধ্যায়।

বিপদ সময়ে খ্রীষ্টের রাজ্য আশ্রয় স্থান হওনের কথা।

১ সেই দিনে সপ্ত স্ত্রী এক পুরুষকে ধরিয়া কহিবে, ‘আমরা আপন২ অন্ন ভোজন করিব ও আপন২ বস্ত্র পরিধান করিব; তুমি আপনার নামে আমাদিগকে বিখ্যাত করিয়া আমাদের অপমান দূর ২ কর।’ সেই দিনে পরমেশ্বরের শাখা রূপবতী ও

[২০] যিশ ৩১ ; ৭ ।।—[২১] প ১১ ।।—[২২] গী ১৪৬ ; ৩,৪ ।।

[৩ অধ্য ; ১] যির ৩৭ ; ২১ । ৩৮ ; ৯ ।।—[২,৩] ২ রা ২৪ ; ১৪ ।।—[৪] ২ রা ২৩ ; ৩১,৩৬ । ২৪ ; ৮,১৮ ।।—[৯] আ ১৯ ; ৪-৯ ।।—[১০,১১] গী ৩১ ; ২৩ । ২ ক ৫ ; ১০ ।।—[১২] প ৪ । ঙ ১০ ; ১৬ । যিশ ৯ ; ১৬ ।।—[১৪] য ২১ ; ৩৩-৪১ ।।

[৪ অধ্য ; ২] যিশ ১১ ; ১,২ । যির ২৩ ; ৫ । সিখ ৬ ; ১২ । যো ১৫ ; ১-৮ ।।

* (ইব্রী) (হস্ত) ওঠাইয়া। † (বা) দগ্ধ। ‡ (বা) কজ্জল দেয়। ‖ (বা) দর্পণ।

তেজস্বিনী হইবে, এবং ইস্রায়েল্ বংশের যাহারা জীবৎ থাকে, তাহাদের নিমিত্তে দেশের ফল উত্তম ৩ ও বিলক্ষণরূপ হইবে। সিয়োনে ও যিরূশালমে যে ২ জন অবশিষ্ট থাকিবে, অর্থাৎ যিরূশালমস্থিত জীবৎ লোকদের মধ্যে যাহাদের নাম লিখিত হইবে, তা- ৪ হারা পবিত্র নামে বিখ্যাত হইবে। এবং পরমেশ্বর বিচার ও অগ্নি প্রভাবে সিয়োনের কন্যাদের গাত্র- মল ধৌত করিয়া যিরূশালমের রক্ত দূর করিলে ৫ সিয়োন্ পর্ব্বতের প্রত্যেক স্থানে ও তাহার তাবৎ পবিত্র সভাতে দিনে মেঘ ও ধূম, এবং রাত্রিতে প্রজ্বলিত অগ্নির তেজঃ সৃষ্টি করিবেন; তাহাতে ৬ সকল তৈজসের উপরে আচ্ছাদন হইবে। এবং সে তাম্বুস্বরূপ হইবে, এবং দিনে গ্রীষ্ম বারণার্থে ছায়া- স্বরূপ হইবে, এবং ঝড় ও বৃষ্টিহইতে রক্ষণার্থে তাহা আচ্ছাদন ও আশ্রয়স্বরূপ হইবে।

৫ অধ্যায়।

১ পরমেশ্বরের দ্রাক্ষাক্ষেত্রের কথা, ৮ ও লোভের দণ্ড, ১১ ও সুখভোগি লোকের দণ্ড, ১৮ ও দুষ্ট লোকের দণ্ড ২০ ও ওপদ্রবি লোকের দণ্ড, ২৫ ও এই সকলের দণ্ডকারির বর্ণনা।

১ সম্প্রতি আমি আপন প্রিয়ের উদ্দেশে তাহার দ্রাক্ষা- ক্ষেত্র বিষয়ে এক প্রেমের গীত গান করি। এক ফলবান্ পর্ব্বতের অধিত্যকাতে * আমার প্রিয়ের ২ এক দ্রাক্ষাক্ষেত্র ছিল। তিনি তাহার বেড়া দিলেন, ও প্রস্তর বাহির করিয়া তাহার মধ্যে উত্তম দ্রাক্ষা- লতা রোপণ করিলেন, ও তাহার মধ্যে উচ্চগৃহ নির্ম্মাণ করিলেন ও কুণ্ড খনন করিলেন; পরে দ্রাক্ষাফলের অপেক্ষা করিলেন বটে, কিন্তু তাহাতে ৩ আম্লাতক ফল ফলিল। এখন হে যিরূশালম্ নিবা- সিগণ, ও হে যিহূদি লোক সকল, আমি বিনয় করিয়া বলি, তোমরা আমার ও আমার দ্রাক্ষা- ৪ ক্ষেত্রের বিষয়ে বিবেচনা কর। আমি দ্রাক্ষাক্ষে- ত্রের পাইট যেরূপ করিয়াছি, তাহার অধিক আর কি করিতে পারি? তথাপি আমি দ্রাক্ষাফলের অপেক্ষা করিলে তাহাতে আম্লাতক ফল কেন ৫ ফলিল? এখন আইস, আমি দ্রাক্ষাক্ষেত্রের বি- ষয়ে যাহা করিব, তাহা তোমাদিগকে জ্ঞাত করি; আমি তাহার বেড়া দূর করিলে সে ভুক্ত হইবে, ও তাহার প্রাচীর ভাঙ্গিলে সে দলিত হইবে। ৬ আমি তাহা শূন্য করিব, তাহার পরিষ্কৃতি ও খনন হইবে না, ও তাহাতে শ্যাকুল ও কণ্টক বৃক্ষ জন্মিবে, এবং তাহার উপরে জল বর্ষণ না ৭ করিতে মেঘকে আজ্ঞা করিব। ইস্রায়েলের বংশ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের দ্রাক্ষাক্ষেত্রস্বরূপ, এবং যিহূদার লোকেরা তাহার তুষ্টিজনক উদ্যানস্বরূপ; তিনি বিচার অপেক্ষা করিলেন, কিন্তু দেখ, উপ- দ্রব ঘটিল; এবং ধর্ম্মের অপেক্ষা করিলেন, কিন্তু দেখ, হাহাকার উপস্থিত হইল।

৮ যে পর্য্যন্ত দেশের মধ্যে কেবল তোমরা একাকী থাক, অন্যের বাসস্থান না থাকে, তাবৎ গৃহের সঙ্গে গৃহ ও ক্ষেত্রের সঙ্গে ক্ষেত্র যোগ করতেছ যে ৯ তোমরা, তোমাদের সন্তাপ ঘটিবে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আমার কর্ণে এই কথা কহিলেন, নিতান্ত গৃহসমূহ নষ্ট হইবে, এবং মহৎ ও সুন্দর বাটী সকল ১০ লোকশূন্য হইবে। এবং দশ বিঘা দ্রাক্ষাক্ষেত্রের মধ্যে এক মোন দ্রাক্ষাফল উৎপন্ন হইবে, এবং দশ মোন বীজেতে এক মোন ফল উৎপন্ন হইবে।

১১ যাহারা সুরাপানের চেষ্টা করিতে প্রত্যূষে উঠে এবং দ্রাক্ষারসে উত্তপ্ত হইতে সায়ংকালে অনেক রাত্রি পর্য্যন্ত বসিয়া থাকে, তাহাদের সন্তাপ হইবে। ১২ তাহাদের ভোজেতে বীণা ও নেবল্ ও তবল ও বাঁশি ও দ্রাক্ষারসের আয়োজন হয়, কিন্তু তাহারা পর- মেশ্বরের কর্ম্ম মানে না, ও তাঁহার হস্তের কর্ম্ম ১৩ বিবেচনা করে না। অতএব আমার লোকেরা জ্ঞানা- ভাব প্রযুক্ত বন্দী হইয়া অন্যদেশে বাস করিতে যাইবে, ও তাহাদের কুলীনেরা ক্ষুধার্ত্ত হইবে, ও ১৪ তাবৎ নীচ লোকেরা তৃষ্ণার্ত্ত হইবে। পরলোক আপন উদর বৃদ্ধি করিয়া অপরিমিত রূপে মুখ বি- স্তার করিবে; তাহাতে মহৎ ও নীচ লোক ও কলহ- কারি ও আনন্দকারি লোক সকলে তাহার মধ্যে ১৫ প্রবিষ্ট হইবে। এবং নীচ লোক নত হইবে, ও মহৎ ১৬ লোক অধোমুখ হইবে। এবং অহঙ্কারিদের দৃষ্টি নত হইবে, কিন্তু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর বিচারেতে উন্নত হইবেন, ও পবিত্র ঈশ্বর ধর্ম্মেতে মান্য হইবেন। ১৭ তৎকালে মেষগণ নির্ব্বিঘ্নে চরিবে, ও বিদেশিগণ উন্নত লোকদের পতিত ভূমিতে পাল চরাইবে।

১৮ যাহারা অধর্ম্মরূপ রজ্জুতে দণ্ড † ও শকটের স্থূল রজ্জুতে শাস্তি ‡ আকর্ষণ করে, তাহাদের সন্তাপ ১৯ হইবে। তাহারা বলে, তিনি শীঘ্র কর্ম্ম করুণ, তাহা যেন আমরা দেখি, এই জন্যে তিনি আপন কার্য্য ত্বরায় করুণ; এবং আমরা যেন বুঝিতে পারি, একারণ ইস্রায়েলের ধর্ম্মস্বরূপের মন্ত্রণার কর্ম্ম উপ- স্থিত হইয়া সিদ্ধ হউক।

২০ যাহারা মন্দকে ভাল ও ভালকে মন্দ বলে, এবং যাহারা আলোকে অন্ধকার ও অন্ধকারকে আলো

[৩,৪] যিশ ১; ২৬,২৭॥—[৫] যা ৪০; ৩৮॥—[৬] গী ২৭; ৫। যিশ ২৫; ৪॥
[৫ অধ্য; ১] প ৭। গী ৮০; ৮-১১। ম ২১; ৩৩॥—[২] যির ২; ২১॥—[১১] প ২২। ৪.১০; ১৬॥—[১২] আম ৬; ৫,৬। যিশ ২২; ১২,১৩॥—[১৩,১৪] ২ বং ৩৬; ১৪-২০॥—[১৫,১৬] যিশ ২; ৯,১১,১৭॥—[১৭] ২ বং ৩৬; ২১॥
[১৯] যির ১৭; ১৫। ২ পি ৩; ৩,৪॥

* (ইব্রু) তৈলের পুত্রের শৃঙ্গে। † (বা) পাপ। ‡ (বা) অপরাধ।

বোধ করে, এবং মিষ্টকে তিক্ত ও তিক্তকে মিষ্ট ২১ বোধ করে, তাহাদেরও সন্তাপ হইবে। এবং যাহারা আপন ২ দৃষ্টিতে জ্ঞানবান ও আপন ২ বোধে * ২২ পরিণামদর্শী, তাহাদেরও সন্তাপ হইবে। এবং যাহারা দ্রাক্ষারস পান করিতে শক্তিমান্ ও সুরা প্রস্তুত ২৩ করিতে বীর্য্যবান হয় ও উৎকোচ লইয়া অপরাধিকে নিরপরাধী করে, ও ধার্ম্মিককে ধর্ম্মচ্যুত করে, ২৪ তাহাদেরও সন্তাপ হইবে। যেমন অগ্নিরূপ জিহ্বাদ্বারা নাড়া চর্ব্বিত হয়, ও অগ্নিশিখাদ্বারা শুষ্ক তৃণ দগ্ধ হয়, তদ্রূপ তাহাদের মূল জীর্ণ কাষ্ঠের ন্যায় হইবে, ও তাহাদের পুষ্প ধূলার ন্যায় উড়িয়া যাইবে। কেননা তাহারা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের ব্যবস্থা তুচ্ছ করে, ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপের কথা অবজ্ঞা করে।

২৫ এই নিমিত্তে আপন লোকদের বিপরীতে পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইবে, ও তিনি তাহাদের প্রতিকূলে হস্ত বিস্তার করিবেন, এবং তাহাদিগকে এমত আঘাত করিবেন, যে তাহার দ্বারা পর্ব্বতগণ কম্পিত হইবে, ও তাহাদের শব পথের মধ্যে মলের ন্যায় হইবে; তথাপি তাঁহার ক্রোধ নিবৃত্ত হইবে না, কিন্তু তাঁহার হস্ত আরো বিস্তারিত হইবে। ২৬ এবং তিনি দূরদেশীয়দের নিমিত্তে ধ্বজা তুলিবেন, ও পৃথিবীর সীমা পর্য্যন্ত তাবৎ লোকের জন্যে শিষ দিবেন, তাহাতে তাহারা দ্রুতগমন করিয়া শীঘ্র আ- ২৭ সিবে। দেখ, তাহাদের মধ্যে কেহ দুর্ব্বল হইবে না ও বিঘ্ন পাইবে না ও তন্দ্রালু হইবে না ও নিদ্রাগত হইবে না, ও তাহাদের কটিবন্ধনও মুক্ত হইবে না, ২৮ ও পাদুকার সূতা খুলিবে না। এবং তাহাদের বাণ সুতীক্ষ্ণ ও তাবৎ ধনু চাড়া দেওয়া হইবে, ও অশ্বগণের খুর হীরার ন্যায়, ও রথচক্র ঘূর্ণবায়ুর ন্যায় ২৯ গণিত হইবে। এবং তাহাদের গর্জ্জন সিংহীর গর্জ্জনের ন্যায় হইবে; এবং তাহারা গর্জ্জনকারি সিংহশাবকের ন্যায় গর্জ্জন করিয়া শিকার ধরিয়া লইয়া যাইবে, কেহ রক্ষা করিতে পারিবে ৩০ না। সেই দিনে তাহারা তাহাদের বিপরীতে সমুদ্রবৎ গর্জ্জন করিবে; তাহাতে তাহারা পৃথিবীর প্রতি দৃষ্টি করিবে, কিন্তু কেবল অন্ধকার ও দুঃখ হইবে, এবং আলো ঘোর মেঘেতে অন্ধকারময় হইবে।

৬ অধ্যায়।

১ যিশয়িয়ের দর্শন, ৬ ও কঠিন লোকদের নিকটে তাহাকে প্রেরণ, ১১ ও অবশিষ্ট লোকদের রক্ষা।

১ উষিয় রাজার মরণবৎসরে আমি প্রভুকে এক উচ্চ ও উন্নত সিংহাসনে উপবিষ্ট দেখিলাম; তাঁহার তেজেতে † মন্দির পরিপূর্ণ হইল; ও তাঁহার ২ নিকটে সিরাফ্‌গণ দাঁড়াইল; তাহাদের প্রত্যেকের ছয় ২ পক্ষ; তাহার দুই পক্ষদ্বারা আপন ২ মুখ আচ্ছাদন করে, এবং দুই পক্ষদ্বারা চরণ আচ্ছাদন করে, এবং দুই পক্ষদ্বারা উড্ডীয়মান হয়। ৩ তখন তাহারা পরস্পর ডাকিয়া কহিল, 'সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর পবিত্র, পবিত্র, পবিত্র; তাঁহার তেজেতে তাবৎ পৃথিবী পরিপূর্ণ আছে।' ৪ তাহাদের এই কথার উচ্চৈঃশব্দেতে মন্দিরের দ্বারের মূল সকল কাঁপিতে লাগিল, ও মন্দির ধূমেতে পরিপূর্ণ ৫ হইল। তাহাতে আমি কহিলাম, আমি বিনষ্ট হইলাম, কেননা আমি অপবিত্রোষ্ঠাধর, এবং অপবিত্রোষ্ঠাধর লোকদের সহবাসী হইয়া রাজাকে অর্থাৎ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরকে চাক্ষুষ দেখিলাম ‡।

৬ পরে এক সিরাফ্ যজ্ঞবেদিহইতে চিমটাদ্বারা এক খান প্রজ্বলিত অঙ্গার লইয়া উড়িয়া আমার কাছে ৭ আইল। এবং আমার মুখে তাহা স্পর্শ করাইয়া কহিল, দেখ, তোমার ওষ্ঠাধরে এই অঙ্গার স্পর্শ হওয়াতে তোমার অধর্ম্ম দূর হইল ও তোমার পাপ ৮ মোচন হইল। পরে আমি কাহাকে পাঠাইব? ও আমাদের নিমিত্তে কে যাইবে? এই কথা সম্বলিত পরমেশ্বরের এক রব শুনিলাম; তাহাতে আমি কহিলাম, দেখ, আমি উপস্থিত আছি, আমাকে পা- ৯ ঠাও। তিনি কহিলেন, তুমি এই লোকদের নিকটে গিয়া বল, তোমরা শুনিবা, কিন্তু বুঝিবা না; এবং ১০ দেখিবা, কিন্তু জানিতে পারিবা না। এবং এই লোকেরা চক্ষুতে দেখিয়া ও কর্ণে শুনিয়া ও অন্তঃকরণে বুঝিয়া মন ফিরাইয়া যেন সুস্থ না হয়, এই নিমিত্তে তাহাদের বুদ্ধি স্থূল কর ও তাহাদের কর্ণ ভারী কর ও তাহাদের চক্ষু মুদ্রিত কর।

১১ তাহাতে আমি কহিলাম, হে প্রভো, এমত কত দিন থাকিবে? তিনি কহিলেন, যাবৎ এই নগর সকল বসতিশূন্য ও বাটী সকল নরশূন্য ও ভূমি ১২ সকল শস্যশূন্য না হয়, ও পরমেশ্বর মনুষ্যজাতিকে দূর না করেন, ও দেশের মধ্যে অনেক অনাথা ১৩ না হয়, তাবৎ থাকিবে। যদ্যপি দেশের দশমাংশও থাকে, তথাপি পুনঃ ২ তাহার বিনাশ ঘটিবে; কিন্তু যেমন এলা ও অলোন্ বৃক্ষ ছিন্ন হইলেও তাহার মুড়া থাকে, তদ্রূপ এই লোকদের মুড়াস্বরূপ এক পবিত্র বংশ থাকিবে।

[২২,২০]প ১১। যিশ ১০; ১,২।।—[২৫]যিশ ৯; ১২,১৭,২১। ১০; ৪।।—[২৬-৩০]দ্বি ২৮; ৪৯-৫২। ২ বং ৩৬; ১৪-২১।। [৬ অধ্য;১]২ বং ২৬; ২৩। যা ৪০; ৩৪।।—[২,৩] প্র ৪; ৬,৮।।—[৪] ১ রা ৮; ১০, ১১।।—[৫] বি ১৩; ২২।।—[৮] আ ১; ২৬। ৩; ২২। ১১; ৭।।—[৯,১০] যো ১২; ৩৯-৪১। ম ১৩; ১৪। প্রে ২৮; ২৫-২৭। রো ১১; ৮।।—[১১-১৩] দ্বি ২৯; ২২-২৮। ২ বং ৩৬; ১৭-২১। ম ২৩; ৩৭,৩৮। লূ ২১; ২৪। রো ১১; ৫,২৩-২৭।।—[১৩] যিশ ৬৫; ৮,৯।।

* (ইব্রী) চক্ষুতে। † (ইব্রী) বস্ত্রাঞ্চলে (গী ১০৪; ২)। ‡ (ইব্রী) আমার চক্ষু দেখিল।

৭ অধ্যায়।

১ আহসের প্রতি যিশয়িয়ের সান্ত্বনার কথা, ১০ ও আহসের প্রতি আশ্চর্য্য চিহ্ন প্রকাশ করণ, ১৭ ও অশূরীয় লোকদ্বারা ভাবিদণ্ড প্রকাশ করণ।

১ যিহূদাদেশীয় রাজা উষিয়ের পৌত্র যোথমের পুত্র আহসের অধিকার সময়ে অরাম্ দেশীয় রিৎসীন্ রাজা ও রিমলিয়ের পুত্র পেকহ নামে ইস্রায়েলের রাজা, এই দুই রাজা সৈন্যদ্বারা যিরূশালম্ নগর বেষ্টন করিতে আইল, কিন্তু পরাস্ত করিতে পারিল ২ না। ‘ইফ্রয়িম্ অরামের সহায় আছে,’ এই কথা দায়ূদ্ বংশীয় রাজা জ্ঞাত হইলে তাহার ও তাহার লোকদের মন বায়ুতে কম্পিত বৃক্ষের ন্যায় কাঁপিয়া ৩ উঠিল। এই জন্যে পরমেশ্বর যিশয়িয়কে কহিলেন, তুমি ও তোমার পুত্র শারযাশূব্ উভয়ে উপরিস্থ পুষ্করিণীর ঘাটে রজকদের ক্ষেত্রের পথে আহসের সহিত সাক্ষাৎ করিতে যাইয়া তাহাকে এই কথা ৪ বল, তুমি সাবধান হইয়া স্থির হও; এই দুই ধূমময় উল্কার অগ্রভাগহইতে, অর্থাৎ রিৎসীন্ ও অরামের ও রিমলিয়ের পুত্রের মহা ক্রোধহইতে ভীত ৫ হইও না, ও মনে হীনসাহস হইও না। যদ্যপি অরামীয় লোক ও ইফ্রয়িম্ লোক ও রিমলিয়ের পুত্র ৬ তোমার বিরুদ্ধে এই কুপরামর্শ করিয়াছে, ‘আইস, আমরা যিহূদাদেশ আক্রমণ করিয়া তাহাকে ক্লেশ দি, ও তাহা আপনাদের অধিকার করিয়া তাহার উপরে রাজত্ব করিতে টাবেলের পুত্রকে নিযুক্ত ৭ করি,’ তথাপি প্রভু পরমেশ্বর কহিতেছেন, এই পরামর্শ স্থির হইবে না এবং কখনো সিদ্ধ হইবে ৮ না। দম্মেষক্ নগর অরাম্ দেশের মস্তকস্বরূপ, ও রিৎসীন্ রাজা দম্মেষকের মস্তকস্বরূপ; ও শোমিরোণ্ নগর ইফ্রয়িমের মস্তকস্বরূপ, ও রিমলিয়ের ৯ পুত্র শোমিরোণের মস্তকস্বরূপ হইবে; এবং পঁয়ষষ্টি বৎসরের মধ্যে ইফ্রয়িম্ লোক এমত উচ্ছিন্ন হইবে, যে আর কখনো এক জাতি থাকিবে না। কিন্তু তোমরা যদি আমাতে বিশ্বাস না কর, তবে স্থির থাকিতে পারিবা না।

১০ পরমেশ্বর আহস্কে আরও কহিলেন, তুমি আ-১১ পন প্রভু পরমেশ্বরের কাছে কোন চিহ্ন প্রার্থনা কর, নীচস্থ কি ঊর্দ্ধস্থিত স্থানে তাহার প্রার্থনা কর। ১২ কিন্তু আহস্ কহিল, আমি চিহ্ন প্রার্থনা করাতে পর-১৩ মেশ্বরের পরীক্ষা করিব না। তাহাতে তিনি কহিলেন, হে দায়ূদের বংশ, এখন মনোযোগ কর, তোমরা মনুষ্যকে ব্যস্ত করণ অল্প জ্ঞান করিয়া কি আমার ঈশ্বরকেও ব্যস্ত করিবা? পরমেশ্বর আ-১৪ পনি তোমাদিগকে এক চিহ্ন দেন, দেখ, কন্যা গর্ব্ভবতী হইয়া পুত্র প্রসব করিবে, ও তাহার নাম ইম্মানূয়েল্ (আমাদের সহিত ঈশ্বর) রাখিবে। ১৫ পরে সে অসৎ ক্রিয়ার অস্বীকার ও সৎক্রিয়ার স্বীকার করণেতে জ্ঞানবান হওন পর্য্যন্ত দধি * ও মধু ১৬ ভক্ষণ করিবে। কেননা যে দেশীয় দুই রাজাদ্বারা তুমি ক্লেশ পাইতেছ, এই বালকের দুষ্ক্রিয়া অস্বীকার ও সৎক্রিয়া স্বীকার রূপ জ্ঞান প্রাপ্তির পূর্ব্বে সে দেশ উচ্ছিন্ন হইবে।

১৭ যিহূদাহইতে ইফ্রয়িমের পৃথক্ হওন দিনাবধি যেরূপ বিপদ কখনো হয় নাই, পরমেশ্বর অশূর্ দেশীয় রাজাকে আনিয়া এমন বিপদ তোমার ও তোমার লোকদের ও তোমার পিতৃবংশের প্রতি ১৮ ঘটাইবেন। সেই সময়ে পরমেশ্বর মিস্রিয় নদীর শেষভাগস্থ দেশের মক্ষিকার প্রতি ও অশূর দেশীয় ১৯ ভ্রমরের প্রতি শিষ দিবেন। তাহাতে তাহারা সকলে আসিয়া শূন্য নিম্নভূমিতে ও পর্ব্বতের ছিদ্রেতে ও ২০ নিবিড় বনে ও মাঠে বসিবে। সেই সময়ে পরমেশ্বর ফরাৎ নদীর ওপারস্থিত অশূরীয় রাজরূপ ভাটকীয় ক্ষুরদ্বারা মস্তক ও পদের লোম ক্ষৌর করিবেন ২১ এবং শ্মশ্রুও ফেলিবেন। তৎকালে আরো ঘটিবে, যদি কেহ যুবতী গাভী ও দুইটা মেষ পালন করে, তবে তাহাদের উৎপন্ন প্রচুর দুগ্ধহইতে সে দধি * ২২ ভোজন করিবে। এবং দেশের মধ্যে যে কেহ অবশিষ্ট থাকিবে, সে দধি * ও মধু ভোজন করিবে। ২৩ এবং যে সকল ক্ষেত্রে সহস্র মুদ্রা মূল্য সহস্র দ্রাক্ষালতা আছে, সেই দিনে সে সকল ক্ষেত্র শ্যাকুল ও ২৪ কণ্টকময় হইবে; এবং লোকেরা তীর ধনু হস্তে লইয়া সে স্থানে যাইবে, কেননা সমস্ত দেশ শ্যাকুল ২৫ কণ্টকেতে ব্যাপ্ত হইবে। এরং যেখানে শ্যাকুল কাঁটার ভয় উপস্থিত হয় না, কোদালিদ্বারা প্রস্তুত সেই তাবৎ উপপর্ব্বত বলদের চরণস্থান ও মেষের দলনের স্থান হইবে।

৮ অধ্যায়।

১ অশূরীয় লোকদ্বারা ইস্রায়েলের ভাবিদণ্ড, ৫ ও যিহূদার ভাবিদণ্ড, ৯ ও দণ্ডের অনিবার্য্যতা, ১১ ও সাধু লোকদের সান্ত্বনার কথা, ১৯ ও দেবপূজকদের দুঃখ।

১ অপর পরমেশ্বর আমাকে কহিলেন, তুমি একখান বৃহৎ পত্র লইয়া লৌহলেখনীদ্বারা তাহার মধ্যে এই

[৭ অধ্য; ১] ২ রা ১৬; ৫,৬। ২ বং ২৮; ৫-৮।।—[৩] যিশ ৩৬; ২।।—[৪] ৩০; ১৫। ২ রা ১৬; ৭-৯।।—[৮,৯] ২ রা ১৭; ২৪। ইব্র ৪; ২,১০। যিশ ৩৭; ৩৮।।—[৯] ২ বং ২০; ২০।।—[১৪] ম ১; ২২,২৩। লূ ১; ২৬-৩৫।।—[১৬] যিশ ৮; ৪। ২ রা ১৫; ২৯,৩০। ১৬; ৯।।—[১৭-২৫] যিশ ৮; ৭,৮। ১০; ২৮-৩২। ২ বং ২৮; ১৬,১৯,২০। ২ রা ১৮; ১৩-১৬।। [১৭] ১ রা ১২; ১৬-১৯।।—[১৮] যিশ ৩৭; ৯। ২ রা ২৩; ২৯।।—[২০] ২ রা ১৬; ৭,৮। ২ বং ২৮; ২০,২১।। [২১,২২] যিশ ৩৭; ৩০।।

* (বা) নবনীত।

কথা লিখ, মহের্শালল্ হাস্‌বস্ (শীঘ্র লুট কর ও ২ শীঘ্র লুটিত দ্রব্য ধর)। পরে আমি প্রমাণের জন্যে বিশ্বস্ত সাক্ষিগণকে, অর্থাৎ ঊরিয় যাজককে ও যিবেরিখিয়ের পুত্র সিখরিয়কে আপনার কাছে আ-৩ হ্বান করিলাম। এবং আমি (আপন স্ত্রী) ভবিষ্যদ্বক্ত্রীতে গমন করিলে সে গর্ব্ভবতী হইয়া পুত্র প্রসব করিল; তাহাতে পরমেশ্বর আমাকে কহিলেন, তা-৪ হার নাম মহের্শালল্ হাস্‌বস্ রাখ। কেননা হে পিতঃ, হে মাতঃ, বালকের এই কথা উচ্চারণ করিতে শিক্ষা করণের পূর্ব্বে দম্মেষকের ধন ও শোমিরোণের লুট অশূরের রাজার অগ্রে ২ লইয়া যাইবে।

৫ পরে পরমেশ্বর আমাকে আরও কহিলেন, ৬ দেখ, এই লোক শীলোহের মন্দগামি স্রোত ত্যাগ করিয়া রিৎসীন ও রিমলিয়ের পুত্রের বিষয়ে আনন্দ ৭ করিতেছে। অতএব পরমেশ্বর প্রবল ও মহাবেগবিশিষ্ট (ফরাৎ) নদীর জলস্বরূপ অশূরের রাজাকে ও তাহার সৈন্যসামন্তকে তাহাদের উপরে আনিবেন; সে ফাঁপিয়া সকল খাল দিয়া গমন করিবে ও ৮ তাবৎ পাড় ছাপাইয়া চলিবে। সে উথলিয়া বাড়িতে২ যিহূদার মধ্যদেশ দিয়া যাইয়া গলদেশ পর্য্যন্ত উঠিবে। হে ইম্মানূয়েল্, সে পক্ষের ন্যায় বিস্তারিত হইয়া তোমার তাবৎ দেশের প্রস্থ পূর্ণ করিবে।

৯ হে লোক সকল,তোমরা কলরব করিয়া * ভয় কর, ও হে দূরদেশীয় লোকেরা, ইহাতে মনোযোগ কর, ও কটিবন্ধন করিয়া ভীত হও, ও কটিবন্ধন করিয়া ১০ ভীত হও। তোমরা পরামর্শ কর, কিন্তু তাহা নিষ্ফল হইবে; এবং মন্ত্রণা কর, কিন্তু তাহা সিদ্ধ হইবে না; কেননা 'আমাদের সহিত ঈশ্বর' † আছেন।

১১ পরে পরমেশ্বর আমার হস্ত গ্রহণ করিয়া আমি যেন এই লোকদের পথে গমন না করি, এই বিষয়ের উপদেশ করিতে২ আমাকে এই কথা কহিলেন, ১২ এই লোকেরা যাহা রাজদ্রোহ বলে, তাহা তোমরা রাজদ্রোহ বলিও না; এবং তাহাদের ভয়েতেও ১৩ ভীত হইও না ও শঙ্কা করিও না। কিন্তু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরকে পবিত্র করিয়া মান, তিনি তো-১৪ মাদের ভয় ও শঙ্কার আশ্রয় হউন। তিনি পবিত্র আশ্রয় হইবেন; কিন্তু ইস্রায়েলের দুই বংশের বিঘ্নকারি প্রস্তর ও বাধাজনক পাষাণ হইবেন, এবং যিরূশালম্ নিবাসিদের প্রতি ফাঁদ ও কল-১৫ স্বরূপ হইবেন। তাহাতে তাহাদের অনেক লোক বিঘ্ন পাইয়া পড়িবে ও ভগ্ন হইবে, এবং ফাঁদে বদ্ধ হইয়া ধরা পড়িবে। তুমি এই সাক্ষ্যরূপ কথা ১৬ বন্ধন কর, ও আমার শিষ্যগণের মধ্যে এই শাস্ত্রীয় কথা মুদ্রাঙ্কিত কর। যাকূব্ বংশের প্রতি বিমুখ ১৭ যে পরমেশ্বর, আমি তাঁহার অপেক্ষা করিব, ও তাঁহারই অপেক্ষা করিব। আমাকে ও পরমেশ্বরের ১৮ দত্ত সন্তানগণকে দেখ; তাহারা সিয়োন্ পর্ব্বত নিবাসি সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরদ্বারা ইস্রায়েলের চিহ্ন ও আশ্চর্য্য লক্ষণস্বরূপ হয়।

গুণী ও মায়াবী ও যাহারা বিড়্২ ও ফুস্২ করিয়া ১৯ বলে, তাহাদের কাছে অন্বেষণ কর, এই কথা তাহারা তোমাদিগকে কহিলে পর বল, লোকেরা কি আপনাদের ঈশ্বরের কাছে অন্বেষণ করিবে না? তাহারা কি জীবিতদের জন্যে মৃতদের কাছে অন্বেষণ করিবে? তাহারা শাস্ত্রের ও সাক্ষ্যকথার স্থানে অন্বে-২০ ষণ করুক, যদি এতদনুসারে না কহে,তবে তাহাদের দীপ্তি নাই; কিন্তু দেশের মধ্য দিয়া যাইয়া দুঃখিত ও ২১ ক্ষুধিত হইবে,এবং ক্ষুধিত ও উত্তপ্ত হইয়া আপন২ রাজাকে ও ঈশ্বরকে শাপ দিবে। এবং ঊর্দ্ধে অব-২২ লোকন করিবে ওঅধোভূমি দৃষ্টি করিবে; কিন্তু ‡ কেবল দুঃখ ও অন্ধকার ও ভয়ানকতা ও ক্লেশ উপস্থিত হইবে,ও তাহারা অন্ধকারে তাড়িত হইবে।

৯ অধ্যায়।

১ বিপদ সময়ে খ্রীষ্টের জন্ম ও কর্ম্মদ্বারা লোকদের সুখের বর্ণনা ৮ ও ইস্রায়েলের ভাবিদণ্ড ১৩ ও তাহাদের কাপট্য ও উপদ্রবির নিমিত্তে দণ্ড।

১ যে দেশ পূর্ব্বে অতিক্ষুণ্ণ ছিল, তাহাতে আর অন্ধকার থাকিবে না; পূর্ব্বকালে যেমন তিনি সিবূলূন্ ও নপ্তালি দেশকে নত করিলেন, তদ্রূপ শেষকালে সমুদ্রের নিকটস্থ যর্দ্দনের তীরে অন্যদেশীয়দের ২ গালীল্‌কে উন্নত করিবেন। তাহাতে যে লোক অন্ধকারে ভ্রমণ করিয়াছিল, তাহারা মহা আলো দেখিবে; এবং যাহারা মৃত্যুচ্ছায়ারূপ দেশে বাস করিয়াছিল, তাহাদের উপরে আলো প্রকাশ পা-৩ ইবে। তুমি দেশের বৃদ্ধি করিয়া তাহাদের আনন্দ বাড়াইবা ‖; তাহাতে তাহারা তোমার সাক্ষাতে শস্যচ্ছেদন সময়ের ন্যায় আহ্লাদ করিবে ও লুট ৪ ভাগ করণ সময়ের ন্যায় আনন্দ করিবে। তুমি মিদিয়নের জয়ের দিনের ন্যায় তাহার ভাররূপ যোঁয়ালি ও স্কন্ধের বাঁক ও তাহার উপদ্রবকর্ত্তার ৫ দণ্ড ভাঙ্গিবা। এবং তুমুল যুদ্ধে সুসজ্জীভূত সৈন্যের সাঁজোয়া ও রক্তে লুণ্ঠিত বস্ত্র অগ্নির কাষ্ঠস্বরূপ

[৮ অধ্য; ৪] যিশ ৭; ১৬। ২ রা ১৫; ২৯। ১৬; ৯॥—[৬] প ১২। যিশ ৭; ১। নি ৩; ১৫। যো ৯; ৭॥—[৭,৮] যিশ ১০; ২৮-৩২। ২ রা ১৮; ১৩-১৬॥—[৮] যিশ ৭; ১৪॥—[৯] যিশ ৭; ৭॥—[১০] ৭; ৭,১৪॥—[১২] প ৬। ৭; ২॥ [১২,১৩] ১ পি ৩; ১৪,১৫॥—[১৪,১৫] লূ ২০; ১৭,১৮। রো ৯; ৩২,৩৩। ১ পি ২; ৭,৮। যিশ ২৮; ১৬॥—[১৭,১৮] ইব্রি ২; ১৩। যো ১৭; ১২॥—[১৯,২০] লূ ১৬; ২৭-৩১॥—[২১,২২] হি ৪; ১১॥—[২২] যিশ ৫; ৩০॥

[৯ অধ্য; ১] ২ রা ১৫; ২৯। ১৭; ৫,৬। ২ বং ১৬; ৪॥—[১,২] য ৪; ১৪-১৬॥—[৪] বি ৭; ২২॥—[৫] গী ৪৬; ৯। যিশ ২; ৪॥

* (বা) একত্র হইয়া। † (ইব্রি) ইম্মানূয়েল। ‡ (ইব্রি) দেখ। ‖ (বা) যে লোকদের আনন্দ তুমি বাড়াও নাই, তাহাদের বৃদ্ধি করিবা।

৬ হইয়া দগ্ধ হইবে। কেননা আমাদের নিমিত্তে এক বালক জন্মিবে,ও আমাদিগকে এক পুত্র দত্ত হইবে, ও তাঁহার স্কন্ধের উপরে তাবৎ কর্তৃত্বভার সমর্পিত হইবে; ও তাঁহার নাম আশ্চর্য্য ও মন্ত্রী ও বলবান্ ঈশ্বর ও অনন্তকালীয় পিতা ও শান্তিরূপ রাজা হইবে ৭ এবং তাঁহার কর্তৃত্ব ও মঙ্গলবৃদ্ধির শেষ হইবে না, এবং তিনি দায়ূদের সিংহাসনের ও রাজ্যের কর্ত্ত হইয়া বিচারেতে ও ন্যায়েতে তাহা এখন ও সদাকাল নিরূপণ ও স্থাপন করিবেন; এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের উদ্‌যোগেতে এই সকল সিদ্ধ হইবে।

---

৮ প্রভু যাকূবের প্রতিকূলে এই সম্বাদ প্রেরণ করিলেন, ও সে ইস্রায়েলের নিকটে উপস্থিত হইল। ৯ এই সকল লোক, অর্থাৎ ইফ্রয়িম্ ও শোমিরোণের যে নিবাসিগণ আপনাদের মনের গর্ব্বে গর্ব্বিত ১০ হইয়া এই কথা কহিতেছে, ‘ইট পড়িয়াছে বটে, কিন্তু আমরা খোদিত প্রস্তরেতে গাঁথিব; ও ডুম্বুর বৃক্ষ ছিন্ন হইয়াছে বটে, কিন্তু আমরা এরস্‌বৃক্ষ ১১ তাহার পরিবর্ত্তে দিব;’ তাহারা ইহা জানিবে। অতএব পরমেশ্বর রিৎসীনের বৈরিদিগকে * তাহার প্রতিকূলে উঠাইবেন, ও তাহার তাবৎ শত্রুকে সুসজ্জীভূত করিবেন; তাহাতে পূর্ব্বদিগস্থ অরামীয়েরা ও পশ্চিমদিগস্থ পিলেষ্টীয়েরা ব্যাদান মুখে ১২ ইস্রায়েল্‌কে গ্রাস করিবে। এই রূপ হইলেও তাঁহার ক্রোধ নিবৃত্ত হইবে না, কিন্তু তাঁহার হস্ত আরো বিস্তীর্ণ হইবে।

১৩ লোকেরা প্রহারকারির কাছে ফিরিবে না, ও ১৪ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের অন্বেষণ করিবে না। অতএব পরমেশ্বর এক দিনে ইস্রায়েলের মস্তক ও লাঙ্গূল ১৫ ও শাখা ও পল্লব ছেদন করিবেন। প্রাচীন ও মান্য লোক সেই মস্তকস্বরূপ, ও মিথ্যাশিক্ষাদায়ি ভবি- ১৬ ষ্যদ্বক্তা সেই লাঙ্গূলস্বরূপ।এই লোকদের পথদর্শকগণ তাহাদিগকে ভ্রমণ করায়; অতএব যাহারা তা- ১৭ হাদের পথে নীত হয়, তাহারা নষ্ট হইবে। পরমেশ্বর তাহাদের যুবগণেতে আনন্দ করিবেন না, এবং তাহাদের পিতৃহীন বালক ও বিধবাদিগকে দয়া করিবেন না। কারণ তাহাদের প্রত্যেক লোকই দুষ্ট ও কুকর্ম্মকারী,ও প্রত্যেক মুখ দুষ্টবাক্যবাদি। এই রূপ হইলেও তাঁহার ক্রোধ নিবৃত্ত হইবে না, কিন্তু তাঁহার হস্ত আরো বিস্তীর্ণ হইবে।

১৮ পাপ অগ্নিবৎ জ্বলিয়া শ্যাকুল ও কণ্টককে দগ্ধ করিবে ও নিবিড় বনে লাগিবে; তাহাতে মেঘের ন্যায় ধূম উঠিবে। ১৯ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের ক্রোধে দেশ দগ্ধ † হইবে, এবং লোকেরা অগ্নিতে দগ্ধ কাষ্ঠ তুল্য হইবে; কেহ আপন২ ভ্রাতাকেও দয়া করিবে না। ২০ তাহারা দক্ষিণ হস্তে হরণ করিলেও ক্ষুধিত থাকিবে, ও বাম হস্তে গ্রাস করিলেও তৃপ্ত হইবে না; প্রতি জন আপন২ বাহুর মাংস ভোজন করিবে। ২১ মিনশি ইফ্রয়িম্‌কে ও ইফ্রয়িম্ মিনশিকে গ্রাস করিবে; এবং উভয় যিহূদার প্রতিকূলে এক পরামর্শী হইবে; এমত হইলেও তাঁহার ক্রোধ নিবৃত্ত হইবে না, কিন্তু তাঁহার হস্ত আরো বিস্তীর্ণ হইবে।

১০ অধ্যায়।

১ অন্যায়কারিদের দণ্ড ৫ ও অহঙ্কারি অশূরীয় রাজার আগমনের কথা, ১২ ও তাহার বিনাশ, ২০ ও ইস্রায়েলের অবশিষ্ট লোকের রক্ষা, ২৪ ও অশূরীয় রাজার সৈন্য আগমনের বর্ণনা ৩৩ ও তাহার বিনাশ কথা।

১ যে ব্যবস্থাপকেরা দরিদ্রদের প্রতি অন্যায় করিতে ও আমার দীনহীন লোকদের যথার্থ অপহ্নব করিতে ২ এবং বিধবাদের দ্রব্য হরণ করিতে ও পিতৃহীনদের দ্রব্য লুট করিতে অন্যায় ব্যবস্থা স্থাপন করে ও উপদ্রবের ব্যবস্থা নিরূপণ করে, তাহাদের সন্তাপ ৩ হইবে। তোমরা দণ্ড করণের দিনে ও দূরহইতে আগত বিনাশের দিনে কি করিবা? ও রক্ষার নিমিত্তে কাহার কাছে পলাইবা? ও তোমাদের ঐশ্বর্য্য কো- ৪ থায় রাখিবা? তোমরা ‡ আমাব্যতিরেকে বদ্ধ লোকদের মধ্যে পতিত হইবা ও হত লোকদের মধ্যে পড়িবা। এই রূপ হইলেও তাঁহার ক্রোধ নিবৃত্ত হইবে না, কিন্তু তাঁহার হস্ত আরো বিস্তীর্ণ হইবে।

---

৫ যে অশূর্ আমার ক্রোধরূপ দণ্ড ও যাহার হস্তের ৬ যষ্টি আমার কোপরূপ যষ্টি, তাহাকে আমি লুটিত দ্রব্য সংগ্রহ করিতে ও লুটিত দ্রব্য লইয়া যাইতে ও লোকদিগকে পথের কর্দ্দমের ন্যায় দলিত করিতে কপটি লোকদের বিপরীতে পাঠাই, ও আপন ৭ ক্রোধপাত্রদের বিরুদ্ধে আজ্ঞা দি। কিন্তু ইহা তাহার অভিপ্রায় নয় ও তাহার মনোগত নয়, কিন্তু নানা দেশীয় লোকদিগকে বিনষ্ট ও উচ্ছিন্ন করিতে তাহার ৮ মনের বাঞ্ছা। কেননা সে কহে,‘আমার অধ্যক্ষ সকল ৯ কি রাজা নয়? ও কল্‌নী কি কর্কিমীশের সমান নয়? ও হমাৎ কি অর্পদের মত নয়? এবং দম্মেষক্ যেমন, ১০ শোমিরোণ্ কি তদ্রূপ নয়? শোমিরোণ্ ও যিরূশালমের

[৬,৭] লূ ১ ; ৩২-৩৫ ।।—[১১] ২ রা ১৬ ; ৯ ।।—[১২] যিশ ৫ ; ২৫ । প ১৭,২১। ১০ ; ৪ ।।—[১৩-১৭] ২ রা ১৭ ;৭-১৭ ।।
[১৬] যিশ ৩ ; ১২ ।।—[১৭] প ১২,২১ ।।—[১৮-২১] ২ বং ২৮ ; ৬-৮ । ২ রা ১৭ ; ১৮-২৩ ।।—[১৯] দ্বি ২৯ ; ২৩ ।।
[২১] প ১২,১৭ । ১০ ; ৪ ।।
[১০ অধ্য ; ৩] যুব ৩১ ; ১৭,১৮ ।।—[৪] যিশ ৫ ; ২৫ । ৯ ; ১২,১৭,২১ ।।—[৬] ৩৭ ; ২৬,২৭ ।।—[৮-১১] ৩৬ ; ৮,৯, ১৮-২০ । ৩৭ ; ১১-১৩ ।।—[৯] আম ৬ ; ২ । ২ রা ১৬ ; ৯ ।।

* (বা) প্রবীন লোককে। † (বা) কৃষ্ণবর্ণ। ‡ (ইব্রু) তাহারা ।।

প্রতিমাহইতে উত্তম খোদিত প্রতিমাবিশিষ্ট যে২ দেশ, ১১ সে সকল আমার হস্তগত হইয়াছে। এবং শোমিরোণ্ ও তাহার প্রতিমাকে যেমন করিয়াছি, তদ্রূপ আমি কি যিরূশালম্ ও তাহার প্রতিমাগণকে করিব না?'

১২ সিয়োন্ পর্ব্বতের ও যিরূশালমের প্রতি প্রভুর তাবৎ কার্য্য সিদ্ধ হইলে পর আমি অশূরের রাজার সাহঙ্কার মনের কর্ম্ম ও তাহার সাহঙ্কার উচ্চদৃষ্টির ১৩ নিমিত্তে তাহাকেও শাস্তি দিব। কেননা সে বলে, 'আমি পরিণামদর্শী হইয়া আপন জ্ঞান ও বাহু-বলদ্বারা কার্য্য সিদ্ধি করিয়াছি; আমি লোকদের সীমা দূর করিয়া তাহাদের সঞ্চিত ধন লুট করিয়াছি; এবং বীরের ন্যায় নিবাসি লোকদিগকে অধঃপতন ১৪ করিয়াছি। এবং পক্ষির বাসার ন্যায় লোকদের ধন আমার হস্তগত হইয়াছে; যেমন ছাড়া ডিম্ব কুড়ায়, তদ্রূপ আমি তাবৎ দেশ একত্র করাইয়াছি; তাহাতে কেহ পক্ষ বিস্তার কি চঞ্চু বিস্তার কি চিঁচিঁ শব্দ ১৫ করে নাই।' কুড়ালী কি ছেদকের বিপরীতে দর্প করিতে পারে? ও করপত্র কি করপত্রিহইতে আপ-নাকে শ্রেষ্ঠ মানিতে পারে? যে জন দণ্ড তুলে, দণ্ড কি তাহাকে চালনা করিবে? ও যষ্টি কি আপন কর্ত্তা-১৬ কে উঠাইবে? অতএব প্রভু অর্থাৎ সৈন্যাধ্যক্ষ প্রভু তাহার স্থূলকায় লোকদের মধ্যে কৃশতা* প্রেরণ করি-বেন, ও তাহার প্রতাপের নীচে দগ্ধকারি অগ্নির ন্যায় ১৭ অগ্নি জ্বালাইবেন। ইস্রায়েলের জ্যোতি অগ্নিস্বরূপ হইবেন, ও তাহার ধর্ম্মস্বরূপ শিখাসদৃশ হইবেন; তিনি এক দিনে তাহার শ্যাকুল ও কণ্টক দগ্ধ করিয়া ১৮ নষ্ট করিবেন। এবং তাহার বনের ও উদ্যানের সৌন্দর্য্য সর্ব্বতোভাবে† নষ্ট করিবেন; তাহাতে সে ১৯ ক্ষয়রোগির ন্যায় ক্ষয় পাইবে। এবং তাহার কান-নের অবশিষ্ট বৃক্ষ এমত অল্প হইবে, যে বালক তাহা গণনা করিয়া লিখিতে পারিবে।

২০ সেই সময়ে ইস্রায়েলের অবশিষ্ট লোক ও যাকু-বের বংশের পলায়িত লোক আপনাদের আঘাত-কারির প্রতি আর কখনো নির্ভর দিবে না; কিন্তু ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ পরমেশ্বরেতে সত্যরূপে নির্ভর ২১ দিবে। এবং কতক অবশিষ্ট লোক অর্থাৎ যাকু-বের কতক অবশিষ্ট লোক সর্ব্বশক্তিমান্ ঈশ্বরের ২২ প্রতি ফিরিবে। হে ইস্রায়েল্, তোমার লোকেরা সমুদ্রের বালির ন্যায় হইলেও তাহাদের কতক অবশিষ্ট লোক ফিরিয়া আসিবে, এবং ন্যায়েতে সম্পূর্ণ এই নিরূপিত কর্ম্মের সিদ্ধি হইবে‡। এবং ২৩ সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর যে উচ্ছিন্নতা নিরূপণ করিয়াছেন, তাহা তাবৎ দেশে সিদ্ধ করিবেন।

সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর কহেন, হে আমার ২৪ সিয়োন্‌নিবাসি লোক, অশূর্‌হইতে ভয় করিও না; সে মিসরের মতানুসারে তোমাকে যষ্ট্যাঘাত করিবে বটে, ও তোমার বিপরীতে যষ্টি উঠাইবে বটে; কিন্তু ২৫ অত্যল্প কালের পর আমার ক্রোধ ও আমার কোপ তাহার বিনাশেতে সফল হইবে। ওরেব্ শৈলেতে ২৬ মিদিয়নের যে কষাঘাত, ও সমুদ্রে মিস্রীয়দের উপরে উত্তোলিত যে দণ্ড, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর তাহার বিপরীতেও তদ্রূপ দণ্ড উঠাইবেন। সে সময়ে তোমার ২৭ স্কন্ধহইতে তাহার ভার ও তোমার কাঁধহইতে তাহার যোঁয়ালি দূরীকৃত হইবে; অভিষেক প্রযুক্ত যোঁয়ালি ভগ্ন হইবে।

সে অয়ে প্রবিষ্ট হইয়া মিগ্রোণ পার হইয়াছে, ২৮ এবং আপন দ্রব্যসামগ্রী মিক্মসে রাখিয়া ঘাট ছা-২৯ ড়িয়া আসিয়াছে, ও গেবাতে রাত্রিযাপন করিতেছে; ও রামৎ কম্পিতা হইতেছে, ও শৌলের গিবিয়া পলায়ন করিতেছে। হে গল্লীমের কন্যে, তুমি আপন ৩০ স্বরে উচ্চৈঃশব্দ কর; হে লয়িশ, তাহার শব্দ শুন; হে অনাথোৎ, তাহাকে উত্তর দেও। মদ্‌মেনা গি-৩১ য়াছে, ও গেবীম্ নিবাসিগণ পলায়ন করিয়াছে। সে কেবল অদ্য নোবে বাস করিবে, পরে সিয়ো-৩২ নের কন্যার পর্ব্বতের অর্থাৎ যিরূশালম্ পর্ব্বতের প্রতিকূলে হস্ত তুলিবে।

দেখ, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর মহাভয়ঙ্কর রূপে ৩৩ শাখা ভগ্ন করিবেন; তাহাতে অতি উচ্চ বৃক্ষ ছিন্ন হইবে, ও অতি উন্নত বৃক্ষ নত হইবে। তিনি লৌহ-৩৪ দ্বারা বনের ঝাড় সকল ছেদন করিবেন, ও মহা-পরাক্রান্ত হস্তদ্বারা লিবানোনকে নিপাত করিবেন।

১১ অধ্যায়।

১ খ্রীষ্টের রাজত্ব নির্ণয় ৬ ও তাহার ফল ১০ ও অন্য লোকদিগকে জয় ও যিহূদীয়দিগকে রক্ষা করণ।

১ যিশয়্‌রূপ মুড়াহইতে এক পল্লব নির্গত হইবে, ও তাহার মূলহইতে নির্গত পল্লব ফলবান্ হইবে। ২ এবং পরমেশ্বরের আত্মা অর্থাৎ জ্ঞান ও বুদ্ধিদায়ক আত্মা ও পরামর্শ ও পরাক্রমদায়ী আত্মা এবং পর-মেশ্বর বিষয়ক জ্ঞান ও ভয়জনক আত্মা তাঁহার উপরে আবির্ভূত হইবেন। তিনি পরমেশ্বর বিষয়ক ভয়ে ৩

[১২] প ৬। যিশ ৩৭; ২৩,২২,৩৬॥—[১৩,১৪] ৩৭; ২৪,২৫॥—[১৫] প ৫॥—[১৬-১৯] প ৩৩,৩৪। ৩৭; ৩৬॥
[২০-২৩] ৪; ৩,৪। ৩৭; ৩১,৩২। রো ৯; ২৭,২৮॥—[২৪-৩৪] যিশ ৮; ৭-১০। ১৪; ২৪-২৭॥—[২৪] যা ৫; ১৩,১৪॥
[২৫] যিশ ৩৭; ৩৬॥—[২৬] বি ৭: ২৫। যা ১৪; ২৬-২৮॥—[২৮-৩২] যি ১৮; ২৪-২৮। নি ১১; ৩১-৩৩॥—[২৮,২৯]
১ শি ১৪; ২,৫,১৬॥—[৩০] ১ শি ২৫; ৪৪। যি ২১; ১৭,১৮॥—[৩৩,৩৪] প ১৬-১৯। যিশ ৩৭; ৩৬॥
[১১ অধ্য; ১] যিশ ৪: ২। ৫৩; ২। যির ২৩; ৫। য ১; ১। প্র ২২; ১৬॥—[২] রো ১; ৪। যো ১; ৩২,৩৩। ৩; ৩৪॥
[৩,৪] ২ শি ২৩; ৩। গী ৭২; ২,৪। য ২৮; ১৮। ২ যি ২; ৮। প্র ১৯; ১৫॥

* (বা) ক্ষয়। † (ইব্রী) মন অবধি শরীর পর্য্যন্ত। ‡ (বা) নিরূপিত সিদ্ধির দ্বারা ধর্ম্মের বৃদ্ধি হইবে।

সুবিবেচক হইবেন; তাহাতে চক্ষুর দৃষ্টি অনুসারে বিচার করিবেন না, ও কর্ণের শ্রবণানুসারে বিচার ৪ নিষ্পত্তি করিবেন না। কিন্তু দীনহীনদের যথার্থ বিচার করিবেন, ও পৃথিবীস্থ নম্র লোকদের জন্যে যথার্থরূপ বিচার নিষ্পত্তি করিবেন, ও আপন মুখের দণ্ডাজ্ঞাদ্বারা পৃথিবীকে নষ্ট করিবেন, ও মুখের * ৫ প্রশ্বাসদ্বারা পাপিগণকে বধ করিবেন। এবং ধর্ম্ম তাঁহার পটুকা ও বিশ্বস্ততা তাঁহার কটিবন্ধ হইবে।

৬ তৎকালে কেন্দুয়াব্যাঘ্র মেষবৎসের সহিত একত্র বাস করিবে, ও চিতাব্যাঘ্র ছাগবৎসের সহিত শয়ন করিবে, এবং বাছুর ও হৃষ্টপুষ্ট পশু ও সিংহের বৎস একত্র গমনাগমন করিবে, এবং ক্ষুদ্র বালক ৭ তাহাদিগকে লইয়া যাইবে। গো ও ভল্লূকী এক স্থানে চরিবে, ও তাহাদের বৎস সকল এক স্থানে শয়ন করিবে, এবং সিংহ বলদের ন্যায় ছিন্ন বি- ৮ চালি ভোজন করিবে; এবং স্তন্যপায়ি বালক কেউটিয়া সর্পের গর্ত্তের উপরে খেলা করিবে, ও স্তন্য- ৯ ত্যাগি বালক কৃষ্ণসর্পের বাসায় হস্ত দিবে। কেহ আমার পবিত্র পর্ব্বতের কোন স্থানে হিংসা কিম্বা বিনাশ করিবে না; কারণ সমুদ্র যেমন জলেতে পরিপূর্ণ, তদ্রূপ পৃথিবী পরমেশ্বর বিষয়ক জ্ঞানেতে পরিপূর্ণ হইবে।

১০ সে সময়ে যিশয়ের মূল লোকদের ধ্বজা হইবার জন্যে উচ্চীকৃত হইবে, ও তাবৎ দেশীয় লোক তাঁহার অন্বেষণ করিবে, তাহাতে তাঁহার দত্ত আশ্রয় মহিমা- ১১ যুক্ত হইবে। সে সময়ে পরমেশ্বর অশূর্ ও মিসর্ ও পথ্রোষ্ ও কূশ্ ও এলম্ ও শিনিয়র্ ও হমাৎ ও পশ্চিম দেশহইতে আপনার অবশিষ্ট লোকদিগকে আনিবার জন্যে দ্বিতীয় বার হস্ত বিস্তার করিবেন; ১২ ও অন্য দেশীয়দের প্রতি ধ্বজা তুলিয়া পৃথিবীর চতুঃসীমাহইতে ইস্রায়েলের তাড়িত লোকদিগকে একত্র করিবেন, ও যিহূদার ছিন্নভিন্ন লোকদি- ১৩ গকে সংগ্রহ করিবেন। তৎকালে ইফ্রয়িমের ঈর্ষ্যা ঘুচিবে, ও যিহূদার শত্রুতা ভগ্ন হইবে; এবং ইফ্রয়িম যিহূদাকে আর ঈর্ষ্যা করিবে না, এবং ১৪ যিহূদা ইফ্রয়িমের আর শত্রুতা করিবে না। কিন্তু উভয়ে পশ্চিমদিগে পিলেষ্টীয়দের দেশ আক্রমণ করিবে, ও একত্র হইয়া পূর্ব্বদেশীয় লোকদের দ্রব্য লুট করিবে, এবং ইদোম্ ও মোয়াব্ তাহাদের হস্তগত হইবে, ও অম্মোনের সন্তানেরা তাহাদের আজ্ঞাবহ হইবে। ১৫ এবং পরমেশ্বর মিস্রীয় সমুদ্রের জিহ্বারূপ খাল শুষ্ক করিবেন, ও প্রবল বায়ুদ্বারা ফরাৎ নদীর প্রতি আপন হস্ত তুলিবেন, ও তাহাকে সপ্ত স্রোতস্বতীদ্বারা বিভাগ করিবেন, ও লোককে সপাদুক চরণে পার করাইবেন। ১৬ এবং মিসরদেশহইতে নির্গমন কালে ইস্রায়েলের যেমন পথ ছিল, তদ্রূপ অশূর্ দেশে তাঁহার অবশিষ্ট লোকদের নিমিত্তে এক রাজপথ হইবে।

১২ অধ্যায়।

রক্ষার্থে পরমেশ্বরের প্রশংসা করন।

১ সেই সময়ে তুমি বলিবা, 'হে পরমেশ্বর, আমি তোমার ধন্যবাদ করি; যদ্যপি তুমি আমার প্রতি ক্রোধ করিয়াছিলা, তথাপি এখন তোমার ক্রোধ আমাহইতে ফিরিল, ও তুমি আমাকে শান্ত করিতেছ। ২ দেখ, ঈশ্বর আমার পরিত্রাণস্বরূপ; আমি তাঁহাতে বিশ্বাস রাখিব, ভয় করিব না; কেননা যাঃ নামে পরমেশ্বর আমার বল ও গানস্বরূপ হইয়া আমার পরিত্রাতা হইলেন।' ৩ তোমরা ত্রাণের উনুইহইতে সুখেতে জল তুলিবা। ৪ তৎকালে তোমরা বলিবা, 'পরমেশ্বরের ধন্যবাদ কর, ও তাঁহার নামে নিবেদন কর, ও তাঁহার আশ্চর্য্য ক্রিয়া লোকদিগকে জ্ঞাত কর, এবং তাঁহার নাম কেমন মহিমাযুক্ত, তাহা প্রকাশ কর। ৫ এবং পরমেশ্বরের উদ্দেশে গান কর, কেননা তিনি আশ্চর্য্য কর্ম্ম করিয়াছেন, ও তাহা তাবৎ জগতে প্রকাশ পাইতেছে। ৬ হে সিয়োন্ নিবাসিনি, তুমি উচ্চৈঃস্বর ও আনন্দধ্বনি কর; কেননা যিনি ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ তিনি তোমার মধ্যে মহিমাযুক্ত হন।'

১৩ অধ্যায়।

১ বাবিলের বিষয়ে ভাবিদণ্ডের নির্ণয় ৬ ও লোকদের দুঃখ ১৭ ও বাবিলের সর্ব্বনাশ।

১ বাবিল্ নগর বিষয়ে দর্শনকারি আমোসের পুত্র যিশয়িয়ের ভবিষ্যদ্বাক্য।

২ লোক সকল যেন অধ্যক্ষদের দ্বারে প্রবেশ করে, একারণ নিরাবৃত পর্ব্বতের উপরে ধ্বজা তুল ও উচ্চধ্বনি কর ও হস্তদ্বারা সঙ্কেত কর। ৩ আমি আপন মনোনীত লোকদিগকে, অর্থাৎ আমার দত্ত সম্ভ্রমে আহ্লাদিত বলবান্ যোদ্ধাদিগকে আমার ক্রোধ প্রকাশ করিতে আজ্ঞা দিয়াছি। ৪ পর্ব্বতে বড় জনতার ন্যায় কোলাহল হইতেছে, ও একত্রীকৃত অনেক রাজ্যস্থ লোক সমূহের কলরব উঠিতেছে;

[৬-৯] যিশ ৬৫; ২৫॥—[৯] হ ২; ১৪।—[১০] প ১। যো ১২; ৩২। রো ১৫; ৮-১২॥—[১১,১২] দ্বি ৩০; ৪-৬। যিশ ৪৩; ৫,৬। ৪৯; ২২। ৬০; ৪,৫। মিখ ১০; ১০॥—[১৩] হো ১; ১১। যির ৩; ১৮। যিহি ৩৭; ১৫-২২॥
[১৪] গী ১০৮; ৭-১১॥—[১৫,১৬] যিশ ১৯; ২৩-২৫। যা ১৪; ২৯॥
[১২ অধ্যা; ১] গী ১০৩; ১-১৩॥—[২] যিশ ২৬; ৩, ৪। যা ১৫; ২। গী ১১৮; ১৪॥—[৩] যো ৭; ৩৭,৩৮॥
[৪] ১ বং ১৬; ৮। গী ১০৫; ১॥—[৫] গী ৯৮; ২॥
[১৩ অধ্যা; ৪,৫] প ১৭। যির ৫১; ২৭,২৮॥

* (ইব্র) এক্তারিরের॥

সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর সংগ্রামের নিমিত্তে সৈন্য ৫ সংগ্রহ করিতেছেন। তাহারা পরমেশ্বরের ক্রোধরূপ অস্ত্র হইয়া তাবৎ দেশ উচ্ছিন্ন করিতে দূর দেশহইতে অর্থাৎ আকাশের অন্তভাগহইতে আসিতেছে।

৬ (হে লোক সকল,) তোমরা ক্রন্দন কর, কেননা পরমেশ্বরের দিন উপস্থিত; সে সর্ব্বশক্তিমান্‌হইতে ৭ মহাপ্রলয়ের ন্যায় আসিবে। তাহাতে তাবতের হস্ত দুর্ব্বল * হইবে, ও তাবৎ মনুষ্যের হৃদয় দ্রব ৮ হইবে; এবং সকলে ভয়ার্ত্ত হইবে ও নানা যন্ত্রণা ও ব্যথাগ্রস্ত হইবে, এবং স্ত্রীলোকের প্রসব বেদনার ন্যায় বেদনার্ত্ত হইবে, এবং তাহাদের এক জন অন্যের প্রতি আশ্চর্য্যরূপ দৃষ্টি করিবে, ও ৯ তাহাদের মুখ অগ্নিশিখার ন্যায় † হইবে। দেখ, দেশ সমভূমি করিতে ক্রোধ ও প্রজ্বলিত কোপেতে দারুণ পরমেশ্বরের দিন আসিতেছে; তিনি পাপি লোকদিগকে তাহার মধ্যে সংহার করি১০ বেন। সে দিনে আকাশের তারাগণ ও নক্ষত্র সকল আর দীপ্তি দিবে না, এবং সূর্য্য আপন নির্গতিতে নিস্তেজ হইবে, ও চন্দ্র আপন তেজ ১১ প্রকাশ করিবে না। আমি পাপের নিমিত্তে জগৎকে ও অধর্ম্মের জন্যে পাপি লোকদিগকে শাস্তি দিব, ও অহঙ্কারিদের গর্ব্ব নিঃশেষ করিব, ১২ ও ভয়ঙ্কর লোকদের দাম্ভিকতা নত করিব। আমি মর্ত্ত্যকে উত্তম সুবর্ণহইতে অর্থাৎ মনুষ্যকে ওফী১৩ রের সুবর্ণহইতে মূল্যবান্ করিব। এই জন্যে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের ক্রোধের ও তাঁহার প্রজ্বলিত কোপের দিনে আকাশমণ্ডল কম্পবান্ হইবে, ১৪ ও পৃথিবী স্থানান্তরীকৃতা হইবে। তাহাতে অবশিষ্ট লোকেরা তাড়িত হরিণ ও রক্ষক ‡ রহিত মেষের ন্যায় হইবে, ও প্রত্যেক জন আপন২ দেশীয় লোকদের প্রতি দৃষ্টি করিবে ও আপন২ দেশের ১৫ দিগে পলায়ন করিবে। কিন্তু যে২ জন ধরা পড়িবে, তাহারা বিদ্ধ হইবে, ও ধৃত লোক সকল খড়্গের ১৬ কোপে পতিত হইবে। এবং তাহাদের সাক্ষাতে তাহাদের বালকগণ আছাড়িত হইবে, ও তাহাদের বাটীতে লুট হইবে, ও তাহাদের স্ত্রীগণ বলাৎকৃত হইবে।

১৭ দেখ, যাহারা রূপা তুচ্ছ করে ও সুবর্ণেতেও সন্তুষ্ট নয়, এমত মাদীয় লোকদিগকে আমি তাহাদের ১৮ বিরুদ্ধে উঠাইব। তাহারা ধনুর্ব্বাণদ্বারা তাহাদের যুবগণকে বধ করিবে, শিশুদের ‖ প্রতিও কিছু দয়া করিবে না, ও তাহাদের চক্ষু বালকদের প্রতিও কিছু স্নেহ করিবে না। যে বাবিল্‌নগর তাবৎ রাজ্যের ১৯ চূড়া ও কস্‌দীয়দের মহিমার ভূষণস্বরূপ, সে সিদোম্ ও অমোরার ন্যায় ঈশ্বরের হস্তদ্বারা উচ্ছিন্ন হইবে, তাহার মধ্যে আর কখনো বসতি হইবে না; পুরুষ ২০ পুরুষানুক্রমে তাহাতে কেহ বাস করিবে না, এবং অরবীয় লোকেরাও সেই স্থানে শিবির স্থাপন করিবে না, এবং মেষপালকেরাও সেখানে আর মেষের খোঁয়াড় করিবে না। কিন্তু সেই স্থানে বন্য ২১ পশুগণ বাস করিবে, এবং চীৎকারকারি পেচকেতে তাহার গৃহ পরিপূর্ণ হইবে, ও উষ্ট্রপক্ষী সেখানে বাসা করিবে, ও বন্য ছাগ § নৃত্য করিবে। এবং ২২ তাহাদের অট্টালিকাতে শৃগাল শব্দ করিবে ও রাজমন্দিরে বৃহৎ সর্প বাস করিবে; তাহার সময় শীঘ্র উপস্থিত হইবে; তাহার দিন অবিলম্বে আসিবে।

১৪ অধ্যায়।

১ ইস্রায়েলের প্রতি পরমেশ্বরের দয়া ৩ ও বাবিলের প্রতি ইস্রায়েলের শ্লাঘার কথা ও অশূরীয়দের প্রতি ভাবিদণ্ড ২৯ ও পিলেষ্টীয়দের ভাবিদণ্ড।

১ পরমেশ্বর যাকূবের প্রতি দয়া করিবেন, এবং ইস্রায়েল্‌কেও পুনর্ব্বার মনোনীত করিবেন; তিনি আপন দেশে তাহাদিগকে বিশ্রাম দিবেন, তাহাতে অন্য লোক তাহাদের সহিত যুক্ত হইবে ও যাকূবের বংশে আসক্ত হইবে। ২ এবং ভিন্ন দেশীয় লোক তাহাদের স্থানে তাহাদিগকে লইয়া যাইবে, ও ইস্রায়েল্ বংশ পরমেশ্বরের দেশে তাহাদিগকে দাস দাসীর ন্যায় অধিকার করিবে; তাহারা যাহাদের কাছে বন্দি ছিল, তাহাদিগকে বন্দি করিবে, ও উপদ্রবকারিদের উপরে কর্ত্তৃত্ব করিবে।

৩ তৎকালে দুঃখ ও ভয়, ও যে কঠোর দাসত্বে বদ্ধ ছিলা তাহাহইতে পরমেশ্বর তোমাকে বিশ্রাম ৪ দিবেন। তাহাতে তুমি বাবিলের রাজার বিষয়ে এই দৃষ্টান্ত কথা কহিবা, ‘আহা, অন্যায়কারী কি বা উচ্ছিন্ন হইয়াছে! ও স্বর্ণাপহারিণী কি বা ৫ উচ্ছিন্না হইয়াছে! পরমেশ্বর দুষ্টদের দণ্ড অর্থাৎ ৬ শাসনকর্ত্তাদের দণ্ড ভগ্ন করিয়াছেন। যে জন ক্রুদ্ধ হইয়া নিরন্তর আঘাতদ্বারা লোকদিগকে বিনাশ করিল, ও ক্রোধ করিয়া অন্যদেশীয়দের উপরে কর্ত্তৃত্ব করিল, সে শত্রুগ্রস্ত হয়; কেহ নিবা৭ রণ করে না। পৃথিবীর তাবৎ লোক শান্ত ও নিশ্চিন্ত

[৭,৮] দা ৫; ৬,৯ ॥—[৯-১০] যিশ ২৪; ১৭-২৩। যোয় ২; ৩০,৩১। ৩; ১৪,১৫। মল ৪; ১। ম ২৪; ২৯। ২ পি ২; ৭,১০॥ [১৪] যির ৫০; ১৬ ॥—[১৬] প ১৮। গী ১৩৭; ৯ ॥—[১৭] যিশ ২১; ২। যির ৫১; ১১,২৮। দা ৫; ২৮,৩১॥ [১৮] প ১৬ ॥—[১৯] দা ২; ৩২,৩৭,৩৮। আ ১৯; ২৪,২৫॥—[১৯-২২] যিশ ১৪; ২২,২৩। যির ৫০; ৩,৩৯,৪০। ৫১; ২৯,৬২॥—[২১,২২] যিশ ৩৪; ১১-১৫। প্র ১৮; ২॥
[১৪ অধ্য; ১] যিশ ৫১; ১১-১৬। ৬০; ৪,৫,১০॥—[২] ৪৯; ২২,২৩। ৬০; ১২,১৪। লে ২৫; ৪৪-৪৬॥

* (ইব্রি) পতিত। † (ইব্রি) অগ্নিশিখার মুখের ন্যায়। ‡ (ইব্রি) একত্রকারি। ‖ (ইব্রি) গর্ভফলের। § (বা) ভূত।

৮ থাকে, তাহারা আনন্দধ্বনি করে। দেবদারু ও লিবানোনের এরস্ বৃক্ষ সকলেও তোমার প্রতি আনন্দিত হইয়া কহে, তুমি যাবৎ পতিত হইয়াছ, তাবৎ আমাদের নিকটে কোন ছেদনকর্ত্তা আইসে ৯ না। তোমার আগমনে তোমার সহিত সাক্ষাৎ করিতে অধঃস্থ পরলোক চালিত হইয়া তোমার নিমিত্তে তাবৎ বীরগণকে ও পৃথিবীর তাবৎ পরাক্রান্ত লোককে সচেতন করে, ও ভিন্ন দেশীয়দের রাজ১০ গণকে আপন২ সিংহাসনহইতে উঠায়। তাহারা সকলে তোমার নিকটে আসিয়া কহে, ওহে তুমি, তুমিও কি আমাদের মত দুর্ব্বল হইয়াছ? তুমি কি ১১ আমাদের সমান হইয়াছ? তোমার অহঙ্কার ও তোমার যন্ত্রের মধুর বাদ্য কি কবরে নামান গিয়াছে? এবং কীট কি তোমার খট্টা ও ক্রমি কি তোমার ১২ আচ্ছাদনবস্ত্র হইয়াছে? হে প্রত্যূষের পুত্র, প্রভাতি নক্ষত্র যে তুমি, তুমি কি বা আকাশহইতে পতিত হইয়াছ? এবং ও হে ভিন্নদেশীয় বিজয়ি যে তুমি, ১৩ তুমি কি বা ভূমিতে উচ্ছিন্ন হইয়াছ? তুমি মনে কহিয়াছিলা, "আমি স্বর্গারোহণ করিব, ও ঈশ্বরের নক্ষত্র অপেক্ষাও উচ্চেতে আপন সিংহাসন স্থাপন ১৪ করিব, ও উত্তরদিগে সভাপর্ব্বতে বসিব; আমি মেঘে ঊর্দ্ধ আরোহণ করিয়া স্বর্গোপরিস্থের ন্যায় ১৫ হইব।" কিন্তু তুমি কবরে অর্থাৎ খাতের এক ১৬ প্রদেশে নামিয়াছ। যাহারা তোমাকে দেখে, তাহারা একদৃষ্টিতে তোমার প্রতি নিরীক্ষণ করে, এবং মনে বিবেচনা করিয়া কহে, "যে জন পৃথিবীকে কম্পান্বিত করিল, ও রাজ্য সকলকে চালনা ১৭ করিল, ও সংসারকে অরণ্যের ন্যায় করিল, ও নগর সকলকে উচ্ছিন্ন করিল, ও বন্দি লোকদিগকে আপন২ বাটীতে যাইতে দিল না, সে কি এই ব্যক্তি ১৮ নয়? তাবদ্দেশীয় রাজগণ সম্মানেতে আপন২ ১৯ কবরে শয়ন করে। কিন্তু তুমি কবরহইতে উত্তোলিত হইয়া শুষ্ক শাখার ন্যায় হইয়াছ, এবং হত ও খড়্গে বিদ্ধ ও খাতের প্রস্তরে নিক্ষিপ্ত লোকদ্বারা বেষ্টিত আছ, এবং পদে দলিত শবের ন্যায় হই২০ য়াছ।" কেননা তুমি স্বদেশ উচ্ছিন্ন করিয়া আপন লোকদিগকে বধ করিয়াছ, এই জন্যে তাহাদের সহিত কবরস্থ হইবা না; কুক্রিয়াকারি বংশের ২১ যশ কখনো হয় না। তাহার পূর্ব্বপুরুষদের অধর্ম্ম প্রযুক্ত তাহার সন্তানগণের বধের উদ্যোগ কর; তাহারা উঠিয়া পৃথিবী অধিকার না করুক, ও ২২ নগরেতে* জগৎ সমুদয়কে পরিপূর্ণ না করুক।' কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি তাহাদের বিরুদ্ধে উঠিব, ও পরমেশ্বর কহেন, আমি বাবিলের নাম ও পুত্র পৌত্রাদি অবশিষ্ট লোককে উচ্ছিন্ন করিব। এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি ২৩ ঐ নগর শজারুর অধিকার করিব, ও তাহাকে জলাভূমি করিব, এবং তাহা সংহাররূপ মার্জনীদ্বারা মার্জন করিব।

সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর শপথ করিয়া কহেন, ২৪ আমি যেরূপ স্থির করিয়াছি, তদ্রূপ অবশ্য হইবে; এবং যে রূপ মনস্থ করিয়াছি, তদ্রূপ তাহা সিদ্ধ হইবে। অশূরীয়দিগকে আপন দেশে পেষণ ও ২৫ আপন পর্ব্বতে মর্দ্দন করিব; তাহাতে লোকদের স্কন্ধহইতে তাহাদের যোঁয়ালি দূর হইবে, ও তাহাদের গ্রীবাহইতে ভার নীত হইবে। তাবৎ দেশের ২৬ বিষয়ে এই নিয়ম স্থির আছে, ও তাবৎ অন্যদেশীয়দের উপরে এই হস্ত বিস্তীর্ণ আছে। সৈন্যা- ২৭ ধ্যক্ষ পরমেশ্বর যে মনস্থ করিয়াছেন, তাহার অন্যথা কে করিতে পারে? ও তাঁহার যে হস্ত বিস্তীর্ণ আছে, তাহা কে ফিরাইতে পারে?

যে বৎসরে আহস্ রাজের মৃত্যু হইল, সেই ২৮ সময়ে এই বাক্য প্রকাশিত হইল।

হে পিলেষ্টিয়া, তুমি যে দণ্ডদ্বারা প্রহারিত হই- ২৯ য়াছ, তাহা ভগ্ন হওয়াতে একমনা হইয়া আনন্দ করিও না; কেননা সেই মূলরূপ সর্পহইতে কেউটিয়া সর্প উৎপন্ন হইবে, এবং জ্বলন্ত উড্ডীয়মান সর্প তাহার ফলস্বরূপ হইবে। দীনহীনদের জ্যেষ্ঠ সন্তা- ৩০ নেরা ভোজন করিবে, ও দরিদ্রগণ নিরাপদে শয়ন করিবে; কিন্তু তিনি দুর্ভিক্ষদ্বারা তোমার মূলরূপ বংশ নষ্ট করিবেন, এবং তোমার অবশিষ্ট লোককে বধ করিবেন। অতএব হে দ্বার, তুমি ক্রন্দন কর, ৩১ ও হে নগর, তুমি হাহাকার কর; হে পিলেষ্টিয়া, তুমি সর্ব্বতোভাবে ব্যাকুল হইবা; কেননা উত্তরদিগহইতে ধূম আসিতেছে, তাহার সৈন্যের মধ্যে কেহ শ্রেণীর বাহির হয় না। অন্যদেশীয় লোকদের দূত ৩২ গণকে কি উত্তর দেওয়া যাইবে? পরমেশ্বর সিয়োনের ভিত্তিমূল স্থাপন করিয়াছেন; তাহাতে তাঁহার দরিদ্রগণ আশ্রয় করিবে।

১৫ অধ্যায়।

অশূরীয় রাজার আগমনদ্বারা মোয়াবের ভাবিদুর্দ্দশা।

মোয়াব্ বিষয়ক বাক্য।

রাত্রিকালে আর্-মোয়াব্ নামা নগর উচ্ছিন্ন ও ১ অনাথ হইবে; এবং রাত্রিতে কীর্-মোয়াব্ নামা নগর উচ্ছিন্ন ও অনাথ হইবে। রোদন করণার্থে ২

[১৩,১৪] যিশ ৪১; ৭,৮। ৩৭; ২৪। দা ৮; ১০,১১। ২ থি ২; ৭।।—[২২,২৩] যিশ ১৩; ১৯-২২।।—[২৪-২৭] ৮; ৯-১০। ১৩; ২৪-২৭। ৩৭; ৩৬।।—[২৮] ২ রা ১৬; ২০।।—[২৯] ২ বং ২৬; ৬। ২৮; ১৮। ৩২; ২২,২৩।। [৩১] আম ১; ৬-৮।।—[৩২] যিশ ৩৭; ৩৩-৩৬।।

* (বা) শত্রুগণেতে।

লোকেরা দেবালয়ে ও টিকরস্থানে * যাইবে, এবং মোয়াব্ নিবো ও মেদিবার উপরে হাহাকার করিবে, এবং প্রত্যেকের মস্তকমুণ্ডন ও প্রতি জনের শ্মশ্রু-৩ মুণ্ডন হইবে। তাহার পথের লোক সকল চট পরিধান করিবে, ও তাহার ছাতের উপরে ও তাহার প্রশস্ত স্থানে তাবৎ লোক হাহাকার করিবে, ও ঝাঁ-৪ দিতে২ নামিয়া যাইবে। হিষ্‌বোন্ ও ইলিয়ালী এমত চীৎকার করিবে, যে তাহার শব্দ যহস্ পর্য্যন্ত শুনা যাইবে; ও মোয়াবের যোদ্ধাগণ আর্ত্তস্বর করিবে, ৫ তাহার আপনার প্রাণ আপনার ভার বোধ হইবে। মোয়াবের জন্যে আমার হৃদয় রোদন করে; তাহার পলাতক লোকেরা সোয়র্ নগর পর্য্যন্ত যাইয়া ত্রিহায়নী বৎসার ন্যায় † শব্দ করিবে; তাহারা কাঁদিতে২ লূহীতের উচ্চপথে আরোহণ করিবে, ও হোরোণয়িমের পথে বিনাশ প্রযুক্ত উচ্চৈঃস্বরে ৬ হাহাকার করিবে। নিম্রীমের সকল জল শুষ্ক হইবে, ও তৃণ ম্লান হইবে, ও ঘাসের অভাব হইবে, হরিৎ-৭ বর্ণ কিছু থাকিবে না। এবং তাহারা আপনাদের প্রাপ্ত ধন ও সঞ্চিত দ্রব্য বাইশীবৃক্ষের উপত্যকাতে ৮ লইয়া যাইবে। এবং ক্রন্দনের শব্দ মোয়াব্‌কে চতুর্দ্দিগে বেষ্টন করিবে, এবং ইগ্‌লয়িম্ পর্য্যন্ত তাহার হাহাকার ও বেরেলীম্ পর্য্যন্ত তাহার আর্ত্ত-৯ স্বর শুনা যাইবে। এবং দীমোনের জল রক্তময় হইবে; কিন্তু আমি দীমোনের উপরে আরো দুঃখ ও মোয়াবের পলাতকের ও দেশের অবশিষ্ট লোকের উপরে সিংহ আনয়ন করিব।

১৬ অধ্যায়।

১ মোয়াবের প্রতি বিনয় কথা ৬ ও তাহার অহঙ্কার প্রযুক্ত দণ্ড।

১ সেলাহইতে প্রান্তরের মধ্য দিয়া সিয়োন্ পর্ব্বতে দেশাধ্যক্ষের নিকটে মেষশাবককে পাঠাইয়া দেও। ২ বাসাহইতে তাড়িত ভ্রমণকারি ‡ পক্ষির যেমন দুরবস্থা, তদ্রূপ অর্ণোনের ঘাটে মোয়াবের কন্যার ৩ দুরবস্থা হইবে। 'পরামর্শ কর, ও বিচার করিতে প্রস্তুত হও, ও মধ্যাহ্নকালে আপন ছায়া রাত্রিকালের ন্যায় কর, ও বহিষ্কৃতদিগকে লুকাইয়া ৪ রাখ, এবং পলাতকদিগকে প্রকাশ করিও না। (হে সিয়োন্,) তুমি মোয়াব্‌হইতে বহিষ্কৃত আমার লোকদিগকে বাসস্থান দেও, ও বিনাশকের সম্মুখহইতে তাহাদিগকে রক্ষা কর, কেননা উপদ্রবী নিঃশেষ হইবে, ও বিনাশকের শেষ হইবে; যে জন আমাদিগকে পদতলে দলিত করিল, সে দেশহইতে উচ্ছিন্ন হইবে। তাহাতে দয়াদ্বারা তোমাদের সিংহা-৫ সন স্থাপিত হইবে, এবং ন্যায় অন্বেষণকারি ও শীঘ্র দণ্ডাজ্ঞাদায়ী এক বিচারকর্ত্তা দায়ূদের নিবাসে তাহার উপরে ন্যায়েতে বসিবেন।'

৬ আমরা মোয়াবের দর্প ও অত্যন্ত গর্ব্ব ও অহঙ্কার ও ক্রোধের কথা শুনিয়াছি, সে অতিশয় অহঙ্কারী হইতেছে; অতএব তাহার ছলবাক্য সকলি ৭ বৃথা হইবে। মোয়াব্ বড় হাহাকার করিবে, ও তাহার তাবৎ দেশীয় লোক রোদন করিবে; তোমরা কীর্হেরসের উচ্ছিন্ন স্থানের নিমিত্তে রোদন করিবা; ৮ তাহা নিতান্ত পতিত হইবে। হিষ্‌বোনের ক্ষেত্র ম্লান হইবে; ও যে লতার নবীন পল্লব যাসের্ পর্য্যন্ত গমন করিল, ও যাহার শাখা অরণ্যে গেল এবং বিস্তৃত হইয়া সমুদ্র পার হইল, এমত যে সিব্‌মার দ্রাক্ষালতা, তাহা দেশীয় অধ্যক্ষগণ বিনষ্ট করিবে। ৯ অতএব আমি সিব্‌মার দ্রাক্ষালতার নিমিত্তে যাসেরের ক্রন্দনের ন্যায় ক্রন্দন করিব; হে হিষ্‌বোন্, হে ইলিয়ালী, আমি চক্ষুর্জলে তোমাকে অভিষিক্ত করিব; কেননা তোমার দ্রাক্ষাফলের ও শস্যের ১০ ছেদন সময়ে সিংহনাদ উপস্থিত হইবে। ফলবান্ ক্ষেত্রহইতে আনন্দ ও আমোদ দূরীকৃত হইবে; লোকেরা দ্রাক্ষাক্ষেত্রে গান ও জয়২ শব্দ আর করিবে না; এবং তাহারা পদদ্বারা চাপ দিয়া কুণ্ডে আর দ্রাক্ষারস বাহির করিবে না, ও আর হর্ষনাদ হইবে ১১ না। অতএব আমার নাড়ী মোয়াবের জন্যে ও আমার অন্তর কীর্হেরসের নিমিত্তে বীণার ন্যায় বাজিবে। ১২ এবং যদ্যপি মোয়াব্ উচ্চস্থানে আপনাকে ক্লান্ত করিয়া প্রার্থনা করণার্থে আপন পবিত্র স্থানে প্রবেশ করিবে; তথাপি তাহার কার্য্যসিদ্ধি হইবে না।

১৩ পরমেশ্বর মোয়াবের বিষয়ে এই কথা পূর্ব্বে ১৪ কহিয়াছিলেন; কিন্তু এখন পরমেশ্বর এই কথা কহিতেছেন, ভৃত্যের বৎসরের ন্যায় তিন বৎসর গেলে মোয়াবের প্রতাপ ও তাহার মহাজনতা ক্ষীণ হইবে, এবং অবশিষ্ট লোকেরা অতি অল্প ও দুর্ব্বল হইবে।

১৭ অধ্যায়।

১ অরাম ও শোমিরোণের বিষয়ে ভবিষ্যদ্বাক্য ৬ ও অবশিষ্ট লোকদের দেবপূজা ত্যাগ করণ ১২ ও ইস্রায়েলের শত্রুদের দুঃখ।

দম্মেষক্ বিষয়ক কথা।

১ দেখ, দম্মেষক্ নগর না থাকিয়া বিনষ্ট দ্রব্যের ২ ঢিবি হইবে। এবং অরোয়েরের সকল নগর ত্যক্ত

[১৫ অধ্যা;] যিশ ১৬। যির ৪৮।—[৫] যিশ ১৬; ১১। ২১; ৩।
[১৬ অধ্যা] যিশ ১৫। যির ৪৮।—[১] ২ শি ৮; ২। ২ রা ৩; ৪,৫। ১৪; ৭।—[৬] আম ২; ২। বি ৩; ১৩,১৪। সিফ ২; ৮-১১।—[১১] যিশ ১৫; ৫। ২১; ৩।—[১৪] ২১; ১৬।
[১৭ অধ্যা; ১-৩] যিশ ৭; ১,২,৮,৯। ৮; ৪। আম ১; ৩-৫। ২ রা ১৬; ৯। যির ৪৯; ২৩-২৭।
* (বা) বৈতের ও দীবোনের লোকেরা উচ্চস্থানে। † (বা) ইগ্‌লৎ-শিলীশিয়া পর্য্যন্ত। ‡ (বা) ত্যক্ত নীড়।

হইবে, ও সে পশুপালদের অধিকার হইবে; তাহারা সেই স্থানে শয়ন করিবে, ও কেহ তাহাদিগকে তাড়না করিবে না। ৩ ইফ্রয়িমের দুর্গ ও দম্মেষক্ রাজ্য ও অরামের অবশিষ্ট স্থান লুপ্ত হইবে; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তাহারা ইস্রায়েল্ বংশের গৌরবের সদৃশ হইবে। ৪ এবং সে সময়ে যাকূবের গৌরব হ্রাস পাইবে, ও তাহার স্থূলতা কৃশতা হইবে। ৫ এবং যেমন কেহ শস্য সংগ্রহ করণার্থে হস্তদ্বারা শস্যের শীষ কাটে, কিম্বা রিফায়ীম্ উপত্যকাতে গিয়া শীষ কুড়ায়, তদ্রূপ হইবে।

৬ ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, যেমন জিতবৃক্ষের ফল ঝরাওনের পরেও তাহার অত্যুচ্চ শাখাতে দুই তিন, ও বিস্তারিত ফলবান শাখাতে চারি পাঁচ ফল থাকে, তদ্রূপ তাহার কিছু ২ অবশিষ্ট থাকিবে। ৭ তৎকালে মনুষ্য আপন সৃষ্টিকর্ত্তাকে মান্য করিবে, ও তাহার চক্ষু ইস্রায়েলের ধর্ম্মস্বরূপের প্রতি চাহিয়া থাকিবে। ৮ সে আপন হস্তকৃত বেদি সকল মানিবে না, ও আপন অঙ্গুলিকৃত কর্ম্ম ও চৈত্যবৃক্ষ ও সৌর প্রতিমা মানিবে না। ৯ ইস্রায়েল্ বংশের আগমনে যেমন বনস্থ ও পর্ব্বতস্থ নগর ত্যক্ত হইল; তদ্রূপ তাহাদের দুর্গবিশিষ্ট নগর ত্যক্ত হইয়া উচ্ছিন্ন হইবে। ১০ তুমি আপন ত্রাণকর্ত্তা ঈশ্বরকে বিস্মৃত হইয়াছ, তোমার বলরূপ পর্ব্বতকে স্মরণ কর নাই; এই জন্যে তুমি সুন্দর ২ চারা ও অন্যান্য দেশীয় শাখা রোপণ করিয়া ১১ যদ্যপি তাহার শাখা বৃদ্ধি করাও ও প্রভাতে তাহার পল্লব বাহির করাও, তথাপি বিপদের ও অপ্রতিকার্য্য দুঃখের দিনেতে তাহার ফল ঝরিয়া পড়িবে।

---

১২ হায় ২, অনেক লোকের কোলাহল হইতেছে; তাহারা গভীর জলের ন্যায় কলরব করিতেছে, এবং অন্য দেশীয়দের গর্জ্জন হইতেছে, তাহারা ১৩ মহাসমুদ্রের ন্যায় গর্জ্জন করিতেছে। অন্যদেশীয়েরা বহুজলের ন্যায় গর্জ্জন করিলেও ঈশ্বর তাহাদিগকে ধমক্ দিবেন, তাহাতে তাহারা দূরে পলায়ন করিবে; যেমন বায়ুর সম্মুখস্থিত পর্ব্বতের উপরিস্থ ভূষি ও ঘূর্ণবায়ুর অগ্রস্থিত তুলা, তদ্রূপ ১৪ তাহারা তাড়িত হইবে। দেখ, সন্ধ্যাকালে ভয় উপস্থিত হইবে, ও প্রভাতের পূর্ব্বে সকল বিনষ্ট হইবে; আমাদের হরণকারিদের এই অধিকার, ও আমাদের লুটকারিদের এই অংশ।

১৮ অধ্যায়।

১ পরমেশ্বরের শত্রুদের বিনাশ ও রাজ্যের বৃদ্ধি।

১ হে কূশ্ দেশের নদীর ওপারস্থ পক্ষশব্দবিশিষ্ট* ও ভেলীদ্বারা সমুদ্রের ও জলের উপরে দূতগণকে প্রেরণকারি দেশ। ২ হে দ্রুতগামি দূতগণ, যে দেশ বিস্তারিত ও ক্রূর এবং প্রথমাবধি এ কাল পর্য্যন্ত ভয়ঙ্কর, এবং রজ্জুদ্বারা পরিমিত, ও দলিত, ও নদীদ্বারা বিভক্ত †, সেই দেশীয় লোকদের নিকটে তোমরা যাও। ৩ হে জগন্নিবাসিগণ, হে পৃথিবীস্থ লোক সকল, যখন পর্ব্বতের উপরে ধ্বজা উঠে, তখন তাহা দেখ; তূরী বাজাইলে তাহা শুন। ৪ কেননা পরমেশ্বর আমাকে কহিলেন, যেমন গ্রীষ্মসময়ে রৌদ্র, এবং শস্য কাটনের গ্রীষ্মসময়ে শিশিরযুক্ত মেঘ, তদ্রূপ আমি আপন বাসস্থানে বসিয়া দৃষ্টি করিব। ৫ দ্রাক্ষা সঞ্চয় করণের পূর্ব্বে যে সময়ে অঙ্কুর সম্পূর্ণ হইলে পুষ্পহইতে পক্ক দ্রাক্ষাফল জন্মিবে, তৎকালে তিনি ক্যাস্ত্যা দিয়া তাহার পল্লব কাটিবেন, ও তাহার সকল শাখা ছেদন করিয়া দূর করিবেন। ৬ সে সকল পর্ব্বতের হিংসক পক্ষী ও বন্য পশুদের নিমিত্তে ত্যক্ত হইবে, ও হিংসক পক্ষিগণ তাহার উপরে গ্রীষ্মকাল যাপন করিবে, ও বন্য পশুগণ তাহার উপরে শীতকাল যাপন করিবে। ৭ তৎকালে যে দেশ বিস্তারিত ও ক্রূর ও প্রথমাবধি এ কাল পর্য্যন্ত ভয়ঙ্কর, এবং রজ্জুদ্বারা পরিমিত, ও দলিত, ও নদীদ্বারা বিভক্ত †, সেই দেশস্থ লোকহইতে ‡ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের কাছে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের নামবিশিষ্ট স্থানে, অর্থাৎ সিয়োন্ পর্ব্বতে উপঢৌকন ‖ আনীত হইবে।

১৯ অধ্যায়।

১ মিসরের দুঃখের কথা ১০ রাজাদের মূর্খতা ১৮ ও মণ্ডলীর বিষয়ে ভাবিকথা।

মিসর্ বিষয়ক ভবিষ্যদ্বাক্য।

১ দেখ, পরমেশ্বর দ্রুতগামি মেঘারূঢ় হইয়া মিসর্দেশে গমন করিবেন; তাহাতে মিসরের দেবগণ তাঁহার সাক্ষাতে কম্পবান হইবে, ও মিস্রীয়দের অন্তরস্থ হৃদয় দ্রব হইবে। ২ আমি মিস্রীয়দিগকে মিস্রীয়দের বিপরীতে সুসজ্জ করিব; তাহারা প্রত্যেকে আপন ২ ভ্রাতার ও বন্ধুর সহিত যুদ্ধ করিবে, এবং এক নগর অন্য নগরের সহিত ও এক রাজ্য অন্য রাজ্যের সহিত সংগ্রাম করিবে। ৩ মিস্রীয়দের অন্তরস্থ মন ক্ষয় পাইবে, ও আমি তাহাদের পরামর্শ গ্রাস করিব; তাহারা প্রতিমা ও ভেলকীকর ও ভূতুড়িয়া

---

[৩] যিশ ১৮; ১-৪। ২ রা ১৭; ৫,৬।।—[৪] হো ১৩; ১৫।।—[৫,৬] যিশ ২৪; ১৩। ২ বং ৩০; ১১,১৮। ৩৫; ১৮।।
[৮] ২ রা ১৬; ১০-১৬। ২ বং ২৮; ২২-২৫। ৩৪; ৪-৭।।—[৯-১১] ২ রা ১৭; ৭-২৩।।—[১২-১৪] যিশ ৩৭; ৩৬। গী ৪৬।।
[১৮ অধ্য; ১,২] যিশ ৩৭; ৯।।—[২] প ৭।।—[৪-৬] ৩৭; ৩৬।।—[৭] প ২। ২ বং ৩২; ২৩।।
[১৯ অধ্য;] যির ৪৬। যিহি ২৯। ৩০।।

* (বা) পক্ষদ্বারা আচ্ছাদনকারী। † (বা) বিনষ্ট। ‡ (বা) লোকেরা। ‖ (বা) উপঢৌকনস্বরূপ।

৪ ও গুণিদের স্থানে পরামর্শ জিজ্ঞাসা করিবে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি মিসর্‌দেশকে দুর্জ্জন রাজার হস্তগত করিব, দুরন্ত রাজা তাহার উপরে ৫ রাজত্ব করিবে। তৎকালে সমুদ্রের জল শুষ্ক হইবে, ৬ ও নদী ক্ষয় ও শুষ্কতা পাইবে, ও তাহার স্রোত দুর্গন্ধ হইবে, এবং মিসরের খাল শূন্য হইয়া শুষ্ক হইয়া ৭ যাইবে ; তাহাতে নল ও খাগড়া শুষ্ক হইবে। এবং নদীর তীর ও নদীর নিকটস্থ তাবৎ তৃণাদি ও নদীর নিকটে তাবৎ উপ্ত দ্রব্য ম্লান ও শুষ্ক হইয়া বিনষ্ট ৮ হইবে। তাহাতে ধীবরগণ হাহাকার করিবে ; এবং যাহারা নদীতে বড়শী ফেলে, তাহারা বিলাপ করিবে ; এবং যাহারা স্রোতের মুখে জাল পাতে, তা- ৯ হারা অবসন্ন হইবে। এবং যাহারা পট্ট সূক্ষ্ম সূতাতে কর্ম্ম করে, কিম্বা জাল বুনে, তাহারা লজ্জিত ১০ হইবে। এবং যাহারা স্তম্ভসদৃশ, তাহারা ভগ্ন হইবে; ও যাহারা বেতনগ্রাহী, তাহারা মনে দুঃখিত হইবে *।

১১ সোয়নের অধ্যক্ষগণ ও ফিরৌণের সুবোধ মন্ত্রিগণ মূর্খ হইবে, এবং তাহাদের সকল মন্ত্রণা অজ্ঞানতাস্বরূপ হইবে ; ‘আমি জ্ঞানির পুত্র ও প্রাচীন রাজার সন্তান,’ এই কথা তোমরা ফিরৌণের কাছে ১২ কি প্রকারে কহিবা ? এখন তোমাদের জ্ঞানি লোক কোথায় ? সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর মিসরের প্রতিকূলে কি নিয়ম করিয়াছেন, তাহারা আসিয়া এখন তাহা ১৩ প্রকাশ করিয়া বলুক। সোয়নের প্রধান লোকেরা মূর্খ হইবে, ও মোফের অধ্যক্ষগণ ভ্রান্ত হইবে ; তাহারা স্তম্ভরূপ হইয়া মিস্রীয় বংশদিগকে ১৪ ভুলাইবে। পরমেশ্বর তাহাদের মধ্যে বিপরীত আত্মাকে প্রবেশ করাইবেন ; মত্ত লোক যেমন আপন বমিতে টলিয়া পড়ে, তদ্রূপ তাহারা তাবৎ ১৫ কর্ম্মে মিসর্‌কে ভ্রান্ত করিবে। মিসর্‌দেশে মস্তক বা লাঙ্গূল ও শাখা বা নলদ্বারা কোন কার্য্য ১৬ সম্পন্ন হইবে না। সেই সময়ে মিস্রীয় লোক স্ত্রীলোকের ন্যায় হইবে ; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর তাহাদের উপরে যে হস্ত চালন করিবেন, তাহার ১৭ চালনেতে তাহারা কাঁপিবে ও ভীত হইবে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর তাহাদের বিপরীতে যে পরামর্শ করিয়াছেন, তৎপ্রযুক্ত মিস্রীয়দের কাছে যিহূদা দেশ ভয়ঙ্কর হইবে, ও কেহ তাহার নামমাত্র করিলে তাহারা ভয় পাইবে।

১৮ সে সময়ে মিসর্‌দেশে পাঁচ নগর স্থাপিত হইবে, তাহারা কিনান্ দেশীয় ভাষাবাদী হইবে ও সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের নামে দিব্য করিবে, এবং তাহাদের মধ্যে এক নগর সূর্য্যনগর † নামে বিখ্যাত হই- ১৯ বে। এবং তৎকালে মিসর্‌দেশের মধ্যস্থানে পরমেশ্বরের এক যজ্ঞবেদী হইবে, এবং তাহার সীমার নিকটে পরমেশ্বরের উদ্দেশে এক স্তম্ভ স্থাপিত হইবে। ২০ এবং তাহারা উপদ্রবকারিদের ভয়ে পরমেশ্বরের কাছে প্রার্থনা করিলে তিনি এক তারক প্রতিকারক পাঠাইয়া তাহাদিগকে উদ্ধার করিলে ঐ স্তম্ভ মিসর্‌দেশে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের উদ্দেশে এক চিহ্ন ও সাক্ষিস্বরূপ হইবে। ২১ এবং তৎকালে পরমেশ্বর মিস্রিদের জ্ঞাত হইবেন, এবং মিস্রিয় লোকেরা তাঁহাকে জানিয়া বলিদান ও নৈবেদ্যদ্বারা তাঁহার ভজনা করিবে, ও তাঁহার কাছে মানন করিয়া মানস সিদ্ধ করিবে। ২২ এইরূপে পরমেশ্বর মিস্রিদিগকে প্রহার করিবেন, এবং প্রহার করিলে পর সুস্থ করিবেন, কেননা পরমেশ্বরের প্রতি তাহাদের মতি ফিরিলে তিনি তাহাদের নিবেদন গ্রাহ্য করিয়া তাহাদিগকে সুস্থ করিবেন। ২৩ সে সময়ে মিসর্‌হইতে অশূরে যাইবার এক রাজপথ হইবে ; তাহাতে অশূরীয় লোকেরা মিসরে ও মিস্রিয়েরা অশূরে যাতায়াত করিবে, এবং মিস্রীয়েরা অশূরীয়দের সহিত ভজনা করিবে। ২৪ সে সময়ে পৃথিবীর মধ্যে ইস্রায়েল্ মিসরের ও অশূরের সহিত তৃতীয় মঙ্গলের পাত্র হইবে ; ২৫ এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর তাহাকে আশীর্ব্বাদ করিয়া কহিবেন, ‘আমার মিস্রীয় লোক, ও আমার হস্তকৃত অশূরীয় লোক, ও আমার ইস্রায়েল্‌রূপ অধিকার ধন্য হউক।’

২০ অধ্যায়।

মিসরদেশের ভাবিদণ্ড।

১ যে সময়ে তর্ত্তন্ (সেনাপতি) অশূরীয় সর্গোন্ নামক ভূপতি কর্তৃক প্রেরিত হইয়া অস্‌দোদ্ নগরে গিয়া তাহা আক্রমণ করিয়া হস্তগত করিল, ২ সেই বৎসরে পরমেশ্বর আমোসের পুত্র যিশয়িয়দ্বারা এই কথা কহিলেন, তুমি যাইয়া আপন কটিদেশহইতে চট মুক্ত কর, ও পদহইতে পাদুকা খুল; তাহাতে সে যাইয়া তদনুসারে উলঙ্গ ও শূন্যপদ হইয়া ভ্রমণ করিতে লাগিল। ৩ তৎকালে পরমেশ্বর কহিলেন, আমার দাস যিশয়িয় উলঙ্গ ও শূন্যপদ হইয়া যে ভ্রমণ করিয়াছে, তাহা মিসর্ ও কূশ্ দেশের বিষয়ে তিন বৎসরের চিহ্ন ও আশ্চর্য্য লক্ষণ হয়। ৪ এবং উলঙ্গ ও শূন্যপদ ও মিস্রীয়দের লজ্জার জন্যে পশ্চাদ্‌ভাগ অনাবৃত করিয়া মিস্রীয় আবাল বৃদ্ধ বন্দিদিগকে ও কূশ্‌দেশীয় বহিষ্কৃত লোকদিগকে অশূরের রাজা লইয়া যাইবে। ৫ তাহাতে লোকেরা শঙ্কিত হইবে, এবং আপন বিশ্বাসপাত্র কূশ্ ও দর্পাস্পদ মিসরের বিষয়ে লজ্জিত হইবে। ৬ এবং এই প্রদেশীয় প্রজাগণ সেই

[১৫] যিশ ৯ ; ১৪ ।।—[১৮-২২] গী ৬৮ ; ৩১ ।।—[২৩-২৫] যিশ ১১ ; ১৫,১৬ ।।
[২০ অধ্য] যির ৪৩ ; ৮-১৩ ।।—[১] ২ রা ১৮ ; ১৭ ।।—[৫] যিশ ৩০ ; ১-৭ ।।

* (বা) তাহাদের অভিপ্রায় এবং স্রোত ও পুষ্করিণীর মৎস্যদ্বারা লাভকারি সকল ভগ্ন হইবে। † (বা) হেরস্ বা বিনাশ।

দিনেতে বলিবে, অশূরীয় রাজাহইতে উদ্ধার পাইবার জন্যে যাহাদের কাছে উপকার পাইতে পলায়ন করিলাম, দেখ, আমাদের বিশ্বাসপাত্র এই সেই লোক, তবে আমরা কি প্রকারে বাঁচিব?

২১ অধ্যায়।

১ বাবিলের ভাবিদণ্ড ১১ ও দূমার বিষয়ে ভাবিকথা ১৩ ও অরবিয়া বিষয়ে ভাবিদণ্ড।

জলরাশির নিকটস্থ প্রান্তরের বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

১ যেমন দক্ষিণ প্রান্তরহইতে ঝড় মহাবেগে গমন করে, তদ্রূপ ভয়ঙ্কর দেশহইতে শত্রু আসিতেছে। ২ এই শঙ্কাদায়ক দর্শন আমার কাছে প্রকাশিত হয়; লুটকারিরা লুট করিবে, ও বিনাশক বিনাশ করিবে; হে এলম্, তুমি উপস্থিত হও; ও হে মাদিয়া, তুমি নগর বেষ্টন কর, কেননা আমি বিলাপ করাও- ৩ নের শেষ করিব। ইহাতে আমার তাবৎ কটিদেশে বেদনা হইতেছে, ও স্ত্রীলোকের প্রসববেদনার ন্যায় বেদনা আমাকে ধরিতেছে, ও আমি এমত মূর্চ্ছাগত হইতেছি, যে শুনিতে পাই না; এবং এমত ব্যাকুল ৪ হইতেছি, যে দেখিতে পাই না। আমার মন স্তম্ভিত হইতেছে, ও শঙ্কা আমাকে ধরিতেছে; আমার যে আনন্দরাত্রি, তাহা তিনি ভয়ানক করিতেছেন। ৫ ভোজনাসন প্রস্তুত হয়, ও প্রহরিগণ নিরূপিত হয়, ও তাহারা ভোজন পান করে; হে অধ্যক্ষগণ, ৬ উঠ, আপন২ ঢাল অভিষিক্ত কর। কেননা পরমেশ্বর আমাকে কহিলেন, তুমি যাইয়া এক প্রহরিকে নিযুক্ত কর; তাহাতে সে যাহা২ দেখিবে, তাহার ৭ সম্বাদ তোমাকে দিউক। পরে সে রথ ও দুই২ অশ্বারূঢ়কে ও গর্দ্দভারূঢ় ও উষ্ট্রারূঢ়কে দেখিল। তাহাতে প্রহরী অতি যত্নপূর্ব্বক মনোযোগ করিয়া ৮ উচ্চৈঃস্বরে * কহিল, হে আমার প্রভো, আমি আপন প্রহরির স্থানে সমস্ত দিন থাকি, এবং সমস্ত রাত্রি ৯ আপন রক্ষাস্থানে নিত্য দণ্ডায়মান থাকি। দেখ, রথ ও দুই২ অশ্বারূঢ় ব্যক্তি আসিতেছে; তাহাতে এক জন কহিল, 'বাবিল্ পতিত, বাবিল পতিত হইয়াছে, ১০ ও তাহার দেবপ্রতিমাগণ ভূমিতে ভগ্ন হইয়াছে।' হে আমার মর্দ্দনীয় শস্য, হে আমার মর্দ্দনস্থানের শস্য †, আমি সৈন্যাধ্যক্ষ প্রভু ইস্রায়েলের ঈশ্বরের কাছে যাহা শুনিয়াছি, তাহা তোমাদিগকে জ্ঞাত করিলাম।

দূমা বিষয়ক ভবিষ্যদ্বাক্য।

১১ কোন জন সেয়ীর্‌হইতে আমাকে ডাকিয়া কহিতেছে, হে প্রহরি, রাত্রিতে কি হইবে? হে প্রহরি, রাত্রিতে কি হইবে? এই শব্দ আইলে প্রহরী উত্তর ১২ করিল, প্রাতঃকাল এবং রাত্রিও আসিতেছে; যদি অন্বেষণ করিতে চাহ, তবে অন্বেষণ কর, এবং ফিরিয়া আইস।

অরবিয়া বিষয়ক ভবিষ্যদ্বাক্য।

১৩ হে দিদনীয়দের পথিকগণ, তোমরা রাত্রিতে অরবিয়া দেশের বনে শয়ন করিবা। ১৪ হে তেমা-নিবাসি লোক সকল, তোমরা তৃষিত লোকদিগকে দান করিতে জল আন, এবং অন্ন দিয়া পলাতকদিগকে রক্ষা কর। ১৫ কেননা তাহারা খড়্গের সম্মুখহইতে ও নিষ্কোষ খড়্গের ধারহইতে ও আকর্ষিত ধনুর ও দুঃখদায়ক যুদ্ধের সম্মুখহইতে পলায়ন করিতেছে। ১৬ এবং পরমেশ্বর আমাকে আরো এই কথা কহিলেন, বেতনগ্রাহি দাসের বৎসরের ন্যায় আর এক বৎসরের মধ্যে কেদরের সকল প্রতাপ ক্ষয় পাইবে। ১৭ এবং কেদরের মধ্যে অবশিষ্ট বলবান ধনুর্দ্ধরেরা ‡ হ্রাসতা পাইবে; ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন।

২২ অধ্যায়।

১ যিরূশালমের ভাবিদুঃখ, ১৫ ও শিব্‌নের অধঃপতন, ২০ ও ইলিয়াকীমের উন্নতি।

ভবিষ্যদ্বাক্যের উপত্যকা বিষয়ক কথা।

১ হে কলরববিশিষ্ট ও কোলাহলযুক্ত আনন্দকারি নগর, এখন তোমার কি হইল? তোমার নিবাসি ২ তাবৎ লোক কেন গৃহের ছাতের উপরে যায়? তোমার মৃত লোকেরা খড়্গে মরে নাই, ও সংগ্রামেও ৩ প্রাণ ত্যাগ করে নাই। তোমার অধ্যক্ষগণ এক কালে পলায়ন করে, ও ধনুর্দ্ধরদ্বারা বদ্ধ হয়; তোমার মধ্যস্থিত তাবৎ লোক এক কালে বদ্ধ হইয়া ৪ দূরে যায়। এই নিমিত্তে আমি বলিলাম, আমার নিকটহইতে যাও, আমি অতিশয় ক্রন্দন করিব; এবং আমার লোকদের রাজধানীর বিনাশ বিষয়ে আমাকে সান্ত্বনা করিতে চেষ্টা করিও না। ৫ কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের দ্বারা ভবিষ্যদ্বাক্যের উপত্যকাতে এই দুঃখের ও দলনের ও উদ্বেগের দিন হয়; তাহাতে ভিত্তি ভগ্ন হয় ও আর্ত্তনাদ পর্ব্বত পর্য্যন্ত যায়। ৬ এলমই তূণধারী হয়, ও পদাতিক বাহক রথ ও অশ্বারূঢ় সৈন্য আসিতেছে ও কীর্ লোক ঢাল ধারণ করিতেছে। ৭ তোমার উত্তম উপত্যকা রথে পরিপূর্ণ হইতেছে, ও অশ্বারূঢ় লোকেরা দ্বারের সম্মুখে উপস্থিত হইতেছে। ৮ যিহূদার আচ্ছাদনবস্ত্র দূরীকৃত হইতেছে; তুমি সেই সময়ে

[২১ অধ্যা; ১-১০] দা ৫। যির ৫০। ৫১॥—[২] যিশ ১৩; ১৭। দা ৫; ২৮॥—[৩] যিশ ১৫; ৫। ১৬; ১১॥
[৯] যিশ ৪৬; ১,২। যির ৫০; ২। প্র ১৪; ৮। ১৮; ২॥—[১০] যিশ ২৮; ২৩-২৯॥—[১১] ১ বং ১; ৩০॥—[১৩] ১ বং ১; ৯,৩২॥—[১৪] ১ বং ১; ৩০॥—[১৬] যিশ ১৬; ১৪॥—[১৬,১৭] যির ৪৯; ২৮,২৯॥
[২২ অধ্যা; ১-৭] ২ বং ৩২; ১,২,৫,৬॥—[৪,৫] যিশ ৩৭; ৩॥—[৬] ২ রা ১৬; ৯॥—[৭] যিশ ৩৬; ৮॥—[৮] ১ রা ১০; ১৭॥

* (ইব্রী) সিংহের ন্যায়। † (ইব্রী) শস্যের পুত্র। ‡ (ইব্রী) বনুক॥

(লিবানোনের) অরণ্যগৃহ নামক অস্ত্রাগারের প্রতি ৯ দৃষ্টি করিতেছ; ও দায়ূদ্‌নগরের অনেক ভগ্ন স্থান দেখিতেছ, ও নীচস্থ সরোবরের জল একত্র করিতেছ; ১০ ও যিরূশালমের বাটীর গণনা করিতেছ, ও প্রাচীর ১১ দৃঢ় করণার্থে গৃহ ভাঙ্গিতেছ; এবং পুরাতন পুষ্করিণীর জল ধারণার্থে দুই ভিতের মধ্যে সরোবর খনন করিতেছ; কিন্তু যিনি এই সকল নিরূপণ করেন, তাঁহার প্রতি তোমরা দৃক্‌পাত কর না; ও যিনি তাহা ১২ পূর্ব্বে স্থির করেন, তাঁহাকে মান না। এবং এই কালে সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর ক্রন্দন ও হাহাকার ও মস্তকমুণ্ডন ও চটপরিধান করিতে আহ্বান করি-১৩ লেও তোমরা আনন্দ ও আহ্লাদপূর্ব্বক বলদ ও মেষহত্যা ও মাংস ভক্ষণ ও দ্রাক্ষারস পান করিয়া এই কথা কহিতেছ, 'আইস, আমরা ভোজন পান ১৪ করি, কেননা কল্য মরিব।' আমার কর্ণে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের এই বাক্য প্রকাশিত হইল, সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর কহেন, মরণকাল পর্য্যন্ত তোমাদের এই অধর্ম্মের ক্ষমা হইবে না।

১৫ সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর কহেন, তুমি বাটীর অধ্যক্ষ শিব্‌ন নামক মন্ত্রির নিকটে গিয়া বল, ১৬ হে উচ্চস্থানে কবরকারি, হে পর্ব্বতে আপন বাসস্থান খননকারি, এখানে তোমার কি আছে? এখানে তোমার কে আছে, যে তুমি আপনার নি-১৭ মিত্তে এখানে কবর খনন করিতেছ? হে বলবান, দেখ, পরমেশ্বর তোমাকে অধো নিক্ষেপ করি-১৮ বেন, ও দৃঢ়রূপে তোমাকে ধরিবেন। এবং ভাঁটার ন্যায় তোমাকে ঘুরাইয়া প্রশস্ত দেশে নিক্ষেপ করিবেন; তাহাতে সেখানে তুমি প্রাণত্যাগ করিবা; সেস্থানে তোমার মনোহর রথ তোমার স্বামির বা-১৯ টীর লজ্জাস্পদ হইবে। এবং আমি তোমার পদহইতে তোমাকে দূর করিব, ও তোমার স্থানহইতে তোমাকে নামাইব।

২০ সে সময়ে আমি আপন দাস অর্থাৎ হিল্কিয়ের ২১ পুত্র ইলিয়াকীম্‌কে ডাকিয়া তোমার রাজবস্ত্রে তাহাকে বস্ত্রান্বিত করিব, ও তোমার কটিবন্ধনেতে তাহাকে বলবান করিব, ও তোমার শাসনপদ তাহার হস্তে সমর্পণ করিব; সে যিরূশালম্‌ নিবাসি-২২ দের ও যিহূদা বংশের পিতা হইবে। আমি দায়ূদ বংশের কুঞ্চিকা তাহার স্কন্ধে দিব; তাহাতে সে খুলিলে অন্যে রুদ্ধ করিতে পারিবে না, ও রুদ্ধ ২৩ করিলে অন্যে খুলিতে পারিবে না। যেমন দৃঢ় স্থানে ডাণ্ডা বদ্ধ করে, তদ্রূপ তাহাকে বদ্ধ করিব, সে আপন পিতৃবংশের নিমিত্তে গৌরবযুক্ত সিংহাসনস্বরূপ হইবে। এবং ঐ ডাণ্ডার উপরে তাহার পিতৃ-২৪ বংশীয় গৌরবযুক্ত মহৎ ও ক্ষুদ্র লোকস্বরূপ মৃৎপাত্র অবধি চর্ম্মপাত্র পর্য্যন্ত তাবৎ ক্ষুদ্র পাত্র রাখা যাইবে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, সে সময়ে ২৫ যে ডাণ্ডা পূর্ব্বে দৃঢ় স্থানে স্থাপিত ছিল, তাহা স্থানান্তর করা যাইবে, ও উচ্ছিন্ন হইয়া পড়িবে, ও তাহার উপরিস্থ ভার ছিন্ন হইবে, পরমেশ্বর এই কথা কহেন।

২৩ অধ্যায়।

১ কল্‌দীয়দের দ্বারা সোরের ভাবিবিনাশ ১৫ ও পুনরুন্নতি।

সোর্‌ নগর বিষয়ক ভবিষ্যদ্বাক্য।

১ হে তর্শীশের জাহাজীয় লোক সকল, তোমরা আর্ত্তস্বর কর, কেননা (সোর্‌ নগর) উচ্ছিন্ন হইবে; তাহার গৃহমাত্র থাকিবে না, তাহাতে কেহ প্রবেশ করিবে না, এই সমাচার কিত্তীম্‌ দেশহইতে তোমাদের * ২ প্রতি প্রকাশিত হইবে। হে উপদ্বীপ নিবাসিগণ, নীরব হও, সমুদ্র পারগামি সীদোনের ব্যবসায়িগণ ৩ তোমাদিগকে † পূর্ণ করে। এবং নীল্‌ নদীর জলজ শস্য ও সেই নদ্যুৎপন্ন দ্রব্য (সোরের) রাজকরস্বরূপ হয়, ও তাহা অন্যদেশীয়দের হট্টস্বরূপ হয়। ৪ হে সীদোন্‌, তুমি লজ্জিত হও, কেননা সাগর অর্থাৎ সমুদ্রের অতি সুদৃঢ় দুর্গ এ কথা কহিতেছে, 'আমি প্রসববন্ত্রণা না পাইয়া সন্তান প্রসব না করিয়া যুবদিগকে প্রতিপালন ও যুবতিদিগকে ভরণপোষণ না করিলে যেরূপ হইতাম, এখন তদ্রূপ ৫ হই'। এই সমাচার মিসর্‌দেশে গতমাত্র তাহারা ৬ সোরের সম্বাদে ব্যথিত হইবে। তোমরা পার হইয়া তর্শীশে গমন কর; হে উপদ্বীপ নিবাসিগণ, তো-৭ মরা আর্ত্তস্বর কর। পূর্ব্বকালাবধি স্থিত ও জয়ধ্বনি বিশিষ্ট তোমাদের যে নগর, সে কি এই? দূর দেশে বাস করণার্থে তাহার চরণ তাহাকে বহিয়া ৮ লইয়া যায়। হায় ২, যাহার বণিকেরা রাজতুল্য ও মহাজনেরা অধ্যক্ষতুল্য ছিল, এমত মুকুটদায়ক ৯ সোর নগরের বিপরীতে এই মন্ত্রণা কে করিয়াছে? তাহার সৌন্দর্য্যরূপ অহঙ্কার চূর্ণ করিতে ও পৃথিবীস্থ তাবৎ মহৎ লোকদিগকে অপমান করাইতে ১০ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর মন্ত্রণা করিয়াছেন। হে তর্শীশের কন্যে, তুমি নদীর ন্যায় আপন দেশের উপরে উথলিয়া উঠ, তোমার কোন বাধা ১১ নাই। পরমেশ্বর সমুদ্রের উপরে হস্ত বিস্তার করেন, ও রাজ্য সকল চালিত করেন; বাণিজ্যের ‡ নগরের দৃঢ় দুর্গ উচ্ছিন্ন করিতে তাহার বিরুদ্ধে ১২ আজ্ঞা দেন। তিনি কহেন, হে সীদোনের কুমারি,

[৯-১১] ২ বং ৩২; ২-৬,৩০॥—[১২-১৪] ২ বং ৩২; ২৫॥—[১৩] ১ ক ১৫; ৩২॥—[১৫] যিশ ৩৬; ৩॥
[১৭] ২ বং ৩৩; ১১॥—[২০] যিশ ৩৬; ৩॥—[২২] প্র ৩; ৭॥
[২৩ অধ্যা] যিহি ২৬-২৮॥—[১] প ১৪॥

* (ইব্রু) তাহাদের। † (ইব্রু) তোমাকে। ‡ (বা) কিনানের।

ভ্রষ্টা কন্যে, তুমি আর জয়ধ্বনি করিবা না; এখন উঠিয়া পার হইয়া কিত্তীমে যাও; কিন্তু সেস্থানেও ১৩ তোমার বিশ্রাম হইবে না। কস্‌দীয়দের দেশ দেখ, এই লোক নগণ্যের মধ্যে ছিল; অশূর্‌ লোক বন-নিবাসিদের হস্তে তাহা অর্পণ করিল; তাহারা দুর্গ নির্ম্মাণ করিয়া সোরের অট্টালিকার প্রতি আক্রমণ ১৪ করিয়া তাহা সমভূমি করিয়া উচ্ছিন্ন করিবে। হে তর্শীশের জাহাজীয় লোক সকল, তোমরা আর্ত্তস্বর কর, কেননা তোমাদের সুদৃঢ় দুর্গ ভগ্ন হইবে।

১৫ সে সময়ে এক রাজার অধিকারের সময়ানুসারে সোর্‌ সত্তর বৎসর পর্য্যন্ত বিস্মৃত থাকিবে, এবং সত্তর বৎসরের শেষে সোর্‌ বেশ্যার ন্যায় গান ১৬ করিবে। হে বহুকাল বিস্মৃতে বেশ্যে, তুমি বীণা লইয়া নগরে ভ্রমণ কর, ও সুস্বরেতে বীণা বাজাইয়া বিবিধ গান কর, তাহাতে আর বার স্মরণে আ-১৭ সিবা। সত্তর বৎসরের শেষে পরমেশ্বর সোরের বিষয় বিবেচনা করিবেন; পরে সে পুনর্ব্বার আপন লাভজনক পূর্ব্বব্যবসায়েতে প্রবৃত্ত হইবে, এবং পৃথিবীস্থ অর্থাৎ জগতের তাবৎ রাজ্যের সহিত সা-১৮ ধারণ ব্যবহার করিবে। কিন্তু তাহার লাভ ও বেতন সঞ্চিত ও রক্ষিত না হইয়া পরমেশ্বরের উদ্দেশে পবিত্র হইবে, কেননা পরমেশ্বরের সম্মুখনিবাসিদের প্রচুর খাদ্য ও সুন্দর বস্ত্রের নিমিত্তে তাহার ব্যাপার হইবে।

২৪ অধ্যায়।

১ ইস্রায়েলের ভাবিদণ্ড ১৩ অবশিষ্ট লোকদের সুখ ও শত্রুর বিনাশ।

১ দেখ, পরমেশ্বর (ইস্রায়েল্‌) দেশকে উচ্ছিন্ন ও শূন্য করিয়া তাহার পরিবর্ত্ত করিবেন, এবং তাহার ২ নিবাসিদিগকে ছিন্নভিন্ন করিবেন। তাহাতে যেমন লোকের তদ্রূপ পুরোহিতের, ও যেমন ভৃত্যের তদ্রূপ প্রভুর, ও যেমন দাসীর তদ্রূপ কর্ত্রীর, ও যেমন ক্রেতার তদ্রূপ বিক্রেতার, ও যেমন অধমর্ণের তদ্রূপ উত্তমর্ণের, ও যেমন উৎকোচদায়ির ৩ তদ্রূপ উৎকোচগ্রাহির অবস্থা ঘটিবে। এবং দেশ অবশ্য শূন্য ও লুটিত হইবে, এই পরমেশ্বরের ৪ উক্ত কথা। রাজ্য রোদন করিয়া ম্লান হইবে, এবং পৃথিবী দীন ও ম্লান হইবে, ও দেশের ৫ অহঙ্কারি * লোকেরা দুর্ব্বল হইবে। দেশ আপন নিবাসিদের দ্বারা অপবিত্র হয়, কারণ তাহারা ব্যবস্থা লঙ্ঘন করে, ও বিধি মতান্তর করে, ও ৬ অনন্ত নিয়ম ভঙ্গ করে। এই জন্যে অভিশাপ দেশকে গ্রাস করিবে ও দেশস্থ লোকেরা দণ্ডগ্রস্থ হইবে; ও দেশের নিবাসি সকল দগ্ধ হইবে, তাহার মধ্যে অত্যল্প লোক অবশিষ্ট থাকিবে। নূতন দ্রাক্ষারস ৭ ক্রন্দন করিবে, ও দ্রাক্ষালতা শুষ্ক হইয়া যাইবে, ও আনন্দিত অন্তঃকরণেরা দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিবে। এবং খঞ্জরীর আনন্দধ্বনি নিবৃত্ত হইবে, ৮ ও জয় ২ শব্দ আর হইবে না, এবং বীণার উল্লাসধ্বনি নিবৃত্ত হইবে। লোকেরা গান করিতে ২ আর ৯ দ্রাক্ষারস পান করিবে না; ও সুরাপায়িদের মুখে সুরা তিক্ত বোধ হইবে। এবং নগর ভগ্ন হইয়া ১০ নরশূন্য হইবে, এবং তাবৎ গৃহ এমত রুদ্ধ হইবে, যে তাহাতে কেহ প্রবেশ করিতে পারিবে না। এবং ১১ পথের মধ্যে দ্রাক্ষারসের অভাবে কোলাহল হইবে; ও সকল আহ্লাদ ঘুচিবে, ও তাবৎ আনন্দ দেশবহির্ভূত হইবে। এবং মহা কলরবেতে দ্বার ভাঙ্গিয়া ১২ পড়িলে নগরের মধ্যে কেবল শূন্যতা থাকিবে।

পৃথিবীর মধ্যে অর্থাৎ লোকদের মধ্যে এমত ১৩ থাকিবে; জিতফল পাড়ন ও দ্রাক্ষা কুড়াওনের পরে যে পাড়ন হয়, তদ্রূপ হইবে। এবং অবশিষ্ট ১৪ লোকেরা উচ্চৈঃস্বরে গান করিবে, ও সমুদ্রহইতে পরমেশ্বরের মহত্ত্ব প্রকাশ করিবে। অতএব তোমরা ১৫ পূর্ব্বদেশে † থাকিয়া পরমেশ্বরের মহিমা প্রকাশ কর, ও সমুদ্রের দূরস্থ সীমায় থাকিয়া ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের গৌরব প্রচার কর। 'ধার্ম্মিকগণই ১৬ ধন্য', এই বাক্যময় গীত আমরা পৃথিবীর দূরস্থ ‡ সীমাহইতে শুনিয়াছি; কিন্তু আমি কহিলাম, হায় ২ আমার ক্ষীণতা! ‖ আমার ক্ষীণতা! ‖ আমার মনস্তাপ হইতেছে; লুটকারিরা লুট করে, ও লুটকারিরা অতিশয় লুট করে। হে দেশীয় প্রজা, তোমার ১৭ প্রতি ভয় ও খাত ও ফাঁদ উপস্থিত হইবে। তাহাতে ১৮ যে কেহ ভয় প্রযুক্ত পলাইয়া বাঁচিবে, সে খাতে পড়িবে; ও যে কেহ খাতহইতে উঠিয়া বাঁচিবে, সে ফাঁদে ধরা পড়িবে; কারণ উপরিস্থ বন্যার দ্বার মুক্ত হইবে, ও পৃথিবীর মূল কম্পবান হইবে। ও পৃথিবী টলমল করিয়া সর্ব্বতোভাবে চূর্ণ হইবে, ১৯ ও পৃথিবী স্বস্থানহইতে স্থানচ্যুত হইবে। এবং ২০ পৃথিবী মত্ত লোকের ন্যায় টলটলায়মান হইবে; সে এক রাত্রিপ্রবাসগৃহের ন্যায় টলমল করিবে, কেননা সে আপন অপরাধের ভারেতে ভারী হইয়া পড়িবে, তাহাতে আর উঠিবে না।

সে সময়ে পরমেশ্বর উপরে উপরিস্থ সেনাগণকে, ২১ ও পৃথিবীতে ভূপতিগণকে দণ্ড দিবেন। যেমন আটি ২২

[১৪] প ১ ॥—[১৭] যিহি ২৭; ৬-২৫। ২৮; ১৮। প্র ১৭; ২। ১৮; ৯॥—[১৮] মিখ ১৪ : ২০,২১॥
[২৪ অধ্য; ১-১২] হো ৩; ৪। যিশ ৩২; ১৩,১৪। লে ২৬; ২৭-৩০। দ্বি ২৯; ২২-২৮। লূ ২১; ২৪॥—[১৩] যিশ ২৭; ১২,১৩॥—[১৩-১৬] দ্বি ৩৩; ১-৬॥—[১৪,১৫] প্র ১৯; ৬,৭॥—[১৭-১০] গী ৭৫; ২,৩। যিশ ১৩; ৯-১৩। প ১৬; ১৮-২১॥—[১৮] আ ৭; ১১॥

* (ইব) ঔচ্চ। † (বা) ঊপত্যকাতে বা অগ্নিতে। ‡ (ইব্র) পক্ষ। ‖ (বা) আমার গুহ্য কথা।

বাঁধে, তদ্রূপ তাহারা খাতে একত্রীকৃত হইবে, ও কারাগারে দৃঢ় বন্ধনেতে বদ্ধ হইবে, কিন্তু অনেক ২৩ দিনের পরে তাহারা বিচারে আনীত হইবে। এবং চন্দ্র বিবর্ণ ও সূর্য্য লজ্জিত হইবে, কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর সিয়োন্ পর্ব্বতের উপরে যিরূশালমে ও আপন প্রাচীন লোকদের সাক্ষাতে মহিমাতে রাজত্ব করিবেন।

২৫ অধ্যায়।

১ জয়পুরুক্ত পরমেশ্বরের প্রশংসা। ৬ ও খ্রীষ্টের রাজ্য স্থাপন ৯ ও তাঁহার লোকের সুখ।

১ হে পরমেশ্বর, তুমি আমার ঈশ্বর, আমি তোমার প্রতিষ্ঠা করিব, ও তোমার নামের প্রশংসা করিব; কেননা তুমি আশ্চর্য্য ক্রিয়া করিয়াছ, এবং তোমার ২ পূর্ব্বকালের নিরূপিত বাক্য অটল ও সত্য হয়। তুমি নগরকে ঢিবিস্বরূপ এবং দৃঢ় নগরকে কুৎসিত ঢিবিস্বরূপ করিয়াছ, ও তন্মধ্যস্থ অহঙ্কারিদের অট্টালিকা এমত সমভূমি করিয়াছ, যে সে আর ৩ কখনো প্রস্তুত হইবে না। এই জন্যে বলবান লোকেরাও তোমার স্তব করে, ও ভয়ঙ্কর নগরীয় লোক ৪ তোমাকে ভয় করে। কেননা তুমি দরিদ্রদের আশ্রয়স্বরূপ ও বিপদে দীনহীনদের আশ্রয়স্বরূপ হইয়াছ; এবং ভিত্তির উপরে ভয়ঙ্কর লোকদের ক্রোধ ঝড়সদৃশ হইলে ঝড়ের সময়ে আশ্রয়স্থান, ও ৫ রৌদ্রের সময়ে ছায়াস্বরূপ হইয়াছ। এবং শুষ্ক দেশে যেমন (বৃষ্টিদ্বারা) গ্রীষ্ম হ্রাস পায়, তদ্রূপ তুমি অহঙ্কারিদের গর্জ্জন দমন করিয়াছ; ও যেমন নিবিড় মেঘের ছায়াদ্বারা গ্রীষ্ম হ্রাস পায়, তদ্রূপ ভয়ঙ্কর লোকদের জয় ২ কার শব্দ নিবৃত্ত হইয়াছে।

৬ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই পর্ব্বতে তাবৎ লোকদের নিমিত্তে উত্তম ২ খাদ্যদ্রব্য ও পুরাতন দ্রাক্ষারস অর্থাৎ মেদযুক্ত অতি সুস্বাদু সামগ্রী, ও পুরাতন নির্ম্মলীকৃত দ্রাক্ষারসযুক্ত এক ভোজ প্রস্তুত করি- ৭ বেন। এবং যে আচ্ছাদনবস্ত্র তাবৎ লোকের মুখে আছে, ও তাবৎ দেশীয়দের মুখে যে ঘোমটা আছে, ৮ তাহা এই পর্ব্বতে নষ্ট করিবেন। তিনি মৃত্যুকে জয় করিয়া* গ্রাস করিবেন, ও প্রভু পরমেশ্বর তাবতের মুখহইতে চক্ষুর্জল মুছিবেন; এবং তাবৎ পৃথিবীহইতে আপন লোকদের অপমান দূর করিবেন; এ কথা পরমেশ্বর আপনি কহিয়াছেন।

৯ সে সময়ে তাহারা বলিবে, দেখ, এই আমাদের ঈশ্বর, আমরা ইহাঁর অপেক্ষা করিয়াছি, ইনি আমাদিগকে ত্রাণ করিয়াছেন; ইনিই পরমেশ্বর, আমরা ইহাঁর অপেক্ষা করিয়াছি, আমরা ইহাঁর কৃত পরিত্রাণেতে আনন্দ ও জয়ধ্বনি করিব। কেননা ১০ পরমেশ্বরের হস্ত এই পর্ব্বতে বিশ্রাম দান করিবেন; যেমন পোয়াল সারকুড়ে পদতলে দলিত হয়, তদ্রূপ মোয়াবি লোক পদতলে দলিত হইবে। এবং ১১ যেমন মগ্ন ব্যক্তি সন্তরণের জন্যে হস্ত বিস্তার করে, তদ্রূপ সে তাহার মধ্যে হস্ত বিস্তার করিবে; কিন্তু ঈশ্বর তাহার হস্তছলের সহিত তাহার অহঙ্কার দমন করিবেন। তিনি তাহার † দৃঢ় ভিত্তি ও উচ্চ প্রাচীর ১২ ভগ্ন করিয়া মৃত্তিকাতে নামাইবেন, ও তাহা ধূলাতে ফেলিবেন।

২৬ অধ্যায়।

১ শত্রুদের দণ্ড দিবার জন্যে পরমেশ্বরের প্রশংসা ১৬ ও পরমেশ্বরে আপন লোকদের আশ্রয় করণ।

১ সে সময়ে যিহূদা দেশের লোকেরা এই গীত গান করিবে, আমাদের বলবৎ নগর আছে, তাহাতে ঈশ্বর পরিত্রাণরূপ প্রাচীর ও দৃঢ় ভিত্তি স্থাপন করি- ২ য়াছেন। তোমরা দ্বার মুক্ত কর, তাহাতে সত্যতা- ৩ সক্ত ধার্ম্মিক জাতি প্রবেশ করিবে। তুমি অটল অভিপ্রায় হইয়া তাহাদিগকে নিত্য ২ কুশলে রা- ৪ খিবা, কেননা তাহারা তোমার আশ্রিত লোক। তোমরা সর্ব্বদা পরমেশ্বরে আশ্রয় লও, কেননা যাঃ ৫ নামক পরমেশ্বরেতে অনন্ত আশ্রয় আছে। এবং তিনি উচ্চস্থানবাসিদিগকে অধঃপতন করিয়াছেন, ও উচ্চনগরকে নত করিয়াছেন; তিনি তাহাকে মৃত্তিকার সমান করিয়াছেন, ও তাহা ভূমিসাৎ করি- ৬ য়াছেন। লোকদের চরণ অর্থাৎ দীনহীনদের পদ ও দরিদ্রদের পাদ বিক্ষেপ তাহা দলিত করে। ৭ ধার্ম্মিকদের পথ সরল, তুমি ধার্ম্মিকদের পথ ৮ সমান করিতেছ। হে পরমেশ্বর, আমরা তোমার বিধিরূপ পথে তোমার অপেক্ষা করিয়াছি; তোমার ধন্যবাদ ও স্মরণ করিতে আমাদের মনোবাঞ্ছা ৯ আছে। রাত্রিকালে আমি মনের সহিত তোমাকে বাঞ্ছা করিয়াছি, ও প্রাতঃকালে আপন অন্তরস্থ আত্মাদ্বারা তোমার অন্বেষণ করিয়াছি, কেননা পৃথিবীতে তোমার শাসন প্রকাশ পাইলে জগন্নিবাসিরা ধর্ম্মকর্ম্ম শিখিবে। পাপিলোক অনুগ্রহ পা- ১০ ইলেও ধর্ম্ম করিতে শিখিবে না; সে প্রকৃতাচার দেশেতেও বিকৃতাচরণ করিবে, ও পরমেশ্বরের মহিমাতে মনোযোগ করিবে না। হে পরমেশ্বর, তোমার ১১

---

[২১] পু ১৯; ১৯-২১॥—[২২] পু ২০; ১-৩॥—[২৩] সিখ ১৪; ৩। পু ১৯; ১-৬॥
[২৫ অধ্যা; ১-৩] গী ৯৮। ৯৯। ১১৮। পু ১৯; ১-৬॥—[৪] যিশ ৩২; ২। গী ১১৮; ১০-১৪॥—[৬] যিশ ৬৬; ১০,১১॥
[৭] ২ ক ৩; ১৩-১৬॥—[৮] ১ ক ১৫; ৫৪। পু ৭; ১৭। ২১; ৪॥—[৯] যিশ ২৬; ৮,৯.১৬॥—[১২] ২৬; ৫॥
[২৬ অধ্যা; ১] গী ৪৮; ১২-১৪। যিশ ৬০; ১৮॥—[২] গী ১১৮; ১৯,২০॥—[৩] প ২২। যিশ ৬৬; ১২॥
[৫,৬] ২৫; ২,১২। ৩২; ১৯। পু ১৯; ২॥—[৮] গী ৮৫; ১-৮॥

* (বা) সর্ব্বদা। † (ইব) তোমার।

যে হস্ত উত্থিত হইয়াছে, তাহা তাহারা দেখিতে চাহে না; কিন্তু তাহারা তোমার নিজ লোকের জন্যে যে উদ্যোগ, তাহা দেখিয়া লজ্জা পাইবে,ও তোমার ১২ শত্রুনাশক অগ্নি তাহাদিগকে দগ্ধ করিবে। হে পরমেশ্বর, তুমি আমাদের নিমিত্তে মঙ্গল প্রস্তুত করিবা, কেননা আমাদের নিমিত্তে আমাদের তাবৎ ক্রিয়া ১৩ তুমি করিতেছ। হে আমাদের প্রভো পরমেশ্বর, তোমা বিনা অন্য প্রভুগণ আমাদের প্রতি কর্তৃত্ব করিয়াছে,এখন আমরা কেবল তোমার অনুগ্রহেতে ১৪ তোমার নামের প্রশংসা করি। মৃতেরা আর জীবিত হইবে না, ও প্রেতগণ আর উঠিবে না; কেননা তুমি তাহাদের প্রতিফল দিয়া তাহাদিগকে সংহার করিয়াছ, ও তাহাদের স্মরণের কথা লুপ্ত করি- ১৫ য়াছ। হে পরমেশ্বর, তুমি এই দেশীয়দের বৃদ্ধি করিয়াছ; তুমি দেশীয়দের বৃদ্ধি করিয়া মহিমাযুক্ত হইয়াছ, ও দেশের সীমা সকল বৃদ্ধি করিয়াছ।

১৬ হে পরমেশ্বর, আমরা * দুঃখের সময়ে তোমার অন্বেষণ করিয়াছি, এবং আমাদের প্রতি তোমার ১৭ শাস্তি হইলে অতি বিনয় করিয়াছি। প্রসবকাল উপস্থিত হইলে গর্ভবতী যেমন দুঃখিতা ও ব্যথিতা হইয়া চীৎকার করে, হে পরমেশ্বর, আমরা তো- ১৮ মাহইতে দূরে থাকাতে তদ্রূপ হইয়াছি। আমরা গর্ব্বিণী হইয়া ব্যথিত হইয়াছি, কিন্তু কেবল বায়ু প্রসব করিয়াছি; দেশে আমাদের পরিত্রাণ সিদ্ধ হয় নাই, ও জগৎনিবাসিরা ভূমিষ্ঠ হয় নাই। ১৯ তোমার মৃত লোকেরা সজীব হইয়া উঠিবে, এবং আমাদের † শব উঠিবে; হে কবরনিবাসি সকল, জাগ্রৎ হইয়া গান কর, কেননা তোমাদের নীহার প্রত্যূষের নীহার তুল্য, এবং পৃথিবী মৃতদিগকে ২০ পুনর্জীবিত করিবে। হে আমার লোক, আইস, আপন গৃহগর্ব্বে প্রবেশ কর, এবং পশ্চাতের দ্বার রুদ্ধ করিয়া ক্রোধের শেষ পর্য্যন্ত অল্পক্ষণ গুপ্ত ২১ থাক। কেননা দেখ, পরমেশ্বর পৃথিবীনিবাসিদের পাপের শাস্তি দিতে আপন স্থানহইতে আসিতেছেন; তাহাতে পৃথিবী আপনার উপরিস্থ রক্ত প্রকাশ করিবে, ও আপনার হত লোকদিগকে আর আচ্ছাদিত করিবে না।

২৭ অধ্যায়।

১ পরমেশ্বরদ্বারা দ্রাক্ষাক্ষেত্রের রক্ষার গীত ৭ ও তাঁহার শাস্তি দেওনের অভিপ্রায় ১২ ও তাঁহার রাজ্যের বৃদ্ধি।

১ সে সময়ে পরমেশ্বর আপনার শাণিত ও বৃহৎ ও দৃঢ় খড়্গদ্বারা লিবিয়াথন্ নামক দ্রুতগামি ‡ সর্পকে ও লিবিয়াথন্ নামক বক্রগামি সর্পকে শাস্তি দিবেন, এবং সমুদ্রস্থ কুম্ভীরকে নষ্ট করিবেন। ২ সে সময়ে তোমরা রক্ত দ্রাক্ষাক্ষেত্রের বিষয়ে উত্তর প্রত্যুত্তর ৩ রূপ গান করিবা। আমি পরমেশ্বর তাহার রক্ষাকর্ত্তা, আমি নিমেষে২ তাহাতে জল সেচন করিব, এবং কেহ যেন তাহার হানি না করে, এই জন্যে ৪ তাহা দিবারাত্রি রক্ষা করিব। তাহাতে আমার ক্রোধ নাই; কিন্তু যদি কেহ সংগ্রামে কণ্টক ও শ্যাকুল সংগ্রহ করে, তবে আমি তাহার উপরে ৫ আক্রমণ করিয়া তাহা একেবারে দগ্ধ করিব। আহা, সে বরং আমার শরণাগত হউক, ও আমার সহিত মিলন করুক, আমারই সহিত মিলন করুক। ৬ তাহাতে যাকূবের মূলোৎপন্ন ভাবি লোকেরা বৃদ্ধি পাইবে, ও ইস্রায়েল্ বংশ পল্লবিত ও প্রফুল্ল হইয়া পৃথিবীকে ফলেতে পরিপূর্ণা করিবে।

৭ তিনি তাহার প্রহারককে যেমন প্রহার করিলেন, তদ্রূপ কি তাহাকে প্রহার করিলেন? ও সে কি তাহা- ৮ দের হত লোকের ন্যায় হত হইল? তিনি তাহাকে পরিমিত শাস্তি ও বাহির করণদ্বারা তাহার সহিত বিবাদ করিলেন, ও পূর্ব্বীয় ঝড়ের দিনে প্রবল ৯ বায়ুদ্বারা তাহাকে দূর করিলেন। কিন্তু তাহাতে যাকূবের পাপ মার্জ্জনা হয়, ও সে পাপমোচনের তাবৎ ফল পায়; এবং সে ছত্রাকার চূণের প্রস্তরের ন্যায় যজ্ঞবেদির তাবৎ প্রস্তর ছড়াইলে চৈত্য উদ্যান ও সৌর প্রতিমা আর দণ্ডায়মান ১০ হইবে না। সুদৃঢ়ীকৃত নগর উচ্ছিন্ন হইয়া নরশূন্য ও অরণ্যের ন্যায় মনুষ্যহীন হইবে, ও সে স্থানে বলদগণ চরিবে ও শয়ন করিবে ও বৃক্ষের ১১ শাখাপল্লব খাইবে। এবং তাহার শাখা শুষ্ক হইলে ভগ্ন হইবে, এবং স্ত্রীলোকেরা আসিয়া তাহা দগ্ধ করিবে; সেই লোকেরা অবশ্য অজ্ঞান, এ কারণ তাহাদের সৃষ্টিকর্ত্তাও তাহাদের প্রতি দয়া করিবেন না, ও তাহাদের নির্ম্মাণকর্ত্তা তাহাদের প্রতি অনুগ্রহ করিবেন না।

১২ সে সময়ে পরমেশ্বর ফরাৎ নদীর খাত অবধি মিসরের স্রোত পর্য্যন্ত ফল সংগ্রহ করিবেন; হে ইস্রায়েল্ বংশ,তোমাদিগকে একে২ কুড়ান যাইবে। ১৩ সে সময়ে বৃহৎ তূরী বাজিবে; এবং অশূর্ দেশস্থ

[১০,১১] যিশ ৬৫; ১১-১৫। ৬৬; ১৪-১৭॥—[১২] প ৩॥—[১৪] যিহি ৩১; ৪-১৬॥—[১৫] যিশ ৯; ১-৭॥
[১৬] হো ৫; ১৫। ৬; ১-৩। মিথ ১২; ১০-১৪। গী ১০২॥—[১৯] যিহি ৩৭; ১-১৪। গী ১১০; ৩। মী ৫; ৭।
হো ১৪; ৫॥—[২০,২১] মিথ ১৪; ১-৯॥
[২৭ অধ্যা; ১] যিহি ৩৮; ২১। মিথ ১৪; ১২,১৩। প্র ১২॥—[২]যিশ ৫; ৭॥—[৩]গী ১২১; ৪,৫॥ –[৬]হো ১৪; ৫,৬॥
[৭,৮] যির ৩০; ১১। ৪৬; ২৮॥—[১০,১১] যিশ ১৩; ১৯-২২। ১৪; ২২,২৩। প্র ১৮; ৮॥—[১১] যিশ ৪৭; ৬-১৫॥
[১২] ২৪; ১৩॥—[১৩] ৪৩; ৫,৬॥

* (ইব্রি) তাহারা। † (ইব্রি) আমার। ‡ (বা) বক্রগামী।

মৃতকল্প ও মিসর্ দেশস্থিত ছিন্ন ভিন্ন লোকেরা আগমন করিয়া পবিত্র পর্ব্বতে অর্থাৎ যিরূশালমে পরমেশ্বরের সাক্ষাতে ভজনা করিবে।

২৮ অধ্যায়।

১ ইস্রায়েলের ভাবিদণ্ড ৫ ও লোকদের ভ্রান্তি ১৪ ও সত্য ভিত্তির স্থাপন ও মিথ্যা ভিত্তির বিনাশ ২৩ ও বিবেচনা করিতে বিনতি।

১ হায়২, ইফ্রয়িমের মত্ত লোকদের অহঙ্কাররূপ যে মুকুট, অর্থাৎ দ্রাক্ষারসেতে মত্ত লোকদের ফলবৎ উপত্যকার মস্তকে সুন্দর উষ্ণীষস্থিত যে পুষ্প, ২ তাহা ম্লান হইবে। দেখ, প্রভুর ক্ষমতাপন্ন অতি বলবান এক ব্যক্তি শিলযুক্ত ঝড়ের ন্যায়, অর্থাৎ বিনাশকারি ঝড়ের ন্যায়, এবং অতি বেগে ধাবমান প্রবল বন্যার ন্যায়, আপন বলে * তাহাকে ৩ ভূমিতে নিক্ষেপ করিবে। তাহাতে ইফ্রয়িমের মত্ত লোকদের অহঙ্কাররূপ যে মুকুট, সে পদতলে দলিত ৪ হইবে, অর্থাৎ তাহাদের ফলবৎ উপত্যকার মস্তকে সুন্দর উষ্ণীষস্থিত যে পুষ্প, তাহা ম্লান হইবে; এবং গ্রীষ্মকালের পূর্ব্বজাত যে অকাল ডুম্বুর ফল লোক দেখিবামাত্র ছিঁড়ে ও হস্তে গ্রহণ করিবামাত্র গ্রাস করে, তাহার ন্যায় হইবে।

৫ সে সময়ে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আপন অবশিষ্ট লোকদের এক সুন্দর মুকুট ও তেজোময় কিরীট- ৬ স্বরূপ হইবেন। এবং বিচারার্থে উপবিষ্ট ব্যক্তির ন্যায়বিচারস্বরূপ †, ও যাহারা দ্বারপর্য্যন্ত শত্রুদের ৭ যুদ্ধ ফিরায়, তাহাদের বলস্বরূপ হইবেন। কিন্তু ইহারাও দ্রাক্ষারসেতে ভ্রান্ত ও সুরাপানে টলটলায়মান হইয়াছে, এবং পুরোহিত ও ভবিষ্যদ্বক্তারা সুরাপানে ভ্রান্ত হইয়াছে; তাহারা দ্রাক্ষারসেতে মগ্ন ও সুরাপানে টলটলায়মান হইয়া ভবিষ্যদ্বাক্য কহিবার সময়ে ভ্রান্ত হইয়াছে, ও বি- ৮ চারে স্খলিত হইয়াছে। এবং তাবৎ মেজ বমিতে ও মলেতে পরিপূর্ণ করিয়াছে, স্থানমাত্র পরিষ্কৃত ৯ নাই। 'তিনি কাহাকে জ্ঞান শিক্ষা দিবেন? ও কাহাকে বুদ্ধি দান করিবেন? যাহারা দুগ্ধত্যাগি ও স্তন্যদুগ্ধপানে নিবৃত্ত বালক সদৃশ, কি এমন লোক- ১০ কে? কেননা আজ্ঞার উপরে আজ্ঞা, ও আজ্ঞার উপরে আজ্ঞা; এবং পাঁতির উপরে পাঁতি, ও পাঁতির উপরে পাঁতি; এবং এখানে অল্প, সেখানেও ১১ অল্প।' তিনি অবশ্য অস্ফুটবাক ওষ্ঠ ও বিরুদ্ধ ভাষাদ্বারা এই লোকদের সহিত কথোপকথন করি- ১২ বেন। কারণ 'এই বিশ্রাম আছে, ক্লান্ত লোকদিগকে বিশ্রাম দেও, এবং এই সুখ,' এই কথা কহিলেও তাহারা শুনিতে মনোযোগ করে না। ১৩ এই জন্যে তাহাদের অগ্রে গমন ও পশ্চাৎ পতন ও ভগ্ন হওন ও ফাঁদে পড়ন ও ধরা পড়নের নিমিত্তে তাহাদের প্রতি পরমেশ্বরের কথা 'আজ্ঞার উপরে আজ্ঞা, ও আজ্ঞার উপরে আজ্ঞা; এবং পাঁতির উপরে পাঁতি, ও পাঁতির উপরে পাঁতি; এবং এখানে অল্প সেখানেও অল্প' হইবে।

১৪ হে নিন্দক মনুষ্যগণ, ও হে যিরূশালমের মধ্যবর্ত্তি লোকদের শাসনকর্ত্তৃগণ, তোমরা পরমেশ্বরের ১৫ কথা শুন। তোমরা কহিতেছ, 'আমরা মৃত্যুর সহিত নিয়ম ও পরলোকের সহিত নির্দ্ধারণ করিয়াছি; সর্ব্বত্রগামি মরক এ স্থান দিয়া গেলেও আমাদিগকে স্পর্শ করিবে না, কেননা আমরা মিথ্যাকথাতে আশ্রয় করিয়াছি ও ধূর্ত্ততাতে আপনা- ১৬ দিগকে আচ্ছাদন করিয়াছি।' প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি ভিত্তিমূলের নিমিত্তে এক প্রস্তর, অর্থাৎ পরীক্ষিত ও কোণস্থ ও বহুমূল্য ও অতিশয় দৃঢ় এক প্রস্তর সিয়োনে স্থাপন করিব; যে জন তাহাতে বিশ্বাস করিবে, সে ১৭ লজ্জিত ‡ হইবে না। এবং আমি বিধিরূপ রজ্জুদ্বারা ও ধর্ম্মরূপ সূত্রদ্বারা পরিমাণ করিব; শিলাবৃষ্টি মিথ্যা আশ্রয় বিনষ্ট করিবে, ও জল গুপ্ত স্থান ১৮ মগ্ন করিবে। এবং মৃত্যুর সহিত তোমাদের নিয়ম ভগ্ন হইবে, ও পরলোকের সহিত তোমাদের নির্দ্ধারণ থাকিবে না, এবং সর্ব্বত্রগামি মরক এই স্থান ১৯ দিয়া গেলে তোমরা তাহাতে দলিত হইবা। সে যাইবামাত্র তোমাদিগকে ধরিবে, প্রতি প্রভাতে ও দিনে ও রাত্রিতে তোমাদের মধ্য দিয়া যাইবে, এবং সেই সমাচার পাইবামাত্র তোমাদের ক্লেশবোধ ২০ হইবে। বিস্তাররূপে শয়ন করিতে খট্টা খাটো হইবে, ও গাত্র জড়াইতে খট্টার বস্ত্র ক্ষুদ্র হইবে। ২১ কেননা পরমেশ্বর যেমন পিরাসীম্ পর্ব্বতে, তদ্রূপ উঠিবেন; এবং যেমন গিবিয়োনের উপত্যকাতে, তেমনি ক্রুদ্ধ হইবেন; তাহাতে তিনি আপন কার্য্য অর্থাৎ আপন অদ্ভুত কার্য্য সিদ্ধ করিবেন, এবং আপন কর্ম্ম অর্থাৎ অসম্ভব কর্ম্ম সম্পন্ন করিবেন। ২২ অতএব তোমাদের যেন আর অধিক শাস্তি না হয়, এ কারণ নিন্দা করিতে আর প্রবৃত্ত হইও না; কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরহইতে তাবৎ দেশের বিষয়ে স্থিরীকৃত বিনাশের কথা শুনিয়াছি।

২৩ কর্ণ পাতিয়া আমার কথা শুন, ও মনোযোগ ২৪ করিয়া আমার বাক্য গ্রাহ্য কর। কৃষক প্রতি দিন চসিতে২ ও সীতা কাটিতে২ ও ক্ষেত্রের ঢেলা

[২৮ অধ্য; ১-৪] যিশ ১৭; ৩। ২ রা ১৭; ৫,৬ ॥—[৭,৮] যিশ ৫; ১১,১২,২২,২৩। ৫৬; ১০-১২ ॥—[৯,১০] যির ৬; ১০॥—[১১] ১ ক ১৪; ২১॥—[১৬] গী ১১৮; ২২। ১ পি ২; ৬-৮। রো ৯; ৩৩। যিশ ৮; ১৪,১৫॥—[১৭] প ১৫॥ [১৮] প ১৫॥—[২১] যি ১০; ৮-১৪। ১ বং ১৪; ১১,১৩॥—[২২] যিশ ১০; ২২,২৩॥

* (ইব্রু) হস্তে। † (ইব্রু) বিচারের আত্মা। ‡ (ইব্রু) শীঘ্রগামী।

২৫ ভাঙ্গিতে২ কি বীজ বপন করে? সে ভূমির মুখ সমান করিয়া কি তিল ফেলে না? ও জীরাও কি বপন করে না? এবং উপযুক্ত পরিমাণে গোম ও তাহার ২৬ নিরূপিত স্থানে যব ও কলাই কি বুনে না? কেননা তাহার ঈশ্বর তাহাকে প্রকৃত রূপ শিক্ষা ও জ্ঞান ২৭ দেন। তিল হাতগাড়িদ্বারা মর্দন করা যায় না, এবং জীরার উপরে গাড়ির চক্র ঘুরে না; কিন্তু তিল দণ্ড ২৮ দিয়া ও জীরা মুদ্গর দিয়া মর্দন করে। যদ্যপি রুটীর শস্য (গাড়ির ভারেতে) মর্দন করিতে হয়, তথাপি সে তাহা তদ্রূপ মর্দন করিতে ও গাড়ির চক্র দিয়া পীড়ন করিতে ও পশুর খুরে চূর্ণ করিতে ২৯ চিরকাল প্রবৃত্ত হইবে না। ইহা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরহইতে জন্মে; তিনি পরামর্শে আশ্চর্য্য ও কার্য্য করণে মহান্।

২৯ অধ্যায়।

১ যিরূশালমের ভাবিদণ্ড ৯ ও লোকদের অজ্ঞানতা ১৫ ও লোকদের দুষ্টতা ১৮ ও সাধু লোকদের সুখ।

১ দায়ূদ রাজা যে অরীয়েল্* নগরে বাস করিয়াছিল, সেই অরীয়েলের সন্তাপ হইবে; বহু বৎসর গণিত ২ হইলে ও বহুপর্ব্ব পালিত হইলেও আমি অরীয়েল্ নগরের প্রতি দুঃখ ঘটাইব, তাহাতে তাহাদের শোক ও ক্রন্দন হইবে; তথাপি সে আমার দৃষ্টিতে ৩ অরীয়েলের ন্যায় থাকিবে। আমি তাহার চতুর্দ্দিকে শিবির স্থাপন করাইব, ও প্রহরিদলদ্বারা তাহা বেষ্টন করাইব, এবং তাহার নিকটে অবরোধযন্ত্র ৪ নির্ম্মাণ করাইব। তাহাতে সে† অধঃপতিত হইয়া মৃত্তিকাহইতে কথা কহিবে, ও ধূলার মধ্যহইতে ধীরে২ উচ্চারণ করিবে, এবং ভূতের ন্যায় ধূলার মধ্যহইতে তাহার‡ রব নির্গত হইবে, ও ধূলার ৫ মধ্যহইতে তাহার‡ কথার চিঁচিঁশব্দ হইবে। কিন্তু তাহার‡ শত্রুসমূহ সূক্ষ্ম ধূলার ন্যায় হইবে, এবং অহঙ্কারি লোকসমূহ ভয়ানক উড্ডীয়মান ভূষির ৬ ন্যায় হইবে; ইহা অকস্মাৎ ও হঠাৎ ঘটিবে। কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের দ্বারা (তাহাদের প্রতি) গর্জ্জন ও ভূমিকম্প ও কঠোর শব্দ ও ঝড় ও ঝঞ্ঝা ও দগ্ধকারি অগ্নিশিখা, এই সকল প্রতিফল হইবে। ৭ অন্যদেশীয় যে লোকসমূহ অরীয়েলের সহিত যুদ্ধ করে, অর্থাৎ যাহারা তাহার ও দুর্গের প্রতি যুদ্ধ করিয়া ক্লেশ জন্মায়, তাহারা স্বপ্নবৎ ও রাত্রিস্বপ্নের ৮ ন্যায় হইবে। যেমন ক্ষুধিত লোক স্বপ্নেতে ভোজন করিলেও জাগ্রৎ হইয়া‖ অতৃপ্ত হয়, এবং তৃষিত লোক স্বপ্নে জলপান করিলেও জাগ্রৎ হইয়া দুর্ব্বল হয় ও পান করিতে আকাঙ্ক্ষা করে, সিয়োন্ পর্ব্বতের বিরুদ্ধে যুদ্ধকারি তাবৎ দেশীয় লোকসমূহের তদ্রূপ গতি হইবে।

৯ তোমরা চমৎকার জ্ঞানে স্তব্ধ ও মুগ্ধ হইবা; পরস্পর দৃষ্টি করিয়া অন্ধ হইবা; তোমরা § মত্ত হইবা, কিন্তু দ্রাক্ষারসপানে নয়; এবং টলটলায়মান হইবা, কিন্তু সুরাপানদ্বারা নয়। ১০ পরমেশ্বর তোমাদিগকে ঘোর নিদ্রাতে মগ্ন করিবেন, ও তোমাদের ভবিষ্যদ্বক্তারূপ চক্ষু মুদ্রিত করিবেন, এবং দর্শকরূপ মস্তক আচ্ছাদন করিবেন। ১১ এবং তাবৎ শাস্ত্র তোমাদের প্রতি এক মুদ্রাঙ্কিত পুস্তকস্বরূপ হইবে; তাহা যদি কেহ বিদিতাক্ষর লোককে দিয়া বিনয় পূর্ব্বক কহে, এই পুস্তক পাঠ কর; তবে সে উত্তর করিবে, আমি পড়িতে পারি না, কারণ ইহা মুদ্রিত আছে। ১২ কিম্বা কেহ যদি অবিদিতাক্ষর লোককে এই পুস্তক দিয়া বিনয়পূর্ব্বক কহে, এই পুস্তক পাঠ কর; তবে সে উত্তর করিবে, আমি পড়িতে জানি না। ১৩ পরমেশ্বর কহেন, এই লোকেরা আপনাদের মুখেতে আমার নিকটে আসিয়া থাকে ও ওষ্ঠাধরেতে আমাকে সম্মান করিয়া থাকে, কিন্তু তাহাদের অন্তঃকরণ আমাহইতে দূরে থাকে, এবং আমার প্রতি তাহাদের ভয় মানুষের বিধিতে শিক্ষিত হয়। ১৪ অতএব দেখ, আমি এই লোকদের সহিত পুনর্ব্বার এমত আশ্চর্য্য ও চমৎকার ব্যবহার করিব, যে তাহাদের জ্ঞানবানদের জ্ঞান বিনষ্ট হইবে, ও বুদ্ধিমানদের বুদ্ধি লোপ হইবে।

১৫ যাহারা পরমেশ্বরের বোধাগম্য গভীর ও গুপ্ত পরামর্শ করিতে চেষ্টা করে, ও অন্ধকারে কর্ম্ম করিয়া বলে, আমাদিগকে কে দেখিতে পায়? ও কে জানিতে পারে? তাহাদের সন্তাপ হইবে। ১৬ তোমরা ক্ষিপ্ত হইয়াছ; কুম্ভকার কি মৃত্তিকার ন্যায় গণ্য হইবে? এবং 'তুমি আমাকে সৃষ্টি কর নাই,' সৃষ্ট বস্তু কি সৃষ্টিকর্ত্তার প্রতি এমত কহিতে পারে? 'তোমার কিছু জ্ঞান নাই,' নির্ম্মিত বস্তু কি আপন নির্ম্মাণকর্ত্তাকে ইহা কহিতে পারে? ১৭ অত্যল্প কাল গত হইলে লিবানোন্ কি উদ্যানের ন্যায় হইবে না? ও উদ্যান কি অরণ্যের ন্যায় মান্য হইবে না?

১৮ তৎকালে বধিরগণ ধর্ম্মপুস্তকের কথা শুনিবে, এবং তিমির ও অন্ধকার দূরীকৃত হইলে অন্ধদের চক্ষু দেখিতে পাইবে। ১৯ নম্র লোক সকল পরমেশ্বরেতে উত্তরোত্তর আনন্দিত হইবে, ও দরিদ্রগণ ইস্রায়ে-

[২৮-২৯] যিশ ২১; ১০। ৬৫; ৮। যির ৩০; ১১। ৪৬; ২৮॥

[২৯অধ্যা; ১-৮] যিশ ৩১; ৩৬। যিহি ৩৮। ৩৯। লূ ১৯; ৪১-৪৪॥—[১] ২শি ৫; ৯॥—[৬] যিশ ২৮; ২॥—[৯-১২] ৬; ৯,১০। রো ১১; ২৫। ২ক ৩; ১৩-১৬॥—[৯] যিশ ৫১; ২১,২২॥—[১৩] ম ১৫; ৭-৯॥—[১৪] রো ১১; ২৫,২৬। ১ক ১; ১৯;২০॥ [১৬] যিশ ৪৫; ৯,১০। রো ৯; ২০,২১॥—[১৭] যিশ ৩২; ১৫-১৭। রো ৯; ২৬।—[১৮] যিশ ৪২; ১৮-২০। ২ক ৩; ১৪-১৬॥

* (অর্থাৎ) ঈশ্বরের সিংহ। † (ইব্রু) তুমি। ‡ (ইব্রু) তোমার। ‖ (ইব্রু) প্রাণে বা উদরে। § (বা) তাহারা।

২০ লের ধর্ম্মস্বরূপেতে উল্লাস করিবে। কেননা ভয়ানক লোকেরা আর থাকিবে না, এবং নিন্দকগণ উচ্ছিন্ন হইবে। যাহারা কুকর্ম্মে আসক্ত *, ও এক কথার নিমিত্তে মানুষকে সদোষ জ্ঞান করে, ও বিচারস্থানে অনুযোগকারির জন্যে ফাঁদ পাতে, এবং মিথ্যা কহিয়া ধার্ম্মিককে দুরবস্থাতে ফেলে, ২২ এমত লোকেরা সর্ব্বথা উচ্ছিন্ন হইবে। ইব্রাহীমের মুক্তিদাতা পরমেশ্বর যাকূব্ বংশের প্রতি এই কথা কহেন, যাকুব্ আর লজ্জিত হইবে না, ও ২৩ তাহার মুখ আর চূণ হইবে না। কেননা তাহার সন্তানবর্গ যখন আপনাদের মধ্যে আমার হস্তকৃত ক্রিয়া দেখিতে পাইবে, তখন তাহারা আমার নাম পবিত্র করিবে ও যাকূবের ধর্ম্মস্বরূপকে পবিত্র করিয়া মানিবে, এবং ইস্রায়েলের ঈশ্বরের সা-২৪ ক্ষাতে কম্পবান হইবে। এবং মনে ভ্রান্ত লোকেরা জ্ঞানের কথা বুঝিবে ও কলহকারি লোকেরা উপদেশকথা শিখিবে।

৩০ অধ্যায়।

১ উপকারার্থে মিসরে গমন প্রযুক্ত লোকদের ভাবিদণ্ড, ৮ ও ঈশ্বরের কথা অবজ্ঞা করণের ফল, ১৮ ও ঈশ্বরের অনুগ্রহের বর্ণনা, ২৭ ও অশূরীয় রাজার বিনাশ।

১ পরমেশ্বর কহেন, যে অবাধ্য বংশ আমার সহায়তা ব্যতিরেকে পরামর্শ করে, এবং পাপের উপরে পাপ করণার্থে আমার আত্মার সহায়তা ব্যতিরেকে ২ নিয়ম স্থির করে, এবং আমাকে জিজ্ঞাসা না করিয়া ফিরৌণ্ রাজের পরাক্রমে পরাক্রমী হইতে ও মিসরের ছায়াতে আশ্রয় লইতে মিসরে উপস্থিত হইবার ৩ জন্যে যাত্রা করে, তাহাদের সন্তাপ হইবে। ফিরৌণ্ রাজের পরাক্রম অবশ্য তোমাদের লজ্জাজনক হইবে, এবং মিসরের ছায়াতে আশ্রয় লইলে তোমাদের ৪ ব্যাকুলতা হইবে। তোমাদের † অধ্যক্ষগণ সোয়নে ৫ ও দূতগণ হানেষে উপস্থিত হইলে, যাহাদের দ্বারা তোমাদের † উপকার হয় না, ও যাহারা উপকার ও হিত না করিয়া কেবল লজ্জা ও অপমানাস্পদ হয়, এমত লোকদের বিষয়ে সকলে লজ্জিত হইবা।

দক্ষিণ দিক্‌গামি পশুগণের ভাবিকথা।

৬ যে ক্লেশ ও দুঃখদায়ি দেশহইতে সিংহী ও দুরন্ত সিংহ ও কালসর্প ও উড়নীয় সর্প আইসে, সেই দেশ দিয়া যাহারা তাহাদের উপকার করিতে পারিবে না, তাহাদের কাছে তাহারা গর্দ্দভদের স্কন্ধে আপনাদের ধন ও উষ্ট্রের ঝুঁটিতে আপনাদের সম্পত্তি বহন করায়। কিন্তু মিসর বাষ্পস্বরূপ, তাহার উপ- ৭ কার করা বৃথা; এই নিমিত্তে আমি তাহার বিষয়ে কহিলাম, সে আলস্যযুক্ত দাম্ভিকা ‡।

এই কথা যেন ভবিষ্যৎকাল পর্য্যন্ত থাকে ও ৮ চিরকাল সাক্ষিস্বরূপ হয়, এই নিমিত্তে তুমি যাইয়া তাহাদের সাক্ষাতে তাহা পাটার উপরে লিখ, ও পুস্তকেতে মুদ্রাঙ্কিত কর। কেননা এই লোক অবাধ্য ৯ ও মিথ্যাবংশ এবং পরমেশ্বরের ব্যবস্থা শুনিতে অসম্মত বংশ। তাহারা দর্শকদিগকে কহে, 'তোমরা ১০ দর্শন করিও না;' এবং ভবিষ্যদ্বক্তাদিগকে কহে, 'তোমরা সত্য ভবিষ্যৎকথা প্রকাশ না করিয়া আমাদিগকে স্নিগ্ধ বাক্য ও ভ্রান্তিজনক কথা কহ; এবং ১১ সৎপথহইতে ফির, ও সরল পথ ত্যাগ কর, ও আমাদের সাক্ষাৎহইতে ইস্রায়েলের ধর্ম্মস্বরূপকে দূর কর।' অতএব ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ কহেন, তোম- ১২ রা আমার এই কথা হেয়জ্ঞান করিয়াছ, এবং ছল ও কুটিলতার উপরে নির্ভর দিয়াছ, ও তাহা অবলম্বন করিয়াছ। এই নিমিত্তে উচ্চভিত্তির ভগ্ন বহি- ১৩ র্ভাগ পড়িতে উদ্যত হইয়া যেমন হঠাৎ একেবারে অধঃপতিত হয়, তোমাদের এই পাপদ্বারা তদ্রূপ হইবে। যেমন কেহ কুম্ভকারের পাত্র ভাঙ্গে, ও ভাঙ্গি- ১৪ তে কিছু মমতা করে না, এবং চুলাহইতে অগ্নি তুলিতে কিম্বা কুণ্ডহইতে জল আনিতে একখান খোলাও থাকে না, তদ্রূপ তোমাদের ভঙ্গ হইবে। প্রভু পরমে- ১৫ শ্বর ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ এই কথা কহেন, তোমরা মন ফিরাইয়া শান্ত হইলে রক্ষা পাইবা, এবং স্থির হইয়া বিশ্বাস করিলে তোমাদের শক্তি হইবে। কিন্তু তোমরা সে কথা না মানিয়া কহিলা, 'তাহা ১৬ নয়, আমরা অশ্বারূঢ় হইয়া পলায়ন করিব,' এই নিমিত্তে তোমরা পলায়িত হইবা; এবং 'আমরা দ্রুতগামি অশ্বে আরোহণ করিব,' অতএব তোমাদের তাড়নাকারী দ্রুতগামি লোক হইবে। একের ১৭ ধমকে সহস্র লোক, ও পাঁচের ধমকে সকলে পলায়ন করিবা; তাহাতে তোমাদের এমন অল্প অবশিষ্ট থাকিবে, যে পর্ব্বতের শৃঙ্গস্থিত ধ্বজা ও উচ্চপর্ব্বতের উপরিস্থ পটুকার ন্যায় হইবা।

পরমেশ্বর তোমাদের প্রতি দয়া করিতে অপেক্ষা ১৮ করিবেন, ও তোমাদিগকে অনুগ্রহ করিতে উঠিবেন; কেননা পরমেশ্বর ন্যায়কারি ঈশ্বর; যাহারা তাঁহার অপেক্ষা করে, তাহারাই ধন্য হয়। লোকেরা সি- ১৯ য়োন্ পর্ব্বতে বাস করিবে, ও তোমরা যিরূশালমে ‖

[২০,২১] যিশ ১; ২০। ২০; ৪,৫ ॥—[২৩] ২৬; ১। ৬০; ২১ ॥—[২৪] যির ৩১; ৩৩,৩৪ ॥
[৩০ অধ্য; ১,২] যিশ ৩১; ১ ॥—[২] গ ২৭; ২১ ॥—[৩] যিশ ২০ ॥—[৬] দ্বি ৮; ১৫ ॥—[৭] প ১৫ ॥—[৮,৯] দ্বি ৩১; ১৯। ৩২; ৫,৬ ॥—[১০-১৪] ২ বং ৩৬; ১৪-২০ ॥—[১০,১১] আম ২; ১২। ৭; ১৩। মী ২; ৬, ১১। যির ১১; ২১ ॥—[১৫] প ৭। যিশ ৭; ৪ ॥—[১৭] লে ২৬; ১৭। দ্বি ২৮; ২৫ ॥—[১৮] দ্বি ৩২; ৩৬। যিশ ৬; ১৩। রো ১১; ২৫,২৬ ॥—[১৯] যিখি ১২; ১০-১৪। যির ৩১; ১৮-২০ ॥

*(বা) উদ্যোগী। † (ইব্রি) তাহাদের। ‡ (বা) স্থির থাকা তাহাদের বল। ‖ (বা) হে সিয়োন পর্ব্বতস্থ যিরূশালমনিবাসি লোক।

আর ক্রন্দন করিবা না, কেননা তিনি তোমাদের আর্ত্তস্বর শুনিয়া দয়া করিবেন, ও তাহা শুনিবা- ২০ মাত্র উত্তর করিবেন। প্রভু তোমাদিগকে দুঃখ-সময়ে খাদ্য ও শোকসময়ে জল দিবেন, * ও তো-মাদের শিক্ষকগণ আর গুপ্ত হইবে না, কিন্তু ২১ তোমাদের চক্ষু শিক্ষকগণকে দর্শন করিবে। এবং 'এই পথ, ইহাতেই চল, দক্ষিণে কি বামে ফিরিও না,' এই উপদেশ পশ্চাৎহইতে তোমাদের কর্ণ ২২ শুনিতে পাইবে। এবং তোমরা আপন২ রৌপ্য প্রতিমার বস্ত্র ও ছাঁচে ঢালা স্বর্ণপ্রতিমার অভরণ অশুচি জ্ঞান করিবা, এবং তাহা অশুচি বস্ত্রের ন্যায় ২৩ ত্যাগ করিয়া কহিবা, আমাহইতে দূর হও। তিনি তোমাদের বীজ বপনের জন্যে ক্ষেত্রে বৃষ্টি করিয়া ভূমিতে পুষ্টিকর ও বহুল ভক্ষ্য উৎপন্ন করিবেন; এবং সে সময়ে তোমাদের পশুপাল বৃহৎ প্রান্তরে ২৪ চরিবে; এবং চাসকারি বলদ ও গর্দ্দভ কুলা ও ২৫ চালুনিতে পরিষ্কৃত উত্তম শস্য খাইবে। যে মহা-বধের দিনে পরাক্রমিগণ পতিত হয়, সেই দিনে প্রত্যেক উচ্চ পর্ব্বতে ও প্রত্যেক উপপর্ব্বতে বন্যা ও ২৬ জলের স্রোত হইবে। এবং যে দিনে পরমেশ্বর আ-পন লোকদের ভগ্ন অবয়ব যোড়া দিবেন, ও প্রহার-জাত ক্ষত সুস্থ করিবেন, সেই দিনে চন্দ্রের দীপ্তি মধ্যাহ্নকালীয় সূর্য্যের ন্যায় হইবে, এবং মধ্যাহ্ন-কালীয় সূর্য্যের দীপ্তি সপ্তগুণ অধিক অর্থাৎ সপ্ত দিনের দীপ্তির সদৃশ হইবে।

২৭ দেখ, পরমেশ্বর আপনি † দূরহইতে আইসেন, তাঁহার ক্রোধ প্রজ্বলিত ও তাঁহার শিখা উজ্জ্বলা ও তাঁহার ওষ্ঠেতে ক্রোধ পরিপূর্ণ, ও তাঁহার জিহ্বা ২৮ বিনাশক অনলস্বরূপ। ও তাঁহার শ্বাস উথলিত বন্যার ন্যায় গলাপর্য্যন্ত উঠিবে; তিনি অন্যদেশীয়-দিগকে বিনাশরূপ কুলাতে ঝাড়িবেন, ও লোকদের ২৯ মুখে ভ্রান্তিরূপ বল্গা হইবে। কিন্তু উৎসব ঘোষণার রাত্রির ন্যায় তোমাদের গীত হইবে, এবং লোক যেমন পরমেশ্বরের পর্ব্বতে অর্থাৎ ইস্রায়েলের শৈলে গমনকালে বাঁশি বাজায়, তদ্রূপ তোমাদের মনের ৩০ আনন্দ হইবে। পরমেশ্বর প্রচণ্ড ক্রোধ ও বিনাশক অগ্নিশিখা ও প্রবল ঝড় ও মহাবৃষ্টি ও শিলাবৃষ্টি দ্বারা আপন তেজস্বি রব শুনাইবেন, ও আপনার ৩১ হস্তক্ষেপণ দেখাইবেন। তাহাতে অশূরীয় ‡ লোকে-রা পরমেশ্বরের নাদেতে হত হইবে, তিনি আপ-৩২ নার দণ্ডেতে তাহাদিগকে আঘাত করিবেন ‡। এবং পরমেশ্বর তাহাদের প্রতি যে শাস্তিরূপ দণ্ড দিবেন, সে যে কোন স্থানে গমন করে, সেই স্থানে তাহার সহিত তবল ও বীণা যাইবে; তিনি তাহাদের সহিত তুমুল যুদ্ধ করিবেন। কেননা তোফৎ অর্থাৎ বহুকাষ্ঠ- ৩৩ ময় অগ্নিচিতা পূর্ব্বকালাবধি নিরূপিত আছে, তাহা রাজাদ্বারা প্রস্তুত হয়, তিনি তাহা গভীর ও প্রশস্ত করিয়াছেন; এবং পরমেশ্বরের ফূৎকার তাহা গন্ধ-কের স্রোতের ন্যায় প্রজ্বলিত করিবে।

৩১ অধ্যায়।

১ মিসরে প্রত্যাশা করণ প্রযুক্ত লোকদের প্রতি অনুযোগ, ৬ ও ঈশ্বরের প্রতি ফিরিতে বিনয় ও অশূরিয়ার বিনাশ কথা।

১ যাহারা উপকারার্থে মিসরদেশে গমন করে, ও রক্ষার জন্যে অশ্বে বিশ্বাস করে, ও রথের প্রচুরতা প্রযুক্ত রথে বিশ্বাস করে, ও অতি বলবান প্রযুক্ত অশ্বারূঢ়েতে বিশ্বাস করে, কিন্তু ইস্রায়েলের ধর্ম্ম-স্বরূপের প্রতি দৃক্‌পাতও করে না এবং পরমেশ্ব-রের কাছে পরামর্শ জিজ্ঞাসা করে না, তাহাদের ২ সন্তাপ হইবে। তিনিও জ্ঞানী হইয়া তাহাদের প্রতি দুর্দ্দশা ঘটাইবেন, ও আপন কথা নিষ্ফলা না করিয়া দুষ্ট লোকদের বংশ ও দুষ্কর্ম্মিদের ৩ সহায়গণের বিরুদ্ধে উঠিবেন। কেননা মিস্রীয়গণ মনুষ্যমাত্র, ঈশ্বর নয়; এবং তাহাদের অশ্বগণ মাংসমাত্র, আত্মা নয়; পরমেশ্বর আপন হস্ত বিস্তার করিলে তাহাদের উপকারিগণ স্খলিত হইবে, এবং উপকৃতেরা পতিত হইবে, ও ৪ সকলে একেবারে হত হইবে। পরমেশ্বর আ-মাকে এই কথা কহিলেন; যেমন সিংহ অর্থাৎ যুবসিংহ পশু ধরিয়া গর্জ্জন করে, এবং সমূহ মেষপালক তাহার বিরুদ্ধে একেবারে চিৎকার করিলেও সে যেমন তাহাদের রবেতে ভীত হয় না, ও তাহাদের কোলাহলে শঙ্কিত হয় না, তদ্রূপ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর সিয়োন্ পর্ব্বত ও আপন ৫ গিরির কারণ যুদ্ধ করিতে নামিবেন। যেমন পক্ষি-ণী পক্ষ বিস্তার করিয়া (আপন শাবকদিগকে) রক্ষা করে, তদ্রূপ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর যিরূশালমকে রক্ষা করিবেন, ও তাহা রক্ষা করিয়া উদ্ধার করি-বেন, ও তাহার প্রতি দয়া করিয়া তাহাকে মুক্ত করিবেন।

৬ হে ইস্রায়েলের সন্তানবর্গ, তোমরা যাঁহাহইতে অতিশয় পরাঙ্মুখ হইয়াছ, তাঁহার প্রতি ফির।

[২০,২১] যির ৩১ ; ৩৩॥—[২২] যিশ ২ ; ২০। হো ১৪ ; ৩। মিখ ১০ ; ২॥—[২৩,২৪] যিশ ৬৫ ; ২১,২৩। হো ২ ; ২১, ২২। যোয় ২ ; ২২-২৬॥—[২৫] যিশ ৩৫ ; ৭। মিখ ১৪ ; ৮॥—[২৬] যিশ ৬০ ; ১৯,২০॥—[২৭-৩৩] মিখ ১৪। যিহি ৩৮। ৩৯। প্র ২০ ; ৭-১০॥—[২৯] গী ৪৬। ৪৮॥—[৩১] যিশ ৩৭ ; ৩৬॥—[৩৩] যির ৭ ; ৩১। যিহি ৩৯; ৮-১৬। প্র ২০ ; ১০॥

[৩১ অধ্য ; ১] যিশ ৩০ ; ১,২॥—[৩] যিশ ২০॥—[৪-৯] ৩৭ : ২৮,২৯,৩৬॥—[৫] ৩৭ ; ৩৫॥

*(বা) যদ্যপি দুঃখরূপ খাদ্য ও শোকরূপ জল দেন তথাপি। †(ইব্রী) পরমেশ্বরের নাম।‡(বা) দণ্ডাঘাতে মারিতে উদ্যত অশূরীয়।

৭ সে দিনে তোমরা * প্রত্যেক জন আপন২ হস্তকৃত রূপার প্রতিমা ও সুবর্ণ প্রতিমারূপ পাপবস্তুকে ৮ ঘৃণা করিয়া ফেলিয়া দিবা। অশূরীয় রাজা মনুষ্যের খড়্গ ভিন্ন অন্য খড়্গদ্বারা পতিত হইবে, এবং খড়্গের মুখহইতে পলাইতে উদ্যত হইবে, ও ৯ তাহার মনোনীত লোকেরা ব্যাকুল † হইবে; এবং সে ভয়েতে আপন পর্ব্বতে পলায়ন করিবে, ও তাহার পলায়নেতে ‡ তাহার অধ্যক্ষগণ ভীত হইবে; সিয়োনে যাঁহার অগ্নি ও যিরূশালমে যাঁহার হাফর, সেই পরমেশ্বর এই কথা কহেন।

৩২ অধ্যায়।

১ খ্রীষ্টের রাজ্যের কথা ৯ ও দেশের অধঃপতন ও পুনরুন্নতি।

১ দেখ, এক রাজা ধর্ম্মেতে রাজত্ব করিবেন, ও অধ্য- ২ ক্ষগণ ন্যায়েতে শাসন করিবে। যেমন ঝড়েতে আচ্ছাদন ও ঝড় বৃষ্টিতে আশ্রয় ও শুষ্ক স্থানে জলস্রোত ও মরীচিকা ভূমিতে মহাপর্ব্বতের ছায়া, ঐ ৩ পুরুষ তদ্রূপ হইবেন। তাহাতে দর্শকদের চক্ষু অপ্রসন্ন হইবে না, ও শ্রোতাদের কর্ণ মনোযোগী ৪ হইবে। অবিবেচকদের মন জ্ঞান পাইবে, এবং ৫ তোৎলার জিহ্বা সহজে স্পষ্ট কথা কহিবে। কিন্তু মূর্খ প্রধান লোকের ন্যায় সম্মানিত হইবে না, ও কৃপণ ৬ দাতা নামে বিখ্যাত হইবে না। কেননা মূর্খ ক্ষুধিতের আহার ও তৃষিতের জল বারণ করণার্থে মূর্খতার কথা কহে, এবং তাহার মন কাপট্য করিয়া পরমেশ্বরের বিরুদ্ধে পাষণ্ডতা করিয়া অধর্ম্মকল্পনা করে। ৭ কৃপণের ক্রিয়াই মন্দ; সে নম্র লোকদিগকে মিথ্যারূপ জালে বদ্ধ করিতে ও বিচারে দরিদ্রদের কথার ‖ অন্যথা করিতে মনে২ হিংসা কল্পনা করে। ৮ কিন্তু দাতা দাতৃত্ব কল্পনা করে, ও আপন দাতৃত্ব কল্পনাতে আপনি স্থির হয়।

৯ হে নিরুদ্বিগ্ন স্ত্রীগণ, তোমরা উঠিয়া আমার কথা শুন; হে আপদশূন্য কন্যাগণ, তোমরা আমার ১০ বাক্যে মনোযোগ কর। হে আপদশূন্য স্ত্রীগণ, তোমরা অনেক বৎসর পর্য্যন্ত উদ্বিগ্ন থাকিবা, কেননা দ্রাক্ষাফলের অভাব হইবে, ফল পাড়নের ১১ সময় হইবে না। হে নিরুদ্বিগ্ন স্ত্রীগণ, কম্পবান হও; হে আপদশূন্য স্ত্রীগণ, উদ্বিগ্ন হও, বস্ত্র খুলিয়া গাত্র ১২ উলঙ্গ কর, এবং কটিদেশে চট পরিধান কর; এবং স্তনের ও উত্তম ক্ষেত্রের ও ফলবান দ্রাক্ষাক্ষেত্রের জন্যে রোদন কর। আমার লোকদের ভূমিতে এবং ১৩ তাবৎ আনন্দকারি গৃহে ও উল্লাসকারি নগরে কাঁটা ও শেয়ালকাঁটা বৃদ্ধি পাইবে; ও তাবৎ প্রাসাদ ১৪ ত্যক্ত হইবে, ও নরপূর্ণ নগর নরশূন্য হইবে, এবং ওফল্ ও প্রহরিদুর্গ পশুশালা ও বনগর্দ্দভের আনন্দের স্থান ও পশুপালের চরণের স্থান সর্ব্বদা হইবে। তাহা হইলে পর আত্মা নামিয়া § আমাদিগেতে ১৫ আবির্ভূত হইবেন, ও প্রান্তর ফলবান ক্ষেত্র হইবে, ও ফলবান ক্ষেত্র অরণ্য বলিয়া বিখ্যাত হইবে। এবং ১৬ ন্যায় সেই অরণ্যে বাস করিবে, ও ধর্ম্ম সেই ফলবান ক্ষেত্রে বাস করিবে। ধর্ম্মের কার্য্য শান্তি ও ১৭ ধর্ম্মের ফল বিশ্রাম ও নিত্য নিরাপদ হইবে। এবং ১৮ শিলাবৃষ্টিদ্বারা অরণ্য অধঃপতিত ও নগর সমভূমি হইলেও আমার লোক নির্ব্বিরোধ আশ্রয়ে ও নিরা- ১৯ পদ নিবাসে ও নির্ভয় আলয়ে বাস করিবে। তাবৎ ২০ সজল ভূমিতে বীজ বপন ও চাস করণার্থে বলদ ও গর্দ্দভ প্রেরণ কর যে তোমরা তোমরাই ধন্য।

৩৩ অধ্যায়।

১ শত্রুদের ভাবিদণ্ড ১৩ ও সাধু লোকদের প্রতি কল্যাণ।

১ উপদ্রুত না হইলেও উপদ্রব করিতেছ, ও লুটিত না হইলেও লুট করিতেছ যে তুমি, তোমার সন্তাপ হইবে; কিন্তু তুমি উপদ্রব করিলে পর উপদ্রুত হইবা, ও লুট করিতে ক্লান্ত হইলে পর অন্যে তোমার দ্রব্য লুট করিবে।

২ হে পরমেশ্বর, আমাদের প্রতি দয়া কর, আমরা তোমার অপেক্ষা করি; তুমি প্রতি প্রভাতে আমাদের বলস্বরূপ হও, ও বিপদকালে আমাদের ত্রাণস্বরূপ হও।

৩ তোমার ভয়ানক হুঙ্কারেতে সকল লোক পলায়ন করিবে, ও তুমি উঠিলে বিদেশি লোকেরা ছিন্ন ৪ ভিন্ন হইবে। তাহাতে পঙ্গপাল যেমন গ্রাস করে, তদ্রূপ লোক তাহাদের ¶ দ্রব্য গ্রাস করিবে; যেমন কীটেরা ইতস্ততো ধাবমান হয়, তদ্রূপ তাহার উপরে ধাবমান হইবে।

৫ উচ্চস্থানে বাসকারী পরমেশ্বর উন্নত হইয়া সিয়োন্‌কে ন্যায়েতে ও ধর্ম্মেতে পরিপূর্ণ করিবেন; ৬ এবং তাহার ** কালাবস্থা সুস্থির হইবে, এবং পরিত্রাণ ও জ্ঞান ও বুদ্ধিরূপ নিধি †† ও পরমেশ্বর বিষয়ক ভয় তাহার সম্পদ হইবে।

---

[৭] যিশ ২; ২০। ৩০; ২২।।—[৮,৯] ৩১; ৩৬,৩৭ ।।
[৩২ অধ্য; ১,২] ২ শি ২৩; ৩,৪। গী ৪৫; ৬,৭। ৭২; ১-৪। যিশ ১; ২৬। ১১; ১-৫। যির ২৩; ৫,৬।।—[২] যিশ ২৫; ৪।।
[৩] ৪২; ১৮-২০। ২ ক ৫; ১৬।।—[৯-১২] যিশ ৩; ১১,১২ । ২৪; ১-১২।।—[১৫] ৩৫; ১,২। যোয় ২; ২৮,২৯ ।।
[১৮,১৯] যিশ ২৫; ১-৫ ।।
[৩৩ অধ্য; ১] যিশ ১০; ১৪। ৩৭; ৩৬। মিথ ১৪; ২ ।।—[২] যিশ ৩৭; ৪,২০। ২৩; ৮,৯। গী ৮৫; ১-৮।।—[৩,৪] যিশ ৩৭; ৩৬, ৩৭। গী ৪৬; ৬,৮, ৯। ৪৮; ৪,৫।।—[৫,৬] যিশ ১০; ২০-২২। গী ৮৫; ৮-১৩।।—[৭] যিশ ৩৬; ৩। ৩৭; ১,২।।
* (ইব্রু) তাহারা। † (বা) করগ্রস্ত। ‡ (বা) প্রত্যেক ধ্বজেতে। ‖ (বা) দরিদ্রদের শুদ্ধ ন্যায়কথার। § (ইব্রু) ঢালিত হইয়া।
¶ (ইব্রু) তোমাদের। ** (ইব্রু) তোমার। †† (বা) তাহার কালাবস্থার স্থিরতা জ্ঞান ও বুদ্ধি ও পরিত্রাণের বল হইবে। 533

৭ দেখ, তাহাদের বলবানেরা হাহাকার করিবে, ও ৮ সন্ধিকারক দূতগণ অতিশয় ক্রন্দন করিবে। এবং রাজপথ নরশূন্য হইবে, পথিকমাত্র থাকিবে না; নিয়ম ভঙ্গ হইবে ও নগর তুচ্ছীকৃত হইবে ও ৯ মনুষ্যগণ অবজ্ঞাত হইবে। তাহাতে দেশ ক্রন্দন করিবে ও দুর্ব্বল হইবে, এবং লিবানোন্ লজ্জা পাইয়া ম্লান হইবে, এবং শারোণও অরণ্যতুল্য হইবে, এবং বাশন ও কর্ম্মিল্ পত্রশূন্য হইবে।

১০ পরমেশ্বর কহেন, আমি এই ক্ষণে উঠিব, ও ১১ এখনি গাত্রোত্থান করিয়া বিখ্যাত হইব। তোমরা ভূষিরূপ গর্ভ ধারণ করিয়া নাড়া প্রসব করিবা, তাহাতে তোমাদের নিশ্বাস অগ্নির ন্যায় তোমা- ১২ দিগকে দগ্ধ করিবে। যেমন চূণ ও ছিন্ন কণ্টক অগ্নিতে দগ্ধ হয়, তদ্রূপ লোকেরা দগ্ধ হইবে।

১৩ হে দূরস্থ লোক সকল, তোমরা আমার কার্য্যের কথা শুন; হে নিকটস্থ লোকেরা, আমার পরাক্রম ১৪ স্বীকার কর। সিয়োনস্থিত পাপিগণ ভীত হইবে, ও কপট লোকেরা শঙ্কিত হইয়া কহিবে, আমাদের মধ্যে কে বিনাশক অগ্নি সহিতে পারে? ও আমাদের মধ্যে কে অনন্তকালস্থায়ি জ্বলন সহিতে পারে?

১৫ যে জন পূর্ণ রূপে ধর্ম্মাচরণ করে, ও সত্য কথা কহে, ও উপদ্রব প্রাপ্ত লাভ ঘৃণা করে, ও উৎকোচহইতে হস্ত ক্ষেপণ করে, ও বধ করণের পরামর্শ শুনিলে কর্ণ রোধ করে, ও দুষ্কর্ম্মহইতে চক্ষু মুদ্রিত ১৬ করে; উচ্চস্থানে তাহার বাস হইবে, ও পাষাণময় পর্ব্বতের দুরাক্রমণ স্থানে তাহার অধিষ্ঠান হইবে, এবং নিত্য২ তাহাকে খাদ্য দত্ত হইবে, ও তাহার জলের অভাব হইবে না।

১৭ তোমার চক্ষু সৌন্দর্য্য বিশিষ্ট রাজাকে দেখিবে ও ১৮ দূরস্থ দেশ দেখিবে। এবং তোমার মন গত ভয়ের বিবেচনা করিবে, এখন সেই লিপিকর্ত্তা কোথায়? ও রাজকরগ্রাহী কোথায়? ও দুর্গ গণনাকারী কোথায়? তুমি সেই ক্রূরদিগকে আর দেখিবা না, ও সেই অশ্রাব্য গভীর ভাষাবাদি ও অবোধ্য ম্লেচ্ছ- ১৯ বাক্যবাদিদিগকে আর দেখিতে পাইবা না। কিন্তু আমাদের মহোৎসব বিশিষ্ট সিয়োন্ নগরকে দেখিবা, এবং যাহার খুঁটি উপড়িবে না, ও যাহার রজ্জু ছিঁড়িবে না, এমত শান্তিযুক্ত বসতি ও অটল ২০ তাম্বুস্বরূপ যিরূশালম্‌কে তুমি দেখিবা। এবং সেখানে আমাদের পক্ষে মহামহিম পরমেশ্বর দণ্ডবিশিষ্ট নৌকা ও বৃহৎ নৌকার অগম্য নদী ও স্রোত- ২১ যুক্ত জলাশয়ের ন্যায় হইবেন। কেননা পরমেশ্বর ২২ আমাদের বিচারকর্ত্তা, ও পরমেশ্বর আমাদের ব্যবস্থাপক, ও পরমেশ্বর আমাদের রাজা; তিনি আমাদিগকে পরিত্রাণ করিবেন।

২৩ তোমার রজ্জ্বাদি শিথিল হইতেছে, লোক তোমার মাস্তুল শক্ত করিতে পারে না, ও পাইল তুলিতে পারে না; এই সময়ে বিস্তর লুটের সামগ্রী বিভাগ করা যাইবে, ও পঙ্গুরা লুট দ্রব্য ধরিতে ২৪ পারিবে। আমি পীড়িত আছি, এ কথা নগরবাসি কেহ বলিবে না, এবং তন্নিবাসি লোকদের পাপ ক্ষমা হইবে।

৩৪ অধ্যায়।

শত্রুদের ভাবিদণ্ড।

১ হে অন্যদেশি লোক সকল, নিকটে আসিয়া শ্রবণ কর; হে জাতি সকল, আমার কথায় মনোযোগ কর; পৃথিবী ও পৃথিবীনিবাসি সকল, এবং জগৎ ও তদুৎ- ২ পন্ন সকল শ্রবণ করুক। কেননা অন্যদেশীয় সকলের প্রতিকূলে পরমেশ্বরের ক্রোধ, ও তাহাদের সৈন্য সকলের বিরুদ্ধে প্রচণ্ড কোপ প্রজ্বলিত হইবে; তিনি তাহাদিগকে নিঃশেষে বিনাশ করিবেন, ও তাহাদি- ৩ গকে বধে সমর্পণ করিবেন। তাহাদের হত লোকেরা বাহিরে নিক্ষিপ্ত হইবে, তাহাতে শবনির্গত দুর্গন্ধ উঠিবে, ও তাহাদের রক্তে পর্ব্বতগণ গলিয়া যাইবে। ৪ আকাশীয় তাবৎ নক্ষত্র ক্ষয় পাইবে, ও আকাশমণ্ডল পত্রের ন্যায় জড়ান যাইবে; যেমন দ্রাক্ষালতার শুষ্ক পত্র ও ডুম্বুরের শুষ্ক ফল ঝরিয়া পড়ে, তদ্রূপ ৫ তাহার তাবৎ নক্ষত্র খসিয়া পড়িবে। কেননা স্বর্গেতে আমার খড়্গ শাণিত* আছে; দেখ, তাহা আমাদ্বারা বিনাশদণ্ডে সমর্পিত লোকদের, বিশেষত ইদোমের লোকের উপরে পড়িবে। ৬ পরমেশ্বরের খড়্গ রক্তেতে তৃপ্ত ও মেদেতে পরিতুষ্ট হইবে; অর্থাৎ মেষশাবকের ও ছাগলের রক্তে ও মেষদের মেটিয়ার মেদেতে তাহার তৃপ্তি হইবে। কেননা বস্রাতে পরমেশ্বরের যজ্ঞ হইবে, ও ইদোম্ দেশে বিস্তর বধ ৭ হইবে। এবং তাহাদের সহিত গণ্ডার হত হইবে, ও বৃষের সহিত বলদ হত হইবে, ও তাহাদের দেশ রক্তেতে মত্ত† হইবে, এবং ধূলা মেদেতে তৃপ্ত হইবে। ৮ কেননা পরমেশ্বরের প্রতিফল দানের এই দিন, ও সিয়োনের পক্ষবাদির সমুচিত দানের এই বৎসর। ৯ তাহার প্রবাহ সকল আল্‌কাতরার ন্যায় হইবে, ও তাহার ধূলি গন্ধকস্বরূপ হইবে। ও তাহার তাবৎ

[৭-৯] ২ রা ১৮; ১৩-৩৭। যিশ ২৪; ১-১২॥—[১০-১২] ১০; ১৬-১৯। ১৮; ৫,৬। ৩৭; ৩৬। ৪২; ১৩-১৫॥—[১৩] ১৮; ৪॥ [১৪] গ ১৭; ১২,১৩। ইব্রি ১২; ২৯॥—[১৫,১৬] গী ১৫। ২৪; ৩-৬॥—[১৭] গী ৪৫॥—[১৯] দ্বি ২৮; ৪৮-৫০। যির ৫; ১৫-১৭॥—[২০] গী ৪৬।৪৮। ১২৫; ১,২॥—[২১] যিহি ৪৭। মিখা ১৪; ৮। প্র ২২; ১॥—[২৪] যির ৫০; ২০॥ [৩৪ অধ্যা] যির ২৫; ১৫-৩৩। যোয় ৩॥—[১] দ্বি ৩২; ১॥—[২,৩] যিহি ৩৯; ৬-২২॥—[৪] যোয় ২; ৩০,৩১। ৩; ১৫। ২ পি ৩; ১০। প্র ৬; ১২-১৪॥—[৫-৮] গী ১৩৭; ৭। দ্বি ৩২; ৪১,৪২। যিশ ৬৩; ১-৬॥—[৯,১০] প্র ১৪; ১১,১১। ১৯; ৩॥

* (বা) পূর্ণ বা মত্ত। † (বা) মগ্ন বা দ্রব।

১০ ভূমি প্রজ্বলিত আল্‌কাতরার ন্যায় হইবে। দিবা-রাত্রিতে কদাচ নির্ব্বাণ পাইবে না, সদাকাল তাহার ধূম উঠিবে; সে দেশ পুরুষানুক্রমে শূন্য থাকিবে, ১১ তাহার মধ্য দিয়া কেহ কখনো যাইবে না। কিন্তু পানিভেলা পক্ষী ও শজারু তাহাতে অধিকার করিবে, ও সে স্থানে মহাপেচক ও দাঁড়কাক বাস করিবে; পরমেশ্বর তাহার উপরে বিনাশরূপ রজ্জু ১২ ও শূন্যতারূপ প্রস্তর পাত করিবেন। সে স্থানে যাহাদিগকে কর্তৃত্ব করিতে আহ্বান করিবে, এমন কুলীনেরা আর থাকিবে না; সর্ব্বতোভাবে অধ্য-১৩ ক্ষগণের অভাব হইবে। তাহার অট্টালিকাতে কণ্টক, ও তাহার দুর্গেতে বিছুটী ও শেয়াল কাঁটা বাড়িবে, এবং সে দেশ সর্পের বাসস্থান ও উষ্ট্রপক্ষির ১৪ সভা হইবে। সে স্থানে বনপশু ও প্রান্তরের পশু বাস করিবে, এবং লোমশ পশু আপন২ বন্ধুগণকে আহ্বান করিয়া আনিবে, ও সেখানে ভূতম ১৫ পেচকগণ বাস করিয়া বিশ্রামের স্থান পাইবে; ও মহাপেচকগণ * সে স্থানে বাসা করিয়া অণ্ড প্রসব করিবে, ও তাহা ফুটাইয়া আপন ছায়াতে আপন শাবকদিগকে একত্র করিবে, এবং সেখানে গিধিনীরা প্রত্যেকে আপন২ স্বামির সহিত একত্র ১৬ হইবে। পরমেশ্বরের পুস্তক পাঠ করিয়া বিচার কর, ইহার একেরও অভাব হইবে না, প্রত্যেক পক্ষিণী আপন২ পক্ষিকে পাইবে; কেননা পরমেশ্বরের † মুখ ইহা কহিয়াছেন, ও তাঁহার আত্মা ১৭ ইহা সংগ্রহ করিবেন। তিনি তাহাদের জন্যে গুলিবাঁট করিবেন, ও তাঁহার হস্ত রজ্জুদ্বারা তাহাদের অংশ পরিমাণ করিবে; তাহারা সর্ব্বদা তাহা অধিকারের জন্যে পাইবে, ও পুরুষানুক্রমে সে স্থানে বাস করিবে।

৩৫ অধ্যায়।

খ্রীষ্টের রাজ্যের শুভমতা ও সুখ।

১ প্রান্তর ও শুষ্ক স্থান আনন্দিত হইবে, ও অরণ্য ২ সতেজ হইয়া গোলাবের ন্যায় প্রফুল্ল হইবে। সে পুষ্পভূষিত হইয়া আহ্লাদিত ও গানে হৃষ্ট হইবে; ও তাহাকে লিবানোনের তেজ ও কর্ম্মিলের ও শা-৩ রোণের সৌন্দর্য্য দত্ত হইবে। এবং তাহারা পরমেশ্বরের তেজ, অর্থাৎ আমাদের ঈশ্বরের ঐশ্বর্য্য দেখিতে পাইবে। দুর্ব্বল হস্তকে সবল কর, ও কম্পিত হাঁটুকে সুস্থির কর; ও ভীতান্তঃকরণ লোকদিগকে বল, তোমরা বলবান্ হও, ভয় করিও না। ৪ তোমাদের ঈশ্বরকে দর্শন কর; প্রতিফল অর্থাৎ ঈশ্বরহইতে প্রতিফল আসিবে, তিনি আসিয়া তোমা-দিগকে রক্ষা করিবেন। ৫ তৎকালে অন্ধ লোকদের চক্ষুঃ পরিষ্কৃত হইবে, ও বধিরদের কর্ণ খোলা যা-ইবে। ৬ এবং খঞ্জ লোক হরিণের ন্যায় লম্ফ দিবে, ও গোঙ্গাদের জিহ্বা গান করিবে, এবং বনে জল ও ৭ অরণ্যে মহাস্রোত নির্গত হইবে। এবং মৃগতৃষ্ণা স্থানে পুষ্করিণী হইবে, ও মরুভূমিতে জলের উনুই হইবে, এবং সর্পের শয়নস্থানে তৃণ ও নল ও পাটি ৮ বৃদ্ধি পাইবে। এবং সে স্থানে পবিত্র নামে বিখ্যাত এক রাজপথ হইবে; তাহাতে কোন অশুচি লোক যাতায়াত করিবে না, কিন্তু ঈশ্বর তাহাদের সঙ্গী হইবেন; তাহাতে অজ্ঞান পথিকেরাও ভ্রান্তিযুক্ত ৯ হইবে না। এবং সেখানে কোন সিংহ থাকিবে না, ও কোন হিংসুক জন্তু যাইবে না, সেখানে একটাও পাওয়া যাইবে না; কিন্তু মুক্ত লোকেরা তা-১০ হাতে গমন করিবে। পরমেশ্বরের মুক্ত লোকেরা ফিরিয়া জয়২ শব্দ করিতে২ সিয়োনে উত্তীর্ণ হইবে, এবং তাহাদের মস্তকে নিত্য আনন্দস্বরূপ মুকুট হইবে; তাহারা আনন্দ ও আহ্লাদ পাইবে, এবং শোক ও আর্ত্তস্বর দূরে পলায়ন করিবে।

৩৬ অধ্যায়।

১ যিরূশালমের প্রতি সন্‌হেরীবের আক্রমণ, ১১ ও রব্‌শাকির নিন্দার কথা ও হিষ্কিয়ের প্রতি তাহার প্রকাশ।

১ হিষ্কিয় রাজের চতুর্দ্দশ বৎসর অধিকার সময়ে অশূরীয় সন্‌হেরীব্ নামে রাজা যিহূদার প্রাচীরবেষ্টিত নগর সকলের বিরুদ্ধে আসিয়া তাহা হস্তগত ২ করিল। পরে অশূরীয় রাজা বিস্তর সৈন্যসামন্তের সহিত রব্‌শাকিকে লাখীশ্ নগরহইতে যিরূশালম নগরে হিষ্কিয় রাজের কাছে প্রেরণ করিলে, সে উপরিস্থ পুষ্করিণীর প্রণালীতে রজকের ভূমিতে যাওন ৩ পথে অবস্থিতি করিল। তাহাতে হিল্কিয়ের পুত্র ইলিয়াকীম্ নামে রাজবাটীর অধ্যক্ষ ও শিব্‌ন লেখক ও আসফের পুত্র যোয়াহ নামা ইতিহাসরচক তাহার ৪ সহিত সাক্ষাৎ করিতে বাহিরে গেল। তাহাতে রবশাকি তাহাদিগকে কহিল, তোমরা হিষ্কিয়কে এই কথা বল, মহারাজ অশূরের রাজা কহেন, তুমি যে ৫ বিশ্বাস করিতেছ, সে কেমন বিশ্বাস? আর আমি বলি, সংগ্রাম করিতে তোমার যে মন্ত্রণা ও বল আছে, তাহা শব্দমাত্র; অতএব তুমি কিসে প্রত্যাশা করিয়া ৬ আমার অনাজ্ঞাবহ হও? দেখ, তুমি ঐ ভাঙ্গা নলের

[১১-১৫] যিশ ১৩; ১৯-২২। ১৪; ২২,২৩। সিফ ২; ১৩,১৪॥

[৩৫ অধ্য; ১,২] যিশ ৩২; ১৫। যোয় ৩; ১৮॥—[৩] ইব্রু ১২; ১২।—[৪] যিশ ৩৪; ৮। দ্বি ৩২; ৩৫,৪১॥—[৫,৬] যিশ ২৯; ১৮। ৩২; ৩,৪। ৪২; ১৮-২০। ম ১১; ৪-৬॥—[৬,৭] যোয় ৩; ১৮। যিশ ৪১; ১৮,১৯। ৪৪; ৩,৪॥—[৮] ৫২; ১। প্রু ২১; ২৭। ২২; ১৫॥—[৯] যিহি ৩৪; ২৫॥—[১০] যিশ ৫১; ১১। ৬৫; ১৯। প ২১; ৪॥

[৩৬ অধ্য; ১] ২ রা ১৮; ১৩॥—[২-১০] ২ রা ১৮; ১৭-২৫। ২ বং ৩২; ৯-১৫॥—[২] যিশ ৭; ৩॥

* (বা) বিশেষ সর্প। † (ইব্রু) তাঁহার।

যষ্টিতে অর্থাৎ মিসরেতে বিশ্বাস করিতেছ; কিন্তু যে কেহ তাহাতে নির্ভর দেয়, তাহার হস্ত তদ্দ্বারা বিদ্ধ হইয়া ক্ষতযুক্ত হয়; আপন তাবৎ শরণাগতের ৭ প্রতি মিস্রীয় ফিরৌণ্ রাজা তদ্রূপ। কিন্তু যদি বল, আমরা আপন প্রভু পরমেশ্বরে প্রত্যাশা করি; তবে যাহার উচ্চস্থান ও বেদি হিষ্কিয় স্থানান্তর করিয়া যিহূদীয়দিগকে ও যিরূশালমস্থিত লোকদিগকে কহিল, তোমরা কেবল এই বেদির নিকটে ভজনা ৮ করিবা; তিনি কি সে নন্? এখনি আমার প্রভু অশূরীয় রাজার সহিত পণ কর, তুমি যদি তাহার আরোহক লোক পাইতে পার, তবে আমি দুই সহস্র ৯ অশ্ব দিব। তাহা না হইলে আমার প্রভুর অতিনীচ দাসগণের মধ্যে এক সেনাপতিরও সহিত কি প্রকারে সংগ্রাম করিবা? কিন্তু তোমরা রথ ও ১০ অশ্বের জন্যে মিসরেতে বিশ্বাস কর। আর আমি কি পরমেশ্বরের আজ্ঞা ব্যতিরেকে এ দেশ উচ্ছিন্ন করিতে এখন আইলাম? তুমি ঐ দেশে গিয়া বিনাশ কর, পরমেশ্বর আমাকে এই আজ্ঞা দিয়াছেন।

১১ তাহাতে ইলিয়াকীম্ ও শিব্ন ও যোয়াহ রব্শাকিকে কহিল, বিনয় করি, অরামীয় ভাষাতে আপনকার দাসদিগকে কহুন, কেননা আমরা তাহা বুঝিতে পারি; এবং প্রাচীরের উপরিস্থ লোকদের কর্ণগোচরে আমাদের প্রতি যিহূদীয় ভাষাতে না কহুন। ১২ রব্শাকি উত্তর করিল, আমার প্রভু কি কেবল তোমার রাজাকে ও তোমাকে এই কথা কহিতে আমাকে পাঠাইয়াছেন? যাহারা তোমাদের সহিত আপন২ বিষ্ঠা ভোজন করিবে ও আপন ২ মূত্র পান করিবে, প্রাচীরের উপরিস্থিত তোমাদের ঐ লোক- ১৩ দিগকেও কি কহিতে নয়? পরে রব্শাকি দাঁড়াইয়া উচ্চৈঃস্বরে যিহূদীয় ভাষাতে কহিতে লাগিল, তোমরা ১৪ মহারাজের অর্থাৎ অশূরীয় রাজার কথা শুন। মহারাজ কহিলেন, হিষ্কিয় যেন তোমাদিগকে প্রবঞ্চনা না করে; কেননা তোমাদিগকে রক্ষা করিতে তাহার ১৫ সাধ্য নাই। এবং 'পরমেশ্বর আমাদিগকে অবশ্য উদ্ধার করিবেন, এই নগর কখনো অশূরীয় রাজার হস্তগত হইবে না', ইহা কহিয়া হিষ্কিয় যেন তোমা- ১৬ দিকে পরমেশ্বরে বিশ্বাস না করায়। হিষ্কিয়ের কথা শুনিও না, কেননা অশূরের রাজা কহিল, তোমরা আমার সঙ্গে সন্ধি * করিয়া আমার কাছে আইস; আমি যদবধি আসিয়া তোমাদের নিজ দেশের মত ১৭ শস্য ও দ্রাক্ষারস ও ভক্ষ্য ও দ্রাক্ষাক্ষেত্র, এই সকল বিশিষ্ট কোন দেশে তোমাদিগকে লইয়া না যাই, তাবৎ প্রত্যেক জন আপন ২ দ্রাক্ষাফল ও ডুম্বুরফল ভোজন কর ও আপন২ পুষ্করিণীর জল পান কর। ১৮ 'পরমেশ্বর আমাদিগকে উদ্ধার করিবেন', এই কথা কহিয়া হিষ্কিয় তোমাদিগকে না ভুলাউক; অন্যদেশীয় দেবতাগণ অশূরীয় রাজার হস্তহইতে কি আপন২ দেশ রক্ষা করিয়াছে? ১৯ হমাৎ ও অর্পদের দেবগণ কোথায়? ও সিফর্বয়িমের দেবগণ কোথায়? দেবগণ কি আমার হস্তহইতে শোমিরোণ্কে রক্ষা করিয়াছে? ২০ যদি এই সকল দেশীয় দেবগণের মধ্যে কেহ আমার হস্তহইতে দেশ রক্ষা করিতে পারে নাই, তবে পরমেশ্বর আমার হস্তহইতে কি যিরূশালম্কে মুক্ত করিবেন? ২১ কিন্তু লোকেরা নীরব হইয়া থাকিল, এক কথারও উত্তর করিল না, কারণ তাহাকে উত্তর দিও না, রাজার এই আজ্ঞা ছিল। ২২ পরে হিল্কিয়ের পুত্র ইলিয়াকীম্ রাজবাটীর অধ্যক্ষ ও শিব্ন লেখক ও আসফের পুত্র যোয়াহ ইতিহাসরচক আপন ২ বস্ত্র চিরিয়া হিষ্কিয়ের নিকটে আসিয়া রব্শাকির কথা জ্ঞাত করিল।

৩৭ অধ্যায়।

১ যিশয়িয়ের প্রতি হিষ্কিয়ের লোক প্রেরণ, ৮ ও হিষ্কিয়ের প্রতি যিশয়িয়ের উত্তর, ১৪ ও মন্দিরে হিষ্কিয়ের প্রার্থনা, ২১ ও সন্হেরীবের বিষয়ে যিশয়িয়ের ভবিষ্যদ্বাক্য ৩৫ ও সন্হেরীবের ও তাহার সৈন্যের বিনাশ।

১ হিষ্কিয় রাজা ইহা শুনিয়া আপন বস্ত্র চিরিয়া ও চট পরিধান করিয়া পরমেশ্বরের মন্দিরে গমন করিল। ২ এবং চটপরিহিত রাজবাটীর অধ্যক্ষ ইলিয়াকীম্কে ও শিব্ন লেখককে এবং প্রাচীন যাজকদিগকে আমোসের পুত্র যিশয়িয় ভবিষ্যদ্বক্তার নিকটে পাঠাইল। ৩ তাহাতে তাহারা তাহাকে কহিল, হিষ্কিয় কহিলেন, অদ্যকার দিবস ক্লেশ ও অনুযোগ ও অপমানের দিবস, কেননা বালক প্রসবের সময় উপস্থিত, কিন্তু প্রসব করণের শক্তি নাই। ৪ রব্শাকির প্রভু অশূরীয় রাজা অমর ঈশ্বরকে নিন্দা করণার্থে যে কথা কহিতে রব্শাকিকে পাঠাইয়াছে, হয় তো তোমার প্রভু পরমেশ্বর তাহা শুনিয়াছেন, এবং তোমার প্রভু পরমেশ্বর যাহা শুনিয়াছেন, তাহার শাসন করিবেন; অতএব তুমি বিনয়পূর্ব্বক অবশিষ্ট লোকদের নিমিত্তে প্রার্থনা কর। ৫ এই রূপে হিষ্কিয় রাজার দাসগণ যিশয়িয়ের নিকটে উপস্থিত হইলে ৬ যিশয়িয় তাহাদিগকে কহিল, তোমাদের স্বামিকে বল, পরমেশ্বর কহিলেন, তুমি যাহা শুনিয়াছ, ও যে কথাদ্বারা অশূরীয় রাজার দাসগণ আমার নিন্দা করিয়াছে, তাহাতে ভীত হইও না। ৭ দেখ, আমি তাহার মধ্যে এক আত্মা প্রবেশ করাইব, এবং সে

[৬] যিহি ২৯; ৬,৭ ।।—[৭] ২ রা ১৮; ৪ ।।—[১১-২২] ২ রা ১৮; ২৬-৩৭। ২ বং ৩২; ১৩,১৮,১৯ ।।—[১৬,১৭] দ্বি ৮; ৭,৮ ।।—[১৯,২০] যিশ ১০; ৯-১১। ৩৭; ১১-১৩।।

[৩৭ অধ্য; ১-৭] ২ রা ১৯; ১-৭ ।।—[৪] ২ বং ৩২; ২০ ।।—[৭] প ৩৬-৩৮ ।।

* (বা) আশিস।

কোন সমাচার শুনিয়া আপন দেশে ফিরিয়া যাইবে, পরে আমি স্বদেশে তাহাকে খড়্গদ্বারা নিপাত করিব।

৮ পরে অশূরীয় রাজা লাখীশ্ নগরহইতে গিয়াছে, এই সম্বাদ পাইয়া রব্শাকি ফিরিয়া যাইয়া সৈন্যদ্বারা লিব্না নগর বেষ্টন সময়ে তাহার সহিত ৯ মিলিল। সেই সময়ে 'কূশ্ দেশীয় তির্হকঃ রাজা তোমার সহিত সংগ্রাম করিতে আসিতেছে,' এই সম্বাদ পাইল; তাহাতে সে হিষ্কিয়ের নিকটে দূত১০ গণকে পাঠাইয়া কহিল, যিহূদীয় হিষ্কিয় রাজাকে কহ, যিরূশালম্ অশূরের রাজার হস্তগত হইবে না, এই কথা কহিয়া তোমার বিশ্বাসভূমি ঈশ্বর ১১ তোমার ভ্রান্তি না জন্মাউন। দেখ, অশূরীয় রাজগণ যেরূপে তাবৎ দেশ সর্ব্বতোভাবে উচ্ছিন্ন করিয়াছে, তাহা তুমি শুনিয়াছ; তবে তুমি কি প্রকারে ১২ উদ্ধার পাইবা ? আমার পূর্ব্বপুরুষের দ্বারা বিনষ্ট গোষন্ ও হারণ্ ও রেৎসফ্ দেশীয়দের ও তিলসর্ নিবাসি এদনের সন্তানদের দেবগণ কি তাহাদের ১৩ উদ্ধার করিয়াছে? হমাতের রাজা কোথায়? ও অর্পদের রাজা কোথায়? এবং সিফর্বয়িম্ নগরের ও হেনার ও অব্বার রাজা কোথায় ?

১৪ পরে হিষ্কিয় দূতগণের হস্তহইতে ঐ পত্র লইয়া পাঠ করিলে পর পরমেশ্বরের মন্দিরে গিয়া পরমে১৫ শ্বরের সম্মুখে তাহা বিস্তার করিল। এবং হিষ্কিয় ১৬ পরমেশ্বরের নিকটে এই কথা নিবেদন করিল, হে কিরূবদের মধ্যনিবাসিন্ ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, কেবল তুমি পৃথিবীর তাবৎ রাজ্যের ১৭ ঈশ্বর; স্বর্গ ও পৃথিবী তুমি সৃষ্টি করিয়াছ। হে পরমেশ্বর, কর্ণ পাতিয়া শুন; হে পরমেশ্বর, আপন চক্ষু উন্মীলন করিয়া দেখ; সন্হেরীব্ অমর ঈশ্বরের অপমানার্থে যে সকল কথা পাঠাইয়াছে, তাহা ১৮ শুন। হে পরমেশ্বর, অশূরীয় রাজগণ সমস্ত দেশীয়১৯ দের ও তাহাদের দেশের বিনাশ করিয়াছে, এবং তাহাদের দেবগণকে অগ্নিতে নিক্ষেপ করিয়াছে; কারণ তাহারা ঈশ্বর নয়, কিন্তু মনুষ্যের হস্তকৃত কাষ্ঠ ও প্রস্তরময় বস্তু; এই জন্যে তাহারা তাহা২০ দিগকে বিনষ্ট করিয়াছে। কিন্তু হে আমাদের প্রভো পরমেশ্বর, আমরা এই নিবেদন করি, সম্প্রতি তুমি তাহার হস্তহইতে আমাদিগকে উদ্ধার কর; তাহাতে কেবল তুমিই পরমেশ্বর, ইহা পৃথিবীর তাবৎ রাজ্যের লোকেরা জ্ঞাত হইবে।

২১ পরে আমোসের পুত্র যিশয়িয় হিষ্কিয়ের নিকটে এই কথা কহিয়া পাঠাইল; ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তুমি অশূরীয় সন্হেরীব রাজের বিষয়ে আমার কাছে যে নিবেদন করিয়াছ, ২২ তাহার বিষয়ে পরমেশ্বর এই কথা কহেন, সিয়োনের কন্যা তোমাকে তুচ্ছ করিতেছে, ও সে তোমাকে পরিহাস করিতেছে, ও যিরূশালমের কন্যা তোমার কাছে মস্তক লাড়িতেছে। ২৩ তুমি কাহার নিন্দা ও অপমান করিয়াছ? ও কাহার বিরুদ্ধে উচ্চশব্দ ও ঊর্দ্ধদৃষ্টি করিয়াছ? কি ইস্রায়েলের ধর্ম্মস্বরূপের বিরুদ্ধে? ২৪ তুমি আপন দাসগণের দ্বারা প্রভুর নিন্দা করিয়া এই কথা বলিয়াছ, 'আমি অনেক রথদ্বারা পর্ব্বত শৃঙ্গের অর্থাৎ লিবানোন্ পার্শ্বের উপরে আরোহণ করিয়াছি, এবং তাহার উচ্চ এরস্বৃক্ষ ও তাহার উত্তম দেবদারু বৃক্ষ ছেদন করিয়াছি, ও উচ্চতম স্থানে ও উত্তম কাননে গমন করিয়াছি; ২৫ এবং খনন করিয়া জল পান করিয়াছি, ও প্রাচীরবেষ্টিত নগরের তাবৎ জলাশয় পদতলদ্বারা শুষ্ক করিয়াছি।' ২৬ আর তুমি কি ইহা শুন নাই? তুমি যে দৃঢ় নগরকে বিনাশ্য ঢিবি কর, তাহা আমি অগ্রে নিরূপণ করিয়াছি, পূর্ব্বেই তাহা স্থির করিয়াছি, এবং এখন সিদ্ধ করিলাম। ২৭ এই নিমিত্তে তাহাদের প্রজাগণ দুর্ব্বল ও ভীত ও লজ্জিত হইল, ও তাহারা ক্ষেত্রের তৃণ ও নবীন তৃণ ও ছাতের উপরিস্থ তৃণ ও অপক্ক শুষ্ক শস্যের স্বরূপ হইল। ২৮ কিন্তু তোমার উপবেশন ও বহির্গমন ও ভিতরে আগমন ও আমার বিরুদ্ধে ক্রোধ, এ সকলি আমি জানি। ২৯ আমার বিরুদ্ধে তোমার যে ক্রোধ ও দর্প, তাহা আমার কর্ণগোচর হইয়াছে; অতএব আমি তোমার নাসিকাতে আপন বড়শী ও তোমার মুখে আপন বল্গা দিব, এবং যে পথ দিয়া আসিয়াছ, সেই পথ দিয়া তোমাকে ফিরাইব। ৩০ (হে হিষ্কিয়,) তোমার নিমিত্তে এই এক চিহ্ন থাকিবে, এক বৎসরে আপনাহইতে উৎপন্ন শস্য ও দ্বিতীয় বৎসরে তাহাহইতে উৎপন্ন শস্য ভোজন করিলে পর, তৃতীয় বৎসরে বীজ বপন করিয়া শস্য কাটিতে পারিবা, এবং দ্রাক্ষাক্ষেত্র করিয়া তাহার ফলভোগ করিবা। ৩১ যিহূদা বংশের অবশিষ্ট পলায়িত লোকরূপ মূল নীচে বৃদ্ধি পাইবে ও উপরে ফল ফলিবে। ৩২ কেননা যিরূশালম্হইতে অবশিষ্ট ও সিয়োন্ পর্ব্বতহইতে পলায়িত লোকেরা বহির্গত হইবে, ও সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের উদ্যোগদ্বারা তাহা সিদ্ধ হইবে। ৩৩ অতএব অশূরীয় রাজার বিষয়ে পরমেশ্বর এই কথা কহেন, সে এ নগরে প্রবেশ করিবে না, ও ইহার মধ্যে বাণ নিক্ষেপ করিবে না ও সম্মুখে ঢাল দেখাইবে না, ও ইহার বিরুদ্ধে জাঙ্গাল

[৮-১৩] ২ রা ১৯ ; ৮-১৩ । ২বং ৩২ ; ১৭,১৯ ॥—[৮] ২ রা ১৮ ; ১৪ ॥—[১০-১৩] যিশ ৩৬ ; ১৮-২০ ॥—[১০] ৩৬ ; ৭ ॥
[১২,১৩] ১০ ; ৯-১১ ॥—[১৪-২০] ২ রা ১৯ ; ১৪-১৯ ॥—[১৫] ২ বং ৩২ ; ২০ ॥—[১৬] যা ২৫ ; ২২ । যিশ ৪৪ ; ৬ ॥
[১৯] গী ১১৫ ; ৪-৭ ॥—[২০] গী ৮৩ ; ১৭,১৮ ॥—[২১-৩৫] ২ রা ১৯ ; ২০-৩৪ ॥—[২৪-২৭] যিশ ১০ ; ৫-১৪ ॥
[২৮,২৯] ১০ ; ১৫-১৯ ॥—[৩০] ৭ ; ১৫, ২০-২৫ ॥—[৩১,৩২] ১০ ; ২০-২৩ ॥

৩৪ বান্ধিবে না। পরমেশ্বর কহেন, সে যে পথ দিয়া আসিয়াছে, তাহা দিয়াই ফিরিয়া যাইবে, এ নগরে ৩৫ প্রবিষ্ট হইবে না। আমি আপনার ও আপন দাস দায়ূদের নিমিত্তে এই নগর উদ্ধার ও রক্ষা করিব।

৩৬ পরে পরমেশ্বরের দূত অশূরীয়দের শিবিরে গমন করিয়া তাহাদের এক লক্ষ পঁচাশী সহস্র লোককে বিনাশ করিলে অবশিষ্ট লোকেরা প্রত্যূষে ৩৭ উঠিয়া সমস্ত লোককেই মৃত দেখিল। অতএব অশূরীয় সন্হেরীব্ রাজা তথাহইতে বিমুখ হইয়া নি- ৩৮ নিবী নগরে প্রত্যাগমন করিয়া বাস করিল। পরে সে নিস্রোক্ নামক ইষ্টদেবতার মন্দিরে পূজা করিতেছিল, ইতিমধ্যে অদ্রম্মেলক্ ও শরেৎসর্ নামক তাহার দুই পুত্র খড়্গদ্বারা তাহাকে নষ্ট করিয়া অরারট্ দেশে পলায়ন করিল; পরে এসর্হদ্দোন্ নামে তাহার আর এক পুত্র তাহার পদে রাজত্ব করিল।

৩৮ অধ্যায়।

১ মৃত্যু সম্বাদ পাইলে পর প্রার্থনাদ্বারা হিষ্কিয়ের আয়ুর দীর্ঘতা ও তাহার চিহ্ন দেওন, ৯ ও গীতদ্বারা তাহার নিমিত্তে হিষ্কিয়ের ধন্যবাদ করণ।

১ তৎকালে হিষ্কিয় মৃতকল্প পীড়িত হইলে আমোসের পুত্র যিশয়িয় ভবিষ্যদ্বক্তা তাহার নিকটে আসিয়া কহিল, পরমেশ্বর কহেন, তুমি আপন বাটী প্রস্তুত কর, কেননা তোমার মৃত্যু হইবে, তুমি আর ২ বাঁচিবা না। তাহাতে হিষ্কিয় ভিত্তির দিগে সম্মুখ করিয়া পরমেশ্বরের প্রতি প্রার্থনা করিয়া কহিল, ৩ হে পরমেশ্বর, বিনয় করি, আমি সত্যতাতে ও সরলান্তঃকরণে তোমার সাক্ষাতে যেরূপ আচরণ করিয়াছি, ও তোমার দৃষ্টিতে যেরূপ সৎকর্ম্ম করিয়াছি, তাহা তুমি এখন স্মরণ কর; তাহাতে হিষ্কিয় অতি- ৪ শয় ক্রন্দন করিতে লাগিল। পরে যিশয়িয়ের নিকটে ৫ পরমেশ্বরের এই কথা উপস্থিত হইল, তুমি গিয়া হিষ্কিয়কে বল, তোমার পূর্ব্বপুরুষ দায়ূদের প্রভু পরমেশ্বর ইহা কহেন, আমি তোমার প্রার্থনা শুনিলাম ও তোমার চক্ষুর জল দেখিলাম; দেখ, আমি ৬ তোমার আয়ু পঞ্চদশ বৎসর বৃদ্ধি করিব। এবং অশূরীয় রাজার হস্তহইতে তোমাকে ও এই নগরকে রক্ষা ৭ করিব ও তাহার ঢালস্বরূপ হইব। পরমেশ্বর তোমাকে এই যে বাক্য কহেন, তাহা সিদ্ধ করিবেন, পর- ৮ মেশ্বরহইতে তাহার এই চিহ্ন হইবে। দেখ, আহসের ঘড়ির উপরে সূর্য্যের ছায়া যত অংশ গেল তাহার দশ অংশ ফিরাইব। পরে সূর্য্যের ছায়া যত অংশ গিয়াছিল, তাহার দশ অংশ ফিরিল।

৯ পীড়িত হইলে পর সুস্থ হওন সময়ে যিহূদার ১০ রাজা হিষ্কিয়ের লিপি এই। আমি কহিলাম, আপন আয়ুর পরমগতিতে আমি পরকালের দ্বারে প্রবেশ ১১ করিব, ও অবশিষ্ট বৎসর প্রাপ্ত হইব না। এবং আমি বলিলাম, আমি জীবৎ লোকদের বাসস্থানে যাঃ নামে পরমেশ্বরকে আর দেখিব না, ও জগন্নিবা- ১২ সিদের সহিত * মনুষ্যকেও আর দেখিব না। আমার আয়ু মেষপালকের তাম্বুর ন্যায় উঠিয়া স্থানান্তরে গেল, আমি তন্তুবায়ের ন্যায় আপন আয়ু ছিন্ন করিলাম, তিনি তাঁতহইতে আমাকে ছিঁড়িয়া ফেলিলেন, ও এক দিবারাত্রির মধ্যে আমার আয়ুর শেষ করি- ১৩ লেন। তিনি এক দিবারাত্রির মধ্যে আমার আয়ুর শেষ করিতে সিংহের ন্যায় আমার অস্থি এমত চূর্ণ করিলেন, যে আমি প্রাতঃকাল পর্য্যন্ত (মৃত্যুর) ১৪ অপেক্ষাতে ছিলাম। আমি তালচোঁচের ন্যায় চিঁচিঁ করিলাম, ও সারসের ন্যায় চীৎকার করিলাম, ও ঘুঘুর ন্যায় শব্দ করিলাম; ঊর্দ্ধদৃষ্টি করিতে২ আমার চক্ষুঃ ক্ষীণ হইল; 'হে পরমেশ্বর, আমি বড় ১৫ দুর্দ্দশাপন্ন হইলাম, আমার উপকার কর।' আমি আর কি কহিব? তিনি আমার প্রতি যে কথা কহিলেন, তাহা সম্পূর্ণ করিলেন; আমি মনের দুঃখ প্রযুক্ত নম্রতাতে অবশিষ্ট বৎসর সকল যাপন ১৬ করিব। হে প্রভো, এই যে সকল (অনুগ্রহেতে) লোকেরা সজীব থাকে, কেবল তাহাতে † আমার প্রাণ রক্ষা পাইল; তুমি আমার আরোগ্যজনক ও জী- ১৭ বনবর্দ্ধক। ‡ আমার দুঃখভোগ সুখজনক ‖ হইল; তুমি আমার প্রাণকে মৃত্যু §রূপ খাতহইতে উদ্ধার করিলা, ও আমার তাবৎ পাপ আপন পশ্চাতে ১৮ নিক্ষেপ করিলা। পরলোক তোমার উদ্দেশে কথনো ধন্যবাদ করিবে না, ও মৃত্যু তোমার প্রশংসা করিবে না, ও খাতে নামিতে উদ্যত লোকেরা তো- ১৯ মার সত্যতার অপেক্ষা করিবে না। কিন্তু অদ্য আমি যেমন করিতেছি, তদ্রূপ জীবিত লোকেরা, জীবিত লোকেরাই তোমার ধন্যবাদ করিবে, ও পিতৃগণ সন্তানদিগকে তোমার বিশ্বস্যতা জ্ঞাত ২০ করিবে। পরমেশ্বর আমার পরিত্রাণ করিয়াছেন, অতএব আমরা যাবজ্জীবন পরমেশ্বরের মন্দিরে বীণা বাজাইয়া গান করিব।

২১ যিশয়িয় কহিয়াছিল, ডুম্বুর ফলের চাক লইয়া ছেঁচিয়া স্ফোটকের উপরে দিলে সে সুস্থ হইবে। ২২ তাহাতে হিষ্কিয় কহিয়াছিল, আমার পরমেশ্বরের মন্দিরে যাওনের চিহ্ন কি?

---

[৩৫] ৩৮; ৬। ৩১; ৫॥—[৩৬-৩৮] ২ রা ১৯; ৩৫-৩৮। ২ বং ৩২; ২১-২৩॥—[৩৬,৩৭] যিশ ৮; ৭-১০। ১০; ১৬-১৯,৩৩,৩৪। ১৪; ২৪,২৫। ১৭; ১২-১৪। ১৮; ৪-৬। ২৯; ৭,৮। ৩০; ৩১। ৩১; ৪,৮,৯। ৩৩; ১,৩,৪,১০-১২॥

[৩৮ অধ্য; ১-৩] ২ রা ২০; ১-৩॥—[৪-৬] ২ রা ২০; ৪-৬। ২ বং ৩২; ২৪॥—[৬] যিশ ৩৭; ৩৫॥—[৭,৮] ২ রা ২০; ৮-১১॥—[১২] যুব ৭; ৬॥—[১৮,১৯] গী ১১৫; ১৭,১৮॥—[২১] ২ রা ২০; ৭॥—[২২] ২ রা ২০; ৮॥

* (বা) মৃতদের সহিত হইয়া। † (বা) জীবৎ লোকদের অর্থাৎ পুত্রাদের নিমিত্তে। ‡ (হিব্রু) দেখ। ‖ (বা) শান্তিতে। § (বা) ক্ষয়।

৩৯ অধ্যায়।

১ হিষ্কিয়ের অহঙ্কার. ৩ ও তাহার দেশের ভাবিদণ্ড।

১ ঐ সময়ে বলদনের পুত্র মিরোদক্ বলদন্ নামে বাবিলের রাজা হিষ্কিয়ের পীড়িত হওন ও সুস্থ হওনের সম্বাদ পাইয়া দূতদ্বারা তাহার নিকটে পত্র ২ ও উপঢৌকন দ্রব্য পাঠাইল। তাহাতে হিষ্কিয় তাহাদিগেতে আনন্দিত হইয়া আপন ভাণ্ডার অর্থাৎ রূপা ও স্বর্ণ ও সুগন্ধি দ্রব্য ও বহুমূল্য তৈল ও আপন অস্ত্রাগার ও ভাণ্ডারের তাবৎ বস্তু তাহাদিগকে দেখাইল; হিষ্কিয় তাহাদিগকে না দেখাইল, এমত কোন সামগ্রী তাহার বাটীতে ও তাবৎ রাজ্যে ছিল না।

৩ পরে যিশয়িয় ভবিষ্যদ্বক্তা হিষ্কিয় রাজের নিকটে আসিয়া জিজ্ঞাসা করিল, ঐ মনুষ্যেরা কি কহিল? এবং কোথাহইতে তোমার নিকটে আসিয়াছে? তাহাতে হিষ্কিয় কহিল, ইহারা দূর দেশ ৪ বাবিল্হইতে আমার কাছে আসিয়াছে। সে জিজ্ঞাসা করিল, ইহারা তোমার বাটীতে কি ২ দেখিয়াছে? হিষ্কিয় কহিল, আমার বাটীতে যাহা২ আছে, সকলি দেখিয়াছে, তাহাদিগকে না দেখাইয়াছি, সম্পত্তির মধ্যে এমত কোন দ্রব্য নাই। ৫ পরে যিশয়িয় হিষ্কিয়কে কহিল, সৈন্যাধ্যক্ষ পর৬ মেশ্বরের কথা শুন। দেখ, তোমার পূর্ব্বপুরুষাবধি অদ্য পর্য্যন্ত যাহার২ সঞ্চয় হইতেছে, ও তোমার বাটীতে যে কিছু আছে, সকলি বাবিল্ নগরে লইয়া যাওনের সময় উপস্থিত হইবে; তাহার কিছু অবশিষ্ট থাকিবে না, পরমেশ্বর এই কথা কহেন। ৭ এবং তোমার ঔরসজাত ও তোমার উৎপন্ন সন্তানগণের মধ্যে কতক নীত হইয়া বাবিলের রাজবাটীতে ৮ ছিন্নপুংস্ত হইয়া থাকিবে। তাহাতে হিষ্কিয় যিশয়িয়কে কহিল, তুমি পরমেশ্বরের যে কথা কহিলা, সে উত্তম; আরো কহিল, আমার অধিকার সময়ে মঙ্গল ও সত্যতা হইবে।

৪০ অধ্যায়।

১ সুসমাচারের কথা ৯ ও তাহা প্রকাশ করণ ১২ ও পরমেশ্বরের অতুল্যতা ১৮ ও দেবতাদের অসারতা ২৭ ও পরমেশ্বরের লোকের উপকার।

১ তোমাদের ঈশ্বর কহেন, তোমরা আমার লোক২ দিগকে সান্ত্বনা কর, সান্ত্বনা কর। এবং যিরূশালমকে প্রবোধ কথা কহ, তাহাকে এই কথা জ্ঞাত কর, তাহার সংগ্রামের শেষ হইয়াছে, ও পাপের প্রায়শ্চিত্ত গ্রাহ্য হইয়াছে; পরমেশ্বরের হস্তদ্বারা সে আপন পাপদণ্ডের দ্বিগুণ মঙ্গল পাইবে। ৩ প্রান্তরে এই বাক্যবাদি রব আছে, ‘পরমেশ্বরের পথ প্রস্তুত কর, ও প্রান্তরের মধ্যে আমাদের ঈশ্বরের রাজপথ সমান কর। ৪ প্রত্যেক নিম্ন ভূমি উচ্চ হইবে, এবং পর্ব্বত ও উপপর্ব্বত সকল নিম্ন হইবে; এবং বক্র পথ সরল হইবে, ও উচ্চনীচ ভূমি সমান হইবে। ৫ এবং পরমেশ্বরের প্রতাপ প্রকাশ পাইবে, ও তাবৎ প্রাণী একত্র তাহা দেখিবে, এ কথা পরমেশ্বরের মুখেতে কথিত হইয়াছে।’ ৬ পরে ‘ঘোষণা কর,’ এই এক রব হইল; তাহাতে আমি* কহিলাম, কি ঘোষণা করিব? ‘তাবৎ প্রাণীই তৃণস্বরূপ; তাহাদের তেজ ক্ষেত্রস্থ পুষ্পের ন্যায়। ৭ তাহাদের উপরে প্রচণ্ড বায়ু† বহিলে তৃণ শুষ্ক হয় ও পুষ্প ম্লান হয়; ৮ লোকেরা নিতান্ত তৃণস্বরূপ। তৃণ শুষ্ক হয় ও পুষ্প ম্লান হয়; কিন্তু আমাদের ঈশ্বরের বাক্য নিত্যস্থায়ি।’

৯ হে সিয়োনের প্রতি সুসমাচার প্রচারকারিণি কন্যে, তুমি উচ্চ পর্ব্বতে আরোহণ কর; হে যিরূশালমের প্রতি সুসমাচার প্রচারকারিণি কন্যে, তুমি বলেতে উচ্চৈঃস্বর কর, উচ্চৈঃস্বর কর, ভয় করিও না; এবং যিহূদা নগরীয় লোককে এই কথা বল, তোমরা আ১০ পনাদের ঈশ্বরকে দর্শন কর। দেখ, প্রভু পরমেশ্বর পরাক্রমবিশিষ্ট হইয়া আসিবেন, ও স্বহস্তেতে কর্তৃত্ব করিবেন; দেখ, তাঁহার দেয় ফল তাঁহার সহিত আছে, ও তাঁহার দেয় পুরস্কার তাঁহার অগ্রে ১১ আছে। তিনি মেষপালকের ন্যায় আপন পাল চরাইবেন, ও তাহার শাবকদিগকে স্ববাহুতে সংগ্রহ করিয়া বক্ষঃস্থলে বহিবেন, ও তাহার দুগ্ধদায়িনী সকলকে (ধীরে২) লইয়া যাইবেন।

১২ আপন হস্ততালুকার মধ্যে জলরাশি কে পরিমাণ করিয়াছে? ও আপন বিঘতদ্বারা আকাশমণ্ডল কে মাপিয়াছে? এবং কাঠাতে পৃথিবীর ধূলা কে মাপিয়াছে? এবং পাল্লাতে পর্ব্বতগণকে ও নিক্তিতে উপপর্ব্বতগণকে কে তৌল করিয়াছে? ১৩ এবং কে পরমেশ্বরের আত্মাকে পরামর্শ দিয়াছে? ১৪ ও মন্ত্রী হইয়া কে তাঁহাকে শিক্ষা দিয়াছে? তিনি কাহার সহিত পরামর্শ করিয়াছেন? ও কে তাঁহাকে বুদ্ধি দিয়াছে? ও বিচারপথে কে শিক্ষা দিয়াছে? ও কে তাঁহাকে জ্ঞান শিক্ষা দিয়াছে? ও বুদ্ধির

[৩৯ অধ্যা.] ২ রা ২০; ১২-১৯।।—[২] ২ বং ৩২; ২৫,২৭,২৮,৩১।।—[৬] ২ রা ২৪; ১৩। ২৫; ১৩।।—[৭] ২ বং ৩৩; ১১। ২ রা ২৪; ১২।দা ১; ৩,৪।।—[৮] ২ বং ৩২; ২৬।।

[৪০ অধ্যা; ১,২] দ্বি ৩০; ১-১০।।—[২] যূব ৪২; ১০। যিশ ৬১; ৭। মিখ ৯; ১২।।—[৩-৫] ম ৩; ৩। মা ১;১-৪। লূ ৩; ৩-৬। যো ১; ২২,২৩।।—[৬-৮] ১ পি ১: ২৪,২৫। ম ২৪; ৩৫।।—[৯] যিশ ৫২; ৭।।—[১০] দ্বি ৩২; ৪১। যিশ ৬২; ১১। প্র ২২; ১২।।—[১১] যিহি ৩৪; ১১-২৩। যো ১০; ১১,১৪।।—[১২] হি ৩০; ৪।।—[১৩,১৪] রো ১১; ৩৪।।

* (বা) সে কহিল। † (ইব্রু) পরমেশ্বরের বায়ু।

১৫ পথ তাঁহাকে কে জানাইয়াছে? দেখ, তাবৎ দেশীয় লোক কলসের বিন্দুর ন্যায় ও নিক্তিস্থিত ধূলার এক কণিকার ন্যায়; দেখ, তিনি উপদ্বীপ সকলকে
১৬ এক পরমাণুর ন্যায় তুলেন। লিবানোন্ অগ্নির নিমিত্তে, কিম্বা তাহার জন্তু সকল হোমবলির নিমি-
১৭ ত্তে প্রচুর হয় না। তাঁহার সম্মুখে তাবদ্দেশীয় লোকেরা নগণ্য ও অসার ও অলীকমাত্র মান্য হয়।
১৮ তোমরা কাহার সহিত ঈশ্বরের তুলনা দিবা?
১৯ ও তাঁহার কি প্রকার মূর্ত্তি নির্ম্মাণ করিবা? কর্ম্মকার প্রতিমা ছাঁচে ঢালে, ও স্বর্ণকার স্বর্ণপত্রদ্বারা তাহা মোড়ে, ও তাহার নিমিত্তে রূপার শৃঙ্খল
২০ প্রস্তুত করে। এবং যে জন মূল্যবান নৈবেদ্য দিতে অসমর্থ, সে দুষ্পচ্য কোন কাষ্ঠ মনোনীত করিয়া অচল এক প্রতিমা নির্ম্মাণ করিতে কোন নিপুণ
২১ শিল্পকারকে অন্বেষণ করে। কিন্তু তোমরা কি জ্ঞান নাই ও শুন নাই? ও পূর্ব্বকালাবধি কি তোমাদের কাছে প্রকাশিত হয় নাই? ও পৃথিবীর মূল
২২ স্থাপনাবধি কি ইহা বুঝা যায় নাই? ঈশ্বর ভূমণ্ডলের উপরে থাকেন; তাঁহার নিকটে পৃথিবীনিবাসিগণ ফড়িঙ্গস্বরূপ; তিনি ব্যবধানবস্ত্রের ন্যায় আকাশমণ্ডল বিস্তার করেন, ও বাস করণার্থে
২৩ তাম্বুর ন্যায় তাহা প্রশস্ত করেন। ও অধ্যক্ষদিগকে সর্ব্বস্বরহিত করেন, ও পৃথিবীর বিচারকর্ত্তাদি-
২৪ গকে অসারমাত্র করেন। তাহারা রোপিত বা উপ্ত হইয়া থাকে না, ও পৃথিবীতে তাহাদের কাণ্ডের মূল স্থির থাকে না; তিনি তাহাদের উপরে ফুৎকার দিবামাত্র তাহারা ম্লান হয়, ও ঘূর্ণ বায়ু তাহাদিগ-
২৫ কে নাড়ার ন্যায় উড়ায়। সেই ধর্ম্মস্বরূপ কহেন, তবে আমার সহিত কাহার তুলনা দিবা? ও আমি
২৬ কাহার সদৃশ হইব? ঊর্দ্ধে দৃষ্টি করিয়া দেখ, এই সকলের সৃষ্টি কে করিল? তিনি সমুদয়কে গণনা করিয়া আনয়ন করেন, ও তাবতের নাম ধরিয়া আহ্বান করেন; তাহাতে তাঁহার মহাবল ও অতিশয় পরাক্রম প্রযুক্ত তাহাদের একও অনুপস্থিত হয় না।

২৭ ‘আমার পথ পরমেশ্বরের দৃষ্টিহইতে গুপ্ত আছে, ও আমার ঈশ্বর আমার বিচার মানেন না,’ হে যাকূব্, তুমি কেন এমন কথা কহিতেছ? হে
২৮ ইস্রায়েল্, তুমি কেন এরূপ বাক্য বলিতেছ? পরমেশ্বর নিত্যস্থায়ী প্রভু ও পৃথিবীর সীমার সৃষ্টিকর্ত্তা, ইহা কি তুমি জান নাই ও শুন নাই? তিনি ক্লান্ত নহেন, ও কখনো শ্রান্ত হন না; তাঁহার বুদ্ধি অগম্য। তিনি ক্লান্তদিগকে বল দেন, ও দুর্ব্বল- ২৯
দিগের সামর্থ্য বৃদ্ধি করেন। যুবগণ শ্রান্ত ও ক্লান্ত ৩০
হইবে, এবং মনোনীত যুবকেরাও নিতান্ত স্খলিত হইবে; কিন্তু যাহারা পরমেশ্বরের অপেক্ষা করে, ৩১
তাহারা উত্তর ২ নূতন বলপ্রাপ্ত হইবে, ও উৎক্রোশ পক্ষির ন্যায় উঠিবে *; তাহারা দৌড়িলেও শ্রান্ত হইবে না, ও গমন করিলেও দুর্ব্বল হইবে না।

৪১ অধ্যায়।

১ আপন লোকদের প্রতি ঈশ্বরের নিবেদন ৫ ও প্রতিমার অসারতা ৮ ও ঈশ্বরের লোকের ভয় নিষেধ ১৭ ও তাহাদের সুখ ২১ ও খ্রীষ্টের বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

দূরদেশীয় লোকেরা আমার কাছে নীরব হইয়া ১
শুনুক, ও জাতিরা নূতন ২ বলপ্রাপ্ত হউক, ও আমার নিকটে উপস্থিত হইয়া কথা বলুক, ও আমরা একত্র হইয়া বিচার করি। পূর্ব্বদিগহইতে ২
ধার্ম্মিক মনুষ্যকে কে উৎপন্ন করিবে? ও আপন পাদ বিক্ষেপের অনুগমন করিতে তাহাকে কে আহ্বান করিবে? † ও তাহার সাক্ষাতে বিদেশিদিগকে কে পরাস্ত করিবে? ও কে তাহাকে রাজাধিরাজ করিবে? এবং তাহার খড়্গের অগ্রে লোকদিগকে ধূলার ন্যায় ও ধনুকের অগ্রে চালিত নাড়ার ন্যায় কে করিবে? সে তাহাদের পশ্চাৎ ধাবমান হইবে; ৩
ও আপন চরণে যে পথে কখনো যায় নাই, সে পথে নিরাপদে গমন করিবে। এ সকল কার্য্য ৪
কে করিবে? ও কে সম্পন্ন করিবে? যিনি প্রথমাবধি তাবৎ পুরুষদিগকে আহ্বান করেন ও প্রথমাবধি শেষ পর্য্যন্ত স্থায়ী হন, এমন পরমেশ্বর যে আমি, আমিই করিব।

দূরদেশীয় লোকেরা তাহা দেখিয়া ভীত হইবে, ৫
ও পৃথিবীর প্রান্তে স্থিত লোকেরা সশঙ্ক হইবে, ও তাহারা নিকটে আসিয়া একত্র হইবে। তাহাতে ৬
প্রত্যেক জন আপন ২ নিকটস্থদের উপকার করিবে, ও আপন ভ্রাতাকে কহিবে, তুমি সাহসী হও। সূত্র- ৭
ধর স্বর্ণকারকে আশ্বাস দিবে, এবং হাতুড়িতে সমানকারি লোক নেয়ারের উপরে আঘাতকারিকে আশ্বাস দিয়া যোড়ের বিষয়ে কহিবে, ভাল হইয়াছে; এবং প্রতিমা যেন না নড়ে, এ কারণ তাহাকে প্রেকে বদ্ধ করিবে।

হে আমার দাস ইস্রায়েল্, ও হে আমার মনো- ৮
নীত যাকূব্, ও হে আমার বন্ধু ইব্রাহীমের সন্তান,

[১৬] গী ৫০; ১০-১২॥—[১৭] দা ৪; ৩৫॥—[১৮] প ২৫॥—[১৯,২০] যিশ ৪১; ৭। ৪৪; ১২-২০। যির ১০; ৩,৪॥
[২২] যিশ ৪২; ৫। ৪৪; ২৪। ৪৫; ১২। ৫১; ১৩॥—[২৫] প ১৮॥—[২৬] গী ১৪৭; ৪॥—[২৭] যিশ ৪৯; ১৪॥
[২৮] রো ১১; ৩৩॥—[৩১] গী ১০৩; ৫॥
[৪১ অধ্য; ১] প ২১-২৪॥—[২,৩] প ২৫। যিশ ৪৪; ২৮। ৪৫; ১-৪। ৪৬; ১১॥—[৪] প ২৬। ৪৫; ৪-৬॥
[৬,৭] ৪০; ১৯,২০। ৪৪; ৯-২০॥—[৮] খ্রি ৭; ৬॥

* (বা) নূতন পক্ষবিশিষ্ট হইবে। † (ইব্রী) তাহাকে আপন চরণে ডাকিল?

৯ আমি আপন হস্তে ধরিয়া পৃথিবীর প্রান্তহইতে তোমাকে আনিয়াছি, ও পৃথিবীর সীমাহইতে আহ্বান করিয়া কহিয়াছি, 'তুমি আমার দাস;' আমি তোমাকে মনোনীত করিয়াছি, তোমাকে কখনো ১০ ত্যাগ করিব না। তুমি ভয় করিও না, আমি তোমার সহায় হইব; এবং ভীত হইও না, আমি তোমারই ঈশ্বর; আমি তোমাকে পরাক্রম দিব, ও তোমার উপকার করিব, ও আপন ধর্ম্মরূপ ১১ দক্ষিণ হস্তদ্বারা তোমাকে ধরিয়া রাখিব। দেখ, যাহারা তোমার প্রতি কুপিত হয়, তাহারা লজ্জিত ও বিবর্ণ হইবে; এবং যাহারা তোমার সহিত সংগ্রাম করে, তাহারা অসার বস্তুর ন্যায় হইয়া ১২ সর্ব্বতোভাবে বিনষ্ট হইবে। এবং যাহারা তোমার সহিত বিবাদ করে, তুমি তাহাদিগকে অন্বেষণ করিবা, কিন্তু উদ্দেশ পাইবা না; এবং তোমার সহিত সংগ্রামকারিগণ অসার ও অভাবমাত্র হইবে। ১৩ কেননা আমিই তোমার প্রভু পরমেশ্বর তোমার দক্ষিণ হস্ত ধরিয়া কহিব, তুমি ভয় করিও না, আমি ১৪ তোমার উপকার করিব। হে কীটস্বরূপ যাকূব, ও হে অল্প লোক বিশিষ্ট ইস্রায়েল্; পরমেশ্বর কহেন, তুমি ভয় করিও না, আমি তোমার সহায় হইব; যিনি ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ, তিনিই তোমার ১৫ মুক্তিদাতা। দেখ, আমি তোমাকে একটা শস্যমাড়া গাড়ি ও নূতন শস্যমাড়া তীক্ষ্ণ দণ্ড বিশিষ্ট এক খান টানাগাড়ির ন্যায় করিব, তাহাতে তুমি পর্ব্বত মাড়িয়া চূর্ণ করিবা ও উপপর্ব্বতগণকে ভূষী করিবা। ১৬ তুমি তাহাদিগকে ঝাড়িলে বায়ু উড়াইয়া লইবে, ও ঘূর্ণ বায়ু তাহাদিগকে ছিন্নভিন্ন করিবে, কিন্তু তুমি পরমেশ্বরেতে আনন্দ করিবা, ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপের উদ্দেশে জয়২কার ধ্বনি করিবা।

১৭ যে দীনহীন ও দরিদ্রগণ জল অন্বেষণ করিয়া পাইল না, ও যাহাদের জিহ্বা তৃষ্ণাতে শুষ্ক হইল, আমি পরমেশ্বর তাহাদের প্রতি মনোযোগ করিব, আমি ইস্রায়েলের ঈশ্বর তাহাদিগকে ত্যাগ করিব ১৮ না। উচ্চস্থানে নদী ও নিম্নস্থানে উনুই বাহির করিব, ও অরণ্য পুষ্করিণীস্বরূপ ও শুষ্ক ভূমি জলাশয়- ১৯ স্বরূপ করিব। এবং অরণ্যে এরস্ ও বাবল ও মেন্দি ও জিতবৃক্ষ রোপণ করিব, ও কাননে দেবদারু ২০ ও তিধর্ ও তাশূর্ বৃক্ষ এক স্থানে রুপিব। তাহাতে পরমেশ্বর আপন হস্তে এই কর্ম্ম করিলেন, ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ ইহার সৃষ্টি করিলেন, ইহা তাহারা দেখিয়া জানিয়া বিবেচনা করিয়া এক-সময়ে বুঝিবে।

২১ পরমেশ্বর কহেন, তোমরা আপন ২ অভিযোগ উপস্থিত কর; ও যাকূবের রাজা কহেন, তোমরা আপনা- ২২ দের দৃঢ় প্রমাণ প্রকাশ কর। এবং আমাদের কাছে আসিয়া ভবিষ্যদ্ঘটনার কথা বল; ও পূর্ব্বকালের ভবিষ্যদ্বাক্য কি, তাহা আমাদের কাছে প্রকাশ কর, তাহাতে আমরা বিবেচনা করিলে ফল জানিতে পারিব; কিম্বা কি হইবে, তাহা আমাদিগকে শুনাও। ২৩ এবং পরে কি ২ ঘটিবে, তাহাই প্রকাশ কর; তাহা করিলে তোমরা যে ঈশ্বর বট, তাহা বুঝিতে পারিব; তোমরা মঙ্গল কর বা অমঙ্গল কর, তাহাতে আমরা চমৎকারজ্ঞানে বা শঙ্কাতে আহত হইব *। ২৪ কিন্তু তোমরা অভাবহইতেও অভাব, ও তোমাদের কার্য্য অসারহইতেও অসার; যে জন তোমাদিগকে মনোনীত করে, সে ঘৃণাস্পদ হয়। ২৫ আমি উত্তরদিগে যে জনকে উৎপন্ন করিব, সে আসিয়া সূর্য্যোদয়ের দিগে থাকিয়া আমার নামে প্রার্থনা করিবে; যেমন কেহ কর্দ্দম মর্দ্দন করে ও কুম্ভকার যেমন মৃত্তিকা দলন করে, তদ্রূপ সে অধ্যক্ষগণকে দলিত ২৬ করিবে। ইহা আমাদিগকে জ্ঞাত করিতে পূর্ব্বে কে প্রকাশ করিল? এবং সত্য বটে, এ কথা যেন আমরা কহি, তন্নিমিত্তে অগ্রে কে বলিল? তোমাদের কেহই তাহা প্রকাশ করিতে পারে নাই, ও কেহই জানাইতে পারে নাই, এবং তোমাদের কোন ২৭ ভবিষ্যদ্বাক্য কেহই শুনে নাই। আমি প্রথমে সিয়োন্‌কে বলিলাম, তাহাদিগকে দেখ †, এবং যিরূশালমে সুসমাচার প্রচারককে প্রেরণ করিলাম। ২৮ আমি দেখিলাম, তাহাদের কেহই নাই; এবং দেবগণের ‡ মধ্যেও দেখিলাম, মন্ত্রী কেহ নাই; এবং আমি তাহাদিগকে জিজ্ঞাসা করিলেও কেহ উত্তর ২৯ দিতে পারিল না। দেখ, তাহারা সকলেই অসার এবং তাহাদের কর্ম্ম সকল মিথ্যা, তাহাদের ছাঁচের প্রতিমা কেবল বায়ুবৎ ও অসার হয়।

৪২ অধ্যায়।

১ খ্রীষ্টের ও তাঁহার কর্ম্মের বিষয়ে ভবিষ্যদ্বাক্য ৫ ও তাঁহার প্রতি পরমেশ্বরের নিয়ম ১০ ও ঈশ্বরের ধন্যবাদ করিতে বিনয় কথা ১৩ ও সুসমাচারের সফলতা ১৭ ও প্রতিমার অসারতা ১৮ ও খ্রীষ্টের কথা ২২ ও যিহূদি লোকদের অবিশ্বাসতা ও দণ্ড।

১ আমার ধৃত ও মনোনীত ও মনস্তুষ্টিজনক সেবককে

[৯] আ ১২ ; ১-৩। প্রে ৭ ; ২,৩। দ্বি ২৬ ; ৫। রো ১১; ১,২,২৯॥—[১১,১২] যিশ ৪৫ ; ২৪। ৬০ ; ১২। যির ৩০ ; ১৬॥ [১৫,১৬] যির ৫১ ; ৩৩। মী ৪ ; ১৩॥—[১৭-২০] যিশ ৩৫ ; ৬,৭। ৪৪ ; ৩,৪। যোয় ৩ ; ১৮॥—[১৯] যিশ ৫৫ ; ১২,১৩॥—[২১-২৩] প ২৬। ৪৩ ; ৯। ৪৫ ; ২১॥—[২৪] গী ১১৫ ; ৩-৮॥—[২৫] প ২,৩। যিশ ৪৫ ; ১-৪। ইব্রি ১ ; ১-৪॥ [২৬] প ২১-২৩। যিশ ৪৩ ; ৯॥—[২৭] ৫২ ; ৭॥—[২৮,২৯] প ২৪॥

[৪২ অধ্যা ; ১-৪] ম ১২ ; ১৭-২১॥

* (বা) তাহা একত্র দেখিব। † (ইব্রি) দেখ, তাহাদিগকে দেখ। ‡ (ইব্রি) ইহাদের।

দেখ, আমি তাঁহার উপরে আপন আত্মাকে স্থায়ী করিব, তাহাতে তিনি অন্যদেশীয়দের নিকটে রাজ্যনীতি প্রচলিত করিবেন। ২ এবং কলহ কিম্বা উচ্চশব্দ করিবেন না, এবং রাজপথে আপন রব শুনাইবেন না। ৩ যাবৎ রাজ্যনীতি প্রকৃতরূপে প্রচলিত না করেন, তাবৎ থেঁতলা নল ভাঙ্গিবেন না ও সধূম শলিতা নির্ব্বাণ করিবেন না। ৪ তিনি যাবৎ পৃথিবীতে ধর্ম্ম স্থাপন না করেন, ও অন্যদেশীয় লোকেরা তাঁহার শাস্ত্রের অপেক্ষা না করে, তাবৎ নিস্তেজ ও ভগ্নাশ হইবেন না।

৫ যিনি আকাশমণ্ডল সৃষ্টি করিয়াছেন ও তাহার বিস্তার করিয়াছেন, এবং পৃথিবী ও তাহার উৎপন্ন বস্তু সকলেরও বিস্তার করিয়াছেন, এবং পৃথিবীস্থ লোকদিগকে নিশ্বাস প্রশ্বাস দেন, ও পৃথিবীগামি লোকদিগকে প্রাণ দেন, সেই প্রভু পরমেশ্বর কহেন, ৬ আমি পরমেশ্বর ধর্ম্মের নিমিত্তে তোমাকে আহ্বান করিব, আমি তোমার হস্ত ধরিয়া তোমাকে রক্ষা করিব। ৭ এবং তুমি লোকদের প্রতি নিয়মস্বরূপ ও অন্যদেশীয়দের প্রতি দীপ্তিস্বরূপ হইবা, তাহাতে তুমি অন্ধদের চক্ষুপ্রকাশ, ও বন্দিদিগকে বন্ধনহইতে মুক্তি, ও অন্ধকারে স্থিত লোকদের কারাগারহইতে মুক্তি করিবা। ৮ আমিই পরমেশ্বর, এই আমার নাম; আমি আপন গৌরব অন্যকে দিব না, ও আপন প্রশংসা খোদিত প্রতিমাকে দিব না। ৯ দেখ, পূর্ব্বকালের (ভবিষ্যদ্বক্তাদের) বাক্য প্রত্যক্ষ হইয়াছে; এখন আমি নূতন ঘটনা প্রকাশ করি, তাহা ঘটনের পূর্ব্বে তোমাদিগকে জ্ঞাত করি।

১০ হে সমুদ্রগামি ও হে সমুদ্রস্থ সকল, ও হে দূরস্থ দেশ ও তন্নিবাসিগণ, তোমরা পরমেশ্বরের উদ্দেশে নূতন গান কর, ও পৃথিবীর প্রান্তহইতে তাঁহার প্রশংসা কর। ১১ এবং অরণ্য ও তন্মধ্যস্থিত নগর, এবং কেদরের নিবাসনগর অতি উচ্চৈঃশব্দ করুক, ও প্রস্তরময় দেশীয় লোকেরা জয়ধ্বনি করুক, ও তাহারা পর্ব্বতের চূড়াহইতে মহানাদ করুক; ১২ ও তাহারা পরমেশ্বরের গৌরব করুক, ও দূরদেশীয় লোকদের মধ্যে তাঁহার প্রশংসা প্রকাশ করুক।

১৩ পরমেশ্বর বীরের ন্যায় যাত্রা করিবেন, ও মহাযোদ্ধার ন্যায় আপন ক্রোধ প্রকাশ করিবেন, ও উচ্চৈঃস্বর করিবেন, ও মহানাদ করিবেন; তিনি আপন বৈরিদের বিপরীতে আপন পরাক্রম প্রকাশ করিয়া কহিবেন, ১৪ আমি বহুকাল কিছুই না কহিয়া নীরব হইয়া সহিষ্ণু হইলাম; কিন্তু এখন স্ত্রীলোকের গর্ব্ভযন্ত্রণার ন্যায় নিশ্বাস ধরিয়া ও যত্নপূর্ব্বক নিশ্বাস টানিয়া চিৎকার করিব। ১৫ আমি পর্ব্বত ও উপপর্ব্বতগণকে শূন্য করিব, ও তাহার উপরিস্থ তাবৎ তৃণ শুষ্ক করিব, এবং নদীগণকে বন ও পুষ্করিণীকে শুষ্ক করিব। ১৬ আমি অন্ধদিগকে অজ্ঞাতপূর্ব্ব এক পথ দিয়া লইয়া যাইব, এবং পূর্ব্বের অনিশ্চিত পথে তাহাদিগকে গতি করাইব, ও তাহাদের অগ্রে অন্ধকারকে দীপ্তি ও উচ্চনীচ পথকে সমান করিব; এই সকল কর্ম্ম আমি তাহাদেরই নিমিত্তে করিব, ও তাহাদিগকে কদাচ ত্যাগ করিব না*।

১৭ যাহারা খোদিত প্রতিমাতে বিশ্বাস করে, ও ছাঁচের প্রতিমার কাছে, 'তোমরা আমাদের দেবগণ,' এমত কথা কহে, তাহারা পশ্চাৎ পতিত হইয়া লজ্জিত হইবে।

১৮ হে বধিরগণ, শুন; হে অন্ধ সকল, দেখিতে চক্ষু মেল। ১৯ আমার দাসের ন্যায় অন্ধ কে? ও আমার প্রেরিত দূতের সদৃশ বধির কে? ও (আমার) মিত্রের ন্যায় অন্ধ কে? এবং পরমেশ্বরের দাসের ন্যায় অন্ধ কে আছে? ২০ অনেক বস্তু দেখেন, কিন্তু মনোযোগ করেন না; এবং কর্ণ অনবরোধ করেন, কিন্তু শুনেন না। ২১ এই জন্যে পরমেশ্বর তাঁহার ধর্ম্মে তুষ্ট আছেন, তিনি ব্যবস্থা গৌরবান্বিত ও সম্ভ্রান্ত করিবেন।

২২ এই লোক অপহৃত ও লুটিত হয়; তাহাদের মনোনীত যুবগণ ফাঁদে ধৃত হইয়া কারাগারে দৃঢ় বদ্ধ হয়; তাহারা অপহৃত হইলে তাহাদিগকে কেহ উদ্ধার করে না, এবং তাহারা লুটিত হইলে, 'তাহাদিগকে ফিরাইয়া দেও', এমত কথা কেহই কহে না। ২৩ তোমাদের মধ্যে এমত কথাতে কে অবধান করিবে? ও ভাবিকালে কে শুনিয়া মনোযোগ করিবে? ২৪ যাকূব্‌কে অপহৃত হইতে কে দিল? ও ইস্রায়েল্‌কে লুটিত হইতে কে দিল? তাহারা যাঁহার বিরুদ্ধে পাপ করিল, ও যাঁহার পথে গমন করিতে অসম্মত হইল, ও যাঁহার ব্যবস্থা জানিতে ইচ্ছা করিল না, এমত যে পরমেশ্বর, তিনি কি দিলেন না? ২৫ তিনি তাহাদের প্রতি আপন ক্রোধের তাপ ও যুদ্ধের বল প্রকাশ করিলেন, ও তাঁহার শিখা তাহাদের চতুর্দ্দিগে জ্বলিল, কিন্তু তাহারা মানিল না; তাহা তাহাদিগকে দগ্ধ করিল, তথাপি তাহারা মনোযোগ করিল না।

৪৩ অধ্যায়।

১ আপন লোকদের প্রতি ঈশ্বরের অনুগ্রহ করণ ১০ ও

[৫-৭] যিশ ৪৯; ৫-১২। ৬১; ১-৩। লূ ৪; ১৮,২১॥—[৫] যিশ ৪০; ২২॥—[৮] ৪৮; ১১॥—[৯] ৪৮; ৩-৮॥ [১০-১২] দ্বি ৩২; ৪৩। গী ৯৫-৯৮। যিশ ৪৪; ২৩॥—[১৩-১৫] দ্বি ৩২; ৪১, ৪২। যিশ ২৪; ১৭-২৩। ২ পি ২; ৮,৯॥ [১৬] যিশ ২৯; ১৮। ৩২; ৩,৪। ৩৫; ৫,৮॥—[১৭] গী ৯৭; ৭। যিশ ২; ১৮,২০,২১। ৪৫; ১৬॥—[১৮] ৬; ৯,১০। ৪৩; ৮॥—[১৯,২০] ৫০; ৪-৭। ৫৩; ৭। যো ১৯; ১০॥—[২১] যিশ ৫১; ৪। ম ৫; ১৭,১৮। ১ পি ১; ১০-১২॥ [২২-২৫] দ্বি ৩২; ১৯-৩০॥

* (বা) আমি সিদ্ধ করিব, কদাচ ত্যাগ করিব না।

লোকদের তাঁহার সাক্ষী হওন ১৪ ও বাবিলের অধঃপতন ১৬ ও ঈশ্বরের লোকদের রক্ষার কথা ২২ ও তাহাদের প্রতি ঈশ্বরের অনুযোগ।

১ হে যাকূব্, তোমার সৃষ্টিকর্ত্তা, হে ইস্রায়েল্, তোমার নির্ম্মাণকর্ত্তা পরমেশ্বর এখন এই কথা কহেন, ভয় করিও না, আমি তোমাকে মুক্ত করিব ও তোমার নাম ধরিয়া তোমাকে আহ্বান করিব, তুমিই ২ আমার। তুমি জলের মধ্য দিয়া গমন করিলে আমি তোমার সঙ্গে থাকিব; ও তুমি নদীর মধ্য দিয়া গমন করিলে নদী তোমাকে মগ্ন করিবে না; এবং তুমি অগ্নির মধ্য দিয়া গমন করিলেও দগ্ধ হইবা না, ও তাহার শিখা তোমার দাহ জন্মা- ৩ ইবে না। কেননা আমি পরমেশ্বর তোমার প্রভু, আমি ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ ও তোমার মুক্তিদাতা, আমি তোমার মোচনের মূল্যার্থে মিসর্ দিব, এবং ৪ তোমার পরিবর্ত্তে কূশ্ ও সিবা দিব। তুমি আমার দৃষ্টিতে বহুমূল্য ও সম্ভ্রান্ত, আমি তোমাতে প্রেম করি; এই জন্যে আমি মনুষ্যগণকে তোমার পরি- বর্ত্তে ও লোকদিগকে তোমার প্রাণের পরিবর্ত্তে ৫ দিব। আমি তোমার সহায় আছি, অতএব ভয় করিও না; আমি পূর্ব্বদেশহইতে তোমার বংশ- দিগকে আনিব, ও পশ্চিম দেশহইতে তোমাকে ৬ সংগ্রহ করিব। এবং উত্তর দেশকে কহিব, তুমি তাহাদিগকে সমর্পণ কর, এবং দক্ষিণ দেশকেও কহিব, তুমি তাহাদিগকে রাখিও না, কিন্তু আমার পুত্রগণকে দূরদেশহইতে ও কন্যাদিগকে পৃথিবীর ৭ অন্তহইতে আনিয়া দেও। যাহারা আমার নামে বিখ্যাত হয়, তাহারা আমার মহিমা প্রকাশার্থে ৮ আমাকর্ত্তৃক সৃষ্ট ও নির্ম্মিত ও কৃত হইয়াছে। যা- হারা চক্ষু থাকিতে অন্ধ ও কর্ণ থাকিতে বধির, ৯ তাহাদিগকে বাহির কর। তাবৎ দেশীয়েরা একত্র হইয়া আগমন করুক, ও সকল জাতি একত্র হউক; তাহাদের মধ্যে কে এই কথা প্রকাশ করিতে পারে? ও ভাবিঘটনার কথা আমাদিগকে কে শুনাইতে পারে? তাহারা নির্দ্দোষ হওনার্থে আপ- নাদের সাক্ষিগণকে উপস্থিত করুক, তাহাতে তাহারা শুনিয়া, আমার এই কথা সত্য, ইহা বলুক।

১০ পরমেশ্বর কহেন, জ্ঞানের ও আমাতে প্রত্যয় করাওনের, এবং আমিই ঈশ্বর ইহা বুঝাওনের নিমিত্তে আমার মনোনীত সেবক ও তোমরা, উভয়েই আমার সাক্ষী আছ; আমার পূর্ব্বে কোন ঈশ্বর নির্ম্মিত হয় নাই, এবং পরেও হইবে না। আমিই পরমেশ্বর, আমাভিন্ন ত্রাণকর্ত্তা ১১ আর কেহ নাই। আমি আপন কথা প্রকাশ ১২ করিয়াছি ও পরিত্রাণ করিয়াছি, ও তাহা প্রসিদ্ধ করিয়াছি, এবং তোমাদের মধ্যে কোন দেবতা ছিল না; পরমেশ্বর কহেন, আমিই ঈশ্বর, ইহাতে তোমরা আমার সাক্ষী আছ*। কালাবস্থার পূর্ব্বেও ১৩ আমি ঈশ্বর আছি, আমার হস্তহইতে মুক্ত করিতে কেহ সমর্থ নয়; আমি যাহা সাধন করি, তাহা কে বারণ করিতে পারে?

তোমাদের মুক্তিদাতা ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ ১৪ পরমেশ্বর এই কথা কহেন, আমি তোমাদের জন্যে বাবিলে সৈন্য পাঠাইয়া তথাকার তাবৎ হুড়কা (ভগ্ন করিয়া) সুখদায়ক জাহাজে † কল্দীয়গণকে নত করিব। আমি পরমেশ্বর তোমাদের ধর্ম্মস্বরূপ ১৫ ও ইস্রায়েলের সৃষ্টিকর্ত্তা ও তোমাদের রাজা।

যিনি সমুদ্রে মার্গ ও মহাসাগরে পথ করিয়া রথ ১৬ ও অশ্ব এবং সৈন্য ও বীরগণকে লইয়া গেলে, ১৭ তাহারা মগ্ন হইয়া আর উঠিল না, নির্ব্বাণ প্রাপ্ত হইল ও পাটের ন্যায় নিবিয়া গেল, এমত সেই পরমেশ্বর এই কথা কহেন, তোমরা পূর্ব্বকালের ১৮ এই কর্ম্ম মনে করিও না, ও এই প্রাচীন ক্রিয়া বিবেচনা করিও না। দেখ, আমি এক নূতন কর্ম্ম ১৯ করি, সে এখনও উৎপন্ন হইতেছে; তোমরা কি তাহা জান না? আমি অরণ্যের মধ্যে পথ করিব, ও নির্জ্জন স্থানে জলস্রোত করিব। তাহাতে প্রান্তরস্থ ২০ বনপশু ও সর্প ও উষ্ট্রপক্ষি সকল আমার গৌরব প্রকাশ করিবে, কেননা আমি আপন মনোনীত লোকদের পানার্থে বনমধ্যে জল ও কাননের মধ্যে জলস্রোত করিব। আমি আপনার নিমিত্তে যে ২১ লোকদিগকে সৃষ্টি করিয়াছি, তাহারা আমার মহিমা প্রকাশ করিবে।

হে যাকূব্, তুমি আমার কাছে প্রার্থনা কর ২২ নাই; হে ইস্রায়েল্, তুমি বরং আমার ভারেতে শ্রান্ত হইয়াছ। এবং হোম করণার্থে মেষশাবক ২৩ আমার কাছে আন নাই, এবং আপন বলিদানেতে আমাকে আদর কর নাই। আমি কোন নৈবেদ্যের নিমিত্তে তোমার উপরে ভার দি নাই, এবং ধূপের জন্যে তোমাকে পরিশ্রম করাই নাই। এবং তুমি ২৪ আমার নিমিত্তে রূপ্যমূল্যে সুগন্ধি বচ ক্রয় কর নাই, ও বলিদানের মেদেতে আমাকে তৃপ্ত কর নাই; কিন্তু আপন পাপ দিয়া আমাকে ভারগ্রস্ত করিয়াছ, ও আপন অধর্ম্মদ্বারা আমাকে ক্লান্ত

[৪৩ অধ্য; ৩] যিশ ৪৫; ১৪।।—[৫,৬] দ্বি ৩০; ৩-৫। যিশ ৪৯; ১২, ২২। ৬০; ৪, ৯। ৬৬; ২০। যির ৩০; ১০, ১১।। [৭] গী ১০০; ৩।।—[৮] যিশ ৪২; ১৮।।—[৯] ৪১; ২১-২৩,২৬। ৪৫; ২০,২১।।—[১০] দ্বি ৩১; ১৯, ২১।। [১০-১৩] দ্বি ৩২; ১২,৩৯-৪২।।—[১৪]যিশ ১৩; ১৭-২২। দা ৫; ৩০।।—[১৬,১৭]যা ১৪; ২১-৩১।।—[১৯,২০] যিশ ৩৫; ৬,৭। ৪৮; ২০,২১।।—[২১] ১ পি ২; ৯।।—[২২-২৪] হো ৬; ৬।।—[২৪] যিশ ১; ৪-৬।।

* (বা) তোমরা আমার সাক্ষী এবং আমি ঈশ্বর (সাক্ষী আছি)। † (বা) তাবৎ পলায়নকারি ও জাহাজে শব্দকারি।

২৫ করিয়াছ। তথাপি আমি, আমিই আপন গুণে তোমার অপরাধ মার্জ্জনা করি, ও তোমার পাপ ২৬ মনে করি না। এখন তোমার বিবাদ আমাকে স্মরণ করাও; আইস, আমরা একত্র বিচার করি; তুমি যেন নির্দ্দোষ হও, এই নিমিত্তে আপনার কথা ২৭ বল। তোমার আদিপিতা পাপ করিয়াছে, ও তোমার শিক্ষকগণ * আমার আজ্ঞালঙ্ঘন করিয়াছে। ২৮ এই নিমিত্তে আমি তোমার পবিত্র অধ্যক্ষগণকে অপবিত্র করিলাম, এবং যাকূব্‌কে বিনাশে ও ইস্রায়েল্‌কে নিন্দাতে সমর্পণ করিলাম।

৪৪ অধ্যায়।

১ মণ্ডলীর প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা ৬ ও প্রতিমার অসারতা ৯ ও প্রতিমা নির্ম্মাণকারিদের অজ্ঞানতা ২১ ও ঈশ্বরের ধন্যবাদ করিতে বিনয় কথা।

১ হে আমার দাস যাকূব্, হে আমার মনোনীত ইস্রা২ য়েল, তুমি সম্প্রতি শুন। তোমার সৃষ্টিকর্ত্তা ও গর্ভে তোমার অবয়বকারি ও উপকারী পরমেশ্বর এই কথা কহেন, হে আমার দাস যাকূব্, হে আমার ৩ মনোনীত যিশুরূণ, ভয় করিও না। কেননা আমি তৃষিত ভূমির প্রতি জলবর্ষণ ও শুষ্ক ভূমিতে জলস্রোত করিব, এবং তোমার সন্তানদের উপরে আপন আত্মা ও তোমার বংশের উপরে আপন ৪ আশীর্ব্বাদ দিব। তাহাতে যেমন তৃণ ও † পুষ্করিণীর কাছে বাইশী বৃক্ষ, তদ্রূপ তাহারা বৃদ্ধি ৫ পাইবে। এবং কেহ কহিবে, আমি পরমেশ্বরের লোক, ও কেহ যাকূব্ নামে বিখ্যাত হইবে, এবং কেহ বা পরমেশ্বরের উদ্দেশে স্বাক্ষর করিবে, এবং কেহ বা ইস্রায়েল্ নামে শ্লাঘা করিবে।

৬ ইস্রায়েলের রাজা পরমেশ্বর ও তাহার মুক্তিদাতা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি ৭ আদি ও অন্তস্বরূপ, আমাভিন্ন কোন ঈশ্বর নাই। কে আমার ন্যায় ঘটনার বর্ণনা করিতে পারে? তবে আদিকালের লোক স্থাপনাবধি তাহা প্রকাশ ও নিরূপণ করুক; তাহারা বর্ত্তমান ও ভবিষ্যদ্বাক্য ‡ ৮ প্রকাশ করুক। তোমরা ভয় করিও না, ও ভীত হইও না; আমি কি তোমাদের কাছে পূর্ব্বাবধি প্রকাশ করি নাই ও দেখাই নাই? তোমরাই আমার সাক্ষী আছ, আমাভিন্ন আর কোন্ ঈশ্বর আছে? অবশ্য আর কোন সত্য আশ্রয় নাই, আমি এমত কাহাকে জানি না।

৯ প্রতিমাখোদক সকলেই অসার, তাহাদের সুন্দর প্রতিমা সকল ফলদায়ক নয়; তাহারা কিছু না দেখাতে ও না বুঝাতে আপনাদের বিরুদ্ধে সাক্ষ্য দিয়া লজ্জাজনক হয়। যে কেহ দেবতা ১০ নির্ম্মাণ করে ও অকর্ম্মণ্য প্রতিমা স্থাপন করে, তাহার সমস্ত সহায়গণ লজ্জিত হইবে, ও ১১ শিল্পকারিদের মুখ বিবর্ণ হইবে, তাহারা সকলে একত্র হইয়া উপস্থিত হইবে, ও একেবারে ভীত ও লজ্জিত হইবে। যে কর্ম্মকার ‖ কুড়ালি ১২ নির্ম্মাণার্থে অঙ্গারে লৌহ তপ্ত করে ও হাতুড়িদ্বারা তাহার আকার প্রস্তুত করে; ও তাহার উপরে আপন হস্তের বল প্রকাশ করে, সে ক্ষুধিত হইয়া দুর্ব্বল হয়, ও জলপান না করিয়া ক্লান্ত হয়। পরে যে ছুতার সূত্রপাত করে ও অস্ত্রের দ্বারা ১৩ তাহার আকারের চিহ্ন দেয়, ও তীক্ষ্ণ অস্ত্রদ্বারা সেই কর্ম্ম করে, এবং কোম্পাস দিয়া তাহার আকারের পরিমাণ করে, এবং আপন বাটীতে রাখিবার জন্যে মনুষ্যের আকার ও সৌন্দর্য্যানুসারে তাহা নির্ম্মাণ করে, সে আপন কার্য্যের নিমিত্তে ১৪ এরস্ বৃক্ষ ছেদন করে, এবং তর্সা ও অলোন্ বৃক্ষ গ্রহণ করে, ও বনবৃক্ষদের মধ্যে এক দৃঢ় বৃক্ষ মনোনীত করে; এবং রোপিত ও বৃষ্টিদ্বারা ১৫ পালিত যে ওরণ্ বৃক্ষ দগ্ধ করণার্থে মনুষ্যের অধিকার হয়, সে তাহার কিছু লইয়া অগ্নি জ্বলায়, এবং তাহাদ্বারা তুন্দুর তপ্ত করিয়া রুটী প্রস্তুত করে, এবং তাহাদ্বারা এক দেবতা নির্ম্মাণ করিয়া তাহার ভজনা করে, এবং সেই খোদিত প্রতিমা প্রস্তুত করিয়া তাহার কাছে দণ্ডবৎ হয়। পরে তাহার কিছু অগ্নিতে দগ্ধ করে, ও আর ১৬ কিছুতে মাংস পাক করিয়া ভোজন করে, ও মাংস পাক করিয়া তৃপ্ত হয়, এবং আর কিছুতে আগুন পোহাইয়া কহে, আহা, আমি এখন উষ্ণ হইলাম ও অগ্নি দেখিতে পাইলাম! এই সকল হইলে যে ১৭ অবশিষ্ট থাকে, তাহাদ্বারা এক দেবতা অর্থাৎ খোদিত প্রতিমা নির্ম্মাণ করিয়া তাহার কাছে দণ্ডবৎ হয়, ও তাহাকে পূজা করে, এবং তাহার কাছে প্রার্থনা করিয়া কহে, তুমি আমাকে নিস্তার কর, কেননা তুমি আমার দেবতা। তাহারা জানে না ও ১৮ বুঝে না, তাহাদের চক্ষু মুদ্রিত হইলে § তাহারা দেখিতে পায় না; ও তাহাদের অন্তঃকরণ মুদ্রিত হইলে তাহারা বুঝিতে পারে না। আমি যাহার ১৯ এক খণ্ড জ্বালাইয়া অঙ্গারে রুটী পাক করিলাম

---

[২৫] যির ৩১; ৩১। যিহি ২৬; ২১-২৭। গী ১১৫; ১,২॥—[২৬] যিশ ১; ১৮॥—[২৭,২৮] ২৪; ৫,৬। যির ২০; ১১,৩৩-৩৯। ২ বং. ৩৬; ১৪-১৭॥

[৪৪ অধ্য; ২] প ২৪॥—[৩] যিশ ৩৫; ১-৭। যোয় ২; ২৮,২৯॥—[৪] হো ১৪; ৫-৭॥—[৫] দ্বি ৩২; ৩১। যিশ ৪১; ৪। ৪৮; ১২। প্র ১; ৮,১৭॥—[৭] যিশ ৪১; ৪,২১-২৩,২৬। ৪৫; ২১॥—[৮] ৪৩; ১০-১২॥—[৯-২০] গী ১১৫; ৪-৮। যিশ ৪০; ১৯,২০। ৪১; ৬, ৭। যির ১০; ৩-৯। হ ২; ১৮,১৯॥—[১৮] রো ১; ২৮॥

 * (বা) যাজকগণ। † (ইব্রি) তৃণের মধ্যে। ‡ (ইব্রি) আপনাদের জন্যে। ‖ (ইব্রি) লৌহকর্ম্মকার। § (ইব্রি) লেপন করিলে।

ও মাংস পাক করিয়া ভোজন করিলাম, এখন তাহার অবশিষ্ট কাষ্ঠদ্বারা আমি কি ঘৃণার্হ প্রতিমা নির্ম্মাণ করিব? ও বৃক্ষের মূড়ার কাছে দণ্ডবৎ হইব? এ প্রকার কথা কহিতে তাহাদের বিবেচনা ২০ ও জ্ঞান ও বুদ্ধি ও মনোযোগ হয় না। এই লোক ভস্ম ভোজন করে, ও তাহার ভ্রান্ত অন্তঃকরণ তাহাকে ভুলায়; সে আপন প্রাণ উদ্ধার করিতে পারে না, এবং আমার দক্ষিণ হস্তে কি ভ্রান্তি নাই? এ কথাও কহিতে পারে না।

২১ হে যাকূব্, হে ইস্রায়েল্, তুমি এই সকল স্মরণ কর, কেননা তুমি আমার দাস, আমি তোমাকে আপন দাস করণার্থে সৃষ্টি করিয়াছি; অতএব হে ২২ ইস্রায়েল্, আমি তোমাকে বিস্মৃত হইব না। আমি তোমার আজ্ঞালঙ্ঘন কুজ্ঝটিকার ন্যায় ও তোমার পাপ মেঘের ন্যায় মোচন করি; তুমি আমার প্রতি ফির, কেননা আমি তোমার মুক্তিদাতা। ২৩ হে আকাশমণ্ডলস্থ সকল, পরমেশ্বর যাহা করেন, তাহার নিমিত্তে তোমরা গান কর; হে পৃথিবীর নিম্নস্থান, আনন্দধ্বনি কর; হে পর্ব্বতগণ, ও হে কানন, ও তন্মধ্যস্থিত প্রত্যেক বৃক্ষ, তোমরা এক যোগ হইয়া গান কর, কেননা পরমেশ্বর যাকূব্‌কে মুক্ত করিয়া ইস্রায়েলের মধ্যে প্রশংসিত হইবেন। ২৪ যিনি জঠরের মধ্যে তোমার সৃষ্টি করিয়াছেন, সেই তোমার মুক্তিদাতা পরমেশ্বর এই কথা কহেন, 'যিনি তাবৎ সৃষ্টি করিয়া একাকী আকাশমণ্ডল বিস্তার করিলেন, ও আপনি পৃথিবীকে বিস্তীর্ণ ২৫ করিলেন, সেই পরমেশ্বর আমি।' এবং তিনি মিথ্যা ভবিষ্যদ্বক্তাদের বাক্য নিষ্ফল করেন, এবং গুণিদিগকে উন্মত্তবৎ করেন; ও জ্ঞানিদের বুদ্ধি বিপরীত করেন, ও তাহাদের জ্ঞানকে মূর্খতাস্বরূপ ২৬ করেন। এবং আপন সেবকের কথা স্থির করেন, ও আপন দূতগণের পরামর্শ সিদ্ধ করেন, এবং যিরূশালম্‌কে কহেন, 'তুমি বসতি বিশিষ্ট হও,' ও যিহূদা নগর সকলকে কহেন, 'তোমরা গ্রথিত হও, ও আমি দেশের শূন্য স্থান পুনর্ব্বার লোকালয় ২৭ করিব।' এবং গভীর জলকে কহেন, 'তুমি শুষ্ক হও, ২৮ আমি তোমার নদীগণকে নির্জ্জল করিব।' এবং খস্রুকে কহেন, 'তুমি আমার নিযুক্ত রক্ষক, আমার সকল অভিপ্রায় সিদ্ধ করিবা; এবং যিরূশালম্‌কে কহিবা, তোমার পুনর্গাথনি হইবে, ও মন্দিরকে কহিবা, তোমার ভিত্তিমূল স্থাপিত হইবে।'

৪৫ অধ্যায়।

১ আপন লোক রক্ষার্থে ও বাবিলের বিনাশার্থে খস্রুর উত্থাপন ৮ ও খস্রুর রক্ষা করণ ও তাহার কর্ম্ম সফল করণ ২০ ও দেবতাদের নিষ্ফলতা।

১ পরমেশ্বর আপন অভিষিক্ত খস্রুর বিষয়ে এই কথা কহেন, আমি তোমার* দক্ষিণ হস্ত গ্রহণ করিয়া তোমার সম্মুখে অন্যদেশীয়দিগকে পরাস্ত করিব, ও রাজগণের কটিবন্ধন মুক্ত করিব, ও দুই কপাট বিশিষ্ট দ্বার মুক্ত করিব, তাহাতে সে দ্বার আর ২ বন্ধ হইবে না। আমি তোমার অগ্রে যাইয়া উচ্চনীচ পথ সরল করিব, ও পিত্তলের কপাট ভগ্ন করিব, ৩ ও লৌহ হুড়কা ছেদন করিব। এবং তোমাকে অন্ধকারস্থিত ধন ও অপ্রকাশ্য স্থানের অতি গুপ্ত ধন দিব; তাহাতে তোমার নামদাতা ও ইস্রায়েলের ঈশ্বর যে আমি, আমি পরমেশ্বর, ইহা তুমি জানিতে ৪ পারিবা। আমার দাস যাকূবের ও আমার মনোনীত ইস্রায়েলের নিমিত্তে আমি তোমার নাম রাখিয়াছি; তুমি আমাকে না জানিলেও আমি তোমাকে উপ-৫ নামে বিখ্যাত করিয়াছি। আমিই পরমেশ্বর, আর কেহ নাই, আমাভিন্ন আর কোন ঈশ্বর নাই, তুমি আমাকে না জানিলেও আমি তোমার কটিবন্ধন ৬ করিয়াছি। তাহাতে আমাভিন্ন যে আর কোন ঈশ্বর নাই, তাহা সূর্য্যোদয় স্থানাবধি পশ্চিম দিগ পর্য্যন্ত তাবৎ লোক জ্ঞাত হইবে; আমিই পরমেশ্বর, ৭ আমা ব্যতিরেক আর কেহ নাই। আমি দীপ্তি সৃজন করি, ও অন্ধকার উৎপন্ন করি; আমি মঙ্গল ও বিপদ উৎপন্ন করি; আমি পরমেশ্বর এই তাবৎ কর্ম্ম করি।

৮ হে আকাশমণ্ডল, তুমি উপরহইতে শিশির বর্ষণ কর, এবং মেঘগণ ধর্ম্মরূপ ধারা বৃষ্টি করুক, ও পৃথিবী বিদীর্ণ হইয়া পরিত্রাণ উৎপন্ন করুক, ও ধর্ম্ম অঙ্কুর করুক; আমিই পরমেশ্বর তাহার সৃষ্টিকর্ত্তা। ৯ যে জন মৃন্ময় ঘটবৎ নির্ম্মিত হইয়া† আপন সৃষ্টি-কর্ত্তার সহিত কলহ করে, তাহার সন্তাপ হইবে। 'তুমি কি নির্ম্মাণ করিতেছ'? এই কথা কি মৃত্তিকা কুম্ভকারকে কহিতে পারে? এবং 'তোমার হস্ত নাই,' ১০ এই কথা কি কর্ম্ম কর্ম্মকারকে কহিতে পারে'? এবং 'তুমি কি জন্মাইতেছ'? এই কথা যে জন আপন পিতাকে, ও 'তুমি কি প্রসব করিতেছ'? এই কথা যে জন আপন মাতাকে কহে, তাহার সন্তাপ হইবে। ১১ ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ ও তাহার সৃষ্টিকর্ত্তা পরমেশ্বর

[২১] যিশ ৪৯; ১৫ ॥—[২২] ৪৩; ২৫ ॥—[২৩] ৪২; ১০-১২। ৪৯; ১৩। ৫৫; ১২। গী ৯৫-৯৮॥—[২৪] প ২। যিশ ৪০; ২২ ॥—[২৮] ৪৫; ১৩। ইস্রু ১; ১-৪ ॥

[৪৫ অধ্যা; ১-৬] যিশ ৪১; ১-৪। দা ৫; ৩০॥—[৫] যিশ ৪১; ৪ ॥—[৬] দা ৬; ২৫-২৭। মলা ১; ১১॥—[৭] দ্বি ৩২; ৩৯। আমো ৩; ৬॥—[৮] ২ শি ২০; ৪। গী ৭২; ৬,৭। ৮৫; ১১॥—[৯,১০] যিশ ২৯; ১৬। যির ১৮; ৬। রো ৯; ২০, ২১॥ [১১] যিশ ২৯; ২৩॥

* (ইব্রু) তাহার। † (বা) খোলা খোলার সহিত যুদ্ধ করুক, কিন্তু যে জন।

এই কথা কহেন, তোমরা কি আমার শিশুদের ভবিষ্যদ্ ঘটনার বিষয়ে জিজ্ঞাসা কর? ও আমার ১২ হস্তকৃত ক্রিয়া বিষয়ে আজ্ঞা দেও? আমি আপনি পৃথিবী সৃষ্টি করিয়াছি, ও তন্নিবাসি মনুষ্য নির্ম্মাণ করিয়াছি, আমি হস্তদ্বারা আকাশ বিস্তীর্ণ করিয়াছি, ও তাহার সৈন্যরূপ তারাগণকে আজ্ঞা দিয়াছি। ১৩ আমি তাহাকে ধর্ম্মেতে উৎপন্ন করিব, ও তাহার তাবৎ পথ সরল করিব, এবং সে আমার নগর গাঁথিবে, এবং বিনা মূল্যে ও বিনা পুরস্কারে আমার বন্দি লোকদিগকে মুক্ত করিবে, এই কথা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন। পরমেশ্বর কহেন, মিসরের সম্পত্তি ও কূশের বাণিজ্যের ধন, এবং দীর্ঘকায় সিবায়ীয় লোক তোমার হস্তগত হইয়া তোমার হইবে; তাহারা তোমার পশ্চাদ্গামী হইবে, ও শৃঙ্খলযুক্ত হইয়া গমন করিবে, ও তোমাকে প্রণাম করিয়া এই নিবেদন করিবে, 'কেবল তোমার সহিত ঈশ্বর আছেন, তাঁহা বিনা আর কোন ঈশ্বর নাই।'

১৫ হে ইস্রায়েলের পরিত্রাণকর্ত্তা ঈশ্বর, তুমি বোধাগম্য ১৬ ঈশ্বর। প্রতিমা নির্ম্মাণকারি সকলে লজ্জিত ও বিবর্ণ হইবে, ও এক কালে লজ্জাতে বিবর্ণ হইবে। ১৭ কিন্তু ইস্রায়েল্ বংশ পরমেশ্বরদ্বারা অনন্ত পরিত্রাণ পাইবে; তোমরা অনন্তকাল পর্য্যন্ত লজ্জিত ১৮ ও অপ্রতিভ হইবা না। আকাশের সৃষ্টিকর্ত্তা পরমেশ্বর অর্থাৎ যে ঈশ্বর পৃথিবীকে সৃষ্টি করিয়া প্রস্তুত করিলেন, ও তাহার স্থাপন করিলেন, ও তাহাকে শূন্য থাকিতে সৃষ্টি করিলেন না, কিন্তু তাহাতে যেন বসতি হয়, এই নিমিত্তে তাহার সৃষ্টি করিলেন, তিনি কহেন, কেবল আমিই পরমেশ্বর; ১৯ আমা ব্যতিরেকে আর কেহ নাই। আমি কোন নিভৃত স্থানে ও পৃথিবীর অন্ধকারময় স্থানে ভবিষ্যদ্বাক্য কহি নাই; এবং 'তোমরা বৃথা আমার অন্বেষণ কর,' এ কথা আমি যাকূবের বংশকেও কহি নাই; আমি সত্যবাদি পরমেশ্বর প্রকৃত কথা কহি।

২০ হে অন্য দেশহইতে রক্ষিত লোক সকল, তোমরা একত্র হইয়া আসিয়া উপস্থিত হও, যাহারা আপন হস্তকৃত কাষ্ঠ বহিয়া বেড়ায়, ও উদ্ধার করিতে অশক্ত দেবগণের কাছে প্রার্থনা করে, ২১ তাহারা কিছুই জানে না। তাহাদিগকে কহ, নিকটে আইসুক, ও পরস্পর পরামর্শ করুক, ঘটনার পূর্ব্বে এ কথা কে জ্ঞাত করিয়াছে? ও প্রথমাবধি কে তাহা প্রকাশ করিয়াছে? যাঁহা ব্যতিরেকে আর কোন ঈশ্বর নাই, আমি পরমেশ্বর কি তাহা করি নাই? আমি যাথার্থিক ও মুক্তিদাতা ও অদ্বিতীয় ঈশ্বর।

হে পৃথিবীর অন্তস্থিত লোক সকল, আমার ২২ প্রতি দৃষ্টি করিয়া পরিত্রাণ প্রাপ্ত হও, কেননা আমিই ঈশ্বর, আমা ব্যতিরেকে আর কেহ নাই। আমি আপন নাম লইয়া শপথ করি, এবং আমার ২৩ মুখহইতে সত্য ও অমোঘ বাক্য নির্গত হয়; আমার কাছে প্রত্যেক জন হাঁটু পাতিবে ও জিহ্বাদ্বারা শপথ করিয়া এই কথা কহিবে, 'কেবল পরমেশ্বরেতে আ- ২৪ মার ধর্ম্ম ও শক্তি আছে;' এবং যাহারা আমার * প্রতি বিরক্ত হইয়াছিল, তাহারা আসিয়া লজ্জিত হইবে। কিন্তু ইস্রায়েলের তাবৎ বংশ পরমেশ্বরের ২৫ দ্বারা পুণ্যবান গণিত হইবে, ও তাঁহার গুণের প্রশংসা করিবে।

৪৬ অধ্যায়।

১ বাবিল ও তাহার প্রতিমার বিনাশ ৩ ও ঈশ্বরের লোকদের রক্ষা ও প্রতিমার অসারতা ৮ ও বিবেচনা করিতে বিনয় কথা ১২ ও পরিত্রানের কথা।

বেল্ (দেবতা) নত হয়, ও নিবো অধোবদন হয়, ১ তাহাদের প্রতিমাগণ পশুদের ও জন্তুদের উপরে স্থাপিত হয়, ও তাহাদের † ভারেতে পশুগণ ভারগ্রস্ত হইয়া ক্লান্ত হয়। তাহারা আপন ২ ভার রক্ষা ২ করিতে না পারিয়া এক কালে হেঁট হইয়া পড়ে, এবং বন্দিদশাগ্রস্ত হইয়া দূর দেশে গমন করে।

হে যাকূবের বংশ, হে ইস্রায়েল্ বংশের ৩ অবশিষ্ট লোক, তোমরা আমার কথা শুন; আমি আজন্মকাল তোমাদিগকে বহন করিয়াছি, ও তোমাদের গর্ভস্থকালাবধি তোমাদিগকে স্কন্ধে করিয়াছি। এবং তোমাদের বৃদ্ধাবস্থা পর্য্যন্ত তাহা ৪ করিব, ও পক্বকেশ হওন পর্য্যন্ত তোমাদিগকে বহন করিব, আমি তোমাদিগকে সৃষ্টি করিয়াছি, এই জন্যে তোমাদিগকে স্কন্ধে করিয়া বহন করিয়া রক্ষা করিব।

তোমরা আমাকে কাহার সদৃশ ও কাহার ৫ সমান করিবা? এবং পরস্পর সাদৃশ্য করণার্থে কাহার সহিত আমার উপমা দিবা? লোক তোড়া- ৬ হইতে স্বর্ণ বাহির করে, ও নিক্তিতে রূপা তৌল করে; এবং স্বর্ণকারকে বানী দিলে সে তাহাদ্বারা

[১২] যিশ ৪০; ২২,২৬॥—[১৩] ৪১; ১-৪। ৪৪; ২৮। ইষ্ট্র ১; ১-৪॥—[১৪] যিশ ৪৩: ৩। ৪৯; ২০। ৬০; ৯-১৬। সিখ ৮; ২২, ২৩॥—[১৫] দ্বি ২৯; ২৯। হি ২৫; ২॥—[১৬] গী ৯৭; ৭। ১১৫; ৪-৮॥—[১৭] যিশ ২৬; ১,৩॥ [১৮] ৪৩; ২২। গী ১১৫; ১৬॥—[১৯] দ্বি ৩০; ১১-১৪। যিশ ৪৮; ১৬। রো ১১; ২৫-২৯॥—[২০-২৫] দ্বি ৩২; ৪০। রো ১১; ১৫॥—[২১] যিশ ৪১; ৪,২১-২৩,২৬। ৪৩; ৯। ৪৪; ৭। দ্বি ৩২; ৩৬-৪৩॥—[২২] পে ৪; ১২॥—[২৩] রো ১৪; ১১। ফি ২; ৯-১১। যিশ ৬৫; ১৬॥—[২৪] ১ ক ১; ৩০। গী ২; ৪,৯,১২॥—[২৫] রো ১১; ২৫,২৬॥
[৪৬ অধ্য; ১,২] যির ৫১; ৪৪। গী ১১৫; ৪-৮। যির ১০; ৫॥—[৩,৪] দ্বি ১; ৩১। যশ ৩; ৬। রো ১১; ২৯॥

* (ইব্রু) তাঁহার। † (ইব্রু) তোমাদের।

এক দেবতা নির্ম্মাণ করে, তাহাতে লোকেরা হাঁটু ৭ পাতিয়া তাহার পূজা করে। এবং তাহাকে স্কন্ধে করিয়া বহন করে, ও স্বস্থানে রাখিলে সে দণ্ডায়মান হয়; কিন্তু সে আপন স্থানহইতে গমন করে না, এবং কেহ তাহার কাছে প্রার্থনা করিলে উত্তর দেয় না, ও তাহাকে বিপদহইতেও উদ্ধার করে না।

৮ হে পাপি সকল, তাহা স্মরণ কর, ও আপনাদের পুরুষত্ব প্রকাশ কর, ও এ বিষয়ে বিশেষরূপে ৯ মনোযোগ কর। পূর্ব্বকালের পুরাতন কার্য্য স্মরণ কর; অবশ্য আমিই ঈশ্বর, আমা বিনা আর কেহ নাই; আমিই ঈশ্বর, আমার তুল্য কেহ নাই। ১০ শেষঘটনার কথা প্রথমে প্রকাশ করি, ও যাহা উপস্থিত নয়, তাহা পূর্ব্বে প্রচার করি যে আমি, আমি এই কথা কহিতেছি, আমার পরামর্শ সফল হইবে, আমি যাহা বাঞ্ছা করি, তাহাই সিদ্ধ করি। ১১ আমি পূর্ব্বদিগহইতে উৎক্রোশ পক্ষিকে, অর্থাৎ দূরদেশহইতে আমার পরামর্শের মনুষ্যকে আহ্বান করিব; আমি যাহা আজ্ঞা করি, তাহা ঘটাইব; ও যাহা মনে করি, তাহাই সিদ্ধ করিব।

১২ হে কঠিনান্তঃকরণেরা, হে ধর্ম্মহইতে দূরবর্ত্তিরা, ১৩ আমার কথা শুন; আমি স্বধর্ম্মকে নিকটস্থ করিব, সে দূরে থাকিবে না, ও আমার কৃত পরিত্রাণের বিলম্ব হইবে না, আমি আপন গৌরবরূপ ইস্রায়েলের জন্যে সিয়োনকে পরিত্রাণ দিব।

৪৭ অধ্যায়।

১ বাবিলের ভাবিদণ্ড ও তাহার নানা প্রকার পাপ।

১ হে বাবিলের অনূঢ়া কন্যে, তুমি নামিয়া ধূলিতে উপবিষ্টা হও; হে কস্‌দীয়দের কন্যে, তুমি সিংহাসন বিনা ভূমিতে বৈস; কেননা কোমলা ও সুখভোগিনী বলিয়া কেহ তোমাকে আর সম্বোধন করিবে না। ২ তুমি যাঁতা ধর, ও গোম পিষ, ও কেশ অনাচ্ছাদন কর, ও পদের বস্ত্র তুল, ও জঙ্ঘা অনাচ্ছাদন ৩ করিয়া নদীর মধ্যদিয়া গমন কর। তোমার উলঙ্গতা প্রকাশ করা যাইবে, ও তোমার লজ্জার বিষয় দৃষ্ট হইবে; আমি তোমাকে সম্পূর্ণ প্রতিফল দিব, এবং কোন এক জনকেও রক্ষা করিব না।

৪ আমাদের মুক্তিদাতার নাম সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর ৫ ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ। হে কস্‌দীয়ের কন্যে, তুমি অন্ধকারে গিয়া নীরব হইয়া বৈস, কেননা তুমি আর রাজ্যের ঠাকুরাণী নামে বিখ্যাতা হইবা না। ৬ আমি আপন লোকদের প্রতি ক্রুদ্ধ হইয়া আপন অধিকার অপবিত্র করিয়া তোমার হস্তে তাহাদিগকে সমর্পণ করিয়াছি, কিন্তু তুমি তাহাদের প্রতি কিছুমাত্র দয়া কর নাই, বিশেষতঃ বৃদ্ধ লোকদের উপরেও অতি ভারি যোঁয়ালি দিয়াছ। ৭ এবং কহিয়াছ, আমি চিরকাল ঠাকুরাণী হইয়া থাকিব; কিন্তু এ সকল মনে কর নাই, ও তোমার শেষদশার বিবেচনা কর নাই। ৮ হে সুখভোগিনি, ইহা শুন, তুমি নিরাপদে থাকিয়া মনে ২ করিলা, আমিই আছি, আমাভিন্ন আর কেহ নাই, আমি কখনো বিধবা হইব না, ও পুত্রহীনা হইব না। ৯ কিন্তু তোমার অনেক তন্ত্রমন্ত্র ও নানা প্রকার মোহন বিদ্যা থাকিলেও অকস্মাৎ এক দিনে তোমার বংশক্ষয় ও বৈধব্য এই উভয়ই ঘটিবে, তাহা তোমার প্রতি ত্বরায় ঘটিবে। ১০ তুমি আপন দুষ্টতাতে বিশ্বাস করিয়া কহিয়াছ, আমাকে কেহ দেখে না, এবং তুমি জ্ঞান ও বুদ্ধিদ্বারা বিপথগামিনী হইয়া মনে ২ কহিয়াছ, আমিই আছি, আমাভিন্ন আর কেহ নাই। ১১ অতএব তোমার প্রতি এমত বিপদের (রাত্রি) উপস্থিত হইবে, যে তুমি তাহার প্রভাতকাল দেখিতে পাইবা না; এবং তোমার এমত দুর্দ্দশা ঘটিবে, যে তাহার প্রায়শ্চিত্ত করিতে পারিবা না; এবং তোমার প্রতি হঠাৎ বিনাশ উপস্থিত হইবে, তাহার কিছু অনুভব করিতে পারিবা না। ১২ যে তন্ত্রমন্ত্র ও অনেক মোহনবিদ্যাতে যৌবনাবধি শ্রম করিয়াছ, সেই সকলেতে এখন প্রবৃত্ত হও; তাহাতে কি জানি তোমার উপকার ও (বিপদের) নিবারণ হইবে। ১৩ তুমি যদি আপন অনেক ২ পরামর্শে ক্লান্ত হও, তবে জ্যোতির্বেত্তাগণ ও নক্ষত্রদর্শি ও প্রত্যেক অমাবস্যায় তোমার (ভাবিঘটনা) জ্ঞাপক লোকেরা দাঁড়াইয়া তোমার প্রতি যাহা ঘটিবে, তাহাহইতে তোমাকে রক্ষা করুক। ১৪ দেখ, তাহারা নাড়ার ন্যায় হইবে, ও অগ্নি তাহাদিগকে ভস্মসাৎ করিবে, তাহারা অগ্নিশিখার তেজহইতে আপন ২ প্রাণ রক্ষা করিতে পারিবে না, এবং অঙ্গার উষ্ণ করণের নিমিত্তে ও অগ্নি উপবিষ্টদিগকে তাপ দিবার নিমিত্তে হইবে না। ১৫ তুমি যাহাদের সহিত পরিশ্রম করিয়াছ ও যৌবনাবধি বাণিজ্য করিয়াছ, তাহারা এই রূপ হইবে; প্রত্যেক জন তোমাকে উদ্ধার না করিয়া আপন ২ পথে ভ্রমণ করিয়া যাইবে।

৪৮ অধ্যায়।

১ আপন লোকদের প্রতি পরমেশ্বরের অনুযোগ ১২ও বিনয় কথা ১৭ ও খেদের কথা ২০ ও ভাবিরক্ষার কথা।

১ হে যাকূবের বংশ, এই কথা শুন, হে ইস্রায়েল্ নামে বিখ্যাত ও যিহূদারূপ উনুইহইতে নির্গত লোকেরা, তোমরা পরমেশ্বরের নাম লইয়া শপথ কর ও ইস্রায়েলের ঈশ্বরকে প্রকাশরূপে স্বীকার কর

[৫-৭] যিশ ৪০ ; ১৮-২০,২৪। ৪১ ; ৬,৭। যির ১০ ; ৩-৫। গী ১১৫ ; ৪-৮॥—[৮] দ্বি ৩২ ; ৫,৬॥—[৯] দ্বি ৩২ ; ৭,৩৯॥
[১০] গী ৩৩ ; ১১। যিশ ৪৫ ; ২১॥—[১১] ৪১;২। ৪৪ ; ২৮। ৪৮ ; ১৪,১৫॥—[১২,১৩] ৩৩ ; ১৪-১৬। ৫১;৫। ৬৫;১১-১৬॥
[৪৭ অধ্য] দা ৬ ; ৩০। যিশ ১৩ ; ১৯-২২॥—[৪] যির ৫০ ; ৩৪॥—[৬] যির ৫০ ; ১৭,১৮। সিখ ১ ; ১৫॥
[৮,৯] প ১৮ ; ৭,৮॥—[৯] প ১২, ১৩॥—[১১] যির ৫০ ; ২৪। দা ৫ ; ৩০॥—[১৩] দা ২; ২॥—[১৫] প্র ১৮ ; ১৫॥

২ বটে, কিন্তু সত্য ও যাথার্থ্যরূপে নয়। ধর্ম্মনগরীয় লোক নামে বিখ্যাত আছ, এবং যাঁহার নাম সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, সেই ইস্রায়েলের ঈশ্বরেতে প্রত্যাশা ৩ করিতেছ। পূর্ব্বকালের যে কথা প্রথমাবধি আমাদ্বারা তোমাদিগকে জ্ঞাপিত হইয়াছিল ও আমার মুখহইতে নির্গত হইয়া প্রকাশিত হইয়াছিল, তাহা ৪ আমি শীঘ্র সিদ্ধ করিলে উপস্থিত হইল। তোমরা* অবাধ্য ও তোমাদের গলদেশ লৌহদণ্ডবৎ, ও তোমাদের কপাল পিত্তলের ন্যায়, ইহা জানিয়া তাহা ৫ প্রথমে তোমাদিগকে দেখাইয়াছি; কেননা ‘ইহা আমাদের দেবতা করিয়াছেন, ও আমাদের খোদিত ও ছাঁচে ঢালা প্রতিমা ইহার আজ্ঞা দিয়াছেন,’ তোমরা যেন এই কথা না বল, এই জন্যে উপস্থিত হওনের পূর্ব্বে আমি তোমাদিগকে তাহা দেখাইয়াছি। ৬ তোমরা যাহা পূর্ব্বে শুনিয়াছ, দেখ, সে সকল সিদ্ধ হইয়াছে, তোমরা কি তাহা স্বীকার করিবা না? কিন্তু এখন অবধি আমি গুপ্ত ও তোমার জ্ঞানের ৭ বহির্ভূত নূতন কথা তোমাদিগকে শুনাই। ‘আমি সে সকলি জানিলাম,’ এমত কথা যেন তোমরা না বল, এই জন্যে তাহা পূর্ব্বে না হইয়া এখন তোমাদের ৮ শ্রবণের পূর্ব্বে উপস্থিত হইল। তোমরা তাহা শুন নাই ও জান নাই, এবং প্রথমাবধি তোমাদের কর্ণও শুনিতে মুক্ত ছিল না; কেননা তোমরা যে অবশ্য বিশ্বাসঘাতক ও আজন্ম ঈশ্বরত্যাগী নাম ধর, ৯ তাহা আমি জানিলাম। আমি তোমাদিগকে সম্পূর্ণরূপে উচ্ছিন্ন না করিয়া আপন নামের গুণে ক্রোধ সম্বরণ করিব, এবং আপনার প্রশংসার্থে তাহা ১০ তোমাদের হইতে নিবারণ করিব। দেখ, আমি তোমাদিগকে অগ্নিতে পরিষ্কৃত করিব, কিন্তু রূপার ন্যায় নয়, আমি দুঃখরূপ অগ্নিতে † তোমাদের পরীক্ষা ১১ করিব। আমি আপনার নিমিত্তে ও আপনারই নিমিত্তে তাহা করিব, কেননা আমার নাম কেন নিন্দিত হইবে? আমি আপন মহিমা অন্য কাহাকেও দিব না।

১২ হে যাকূব, হে আমার আহূত ইস্রায়েল, আমার কথা শুন, আমিই সেই, আমি আদি অন্ত- ১৩ স্বরূপ। আমি হস্তদ্বারা পৃথিবীর ভিত্তিমূল স্থাপন করিয়াছি, ও দক্ষিণ হস্তদ্বারা আকাশমণ্ডল বিস্তারিত করিয়াছি, আমি আহ্বান করিলে সে সক- ১৪ লেই উপস্থিত হয়। তোমরা সকলে একত্র হইয়া শুন, পরমেশ্বর যাহাতে প্রেম করেন, সেই ব্যক্তি বাবিলের প্রতি তাঁহার মনস্থ ও কস্দীয়দের প্রতি তাঁহার পরাক্রম সিদ্ধ করিবে, পূর্ব্বে দেবগণের মধ্যে এই প্রসঙ্গের প্রচারকারী কে আছে? ১৫ তাহা আমি এখন কহিলাম, ও তাহাকে আহ্বান করিয়া আনিব, অতএব তাহার পথে মঙ্গল ১৬ হইবে। তোমরা আমার নিকটে আসিয়া এই কথা শুন; আমি প্রথমাবধি কখনো গোপনে কহি নাই, এই ঘটনার পূর্ব্বে আমি তাহার নিয়ম করি, এখন প্রভু পরমেশ্বর ‡ আমাকে ও আপন আত্মাকে প্রেরণ করেন।

১৭ তোমার মুক্তিদাতা ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ পরমেশ্বর এই কথা কহেন, যিনি তোমাকে লাভজনক শিক্ষা দেন, ও তোমার গন্তব্য পথে তোমাকে গমন ১৮ করান, তোমার সেই প্রভু পরমেশ্বরই আমি। তুমি যদি আমার আজ্ঞা মানিতা, তবে তোমার মঙ্গল মহানদীস্বরূপ হইত, এবং তোমার ধর্ম্ম সমুদ্রের ১৯ তরঙ্গস্বরূপ হইত; ও বালুকার ন্যায় তোমার বংশ হইত, এবং তাহার উদরোৎপন্নের ন্যায় তোমার উদরোৎপন্ন হইত, এবং তোমার নাম উচ্ছিন্ন ও আমার সম্মুখহইতে লুপ্ত হইত না।

২০ তোমরা বাবিল্ নগরহইতে নির্গত হও, ও কস্দীয় দেশহইতে পলায়ন কর, এবং ‘পরমেশ্বর আপন দাস যাকূবকে মুক্ত করিলেন,’ এই কথা বল, ও আনন্দপূর্ব্বক প্রকাশ কর, এবং প্রচার ২১ করিয়া পৃথিবীর সীমা পর্য্যন্ত শুনাও। পরমেশ্বর তাহাদিগকে যে প্রান্তর দিয়া লইয়া যাইবেন, সেই স্থানে তাহারা তৃষ্ণার্ত্ত হইবে না, কারণ তিনি তাহাদের নিমিত্তে পর্ব্বতহইতে স্রোত বহাইবেন; ২২ তিনি পাষাণ ভেদ করিলে জল নির্গত হইবে। পরমেশ্বর কহেন, দুষ্ট লোকদের মঙ্গল হয় না।

৪৯ অধ্যায়।

১ যিহূদীয়দের দ্বারা খ্রীষ্টের অবজ্ঞাবিশিষ্ট হওন ৭ ও অন্য দেশীয়দের দ্বারা গ্রাহ্য হওন ১৩ ও মণ্ডলীর প্রতি পরমেশ্বরের প্রেম ২১ ও তাহার সুখ ২৪ ও শত্রুদের বিনাশ।

১ হে দূরদেশীয়েরা, আমার কথা শুন; হে দূরস্থ লোক সকল, আমার কথায় মনোযোগ কর। আমার গর্ভস্থ হওনাবধি পরমেশ্বর আমাকে আহ্বান করিলেন, ও আমার মাতার উদরহইতে ভূমিষ্ঠ হও- ২ নাবধি আমার নাম ধরিলেন। তিনি আমার মুখকে

[৪৮ অধ্যা; ১,২] যিশ ২৯; ১৩। ৫৮; ১-৭। যির ৭; ৩, ৮-১০। মী ৩; ১১। রো ২; ১৭-২৩॥—[৩-৫] দ্বি ৩১; ১৬-২১॥ ২ রা ১৭; ৭-২৩॥—[৮] দ্বি ৩২; ৫,৬॥—[৯] দ্বি ৩২; ২৬,২৭। যিহি ২০; ৯,১৪,২২,৪৪। গী ১০৬; ১,২॥—[১০] যিহি ২২; ১৭-২২॥—[১১] প ৯॥—[১২] দ্বি ৩২; ৩৯। যিশ ৪৪; ৬। প্র ১; ৮,১৭॥—[১৩] যিশ ৪০; ২২,২৬। ৪৪; ২৪॥ [১৪] ৪৩; ৮,৯॥—[১৪,১৫] ৪৫; ১-৪। দা ৫; ৩০॥—[১৬] যিশ ৪৫; ১৯॥—[১৮,১৯] দ্বি ৫; ২৯। ৩২; ২৯,৩০। গী ৮১; ১৩,১৬॥—[২০] যিশ ৫২; ১১,১২॥—[২১] ৪১; ১৭,১৮। ৪৩; ১৯,২০॥—[২২] ৫৭; ২০,২১॥

[৪৯ অধ্যা; ১] গী ২২; ৯। লূ ২; ২১॥—[২] যিশ ১১; ৪। ৫১; ১৬। ইব্রি ৪; ১২। প্র ১; ১৬। ১৯; ১৫॥

* (ইব্রি) তুমি। † (ইব্রি) হাপরে। ‡ (বা) ও তাঁহার আত্মা আমাকে প্রেরণ।

তীক্ষ্ণ খড়্গস্বরূপ করিলেন, ও আপন হস্তের ছায়াতে আমাকে লুক্কায়িত করিলেন, এবং আমাকে শাণিত বাণস্বরূপ করিয়া আপন তূণের মধ্যে রা- ৩ খিলেন। এবং আমাকে কহিলেন, হে ইস্রায়েল্, তুমিই আমার দাস, তোমাদ্বারা আমার মহিমা ৪ প্রকাশ পাইবে। তাহাতে আমি কহিলাম, আহা! আমি পণ্ডশ্রম করিয়াছি,এবং বৃথা ও নিরর্থক আপন বল ক্ষয় করিয়াছি; তথাপি আমার বিচার পরমেশ্বরের সহিত, ও আমার কর্ম্মের ফল আমার ৫ ঈশ্বরের সহিত আছে। এখন যে পরমেশ্বর যাকূব্কে পুনর্ব্বার আপনার কাছে আনয়নার্থে আমাকে আপনার সেবক করিতে গর্ব্ভের মধ্যে নির্ম্মাণ করিলেন, তিনি এ কথা কহেন,—যদ্যপি ইস্রায়েল্ তাঁহার নিকটে সংগৃহীত* না হয়, তথাপি আমি পরমেশ্বরের দৃষ্টিতে আদৃত হইব, ও আমার ঈশ্বর আমার বলস্বরূপ হইবেন, এই নিমিত্তে তিনিও এ কথা ৬ কহেন—যাকূবের বংশ উৎপন্ন করিতে ও ইস্রায়েলের রক্ষিত লোকদিগকে পুনর্ব্বার সতেজ করিতে আমার সেবক হওয়া তোমার ক্ষুদ্র বিষয় হয়, আমি তোমাকে অন্যদেশীয়দের দীপ্তিস্বরূপ ও পৃথিবীর সীমা পর্য্যন্ত আমাকর্ত্তৃক পরিত্রাণস্বরূপ করিব।

৭ যে জন লোকদের কাছে নিন্দিত ও অন্যদেশীয়দের ঘৃণিত ও অধ্যক্ষদের বশীভূত, তাঁহাকে ইস্রায়েলের মুক্তিদাতা ও ধর্ম্মস্বরূপ পরমেশ্বর এই কথা কহেন, বিশ্বস্ত পরমেশ্বরের ও তোমার † মনোনীতকারি ইস্রায়েলের ধর্ম্মস্বরূপের জন্যে রাজগণ তোমাকে দেখিয়া উঠিবে,ও অধ্যক্ষগণ তোমার † ৮ ভজনা করিবে। পরমেশ্বর এই কথা কহেন, আমি শুভ সময়ে তোমার প্রার্থনা শুনিব, ও পরিত্রাণের দিবসে তোমার উপকার করিব, এবং দেশের শান্তি ৯ করিতে ও নিরালয় স্থান অধিকার করাইতে; এবং বাহিরে যাও, এই কথা বন্দিগণকে কহিতে, এবং প্রত্যক্ষ হও, এই কথা অন্ধকারস্থিত লোকদিগকে কহিতে, তোমাকে রক্ষা করিয়া লোকদের নিয়মস্বরূপ নিযুক্ত করিব; তাহারা পথের নিকটে চরিবে, ১০ ও উচ্চস্থানে তাহাদের বাথান হইবে। তাহারা ক্ষুধিত কি তৃষ্ণার্ত্ত হইবে না, এবং গ্রীষ্ম ও রৌদ্রদ্বারা আহত হইবে না, কেননা যিনি তাহাদের প্রতি দয়া করেন, তিনিই তাহাদিগকে লইয়া যাইবেন ও জলের উনুইর নিকটে লইয়া যাইবেন। ১১ আমি আপনার তাবৎ পর্ব্বতে সমান পথ করিব ও আপন রাজপথ উচ্চীকৃত করিব। দেখ, ইহারা ১২ দূরহইতে আসিবে; ও দেখ, ইহারা উত্তর ও পশ্চিম দিগহইতে আগমন করিবে; ও এই লোকেরা সীনীম্ দেশহইতে আসিবে।

১৩ হে আকাশমণ্ডলস্থ সকল, তোমরা গান কর; হে পৃথিবি, আনন্দধ্বনি কর; হে পর্ব্বতগণ, গীত গাও; কেননা পরমেশ্বর আপন লোকদিগকে সান্ত্বনা করিবেন ও আপন দুঃখি লোকদের প্রতি দয়া ১৪ করিবেন। কিন্তু সিয়োন্ কহে, ‘পরমেশ্বর আমাকে ত্যাগ করিয়াছেন, ও আমার প্রভু আমাকে ১৫ বিস্মৃত হইয়াছেন।’ স্ত্রীলোক আপন গর্ব্ভজাত বালককে স্নেহ না করিয়া আপন স্তন্যপায়ি বালককে কি বিস্মৃত হইতে পারে? যদ্যপিও তাহারা বিস্মৃত ১৬ হয়, তথাপি আমি তোমাকে বিস্মৃত হইব না। দেখ, আমি আপন হস্তের তালুতে তোমার আকৃতি লিখিয়াছি, এবং তোমার প্রাচীর সর্ব্বদা আমার ১৭ দৃষ্টিতে আছে। তোমার নির্ম্মাণকারিরা ‡ শীঘ্র আসিবে, ও তোমার বিনাশকারিরা ও শূন্যকা- ১৮ রিরা তোমার মধ্যহইতে যাইবে। তুমি চক্ষু তুলিয়া চতুর্দ্দিগে দেখ, এই সকল একত্র হইয়া তোমার কাছে আসিতেছে; পরমেশ্বর কহেন, আমি যদি অমর হই, তবে তুমি ভূষণের সদৃশ সেই সকলকে পরিধান করিবা, এবং কন্যার ভূষণের ন্যায় সেই ১৯ সকলকে ধারণ‖ করিবা। যেহেতুক তোমার যে স্থান উচ্ছিন্ন ও শূন্য হইয়াছিল,ও যে ভূমি নষ্ট হইয়াছিল, তাহা সেই সময়ে এমত সঙ্কীর্ণ হইবে, যে নিবাসিগণের স্থান হইবে না, এবং তোমার গ্রাসকারি লো- ২০ কেরা অতি দূরে থাকিবে। ও তোমার হারাণ পুত্রগণ আসিয়া পুনর্ব্বার কহিবে, ‘এ স্থান অতি সঙ্কুচিত; বাসার্থে আমাদিগকে আরো স্থান দেও।’ তা- ২১ হাতে তুমি মনে ২ কহিবা, আমার এই সকলকে কে জন্ম দিয়াছে? আমি সন্তানহীনা ও বন্ধ্যা ও দেশচ্যুতা ও বিদেশিনী ছিলাম; আহা! ইহাদিগকে কে প্রতিপালন করিয়াছে? দেখ,আমি ত্যক্তা হইয়া একাকিনী ছিলাম, তৎকালে ইহারা কোথায় ছিল?

২২ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি অন্যদেশীয়দের প্রতি ইঙ্গিত করিয়া লোকদের প্রতি ধ্বজা তুলিলে তাহারা তোমার পুত্রগণকে বক্ষস্থলে করিয়া ও তোমার কন্যাদিগকে ২৩ স্কন্ধে করিয়া আনিয়া দিবে। এবং রাজগণ তোমার পালকপিতা ও তাহাদের রাণীগণ তোমার

[৬] যিশ ৪২; ৬। প্রে ১৩; ৪৭। লূ ২; ২৯-৩২।।—[৭] যিশ ৫২; ১৪,১৫। ৫৩। গী ৭২; ১০,১১।।—[৮] গী ৬৯; ১৩। ২ ক ৬; ২।।—[৮,৯] যিশ ৪২; ৬,৭। ৬১; ১-৬। ইব্রি ৮; ৬।।—[৯,১০] যিহি ৩৪; ১২-১৬। প্র ৭; ১৬,১৭।।—[১১] যিশ ৪০; ৩,৪।।—[১২] ৪৩; ৫,৬। ৬০; ৪।।—[১৩] ৪৪; ২৩।।—[১৪] ৪০; ২৭।।—[১৭] প ১১।।—[১৮] ৬০; ৪,৫।। [১৯-২১] ৫৪; ১-৩। নিখি ১০; ৮,১০। রো ১১; ২৫,২৬। গল ৪; ২৬,২৭।।—[২২] যিশ ১৪; ১,২। ৬০; ৪,৯। ৬৬; ২০।। [২৩] ১৪; ২। ৬০; ১৪,১৬।।

* (বা) ইস্রায়েল যেন তাঁহার নিকটে সংগৃহীত হয় ও আমি। † (ইব্রি) তাঁহার। ‡ (বা) সন্তানেরা। ‖ (ইব্রি) বন্ধন।

ধাত্রীমাতা হইবে, এবং তাহারা ভূমিতে শির নমন করিয়া তোমাকে প্রণাম করিবে, ও তোমার চরণের ধূলি চাটিবে, তাহাতে আমিই যে পরমেশ্বর, ও যাহারা আমাতে বিশ্বাস করে, তাহারা লজ্জিত হয় না, ইহা জ্ঞাত হইবা।

২৪ ‘বলবান্‌হইতে লুটিত দ্রব্য কি নীত হইবে? ও জয়কারিহইতে * ধৃত দ্রব্য কি মুক্ত করা যাইবে?’

২৫ পরমেশ্বর এই কথা কহেন, পরাক্রমিদের ধৃত দ্রব্য পুনর্ব্বার নীত হইবে, ও ভয়ঙ্করহইতে লুট দ্রব্য মুক্ত করা যাইবে, কেননা আমি তোমার বিপক্ষে সংগ্রামকারিদের সহিত সংগ্রাম করিয়া তোমার

২৬ বালকদিগকে ত্রাণ করিব; ও তোমার উপদ্রবিগণকে আপন২ মাংস ভোজন করাইব, ও নূতন দ্রাক্ষারসের ন্যায় আপন২ রক্তে মত্ত করাইব, তাহাতে আমিই তোমার ত্রাণকর্ত্তা পরমেশ্বর এবং যাকূবের বলস্বরূপ ও তোমার মুক্তিদাতা, ইহা তাবৎ প্রাণী জানিতে পারিবে।

৫০ অধ্যায়।

১ অবিশ্বাস প্রযুক্ত খ্রীষ্টের যিহূদীয়দিগকে ত্যাগ করণ ও খ্রীষ্টের কথা ১০ ও ঈশ্বরে বিশ্বাস করিতে বিনয়কথা।

১ পরমেশ্বর এই কথা কহেন, আমি যে পত্রদ্বারা তোমাদের মাতাকে ত্যাগ করিয়াছি, তাহার এমন ত্যাগপত্র কোথায়? এবং আমার মহাজনদের মধ্যে কাহার কাছে তোমাদিগকে বিক্রয় করিয়াছি? দেখ, তোমরা আপনাদের অধর্ম্মেতে বিক্রীত হইয়াছ, এবং তোমাদের আজ্ঞালঙ্ঘন করাতে তো-

২ মাদের মাতা ত্যক্তা হইয়াছে। আমি আইলে কি নিমিত্তে কেহ উপস্থিত হইল না? ও আমি আহ্বান করিলে কেন কেহ উত্তর দিল না? আমার হস্ত কি এমত দুর্ব্বল, যে আমি মুক্ত করিতে পারি না? এবং আমার উদ্ধার করণের ক্ষমতা কি কিছুই নাই? দেখ, আমি ধমকেতে সমুদ্রকে শুষ্ক করি, ও নদীকে প্রান্তর করি, তাহাতে মৎস্যগণ জলাভাবে

৩ পিপাসাতে প্রাণ ত্যাগ করিয়া দুর্গন্ধ হয়। ও আমি আকাশমণ্ডলকে কৃষ্ণবর্ণতাদ্বারা আচ্ছাদন করি, ও চট পরিধান করাই।

৪ “আমি যেন পরিশ্রান্ত লোকদিগকে হিতবাক্য কহিতে পারি, এই নিমিত্তে প্রভু পরমেশ্বর আমাকে পণ্ডিতের ন্যায় জিহ্বা দেন; তিনি প্রতি প্রভাতে জাগ্রৎ করিয়া শিষ্যের ন্যায় মনোযোগ করিতে আমার কর্ণ খুলেন।

৫ প্রভু পরমেশ্বর আমার কর্ণ খুলিলে আমি অনাজ্ঞাবহ হই না এবং পরাঙ্মুখও

৬ হই না। আমি প্রহারকদিগকে আপন পৃষ্ঠ ও শ্মশ্রু উৎপাটকদিগকে আপন গাল পাতিয়া দি, এবং লজ্জা ও থুথুহইতে আপন মুখ আচ্ছাদন করি না।

৭ প্রভু পরমেশ্বর আমার উপকারী, তন্নিমিত্তে আমি লজ্জিত নহি, ও অগ্নিপ্রস্তরের ন্যায় আপন মুখ করি, কেননা আমি যে লজ্জিত হইব না, তাহা

৮ জানি। যিনি আমাকে পুণ্যবান গণনা করেন, তিনি নিকটবর্ত্তী, অতএব আমার সহিত কে বিবাদ করিতে পারে? আইস, আমরা একত্র হইয়া দাঁড়াই; কে

৯ আমার শত্রু? সে আমার বিরুদ্ধে আইসুক। দেখ, প্রভু পরমেশ্বর আমার উপকারী, অতএব আমাকে কে দোষী করিতে পারে? দেখ, তাহারা বস্ত্রের ন্যায় জীর্ণ হইবে, ও কীটেতে জর্জ্জরীভূত হইবে।”

১০ পরমেশ্বরের ভয়কারী ও তাঁহার সেবকের কথায় মনোযোগকারী তোমাদের মধ্যে কে আছে, যে অন্ধকারে গমন করে ও দীপ্তি প্রাপ্ত হয় না? সে পরমেশ্বরের নামে বিশ্বাস করুক, এবং আপন ঈশ্বরেতে নির্ভর দিউক।

১১ দেখ, অগ্নি প্রজ্বলিত কর ও দীপমণ্ডল প্রস্তুত কর যে তোমরা, তোমরা সকলে সেই অগ্নিতেজেতে ও প্রজ্বলিত দীপমণ্ডলে গমন কর; আমার হস্তে এই ফল পাইবা, তোমরা দুঃখে শয়ন করিবা।

৫১ অধ্যায়।

১ ইব্রাহীমের দৃষ্টান্ত ৪ মনোযোগ করিতে লোকদের প্রতি আহ্বান ৭ ও ত্রাণের কথা ৯ ও আশ্বাসের কথা ১২ ও সান্ত্বনার কথা ১৭ ও বিলাপের কথা ২১ ও রক্ষার কথা।

১ হে ধর্ম্মানুগামি পরমেশ্বরের অন্বেষণকারিগণ, তোমরা আমার কথা শুন; তোমরা যে পর্ব্বতহইতে খোদিত তাহার প্রতি, ও যে গহ্বরহইতে খনিত তাহার

২ গর্ত্তের প্রতি দৃষ্টি কর। তোমাদের আদিপিতা ইব্রাহীম্ ও তোমাদের প্রসবকারিণী সারার প্রতি দৃষ্টি কর; সেই (ইব্রাহীম) একাকী হইলেও আমি তাহাকে আহ্বান করিয়া বর দিলাম ও তাহাকে বহুবংশ

৩ করিলাম। সেইরূপে পরমেশ্বর সিয়োন্‌কে সান্ত্বনা করিয়া তাহার তাবৎ উচ্ছিন্ন স্থানকে প্রবোধ দিবেন, ও তাহার বন এদনের ও তাহার কানন পরমেশ্বরের উদ্যানের ন্যায় করিবেন, এবং তাহাতে আনন্দ ও উল্লাস ও ধন্যবাদ ও গীতের ধ্বনি হইবে।

---

[২৪] ম ১২; ২৯। লূ ১১; ২১,২২॥—[২৬] দ্বি ৩২; ৪১,৪২॥

[৫০ অধ্যা; ১] দ্বি ২৪; ১। ম ১৮; ২৫॥—[২] যিশ ৫৯; ১। গ ১১; ২৩। গী ১০৬; ৯.৪৪॥—[৩] যা ১০; ২১। প্র ৬; ১২॥—[৪-৬] ইব্র ২; ১৭,১৮॥—[৫] গী ৪০; ৬-৮। ইব্র ১০; ৫-১০॥—[৬] যিশ ৫৩; ৭। ম ২৬; ৬৭,৬৮॥ [৭] ইব্র ১২; ২। ১পি ২; ২২,২৩॥—[৮,৯] রো ৮; ৩১-৩৪॥—[৯] যিশ ৫১; ৭,৮॥—[১০] গী ৪২; ৫,১১। ৪৩; ১১॥ [১১] যিশ ১; ৩১। লে ১০; ১,২॥

[৫১ অধ্যা; ২] ইব্র ১১; ৮-১২॥—[৩] যিশ ৩৫; ১,২। আ ২; ৮-১০॥

* (বা) ন্যায়েতে ধৃত।

৪ হে আমার লোক সকল, আমার কথায় মনোযোগ কর; হে আমার জাতি সকল, আমার বচন শুবণ কর, কেননা আমাহইতেই শাস্ত্র প্রকাশিত হইবে, ও লোকদের দীপ্তির নিমিত্তে আমি আপন বিধি ৫ স্থাপন করিব। আমার ধর্ম্ম নিকটবর্ত্তী ও আমাকর্ত্তৃক ত্রাণ উপস্থিত আছে, ও আমার হস্ত লোকদের বিচার নিষ্পন্ন করিবে, এবং দূরদেশীয়েরা আমার প্রতি আশাদৃষ্টি করিয়া আমার ভুজেতে ৬ নির্ভর করিবে। তোমরা উর্দ্ধস্থ আকাশমণ্ডলকে দেখ, ও নীচস্থ পৃথিবীর প্রতি দৃষ্টি কর; ঐ আকাশ ধূমের ন্যায় অন্তর্হিত হইবে, ও পৃথিবী বস্ত্রের ন্যায় জীর্ণ হইবে, ও তন্নিবাসিগণ এই প্রকারে * বিনষ্ট হইবে; কিন্তু আমার পরিত্রাণ নিত্যস্থায়ী হইবে, ও আমার ধর্ম্ম লোপ পাইবে না।

৭ হে ধর্ম্মজ্ঞ লোকেরা, তোমাদের অন্তঃকরণে আমার শাস্ত্রের কথা আছে; তোমরা আমার কথা শুন, মর্ত্ত্যের ধমকেতে ভয় করিও না, ও তাহার নিন্দাতে ৮ শঙ্কাকুল হইও না। কেননা তাহারা কীটেতে বস্ত্রের ন্যায় জর্জ্জরীভূত হইবে, ও পোকা সকল তাহাদিগকে মেষলোমের ন্যায় ভক্ষণ করিবে, কিন্তু আমার ধর্ম্ম নিত্যস্থায়ী হইবে, ও আমাকর্ত্তৃক ত্রাণ পুরুষানুক্রমে থাকিবে।

৯ হে পরমেশ্বরের হস্ত, জাগুৎ হও, জাগুৎ হও, বলরূপ বস্ত্র পরিধান কর, পূর্ব্বকালের ন্যায় অর্থাৎ পূর্ব্বপুরুষদের পূর্ব্বসময়ের ন্যায় জাগুৎ হও; তুমিই কি রহব্‌কে প্রহার কর নাই? ও নাগকে ক্ষত বিক্ষত ১০ কর নাই? তুমিই কি সমদুকে অর্থাৎ গভীর জলাশয়কে শুষ্ক কর নাই? ও মুক্ত লোকদের পার হইবার জন্যে গভীর সমুদ্রের মধ্যে পথ কর নাই? ১১ পরমেশ্বরের মুক্ত লোকেরা এই প্রকারে ফিরিয়া জয় ২ করিতে ২ সিয়োনে উত্তীর্ণ হইবে, এবং তাহাদের মস্তকে নিত্য আনন্দস্বরূপ মুকুট হইবে; তাহাদের আনন্দ ও আহ্লাদ হইবে, এবং শোক ও আর্ত্তস্বর দূরে পলায়ন করিবে।

১২ আমিই তোমার † সান্ত্বনাকর্ত্তা, তুমি নশ্বর মনুষ্যকে ও তৃণকল্প মনুষ্যসন্তানকে কেন ভয় করি- ১৩ তেছ? যিনি আকাশমণ্ডল বিস্তারিত করিয়াছেন ও পৃথিবীর ভিত্তিমূল স্থাপন করিয়াছেন, তোমার সৃষ্টিকর্ত্তা সেই পরমেশ্বরকে কেন বিস্মৃত হইতেছ? এবং নষ্ট করিতে উদ্যত লোকের ন্যায় যে উপদ্রব করে, তাহার ক্রোধকে প্রতি দিন কেন ভয় করিতেছ? সে উপদ্রবির ক্রোধ কোথায়? ১৪ বন্দিলোক শীঘ্র মুক্ত হইবে; সে কারাগারে মরিবে ১৫ না, ও তাহার খাদ্যের অভাব হইবে না। কেননা সমুদ্রে অতিশয় তরঙ্গ হইলে যিনি এক কালে তাহার নিবৃত্তি করেন, এবং যাঁহার নাম সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, তোমার সেই প্রভু পরমেশ্বর আমি। ১৬ আকাশমণ্ডল বিস্তার করিতে, এবং পৃথিবীর ভিত্তিমূল স্থাপন করিতে, এবং তুমি আমার লোক, এই কথা সিয়োন্‌কে কহিতে আমি আপন বাক্য তোমার মুখে রাখিব, ও আপন হস্তের ছায়াতে তোমাকে আচ্ছাদন করিব।

১৭ হে যিরূশালম, জাগুৎ হও, জাগুৎ হও, গাত্রোত্থান কর, তুমি পরমেশ্বরের হস্তহইতে তাঁহার ক্রোধরূপ পাত্রে পান করিয়াছ, ও কম্পনরূপ পাত্রের ১৮ গাদ নিঙ্গড়াইয়া পান করিয়াছ। তুমি ‡ যত পুত্র প্রসব করিয়াছ, তাহাদের মধ্যে কেহ তোমাকে লইয়া যাইতে অবশিষ্ট থাকে না; ও যত পুত্র প্রতিপালন করিয়াছ, তাহাদের মধ্যে কেহ হস্ত ধরিতে ১৯ অবশিষ্ট থাকে না। এবং শূন্যতা ও বিনাশ, এ দুই তোমাতে ঘটিল, কে তোমার নিমিত্তে বিলাপ করিতেছে? তোমার প্রতি দুর্ভিক্ষ্য ও খড়্‌গ ঘটিল, কে ২০ তোমাকে সান্ত্বনা করিতেছে? তোমার পুত্রগণ পরমেশ্বরের ক্রোধেতে ও তোমার ঈশ্বরের ধমকেতে মূর্চ্ছাপন্ন হইয়া জালে বদ্ধ হরিণের ন্যায় প্রতি পথের মস্তকে অচেতন হইয়া পতিত হয়।

২১ হে দুঃখিতে ও দ্রাক্ষারস বিনা উন্মত্তা যে তুমি, ২২ তুমি এই কথা শুন। তোমার প্রভু পরমেশ্বর ও আপন লোকদের পক্ষবাদী তোমার ঈশ্বর এই কথা কহেন, দেখ, কম্পনরূপ বাটীর অর্থাৎ আমার ক্রোধরূপ বাটীর গাদ আমি তোমার হস্তহইতে লইব, তাহা তুমি আর পান করিতে পাইবা না। ২৩ কিন্তু ‘তুমি হেঁট হও, আমরা তোমার উপর দিয়া যাই,’ যাহাদের এমত কথাতে তুমি মৃত্তিকার ও পথিকদের পথের ন্যায় আপন পীঠ পাতিয়া দিয়াছ, তোমার সেই উপদ্রবিদের হস্তে তাহা সমর্পণ করিব।

৫২ অধ্যায়।

১ মণ্ডলীর প্রতি আহ্বান ৩ ও রক্ষার কথা ৭ ও সুসমাচার প্রচার করণের কথা ৯ ও তদ্দ্বারা সুখ ১১ ও পরিত্রাণ ১৩ ও খ্রীষ্ট বিষয়ক কথা।

১ হে সিয়োন্‌, তুমি জাগুৎ হও, জাগুৎ হও, এবং আপন বলরূপ বস্ত্র পরিধান কর; হে পবিত্র নগর

[৪] যিশ ২; ৩। ৪২; ৪,২১।।—[৫] ৪৬; ১৩। ৫৮; ১৬-১১। ৬০; ৯।।—[৬] ২৪; ১৮-২০। গী ১০২; ২৬-২৮।। [৭,৮] যিশ ৫০; ৯। য ১০; ২৮।।—[৯,১০] যা ১৪; ২১-৩১। গী ৭৪; ১১-১৩।।—[১১] যিশ ৩৫; ১০। ৫৫; ১২।।—[১৫] যূব ২৬; ১২।।—[১৬] যিশ ৪৯; ২। ৬৫; ১৭-২২।।—[১৭] গী ৭৫; ৮। যিহি ২৩; ৩২-৩৪।।—[২০] বিল ২; ১৯, ২১।। [২১] প ১৭। যিশ ২৯; ৯।।—[২২] ৪০; ২।।—[২৩] গী ৬৬; ১২। ১২৯; ৩। যির ২৫; ২৮,২৯।।
[৫২ অধ্য; ১] লূ ২১; ২৪। প্র ২১; ২৭।।

* (বা) মশকের ন্যায়। † (ইব্র) তোমাদের। ‡ (ইব্র) সে।

যিরূশালম, তুমি আপন সৌন্দর্য্যরূপ পরিচ্ছদ পরিধান কর, তোমার মধ্যে অচ্ছিন্নত্বক ও অশুচি ২ লোক আর প্রবেশ করিবে না। হে যিরূশালম্, তুমি আপন গাত্রের ধূলা ঝাড়িয়া উঠিয়া আসনে উপবিষ্ট হও; হে সিয়োনের বন্দি কন্যে, আপন গলার বন্ধন মুক্ত কর।

৩ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা যেমন বিনামূল্যে আপনাদিগকে বিক্রয় করিলা, তদ্রূপ বিনা ৪ অর্থে মুক্ত হইবা। কেননা প্রভু পরমেশ্বর কহেন, আমার লোকেরা পূর্ব্বে মিসর্‌দেশে গিয়া সে স্থানে প্রবাস করিল, এবং শেষে অশূরীয়েরা তাহা- ৫ দের প্রতি অন্যায় করিল। এখন পরমেশ্বর কহেন, আমার লোকেরা যে বিনামূল্যে স্থানান্তরে নীত হইয়াছে, তাহাতে * আমার কি লাভ? পরমেশ্বর কহেন, তাহাদের শাসনকর্ত্তৃগণ অহঙ্কার করে, † এবং দিনে২ আমার নাম নিত্য নিন্দিত হয়। ৬ অতএব আমার লোকেরা আমার নাম জ্ঞাত হইবে, এবং প্রতিজ্ঞাকারী যে আমি, আমি উপস্থিত আছি, তাহা তাহারা সেই দিনেই জ্ঞাত হইবে।

৭ যে জন সুসমাচার আনয়ন করে, ও সন্ধি জ্ঞাপন করে, এবং মঙ্গলের সম্বাদ দেয়, ও পরিত্রাণের কথা প্রচার করে, এবং 'তোমার ঈশ্বর কর্ত্তৃত্ব করেন,' এই কথা যে জন সিয়োন্‌কে কহে, তাহার চরণ ৮ পর্ব্বতের উপরে কেমন শোভা পায়! তোমার প্রহরিগণ উচ্চৈঃস্বর করে, ও একত্র হইয়া গান করে, কেননা পরমেশ্বর সিয়োন্‌কে প্রত্যাগমন করাইলে তাহারা মুখামুখী ‡ হইয়া দেখিবে।

৯ হে যিরূশালমের শূন্য স্থান, আনন্দিত হও, ও একত্র হইয়া জয়ধ্বনি কর, কেননা পরমেশ্বর আপন লোকদিগকে সান্ত্বনা করিবেন ও যিরূশালমকে ১০ মুক্ত করিবেন। পরমেশ্বর আপন ধর্ম্মরূপ হস্ত তাবজ্জাতীয়দের দৃষ্টিতে অনাবৃত করিবেন, তাহাতে পৃথিবীর আদ্যন্তস্থিত লোকেরা আমাদের ঈশ্বরকৃত পরিত্রাণ দেখিতে পাইবে।

১১ বাহির হও, বাহির হও, তোমরা এখানহইতে প্রস্থান কর, অপবিত্র বস্তু স্পর্শ করিও না, ইহার মধ্যহইতে বাহির হও; হে পরমেশ্বরের পাত্রবা- ১২ হকগণ, তোমরা পবিত্র হও। কিন্তু তোমরা শীঘ্র বাহিরে যাইবা না, ও পলায়নের ন্যায় গমন করিবা না, কারণ পরমেশ্বর তোমাদের অগ্রগামী হইবেন, এবং ইস্রায়েলের ঈশ্বর তোমাদের পশ্চাদ্বর্ত্তী হইবেন।

---

১৩ দেখ, আমার সেবক উন্নত ও উচ্চপদ প্রাপ্ত ও ১৪ অতি সম্ভ্রান্ত হইবেন। তাঁহার মুখ অন্য লোকদের মুখ অপেক্ষা, ও তাঁহার আকৃতি মনুষ্যদের সন্তানদের আকৃতি অপেক্ষা বিষণ্ণ হইলে তাঁহাকে দেখিয়া যেমন অনেক লোক চমৎকৃত হইয়াছিল, ১৫ তদ্রূপ তিনি অনেক জাতীয় লোকদের পাপমোচন ‖ করিবেন, ও তাঁহার সম্মুখে রাজগণ নীরব হইবে, কেননা পূর্ব্বে তাহাদের কাছে যাহার প্রকাশ ছিল না, তাহা তাহারা দেখিতে পাইবে, এবং যাহা কখনো শুনে নাই, তাহার বিবেচনা করিবে।

৫৩ অধ্যায়।

১ খ্রীষ্টের নানা দুঃখ ও সেই দুঃখের ফল।

১ আমাদের সম্বাদ শুনিয়া কে বিশ্বাস করিল? ও পরমেশ্বরের হস্ত কাহার প্রতি প্রকাশিত হইল? ২ যেমন শুষ্ক ভূমিতে চারার মূল, তদ্রূপ তিনি তাহাদের § দৃষ্টিতে বৃদ্ধি পাইলেন; আমরা যে তাঁহাকে মান্য করি, তাঁহার এমত রূপ ও সৌন্দর্য্য হইল না; এবং আমরা যে তাঁহাকে প্রিয় জ্ঞান করি, ৩ তাঁহার এমত আকৃতি হইল না। তিনি অপমানিত ও মনুষ্যের মধ্যে অগণ্য হইলেন, এবং দুঃখার্ত্ত ও শোকপরিচিত লোক হইলেন, এবং আমাদের হইতে মুখ আচ্ছাদনকারির ন্যায় হইলেন, এবং অবজ্ঞাত ও আমাদের দ্বারা অমান্য হইলেন। ৪ তিনি আমাদের দুর্ব্বলতা সকল ধারণ করিলেন, ও আমাদের ব্যাধি সকল লইলেন; তিনি আহত ও ঈশ্বরকর্ত্তৃক প্রহারিত ও দুঃখগ্রস্ত, ইহা আমাদের ৫ বোধ হইল। কিন্তু তিনি আমাদের আজ্ঞালঙ্ঘনের নিমিত্তে ক্ষতবিশিষ্ট ও আমাদের অধর্ম্মের নিমিত্তে চূর্ণ হইলেন, এবং আমাদের মঙ্গলজনক শাস্তি তাঁহার উপরে বর্ত্তিল, এবং তাঁহার ক্ষতদ্বারা আমা- ৬ দের স্বাস্থ্য হয়। আমরা সকলে মেষগণের ন্যায় ভ্রমণকারী, ও প্রত্যেক জন স্বপথগামী হইলে পরমেশ্বর আমাদের সকলের এই অধর্ম্মের ফল তাঁহার ৭ উপরে বর্ত্তাইলেন। এবং আদায় করা গেলে তিনি তাহা দিলেন, এবং মুখ বন্ধ করিয়া থাকিলেন;

---

[৪] যা ১; ১-১৪। ২ বং ২৮ : ২০, ২১। যিশ ৪৭ : ৬।।—[৫,৬] গী ১১৫ ; ১, ২।—[৭] ন ১ ; ১৫। রো ১০ ; ১৫। যিশ ৪০ ; ৯। গী ৯৭ ; ১।—[৯] যিশ ৪৮ ; ২০। ৫১ ; ৩।।—[১০] গী ৯৮ ; ১-৩।।—[১১] যিশ ৪৮ ; ২০। ইব্রি ১ ; ৭-১১। যির ৫১ ; ৬,৪৫। ২ ক ৬ ; ১৭। প্র ১৮ ; ৪।।—[১২] যা ১২ ; ১১,৩৩,৩৯। ১৩ ; ২১। ১৪ ; ১৯।।—[১৩] ফিল ২ ; ৯-১১।।—[১৪] যিশ ৫৩ ; ২-৫।।—[১৫] ৪৯ ; ৭। গী ৭২ ; ১১। রো ১৫ ; ২১।।

[৫৩ অধ্যা ; ১] যো ১২ ; ৩৮। রো ১০ ; ১৬।।—[২] যিশ ১১ ; ১। ৫২ ; ১৪।।—[৩] ৪৯ ; ৭। ইব্রি ৪ ; ১৫। লে ১৩ ; ৪৫,৪৬।।—[৪] ম ৮ ; ১৭।।—[৫] ২ ক ৫ ; ২১। ১ পি ২ ; ২৪। ৩ ; ১৮।।—[৬] ১ পি ২ ; ২৫।।—[৭,৮] প্রে ৮ ; ৩২-৩৫।। [৭] ১ পি ২ ; ২৩।।

* (ইব্রি) এখানে। † (বা) তাহাদিগকে চিৎকার করায়। ‡ (ইব্রি) চক্ষাচক্ষু। ‖ (ইব্রি) (রক্ত) প্রক্ষেপ। § (বা) তাঁহার।

এবং হত হওনের জন্যে মেষশাবকের ন্যায় আনীত হইলেন, আর লোমচ্ছেদকের সম্মুখে যেমন মেষশাবক নীরব হইয়া থাকে, তেমনি মুখ বন্ধ ৮ করিয়া * থাকিলেন। তিনি উপদ্রব ও অন্যায়বিচারে উচ্ছিন্ন হইলেন; তৎকালের লোকদের বর্ণনা কে করিতে পারে? কেননা তিনি জীবৎ লোকদের দেশহইতে উচ্ছিন্ন হইলেন, ও আমার লোকদের অপরা- ৯ ধের নিমিত্তে আহত হইলেন। এবং পাপিগণের সহিত তাঁহার কবর নিরূপিত হইলেও তিনি ধনবানের সহিত কবর প্রাপ্ত হইলেন, কেননা তিনি কোন দৌরাত্ম্য করিলেন না, ও তাঁহার মুখে কোন ছলের ১০ কথা ছিল না। তথাপি তাঁহাকে দলিত করণে ও দুঃখ দেওনে পরমেশ্বরের সন্তোষ হইল; 'তাঁহার প্রাণ পাপের প্রায়শ্চিত্তস্বরূপ হইলে তিনি আপন বংশকে দেখিবেন, ও অনন্তজীবী হইবেন, এবং তাঁহার হস্তদ্বারা পরমেশ্বরের অভিমত কর্ম্ম সিদ্ধ হইবে। ১১ তিনি আপন প্রাণের যন্ত্রণারূপ ফল দেখিয়া তৃপ্ত হইবেন; আমার ধার্ম্মিক সেবক আপনাকে জানাইয়া অনেক লোককে পুণ্যবান করিবেন, কেননা ১২ তিনি তাহাদের পাপের ভার বহন করিবেন। তিনি মৃত্যু পর্য্যন্ত আপন প্রাণ ব্যয় করিলেন, ও পাপিদের সহিত গণিত হইলেন, এবং অনেকের পাপের ভার বহিয়া পাপিদের জন্যে প্রার্থনা করিলেন, এই জন্যে আমি মহৎদিগের মধ্যহইতে তাঁহাকে অংশ দিব, ও তিনি পরাক্রমিদের মধ্যহইতে আপন লুটস্বরূপ অধিকার করিবেন।'

৫৪ অধ্যায়।

১ অন্যদেশীয়দের দ্বারা মণ্ডলীর বৃদ্ধি ১১ ও তাহার সৌন্দর্য্য ও সুখ।

১ হে সন্তানহীনে বন্ধ্যে, তুমি জয়২ কার শব্দ কর, ও হে অপ্রসূতে, তুমি জয়ধ্বনি ও উল্লাসের গান কর, কেননা পরমেশ্বর কহেন, বিবাহিতার সন্তানদের ২ অপেক্ষা অনাথার সন্তান অনেক হয়। তুমি আপন তাম্বুর স্থান পরিসর কর, তাহার চন্দ্রাতপ বিস্তার কর, তাহাতে ত্রুটি করিও না, তাম্বুর রজ্জু দীর্ঘ কর, ৩ এবং তাহার খুঁটি দৃঢ় রূপে স্থাপন কর। কেননা তুমি দক্ষিণে ও বামে অধিক বৃদ্ধি পাইবা, তোমার বংশ অন্য দেশে অধিকার পাইবে, এবং তাহারা ৪ নরশূন্য নগরে বসতি করিবে। ভয় করিও না, কেননা তুমি লজ্জা পাইবা না; ও মুখ বিবর্ণ করিও না, কেননা তুমি আর অপমান পাইবা না; বরং যৌবন কালের অপমান বিস্মৃত হইবা, এবং আপন বৈধব্যের অনাদর স্মরণে থাকিবে না। কেননা ৫ যিনি তোমার সৃষ্টিকর্ত্তা ও যাঁহার নাম সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, তিনিই তোমার স্বামী; এবং যিনি ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ ও যাঁহার নাম তাবৎ জগতের ঈশ্বর, তিনি তোমার মুক্তিদাতা। যেমন কোন ত্যক্তা ৬ ও মনোদুঃখিনী স্ত্রী, কিম্বা যৌবনাবস্থায় বিবাহিতা স্বামিত্যক্তা কোন বধূ, তাহার ন্যায় পরমেশ্বর তোমাকে পুনরাহ্বান করিবেন, তোমার ঈশ্বর এই কথা কহেন। আমি অল্প কাল তোমাকে ত্যাগ ৭ করিলাম, কিন্তু এখন প্রচুর অনুগ্রহেতে তোমাকে গ্রহণ করিব। তোমার মুক্তিদাতা পরমেশ্বর কহেন, ৮ আমি ক্রোধসঞ্চারে এক নিমিষমাত্র তোমাহইতে মুখ লুকাইলাম; কিন্তু অনন্ত প্রীতিতে তোমাকে কৃপা করিব। আমার নিকটে নোহের প্লাবন ৯ ইহার দৃষ্টান্ত হয়; আর কখনো পৃথিবীতে নোহের জলপ্লাবন হইবে না, ইহা আমি যেমন শপথ করিয়াছিলাম, তেমনি তোমার প্রতি আর ক্রুদ্ধ হইব না, ও তোমাকে আর অনুযোগ করিব না, ইহাও শপথ করিলাম। যে পরমেশ্বর তোমাকে ১০ দয়া করেন, তিনি এই কথা কহেন, যদ্যপি পর্ব্বতগণ দূরীকৃত হয়, ও উপপর্ব্বতগণ উল্টান যায়, তথাপি তোমাহইতে আমার অনুগ্রহ দূরীকৃত হইবে না, ও আমার কৃত কুশলরূপ নিয়ম উল্টান যাইবে না।

হে দুঃখিনি, হে ঝড়েতে হেলিতে ও সান্ত্বনাহী- ১১ নে, দেখ, আমি সিন্দূরদ্বারা তোমার প্রস্তর বসাইব, ও নীলমণিদ্বারা তোমার ভিত্তিমূল করিব; এবং পদ্মরাগ মণিদ্বারা তোমার আলিশা, ও সূর্য্য- ১২ কান্ত মণিদ্বারা তোমার দ্বার, এবং বহুমূল্য প্রস্তরদ্বারা তোমার তাবৎ ভিত্তি নির্ম্মাণ করিব। এবং ১৩ তোমার তাবৎ সন্তান পরমেশ্বরের শিক্ষিত হইবে, ও তোমার সন্তানদের অতিশয় শান্তি হইবে। তুমি ১৪ ধর্ম্মদ্বারা স্থিরীকৃত হইবা, এবং অন্যায়হইতে দূরে থাকিবা; তোমার ভয় উপস্থিত হইবে না, এবং শঙ্কাহইতে দূরে থাকিবা, সে তোমার নিকটেও আসিবে না। দেখ, যদি কেহ তোমার প্রতি ১৫ বিপক্ষতা করে, তবে তাহা আমাহইতে নয়; ও যে কেহ তোমার বিপক্ষতা করে, সে তোমার পক্ষ হইবে। দেখ, যে কর্ম্মকার যাঁতাদ্বারা কয়লাতে ১৬ অগ্নি করিয়া আপন কর্ম্মানুসারে অস্ত্র নির্ম্মাণ করে,

[৮] লূ ২৩; ১৩-২৫ ।।—[৯] যো ১৯; ৩১-৪২। ১ পি ২; ২২।।—[১০-১২] ফিল ২; ৫-১১ ।।—[১২] যা ১৫; ২৭,২৮।।
লূ ২২; ৩৭। কল ২; ১৫। গী ৬৮; ১৮ ।।
[৫৪ অধ্যা; ১] গাল ৪; ২৭ ।।—[২] যিশ ৪৯; ১৯,২০ ।।—[৩] ৫৫; ৫।।—[৫] ৬২; ৪।।—[৭,৮] ২৬; ২০। ৬০; ১০ ।।
[৯] আ ৮; ২১। ৯; ৮-১৭।।—[১০] যিশ ৫১; ৬। যির ৩১; ৩৫-৩৭। গী ৮৯; ৩৩-৩৭।।—[১১,১২] প ২১; ১০-২১।।
[১৩] যো ৬; ৪৫। যির ৩১; ৩৩,৩৪ ।।—[১৫-১৭] গী ৪৬। ৪৮ ।।

* (ইব্র) মুখ খুলিলেন না।

তাহাকে আমি সৃষ্টি করি, ও বিনাশ করণার্থে নাশ-
১৭ কের উৎপত্তি করি। কিন্তু যে অস্ত্র তোমার বিপরীতে নির্ম্মিত হয়, তাহা সার্থক হইবে না; ও যে জিহ্বা তোমার সহিত বিবাদ করে, তাহাকে তুমি বিচারে দোষী করিবা; পরমেশ্বরের সেবকদের এই অধিকার; এবং তাহাদের পুণ্য তাঁহাহইতে * হয়, পরমেশ্বর এই কথা কহেন।

৫৫ অধ্যায়।

১ পাপি লোকদের প্রতি প্রত্যয় করিতে আহ্বান ৬ ও ঈশ্বরের অন্বেষণ করিতে আহ্বান ৮ ও ঐ বিষয়দ্বারা যে সুখ তাহার বর্ণনা।

১ হে তৃষিত লোক সকল, তোমরা জলের কাছে আইস; হে ধনহীন সকল, তোমরা আসিয়া ক্রয় করিয়া ভোজন কর; তোমরা আসিয়া অর্থ ও
২ মূল্য ব্যতিরেক দ্রাক্ষারস ও দুগ্ধ ক্রয় কর। অখাদ্য দ্রব্যের নিমিত্তে অর্থ ও অতৃপ্তিকর সামগ্রীর নিমিত্তে পরিশ্রমের ফল কেন ব্যয় † করিতেছ? মনোযোগ করিয়া আমার কথা শুন, তাহাতে ভক্ষ্য ভোজন করিবা, ও অতি উত্তম খাদ্যদ্বারা
৩ প্রাণকে আপ্যায়িত করিবা। মনোযোগ করিয়া আমার নিকটে আসিয়া শ্রবণ কর, তাহাতে তোমাদের প্রাণ বাঁচিবে, এবং দায়ূদের প্রতি আমার যে অনুগ্রহ নিশ্চিত ছিল, তাহা দিয়া তোমা-
৪ দের সঙ্গে এক নিত্য নিয়ম স্থির করিব। দেখ, আমি তাঁহাকে লোকদের এক সাক্ষী ও নানা জাতীয়দের অগ্রসর এক ব্যবস্থাপক নিযুক্ত করিব।
৫ তাহাতে তুমি যে জাতীয়দিগকে জান না, তাহাদিগকে আহ্বান করিবা, এবং যে জাতীয়েরা তোমাকে জানে না, তাহারা তোমার প্রভু পরমেশ্বরের নিমিত্তে ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপের নিমিত্তে তোমার প্রতি ধাবমান হইবে, যেহেতুক তিনি তোমার গৌরব করিবেন।

৬ যে সময়ে পরমেশ্বরকে পাওয়া যাইতে পারে, এমন সময়ে তাঁহার অন্বেষণ কর; ও তিনি নিকটে
৭ থাকিতে তাঁহার কাছে প্রার্থনা কর। পাপি লোক আপন আচরণ ও অধার্ম্মিক ‡ লোক আপন মনের সংকল্প ত্যাগ করিয়া পরমেশ্বরের প্রতি ফিরুক, তাহাতে তিনি তাহার প্রতি দয়া করিবেন; আমাদের ঈশ্বরের প্রতি ফিরুক, কেননা তিনি অতিশয় ক্ষমাবান।

৮ পরমেশ্বর কহেন, আমার মনের সংকল্প তোমাদের সংকল্পের তুল্য নয়, এবং তোমাদের পথও
৯ আমার পথের মত নয়। পৃথিবীহইতে আকাশমণ্ডল যেমন উচ্চ, তোমাদের পথহইতে আমার পথ তদ্রূপ উচ্চ, এবং তোমাদের মনের সঙ্কল্পহইতে
১০ আমার সঙ্কল্প তদ্রূপ (উন্নত) হয়। এবং বৃষ্টি ও হিমানী যেমন আকাশহইতে বর্ষিত হইলে পুনর্ব্বার সেখানে না গিয়া পৃথিবীকে আর্দ্র করিয়া অঙ্কুরিত ও ফলবান করে, এবং বপনকর্ত্তাকে বীজ ও ভক্ষককে ভক্ষ্য দেয়, আমার মুখনির্গত বাক্য অবশ্য
১১ তদ্রূপ হইবে; তাহা নিষ্ফল হইয়া আমার কাছে ফিরিবে না, কিন্তু আমি যাহা নিরূপণ করি, তাহা সিদ্ধ করিবে; এবং যাহার জন্যে প্রেরণ করি, তা-
১২ হাও সফল করিবে। তাহাতে তোমরা আনন্দপূর্ব্বক বহির্গমন করিয়া কুশলে অগ্রে২ নীত হইবা, পর্ব্বত ও উপপর্ব্বতগণ তোমাদের সাক্ষাতে গান করিবে,
১৩ এবং ক্ষেত্রস্থ বৃক্ষ সকল হাততালি দিবে। কণ্টকবৃক্ষের পরিবর্ত্তে ঝাউ বৃক্ষ, ও শ্যাকুলের পরিবর্ত্তে মেন্দি বৃক্ষ উৎপন্ন হইবে; তাহা পরমেশ্বরের জন্যে এক নাম ও অলোপ্য নিত্যস্থায়ি এক চিহ্ন হইবে।

৫৬ অধ্যায়।

১ ধর্ম্মকর্ম্ম করিতে বিনয় ও তাহার ফল ৯ ও অন্ধ রক্ষকদের প্রতি অনুযোগ।

১ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা ন্যায়বিচার কর, ও ধর্ম্মকর্ম্ম কর, কেননা আমার কৃত পরিত্রাণ আগতপ্রায়, এবং আমার ধর্ম্ম প্রকাশ পাইতে
২ উদ্যত আছে। যে জন এই রূপ কর্ম্ম করে, এবং যে মনুষ্যের পুত্র ইহাতে আসক্ত হইয়া বিশ্রামবারকে পালন করিয়া তাহা অশুচি না করে, এবং আপন হস্তকে কুকর্ম্মহইতে নিবৃত্ত করে, সে
৩ ধন্য। 'পরমেশ্বর আমাকে আপন লোকহইতে সর্ব্বতোভাবে বিভিন্ন করেন,' পরমেশ্বরেতে আসক্ত বিদেশীয়দের সন্তান এমত কথা না কহুক; এবং 'আমিই শুষ্ক বৃক্ষস্বরূপ,' এ কথা কোন নপুংসক
৪ না কহুক। কেননা যে সকল নপুংসক আমার বিশ্রামবার পালন করে, ও যাহাতে আমার তুষ্টি, তাহা মনোনীত করে, ও আমার নিয়ম পালন করে,
৫ তাহাদিগকে পরমেশ্বর এই কথা কহেন, আমি আপন গৃহে ও প্রাচীরের ভিতরে পুত্র কন্যা অপেক্ষা

[৫৫ অধ্যা; ১] যিশ ২৫; ৬। হি ৯: ১-৫। যো ৪; ১৪। ৭; ৩৭। প্র ২১; ৬। ২২; ১৭। ম ২২; ৪। রো ৩; ২৩,২৪॥ [৩] ম ১১: ২৮। প্রে ১৩; ৩৪। গী ৮৯; ১৯-৩৭॥—[৪] প্র ৩; ১৯-২৬। ৫; ৩০,৩১। যো ১০; ১৬॥—[৫] যির ৬০; ৫,৯। গী ৮৭॥—[৬] লূ ১৯; ৪২॥—[৭] হি ২৮; ১৩। প্রে ২; ৩৭-৩৯॥—[৮,৯] গী ১০৩; ১১,১২॥—[১২,১৩] যিশ ৩৫। ৪৪; ২৩। ৪৯; ১৩। ৬০; ১৩॥

[৫৬ অধ্যা; ১] ম ৩; ২। ৪; ১৭। প্র ২২; ১১,১২॥—[২] যিশ ৫৮; ১৩,১৪। যা ২০; ৮-১১॥—[৩-৭] দ্বি ২৩; ১-৩। প্রে ৮; ২৬-৩৯। ১০; ৩৪,৩৫,৪৭। ইফ ২; ১১-২২॥

* (ইব্রী) আমাহইতে। † (ইব্রী) তোলন। ‡ (ইব্রী) অধর্ম্মের।

তাহাদিগকে উত্তম অধিকার ও নাম দিব, আমি ৫ তাহাদিগকে অলোপ্য নিত্যস্থায়ি এক নাম দিব। যে বিদেশীয়দের সন্তানগণ পরমেশ্বরের সেবা ও তাঁহার নামে প্রেম করণার্থে এবং তাঁহার দাস হইবার জন্যে পরমেশ্বরেতে আসক্ত হয়, অর্থাৎ যে কেহ বিশ্রামবার পালন করিয়া তাহা অশুচি না ৭ করে ও আমার নিয়ম পালন করে; তাহাদিগকে আমি আপন পবিত্র পর্ব্বতে আনিব, এবং আপন প্রার্থনাগৃহে তাহাদিগকে আনন্দিত করিব, এবং তাহাদের হোমবলি ও বলি সকল আমার যজ্ঞবেদির উপরে গ্রাহ্য হইবে, যেহেতুক আমার গৃহ তাবৎ লোকদের প্রার্থনাগৃহ নামে খ্যাত হইবে। ৮ ইস্রায়েলের দূরীকৃত লোক সংগ্রহকারি প্রভু পরমেশ্বর এই কথা কহেন, এই যে সকল লোক সংগৃহীত আছে, তদ্ভিন্ন অন্য২ লোকদিগকেও তাহাদের সহিত সংগ্রহ করিব।

---

৯ হে ক্ষেত্রস্থ পশুগণ, তোমরা আইস; হে বন-১০ পশুগণ, গ্রাস করিতে আইস। তাহার প্রহরিগণ সকলেই অন্ধ ও অজ্ঞান ও ঘেউ২ করিতে অসমর্থ গোঙ্গা কুক্কুরের ন্যায়; তাহারা স্বপ্নদর্শী ও নি-১১ দ্রালু ও তন্দ্রা ইচ্ছুক হয়। এই কুক্কুরগণ উদরম্ভরি; কখনো তৃপ্ত হয় না,* এবং এই পালকেরা কিছুই তত্ত্বজ্ঞান বুঝিতে পারে না, ও সকলে আপন২ লাভ চেষ্টা করিয়া আপন২ পথে ফিরিয়া এই ১২ কথা কহে, আইস, আমরা দ্রাক্ষারস আয়োজন করি, ও অনেক সুরাপান করি, এবং অদ্যকার ভোজের ন্যায়, বরং তাহাহইতেও অধিক কল্যকার ভোজ হইবে।

৫৭ অধ্যায়।

১ ধার্ম্মিক লোকদের মঙ্গল ৩ ও যিহূদীয়দের দুষ্টতা ১৪ ও নম্র লোকদের রক্ষা।

১ ধার্ম্মিক লোক বিনষ্ট হয়, তাহা কেহ মনে বিবেচনা করে না; এবং পুণ্যবান লোক লোকান্তরে নীত হয়, তাহাতে কেহ মনোযোগ করে না; কিন্তু ধার্ম্মিক বি-২ পদহইতে † উদ্ধৃত হয়। সৎপথগামি লোক সুখস্থানে প্রবিষ্ট হয়; তাহারা আপন শয্যোপরি বিশ্রাম করে।

৩ হে মায়াবীর পুত্রগণ; হে পারদারিকের ও ৪ বেশ্যার সন্তানগণ, তোমরা নিকটে আইস। তোমরা কাহাকে উপহাস কর? ও কাহাকে দেখিয়া মুখ-৫ ভঙ্গি কর? ও জিহ্বা বাহির কর? সতেজ বৃক্ষের তলে দেবাসক্তিতে প্রজ্বলিত হইয়া নিম্নস্থানে ও পর্ব্বতশৃঙ্গের নীচে আপনাদের বালকগণকে বধ কর যে তোমরা, তোমরা কি অনাজ্ঞাবহ শিশু ও খল-৬ সন্তান নও? নিম্নস্থানের চিক্কণ প্রস্তরে তোমাদের অংশ, তাহা তোমাদের অধিকার; ইহাদের উদ্দেশে পেয় নিবেদন কর, ও আপন নৈবেদ্য উৎসর্গ কর; এই কার্য্যে আমি কি সন্তুষ্ট হইতে পারি? ৭ অত্যুচ্চ পর্ব্বতোপরি আপন শয্যা রাখ, ও সে ৮ স্থানে বলিদান করিতে গমন কর। কপাট ও চৌকাটের পশ্চাতে আপন ইষ্ট দেবতাকে রাখ, ও আমার অগোচরে বস্ত্র খুলিয়া খাটে গমন কর, ও আপন শয্যা বৃদ্ধি করিয়া তাহাদের সহিত নিয়ম কর, ও তাহাদের শয্যা ভাল বাসিয়া স্থান প্রস্তুত ৯ কর। তৈল লইয়া রাজার নিকটে গমন কর, ও সুগন্ধি দ্রব্য প্রচুর কর, ও দূতগণকে দূর দেশে প্রেরণ কর, এবং পরলোক ‡ পর্য্যন্ত আপনাকে ১০ নত কর। পথের দূরতা প্রযুক্ত পথশ্রান্ত হও; তথাপি আমি নিরাশ, এ কথা কহ না; এবং আপন হস্তে বল প্রাপ্ত হও, এই জন্যে দুঃখিত ১১ হও না। কাহার নিমিত্তে এমত শঙ্কান্বিত ও ত্রাসযুক্ত হও, যে মিথ্যা আচার কর, ও আমাকে স্মরণে রাখ না, ও মনে বিবেচনাও কর না? আমি কি অনেক দিন পর্য্যন্ত নীরব হই নাই? এই ১২ কারণ তুমি আমাকে ভয় কর না। কিন্তু আমি তোমার ধর্ম্ম প্রকাশ করিব, তোমার কর্ম্মদ্বারা ১৩ তোমার উপকার হইবে না। যখন আর্ত্তস্বর কর, তখন তোমার দেবসমূহ উদ্ধার করুক, কিন্তু বায়ু তাহাদিগকে বহন করিবে, ও এক নিশ্বাসে তাহাদিগকে লইয়া যাইবে; যে জন আমাতে প্রত্যাশা করে, সে দেশাধিকার পাইবে, ও আমার পবিত্র পর্ব্বত অধিকার করিবে।

১৪ তখন উক্ত হইবে, প্রস্তুত কর, প্রস্তুত কর, ও পথ সমান কর, ও আমার লোকদের পথহইতে ১৫ বাধা দূর কর। কেননা মহান ও ঊর্দ্ধস্থ ও অনন্তকাল নিবাসি ধর্ম্মস্বরূপ নামে বিখ্যাত যিনি, তিনি এই কথা কহেন, উচ্চ ও পবিত্র স্থানে বাসকারী যে আমি, আমি নম্র লোকের আত্মাকে সচেতন করিতে ও ক্ষুণ্ণমনা লোকের অন্তঃকরণ সজীব করিতে নম্র ও ক্ষুণ্ণমনা লোকের নিকটেও ১৬ বাস করি। আমি নিত্য২ বিবাদ করিব না, ও সর্ব্বদা ক্রোধ করিব না; এমত হইলে আত্মা ও

---

[৭] য ২১; ১৩॥—[৮] যো ১০; ১৬। ১২; ৫১,৫২॥—[৯] যির ১২; ৯॥—[১০,১১] যী ৩; ৯-১১। যির ২০; ১৪-১৭। যিহি ৩৪; ২,৩,১৮-২২। যো ১০; ১,১২,১৩॥—[১২] যিশ ২২; ১৩। ২৮; ৭,৮॥

[৫৭ অধ্যা; ১] যী ৭; ২॥—[৩-১০] হো ২; ১-৫। যিহি ১৬। ২৩॥—[৫] ২ রা ১৬; ৩,৪। ১৭; ৯-১২,১৭॥—[৬] ২ বং ২৮; ৩॥—[৭] ১ রা ১১; ৭॥—[৮] যিহি ৮; ৭-১৬॥—[৯] যিহি ১৬; ২৬,২৮,২৯। ২৩; ১১-২১॥—[১১] যিশ ৫০; ১॥ [১৩] দ্বি ৩২; ৩৭,৩৮॥—[১৪] যিশ ৪০; ৩। ৬২; ১০॥—[১৫] ৬৬; ১, ২। যির ৩১; ১৫-২১॥

* (ইব্রী) তৃপ্ততা জানে না। † (বা) আগামি বিপদহইতে। ‡ (বা) কবর।

আমার হস্তকৃত প্রাণ আমার সম্মুখে ক্লান্ত হইবে।
১৭ সে আপন মনোনীত পথে অবাধ্য * হওয়াতে আমি তাহার লোভরূপ পাপেতে ক্রুদ্ধ হইয়া তাহাকে মারিলাম, ও আপন মুখ লুকাইয়া ক্রোধ করিয়া
১৮ থাকিলাম। আমি তাহার পথ দেখিয়া তাহাকে সুস্থ করিব ও তাহার পথদর্শক হইব, এবং তাহাকে ও তাহার শোকাকুল লোকদিগকে সান্ত্বনা করিব।
১৯ পরমেশ্বর কহেন,আমি ওষ্ঠাধরের ফল অর্থাৎ নিকটস্থ লোকের ও দূরস্থ লোকের মঙ্গল সৃষ্টি করিব;
২০ আমি উভয়কে সুস্থ করিব। যে সমুদ্র কখনো স্থির হইতে পারে না ও যাহার জলেতে মল ও কর্দ্দম উঠে, দুষ্ট লোকেরা এমত আলোড়িত সমুদ্রের ন্যায় হয়।
২১ আমার ঈশ্বর কহেন, পাপিদের কিছু মঙ্গল নাই।

৫৮ অধ্যায়।

১ যিহূদি লোকদের কাপট্যের অনুযোগ ও উপবাসের নির্ণয় ৮ ও ধর্ম্ম কর্ম্মের ফল ১৩ বিশ্রামবার পালন করনের ফল।

১ উচ্চৈঃস্বর কর †, ক্ষান্ত হইও না, এবং তূরীর ন্যায় আপন রব উঠাইয়া আমার লোকদিগকে তাহাদের পাপ ও যাকূব্ বংশকে তাহাদের অপরাধ জানাও।
২ তাহারা প্রতি দিন আমার অন্বেষণ করে ও আমার পথ সকল জানিতে সন্তুষ্ট হয়, এবং যে জাতি ধর্ম্ম আচরণ করে ও আপন ঈশ্বরের বিধি ত্যাগ করে না, তদ্রূপ হয়, ও আমার উদ্দেশে ধর্ম্মবিধির বিষয়ে নিত্য২ জিজ্ঞাসা করে, এবং ঈশ্বরের নি-
৩ কটে আসিতে সন্তুষ্ট হইয়া কহে, 'আমরা উপবাস করিলে তুমি কেন দৃষ্টি কর না? ও আপন প্রাণকে দুঃখ দিলে তুমি কেন তাহা বিবেচনা কর না?' দেখ, তোমরা আপন২ উপবাসদিনে সুখভোগ কর, ও পরের পরিশ্রমের কিছুই লাঘব কর না।
৪ এবং তোমরা কলহ ও বিবাদ করিতে ও পাপরূপ মুষ্টিদ্বারা প্রহার করিতে উপবাস কর; ভাল, অদ্যকার ন্যায় উপবাস করিয়া ঊর্দ্ধস্থানে আপ-
৫ নাদের রব শুনাইতে হয় না। এই রূপ উপবাস কি আমার মনোনীত? এক দিন আপন২ প্রাণে দুঃখ দেওয়া, ও পাটিবৃক্ষের ন্যায় মস্তক নত করা, ও শয্যার্থে চট ও ভস্ম পাতন, এই কি উপবাস? ও এই দিন কি পরমেশ্বরের গ্রাহ্য দিন বিখ্যাত হইতে
৬ পারে? পাপবন্ধন মুক্ত করা, ও যোঁয়ালির খিল মুক্ত করা, এবং উপদ্রুতদিগকে উদ্ধার করা, ও
৭ প্রত্যেক যোঁয়ালি ভঙ্গ করা, এবং ক্ষুধিতদিগকে খাদ্য বণ্টন করা, ও তাড়িত দরিদ্রদিগকে আপন গৃহে আনয়ন করা, ও উলঙ্গকে দেখিয়া বস্ত্র দান করা, ও আপন মাংসতুল্য লোকহইতে লুক্কায়িত না থাকা, এই প্রকার করিয়া উপবাস করা কি আমার মনোনীত নয়?

৮ তখন অরুণের ন্যায় তোমাদের ‡ দীপ্তি প্রকাশ পাইবে, ও তোমাদের শীঘ্র মঙ্গল হইবে, ও ধর্ম্ম তোমাদের অগ্রসর হইবে, এবং পরমেশ্বরের তেজ তোমাদের পশ্চাদ্গামী হইবে।
৯ তৎকালে তোমরা আহ্বান করিলে পরমেশ্বর উত্তর দিবেন, এবং তোমরা ডাকিলে তিনি কহিবেন, আমি উপস্থিত আছি। যদি তোমরা আপনাদের মধ্যহইতে যোঁ-
১০ য়ালি ও অঙ্গুলিতর্জ্জন ও পাপকথা দূর কর, এবং ক্ষুধিতদিগকে ভক্ষ্য দেও, ও দুঃখি প্রাণিকে আপ্যায়িত কর, তবে অন্ধকারে তোমাদের দীপ্তি উজ্জ্বল হইবে, ও তোমাদের অন্ধকার মধ্যাহ্নের ন্যায় হইবে।
১১ পরমেশ্বর নিত্য তোমাদিগকে লইয়া যাইবেন, ও মহানির্জ্জল স্থানেও তোমাদের প্রাণকে তৃপ্ত করিবেন, এবং তোমাদের অস্থি সমেদ করিবেন, এবং তোমরা সুসিক্ত উদ্যানের ন্যায় হইবা, এবং যাহার জলের অভাব কখন হয় না, এমত
১২ উনুইর ন্যায় হইবা। তোমাদের বংশীয় লোকেরা পূর্ব্বকালের উচ্ছিন্ন স্থানে গৃহ নির্ম্মাণ করিবে; তোমরা পূর্ব্বকালের ভিত্তিমূলের উপরে গাঁথিবা, এবং ভগ্ন প্রাচীর নির্ম্মাণকারি ও নিবাসিদের পথ প্রস্তুতকারি নামে বিখ্যাত হইবা।

১৩ তোমরা যদি বিশ্রামবারে কর্ম্মহইতে নিবৃত্ত হও, ও আমার পবিত্র দিনে আপনাদের সুখাভিলাষ না কর, এবং বিশ্রামবারকে তোষক দিন ও পরমেশ্বরের পবিত্র দিনকে আদরণীয় বলিয়া আপন পথে গমন ও আপন সুখাভিলাষের চেষ্টা ও বৃথা গল্প, এ সকল কর্ম্ম না করিয়া যদি তাহাকে মান্য
১৪ কর, তবে তোমরা পরমেশ্বরেতে সন্তুষ্ট হইবা, ও তিনি তোমাদিগকে পৃথিবীর উচ্চস্থানে আরোহণ করাইবেন, ও তোমাদের পিতা যাকূবের অধিকার তোমাদিগকে ভোগ করাইবেন, পরমেশ্বর ইহা আপন মুখে কহিয়াছেন।

৫৯ অধ্যায়।

১ পাপের কথা ও তাহার ফল ১৬ ও কেবল ঈশ্বরদ্বারা পাপহইতে রক্ষা।

১ দেখ, পরমেশ্বরের হস্ত এমত খর্ব্ব নয়, যে তিনি মুক্ত করিতে পারেন না; এবং তাঁহার কর্ণ এমত

[১৬] গী ১০৩; ৮-১৪ ॥—[১৭] যিশ ২; ৭। যির ৬; ১৩। গী ৫০; ২১॥—[১৮] দ্বি ৩২; ৩৬, ৩৯। যির ৩০; ১৭॥
[১৯] যিশ ৩৩; ২৪। প্রে ২; ৩৯। ইফ ২; ১৭। ইব্রী ১৩; ১৫॥—[২০,২১] যিশ ৪৮; ২২। ৬৫; ১১-১৫॥
[৫৮ অধ্যা; ১-৭] যিশ ১; ১১-১৫॥—[৮-১২] ১; ১৬-১৯। যির ৭; ৫-৭॥—[১২] যিশ ৬১; ৪॥—[১৩,১৪] ৫৬; ২॥
[১৩] যা ২০; ৯-১১। ৩১; ১২-১৭॥—[১৪] দ্বি ৩২; ১৩। ৩৩; ২৬,২৭॥
[৫৯ অধ্যা; ১,২] যিশ ৫০; ২-৩॥

* (বা) পরাঙ্মুখ † (ইব্রী) কণ্ঠেতে ‡ (ইব্রী) তোমার।

২ ভারী নয়, যে তিনি শুনিতে পান না। কিন্তু তোমাদের অধর্ম্ম ঈশ্বরের সহিত তোমাদের বিচ্ছেদ জন্মায়, ও তোমাদের অপরাধ তোমাদের দৃষ্টিহইতে তাঁহার শ্রীমুখ আচ্ছাদন করে, এই জন্যে ৩ তিনি শুনেন না। তোমাদের হস্ত রক্তেতে ও তোমাদের অঙ্গুলি অধর্ম্মেতে অশুচি আছে, ও তোমাদের ওষ্ঠ মিথ্যা বাক্য কহে, ও তোমাদের ৪ জিহ্বা পাপের কথা প্রচার করে। এবং কেহ ন্যায়ের পক্ষপাতী নয়, ও কেহ সত্যতার নিমিত্তে বিবাদ করে না; তাহারা অসারেতে নির্ভর দেয়, ও মিথ্যা কথা কহে, ও হিংসারূপ গর্ব্ভধারণ করিয়া ৫ অধর্ম্ম প্রসব করে। তাহারা কালসর্পের ডিম্ব ফুটায়, ও মাকড়সার জাল বুনে; যে জন তাহাদের ডিম্ব ভোজন করে, সে প্রাণত্যাগ করে, বা তাহা ফুটিলে ৬ কালসর্প বাহির হয়। তাহাদের জাল বস্ত্রস্বরূপ হয় না, তাহারা আপনাদের কৃত বস্তুতে আচ্ছাদিত হয় না, এবং তাহাদের কর্ম্ম অধর্ম্মকর্ম্ম; তাহাদের হস্তে ৭ দৌরাত্ম্যরূপ কার্য্য থাকে। তাহাদের চরণ কুকর্ম্ম করিতে ধাবমান হয়, ও তাহারা নির্দ্দোষের রক্তপাত করিতে শীঘ্র গমন করে, ও তাহাদের চিন্তা পাপ-৮ চিন্তা, তাহাদের পথে অমঙ্গল ও বিনাশ থাকে। তাহারা কুশলের পথ জানে না, ও তাহাদের মার্গে বিচার নাই, তাহারা আপনাদের পথ বক্র করিয়াছে; যাহারা সেই পথে গমন করে, তাহারা মঙ্গল জানে ৯ না। অতএব বিচার আমাদের হইতে দূরে থাকে, ও ধর্ম্ম আমাদের সঙ্গ ধরিতে পারে না; আমরা দীপ্তির অপেক্ষা করি, কিন্তু অন্ধকার উপস্থিত আছে; ও আলোর অপেক্ষা করি, কিন্তু তিমিরে ১০ ভ্রমণ করি। আমরা অন্ধ লোকদের ন্যায় ভিত্তি পাইবার জন্যে হাতড়াই, ও দৃষ্টিহীন লোকদের ন্যায় ভ্রমণ করি; এবং যেমন সন্ধ্যাকালে তদ্রূপ মধ্যাহ্নেও আমাদের পাদ স্খলিত হয়, ও মৃত লোক-১১ দের ন্যায় অন্ধকার স্থানে থাকি। আমরা সকলে ভল্লুকের ন্যায় গর্জ্জন করি, ও ঘুঘুর ন্যায় নিত্য রব করি; আমরা বিচারের অপেক্ষা করি, কিন্তু কিছু নাই, এবং ত্রাণের অপেক্ষা করি, কিন্তু তাহা ১২ আমাদের হইতে দূরে থাকে। কেননা তোমার সাক্ষাতে আমাদের পাপ অনেক হইয়াছে, ও আমাদের অপরাধ আমাদের বিরুদ্ধে সাক্ষ্য দেয়, ও আমাদের পাপ আমাদিগেতে লগ্ন আছে, ও আমরা ১৩ আপনাদের অধর্ম্ম আপনারা জ্ঞাত আছি। আমরা পাপ করিয়া পরমেশ্বরের সহিত মিথ্যাব্যবহার করি, ও আপন ঈশ্বরহইতে পরাঙ্মুখ হই, ও উপদ্রব ও আজ্ঞালংঘনের কথা কহি, ও মনে২ গর্ব্ভধারণ করিয়া ১৪ মিথ্যাকথা প্রসব করি। বিচার পশ্চাতে ফিরিতেছে, ও ন্যায় দূরে দণ্ডায়মান থাকে; কেননা প্রশস্ত পথে সত্যতা স্খলিত হইতেছে, ও সরলতা প্রবেশ ১৫ করিতে পারে না; বরং সত্যতা হারাণ গিয়াছে, ও কুকর্ম্ম ত্যাগি লোক লুটদ্রব্য সদৃশ * হইতেছে।

১৬ পরমেশ্বর নিরীক্ষণ করিয়া ন্যায় না পাওয়াতে অসন্তুষ্ট হইবেন; এবং কোন পুরুষ বর্ত্তমান নাই, ইহা তিনি দেখিবেন; এবং কেহ মধ্যস্থ হয় না, ইহাতে চমৎকৃত হইবেন; তখন তাঁহার হস্ত ত্রাণ সিদ্ধ করিবে, ও তাঁহার ধর্ম্ম তাঁহার অবলম্বন হইবে। ১৭ তিনি ধর্ম্মরূপ বুকপাটা বদ্ধ করিবেন, ও মস্তকে ত্রাণরূপ শিরস্ত্র ধারণ করিবেন, ও প্রতিফলস্বরূপ বস্ত্র পরিধান করিবেন, ও প্রতাপরূপ উত্তরীয় বস্ত্র ১৮ গাত্রে দিবেন। তিনি কর্ম্মানুসারে প্রতিফল দিবেন; ও আপন শত্রুদিগকে ক্রোধ ও আপন বৈরিদিগকে প্রতিফল দিবেন, এবং দূরদেশীয়দিগকেও ১৯ প্রতিফল দিবেন। তখন পশ্চিমদেশ নিবাসিগণ পরমেশ্বরের নামে, ও সূর্য্যোদয় স্থানস্থিত লোকেরা তাঁহার মহিমাতে ভীত হইবে; যখন শত্রু নদীর ন্যায় বেগে আসিবে, তখন পরমেশ্বরের আত্মা তাহাকে ২০ নিবারণ † করিবেন। পরমেশ্বর এই কথা কহেন, সিয়োনের নিকটে অর্থাৎ যাকূব্ বংশের মধ্যে পাপহইতে পরাবৃত লোকদের নিকটে মুক্তিদাতা ২১ আসিবেন। পরমেশ্বর কহেন, আমি তাহাদের সহিত এই নিয়ম করিব, তোমাতে আবিষ্ট আমার যে আত্মা ও তোমার মুখে দত্ত আমার যে২ কথা, তাহা তোমার মুখহইতে ও তোমার সন্তানদের ও তোমার সন্তানদের সন্তানদের মুখহইতে অদ্যাবধি সদাকাল পর্য্যন্ত কখনো যাইবে না; পরমেশ্বর এই কথা কহেন।

৬০ অধ্যায়।

১ অন্যদেশীয়দের দ্বারা মণ্ডলীর বৃদ্ধি ৮ অল্প সময় দুঃখভোগ করণের পরে তাহার সুখ।

১ উঠ, দীপ্তিমান হও, কেননা তোমার দীপ্তি আসিতেছে, ও পরমেশ্বরের তেজ তোমার প্রতি উদয় পা- ২ ইতেছে। দেখ, অন্ধকার পৃথিবীকে ও ঘোর তিমির অন্যদেশীয়দিগকে আচ্ছন্ন করিতেছে; কিন্তু পরমেশ্বর তোমাতে উদয় পাইবেন, ও তাঁহার তেজ

---

[৩] যিশ ১; ১৫।—[৭,৮] রো ৩; ১৫, ১৬।—[৯] যির ৮; ১৫।—[১০] দ্বি ২৮; ২৯।—[১১] লে ২৬; ৩৯।
[১২,১৩] যির ৩; ২২-২৫। যিশ ৬৪; ৬,৭।—[১৬,১৭] ৬৩; ৩-৬। গী ১৮; ১,২।—[১৭] ইফ ৬; ১৪-১৭। ১ থি ৫; ৮।
[১৮] দ্বি ৩২; ৭। ৩২; ৩৫,৪১,৪২। মল ৪; ১।—[১৯] গী ১০২; ১৫। মল ১; ১১। যিশ ৬৬; ১৮-২০। গী ৪৬।
[২০] রো ১১; ২৬।—[২১] গী ২২; ৩০,৩১। প্রে ২; ৩৯।
[৬০ অধ্যা; ১] মল ৪; ২।—[২,৩] যিশ ২; ২-৫। ৪৯; ৬। ১ পি ২; ৯। প্র ২১; ২৩, ২৪।
* (বা) প্রমত্ত গণিত। † (বা) ধ্বজ তুলিবেন, বা পলায়ন করাইবেন।

৩ তোমার উপরে দৃষ্ট হইবে। তাহাতে অন্যদেশীয় লোকেরা তোমার দীপ্তিতে, ও রাজগণ তোমার নবীন ৪ কিরণে গমন করিবে। তুমি চতুর্দ্দিগে চাহিয়া দেখ, সকলে একত্র হইয়া তোমার কাছে আসিবে; তোমার পুত্রগণ দূরহইতে আসিবে, ও তোমার কন্যাগণ কক্ষে নীত হইবে। তখন তুমি তাহা দেখিয়া প্রসন্ন হইবা, এবং তোমার হৃদয় ধুক২ করিয়া বিস্তারিত হইবে; কেননা সমুদ্রের ধন * তোমার প্রতি বর্ত্তিবে, ও অন্যদেশীয়দের ধন তোমাতে উপস্থিত হইবে। ৬ এবং অনেক উষ্ট্র ও মিদিয়ন্ ও ঐফার যুব উষ্ট্র তোমাকে আবৃত করিবে, ও শিবা নিবাসি লোকেরা সুবর্ণ ও কুন্দুরু লইয়া আসিবে, ও পরমেশ্বরের ৭ প্রশংসা প্রকাশ করিবে। ও কেদরের তাবৎ পশুপালেরা তোমার নিকটে একত্র হইবে, ও নিবায়োতের মেষগণ তোমার সেবা করিবে, ও আমার যজ্ঞবেদির উপরে উৎসৃষ্ট হইয়া গ্রাহ্য হইবে, ও আমি আপনার ভূষণস্বরূপ মন্দির শোভিত করিব। ৮ মেঘের ন্যায় ও খোপের প্রতি উড্ডীয়মান কপোতের ন্যায় আসিতেছে যে ইহারা, ইহারা ৯ কে? দূরদেশীয় লোকেরা অবশ্য আমার অপেক্ষা করিবে, এবং তর্শীশের জাহাজ অগ্রসর হইয়া তোমার প্রভু পরমেশ্বরের নামের নিমিত্তে ও তোমার শোভাকারি ইস্রায়েলের ধর্ম্মস্বরূপের নিমিত্তে আপনাদের রূপা ও সুবর্ণের সহিত তোমার ১০ পুত্রদিগকে দূরহইতে আনিবে। এবং বিদেশীয়দের পুত্রগণ তোমার প্রাচীর গাঁথিবে, ও তাহাদের রাজগণ তোমার সেবা করিবে; আমি কোপ করিয়া তোমাকে প্রহার করিয়াছি, কিন্তু অনুগ্রহদ্বারা ১১ তোমাকে দয়া করিব। তোমার নিকটে অন্যদেশীয় সৈন্যের উপস্থিত হওনের † ও রাজগণের আনীত হওনের জন্যে তোমার দ্বার নিত্য ২ মুক্ত থাকিবে; ১২ দিনে কি রাত্রিতে সে দ্বার রুদ্ধ থাকিবে না। আর যে দেশ ও রাজ্য তোমার সেবা করিবে না, তাহারা বিনষ্ট হইবে, ও সে সকল দেশ সমূলে উচ্ছিন্ন ১৩ হইবে। লিবানোনের তেজ তোমাতে বিরাজমান হইবে, এবং ঝাউ ও তিধর ও তাশূর বৃক্ষ একত্র হইয়া আমার পবিত্র স্থান ভূষিত করণার্থে আসিবে, এবং আমি আপন পাদপীঠের স্থান ১৪ শোভাযুক্ত করিব। তোমার উপদ্রবকারিদের সন্তানগণ প্রণাম করিতে২ তোমার নিকটে আসিবে, এবং যাহারা তোমাকে তুচ্ছ জ্ঞান করিল, তাহারা তোমার পদতলে পড়িয়া প্রণাম করিবে, এবং তাহারা পরমেশ্বরের নগর ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপের সিয়োন্ বলিয়া তোমাকে সম্বোধন করিবে। ১৫ তুমি এমত ত্যক্ত ও ঘৃণিত ছিলা, যে কোন কেহ তোমার মধ্য দিয়া গেল না, কিন্তু আমি তোমাকে অনন্ত গৌরব ও পুরুষানুক্রমে আনন্দস্বরূপ করিব। ১৬ তুমি অন্যদেশীয়দের দুগ্ধ পান করিবা ও রাজগণের বক্ষঃস্থলে প্রতিপালিত হইবা; তাহাতে আমিই পরমেশ্বর তোমার ত্রাণকর্ত্তা ও মুক্তিদাতা ও যাকূবের পরাক্রান্ত রক্ষক, ইহা জানিতে পারিবা। ১৭ আমি পিত্তলের পরিবর্ত্তে সুবর্ণ, ও লৌহের পরিবর্ত্তে রৌপ্য আনয়ন করিব, ও কাষ্ঠের পরিবর্ত্তে পিত্তল, ও প্রস্তরের পরিবর্ত্তে লৌহ আনিব, এবং তোমার অধ্যক্ষকে মঙ্গলস্বরূপ ও তোমার করগ্রা- ১৮ হিকে ধর্ম্মস্বরূপ করিব। তোমার দেশে উপদ্রবের কথা, ও তোমার সীমাতে বিনাশ ও আপদের কথা আর শুনা যাইবে না; কিন্তু তুমি আপন প্রাচীরের নাম পরিত্রাণ, ও আপন দ্বারের নাম প্রশংসা ১৯ রাখিবা। এবং দিবসে তোমার প্রতি দীপ্তি দিতে সূর্য্য আর থাকিবে না, এবং রাত্রিতে চন্দ্রকিরণ তোমাকে আর দীপ্তি দিবে না, কিন্তু পরমেশ্বরই তোমার নিত্য আলোকস্বরূপ হইবেন, এবং তোমার ২০ ঈশ্বরই তোমার তেজস্বরূপ হইবেন। তোমার সূর্য্য আর অস্তগত হইবে না, ও তোমার চন্দ্র আর ক্ষীণ হইবে না; কেননা পরমেশ্বর তোমার নিত্য আলোকস্বরূপ হইবেন, এবং তোমার শোকের দিন ২১ অবসান হইবে। এবং তোমার তাবৎ লোক পুণ্যবান হইবে, ও দেশের নিত্য অধিকারী হইবে, এবং আমার গৌরবার্থে আমার রোপিত চারা ও ২২ হস্তকৃত ক্রিয়াস্বরূপ হইবে। এবং অল্প লোক সহস্র হইবে, এবং ক্ষুদ্র লোক বলবান জাতি হইবে; আমি পরমেশ্বর উচিত কালে তাহা ‡ সিদ্ধ করিব।

৬১ অধ্যায়।

১ খ্রীষ্টের কর্ম্মের বর্ণনা, ৪ ও তাহার ফল, ১০ ও ধার্ম্মিক লোকদের সুখ।

প্রভু পরমেশ্বরের আত্মা আমাতে আবির্ভূত আছেন; কেননা দরিদ্র লোকদের কাছে সুসমাচার প্রচার করিতে পরমেশ্বর আমাকে অভিষিক্ত করিলেন, এবং ভগ্নান্তঃকরণদিগকে বাঁধিতে, ও বন্দি

[৪,৫] যিশ ৪৯ ; ১৮-২৩। ৫৪ ; ১-৩।।—[৬-১০] গী ৬৮ ; ২৯-৩১। ৭২ ; ১০,১১,১৫। ৮৭ ; ৪-৬। গী ১০২ ; ২১,২২। হগা ২ ; ৭-৯।।—[৯] যিশ ৪২ ; ৪। ৫১ ; ৫।।—[১০] মিখ ৬ ; ১৫। যিশ ৫৪ ; ৭,৮।।—[১০,১১] প্র ২১ ; ২৪,২৫।।—[১২] মিথ ১৪ ; ১৭-১৯।।—[১৩] যিশ ৩৫ ; ১২,১৩।।—[১৪] ৪৯ ; ২৩।।—[১৬] ৪৯ ; ২৩। ৬১ ; ৬।।—[১৭] ১ রা ১০ ; ২৭।। [১৮] যিশ ২৬ ; ১।।—[১৯] মিথ ২ ; ৫।।—[১৯,২০] প্র ২১ ; ২৩,২৫। ২২ ; ৫।।—[২১] যিশ ১ ; ২৬,২৭। ৪ ; ২-৪। ২৯ ; ২৩। ৬১ ; ৩। প্র ২১ ; ২৭।।

[৬১ অধ্যা ; ১-৩] লূ ৪ : ১৬-২১। যিশ ৪২ ; ৬,৭। ৪৯ ; ৮,৯।।

* (ইব্রি) কলহ বা বাহুল্য। † (বা) বলের। ‡ (ইব্রি) শীঘ্র।

লোকদের প্রতি মুক্তি, ও কারাবদ্ধ লোকদের প্রতি ২ সম্পূর্ণ মুক্তি প্রচার করিতে; এবং পরমেশ্বরের গ্রাহ্য বৎসর ও আমাদের ঈশ্বরের প্রতিফলদানের দিন ঘোষণা করিতে, ও তাবৎ শোকান্বিত লোককে সা- ৩ ন্ত্বনা প্রদান করিতে, ও সিয়োনের শোকাকুল লোক- দিগকে আনন্দ দিতে, এবং ভস্মের পরিবর্ত্তে সুন্দর মুকুট ও শোকের পরিবর্ত্তে সুখরূপ তৈল, ও দুঃখিত মনের পরিবর্ত্তে স্তবরূপ বস্ত্র দিতে, ও স্বগৌরবার্থে তাহাদিগকে ধর্ম্মরূপ বৃক্ষ ও পরমেশ্বরের উদ্যান বলিয়া বিখ্যাত করিতে আমাকে প্রেরণ করিলেন।

৪ (তোমাদের সন্তানগণ) চিরকালের উচ্ছিন্ন স্থান গাঁথিবে, ও পূর্ব্বকালের নষ্ট স্থান সারিবে, এবং নরশূন্য ও পুরুষানুক্রমে ভগ্ন নগর নূতন করিবে। ৫ এবং বিদেশিগণ দাঁড়াইয়া তোমাদের পাল চরাইবে, এবং অন্যজাতীয় সন্তানেরা তোমাদের শস্যক্ষেত্রের ও দ্রাক্ষাক্ষেত্রের কৃষক হইবে; কিন্তু তোমরা পর- মেশ্বরের যাজক এই উপাধি পাইবা, ও আমাদের ৬ ঈশ্বরের সেবক নামে বিখ্যাত হইবা। তোমরা অন্যজাতীয়দের ধন ভোগ করিবা, ও তাহাদের ৭ ঐশ্বর্য্যেতে শ্লাঘা করিবা। এবং অপমানের পরিবর্ত্তে দ্বিগুণ সম্মান পাইবা, ও লজ্জার পরিবর্ত্তে অধিকা- রের আনন্দ পাইবা, কেননা তোমরা আপনাদের দেশে দ্বিগুণ সুখ অধিকার করিবা, ও তোমাদের ৮ অনন্ত আহ্লাদ হইবে। আমি পরমেশ্বর ন্যায় ভাল বাসি, এবং অপহরণ ও অযথার্থতা ঘৃণা করি; আমি সত্যতাতে তাহাদের ক্রিয়ার ফল দিব, ও তাহাদের ৯ সহিত অনন্ত নিয়ম স্থির করিব। তাহাদের বংশ অন্যজাতীয়দের মধ্যে, ও তাহাদের সন্তানগণ অন্য লোকদের মধ্যে বিখ্যাত হইবে, অর্থাৎ ইহারা পর- মেশ্বরের বরপ্রাপ্ত বংশ, লোক সকল তাহাদিগকে দেখিয়া ইহা স্বীকার করিবে।

১০ ‘আমি পরমেশ্বরেতে অতিশয় আনন্দ করিব, ও আমার প্রাণ ঈশ্বরেতে উল্লাস করিবে; কেননা যেমন বর ধর্ম্মালঙ্কারদ্বারা আপনাকে বিভূষিত করে, ও যেমন কন্যা রত্নদ্বারা আপনাকে অল- ঙ্কৃতা করে, তদ্রূপ তিনি ত্রাণরূপ বস্ত্রেতে আমাকে বস্ত্রান্বিত করেন, ও পুণ্যরূপ পরিচ্ছদেতে আমাকে ১১ আচ্ছাদিত করেন। পৃথিবী যেমন অঙ্কুর নির্গত করে, ও উদ্যান যেমন চারা বৃদ্ধি করে, তদ্রূপ প্রভু পরমেশ্বর তাবজ্জাতীয় লোকদের গোচরে পুণ্য ও প্রশংসাকে অঙ্কুরিত করিবেন।’

৬২ অধ্যায়।

১ মণ্ডলীর প্রতি ভবিষ্যদ্বক্তার প্রার্থনা, ৬ ও তাহার রক্ষকদের উপযুক্ত কর্ম্মের বর্ণনা।

১ সিয়োনের ধর্ম্ম যাবৎ অরুণকিরণের ন্যায় উদিত না হয়, ও তাহার পরিত্রাণ প্রজ্বলিত প্রদীপের ন্যায় না হয়, তাবৎ আমি সিয়োনের বিষয়ে নীরব থাকিব না, ও যিরূশালমের বিষয়ে ক্ষান্ত থাকিব না। ২ তাহাতে অন্যদেশীয় লোক তোমার ধর্ম্ম, ও রাজগণ তোমার তেজ দর্শন করিবে, এবং তুমি পরমেশ্বরের মুখদ্বারা উক্ত এক নূতন নামেতে বিখ্যাত হইবা। ৩ এবং পরমেশ্বরের হস্তস্থিত সুন্দর এক মুকুটস্বরূপ, ও তোমার ঈশ্বরের করস্থিত রাজকিরীটস্বরূপ হই- ৪ বা। তাহাতে তুমি আর ত্যক্তা নামে বিখ্যাতা হইবা না, এবং দেশও নরশূন্য নামে বিখ্যাত হইবে না, কিন্তু আমার সন্তোষজনিকা * এই নামে তুমি বিখ্যাতা হইবা, ও তোমার ভূমি বিবাহিতা † নামে বিখ্যাতা হইবে; কেননা পরমেশ্বর তোমাতে সন্তুষ্ট ৫ হইবেন, এবং তোমার দেশ বিবাহিত হইবে। যেমন যুবলোক অনূঢ়া কন্যাকে বিবাহ করে, তদ্রূপ তো- মার নির্ম্মাণকর্ত্তা তোমাকে বিবাহ করিবেন; এবং যেমন বর কন্যাতে আনন্দ করে, তদ্রূপ তোমার ঈশ্বর তোমাতে আনন্দ করিবেন।

৬ হে যিরূশালম, আমি তোমার প্রাচীরের উপরে প্রহরিগণকে নিযুক্ত রাখিলাম; তাহারা তাবদ্দিন ৭ ও সমস্ত রাত্রি নীরব থাকিবে না। হে পরমেশ্বরের নাম প্রকাশকগণ, ‡ তোমরা ক্ষান্ত থাকিও না; তিনি যাবৎ যিরূশালম্‌কে স্থির না করেন, ও পৃথিবীর মধ্যে তাহাকে প্রশংসার পাত্র না করেন, তাবৎ ৮ তাঁহাকেও ক্ষান্ত থাকিতে দিও না। কেননা পরমে- শ্বর আপন দক্ষিণ হস্ত ও সবল বাহু তুলিয়া এই শপথ করিয়াছেন, আমি তোমার শস্য তোমার শত্রুদিগকে আর ভোজন করিতে দিব না, এবং তুমি পরিশ্রম করিয়া যে দ্রাক্ষারস প্রস্তুত করিবা, তাহা ৯ বিদেশি সন্তানেরা পান করিতে পাইবে না। কিন্তু যাহারা শস্য কাটিবে, তাহারাই তাহা ভোজন করিয়া পরমেশ্বরের ধন্যবাদ করিবে; ও যাহারা দ্রাক্ষাফল সংগ্রহ করিবে, তাহারাই আমার পবিত্র প্রাঙ্গণে

---

[২] লে ২৫ ; ৮-১০। যিশ ৬০ ; ৪॥—[৩] ৬০ ; ২১। গী ৯২ ; ১২-১৫॥—[৪] ৫৮ ; ১২। যিহি ৩৬ ; ৩৩-৩৬॥—[৫] লে ২৫ ; ৩১-৪৬॥—[৬] ১ পি ২ ; ৫,৯। যিশ ৬০ ; ৫-১৬॥—[৭] ৪০ ; ২। জিখ ৯ ; ১২॥—[৮] যিশ ১ ; ১১-১৫,২৫-২৭। ৫৫ ; ৩। যির ৩২ ; ৩১ ৩৭॥—[৯] যিশ ৬৫ ; ২৩। গী ২২ ; ৩০,৩১॥—[১০] প্র ১৯ ; ৭,৮। ২১ ; ২। গী ১৩২ ; ৯, ১৬॥ [১১] গী ৮৫ ; ১১। ৯২ ; ১২-১৫॥

[৬২ অধ্যা ; ১] প ৬,৭॥—[২] প ৪, ১২। যিশ ৬০ ; ৩॥—[৪] হো ১ ; ১০। ২ ; ১৯,২৩। যিশ ৫৪ ; ১,৫-৮॥ [৫] ৬৫ ; ১৯॥—[৬,৭] গী ৮৫। ১১৫॥—[৮] দ্বি ২৮ ; ৩০-৩৪। যিশ ৬৫ ; ২১-২৩॥—[৯] দ্বি ১২ ; ১৭,১৮। ১৪ ; ২২-২৬॥

* (ইব্রী) হিফ্সীবা। † (ইব্রী) বিয়ূলা। ‡ (ইব্রী) স্মারক।

১০ তাহার রস পান করিবে। তোমরা প্রবেশ কর, দ্বার দিয়া প্রবেশ কর, এবং লোকদের জন্যে পথ প্রস্তুত কর, ও জাঙ্গাল বাঁধিয়া রাখ, বাঁধিয়া রাখ, ও প্রস্তর কুড়াও, এবং লোকদের জন্যে ধ্বজা ১১ তুল। দেখ, পরমেশ্বর পৃথিবীর অন্ত পর্য্যন্ত এ কথা প্রচার করিতেছেন, তোমরা সিয়োনের কন্যাকে বল, দেখ, তোমার ত্রাণকর্ত্তা আসিতেছেন। ১২ দেখ, তাঁহার দাতব্য ফল তাঁহার সঙ্গে আছে, ও তাঁহার পুরস্কার তাঁহার অগ্রে আছে, তাহাতে তাহারা পবিত্র ও পরমেশ্বরের মুক্ত লোক নামে বিখ্যাত হইবে, এবং তুমি যাচিতা ও অত্যক্তা নগরী বলিয়া বিখ্যাতা হইবা।

৬৩ অধ্যায়।

১ খ্রীষ্টের ও তাঁহার জয়ের বর্ণনা, ৮ এ মণ্ডলীর প্রতি দয়া, ১৫ ও তাঁহাতে আপন লোকদের শরণাগত হওন।

১ 'যিনি ইদোম্ দেশহইতে আগমন করিতেছেন, ও রক্তবর্ণ বস্ত্রেতে বস্ত্রান্বিত হইয়া বস্রাহইতে আসিতেছেন, ও ঐশ্বর্য্যরূপ বস্ত্রদ্বারা ভূষিত হইয়া আপন মহত্ত্বের বলেতে আগমন করিতেছেন ইনি কে?'

"ধর্ম্মপ্রকাশক ও পরিত্রাণ করিতে পারগ আমি।"

২ 'তোমার বস্ত্র রক্তবর্ণ ও দ্রাক্ষাযন্ত্র মর্দ্দকের ন্যায় তোমার পরিচ্ছদ কেন?'

৩ "আমি একাকী তাবৎ দ্রাক্ষা দলন করিলাম, লোকদের মধ্যে কেহ আমার সঙ্গে ছিল না, আমি ক্রোধেতে তাহাদিগকে দলন করিলাম, ও কোপ ভরেতে তাহাদিগকে পেষণ করিলাম; এই নিমিত্তে আমার বস্ত্রে তাহাদের রক্তের ছিটা লাগিল, ও ৪ আমার তাবৎ পরিচ্ছদ মলিন হইল। কেননা প্রতিফলদানের দিন আমার মনে পড়িল, ও আমার ৫ মোক্তব্য লোকদের বৎসর উপস্থিত হইল। তাহাতে আমি দৃষ্টি করিলাম, কেহ উপকারী নাই; এবং আশ্চর্য্য জ্ঞানে দৃষ্টি করিলাম, কেহ সহায় নাই; অতএব আমার হস্ত আমার জন্যে জয় সিদ্ধ করিল, ৬ ও আমার ক্রোধ আমার সহায়তা করিল। তাহাতে আমি আপন ক্রোধেতে লোকদিগকে দলন করিলাম, ও আপন কোপেতে তাহাদিগকে পেষণ করিলাম, ও মৃত্তিকাতে তাহাদের রক্তপাত করিলাম।"

৭ পরমেশ্বর আমাদের যে সকল মঙ্গল করিয়াছেন, অর্থাৎ আপন অনুগ্রহ ও বাহুল্য দয়ানুসারে ইস্রায়েল্ বংশের প্রতি যে মহামঙ্গল করিয়াছেন, তদনুসারে আমি তাঁহার অনুগ্রহ ও প্রশংসা স্মরণ ৮ করাইব। কেননা তিনি কহিলেন, তাহারা অবশ্য আমার লোক ও অপ্রতারক সন্তান হইবে; অতএব ৯ তিনি তাহাদের ত্রাণকর্ত্তা হইলেন। এবং তাহাদের তাবৎ দুঃখেতে দুঃখগ্রস্ত হইলেন*, ও তাঁহার মূর্ত্তিস্বরূপ দূত তাহাদিগকে পরিত্রাণ করিলেন; তিনি আপনি প্রেম ও স্নেহ করিয়া তাহাদিগকে মুক্ত করিলেন, এবং পূর্ব্বকালের সমস্ত দিন তাহাদিগকে ধারণ করিয়া বহন করিলেন। কিন্তু তাহারা ১০ অত্যাচার করিয়া তাঁহার পবিত্র আত্মাকে এমত শোকাকুল করিল, যে তিনি তাহাদের শত্রু হইয়া আপনি তাহাদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন। ১১ তখন তাঁহার লোকেরা পূর্ব্বকাল ও মূসাকে স্মরণ করিয়া কহিল, 'যিনি আপন পালরক্ষকের দ্বারা তাহাদিগকে সমুদ্রহইতে আনয়ন করিলেন, তিনি কোথায়? এবং যিনি তাহার অন্তরে আপন পবিত্র ১২ আত্মা রাখিলেন, তিনি কোথায়? তিনি আপন অনন্ত খ্যাতির নিমিত্তে মূসার দক্ষিণে আপন তেজোময় হস্ত চালাইয়া তাহাদের সম্মুখে জলকে ১৩ দুই ভাগ করিলেন; এবং গভীর জলের মধ্য দিয়া তাহাদিগকে লইয়া গেলে তাহারা প্রান্তরস্থ ১৪ অশ্বের ন্যায় স্খলিত হইল না। যেমন পশুপাল নিম্নভূমিতে নামিলে পরমেশ্বরের আত্মা তাহাদিগকে শান্ত করিলেন, তেমনি তুমি আপন নামের গৌ- ১৫ রব করিতে আপন লোককেও লইয়া গেলা। তুমি স্বর্গহইতে অবলোকন কর, ও আপন পবিত্র ও জ্যোতির্ম্ময় বসতিহইতে অবলোকন কর। তোমার উদ্যোগ ও মহাপরাক্রম কোথায়? অন্তরস্থ স্নেহ ও দয়া ১৬ কি আমাদের প্রতি বাধিত আছে? তুমি অবশ্য আমাদের পিতা; যদ্যপি ইব্রাহীম্ আমাদিগকে জানে না, ও ইস্রায়েল্ আমাদিগকে স্বীকার করে না, তথাপি হে পরমেশ্বর, তুমি আমাদের পিতা, ও পূর্ব্বকালাবধি আমাদের মুক্তিদাতা নাম ধারণ ১৭ করিতেছ। হে পরমেশ্বর, তুমি আপন পথহইতে আমাদিগকে কেন ভ্রমণ করাও? ও তোমাকে ভয় না করিতে আমাদের অন্তঃকরণকে কেন কঠিন কর? তুমি আপন দাসদের ও আপন অধিকারের বংশ- ১৮ দের নিমিত্তে ফির। তোমার পবিত্র লোক তোমার পবিত্র স্থান অল্পকালে অধিকার করিলে আমাদের ১৯ শত্রুগণ তাহা পদতলে দলিত করে। তুমি যাহাদের

[১০] গী ১১৮; ১৯,২০। যিশ ৫৭; ১৪। ১১; ১০-১২ ॥—[১১] যিশ ৫৫; ৪। ৪০; ৯,১০। প্র ২২; ১২॥—[১২] প ৪॥
[৬৩ অধ্যা; ১-৬] যিশ ৩৪; ৫-৮। ৫৯; ১৬-১৮। প্র ১৪; ১৯,২০। ১৯; ১১-১৬॥—[৭]দ্বি ৩২; ৩৩,৪১,৪২॥—[৫]গী ৯৮; ১। ১১৮; ১৫,১৬॥—[৮] যির ৩; ১৯॥—[৯] যা ২৩; ২১-২০। ৩৩; ১৪,১৫।দ্বি ১; ৩১। ৮; ২-৫। ৩২; ৯।১৪। গী ১০৬; ৪৩-৪৫। প্রে ১৪; ১৭-২২॥—[১০] দ্বি ৩২; ১৫-৩১। গী ৭৮; ৫৬-৬০॥—[১১] যিশ ৫১; ৯,১০॥
[১১-১৪] যা ১৪; ১৫-৩১। গী ৭৪; ১২-১৫। ৭৭; ১৪-২০॥—[১৫]গী ৮০; ১৪। ১ রা ৮; ৪৬-৫১॥—[১৬]দ্বি ৩২; ৬। যিশ ৬৪; ৮॥—[১৭] যিশ ৬; ৯,১০। ৪৯; ৫-১২॥—[১৮] যিশ ৬৪; ১০,১১। গী ৭৪॥—[১৯] গী ১৪৭; ১৯,২০॥

* (বা) ক্লান্ত বা বিপক্ষ হইলেন না।

উপরে কর্ত্তৃত্ব কর নাই, ও যাহারা তোমার নামে বিখ্যাত নয়, তাহাদের ন্যায় আমরাও হইয়াছি।

৬৪ অধ্যায়।

১ মণ্ডলীর প্রার্থনা ও বিলাপ কথা।

১ "আহা, তুমি আকাশ ভেদ করিয়া নাম, ও পর্ব্বতগণ তোমার সাক্ষাতে কম্পবান হউক! ২ যেমন অগ্নি শুষ্ক কাষ্ঠ দগ্ধ করে, ও যেমন বহ্নি জল ফুটায়, তদ্রূপ তোমার শত্রুদের কাছে তোমার নাম প্রকাশিত হউক, ও অন্যজাতীয় লোক তোমার সাক্ষাতে কম্পবান হউক। ৩ যখন তুমি আমাদের অনপেক্ষিত ভয়ানক ক্রিয়া করিলা, তৎকালে তুমি নামিলে তোমার সাক্ষাতে পর্ব্বতগণ কম্পবান হইল। ৪ হে ঈশ্বর, যে কর্ম্ম তুমি আপন আশ্রিত লোকদের নিমিত্তে করিয়া থাক, তাহা তোমা ব্যতিরেকে পূর্ব্বাবধি * কেহ কখনো শুনে নাই, ও কাহারো কর্ণগোচর হয় নাই ও কেহ চক্ষুতে দেখে নাই। ৫ যাহারা আনন্দপূর্ব্বক ধর্ম্মকর্ম্ম করে, ও তোমার পথে তোমাকে স্মরণ করে, তাহাদের সহিত তুমি সাক্ষাৎ করিতেছ; কিন্তু আমরা পাপ করাতে তুমি ক্রুদ্ধ হইয়াছ, তাহাতে পূর্ব্বাবধি লিপ্ত হওয়াতে আমরা কি পরিত্রাণ পাইব? ৬ আমরা সকলে অশুচি দ্রব্যের † ন্যায় হইয়াছি, ও আমাদের তাবৎ পুণ্য কর্ম্ম অশুচি বস্ত্রের ন্যায়; ও আমরা সকলে শুষ্ক পত্রের ন্যায় হওয়াতে আমাদের পাপ বায়ুর ন্যায় আমাদিগকে লইয়া যায়। ৭ কেহ তোমার নামে প্রার্থনা করে না, ও কেহ তোমার আশ্রয় লইতে প্রবৃত্ত হয় না; তুমি আমাদিগহইতে আপন মুখ গুপ্ত করিতেছ, ও আমাদের অধর্ম্ম প্রযুক্ত আমাদিগকে ক্ষীণ করিতেছ। ৮ কিন্তু হে পরমেশ্বর, তুমি আমাদের পিতা; আমরা মৃত্তিকাস্বরূপ, তুমি আমাদের নির্ম্মাণকর্ত্তা, আমরা সকলেই তোমার হস্তকৃত বস্তু। ৯ হে পরমেশ্বর, তুমি অত্যন্ত ক্রুদ্ধ হইও না, ও চিরকাল আমাদের পাপ মনে রাখিও না, আমরা সকলে তোমার লোক; বিনতি করি, আমাদের প্রতি দৃষ্টি কর। ১০ তোমার পবিত্র নগর সকল অরণ্যতুল্য হইয়াছে, ও সিয়োন্ বনের ন্যায় হইয়াছে, ও যিরূশালম্ নরশূন্য হইয়াছে। ১১ আমাদের পূর্ব্বপুরুষেরা যে স্থানে তোমার প্রশংসা করিয়াছিল, সেই পবিত্র ও সুন্দর মন্দির অগ্নিদ্বারা দগ্ধ হইয়াছে, তাহাতে আমাদের তাবৎ অভিলষিত দ্রব্য উচ্ছিন্ন হইয়াছে। ১২ হে পরমেশ্বর, এই সকল দেখিয়াও তুমি কি ক্ষান্ত হইবা? ও নীরব হইয়া কি আমাদিগকে অত্যন্ত দুঃখ দিবা?"

৬৫ অধ্যায়।

১ অন্যদেশীয়দের গ্রাহ্য করণ ও যিহূদিদের অগ্রাহ্য করণ, ৮ ও অবশিষ্ট লোকদের রক্ষা, ১১ ও দুষ্ট লোকদের শাস্তি, ১৬ ও ধার্ম্মিকদের সুখ।

১ যাহারা আমার বিষয়ে জিজ্ঞাসাও করে নাই, তাহারা আমাকে জ্ঞাত হইয়াছে; ও যাহারা আমার বিষয়ে চেষ্টাও করে নাই, তাহারা আমাকে পাইয়াছে; ও যে দেশীয় লোকেরা আমার নামে কখনো বিখ্যাত হয় নাই, তাহাদের কাছে 'আমাকে দেখ, আমাকে দেখ,' এই কথা আমি কহিয়াছি। ২ এবং যে লোকেরা আজ্ঞালঙ্ঘন করে, ও আপনাদের কল্পনানুসারে কুপথে গমন করে, তাহাদের প্রতি আমি সমস্ত দিন হস্ত বিস্তার করিয়া আছি। ৩ এই লোকেরা আমার সাক্ষাতে নিত্য২ আমার ক্রোধজনক কর্ম্ম করে, ও উদ্যানের মধ্যে বলিদান করে, ও ইষ্টকার উপরে সুগন্ধি দ্রব্য জ্বালায়। ৪ তাহারা শ্মশানে বাস করে, এবং পর্ব্বতের গহ্বরে রাত্রি যাপন করে, ও শূকরের মাংস ভোজন করে, ও আপনাদের পাত্রে ঘৃণ্য মাংসের ঝোল রাখে, ৫ এবং 'আমাহইতে দূর হও, আমার নিকটেও আসিও না, আমি তোমাহইতে পবিত্র,' এই কথা কহে; ইহারা আমার নাসিকার প্রতি ধূমস্বরূপ ও সমস্ত দিন প্রজ্বলিত অগ্নিস্বরূপ। ৬ দেখ, আমার নিকটে ইহা লিখিত আছে, আমি নীরব হইয়া থাকিব না, অবশ্য প্রতিফল দিব, ও তাহাদের বক্ষস্থলে প্রতিফল দিব। ৭ পরমেশ্বর কহেন, যাহারা পর্ব্বতের উপরে সুগন্ধি দ্রব্য পোড়াইয়াছে ও উপপর্ব্বতের উপরে আমার অপমান করিয়াছে, তোমাদের এমত পূর্ব্বপুরুষদের অধর্ম্মের ফল এবং তোমাদের অধর্ম্মের ফল আমি দিব; এক সময়ে পূর্ব্বকালের ক্রিয়ার সমুচিত ফল মাপিয়া তোমাদের বক্ষস্থলে দিব।

৮ পরমেশ্বর এই কথা কহেন, যেমন গুচ্ছে দ্রাক্ষাফলের রস পাওয়া যায় ও লোক বলে, ইহা বিনষ্ট করিও না, ইহাতে মঙ্গল আছে, তদ্রূপ আমি আপন সেবকদের জন্যে করিব, তাবৎ বংশকে বিনষ্ট করিব না। ৯ আমি যাকূব্‌হইতে এক বংশ, এবং যিহূদাহইতে আপন পর্ব্বতের এক অধি-

[৬৪ অধ্যা; ১-৩] গী ১৪৪; ৫,৬। ৬৮; ৭,৮। হ ৩; ২-৬॥—[৪] দ্বি ৪; ৩২-৪০। ১ ক ২; ৯॥—[৫] দ্বি ২৮; ৪৭॥ [৫-৭] যিশ ৫৯; ৯-১৫। গী ৯০॥—[৮] যিশ ৬৩; ১৬। যির ১৮; ৬। যূব ১০; ৩,৯॥—[৯-১২] গী ৭৪। ৭৯॥ [১১] ২ রা ২৫; ৯। ২ বং ৩৬; ১৯। ম ২৪; ২॥

[৬৫ অধ্যা; ১,২] রো ১০; ২০,২১॥—[২-৭] ২ বং ৩৬; ১৪-১৬॥—[৩] দ্বি ৩২; ২১। যিশ ১; ২৯। ৬৬; ১৭॥ [৪] ৬৬; ১৭। লে ১১; ৭। দ্বি ১৪; ৮॥—[৫] লূ ৫; ৩০॥—[৬,৭] দ্বি ৩২; ২২,২৩,৪১। যিশ ৫৭; ২০,২১॥ [৮] যির ৩০; ১১। ম ২৪; ২২॥—[৯] রো ১১ ৫; ৭। যিহি ৬; ৮,৯॥

* (বা) এমন ঈশ্বরকে কেহ। † (বা) লোকের।

কারিকে উৎপন্ন করিব, এবং আমার মনোনীত লোক তাহা অধিকার করিবে, ও আমার সেবকেরা ১০ সেখানে বসতি করিবে। আমার যে লোকেরা আমার অন্বেষণ করিবে, তাহাদের নিমিত্তে শারোণে মেষপালের খোঁয়াড় হইবে, এবং আখোরের নিম্নস্থানে পশুপালের শয়নস্থান হইবে।

১১ তোমরা পরমেশ্বরকে ত্যাগ করিয়াছ*, ও আমার পবিত্র পর্ব্বতকে বিস্মৃত হইয়াছ, ও গাদের জন্যে এক ভোজনাসন প্রস্তুত করিয়াছ, এবং মিনীকে ১২ পানীয় উৎসর্গ করিয়াছ। এই নিমিত্তে আমি তোমাদিগকে খড়্গের ধারে নিযুক্ত করিব, এবং তোমরা সকলে মারণে পতিত হইবা; কেননা আমি ডাকিলে তোমরা উত্তর দিলা না, ও আমি কহিলে তোমরা শুনিতে চাহিলা না, কিন্তু আমার গোচরে কুক্রিয়া করিলা, এবং যাহাতে আমার সন্তোষ ১৩ নাই, তাহাই মনোনীত করিলা। অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমার দাসেরা ভোজন করিবে, কিন্তু তোমরা ক্ষুধার্ত্ত হইবা; ও দেখ, আমার দাসেরা পান করিবে, কিন্তু তোমরা ১৪ তৃষ্ণার্ত্ত হইবা। দেখ, আমার দাসেরা আনন্দ করিবে, কিন্তু তোমরা লজ্জিত হইবা; ও দেখ, আমার দাসেরা মনের আহ্লাদ প্রযুক্ত উচ্চৈঃস্বর করিবে, কিন্তু তোমরা মনের দুঃখে আর্ত্তস্বর ১৫ করিবা, ও মনস্তাপে অতিশয় বিলাপ করিবা। এবং আমার মনোনীত লোকদের নিকটে তোমাদের নাম শাপগ্রস্ত রাখিয়া যাইবা; প্রভু পরমেশ্বর তোমাদিগকে বধ করিয়া আপনার দাসদিগকে অন্য নামে বিখ্যাত করিবেন।

১৬ পরে যে জন পৃথিবীতে আপনাকে ধন্য করিয়া মানে, সে সত্য ঈশ্বরদ্বারা আপনাকে ধন্য করিয়া মানিবে; এবং যে জন পৃথিবীতে শপথ করিবে, সে সত্য ঈশ্বরদ্বারা শপথ করিবে, কেননা পূর্ব্বকালের দুঃখ বিস্মৃত হইবে, ও আমার দৃষ্টিহইতে ১৭ আচ্ছন্ন হইবে। কেননা দেখ, আমি নূতন আকাশমণ্ডল ও নূতন পৃথিবীর সৃষ্টি করিব; এবং পূর্ব্বে যাহা ছিল, তাহা স্মরণে থাকিবে না, এবং আর ১৮ কখনো মনে পড়িবে না। কিন্তু আমি যাহা সৃষ্টি করিব, তাহাতে তোমরা সর্ব্বকালে আহ্লাদ ও আনন্দ করিবা; কারণ দেখ, আমি যিরূশালমকে আনন্দস্বরূপ ও তাহার লোকদিগকে আহ্লাদস্বরূপ করিব। আমি যিরূশালমের বিষয়ে আনন্দ ১৯ করিব, ও আপন লোকদের বিষয়ে আহ্লাদ করিব, তাহার মধ্যে ক্রন্দনের কি হাহাকারের শব্দ আর শুনা যাইবে না। এবং সে স্থানে কোন ২০ বালক অল্পায়ু ও কোন বৃদ্ধ অসম্পূর্ণায়ু হইবে না, এবং যে কেহ এক শত বৎসর বয়ঃক্রমে মরে, সেও বালকরূপে গণিত হইবে; এবং যে পাপী এক শত বৎসর বয়সে মরে, সে শাপগ্রস্ত হইবে। এবং ২১ এই লোকেরা গৃহ নির্ম্মাণ করিয়া তন্মধ্যে বসতি করিবে, ও দ্রাক্ষাক্ষেত্র প্রস্তুত করিয়া তাহার ফল ভোগ করিবে; তাহার যে গৃহ নির্ম্মাণ করে, অন্য ২২ লোক তাহাতে বাস করিবে না; ও যে বৃক্ষ রোপণ করে, অন্য লোক তাহার ফল ভোগ করিবে না; ফলতঃ আমার লোকেরা বৃক্ষের আয়ুর ন্যায় দীর্ঘায়ু হইবে, এবং আমার মনোনীত লোকেরা আপন হস্তকৃত কর্ম্ম শেষ পর্য্যন্ত ভোগ করিবে। তাহারা ২৩ বৃথা পরিশ্রম করিবে না, ও বিনাশ্য বালকদের জন্ম দিবে না, এবং তাহারা ও তাহাদের সন্তানগণ উভয়ে পরমেশ্বরের বরপ্রাপ্ত বংশ হইবে। এবং ২৪ তাহাদের প্রার্থনা করণের পূর্ব্বে আমি উত্তর দিব, ও বলিবামাত্র আমি শুনিব। পরমেশ্বর কহেন, ২৫ কেন্দুয়া ব্যাঘ্র ও মেষশাবক এক স্থানে চরিবে, এবং সিংহ গোরুর ন্যায় ঘাস ভোজন করিবে, ও ধূলা সর্পের খাদ্য হইবে। তাহারা আমার পবিত্র পর্ব্বতের কোন স্থানে হিংসা ও বিনাশ করিবে না।

৬৬ অধ্যায়।

১ পরমেশ্বরের অনুগ্রহের কথা ৩ ও কপটিদের প্রতি অনুযোগ করণ ৫ ও নম্র লোকদের সান্ত্বনা ৭ ও মণ্ডলীর বৃদ্ধি ও সুখ ১৫ ও দুষ্ট লোকদের বিনাশ।

১ পরমেশ্বর কহেন, স্বর্গই আমার সিংহাসন, ও পৃথিবী আমার পাদপীঠ, তবে তোমরা আমার নিমিত্তে কোথায় গৃহ নির্ম্মাণ করিবা? ও আমার ২ বিশ্রামস্থান কোথায়? পরমেশ্বর কহেন, এ সকল বস্তু আমার হস্তকৃত হওয়াতে বর্ত্তমান আছে; কিন্তু যে জন নম্র ও ক্ষুণ্নমনাঃ ও আমার কথাতে কম্পিত, এমত লোকের প্রতি আমি দৃষ্টিপাত করিব।

৩ যে জন গো বলিদান করে, সে মনুষ্যকে হত্যা করে; এবং যে কেহ মেষশাবক বলিদান করে, সে কুক্কুরের মস্তক ছেদন করে; ও যে কেহ নৈবেদ্য

[১০]যি ৭; ২৪-২৬। হো ২; ১৫॥—[১১] গী ৩৮; ১৬,১৭॥—[১১,১২]২ ব ৩৬; ১৪-১৬॥—[১২]প ২। যিশ ৫০; ২। ৬৬; ৪। হি ১; ২৪-৩১॥—[১৩-১৫]দ্বি ২৮॥—[১৬]দ্বি ৩০; ১-১০॥—[১৭]২ পি ৩; ১৩। প্র ২১; ১॥—[১৯]যিশ ৩৫; ১০। ৫১; ১১। ৬২; ৫। প্র ২১; ৪॥—[২০]আ ৫॥—[২১-২৩]যিশ ৬২; ৮। দ্বি ২৮; ৩০-৪২॥—[২২]প ৯,২০॥—[২৩] যিশ ৬১; ৯। গী ২২; ৩০,৩১। প্রে ২; ৩৮,৩৯॥—[২৪] যির ৩১; ১৮-২০ ॥—[২৫] যিশ ১১; ৬-৯। আ ৩; ১৪॥ [৬৬ অধ্যা; ১] ১ রা ৮; ২৭। প্রে ৭; ৪৮,৪৯। ১৭; ২৪॥—[২] যিশ ৫৭; ১৫। ম ৫; ৩-৬॥—[৩] যিশ ১; ১১-১৫॥ যিহি ১৪; ৭,৮। ২৩; ৩৯॥

* (ইব্রী) হে পরমেশ্বরত্যাগী সকল, তোমরা।

উৎসর্গ করে, সে শূকরের রক্ত দেয়; ও যে জন সুগন্ধি ধূপ জ্বালায়, সে প্রতিমার প্রশংসা করে; তাহারা আপন২ পথ মনোনীত করে, এবং তাহা- ৪ দের মন আপনাদের ঘৃণ্য দ্রব্যেতে তৃপ্ত হয়। অত- এব আমি তাহাদের আপদ মনোনীত করিব, এবং তাহারা যাহা ভয় করে, তাহাদের প্রতি তাহাই ঘটা- ইব; কেননা আমি ডাকিলে তাহাদের কেহ উত্তর দিল না, ও কহিলে কেহ শুনিতে চাহিল না, কিন্তু আমার সাক্ষাতে যাহা মন্দ তাহাই করিল, এবং যাহা আমার অসন্তোষক তাহাই মনোনীত করিল।

৫ পরমেশ্বরের কথাতে কম্পবান যে তোমরা, তো- মরা পরমেশ্বরের কথা শুন; তোমাদের যে ভ্রাতৃগণ তোমাদিগকে ঘৃণা করে, এবং আমার নামের নিমিত্তে তোমাদিগকে বলেতে দূর করে, তাহারা কহে, 'পরমেশ্বরের মহিমা প্রকাশিত হউক;' কিন্তু তিনি তোমাদের আনন্দের জন্যে প্রত্যক্ষ হইবেন*, ৬ এবং তাহারা লজ্জিত হইবে। নগরহইতে এক কলহের শব্দ ও মন্দিরহইতে এক রব শুনা যায়; শত্রুদের প্রতিফলদাতা পরমেশ্বরের রব শুনা যায়।

৭ বেদনার পূর্ব্বে প্রসব করে, ও গর্ভযন্ত্রণার পূর্ব্বে ৮ পুত্র ভূমিষ্ঠ হয়, এমত কথা কে শুনিয়াছে? ও এমত কার্য্য কে দেখিয়াছে? এক দিবসে কি রাজ্যসমূহ উৎপন্ন হয়? কোন দেশীয় লোকসমূহ কি এক নিমিষের মধ্যে জন্মিতে পারে? কিন্তু গর্ভবেদনা ৯ হইবামাত্র সিয়োন্ সন্তান প্রসব করিবে। পরমে- শ্বর কহেন, আমি জন্মকাল পর্য্যন্ত রক্ষা করিয়া শেষে কি জন্মাইতে শক্তি দিব না? তোমার ঈশ্বর কহেন, জন্মদাতা আমি কি প্রসব রোধ করিব? ১০ হে যিরূশালমে প্রেমকারিগণ, তাহার সহিত আনন্দ কর, তাহার সহিত হৃষ্ট হও; হে তাহার জন্যে শোকান্বিত লোকেরা, তোমরা অতিশয় আহ্লাদ ১১ কর। তোমরা তাহার সান্ত্বনারূপ স্তন পান করিয়া তৃপ্ত হইবা, ও তাহাহইতে সুখাদ্য বাহির করিয়া ১২ অনেক ঐশ্বর্য্যেতে আপ্যায়িত হইবা। পরমেশ্বর কহেন, দেখ, আমি মঙ্গলরূপ নদী ও অন্যদেশীয়- দের ধনরূপ উচ্ছলিত নদীদ্বারা তাহাকে আপ্লা- বিত করিব, তাহাতে তোমরা স্তন্যপান করিবা, ও কক্ষদেশে বহন করা যাইবা, ও জানুর উপরে নাচান ১৩ যাইবা। যেমত মাতা আপন পুত্রকে শান্ত করে, তদ্রূপ আমি তোমাদিগকে সান্ত্বনা করিব ও তোমরা ১৪ যিরূশালমে সান্ত্বনা পাইবা। এই সকল দেখিলে তোমাদের অন্তঃকরণ আনন্দিত হইবে, ও তোমাদের অস্থি নবীন তৃণের ন্যায় সতেজ হইবে; এবং পর- মেশ্বরের হস্ত আপন দাসদের প্রতি, ও তাঁহার ক্রোধ আপন শত্রুদের প্রতি প্রকাশিত হইবে।

১৫ দেখ, পরমেশ্বর অগ্নির তেজেতে আগমন করিবেন, ও তাঁহার রথ সকল প্রবল ঝড়ের ন্যায় আসিবে, এবং তিনি মহাতাপেতে আপন ক্রোধ, ও প্রজ্ব- লিত অগ্নিদ্বারা আপন অভিশাপ দেখাইবেন। ১৬ এবং অগ্নি ও স্বখড়্গদ্বারা তাবৎ প্রাণির সহিত যুদ্ধ করি- বেন, তাহাতে পরমেশ্বরদ্বারা অনেক২ লোক হত ১৭ হইবে। পরমেশ্বর কহেন, যাহারা শূকর মাংস ও ঘৃণ্য দ্রব্য ও মূষিক ভোজন করিয়া অহদের ব্যবস্থা- নুসারে † উদ্যানের মধ্যে আপনাদিগকে পবিত্র করে ও পরিষ্কৃত করে, তাহারা এক কালে বিনষ্ট ১৮ হইবে। কেননা আমি তাহাদের ক্রিয়া ও কল্পনা জানি; তাবৎ দেশীয় ও তাবৎ ভাষাবাদি লোক সংগ্রহ করণের সময় আসিবে, তাহারা আসিয়া ১৯ আমার মহিমা দর্শন করিবে। আমি তাহাদিগকে এক চিহ্ন দিব, আমি তাহাদের মধ্যহইতে অবশিষ্ট লোককে অন্যদেশীয়দের কাছে, অর্থাৎ তর্শীশ ও ধনুর্দ্ধর পূল্ ও লূদ্ এবং তূবল ও যূনানী ইত্যাদি যে দূরদেশীয় লোকেরা কখনো আমার সুখ্যাতি শুনে নাই ও আমার ঐশ্বর্য্য দেখে নাই, তাহাদের কাছে প্রেরণ করিব; তাহাতে তাহারা অন্যদেশীয় লোক- ২০ দের কাছে আমার মহিমা প্রকাশ করিবে। পরমে- শ্বর কহেন, ইস্রায়েলের বংশেরা যে রূপ পবিত্র পাত্রে পরমেশ্বরের মন্দিরে নৈবেদ্য আনে, তদ্রূপ তাহারা অশ্ব ও শকট ও ডুলি ও অশ্বতর ও উষ্ট্রদ্বারা সর্ব্বদেশীয়দের হইতে যিরূশালমস্থিত আমার পবিত্র পর্ব্বতে পরমেশ্বরের উদ্দেশে নৈবেদ্যস্বরূপ তোমা- ২১ দের তাবৎ ভ্রাতাকে আনিবে। এবং পরমেশ্বর কহেন, যাজক ও লেবীয় হইবার নিমিত্তে আমি তা- ২২ হাদের মধ্যহইতে কতক লোককেও লইব। কেননা পরমেশ্বর কহেন, যে নূতন আকাশ ও নূতন পৃথিবী আমি সৃষ্টি করিব, তাহারা যেমন নিত্য আমার সম্মুখে থাকিবে, তদ্রূপ তোমাদের বংশ ও তোমা- ২৩ দের নাম থাকিবে। পরমেশ্বর কহেন, প্রতি অমা- বস্যাতে ও প্রতি বিশ্রামদিনে তাবৎ প্রাণী আমার ২৪ সম্মুখে ভজনা করিতে আসিবে। কিন্তু যাহারা আ- মার আজ্ঞা লঙ্ঘন করিয়াছে, লোকেরা বাহিরে গিয়া তাহাদের শব দেখিবে; কারণ তাহাদের কীট মরিবে না, ও তাহাদের অগ্নিও নির্ব্বাণ হইবে না, এবং তাহারা তাবৎ প্রাণির ঘৃণাস্পদ হইবে।

---

[৪] যিশ ৬৫; ১১,১২॥—[৫] যো ১৬; ২,৩॥—[৭] পু ১২; ৫॥—[১০] দ্বি ৩২; ৪৩॥—[১২] যিশ ৬০; ৪-১৬। গল ৪; ২৬। গী ৮৭॥—[১৪] ১ ক ১৫; ৫৪-৫৭॥—[১৫,১৬] যিশ ৩৪; ১-১০। ২ থি ১; ৬-১১॥—[১৭] যিশ ৬৫; ৩-৭॥—[১৮,১৯] গী ৬৭; ১,২॥—[২০] যিশ ৪৯; ২২। রো ১৫; ১৬॥—[২১] ইফ ২; ১১-২২॥—[২২] যিশ ৬৫; ১৭॥ [২৩] সিখ ১৪; ১৬। গী ৬৫; ২। পু ৭; ১৫॥—[২৪] প ১৬। মা ৯; ৪৩-৪৮॥

* (বা) তাহাতে আমরা তোমাদের আনন্দ দেখিব। † (বা) এক বৃক্ষের পশ্চাৎ, বা একের পরে এক।

যিরিমিয়ের ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায় *।

১ যিরিমিয়ের বংশের নিরূপণ ৪ ও ভবিষ্যদ্বক্তৃপদে যিরিমিয়কে নিযুক্ত করণ ১১ ও বাদাম বৃক্ষের ও পাকস্থালীর দৃষ্টান্ত ও তাহার প্রতি পরমেশ্বরের আশ্বাসবাক্য।

১ বিন্যামীন্ প্রদেশীয় অনাথোৎ নগরস্থ যাজকদের মধ্যবর্ত্তি হিল্কিয়ের পুত্র যিরিমিয়ের ভবিষ্যদ্বাক্য। ২ যিহূদাদেশীয় আমোন্ নামকের পুত্র যোশিয় রাজের ত্রয়োদশ বৎসর অধিকারসময়ে, এবং ঐ যিহূদি যোশিয় রাজের পুত্র যিহোয়াকীমের অধিকারকালে, ৩ এবং তাহার সিদিকিয় নামক অন্য সন্তানের একাদশ বৎসর অধিকারসময় পর্য্যন্ত, অর্থাৎ পঞ্চম মাসে যিরূশালেমকে বন্দিত্বে লইয়া যাওন সময় পর্য্যন্ত তাহার প্রতি পরমেশ্বরের বাক্য প্রকাশিত হইল।

৪ পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত ৫ হইল। উদরের মধ্যে সৃষ্টি করণের পূর্ব্বাবধি আমি তোমাকে জানিলাম, এবং গর্ব্ভহইতে ভূমিষ্ঠ হওনের পূর্ব্বাবধি তোমাকে পবিত্র করিয়া নানা জাতি৬ দের ভবিষ্যদ্বক্তৃপদে নিযুক্ত করিলাম। তাহাতে আমি কহিলাম, হায় ২, হে প্রভো পরমেশ্বর, ৭ আমি বালক, কথা কহিতে জানি না। পরমেশ্বর আমাকে উত্তর করিলেন, 'আমি বালক,' তুমি এমত কথা কহিও না; কিন্তু আমি তোমাকে যাহার ২ নিকটে পাঠাই, তুমি তাহার ২ কাছে যাইবা, এবং ৮ আমি তোমাকে যে২ আজ্ঞা দি তাহা কহিবা। তাহাদের হইতে † ভীত হইও না, কেননা পরমেশ্বর কহেন, আমি তোমাকে রক্ষা করিতে তোমার সঙ্গে ৯ সর্ব্বদা থাকিব। পরে পরমেশ্বর আপন হস্ত বিস্তার করিয়া আমার মুখ স্পর্শ করিয়া কহিলেন, দেখ, ১০ আমি আপন কথা তোমার মুখে দিলাম। দেখ, নানা দেশের ও রাজ্যের উন্মূলন ও সমভূমি ও বিনাশ ও অধঃপতন ও পত্তন ও রোপণ করিতে তাহাদের উপরে অদ্য তোমাকে নিযুক্ত করিলাম।

১১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল, হে যিরিমিয়, তুমি কি দেখিতেছ? তাহাতে আমি কহিলাম, আমি শীঘ্র সফল (বাদাম) বৃক্ষের এক শাখা দেখিতেছি। ১২ তখন পরমেশ্বর কহিলেন, উত্তম দেখিয়াছ, কেননা আমি আপন বাক্য শীঘ্র সফল করিব। ১৩ পরে দ্বিতীয় বার পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল, তুমি কি দেখিতেছ? তাহাতে আমি কহিলাম, উত্তরমুখ এক ধূমযুক্ত পাকস্থালী দেখিতেছি। ১৪ তখন পরমেশ্বর আমাকে কহিলেন, উত্তরদেশহইতে এই দেশের তাবৎ নিবাসি লোকের প্রতি অমঙ্গল ঘটিবে। ১৫ কারণ পরমেশ্বর কহেন, দেখ, আমি উত্তর রাজ্য নিবাসি তাবৎ বংশকে আহ্বান করিব, তাহাতে তাহারা আসিয়া যিরূশালমের দ্বারে প্রবেশস্থানে ও তাহার চতুর্দ্দিগে প্রাচীরের উপরে ও যিহূদাদেশীয় তাবৎ নগরে আপন২ সিংহাসন স্থাপন করিবে। ১৬ তাহাতে যাহারা আমাকে পরিত্যাগ করিয়া অন্য দেবতাদের নিকটে ধূপ জ্বালাইয়াছে ও আপন হস্তকৃত বস্তুকে প্রণাম করিয়াছে, তাহাদের সেই সকল পাপের জন্যে আমি দণ্ডাজ্ঞা দিব। ১৭ অতএব তুমি কটিবন্ধন করিয়া গাত্রোত্থান কর; আমি তোমাকে যাহা২ আজ্ঞা দি তাহা তাহাদিগকে বল; তাহাদের হইতে † ভীত হইও না, হইলে আমি তাহাদের সাক্ষাতে তোমাকে বিনাশে অর্পণ করিব। ১৮ দেখ, আমি অদ্য তোমাকে সমুদয় দেশের বিরুদ্ধে, বিশেষতঃ যিহূদা দেশীয় রাজগণ ও অধ্যক্ষবর্গ ও পুরোহিতগণ ও সামান্য লোকদের বিরুদ্ধে প্রাচীরবেষ্টিত নগর ও লৌহস্তম্ভ এবং পিত্তলের ভিত্তিস্বরূপ করিলাম। ১৯ তাহারা তোমার সহিত যুদ্ধ করিবে, কিন্তু তোমাকে পরাস্ত করিতে পারিবে না; কারণ পরমেশ্বর কহেন, আমি তোমাকে রক্ষা করিতে তোমার সঙ্গে২ থাকিব।

---

* কেহ যদি যথা ক্রমে যিরিমিয়ের উক্ত ভবিষ্যদ্বাক্য পাঠ করিতে ইচ্ছা করে, তবে পশ্চাৎ লিখিত ধারাতে তাহা পাঠ করিতে হইবে। ১-২০ অধ্যায়ের পরে এই ২ অধ্যায়, ২২,২৩,২৫,২৬,৩৫,৩৬,৪৫,২৪,২৯,৩০,৩১,২৭,২৮,২১,৩৪,৩৭,৩২,৩৩,৩৮,৩৯,৫২,৪০,৪১,৪২,৪৩,৪৪,৪৬-৫১॥

[১ অধ্যা; ১-৩] যি ২১; ১৮। ২ রা ২৩-২৫। ২ বং ৩৪-৩৬॥—[৫] গাল ১; ১৫,১৬॥—[৬] যা ৪; ১০॥—[৭,৮] প ১৭-১৯। যিহি ২; ৬,৭॥—[৯] যিশ ৬; ৬-৭॥—[১০] যির ১৮; ৭-১০॥—[১৩] যিহি ২৪; ২-১৪॥—[১৪,১৫] যির ২৫; ৮-১১। ৫২; ৪-৭। ৩৯; ৩॥—[১৬] ২ বং ২৬; ১৪-২১॥—[১৭-১৯] প ৭,৮। যির ৬; ২৭। ১৫; ২০। যিহি ২; ৬,৭। ৩; ৮,৯॥

† তাহাদের সম্মুখহইতে।

২ অধ্যায়।

১ যিরূশালমের প্রতি ঈশ্বরের অনুগ্রহ ৪ ও ঈশ্বরের বিরুদ্ধে লোকদের পাপ ও দেবপূজা করণ ১৪ ও তাহাদের প্রতি ঈশ্বরের অনুযোগ কথা।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ- ২ স্থিত হইল, তুমি যাইয়া যিরূশালমের কর্ণগোচরে এই কথা প্রচার কর, পরমেশ্বর এই কথা কহেন, প্রান্তরের মধ্যে অর্থাৎ চাসশূন্য দেশের মধ্যে আমার অনুগত হওন সময়ে তোমার যৌবনাবস্থার যে প্রণয় ও বিবাহকালের যে প্রেম, তাহা তোমার অনু- ৩ কূলে আমার মনে হয়। পরমেশ্বরের নিমিত্তে ইস্রায়েল্ বংশ পবিত্র হইয়া তাঁহার সর্ব্বস্বের প্রথম ফলস্বরূপ ছিল; একারণ যে সকলে তাহার প্রতি উপদ্রব করিবে, তাহারা দোষী হইবে, এবং তাহাদের প্রতি অমঙ্গল ঘটিবে, ইহা পরমেশ্বর কহিলেন।

৪ হে যাকূবের বংশ, হে ইস্রায়েল্ গোষ্ঠীর সকল ৫ বংশ, পরমেশ্বরের কথা শুন। পরমেশ্বর এই কথা কহেন, তোমাদের পূর্ব্বপুরুষেরা আমার কি অন্যায় দেখিয়াছে, যে তাহারা আমাকে ত্যাগ করিয়া অসার দেবগণের* অনুগত হইয়া অসার হইয়াছে? ৬ এবং 'যিনি আমাদিগকে মিসরদেশহইতে আনিয়া মনুষ্যের গমনাগমন ও বাস রহিত এবং শূন্য ও গর্ত্তময় ও নির্জ্জল ও মৃত্যুচ্ছায়ারূপ যে প্রান্তর, তাহার মধ্যদিয়া লইয়া গেলেন, সেই পরমেশ্বর কোথায়?' এমত কথা তাহারা একবার জিজ্ঞাসাও ৭ করিল না। আমি তোমাদিগকে ফল ও উত্তম২ সামগ্রী ভোজন করাইবার জন্যে এই উর্ব্বরা দেশে আনিলাম, কিন্তু তোমরা প্রবেশ করিয়া আমার দেশ অপবিত্র করিলা, ও আমার অধিকার ঘৃণাস্পদ ৮ করিলা। 'পরমেশ্বর কোথায়?' এমত কথা যাজকেরা কহিল না, এবং শাস্ত্রবিজ্ঞেরা আমাকে জানিল না, ও পালকেরা† আমার আজ্ঞা লঙ্ঘন করিল, ও ভবিষ্যদ্বক্তৃগণ বাল্ দেবতার নাম লইয়া ভবিষ্যৎ কথা ৯ কহিয়া নিষ্ফল দেবগণের পশ্চাদ্গামী হইল। অতএব পরমেশ্বর কহেন, আমি ইহার পরে তোমাদের বিচার করিব, এবং তোমাদের সন্তানদের সন্তানদেরও ১০ বিচার করিব। তোমরা কিত্তীম্ উপদ্বীপে পার হইয়া দেখ, কিম্বা কেদরে লোক পাঠাইয়া, এ প্রকার ১১ হয় কি না, তাহা সুবিবেচনা করিয়া দেখ। দেবগণ যদ্যপি ঈশ্বর নয়, তথাপি কোন্ দেশীয় লোকেরা তাহাদের পরিবর্ত্তন করিয়াছে? আমার লোকেরা নিষ্ফল দেবগণের নিমিত্তে আপন২ গৌরবস্বরূপকে পরিবর্ত্তন করিয়াছে। পরমেশ্বর কহেন, ১২ হে আকাশমণ্ডল, এতদ্বিষয়ে চমৎকৃত হও, ও অতিশয় ভীত হও ও অতিশয় কম্পবান হও। কেননা ১৩ আমার লোকেরা দুই দোষ করিয়াছে, অমৃত জলের উনুইস্বরূপ যে আমি, আমাকে ত্যাগ করিয়াছে; অধিকন্তু আপনাদের নিমিত্তে সচ্ছিদ্র ও জলধারণে অসক্ত সরোবর খুদিয়াছে।

১৪ ইস্রায়েল্ কি ক্রীত দাস? সে কি গৃহজাত দাস? সে কেন লুটিত হয়? ১৫ যুবসিংহগণ তাহার উপরে গর্জ্জন করে, ও হুঙ্কার শব্দ করিয়া তাহার দেশ শূন্য করে, ও তাহার নগর বিনষ্ট হইয়া নরশূন্য হয়। ১৬ আরো মোফের ও তফনহেষের লোকেরা তোমার মস্তকের তালুয়া ভাঙ্গে। ১৭ তোমার প্রভু পরমেশ্বর যে সময়ে তোমাকে পথ দিয়া লইয়া যাইতে চাহিলেন, তৎকালে তাঁহাকে ত্যাগ করণেতে তোমার প্রতি কি এই সকল ঘটে না? ১৮ এবং এখন শীহোরের জল পান করিতে মিসরের পথে কেন, ও ফরাৎ নদীর জল পান করিতে অশূরের পথে কেন যাইতেছ? ১৯ সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর কহেন, তোমার পাপ তোমাকেই শাস্তি দিবে, এবং তোমার বিপথগামিত্ব তোমাকেই অনুযোগ করিবে; তোমার আপন প্রভু পরমেশ্বরকে ত্যাগ করণের ও আমার বিষয়ে ভয় না করণের ফল অতিমন্দ ও তিক্ত, তাহাও জ্ঞাত হইয়া বুঝিবা। ২০ পূর্ব্বকালে তুমি আপন যোঁয়ালি ভঙ্গ করিয়া আপন বন্ধন ছেদন করিয়া কহিয়াছ, আমি আর কখনো দাসী হইব না ‡; তথাচ নানা উচ্চপর্ব্বতে ও নানা বৃক্ষের তলে ব্যভিচার করিতে শয়ন‖ করিয়াছ। ২১ আমি তোমাকে উত্তম ও প্রকৃত বীজোৎপন্ন দ্রাক্ষালতাস্বরূপ রোপণ করিলাম, কিন্তু আমার কাছে অন্য প্রকার অপ্রকৃত দ্রাক্ষালতার শাখা কি প্রকারে হইলা? ২২ প্রভু পরমেশ্বর কহেন, যদ্যপি সোরা দিয়া আপন অঙ্গ ধৌত কর ও অনেক সাবনে ঘর্ষণ কর, তথাপি আমার দৃষ্টিতে তোমার অধর্ম্ম কলঙ্কের ন্যায় হইবে। ২৩ দেখ, 'আমি অশুচি নহি, এবং বালের পশ্চাদ্বর্ত্তী নহি,' এমত কথা কি রূপে কহিতে পার? নিম্নভূমিতে আপনার আচরণ দেখ, এবং আপন কৃত ক্রিয়া স্বীকার কর; তুমি আপন পথে ইতস্ততো ভ্রমণকারি উষ্ট্রীর ন্যায় ও অরণ্যে পরিচিত বন্য ২৪ গর্দ্দভীর ন্যায় হইয়াছ। সে আপন ইচ্ছাতে বায়ু আহার করে, ও পুরুষচেষ্টা করিলে তাহাকে কে ফিরাইতে পারে? তাহার অন্বেষণকারিদের ক্লান্ত

[২ অধ্যা; ২] দ্বি ৫; ২৭-২৯।।—[৩] যা ৪; ২২,২৩। ১৭; ৮-১৬।।—[৬] গী ৭৮; ৪২-৫৭। দ্বি ৮; ১৫।।—[৭] লে ১৮; ২৫-৩০।।—[৮] ২ বং ৩৬; ১৪। যির ২৩; ১৪।।—[১০] ১৭; ১৩।।—[১৪-১৭] যা ৪; ২২। যিশ ৪২; ২২-২৫।।—[১৫] যিহি ১৯; ৩,৬,৭।।—[১৫,১৬] ২ রা ১৭; ২৪। ২ বং ৩৫; ২০-২৪। ৩৬; ১-৪।।—[১৭] যিশ ৪২; ২৪।।—[১৮] ২ রা ২৩; ৩৪,৩৫। ২৪; ১।।—[২০] যা ১৯; ৪,৮। ৩২; ৮। গী ১০৬; ৩৫-৪০।।—[২১] যিশ ৫; ২,৪,৭।।—[২৩] যির ৭; ৩১।।

* (ইব্রী) বস্তুর। † (বা) অধ্যক্ষগণ। ‡ (বা) আজ্ঞালঙ্ঘন করিব না। ‖ (বা) করিয়া ভ্রমণ।

হওয়া আবশ্যক নয়, কেননা তাহার ঋতুকাল গত হইলে তাহাকে পাইবে। ২৫ তুমি আপন চরণ পাদুকারহিত ও গলার নলী শুষ্ক করিও না; কিন্তু তুমি কহিয়াছ, আমার আশামাত্র * নাই, আমি পরকীয়দিগকে প্রেম করি, ও তাহাদের পশ্চাদ্‌গামী হইব। ২৬ চোর ধরা পড়িলে যেমন লজ্জিত হয়, তদ্রূপ ইস্রায়েল্ বংশ অর্থাৎ তাহারা ও তাহাদের রাজগণ ও অধ্যক্ষবর্গ ও পুরোহিতগণ ও ভবিষ্যদ্বক্তৃগণ লজ্জিত হইবে। ২৭ যাহারা বৃক্ষকে বলে, তুমি আমার পিতা, ও প্রস্তরকে বলে, তুমি আমার জননী, তাহারা আমার প্রতি অভিমুখ না হইয়া নিতান্ত বিমুখ হইয়াছে; কিন্তু তাহারা বিপদকালে বলিবে, ‘তুমি উঠিয়া আমাদিগকে রক্ষা কর।’ ২৮ হে যিহূদা, তোমার স্বহস্তকৃত দেবতারা কোথায়? এখন তাহারা উঠিয়া এই বিপদকালে তোমাকে রক্ষা করুক; কেননা তোমার যত নগর তত দেবগণ আছে। ২৯ পরমেশ্বর কহেন, কেন আমার সঙ্গে বিবাদ করিতেছ? তোমরা সকলেই আমার আজ্ঞা লঙ্ঘন করিয়াছ। ৩০ আমি তোমাদের সন্তানগণকে বৃথা শাস্তি দিলাম; তাহারা শাসিত হইল না, অতএব তোমাদের খড়্গ বিনাশক সিংহের ন্যায় তোমাদের ভবিষ্যদ্বক্তৃগণকে গ্রাস করিল। ৩১ হে লোক সকল, তোমরা পরমেশ্বরের কথা শুন, আমি কি ইস্রায়েলের কাছে প্রান্তরতুল্য ও অন্ধকারময় দেশস্বরূপ হইলাম? তবে ‘আমরা ভ্রমণ † করিয়া তোমার নিকটে আর আসিব না,’ ৩২ আমার লোকেরা এমত কথা কেন কহে? কন্যা কি আপন ভূষণ, ও বিবাহিতা কন্যা কি আপন অলঙ্কার বিস্মৃত হইতে পারে? কিন্তু আমার লোক অসংখ্য দিন আমাকে ভুলিয়া রহিয়াছে। ৩৩ তুমি কুপ্রেম চেষ্টা করিতে কেমন বিলক্ষণ রূপে আপন পথ প্রস্তুত করিতেছ, ও প্রতিবাসিদিগকে ‡ আপন পথ শিক্ষা করাইতেছ! ৩৪ তোমার বস্ত্রের অঞ্চলে দীনহীন ও নির্দোষদের রক্ত প্রাপ্ত হইতেছে; আমি গুপ্ত স্থানে পাই নাই, সকলের উপরে তাহা পাইয়াছি। ৩৫ তথাচ তুমি কহিতেছ, ‘আমি নির্দোষ, অতএব অবশ্য আমাহইতে তাঁহার ক্রোধ ফিরিবে;’ এবং তুমি কহিতেছ, ‘আমি পাপ করি নাই;’ এই জন্য আমি তোমার সহিত বিচার করিব। ৩৬ তুমি আপন পথ পরিবর্ত্তন করিতে কেন এত চেষ্টা করিতেছ? তুমি অশূরের বিষয়ে যেমন লজ্জিত হইয়াছিলা, মিসরের বিষয়ে তদ্রূপ লজ্জিত হইবা। ৩৭ মস্তকে করাঘাত করিয়া অবশ্য তাহার নিকটহইতেও প্রস্থান করিবা, কেননা পরমেশ্বর তোমার বিশ্বাসপাত্রদিগকে অস্বীকার করিবেন, তাহাতে কৃতকার্য্য হইতে পারিবা না।

৩ অধ্যায়।

১ যিহূদার বেশ্যাতুল্য হওন ৬ ও ইস্রায়েলেরও তদ্রূপ হওন ১২ ও তাহাদের প্রতি ঈশ্বরের নিবেদন ও প্রতিজ্ঞা ২১ ও তাহাদের দুঃখ হওন ও দোষ স্বীকার করণ।

১ উক্ত আছে, কেহ আপন স্ত্রীকে ত্যাগ করিলে পর ঐ স্ত্রী তাহার বশহইতে মুক্ত হইয়া যদি অন্যকে বিবাহ করে, তবে তাহার পূর্ব্বস্বামী কি তাহাকে পুনর্ব্বার গ্রহণ করিবে? এবং করিলে সেই দেশ কি পতিত হইবে না? কিন্তু পরমেশ্বর কহেন, তুমি অনেক প্রেমকারিদের সহিত ব্যভিচার করিয়াছ, তথাপি আমার প্রতি আর বার ফিরিয়া আইস। ২ তুমি চক্ষু তুলিয়া তাবৎ উচ্চস্থান দেখ, কোন্ স্থানে অশুচি না হইয়াছ? তুমি প্রান্তরস্থ অরবীয়দের ন্যায় রাজপথে বসিয়া ব্যভিচার ও দুষ্ট ক্রিয়াদ্বারা দেশ অশুচি করিয়াছ। ৩ এই নিমিত্তে অনাবৃষ্টি হইল এবং শেষবর্ষাও হইল না; তথাপি তুমি বেশ্যার কপালবিশিষ্ট হইয়াছ, ও লজ্জিত হইতে অসম্মত হইয়াছ। ৪ অদ্যাবধি কি আমার কাছে প্রার্থনা করিয়া কহিবা না ||, ‘হে আমার পিতঃ, তুমি বাল্যাবধি আমার পথদর্শক হইবা? ৫ ক্রোধ কি সর্ব্বদা সঞ্চিত থাকিবে ও নিত্য রক্ষিত হইবে?’ কিন্তু দেখ, আপন শক্ত্যনুসারে দুষ্ট কথা কহিতেছ ও দুষ্ট ক্রিয়া করিতেছ।

---

৬ যোশিয় রাজের অধিকার সময়ে পরমেশ্বর আমাকে কহিলেন, বিপথগামিনী ইস্রায়েল্ কি করিয়াছে, তাহা কি তুমি দেখিয়াছ? সে প্রতি উচ্চ পর্ব্বতের উপরে ও প্রত্যেক সতেজ বৃক্ষের তলে গিয়া ব্যভিচার করিয়াছে। ৭ তাহার এই সকল কর্ম্ম করণের পর আমি তাহাকে কহিলাম, তুমি আমার কাছে ফিরিয়া আইস, কিন্তু সে ফিরিয়া আইল না; এবং তাহার বিশ্বাসঘাতিনী ভগিনী যিহূদা তাহা দেখিল। ৮ ব্যভিচারের নিমিত্তে বিপথগামিনী ইস্রায়েলকে আমি ত্যাগপত্র দিয়া ত্যাগ করিলেও তাহার বিশ্বাসঘাতিনী ভগিনী ভয় না করিয়া আপনিও গিয়া ব্যভিচার করিল, ইহা আমি দেখিলাম। ৯ ইস্রায়েল এই প্রকারে ব্যভিচার করিয়া দেশ অশুচি করিল,

---

[২৫] যির ১৮; ১১,১২ ॥—[২৭] গী ৭৮; ৩৪-৩৭ ॥—[২৮] দ্বি ৩২; ৩৭,৩৮। বি ১০; ১৪। যির ১১; ১৩॥ [২৯] প ২৩,৩৫ ॥—[৩০] ৫; ৩। যিশ ১; ৫। নি ১; ২৬॥—[৩১] প ৫॥—[৩৪] গী ১০৬; ৩৮। যির ৭; ৩১॥ [৩৫] যিশ ৪৮; ১,২। হি ২৮; ১৩॥—[৩৬] ২ বং ২৮; ২০,২১। ২ রা ১৮; ১৩-১৭। ২৪; ৭॥—[৩৭] যিশ ২০॥ [৩ অধ্য; ১-৫] দ্বি ২৪; ১-৪। হো ২; ৫,১১,২০॥—[২] ২ বং ৩৬; ১৪। যিহি ১৬; ১৫-৩৪॥—[৩] যির ৯; ১২। ১৮; ১-৬॥—[৪] ২ বং ৩৪; ৩২। যিহি ১৬; ৩-১৪॥—[৬-১১] যিশ ২০; ১-২১। ২ রা ১৭; ৭-২০॥

* (বা) কি আশা হয়? † (বা) প্রভু হইয়া। ‡ (বা) পাপিগণকে। || (বা) অল্পকাল হইল কি তুমি কহিলা না?

এবং প্রস্তর ও কাষ্ঠের সহিত ব্যভিচার করিল।
১০ পরমেশ্বর কহেন, ইহা হইলেও তাহার বিশ্বাসঘাতিনী ভগিনী যিহূদা সমস্ত অন্তঃকরণের সহিত নয়,
১১ কেবল কপটরূপে আমার প্রতি ফিরিল। পরমেশ্বর আমাকে এই কথা কহিলেন, বিশ্বাসঘাতিনী যিহূদা অপেক্ষা বিপথগামিনী ইস্রায়েল্ আপনাকে নির্দ্দোষ জ্ঞাত করিতেছে।

১২ তুমি উত্তরদিগে গিয়া এই কথা প্রচার কর, পরমেশ্বর কহেন, হে বিপথগামি ইস্রায়েল লোকেরা, তোমরা ফিরিয়া আইস; তাহাতে আমি তোমাদের প্রতি ক্রোধদৃষ্টি করিব না; যেহেতুক পরমেশ্বর
১৩ কহেন, আমি দয়ালু, সর্ব্বদা ক্রোধ করি না। পরমেশ্বর কহেন, তোমরা যে আপন প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে পাপ করিয়াছ, ও আমার কথা না মানিয়া প্রত্যেক সতেজ বৃক্ষের তলে পরকীয়দের সহিত আপন২ আচার ভ্রষ্ট করিয়াছ,তাহা কেবল স্বীকার
১৪ কর। পরমেশ্বর কহেন, হে বিপথগামি লোক সকল, ফিরিয়া আইস, কেননা আমি তোমাদের স্বামী, আমি নগরহইতে এক জন ও বংশহইতে দুই জন
১৫ করিয়া তোমাদিগকে সিয়োনে আনিব। আমি তোমাদের জন্যে আপন ইচ্ছানুযায়ি * পালকগণকে নিযুক্ত করিব, তাহারা তোমাদিগকে জ্ঞান ও বুদ্ধি-
১৬ দ্বারা চরাইবে। পরমেশ্বর কহেন, এই রূপে দেশে বর্দ্ধিত ও বৃহদ্গোষ্ঠী হইবার সময়ে 'পরমেশ্বরের নিয়মসিন্দুক,' এ কথা তোমরা আর কহিবা না, এবং তাহা স্মরণেও আনিবা না, ও মনেও করিবা না, ও তাহার চিন্তাও করিবা না, এবং আর
১৭ বার তাহার ব্যবহার † করিবা না। সেই সময়ে যিরূশালম্ পরমেশ্বরের সিংহাসন নামে বিখ্যাত হইবে, এবং তাবজ্জাতীয় লোক যিরূশালমে পরমেশ্বরের নামে একত্র হইবে; তাহারা আপনাদের দুষ্ট অন্তঃকরণের কুকল্পনানুসারে আর
১৮ আচরণ করিবে না। তৎকালে যিহূদা বংশ ইস্রায়েল বংশের সহগামী হইবে, এবং আমি তোমাদের পূর্ব্বপুরুষদিগকে যে দেশ অধিকারের জন্যে দিলাম, সেই দেশে তাহারা একযোগ হইয়া উত্তর-
১৯ দেশহইতে আসিবে। কিন্তু আমি কহিলাম, আমি সন্তানগণের মধ্যে তোমাকে কি প্রকারে রাখিব? ও কেমন করিয়া উত্তম দেশ অর্থাৎ তাবৎ দেশীয়দের তেজোময় অধিকার দিব? আমি কহিলাম, 'হে আমার পিতঃ,' এ কথা বলিয়া তুমি আমাকে আহ্বান করিবা, এবং আমার পশ্চাদ্গমনহইতে আর ফিরিয়া যাইবা না। পরমেশ্বর কহেন, হে ২০ ইস্রায়েল্ বংশ, যেমন দুষ্ট স্ত্রীলোক বিশ্বাসঘাতকতা করে, তদ্রূপ তুমিও আমার কাছে বিশ্বাসঘাতকতা করিয়াছ।

উচ্চস্থানের উপরহইতে ইস্রায়েলের সন্তানদের ২১ ক্রন্দন ও বিলাপের এই শব্দ শ্রুত আছে; 'আমরা ‡ বিপথগামী হইয়াছি এবং আপনাদের প্রভু পরমেশ্বরকে বিস্মৃত হইয়াছি।' হে বিপথগামি ২২ সন্তানগণ, ফির, তাহাতে আমি তোমাদের বিপথগামিত্বরূপ রোগ সুস্থ করিব। 'দেখ, আমরা ২৩ তোমার কাছে আসিতেছি, তুমিই আমাদের প্রভু পরমেশ্বর; উপপর্ব্বত ও পর্ব্বতসমূহ বৃথা, কিন্তু আমাদের প্রভু পরমেশ্বরহইতে ইস্রায়েলের পরিত্রাণ হয়। কেননা লজ্জারূপ প্রতিমা যৌবনাবস্থাবধি ২৪ আমাদের পূর্ব্বপুরুষের শ্রমের ফল অর্থাৎ তাহাদের মেষগবাদিপাল ও তাহাদের পুত্রকন্যাদিগকে গ্রাস করিয়াছে। আমরা আপন২ লজ্জাতে ২৫ মগ্ন হইয়া ‖ থাকি, আমাদের অপমান আমাদিগকে আচ্ছাদন করিয়া থাকে, কেননা আমরা ও আমাদের পূর্ব্বপুরুষেরা যৌবনাবধি অদ্য পর্য্যন্ত আপনাদের প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে পাপ করিতেছি, এবং আপনাদের প্রভু পরমেশ্বরের কথা অমান্য করিতেছি।'

৪ অধ্যায়।

১ ঈশ্বরের প্রতিজ্ঞা ৩ ও যিহূদার প্রতি তাঁহার বিনয় বাক্য ও ভবিষ্যৎ দুঃখের প্রকাশ ১০ ও যিরিমিয়ের কথা ১১ ও যিহূদার শত্রুদের বর্ণনা ১৯ ও তৎপ্রযুক্ত যিরিমিয়ের দুঃখ ২২ ও লোকদের অজ্ঞানতা ২৩ ও যিরিমিয়ের দর্শন ২৭ ও লোকদের দুঃখ।

পরমেশ্বর কহেন, হে ইস্রায়েল্ বংশ, তোমরা যদি ১ ফিরিয়া আসিতে চাহ, তবে আমার কাছে ফিরিতে পার; এবং যদি আমার দৃষ্টিহইতে আপনাদের ঘৃণার্হ কর্ম্ম § দূর কর, তবে স্থানান্তরীকৃত হইবা না। কিন্তু সত্যতাতে ও বিচারেতে ও ধর্ম্মেতে অমর ২ পরমেশ্বরের নামে শপথ করিবা, এবং তাবৎ দেশীয় লোক তাঁহাদ্বারা আশীর্ব্বাদ প্রাপ্ত হইয়া তাঁহার গৌরব করিবে।

পরমেশ্বর যিহূদা ও যিরূশালমের লোকদিগকে ৩

[১১] যিহি ১৬; ৪৬-৫২॥—[১২-২৫] লে ২৬; ৪০-৪৫। দ্বি ৩০; ১-১০॥—[১২] গী ৮৫; ৮॥—[১৩] প ৩,৬॥ —[১৪] প ২২। যিশ ৫০; ১। ৬৫; ৯। হো ২; ১৯,২০। রো ১১; ৫॥—[১৫] যির ২৩; ৪। যিহি ৩৪; ২৩॥—[১৬] যির ৩১; ৩১-৩৪। প্র ২১; ২২॥—[১৭] যিশ ২; ২-৪। গী ৮৭॥—[১৮] প ১২। যিশ ১১; ১৩। যিহি ৩৭; ১৫-২২॥—[১৯] দ্বি ৩২; ৬-১৪। যিশ ৬৩; ৮,৯॥—[২০] হো ২; ১-৫॥—[২১-২৫] যির ৩১; ১৮-২০॥—[২২] হো ৬; ১,২। ১৪; ১,২,৪॥ [২৩] হো ১৪; ৩। গী ৭৫; ৬॥—[২৪,২৫] ইষ্রা ৯; ৭। দা ৯; ৪-১৫॥

[৪ অধ্যা; ১] যো ২; ১৩॥—[২] যির ৪; ২। যিশ ৬৫; ১৬। গী ৬৭; ১,২॥—[৩] হো ১০; ১২। য ১৩; ৭,২২॥

* (ইব্রী) অন্তঃকরণ অনুসারে। † (বা) তাহা নির্ম্মাণ। ‡ (ইব্রী) তাহারা। ‖ (ইব্রী) শয়ন করিয়া। § (বা) প্রতিমা।

এই কথা কহেন, তোমরা আপনাদের পতিত ভূমিতে চাস কর, কণ্টকের মধ্যে বীজ বপন করিও ৪ না। হে যিহূদীয় লোক, হে যিরূশালম্ নিবাসি সকল, তোমরা পরমেশ্বরের উদ্দেশে অত্বক্‌চ্ছেদিত হও, অর্থাৎ আপনাদের মনের ত্বক্‌চ্ছেদ কর; নতুবা তোমাদের কর্ম্মদোষে আমার ক্রোধ অগ্নিবৎ জ্বলিয়া উঠিবে, এবং প্রজ্বলিত হইলে আর ৫ নির্ব্বাণ হইবে না। ‘তোমরা সকলে একত্র হইয়া আইস, আমরা প্রাচীর বেষ্টিত নগরে যাই,’ এই কথা যিহূদাদেশে প্রচার কর ও যিরূশালমে প্রকাশ কর, এবং দেশে তূরীধ্বনি করিয়া সর্ব্বত্র ৬ ঘোষণা কর; এবং সিয়োনের দিগে ধ্বজা তুল, ও পলায়ন কর, বিলম্ব করিও না; আমি উত্তর- ৭ দেশহইতে দুর্দ্দশা ও মহাবিনাশ আনিব। সিংহ আপন ঝোপহইতে বাহিরে আসিতেছে, ও দেশীয়দের বিনাশক তোমার দেশকে উচ্ছিন্ন করিতে উঠিয়া আপন স্থানহইতে নির্গত হইয়া আসিতেছে; তাহাতে তোমার নগর সকল বিনষ্ট ও নরশূন্য ৮ হইবে। অতএব তোমরা চট পরিধান করিয়া বিলাপ কর ও ক্রন্দন কর, কেননা পরমেশ্বরের প্রজ্বলিত ক্রোধ এই কালপর্য্যন্ত আমাদের হইতে ৯ ফিরে না। পরমেশ্বর কহেন, সেই দিনে রাজা ও অধ্যক্ষগণ হতবুদ্ধি হইবে, ও যাজকগণ চমৎকৃত হইবে, ও ভবিষ্যদ্বক্তৃগণ বিস্ময়াপন্ন হইবে।

১০ তখন আমি কহিলাম, হায় ২! হে প্রভো পরমেশ্বর, তুমি এই লোকদিগকে ও যিরূশালম্‌কে নিতান্ত ভ্রান্ত হইতে দিয়াছ, কেননা খড়্গ প্রাণ পর্য্যন্ত বিদ্ধ হইলেও ভবিষ্যদ্বক্তৃগণ বলে, তোমাদের মঙ্গল হইবে।

১১ তৎকালে এই লোকদের ও যিরূশালমের প্রতি এই কথা উক্ত হইবে, প্রান্তরের উচ্চস্থানহইতে আমার লোকদের পুরীর* প্রতি এক উষ্ণবায়ু আসিতেছে, ঝাড়নের কিম্বা মার্জনের নিমিত্তে তাহা নয়। ১২ কিন্তু আমার আজ্ঞাতে সেই স্থানহইতে এক প্রচণ্ড বায়ু আসিতেছে, এখন আমি লোকদের প্রতিকূলে ১৩ দণ্ডাজ্ঞা দিতেছি। দেখ, সে মেঘের ন্যায় আসিতেছে, ও তাহার রথ ঘূর্ণবায়ুর ন্যায় বেগে গমন করিতেছে, ও তাহার অশ্বগণ উৎক্রোশ পক্ষিহইতেও ১৪ শীঘ্র আসিতেছে; ‘হায় ২ আমরা বিনষ্ট হই।’ হে যিরূশালম, নিস্তার পাইবার জন্যে আপন অন্তঃকরণের মলা ধৌত কর, তোমাদের মন আর কত কাল পাপচিন্তাতে নিবিষ্ট থাকিবে†? ১৫ দান্ নগরহইতে এক রব ঘোষিত হইতেছে, এবং ইফ্রয়িম্ ১৬ পর্ব্বতহইতে বিপদ প্রকাশিত হইতেছে। তোমরা অন্যদেশীয়দের কাছে ঘোষণা কর, ও যিরূশালমের প্রতি এই কথা প্রচার কর, অবরোধকারী দূরদেশহইতে আসিতেছে, ও তাহারা যিহূদা নগরের বি- ১৭ রুদ্ধে হুঙ্কার শব্দ করিবে। পরমেশ্বর কহেন, আমার আজ্ঞা লঙ্ঘনের নিমিত্তে তাহারা তাহার বিপরীতে ১৮ চতুর্দ্দিগে ক্ষেত্রের প্রহরিগণের ন্যায় থাকিবে। তুমি আপন পথ ও আচারদ্বারা এই দশাগ্রস্ত হইবা, তোমার এই বিপদ ‡ অতিতিক্ত ও মর্ম্মভেদক হইবে।

১৯ ‘হায় ২ আমার মন ‖, হায় ২ আমার মন ‖; আমি মনের মধ্যে বড় দুঃখিত হইতেছি; আমার মন ব্যাকুল হইতেছে, তাহাতে স্থির থাকিতে পারি না; কেননা হে আমার মন, তুমি তূরীবাদ্য ও যুদ্ধের ২০ সমাচার শুনিতেছ। বিনাশের পরে § বিনাশ ঘটিবে, এবং সমুদয় দেশ উচ্ছিন্ন হইবে, ও আমার তাম্বু ও ২১ জবনিকা¶ সকল নিমিষের মধ্যে বিনষ্ট হইবে। আমি কত দিনে পতাকা দেখিব ও তূরীর বাদ্য শুনিব?’

২২ আমার লোকেরা অজ্ঞান, তাহারা আমাকে জানে না; তাহারা অবোধ বালক, বিবেচনারহিত, তাহারা কুকর্ম্ম করিতে অতি নিপুণ বটে, কিন্তু সৎকর্ম্ম করিতে অতি অপটু।

২৩ ‘আমি পৃথিবীকে দেখিলাম, সে নির্জন ও শূন্য আছে; এবং আকাশকে দেখিলাম, তাহাতে কিছু- ২৪ মাত্র দীপ্তি নাই। এবং পর্ব্বতগণকে দেখিলাম, দেখ, সে সকল কাঁপিতেছে, ও উপপর্ব্বতগণ টলটলায়মান ২৫ হইতেছে। আমি নিরীক্ষণ করিয়া দেখিলাম, কোন মনুষ্য উপস্থিত নাই, এবং আকাশের পক্ষিগণও ২৬ পলায়ন করিতেছে। অপর আমি নিরীক্ষণ করিয়া দেখিলাম, পরমেশ্বরের গোচরে ও তাঁহার প্রজ্বলিত ক্রোধে উর্ব্বরা ভূমি সকল মরুভূমিবৎ আছে, ও তাবৎ নগর ভগ্ন হইতেছে।’

২৭ পরমেশ্বর এই কথা কহেন, সর্ব্বদেশ উচ্ছিন্ন হইবে, কিন্তু আমি সর্ব্বতোভাবে বিনাশ করিব ২৮ না। পৃথিবী বিলাপ করিবে, ও উপরিস্থ আকাশ কৃষ্ণবর্ণ হইবে; কারণ আমি যাহা কহিতেছি, তদ্বিষয়ে অনুতাপ করিব না; ও যাহা মনস্থ করি- ২৯ য়াছি, তাহাহইতে ফিরিব না। তৎকালে অশ্বারূঢ়দের ও ধনুর্দ্ধরদের হুঙ্কারে সমুদয় নগর নিবাসিলোক পলায়ন করিয়া নিবিড় বনে প্রবেশ করিবে ও

---

[৪] দ্বি ১০; ১৬। ৩২; ২২॥—[৫] যির ৮; ১৪॥—[৬] ১; ১৩-১৫॥—[৭] যির ২৫; ৯। ২ রা ২৪; ১। ২ বং ৩৬; ১১-২১॥ [১০] যিশ ৬; ৯,১০। যির ৫; ১২। ১৪; ১৩॥—[১১-১৩] হ ১; ৫-৯। যিশ ৫; ২৬-৩০। দ্বি ২৮; ৪৯। ২ বং ৩৬; ১৭॥ [১৪] যিশ ১; ১৬॥—[১৫] যির ৮; ১৬॥—[১৬] ৫; ১৫॥—[১৮] ২ বং ৩৬; ১৪-১৭॥—[১৯] যিশ ১৬; ১১। ২১; ৩॥—[২০] যির ১০; ২০॥—[২১] যিশ ১; ২-৪॥—[২৩-২৯] যিশ ২৪; ১-১২॥—[২৩-২৬] যির ৯; ১০॥ [২৭] ৫; ১০,১৮। ৩০; ১১। যিশ ৬; ১৩॥—[২৮] যির ৫; ৩০। ৮; ২১,২২॥

* (ইব্রী) কন্যার। † (ইব্রী) পাপ রাত্রিবাস করিবে। ‡ (বা) পাপ। ‖ (ইব্রী) অন্ত্র। § (ইব্রী) উপরে। ¶ (বা) পর্দা।

পর্ব্বতে আরোহণ করিবে; তাহাতে তাবৎ নগর ত্যক্ত হইবে, তাহার মধ্যে কেহ বসতি করিবে ৩০ না। তুমি উচ্ছিন্ন হইলে কি করিবা? যদ্যপি আপনাকে শোনবর্ণ বস্ত্রেতে বস্ত্রান্বিত ও সুবর্ণের অভরণে বিভূষিত কর, ও অঞ্জনদ্বারা আপন চক্ষু বিস্তারিত কর, তথাপি সে সকল সৌন্দর্য্য বৃথা হইবে; তোমার প্রেমকারিগণ তোমাকে তুচ্ছজ্ঞান করিয়া তোমার প্রাণ বিনষ্ট করিতে চেষ্টা ৩১ করিবে। স্ত্রীর প্রসবকালের আর্ত্তস্বর ও প্রথম প্রসবকালের বেদনার শব্দের ন্যায় আমি সিয়োনের কন্যার রব শুনিতেছি; সে দীর্ঘ নিশ্বাস ছাড়িয়া ও হস্ত বিস্তার করিয়া কহিতেছে, এখন আমার সন্তাপ হইতেছে, ও বধকারিদের দ্বারা আমার মন মূর্চ্ছাপন্ন হইতেছে।

৫ অধ্যায়।

১ পাপের জন্যে শাস্তির ভবিষ্যদ্বাক্য ১০ ও সেই শাস্তির বিশেষ বর্ণনা ২০ ও লোকদের পাপের বিশেষ বর্ণনা ৩০ ও মিথ্যা ভবিষ্যদ্বক্তাদের কথা।

১ যিরূশালমের পথে ইতস্ততো গমন কর, ও রাজপথে অন্বেষণ করিয়া বিবেচনা করিয়া দেখ, ন্যায়কারি ও সত্যতা অন্বেষণকারি এক জনকেও যদি পাইতে পার, তবে আমি তাহার প্রতি ক্ষমা করিব। ২ তাহারা অমর পরমেশ্বরের নামে শপথ করি৩ লেও মিথ্যা শপথ করে। হে পরমেশ্বর, তোমার দৃষ্টি কি সত্যতার প্রতি নয়? তুমি তাহাদিগকে প্রহার করিলেও তাহারা খেদান্বিত হয় না; ও তাহাদের ক্ষয় করিলেও তাহারা শাসন গ্রহণ করিতে অবজ্ঞা করে; এবং তাহারা প্রস্তরহইতেও আপন ২ মুখ কঠিন করে, ও মন ফিরাইতেও অস৪ ম্মত হয়। তখন আমি কহিলাম, কেবল এই দরিদ্র লোকেরাই অজ্ঞান, তাহারা পরমেশ্বরের পথ ও ৫ আপনাদের ঈশ্বরের ধর্ম্ম জানে না। আমি ভাগ্যবান লোকের নিকটে গিয়া তাহাদের কাছে কথা কহিব, কেননা তাহারা পরমেশ্বরের পথ ও ঈশ্বরের ধর্ম্ম জানে; কিন্তু তাহারাও যোঁয়ালি ভঙ্গ করে ও ৬ বন্ধন ছেদন করে। এই নিমিত্তে বনহইতে এক সিংহ আসিয়া তাহাদিগকে বধ করিবে, ও সন্ধ্যাকালে এক কেন্দুয়া আসিয়া তাহাদিগকে বিনষ্ট করিবে, এবং এক নেকড়িয়া ব্যাঘ্র তাহাদের নগরের নিকটে প্রহরী হইবে; তাহাতে যে কেহ নগরের বহির্গমন করিবে, সে বিদীর্ণ হইবে, কারণ তাহারা অনেক পাপ করে ও অনেক বার বিপথে গমন করে। ইহার নিমি৭ ত্তে আমি কি প্রকারে তোমাকে ক্ষমা করিব? তোমার সন্তানগণ আমাকে ত্যাগ করে, ও যাহারা ঈশ্বর নয়, তাহাদের নাম লইয়া শপথ করে; আমি তাহাদিগকে শপথ * করাইলেও তাহারা ব্যভিচার করে ৮ ও বেশ্যার বাটীতে গিয়া একত্র হয়। তাহারা কামাতুর অশ্বের সদৃশ অস্থির হইয়া প্রত্যেক জন আপন ৯ প্রতিবাসিনী স্ত্রীর প্রতি হ্রেষা করে। পরমেশ্বর কহেন, এই সকলের নিমিত্তে আমি কি তাহাদিগকে দণ্ড দিব না? ও এমত লোকদিগকে কি প্রতিফল দিব না?

১০ তোমরা তাহার প্রাচীরের † উপরে গিয়া তাহা ভঙ্গ কর, কিন্তু সর্ব্বশুদ্ধ ভঙ্গ করিও না; তাহার আলিসা ‡ পরমেশ্বরের নয়, অতএব তাহাও দূর কর। ১১ কেননা ইস্রায়েল্ বংশ ও যিহূদা বংশ আমার ১২ বিপরীতে অত্যন্ত বিশ্বাসঘাতকতা করে। তাহারা পরমেশ্বরকে অস্বীকার করিয়া কহে, ‘সে তিনি নহেন, ও আমাদের প্রতি অমঙ্গল ঘটিবে না, এবং ১৩ আমরা খড়্গ কিম্বা দুর্ভিক্ষ দর্শন করিব না। এবং ভবিষ্যদ্বক্তৃগণ বায়ুবৎ হইবে, কেননা আমাদের প্রতি এই রূপ ঘটিবে, এই কথা কহিতে তাহাদের ১৪ প্রতি আজ্ঞা নয় §।’ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, তাহাদের ¶ এই কথা কহাতে আমি তোমার মুখস্থিত আপন কথাকে অগ্নিস্বরূপ ও এই লোকদিগকে কাষ্ঠস্বরূপ করিব, তাহাতে তাহা তাহা১৫ দিগকে ভষ্মসাৎ করিবে। হে ইস্রায়েল্ বংশ, পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি দূরহইতে ভিন্নদেশীয় লোকদিগকে তোমার বিরুদ্ধে আনিব, তাহারা বলবান্ ও প্রাচীন জাতি; সে জাতীয় ভাষা তুমি জান না, ও তাহাদের উক্ত কথা তুমি বুঝিতে ১৬ পারিবা না। তাহাদের তূণ মুক্ত কবরের ন্যায়, ও ১৭ তাহারা সকলেই বলবান। তাহারা আসিয়া তোমার শস্য ও ভক্ষ্যদ্রব্য গ্রাস করিবে, এবং তোমার পুত্র ও কন্যাগণকে গ্রাস করিবে, এবং তোমার মেষপাল ও গোপাল গ্রাস করিবে, ও তোমার দ্রাক্ষালতা ও ডুম্বুর বৃক্ষ গ্রাস করিবে, এবং যে প্রাচীরবেষ্টিত নগরে বিশ্বাস করিতেছ, সে সকল ১৮ অস্ত্রদ্বারা ভগ্ন করিবে। কিন্তু পরমেশ্বর কহেন, সে সময়ে আমি তোমাদিগকে সর্ব্বশুদ্ধ বিনষ্ট করিব ১৯ না। ‘আমাদের প্রভু পরমেশ্বর আমাদের প্রতি

---

[৩০] ২ রা ২৪ ; ৭ ।।—[৩১] যিশ ৩ ; ২৬।।

[৫ অধ্য; ১] আ ১৮ ; ২৩-৩২। যিহি ২২ ; ৩০ ।।—[২] যির ৭ ; ৯। যিশ ৪৮ ; ১।।—[৩] হি ২৩ ; ৩৪। যিশ ১ ; ৫।। যির ২ ; ৩০ ।।—[৬] হ ১ ; ৬-৮।।—[৭] দ্বি ৩২ ; ১৫-১৯।।—[৮] যিহি ২২ ; ১১। ৩৩ ; ২৬।।—[৯] প ২৯। যির ৯ ; ৯।। [১০] প ১৮। ৪ ; ২৭।।—[১১] ৩ ; ২০।—[১২,১৩] ২৩ ; ১৭। ৪৩ ; ২।।—[১৪] দ্বি ২৮ ; ৪৯-৫২। যিশ ৫ ; ২৩-২৮। যির ৬ ; ২২,২৩।।—[১৭] ৩২ ; ৪।।—[১৮] প ১০। ৪ ; ২৭।।

* (বা) পূর্ব্বকপে ভোজন। † (বা) বেড়ার। ‡ (বা) শাখা। § (বা) তাহাদের মধ্যে ঈশ্বরবাক্য নয়, তাহাদের কথা তাহাদের প্রতি বর্ত্তিবে। ¶ (ইব্রী) তোমাদের।

কেন এ সকল করেন?’ তাহারা এই কথা কহিলে তুমি তাহাদিগকে উত্তর করিবা, তোমরা যেমন পরমেশ্বরকে ত্যাগ করিয়া স্বদেশে অন্য দেবতার সেবা করিয়াছ, তদ্রূপে তোমাদিগকে পরদেশের মধ্যে অন্য লোকদের সেবা করিতে হইবে।

২০ এখন যাকূব্ বংশকে এ কথা জানাও, ও যিহূদা ২১ দেশে এ কথা প্রচার কর। হে অজ্ঞান ও নির্ব্বোধ লোক সকল, তোমরা চক্ষু থাকিতে অন্ধ, ও কর্ণ থাকিতে বধির, এখন আমার এই কথা শুন ২২ পরমেশ্বর কহেন, তোমরা কি আমাকে ভয় করিবা না? যাহার তরঙ্গ অতি আস্ফালন করিলেও সীমালঙ্ঘন করিতে পারে না, ও আপনাকে উৎক্ষেপ করিলেও অতিক্রম করিতে পারে না এমত যে সমুদ্র, নিত্য নিয়মেতে তাহার অলঙ্ঘনীয় বালুকাসীমা নিরূপনকারী যে আমি, আমার সাক্ষাতে কি কম্প- ২৩ বান হইবা না? কিন্তু এই লোকদের ধর্ম্মত্যাগি ও আজ্ঞা লঙ্ঘনকারি মন আছে, তাহারা ধর্ম্মত্যাগ ২৪ করিয়া যায়। এবং ‘উপযুক্ত কালে অর্থাৎ পূর্ব্বকালে কি শেষকালে বৃষ্টিদাতা ও শস্যকালের নিরূপিত সপ্তাহ সকলের রক্ষাকর্ত্তা যে আমাদের প্রভু পরমেশ্বর, আইস আমরা তাঁহাকে এখন ভয় করি,’ ২৫ এমত কথা মনে ২ কহে না। তোমাদের অধর্ম্ম এই সকল দূর করে, ও তোমাদের পাপ তোমাদের মঙ্গল ২৬ নিবারণ করে। আমার লোকদের মধ্যে অনেকে পাপী আছে, তাহারা মনুষ্য ধরিতে ফাঁদ পাতিয়া ২৭ ব্যাধের ন্যায় লুক্কায়িত থাকে। যেমন পিঞ্জর পক্ষিতে পরিপূর্ণ, তদ্রূপ তাহাদের বাটী কপট- ২৮ তাতে পরিপূর্ণ। এই নিমিত্তে তাহারা উন্নত ও উত্তর ২ ধনবান হয়; এবং স্থূলকায় ও তেজস্বী হয়; তাহারা পাপিলোক অপেক্ষাও পাপ করে, ও পিতৃহীনদের কর্ম্ম যেন সফল না হয়, এই নিমিত্তে সদ্বিচার করে না, এবং দরিদ্রেরও আপত্তির ২৯ বিচার করে না। পরমেশ্বর কহেন, এই সকলের নিমিত্তে আমি কি তাহাদিগকে শাস্তি দিব না? ও এ প্রকার দেশের লোকদিগকে আমি কি সমুচিত দণ্ড দিব না?

৩০ দেশেতে এক আশ্চর্য্য ও রোমাঞ্চকারি দুষ্কর্ম্ম ৩১ করা যায়। ভবিষ্যদ্বক্তৃগণ মিথ্যা কথা প্রচার করে, এবং তাহাদের দ্বারা যাজকগণ কর্ত্তৃত্ব করে, এবং আমার লোকেরা ইহা ভাল বাসে, কিন্তু তোমরা শেষ কালে কি করিবা?

৬ অধ্যায়।

১ লোকদের নানা পাপ প্রকাশ করণ ১৬ ও পাপহইতে ফিরিতে বিনয় ও না ফিরণেতে দুঃখের ভবিষ্যদ্বাক্য ২৭ ও যিরিমিয়ের প্রতি ঈশ্বরের কথা।

১ হে বিন্য়ামীনের সন্তান, তোমরা সকলে একত্র হইয়া যিরূশালম্‌হইতে পলায়ন কর, এবং তিকোয় নগরে তূরী বাজাও, এবং বৈথক্কেরমে ধ্বজা তুল, কেননা অমঙ্গল ও মহাবিপদ উত্তরদেশহইতে ২ প্রকাশ পাইতেছে। সিয়োনের কন্যাকে এক সুন্দরী ও কোমলাঙ্গীর সদৃশ জ্ঞান করিলাম*। ৩ মেষপালকগণ আপন ২ পাল সঙ্গে লইয়া তাহার কাছে আসিবে, ও তাহার চতুর্দ্দিগে টোল ফেলিবে, এবং প্রত্যেক জন আপন ২ স্থানে পাল চরাইবে। ৪ ‘আইস, তাহার বিরুদ্ধে যুদ্ধ করিতে প্রস্তুত হও, ও উঠ, আমরা মধ্যাহ্নকালে প্রস্থান করি। আমাদিগকে ধিক্, কেননা আমাদের দিনের শেষ হই- ৫ তেছে ও সন্ধ্যাকালের ছায়া দীর্ঘ হইতেছে। উঠ, আমরা রাত্রিকালে গিয়া তাহার অট্টালিকা ভগ্ন ৬ করি।’ কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, বৃক্ষ ছেদন করিয়া যিরূশালমের প্রতিকূলে জাঙ্গাল বাঁধ, এই নগর দণ্ডার্হ হইতেছে; তাহার মধ্যে ৭ সর্ব্ব প্রকার অন্যায় হইতেছে। যেমন উনুই আপন জল নির্গত করে, তদ্রূপ সে আপন দুষ্টতা নির্গত করে; তাহার মধ্যে দৌরাত্ম্য ও চৌর্য্যশব্দ শুনা যায়, এবং দুঃখ ও ক্ষত নিত্য ২ আমার সাক্ষাতে ৮ থাকে। হে যিরূশালম, তুমি উপদেশ শুন, নতুবা আমার মন তোমাহইতে বিরক্ত হইলে আমি তোমাকে ৯ অরণ্যবৎ নরশূন্য করিব। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, শত্রুগণ† ইস্রায়েলের অবশিষ্ট লোকদিগকে দ্রাক্ষাফলের ন্যায় পাড়িয়া কহিবে, ‘দ্রাক্ষাফল চয়নকারী যেমন আপন হস্ত পশ্চাৎ করিয়া পাত্রে ১০ রাখে, তদ্রূপ কর।’ আমি কথা কহিয়া সাক্ষ্য দিলে তাহারা কি মনোযোগ করিবে? দেখ, তাহাদের কর্ণ বদ্ধ আছে, তন্নিমিত্তে তাহারা শুনিতে পায় না। দেখ, তাহাদের কাছে পরমেশ্বরের কথা অপমান- ১১ স্বরূপ, তাহাতে তাহাদের কোন সন্তোষ নাই। আমি পরমেশ্বরের ক্রোধে পরিপূর্ণ আছি, ও তাহা নিবারণ করিতে ক্লান্ত হই; পথেস্থিত বালকগণের উপরে ও যুবদের সভাতে তাহা ঢালিব‡; পুরুষ ও স্ত্রী এবং বৃদ্ধ ও অতিবৃদ্ধ সকলেই ধরা পড়িবে। ১২ তাহাদের বাটী ও ভূমি ও স্ত্রী পরের অধিকার

---

[১৯] দ্বি ২৮; ৪৭,৪৮। ২৯; ২২-২৮॥—[২১] যিশ ৬; ৯,১০। ৪২; ১৯,২০॥—[২২] যির ১০; ৭। যূব ৩৮; ৮-১১। গী ১০৪; ৯॥—[২৪] যূব ৩৫; ১০,১১। প্রে ১৪; ১৭॥—[২৫] যিশ ৫৯; ২॥—[২৬-২৮] গী ১০; ৪-১২॥—[২৯] প ৯। যির ৯; ৯॥—[৩১] ১৪; ১৩,১৪। যী ২; ১১॥

[৬ অধ্য;] যির ৫২॥—[১-৫] ৫২; ৪। ২৫; ৮-১১॥—[৩] ৪; ১৭॥—[৮] যির ৭; ৩। যিশ ১; ১৯,২০॥ [১০] যিশ ২৮; ৯,১০॥—[১১,১২] ২ বং ৩৬; ১৭॥

* (বা) সুন্দরী ও কোমলাঙ্গী কন্যাকে বিনষ্ট করিব। † (ইব্র) তাহারা। ‡ (বা) ঢাল।

হইবে; পরমেশ্বর কহেন, আমি এই দেশ নিবাসিদের বিরুদ্ধে আপন হস্ত বিস্তার করিব। কেননা ১৩ তাহারা ক্ষুদ্র কি মহান সকলেই অত্যন্ত লোভাসক্ত হয়, এবং ভবিষ্যদ্বক্তা ও যাজকগণ প্রভৃতি মিথ্যা ১৪ আচরণ করে। এবং মঙ্গল না হইলেও মঙ্গল ২ বলিয়া আমার লোকদের ক্ষতের কেবল বাহির ১৫ সুস্থ করে। তাহারা ঘৃণার্হ কর্ম্ম করিয়া কি লজ্জিত হয়? তাহা নয়; তাহারা মুখ বিবর্ণও করে না, এবং মুখবিবর্ণ করিতেও জানে না; পরমেশ্বর কহেন, তাহারা সকলেই পতিত লোকদের মধ্যে পড়িবে; আমার দণ্ড দেওনের সময়ে অধঃপতিত হইবে।

১৬ পরমেশ্বর এই কথা কহেন, 'তোমরা পথে দাঁড়াইয়া দেখ; এবং কোথায় পুরাতন পথ, ও কোথায় বা উত্তম পথ, তাহা জিজ্ঞাসা কর, এবং তাহা দিয়া গমন কর; তাহা করিলে তোমরা আপন ২ মনে বিশ্রাম পাইবা;' কিন্তু তাহারা কহে, আমরা ১৭ তাহা দিয়া চলিব না। এবং 'আমি তোমাদের উপরে প্রহরিগণকে রাখি, তোমরা তূরীর বাদ্য শুন;' কিন্তু ১৮ তাহারা কহে, আমরা শুনিব না। অতএব হে ভিন্নদেশীয়েরা, শ্রবণ কর; ও হে লোকসমূহ, তাহাদের ১৯ মধ্যে কি ২ আছে, তাহা জ্ঞাত হও। হে পৃথিবি, শুন, এই লোকেরা আমার কথা শুনে না, ও আমার শাস্ত্র শুনিতেও সম্মত হয় না, অতএব আমি তাহাদের প্রতি তাহাদের কুকল্পনার ফল অর্থাৎ অমঙ্গল ঘটাইব। ২০ শিবাহইতে আমার কাছে ধূপ কেন আইসে? ও দূরদেশহইতে মিষ্ট বচ কেন আইসে? তোমাদের হোমবলি আমার গ্রাহ্য নয়, ও তোমাদের বলিদান ২১ আমার মনোহর নয়। পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি এই লোকদের সম্মুখে বাধা রাখি; তাহাতে তাহাদের পিতৃগণ ও পুত্রগণ অধঃপতিত হইবে; এবং প্রতিবাসী ও বন্ধুগণ সকলেই বিনষ্ট হইবে। ২২ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, উত্তরদেশহইতে এক লোক আসিতেছে, ও পৃথিবীর পার্শ্বহইতে ২৩ এক প্রধান জাতি উঠিয়া আসিতেছে। তাহারা ধনুর্ব্বাণ ও বড়শাধারী এবং অতি নিষ্ঠুর; কিছুমাত্র দয়া করে না, সমুদ্রগর্জ্জনের ন্যায় গর্জ্জন করে; হে সিয়োনের কন্যে, তাহারা তোমার বিপরীতে যুদ্ধ করণার্থে ২৪ সুসজ্জ হইয়া অশ্বারোহণ করিতেছে। আমরা তাহাদের শব্দ শুনিতেছি, তাহাতে আমাদের হস্ত পর্য্যন্ত অবশ হয়, এবং যন্ত্রণা ও প্রসূতা স্ত্রীর ন্যায় বেদনা ২৫ আমাদিগকে গ্রাস করে। ক্ষেত্রে যাইও না ও রাজপথে গমন করিও না, কেননা ভয়ানক শত্রুদের খড়্গ চতুর্দ্দিগে আছে। হে আমার লোকের কন্যে, ২৬ তুমি চট পরিধান কর, ও ভস্মেতে লুণ্ঠিত হও, ও অদ্বিতীয় পুত্র বিয়োগ জন্য শোকের ন্যায় শোক ও মহাবিলাপ কর, কেননা বিনাশকগণ অকস্মাৎ আমাদের নিকটে আসিতেছে।

২৭ তুমি যেন আমার লোকদের গতি পরীক্ষা করিয়া জ্ঞাত হও, এই জন্যে আমি তোমাকে তাহাদের ২৮ মধ্যে এক পরীক্ষক ও নিরীক্ষক* করিয়াছি। তাহারা দারুণ বিশ্বাসঘাতক ও কর্ণেজপ; তাহারা পিত্তল ২৯ ও লৌহস্বরূপ; সকলেই ভ্রষ্ট। যাঁতা দগ্ধ হইয়াছে ও শীষা অগ্নিতে দ্রব হইয়াছে; স্বর্ণকারগণ বৃথা ৩০ গলায়, কেননা মল নির্গত হয় না। অতএব পরমেশ্বর তাহাদিগকে অগ্রাহ্য করিয়াছেন, এই জন্যে তাহাদিগকে অগ্রাহ্য রূপ্য মল বল।

৭ অধ্যায়।

১ নানা পাপের জন্যে অনুতাপ করিতে ঈশ্বরের আহ্বান ১৬ ও অনুতাপ না করিলে তাহাদের দুঃখঘটনের নির্ণয় ২১ ও তাহাদের বলিদানাদি ঈশ্বরের অগ্রাহ্য হওন ৩০ ও তোফেতে তাহাদের পাপ ও শাস্তির কথা।

১ তদনন্তর পরমেশ্বরের এই কথা যিরিমিয়ের নিকটে ২ উপস্থিত হইল, তুমি পরমেশ্বরের মন্দিরের দ্বারে দাঁড়াইয়া এই কথা প্রচার করিয়া বল, হে যিহূদীয় লোক সকল, পরমেশ্বরের ভজনা করিতে এই মন্দিরের দ্বারে প্রবেশকারি যে তোমরা, তোমরা পর- ৩ মেশ্বরের কথা শুন। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর ও ইস্রায়েলের ঈশ্বর এই কথা কহেন, তোমরা আপনাদের আচার ও ব্যবহার শুদ্ধ কর, তাহাতে আমি তোমাদি- ৪ গকে এই স্থানেই বাস করাইব। কিন্তু 'ইহারাই পরমেশ্বরের মন্দির, ও ইহারাই পরমেশ্বরের মন্দির, ও ইহারাই পরমেশ্বরের মন্দির,' এই মিথ্যাকথাতে ৫ বিশ্বাস করিও না। তোমরা যদি আপন ২ আচার ব্যবহার সম্পূর্ণরূপে শুদ্ধ কর, এবং বাদি প্রতিবা- ৬ দির† বিচার কর, এবং বিদেশি ও পিতৃহীন ও বিধবাদের প্রতি কোন অন্যায় না কর, এবং এই স্থানে নির্দ্দোষদের রক্তপাত না কর, এবং আপন ২ ক্ষতির নিমিত্তে অন্য দেবগণের পশ্চাদ্গামী না হও, ৭ তবে আমি তোমাদের পূর্ব্বপুরুষদিগকে এই যে দেশ দিয়াছি, তাহাতেই তোমাদিগকে চিরকাল বাস ৮ করাইব। দেখ, তোমরা নিষ্ফল মিথ্যাকথাতে বিশ্বাস ৯ করিতেছ। তোমরা কি চুরী ও হত্যা ও পরদার ও মিথ্যাশপথ করিয়া বালের উদ্দেশে ধূপ জ্বালাইবা, এবং আপনাদের অজ্ঞাত অন্যদেবগণের পশ্চা-

[১২-১৫] যির ৮; ১০-১২॥—[১৬] ১৮; ১৫॥—[১৭] ২৫; ৪। যিহি ৩; ১৭, ১৮॥—[২০] যিশ ১; ১১-১৫॥
[২২,২৩] ২ বং ৩৬; ১৭॥—[২৬] প ২। যিশ ৩; ২৬॥—[২৭] যির ১; ১৮। ১৫; ২০।—[২৮-৩০] যিশ ১; ২২,২৩। যিহি ২২; ১৮,২০॥

[৭ অধ্য; ২] যির ২৬; ২॥—[৩] ৬; ৮। ২৬; ১৩।—[৫-৭] যিশ ১; ১৬-১৯॥—[৮] যির ১৪; ১৩,১৪॥

* (বা) দুর্গ। † (বা) প্রতিবাদির।

১০ দ্বর্ত্তী হইবা? এবং তাহার পরে আসিয়া এই সকল ঘৃণ্য ক্রিয়া করণের নিমিত্তে আমার নামেতে খ্যাত এই মন্দিরের মধ্যে আমার সাক্ষাতে কি দাঁড়াইয়া কহিবা, আমাদিগকে উদ্ধার কর?
১১ আমার নামে বিখ্যাত এই মন্দির কি তোমাদের গোচরে দস্যুর গহ্বর হইয়াছে? পরমেশ্বর কহেন,
১২ তাহা আমি দেখিতেছি। কিন্তু আমার যে শীলো নামক স্থানেতে আমি পূর্ব্বে আপন নাম প্রকাশ করিয়াছিলাম, তাহার প্রতি আমার ইস্রায়েল লোকের দুষ্টতা প্রযুক্ত যে প্রকার কর্ম্ম করিয়াছি, তাহা বরং
১৩ তোমরা গিয়া দেখ। পরমেশ্বর কহেন, তোমরা এই সকল কর্ম্ম করিলেও আমি যত্নপূর্ব্বক * তোমাদিগকে উপদেশ কথা কহিয়াছি, কিন্তু তোমরা তাহা শুনিলা না, আমি ডাকিলেও তোমরা উত্তর দিলা
১৪ না; অতএব আমার নামে বিখ্যাত ও তোমাদের বিশ্বাসস্থল যে মন্দির, এবং যে স্থান তোমাদিগকে ও তোমাদের পূর্ব্বপুরুষদিগকে আমি দিয়াছি, শীলোর প্রতি যে রূপ করিয়াছি, তদ্রূপ তাহার প্রতিও
১৫ করিব; এবং তোমাদের ভ্রাতৃগণকে অর্থাৎ ইফ্রয়িমের তাবৎ বংশকে আপন গোচরহইতে যে রূপ দূর করিয়াছি, তদ্রূপ তোমাদিগকে দূর করিব।
১৬ অতএব তুমি এই লোকদের নিমিত্তে আমার কাছে প্রার্থনা ও নিবেদন ও যাচ্ঞা ও বিনয় করিও
১৭ না; আমি তোমার কথা শুনিব না। তাহারা যিহূদা নগরে ও যিরূশালমের রাজপথে যেরূপ ব্যবহার
১৮ করে, তাহা কি তুমি দেখ নাই? যেন আমার ক্লেশ † জন্মে, এই অভিপ্রায়ে অন্য দেবতাদের উদ্দেশে পানীয় বস্তু উৎসর্গ করিতে ও আকাশরাণীর উদ্দেশে পিষ্টক পাক করিতে, তাহাদের বালকগণ কাষ্ঠ আহরণ করে, ও পিতৃগণ অগ্নি প্রজ্বলিত করে, ও
১৯ স্ত্রীগণ পিষ্টকপিণ্ড প্রস্তুত করে। পরমেশ্বর কহেন, তাহারা আমাকে যে ক্লেশ † দেয়, তাহা কি তাহাদের ক্লেশের ও মুখের বিবর্ণতার নিমিত্ত হইবে না?
২০ অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, এই স্থানের উপরে ও মনুষ্য ও পশু ও ক্ষেত্রের বৃক্ষ ও ভূমির শস্য, এই সকলের উপরে আমার ক্রোধ ও কোপরূপ অগ্নি নিক্ষিপ্ত হইবে; তাহাতে তাহা প্রজ্বলিত হইবে, কখনো নির্ব্বাণ পাইবে না।
২১ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর ও ইস্রায়েলের ঈশ্বর এই কথা কহেন, তোমরা অন্য বলিদানের সহিত হোম বলিদান করিয়া তাহার মাংসও ভোজন কর। যে দিনে
২২ আমি তোমাদের পূর্ব্বপুরুষদিগকে মিসরদেশহইতে আনিয়াছি, তৎকালে তাহাদিগকে হোম কি বলিদানের কথা কিছু কহি নাই ও আজ্ঞা দি নাই। বরং
২৩ এই আজ্ঞা দিয়াছিলাম, তোমরা আমার আজ্ঞা মান্য কর, তাহাতে আমি তোমাদের ঈশ্বর হইব, ও তোমরা আমার লোক হইবা; আমি তোমাদিগকে মঙ্গলার্থে যে২ পথে চলিতে আজ্ঞা দি, তোমরা সেই ২ পথে
২৪ চল। কিন্তু তাহারা তাহাতে মনোযোগ ও কর্ণপাত না করিয়া আপন২ পরামর্শে ও দুষ্টান্তঃকরণের কল্পনানুসারে ‡ আচরণ করিল, এবং অভিমুখ না হইয়া পরাঙ্মুখ হইল। তোমাদের পূর্ব্বপুরুষদের মিসরদেশ-
২৫ হইতে আগমনাবধি অদ্য পর্য্যন্ত আমি নিত্য ২ যত্নপূর্ব্বক * প্রেরণ করিয়া আপনার দাস তাবৎ ভবিষ্যদ্বক্তৃগণকে তোমাদের নিকটে প্রেরণ করিয়াছি।
২৬ তথাপি তোমরা আমার কথা শুনিলা ‖ না, ও তাহাতে মনোযোগও না করিয়া আপন২ গ্রীবা কঠিন করিয়া পূর্ব্বপুরুষ অপেক্ষাও অধিক পাপাচরণ করিলা।
২৭ তুমি তাহাদিগকে এই সকল কথা কহিলেও তাহারা তোমার কথা শুনিবে না, তুমি তাহাদিগকে
২৮ ডাকিলেও তাহারা উত্তর দিবে না। তথাপি তুমি তাহাদিগকে বল, এই লোকেরা আপন২ প্রভু পরমেশ্বরের কথাতে অমনোযোগ করিয়া তাঁহার শাসন অগ্রাহ্য করে; তাহাদিগেতে সত্যতার অভাব হইয়াছে, ও তাহাদের মুখহইতে সত্যতা নির্গত হয় না।
২৯ তোমরা আপন২ কেশ মুণ্ডন করিয়া ফেলিয়া দেও, ও উচ্চস্থানে বিলাপ কর, কেননা পরমেশ্বর আপন ক্রোধের পাত্রদিগকে তুচ্ছজ্ঞান করিয়া দূর
৩০ করিবেন। পরমেশ্বর কহেন, যিহূদার সন্তানগণ আমার সাক্ষাতে পাপ করে, এবং আমার নামে বিখ্যাত মন্দিরকে অশুচি করণার্থে তাহার মধ্যে
৩১ ঘৃণার্হ প্রতিমা রাখে; এবং তাহাদের পুত্র কন্যাগণকে দগ্ধ করণরূপ যে কর্ম্ম করিতে আমি নিষেধ করিয়াছি, ও যাহা মনে গ্রাহ্য করিতে পারি না, তাহা করণার্থে তাহারা হিন্নোমের পুত্রের উপ-
৩২ ত্যকাস্থিত তোফতে উচ্চস্থান নির্ম্মাণ করে। কিন্তু পরমেশ্বর কহেন, ঐ স্থান তোফৎ কিম্বা হিন্নোমের পুত্রের উপত্যকা নামে বিখ্যাত না হইয়া, হনন উপত্যকা নামে বিখ্যাত হইবে, এমত সময় আসিতেছে; কেননা যে পর্য্যন্ত কবর দেওনের

[৯,১০] যিশ ১; ১১-১৫। যিহি ২৩; ৩১ ॥—[১১] যিশ ৫৬; ৭। ম ২১; ১৩॥—[১২] যি ১৮; ১। ১ শি ৪; ১১,২১,২২। গী ৭৮; ৫৯-৬৪॥—[১৩,১৪] ২ বং ৩৬; ১৪-১৯॥—[১৪] যির ২৬; ৬॥—[১৫] ২ রা ১৭; ১৮,১৯॥—[১৬] যির ১১; ১৪। ১৫; ১। যিহি ১৪; ১২-২১॥—[১৮] যির ৪৪; ১৭॥—[১৯,২০] দ্বি ৩২; ১৯-২২॥—[২১] হো ৮; ১৩। লে ১; ৯,১৩। যিশ ১; ১১॥—[২২] লে ১; ৩। দ্বি ২৩; ২২॥—[২৩] দ্বি ১০; ১২-১৬॥—[২৪] গী ৮১; ১১,১২। যির ৩২; ৩৩॥ [২৫,২৬] ২ বং ৩৬; ১৫,১৬। —[২৯] মী ১; ১৬॥—[৩০,৩১] যির ৩২; ৩৪,৩৫। ২ বং ৩৩; ৪-৬॥—[৩২] যির ১৯; ৬,১১। ম ২৭; ৭-১০॥

* (ইব্র) প্রত্যূষে উঠিয়া। † (বা) ক্রোধ। ‡ (বা) কাঠিন্যানুসারে। ‖ (ইব্র) তাহারা।

আর স্থান না থাকে, তাবৎ তাহারা তোফতে কবর ৩৩ দিবে। পরে আকাশের পক্ষিগণ ও পৃথিবীর পশুগণ এই লোকদের শব ভোজন করিবে, তাহাদিগকে ৩৪ কেহ দূর করিবে না। সে সময়ে আমি যিহূদার নগরের মধ্যে ও যিরূশালমের রাজপথের মধ্যে হর্ষনাদের ও আনন্দধ্বনির এবং বর কন্যার ধ্বনির অভাব করাইব, এবং দেশ উচ্ছিন্ন হইবে।

৮ অধ্যায়।

১ মৃত ও জীবৎ লোকদের দুর্দ্দশা ৪ ও কাঠিন্য প্রযুক্ত লোকদের প্রতি অনুযোগ ১৪ ও তাহাদের দুঃখের বিষয়ের কথা ১৮ ও তাহাদের দুঃখের নিমিত্তে যিরিমিয়ের বিলাপ।

১ পরমেশ্বর কহেন, তৎকালে লোকেরা যিহূদার রাজগণের ও অধ্যক্ষগণের ও যাজকগণের ও ভবিষ্যদ্বক্তৃগণের ও যিরূশালম নিবাসি তাবৎ লোকের ২ অস্থি তাহাদের কবরহইতে বাহির করিবে। এবং তাহারা যে সূর্য্য ও চন্দ্র ও আকাশমণ্ডলের তারাগণকে ভাল বাসিয়া সেবা করিত ও তাহাদের অনুগত হইয়া অন্বেষণ করিত ও প্রণাম করিত, তাহাদের সম্মুখে সে সকল অস্থি ছড়াইবে; সে সকল একত্রীকৃত হইয়া আর কবরে রক্ষিত হইবে না, কিন্তু ক্ষে৩ ত্রের সার তুল্য হইবে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি এই দুষ্ট বংশের অবশিষ্ট লোকদিগকে যে ২ স্থানে দূর করিব, সে সকল স্থানে তাহাদের যত লোক অবশিষ্ট থাকিবে, তাহাদের দৃষ্টিতে জীবন অপেক্ষা মৃত্যু মনোনীত হইবে।

৪ তাহাদিগকে আরো এই কথা বল, পরমেশ্বর এই কথা কহেন, কেহ পতিত হইয়া কি আর উঠিবে না? এবং বিমুখ হইয়া কি আর অভিমুখ ৫ হইবে না? যিরূশালমস্থ* এই লোক কেন নিত্য ২ বিপথগামী হয়? তাহারা খলতাকে দৃঢ়রূপে ধরিয়া ৬ কেন † ফিরিয়া আসিতে অসম্মত হয়? আমি মনোযোগ করিয়া শুনিলাম, তাহারা প্রকৃত কথা কহে নাই, এবং হায় ২ আমি কি করিলাম! ইহা বলিয়াও কেহ পাপের জন্যে অনুতাপ করে না; যেমন অশ্ব যুদ্ধস্থানের প্রতি ধাবমান হয়, তদ্রূপ ৭ প্রত্যেক জন আপন ২ পথে ধাবমান হয়। আকাশস্থিত হাড়গিলা আপন নিরূপিত সময় জানে, এবং ঘুঘু ও বক ও তালচোঁচ আপনাদের গমনাগমনের কাল বুঝে, কিন্তু আমার লোকেরা পরমেশ্বরের ৮ রীতি জানে না। আর 'আমরা জ্ঞানী ও পরমেশ্বরের শাস্ত্রাধিকারী,' এই কথা তোমরা কি প্রকারে বল? দেখ, বিদ্বানদের মিথ্যালেখনী সত্য কথাকে ৯ মিথ্যা করে। জ্ঞানিরা লজ্জিত ও ত্রস্ত ও ধৃত হইবে; দেখ, যাহারা পরমেশ্বরের কথা অস্বীকার করে, ১০ তাহাদের মধ্যে কি জ্ঞান আছে? আমি তাহাদের স্ত্রীগণকে অন্যদিগকে দিব, ও তাহাদের ক্ষেত্র অন্য অধিকারিকে দিব; কেননা ক্ষুদ্র কি মহান সকলেই লোভেতে আকৃষ্ট হয়, ভবিষ্যদ্বক্তা ও পুরোহিত ‡ তা১১ বৎ লোক প্রবঞ্চনা করে। কেননা মঙ্গল না হইলেও তাহারা মঙ্গল২ বলিয়া আমার লোকদের ক্ষতের ১২ কেবল বাহির সুস্থ করে। তাহারা ঘৃণার্হ ক্রিয়া করিয়া কি লজ্জিত হয়? তাহা নয়; কিঞ্চিৎও লজ্জিত হয় না এবং মুখ বিবর্ণ করিতেও জানে না, অতএব তাহারা পতিত লোকদের মধ্যে পতিত হইবে; পরমেশ্বর কহেন, আমার দণ্ড দি১৩ বার সময়ে তাহারা অধঃপতিত হইবে। পরমেশ্বর কহেন, আমি তাহাদিগকে উচ্ছিন্ন করিব; দ্রাক্ষালতাতে দ্রাক্ষাফল ও ডুম্বুর বৃক্ষেতে ডুম্বুরফল হইবে না, এবং তাহাদের পত্র ম্লান হইবে, এবং তাহাদিগকে যাহা দিলাম ||, তাহা তাহাদের নিকটহইতে যাইবে।

১৪ আমরা কেন বসিয়া থাকি? আইস, একত্র হইয়া প্রাচীরবেষ্টিত নগরের মধ্যে প্রবেশ করিয়া নীরব হইয়া থাকি; কেননা আমাদের প্রভু পরমেশ্বর আমাদিগকে নীরব করিতেছেন ও পিত্তবৎ § জল পান করাইতেছেন, কারণ আমরা পরমে১৫ শ্বরের বিরুদ্ধে পাপ করিয়াছি। এই জন্যে আমরা শান্তির অপেক্ষা করিয়া কিছুই মঙ্গল পাই না, এবং স্বাস্থ্য সময়ের অপেক্ষা করিলে ব্যামোহ উপস্থিত ১৬ হয়। দান্ নগরহইতে শত্রুগণের অশ্বের নাসিকার শব্দ শুনা যাইতেছে, ও তাহার বলবান অশ্বের হ্রেষাতে দেশ কম্পবান হইতেছে; ও তাহারা আসিতেছে, ও ভূমি ও তদুৎপন্ন সকলকে এবং নগর ও ১৭ তন্নিবাসিবর্গকে গ্রাস করিতেছে। পরমেশ্বর কহেন, আমি তোমাদের প্রতি অদম্য কালসর্প প্রেরণ করিব; তাহাতে সে সকল তোমাদিগকে দংশন করিবে।

১৮ আমি আপন দুঃখ নিবৃত্ত করিতে ইচ্ছা করিলে ১৯ আমার হৃদয় দুর্ব্বল হয়। দেখ, দূরদেশহইতে আমার লোকদের কন্যার আর্ত্তস্বর শুনা যায়; পরমেশ্বর কি সিয়োনে নহেন? ও তাহার রাজা কি তাহার মধ্যে নহেন? তাহারা খোদিত প্রতিমা ও অন্য ২ মিথ্যা দেবপূজাদ্বারা আমাকে কেন ক্রুদ্ধ ২০ করিতেছে? দেখ, শস্য সংগ্রহকাল গত হইল, ও

---

[৩৩] দ্বি ২৮; ২৬। যির ১৬; ৪। ৩৪; ২০।।—[৩৪] যিশ ২৪; ১-১২। যির ১৬; ৯। প্র ১৮; ২৩।।
[৮ অধ্য; ২] যির ১; ২২। ১৬; ৪,৬।।—[৩] দ্বি ২৮; ৬৫-৬৭। প্র ৯; ৬।।—[৭] যিশ ১; ৩।।—[১০] দ্বি ২৮; ৩০।।
[১০-১২] যির ৬; ১২-১৫।।—[১৩] হ ৩; ১৭।।—[১৪] যির ৪; ৫। ৯; ১৫। গী ৫; ১৮-২১।।—[১৫] যির ১৪; ১৯।।
[১৬] ৪; ১৫।।—[১৯] দ্বি ৩২; ২১।।

* (বা) হে যিরূশালম্। † (বা) ধরে এবং। ‡ (ইব্র) অবধি পুরোহিত পর্য্যন্ত। || (বা) আক্রমণকারিগণকে দিব। § (বা) বিষ।

গ্রীষ্মকাল উত্তীর্ণ হইল, তথাপি আমরা পরিত্রাণ ২১ পাইলাম না। আমি আপন লোকের কন্যার ব্যথাতে ব্যথিত আছি ও শোকার্ত্ত আছি, আমি ২২ চমৎকারগ্রস্ত হইতেছি। গিলিয়দে কি ঔষধ নাই? ও সেখানে কি বৈদ্য নাই? তবে কেন আমার লোকের কন্যার স্বাস্থ্য * হয় না?

৯ অধ্যায়।

১ যিহূদিদের দোষ প্রকাশ করণ ১০ ও দোষের ভাবিশাস্তি ১২ ও শাস্তির কারণ অনাজ্ঞাবহতা ১৭ ও বিনাশের জন্যে খেদ করণের আবশ্যকতা ২৩ ও পরমেশ্বরেতে শ্লাঘা করণ ২৫ ও অন্যদেশীয়দের শাস্তির কথা।

১ হায়২, যদি আমার মস্তক জলময় ও আমার চক্ষু অশ্রুর উনুইস্বরূপ হয়! তবে আমার হত লোকদের ২ বিষয়ে দিবারাত্রি ক্রন্দন করি। হায়২, পথিকদের প্রবাসস্থানের ন্যায় যদি বনে আমার এক স্থান হয়! তবে আমি আপন লোকদিগকে ত্যাগ করিয়া তাহাদের নিকটহইতে যাই; কেননা তাহারা সকলেই ৩ পারদারিক ও খলসমাজ হয়। তাহারা জিহ্বারূপ ধনুকে মিথ্যারূপ বাণ যোজনা করে; কিন্তু বিশ্বস্ততার নিমিত্তে দেশে প্রবল হয় না, † কেননা পরমেশ্বর কহেন, তাহারা আমাকে না জানিয়া এক দুষ্টতা- ৪ হইতে অন্য দুষ্টতাতে প্রবৃত্ত হয়। অতএব তোমরা প্রত্যেক জন আপন২ প্রতিবাসিদের কাছে সাবধান হও, এবং কোন ভ্রাতাকেও বিশ্বাস করিও না, কেননা প্রত্যেক ভ্রাতাও ছল করে, ও প্রত্যেক প্রতিবাসী কর্ণে- ৫ জপতা করিয়া ভ্রমণ করে, ও প্রতিবাসির প্রতি প্রতারণা করে, সত্য কথা কহে না, এবং মিথ্যা কহিতে আপন২ জিহ্বাকে পুনঃ২ অভ্যাস করায়, এবং ৬ অধর্ম্ম করণে আপনাকে ক্লান্ত করে। প্রতারণার মধ্যে তাহাদের ‡ নিবাসস্থান হয়; পরমেশ্বর কহেন, তাহারা প্রতারণা করিয়া আমাকে জানিতে অস- ৭ ম্মত হয়। অতএব সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি তাহাদিগকে গলাইয়া তাহাদের পরীক্ষা করিব; আমার লোকের কন্যার বিষয়ে আর ৮ অন্য কি করিব? তাহাদের জিহ্বা নিক্ষিপ্ত বাণের ন্যায়; তাহারা প্রতারণার কথা কহে, এবং প্রতিবাসির প্রতি মৌখিক মঙ্গলকথা কহে বটে, কিন্তু ৯ অন্তঃকরণে ফাঁদ পাতে। পরমেশ্বর কহেন, ইহার নিমিত্তে আমি কি তাহাদিগকে শাস্তি দিব না? ও এই প্রকার লোকের প্রতি দণ্ড প্রদান করিব না?

১০ আমি পর্ব্বতের বিষয়ে ক্রন্দন ও হাহাকার করিব, ও প্রান্তরবাসের বিষয়ে বিলাপ করিব; কেননা সে সকল এমত দগ্ধ হইবে, যে তাহার পথদিয়া আর কেহ যাইতে পারিবে না, ও পশুপালের হম্বারব শুনা যাইবে না, ও আকাশস্থ পক্ষিগণ ও পৃথিবীস্থ পশুগণ ১১ পলাইয়া দূরে গমন করিবে। আমি যিরূশালমকেও প্রস্তরের ঢিবি ও ভয়ানক পশুদের বাসস্থান করিব, ও যিহূদার তাবৎ নগরকে উচ্ছিন্ন ও নরশূন্য করিব।

১২ এই দেশ কি নিমিত্তে বিনষ্ট ও অরণ্যের ন্যায় শুষ্ক ও পথিকশূন্য হইবে, তাহা জানিতে পারে, এমত জ্ঞানবান কে আছে? ও আমাদিগকে জানাইতে পরমেশ্বরের প্রমুখাৎ কে তাহা শুনিয়াছে? ১৩ পরমেশ্বর কহেন, আমি তাহাদিগকে যে শাস্ত্র অর্পণ করিলাম, তাহা তাহারা ত্যাগ করে; আমার ১৪ কথা শুনে না ও তদনুসারে আচরণ করে না। কিন্তু আপন২ মনের কল্পনানুসারে ও পূর্ব্বপুরুষদের জ্ঞাপিত বাল্ দেবগণের মতানুসারে আচরণ করে। ১৫ অতএব সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর ইস্রায়েলের ঈশ্বর এই কথা কহেন, দেখ, আমি তাহাদিগকে নাগদানা ভোজন করাইব ও পিত্তবৎ জল পান করাইব। ১৬ এবং তাহারা ও তাহাদের পূর্ব্বপুরুষেরা যাহাদিগকে জানে না, এমত ভিন্নদেশীয় লোকদের মধ্যে ছিন্নভিন্ন করিব; আমি তাহাদিগকে যে পর্য্যন্ত সংহার না করিব, তাবৎ তাহাদের পশ্চাৎ২ খড়্গ প্রেরণ করিব।

১৭ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা বিবেচনা করিয়া বিলাপকারিণীদিগকে আসিতে আহ্বান কর, ও বিলাপে নিপুণ স্ত্রীলোকদিগকে ১৮ আসিতে নিমন্ত্রণ কর। ‘তাহারা ত্বরায় আসিয়া আমাদের নিমিত্তে বিলাপ করুক; তাহাতে আমাদের চক্ষু অশ্রুতে ভাষিয়া যাইবে, ও চক্ষুর পক্ষদিয়া ১৯ জলধারা নির্গত হইবে। আমরা কেমন লুটিত ও লজ্জিত আছি! যেহেতুক আমাদের দেশ ত্যক্ত ও গৃহ সকল অধঃপতিত হইয়াছে,’ এই বিলাপের ২০ শব্দ সিয়োনহইতে শুনা যাইবে। হে স্ত্রীগণ, পরমেশ্বরের কথা শুন, ও তাঁহার মুখের কথাতে কর্ণপাত কর, এবং তোমাদের কন্যাদিগকে ক্রন্দন করিতে শিক্ষা করাও, ও প্রত্যেক জন আপন২ প্রতি- ২১ বাসিনীকে এই বিলাপ করিতে শিক্ষা দেও। ‘মৃত্যু আমাদের গবাক্ষ দিয়া আসিবে, ও অট্টালিকাতে প্রবেশ করিবে, এবং পথে বালকদিগকে ও রাজ- ২২ পথে যুবদিগকে বিনষ্ট করিবে।’ পরমেশ্বর এই

---

[২১] যির ৪; ১৯।।

[১ অধ্যা; ১] যির ১৪ : ১৭,১৮। বিল ৩; ৪৮।।—[৪] মী ৭; ৫,৬।।—[৭] যিশ ১; ২৫। যিহি ২২; ১৭-২২।।—[৯] যির ৫; ৯,২৯।।—[১০] দ্বি ২৯; ২২-২৮। যির ৪; ২৩-২৬।।—[১১] লে ২৬; ৩১। যির ১০; ২২। ২৬।।—[১২-১৪] দ্বি ২৯; ২২-২৮।।—[১৫] যির ৮; ১৪। গী ৫; ১৮-২৭।।—[১৬] লে ২৬: ৩৩। দ্বি ২৮; ৬৪।।—[১৮] প ১।।—[১৯] লে ১৮; ২৭,২৮। ২০; ২২।।—[২২] যির ৮; ২। ১৬; ৪,৬।।

* (বা) পটি। † (বা) অন্যায়ের দ্বারা পৃথিবীতে প্রবল হয়। ‡ (ইব্রী) তোমার।

কথা কহেন, মনুষ্যগণের শব সারের ন্যায় ক্ষেত্রে পতিত হইবে, ও ছেদকের পশ্চাৎ যে অল্প পতিত শস্য কেহ আহরণ করে না, তদ্রূপ হইবে, ইহা কহ।

২৩ পরমেশ্বর এই কথা কহেন, জ্ঞানবান আপন জ্ঞানের শ্লাঘা না করুক, ও বলবান আপন বলের শ্লাঘা না করুক, ও ধনবান আপন ধনের শ্লাঘা না করুক।
২৪ কিন্তু যদি কেহ শ্লাঘা করে, তবে পৃথিবীতে দয়া ও বিচার ও ন্যায় করি যে আমি পরমেশ্বর, আমাকে জ্ঞাত ও বিদিত হওন বিষয়ে শ্লাঘা করুক; কেননা পরমেশ্বর কহেন, ঐ সকলেতে আমি সন্তুষ্ট হই।

২৫ পরমেশ্বর কহেন, দেখ, আমি যে সময়ে অচ্ছিন্নত্বক্ লোকদের সহিত ছিন্নত্বক্ লোকদিগকে দণ্ড
২৬ দিব, এমত সময় আসিতেছে; ফলতঃ আমি মিসরকে ও যিহূদাকে ও ইদোম্‌কে এবং অম্মোন্ ও মোয়াব্ বংশকে এবং ছিন্নশ্মশ্রু বনবাসিদিগকে দণ্ড দিব; কেননা এই সকল অন্যদেশীয় লোক অচ্ছিন্নত্বক্ আছে, ও ইস্রায়েলের বংশ সকলে অন্তঃকরণে অচ্ছিন্নত্বক্ আছে।

১০ অধ্যায়।

১ পরমেশ্বরের সহিত প্রতিমার সাদৃশ্য দেওন ১৭ ও ভবিষ্যদ্বক্তার বিনয় বাক্য ১৯ ও মেষপালকদের শাস্তির কথা ২৩ ও যিরিমিয়ের প্রার্থনা।

১ হে ইস্রায়েল্ বংশ, তোমাদের প্রতি উক্ত পরমেশ্ব-
২ রের কথা শুন। পরমেশ্বর কহেন, তোমরা দেবপূজকদের ব্যবহার শিখিও না; দেবপূজকেরা যদ্যপি আকাশের লক্ষণদ্বারা ভীত হয়, তথাপি তোমরা
৩ তাহাহইতে ভীত হইও না। কেননা অন্যদেশীয়দের বিধি মিথ্যা; কারুকর বনের বৃক্ষ ছেদন করিয়া
৪ অস্ত্রদ্বারা স্বহস্তে প্রতিমাগণকে নির্ম্মাণ করে। পরে রূপ্য ও সুবর্ণেতে তাহাদিগকে অলঙ্কৃত করে; এবং তাহারা যেন নিশ্চল হয়, এই নিমিত্তে হাতুড়িদিয়া
৫ তাহাদিগকে প্রেকে বদ্ধ করে। ইহাতে তাহারা তালবৃক্ষের ন্যায় আড়ষ্ট হইয়া থাকে; তাহারা কথা কহিতে অসমর্থ ও চলিতে অশক্ত, একারণ তাহাদিগকে বহিতে হয়; অতএব তাহাদের হইতে ভীত হইও না, তাহারা ক্ষতি করিতে পারে না, এবং
৬ মঙ্গল করিতেও তাহাদের ক্ষমতা নাই। হে পরমেশ্বর, তোমার তুল্য কেহ নাই; তুমি মহান, ও তোমার
৭ নামও প্রভাবেতে মহান। হে সর্ব্বদেশীয়দের রাজন্, তোমাকে কে ভয় না করে? তাহাই উপযুক্ত*, কেননা অন্যদেশীয় বিদ্বানদের মধ্যে ও তাহাদের তাবৎ রাজ্যের মধ্যে তোমার তুল্য কেহ নাই।
৮ তাহারা অবিশেষে পশুবৎ ও অজ্ঞান, এবং প্রতিমা-
৯ পূজাবিধি অসারমাত্র। তর্শীশ্‌হইতে রূপার পত্র ও উফস্‌হইতে স্বর্ণ আনীত হয়, এবং শিল্পকার ও সুবর্ণকারদ্বারা প্রতিমা নির্ম্মিতা হয়; তাহাদের বস্ত্র
১০ নীল ও বাগুনীয় বর্ণ, ও তাহা নিপুণ লোকদের কৃত কর্ম্ম হয়। কিন্তু পরমেশ্বরই সত্য ঈশ্বর; তিনিই অমর ঈশ্বর ও নিত্যস্থায়ী রাজা; তাঁহার ক্রোধে পৃথিবী কম্পান্বিত হয়, এবং দেশীয় লোকেরা
১১ তাঁহার কোপ সহ্য করিতে পারে না। তোমরা তাহাদিগকে এই কথা বল, যে দেবগণ পৃথিবীর ও আকাশের সৃষ্টি করে নাই, তাহারা এই আকাশ-
১২ মণ্ডলের নীচস্থিত পৃথিবীহইতে লুপ্ত হইবে। পরমেশ্বর আপন পরাক্রমে পৃথিবী সৃষ্টি করিয়াছেন, ও তিনি আপন জ্ঞানে জগৎ স্থাপন করিয়াছেন, এবং আপন বুদ্ধিতে আকাশমণ্ডলকে বিস্তারিত
১৩ করিয়াছেন। তিনি মেঘগর্জ্জন করিলে আকাশে অনেক জল সঞ্চয় হয়, তিনি পৃথিবীর সীমাহইতে মেঘোদয় করেন, ও বৃষ্টির নিমিত্তে বিদ্যুৎ করেন,
১৪ ও আপন ভাণ্ডারহইতে বায়ু বাহির করেন। যে কেহ প্রতিমাকে মান্য করে সে পশুবৎ †; এবং যে কেহ প্রতিমা নির্ম্মাণ করে, সে লজ্জিত হইবে; কারণ তাহার ছাঁচে ঢালা প্রতিমা সকল মিথ্যা, তাহাদের
১৫ নিশ্বাস প্রশ্বাস নাই। তাহারা অতি অসার, ভ্রমাত্মক
১৬ মাত্র; দণ্ডের সময়ে তাহারা বিনষ্ট হইবে। কিন্তু যাঁহাতে যাকূবের অধিকার, তিনি তদ্রূপ নহেন; তিনি বিশ্বের সৃষ্টিকর্ত্তা, ইস্রায়েল্ তাঁহার অধিকার, তাঁহার নাম সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর।

১৭ হে দুর্গনিবাসি, তুমি এই দেশহইতে আপন বাণি-
১৮ জ্যদ্রব্য সংগ্রহ কর। কেননা পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি এই দেশীয় লোকদিগকে কিঙ্গার প্রস্তরের ন্যায় একেবারে নিক্ষেপ করিব, এবং তাহাদিগকে এমত ক্লেশ দিব, যে তাহাদ্বারা তাহারা চেতন পাইবে।

১৯ আমার প্রহার প্রযুক্ত আমার সন্তাপ হয়, ও আমার ক্ষত অতি বেদনাযুক্ত; এ আমার দুঃখ বটে, কিন্তু তাহা আমাকে সহ্য করিতে হয়, ইহা আমি
২০ কহিলাম। আমার তাম্বু বিনষ্ট হয়; তাহার তাবৎ রজ্জু ছিঁড়িয়া যায়, এবং আমার বালকেরা আমাহইতে প্রস্থান করে, থাকে না; আমার তাম্বু পুনর্ব্বার

[২৩,২৪] ১ ক ১; ৩১। ২ ক ১০; ১৭॥—[২৫,২৬] যির ২৫; ১৫-২৯॥—[২৬] প্রে ৭; ৫১। রো ২; ২৮,২৯॥ [১০ অধ্য; ১-১৬] গী ১১৫; ১-৮। ১৩৫; ১৩-১৮॥—[৩,৪] যিশ ৪০; ১৯,২০। ৪১; ৭। ৪৪; ৯-২০॥—[৫] হ ২; ১৮,১৯। যিশ ৪১; ২৩। ৪৬; ১,২॥—[৭] প্র ১৫; ৪॥—[১১] প ১৫। গী ২৬; ৫। যিশ ২; ১৮-২১। সিখ ১৩; ২॥ [১২,১৩] গী ৩৩; ৮,৯। গী ১৩৫; ৫-৭॥—[১৪] প ৩-৫,৮॥—[১৫] প ১১॥—[১৬] দ্বি ৩২; ৯,৩১॥—[১৭,১৮] যির ৬; ১। যিহি ১২; ১-১৩॥—[১৯,২০] গী ৭৭; ১০। যির ৪; ২০। ৩১; ১৫॥

* (ইব্রী) তোমার নিমিত্তে উচিত। † (বা) প্রতিমা স্বীকার করণে, বা তত্ত্বজ্ঞান বিনা, সকলে পশুবৎ।

টাঙ্গাইতে ও আমার ব্যবধানবস্ত্র ঝুলাইতে এক জনও ২১ নাই। রক্ষকগণ পশুবৎ হইয়াছে, তাহারা পরমেশ্বরকে চেষ্টা করে নাই, এই কারণ ভাগ্যবান হয় ২২ নাই, তাহাদের সকল পাল ছিন্নভিন্ন হইয়াছে। ঐ দেখ, কোলাহল হয়, তাহা উপস্থিত হইতেছে, যিহূদার তাবৎ নগরকে অরণ্য ও ভয়ানক পশুদের বাসস্থান করণার্থে উত্তর দেশহইতে বড় কোলাহল আসিতেছে।

২৩ হে পরমেশ্বর, মনুষ্যের পথ আপনার নয়; গমন করিয়া আপন পাদবিক্ষেপ স্থির করিতে ২৪ মনুষ্যের অধিকার হয় না, তাহা আমি জানি। হে পরমেশ্বর, কেবল বিবেচনা পূর্ব্বক আমাকে শাস্তি দেও; ক্রোধ পূর্ব্বক দিও না, দিলে আমি বিনষ্ট ২৫ হইব। যে ভিন্নদেশীয় লোকেরা তোমাকে জানে না, ও যে জাতিরা তোমার নামে প্রার্থনা করে না, তাহাদের বিরুদ্ধে ক্রোধ প্রকাশ কর*; কেননা তাহারা যাকূবকে ভক্ষণ করে ও চর্ব্বণ করিয়া গ্রাস করে ও তাহার বাসস্থান উচ্ছিন্ন করে।

১১ অধ্যায়।

১ পরমেশ্বরের নিয়মকথা ৯ ও সেই নিয়ম লঙ্ঘনে যিহূদার প্রতি অনুযোগ ও ভাবিশাস্তি ১৮ ও যিরিমিয়ের বিরুদ্ধে অনাথোতীয় লোকদের কুপরামর্শ ও তন্নিমিত্তে তাহাদের ভাবিশাস্তি।

১ অনন্তর যিরিমিয়ের প্রতি পরমেশ্বরের এই কথা ২ উপস্থিত হইল, তুমি এই নিয়মের কথা শুন, এবং যিহূদা ও যিরূশালম নিবাসিদিগকে এই কথা প্রচার ৩ করিয়া বল। ইস্রায়েলের প্রভু পরমেশ্বর কহেন, 'তোমাদের এখন যেমন আছে, তদ্রূপ দুগ্ধমধুপ্রবাহি এক দেশ তোমাদের পূর্ব্বপুরুষদিগকে দিতে আমি তাহাদের নিকটে যে শপথ করিয়াছি, তাহা যেন সিদ্ধ করি, তন্নিমিত্তে আমি তাহাদিগকে মিসরহইতে অর্থাৎ লৌহহাকরহইতে বাহির করিয়া আনয়ন কালে তাহাদের কাছে এই প্রতিজ্ঞা করি- ৪ য়াছি, "তোমরা আমার কথা শুন এবং যে আজ্ঞা আমি তোমাদিগকে দিব, তাহা পালন কর; তাহাতে তোমরা আমার লোক হইবা, ও আমি তোমাদের ৫ ঈশ্বর হইব।" এই নিয়মের কথা যে কেহ না মানে সে শাপগ্রস্ত হউক;' তাহাতে আমি উত্তর করিলাম, ৬ হে পরমেশ্বর, এমন হউক। তখন পরমেশ্বর আমাকে কহিলেন, তুমি যিহূদা দেশের সকল নগরে ও যিরূশালমের রাজপথে এই সকল কথা প্রচার করিয়া বল, তোমরা এই নিয়মের কথা শুনিয়া তাহা পালন কর। ৭ কেননা যে দিনে আমি তোমাদের পূর্ব্বপুরুষদিগকে মিসরহইতে আনিলাম, তদবধি অদ্য পর্য্যন্ত আমি যত্নপূর্ব্বক† তাহাদিগকে উপদেশ দিয়া কহিলাম, ৮ তোমরা আমার কথা পালন কর। কিন্তু তাহারা সে কথায় মনোযোগ ও কর্ণপাত না করিয়া আপন২ দুষ্ট মনের কল্পনানুসারে আচার ব্যবহার করিল; অতএব পালন করিতে আজ্ঞাপিত আমার যে নিয়ম তাহারা পালন করিল না, আমি তাহাদের প্রতি সেই নিয়মের তাবৎ দণ্ডকথা সফল করিব।

৯ পরমেশ্বর আমাকে এই কথা কহিলেন, যিহূদি লোকদের মধ্যে ও যিরূশালম নিবাসিগণের মধ্যে ১০ কুমন্ত্রণা হইতেছে। তাহারা আমার কথা শুনিতে অসম্মত আপন২ পূর্ব্বপুরুষদের পাপেতে ফিরিতেছে, ও সেবা করণার্থে দেবগণের পশ্চাদ্বর্ত্তী হইতেছে; তাহাদের পূর্ব্বপুরুষদের সহিত আমি যে নিয়ম করিয়াছি, তাহা ইস্রায়েল বংশ ও যিহূদাবংশ লঙ্ঘন ১১ করে। অতএব পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি তাহাদের প্রতি অমঙ্গল ঘটাইব; তাহা কোন প্রকারেই এড়াইতে পারিবে না; তাহারা আর্ত্তস্বর করি- ১২ লেও আমি তাহাদের কথা শুনিব না। তৎকালে যিহূদা নগরস্থ লোক সকল ও যিরূশালম্ নিবাসিগণ প্রস্থান করিয়া, যে দেবগণের কাছে ধূপ জ্বালাইয়া থাকে, তাহাদের কাছে আর্ত্তস্বর করিবে, কিন্তু তাহারা সেই বিপদসময়ে তাহাদিগকে কোন রূপে ১৩ রক্ষা করিতে পারিবে না। হে যিহূদা, তোমার যত নগর তত দেবতা; এবং যিরূশালমের যত রাজপথ, তাহাতে লজ্জাস্পদের নিমিত্তে তত বেদি, অর্থাৎ বালের নিমিত্তে তত ধূপবেদি স্থাপন করিয়াছে। ১৪ অতএব তুমি এই লোকদের নিমিত্তে প্রার্থনা করিও না, এবং তাহাদের জন্যে বিনয় ও কাকুতি করিও না, কেননা তাহারা সেই বিপদসময়ে আমার কাছে প্রার্থনা করিলেও আমি তাহাদের কথা শুনিব না। ১৫ আমার যে পরিবার‡ অনেকের সহিত ব্যভিচার করে, তাহার সহিত আমার মিত্রের‖ সম্পর্ক কি? তাহার মধ্যে নিবেদিত§ মাংসেরও লোপ হয়, এবং ১৬ কুকর্ম্ম করণে আনন্দ হয়। পরমেশ্বর তাহার¶ নাম নবীন ও সুন্দর ও উত্তম ফলবান জিতবৃক্ষ রাখিলেন; তিনি মহাশব্দ করিয়া তাহার উপরে অগ্নি প্রদান

---

[২২] যির ১; ১১। ২ বং ৩৬; ১৭-২০॥—[২৩] হি ১৬; ৯। ২০; ২৪॥—[২৪] গী ৬; ১। ৩৮; ১। যির ৩০; ১১॥ [২৫] গী ৭৯; ৬,৭॥

[১১ অধ্যা ৩-৫] যা ১৯; ৫,৬। দ্বি ৭; ১২। ২৬; ১৬-১৯। ২৭; ২৬। গাল ৩; ১০॥—[৭] যা ১৯; ৫। লে ১৮; ৪,৫। দ্বি ১০; ১২,১৩॥—[৮] লে ২৬। দ্বি ২৭-৩২। ২৯; ১৯,২০॥—[৯,১০] গী ৭৮; ৭। ২ রা ১৭; ১৮-২০॥—[১১] প ১৪। যির ১৪; ১১,১২। যিশ ১; ১৫। যিহি ৮; ১৮॥—[১২] দ্বি ৩২; ৩৭,৩৮॥—[১২,১৩] যির ২; ২৮॥—[১৪] প ১১। ১৪; ১১,১২॥—[১৫] যিশ ১; ১১-১৫॥—[১৬] হো ১৪; ৬। রো ১১; ১৭,২৪। দ্বি ৩২; ২২॥

* (ইব্রু) ঢাল। † (ইব্রু) প্রত্যূষে উঠিয়া। ‡ (বা) গৃহ। ‖ (ইব্রু) প্রিয়ের। § (ইব্রু) পবিত্র। ¶ (ইব্রু) তোমার।

১৭ করিলেন, ও তাহার শাখা সকল বিনষ্ট হইল। কেননা ইস্রায়েল্ বংশ ও যিহূদা বংশ আমাকে ক্রুদ্ধ করণার্থে বালের কাছে ধূপ জ্বালাইয়া আপনাদের বিরুদ্ধে যে পাপ করিয়াছে, তাহার নিমিত্তে তোমার স্থাপনকারি * সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর তোমার বিরুদ্ধে এই সকল অমঙ্গল কহিতেছেন।

১৮ হে পরমেশ্বর, তুমি আমাকে জ্ঞান দিলে আমি বুঝিলাম; তুমি তাহাদের কর্ম্ম আমাকে জানা-১৯ইলা। কিন্তু আমি বধার্থে আনীত এক অহিংসক মেষশাবকের ন্যায় ছিলাম, এবং ‘আইস, আমরা সফল বৃক্ষ বিনষ্ট করি, এবং তাহার নাম যেন আর কেহ স্মরণ না করে, এই জন্যে তাহাকে জীবৎ লোকদের দেশহইতে ছেদন করিয়া ফেলি,’ তাহারা যে আমার বিরুদ্ধে এ পরামর্শ করিয়াছিল, তাহা আমি ২০ জানিতে পারিলাম না। কিন্তু হে ধর্ম্মবিচারকারি এবং মনের ও অন্তঃকরণের পরীক্ষক সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, তুমি তাহাদের প্রতি আপন দণ্ড আমাকে দেখাও, আমি তোমার কাছে আপন বিবাদ ২১ কথা প্রকাশ করি। ‘তুমি যেন আমাদের হস্তে হত না হও, এই নিমিত্তে পরমেশ্বরের নামে ভবিষ্যদ্বাক্য কহিও না,’ এই কথা কহিয়া তোমার প্রাণ বিনষ্ট ২২ করিতে চেষ্টাকারি যে অনাথোতের লোক, তাহাদের প্রতি পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি তাহাদিগকে শাস্তি দিব; তাহাদের যুবগণ খড়্গদ্বারা প্রাণত্যাগ করিবে, ও তাহাদের কন্যা পুত্রগণ দুর্ভিক্ষ-২৩ দ্বারা প্রাণ ত্যাগ করিবে; তাহাদের অবশিষ্ট কেহ থাকিবে না, আমি অনাথোতের লোকদের বিপদ ও তাহাদের দণ্ডপ্রাপ্তির সময় উপস্থিত করিব, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন।

১২ অধ্যায়।

১ ঈশ্বরের প্রতি যিরিমিয়ের কাকূতি ৫ ও তাহার প্রতি তাহার ভ্রাতাদের কাপট্য ৭ ও যিহূদিদের উৎপাটনের কথা। ১৫ ও মন পরিবর্ত্তকদের প্রতি দয়া।

১ হে পরমেশ্বর, তোমার বিষয়ে † বিচার করিতে গেলে তুমি যথার্থ; তথাপি আমি দণ্ডের বিষয়ে কিছু জিজ্ঞাসা করিতে চাহি। দুষ্ট লোক পাপাচরণদ্বারাতেও কেন কৃতকার্য্য হয়? ও তাবৎ কপটি লোক কেন সুখে ২ থাকে? তুমি তাহাদিগকে রোপণ করিলে তাহারা বদ্ধমূল হয়, ও বৃদ্ধি পাইয়া ফলবান হয়; তাহারা তোমাকে মুখে স্বীকার করে বটে, কিন্তু অন্তঃকরণে ৩ অস্বীকার করে ‡। হে পরমেশ্বর, তুমি আমাকে দেখিয়া জ্ঞাত আছ, এবং তোমার প্রতি আমার মন কেমন, তাহার পরীক্ষা লইয়াছ; তুমি তাহাদিগকে বধার্থক মেষের ন্যায় আনয়ন করিবা, ও বধের দিনের জন্যে তাহাদিগকে প্রস্তুত রাখিবা। দেশ ৪ আর কত কাল শোক করিবে? ও তাবৎ ক্ষেত্রের তৃণ কত কাল শুষ্ক থাকিবে? নিবাসিদের দুষ্টতাদ্বারা পশু ও পক্ষি সকল ক্ষয় পায়; তথাপি লোক বলে, সে আমাদের শেষগতি দেখিবে না।

৫ তুমি পদাতিকদের সহিত ধাবমান হইতে গেলে যদি ক্লান্ত হইতেছ, তবে অশ্বগণের সহিত কি প্রকারে ধাবমান হইবা? এবং যদ্যপি শান্তির দেশেতে সাহসী হও, তথাপি যর্দন্ নদী উথলিলে ‖ কি করিবা? তো-৬মার ভ্রাতৃগণ ও পিতৃবংশীয়েরা তোমাকে প্রবঞ্চনা করিতেছে, ও তোমার পশ্চাৎ উচ্চৈঃস্বরে ডাকিতেছে; অতএব তাহারা তোমার প্রতি প্রিয় কথা কহিলেও তাহাদের কথাতে প্রত্যয় করিও না।

৭ আমি আপন বাটী ত্যাগ করিব, ও আপন অধিকার ছাড়িয়া দিব, ও আপন প্রাণপ্রিয়তমকে শত্রু-৮গণের হস্তে সমর্পণ করিব। আমার পক্ষে আমার অধিকার অরণ্যস্থ সিংহতুল্য হইয়া আমার বিরুদ্ধে ৯ হুঙ্কার করে, এ কারণ আমি তাহা ঘৃণা করি। আমার প্রতি আমার অধিকার দুরন্ত বৃকব্যাঘ্রের ন্যায় হয়; অতএব হে চতুর্দ্দিগস্থিত দুরন্ত পক্ষিগণ, তাহাতে আইস, ও বনপশুগণকে একত্র করিয়া ভোজন করাই-১০তে আন। অনেক রক্ষক আমার দ্রাক্ষাক্ষেত্র বিনষ্ট করে, ও আমার উত্তম অধিকার পদতলে দলিত করে, ১১ ও আমার রম্য স্থান উচ্ছিন্ন করে। তাহারা তাহা উচ্ছিন্ন করে, ও তাহা উচ্ছিন্ন হইয়া আমার কাছে বিলাপ করে; তাবৎ দেশ উচ্ছিন্ন হইলেও তাহার নি-১২মিত্তে কেহ মনোযোগ করে না। লুটকারিগণ প্রান্তরের তাবৎ উচ্চস্থানে আসিবে, যেহেতুক পরমেশ্বরের খড়্গ দেশের আদিসীমাবধি শেষসীমা পর্য্যন্ত সকলি উচ্ছিন্ন করিবে; তাহাতে কোন প্রাণির মঙ্গল হইবে ১৩ না। তাহারা গোম বপন করিয়া কণ্টকরূপ শস্য ছেদন করিবে, এবং অনেক ক্লেশ পাইয়াও কিছু লাভ করিতে পারিবে না; পরমেশ্বরের প্রজ্বলিত ১৪ ক্রোধরূপ শস্য পাইয়া লজ্জিত হইবে। আমি আপন ইস্রায়েল্ লোককে যে অধিকার দিয়াছি, তাহা বিনষ্টকারি আমার দুষ্ট প্রতিবাসিগণের বিরুদ্ধে পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি তাহাদের দেশহইতে তাহাদিগকে উৎপাটন করিব, এবং তাহাদের মধ্যহইতে যিহূদার বংশকেও উৎপাটন করিব।

[১৯] যির ১৮; ১৮। ২৭; ১১॥—[২০-২৩] ১৮; ১২-২৩॥—[২১] ১; ১॥
[১২ অধ্যা; ১,২] যূব ২১; ৭-১২। গী ৭৩। ৭০॥—[২] যিশ ২৯; ১৩॥—[৩] যির ১১; ১৯, ২০॥—[৪] প ১১। ১৪; ২-৬ যিশ ২৪; ৯-১২॥—[৬] যির ১১; ১৮-২৩॥—[৯] যিশ ৫৬; ৯॥—[১০] যির ৬; ৩। যিশ ৫; ৭॥
[১১] প ৪॥—[১৪,১৫] ইষ্ট ১; ১-৫। দ্বি ৩০; ৩॥

*(ইব্রী)রোপণকারি। †(ইব্রী)সহিত। ‡(ইব্রী)তুমি তাহাদের মুখে নিকটস্থ কিন্তু মনহইতে দুরস্থ। ‖(বা)নদী তীরস্থ সুন্দর বনে।

১৫ তাহাদের উৎপাটনের পরে আমি পুনর্ব্বার তাহাদের প্রতি দয়া করিব, এবং তাহাদের দেশে আনিয়া তাহাদের প্রত্যেক জনকে অধিকার দিব। ১৬ এবং তাহারা যদি আমার লোকদের ন্যায় আচার করিতে শিখে, ও যেমন বালের নামে শপথ করিতে আমার লোকদিগকে শিক্ষা দিত, তদ্রূপ অমর পরমেশ্বর যে আমি, আমার নামে শপথ করে, তবে তাহারা আমার লোকদের মধ্যে ১৭ স্থাপিত হইবে। কিন্তু পরমেশ্বর কহেন, তাহারা যদি আমার কথা না মানে, তবে আমি সেই দেশীয় লোককে সমূলে উৎপাটন করিয়া বিনষ্ট করিব।

১৩ অধ্যায়।

১ পটুকার দৃষ্টান্ত ১২ ও দ্রাক্ষারস পূর্ণ পাত্রের দৃষ্টান্ত ১৫ ও পাপ প্রযুক্ত ভাবি দুঃখের কথা ও বিনতির কথা ২২ ও সকল দুঃখের কারণ পাপ দেখাওন।

১ পরমেশ্বর আমাকে এই কথা কহিলেন, তুমি যাইয়া মসীনার এক পটুকা ক্রয় করিয়া আপন কটি বন্ধন ২ কর, তাহা জলে রাখিও না। তাহাতে আমি পরমেশ্বরের কথানুসারে এক পটুকা ক্রয় করিয়া আপন কটি ৩ বন্ধন করিলাম। পরে পরমেশ্বরের এই কথা দ্বিতীয় বার আমার নিকটে উপস্থিত হইল, তুমি যে পটুকা ক্রয় করিয়া কটিবন্ধন করিয়াছ, তাহা লইয়া ফরাৎ নদীর নিকটে যাইয়া পর্ব্বতের এক গর্ত্তমধ্যে লুকা- ৪ ইয়া রাখ। তাহাতে আমি পরমেশ্বরের আজ্ঞানুসারে ফরাৎ নদীর নিকটে গিয়া তাহা লুকাইয়া রাখিলাম। ৬ অপর বহু দিনের পর পরমেশ্বর আমাকে কহিলেন, তুমি উঠিয়া ফরাতের নিকটে গিয়া যে পটুকা আমার আজ্ঞাতে লুকাইয়া রাখিয়াছ, তথাহইতে তাহা তুলি- ৭ য়া লও। অতএব আমি ফরাতের নিকটে যাইয়া খনন করিয়া যেস্থানে পটুকা গুপ্ত করিয়াছিলাম, তথাহইতে তুলিলাম; কিন্তু দেখ, সে পটুকা বিনষ্ট হইয়াছে, ৮ আর কোন কার্য্যের উপযুক্ত হয় না। তখন পরমেশ্বর ৯ আমাকে এই কথা কহিলেন, পরমেশ্বর কহেন, আমি এইরূপে যিহূদার দর্প ও যিরূশালমের মহাদর্প সর্ব্ব- ১০ তোভাবে চূর্ণ করিব। এই যে দুষ্ট লোকেরা আমার কথা শুনিতে অসম্মত হইয়া আপন ২ মনের কল্পনানুসারে * আচার করে, এবং পরদেশীয় দেবগণের সেবা ও পূজা করণার্থে তাহাদের অনুগত হয়, ১১ তাহারা এই অকর্ম্মণ্য পটুকার ন্যায় হইবে। ইস্রায়েল ও যিহূদার তাবৎ বংশ যেন আমার লোক ও যশ ও কীর্ত্তি ও গৌরবস্বরূপ হয়, এই নিমিত্তে আমি তাহাদিগকে মনুষ্যের কটিদেশে বন্ধ পটুকার ন্যায় আপনাতে বন্ধ করিতে চাহিলাম, কিন্তু তাহারা সম্মত হইল না।

১২ তুমি তাহাদিগকে এই কথা বল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, প্রত্যেক কূপা দ্রাক্ষারসে পরিপূর্ণ হইবে; কিন্তু তাহারা তোমাকে কহিবে, প্রত্যেক কূপা যে দ্রাক্ষারসে পরিপূর্ণ হইবে, তাহা কি আমরা জানি না?

১৩ অতএব তাহাদিগকে এই কথা বল, পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি এই দেশনিবাসি তাবৎ লোককে, অর্থাৎ দায়ূদের সিংহাসনোপবিষ্ট রাজগণ ও যাজকগণ ও ভবিষ্যদ্বক্তৃবর্গ ও যিরূশালম্ নিবাসি তাবৎ লোককে মত্ত † করিব। ১৪ পরমেশ্বর কহেন, আমি এক জনকে অন্য জনের ‡ উপরে, ও পিতৃগণকে পুত্রগণের উপরে নিক্ষেপ করিব, তাহাদের প্রতি ক্ষমা কি কৃপা কি দয়া আর না করিয়া তাহাদিগকে সংহার করিব।

১৫ তোমরা মনোযোগ করিয়া শুন, অহঙ্কার করিও না, কেননা পরমেশ্বর কহেন, তোমরা আপনাদের প্রভু পরমেশ্বরের গৌরব প্রকাশ কর, নতুবা তিনি ১৬ অন্ধকার উৎপন্ন করিবেন। তাহাতে অন্ধকারময় পর্ব্বতে তোমাদের চরণে উছোট লাগিবে, এবং তোমরা আলোর অপেক্ষা করিলে তিনি তাহা মৃত্যু- ১৭ চ্ছায়া ও ঘোর অন্ধকারস্বরূপ করিবেন। তোমরা যদি মনোযোগ না কর, তবে তোমাদের অহঙ্কার প্রযুক্ত আমার মন গুপ্ত স্থানে বিলাপ করিবে, ও আমার চক্ষু অত্যন্ত ক্রন্দন করিবে ও জলধারা বিশিষ্ট হইবে, কারণ পরমেশ্বরের পাল বন্দিভাবে ১৮ নীত হইবে। এবং রাজাকে ও রাজ্ঞীকে বল, তোমরা আপনাদিগকে নম্র করিয়া বৈস, কেননা তোমাদের সৌন্দর্য্যরূপ মুকুট মস্তকহইতে খসিয়া ১৯ পড়িবে। এবং দক্ষিণ দেশীয় তাবৎ নগর রুদ্ধ হইবে, তাহাদিগকে কেহ মুক্ত করিবে না; যিহূদীয় তাবৎ লোক বন্দিরূপে নীত হইবে, ও তাবৎ লোক ২০ বন্দিভাবে নীত হইবে। তোমরা চক্ষু তুলিয়া উত্তর দেশহইতে আগত লোকদিগকে দেখ, তোমাকে দত্ত পাল অর্থাৎ তোমার সৌন্দর্য্যরূপ পাল কোথায়? ২১ তুমি যাহাদিগকে আপনার সেনাপতি ও রাজা হইতে শিক্ষা দিয়াছ, যখন তিনি তোমার উপরে তাহাদিগকে নিযুক্ত করিবেন, তৎকালে কি উত্তর করিবা? প্রসবকালের ন্যায় বেদনা কি তোমাকে আকর্ষণ করিবে না?

২২ তুমি যদি মনে ২ ভাব, আমার এমন দশা কেন ঘটিবে? তবে শুন, তোমার অধর্ম্ম বাহুল্যেতে তোমার

[১৬,১৭] যিশ ৫৬; ৩-৮ ॥—[১৭] যিশ ৬০; ১২॥

[১৩ অধ্য; ১১] দ্বি ৪; ৩৪॥—[১৩,১৪] যির ২৫; ১৫,১৬॥—[১৬] যিশ ৫; ৩০। ৮; ২০-২২॥—[১৭] যির ৯; ১, ২,১০। ১৪; ১৭॥—[১৮] ২ রা ২৪; ১১-১৬॥—[২০] যির ৬; ২২॥—[২২] ১৬; ১০,১১। প ২৬॥

* (বা) কাঠিন্যানুসারে। † (ইব্রি) মত্ততাতে পূর্ণ। ‡ (ইব্রি) আপন ভ্রাতার।

কটির বস্ত্র মুক্ত হইবে ও পাদমূল শূন্য * হইবে। ২৩ কূশিয় লোক কি আপন ২ বর্ণ প্রকারান্তর করিতে পারে? ও ব্যাঘ্র কি আপন চিত্রবিচিত্র প্রকারান্তর করিতে পারে? তাহা হইলে পাপকর্ম্মে শিক্ষিত যে ২৪ তোমরা, তোমরা উত্তম কর্ম্ম করিতে পার। অতএব বনের বায়ুর সম্মুখস্থ উড্ডীয়মান নাড়ার ন্যায় আমি ২৫ তাহাদিগকে ছড়াইয়া ফেলিব। পরমেশ্বর কহেন, এই অংশ তোমার, ও আমাদ্বারা নিয়মিত এই ভাগ তোমার, কেননা তুমি আমাকে বিস্মৃত হইতেছ, ২৬ ও মিথ্যাভাবে বিশ্বাস করিতেছ। এই জন্যে আমি তোমার কটির বস্ত্রেতে মুখ আচ্ছাদন করিব, তাহাতে ২৭ তোমার লজ্জার স্থান দেখা যাইবে। আমি তোমার লম্পটতা ও হ্রেষা ও দুষ্ট ব্যভিচার ও প্রান্তরস্থ পর্ব্বতের উপরে ঘৃণার্হ ক্রিয়া দেখিলাম; অতএব হে য়িরূশালম্, তোমার সন্তাপ হইবে, তুমি কি পরিষ্কৃত হইবা না? কি কখনো হইবা না?

১৪ অধ্যায়।

১ আকালের ভবিষ্যৎ কথা ৭ ও যিরিমিয়ের প্রার্থনা ১০ ও তাহার প্রার্থনা পরমেশ্বরের গ্রাহ্য করণ ও মিথ্যা ভবিষ্যদ্বক্তাদের দোষ ১৩ ও যিরিমিয়ের নিবেদন।

১ অতিশয় দুর্ভিক্ষ বিষয়ে যিরিমিয়ের প্রতি পরমে- ২ শ্বরের এই কথা উপস্থিত হইল। যিহূদা রোদন করিবে, ও নগরের দ্বারস্থ লোক ক্ষীণ হইবে, ও দেশের শোকেতে সকলে কৃষ্ণবর্ণ হইবে, ও যিরূশালমের ৩ ক্রন্দন ঊর্দ্ধগত হইবে। তাহার মহল্লোক সকল আপন২ ভৃত্যগণকে জলের নিকটে পাঠাইবে, কিন্তু তাহারা কূপের নিকটে আসিয়া কিছুমাত্র জল না পাওয়াতে শূন্য পাত্র হস্তে করিয়া ফিরিয়া যাইবে; তাহারা লজ্জিত ও ব্যাকুল হইয়া মস্তক আচ্ছাদন করিবে। ৪ পৃথিবীতে বৃষ্টি না হওয়াতে মৃত্তিকা সকল বিদীর্ণ হইবে, তাহাতে কৃষকলোকেরা লজ্জা পাইয়া আ- ৫ পন২ মস্তক আচ্ছাদন করিবে। ও তৃণ না থাকাতে হরিণীও মাঠে প্রসব করিয়া শিশু ত্যাগ করিয়া ৬ যাইবে। ও বনগর্দ্দভ সকল উচ্চস্থানে দাঁড়াইয়া সর্পের ন্যায় নাসিকাতে বায়ু আকর্ষণ করিবে, ও তৃণ না থাকাতে তাহাদের চক্ষুঃ ক্ষীণ হইবে।

৭ 'হে পরমেশ্বর, আমাদের অধর্ম্ম আমাদেরই বিপরীতে সাক্ষ্য দেয়; কিন্তু যাহাতে তোমার নামের গৌরব প্রকাশ পায় তাহা কর; আমাদের অনেক অপরাধ; আমরা তোমার বিরুদ্ধে পাপ ৮ করিয়াছি। হে ইস্রায়েলের আশ্রয় ও বিপদসময়ে তাহার রক্ষক, তুমি দেশের মধ্যে বিদেশির ন্যায় ও এক রাত্রির অতিথির ন্যায় কেন হও? এবং ৯ বিস্ময়াপন্ন ও ত্রাণ করিতে অসমর্থ বীরের ন্যায় কেন হও? হে পরমেশ্বর, তুমি আমাদের মধ্যবর্ত্তী, ও আমরা তোমার নামে বিখ্যাত; আমাদিগকে ত্যাগ করিও না।'

১০ পরমেশ্বর এই লোকদের বিষয়ে এই কথা কহেন, তাহারাই ভ্রমণ করিতে ভাল বাসে, ও তাহাহইতে আপন চরণকে বারণ করে না, এই জন্যে পরমেশ্বর তাহাদিগকে গ্রাহ্য করিবেন না; তিনি তাহাদের পাপ স্মরণ করিবেন ও তাহাদের অপরাধের সমুচিত ১১ ফল দিবেন। পরে পরমেশ্বর আমাকে কহিলেন, ১২ তুমি এই লোকদের মঙ্গল প্রার্থনা করিও না। তাহারা উপবাস করিলেও আমি তাহাদের বিনতি শুনিব না, এবং হোম ও নৈবেদ্য উৎসর্গ করিলেও তাহাদিগকে গ্রাহ্য করিব না, কিন্তু খড়্গ ও দুর্ভিক্ষ ও মহামারিদ্বারা তাহাদের শেষ করিব।

১৩ তখন আমি কহিলাম, হায়! প্রভো পরমেশ্বর, দেখ, ভবিষ্যদ্বক্তৃগণ তাহাদিগকে কহে, 'তোমরা খড়্গ দেখিবা না, ও দুর্ভিক্ষ তোমাদের নিকটে উপস্থিত হইবে না, কিন্তু (পরমেশ্বর কহেন,) এ স্থানে ১৪ আমি অবশ্য তোমাদের মঙ্গল করিব'। তখন পরমেশ্বর আমাকে কহিলেন, ভবিষ্যদ্বক্তৃগণ আমার নামে মিথ্যাকথা কহে; আমি তাহাদিগকে প্রেরণ করি নাই, ও তাহাদিগকে কোন আজ্ঞা দি নাই, ও তাহাদের প্রতি কোন কথা কহি নাই; তাহারা তোমাদের নিকটে মিথ্যা দর্শন ও দৈববাণী ও অসার কথা ও আপনাদের মনের প্রবঞ্চনা প্রকাশ করে। ১৫ কিন্তু আমি না পাঠাইলেও যে ভবিষ্যদ্বক্তৃগণ আমার নামে এই ভবিষ্যদ্বাক্য বলে ও কহে, এ দেশে খড়্গ ও দুর্ভিক্ষ উপস্থিত হইবে না, তাহাদের বিষয়ে পরমেশ্বর এই কথা কহেন, খড়্গ ও দুর্ভিক্ষদ্বারা ১৬ সেই ভবিষ্যদ্বক্তৃদিগের বিনাশ হইবে। এবং তাহারা যাহাদের কাছে ভবিষ্যদ্বাক্য কহে, তাহারা খড়্গ ও দুর্ভিক্ষ প্রযুক্ত যিরূশালমের রাজপথে নিক্ষিপ্ত হইবে, এবং তাহাদিগকে ও তাহাদের স্ত্রী ও পুত্র কন্যাদিগকে কবর দিতে কেহ থাকিবে না, কেননা আমি তাহাদের দুষ্টতার ফল তাহাদিগকে দিব। ১৭ তুমি তাহাদিগকে এই কথা বল, দিবারাত্রি আমার চক্ষুহইতে অশ্রুধারা বহিতেছে, তাহা ক্ষান্ত হয় না, কেননা আমার লোকদের অনূঢ়া কন্যা মহাক্ষত ও ১৮ মহাদুঃখদায়ক আঘাত প্রাপ্ত হইবে। আমি যদি পল্লিগ্রামে যাই, তবে সেখানে খড়্গে হত লোককে

[২৬] প ২২।।—[২৭] যির ৩; ২,৩। ৫; ৮।।

[১৪ অধ্যা ;১-৯] যিশ ৬৪ ; ৫-৮।।—[৭]যির ৩; ২৩।।—[৯] যা ২৯ ; ৪৫। ৩৩; ১৬।।—[১০]যির ২ ; ২৩-২৫।হো ৯; ৯।।
[১১] যির ৭ ; ১৬। ১১ ; ১৪।।—[১২] যিশ ১ ; ১০-১৫,২০। যির ১১ ; ১১। লে ২৬ ; ২৫,২৬।।—[১৩] যির ৪ ; ১০।।
[১৪,১৫] ২৩; ২১। ২৭ ; ১০,১৫। ২৯ ; ৮,৯,৩১,৩২।।—[১৬] ৯ ; ২২। ১৬; ৪,৬।।—[১৭] ৯ ; ১।।—[১৮] ৭ ; ১৫।।

* (ইব্রী) অপহৃত।

দেখি; ও যদি নগরে যাই, তবে সেখানে দুর্ভিক্ষে পীড়িত লোককে দেখি; তথাপি ভবিষ্যদ্বক্তা ও যাজক উভয়ে দেশে ভ্রমণ করে, কিছু বিবেচনা করে না। ১৯ তুমি কি যিহূদাকে সর্ব্বতোভাবে ত্যাগ করিলা? ও তোমার মন কি সিয়োন্‌কে ঘৃণা করিল? তুমি আমাদিগকে এই প্রকারে কেন মারিতেছ? আমাদের প্রতিকারমাত্র নাই; আমরা শান্তির অপেক্ষা করিলাম, কিন্তু কিছুমাত্র মঙ্গল পাইলাম না; ও সুস্থ হওনের অপেক্ষা করিলাম, কিন্তু দেখ, দুঃখ উপস্থিত হইল। ২০ হে পরমেশ্বর, আমরা আপনাদের পাপ ও আপনাদের পূর্ব্বপুরুষদের অধর্ম্ম স্বীকার করি, আমরা তোমার বিরুদ্ধে অপরাধ করিয়াছি। ২১ তুমি আপন নামের গুণে আমাদিগকে অগ্রাহ্য করিও না, ও আপন গৌরবরূপ সিংহাসনের অপমান করিও না, ও আমাদের সহিত তোমার যে নিয়ম, তাহা স্মরণ কর,ভাঙ্গিও না। ২২ অন্যদেশীয়দের দেবগণের মধ্যে বৃষ্টি দিতে পারে এমত কে আছে? আকাশ কি বৃষ্টি দিতে পারে? হে আমাদের প্রভো পরমেশ্বর, তুমিই কি বৃষ্টিদাতা নহ? আমরা তোমার প্রতি দৃষ্টি করিব,কেননা তুমি এই সকলের সৃষ্টিকর্ত্তা।

১৫ অধ্যায়।

১ যিহূদি লোকদের দণ্ডবিষয়ে ভবিষ্যদ্বাক্য ১০ ও আপনার বিষয়ে যিরিমিয়ের বিলাপ ১২ ও শত্রুদের প্রতি ঈশ্বরের ভর্ৎসনা ১৫ ও ঈশ্বরের কাছে যিরিমিয়ের নিবেদন ১৯ ও যিহূদিলোকদের বিষয়ে ঈশ্বরের প্রতিজ্ঞা।

১ অপর পরমেশ্বর আমাকে কহিলেন,যদ্যপি মূসা ও শিমূয়েল্ আমার সম্মুখে দাঁড়াইত, তথাপি আমার মন কখনো ঐ লোকদের প্রতি থাকিত না; তুমি আমার গোচরহইতে তাহাদিগকে দূর কর,তাহারা বহির্গত হউক। ২ তাহারা যদি বলে,আমরা কোথায় যাইব? তবে তাহাদিগকে বল, পরমেশ্বর এই কথা কহেন, বধ্য লোকেরা বধস্থানে ও খড়্গে হন্তব্য লোকেরা খড়্গে, ও দুর্ভিক্ষের যোগ্য লোকেরা দুর্ভিক্ষে,ও প্রবাসের যোগ্য লোকেরা প্রবাসে প্রস্থান করুক। ৩ পরমেশ্বর কহেন, আমি তাহাদিগকে বধ করিতে খড়্গ, ও টানাটানি করিতে কুক্কুরগণ,এবং ভক্ষণ ও বিনাশ করিতে শূন্যের পক্ষিগণ ও পৃথিবীর পশুগণ, এই চারি প্রকারকে নিযুক্ত করিব। ৪ এবং যিহূদার রাজা হিষ্কিয়ের পুত্র মিনশির নিমিত্তে এবং যিরূশালমে তাহার কৃত সমস্ত দুষ্ক্রিয়ার নিমিত্তে আমি তাহাদিগকে পৃথিবীর তাবৎ রাজ্যে উপদ্রব ভোগ করাইব। ৫ হে যিরূশালম, কে তোমাকে দয়া করিবে? ও তোমার নিমিত্তে কে বিলাপ করিবে? এবং তোমার মঙ্গলের বিষয়ে জিজ্ঞাসা করিতে কে যাইবে? ৬ পরমেশ্বর কহেন,তুমি আমাকে ত্যাগ করিয়া পরাঙ্মুখ হইয়াছ, এই জন্যে আমি তোমার বিরুদ্ধে আপন হস্ত বিস্তার করিয়া তোমাকে উচ্ছিন্ন করিব; আমি ক্ষমা করণে ক্লান্ত হইলাম। ৭ এ কারণ আমি তাহাদিগকে দেশের তাবৎ পুরদ্বারে কুলাতে ঝাড়িব, ও দেশকে নরশূন্য করিব; আমার লোকেরা আপন পথহইতে ফিরিল না,এই জন্যে আমি তাহাদিগকে পুত্রহীন করিব। ৮ সমুদ্রের বালিহইতেও তাহাদের মধ্যে অধিক বিধবা হইবে, আমি তাহাদের বিরুদ্ধে অর্থাৎ তাহাদের মাতৃনগরের বিরুদ্ধে মনোনীত ও মধ্যাহ্নকালে লুটকারি এক জনকে আনিব, ও তাহাদের প্রতি একেবারে দুঃখ ও ভয় উপস্থিত করিব। ৯ তাহাতে সপ্ত বালক প্রসূতা মূর্চ্ছিতা হইয়া প্রাণ ত্যাগ করিবে, ও দিন থাকিতে তাহার দিনপতি অস্তগমন করিবে, ও সে লজ্জিত ও ব্যাকুলা হইবে; এবং পরমেশ্বর ইহাও কহেন, আমি তাহাদের অবশিষ্ট লোককে তাহাদের শত্রুদের সম্মুখে খড়্গে সমর্পণ করিব।

১০ 'হে আমার মাতঃ, হায়২ তুমি আমাকে তাবৎ দেশের বিরোধী ও বিবাদী করিয়া জন্ম দিয়াছ; আমি লাভ পাইবার নিমিত্তে কাহাকেও ঋণ দি নাই, এবং আমাকেও কেহ দেয় নাই; তথাপি তাহাদের প্রত্যেক জন আমাকে শাপ দেয়।' ১১ পরমেশ্বর কহেন, আমি কি তোমার মঙ্গল করিব না? এবং বিপদ সময়ে ও দুর্দ্দশার সময়ে তোমার প্রতি শত্রুগণকেও কি সদ্ব্যবহার করাইব না?

১২ লৌহ ও উত্তরদেশীয় লৌহ ও পিত্তল কি ভাঙ্গা যাইবে? ১৩ আমি বিনামূল্যে তোমাদের পাপের জন্যে তোমাদের তাবৎ সীমাস্থিত সংস্থান ও ধন লুট করাইব। ১৪ এবং আমি শত্রুগণের সহিত তোমাদিগকে অজ্ঞাত এক দেশে লইয়া যাইব,এবং আমার প্রজ্বলিত কোপাগ্নি তোমাদিগকে দগ্ধ করিবে।

১৫ হে পরমেশ্বর, তুমি সকলি জ্ঞাত আছ, এখন আমাকে স্মরণ করিয়া রক্ষা কর,ও আমার উপদ্রবকারিদিগকে সমুচিত দণ্ড দেও, এবং তোমার দীর্ঘসহিষ্ণুতাদ্বারা আমাকে বিনষ্ট করিও না; আমি তোমার নিমিত্তে নিন্দাস্পদ আছি,তাহা তুমি জ্ঞাত আছ।

[১৯] গী ৭৪ ; ১। যির ৮; ১৫ ॥—[২০] ৩ ; ২৫ ॥—[২১] গী ৭৪ ; ২,১০ ॥—[২২] যির ১০ ; ১-১৬॥
[১৫ অধ্য ; ১] যিহি ১৪ ; ১২-২১। গী ৯৯ ; ৬। দ্বি ৯ ; ১৮,২৫-২৯। ১ শি ৭ ; ৯। ১২ ; ১৮,২৩॥—[২] যির ৪৩ ; ১১। যিহি ৫ ; ১২॥—[৩,৪] দ্বি ২৮ ; ২৫,২৬। যির ২৪ ; ৮,৯॥—[৪] ২ রা ২১ ; ১০-১৬। ২৩ ; ২৬,২৭। ২৪ ; ৩,৪॥
[৫] নি ৯ ; ২৬-৩০॥—[৯] যিশ ৫৯ ; ১৮-২০। আম ৮ ; ৯॥—[১০] যির ২০ ; ১৮॥—[১১] ৩৮ ; ১৪। ৩৯ ; ১১-১৪। ৪০ ; ২-৬॥—[১৩,১৪] ১৭ ; ৩,৪॥—[১৪] দ্বি ৩২ ; ২২॥—[১৫-১৯] যির ২০ ; ১০-১৩॥—[১৫] ১২ ; ৩। গী ৮৯ ; ৫০,৫১॥

১৬ আমি তোমার কথা পাইয়া আস্বাদন করিলাম, তোমার কথা আমার মনের আহ্লাদ ও আনন্দজনক হইল; হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, আমি ১৭ তোমার নামে বিখ্যাত হইয়াছি। আমি বিদ্রূপকারি লোকদের সভাতে বসিয়া আমোদ করিলাম না,কিন্তু তোমার দণ্ডপ্রযুক্ত একাকী বসিলাম, কেননা তুমি ১৮ আমাকে শাস্তির পূর্ণ পাত্র করিলা। আমার দুঃখ কেন নিত্য হয়? ও আমার ক্ষত কেন অপ্রতিকার্য্য ও অচিকিৎস্য হয়? তুমি কি আমার মিথ্যা বন্যা ও অস্থায়ি জলস্বরূপ হইবা?

১৯ পরমেশ্বর এই কথা কহেন, তুমি যদি ফির, তবে আমি তোমাকে পুনর্ব্বার গ্রহণ করিব,ও তুমি আমার দৃষ্টিতে থাকিবা; এবং তুমি যদি উত্তমহইতে অধমকে ভিন্ন ২ কর, তবে তুমি আমার মুখস্বরূপ হইবা, এবং তাহারা তোমার প্রতি ফিরিবে; কিন্তু তুমি ২০ তাহাদের প্রতি ফিরিবা না। আমি এই লোকদের প্রতি তোমাকে পিত্তলের এক দৃঢ় প্রাচীরস্বরূপ করিব; তাহারা তোমার সহিত যুদ্ধ করিবে, কিন্তু তোমাকে পরাস্ত করিতে পারিবে না, কেননা পরমেশ্বর কহেন, আমি তোমাকে ত্রাণ ও উদ্ধার করিবার ২১ জন্যে তোমার সঙ্গে থাকিব; এবং দুষ্টদের হস্তহইতে তোমাকে উদ্ধার করিব, ও ভয়দায়িদের হস্তহইতে তোমাকে মুক্ত করিব।

১৬ অধ্যায়।

১ বিবাহাদি দৃষ্টান্ত কথাদ্বারা যিহূদি লোকদের প্রতি বিনাশের ভবিষ্যদ্বাক্য ১০ ও তাহাদের পূর্ব্বপুরুষ অপেক্ষা তাহাদের পাপ বাহুল্য হওন ১৪ ও মিসর দেশহইতে মুক্তি অপেক্ষা তাহাদের অধিক মুক্তি হওন ১৯ ও দেবপূজার নিমিত্তে তাহাদের শাস্তি দেওন।

১ পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত ২ হইল, তুমি এই স্থানে বিবাহ করিও না, ও পুত্র ৩ কন্যাদের জন্ম দিও না। কেননা এই স্থানে জাত পুত্র ও কন্যাদের বিষয়ে, এবং এই দেশে তাহাদের গর্ব্ভধারিণী মাতাদের ও জন্মদাতা পিতা- ৪ দের বিষয়ে পরমেশ্বর এই কথা কহেন; তাহারা অতি যন্ত্রণাদায়ক মৃত্যু ভোগ করিবে, ও তাহাদের নিমিত্তে কেহ শোক করিবে না, ও কেহ তাহাদিগকে কবরে দিবে না; তাহাতে তাহারা ভূমির উপরে সারের ন্যায় পড়িয়া থাকিবে,এবং তাহারা খড়্গ ও দুর্ভিক্ষদ্বারা হত হইলে তাহাদের শব আকাশের পক্ষিগণের ও পৃথিবীর পশুদের ভক্ষ্য হইবে। পরমেশ্বর কহেন,তুমি তাহাদের জন্যে শো- ৫ কের গৃহে যাইও না,ও বিলাপ ও ক্রন্দন করিতে যাইও না, কেননা পরমেশ্বর কহেন, আমি এই লোকহইতে আমার দত্ত দয়া ও কৃপা অপহরণ করিব। এই ৬ দেশে ক্ষুদ্র কি মহান তাবৎ লোক প্রাণত্যাগ করিবে, কেহ তাহাদিগকে কবর দিবে না, ও তাহাদের জন্যে বিলাপ করিবে না, ও তাহাদের নিমিত্তে আপনাকে ছেদন ও মস্তক মুণ্ডন করিবে না; ও মৃতদের নিমিত্তে শোককারিদিগকে সান্ত্বনারূপ ৭ (রুটি) ভোজন করিতে দিবে † না, ও পিতা কিম্বা মাতার নিমিত্তে শোককারিগণকে সান্ত্বনারূপ পাত্রে পান করিতে দিবে না। তুমি তাহাদের সহিত ভো- ৮ জন পান করণার্থে তাহাদের কোন ভোজনালয়ে প্রবেশ করিও না। কেননা ইস্রায়েলের প্রভু সৈন্যা- ৯ ধ্যক্ষ পরমেশ্বর কহেন, দেখ, আমি এই স্থানে তোমাদের বর্ত্তমান সময়ে ও তোমাদের দৃষ্টিতে আনন্দ ও হর্ষধ্বনি ও বর কন্যার শব্দ নিবৃত্ত করিব।

তুমি ঐ লোকদের নিকটে এই সমস্ত কথা প্রকাশ ১০ করিলে তাহারা তোমাকে কহিবে, ‘পরমেশ্বর আমাদের বিষয়ে এমত অতিশয় অকল্যাণের কথা কেন কহেন? আমরা আপন প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে কি অধর্ম্ম ও অপরাধ করিয়াছি?’ তখন তুমি তাহাদিগকে কহিও, পরমেশ্বর কহেন, ১১ তোমাদের পূর্ব্বপুরুষেরা আমাকে ত্যাগ করিয়া দেবগণের পশ্চাদ্গামী হইয়াছে, এবং তাহাদের সেবা ও ভজনা করিয়াছে, ও আমাকে ত্যাগ করিয়া আমার ব্যবস্থা পালন করে নাই। এবং তোমরা আ- ১২ পনাদের পূর্ব্বপুরুষ অপেক্ষাও মন্দ করিতেছ; দেখ, তোমরা প্রত্যেক জন আমার কথায় অবধান না করিয়া আপন ২ দুষ্ট অন্তঃকরণের কল্পনানুসারে* চলিতেছ। অতএব তোমরা ও তোমাদের পূর্ব্বপুরু- ১৩ ষেরা যে দেশ জানে না, এমত এক দেশে এই দেশহইতে তোমাদিগকে দূর ‡ করিব; তাহাতে তোমরা সেই স্থানে দিবারাত্রি দেবগণের সেবা করিবা, এবং আমি তোমাদিগকে দয়া করিব না।

পরমেশ্বর কহেন, দেখ, যে সময়ে ইস্রায়েল্ বং- ১৪ শকে মিসরদেশহইতে আনয়নকারি অমর পরমেশ্বরের নামে কেহ দিব্য করিবে না, এমত সময় আসিতেছে। তখন ছিন্নভিন্ন ইস্রায়েল্ বংশকে উত্ত- ১৫ রাদি নানা দেশহইতে আনয়নকারি অমর পরমেশ্বরের নামে দিব্য করিবে; কারণ আমি তাহাদের

[১৬] যূব ২৩; ১২। গী ১১; ১০॥—[১৬,১৭] গী ১; ১,২॥—[১৮] যূব ৬; ১৫-২০॥—[১৯] সিখ ৩; ৭॥
[২০,২১] যির ১; ১৮,১৯॥

[১৬ অধ্যা; ৪] যির ৭; ৩৩। ৮; ২। ৯; ২২। ১৫; ২। ২৫; ৩৩॥—[৫-৭] যিহি ২৪; ১৫-২০॥—[৮,৯] যিশ ২৪; ৭-৯। যির ৭; ৩৪। ২৫; ১০। প্র ১৮; ২৩॥—[১০-১৩] দ্বি ২৯; ২২-২৮। যির ৫; ১৯। ২২; ৮,৯॥—[১০] দ্বি ৪; ২৭,২৮। ২৮; ৩৬,৬৪॥—[১৪,১৫] যিশ ৪৩; ১৮। যির ২৩; ৭,৮॥

* (বা) কঠিনতানুসারে। † (ইব্রু) ভাঙ্গিবে। ‡ (ইব্রু) নিক্ষেপ।

পূর্ব্বপুরুষদিগকে যে দেশ দিয়াছি, সেই দেশে তাহাদিগকে পুনর্ব্বার আনিব। ১৬ পরমেশ্বর কহেন, দেখ, আমি অনেক ধীবর প্রেরণ করিয়া তাহাদিগকে মৎস্যের ন্যায় ধরাইব; এবং অনেক ব্যাধদিগকে প্রেরণ করিব, তাহাতে তাহারা প্রত্যেক পর্ব্বত ও উপপর্ব্বত ও পর্ব্বতের ছিদ্রেতে তাহাদিগকে মৃগয়া করিয়া বাহির করিয়া আনিবে। ১৭ তাহাদের তাবৎ পথে আমার দৃষ্টি আছে, কোন পথ আমার অগোচর নহে. এবং তাহাদের পাপও আমার অগোচর নহে। ১৮ আমি অগ্রে তাহাদের অধর্ম্ম ও অপরাধের দ্বিগুণ সমুচিত ফল দিব, কেননা তাহারা নরবলির শবেতে আমার দেশ অপবিত্র করিয়াছে, এবং নিন্দনীয় কর্ম্মেতে আমার অধিকার পরিপূর্ণ করিয়াছে।

১৯ 'হে আমার বল ও দুর্গ ও বিপদসময়ে আশ্রয়স্বরূপ পরমেশ্বর, পৃথিবীর আদ্যন্ত স্থিত অন্যদেশীয় লোকেরা তোমার নিকটে আসিয়া স্বীকার করিবে, "আমাদের পূর্ব্বপুরুষেরা অবশ্য মিথ্যাকথা ও নিষ্ফল অসারতা অধিকার করিয়াছে। ২০ আপনার নিমিত্তে মনুষ্য কি ঈশ্বরকে নির্ম্মাণ করিবে? কিন্তু সে ঈশ্বর নয়"। ২১ দেখ, এই সময়ে আমি তাহাদিগকে উপদেশ দিয়া আপন ভুজবল প্রকাশ করিব, তাহাতে আমি * যে পরমেশ্বর, তাহা তাহারা জানিতে পারিবে।

১৭ অধ্যায়।

১ পাপ প্রযুক্ত যিহূদার দূরদেশে গমনের ভবিষ্যদ্বাক্য ৫ এবং মনুষ্যের প্রত্যাশা ও ঈশ্বরের প্রত্যাশার দৃষ্টান্ত ৯ ও ঈশ্বরকে ভুলাইতে কপটি মনের অসমর্থতা ১২ ও কেবল ঈশ্বরদ্বারা পরিত্রাণ ১৫ ও নিন্দার নিমিত্তে যিরিমিয়ের বিলাপ ১৯ ও লোকদের প্রতি বিশ্রামবার পালনের কথা কহিতে যিরিমিয়কে প্রেরণ।

১ যিহূদার পাপ হৃদয়পত্রে ও যজ্ঞবেদির চূড়াতে লৌহ কলম ও হীরকের অগ্রভাগদ্বারা লিখিত থাকে। ২ উচ্চপর্ব্বতস্থিত সতেজ বৃক্ষের মধ্যে তাহাদের যজ্ঞবেদী ও প্রতিমার উপবন তাহাদের বালকদের ন্যায় ৩ স্মরণে থাকে। হে আমার ক্ষেত্রস্থ পর্ব্বত, আমি তোমার সংস্থান ও তাবৎ ধন ও তাবৎ সীমার পাপজনক উচ্চবেদী শত্রুকে লুট করিতে দিব। ৪ আমি তোমাকে যে অধিকার দিয়াছি, তুমি আপন দোষ প্রযুক্ত তাহাহইতে দূরীকৃত হইবা এবং তোমার অজ্ঞাত দেশে তোমার শত্রুগণকে তোমাদ্বারা সেবা করাইব; তোমরা আমার যে ক্রোধাগ্নি প্রজ্বলিত করিয়াছ, সে চিরকাল জ্বলিবে।

৫ পরমেশ্বর এই কথা কহেন, যে জন মনুষ্যকে বিশ্বাস করে, ও মনুষ্যের বলেতে আশ্রয় লয়, ও যাহার মন পরমেশ্বরহইতে বিমুখ হয়, সে শাপগ্রস্ত। ৬ মরুভূমিস্থিত যে শুষ্কক্ষুপ বৃক্ষ ‡ আগামি মঙ্গলের দর্শন পায় না, কিন্তু প্রান্তরের উত্তপ্ত স্থানে ও মনুষ্যশূন্য ও লবণময় ভূমিতে থাকে, সে তদ্রূপ। ৭ কিন্তু যে জন পরমেশ্বরেতে বিশ্বাস করে, ও পরমেশ্বর যাহার আশ্রয়স্থান, সেই ধন্য। ৮ সে জলের নিকটে রোপিত ও নদীর কূলে বিস্তৃতমূল ও গ্রীষ্মের আগমন অজ্ঞাত ও হরিৎ পত্র বিশিষ্ট এবং অনাবৃষ্টি সময়ে অনিস্তেজ ও ফলদানে অনিবৃত্ত বৃক্ষের ন্যায় হইবে।

৯ অন্তঃকরণ সর্ব্বাপেক্ষা কপটময় ও অপ্রতিকার্য্য, তাহা কে জানিতে পারে? ১০ আমি পরমেশ্বর প্রত্যেক মনুষ্যকে আপন২ কর্ম্মের ফল দিবার জন্যে অন্তঃকরণের ও মনের অনুসন্ধান ও পরীক্ষা করি। ১১ যে তিত্তির পক্ষী অপর ডিম্বের উপরে বসিয়া তাহা ফুটায়, অন্যায়েতে ধন সঞ্চয়কারি ব্যক্তি তাহার ন্যায় হইয়া † মধ্যম বয়সে তাহা হারাইয়া অন্তিমকালে মূর্খ হইবে।

১২ প্রথমাবধি তেজোময় ও উচ্চ যে সিংহাসন, সে আমাদের পবিত্র স্থান। ১৩ হে ইস্রায়েলের আশ্রয়স্বরূপ পরমেশ্বর, যত লোক তোমাকে ত্যাগ করিবে, সকলেই লজ্জিত হইবে; এবং যাহারা পরাঙ্মুখ হয়, তাহাদের নাম ধূলিতে লিখিত হইবে; কারণ তাহারা অমৃত জলের উনুই পরমেশ্বরকে ত্যাগ করিয়াছে। ১৪ হে পরমেশ্বর, আমার প্রতিকার কর, তাহাতে আমি সুস্থ হইব; ও আমাকে মুক্ত কর, তাহাতে আমার পরিত্রাণ হইবে, কেননা তুমি আমার প্রশংসাস্বরূপ।

১৫ দেখ, তাহারা আমাকে বলে, পরমেশ্বরের বাক্য কোথায়? তাহা এখনি উপস্থিত হউক। ১৬ আমি তোমার পশ্চাদ্গমনহইতে বিমুখ হই নাই, ও তাহাদের অমঙ্গলের দিন চাহি নাই, তাহা তুমি জ্ঞাত আছ; ও আমার মুখহইতে যাহা২ নির্গত হইয়াছে, সে সকলি তোমার গোচর আছে। ১৭ আমার প্রতি ভয়ানক হইও না; বিপদকালে কেবল তুমিই আমার আশ্রয়। ১৮ যাহারা আমার নিগ্রহ করে, তাহারা ব্যাকুল হউক, কিন্তু আমি যেন ব্যাকুল না হই; এবং তাহারা ভীত হউক, কিন্তু আমি যেন ভয়াকুল না হই; এবং তাহাদের অমঙ্গলের দিন উপস্থিত হউক, ও দ্বিগুণ ক্ষতিতে তাহারা বিনষ্ট হউক।

১৯ পরমেশ্বর আমাকে এই কথা কহিলেন, যিহূদার

---

[১৬] য ৪; ১৯॥—[১৭] ১ রা ৮; ৩৯॥—[১৮] যির ৩; ৯। যিহি ৮; ৯,১০। ৪৩; ৭,৯॥—[১৯] যিশ ২; ৩,২০॥ [১৭ অধ্য; ৩,৪] যির ১৫; ১৩,১৪॥—[৬] যূব ৩০; ২-৮॥—[৭] গী ১২৫; ১॥—[৮] গী ১; ৩॥—[৯] যা ৭; ২১-২৩॥ [১০] ১ রা ৮; ৩৯। প্র ২; ২৩॥—[১১] যূব ২৭; ১৩-১৭। লূ ১২; ১৬-২১॥—[১৩] গী ৭৩; ২৭। যিশ ১; ২৮-৩০। যির ২; ১৩॥ [১৪] ৩১; ১৮॥—[১৫] যিশ ৫; ১৮,১৯। ৬৬; ৫। ২। প ৩; ৩,৪॥—[১৭] যির ১৬,১৯॥—[১৮] গী ২৫; ২,২। ৪০; ১৩,১৪॥

* (ইব্রু) আমার নাম। † (ইব্রু) আপনাহইতে। ‡ (বা) মরুভূমিবাসি দীনহীন যে মনুষ্য।

রাজগণ যে দ্বার দিয়া প্রবেশ ও নির্গমন করে, এই লোকদের সেই দ্বারে ও যিরূশালমের সকল দ্বারে
২০ গিয়া দাঁড়াইয়া তুমি তাহাদিগকে এই কথা বল, হে দ্বারপ্রবেশক যিহূদার রাজগণ, হে যিহূদি লোক সকল ও হে যিরূশালম্ নিবাসিগণ, তোমরা পরমে-
২১ শ্বরের কথা শুন। পরমেশ্বর এই কথা কহেন, তোমরা আপনারা সাবধান হও,বিশ্রামদিনে কোন ভার বহিও না ও যিরূশালমের দ্বার দিয়া আনিও না।
২২ এবং বিশ্রামবারে আপনাদের গৃহহইতে কোন ভার বাহির করিও না, এবং অন্য ব্যবসায়ও করিও না; কিন্তু আমি তোমাদের পূর্ব্বপুরুষদিগকে যে রূপ আজ্ঞা দিয়াছি, বিশ্রামদিনকে তদ্রূপ পবিত্র
২৩ রূপে পালন কর। তাহারা আমার কথাতে মনোযোগ ও কর্ণপাত করিল না; আমার উপদেশ যেন তাহাদের শুনিতে ও গ্রাহ্য করিতে না হয়, এই জন্যে তাহারা আপন ২ গ্রীবা নত করিল
২৪ না। পরমেশ্বর এই কথা কহেন, তোমরা যদি যত্নপূর্ব্বক আমার কথাতে মনোযোগ করিয়া বিশ্রামদিনে এই নগরের দ্বারদিয়া কোন ভার না আন, ও কোন ব্যবসায় না করিয়া বিশ্রামদিনকে
২৫ পবিত্ররূপে পালন কর, তবে দায়ূদের সিংহাসনোপবিষ্ট রাজগণ ও অধ্যক্ষবর্গ রথ ও অশ্বারূঢ় হইবে, এবং তাহারা ও যিহূদার লোক ও যিরূশালম্ নিবাসিগণ নগরের দ্বারদিয়া প্রবেশ করিবে, এবং
২৬ এই নগর চিরস্থায়ি বাসস্থান হইবে। এবং লোকেরা যিহূদার তাবৎ নগর ও যিরূশালমের চতুর্দ্দিগস্থিত স্থান ও বিন্যামীনের দেশ ও প্রান্তর ও পর্ব্বতীয় দেশ ও দক্ষিণ দেশহইতে আসিয়া পরমেশ্বরের মন্দিরে হোম ও বলি ও নৈবেদ্য ও ধূপ ও স্তবরূপ
২৭ নৈবেদ্য দান করিবে। কিন্তু যদ্যপি আমার কথাতে মনোযোগ না করিয়া বিশ্রামদিনকে পবিত্ররূপে পালন না কর, ও বিশ্রামদিনে যিরূশালমের দ্বারে ভার লইয়া প্রবেশ কর, তবে আমি যিরূশালমের দ্বারে অগ্নি জ্বালাইব; তাহাতে যিরূশালমের অট্টালিকা সকল দগ্ধ হইবে, ও সেই অগ্নি নির্ব্বাণ হইবে না।

১৮ অধ্যায়।

১ কুলাল চক্রের দৃষ্টান্ত ৫ ও তাহার তাৎপর্য্য ১১ ও যিহূদীয়দের কর্ম্ম ও কর্ম্মের ফল ১৮ ও আপন বধ চেষ্টাকারির বিষয়ে যিরিমিয়ের বাক্য।

১ যিরিমিয়ের প্রতি পরমেশ্বরের এই কথা উপস্থিত
২ হইল, তুমি উঠিয়া কুম্ভকারের বাটীতে নাম,সেখানে আমি তোমাকে আপন কথা জ্ঞাত করিব। তাহাতে
৩ আমি যে সময়ে কুম্ভকারের বাটীতে উপস্থিত হইলাম, তৎকালে সে কুলালচক্রেতে কর্ম্ম করিতেছিল।
৪ কিন্তু যে মৃৎপাত্র নির্ম্মাণ করিতেছিল, তাহা কুম্ভকারের হস্তে ভগ্ন হওয়াতে সে আপন ইচ্ছামতে * আর এক পাত্র নির্ম্মাণ করিল।

৫ পরে আমার প্রতি পরমেশ্বরের এই কথা উপ-
৬ স্থিত হইল। পরমেশ্বর কহেন, হে ইস্রায়েল্ বংশ, আমি কি তোমাদের সহিত এই কুম্ভকারের সদৃশ ব্যবহার করিতে পারি না? হে ইস্রায়েল্ বংশ, দেখ, এই কুম্ভকারের হস্তে যেমন মৃত্তিকা আছে, তদ্রূপ তোমরা আমার হস্তে আছ। আমি যে সময়ে
৭ কোন জাতি কি রাজ্যের বিষয়ে উৎপাটন কিম্বা অধঃপতন কিম্বা উচ্ছিন্ন করণের কথা কহি,তৎকালে
৮ যাহার প্রতি আমি কহি, সে জাতি যদি আপন ২ কুক্রিয়া ত্যাগ করে,তবে তাহাদের প্রতি আমি যে বিপদ ঘটাইতে মনস্থ করিয়াছিলাম, তাহাহইতে ক্ষান্ত
৯ হই। কিন্তু আমি কোন জাতি কি রাজ্যের বিষয়ে
১০ গাঁথন কি পাতনের কথা কহিলেও তাহারা যদি আমার কথা না শুনিয়া আমার সাক্ষাতে পাপ করে, তবে আমি তাহাদের প্রতি যে কল্যাণ করিতে প্রতিজ্ঞা করিয়াছিলাম, তাহাহইতে ক্ষান্ত হই।

১১ অতএব তুমি যিহূদার লোকদিগকে ও যিরূশালম নিবাসিগণকে এই কথা বল, পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি তোমাদের বিপরীতে অমঙ্গল করিতেছি, তোমাদের বিরুদ্ধে মন্ত্রণা করিতেছি, অতএব তোমরা প্রত্যেক জন আপন ২ কুপথহইতে ফির, ও আপন ২ পথ ও
১২ আপন ২ কর্ম্ম শুদ্ধ কর। কিন্তু তাহারা কহিল, আমরা নৈরাশ, আমরা আপন ২ কুমন্ত্রণানুসারে চলিব, ও প্রত্যেক জন আপন ২ কুমনের কল্পনানু-
১৩ সারে কর্ম্ম করিব। অতএব পরমেশ্বর এই কথা কহেন, তোমরা এখন অন্যদেশীয়দের মধ্যে জিজ্ঞাসা কর, ইস্রায়েলের অনূঢ়া কন্যা যেরূপ কর্ম্ম করিয়াছে, রোমাঞ্চজনক তদ্রূপ কর্ম্মের কথা কে
১৪ শুনিয়াছে? প্রান্তরের পর্ব্বতের নিমিত্তে কি কেহ হিমানী বিশিষ্ট লিবানোনের পর্ব্বতকে ত্যাগ করিবে†? কিম্বা দূরস্থ জলের নিমিত্তে কি সুশীতল
১৫ প্রবাহ ত্যাগ করিবে? কিন্তু আমার লোকেরা আমাকে বিস্মৃত হইয়া অসার প্রতিমার উদ্দেশে ধূপ জ্বালায়, এবং আপনাদের গন্তব্য প্রাচীন পথে বাধা পাইয়া অপ্রস্তুত পথে গমন করে, এবং

[২১,২২] নি ১৩; ১৫-১৮ ॥—[২২] যা ২০; ৮-১১। ৩১; ১২-১৭॥—[২৪-২৬] যিশ ৫৮; ১৩,১৪ ॥—[২৭] দ্বি ৩২; ২২। যির ৫২; ১২-১৪ ॥

[১৮ অধ্য; ৬] যিশ ৪৫; ৯। ৬৪; ৮। রো ৯; ২০,২১॥—[৭-১০] যিহি ১৮; ২০-২৮॥—[৮]যূ ৩; ১০॥—[১২] যির ২; ২৫ ॥—[১৩]২; ১০,১১ ॥—[১৫] ২; ১৩,৩২। ৬; ১৬॥

* (ইব্রী) কুম্ভকারের দৃষ্টিতে যেমন নির্ম্মাণ করিতে ভাল। † (বা) কি হিমানী ক্ষেত্রের পর্ব্বত ত্যাগ করে? বা শীতল প্রবাহ লুপ্ত হয়?

১৬ যাহাতে প্রত্যেক পথিক বিস্ময়াপন্ন হইয়া আপন মস্তক লাড়ে, এমত আপন দেশকে উচ্ছিন্ন ও নিত্য ১৭ নিন্দাস্পদ করে। অতএব আমি তাহাদের শত্রুদের সম্মুখে পূর্ব্বীয় বায়ুর ন্যায় তাহাদিগকে ছিন্নভিন্ন করিব, ও তাহাদের বিপদের সময়ে তাহাদের প্রতি অভিমুখ না হইয়া তাহাদের হইতে পরাঙ্মুখ হইব।

১৮ তখন তাহারা কহিল, 'আইস, আমরা যিরিমিয়ের প্রতিকূলে কোন কুমন্ত্রণা করি, কেননা যাজকের হস্তস্থিত ব্যবস্থা ও জ্ঞানবানের মুখস্থিত পরামর্শ এবং ভবিষ্যদ্বক্তার মুখস্থিত কথা নিঃশেষ হইবে না; আইস, আমরা তাহাকে জিহ্বাদ্বারা প্রহার করি, ১৯ তাহার কোন কথা মানির না।' হে পরমেশ্বর, আমার প্রতি মনোযোগ কর, ও আমার বিপক্ষগণের কথা ২০ শুন। সৎকর্ম্মের পরিশোধে কি অসৎ কর্ম্ম করা যাইবে? তাহারা আমার প্রাণকে ধরিতে গর্ত্ত খনন করিতেছে; আমি তাহাদের মঙ্গলের নিমিত্তে প্রার্থনা করিতে ও তাহাদের হইতে তোমার ক্রোধ ফিরাইতে তোমার সম্মুখে দাঁড়াইয়াছি, তাহা তুমি ২১ স্মরণ কর। তুমি তাহাদের বালকগণকে দুর্ভিক্ষে সমর্পণ করিবা, ও তাহাদিগকে খড়্গে সমর্পণ * করিবা, এবং তাহাদের স্ত্রীগণ অপুত্র ও বিধবা হইবে, ও তাহাদের পুরুষেরা মহামারীতে বিনষ্ট হইবে, ও তা২২ হাদের যুবগণ সংগ্রামে খড়্গে হত হইবে। তুমি তাহাদের প্রতি অকস্মাৎ সৈন্য উপস্থিত করিলে তাহাদের গৃহহইতে ক্রন্দনের কলরব উঠিবে, কেননা তাহারা আমাকে ধরিতে গর্ত্ত খনন করিতেছে, ও আমার চরণ বদ্ধ করিতে লুকাইয়া ফাঁদ পাতিতেছে। ২৩ কিন্তু হে পরমেশ্বর, তাহারা আমাকে বধ করিতে যে২ পরামর্শ করিতেছে, তাহা সকলি তুমি জ্ঞাত আছ; তুমি তাহাদের পাপ ক্ষমা করিবা না, ও তাহাদের অপরাধ আপন সম্মুখহইতে দূর † করিবা না, কিন্তু তাহারা তোমার সম্মুখে অধঃপতিত হইবে; তুমি ক্রোধের সময়ে তাহাদিগকে প্রতিফল দিবা।

১৯ অধ্যায়।

১ মৃৎপাত্র ভাঙ্গনের ও বিনাশের দ্বারা পাপ প্রযুক্ত যিরুশালমের বিনাশের দৃষ্টান্ত ১৪ ও তাহতে সে কথা প্রচার করণের পরে পরমেশ্বরের ভজনালয়ে তাহা প্রকাশ করণ।

১ পরমেশ্বর এই কথা কহেন, তুমি যাইয়া কুম্ভকারের এক মৃৎপাত্র ক্রয় কর, এবং লোকদের ও যাজকদের ২ মধ্যহইতে প্রাচীনগণকে সঙ্গে লইয়া কুম্ভকারদ্বারের ‡ প্রবেশস্থানের নিকটস্থ হিন্নোমের পুত্রের নামে বিখ্যাত যে নিম্নভূমি, তাহাতে গিয়া আমি যে কথা কহিব, তাহা প্রচার কর। ৩ এই কথা বল, হে যিহূদার রাজগণ, হে যিরূশালম নিবাসিগণ, পরমেশ্বরের কথা শুন; ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি এই স্থানের এমত দুর্দ্দশা ঘটাইব, যে তাহা শুনিলে লোকের কর্ণ ৪ শিহরিয়া উঠিবে। কেননা তাহারা আমাকে ত্যাগ করিল, এবং এই স্থান পরাধিকার করিয়া আপনারা ও আপনাদের পূর্ব্বপুরুষেরা ও যিহূদার রাজগণ যাহাদিগকে কখনো জানিত না, এমত অন্য দেবগণের উদ্দেশে এই স্থানে ধূপ জ্বালাইল, এবং নির্দ্দোষ লোকদের রক্তে এই স্থান পরিপূর্ণ করিল। ৫ বিশেষতঃ এই যে ক্রিয়া করিতে আমি তাহাদিগকে আজ্ঞা না দিয়া নিষেধ করিলাম, ও মনে গ্রাহ্য করিতে পারিলাম ‖ না, তাহাই করিতে অর্থাৎ বালের উদ্দেশে আপন পুত্রগণকে অগ্নিতে হোম করিতে ৬ তাহারা বালের জন্যে উচ্চস্থান নির্ম্মাণ করিল। কিন্তু পরমেশ্বর কহেন, ঐ স্থান তোফৎ কিম্বা হিন্নোমের পুত্রের উপত্যকা নামে বিখ্যাত না হইয়া বধের উপত্যকা নামে বিখ্যাত হইবে, এমত সময় আসি৭ তেছে। এবং আমি এই স্থানে যিহূদার ও যিরূশালমের লোকদের পরামর্শ বিফল করিব, এবং তাহাদের প্রাণ বিনষ্ট করিতে সচেষ্ট লোকদের হস্তদ্বারা ও শত্রুগণের খড়্গদ্বারা তাহাদিগকে নিপাত করিব, এবং আকাশস্থ পক্ষিগণের ও বনপশুদের খাদ্যের নিমিত্তে তাহাদিগকে শব করিব। ৮ এবং আমি এই নগরকে উচ্ছিন্ন করিয়া এমত নিন্দাস্পদ করিব, যে তাহার পথিক লোকেরা বিস্ময়াপন্ন হইবে, ও তাহার হানি দেখিয়া অতিশয় নিন্দা করিবে। ৯ এবং তাহাদিগকে আপন২ পুত্র ও কন্যাদের মাংস ভোজন করাইব, এবং তাহারা সৈন্যবেষ্টিত হইলে তাহাদের শত্রুগণ ও তাহাদের প্রাণ বিনষ্ট করিতে সচেষ্ট লোকেরা তাহাদিগকে এমত দুর্গতিতে ফেলিবে, যে তাহারা আপন২ বন্ধুর মাংস ভোজন ১০ করিবে। পরে তুমি আপন সঙ্গিদের দৃষ্টিতে সেই ১১ মৃৎপাত্র ভাঙ্গিয়া তাহাদিগকে এই কথা বল, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, যেমন ভবিষ্যদ্বক্তা কুম্ভকারের এই পাত্র ভাঙ্গিল, ইহা আর যোড়া লাগিবে না, এই রূপে আমি এই লোকদিগকে ও

---

[১৬] লে ২৬; ৩২। দ্বি ২৯; ২২-২৮। ১ রা ৯; ৮॥—[১৭] দ্বি ২৮; ৬৩, ৬৪। ৩২; ১১-২৭॥—[১৮] যির ৭; ৪। ১১; ১৯॥—[১৯-২৩] গী ৩৫। ৬৯। ১০৯॥

[১৯ অধ্যা; ৩] ১ শি ৩; ১১। ২ রা ২১; ১২॥—[৪,৫] ২ রা ২১; ১৫,১৬। ২২; ১৭॥—[৬,৭] য ২৭; ৭-১০। প্রে ৯; ১৭-১৯। যির ৭; ৩২, ৩৩॥—[৭] ১৬; ৪॥—[৮] ১৮; ১৬। ১ রা ৯; ৮॥—[৯] লে ২৬; ২৯। দ্বি ২৮; ৫৩-৫৭। বিল ৪; ১০॥—[১১] যির ৭; ৩২॥

* (বা) খড়্গের দ্বারা তাহাদের রক্তপাত। † (ইব্রী) মার্জনা। ‡ (বা) সূর্য্যদ্বারের, বা দক্ষিণদিগস্থ দ্বারের। ‖ (ইব্রী) পড়িল না।

নগরকে ভাঙ্গিব, তাহাতে তাহারা তোফতে যে পর্য্যন্ত কবরের স্থান আর প্রাপ্ত হইবে না, তাবৎ কবর ১২ দিবে। পরমেশ্বর কহেন, আমি এই স্থান নিবাসিদের প্রতি এই প্রকার ঘটাইব ও এই নগরকে ১৩ তোফতের সদৃশ করিব। তাহাতে তাহারা যে২ গৃহের ছাতে আকাশীয় নক্ষত্রগণের উদ্দেশে ধূপ জ্বালাইয়াছে, ও * দেবগণের উদ্দেশে পানীয় দ্রব্য উৎসর্গ করিয়াছে, সেই সকল গৃহ, বিশেষতঃ যিরূশালমের ও যিহূদার রাজগণের তাবৎ গৃহ, তোফতের তুল্য অশুচি স্থান হইবে।

১৪ পরে পরমেশ্বর যিরিমিয়কে ভবিষ্যদ্বাক্য প্রচার করিতে যে তোফতে পাঠাইয়াছিলেন, সে তথাহইতে আসিয়া পরমেশ্বরের মন্দিরের প্রাঙ্গণে দাঁড়াইয়া ১৫ লোকদিগকে এই কথা কহিল। ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, এই নগরনিবাসি লোকেরা যেন আমার কথা শুনিতে না পায়, এই জন্যে আপন২ গ্রীবা দৃঢ় করিয়াছে; অতএব আমি এই নগর ও নিকটস্থ নগর বিষয়ে যে২ অমঙ্গলের কথা কহিয়াছি, সেই সকল তাহাদের প্রতি ঘটাইব।

২০ অধ্যায়।

১ যিরিমিয়কে প্রহার ও কারাগারে বন্ধন করণ প্রযুক্ত পশ্‌হূরের ভবিষ্যদ্বাক্য ৭ ও দুঃখ ও প্রতারনার বিষয়ে যিরিমিয়ের বিলাপ ১৪ ও মহাদুঃখহইতে উদ্ধার করণের জন্যে ঈশ্বরের প্রশংসা।

১ পরে পরমেশ্বরের মন্দিরের প্রধানাধ্যক্ষ ইম্মেরের পুত্র পশ্‌হূর নামে যাজক ঐ যিরিমিয়ের ভবিষ্যদ্বাক্য ২ শুনিয়া যিরিমিয় ভবিষ্যদ্বক্তাকে প্রহার করিয়া পরমেশ্বরের মন্দিরের নিকটস্থ বিন্‌য়ামীনের উচ্চতর দ্বারে স্থিত কারাগারে তাহাকে বদ্ধ করিয়া রাখিল। ৩ অপর পরদিনে পশ্‌হূর যিরিমিয়কে কারাগারহইতে মুক্ত করিলে যিরিমিয় তাহাকে কহিল, পরমেশ্বর তোমার নাম পশ্‌হূর (চতুর্দ্দিগে মঙ্গলদায়ক) রাখেন নাই, কিন্তু মাগোর-মিষাবীব্‌ (চতুর্দ্দিগে ভয়ঙ্কর) ৪ রাখিয়াছেন। কেননা পরমেশ্বর এই কথা কহেন, আমি তোমার ও তোমার সকল বন্ধুদের পক্ষে তোমাকে ভয়ঙ্কর করিব; তাহারা শত্রুদের খড়্গধারে পতিত হইলে তুমি স্বচক্ষুতে তাহা দেখিবা, এবং আমি যিহূদার তাবৎ লোককে বাবিলের রাজার হস্তে সমর্পণ করিব; তাহাতে সে তাহাদিগকে বাবিলে ৫ লইয়া গিয়া খড়্গদ্বারা বধ করিবে। এবং আমি এই নগরের তাবৎ বল ও ধন ও বহুমূল্য বস্তু ও যিহূদার রাজগণের তাবৎ সঞ্চিত ধন শত্রুগণের হস্তগত করিব; তাহাতে তাহারা লুটও গ্রহণ করিয়া বাবিলে লইয়া যাইবে। হে পশ্‌হূর, তুমি ও তোমার গৃহ- ৬ নিবাসিগণ তোমরাও শত্রুর দেশে যাইবা, এবং বাবিলে প্রবেশ করিয়া প্রাণত্যাগ করিবা; তুমি যে বন্ধুদের প্রতি মিথ্যা ভবিষ্যদ্বাক্য কহিয়াছ, তাহারা ও তুমি উভয়ে সেই স্থানে কবরস্থ হইবা।

হে পরমেশ্বর, তুমি আমাকে প্রবৃত্তি দিলে আমি ৭ প্রবৃত্ত হইলাম, এবং তুমি আশ্বাস দিয়া জয় করিলা; কিন্তু এখন আমি দিনে২ নিন্দার পাত্র হইতেছি, সকলেই আমাকে উপহাস করে। আমি যদি কোন ৮ কথা কহি, তবে দৌরাত্ম্য প্রযুক্ত আমাকে আর্ত্তস্বর করিতে হয়, কিম্বা লুটের বিষয় প্রচার করিতে হয়, তাহাতে পরমেশ্বরের বাক্য প্রযুক্ত দিনে২ আমার নিন্দা ও অপমান হয়। কিন্তু আমি যদি কহি, ৯ ঈশ্বরের কথা আর কাহাকে কহিব না, ও তাঁহার নামে কিছু কহিব না, তবে তাঁহার কথা আমার হৃদয় ও অস্থির মধ্যে বদ্ধ এক দগ্ধকারি অগ্নির ন্যায় হয়, অতএব আমি সহ্য করণে ক্লান্ত হইয়া নীরব থাকিতে পারি না। আমি সর্ব্বদিগে অনেকের ১০ এই ভয়ঙ্কর গল্প শুনিতেছি, ‘তোমরা অভিযোগ কর, এবং আমরাও তাহার বিষয়ে অভিযোগ করিব,’ আমার তাবৎ পরিচিত † লোকেরা আমার পতনের ‡ অপেক্ষা করিয়া কহে, যদ্যপি সে লুব্ধ হয়, তবে আমরা তাহাকে জয় করিয়া দণ্ড দিব। কিন্তু পর- ১১ মেশ্বর মহাবীরের ন্যায় আমার সঙ্গে থাকেন, এই জন্যে আমার বিপক্ষগণ বাধা পাইবে, ও কৃতকার্য্য হইতে পারিবে না, এবং আপনাদের অকৃতকার্য্যতা প্রযুক্ত মহালজ্জিত হইবে; সে লজ্জা নিত্যস্থায়ী, কখনো বিস্মৃত হইবে না। কিন্তু হে ধার্ম্মিকদের ১২ পরীক্ষক এবং মনের ও অন্তঃকরণের বিচারকর্ত্তা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, আমি তাহাদের প্রতি তোমার দত্ত দণ্ড দেখিব, কেননা আমি তোমার কাছে আপন বিবাদের কথা জানাইলাম। তোমরা পর- ১৩ মেশ্বরের উদ্দেশে গান কর, ও পরমেশ্বরের প্রশংসা কর, কারণ তিনি দুঃখি লোকের প্রাণকে পাপিদের হস্তহইতে উদ্ধার করিলেন।

আমি যে দিনে জন্মিয়াছি, সেই দিন শাপগ্রস্ত ১৪ হউক; আমার মাতা যে দিনে আমাকে প্রসব করিলেন, সে দিন আশীর্ব্বাদ বিহীন হউক। এবং ‘পুত্র ১৫ সন্তান হইয়াছে,’ এই সম্বাদ দিয়া যে জন আমার পিতাকে আনন্দিত করিল, সেও শাপগ্রস্ত হউক। পর- ১৬

[১৩] ২ রা ২০; ১০,১২। যির ৩২; ২৯। সিফ ১; ৫॥—[১৪] ২ ব° ২০; ৫॥—[১৫] ২ ব° ৩৪; ২৪,২৫॥ [২০ অধ্যা; ৫] ২ রা ২০; ১৩-১৮। যির ৫২; ১৭-২০॥—[৯] গী ৩৯; ২,৩॥—[১০] গী ৪১; ৯। ৫৫; ১২-১৪॥—[১১] যির ১; ৮,১৮,১৯। ১৫; ২০। ২৩; ৪০॥—[১২] ১৭; ১০। ১৫; ১৫॥—[১৩] গী ৩৫; ৯,১০। ১০৯; ৩০,৩১॥ [১৪-১৮] যূব ৩। যির ১৫: ১০॥—[১৬] আ ১৯; ২৪,২৫॥

* (ইব্র) পরকীয় দেবগণের। † (ইব্র) আমার মঙ্গলের মনুষ্য। ‡ (বা) ডজোটের।

মেশ্বর দয়া না করিয়া যে ২ নগরের বিনাশ করিলেন, সে জন সেই নগরের ন্যায় হউক; সে প্রাতঃকালে আর্ত্তস্বর ও মধ্যাহ্নকালে ভয়ানক রব শুনুক। ১৭ আমি উদরমধ্যে কেন মরিলাম না? এবং আমার মাতার উদর * কেন আমার চিরস্থায়ি কবর † হইল ১৮ না? আমি দুঃখ ও শোক ভোগ করিতে ও লজ্জাতে কালক্ষেপ করিতে কেন উদরহইতে ভূমিষ্ঠ হইলাম?

২১ অধ্যায়।

১ যিরিমিয়ের প্রতি সিদিকিয়ের লোক প্রেরণ ৩ ও নগরের অবরোধ ও লোকদের দুঃখবিষয়ে যিরিমিয়ের ভবিষ্যদ্বাক্য ৮ ও কস্দীয় লোকদের হস্তে আপনাদিগকে সমর্পণ ১১ ও রাজবংশের প্রতি তাহার অনুযোগ।

১ ‘বাবিলের নিবুখদ্নিৎসর নামক রাজা আমাদের সহিত যুদ্ধ করে, অতএব তুমি আমাদের নিমিত্তে পরমেশ্বরের কাছে প্রার্থনা ‡ কর; তাহাতে বোধ হয়, যাহাতে সে আমাদের নিকটহইতে প্রস্থান করে, পরমেশ্বর আপন তাবৎ আশ্চর্য্য ক্রিয়ানুসারে ২ আমাদের প্রতি এমত অনুগ্রহ করিবেন,’ এই কথা কহিতে যে সময়ে সিদিকিয় রাজা মল্কিয়ের পুত্র পশ্হূরকে ও মাসেয় যাজকের পুত্র সিফনিয়কে যিরিমিয়ের নিকটে প্রেরণ করিল, তৎকালে যিরিমিয়ের নিকটে পরমেশ্বরের এই বাক্য উপস্থিত হইল।

৩ যিরিমিয় তাহাদিগকে এই কথা কহিল, তোমরা ৪ সিদিকিয়ের প্রতি ইহা বল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, তোমরা আপন ২ হস্তস্থিত যে অস্ত্রদ্বারা যুদ্ধ কর, সে সকল আমি বিমুখ করিব, এবং বাবিলের রাজাকে ও তোমাদের প্রাচীর বেষ্টনকারি কস্দীয়দিগকে এই নগরের মধ্যে ৫ সংগ্রহ করিব। এবং আমি বিস্তারিত হস্ত ও সবল বাহুদ্বারা, অর্থাৎ ক্রোধ ও কোপ ও অত্যন্ত রো- ৬ ষেতে তোমাদের সহিত যুদ্ধ করিয়া এই নগরবাসি মনুষ্য কি পশু সকলকে সংহার করিব; তাহারা ৭ মহামারীতে প্রাণ ত্যাগ করিবে। পরমেশ্বর কহেন, তাহার পরে আমি যিহূদার রাজা সিদিকিয়কে ও তাহার মন্ত্রিগণকে ও সামান্য লোকদিগকে, অর্থাৎ এই নগরের যে সকল অবশিষ্ট লোক মারী ও খড়্গ ও দুর্ভিক্ষহইতে রক্ষা পাইবে, তাহাদিগকে নিবুখদ্নিৎসর বাবিল্ রাজের হস্তে ও তাহাদের শত্রুগণের হস্তে ও তাহাদের প্রাণ বিনাশে সচেষ্ট লোকদের হস্তে সমর্পণ করিব। তাহাতে তাহারা খড়্গের ধারে তাহাদিগকে বধ করিবে; কোন প্রকারে ক্ষমা ও কৃপা ও দয়া করিবে না।

৮ তুমি এই লোকদিগকে ইহাও বলিও, পরমেশ্বর এই কথা কহেন, দেখ, তোমাদের সম্মুখে আমি জীবনের ও মৃত্যুর পথ রাখি। ৯ যে জন এই নগরে থাকিবে, সে খড়্গ বা দুর্ভিক্ষ বা মহামারীতে মরিবে; কিন্তু যে জন বাহিরে যাইয়া তোমাদের অবরোধকারি কস্দীয়দের প্রতি আপনাকে সমর্পণ করিবে, সে রক্ষা পাইবে, ও তাহার প্রাণ লুটদ্রব্যের ন্যায় হইবে। ১০ কেননা পরমেশ্বর কহেন, আমি মঙ্গলের নিমিত্তে নয়, কিন্তু অমঙ্গলের নিমিত্তে এই নগরের বিপরীতে আপন মুখ রাখিয়াছি, এই নগর বাবিলের রাজার হস্তগত হইলে সে তাহাকে অগ্নিদ্বারা দগ্ধ করিবে।

১১ তুমি যিহূদার রাজবংশের প্রতি (এই কথা বল,) ১২ তোমরা পরমেশ্বরের কথা শুন; হে দায়ূদের বংশ, পরমেশ্বর এই কথা কহেন, শীঘ্র ‖ বিচার নিষ্পত্তি কর, এবং হিংসিত লোককে উপদ্রবির হস্তহইতে উদ্ধার কর, নতুবা আমার ক্রোধ অগ্নির ন্যায় নির্গত হইবে, ও তোমাদের কর্ম্মদোষে এমত প্রজ্বলিত হইবে, যে কোন কেহ তাহা নির্ব্বাণ করিতে পারিবে না। ১৩ হে নিম্নভূমির প্রান্তরস্থিত পর্ব্বত নিবাসিগণ, তোমরা কহিতেছ, আমাদের বিপরীতে কে আসিবে? ও আমাদের নিবাসে কে প্রবেশ করিবে? কিন্তু পরমেশ্বর কহেন, আমি তোমাদের প্রতি বিমুখ আছি। ১৪ পরমেশ্বর কহেন, আমি তোমাদের কর্ম্মের ফলানুসারে তোমাদিগকে দণ্ড দিব; তোমাদের নগররূপ বনে অগ্নি প্রদান করিব, তাহাতে সে তোমাদের চতুর্দ্দিগের সকলকে দগ্ধ করিবে।

২২ অধ্যায়।

১ অনুযোগ ও মঙ্গল প্রতিজ্ঞাদ্বারা অনুতাপ করিতে লোকদের প্রতি বিনয় ১০ শল্লুমের ভাবিদণ্ড ১৩ ও যিহোয়াকীমের ভাবিদণ্ড ২০ কনিয়ের ভাবিদণ্ড।

১ পরমেশ্বর এই কথা কহেন, তুমি য়িহূদার রাজবাটীতে গিয়া সেইস্থানে এই কথা বল, হে দায়ূদের ২ সিংহাসনোপবিষ্ট যিহূদার রাজন্, তুমি ও তোমার মন্ত্রিগণ ও এই দ্বার প্রবিষ্ট তাবৎ লোক. পরমে- ৩ শ্বরের কথা শুন। পরমেশ্বর এই কথা কহেন, তোমরা বিচার ও ন্যায় কর, এবং উপদ্রবির হস্তহইতে হিংসিত লোককে উদ্ধার কর, এবং বিদেশী ও পিতৃহীন ও বিধবাদের প্রতি কোন অন্যায় করিও না, ও কোন উপদ্রব করিও না, ও এই ৪ স্থানে নিরপরাধকে বধ করিও না। কেননা তোমরা যদি এই কথা পালন কর, তবে দায়ূদের সিংহাসনোপবিষ্ট রাজগণ রথারূঢ় ও অশ্বারূঢ় হইয়া সমূহমন্ত্রি ও লোকের সহিত এই বাটীর দ্বার দিয়া ৫ প্রবেশ করিবে। আর পরমেশ্বর কহেন, যদি আমার

[২১ অধ্যা; ১,২] যির ৩৭; ৩,৭ ।।—[৪-৬] লে ২৬; ২৩-২৫।।—[৭] যির ৩৭; ১৭। ৩৯; ৫-৭।।—[৯] ৩৮; ২,১৭,১৮।।
[১০] ৩৭; ১০। ৩৯; ৮। ৫২; ১৩।।—[১১,১২] ২২; ১-৭।।—[১৪] প ১০। ১ রা ৭; ২-৮।।
[২২ অধ্যা; ১-৭] যির ২১; ১১,১২।।—[৩] প ২১।।—[৪] ১৭; ২৫।।

* (ইব্রী) উদরে। † (ইব্রী) গর্ভ। ‡ (ইব্রী) চেষ্টা। ‖ (ইব্রী) প্রত্যূষে।

এই কথা না শুন, তবে আমি আপন নাম লইয়া দিব্য ৬ করি, এই বাটী উচ্ছিন্ন করিব। কেননা পরমেশ্বর যিহূদার রাজবাটীর বিষয়ে এই কথা কহেন, তুমি যদ্যপি আমার প্রতি গিলিয়দ্ ও লিবানোনের শৃঙ্গ-স্বরূপ হও, তথাপি আমি তোমাকে উচ্ছিন্ন ভূমি ও ৭ নরশূন্য নগর সদৃশ করিব। এবং তোমার বিপরীতে অস্ত্রধারি বিনাশকদিগকে প্রস্তুত করিব, তাহারা তোমার উত্তম এরস্ বৃক্ষ ছেদন করিয়া অগ্নিতে ৮ নিক্ষেপ করিবে। এবং নানা দেশীয় লোকেরা এই নগরের নিকট দিয়া যাইতে২ কেহ২ আপন সঙ্গিকে কহিবে, পরমেশ্বর কি জন্যে এই মহানগ-৯ রকে এরূপ করিয়াছেন? তখন তাহারা উত্তর করিবে, তন্নিবাসি লোক আপন প্রভু পরমেশ্বরের ব্যবস্থা ত্যাগ করিয়া অন্য দেবগণের পূজা ও সেবা করিয়াছিল, এই জন্যে।

১০ মৃত রাজার নিমিত্তে শোক করিও না, ও তাহার জন্যে বিলাপ করিও না; কিন্তু যে জন দেশান্তরে গমন করিয়াছে, বরং তাহার নিমিত্তে অতিশয় রোদন কর, কেননা সে আর ফিরিয়া আসিবে না, ও আপন জন্মদেশ আর দেখিবে না। ১১ যিহূদার যোশিয় রাজের পুত্র যে শল্লুম্ * আপন পিতা যোশিয়ের পদে অভিষিক্ত হইয়াছিল ও এই স্থানহইতে গিয়াছিল, তাহার বিষয়ে পরমেশ্বর এই কথা কহেন, সে এখানে আর ফিরিয়া ১২ আসিবে না; কিন্তু বন্দি হইয়া যে দেশে নীত হইয়াছে, সেই দেশেই মরিবে; এ দেশ আর দেখিবে না।

১৩ যে জন অধর্ম্মদ্বারা আপন বাটী, ও অন্যায়দ্বারা উপর কুঠরী নির্ম্মাণ করে, এবং বেতন ব্যতিরেকে আপন প্রতিবাসিকে পরিশ্রম করায়, ও তাহার শ্রমের বেতন তাহাকে কিছু না দেয়, ১৪ এবং 'আমি আপনার নিমিত্তে এক বৃহৎ বাটী ও উচ্চ † কুঠরী নির্ম্মাণ করিব,' ইহা বলিয়া আপনার নিমিত্তে গবাক্ষ প্রস্তুত করে, ও এরস্ কাষ্ঠ দিয়া সেই ঘর মুড়ে, ও সিন্দূরবর্ণ রঙ্গ লেপন করে, যে এই ১৫ সকল কর্ম্ম করে, তাহার সন্তাপ হইবে। তুমি এরস কাষ্ঠের কর্ম্মে নিপুণ হইয়া কি রাজ্য করিবা? তোমার পিতা ভোজন ও পান করিয়া কি বিচার ও ১৬ ন্যায় করিল না? তখন তাহার মঙ্গল হইল। সে দরিদ্র ও দীনহীনের বিচার করিল, তাহাতেও তাহার মঙ্গল হইল; পরমেশ্বর কহেন, এই সকল কি আমার ১৭ বিষয়ক জ্ঞান নয়? কিন্তু তোমার চক্ষু ও অন্তঃকরণ লোভ ও নির্দ্দোষের রক্তপাত ও উপদ্রব ও দৌরাত্ম্য করণ ব্যতিরেকে আর কিছুই চাহে না। অতএব যোশিয়ের পুত্র যিহোয়াকীম্ নামে ১৮ যিহূদাধিপতির বিষয়ে পরমেশ্বর এই কথা কহেন, তাহার বিষয়ে লোকেরা 'হায় ২ ভ্রাতা,' ও 'হায় ২ ভগিনী' বলিয়া বিলাপ করিবে না, এবং 'হায় ২ প্রভু' ও 'হায় ২ তাহার শ্রী' ইহা বলিয়াও বিলাপ করিবে না। গর্দ্দভের ন্যায় তাহার কবর হইবে; ১৯ লোক তাহাকে টানিয়া যিরূশালমের দ্বারে বাহিরে নিক্ষেপ করিবে।

তুমি লিবানোনে গিয়া আর্ত্তস্বর করিবা, ও বাসনে ২০ গিয়া উচ্চৈঃস্বর করিবা, এবং দেশের সীমাহইতে দূরে আর্ত্তস্বর করিবা; কেননা তোমার তাবৎ প্রেমের লোক হত হইবে। তোমার সুসময়ে আমি তো- ২১ মাকে কহিলাম, কিন্তু তুমি কহিলা, আমি শুনিব না; আমার কথা অগ্রাহ্য করা বালককালাবধি তোমার ব্যবহার আছে। প্রবল বায়ু তোমার তাবৎ রক্ষক- ২২ দিগকে বিনষ্ট করিবে, ও তোমার প্রেমি লোকেরা বন্দি হইবে; তখন তুমি আপন দুষ্কর্ম্ম প্রযুক্ত লজ্জিত ও ব্যাকুল হইবা। হে লিবানোন নিবাসি, ২৩ এরস্ বৃক্ষে বাসা করিয়াছ যে তুমি, তোমার প্রসব বেদনার ন্যায় বেদনা উপস্থিত হইলে কেমন কাতরোক্তি করিবা! পরমেশ্বর আপন অমরতার দিব্য ২৪ করিয়া কহেন, হে যিহূদার রাজন্ যিহোয়াকীমের পুত্র কনিয়, ‡ তুমি আমার দক্ষিণ হস্তস্থিত মুদ্রাঙ্কতুল্য হইলেও আমি তোমাকে তথাহইতে ফেলিয়া দিব। এবং যাহারা তোমার প্রাণ নষ্ট করিতে ২৫ সচেষ্ট, ও যাহাদের মুখহইতে তুমি ভীত হইতেছ, তাহাদের হস্তে অর্থাৎ বাবিলের নিবুখদ্নিৎসর রাজের ও কস্দীয়দের হস্তে তোমাকে সমর্পণ করিব। এবং তোমার জন্মদেশ ভিন্ন অন্য কোন ২৬ দেশে তোমাকে ও তোমার জন্মদাত্রী মাতাকে দূর করিব; তাহাতে সেই স্থানে তোমরা প্রাণত্যাগ করিবা। আপন দেশে ফিরিয়া আসিতে মনোবাঞ্ছা ২৭ করিবা, কিন্তু পারিবা না। 'এই কনিয় ‡ কি তুচ্ছীকৃত ২৮ ভগ্ন প্রতিমা ‖ তুল্য? ও সে কি অসন্তোষজনক পাত্র তুল্য? তাহারা অর্থাৎ সে ও তাহার বংশ কেন আপনার অজ্ঞাত দেশে নিক্ষিপ্ত হয়?' হে দেশ, হে ২৯ দেশ, হে দেশ, তুমি পরমেশ্বরের কথা শুন। পরমে- ৩০ শ্বর এই কথা কহেন, এই মানুষের বিষয়ে এমত লিখ, এই মানুষ নিঃসন্তানের ন্যায় হইবে ও জীবদ্দশাতে ভাগ্যবান হইবে না; তাহার কোন বংশ দায়ূদের সিংহাসনোপবিষ্ট ও যিহূদার উপরে কর্তৃত্বকারী হইয়া ভাগ্যবান হইবে না।

---

[৭] যির ২১; ১৪॥—[৮,৯] দ্বি ২৯; ২৪,২৫। ১ রা ৯; ৮,৯॥—[১০] ২ বং ৩৪; ২৮। ৩৫; ২৪,২৫॥—[১১.১২] ২ রা ২৩; ৩৪॥—[১৩] ২ রা ২৩; ৩৫॥—[১৭] ২ বং ৩৬; ৮॥—[১৯] যির ৩৬; ৩০। ২ বং ৩৬; ৬॥—[২১] যির ৭; ২১-২৮॥—[২৪-২৭] ২ রা ২৪; ১২-১৬। ২ বং ৩৬; ৯,১০॥—[৩০] যির ৩৬; ৩০॥

* (অর্থাৎ) যিহোয়াহস্। † (ইব্রী) বায়ু সম্বন্ধীয়। ‡ (অর্থাৎ) যিহোয়াখীন্। ‖ (বা) পাত্র।

২৩ অধ্যায়।

১ পালকদের বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য ৫ ও লোকদের পালক খ্রীষ্টের বিষয়ে ভবিষ্যদ্বাক্য ৯ ও মিথ্যাভবিষ্যদ্বক্তৃগণের বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য ৩৩ ও সত্য ভবিষ্যদ্বক্তৃগণের নিন্দকের বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য।

১ যে রক্ষকগণ আমার পালের মেষদিগকে ছিন্নভিন্ন করে, তাহাদের সন্তাপ হইবে, ইহা পরমে-
২ শ্বর কহেন। ইস্রায়েলের প্রভু পরমেশ্বর আপন লোকদের পালকদের বিরুদ্ধে এই কথা কহেন, তোমরা আমার পাল ছিন্নভিন্ন করিয়াছ ও দূর করিয়া দিয়াছ, ও তাহাদের কোন তত্ত্বাবধারণ কর নাই; অতএব পরমেশ্বর কহেন, দেখ, আমি তোমাদের দুষ্ট ক্রিয়ার সমুচিত ফল তোমাদিগকে
৩ ভোগ করাইব। এবং যে সকল দেশে আমি আপন পাল দূর করি, তথাহইতে তাহার অবশিষ্ট সকলকে সংগ্রহ করিব, ও পুনর্ব্বার আপন২ খোয়াড়ে আনিব, তাহাতে তাহারা প্রজাবন্ত ও বহুবংশ
৪ হইবে। পরমেশ্বর কহেন, পাল চারণ করিবে, এমত রক্ষকগণকে তাহাদের উপরে নিযুক্ত করিব; তাহাতে তাহারা আর ভয় করিবে না, ও ভয়েতে ব্যাকুল হইবে না, ও তাহাদের মধ্যে কিছুই অভাব থাকিবে না।

৫ পরমেশ্বর কহেন, দেখ, যে সময়ে আমি দায়ূদের বংশে পুণ্যময় এক শাখা উৎপন্ন করিব, এবং যে সময়ে এক রাজা ভাগ্যবান হইয়া রাজত্ব করিয়া পৃথিবীতে ধর্ম্ম ও ন্যায় পালন করিবেন, এমত সময়
৬ আসিতেছে। তাহার অধিকারসময়ে যিহূদা পরিত্রাণ পাইবে, ও ইস্রায়েল্ নিরাপদে বাস করিবে, এবং ‘পরমেশ্বরই আমাদের পুণ্য,’ এই নামেতে তিনি
৭ বিখ্যাত হইবেন। পরমেশ্বর কহেন, দেখ, যে সময়ে ইস্রায়েল্ বংশকে মিসর্দেশহইতে আনয়নকারি অমর পরমেশ্বরের দিব্য কেহ করিবে না, এমত
৮ সময় আসিতেছে। তখন ছিন্নভিন্ন ইস্রায়েল্ বংশকে উত্তরাদি নানা দেশহইতে পথ দেখাইয়া আনয়নকারি অমর পরমেশ্বরের নামে দিব্য করিবে; কারণ তাহারা আপন দেশে বাস করিবে।

৯ ভবিষ্যদ্বক্তাদের নিমিত্তে আমার অন্তরস্থ অন্তঃকরণ ভগ্ন হইতেছে ও আমার তাবৎ অস্থি কাঁপিতেছে; পরমেশ্বর ও তাঁহার ধর্ম্মবাক্যের নিমিত্তে আমি মত্ত মনুষ্য ও দ্রাক্ষারসে পরাজিত মানু-
১০ ষের ন্যায় হইয়াছি। কেননা দেশ পারদারিক লোকেতে পরিপূর্ণ হইতেছে, ও অভিশাপদ্বারা দেশ শোকান্বিত হইতেছে, ও অরণ্যের রম্যস্থান শুষ্ক হইতেছে ও লোকদের আচার ব্যবহার অতিমন্দ হইতেছে, ও তাহাদের শক্তি উপদ্রবজনক হইতেছে।
১১ কেননা ভবিষ্যদ্বক্তা ও যাজকগণ দুষ্ট হইতেছে; পরমেশ্বর কহেন, আমি আপন গৃহেও তাহাদের মন্দ
১২ কর্ম্ম দেখিতেছি। এ কারণ তাহাদের পথ পিচ্ছিল হইবে, এবং তাহারা অন্ধকারে তাড়িত হইয়া তাহার মধ্যে পতিত হইবে, কেননা পরমেশ্বর কহেন, তাহাদের দণ্ড দেওনের বৎসরে আমি তাহাদের প্রতি
১৩ দুর্দ্দশা উপস্থিত করিব। এবং বালের নামে ভবিষ্যদ্বাক্য কহিয়া আমার ইস্রায়েল লোকদিগকে ভ্রান্ত করিল যে শোমিরোণের ভবিষ্যদ্বক্তৃগণ, তাহাদের
১৪ মধ্যে যে অজ্ঞানতার কর্ম্ম দেখিয়াছি, তাহাহইতেও অধিক রোমাঞ্চজনক এক মন্দ কর্ম্ম যিরূশালমের ভবিষ্যদ্বক্তৃগণের মধ্যে দেখিতেছি; তাহারা পরদার করে, ও মিথ্যাব্যবহার করে, এবং কুকর্ম্মিদের এমত সহায়তা করে, যে কেহ আপন২ কুপথহইতে ফিরে না; তাহারা সকলে আমার কাছে সিদোমের
১৫ তুল্য, ও তন্নিবাসিরা অমোরার তুল্য হয়। অতএব সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই ভবিষদ্বক্তৃগণের বিষয়ে এই কথা কহেন, দেখ, আমি তাহাদিগকে নাগদানা ভোজন করাইব, ও পিত্তবৎ জল পান করাইব, কেননা যিরূশালমের ভবিষ্যদ্বক্তৃগণহইতে সকল দেশে
১৬ দুষ্টতা ব্যাপিয়াছে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, যে ভবিষ্যদ্বক্তৃগণ তোমাদের কাছে মিথ্যাভবিষ্যদ্বাক্য কহে, ও পরমেশ্বরের আজ্ঞাতে না বলিয়া আপনাদের মনের কল্পিত কথা ভাঙ্গিয়া বলে, তাহা-
১৭ দের কথা শুনিও না। যাহারা আমাকে অবজ্ঞা করে, তাহাদের প্রতি তাহারা বলে, পরমেশ্বর কহেন, তোমাদের মঙ্গল হইবে; এবং যাহারা আপন মনের কল্পনানুসারে চলে, তাহাদের প্রত্যেক জনকে কহে,
১৮ তোমাদের কোন দুর্দ্দশা ঘটিবে না। কিন্তু পরমেশ্বরের সভাতে কে দাঁড়ায়? এবং তাঁহার কথা কে বুঝে ও কে শুনে? ও কে তাহা প্রচার করিয়া জ্ঞাত করিতে
১৯ পারে? দেখ, পরমেশ্বরের প্রচণ্ড ক্রোধরূপ এক ঘূর্ণবায়ু নির্গত হইবে; সে দুঃখদায়ক বায়ু ঘোরতর
২০ রূপে পাপিদের মস্তকে পতিত হইবে। যে পর্য্যন্ত পরমেশ্বর আপন মনের অভিপ্রায় সিদ্ধ ও স্থির না করেন, তাবৎ তাঁহার ক্রোধ নিবৃত্ত হইবে না; তোমরা শেষকালে তাহা শুদ্ধরূপে বুঝিতে পারিবা।

[২৩ অধ্যা; ১-৪] যিহি ৩৪; ১-২২ ।।—[১] যির ২২। ১৩; ২১।।—[৩] ৩১; ৮,১০। মী ২; ১২।।—[৪] যির ৩; ১৫।। [৫,৬] ৩৩; ১৪,১৬। যিহি ৩৪; ২৩-৩১।।—[৫] যিশা ৪; ২। ১১; ১। ৫৩; ২। সিখ ৩; ৮। ৬; ১২।।—[৬] দ্বি ৩৩; ২৮। য ১; ২১। ১ ক ১; ৩০।।—[৭,৮] প ৩। যিশা ৪৩; ১৮। ১৬; ১৪,১৫।।—[১১] যির ৭; ৮-১১, ৩০। ৩২; ৩২-৩৪। যিহি ৮।।—[১২] যির ১৩; ১৬। দি ৩২; ২৩।।—[১৩] ১ রা ১৮; ১৫।।—[১৪] আ ১৮; ২০-৩৩।।—[১৫] যির ৯; ১৫।।—[১৬,১৭] ১৪; ১৩,১৪।।—[১৭] প ২২।।—[১৮] রো ১১; ৩৪।।—[১৯,২০] যির ৩০; ২৩,২৪।।—[২১] ২৭; ১৫।।

২১ আমি এই ভবিষ্যদ্বক্তৃগণকে প্রেরণ না করিলেও তা-
হারা বেগে গমন করিল; আমি তাহাদিগকে আজ্ঞা
২২ না দিলেও তাহারা ভবিষ্যদ্বাক্য কহিল। তাহারা
যদি আমার সভাস্থ হইত, তবে আমার লোকদিগকে
আমার কথা জ্ঞাত করিত, এবং কুপথ ও তাহাদের
ক্রিয়ার দুষ্টতাহইতে তাহাদিগকে অবশ্য ফিরাইত।
২৩ পরমেশ্বর কহেন, আমি কি কেবল নিকটবর্ত্তী
২৪ ঈশ্বর, দূরবর্ত্তী ঈশ্বর নহি? পরমেশ্বর কহেন, আমি
দেখিতে পাইব না, এমত গুপ্ত স্থানে কি কেহ লুকা-
ইতে পারে? পরমেশ্বর কহেন, আমি কি স্বর্গ ও
২৫ মর্ত্ত্য ব্যাপিয়া থাকি না? 'আমি স্বপ্ন দেখিয়াছি,
আমি স্বপ্ন দেখিয়াছি,' যে ২ ভবিষ্যদ্বক্তা আমার
নামে এই মিথ্যা কথা কহে, তাহাদের এই কথা
২৬ আমি শুনি। যাহারা মিথ্যা ভবিষ্যদ্বাক্য কহিয়া
আপনাদের মনের কাপট্য প্রচার করে; তাহাদের
২৭ অন্তঃকরণে এই সকল কতকাল থাকিবে? তাহা-
দের পূর্ব্বপুরুষেরা বালের সেবাদ্বারা যেমন আমা-
কে বিস্মৃত হইয়াছে, তদ্রূপ প্রত্যেক জন আপন ২
প্রতিবাসির কাছে জ্ঞাপিত আপন২ স্বপ্নদ্বারা আ-
মার লোকদিগকে কি আমার নাম বিস্মৃত করিতে
২৮ সচেষ্ট হয়? যে ভবিষ্যদ্বক্তা স্বপ্ন দেখে, সে আপন
স্বপ্ন প্রকাশ করুক; ও যে আমার বাক্য পায়, সে
যথার্থরূপে আমার বাক্য প্রচার করুক। পরমেশ্বর
২৯ কহেন, গোমের নিকটে ভূষির মূল্য কি? পর-
মেশ্বর কহেন, আমার বাক্য কি অগ্নিস্বরূপ নয়? ও
৩০ পাষাণ ভগ্নকারি হাতুড়ির তুল্য নয়? অতএব পর-
মেশ্বর কহেন, দেখ, যে ভবিষ্যদ্বক্তা আপন ২ প্রতি-
বাসিহইতে আমার বাক্য চুরি করে, দেখ, আমি তা-
৩১ হাদের বিপক্ষ হই। পরমেশ্বর কহেন, দেখ, যে ভবি-
ষ্যদ্বক্তৃগণ আপন২ জিহ্বা কোমল * করিয়া কহে,
'তিনি কহেন,' আমি তাহাদের প্রতিকূলে আছি।
৩২ পরমেশ্বর কহেন, মিথ্যাস্বপ্ন প্রকাশক ও তাহা
প্রচারকারি, এবং আপনাদের মিথ্যা ও দর্পক-
থাতে আমার লোকদিগকে ভ্রান্ত করে যে ভবি-
ষ্যদ্বক্তৃগণ, তাহাদের বিপরীতে আছি; পরমেশ্বর
কহেন, আমি তাহাদিগকে প্রেরণ করি নাই ও
কোন আজ্ঞাই দি নাই; অতএব তাহারা এই লোক-
দের কিছু ফলদায়ী হইবে না।

৩৩ যে সময়ে এই লোকেরা বা কোন ভবিষ্যদ্বক্তা
বা কোন যাজক তোমাকে জিজ্ঞাসা করিবে, পরমে-
শ্বরের ভার কি? তখন তুমি তাহাদিগকে বলিবা, তাঁ-
হার ভার এই, পরমেশ্বর কহেন, আমি তোমাদি-
৩৪ গকে ত্যাগ করিব। এবং 'পরমেশ্বরের ভার,' এই
কথা যে ভবিষ্যদ্বক্তা ও যাজক ও লোক কহিবে, তা-
হাকে ও তাহার বংশকে আমি দণ্ড দিব। তোমরা ৩৫
প্রত্যেক জন আপন২ প্রতিবাসিকে ও আপন২ ভ্রাতা-
কে এই কথা কহিও, পরমেশ্বর কি উত্তর দিলেন? বা
পরমেশ্বর কি কথা কহিলেন? 'পরমেশ্বরের ভার,' ৩৬
এই কথা তোমরা আর কহিও না; কেননা প্রত্যেক
জনের এই কথা তাঁহার ভারস্বরূপ হইবে; তোমরা
অমরেশ্বরের ও আমাদের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমে-
শ্বরের অভিপ্রায় ব্যর্থ করিতেছ। তোমরা † ভবিষ্য- ৩৭
দ্বক্তাকে কহিও, পরমেশ্বর তোমাকে কি উত্তর দি-
লেন? বা পরমেশ্বর কি কহিলেন? কিন্তু 'পরমেশ্ব- ৩৮
রের ভার,' এই কথা তোমাদের কহাতে পরমেশ্বর
কহেন, তোমরা 'পরমেশ্বরের ভার' এই কথা
কহিও না, এই আজ্ঞা তোমাদের কাছে প্রেরণ
করিলেও তোমরা পরমেশ্বরের ভার কহিতেছ।
অতএব পরমেশ্বর কহেন, আমিই তোমাদিগকে ও ৩৯
যে নগর তোমাদের পূর্ব্বপুরুষদিগকে দিয়াছি, এই
উভয়কে আপন নিকটহইতে ভারস্বরূপ লইয়া ‡ ৪০
দূরে নিক্ষেপ করিব, এবং চিরস্থায়ি অপমান ও
অবিস্মরণীয় লজ্জা তোমাদিগকে ভোগ করিতে দিব।

২৪ অধ্যায়।

১ উত্তম ও অধম ডুম্বুরফলের দৃষ্টান্ত ও যে লোক বাবিল হইতে যিহূদাতে ফিরিয়া আসিবে সে উত্তম ডুম্বুরফল-স্বরূপ, এবং যে সিদিকিয় ও অবশিষ্ট লোক দেশান্তরে ছিন্নভিন্ন হইবে তাহারা অধম ডুম্বুর ফলস্বরূপ।

বাবিল্ দেশীয় নিবুখদ্নিৎসর রাজা যিহূদীয় যিহো- ১
য়াকীম্ রাজের পুত্র যিহোয়াখীন্‌কে ‖ ও যিহূদার
অধ্যক্ষগণকে ও সূত্রধর ও কর্ম্মকারদিগকে যিরূশা-
লম্‌হইতে বাবিলে লইয়া গেলে পর পরমেশ্বরের
মন্দিরের সম্মুখে নিবেদিত দুই পাত্র ডুম্বুরফল পর-
মেশ্বর আমাকে দেখাইলেন। তাহার এক পাত্রে ২
প্রথম কালের সুপক্ক অতি উত্তম ফল ছিল, ও অন্য
পাত্রে এমত মন্দ ফল ছিল, যে তাহার কুরস প্রযুক্ত
ভোজন করা যায় না। তখন পরমেশ্বর আমাকে ৩
জিজ্ঞাসা করিলেন, হে যিরিমিয়, তুমি কি দেখিতেছ?
তাহাতে আমি কহিলাম, ডুম্বুরফল; তাহার উত্তম
ফল অতি উত্তম, এবং তাহার মন্দ ফল এমত মন্দ
যে তাহার কুরসপ্রযুক্ত খাওয়া যায় না। পরে পর- ৪
মেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল।
ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি ৫
যে যিহূদীয় বন্দি লোকদিগকে এই স্থানহইতে কস্-
দীয় দেশে মঙ্গলার্থে পাঠাইয়াছি, তাহাদিগকে এই
উত্তম ডুম্বুর ফলের ন্যায় গ্রাহ্য করিব; ও তাহা- ৬

[২২] প ১৭,১৮ ‖—[২৩,২৪] ১ রা ৮; ২৭। গী ১৩৯; ১-১২। আম ৯; ২,৩ ‖—[২৫] যির ২৯; ৮,৯‖—[২৮] য ৭; ২৯ ‖—[২৯] ৩ যি ১; ৫ ‖—[৩০-৩২] যির ৪; ১৪-১৬। দ্বি ১৮; ২০-২২‖—[৩৯,৪০] হো ৪; ৬। যির ২০; ১১‖
[২৪ অধ্যা; ১] ২ রা ২৪; ১২-১৬। যির ২৯; ১। আম ৮; ১ ‖—[৫-৭] যির ২৯; ৪-১৫। দ্বি ৩০; ১-১০ ‖
* (বা) বিস্তার। † (ইব্রু) তুমি। ‡ (বা) না মানিয়া। ‖ (ইব্রু) যিখনিয়কে।

দের প্রতি শুভ দৃষ্টি করিয়া তাহাদিগকে পুনর্ব্বার এই দেশে আনিব, এবং তাহাদের বংশের বৃদ্ধি করিব, আর বিনাশ করিব না *; এবং পত্তন করিব, ৭ আর উৎপাটন করিব না। এবং আমিই যে পরমেশ্বর, তাহা জানিতে তাহাদিগকে মন দিব; তাহাতে তাহারা সর্ব্বান্তঃকরণের সহিত আমার প্রতি ফিরিলে তাহারা আমার লোক হইবে, ও আমি তাহাদের ৮ ঈশ্বর হইব। পরমেশ্বর কহেন, আমি যিহূদীয় রাজা সিদিকিয়কে ও তাহার অধ্যক্ষগণকে ও এই দেশে ও মিসর্দেশে বাসকারি যিরূশালমের অবশিষ্ট লোকদিগকে, যে মন্দ ডুম্বুরফল কুরসপ্রযুক্ত ভোজন করা যায় না, তাহার ন্যায় করিব; ও পৃথিবীর ৯ তাবৎ রাজ্যে দুঃখ ও ক্লেশ ভোগ করাইব। এবং যে২ স্থানে তাহাদিগকে তাড়না করিব, সেই২ স্থানে তাহারা অপমান ও বিদ্রূপ ও নিন্দা ও অভি- ১০ শাপগ্রস্ত হইবে। এবং আমি তাহাদিগকে ও তাহাদের পূর্ব্বপুরুষদিগকে যে দেশ দিয়াছি, তাহাহইতে তাহারা যে পর্য্যন্ত উচ্ছিন্ন না হয়, তাবৎ তাহাদের বিরুদ্ধে খড়্গ ও দুর্ভিক্ষ ও মহামারী প্রেরণ করিব।

২৫ অধ্যায়।

১ লোকদের দোষের বিষয়ে যিরিমিয়ের ভবিষ্যদ্বাক্য ৮ ও তন্নিমিত্তে সত্তরি বৎসর পর্য্যন্ত তাহাদের ভাবিদণ্ড ১২ ও তাহাদের শত্রু বাবিল লোকদের ভাবিদণ্ড ১৫ ও অনেক দেশীয় লোকদিগকে ক্রোধরূপ পাত্রে পান করাওন ও তদ্বিষয়ে যিরিমিয়ের এক ভবিষ্যদ্বাক্য ৩৪ ও মেষপালকদের ভাবিবিনাশ।

১ যিহূদীয় যোশিয় রাজের পুত্র যিহোয়াকীমের চতুর্থ বৎসর অধিকার সময়ে, এবং বাবিলের নিবুখদ্নিৎসর রাজের অধিকারের প্রথম বৎসরে, যিহূদীয় তাবৎ লোকদের বিষয়ে পরমেশ্বরের কথা ২ যিরিমিয়ের নিকটে উপস্থিত হইলে, যিরিমিয় ভবিষ্যদ্বক্তা তাবৎ যিহূদি লোককে ও তাবৎ যিরূশালম্ ৩ নিবাসিকে তাহা প্রচার করিয়া কহিল, আমোনের পুত্র যোশিয় নামে যিহূদার রাজার ত্রয়োদশ বৎসর অধিকারাবধি অদ্য পর্য্যন্ত অর্থাৎ ত্রয়োবিংশতি বৎসর পর্য্যন্ত পরমেশ্বরের কথা আমার নিকটে উপস্থিত হইতেছে, এবং আমি যত্নপূর্ব্বক † তোমাদিগকে তাহা কহি, কিন্তু তোমরা তাহাতে মনোযোগ ৪ কর না। এবং পরমেশ্বর যত্নপূর্ব্বক † আপন দাস ভবিষ্যদ্বক্তৃগণকে তোমাদের নিকটে প্রেরণ করেন, কিন্তু তোমরা তাহাতেও অমনোযোগী হইয়া শুনিতে কর্ণপাত কর না। ৫ তিনি কহেন, তোমরা এই ক্ষণে আপন২ কুপথ ও দুষ্ট ক্রিয়াহইতে ফির, তাহাতে পরমেশ্বর তোমাদিগকে ও তোমাদের পূর্ব্বপুরুষদিগকে যে দেশ দিয়াছেন, তাহাতে চিরকাল বাস করিতে পাইবা। ৬ এবং পরকীয় দেবগণের সেবা ও পূজা করিতে তাহাদের পশ্চাদ্গামী হইও না, ও আপন হস্তকৃত ক্রিয়াদ্বারা আমাকে ক্রুদ্ধ করিও না; তাহাতে আমি তোমাদের কোন অমঙ্গল করিব না। ৭ কিন্তু পরমেশ্বর কহেন, তোমরা আমার কথাতে মনোযোগ না করিয়া আপনাদের হস্তকৃত বস্তুদ্বারা আমাকে ক্রুদ্ধ করিয়া আপনাদের ক্ষতি জন্মাইতেছ।

৮ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা আমার কথা শুন না, ৯ এই জন্যে দেখ, আমি লোক প্রেরণ করিয়া উত্তরদেশীয় তাবৎ বংশকে, বিশেষতঃ আমার দাস বাবিলের নিবুখদ্নিৎসর্ রাজাকে এই দেশ ও এই দেশ নিবাসি ও চতুর্দ্দিক্স্থিত তাবৎ দেশীয়দের বিপরীতে আনিয়া তাহাদিগকে সর্ব্বতোভাবে উচ্ছিন্ন করিব, এবং বিস্ময় ও নিন্দা ও চিরকাল বিনাশ ভোগ করাইব। ১০ এবং তাহাদের মধ্যহইতে উল্লাসের ও আনন্দের ধ্বনি এবং বর কন্যার রব ও যাঁতার শব্দ ও প্রদীপের আলো দূর করিব। ১১ তাহাতে এই তাবৎ দেশ বিস্ময়জনক ও উচ্ছিন্ন হইবে; এবং এতদ্দেশীয় লোকেরা সত্তর বৎসর পর্য্যন্ত বাবিলের রাজার সেবা করিবে।

১২ পরমেশ্বর কহেন, সত্তর বৎসর সম্পূর্ণ হইলে আমি বাবিলের রাজাকে ও তদ্দেশীয় লোকদিগকে তাহাদের পাপ প্রযুক্ত দণ্ড দিব, এবং কস্দীয়দের দেশের বিনাশ চিরকাল ঘটাইব। ১৩ এবং আমি সেই দেশের বিরুদ্ধে যে সকল কথা কহিয়াছি, অর্থাৎ সকল দেশীয়দের বিরুদ্ধে যিরিমিয়ের উক্ত এই ভবিষ্যদ্বাক্য পুস্তকে যে সকল কথা লিখিত আছে, ঐ দেশের প্রতি আমি সে সকল কথা সফল করিব। ১৪ তাহাতে অনেক দেশীয় লোক ও মহারাজগণ তাহাদিগকেও সেবা করাইবে, ও তাহাদের ক্রিয়ানুসারে ও হস্তকার্য্যানুসারে আমি তাহাদিগকে প্রতিফল দিব।

১৫ ইস্রায়েলের প্রভু পরমেশ্বর আমাকে এই কথা কহিলেন, আমার হস্তহইতে এই ক্রোধরূপ দ্রাক্ষারসের পাত্র লও, এবং আমি যে২ দেশীয় লোকদিগকে তাহা পান করাইতে তোমাকে পাঠাই, তুমি গিয়া তাহাদিগকে পান করাও। ১৬ তাহাতে

[৮-১০] যির ২৯; ১৬-১৯। ৪২; ১৩-১৯। ৪৪; ১১-১৪॥

[২৫ অধ্যা; ১] যির ৩৬; ১॥—[৩] ১; ১-৩॥—[৪-৭] ২ বং ৩৬; ১৫,১৬॥—[৯] ২ বং ৩৬; ১৭। যির ১; ১৫॥ [৯,১০] ২৭; ১-৮॥—[১০] ৭; ৩৪। ১৬; ৯। প্রকা ১৮; ২২,২৩॥—[১১] দ্বি ২৯; ২২,২৩॥—[১২] যির ২৯; ১০। ২ বং ৩৬; ২১। ইস্রা ১; ১। দা ৯; ২॥—[১৩,১৪] যির ৫০। ৫১। যিশ ১৩। ১৪। ২১। ৪৭॥—[১৪] যির ২৭; ৭॥ [১৫,১৬] গী ৭৫; ৮। যিশ ৫১; ১৭। প্রকা ১৪; ১০॥

* (ইব্রু) বাটী গাঁথিব, আর ভাঙ্গিব না। † (ইব্রু) প্রত্যুষে উঠিয়া।

তাহারা পান করিয়া টলটলায়মান হইয়া উন্মত্ত হইবে; কারণ আমি তাহাদের মধ্যে খড়্গ প্রেরণ
১৭ করিব। তখন আমি পরমেশ্বরের হস্তহইতে সেই পাত্র লইয়া পরমেশ্বর যে ২ দেশীয় লোকদের কাছে
১৮ আমাকে পাঠাইলেন, অদ্যকার মত বিনাশ ও বিস্ময় ও নিন্দা ও অভিশাপগ্রস্ত করণার্থে তাহাদিগকে অর্থাৎ যিরূশালমকে ও যিহূদার সমূহনগরকে ও রাজগণকে ও অধ্যক্ষগণকে পান করাইলাম।
১৯ পরে মিসরের ফিরৌণ্ রাজা ও তাহার মন্ত্রিগণ
২০ ও অধ্যক্ষগণ ও প্রজালোক; ও অরবীয় লোক, এবং উষ্ দেশের রাজগণ, ও পিলেষ্টীয় রাজগণ, ও অস্কিলোন ও অসা ও ইক্রোণ্ ও অস্‌দোদের
২১ অবশিষ্ট লোক; ও ইদোম্ ও মোয়াব্ ও অম্মোনের
২২ বংশ, এবং সোরের রাজা ও সীদোনের সকল
২৩ রাজা ও সমুদ্রের ওপারস্থ দেশের রাজগণ, এবং দিদন্ ও তেমা ও বূষ্ দেশীয় লোক, তদ্ভিন্ন ছিন্ন-
২৪ কেশ লোক, এবং অরবিয় রাজগণ, ও প্রান্তরবাসি
২৫ অরবীয় লোকদের রাজগণ, এবং সিম্রির ও ঐলমের
২৬ রাজগণ, ও মাদীয়দের রাজগণ, এবং নিকটস্থ ও দূরস্থ উত্তরদেশীয় রাজগণ, ও যে ২ দেশ পৃথিবীতে আছে, সকলের রাজগণকে পান করাইলাম; এই সকলের পরে শেশক্ নামক * রাজা তাহা পান
২৭ করিবে। এবং তুমি তাহাদিগকে এই কথা বল, ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা পান করিয়া ও মত্ত হইয়া বমন করিবা, ও তোমাদের মধ্যে মৎপ্রেরিত খড়্গে
২৮ পতিত হইয়া আর উঠিবা না। কিন্তু তাহারা যদি তোমার হস্তহইতে পানার্থে পাত্র লইতে অসম্মত হয়, তবে তাহাদিগকে কহিবা, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তাহা তোমাদিগকে অবশ্য পান
২৯ করিতে হইবে। দেখ, আমার নামে বিখ্যাত যে নগর, প্রথমে তাহার অমঙ্গল করিলে তোমরা কি নির্দ্দণ্ড হইবা? কখনো হইবা না। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি তাবৎ জগন্নিবাসির প্রতি
৩০ খড়্গ উপস্থিত করিব। অতএব তুমি তাহাদের কাছে এই সকল ভবিষ্যদ্বাক্য বল, যে পরমেশ্বর ঊর্দ্ধহইতে অতি গভীর শব্দ করেন, ও আপন পবিত্র বাসস্থানহইতে আপন রব প্রকাশ করেন, ও আপন বিশ্রামস্থানের প্রতি মহাগর্জ্জন করেন, তিনি জগন্নিবাসি তাবতের বিপরীতে দ্রাক্ষামর্দ্দকের
৩১ শব্দের ন্যায় শব্দ করিবেন। তাহাতে সেই শব্দ পৃথিবীর সীমা পর্য্যন্ত ব্যাপিবে, কেননা তাবৎ দেশীয় লোকের বিরুদ্ধে পরমেশ্বরের বিবাদ হইবে; তিনি সকল প্রাণির বিচার করিবেন, পাপিদিগকে খড়্গে সমর্পণ করিবেন, এই কথা পরমেশ্বর কহেন।
৩২ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, দেখ, দেশে২ অমঙ্গল ঘটিবে, ও পৃথিবীর সীমাহইতে মহা ঘূর্ণবায়ু
৩৩ আসিবে। তাহাতে পরমেশ্বরকর্তৃক পৃথিবীর আদ্যন্ত পর্য্যন্ত লোক হত হইবে, এবং তাহাদের নিমিত্তে কেহ বিলাপ করিবে না, ও তাহাদিগকে সংগ্রহ করিয়া কবর দিবে না, তাহারা ভূমির উপরে সারের ন্যায় পতিত থাকিবে।

৩৪ হে মেষপালকগণ, তোমরা আর্ত্তস্বর কর ও রোদন কর; ও হে মেষাগ্রগামিগণ, তোমরা ভস্মেতে লুণ্ঠিত হও, কেননা তোমাদের বধের দিন উপস্থিত; সেই দিনে আমি তাহাদিগকে ছিন্নভিন্ন করিলে তোমরা মনোহর পাত্রের ন্যায় পতিত হইবা।
৩৫ মেষপালকগণের রক্ষাস্থান ও মেষাগ্রগামিদের আশ্রয়
৩৬ থাকিবে না। তাহাতে মেষপালকদের ক্রন্দনের শব্দ ও মেষাগ্রগামিদের আর্ত্তস্বর শুনা যাইবে, কেননা পরমেশ্বর তাহাদের চরাণস্থান উচ্ছিন্ন করিবেন।
৩৭ পরমেশ্বরের জ্বলন্ত ক্রোধেতে শান্তিযুক্ত নিবাস
৩৮ বিনষ্ট হইবে। তিনি গুপ্তস্থানহইতে নির্গত সিংহের ন্যায় হইবেন, এবং পরাক্রান্ত বীরের উগ্রতা ও জ্বলন্ত ক্রোধ প্রযুক্ত তাহাদের দেশ নরশূন্য হইবে।

২৬ অধ্যায়।

১ যিরূশালমের বিরুদ্ধে যিরিমিয়ের ভবিষ্যদ্বাক্য ৭ ও তৎপ্রযুক্ত যাজকগণ ও লোকদ্বারা যিরিমিয়ের ধরা পড়ন ও যিরিমিয়ের উত্তর করণ ১৬ ও অধ্যক্ষগণ কর্তৃক মীখায়ের ও ঊরিয়ের দৃষ্টান্ত কথা ও যিরিমিয়ের রক্ষা।

১ যিহূদার রাজা যোশিয়ের পুত্র যিহোয়াকীমের প্রথম অধিকার সময়ে পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল,
২ পরমেশ্বরের মন্দিরে ভজনা করিতে আগত যে যিহূদানগরবাসি লোক সকল, তাহাদিগকে যে ২ কথা কহিতে আমি আজ্ঞা করি, তুমি পরমেশ্বরের মন্দিরের প্রাঙ্গণে দণ্ডায়মান হইয়া তাহা সমস্তই তাহাদিগকে বল, এক কথাও
৩ ন্যূন রাখিও না, পরমেশ্বর এই কথা কহেন। তাহারা যদি মনোযোগ করিয়া আপন ২ কুপথহইতে ফিরে, তবে তাহাদের মন্দ কর্ম্ম প্রযুক্ত যে অমঙ্গল ঘটাইতে মনস্থ করিয়াছি, তাহাহইতে আমি ক্ষান্ত হইব।
৪ তুমি তাহাদিগকে এই কথা বল, পরমেশ্বর এই

[১৮] প ৯,১১॥—[১৯] যির ৪৬॥—[২০,২১] ২৭; ৩॥—[২০] ৪৭॥—[২১] ৪৮। ৪৯॥—[২২] ৪৭; ৪॥—[২৩] ৪৯; ৮॥—[২৪] ৪৯; ২৮-৩৩॥—[২৫] ৪৯,৩৪-৩৮॥—[২৬] ৫১; ৪১॥—[২৭] হ্ব ২; ১৬॥—[২৯] যির ৪৯; ১২। হি ১১; ৩১। যিহি ৯; ৬। ১ পি ৪; ১৭,১৮॥—[৩০-৩৩] যিশ ৩৪; ১-১০। ৬৩; ৩-৬। ৬৬; ১৫,১৬। যোয় ৩; ২, ১২-১৭। প্র ১৯; ১৭-২১। ২০; ৭-১০। যিহি ৩৮। ৩৯। সিথ ১৪॥—[৩৪] যিহি ৩৯; ১৮-২০। প্র ১৯; ১৮॥
[২৬ অধ্য; ৩] প ১০,১১। যির ১৮; ৭,৮॥—[৪-৭] ৭; ১২-১৪॥

* (অর্থাৎ) বাবিলের।

কথা কহেন, তোমরা যদি আমার প্রতি মনোযোগ করিয়া তোমাদের প্রতি আমার দত্ত শাস্ত্রানুসারে ৫ না চল, এবং আমি অতি যত্নপূর্ব্বক আপন দাস ভবিষ্যদ্বক্তৃগণদ্বারা তোমাদের প্রতি যে কথা ৬ পাঠাইয়াছি, তাহা না মান, তবে আমি এই মন্দির শীলোর তুল্য করিব, ও জগতের তাবৎ দেশের মধ্যে এই নগরকে শাপগ্রস্ত করিব।

৭ যাজকগণ ও ভবিষ্যদ্বক্তৃগণ ও তাবৎ লোক পরমেশ্বরের মন্দিরে যিরিমিয়ের উক্ত এই কথা শুনিল। ৮ যিরিমিয় পরমেশ্বরের আজ্ঞাপিত সমস্ত কথা তাবৎ লোকদের কাছে সাঙ্গ করিলে পর যাজকগণ ও ভবিষ্যদ্বক্তৃগণ ও লোক সকল তাহাকে ধরিয়া কহিল, তো- ৯ মার বধ অবশ্য হইবে। এই মন্দির শীলোর ন্যায় ও এই নগর বসতিরহিত ও নরশূন্য হইবে, পরমেশ্বরের নামে এমত ভবিষ্যৎকথা কেন প্রচার করিতেছ? তখন পরমেশ্বরের মন্দিরে যিরিমিয়ের বিপ- ১০ ক্ষে তাবৎ লোক একত্র হইল। পরে যিহূদার অধ্যক্ষগণ এ কথা শুনিয়া রাজবাটীহইতে পরমেশ্বরের মন্দিরে আসিয়া পরমেশ্বরের মন্দিরের নূতন দ্বারের ১১ প্রবেশস্থানে বসিল। তখন যাজকগণ ও ভবিষ্যদ্বক্তৃগণ অধ্যক্ষদিগকে ও তাবৎ লোককে কহিল, এই মানুষ বধযোগ্য হয়, কেননা এই নগরের বিপরীতে যে ভবিষ্যদ্বাক্য কহিয়াছে, তাহা তোমরা ১২ আপন ২ কর্ণে শুনিলা। তখন যিরিমিয় অধ্যক্ষগণকে ও তাবৎ লোককে কহিল, তোমরা যে সকল কথা শুনিলা, তাহা এই মন্দির ও নগরের বিপরীতে ১৩ কহিতে পরমেশ্বর আমাকে প্রেরণ করিলেন। অতএব তোমরা এখন আপন ২ আচরণ ও কর্ম্ম শুদ্ধ কর, ও আপনাদের প্রভু পরমেশ্বরের কথা মান্য কর; তাহাতে পরমেশ্বর তোমাদের বিরুদ্ধে যে সকল অমঙ্গলের কথা কহিয়াছেন, তাহাহইতে ক্ষান্ত হই- ১৪ বেন। দেখ, আমিই তোমাদের হস্তগত আছি, তোমাদের দৃষ্টিতে যাহা ভাল ও যথার্থ, তাহা আমার ১৫ প্রতি কর। কিন্তু তোমরা যদি আমাকে বধ কর, তবে তোমরা আপনাদের ও এই নগরের ও তন্নিবাসিদের উপরে নির্দ্দোষের বধাপরাধ আনিবা, ইহা নিশ্চয় জান। কেননা এই সকল কথা তোমাদের কর্ণগোচর করিতে পরমেশ্বর তোমাদের নিকটে আমাকে নিতান্ত প্রেরণ করিলেন।

১৬ তখন অধ্যক্ষগণ ও সকল লোক যাজকদিগকে ও ভবিষ্যদ্বক্তৃগণকে কহিল, এ মনুষ্য বধের যোগ্য নয়, কেননা এ আমাদের প্রভু পরমেশ্বরের নামে আমা- ১৭ দের প্রতি ভবিষ্যৎকথা কহিল। তাহাতে দেশীয় কএক প্রাচীন লোক উঠিয়া সভাস্থ লোক সকলকে ১৮ কহিল, যিহূদার হিষ্কিয় রাজার অধিকারসময়ে মোরেষ্টীয় মীখা ভবিষ্যদ্বক্তা যিহূদার সমস্ত লোককে এই ভবিষ্যদ্বাক্য কহিল, 'সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, সিয়োন্ ক্ষেত্রের ন্যায় চাসিত হইবে, ও যিরূশালম প্রস্তরের ঢিবিমাত্র হইবে; এবং যে পর্ব্বতে এই মন্দির আছে, সে বনের উচ্চস্থানের ন্যায় হইবে।' ১৯ যিহূদার হিষ্কিয় রাজা ও তাবৎ যিহূদিলোক কি কোন প্রকারে তাহাকে বধ করিল? সে কি পরমেশ্বরকে ভয় করিল না, ও পরমেশ্বরের অনুগ্রহ প্রার্থনা করিল না? ও পরমেশ্বর তাহাদের বিরুদ্ধে যে অমঙ্গল ঘটাইতে স্থির করিয়াছিলেন, তাহাহইতে কি ক্ষান্ত হইলেন না? কিন্তু আমরা আপনাদের বড় অমঙ্গল করিতেছি।

২০ কিরিয়ৎ-যিয়ারীম্ নগরের শিমিয়য়ের পুত্র উরিয় নামে এক জন এই নগর ও এই দেশের প্রতিকূলে যিরিমিয়ের বাক্যের ন্যায় পরমেশ্বরের নামে ভবিষ্যদ্বাক্য কহিল। ২১ পরে যিহোয়াকীম রাজা ও তাহার পরাক্রান্ত লোকেরা ও অধ্যক্ষগণ তাহার কথা শুনিলে রাজা তাহাকে বধ করিতে চেষ্টা করিল, কিন্তু উরিয় তাহা শুনিতে পাইয়া ভীত হইয়া পলায়ন করিয়া মিসরে গেল। ২২ তাহাতে যিহোয়াকীম্ রাজা অক্‌বোরের পুত্র ইল্‌নাথন্‌কে এবং অন্য কএক লোককে মিসর্‌দেশে প্রেরণ করিলে তাহারা তথাহইতে উরি- ২৩ য়কে আনিয়া যিহোয়াকীম্ রাজের সম্মুখে আনিল, তাহাতে রাজা তাহাকে খড়্গদ্বারা বধ করিয়া সামান্য লোকের কবরস্থানে তাহার শব নিক্ষেপ করাইল। ২৪ কিন্তু বধার্থে লোকদের হস্তে যিরিমিয় যেন সমর্পিত না হয়, তন্নিমিত্তে শাফনের পুত্র অহীকাম্ তাহার সহায়তা করিল।

২৭ অধ্যায়।

১ যোঁয়ালির দৃষ্টান্তদ্বারা যিহূদিলোকদের দাসত্ব প্রকাশ করণ ও তাহা স্বীকার করিতে যিরিমিয়ের বিনয় ও সিদিকিয়ের প্রতি যিহূদার রাজার বিনয় ১৬ ও যাজকগণের প্রতি তদ্রূপ ভবিষ্যদ্বাক্য ১৯ ও অবশিষ্ট ধাতুপাত্র বাবিলে নীত হওনের ভবিষ্যদ্বাক্য।

১ যোশিয়ের পুত্র সিদিকিয় নামক যিহূদি রাজার অধিকার সময়ে পরমেশ্বরের এই কথা যিরিমিয়ের প্রতি উপস্থিত হইল। ২ পরমেশ্বর কহেন, তুমি বন্ধনী ও যোঁয়ালি প্রস্তুত করিয়া আপন স্কন্ধে দেও। ৩ পরে যে দূতগণ যিহূদার সিদিকিয় রাজের সহিত সাক্ষাৎ করিতে যিরূশালমে উপস্থিত হইয়াছে, তাহাদের দ্বারা তাহা ইদোমের রাজার ও মোয়াবের রাজার ও অম্মোন্ বংশের রাজার ও সোরের রাজার ও সীদোনের রাজার নিকটে প্রেরণ করিয়া তাহা- ৪

[৬] যি ১৮; ১। ১ শি ৪; ১১,২১,২২। গী ৭৮; ৫৯-৬৪। যির ২৪; ৯। ২৫; ১৮॥—[১১] প্রে ৬; ১৩,১৪॥—[১৩] প ৩,১১॥—[১৮] মী ৩; ১২॥—[১৯] ২ বং ৩২; ২৬॥—[২৫] ২ রা ২২; ১২,১৪। যির ৩৯; ১৪॥

[২৭ অধ্য; ১,২] প ১২। যির ২৮; ১০॥—[৬-৮] ২৪; ৮,৯। ২৫; ২০-২২॥

দের কর্ত্তাদিগকে এই কথা কহিতে আজ্ঞা কর, ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা আপন ২ প্রভুদিগকে এই কথা বল। ৫ আমি মহাপরাক্রমে ও বিস্তীর্ণ বাহুদ্বারা জগৎ ও জগন্নিবাসি মনুষ্য ও পশুগণকে সৃষ্টি করিয়াছি, এবং যাহাকে যাহা দিতে আমার ইচ্ছা, তাহাকে ৬ তাহা দিলাম। সম্প্রুতি আমি আপন দাস বাবিলের নিবুখদ্‌নিৎসর্ রাজের হস্তে এই সকল দেশ সমর্পণ করিলাম, এবং তাহার সেবা করণার্থে বনপশুদিগ- ৭ কেও তাহার হস্তগত করিলাম। আর যে পর্য্যন্ত নিবুখদ্‌নিৎসরের দেশকে দণ্ড দেওনের সময় উপস্থিত না হয়, ও নানাদেশীয় লোক ও মহারাজগণ তাহাকে সেবা না করায়, তাবৎ সর্ব্বদেশীয় লোক তাহার ও তাহার পুত্রের ও তাহার পৌত্রের সেবা ৮ করিবে। এবং যে দেশীয় ও যে রাজ্যীয় লোকেরা বাবিলের রাজা নিবুখদ্‌নিৎসরের সেবা না করিবে,ও বাবিলীয় রাজার যোঁয়ালিতে আপন স্কন্ধ না দিবে, পরমেশ্বর কহেন,আমি আপন হস্তদ্বারা যাবৎ তাহাদিগকে উচ্ছিন্ন না করি,তাবৎ খড়্গ ও দুর্ভিক্ষ ও মহা- ৯ মারীদ্বারা তাহাদিগকে দণ্ড দিব। অতএব ‘তোমরা বাবিলের রাজার সেবা করিবা না;’ তোমাদিগকে এই বাক্যবাদি ভবিষ্যদ্বক্তৃগণের ও গণক ও স্বপ্নদর্শক ও মেঘদর্শক ও গুণিদের কথাতে মনোযোগ করিও ১০ না। কেননা আমি যেন দেশহইতে তোমাদিগকে দূর করি ও তাড়না করি, ও তোমরা যেন বিনষ্ট হও, এই জন্যে তাহারা তোমাদের কাছে মিথ্যা ১১ ভবিষ্যদ্বাক্য কহে। কিন্তু যে দেশীয় লোকেরা বাবিলীয় রাজার যোঁয়ালিতে আপন স্কন্ধ দেয় ও তাহার সেবা করে, পরমেশ্বর কহেন, আমি তাহাদিগকে তাহাদের দেশে বিশ্রাম করিতে দিব; তাহাতে তাহারা কৃষি কর্ম্ম করিয়া সে দেশে বাস করিবে।

১২ আমি এই বক্ষ্যমাণ বাক্যানুসারে যিহূদার সিদিকিয় রাজাকে কহিলাম, তোমরা বাবিলীয় রাজার যোঁয়ালিতে আপন২ স্কন্ধ দিয়া তাহার ও তাহার ১৩ লোকদের সেবা করিয়া রক্ষিত হও। কিন্তু যে দেশীয় লোকেরা বাবিলের রাজার সেবা না করিবে, তাহাদের বিরুদ্ধে পরমেশ্বর যে কথা কহিয়াছেন, তদনুসারে তোমরা অর্থাৎ তুমি ও তোমার লোকেরা খড়্গে ও দুর্ভিক্ষে ও মহামারীতে কেন মরিবা? ১৪ ‘তোমরা বাবিলের রাজার সেবা করিবা না,’ যে ভবিষ্যদ্বক্তৃগণ এমন কথা কহে, তাহাদের কথাতে মনোযোগ করিও না, কেননা তাহারা তোমাদের কাছে ১৫ মিথ্যা ভবিষ্যদ্বাক্য কহে। পরমেশ্বর কহেন, আমি তাহাদিগকে পাঠাই নাই, কিন্তু আমি যেন তোমাদিগকে দেশহইতে দূর করি,এবং তোমরা ও তোমাদের ভবিষ্যদ্বক্তৃগণ উভয়ে বিনষ্ট হও, এই নিমিত্তে তাহারা আমার নামে মিথ্যা ভবিষ্যদ্বাক্য কহে।

১৬ আমি যাজকদিগকে ও লোকদিগকে ইহা কহিলাম, পরমেশ্বর এই কথা কহেন, ‘কিছু কাল পরে বাবিল্‌হইতে পরমেশ্বরের মন্দিরের পাত্র পুনর্ব্বার আনীত হইবে,’ তোমাদের যে ভবিষ্যদ্বক্তৃগণ এই কথা প্রচার করে, তাহাদের কথাতে মনোযোগ করিও না, কেননা তাহারা তোমাদের কাছে মিথ্যা ভবিষ্যদ্বাক্য কহে। ১৭ অতএব তোমরা তাহাদের কথা না মানিয়া বাবিলের রাজার সেবা করিয়া রক্ষিত হও; এই নগর কেন বিনষ্ট হইবে? ১৮ কিন্তু তাহারা যদি সত্য ভবিষ্যদ্বক্তা হয়, ও তাহাদের অন্তরে যদি পরমেশ্বরের কথা থাকে, তবে পরমেশ্বরের মন্দিরে ও যিহূদার রাজবাটীতে ও যিরূশালমে যে২ অবশিষ্ট পাত্র থাকে, সে সকল যেন বাবিলে না যায়, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের কাছে তাহারা এই প্রার্থনা করুক। ১৯ কেননা যে সময়ে বাবিল দেশীয় নিবুখদ্‌নিৎসর রাজা যিহূদার যিহোয়াকীম্ রাজের পুত্র যিহোয়াখীন্‌কে ও যিহূদার ও যিরূশালমের তাবৎ অধ্যক্ষগণকে যিরূশালম্‌হইতে বাবিল্ নগরে লইয়া গেল, ২০ তৎকালে সে স্তম্ভ ও সমুদ্ররূপ পাত্র ও পীঠ ও এই নগরীয় যে২ অবশিষ্ট পাত্র লইয়া গেল না, তদ্বিষয়ে পরমেশ্বর এই কথা কহেন, ২১ ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর তাহাদের বিষয়ে অর্থাৎ পরমেশ্বরের মন্দিরে ও যিহূদা রাজার বাটীতে ও যিরূশালমে অবশিষ্ট পাত্রের বিষয়ে এই কথা কহেন। ২২ পরমেশ্বর কহেন, সে সমস্ত বাবিলে নীত হইবে,এবং যে পর্য্যন্ত আমি লোকদের সহিত সাক্ষাৎ না করিব, তাবৎ সেই স্থানে থাকিবে; পরে আমি সে সমস্ত পুনর্ব্বার এই স্থানে লইয়া আসিব।

২৮ অধ্যায়।

১ হনানিয়ের মিথ্যাভবিষ্যদ্বাক্য ৫ ও তদ্বিষয়ে যিরিমিয়ের বাক্য ১০ ও হনানিয়দ্বারা যিরিমিয়ের কাষ্ঠের যোঁয়ালি ভঙ্গ করণ ১২ ও লৌহযোঁয়ালি বিষয়ে যিরিমিয়ের কথা ১৫ ও হনানিয়ের মরণ বিষয়ে যিরিমিয়ের ভবিষ্যদ্বাক্য।

১ অপর ঐ বৎসরে যিহূদার সিদিকিয় রাজার প্রথম অধিকারের চতুর্থ বৎসরের পঞ্চম মাসে গিবিয়োন্ নিবাসি অসূরের পুত্র হনানিয় ভবিষ্যদ্বক্তা পরমেশ্বরের মন্দিরে যাজকগণ ও সকল লোকের সাক্ষাতে আমাকে এই কথা কহিল। ২ ‘ইস্রায়েলের

[৫] দা ৪ ; ১৭,২৫,৩৪,৩৫ ।।—[৬,৭] যির ২৫ ; ৮-১৪ । ২৮ ; ১৪ । দা ২ ; ৩৭,৩৮ । ৫ ; ৩০,৩১ ।।—[৯,১০] প ১৪,১৫ । যির ২৯ ; ৮,৯ ।।—[১২] প ১ । ২৮ ; ১০-১৪ ।।—[১৩] প ১৭ ।।—[১৪,১৫] প ৯,১০ ।।—[১৬] ২ বং ৩৬ ; ৭,১০ । যির ২৮ ; ১-৪ ।।—[১৭] প ১৩ ।।—[১৯-২২] ৫২ ; ১৭-২০ ।।—[১৯] ২ বং ৩৬ ; ১০ ।।—[২২] ইষ্রু ১ ; ৭-১১ ।।
[২৮ অধ্য ; ২,৩] প ১১ । যির ২৭ ; ১২-১৬ ।।

প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি
৩ বাবিলের রাজার যোঁয়ালি ভঙ্গ করিব। বাবিলের নিবুখদ্‌নিৎসর রাজা এই স্থানহইতে পরমেশ্বরের মন্দিরের যে২ পাত্র বাবিলে লইয়া গেল, সে সকল আমি দুই বৎসরের মধ্যে এই স্থানে পুনর্ব্বার আনিব।
৪ পরমেশ্বর কহেন, আমি যিহূদার রাজার যিহোয়াকীমের পুত্র যিহোয়াখীন্‌কে ও বাবিলে গত বন্দি যিহূদি লোকদিগকে পুনর্ব্বার এই স্থানে আনিব, কেননা আমি বাবিলের রাজার যোঁয়ালি ভঙ্গ করিব।'

৫ পরে যিরিমিয় ভবিষ্যদ্বক্তা পরমেশ্বরের মন্দিরে দণ্ডায়মান যাজক ও লোকদের সাক্ষাতে হনানিয়
৬ ভবিষ্যদ্বক্তাকে কহিল। যিরিমিয় ভবিষ্যদ্বক্তা এই কথা কহিল, এমন হউক, পরমেশ্বর তাহাই করুণ; পরমেশ্বরের মন্দিরের পাত্র ও সকল বন্দিলোককে বাবিল্‌হইতে পুনর্ব্বার এই স্থানে আনিয়া পরমে-
৭ শ্বর তোমার উক্ত ভবিষ্যদ্বাক্য সিদ্ধ করুণ। কিন্তু আমি তোমার ও সকল লোকের কর্ণগোচরে কহি
৮ শুন। আমার ও তোমার পূর্ব্বে প্রাচীন ভবিষ্যদ্বক্তৃগণ যুদ্ধের ও অমঙ্গলের ও মহামারীর বিষয়ে অনেক দেশ ও মহারাজ্যের বিরুদ্ধে ভবি-
৯ ষ্যৎ কথা কহিয়াছে। আর যে ভবিষ্যদ্বক্তা মঙ্গলের বিষয়ে ভবিষ্যদ্বাক্য ঘোষণা করে, তাহার বাক্য সফল হইলে পর পরমেশ্বরই তাহাকে পাঠাইয়াছেন, ইহার প্রামাণ্য হয়।

১০ অনন্তর হনানিয় ভবিষ্যদ্বক্তা যিরিমিয় ভবিষ্যদ্বক্তার স্কন্ধহইতে সেই যোঁয়ালি লইয়া ভাঙ্গিয়া ফে-
১১ লিল। এবং সে সকল লোকদের সাক্ষাতে এই কথা কহিল, 'পরমেশ্বর কহেন, এই রূপে আমি দুই বৎসরের মধ্যে বাবিলের নিবুখদ্‌নিৎসর রাজার যোঁয়ালি তাবৎ দেশীয় লোকদের স্কন্ধহইতে ভাঙ্গিব,' ইহা শুনিয়া যিরিমিয় ভবিষ্যদ্বক্তা প্রস্থান করিল।

১২ হনানিয় ভবিষ্যদ্বক্তা যিরিমিয়ের স্কন্ধহইতে যোঁয়ালি ভাঙ্গিলে পর যিরিমিয়ের প্রতি পরমেশ্বরের
১৩ এই কথা উপস্থিত হইল, তুমি গিয়া হনানিয়কে বল, পরমেশ্বর এই কথা কহেন, তুমি এই কাষ্ঠের যোঁয়ালি ভাঙ্গিলা বটে, কিন্তু ইহার পরিবর্ত্তে
১৪ লৌহের যোঁয়ালি দিবা। কেননা ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, এই সকল দেশীয় লোকেরা যেন বাবিল্‌ নগরের নিবুখদ্‌নিৎসর্‌ রাজার সেবা করে, এই জন্যে আমি তাহাদের স্কন্ধে লৌহের যোঁয়ালি দিব; তাহারা তাহার সেবা করিবে, এবং আমি তাহার কাছে প্রান্তরের পশুগণকেও অর্পণ করিব।

১৫ পরে যিরিমিয় ভবিষ্যদ্বক্তা হনানিয় ভবিষ্যদ্বক্তাকে কহিল, হে হনানিয়, এখন শুন; পরমেশ্বর তোমাকে প্রেরণ করেন নাই, কিন্তু তুমি এই লোকদিগকে মিথ্যাকথাতে বিশ্বাস করাইতেছ। অতএব পরমে-
১৬ শ্বর এই কথা কহেন, দেখ, তোমাকে পৃথিবীহইতে * অধঃপতন করিব; তুমি পরমেশ্বরের বিরুদ্ধে রাজদ্রোহের কথা কহিলা, এই জন্যে সম্বৎসরের মধ্যে মরিবা। পরে হনানিয় ভবিষ্যদ্বক্তা সেই বৎসরের
১৭ সপ্তম মাসে প্রাণত্যাগ করিল।

২৯ অধ্যায়।

১ বন্দি লোকদের প্রতি যিরিমিয়ের পত্র প্রেরণ, ৪ ও বাবিলে বাস করণের বিনয় ৮ ও মিথ্যাভবিষ্যদ্বক্তার কথা না মানিবার উপদেশ ১০ ও সত্তর বৎসরের পরে মুক্তি পাওনের ভবিষ্যদ্বাক্য ১৫ ও পাপ প্রযুক্ত অবশিষ্ট লোকদের বিনাশের ভবিষ্যদ্বাক্য ২১ ও দুই মিথ্যা ভবিষ্যদ্বক্তাদের বিনাশের ভবিষ্যদ্বাক্য ২৪ ও যিরিমিয়ের বিরুদ্ধে শিময়িয়ের পত্র ৩০ ও যিরিমিয়দ্বারা শিময়িয়ের সর্ব্বনাশের ভবিষ্যদ্বাক্য।

১ যিহোয়াখীন্‌ রাজা ও রাজ্ঞী ও নপুংসক সকল এবং যিহূদার ও যিরূশালমের অধ্যক্ষগণ ও সূত্রধর ও কর্ম্মকারেরা যিরূশালম্‌হইতে বাবিলে প্রস্থান করি-
২ লে পর যাজকগণ ও ভবিষ্যদ্বক্তৃগণ প্রভৃতি প্রধান বন্দি লোক ও নিবুখদ্‌নিৎসর কর্তৃক যিরূশালম্‌হইতে বাবিলে নীত সকল লোকের প্রতি যে পত্র যিরি-
৩ মিয় ভবিষ্যদ্বক্তা যিহূদার রাজা সিদিকিয়কর্তৃক নিবুখদ্‌নিৎসর্‌ রাজার নিকটে বাবিলে প্রেরিত শাফনের পুত্র ইলিয়াসা ও হিল্কিয়ের পুত্র গিমরিয়ের হস্তদ্বারা যিরূশালম্‌হইতে পাঠাইল, তাহার বিবরণ।

৪ 'যে বন্দিগণ আমাকর্তৃক যিরূশালম্‌হইতে বাবিলে নীত হইয়াছে, তাহাদিগকে ইস্রায়েলের প্রভু
৫ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন। তোমরা গৃহ নির্ম্মাণ করিয়া তাহাতে বাস কর, এবং উপ-
৬ বন রোপণ করিয়া তাহার ফল ভোগ কর। এবং বিবাহ করিয়া কন্যাপুত্রের জন্ম দেও, এবং আপনাদের পুত্রদিগকেও স্ত্রী গ্রহণ করাও, ও কন্যাদিগকে স্বামি গ্রহণ করাও, এবং তাহারা সন্তান সন্ততি উৎপন্ন করুক; এই প্রকারে তোমরা ন্যূন না হইয়া
৭ সেখানে বর্দ্ধিত হও। এবং আমি যে নগরে তোমাদিগকে বন্দিভাবে লইলাম, তাহার মঙ্গল চেষ্টা কর, ও তাহার নিমিত্তে পরমেশ্বরের কাছে প্রার্থনা কর, কেননা তাহার মঙ্গলে তোমাদের মঙ্গল হইবে।

৮ 'ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তোমাদের মধ্যে যে ভবিষ্যদ্বক্তৃগণ ও গুণিলোক আছে, তাহাদিগকে আপনাদের প্রতি

---

[৪] যির ২২; ২৪-২৭॥—[৯] দ্বি ১৮; ২২॥—[১০] যির ২৭; ২॥—[১১] ২৭; ৮॥—[১৪] দ্বি ২৮; ৪৮। যির ২৭; ৪-৬॥—[১৫,১৬] ২৯; ৩১, ৩২॥

[২৯ অধ্যা; ১,২] ২ রা ২৪; ১২॥—[৭] ১ তী ২; ১,২॥—[৮,৯] প ২১-২৩, ৩০-৩২। ২৭; ৯,১০॥

* (ইব্রী) পৃথিবীর মুখহইতে পেরণ।

প্রতারণা করিতে দিও না, এবং তোমরা যে স্বপ্ন-
৯ দর্শন কর,তাহার কথা মানিও না। কেননা ভবিষ্য-
দ্বক্তৃগণ আমার নামে মিথ্যাকথা কহে; পরমেশ্বর
কহেন, আমি তাহাদিগকে প্রেরণ করি নাই।

১০ 'পরমেশ্বর এই কথা কহেন, বাবিল্ নগরে সত্তর
বৎসর সম্পূর্ণ হইলে আমি তোমাদের সহিত সা-
ক্ষাৎ করিব, এবং তোমাদিগকে পুনর্ব্বার এই
স্থানে আনয়নদ্বারা তোমাদের প্রতি আপন মঙ্গল-
১১ দায়ক প্রতিজ্ঞা সফল করিব। পরমেশ্বর কহেন,
তোমাদের বিষয়ে যাহা নিরূপণ করিয়াছি, তাহা
আমি জানি; সেই নিরূপণ তোমাদের অমঙ্গ-
লের বিষয়ে নয়, কিন্তু তোমাদের শেষকালের
১২ প্রত্যাশাজনক ও মঙ্গলদায়ক হয়। তৎকালে তো-
মরা আমাকে আহ্বান করিবা, এবং আমার কাছে
উপস্থিত হইয়া প্রার্থনা করিবা, তাহাতে আমি তো-
১৩ মাদের কথা গ্রাহ্য করিব। এবং তোমরা আমার
চেষ্টা করিবা, ও সর্ব্বান্তঃকরণের সহিত আমাকে
১৪ অন্বেষণ করিলে* আমার অনুসন্ধান পাইবা। পর-
মেশ্বর কহেন, আমি তোমাদের দ্বারা প্রাপ্ত হইব;
এবং পরমেশ্বর কহেন,আমি তোমাদিগকে বন্দিত্ব-
হইতে মুক্ত করিব, এবং যে দেশীয় লোকদের
যে স্থানে তোমাদিগকে ছিন্নভিন্ন করিয়াছিলাম,
সেই সকল স্থানহইতে তোমাদিগকে সংগ্রহ করিব;
এবং যে স্থানহইতে তোমাদিগকে দূর করিয়াছি-
লাম, সেই স্থানে তোমাদিগকে পুনর্ব্বার আনিব।

১৫ 'পরমেশ্বর আমাদের নিমিত্তে বাবিলেও ভবি-
ষ্যদ্বক্তৃগণের উৎপত্তি করিতেছেন, এ কথা তো-
১৬ মরা কহিতেছ। এই নিমিত্তে দায়ূদের সিংহাসনো-
পবিষ্ট রাজার বিষয়ে, ও এই নগরবাসি তাবৎ
লোকদের বিষয়ে, এবং তোমাদের সহিত অবন্দি
তোমাদের ভ্রাতৃগণের বিষয়ে পরমেশ্বর কথা
১৭ কহেন। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন,
দেখ, আমি তাহাদের প্রতি খড়্গ ও দুর্ভিক্ষ ও
মহামারী প্রেরণ করিব; এবংযে মন্দ ডুম্বুর ফল অতি
কুরস প্রযুক্ত খাওয়া যায় না, তাহার ন্যায় তাহা-
১৮ দিগকে করিব। পরমেশ্বর কহেন,আমি যত্নপূর্ব্বক†
আপন দাস ভবিষ্যদ্বক্তৃগণদ্বারা তাহাদের নিকটে
যে বাক্য পাঠাইয়াছি, তাহারা তাহা শুনিল না;
পরমেশ্বর কহেন, আমার বাক্যে তাহারা মনো-
১৯ যোগও করিল না; এই নিমিত্তে আমি খড়্গ ও
দুর্ভিক্ষ ও মহামারীদ্বারা তাহাদিগকে নিগ্রহ করিব‡
এবং পৃথিবীর তাবৎ রাজ্যে তাহাদিগকে দুঃখে
সমর্পণ করিব; তাহাতে আমি যে ২ দেশে তাহাদি-
গকে দূর করিব, সেই২ স্থানে তাহারা অভিশাপ
ও বিস্ময় ও ধিক্কার ও নিন্দা গ্রস্ত হইবে। ২০ অতএব
হে যিরূশালম্হইতে মৎপ্রেরিত বন্দি লোক সকল,
তোমরা পরমেশ্বরের কথায় মনোযোগ কর।

২১ 'কোলায়ের পুত্র যে আহাব ও মাসেয়ের পুত্র যে
সিদিকিয় তোমাদের কাছে আমার নামে মিথ্যা
ভবিষ্যদ্বাক্য কহে, তাহাদের বিষয়ে ইস্রায়েলের
প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ,
আমি বাবিল্ নগরের নিবুখদ্নিৎসর রাজার হস্তে
তাহাদিগকে সমর্পণ করিব; তাহাতে সে তোমাদের
সাক্ষাতে তাহাদিগকে বধ করিবে। ২২ এবং বাবিলে
স্থিত যিহূদিয় তাবৎ বন্দিলোকের মধ্যে এই অভি-
শাপের এই দৃষ্টান্ত কথা হইবে, "বাবিলের রাজা
যে সিদিকিয়কে ও আহাবকে অগ্নিতে দগ্ধ করিল,
তাহাদের ন্যায় পরমেশ্বর তোমাকে করুন।" ২৩ কেননা
তাহারা ইস্রায়েল্ বংশের মধ্যে কুক্রিয়া করিয়াছে,
ও আপনাদের প্রতিবাসিনীর সহিত পরদার করি-
য়াছে, এবং আমি আজ্ঞা না করিলেও আমার
নামে মিথ্যা ভবিষ্যদ্বাক্য কহিয়াছে; পরমেশ্বর
কহেন,তাহা আমি জানি ও তাহার সাক্ষীও আছি'

২৪ তদ্ভিন্ন নিহিলামীয় শিময়িয়কে এই কথা বল,
২৫ ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা
কহেন, তুমি যিরূশালম্স্থিত লোক সকল ও মাসেয়
যাজকের পুত্র সিফনিয় ও অন্যান্য যাজকদের প্রতি
আপন নামে এই পত্র প্রেরণ করিয়াছ। ২৬ 'যদি কেহ
উন্মত্ত হইয়া আপনাকে ভবিষ্যদ্বক্তা করিয়া মানে,
তবে তাহাকে কারাগারে ও সঙ্কীর্ণ স্থানে বদ্ধ করণার্থে
পরমেশ্বরের মন্দিরে রক্ষক হইবার জন্যে যিহোয়াদা
যাজকের পরিবর্ত্তে পরমেশ্বর তোমাকে যাজকপদে
নিযুক্ত করিয়াছেন। ২৭ অতএব তোমার কাছে ভবিষ্য-
দ্বক্তৃত্ব অভিমান করে যে অনাথোতীয় যিরিমিয়,
তাহাকে তুমি কেন অনুযোগ কর নাই? ২৮ "এই দেশে
অনেক কাল তোমাদের বাস করিতে হইবে, অত-
এব বাটী নির্ম্মাণ করিয়া তাহাতে বাস কর, এবং
উপবন রোপণ করিয়া তাহার ফলভোগ কর,"
এই বিবরণ লিখিত পত্র সে বাবিলে আমাদের নি-
কটে প্রেরণ করিয়াছে।' ২৯ সিফনিয় যাজক যিরিমিয়
ভবিষ্যদ্বক্তার কর্ণগোচরে এই পত্র পাঠ করিল।

৩০ পরে পরমেশ্বর যিরিমিয়কে কহিলেন, তুমি বন্দি
৩১ লোকদের কাছে এই কথা প্রেরণ কর, 'পরমেশ্বর
নিহিলামীয় শিময়িয়ের বিষয়ে এই কথা কহেন,
আমি শিময়িয়কে প্রেরণ না করিলেও সে তোমা-
দের কাছে ভবিষ্যদ্বাক্য কহিয়া মিথ্যাকথাতে

[১০-১৪] যির ২৪; ৫-৭। লে ২৬; ৩৯-৪৫। দ্বি ৩০; ১-১০।।—[১০] যির ২৫; ১২। দা ৯; ২। ২ বং ৩৬; ২০-২৩। ইষ্র ১; ১-৪ —।।[১৬-১৯] যির ২৪; ৮-১০ ।।—[২৩] ২০; ১৪।।—[২৫] ২ রা ২৫; ১৮।।—[২৬] যির ২০; ১,২ ।।—[২৮]প ৫।। [৩০-৩২] ২৮; ১৫-১৭।।

* (বা) করাতে। † (ইব্রু) প্রত্যুষে উঠিয়া। ‡ (ইব্রু) সহিত তাহাদের পশ্চাৎ ধাবমান হইব।

৩২ তোমাদের প্রত্যয় জন্মাইল। অতএব পরমেশ্বর এই কথা কহেন, আমি নিহিলামীয় শিময়িয়কে ও তাহার বংশকে দণ্ড দিব; এবং তাহার বংশের কেহ এই লোকদের মধ্যে বাস করিবে না, সে শিময়িয় পরমেশ্বরের বিরুদ্ধে রাজদ্রোহ শিখাইল, এই নিমিত্তে পরমেশ্বর কহেন, আমি আপন লোকদের জন্যে যে মঙ্গল করিব, তাহা সে দেখিতে পাইবে না।'

৩০ অধ্যায়।

১ যিহূদীয় লোকদের মুক্তির ভবিষ্যদ্বাক্য ৪ ও দুঃখের পরে সুখের কথা ১০ ও যাকূবের প্রতি শান্তির কথা ১৮ ও যাকূব বংশের উন্নতির কথা ২৩ ও পাপিলোকদের দণ্ডের কথা।

১ পরে পরমেশ্বরের এই কথা যিরিমিয়ের নিকটে ২ উপস্থিত হইল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি তোমার কাছে যেসকল কথা কহি, ৩ তাহা এক পুস্তকে লিখিয়া রাখ। কেননা পরমেশ্বর কহেন, আমি যে সময়ে আপন ইস্রায়েল্ ও যিহূদি বন্দি লোকদিগকে পুনর্ব্বার আনয়ন করিব, এবং তাহাদের পূর্ব্বপুরুষদিগকে যে দেশ দিয়াছি, তাহাতে তাহাদিগকে ফিরাইয়া আনিব, ও তাহারা সেই দেশ অধিকার করিবে, এমন সময় আসিতেছে।

৪ পরমেশ্বর ইস্রায়েল্ ও যিহূদার বিষয়ে কহিতে- ৫ ছেন। পরমেশ্বর এই কথা কহেন, আমরা শান্তি- ৬ শূন্য ভয় ও কম্পনের শব্দ শুনি। জিজ্ঞাসা করিয়া দেখ, পুরুষের কি প্রসববেদনা হয়? যেমন স্ত্রীলোকের প্রসবকালে, তদ্রূপ আমি প্রত্যেক জনকে কটিতে দত্ত হস্ত কেন দেখিতেছি? তাবতের মুখ বিষণ্ণ* ৭ হইয়াছে। হায়! সে দিন এমত ভয়ানক, † যে তাহার তুল্য কোন দিন হয় না; সে যাকূবের দুঃখের ৮ সময়, কিন্তু তাহাহইতে সে রক্ষা পাইবে। কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি সেই দিনে তাহার ‡ স্কন্ধহইতে যোঁয়ালি ভঙ্গ করিব, ও বন্ধন ছেদন করিব, এবং বিদেশিগণ তাহাকে ‡ ৯ দাসের কর্ম্ম আর করাইবে না। কিন্তু লোকেরা আপনাদের প্রভু পরমেশ্বরকে ও আপনাদের জন্যে তাঁহাকর্তৃক ‖ উৎপন্ন দায়ূদ্ রাজাকে সেবা করিবে।

১০ পরমেশ্বর কহেন, হে আমার দাস যাকূব্, ভয় করিও না; হে ইস্রায়েল্, ভীত হইও না; আমি দূরহইতে তোমাকে ও বন্দিত্বদেশহইতে তোমার সন্তানগণকে উদ্ধার করিব, তাহাতে যাকূব্ ফিরিয়া আসিয়া শান্তিতে ও নিরাপদে বাস করিবে, এবং তাহাকে কেহ ভীত করিতে পারিবে না। কেননা ১১ পরমেশ্বর কহেন, আমি তোমাকে রক্ষা করণার্থে তোমার সঙ্গে২ থাকিব; আমি যে সকল দেশে তোমাদিগকে ছিন্নভিন্ন করিব, সেই সকল দেশীয়দের বিনাশ করিব, কিন্তু তোমার বিনাশ করিব না, আমি তোমাকে পরিমিত রূপে শাস্তি দিব, অদণ্ডিত রাখিব না। পরমেশ্বর এই কথা কহেন, ১২ তোমার ক্ষত অপ্রতিকার্য্য, ও তোমার ঘা মহাদুঃখদায়ক। তোমার ক্ষত বন্ধন করিতে তোমার সপক্ষ ১৩ কেহ হইবে না, ও তোমার সুস্থতা করণের ঔষধও নাই। তোমার বন্ধুগণ তোমাকে বিস্মৃত হইবে, তাহারা ১৪ কেহ তোমার অন্বেষণ করিবে না; কারণ তোমার পাপের বাহুল্য ও অসংখ্য অপরাধ প্রযুক্ত শত্রুর ন্যায় আমি তোমাকে আঘাত করিব, ও নির্দ্দয় লোকের ন্যায় তোমাকে শাস্তি দিব। তখন তোমার ১৫ ক্ষত প্রযুক্ত আর্ত্তস্বর করিলে কি হইবে? তোমার ক্ষত অপ্রতিকার্য্য হইবে, তোমার পাপের বাহুল্য ও অসংখ্য অপরাধ প্রযুক্ত তোমার প্রতি আমি এই সকল করিব। তথাচ যাহারা তোমাকে গ্রাস করিবে, ১৬ তাহারা গ্রস্ত হইবে; ও তোমার সকল শত্রু বন্দী হইবে; এবং যাহারা তোমার প্রতি লুট করিবে, তাহারা লুটিত হইবে; ও যাহারা তোমার দ্রব্য হরণ করিবে, তাহাদের দ্রব্য আমি হরণ করাইব। 'এই সিয়োন্ দূরীকৃতা ও তত্ত্বাবধারণ বিহীনা,' ১৭ যদ্যপি তাহারা এই কথা বলে, তথাপি পরমেশ্বর কহেন, আমি তোমাকে পুনর্ব্বার সুস্থ করিব, ও তোমার ক্ষতের প্রতিকার করিব।

পরমেশ্বর কহেন, আমি যাকূবের তাম্বুনিবাসি- ১৮ গণকে বন্দিদশাহইতে মুক্ত করিব, ও তাহার বাসস্থানের প্রতি দয়া করিব; তাহাতে নগর আপন উপপর্ব্বতের উপরে পুনর্ব্বার গৃথিত হইবে, ও রাজধানী পূর্ব্বমত স্থাপিত হইবে। এবং লোকদের মধ্যহইতে ১৯ ধন্যবাদ ও আনন্দধ্বনি নির্গত হইবে, এবং আমি তাহাদের বৃদ্ধি করিব; তাহাতে তাহারা আর অল্প থাকিবে না; ও আমি তাহাদের গৌরব করিব, তাহাতে তাহারা আর ক্ষুদ্র থাকিবে না। এবং ২০ পূর্ব্বমত তাহাদের সন্তান সন্ততি হইবে, ও তাহাদের মণ্ডলী আমার সম্মুখে স্থিরীকৃত হইবে; এবং আমি তাহাদের উপদ্রবকারিদের দণ্ড দিব। তাহাদের স্ব- ২১ বংশীয় এক লোক তাহাদের রাজা হইবেন, ও তাহাদের মধ্যস্থিত এক লোক তাহাদের শাসনকর্ত্তা

[৩০ অধ্যা; ৩] প ১৬-২২। যির ৩২; ৪৪। ৩৩; ৬-১৪॥—[৬] ৪; ৩১॥—[৭] বিল ১; ১২॥—[৯] হো ৩; ৫। যিহি ৩৪; ২৩,২৪। ৩৭; ২৪। প্রে ২; ২৯,৩০॥—[১০,১১] যির ৪৬; ২৭,২৮॥—[১০] যিশ ৪১; ১৩,১৪। ৪৩; ৫-৭॥ [১১] যিশ ২৭; ৬, ৭। ২৮; ২৩-২৯॥—[১২-১৭] দ্বি ৩২; ৩৬,৩৯। হো ৬; ১,২॥—[১৬] যিশ ৪১; ১১॥—[১৭] যির ৩৩; ৬,৮। যিশ ৩৩; ২৪॥—[১৮-২২] প ৩। ৩২; ৩৭-৪১। ৩৩; ৬-১৪॥—[১৯] ৩১; ১২,১৩। সিখ ১০; ৮॥ [২১] ১ যো ২; ১,২॥

* (ইব্রী) শুক্লবর্ণ। † (ইব্রী) বড়। ‡ (ইব) তোমার—তোমাকে। ‖ (ইব্রী) আমাকর্তৃক।

হইবে, এবং আমি তাহাদিগকে আপনার নিকটে উপস্থিত করিব, ও তাহারা আমার নিকটে আসিবে; পরমেশ্বর কহেন, আমার নিকটে আসিতে আ- ২২ পন মন প্রস্তুত করে এমত লোক কে? তোমরা আমার লোক হইবা, ও আমি তোমাদের ঈশ্বর হইব।
২৩ দেখ, পরমেশ্বরের প্রচণ্ড ক্রোধরূপ এক ঘূর্ণবায়ু নির্গত হইতেছে; সেই চিরস্থায়ি * বায়ু ঘোরতর ২৪ রূপে পাপিদের মস্তকে পতিত হইবে। যে পর্য্যন্ত পরমেশ্বর আপন মনের অভিপ্রায় স্থির ও সিদ্ধ না করেন, তাবৎ তাঁহার সেই প্রজ্বলিত ক্রোধ নির্ব্বাণ হইবে না, তোমরা শেষকালে তাহা বুঝিতে পারিবা।

৩১ অধ্যায়।

১ ইস্রায়েলের মুক্তির ভবিষ্যৎকথা ১০ ও তাহার প্রচার করণ ১৫ ও ক্রন্দনকারি রাহেলের প্রতি প্রবোধকথা ১৮ ও ইফ্রয়িমের বিলাপের কথা ২১ ও ইস্রায়েলের পুনরাগমন ২৭ ও পরমেশ্বরের প্রতিজ্ঞা ৩১ ও মণ্ডলীর সহিত তাঁহার ভাবিনিয়ম ৩৫ ও মণ্ডলীর স্থিরতা ৩৮ ও তাহার বৃদ্ধি।

১ পরমেশ্বর কহেন, সেই সময়ে আমি ইস্রায়েলের তাবৎ বংশের ঈশ্বর হইব, ও তাহারা আমার লোক ২ হইবে। পরমেশ্বর এই কথা কহেন, খড়্গহইতে রক্ষিত লোকেরা প্রান্তরে অনুগ্রহ পাইবে; আমি ইস্রায়েল্ লোকদিগকে বিশ্রাম দিতে গমন করিব। ৩ ‘পরমেশ্বর দূরদেশে আমাকে দর্শন দিয়া (কহেন), আমি নিত্য প্রেমদ্বারা তোমাকে প্রেম করি, এই ৪ জন্যে তোমাকে দয়াতে আকর্ষণ করি।’ হে ইস্রায়েলের কন্যে, আমি পুনর্ব্বার তোমাকে গৃন্থন করিব, ও তুমি গৃথিত হইবা, এবং পুনর্ব্বার তবলেতে বিভূষিত হইবা, এবং আনন্দকারি লোকদের সহিত ৫ নৃত্য করিতে ২ গমন করিবা। এবং তুমি পুনর্ব্বার শোমিরোণের পর্ব্বতে দ্রাক্ষালতা রোপণ করিবা, এবং কৃষি লোকেরা রোপণ করিয়া তাহার ফল ৬ ভোগ করিবে। এবং তোমরা উঠ, আমরা আপন প্রভু পরমেশ্বরের নিকটে সিয়োনে গমন করি, এই কথা বলিয়া যে সময়ে ইফ্রয়িম্ পর্ব্বতোপরিস্থ প্রহরিগণ আহ্বান করিবে, এমত দিন উপস্থিত হইবে।
৭ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা যাকুবের নিমিত্তে আনন্দধ্বনি কর, ও অন্যদেশীয় প্রধান লোকদের মধ্যে † উচ্চৈঃস্বরে গান কর, ও ধন্যবাদ কর, এবং প্রচার করিয়া বল, পরমেশ্বর আপন লোকদিগকে অর্থাৎ ইস্রায়েলের অবশিষ্ট লোকদিগকে পরিত্রাণ ৮ করিবেন। দেখ, আমি তাহাদিগকে উত্তরদেশহইতে আনিব, ও পৃথিবীর আদ্যন্তহইতে সংগ্রহ করিব, এবং তাহাদের অন্ধ ও খঞ্জ ও গর্ভবতী ও প্রসূতা স্ত্রী প্রভৃতি মহাসমারোহ এই স্থানে আসিবে। ৯ তাহারা খেদ করিয়া প্রার্থনা করিতে২ আসিবে, এবং আমি ‡ তাহাদের পথদর্শক হইয়া এমত সরল পথে স্রোতোবাহি নদীর নিকট দিয়া তাহাদিগকে আনিব, যে তাহাতে তাহারা বিঘ্ন পাইবে না, যেহেতুক আমি ইস্রায়েলের পিতাস্বরূপ হইব, ও ইফ্রয়িম্ আমার প্রথমজাত পুত্রস্বরূপ হইবে।

১০ হে বিদেশি লোক সকল, তোমরা পরমেশ্বরের কথা শুন; এবং দূরস্থ উপদ্বীপে গিয়া ইহা প্রকাশ করিয়া বল, যিনি ইস্রায়েল্ বংশকে ছিন্নভিন্ন করিয়াছেন, তিনিই তাহাকে সংগ্রহ করিবেন, ও পালরক্ষকের ন্যায় তাহাকে রক্ষা করিবেন। ১১ কেননা পরমেশ্বর যাকূব্কে উদ্ধার করিবেন, ও তাহাহইতে অধিক বলবানের হস্তহইতে তাহাকে মুক্ত ১২ করিবেন। অতএব তাহারা আসিয়া সিয়োনের শৃঙ্গেতে গান করিবে, এবং গোম ও দ্রাক্ষারস ও তৈল ও মেষ ও গোবৎসের নিমিত্তে পরমেশ্বরের দাতৃত্ত্বে আনন্দিত হইবে, এবং তাহাদের মন সুসিক্ত উদ্যানের ন্যায় হইবে; তাহারা আর শোক করিবে ১৩ না। এবং নৃত্যকারিণী কন্যা ও যুবগণ ও বৃদ্ধ লোকেরা একত্র হইয়া আনন্দ করিবে, কেননা আমি তাহাদের শোক দূর করিয়া আনন্দ জন্মাইব, ও তাহাদিগকে সান্ত্বনা করিব, ও ক্লেশের পরে তাহা- ১৪ দিকে আনন্দিত করিব। পরমেশ্বর কহেন, আমি উত্তম সামগ্রীদ্বারা যাজকদের মন আপ্যায়িত করিব, এবং দাতৃত্ত্বদ্বারা আপন লোকদিগকে তৃপ্ত করিব।

১৫ পরমেশ্বর এই কথা কহেন, রামৎপুরে ক্রন্দন ও শোক ও তিক্ত বিলাপের শব্দ শুনা যায়, ও রাহেল্ স্ত্রী আপন বালকদের নিমিত্তে রোদন করিতে ২ তাহাদের ‖ বিষয়ে প্রবোধকথা মানে না, কেননা তা- ১৬ হারা নাই। পরমেশ্বর কহেন, তোমার ক্রন্দনের শব্দ ও চক্ষুর জল নিবৃত্ত কর; পরমেশ্বর কহেন, তোমার কর্ম্ম সফল হইবে, ও তাহারা শত্রুদের দেশহইতে ১৭ ফিরিয়া আসিবে। পরমেশ্বর কহেন, তোমার শেষার-

[২২] যির ৩১; ১, ৩৩॥—[২৩,২৪] ২৩; ১৯, ২০। হো ৩; ৪,৫॥
[৩১ অধ্যা; ১] প ৩৩। যির ৩০; ২২।—[২,৩] হো ২; ১৪,১৫॥—[৩] হো ২; ১৯,২০॥—[৪] যির ৩৩; ৭। যা ১৫; ২০॥
[৫] যির ৬৫; ২১। আম ৯; ১৪॥—[৬] যির ২; ১২-১৮ যিশ ১১; ১৩॥—[৭] দ্বিবি ৩২; ৪৩॥—[৮] যির ১৬; ১৫। ২৩; ৮।
যিশ ৪০; ৫,৬,৮॥—[৯] যির ৫০; ৪,৫। গী ১২৬; ৬। সিখ ১২; ১০-১৪। যিশ ৩৫; ৭,৮। ৪৩; ১৯.২০। ৪৯; ১০,১১।
১ বং ৫; ১,২॥—[১০] যির ২৩; ৩। যিহি ৩৪; ১২॥—[১১] যিশ ৪৯; ২৪-২৬॥—[১২-১৪] যির ৩০; ১৮,১৯। হো
২; ২১-২৩। যিশ ৩৫; ১০। ৬৫; ১৭-২৫। যিহি ২০; ৪০,৪১॥—[১৫] ম ২; ১৭,১৮॥—[১৬,১৭] যির ৪; ৫। হো ১৪॥
* (বা) ছেদনকারী বা দুঃখদায়ক। † (বা) ও অগ্রসর হইয়া অন্যদেশীয়দের মধ্যে। ‡ (বা) বিনতি করিলে আমি অনুগ্রহেতে।
‖ (ইব্রু) আপন বালকদের।

স্থার বিষয়ে প্রত্যাশা আছে, ও তোমার সন্তানগণ আপন দেশের সীমাতে পুনরায় ফিরিয়া আসিবে।

১৮ ‘তুমি আমাকে শাস্তি দিয়াছ, এবং আমি অশিক্ষিত গোবৎসের ন্যায় শাস্তি ভোগ করিলাম; এখন আমাকে ফিরাও, তাহাতে আমি পরাবৃত্ত ১৯ হইব, কেননা তুমিই আমার প্রভু পরমেশ্বর। আমি পরাবৃত্ত হইয়া অনুতাপ করি, ও উপদিষ্ট হইয়া ঊরুতে আঘাত করি; আমি যৌবনাবস্থার অপমান ভোগ করিয়া লজ্জিত ও ব্যাকুল আছি;’ আপন বিষয়ে ইফ্রয়িমের এমত বিলাপ শুনিতেছি। ২০ ইফ্রয়িম্ কি আমার প্রিয় পুত্র, ও সে কি আনন্দদায়ি বালক? যদ্যপি * আমি তাহার বিরুদ্ধে কথা কহিলাম, তথাপি এখনো তাহাকে মনে করিতেছি; তাহার নিমিত্তে আমার অন্তর ব্যাকুল হয়; পরমেশ্বর কহেন, আমি তাহাকে অবশ্য দয়া করিব।

২১ তুমি আপনার নিমিত্তে পদচিহ্ন ও উচ্চপতাকা স্থাপন কর, ও যে রাজপথে তুমি গমন করিয়াছিলা, তাহাতে মনোযোগ করিয়া ফির; হে ইস্রায়েলর কন্যে, তুমি এই আপন নগরে ফি- ২২ রিয়া আইস। হে বিপথগামিনী কন্যে, তুমি কত কাল ভ্রমণ করিবা? পরমেশ্বর পৃথিবীতে নূতন এক বিষয় সৃষ্টি করিবেন; স্ত্রী পুরুষকে বশীভূত ২৩ করিবে। ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, যে সময়ে আমি লোকদিগকে বন্দিত্বহইতে মুক্ত করিব, তৎকালে তাহারা যিহূদাদেশে ও তাহার নগরে পুনর্ব্বার এই কথা কহিবে, ‘হে ধর্ম্মনিবাস, হে পবিত্র পর্ব্বত, পর- ২৪ মেশ্বর তোমাকে আশীর্ব্বাদ করুণ।’ এবং যিহূদাদেশে ও তাহার তাবৎ নগরে কৃষক ও মেষপালক- ২৫ গণ একত্র বাস করিবে। যেহেতুক আমি ক্লান্ত প্রাণিকে তৃপ্ত করিব, ও দীনহীন সকল লোককে আপ্যা- ২৬ য়িত করিব। ইহাতে আমি জাগৃত হইয়া দেখিলাম, আমার নিদ্রা সুখদায়ক ছিল।

২৭ পরমেশ্বর কহেন, দেখ, আমি ইস্রায়েল্ ও যিহূদা বংশীয় লোকদের ও তাহাদের পশুদের বৃদ্ধি ২৮ করিব, এমত সময় আসিতেছে। পরমেশ্বর কহেন, আমি যেমন তাহাদের উৎপাটন ও ভঞ্জন ও অধঃপাতন ও বিনাশ করিতে ও ক্লেশ দিতে অনুসন্ধান করিলাম, এই রূপ তাহাদের গৃন্থন ও রোপণ করি- ২৯ তেও অনুসন্ধান করিব। তাহাতে ‘পিতৃগণের অম্ল দ্রাক্ষাফল ভোজনেতে সন্তানদের দন্ত অম্ল হয়,’ এই কথা তৎকালের লোকেরা আর কহিবে না। ৩০ কিন্তু প্রত্যেক জন আপন২ পাপ প্রযুক্ত মরিবে, ও যে কেহ অম্ল দ্রাক্ষাফল ভোজন করিবে, তাহারই দন্ত অম্ল হইবে।

৩১ পরমেশ্বর কহেন, দেখ, যে সময়ে আমি ইস্রায়েল্ বংশের ও যিহূদা বংশের সহিত এক নূতন নিয়ম ৩২ স্থির করিব, এমত সময় আসিতেছে। পরমেশ্বর এই কথা কহেন, আমি যে দিনে তাহাদের পূর্ব্বপুরুষদের হস্ত ধারণ করিয়া মিসর্দেশহইতে উদ্ধার করিয়া তাহাদের সহিত নিয়ম স্থির করিলাম, সেই দিনের নিয়মানুসারে নয়, কেননা আমার নিয়ম তাহাদের অমান্য করাতে আমি তাহাদের প্রতি মনো- ৩৩ যোগ † করিলাম না। কিন্তু পরমেশ্বর কহেন, সেই দিনের পর আমি ইস্রায়েল্ বংশের সহিত এই নিয়ম স্থির করিব, তাহাদের চিত্তে আমার ব্যবস্থা দিব, ও অন্তঃকরণে তাহা লিখিব, এবং আমি তাহাদের ৩৪ ঈশ্বর হইব, ও তাহারা আমার লোক হইবে। এবং ‘তুমি পরমেশ্বরকে জ্ঞাত হও,’ এই কথা বলিয়া তাহারা প্রত্যেকে আপন২ প্রতিবাসিকে ও আপন২ ভ্রাতাকে আর উপদেশ দিবে না; কারণ পরমেশ্বর কহেন, আবাল বৃদ্ধ সকলেই আমাকে জ্ঞাত হইবে; তাহাতে আমি তাহাদের দুষ্ক্রিয়া সকল ক্ষমা করিয়া তাহাদের পাপ আর স্মরণে আনিব না।

৩৫ যিনি দিবসে দীপ্তি প্রদানার্থে সূর্য্য ও রাত্রিতে জ্যোৎস্না প্রদানার্থে চন্দ্রকলা ও নক্ষত্রগণ স্থাপন করেন, ও তরঙ্গদ্বারা গর্জ্জনের সময়ে সমুদ্রের আস্ফালন করেন, সৈন্যাধ্যক্ষ নামে বিখ্যাত পরমেশ্বর ৩৬ এই কথা কহেন। পরমেশ্বর কহেন, যদ্যপি এই সকল ব্যবস্থা আমার গোচরহইতে লুপ্ত হয়, তবে ইস্রায়েল্ বংশ এক জাতি না হইয়া আমার গোচরে ৩৭ লুপ্ত হইবে। পরমেশ্বর এই কথা কহেন, উপরিস্থ আকাশ যদি মাপিত হয়, ও অধঃস্থ পৃথিবীর মূল যদি উদ্দিষ্ট হয়, পরমেশ্বর কহেন, তবে আমি তাহাদের কর্ম্ম প্রযুক্ত তাবৎ ইস্রায়েল্ বংশকে ত্যাগ করিব।

৩৮ পরমেশ্বর কহেন, দেখ, যে সময়ে পরমেশ্বরের উদ্দেশে হননেলের দুর্গাবধি কোণের দ্বার পর্য্যন্ত ৩৯ নগর স্থাপিত হইবে, এমত সময় আসিতেছে। তাহার পরিমাণরজ্জু গারেব্ উপপর্ব্বতের ওপারেও অধিক ৪০ টানিত হইবে ও গোয়াকে বেষ্টন করিবে। এবং শব

[২০] যিশ ৬৩; ১৫। হো ১১; ৮,৯। লূ ১৫; ২০॥—[২১] যির ৫০; ৫॥—[২২] যির ৩; ৬-১৪॥—[২৩] গী ১২২; ৫-৯॥—[২৪] যির ৩৩; ১২,১৩॥—[২৭] যিহি ৩৬; ১০,১১। হো ২; ২৩॥—[২৮] যিশ ৬১; ১-৩॥—[২৯,৩০] যিহি ১৮; ২,৩॥—[৩১-৩৪] ইব্রি ৮; ৮-১২। ১০; ১৬,১৭। দ্বি ৩০; ৬। যির ৩২; ৪০। যিহি ৩৬; ২৫-২৭। ৩৭; ২৬॥ [৩৪] যিশ ৫৪; ১৩। যো ৬; ৪৫॥—[৩৫] আ ১; ১৪-১৮। গী ১০৪; ৬-৯॥—[৩৬] যির ৩৩; ২০,২১। যিশ ৫৪; ৯,১০। গী ৭২; ৫,৭,১৭। ৮৯; ২,২২,৩৬,৩৭॥—[৩৭] যির ৩৩; ২২॥—[৩৮] নি ৩; ১। সিখ ১৪; ১০॥—[৪০] নি ৩; ২৮। যোয় ৩; ১৭॥

* (ইব্রি) যদবধি। † (বা) আমি তাহাদের কর্ত্তা হইলাম।

ও ভস্মের সমুদয় নিম্নভূমি ও কিদ্রোণ্ স্রোত পর্য্যন্ত সকল ক্ষেত্র পূর্ব্বদিগস্থ অশ্বদ্বারের কোণ পর্য্যন্ত পরমেশ্বরের উদ্দেশে পবিত্র হইবে; তাহা * আর কখনো উৎপাটিত বা অধঃপতিত হইবে না।

৩২ অধ্যায়।

১ যিরিমিয়ের কারাগারস্থ হওনের কারণ ৬ ও হনমেলের ক্ষেত্র যিরিমিয়দ্বারা ক্রয় করণ ১২ ও বারূকের হস্তে ক্রয়পত্র সমর্পণ করণ ১৬ ও ঈশ্বরের কাছে যিরিমিয়ের প্রার্থনা ২৬ ও যিহূদিদের বন্দি হওনের ভবিষ্যদ্বাক্য ৩৬ ও আপনাদের দেশে পুনরাগমনের ভবিষ্যদ্বাক্য।

১ যিহূদীয় সিদিকিয় রাজার দশম বৎসর অধিকার সময়ে ও নিবুখদ্নিৎসরের অষ্টাদশ বৎসর অধিকার সময়ে পরমেশ্বরের কথা যিরিমিয়ের নিকটে ২ উপস্থিত হইল। সেই সময়ে বাবিলের রাজার সৈন্যগণ যিরূশালম্ নগরের অবরোধ করিলে যিরিমিয় ভবিষ্যদ্বক্তা যিহূদার রাজার রাজধানীস্থ কারা- ৩ গারের প্রাঙ্গণে বদ্ধ ছিল। যেহেতু যিহূদার রাজা সিদিকিয় তাহাকে কারাগারে রাখিয়া কহিল, ‘তুমি কেন এই ভবিষ্যদ্বাক্য কহিতেছ? পরমেশ্বর কহেন, দেখ, আমি এই নগর বাবিলের রাজার হস্তে সম- ৪ র্পণ করিব; তাহাতে সে তাহা জয় করিবে; এবং যিহূদীয় রাজা সিদিকিয় কস্দীয়দের হইতে মুক্ত হইতে না পারিলে সুতরাং বাবিলের রাজার হস্তগত হইবে, এবং তাহার সহিত সম্মুখে২ কথা কহিবে, ৫ ও একের চক্ষু অন্যকে দেখিবে; এবং সে সিদিকিয়কে বাবিলে লইয়া যাইবে; পরমেশ্বর কহেন, আমি যে পর্য্যন্ত তাহার সহিত সাক্ষাৎ না করিব, তাবৎ সে সেই স্থানে থাকিবে; তোমরা কস্দীয়দের সহিত সংগ্রাম করিলেও কৃতকার্য্য হইবা না।’

৬ যিরিমিয় কহিল, পরমেশ্বর আমাকে এই কথা ৭ কহিলেন, দেখ, তোমার পিতৃব্য শল্লুমের পুত্র হনমেল্ কারাগারে তোমার নিকটে আসিয়া এই কথা কহিবে, অনাথোৎ নগরে আমার যে ক্ষেত্র আছে, তাহা তুমি আপনার নিমিত্তে ক্রয় কর, কেননা ৮ তাহা মুক্ত করিতে তোমার অধিকার আছে। পরে আমার পিতৃব্যের পুত্র হনমেল্ পরমেশ্বরের বাক্যানুসারে আমার নিকটে কারাগারের প্রাঙ্গণে আসিয়া কহিল, আমি তোমাকে বিনয় করিয়া বলি, বিন্যামীন্ দেশীয় অনাথোতে আমার যে ক্ষেত্র আছে, তাহা তুমি ক্রয় কর, কেননা ব্যবস্থানুসারে তাহাতে ও তাহার মুক্তি করিতে তোমার অধিকার আছে; অতএব তুমি আপনার জন্যে তাহা ক্রয় কর; তখন এই বিষয় যে পরমেশ্বরের দ্বারা হয়, তাহা আমি জানিলাম। ৯ অতএব অনাথোতে স্থিত সেই ক্ষেত্র আমি আপন পিতৃব্যের পুত্র হনমেলের নিকটে সপ্তদশ শেকল রূপা তাহার মূল্য দিয়া † ক্রয় করিলাম। ১০ এবং ক্রয়পত্রে স্বাক্ষর করিয়া মুদ্রাঙ্ক করিলাম, এবং সাক্ষিদের সাক্ষাতে সেই রূপা নিক্তিতে তৌল করিলাম। ১১ পরে বিধিব্যবস্থানুসারে মুদ্রাঙ্কিত পত্র ও মুক্ত পত্র এই উভয় ক্রয়বিক্রয়ের সাক্ষ্যপত্র আমি লইলাম।

১২ অনন্তর আমার পিতৃব্যের পুত্র হনমেলের সাক্ষাতে ও পত্রে স্বাক্ষরকারি সাক্ষিদের সাক্ষাতে এবং কারাগারের প্রাঙ্গণে উপবিষ্ট যিহূদিদের সাক্ষাতে মহসেয়ের পুত্র যে নেরিয় তাহার পুত্র বারূকের হস্তে আমি সেই ক্রয়পত্র সমর্পণ করি- লাম। ১৩ আর তাহাদের সাক্ষাতে আমি বারূককে এই আজ্ঞা করিলাম, ১৪ ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, মুদ্রাঙ্কিত ও মুক্ত এই ক্রয়পত্র যেন চিরকাল থাকে, এই জন্যে তুমি তাহা লইয়া এক মৃত্তিকার পাত্রে রাখ। ১৫ কেননা ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, বাটী ও ক্ষেত্র ও দ্রাক্ষাক্ষেত্র এই দেশে আর বার অধিকৃত হইবে।

১৬ পরে আমি নেরিয়ের পুত্র বারূকের হস্তে সেই ক্রয়পত্র দিয়া পরমেশ্বরের কাছে এই প্রার্থনা করিলাম, ১৭ হে প্রভো পরমেশ্বর, ‡ তুমি আপন মহাপরাক্রমে ও আপন বাহুবলে আকাশ ও পৃথিবীর সৃষ্টি করিয়াছ; তোমার অসাধ্য কিছুই নাই। ১৮ তুমি সহস্র২ লোকদের প্রতি দয়াকারী, কিন্তু সন্তানদের উপরে পূর্ব্বপুরুষদের পাপের প্রতিফলদাতা; তুমি মহান ও পরাক্রান্ত ঈশ্বর, তোমার নাম সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর। ১৯ তুমি পরামর্শে প্রধান ও কর্ম্মেতে পারক, কেননা প্রত্যেক জনকে আপন২ আচরণ ‖ ও ক্রিয়ানুসারে সমুচিত ফল দিতে মনুষ্যসন্তানদের তাবৎ পথের প্রতি তোমার দৃষ্টি § আছে। ২০ তুমি মিসরদেশে ও ইস্রায়েল্ ও অন্যান্য লোকদের মধ্যে চিহ্ন ও আশ্চর্য্য ক্রিয়া অদ্যাপি প্রকাশ করিতেছ, তাহাতে অদ্যাপি নামলব্ধ হইতেছ। ২১ তুমি চিহ্ন ও আশ্চর্য্য ক্রিয়া ও বলবান হস্ত ও বিস্তীর্ণ বাহু ও অতি ভয়ানকত্বদ্বারা আপন ইস্রায়েল্ লোকদিগকে মিসর্দেশহইতে বাহির করিয়াছ। ২২ ও তাহাদের পূর্ব্বপুরুষদিগকে এই যে দুগ্ধমধু প্রবাহি দেশ দিতে শপথ করিয়াছ, তাহা ২৩ তাহাদিগকে দিয়াছ; এবং তাহারা আসিয়া তাহা অধিকার করিয়াছে, কিন্তু তোমার কথা মানে নাই, ও তোমার ব্যবস্থামতে আচার ব্যবহার করে নাই,

[৩২ অধ্যা ; ২] যির ৩৯ ; ১,২ ।।—[৩-৫] ৩৪ ; ২,৩। ৩৮ ; ১৮,২৩। ৩৯ ; ৫-৭ ।।—[৭,৮] লে ২৫ ; ২৫,৩২ ।।—[১২] যির ৩৬ ; ৪ ।।—[১৫] প ৪২-৪৪ ।।—[১৭] প ২৭। আ ১ ।।—[১৮] যা ২০ ; ৫, ৬ ।।—[১৯]যিশ ২৮ ; ২৯। গী ৩৩ ; ১৩,১৪। যির ১৭ ; ১০ ।।—[২০-২২] গী ১০৫ ।।—[২৩] ২ বং ৩৬ ; ১৪-১৬। নি ৯ ; ২৪-৩০ ।।

* (বা) নগর। † (ইব্রী) তোলন করিয়া। ‡ (ইব্রী) দেখ। ‖ (ইব্রী) পথ। § (ইব্রী) চক্ষু যুক্ত।

এবং যাহা পালন করিতে আজ্ঞা দিয়াছ, তাহার কিছুই পালন করে নাই; এই নিমিত্তে তাহাদের ২৪ প্রতি এই সকল অমঙ্গল ঘটাইতেছ। এই নগর আক্রমণ করণার্থে জাঙ্গাল প্রস্তুত আছে, এবং তাহার বিপরীতে যুদ্ধকারি কস্‌দীয়দের হস্তে খড়্গ ও দুর্ভিক্ষ ও মহামারীদ্বারা এই নগর দত্ত হইতেছে, এবং তুমি যাহা কহিয়াছ, তাহা সফল হইতেছে; ২৫ তুমি এই সকলি দেখিতেছ। হে প্রভো পরমেশ্বর, 'তুমি আপনার জন্যে অর্থ দিয়া ক্ষেত্র ক্রয় কর ও সাক্ষী রাখ,' এই কথা তুমি আমাকে কহিলেও এই নগর কস্‌দীয়দের হস্তগত হইবে।

২৬ পরে পরমেশ্বর যিরিমিয়কে কহিলেন, দেখ, আ- ২৭ মিই পরমেশ্বর সকল প্রাণির ঈশ্বর; আমার অসাধ্য ২৮ কি কিছু আছে? পরমেশ্বর কহেন, দেখ, আমি কস্‌দীয়দের ও বাবিলের নিবুখদ্‌নিৎসর্‌ রাজার হস্তে এই নগর সমর্পণ করিব, তাহাতে সে তাহা হস্তগত ২৯ করিবে। এবং যে কস্‌দীয়েরা এই নগরের সহিত যুদ্ধ করে, তাহারা প্রবেশ করিয়া এই নগরে অগ্নি প্রদান করিবে; এবং লোকেরা যে গৃহের ছাতের উপরে বালের উদ্দেশে ধূপ উৎসর্গ করিয়াছে, ও আমাকে ক্রুদ্ধ করণার্থে পরকীয় দেবগণের উদ্দেশে পানীয় নৈবেদ্য ঢালিয়াছে, সেই সকল গৃহের সহিত ৩০ এই নগর দগ্ধ করিবে। কেননা ইস্রায়েল্‌ ও যিহূদার বংশ আমার সাক্ষাতে বালককালাবধি কেবল মন্দ কর্ম্ম করিয়া আসিতেছে; পরমেশ্বর কহেন, ইস্রায়েলের বংশ আপনাদের হস্তকৃত বস্তুদ্বারা আমাকে ৩১ ক্রুদ্ধ করণ ব্যতিরেকে আর কিছু করে নাই। কেননা ইস্রায়েল্‌ ও যিহূদার বংশ, অর্থাৎ তাহারা ও তাহাদের রাজগণ ও তাহাদের অধ্যক্ষগণ ও যাজকগণ ও ভবিষ্যদ্বক্তৃগণ ও যিহূদিলোকেরা ও যিরূশালম্‌ ৩২ নিবাসিগণ যে সকল দুষ্ক্রিয়া করিয়াছে, তৎপ্রযুক্ত এই নগর পত্তনাবধি অদ্যপর্য্যন্ত আমার সম্মুখহইতে দূরীকৃত হওনার্থে আমার ক্রোধ ও কোপের ৩৩ পাত্র হয়। তাহারা আমার প্রতি অভিমুখ না হইয়া পরাঙ্মুখ হইয়াছে; আমি যত্নপূর্ব্বক* নানা বচনদ্বারা তাহাদিগকে উপদেশ দিলেও তাহারা আমার সেই উপদেশ গ্রহণ করিতে মনোযোগ করে ৩৪ নাই। কিন্তু আমার নামে বিখ্যাত যে গৃহ, তাহা অশুচি করিতে তাহার মধ্যে ঘৃণার্হ প্রতিমা স্থাপন ৩৫ করে। যিহূদিদিগকে পাপ করাইবার জন্যে যে ঘৃণার্হ কর্ম্ম করিতে, অর্থাৎ মোলকের উদ্দেশে আপন পুত্র কন্যাদিগকে হোম করিতে আমি আজ্ঞা দি নাই এবং মনেও করি নাই, তাহা করণার্থে তাহারা হিন্নোমের পুত্রের উপত্যকাতে বালের বেদি নির্ম্মাণ করিয়াছে।

৩৬ 'এখন খড়্গ ও দুর্ভিক্ষ ও মহামারীদ্বারা এই নগর বাবিলের রাজার হস্তগত হইবে,' এই কথা তোমরা যে নগরের বিষয়ে বল, তাহার বিষয়ে ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন। দেখ, ৩৭ আমি আপন ক্রোধ ও মহাকোপ ও প্রচণ্ড রোষেতে তাহাদিগকে যে ২ দেশে ছিন্নভিন্ন করিয়াছি, সেই২ দেশহইতে তাহাদিগকে সংগ্রহ করিব, ও পুনর্ব্বার এই স্থানে আনিয়া নিরাপদে বাস করাইব। তাহাতে ৩৮ তাহারা আমার লোক হইবে, ও আমি তাহাদের ঈশ্বর হইব। এবং আমি তাহাদের ও তাহাদের ৩৯ সন্তানদের কল্যাণের নিমিত্তে নিরবধি আমাকে ভয় করিতে তাহাদিগকে এক মন ও এক চরিত্র† দিব। আমি তাহাদের মঙ্গল করিতে কখনো বিমুখ হইব ৪০ না, এবং তাহারা যেন আমাকে ত্যাগ না করে, এই জন্যে তাহাদের অন্তঃকরণে আপন বিষয়ক ভয় জন্মাইব, এই বিষয়ে তাহাদের সহিত নিত্য এক নিয়ম স্থির করিব। আমি তাহাদের মঙ্গল করিতে ৪১ আনন্দিত হইব, ও আপন তাবৎ অন্তঃকরণ ও মনের সহিত তাহাদিগকে এই দেশে নিতান্ত‡ স্থাপন করিব। কেননা পরমেশ্বর এই কথা কহেন, আমি যেমন ৪২ এই লোকদের প্রতি এই মহা অমঙ্গল ঘটাই, তদ্রূপ তাহাদের প্রতি যে মঙ্গল করিতে প্রতিজ্ঞা করিতেছি, তাহাও সফল করিব। এবং তোমরা যে দেশের ৪৩ বিষয়ে এই কথা কহিতেছ, 'তাহা মনুষ্য ও পশুশূন্য অরণ্যবৎ হয়, ও কস্‌দীয়দের হস্তগত হয়,' তাহার মধ্যে আরবার ক্ষেত্রের ক্রয় বিক্রয় হইবে। বিন্- ৪৪ য়ামীন্‌ দেশে ও যিরূশালমের চতুর্দ্দিগস্থ স্থানে ও যিহূদা নগরে ও পর্ব্বতীয় নগরে ও উপত্যকাস্থিত নগরে ও দাক্ষিণাত্য নগরে লোকেরা অর্থদ্বারা ক্ষেত্র ক্রয় করিবে, ও ক্রয়পত্রে লিখিয়া দিবে, ও মুদ্রাঙ্ক করিবে ও তাহার সাক্ষী রাখিবে; কেননা পরমেশ্বর কহেন, আমি তাহাদিকে বন্দিত্বহইতে মুক্ত করিব।

৩৩ অধ্যায়।

১ বন্দিত্বহইতে মুক্ত করণে ঈশ্বরের প্রতিজ্ঞা ১০ ও সেই মুক্তিদ্বারা আনন্দ হওনের ভবিষ্যদ্বাক্য ১৪ ও শাখা স্বরূপ খ্রীষ্টের বিষয়ে ভবিষ্যদ্বাক্য ১৯ ও তাঁহার রাজ্যের স্থিরতা বিষয়ের ভবিষ্যদ্বাক্য ২৩ ও তাঁহার বংশের স্থিরতা।

---

[২৪] প ৩,৪ ॥—[২৫] প ৭,১৪,১৫ ॥—[২৭] প ১৭। আ ১৮; ১৪। লূ ১; ৩৭ ॥—[২৮,২৯] যির ৫২; ১২,১৩॥ [২৯] ১১; ১৩॥—[৩০-৩৫] ২ বং ৩৬; ১৪-১৬। ২ রা ২২; ১৬,১৭ ॥—[৩৪,৩৫] যির ৭; ৮,৩০,৩১ ॥—[৩৪] ২৩; ১১। যিহি ৮॥—[৩৫] যির ১৯; ৪,৫॥—[৩৬-৪৪] যির ২৩; ৩-৮। ৩১; ২৭-৩৭। ৩৩। দ্বি ৩০; ১-১০ যিহি ১১; ১৬-২০। ৩৭; ২১-২৮॥—[৪০] প ১৫ ॥

* (ইব্রী) প্রত্যূষে উঠিয়া। † (ইব্রী) পথ। ‡ (বা) সত্যরূপে।

১ যে সময়ে যিরিমিয় কারাগারের প্রাঙ্গণে বদ্ধ ছিল, তৎকালে পরমেশ্বরের এই আর এক কথা তাহার ২ নিকটে উপস্থিত হইল। যিনি পৃথিবীর* সৃষ্টি স্থিতি পালনকর্ত্তা ও যাঁহার নাম পরমেশ্বর, তিনি এই কথা ৩ কহেন। তুমি আমার কাছে প্রার্থনা কর, তাহাতে আমি উত্তর দিব, এবং তোমার অজ্ঞাত আশ্চর্য্য ও ৪ গুপ্ত বিষয় তোমাকে দেখাইব। কেননা জাঙ্গাল ও খড়্গদ্বারা বিনাশ্য এই নগরের বাটী ও যিহূদার রাজবাটীর বিষয়ে ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই ৫ কথা কহেন, আমার ক্রোধ ও প্রচণ্ড কোপেতে আমা-কর্ত্তৃক হন্তব্য লোকদের, অর্থাৎ যাহাদের সমূহ পাপপ্রযুক্ত এই নগরহইতে আমি মুখ লুকাইতেছি, তাহাদের শবেতে ঐ বাটী সকল পরিপূর্ণ করণার্থে লোকেরা কল্দীয়দের সহিত যুদ্ধ করিতে তাহাতে ৬ প্রবিষ্ট হইবে। দেখ, আমি তাহাদের প্রতি স্বাস্থ্য ও আরোগ্য দিয়া সুস্থ করিব, ও তাহাদের প্রতি ৭ মঙ্গলের ও সত্যতার বাহুল্য প্রকাশ করিব। এবং ইস্রায়েল্ ও যিহূদাকে বন্দিত্বহইতে মুক্ত করিব, ও প্রথমের ন্যায় তাহাদিগকে পুনর্ব্বার বহুবংশ ৮ করিব। এবং তাহারা যে সকল কর্ম্মদ্বারা আমার বিরুদ্ধে পাপ করিয়াছে, তাহাহইতে আমি তাহা-দিগকে পরিষ্কৃত করিব; ও তাহারা যাহাদ্বারা পাপ ও আমার আজ্ঞা লঙ্ঘন করিয়াছে, তাহা-৯ দের সে সকল অধর্ম্ম ক্ষমা করিব। এবং আমি তাহাদের প্রতি যে মঙ্গল করিব, তাহা শ্রবণ-কারি পৃথিবীস্থ তাবৎ লোকের মধ্যে আমার আনন্দজনক যশ ও প্রশংসা ও গৌরব হইবে, এবং আমি তাহাদের প্রতি যে কল্যাণ ও আশীর্ব্বাদ করিব, তাহা শুনিয়া ভয়েতে কম্পবান হইবে।

১০ পরমেশ্বর কহেন, তোমাদের দ্বারা মনুষ্য ও পশু পক্ষি বিহীন নামে বিখ্যাত এই যে উচ্ছিন্ন স্থান, অর্থাৎ নরশূন্য ও বসতিশূন্য ও পশুশূন্য যে যিহূদা ১১ দেশীয় নগর ও যিরূশালমের উচ্ছিন্ন পথ, তাহার মধ্যে আনন্দধ্বনি ও হর্ষনাদ ও বরকন্যার রব, এবং 'সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের প্রশংসা কর, কেননা তিনি মঙ্গলদাতা ও তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী,' এই কথা প্রচারকারি লোকদের রব, এবং পরমেশ্বরের মন্দিরে প্রশংসারূপ নৈবেদ্য নিবেদনকারি লোকদের রব শুনা যাইবে, কেননা পরমেশ্বর কহেন, আমি এই দেশীয়দিগকে বন্দিত্বহইতে মুক্ত করিয়া ১২ প্রথমাবস্থার ন্যায় স্থাপন করিব। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, মনুষ্য ও পশুপক্ষি বিহীন ও উচ্ছিন্ন এই স্থানে ও ইহার তাবৎ নগরে আর-বার মেষপাল বিশ্রামকারি মেষপালকগণের বসতি ১৩ হইবে। পরমেশ্বর কহেন, পর্ব্বতীয় নগরে ও উপ-ত্যকাস্থিত নগরে ও দাক্ষিণাত্য নগরে ও বিন্য়ামীন্ দেশে ও যিরূশালমের চতুর্দ্দিগস্থ স্থানে ও যিহূদার নগরে গণনকারি পালকের নিকট দিয়া† মেষ-পালগণ চলিবে।

১৪ পরমেশ্বর কহেন, আমি ইস্রায়েল্ ও যিহূদা বংশের প্রতি যে মঙ্গল করিতে প্রতিজ্ঞা করিয়াছি, ১৫ দেখ, তাহা সফল হওনের কাল আসিতেছে। সেই সময়ের সেই দিনে আমি দায়ূদের বংশে ধর্ম্মস্বরূপ শাখা বৃদ্ধি করিব, ও তিনি দেশেতে ন্যায়বিচার ও ১৬ ধর্ম্ম পালন করিবেন। তাহাতে সেই দিনে যিহূদা পরিত্রাণ পাইবে, ও যিরূশালম্ নিরাপদে বাস করিবে, এবং আমাদের ধর্ম্মস্বরূপ পরমেশ্বর নামে ১৭ বিখ্যাত হইবে। কেননা পরমেশ্বর এই কথা কহেন, ইস্রায়েল্ বংশের সিংহাসনে উপবিষ্ট হইতে দায়ূদ্ ১৮ বংশে রাজার অভাব কখনো হইবে না। এবং নিত্য হোম ও নৈবেদ্য‡ ও বলিদান করিতে লেবীয় যাজক-দের বংশে লোকের অভাব কখনো হইবে না।

১৯ পরে পরমেশ্বর যিরিমিয়কে কহিলেন, পরমেশ্বর ২০ এই কথা কহেন, তোমরা যদি দিন ও রাত্রি বিষয়ক আমার নিয়ম এমত বৃথা করিতে পার যে দিবারাত্রি ২১ স্বকালে না হয়, তবে আমার দাস দায়ূদের সহিত আমার যে নিয়ম, তাহাও বৃথা হইবে, ও তাহার সিংহাসনে বসিতে দায়ূদের বংশে এক রাজাও থাকিবে না; এবং আমার সেবক লেবীয় যাজকদের ২২ কাছেও আমার নিয়ম বৃথা হইবে। আকাশের তারা যেমন অগণ্য ও সমুদ্রের বালি যেমন অপরিমিত, তদ্রূপ আমি আপন দাস দায়ূদের বংশকে ও আমার সেবাকারি লেবীয় বংশকে বৃদ্ধি করিব। ২৩ পরমেশ্বর যিরিমিয়কে আরো কহিলেন, 'পরমেশ্বর ২৪ এই দুই বংশকে মনোনীত করিলেও তাহাদিগকে ত্যাগ করিয়াছেন,' লোকেরা এই কথা কহিয়া আমার লোকদিগকে এমত তুচ্ছজ্ঞান করে, যে তাহাতে তাহারা এক জাতি আর গণিত হয় না; ইহা কি ২৫ তুমি বিবেচনা কর নাই? পরমেশ্বর এই কথা কহেন, দিবারাত্রির সহিত যদি আমার নিয়ম না থাকে, ও আমি যদি আকাশ ও পৃথিবীর ঋতু নিরূপণ না ২৬ করিয়া থাকি, তবে আমি যাকুবের বংশকে ও

[৩৩ অধ্যা; ১] যির ৩২; ২,৩।।—[৪,৫] ৩২; ৫,২৪,৩৬।।—[৬] ৩০; ১৭।।—[৭] প ১১,২৬। ৩০; ৩,১৬-২২। ৩২; ৪৪।। [৮] ৩১; ৩৪। যিশ ৩৩; ২৪। যিহি ৩৬; ২৫। মিখ ১৩; ১।।—[৯] যিশ ৬২; ৩।।—[১০,১১] প ৭,২৬। যির ৩০; ১৯। ৩১; ১১-১৩।।—[১১] ১ বং ১৬; ৩৪। গী ১৩৬; ১। ১১৬; ১৭।।—[১২,১৩] যিশ ৬৫; ১০। যির ৩১; ১২,২৪।।—[১৪-১৬] ২৩; ৫,৬।।—[১৭] ২ শি ৭; ১৬। গী ৮৯; ৩৪-৩৭। লূ ১; ৩২,৩৩।।—[২০,২১] গী ৮৯; ৩৪-৩৭। যির ৩১; ৩৫,৩৬।। [২২] আ ১৩; ১৬। ১৫; ৫। ২২; ১৭।।—[২৫,২৬] যির ৩১; ৩৫-৩৭। গী ৮৯; ৩৪-৩৭।।—[২৬] প ৭, ১১।

* (বা) যন্ত্রণার স্থিতি ও সিদ্ধিকর্ত্তা। † (ইব্রু) হস্তের নীচে। ‡ (ইব্রু) হোম উৎসর্গ করিতে ও নৈবেদ্য জ্বালাইতে।

আপন দাস দায়ূদের বংশকে ত্যাগ করিয়া ইব্রাহীমের ও ইস্‌হাকের ও যাকূবের বংশের প্রতি কর্ত্তৃত্ব করিতে তাহার বংশহইতে কাহাকেও গ্রহণ করিব না, কিন্তু আমি দয়া করিয়া তাহাদিগকে বন্দিত্বহইতে মুক্ত করিব।

৩৪ অধ্যায়।

১ সিদিকিয়ের দূরদেশে যাওনের ভবিষ্যদ্বাক্য ৮ ও অধ্যক্ষ লোকদের দাসদাসীকে মুক্ত করিয়া পুনর্ব্বার দাসত্বপদে নিযুক্ত করণ ও সেই দোষ প্রযুক্ত দূরদেশে তাহাদের ভাবি দাসত্বের ভবিষ্যদ্বাক্য।

১ যে সময়ে বাবিল্‌দেশীয় নিবুখদ্‌নিৎসর রাজা আপন সৈন্যসামন্ত ও পৃথিবীস্থ আপন অধীন দেশীয়দের তাবৎ লোককে লইয়া যিরূশালম্‌ ও তাহার তাবৎ নগর আক্রমণ করিল, তৎকালে পরমেশ্বরের এই ২ কথা যিরিমিয়ের নিকটে উপস্থিত হইল। ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তুমি গিয়া যিহূদার রাজা সিদিকিয়ের সহিত আলাপ করিয়া তাহাকে এই কথা বল, পরমেশ্বর কহেন, আমি বাবিলের রাজার হস্তে নগর সমর্পণ করিব, তাহাতে ৩ সে তাহা অগ্নিদ্বারা দগ্ধ করিবে। এবং তোমাকেও ধরিবে; তুমি তাহার হস্তহইতে মুক্ত হইতে পারিবা না, ও অবশ্য তাহার হস্তগত হইবা; এবং তোমার চক্ষু বাবিলের রাজার চক্ষুকে নিরীক্ষণ করিলে সে তোমার সম্মুখে সম্মুখ হইয়া কথা কহিবে, ও ৪ তুমি বাবিলে গমন করিবা। হে সিদিকিয় যিহূদীয় রাজন্‌, তুমিই পরমেশ্বরের কথা শুন; পরমেশ্বর তোমার বিষয়ে কহেন, তুমি খড়্গদ্বারা না মরিয়া ৫ নির্ব্বিরোধে মরিবা। তোমার যে পূর্ব্বপুরুষেরা তোমার পূর্ব্বে রাজ্য করিল, তাহাদের নিমিত্তে যেমন লোকেরা ধূপ জ্বালাইল, তদ্রূপ তাহারা তোমার নিমিত্তে ধূপ জ্বালাইয়া, হায় প্রভু২ বলিয়া বিলাপ ৬ করিবে; আমি পরমেশ্বর এই কথা কহিতেছি। যে সময়ে বাবিলের রাজা সসৈন্য হইয়া যিরূশালম্‌ ও যিহূদার অবশিষ্ট সকল নগরে, অর্থাৎ প্রাচীরে বেষ্টিত প্রযুক্ত যিহূদার নগরের মধ্যে অবশিষ্ট ছিল যে লাখীশ্‌ ও অসেকা, তাহাদিগকে অবরোধ করি- ৭ তেছিল, তৎকালে যিরিমিয় ভবিষ্যদ্বক্তা যিরূশালমে যিহূদার রাজা সিদিকিয়কে ঐ সকল কথা কহিল।

৮ অপর যে সময়ে সিদিকিয় রাজা যিরূশালমস্থ লোকদের সহিত এই মুক্তি স্বীকার করণের নিয়ম, অর্থাৎ প্রত্যেক জন যেন আপন জাতি ইব্রীয় ও ইব্রীয়া দাস দাসীকে মুক্ত করে, ও কেহ আপন যিহূদীয় ভ্রাতাদ্বারা আপনার সেবা না করায়, এই নিয়ম ৯ প্রচার করিতে স্থির করিল, তাহার পরে পরমেশ্বরের কথা যিরিমিয়ের নিকটে উপস্থিত হইল। ১০ কিন্তু প্রত্যেক জনের আপন২ দাস দাসীকে মুক্তি দিতে হইবে, তাহাদের দ্বারা আপনার সেবা করাইতে আর কাহারো হইবে না, এই নিয়মকারি অধ্যক্ষগণ ও তাবৎ লোক প্রথমে তদ্বিষয়ে ১১ সম্মত হইয়া তাহাদিগকে মুক্তি দিল বটে; কিন্তু আরবার অসম্মত হইয়া যে দাস দাসীগণকে মুক্তি দিয়াছিল, তাহাদিগকে ধরিয়া বলেতে পুনর্ব্বার ১২ দাসত্ব কর্ম্মে নিযুক্ত করিল। অতএব সেই সময়ে পরমেশ্বরের এই কথা যিরিমিয়ের নিকটে উপ- ১৩ স্থিত হইল; ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, 'তোমার কোন ইব্রীয় ভ্রাতা তোমার কাছে বিক্রীত হইলে তুমি তাহাকে সপ্ত বৎসরের শেষে মুক্তি দেও; সে ছয় বৎসর তোমার সেবা করিলে ১৪ পর তুমি তাহাকে মুক্ত করিয়া যাইতে দেও,' এই কথা কহিয়া আমি যে সময়ে তোমাদের পূর্ব্বপুরুষদিগকে মিসর্‌দেশহইতে অর্থাৎ দাসালয়হইতে আনিলাম, সেই সময়ে তাহাদের সহিত এই নিয়ম করিলাম; কিন্তু তোমাদের পূর্ব্বপুরুষেরা আমার সেই কথা গ্রাহ্য করিল না এবং শুনিতেও ১৫ কর্ণপাত করিল না। এবং তোমরা পূর্ব্বে * পরাবৃত্ত ছিলা, এবং আমার নামে বিখ্যাত মন্দিরে আমার সম্মুখে এক নিয়ম করিয়াছিলা, ও প্রত্যেক জন আপন প্রতিবাসির মুক্তি প্রচার করিয়া আমার ১৬ গোচরে প্রকৃত কর্ম্ম করিয়াছিলা। কিন্তু এখন তোমরা তাহাহইতে ফিরিলা, এবং যে দাস দাসীদিগকে মুক্ত করিয়াছিলা, তাহাদিগকে বলেতে পুনর্ব্বার দাসত্বকর্ম্মে নিযুক্ত করাতে আমার নাম অপবিত্র ১৭ করিলা। পরমেশ্বর এই কথা কহেন, তোমরা আপন২ ভ্রাতা ও প্রতিবাসির মুক্তি প্রচার করিতে আমার কথা গ্রাহ্য কর নাই; অতএব পরমেশ্বর কহেন, দেখ, আমি তোমাদের বিরুদ্ধে খড়্গ ও মহামারী ও দুর্ভিক্ষের মুক্তি প্রচার করিব, এবং পৃথিবীর নানা দেশে ছিন্নভিন্ন হইতে তোমাদিগকে সমর্পণ করিব। ১৮ এবং যে লোকেরা আমার নিয়ম লঙ্ঘন করিল, এবং আমার সাক্ষাতে গোবৎসকে দুই খণ্ড করিয়া তাহার মধ্যদিয়া গমন করিতে নিয়ম করিলেও তাহা ১৯ পালন করে নাই, অর্থাৎ যিহূদার ও যিরূশালমের যে২ অধ্যক্ষগণ ও নপুংসকগণ ও যাজকগণ ও দেশীয় সামান্য লোক সকল গোবৎসের দুই ২০ খণ্ডের মধ্য দিয়া গমন করিল, তাহাদিগকে আমি তাহাদের শত্রু ও প্রাণহরণেচ্ছুক লোকদের হস্তে

[৩৪ অধ্য ; ১] যির ৩২ ; ১,২ ।।—[২,৩] ৩২ ; ৩,৪ । ৩৯ ; ৫-৭ ।।—[৫] ২ বং ১৬ ; ১৪ । যির ২২ ; ১৮ ।।—[৮,৯] লে ২৫ ; ৩৯-৪৬ । দ্বি ১৫ ; ১২-১৫ ।।—[১১] প ২১ । ৩৭ ; ৫ ।।—[১৩,১৪] লে ২৫ ; ৩৯-৪৬ । দ্বি ১৫ ; ১২-১৫ ।।—[১৬] লে ১৯ ; ১২ ।।—[১৮] আ ১৫ ; ৯,১০,১৭ ।।

* (ইব্রী) অদ্য।

সমর্পণ করিব; তাহাতে তাহাদের শব আকাশের পক্ষিগণের ও পৃথিবীর পশুদের খাদ্য হইবে। ২১ এবং যিহূদার সিদিকিয় রাজাকে ও তাহার অধ্যক্ষগণকে তাহাদের শত্রুগণের ও তাহাদের প্রাণহরণেচ্ছুক লোকদের ও তোমাদের নিকটহইতে গত বাবিলের রাজসৈন্যদের হস্তে সমর্পণ করিব। ২২ পরমেশ্বর কহেন, দেখ, আমি আজ্ঞাদ্বারা তাহাদিগকে পুনর্ব্বার এই নগরে আনাইলে তাহারা এই নগরের বিরুদ্ধে যুদ্ধ করিয়া তাহা হস্তগত করিবে, ও অগ্নিদ্বারা দগ্ধ করিবে; তদ্ভিন্ন আমি যিহূদার নগর সকল উচ্ছিন্ন ও নরশূন্য করিব।

৩৫ অধ্যায়।

১ রেখবীয়দের আপন পূর্ব্বপুরুষের আজ্ঞা পালন ১২ ও যিহূদার ঈশ্বরের আজ্ঞালঙ্ঘন ১৮ ও পূর্ব্বপুরুষের আজ্ঞা পালন প্রযুক্ত রেখবীয়দের প্রতি ঈশ্বরের আশীর্ব্বাদ।

১ যিহূদা দেশীয় রাজা যোশিয়ের পুত্র যিহোয়াকীমের অধিকার সময়ে পরমেশ্বরের এই কথা যিরিমিয়ের ২ নিকটে উপস্থিত হইল, তুমি রেখবীয়দের বংশের নিকটে গিয়া তাহাদের সহিত আলাপ কর, এবং পরমেশ্বরের মন্দিরের এক কুঠরীতে তাহাদিগকে ৩ আনিয়া দ্রাক্ষারস পান করিতে দেও। তখন আমি হবৎসিনিয়ের পৌত্র যিরিমিয়ের পুত্র যাসিনিয় ও তাহার ভ্রাতৃগণ ও তাহার পুত্র প্রভৃতি রেখবীয়- ৪ দের সমস্ত বংশকে সঙ্গে লইয়া পরমেশ্বরের মন্দিরে স্থিত শল্লুমের পুত্র মাসেয় দ্বারপালের কুঠরীর উপরিস্থ ও অধ্যক্ষগণের কুঠরীর পার্শ্বস্থ ঈশ্বরের সেবক যিগ্দলিয়ের পুত্র হাননের পুত্রদের ৫ কুঠরীতে গমন করিলাম। পরে ঘট ও পাত্র দ্রাক্ষারসেতে পূর্ণ করিয়া রেখবীয় বংশদের সম্মুখে রাখিয়া তাহাদিগকে কহিলাম, তোমরা দ্রাক্ষারস ৬ পান কর। কিন্তু তাহারা কহিল, আমরা দ্রাক্ষারস পান করিব না, কেননা আমাদের পূর্ব্বপুরুষ রেখবের পুত্র যিহোনাদব্ আমাদিগকে এই আজ্ঞা দিয়াছেন, তোমরা ও তোমাদের বংশ কেহ কখনো ৭ দ্রাক্ষারস পান করিও না। এবং যে কোন বিদেশভূমিতে থাক, সেই স্থানে তোমাদের বাস বহুকাল স্থায়ী হইবার জন্যে বাটী নির্ম্মাণ ও বীজ বপন ও দ্রাক্ষাক্ষেত্র রোপণ এবং তাহার অধিকার না করিয়া ৮ যাবজ্জীবন তাম্বুতে বাস কর। অতএব আমাদের পূর্ব্বপুরুষ রেখবের পুত্র যে যিহোনাদব্ আমাদিগকে ও আমাদের স্ত্রী ও পুত্র ও কন্যাগণকে ৯ যাবজ্জীবন দ্রাক্ষারস পান ও বাস করণার্থে বাটী নির্ম্মাণ ও দ্রাক্ষাক্ষেত্র ও শস্যক্ষেত্র ও বীজ ইত্যাদির অধিকার না করিতে আজ্ঞা দিয়াছেন, আমরা তাহার আজ্ঞা পালন করিয়া থাকি। ১০ এবং আমাদের পূর্ব্বপুরুষ যিহোনাদব্ যেমত আজ্ঞা করিল, আমরা তাম্বুতে বাস করিয়া তদনুসারে কর্ম্ম করিয়া তাহা পালন করিয়া থাকি। ১১ কিন্তু যে সময়ে বাবিলের রাজা নিবুখদ্নিৎসর্ এই দেশে আইল, তৎকালে আমরা কহিলাম, আইস, আমরা কস্দীয় ও অরামীয়দের সৈন্যের ভয়েতে যিরূশালমে প্রবেশ করি; এই প্রযুক্ত আমরা যিরূশালমে বাস করিতেছি।

১২ পরে পরমেশ্বরের কথা যিরিমিয়ের নিকটে উপস্থিত হইল, ১৩ ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তুমি গিয়া যিহূদার লোকদিগকে ও যিরূশালম্ নিবাসিদিগকে এই কথা বল, পরমেশ্বর কহেন, তোমরা কি আমার কথাতে মনোযোগ করিয়া আমার এই উপদেশ গ্রহণ করিবা না? ১৪ রেখবের পুত্র যিহোনাদব্ আপন সন্তানদিগকে দ্রাক্ষারস পান করিতে নিষেধ করিলে তাহারা তাহার বাক্য পালন করিল; তাহারা অদ্য পর্য্যন্ত তাহার কিছু পান না করিয়া আপন পূর্ব্বপুরুষের আজ্ঞা পালন করিতেছে; কিন্তু আমি যত্নপূর্ব্বক* তোমাদিগকে নানা উপদেশ করিয়াছি, তথাপি তোমরা আমার কথাতে মনোযোগ কর নাই। ১৫ ‘তোমরা আপন ২ কুপথহইতে ফিরিয়া আপন ২ আচার ব্যবহার শুদ্ধ কর, এবং পরকীয় দেবগণের সেবা করিয়া তাহাদের পশ্চাদ্গামী হইও না, তাহা হইলে আমি তোমাদিগকে ও তোমাদের পূর্ব্বপুরুষদিগকে যে দেশ দিয়াছি, তাহাতে তোমরা বাস করিবা,’ এই কথা প্রচার করাইতে যত্নপূর্ব্বক *আপন সেবক ভবিষ্যদ্বক্তৃগণকে তোমাদের নিকটে প্রেরণ করিয়াছি; কিন্তু তোমরা তাহা শুনিতে কর্ণ দেও নাই, ও তাহাতে মনোযোগও কর নাই। ১৬ দেখ, রেখবের পুত্র যিহোনাদব্ যেমত আজ্ঞা করিল, তাহার সন্তানেরা তাহাই পালন করিতেছে, কিন্তু এই লোকেরা আমার কথায় মনোযোগ করে নাই। ১৭ এই নিমিত্তে ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি যিহূদা ও যিরূশালম নিবাসিদিগকে কহিলেও তাহারা শুনে নাই, এবং তাহাদিগকে আহ্বান করিলেও তাহারা উত্তর দেয় নাই, অতএব আমি তাহাদের বিপরীতে যে অমঙ্গল করিতে মনস্থ করিয়াছি, তাহাদের প্রতি তাহার ঘটনা করিব।

১৮ পরে যিরিমিয় রেখবীয় বংশকে এই কথা কহিল, ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা আপনাদের পূর্ব্বপুরুষ যিহো-

[২১] প ২, ৩॥—[২১,২২] যির ৩৭; ৫-১০॥
[৩৫ অধ্য; ৬] ২ রা ১০; ১৫। ১ বং ২; ৫৫॥—[১৪,১৫] ২ বং ৩৬; ১৫,১৬॥—[১৭] ২ বং ৩৬; ১৭। যিশ ৬৫; ১২। ৬৬; ৪। যির ৭; ১৩-১৫॥

* (ইব্রী) প্রত্যূষে উঠিয়া।

নাদবের আজ্ঞাতে মনোযোগ করিয়া তাহা পালন করিতেছ ও তোমাদিগকে দত্ত তাবৎ আজ্ঞার কর্ম্ম ১৯ সিদ্ধ করিতেছ। অতএব ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, রেখবের পুত্র যিহোনাদবের বংশে আমার সম্মুখে দাঁড়াইতে লোকাভাব কখনো হইবে না।

৩৬ অধ্যায়।

১ পত্র লিখিতে যিরিমিয়ের প্রতি ঈশ্বরের আজ্ঞা ৪ ও পত্র পাঠ করিতে বারুকের প্রতি যিরিমিয়ের আজ্ঞা ৯ ও অধ্যক্ষ লোকদের কাছে বারুকের পাঠ করণ ১১ ও মীখায় দ্বারা বারুকের কথা অধ্যক্ষদের কাছে প্রকাশ করণ ২০ ও অধ্যক্ষগণ সে কথা রাজাকে শুনাইলে পত্র আনিতে যিহূদিকে রাজার প্রেরণ ও তাহা শুনিয়া দগ্ধ করণ ২৭ ও আর এক পত্র লিখিতে যিরিমিয়ের আজ্ঞা পাওন ও যিরিমিয়দ্বারা রাজার ভাবিদণ্ড প্রচার করণ ৩২ ও বারুকদ্বারা দ্বিতীয় পত্র লিখন।

১ যিহূদীয় রাজা যোশিয়ের পুত্র যিহোয়াকীমের চতুর্থ বৎসর অধিকার সময়ে পরমেশ্বরের এই কথা যিরি- ২ মিয়ের নিকটে উপস্থিত হইল। তুমি এক যড়ান পত্র লইয়া,যে সময়াবধি অর্থাৎ যোশিয়ের অধিকারাবধি অদ্য পর্য্যন্ত ইস্রায়েলের ও যিহূদার ও অন্যান্য সকল দেশের বিরুদ্ধে যে সকল কথা আমি তোমাকে ৩ কহিয়াছি,তাহা ঐ পত্রে লিখ। তাহাতে কিজানি আমি যিহূদা বংশের প্রতি যে সকল অমঙ্গল ঘটাইতে মনস্থ করিয়াছি, তাহারা তাহাতে মনোযোগ করিবে ও প্রত্যেক জন আপন২ কুপথহইতে ফিরিবে, ও আমি তাহাদের পাপ ও অপরাধ মার্জ্জনা করিব।

৪ পরে যিরিমিয় নেরিয়ের পুত্র বারুক্‌কে আহ্বান করিলে বারুক যিরিমিয়ের প্রতি কথিত পরমেশ্বরের বাক্য সকল তাহার প্রমুখাৎ শুনিয়া এক যড়ান ৫ পত্রে লিখিল। পরে যিরিমিয় বারুক্‌কে কহিল, আমি রুদ্ধ আছি,এ কারণ ঈশ্বরের মন্দিরে যাইতে ৬ পারি না। অতএব তুমি গিয়া আমার প্রমুখাৎ শুনিয়া যে কথা লিখিয়াছ, পরমেশ্বরের সেই সকল কথা উপবাসদিনে পরমেশ্বরের মন্দিরে উপস্থিত লোকদের কর্ণগোচরে পাঠ কর, ও আপন২ নগরহইতে ৭ আগত যিহূদিদের সাক্ষাতে তাহা পড়। তাহাতে তাহারা পরমেশ্বরের নিকটে প্রার্থনা ও নিবেদন করিয়া প্রত্যেক জন আপন২ কুপথহইতে ফিরিতে পারে, এমত সম্ভব হয়; কেননা পরমেশ্বর এই লোকদের বিরুদ্ধে অতি বড় ক্রোধ ও উগ্রতার ৮ কথা প্রকাশ করিয়াছেন। পরে নেরিয়ের পুত্র বারুক্ যিরিমিয় ভবিষ্যদ্বক্তার আজ্ঞানুসারে পরমেশ্বরের মন্দিরে গিয়া ঐ পত্রস্থিত পরমেশ্বরের সমস্ত বাক্য পাঠ করিল।

৯ অপর যিহূদার রাজা যোশিয়ের পুত্র যিহোয়াকীমের পঞ্চম বৎসর নবম মাস অধিকার সময়ে যিরূশালম নিবাসি ও যিহূদাহইতে যিরূশালমে আগত লোক সকল পরমেশ্বরের কাছে উপবাস করিতে আজ্ঞা করিল। এবং বারুক্ পরমেশ্ব- ১০ রের মন্দিরের উপরিস্থ প্রাঙ্গণে, পরমেশ্বরের মন্দিরের নূতন দ্বারের প্রবেশস্থানে লেখক শাফনের পুত্র গিমরিয়ের কুঠরীতে তাবৎ লোকের কর্ণগোচরে ঐ পত্রস্থিত যিরিমিয়ের কথা সকল পাঠ করিতে লাগিল।

১১ তখন শাফনের পৌত্র গিমরিয়ের পুত্র মীখায় পত্রস্থিত পরমেশ্বরের বাক্যের পাঠ শুনিয়া রাজবাটীতে লেখকের কুঠরীতে গমন করিল। সেই ১২ স্থানে অধ্যক্ষগণ অর্থাৎ ইলীশামা লেখক ও শিময়িয়ের পুত্র দিলায় ও অক্‌বোরের পুত্র ইল্‌নাথন্ ও শাফনের পুত্র গিমরিয় ও হনানিয়ের পুত্র সিদিকিয় প্রভৃতি অধ্যক্ষগণ উপবিষ্ট ছিল। তাহাতে ১৩ বারুক্ লোকদের কর্ণগোচরে ঐ পত্র পাঠ করিলে যে২ কথা মিখায় শুনিয়াছিল, তাহা তাহাদিগকে জ্ঞাত করিল। তাহাতে অধ্যক্ষগণ কূশির ১৪ প্রপৌত্র শেলিমিয়ের পৌত্র নিথনিয়ের পুত্র যিহূদিদ্বারা বারুক্‌কে এই কথা কহিয়া পাঠাইল, তুমি লোকদের কর্ণগোচরে যে পত্র পাঠ করিতেছ, তাহা হস্তে করিয়া এই স্থানে আইস; অতএব নেরিয়ের পুত্র বারুক্ সেই পত্র হস্তে লইয়া তাহাদের নিকটে উপস্থিত হইল। তাহাতে তাহারা তাহাকে কহিল, ১৫ তুমি বসিয়া আমাদের কর্ণগোচরে তাহা পাঠ কর; তাহাতে বারুক্ তাহাদের কর্ণগোচরে পাঠ করিল। তখন তাহারা ঐ সকল কথা শুনিয়া সকলেই পর- ১৬ স্পর ভয় দর্শন করিয়া বারুক্‌কে কহিল,আমরা এই সকল কথার বিষয় অবশ্য রাজাকে জানাইব। পরে ১৭ তাহারা বারুক্‌কে জিজ্ঞাসিল, তুমি কি প্রকারে তাহার মুখহইতে এই সকল কথা লিখিলা? তাহা বল। তাহাতে বারুক্ কহিল, তিনি আমার নিকটে ১৮ এই সকল কথা উচ্চারণ করিলে আমি কালিদ্বারা এই পত্রে তাহা লিখিলাম। তখন অধ্যক্ষগণ বারু- ১৯ ক্‌কে কহিল, তুমি ও যিরিমিয় যাইয়া এমত গুপ্ত স্থানে লুক্কায়িত হও, যে তোমাদের বাসস্থান কেহ জানিতে না পারে।

২০ পরে তাহারা ইলীশামা লেখকের কুঠরীতে সেই পত্র রাখিয়া প্রাঙ্গণে রাজার নিকটে গিয়া তাহার কর্ণগোচরে ঐ সকল কথা কহিল। তাহাতে রাজা সেই ২১ পত্র আনিতে যিহূদিকে প্রেরণ করিলে যিহূদী ইলীশামা লেখকের কুঠরীহইতে তাহা আনিয়া রাজার কর্ণগোচরে ও তাহার পার্শ্বে দণ্ডায়মান অধ্যক্ষগণের

[৩৬ অধ্যা; ১] যির ৪৫; ১॥—[২] ১; ১-৩। ২৫; ৩। ৩০; ২॥—[৩] প ৭। ১৮; ৭,৮। ২৬; ৩॥—[৪] ৩২; ১২॥ [৬] লে ১৬; ২৯॥—[৭] প ৩॥

২২ কর্ণগোচরে তাহা পাঠ করিল। ঐ সময়ে রাজা নবম
মাসে শীতকালের গৃহে উপবিষ্ট ছিল; তাহার
২৩ সম্মুখে এক চুলাতে জ্বলন্ত অঙ্গার ছিল। পরে
যিহূদী তিন চারি পৃষ্ঠা পাঠ করিলে রাজা লেখকের
ছুরিকাদ্বারা ঐ পত্র খণ্ড ২ করিয়া ঐ চুলাস্থিত অগ্নিতে
নিক্ষেপ করিয়া সেই চূলাস্থিত অগ্নিদ্বারা তাবৎ
২৪ পুস্তক দগ্ধ করিল। কিন্তু রাজা ও তাহার মন্ত্রিগণ
ঐ সকল কথা শুনিয়া কেহ ভীত হইল না ও
২৫ আপন২ বস্ত্র চিরিল না। যদ্যপি ইল্‌নাথন্‌ ও
দিলায় ও গিমরিয় ঐ পত্র দগ্ধ না করিতে রাজাকে
২৬ বিনয় করিয়াছিল, তথাপি সে মানিল না। এবং
রাজা বারূক্‌ লেখককে ও যিরিমিয়কে ধরিতে
হম্মেলকের * পুত্র যিরহমেল্‌কে ও অস্রীয়েলের
পুত্র সিরায়কে ও অব্দীয়েলের পুত্র শেলিমিয়কে
আজ্ঞা করিল, কিন্তু পরমেশ্বর তাহাদিগকে লুক্কা-
য়িত করিলেন।

২৭ রাজা যিরিমিয়ের প্রমুখাৎ বারূকের লিখিত পত্র
দগ্ধ করিলে পর পরমেশ্বর যিরিমিয়কে কহিলেন,
২৮ তুমি পুনর্ব্বার আর এক পত্র লইয়া যিহূদার রাজা
যিহোয়াকীম্‌কর্ত্তৃক দগ্ধ সেই প্রথম পুস্তকেতে যা-
২৯ হা২ লিখিত ছিল, সে সকল তন্মধ্যে লিখ। এবং
যিহূদার রাজা যিহোয়াকীমের বিষয়ে বল, পরমে-
শ্বর এই কথা কহেন, 'বাবিলের রাজা আসিয়া এই
দেশকে অবশ্য বিনষ্ট করিবে, এবং পশু ও নরশূন্য
করিবে, এমত কথা এই পত্রে কেন লিখিয়াছ?'
৩০ ইহা বলিয়া তুমি সেই পত্র দগ্ধ করিয়াছ। অত-
এব যিহূদার রাজা যিহোয়াকীমের বিষয়ে পর-
মেশ্বর এই কথা কহেন, দায়ূদ্‌ রাজার সিংহা-
সনে উপবেশন করিতে তাহার বংশে কেহ থাকিবে
না, এবং তাহার শব দিবাতে রৌদ্রে ও রজনীতে
৩১ হিমে নিক্ষিপ্ত হইয়া পতিত থাকিবে। এবং আমি
তাহাদের অধর্ম্ম প্রযুক্ত তাহাকে ও তাহার বং-
শকে ও তাহার মন্ত্রিগণকে শাস্তি দিব, এবং তা-
হাদের প্রতি এবং যিরূশালম্‌ ও যিহূদানিবাসি
লোকদের প্রতি যে সকল অমঙ্গল করিতে প্রতিজ্ঞা
করিয়াছি, তাহা তাহারা শুনে নাই; কিন্তু তাহাদের
প্রতি সেই সকল অমঙ্গল ঘটাইব।

৩২ তাহাতে যিরিমিয় আর এক পত্র লইয়া নেরি-
য়ের পুত্র লেখক্‌ বারূক্‌কে দিলে যিহূদার রাজা
যিহোয়াকীম্‌ যে পত্র দগ্ধ করিয়াছিল, তাহার সমস্ত
কথা পুনর্ব্বার যিরিমিয়ের প্রমুখাৎ শুনিয়া লিখিল;
তদ্ভিন্ন আর ঐ প্রকার অনেক২ কথাও তাহাতে
লিখিত হইল।

৩৭ অধ্যায়।

১ কস্‌দীয় লোক যিরূশালম্‌হইতে গেলে পর ঈশ্বরের
কাছে প্রার্থনা করিতে যিরিমিয়ের প্রতি সিদিকিয়ের
নিবেদন ৫ ও কস্‌দীয়দের ফিরণ ও যিরূশালম্‌ জয়
করণে যিরিমিয়ের ভবিষ্যদ্বাক্য ১১ ও তৎপ্রযুক্ত যিরি-
মিয়ের কারাগারে বদ্ধ হওন ১৬ ও রাজার সহিত যিরি-
মিয়ের কথোপকথন ও নিবেদন।

বাবিলের রাজা নিবুখদ্‌নিৎসর কর্ত্তৃক যিহূদা দেশে ১
রাজ্যাভিষিক্ত যোশিয়ের পুত্র যে সিদিকিয় যিহো-
য়াকীমের পুত্র যিহোয়াখীনের পদে রাজ্য করিতে
লাগিল, সে ও তাহার মন্ত্রিগণ ও দেশীয় লোক যিরি- ২
মিয় ভবিষ্যদ্বক্তার উক্ত পরমেশ্বরের কথাতে কেহই
মনোযোগ করিল না। পরে 'তুমি আমাদের নিমিত্তে ৩
এখন আমাদের প্রভু পরমেশ্বরের কাছে প্রার্থনা
কর,' এই কথা কহিতে সিদিকিয় রাজা শেলিমিয়ের
পুত্র যিহূখল্‌কে ও মাসেয় যাজকের পুত্র সিফনি-
য়কে যিরিমিয় ভবিষ্যদ্বক্তার নিকটে প্রেরণ করিল।
যিরিমিয় তখনও লোকদের কাছে গতায়াত করিত, ৪
কারণ সে তৎকালে কারাগারে বদ্ধ ছিল না।

'ফিরৌণ্‌ রাজার সৈন্য মিসর্‌দেশহইতে আসি- ৫
তেছে,' যিরূশালম্‌ অবরোধকারী কস্‌দীয়েরা এই
সমাচার পাইয়া যিরূশালম্‌হইতে প্রস্থান করিল।
তখন পরমেশ্বর যিরিমিয় ভবিষ্যদ্বক্তাকে কহিলেন, ৬
ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা ৭
কহেন, আমার নিকটে জিজ্ঞাসা করিতে তোমাদি-
গকে পাঠাইয়াছে যে যিহূদীয় রাজা, তাহাকে এই
কথা বল, দেখ, তোমাদের উপকারার্থে আগামি
ফিরৌণ্‌ রাজার সৈন্যগণ আপন মিসরদেশে ফিরি-
য়া যাইবে; তাহাতে কস্‌দীয়েরা পুনর্ব্বার আসিবে, ৮
ও এই নগরের বিরুদ্ধে যুদ্ধ করিয়া তাহা হস্তগত
করণ পূর্ব্বক অগ্নিতে দগ্ধ করিবে। পরমেশ্বর আরো ৯
কহেন, 'কস্‌দীয়েরা আমাদের নিকটহইতে অবশ্য
প্রস্থান করিবে,' এই কথা বলিয়া আপনাদিগকে
ভুলাইও না; তাহারা কোন প্রকারে প্রস্থান করিবে
না। কেননা তোমাদের সহিত যুদ্ধকারি কস্‌দীয়- ১০
দের তাবৎ সৈন্য যদ্যপি তোমাদের দ্বারা বিনষ্ট
হয়, কেবল খড়্গবিদ্ধ লোক অবশিষ্ট থাকে, তবে
তাহারাই আপনাদের তাম্বুতে উঠিয়া এই নগর
দগ্ধ করিবে।

যে সময়ে কস্‌দীয়দের সৈন্য ফিরৌণ্‌ রাজার ১১
সৈন্যের ভয়ে যিরূশালমহইতে প্রস্থান করিল, তৎকা- ১২
লে যিরিমিয় লোকদের মধ্যে আপন অধিকারের
উপস্বত্ত্ব গ্রহণ করিতে বিন্যামীনের প্রদেশে যাইতে

[২৪] ২ রা ২২ ; ১১ ।।—[৩০] যির ২২ ; ১৮,১৯,২৪-৩ ।।
[৩৭ অধ্যা ; ১] ২ রা ২৪ ; ১৭ ।।—[২] ২ রা ২৪ ; ১৮। ২ বং ৩৬ ; ১২-১৩ ।।—[৩] যির ২১ ; ১,২ ।।—[৪] প ১৫ ।।
[৫] ৩৪ ; ২১। যিহি ১৭ ; ১৫ ।।—[৭,৮] যির ৩৪ ; ২১,২২। যিহি ১৭ ; ১৫-২১ ।।—[১১] প ৫ ।।

* (বা) রাজার।

১৩ যিরূশালমহইতে নির্গত হইতেছিল। তাহাতে বিন্যামীন নামক দ্বারে উপস্থিত হইলে সেই স্থানস্থিত হনানিয়ের পৌত্র শেলিমিয়ের পুত্র যিরিয় নামে এক দ্বাররক্ষক যিরিমিয় ভবিষ্যদ্বক্তাকে ধরিয়া কহিল, ১৪ তুমি কস্‌দীয়দের কাছে যাইতেছ। তাহাতে যিরিমিয় কহিল, এ মিথ্যাকথা, আমি কস্‌দীয়দের কাছে ১৫ যাই না। তথাপি যিরিয় তাহা না শুনিয়া যিরিমিয়কে ধরিয়া অধ্যক্ষদের নিকটে লইয়া গেল; এই নিমিত্তে অধ্যক্ষগণ যিরিমিয়ের প্রতি ক্রুদ্ধ হইয়া তাহাকে আঘাত করিয়া যোনাথন্ লেখকের বাটীতে বদ্ধ করিয়া রাখিল *, কেননা তাহারা ঐ গৃহকে কারাগার করিয়াছিল।

১৬ যিরিমিয় সেই কারাগারে ও তাহার ক্ষুদ্র গৃহে প্রবেশ করিয়া সেই স্থানে অনেক দিন বাস করিলে পর সিদিকিয় রাজা লোক পাঠাইয়া তাহাকে ১৭ আনাইল। এবং রাজা আপন বাটীতে তাহাকে গুপ্ত রূপে জিজ্ঞাসা করিল, পরমেশ্বরের কোন কথা আছে? তাহাতে যিরিমিয় কহিল, হাঁ; সে আরো কহিল, তুমি বাবিলের রাজার হস্তে সমর্পিত হই- ১৮ বা। যিরিমিয় সিদিকিয় রাজাকে ইহাও কহিল, আমি তোমার কিম্বা তোমার মন্ত্রিদের কিম্বা এই লোকদের বিরুদ্ধে কি অপরাধ করিয়াছি, যে তো- ১৯ মরা আমাকে কারাগারে রাখিয়াছ? ‘বাবিলের রাজা তোমাদের কিম্বা এই দেশের বিরুদ্ধে আসিবে না,’ এই কথা তোমাদের নিকটে প্রচার করিল তোমাদের যে ভবিষ্যদ্বক্তৃগণ, তাহারা এখন কোথায়? ২০ অতএব হে আমার প্রভো রাজন্, এখন আমার নিবেদন শুন, আমি যোনাথন্ অধ্যাপকের গৃহে যেন না মরি, আপনি আমাকে সে স্থানে আর পাঠাইবেন না, বিনয় করি আমার এই প্রার্থনা গ্রাহ্য করুণ। ২১ তাহাতে সিদিকিয় রাজা যিরিমিয়কে কারাগারের প্রাঙ্গণে রাখিতে আজ্ঞা দিল, এবং যে পর্য্যন্ত নগরের তাবৎ রুটীর শেষ না হয়, তাবৎ প্রতিদিন বাজারহইতে এক২ খান রুটী লইয়া তাহাকে দেওয়া যাইত। এই প্রকারে যিরিমিয় কারাগারের প্রাঙ্গণে থাকিল।

৩৮ অধ্যায়।

১ মল্‌কিয়ের কারাগারে যিরিমিয়কে সমর্পণ ৭ ও এবদ্-মেলক্‌দ্বারা তাহার মুক্তি ১৪ ও রাজার সহিত তাহার পরামর্শ ২৪ ও রাজ আজ্ঞাতে পরামর্শ গোপন করণ।

১ ‘পরমেশ্বর এই কথা কহেন, যে কেহ এই নগরে থাকিবে, সে খড়্গে ও দুর্ভিক্ষে ও মহামারীতে বিনষ্ট হইবে; কিন্তু যে কেহ কস্‌দীয়দের নিকটে যাইবে, সে রক্ষা পাইবে, ও লুটদ্রব্যের ন্যায় আপন প্রাণ ২ রক্ষা করিয়া বাঁচিবে; পরমেশ্বর এই কথা কহেন, বাবিলের রাজার সৈন্যগণ এই নগর হস্তগত ৩ করিবে, ও তাহা অধিকার করিবে;’ এই যে কথা যিরিমিয় তাবৎ লোকের কাছে কহিয়াছিল, সে সমস্ত কথা মত্তনের পুত্র শিফটিয় ও পশ্‌হূরের পুত্র গিদলিয় ও শেলিমিয়ের পুত্র যিহূখল্ ও ৪ মল্কিয়ের পুত্র পশ্‌হূর, এই সকল অধ্যক্ষগণ শুনিয়া রাজার কাছে এই প্রার্থনা করিল, এই মনুষ্যকে বধ করুণ, কেননা সে ঐ সকল কথা কহিয়া নগরের অবশিষ্ট যোদ্ধাগণের ও তাবৎ প্রজাগণের হস্ত অবসন্ন করিতেছে; এবং এই লোকদের মঙ্গল ৫ চেষ্টা না করিয়া কেবল ক্ষতির চেষ্টা করে। তখন সিদিকিয় রাজা কহিল, দেখ, সে তোমাদেরই হস্তের মধ্যে আছে; তোমাদের বিপরীতে কিছু ৬ করিতে রাজার সাধ্য নাই। তাহাতে তাহারা যিরিমিয়কে ধরিয়া কারাগারের প্রাঙ্গণে স্থিত হম্মেলকের † পুত্র মল্কিয়ের কর্দ্দমবিশিষ্ট এক নির্জ্জল কূপমধ্যে তাহাকে রজ্জুদ্বারা নামাইল; তাহাতে যিরিমিয় সেই কর্দ্দমমধ্যে মগ্নপ্রায় হইল।

৭ ইতিমধ্যে যিরিমিয় কূপে নিক্ষিপ্ত হইয়াছে, এই কথা কূশীয় এবদ্-মেলক্ নামে রাজবাটীর এক নপুংসক শুনিল, এবং তৎকালে রাজা বিন্যামীনের দ্বারে উপবিষ্ট ছিলেন। তাহাতে এবদ্-মেলক্ ৮ রাজবাটীহইতে গিয়া রাজাকে কহিল, হে আমার ৯ প্রভো রাজন্, এই লোকেরা যিরিমিয় ভবিষ্যদ্বক্তাকে কূপে নিক্ষেপ করিয়া তাহার প্রতি অতিমন্দ ব্যবহার করিয়াছে, কেননা নগরে খাদ্যের অভাব হইলে সে স্বস্থানে থাকিয়া ক্ষুধাতে প্রাণ ত্যাগ করিতে উদ্যত আছে। তখন রাজা কূশীয় এবদ্-মেলক্কে ১০ আজ্ঞা করিল, তুমি এই স্থানহইতে ত্রিশ জন লোককে আপন সঙ্গে লইয়া গিয়া যিরিমিয় ভবিষ্যদ্বক্তা না মরিতে২ তাহাকে কূপহইতে উত্তোলন ১১ কর। তাহাতে এবদ্-মেলক্ ঐ সকল লোককে সঙ্গে লইয়া রাজবাটীতে গিয়া ভাণ্ডারের নীচস্থানহইতে কিছু পুরাতন ও গলিত বস্ত্র লইয়া গিয়া রজ্জুদ্বারা ১২ তাহা যিরিমিয়ের কাছে কূপে নামাইল, এবং কূশীয় এবদ্-মেলক্ যিরিমিয়কে কহিল, এই পুরাতন ও গলিত বস্ত্র তোমার কক্ষে রজ্জুর নীচে দেও। ১৩ তাহাতে সে ‡ তাহা করিলে তাহারা ঐ রজ্জু ধরিয়া টানিয়া কূপহইতে যিরিমিয়কে তুলিল; তাহার পরেতেও সে কারাগারের প্রাঙ্গণে থাকিল।

১৪ পরে সিদিকিয় রাজা লোক প্রেরণ করিয়া পর-

---

[১৫] প ৪ ।।—[১৬] যির ৩৮ ; ৬ ।।—[২০] ৩৮ ; ২৬ ।।—[২১] ৫২ ; ৬ ।।
[৩৮ অধ্যা ; ১-৩] যির ২১ ; ১,৮-১০ ।।—[৪] ২৬ ; ১১ ।।—[৬] ৩৭ ; ১৫,১৬,২১ ।।—[৭] ৩৯ ; ১৬-১৮ ।।—[৯] ৫২ ; ৬ ।।—[১৩] প ৬ । ৩৭ ; ২১ ।।

* (ইব্রী) তাহাকে কারাগারে দিল। † (বা) রাজার। ‡ (ইব্রী) যিরিমিয়।

মেশ্বরের মন্দিরের তৃতীয় প্রবেশস্থানে আপনার নিকটে ঐ যিরিমিয় ভবিষ্যদ্বক্তাকে আনাইয়া কহিল, আমি তোমাকে এক কথা জিজ্ঞাসা করি, তুমি আমার ১৫ কাছে কিছু গোপন করিও না। যিরিমিয় সিদিকিয়কে কহিল, আমি যদি তাহা তোমার কাছে প্রকাশ করি, তবে তুমি কি আমাকে নিতান্ত বধ করিবা না? এবং আমি যদি তোমাকে পরামর্শ দি, তবে তুমি ১৬ কি আমার কথা অগ্রাহ্য করিবা না? তাহাতে সিদিকিয় রাজা গোপনে যিরিমিয়ের কাছে শপথ করিয়া কহিল, আমাদের জীবাত্মার সৃষ্টিকর্ত্তা পরমেশ্বর যদি অমর হন, তবে আমি তোমাকে বধ করিব না, ও তোমার প্রাণ বিনষ্ট করিতে সচেষ্ট এই লোকদের ১৭ হস্তে তোমাকে সমর্পণ করিব না। তাহাতে যিরিমিয় সিদিকিয়কে কহিল, ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তুমি যদি বাবিল রাজার অধ্যক্ষগণের নিকটে যাও, তবে তোমার প্রাণ রক্ষা পাইবে, ও এই নগর অগ্নিতে দগ্ধ হইবে ১৮ না, এবং তুমি সপরিবারে রক্ষা পাইবা। কিন্তু তুমি যদি বাবিলরাজার অধ্যক্ষগণের শরণাগত না হও, তবে এই নগর কল্দীয়দের হস্তে সমর্পিত হইবে, তাহাতে তাহারা অগ্নিদ্বারা তাহা দগ্ধ করিবে, ও তুমি কোন প্রকারে তাহাদের হস্তহইতে মুক্ত ১৯ হইতে পারিবা না। সিদিকিয় রাজা যিরিমিয়কে কহিল, যে যিহূদি লোকেরা কল্দীয়দের পক্ষে গিয়াছে, আমি তাহাদের হস্তে সমর্পিত হইলে তাহারা আমার অপমান করিবে, এ কারণ তাহা-২০ দের বিষয়ে আমি এই ভয় করি। যিরিমিয় কহিল, তাহারা তোমাকে সমর্পণ করিবে না; কিন্তু আমি তোমার কাছে পরমেশ্বরের যে কথা কহি, বিনয় করি, তাহা পালন কর; তাহাতে তোমার মঙ্গল হই-২১ বে ও প্রাণ রক্ষা পাইবে। আর যদ্যপি তুমি তাহাদের নিকটে যাইতে অসম্মত হও, তবে পরমেশ্বর ২২ আমাকে এই কথা জ্ঞাত করিয়াছেন, যিহূদার রাজবাটীতে যে২ স্ত্রীগণ অবশিষ্ট থাকিবে, দেখ, তাহারা বাবিলের রাজার অধ্যক্ষদের কাছে অপহৃতা হইয়া এই কথা কহিবে, তোমার বন্ধুগণ * এ বিষয়ে তোমাকে প্রবৃত্ত করিয়া তোমাকে জয় করিয়াছে, ও তাহারা পঙ্কমধ্যে তোমার চরণ বদ্ধ ২৩ করিয়া পরাঙ্মুখ হইয়াছে। এই প্রকারে তাহারা তোমার তাবৎ স্ত্রীগণ ও বালকগণকে কল্দীয়দের কাছে বহির্গত করিবে; তুমি তাহাদের হস্তহইতে মুক্ত হইতে পারিবা না, তুমি বাবিলের রাজার হস্তগত হইবা, ও এই নগর অগ্নিতে দগ্ধ করাইবা।

২৪ পরে সিদিকিয় যিরিমিয়কে কহিল, এই সকল কথা কাহাকে বলিও না, তাহাতে হত হইবা না। ২৫ কিন্তু আমি যে তোমার সহিত কথা কহিলাম, তাহা যদি অধ্যক্ষগণ শুনিতে পায়, এবং তোমার নিকটে আসিয়া কহে, 'তুমি রাজাকে যে২ কথা কহিয়াছ, তাহা আমাদিগকে জ্ঞাত কর, আমাদের হইতে গোপন করিও না, তাহাতে আমরা তোমাকে বধ করিব না; এবং রাজা তোমাকে কি২ কহিয়াছেন, তাহাও ২৬ বল,' তৎকালে তুমি তাহাদিগকে এই কথা কহিও, রাজা আমার মৃত্যুর জন্যে যোনাথনের বাটীতে পুনর্ব্বার প্রেরণ না করেন, রাজার কাছে আমি এই ২৭ প্রার্থনা করিলাম। পরে অধ্যক্ষগণ যিরিমিয়ের নিকটে আসিয়া তাহাকে জিজ্ঞাসা করিল; তাহাতে সে রাজার আজ্ঞানুসারে সে সকল কথা তাহাদিগকে কহিল, অতএব সে বিষয় জানিতে না পারাতে তাহার ২৮ সহিত কথা কহা ত্যাগ করিল †। অপর যদবধি যিরূশালম শত্রুহস্তগত না হইল, তাবৎ যিরিমিয় ঐ কারাগারের প্রাঙ্গণে থাকিল, এবং যিরূশালম শত্রুহস্তগত হইবার সময়ে সে সেখানে ছিল।

৩৯ অধ্যায়।

১ যিরূশালমের পরাস্ত হওন ৪ ও সিদিকিয়ের চক্ষু অন্ধ করণ ও তাহাকে বাবিলে লইয়া যাওন ৮ ও নগর দগ্ধ করণ ও লোকদিগকে লইয়া যাওন ১১ ও যিরিমিয়ের বিষয়ে নিবুখদ্‌নিৎসরের আজ্ঞা ১৫ ও এবদ্‌মেলকের বিষয়ে পরমেশ্বরের প্রতিজ্ঞা।

১ যিহূদার রাজা সিদিকিয়ের অধিকারের নবম বৎসরের দশম মাসে বাবিলের নিবুখদ্‌নিৎসর রাজা ও তাহার সকল সৈন্য যিরূশালমের বিরুদ্ধে আসিয়া ২ তাহা অবরোধ করিল। এবং সিদিকিয়ের অধিকারের একাদশ বৎসরের চতুর্থ মাসের নবম দিনে ৩ ঐ নগর ভগ্ন হইল। তাহাতে বাবিলের রাজার অধ্যক্ষগণ অর্থাৎ নের্গল্‌-শরেৎসর্‌ ও সম্‌গর্‌নিবো ও প্রধান নপুংসক শর্সিখীম্‌ ও প্রধান গণক নের্গল্‌-শরেৎসর প্রভৃতি বাবিলের রাজার অধ্যক্ষগণ প্রবেশ করিয়া মধ্যমদ্বারে বসিল।

৪ অপর যিহূদার সিদিকিয় রাজা ও তাবৎ যোদ্ধাগণ এমত দেখিয়া রাত্রিতে রাজার উদ্যানের পথে দুই প্রাচীরের মধ্যস্থিত দ্বারদিয়া নগরের বাহিরে ৫ পলায়ন করিয়া প্রান্তরের পথে প্রস্থান করিল। কিন্তু কল্দীয়দের সেনাগণ তাহাদের পশ্চাদ্‌ ধাবমান হইয়া যিরীহোর প্রান্তরে সিদিকিয় রাজার নিকটে উপস্থিত হইয়া তাহাকে ধরিয়া হমাৎ দেশীয় রিবলাতে বাবিলের নিবুখদ্‌নিৎসর্‌ রাজার নিকটে

[১৭] যির ৩৯; ৩॥—[১৮] প ২৩। ৩২; ৪॥—[১৯] প ২২॥—[২২] প ১১॥—[২৩] ৩৯; ৫-৮। ৪১; ১০॥
[২৬] ৩৭; ২০॥—[২৮] ৩৭; ২১। ৩৯; ১৪॥
[৩৯ অধ্যা; ১,২] ২ রা ২৫; ১-৪। যির ৫২; ৪-৭॥—[৪-৭] ২ রা ২৫; ৪-৭। যির ২২; ৭-১১॥

*(ইব্রী) কল্যাণের লোক। † (ইব্রী) তাহাহইতে তুষ্ণীভূত হইল।

আনিল; তাহাতে সে তাহার প্রতি দণ্ডাজ্ঞা করিল। ৬ পরে বাবিলের রাজা রিব্‌লাতে সিদিকিয়ের সাক্ষাতে তাহার পুত্রগণকে বধ করিল, ও যিহূদার তাবৎ ৭ অধ্যক্ষগণকেও বধ করিল, এবং সিদিকিয়ের চক্ষু উৎপাটন করিয়া তাহাকে পিত্তল শৃঙ্খলেতে বদ্ধ করিয়া বাবিলে লইয়া গেল।

৮ পরে কস্‌দীয় লোকেরা রাজপুরী ও অন্যান্য লোকদের বাটী ঘর অগ্নিতে দগ্ধ করিয়া যিরূশা- ৯ লমের প্রাচীর সকল ভঙ্গ করিল। এবং নিবূষরদন্ রক্ষকসেনাপতি নগরের অবশিষ্ট লোকদিগকে ও যাহারা পলায়ন করিয়া তাহার পক্ষ হইল, তাহাদিগকে এবং অন্য অবশিষ্ট লোকদিগকে ১০ বাবিলে লইয়া গেল। কিন্তু নিবূষরদন্ রক্ষকসেনাপতি কতকগুলিন দীনহীন দরিদ্রদিগকে যিহূদা দেশে ছাড়িয়া দিল, এবং তাহাদিগকে সেই দিনে দ্রাক্ষাক্ষেত্র ও ভূমি প্রদান করিল।

১১ পরে বাবিলের রাজা নিবূখদ্‌নিৎসর্ যিরিমিয়ের বিষয়ে নিবূষরদন্ রক্ষকসেনাপতিকে এই আজ্ঞা ১২ করিল, তুমি তাহাকে গ্রহণ করিয়া তত্ত্বাবধারণ কর, তাহার কোন ক্ষতি করিও না; সে তোমাকে যেমন ১৩ কহিবে, তাহার প্রতি তদনুসারে করিবা। অতএব নিবূষরদন্ রক্ষকসেনাপতি ও প্রধান নপুংসক নিবূশস্‌বন্ ও প্রধান গণক নের্গল-শরেৎসর্ প্রভৃতি ১৪ বাবিলের রাজার অধ্যক্ষগণ লোক প্রেরণ করিয়া কারাগারের প্রাঙ্গণহইতে যিরিমিয়কে আনাইয়া বাটীতে লইয়া যাইবার কারণ শাফনের পৌত্র অহীকামের পুত্র গিদলিয়ের কাছে সমর্পণ করিল; তাহাতে সে লোকদের মধ্যে বাস করিল।

১৫ যে সময়ে যিরিমিয় কারাগারের প্রাঙ্গণে বদ্ধ ছিল, তৎকালে পরমেশ্বরের এই কথা তাহার নি- ১৬ কটে উপস্থিত হইল, তুমি যাইয়া কূশীয় এবদ্‌মেলককে এই কথা বল, ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, মঙ্গলের নিমিত্তে নয়, কিন্তু অমঙ্গলের নিমিত্তে আমি এই নগরের উপরে আপন কথা সফল করিব, সে দিনে তোমার ১৭ সাক্ষাতে তাহা সফল হইবে। কিন্তু পরমেশ্বর কহেন, সে দিনে আমি তোমাকে উদ্ধার করিব, এবং তুমি যে লোকদের বিষয়ে ভীত আছ, তাহাদের হস্তে ১৮ সমর্পিত হইবা না। কেননা আমি তোমাকে অবশ্য উদ্ধার করিব; তুমি খড়্গে পতিত হইবা না, কিন্তু পরমেশ্বর কহেন, তুমি আমাতে বিশ্বাস করিয়াছ, এই নিমিত্তে আমি তোমার প্রাণ লুটিত দ্রব্যের ন্যায় তোমাকে দিব।

৪০ অধ্যায়।

১ যিরিমিয়ের মুক্তি ও গিদলিয়ের কাছে গমন ৭ ও ভিন্নভিন্ন যিহূদিদের গিদলিয়ের কাছে গমন ১৩ ও নিথনিয়ের পুত্র ইস্মায়েলের কুপরামর্শ যোহাননদ্বারা প্রকাশিত হওন ও তাহাতে গিদলিয়ের অবিশ্বাস করণ।

১ যিরূশালম ও যিহূদাস্থিত যে লোকেরা বন্দী হইয়া বাবিলে নীত হইল, তাহাদের মধ্যে শৃঙ্খলে বদ্ধ যিরিমিয়কে নিবূষরদন্ রক্ষকসেনাপতি মুক্ত করিয়া রামানগরহইতে যাইতে দিলে পর পরমেশ্বরের কথা যিরিমিয়ের নিকটে উপস্থিত হইল। ২ রক্ষকসেনাপতি যিরিমিয়কে আনাইয়া কহিল, 'তোমার প্রভু পরমেশ্বর এই স্থানের বিষয়ে যে ২ অমঙ্গলের কথা কহিয়াছেন, তদনুসারেই তাহা সিদ্ধ করিয়াছেন। ৩ তোমরা পরমেশ্বরের কথা না শুনিয়া তাঁহার বিরুদ্ধে পাপ করিয়াছ, এই জন্যে তোমাদের এই দুর্দ্দশা ঘটিল। ৪ দেখ, অদ্য আমি তোমার হস্তের শৃঙ্খলহইতে তোমাকে মুক্ত করি; এখনও তুমি যদি আমার সহিত বাবিলে যাইতে সম্মত হও, তবে আইস, আমি তোমার তত্ত্বাবধারণ করিব; আর যদ্যপি আমার সহিত বাবিলে যাইতে তোমার ইচ্ছা না হয়, তবে থাক; দেখ, তোমার সম্মুখে তাবৎ দেশ আছে; তাহার যে স্থানে যাওয়া তোমার উত্তম ও বিহিত বোধ হয়, সেই স্থানে যাও।' ৫ তাহাতে (যিরিমিয়) উত্তর না দিলে* সে ইহাও কহিল, 'তবে বাবিলের রাজকর্ত্তৃক যিহূদানগরের কর্ত্তৃত্বে নিযুক্ত যে শাফনের পৌত্র অহীকামের পুত্র গিদলিয়, তাহার কাছে যাইয়া লোকদের মধ্যে তাহার সহিত বাস কর; কিম্বা যে স্থানে যাওয়া তোমার বিহিত বোধ হয়, সেই স্থানে যাও। পরে সেনাপতি তাহাকে খাদ্যদ্রব্য ও উপঢৌকন দিয়া বিদায় করিল। ৬ তাহাতে যিরিমিয় অহীকামের পুত্র গিদলিয়ের নিকটে মিস্পা নগরে গিয়া দেশে অবশিষ্ট লোকদের মধ্যে বাস করিতে লাগিল।

৭ পরে বাবিলের রাজা অহীকামের পুত্র গিদলিয়কে দেশের কর্ত্তৃত্বভার দিয়াছে, এবং দেশের যে সকল দরিদ্রগণ বাবিলে নীত হয় নাই, তাহাদের আবাল বৃদ্ধ বনিতা সকলকেও তাহার প্রতি সমর্পণ করিয়াছে, এই সম্বাদ পাইয়া প্রান্তরস্থিত সেনা- ৮ পতিগণ ও তাহাদের লোকসমূহ, অর্থাৎ নিথনিয়ের পুত্র ইস্মায়েল্ ও যোহানন্ ও যোনাথন্ নামক কারেহের দুই পুত্র ও তন্‌হূমতের পুত্র সিরায়, তদ্ভিন্ন নিটোফাতীয় এফয়ের পুত্রগণ ও মাখাথীয় (হোশয়িয়ের) পুত্র যাসনিয়, ইহারা আপন ২ লোকের সহিত মিস্পা নগরে গিদলিয়ের নিকটে

[৮-১০] ২ রা ২৫; ৮-১২। যির ৫২; ১২-১৬।।—[১৪] ২ রা ২২; ১২। ২৫; ২২। যির ২৬; ২৪। ৪০; ১-৬।। [১৫-১৮] ৩৮; ৭-১৩।।

[৪০ অধ্য; ১-৬] যির ৩৯; ১১-১৪।।—[২,৩] ৩৯; ১০।।—[৫] ২ রা ২৫; ২২।।—[৭] যির ৩৯; ১০।।

* (বা) ফিরণের পূর্ব্বে।

৯ আগমন করিল। তাহাতে শাফনের পৌত্র অহীকামের পুত্র গিদলিয় তাহাদের কাছে শপথ করিয়া কহিল, তোমরা কস্দীয়দের সেবা করিতে ভয় করিও না, দেশে বাস করিয়া বাবিলের রাজার সেবা কর, তাহাতে তোমাদের মঙ্গল হইবে। ১০ দেখ, যে২ কস্দীয় লোক এখানে আসিবে, তাহাদের সেবা করণার্থে আমি এই মিস্পা নগরে বাস করিব, কিন্তু তোমরা দ্রাক্ষারস ও গ্রীষ্মকালের ফল ও তৈল সঞ্চয় করিয়া পাত্রে রাখ, এবং যে২ নগর তোমাদের হস্তগত আছে, তাহাতে বাস কর। ১১ অপর মোয়াবে ও অম্মোনীয় সন্তানদের মধ্যে ও ইদোমে ও অন্যান্য স্থানে পলায়িত যিহূদি লোকেরা এই সম্বাদ, অর্থাৎ বাবিলের রাজা কতক যিহূদি লোককে অবশিষ্ট রাখিয়া শাফনের পৌত্র অহীকামের পুত্র গিদলিয়কে তাহাদের উপরে কর্ত্তৃত্ব করিতে নিযুক্ত করিয়াছে, এই সমাচার পাইয়া ১২ যিহূদি সকল যে যে স্থানে ছিল, সেই২ স্থানহইতে ফিরিয়া আইল; এবং যিহূদা দেশের মিস্পা নগরে গিদলিয়ের নিকটে গিয়া প্রচুর দ্রাক্ষারস ও গ্রীষ্মকালের ফল সঞ্চয় করিল।

১৩ অপর কারেহের পুত্র যোহানন্ ও প্রান্তরস্থিত তাবৎ সেনাপতি মিস্পা নগরে গিদলিয়ের নিকটে ১৪ আসিয়া তাহাকে কহিল, অম্মোনীয়দের রাজা বালীস্ তোমার প্রাণ বিনষ্ট করিতে নিথনিয়ের পুত্র ইস্মায়েলকে প্রেরণ করিয়াছে, তাহা কি তুমি জান? কিন্তু অহীকামের পুত্র গিদলিয় তাহাদের কথাতে বিশ্বাস করিল না। ১৫ পরে কারেহের পুত্র যোহানন্ মিস্পা নগরে গিদলিয়কে গোপনে কহিল, আমি বিনয় করি, আমাকে যাইতে দেও; আমি নিথনিয়ের পুত্র ইস্মায়েল্কে বধ করিব, তাহা কেহ জানিতে পারিবে না; সে কেন তোমাকে বধ করিবে? ও তোমার নিকটে সংগৃহীত যিহূদিরা কেন ছিন্নভিন্ন হইবে? ও যিহূদার অবশিষ্ট লোকেরা কেন বিনষ্ট হইবে? ১৬ কিন্তু অহীকামের পুত্র গিদলিয় কারেহের পুত্র যোহানন্কে কহিল, তুমি এমত কর্ম্ম করিও না; কেননা ইস্মায়েলের বিষয়ে তুমি যে কথা কহিতেছ, সে মিথ্যা।

৪১ অধ্যায়।

১ গিদলিয় প্রভৃতিকে ইস্মায়েলের বধ করণ ও অবশিষ্ট লোককে লইয়া অম্মোনীয়দের কাছে যাইতে প্রস্থান করণ ১১ ও কারেহের পুত্র যোহানন্ তাহার হস্তহইতে অবশিষ্ট লোকদিগকে লইয়া কস্দীয়দের ভয় প্রযুক্ত মিসরদেশে যাইতে প্রস্তুত করণ।

১ অপর সপ্তম মাসে রাজকীয় বংশের ইলীশামার পৌত্র নিথনিয়ের পুত্র ইস্মায়েল্ রাজাধ্যক্ষ দশ জনকে সঙ্গে লইয়া মিস্পা নগরে অহীকামের পুত্র গিদলিয়ের নিকটে আইলে তাহারা ঐ মিস্পা নগরে একত্র ভোজন করিল। ২ তাহাতে নিথনিয়ের পুত্র ইস্মায়েল্ ও তাহার সঙ্গি দশ জন উঠিয়া বাবিল রাজকর্তৃক নিযুক্ত দেশাধ্যক্ষ শাফনের পৌত্র অহীকামের পুত্র গিদলিয়কে খড়্গাঘাতে বধ করিল। ৩ এবং ঐ মিস্পা নগরে গিদলিয়ের সঙ্গে যে সকল যিহূদি লোক ছিল, তাহাদিগকে, এবং সে স্থানে যে২ কস্দীয় যোদ্ধাগণ ছিল, তাহাদিগকেও ইস্মায়েল্ বধ করিল। ৪ কিন্তু পরদিনে ঐ গিদলিয়ের বধ প্রকাশিত না হইলে ৫ শিখিম্ ও শীলো ও শোমিরোণ্হইতে ক্ষৌরশ্মশ্রু ও ছিন্নবস্ত্র আশী জন আপনাদের শরীর কাটিয়া পরমেশ্বরের মন্দিরে উৎসর্গ করণার্থে নৈবেদ্য ও ধূপ হস্তে লইয়া আইল। ৬ তাহাতে নিথনিয়ের পুত্র ইস্মায়েল্ মিস্পা নগরের বাহিরে তাহাদের সহিত মিলিতে পথে ক্রন্দন করিতে২ গেল, এবং তাহাদের সহিত মিলিলে পর সে তাহাদিগকে কহিল, তোমরা অহীকামের পুত্র গিদলিয়ের কাছে আইস। ৭ পরে তাহারা নগরের মধ্যে আইলে নিথনিয়ের পুত্র ইস্মায়েল ও তাহার সঙ্গি লোকেরা তাহাদিগকে বধ করিয়া এক গর্ত্তমধ্যে নিক্ষেপ করিল। ৮ কিন্তু তাহাদের মধ্যে দশ জন ইস্মায়েল্কে কহিল, আমাদিগকে বধ করিও না, ক্ষেত্রে গোম ও যব ও তৈল ও মধুরূপ গুপ্ত ধন আছে; অতএব ইস্মায়েল্ তাহাদের ভ্রাতৃগণের মধ্যে কেবল তাহাদিগকে বধ না করিয়া ক্ষমা করিল। ৯ ইস্মায়েল্ কর্তৃক হত গিদলিয়ের পক্ষ লোকদের শব যে গর্ত্তে নিক্ষিপ্ত হইল, সেই গর্ত্ত ইস্রায়েলের রাজা বাশা রাজের ভয় প্রযুক্ত আসা রাজ প্রস্তুত করিয়াছিল; সেই গর্ত্ত নিথনিয়ের পুত্র ইস্মায়েল্ শবেতে পরিপূর্ণ করিল। ১০ পরে ইস্মায়েল্ মিস্পা নগরস্থ অবশিষ্ট লোকদিগকে বিদেশে লইয়া গেল, অর্থাৎ রাজার কন্যাদিগকে ও নিবূষরদন্ রক্ষকসেনাপতি যাহাদিগকে অহীকামের পুত্র গিদলিয়ের কাছে সমর্পণ করিয়াছিল, এমত মিস্পাস্থিত অবশিষ্ট লোকদিগকে নিথনিয়ের পুত্র ইস্মায়েল বন্দি করিয়া অম্মোনীয় লোকদের কাছে যাইতে প্রস্থান করিল।

১১ নিথনিয়ের পুত্র ইস্মায়েল্ এই২ কুকর্ম্ম করিয়াছে, ইহা শুনিতে পাইয়া কারেহের পুত্র যোহানন্ ও তাহার সঙ্গি সেনাপতিগণ ১২ লোকদিগকে লইয়া নিথনিয়ের পুত্র ইস্মায়েলের সহিত যুদ্ধ করিতে গমন করিল, এবং গিবিয়োন্ নগরস্থিত

[১৪] যির ৪১; ১০॥

[৪১ অধ্যা; ১,২] ২ রা ২৫; ২৫॥—[৫] যিশ ১৫; ২। ২ রা ১৭; ৩২, ৩৩॥—[৯] ১ রা ১৫; ২২॥—[১০] যির ৪০; ৫,৭,১২। ৪৩; ৬॥—[১১] ৪০; ১৩॥—[১২] ২ শি ২; ১৩॥

১৩ বৃহৎ জলাশয়ের নিকটে তাহার সঙ্গ ধরিল। তাহাতে ইস্মায়েলের বন্দি লোকেরা কারেহের পুত্র যোহাননকে ও তাহার সঙ্গি সেনাপতিদিগকে ১৪ দেখিয়া আনন্দিত হইল। পরে ইস্মায়েল্ যে সকল লোকদিগকে মিস্পা নগরহইতে লইয়া গিয়াছিল, তাহারা ফিরিয়া কারেহের পুত্র যোহা১৫ নের নিকটে আইল। কিন্তু নিথনিয়ের পুত্র ইস্মায়েল্ প্রভৃতি আট জন যোহাননের নিকটহইতে পলায়ন করিয়া অম্মোনীয় লোকদের নিকটে গেল। ১৬ নিথনিয়ের পুত্র ইস্মায়েল অহীকামের পুত্র গিদলিয়কে বধ করিলে পর কারেহের পুত্র যোহানন্ ও তাহার সঙ্গি সেনাপতিগণ মিস্পা নগরের যে সকল লোককে তাহাহইতে মুক্ত করিয়া আনিয়াছিল, অর্থাৎ যে যোদ্ধা লোক ও স্ত্রী ও বালক ও নপুংসক প্রভৃতি অবশিষ্ট লোকদিগকে গিবিয়োন্ নগরে ইস্মায়েল্হইতে পাইয়াছিল, তাহাদিগকে সঙ্গে লইয়া কস্দীয়দের ভয় প্রযুক্ত মিসরে যাইবার ১৭ জন্যে বৈৎলেহম্ নগরের নিকটস্থ গেরূৎ-কিম্হম্ ১৮ নামক স্থানে বাস করিল। কেননা বাবিলের রাজাকর্ত্তৃক নিরূপিত দেশাধ্যক্ষ অহীকামের পুত্র গিদলিয়কে নিথনিয়ের পুত্র ইস্মায়েল বধ করিয়াছিল, এই জন্যে তাহারা কস্দীয়দের বিষয়ে ভীত হইল।

৪২ অধ্যায়।

১ ঈশ্বরের কাছে প্রার্থনা করিতে যিরিমিয়ের প্রতি যোহাননের নিবেদন ও ঈশ্বরের আজ্ঞানুসারে আচরণ করিতে স্বীকার করণ ৭ ও যিহূদাদেশে থাকিলে মঙ্গল হইবে তাহার কথা ১৩ ও মিসরদেশে যাওনে বিনাশ হইবে ঈশ্বরের এই উত্তর ১৯ ও কাপট্যের নিমিত্তে তাহাদের প্রতি যিরিমিয়ের অনুযোগ।

১ অনন্তর সেনাপতিগণ ও কারেহের পুত্র যোহানন্ ও হোশয়িয়ের পুত্র যাসনিয় ও আবাল বৃদ্ধ সকলে ২ নিকটে আসিয়া যিরিমিয় ভবিষ্যদ্বক্তাকে কহিল, আমরা বিনয় করিয়া কহি, তুমি আমাদের এক প্রার্থনা গ্রাহ্য কর; তুমি আপনার চক্ষুতে আমাদিগকে দেখিতেছ, আমরা অনেকে থাকিলেও এই ক্ষণে ৩ অতি অল্প অবশিষ্ট আছি। অতএব কোন্ পথ আমাদের গন্তব্য, ও কি কর্ম্ম আমাদের কর্ত্তব্য, তাহা তোমার প্রভু পরমেশ্বর আমাদিগকে যেন জ্ঞাত করেন, এই নিমিত্তে তুমি আমাদের বিষয়ে, অর্থাৎ এই অবশিষ্ট তাবৎ লোকদের বিষয়ে আপন প্রভু ৪ পরমেশ্বরের কাছে প্রার্থনা কর। যিরিমিয় ভবিষ্যদ্বক্তা তাহাদিগকে কহিল, আমি তোমাদের প্রার্থনা শুনিলাম; দেখ, আমি তোমাদের প্রভু পরমেশ্বরের কাছে তোমাদের বাক্যানুসারে প্রার্থনা করিব, এবং পরমেশ্বর তোমাদিগকে যাহা উত্তর দেন, তাহাও তোমাদিগকে জ্ঞাত করিব, তাহার কিছু তোমাদের কাছে গোপন করিব না। তাহাতে তাহারা ৫ যিরিমিয়কে কহিল, তোমার প্রভু পরমেশ্বর যে কোন বিষয়ে আমাদের কাছে তোমাকে প্রেরণ করেন, আমরা যদি তদনুসারে না করি, তবে পরমেশ্বর আমাদের মধ্যে সত্য ও বিশ্বাস্য সাক্ষী হউন। আমরা ৬ যাঁহার কাছে তোমাকে প্রেরণ করি, আমাদের সেই প্রভু পরমেশ্বরের কথা মঙ্গলজনক হউক বা অমঙ্গলজনক হউক, আমরা তাহা পালন করিব, আমাদের প্রভু পরমেশ্বরের কথা পালন করিলেই আমাদের মঙ্গল হইবে।

৭ অনন্তর দশ দিনের পর পরমেশ্বরের কথা যিরিমিয়ের নিকটে উপস্থিত হইল। তাহাতে যিরিমিয় ৮ কারেহের পুত্র যোহানন্ ও তাহার সঙ্গি সেনাপতিগণ ও আবাল বৃদ্ধ সমস্ত লোককে আহ্বান করিয়া ৯ এই কথা কহিল, তোমরা আপনাদের নিবেদন জ্ঞাত করিতে আমাকে যাঁহার কাছে প্রেরণ করিয়াছ, সেই ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা ১০ কহেন, তোমরা যদি এই দেশে বাস কর, তবে আমি তোমাদিগকে উন্নত করিব, আর উচ্ছিন্ন করিব না; এবং তোমাদিগকে রোপণ করিব, আর উৎপাটন করিব না; তোমাদের যে প্রকার অমঙ্গল করিয়াছি, তদ্বিষয়ে ক্ষান্ত হইব। তোমরা ১১ যে বাবিলের রাজাকে ভয় করিতেছ, তাহাকে ভয় করিও না; পরমেশ্বর কহেন, তাহাকে ভয় কি? কেননা তাহার হস্তহইতে তোমাদিগকে উদ্ধার ও মুক্ত করিতে আমি তোমাদের সঙ্গে২ থাকিব। আমি ১২ তোমাদের প্রতি এমত দয়া করিব, যে সেই রাজা দয়া করিয়া তোমাদের দেশে তোমাদিগকে প্রত্যাগমন করাইবে।

১৩ আর তোমরা যদি বল, আমরা এ দেশে বাস করিব না, কিম্বা যদি প্রভু পরমেশ্বরের কথা মানিতে ১৪ অসম্মত হইয়া বল, যে দেশে যুদ্ধের দর্শন ও তূরীবাদ্য শ্রবণ ও খাদ্যাভাবে ক্ষুধাভোগ করিতে হয় না, ১৫ এমত মিসরদেশে গিয়া বাস করিব; তবে হে যিহূদার অবশিষ্ট লোক সকল, তোমরা পরমেশ্বরের কথা শুন; ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা যদি মিসরদেশে প্রবেশ করিতে উন্মুখ হও, ও প্রবেশ করিয়া সেখানে প্রবাস ১৬ কর, তবে তোমরা যে খড়্গকে ভয় করিলা, তাহা মিসরে তোমাদের কাছে উপস্থিত হইবে; ও যে দুর্ভিক্ষেতে ব্যাকুল হইলা, তাহা সেই মিসরদেশে তোমাদের পশ্চাৎ২ যাইবে, তাহাতে তোমরা সেখানে ১৭ প্রাণ ত্যাগ করিবা। যাহারা মিসরে গিয়া প্রবাস করিতে উন্মুখ হয়, তাহারা সকলে খড়্গ ও দুর্ভিক্ষ ও

[৪২ অধ্যা; ১,৩] প ২০॥—[৫] প ২১। যির ৪৩; ২॥—[৬] দ্বি ৫; ২৭-২৯॥—[১৩-১৮] প ২২। যির ২৪; ৮-১০। ৪৪; ১১-১৪,২৬-২৮॥

মহামারীদ্বারা প্রাণ ত্যাগ করিবে; এবং আমি তাহাদের প্রতি যে অমঙ্গল ঘটাইব, তাহাহইতে কেহ রক্ষা পাইয়া অবশিষ্ট থাকিবে না, ও কেহ মুক্ত ১৮ হইতে পারিবে না। কেননা ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, যিরূশালম নিবাসিদের প্রতি আমার যেমন ক্রোধ ও প্রচণ্ড কোপ প্রকাশিত * হইয়াছিল, তোমরা মিসরে গমন করাতে তোমাদের প্রতি আমার তদ্রূপ কোপ ও প্রচণ্ড ক্রোধ প্রকাশিত হইবে, ও তোমরা অভিশাপ ও বিস্ময় ও নিন্দা ও অপমানগ্রস্ত হইয়া এই স্থানকে আর কখনো দেখিতে পাইবা না।

১৯ হে যিহূদার অবশিষ্ট লোক সকল, তোমাদের প্রতি পরমেশ্বর এই কথা কহেন, তোমরা মিসরদেশে যাইও না; আমি অদ্য তোমাদিগকে উপদেশ ২০ দিতেছি, ইহা নিশ্চয় জ্ঞাত হও। কেননা ‘তুমি আমাদের প্রভু পরমেশ্বরের কাছে প্রার্থনা কর, তাহাতে আমাদের প্রভু পরমেশ্বর যাহা বলিবেন, তাহা আমাদের কাছে প্রকাশ করিলে আমরা তাহা করিব,’ এই কথা কহিয়া তোমরা যখন আমাকে তোমাদের প্রভু পরমেশ্বরের কাছে প্রেরণ করিলা, তৎকালে তোমরা আপন২ অন্তঃকরণে † ২১ প্রতারণা করিলা। অদ্য আমি তোমাদের কাছে তাহা প্রকাশ করিলাম, কিন্তু তোমাদের প্রভু পরমেশ্বর যে কথা কহিলেন, ও যে নিমিত্তে তোমাদের কাছে আমাকে প্রেরণ করিলেন, তাহার ২২ কিছুই তোমরা মানিলা না। অতএব তোমরা যে স্থানে প্রবাস করিতে যাইতে বাঞ্ছা করিতেছ, সে স্থানে খড়্গ ও দুর্ভিক্ষ ও মহামারীদ্বারা প্রাণত্যাগ করিবা; ইহা নিশ্চয় জানিও।

৪৩ অধ্যায়।

১ যোহানন্ যিরিমিয়ের বাক্য না মানিয়া তাহাকে ও মিসরের অবশিষ্ট লোককে মিসরে লইয়া যাওন ৮ ও বাবিলের রাজার দ্বারা মিসর দেশ পরাস্ত হইবে, যিরিমিয়ের এই ভবিষ্যদ্বাক্য।

১ প্রভু পরমেশ্বর যে সকল কথা কহিতে লোকদের কাছে যিরিমিয়কে প্রেরণ করিয়াছেন, তাহাদের প্রভু পরমেশ্বরের সে সমস্ত কথা লোকদের কাছে ২ সমাপ্ত করিলে পর, হোশয়িয়ের পুত্র অসরিয় ও কারেহের পুত্র যোহানন্ ও অন্যান্য অহঙ্কারি লোকেরা যিরিমিয়কে কহিল, তুমি এই কথা মিথ্যা কহিতেছ; মিসর্দেশে প্রবাস করিতে যাইও না, এই কথা কহিতে আমাদের প্রভু পরমেশ্বর তোমাকে ৩ কখনো প্রেরণ করেন নাই। কিন্তু কস্দীয় লোকেরা যেন আমাদিগকে সংহার করে, কিম্বা বন্দী করিয়া বাবিল দেশে লইয়া যায়, এই অভিপ্রায়ে তাহাদের হস্তে আমাদিগকে সমর্পণ করিতে নেরিয়ের পুত্র বারূক্ আমাদের বিরুদ্ধে তোমাকে প্রবৃত্ত করিল। পরে ৪ কারেহের পুত্র যোহানন্ ও সেনাপতিগণ ও তাবৎ লোক পরমেশ্বরের আজ্ঞা না মানিয়া যিহূদাদেশে ৫ থাকিল না; কিন্তু যে২ লোক নানা দেশীয়দের মধ্যে ছিন্নভিন্ন হইলে পর পুনর্ব্বার যিহূদাদেশে প্রবাস ৬ করিতে আসিয়াছিল, এমন আবালবৃদ্ধবনিতা সকলকে এবং নিবূষরদন রক্ষক সেনাপতিকর্ত্তৃক যে রাজকুমারীগণ ও অন্য সকল লোক শাফনের পৌত্র অহীকামের পুত্র গিদলিয়ের হস্তে সমর্পিত হইয়াছিল ৭ তাহাদিগকে, এবং যিরিমিয় ভবিষ্যদ্বক্তা ও নেরিয়ের পুত্র বারূক, এই সকল যিহূদার অবশিষ্ট লোককে লইয়া মিসরদেশে গমন করিল; তাহারা পরমেশ্বরের আজ্ঞা না মানিয়া তফন্হেষে উপস্থিত হইল।

৮ পরে পরমেশ্বর তফন্হেষে যিরিমিয়কে কহিলেন, ৯ তুমি আপন হস্তে কএক বৃহৎ প্রস্তর লইয়া ফিরৌণ্ রাজার বাটীর প্রবেশস্থানের নিকটে যে ইষ্টক দগ্ধস্থান আছে, সেই স্থানের মৃত্তিকাতে যিহূদি লোকদের সাক্ষাতে ঐ প্রস্তর পুতিয়া তাহাদিগকে এই ১০ কথা বল, ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি আজ্ঞা প্রেরণ করিয়া আপন দাস বাবিলের রাজা নিবূখদ্নিৎসরকে আনাইয়া সঙ্গে লইয়া আসিব, এবং এই যে স্থানে প্রস্তর পুতিলাম, ইহার উপরে তাহার সিংহাসন স্থাপন করিব, ও সে ইহার উপরে রাজাসন স্থাপন ১১ করিবে। সে আসিয়া মিসর্দেশ আক্রমণ ‡ করিবে, এবং বধযোগ্যকে বধ ও বন্দির যোগ্যকে বন্দী ও ১২ খড়্গদ্বারা হন্তব্য লোককে খড়্গাঘাত করিবে, এবং আমি মিসরদেশীয় দেবগণের মন্দিরে অগ্নি দিলে সে তাহাদের কতককে দগ্ধ করিবে, ও কতককে বন্দী করিয়া অন্য দেশে লইয়া যাইবে; এবং মেষপালক যেমন আপন বস্ত্র পরিধান করে, তদ্রূপ সে এই মিসরদেশদ্বারা আপনাকে বিভূষিত করিবে ও ১৩ এখানহইতে কুশলে যাইবে; সে মিসরদেশীয় সূর্য্যপুরীর ‖ প্রতিমা সকল ভঙ্গ করিবে, ও মিসর্দেশীয়দের দেবগণের মন্দির অগ্নিতে দগ্ধ করিবে।

৪৪ অধ্যায়।

১ দেবপূজার নিমিত্তে যিহূদার বিনাশের ভবিষ্যদ্বাক্য ১১ ও দেবপূজাকারি মিসরনিবাসিদের ভবিষ্যদ্বাক্য ১৫ ও যিহূদিদের মনের কাঠিন্য ২০ ও তৎপ্রযুক্ত যিরিমিয়দ্বারা তাহাদের অনুযোগ ২৪ ও সকলের প্রতি আর এক অনুযোগ কথা ২৯ ও মিসরদেশের রাজাকে শত্রুহস্তে সমর্পন করণের ভবিষ্যদ্বাক্য।

---

[২০] প ১-৩।।—[২২] প ১৭,১৮।।

[৪৩ অধ্য; ৫,৬] যির ৪০; ৭,১১ । ৪১; ১৬।।—[৮-১৩] ৪৬; ২৫,২৬। যিহি ২৯; ১৯,২০।।

* (ইব্রি) ঢালিত। † (বা) আপনাদের প্রাণের বিরুদ্ধে। ‡ (ইব্রি) আঘাত। ‖ (ইব্রি) বৈৎশেমশের বা সূর্য্যগৃহের।

১ সমস্ত মিসর্দেশে বিশেষতঃ মিগ্‌দোল্ ও তখন্‌হেষ্ ও মোফ্ নামক নগরে ও পথ্রোষ্ প্রদেশে বাসকারি যিহূদিদের বিষয়ে যিরিমিয়ের নিকটে এই কথা ২ উপস্থিত হইল, ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি যিরূশালম্ ও যিহূদার সমুদায় নগরের যে দুর্দ্দশা করিয়াছি, তাহা ৩ তোমরা দেখিয়াছ। দেখ, তোমরা ও তাহারা ও তোমাদের পূর্ব্বপুরুষেরা যে পরকীয় দেবগণকে কখনো জান নাই, তাহাদের কাছে ধূপ জ্বালাইয়া আমাকে ক্রুদ্ধ করণার্থে তাহাদের সেবা করিলা, তোমাদের এই দুষ্কর্ম্ম প্রযুক্ত অদ্য তোমাদের দেশ ৪ উচ্ছিন্ন ও নরশূন্য হইতেছে। কিন্তু আমি যত্নপূর্ব্বক* আপন সেবক ভবিষ্যদ্বক্তৃগণকে তোমাদের নিকটে প্রেরণ করিয়া প্রতিদিন তোমাদিগকে বিনয় করিয়া কহিলাম, তোমরা আমার ঘৃণিত এই কর্ম্ম করিও ৫ না। তথাপি কেহ পরকীয় দেবগণের উদ্দেশে ধূপ জ্বালাওন ও দুষ্ট ক্রিয়াহইতে না ফিরিবার জন্যে ৬ তাহাতে মনোযোগ ও কর্ণপাত করিল না। অতএব আমার কোপ ও প্রচণ্ড ক্রোধ প্রজ্বলিত †হইয়া যিহূদার নগরের ও যিরূশালমের রাজপথে নিক্ষিপ্ত হইয়াছে, তাহাতে সে সকল অদ্যকার মত অরণ্য ৭ ও উচ্ছিন্ন হইয়াছে। ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এখন এই কথা কহেন, তোমরা যেন উচ্ছিন্ন হও, ও পৃথিবীর তাবৎ দেশীয়দের মধ্যে শাপ ও অপমানগ্রস্ত হও, এই জন্যে যে মিসরদেশে ৮ প্রবাস করিতে গিয়াছ, সেই দেশে পরকীয় দেবগণের উদ্দেশে ধূপ জ্বালাইয়া আপনাদের হস্তকৃত কর্ম্মদ্বারা আমার ক্রোধ প্রজ্বলিত করিয়া যিহূদা বংশের পুরুষ ও স্ত্রী ও বালক ও স্তন্যপায়ি শিশুদিগকে বিনষ্ট করিতে ও অবশিষ্ট কাহাকে না রাখিতে আপনাদের প্রাণের বিরুদ্ধে কেন এমত ৯ বড় পাপ করিতেছ? যিহূদাদেশে ও যিরূশালমের রাজপথে তোমাদের পূর্ব্বপুরুষদের ও যিহূদার নৃপতিবর্গের ও তাহাদের ভার্য্যাদের এবং তোমাদের ও তোমাদের স্ত্রীগণের কৃত দুষ্টতা তোমরা ১০ কি বিস্মৃত হইয়াছ? তাহারা অদ্যাপি খেদান্বিত হয় না, এবং ভয়ও করে না, এবং আমি আপনার যে শাস্ত্র ও ব্যবস্থা তোমাদের ও তোমাদের পূর্ব্বপুরুষদের গোচরে রাখিয়াছি, তদনুসারেও আচরণ করে না।

১১ অতএব ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি তোমাদের অমঙ্গল অর্থাৎ যিহূদার তাবৎ বংশ উচ্ছিন্ন করিতে উন্মুখ ১২ হইব। এবং মিসরে প্রবাস করিতে যাইবার জন্যে উন্মুখ হইয়াছে যে যিহূদার অবশিষ্ট লোক সকল, তাহাদিগকে সংগ্রহ করিলে সকলে বিনষ্ট হইবে ও মিসর্দেশে পতিত হইবে; তাহারা খড়্গ ও দুর্ভিক্ষদ্বারা বিনষ্ট হইবে, ও আবাল বৃদ্ধ সকলে খড়্গ ও দুর্ভিক্ষেতে প্রাণ ত্যাগ করিবে এবং অভিশাপ ও বিস্ময় ও নিন্দা ও অপমানগ্রস্ত হইবে। ১৩ কেননা যেমন আমি খড়্গ ও দুর্ভিক্ষ ও মহামারীদ্বারা যিরূশালমের দণ্ড করিয়াছি, তদ্রূপ মিসর্দেশ নিবাসিদের ১৪ দণ্ড করিব; এবং যিহূদার যে অবশিষ্ট লোক যিহূদা দেশে প্রত্যাগমনের অভিপ্রায়ে মিসরে প্রবাস করিতে আসিয়াছে, তাহারা বাঁচিবে না ও অবশিষ্ট থাকিবে না; এবং আপন২ যিহূদাদেশে বাসার্থে প্রত্যাগমন করিতে ইচ্ছা করিলেও পলায়িত কএক ব্যক্তি ভিন্ন আর কেহ তাহাতে ফিরিয়া যাইবে না।

১৫ অপর আপনাদের স্ত্রীগণ পরকীয় দেবগণের উদ্দেশে ধূপ জ্বালাইয়াছে, ইহা যে সকল পুরুষেরা জ্ঞাত হইল তাহারা এবং নিকটে দণ্ডায়মান স্ত্রীগণের অতিশয় জনতা, অর্থাৎ মিসরের পথ্রোষ্ প্রদেশ বাসকারি তাবৎ লোক যিরিমিয়কে উত্তর করিল, ১৬ তুমি পরমেশ্বরের নামে আমাদিগকে যে কথা কহিয়াছ, তোমার সে কথা আমরা মানিব না; ১৭ কিন্তু আমরা ও আমাদের পূর্ব্বপুরুষগণ ও আমাদের রাজগণ ও অধ্যক্ষগণ যিহূদার নগরে ও যিরূশালমের রাজপথে যেরূপ করিয়া আসিতেছে, তদ্রূপ আকাশের রাণীর উদ্দেশে ধূপ জ্বালাইতে ও তাহার উদ্দেশে পানীয় উৎসর্গাদি করিতে আমাদের মুখহইতে যাহা নির্গত হয়, তাহাই করিব; কেননা তৎকালে আমাদের যথেষ্ট ভক্ষ্য দ্রব্য ছিল, তাহাতে আমরা সুখে ১৮ ছিলাম, কোন অমঙ্গল দেখিলাম না। কিন্তু যদবধি আমরা আকাশের রাণীর উদ্দেশে ধূপ জ্বালাওন ও পানীয় নৈবেদ্য নিবেদন ত্যাগ করিয়াছি, তদবধি আমাদের তাবৎ বস্তুর অভাব হইয়াছে, ও আমরা খড়্গ ও দুর্ভিক্ষদ্বারা বিনষ্ট হইতেছি। ১৯ যে সময়ে আমরা আকাশের রাণীর উদ্দেশে ধূপ জ্বালাইলাম, ও পানীয় দ্রব্য উৎসর্গ করিলাম, তখন আমরা কি আপন২ স্বামি ব্যতিরেকে পূপ প্রস্তুত করিয়া পানীয় বস্তু উৎসর্গ করিয়া তাঁহার পূজা করিলাম?

২০ পরে যিরিমিয় ঐ প্রত্যুত্তরদায়ি স্ত্রী পুরুষাদি তাবৎ ২১ লোককে এই কথা কহিল, যিহূদানগরে ও যিরূশালমের রাজপথে তোমরা ও তোমাদের পূর্ব্বপুরুষেরা ও তোমাদের রাজগণ ও অধ্যক্ষগণ ও দেশের ২২ তাবৎ লোক যে ধূপ জ্বালাইলা, তাহার বিষয় পরমেশ্বর কি স্মরণ করিলেন না, ও মনে করিলেন

[৪৪ অধ্যা; ২-৬] যির ৩২; ৮। ২ রা৹ ৩৬; ১৪-১৭।।—[১১-১৪] যির ৪২; ১০-১৮,২২। ২৪; ৮-১০ ।।—[১৫] ৭; ১৮।।
[১৯] ৭; ১৮।।

* (ইব্রি) প্রত্যূষে উঠিয়া। † (ইব্রি) ঢালিত।

২২ না? পরমেশ্বর তোমাদের দুষ্কর্ম্ম ও ঘৃণার্হ ক্রিয়া আর সহ্য করিতে পারিলেন না, এই জন্যে তোমাদের দেশ অদ্যকার ন্যায় অরণ্য ও বিস্ময়জনক ২৩ ও অভিশাপগ্রস্ত ও নরশূন্য হইল। তোমরা ধূপ জ্বালাইয়া পরমেশ্বরের বিরুদ্ধে পাপ করিয়াছ ও পরমেশ্বরের কথায় মনোযোগ কর নাই, এবং তাঁহার শাস্ত্র কি বিধি কি প্রমাণ কথানুসারে আচরণ কর নাই, এই নিমিত্তে অদ্যকার ন্যায় তোমাদের এই অমঙ্গল ঘটিল।

২৪ যিরিমিয় স্ত্রীগণাদি সকল লোককে আরো কহিল, হে মিসর্‌দেশস্থ যিহূদিগণ, তোমরা পরমেশ্বরের ২৫ কথা শুন; ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা ও তোমাদের স্ত্রীগণ আপনাদের মুখদ্বারা কথা কহিয়া ও হস্তদ্বারা কর্ম্ম করিয়া ইহা প্রকাশ করিতেছ, 'আকাশের রাণীর উদ্দেশে ধূপ জ্বালাইতে ও পানীয় নৈবেদ্য উৎসর্গ করিতে আমরা যে মানত করিয়াছি, তাহা সিদ্ধ করিব;' তোমরা আপনাদের মানত সিদ্ধ করিবা, ও আপনাদের মনোবাঞ্ছা পরিপূর্ণ করিবা।

২৬ অতএব হে মিসর্‌দেশনিবাসি তাবৎ যিহূদি লোক, পরমেশ্বরের কথা শুন; পরমেশ্বর কহেন, দেখ, আমি আপন মহানাম লইয়া শপথ করিতেছি, 'প্রভু পরমেশ্বর অমর,' এ কথা কহিয়া মিসর্‌দেশস্থ কোন যিহূদি লোক কখনো আমার নাম লইবে না।

২৭ দেখ, আমি তাহাদের মঙ্গলের নিমিত্তে নয়, কিন্তু অমঙ্গলের নিমিত্তে অবকাশ চেষ্টা করিব; মিসর-দেশে যে পর্য্যন্ত যিহূদার তাবৎ লোকের নিঃশেষ না হয়, তাবৎ তাহারা খড়্গ ও দুর্ভিক্ষ ও মহামারীদ্বারা ২৮ বিনষ্ট হইবে। কিন্তু খড়্গহইতে রক্ষা পাইয়া অত্যল্প লোক মিসরদেশহইতে যিহূদাতে গমন করিবে; তৎকালে কাহার বাক্য সফল হইবে, আমার কি তোমাদের, তাহা মিসরদেশে প্রবাস করণার্থে সেখানে গত অবশিষ্ট যিহূদি লোকেরা জানিতে পারিবে।

২৯ পরমেশ্বর কহেন, তোমাদের অমঙ্গলের নিমিত্তে আমার বাক্য অবশ্য সফল হইবে, ইহা জানাইবার জন্যে এ স্থানে তোমাদিগকে শাস্তি দিব, তাহার ৩০ বিষয়ে তোমাদের এই এক চিহ্ন হইবে। পরমেশ্বর এই কথা কহেন, যিহূদার সিদিকিয় রাজের প্রাণ বিনষ্ট করিতে সচেষ্ট যে তাহার শত্রু বাবিলের নিবুখদ্‌নিৎসর রাজা, তাহার হস্তে যেমন সিদিকিয়কে সমর্পণ করিয়াছি, তদ্রূপ মিসরের ফিরৌণ-হফ্রার প্রাণ বিনষ্ট করিতে সচেষ্ট শত্রুদের হস্তে তাহাকে সমর্পণ করিব।

৪৫ অধ্যায়।

১ বারুকের ভয় প্রযুক্ত তাহার প্রতি যিরিমিয়ের উপদেশ ও সান্ত্বনা করণ।

১ যিহূদীয় রাজা যোশিয়ের পুত্র যিহোয়াকীমের চতুর্থ বৎসর অধিকার সময়ে নেরিয়ের পুত্র বারুক এই সকল কথা যিরিমিয়ের প্রমুখাৎ শুনিয়া পুস্তকে লিখিলে যিরিমিয় ভবিষ্যদ্বক্তা তাহাকে কহিল, ২ হে বারুক্, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর তোমার ৩ বিষয়ে এই কথা কহেন, তুমি হায়২ বলিয়া খেদ করিতেছ, কেননা 'পরমেশ্বর আমার খেদ ও শোক বৃদ্ধি করিয়াছেন; আমি হা২ করিয়া ক্লান্ত হই, কিছুমাত্র বিশ্রাম পাই না।' ৪ তুমি তাহাকে বল, পরমেশ্বর এই কথা কহেন, দেখ আমি যাহা গাঁথিয়াছি, তাহা ভাঙ্গিব; ও এই যে সমস্ত দেশ রোপণ করিয়াছি, তাহা আমি উৎপাটন করিব। ৫ তুমি কি আপনার নিমিত্তে মহৎবিষয় চেষ্টা করিতেছ? তাহা চেষ্টা করিও না, কেননা পরমেশ্বর কহেন, আমি তাবৎ প্রাণির প্রতি অমঙ্গল ঘটাইব; কিন্তু তুমি যে২ স্থানে যাইবা, সে সকল স্থানে আমি লুটিত দ্রব্যের ন্যায় তোমার প্রাণ তোমাকে দিব।

৪৬ অধ্যায়।

১ ফরাৎ নদীতে ফিরৌণ রাজার সৈন্যের পরাস্ত হওনের ভবিষ্যদ্বাক্য ১৩ নিবুখদ্‌নিৎসরদ্বারা মিসরের পরাস্ত হওনের ভবিষ্যদ্বাক্য ২৭ ও যাকুব বংশের প্রতি ঈশ্বরের সান্ত্বনার কথা।

১ অন্য দেশীয়দের বিষয়ে যিরিমিয় ভবিষ্যদ্বক্তার নিকটে পরমেশ্বরের কথা উপস্থিত হইল।

২ যিহূদার রাজা যোশিয়ের পুত্র যিহোয়াকীমের চতুর্থ বৎসর অধিকার সময়ে বাবিল্ নগরীয় নিবুখদ্‌নিৎসর রাজা মিস্রীয় ফিরৌণ্‌-নিখো রাজের যে২ সৈন্যগণকে বিনষ্ট করিল, তাহারা যে সময়ে ফরাৎ নদীতীরস্থ কর্কিমীশ্ নগরে ছিল, তৎকালে তাহার ও মিসরের বিরুদ্ধে (এ কথা উপস্থিত হইল।) ৩ তোমরা চর্ম্মের ঢাল ও ফলক ধরিয়া যুদ্ধ করণার্থে ৪ নিকটে আইস। হে অশ্বারূঢ়গণ, অশ্বদিগকে সুসজ্জ করিয়া তাহাতে আরোহণ কর, এবং শিরস্ত্রাণ পরিয়া সম্মুখে দাঁড়াও, ও বর্ম্ম পরিয়া বড়শা চকমক কর। ৫ আমি তাহাদিগকে উদ্বিগ্ন ও পলায়িত কেন দেখিতেছি? তাহাদের বলবান লোক কেন হত হইতেছে? ও কতক পলায়ন করিয়া কেন পশ্চাৎ অবলোকন করে না? পরমেশ্বর কহেন, চতুর্দ্দিগে ভয় আছে। ৬ শীঘ্রগামি লোক পলাইতে পারিবে না, ও পরাক্রমি লোক রক্ষা পাইবে না; তাহারা উত্তরদিগে

[২৬] যিহি ২০; ৩১।।—[২৭,২৮] প ১১-১৫। যির ৪২; ১০-১৮। ২৪; ৮-১০।।—[২৮] প ১৪।।—[৩০] ৩৯; ৫। ৪৬; ২৫,২৬। যিহি ২৯-৩২।।

[৪৫ অধ্যা] যির ৩৬; ১৩-১৮।।—[১] ৩৬; ১,৪ ।।

[৪৬ অধ্যা] যিহি ২৯-৩২ ।।—[১] যির ২৫; ১০,১৫ ।।—[২] ২ রা ২৩; ২৯। ২ বং ৩৫; ২০ ।।

ফরাৎ নদীর নিকটে বিঘ্ন পাইয়া পতিত হইবে। ৭ নদীর ন্যায় ও বেগগামিনী বন্যার ন্যায় আসি- ৮ তেছে ঐ কাহার সৈন্য? মিস্রীয় সৈন্য নদীর ন্যায় ও বেগগামিনী বন্যার ন্যায় আসিতেছে, এবং সে বলে, আমি উথলিয়া দেশকে প্লাবন * করিব, এবং রাজধানী ও তাহার নিবাসিদিগকে বিনষ্ট ৯ করিব। হে অশ্বারোহক, তোমরা বেগে গমন কর; এবং হে যোদ্ধাগণ, অর্থাৎ হে ঢালি কূশীয় ও পূটীয় লোক, ও হে ধনুর্দ্ধর ও ধনুচাড়াদায়ি লূদীয় লোক, ১০ তোমরা সকলে বহির্গত হও। কিন্তু সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বরের বৈরিদিগকে দণ্ড ও প্রতিফলদানের এই দিন; খড়্গ সকলকে গ্রাস করিয়া তৃপ্ত হইবে, ও তাহাদের রক্তপানে মত্ত হইবে, কেননা উত্তর-দেশে ফরাৎ নদীর নিকটে সৈন্যাধ্যক্ষ প্রভু পর- ১১ মেশ্বরের এক যজ্ঞ হইবে। হে মিসরের কুমারি কন্যে, তুমি গিলিয়দে যাইয়া গুগ্গুল ঔষধ গ্রহণ করিবা, কিন্তু অনেক ঔষধ গ্রহণ করিলেও তোমার ১২ কোন ফল ও প্রতিকার হইবে না। অন্যদেশীয়েরা তোমার অপমানের বিষয় শুনিবে, ও তোমার কাত-রোক্তিতে দেশ পরিপূর্ণ হইবে, কেননা যোদ্ধা যো-দ্ধাতে বেগে সংলগ্ন হইলে উভয়েই পতিত হইবে।

১৩ অপর মিসর্দেশ বিনষ্ট করিতে বাবিলের নিবু-খদ্নিৎসর রাজার আগমন হইবে, ইহার বিষয়ে পরমেশ্বর যিরিমিয়কে এই কথা কহিলেন।

১৪ তোমরা মিসর্দেশে এই কথা প্রচার কর, ও মিগদোলে প্রকাশ কর, এবং মোফ্ ও তফনহেষে উচ্চৈঃস্বরে এই কথা বল; তুমি স্থগিত হইয়া আ-পনাকে প্রস্তুত কর, কেননা খড়্গ তোমার চতু- ১৫ র্দ্দিগস্থ সকলকে গ্রাস করিবে। তোমার বলবান লোক কেন অধঃপতিত হইবে? সে স্থির থাকিতে পারিবে না, যেহেতুক পরমেশ্বর তাহাকে অধঃ- ১৬ পাত করিবেন। তিনি অনেককে নিপাত করিবেন, তাহাতে এক জন অন্যের উপরে পতিত হইয়া কহিবে, উঠ, আমরা এই দুঃখদায়ক খড়্গহইতে ফিরিয়া আপন লোক ও আপন জন্মদেশে যাই। ১৭ তখন তাহারা উচ্চৈঃস্বরে কহিবে, 'হে মিসরের রাজা ফিরৌণ্, নিরূপিত সময়ের অতিক্রম হই- ১৮ য়াছে।' সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর নামক রাজা এই কথা কহেন, আমি যদি অমর হই, তবে পর্ব্ব-তের মধ্যে তাবোরের ন্যায় ও সমুদ্রের নিক- ১৯ টস্থ কর্ম্মিলের ন্যায় মহান্ এক জন আসিবে। হে মিসরনিবাসিনি কন্যে, তুমি বন্দি হইয়া অন্যদেশে যাইবার জন্যে আপন সম্বল প্রস্তুত কর; কেননা মোফ্ নরশূন্য ও দগ্ধ হইবে, কেহ তাহাতে বাস ২০ করিবে না। মিসর্ অতি সুন্দর গোরুর ন্যায়, কিন্তু তাহার বিনাশ উপস্থিত হইবে, সে উত্তর- ২১ দেশহইতে উপস্থিত হইবে। তাহার মধ্যস্থিত বেতন-গ্রাহি লোকেরা পুষ্ট বলদের ন্যায় হইলেও পরা-ঙ্মুখ হইয়া পলায়ন করিবে, স্থির থাকিতে পারিবে না, কেননা তাহাদের দুর্দ্দশার কাল অর্থাৎ দণ্ড ২২ পাওনের সময় উপস্থিত হইবে। শত্রুরা সসৈন্য হইয়া কাষ্ঠচ্ছেদকের ন্যায় কুড়ালি লইয়া তাহার বিরুদ্ধে গমন করিলে সর্পনিশ্বাসের ন্যায় শব্দ নির্গত ২৩ হইবে। পরমেশ্বর কহেন, তাহার (সৈন্যরূপ) বন-বৃক্ষ অননুসন্ধেয় ও ফড়িঙ্গহইতে অধিক অগণ্য ২৪ হইলেও ছিন্ন হইবে †; এবং মিসরের কন্যা উত্তর দেশীয়দের হস্তে সমর্পিত হইয়া ব্যাকুলা হইবে। ২৫ ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি আমোন-নো দেবকে ‡ ও ফিরৌণ রাজাকে এবং মিসর্কে ও তাহার দেবগণকে ও তা-হার রাজগণকে অর্থাৎ ফিরৌণ্ ও তাহার তাবৎ শর- ২৬ ণাগতদিগকে শাস্তি দিব। আমি তাহাদের প্রাণ না-শেতে সচেষ্ট লোকদের, অর্থাৎ বাবিলের নিবুখদ্-নিৎসর রাজার ও তাহার দাসগণের হস্তে তাহাদিগ-কে সমর্পণ করিব; কিন্তু পরমেশ্বর কহেন, তাহার পর সেই দেশ পূর্ব্বকালের ন্যায় নিবাসবিশিষ্ট হইবে।

২৭ হে আমার দাস যাকূব, তুমি ভয় করিও না; হে ইস্রায়েল্, তুমি ভীত হইও না; দেখ, আমি দূরহইতে তোমাকে, ও বন্দিত্বদেশহইতে তোমার সন্তানগণকে উদ্ধার করিব, তাহাতে যাকূব্ ফিরিয়া আসিয়া শা-ন্তিতে ও নিরাপদে বাস করিবে, এবং তাহাকে কেহ ২৮ ভীত করিতে পারিবে না। পরমেশ্বর কহেন, হে আমার দাস যাকূব্, তুমি ভয় করিও না; আমি তো-মার সঙ্গে২ থাকিব, আমি যে২ দেশে তোমাদিগকে দূর করিব, সেই সকল দেশীয়দের বিনাশ করিব; কিন্তু তোমার বিনাশ করিব না ‖; আমি তোমাকে পরিমিতরূপে শাস্তি দিব, অদণ্ডিত রাখিব না।

৪৭ অধ্যায়।

১ পিলেষ্টীয় লোকদের বিনাশের ভবিষ্যদ্বাক্য।

১ ফিরৌণ রাজার অসা নগরকে নষ্ট করণের পূর্ব্বে পিলেষ্টীয়দের বিষয়ে যিরিমিয় ভবিষ্যদ্বক্তার নি-কটে পরমেশ্বরের এই কথা উপস্থিত হইল।

২ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, উত্তরদেশ-হইতে জল উথলিবে, ও প্লাবনকারি বন্যা হইয়া

[১০] দ্বি ৩২ ; ৪২। যিশ ৩৪ ; ৬।।—[১১] যিহি ৩০ ; ২১।।—[১৩] যির ৪৩ ; ৯-১৩। যিহি ২৯ ; ১৭-২০। ৩০ ; ১০, ১১,২৪-২৬।।—[১৮] প ১৩।।—[২১] প ১০।।—[২২] যিশ ২৯ ; ৪।।—[২৩] যিশ ১০ ; ৩৪।।—[২৪-২৬] প ১০। যিহি ২৯; ১৩, ১৪, ১৭-২০।।—[২৭,২৮] যির ৩০ ; ১০,১১। যিহি ২৯; ২১।।

[৪৭ অধ্যা] যিশ ১৪ ; ২৯-৩২। আম ১ ; ৬-৮। সিফ ২ ; ৪-৭। যিহি ২৫ ; ১৫-১৭।।

* (ইব্রী) আচ্ছাদন। † (ইব্রী) তাহারা ছেদন করে। ‡ (বা) নো নগরের জনতাকে। ‖ (বা) নিঃশেষ করিব না।

দেশকে ও তন্মধ্যস্থিত বস্তুকে ও নগর ও তন্নিবাসি লোককে আপ্লাবিত করিবে; তৎকালে লোক সকল বিলাপ করিবে, ও দেশনিবাসি লোকেরা ৩ হাহাকার করিবে। এবং শীঘ্রগামি বলবান অশ্বদের খুরের শব্দে ও রথের বেগ গমনের শব্দে ও চক্রের শব্দে পিতারা দুর্বলহস্ত হইয়া আপন বালকদের ৪ প্রতিও পশ্চাৎ অবলোকন করিবে না। কেননা পিলেষ্টীয়দের তাবৎ লোককে বিনষ্ট করিতে এবং সোর্ ও সীদোন্ নগরের প্রত্যেক অবশিষ্ট উপকারিকে সংহার করিতে এক দিন আসিতেছে, তাহাতে পরমেশ্বর পিলেষ্টীয়দিগকে ও কপ্তোর্ উপ- ৫ দ্বীপের * অবশিষ্টদিগকে বিনাশ করিবেন। অসার উপরে টাক উপস্থিত হইবে; ও অস্কিলোন্ নীরব হইবে; হে উপত্যকার অবশিষ্ট ভাগ, তুমি কত কাল ৬ আপনাকে ছেদন করিবা? হে পরমেশ্বরের খড়্গ, তুমি কত কাল বিশ্রাম করিবা না? তুমি আপন ৭ কোষে প্রবেশ কর, এবং শান্ত ও ক্ষান্ত হও। পরমেশ্বর তাহাকে আজ্ঞা দিলে সে কি প্রকারে শান্ত ও ক্ষান্ত হইতে পারে? তিনি অস্কিলোন্ ও সমুদ্রতীরস্থ দেশের বিরুদ্ধে তাহাকে নিযুক্ত করিয়াছেন।

৪৮ অধ্যায়।

১ অহঙ্কার ও নির্ভয়তা ও আত্মশ্লাঘা ও ঈশ্বরের লোকদের নিন্দা প্রযুক্ত মোয়াবের দণ্ডের ভবিষ্যদ্বাক্য ও শেষকালে তাহার মুক্তির ভবিষ্যদ্বাক্য।

১ ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর মোয়াবের বিষয়ে এই কথা কহেন, হায় ২ নিবো উচ্ছিন্ন হইবে, এবং কিরিয়াথয়িম্ লজ্জিত হইয়া ধৃত হইবে, ও মিস্গব্ লজ্জিত হইয়া উদ্বিগ্ন হইবে। ২ মোয়াব আর প্রশংসাপাত্র হইবে না, কেননা হিষ্বোনের লোকেরা তাহার অমঙ্গল করিতে মন্ত্রণা করিয়া কহিবে, 'আইস, আমরা এই লোককে উচ্ছিন্ন করি;' হে মদ্মেনা, তুমিও উচ্ছিন্ন হইবা, ৩ ও খড়্গ তোমার পশ্চাদ্গামী হইবে। এবং হোরোণয়িম্হইতে ক্রন্দন ও উপদ্রব ও বড় উৎপাতের শব্দ ৪ শুনা যাইবে। এবং মোয়াব্ বিনষ্ট হইলে তাহার ৫ ক্ষুদ্র বালকদের ক্রন্দন শুনা যাইবে। এবং লূহীতের ঊর্দ্ধগমনের পথে নিত্য ক্রন্দনের শব্দ উঠিবে; ৬ কেননা 'তোমরা পলায়ন করিয়া প্রাণ রক্ষা কর, বনের মুড়া বৃক্ষের ন্যায় হও;' হোরোণয়িমের অধোগমনের পথে এই রূপ বিনাশের শব্দ শুনা ৭ যাইবে। তুমি আপন কার্য্য ও আপন ধনেতে বিশ্বাস করিয়াছ, এই জন্যে তুমিও ধৃত হইবা, এবং কিমোশ্ আপন যাজকগণের ও অধ্যক্ষগণের সহিত বন্দি হইয়া যাইবে। ৮ এবং পরমেশ্বরের কথানুসারে বিনাশকারী প্রত্যেক নগরের উপরে আসিবে, তাহাতে কোন নগর রক্ষা পাইবে না; উপত্যকাভূমি বিনষ্ট হইবে, ও প্রান্তর সকল উচ্ছিন্ন হইবে। ৯ মোয়াব্ যেন উড়িয়া পলাইতে পারে, এই জন্যে তাহাকে পক্ষ দেও, কারণ তাহার নগর নরশূন্য ও নিবাসহীন হইবে। ১০ যে কেহ কাপট্যভাবে পরমেশ্বরের কার্য্য করে, সে শাপগ্রস্ত; এবং যে জন আপন খড়্গকে রক্তপাত করিতে নিবারণ করে, সেও শাপগ্রস্ত। ১১ মোয়াব্ বালককালাবধি সুখে আছে, সে আপন গাদের উপরে বসিয়াছে, ও এক পাত্রহইতে অন্য পাত্রে নিক্ষিপ্ত হয় নাই, ও বন্দি হইয়া যায় নাই; তাহার রস তাহার মধ্যেই আছে, ও তাহার স্বাদ বিকৃত হয় নাই। ১২ অতএব পরমেশ্বর কহেন, যে দিনে তাহা ঢালিয়া লইতে ও তাহার পাত্র শূন্য করিতে ও তাহার কূপা ভগ্ন করিতে লোকদিগকে পাঠাইব, এমত দিন আসিতেছে। ১৩ ইস্রায়েল্ বংশ আপন বিশ্বাসপাত্র বৈথেল্ বিষয়ে যে রূপ লজ্জিত হইল, মোয়াব্ কিমোশের বিষয়ে তদ্রূপ লজ্জিত হইবে। ১৪ 'আমরা বলবান্ ও যুদ্ধের উপযুক্ত লোক,' এমত কথা কি প্রকারে কহিবা? ১৫ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর নামক রাজা এই কথা কহেন, মোয়াব বিনষ্ট হইবে, ও তাহার সকল নগরের ধূম উঠিবে, ও তাহার মনোনীত যুবলোকেরা সংহারস্থানে পতিত হইবে। ১৬ মোয়াবের বিপদ শীঘ্র ঘটিবে ও তাহার দুঃখ ত্বরায় উপস্থিত হইবে। ১৭ তাহার চতুর্দ্দিকস্থিত ও তাহার নাম জ্ঞাত যে তোমরা, তোমরা তাহার জন্যে বিলাপ করিবা; 'এই দৃঢ় যষ্টি ও সুন্দর দণ্ড কেমন ভগ্ন হইয়াছে!' এই কথা বলিবা। ১৮ হে দীবোন নিবাসিনি কন্যে, তুমি আপন ঐশ্বর্য্যস্থানহইতে নামিয়া তৃষিত ভূমিতে বৈস, কেননা মোয়াবের বিনাশক তোমাতে আরোহণ করিয়া তোমার দৃঢ় দুর্গ ভঙ্গ করিবে। ১৯ হে অরোয়েরের নিবাসি, তুমি পথের পার্শ্বে দাঁড়াইয়া অবলোকন কর, এবং পলায়নকারি লোককে ও রক্ষিত স্ত্রীকে 'কি হইল?' ইহা জিজ্ঞাসা কর। ২০ মোয়াব লজ্জিত হইবে, ও সে ভগ্ন হইবে; তোমরা আর্ত্তস্বর ও ক্রন্দন করিয়া, 'মোয়াব লুটিত আছে,' এই কথা অর্ণোনের তীরে প্রকাশ করিবা। ২১ কেননা সমভূমির অর্থাৎ হোলোন্ ও যহস্ ও মেফাৎ, ও ২২ দীবোন ও নিবো ও বৈৎদিবাথয়িম ও কিরিয়াথ- ২৩ য়িম ও বৈৎগামূল্ ও বৈৎমিয়োন্ ও কিরিয়োৎ ও বস্রা ২৪ প্রভৃতি দূরস্থ কি নিকটস্থ মোয়াবের সকল নগরের উপরে দণ্ড আসিবে। ২৫ পরমেশ্বর কহেন, মোয়াবের

---

[৪] আম ১; ৭॥

[৪৮ অধ্য] যিশ ১৫। ১৬। আম ২; ১-৩। যিহি ২৫; ৮-১১॥—[১০] বি ৫; ২০॥—[১১] সিফ ১; ১২॥—[১৩] ১ রা ১২; ২৮,২৯॥

* (বা) দেশের।

শৃঙ্গ ছিন্ন হইবে,ও তাহার বাহু ভগ্ন হইবে; সে পর-
২৬ মেশ্বরের বিরুদ্ধে আত্মশ্লাঘা করিয়াছে। অতএব তো-
মরা তাহাকে মত্ত কর, তাহাতে মোয়াব্ বমন করিয়া
২৭ লুণ্ঠন করিবে,ও আপনিও হাস্যাস্পদ হইবে। ইস্রা-
য়েল্ কি তোমার পরিহাসের বিষয় ছিল না? ও
সে কি চোরের মধ্যে ধৃত ছিল, যে তুমি তাহাকে
আপন তাবৎ বাক্যে শিরশ্চালনদ্বারা পরিহাস করি-
২৮ লা? হে মোয়াব্নিবাসি সকল, তোমরা নগর ত্যাগ
করিয়া পর্ব্বতে গিয়া বাস কর, এবং গর্ত্তের মুখে
২৯ বাসানির্ম্মাণকারি কপোতের ন্যায় হও। আমরা মো-
য়াবের দর্প ও অত্যন্ত গর্ব্ব ও দাম্ভিকতা ও অহঙ্কার
ও মাৎসর্য্য ও মনের অভিমানের কথা শুনিয়াছি।
৩০ পরমেশ্বর কহেন, আমি তাহার ক্রোধ জানি; অত-
এব তাহার ছলবাক্য সফল না হইয়া সকলই বৃথা
৩১ হইবে। এই নিমিত্তে আমি মোয়াবের বিষয়ে আ-
র্ত্তস্বর করিব, আমি তাবৎ মোয়াবের জন্যে রোদন
করিব,ও আমি কীর্হেরসের লোকদের বিষয়ে শোক
৩২ করিব। হে সিব্মার দ্রাক্ষালতে, আমি যাসেরের
ক্রন্দনহইতে তোমার বিষয়ে অধিক ক্রন্দন করিব,
তোমার শাখা সমুদ্রপারে গেল, তাহারা যাসের্
সমুদ্র পর্য্যন্ত বিস্তারিত ছিল; তোমার গ্রীষ্মকালীয়
ফল ও দ্রাক্ষাফলের ছেদন সময়ে বিনাশক উপস্থিত
৩৩ হইবে। এবং মোয়াবের দেশ ও তাহার ফলবান
ক্ষেত্রহইতে আনন্দ ও আমোদ দূরীকৃত হইবে,
ও আমি দ্রাক্ষাযন্ত্রে দ্রাক্ষারসাভাব করিব, ও লো-
কেরা হর্ষনাদ করিয়া পদদ্বারা চাপ দিয়া আর
দ্রাক্ষারস বাহির করিবে না; ও সেই নাদ আর
৩৪ হর্ষনাদ হইবে না। এবং হিষ্বোন্ অবধি ইলিয়ালী
পর্য্যন্ত এমত চীৎকার শুনা যাইবে, যে তাহার শব্দ
যহস্ পর্য্যন্ত ব্যাপিবে; এবং সোয়র্ অবধি হো-
রোণয়িম্ পর্য্যন্ত ত্রিহায়িনী বৎসার ন্যায় শব্দ
হইবে, কেননা নিম্রীমস্থ জলাশয় শুষ্ক হইবে।
৩৫ পরমেশ্বর আরো কহেন, আমি মোয়াবে উচ্চস্থানে
উৎসর্গকারি ও আপন দেবের উদ্দেশে ধূপ দহন-
৩৬ কারিদের লোপ করিব। এই কারণ মোয়াবের
জন্যে আমার মন বংশীর ন্যায় ধ্বনি করিবে, ও
কীর্হেরসের লোকদের বিষয়ে আমার অন্তঃকরণ
বংশীর ন্যায় রব করিবে, কেননা তাহাদের প্রাপ্ত
৩৭ সকল ধন বিনষ্ট হইবে। ও প্রত্যেক মস্তক টাক-
পড়া ও প্রত্যেক শ্মশ্রু ছিন্ন হইবে,এবং সকল হস্তের
উপরে ছেদন ও তাবৎ কটিতে চটপরিধান হইবে।
৩৮ পরমেশ্বর কহেন, মোয়াবের তাবৎ অট্টালিকার
ছাতে ও তাহার রাজপথের সর্ব্বত্র ক্রন্দন হইবে,
কেননা আমি কোন অতুষ্টিজনক পাত্রের ন্যায়
৩৯ মোয়াব্কে ভাঙ্গিব। 'মোয়াব্ কেমন ভগ্ন! ও লজ্জা-
প্রযুক্ত কেমন পরাবৃত্ত!' এই কথা লোক সকল
উচ্চৈঃস্বরে কহিবে; এই প্রকারে মোয়াব্ আপন
চতুর্দ্দিকস্থিত লোকদের হাস্যাস্পদ ও ভয়াস্পদ
৪০ হইবে। পরমেশ্বর কহেন,এক জন উৎক্রোশ পক্ষির
ন্যায় উড়িবে,ও মোয়াবের উপরে আপন পক্ষ বি-
৪১ স্তার করিবে। তাহার নগর সকল* হস্তগত হইবে,
ও তাহার তাবৎ দুর্গ শত্রুগ্রস্ত হইবে; তৎকালে
প্রসববেদনার সময়ে যেমন স্ত্রীলোকের মন হয়,
তদ্রূপ মোয়াবের বলবান লোকদের মন হইবে।
৪২ মোয়াব্ পরমেশ্বরের বিরুদ্ধে আত্মশ্লাঘা করিল,
৪৩ এই জন্যে সে সবংশে বিনষ্ট হইবে। পরমেশ্বর
কহেন, হে মোয়াব্নিবাসি লোক সকল, তোমাদের
৪৪ প্রতি ভয় ও খাত ও ফাঁদ উপস্থিত হইবে। পরমেশ্বর
কহেন, যে কেহ ভয় প্রযুক্ত পলাইয়া বাঁচিবে, সে
খাতে পড়িবে; ও যে কেহ খাতহইতে উঠিয়া বাঁচিবে,
সে ফাঁদে ধরা পড়িবে; কেননা আমি তাহার অর্থাৎ
মোয়াবের উপরে শাস্তি ঘটনের বৎসর আনিব।
৪৫ যাহারা পলায়ন করিবে, তাহারা শক্তিহীন হইয়া
হিষ্বোনের আশ্রয়ে থাকিবে; কিন্তু হিষ্বোন্-
হইতে অগ্নি ও সীহোনের মধ্যহইতে অগ্নিশিখা
নির্গত হইয়া মোয়াবের দিগে † কোলাহলকারিদের
৪৬ মস্তক গ্রাস করিবে। হে মোয়াব্, তোমার সন্তাপ
হইবে, ও হে কিমোশের লোক, তোমরা বিনষ্ট
হইবা, এবং তোমাদের পুত্রগণ বন্দি হইবে ও তো-
৪৭ মাদের কন্যাগণ দূরদেশে নীত হইবে। কিন্তু পর-
মেশ্বর কহেন, শেষকালে আমি মোয়াব্কে বন্দি-
দশাহইতে মুক্ত করিব।

মোয়াবের শাস্তির বিবরণ সমাপ্ত।

৪৯ অধ্যায়।

১ অম্মোনের সন্তানদের বিষয়ে ভবিষ্যদ্বাক্য ৭ ও ইদো-
মের বিষয়ে বাক্য ২৩ ও দম্মেষকের বিষয়ে ভবিষ্য-
দ্বাক্য ২৮ ও কেদর্ ও হাৎসোর্ বিষয়ে বাক্য ৩৪ ও
এলমের বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

১ পরমেশ্বর অম্মোনীয়দের বিষয়ে এই কথা কহেন,
ইস্রায়েলের কি সন্তান নাই? ও তাহার অধিকারী কি
কেহ নাই? তবে মিল্কম্ দেবতা কেন গাদের ভূমি
অধিকার করে? ও তাহার লোকেরা কেন তাহার
২ নগরে বাস করে? পরমেশ্বর কহেন,দেখ,যে সময়ে
আমি অম্মোনীয়দের রব্বা নগরে যুদ্ধের সিংহনাদ
শুনাইব,এমত সময় আসিতেছে; সে সময়ে ঐ নগর
প্রস্তরের ঢিবি হইবে, ও তাহার কন্যাগণ অগ্নিতে দগ্ধ

---

[২৯] সিফ ২; ৮-১০।—[৪০,৪১] যির ৪৯; ২২।।—[৪৩,৪৪] যিশ ২৪; ১৭,১৮।।—[৪৫,৪৬] গণ ২১; ২৮,২৯। ২৪; ১৭।।
[৪৭] যির ৪৯; ৬,৩৯।।
[৪৯ অধ্যা; ১-৬] আম ১; ১৩-১৫। সিফ ২; ৮-১১। যিহি ২১; ২৮,২৯। ২৫; ১-৭।।

* (বা) কিরিয়োৎ নগর। † (ইব্রু) কোণে।

হইবে ; পরমেশ্বর কহেন, তৎকালে ইস্রায়েল্ আপনার অধিকার গ্রাসকারিদের অধিকার পাইবে। ৩ হে হিষ্বোন্, আর্ত্তস্বর কর, কেননা অয় নগর উচ্ছিন্ন হইবে; হে রব্বার কন্যাগণ, ক্রন্দন কর ও চট পরিধান কর, ও শোক করিয়া কাঁচা প্রাচীরের নিকটে ইতস্ততো ধাবমান হও, কেননা মিল্কম্ ও তাহার যাজকগণ ও অধ্যক্ষগণ এক কালে বন্দি হইয়া যাইবে। ৪ হে আপন ধনে বিশ্বাসকারিণি, হে বিপথগামিনি কন্যে, 'আমার বিরুদ্ধে কে আসিবে?' ইহা বলিয়া আপন অধোভূমি ও ফলবৎ উপত্যকা বিষয়ে কেন আত্মশ্লাঘা কর? ৫ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, তোমার চতুর্দ্দিকস্থিত সীমাহইতে তোমার প্রতি ভয় উপস্থিত করিব; তদ্দ্বারা তোমরা ইতস্ততঃ ছিন্নভিন্ন হইবা, এবং যে কেহ পলায়ন করিবে, তাহাকে আর কেহ সংগ্রহ করিবে না। ৬ পরমেশ্বর কহেন, আমি তাহার পর অম্মোনীয় বংশকে বন্দিদশাহইতে মুক্ত * করিব।

৭ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর ইদোমের বিষয়ে এই কথা কহেন, তৈমনে কি আর কোন বিদ্যা নাই? ও বুদ্ধিমানদের মধ্যে কি পরামর্শের লোপ হইয়াছে? ৮ ও তাহাদের জ্ঞান কি গিয়াছে? হে দিদন্ নিবাসিগণ, তোমরা পলায়ন কর, ও বিমুখ হইয়া অধোভূমিতে বাস কর, কেননা আমি প্রতিফল দিবার সময়ে এষৌর উপরে দুর্দ্দশা ঘটাইব। ৯ যদি দ্রাক্ষাসঞ্চয়কারিগণ তোমার নিকটে আসিত, তবে তাহারা কি কিছু ত্যাগ করিত না? এবং যদি রাত্রিতে চোরগণ আসিত, তবে তাহারা কেবল যথেষ্ট হরণ করিত। ১০ কিন্তু আমি এষৌকে শূন্য করিব ও তাহার গোপনীয় স্থান এমত আচ্ছাদিত করিব, যে সে আপনাকে কোন প্রকারে গুপ্ত করিতে পারিবে না; তাহার বংশ ও ভ্রাতৃগণ ও প্রতিবাসিগণ লুটিত হইবে, ও ১১ তাহাদের কেহ থাকিবে না। তুমি আপন পিতৃহীন বালকদিগকে ত্যাগ কর, আমি তাহাদিগকে প্রতিপালন † করিব, ও তোমার বিধবাগণ আমাতে বিশ্বাস ১২ করুক। কেননা পরমেশ্বর এই কথা কহেন, যাহাদের ক্রোধপাত্রে পান করা উচিত নয়, তাহারা সেই পাত্রে পান করিলে তুমি কি সর্ব্বতোভাবে অদণ্ডিত হইবা? ১৩ তাহা হইবা না, তুমি অবশ্য পান করিবা। পরমেশ্বর এই কথা কহেন, বস্রা নগর বিস্ময় ও অপমান ও শূন্যতা ও অভিশাপগ্রস্ত হইবে, ও তাহার তাবৎ নগর চিরকাল নরশূন্য হইবে, ইহা আমি আপন নাম ১৪ লইয়া দিব্য করিতেছি। তোমরা তাহার বিপক্ষে যুদ্ধ করণার্থে একত্র হইয়া আইস, আমি পরমেশ্বরের নিকটহইতে এই সম্বাদ শুনিতেছি, এবং এই কথা কহিতে অন্যদেশীয়দের কাছে দূত প্রেরিত হইতেছে। ১৫ কেননা দেখ, আমি তোমাকে অন্যদেশীয়দের মধ্যে ক্ষুদ্র ও মানুষের মধ্যে অবজ্ঞাত করিব। ১৬ হে শৈলের গুহানিবাসি, হে পর্ব্বতের শৃঙ্গাধিকারি, তোমার ভয়ঙ্করতা ও তোমার অন্তঃকরণের অহঙ্কার তোমাকে বঞ্চনা করিয়াছে; পরমেশ্বর কহেন, তুমি যদ্যপি উৎক্রোশ পক্ষির ন্যায় উচ্চস্থানে আপন বাসা কর, তথাপি আমি তোমাকে তথাহইতে নামাইব। ১৭ এবং ইদোম্ উচ্ছিন্ন হইবে, ও তাহার নিকটে গমনকারী সকল বিস্ময়াপন্ন হইবে, ও তাহার সকল বিপদের বিষয়ে শীস দিবে। ১৮ পরমেশ্বর কহেন, সিদোমের ও অমোরার ও তাহার চতুর্দ্দিকস্থিত নগরের বিনাশ সদৃশ তাহার বিনাশ হইবে, কোন ব্যক্তি তাহার মধ্যে থাকিবে না, এবং কোন মানুষের বংশ তাহার মধ্যে বাস করিবে না। ১৯ দেখ, যেমন যর্দ্দন উথলনের জলহইতে সিংহ আইসে, তদ্রূপ শত্রু দৃঢ় ‡ নিবাসের বিরুদ্ধে আসিবে; আমি তাহাহইতে তাহাদিগকে বেগে গমন করাইব। আমার মনোনীত লোক কে যে আমি তাহাকে তাহার উপরে নিযুক্ত করি? আমার তুল্য কে আছে? ও আমার সময় নিরূপণ কে করিবে? এবং আমার সম্মুখে দাঁড়াইতে পারে, এমত পালক কে আছে? ২০ অতএব পরমেশ্বর ইদোমের বিরুদ্ধে যে পরামর্শ ও তৈমনীয়দের বিপক্ষে যে মন্ত্রণা করিয়াছেন, তাহা শুন; তাহারা পালের মধ্যে ক্ষুদ্রতম মেষশাবকের ন্যায় বলেতে নিতান্ত বহিষ্কৃত হইবে; তাহাদের খোঁয়াড় নিতান্ত শূন্য হইবে। ২১ তাহাদের পতনের শব্দে পৃথিবী কম্পিতা হইবে, ও তাহাদের ক্রন্দনের শব্দ সূফ্সাগর পর্য্যন্ত শুনা যাইবে। ২২ দেখ, সে আসিয়া উৎক্রোশ পক্ষির ন্যায় উড়িবে, ও বস্রার উপরে আপন পক্ষ বিস্তার করিবে; তৎকালে প্রসববেদনার সময়ে যেমন স্ত্রীলোকের মন হয়, তদ্রূপ ইদোমের বলবান লোকদের মন হইবে।

২৩ দম্মেষকের বিষয়ে উক্ত আছে, হমাৎ ও অর্পদ্ নগর ব্যাকুল হইবে, কেননা তাহারা অমঙ্গলের সমাচার শুনিয়া ব্যাকুল হইবে, ও সমুদ্রতীরস্থেরা শঙ্কাপ্রযুক্ত স্থির থাকিতে পারিবে না। ২৪ দম্মেষক্ ক্ষীণ হইয়া পলায়ন করিতে ফিরিবে, ও তাহাকে ভয় ধরিবে; যেমন প্রসবকালে স্ত্রীলোককে বেদনা ধরে, তেমনি তাহাকে বেদনা ও যন্ত্রণা ধরিবে। ২৫ এই সুখ্যাত নগর ও আনন্দপূর্ণ নগর কি ‖ সর্ব্বতোভাবে ত্যক্ত হইবে না? ২৬ সেই দিনে তাহার যুবগণ রাজপথে পতিত হইবে, ও যোদ্ধাগণ উচ্ছিন্ন হইবে,

[৬] প ৩১। যির ৪৮; ৪৭॥—[৭-২২] যিশ ৩৪। ৬৩; ১। আয ১; ১১,১২। ওব। যিহি ২৫; ১২-১৪॥—[৯,১০] ওব ৫,৬॥—[১২] যির ২৫; ২৯। ১ পি ৪; ১৮॥—[১৩] যিশ ৩৪॥—[১৪-১৭] ওব ১-৪॥—[১৮] আ ১৯; ২৪,২৫। যির ৫০; ৪০॥—[১৯-২১] ৫০; ৪৪-৪৬॥—[২২] ৪৮; ৪০,৪১॥—[২৩-২৭] যিশ ১৭; ১,৩। ৩৭; ১৩। আম ১; ৩-৫॥

* (ইব) আনয়ন। † (ইব্রু) সজীব। ‡ (বা) পর্ব্বতীয়। ‖ (ইব্রু) কেমন।

২৭ এই কথা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন। আমি দম্মেষকের প্রাচীরে অগ্নি জ্বালাইলে তাহা বিন্‌হদদের অট্টালিকা গ্রাস করিবে।

২৮ পরমেশ্বর বাবিলের নিবুখদ্‌নিৎসর রাজাদ্বারা বিনাশ্য কেদরের ও হাৎসোর্‌ রাজ্যের বিষয়ে এই কথা কহেন, ‘তোমরা উঠিয়া কেদরে গিয়া ২৯ পূর্ব্বদেশীয় লোকদিগকে বিনষ্ট কর।’ তাহারা আপনাদের তাম্বূ ও পশুপাল সকল ও যবনিকা ও তাবৎ পাত্র লইয়া যাইবে, ও আপনাদের নিমিত্তে উষ্ট্রদিগকে লইয়া যাইবে; এবং সর্ব্বদিগে ভয় ৩০ আছে, এই কথা তাহাদিগকে কথিত হইবে। পরমেশ্বর কহেন, হে হাৎসোর্‌ নিবাসিগণ, পলায়ন কর, ও দূরে পলাইয়া অধোভূমিতে বাস কর, কেননা বাবিলের রাজা নিবুখদ্‌নিৎসর তোমা৩১ দের বিরুদ্ধে পরামর্শ ও মন্ত্রণা করিতেছে। পরমেশ্বর কহেন, ‘তোমরা উঠ, কবাট ও হুড়কারহিত হইয়া নির্ভয়ে ও নিশ্চিন্তরূপে একাকী বাসকারি যে সকল লোক, তাহাদের বিরুদ্ধে যাও।’ ৩২ পরমেশ্বর কহেন, তাহাদের উষ্ট্রগণ লোটনীয় বস্তু হইবে, ও তাহাদের সমূহপশু লুটিত দ্রব্য হইবে, এবং যে লোক শ্মশ্রু ছিন্ন করে, তাহাদিগকে চতুর্দ্দিগে ছিন্ন ভিন্ন করিব, ও সর্ব্বদিগহইতে তাহাদের ৩৩ দুর্দ্দশা আনিব। হাৎসোর্‌ নগর নাগের বসতি ও চিরস্থায়ি মহারণ্য হইবে; সেখানে কোন মানুষ থাকিবে না, এবং তাহাতে কোন মানুষের সন্তান প্রবাস করিবে না।

৩৪ যিহূদার রাজা সিদিকিয়ের প্রথমাধিকার সময়ে পরমেশ্বর যিরিমিয় ভবিষ্যদ্বক্তাকে এলমের বিষয়ে ৩৫ কহিলেন। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি এলমের ধনু অর্থাৎ তাহাদের প্রধান ৩৬ বল বিনষ্ট করিব। এবং আকাশের চতুর্দ্দিগহইতে চতুর্ব্বায়ু এলমের উপরে বহাইব, এবং ঐ সকল বায়ুদ্বারা তাহাদিগকে ছিন্নভিন্ন করিব; যে স্থানে এলমের বহিষ্কৃত লোকেরা যাইবে না, এমত দেশ থাকিবে ৩৭ না। এবং তাহাদের শত্রুগণের সম্মুখে ও তাহাদের প্রাণ বিনষ্ট করিতে সচেষ্ট লোকদের সম্মুখে আমি এলমীয়দিগকে ভীত করিব; পরমেশ্বর কহেন, আমি আপন প্রচণ্ড ক্রোধদ্বারা তাহাদের উপরে অমঙ্গল উপস্থিত করিব; আমি তাহাদিগকে যাবৎ বিনষ্ট না করিব, তাবৎ তাহাদের পশ্চাৎ২ খড়্গ পাঠাইব। পরমেশ্বর কহেন, আমি আপন সিংহা- ৩৮ সন এলমে স্থাপন করিব, ও সেই স্থানে রাজাকে ও অধ্যক্ষগণকে বিনষ্ট করিব। কিন্তু পরমেশ্বর ৩৯ কহেন, শেষকালে আমি এলমকে বন্দিদশাহইতে মুক্ত * করিব।

৫০ অধ্যায়।

বাবিল্‌ নগরের দণ্ডের ভবিষ্যদ্বাক্য ও ইস্রায়েলের লোকদের উদ্ধারের ভবিষ্যদ্বাক্য।

১ পরমেশ্বর যিরিমিয় ভবিষ্যদ্বক্তাদ্বারা বাবিল্‌ ও ২ কস্‌দীয় দেশের বিষয়ে এই কথা কহিলেন। তোমরা অন্যদেশীয়দের মধ্যে ইহা প্রচার কর ও প্রকাশ কর, এবং ধ্বজা তুলিয়া ঘোষণা কর ও গুপ্ত না রাখিয়া এই কথা বল, বাবিল্‌ নগর পরহস্তগত হইবে, ও বেল্‌ দেবতা ব্যাকুল হইবে, এবং মিরোদক্‌ ভগ্ন † হইবে. ও তাহার অন্যান্য প্রতিমা ব্যাকুলা ৩ হইবে, ও তাহার বিগ্রহ সকল ভগ্ন † হইবে। কেননা উত্তরদেশহইতে এক জাতি আসিয়া তাহার সকল দেশ অরণ্য করিবে; তাহাতে তাহার মধ্যে আর কেহ বাস করিবে না, তাহার মনুষ্য ও পশু উভয়ই তথাহইতে স্থানান্তরে পলায়ন করিবে।

৪ পরমেশ্বর কহেন, সেই কালের সেই দিনে ইস্রায়েলের বংশ ও যিহূদাবংশ একত্র হইয়া আসিবে, এবং ক্রন্দন করিতে২ গমন করিয়া আপ৫ নাদের প্রভু পরমেশ্বরের অন্বেষণ করিবে। তাহারা সিয়োনের দিগে সম্মুখ হইয়া তাহার পথ জিজ্ঞাসা করিয়া কহিবে, আইস, আমরা নিত্য ও অবিস্মরণীয় এক নিয়মদ্বারা পরমেশ্বরের সহিত মিলন করি। ৬ আমার লোকেরা হারাণ মেষস্বরূপ, তাহারা মেষপালকগণদ্বারা পর্ব্বতে ছিন্ন ভিন্ন হইয়া ভ্রমণ করে, ও পর্ব্বতহইতে উপপর্ব্বতে চালিত হইয়া আপনাদের শয়নস্থান বিস্মৃত হয়, ও লোকেরা ৭ তাহাদিগকে পাইয়া গ্রাস করে। এবং তাহাদের শত্রুগণ কহে, ইহাতে আমাদের কোন দোষ নাই, কারণ তাহারা ধর্ম্মাধার পরমেশ্বরের অর্থাৎ আপনাদের পূর্ব্বপুরুষদের আশাস্পদ পরমেশ্বরের ৮ বিরুদ্ধে অপরাধ করিয়াছে। তোমরা বাবিলের মধ্যহইতে যাও, ও কস্‌দীয় দেশহইতে প্রস্থান করিয়া পালের অগ্রগামি ছাগের ন্যায় হও।

৯ দেখ, আমি উত্তরদেশহইতে প্রধান জাতির সমূহ লোককে সংগ্রহ করিয়া বাবিলের বিরুদ্ধে আনিব,

---

[২৬] যির ৫০ ; ৩০ ॥—[২৮,২৯] যিশ ২১ ; ১৩-১৭ ।—[৩১] বি ১৮ ; ২৭। যিহি ৩৮ ; ১১ ॥—[৩৪-৩৮] দা ৮ ; ৩-৭, ১১-২১ ॥—[৩৫] যিশ ২২ ; ৬ ॥—[৩৯] প ৬। যির ৪৮ ; ৪৭ ॥

[৫০ অধ্য] যির ৫১। যিশ ১৩। ১৪। ২১। ৪৭। দা ৫। প্র ১৮॥—[২] যিশ ৪৬ ; ১,২ ॥—[৩] প ৯.৪১ ॥—[৪,৫] যির ৩১ ; ৯,৩১-৩৭। গী ১২৬। ইব্রি ১ ; ৫। ৭ ; ১-৭। নি ৯ ; ৩৮। ১০ ; ২৮-৩১। যিশ ৪৪ ; ১-৫ ॥—[৬] যির ২৩ ; ১,২। যিহি ৩৪ ; ১-৬ ॥—[৭] যির ৪০ ; ২,৩। দ্বি ২৯ ; ২৪-২৮ ॥—[৮] যির ৫১ ; ৬,৪৫। যিশ ৪৮ ; ২০। ৫২ ; ১১। সিখ ২ ; ৬, ৭। প্র ১৮; ৪ ॥—[৯] প ৩,৪১ ॥

* (ইব্রি) আনয়ন। † (বা) ভয়গ্রস্ত।

ও তাহারা বাবিলের বিরুদ্ধে সৈন্য রচনা করিবে, তাহাতে সে তাহাদের হস্তগত হইবে; ও তাহাদের বাণ নিপুণ ধনুর্দ্ধরদের * বাণের তুল্য হইবে, কোন বাণ নিষ্ফল হইয়া প্রত্যাগমন করিবে না; ১০ কস্দীয়েরা তাহাদের লুটিত বস্তু হইবে। পরমেশ্বর কহেন, যাহারা তাহাদের দেশ লুট করিবে, তাহারা ১১ তৃপ্ত হইবে। হে আমার অধিকার বিনাশকগণ, তোমরা তুষ্ট হইয়াছ ও আনন্দ করিয়াছ, তোমরা তৃণভোজি গোরুর ন্যায় হৃষ্টপুষ্ট হইয়াছ, ও তেজস্বি ১২ অশ্বের ন্যায় শব্দ করিয়াছ। একারণ তোমাদের মাতা অতি ব্যাকুলা হইবে, ও তোমাদের জননী লজ্জিতা হইবে; দেখ, সমূহ দেশের মধ্যে তাহা অধম হইয়া ১৩ অরণ্য ও শুষ্কভূমি ও বন হইবে। পরমেশ্বরের ক্রোধ প্রযুক্ত সে আর কখনো বসতিবিশিষ্ট না হইয়া সর্ব্বতোভাবে বনময় থাকিবে, ও যে কেহ বাবিলের নিকট দিয়া যাইবে, সে বিস্ময়াপন্ন হইবে, ও তাহার ১৪ দণ্ড দেখিয়া তাহাকে নিন্দা করিবে। তোমরা বাবিলের বিরুদ্ধে চতুর্দ্দিগে সৈন্য রচনা কর; হে ধনুকে চাড়াদায়ি লোক সকল, তোমরা তাহার প্রতি বাণ নিক্ষেপ কর, তাহাতে কৃপণতা করিও না, কেননা সে ১৫ পরমেশ্বরের কাছে অপরাধী হয়। অতএব তাহার চতুর্দ্দিকে সকলে সিংহনাদ করিও, তাহাতে সে আপনাকে সমর্পণ করিবে, ও তাহার ভিত্তিমূল পতিত হইবে, ও তাহার প্রাচীর অধঃপতিত হইবে; সে পরমেশ্বরের ক্রোধের পাত্র, তাহাকে প্রতিফল দিও; সে অন্যের প্রতি যেমন করিয়াছে, ১৬ তাহার প্রতি তদ্রূপ করিও। এবং বপনকর্ত্তাকে ও শস্যের সময়ে কাস্ত্যার ব্যাপারি লোককে বাবিল্‌হইতে বিনষ্ট করিও; তাহারা উপদ্রবি খড়্গের ভয়েতে আপন২ লোকের কাছে ফিরিয়া যাউক, ও প্রত্যেক জন আপন২ দেশে পলায়ন করুক।

১৭ সিংহগণ মেষের ন্যায় ইস্রায়েল্‌কে ছিন্নভিন্ন করিয়াছে; প্রথমতঃ অশূরের রাজা তাহাকে গ্রাস করিয়াছে, এবং শেষে বাবিলের রাজা নিবুখদ্‌১৮ নিৎসর তাহার অস্থি সকল ভগ্ন করিয়াছে। অতএব ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি অশূরের রাজাকে যেমন শাস্তি দিলাম, তদ্রূপ এই বাবিলের রাজাকে ও তাহার ১৯ দেশকে শাস্তি দিব। এবং ইস্রায়েল্‌কে পুনর্ব্বার আপন খোঁয়াড়ে ফিরাইয়া আনিব; সে কর্ম্মিলে ও বাশনের উপরে চরিবে, এবং ইফ্রয়িম্ পর্ব্বত ও ২০ গিলিয়দের উপরে তাহার প্রাণ তৃপ্ত হইবে। পরমেশ্বর কহেন, সেই কালের সেই দিনে ইস্রায়েলের অধর্ম্মের অনুসন্ধান হইবে, কিন্তু তাহার উদ্দেশ পাওয়া যাইবে না; এবং যিহূদার পাপেরও অন্বেষণ হইবে, কিন্তু কিছু মিলিবে না; কেননা আমি যাহাদিগকে রক্ষা করিব, তাহাদিগকে ক্ষমা করিব। ২১ পরমেশ্বর কহেন, তোমরা অত্যাচারি † দেশের বিরুদ্ধে উঠিয়া তাহাকে ও তাহার নিবাসি লোকদিগকে খড়্গদ্বারা দ্বিগুণরূপে শাস্তি দিও, ও তাহাদিগকে বিনষ্ট করিয়া নিঃশেষ করিও; আমি যাহা২ করিতে আজ্ঞা করি, তদনুসারে করিও। ২২ দেশে সংগ্রামের ও মহাবিনাশের শব্দ শুনা যাইবে। ২৩ তাবৎ পৃথিবীর প্রহারক হাতুড়িস্বরূপ, এই নগর কেমন ছিন্ন ও ভগ্ন হইবে! দেশসমূহের মধ্যে বাবিল্ কেমন উচ্ছিন্ন হইবে! ২৪ হে বাবিল, আমি তোমার নিমিত্তে যে ফাঁদ পাতিব, তাহাতে তুমি না জানিয়া ধৃত হইবা; তুমি পরমেশ্বরের সহিত যুদ্ধ করিয়াছ, এই নিমিত্তে ধৃত ও বদ্ধ হইবা। ২৫ পরমেশ্বর আপন অস্ত্রাগার খুলিয়া ক্রোধরূপ অস্ত্র বাহির করিবেন, কস্দীয়দের দেশে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কর্ম্ম করিবেন। ২৬ অতি দূর সীমাহইতে তাহার বিরুদ্ধে আইস, ও তাহার ভাণ্ডার মুক্ত কর, ও রাশির ন্যায় সঞ্চয় কর ও তাহাকে সম্পূর্ণরূপে বিনষ্ট কর, তাহার কিছু থাকিতে দিও না। ২৭ তাহার তাবৎ বলদকে বধ কর, ও তাহারা বধাগারে গমন করুক; হায়২ তাহাদের শাস্তির দিন ও দণ্ডের সময় আসিবে। ২৮ যাহারা পলায়ন করিবে, ও বাবিল্‌দেশ ত্যাগ করিবে, তাহাদের শব্দ আমাদের প্রভু পরমেশ্বরের দত্ত প্রতিফল অর্থাৎ তাঁহার মন্দির বিষয়ক প্রতিফল সিয়োনে প্রকাশ করাইবে। ২৯ বাবিলের বিরুদ্ধে ধনুর্দ্ধারিদিগকে আহ্বান কর; হে ধনুকে চাড়াদায়ি লোক সকল, তোমরা তাহার বিরুদ্ধে শিবির স্থাপন কর, ও কাহাকেও যাইতে দিও না; তাহার কর্ম্মানুসারে তাহাকে ফল দেও; সে যেমন কর্ম্ম করিয়াছে, তাহাকে তদ্রূপ প্রতিফল দেও; সে পরমেশ্বরের অর্থাৎ ইস্রায়েলের ধর্ম্মস্বরূপের বিরুদ্ধে আত্মশ্লাঘা করিয়াছে; ৩০ পরমেশ্বর কহেন, তন্নিমিত্তে সে দিনে তাহার যুবগণ রাজপথে পতিত হইবে, ও তাহার যোদ্ধাগণ উচ্ছিন্ন হইবে। ৩১ হে অহঙ্কৃততম, সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর কহেন, দেখ, আমি তোমার বিপক্ষে আছি, তোমার শাস্তির দিন ও দণ্ডের সময় উপস্থিত হইবে। ৩২ যে অহঙ্কারী, সে বাধা পাইয়া পতিত হইবে, কেহ তাহাকে উঠাইবে না; আমি তাহার নগরের মধ্যে অগ্নি দিব, তাহাতে তাহার চতুর্দ্দিগে সকল দগ্ধ হইবে।

৩৩ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, ইস্রায়ে-

[১১,১২] যিশ ৪৭।।—[১৫] প ২৯। গী ১৩৭ ; ৮।।—[১৭] ২ রা ১৭ ; ৬। ২৫ ; ৮-১১।।—[১৯] প ৪,৫। যির ৩৩ ; ১২,১৩। যিহি ৩৪ ; ১৩,১৪।।—[২০] যির ৩১ ; ৩৪। ৩৩ ; ৮। যিহি ৩৬ ; ৩৩।।—[২৩] যিশ ১৪ ; ৩-২১।।—[২৮] ৫১ ; ১০।। [২৯] প ১৫। গী ১৩৭ ; ৮।।—[৩০] প ৬,৭।।

* (বা) বিনাশকের। † (বা) মরাথয়িম্।

লের সন্তানগণ ও যিহূদার তাবৎ বংশ একত্র উপদ্রুত হইতেছে, ও যাহারা তাহাদিগকে বন্দিত্বে লইয়া গেল, তাহারা তাহাদিগকে দৃঢ়রূপে ধরিয়া বিদায় ৩৪ করিতে অসম্মত হইতেছে। কিন্তু যাঁহার নাম সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, তাহাদের সেই মুক্তিদাতা বলবান হন; তিনি ভূমিকম্পনদ্বারা বাবিল্‌নিবাসিদিগকে কম্পবান করিয়া তাহাদের বিচার সিদ্ধ করিবেন।

৩৫ পরমেশ্বর কহেন, কস্‌দীয়দের ও বাবিল্‌নিবাসিদের উপরে ও তাহার অধ্যক্ষদের ও তাহার ৩৬ জ্ঞানবানদের উপরে খড়্গ পতিত হইবে। এবং মায়াবিদের উপরে খড়্গ পড়িলে তাহারা হতবুদ্ধি হইবে; ও তাহার বলবান লোকদের উপরে খড়্গ ৩৭ পড়িলে তাহারা ভীত হইবে। তাহার ঘোটকদের উপরে ও তাহার রথের উপরে ও তন্মধ্যগত মিশ্রিত * লোকদের উপরে খড়্গ পড়িলে তাহারা স্ত্রীলোকের ন্যায় হইবে; এবং তাহার ভাণ্ডারের উপরে খড়্গ পড়িলে তাহার তাবৎ ধন লুটিত হইবে। ৩৮ এবং অনাবৃষ্টি হইলে তাহার তাবৎ জল শুষ্ক হইবে; সে খোদিত প্রতিমার দেশে লোকেরা ৩৯ আপন ২ দেবগণের বিষয়ে উন্মত্ত হয়। এই নিমিত্তে সে স্থানে কেন্দুয়া ও শৃগাল বাস করিবে, এবং উষ্ট্রপক্ষি সকল বাসা করিবে; সে আর কখনো প্রস্তুত হইবে না, ও পুরুষে২ সে স্থানে ৪০ বসতি হইবে না। পরমেশ্বর এই কথা কহেন, ঈশ্বর যেমন সিদোম ও অমোরা ও তাহার নিকটস্থ নগরের উৎপাটন করিলেন, তদ্রূপ করিবেন; কোন ব্যক্তি তাহার মধ্যে থাকিবে না, ও কোন মানুষের ৪১ বংশ তাহার মধ্যে বাস করিবে না। দেখ, উত্তর দেশহইতে এক লোক আসিবে, ও পৃথিবীর সীমা পর্য্যন্ত মহাজাতি ও অনেক রাজা একত্র হইবে। ৪২ তাহারা ধনুর্দ্ধর ও বড়শাধারী হইবে, ও নির্দ্দয় হইয়া কাহাকেও কৃপা করিবে না; সমুদ্রগর্জ্জনের ন্যায় তাহাদের রব হইবে। হে বাবিলের কন্যে, তাহারা অশ্বারোহণ করিয়া সংগ্রামের জন্যে সুসজ্জিত যোদ্ধার ন্যায় তোমার বিপক্ষে সৈন্য রচনা করিবে। ৪৩ বাবিলের রাজা তাহাদের সমাচার শুনিলে তাহার হস্ত দুর্ব্বল হইবে, ও স্ত্রীর প্রসব বেদনার ন্যায় ৪৪ তাহাকে বেদনা ও যন্ত্রণা ধরিবে। দেখ, যেমন যর্দ্দন উথলনের জলহইতে সিংহ আইসে, তদ্রূপ শত্রু দৃঢ় † নিবাসের বিরুদ্ধে আসিবে; আমি তাহাহইতে তাহাদিগকে বেগে গমন করাইব; এবং আমার মনোনীত লোক কে যে আমি তাহাকে তাহার উপরে নিযুক্ত করি? আমার তুল্য কে আছে? ও আমার সময় নিরূপণ কে করিবে? এবং আমার সম্মুখে দাঁড়াইতে পারে এমত পালক কে আছে? ৪৫ অতএব পরমেশ্বর বাবিলের বিরুদ্ধে যে পরামর্শ করিয়াছেন এবং কস্‌দীয়দেশ নিবাসিদের বিপক্ষে যে মন্ত্রণা করিয়াছেন, তাহা শুন। তাহারা পালের মধ্যে ক্ষুদ্রতম মেষশাবকের ন্যায় বলেতে নিতান্ত বহিষ্কৃত হইবে; তাহাদের খোঁয়াড় নিতান্ত শূন্য ৪৬ হইবে। বাবিল্‌ পরহস্তগত হইয়াছে, এই শব্দে পৃথিবী কম্পিতা হইবে, ও তাহার ক্রন্দনের শব্দ অন্যদেশীয়দের মধ্যে শুনা যাইবে।

৫১ অধ্যায়।

১ বাবিল নগরের দণ্ডের ভবিষ্যদ্বাক্য ৫৯ ও যিরিমিয় কর্ত্তৃক সেই সম্বাদ বাবিলে প্রেরণ ও পাঠ করণের পরে তাহাতে প্রস্তর বান্ধিয়া ফরাৎ নদীতে মগ্ন করণের দৃষ্টান্ত কথা।

১ পরমেশ্বর এই কথা কহেন, আমি বাবিলের ও আমার বিপক্ষগণের মধ্যবর্ত্তি লোকদের বিরুদ্ধে ২ এক বিনাশক বায়ু উৎপন্ন করিব। এবং বাবিল নগরে শত্রুদিগকে ‡ প্রেরণ করিব, তাহারা তাহাকে ঝাড়িয়া তাহার দেশ শূন্য করিবে, ও দুর্দ্দশাসময়ে চতুর্দ্দিগে তাহার প্রতি প্রতিকূলাচরণ ৩ করিবে। এবং ধনুকে চাড়া দিয়া ধনুর্দ্ধরদের ও বর্ম্মপরিহিত লোকদের বিপরীতে ধনুকেতে চাড়া দিবে; কিন্তু তোমরা তাহার যুবলোকদের প্রতি দয়া করিও না, তাহার তাবৎ সৈন্যকে সম্পূর্ণ ৪ রূপে বিনাশ কর। তাহাতে তাহারা কস্‌দীয়দের দেশে হত ও রাজপথে বিদ্ধ হইয়া পতিত হইবে। ৫ ইস্রায়েল্‌ ও যিহূদা আপন প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের ত্যক্ত ‖ নহে, কিন্তু ইহাদের দেশ ইস্রায়েলের ৬ ধর্ম্মস্বরূপের বিরুদ্ধে পাপেতে পরিপূর্ণ আছে। অতএব তাহার দণ্ডের সময়ে যেন তোমরা বিনষ্ট না হও, এই জন্যে তোমরা বাবিলের মধ্যহইতে পলায়ন করিয়া প্রত্যেক জন আপন২ প্রাণ রক্ষা কর; কেননা পরমেশ্বরকর্ত্তৃক প্রতিফলের সময়ে তিনি ৭ তাহার ক্রিয়ার সমুচিত প্রতিফল দিবেন। বাবিল নগর পরমেশ্বরের হস্তস্থিত জগজ্জনকে মত্তকারি এক সুবর্ণ পাত্রস্বরূপ, তাহার মদ্য পান করাতে অন্যদেশীয় লোকেরা উন্মত্ত হইয়াছে। ৮ বাবিল নগর অকস্মাৎ পতিত ও উচ্ছিন্ন হইবে। তাহার নিমিত্তে আর্ত্তস্বর কর ও যদি তাহা প্রতিকার্য্য হয়, তবে তাহার ব্যথার প্রতিকারক ঔষধ গ্রহণ কর। ৯ “আমরা

[৩৪] যিশ ৪৭; ৪। প্রু ১৮; ৮॥—[৩৯,৪০] যিশ ১৩; ১৯-২১॥—[৪০] আ ১৯; ২৪,২৫। যির ৪৯; ১৮॥—[৪১] প ৩,৯॥—[৪৩] দা ৫; ৬,৯॥—[৪৪,৪৫] যির ৪৯; ১৯-২১॥

[৫১ অধ্য] যির ৫০। যিশ ১৩। ১৪। ২১। ৪৭। দা ৫। প্রু ১৮॥—[৫] যিশ ১৪; ১॥—[৬] প ৪৫। যির ৫০; ৮। আ ১৯; ১২,১৩,১৭। প্রু ১৮; ৪॥—[৭] প্রু ১৭; ২,৪,৫॥

* (বা) অরবীয়। † (বা) পর্ব্বতীয়। ‡ (বা) বিদেশিদিগকে বা সূর্পধারিদিগকে। ‖ (ইব্রু) বিধবা।

বাবিল্ নগরকে সুস্থ করিতে চাহিলাম, কিন্তু সে সুস্থ হইল না; অতএব আইস, তাহাকে ত্যাগ করিয়া আমরা প্রত্যেক জন আপন২ দেশে যাই, কেননা তাহার দণ্ড গগণস্পর্শ, ও আকাশ পর্য্যন্ত উত্থিত ১০ হয়। পরমেশ্বর আমাদের ধর্ম্ম প্রকাশ করিয়াছেন, অতএব আইস, আমরা সিয়োনে গিয়া আপন ১১ প্রভু পরমেশ্বরের ক্রিয়া প্রকাশ করি।' বাণে শাণ দেও ও ঢাল ধর*, পরমেশ্বর মাদীয় রাজগণের মনে প্রবৃত্তি দিবেন, কেননা বাবিল্ নগর উচ্ছিন্ন করণার্থে তাঁহার অভিপ্রায় আছে, এবং পরমেশ্বরের যে দণ্ড দত্ত হইবে, তাহা তাঁহার মন্দিরের নিমিত্তক দণ্ড ১২ হইবে। তোমরা বাবিলের প্রাচীরের উপরে পতাকা স্থাপন কর, ও রক্ষকগণকে সাহস দেও, ও প্রহরিগণকে নিযুক্ত কর, ও গোপন স্থানে সৈন্য রাখ, কেননা পরমেশ্বর বাবিল্ নিবাসিদের বিষয়ে যাহা কহিয়াছেন, তদনুসারে আপন অভিপ্রায় সিদ্ধ করিবেন। ১৩ হে জলরাশির নিকটস্থ ঐশ্বর্য্যবান নগর, তোমার ১৪ অন্তিমকাল ও উপদ্রব করণের ফল উপস্থিত। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আপন নাম লইয়া এই শপথ করিয়াছেন, আমি তোমাকে পঙ্গপালবৎ শত্রুতে পরিপূর্ণ করিব, তাহারা তোমার বিরুদ্ধে সিংহনাদ করিবে। ১৫ তিনি আপন পরাক্রমে পৃথিবী সৃষ্টি করিয়াছেন ও আপন জ্ঞানে জগৎ স্থাপন করিয়াছেন, এবং আপন বুদ্ধিতে আকাশমণ্ডলকে বিস্তারিত করিয়াছেন। ১৬ তিনি মেঘগর্জ্জন করিলে আকাশে অনেক জল সঞ্চয় হয়, ও তিনি পৃথিবীর সীমাহইতে মেঘোদয় করেন, ও বৃষ্টির নিমিত্তে বিদ্যুৎ করেন, ও আপন ভাণ্ডার- ১৭ হইতে বায়ু বাহির করেন। যে কেহ প্রতিমাকে মান্য করে, সে পশুবৎ†; এবং যে কেহ প্রতিমা নির্ম্মাণ করে, সে লজ্জিত হইবে; কারণ তাহার ছাঁচে ঢালা প্রতিমা সকল মিথ্যা; তাহাদের নিশ্বাস প্রশ্বাস নাই। ১৮ তাহারা অতি অসার, ভ্রমাত্মকমাত্র; দণ্ডের সময়ে ১৯ তাহারা বিনষ্ট হইবে। কিন্তু যাঁহাতে যাকুবের অধিকার, তিনি তদ্রূপ নহেন; তিনি বিশ্বের সৃষ্টিকর্ত্তা (ইস্রায়েল) তাঁহার অধিকার; তাঁহার নাম সৈন্যা- ২০ ধ্যক্ষ পরমেশ্বর। হে আমার মুদ্গর ও যুদ্ধের অস্ত্রস্বরূপ, তোমাদ্বারা আমি অন্যদেশীয়দিগকে সংহার করিব‡, ও তোমাদ্বারা রাজ্য সকল সংহার করিব; ২১ ও তোমাদ্বারা অশ্ব ও অশ্বারূঢ়গণকে সংহার করিব, ও তোমাদ্বারা রথ ও সারথিগণকে সংহার করিব, ২২ ও তোমাদ্বারা পুরুষ ও স্ত্রীগণকে সংহার করিব, ও তোমাদ্বারা বালক ও বৃদ্ধগণকে সংহার করিব, ও ২৩ তোমাদ্বারা যুবা ও যুবতিগণকে সংহার করিব, ও তোমাদ্বারা পাল ও পালরক্ষককে সংহার করিব, ও তোমাদ্বারা যুগমবলদ ও কৃষকগণকে সংহার করিব, ও তোমাদ্বারা প্রধান সেনাপতি ও অধ্যক্ষগণকে সংহার করিব। ২৪ পরমেশ্বর কহেন, বাবিল নগর ও কল্দীয় দেশ নিবাসি লোক সকল সিয়োনে যে সকল দুষ্কর্ম্ম করিয়াছে, আমি তোমাদের সাক্ষাতে তাহাদিগকে তাহার প্রতিফল দিব। ২৫ পরমেশ্বর কহেন, হে তাবৎ পৃথিবী নাশকারি বিনাশক পর্ব্বত, দেখ, আমি তোমার বিরুদ্ধে হস্ত বিস্তার করিব, ও শৈলহইতে তোমাকে গড়াইয়া ফেলিব, ও তোমাকে অগ্নিপর্ব্বত করিব। ২৬ পরমেশ্বর কহেন, কোণের কিম্বা ভিত্তিমূলের নিমিত্তে কেহ তোমাহইতে প্রস্তর লইবে না, তুমি সর্ব্বতোভাবে শূন্য হইবা। ২৭ দেশে ধ্বজা তুল ও অন্যদেশীয়দের মধ্যে তূরী বাজাও, ও তাহার প্রতিকূলে অন্যজাতিদিগকে প্রস্তুত কর, ও বাবিলের বিপক্ষে অরারট্ ও মিন্নি ও অস্কিনসের রাজ্যে লোকদিগকে একত্র কর, ও তাহার বিরুদ্ধে সেনাপতি নিযুক্ত কর, ও ভয়ানক পঙ্গপালের ন্যায় অশ্বগণকে ঘনরূপে প্রেরণ কর। ২৮ এবং তাহার বিরুদ্ধে নানা জাতিদিগকে অর্থাৎ মাদীয়দের রাজা ও সেনাপতি ও অধ্যক্ষগণ ও তাহার কর্তৃত্বের অধীন তাবৎ দেশীয় লোককে প্রস্তুত কর। ২৯ তাহাতে দেশ কম্পিত হইয়া শোক করিবে; কেননা বাবিল্ দেশকে উচ্ছিন্ন ও নিবাসিশূন্য করণার্থে বাবিলের বিপরীতে পরমেশ্বরের অভিপ্রায় সফল হইবে। ৩০ ও বাবিলের বলবান লোকেরা যুদ্ধে বিরত হইয়া গড়ের মধ্যে লুক্কায়িত হইবে, ও দুর্ব্বল হইয়া স্ত্রীর ন্যায় হইবে, ও তাহাদের বাসস্থান দগ্ধ হইবে, ও তাহার হুড়কা ভগ্ন হইবে। ৩১ এবং 'নগরের এক দিগ শত্রুহস্তগত হইল, ও পুল রুদ্ধ হইল, ও নলবন ৩২ অনলে দগ্ধ হইল, ও যোদ্ধা সকল ভীত হইল,' এই সকল সম্বাদ বাবিলের রাজাকে দিতে এক ধাবক অন্য ধাবকের ও এক দূত অন্য দূতের সঙ্গ ধরিতে দৌড়িবে। ৩৩ কেননা ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, বাবিলের কন্যা শস্য মর্দ্দন সময়ের মর্দ্দনস্থানস্বরূপ হইবে, অল্প ক্ষণের মধ্যে তাহার শস্য কাটনের সময় আসিবে। ৩৪ সিয়োন নিবাসিনী এই কথা কহিবে, 'বাবিলের রাজা নিবুখদ্নিৎসর্ আমাকে গ্রাস ও বিনাশ করিল, ও আমাকে শূন্য পাত্রস্বরূপ করিল, ও আমাকে সর্পবৎ গ্রাস করিল, ও আমার সুভক্ষ্যদ্বারা আপন উদর পরিপূর্ণ করিয়া আমাকে বহির্গত করিল। ৩৫ আমার প্রতি যেরূপ দৌরাত্ম্য ও উপদ্রব|| হইয়াছে, বাবিলের প্রতি তদ্রূপ ঘটুক;' এবং যিরূশালম

---

[৯] দা ৩; ২৮,১৯। ৪; ৩৭। ৬; ২৫-২৭।।—[১০] যির ৫০; ২৮।।—[১১] প ২৮।।—[১৩] প্রু ১৭; ১,১৫।।—[১৫-১৯] যির ১০; ১২-১৬।।—[২০-২৩] যিশ ৪১: ১৫,১৬। মী ৪; ১৩।।—[২৪] যির ৫০; ১৫,২৯।।—[২৮] প ১১।।—[৩০] ৫০; ৪৩।।—[৩৩] যিশ ৪১; ১৫,১৬। য ৩; ১২।।—[৩৪] যির ৫০; ১৭।।

* (ইব্রু) পূর্ণ কর। † (বা) পুত্তিমা স্বীকার করণে বা তত্ত্বজ্ঞান বিনা সকলে পশুবৎ। ‡ (বা) করিলাম। || (ইব) মাংস।

কহিবে,‘কস্‌দীয় লোকদের প্রতি আমার বধাপরা- ৩৬ ধের প্রতিফল হউক।’ অতএব পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি তোমার বিচার নিষ্পন্ন করিব,ও তোমার জন্যে দণ্ড দিব, এবং আমি তাহার সমুদ্রকে ৩৭ জলশূন্য, ও তাহার উনুইকে শুষ্ক করিব। এবং বাবিল্ নগর প্রস্তরের ঢিবিস্বরূপ ও সর্পের বাসস্থান ও ৩৮ বিস্ময়াস্পদ ও নিন্দাস্পদ ও নরশূন্য হইবে। তাহার লোকেরা এক কালে সিংহবৎ গর্জ্জন করিবে, ও ৩৯ সিংহশাবকদের ন্যায় ঘোরনাদ করিবে বটে; কিন্তু পরমেশ্বর কহেন, আমি তাহাদের সুখের * সময়ে তাহাদের ভোজ প্রস্তুত করিব, ও তাহাদিগকে এমত উন্মত্ত করিব, যে তাহারা আনন্দিত হইবামাত্র মহা- ৪০ নিদ্রাগ্রস্ত হইবে, আর জাগৃত হইবে না। এবং বধার্থে আনীত মেষশাবক ও মেষের সহিত আনীত ছা- ৪১ গের ন্যায় তাহাদিগকে আনিব। শেশক্ † কেমন পরহস্তগত, ও তাবৎ পৃথিবীর গৌরবস্বরূপ কেমন হঠাৎ পরহস্তগত হইবে! অন্যদেশীয়দের মধ্যে ৪২ বাবিল্ নগর কেমন বিস্ময়াস্পদ হইবে! বাবিল সমুদ্রেতে আবৃত হইবে, ও তাহার ঘন২ তরঙ্গে আ- ৪৩ চ্ছন্ন হইবে। এবং তাহার তাবৎ নগর উচ্ছিন্ন ও শুষ্কভূমি ও অরণ্য ও মনুষ্যদের বসতিহীন ও লোকদের ‡ ৪৪ গমনাগমনরহিত হইবে। আমি বাবিল্ নগরে বেল্ দেবতাকে শাস্তি দিব, তাহার মুখহইতে তাবৎ ভুক্ত নৈবেদ্য উদ্‌গীরণ করাইব; তাহাতে অন্যদেশীয়েরা তাহার নিকটে আর আসিবে না, এবং বাবিলের ৪৫ প্রাচীরও পতিত হইবে। হে আমার লোক সকল, তোমরা তাহার মধ্যহইতে পলায়ন কর, ও প্রত্যেক জন পরমেশ্বরের প্রজ্বলিত ক্রোধহইতে আপন২ ৪৬ প্রাণ রক্ষা কর। দেশের মধ্যে কোন সম্বাদ পাইলে তোমাদের হৃদয় মূর্চ্ছাপন্ন ও উদ্বিগ্ন না হউক, কেননা বৎসরে২ নানা জনরব হইবে, এবং দেশে দৌরাত্ম্য ও এক শাসনকর্ত্তার বিরুদ্ধে অন্যে শাসনকর্ত্তা হই- ৪৭ বে। দেখ, যে সময়ে আমি বাবিলের খোদিত প্রতিমাগণের দণ্ড করিব, ও তাহার তাবৎ দেশ লজ্জাস্পদ হইবে, ও তাহার মধ্যে লোক সকল হত হইয়া পতিত ৪৮ হইবে, এমত সময় আসিতেছে। তখন আকাশ ও পৃথিবী ও তন্মধ্যস্থিত সকলে বাবিলের বিষয়ে গান করিবে, কেননা পরমেশ্বর কহেন, বিনাশকগণ উত্তর ৪৯ দেশহইতে তাহার কাছে আসিবে। তাহাতে বাবিলস্থ লোকেরা যেমন ইস্রায়েল্ লোকদিগকে নিপাত করিয়াছে, তদ্রূপ দেশের তাবৎ লোক বাবিলে ৫০ হত হইয়া পতিত হইবে। অতএব খড়্গহইতে রক্ষা প্রাপ্ত তোমরা এখন প্রস্থান কর,এখানে আর থাকিও না; এই দূরদেশে পরমেশ্বরকে স্মরণ করিয়া যিরূশালমকে মনে কর। ‘আমরা লজ্জিত হইলাম, নিন্দা ৫১ শ্রবণে আমাদের মুখ লজ্জাতে আচ্ছন্ন হইল, কেননা বিদেশি লোকেরা পরমেশ্বরের মন্দিরের পবিত্র স্থানে প্রবেশ করিয়াছে।’ অতএব পরমেশ্বর কহেন, ৫২ যে সময়ে আমি তাহার ছাঁচে ঢালা প্রতিমার প্রতি দণ্ড দিব, ও যে সময়ে তাহার ক্ষতবিক্ষত লোকেরা তাবৎ দেশে কোঁকাইবে, দেখ, এমত সময় আসিতেছে। পরমেশ্বর কহেন, বাবিল যদি আকাশ পর্য্যন্ত ৫৩ উঠে ও দৃঢ় প্রাচীরেতে বেষ্টিত হয়,তথাপি নাশকেরা আমার নিকটহইতে তাহার প্রতি আগমন করিবে। তাহাতে বাবিলের মধ্যহইতে ক্রন্দনের ও কস্‌দীয়- ৫৪ দের দেশহইতে অতিশয় বিলাপের শব্দ উঠিবে। পরমেশ্বর বাবিল নগর উচ্ছিন্ন করিবেন; সে যদ্যপি ৫৫ সমুদ্রের তরঙ্গের ন্যায় গর্জ্জন করে ও অতি গভীর শব্দ করে,তথাপি তাহার মধ্যহইতে সেই মহা কোলাহল দূর করিবেন। বিনাশকেরা তাহার উপরে ৫৬ অর্থাৎ বাবিলের উপরে আসিবে, ও তাহার বলবান লোকেরা ধৃত হইবে, ও তাহার প্রত্যেক লোকের ধনুক ভগ্ন হইবে; কেননা প্রতিফলদাতা যে পরমেশ্বর, তিনি অবশ্য প্রতিফল দিবেন। সৈন্যা- ৫৭ ধ্যক্ষ পরমেশ্বর নামক রাজা কহেন, আমি তাহার অধ্যক্ষগণকে ও জ্ঞানবানদিগকে ও সেনাপতিগণকে ও শাসনকর্ত্তাদিগকে ও পরাক্রমিগণকে মত্ত করিব; তাহাতে তাহারা মহানিদ্রাগ্রস্ত হইবে, আর জাগৃত হইবে না। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা ৫৮ কহেন, বাবিল নগরের প্রশস্ত প্রাচীর নির্ম্মূলে ভগ্ন হইবে, ও তাহার উচ্চদ্বার অগ্নিতে দগ্ধ হইবে; তাহাতে লোকদের পরিশ্রম বৃথা হইবে, ও দেশীয়দের শ্রান্তি অগ্নির নিমিত্তে হইবে।

যিহূদার রাজা সিদিকিয়ের চতুর্থ বৎসর অধিকার ৫৯ সময়ে মহসেয়ের পৌত্র নেরিয়ের পুত্র সিরায় নামক অন্তঃপুরের অধ্যক্ষ, রাজার সহিত যাইয়া যে সময়ে বাবিলে গমন করে, তৎকালে যিরিমিয় ভবি- ৬০ ষ্যদ্বক্তা বাবিলের ভাবি অমঙ্গল, অর্থাৎ বাবিলের বিরুদ্ধে পূর্ব্বোক্ত যে সকল কথা লিখিত আছে,তাহা এক পুস্তকে লিখিয়া সিরায়কে এই আজ্ঞা দিল, ৬১ তুমি বাবিলে উপস্থিত হইলে ইহা দেখিয়া সকল কথা পাঠ করিয়া কহিবা; হে পরমেশ্বর, তুমি ৬২ এই স্থানকে উচ্ছিন্ন ও মনুষ্য পশ্বাদি শূন্য ও নিত্য অরণ্য করণের কথা ইহার বিপরীতে কহিয়াছ। পরে এই পুস্তক পাঠ সাঙ্গ হইলে তাহার ৬৩ সহিত এক প্রস্তর বন্ধন করিয়া তাহা ফরাৎ নদীর

[৩৬] যির ৫০; ৩৪,৩৮।।—[৩৯] প ৫৭। দা ৫; ১-৪,৩০।।—[৪১] যির ২৫; ২৬।।—[৪২] যিশ ২১; ১।।—[৪৪] প ৪৭।। প ৫৮।।—[৪৫] প ৬।।—[৪৭] প ৫২। যিশ ৪৬; ১,২। যির ৫০; ২।।—[৪৮] যিশ ১৪।।—[৫১] গী ৭৯; ১,৪।। [৫২] প ৪৭।।—[৫৩] যির ৪৯; ১৬।।—[৫৭] প ৩৯।।—[৫৮] প ৪৪।।—[৬০,৬৪] পু ১৮; ২১।।

* (ইব্রী) ঘর্ম্মের। † (অর্থাৎ) বাবিল। ‡ (ইব্রী) মনুষ্যদের সন্তানদের।

মধ্যে নিক্ষেপ করিয়া এই কথা কহিবা, পরমেশ্বর * ৬৪ বাবিলের প্রতি যে অতিশয় অমঙ্গল ঘটাইবেন, তাহাতে বাবিল নগর এইরূপ মগ্ন হইয়া দুর্ব্বলতা প্রযুক্ত আর কখনো উঠিতে পারিবে না। ইতি।

যিরিমিয়ের কথা সমাপ্ত।

৫২ অধ্যায়।

১ সিদিকিয়ের বাবিলের রাজার অনাজ্ঞাবহ হওন ৪ ও যিরূশালমের অবরোধ ও পরহস্তগত ও দগ্ধ হওন ও লোকদিগকে বাবিলে লইয়া যাওন ২৮ ও বন্দিলোকদের সংখ্যা ৩১ ও যিহোয়াখীনের উন্নতি।

১ সিদিকিয় একুশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া একাদশ বৎসর পর্য্যন্ত যিরূশালমে রাজত্ব করিল; লিব্নার যিরিমিয়ের কন্যা হমূটল্ তাহার ২ মাতা ছিল। সে যিহোয়াকীমের সকল কর্ম্মানুসারে ৩ পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল। পরে সিদিকিয় বাবিলের অধীনতা ত্যাগ করিল; এবং যিরূশালম ও যিহূদার প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রযুক্ত তাহারা যেন তাঁহার সম্মুখহইতে দূর হয়, এই জন্যে এমন দশা ঘটিল।

৪ পরে তাহার অধিকারের নবম বৎসরের দশম মাসে মাসের দশম দিনে বাবিলের নিবুখদ্‌নিৎসর্ রাজা ও তাহার সকল সৈন্য যিরূশালমের বিরুদ্ধে আসিয়া শিবির স্থাপন করিল, ও তাহার বিরুদ্ধে চতুর্দ্দিগে দুর্গ ৫ গাঁথাইল। সিদিকিয়ের অধিকারের একাদশ বৎসর ৬ পর্য্যন্ত নগর অবরুদ্ধ থাকিল। তাহাতে চতুর্থ মাসের নবম দিনে নগরে অতিশয় দুর্ভিক্ষ হইল, দেশের লোকদের জন্যে খাদ্য দ্রব্য কিছুই ছিল না।

৭ পরে নগর ভগ্ন হইলে যোদ্ধারা রাত্রিতে নগরহইতে রাজার উদ্যানের নিকটস্থ দুই প্রাচীরের দ্বারের পথে পলায়ন করিয়া প্রান্তরের পথের দিগে গেল, কিন্তু কস্‌দীয়েরা নগরের বিরুদ্ধে চতুর্দ্দিগে ৮ থাকিল। পরে কস্‌দীয়দের সেনাগণ রাজার পশ্চাদ্ ধাবমান হইয়া যিরীহোর প্রান্তরে সিদিকিয়ের নিকটে উপস্থিত হইল, তাহাতে তাহার সকল সৈন্য ৯ তাহার নিকটহইতে ছিন্ন ভিন্ন হইল। অতএব তাহারা রাজাকে ধরিয়া হমাৎ দেশস্থ রিব্‌লাতে বাবিলের রাজার নিকটে আনিল, তাহাতে সে তাহার ১০ প্রতি দণ্ডাজ্ঞা করিল। পরে বাবিলের রাজা রিব্‌লাতে সিদিকিয়ের সাক্ষাতে তাহার পুত্রগণকে বধ করিল, ১১ এবং যিহূদার অধ্যক্ষগণকেও বধ করিল। পরে বাবিলের রাজা সিদিকিয়ের চক্ষু উৎপাটন করিয়া তাহাকে পিত্তলের শৃঙ্খলেতে বদ্ধ করিয়া বাবিলে লইয়া গেল, এবং তাহার মৃত্যু পর্য্যন্ত তাহাকে কারাগারে বদ্ধ রাখিল।

১২ অপর পঞ্চম মাসে মাসের দশম দিনে বাবিলের নিবুখদ্‌নিৎসর্ রাজার অধিকারের উনিশ বৎসরে নিবূষরদন্ রক্ষকসেনাপতি নামক বাবিলের রাজার ১৩ এক মন্ত্রী † যিরূশালমে আসিয়া পরমেশ্বরের মন্দির ও রাজবাটী ও যিরূশালমের সকল গৃহ ও বৃহৎ ১৪ অট্টালিকা সকল অগ্নিতে দগ্ধ করিল। এবং রক্ষক সেনাপতির অনুগামি কস্‌দীয়দের সেনাগণ যিরূশা- ১৫ লমের চতুর্দ্দিগের প্রাচীর ভগ্ন করিল। এবং নিবূষরদন্ রক্ষকসেনাপতি (অনেক) দরিদ্র ও নগরের অবশিষ্ট লোককে ও যাহারা পলায়ন করিয়া বাবিলের রাজার পক্ষ হইল তাহাদিগকে এবং অন্য ১৬ অবশিষ্ট লোকদিগকে দূরে লইয়া গেল। কেবল দ্রাক্ষাক্ষেত্র পালন ও ভূমিকর্ষণার্থে নিবূষরদন্ রক্ষকসেনাপতি কতক দরিদ্র লোককে দেশে রাখিল।

১৭ আর পরমেশ্বরের মন্দিরের পিত্তলময় দুই স্তম্ভ ও পীঠ সকল ও পরমেশ্বরের মন্দিরের পিত্তলময় সমুদ্ররূপ পাত্র কস্‌দীয়েরা খণ্ড ২ করিয়া তাহার ১৮ পিত্তল বাবিলে লইয়া গেল। এবং থাল ও হাতা ও গুলত্রাস্ ও চমস ও কুণ্ড ও সেবার্থক পিত্তলময় ১৯ পাত্র, এই সকল তাহারা লইয়া গেল। এবং অগ্নির পাত্র ও কটাহ ও চমস ও থাল ও দীপবৃক্ষ ও কুণ্ড ও পানপাত্র প্রভৃতি স্বর্ণময় পাত্রের স্বর্ণ ও রূপ্যময় ২০ পাত্রের রূপ্য রক্ষকসেনাপতি লইয়া গেল। এবং সুলেমান্ রাজা পরমেশ্বরের মন্দিরের জন্যে যে দুই স্তম্ভ ও এক সমুদ্ররূপ পাত্র ও তাহার চরণতলে দ্বাদশ পিত্তলের বৃষরূপ পীঠ করিয়াছিল, তাহার পিত্তলের ২১ পরিমাণ অসংখ্য ছিল। কিন্তু ঐ স্তম্ভ প্রত্যেকে অষ্টাদশ হস্ত উচ্চ ও দ্বাদশ হস্ত স্থূল ছিল, এবং সে ২২ ফাঁপা বটে, কিন্তু চারি অঙ্গুলি পুরু ছিল। এবং তাহার উপরে পাঁচ হস্ত পরিমাণ উচ্চ পিত্তলের মাথলা ছিল, ও মাথলার উপরিভাগের চতুর্দ্দিগে পিত্তলময় অনেক জালরূপ কর্ম্ম ও দাড়িম্বাকার ছিল; এবং তাহার দ্বিতীয় স্তম্ভেরও ঐমত আকার ও ২৩ দাড়িম্ব ছিল। পার্শ্বে ছেয়ানব্বই দাড়িম্ব হওয়াতে চতুর্দ্দিগের জালরূপ কর্ম্মের উপরে শ্রেণীতে একশত ২৪ দাড়িম্ব ছিল। পরে রক্ষকসেনাপতি প্রধান যাজক সিরায়কে ও সিফনিয় দ্বিতীয় যাজককে ও তিন জন ২৫ দ্বারপালকে ধরিল। এবং নগরের যোদ্ধাদের অধ্যক্ষ্য এক সেনাপতিকে এবং নগরে প্রাপ্ত সপ্ত জন রাজ সভাসদকে ও দেশীয় লোকদের সৈন্যের গণনাকারি প্রধান এক লেখককে ও নগরে প্রাপ্ত দেশীয় ষষ্টি ২৬ জনকে ধরিয়া নিবূষরদন রক্ষকসেনাপতি রিব্‌লাতে ২৭ বাবিলের রাজার কাছে লইয়া গেল। পরে বাবিলের রাজা হমাৎদেশস্থ রিব্‌লাতে তাহাদিগকে প্রহার

[৫২ অধ্য; ১-৩] ২ রা ২৪; ১৮-২০।।—[৪-১১] যির ৩৯; ১-৭। ২ রা ২৫; ১-৭।।—[১২-২৩] যির ৩৯; ৮-১১। ২ রা ২৫; ৮-১৭।।—[১৭] যির ২৭; ১৯-২২।।—[২৪-২৭] ২ রা ২৫; ১৮-২১।।

* (ইব্রু) আমি। † (বা) প্রতিনিধি।

করিয়া বধ করাইল; এই রূপে যিহূদার লোকেরা আপন দেশহইতে নীত হইল।

২৮ নিবুখদ্নিৎসর রাজা আপন অধিকারের সপ্তম বৎসরে তিন সহস্র তেইশ জন যিহূদি লোককে বন্দি করিয়া লইয়া গেল। ২৯ নিবুখদ্নিৎসরের অধিকারের আঠার বৎসরে সে যিরূশালমহইতে আটশত বত্রিশ জনকে লইয়া গেল। ৩০ তাহার তেইশ বৎসরে নিবূষরদন সেনাপতি সাতশত পঁয়তাল্লিশ জনকে বন্দি করিয়া লইয়া গেল; সর্ব্বশুদ্ধ চারি সহস্র ছয়শত লোককে লইয়া গেল।

৩১ অপর যিহূদার যিহোয়াখীন্ রাজার দাসত্বের সপ্তত্রিংশৎ বৎসরের দ্বাদশ মাসে মাসের পঞ্চবিংশতি দিবসে অর্থাৎ বাবিলের ইবিল-মিরোদক্ রাজা যে বৎসরে রাজত্ব করিতে আরম্ভ করিল, সেই সময়ে যিহূদীয় যিহোয়াখীন্ রাজাকে সম্ভ্রম করিয়া* কারাগারহইতে মুক্ত করিল। ৩২ এবং তাহাকে প্রীতি বাক্য কহিয়া তাহার সহিত বাবিলে যত রাজা ছিল, সকলের আসনহইতে তাহার আসন উচ্চে স্থাপন করিল, ৩৩ এবং তাহার কারাগারের বস্ত্র পরিবর্ত্তন করাইল; এবং সে যাবজ্জীবন তাহার সহিত ভোজন পান করিতে লাগিল। ৩৪ এবং বাবিলের রাজাদ্বারা নিত্য এক বৃত্তি হইল, অর্থাৎ তাহার যাবজ্জীবন প্রতিদিন † তাহার পরিমিত খাদ্য নিরূপিত হইল।

[২৮] ২ রা ২৪; ১৪,১৫।।—[২৯] প ২২,১৫।।—[৩১-৩৪] ২ রা ২৫; ২৭-৩০ ।।

* (ইব্রু) মস্তক উঠাইয়া। † (ইব্রু) স্বদিনে দিনের অংশ।

যিরিমিয়ের বিলাপ।

১ অধ্যায়।

১ পাপের নিমিত্তে যিরূশালমের দুর্দ্দশা ১২ ও তাহার বিলাপের কথা ১৮ ও ঈশ্বরের ন্যায়তা স্বীকার।

১ হায় ২ যে নগরী লোকেতে পরিপূর্ণা ছিল, সে এখন একাকিনী বসিতেছে; ও যে তাবৎ দেশের প্রধানা ছিল, সে বিধবার ন্যায় হইয়াছে; ও যে তাবৎ রাজ্যের মধ্যে রাজ্ঞী ছিল, সে এখন দাসী হইয়াছে। ২ সে রাত্রিতে অতিশয় ক্রন্দন করে; তাহার অশ্রুতে গণ্ডদেশ ভাষিয়া যায়; তাহাকে অনেকে প্রেম করিত, কিন্তু এখন তাহাকে সান্ত্বনা করে এমত কেহই নাই; তাহার বন্ধুগণ শত্রুবৎ হইয়া তাহার প্রতি বিশ্বাসঘাতকতা করে। ৩ যিহূদা দুঃখে ও ভারি দাসত্বে বন্দিদশাগ্রস্ত হইয়া গমন করিয়াছে; সে পরদেশে বাস করিয়া কিছুমাত্র বিশ্রাম পায় না; তাহার বিপক্ষগণ সঙ্কীর্ণ পথে তাহার সঙ্গ ধরিল। ৪ এখন মহোৎসবে কোন যাত্রির আগমন না হওয়াতে সিয়োনের পথ খেদ করে, ও তাহার দ্বার সকল শূন্য আছে; তাহাতে তাহার যাজকগণ দীর্ঘ নিশ্বাস ত্যাগ করে, ও তাহার কন্যাগণ দুঃখিত আছে, ও সে অতিশয় তাপিত আছে*। ৫ এখন তাহার বৈরিগণ প্রধান হইতেছে, ও তাহার শত্রুবর্গ উন্নত হইতেছে; তাহার সমূহ আজ্ঞালঙ্ঘন প্রযুক্ত পরমেশ্বর তাহাকে দুঃখেতে মগ্ন করিয়াছেন, এই জন্যে তাহার বালকগণ বন্দিদশাগ্রস্ত হইয়া শত্রুর সম্মুখে গিয়াছে। ৬ সিয়োনের কন্যার তাবৎ সৌন্দর্য্য গিয়াছে, এবং তাহার অধ্যক্ষগণ চরণস্থান অপ্রাপ্ত ও পশ্চাদ্ধাবকের অগ্রে পলায়নকারি দুর্ব্বল হরিণের ন্যায় হইয়াছে। ৭ যে সময়ে তাহার লোকেরা শত্রুহস্তগত হইলে কেহ তাহাদের উপকার করে না, ও তাহার বৈরিগণ তাহা দেখিয়া তাহার বিনাশে উপহাস করে, সেই দুঃখ ও বিনাশকালে যিরূশালম্ আপনার পূর্ব্বের মনোহর সামগ্রী সকল স্মরণ করে। ৮ যিরূশালম অতিশয় পাপ করাতে এমত দূরীকৃত হইল; হায় ২ যাহারা তাহাকে অত্যন্ত সম্ভ্রম করিত, এখন তাহারা তাহার উলঙ্গতা দেখিয়া তাহাকে তুচ্ছ করিতেছে; তাহাতে সে দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া আপন মুখ ফিরাইতেছে। ৯ তাহার মল বস্ত্রের অঞ্চলে ছিল, সে আপন শেষাবস্থা মনে করিল না, এই জন্যে এমত আশ্চর্য্য রূপে নত হইতেছে; তাহার সান্ত্বনাকর্ত্তা কেহ নাই; 'হে পরমেশ্বর, আমার দুঃখ দেখ, কারণ শত্রুগণ দর্প করিতেছে।' ১০ বৈরি তাহার তাবৎ মনোহর ঐশ্বর্য্য হস্তগত করিয়াছে; তুমি যে ভিন্নজাতিদিগকে আপন সভাতে প্রবেশ করিতে নিষেধ করিয়াছ,

[১ অধ্য; ১] যিশ ৩; ২৬ ॥—[২] প ১,১৬,১৭,১৯,২১। যির ৪; ৩০। ৩০; ১৪ ।।—[৫] দ্বি ২৮; ৪৩,৪৪ ।।—[৮] ২ বং ৩৬; ১৪-২২। যির ১০; ২২ ।।—[৯] যির ২; ৩৪ ।।—[১০] গী ৭৯ ॥

* (ইব্রু) তিক্ততাতে আছে।

তাহারা তাহার দৃষ্টিগোচরস্থ সেই পবিত্র স্থানে ১১ প্রবেশ করিয়াছে। এখন তাহার তাবৎ লোক দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিতেছে, ও অন্ন চেষ্টা করিতেছে, ও আপন প্রাণ ধারণার্থে অন্নের পরিবর্ত্তে আপন সুখদায়ি দ্রব্য সকল দিতেছে। 'হে পরমেশ্বর, আমার প্রতি দৃষ্টিপাত করিয়া মনোযোগ কর, কেননা আমি অতি অবজ্ঞাত হইতেছি।'

১২ 'হে পথিকগণ, ইহাতে কি তোমাদের কিছু ভাবনা হয় না? পরমেশ্বর আপন প্রচণ্ড ক্রোধের দিনে আমাকে যে শোক দিয়াছেন ও যাহা আমি ভোগ করিতেছি, তাহার সমান কি শোক আছে? তাহা ১৩ দেখিয়া বিবেচনা কর। তিনি উর্দ্ধস্থানহইতে অগ্নি প্রেরণ করিলে তাহা আমার অস্থিতে প্রজ্বলিত হইয়াছে; তিনি আমার চরণ বদ্ধ করিতে জাল পাতিয়াছেন, ও আমাকে পরাবৃত্ত করিয়াছেন, ও আমাকে অনাথা ও সমস্ত দিন মূর্চ্ছাপন্না করিয়াছেন। ১৪ আমার আজ্ঞালঙ্ঘনরূপ যোঁয়ালি তাঁহার হস্তদ্বারা বদ্ধ আছে, ও আমার স্কন্ধে বদ্ধ হইয়া ভারেতে আমাকে দুর্ব্বল করে; এবং যাহার বিরুদ্ধে আমি উঠিতে পারি না, এমত শত্রুহস্তে প্রভু আমাকে সমর্পণ ১৫ করিয়াছেন। প্রভু আমার মধ্যস্থিত হইয়া তাবৎ বলবান লোককে দলিত করিয়াছেন, তিনি আমার যুবগণকে মর্দ্দন করিতে লোকসমারোহ করিয়াছেন, ও দ্রাক্ষাকুণ্ডে যেমন মর্দ্দন করে, তদ্রূপ যিহূ- ১৬ দার অবিবাহিতা কন্যাকে মর্দ্দন করিয়াছেন। এই নিমিত্তে আমি ক্রন্দন করি ও আমার চক্ষুর্দ্বয় অশ্রুতে ভাসিয়া যায়; আমার সান্ত্বনাকর্ত্তা ও প্রাণের সন্তোষকারী দূরবর্ত্তী হয়; শত্রুলোক জয় করাতে ১৭ আমার বালকেরা অনাথ হইয়াছে।' সিয়োন আপন হস্ত বিস্তার করিলে তাহার সান্ত্বনাকর্ত্তা কেহ নাই; ও পরমেশ্বর যাকূবের শত্রুগণকে তাহার চতুর্দ্দিগে থাকিতে আজ্ঞা দিয়াছেন, ও যিরূশালম্ তাহাদের মধ্যে ঋতুমতী স্ত্রীর ন্যায় হইয়াছে।

১৮ 'পরমেশ্বর ন্যায়কারী বটেন, আমি তাঁহার আজ্ঞা লঙ্ঘন করিয়াছি; হে লোক সকল, আমার বিনয় শুন, ও আমার দুঃখ দেখ; আমার কন্যা- ১৯ গণ ও যুবগণ বন্দি হইয়া গিয়াছে। আমি আপন মিত্রদিগকে আহ্বান করিলে তাহারা আমাকে বঞ্চনা করিল, এবং আমার যাজকগণ ও প্রাচীন লোক সকল আপন২ প্রাণকে তৃপ্ত করণার্থে অন্ন চেষ্টা ২০ করণ সময়ে নগরে প্রাণত্যাগ করিল। হে পরমেশ্বর, দেখ, আমি কেমন বিপদগ্রস্ত হইতেছি! আমার হৃদয় ব্যাকুল হইতেছে, ও আমার অন্তর ব্যথিত হইতেছে; আমি বিস্তর আজ্ঞালঙ্ঘন করিয়াছি, এই জন্যে বাহিরে খড়্গ ও ভিতরে মহামারী আমাকে দীনহীন করিতেছে। আমি দীর্ঘ নিশ্বাস ত্যাগ ২১ করি, ও আমার সান্ত্বনাকর্ত্তা কেহ নাই, ইহা তাহারা শুনিয়াছে; আমার শত্রুগণ এই সকল দুঃখের কথা শুনিয়াছে; তোমার এইরূপ করণেতে তাহারা আনন্দিত হইতেছে; কিন্তু তুমি যে দিন নিরূপণ করিয়াছ, তাহা উপস্থিত করিলে তাহারা আমার মত হইবে। তাহাদের সকল দুষ্টতা তোমার গোচর হউক; তুমি ২২ আমার অধর্ম্মের জন্যে আমার প্রতি যাহা করিয়াছ, তাহাদের প্রতিও তদ্রূপ কর, কেননা আমার দীর্ঘ নিশ্বাস অনেক ও আমার হৃদয় দুর্ব্বল হইতেছে।'

২ অধ্যায়।

১ যিরূশালমের দুঃখ প্রযুক্ত যিরিমিয় ভবিষ্যদ্বক্তার বিলাপ কথা। ২০ ও ঈশ্বরের কাছে তাহার দুঃখ প্রকাশ।

১ হায়২ প্রভু আপন ক্রোধদ্বারা সিয়োনের কন্যাকে কেমন মেঘাচ্ছন্ন করিলেন; এবং আকাশহইতে ইস্রায়েলের সৌন্দর্য্য পৃথিবীতে নিক্ষেপ করিলেন; তিনি আপন ক্রোধের দিনে আপন পাদপীঠ স্মরণ করিলেন না। ২ প্রভু যাকূবের প্রতি দয়া না করিয়া তাহার তাবৎ বাসস্থান গ্রাস করিলেন, তিনি ক্রোধ করিয়া যিহূদার কন্যার দৃঢ় দুর্গ ভগ্ন করিয়া সমভূমি করিলেন, এবং রাজ্য ও তাহার অধ্যক্ষগণকে অশুচি করিলেন। ৩ তিনি প্রচণ্ড ক্রোধে ইস্রায়েলের তাবৎ বল* বিনষ্ট করিলেন, ও শত্রুর সম্মুখহইতে আপন দক্ষিণ হস্ত ফিরাইলেন, ও চতুর্দ্দিগ দগ্ধকারি অগ্নিশিখার ন্যায় যাকূবকে দগ্ধ করিলেন। ৪ তিনি শত্রুর ন্যায় ধনুকে চাড়া দিয়া দক্ষিণ হস্ত বৈরিবৎ শঙ্কুচিত করিয়া দাঁড়াইলেন, এবং চক্ষুর সুখজনক সকলকে বিনষ্ট করিলেন, ও সিয়োনের কন্যার তাম্বুমধ্যে আপন ক্রোধরূপ অগ্নি নিক্ষেপ† করিলেন। ৫ প্রভু শত্রুতুল্য হইয়া ইস্রায়েলকে গ্রাস করিলেন, ও তাহার তাবৎ অট্টালিকা ভগ্ন করিলেন, এবং তাহার দৃঢ় দুর্গ বিনষ্ট করিয়া যিহূদার কন্যার মধ্যে শোক ও বিলাপের বৃদ্ধি করিলেন। ৬ তিনি বাগানের বেড়ার ন্যায় আপন বেড়া দূর করিয়া আপন সভাস্থান বিনষ্ট করিলেন; পরমেশ্বর সিয়োনের মধ্যে মহোৎসব ও বিশ্রামবার বিস্মৃত করাইলেন, ও প্রচণ্ড ক্রোধ করিয়া রাজাকে ও যাজকগণকে অবহেলা করিলেন। ৭ পরমেশ্বর আপন যজ্ঞবেদী ত্যাগ করিলেন, ও আপন পবিত্র স্থান ঘৃণা করিলেন; তিনি তাহার অট্টালিকার ভিত্তি শত্রুহস্তে সমর্পণ করিলেন; তাহাতে তাহারা পরমেশ্বরের মন্দিরে মহোৎসবের দিনের ন্যায় কোলাহল করিল। ৮ পরমেশ্বর সিয়োনের কন্যার প্রাচীর ভগ্ন করিতে নিরূপণ

[১২] দা ৯; ১২॥—[১৪] দ্বি ২৮; ৪৮॥—[১৭] যির ৪; ৩১॥—[১৮] নি ৯; ৩৩-৩৫। দা ৯; ৪-১৫॥—[১৯] প ২॥
[২ অধ্য] গী ৭৪; ১-১১॥—[১] ১ বং ২৮; ২॥

* (ইব্রী) শৃঙ্গ ছেদন। † (ইব্রী) ঢালিলেন।

করিয়া সূত্রপাত করিলেন, এবং ভগ্ন করণহইতে তাঁহার হস্ত নিবৃত্ত হইল না; অতএব তিনি দুর্গ ও প্রাচীরকে বিলাপ করাইলে তাহারা দুর্ব্বল হইল। ৯ ও তাহার দ্বার মৃত্তিকাতে পতিত হইল, ও তিনি তাহার হূড়কা ভগ্ন করিয়া বিনষ্ট করিলেন; তাহার রাজা ও অধ্যক্ষগণ অন্যদেশীয়দের মধ্যে গমন করিলে আর কোন উপদেশ হয় না; তাহার ভবিষ্যদ্বক্তৃগণ পরমেশ্বরহইতে কিছুই দর্শন পায় না। ১০ সিয়োনের কন্যার প্রাচীন লোক সকল মৃত্তিকাতে বসিয়া নীরব হইয়া থাকে; তাহারা আপন মস্তকের উপরে ধূলা ছড়াইয়া চট পরিধান করে,ও যিরূশালমের কন্যাগণ ভূমিতে শিরোনমন করিয়া থাকে। ১১ অশ্রুপাতদ্বারা আমার দৃষ্টি ক্ষীণ ও অন্ত্র ব্যাকুল হয়, ও আমার লোকদের কন্যার বিনাশ হওয়াতে আমার যকৃৎ মৃত্তিকাতে ঢালিত আছে,কেননা বালকগণ ও স্তন্যপায়ি শিশুগণ নগরের পথে মূর্চ্ছাপন্ন হইল। ১২ এবং 'শস্য ও দ্রাক্ষারস কোথায়?' তাহারা আপন২ মাতাকে এই কথা কহিতে২ ক্ষতবিক্ষত লোকদের ন্যায় নগরের পথে অচৈতন্য হইয়া মাতাদের বক্ষস্থলে প্রাণত্যাগ করিল। ১৩ হে যিরূশালমের কন্যে, আমি তোমার পক্ষে কি কহিব? আমি কাহার সহিত তোমার উপমা দিব? হে সিয়োনের অবিবাহিতে কন্যে, আমি তোমার সান্ত্বনা করিতে কাহার সহিত তোমার দৃষ্টান্ত দিব? কেননা সমুদ্রের ন্যায় তোমার বৃহৎ ভগ্নতার চিকিৎসা কে করিতে পারে? ১৪ তোমার ভবিষ্যদ্বক্তৃগণ তোমার নিমিত্তে অনর্থক ও অজ্ঞানের কথা প্রকাশ করিল; তাহারা তোমার বন্দিত্ব নিবারণ করিতে তোমার অধর্ম্ম প্রকাশ করিল তাহা নয়, কিন্তু তোমার নিমিত্তে মিথ্যাভবিষ্যদ্বাক্য ও দেশচ্যুতিজনক কথা কহিল। ১৫ যাহারা তোমার নিকট দিয়া যায়, তাহারা তোমার প্রতি হাততালি দেয়; 'সম্পূর্ণ সৌন্দর্য্য বিশিস্ট ও তাবৎ পৃথিবীর আনন্দদায়ি নামে বিখ্যাত নগর কি এই?' এ কথা কহিয়া তাহারা যিরূশালমের কন্যার প্রতি মস্তক লাড়িয়া হাততালি ও শীষ দেয়। ১৬ তোমার তাবৎ শত্রুগণ তোমার বিরুদ্ধে অপমানের কথা কহে *, ও শীষ দিয়া দন্ত ঘর্ষণ করিয়া বলে,'আমরা তাহাকে গ্রাস করিলাম, ও যে দিনের অপেক্ষা করিলাম, সেই দিন এই দেখিলাম ও পাইলাম।' ১৭ পরমেশ্বর আপন অভিপ্রায় সিদ্ধ করিলেন, ও আপন পূর্ব্বোক্ত বাক্য সফল করিলেন; তিনি দয়া না করিয়া অধঃপতন করিলেন, ও তোমার শত্রুকে তোমার উপরে আনন্দ করাইলেন, ও তোমার শত্রুদের বলের † বৃদ্ধি করিলেন। ১৮ ও তাহাদের হৃদয় প্রভুর কাছে প্রার্থনা করিল; হে সিয়োনের কন্যার প্রাচীর,দিবারাত্রি তোমার অশ্রু নদীর ন্যায় ভাসিয়া যাউক, আপনাকে কিছু বিশ্রাম দিও না, ও তোমার চক্ষুর তারাকে শান্ত হইতে দিও না। ১৯ উঠিয়া রাত্রির প্রত্যেক প্রহরের প্রথমে আর্ত্তস্বর কর, ও পরমেশ্বরের সম্মুখে আপন হৃদয় জলের ন্যায় ঢাল, ও আপনার যে সকল অল্পবয়স্ক বালকেরা প্রত্যেক পথের মস্তকে ক্ষুধাতে মূর্চ্ছাপন্ন আছে, তাহাদের রক্ষার্থে তাঁহার প্রতি কৃতাঞ্জলি হও।

২০ হে পরমেশ্বর ‡,তুমি কাহার প্রতি এই কর্ম্ম করিতেছ? তাহা বিবেচনা কর; স্ত্রীগণ কি আপনাদের গর্ব্ভফল, অর্থাৎ প্রতিপালিত ‖ বালকদিগকে ভোজন করিবে? এবং যাজক ও ভবিষ্যদ্বক্তা কি প্রভুর পবিত্র স্থানে হত হইবে? ২১ আবালবৃদ্ধ সকলে পথের মধ্যে ভূমিতে পতিত হইয়া থাকে, এবং আমার যুবতি ও যুবগণ খড়্গে হত হইয়া পতিত হয়; তুমি আপন ক্রোধের দিনে দয়া না করিয়া তাহাদিগকে প্রহার ও বধ করিলা। ২২ তুমি উৎসবদিনের ন্যায় আমার চতুর্দ্দিগস্থ ভয় সকলকে আহ্বান করিলা; তাহাতে পরমেশ্বরের ক্রোধের দিনে কেহ এড়াইল না ও রক্ষা পাইল না; আমি যাহাদিগকে প্রতিপালন করিলাম, শত্রু তাহাদিগকে বিনষ্ট করিল।

৩ অধ্যায়।

১ নানা দুঃখের জন্যে বিলাপ ২১ ও দুঃখ সহ্য করণের উপদেশ কথা ৩৭ ও ঈশ্বরের ন্যায় স্বীকার ও উদ্ধারের জন্যে প্রার্থনা ও শত্রুদের বিনাশের কথা।

১ আমি আমিই তাঁহার ক্রোধরূপ দণ্ডের দ্বারা শাস্তি ভোগ করিতেছি। ২ তিনি আমাকে লইয়া আলোতে নয় কিন্তু অন্ধকারে আনেন। ৩ তিনি আমার বিপক্ষ হইয়া সমস্ত দিন হস্তদ্বারা আমাকে প্রহার করেন। ৪ এবং আমার মাংস ও চর্ম্ম জীর্ণ করেন ও আমার অস্থি ভগ্ন করেন। ৫ তিনি আমাকে অবরোধ করেন,এবং দুঃখ § ও শ্রমদ্বারা আমাকে বেষ্টিত করেন; ৬ ও পূর্ব্বকালের মৃত লোকদের ন্যায় অন্ধকারে আমাকে বাস করান; ৭ এবং আমি অতিক্রম করিতে পারি না, এমত বেড়াতে আমাকে অবরোধ করেন; আমার শৃঙ্খল অতিভারী করেন। ৮ আমি উচ্চৈঃস্বরে বিনতি করিলেও তিনি আমার প্রার্থনা অগ্রাহ্য করেন। ৯ তিনি খোদিত প্রস্তরদ্বারা আমার পথ রোধ করেন ও আমার গতি বক্র করেন। ১০ তিনি

[১১,১২] প ১১। বিল ৪; ৪।।—[১৪] যির ১৪; ১৩-১৬। ২৩; ২১,২২। ২৭; ১৪-১৮।।—[১৫] ১ রা ৯; ৮-৯। গী ৪৮; ২। ৫০; ২।।—[১৬] বিল ৩; ৪৬। গী ৭৯; ৪।।—[১৭] লে ২৬; ৩১-৩৩। ১ রা ৯; ৮-৯।।—[১৯]প ১১,১২।।—[২০] বিল ৪; ১০। লে ২৬; ২৯। দ্বি ২৮; ৫৩। যির ১৯; ৯। যিহি ৫; ১০ ।।—[২১] দ্বি ৩২; ২৫। ২ বং ৩৬; ১৭। বিল ৩; ৪৩।।
[৩ অধ্যা] গী ১০২।।

* (ইব্রী) মুখ বিস্তার করে। † (ইব্রী) শৃঙ্গের। ‡ (ইব্রী) দেখ। ‖ (বা) অর্দ্ধহস্ত পরিমিত। § (ইব্রী) পিত্ত।

আমার প্রতি লুক্কায়িত ভল্লূক ও গুপ্ত সিংহের ন্যায় ১১ হন। তিনি আমার পথ বিপথ করিয়া আমাকে খণ্ড২ ১২ করেন ও অনাথ করেন। এবং আপন ধনুকে চাড়া ১৩ দিয়া আমাকে বাণের লক্ষ্যস্বরূপ রাখেন। এবং আ- ১৪ পন তূণের বাণ আমার মর্ম্মে প্রবেশ করান। আমি স্বজাতি লোকদের উপহাস ও সমস্ত দিন গানের ১৫ বিষয় হই। তিনি আমাকে তিক্ততাতে পরিপূর্ণ ও ১৬ নাগদানাতে মত্ত করেন; এবং কঙ্করদ্বারা আমার ১৭ দন্ত ভাঙ্গেন ও আমাকে ভস্মে লুণ্ঠন করান; এবং আমার মনকে শান্তিহইতে পৃথক করিলে আমি ১৮ মঙ্গল বিস্মৃত হই। আমি কহিলাম, পরমেশ্বর আমার ১৯ বল ও প্রত্যাশা বিনাশ করেন। আমার দুঃখ ও শোক স্মরণ কর, তাহা নাগদানা ও পিত্তস্বরূপ হয়। ২০ আমার মন এখন তাহা স্মরণ করিয়া কুণ্ঠিত হয়।

২১ আমি পুনর্ব্বার ইহা বিবেচনা করিয়া প্রত্যাশা ২২ করি। পরমেশ্বরের অনুগ্রহ (নিত্যস্থায়ী,) এই নি- ২৩ মিত্তে আমরা বিনষ্ট হই না; তাঁহার কৃপা অশেষ ও প্রতি প্রভাতে নূতন, ও তাঁহার * বিশ্বসনীয়তা ২৪ মহৎ। আমার মন বলে, কেবল পরমেশ্বরেতে আ- মার অধিকার, অতএব আমি তাঁহাতে প্রত্যাশা ২৫ করিব। যাহারা পরমেশ্বরের অপেক্ষা করে ও যে২ প্রাণী তাঁহাকে চেষ্টা করে, তাহাদের প্রতি তিনি ২৬ মঙ্গলদায়ক হন। শান্ত হইয়া পরমেশ্বরের কৃত ২৭ পরিত্রাণের অপেক্ষা করা ইহাই উত্তম। এবং যৌবনাবস্থাতে যোঁয়ালি বহন করা মানুষের ভাল। ২৮ এ কারণ তাহার স্কন্ধে যোঁয়ালি রাখন সময়ে সে ২৯ একাকিনী নীরব হইয়া বৈসুক; এবং 'প্রত্যাশা হয়' ৩০ ইহা কহিয়া আপন মুখ ধূলাতে রাখুক। এবং সে আপন প্রহারকের প্রতি গাল ফিরাউক, এবং ৩১ সম্পূর্ণ অপমানিত হউক। কেননা প্রভু তাহাকে ৩২ চিরকাল ত্যাগ করিবেন না। যদ্যপি মনস্তাপ দেন, তথাপি আর বার আপন প্রচুর কৃপানুসারে কৃপা ৩৩ করিবেন। কেননা তিনি স্বেচ্ছাপূর্ব্বক মনুষ্যসন্তান- ৩৪ গণকে দুঃখিত ও শোকান্বিত করেন না। পৃথিবীর ৩৫ বন্দিগণকে আপন পদতলস্থ করা, কিম্বা মহত্তমের † ৩৬ সম্মুখে মনুষ্যের প্রতি অন্যায় করা, কিম্বা লোকের অযথার্থ বিচার করা, এই সকলে প্রভুর রুচি হয় না।

৩৭ প্রভু আজ্ঞা না করিলে কে কথা কহিয়া তাহা ৩৮ সিদ্ধ করিতে পারে? সর্ব্বোপরিস্থের মুখহইতে কি ৩৯ মঙ্গল ও অমঙ্গল দুই নিঃসৃত হয় না? জীবৎ মনুষ্য আপন পাপভোগের নিমিত্তে কেন অতুষ্টিকর ৪০ কথা কহে? আইস, আমরা আপনাদের পথের অনুসন্ধান ও বিচার করি, এবং আর বার পর- ৪১ মেশ্বরের প্রতি ফিরি; ও স্বর্গস্থিত ঈশ্বরের প্রতি ৪২ আপন মন ও হস্ত উঠাই। আমরা অপরাধ ও ৪৩ আজ্ঞালঙ্ঘন করিলে তুমি ক্ষমা কর নাই। আ- মাদিগকে ক্রোধে আচ্ছন্ন করিয়া দয়া না করিয়া ৪৪ তাড়না ও বধ করিয়াছ; এবং আমাদের প্রার্থনা যেন আপন নিকটস্থ না হয়, এই জন্যে তুমি মেঘেতে ৪৫ আপনাকে আচ্ছন্ন করিয়াছ। তুমি তাবৎ লোকের মধ্যে আমাদিগকে মল ও উচ্ছিষ্ট বস্তুর ন্যায় ৪৬ করিয়াছ। তাহাতে আমাদের তাবৎ শত্রু আমাদের ৪৭ বিরুদ্ধে অপমানের কথা কহে ‡, এবং ভয় ও ফাঁদ ও ৪৮ উচ্ছিন্নতা ও বিনাশ আমাদের প্রতি ঘটিতেছে। আ- মার লোকের কন্যার বিনাশ হওয়াতে আমার চক্ষু- ৪৯ হইতে জলের নদী বহিতেছে। যে পর্য্যন্ত পরমেশ্বর দৃষ্টি না করেন ও স্বর্গহইতে অবলোকন না করেন, ৫০ তাবৎ আমার চক্ষু অবিশ্রান্ত অশ্রুতে ভাসিবে, বি- ৫১ রাম পাইবে না। আমার নগরীর কন্যাদের নিমিত্তে ৫২ আমার চক্ষু হৃদয়কে দুঃখ দেয়। আমার অকারণ শত্রুগণ পক্ষির ন্যায় আমাকে মৃগয়া করিল। তা- ৫৩ হারা কূপে আমার প্রাণকে নিক্ষেপ করিয়া আমার ৫৪ উপরে প্রস্তর আচ্ছাদন করিল। তাহাতে আমার মস্তকের উপর দিয়া জল বহিলে 'আমি মৃতকল্প' ৫৫ এই কথা কহিলাম। হে পরমেশ্বর, তুমি উপকারার্থে আমার প্রার্থনাহইতে কর্ণ আচ্ছাদিত করিও না। ৫৬ আমি গভীর কূপের মধ্যহইতে তোমার প্রতি এই ৫৭ প্রার্থনা করিলাম; এবং তুমিও তাহা শুনিলা। যে দিন আমি তোমার কাছে প্রার্থনা করিলাম, সে দিনে তুমি আমার কাছে উপস্থিত হইয়া কহিলা, ভয় করিও ৫৮ না। হে প্রভো, তুমি বিচার করিয়া আমার প্রাণকে ৫৯ মুক্ত করিয়াছ। হে পরমেশ্বর, তুমি আমার অন্যায় ৬০ দেখিয়াছ, এখন তাহার বিচার কর। তাহাদের কৃত হিংসা ও আমার বিরুদ্ধে তাহাদের মনের সঙ্কল্প ৬১ সকলি তুমি দেখিতেছ। হে পরমেশ্বর, তুমি তা- হাদের কৃত ভর্ৎসনা ও আমার বিরুদ্ধে তাহাদের ৬২ মনের কল্পনা, ও যাহারা আমার প্রতিকূলে উঠে, তাহাদের মুখের কথা ও আমার বিপরীতে তাহা- ৬৩ দের সমস্ত দিনের পরামর্শ শুনিতেছ। দেখ, তাহা- দের বৈসন ও উঠন সময়ে আমি তাহাদের বাদ্যো- ৬৪ দ্যম হইতেছি। হে পরমেশ্বর, তুমি তাহাদিগকে তাহাদের স্বহস্তের ক্রিয়ানুসারে প্রতিফল দিবা। ৬৫ তুমি তাহাদের মনের কাঠিন্য দিবা, ও তোমাকর্ত্তৃক ৬৬ তাহারা শাপগ্রস্ত হইবে। হে পরমেশ্বর, তুমি আপন ক্রোধে তাহাদিগকে তাড়না করিবা, ও আপন আকা- শের অধো পৃথিবীহইতে তাহাদিগকে দূর করিবা।

[২২] যল ৩ ; ৬ ॥—[২৩] যিশ ৩৩ ; ২ ॥—[২৪] গী ১৪২ ; ৫,৬ ॥—[২৫] গী ২৫ ; ৩ ॥—[২৬-৩০] ইব্রু ১২ ; ৬-১২ ॥ [২৭] গী ১১৯ ; ৭১ ॥—[৩১,৩২] গী ৯৪ ; ১২-১৪ ॥—[৩৮] যিশ ৪৫ ; ৭ ॥—[৪০,৪১] হো ৬ ; ১। ১২ ; ১,২ ॥—[৪৩] বিল ২ ; ১৭,২১ ॥—[৬১] ২ ; ১৫,১৬ ॥—[৪৮-৫০] ১ ; ১৬ ॥—[৫৪] যূ ২ ; ৩,৪ ॥—[৬৪-৬৬] গী ৭১ ; ১২ ॥

* (ইব্রু) তোমার। † (বা) সর্ব্বোপরিস্থের। ‡ (ইব্রু) মুখ বিস্তার করে।

৪ অধ্যায়।

১ সিয়োনের জন্যে বিলাপের কথা ১৩ ও আপনাদের পাপ স্বীকার করন ২১ ও ইদোমের লোকদের দণ্ডের ভবিষ্যদ্বাক্য।

১ হায় ২ সুবর্ণ কিবা মলিন হইয়াছে! ও নির্ম্মল সুবর্ণ কিবা বিকৃত হইয়াছে! পবিত্র স্থানের যত প্রস্তর ২ সকলি পথের মস্তকে নিক্ষিপ্ত হইয়াছে। হায় ২ নির্ম্মল সুবর্ণ সদৃশ সিয়োনের শ্রেষ্ঠ পুত্রগণ * কুম্ভকারের হস্তকৃত মৃৎপাত্রের ন্যায় গণিত হইয়াছে। ৩ সমুদ্রচরেরা স্তন দেয়, তাহারা আপন ২ শিশুদিগকে দুগ্ধপান করায়, কিন্তু আমার লোকদের কন্যা বনচর উষ্ট্রপক্ষির ন্যায় নির্দ্দয় হইয়াছে। ৪ স্তন্যপায়ি শিশুদের জিহ্বা পিপাসাতে তালুতে লাগিয়াছে, এবং বালকেরা ভক্ষ্য চাহিলে কেহ তাহাদি- ৫ গকে কিছু দেয় নাই। যাহারা উত্তম ভোজন করিত, তাহারা পথের মধ্যে অনাথ হইয়া আছে; এবং যাহারা রক্তবর্ণ বস্ত্র পরিধান করিত †, তাহারা ৬ এখন সারের ঢিবিতে বৈসে ‡। যে সিদোম্ মনুষ্যের হস্তদ্বারা নয়, কিন্তু (ঈশ্বরেতে) এক নিমিষে বিনষ্ট হইল, তাহার দণ্ডহইতেও আমার লোকের কন্যার ৭ অধিক দণ্ড হইয়াছে। হায় ২ তাহার যে অধ্যক্ষগণ বরফহইতেও নির্ম্মল ও দুগ্ধহইতেও শুক্লবর্ণ ছিল, এবং যাহাদের শরীর পদ্মরাগমণিহইতেও রক্তবর্ণ ৮ ও নীলকান্তমনির ন্যায় কান্তিবিশিষ্ট ছিল, তাহাদের মুখ এখন কালিমাহইতেও কাল হইয়াছে; পথে তাহাদিগকে চেনা যায় না, তাহারা অস্থি চর্ম্ম অবশিষ্ট হইয়াছে, ও চর্ম্ম সকল কাষ্ঠবৎ অথচ সঙ্কুচিত হই- ৯ য়াছে। যাহারা খড়্গে হত হয়, তাহারা এই ক্ষুধাতে হত লোক অপেক্ষা বরং ভাল, কেননা ইহারা ক্ষেত্রজাত শস্যাভাবরূপ খড়্গ বিদ্ধ হইয়া প্রাণত্যাগ ১০ করে। দয়ালু স্ত্রীগণের হস্ত আপনাদের বালকগণকে রন্ধন করিয়াছে, ও আমার লোকের কন্যার বিনাশকালে ঐ বালকেরা তাহাদের খাদ্যদ্রব্য হইল। ১১ পরমেশ্বর আপনার প্রচণ্ড কোপ প্রজ্বলিত করিয়া সিয়োনে ভিত্তিমূল পর্য্যন্ত দগ্ধকারি এক অগ্নি ১২ জ্বালাইয়া আপন ক্রোধ সম্পূর্ণ করিলেন। কিন্তু কোন বৈরি কি শত্রুগণ যিরূশালমের দ্বারে প্রবেশ করিতে পারিবে, ইহা পৃথিবীর রাজগণ ও জগতের তাবৎ লোক কেহ প্রত্যয় করে নাই।

১৩ এই সকল কেবল ভবিষ্যদ্বক্তৃগণের অধর্ম্মে ও দেশের মধ্যে ধার্ম্মিকদের রক্তপাতকারি যাজ- ১৪ কাদির পাপেতে হইল। তাহারা পথের মধ্যে অন্ধ লোকের ন্যায় ভ্রমণ করিয়া রক্তদ্বারা আপনাদিগকে এমত অশুচি করিত, যে কেহ তাহাদের বস্ত্র স্পর্শ করিতে পারিত না। লোকেরা তাহাদিগকে ১৫ ডাকিয়া কহিল, হে অপবিত্র লোক, চল২ স্পর্শ করিও না; তাহারা পলায়ন করিয়া ভ্রমণ করিলে অন্যদেশীয় লোক কহিল, তাহারা আমাদের সহিত বাস করিতে পারিবে না। পরমেশ্বর ক্রোধের‖ ১৬ দ্বারা তাহাদিগকে ছিন্নভিন্ন করিলেন, তাহাদের প্রতি আর দৃষ্টিপাত করিবেন না, কারণ তাহারা যাজকগণকে আদর ও প্রাচীনগণকে সম্ভ্রম করিল না। উপ- ১৭ কার অপেক্ষা করণে আমাদের দৃষ্টি ক্ষীণ হইল; যে দেশীয় লোক আমাদের রক্ষা করিতে পারিল না, তাহাদের জন্যে আমরা উচ্চগৃহে থাকিয়া নিরর্থক নিরীক্ষণ করিলাম। শত্রুগণ আমাদের বিক্ষেপ ১৮ এমত অনুসন্ধান করিল, যে তন্নিমিত্তে আমরা পথে ভ্রমণ করিতে পারিলাম না; আমাদের সময় নিকট ও অন্তিম কাল উপস্থিত ও শেষদশা আগত। কেননা ১৯ আকাশের উৎক্রোশ পক্ষির ন্যায় বেগগামি যে আমাদের নিগ্রহকর্ত্তৃ সকল, তাহারা পর্ব্বতের উপরে আমাদের পশ্চাৎ২ ধাবমান হইল, ও তাহারা আমাদের জন্যে বনে২ লুক্কায়িত থাকিল। এবং 'তাঁহার আশ্রয়ে আমরা দেশীয়দের মধ্যে ২০ বাস করিব,' যাহার বিষয়ে এই কথা কহিলাম, তিনি অর্থাৎ আমাদের নাসিকার নিশ্বাসস্বরূপ পরমেশ্বরের অভিষিক্ত ব্যক্তি তাহাদের গর্ত্তে ধৃত হইল।

হে ঊষ্‌দেশনিবাসিনি ইদোমের কন্যে, তুমি এখন ২১ আনন্দিতা ও পুলকিতা হও, কিন্তু পানপাত্র তোমার নিকট পর্য্যন্ত যাইবে, এবং তুমিও মত্তা হইয়া উলঙ্গিনী হইবা। হে সিয়োনের কন্যে, তো- ২২ মার পাপের দণ্ড শেষ হইলে তিনি তোমাকে বন্দিদশাতে আর লইয়া যাইবেন না; হে ইদোমের কন্যে, তিনি তোমার পাপের শাস্তি দিবেন ও তোমার অপরাধ প্রকাশ করিবেন।

৫ অধ্যায়।

১ যিরিমিয়ের প্রার্থনা ও পাপস্বীকার ও বিলাপের কথা।

হে পরমেশ্বর, আমাদের প্রতি কি রূপ ঘটিল, তাহা ১ মনে কর, ও অবলোকন করিয়া আমাদের অপমান বিবেচনা কর। আমাদের অধিকার অন্য- ২ দেশীয়দের ও আমাদের বাটী পরজাতীয়দের হস্তগত হইয়াছে। এবং আমরা অনাথ ও পিতৃহীন ৩ হইয়াছি, আমাদের মাতৃগণ বিধবার ন্যায় আছে। আমরা কর দিয়া জল গ্রহণ করি, ও আমাদের ৪

[৪ অধ্য; ৩] যুব ৩৯; ১৩-১৭॥—[৪] বিল ২; ১১,১২॥—[৬] আ ১৯; ২৪,২৫॥—[১০] বিল ২; ২০॥—[১১] ২; ১৭। দ্বি ৩২; ২২॥—[১২] দ্বি ৩২; ৩০,৩১॥—[১৭] যির ৩৭; ৭-১০॥—[১৯] দ্বি ২৮; ৪৯। যির ৪; ১৩॥—[২০] যির ৫২; ৭-৯॥—[২১,২২] গী ১৩৭; ৭। যির ৪৯; ৭-২২। ৪৬; ২৭,২৮॥

[৫ অধ্য] গী ৭৯॥

* (বা) বহুমূল্য প্রস্তর। † (বা) বস্ত্রেতে পালিত হইত। ‡ (ইব্রু) আলিঙ্গন করে। ‖ (ইব্রু) মুখ।

৫ কাষ্ঠ আমাদের কাছে বিক্রীত হয়। আমরা স্কন্ধে যোঁয়ালি বহিয়া তাড়িত হই; এমত শ্রম করি যে ৬ কিছু বিশ্রাম পাই না। আমরা ভোজন করিয়া তৃপ্ত হইবার নিমিত্তে মিস্রীয়দের ও অশূরীয়দের ৭ বশীভূত হই। আমাদের পূর্ব্বপুরুষেরা পাপ করিয়াছে, এখন তাহারা নাই, কিন্তু আমরা সেই ৮ পাপের ভোগ করিতেছি। এখন দাসগণ আমাদের উপরে কর্তৃত্ব করে, তাহাদের হস্তহইতে ৯ আমাদিগকে উদ্ধার করে এমত কেহ নাই। প্রান্তরে খড়্গ থাকাতে আমরা প্রাণপণ না করি-১০ লে খাদ্য পাই না। ভয়ঙ্কর দুর্ভিক্ষ হওয়াতে আ-১১ মাদের চর্ম্ম চুলার ন্যায় শুষ্ক হইল। শত্রুগণ সিয়োনের স্ত্রীগণকে ও যিহূদার কন্যাদিগকে বলাৎকার ১২ করে। অধ্যক্ষগণ বদ্ধহস্ত হইয়া ঝুলান যায়, ও ১৩ প্রাচীন লোক আদৃত হয় না। শত্রুগণ * পেষণার্থে † যুবদিগকে লয়, ও বালকেরা কাষ্ঠভারে অধঃ-পতিত হয়। ১৪ প্রাচীনেরা দ্বারে আগমনে ও যুবগণ ১৫ বাদ্য করণে নিবৃত্ত হয়। আমাদের মনের আনন্দ ১৬ লুপ্ত হয় ও নৃত্য শোকের বিষয় হয়। আমাদের মস্তকহইতে মুকুট খসিয়া পড়ে; হায় ২ আমরা কেন ১৭ পাপ করিলাম? তন্নিমিত্তে আমাদের অন্তঃকরণ দুর্ব্বল হয়, ও তাহার জন্যে আমাদের চক্ষুর দৃষ্টি ১৮ ক্ষীণ হয়। আর সিয়োন পর্ব্বত অরণ্য হওয়াতে ১৯ শৃগালগণ তাহাতে গমনাগমন করে। হে পরমেশ্বর, তুমি চিরস্থায়ী; তোমার সিংহাসন পুরুষানুক্রমে ২০ স্থায়ী। তুমি কেন আমাদিগকে সর্ব্বদা বিস্মৃত হও? ও ২১ আমাদিগকে কেন চিরকাল ত্যাগ কর? হে পরমেশ্বর, তুমি আমাদিগকে আপন পক্ষে ফিরাও, তবে আমরা ফিরিব; পূর্ব্বসময়ের ন্যায় আমাদের ২২ সময় উপস্থিত কর। তুমি আমাদের প্রতি অতিশয় ক্রোধ করিয়া আমাদিগকে কি সর্ব্বতোভাবে ত্যাগ করিবা? ইতি।

[১৯,২০] গী ১০২; ২৩-২৭॥—[২১] যির ৩১; ১৮॥—[২২] গী ৭৪; ১॥
* (ইব্রু) তাহারা। † (বা) যাঁতা বহনার্থে।

যিহিষ্কেলের ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায়।

১ যিহিষ্কেলের ভবিষ্যদ্বাক্যের সময়ের নির্ণয় ৪ ও চারি প্রাণিদের দর্শন ১৫ ও চারি চক্রের দর্শন ২৬ ও পরমেশ্বরের তেজ দর্শন।

১ ত্রিংশৎ বৎসরের চতুর্থ মাসের পঞ্চম দিনে আমি বন্দিদের মধ্যে হাবোর্* নদীতীরে উপস্থিত হইলে স্বর্গদ্বার মুক্ত হইল, তাহাতে আমি ঈশ্বরীয় দর্শন ২ পাইলাম। এবং রাজা য়িহোয়াখীনের বন্দী হও-৩ নের পঞ্চম বৎসরের ঐ মাসের পঞ্চম দিনে কস্দীয়দের দেশে হাবোর্ * নদীতীরে পরমেশ্বর বূষি যাজকের পুত্র যিহিষ্কেলে আবির্ভূত হইয়া তাহার কাছে আপন বাক্য উপস্থিত করিলেন।

৪ আমি দৃষ্টি করিয়া এই দেখিলাম, উত্তরদিগহইতে ঘূর্ণবায়ুর সহিত এক বৃহৎ মেঘ ও স্তম্ভাকৃতি † অগ্নি ও তাহার চতুর্দ্দিগে এক মহাতেজ ও তাহার মধ্যহইতে অর্থাৎ অগ্নির মধ্যহইতে তপ্ত কাঞ্চনের ন্যায় বর্ণ; ৫ এবং তাহার মধ্যহইতে প্রাণিদের চারি মূর্ত্তি প্রকা-৬ শিত হইল; তাহাদের আকৃতি মনুষ্য সদৃশ। কিন্তু প্রত্যেকের চতুর্ম্মুখ ও চারি যোড়া পক্ষ। তাহাদের ৭ চরণ সরল, ও চরণের তালু গোবৎসের ন্যায়, এবং তাহারা পরিষ্কৃত পিত্তলের ন্যায় চাকচক্যবিশিষ্ট। ৮ এবং তাহাদের চতুষ্পার্শ্বে পক্ষের নীচে মনুষ্যবৎ হস্ত ছিল; ঐ চারি প্রাণির মুখ ও পক্ষ (সমান) ৯ ছিল। তাহাদের পক্ষ পরস্পর সমান, এবং তাহারা গমন করিলে ফিরিত না, প্রত্যেকে সরল ও সম্মুখ ১০ পথে গমন করিত। তাহাদের মুখের আকৃতি এই; দক্ষিণদিগে মনুষ্যবৎ ও সিংহবৎ দুই মুখ, এবং বামদিগে গোরুর ন্যায় ও উৎক্রোশ পক্ষির ন্যায় দুই মুখ ছিল; এই প্রকারে তাহাদের প্রত্যে-১১ কের মুখ ছিল। এবং তাহাদের সকলের সমানরূপ দুই পক্ষ উপরদিগে বিস্তীর্ণ ও দুই পক্ষদ্বারা শরীর ১২ আচ্ছাদিত হয়। এবং তাহারা প্রত্যেকে সম্মুখ পথে চলে, ও তাহাদের যে দিগে ইচ্ছা ‡ সেই দিগে গমন করে; গমন করিবার সময়ে ফিরিতে হয় না। ১৩ এমত মূর্ত্তিবিশিষ্ট প্রাণিদের তেজ প্রজ্বলিত অঙ্গার ও প্রদীপ সদৃশ; তাহাদের মধ্যে এক অগ্নি গমনাগমন

[১ অধ্য; ১] ২ রা ১৭; ৬॥—[২] ২ রা ২৪; ১৫॥—[৪] প ২৭,২৮। যা ২৪; ১০,১৬,১৭॥—[৫-২১] যিহি ১০; ৮-২২॥—[৫] প ১০। পু ৪; ৬-৮॥—[১০] প ৪; ৬-৮॥
* (বা) ক্বিবার্। † (ইব্রু) জড়াগ্নিয়া। ‡ (ইব্রু) আত্মা।

করিতেছিল, সে অগ্নি অত্যন্ত তেজোময়; তাহাইইতে ১৪ বিদ্যুৎ নির্গত হইতেছিল। এবং ঐ প্রাণিগণ বিদ্যুতের ছটার সদৃশ হইয়া গমনাগমন করিল।

১৫ ঐ প্রাণিদিগকে অবলোকন করিলে দেখিলাম তাহাদের নিকটে পৃথিবীর উপরে চতুর্ম্মুখ এক চক্র ছিল। চারি চক্রই তেজে ও আকৃতিতে চুনি- ১৬ মণির * ন্যায়; চারির একাকার ছিল, এবং তাহাদের তেজ ও আকৃতি চক্রের মধ্যস্থিত চক্রের ন্যায় ১৭ ছিল। ঐ চক্র গমনকালে চারিদিগ দিয়া গমন করে, ১৮ কিন্তু গমন করিবার সময়ে ফিরিতে হয় না। তাহাদের নেমির উচ্চতা প্রযুক্ত ঐ চক্রগণ ভয়ঙ্কর ছিল, এবং তাহাদের ঐ চারি নেমির চতুঃপার্শ্ব চক্ষুতে ১৯ পরিপূর্ণ ছিল। যে সময়ে ঐ প্রাণিগণ গমন করিত, তৎকালে ঐ চক্রগণও পার্শ্বদিয়া গমন করিত; এবং ঐ প্রাণিগণ পৃথিবীহইতে উত্থিত হইলে চক্রগণও ২০ উত্থিত হইত। এবং তাহাদের যেস্থানে মন হয়, সেই স্থানে স্বেচ্ছানুসারে গমন করিলে চক্রগণও পার্শ্ব দিয়া সেই স্থানে উঠিত, কেননা প্রাণিদের আত্মা ঐ চক্র- ২১ গণেতেও ছিল। এবং যে সময়ে তাহারা চলিত, তৎকালে উহারাও চলিত; এবং যখন তাহারা স্থগিত হইত, তখন উহারাও স্থগিত হইত; এবং যখন তাহারা পৃথিবীহইতে উঠিত, তখন চক্রগণও পার্শ্বদিয়া উঠিত; কেননা প্রাণিদের আত্মা ঐ চক্রগণেতেও ছিল।

২২ পরে প্রাণিদের মস্তকের উপরে আশ্চর্য্য স্ফটিকের ন্যায় তেজোময় আকাশমণ্ডলবৎ এক চন্দ্রাতপ ২৩ বিস্তীর্ণ হইল। চন্দ্রাতপের নীচে তাহাদের পক্ষ শ্রেণীতে সরলরূপে সংযুক্ত হইল, এবং প্রত্যেক প্রাণির শরীর আচ্ছাদনার্থে শরীরের এ পার্শ্বে দুই ২৪ এবং ও পার্শ্বে দুই পক্ষ ছিল। কিন্তু তাহাদের গমনকালে গভীর জলের ন্যায় ও সর্ব্বশক্তিমানের রবের ন্যায় তাহাদের পক্ষের শব্দ শুনিলাম, এবং দণ্ডায়মান হওনার্থে পক্ষ সঙ্কুচিত করিলে সৈন্যের শব্দের ২৫ ন্যায় তাহার শব্দ হইল। ও যে সময়ে দাঁড়াইয়া পক্ষ সঙ্কুচিত করিল, তৎকালে তাহাদের মস্তকের উপরিস্থ চন্দ্রাতপহইতে শব্দ নির্গত হইল।

২৬ তাহাদের মস্তকের উপরিস্থ চন্দ্রাতপের উপরে নীলকান্তমণিবৎ তেজোময় এক সিংহাসনের আকৃতি ২৭ ছিল, তাহার উপরে এক মনুষ্যের মূর্ত্তি ছিল। এবং তাঁহার চতুর্দ্দিগে অর্থাৎ তাঁহার কটিদেশাবধি উপরে তপ্তকাঞ্চনের ন্যায় প্রজ্বলিত অগ্নিবৎ তেজ দেখিলাম; এবং তাঁহার কটি অবধি অধোঅধঃ অগ্নিবৎ ২৮ আকার ও তাঁহার চতুর্দ্দিগে তেজ দেখিলাম। যেমন বৃষ্টিকালের মেঘধনুকের রূপ, তেমনি তাঁহার চতুর্দ্দিগে তেজের রূপ হইল। এই মত পরমেশ্বরের তেজোময় মূর্ত্তির রূপ হইল। তাহা দেখিবামাত্র আমি উবুড় হইয়া পড়িলাম।

২ অধ্যায়।

১ যিহিষ্কেলকে নিরূপণ করণ ৬ ও তাহাকে উপদেশ দেওন ৯ ও তাহাকে পুস্তক দেওন।

১ পরে আমি এক জনের এই রব শুনিলাম; তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, তুমি দণ্ডায়মান হও, আমি তোমাকে কিছু কথা বলিব। ২ যে সময়ে তিনি আমাকে কহিলেন, তৎকালে আত্মা আমাতে আবির্ভূত হইয়া আমাকে দণ্ডায়মান করিলেন; তাহাতে আমার প্রতি উক্ত এই কথা শুনিলাম। ৩ তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, আমি ইস্রায়েল্ বংশের কাছে, অর্থাৎ যাহারা আমার আজ্ঞা লঙ্ঘন ও কর্তৃত্ব ত্যাগ করিল, তাহাদের কাছে আমি তোমাকে প্রেরণ করিব; কেননা তাহারা ও তাহাদের পূর্ব্বপুরুষেরা অদ্য পর্য্যন্ত ৪ আমার আজ্ঞা লঙ্ঘন করিয়া আসিতেছে। সেই নির্লজ্জমুখ † ও কঠিনান্তঃকরণ সন্তানদের নিকটে আমি তোমাকে প্রেরণ করিব; 'প্রভু পরমেশ্বর এই কথা কহেন,' তুমি তাহাদের নিকটে ইহা বল। ৫ তাহারা আজ্ঞা লঙ্ঘনকারি বংশ তৎপ্রযুক্ত এ কথা গ্রহণ করুক বা না করুক, তথাপি তাহাদের মধ্যে ভবিষ্যদ্বক্তা আছে, ইহা জানিতে পারিবে।

৬ হে মনুষ্যের সন্তান, তাহারা যদ্যপি তোমার নিকটে শ্যাকুল ও কণ্টকের তুল্য হয় ও তুমি বৃশ্চিকের মধ্যে বাস কর, তথাপি তাহাদের নিমিত্তে ভীত হইও না ও তাহাদের কথাতে শঙ্কাকুল হইও না; যদ্যপি তাহারা অনাজ্ঞাবহ হয়, তথাপি তাহাদের কথাতে ভয় করিও না, ও তাহাদের ক্রোধদৃষ্টিতে শঙ্কা করিও না। ৭ তাহারা অনাজ্ঞাবহ বংশ তৎপ্রযুক্ত শুনুক বা না শুনুক, তথাপি তাহাদের কাছে আমার কথা কহিও। ৮ হে মনুষ্যের সন্তান, তুমি সেই অনাজ্ঞাবহ বংশের সদৃশ না হইয়া যাহা কহি তাহা শুন; এবং যাহা দি তাহা আপন মুখ বিস্তার করিয়া ভোজন কর।

৯ অপর আমি তাঁহার প্রতি দৃষ্টি করিলে দেখিলাম এক যড়ান পুস্তকের সহিত এক হস্ত আমার কাছে প্রেরিত হইয়া আমার সম্মুখে ঐ পুস্তক বিস্তার করি- ১০ ল; তাহাতে দেখিলাম ঐ পুস্তকের ভিতরে বাহিরে বিলাপ ও শোক ও সন্তাপের কথা লিখিত আছে।

[২২,২৩] যিহি ১০; ১। যা ২৪; ১০॥—[২৪] যিহি ১০; ৫। পু ১; ১৫॥—[২৬] যিহি ১০; ১। যা ২৪; ১০॥ [২৭,২৮] প ৪। যিহি ৮; ২। যা ২৪; ১০-১৭। পু ১; ১৩-১৬। ৪; ২,৩। ১০; ১॥

[২ অধ্য; ১] যিহি ১; ২৮॥—[২] ৩; ২৪॥—[৬] যির ১; ৮,১৭। মী ৭; ৪॥—[৭] যির ১; ৭,১৭॥—[৮] যির ১৫; ১৬। যিহি ৩; ১-৩। পু ১০; ৯॥—[৯,১০] যিহি ৩; ১॥

* (ইব্রী) চুনিমণির বর্ণের। † (ইব্রী) কঠিন মুখ।

৩ অধ্যায়।

১ তাহাকে পুস্তক ভোজন করাওন ৪ ও তাহার প্রতি পরমেশ্বরের ওপদেশ. ১২ ও আত্মাদ্বারা তাহার ঊর্দ্ধারোহণ ১৫ ও বন্দিলোকদের মধ্যে গেলে ঈশ্বরের ওপদেশ পাওন ২২ ও ঈশ্বরহইতে তাহার মুখ বদ্ধ হওন ও মুক্ত হওন।

১ পরে তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, তোমার কাছে যাহা উপস্থিত তাহা ভোজন কর, অর্থাৎ এই পুস্তক ভোজন করিয়া ইস্রায়েল বংশের ২ নিকটে গিয়া তাহার কথা বল। তাহাতে আমি মুখ খুলিলে তিনি আমাকে সেই পুস্তক ভোজন করাই৩ লেন। পরে তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, আমি তোমাকে যে পুস্তক দিলাম, তাহা উদরে * গ্রহণ করিয়া উদর পরিপূর্ণ কর। তাহাতে আমি তাহা ভোজন করিলে আমার মুখে মধুর ন্যায় মিস্ট বোধ হইল।

৪ অপর তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, তুমি এখন ইস্রায়েল্ বংশের নিকটে যাইয়া ৫ তাহাদিগকে আমার কথা বল। তুমি গভীর ও কঠিন ভাষাবাদি † কোন লোকদের কাছে প্রেরিত নহ,কিন্তু ৬ ইস্রায়েল বংশের নিকটে প্রেরিত হইতেছ। এবং তোমার বোধাগম্য গভীর ও কঠিন ভাষাবাদি† সমূহলোকদের কাছে তুমি প্রেরিত নহ; আমি তাহাদের নিকটে তোমাকে পাঠাইলে তাহারা তোমার কথা ৭ অবশ্য শুনিত। কিন্তু ইস্রায়েল্ বংশ তোমার কথায় মনোযোগ করিবে না, কেননা ইস্রায়েল বংশ সকলেই নির্লজ্জমুখ ও কঠিনান্তঃকরণ, এবং আমার ৮ কথাতেও মনোযোগ করিতে অসম্মত। দেখ, আমি তাহাদের মুখের প্রতিকূলে তোমার মুখ, ও তাহাদের কপালের বিরুদ্ধে তোমার কপাল দৃঢ় করি৯ লাম। অগ্নিবৎ প্রস্তরহইতেও দৃঢ় যে হীরক তাহার ন্যায় তোমার কপাল দৃঢ় করিলাম; তাহারা যদ্যপি অনাজ্ঞাবহ বংশ হয়, তথাপি তাহাদিগকে ভয় করিও না ও তাহাদের ক্রোধদৃষ্টিতে ভীত হইও না।

১০ পুনশ্চ আমাকে কহিলেন,হে মনুষ্যের সন্তান,আমি তোমাকে যে২ কথা কহি, তাহা কর্ণে শুনিয়া অন্তঃ১১ করণে গ্রহণ কর। এবং চল, বন্দিদশাগ্রস্ত আপন লোকের সন্তানদের কাছে যাইয়া তাহাদিগকে বল; তাহারা শুনুক বা না শুনুক, তথাপি 'প্রভু পরমেশ্বর এই কথা কহেন,' ইহা তাহাদিগকে জ্ঞাত কর।

১২ পরে আত্মা আমাকে আরোহণ করাইলে 'মহামহিম পরমেশ্বর ধন্য,' এই বাক্য অতিশয় কম্পনের শব্দের ন্যায় আপন পশ্চাতে তাঁহার স্থানহইতে ১৩ শুনিলাম। এবং ঐ প্রাণিদের পরস্পর পক্ষাঘাতের শব্দ ও তাহাদের পার্শ্বে চক্রের শব্দ এবং অতিশয় কম্পনের শব্দ শুনিলাম। এবং আত্মা আমাকে ১৪ আরোহণ করাইয়া লইয়া গেলেন; তাহাতে আমি দুঃখিত ও তাপিত মনেতে গেলাম; কিন্তু পরমেশ্বর ‡ আমাতে দৃঢ়রূপে আবির্ভূত হইলেন।

১৫ অনন্তর আমি তেলাবীবে হাবোর্ নদীতীরস্থ বন্দি লোকদের কাছে গিয়া তাহাদের উপবেশনের স্থানে বসিলাম, এবং সেই স্থানে আশ্চর্য্য জ্ঞান করিয়া সপ্তাহ বাস করিলাম। সপ্ত দিন গত হইলে পর ১৬ পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল; হে মনুষ্যের সন্তান,আমি তোমাকে ইস্রায়েল্ ১৭ বংশের মধ্যে প্রহরী করিয়া নিযুক্ত করিলাম; তুমি আমার প্রমুখাৎ যে কথা শুনিবা, তাহাদ্বারা তাহাদিগকে আমার নামে চেতনা দেও। 'অবশ্য তোমার ১৮ মৃত্যু হইবে,' এই কথা আমি দুস্ট লোকের প্রতি কহিলে তুমি যদি তাহাকে চেতনা না দেও, এবং তাহার প্রাণ রক্ষার্থে চেতনা দিতে তাহার কুপথ বিষয়ে ঐ দুস্ট লোককে উপদেশ না কর, তবে সেই পাপী আপন অধর্ম্মে মরিবে, কিন্তু তোমাহইতে ‖ তাহার রক্তপাতের দণ্ড লইব। তুমি পাপিকে ১৯ চেতনা দিলে সে যদি আপন পাপ ও কুপথহইতে না ফিরে, তবে সে আপন অধর্ম্মে আপনি মরিবে, কিন্তু তুমি আপন প্রাণ রক্ষা করিবা। আর কোন ২০ ধার্ম্মিক লোক আপন ধর্ম্ম ত্যাগ করিয়া যদি পাপাচরণ করে, তবে তাহার সম্মুখে আমি বাধা রাখিলে সে মরিবে; সে তোমাহইতে চেতনা না পাইয়া যদি মরে, তবে আপন পাপে মরিবে, ও তাহার পূর্ব্বকৃত ধর্ম্ম আর স্মরণে আসিবে না; কিন্তু আমি তোমাহইতে ‖ তাহার রক্তপাতের দণ্ড লইব। তুমি ধার্ম্মিক লোককে পাপ না করিতে ২১ চেতনা দিলে সে যদি পাপ না করে, তবে সে সেই চেতনাদ্বারা অবশ্য বাঁচিবে, এবং তুমিও আপন প্রাণ রক্ষা করিবা।

২২ অপর পরমেশ্বর আমাতে আবির্ভূত হইয়া কহিলেন, তুমি উঠিয়া উপত্যকাতে যাও, আমি সেখানে তোমার সহিত আলাপ করিব। তাহাতে আমি উঠি২৩ য়া উপত্যকাতে গমন করিলে হাবোর্ নদীতীরে যেরূপ তেজ দেখিয়াছিলাম, তদ্রূপ পরমেশ্বরের তেজ সেস্থানেও উপস্থিত হওয়াতে আমি উবুড় হইয়া পড়িলাম। তাহাতে আত্মা আমাতে আবির্ভূত হইয়া ২৪ আমাকে দণ্ডায়মান করিয়া আমার সঙ্গে আলাপ করিয়া এই কথা কহিলেন; তুমি আপন গৃহে প্রবেশ করিয়া দ্বার রুদ্ধ করিয়া থাক। দেখ, হে মনুষ্যের ২৫

[৩ অধ্য; ১-৩] যিহি ২; ৮,৯। প্র ১০; ৯,১০। যির ১৫; ১৬॥—[৬] ম ১১; ২১,২৩॥—[৭] যো ১৫; ২০॥ [৮,৯] যির ১; ১৮,১৯। ১৫; ২০॥—[১২] প ১৪। যিহি ৮; ৩॥—[১৩] ১; ৭,১২-২১,২৪॥—[১৪] প ১২॥ [১৫] যূব ২; ১৩॥—[১৭-২১] যিহি ১৮। ৩৩; ৭-১৯॥—[২০] ১; ২৭,২৮॥—[২৪] ২; ২॥—[২৫] ৪; ৮॥

* (ইব্রি) অন্ত্রে। † (ইব্রি) গভীর ওষ্ঠের ও ভারি জিহ্বার। ‡ (ইব্রি) পরমেশ্বরের হস্ত। ‖ (ইব্রি) তোমার হস্তে।

সন্তান, লোকেরা তোমাকে রজ্জুদ্বারা বদ্ধ করিবে, তাহাতে তুমি তাহাদের মধ্যে গমনাগমন করিতে পারিবা না। ২৬ আমি তাহাদের অনাজ্ঞাবহত্ব প্রযুক্ত তোমার জিহ্বা মুখের তালুতে লগ্ন করিব, তাহাতে তুমি বোবা হইয়া তাহাদিগকে অনুযোগ করিতে পারিবা না। ২৭ কিন্তু আমি যখন তোমার সঙ্গে আলাপ করিব, তৎকালে তোমার মুখ খুলিব; তাহাতে 'প্রভু পরমেশ্বর এই কথা কহেন,' তুমি তাহাদিগকে এই কথা কহিবা; যে শুনে সে শুনুক, ও যে না শুনে সে না শুনুক; কেননা তাহারা অনাজ্ঞাবহ বংশ।

৪ অধ্যায়।

১ যিরূশালমের অবরোধের দৃষ্টান্ত ৪ ও পাপদণ্ড ভোগ করণের দৃষ্টান্ত ৯ ও দুর্ভিক্ষ সময়ের দুঃখের দৃষ্টান্ত।

১ হে মনুষ্যের সন্তান, তুমি এক ইষ্টক লইয়া আপন সম্মুখে রাখিয়া তাহার উপরে এক নগরের অর্থাৎ ২ যিরূশালমের প্রতিমূর্ত্তি লেখ। এবং তাহা সৈন্যেতে বেষ্টিত কর, ও তাহার বিরুদ্ধে দুর্গ প্রস্তুত কর, ও তাহার বিপরীতে জাঙ্গাল বাঁধ, ও তাহার বিরুদ্ধে শিবির স্থাপন কর, ও তাহার বিরুদ্ধে চতুর্দ্দিগে যুদ্ধ- ৩ যন্ত্র স্থাপন কর। অর্থাৎ একখান লৌহপাত্র লইয়া তাহা তোমার ও নগরের মধ্যস্থলে লৌহপ্রাচীরের ন্যায় স্থাপন কর, এবং তাহার প্রতিকূলে মুখ রাখ, এবং তাহাতে সে অবরুদ্ধ হইলে তুমি তাহাকে অবরুদ্ধ করিয়া থাকিবা; এই সকল ইস্রায়েল্ বংশের এক চিহ্নস্বরূপ হইবে।

৪ পরে তুমি বাম পার্শ্বে শয়ন করিয়া ইস্রায়েল্ বংশের পাপ তাহার উপরে রাখ; যত দিন তুমি তাহাতে শয়ন করিবা, তত দিন তাহাদের পাপ বহন* ৫ করিবা। কেননা আমি তাহাদের অধর্ম্মের দণ্ডের বৎসরের সংখ্যানুসারে তিনশত নব্বই দিন তোমার দণ্ড নিরূপণ করিব; এই প্রকারে তুমি ইস্রায়েল্ ৬ বংশের অধর্ম্ম ভোগ করিবা। অপর তাহা সিদ্ধ হইলে পুনর্ব্বার আপন দক্ষিণ পার্শ্বে শয়ন কর, এবং তুমি চল্লিশ দিন পর্য্যন্ত যিহূদা বংশের পাপের দণ্ড ভোগ করিবা; আমি তাহাদের এক২ ৭ বৎসরের পরিবর্ত্তে তোমাকে এক২ দিন দিব। অতএব তুমি যিরূশালম অবরোধের দিগে সম্মুখ হইয়া আপন বাহু অনাবৃত করিয়া তাহার বিরুদ্ধে ভবিষ্য- ৮ দ্বাক্য কহ। দেখ, আমি তোমার প্রতি বন্ধন নিরূপণ করিলে যাবৎ তাহার অবরোধের দিন সমাপ্ত না হয়, তাবৎ তুমি এক পার্শ্বহইতে অন্য পার্শ্বে গাত্র ফিরাইতে পারিবা না।

৯ তুমি আপনার কাছে গোম ও যব ও মাষ ও তিল ও চীনা ও মসূরি লইয়া সকলি এক পাত্রে রাখ, এবং তাহাদ্বারা রুটি প্রস্তুত করিয়া যত দিন অর্থাৎ যে তিন শত নব্বই দিন তুমি পার্শ্বে শয়ন করিবা, তাবৎ তাহা ১০ ভোজন করিও। তোমার খাদ্যদ্রব্য পরিমিত অর্থাৎ দিনে বিংশতি শেকল পরিমিত হইলে তুমি নিত্য২ ১১ এক সময়ে তাহা ভোজন করিবা। এবং হীনের ষষ্ঠাংশ পরিমাণানুসারে জল পান করিবা, ও ১২ নিত্য২ এক সময়ে তাহা পান করিবা। এবং যবের পিষ্টক ভোজন করিবা, এবং তাহাদের দৃষ্টিতে মনু- ১৩ ষ্যের বিষ্ঠাদিয়া তাহা পাক করিবা। অপর পরমেশ্বর কহিলেন, আমি ইস্রায়েল্ সন্তানদিগকে দূর করিলে তাহারা এই প্রকারে অন্যদেশীয়দের মধ্যে ১৪ আপন২ অশুচি দ্রব্য ভক্ষণ করিবে। তখন আমি কহিলাম, হাঁ প্রভো পরমেশ্বর, দেখ, আমি অশুচি নহি, কেননা আমি বালককালাবধি অদ্য পর্য্যন্ত আপনাহইতে মৃত কিম্বা পশুদ্বারা বিদীর্ণ কোন বস্তু ভোজন করি নাই, এবং নিষিদ্ধ মাংস ১৫ কখনো আমার মুখে প্রবিষ্ট হয় নাই। তখন তিনি আমাকে কহিলেন, দেখ, আমি মনুষ্যের বিষ্ঠার পরিবর্ত্তে তোমাকে গোময় দিব, তুমি তাহাদিয়া ১৬ আপন ভক্ষ্য প্রস্তুত করিবা। অনন্তর তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, দেখ, আমি যিরূশালমে অন্নরূপ যষ্টি ভগ্ন করিব। তাহাতে তাহারা পরিমাণানুসারে অন্ন ভোজন করিয়া চিন্তান্বিত হইবে, ও পরিমাণানুসারে জল পান করিয়া বি- ১৭ স্ময়াপন্ন হইবে; এবং অন্নজলাভাবে পরস্পর চমৎকৃত হইয়া আপনাদের পাপে ক্ষীণ হইবে।

৫ অধ্যায়।

১ কেশের দৃষ্টান্ত ৫ ও পাপের নিমিত্তে যিরূশালমের দণ্ডের ভবিষ্যদ্বাক্য ১২ ও কেশের দৃষ্টান্তের তাৎপর্য্য।

১ হে মনুষ্যের সন্তান, তুমি একখান তীক্ষ্ণাস্ত্র অর্থাৎ নাপিতের ক্ষুর লইয়া আপনার মস্তকের কেশ ও শ্মশ্রু কর্ত্তন করিয়া নিক্তিতে পরিমাণ পূর্ব্বক ভাগ২ কর। ২ পরে নগরাবরোধকালের প্রায় শেষ হইলে তাহার তৃতীয়াংশ নগরের মধ্যে অগ্নিতে দগ্ধ কর, এবং অন্য তৃতীয়াংশ লইয়া খড়্গদ্বারা নগরের চতুর্দ্দিগে তাবৎ ছেদন কর, আর তৃতীয়াংশ বায়ুতে উড়াইয়া দেও, পরে আমি তাহাদের পশ্চাৎ খড়্গ প্রেরণ ৩ করিব। এবং তুমি তাহার অল্পসংখ্য কেশ লইয়া ৪ আপন বস্ত্রের অঞ্চলে বন্ধন কর। পরে তাহারও কিছু লইয়া অগ্নিতে নিক্ষেপ করিয়া দগ্ধ কর, কেননা

[২৬,২৭] যিহি ২৪ ; ২৭।।—[২৭] প ১১।।
[৪ অধ্য ; ৮] যিহি ৩ ; ২৫।।—[১৩] হো ৯ ; ৩।।—[১৪] যা ২২ ; ৩১। লে ১১। ১৭ ; ১৫। দ্বি ১৪ ; ৩-২০। প্রে ১০ ; ১৪।।—[১৬,১৭] যির ৩৭ ; ২১। ৫২ ; ৬। বিল ২ ; ১১,১২। ৪ ; ৪। যিহি ৫ ; ১৬। যিশ ৩ ; ১। লে ২৬ ; ২৬,৩৯।।
[৫ অধ্য ; ২] প ১২। যিহি ৪ ; ১,৮।।—[৩] ২ রা ২৫ ; ২২-২৬।।—[৪] যির ৪৪ ; ২৬-২৮।।

* (বা) ভোগ।।

তাহাহইতে অগ্নি নির্গত হইয়া ইস্রায়েলের তাবৎ বংশে প্রবেশ করিবে।

৫ প্রভু পরমেশ্বর কহেন, এই যিরূশালম নগর; ইহাকে আমি চতুর্দ্দিকস্থ অনেক দেশ ও রাজ্যের ৬ মধ্যে স্থাপিত করিলাম, কিন্তু এ অন্যদেশীয় লোক অপেক্ষা আমার আজ্ঞা ও আপন চতুর্দ্দিকস্থ দেশীয় লোকহইতেও আমার ব্যবস্থা দুষ্টতারূপে লঙ্ঘন করিল; এ আমার বিধি তুচ্ছ জ্ঞান করিয়া আমার ব্যবস্থানুসারে চলিল না। ৭ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তুমি * চতুর্দ্দিকস্থিত লোকহইতেও অধিক অনাজ্ঞাবহ হইয়াছ, কেননা তুমি আমার ব্যবস্থানুসারে আচরণ করিলা না, ও আমার আজ্ঞা পালন করিলা না, এবং আপনার চতুর্দ্দিগস্থিত লোকদের আজ্ঞা- ৮ নুসারেও চলিলা না। অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি, আমিও তোমার বিপক্ষ হইব; আমি অন্যদেশীয়দের সাক্ষাতে ৯ তোমাকে দণ্ড দিব। ও তোমার অশুচি কর্ম্মের নিমিত্তে আমি যাহা কখনো করি নাই, এবং আর ১০ করিব না, তাহাই তোমার মধ্যে করিব। পিতৃগণ তোমার মধ্যস্থিত বালকগণকে ভোজন করিবে, ও পুত্রগণ আপন২ পিতাকে ভোজন করিবে, এই প্রকারে তোমাকে শাস্তি দিব, ও তোমার অবশিষ্ট লোকদিগকে চতুর্দ্দিগে ছিন্নভিন্ন করিব। ১১ প্রভু পরমেশ্বর কহেন, তোমরা আপন২ প্রতিমা ও ঘৃণার্হ কর্ম্মদ্বারা আমার পবিত্র স্থান অপবিত্র করিয়াছ, এই নিমিত্তে আমি যদি অমর হই, তবে তোমাকে অবশ্য ক্ষয় করিব, তাহাতে চক্ষুর্লজ্জা করিব না, এবং কিছু দয়াও করিব না।

১২ তোমার তৃতীয়াংশ লোক মহামারীতে তোমার মধ্যে মরিবে, কিম্বা উপস্থিত দুর্ভিক্ষদ্বারা ক্ষয় পাইবে; আর তৃতীয়াংশ লোক তোমার চতুর্দ্দিগে খড়্গে পতিত হইবে, এবং অন্য তৃতীয়াংশ লোককে আমি চতুর্দ্দিগে ছিন্নভিন্ন করিয়া তাহাদের ১৩ পশ্চাতে খড়্গ প্রেরণ করিব। এই প্রকারে আমার ক্রোধ সফল হইবে, আমি তাহাদের উপরে আপন ক্রোধ সাধিয়া শান্ত হইব; তাহাদের প্রতি আমার প্রচণ্ড কোপ সাধিলে পর আমি যে পরমেশ্বর আপন উদ্যোগেতে এই কথা কহিলাম, ইহা তাহারা ১৪ জানিতে পারিবে। আমি তোমাকে অরণ্য করিয়া চতুর্দ্দিকস্থিত জাতিদের পথিক লোকদের দৃষ্টিতে ১৫ নিন্দাস্পদ করিব। আমি পরমেশ্বর এই কথা কহিতেছি, আমি ক্রোধ ও প্রচণ্ড কোপ ও অত্যন্ত ভর্ৎসনাদ্বারা তোমাকে শাস্তি দিয়া তোমার প্রতি যে সংহারকারি দুর্ভিক্ষরূপ মন্দ বাণ প্রেরণ করিব, তাহা তোমার সংহার করণার্থে প্রেরণ ১৬ করিলে পর, অর্থাৎ তোমার উপরে দুর্ভিক্ষের বৃদ্ধি করিলে ও অন্নরূপ যষ্টি ভাঙ্গিলে পর তুমি আপন চতুর্দ্দিকস্থ লোকদের দৃষ্টিতে অপমান ও নিন্দা ও দৃষ্টান্ত ও বিস্ময় প্রাপ্ত হইবা। এবং ১৭ আমি তোমার প্রতি দুর্ভিক্ষ ও হিংসক পশুদিগকে পাঠাইব; তাহাতে তাহারা তোমাকে অনাথ করিবে, এবং মহামারী ও রক্তপাতকে তোমার মধ্যদিয়া গতি করাইব, এবং তোমার প্রতি খড়্গ আনিব; আমি পরমেশ্বর এই কথা কহিতেছি।

৬ অধ্যায়।

১ দেবপূজার নিমিত্তে ইস্রায়েলের দণ্ড ৮ ও অবশিষ্ট লোক থাকনের ভবিষ্যদ্বাক্য ১১ ও দণ্ডের নিমিত্তে খেদ করণের উপদেশ।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ- ২ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি ইস্রায়েলের পর্ব্বতের দিগে অভিমুখ হইয়া তাহাদের বিরুদ্ধে ৩ ভবিষ্যদ্বাক্য বল। এই কথা বল, হে ইস্রায়েলের পর্ব্বতগণ, তোমরা প্রভু পরমেশ্বরের কথা শুন। প্রভু পরমেশ্বর পর্ব্বতদিগকে ও উপপর্ব্বতদিগকে ও নদীগণকে † ও উপত্যকা সকলকে এই কথা কহেন, দেখ, আমি, আমিই তোমাদের উপরে খড়্গ আনিয়া ৪ তোমাদের উচ্চস্থান বিনষ্ট করিব। তাহাতে তোমাদের যজ্ঞবেদী উচ্ছিন্ন হইবে, ও তোমাদের সূর্য্যপ্রতিমা ভগ্ন হইবে; আমি তোমাদের প্রতিমাগণের সম্মুখে তোমাদের হত লোকদিগকে নিক্ষেপ করিব। ৫ ও ইস্রায়েল্ বংশের শব তাহাদের প্রতিমাগণের সাক্ষাতে রাখিব, এবং তোমাদের যজ্ঞবেদির চতু- ৬ র্দ্দিগে তোমাদের অস্থি ছড়াইব। এবং তোমাদের বসতির নগর উচ্ছিন্ন হইবে, ও তাবৎ উচ্চস্থান নরশূন্য হইবে; ও তোমাদের যজ্ঞবেদী উচ্ছিন্ন ও বিনষ্ট হইবে, এবং তোমাদের প্রতিমা সকল ভগ্ন হইবে, আর থাকিবে না; তোমাদের সূর্য্যপ্রতিমা ৭ উচ্ছিন্ন হইবে, ও তোমাদের কর্ম্মকাণ্ড লোপ পাইবে। এবং তোমাদের মধ্যে সকল লোক হত হইয়া পতিত হইবে; ইহাতে আমিই যে পরমেশ্বর, তাহা তোমরা জানিতে পারিবা।

৮ অন্যান্যদেশে তোমাদের ছিন্নভিন্ন হওনার্থে অন্যদেশীয়দের খড়্গহইতে তোমাদের কোন২ ৯ লোককে রক্ষা করিয়া অবশিষ্ট রাখিব। তোমাদের যে অবশিষ্ট লোক অন্যদেশীয়দের মধ্যে বন্দি

[৫-১৭] লে ২৬; ২৩-৩৯। দ্বি ৩২; ২২-২৫। ২ রা ২৪। ২৫॥—[৯] দা ৯; ১২॥—[১০] বিল ২; ২০। ৪; ১০। লে ২৬; ২৯। দ্বি ২৮; ৫৩-৫৭॥—[১২] প ২॥—[১৪,১৫] দ্বি ২৯; ২৩-২৮। ১ রা ৯; ৬-৯॥

[৬ অধ্য; ৩-৭] লে ২৬; ৩০-৩৩॥—[৮-১০] লে ২৬; ৪০-৪৫। দ্বি ৩০; ১-৮॥

* (ইব্রী) তোমরা। † (বা) নিম্নভূমি।

হইবে, তাহারা আমাকে স্মরণ করিবে; কারণ আমি আপনহইতে ভ্রমণকারি * মন ও প্রতিমাগণের প্রতি ভ্রমণকারি * চক্ষুকে দমন করিলে তাহারা সকল ঘৃণার্হ প্রতিমার উদ্দেশে আপনাদের কৃত কুকর্ম্মের নিমিত্তে আপনাদিগকে অবজ্ঞা করিবে।
১০ এবং আমিই যে পরমেশ্বর ও তাহাদের প্রতি দুর্গতি ঘটাওনের আমার উক্ত কথা যে মিথ্যা নয়, ইহা জানিতে পারিবে।

১১ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তুমি করে করাঘাত কর ও ভূমিতে পদাঘাত কর এবং ইস্রায়েল বংশের ঘৃণার্হ কুক্রিয়ার নিমিত্তে হায় ২ শব্দ কর, কেননা তাহারা খড়্গে ও দুর্ভিক্ষে ও মহামারীতে
১২ পতিত হইবে। যে জন দূরে থাকিবে সে মহামারীতে মরিবে, ও যে নিকটে থাকিবে সে খড়্গে পতিত হইবে, এবং যে অবশিষ্ট ও অবরুদ্ধ থাকিবে সে দুর্ভিক্ষে মরিবে; এই প্রকারে আমি তাহাদের প্রতি
১৩ আপন ক্রোধ সফল করিব। তাবৎ উচ্চপর্ব্বতে ও পর্ব্বতশৃঙ্গে ও সতেজ বৃক্ষের তলে ও প্রত্যেক স্থূল এলা বৃক্ষের নীচে যে ২ স্থানে তাহারা আপনাদের প্রতিমাগণের উদ্দেশে সুগন্ধি ধূপ জ্বালাইল, সেই সকল স্থানে যখন তাহাদের হত লোকেরা যজ্ঞবেদির চতুর্দ্দিগে প্রতিমাগণের মধ্যে থাকিবে, তখন আমিই যে পরমেশ্বর ইহা তাহারা † জানিতে পা-
১৪ রিবে। আমি যখন তাহাদের উপরে আপন হস্ত বিস্তার করিয়া দেশকে অরণ্য করিব, ও তাহাদের তাবৎ বসতির দেশ দিব্লার অরণ্য অপেক্ষা অধিক অরণ্যময় করিব; তখন আমি যে পরমেশ্বর, ইহা তাহারা জানিতে পারিবে।

৭ অধ্যায়।

১ ইস্রায়েলের বিনাশের ভবিষ্যদ্বাক্য ১৬ ও অবশিষ্ট লোকদের দুঃখ ও দুর্দশা।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে
২ উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, প্রভু পরমেশ্বর ইস্রায়েল দেশের বিষয়ে এই কথা কহেন, অন্তিম কাল উপস্থিত, দেশের চতুষ্কোণের অন্তিমকাল উপ-
৩ স্থিত। (হে দেশ) এখন তোমার অন্তিমকাল উপস্থিত। আমি তোমার প্রতি আপন ক্রোধ প্রকাশ করিব, ও তোমার আচারানুসারে ‡ বিচার করিয়া তোমার
৪ ঘৃণার্হ কর্ম্মের প্রতিফল দিব। তাহাতে আমি চক্ষুর্লজ্জা করিব না, এবং কিছু দয়াও করিব না, কিন্তু তোমার ঘৃণার্হ প্রতিমা তোমার মধ্যবর্ত্তী হইলে আমি তোমার আচারানুসারে ‡ প্রতিফল দিব; তাহাতে আমিই যে পরমেশ্বর, ইহা তোমরা জানিতে পারিবা। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, এক ৫
একই অমঙ্গল উপস্থিত। এবং অন্তিমকাল উপ- ৬
স্থিত; ও তোমার অন্তিমকাল উপস্থিত; তাহা তোমার অপেক্ষা করিতেছে, দেখ, উপস্থিত আছে। হে ৭
দেশ নিবাসি লোক সকল, তোমাদের পালা ‖ উপস্থিত ও সেই সময় উপস্থিত; দেখ, পর্ব্বতে আনন্দপ্রতিধ্বনি নয়, কিন্তু ভয়ধ্বনি হইবে। এখন আমি তো- ৮
মার প্রতি আপন ক্রোধ শীঘ্র প্রকাশ করিব ও আপন ক্রোধ সফল করিব, এবং তোমার আচারানুসারে ‡ বিচার করিয়া তোমার ঘৃণার্হ কর্ম্মের প্রতিফল দিব। তাহাতে আমি চক্ষুর্লজ্জা করিব না এবং কিছু ৯
দয়াও করিব না, কিন্তু তোমার ঘৃণার্হ প্রতিমা তোমার মধ্যবর্ত্তী হইলে তোমার ক্রিয়ানুসারে তোমাকে প্রতিফল দিব। তাহাতে আমিই পরমেশ্বর যে দণ্ডদাতা, ইহা তোমরা জানিতে পারিবা। দেখ২ দিন ১০
উপস্থিত ও তোমার পালা ‖ আগত, দণ্ডের পুষ্প বিকসিত হইতেছে, ও অহঙ্কার অঙ্কুরিত হইতেছে।
দৌরাত্ম্য পাপদণ্ডজনক হইয়া উঠিয়াছে; অতএব ১১
তাহাদের সামান্য লোক কি মহৎ লোক কেহ থাকিবে না, এবং তদ্বিষয়েও কিছু শোক হইবে না।
সময় উপস্থিত ও দিন নিকটবর্ত্তী; ক্রেতা আনন্দ না ১২
করুক, ও বিক্রেতা শোক না করুক, কেননা সমূহলোকের প্রতি ক্রোধ উপস্থিত। বিক্রেতা জীবৎ থা- ১৩
কিলেও আপন বিক্রয়দ্রব্যের নিকটে আর যাইবে না; কেননা সমূহলোকের বিরুদ্ধে এই যে ভবিষ্যদ্বাক্য আছে তাহা বিফল হইবে না; কোন কেহ পাপেতে কাল যাপন করিয়া জয়ী হইতে পারিবে না। তাহারা তাবৎ লোককে প্রস্তুত করিতে তূরী- ১৪
ধ্বনি করিলেও কেহ যুদ্ধে গমন করিবে না, কেননা তাহাদের সমূহলোকের প্রতি আমার ক্রোধ আছে।
তাহাদের বাহিরে খড়্গ ও ভিতরে মহামারী ও ১৫
দুর্ভিক্ষ থাকিবে; ইহাতে যে জন ক্ষেত্রে থাকিবে, সে খড়্গে মরিবে, ও যে কেহ নগরে থাকিবে, সে দুর্ভিক্ষ ও মহামারীগ্রস্ত হইবে।

কতিপয় অবশিষ্ট লোকেরা পলায়ন করিলেও ১৬
পর্ব্বতের উপরে থাকিয়া প্রত্যেক জন আপন ২ পাপের নিমিত্তে ঘুঘুর ন্যায় বিলাপ করিবে। এবং ১৭
সকলের হস্ত দুর্ব্বল হইবে, ও সকলের হাঁটু জলবৎ তরল হইবে। এবং তাহারা চট পরিধান করিয়া ১৮
মহাভয়েতে আচ্ছন্ন হইবে, ও সকলের মুখ লজ্জিত হইবে ও মস্তকে টাক পড়িবে। তাহারা আপন ২ ১৯
রূপা পথে ফেলিয়া দিবে, ও তাহাদের সুবর্ণ মলস্বরূপ হইবে; কেননা পরমেশ্বরের ক্রোধের দিনে

[১১-১৩] যিহি ৫; ১২,১৩ ॥—[১৩] প ৪ ॥

[৭ অধ্য; ৩] প ৮,৯ ॥—[৪] প ৯। বিল ২; ১৭ ॥—[৮] প ৩ ॥—[৯] প ৪ ॥—[১০,১১] হো ১০; ৪ ॥—[১৫] যিহি ৫; ১২ ॥—[১৬] ৬; ৮ ॥—[১৭] ২১; ৭। যির ৬; ২৪ ॥—[১৮] যিশ ৩; ২৪ ॥—[১৯,২০] যিশ ২; ৬-২২ ॥

* (ইব্রি) ব্যভিচারী। † (ইব্রি) তোমরা। ‡ (ইব্রি) পথানুসারে। ‖ (বা) প্রাতঃকাল।

তাহাদের স্বর্ণ ও রূপা তাহাদিগকে রক্ষা করিতে পারিবে না, ও তাহাদ্বারা তাহাদের প্রাণের তৃপ্তি হইবে না, ও তাহাদের উদর পূর্ণ হইবে না, কেননা সে সকল ধন তাহাদের বিঘ্নজনক পাপস্বরূপ হই- ২০ য়াছে। তাহারা মনোহর অভরণে অহংকারী হইয়া তাহাদ্বারা অশুচি প্রতিমা ও ঘৃণার্হ বিগ্রহকে সাজাইয়াছে, এ কারণ আমি তাহা মলস্বরূপ করিব। ২১ এবং বিদেশীয়দের হস্তে ও পৃথিবীর দুষ্ট লোকদের হস্তে তাহা লুটদ্রব্যস্বরূপ সমর্পণ করিব, এবং তাহা- ২২ রা তাহা অপবিত্র করিবে। আমি তাহাদের প্রতি পরাঙ্মুখ হইলে আমার গুপ্ত পবিত্র স্থান অপবিত্র হইবে, ও দস্যুগণ তাহার মধ্যে প্রবেশ করিয়া তাহা ২৩ অপবিত্র করিবে। শৃঙ্খল প্রস্তুত কর, কেননা দেশ বধের বিচারে পূর্ণ আছে, ও নগর দৌরাত্ম্যে পরি- ২৪ পূর্ণ আছে। অতএব আমি অন্যদেশীয় দুষ্টতম লোকদিগকে আনিব, তাহাতে তাহারা তাহাদের গৃহ অধিকার করিবে; আমি বলবান লোকদের দর্প চূর্ণ করিলে তাহাদের তাবৎ পবিত্র স্থান অপবিত্র ২৫ হইবে। বিনাশ উপস্থিত হইলে তাহারা রক্ষার চেষ্টা ২৬ করিবে, কিন্তু পাইবে না। তাহাদের বিপদের উপরে বিপদ ঘটিবে, ও কুসমাচারের উপরে কুসমাচার আসিবে; তৎকালে তাহারা ভবিষ্যদ্বক্তার দর্শন চেষ্টা করিবে, কিন্তু যাজকগণের শাস্ত্রজ্ঞান* ও প্রাচী- ২৭ নদের পরামর্শ লোপ পাইবে। এবং রাজা শোকাকুল হইবে ও অধ্যক্ষগণ বিস্ময়ান্বিত হইবে ও প্রজালোকের হস্ত কাঁপিবে; আমি তাহাদের আচারানুসারে তাহাদের প্রতি আচার করিলে ও তাহাদের বিচারানুসারে তাহাদের প্রতি বিচার করিলে আমি যে পরমেশ্বর, তাহা তাহারা জানিতে পারিবে।

৮ অধ্যায়।

১ যিরূশালমে যিহিষ্কেলের ঈশ্বরীয় দর্শন ৫ ও বিগ্রহ ও প্রতিমার দর্শন ৭ ও বিগ্রহের গৃহ দর্শন ১৩ ও তম্মূষ-পূজাকারিণী স্ত্রীলোকের দর্শন ১৫ ও সূর্য্য পূজাকারিদের দর্শন ১৭ও দেবপূজার নিমিত্তে পরমেশ্বরের ক্রোধ।

১ ষষ্ঠ বৎসরের ষষ্ঠ মাসের পঞ্চম দিনে আমি আপন বাটীতে উপবিষ্ট ছিলাম, এবং যিহূদার প্রাচীন লোকেরা আমার কাছে উপবিষ্ট ছিল, এমন সময়ে প্রভু পরমেশ্বর আমাতে আবির্ভূত হইলেন। ২ তাহাতে আমি অবলোকন করিয়া অগ্নিবৎ তেজবিশিষ্ট এক মূর্ত্তি দেখিলাম; তাঁহার কটিদেশহইতে অধোদিগ্ প্রজ্বলিত অগ্নির ন্যায় ও ঊর্দ্ধদিগ্ ৩ জ্যোতি ও তপ্তকাঞ্চনের তেজের ন্যায়। তিনি এক হস্তাকৃতিমূর্ত্তি বিস্তার করিয়া আমার মস্তকের কেশ ধরিলে আত্মা পৃথিবী ও আকাশের মধ্যপথে আমাকে ঊর্দ্ধে তুলিলেন, এবং ঈশ্বরীয় দর্শনে যিরূশালমের যে স্থানে ক্রোধোৎপাদক ক্রোধপ্রতিমা থাকে, অর্থাৎ উত্তরদিগের অন্তরদ্বারের নিকটে আমাকে আনিলেন। ৪ তাহাতে আমি পূর্ব্বে উপত্যকার মধ্যে যেমন দেখিয়াছিলাম, সে স্থানেও তদ্রূপ ইস্রায়েলের ঈশ্বরের তেজ দেখিলাম।

৫ তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, তুমি চক্ষু তুলিয়া উত্তরদিগের পথ দেখ; তাহাতে আমি উত্তরদিগে চক্ষু তুলিয়া হোমবেদির দ্বারের প্রবেশস্থানে ক্রোধজনক ঐ প্রতিমা দেখিলাম। ৬ অনন্তর তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, এই লোক যে কর্ম্ম করে, অর্থাৎ আমাকে পবিত্র স্থানহইতে দূর করণার্থে ইস্রায়েল্ বংশ এখানে যে ঘৃণার্হ কর্ম্ম করে, তাহা কি তুমি দেখিতেছ? কিন্তু ফির, তাহাতে তুমি আরো অধিক ঘৃণ্যক্রিয়া দেখিবা।

৭ তখন তিনি আমাকে প্রাঙ্গণের দ্বারের কাছে আনিলেন, তাহাতে আমি অবলোকন করিয়া ভিত্তির ৮ মধ্যে এক ছিদ্র দেখিলাম। তখন তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, এই ভিত্তি খুদ; তাহাতে আমি সেই ভিত্তি খুদিলে এক দ্বার দেখি- ৯ লাম। তিনি আমাকে কহিলেন, তাহারা এখানে যে ঘৃণার্হ কুক্রিয়া করিতেছে, তুমি ভিতরে গিয়া তাহা ১০ দেখ। তাহাতে আমি ভিতরে যাইয়া দেখিলাম, ভিত্তির উপরে চতুর্দ্দিগে লিখিত নানা প্রকার উরোগামী ও ঘৃণ্য পশু ও ইস্রায়েল্ বংশের তাবৎ প্রতিমার ১১ মূর্ত্তি আছে, এবং তাহাদের সম্মুখে ইস্রায়েল্ বংশের প্রাচীন লোকদের সত্তরি জন দণ্ডায়মান আছে, তাহাদের মধ্যে শাফনের পুত্র যাসনিয় দণ্ডায়মান আছে, এবং প্রত্যেকের হস্তে এক ২ ধুনাচি আছে; তাহাতে মেঘের ন্যায় ধূপের ধূম ১২ ঊর্দ্ধ উঠিতেছে। তখন তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, ইস্রায়েল্ বংশের প্রাচীন লোকেরা প্রত্যেক জন অন্ধকারে আপন ২ প্রতিমার গৃহে কি ২ কর্ম্ম করিতেছে, তাহা কি তুমি দেখিতেছ? তাহারা কহে, পরমেশ্বর আমাদিগকে দেখিতে পান না ও পরমেশ্বর পৃথিবীকে † ত্যাগ করিয়াছেন।

১৩ তিনি আমাকে আরো কহিলেন, তুমি ফির, তাহাতে তাহাদের কৃত আরও অতিশয় ঘৃণার্হ ১৪ ক্রিয়া দেখিবা। পরে তিনি পরমেশ্বরের মন্দিরের উত্তরদিগের দ্বারের নিকটে আমাকে আনিলেন; তাহাতে আমি সেখানে তম্মূষের বিষয়ে ক্রন্দনকারিণী স্ত্রীদিগকে বসিতে দেখিলাম।

[২১-২৭] ২ বং ৩৬; ১৪-২০॥—[২৬] দ্বি ৩২; ২৩। যির ৪; ২০। বিল ২; ৯॥—[২৭] প ৪॥
[৮ অধ্য; ২] যিহি ১; ৪,২৬,২৭॥—[৩] ৩; ১৪। ১১; ১,২৪। যির ৭; ৩০। ৩২; ৩৪। ২ রা ২৩; ৪,৫। দ্বি ৩২; ১৬, ২১॥—[৪] যিহি ১; ২৭,২৮। ৩; ২২,২৩॥—[৬] ১০; ১৮॥—[১২] ৯; ৯। যূব ২২; ১৩,১৪॥

* (ইব্রী) শাস্ত্র। † (বা) দেশকে।

১৫ তখন তিনি আমাকে জিজ্ঞাসিলেন, হে মনুষ্যের সন্তান, তুমি কি ইহা দেখিতেছ? কিন্তু ফির, তাহাতে আরো অধিক ঘৃণ্যক্রিয়া দেখি- ১৬ বা। পরে তিনি আমাকে পরমেশ্বরের মন্দিরের ভিতর প্রাঙ্গণে আনিলেন, তাহাতে পরমেশ্বরের মন্দিরের দ্বারে বারান্দা ও হোমবেদির মধ্যস্থানে পরমেশ্বরের মন্দিরের দিগে পৃষ্ঠ ও পূর্ব্বদিগে সম্মুখ প্রায় পঁচিশ জনকে পূর্ব্বদিগস্থ সূর্য্যের পূজা করিতে দেখিলাম।

১৭ তখন তিনি আমাকে জিজ্ঞাসিলেন, হে মনুষ্যের সন্তান, তুমি কি ইহা দেখিতেছ? এখানে যিহূদার বংশ যে ঘৃণ্য ক্রিয়া করিতেছে, তাহা কি তাহাদের লঘু বিষয়? কেননা তাহারা দৌরাত্ম্যে দেশ পরিপূর্ণ করিয়াছে, ও অনেক বার আমাকে ক্রুদ্ধ করিয়াছে; দেখ, তাহারা আপনাদের সম্মুখে শাখা রাখে। ১৮ অতএব আমি প্রচণ্ড কোপ প্রকাশ করিব, তাহাতে চক্ষুর্লজ্জা করিব না ও কিছু দয়াও করিব না, তাহারা যদি আমার কর্ণকুহরে উচ্চৈঃস্বরে চীৎকার করে, তথাপি তাহাদের কথা শুনিব না।

৯ অধ্যায়।

১ অবশিষ্ট এক লোকের রক্ষা ৫ ও পাপ প্রযুক্ত অন্য তাবৎ লোকের বিনাশ।

১ ‘হে নগরাধ্যক্ষগণ,*তোমরা প্রত্যেকে আপন২ অস্ত্র হস্তে ধরিয়া নিকটে আইস,’ তাঁহার এই উচ্চৈঃশব্দ ২ আমার কর্ণগোচরে উপস্থিত হইল। তাহাতে উত্তরদিগের উচ্চদ্বারহইতে নাশকাস্ত্রধারি ছয় জন ও মসীনাবস্ত্রান্বিত ও কটিদেশে লেখকের মস্যাধার বিশিষ্ট তাহাদের এক জন আসিয়া প্রবেশ করিয়া পিত্তলের বেদির নিকটে দণ্ডায়মান হইল, ইহা ৩ দেখিলাম। ইস্রায়েলের ঈশ্বরের তেজ যে কিরূবদের উপরে ছিল, তাহাদের হইতে মন্দিরের কপালির নিকটে গেল; পরে পরমেশ্বর ঐ পরিচ্ছদান্বিত ও কটিদেশে লেখকের মস্যাধারবিশিষ্ট লোককে আ- ৪ হ্বান করিয়া কহিলেন, তুমি যিরূশালম্ নগরের মধ্য দিয়া গমন করিয়া তাহার মধ্যে কৃত ঘৃণার্হ ক্রিয়া বিষয়ে যে ২ লোক দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া ক্রন্দন করে, তাহাদের কপালে এক ২ চিহ্ন দেও।

৫ পরে আমি শুনিলাম, তিনি ঐ ছয় জনকে এই আজ্ঞা দিলেন, তোমরা নগরদিয়া ইহার পশ্চাৎ২ গিয়া তাবৎ লোককে প্রহার কর, তাহাতে চক্ষুর্লজ্জা করিও ৬ না, এবং কিছু দয়াও করিও না। বৃদ্ধ ও যুবা ও কন্যা ও বালক ও বনিতাদি তাবৎ লোককে নিঃশেষে বধ কর, কিন্তু যাহাদের গাত্রে চিহ্ন দেখিবা, তাহাদের নিকটেও যাইও না; আমার এই পবিত্র স্থানাবধি আরম্ভ কর। তাহাতে তাহারা মন্দিরের সম্মুখস্থিত প্রাচীনগণ অবধি আরম্ভ করিল। পরে তিনি তাহা- ৭ দিগকে কহিলেন, মন্দির অপবিত্র কর, ও হত লোকেতে প্রাঙ্গণ পরিপূর্ণ কর, পরে বাহিরে যাও; তাহাতে তাহারা নগরে যাইয়া বধ করিতে লাগিল। ৮ তাহারা লোককে হত্যা করিলে আমি অবশিষ্ট থাকিলাম, এবং উবুড় হইয়া উচ্চৈঃস্বরে কহিতে লাগিলাম, হে প্রভো পরমেশ্বর, তুমি যিরূশালমের প্রতি আপন ক্রোধ প্রকাশ করিয়া কি ইস্রায়েলের ৯ তাবৎ অবশিষ্ট লোককে বিনষ্ট করিবা? তখন তিনি আমাকে কহিলেন, ইস্রায়েল্ ও যিহূদা বংশের পাপ অতি মহৎ, তাহাদের দেশ রক্তেতে পরিপূর্ণ ও নগর দৌরাত্ম্যে পরিপূর্ণ আছে, এবং তাহারা বলে, পরমেশ্বর পৃথিবীকে † ত্যাগ করিয়াছেন, ১০ তিনি ‡ দেখেন না। অতএব তাহাদের বিষয়ে আমি আর চক্ষুর্লজ্জা করিব না, এবং কিছু দয়াও করিব না; তাহাদের প্রত্যেকের মস্তকে তাহাদের কর্ম্মের ১১ প্রতিফল দিব। পরে ‖ ঐ মসীনাবস্ত্রান্বিত ও কটিদেশে মস্যাধারবিশিষ্ট লোক আসিয়া এই সম্বাদ কহিল, আমাকে যেমন আজ্ঞা করিলেন, আমি তদ্রূপ করিলাম।

১০ অধ্যায়।

১ নগরে নিক্ষিপ্ত অঙ্গারের দর্শনের কথা। ৮ ও কিরূবদের দর্শনের কথা।

১ অপর অবলোকন করিয়া কিরূবদের মস্তকোপরিস্থ চন্দ্রাতপের নীচে প্রকাশিত নীলকান্তমণি খচিত এক ২ সিংহাসনের ন্যায় মূর্ত্তি দেখিলাম। পরে তিনি ঐ মসীনাবস্ত্রান্বিত ব্যক্তিকে কহিলেন, তুমি চক্রদের মধ্যস্থানে কিরূবদের নীচে গিয়া কিরূবদের মধ্যস্থানহইতে এক মুষ্টি প্রজ্বলিত অঙ্গার লইয়া নগরের উপরে ছড়াইয়া দেও; তাহাতে সে ব্যক্তি আমার ৩ সাক্ষাতে সেখানে গেল। যখন সেই জন মধ্যস্থানে গমন করিল, তখন কিরূবগণ মন্দিরের দক্ষিণ পার্শ্বে দাঁড়াইল, এবং ভিতরের প্রাঙ্গণ মেঘেতে পরিপূর্ণ ৪ হইল। তৎকালে পরমেশ্বরের তেজ কিরূবদের উপরহইতে মন্দিরের কপালিতে গেল, এবং মন্দির মেঘেতে পরিপূর্ণ হইল ও প্রাঙ্গণ পরমেশ্বরের গৌ- ৫ রবের তেজেতে ব্যাপ্ত হইল। অপর বহিস্থ প্রাঙ্গণে

---

[১৬]২ বং ৩; ৪। ৪; ১। যিহি ১১; ১। দ্বি ৪; ১৯। যূব ৩১; ২৬॥—[১৭]যিহি ৯; ৯॥—[১৮]৫; ১১,১৩। যিশ ১; ১৫॥
[৯ অধ্য;২] প্র ১৫; ৬॥—[৩] যা ২৫; ২২। ১ রা ৬; ২৩-২৮॥—[৪] যা ১২; ৭,১৩। প্র ৭; ৩॥—[৬] প ৯; ৪। যির ২৫; ২৯। ১ প ৪; ১৭। যিহি ৮; ১১,১৬॥—[৮] ১১; ১৩॥—[৯,১০] ৮; ১২,১৭,১৮॥
[১০ অধ্য; ১] যিহি ১; ২২,২৬॥—[২] ৯; ১১। ১; ১৩। প্র ৮; ৫॥—[৪] যিহি ৯; ৩। ১ রা ৮; ১০,১১। যিশ ৬; ৪॥
[৫] যিহি ১; ২৪॥

* (বা) শাস্তি সকল। † (বা) দেশকে। ‡ (ইব্রু) পরমেশ্বর। ‖ (ইব্রু) দেখ।

সর্ব্বশক্তিমান ঈশ্বরের কথনের রবের ন্যায় কিরূবদের পক্ষের শব্দ শুনা গেল। ৬ অপর 'তুমি চক্রদের ও কিরূবদের মধ্যস্থানহইতে অগ্নি লও,' এই কথা কহিয়া তিনি ঐ মসীনাবস্ত্রে বস্ত্রান্বিত মনুষ্যকে আজ্ঞা দিলে পর সে প্রবেশ করিয়া চক্রদের পার্শ্বে দাঁড়াইল। ৭ এবং এক কিরূব কিরূবদের মধ্যহইতে তাহাদের মধ্যস্থিত অগ্নি পর্য্যন্ত আপন হস্ত বিস্তার করিয়া তাহার কিছু লইয়া ঐ বস্ত্রান্বিত মনুষ্যের হস্তে দিলে সে তাহা লইয়া বহির্গমন করিল।

৮ অপর কিরূবদের গাত্রস্থ পক্ষের অধোহইতে মনুষ্যের হস্তের ন্যায় এক হস্ত* প্রকাশিত হইল। ৯ এবং এক কিরূবের নিকটে এক চক্র, ও অন্য কিরূবের নিকটে অন্য চক্র,এই রূপে কিরূবদের নিকটে চারি চক্র থাকিল, তাহা আমি অবলোকন করিয়া দেখিলাম, ১০ ঐ চক্রদের তেজ মরকত মণির ন্যায়। তাহাদের চারির এক আকার ছিল; যেমন চক্রের মধ্যে চক্র, তদ্রূপ তাহাদের আকার ছিল। ১১ তাহারা গমনকালে না ফিরিয়া চারি দিগে গমন করিত; কিন্তু যে স্থানে মস্তকের দর্শন হইল, সেই স্থানে তাহারা তাহার পশ্চাৎ গমন করিল,ও গমনকালে ফিরিতে হইল না। ১২ তাহাদের পৃষ্ঠ ও হস্ত ও পক্ষাদি সর্ব্বাঙ্গ এবং চক্র ও চারিচক্রের চতুর্দ্দিগ চক্ষুতে পরিপূর্ণ ছিল। ১৩ অপর আমি শুনিলাম,সেই চক্রদের বিষয়ে কেহ কহিল,হে চক্র †। ১৪ প্রত্যেক প্রাণির চারি মুখ; প্রথম মুখ কিরূবের ন্যায়,ও দ্বিতীয় মুখ মনুষ্যের ন্যায়,ও তৃতীয় মুখ সিংহের ন্যায়, ও চতুর্থ মুখ উৎক্রোশপক্ষির ন্যায় ছিল। ১৫ এই রূপ প্রাণী আমি পূর্ব্বে হাবোর্ নদীর নিকটে দেখিয়াছিলাম। ১৬ কিরূবেরা উঠিয়া যখন গমন করিত, তখন চক্রেরাও তাহাদের পার্শ্বে যাইত; ও যখন কিরূবেরা পৃথিবীহইতে ঊর্দ্ধগমন করিতে পক্ষ উঠাইত, তখন চক্রেরাও তাহাদের সঙ্গ ছাড়িত না। ১৭ তাহারা দাঁড়াইলে ইহারাও দাঁড়াইত, ও তাহারা উঠিলে ইহারাও উঠিত,কেননা ঐ চক্রেতে সেই প্রাণিদের আত্মা ছিল। ১৮ পরে পরমেশ্বরের তেজ মন্দিরের কপালিহইতে কিরূবদের উপরে দণ্ডায়মান হইল। ১৯ এবং কিরূবেরা বহির্গমনে পক্ষ বিস্তার করিয়া আমার দৃষ্টিতে পৃথিবীহইতে ঊর্দ্ধগমন করিল, এবং চক্রগণও পার্শ্বে গমন করিল; পরে কিরূবেরা পরমেশ্বরের মন্দিরের পূর্ব্বদ্বারে গিয়া তাহার প্রবেশ স্থানে দাঁড়াইল, তাহাতে ইস্রায়েলের ঈশ্বরের তেজ তাহাদের উপরে বর্ত্তিল। ২০ আমি পূর্ব্বে হাবোর্ নদীর নিকটে ইস্রায়েলের ঈশ্বরের বাহন এই রূপ প্রাণিকে দেখিয়াছিলাম, এই কারণ ইহারাই যে কিরূব ইহা জানিলাম। ২১ তাহাদের প্রত্যেক প্রাণী চতুর্মুখ ও চতুঃপক্ষ ও পক্ষের নীচে মনুষ্যবৎ হস্ত ছিল। ২২ আমি হাবোর নদীর নিকটে যে২ মুখের আকৃতি দেখিয়াছিলাম, তাহাদের তুল্য ইহাদের মুখ, এবং ইহারা সেই প্রাণী; তাহারা না ফিরিয়া গমন করিত।

১১ অধ্যায়।

১ অধ্যক্ষগণের দুষ্টতার কথা, ৪ ও তাহাদের দণ্ডের কথা ১৩ ও যিহিষ্কেলের বিলাপ ১৭ ও পরমেশ্বরের প্রতিজ্ঞা ২২ ও কিরূবদের গমন ও বন্দি লোকদের কাছে যিহিষ্কেলের পুনর্গমন।

১ অপর আত্মা আমাকে উঠাইয়া পরমেশ্বরের মন্দিরের পূর্ব্বমুখ দ্বারের ‡ নিকটে আনিলে আমি সেই দ্বারের প্রবেশস্থানে অস্সুরের পুত্র যাসনিয় ও বিনায়ের পুত্র পিলটিয় অধ্যক্ষগণ প্রভৃতি পঁচিশ জনকে দেখিলাম। ২ তখন তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, ইহারা এই নগরের মধ্যে কুক্রিয়াকারী ও কুমন্ত্রণাদায়ক; ৩ ইহারা বলে, গৃহ গাঁথনের সময় উপস্থিত নয়; এই নগর কটাহস্বরূপ, ও আমরা মাংসস্বরূপ।

৪ হে মনুষ্যের সন্তান, তাহাদের বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য বল, ও ভাবি কথা প্রচার কর। ৫ অপর পরমেশ্বরের আত্মা আমাতে আবির্ভূত হইয়া কহিলেন, তুমি তাহাদিগকে বল, পরমেশ্বর এই কথা কহেন; হে ইস্রায়েল্ বংশ, তোমরা এই যে কথা কহিয়াছ, এবং তোমাদের মনে যে২ বিষয় উপস্থিত হয়, তাহা সকলি আমি জানি। ৬ তোমরা এই নগরে বিস্তর লোক বধ করিয়াছ, ও হত লোকেতে তাহার পথ পরিপূর্ণ করিয়াছ। ৭ এই জন্যে প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমরা আপনাদের যে হত লোকদিগকে নগরের মধ্যে ফেলিয়াছ,তাহারাই মাংস ও এই নগর কটাহস্বরূপ,কিন্তু আমি তোমাদিগকে তাহার মধ্যহইতে আনিব। ৮ তোমরা খড়্গকে ভয় কর, এই জন্যে প্রভু পরমেশ্বর কহেন, আমি তোমাদের প্রতি খড়্গ আনিব; ৯ এবং আমি তোমাদিগকে তাহার মধ্যহইতে বাহির করিয়া বিদেশিদের হস্তে সমর্পণ করিয়া দণ্ড দিব। ১০ তোমরা খড়্গে পতিত হইবা; আমি ইস্রায়েলের সীমাতে তোমাদের বিচার করিলে আমি যে পরমেশ্বর,তাহা তোমরা জানিতে পারিবা। ১১ এবং এই নগর তোমাদের কটাহস্বরূপ হইবে না, এবং তোমরা ইহাতে মাংসস্বরূপ হইবা না; আমি ইস্রায়েলের সীমাতে তোমাদের বিচার করিব। ১২ তোমরা আমার বিধিমতে আচার ও আমার ব্যবস্থা পালন না করিয়া চতুর্দ্দিকস্থিত দেবপূজক-

[৬] প ২ ।।—[৮-২২] যিহি ১; ৫-২১ ।।—[১৮] প ৪। ৮; ৫ ।।—[১৮,১৯] ১১; ২২,২৩ ।।
[১১ অধ্য; ১] যিহি ১০; ১৯। ৮; ১৬ ।।—[৩] ২৪; ৪,৫ ।।—[৬,৭] ২৪; ৩-১২ ।।—[৮-১২] ২৪; ১১ ।।—[১০,১১]
যির ৫২; ৯,১০। ২ রা ৮; ৬৫ ।।—[১২] লে ১৮; ২৪-২৮। দ্বি ৮; ১৯,২০ ।।

* (ইব্রী) মূর্ত্তি। † (বা) ঐ চক্রগণকে ঘূর্ণবায়ু সম্বোধন করিতে শুনিলাম। ‡ (ইব্রী) পূর্ব্বীয় দ্বারের।

দের ব্যবহারানুসারে কর্ম্ম করিয়াছ, এই নিমিত্তে আমি যে পরমেশ্বর,তাহা জানিতে পারিবা।

১৩ আমি এই ভবিষ্যদ্বাক্য কহিতেছিলাম, এমত সময়ে বিনায়ের পুত্র পিলটিয় মরিল; তাহাতে আমি উবুড় হইয়া উচ্চৈঃস্বরে কহিলাম, হে প্রভো পরমেশ্বর, তুমি কি ইস্রায়েল্ বংশের অবশিষ্ট লোকদের ১৪ সর্ব্বনাশ করিবা? পুনশ্চ পরমেশ্বরের এই কথা ১৫ আমার নিকটে উপস্থিত হইল, 'তোমরা পরমেশ্বরের নিকটহইতে দূরে যাও, এই দেশ আমাদের অধিকারের জন্যে দত্ত হইয়াছে,' এই কথা যিরূশালম নিবাসিগণ তোমার ভ্রাতৃগণকে ও কুটুম্বদিগকে ও ইস্রায়েলের সমুদয় বংশকে কহিয়াছে। ১৬ অতএব হে মনুষ্যের সন্তান, তুমি বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যদ্যপি তাহাদিগকে অন্যজাতিদের কাছে দূর করিলাম, ও অন্যদেশীয়দের নিকটে ছিন্নভিন্ন করিলাম; তথাপি তাহারা যে ২ দেশে গমন করিল, সেই ২ স্থানে আমি অল্প সময়ের মধ্যে তাহাদের পবিত্র আশ্রয় হইব। ১৭ তুমি বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি লোকদের মধ্যহইতে তোমাদিগকে সংগ্রহ করিব, ও যে ২ দেশে ছিন্নভিন্ন আছ, তথাহইতে একত্র করিয়া ইস্রায়েল্ দেশ তোমাদিগকে দিব। ১৮ যাহারা সে দেশে আসিবে, তাহারা তথাহইতে তা- ১৯ বৎ অপবিত্র ও ঘৃণার্হ বস্তু দূর করিবে। আমি তাহাদিগকে একচিত্ত করিব ও তাহাদের অন্তরে এক নূতন মন স্থাপন করিব; এবং তাহাদের শরীরহইতে প্রস্তরময় অন্তঃকরণ দূর করিয়া তাহাদিগকে মাং- ২০ সময় অন্তঃকরণ দিব। তাহাতে তাহারা আমার ব্যবস্থানুসারে আচরণ করিবে ও বিধি মানিয়া পালন করিবে ও আমার লোক হইবে,ও আমি তাহা- ২১ দের ঈশ্বর হইব। কিন্তু আপনাদের অপবিত্র ও ঘৃণার্হ প্রতিমার * অনুগামী হইতে যাহাদের মনোবাঞ্ছা আছে, আমি তাহাদের আচারানুসারে তাহাদিগকে † প্রতিফল দিব ইহা প্রভু পরমেশ্বর কহেন।

২২ পরে কিরূবগণ পক্ষ বিস্তার করিলে চক্রেরাও তাহাদের পার্শ্বে থাকিল; এবং ইস্রায়েলের ঈশ্ব- ২৩ রের তেজ তাহাদের উপরিস্থ ছিল। পরে পরমেশ্বরের তেজ নগরের মধ্যহইতে ঊর্দ্ধগমন করিয়া নগরের পূর্ব্বস্থিত পর্ব্বতের উপরে স্থগিত হইল। ২৪ অনন্তর আত্মা আমাকে ঊর্দ্ধারোহণ করাইয়া ঈশ্বরের আত্মজাত দর্শনদ্বারা কল্দীয়দের দেশে বন্দি লোকদের কাছে আমাকে আনিলে পর আমি যে দর্শন পাইয়াছিলাম, তাহা আমার নিকটহইতে ঊর্দ্ধগমন করিল। পরে পরমেশ্বর আমাকে ২৫ যে সকল দেখাইয়াছিলেন, তাহা আমি বন্দিদিগকে জ্ঞাত করিলাম।

১২ অধ্যায়।

১ যিহিষ্কেলের যাত্রার দৃষ্টান্ত ৮ ও ঐ যাত্রার তাৎপর্য্য অর্থাৎ সিদিকিয়ের বন্দিত্বভাবে দূরদেশে গমন ১৭ ও যিহিষ্কেলের কাঁপিতে ২ ভোজন পান করণদ্বারা যিহূদিদের দুঃখের দৃষ্টান্ত ২১ ও দৃষ্টান্তকথার জন্যে যিহূদিদিগকে অনুযোগ করণ ২৬ ও ভবিষ্যদ্বাক্য শীঘ্র সফল হওনের কথা।

অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ- ১ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি আজ্ঞালঙ্ঘন- ২ কারি বংশের মধ্যে বাস করিতেছ; দেখিতে চক্ষু থাকিলেও তাহারা দেখে না, ও শুনিতে কর্ণ থাকিলেও শুনে না, কেননা তাহারা অনাজ্ঞাবহ বংশ। ৩ অতএব হে মনুষ্যের সন্তান, তুমি স্থানান্তর গমনের সম্বল প্রস্তুত কর, এবং দিনে তাহাদের সাক্ষাতে প্রস্থান কর, ও তাহাদের দৃষ্টিতে ভিন্ন স্থানে যাও; তাহারা অনাজ্ঞাবহ বংশ হইলেও বিবেচনা করিবে, ইহা সম্ভব হয়। স্থানান্তর গমনের নিমিত্তে যেমন সম্বল ৪ বাহির করে, তদ্রূপ তুমি দিনের সময়ে তাহাদের সাক্ষাতে আপন সম্বল বাহির কর; ও বন্দি হইয়া যেমন বিদেশে যায়, তদ্রূপ তুমি তাহাদের দৃষ্টিতে সন্ধ্যাকালে স্থানান্তর যাও। এবং তাহাদের সাক্ষাতে ৫ আপন প্রাচীর খুদিয়া আপন দ্রব্য বাহিরে আন। পরে তাহাদের সাক্ষাতে তাহা স্কন্ধে করিয়া বহিয়া ৬ সন্ধ্যাকালে লইয়া যাও,এবং আপন মুখ আচ্ছাদন কর,তুমি দেখিও না; কেননা আমি তোমাকে ইস্রায়েল্ বংশের চিহ্নস্বরূপ রাখিয়াছি। তখন আমি ৭ ঐ আজ্ঞানুসারে করিলাম; স্থানান্তর গমনার্থে যেমন সম্বল বাহির করে, তদ্রূপ আমি দিনে আপন সম্বল বাহির করিলাম, পরে সন্ধ্যাকালে স্বহস্তে প্রাচীর খুদিলাম, পরে (ঈষৎ) অন্ধকার হইলে তাহা আপন স্কন্ধে বহিয়া তাহাদের সাক্ষাতে লইয়া গেলাম।

অপর প্রাতঃকালে পরমেশ্বরের এই কথা আমার ৮ নিকটে উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, 'তুমি ৯ কি কর?' এই কথা কি অনাজ্ঞাবহ ইস্রায়েল্ বংশ তোমাকে জিজ্ঞাসা করে নাই? এখন তাহাদিগকে ১০ বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, রাজা ও যিরূশালম ও তাহাদের চতুর্দ্দিগস্থ ‡ ইস্রায়েলের তাবৎ বংশের বিরুদ্ধে এই ভবিষ্যদ্বাক্য আছে। তুমি বল, ১১

[১৩] প ১। যিহি ৯; ৮॥—[১৪-২০] যির ২৪; ৪-৭। ২৯; ৮-১৪॥—[১৬] যিশ ৮; ১৪॥—[১৭-২০] যিহি ৩৬: ২৪-২৮॥—[১৯] যির ৩২; ৩৯। যিহি ৩৬; ২৬,২৭॥—[২১] যির ২৪; ৮-১০। ২৯; ১৬-১৯॥—[২২,২৩] যিহি ১০; ১৮। ৪৩; ২। নিহি ১৪; ৪। প্রে ১; ৯-১২॥

[১২ অধ্যা; ২] যিশ ৬; ৯॥

* (ইব) মলের। † (ইব্রী) পথানুসারে মস্তকে। ‡ (বা) মধ্যস্থিত।

আমি তোমাদের সাক্ষাতে চিহ্নস্বরূপ; আমি যেমন করিলাম, তদ্রূপ তাহাদের প্রতিও করা যাইবে; তা-
১২ হারা বন্দি হইয়া দেশান্তরে যাইবে। এবং তাহাদের মধ্যস্থিত রাজা সন্ধ্যাকালে আপন স্কন্ধে ভার লইয়া বহির্গমন করিবে, এবং লোকেরা তাহাকে বাহির করণার্থে প্রাচীর খুদিবে, এবং সে আপন মুখ আচ্ছা-
১৩ দন করিয়া চক্ষুর্দ্বারা ভূমি দেখিবে না। কিন্তু আমি তাহার উপরে আপন জাল বিস্তার করিব, তাহাতে সে আমার ফাঁদে ধৃত হইলে আমি কস্‌দীয়দের দেশে বাবিলে তাহাকে আনিব, তাহাতে সে সেই স্থানে
১৪ মরিবে, কিন্তু তাহা দর্শন করিবে না। আমি তাহার চতুর্দ্দিকস্থিত উপকারি লোক ও সৈন্যগণকে চতুর্দ্দিগে * ছিন্নভিন্ন করিব ও তাহাদের পশ্চাৎ খড়্‌গ প্রেরণ
১৫ করিব। আমি তাহাদিগকে নানাজাতিদের মধ্যে ও নানা দেশে ছিন্নভিন্ন করিলে আমি যে পরমেশ্বর,
১৬ তাহা তাহারা জানিতে পারিবে। তাহারা যে লোকদের কাছে যাইবে, তাহাদের নিকটে যেন আপনাদের ঘৃণার্হ ক্রিয়া প্রকাশ করে, এই জন্যে আমি তাহাদের কতক অবশিষ্ট লোককে খড়্‌গ ও দুর্ভিক্ষ ও মহামারীহইতে রক্ষা করিব; তাহাতে আমিই যে পরমেশ্বর, তাহা তাহারা জানিতে পারিবে।

১৭ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে
১৮ উপস্থিত হইল; হে মনুষ্যের সন্তান, তুমি কাঁপিতে ২ আপন ভক্ষ্য ভোজন কর, এবং কম্পান্বিত হইয়া
১৯ উদ্বেগেতে আপন জল পান কর। এবং সামান্য লোকদিগকে এই কথা বল, ইস্রায়েল দেশস্থ যিরূশালম নিবাসিদের বিষয়ে পরমেশ্বর এই কথা কহেন, তাহারা উদ্বিগ্ন হইয়া ভোজ্য ভোজন করিবে, ও বিস্ময়াপন্ন হইয়া আপন ২ জল পান করিবে। কেননা নিবাসিদের দৌরাত্ম্য প্রযুক্ত তাহাদের
২০ দেশের ও তন্মধ্যস্থ সর্ব্বস্বের বিনাশ হইবে। এবং বসতিবিশিষ্ট নগর বিনষ্ট হইবে, ও দেশ উচ্ছিন্ন হইবে। তখন আমিই যে পরমেশ্বর, তাহা তোমরা জানিতে পারিবা।

২১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে
২২ উপস্থিত হইল; হে মনুষ্যের সন্তান, 'কালের বিলম্ব আছে, প্রত্যেক দর্শন বিফল হয়,' ইস্রায়েল্ দেশে তোমাদের মধ্যে এই যে উপকথা চলিত আছে,
২৩ তাহা কি? তাহাদিগকে বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি এই প্রসিদ্ধ কথা লোপ করিব; সেই কথা ইস্রায়েল্ লোকদের মধ্যে আর চলিত থাকিবে না; কিন্তু তাহাদিগকে বল, কাল ও প্রত্যেক দর্শনের সফলতা সন্নিকট। তাহাতে নিরর্থক দর্শন ২৪ কিম্বা তুষ্টিকারি তন্ত্রমন্ত্র ইস্রায়েল্ বংশের মধ্যে আর থাকিবে না। কেননা আমিই পরমেশ্বর, আমি ২৫ এই কথা কহি; আমি যে কথা কহি, তাহা অবশ্য সফল হইবে, আর বিলম্ব হইবে না; হে অনাজ্ঞাবহ বংশ, প্রভু পরমেশ্বর কহেন, আমি যাহা ২ কহি, তাহাই তোমাদের বর্ত্তমান সময়ে সফল করিব।

আরবার পরমেশ্বরের এই কথা আমার নিকটে ২৬ উপস্থিত হইল; হে মনুষ্যের সন্তান, দেখ, ইস্রায়েল্ ২৭ বংশ এই কথা কহে, 'ইহার দর্শন সফল হওনের অনেক বিলম্ব আছে; সে অতি ভাবিবিষয়ের ভবিষ্যদ্বাক্য কহিতেছে।' অতএব তুমি তাহাদিগকে বল, ২৮ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমার কোন কথা ফলনের আর বিলম্ব হইবে না; কিন্তু প্রভু পরমেশ্বর কহেন, আমি যাহা কহি, তাহাই অবশ্য সফল হইবে।

১৩ অধ্যায়।

১ মিথ্যা ভবিষ্যদ্বক্তাদের প্রতি অনুযোগ ১০ ও কাঁচাগাঁথার দৃষ্টান্ত ১৭ও ভবিষ্যদ্বক্ত্রীগণের বালিশের দৃষ্টান্ত।

১ পরে পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত
২ হইল, হে মনুষ্যের সন্তান, তুমি ইস্রায়েলের মধ্যে ভবিষ্যদ্বাক্য প্রচারকারিদের বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য বল, এবং যাহারা আপন ২ মনঃসংকল্পিত ভবিষ্যদ্বাক্য কহে, তাহাদিগকে এই কথা কহ, তোমরা
৩ পরমেশ্বরের কথা শুন। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, যে অজ্ঞান ভবিষ্যদ্বক্তৃগণ কিছু দর্শন না পাইয়া আপনাদের ইচ্ছানুসারে চলে, তাহাদিগকে
৪ ধিক। হে ইস্রায়েল, তোমার ভবিষ্যদ্বক্তৃগণ উচ্ছিন্ন
৫ স্থানের শৃগালের ন্যায় হয়। তাহারা † ভগ্ন বেড়ার দ্বারে গমন করে নাই, এবং পরমেশ্বরের দিনে ইস্রায়েল্ বংশ ‡ যেন সংগ্রামে স্থির থাকে, তন্নিমিত্তে বেড়াও পুনর্নির্ম্মাণ করে নাই। পরমেশ্বর তাহা-
৬ দিগকে প্রেরণ না করিলেও তাহারা অসার ও মিথ্যা ভবিষ্যদ্বাক্য কহিয়া আপনাদের কথা সফল হইবে, এই প্রত্যাশা জন্মাইয়া কহে, 'পরমেশ্বর এই কথা কহেন।' তাহাদের ‖ দর্শন কি মিথ্যা নয়? ও
৭ তাহারা† কি মিথ্যাভবিষ্যদ্বাক্য কহে নাই? কেননা আমি না কহিলেও, 'ইহা পরমেশ্বর কহিয়াছেন,'
৮ এমত কথা তাহারা † বলে। অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তাহারা † অসার কথা কহিয়াছে ও মিথ্যা কল্পনা করিয়াছে, এই নিমিত্তে প্রভু পর-
৯ মেশ্বর কহেন, দেখ, আমি § তাহাদের ‖ প্রাতিকূলে আছি। আমি, মিথ্যাদর্শক ও অসার মন্ত্রণাকারি ভবি-

[১১-১৩] যির ৫২ ; ৭-১১ ।।—[১২] যির ৩৯ ; ৪৩ ।।—[১] যির ৫২, ১১ ।।—[১৪] যির ৩৭ ; ৭।।—[১৪-১৬] যির ৪২ ; ১৮। ৪৪ ; ২৬-৩০ ।।—[১৭-২০] যির ৫২ ; ৬। বিল ৫ ।।—[২২] যিশ ৫ ; ১৯ ।।—[২৪] যিহি ১৩ ; ২৩।।
[১৩ অধ্য] যির ১৪ ; ১৩-১৬। ২৩ ; ১১-৩২ ।।—[৫] গী ১০৬ ; ২৩। যিহি ২২ ; ৩০ ।।—[৬] ২২ ; ২৮ ।।—[৯] গী ৬৯ ; ২৮। যিশ ৪ ; ৩।।

* (ইব্রু) চতুর্ব্বায়ুতে। † (ইব্রু) তোমরা। ‡ (ইব্রু) গৃহ। ‖ (ইব্রু) তোমাদের। § (ইব্রু) আমার হস্ত।

ষ্যদ্বক্তাদের প্রতিকূলে আছি; তাহারা আমার লোকদের সভাতে আর থাকিবে না এবং ইস্রায়েল্ বংশের লিখনপত্রে আর লিখিত হইবে না, ও ইস্রায়েল দেশে আর প্রবেশ করিবে না; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা তোমরা জানিতে পারিবা।

১০ মঙ্গল না থাকিলেও তাহারা মিথ্যা মঙ্গলের কথা কহিয়া আমার লোকদিগকে ভ্রমণ করায়; এবং আমার লোক * কাঁচা ভিত্তি নির্ম্মাণ করিলে তাহারা ১১ কাঁচাগারাদ্বারা তাহা লেপন করে। কিন্তু যাহারা কাঁচাগারাদ্বারা তাহা লেপন করে, তাহাদিগকে বল, তাহা পতিত হইবে, কেননা প্লাবনকারি বৃষ্টি আসিবে, এবং বৃহৎ শিল পড়িবে, ও প্রচণ্ড ঝড় তাহা ১২ বিদীর্ণ করিবে। সেই ভিত্তি পতিত হইলে, 'তোমরা যাহা লেপন করিয়াছ, তাহা কোথায়?' এই কথা কি ১৩ তোমাদিগকে কহা যাইবে না? অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি আপন ক্রোধরূপ প্রচণ্ড ঝড় প্রেরণ করিব ও আমার ক্রোধহইতে প্লাবনকারি বৃষ্টি আসিবে, ও ভিত্তির বিনাশ করণার্থে ১৪ আমার ক্রোধহইতে বৃহৎ২ শিল পড়িবে। এই প্রকারে তোমরা যে ভিত্তি কাঁচাগারাতে লেপন করিয়াছ, তাহা ভাঙ্গিয়া ভূমিসাৎ করিব, তাহাতে তাহার মূল প্রকাশিত হইবে; তাহা পড়িলে তোমরাও তাহার মধ্যে বিনষ্ট হইবা; তাহাতে আমি যে পরমে- ১৫ শ্বর, তাহা তোমরা জানিতে পারিবা। এই প্রকারে আমি সেই ভিত্তি ও কাঁচাগারাতে তাহা লেপনকারিদের প্রতি আপন ক্রোধ সফল করিব, এবং তোমাদিগকে কহিব, সে ভিত্তি থাকিবে না, এবং ১৬ তাহার লেপনকারিগণ, অর্থাৎ মঙ্গল না থাকিলেও ইস্রায়েলের যে ভবিষ্যদ্বক্তৃগণ যিরূশালম বিষয়ে মঙ্গলের দর্শন পাইয়া ভবিষ্যদ্বাক্য কহে, তাহারাও আর থাকিবে না, এই কথা প্রভু পরমেশ্বর কহেন।

১৭ হে মনুষ্যের সন্তান, তোমার লোকদের যে কন্যাগণ আপন২ মনের কল্পনানুসারে ভবিষ্যদ্বাক্য কহে, ১৮ তাহাদের প্রতি বিমুখ হও। এবং তাহাদের বিরুদ্ধে এই ভবিষ্যদ্বাক্য বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, যে স্ত্রীগণ তাবৎ কক্ষের বালিশ প্রস্তুত করে, ও প্রাণ বিনাশার্থে সর্ব্ববয়স্ক লোকদের মস্তকের উপরে বস্ত্র বন্ধন করে, তাহাদিগকে ধিক; তোমরা কি আমার লোকদের প্রাণ বিনাশ করিয়া ১৯ আপনাদের প্রাণ রক্ষা করিবা? তোমরা মিথ্যাকথা শ্রবণকারি আমার লোকদিগকে মিথ্যাকথা কহিয়া এক মুষ্টি যব ও রুটিখণ্ডের নিমিত্তে তাহাদের মধ্যে কি আমাকে অপবিত্র করিবা? ও যে সকল প্রাণী বধের যোগ্য নয়, তাহাদিগকে কি বধ করিবা? ও যে সকল প্রাণী জীবনের যোগ্য নয়, তাহাদিগকে কি বাঁচাইবা? ২০ অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমরা যে বালিশদ্বারা প্রাণ মৃগয়া করিয়া ফাঁদে ফেল, আমি সেই বালিশের প্রতিকূল আছি, এবং তোমাদের ভুজহইতে তাহা চিরিয়া ফেলিব; এবং তোমরা যে প্রাণিগণকে চেষ্টা করিয়া ফাঁদে ফেলিয়াছ, তাহাদিগকে উদ্ধার ২১ করিব; এবং তোমাদের আচ্ছাদনবস্ত্র চিরিয়া ফেলিব, ও তোমাদের হস্তহইতে আপন লোককে রক্ষা করিব; তাহারা বিনষ্ট হওনার্থে তোমাদের হস্তগত আর হইবে না, তাহাতে আমি যে পরমেশ্বর, ২২ তাহা তোমরা জানিতে পারিবা। কেননা আমি যে ধার্ম্মিককে বিষণ্ণ করিলাম না, তাহাকে মিথ্যাকথা কহিয়া তোমরা তাহার অন্তঃকরণ বিষণ্ণ করিলা; এবং দুষ্ট লোককে † এমত বলবান করিলা, যে সে পরমায়ুঃ প্রাপ্তির নিমিত্তে আপন কুপথহইতে ২৩ ফিরে না। অতএব তোমরা অলীক দর্শন আর দেখিবা না, ও মিথ্যাভবিষ্যদ্বাক্য আর কহিবা না; কেননা আমি তোমাদের হস্তহইতে আপন লোকদিগকে উদ্ধার করিব, তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা তোমরা জানিতে পারিবা।

১৪ অধ্যায়।

১ প্রাচীন লোকদের কাপট্য প্রকাশ করণ ৬ ও ইস্রায়েল বংশের প্রতি ভয় দর্শন ১২ ও ঈশ্বরের শাস্তির অনিবার্য্যতা ২২ ও দণ্ডসময়ে অবশিষ্ট লোক থাকনের ভবিষ্যদ্বাক্য।

১ অপর ইস্রায়েলের কতক প্রাচীন লোক আমার নি- ২ কটে আসিয়া আমার সম্মুখে বসিল। তখন পরমেশ্- ৩ রের এই কথা আমার নিকটে উপস্থিত হইল; হে মনুষ্যের সন্তান, এই লোকেরা অন্তঃকরণে আপন২ দেবগণকে স্থাপন করে, ও আপনাদের সম্মুখে অধর্ম্মজনক বিঘ্ন রাখে; অতএব আমি কি তাহা- ৪ দের প্রার্থনা গ্রাহ্য করিব? এই নিমিত্তে তাহাদিগকে উত্তর দিয়া এই কথা বল, প্রভু পরমেশ্বর কহেন, ইস্রায়েল্ বংশের যে লোকেরা আপন২ মনে দেবগণকে স্থাপন করে, ও আপন২ সম্মুখে অধর্ম্মজনক বিঘ্ন রাখিয়া ভবিষ্যদ্বক্তার কাছে আইসে, সেই আগত লোকদিগকে তাহাদের দেবগণের বহু সংখ্যানুসারে ‡ আমি পরমেশ্বর উত্তর দিব। ৫ তাহাতে ইস্রায়েল বংশ আপন২ দেবগণের অনুরোধে আমাহইতে পরাঙ্মুখ হওয়াতে আপনাদের অন্তঃকরণের দোষে আমাকর্ত্তৃক ধৃত হইবে।

৬ তুমি ইস্রায়েল বংশকে এই কথা বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমরা মন ফিরাও, ও আপনা-

[১০] যির ৬; ১৪।৮; ১১। যিহি ২২; ২৮॥—[১১-১৬] মথ ৭; ২৬,২৭॥—[১৭] নি ৩; ১৪॥—[১৯] মী ৩; ৫॥ [২২] যির ২৩; ১৪॥—[২৩] যিহি ১২; ২৪॥—[১৪ অধ্য; ১-৩] যিহি ২০; ১-৩॥

* (ইব্রী) কেহ। † (ইব্রী) লোকের হস্তকে। ‡ (বা) বাহুল্যানুসারে।

দের দেবগণহইতে ফির, ও আপনাদের তাবৎ ঘৃণার্হ ৭ কর্ম্মহইতে বিমুখ হও। কেননা ইস্রায়েল্ বংশীয়দের ও ইস্রায়েল্ দেশে প্রবাসকারিদের মধ্যে যে কেহ আমাহইতে আপনাকে বিভিন্ন করে, ও আপন অন্তঃকরণে দেবগণকে স্থাপন করে, ও আপন সম্মুখে অধর্ম্মজনক বিঘ্ন রাখে, সে যদি আমার নিকটে জিজ্ঞাসা করিতে ভবিষ্যদ্বক্তৃগণের কাছে আইসে, ৮ তবে আমিই পরমেশ্বর তাহাকে উত্তর দিব। আমি সেই মনুষ্যের প্রতিকূল হইব, এবং তাহাকে এক চিহ্ন ও দৃষ্টান্তস্বরূপ করিব, এবং আপন লোকদের মধ্যহইতে তাহাকে উচ্ছিন্ন করিব; তাহাতে আমিই যে পরমেশ্বর, তাহা তোমরা জানিতে পারিবা। ৯ কোন ভবিষ্যদ্বক্তা যদি ভ্রান্ত হইয়া কথা কহে, তবে আমি সে ভবিষ্যদ্বক্তাকে আরো ভ্রান্ত করিব; আমি তাহার বিরুদ্ধে আপন হস্ত বিস্তার করিয়া আপন ইস্রায়েল লোকের মধ্যহইতে তাহাকে উচ্ছিন্ন ১০ করিব। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, ইস্রায়েল বংশ যেন আমাহইতে আর বিপথগামী না হয় ও আজ্ঞালঙ্ঘন করিয়া আর অপবিত্র না হয়, কিন্তু তাহারা যেন আমার লোক হয় ও আমি তাহা- ১১ দের ঈশ্বর হই, এই নিমিত্তে ভবিষ্যদ্বক্তা ও তাহার প্রশ্নকারী লোক উভয়ে সমানরূপে আপনাদের অধর্ম্মের ফল ভোগ করিবে।

১২ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে ১৩ উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, প্রভু পরমেশ্বর কহেন, যখন কোন দেশীয় লোকেরা আমার বিরুদ্ধে আজ্ঞালঙ্ঘন ও পাপ করে ও আমি তাহাদের প্রতি আপন হস্ত বিস্তার করিয়া তাহাদের ভক্ষ্যরূপ যষ্টি ভাঙ্গি, ও তাহাদের প্রতি দুর্ভিক্ষ প্রেরণ করিয়া তা- ১৪ হাতে মনুষ্য ও পশুগণকে উচ্ছিন্ন করি; তখন নোহ ও দানিয়েল্ ও আয়ূব্ এই তিন জন যদি তাহার মধ্যস্থ হয়, তবে তাহারা আপনাদের ধর্ম্মেতে ১৫ কেবল আপনাদের প্রাণ রক্ষা করিবে। আমি যখন দেশের সর্ব্বত্র হিংসক পশুগণকে প্রেরণ করি, ও তাহারা তাহা এমত শূন্য ও উচ্ছিন্ন করে, যে সেই পশুভয়ে কেহ তাহার মধ্যদিয়া আর ১৬ যায় না, প্রভু পরমেশ্বর কহেন, আমি যদি অমর হই, তবে তৎকালে এই তিন মনুষ্য মধ্যস্থ হইলেও পুত্র কিম্বা কন্যাদিগকে উদ্ধার করিতে পারিবে না, কেবল আপনারাই উদ্ধৃত হইবে, কিন্তু দেশ ১৭ উচ্ছিন্ন হইবে। আর আমি যখন সেই দেশের প্রতি খড়্গ আনিয়া কহি, খড়্গ দেশের সর্ব্বত্র গমন করুক, তাহাতে যখন মনুষ্য ও পশুগণ উচ্ছিন্ন ১৮ হয়, প্রভু পরমেশ্বর কহেন, আমি যদি অমর হই, তবে তৎকালে এই তিন জন মধ্যস্থ হইলেও পুত্র কিম্বা কন্যাদিগকে উদ্ধার করিতে পারিবে না, কেবল আপনারাই উদ্ধৃত হইবে। এবং আমি যখন ১৯ সে দেশে মহামারী প্রেরণ করি, এবং তাহাহইতে মনুষ্য ও পশুদিগকে উচ্ছিন্ন করণার্থে রক্তপূর্ণ ক্রোধপাত্র ঢালি, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, ২০ আমি যদি অমর হই, তবে তৎকালে নোহ ও দানিয়েল্ ও আয়ূব্ মধ্যস্থ হইলেও পুত্র কি কন্যাদিগকে উদ্ধার করিতে পারিবে না; তাহারা আপনাদের ধর্ম্মেতে কেবল আপনাদের প্রাণ উদ্ধার করিবে।

প্রভু পরমেশ্বর এই কথা কহেন; দেখ, আমি ২১ মনুষ্যগণকে ও পশুগণকে বিনষ্ট করণার্থে যিরূশালমের বিরুদ্ধে আপনার বৃহৎ চারি দণ্ড অর্থাৎ খড়্গ ও দুর্ভিক্ষ ও হিংসক পশু ও মহামারী প্রেরণ করিলেও, কতক পুত্র ও কন্যাগণ অবশিষ্ট হইয়া ২২ বাহিরে আনীত হইবে; দেখ, তাহারা তোমাদের কাছে আসিবে, ও তোমরা তাহাদের পথ ও গতি দেখিয়া যিরূশালমে যে সকল বিপদ আমি আনিয়াছি ও তাহার প্রতি যে সকল ঘটনা করিয়াছি, তাহার বিষয়ে শান্তিযুক্ত হইবা। এবং তোমরা তাহা- ২৩ দের পথ ও গতি দেখিয়া তাহাদের হইতে সান্ত্বনা পাইবা, এবং আমি তাহার মধ্যে যে সকল করিয়াছি তাহা অকারণ করি নাই, ইহা তোমরা জানিতে পারিবা; প্রভু পরমেশ্বর এই কথা কহেন।

১৫ অধ্যায়।

১ দ্রাক্ষালতাকাষ্ঠের দৃষ্টান্ত ৬ ও তাহার তাৎপর্য্য।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ- ২ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, বনজ বৃক্ষের শাখাহইতে কিম্বা অন্যান্য কাষ্ঠহইতে কি দ্রাক্ষা- ৩ লতার কাষ্ঠ উত্তম? এবং কোন কার্য্যের নিমিত্তে কি তাহাহইতে কাষ্ঠ গ্রহণ করা যায়? কিম্বা কোন পাত্র ঝুলাইবার নিমিত্তে কি তাহার দাণ্ডা করা যায়? ৪ দেখ, সে কেবল অগ্নিতে নিক্ষিপ্ত হওনের যোগ্য; কিন্তু অগ্নি তাহার আদি ও অন্ত ও মধ্য সমুদয় দগ্ধ ৫ করিলে সে কি কোন কর্ম্মের যোগ্য হয়? দেখ, অখণ্ড থাকিতে যদি কোন কর্ম্মের উপযুক্ত না হয়, তবে অগ্নিতে দগ্ধ হইয়া ভস্ম হইলে কি কর্ম্মের উপযুক্ত হইতে পারে?

৬ অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, বনের তাবৎ বৃক্ষের মধ্যে যেমন দ্রাক্ষালতাকে আমি অগ্নির নিমিত্তে নিরূপণ করিয়াছি, তদ্রূপ যিরূশালম্ ৭ নিবাসি লোকদিগকে নিরূপণ করিলাম। আমি তাহাদের প্রতিকূল হইলে তাহারা এক অগ্নিহইতে উত্তীর্ণ হইলেও অন্য অগ্নিতে দগ্ধ হইবে, এবং আমি তাহাদের প্রতিকূল হইলে আমি যে পরমেশ্বর,

[৯] ১ রা ২২ ; ১৯-২৩ ।।—[১৪] আ ৬ ; ৮, ৯ । দা ৯ ; ২০ । য়ুব ৪২ ; ৮ ।।—[২২,২৩] যিহি ১২ ; ১৬ । ১৬ ; ৫৫ ।।
[১৫ অধ্যা ; ৩-৮] যিহি ১৯ ; ১০-১৪ । যি ৩২ ; ২২-২৫ ।।

৮ তাহা তোমরা জানিতে পারিবা। প্রভু পরমেশ্বর
কহেন, তাহারা সম্যক রূপে আমার আজ্ঞা লঙ্ঘন
করিয়াছে, এই জন্যে আমি তাহাদের দেশ উচ্ছিন্ন
করিব।

১৬ অধ্যায়।

১ প্রান্তরে নিক্ষিপ্ত সদ্যোজাত কন্যার সহিত যিরূশালমের
দৃষ্টান্ত ৬ ও সেই কন্যাকে পাইয়া ভরণ পোষণ পূর্ব্বক
বিবাহ করে যে পুরুষ তাহার সহিত পরমেশ্বরের দৃষ্টান্ত
১৫ ও ঐ কন্যার অর্থাৎ যিরূশালমের ব্যভিচার কর্ম্মের
বিবরণ ৩৫ ও সেই ব্যভিচারের নিমিত্তে তাহার দণ্ডের
ভবিষ্যদ্বাক্য ৪৪ ও তাহার দুই ভগিনীর অর্থাৎ সি-
দোম ও শোমিরোণের সহিত তাহার দুষ্টতার উপমা
৬০ ও শেষে দয়া করণের কথা।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ-
২ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি যিরূশালমকে
৩ তাহার ঘৃণার্হ ক্রিয়া জ্ঞাত করিবার জন্যে বল, প্রভু
পরমেশ্বর যিরূশালমকে এই কথা কহেন, তোমার
উৎপত্তি ও জন্মস্থান কিনান্ দেশ, এবং তোমার
৪ পিতা ইমোরীয় ও মাতা হিত্তীয়া। তোমার জন্মের
বৃত্তান্ত এই, তুমি যে দিনে জন্মিলা, তৎকালে তোমার
নাড়ী ছেদন করা গেল না, এবং তোমাকে শুচি
করণার্থে জলে ধৌত করা গেল না, ও তুমি লবণ
৫ মুক্ষিতা, ও বস্ত্রবেষ্টিতা হইলা না। এবং তোমার
প্রতি কেহ স্নেহ ও কৃপাদৃষ্টি করিয়া ইহাদের মধ্যে
কোন ক্রিয়া করিল না, কিন্তু তুমি জন্মদিনে আপন
প্রাণের দুরবস্থাতে ক্ষেত্রে নিক্ষিপ্তা হইলা।

৬ পরে আমি তোমার নিকট দিয়া গমন কালে
তোমাকে রক্তেতে লুণ্ঠিতা দেখিয়া তুমি রক্তমুক্ষিতা
হইলেও 'জীবিতা হও,' তোমাকে এই কথা কহিলাম,
ও তুমি রক্তমুক্ষিতা হইলেও 'জীবিতা হও,' এই কথা
৭ কহিলাম। আমি ক্ষেত্রের অঙ্কুরের ন্যায় তোমাকে
অতি * বর্দ্ধিতা করিয়াছি, তাহাতে তুমি বৃদ্ধি পাই-
য়া ক্রমে২ উন্নতা ও শ্রেষ্ঠা হইলা; তোমার স্তন পীন
ও কেশ দীর্ঘ হইল, কিন্তু তুমি উলঙ্গিনী ও বেশভূষা
৮ রহিতা ছিলা। আমি তোমার নিকট দিয়া গমন
কালে অবলোকন করিয়া দেখিলাম, তোমার সেই
সময় প্রেমের সময়, এই জন্যে প্রভু পরমেশ্বর
কহেন, আমি আপন বস্ত্র তোমার উপরে বিস্তার
করিয়া তোমার উলঙ্গতা আচ্ছাদন করিলাম, এবং
শপথ করিয়া তোমার সহিত নিয়ম স্থির করিলাম;
৯ তাহাতে তুমি আমার হইলা। পরে আমি তোমাকে
জলে ধৌতা করিয়া তোমার গাত্রহইতে তাবৎ রক্ত
পরিষ্কৃত করিয়া তৈল মর্দ্দন করাইলাম। পরে
১০ তোমাকে বিচিত্র বস্ত্রে বস্ত্রান্বিতা করিলাম ও তোমা-
কে তহস্‌চর্ম্মপাদুকা দিলাম, এবং তোমাকে সূক্ষ্ম
বস্ত্রেতে আচ্ছাদিতা ও পট্টাম্বরেতে বিভূষিতা করি-
১১ লাম। পরে তোমার সর্ব্বাঙ্গে অভরণ দিলাম, তোমার
১২ হস্তে কঙ্কণ ও গলদেশে হার ও নাসিকাতে নথ ও
১৩ কর্ণে ঢেঁড়ি ও মস্তকে সুন্দর মুকুট দিলাম। এই
প্রকারে তুমি সুবর্ণ ও রৌপ্যেতে বিভূষিতা হইলা;
তোমার বস্ত্র অতি সূক্ষ্ম সূত্র ও পট্টের নির্ম্মিত ও
বিচিত্র হইল, এবং তুমি উত্তম সুজী ও মধু ও তৈল
ভোজন করিলা, এবং অতিশয় সুন্দরী হইয়া অব-
১৪ শেষে রাজরাণী হইলা। তোমার সৌন্দর্য্যের সুখ্যা-
তি অন্যান্য দেশে ব্যাপিল, কেননা প্রভু পরমেশ্বর
কহেন, আমি তোমাকে যে বেশভূষা দিলাম, তাহা-
দ্বারা তোমার সেই সৌন্দর্য্য এমত প্রসিদ্ধ হইল।

১৫ তুমি আপন সৌন্দর্য্যে নির্ভর করিয়া সুখ্যাতি
প্রযুক্ত ব্যভিচার করিলা; যে কেহ তোমার নিকট
দিয়া গেল, তাহারি সহিত ব্যভিচার ক্রিয়া করিলা;
১৬ তাহার ভোগ হইল। এবং তুমি আপন বস্ত্রের কিছু
লইয়া আপন পিঁড়ি চিত্র বিচিত্র করিয়া তাহার
উপরে বেশ্যার ক্রিয়া করিলা, কিন্তু এমত অচলিত
১৭ ও অনুচিত। আমি যে সুবর্ণ ও রৌপ্যের উত্তম
ভূষণ তোমাকে দিলাম, তুমি তাহা লইয়া নরাকৃতি
প্রতিমা নির্ম্মাণ করিয়া তাহার সহিত ব্যভিচার
১৮ করিলা। ও আপন বিচিত্র বস্ত্র লইয়া তাহাদিগ-
কে পরিধান করাইলা, ও আমার তৈল ও ধূপ
১৯ তাহাদের সম্মুখে রাখিলা। এবং আমি সূক্ষ্ম সূজি
ও তৈল ও মধু প্রভৃতি যে সকল খাদ্য তোমাকে
খাইতে দিলাম, তাহা তুমি লইয়া সুগন্ধির নিমিত্তে
তাহাদের সম্মুখে রাখিলা; তাহা সত্য, ইহা পরমেশ্বর
২০ কহেন। আমাহইতে উৎপন্ন তোমার যে পুত্র কন্যা-
গণ, তাহাদিগকে বিনাশার্থে তাহাদের কাছে উৎসর্গ
২১ করিলা। তোমার ব্যভিচার কি ক্ষুদ্র বিষয়, যে তুমি
আমার বালকগণকেও বধ করিলা, ও অগ্নির মধ্যে
গমন করাইতে তাহাদের কাছে সমর্পণ করিলা?
২২ ও পূর্ব্বে তুমি যে সময়ে তাবৎ ঘৃণার্হক্রিয়া ও ব্যভি-
চারে উলঙ্গিনী ও বেশভূষারহিতা ও রক্তে লুণ্ঠিতা
ছিলা, সেই যৌবনাবস্থার সময় মনে কর নাই।
২৩ প্রভু পরমেশ্বর কহেন, তোমাকে ধিক২! তোমার
২৪ এই সকল দুষ্ক্রিয়ার পরে তুমি আপনার নিমিত্তে
উচ্চস্থান ও প্রত্যেক পথে পিঁড়ি নির্ম্মাণ করিলা।
২৫ এবং পথের প্রত্যেক মস্তকে আপন পিঁড়ি করিলা,

[১৬ অধ্যা] যিহি ২৩ ॥—[৩] প ৪৫ ॥—[৩-৭] দ্বি ২৬; ৫,৬ ॥—[৮,৯] যা ১৯; ৩-৬ ॥—[১০-১৩] যা ৩৬-৪০। ১ রা ৬। ৭ ॥—[১৩] দ্বি ৩২; ১৩, ১৪ ॥—[১৪] ১ রা ১০ ॥—[১৫] ১ রা ১১; ১-৮। ২ রা ১৭; ৯-২৩। যির ২; ২০ ॥ [১৬-২২] হো ২; ৫-১৩। ২ বং ১৬; ২। ২৩; ১৭। ২৮; ২৩, ২৪। ৩৩; ৪,৫,৭ ॥—[২০,২১] ২ বং ২৮; ৩। ৩৩; ৬। যির ১৯; ৪,৫ ॥—[২২] প ৫,৫ ॥

* (ইব্রী) নিযুত গুণ।

এবং আপন শ্রী বিশ্রী করিলা, এবং প্রত্যেক পথিককে আপনার সহিত কুকর্ম্ম করিতে দিলা *, এবং আপন বেশ্যাক্রিয়া অত্যন্ত বাড়াইলা। ২৬ ও আপন নিকটস্থ স্থূলকায় মিস্রীয়দের সহিত ব্যভিচার করিলা, ও আমাকে ক্রুদ্ধ করণার্থে বেশ্যাক্রিয়া আরো বাড়াইলা। ২৭ অতএব দেখ, আমি তোমার বিরুদ্ধে হস্ত বিস্তার করিয়া তোমার দিবসিক ভক্ষ্যের ন্যূনতা করিলাম; যাহারা তোমাকে ঘৃণা করে, অর্থাৎ যে পিলেষ্টীয়দের কন্যারা তোমার কদাচারেতে লজ্জিতা হয়, তাহাদের ইচ্ছাতে তোমাকে সমর্পণ করিলাম। ২৮ পরে তুমি তৃপ্তা না হওয়াতে অশূরীয়দের সহিত বেশ্যাক্রিয়া করিলা ও তাহাদের সহিত ব্যভিচার করিলা, তথাপি তৃপ্তা হইলা না। ২৯ কিনান দেশ ও † কস্দীয় দেশ পর্য্যন্ত আপন ব্যভিচার বৃদ্ধি করিলা, তথাপি তৃপ্তা হইলা না। ৩০ প্রভু পরমেশ্বর কহেন, তুমি প্রত্যেক পথের মস্তকে আপন উচ্চস্থান ও প্রত্যেক পথে আপন পিঁড়ি করিয়া কর্ত্তৃত্বকারিণী বেশ্যার ন্যায় এই সকল কর্ম্ম করাতে ৩১ তোমার অন্তঃকরণ কেমন চঞ্চল হইয়াছে! ৩২ তুমি বেশ্যাবৎ না হইয়া বেতন অবজ্ঞা করিয়াছ, কিন্তু আপন স্বামির পরিবর্ত্তে অন্য পুরুষ গ্রহণ করিয়া উপপতিগ্রাহিণীর ন্যায় হইয়াছ। ৩৩ লোকেরা তাবৎ বেশ্যাকে বেতন দেয়, কিন্তু তোমার কাছে সর্ব্বদিগহইতে তাবৎ প্রেমকারিগণ যেন দুষ্ক্রিয়ার্থে আইসে, এই জন্যে তুমি তাহাদিগকে বেতন ও দান ‡ দিয়াছ। ৩৪ তাহাতে অন্যান্য স্ত্রীহইতে তোমার ব্যভিচার ক্রিয়া বিপরীত; তোমার মত ব্যভিচার কেহ করে না, কেননা তুমি কিছু গ্রহণ না করিয়া বেতন দিতেছ, ইহাতেই তোমার ক্রিয়া বিপরীত হয়।

৩৫ হে বেশ্যে, পরমেশ্বরের কথা শুন; ৩৬ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমার তাম্রমুদ্রা দত্ত ‖ হইয়াছে, ও তোমার প্রেমকারিগণের ও তোমার ঘৃণার্হ প্রতিমার সহিত ব্যভিচার ক্রিয়া করণে তোমার উলঙ্গতা প্রকাশিত হইয়াছে, ও তোমার বালকদের রক্ত তাহাদিগকে দত্ত হইয়াছে। ৩৭ অতএব দেখ, তুমি যাহাদিগকে তুষ্ট করিয়াছ, তোমার সেই প্রেমকারিগণকে এবং তুমি যাহাদিগকে ভাল বাসিয়াছ ও মন্দ বাসিয়াছ, সেই সকলকে আমি তোমার চতুর্দ্দিগে একত্র করিব; চতুর্দ্দিগে একত্র করিলে পর আমি তাহাদের কাছে তোমার উলঙ্গতা প্রকাশ করিব, তাহারা তোমার উলঙ্গতা দেখিবে। ৩৮ যে স্ত্রীগণ বিবাহের নিয়ম লঙ্ঘন করে ও রক্তপাত করে, তাহাদের ন্যায় আমি তোমার বিচার করিব, এবং ক্রোধে ও কোপে তোমাকে রক্ত পান করাইব। ৩৯ আমি তাহাদের হস্তে তোমাকে সমর্পণ করিব; তাহাতে তাহারা তোমার উচ্চস্থান বিনষ্ট করিবে, ও পিঁড়ি ভগ্ন করিবে ও তোমাকে বিবস্ত্রা করিবে, ও তোমার সুন্দর অভরণ হরণ করিয়া তোমাকে বিবস্ত্রা ও উলঙ্গিনী করিয়া রাখিবে। ৪০ তাহারা তোমার বিরুদ্ধে সমূহলোক আনিয়া তোমাকে প্রস্তরাঘাত করিবে, ও আপনাদের খড়্গদ্বারা তোমাকে ছেদন করিবে, ৪১ এবং তোমার গৃহ সকল অগ্নিতে দগ্ধ করিবে, ও অনেক স্ত্রীলোকের সাক্ষাতে তোমার শাস্তি করিবে; এই রূপে আমি তোমাকে ব্যভিচার ক্রিয়া ত্যাগ করাইব, তুমি আর ভাড়া দিবা না। ৪২ এবং তোমার প্রতি আপন ক্রোধ নিবৃত্ত করিব, ও তোমার নিকটহইতে আমার কোপ যাইবে, আমি ক্ষান্ত হইয়া আর ক্রোধ করিব না। ৪৩ তুমি আপন যৌবনাবস্থা স্মরণ না করিয়া এই সকল বিষয়ে আমাকে বিরক্ত করিয়াছ; অতএব দেখ, প্রভু পরমেশ্বর কহেন, আমিও তোমার মস্তকের উপরে তোমার কর্ম্মের প্রতিফল দিব; তাহাতে তুমি এই প্রকার ঘৃণার্হ ও দুষ্ট ক্রিয়া আর করিবা না।

৪৪ দেখ, যে কেহ দৃষ্টান্তকথা কহে, সে তোমার বিষয়ে এই দৃষ্টান্তকথা কহিবে, যেমন মাতা তেমনি কন্যা। ৪৫ অর্থাৎ আপন স্বামিকে ও বালকগণকে ঘৃণা করিল যে তোমার মাতা, তুমি তাহারি কন্যা; এবং আপন স্বামিকে ও বালকগণকে ঘৃণা করিল যে তোমার ভগিনীগণ, তুমি তাহাদেরই সহোদরা; তোমাদের মাতা হিত্তীয়া ও পিতা ইমোরীয় ছিল। ৪৬ তোমার উত্তরদিগে কন্যার সহিত বসতি করে যে শোমিরোণ, সে তোমার জ্যেষ্ঠা ভগিনী; এবং তোমার দক্ষিণে কন্যার সহিত বাসকারিণী যে সিদোম, সে তোমার কনিষ্ঠা আছে। ৪৭ তথাপি তুমি কেবল তাহাদের পথে গমন কর নাই, ও কেবল তাহাদের ঘৃণার্হ ক্রিয়ানুসারে কর্ম্ম কর নাই, কিন্তু তাহা অতিক্ষুদ্র জ্ঞান করিয়া সকল আচরণে তাহাদের হইতেও দুরাচারিণী হইয়াছ। ৪৮ প্রভু পরমেশ্বর কহেন, আমি যদি অমর হই, তবে তোমার ভগিনী সিদোম, অর্থাৎ সে ও তাহার কন্যাগণ তোমার ও তোমার কন্যাদের মত ক্রিয়া করে নাই। ৪৯ তোমার ভগিনী সিদোমের দোষ দেখ; তাহাতে ও তাহার কন্যাদিগেতে অহঙ্কার ও ভক্ষ্যের পূর্ণতা ও অচলা লক্ষ্মী ছিল; সে দরিদ্র ও দীনহীন লোককে সবল করে নাই। ৫০ তাহারা অহঙ্কারিণী ছিল ও আমার সাক্ষাতে ঘৃণার্হ কর্ম্ম করিয়াছিল, অতএব আমি

---

[২৬] যিশ ৩০; ১-৭। যিহি ১৭; ১৫॥—[২৮] ২৩; ১২। ২ বং ২৭; ১৬,২১॥—[২৯] যিহি ২৩; ১৪-১৭। ২ বং ৩৬; ১০॥—[৩১] প ২৪,২৫॥—[৩৫-৪৩] ২ বং ৩৬; ১৪-২০। যির ৫২॥—[৩৮] দ্বি ২২; ২২॥—[৪০] যো ৮; ৫॥ [৪৫] প ৩॥—[৪৬] ২ রা ১৭; ৫-১৮। আ ১৮; ২০,২১॥—[৪৮] ম ১০; ১৫। ১১; ২৩, ২৪॥—[৪৯,৫০] আ ১৩; ১০। ১৯; ১-২৯॥

* (ইব্রী) চরণ বিস্তার করিলা। † (বা) বণিক কস্দীয়। ‡ (বা) উৎকোচ। ‖ (বা) অশুচি ক্রিয়া প্রকাশ।

৫১ তাহাদিগকে এরূপ দেখিয়া দূর করিলাম। শোমিরোণ তোমার পাপের অর্দ্ধেকও পাপ করে নাই,কিন্তু তুমি আপন ঘৃণার্হ ক্রিয়া তাহাদের হইতেও বাড়াইয়াছ, এবং আপনার কৃত প্রচুর ঘৃণার্হ ক্রিয়াদ্বারা আ-
৫২ পন ভগিনীগণকে নির্দ্দোষ করিতেছ। তুমি আপন ভগিনীদিগকে যে অপমান করিয়াছ,তাহা আপনিও ভোগ কর; তোমার কৃত অতিঘৃণার্হ কর্ম্মের দ্বারা তাহারা তোমা অপেক্ষা নির্দ্দোষ হইয়াছে, তুমি আপনার ভগিনীগণকে নির্দ্দোষ করণ প্রযুক্ত বিবর্ণা
৫৩ ও লজ্জিতা হও। যে সময়ে আমি তাহাদিগকে অর্থাৎ সিদোম ও তাহার কন্যাদিগকে এবং শোমিরোণ ও তাহার কন্যাগণকে বন্দিদশাহইতে পুনর্ব্বার আনিব, তখন তাহাদের সহিত তোমাকেও
৫৪ বন্দিদশাহইতে আনিব। তাহাতে তুমি আপন ভগিনীদিগকে আশ্বাস দিয়া পূর্ব্বে যে ক্রিয়া করি-
৫৫ য়াছ, তন্নিমিত্তে লজ্জিতা ও বিবর্ণা হইবা। সিদোম্ ও তাহার কন্যা এই তোমার ভগিনীগণ প্রথম দশা প্রাপ্তা হইবে, এবং শোমিরোণ ও তাহার কন্যারা পূর্ব্বদশাগ্রস্তা হইবে,এবং তুমি ও তোমার কন্যাগণ
৫৬ আপন২ পূর্ব্বদশা পাইবা। যে সময়ে তোমার দুষ্টতা প্রকাশ পাইল না, এবং তোমার তুচ্ছকারিণী অরামের কন্যারা ও তাহার চতুর্দ্দিগ নিবাসিনী
৫৭ পিলেষ্টীয়দের কন্যারা তোমার অপমান করিল না, তোমার সেই অহঙ্কারাবস্থার সময়ে তোমার
৫৮ সিদোম্ ভগিনীর নাম তুমি উচ্চারণ করিলা না। পরমেশ্বর কহেন, তুমি আপন ব্যভিচার ও আপন ঘৃণার্হ
৫৯ ক্রিয়ার ফলভোগ করিবা। কেননা প্রভু পরমেশ্বর এই কথা কহেন তুমি নিয়ম ভঙ্গ করিয়া শপথ অবজ্ঞা করিয়া যেরূপ কর্ম্ম করিয়াছ, তদনুসারে আমি তোমার প্রতিফল দিব।

৬০ পরে তোমার যৌবনাবস্থাতে তোমার সহিত আমার যে নিয়ম ছিল, তাহা আমি স্মরণ করিব, এবং
৬১ তোমার সহিত নিত্য এক নিয়ম করিব। তখন তুমি আপন ভগিনীদিগকে অর্থাৎ জ্যেষ্ঠা ও কনিষ্ঠাদিগকে গ্রহণ করিবা ও আপন আচরণ * স্মরণ করিয়া লজ্জিতা হইবা; আমি তাহাদিগকে কন্যাদের ন্যায় তোমাকে দিব; কিন্তু তোমার সহিত কৃত যে
৬২ নিয়ম তাহাদ্বারা নয়। প্রভু পরমেশ্বর কহেন,আমি তোমার কৃত ক্রিয়া সকল যখন মার্জনা করিব,তখন তুমি যেন স্মরণ করিয়া ব্যাকুলা হও, ও লজ্জা
৬৩ প্রযুক্ত আর এক কথাও না কহ, এই জন্যে আমি তোমার সহিত আপন নিয়ম স্থির করিব; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা তুমি জানিবা।

১৭ অধ্যায়।

১ এক দ্রাক্ষালতা ও দুই উৎক্রোশ পক্ষির দৃষ্টান্ত ১১ ও ঐ দৃষ্টান্তের তাৎপর্য্যও সুসমাচাররূপ বৃক্ষ রোপণের দৃষ্টান্ত।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত
২ হইল, হে মনুষ্যের সন্তান, তুমি ইস্রায়েল বংশের নিকটে এক উপন্যাস ও দৃষ্টান্ত প্রকাশ করিয়া
৩ এই কথা বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, এক বৃহৎ উৎক্রোশ পক্ষী ছিল; তাহার পক্ষ বৃহৎ ও পালক সকল দীর্ঘ ও চিত্র বিচিত্র লোমেতে পরিপূর্ণ; ঐ পক্ষী লিবানোনে আসিয়া এরস্ বৃক্ষের
৪ উচ্চতমস্থ শাখা লইয়া গেল। এবং তাহার পল্লবের অগ্রভাগ কাটিয়া বাণিজ্যের দেশে লইয়া গিয়া
৫ বণিকদের এক নগরে তাহা রাখিল। এবং ঐ ভূমির এক কলমও গ্রহণ করিয়া উর্ব্বরা † ক্ষেত্রে লইয়া গভীর জলাশয়ের সমীপস্থ বাইসি বৃক্ষের
৬ ন্যায় তাহা রোপণ করিল। পরে ঐ বৃক্ষ বৃদ্ধি পাইয়া এক খর্ব্ব ও বিস্তারিত দ্রাক্ষালতা হইল; তাহার শাখা ঐ উৎক্রোশ পক্ষির নিকটে নত হইল, ও তাহার নীচে তাহার মূল থাকিল; এই প্রকারে
৭ সে দ্রাক্ষালতা শাখা পল্লব বিশিষ্ট হইল। এবং বৃহৎপক্ষ ও অনেক লোম বিশিষ্ট আর এক উৎক্রোশ পক্ষী উপস্থিত হইল, এবং আপনার রোপণস্থানে যেন অধিক জলসেচন হয়, এই জন্যে ঐ দ্রাক্ষালতা তাহার দিগে আপন মূল নত করিয়া আ-
৮ পন শাখা বিস্তার করিল। কিন্তু সে যেন সমূহশাখা ও ফলবতী হইয়া সুন্দর দ্রাক্ষালতা হয়, এই জন্যে জলাশয়ের নিকটে উর্ব্বরা ভূমিতে রোপিত
৯ হইয়াছিল। তুমি এই কথা বল, প্রভু পরমেশ্বর কহেন, সে কি কৃতকার্য্য হইবে? তাহার মূল কি উৎপাটিত হইবে না? ও তাহার ফল কাটিলে সে কি শুষ্ক হইবে না? তাহার মূল উৎপাটন করিতে বলবান হস্ত ও সমূহলোক না থাকিলে
১০ তাহার নূতন বিস্তারিত পল্লব শুষ্ক হইবে। সে রোপিত হইয়া কি ফলবতী থাকিবে? পূর্ব্ববায়ু স্পর্শে সে কি সমূলে শুষ্ক হইবে না? রোপণ ও বৃদ্ধির স্থানে অবশ্য শুষ্ক হইবে।

১১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ-
১২ স্থিত হইল, তুমি অনাজ্ঞাবহ বংশকে এই কথা জিজ্ঞাসা কর, তোমরা কি এই কথার তাৎপর্য্য জান না? তাহাদিগকে বল, দেখ, বাবিলের রাজা যিরূশালমে আসিয়া তাহার রাজা ও অধ্যক্ষগণকে
১৩ আপন দেশ বাবিলে লইয়া গেল। এবং এই রাজ্য যেন নত হইয়া আর উন্নতি না পায়,এবং বাবিলের

[৫১] যির ৩; ৬-১১। য ১২; ৪১, ৪২।।—[৫৪] যিহি ১৪; ২২,২৩।।—[৫৭] প ২৭।।—[৬০,৬১] প ৮। ২০; ৫৩। ৩৬; ৩১,৩২। রো ১১; ২৮-৩২। যির ৩১; ৩১-৩৪।।—[৬২] রো ১১; ২৮। হো ২; ১৯,২০।।—[৬৩] প ৬১। গী ১৩০; ৪।।
[১৭ অধ্যা; ৩,৫] প ১২।।—[৫,৬] প ১০; ১৪।।—[৭] প ১৫।।—[৮] প ৫।।—[১২] ২ বং ৩৬; ৬, ১০।।

* (ইব্রী) পথ। † (বা) বীজ।

১৪ রাজার নিয়ম পালন করিতে স্থির হয়, এই জন্যে সে দেশের পরাক্রমি লোকদিগকে লইয়া গেল, ও রাজবংশীয় এক জনকে গ্রহণ করিয়া তাহার সহিত এক নিয়ম স্থির করিয়া তাহাকে শপথ করাইল। ১৫ কিন্তু সে তাহার বশতা অস্বীকার করিয়া অশ্ব ও অনেক সৈন্যসামন্ত পাইবার জন্যে মিসর দেশে দূত পাঠাইয়া দিল; কিন্তু এই কর্ম্ম কি সফল হইবে? এবং এমত কর্ম্মকারী লোক কি রক্ষা পাইবে? সে ১৬ নিয়ম ভঙ্গ করিয়া কি নিস্তার পাইবে? প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যদি অমর হই, তবে যে রাজা তাহাকে রাজা করিল, ও যাহার শপথ সে তুচ্ছ করিল, ও যাহার নিয়ম সে ভঙ্গ করিল, সেই রাজার দেশে ও তাহার নিকটে বাবিলের মধ্যে সে ১৭ মরিবে। এবং লোকসমূহ বিনাশার্থে জাঙ্গাল বদ্ধ ও দুর্গ নির্ম্মিত হইলে ফিরৌণ্ রাজা আপন পরাক্রান্ত সৈন্য ও পদাতিকদ্বারা যুদ্ধে তাহার কোন উপকার ১৮ করিবে না। এবং সে আপন হস্তাক্ষরের নিয়ম ভাঙ্গিয়া শপথ অবজ্ঞা করিয়া সেই সকল ক্রিয়া করি- ১৯ য়া বিপদ এড়াইবে না। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যদি অমর হই, তবে সে আমার যে শপথ অবজ্ঞা ও আমার যে নিয়ম ভঙ্গ করিয়াছে, ২০ আমি তাহাকে ইহার প্রতিফল দিব। আমি আপন জাল তাহার উপরে পাতিলে সে আমার ফাঁদে পতিত হইবে; তাহাতে আমি তাহাকে বাবিলে লইয়া যাইব, ও সে আমার বিরুদ্ধে যে আজ্ঞালঙ্ঘন করিয়াছে, তন্নিমিত্তে সেখানে তাহার বিচার করিব। ২১ তাহার সকল সৈন্যের মধ্যে যত লোক পলাইয়াছে* সকলেই খড়্গে পতিত হইবে, ও অবশিষ্ট লোকেরা চতুর্দ্দিগে ছিন্নভিন্ন হইবে; তাহাতে আমি পরমেশ্বর ইহা কহিয়াছি, তাহা তোমরা জানিতে পারিবা।

২২ প্রভু পরমেশ্বর আরো এই কথা কহেন, আমি আমিই উচ্চ এরস্ বৃক্ষের উচ্চতম শাখার এক কলম লইয়া রোপণ করিব, এবং তাহার উচ্চস্থ কোমল পল্লবের মধ্যহইতে অতি কোমল এক পল্লব লইয়া ২৩ উচ্চ ও শ্রেষ্ঠ এক পর্ব্বতে রোপণ করিব। ফলতঃ ইস্রায়েলের উচ্চ পর্ব্বতে তাহা রোপণ করিব; তাহাতে তাহা পল্লব ও ফল বিশিষ্ট হইয়া উত্তম এরস্ বৃক্ষ হইবে; তাহার তলে তাবৎ জাতির† তাবৎ পক্ষী বাসা করিবে, ও তাহার শাখার ছায়াতে তাহারা বাসা ২৪ করিবে। তাহাতে আমি পরমেশ্বর উচ্চবৃক্ষকে নীচ ও নীচ বৃক্ষকে উচ্চ, এবং সতেজ বৃক্ষকে শুষ্ক ও শুষ্ক বৃক্ষকে সতেজ করি, ইহা পৃথিবীস্থ তাবৎ বৃক্ষ জানিতে পারিবে; আমি পরমেশ্বর যাহা কহি, তাহাই করি।

১৮ অধ্যায়।

১ অম্ল দ্রাক্ষাফলের দৃষ্টান্ত ৫ ও ধার্ম্মিক পিতার সহিত ঈশ্বরের ব্যবহার ১০ ও ধার্ম্মিক পিতার দুষ্ট পুত্রের সহিত ঈশ্বরের ব্যবহার ১৪ ও পাপিষ্ঠ পিতার ধার্ম্মিক পুত্রের সহিত ঈশ্বরের ব্যবহার ১৯ ও পরাযননকারি পাপির ও ধর্ম্মত্যাগি ধার্ম্মিকের সহিত ঈশ্বরের ব্যবহার ২৫ ও পরমেশ্বরের ন্যায় করণ ও মন ফিরাইতে লোককে আহ্বান।

১ পরে পরমেশ্বরের এই কথা আমার নিকটে ২ উপস্থিত হইল, 'পিতৃলোকের অম্ল দ্রাক্ষা ভোজন করাতে সন্তানদের দন্ত টকিয়াছে,' এই যে দৃষ্টান্তকথা তোমরা ইস্রায়েল্ দেশের বিষয়ে বল, ইহাতে ৩ তোমাদের অভিপ্রায় কি? প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যদি অমর হই, তবে ইস্রায়েল্ বংশে তোমাদের এই দৃষ্টান্তকথা আর কহিতে হইবে না। ৪ দেখ, তাবৎ প্রাণ আমার; যেমন পিতার প্রাণ আমার, তদ্রূপ সন্তানের প্রাণও আমার; যে প্রাণী পাপ করে সেই মরিবে।

৫ যে কেহ ধার্ম্মিক হয় এবং ন্যায় ও ধর্ম্ম ৬ কর্ম্ম করে, এবং উপপর্ব্বতের উপরে ভোজন ও ইস্রায়েল বংশের দেবগণকে দর্শন না করে, ও আপন প্রতিবাসির স্ত্রীকে অশুচি না করে, ও ঋতুমতী স্ত্রীর নিকটেও না যায়; ৭ ও কাহারো প্রতি উপদ্রব না করে, এবং ঋণিকে বন্ধক ফিরাইয়া দেয়, এবং উপদ্রব করিয়া কাহারও দ্রব্য হরণ না করে, ৮ এবং ক্ষুধিতকে অন্ন ও উলঙ্গকে বস্ত্র দান করে, এবং সুদ পাইবার জন্যে ঋণ না দেয় ও কিছু সুদ না লয়, ও অন্যায়হইতে আপন হস্তকে ফিরায়, ও ৯ মনুষ্যের মধ্যে যথার্থ ও ন্যায় কর্ম্ম করে, এবং আমার বিধিমতে আচরণ করে, ও আমার আজ্ঞা পালন করে ও যথার্থ ব্যবহার করে, সেই মনুষ্যই ধার্ম্মিক; প্রভু পরমেশ্বর কহেন, সে অবশ্য বাঁচিবে

১০ পিতা ভ্রাতার প্রতি যে প্রকার কর্ম্ম করে না, তজ্জাত পুত্র যদি দস্যু ও রক্তপাতকারী হইয়া ১১ সেই প্রকার কর্ম্ম করে, ফলতঃ পর্ব্বতের উপরে ভোজন করে, ও আপন প্রতিবাসির স্ত্রীকে ভ্রষ্টা ১২ করে, এবং দরিদ্র ও দীনহীন লোকদের উপরে উপদ্রব করে, ও দৌরাত্ম্য করিয়া লুট করে, ও

[১৩,১৪] ২ রা ২৪; ১৭॥—[১৫] ২ রা ২৪; ২০। ২ বং ৩৬; ১৩। যির ৩৭; ৭॥—[১৬] ২ বং ৩৬; ১৩। যির ৫২; ১১॥
[১৭] যির ৩৭; ৭॥—[১৮,১৯] ২ বং ৩৬; ১৩॥—[২০] যিহি ১২; ১৩॥—[২১] ১২; ১৪,১৫॥—[২২] যিশ ১১; ১। ৫৩; ২। প্র ২২; ১৬। যির ২৩; ৫। সিখ ৩; ৮॥—[২৩] য ১৩; ৩১॥
[১৮ অধ্য; ২] যির ৩১; ২৯॥—[৪] দ্বি ২৪; ১৬॥—[৬] দ্বি ১২; ২৬,২৭,৩০। লে ১৮; ১৯,২০॥—[৭] দ্বি ২৪; ১২, ১৩। ১৫; ৭,৮॥—[৮] দ্বি ২৩; ১৯॥—[৯] লে ১৮; ১১॥

* (বা) মনোনীত লোক। † (ইব্রি) পক্ষের।

বন্ধক দ্রব্য ফিরাইয়া না দেয়, ও দেবগণকে দর্শন ১৩ করে, ও ঘৃণার্হ ক্রিয়া করে; ও সুদের লোভে ঋণ দেয়, ও সুদ গ্রহণ করে,তবে সেই পুত্র কি বাঁচিবে? বাঁচিবে না; যে কেহ এই সকল ঘৃণার্হ ক্রিয়া করে, সে অবশ্য মরিবে; তাহার বধাপরাধ * তাহারই হইবে।

১৪ পুত্র যদি আপন পিতার কৃত পাপ দেখিয়া ১৫ বিবেচনা করিয়া তদনুযায়ি কর্ম্ম না করে, অর্থাৎ পর্ব্বতোপরি ভোজন না করে, ও ইস্রায়েল বংশের দেবগণকে দর্শন না করে, ও আপন প্রতিবাসির ১৬ স্ত্রীকে ভ্রষ্টা না করে; ও কাহারো প্রতি উপদ্রব না করে, ও বন্ধক দ্রব্য রক্ষা না করে, ও দৌরাত্ম্য করিয়া কাহারো কিছু লুট না করে, কিন্তু ক্ষুধিতকে ১৭ অন্ন ও উলঙ্গকে বস্ত্র দান করে, ও দীনহীনের প্রতি উপদ্রব না করে, এবং সুদ ও বৃদ্ধি গ্রহণ না করে, ও আমার আজ্ঞা পালন করে, ও আমার বিধিমতে আচরণ করে, তবে সে পুত্র আপন পিতার ১৮ অধর্ম্মেতে মরিবে না; অবশ্য বাঁচিবে। কিন্তু তাহার যে পিতা দুষ্টতাতে উপদ্রব করে, ও দৌরাত্ম্য করিয়া ভ্রাতার দ্রব্য লুট করে, ও আপন লোকদের মধ্যে অসৎ ক্রিয়া করে, সে আপন অধর্ম্মে মরিবে।

১৯ তোমরা বল, পুত্র কেন পিতার অধর্ম্ম ভোগ করে না? পুত্র যদি ন্যায় ও প্রকৃত কর্ম্ম করে ও আমার বিধিমতে আচরণ করিয়া তাহা পালন ২০ করে, তবে সে অবশ্য বাঁচিবে। যে প্রাণী পাপ করে সেই মরিবে; পুত্র পিতার পাপ ভোগ করিবে না, ও পিতা পুত্রের পাপ ভোগ করিবে না; ধার্ম্মিক আপন ধর্ম্মের ফল ভোগ করিবে, ও পাপী আপন ২১ পাপের ফল ভোগ করিবে। অধিকন্তু পাপি মনুষ্য যদি স্বকৃত পাপকর্ম্মহইতে বিরত হয়, ও আমার বিধিমতে আচরণ করে, এবং ন্যায় ও প্রকৃত কর্ম্ম করে, তবে সে অবশ্য বাঁচিবে, কখনো ২২ মরিবে না। ও তাহার পূর্ব্বকৃত আজ্ঞালঙ্ঘনের সকল দোষ স্মরণে আসিবে না; সে ধর্ম্ম করিয়া ২৩ তাহাদ্বারা বাঁচিবে। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দুষ্ট লোক যে মরে, ইহাতে কি আমার সন্তোষ আছে? সে আপন কুপথহইতে বিমুখ হইয়া বাঁচে, ২৪ ইহাতে কি আমার সন্তোষ নয়? আর ধার্ম্মিক মনুষ্য যদি আপন ধর্ম্মহইতে বিমুখ হইয়া পাপাচরণ করে ও দুষ্টের ঘৃণার্হ ক্রিয়ানুসারে আচরণ করে, তবে সে কি বাঁচিবে? তাহার কৃত কোন ধর্ম্মের স্মরণ হইবে না; সে যে আজ্ঞালঙ্ঘন ও পাপ করে, তাহাদ্বারাই মরিবে।

২৫ প্রভুর পথ সরল নয়, এই কথা তোমরা বলিয়া থাক; কিন্তু হে ইস্রায়েল বংশ, তোমরা শুন; আমার পথ কি সরল নয়? ও তোমাদের পথ কি বক্র নয়? ২৬ যখন ধার্ম্মিক লোক আপন ধর্ম্মহইতে ফিরিয়া অধর্ম্ম করে ও তাহাতে মরে, তখন সে আপন কৃত ২৭ অধর্ম্মেতেই মরে। আর দুষ্ট লোক যদি আপন কৃত দুষ্টতাহইতে ফিরিয়া ন্যায় ও প্রকৃত কর্ম্ম করে, তবে ২৮ সে আপন প্রাণ রক্ষা করে। সে বিবেচনা করিয়া আপন কৃত আজ্ঞালঙ্ঘনহইতে ফিরে, এই জন্যে ২৯ অবশ্য বাঁচিবে, মরিবে না। কিন্তু ইস্রায়েল্ বংশ কহে, প্রভুর পথ সরল নয়; হে স্রাইয়েল্ বংশ, আমার পথ কি সরল নয়? ও তোমাদের পথ কি ৩০ বক্র নয়? প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে ইস্রায়েল বংশ,আমি তোমাদের প্রত্যেকের পথানুসারে তোমাদের বিচার করিব; তোমরা মন ফিরাও ও আপনাদের তাবৎ কুকর্ম্মহইতে ফির, তাহাতে ৩১ অধর্ম্ম তোমাদিগকে পতিত করিবে না। তোমরা স্বকৃত কুকর্ম্মহইতে ফিরিয়া আপনাদের জন্যে নূতন অন্তঃকরণ ও নূতন আত্মা প্রস্তুত কর; কেননা হে ৩২ ইস্রায়েল্ বংশ, তোমরা কেন মরিবা? প্রভু পরমেশ্বর কহেন, যে কেহ মরে, তাহার মরণে আমার কোন সন্তোষ নাই; অতএব তোমরা ফিরিয়া বাঁচ।

১৯ অধ্যায়।

১ সিংহী বরণের দৃষ্টান্ত ও ইস্রায়েলের অধ্যক্ষগণের বিলাপ ১০ ও দ্রাক্ষালতার দৃষ্টান্ত।

১ তুমি ইস্রায়েলের অধ্যক্ষগণের বিষয়ে বিলাপ কর, ২ এবং এই কথা কহ, তোমার মাতা কেমন সিংহী ছিল! সে সিংহগণের মধ্যে শয়ন করিত ও যুবসিংহদের মধ্যে আপন বৎস প্রতিপালন করিত। ৩ পরে তাহার এক বৎস প্রতিপালিত হইয়া যুবা সিংহ হইল, ও মৃগয়া করিতে শিখিয়া মনুষ্যদিগকে ৪ গ্রাস করিতে লাগিল। অতএব অন্যদেশীয় লোকেরা তদ্বিষয়ে এ কথা শুনিয়া আপনাদের গর্ত্তের মধ্যে তাহাকে ধরিল; এবং শৃঙ্খলে † বদ্ধ করিয়া ৫ তাহাকে মিসরদেশে লইয়া গেল। অতএব সিংহী যে প্রত্যাশা করিয়াছিল, তাহা বৃথা হইল, ইহা দেখিয়া সে আর এক শাবককে প্রতিপালন ‡ করিয়া ৬ যুবা করিল। সে যুবা হইয়া সিংহদের সঙ্গে ভ্রমণ করিল, এবং মৃগয়া করিতে শিখিয়া মনুষ্য- ৭ কে গ্রাস করিয়া তাহাদের অট্টালিকা ‖ নরশূন্য

[১৩] যা ২০; ৫ ॥—[২০] প ৪ ॥—[২১,২২] প ২৭,২৮। যিহি ৩৩; ১২,১৪-১৬,১৯ ॥—[২৩] প ৩২। ৩৩; ১১ ॥ [২৪] প ২৬। ৩; ২০। ৩৩; ১২,১৩,১৮ ॥—[২৫] প ২৯। ৩৩; ১৭ ॥—[২৬] প ২৪ ॥—[২৭,২৮] প ২১; ২২ ॥—[২৯] প ২৫ ॥—[৩০] ৩৩; ২০ ॥—[৩১] ১১; ১৯। গী ৫১; ১০ ॥—[৩২] প ২৩। যিহি ৩৩; ১১ ॥

[১৯ অধ্য; ৩,৪] ২ বং ৩৬; ১-৪ ॥—[৫-৯] ২ বং ৩৬; ৫-১০ ॥—[৬,৭] যির ২২; ১৩-১৭ ॥

* (ইব) রক্ত। † (বা) নাসিকার অঙ্গুরীয়দ্বারা। ‡ (বা) গ্রহণ। ‖ (বা) তাহাদের বিধবাকে জানিল।

করিল, ও তাহাদের নগরকে অরণ্যময় করিল; তাহার গর্জ্জনেতে দেশ ও তাহার মধ্যস্থিত সকল ৮ অরণ্যময় হইল। তখন নানাদিগ্‌দেশহইতে লোকেরা আসিয়া তাহার বিরুদ্ধে প্রস্তুত হইয়া তাহাকে ধরিতে জাল পাতিলে সে তাহাদের গর্ত্তের মধ্যে ৯ ধরা পড়িল। তাহাতে লোকেরা তাহাকে শৃঙ্খলদ্বারা * পিঞ্জরে বদ্ধ করিয়া বাবিলের রাজার কাছে লইয়া গেল; এবং ইস্রায়েলের পর্ব্বতোপরি যেন তাহার হুঙ্কার আর না শুনিতে হয়, এই জন্যে তাহারা তাহাকে দুর্গের মধ্যে রাখিল।

১০ তোমার মাতা তোমার ন্যায় জলাশয়ের নিকটে রোপিত এক দ্রাক্ষালতাস্বরূপ; সে অনেক জল ১১ প্রযুক্ত ফল ও শাখাতে পূর্ণা হইল। এবং কর্ত্তৃত্বকারিদের দণ্ডের নিমিত্তে তাহার শাখা দৃঢ় হইল, ও সে ক্ষুদ্র বৃক্ষহইতে উর্দ্ধে উঠিল, ও উন্নতির ও অনেক ১২ শাখার দ্বারা প্রকাশ পাইল। কিন্তু সে কোপেতে উৎপাটিত হইয়া ভূমিতে নিক্ষিপ্ত হইল। তাহাতে পূর্ব্বীয় বায়ুদ্বারা তাহার ফল শুষ্ক হইল, ও তাহার দৃঢ় শাখা শুষ্ক হইয়া ভগ্ন হইলে অগ্নি তাহাকে ১৩ দগ্ধ করিল। এখন সে অরণ্যের মধ্যে নির্জ্জল ও ১৪ শুষ্ক ভূমিতে রোপিত আছে। তাহার শাখাদণ্ডহইতে অগ্নি নির্গত হইয়া তাহার ফল বিনষ্ট করিল; কর্ত্তৃত্বের দণ্ড করিতে তাহার এক দৃঢ় শাখাও থাকিল না। এই বিলাপের বিষয় আছে ও বিলাপের বিষয় হইবে।

২০ অধ্যায়।

১ ইস্রায়েলের প্রাচীন লোকদ্বারা পরমেশ্বরের জিজ্ঞাসা না হওন ৪ ও মিসরদেশে তাহাদের আজ্ঞালঙ্ঘন ১০ ও অরণ্যে আজ্ঞালঙ্ঘন ২৭ ও দেশে আজ্ঞালঙ্ঘন ৩৩ ও তাহাদের পুনর্ব্বার স্বদেশে একত্র করণ।

১ সপ্তম বৎসরের পঞ্চম মাসের দশম দিনে ইস্রায়েলের কএক জন প্রাচীন লোক পরমেশ্বরকে জিজ্ঞাসা ২ করণার্থে আসিয়া আমার সাক্ষাতে বসিল। তখন পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল, ৩ হে মনুষ্যের সন্তান, তুমি ইস্রায়েলের প্রাচীন লোকদিগকে বল ও তাহাদিগকে এ কথা কহ, প্রভু পরমেশ্বর এই কথা কহেন; তোমরা কি আমার কাছে জিজ্ঞাসা করিতে আসিয়াছ? প্রভু পরমেশ্বর কহেন, আমি যদি অমর হই, তবে তোমাদের কর্ত্তৃক জিজ্ঞাসিত হইব না।

৪ হে মনুষ্যের সন্তান, তুমি কি তাহাদের বিচার নিষ্পত্তি করিতে সম্মত আছ? তুমি কি তাহাদের বিচার নিষ্পত্তি করিতে সম্মত আছ? তবে তাহাদের পূর্ব্বপুরুষদের ঘৃণার্হ ক্রিয়া তাহাদিগকে জ্ঞাত কর। ৫ তাহাদিগকে এই কথা বল, প্রভু পরমেশ্বর কহেন; আমি যে দিনে ইস্রায়েলকে মনোনীত করিলাম, ও যাকূব্‌ বংশীয় লোকদের কাছে শপথ করিলাম, এবং মিসরদেশে তাহাদের কাছে আপনাকে জ্ঞাত করিলাম, এবং 'আমিই তোমাদের প্রভু পরমেশ্বর,' এই কথা কহিয়া তাহাদের কাছে শপথ ৬ করিলাম; এবং যে দিনে আমি তাহাদিগকে মিসর্‌দেশহইতে বাহির করিয়া আমার মনোনীত ও দুগ্ধ মধু প্রবাহি ও সকল দেশের গৌরবস্বরূপ এক দেশ ৭ দিতে শপথ করিলাম; সেই দিনে আমি তাহাদিগকে কহিলাম, তোমরা প্রত্যেক জন আপন২ সাক্ষাৎকার ঘৃণার্হ প্রতিমা পরিত্যাগ কর, এবং মিসরের দেবগণদ্বারা আপনাদিগকে অশুচি করিও না; ৮ আমিই তোমাদের প্রভু পরমেশ্বর। কিন্তু তাহারা অনাজ্ঞাবহ হইয়া আমার কথা শুনিতে অসম্মত হইল, এবং প্রত্যেক জন আপন২ সাক্ষাৎকার ঘৃণার্হ প্রতিমা ত্যাগ করিল না, এবং মিসর্‌দেশের দেবগণকেও ছাড়িল না; তাহাতে আমি মিসরদেশে তাহাদের বিরুদ্ধে ক্রোধ সিদ্ধ করণার্থে তাহাদের প্রতি ক্রোধ প্রকাশ করিতে মনস্থ † করিলাম। ৯ কিন্তু তাহারা যে দেশীয়দের মধ্যে বাস করিতেছিল, ও যাহাদের সাক্ষাতে তাহাদিগকে মিসর্‌দেশহইতে লইয়া যাইবার অভিপ্রায়ে আপনাকে জ্ঞাত করিলাম, সেই দেশীয়দের মধ্যে যেন আমার নাম অপবিত্র না হয়, এই জন্যে আমি আপন নামার্থে কর্ম্ম করিলাম।

১০ আমি তাহাদিগকে মিসরদেশহইতে বাহির করিয়া প্রান্তরে আনিলাম, এবং ১১ মনুষ্য যাহা পালন করিলেই বাঁচে এমত আপন বিধি সেখানে তাহাদিগকে দিলাম, ব্যবস্থাও জ্ঞাত করিলাম। ১২ এবং আমিই যে তাহাদের পবিত্রকারি পরমেশ্বর, ইহা জানাইবার জন্যে তাহাদের ও আমার মধ্যে চিহ্নস্বরূপ বিশ্রামদিন তাহাদিগকে দিলাম। ১৩ কিন্তু ইস্রায়েল বংশ সেই প্রান্তরের মধ্যেই আমার আজ্ঞা লঙ্ঘন করিল, ও আমার বিধিমতে চলিল না, এবং যাহা পালন করিলেই মনুষ্য বাঁচে এমত আমার ব্যবস্থাও তুচ্ছ জ্ঞান করিল, ও আমার বিশ্রামদিনকে অতি অশুচি করিল; তাহাতে আমি প্রান্তরের মধ্যেই তাহাদিগকে বিনষ্ট করিবার জন্যে তাহাদের প্রতি ক্রোধ প্রকাশ করিতে মনস্থ † করিলাম। ১৪ কিন্তু যে অন্যদেশীয় লোকদের সাক্ষাতে তাহাদিগকে বাহির করিয়া আনিলাম, তাহাদের কাছে আমার

[৮] ২ রা ২৪ ; ২ ॥—[১০-১৪] যিহি ১৫ ; ৬-৮॥—[১২,১৩] ১৭ ; ৯,১০ ॥—[১৪] বি ৯; ১৫,২০ । ২ রা ২৪;২০ ॥
[২০ অধ্য; ১-৩]যিহি ১৪ ; ১-৪॥—[৫,৬]যা ৩ । ৪॥—[৬]প ১৬॥—[৭]যা ২০ ; ১-৫,২৩ । লে ১৮ ; ৩ । দ্বি ২৯ ; ১৬-১৮ ॥
[৮] যা ৫ ; ২০,২১ । ৬ ; ৯ । ১৪ ; ১১,১২ ॥—[৯]যা ১৪; ১৩,১৪॥—[১১]যা ১৯ । ২০ । লে ১৮ ; ৫ ॥—[১২]যা ৩১ ; ১৩॥

* (বা) নাসিকার অঙ্গুরীয়দ্বারা। † (ইব্রী) কহিলাম।

নাম যেন অপবিত্র না হয়, এই জন্যে আমি আপন ১৫ নামার্থে কর্ম্ম করিলাম। তাহারা আমার ব্যবস্থা পালন ও আমার বিধিমতে আচরণ না করিয়া আমার বিশ্রামদিনকে অপবিত্র করিল, কেননা তাহাদের অন্তঃকরণ স্বপ্রতিমাগণেতে আসক্ত ছিল। ১৬ অতএব সর্ব্বদেশের গৌরবস্বরূপ যে দুগ্ধমধু প্রবাহি দেশ তাহাদিগকে দিতে আমি প্রতিজ্ঞা করিয়াছিলাম, সে দেশে তাহাদিগকে না লইয়া যাইতে ১৭ প্রান্তরের মধ্যে শপথ করিলাম। কিন্তু তাহাদিগকে বিনাশ করিতে আমার চক্ষুর্লজ্জা হইল, এই জন্যে আমি প্রান্তরের মধ্যে তাহাদের সর্ব্বনাশ করিলাম ১৮ না। এবং সেই প্রান্তরের মধ্যে তাহাদিগের সন্তানগণকে কহিলাম, তোমরা আপন২ পূর্ব্বপুরুষদের বিধি অনুসারে চলিও না, ও তাহাদের ব্যবস্থা মানিও না, ও তাহাদের প্রতিমাগণদ্বারা আপনাদিগকে ১৯ অশুচি করিও না। আমিই তোমাদের প্রভু পরমেশ্বর; আমার বিধিমতে আচরণ কর, ও আমার ২০ ব্যবস্থা পালন কর ও তদনুসারে কর্ম্ম কর। এবং আমার বিশ্রামদিনকে পবিত্র জ্ঞান কর; তাহাতে আমি তোমাদের প্রভু পরমেশ্বর, ইহা জানাইবার জন্যে সেই বিশ্রামদিন আমার ও তোমাদের মধ্যে ২১ এক চিহ্নস্বরূপ হইবে। তথাপি তাহাদের সন্তানগণ আমার অনাজ্ঞাবহ হইয়া আমার বিধিমতে চলিল না; এবং যাহা পালন করিলেই মনুষ্য বাঁচে, আমার এমত ব্যবস্থা আচরণদ্বারা পালন করিল না, ও আমার বিশ্রামদিনকেও অপবিত্র করিল; অতএব আমি প্রান্তরে তাহাদের বিরুদ্ধে ক্রোধ সিদ্ধ করণার্থে তাহাদের প্রতি ক্রোধ প্রকাশ করিতে মনস্থ * ২২ করিলাম। কিন্তু যে অন্যদেশীয় লোকদের সাক্ষাতে তাহাদিগকে বাহির করিয়াছিলাম, তাহাদের মধ্যে আমার নাম যেন অশুচি না হয়, এই জন্যে আমি আপন হস্ত নিবারণ করিয়া আপন নামার্থে কর্ম্ম ২৩ করিলাম। যেমন তাহারা আমার ব্যবস্থা পালন না করিয়া আমার বিধি অবজ্ঞা করিল, ও আমার বিশ্রামদিনকে অপবিত্র করিল, ও আপন২ পূর্ব্বপুরুষদের প্রতিমাগণেতে তাহাদের চক্ষু আসক্ত ২৪ থাকিল; তেমনি আমিও তাহাদিগকে নানা জাতির মধ্যে নানা দেশে ছিন্নভিন্ন করিতে প্রান্তরে শপথ ২৫ করিলাম; এবং অমঙ্গলকারি বিধি ও যাহাতে তাহারা না বাঁচে এমত ব্যবস্থা তাহাদিগকে মানিতে ২৬ দিলাম। এবং আমি যেন তাহাদিগকে নরশূন্য করি, এবং আমি যে পরমেশ্বর, ইহা যেন তাহারা জানিতে পারে, এই জন্যে তাহাদের প্রথমজাত পুত্রকে (অগ্নির মধ্যদিয়া) গমন করাওনদ্বারা আমি তাহাদের দানেতেই তাহাদিগকে অশুচি করিলাম।

হে মনুষ্যের সন্তান, তুমি ইস্রায়েলের বংশকে ২৭ সম্বোধন করিয়া এই কথা বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমাদের পূর্ব্বপুরুষেরা আমার আজ্ঞা লঙ্ঘন করিয়া ইহাতেও আমার অপমান করিয়াছে। আমি তাহাদিগকে যে দেশ দিতে শপথ ২৮ করিয়াছিলাম, সেই দেশে তাহাদিগকে আনিলেও তাহারা প্রত্যেক উচ্চপর্ব্বত ও নানা নিবিড় বৃক্ষ দর্শন করিয়া সেখানে আপনাদের বলিদান করিল, ও আমার ক্রোধজনক নৈবেদ্য উৎসর্গ করিল, ও সুগন্ধি দ্রব্য প্রস্তুত করিল, ও পানীয় নৈবেদ্য ঢালিল। তাহাতে আমি কহিলাম, তোমরা যে উচ্চস্থানে যাও ২৯ তাহার অভিপ্রায় কি? অদ্যপর্য্যন্ত তাহার নাম বামা (অভিপ্রায় †) আছে। অতএব ইস্রায়েল বংশকে ৩০ বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন; হে ইস্রায়েল বংশ, তোমরা আপন২ পূর্ব্বপুরুষদের ন্যায় অশুচি হইতেছ, ও তাহাদের ঘৃণার্হ ক্রিয়ানুসারে কুব্যবহার ‡ করিয়া থাক; এবং অদ্য পর্য্যন্ত যখন সন্তান- ৩১ দিগকে অগ্নির মধ্যদিয়া গমন করাইয়া উৎসর্গ কর, তৎকালে আপনাদের প্রতিমাগণদ্বারা আপনাদিগকে অশুচি করিয়া থাক, এমত যে তোমরা, তোমাদের কর্তৃক আমি কি জিজ্ঞাসিত হইব? প্রভু পরমেশ্বর কহেন, আমি যদি অমর হই, তবে তোমাদের কর্তৃক জিজ্ঞাসিত হইব না। আর 'আমরা কাষ্ঠ ৩২ ও প্রস্তরের সেবা করণেতে ভিন্নজাতিদের অর্থাৎ অন্যদেশস্থ লোকদের ন্যায় হইব,' এই যে কথা তোমাদের মনে উপস্থিত হয় ও তোমরা বল, তাহা কখনো সিদ্ধ হইবে না।

প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যদি অমর ৩৩ হই, তবে আমি দৃঢ় হস্ত ও বিস্তারিত বাহুদ্বারা প্রচণ্ড ক্রোধ প্রকাশ করিয়া অবশ্য তোমাদের উপরে রাজত্ব করিব। আমি লোকসমূহের মধ্যহইতে তোমা- ৩৪ দিগকে বাহির করিব, এবং তোমরা যে২ দেশে দৃঢ় হস্ত ও বিস্তারিত বাহুদ্বারা প্রচণ্ড কোপে ছিন্নভিন্ন হইলা, সে সকল দেশহইতে তোমাদিগকে একত্র করিব। এবং লোকারণ্যময় প্রান্তরে আনিয়া সম্মুখা- ৩৫ সম্মুখী হইয়া তোমাদের বিচার করিব। প্রভু পরমেশ্বর ৩৬ কহেন, আমি যেমন মিসর্দেশের প্রান্তরে তোমাদের পূর্ব্বপুরুষদের বিচার করিলাম, তদ্রূপ তোমাদেরও বিচার করিব; এবং তোমাদিগকে তত্ত্বাবধারণ ‖ ৩৭

[১৩-১৭]দ্বি ৯; ৭। আম ৫; ২৫,২৬॥—[১৬]প ৬॥—[২০]প ১২॥—[২১]গ ২০; ১-৫। ২১; ৫। ২৫॥—[২৩,২৪]গী ১০৬; ২৬,২৭। আম ৫; ২৫-২৭। লে ২৬; ৩৩। দ্বি ২৮; ৬৪॥—[২৫,২৬]প্রে ৭; ৪২,৪৩। গী ৮১; ১১,১২॥—[২৮] বি ২; ১২-১৯। ২ রা ১৭; ৯-২০। ২ বং ৩৬; ১৪-১৬॥—[৩০,৩১] প ৩। যিহি ১৪; ১-৫। যিশ ১; ১৫॥—[৩২] দ্বি ২৮; ৫৯,৬৩-৬৭। যি ২৪; ১৯,২০। হো ৩; ৪॥—[৩৫,৩৬]হো ২; ১৪। যির ৩১; ২। মিথ ১০; ১০,১১। দ্বি ৮; ২,৩॥

* (ইব্রী) কহিলাম। † (বা) উচ্চস্থান। ‡ (ইব্রী) ব্যভিচার। ‖ (ইব্রী) পাঁচনির নীচে দিয়া গমন করাইব।

৩৮ করিয়া নিয়মের বন্ধনেতে বদ্ধ করিব। পরে অনা-
জ্ঞাবহ ও আজ্ঞালঙ্ঘনকারিদিগকে তোমাদের
মধ্যহইতে পৃথক করিব; তাহারা যে দেশে প্রবাস
করিবে,তথাহইতে তাহাদিগকে বাহির করিয়া আ-
নিব, কিন্তু তাহারা ইস্রায়েল্ দেশে প্রবেশ করি-
বে না; ইহাতে আমিই যে পরমেশ্বর, তাহা তোম-
৩৯ রা জানিবা। হে ইস্রায়েল্ বংশ, প্রভু পরমে-
শ্বর তোমাদের বিষয়ে এই কথা কহেন; তোমরা
প্রত্যেক জন যদি আমার কথা না মান,তবে যাইয়া
ইহার পরে আপন২ প্রতিমাগণের সেবা করিও,কিন্তু
আপনাদের দান ও প্রতিমাগণদ্বারা আর কখনো
৪০ আমার নাম অপবিত্র করিবা না। কেননা প্রভু পর-
মেশ্বর এই কথা কহেন, আমার পবিত্র পর্ব্বতে ও
ইস্রায়েলের উচ্চপর্ব্বতে তাবৎ ইস্রায়েল্ বংশ অর্থাৎ
দেশস্থ তাবৎ লোক আমার সেবা করিবে; তাহাতে
সে স্থানে আমি তাহাদিগকে গ্রাহ্য করিব, ও তো-
মাদের উত্তোলনীয় নৈবেদ্য ও পবিত্রীকৃত ও উৎসৃষ্ট
৪১ দ্রব্যের প্রথম ফল গ্রাহ্য করিব। যখন আমি
অন্যজাতীয়দের মধ্যহইতে তোমাদিগকে আনিব,
এবং তোমরা যে২ দেশে ছিন্নভিন্ন হইবা, সে
সকল দেশহইতে সংগ্রহ করিব, তৎকালে আমি
সুগন্ধি দ্রব্যের ন্যায় তোমাদিগকে গ্রাহ্য করিব,
ও তোমাদের দ্বারা অন্যদেশীয় লোকদের সা-
৪২ ক্ষাতে পূজ্য হইব। এবং আমি তোমাদের পূর্ব্ব-
পুরুষদিগকে যে দেশ দিতে শপথ করিয়াছিলাম,
সেই ইস্রায়েল্ দেশে তোমাদিগকে আনিব, তাহাতে
আমিই যে পরমেশ্বর, তাহা তোমরা জানিবা।
৪৩ এবং তোমরা যে ক্রিয়া ও আচরণদ্বারা অশুচি
হইতেছ, তাহা সেখানে স্মরণ করিয়া আপনাদের
কৃত কুক্রিয়া প্রযুক্ত আপনাদিগকে ঘৃণা করিবা।
৪৪ হে ইস্রায়েল বংশ,প্রভু পরমেশ্বর এই কথা কহেন,
যখন তোমাদের কুপথানুসারে নয় ও তোমাদের
দুষ্ট কর্ম্মানুসারে নয়, কিন্তু আপন নামার্থে তো-
মাদের প্রতি ব্যবহার করিব, তখন আমি যে পর-
মেশ্বর, তাহা তোমরা জানিবা।

৪৫ পরে পরমেশ্বরের এই কথা আমার নিকটে
৪৬ উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান,তুমি দক্ষিণদিগে
আপন মুখ রাখিয়া দক্ষিণ দিগে আপন কথা
প্রচার কর, ও দক্ষিণ প্রান্তরস্থ বনের বিপরীতে
৪৭ ভবিষ্যদ্বাক্য বল। এবং দক্ষিণ দেশের বনকে এই
কথা কহ, তুমি পরমেশ্বরের কথা শুন, প্রভু পর-
মেশ্বর এই কথা কহেন, দেখ, আমি তোমার মধ্যে
অগ্নি লাগাইব,তাহাতে তোমার মধ্যে যত সতেজ ও
শুষ্ক বৃক্ষ আছে, সকলি দগ্ধ হইবে; সেই শিখা-
বিশিষ্ট অগ্নি নির্ব্বাণ পাইবে না; দক্ষিণ অবধি
উত্তর পর্য্যন্ত তাবৎ * দগ্ধ হইবে। ৪৮ তাহাতে আমি
পরমেশ্বর তাহা দগ্ধ করিলাম, ইহা তাবৎ প্রাণী
জানিবে; তাহা নির্ব্বাণ পাইবে না। ৪৯ তখন আমি
কহিলাম, হে প্রভো পরমেশ্বর, তাহারা আমার
বিষয়ে কহে, সে কি উপন্যাস কথা কহে না?

২১ অধ্যায়।

১ যিরূশালমের বিষয়ে যিহিষ্কেলের বিলাপ ৮ ও তীক্ষ্ণ ও
শাণিত খড়্গের কথা ১৮ ও যিরূশালমের বিরুদ্ধে
সে খড়্গ প্রেরণ ২৫ ও রাজার বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য
২৮ ও অম্মোন্ লোকদের বিরুদ্ধে সে খড়্গ প্রেরণ।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ-
২ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি যিরূশালমের
দিগে আপন মুখ রাখিয়া পবিত্র স্থানে আপন
কথা প্রচার কর, ও ইস্রায়েল দেশের বিরুদ্ধে ভবি-
৩ ষ্যদ্বাক্য কহ। ও ইস্রায়েল দেশকে বল, পরমেশ্বর
এই কথা কহেন, দেখ, আমি তোমার প্রতিকূল
হইয়া আপন খড়্গ কোষহইতে বাহির করিব,
এবং তোমার মধ্যে ধার্ম্মিক ও দুষ্টকে ছেদন
৪ করিব। তোমার মধ্যে ধার্ম্মিক ও দুষ্টকে ছেদন
করণার্থে আমার খড়্গ কোষহইতে নির্গত হইয়া
দক্ষিণাবধি উত্তর পর্য্যন্ত যত প্রাণী আছে, সকলের
৫ বিরুদ্ধে যাইবে। এবং আমি পরমেশ্বর কোষহইতে
আপন খড়্গ বাহির করিলে খড়্গ যে কখনো ফি-
৬ রিবে না, তাহা তাবৎ লোক জানিবে। হে মনুষ্যের
সন্তান, তুমি আপন কটিভঙ্গ পর্য্যন্ত দীর্ঘ নিঃশ্বাস
ত্যাগ কর,ও তাহাদের সাক্ষাতে খেদ করিয়া হায় ২
৭ কর। তাহাতে 'তুমি কেন হায় ২ করিতেছ?' এই
কথা যখন তাহারা জিজ্ঞাসা করিবে, তখন তুমি
এই উত্তর করিও, সমাচারের নিমিত্তে; কেননা
তাহা আসিতেছে; তৎকালে তাবৎ অন্তঃকরণ গলি-
বে, ও তাবৎ হস্ত দুর্ব্বল হইবে, ও তাবৎ মন
ক্লান্ত হইবে, ও তাবৎ হাঁটু জলের ন্যায় সামর্থ্য-
হীন হইবে; প্রভু পরমেশ্বর কহেন, দেখ, তাহা
ত্বরায় উপস্থিত হইবে।

৮ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে
৯ উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি ভবিষ্য-
দ্বাক্য প্রচার করিয়া কথা বল; পরমেশ্বর কহেন,
এই কথা বল, খড়্গ, খড়্গই শাণিত ও তীক্ষ্ণ করা
১০ গিয়াছে। অত্যন্ত ছেদনার্থে তাহা শাণিত করা
গিয়াছে; ও চাক্‌চক্যের নিমিত্তে তাহা তীক্ষ্ণ করা
গিয়াছে; তাহাতে আমরা কি আনন্দিত হইব?

[৩৮] গী ১৪; ২২,২৩॥—[৩৯] প ৩১। দ্বি ২৮; ৬৪॥—[৪০] যিহি ১১; ১৭,১৮॥—[৪৪] যিশ ৬৬; ২০॥—[৪২,৪৩] যিহি ১৬; ৬০-৬৩॥—[৪৬] যিশ ২১; ১॥—[৪৭] যির ৫১; ২৫,২৬,৩০,৩২॥—[৪৮] পু ১৮; ৮-১৯॥
[২১ অধ্যা; ৬] প ১২,১৪॥—[৭] যিহি ৭; ১৭॥—[৯] প ৩-৫॥—[১০] গী ৮৯; ২৬,২৭॥

* (ইব্রী) তাবৎ মুখ।

আমার পুত্রের রাজদণ্ড তাবৎ দণ্ডকে তুচ্ছ করে। ১১ তাহা যেন হস্তে ধৃত হয়, এই জন্যে তীক্ষ্ণ করা গিয়াছে; হন্তার হস্তে দিবার জন্যে খড়্গ শাণিত ও ১২ তীক্ষ্ণ করা গিয়াছে। হে মনুষ্যের সন্তান, ক্রন্দন কর ও হায়২ কর, কেননা তাহা আমার লোকদের উপরে ও ইস্রায়েলের অধ্যক্ষগণের উপরে চালিত হইবে, এবং তাহারা আমার লোকদের সহিত খড়্গে হত হইবে; অতএব তুমি আপন উরুতে আ- ১৩ ঘাত কর। সেই খড়্গ পরীক্ষিত; রাজদণ্ড যদি তাহা অবজ্ঞা করে, তবে থাকিবে না, ইহা প্রভু পরমে- ১৪ শ্বর কহেন? অতএব হে মনুষ্যের সন্তান,তুমি ভবিষ্যদ্বাক্য বল, ও করে করাঘাত কর, ও তিন বার খড়্গাঘাত কর; আঃ! ইহা হননকারি ও মহামারণকারি ও অন্তঃপুরে প্রবেশকারি খড়্গ; তাহাতে তাহাদের অন্তঃকরণ গলিবে, ও তাহাদের বিনা- ১৫ শের বৃদ্ধি হইবে। আমি তাহাদের তাবৎ দ্বারে ভয়ানক খড়্গ রাখিয়াছি। হে মারণের নিমিত্তে ১৬ শাণিত ও তীক্ষ্ণীকৃত খড়্গ, এখন কোন এক দিগে যাও; দক্ষিণে কিম্বা বামে *, যে দিগে তোমার ১৭ ধার, সেই দিগে যাও। আমিও হাততালি দিয়া আপন ক্রোধ সফল করিব; আমি পরমেশ্বর ইহা কহিলাম।

১৮ আর বার পরমেশ্বরের এই কথা আমার নিকটে ১৯ উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি বাবিলের রাজার খড়্গ আনয়নার্থে দুই পথ প্রস্তুত কর, সে দুই পথ এক দেশহইতে আসিবে, এবং তুমি আপনার নিমিত্তে স্থান মনোনীত কর, অর্থাৎ দুই নগরগামি দুই পথের মস্তকে স্থান মনোনীত কর। ২০ অম্মোনীয়দের রব্বা নগরের বিরুদ্ধে এক পথ, ও যিহূদার প্রাচীরবেষ্টিত যিরূশালমের বিরুদ্ধে গম- ২১ নার্থে অন্য পথ নিরূপণ কর। কেননা বাবিলের রাজা দুই পথের সঙ্গমস্থানে অর্থাৎ দুই পথের মস্তকে দাঁড়াইবে, এবং মন্ত্রপূত করিয়া বাণ মিশ্রিত করিবে,ও প্রতিমাদের কাছে পরামর্শ জিজ্ঞাসা করি- ২২ বে,ও যকৃৎদ্বারা বিচার করিবে। তাহাতে ঢেঁকিকল পাতিতে এবং বধ করণে আজ্ঞা দিতে এবং সিংহনাদ ও উচ্চৈঃস্বর করিতে ও দ্বারেরবিরুদ্ধে ঢেঁকিকল পাতিতে ও জাঙ্গাল বান্ধিতে ও দুর্গ প্রস্তুত করিতে যিরূশালমের বিরুদ্ধে মন্ত্র তাহার দক্ষিণ হস্তে ২৩ পড়িবে। কিন্তু তাহাদের অর্থাৎ যাহারা শপথ করিয়াছিল, তাহাদের প্রতি এই মন্ত্র মিথ্যা বোধ হইবে; তথাপি সেই রাজা তাহাদের দোষ স্মরণ ২৪ করিলে তাহারা ধৃত হইবে। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমাদের অপরাধ মনে পড়িল, ও তোমাদের পাপ প্রকাশ পাইল, এবং তোমাদের তাবৎ কর্ম্মের দোষ প্রত্যক্ষ হইল, এই নিমিত্তে তোমরা মনে পড়াতে পরহস্তগত হইবা।

২৫ হে অপবিত্র ও পাপিষ্ঠ ইস্রায়েলের অধ্যক্ষ,সম্পূর্ণ পাপের সময়ে তোমার দিন উপস্থিত হইবে। ২৬ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, উষ্ণীষ স্থানান্তর কর, ও রাজমুকুট দূর কর; কিছুই স্থির † না থাকুক; নীচপদস্থ লোককে উচ্চপদ দেও, ও উচ্চপদস্থ লোককে নীচ পদ দেও। ২৭ আমি এই রাজ্য বিপর্য্যয় করিব ও বিপর্য্যয় করিব ও বিপর্য্যয় করিব; যাঁহার অধিকার আছে, তাঁহার আগমন পর্য্যন্ত সকলি অস্থির হইবে; পরে আমি তাঁহাকে তাহা দিব।

২৮ হে মনুষ্যের সন্তান, তুমি ভবিষ্যদ্বাক্য প্রচার করিয়া এই কথা বল,প্রভু পরমেশ্বর অম্মোনীয়দের বিষয়ে ও তাহাদের অপমান করণ বিষয়ে এই কথা কহেন; তুমি বল,মহাখড়্গ মারণের নিমিত্তে কোষহইতে নির্গত হয়, ও মহাবধের নিমিত্তে চাক্‌চক্যবিশিষ্ট ও তীক্ষ্ণীকৃত হয়। ২৯ তাহারা যে সময়ে তোমার বিরুদ্ধে মিথ্যামন্ত্র পাঠ করিবে,তৎকালে যে পাপি লোকদের দিন, অর্থাৎ সম্পূর্ণ পাপের সময়ে যাহাদের দিন উপস্থিত হয়, এমত হত পাপিলোকদের গলার উপরে তোমাকে নিক্ষেপ করিবে। ৩০ কোষে তাহা পুনর্ব্বার স্থাপন কর ‡;তোমার জন্মদেশে ও উৎপত্তি স্থানে তোমার বিচার করিব। ৩১ আমি তোমার প্রতি আপন ক্রোধ প্রকাশ করিব; আমি তোমার বিরুদ্ধে আপন ক্রোধাগ্নিতে ফুঁদিব,এবং পশুবৎ ‖ ও বিনাশে নিপুণ লোকদের হস্তে তোমাকে সমর্পণ করিব। ৩২ তুমি অগ্নিতে কাষ্ঠস্বরূপ হইবা; দেশের মধ্যে তোমার রক্তপাত হইবে; তুমি আর কখনো স্মরণে আসিবা না,কেননা আমি পরমেশ্বর ইহা কহিলাম।

২২ অধ্যায়।

১ যিরূশালমের পাপের নির্ণয় ১৩ ও দণ্ডের নির্ণয় ১৭ ও তাহার মল পরিষ্কার করণের কথা ২৩ ও ভবিষ্যদ্বক্তা ও যাজক ও রাজা ও প্রজাদের দোষ নির্ণয়।

১ পরে পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত ২ হইল, হে মনুষ্যের সন্তান, তুমি কি বিচার করিবা? তুমি কি সেই রক্তময় নগরের বিচার করিবা? তবে ৩ তাহারই ক্রিয়া তাহাকে জ্ঞাত কর। তুমি বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে নগরি, দণ্ডের সময় উপস্থিত করিবার জন্যে তোমার মধ্যে অনেক রক্তপাত হয়, ও তোমার লোকেরা আপনাদিগকে অশুচি করিতে দেবপ্রতিমা নির্ম্মাণ করে।

[১১] যিহি ৫; ১০॥—[২০]প ২৮—৩২॥—[২৫] ১৭; ১৬-২০॥—[২৬] ১৭; ২৪॥—[২৭] আ ৪৯; ১০। লূ ১; ৩২,৩৩॥ [২৮] প২০। যিহি ২৫; ১-১০। যির ২৭; ৩,৮,৯। ৪৯; ১-৬॥

* (ইব্রু) একত্র হও, দক্ষিণে যাও, লক্ষ্য কর, বামে যাও। † (ইব্র) ইহা ইহা নয়। ‡ (বা) আমি কি পুনর্ব্বার তাহা কোষে স্থাপন করাইব? ‖ (বা) পশুও।

৪ তুমি রক্তপাতদ্বারা অপরাধী হইয়াছ, ও আপনার জন্যে প্রতিমা করণদ্বারা অশুচি হইয়াছ, ও আপন দিন উপস্থিত করিয়াছ, ও আপন বৎসর আনিয়াছ; অতএব আমি তোমাকে অন্যজাতিদের মধ্যে নিন্দাস্পদ ও অন্যদেশীয় লোকের কাছে ৫ পরিহাসের পাত্র করিব। তোমার নাম অপবিত্র ও তোমার স্তব কলহ, ইহা কহিয়া তোমার নিকটস্থ ৬ কি দূরস্থ লোকেরা তোমাকে বিদ্রূপ করিবে। দেখ, যথাশক্তি রক্তপাতকারি ইস্রায়েলের অধ্যক্ষগণ ৭ তোমার মধ্যে আছে। এবং পিতামাতাকে তুচ্ছকারি লোক তোমার মধ্যে আছে, ও বিদেশিদের প্রতি উপদ্রবকারি লোক তোমার মধ্যে আছে, এবং পিতৃহীন ও বিধবাদের প্রতি দৌরাত্ম্যকারি লোক ৮ তোমার মধ্যে আছে। এবং তুমি আমার পবিত্র বস্তু অবজ্ঞা করিতেছ, ও আমার বিশ্রামদিন অশুচি ৯ করিতেছ। এবং রক্তপাতজনক গ্লানিকারী লোক তোমার মধ্যে আছে, ও পর্ব্বতের উপরে ভোজনকারী লোক তোমার মধ্যে আছে, ও লজ্জাজনক ১০ কর্ম্মকারী লোক তোমার মধ্যে আছে। ও বিমাতার সহিত কুকর্ম্মকারী লোক তোমার মধ্যে আছে, ও ঋতুমতী স্ত্রীতে উপগামী তোমার মধ্যে আছে। ১১ এবং কেহ২ আপন প্রতিবাসির ভার্য্যার সহিত ঘৃণার্হ ব্যভিচার করে, ও কেহ ২ আপন পুত্রবধূর সহিত অপকর্ম্ম করে, ও কেহ ২ বা তোমার মধ্যে আপনার ভগিনীকে অর্থাৎ পিতার কন্যাকে ভ্রষ্টা ১২ করে। এবং রক্তপাত করিতে দানগ্রহণকারী লোক তোমার মধ্যে আছে, এবং তুমি সুদ ও অতি সুদ গ্রহণ করিতেছ, ও দৌরাত্ম্য করিয়া প্রতিবাসির দ্রব্য লইতেছ, এবং সর্ব্বতোভাবে আমাকে ভুলিতেছ, ইহা প্রভু পরমেশ্বর কহেন।

১৩ দেখ, তুমি যে কুলোভ করিতেছ ও তোমার মধ্যে যে রক্তপাত হইতেছে, তন্নিমিত্তে আমি হাততালি ১৪ দিব। আমি যে দিনে তোমাকে ইহার সমুচিত প্রতিফল দিব, সেই দিনে তোমার অন্তঃকরণ কি তাহা সহ্য করিতে পারিবে? ও তোমার হস্ত কি সবল ১৫ থাকিবে? আমি পরমেশ্বর যাহা কহি তাহা সিদ্ধ করিব। আমি অন্যজাতিদের মধ্যে তোমাকে ছিন্নভিন্ন করিব, ও অন্যান্য দেশে ছড়াইব, ও তোমার ১৬ মধ্যহইতে তোমার অশুচিতা দূর করিব। তুমি অন্য দেশীয়দের সাক্ষাতে অপবিত্র হইবা; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা জানিতে পারিবা।

১৭ পুনর্ব্বার পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, ইস্রায়েল বংশ ১৮ আমার কাছে মলস্বরূপ; সে হাফরের মধ্যে পিত্তল ও দস্তা ও লৌহ ও শীসা ইত্যাদি রূপার মলস্বরূপ হইয়াছে। অতএব প্রভু পরমেশ্বর এই কথা ১৯ কহেন, তোমরা সকলে মলস্বরূপ হইয়াছ, এই জন্যে দেখ, আমি তোমাদিগকে যিরূশালমের মধ্যে একত্র করিব। যেমন মনুষ্য অগ্নিতে ফুঁ দিয়া ২০ গলাইবার নিমিত্তে রূপা ও পিত্তল ও লৌহ ও শীসা ও দস্তা হাফরের মধ্যে একত্র করে, তদ্রূপ আমি আপন ক্রোধ ও প্রচণ্ড কোপে তোমাদিগকে একত্র স্থাপন করিয়া * তোমাদিগকে গলাইব। এবং ২১ তোমাদিগকে একত্র করিয়া আপন ক্রোধাগ্নিতে ফুঁ দিব, তাহাতে তাহার মধ্যে তোমরা গলিবা। যেমন হাফরের মধ্যে রূপা গলে, তদ্রূপ তাহার ২২ মধ্যে তোমরা গলিবা; তাহাতে আমি পরমেশ্বর তোমাদের উপরে ক্রোধ প্রকাশ করিলাম, ইহা জ্ঞাত হইবা।

অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ- ২৩ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি এই দেশকে † ২৪ এই কথা বল, যে দেশ পরিষ্কৃত নয় ও ক্রোধের দিনে বৃষ্টিতে সিক্ত নয়, তাহাই তুমি। তন্মধ্যস্থ ভবিষ্যদ্বক্তৃগণ ২৫ কুপরামর্শ করে; তাহারা মৃগয়া করিতে গর্জ্জনকারি সিংহের ন্যায় হয়, এবং তাহারা প্রাণিদিগকে গ্রাস করে, ও ধন ও বহুমূল্য বস্তু গ্রহণ করে; তাহারা তাহার মধ্যে অনেককে বিধবা করে। ও তা- ২৬ হার যাজকগণ আমার শাস্ত্র অবজ্ঞা করে, ও আমার পবিত্র বস্তু অপবিত্র করে, ও পবিত্রাপবিত্রের কিছু ভেদ রাখে না, ও শুচি অশুচির কিছু ভিন্নতা করে না, ও আমার বিশ্রামবারের প্রতি দৃক্‌পাতও করে না, ও আমি তাহাদের মধ্যে অমান্য হই। তাহার মধ্যস্থিত ২৭ অধ্যক্ষগণ লোভের সামগ্রীর জন্যে রক্তপাত করিতে ও প্রাণিগণকে বিনাশ করিতে মৃগয়াকারি কেন্দুয়ার ন্যায় হয়। এবং ভবিষ্যদ্বক্তৃগণ মিথ্যাদর্শন পাইয়া ও ২৮ মিথ্যামন্ত্র রচিয়া পরমেশ্বর না কহিলেও 'প্রভু পরমেশ্বর ইহা কহেন,' এই কথা কহিয়া লোকদের জন্যে কাঁচাগারাতে ভিত্তি লেপন করে। এবং প্রজা ২৯ লোকেরা অন্যায় ও চৌর্য্যবৃত্তি করে, এবং দরিদ্র ও দীনহীন লোকদের প্রতি উপদ্রব করে, এবং বিদেশি লোকদের প্রতি অন্যায়েতে উপদ্রব করে। আমি যেন দেশ বিনষ্ট না করি, এই জন্যে তা- ৩০ হার প্রাচীর প্রস্তুত করিতে ও আমার সম্মুখে ভগ্ন স্থানে দাঁড়াইতে তাহাদের মধ্যে এক জনকে চেষ্টা

[২২ অধ্যা; ৩-১২] যিশ ৫৯; ৩-১৫। দ্বি ২৭; ১৪-২৬॥—[৮] প ২৬॥—[৯,১০] যিহি ১৮; ৬,৭॥—[১২] দ্বি ২৩; ১৯॥ [১৩] যিহি ২১; ৭॥—[১৫] দ্বি ২৮; ৬৪॥—[১৮] যিশ ১; ২২। যির ৬; ২৮॥—[২০-২২] যিহি ২৪; ১০,১১॥ [২৫] যির ২৩; ১৪,১৫। যিহি ১৩; ১-৭॥—[২৬] যির ২; ৮। ২৩; ১১। ২ বং ৩৬; ১৪॥—[২৭] প ৬॥—[২৮] যিহি ১৩; ৬,১০,১৫,১৬॥—[২৯] ২ বং ৩৬; ১৪॥—[৩০] গী ১০৬; ২৩। যিশ ৫৯; ১৬। যিহি ১৩; ৫॥—[৩১] প ২২॥

* (বা) ফুঁ দিয়া। † (ইব্রী) তাহাকে।

৩১ করিলাম, কিন্তু পাইলাম না। অতএব আমি তা-
হাদের উপরে আপন ক্রোধ প্রকাশ করিব, ও
আপন ক্রোধাগ্নিতে তাহাদিগকে বিনাশ করিব;
প্রভু পরমেশ্বর কহেন, আমি তাহাদের কর্ম্মের ফল
তাহাদিগকে দিব।

২৩ অধ্যায়।

১ অহলার ব্যভিচার কর্ম্ম ১১ ও অহলীবার ব্যভিচার কর্ম্ম
২১ ও প্রেমকারিদ্বারা অহলীবার ক্লেশ ৩৬ ও উভয়ের
অনুযোগ ৪৫ ও উভয়ের দণ্ড।

১ পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল,
২ হে মনুষ্যের সন্তান, এক মাতৃজাত দুই কন্যা ছিল।
৩ তাহারা মিসরদেশে ব্যভিচারিণী হইয়া যৌবনা-
বস্থাতেই বেশ্যা হইল; সেখানে তাহাদের স্তন মর্দ্দিত
হইল, ও কুমারীকালেই তাহাদের স্তনাগ্র মর্দ্দিত
৪ হইল। ইহাদের জ্যেষ্ঠার নাম অহলা (তাহার তাম্বু)
ও কনিষ্ঠার নাম অহলীবা (তন্মধ্যস্থ আমার তাম্বু;)
তাহারা আমার হইল, এবং তাহাদের পুত্র ও
কন্যা জন্মিল; তাহাদের নামের তাৎপর্য্য এই,
৫ অহলা শোমিরোণ, ও অহলীবা যিরূশালম। অহলা
যে সময়ে আমার ছিল, তৎকালেই সে ব্যভিচার
৬ করিল; সে আপন নিকটবর্ত্তি অশূর দেশীয় নীলা-
ম্বর ও যৌবনে মনোহর ও অশ্বারূঢ় সেনাপতি ও
অধ্যক্ষগণাদি প্রেমকারিবর্গের প্রতি অত্যন্ত প্রেম
৭ করিল; সে আপন প্রিয় লোকদের ফলতঃ অশূ-
রীয় তাবৎ মনোহর যুব লোকদের সহিত ব্যভি-
চার করিল, এবং তাহাদের সকল প্রতিমাদ্বারা
৮ ভ্রষ্টা হইল। এবং মিসরদেশে যে বেশ্যাক্রিয়া
অভ্যাস করিয়াছিল, তাহাও ত্যাগ করিল না;
কেননা তাহারা তাহার যৌবনকালে তাহাকে
লইয়া শয়ন করিয়াছিল, ও কুমারীকালেই তাহার
স্তন মর্দ্দন করিয়াছিল, ও তাহার সহিত রতিক্রিয়া
৯ করিয়াছিল। অতএব আমি তাহার প্রেমকারি-
দের হস্তে অর্থাৎ তাহার মনোনীত অশূরীয় লোক-
১০ দের হস্তে তাহাকে সমর্পণ করিলাম। তাহাতে
তাহারা তাহার উলঙ্গতা প্রকাশ করিল, ও তা-
হার পুত্র কন্যাদিগকে লইয়া গিয়া তাহাকে খড়্গ-
দ্বারা প্রহার করিল; তাহাতে দণ্ডাজ্ঞা সফল হইলে
স্ত্রীলোকের মধ্যে তাহার অখ্যাতি হইল।

১১ এই রূপ দেখিলেও তাহার ভগিনী অহলীবা
আপন অপরিমিত বাসনাতে তাহাহইতেও দুষ্টা
হইল, এবং ভগিনী অপেক্ষাও বেশ্যাক্রিয়াতে
১২ অধিক দুষ্টা হইল। সে আপন নিকটবর্ত্তি অশূর
দেশায় উত্তম পরিচ্ছদান্বিত অশ্বারূঢ় ও যৌবনেতে
মনোহর সেনাপতি ও অধ্যক্ষগণেতে প্রেমাসক্তা
১৩ হইল। পরে আমি তাহাকেও ভ্রষ্টা ও আপন
১৪ ভগিনীর পথগামিনী দেখিলাম। পরে সে আপন
বেশ্যাক্রিয়া অত্যন্ত বৃদ্ধি করিল, কেননা সে ভি-
১৫ ত্তিতে লিখিত ও সিন্দূরেতে চিত্রীকৃত কটিবদ্ধ ও
মস্তকে নানাবর্ণ উষ্ণীষধারী এবং কস্‌দীয় দেশজাত
বাবিলীয়দের ন্যায় রাজবৎ দৃশ্য এমত কস্‌দীয়দের
১৬ ছবি দেখিল; এবং দেখিবামাত্র প্রেমাসক্তা হইয়া
তাহাদের কাছে কস্‌দীয় দেশে দূত প্রেরণ করিল।
১৭ তাহাতে বাবিলীয় লোকেরা আসিয়া তাহার
প্রেমের শয্যাতে শয়ন করিল ও বেশ্যাক্রিয়াতে
তাহাকে ভ্রষ্টা করিল; অশুচি হইলে পর তাহাদের
১৮ প্রতি তাহার মন বিরক্ত হইল। এই রূপে সে বে-
শ্যাক্রিয়া করিয়া আপন উলঙ্গতা প্রকাশ করিলে
তাহার ভগিনীর প্রতি আমার মন যেমন বিরক্ত
১৯ হইয়াছিল, তদ্রূপ তাহার প্রতিও হইল। পরে সে
যে সময়ে মিসরদেশে বেশ্যাক্রিয়া করিল, সেই
যৌবনকাল স্মরণ করিয়া আপন সকল বেশ্যাক্রিয়া
২০ আরো বৃদ্ধি করিল। কেননা গর্দ্দভের ন্যায় মাংস
বিশিষ্ট ও অশ্বের ন্যায় রেতবিশিষ্ট সেই উপপতি-
গণেতে সে আসক্তা হইল।

২১ মিস্রীয় লোক যে সময়ে তোমার স্তন ও কুমারী-
কালে তোমার স্তনাগ্র মর্দ্দন করিত, তুমি পুনর্ব্বার
২২ সেই যৌবনকালের কুকর্ম্ম করিয়াছ। অতএব
প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ হে অহলীবা,
তোমার মন যাহাদের প্রতি বিরক্ত হইয়াছে, এমত
তোমার প্রেমকারিদিগকে তোমার বিরুদ্ধে উঠা-
ইব, এবং চারিদিগে তাহাদিগকে তোমার বিরুদ্ধে
২৩ আনিব। অর্থাৎ মনোহর যুবলোক ও সেনাপতিগণ
ও অধ্যক্ষগণ এবং রথারূঢ় ও যশস্বি লোক ও অশ্বা-
রূঢ় প্রভৃতি বাবিলীয় ও কস্‌দীয় দেশাধিপতি ও ধন-
বান ও মহান লোক সকলকে * ও ইহাদের সহিত
২৪ তাবৎ অশূরীয়দিগকে আনিব। তাহারা শকট ও রথ
ও চক্র ও জনতা সঙ্গে লইয়া তোমার বিরুদ্ধে আসিয়া
চর্ম্ম ও ঢাল ও টোপর ধরিয়া তোমার বিরুদ্ধে চতু-
র্দ্দিগে উপস্থিত হইবে; এবং আমি তাহাদের সম্মু-
খে দণ্ডাজ্ঞা রাখিলে তাহারা আপনাদের মতানুসারে
২৫ তোমার দণ্ড করিবে। এবং আমি তোমার বিপরীতে
স্বামির ন্যায় ক্রোধ প্রকাশ করিব, এবং তাহারা তো-
মার প্রতি প্রচণ্ড কোপের আচরণ করিবে; তাহারা
তোমার নাসিকা ও কর্ণ ছেদন করিবে, ও তোমার অব-
শিষ্ট লোকেরা খড়্গে পতিত হইবে, ও তাহারা তো-
মার পুত্রকন্যাগণকে হরণ করিবে, ও তোমার অব-

[২৩ অধ্য] যিহি ১৬। যির ৩; ৬-১১॥—[৪] ২ বং ১৩; ১-১১॥—[৪-৭] ২ রা ১৫; ১৯। হো ৮; ৯॥—[৮] ১ রা ১২; ২৮-৩৩॥—[৯,১০] ২ রা ১৭; ৩-৬॥—[১২] ২ রা ১৬; ৭। ২ বং ২৮; ১৬-২১॥—[১৪-১৭] ২ রা ২০; ১২,১৩। ২৪; ১,১৭,২০॥—[১৯-২১] যিহি ১৭; ১৫॥—[২২-২৯] ২ বং ৩৬; ১৪-২০॥

* (ইব্রী) এবং পিকোদ ও শোয় ও কোয়।

২৬ শিষ্ট লোকেরা অগ্নিতে দগ্ধ হইবে। এবং তাহারা তোমাকে বিবস্ত্রা করিবে ও তোমার উত্তম অভরণ ২৭ হরণ করিবে। আমি মিসরদেশে অভ্যস্ত তোমার কুক্রিয়া ও বেশ্যাক্রিয়া এই মত নিবৃত্ত করিব, যে তুমি মিস্রীয়দের প্রতি আর কখনো দৃষ্টিপাত করিবা না ও ২৮ তাহাদিগকে স্মরণও করিবা না। কেননা প্রভু পরমেশ্বর কহেন, দেখ, তুমি যাহাদিগকে ঘৃণা করিতেছ, অর্থাৎ যাহাদের প্রতি তোমার মন বিমুখ হইয়াছে, ২৯ তাহাদের হস্তে আমি তোমাকে সমর্পণ করিব। তাহারা তোমার প্রতি শত্রুবৎ ব্যবহার করিবে, ও তোমার শ্রমের সকল ফল হরণ করিবে, এবং তোমাকে উলঙ্গিনী ও বিবস্ত্রা করিয়া ত্যাগ করিবে, তাহাতে তোমার লজ্জাজনক বেশ্যাক্রিয়া ও দুষ্টতা ও ব্যভি- ৩০ চারকর্ম্ম প্রকাশিত হইবে। তুমি বেশ্যার ন্যায় অন্যদেশীয়দের অনুগামিনী হইলা ও তাহাদের প্রতিমাগণদ্বারা অশুচি হইলা, এই নিমিত্তে আমি ৩১ এ সকল তোমার প্রতি করিব। তুমি আপন যে ভগিনীর পথে গমন করিলা, তাহার পানপাত্র তোমার ৩২ হস্তে দিব। প্রভু পরমেশ্বর কহেন, তুমি আপন ভগিনীর যে বৃহৎ ও প্রশস্ত পাত্রে পান করিবা, তাহা তোমার অপমান ও লজ্জাজনক হইবে; সে ৩৩ পাত্র অনেক ধারণ করে। তুমি বিস্ময় ও বিনাশজনক পাত্রদ্বারা অর্থাৎ তোমার ভগিনী শোমিরোণের পাত্রদ্বারা মত্ততা ও শোকেতে পরিপূর্ণা ৩৪ হইবা। তুমি তাহা পান করিবা, এবং তাহার গাদও পান করিবা, ও তাহা খণ্ড ২ করিয়া আপন স্তন বিদীর্ণ করিবা; প্রভু পরমেশ্বর কহেন, এই ৩৫ আমার উক্ত আজ্ঞা। তুমি আমাকে বিস্মৃত হইয়া আপন পশ্চাৎ রাখিয়াছ; অতএব প্রভু পরমেশ্বর কহেন, তুমি আপন দুষ্টতা ও বেশ্যাক্রিয়ার ফল ভোগ কর।

৩৬ পরমেশ্বর আমাকে আরো কহিলেন, হে মনুষ্যের সন্তান, তুমি কি অহলার ও অহলীবার বিচার করিবা? তবে তাহাদের প্রতি তাহাদের ৩৭ ঘৃণার্হ ক্রিয়া প্রকাশ কর। কেননা তাহারা ব্যভিচারকর্ম্ম করিল, ও তাহাদের হস্তে রক্ত আছে; তাহারা আপনাদের প্রতিমাগণের সহিত ব্যভিচার করিল, এবং বিনষ্ট করণার্থে আমাহইতে জাত আপন পুত্রগণকেও অগ্নির মধ্যদিয়া গমন করাইল। ৩৮ তাহারা সেই সময়ে আমার প্রতি কুব্যবহার করিয়া আমার পবিত্র স্থান অপবিত্র করিল ও আমার ৩৯ বিশ্রামদিনকে অশুচি করিল। কেননা তাহারা সেই সময়ে প্রতিমাগণের উদ্দেশে আপনাদের বালকগণকে বধ করিতে ২ আমার পবিত্র স্থানে আসিয়া তাহা অশুচি করিল; তাহারা আমার মন্দিরের ৪০ মধ্যে এই প্রকার করিল। তদ্ভিন্ন তাহারা * দূরস্থ লোককে আনিতে দূত প্রেরণ করিল; দূত প্রেরিত হইলে তাহারা আইল; তাহাদের নিমিত্তে তাহারা * স্নান করিল ও চক্ষুতে অঞ্জন দিল, ও অলঙ্কারে ৪১ বিভূষিতা হইল। পরে এক রাজকীয় শয্যাতে বসিয়া তাহার সম্মুখস্থিত এক সুসজ্জ ভোজনাসনের উপরে ৪২ আমার ধূপ ও তৈল রাখিল। সে স্থানে নিশ্চিন্ত সমূহ লোকদের রব ছিল, এবং সাধারণ সকল লোকদের সহিত হস্তালঙ্কার ও মস্তকে সুন্দর মুকুটধারি সিবায়ীয় লোকেরা প্রান্তরহইতে আনীত হইল। ৪৩ তখন সেই বৃদ্ধা বেশ্যাদের † বিষয়ে আমি কহিলাম, তাহারা কি এখন তাহাদের সহিত তাহাদেরি ৪৪ সহিত ব্যভিচার করিবে? পুরুষেরা যেমন বেশ্যাতে গমন করে, তদ্রূপ তাহাদিগেতে গমন করিল, অর্থাৎ ঐ দুষ্টা স্ত্রী অহলা ও অহলীবাতে গমন করিল।

৪৫ ধার্ম্মিক লোকেরা ব্যভিচারিণী ও রক্তপাতকারিণীদের ন্যায় তাহাদের বিচার করিবে; কেননা তাহারা ব্যভিচারিণী, ও তাহাদের হস্তে রক্ত আছে। ৪৬ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি তাহাদের বিরুদ্ধে সমূহলোক আনিব, এবং স্থানান্তর করিতে ৪৭ ও লুট করিতে তাহাদিগকে আজ্ঞা দিব। তাহাতে তাহারা তাহাদিগকে প্রস্তরাঘাত করিবে ও খড়্গে বধ করিবে, ও তাহাদের কন্যা পুত্রদিগকে বিনষ্ট ৪৮ করিবে, ও অগ্নিতে তাহাদের গৃহদাহ করিবে। এবং তাবৎ স্ত্রীগণ যেন তোমাদের দুষ্টাচরণের ন্যায় আচরণ করিতে অভ্যাস না করে, এই জন্যে পৃথিবীর ৪৯ মধ্যহইতে এই মত দুষ্টতা নিবৃত্ত করাইব। তাহারা তোমাদের দুষ্টতার ফল তোমাদিগকে দিবে; তোমরা আপন প্রতিমাগণের পাপ ভোগ করিবা; তাহাতে আমি যে প্রভু পরমেশ্বর, তাহা তোমরা জানিবা।

২৪ অধ্যায়।

১ কটাহের দৃষ্টান্তকথা ৬ ও যিরূশালমের বিনাশরূপ তাহার তাৎপর্য্য ১৫ ও যিহিষ্কেলের স্ত্রীর মরণ ১৯ ও লোকদের দুঃখরূপ তাহার তাৎপর্য্য।

১ অপর নবম বৎসরের দশম মাসের দশম দিনে পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত ২ হইল, হে মনুষ্যের সন্তান, এই দিনের নাম লেখ, কেননা অদ্যকার এই দিনে বাবিলের রাজা যিরূশা- ৩ লমের নিকটে উপস্থিত হইবে। তুমি অনাজ্ঞাবহ বংশের প্রতি উপদেশ প্রকাশ করিয়া তাহাদিগকে এই দৃষ্টান্ত কথা বল, প্রভু পরমেশ্বর এই কথা

[৩০] প ৩৫।—[৩১-৩৪] যির ২৫; ১৫-১৮।—[৩৫] প ৩০।—[৩৭] যিহি ১৬; ১৬-২২।—[৩৮,৩৯] যর ৭; ৯-১১। [৪০-৪২] যিশ ৩০; ১,২। ৩১; ১।—[৪৫-৪৯] যিহি ১৬; ৩৭-৪৩। [২৪ অধ্যা; ১,২] যির ৫২; ৪।—[৩-১৪] যির ১; ১৩। যিহি ১১; ৩,৬,৭।

* (ইব্রী) তুমি। † (ইব্রী) বেশ্যার।

কহেন, তুমি এক কটাহ চড়াও; তাহা চড়াইয়া
৪ তাহার মধ্যে জল দেও। এবং তাহার মধ্যে খণ্ড২
প্রত্যেক উত্তমাঙ্গের মাংস অর্থাৎ উরু ও স্কন্ধ একত্র
৫ কর এবং উত্তম অস্থিতে তাহা পরিপূর্ণ কর। এবং
পালের মধ্যহইতে একটা উত্তম পশু লইয়া তাহার
অস্থি (কটাহের) নীচভাগে একত্র কর, এবং কটাহ
উষ্ণ করিয়া তাহার মধ্যস্থিত অস্থি সিদ্ধ কর।
৬ প্রভু পরমেশ্বর কহেন, রক্তপাতকারি নগরস্বরূপ
যে কটাহ, তাহার মধ্যে কলঙ্ক থাকে, তাহাহইতে
পরিষ্কৃত হয় না, এই কারণ তাহার সন্তাপ হইবে;
তাহাহইতে প্রত্যেক খণ্ড মাংস বাহির কর, ও গুলি-
৭ বাঁটদ্বারা তাহার কিছু রাখিও না। সে নগরের মধ্যে
তাহার রক্ত আছে; সে তাহা ধূলাতে আচ্ছন্ন কর-
ণার্থে মৃত্তিকাতে না ঢাকিয়া মরুপর্ব্বতের উপরে *
৮ রাখিল। তাহাদের পাপের প্রতিফল দিতে ক্রোধ
যেন প্রজ্বলিত হয়, এই জন্যে আমি তাহার রক্ত
আচ্ছাদিত না করিয়া মরুপর্ব্বতের উপরে * রাখিব।
৯ অতএব প্রভু পরমেশ্বর কহেন, রক্তপাতকারি নগরের
সন্তাপ হইবে; আমি (অগ্নির নিমিত্তে) তাহার চিতা
১০ প্রস্তুত করিব। তোমরা কাষ্ঠ সঞ্চয় করিয়া অগ্নি
প্রশস্ত করিয়া মাংস পাক কর, ও তাহা উত্তমরূপে
১১ মিশ্রিত করিয়া অস্থি সকল দগ্ধ কর। পরে তাহার
পিত্তল যেন তপ্ত হয় ও দগ্ধ হয়, ও তাহার মধ্যস্থ মল
যেন গলিয়া যায়, ও তাহার কলঙ্ক যেন ক্ষয় পায়, এই
জন্যে কটাহ শূন্য করিয়া অঙ্গারের উপরে রাখ।
১২ সে কটাহ তাপেতে তাপিত হয়; তথাপি তাহার মধ্য-
স্থিত বড়২ কলঙ্ক পরিষ্কৃত হয় না, এই কারণ অগ্নি-
১৩ দ্বারা তাহার ক্ষয় পাইতে হয়। তোমার অপবিত্রতা
থাকাতে দোষ আছে; আমি তোমাকে পরিষ্কৃত
করিতে চাহিলেও তুমি পরিষ্কৃত হইলা না; এই নি-
মিত্তে যে পর্য্যন্ত আমি তোমার প্রতি আপন প্রচণ্ড
ক্রোধ সফল না করি, তাবৎ তুমি আপন মলহইতে
১৪ পরিষ্কৃত হইবা না। আমি পরমেশ্বর এ কথা কহি-
তেছি; ইহা অবশ্য হইবে; আমি তাহা করিব, কখ-
নও পরাবৃত্ত হইব না, এবং চক্ষুর্লজ্জা করিব না ও
কিছু দয়া করিব না। প্রভু পরমেশ্বর কহেন, তুমি
আপন আচার ও ক্রিয়ানুসারে বিচারিত হইবা।
১৫ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে
১৬ উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, আমি তোমার
নয়নের তুষ্টিকারিণীকে প্রহার করিয়া তোমার
নিকটহইতে লইব; তথাপি তুমি শোক ও ক্রন্দন
করিবা না, ও তোমার অশ্রুপাতও হইবে না।
১৭ রোদনহইতে নিবৃত্ত হও †, ও মৃত লোকের জন্যে
শোক করিও না, ও আপন মস্তকে উষ্ণীষ বন্ধন
কর ও পদে পাদুকা দেও, ও আপন চিবুক আচ্ছা-
দন করিও না, এবং শোককারিদের ন্যায় ভোজন
১৮ করিও না। আমি যে দিনের প্রাতঃকালে লোক-
দিগকে কহিলাম, তাহার সন্ধ্যাকালে আমার ভার্য্যা
মরিল; তাহাতে আমি যেমন আজ্ঞা পাইলাম, প্রাতঃ-
কালে তদ্রূপ করিলাম।
১৯ পরে লোকেরা আমাকে কহিল, আমাদের প্রতি
তোমার কৃত এই কর্ম্মের অভিপ্রায় কি? তাহা কি
২০ আমাদিগকে কহিবা না? তাহাতে আমি তাহাদি-
২১ গকে উত্তর করিলাম, পরমেশ্বরের এই কথা আমার
নিকটে উপস্থিত হইল, তুমি ইস্রায়েল বংশের প্রতি
এই কথা কহ, প্রভু পরমেশ্বর এই কথা কহেন,
দেখ, তোমাদের উত্তম প্রভাবজনক ও তোমাদের
চক্ষুর বাঞ্ছিত এবং তোমাদের দয়ার পাত্র আ-
মার যে পবিত্র স্থান, তাহা আমি অশুচি করিব,
ও তোমাদের অবশিষ্ট পুত্র কন্যাগণ খড়্গে পতিত
২২ হইবে। এবং আমি যেরূপ করিলাম, তোমরাও
তদ্রূপ করিবা, ফলতঃ তোমরা চিবুক আচ্ছাদন
করিবা না, ও শোককারিদের ন্যায় আহার করি-
২৩ বা না। এবং মস্তকে উষ্ণীষ ও পদে পাদুকা দিবা,
এবং শোক করিয়া ক্রন্দন করিবা না, কিন্তু তোমরা
আপন২ অধর্ম্মেতে ক্ষীণ হইবা ও পরস্পর শো-
২৪ কাচার করিবা। যিহিষ্কেল তোমাদের এক দৃষ্টান্ত-
স্বরূপ হইবে; সে যাহা করে, তোমরা তদনুসারে
করিবা; এবং ইহা উপস্থিত হইলে আমি যে প্রভু
২৫ পরমেশ্বর, তাহা তোমরা জানিবা। হে মনুষ্যের
সন্তান, তাহাদের বল ও গৌরবরূপ আনন্দ ও চক্ষুর
বাঞ্ছিত দ্রব্য ও মনোনীত দ্রব্য যে পুত্র কন্যাগণ, তা-
হাদিগকে আমি যে দিনে তাহাদের নিকটহইতে হরণ
২৬ করিব, সেই দিনে পলায়িত কোন জন আসিয়া
২৭ তোমার কর্ণগোচরে কি এই সম্বাদ দিবে না? সেই
দিনে তুমি বাকশক্তি পাইয়া ঐ পলায়িত লোকের
সহিত কথা কহিতে পারিবা, আর বোবা থাকিবা না;
তাহাতে তুমি লোকদের এক চিহ্নস্বরূপ হইবা; তা-
হাতে আমি যে পরমেশ্বর, তাহা তাহারা জানিবে।

২৫ অধ্যায়।

১ যিহূদি লোককে হিংসা করণ প্রযুক্ত অম্মোনীয় লোক-
দের দণ্ডের ভবিষ্যদ্বাক্য ৮ ও মোয়াবের দণ্ড ১২ ও
ইদোমের দণ্ড ১৫ ও পিলেষ্টীয় লোকদের দণ্ড।

১ পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত

[৬] লে ৭; ১১,২৭,৩২,৩৩। ১ শি ২; ১৩,১৪॥—[৭] লে ১৭; ১৩। যির ২; ৩৪॥—[১১,১২] যিহি ২২; ১৫,২০-২২। যির ৬; ২৮,২৯।—[১৬] প ১৮,২১।—[১৭] প ২২,২৩॥—[১৮]প১৬।—[২১] প ১৬॥—[২২,২৩] প ১৭॥—[২৫] প২১॥—[২৬,২৭] যিহি ৩৩; ২১,২২॥—[২৭] ৩; ২৬,২৭। ২৯; ২১॥
[২৫ অধ্যা; ৩-১১] যিহি ২১; ২৮। যির ৪৯; ১-৬। সিফ ২; ৮-১১। আম ১; ১৩-১৫॥

* (বা) পর্ব্বতের শৃঙ্গে। † (বা) তুষ্ণীভূত হইয়া রোদন কর।

২ হইল, হে মনুষ্যের সন্তান, তুমি অম্মোনীয়দের প্রতি মুখ রাখিয়া তাহাদের বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য বল।
৩ অম্মোনীয়দিগকে এই কথা বল, তোমরা প্রভু পরমেশ্বরের কথা শুন; প্রভু পরমেশ্বর এই কথা কহেন, যে সময়ে আমার পবিত্র স্থান অপবিত্র হইল এবং ইস্রায়েল দেশ নরশূন্য হইল এবং যিহূদা বংশ বন্দি হইয়া গমন করিল, সেই সময়ে তোমরা *
৪ ভাল২ এই কথা কহিলা। অতএব দেখ, আমি পূর্ব্বদেশীয় লোকদিগকে তোমাদের অধিকার সমর্পণ করিব; তাহারা তোমাদের মধ্যে আপনাদের জন্যে শিবির স্থাপন করিয়া তোমাদের মধ্যে বাস করিবে, এবং তোমাদের ফল ভোজন করিবে, ও তোমাদের
৫ দুগ্ধ পান করিবে। আমি রব্বাকে উষ্ট্রের আলয় করিব ও অম্মোনীয় দেশকে মেষপালের শয়নস্থান করিব; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা তোমরা
৬ জানিবা। প্রভু পরমেশ্বর কহেন, তোমরা হাততালি দিয়াছ ও পদাঘাত করিয়াছ, এবং ইস্রায়েল দেশের বিরুদ্ধে তুচ্ছতা করিয়া মনে আনন্দ করিয়াছ।
৭ অতএব দেখ, আমি তোমাদের বিরুদ্ধে আপন হস্ত বিস্তার করিব, ও অন্যদেশীয়দের হস্তে তোমাদিগকে লুটরূপে সমর্পণ করিব, ও অন্য জাতিদের মধ্যহইতে তোমাদিগকে উচ্ছিন্ন করিব ও দেশীয়দের মধ্যহইতে তোমাদিগকে সংহার করিব ও বিনষ্ট করিব; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা তোমরা জানিবা।
৮ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, মোয়াব্ ও সেয়ীর এই কথা বলিল, 'যিহূদা বংশ অন্যদেশীয়-
৯ দের মত হইতেছে।' অতএব দেখ, মোয়াব্ দেশের গৌরবস্বরূপ যে তাহার প্রান্তস্থিত আর নগর, তদবধি বৈৎযিশীমোৎ ও বাল-মিয়োন্ ও কিরিয়াথয়িম পর্য্যন্ত এই সকল নগরদিগস্থিত তাহার সীমা দিয়া আমি অম্মোনীয়দের বিরুদ্ধে গমনার্থে পূর্ব্বদেশীয়-
১০ দের জন্যে এক পথ প্রস্তুত করিব। এবং তাহাদের দেশ অধিকার করিতে তাহাদিগকে সমর্পণ করিব, তাহাতে অম্মোনীয়েরা অন্যদেশীয়দের মধ্যে আর
১১ স্মরণে আসিবে না। ও মোয়াবের উপরে দণ্ড দিব, তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা তাহারা জানিবে।
১২ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, ইদোম্ যিহূদা বংশের প্রতি নিষ্ঠুররূপে দণ্ড করিয়াছে; সে তাহাদের উপরে দণ্ড দিয়া বড় অপরাধ করিয়াছে।
১৩ অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি ইদোমের প্রতি আপন হস্ত বিস্তার করিয়া তাহার মধ্যহইতে মনুষ্য ও পশুকে উচ্ছিন্ন করিব, ও তৈমন্ অবধি দিদন্ পর্য্যন্ত দেশ নরশূন্য করিব, ও লোকেরা খড়্গদ্বারা পতিত হইবে। এবং আমি আপন
১৪ ইস্রায়েল লোকদ্বারা ইদোমকে দণ্ড দিব; প্রভু পরমেশ্বর কহেন, তাহারা ইদোমের প্রতি আমার কোপ ও ক্রোধানুসারে আচরণ করিবে; প্রভু পরমেশ্বর কহেন, তাহারা আমার দত্ত দণ্ড ভোগ করিবে।
১৫ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, পিলেষ্টীয় লোকেরা তাহাদের প্রতি নিষ্ঠুরাচরণ করিয়াছে, ও জাতক্রোধ প্রযুক্ত তাহার বিনাশ করিতে মনের তুচ্ছতাতে
১৬ তাহাদিগকে দণ্ড দিয়াছে; অতএব দেখ, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি পিলেষ্টীয়দের উপরে হস্ত বিস্তার করিব; ও কিরেথীয়দিগকে উচ্ছিন্ন করিব, এবং সমুদ্রতীরস্থ অবশিষ্ট লোকদিগকে
১৭ বিনষ্ট করিব। এবং আমি অত্যন্ত ভর্ৎসনা ও প্রচণ্ড কোপেতে তাহাদিগকে প্রতিফল দিব; আমি তাহাদিগকে প্রতিফল দিলে আমি যে পরমেশ্বর, তাহা তাহারা জানিবে।

২৬ অধ্যায়।

১ সোরের দণ্ড ৭ ও তাহার বিরুদ্ধে নিবুখদ্‌নিৎসর রাজার যুদ্ধযাত্রা করণ ১৫ ও তাহার পতনে অন্যদেশীয়দের বিস্ময় ও শোক।

১ একাদশ বৎসরের প্রথম মাসের প্রথম দিনে পর-
২ মেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, সোর নগর যিরূশালমের বিরুদ্ধে এই কথা কহিয়াছে, আহা! যে নগর লোকদের দ্বারস্বরূপ ছিল, সে ভগ্ন হইয়াছে; তাহার বাণিজ্য কর্ম্ম আমাতে আসিবে, ও সে শূন্য হইলে আমি পূর্ণ
৩ হইব। এই জন্যে প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে সোর, দেখ, আমি তোমার প্রতিকূল আছি; সমুদ্র যেমন আপন তরঙ্গ চালন করে, তদ্রূপ আমি তোমার বিরুদ্ধে সমূহলোককে চালন করিব। তাহারা
৪ সোরের প্রাচীর বিনষ্ট করিবে ও তাহার দুর্গ ভগ্ন করিবে, এবং আমি তাহার মধ্যহইতে তাহার মৃত্তিকা চাঁচিব ও তাহাকে মরুপর্ব্বত † করিব। তাহা সমু-
৫ দ্রের মধ্যস্থ জাল বিস্তার করণের স্থান হইবে; প্রভু পরমেশ্বর কহেন, এই কথা আমি কহিতেছি; তাহা অন্যদেশীয়দের লুটদ্রব্যস্বরূপ হইবে। এবং ক্ষেত্রে
৬ বাসকারিণী তাহার কন্যারা খড়্গে বিনষ্টা হইবে; তাহাতে আমি যে পরমেশ্বর তাহা তাহারা জানিবে।
৭ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি উত্তরদেশহইতে রাজাধিরাজ নিবুখদ্‌নিৎসর নামক বাবিলের রাজাকে ও অশ্ব ও রথ ও অশ্বারূঢ় ও পদাতিক সৈন্য প্রভৃতি সমূহলোককে সোর্
৮ নগরের বিরুদ্ধে আনিব। সে ক্ষেত্রে বাসকারিণী

[৮-১১] যিশ ১৫। ১৬। যির ৪৮। আম ২; ১-৩।—[১০] যিহি ২১; ৩২॥—[১২-১৪] যিহি ৩৫। যিশ ৩৪। ৬৩; ১। যির ৪৮; ৭-২২। আম ১; ১১,১২। ওব॥—[১৫-১৭] যিশ ১৪; ২৯-৩২। যির ৪৭। আম ১; ৬-৮। যোয় ৩; ৪-৮। সিফ ২; ৪-৭॥ [২৬ অধ্য] যিহি ২৭। ২৮। যিশ ২৩। আম ১; ৯,১০॥—[৪,৫] প ১৪॥—[৭] যির ২৭; ৩,৬॥—[৭-১১] যিহি ২৯; ১৮॥

* (ইব্রী) তুমি। † (বা) পর্ব্বতের শৃঙ্গের ন্যায়।

তোমার কন্যাদিগকে খড়্গে বধ করিবে, ও তোমার বিরুদ্ধে দুর্গ প্রস্তুত করিবে, ও তোমার বিরুদ্ধে জাঙ্গাল বান্ধিবে, ও তোমার বিরুদ্ধে ঢাল উচ্চ করি- ৯ বে। এবং তোমার প্রাচীরের বিরুদ্ধে যুদ্ধযন্ত্র স্থাপন ১০ করিবে, ও আপন তীক্ষ্ণাস্ত্র দিয়া দুর্গ ভাঙ্গিবে। তাহাতে ভগ্নপ্রাচীর নগরে যেমন লোক প্রবেশ করে, তদ্রূপ সে তোমার দ্বারে প্রবেশ করিবে, ও তাহার অশ্বের বাহুল্য প্রযুক্ত ধূলাতে তোমাকে আচ্ছন্ন করিবে, এবং অশ্বারূঢ়দের ও চক্রের ও রথের শ- ১১ ব্দেতে তোমার প্রাচীর কাঁপিবে। সে আপন অশ্বগণের খুরদ্বারা তোমার তাবৎ পথ দলিত করিবে, ও খড়্গদ্বারা তোমার লোকদিগকে বিনষ্ট করিবে, ও ১২ তোমার দৃঢ় স্তম্ভ ভূমিসাৎ করিবে। এবং তাহারা তোমার ধন লুট করিবে, ও তোমার বাণিজ্যদ্রব্য লুট করিবে, ও তোমার প্রাচীর ভগ্ন করিবে, এবং তোমার রম্য গৃহ বিনষ্ট করিবে, ও তোমার প্রস্তর ও কাষ্ঠ ও মৃত্তিকা জলের মধ্যে ফেলিয়া দিবে। ১৩ আমি তোমার গানের শব্দ নিবৃত্ত করিব, ও তোমার ১৪ বীণার বাদ্য আর শুনা যাইবে না। আমি তোমাকে মরুপর্ব্বত * করিব, ও তুমি জাল বিস্তার করণের স্থান হইবা, আর কখনো গৃথিত হইবা না; কেননা প্রভু পরমেশ্বর কহেন, আমি পরমেশ্বর এ কথা কহিতেছি।

১৫ অপর প্রভু পরমেশ্বর সোর্ নগরের বিরুদ্ধে এই কথা কহেন, যে সময়ে তোমার মধ্যে মারণ হওয়াতে ক্ষতবিক্ষত লোকেরা আর্ত্তস্বর করিবে, তৎকালে তোমার পতনের শব্দে উপদ্বীপ সকল ১৬ কি কম্পিত হইবে না? তৎকালে সমুদ্রের অধ্যক্ষগণ আপন ২ সিংহাসনহইতে নামিবে ও আপন ২ বস্ত্র ত্যাগ করিবে ও আপন ২ চিত্রবিচিত্র পরিচ্ছদ খুলিবে; তাহারা কেবল কম্পনরূপ বস্ত্র পরিধান করিয়া মৃত্তিকাতে বসিবে, এবং নিমিষে ২ কাঁপি- ১৭ য়া তোমার বিষয়ে বিস্ময়াপন্ন হইবে। ও বিলাপ করিয়া তোমার বিষয়ে কহিবে, 'হে সমুদ্র ব্যবসায়ি লোকদের বাসস্থান, হে সমুদ্রস্থিত বলবান ও প্রসিদ্ধ নগর, তুমি এবং প্রতিবাসি লোকদের ভয়জনক তোমার নিবাসিগণ কিবা উচ্ছিন্ন হইয়াছ!' ১৮ তোমার পতনের দিনে উপদ্বীপ সকল কম্পান্বিত হইবে, ও তোমার স্থানান্তর হওনের সময়ে সমুদ্রস্থ ১৯ উপদ্বীপ সকল উদ্বিগ্ন হইবে। কেননা পরমেশ্বর এ কথা কহেন, যে সময়ে আমি বসতিহীন নগরের ন্যায় তোমাকে নরশূন্য করিব, ও তোমার উপরে গভীর জল আনিয়া তোমাকে অগাধ জলেতে মগ্ন করিব; তৎকালে যাহারা গর্ত্তে নামিয়াছে, এমত পূর্ব্বকালীয় ২০ লোকদের কাছে আমি তোমাকে নামাইব; ও তুমি যেন আর বাসস্থান না হও, এই জন্যে যাহারা গর্ত্তে নামে, তাহাদের কাছে তোমাকে পৃথিবীর অধঃস্থানে অর্থাৎ পূর্ব্বাবধি নরশূন্য স্থানে স্থাপন করিব, ও জীবিত লোকদের মধ্যে আপন মহিমা প্রকাশ করিব। আমি তোমাকে উদ্বেগজনক করিব, ২১ তুমি আর থাকিবা না; প্রভু পরমেশ্বর কহেন, তুমি অন্বেষিত হইলেও আর কখনো প্রাপ্ত হইবা না।

২৭ অধ্যায়।

১ সোরের আচ্যতা ২৬ ও তাহার মহাপতন।

অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ- ১ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি এখন সোরের ২ বিষয়ে বিলাপ করিয়া তাহাকে বল, হে সমুদ্রে ৩ প্রবেশস্থান নিবাসিনি ও নানাদেশীয়দের হিতার্থে নানা উপদ্বীপস্থ লোকদের সহিত বাণিজ্যকারিণি, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে সোর, তুমি কহিতেছ, আমি পরম সুন্দরী। তোমার রাজ্যরূপ ৪ সমুদ্রের মধ্যে † তোমার নির্ম্মাণকারিগণ তোমার সম্পূর্ণ সৌন্দর্য্য করে। তাহারা সেনীরের ঝাউ ৫ বৃক্ষহইতে তোমার কাষ্ঠ করে, ও তাহারা তোমার মাস্তুল করিতে লিবানোনহইতে এরস্ বৃক্ষ আনে। ও বাশনের অলোন্ কাষ্ঠদ্বারা তোমার দাঁড় প্রস্তুত ৬ করে, এবং কিত্তীয় উপদ্বীপহইতে দেবদারুকাষ্ঠ ও হস্তিদন্ত আনিয়া তোমার আসন প্রস্তুত করে। এবং মিসরদেশহইতে সূক্ষ্ম ও বুটদার বস্ত্র আনীত ৭ হইয়া তোমার বিস্তারিত পাইল হয়; এবং নীল ও বেগুণীয় বর্ণের বস্ত্র ইলীশা উপদ্বীপহইতে আনীত হইয়া তোমার পরিচ্ছদ হয়। এবং সীদোন্ ৮ ও অর্বদ্ নিবাসিগণ তোমার দণ্ডবাহক হয়, এবং হে সোর, তোমাতে স্থিত বিদ্বান লোকেরা তোমার নাবিক হয়। এবং তোমার মধ্যস্থিত গিবলের ৯ প্রাচীন লোকেরা ও বিদ্বানেরা তোমার কালাপাতিকর হয়, এবং বাণিজ্য করিতে সমুদ্রের তাবৎ জাহাজ নাবিকগণের সহিত তোমার মধ্যে থাকে। এবং পার্সীয় ও লূদিয় ও পূটীয় যোদ্ধাগণ ১০ তোমার সৈন্যের মধ্যে ভুক্ত আছে। তাহারা তোমার মধ্যে ঢাল ও টোপর ঝুলাইয়া তোমার শোভা করে। এবং অর্বদীয় লোকেরা তোমার ১১ সৈন্যের সহিত চতুর্দ্দিগে তোমার প্রাচীরের উপরে থাকে, এবং গম্মাদীয় লোকেরা তোমার দুর্গে থাকে; তাহারা তোমার প্রাচীরের উপরে চতুর্দ্দিগে

---

[১৪] প ৪, ৫॥—[১৫-১৮] যিশ ২৩; ৫,৬,১৪। যিহি ২৭; ২৯-৩৬। প্র ১৮; ৮-১১॥—[১৮] যিহি ২৭; ৩৪-৩৬॥ [১৯-২১] ২৮; ৮,১০। ৩২; ৩০,৩২॥—[২১] ২৭; ৩৬। ২৮; ১৯॥

[২৭ অধ্য] যিহি ২৬। ২৮। যিশ ২৩। আম ১; ৯,১০।—[৫] দ্বি ৩; ৯॥—[৬] দ্বি ৩; ১০॥—[৭] আ ১০; ৪॥ [১০] আ ১০; ৬,১৩॥

* (বা) পর্ব্বতের শৃঙ্গের ন্যায়। † (ইব্রী) অন্তঃকরণে।

ঢাল ঝুলাইয়া তোমার অশেষ সৌন্দর্য্য করে। ১২ এবং তর্শীশ দেশীয় লোকেরা বণিক্ হইয়া নানা ধনের বাহুল্য প্রযুক্ত রূপা ও লৌহ ও দস্তা ও ১৩ শীসা আনিয়া ক্রয় বিক্রয় করে। এবং যূনান ও তূবল ও মেশক দেশীয় লোকেরা তোমার বণিক্ হয়; তাহারা মানুষ ও পিত্তলের পাত্র আনিয়া তো- ১৪ মার হট্টে বিক্রয় করে। এবং তোগর্ম বংশীয় লো-কেরা তোমার মেলাতে অশ্ব ও অশ্বারূঢ় ও অশ্বতর ১৫ আনিয়া বিক্রয় করে। এবং দিদনীয় লোকেরা তোমার বণিক্ হয়, এবং অনেক উপদ্বীপে তো-মার বাণিজ্যের পণ্যস্থান হইলে তোমার বাণিজ্যের পরিবর্ত্তে লোক হস্তিদন্ত ও আবলুস কাষ্ঠ তোমাকে ১৬ দেয়। এবং অরাম্ দেশীয় লোকেরা তোমার নির্ম্মিত দ্রব্যের বাহুল্য প্রযুক্ত বণিক্ হইয়া তাম্রমণি ও বাঞ্ছনীয় ও বুটদার ও সূক্ষ্ম বস্ত্র এবং প্রবাল ও ১৭ পদ্মরাগ মণি বিক্রয় করে। এবং যিহূদা ও ইস্রায়েল দেশীয় লোকেরাও তোমার বণিক্ হয়; তাহারা মিন্নীৎ স্থানের গোম ও মিষ্টান্ন ও মধু ও তৈল ও ১৮ ঔষধ আনিয়া বিক্রয় করে। এবং দম্মেষক দেশীয় লোকেরা তোমার নির্ম্মিত সামগ্রী ও ধনের বাহুল্য প্রযুক্ত বণিক্ হইয়া হিল্বোনের দ্রাক্ষারস ও মে- ১৯ ষের শ্বেত লোম আনিয়া বিক্রয় করে। এবং * দান ও যূনান্ দেশীয় লোকেরা তোমার হট্টে সূত্র † ও কান্তলৌহ ও দারুচীনী ও ইক্ষু আনিয়া বিক্রয় করে। ২০ এবং দিদন লোকেরা রথের নিমিত্তে বহুমূল্য ২১ বস্ত্রের মহাজন হয়। এবং অরব্ দেশীয় ও কেদ-রের অধ্যক্ষগণ মেষশাবক ও মেষ ও ছাগ দিয়া তোমার সহিত বাণিজ্য করে ‡; তাহারা এই সকল ২২ দ্রব্যের মহাজন হয়। এবং শিবা ও রয়মার মহাজ-নেরাও তোমার বণিক্ হয়; তাহারা তোমার হট্টে নানা প্রকার উত্তম২ গন্ধদ্রব্য ও নানাবিধ মণি ও সুব- ২৩ র্ণের ব্যবসায় করে। এবং হারণ্ ও কল্নী ও এদন্ ও শিবা ও অশূর ও কিল্মদ্ দেশীয় মহাজনেরাও ২৪ তোমার বণিক্ হয়। তাহারা নানা প্রকার দ্রব্য ব্যব-সায় করে, এবং নীলবর্ণ বস্ত্র এবং বুটাদার ও দিব্য বস্ত্রেতে পূর্ণ রজ্জুতে বদ্ধ এরস্কাষ্ঠ নির্ম্মিত সিন্দু- ২৫ কের ব্যবসায় করে। এবং তর্শীশের জাহাজীয় লোকেরা তোমার হট্টে ব্যবসায় || করে, এবং তুমি সম্পূর্ণ আছ ও সমুদ্রের মধ্যে মহাতেজস্বী আছ।

২৬ তোমার নাবিকগণ তোমাকে গভীর জলে আনিলে পূর্ব্বীয় বায়ু সমুদ্রের মধ্যে তোমাকে ভগ্ন করিবে। এবং তোমার বিনাশদিনে তোমার ধন ও হট্ট ও ২৭ বাণিজ্য দ্রব্য ও দণ্ডবাহকেরা ও নাবিকগণ ও কালা-পাতিরা ও মহাজনেরা এবং তোমার মধ্যস্থিত জন-তার মধ্যবর্ত্তি তোমার তাবৎ যোদ্ধাগণ সমুদ্রের মধ্যে পতিত হইবে। এবং তোমার নাবিকদের ক্রন্দনের ২৮ শব্দে উপনগর সকল কাঁপিবে। এবং দণ্ডবাহকেরা ২৯ ও নাবিকেরা ও সমুদ্রস্থ তাবৎ নৌকাবাহকেরা আ-পন২ জাহাজহইতে নামিয়া তীরেতে দাঁড়াইবে। এবং তোমার নিমিত্তে উচ্চৈঃস্বর ও বিলাপ ও ক্রন্দন ৩০ করিয়া আপনাদের মস্তকে ধূলা ফেলিবে ও ভস্মে-তে লুণ্ঠন করিবে। এবং তোমার নিমিত্তে আপনা- ৩১ দের মস্তক মুণ্ডন করিবে ও চট পরিধান করিবে ও মনের বৈরক্তিতে মহাবিলাপ করিয়া তোমার নি-মিত্তে শোক করিবে। তাহারা তোমার জন্যে বিলাপ ৩২ করিয়া ক্রন্দন করিবে, ও তোমার বিষয়ে বিলাপ করিয়া এই কথা কহিবে, "সমুদ্রের মধ্যে উচ্ছিন্ন যে সোর নগর, তাহার তুল্য কে আছে? যে সময়ে ৩৩ সমুদ্রের মধ্যদিয়া তোমার বাণিজ্য দ্রব্য গতায়াত করিত, তখন অনেক লোককে ধনবান করিলা, এবং তুমি ধন ও ক্রয় বিক্রয়ার্থ দ্রব্যের বাহুল্যে পৃথিবীর রাজগণকে ধনী করিলা। কিন্তু এখন তুমি ৩৪ সমুদ্রের তরঙ্গেতে গভীর জলে মগ্ন হইলে তোমার বাণিজ্য দ্রব্য ও তোমার মধ্যস্থিত তাবৎ লোক পতিত হয়। এবং তাবৎ উপদ্বীপবাসি লোকেরা ৩৫ তোমার বিষয়ে বিস্ময়াপন্ন হয়, ও তাহাদের রাজগণ অত্যন্ত উদ্বিগ্ন ও বিষণ্ণবদন হয়। এবং বণিকেরা ৩৬ লোকদের মধ্যে তোমার নিন্দা করে; তুমি উদ্বেগ-জনক হইয়াছ, আর কখনো স্থাপিত হইবা না।"

২৮ অধ্যায়।

১ অহঙ্কারের নিমিত্তে সোরের রাজার ওপরে ঈশ্বরের দণ্ড দেওনের ভবিষ্যদ্বাক্য ১১ ও তাহার বিলাপ ২০ ও সীদোনের দণ্ড বিষয়ে ভবিষ্যদ্বাক্য ২৪ ও ইস্রায়েল লোকের আপন দেশে পুনরাগমন।

পুনর্ব্বার পরমেশ্বরের এই কথা আমার নিকটে ১ উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি সোরের ২ রাজাকে এই কথা বল; প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমার মন গর্ব্বিত হইয়াছে, এবং 'আমি ঈশ্বর হইয়া সমুদ্র মধ্যস্থিত ঈশ্বরাসনে বসি,' এই কথা কহিতেছ; যদ্যপি তুমি মনুষ্যমাত্র, ঈশ্বর নহ, তথাপি আপন জ্ঞানকে ঈশ্বরের জ্ঞানের ন্যায় জ্ঞান করিতেছ। দেখ, তুমি দানিয়েল্হইতেও ৩

[১২] আ ১০;৪।।—[১৩] আ ১০;২।।—[১৪] আ ১০;৩।।—[১৫] প ২০। আ ১০;৭।।—[১৭] ১ রা ৫;৯,১১। প্রে ১২;২০। বি ১১;৩৩।।—[১৯] বি ১৮;২৭-২৯।।—[২০] প ১৫।।—[২১] যিশ ৬০;৭।।—[২২] আ ১০;৭।।—[২৩] আ ১১;৩১। যিশ ৩৭;১২।।—[২৭] প ৩৪। প্র ১৮;১২-১৪।।—[২৯-৩৩] যিহি ২৬;১৬,১৭। প্র ১৮;৯-১৯।।—[৩৪] প ২৭।।—[৩৫] যিহি ২৬;১৫,১৬।।—[৩৬] ২৬;২১। ২৮;১৯।।

[২৮ অধ্য;] যিহি ২৬। ২৭। যিশ ২৩। ৪৭। আম ১;৯,১০।।—[২] প ৬,৯।।—[৩] দা ৫;১১,১২।।

* (বা) রিদন। † (বা) উষলহইতে। ‡ (বা) বাণিজ্য পুণ্যস্থান রাখে। || (বা) গান।

জ্ঞানবান, কোন গুপ্ত কথা তোমার অগোচর নাই। ৪ তুমি আপন জ্ঞান ও বুদ্ধিতে ধন সঞ্চয় করিয়া ৫ আপন ভাণ্ডারে সুবর্ণ ও রূপা রাখিতেছ। তুমি বিবিধ জ্ঞান ও বাণিজ্যদ্বারা ধন বৃদ্ধি করিতেছ, এবং ধনের নিমিত্তে তোমার অন্তঃকরণ গর্ব্বিত ৬ হইতেছে। অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তুমি আপন জ্ঞানকে ঈশ্বরের জ্ঞানের ন্যায় জ্ঞান ৭ করিতেছ। এই জন্যে দেখ, আমি বিদেশিদিগকে অর্থাৎ লোকদের মধ্যে ভয়ানক লোকদিগকে তোমার বিরুদ্ধে আনিব; তাহারা তোমার জ্ঞানরূপ সৌন্দর্য্যের প্রতিকূলে আপন২ খড়্গ বাহির করিবে ৮ ও তোমার তেজেতে কলঙ্ক দিবে। তাহারা তোমাকে গর্ত্তে ফেলিবে, এবং তুমি হতদের ন্যায় সমুদ্রের ৯ মধ্যে মরিবা। তুমি কি আপন হন্তার সাক্ষাতে 'আমি ঈশ্বর' এই কথা কহিবা? কিন্তু তুমি সেই ১০ হন্তার হস্তে মনুষ্যভিন্ন ঈশ্বর নহ। তুমি বিদেশিদের হস্তদ্বারা অত্বক্‌ছেদিদের ন্যায় প্রাণত্যাগ করিবা, কেননা প্রভু পরমেশ্বর এই কথা কহেন, এই আমার আজ্ঞা *।

১১ পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত ১২ হইল, হে মনুষ্যের সন্তান, তুমি বিলাপ করিয়া সোরের রাজার বিষয়ে এই কথা বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তুমি জ্ঞানে পরিপূর্ণ ও সৌন্দর্য্যে ১৩ প্রসিদ্ধ এক সুন্দর অঙ্গুরীস্বরূপ। তুমি এদন্ নামক ঈশ্বরের উদ্যানে জন্মিলা, এবং চুনি ও পদ্মরাগ ও হীরক ও গোদন্ত ও বৈদূর্য্য ও সূর্য্যকান্ত ও নীলকান্ত ও তাম্রমণি ও মরকত ইত্যাদি মণি ও সুবর্ণেতে জড়িত ছিলা; এবং যে দিনে তুমি জন্মিলা, সেই দিনে তোমার মুদ্রা স্থাপনের বর্তুল ও গভীর স্থান † প্রস্তুত করা ১৪ গেল। তুমি অভিষিক্ত আচ্ছাদক কিরূবের স্বরূপ, আমি ঈশ্বরের পবিত্র পর্ব্বতে তোমাকে স্থাপন করিলাম, এবং তুমি তেজোময় প্রস্তরের মধ্যে ভ্রমণ ১৫ করিতা। তুমি জন্মদিনাবধি পাপ নিশ্চয় হওন পর্য্যন্ত ১৬ আপন পথে নির্দ্দোষ ছিলা। তোমাতে ক্রয়বিক্রয় বাহুল্য প্রযুক্ত তুমি দৌরাত্ম্যে পরিপূর্ণ হইয়া পাপ করিয়াছ, এই জন্যে আমি ঈশ্বরের পর্ব্বতহইতে তোমাকে অপবিত্র বস্তুর ন্যায় নিক্ষেপ করিব, এবং হে আচ্ছাদক কিরূব, আমি তেজোময় প্রস্তরহইতে ১৭ তোমাকে দূর করিব। সৌন্দর্য্যের নিমিত্তে তোমার মন গর্ব্বিত হইয়াছে, ও তোমার তেজেতে তোমার জ্ঞান হত হইয়াছে; অতএব আমি তোমাকে ভূমিতে নিক্ষেপ করিব, ও রাজগণ যেন তোমাকে অবজ্ঞা করে, এই জন্যে আমি তোমাকে তাহাদের সম্মুখে ফেলিব। ১৮ তুমি আপন প্রচুর অধর্ম্ম ও বাণিজ্যের পাপেতে আপন পবিত্র বস্তু অপবিত্র করিয়াছ, এই জন্যে আমি তোমার মধ্যহইতে এক অগ্নি উৎপন্ন করিব, তাহা তোমাকে দগ্ধ করিবে; এবং আমি তোমাকে নিরীক্ষণকারি লোকদের সাক্ষাতে তোমাকে ভূমিতে ভস্মসাৎ করিব। ১৯ দেশীয়দের মধ্যে তোমার পরিচিত লোকেরা তোমার বিষয়ে বিস্ময়াপন্ন হইবে, এবং তুমি ভয়জনক হইয়া আর কখনো স্থাপিত হইবা না।

২০ পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত ২১ হইল, হে মনুষ্যের সন্তান, তুমি সীদোনের প্রতিকূলে মুখ রাখিয়া তাহার বিপরীতে ভবিষ্যদ্বাক্য প্রচার করিয়া বল, ২২ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে সীদোন, দেখ, আমি তোমার প্রতিকূল হইয়া তোমার মধ্যে গৌরবান্বিত হইব; যে সময়ে আমি তোমাকে ‡ দণ্ড করিব ও তোমাদ্বারা পবিত্ররূপে মান্য হইব, তৎকালে আমি যে পরমেশ্বর, তাহা সকলে জ্ঞাত হইবে। ২৩ আমি তোমার মধ্যে মহামারী ও পথে রক্ত প্রেরণ করিব, এবং চতুর্দ্দিগ্স্থ খড়্গদ্বারা তোমার মধ্যে ক্ষতবিক্ষত লোকেরা পতিত হইবে; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা সকলে জ্ঞাত হইবে।

২৪ ইস্রায়েল বংশের চতুর্দ্দিগস্থিত অবজ্ঞাকারি লোকদের মধ্যে কেহ তাহার বিদ্ধকারি ক্ষুদ্র কণ্টক ও দুঃখদায়ি বৃহৎ কণ্টকস্বরূপ আর থাকিবে না; এবং আমি যে প্রভু পরমেশ্বর, তাহা সকলে জ্ঞাত হইবে। ২৫ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, ইস্রায়েল বংশ যে২ লোকদের মধ্যে ছিন্নভিন্ন হইয়াছে, তাহাদের মধ্যহইতে আমি যখন তাহাদিগকে সংগ্রহ করিব, তৎকালে আমি তাহাদের দ্বারা অন্য লোকদের দৃষ্টিতে পবিত্ররূপে মান্য হইব, এবং আপন দাস যাকূবকে যে দেশ দিয়াছিলাম, তাহাদিগকেও সেই দেশে বাস করাইব। ২৬ সে স্থানে তাহারা নিরাপদে বাস করিবে ও বাটী নির্ম্মাণ করিবে ও দ্রাক্ষাক্ষেত্র প্রস্তুত করিবে, এবং আমি তাহাদের চতুর্দ্দিকস্থ অবজ্ঞাকারিদিগকে দণ্ড করিলে তাহারা নির্ব্বিঘ্নে বাস করিবে, এবং আমি যে তাহাদের প্রভু পরমেশ্বর, তাহা জ্ঞাত হইবে।

২৯ অধ্যায়।

১ মিসর রাজার অহঙ্কার ও কাপট্য বিষয়ের কথা ৮ ও তাহার দেশের উচ্ছিন্ন হওন ১৩ ও চল্লিশ বৎসরের পর তাহার পুনঃস্থাপন ১৭ ও মিসর দেশের রাজ্য নিবুখদ্‌নিৎসরের বেতনস্বরূপ ২১ ও ইস্রায়েলের পরাক্রমের বৃদ্ধি।

[৫] সিখ ১; ২,৩ ॥—[৭] যিহি ৩০; ১০,১১ ॥—[৯] প ২,৬॥—[১০] ৩২; ১৯,২১,২৫-২৭ ॥—[১২] ২৭; ৩॥ [১৩] আ ১; ১১,১২॥—[১৪] আ ৩; ২৪। যা ২৪; ১০। যিহি ১; ২২-২৮॥—[১৬] প ১৪॥—[১৯] যিহি ২৬; ২১। ২৭; ৩৬॥—[২৪] গ ৩৩; ৫৫। যি ২৩; ১৩॥—[২৫,২৬] যির ৩২; ৩৭-৪১॥—[২৬] যির ২৩; ৬॥

* (ইব্রু) কথা। † (বা) তোমার নিমিত্তে তবল ও বংশী। ‡ (ইব্রু) তাহাকে।

১ অপর দশম বৎসরের দশম মাসের দ্বাদশ দিনে পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত ২ হইল, হে মনুষ্যের সন্তান, তুমি মিসর দেশের ফিরৌণ রাজার প্রতি অভিমুখ হইয়া তাহার ও তাবৎ ৩ মিসরের বিপরীতে ভবিষ্যদ্বাক্য প্রচার কর। এবং প্রকাশ করিয়া বল,প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে মিস্রীয় রাজন্ ফিরৌণ, দেখ, আমি তোমার বিরুদ্ধে আছি; তুমি নদীর মধ্যস্থিত মহাকুম্ভীরস্বরূপ হইয়া এই কথা কহিতেছ, 'এই নদী আমার, আমি ৪ তাহা আপনার জন্যে প্রস্তুত করিলাম।' আমি তোমার মুখে বড়শী গাঁথিব, ও তোমার নদীর মৎস্যদিগকে তোমার আঁইষেতে লাগাইয়া নদীর মধ্যহইতে টানিয়া বাহির করিব, এবং নদীর তাবৎ ৫ মৎস্য তোমার আমিষেতে লাগিয়া থাকিবে। পরে তোমাকে ও তোমার নদীর তাবৎ মৎস্যকে প্রান্তরে ত্যাগ করিব; তুমি ক্ষেত্রে পড়িলে আর সংগৃহীত ও একত্রীকৃত হইবা না; আমি বনপশু ও আকাশের পক্ষিদের আহারের নিমিত্তে তোমাকে দিব। ৬ তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা মিসর নিবাসি তাবৎ লোক জানিবে, কেননা তাহারা ইস্রায়েল্ ৭ বংশীয়দের প্রতি নলযষ্টি হইয়াছিল। তাহারা সেই যষ্টি হস্তে ধরিলে সে * ভগ্ন হইয়া তাহাদের তাবৎ স্কন্ধ ছিঁড়িল, ও তাহারা তাহার উপরে নির্ভর দিলে সে * ভাঙ্গিয়া তাহাদের কটিদেশে বেদনা দিল।

৮ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি তোমার উপরে খড়্গ আনিয়া তোমার মধ্যে মনুষ্য ও ৯ পশুকুল উচ্ছিন্ন করিব। কেননা তুমি † কহিলা, 'নদী আমার, আমি তাহার সৃষ্টি করিয়াছি;' কিন্তু মিসর দেশ যখন অরণ্য ও নরশূন্য হইবে,তখন আমি যে ১০ পরমেশ্বর, তাহা সকলে জ্ঞাত হইবে। দেখ, আমি তোমার ও তোমার নদীর প্রতিকূল হইয়া মিগ্‌দোল অবধি সিবেনী অর্থাৎ কূশের সীমা পর্য্যন্ত মিসরদেশকে সর্ব্বতোভাবে নরশূন্য ও অরণ্য করিব। ১১ কোন মনুষ্য তাহার পথদিয়া আর গমন করিবে না, ও কোন পশু সেখান দিয়া যাইবে না; চল্লিশ বৎসর ১২ পর্য্যন্ত সে স্থানে বসতি হইবে না। এবং চল্লিশ বৎসর পর্য্যন্ত তাবৎ নরশূন্য দেশের মধ্যে মিসরকেও নরশূন্য এক দেশ করিব, ও অরণ্যীভূত নগরের মধ্যে তাহার সকল নগর অরণ্যীভূত হইয়া থাকিবে,এবং আমি মিস্রীয়দিগকে তাবৎ জাতির মধ্যে ছিন্নভিন্ন করিব,ও তাবৎ দেশের মধ্যে তাহাদিগকে ছড়াইব।

১৩ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, মিস্রীয় লোকেরা যে২ দেশে ছিন্নভিন্ন হইবে, সেই সকল দেশহইতে চল্লিশ বৎসরের পর আমি তাহাদিগকে সংগ্রহ ১৪ করিব। এবং মিস্রীয় বন্দিদিগকে পুনর্ব্বার আনিব, এবং পথ্রোষ্‌দেশে অর্থাৎ আপনাদের জন্ম ‡ দেশে তাহাদিগকে পুনরাগমন করাইব, তাহাতে তাহাদের ১৫ সেখানে অপকৃষ্ট এক রাজ্য হইবে। তাহা অন্যান্য রাজ্যের মধ্যে অপকৃষ্ট হইবে, এবং তাহারা দেশগণের মধ্যে আর শ্রেষ্ঠ গণিত হইবে না; তাহারা যেন অন্য দেশের উপরে আর শাসন করিতে না পারে, ১৬ এই জন্যে আমি তাহাদিগকে ক্ষুদ্র করিব। এবং ইস্রায়েল বংশ আর কখনো মিসরে আশ্রয় লইবে না, ও তাহার প্রতি অভিমুখ হইবে না; তাহাতে মিসর ইস্রায়েলের দোষজ্ঞাপক আর হইবে না। কিন্তু আমি যে প্রভু পরমেশ্বর, তাহা তাহারা জানিবে।

১৭ অপর সপ্তবিংশতি বৎসরের প্রথম মাসের প্রথম দিনে পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ- ১৮ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, বাবিলের রাজা নিবুখদ্‌নিৎসর সোরের বিরুদ্ধে আপন সৈন্যদিগকে অত্যন্ত পরিশ্রম করাইল; তাহাদের প্রত্যেকের মস্তক টাকপড়া ও প্রত্যেকের স্কন্ধে ঘাঁটাপড়া ছিল; কিন্তু সে ও তাহার সৈন্যগণ সোরের বিরুদ্ধে যে অত্যন্ত পরিশ্রম করিয়াছিল,তাহার উপযুক্ত বেতন পাইল ১৯ না। এই জন্যে প্রভু পরমেশ্বর এই কথা কহেন,দেখ, আমি বাবিলের রাজা নিবুখদ্‌নিৎসরকে মিসরদেশ দিব, তাহাতে সে তাহার লোকসমূহকে বন্দি করিয়া লইয়া যাইবে, এবং তাহার লুটদ্রব্য ও বলেতে অধিকৃত দ্রব্য হরণ করিবে; তাহাতে তাহার সৈন্য ২০ বেতন পাইবে। প্রভু পরমেশ্বর কহেন, আমি তাহার কৃত পরিশ্রমের বেতনস্বরূপ তাহাকে মিসরদেশ দিব; কেননা সে ‖ আমার কার্য্য করিল।

২১ সে দিনে আমি ইস্রায়েল বংশের বল § বৃদ্ধি করাইব, এবং তাহাদের মধ্যে তোমাকে কথা কহিতে দিব; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা তাহারা জানিতে পারিবে।

৩০ অধ্যায়।

১ মিসরের ও তাহার সহায়গণের উচ্ছিন্ন হওনের ভবিষ্যদ্বাক্য ২০ ও মিসরের সৈন্যসামন্ত বিনষ্ট করণার্থে বাবিলের রাজার সৈন্যসামন্তের বৃদ্ধি হওনের ভবিষ্যদ্বাক্য।

১ আর বার পরমেশ্বরের এই কথা আমার নিকটে ২ উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান,তুমি ভবিষ্যদ্বাক্য

[২৯ অধ্য] যিহি ৩০। ৩১। ৩২। যিশ ১৯। যির ৪৩; ৮-১৩। ৪৬॥—[১] যিহি ২৪; ১॥—[৩] প ৯। গী ৭৪; ১৩,১৪। যিশ ৫১; ৯॥—[৪] যূব ৪১; ১,২॥—[৫] গী ৭৪; ১৪॥—[৬,৭] যিশ ৩৬; ৬॥—[৮] যিহি ৩২; ১১-১৩॥—[৯] প ৩॥—[১০] ৩০; ৬॥—[১১] ৩২; ১৩॥—[১২] ৩০; ৭,২৬॥—[১৩,১৪] যির ৪৬; ২৬॥—[১৭] প ১॥—[১৮] যিহি ২৬; ৭-১১। ২৭; ২৬,২৭। যিশ ২৩; ১২॥—[২১] যিহি ২৪; ২৭॥

[৩০ অধ্য] যিহি ২৯। ৩১। ৩২। যিশ ১৯। যির ৪৩; ৮-১৩। ৪৬॥

* (ইব্রী) তুমি। † (ইব্রী) সে। ‡ (ইব্রী) আকর। ‖ (ইব্রী) তাহারা। § (ইব্রী) শৃঙ্গ।

প্রচার করিয়া বল,প্রভু পরমেশ্বর এই কথা কহেন, যে দিনে তোমরা হায়২ করিয়া বিলাপ করিবা, ৩ পরমেশ্বরের সেই দিন নিকটবর্ত্তী; ও সেই মেঘাচ্ছন্ন ৪ দিন অন্যদেশীয়দের কালস্বরূপ হইবে। ও মিসরের উপরে খড়্গ আসিবে; ও কূশদেশে মহাবেদনা হইবে; সেই সময়ে মিসরদেশে লোক হত হইয়া পতিত হইবে, এবং তাহার লোকসমূহ নীত হই- ৫ বে, ও তাহার মূলবস্তু বিনষ্ট হইবে। এবং কূশ ও পূট্ ও লূদ্ ও অরব্ ও কূব্ প্রভৃতি নিয়ম সম্বন্ধি দেশীয় লোকেরা তাহাদের সহিত খড়্গে পতিত ৬ হইবে। এবং পরমেশ্বর এই কথা কহেন, মিসরের সহায় লোকেরা পতিত হইবে, ও পরাক্রমের অহঙ্কার লোপ পাইবে; এবং প্রভু পরমেশ্বর কহেন, মিগ্‌দোল্ অবধি সিবেনী পর্য্যন্ত তন্মধ্যস্থ লোক ৭ খড়্গে পতিত হইবে। এবং অরণ্যীভূত দেশের মধ্যে তাহাও অরণ্য হইবে, এবং উচ্ছিন্ন নগরের মধ্যে ৮ তাহার নগরও উচ্ছিন্ন হইবে। আমি মিসরদেশে অগ্নি দিয়া তাহার তাবৎ উপকারিদিগকে বিনাশ করিলে আমি যে পরমেশ্বর, তাহা সকলে জ্ঞাত ৯ হইবে। এবং সেই দিনে প্রেরিত লোকেরা নিশ্চিন্ত কূশীয়দিগকে ভয় দর্শন করাইতে আমার নিকট-হইতে জাহাজে যাইবে; এবং মিসরের বিনাশদিনে যেমন হইবে, তাহাদের প্রতিও তদ্রূপ মহাবেদনা ১০ হইবে; দেখ, তাহা উপস্থিত আছে। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি বাবিলের রাজা নিবূখদ্‌-নিৎসরের হস্তদ্বারা মিস্রীয় লোকসমূহের অবশেষ ১১ করিব। সে ও দেশীয়দের মধ্যস্থ তাহার ভয়ঙ্কর লোক সকল দেশ উচ্ছিন্ন করিতে আনীত হইবে; তাহাতে তাহারা মিসরের বিরুদ্ধে খড়্গ নিষ্কোষ ১২ করিয়া হত লোকেতে দেশ পরিপূর্ণ করিবে। এবং আমি নদী শুষ্ক করিব ও দুষ্টগণের হস্তে দেশ বিক্রয় করিব, এবং বিদেশিদের হস্তদ্বারা দেশকে ও তন্মধ্যস্থিত তাবৎকে উচ্ছিন্ন করিব; এ কথা আমি ১৩ পরমেশ্বর কহিতেছি। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি প্রতিমাগণকে বিনষ্ট করিব, এবং মোফ্‌হইতে বিগ্রহ সকল দূর করিব; মিসরদেশীয় কোন লোক রাজা হইবে না; আমি মিসরদেশে ১৪ ভয় জন্মাইব। ও পথ্রোষ্‌কে নরশূন্য করিব, ও সো- ১৫ য়নে অগ্নি দিব,ও নো নগরকে দণ্ড দিব। মিসরের বলস্বরূপ সীনের প্রতি আমি ক্রোধ প্রকাশ করিব, ১৬ এবং নোর লোকসমূহকে সংহার করিব। এবং আমি মিসরদেশে অগ্নি দিব, তাহাতে সীন্ নগর মহাবেদনা পাইবে, ও নো ভগ্ন হইবে, ও প্রতি দিন মোফের ক্লেশ হইবে। এবং ওনের ও পীবেষতের ১৭ যুবগণ খড়্গে পড়িবে ও স্ত্রীলোক বন্দি হইয়া অন্য দেশে যাইবে। আমি তফন্‌হেষে যে সময়ে মিস- ১৮ রের যোঁয়ালি ভাঙ্গিব, ও তাহার পরাক্রমের অহঙ্কার খর্ব্ব হইবে; তৎকালে তাহার দিন অন্ধকারময় হইবে, এবং মেঘ তাহাকে আচ্ছন্ন করিবে, ও তাহার কন্যাগণ বন্দি হইয়া অন্যদেশে যাইবে। এই প্রকারে মিসরের দণ্ড করিলে আমি যে পর- ১৯ মেশ্বর, তাহা তাহারা জানিতে পারিবে।

অপর একাদশ বৎসরের প্রথম মাসের সপ্তম ২০ দিনে পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, আমি মিসরদেশের রাজা ২১ ফিরৌণের এক বাহু ভগ্ন করিলাম, এবং দেখ, খড়্গ ধারণার্থে তাহা শক্তিমান করিতে স্বাস্থ্যজনক পটি বাঁধা যাইবে না,এবং দৃঢ় বাড় বদ্ধ হইবে না। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি মিস- ২২ রের রাজা ফিরৌণের প্রতিকূল আছি; তাহার বলবান ও পূর্ব্বভগ্ন এই দুই বাহু ভগ্ন করিয়া তাহার হস্তহইতে খড়্গ পতন করাইব। এবং মিস্রীয়দিগকে ২৩ নানাজাতীয়দের মধ্যে ছিন্নভিন্ন করিব ও নানা দেশে ছড়াইব। কিন্তু আমি বাবিলের রাজার বাহু ২৪ শক্তিমান করিয়া আপন খড়্গ তাহার হস্তে দিব; পরে আমি ফিরৌণের বাহুদ্বয় ভাঙ্গিলে সে তাহার সাক্ষাতে ক্ষত বিক্ষত লোকের ন্যায় গোঙ্গাইবে। আমি বাবিলের রাজার বাহু অবশ্য শক্তিমান ২৫ করিব, ও ফিরৌণ রাজার বাহু ঝুলিয়া পড়িবে; এবং আমি যখন আপন খড়্গ বাবিলের রাজার হস্তে দিব, এবং সে যখন তাহা মিসরের উপরে চালন করিবে, তৎকালে আমি যে পরমেশ্বর, তাহা তাহারা জানিবে। এবং আমি নানা জাতীয়দের ২৬ মধ্যে মিস্রীয়দিগকে ছিন্নভিন্ন করিব ও নানা দেশে ছড়াইব; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা তাহারা জানিবে।

৩১ অধ্যায়।

১ অশূরস্বরূপ এরস্ বৃক্ষের দৃষ্টান্ত ১০ ও অহঙ্কার প্রযুক্ত তাহার ছেদন ও পাতন ১৮ ও ফিরৌণের শেষ অবস্থা।

একাদশ বৎসরের তৃতীয় মাসের প্রথম দিনে পর- ১ মেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি মিসরের রাজা ফিরৌণকে ২ ও তাহার লোকসমূহকে এই কথা বল, তুমি মহত্ত্বে কাহার সদৃশ? দেখ, অশূরীয় রাজা লিবানোনে স্থিত উত্তম শাখাবিশিষ্ট ও ছায়াদায়ক ও অত্যুচ্চ ৩ ও উপরভাগে অনেক ঘনশাখা বিশিষ্ট এক এরস্

[২] যিশ ১৩; ৬॥—[৪] যিহি ২৯; ১৯॥—[৬] ২৯; ১০॥—[৭] ২৯; ১২॥—[৯] যিশ ১৮; ১,২॥—[১০,১১] যিহি ২৮; ৭॥—[১২] যিশ ১৯; ৪-৭॥—[১৩] যির ৪৩; ১৩॥—[১৮] যির ৪৩; ৮-১৩॥—[২১] যির ৩৭; ৫,৭॥ [২৩] প ২৬। যিহি ২৯; ১২॥—[২৬] প ২৩। ২৯; ১২॥

[৩১ অধ্যা] যিহি ২৯। ৩০। ৩২। যিশ ১৯। যির ৪৩; ৮-১৩। ৪৬॥—[২] প ১৮॥—[৩-৯] যিহি ১৯; ১০,১১। দা ৪; ১০-১২॥

৪ বৃক্ষের স্বরূপ ছিল। জলদ্বারা তাহার বৃদ্ধি হইল, এবং রোপণস্থানের চতুর্দ্দিগবাহি স্রোত ও ক্ষেত্রের তাবৎ বৃক্ষের নিকটবাহিনী প্রণালীর গভীর ৫ জলদ্বারা তাহার উন্নতি হইল। অতএব ক্ষেত্রের তাবৎ বৃক্ষ অপেক্ষা সে অত্যুচ্চ হইয়া উঠিল, এবং সমূহজলদ্বারা তাহার শাখা উপশাখা অনেক ৬ ও দীর্ঘ ও বিস্তারিত হইয়া উঠিল। ও তাহার শাখাতে আকাশস্থ পক্ষিগণ বাসা করিল, ও শাখার নীচে তাবৎ বনপশু প্রসব করিল, ও তাহার ছায়াতে অনেক ২ প্রধান দেশীয় লোক বাস করিল। ৭ এই প্রকারে সে আপন মহত্ত্বে ও শাখার দীর্ঘতাতে অতি সুন্দর হইল, কারণ গভীর জলের নি- ৮ কটে তাহার মূল ছিল। ঈশ্বরের উদ্যানস্থ অন্য এরস বৃক্ষ তাহাকে আচ্ছাদন করিতে পারিল না, ও দেবদারু তাহার এক শাখার তুল্য হইল না, ও অর্মোন বৃক্ষ তাহার উপশাখার সদৃশ হইল না; ঈশ্বরের উদ্যানে তাহার সদৃশ কোন বৃক্ষের সৌ- ৯ ন্দর্য্য ছিল না। আমি তাহার সমূহশাখা করিয়া তাহাকে এমত সুন্দর করিলাম, যে ঈশ্বরের উদ্যানস্থ অর্থাৎ এদনস্থিত তাবৎ বৃক্ষ তাহার ঈর্ষ্যা করিল।

১০ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, সে অতি উচ্চে উঠিল, এবং সে উপর ভাগে অনেক ঘনশাখা বিশিষ্ট হইয়া আপন উচ্চতাতে গর্ব্বিতান্তঃকরণ ১১ হইল; অতএব অন্যদেশীয়দের মধ্যে যে জন পরাক্রমী, তাহার হস্তে আমি তাহাকে সমর্পণ করিলাম। সে তাহার সমুচিত দণ্ড দিলে আমি তা- ১২ হার দুষ্টতার জন্যে তাহাকে দূর করিলাম। এবং বিদেশীয় লোকেরা অর্থাৎ অন্যদেশীয়দের ভয়ঙ্কর লোকেরা তাহাকে ছেদন করিল ও ত্যাগ করিল, এবং পর্ব্বতের উপরে ও উপত্যকাতে তাহার শাখা পড়িল, এবং দেশের তাবৎ জোলেতে তাহার উপশাখা ভগ্ন হইল, ও পৃথিবীস্থ তাবৎ লোক তাহার ছায়া পরিত্যাগ করিল ও তাহাকে ছাড়িয়া ১৩ গেল। এখন তাহার উচ্ছিন্ন কাণ্ডে আকাশীয় পক্ষিগণ বাস করে, ও বনপশুগণ তাহার উপশাখাতে ১৪ থাকে। অতএব জলের নিকটস্থ তাবৎ বৃক্ষ আপনাদের উচ্চতা প্রযুক্ত গর্ব্ব না করুক ও এমত শাখা পল্লব বিশিষ্ট না হউক, এবং জলপায়ি কোন বৃক্ষ এমত উচ্চ না হউক। হইলে তাহারা মৃত্যুগ্রস্ত হইয়া গর্ত্তে পতিত মনুষ্যসন্তানদের মধ্যে পৃথিবীর অধঃ- ১৫ স্থানে নিক্ষিপ্ত হইবে। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, সে যে দিনে পরলোকে গমন করিল, সে দিনে আমি হাহাকার করাইলাম; আমি তাহার নিমিত্তে শোক করাইলাম, ও তাহার নদী নিবৃত্ত করিলাম, ও তাহার অগাধ জল নিশ্চল হইল; আমি তাহার নিমিত্তে লিবানোনকে বিলাপ করাইলাম, ও তাহার জন্যে বনের তাবৎ বৃক্ষ ম্লান হইল। আমি গর্ত্তে ১৬ পতিত লোকের সহিত তাহাকে পরলোকে নিক্ষেপ করিলে তাহার পতনের শব্দদ্বারা তাবৎ দেশীয় লোকদিগকে কম্পান্বিত করিলাম, এবং পৃথিবীর অধঃস্থানে স্থিত এদনের তাবৎ বৃক্ষ ও লিবানোনের উত্তম ও শ্রেষ্ঠ অর্থাৎ জলপায়ি যত বৃক্ষ, সকলেই সান্ত্বনা পাইল। এবং অন্যদেশীয়দের মধ্যে যা- ১৭ হারা তাহার ছায়াতে বাস করিয়া তাহার সহকারী ছিল, তাহারাও খড়্গে হত লোকদের নিকটে তাহার সঙ্গে পরলোকে গেল।

১৮ এইরূপে তুমি এদনের বৃক্ষের মধ্যে তেজে ও মহত্ত্বে কাহার তুল্য হইতে পার? তুমিও এদনের বৃক্ষের সহিত পৃথিবীর অধোভাগে আনীত হইবা, এবং অত্বক্‌ছেদিদের মধ্যে খড়্গে হত লোকদের সহিত নিক্ষিপ্ত হইবা; প্রভু পরমেশ্বর এই কথা কহেন, ফিরৌণ ও তাহার তাবৎ লোকের এই গতি হইবে।

৩২ অধ্যায়।

১ মিসরের পতন প্রযুক্ত বিলাপ ১১ ও বাবিলের রাজাদ্বারা মিসরের বিনাশের ভবিষ্যদ্বাক্য ১৭ ও তাহার নরকে অধঃপতন।

১ অপর দ্বাদশ বৎসরের দ্বাদশ মাসের প্রথম দিনে পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত ২ হইল, হে মনুষ্যের সন্তান, তুমি মিসরের রাজা ফিরৌণের বিষয়ে বিলাপ করিয়া তাহাকে এই কথা বল, তুমি অন্যদেশীয়দের মধ্যে এক যুব সিংহস্বরূপ ও সমুদ্রের এক কুম্ভীরস্বরূপ; তুমি নদীতে গমন করিয়া আপন পদে জলাস্ফালন করিয়া তা- ৩ হাকে মলিন করিতেছ। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, এই নিমিত্তে আমি সমূহ সৈন্যসামন্তদ্বারা তোমার উপরে আপন জাল বিস্তার করিব, তাহাতে তাহারা আমার জালদ্বারা তোমাকে তুলি- ৪ বে। তখন আমি তোমাকে ভূমিতে ত্যাগ করিব ও ক্ষেত্রে ফেলিয়া দিব, এবং আমি আকাশীয় পক্ষিগণকে তোমার উপরে বাস করাইব, ও তো- ৫ মাদ্বারা বনপশুগণকে তৃপ্ত করাইব। আমি পর্ব্ব- তের উপরে তোমার মাংস রাখিব, ও তোমার ৬ দীর্ঘতাতে * নিম্নভূমি পরিপূর্ণ করিব। এবং তুমি যে দেশে ভাসিতেছ, সেই দেশের পর্ব্বত পর্য্যন্ত তোমার রক্তে সেচন করিব, ও তাবৎ নদী তোমাদ্বারা

[৮] আ ২; ৮-১০। ১৩; ১০॥—[১০] দা ৫; ২০॥—[১০-১৩] ন ৩॥—[১৪] যিহি ৩২; ১৮॥—[১৬] ৩২; ৩১। যিশ ১৪; ৮-১২॥—[১৮] প ২। যিহি ২৮; ১০। ৩২; ১৯-৩২॥

[৩২ অধ্যা] যিহি ২৯। ৩০। ৩১। যিশ ১৯। যির ৪৩; ৮-১৩। ৪৬॥—[২] যিহি ২৯; ৩॥—[৩-৫] ২৯; ৪,৫। ৩১; ১২,১৩॥

* (বা) ধ্বংসতাতে।

৭ পরিপূর্ণ হইবে। যে সময়ে আমি তোমাকে বিনাশ করিব, তৎকালে আকাশকে আচ্ছন্ন ও নক্ষত্রগণকে অন্ধকারময় করিব, ও মেঘদ্বারা সূর্য্যকে আচ্ছন্ন ৮ করিব, ও চন্দ্র আলো প্রকাশ করিবে না। প্রভু পরমেশ্বর কহেন, আকাশে যত জ্যোতি আছে, তাহা তোমার প্রতি অন্ধকারময় করিব, এবং তো- ৯ মার দেশেতেও অন্ধকার স্থাপন করিব। আমি যে সময়ে তোমার অজ্ঞাত দেশে অন্যজাতিদের মধ্যে তোমার ছিন্নভিন্ন লোককে আনিব, তৎকালে ১০ অনেক লোকের মনে দুঃখ দিব। আমি অবশ্য তোমার বিষয়ে অনেক লোককে বিস্ময়াপন্ন করিব; ও আমি যে সময়ে রাজগণের সাক্ষাতে খড়্গ ভাঁজিব, তৎকালে তাহারা তোমার নিমিত্তে অত্যন্ত ভীত হইবে, ও তোমার পতনের দিনে তাহারা প্রতি জন আপন২ প্রাণের জন্যে নিমিষে২ কম্পান্বিত হইবে।

১১ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, বাবিলের রা- ১২ জার খড়্গ তোমার উপরে আসিবে। আমি পরাক্রমি লোকের অর্থাৎ দেশীয়দের মধ্যে ভয়ঙ্কর লোকদের খড়্গদ্বারা তোমার লোকসমূহের নিপাত করিব; তাহারা মিসরদেশের তাবৎ লোকসমূহের ১৩ বিনাশ করিয়া তাহার অহঙ্কার চূর্ণ করিবে। এবং আমি মহানদীর নিকটে তাহার পশুগণকে বিনষ্ট করিব; তাহাতে মনুষ্যের পদদ্বারা সে আর মলিন হইবে না, ও পশুদের খুরদ্বারা আর মলিন হইবে ১৪ না। প্রভু পরমেশ্বর কহেন, তৎকালে আমি তাহার জল অতিনির্ম্মল করিব, ও তৈলের ন্যায় তাহার নদী ১৫ বহাইব। আমি যখন এইরূপে মিসরদেশ নরশূন্য করিব ও সে যাহাতে পরিপূর্ণ ছিল, তাহাকে সেই দ্রব্যাদিবিহীন করিব, ও তাহার নিবাসি লোকদিগকে প্রহার করিব, তৎকালে আমি যে পরমেশ্বর, ১৬ তাহা তাহারা জ্ঞাত হইবে। এই বিলাপের বিষয়, এবং সকলে মিসরের জন্যে বিলাপ করিবে; অন্যদেশীয়দের কন্যাগণ তাহার বিষয়ে রোদন করিবে; প্রভু পরমেশ্বর কহেন, তাহারা তাহার অর্থাৎ মিসর ও তাহার লোকসমূহের বিষয়ে বিলাপ করিবে।

১৭ দ্বাদশ বৎসরের (দ্বাদশ) মাসের পোনেরো দিনে পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত ১৮ হইল, হে মনুষ্যের সন্তান, মিসরের লোকসমূহের বিষয়ে বিলাপ কর, এবং তাহাদিগকে অর্থাৎ তাহাকে ও তাবৎ যশস্বি দেশীয় কন্যাগণকে গর্ত্তে অধোগামি লোকদের সহিত পৃথিবীর অধঃস্থানে ১৯ নিক্ষেপ কর। তুমি সৌন্দর্য্যে কাহাকে জয় করিতেছ? তুমি যাইয়া অত্বক্ছেদিদের সহিত শয়ন ২০ কর। তাহারা লোক খড়্গে হত লোকদের মধ্যে পড়িবে ও খড়্গে সমর্পিত হইবে; সে ও তাহার ২১ লোকসমূহ অপহৃত হইবে। যে সকল বলবান ও তাহার সহকারী অত্বক্ছেদী লোক খড়্গে হত হইয়া অধোগত হইয়াছিল, তাহারা পরলোকে উঠিয়া তাহার রাজার সহিত কথা কহিবে। ২২ অশূর সেখানে উপস্থিত হইবে, ও তাহার লোকসমূহ খড়্গে হত ও পতিত হইয়া তাহার চতুর্দ্দিগে কবরস্থ ২৩ হইবে। তাহার কবর গর্ত্তের অন্তর্ভাগে হইলে তাহার লোকসমূহ তাহার চতুর্দ্দিগে কবরস্থ হইবে; যদ্যপি জীবৎদশাতে ভয় জন্মাইত, তথাপি সকলে ২৪ খড়্গে হত ও পতিত হইবে। সেখানে এলম্ উপস্থিত হইবে, ও তাহার লোকসমূহ খড়্গে হত ও পতিত ও পৃথিবীর অধঃস্থানগামি অত্বকছেদী হইয়া তাহার চতুর্দ্দিগে কবরস্থ হইবে; যদ্যপি তাহারা জীবৎদশাতে ভয় জন্মাইত, তথাপি গর্ত্তে অধোগামিদের সহিত লজ্জাস্পদ হইবে। ২৫ অত্বক্ছেদি ও খড়্গে হত যে লোকসমূহ তাহার চতুর্দ্দিগে কবরস্থ আছে, তাহাদের সহিত হত লোকদের মধ্যে তাহার শয্যা পাতিত হইবে; যদ্যপি তাহারা জীবৎদশাতে ভয় জন্মাইত, তথাপি গর্ত্তে অধোগামিদের সহিত লজ্জাস্পদ হইবে, এবং সেই হত লোকদের মধ্যে তাহাদের স্থান হইবে। ২৬ সে স্থানে মেশক ও তূবল উপস্থিত হইবে, এবং তাহার লোকসমূহ যদ্যপি জীবৎদশাতে ভয় জন্মাইত, তথাপি সকলে খড়্গে হত ও অত্বক্ছেদী হইয়া তাহার চতুর্দ্দিগে কবরস্থ হইবে। ২৭ অত্বক্ছেদিদের মধ্যে যে পরাক্রমি লোকেরা যুদ্ধাস্ত্রের সহিত গর্ত্তে নামিয়াছে ও আপনাদের খড়্গ কবরে মস্তকের নীচে রাখিয়াছে, তাহাদের সঙ্গে তাহারা কি শয়ন করিবে না? যদ্যপি তাহারা জীবৎদশাতে পরাক্রমিদের মধ্যে ভয় জন্মাইত, তথাপি আপন পাপের দণ্ড ভোগ করিবে। ২৮ তুমি অবশ্য তদ্রূপ অত্বক্ছেদিদের মধ্যে ভগ্ন হইবা ও খড়্গে হত লোকদের মধ্যে নিক্ষিপ্ত ২৯ হইবা। সে স্থানে ইদোম ও তাহার রাজগণ ও তাহার অধ্যক্ষগণ উপস্থিত হইবে; তাহারা পরাক্রমী হইলেও খড়্গে হত লোকদের মধ্যে নিক্ষিপ্ত হইবে, এবং অত্বক্ছেদি ও গর্ত্তে অধোগামিদের সহিত নি- ৩০ ক্ষিপ্ত হইবে। সেস্থানে খড়্গে হতদের সহিত অধোগমনকারী উত্তরদেশীয় সকল রাজা ও সীদোনীয় লোক সকল থাকিবে; তাহারা ভয় ও পরাক্রমের

[৭,৮] যা ১০; ২১-২৩। যিশ ১৩; ১০। যোয় ২; ৩১। ৩; ১৫। আম ৮; ৯। পু ৬; ১২,১৩। ম ২৪; ২৯॥—[৯,১০] যি ২; ৯-১১। যিহি ২৬; ১৬। ২৭; ৩৫॥—[১২] ২৮; ৭। ২৯; ১৯॥—[১৩] ২৯; ১১॥—[১৫] যা ৭; ৫। ১৪; ৪,১৮॥ [১৬] প ২॥—[১৮] প ৩২। যিহি ২৬; ২০। ২৮; ৮,১০। ৩১; ১৪॥—[১৯] ৩১: ২,১৮॥—[২০] ২৯; ৪,৫॥—[২১] যিশ ১৪; ৯,১০॥—[২২,২৩] যিহি ৩১; ১৬। ন ৩; ১৮॥—[২৪,২৫] যির ২৫; ২৫। ৪৯; ৩৪-৩৮॥—[২৬,২৭] যিহি ২৭; ১৩। ৩৮। ৩৯॥—[২৯] যির ২৫; ২১। যিহি ২৫; ১২-১৪॥—[৩০] যির ২৫; ২৩,২৬। যিহি ৩৮। ৩৯॥

সহিত লজ্জিত হইয়া অস্ত্রকচ্ছেদী হইয়া খড়্গে হত লোকদের সহিত নিক্ষিপ্ত হইবে, ও গর্ত্তে অধোগা-
৩১ মিদের মধ্যে লজ্জাস্পদ হইবে। প্রভু পরমেশ্বর কহেন, ফিরৌণ ও তাহার সৈন্যসামন্ত হত হইয়া তাহাদের সহিত সাক্ষাৎ করিয়া আপনার ও আপন
৩২ লোকসমূহের বিষয়ে শান্তিযুক্ত হইবে। কেননা প্রভু পরমেশ্বর কহেন,আমিও জীবিতদের দেশে ভয় জন্মাইব, তাহাতে ফিরৌণ ও তাহার সৈন্যসামন্তগণ খড়্গে হত লোকদের সহিত অস্ত্রকচ্ছেদিদিগের মধ্যে নিক্ষিপ্ত হইবে।

৩৩ অধ্যায়।

১ রক্ষকের দৃষ্টান্ত কথা ৭ ও তাহার তাৎপর্য্য ১০ ও ঈশ্বরের ন্যায়ব্যবস্থা প্রকাশ ২১ ও দুষ্ঠতা প্রযুক্ত লোকদের দেশাধিকার না পাওন ৩০ ও খলদের দণ্ডের কথা।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ-
২ স্থিত হইল,হে মনুষ্যের সন্তান,তুমি আপন লোকের সন্তানদিগকে বল ও তাহাদিগকে এই কথা কহ; আমি কোন দেশের প্রতি খড়্গ আনিলে তদ্দেশীয় লোকেরা যদি আপন সীমাস্থিত কোন লোক-
৩ কে লইয়া আপনাদের রক্ষক করে, এবং খড়্গ দেশের প্রতি আসিতেছে, ইহা দেখিয়া সে যদি
৪ তূরীবাদ্য করিয়া লোকদিগকে সমাচার দেয়; তবে যে কেহ সেই তূরীধ্বনি শুনিলেও সমাচার না মানে, খড়্গ উপস্থিত হইয়া তাহাকে বধ করিলে তাহার
৫ বধাপরাধ তাহার মস্তকে বর্ত্তিবে। সে তূরীধ্বনি শুনিলেও সমাচার মানিল না, এই জন্যে তাহার বধাপরাধ তাহাতে বর্ত্তিবে; সে যদি সমাচার
৬ মানে*, তবে আপন প্রাণ রক্ষা করিবে†। আর রক্ষক আগামি খড়্গ দেখিলেও যদি তূরী না বাজায়, তবে লোকেরা সমাচার না পাইলে খড়্গ আসিয়া কাহাকে বধ করিলে সে আপন পাপে বিনষ্ট হইবে বটে, কিন্তু আমি ঐ রক্ষকের নিকটে তাহার রক্তপাতের পরিশোধ লইব।

৭ হে মনুষ্যের সন্তান, আমি ইস্রায়েল্ বংশের নিমিত্তে তোমাকে তদ্রূপ রক্ষক রাখিলাম; অতএব তুমি আমার প্রমুখাৎ কথা শুনিয়া তাহাদিগকে কহি-
৮ বা। আমি যখন পাপিকে কহি, 'হে পাপি লোক, তুমি অবশ্য মরিবা,' তখন তুমি যদি তাহাকে আপন পথ বিষয়ে চেতনা না দেও,তবে সেই পাপি আপন পাপে মরিবে বটে, কিন্তু আমি তোমার নিকটে
৯ তাহার রক্তপাতের পরিশোধ লইব। আর যদি তুমি পাপিকে আপন পথহইতে ফিরাইতে চেতনা দেও, তবে সে আপন পথহইতে না ফিরিয়া আপন পাপে মরিবে, কিন্তু তুমি আপন প্রাণ রক্ষা করিবা।

১০ অতএব হে মনুষ্যের সন্তান,তুমি ইস্রায়েল্ বংশকে এই কথা বল, 'আমরা যদি আজ্ঞালঙ্ঘন ও পাপরূপ ভার বহন করিয়া ক্ষয়প্রাপ্ত হই, তবে কিরূপে বাঁ-
১১ চিব?' এই কথা তোমরা কেন বল? তাহাদিগকে এই কথা কহ, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যদি অমর হই, তবে পাপির মরণে আমার কিছু সন্তোষ নাই; বরং পাপী আপন পথ ত্যাগ করিয়া বাঁচে, ইহাতেই আমার সন্তুষ্টি আছে; হে ইস্রায়েল্ বংশ, ফির, আপনাদের কুপথহইতে ফির; কেন
১২ মরিবা? অতএব হে মনুষ্যের সন্তান, তুমি আপন লোকের সন্তানদিগকে এই কথা বল, ধার্ম্মিক লোক যে দিনে আজ্ঞালঙ্ঘন করে, সেই দিন অবধি সে আপন পূর্ব্বধর্ম্মদ্বারা রক্ষা পাইবে না; এবং পাপি লোক যে দিনে আপন পাপহইতে পরাঙ্মুখ হয়, তদবধি সে আপন পূর্ব্বপাপদ্বারা বিনষ্ট হইবে না; আর ধার্ম্মিক লোক যে দিনে পাপ করে, তদবধি সে
১৩ আপন পূর্ব্বধর্ম্মদ্বারা রক্ষা পাইবে না। 'তুমি অবশ্য রক্ষা পাইবা,' আমি ধার্ম্মিককে এই কথা কহিলে সে যদি আপন ধর্ম্মের উপরে নির্ভর দিয়া অধর্ম্ম করে, তবে তাহার কোন ধর্ম্ম স্মরণে থাকিবে না,
১৪ কিন্তু সে আপন কৃত পাপদ্বারা মরিবে। আর 'তুমি অবশ্য মরিবা,' এই কথা পাপিকে কহিলে সে যদি আপন পাপহইতে ফিরিয়া ন্যায় ও প্রকৃত কর্ম্ম
১৫ করে, ফলতঃ পাপী যদি বন্ধকীয় দ্রব্য ফিরাইয়া দেয়, ও যাহা বলেতে লইয়াছে তাহা ফিরাইয়া দেয়, ও পাপ না করিয়া জীবনদায়ক বিধি পালন করে;
১৬ তবে সে অবশ্য বাঁচিবে, মরিবে না, এবং তাহার বিরুদ্ধে তাহার কৃত কোন পাপ স্মরণে থাকিবে না; সে প্রকৃত ও ন্যায় কর্ম্ম করিয়া অবশ্য বাঁচিবে।
১৭ আর তোমার লোকের সন্তানেরা কহে, 'প্রভুর পথ সরল নয়;' কিন্তু তাহাদেরই পথ সরল নয়।
১৮ ধার্ম্মিক আপন ধর্ম্মহইতে ফিরিয়া অধর্ম্ম করাতে
১৯ অবশ্য মরিবে। কিন্তু পাপী যদি পাপহইতে ফিরিয়া ন্যায় ও প্রকৃত কর্ম্ম করে, তবে তদ্দ্বারা সে অব-
২০ শ্য বাঁচিবে। তথাপি তোমরা বল,'প্রভুর পথ সরল নয়;' হে ইস্রায়েল্ বংশ, আমি তোমাদের প্রত্যেকের আচারানুসারে তোমাদের বিচার করিব।

২১ আমাদের অন্যদেশে বন্দি হওনের দ্বাদশ বৎসরের দশম মাসের পঞ্চম দিনে কোন এক জন যিরূশালমহইতে পলাইয়া আমার কাছে আসিয়া

---

[৩১] যিহি ৩১; ১৬ ॥—[৩২] প ৭-১০ ॥

[৩৩ অধ্যা; ১-২০] যিহি ৩; ১৭-২১। ১৮॥—[১০] লে ২৬; ৩৯॥—[১১] যিহি ১৮; ২৩,৩০-৩২॥—[১২] প ১৮,১৯। ১৮; ২০-২৪॥—[১৩] ১৮; ২৬॥—[১৪-১৬] ১৮; ২৭,২৮॥—[১৭] প ২০। ১৮; ২৫,২৯॥—[১৮,১৯] প ১২॥ [২০] প ১৭। ১৮; ২৯,৩০॥—[২১] ১; ২॥—[২১,২২] ২৪; ২৫-২৭॥

* (বা) মানিত। † (বা) করিত।

২২ 'নগর উচ্ছিন্ন হইয়াছে,' এই সমাচার দিল। সেই পলায়িত ব্যক্তির আগমনের পূর্ব্বে সায়ংকালে পরমেশ্বর আমাতে আবির্ভূত ছিলেন, এবং প্রাতঃকালে তাহার আগমন পর্য্যন্ত আমার মুখ খুলিলেন; আমার মুখ খুলিলে আমি আর বোবা ২৩ থাকিলাম না। তখন পরমেশ্বরের এই কথা আমার ২৪ নিকটে উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, যাহারা ইস্রায়েল্ দেশের উচ্ছিন্ন স্থানে বাস করে, তাহারা এই কথা কহে, ইব্রাহীম এক জন ছিল, তথাপি সে দেশাধিকার পাইয়াছিল; কিন্তু আমরা অনেক, অতএব দেশের অধিকার আমাদিগকে দত্ত হইবে। ২৫ তাহাদিগকে বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমরা রক্তশুদ্ধ মাংস ভোজন করিয়া থাক, ও প্রতিমাগণের কাছে দৃষ্টিপাত করিয়া থাক, ও রক্তপাত করিয়া থাক; তোমরা কি দেশাধিকার পাই- ২৬ বা? এবং তোমরা আপন২ খড়্গে নির্ভর দিয়া থাক, ও তোমাদের স্ত্রীলোক ঘৃণিত কর্ম্ম করিয়া থাকে, ও প্রত্যেক জন আপন২ প্রতিবাসিনীকে অশুচি ২৭ করিয়া থাক; তোমরা কি দেশাধিকার পাইবা? তাহাদিগকে বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যদি অমর হই, তবে যাহারা উচ্ছিন্ন স্থানে আছে, তাহারা খড়্গে পড়িবে; এবং আমি ক্ষেত্রস্থিত লোকদিগকে ভোজন করাইতে পশুদিগকে দিব; এবং যাহারা দুর্গে ও গুহাতে থাকে, তাহারা ২৮ মহামারীতে মরিবে। আমি দেশকে সর্ব্বতোভাবে নরশূন্য ও অরণ্য করিলে তাহার পরাক্রমের অহঙ্কার লোপ পাইবে, এবং ইস্রায়েলের পর্ব্বত এমত অরণ্য হইবে, যে তাহাদিয়া কেহ গমনাগমন করি- ২৯ বে না। এই রূপে আমি তাহাদের কৃত ঘৃণার্হ ক্রিয়ার জন্যে দেশকে নরশূন্য ও অরণ্য করিলে, আমি যে পরমেশ্বর, তাহা তাহারা জ্ঞাত হইবে।

৩০ হে মনুষ্যের সন্তান, তোমার লোকের সন্তানগণ ভিত্তির নিকটে ও গৃহের দ্বারে থাকিয়া তোমার বিষয়ে পরস্পর কথা কহিয়া প্রত্যেক জন আপন২ প্রতিবাসিকে কহে, এখন আসিয়া পরমেশ্বরহইতে ৩১ আগত বাক্য শুন। অন্য লোকেরা যেমন তোমার নিকটে আইসে, তদ্রূপ ইহারাও আইসে, ও আমার লোকদের ন্যায় তোমার সম্মুখে বৈসে; এবং তোমার কথা শুনে বটে, কিন্তু তাহা পালন করে না; তাহারা মুখে অনেক মিষ্ট কথা কহে*, কিন্তু তাহা- ৩২ দের মন লোভেতে আকৃষ্ট হয়। দেখ, যে জনের উত্তম স্বর ও উত্তমরূপে যন্ত্র বাজাইবার ক্ষমতা আছে, তাহার মিষ্ট গানস্বরূপ তুমি; তাহারা তোমার ৩৩ কথা শুনিয়া পালন করে না। কিন্তু যে কথা শীঘ্র সিদ্ধ হইবে, তাহা সিদ্ধ হইলে তাহাদের মধ্যে এক ভবিষ্যদ্বক্তা হইয়াছিল, ইহা তাহারা জ্ঞাত হইবে।

৩৪ অধ্যায়।

১ মেষপালকের প্রতি অনুযোগ ৭ ও তাহাদের প্রতি ঈশ্বরের দণ্ড ১১ ও ঈশ্বরের আপন পাল আপনি রক্ষা করণ ১৭ ও তাহার বিচার করণ ২০ ও খ্রীষ্টদ্বারা প্রতিপালন বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ- ২ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি ইস্রায়েল বংশের পালকদের বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য প্রচার করিয়া সেই পালকদিগকে বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, ইস্রায়েলের যে পালকগণ আপনাদের প্রতিপালন করে, তাহাদের সন্তাপ হইবে; পালকদের কি পালের প্রতিপালন উপযুক্ত কর্ম্ম ৩ নয়? তোমরা পালের মেষ ভোজন কর, ও তাহার লোমজাত বস্ত্র পরিধান কর, ও পুষ্ট পশুদিগকে ৪ বধ কর, কিন্তু পালের প্রতিপালন কর না। তোমরা দুর্ব্বলকে বলবান ও অসুস্থকে সুস্থ কর না, ও ভগ্নকে বদ্ধ কর না, ও দূরীকৃত মেষকে পুনর্ব্বার আন না, ও হারাণকে অন্বেষণ কর না, কিন্তু বলাৎকারে ও দৌরাত্ম্যে তাহাদিগকে শাসন ৫ করিয়া থাক। এই জন্যে তাহারা পালক বিহীন হইয়া ছিন্নভিন্ন হয়, ও ছিন্নভিন্ন হইলে বনপশুর ৬ খাদ্য হয়। আমার মেষগণ তাবৎ পর্ব্বত ও উচ্চপর্ব্বত দিয়া সর্ব্বত্র ভ্রমণ করে; আমার পাল দেশের সর্ব্বত্র ছিন্নভিন্ন হয়; তাহার অন্বেষণ ও অনুসন্ধান কেহ করে না।

৭ হে পালকগণ, পরমেশ্বরের কথা শুন; প্রভু পর- ৮ মেশ্বর এই কথা কহেন, আমার পাল রক্ষকবিহীন হইয়া লুটদ্রব্য ও বনপশুদের ভক্ষ্যস্বরূপ হয়, ও আমার পালকেরা আমার পাল অন্বেষণ না করিয়া আপনাদিগকে প্রতিপালন করে ও আমার পাল ৯ চরায় না। অতএব হে পালকগণ, পরমেশ্বরের এই ১০ কথা শুন। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি যদি অমর হই, তবে পালকদের বিপক্ষ হইব; আমি তাহাদের নিকটে আপন মেষগণের পরিশোধ লইব, ও তাহাদিগকে পালের প্রতিপালন কর্ম্মহইতে চ্যুত করিব, তাহাতে পালকেরা আর আপনাদের প্রতিপালন করিবে না, আমি তাহাদের মুখহইতে আপন মেষ উদ্ধার করিব, তাহাতে তাহারা আর তাহাদের ভক্ষ্যস্বরূপ হইবে না।

১১ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি আপনি আপন মেষের অন্বেষণ করিয়া তাহাদের ১২ উদ্দেশ করিব। পালক ছিন্নভিন্ন মেষের মধ্যস্থিত

[২৩-২৯] যির ২৪; ৮-১০। ২৯; ১৬-১৯। ৫২; ৩০॥—[৩০-৩২] যিশ ২৯; ১৩। ৪৮; ১,২॥
[৩৪ অধ্যা] যির ২৩; ১-৬। সিখ ১১॥—[৫,৬] মথ ৯; ৩৬॥—[১১-১৬] যির ২৩; ৩,৪॥

* (বা) আপন দৃষ্টিতে তুষ্টিজনক কর্ম্ম করে।

হইয়া যেমন আপন মেষের উদ্দেশ পায়, তদ্রূপ আমি আপন মেষের উদ্দেশ পাইব, এবং মেষগণ অন্ধকারময় ও মেঘাচ্ছন্ন দিনে যে ২ স্থানে ছিন্নভিন্ন হইল, সে সকল স্থানহইতে তাহাদিগকে উদ্ধার ১৩ করিব। এবং লোকদের মধ্যহইতে তাহাদিগকে বহির্গত করিয়া দেশীয়দের মধ্যহইতে তাহাদিগকে সংগ্রহ করিয়া স্বদেশে আনিব, এবং ইস্রায়েল্ পর্ব্বতের উপরে ও নদীর নিকটে ও দেশের সকল ১৪ বাসস্থানে তাহাদিগকে চরাইব। আমি তাহাদিগকে উত্তম স্থানে চরাইব; ইস্রায়েলের উচ্চপর্ব্বতের উপরে তাহাদের খোঁয়াড় হইবে; তাহারা সেই উত্তম খোঁয়াড়ে শয়ন করিবে, এবং ইস্রায়েলের ১৫ পর্ব্বতের উপরে উর্ব্বরা ভূমিতে চরিবে। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি আপনি আপন পাল ১৬ চরাইব ও শয়ন করাইব। এবং হারাণ মেষের অন্বেষণ করিব, ও ছিন্নভিন্নদিগকে পুনর্ব্বার আনিব, ও তাহাদের ভগ্নাঙ্গে বাড় বাঁধিব, ও পীড়িতদিগকে সুস্থ করিব, এবং হৃষ্টপুষ্ট ও বলবানদিগকে বিনষ্ট করিব; আমি সদ্বিচার করিয়া তাহাদিগকে ১৭ চরাইব। হে আমার পাল, তোমাদের বিষয়ে প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি পশুদের অর্থাৎ ১৮ মেষ ও ছাগদের বিষয়ে বিচার করিব। তোমরা যে উত্তম তৃণ ভোজন কর ও নির্ম্মল জল পান কর, ইহা কি ক্ষুদ্র বিষয়? তোমরা কি অবশিষ্ট তৃণকে চরণে দলিবা, ও অবশিষ্ট জলকে চরণে ঘোলাইবা? ১৯ কেননা তোমরা যাহা চরণে দলিয়াছ, তাহা আমার পালেরা খায়; ও তোমরা যাহা চরণদ্বারা ঘোলাইয়াছ, তাহা তাহারা পান করে।

২০ অতএব প্রভু পরমেশ্বর তাহাদের বিষয়ে এই কথা কহেন, আমি আপনি স্থূল ও কৃশ পশুদের বিষয়ে ২১ বিচার করিব। তোমরা কটিদেশ ও স্কন্ধদ্বারা পীড়িতদিগকে ঠেলিয়া তাহাদিগকে শৃঙ্গাঘাত করিয়া বহি- ২২ স্থানে ছিন্নভিন্ন কর। কিন্তু আমি আপন পালকে রক্ষা করিলে তাহারা আরবার লুটিত হইবে না, ২৩ আমি সকল পশুদের বিষয়ে বিচার করিব। এবং তাহাদের রক্ষা করণার্থে তাহাদের উপরে এক জন পালককে অর্থাৎ আমার দাস দায়ূদকে নিযুক্ত করিব; তাহাতে তিনি তাহাদিগকে চরাইয়া তাহা- ২৪ দের পালক হইবেন। এবং আমি তাহাদের প্রভু পরমেশ্বর হইব, ও আমার দাস দায়ূদ তাহাদের মধ্যস্থ অধ্যক্ষ হইবেন; আমি পরমেশ্বর এই কথা ২৫ কহিতেছি। আমি তাহাদের সহিত মঙ্গলের এক নিয়ম করিব, ও সে দেশহইতে হিংস্রুক পশুগণকে দূর করিব; তাহাতে তাহারা অরণ্যে নিরাপদে বাস করিবে, ও বনে শয়ন করিবে। ২৬ এবং তাহাদিগকে ও আমার পর্ব্বতের চতুর্দ্দিকস্থিত স্থানকে আশীর্ব্বাদ করিয়া উচিত কালে বৃষ্টি দিব, তাহাতে আশীর্ব্বাদরূপ বৃষ্টি হইবে। ২৭ এবং ক্ষেত্রের বৃক্ষ সকল ফলবান হইবে, ও পৃথিবী শস্যশালিনী হইবে; তাহাতে লোকেরা আপন ২ দেশে নিরাপদে থাকিবে। আমি তাহাদের যোঁয়ালির খিল ভগ্ন করিয়া যাহারা তাহাদিগকে দাসের কর্ম্ম করাইল, তাহাদের হস্তহইতে তাহাদিগকে উদ্ধার করিব; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা তাহারা জ্ঞাত হইবে। ২৮ অন্যদেশীয় লোকদের দ্বারা তাহারা আর লুটিত হইবে না, এবং বনপশুগণ তাহাদিগকে গ্রাস করিতে পারিবে না; তাহারা নির্ব্বিঘ্নে বাস করিবে, কেহ তাহাদিগকে ভয় দেখাইবে না। ২৯ আমি তাহাদের নিমিত্তে এক যশস্বী বৃক্ষ উৎপন্ন করিব; তাহাতে তাহারা দেশের মধ্যে আর ক্ষুধাতে ক্লিষ্ট * হইবে না, ও অন্যদেশীয়দের কাছে অপমানগ্রস্ত হইবে না। ৩০ প্রভু পরমেশ্বর কহেন, এই সকল কর্ম্মদ্বারা তাহাদের প্রভু পরমেশ্বর যে আমি, আমি তাহাদের সঙ্গে ২ থাকি, ও তাহারা আমার ইস্রায়েল্ লোক, ইহা জ্ঞাত হইবে। ৩১ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমার পাল অর্থাৎ আমার গোষ্ঠস্থিত পাল যে তোমরা, তোমরাই মনুষ্য, এবং আমি তোমাদের ঈশ্বর।

৩৫ অধ্যায়।

১ ইস্রায়েলের প্রতি জাতক্রোধ প্রযুক্ত ইদোম্ দেশের দণ্ডের ভবিষ্যদ্বাক্য।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ- ২ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি সেয়ীর্ পর্ব্বতের দিগে অভিমুখ হইয়া তাহার বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য কহিয়া বল, ৩ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে সেয়ীর পর্ব্বত, দেখ, আমি তোমার বিপক্ষ হইয়া তোমার বিরুদ্ধে হস্ত বিস্তার করিয়া তোমাকে অবশ্য অরণ্য ও নরশূন্য করিব, ৪ ও তোমার তাবৎ নগর উচ্ছিন্ন করিব; তুমি অরণ্যময় হইলে আমি যে পরমেশ্বর তাহা জানিবা। ৫ তোমার জাতক্রোধ হওয়াতে তুমি ইস্রায়েলের বিপদকালে, অর্থাৎ তাহার পাপ সম্পূর্ণ হওন সময়ে খড়্গের বলেতে † তাহার সন্তানদিগের রক্তপাত ‡ করিয়াছ। ৬ অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যদি অমর হই, তবে

[২৩,২৪] যির ২৩; ৫। ৩০; ৯। যো ১০; ১০-১৮,২৭-৩০। ইব্রি ১৩; ২০। যিহি ৩৭; ২৪,২৫।।—[২৫] যিহি ৩৭; ২৬। যির ২৩; ৪,৬। গী ২৩।।—[২৬-২৮] যিহি ৩৬; ৮-১৫। গী ৬৭; ৬।।—[২৮] প ৮,২৫।।—[২৯] যির ২৩; ৫।।—[৩০] যিহি ৩৭; ২৭।।—[৩১] গী ৯৫; ৭। ১০০; ৩।।

[৩৫ অধ্যা] যিশ ৩৪। ৬৩; ১। যির ৪৯; ৭-২২। আম ১; ১১,১২। ওব। যিহি ২৫; ১২-১৪।।—[৫] প্র ১৬; ৬।।

* (ইব্রি) অপহৃত। † (ইব্রি) হস্তে। ‡ (বা) নিক্ষেপ।

আমিও তোমার সহিত রক্তপাত ব্যবহার করিব, এবং রক্তপাত তোমার পশ্চাদ্ ধাবমান হইবে; তুমি রক্তপাত করিতে বিমুখ হও নাই, এই জন্যে রক্ত- ৭ পাত তোমার পশ্চাদ্ ধাবমান হইবে। এই রূপে আমি সেয়ীর পর্ব্বতকে অরণ্য ও নরশূন্য করিব, এবং গমনাগমনকারি লোকদিগকে তাহার মধ্যে ৮ বিনষ্ট করিব, ও হত লোকেতে তাহার তাবৎ পর্ব্বত পরিপূর্ণ করিব, এবং লোকেরা খড়্গে হত হইয়া তোমার তাবৎ পর্ব্বতে ও উপত্যকাতে ও তাবৎ ৯ প্রণালীতে* পড়িয়া থাকিবে। আমি তোমাকে চির-কাল অরণ্য করিয়া রাখিব, তোমার নগরে কখনো বসতি হইবে না; তাহাতে আমি যে পরমেশ্বর তাহা ১০ জ্ঞাত হইবা। সেস্থানে পরমেশ্বর থাকিলেও 'এই দুই দেশ ও এই দুই দেশীয় লোক আমার; আমরা তাহাদের অধিকার করিব,' এই কথা কহিয়াছ। ১১ অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যদি অমর হই, তবে তুমি যেমন ঘৃণা প্রযুক্ত তাহাদের প্রতি ক্রোধ ও মাৎসর্য্য করিলা, তদনুসারে আমি তোমার প্রতি ব্যবহার করিব, এবং তোমার বিচার ১২ করিয়া তাহাদের নিকটে আপনাকে জানাইব। আর 'ইস্রায়েলের পর্ব্বত অরণ্য হইয়াছে, ও বিনষ্ট হইবার জন্যে তাহা আমাদিগকে দত্ত হইয়াছে,' এই কথা কহিয়া তুমি সেই পর্ব্বতগণকে যে নিন্দা করিয়াছ, তাহা আমি পরমেশ্বর শুনিলাম, ইহা তুমি জা- ১৩ নিবা। তোমরা আমার বিরুদ্ধে আপন মুখে যে আত্মশ্লাঘা করিয়াছ, ও আমার বিপরীতে যে অনেক ১৪ কথা কহিয়াছ, তাহা আমি শুনিলাম। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, যে সময়ে তাবৎ পৃথিবী আনন্দযুক্তা হইবে, তৎকালে আমি তোমাকে অরণ্যময় ১৫ করিব। তুমি অরণ্যতা প্রযুক্ত যেমন ইস্রায়েল বংশের অধিকার বিষয়ে আনন্দ করিলা, আমি তোমার প্রতি তদ্রূপ ব্যবহার করিব; হে সেয়ীর পর্ব্বত, তুমি ও ইদোমের তাবৎ দেশ অরণ্যময় হইবা, তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা জানিতে পারিবা।

৩৬ অধ্যায়।

১ ইস্রায়েল্ দেশের সান্ত্বনা করণ ৮ ও পরমেশ্বরের আশীর্ব্বাদের প্রতিজ্ঞার কথা ১৬ ও পাপপ্রযুক্ত ইস্রায়েলের দণ্ড ২১ ও বিনামূল্যে তাহার রক্ষা ২৬ ও খ্রীষ্টের রাজ্যের মঙ্গলের ভবিষ্যদ্বাক্য।

১ হে মনুষ্যের সন্তান, তুমি ইস্রায়েলের পর্ব্বতের প্রতি ভবিষ্যদ্বাক্য প্রচার করিয়া বল, হে ইস্রায়েলের ২ পর্ব্বতগণ, তোমরা পরমেশ্বরের কথা শুন। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, শত্রুলোক তোমাদের বিরুদ্ধে কহে, 'হিহি, এই প্রাচীন উচ্চপর্ব্বত এখন আমাদের অধিকার হইল।' ৩ অতএব তুমি ভবিষ্যদ্বাক্য প্রচার করিয়া বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমরা যেন অন্যদেশীয় অবশিষ্ট লোকদের অধিকার হও, এই জন্যে তাহারা তোমাদিগকে অরণ্য করিতেছে, ও তোমাদিগকে সর্ব্বতোভাবে গ্রাস করিতেছে; ও তোমরা বাচাল লোকদের নিন্দাস্পদ ও লোকদের অপমানস্বরূপ হইতেছ। ৪ অতএব হে ইস্রায়েলের পর্ব্বতগণ, তোমরা প্রভু পরমেশ্বরের কথা শুন; প্রভু পরমেশ্বর পর্ব্বতগণকে ও উপপর্ব্বতগণকে ও প্রণালীগণকে এবং উপত্যকা ও উচ্ছিন্ন ও নরশূন্য স্থানকে এবং চতুর্দ্দিকস্থিত অন্যদেশীয় অবশিষ্ট লোকদের লুট ও নিন্দাস্পদ যে২ ত্যক্ত নগর, তাহাদিগকে ৫ কহেন; প্রভু পরমেশ্বর এই কথা কহেন, যাহারা অন্তঃকরণের দ্বেষে ও তাবৎ মনের আনন্দে আপন অধিকারার্থে লুটিত দ্রব্য হরণ করিতে আমার দেশ গ্রহণ করিয়াছে, সেই অন্যদেশীয় অবশিষ্ট লোক ও ইদোমের তাবৎ লোকদের বিরুদ্ধে আমি মনের ক্রোধাগ্নিতে আজ্ঞা দিব। ৬ অতএব ইস্রায়েল দেশের বিষয়ে ভবিষ্যদ্বাক্য প্রচার করিয়া পর্ব্বত ও উপপর্ব্বত ও প্রণালী ও উপত্যকাকে এই কথা বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, তোমরা অন্যদেশীয়দের কাছে অপমান ভোগ করিতেছ, এই নিমিত্তে আমি আপন ক্রোধে ও কোপেতে আজ্ঞা ৭ দিব। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমাদের চতুর্দ্দিকস্থিত অন্যদেশীয় লোকেরা অবশ্য অপমানগ্রস্ত হইবে, আমি এই শপথ করিলাম †।

৮ হে ইস্রায়েলের পর্ব্বতগণ, তোমরা আপনাদের শাখা বৃদ্ধি করিয়া আমার ইস্রায়েল্ লোকদিগকে আপনাদের ফল দিবা, কেননা তাহারা শীঘ্র উপস্থিত ৯ হইবে। দেখ, আমি তোমাদের প্রতি অনুকূল হইয়া তোমাদের প্রতি ফিরিব, তাহাতে তোমরা চাসিত ও ১০ উপ্ত হইবা। আমি তোমাদের উপরে মনুষ্যদিগকে অর্থাৎ ইস্রায়েলের তাবৎ বংশকে বৃদ্ধি করিব, তাহাতে তাবৎ নগর বসতিতে পরিপূর্ণ হইবে, ও ১১ উচ্ছিন্ন স্থান পুনর্নির্ম্মিত হইবে। এবং আমি তোমাদের উপরে মনুষ্য ও পশু বৃদ্ধি করিব, তাহারা বর্দ্ধিত হইয়া বহুবংশ হইবে, এবং আমি তোমাদিগকে পূর্ব্বকালের ন্যায় নিবাসস্থান করিব, এবং তোমাদের পূর্ব্বাবস্থা অপেক্ষা এখন উত্তম অবস্থা করিব; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা জানিতে ১২ পারিবা। আমি তোমাদের উপরে মনুষ্যদিগকে অর্থাৎ আমার ইস্রায়েল্ লোকদিগকে গতায়াত করাইব; তাহারা তোমাদিগকে অধিকার করিবে, এবং তোমরা তাহাদের অধিকার হইবা, আর কখনো

[১০] যিহি ৩৩; ২,৫।।

[৩৬ অধ্যা; ২] যিহি ৩৫; ১০,১২।।—[৫] প ২।।—[৮-১২] যিশ ৫৮; ১২। ৬১; ৪। ৬৫; ১২-২৫। যির ৩১; ২৭। ৩৩; ১২,১৩।।

* (বা) নদীতে। † (ইব্রী) হস্ত উঠাইলাম।

১৩ তাহাদিগকে নরশূন্য করিবা না। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে দেশ, 'তুমি মনুষ্যদিগকে গ্রাস করিতেছ ও আপন জাতিদিগকে ক্ষয় করিতেছ,' লোকেরা ১৪ তোমার বিষয়ে এই কথা কহে। অতএব প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তুমি আর কখনো মনুষ্যদিগকে গ্রাস করিবা না, ও আপন জাতিদিগকে ক্ষয় * করি- ১৫ বা না। প্রভু পরমেশ্বর কহেন, আমি তোমার মধ্যে অন্যদেশীয়দের কৃত অপমান আর শুনাইব না, ও তুমি লোকদের কাছে আর নিন্দা ভোগ করিবা না, ও আপন জাতিদিগকে আর ক্ষয় করিবা না।

১৬ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে ১৭ উপস্থিত হইল, হে মনুষ্যের সন্তান, যে সময়ে ইস্রায়েল বংশ আপন দেশে বাস করিল, তখন তাহারা আপন২ আচার ও ক্রিয়াদ্বারা তাহা অপবিত্র করিল; তাহাদের আচরণ আমার গোচরে ঋতুমতী ১৮ স্ত্রীর অশুচিতার ন্যায় ছিল। তাহারা দেশে রক্তপাত করিল ও প্রতিমাগণদ্বারা তাহা অশুচি করিল, এই নিমিত্তে আমি তাহাদের বিরুদ্ধে আপনার ক্রোধ ১৯ প্রকাশ করিয়া তাহাদিগকে অন্যজাতিদের মধ্যে ছিন্নভিন্ন করিলাম; ও তাহারা অন্যদেশের সর্ব্বত্র ছড়ান গিয়াছে; আমি তাহাদের আচার ও ক্রিয়া- ২০ নুসারে বিচার করিলাম। তাহারা গিয়া যে দেশীয় লোকদের মধ্যে প্রবেশ করিল, তাহাদের মধ্যে আমার পবিত্র নাম অপবিত্র করিল, কেননা সেই লোকেরা তাহাদের বিষয়ে কহিল, দেখ, ইহারা পরমেশ্বরের দেশহইতে নির্গত তাঁহার লোক।

২১ ইস্রায়েল বংশ অন্যদেশীয়দের মধ্যে যাইয়া আমার যে পবিত্র নাম অপবিত্র করিয়াছে, সেই ২২ নামের জন্যে আমার মনোদুঃখ হইল †। ইস্রায়েল বংশকে এই কথা কহ, হে ইস্রায়েল বংশ, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি তোমাদের নিমিত্তে ইহা করিব তাহা নয়; কিন্তু তোমরা অন্যদেশীয়দের মধ্যে যাইয়া আমার যে পবিত্র নাম অপবিত্র ২৩ করিয়াছ, সেই নামার্থে কর্ম্ম করিব। তোমরা অন্যদেশীয়দের মধ্যে আমার যে মহানাম অপবিত্র করিয়াছ, তাহা আমি পবিত্র করিব; প্রভু পরমেশ্বর কহেন, আমি তোমাদের দ্বারা অন্যদেশীয়দের গোচরে পবিত্রীকৃত হইলে আমি যে পরমেশ্বর, তাহা ২৪ তাহারা জানিবে। এবং আমি অন্যজাতিদের মধ্যহইতে তোমাদিগকে সংগ্রহ করিব, ও তাবৎ দেশের মধ্যহইতে তোমাদিগকে একত্র করিয়া তোমাদের নিজ দেশে আনিব।

২৫ তখন তোমাদের উপরে নির্ম্মল জল ছিটাইয়া দিব, তাহাতে তোমরা নির্ম্মল হইবা; আমি তোমাদের তাবৎ মল ও প্রতিমাহইতে তোমাদিগকে পরিষ্কৃত ২৬ করিব। এবং তোমাদিগকে এক নূতন অন্তঃকরণ দিব, ও তোমাদের অন্তরে এক নূতন আত্মা স্থাপন করিব, ও তোমাদের মাংসের মধ্যহইতে প্রস্তরময় অন্তঃকরণ লইয়া মাংসময় অন্তঃকরণ দিব। ও ২৭ তোমাদের অন্তরে আপন আত্মাকে স্থাপন করিব ও তোমাদিগকে আপন ব্যবস্থাপথে চালাইব; তোমরা ২৮ আমার আজ্ঞা মানিয়া তাহা পালন করিবা। এবং আমি তোমাদের পূর্ব্বপুরুষদিগকে যে দেশ দিয়াছি, তাহাতে তোমরা বাস করিয়া আমার লোক হইবা, ২৯ ও আমি তোমাদের ঈশ্বর হইব। আমি তোমাদিগকে তাবৎ অশুচিতাহইতে পরিত্রাণ করিব, ও শস্যকে আজ্ঞা দিয়া তাহার বৃদ্ধি করিব; আমি তোমাদের ৩০ প্রতি দুর্ভিক্ষ আনিব না। বরং বৃক্ষের ফল ও ক্ষেত্রের শস্য প্রচুর করিব; তোমরা অন্যদেশীয়দের মধ্যে ৩১ দুর্ভিক্ষেতে অপমানগ্রস্ত হইবা না। এবং তোমরা আপনাদের কদাচার ও অসৎক্রিয়া স্মরণ করিবা, ও আপনাদের পাপ ও ঘৃণার্হ ক্রিয়ার নিমিত্তে আপনা- ৩২ দিগকে হেয়জ্ঞান করিবা। প্রভু পরমেশ্বর কহেন, হে ইস্রায়েল বংশ; আমি তোমাদের গুণে ইহা করি না, তাহা জ্ঞাত হও; তোমরা আপনাদের কদাচারের ৩৩ জন্যে লজ্জিত ও বিবর্ণ হও। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যে দিনে তোমাদের তাবৎ পাপ মার্জ্জনা করিব ও তোমাদের নগরে বসতি করাইব, তখন ৩৪ তোমাদের উচ্ছিন্ন স্থান পুনর্নির্ম্মিত হইবে; এবং যে দেশ তাবৎ পথিকদের দৃষ্টিতে অরণ্যরূপ ছিল, সে ৩৫ অরণ্যময় দেশ চাসিত হইবে; তাহাতে লোকেরা কহিবে, এই যে দেশ উচ্ছিন্ন ছিল, তাহা এখন এদনের উদ্যানের তুল্য হইতেছে। ও তাহার নরশূন্য ও অরণ্য ও বিনষ্ট নগর প্রাচীরে বেষ্টিত ও বসতি ৩৬ বিশিষ্ট হইতেছে। তখন আমি ভগ্ন স্থান গাঁথি ও উচ্ছিন্ন দেশে বৃক্ষ রোপণ করি, ইহা তোমাদের চতুর্দ্দিকস্থিত অবশিষ্ট অন্যদেশীয়েরা জানিবে; আমি পরমেশ্বর যাহা কহিলাম, তাহা সফল করিব।

৩৭ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, ইস্রায়েল বংশের নিমিত্তে আমি যেন এই সকল করি, এই জন্যে আমার কাছে তাহাদের প্রার্থনা করিতে হইবে; তাহাতে আমি তাহাদের লোককে পালের ন্যায় বৃদ্ধি ৩৮ করিব। যেমন পবিত্র পাল অর্থাৎ যিরূশালমের পর্ব্ব সময়ের পাল, তদ্রূপ মনুষ্যপালদ্বারা উচ্ছিন্ন

[১৩] গ ১৩; ৩২ ॥—[১৬-২০] দ্বি ২৯; ২২-২৮॥—[১৮] যিহি ২৩, ৩৭-৩৯॥—[২১] ২০; ৯,১৪,২২॥—[২২] প ৩২। ২০; ৪৪। গী ১১৫; ১॥—[২৩] যিহি ৩৭; ২৮॥—[২৪] ১১; ১৭। ২০; ৩৩-৪৪। ৩৪, ১৩। ৩৭; ২১॥—[২৫] যির ৩৩; ৮॥—[২৬-২৮] যির ৩১; ৩৩,৩৪। ৩২; ৩৯। যিহি ১১; ১৯,২০॥—[২৯,৩০] ৩৪; ২৬,২৭,২৯। হো ২; ২১,২২॥—[৩১] যিহি ১৬; ৬১-৬৩। ২০; ৪৩॥—[৩২] প ২২। ২০; ৪৪॥—[৩৩] প ১০॥—[৩৭,৩৮] যির ৩১; ৯, ১৮, ২০॥

* (ইব্রু) পতন করাইবা। † (বা) সেই নামার্থে আমি দয়া করিলাম।

নগর পরিপূর্ণ হইবে; তাহাতে আমি যে পরমেশ্বর, তাহা তাহারা জ্ঞাত হইবে।

৩৭ অধ্যায়।

১ শুষ্ক অস্থির দৃষ্টান্ত ১১ ও ইস্রায়েলের নৈরাশ দূর করণ ১৫ ও যিহূদার ও ইস্রায়েলের মিলন ২০ ও খ্রীষ্টের রাজ্যের বিষয়ে মঙ্গল প্রতিজ্ঞা।

১ অপর পরমেশ্বর * আমাতে আবির্ভূত হইয়া আত্মাদ্বারা আমাকে বহির্গত করিয়া অস্থিতে পরিপূর্ণ এক ২ উপত্যকার মধ্যে বসাইলেন, এবং সেই অস্থির চতুর্দ্দিগে আমাকে ভ্রমণ করাইলেন; সেই উপত্যকাতে অনেক অস্থি ছিল, ও সে সকল অতিশয় শুষ্ক ছিল। ৩ পরে তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, এই সকল অস্থি কি সজীব হইতে পারে? তাহাতে আমি উত্তর করিলাম, হে প্রভো পরমেশ্বর, তাহা তুমি জ্ঞাত ৪ আছ। তিনি আমাকে পুনর্ব্বার কহিলেন, তুমি এই অস্থিসমূহের বিষয়ে এই বিভষ্যদ্বাক্য প্রচার করিয়া বল, হে সকল শুষ্ক অস্থি, তোমরা পরমেশ্বরের কথা ৫ শুন। প্রভু পরমেশ্বর এই অস্থিদের প্রতি এই কথা কহেন, দেখ, আমি তোমাদের মধ্যে প্রাণ সঞ্চার ৬ করিব, তাহাতে তোমরা সজীব হইবা। এবং তোমাদের উপরে শিরা ও মাংস উৎপন্ন করিয়া চর্ম্মদ্বারা তোমাদিগকে আচ্ছাদন করিব, ও তোমাদের মধ্যে প্রাণ সঞ্চার করিব, তাহাতে তোমরা সজীব হইয়া ৭ আমি যে পরমেশ্বর, তাহা জ্ঞাত হইবা। তাহাতে আমি সেই প্রাপ্ত আজ্ঞানুসারে ভবিষ্যদ্বাক্য প্রচার করিলাম; এবং প্রচার করণ সময়ে † এক শব্দ ও কম্পন হইল, ও প্রত্যেক অস্থি আপন২ সংযোজ্য ৮ অস্থির কাছে একত্র হইল। এবং আমার দৃষ্টিগোচরে তাহাদের উপরে শিরা ও মাংস উৎপন্ন হইল, এবং তাহাদের উপরে চর্ম্ম হইয়া আচ্ছাদন করিল, ৯ কিন্তু তাহাদের মধ্যে প্রাণ সঞ্চার হইল না। পরে তিনি আমাকে কহিলেন, তুমি প্রাণবায়ুর প্রতি ভবিষ্যদ্বাক্য প্রচার কর; হে মনুষ্যের সন্তান, তুমি প্রাণবায়ুর প্রতি কথা প্রচার করিয়া বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে প্রাণবায়ু, তুমি চতুর্দ্দিগহইতে আসিয়া এই হত লোকদের জীবনার্থে তাহাদের ১০ প্রতি বহন কর। তাহাতে আমি তাঁহার আজ্ঞানুসারে ঐ ভবিষ্যদ্বাক্য প্রচার করিলে প্রাণবায়ু তাহাদের মধ্যে প্রবেশ করিল; তাহাতে তাহারা সজীব হইয়া অতি মহাসৈন্যের ন্যায় চরণে দণ্ডায়মান হইল।

১১ তখন তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, এই সকল অস্থি ইস্রায়েলের তাবৎ বংশস্বরূপ; দেখ, তাহারা কহে, 'আমাদের অস্থি শুষ্ক হইল ও আমাদের প্রত্যাশা গেল; আমরা উচ্ছিন্ন হইলাম।' ১২ অতএব তুমি এই ভবিষ্যদ্বাক্য প্রচার করিয়া তাহাদিগকে বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে আমার লোক, দেখ, আমি তোমাদের কবর খুলিয়া কবরহইতে তোমাদিগকে বাহির করিয়া ইস্রায়েল্ দেশে আনয়ন করিব। ১৩ এবং হে আমার লোক, আমি তোমাদের কবর খুলিয়া কবরহইতে তোমাদিগকে বাহির করিলে আমি যে পরমেশ্বর, তাহা তোমরা জ্ঞাত হইবা। ১৪ এবং আমি তোমাদের মধ্যে আপন আত্মাকে স্থাপন করিব; তাহাতে তোমরা সজীব হইলে আমি তোমাদিগকে তোমাদের দেশে স্থাপন করিব; পরমেশ্বর কহেন, আমি পরমেশ্বর যাহা কহি তাহাই করি, ইহা তখন তোমরা জানিবা।

১৫ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ- ১৬ স্থিত হইল, হে মনুষ্যের সন্তান, তুমি এক যষ্টি লইয়া 'যিহূদার ও তাহার সুহৃদ ইস্রায়েলীয়দের নিমিত্তে' তাহার উপরে এই কথা লেখ; এবং আর এক যষ্টি লইয়া 'যূষফের অর্থাৎ ইফ্রয়িম্ ও তাহার সুহৃদ ইস্রায়েল বংশদের যষ্টি,' এই কথা তাহার উপরে লেখ। ১৭ পরে ঐ দুই যষ্টিকে সংযুক্ত করিয়া এক কর, তাহাতে তোমার হস্তে একমাত্র হইবে।

১৮ অপর তোমার লোকের বংশগণ যখন তোমাকে কহিবে, ইহার তাৎপর্য্য কি, তাহা কি তুমি আমাকে ১৯ বুঝাইয়া দিবা না? তখন তুমি তাহাদিগকে কহিবা, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি ইফ্রয়িমের ও তাহার সুহৃদ ইস্রায়েল বংশদের হস্তস্থিত যূষফের যষ্টি লইয়া ইহার অর্থাৎ যিহূদার যষ্টির সহিত একত্র করিব, তাহাতে দুই যষ্টি আমার হস্তে একমাত্র হইবে।

২০ তুমি যে২ যষ্টিতে লিখিবা, সেই দুই যষ্টি তাহা- ২১ দের সাক্ষাতে তোমার হস্তে থাকিবে। এবং তুমি তাহাদিগকে বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, দেখ, ইস্রায়েল বংশ যে২ জাতিদের মধ্যে ভ্রমণ করে, তাহাদের মধ্যহইতে আমি তাহাদিগকে আনিব ও সর্ব্বদিগহইতে তাহাদিগকে সংগ্রহ ২২ করিয়া তাহাদের দেশে প্রবেশ করাইব। এবং সেই দেশে ইস্রায়েল্ পর্ব্বতের উপরে তাহাদিগকে এক রাজ্য করিব, ও তাহাদের সকলের উপরে এক রাজা রাজত্ব করিবেন, ও তাহারা দুই লোক আর কখনো হইবে না, ও দুই রাজ্যে আর কখনো বি- ২৩ ভক্ত হইবে না। এবং তাহারা আপনাদের প্রতিমাগণ ও ঘৃণার্হ বস্তু ও আজ্ঞালঙ্ঘনদ্বারা আপনাদিগকে আর কখনো অশুচি করিবে না; এবং যে প্রবাসস্থানে তাহারা পাপ করিয়াছে, সেই সকল স্থানহইতে তাহাদিগকে উদ্ধার করিয়া পবিত্র করিব; তাহাতে

[৩৭ অধ্য; ২] প ১১।—[১৪] যিহি ৩৬; ২৭ ।—[১৫-২২] যিশ ১১; ১৩। যির ৩; ১৮। ৫০; ৪। হো ১; ১১।—[১৬] গ ১১; ২ ।—[২২] যিহি ৩৪; ২৩,২৪ ।—[২৩] ৩৬; ২৫-২৮।

* (ইব্রী) পরমেশ্বরের হস্ত। † (ইব্রী) দেখ।

তাহারা আমার লোক হইবে, ও আমি তাহাদের
২৪ ঈশ্বর হইব। এবং আমার দাস দায়ূদ তাহাদের রাজা হইবেন,ও তাহাদের সকলের অদ্বিতীয় রক্ষক হইবেন; এবং তাহারা আমার আজ্ঞানুসারে আচরণ করিবে, এবং আমার বিধি মান্য করিয়া পালন
২৫ করিবে। এবং আমি আপন দাস যাকূবকে যে দেশ দিয়াছিলাম,ও যে দেশে তাহাদের* পূর্ব্বপুরুষেরা বাস করিয়াছিল, সেই দেশে তাহারাও বাস করিবে; অর্থাৎ তাহারা ও তাহাদের পুত্র পৌত্রাদি সদাকাল তাহার মধ্যে বাস করিবে; এবং আমার
২৬ দাস দায়ূদ্ তাহাদের রাজা হইবেন। আমি তাহাদের সহিত মঙ্গলের এক নিয়ম করিব, সে তাহাদের অক্ষয় নিয়ম হইবে; আমি তাহাদিগকে স্থাপন করিয়া বৃদ্ধি করিব, ও তাহাদের মধ্যে সদাকাল
২৭ আপন পবিত্র স্থান রাখিব। এবং আমার পবিত্র স্থান তাহাদের মধ্যে থাকিবে; এবং আমি তাহাদের ঈশ্বর হইব, ও তাহারা আমার লোক হইবে;
২৮ এবং আমার পবিত্র স্থান চিরকাল তাহাদের মধ্যে থাকিলে আমি ইস্রায়েলের পবিত্রকারি পরমেশ্বর, ইহা অন্যদেশীয়েরা জানিবে।

৩৮ অধ্যায়।

১ জূজের সৈন্যসামন্তের কথা ৮ ও ইস্রায়েল লোকদের প্রতি দ্বেষ ও আক্রমনের কথা ১৪ ও তাহার দণ্ডের ভবিষ্যদ্বাক্য।

১ অপর পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপ-
২ স্থিত হইল,হে মনুষ্যের সন্তান,তুমি রোশ্† ও মেশক্ ও তূবলের অধ্যক্ষ অর্থাৎ মাজূজ্ দেশস্থিত জূজের প্রতি মুখ রাখিয়া তাহার বিরুদ্ধে এই ভবিষ্যদ্বাক্য
৩ প্রচার করিয়া বল, হে রোশ্ ও মেশক্ ও তূবলের অধ্যক্ষ জূজ, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি
৪ তোমার বিপক্ষ হইয়া তোমার মুখে বড়শী গাঁথিয়া তোমাকে ফিরাইব, এবং তোমাকে ও তোমার অশ্বগণকে এবং নানাবর্ণ বস্ত্রান্বিত অশ্বারূঢ়গণকে ও চর্ম্ম ও ঢাল ও খড়্গধারি সৈন্যসামন্তের মহাজন-
৫ তাকে বাহিরে আনিব। এবং তাহাদের সঙ্গি ঢাল ও টোপরবিশিষ্ট পারস্ ও কূশ্ ও পূট্‌দেশীয় লোককে
৬ এবং গোমর্ ও তাহার সকল সৈন্যকে,ও উত্তরদিগস্থিত তোগর্ম ও তাহার সকল সৈন্যকে, এই সমূহ-
৭ লোককে তোমার সঙ্গে আনয়ন করিব। তুমি প্রস্তুত হও এবং তোমার নিকটে একত্রীভূত সৈন্যসামন্তগণকেও প্রস্তুত কর, এবং তুমি তাহাদের রক্ষক হও।
৮ অনেক দিনের পর তুমি অধ্যক্ষপদ পাইবা; খড়্গ দ্বারা বিনাশহইতে রক্ষিত ও সমূহলোকের মধ্যহইতে সংগৃহীত ও চিরকাল উচ্ছিন্ন ইস্রায়েল পর্ব্বতে আনীত লোকদের বিরুদ্ধে তুমি যুগান্তে আসিবা; তখন তাহারা অন্যদেশীয়দের মধ্যহইতে আনীত হইয়া সকলে নিরাপদে বাস করিবে। কিন্তু তুমি
৯ উঠিয়া ঝড়ের ন্যায় উপস্থিত হইবা, অর্থাৎ তুমি ও তোমার তাবৎ সৈন্য ও সঙ্গি সমূহলোক মেঘের ন্যায় দেশে ব্যাপ্ত হইবা। প্রভু পরমেশ্বর এই কথা
১০ কহেন, সেই সময়ে অনেক বিষয় তোমার মনে পড়িলে তুমি পাপচিন্তা করিয়া কহিবা, আমি প্রাচীরহীন
১১ বসতি বিশিষ্ট দেশে অর্থাৎ সুখভোগি ও নিরাপদস্থ এবং প্রাচীর ও অর্গল ও কবাটবিহীন লোকদের বিপরীতে গমন করিব। এবং যে লোকেরা অন্যদে-
১২ শীয়দের মধ্যহইতে সংগৃহীত হইয়া পূর্ব্বে উচ্ছিন্ন বসতিস্থানে পশু ও ধনযুক্ত হইবে,সেই পৃথিবীর মধ্যদেশীয় লোকদের প্রতি তুমি আক্রমণ করিয়া লুট ও হরণ করিবা। তাহাতে শিবা ও দিদন্ ও তর্শী-
১৩ শের বণিকেরা ও তাহার তাবৎ বলবানেরা ‡ তোমাকে কহিবে, 'তুমি কি লুটিত দ্রব্য চুরী করিতে আসিয়াছ? তুমি কি হরণ করিতে ও স্বর্ণ রূপা লইয়া যাইতে কিম্বা পশু ও ধন লইয়া যাইতে ও অতিশয় লুট করিতে আপন সৈন্যসামন্ত সংগ্রহ করিয়াছ?'
১৪ হে মনুষ্যের সন্তান, তুমি ভবিষ্যদ্বাক্য প্রচার করিয়া জূজকে বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমার ইস্রায়েল লোক যে দিনে নিরাপদে
১৫ বাস করিবে, সে দিনে তুমি তাহা জানিয়া তোমার সঙ্গি অশ্বারূঢ় সৈন্যসামন্তের মহাজনতা ও পরাক্রান্ত এক দল সৈন্যের সহিত উত্তরদিগে অতিদূরস্থিত
১৬ আপন স্থানহইতে আসিবা। এবং তুমি আমার ইস্রায়েল্ লোকের বিরুদ্ধে মেঘের ন্যায় দেশ ব্যাপিয়া আসিবা; হে জূজ্, আমি অন্যদেশীয়দের সাক্ষাতে তোমাদ্বারা পবিত্ররূপে মান্য হইলে তাহারা যেন আমাকে জানিতে পারে, এই জন্যে যুগান্তে আপন দেশের বিরুদ্ধে তোমাকে আনিব। প্রভু পরমেশ্বর
১৭ কহেন, আমি তাহাদের বিরুদ্ধে তোমাকে আনিব, আমার দাস যে ইস্রায়েল দেশের ভবিষ্যদ্বক্তৃগণ পূর্ব্বকালে অনেক দিন পর্য্যন্ত এই ভবিষ্যদ্বাক্য প্রচার করিয়াছিল, তাহাদের দ্বারা আমি যাহার বিষয়ে কহিলাম, সে কি তুমি নও? প্রভু পরমেশ্বর
১৮ কহেন, যে সময়ে জূজ্ ইস্রায়েল্ দেশের বিরুদ্ধে

---

[২৪] যিহি ৩৪; ২৩, ২৪॥—[২৫] ৩৬; ২৮॥—[২৬,২৭] যির ৩; ২৭। ৩১; ৩১-৩৭। ৩২; ৪০। যিহি ১৬; ৬০-৬৩। ৩৪; ২৫। ২ করি ৬; ১৬। প্র ২১; ৩॥—[২৮] যিহি ৩৬; ২৩॥

[৩৮ অধ্যা] যিহি ৩৯। যোয় ৩; ৯-১৭। সিখ ১৪। প্র ২০; ৭-১০॥—[২] আ ১০; ২॥—[৪] যিহি ২৯; ৪। সিখ ১৪; ১৪॥—[৫] আ ১০; ৬॥—[৬] আ ১০; ৩॥—[৮,৯] প ১৬॥—[৮] প্র ২০; ৭॥—[১৩] আ ১০; ৪,৭॥—[১৫] যিহি ৩৯; ২॥—[১৬] প ৮,৯। প্র ২০; ৭॥—[১৮-২৩] যোয় ৩; ১৪-১৭॥

* (ইব্রী) তোমাদের। † (বা) প্রধান। ‡ (বা) সিংহেরা।

আসিবে, তৎকালে আমার ক্রোধ প্রজ্বলিত হইবে।
১৯ সেই দিনে ইস্রায়েল দেশে এমত মহাকম্পন হইবে,
২০ যে সমুদ্রের মৎস্যগণ ও আকাশের পক্ষিগণ ও বনের
পশুগণ ও ভূচর উরোগামি জন্তু ও পৃথিবীস্থিত তাবৎ
মনুষ্য আমার বিদ্যমানে উপস্থিত হইয়া কম্পান্বিত
হইবে, ও পর্ব্বতগণ অধঃপতিত হইবে, ও উচ্চস্থান
অধোতে পড়িবে ও তাবৎ ভিত্তি ভূমিতে পড়িবে;
এ কথা আমি স্বামিবৎ ক্রোধে ও কোপাগ্নিতে কহি-
২১ তেছি। প্রভু পরমেশ্বর কহেন, আমি আপন সকল
পর্ব্বতের উপরে তাহার বিরুদ্ধে খড়্গ আহ্বান
করিব, ও প্রত্যেকের খড়্গ আপন ২ ভ্রাতার বিরুদ্ধে
২২ হইবে। আমি মহামারী ও রক্তপাতদ্বারা তাহার
বিচার করিব, এবং তাহার ও তাহার সৈন্যগণের ও
তাহার সঙ্গি লোকসমূহের উপরে মহাবৃষ্টি ও বৃহৎ
২৩ শিল ও অগ্নি ও গন্ধক বর্ষণ করিব। এই রূপে আমি
আপন মহিমা ও পবিত্রতা প্রকাশ করিব, তাহাতে
অনেক দেশীয় লোকের কাছে মান্য হইলে আমি
যে পরমেশ্বর, তাহা তাহারা জ্ঞাত হইবে।

৩৯ অধ্যায়।

১ জূজের দণ্ডের ভবিষ্যদ্বাক্য ৮ ও ইস্রায়েলের জয় ১১ ও জূজের কবরস্থান নির্ণয় ১৭ ও পক্ষিগণের শব ভোজন ২৫ ও ইস্রায়েলের আপন দেশে একত্র হওনের ভবিষ্যদ্বাক্য।

১ অপর হে মনুষ্যের সন্তান, তুমি জূজের বিরুদ্ধে এই
কথা প্রচার করিয়া বল; প্রভু পরমেশ্বর এই কথা
কহেন, হে রোশ্ ও মেশক্ ও তূবলের অধ্যক্ষ জূজ্,
২ দেখ, আমি তোমার বিপক্ষ হইয়া তোমাকে ফিরা-
ইয়া তোমার ছয় অংশের কেবল একাংশ* রা-
৩ খিব, এবং উত্তরদিগে অতি দূরদেশহইতে আনিয়া
ইস্রায়েল পর্ব্বতের উপরে আরোহণ করাইব; এবং
তোমার বাম হস্তহইতে ধনু খসাইব, ও দক্ষিণ হস্ত-
৪ হইতে শর পতন করাইব। এবং তুমি ও তোমার
সৈন্যগণ ও তোমার সঙ্গি লোক সকল ইস্রায়েল্ পর্ব্ব-
তের উপরে পড়িলে নানা প্রকার মাংসাহারি পক্ষী
ও বনপশুগণের খাদ্যের নিমিত্তে তোমাকে সমর্পণ
৫ করিব। তুমি ক্ষেত্রে পতিত হইবা; প্রভু পরমেশ্বর
৬ কহেন, এই কথা আমি কহিলাম। আমি মাজূজের
ও নিশ্চিন্তরূপে উপদ্বীপে বাসকারিদের উপরে
অগ্নি প্রেরণ করিব; তাহাতে আমি যে পরমেশ্বর,
৭ তাহা তাহারা জ্ঞাত হইবে। এই রূপে আমার ইস্রা-
য়েল লোকদের মধ্যে আপন পবিত্র নাম বিখ্যাত
করিব, ও আপন পবিত্র নাম আর অপবিত্র করিতে
দিব না; তাহাতে আমি যে ইস্রায়েলের মধ্যে ধর্ম্ম-
স্বরূপ পরমেশ্বর, তাহা অন্যদেশীয়েরা জ্ঞাত হইবে।

৮ প্রভু পরমেশ্বর কহেন, আমি যে দিনের বিষয়ে
কহিলাম, দেখ, তাহা অবশ্য আসিবে ও উপস্থিত
৯ হইবে। তৎকালে ইস্রায়েল নগরবাসি লোকেরা
বাহিরে যাইয়া অস্ত্র শস্ত্র অর্থাৎ ঢাল ও চর্ম্ম ও ধনু
ও শর ও যষ্টি ও বড়শা জ্বালাইয়া দগ্ধ করিবে,
১০ ও সাত বৎসর পর্য্যন্ত তাহা দগ্ধ করিবে। তাহারা
ক্ষেত্রহইতে কাষ্ঠ আনিবে না, ও বনের বৃক্ষ কা-
টিবে না; কিন্তু অগ্নিতে অস্ত্র দগ্ধ করিবে ও আ-
পনাদের লুটকারিদের দ্রব্য লুট করিবে, ও আপ-
নাদের অপহারকদের দ্রব্য অপহরণ করিবে, এই
কথা প্রভু পরমেশ্বর কহেন।

১১ অনন্তর সেই দিনে আমি সেই ইস্রায়েলের মধ্যে
জূজ্কে কবর দিতে প্রসিদ্ধ স্থান অর্থাৎ সমুদ্রের
পূর্ব্বপারে পথিকদের উপত্যকা দিব; সে স্থানে
পথিকদের পথ রুদ্ধ হইবে, কেননা সে স্থানে জূজ্
ও তাহার লোকসমূহের কবর হইবে, তাহাতে
লোকরা সেই উপত্যকার নাম হমোন্-জূজ্ (জূজের
১২ জনতার) উপত্যকা রাখিবে। এবং দেশ শুচি
করিতে ইস্রায়েল বংশ সাত মাস পর্য্যন্ত তাহা-
১৩ দিগকে কবর দিবে। দেশের তাবৎ লোক তাহা-
দিগকে অবশ্য কবর দিবে; প্রভু পরমেশ্বর কহেন,
আমার মাহাত্ম্য প্রাপ্তির দিনে তাহাদের বড় যশ
১৪ হইবে। তাহারা দেশ শুচি করণার্থে নিত্য ২ দেশে
গমনাগমনকারি লোকদিগকে এবং মৃত্তিকাতে পতিত
অবশিষ্ট শবের কবরদায়ক ঐ গমনাগমনকারিদের
সঙ্গিদিগকে নিযুক্ত করিবে, এবং নিযুক্ত লোকেরা
১৫ সাত মাসের পরেও তাহা অন্বেষণ করিবে। এবং
সেই গমনাগমনকারি লোকেরা গমন করিতে ২
মনুষ্যের কোন অস্থি দেখিলে তাহার কাছে এক
চিহ্ন স্থাপন করিবে, পরে কবরদায়কেরা হমোন্-
১৬ জূজ্ ক্ষেত্রে তাহার কবর দিবে। এবং সেই নগরের
নাম হমোনা (জনতা) হইবে; এই প্রকারে তাহারা
দেশ পরিষ্কার করিবে।

১৭ হে মনুষ্যের সন্তান, প্রভু পরমেশ্বর এই কথা
কহেন, তুমি তাবৎ প্রকার পক্ষিগণকে ও বনপশু-
দিগকে বল, তোমরা একত্র হইয়া আইস, এবং আমি
তোমাদের নিমিত্তে ইস্রায়েল পর্ব্বতের উপরে যে
বৃহৎ যজ্ঞ † করিব, তাহাতে মাংস ভোজন ও রক্ত
১৮ পান করিতে চতুর্দ্দিগহইতে একত্রীকৃত হও। তো-
মরা মেষ ও মেষশাবক ও ছাগ ও বাশনের পুষ্ট
বৃষস্বরূপ বীর লোকদের মাংস ভোজন করিবা, ও
১৯ পৃথিবীর অধ্যক্ষগণের রক্ত পান করিবা। এবং
আমি তোমাদের নিমিত্তে যে যজ্ঞ করিব, তাহাতে

[১৯,২০] সিখ ১৪; ৩-৭॥—[২১,২২] সিখ ১৪; ১২,১৩,১৫॥—[২৩] যিহি ৩৯; ৭,২১-২৯॥
[৩৯ অধ্য] যিহি ৩৮। যোয় ৩; ৯-১৭। সিখ ১৪। প্র ২০; ৭-১০॥—[৪,৫] যিহি ২৯; ৫॥—[৭] প ২১-২৯। ৩৮; ২৩॥
[১১] গী ১১০; ৬॥—[১৭-২০] প্র ১৯; ১৭,১৮॥

* (বা) ছয় মহামারীতে তোমাকে আঘাত করিব। † (বা) মারণ।

তোমরা তৃপ্ত হওন পর্য্যন্ত মেদ ভোজন করিবা, ও ২০ মত্ত হওন পর্য্যন্ত রক্ত পান করিবা। প্রভু পরমেশ্বর কহেন, তোমরা আমার আসনে অশ্ব ও সারথিগণকে এবং বীর ও যোদ্ধাগণকে ভোজন করিয়া ২১ তৃপ্ত হইবা। এই রূপে আমি অন্যদেশীয়দের কাছে আপন মহিমা প্রকাশ করিব; তাহাতে আমি যে দণ্ড দি ও তাহাদের প্রতি যে হস্তাঘাত করি তাহা ২২ তাবৎ অন্যদেশীয়েরা দেখিবে। এবং সেই দিনাবধি আমি যে তাহাদের প্রভু পরমেশ্বর তাহা ইস্রা- ২৩ য়েল্ বংশ জ্ঞাত হইবে। এবং ইস্রায়েল বংশ আপনাদের অধর্ম্মপ্রযুক্ত বন্দি হইয়া অন্যদেশে নীত হইল, ফলতঃ আমার বিরুদ্ধে পাপ করিলে আমি তাহাদের সাক্ষাৎহইতে আপন মুখ লুকাইলাম ও শত্রুদের হস্তে তাহাদিগকে সমর্পণ করিলাম ও তা- ২৪ হারা সকলেই খড়্গে পড়িল; এবং আমি তাহাদের অশুচিতা ও আজ্ঞালঙ্ঘনানুসারে তাহাদের প্রতি ব্যবহার করিলাম,ও তাহাদের সাক্ষাৎহইতে আপন মুখ লুকাইলাম, ইহা অন্যদেশীয়েরা জ্ঞাত হইবে।

২৫ প্রভু পরমেশ্বর এই কথা কহেন,আমি তখন অন্য দেশে নীত যাকূবের বন্দি লোকদিগকে ফিরাইয়া আনিব, ও তাবৎ ইস্রায়েল বংশকে ক্ষমা করিব, ও ২৬ আপন পবিত্র নামার্থে উদ্যোগী হইব; এবং যে সময়ে তাহারা আপনাদের দেশে নিরাপদে বাস করিবে ও কেহ তাহাদিগকে ভয় দেখাইবে না, তৎকালে তাহারা আপনাদের অপমান ও আমার বিরুদ্ধে যে অপরাধ করিয়াছিল,তাহাও বিস্মৃত* হইবে। ২৭ আমি যে সময়ে লোকদের মধ্যহইতে তাহাদিগকে আনিব ও শত্রুদেশহইতে তাহাদিগকে সংগ্রহ করিব, এবং তাহাদের দ্বারা অনেক দেশীয়দের দৃষ্টিতে ২৮ মান্য হইব,তৎকালে আমি তাহাদের প্রভু পরমেশ্বর তাহাদিগকে বন্দিদশাতে লইয়া গেলে পর আরবার আপন দেশে ফিরাইয়া আনিলাম, এক জনকেও ২৯ ত্যাগ করিলাম না, ইহা তাহারা জ্ঞাত হইবে। আর প্রভু পরমেশ্বর কহেন,আমি ইস্রায়েল বংশের প্রতি আপন আত্মার আবির্ভাব করিয়া আর কখনো তাহাদের সাক্ষাতে আপন মুখ লুকাইব না।

৪০ অধ্যায়।

১ পবিত্র স্থানের দর্শন ৬ ও পূর্ব্ব দ্বারের কথা ১৭ ও বাহিরের প্রাঙ্গণের কথা ২০ ও উত্তরীয় দ্বার কথন ২৪ ও দক্ষিণ-দ্বার কথন ২৮ ও অন্তরস্থ দক্ষিণ প্রাঙ্গণের দ্বারের কথা ৩৫ ও উত্তর দ্বারের কথা ৩৯ ও অর্ঘ আসনের কথা ৪৪ ও কুঠরীর কথা ৪৮ ও মন্দিরের বারাণ্ডার কথা।

১ আমাদের অন্য দেশে বন্দিভাবে থাকনের পঞ্চবিংশতি বৎসরের বৎসরারম্ভে মাসের দশম দিনে নগর উচ্ছিন্ন হইলে পর চতুর্দশ বৎসরে পরমেশ্বর আমাতে আবির্ভূত † হইয়া সেই স্থানে আমাকে লইয়া গেলেন। ২ ফলতঃ তিনি ঈশ্বরীয় দর্শনে ইস্রায়েল দেশে আমাকে লইয়া যে অত্যুচ্চ এক পর্ব্বতের দক্ষিণ পার্শ্বে নগর পত্তনের উপক্রম ছিল,সেই পর্ব্বতের নিকটে আমাকে স্থাপন করিলেন। ৩ তিনি সেই স্থানে আমাকে আনিলে পর সূত্রনির্ম্মিত এক রজ্জু ও পরিমাণের এক নল হস্তে লইয়া পিত্তলসদৃশ তেজবিশিষ্ট এক ব্যক্তি দ্বারে দাঁড়াইয়া আমাকে কহিলেন, ৪ হে মনুষ্যের সন্তান, আমি তোমাকে যাহা২ দেখাই, তাহা সকলি তুমি আপন চক্ষুতে দেখিয়া ও আপন কর্ণে শুনিয়া তাহাতে মনোযোগ কর। কেননা আমি যেন তোমাকে এই সকল দেখাই, এই জন্যে তুমি এখানে আনীত হইয়াছ; তুমি যাহা২ দেখিবা, তাহা ইস্রায়েল বংশকে জ্ঞাত কর। ৫ মন্দিরের বাহিরে চতুর্দ্দিগে প্রাচীর ছিল,এবং এক হস্ত চারি অঙ্গুলি পরিমিত এমত ছয় হস্ত পরিমিত এক নল সেই ব্যক্তির হস্তে থাকিলে তিনি সেই ভিত্তির প্রস্থতা এক নল ও উচ্চতা এক নল মাপিলেন।

৬ অপর তিনি পূর্ব্বাভিমুখ দ্বারে আসিয়া তাহার সোপানের উপরে আরোহণ করিয়া সে দ্বারের কপালি মাপিলেন; তাহাতে তাহার প্রস্থতা এক নল পরিমিত হইল, এবং দ্বারের প্রত্যেক কপালির প্রস্থতা এক নল পরিমিত হইল। ৭ এবং প্রত্যেক কুঠরী এক২ নল দীর্ঘ ও এক২ নল প্রস্থ ছিল, এবং তাহাদের মধ্যে পাঁচ২ হস্ত ব্যবধান ছিল, ও দ্বারের বারাণ্ডার নিকটস্থ অর্থাৎ দ্বারের অন্তঃস্থিত কপালি এক নল পরিমিত ছিল। ৮ তিনি দ্বারের অন্তঃস্থ বারাণ্ড এক নল মাপিলেন। ৯ এবং দ্বারের বারাণ্ডা আট হস্ত মাপিলেন,ও তাহার খোদিত স্তম্ভ দুই হস্ত, এবং দ্বারের বারাণ্ডা ভিতরে ছিল। ১০ এবং পূর্ব্বীয় দ্বারের এ দিগে তিন ও দিগে তিন কুঠরী ছিল; সে তিনের তুল্য পরিমাণ, এবং এ পার্শ্বে ও পার্শ্বে স্থিত খোদিত স্তম্ভের তুল্য পরিমাণ ছিল। ১১ তিনি দ্বারে প্রবেশস্থানের প্রস্থতা দশ হস্ত মাপিলেন, ও দীর্ঘতা ত্রয়োদশ হস্ত মাপিলেন। ১২ এবং কুঠরীর সম্মুখে এ পার্শ্বে এক হস্ত স্থান, ও পার্শ্বে এক হস্ত স্থান; এবং কুঠরীর পরিমাণ এ পার্শ্বে ছয় হস্ত, ও পার্শ্বে ছয় হস্ত। ১৩ আর এক কুঠরীর ছাতহইতে অন্য কুঠরীর ছাত পর্য্যন্ত দ্বার মাপিলেন, তাহার প্রস্থতা পঁচিশ হস্ত; একের দ্বারের সম্মুখে অন্যের দ্বার ছিল। ১৪ তিনি দ্বারের চতুর্দ্দিগে প্রাঙ্গণের খোদিত

[২১,২২] প ৭,২৮। যিহি ৩৮; ২৩॥—[২৯] যোয়ে ২; ২৮,২৯। সিখ ১২; ১০॥
[৪০ অধ্যা; ১] যিহি ৩৩; ২১॥—[২] যিহি ৮; ৩। প্র ২১; ১০-১৪॥—[৩] প ৫। প্র ২১; ১৫॥—[৪] যিহি ৪৪; ৫॥
[৫] ৪২; ১৫-২০॥

* (বা) তাহার ভোগ করা হইল। † (ইব্রী) পরমেশ্বরের হস্ত আমার উপরে ছিল।

১৫ স্তম্ভ সকল ষষ্টি হস্ত মাপিলেন। এবং প্রবেশদ্বারের সম্মুখহইতে বারাণ্ডার অন্যদিগস্থিত ভিতরের ১৬ দ্বার পর্য্যন্ত পঞ্চাশ হস্ত ছিল। এবং দ্বারের ভিতরে কুঠরীর ও খোদিত স্তম্ভের চতুর্দ্দিগে ক্ষুদ্র গবাক্ষ ছিল, এবং ভিতরে বারাণ্ডার চতুর্দ্দিগেও গবাক্ষ ছিল,ও খোদিত স্তম্ভের উপরে তালবৃক্ষাকৃতি ছিল।

১৭ পরে তিনি আমাকে বাহিরপ্রাঙ্গণে আনিলেন; সেখানে ক্ষুদ্র কুঠরী ও এক প্রস্তর বাঁধা স্থান, সে স্থানের উপরে প্রাঙ্গণের চতুর্দ্দিগে ত্রিশ ক্ষুদ্র কুঠরী ১৮ ছিল। সেই বাঁধাস্থান দ্বারের পার্শ্বে ও দ্বারের দীর্ঘ- ১৯ তার সম্মুখে ছিল, ও তাহা মেঝিয়াস্বরূপ ছিল। পরে তিনি দ্বারের সম্মুখহইতে ভিতরের প্রাঙ্গণের সম্মুখ পর্য্যন্ত বাহিরে মেঝিয়ার প্রস্থতা মাপিলেন, তাহা পূর্ব্ব দিগে ও উত্তর দিগে এক শত হস্ত ছিল।

২০ পরে বাহিরের প্রাঙ্গণের উত্তরমুখ যে দ্বার, তা- ২১ হার দীর্ঘতা ও প্রস্থতা তিনি মাপিলেন। এবং তাহার এ দিগে তিন ও দিগে তিন কুঠরী ছিল, ও তাহার খোদিত স্তম্ভ ও বারাণ্ডা প্রথম দ্বারের পরিমাণানুসারে ছিল; সেই দ্বার পঞ্চাশ হস্ত দীর্ঘ,ও পঁচিশ ২২ হস্ত প্রস্থ ছিল। তাহার গবাক্ষ ও বারাণ্ডা ও তালবৃক্ষাকৃতি পূর্ব্বমুখ দ্বারের পরিমাণানুসারে ছিল, এবং তাহাতে আরোহণার্থে সাত সোপান ২৩ ছিল, এবং তাহাদের সম্মুখে বারাণ্ডা ছিল। এবং পূর্ব্বদিগের ও উত্তরদিগের দ্বারের সম্মুখে ভিতরের প্রাঙ্গণের দ্বার ছিল, এবং এক দ্বারহইতে অন্য দ্বার পর্য্যন্ত এক শত হস্ত মাপিলেন।

২৪ পরে তিনি আমাকে দক্ষিণ দিগে আনিলেন, দক্ষিণদিগে যে দ্বার ছিল, সেই পরিমাণানুসারে তা- ২৫ হার খোদিত স্তম্ভ ও বারাণ্ডা মাপিলেন। এবং তাহার মধ্যে ও তাহার বারাণ্ডার মধ্যে চতুর্দ্দিগে সেই গবাক্ষের ন্যায় গবাক্ষ ছিল; তাহার দীর্ঘতা পঞ্চাশ ২৬ হস্ত ও প্রস্থতা পঁচিশ হস্ত ছিল। এবং তাহাতে আরোহণার্থে সাত সোপান ছিল,ও তাহাদের সম্মুখে বারাণ্ডা ছিল, এবং এ দিগে ও দিগে তাহার খো- ২৭ দিত স্তম্ভে তালবৃক্ষাকৃতি ছিল। এবং ভিতরের প্রাঙ্গণের এক দ্বার দক্ষিণ দিগে ছিল, এবং তিনি দক্ষিণ দিগের এক দ্বার অবধি অন্য দ্বার পর্য্যন্ত এক শত হস্ত মাপিলেন।

২৮ পরে তিনি দক্ষিণ দ্বার দিয়া আমাকে ভিতরের প্রাঙ্গণে আনিলেন, এবং সেই পরিমাণানুসারে ২৯ দক্ষিণ দ্বার মাপিলেন। তাহার কুঠরী ও খোদিত স্তম্ভ ও বারাণ্ডা সেই পরিমাণানুসারে মাপিলেন, এবং তাহার মধ্যে ও তাহার বারাণ্ডার মধ্যে চতুর্দ্দিগে গবাক্ষ ছিল, সেই দ্বার পঞ্চাশ হস্ত দীর্ঘ ৩০ ও পঁচিশ হস্ত প্রস্থ ছিল। তাহার চতুর্দ্দিগে পঁচিশ হস্ত দীর্ঘ ও পাঁচ হস্ত প্রস্থ এক বারাণ্ডা ছিল। ৩১ তাহার বারাণ্ডা বাহিরের প্রাঙ্গণের দিগে ও তাহার খোদিত স্তম্ভের উপরে তালবৃক্ষাকৃতি ছিল,তাহাতে আরোহণার্থে আট সোপান ছিল।

৩২ পরে তিনি আমাকে ভিতরের প্রাঙ্গণের পূর্ব্বদিগে আনিলেন, এবং সেই পরিমাণানুসারে তাহার ৩৩ দ্বার মাপিলেন। এবং তাহার কুঠরী ও খোদিত স্তম্ভ ও বারাণ্ডা ঐ পরিমাণানুসারে ছিল; তাহার মধ্যে ও তাহার বারাণ্ডার মধ্যে চতুর্দ্দিগে গবাক্ষ ছিল; সেই দ্বার পঞ্চাশ হস্ত দীর্ঘ ও পঁচিশ হস্ত ৩৪ প্রস্থ ছিল। তাহার বারাণ্ডা বাহিরের প্রাঙ্গণের দিগে ছিল, এবং তাহার খোদিত স্তম্ভের উপরে এ দিগে ও দিগে তালবৃক্ষাকৃতি ছিল, ও তাহাতে আরোহণার্থে আট সোপান ছিল।

৩৫ পরে তিনি আমাকে উত্তরদ্বারে আনিলেন,এবং ৩৬ সেই পরিমাণানুরে তাহা মাপিলেন। তাহার কুঠরী ও খোদিত স্তম্ভ ও বারাণ্ডা ও তাহার গবাক্ষ চতুর্দ্দিগে ছিল, ও তাহার দীর্ঘতা পঞ্চাশ হস্ত ও প্রস্থতা পঁচিশ ৩৭ হস্ত। তাহার বারাণ্ডা বাহিরের প্রাঙ্গণের দিগে ছিল, এবং এ দিগে ও দিগে তাহার খোদিত স্তম্ভের উপরে তালবৃক্ষাকৃতি ছিল; তাহাতে আরোহণার্থে আট ৩৮ সোপান ছিল। এবং দ্বারের খোদিত স্তম্ভের নিকটে হব্য বস্তু ধৌত করণার্থে দ্বারবিশিষ্ট এক ২ ক্ষুদ্র ৩৯ কুঠরী ছিল, এবং হোমবলি ও প্রায়শ্চিত্ত ও দোষার্থক বলি বধ করণার্থে দ্বারের বারাণ্ডার এ দিগে দুই ৪০ ও দিগে দুই আসন ছিল। এবং দ্বারের উত্তরদিগে প্রবেশস্থানের সোপানের * নিকটে বাহিরের পার্শ্বে দুই আসন ছিল। এবং দ্বারের বারা- ৪১ ণ্ডার নিকটস্থ অন্য পার্শ্বে দুই আসন ছিল। এই রূপে যাহার উপরে বলি বধ করে সেখানে এমত চারি আসন ও দ্বারের পার্শ্বে চারি আসন সর্ব্বশুদ্ধ ৪২ আট আসন ছিল। এবং সোপানের * নিকটে দেড় হস্ত দীর্ঘ ও দেড় হস্ত প্রস্থ ও এক হস্ত উচ্চ খোদিত প্রস্তরের চারি আসন ছিল; তাহারা যে অস্ত্রে হোমীয় প্রভৃতি বলি বধ করিত, সেই অস্ত্র ৪৩ তাহার উপরে রাখিত। এবং চারি অঙ্গুলি প্রশস্ত আঁকড়া চতুর্দ্দিগে ভিত্তির মধ্যে বদ্ধ ছিল; এবং আসনের উপরে নিবেদনার্থে মাংস থাকিত।

৪৪ ভিতরদ্বারের বাহিরে অর্থাৎ উত্তরদ্বারের পার্শ্বে ভিতরের প্রাঙ্গণের মধ্যে গায়কদের কুঠরী ছিল; সে সমস্ত দক্ষিণাভিমুখ; এবং পূর্ব্বদ্বারের পার্শ্বে ৪৫ উত্তরাভিমুখ এক কুঠরী ছিল। পরে তিনি আমাকে কহিলেন, এই যে কুঠরীর মুখ দক্ষিণ দিগে আছে, তাহা মন্দিরের কর্ম্মে নিযুক্ত যাজকদের কারণ। ৪৬ এবং উত্তরাভিমুখ কুঠরী যজ্ঞবেদির কর্ম্মে নিযুক্ত যাজকদের কারণ, অর্থাৎ লেবি বংশের মধ্যে পরমেশ্বরের সেবা করিতে তাঁহার নিকটে আগমনকারি

* (বা) হোমবলির জন্যে।

৪৭ সাদোকের সন্তানদের কারণ আছে। পরে তিনি এক শত হস্ত দীর্ঘ ও এক শত হস্ত প্রস্থ চতুর্দ্দিগে সমান প্রাঙ্গণ ও মন্দিরের সম্মুখস্থ যজ্ঞবেদীও মাপিলেন।

৪৮ পরে তিনি আমাকে মন্দিরের বারাণ্ডার কাছে আনিয়া তাহার খোদিত স্তম্ভ মাপিলেন; সে এ পার্শ্বে পাঁচ হস্ত, ও পার্শ্বে পাঁচ হস্ত; এবং দ্বারের প্রস্থতা এ পার্শ্বে তিন হস্ত, ও পার্শ্বে তিন হস্ত ছিল।

৪৯ বারাণ্ডার দীর্ঘতা বিংশতি হস্ত ও প্রস্থতা এগারো হস্ত, এবং তাহাতে আরোহণার্থে যে সোপান ছিল, তাহার খোদিত স্তম্ভ ছিল, এবং সেই খোদিত স্তম্ভের নিকটে এদিগে এক স্তম্ভ ও দিগে এক স্তম্ভ ছিল।

৪১ অধ্যায়।

১ মন্দিরের পরিমাণ ও ভাগ ও কুঠরী ও অলঙ্কার প্রভৃতির কথা।

১ পরে তিনি আমাকে মন্দিরে আনিয়া আবাসের প্রস্থতানুসারে খোদিত স্তম্ভের এ দিগে ছয় হস্ত ও ২ দিগে ছয় হস্ত প্রস্থতা মাপিলেন। এবং দ্বারের প্রস্থতা দশ হস্ত ও দ্বারের পার্শ্ব এক দিগে পাঁচ হস্ত, অন্য দিগেও পাঁচ হস্ত ছিল; পরে তিনি তাহার দীর্ঘতা চল্লিশ হস্ত ও প্রস্থতা বিংশতি হস্ত মাপিলেন। ৩ পরে তিনি ভিতরে গিয়া (ভিতরের) দ্বারের খোদিত স্তম্ভ দুই হস্ত ও দ্বার ছয় হস্ত ও দ্বারের প্রস্থতা সাত ৪ হস্ত মাপিলেন। এবং তাহার দীর্ঘতা বিংশতি হস্ত এবং প্রস্থতাও বিংশতি হস্ত মন্দিরের ও দিগে মাপিয়া আমাকে কহিলেন, এই মহাপবিত্র স্থান। ৫ পরে তিনি মন্দিরের ভিত্তি ছয় হস্ত ও মন্দিরের চতুর্দ্দিগে কুঠরীর শ্রেণী সর্ব্বদিগে চারি ২ হস্ত প্রস্থ ৬ মাপিলেন। এক শ্রেণীর উপরে অন্য শ্রেণী, এইরূপ তিন শ্রেণী, এবং এক ২ শ্রেণীতে ত্রিশ কুঠরী ছিল; এবং বন্ধন পাইবার কারণ মন্দিরের ভিত্তিতে শ্রেণীদের নিমিত্তে চতুর্দ্দিগে স্থান ছিল; কিন্তু তাহারা ৭ মন্দিরের ভিত্তির মধ্যে বদ্ধ ছিল না। এবং কুঠরীর শ্রেণী চতুর্দ্দিগে উচ্চতানুক্রমে উত্তর ২ প্রশস্ত হইল, কারণ তাহা মন্দিরের উচ্চতা পর্য্যন্ত তাহার চতুর্দ্দিগে আচ্ছাদনস্বরূপ ছিল, এই জন্য তাহা উচ্চতানুক্রমে মন্দিরের দিগে উত্তর ২ প্রশস্ত হইল; এবং নীচ শ্রেণী অবধি উপর পর্য্যন্ত মধ্যশ্রেণী দিয়া ৮ পথ ছিল। আমি মন্দিরের (ভিত্তিতে) সোপান দেখিলাম, তাহা সকল শ্রেণীর ভিত্তিমূল ছিল, এবং ছয় হস্ত পরিমিত এক বৃহৎ নলের পরিমাণ ৯ ছিল। কুঠরীর শ্রেণীর বাহির ভিত্তির প্রস্থতা পাঁচ হস্ত, এবং অবশিষ্ট স্থান মন্দিরের পার্শ্বস্থ কুঠরীর শ্রেণীর অন্তর্ভাগ ছিল। ১০ এবং ক্ষুদ্র কুঠরী পর্য্যন্ত মন্দিরের সর্ব্বদিগে বিংশতি হস্ত প্রস্থ স্থান ছিল। ১১ ও শ্রেণীর দ্বার সেই অবশিষ্ট স্থানের দিগে ছিল, এবং এক দ্বার উত্তরদিগে ও আর এক দ্বার দক্ষিণদিগে ছিল; অবশিষ্ট স্থানের প্রস্থতা চতুর্দ্দিগে পাঁচ হস্ত ছিল। ১২ ভিন্ন স্থানের সম্মুখস্থিত পশ্চিম দিগের গাঁথনি সত্তর হস্ত প্রস্থ ছিল; সে গাঁথনির ভিত্তি চতুর্দ্দিগে পাঁচ হস্ত প্রস্থ, এবং তাহার দীর্ঘতা নব্বই হস্ত ছিল। ১৩ এই প্রকারে তিনি মন্দিরের দীর্ঘতা এক শত হস্ত মাপিলেন; এবং ভিন্ন স্থান ও গাঁথনি ও তাহার ভিত্তিশুদ্ধ একশত হস্ত দীর্ঘ ছিল। ১৪ পূর্ব্বদিগে মন্দিরের মুখের ও ভিন্ন স্থানের প্রস্থতা এক শত হস্ত ছিল। ১৫ এবং ভিন্ন স্থানের পশ্চাতে তাহার সম্মুখ গাঁথনির ও তাহার অট্টালিকার দীর্ঘতা এ দিগে ও দিগে এক শত হস্ত মাপিলেন। ১৬ এবং অন্তরস্থ মন্দির ও প্রাঙ্গণের বারাণ্ডা ও কপালি ও ক্ষুদ্র গবাক্ষ এবং চতুর্দ্দিগস্থ কুঠরীর তেতালা ভূমি অবধি গবাক্ষ পর্য্যন্ত সর্ব্বদিগে কপালির সমানস্থিত কাষ্ঠময় তক্তাতে আচ্ছাদিত ছিল, এবং গবাক্ষও আচ্ছাদিত ছিল। ১৭ এবং দ্বারের উপরস্থান পর্য্যন্ত মন্দিরের ভিতরে ও বাহিরে এবং ১৮ মন্দিরের অন্তর ও বাহিরভিত্তিতে চতুর্দ্দিগে কিরূব ও তালবৃক্ষাকৃতি চিত্রিতা ছিল; দুই কিরূবের মধ্যে এক তালবৃক্ষাকৃতি ছিল, এবং প্রত্যেক কিরূবের দুই মুখ ছিল, ১৯ অর্থাৎ এক তালবৃক্ষের দিগে মনুষ্য মুখাকৃতি ও অন্য তালবৃক্ষের দিগে যুবসিংহের মুখাকৃতি ছিল; মন্দিরের চতুর্দ্দিগে সর্ব্বত্র এইরূপ ছিল। ২০ ভূমি অবধি দ্বারের উপরস্থান পর্য্যন্ত মন্দিরের ভিত্তিতে সেই কিরূব ও তালবৃক্ষাকৃতি ছিল। ২১ এবং মন্দিরের তাবৎ কাষ্ঠ চতুষ্কোণ ও পবিত্র স্থানের সম্মুখে সকলের সমান আকৃতি ছিল। ২২ এবং কাষ্ঠময় বেদি তিন হস্ত উচ্চ ও দুই হস্ত দীর্ঘ ছিল। এবং তাহার কোণ ও দীর্ঘতা ও ভিত্তি কাষ্ঠময় ছিল; তিনি আমাকে কহিলেন, পরমেশ্বরের সম্মুখস্থিত আসন এই। ২৩ এবং মন্দিরের ও পবিত্র স্থানের দুই কবাট ছিল। ২৪ এক ২ কবাটের দুই ২ ঘুরণীয় পাট ছিল; এক কবাটের দুই পাট ছিল, ও অন্য কবাটের দুই পাট ছিল। ২৫ যেমন ভিত্তিতে, তদ্রূপ তাহাতে অর্থাৎ মন্দিরের দ্বারে কিরূব ও তালবৃক্ষাকৃতি ছিল; এবং বাহিরে বারাণ্ডার সম্মুখে পুরুতক্তা ছিল। ২৬ এবং বারাণ্ডার এ পার্শ্বে ও পার্শ্বে ও মন্দিরের পার্শ্বস্থিত কুঠরীশ্রেণীতে ও পুরুতক্তাতে ক্ষুদ্র গবাক্ষ ও তালবৃক্ষ ছিল।

---

[৪৬] ১ রা ২; ৩৫। যিহি ৪৪; ১৫,১৬॥—[৪৮,৪৯] ১ রা ৬; ৩॥—[৪৯] ১ রা ৭; ২১॥
[৪১ অধ্য; ১,২] ১ রা ৬; ২॥—[২] ১ রা ৬; ১৭॥—[৪] ১ রা ৬; ২০॥—[৫-৭] ১ রা ৬; ৫,৬॥—[৭] ১ রা ৬; ৮॥
[৮] প ৫॥—[১৮] ১ রা ৬; ২৯॥—[২৩-২৫] ১ রা ৬; ৩১-৩৫॥—[২৬] প ১৬॥

৪২ অধ্যায়।

১ যাজকগণের কুঠরীর কথা ১৩ ও তাহার কর্ম্মের কথা ১৫ ও বাহিরের প্রাঙ্গণের পরিমাণের কথা।

১ পরে তিনি আমাকে অন্তরস্থ প্রাঙ্গণের উত্তরদিগস্থ পথে আনিলেন, এবং ভিন্ন স্থানের সম্মুখস্থিত ও উত্তরদিগের গাঁথনির সম্মুখস্থ কুঠরীতে আমাকে ২ আনিলেন। তাহা উত্তরদ্বারের এক শত হস্ত দীর্ঘ ৩ স্থানের সম্মুখে ছিল,ও পঞ্চাশ হস্ত প্রস্থ ছিল। এবং ভিতরের প্রাঙ্গণের বিংশতি হস্ত পরিমিত স্থানের ও বাহিরের প্রাঙ্গণের বাঁধাস্থানের মধ্যে পর- ৪ স্পর সম্মুখস্থ তেতালা কুঠরী ছিল। এবং কুঠরীর সম্মুখে ভিতরে দশ হস্ত প্রশস্ত ও এক (শত) হস্ত দীর্ঘ এক পথ ও তাহার দ্বার উত্তরদিগে ছিল। ৫ উপরিস্থ কুঠরী ক্ষুদ্র ছিল,কারণ অধো মধ্য শ্রেণীতে ৬ কুঠরীর ভিত্তি অধিক ছিল। সে কুঠরী তেতালা ছিল বটে, কিন্তু প্রাঙ্গণের স্তম্ভ সদৃশ স্তম্ভ তাহাতে ছিল না; অতএব সে কুঠরী ভিত্তিমূলহইতে * ও অধো ৭ মধ্যহইতে কিছু সঙ্কীর্ণ হইল। এবং বাহিরের প্রাঙ্গণের দিগে কুঠরীর সম্মুখে বহির্দিগে যে ৮ ভিত্তি, তাহার দীর্ঘতা পঞ্চাশ হস্ত ছিল; কারণ বহিঃপ্রাঙ্গণের কুঠরী পঞ্চাশ হস্ত দীর্ঘ ছিল, এবং মন্দিরের সম্মুখস্থ কুঠরী এক শত হস্ত ছিল। ৯ এবং বহিঃপ্রাঙ্গণহইতে গেলে এই কুঠরীর নী- ১০ চের প্রবেশস্থান পূর্ব্বদিগে থাকে। এবং পূর্ব্বদিগে প্রাঙ্গণের প্রশস্ত ভিত্তিতে এবং ভিন্ন স্থা- ১১ নের ও অন্য গাঁথনির সম্মুখে কুঠরী ছিল। তাহাদের সম্মুখস্থ পথ উত্তরদিগস্থ কুঠরীর পথের ন্যায় ছিল; এবং ঐ কুঠরীর দীর্ঘতা ও প্রস্থতা ও বহির্গমনের পথ ও আকার ও দ্বার এই সকল যেরূপ ছিল, ১২ দক্ষিণ দিগের কুঠরীর দ্বার প্রভৃতি তদ্রূপ ছিল; পূর্ব্বদিগে প্রবেশ করিলে সেই স্থানে সেই ভিত্তিতে তাহার সম্মুখস্থ পথের মস্তকে এক দ্বার ছিল।

১৩ পরে তিনি আমাকে কহিলেন, ভিন্ন স্থানের সম্মুখে উত্তর দক্ষিণ দিগের যে কুঠরী, সেই পরমেশ্বরের নিকটে আগমনকারি যাজকদের অতি পবিত্র দ্রব্য ভোজনের পবিত্র কুঠরী; সে স্থানে তাহারা নৈবেদ্য ও প্রায়শ্চিত্ত ও দোষার্থক বলি প্রভৃতি অতি পবিত্র দ্রব্য রাখিবে, কেননা সে স্থান পবিত্র। ১৪ এবং যে সময়ে যাজকগণ তাহার মধ্যে প্রবেশ করে, সেই সময়ে তাহারা পবিত্র স্থানহইতে বহিঃপ্রাঙ্গণে যাইবে না,কিন্তু যে বস্ত্রদ্বারা সেবা করে,সেই বস্ত্র সেখানে রাখিবে, কেননা তাহাই পবিত্র; তাহারা অন্য বস্ত্র পরিধান করিবে,পরে লোকালয়ে গমন করিবে।

১৫ অপর তিনি অন্তরস্থ মন্দিরের মাপন সাঙ্গ করিয়া পূর্ব্বদ্বারের দিগে আমাকে আনিলেন, এবং তাহার চতুর্দ্দিগ মাপিলেন। ১৬ তিনি মাপিবার নল দিয়া পূর্ব্বপার্শ্ব সর্ব্বশুদ্ধ † পাঁচ শত নল পরিমাণ মাপিলেন। ১৭ এবং মাপিবার নল দিয়া উত্তরপার্শ্ব সর্ব্বশুদ্ধ পাঁচ শত (নল) মাপিলেন। ১৮ এবং মাপিবার নল দিয়া দক্ষিণ পার্শ্ব পাঁচ শত নল মাপিলেন। ১৯ এবং পশ্চিম দিগে ফিরিয়া মাপিবার নল দিয়া পাঁচ শত নল মাপিলেন। ২০ এই রূপে তিনি চারি পার্শ্ব মাপিলেন; এবং পবিত্র ও সাধারণ স্থানের ভেদকারক চতুর্দ্দিগস্থ প্রাচীর পাঁচ শত নল দীর্ঘ ও পাঁচ শত নল প্রস্থ ছিল।

৪৩ অধ্যায়।

১ মন্দিরে ঈশ্বরের তেজের প্রকাশ ৭ ও ইস্রায়েলের পাপের নির্ণয় ১০ ও খেদ করিতে ও মন্দিরের ব্যবস্থা মানিতে তাহাদের প্রতি ভবিষ্যদ্বক্তার উপদেশ ১৩ ও বেদির পরিমাণ কথা ১৮ ও বেদির ব্যবস্থার কথা।

১ পরে তিনি আমাকে পূর্ব্বমুখ দ্বারের নিকটে আ- ২ নিলে আমি দেখিলাম, পূর্ব্বদিগের পথহইতে ইস্রায়েলের ঈশ্বরের তেজ প্রবেশ করিতেছে; তাঁহার শব্দ অনেক জলের শব্দের ন্যায়, এবং তাঁহার দীপ্তিতে পৃথিবী দীপ্তিবিশিষ্টা হইল। ৩ আমি যে আকার দেখিয়াছিলাম তদনুসারে, অর্থাৎ যে সময়ে নগর বিনষ্ট করিতে আসিয়াছিলাম সেই সময়ে যে আকার দেখিলাম তদনুসারে, ও হাবোর নদীর নিকটে যে আকার দেখিলাম তদনুসারে এই আকার ছিল; তাহাতে আমি উবুড় হইয়া পড়িলাম। ৪ এবং পূর্ব্বমুখ দ্বারের পথ দিয়া পরমেশ্বরের তেজ মন্দিরে প্রবেশ করিল। ৫ পরে আত্মা আমাকে উঠাইয়া অন্তরস্থ প্রাঙ্গণে আনিলেন; তাহাতে পরমেশ্বরের তেজে মন্দির পরিপূর্ণ হইল। ৬ এবং মন্দিরের মধ্যহইতে আমার প্রতি বাক্যবাদি কাহারো রব শুনিলাম; এবং এক ব্যক্তি আমার কাছে দণ্ডায়মান ছিলেন।

৭ পরে তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান,আমি অনন্ত কাল পর্য্যন্ত যে স্থানে ইস্রায়েল বংশের মধ্যে বাস করিব, সেই আমার সিংহাসন ও আমার পাদপীঠস্বরূপ স্থান; এবং ইস্রায়েল বংশ অর্থাৎ তাহারা ও তাহাদের রাজগণ আপন২ বেশ্যাগমনদ্বারা ও মৃত রাজগণের শবদ্বারা আমার পবিত্র নাম আর অপবিত্র করিবে না। ৮ তাহারা আমার কপালির কাছে আপনাদের কপালি ও আমার চৌকাষ্ঠের কাছে আপনাদের

[৪২ অধ্য; ১-৩] যিহি ৪১; ১০-১৫॥—[১৩] লে ৬; ১৪-১৭। ২৪; ৯। গ ১৮; ৯,১০॥—[১৪] যিহি ৪৪; ১৯॥ [১৫-২০] ৪০; ৫। ৪৫; ২॥

[৪৩ অধ্য; ১-৫] যিহি ১; ২২-২৮। ৮; ১-৪। ১০; ১-৫,১৮,১৯। ১১; ২৩॥—[৫] যিহি ৪৪; ৪॥—[৭] যিহি ৮॥

* (ইব্রু) ভূমিহইতে। † (ইব্রু) চতুর্দ্দিগে।

চৌকাষ্ঠ দিয়া, এবং আমার ও তাহাদের মধ্যে কেবল এক ভিত্তি রাখিয়া আপনাদের কৃত ঘৃণার্হ ক্রিয়াদ্বারা আমার পবিত্র নাম অপবিত্র করিয়াছে, এই নিমিত্তে আমি ক্রোধ করিয়া তাহাদিগকে বিনষ্ট ৯ করিয়াছি। কিন্তু এখন যদি তাহারা আমার সাক্ষাৎহইতে বেশ্যাগমন ও রাজগণের শব দূর করে, তবে আমি সদাকালে তাহাদের মধ্যে অধিষ্ঠান করিব।

১০ হে মনুষ্যের সন্তান, ইস্রায়েল বংশ আপন২ অধর্ম্মের কারণ যেন লজ্জিত হয়, এই নিমিত্তে তুমি তাহাদিগকে এই মন্দির দেখাও, এবং তাহারা সেই ১১ আদর্শ পরিমাণ করুক। তাহারা যদি আপনাদের কৃত পাপ প্রযুক্ত লজ্জিত হয়, তবে মন্দিরের আকার প্রকার অর্থাৎ নির্গমন ও প্রবেশ ও তাহার সর্ব্বপ্রকার ব্যবস্থা ও রীতি ও আকার ও আজ্ঞা সমস্তই তাহাদিগকে দেখাও, এবং তাহার যে সকল আকার তাহাদিগকে পালন করিতে হইবে, তাহা তাহাদের ১২ সাক্ষাতে লেখ। এবং মন্দিরের ব্যবস্থা এই; পর্ব্বতের শৃঙ্গোপরিস্থ তাহার চতুর্দ্দিগে সকল সীমা মহাপবিত্র ১৩ হইবে; এই মন্দিরের ব্যবস্থা। যজ্ঞবেদির পরিমাণ এই; প্রত্যেক হস্ত এক হস্ত চারি অঙ্গুলি পরিমিত হইলে তাহার ধারী উচ্চতাতে এক হস্ত ও প্রস্থতাতে এক হস্ত, এবং চতুর্দ্দিগে তাহার সীমাতে অর্দ্ধহস্ত ১৪ তাহার নিকাল, ইহা বেদির পৃষ্ঠ হইবে। এবং ভূমিহইতে অর্থাৎ ধারীহইতে অধঃস্থ সোপান পর্য্যন্ত দুই হস্ত, ও তাহার প্রস্থতা এক হস্ত; এবং ক্ষুদ্র সোপান অবধি বৃহৎ সোপান পর্য্যন্ত চারি হস্ত ও তাহার প্র১৫ স্থতা এক হস্ত। এবং বেদির মঞ্চ * চারি হস্ত; তাহার ১৬ চারি কোণে চারি শৃঙ্গ হইবে। ঐ মঞ্চ † বারো হস্ত দীর্ঘ ও বারো হস্ত প্রস্থ চারিদিগে সমান হইবে। ১৭ এবং সোপান চতুর্দ্দশ হস্ত দীর্ঘ ও চতুর্দ্দশ হস্ত প্রস্থ হইবে, এবং তাহার চতুর্দ্দিগে অর্দ্ধ হস্ত এক সীমা হইবে, এবং তাহার ধারি চারিদিগে এক হস্ত হইবে, এবং তাহার পূর্ব্বদিগে আরোহণস্থান হইবে।

১৮ অপর তিনি আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তাহারা যে দিনে হোম ও রক্ত প্রক্ষেপ করণার্থে এই যজ্ঞবেদী নির্ম্মাণ করিবে, সেই দিনের বেদির ব্যবস্থা এই। ১৯ প্রভু পরমেশ্বর কহেন, আমার সেবা করিতে আমার নিকটে আগমনকারি সাদোক বংশজ লেবীয় যাজকদের প্রায়শ্চিত্তের নিমিত্তে তুমি এক যুব বলদ ২০ দিবা। পরে তুমি তাহার কিছু রক্ত লইয়া বেদির চারি শৃঙ্গের উপরে ও সোপানের চারি কোণে ও তাহার চতুর্দ্দিগস্থ সীমাতে তাহা প্রক্ষেপ করিয়া বেদির জন্যে পাপ বলিদান ও প্রায়শ্চিত্ত করিবা। ২১ পরে তুমি প্রায়শ্চিত্তার্থক বলদ লইয়া পবিত্র স্থানের বাহিরে মন্দিরের নিরূপিত স্থানে তাহাকে দগ্ধ ২২ করিবা। এবং দ্বিতীয় দিনে প্রায়শ্চিত্তের কারণ এক নির্দ্দোষ ছাগকে উৎসর্গ করিবা; তাহাতে বলদদ্বারা যে প্রকার হইল, তাহাদ্বারাও তদ্রূপ যজ্ঞবে২৩ দীর জন্যে প্রায়শ্চিত্ত হইবে। এই রূপে তাহার জন্যে প্রায়শ্চিত্ত সাঙ্গ করিলে পর তুমি নির্দ্দোষ এক ২৪ যুববলদ ও নির্দ্দোষ এক মেষ উৎসর্গ করিবা। তুমি তাহা পরমেশ্বরের উদ্দেশে উৎসর্গ করিবা, এবং যাজকগণ তাহাদের উপরে লবণ প্রক্ষেপ করিয়া হোমার্থে পরমেশ্বরের উদ্দেশে তাহাদিগকে উৎসর্গ ২৫ করিবে। তুমি প্রায়শ্চিত্তের কারণ সাত দিন পর্য্যন্ত দিনে২ এক২ ছাগ উৎসর্গ করিবা, এবং তাহারা নির্দ্দোষ এক যুব বলদ ও পালের এক মেষ উৎসর্গ ২৬ করিবে। তাহারা সাত দিন পর্য্যন্ত যজ্ঞবেদীর জন্যে প্রায়শ্চিত্ত করিতে২ তাহা পবিত্র করিবে এবং ২৭ তাহার প্রতিষ্ঠা করিবে। সপ্তাহ গতে অষ্টম দিনাবধি যাজকেরা বেদির উপরে তোমাদের নিমিত্তে হোম ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিবে; তাহাতে প্রভু পরমেশ্বর কহেন, আমি তোমাদিগকে গ্রাহ্য করিব।

৪৪ অধ্যায়।

১ রাজার পূর্ব্বদ্বারে অধিকারের কথা ৪ ও যাজকদের প্রতি পরমেশ্বরের অনুযোগ ৯ ও পূর্ব্বের দেবপূজক লেবীয়দের প্রতি ঈশ্বরের কর্ম্ম নিষেধ ও সে কর্ম্মে সাদোকের সন্তানগণকে নিযুক্ত করণ ১৭ ও যাজকদের প্রতিনিধি।

১ পরে তিনি পবিত্র স্থানের বাহিরের পূর্ব্বমুখ দ্বারের পথদিয়া আমাকে ফিরাইয়া আনিলেন; তখন ২ সে দ্বার রুদ্ধ ছিল। পরে পরমেশ্বর আমাকে কহিলেন, এই দ্বার রুদ্ধ থাকিবে, কখনো মুক্ত হইবে না, এবং ইহাদিয়া কেহ প্রবেশ করিবে না; কেননা ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই দ্বার দিয়া প্রবেশ ৩ করিয়াছেন, তন্নিমিত্তে ইহা বদ্ধ থাকিবে। কেবল রাজা আপন রাজপদ প্রযুক্ত সেখানে বসিয়া পরমেশ্বরের সম্মুখে ভোজন করিবে, এবং সে দ্বারের বারাণ্ডার পথদিয়া প্রবেশ করিবে, এবং সেই পথদিয়া বাহিরে যাইবে।

৪ পরে তিনি উত্তরদ্বারের পথে আমাকে মন্দিরের সম্মুখে আনিলে আমি দৃষ্টি করিয়া দেখিলাম, পরমেশ্বরের মন্দির পরমেশ্বরের তেজেতে পরিপূর্ণ ৫ হইল, তাহাতে আমি উবুড় হইয়া পড়িলাম। তাহাতে পরমেশ্বর আমাকে কহিলেন, হে মনুষ্যের সন্তান, আমি পরমেশ্বরের মন্দিরের বিধি ও ব্যবস্থা বিষয়ে

[১২] যিহি ৪০; ২।—[১৯-২১] যা ২৯; ১০-১৪। লে ৮; ১৪-১৭।—[২২,২৩] লে ১; ১,২।—[২৪] লে ২; ১৩।
[২৫-২৭] যা ২৯; ৩৫-৩৭। লে ৮; ৩৩-৩৫।
[৪৪ অধ্য; ২] যিহি ৪৩; ২,৪।—[৩] ৪৬; ২,৮।—[৪] ৪৩; ৫।—[৫] ৪০; ৪।

* (ইব্রু) হরেল্ অর্থাৎ ঈশ্বরের পর্ব্বত। † (ইব্রু) অরিয়েল্ অর্থাৎ ঈশ্বরের সিংহ।

তোমাকে যে সকল কথা কহি, তাহাতে মনোযোগ কর, এবং চক্ষুতে দেখ ও কর্ণেতে শুন, এবং কি প্রকারে পবিত্র মন্দিরে প্রবেশ ও তাহাহইতে নির্গমন করিতে হয় তাহা বিবেচনা কর। ৬ এবং অনাজ্ঞাবহ ইস্রায়েল বংশকে বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে ইস্রায়েল বংশ, তোমাদের ঘৃণ্য ক্রিয়া প্রচুর হইয়াছে। ৭ তোমরা আমার ভক্ষ্য মেদ ও রক্ত উৎসর্গ করণ সময়ে আমার মন্দির অপবিত্র করণার্থে অন্তঃকরণে ও শরীরে অত্বক্‌ছেদি অন্যদেশীয় লোকদিগকে পবিত্র স্থানে আনিয়াছ, এবং তোমাদের সকল ঘৃণ্য ক্রিয়াদ্বারা আমার নিয়ম ভঙ্গ করিয়াছ। ৮ এবং তোমরা আমার পবিত্র স্থানের কার্য্য না করিয়া আপনাদের জন্যে আমার পবিত্র স্থানে কার্য্যকারি তাহাদিগকে নিযুক্ত করিয়াছ।

৯ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, ইস্রায়েলের মধ্যস্থায়ি অন্তঃকরণে ও শরীরে অত্বক্‌ছেদী কোন বিদেশী আমার পবিত্র স্থানে প্রবেশ করিবে না। ১০ এবং ইস্রায়েলের ভ্রান্তির সময়ে আপন ২ দেবগণের পশ্চাৎ ভ্রমণ করিয়া আমার নিকটহইতে দূর হইল যে লেবীয়েরা, তাহারাও আপন ২ অধর্ম্ম ভোগ করিবে। ১১ এবং তাহারা মন্দিরের দ্বার রক্ষা করিয়া মন্দিরে দাস্যকর্ম্ম করিয়া আমার পবিত্র স্থানের দাস হইবে; তাহারা লোকদের নিমিত্তে হব্য ও উৎসর্জ্জনীয় পশু বধ করিয়া তাহাদের সেবা করণার্থে তাহাদের সম্মুখে দাঁড়াইবে। ১২ প্রভু পরমেশ্বর কহেন, তাহারা আপন ২ দেবগণের সম্মুখে দাঁড়াইয়া লোকদের সেবা করিয়া ইস্রায়েল বংশকে পাপেতে পতিত করিয়াছে, এই জন্যে আমি তাহাদের প্রতিকূলে শপথ করিলাম, তাহারা আপন ২ পাপের ফল ভোগ করিবে। ১৩ তাহারা আমার উদ্দেশে যাজক ক্রিয়া করিতে আমার নিকটে আসিবে না, এবং মহাপবিত্র বস্তুর অর্থাৎ আমার কোন পবিত্র বস্তুর নিকটেও আসিবে না, কিন্তু আপনাদের অপমান ও স্বকৃত পাপের ফল ভোগ করিবে। ১৪ আমি তাহাদিগকে কেবল মন্দিরের রক্ষা ও তন্মধ্যস্থ সকল দাস্যকর্ম্ম করিতে নিযুক্ত করিব। ১৫ কিন্তু প্রভু পরমেশ্বর কহেন, ইস্রায়েল বংশের ভ্রান্তির সময়ে আমার পবিত্র স্থানের কর্ম্ম করিল যে সাদোক বংশীয় লেবীয় যাজক, তাহারা আমার সেবা করণার্থে আমার নিকটে আসিবে, এবং মেদ ও রক্ত উৎসর্গ করণার্থে আমার সম্মুখে দাঁড়াইবে। ১৬ তাহারা আমার পবিত্র স্থানে প্রবেশ করিয়া আমার সেবা করণার্থে আমার আসনের নিকটে আসিয়া আমার কর্ম্ম করিবে।

১৭ যে সময়ে তাহারা দ্বারদিয়া অন্তরস্থ প্রাঙ্গণে প্রবেশ করিবে, তৎকালে মসিনার বস্ত্র পরিধান করিবে; এবং যে সময়ে তাহারা অন্তরস্থ প্রাঙ্গণের দ্বারে ও মন্দিরে সেবা করিবে, তৎকালে তাহারা লোমজ বস্ত্র পরিধান করিবে না। ১৮ তাহারা মস্তকে মসিনা বস্ত্রের উষ্ণীষ ও কটিতে মসিনার বস্ত্র পরিধান করিবে, এবং ঘর্ম্মজনক বন্ধনেতে আপনাদিগকে বন্ধন করিবে না। ১৯ তাহারা যখন বহিস্থ প্রাঙ্গণে অর্থাৎ লোকদের কাছে বহিস্থ প্রাঙ্গণে যায়, তৎকালে তাহারা যে বস্ত্র পরিধান করিয়া সেবা করিয়াছিল, তাহা খুলিয়া পবিত্র কুঠরীতে রাখিবে, এবং অন্য বস্ত্র পরিধান করিবে, এবং আপনাদের সেই বস্ত্র পরিধান করিয়া লোককে পবিত্র করিবে না। ২০ এবং তাহারা মস্তক মুণ্ডনও করিবে না, এবং কেশ দীর্ঘও করিবে না, মস্তকের কেশ ছেদন করিবে। ২১ এবং যে সময়ে যাজকগণ অন্তরস্থ প্রাঙ্গণে যায়, তৎকালে কোন দ্রাক্ষারস পান করিবে না। ২২ তাহারা বিধবাকে কিম্বা স্বামিত্যক্ত স্ত্রীকে বিবাহ করিবে না, কিন্তু ইস্রায়েল বংশীয় কন্যাকে কিম্বা পূর্ব্বে যাজকের ভার্য্যা ছিল এমত বিধবাকে বিবাহ করিবে। ২৩ এবং তাহারা আমার লোকদিগকে পবিত্র ও অপবিত্র বস্তুর প্রভেদ শিক্ষা দিবে, এবং শুচি ও অশুচির ভিন্নতা জ্ঞাত করিবে। ২৪ এবং তাহারা বাদানুবাদের বিচারার্থে নিযুক্ত হইবে, এবং আমার আজ্ঞানুসারে তাহার নিষ্পত্তি করিবে; এবং পর্ব্বসময়ে আমার বিধি ও ব্যবস্থা পালন করিবে, ও আমার বিশ্রামদিনকে পবিত্র জ্ঞান করিবে। ২৫ এবং তাহারা আপনাদিগকে অশুচি করিতে কোন শবের নিকটে যাইবে না; কেবল পিতা ও মাতা ও পুত্র ও কন্যা ও ভ্রাতা ও অবিবাহিতা ভগিনীর নিমিত্তে আপনাদিগকে অশুচি করিতে পারিবে। ২৬ পরে শুচি হইলে তাহার জন্যে আর সাত দিন গণিত হইবে। ২৭ প্রভু পরমেশ্বর কহেন, যে দিনে সে পবিত্র স্থানে সেবা করণার্থে পবিত্র স্থানের অন্তরস্থ প্রাঙ্গণে প্রবেশ করে, সেই দিনে আপনার জন্যে প্রায়শ্চিত্ত করিবে। ২৮ এবং আমি তাহাদের অধিকারস্বরূপ, ইহা তাহাদের অধিকার হইবে; এবং ইস্রায়েলের মধ্যে তোমরা তাহাদিগকে কোন আধিপত্য দিবা না, আমিই তাহাদের আধিপত্য। ২৯ তাহারা নৈবেদ্য ও প্রায়শ্চিত্ত ও দোষার্থক বলি ভোজন করিবে; এবং ইস্রায়েলের মধ্যে ঈশ্বরের উদ্দেশে যে সকল দ্রব্য নিবেদিত হইবে, তাহা তাহাদের হইবে। ৩০ এবং সকল বস্তুর প্রথম ফলের প্রধান ভাগ, ও উত্তোলনীয় দ্রব্যের মধ্যে প্রত্যেক উত্তোলনীয় দ্রব্য যাজকদের হইবে।

[১০-১৪] ২ রা ২৩; ৫,৮,৯॥—[১৫,১৬] যিহি ৪০; ৪৬। ৪৩; ১৯॥—[১৭,১৮] যা ২৮; ৪০-৪৩॥—[১৯] যিহি ৪২; ১৪। ৪৬; ২০॥—[২০] লে ২১; ৫॥—[২১] লে ১০; ৯॥—[২২] লে ২১; ১৩,১৪॥—[২৩] লে ১০; ১০,১১॥—[২৪] দ্বি ১৭; ৮-১৩॥—[২৫] লে ২১ ১-৩॥—[২৬] গ ১৯; ১২॥—[২৮] দ্বি ১৮; ১,২॥—[২৯,৩০] লে ২৭; ২৮। গ ১৮; ৮-১৫॥

এবং তোমাদের গৃহে যেন আশীর্ব্বাদ থাকে, এই নিমিত্তে তোমরা যাজকদিগকে আপনাদের মর্দ্দিত ময়দার প্রথমাংশ দিবা। ৩১ এবং যে কোন বস্তু স্বয়ং-মৃত কিম্বা পশু কি পক্ষীতে ভুক্ত, তাহা যাজকেরা ভোজন করিবে না।

৪৫ অধ্যায়।

১ পবিত্র গৃহের নিমিত্তে ভূমির অংশ ৯ ও রাজা ও লোকদের প্রতি বিধি ও ব্যবস্থা।

১ যে সময়ে তোমরা অধিকারের নিমিত্তে গুলিবাঁট করিয়া দেশ বিভাগ করিবা, তৎকালে পরমেশ্বরের উদ্দেশে এক নৈবেদ্য অর্থাৎ দেশের পবিত্র এক ভাগ উৎসর্গ করিও; সেই দেশের দীর্ঘতা পঁচিশ সহস্র হস্ত* ও তাহার প্রস্থতা দশ সহস্র হস্ত পরিমাণ হইবে; এই ভাগ চতুঃসীমার সর্ব্বদিগে পবিত্র হইবে। ২ তাহার মধ্যে পাঁচশত হস্ত দীর্ঘ ও পাঁচ শত হস্ত প্রস্থ চারিদিগে সমানভূমি পবিত্র স্থানের জন্যে থাকিবে, এবং তাহার বহির্ভাগে চতুর্দ্দিগে পঞ্চাশ হস্ত অবশিষ্ট থাকিবে। ৩ সর্ব্বশুদ্ধ পঁচিশ সহস্র হস্ত দীর্ঘ ও দশ সহস্র হস্ত প্রস্থ (ভূমি) মাপিবা, এবং তাহার মধ্যে পবিত্র গৃহ ও পবিত্র স্থান থাকিবে। ৪ দেশের এই পবিত্র অংশ যাজকদের অর্থাৎ পরমেশ্বরের সেবা করিতে তাঁহার নিকটে আগমনকারি পবিত্র স্থানের সেবকদের নিমিত্তে হইবে, এবং তাহাদের বাটীর নিমিত্তে তাহাতে স্থান হইবে, ও পবিত্র গৃহের নিমিত্তে পবিত্র স্থান হইবে। ৫ এবং মন্দিরের সেবক লেবীয়েরা অধিকারার্থে পঁচিশ সহস্র হস্ত দীর্ঘ ও দশ সহস্র হস্ত প্রস্থ অন্য এক ভূমি এবং বিংশতি কুঠরী পাইবে। ৬ এবং তোমরা নিবেদিত পবিত্র স্থানের সম্মুখে পাঁচ সহস্র হস্ত প্রস্থ ও পঁচিশ সহস্র হস্ত দীর্ঘ নগরের অংশ নিরূপণ করিবা; তাহা ইস্রায়েলের তাবৎ বংশের নিমিত্তে হইবে। ৭ এবং নিবেদিত পবিত্র ভূমির এ পার্শ্বে ও পার্শ্বে, অর্থাৎ পশ্চিম পার্শ্বে পশ্চিম দিগে ও পূর্ব্বপার্শ্বে পূর্ব্বদিগে পবিত্র ভূমির ও নগরের অংশের সন্নিকটে অধ্যক্ষের নিমিত্তে অংশ হইবে; তাহার দীর্ঘতা পশ্চিম সীমাবধি পূর্ব্বসীমা পর্য্যন্ত অন্য অংশের সম্মুখে হইবে। ৮ এবং সে ভূমি ইস্রায়েলের মধ্যে তাহার অধিকার হইবে, এবং অধ্যক্ষেরা আমার লোকদের প্রতি আর উপদ্রব করিবে না, তাহারা আপন বংশানুসারে ইস্রায়েল বংশকে দেশ প্রদান করিবে।

৯ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে ইস্রায়েলের অধ্যক্ষগণ, তোমাদের কুক্রিয়া প্রচুর হইয়াছে; প্রভু পরমেশ্বর কহেন, তোমরা উপদ্রব ও অন্যায় ত্যাগ করিয়া ন্যায় ও প্রকৃত কর্ম্ম কর; তোমরা আমার লোকদের নিকটহইতে অপহরণ দূর কর। ১০ এবং তোমরা প্রকৃত পাল্লা ও প্রকৃত ঐফা ও প্রকৃত বাৎ কর। ১১ তোমাদের ঐফা ও বাৎ এক পরিমাণ হইবে; বাৎ হোমরের দশমাংশ, ও ঐফা হোমরের দশমাংশ হইবে; এই উভয় হোমরানুসারে পরিমিত হইবে। ১২ এবং বিংশতি গেরাতে এক শেকল হইবে; ও পঁচিশ শেকলে ও বিংশতি শেকলে ও পোনেরো শেকলে এক মানী হইবে। ১৩ তোমাদের উত্তোলনীয় দ্রব্যের এই পরিমাণ হইবে; তোমরা গোমের এক হোমরের মধ্যে এক ঐফার ষষ্ঠাংশ দিবা, এবং যবের এক হোমরের মধ্যে এক ঐফার ষষ্ঠাংশ দিবা। ১৪ এবং এক কোরের মধ্যে তৈলের পরিমাণ যে বাৎ তাহার দশমাংশ তৈল দিবা; যেমন দশ বাতে হোমর হয়, তদ্রূপ দশ বাতে কোর্† হয়। ১৫ প্রভু পরমেশ্বর কহেন, তোমাদের পাপ মার্জ্জনার্থে নৈবেদ্য ও হোম ও মঙ্গলার্থক বলি দান করিতে ইস্রায়েলের সুসিক্ত ভূমিতে যে দুই শত মেষ, তাহার মধ্যে এক মেষকে উৎসর্গ করিবা। ১৬ এবং দেশের তাবৎ লোকেরা এই উত্তোলনীয় দ্রব্য অধ্যক্ষকে দিবে। ১৭ এবং উৎসব ও অমাবস্যা ও বিশ্রামদিন প্রভৃতি ইস্রায়েল্ বংশের তাবৎ পর্ব্বের সময়ে হোম ও নৈবেদ্য ও পানীয় উপকরণ অধ্যক্ষকে দিতে হইবে, এবং সে ইস্রায়েল বংশের পাপ মার্জ্জনার নিমিত্তে প্রায়শ্চিত্ত ও নৈবেদ্য ও হোম ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিবে। ১৮ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, প্রথম মাসের প্রথম দিনে তুমি এক নির্দ্দোষ যুব বলদ লইয়া পবিত্র স্থানের জন্যে প্রায়শ্চিত্ত করিবা। ১৯ এবং যাজক প্রায়শ্চিত্তার্থক বলির কিছু রক্ত লইয়া মন্দিরের চৌকাষ্ঠের উপরে এবং যজ্ঞবেদির‡ চারি কোণে ও ভিতরের প্রাঙ্গণের দ্বারের চৌকাষ্ঠের উপরে প্রক্ষেপ করিবে। ২০ এবং প্রত্যেক ভ্রান্ত ও অজ্ঞানের নিমিত্তে মাসের সপ্তম দিনে তোমরা এই প্রকার করিবা ও এই মতে মন্দিরের জন্যে প্রায়শ্চিত্ত করিবা। ২১ প্রথম মাসের চতুর্দ্দশ দিনে তোমরা নিস্তার নামে সাত দিনের পর্ব্ব করিবা, তাহাতে তাড়ীশূন্য রুটী আহার হইবে। ২২ সে দিনে অধ্যক্ষ আপনার ও দেশীয় সকল লোকদের নিমিত্তে প্রায়শ্চিত্তার্থে এক বলদ উৎসর্গ করিবে। ২৩ সেই পর্ব্বের সপ্তাহের প্রত্যেক দিনে সে পরমেশ্বরের উদ্দেশে হোমার্থে নির্দ্দোষ সাত বলদ ও সাত মেষ, এবং প্রায়শ্চিত্তার্থে এক ছাগবৎস উৎসর্গ করিবে। ২৪ এবং এক২ বলদের সহিত এক২ ঐফা ও এক২ মেষের সহিত এক২ ঐফা পরিমিত নৈবেদ্য উৎসর্গ করিবে, ২৫ এবং

[৪৫ অধ্য; ১-৫] যিহি ৪৮; ৮-১৪॥—[৬] ৪৮; ১৫-২০॥—[৭] ৪৮; ২১,২২॥—[৮] ৪৬; ১৮॥—[১০] লে ১৯; ৩৫,৩৬॥ [১২] লে ২৭; ২৫॥—[১৮] যা ১২; ২॥—[২০] লে ৪; ২৭॥—[২১-২৪] গ ২৮; ১৬-২৫॥—[২৫] গ ২৯; ১২॥

* (বা) নল। † (ইব্রি) হোমর। ‡ (ইব্রি) বেদির সোপানের।

এক ২ ঐফা (নৈবেদ্যের) সহিত এক ২ হিন তৈল দিবে। ১৫ সপ্তম মাসের পঞ্চদশ দিনের পর্ব্বসময়ে প্রায়শ্চিত্ত ও হোম ও নৈবেদ্য ও তৈল তদনুসারে সাত দিন পর্য্যন্ত উৎসর্গ করিবে।

৪৬ অধ্যায়।

১ রাজা ও লোকদের ভজন করণের বিধি ৯ ও মন্দিরে প্রবেশ ও নির্গমনের কথা ও বলিদানাদির কথা ১৬ ও রাজপুত্রদের অধিকার ১৯ ও পাক ও সিদ্ধ করণের কুঠরীর কথা।

১ প্রভু পরমেশ্বর কহেন, অন্তরস্থ প্রাঙ্গণের পূর্ব্বমুখ দ্বার কর্ম্মের ছয় দিন বন্ধ থাকিবে, কিন্তু বিশ্রামদিনে মুক্ত হইবে, এবং অমাবস্যার দিনেও মুক্ত ২ হইবে। অধ্যক্ষ দ্বারের বাহির বারাণ্ডার পথদিয়া আগমন করিয়া দ্বারের চৌকাষ্ঠের নিকটে দাঁড়াইবে, এবং যাজক তাহার হোম ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিবে, এবং সে দ্বারের গোবরাটের নিকটে ভজনা করিবে; তাহার পর সে বাহিরে যাইবে; কিন্তু ৩ সায়ংকাল পর্য্যন্ত দ্বার বন্ধ হইবে না। এবং বিশ্রামবারে ও অমাবস্যাতে দেশীয় লোকেরাও ঐ দ্বারের প্রবেশস্থানে থাকিয়া পরমেশ্বরের ভজনা করি- ৪ বে। বিশ্রামদিনে অধ্যক্ষ পরমেশ্বরের উদ্দেশে যে হোমবলি উৎসর্গ করিবে, তাহার নিমিত্তে নির্দ্দোষ ৫ ছয় মেষশাবক ও নির্দ্দোষ এক মেষ হইবে। এবং সেই মেষের সহিত এক ঐফা নৈবেদ্য দিবে, কিন্তু মেষবৎসের সহিত যথা ইচ্ছা দিবে; এবং এক ২ ঐফা নৈবেদ্যর সহিত এক ২ হিন তৈল দিবে। ৬ এবং অমাবস্যার দিনে নির্দ্দোষ এক যুব বলদ ৭ ও নির্দ্দোষ ছয় মেষশাবক ও এক মেষ হইবে। এবং সেই বলদের সহিত এক ঐফা ও মেষের সহিত এক ঐফা নৈবেদ্য দিবে, এবং মেষবৎসের সহিত যথাশক্তি দিবে, এবং এক ২ ঐফা নৈবেদ্যের সহিত ৮ এক ২ হিন তৈল দিবে। যখন অধ্যক্ষ প্রবেশ করে, তখন দ্বারের বারাণ্ডার পথে প্রবেশ করিবে, এবং সেই পথদিয়া বাহিরে যাইবে।

৯ কিন্তু উৎসবের সময়ে যখন দেশীয় লোকেরা পরমেশ্বরের সাক্ষাতে আইসে, তখন যে কেহ ভজনার্থে উত্তরদ্বারের পথদিয়া প্রবেশ করে, সে দক্ষিণদ্বারের পথ দিয়া বাহিরে যাইবে; এবং যে জন দক্ষিণদ্বারের পথদিয়া প্রবেশ করে, সে উত্তরদ্বারের পথদিয়া বাহিরে যাইবে; যে যে দ্বারের পথে প্রবেশ করিবে, সে সেই দ্বারের পথে বাহিরে যাইবে না, কিন্তু তাহার সম্মুখদিয়া বাহিরে যাইবে। ১০ এবং যখন তাহারা প্রবেশ করিবে, তখন তাহাদের মধ্যে অধ্যক্ষও প্রবেশ করিবে; এবং তাহারা বাহিরে গেলে তাহাদের মধ্যে বাহিরে যাইবে। এবং পর্ব্বের ও উৎসবের সময়ে এক ২ বলদের ১১ সহিত এক ২ ঐফা নৈবেদ্য ও এক ২ মেষের সহিত এক ২ ঐফা নৈবেদ্য দিবে, কিন্তু এক ২ মেষশাবকের সহিত যথাশক্তি দিবে; এবং এক ২ ঐফা নৈবেদ্যের সহিত এক ২ হিন তৈল দিবে। যখন অধ্যক্ষ ১২ পরমেশ্বরের উদ্দেশে স্বেচ্ছানুসারে হোম ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করে, তখন তাহার নিমিত্তে পূর্ব্বদ্বার মুক্ত করিতে হইবে; যেমন বিশ্রামদিনে তদ্রূপ হোম ও মঙ্গলার্থক বলিদান করিবে; পরে সে বাহিরে গেলে দ্বার রুদ্ধ হইবে। তুমি পরমেশ্বরের উদ্দেশে ১৩ নিত্য ২ একবর্ষীয় নির্দ্দোষ এক মেষশাবক হোম করিবা ও প্রতি প্রভাতে তাহা উৎসর্গ করিবা। এবং ১৪ প্রতি প্রভাতে তাহার সহিত নৈবেদ্য উৎসর্গ করিবা, অর্থাৎ ঐফার ষষ্ঠাংশ নৈবেদ্য ও ময়দা মাখিতে এক হিনের তৃতীয়াংশ তৈল, এই নৈবেদ্য পরমেশ্বরের উদ্দেশে নিত্য ২ বিধিমতে উৎসর্গ করিবা। এবং সেই নিত্য ২ হোমের নিমিত্তে প্রতি প্রভাতে ১৫ মেষশাবক ও নৈবেদ্য ও তৈল উৎসর্গ করিবা।

প্রভু পরমেশ্বর এই কথা কহেন, অধ্যক্ষ যদি ১৬ আপনার পুত্রগণকে কিছু দান করে, তবে তাহা তাহাদের অধিকার হইবে, ও তাহার পুত্রদের প্রতি বর্ত্তিবে; সেই পৈত্রিক ধন তাহাদের অধিকার হইবে। কিন্তু সে যদি আপন কোন ভৃত্যকে আপন ১৭ অধিকারের কিছু দান করে, তবে মুক্তিবৎসর পর্য্যন্ত তাহা তাহার হইবে; পরে তাহা পুনর্ব্বার অধ্যক্ষের হইবে; কেবল তাহার পুত্রগণ তাহার অধিকার পাইবে। রাজা লোকদিগকে তাহাদের ১৮ অধিকারহইতে দূর করিয়া উপদ্রবদ্বারা তাহাদের অধিকার লইবে না; আমার লোকেরা প্রত্যেক জন আপন ২ অধিকারহইতে যেন ছিন্নভিন্ন না হয়, একারণ সে আপন অধিকারের মধ্যহইতে আপন পুত্রদিগকে অধিকার দিবে।

পরে তিনি দ্বারের পার্শ্বস্থ প্রবেশের পথদিয়া ১৯ আমাকে যাজকদের উত্তরমুখ পবিত্র কুঠরীতে আনিলেন; তাহার পশ্চিম পার্শ্বে স্থান ছিল। তখন ২০ তিনি আমাকে কহিলেন, যাজকেরা বহিস্থিত প্রাঙ্গণে গিয়া লোকদিগকে যেন শুচি না করে, একারণ তাহারা এই স্থানে দোষ ও প্রায়শ্চিত্তার্থক বলি পাক করিবে ও নৈবেদ্য ভর্জন করিবে। পরে তিনি আমা- ২১ কে বহিস্থিত প্রাঙ্গণে আনিয়া সেই প্রাঙ্গণের চারি কোণ দিয়া গমন করাইলেন; ঐ প্রাঙ্গণের প্রত্যেক কোণে এক ২ প্রাঙ্গণ ছিল। ও প্রাঙ্গণের চারি কোণে ২২ চল্লিশ হস্ত দীর্ঘ ও ত্রিশ হস্ত প্রস্থ প্রাঙ্গণ ছিল; সেই চারি কোণস্থিত স্থানের এক পরিমাণ ছিল। তাহার ২৩ প্রত্যেকের চতুর্দ্দিগে কুঠরীর পংক্তি ছিল, এবং ঐ

[৪৬ অধ্যা; ১] যিহি ৪৪; ১-৩।।—[৪,৫] গ ২৮; ৯,১০।।—[৬,৭] গ ২৮; ১১-১৫।।—[৮] প ২। যিহি ৪৪; ৩।।—[১২] যিহি ৪৪; ৩।।—[১৩-১৫] গ ২৮; ৩-৮।।—[১৭] লে ২৫; ১০।।—[১৮] যিহি ৪৫; ৮।।—[২০] ৪৪; ১৯। লে ৬; ২৭।।

২৪ চতুর্দ্দিগস্থ কুঠরীর মধ্যে পাকশালা ছিল। তখন তিনি আমাকে কহিলেন, মন্দিরের সেবকেরা যে ২ স্থানে লোকদের বলি সিদ্ধ করিবে, সে পাচকদের গৃহ এই হইবে।

৪৭ অধ্যায়।

১ পবিত্র জলের কথা ৬ ও সে জলের গুণের কথা ১৩ ও দেশের সীমা ২২ ও গুলিবাঁটদ্বারা তাহার বিভাগ করণ।

১ পরে তিনি আরবার আমাকে মন্দিরের দ্বারের নিকটে আনিলেন; সেখানে পূর্ব্বাভিমুখ মন্দিরের পূর্ব্বদিগের কপালির নামোহইতে জল নির্গত হইয়া মন্দিরের দক্ষিণ পার্শ্বের অধোদিগে যজ্ঞবেদির ২ দক্ষিণে বহিল।পরে তিনি উত্তরদ্বারের পথদিয়া আমাকে আনিলেন,এবং বাহ্য পথ দিয়া বহির্দ্দিগের পূর্ব্বাভিমুখ দ্বার পর্য্যন্ত আমাকে লইয়া গেলেন; ৩ সেখানে দক্ষিণ পার্শ্বে জল নির্গত হইল। এবং তিনি পূর্ব্বদিগে যাইয়া হস্তে সূত্র ধরিয়া এক সহস্র হস্ত পর্য্যন্ত মাপিলেন, এবং আমাকে সেই জলের মধ্যদিয়া লইয়া গেলেন; সেখানে পাদের গুল্ফ পর্য্যন্ত ৪ জল হইল। এবং তিনি পুনর্ব্বার এক সহস্র হস্ত মাপিয়া সেই জলের মধ্যদিয়া আমাকে আনিলেন; তাহাতে হাঁটু পর্য্যন্ত জল হইল। আরবার তিনি এক সহস্র হস্ত মাপিয়া সেই জলের মধ্যদিয়া আমাকে ৫ লইয়া গেলেন; তাহাতে কটি পর্য্যন্ত জল হইল। কিন্তু তিনি পুনর্ব্বার এক সহস্র হস্ত মাপিলে অপার নদী হইল, কারণ ঐ জল এমত বৃদ্ধি পাইল যে সন্তরণে উত্তীর্ণ হইতে হয়, পদব্রজে উত্তীর্ণ হওয়া যায় না, এমত নদীস্বরূপ হইল।

৬ তখন তিনি আমাকে কহিলেন,হে মনুষ্যের সন্তান, তুমি কি ইহা দেখিলা? পরে তিনি আমাকে লইয়া ৭ ঐ নদীর তীরে ফিরাইয়া আনিলেন। আমি ফিরিয়া গেলে সেই নদীর তীরে এপারে ওপারে অনেক বৃক্ষ ৮ দেখিলাম। তখন তিনি আমাকে কহিলেন, এই জল পূর্ব্বপ্রদেশে বহিয়া (যর্দ্দনের) প্রান্তরে যায়, এবং সমুদ্রে যায়; ও সমুদ্রে প্রবিষ্ট হইলে তাহার জল ৯ উত্তম হয়। এবং এই জল যে কোন স্থানে বহিবে, সে স্থানে উরোগামি তাবৎ জীব জন্তু বাঁচিবে, ও সেখানে বিস্তর মৎস্য হইবে; কেননা এই জল যেখানে যায়, সেখানে অন্য জলকে উত্তম করে, এবং যে কোন স্থান দিয়া বহে,তথাকার তাবৎ জীব ১০ বাঁচে। এবং ঐন্‌গিদী অবধি ঐন্‌ইগ্লয়িম্ পর্য্যন্ত ধীবরগণ তাহার তীরে দাঁড়াইবে ও জাল বিস্তার করণের স্থান হইবে, এবং মৎস্যগণ জাত্যনুসারে বৃদ্ধি পাইয়া মহাসমুদ্রের মৎস্যের ন্যায় প্রচুর হই- ১১ বে। কিন্তু তাহার পঙ্কস্থান ও বিল উত্তম হইবে না; তাহা লবণযুক্ত হইবে। এবং নদীর তীরে এপারে ১২ ওপারে তাবৎ বৃক্ষ অম্লান পত্র ও খাদ্যের নিমিত্তে অক্ষয় ফল বিশিষ্ট হইবে; তাহার জল পবিত্র স্থানের মধ্যহইতে নির্গত হওয়াতে বৃক্ষগণ প্রতি মাসে ফলিবে; এবং তাহার ফল ভোজনার্থে ও তাহার পত্র ঔষধার্থে হইবে।

১৩ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমরা ইস্রায়েলের দ্বাদশ বংশানুসারে যে দেশাধিকার করিবা, তাহা এই; যূষফের দুই অংশ থাকিবে; তদ্ভিন্ন ১৪ তোমরা সকলের সমান অধিকার করিবা, কারণ আমি তোমাদের পূর্ব্বপুরুষদিগকে যে দেশ দিতে শপথ *করিয়াছি,তোমরা তাহার অধিকার পাইবা। ১৫ তাহার সীমার বৃত্তান্ত এই। উত্তরদিগের সীমা এই; মহাসমুদ্রহইতে সিদাদ্ পর্য্যন্ত হিৎলোনের পথ; ১৬ পরে হমাৎ ও বিরোথা এবং দম্মেষকের ও হমাতের সীমার মধ্যস্থিত সিব্রয়িম্ ও হৌরণের সীমার নিকটস্থ হৎসর-হত্তীকোন্। এই রূপে সীমা সমুদ্র- ১৭ হইতে হৎসর-ঐনন্ পর্য্যন্ত দম্মেষকের সীমা দিয়া উত্তরদিগে অতি দূরে এবং হমাতের সীমা দিয়া যাইবে; এই উত্তরসীমা হইবে। এবং পূর্ব্বসীমা ১৮ এই; তোমরা হৌরণ ও দম্মেষক ও গিলিয়দ এবং যর্দ্দনের ওপারস্থ ইস্রায়েল দেশের সীমা অবধি পূর্ব্ব সমুদ্র পর্য্যন্ত মাপিবা; এই পূর্ব্বসীমা হইবে। আর ১৯ দক্ষিণ † দিগে দক্ষিণসীমা এই; তামর অবধি কাদেশস্থ বিবাদজল পর্য্যন্ত ও নদী দিয়া মহাসমুদ্র পর্য্যন্ত; দক্ষিণ † দিগের এই দক্ষিণসীমা হইবে। ২০ এবং পশ্চিমসীমা এই; (দক্ষিণ) সীমা অবধি হমাতের সম্মুখের স্থান পর্য্যন্ত মহাসমুদ্র; এই পশ্চিম সীমা হইবে। এই রূপে তোমরা ইস্রায়েলের বংশা- ২১ নুসারে আপনাদের দেশ বিভাগ করিবা।

২২ এই রূপে তোমরা আপনাদের নিমিত্তে,এবং যে বিদেশি লোকেরা তোমাদের মধ্যে প্রবাস করিয়া তোমাদের মধ্যে সন্তান উৎপন্ন করে, তাহাদেরও নিমিত্তে গুলিবাঁট করিয়া দেশ বিভাগ ২৩ করিবা; এবং তাহারা ইস্রায়েল বংশের মধ্যে দেশীয় লোকদের ন্যায় গণিত হইয়া ইস্রায়েল বংশদের মধ্যে তোমাদের সহিত অধিকার পাইবে। প্রভু পরমেশ্বর কহেন, অন্যদেশীয় লোক তোমাদের যে বংশের মধ্যে প্রবাস করিবে, তাহার মধ্যে তোমরা তাহাকে অধিকার দিবা।

৪৮ অধ্যায়।

১ ইস্রায়েলের সাত বংশের ভাগ ৮ ও পবিত্র স্থানের কথা ১৫ ও নগর ও তাহার বহির্ভাগের কথা ২১ ও রাজার কথা ২৩ ও পাঁচ বংশের ভাগ ৩০ ও নগরের পরিমাণ ও তাহার দ্বারের কথা।

[৪৭ অধ্য; ১-১২] গী ৪৬; ৪। যোয় ৩; ১৮। সিখ ১৩; ১। ১৪; ৮। প্র ২২; ১,২ ॥—[১২] গা ২২; ২॥

* (ইব্র)হস্ত ওঠাইলাম। † (বা) তৈমনের।

বংশদের এই২ নাম। ১ উত্তরদিগস্থ প্রান্তভাগ অর্থাৎ হমাতের প্রবেশস্থান পর্য্যন্ত হিৎলোনের পথের পার্শ্বস্থিত দেশ ও হৎসর-ঐনন্ ও দম্মেষকের উত্তরসীমা পর্য্যন্ত হমাতের পার্শ্বস্থিত দেশ পূর্ব্বসীমাবধি সমুদ্র পর্য্যন্ত দানের একাংশ। ২ এবং দানের সীমার কাছে পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত আশেরের একাংশ। ৩ এবং আশেরের সীমার কাছে পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত নপ্তালির একাংশ। ৪ এবং নপ্তালির সীমার কাছে পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত মিনশির একাংশ। ৫ এবং মিনশির সীমার কাছে পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত ইফ্রয়িমের একাংশ। ৬ এবং ইফ্রয়িমের সীমার কাছে পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত রূবেনের একাংশ। ৭ এবং রূবেনের সীমার কাছে পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত যিহূদার একাংশ।

৮ যিহূদার সীমার কাছে তোমরা পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত পঁচিশ সহস্র হস্ত প্রশস্ত ও পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত দীর্ঘতাতে অন্য ২ ভাগের তুল্য এক নৈবেদ্য নিবেদন করিবা, ও তাহার মধ্যে পবিত্র মন্দির হইবে। ৯ পরমেশ্বরের উদ্দেশে তোমরা যে ভূমি নিবেদন করিবা, তাহা পঁচিশ সহস্র হস্ত দীর্ঘ ও দশ সহস্র হস্ত প্রস্থ হইবে। ১০ তাহা যাজকদের জন্যে এক পবিত্র নৈবেদ্য হইবে; উত্তরদিগে পঁচিশ সহস্র হস্ত দীর্ঘ ও পশ্চিম দিগে দশ সহস্র হস্ত প্রস্থ, ও পূর্ব্বদিগে দশ সহস্র হস্ত প্রস্থ ও দক্ষিণদিগে পঁচিশ সহস্র হস্ত দীর্ঘ; তাহার মধ্যে পরমেশ্বরের পবিত্র স্থান থাকিবে। ১১ ইস্রায়েলের সন্তানদের ভ্রান্তির সময়ে লেবীয়েরা যেমন ভ্রান্ত হইয়াছিল, যাহারা তদ্রূপ ভ্রান্ত না হইয়া আমার ক্রিয়া করিল, এমত সাদোকের পবিত্রীকৃত সন্তান যে যাজকগণ, তাহাদের জন্যে হইবে। ১২ এবং লেবীয়দের সীমার কাছে উৎসৃষ্ট নৈবেদ্যস্বরূপ সেই ভূমি তাহাদের জন্যে মহাপবিত্র বস্তু হইবে। ১৩ এবং যাজকদের সীমার সম্মুখে লেবীয়েরা পঁচিশ সহস্র হস্ত দীর্ঘ ও দশ সহস্র হস্ত প্রস্থ স্থান পাইবে; সমুদায়ের দীর্ঘতা পঁচিশ সহস্র ও প্রস্থতা দশ সহস্র হস্ত হইবে। ১৪ তাহারা তাহার কিছু বিক্রয় করিবে না, এবং হস্তান্তরও করিবে না, এবং দেশের প্রথমজাত ফল পরিবর্ত্ত করিবে না, কেননা তাহা পরমেশ্বরের নিমিত্তে পবিত্র আছে।

১৫ সেই পঁচিশ সহস্র হস্ত দীর্ঘস্থানের কাছে প্রস্থতার মধ্যে যে পাঁচ সহস্র হস্ত থাকে, তাহা নগরের ও বাসস্থানের ও বহির্ভাগের জন্যে সাধারণ স্থান হইবে, ও তাহার মধ্যে নগর থাকিবে। ১৬ তাহার পরিমাণ এই রূপ হইবে; উত্তরসীমা চারি সহস্র পাঁচ শত হস্ত, ও দক্ষিণসীমা চারি সহস্র পাঁচ শত হস্ত, ও পূর্ব্বসীমা চারি সহস্র পাঁচ শত হস্ত, ও পশ্চিমসীমা চারি সহস্র পাঁচশত হস্ত হইবে। ১৭ এবং নগরের বহির্ভাগ উত্তরদিগে দুই শত পঞ্চাশ হস্ত, ও দক্ষিণদিগে দুই শত পঞ্চাশ হস্ত, ও পূর্ব্বদিগে দুই শত পঞ্চাশ হস্ত, ও পশ্চিমদিগে দুই শত পঞ্চাশ হস্ত হইবে। ১৮ এবং পবিত্র নৈবেদ্য স্থানের দীর্ঘতার মধ্যে পূর্ব্বদিগে দশ সহস্র হস্ত ও পশ্চিমে দশ সহস্র হস্ত যে অবশিষ্ট স্থান পবিত্র ভূমির সম্মুখে হইবে, তাহার উৎপন্ন দ্রব্য নগরের সেবক লোকদের ভক্ষ্যের নিমিত্তে হইবে। ১৯ এবং ইস্রায়েলের তাবৎ বংশের মধ্যহইতে কতক লোক নগরের সেবা করিবে। ২০ সেই নিবেদিত ভূমি সর্ব্বশুদ্ধ পঁচিশ সহস্র হস্ত দীর্ঘ ও পঁচিশ সহস্র হস্ত প্রস্থ হইবে; তোমরা নগরের অধিকারশুদ্ধ পবিত্র নিবেদিত ভূমি চতুষ্কোণ করিবা।

২১ পবিত্র নিবেদিত ভূমির ও নগরের অধিকারের দুই পার্শ্বে যে সকল অবশিষ্ট ভূমি, তাহা রাজার অধিকার হইবে; অর্থাৎ নিবেদিত পঁচিশ সহস্র হস্ত ভূমিহইতে পূর্ব্বসীমা পর্য্যন্ত, ও নিবেদিত পঁচিশ সহস্র হস্ত ভূমির পশ্চিমদিগহইতে পশ্চিম সীমা পর্য্যন্ত অন্য সকল অংশের সম্মুখে রাজার অংশ হইবে, এবং পবিত্র নিবেদিত ভূমি ও পবিত্র মন্দির তাহার মধ্যস্থিত হইবে। ২২ এই রূপে মধ্যস্থিত লেবীয়দের ও নগরের অধিকারের দুই দিগে রাজার অধিকার হইবে; যিহূদার ও বিন্যামীনের সীমার মধ্যে রাজার অংশ হইবে।

২৩ অন্য ২ বংশদের এই রূপ হইবে; পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত বিন্যামীনের একাংশ হইবে। ২৪ এবং বিন্যামীনের সীমার কাছে পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত শিমিয়োনের একাংশ হইবে। ২৫ এবং শিমিয়োনের সীমার কাছে পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত ইষাখরের একাংশ হইবে। ২৬ এবং ইষাখরের সীমার কাছে পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত সিবূলূনের একাংশ হইবে। ২৭ এবং সিবূলূনের সীমার কাছে পূর্ব্বসীমাবধি পশ্চিমসীমা পর্য্যন্ত গাদের একাংশ হইবে। ২৮ এবং গাদের সীমার কাছে দক্ষিণ দিগে তামর অবধি কাদেশস্থ বিবাদের জল পর্য্যন্ত ও নদী দিয়া মহাসমুদ্র পর্য্যন্ত দক্ষিণসীমা হইবে। ২৯ তোমরা অধিকারের নিমিত্তে ইস্রায়েল বংশদের প্রতি গুলিবাঁট করিয়া যে দেশ বিভাগ করিবা তাহা এই; এবং প্রভু পরমেশ্বর কহেন, তাহাদের এই ২ রূপ অংশ হইবে।

৩০ এবং নগরের নির্গমনপথ এই হইবে; উত্তরদিগে চারি সহস্র পাঁচশত হস্ত পরিমাণ। ৩১ এবং নগরের দ্বার ইস্রায়েল বংশদের নামানুসারে হইবে; অর্থাৎ রূবেনের এক দ্বার, ও যিহূদার এক দ্বার, ও লেবির এক দ্বার, এই তিন দ্বার উত্তরদিগে থাকিবে। ৩২ এবং

[৪৮ অধ্য; ৮-১৩] যিহি ৪৫; ১-৬॥—[১৯] ৪৫; ৬॥—[২১,২২] ৪৫; ৭॥—[৩১-৩৪] প্র ২১; ১২॥

পূর্ব্বদিগে চারি সহস্র পাঁচশত হস্ত পরিমাণ ও তিন দ্বার হইবে, অর্থাৎ যূষফের এক দ্বার, ও বিন্য়া- ৩৩ মীনের এক দ্বার, ও দানের এক দ্বার। এবং দক্ষিণ দিগে চারি সহস্র পাঁচ শত হস্ত পরিমাণ ও তিন দ্বার হইবে; অর্থাৎ শিমিয়োনের এক দ্বার, ও ইষা- ৩৪ খরের এক দ্বার, ও সিবূলূনের এক দ্বার। এবং পশ্চিমদিগে চারি সহস্র পাঁচশত হস্ত পরিমাণ ও তিন দ্বার হইবে, অর্থাৎ গাদের এক দ্বার, ও আশেরের এক দ্বার, ও নপ্তালির এক দ্বার হইবে। তাহার চতু- ৩৫ র্দ্দিগে আঠারো সহস্র হস্ত পরিমাণ হইবে; এবং সেই দিনাবধি সেই নগর যিহোবাঃশম্মা (পরমেশ্বর সেই স্থানে আছেন) এই নামে বিখ্যাত হইবে।

[৩৫] যির ৩; ১৭। সিখ ২; ১০। প্র ২১; ৩। ২২; ৩॥

দানিয়েলের ভবিষ্যদ্বাক্য।

---

১ অধ্যায়।

১ যিহোয়াকীমের বন্দি হওনের কথা ৩ ও দানিয়েল্ ও তাহার তিন বন্ধুর কথা ৮ ও তাহাদের পরিমিত ভোজন ১৭ ও তাহাদের জ্ঞান।

১ যিহূদা দেশীয় যিহোয়াকীম্ নামক রাজার তৃতীয় বৎসর অধিকার সময়ে বাবিল্ দেশীয় নিবুখদ্নিৎসর্ নামক রাজা যিরূশালম্ নগরে আসিয়া তাহা ২ অবরোধ করিল। এবং প্রভু যিহূদার রাজা যিহোয়াকীম্‌কে এবং ঈশ্বরের মন্দিরের কএক পাত্রকে তাহার হস্তে সমর্পণ করিলেন; তাহাতে সে রাজা শিনিয়র্ দেশে আপন দেবমন্দিরে লইয়া গিয়া ঐ পাত্র আপন দেবের ভাণ্ডারে রাখিল।

৩ পরে ইস্রায়েল্ বংশ অর্থাৎ রাজবংশ ও অধ্যক্ষ বংশের মধ্যে নির্দ্দোষ ও সুন্দর ও তাবৎ বিদ্যাতে ৪ নিপুণ ও বুদ্ধিতে পারদর্শী ও জ্ঞানেতে বিজ্ঞ ও রাজ প্রাসাদে দণ্ডায়মান হওনের ও কস্দীয় বিদ্যা ও ভাষাতে শিক্ষিত হওনের যোগ্য কএক যুব লোককে আনিতে রাজা অস্পিনস্ নামক নপুংসকাধ্যক্ষকে ৫ আজ্ঞা করিল। এবং রাজা আপন অন্ন ও পানীয় দ্রাক্ষারসহইতে উপযুক্ত অংশ নিত্য২ তাহাদিগকে দিয়া পালন করিয়া তিন বৎসরান্তে রাজার নি- ৬ কটে দণ্ডায়মান করাইতে আজ্ঞা দিল। তাহাদের মধ্যে যিহূদা বংশীয় দানিয়েল্ ও হনানিয় ও মীশা- ৭ য়েল্ ও অসরিয় ছিল। অনন্তর ঐ নপুংসকাধ্যক্ষ দানিয়েল্‌কে বেল্টিশৎসর, ও হনানিয়কে শদ্রক্, ও মীশায়েল্‌কে মৈশক্, ও অসরিয়কে অবেদ্‌নিগো, এই সকল উপাধি দিল।

৮ পরে দানিয়েল্ রাজভোগের অংশ ও পানীয় দ্রাক্ষারসদ্বারা আপনাকে অশুচি না করিতে মনস্থ করিয়া নপুংসকাধ্যক্ষের কাছে আপনাকে অশুচি না করণের অনুগ্রহ প্রার্থনা করিল। ঈশ্বর ঐ নপুং- ৯ সকাধ্যক্ষের মনেতে দানিয়েল্‌কে অনুগ্রহ ও স্নেহ করিতে প্রবৃত্তি দিলেন। তাহাতে সে দানিয়েল্‌কে ১০ উত্তর করিল, তোমাদের অন্ন ও পানীয় দ্রব্য নিরূপণ করিয়াছেন যে আমার প্রভু মহারাজ, তাঁহাকে আমি ভয় করি; তিনি তোমাদের সমবয়স্ক যুবগণের মুখাপেক্ষা তোমাদের মুখ শুষ্ক কেন দেখিবেন? তাহা হইলে রাজার নিকটে তোমাদের দ্বারা আমার শিরশ্ছেদনের আশঙ্কা হইবে। পরে নপুং- ১১ সকাধ্যক্ষ যে গৃহাধ্যক্ষকে * দানিয়েল্ ও হনানিয় ও মীশায়েল্ ও অসরিয়ের উপরে নিযুক্ত করিয়াছিল, তাহাকে দানিয়েল্ কহিল, আমি বিনয় করিয়া বলি, ১২ তুমি দশ দিন আপন দাসদের পরীক্ষা কর; এবং আমাদিগকে কলায় ও জল ভোজন পান করিতে আজ্ঞা দেও। তাহাতে আমাদের মুখ ও রাজভোগ ১৩ ভোগি যুবগণের মুখ দেখিয়া উপযুক্ত বুঝিয়া আপন দাসদের সহিত ব্যবহার করিও। সে ইহাতে ১৪ স্বীকৃত হইয়া দশ দিন পর্য্যন্ত তাহাদের পরীক্ষা করিল। তাহাতে দশ দিনের পর রাজভোগভোগি ১৫ যুবগণের মুখাপেক্ষা তাহাদের মুখ সুন্দর ও মাংসল দৃষ্ট হইল। অতএব গৃহাধ্যক্ষ * তাহাদের ১৬ রাজভোগ ও পানীয় দ্রাক্ষারস রহিত করিয়া তাহাদিগকে কলায় দিতে লাগিল।

ঈশ্বর এই চারি যুবাকে তাবৎ বিদ্যাতে ও জ্ঞা- ১৭

---

১ ডর্য্য ১] ২ রা ২৪; ১,২॥—[২] ২ বং ৩৬; ৬,৭॥—[৩] যিশ ৩৮; ৭॥—[৮] যা ৩৪; ১৫,১৬॥

* (ইব্রি) মিল্সর।

নেতে নিপুণতা ও বিচার ক্ষমতা দিলেন, বিশেষতঃ দানিয়েলের তাবৎ দর্শন ও স্বপ্নকথাতে বুদ্ধি হইল। ১৮ অপর রাজা তাহাদিগকে যে সময়ে আনিতে আজ্ঞা দিয়াছিল, সেই নিরূপিত সময় উপস্থিত হইলে নপুংসকাধ্যক্ষ তাহাদিগকে নিবুখদ্‌নিৎসরের সম্মুখে লইয়া গেল। ১৯ তখন রাজা তাহাদের সহিত আলাপ করিলে দানিয়েল্ ও হনানিয় ও মীশায়েল্ ও অসরিয়, এই কএক জনের তুল্য তাহাদের মধ্যে আর কাহাকেও পাওয়া গেল না, অতএব তাহারা রাজার সাক্ষাতে দণ্ডায়মান হইতে লাগিল। ২০ জ্ঞানেতে কিম্বা বুদ্ধিতে যে কোন কথা রাজা তাহাদিগকে জিজ্ঞাসা করিল, তদ্বিষয়ে রাজ্যস্থ তাবৎ মায়াবী ও গণকহইতে দশ গুণ অধিক তাহাদের প্রজ্ঞতা বুঝিল। ২১ ঐ দানিয়েল্ খস্রু রাজের প্রথম বৎসর পর্য্যন্ত থাকিল।

২ অধ্যায়।

১ নিবুখদ্‌নিৎসরের স্বপ্ন কথা ১৪ ও রাজার কাছে দানিয়েলের নিবেদন ১৯ ও ঈশ্বরের কাছে ধন্যবাদ করণ ২৪ ও দানিয়েলদ্বারা স্বপ্ন প্রকাশ ৩১ ও তাহার তাৎপর্য্য প্রকাশ ৪৬ ও রাজকর্ত্তৃক তাহার সম্ভ্রম ও দান।

১ রাজা নিবুখদ্‌নিৎসর্ আপন রাজত্বের দ্বিতীয় বৎসরে এক স্বপ্ন দেখিয়া বড় ব্যাকুল হইলে তাহার ২ নিদ্রা ভঙ্গ হইল। পরে রাজা ঐ স্বপ্নের অভিপ্রায় জানাইতে মায়াবী ও গণক ও গুণি ও কস্‌দীয় লোকদিগকে আহ্বান করিতে আজ্ঞা দিলে তাহারা ৩ আসিয়া রাজার সাক্ষাতে দণ্ডায়মান হইল। তখন রাজা তাহাদিগকে কহিল, আমি এক স্বপ্ন দেখিয়াছি, ৪ তাহাই বুঝিতে আমার মনে ব্যাকুলতা হইতেছে। তাহাতে কস্‌দীয় লোকেরা অরামীয় ভাষাতে রাজাকে উত্তর করিল, হে মহারাজ, চিরজীবী হউন; আপনকার এই দাসদিগকে সে স্বপ্ন জ্ঞাত করুণ, তাহাতে ৫ আমরা তাহার অভিপ্রায় কহিব। রাজা কস্‌দীয়দিগকে উত্তর করিল, আমার আজ্ঞা এই; যদি সেই স্বপ্ন ও তাহার তাৎপর্য্য উভয় আমাকে জ্ঞাত না কর, তবে তোমরা খণ্ড বিখণ্ড হইবা, ও তোমা- ৬ দের গৃহ সকল সারের ঢিবি করা যাইবে। কিন্তু যদি সেই স্বপ্ন ও তাহার তাৎপর্য্য আমাকে জ্ঞাত করিতে পার, তবে আমার স্থানে দান ও পারিতোষিক ও প্রচুর সম্ভ্রম পাইবা; অতএব সে স্বপ্ন ও ৭ তাহার তাৎপর্য্য আমাকে জ্ঞাত কর। তাহারা পুনর্ব্বার উত্তর করিল, মহারাজ আপন দাসদের কাছে স্বপ্নকথা বলুন, তাহাতে আমরা তাহার তাৎপর্য্য ৮ কহিব। রাজা কহিল, আমাহইতে আজ্ঞা নির্গত হইয়াছে, ইহা দেখিয়া তোমরা কাল বিলম্ব করিতে চাহ, তাহা আমি নিশ্চয় জানি। ৯ যদি তোমরা সে স্বপ্ন আমাকে জ্ঞাত না কর, তবে নিতান্ত তোমাদের এই অভিপ্রায়; কেননা অবস্থান্তর হওয়া পর্য্যন্ত তোমরা আমার সাক্ষাতে দুষ্ট কথা কহিতে ও মিথ্যা রচনা করিতে ইচ্ছা কর; অতএব অগ্রে আমাকে স্বপ্ন কহ, তাহা কহিলে তোমরা তাহার তাৎপর্য্যও জানাইতে পারিবা, ইহা আমি জানিব। ১০ কস্‌দীয়েরা রাজার প্রতি উত্তর করিল, মহারাজের প্রশ্নকথা জানাইতে পারে, পৃথিবীতে এমত কেহই নাই; অতএব কোন রাজা কি কোন প্রভু কি কোন কর্ত্তা কোন মায়াবীকে কি গণককে কি কস্‌দীয়কে এমত কথা কখনো জিজ্ঞাসা করে নাই। ১১ মহারাজ যাহা চাহেন, এ সামান্য কথা নয়; যাঁহারা মাংসবিশিষ্ট মনুষ্যদের মধ্যে বাস করেন না, সেই দেবগণ ব্যতিরেকে মহারাজের সাক্ষাতে ইহা জানাইতে পারে, এমত কেহই নাই। ১২ ইহা শুনিয়া রাজা অত্যন্ত ক্রুদ্ধ ও রাগাপন্ন হইয়া বাবিলের তাবৎ বিদ্বান্ লোককে বধ করিতে আজ্ঞা দিল। ১৩ তাহাতে বিদ্বানদিগকে বধ করিতে আজ্ঞা প্রচার হইলে লোকেরা বধ করিতে দানিয়েলের ও তাহার সঙ্গিদের অন্বেষণ করিল।

১৪ অপর বাবিলের বিদ্বানগণের বধার্থে নির্গত অরিয়োক্ নামে রাজার রক্ষকসেনাপতির প্রতি দানিয়েল বিবেচনা করিয়া জ্ঞানের কথা কহিল। ১৫ সে অরিয়োক্ রাজসেনাপতিকে জিজ্ঞাসা করিল, রাজার এই আজ্ঞা এত শীঘ্র কেন? তাহাতে অরিয়োক্ তাহাকে বিস্তারিত করিয়া কহিল। ১৬ তখন দানিয়েল্ রাজার নিকটে গিয়া এই প্রার্থনা করিল, যদি আমাকে কিছু অবকাশ দেও, তবে রাজাকে স্বপ্নের তাৎপর্য্য জ্ঞাত করিব। ১৭ পরে দানিয়েল্ আপন বাটীতে গিয়া আপন বন্ধু হনানিয় ও মীশায়েল্ ও অসরিয়কে এই কথা জ্ঞাত করিল, ১৮ এবং বাবিলের অন্য বিদ্বানদের সহিত দানিয়েল্ ও তাহার বন্ধুগণ যেন বিনষ্ট না হয়, এই জন্যে ঐ নিগূঢ় কথার বিষয়ে স্বর্গের ঈশ্বরের নিকটে অনুগ্রহ প্রার্থনা করিতে বিনতি করিল।

১৯ অনন্তর রাত্রিকালে এক দর্শনেতে দানিয়েলের প্রতি ঐ নিগূঢ় কথা প্রকাশিত হইলে দানিয়েল্ স্বর্গের ঈশ্বরকে ধন্যবাদ করিয়া কহিল; ২০ ঈশ্বরের নাম সদা সর্ব্বক্ষণে ধন্য হউক, কেননা জ্ঞান ও বল সকলি তাঁহার। ২১ তিনি কাল ও ঋতু পরিবর্ত্তন করেন, এবং রাজাদিগকে পদভ্রষ্ট ও পদস্থ করেন; তিনি জ্ঞানিদিগকে জ্ঞান ও বুদ্ধিমানদিগকে বিবেচনা দেন। ২২ তিনি নিগূঢ় ও গুপ্ত কথা প্রকাশ করেন, ও অন্ধকারস্থ সকলি জানেন; তাঁহার মধ্যে জ্যোতি বাস করে। ২৩ হে আমার পূর্ব্বপুরুষদের ঈশ্বর, তুমি আমার জ্ঞান ও বলদাতা হইয়া আমাদের প্রার্থিত কথা জ্ঞাত

[২১] দা ৬; ২৮॥

[২ অধ্য; ১,২] আ ৪১; ৮॥—[২০-২২] যুব ১২; ১৩-২২॥

করিয়া রাজা যাহা চাহিল, তাহাও জ্ঞাত করিয়াছ; এই জন্যে আমি তোমার ধন্যবাদ ও প্রশংসা করি।

২৪ পরে বাবিলের বিদ্বানগণকে বধ করিতে রাজার নিযুক্ত অরিয়োকের নিকটে দানিয়েল্ প্রবেশ করিল, ও তাহার সহিত সাক্ষাৎ করিয়া তাহাকে কহিল, তুমি বাবিলের বিদ্বানগণকে বধ করিও না; রাজার নিকটে আমাকে লইয়া চল; আমি তাহার স্বপ্নের ২৫ তাৎপর্য্য জ্ঞাত করিব। তখন অরিয়োক্ দানিয়েল্‌কে রাজার নিকটে শীঘ্র লইয়া গিয়া রাজাকে কহিল, যিহূদার বন্দিদের মধ্যে এই এক জনকে পাইলাম; ২৬ এ ব্যক্তি মহারাজকে তাৎপর্য্য জ্ঞাত করিবে। তাহাতে রাজা বেল্‌টিশৎসর্ নামে বিখ্যাত ঐ দানিয়েল্‌কে জিজ্ঞাসা করিল, আমার দৃষ্ট স্বপ্ন ও তাহার ২৭ তাৎপর্য্য তুমি কি আমাকে জানাইতে পার? দানিয়েল্ রাজাকে উত্তর করিল, মহারাজ যে নিগূঢ় কথা জিজ্ঞাসা করেন, তাহা মহারাজকে জানাইতে কোন বিদ্বান ও গণক ও মায়াবি ও জ্যোতির্ব্বেত্তার ২৮ সাধ্য নাই। কিন্তু তাবৎ নিগূঢ় কথা প্রকাশকারি এক ঈশ্বর স্বর্গে আছেন, এবং যুগান্তে যাহা২ ঘটিবে, তাহা তিনি মহারাজ নিবূখদ্‌নিৎসরকে এখন জ্ঞাত করিতেছেন; তোমার স্বপ্ন ও শয্যার ২৯ উপরে মনেতে দর্শন এই রূপ। হে মহারাজ, তুমি শয়ন করিয়া ভাবিকথা ভাবনা করিলে যিনি তাবৎ নিগূঢ় কথার প্রকাশক, তিনি তোমার প্রতি ভাবি ৩০ কথা প্রকাশ করিয়াছেন। অন্য২ জীবৎ লোকদের জ্ঞান অপেক্ষা আমার জ্ঞান অধিক, এই প্রযুক্ত আমার কাছে এই নিগূঢ় বাক্য প্রকাশিত হইল তাহা নয়; কিন্তু মহারাজকে স্বপ্নের তাৎপর্য্য জানাইতে ও মনঃসঙ্কল্প বুঝাইতে প্রকাশিত হইল।

৩১ হে রাজন্, তুমি স্বপ্নে এক বৃহৎ প্রতিমা দেখিয়াছ; সেই বৃহৎ প্রতিমা অতিশয় উচ্চ ও তেজোবিশিষ্ট হইয়া ভয়ঙ্কর মূর্ত্তিতে তোমার সম্মুখে দাঁড়া- ৩২ ইল। সেই প্রতিমার এই আকার; তাহার মস্তক সুবর্ণময়, এবং বক্ষঃ ও বাহু রূপ্যময়, এবং উদর ৩৩ ও ঊরু পিত্তলময়; এবং তাহার জংঘা লৌহময়, এবং চরণ কিছু লৌহময় ও কিছু মৃত্তিকাময় ছিল। ৩৪ এবং তোমার দৃষ্টি সময়ে হস্তবিনা খনিত এক প্রস্তর তাহার লৌহ ও মৃন্ময় দুই চরণে আঘাত ৩৫ করিয়া খণ্ড২ করিল। তাহাতে সেই লৌহ ও মৃত্তিকা ও পিত্তল ও রৌপ্য ও সুবর্ণ একেবারে খণ্ডীকৃত হইয়া গ্রীষ্মকালের শস্য মর্দ্দনস্থানের তুষের ন্যায় হইল, এবং বায়ু সেই সকলকে উড়াইয়া লইয়া গেল; তাহাদের থাকিবার স্থান হইল না। কিন্তু যে প্রস্তর ঐ প্রতিমাকে আঘাত করিল, সে বৃদ্ধি পাইয়া এক মহাপর্ব্বত হইয়া তাবৎ পৃথিবীকে আচ্ছন্ন করিল।

৩৬ স্বপ্ন এই; এখন আমরা রাজার সাক্ষাতে তাহার ৩৭ তাৎপর্য্য জ্ঞাত করি। হে রাজন্, তুমি রাজাধিরাজ, এবং স্বর্গের ঈশ্বর তোমাকে রাজ্য ও পরাক্রম ও ৩৮ বল ও গৌরব দিয়াছেন। এবং যে২ স্থানে মনুষ্যের সন্তানগণ ও বনপশু ও আকাশের পক্ষিগণ বাস করে, সেই স্থানের সকলকে তোমার হস্তে সমর্পণ করিয়াছেন, ও সকলের উপরে তোমাকে কর্ত্তৃত্ব ভার দিয়াছেন, অতএব তুমিই সেই স্বর্ণময় ৩৯ মস্তকস্বরূপ। তোমার সময়ের পরে তোমাহইতে ক্ষুদ্র আর এক রাজ্য উঠিবে; পরে তাবৎ পৃথিবীর উপরে কর্ত্তৃত্বকারি আর এক পিত্তলময় তৃতীয় ৪০ রাজ্য উঠিবে। এবং চতুর্থ রাজ্য লৌহবৎ দৃঢ় হইবে; লৌহ যেমন সকল দ্রব্য ভাঙ্গে ও পরাস্ত করে, তদ্রূপ তাবৎ বস্তু ভঙ্গকারি লৌহসদৃশ সেই রাজ্য সকলকে খণ্ড২ করিয়া বিনাশ করিবে। ৪১ এবং চরণ ও চরণের অঙ্গুলি কিছু কুম্ভকারের মৃত্তিকার ও কিছু লৌহের, ইহা তুমি দেখিলা, ইহাতে রাজ্য ভিন্ন হইবে; কিন্তু তুমি কর্দ্দমেতে মিশ্রিত যে লৌহ দেখিলা, তাহাতে সেই রাজ্য লৌ- ৪২ হবৎ দৃঢ় হইবে, ইহা বুঝিবা। এবং চরণের অঙ্গুলি যে কিছু লৌহময় ও কিছু মৃন্ময় ছিল, ইহাতে ৪৩ রাজ্যের একাংশ দৃঢ় ও একাংশ ভগ্ন হইবে। এবং কর্দ্দমে মিশ্রিত যে লৌহ দেখিলা, ইহাতে সেই রাজ্যীয় লোক অন্য জাতিদের সহিত মিশ্রিত হইবে; কিন্তু যেমন লৌহ কর্দ্দমের সহিত সংলগ্ন থাকে না, তদ্রূপ তাহারা পরস্পর সংলগ্ন থাকিবে ৪৪ না। সেই রাজাদের অধিকার সময়ে স্বর্গের ঈশ্বর এমত এক রাজ্য স্থাপন করিবেন, যে তাহা কখনো বিনষ্ট হইবে না, ও সে রাজ্য অন্য জাতিদের হস্তগত হইবে না; সে ঐ সকল রাজ্যকে খণ্ড২ ও বিনষ্ট ৪৫ করিয়া আপনি চিরস্থায়ী হইবে। কারণ হস্ত ব্যতিরেকে পর্ব্বতহইতে খনিত প্রস্তর লৌহ ও পিত্তল ও মৃত্তিকা ও রৌপ্য ও সুবর্ণকে খণ্ড২ করিল, ইহা দেখিলা। এই রূপে পরমেশ্বর মহারাজকে ভাবিকথা জ্ঞাত করিয়াছেন; নিশ্চিত তোমার এই স্বপ্ন, ও তাহার তাৎপর্য্যও সত্য।

৪৬ তখন রাজা নিবূখদ্‌নিৎসর্ উবুড় হইয়া দানিয়েল্‌কে প্রণাম করিল, এবং তাহার উদ্দেশে নৈবেদ্য ৪৭ করিতে ও ধূপ জ্বালাইতে আজ্ঞা দিল। এবং রাজা দানিয়েল্‌কে কহিল, তুমি এই নিগূঢ় বাক্য জানাইতে পার, অতএব সত্য, তোমাদের ঈশ্বর ঈশ্বরদের ঈশ্বর ৪৮ ও রাজাদের প্রভু ও নিগূঢ় কথা প্রকাশক। তখন

[২৭,২৮]আ ৪১; ১৬॥—[৩০]আ ৪১; ১৬॥—[৩১-৩৩]দা ৭; ৩-৮॥—[৩২]প ৩৭-৩৯॥—[৩৩]প ৪০-৪৩। ৭; ২৩,২৪॥ [৩৪,৩৫]প ৪৪,৪৫॥—[৩৭,৩৮]যির ২৭; ৬॥—[৩৮]প ৩২। দা ৭; ৪॥—[৩৯]প ৩২। ৫; ৩০,৩১। ৭;৫,৬॥—[৪০-৪৩] প ৩৩, ৩৪। ৭; ৭,৮,২৩,২৪॥—[৪৪, ৪৫] লূ ১; ৩১-৩৩। গী ২; ৯। ৪৫; ৬। দা ৭; ১৩,১৪,২৬,২৭॥—[৪৭] প ২৮॥

রাজা দানিয়েল্কে মহান্ করিয়া অনেক রাজকীয় দান দিল, এবং বাবিলের সমস্ত প্রদেশের কর্তৃত্বপদে ও বাবিলস্থ তাবৎ বিদ্বান অধ্যক্ষের প্রধানত্বপদে ৪৯ তাহাকে নিযুক্ত করিল। পরে দানিয়েল্ রাজার নিকটে নিবেদন করিলে রাজা শদ্রুক্কে ও মৈশক্কে ও অবেদ্নিগোকে বাবিলের প্রদেশের কার্য্যে নিযুক্ত করিল; কিন্তু দানিয়েল্ রাজসভাতে বসিল।

৩ অধ্যায়।

১ নিবূখদ্নিৎসর কর্তৃক স্বর্ণপ্রতিমা স্থাপন, ৮ ও শদ্রুক্ ও মৈশক ও অবেদ্নিগো তাহার পূজা না করণে তাহাদের অপবাদ ১৩ ও তাহাদের প্রতি শাসন ১৯ ও অগ্নিকুণ্ডে তাহাদের নিক্ষিপ্ত হওন ২৪ ও তাহাদের রক্ষা ২৮ ও রাজার আশ্চর্য্য জ্ঞান ও আজ্ঞা।

১ রাজা নিবূখদ্নিৎসর্ ষষ্টি হস্ত উচ্চ ও ছয় হস্ত স্থূল এক স্বর্ণময় প্রতিমা নির্ম্মাণ করিয়া বাবিল্ প্রদেশের ২ দূরা নামক প্রান্তরে স্থাপন করিল। পরে রাজা নিবূখদ্নিৎসর ঐ স্থাপিত প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করিতে আসিবার জন্যে অধ্যক্ষগণ ও শাসনকর্তৃগণ ও অধিপতিগণ ও মহাবিচারকর্তৃগণ ও কোষাধ্যক্ষগণ ও ব্যবস্থাপকগণ ও বিচারকর্তৃগণ ও প্রদেশাধিপতিদিগকে সংগ্রহ করিতে লোক প্রেরণ করিল। ৩ অপর রাজা নিবূখদ্নিৎসরের স্থাপিত প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করিতে অধ্যক্ষগণ ও শাসনকর্তৃগণ ও অধিপতিগণ ও মহাবিচারকর্তৃগণ ও কোষাধ্যক্ষগণ ও ব্যবস্থাপকগণ ও বিচারকর্তৃগণ ও প্রদেশাধিপতিগণ একত্র হইল। পরে তাহারা নিবূখদ্নিৎসরের স্থা- ৪ পিত প্রতিমার সাক্ষাতে দাঁড়াইলে এক ঘোষক উচ্চৈঃস্বরে কহিল, হে লোকেরা, হে নানাজাতিরা ও নানাভাষাবাদিরা, তোমাদের প্রতি এই আজ্ঞা ৫ হইতেছে। যে সময়ে তোমরা শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী ও মৃদঙ্গ ও তম্বুর ইত্যাদি নানা প্রকার যন্ত্রের বাদ্য শুন, তৎকালে নিবূখদ্নিৎসর্ রাজের স্থাপিত সুবর্ণময় প্রতিমার সাক্ষাতে তোমরা উবুড় হইয়া প্র- ৬ ণাম করিবা। যে কেহ উবুড় হইয়া প্রণাম না করিবে, সে তদ্দণ্ডে প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইবে। ৭ অতএব লোকেরা যে কালে শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী ও মৃদঙ্গ প্রভৃতি নানা বাদ্যের শব্দ শুনিল, তৎকালে সকল লোক ও নানাজাতিরা ও নানাভাষাবাদিরা উবুড় হইয়া নিবূখদ্নিৎসর্ রাজের স্থাপিত স্বর্ণময় প্রতিমাকে প্রণাম করিল।

৮ তৎকালে কতক কল্দীয় লোক নিকটে আসিয়া ৯ যিহূদীয়দের অপবাদের কথা কহিল। তাহারা রাজা নিবূখদ্নিৎসরের কাছে এই কথা কহিল, হে ১০ রাজন্, চিরজীবী হউন। হে রাজন, 'যে প্রত্যেক জন শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী ও মৃদঙ্গ ও তম্বুর প্রভৃতি নানা প্রকার যন্ত্রের বাদ্য শুনে, সে উবুড় হইয়া স্বর্ণময় প্রতিমাকে প্রণাম করিবে; ১১ কিন্তু যে জন উবুড় হইয়া প্রণাম না করে, সে প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইবে,' তুমি এই আজ্ঞা করিয়াছ। ১২ কিন্তু হে রাজন, বাবিল্ প্রদেশের কর্তৃত্বপদে তোমার নিযুক্ত শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্নিগো নামে কতক যিহূদী লোক তোমাকে না মানিয়া তোমার দেবগণের সেবা করে না, ও তুমি যে স্বর্ণময় প্রতিমা স্থাপিত করিয়াছ, তাহারও পূজা করে না।

১৩ ইহা শুনিয়া নিবূখদ্নিৎসর্ ক্রুদ্ধ ও রাগাপন্ন হইয়া শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্নিগোকে আনিতে আদেশ করিল; তাহাতে তাহারা রাজার নিকটে আনীত হইলে নিবূখদ্নিৎসর্ তাহাদিগকে এই ১৪ কথা কহিল, হে শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্নিগো, তোমরা আমার দেবগণের সেবা করিবা না, এবং আমি যে স্বর্ণময় প্রতিমা স্থাপন করিয়াছি, তাহারও পূজা করিবা না, এই কি তোমাদের অভিপ্রায়? ১৫ কিন্তু এখনো যদি তোমরা প্রস্তুত হইয়া শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী ও মৃদঙ্গ ও তম্বুর প্রভৃতির বাদ্য শুনিলে আমার নির্ম্মিত স্বর্ণপ্রতিমাকে উবুড় হইয়া প্রণাম কর, তবে ভালই; কিন্তু যদি প্রণাম না কর, তবে তদ্দণ্ডে প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইবা; তাহাতে আমার হস্তহইতে তোমাদিগকে উদ্ধার ১৬ করিবে, এমন কোন্ দেবতা আছে? তখন শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্নিগো রাজাকে উত্তর করিল, হে নিবূখদ্নিৎসর, এ বিষয়ে আমাদের উত্তর করি- ১৭ বার প্রয়োজন নাই। যদি তাহা হয়, তবে আমরা যাঁহার সেবা করি, সেই ঈশ্বর প্রজ্বলিত অগ্নিকুণ্ডহইতে আমাদিগকে উদ্ধার করিতে পারেন, এবং হে রাজন্, তোমার হস্তহইতেও উদ্ধার করিবেন। ১৮ আর যদ্যপি না করেন, তথাপি, হে রাজন্, আমরা তোমার দেবগণের সেবা করিব না, ও তোমার স্থাপিত স্বর্ণপ্রতিমাকে পূজা করিব না, ইহা জ্ঞাত হও।

১৯ তখন নিবূখদ্নিৎসর্ ক্রোধেতে পরিপূর্ণ হইয়া শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্নিগোর প্রতিকূলে বিকটাকার মুখ করিয়া সাধারণ মত অপেক্ষা সপ্তগুণ প্রজ্বলিত অগ্নিকুণ্ড প্রস্তুত করিতে আজ্ঞা দিল। ২০ এবং শদ্রুক্কে ও মৈশক্কে ও অবেদ্নিগোকে বন্ধন করিয়া প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিতে সৈন্যের মধ্যে বলবান বীরদিগকে আজ্ঞা করিল। ২১ অতএব এই পুরুষেরা পরিধেয় ও উত্তরীয় ও উষ্ণীষ্ ও অন্য বস্ত্রে বস্ত্রান্বিত হইয়া প্রজ্বলিত অগ্নি- ২২ কুণ্ডে নিক্ষিপ্ত হইল। কিন্তু রাজার আজ্ঞা অতিদৃঢ় ও অগ্নিকুণ্ড অতি উত্তপ্ত হওন প্রযুক্ত, যে লোকেরা

[৪৮] দা ৪; ১।৫; ১১॥—[৪৯] ১; ৭।৩; ১২,৩০॥
[৩ অধ্য; ১২] দা ১; ৭।২; ৪৯॥—[১৫] ২ রা ১৮; ৩৫॥

শদ্রুককে ও মৈশককে ও অবেদ্‌নিগোকে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিল, তাহারাই অগ্নিশিখাতে হত ২৩ হইল। এই রূপে শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্‌নিগো, এই তিন জন বদ্ধ হইয়া প্রজ্বলিত অগ্নিকুণ্ডের মধ্যে নিক্ষিপ্ত হইল।

২৪ পরে রাজা নিবূখদ্‌নিৎসর্ চমৎকৃত হইয়া ত্বরায় উঠিয়া মন্ত্রিদিগকে কহিল, আমরা কি তিন জনকে বদ্ধ করিয়া অগ্নিকুণ্ডে নিক্ষেপ করি নাই? তাহারা ২৫ কহিল, হাঁ মহারাজ। তখন রাজা কহিল, তবে চারি জনকে কেন দেখিতেছি? ইহারা মুক্ত হইয়া অগ্নির মধ্যে গমনাগমন করিতেছে, তাহাদের কাহারো কোন ক্ষতি হয় না; বিশেষতঃ ঈশ্বরের পুত্রের ন্যায় চতুর্থ জনের মুর্ত্তি হইতেছে।

২৬ তখন নিবূখদ্‌নিৎসর্ ঐ প্রজ্বলিত অগ্নিকুণ্ডের দ্বারের নিকটে গিয়া, হে সর্ব্বোপরিস্থ ঈশ্বরের সেবক, হে শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্‌নিগো, তোমরা বাহির হইয়া আইস; ইহা বলিয়া আহ্বান ২৭ করিল। তাহাতে শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্‌নিগো অগ্নিহইতে নির্গত হইলে অধ্যক্ষগণ ও অধিপতিগণ ও শাসনকর্ত্তৃগণ ও রাজকর্ত্তৃগণ একত্র হইয়া এই তিন জনের শরীরে অগ্নির কোন চিহ্ন নাই, এবং মস্তকের কেশও দগ্ধ হয় নাই, ও বস্ত্রও বিকৃত হয় নাই, এবং গাত্রে অগ্নির গন্ধও নাই, ইহা দেখিল।

২৮ পরে নিবখদ্‌নিৎসর্ এই কথা কহিল, শদ্রুক ও মৈশক্ ও অবেদ্‌নিগোর ঈশ্বর ধন্য; তিনি আপন দূত প্রেরণ করিয়া যে দাসেরা তাঁহাতে বিশ্বাস করিয়া রাজবাক্য অন্যথা করিল, এবং যেন আপন ঈশ্বর ব্যতিরেকে অন্য কোন দেবের সেবা ও পূজা না করে, এই নিমিত্তে আপন শরীর দিল, ২৯ তাহাদিগকে উদ্ধার করিলেন। আর নানাজাতি কি নানাভাষাবাদী যে কোন লোক শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্‌নিগোর ঈশ্বরের প্রতিকূলে কোন ভ্রান্তির কথা কহিবে, তাহারা খণ্ড বিখণ্ড হইবে, ও তাহাদের গৃহ সারের ঢিবি করা যাইবে, এই নিয়ম আমি স্থির করিতেছি; কেননা এ প্রকার উদ্ধার ৩০ করিতে কোন দেবতার সাধ্য নাই। তখন রাজা বাবিল্ প্রদেশে শদ্রুক্ ও মৈশক ও অবেদ্‌নিগোর পদবৃদ্ধি করিয়া দিল।

৪ অধ্যায়।

১ নিবূখদ্‌নিৎসরের আজ্ঞা ৪ ও তাহার কথা ৯ ও তাহার স্বপ্নের বর্ণনা ১৯ ও দানিয়েলদ্বারা তাহার স্বপ্নের তাৎপর্য্য জ্ঞাত হওন ২৮ ও সে তাৎপর্য্য সফল হওন।

১ ‘রাজা নিবূখদ্‌নিৎসর পৃথিবী নিবাসি তাবৎ লোকের ও নানাজাতির ও নানাভাষাবাদির প্রতি লিখিতেছেন; বাহুল্যরূপে তোমাদের মঙ্গল হউক। ২ সর্ব্বোপরিস্থ ঈশ্বর আমার কাছে যে চিহ্ন ও আশ্চর্য্য ক্রিয়া করিয়াছেন, তাহা প্রচার করা কর্ত্তব্য, ৩ এমত আমার বোধ হইল। হায় ২, তাঁহার চিহ্ন কেমন মহৎ! ও তাঁহার আশ্চর্য্য ক্রিয়া কেমন প্রভাববিশিষ্ট! তাঁহার রাজ্য নিত্যস্থায়ী, ও তাঁহার কর্ত্তৃত্ব পুরুষানুক্রমে স্থায়ী।

৪ ‘আমি নিবূখদনিৎসর্ আপন গৃহে স্বচ্ছন্দে ও ৫ আপন অট্টালিকাতে উন্নত ছিলাম। অপর আমি এক স্বপ্ন দেখিয়া ভয়েতে উৎকণ্ঠিত হইলাম, ও শয্যাগত হইয়া নানা চিন্তা ও মানসিক দর্শনেতে ব্যাকুল ৬ হইলাম। অতএব সেই স্বপ্নের তাৎপর্য্য আমাকে জানাইতে বাবিলের তাবৎ বিদ্বানগণকে আমার নিকটে আনিতে আজ্ঞা করিলাম। ৭ পরে মায়াবী ও গণকেরা ও কস্‌দীয় লোকেরা ও জ্যোতির্ব্বেত্তারা আমার কাছে আইলে আমি তাহাদের সাক্ষাতে স্বপ্ন কথা কহিলাম; কিন্তু তাহার অভিপ্রায় তাহারা ৮ কেহই আমাকে কহিতে পারিল না। অবশেষে যাহার অন্তরে পবিত্র ঈশ্বরের আত্মা আছে এমৎ আমার দেবের নামানুসারে বেল্‌টিশৎসর্ উপাধি বিশিষ্ট যে দানিয়েল্, সে আমার নিকটে আইলে আমি তাহার সাক্ষাতে স্বপ্নকথা জানাইয়া কহিলাম।

৯ ‘হে মায়াবিগণের প্রধানাধ্যক্ষ বেল্‌টিশৎসর্; পবিত্র ঈশ্বরের আত্মা তোমাতে আছে, এবং কোন গুপ্ত বাক্য তোমার ব্যামোহদায়ক হয় না, তাহা আমি জানি; অতএব আমার যে স্বপ্নদর্শন হইয়াছে, তাহার ভাব ও তাহার তাৎপর্য্য আমাকে ১০ জ্ঞাত কর। আমি শয়ন করিয়া মনেতে এই রূপ দর্শন করিলাম, যেন পৃথিবীর মধ্যে এক অত্যুচ্চ ১১ মহাবৃক্ষ দেখিলাম; সে বৃক্ষ বৃদ্ধি পাইয়া অতি বলবান ও উচ্চতাতে গগনস্পর্শ হইল; তাহাতে সে পৃথিবীর তাবৎ সীমাহইতে দৃষ্ট হইল। ১২ তাহার পত্র সুন্দর ও ফল প্রচুর হইল; তাহা সকলেরই খাদ্য হইল, এবং তাহার তলের ছায়াতে বনপশুগণ আশ্রয় করিল, এবং আকাশীয় পক্ষিগণ তাহার শাখাতে বাস করিল, এবং তাবৎ ১৩ প্রাণী তাহাহইতে খাদ্য পাইল। অপর আমি শয়ন করিয়া স্বপ্নে দেখিলাম, যেন এক পুণ্যবান ১৪ প্রহরী স্বর্গহইতে নামিয়া উচ্চৈঃস্বরে কহিল, এই বৃক্ষ ছেদন কর, ও তাহার শাখা কাটিয়া ফেল, ও তাহার পত্র ছুঁচিয়া ফেল, এবং তাহার ফল ছড়াইয়া দেও, ও তাহার মূলহইতে পশুগণ ও ১৫ তাহার শাখাহইতে পক্ষিগণ পলায়ন করুক। কিন্তু

[২৫] প ২৮॥—[২৭] ইব্রি ১১; ৩৪॥—[২৮,২৯] দা ৬; ২২-২৭॥—[৩০] ২; ৪৯॥
[৪ অধ্যা; ৫-৭] দা ২; ১,২॥—[৮] ১; ৭। ২; ৪৭॥—[৯] ৫; ১১-১৪।—[১০-১২] প ২০-২২। যিহি ৩১; ৩-৯॥
[১৩-১৬] প ২৩-২৬॥

তাহার মূলের কাণ্ডকে লৌহ ও পিত্তলের শৃঙ্খলে বন্ধ করিয়া ভূমিতে রাখ; সে ক্ষেত্রের কোমল তৃণের মধ্যে আকাশের শিশিরে ভিজিবে, এবং ১৬ পশুদের সহিত পৃথিবীর তৃণ ভক্ষণ * করিবে। আর তাহার অন্তরহইতে মানুষিক অন্তঃকরণ হৃত হইবে, ও তাহাকে পশুদের ন্যায় অন্তঃকরণ দত্ত হইবে, ১৭ এই রূপ সাত কাল গত হইবে। সর্ব্বোপরিস্থ ঈশ্বর মনুষ্যদের রাজ্যে কর্ত্তৃত্ব করেন, ও যাহাকে ইচ্ছা করেন তাহাকে তাহা দেন, ও অতি নীচ লোককে তাহার উপরে নিযুক্ত করেন, জীবিত লোকেরা যেন ইহা জানে, এই নিমিত্তে এই কথা প্রহরিগণের নিরূপণেতে আছে ও এই বাক্য পুণ্য- ১৮ বানদের আজ্ঞাতে আছে। আমি নিবূখদ্নিৎসর্ রাজা এই স্বপ্ন দেখিয়াছি; এখন হে বেল্টিশৎসর, তুমি তাহার অভিপ্রায় আমাকে জ্ঞাত কর; যদ্যপি আমার রাজ্যস্থিত কোন বিদ্বান তাহার অভিপ্রায় আমাকে কহিতে পারে নাই, তথাপি তুমি কহিতে পারিবা, কেননা তোমার অন্তরে পবিত্র ঈশ্বরের আত্মা আছে।

১৯ ‘তখন বেল্টিশৎসর্ উপাধি বিশিষ্ট দানিয়েল্ প্রায় এক দণ্ড পর্য্যন্ত বিস্ময়াপন্ন হইয়া ভাবিয়া ব্যাকুল হইল; তাহাতে রাজা কহিল, হে বেল্টিশৎসর্, এই স্বপ্নে ও তাহার তাৎপর্য্যে তুমি ব্যাকুল হইও না; বেল্টিশৎসর্ উত্তর করিল, হে আমার প্রভো, তোমার ঘৃণাকারি লোকদের এই স্বপ্ন হউক, ও তোমার শত্রুদের প্রতি এই স্বপ্নের তাৎপর্য্য ঘটুক। ২০ তোমাকর্ত্তৃক দৃষ্ট যে বৃক্ষ বৃদ্ধি পাইয়া বলবান ও উচ্চতাতে গগনস্পর্শ হইল, এবং সমস্ত পৃথিবী- ২১ হইতে দৃষ্ট হইল; এবং যাহার পত্র সুন্দর ও ফল প্রচুর হইল, ও যাহার মধ্যে সকলের খাদ্য ছিল, ও যাহার তলের ছায়াতে পশুগণ আশ্রয় করিল ও শাখাতে আকাশের পক্ষিগণ বাস করিল; ২২ হে রাজন্, তাহা তুমিই; তুমি বৃদ্ধি পাইয়া বলবান হইয়াছ, ও তোমার মহিমার উন্নতি গগনস্পর্শ হইয়াছে, ও তোমার কর্ত্তৃত্ব পৃথিবীর সীমা ২৩ পর্য্যন্ত গিয়াছে। আর “এই বৃক্ষ ছেদন কর ও বিনষ্ট কর, কিন্তু তাহার মূলের কাণ্ডকে লৌহ ও পিত্তলের শৃঙ্খলে বন্ধ করিয়া ভূমিতে রাখ; সে ক্ষেত্রের কোমল তৃণের মধ্যে আকাশের শিশিরে ভিজিবে, ও পশুদের সহিত তাহার অংশ হইবে, এই রূপে সাত কাল গত হইবে,” এই সকল কথা কহিয়া এক পুণ্যবান প্রহরী স্বর্গহইতে নামিয়া আইল, ইহা রাজা দেখিয়াছেন।

হে রাজন্, তাহার অভিপ্রায় এই; আমার প্রভু ২৪ রাজার বিষয়ে সর্ব্বোপরিস্থ ঈশ্বরের এই নিরূপণ হইয়াছে। লোকেরা মনুষ্যের মধ্যহইতে ২৫ তোমাকে দূর করিয়া দিবে; তাহাতে তুমি বনপশুদের সহিত বাস করিবা, এবং ভোজনার্থে বলদের ন্যায় তোমাকে তৃণ দত্ত হইবে, ও তুমি আকাশের শিশিরে ভিজিবা; এই রূপে সাত কাল গত হইবে; পরে মনুষ্যের রাজ্যে সর্ব্বোপরিস্থ ঈশ্বর কর্ত্তৃত্ব করেন, ও যাহাকে ইচ্ছা করেন তাহাকে তাহা দেন, ইহা তুমি জানিবা। কিন্তু তা- ২৬ হারা বৃক্ষের মূলের কাণ্ড রাখিতে আজ্ঞা দিল, তাহার অভিপ্রায় এই, তুমি স্বর্গের রাজত্ব জানিতে পারিলে তোমার হস্তে তোমার রাজ্য স্থির হইবে। অতএব হে রাজন্, আমার পরামর্শ তো- ২৭ মার নিকটে গ্রাহ্য হউক; তুমি আপন পাপ ত্যাগ করিয়া ধর্ম্ম কর, ও আপন অধর্ম্ম দূর করিয়া দরিদ্রগণকে দয়া কর; তাহাতে তোমার মঙ্গল চিরস্থায়ী † হইতে পারে।

‘অপর এই সমস্তই রাজা নিবূখদ্নিৎসরেতে ২৮ ফলিল। বারো মাসের শেষে বাবিলের রাজপ্রা- ২৯ সাদের পৃষ্ঠে গমনাগমন করণ সময়ে রাজা এই ৩০ কথা কহিল, আমি আপন বলের প্রভাবেতে এবং আপন মহামহিমার নিমিত্তে যে রাজধানী নির্ম্মাণ করিয়াছি, সে কি এই মহাবাবিল্ নয়? রাজার ৩১ মুখহইতে এই বাক্য নির্গত হইবামাত্র এই আকাশবাণী হইল, হে নিবূখদনিৎসর্ রাজন্, তোমার রাজ্য গেল, ইহা তোমাকে কথিত আছে। তুমি মনুষ্যের মধ্যহইতে দূরীকৃত হইবা, ও প্রান্ত- ৩২ রের পশুদের সহিত বাস করিবা, ও ভোজনার্থে বলদের ন্যায় তোমাকে তৃণ দত্ত হইবে, এই রূপে সাত কাল গত হইবে; পরে সর্ব্বোপরিস্থ ঈশ্বর মনুষ্যের রাজ্যে কর্ত্তৃত্ব করেন, ও যাহাকে ইচ্ছা করেন তাহাকে তাহা দেন, ইহা জানিবা। তদ্দণ্ডে রাজা নিবূখদ্নিৎসরের উপরে সেই ৩৩ দশা ঘটিল; সে মনুষ্যদের মধ্যহইতে দূরীকৃত হইয়া বলদের ন্যায় তৃণ ভোজন করিল, এবং তাহার শরীর আকাশের শিশিরে ভিজিল, এবং তাহার কেশ উৎক্রোশ পক্ষির পালকের সদৃশ হইল, ও পক্ষির নখের ন্যায় তাহার নখ হইল। অপর ৩৪ ঐ সময়ের শেষে আমি নিবূখদ্নিৎসর্ স্বর্গের প্রতি দৃষ্টিপাত করিলে আমার বুদ্ধি আমাতে ফিরিয়া আইল; তাহাতে আমি সর্ব্বোপরিস্থ ঈশ্বরের ধন্যবাদ করিলাম, এবং যাঁহার কর্ত্তৃত্ব অনন্ত ও যাঁহার

[১৭] যির ২৭; ৫ ॥—[১৮] প ৮,৯ ॥—[২০-২২] প ১০-১২ ॥—[২২] দা ২; ৩৭,৩৮ ॥—[২৩] প ১৩-১৬ ॥—[২৫] প ১৭, ৩১-৩৩। ৫; ২০,২১॥—[২৬] প ৩৬॥—[২৭] যিহি ৩৩; ১৪-১৬॥—[৩০] দা ৫; ২০॥—[৩২] প ২৫॥—[৩৩] ৫; ২০,২১॥ [৩৪] ২; ৪৪। ৭; ১৪॥

* (ইব্র) তাহার অংশ হইবে। † (বা) তোমার ভ্রান্তির প্রতীকার।

রাজ্য পুরুষানুক্রমে স্থায়ী, এমত নিত্যজীবির প্রশং-
৩৫ সা ও ধন্যবাদ করিলাম। তাঁহার সাক্ষাতে পৃথিবী নিবাসিগণ অসারস্বরূপ, ও তিনি স্বর্গের সৈন্যের ও পৃথিবী নিবাসিদের মধ্যে আপন ইচ্ছানুসারে কর্ম্ম করেন, ও তাঁহার হস্ত স্থগিত করিতে কেহ পারে না, ও 'তুমি কি কার্য্য করিতেছ?' ইহা তাঁহাকে কেহ
৩৬ কহিতে পারে না। সেই সময়েও আমার বুদ্ধি আমাতে আইল, ও আমার রাজ্যের ঐশ্বর্য্যজনক আমার সম্ভ্রম ও তেজ আমাতে ফিরিল, এবং আমার মন্ত্রিগণ ও অমাত্যবর্গ আমার অন্বেষণ করিল, ও আমি আপন রাজ্যে স্থির হইলাম, ও আমার মহি-
৩৭ মার বৃদ্ধি হইল। যাঁহার তাবৎ ক্রিয়া সত্য, ও যাঁহার পথ ন্যায্য, ও গর্ব্বাচারিদিগকে নত করিতে যাঁহার ক্ষমতা আছে, আমি নিবূখদ্‌নিৎসর সেই স্বর্গের রাজার প্রশংসা ও গুণানুবাদ ও গৌরব করি।'

৫ অধ্যায়।

১ বেল্‌শৎসরের ভোজন ৫ ও ভিত্তির উপরে অঙ্গুলিদ্বারা লিখন, ও তাহা পাঠ করিতে গণকদিগকে আহ্বান করণ ১০ ও তাহারা অপারক হইলে দানিয়েলের আহ্বান ১৩ ও দানিয়েলের প্রতি রাজার কথা ১৭ ও রাজার প্রতি দানিয়েলের অনুযোগ ও লিখনের অর্থ প্রকাশ করণ।

১ এক সময়ে রাজা বেলশৎসর আপন সহস্র অমাত্যের নিমিত্তে মহাভোজ প্রস্তুত করিল, এবং সেই
২ সহস্রের সাক্ষাতে দ্রাক্ষারস পান করিল। এবং দ্রাক্ষারস পান* করণ সময়ে রাজা ও তাহার অধ্যক্ষগণ ও পত্নীগণ ও উপপত্নীগণের পানার্থে পিতামহ † নিবূখদ্‌নিৎসর্ কর্তৃক যিরূশালমস্থ মন্দিরহইতে আনীত যে সুবর্ণ ও রূপার পাত্র, তাহা
৩ আনিতে বেল্‌শৎসর্ আজ্ঞা করিল। তখন যিরূশালমস্থ প্রাসাদহইতে অর্থাৎ ঈশ্বরের মন্দিরহইতে সুবর্ণপাত্র সকল আনীত হইলে রাজা ও অধ্যক্ষগণ ও তাহার পত্নীগণ ও উপপত্নীগণ তাহাতে
৪ পান করিল। এবং দ্রাক্ষারস পান করিতে২ সুবর্ণ ও রূপ্য ও পিত্তল ও লৌহ ও কাষ্ঠ ও প্রস্তর নির্ম্মিত প্রতিমাদের স্তব করিতে লাগিল।

৫ তদ্দণ্ডে মনুষ্যহস্তের অঙ্গুলি আসিয়া রাজবাটীর ভিত্তির লেপনের উপরে দীপাধারের সম্মুখে লিখিল, এবং যে হস্ত লিখিতেছিল, তাহা রাজা দে-
৬ খিল। তাহাতে রাজার মুখ ‡ বিবর্ণ হইল, ও সে ভাবনাতে এমত ব্যাকুল হইল, যে তাহার কটিদেশের গ্রন্থি ‖ শিথিল হইল ও তাহার হাঁটুতে হাঁটু
৭ আঘাত করিতে লাগিল। তখন রাজা গণক ও কস্‌দীয় ও জ্যোতির্বেত্তা লোকদিগকে আনিতে উচ্চৈঃস্বরে আজ্ঞা করিল; পরে রাজা বাবিলের বিদ্বানদিগকে কহিল, যে জন এই লিপি পাঠ করিয়া তাহার অর্থ আমাকে জানাইতে পারিবে, সে কৃষ্ণলোহিত বর্ণের বস্ত্রে বস্ত্রান্বিত হইবে, ও তাহার গলে সুবর্ণের হার দত্ত হইবে, ও সে রাজ্যের তৃতীয় কর্ত্তা
৮ হইবে। কিন্তু রাজার বিদ্বানগণ ভিতরে আসিয়া তাহা পাঠ করিতে পারিল না, এবং তাহার অর্থও রাজা-
৯ কে জানাইতে পারিল না। তখন বেল্‌শৎসর্ রাজা অতিশয় ব্যাকুল হইল, ও তাহার মুখ বিবর্ণ হইল, ও তাহার অমাত্যগণ বিস্ময়াপন্ন হইল।

১০ অপর রাজার ও তাহার অধ্যক্ষগণের এমত কথা শুনিয়া (বৃদ্ধা) রাজ্ঞী ভোজনশালায় আসিয়া কহিল, হে মহারাজ, চিরজীবী হউন; তুমি চিন্তাতে ব্যাকুল
১১ হইও না, ও মুখে বিবর্ণ হইও না। তোমার রাজ্যের মধ্যে পবিত্র ঈশ্বরের আত্মাবিশিষ্ট এক জন আছে; তোমার পিতামহের † সময়ে দেবগণের জ্ঞানের তুল্য প্রতিভা ও বুদ্ধি ও জ্ঞান তাহার মধ্যে প্রকাশ পাইল।
১২ তাহার মধ্যে শ্রেষ্ঠ আত্মা ও জ্ঞান ও বুদ্ধি এবং স্বপ্নার্থকারি ও কঠিন বাক্য প্রকাশকারি ও সন্দেহনাশক বুদ্ধি প্রকাশ পাইল, এই নিমিত্তে তোমার পিতামহ† নিবূখদ্‌নিৎসর মহারাজ তাহাকে মায়াবিদের ও গণকদের ও কস্‌দীয়দের ও জ্যোতির্বেত্তাদের প্রধান করিয়া নিযুক্ত করিল; তাহার নাম দানিয়েল্, এবং রাজা তাহাকে বেল্‌টিশৎসর উপাধি দিয়াছিলেন; অতএব সেই দানিয়েল্‌কে আহ্বান কর, সে তোমাকে ইহার অর্থ জ্ঞাত করিবে।

১৩ পরে দানিয়েল্ রাজার নিকটে আনীত হইলে রাজা দানিয়েল্‌কে কহিল, যিহূদা দেশহইতে আমার পিতামহ † মহারাজ কর্তৃক যিহূদি বন্দিদের সহিত
১৪ আনীত যে দানিয়েল্, সেই কি তুমি? তুমি ঈশ্বরের আত্মাবিশিষ্ট ও তোমার অন্তরে প্রতিভা ও বুদ্ধি ও উত্তম জ্ঞান আছে, ইহা আমি তোমার বিষয়ে
১৫ শুনিয়াছি। সম্প্রতি এই লিখন পাঠ করিতে ও তাহার অর্থ আমাকে জ্ঞাত করিতে বিদ্বান ও গণকদিগকে আমার কাছে আনাইলাম; কিন্তু তাহারা তাহার অর্থ আমাকে জ্ঞাত করিতে পারিল না।
১৬ তুমি অর্থ প্রকাশ করিতে ও সংশয় ছেদ করিতে পার, ইহা আমি শুনিলাম; এখন তুমি যদি এই লিপি পাঠ করিতে ও তাহার অর্থ আমাকে জ্ঞাত করিতে পার, তবে তুমি কৃষ্ণলোহিত বর্ণের বস্ত্রে বস্ত্রান্বিত হইবা, ও তোমার গলে সুবর্ণের হার হইবে, ও তুমি রাজ্যের তৃতীয় কর্ত্তা হইবা।

[৩৫] যিশ ৪০; ১৫,১৭। গী ১১৫; ৩। যূব ৩৪; ২৯। যিশ ১৪; ২৭।—[৩৬] প ২৬।—[৩৭] গী ৩৩; ৪। ৩১; ২৩।
[৫ অধ্যা; ১-৪] যিশ ২১; ৫।—[২] দা ১; ২।—[৬] যির ৫১; ৩০,৩১,৩৯।—[৭] দা ২; ২। ৪; ৬। আ ৪১; ৩৯-৪৪।
[৯] প ৬।—[১১] দা ২; ৪৬-৪৮। ৪; ৮,৯।—[১৪] প ১১, ১২।—[১৫,১৬] প ৭,৮।

* (ইব্রু) আস্বাদ। † (ইব্রু) পিতা। ‡ (ইব্রু) তেজ। ‖ (বা) বন্ধ।

১৭ তখন দানিয়েল্ রাজাকে উত্তর করিল, তোমার দান তোমার থাকুক, ও তোমার পুরস্কার অন্যকে দেও; কিন্তু আমি এই লিখন রাজার নিকটে পাঠ করিব, ১৮ ও তাহার অর্থও জ্ঞাত করিব। হে রাজন্, সর্ব্বোপরিস্থ ঈশ্বর তোমার পিতামহ রাজা নিবূখদ্‌নিৎসরকে রাজ্য ও মহিমা ও প্রতাপ ও সম্ভ্রম দিলেন। ১৯ তিনি তাহাকে এই মহিমা দিলেন, এই নিমিত্তে তাবৎ লোক ও তাবৎ জাতি ও তাবৎ ভাষাবাদি লোকেরা তাহার সাক্ষাতে কাঁপিত ও তাহাকে ভয় করিত; সে আপন ইচ্ছাতে কাহাকে বধ করিত, ও আপন ইচ্ছাতে কাহাকে সজীব রক্ষা করিত; এবং আপন ইচ্ছাতে কাহাকে উচ্চপদ দিত, ও আপন ইচ্ছাতে ২০ কাহাকে পদভ্রষ্ট করিত। কিন্তু সে অন্তঃকরণে গর্ব্বিত ও গর্ব্বে কঠিনান্তঃকরণ হইয়া আপন রাজসিংহাসনভ্রষ্ট হইল, ও মহিমা তাহাহইতে ২১ অপহৃত হইল। পরে সে মনুষ্যের সন্তানদের মধ্যহইতে দূরীকৃত হইল, ও তাহার বুদ্ধি পশুর সমান হইল, ও বন্য গর্দ্দভের সহিত তাহার বাস হইল, ও সে বলদের ন্যায় তৃণ ভোজন করিত, এবং তাহার শরীর আকাশের শিশিরে ভিজিত; পরে সর্ব্বোপরিস্থ ঈশ্বর মনুষ্যদের রাজ্যে কর্তৃত্ব করেন, ও যাহাকে ইচ্ছা তাহাকে তাহাতে নিযুক্ত ২২ করেন, ইহা সে জ্ঞাত হইল। হে বেল্‌শৎসর্, তাহারই পৌত্র * যে তুমি, তুমি এই সকল জ্ঞাত হইলেও ২৩ আপন অন্তঃকরণ নম্র কর নাই। তুমি স্বর্গের ঈশ্বরের বিরুদ্ধে আপনাকে উন্নত করিয়াছ; ও সেই ঈশ্বরের মন্দিরের পাত্র তোমার সম্মুখে আনাইয়া তুমি ও তোমার অধ্যক্ষগণ ও তোমার পত্নী ও উপপত্নীগণ তাহাতে দ্রাক্ষারস পান করিলা, বিশেষতঃ যে ঈশ্বরের হস্তে তোমার প্রাণ ও তোমার সকল গতি আছে, তাঁহার সমাদর না করিয়া দৃষ্টিহীন ও শ্রবণহীন ও বুদ্ধিহীন যে সুবর্ণময় ও রূপ্যময় ও লৌহময় ও পিত্তলময় ও কাষ্ঠময় ও প্রস্তরময় প্রতিমাগণ, তাহাদিগকে প্রশংসা করিলা। ২৪ অতএব তাঁহাদ্বারা হস্তের ভাগ প্রেরিত হইল, ও ২৫ এই কথা লিখিত হইল। সে লিখিত কথা এই, 'মিনে ২৬ মিনে, তিকেল্, উপার্সীন্,'। ইহার অর্থ এই, 'মিনে' (গণনা,) অর্থাৎ ঈশ্বর তোমার রাজ্যের গণনা ২৭ ও শেষ করিয়াছেন। 'তিকেল' (তৌল,) অর্থাৎ তুমি তুলেতে তৌলবিশিষ্ট হইয়া ভারেতে ন্যূন ২৮ আছ। 'উপার্সীন্' (ও বিভাগ,) অর্থাৎ তোমার রাজ্য বিভক্ত হইয়া মাদীয় ও পার্সীয়দিগকে দত্ত ২৯ হইবে। তখন বেল্‌শৎসরের আজ্ঞানুসারে দানিয়েলকে কৃষ্ণলোহিত বর্ণের বস্ত্রে বস্ত্রান্বিত করিল ও তাহার গলে সুবর্ণের হার দিল, এবং সে যে রাজ্যের তৃতীয় কর্তৃত্বপদে নিযুক্ত হইল, তাহার বিষয়ে এই ঘোষণা করিল। ৩০ সেই রাত্রিতে কস্‌দীয়দের রাজা বেল্‌শৎসর হত হইল। ৩১ এবং মাদীয় দারা বাষট্টি বৎসর বয়ঃক্রমে ঐ রাজ্য গ্রহণ করিল।

৬ অধ্যায়।

১ দারারাজদ্বারা দানিয়েলের কর্তৃত্বপদে নিযুক্ত হওন ৪ ও তাহার বিরুদ্ধে অধ্যক্ষগণের কুমন্ত্রণা ১০ ও তাহাদের অপবাদ দ্বারা দানিয়েলের সিংহখাতে নিক্ষিপ্ত হওন ১৮ ও তাহার রক্ষার্থে রাজার আনন্দ ২৪ ও তাহার অপবাদকদের বিনাশ ২৪ ও তাবৎ লোকের প্রতি রাজার আজ্ঞাপত্র।

১ দারারাজ রাজ্যের অর্থাৎ তাবৎ রাজ্যের উপরে ২ এক শত বিংশতি অধ্যক্ষ নিযুক্ত করিতে, ও তাহারা যেন নিকাশ দেয় ও রাজার ক্ষতি না হয়, এই নিমিত্তে তাহাদের উপরে তিন জনকে প্রধান করিয়া নিযুক্ত করিতে মনস্থ করিল; এই তিন জনের ৩ মধ্যে দানিয়েল্ এক † জন ছিল। ঐ দানিয়েল অতি সুবোধ প্রযুক্ত তাবৎ প্রধান ও অধ্যক্ষহইতে অধিক মান্য ছিল, এই জন্যে রাজা তাহাকে তাবৎ রাজ্যের উপরে নিযুক্ত করিতে মনস্থ করিল।

৪ তাহাতে প্রধান লোক ও অধ্যক্ষেরা রাজকর্ম্মের বিষয়ে দানিয়েলের বিরুদ্ধে কোন অপবাদ করণের অনুসন্ধান করিল বটে, কিন্তু কোন ছিদ্র ও ত্রুটি পাইল না; কেননা সে বিশ্বস্ত ছিল, তাহার কোন ৫ ভ্রান্তি ও দোষ প্রাপ্ত হইল না। তখন তাহারা মন্ত্রণা করিল, আমরা ধর্ম্মের ‡ বিষয়ে দানিয়েলের কোন ছিদ্র ধরিতে না পারিলে তাহার বিরুদ্ধে দোষ পা৬ইব না। পরে প্রধানেরা ও রাজাধ্যক্ষেরা রাজার নিকটে ত্বরায় একত্র আসিয়া এই কথা কহিল, ৭ হে দারারাজ, চিরজীবী হউন। হে রাজন্, যে জন ত্রিশ দিন পর্য্যন্ত তোমা ব্যতিরেকে কোন দেবতার কি মানুষের কাছে প্রার্থনা করে, সে সিংহের খাতে নিক্ষিপ্ত হইবে, এমত দৃঢ় আজ্ঞাপত্র করিতে ও রাজাজ্ঞা নির্দ্দিষ্ট করিতে রাজ্যের সকল প্রধান লোক ও অধিপতিগণ ও অধ্যক্ষগণ ও কর্তৃগণ ও ৮ শাসনকর্তৃগণ একত্র হইয়া মন্ত্রণা করিয়াছে। হে রাজন্, মাদীয়দের ও পার্সীয়দের অটল ব্যবস্থানুসারে এই নিয়ম স্থির কর, ও তাহা যেন অটল ‖ হয়, ৯ তন্নিমিত্তে তাহাতে স্বাক্ষর কর। তখন দারা রাজ সেই পত্রে ও নিয়মে স্বাক্ষর করিল।

১০ ঐ লিপি স্বাক্ষরীকৃত হইল, ইহা দানিয়েল্ অব-

[১৮] দা ২; ৩৭,৩৮। ৪; ২২ ॥—[১৯] যির ২৭; ৬,৭ ॥—[২০,২১] দা ৪; ২৯-৩৩ ॥—[২৩] প ৩,৪। গী ১১৫; ৫,৬ ॥
[২৮] যিশ ২১; ২ ॥—[২৯] প ১৬ ॥—[৩০] যির ৫১; ৩৯, ৫৭ ॥
[৬ অধী; ১] ইষ্ঠ ১; ১ ॥—[৩] দা ৫; ১২ ॥—[৮] প ১২,১৫। ইষ্ঠ ৮; ৮ ॥—[১০] ১ রা ৮; ২৮,২৯,৪৮ ॥

* (ইব্রু) পুত্র। † (বা) প্রথম। ‡ (ইব্রু) তাহার ঈশ্বরের ব্যবস্থার। ‖ (ইব্রু) ব্যতীত না হয়।

গত হইলেও আপনার গৃহে যাইত,ও আপন উপরিস্থ কুঠরীর বাতায়ন যিরূশালমের দিগে মুক্ত হইলে আপন পূর্ব্বমতানুসারে দিনে তিন বার জানু পাতিয়া আপন ঈশ্বরের সাক্ষাতে প্রার্থনা করিত ও ধন্যবাদ করিত। ১১ তখন সেই লোকেরা বেগে একত্র আসিয়া দানিয়েলকে প্রার্থনা করিতে ও আপন ঈশ্বরের নিকটে বিনয় করিতে দেখিল। ১২ তাহাতে তাহারা গিয়া রাজার আজ্ঞার বিষয়ে রাজার নিকটে নিবেদন করিল; হে রাজন্, যে প্রত্যেক জন ত্রিশ দিন পর্য্যন্ত তোমা ব্যতিরেকে কোন দেবের বা মানুষের কাছে কিছু প্রার্থনা করে, সে সিংহের খাতে নিক্ষিপ্ত হইবে, এই কথার আজ্ঞাপত্রে কি আপনি স্বাক্ষর করেন নাই? রাজা উত্তর করিল, হাঁ, মাদীয়দের ও পার্সীয়দের অটল ব্যবস্থানুসারে তাহা স্থির হইল। ১৩ তাহারা রাজার সম্মুখে কহিল, হে রাজন্, যিহূদার বন্দি বংশের মধ্যবর্ত্তি দানিয়েল্ তোমাকে এবং যে আজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়াছ, তাহা মান্য করে না, কিন্তু প্রতি দিন তিন বার প্রার্থনা করে। ১৪ রাজা এ কথা শুনিয়া আপন মনে অতি বিমর্ষ হইল, এবং দানিয়েল্কে উদ্ধার করিতে অনেক মনোযোগ করিল, ও সূর্য্যাস্ত পর্য্যন্ত তাহাকে রক্ষা করিতে অনেক যত্ন করিল। ১৫ তাহাতে লোকেরা রাজার নিকটে বেগে একত্র হইয়া রাজাকে কহিল, হে রাজন্, রাজা যে কোন আজ্ঞা ও ব্যবস্থা স্থির করেন,তাহার অন্যথা হইতে পারে না, মাদীয়দের ও পার্সীয়দের এই ব্যবস্থা, ইহা জ্ঞাত হউন। ১৬ তখন রাজা আজ্ঞা করিলে দানিয়েল আনীত হইয়া সিংহের খাতে নিক্ষিপ্ত হইল; তাহাতে রাজা দানিয়েল্কে কহিল,তুমি নিত্য ২ যে ঈশ্বরের সেবা কর, তিনিই তোমাকে রক্ষা করুন। ১৭ পরে এক প্রস্তর আনীত হইয়া খাতের মুখে স্থাপিত হইল, এবং দানিয়েলের এই বিষয় যেন অন্যথা না হয়, এই জন্যে রাজা আপন মুদ্রাতে ও আপন অধ্যক্ষদের মুদ্রাতে তাহা অঙ্কিত করিল।

১৮ পরে রাজা আপন রাজধানীতে গিয়া উপবাসে সে রাত্রি যাপন করিল, ও আপনার সাক্ষাতে কোন উপভোগের সামগ্রী* আনিতে দিল না,এবং তাহার নিদ্রাও হইল না। ১৯ অপর রাজা উঠিয়া প্রভাত হইবামাত্র অতি ত্বরায় সিংহের খাতে গেল; ২০ সেস্থানে গিয়া দানিয়েলের প্রতি বিলাপশব্দ করিল; এবং রাজা দানিয়েল্কে এই কথা কহিল, হে অমর ঈশ্বরের সেবক দানিয়েল্,তুমি যে ঈশ্বরকে নিত্য সেবা কর, তিনি কি তোমাকে সিংহের মুখহইতে রক্ষা করিতে পারিলেন? ২১ তখন দানিয়েল্ রাজাকে কহিল, হে রাজন্, চিরজীবী হউন। ২২ আমার ঈশ্বর আপন দূত পাঠাইয়া আমি যেন সিংহদ্বারা হিংসিত না হই, এই জন্যে তাহাদের মুখ বন্ধ করিলেন, কেননা আমি তাঁহার সাক্ষাতে নির্দ্দোষ; এবং হে রাজন্,তোমার সাক্ষাতেও কোন হিংসা করি নাই। ২৩ তখন রাজা অতি আহ্লাদিত হইয়া দানিয়েল্কে খাতহইতে তুলিতে আজ্ঞা করিল; পরে দানিয়েল্ খাতহইতে উঠিলে আপন ঈশ্বরে বিশ্বাস করাতে তাহার কোন ক্ষতি দৃষ্ট হইল না।

২৪ পরে লোকেরা রাজাজ্ঞা পাইয়া দানিয়েলের অপবাদকারি লোকদিগকে ও তাহাদের বালক ও স্ত্রীগণকে সিংহের খাতে নিক্ষেপ করিল; তাহারা খাতের তলে উপস্থিত হওনের পূর্ব্বেই সিংহগণ তাহাদিগকে জয় করিয়া তাহাদের অস্থি সকল চূর্ণ করিল।

২৫ তখন দারা রাজা পৃথিবীর সর্ব্বত্র নিবাসিদিগকে এবং নানাজাতি ও নানাভাষাবাদিগণকে এই পত্র লিখিল, তোমাদের উত্তরোত্তর মঙ্গল হউক। ২৬ আমি এই আজ্ঞাপত্র দিতেছি, আমার রাজ্যের তাবৎ দেশীয় লোক দানিয়েলের ঈশ্বরের সাক্ষাতে কম্পবান হউক ও তাঁহাকে ভয় করুক; কেননা তিনি অমর ঈশ্বর ও নিত্যস্থায়ী, ও তাঁহার রাজ্য অবিনাশ্য, ও তাঁহার কর্ত্তৃত্ব শেষ পর্য্যন্ত থাকিবে। ২৭ যিনি নিস্তারকর্ত্তা ও উদ্ধারকর্ত্তা হইয়া স্বর্গে ও পৃথিবীতে চিহ্ন ও আশ্চর্য্য ক্রিয়া করেন, তিনি দানিয়েল্কে সিংহের হস্তহইতে রক্ষা করিলেন। ২৮ এই রূপে সেই দানিয়েল্ দারার ও পার্সীয় খস্রুর অধিকারে ভাগ্যবান্ হইল।

৭ অধ্যায়।

১ চারি জন্তুর দর্শন ৯ ও ঈশ্বরের রাজ্যের বিবরণ ১৫ ও দর্শনের তাৎপর্য্য।

১ বাবিলের রাজা বেল্শৎসরের অধিকারের প্রথম বৎসরে শয্যাস্থিত দানিয়েলের স্বপ্ন ও মানসিক দর্শন হইল; তখন সে সেই স্বপ্ন লিখিয়া কথার সার প্রকাশ করিল। ২ দানিয়েল্ এই বিবরণ কহিল,আমি রাত্রিতে স্বপ্নে এই দেখিলাম, যেন মহাসমুদ্রের উপরে আকাশের চতুর্ব্বায়ু বেগে বহিল। ৩ এবং সমুদ্রহইতে বিশেষ২ চারি বৃহৎ জন্তু নির্গত হইল। ৪ প্রথম জন্তু সিংহাকার, এবং উৎক্রোশপক্ষির ন্যায় তাহার পক্ষ ছিল; আমি দেখিতে ২ তাহার সেই পক্ষ ছিন্ন হইলে সে পৃথিবীহইতে উত্থাপিত হইয়া মনুষ্যবৎ চরণে স্থাপিত হইল, এবং মনুষ্যের অন্তঃকরণ তা-

[১২] প ৮,৯ ।।—[১৩] দা ৩; ১২ ।।—[১৫]প ৮। ইষ্ট ১; ১৯ ।।—[১৭] য ২৭; ৬৬ ।।—[২২] দা ৩; ২৮। ইব্রু ১১; ৩৩।।
[২৫-২৭] দা ৩; ২৮,২৯ ।।—[২৬,২৭] ২; ৪৪। ৪; ৩,৩৪,৩৫ ।।—[২৮] ১; ২১।।
[৭ অধ্য; ১] দা ৮; ১।।—[৩] প ১৭ ।।—[৪] ২; ৩৭,৩৮ ।।

* (বা) বাদ্য যন্ত্র বা উপপত্নীদিগকে।

৫ হাকে দত্ত হইল। পরে অন্য দ্বিতীয় পশুকে দেখিলাম; সে জন্তু ভল্লুকের ন্যায় হইয়া উঠিয়া* দাঁড়াইল; তাহার মুখে ও দন্তের মধ্যে তিন পঞ্জর ছিল, এবং তাহার প্রতি উক্ত হইল, উঠ, বহুমাংস ভোজন ৬ কর। তাহার পরে আমি অবলোকন করিয়া অন্য পশুকে দেখিলাম, তাহার মূর্ত্তি চিতাব্যাঘ্রের ন্যায়, এবং পৃষ্ঠে পক্ষিবৎ চারি পক্ষ ছিল ও তাহার চারি ৭ মস্তক ছিল, এবং তাহাকে কর্ত্তৃত্ব দত্ত হইল। পরে ঐ রাত্রিকালের দর্শনে দুর্ব্বৃত্ত ও ভয়ানক ও অতি বলবান চতুর্থ জন্তুকে দেখিলাম; তাহার দন্ত বৃহৎ ও লৌহময়, সে অনেক ভক্ষণ করিল ও ভঙ্গ করিল ও অবশিষ্টকে পদাঘাত করিল; সে আপন পূর্ব্ববর্ত্তি সকল জন্তুহইতে ভিন্ন, ও তাহার দশ শৃঙ্গ ছিল। ৮ আমি সে শৃঙ্গের কথা বিবেচনা করিলে যাহার সম্মুখে প্রথম শৃঙ্গের তিন শৃঙ্গ উৎপাটিত হইল, এমত আর এক ক্ষুদ্র শৃঙ্গ তাহাদের মধ্যে উঠিল; ঐ শৃঙ্গের মনুষ্যবৎ চক্ষু ও অহঙ্কারবাক্যবাদি মুখ ছিল।

৯ পরে আমি দেখিলাম, সিংহাসন স্থাপিত হইলে হিমানীর তুল্য শুক্ল বস্ত্রধারি ও পরিষ্কৃত মেষলোমের ন্যায় কেশবিশিষ্ট এক অনাদি পুরুষ তাহার ১০ উপরে বসিলেন। তাঁহার সিংহাসন অগ্নিশিখার ন্যায়, ও তাঁহার চক্র প্রজ্বলিত অগ্নির ন্যায়, এবং তাঁহার সম্মুখহইতে অগ্নির স্রোত নির্গত হইয়া বহিল, ও সহস্র২ (দূত) তাঁহার সেবা করিল, ও কোটি২ তাঁহার সম্মুখে দাঁড়াইল, ও বিচার নিরূ- ১১ পিত হইলে পুস্তক মুক্ত হইল। সেই শৃঙ্গের অহঙ্কারবাক্য প্রযুক্ত আমি তাহার প্রতি দৃষ্টি করিলে দেখিলাম, সে জন্তু ও তাহার শরীর বিনষ্ট হইয়া ১২ অগ্নিশিখাতে নিক্ষিপ্ত হইল। এবং অন্যান্য জন্তুহইতে কর্ত্তৃত্ব অপহৃত হইল, কিন্তু নিরূপিত সময় ১৩ পর্য্যন্ত তাহাদের জীবনের রক্ষা† হইল। আমি রাত্রিকালের দর্শনে দেখিলাম, মনুষ্যপুত্রের ন্যায় এক জন আকাশের মেঘদ্বারা ঐ অনাদি পুরুষের নিকটে উপস্থিত হইলে তাঁহার সাক্ষাতে আনীত ১৪ হইলেন। এবং তাবৎ লোক ও নানাজাতি ও নানাভাষাবাদি লোকেরা যেন তাঁহার সেবা করে, এই জন্যে তাঁহাকে কর্ত্তৃত্ব ও মহিমা ও রাজত্ব দত্ত হইল; তাঁহার কর্ত্তৃত্ব অক্ষয় ও নিত্যস্থায়ী, ও তাঁহার রাজ্য অবিনাশ্য।

১৫ আমি দানিয়েল্ আপন শরীরস্থ‡ মনেতে শোকান্বিত হইলাম, ও আমার মানসিক দর্শন আমাকে ১৬ ব্যাকুল করিল। পরে উপস্থিত লোকদের এক জনের নিকটে যাইয়া আমি তাহাকে এই সকলের তাৎপর্য্য জিজ্ঞাসা করিলাম; তাহাতে সে এই কথা কহিয়া আমাকে সকলের তাৎপর্য্য জ্ঞাত করিল; ১৭ ‘পৃথিবীতে উৎপন্ন হইবে যে চারি রাজা, ঐ চারি ১৮ বৃহৎ জন্তু তাহাদের স্বরূপ; কিন্তু সর্ব্বোপরিস্থ ঈশ্বরের পুণ্যবানেরা সেই রাজ্য প্রাপ্ত হইবে ও নিত্য২ ১৯ সর্ব্বদা তাহার অধিকার করিবে।’ তখন অন্য সকল হইতে পৃথক ও অতি ভয়ানক ও লৌহদন্ত ও পিত্তলের নখবিশিষ্ট যে চতুর্থ জন্তু অনেক ভক্ষণ করিল ও ভঙ্গ করিল ও অবশিষ্টকে পদাঘাত করিল, ২০ তাহার তত্ত্ব জানিতে চাহিলাম। এবং তাহার মস্তকের দশ শৃঙ্গের তত্ত্ব, ও যাহার সাক্ষাতে তিন শৃঙ্গ পড়িল এমত উত্থিত অন্য শৃঙ্গের তত্ত্ব, অর্থাৎ যে চক্ষুর্বিশিষ্ট ও অহঙ্কারবাক্যবাদি মুখবিশিষ্ট ও আপন সহবর্ত্তিদের হইতেও বৃহৎ আকারবিশিষ্ট, ২১ সেই শৃঙ্গের তত্ত্ব জানিতে চাহিলাম। এবং দেখিলাম, সেই শৃঙ্গ পুণ্যবানদের সহিত যুদ্ধ করিয়া ২২ তাহাদিগকে জয় করিল; পরে অনাদি পুরুষ আসিয়া সর্ব্বোপরিস্থ ঈশ্বরের পুণ্যবানদের বিচার সিদ্ধ করিলেন, তাহাতে তৎক্ষণাৎ পুণ্যবানদের রাজ্যাধিকার করণের সময় উপস্থিত হইল। ২৩ সে আরো কহিল, ‘চতুর্থ জন্তু পৃথিবীর চতুর্থ রাজ্যস্বরূপ হইয়া সকল রাজ্যহইতে ভিন্ন ও তাবৎ পৃথিবী গ্রাসকারী ও দলনকারী ও চূর্ণকারী হইবে। ২৪ এবং তাহার সেই দশ শৃঙ্গ রাজ্যহইতে উৎপন্ন দশ রাজার স্বরূপ, ও তাহাদের পরে আর এক রাজা উঠিবে, ও সে পূর্ব্ব রাজাদের হইতে ভিন্ন ২৫ হইয়া তিন রাজাকে বশীভূত করিবে। সে সর্ব্বোপরিস্থ ঈশ্বরের বিপরীতে কথা কহিবে, ও সর্ব্বোপরিস্থ ঈশ্বরের পুণ্যবানদিগকে জীর্ণ করিবে, ও নিরূপিত কাল ও ব্যবস্থা অন্যরূপ করিতে মনস্থ করিবে, এবং এক কাল ও দুই কাল ও অর্দ্ধকাল ২৬ পর্য্যন্ত তাহারা তাহার হস্তে সমর্পিত হইবে। কিন্তু বিচার উপস্থিত হইলে পর তাহার কর্ত্তৃত্ব তাহাহইতে নীত হইবে, এবং শেষ পর্য্যন্ত তাহার ক্ষয় ২৭ ও বিনাশ হইবে। এবং সর্ব্বোপরিস্থ ঈশ্বরের পুণ্য-

[৫] দা ২; ৩৯॥—[৬] ২; ৩৯। ৮; ৮,২১,২২॥—[৭] প ১৯,২৩,২৪। ২; ৪০,৪১। প্র ১৩; ১॥—[৮] প ২১-২৫ দা ৮; ২৫। ১১; ৩৬। ২ থি ২; ৩,৪। প্র ১৩; ৫॥—[৯,১০] প ২৬। প্র ২০; ১১,১২। ১ রা ২২; ১৯। গী ৫০; ৩। যিহি ১; ২৬,২৭॥—[৯] প ১৩,২২। প্র ১; ১৪॥—[১০] প্র ৫; ১১॥—[১১] প ২৬। প্র ১৯; ২০॥—[১৩] যিহি ১; ২৬। ম ২৪; ৩০। ২৫; ৩১,৩২। ২৬; ৬৪। প্রে ১; ৯-১১। প্র ১; ৭,১৩॥—[১৪] দা ২; ৪৪। ম ২৮; ১৮। ১ ক ১৫; ২৫-২৭। ফিল ২; ৯-১১॥—[১৭] প ৩॥—[১৮] য ২৩; ৩৪,৪৬। প্র ২; ২৬,২৭। ৩; ২১। ২০; ৪॥—[১৯-২৩] প ৭,৮॥—[২১,২২] প্র ১৩; ৭। প ৯,১০॥—[২৩] প ৭। দা ২; ৪০॥—[২৪] প ৭,৮,২০। প্র ১৭; ১২॥—[২৫] প ৮। দা ৮; ২৪,২৫। ১১; ৩৬,৩৭। ১২; ৭। প্র ১৩; ৫-৭। ১২; ১৪॥—[২৬] প ১০,২২॥—[২৭] প ১৪,১৮॥

* (ইব্র) এক পার্শ্বে বা রাজ্যে। † (বা) জীবনের রক্ষা দত্ত। ‡ (ইব্র) কোষস্থ।

বানদিগকে রাজ্য ও কর্ত্তৃত্ব ও আকাশমণ্ডলের অধঃস্থিত রাজ্যের মহিমা দত্ত হইবে; তাঁহার রাজ্য নিত্যস্থায়ী, ও সকল অধিপতি তাঁহার সেবা করিবে ২৮ ও তাঁহার আজ্ঞা পালন করিবে।' এই পর্য্যন্ত এই বৃত্তান্তের শেষ; আমি দানিয়েল্ এই ভাবনাতে ব্যাকুল হইলাম, ও আমার মুখ বিবর্ণ হইল; কিন্তু আমি সে কথা মনে রাখিলাম।

৮ অধ্যায়।

১ মেষ ও ছাগের দর্শন, ১৩ ও বলিদান নিবৃত্ত হওনের সময় নিরূপণ ১৫ ও জিব্রায়েল্দ্বারা দানিয়েলের দর্শনের তাৎপর্য্য প্রকাশ।

১ পূর্ব্বস্বপ্নের পরে রাজা বেল্শৎসরের তৃতীয় বৎসরে আমি দানিয়েল্ আর এক দর্শন পাইলাম। ২ এই রূপ স্বপ্ন দেখিলাম, যেন আমি এলম্ নামক প্রদেশস্থিত শূশন্ রাজধানীতে আছি; আরবার আমি স্বপ্নে দেখিলাম, যেন উলয় নদীর তীরে ৩ আছি। পরে আমি চক্ষু তুলিয়া দেখিলাম, নদীর সম্মুখে দুই শৃঙ্গ বিশিষ্ট এক মেষ দাঁড়াইল; তাহার ঐ দুই শৃঙ্গ উচ্চ ছিল; তাহার এক অন্যহইতে অধিক উচ্চ; ও যে উচ্চতর,সে শেষে উৎপন্ন ৪ হইল। ঐ মেষ পশ্চিম ও উত্তর ও দক্ষিণ দিগে এমত আঘাত করিল, যে তাহার সম্মুখে কোন পশু দাঁড়াইতে পারিল না, এবং তাহার হস্তহইতে উদ্ধারকারী কেহ ছিল না; সে আপন ইচ্ছানুসারে কর্ম্ম করিতে ২ মহান্ হইল, ইহা আমি দেখিলাম। ৫ যে সময়ে আমি ইহা বিবেচনা করিতেছিলাম, তৎকালে তাবৎ পৃথিবীর মধ্যদিয়া গমনকারী এক ছাগ পশ্চিম দেশহইতে আইল; কিন্তু (প্রায়) মৃত্তিকা স্পর্শ করিল * না; সেই ছাগের চক্ষুর মধ্য-৬ দেশে সপ্রকাশ † এক শৃঙ্গ ছিল। পরে নদীর সম্মুখে যে দুই শৃঙ্গবিশিষ্ট দণ্ডায়মান মেষকে আমি দেখিয়াছিলাম, তাহার প্রতি সে আপন প্রচণ্ড ক্রোধেতে ৭ ধাবমান হইল। এবং মেষের অতি নিকটে আসিতেও তাহাকে দেখিলাম, সে তাহার প্রতিকূলে ক্রোধেতে আসিয়া ঐ মেষকে এমত আঘাত করিল,যে তাহার দুই শৃঙ্গ ভগ্ন করিল, এবং ঐ মেষ যে তাহার সম্মুখে দাঁড়াইতে পারে এমত শক্তিরহিত হইল; অতএব সে তাহাকে মৃত্তিকাতে ফেলিয়া পদতলে দলিতে লাগিল; তৎকালে তাহার হস্তহইতে ঐ ৮ মেষের উদ্ধারকারী কেহ ছিল না। পরে ঐ ছাগ অতিশয় মহান্ হইল, কিন্তু অতিশয় বলবান হইলে পর তাহার মহাশৃঙ্গ ভগ্ন হইল, ও তাহার স্থানে আকাশের চতুর্দ্দিগভিমুখ চারি সপ্রকাশ শৃঙ্গ উৎপন্ন হইল। ৯ এবং তাহাদের একের মধ্যহইতে এক ক্ষুদ্র শৃঙ্গ ‡ উৎপন্ন হইয়া দক্ষিণ ও পূর্ব্বদিগে এবং ১০ রম্য দেশের দিগে অতিশয় বর্দ্ধমান হইল। এবং সে আকাশের সৈন্য পর্য্যন্ত বৃদ্ধি পাইয়া কতক সৈন্য ও তারাগণকে ভূমিতে নিপাত করিয়া পদতলে দলিতে লাগিল। ১১ সে সৈন্যপতির বিপক্ষে আপনার উন্নতি করিয়া দিবসিক বলিদান অপহরণ করিল, ও তাঁহার পবিত্র স্থান ভগ্ন হইল। ১২ এবং পাপ প্রযুক্ত সৈন্য ও দিবসিক বলি তাহাকে সমর্পিত হইল, ও সে সত্য ধর্ম্মকে ভূমিতে নিপাত করিল, এবং কর্ম্ম করিয়া কৃতার্থ হইল।

১৩ অপর আমি এক পুণ্যবানের উক্ত কথা শুনিলাম, এবং তাহাকে আর এক পুণ্যবান জিজ্ঞাসা করিল, দিবসিক বলির ও পবিত্র স্থান ও সৈন্যকে পদতলে দলনকারির বিনাশক পাপের বিষয়ে যে ১৪ স্বপ্ন, সে কত কাল বুঝায়? তাহাতে সে আমাকে কহিল, দুই সহস্র তিন শত দিবারাত্রি বুঝায়; পরে পবিত্র স্থান পরিষ্কৃত হইবে।

১৫ আমি দানিয়েল্ এই রূপ দর্শন পাইয়া তাহার তাৎপর্য্য জানিতে চেষ্টা করিলে মনুষ্যাকৃতি এক ১৬ জন আমার সম্মুখে আসিয়া দাঁড়াইল। এবং 'হে জিব্রায়েল, এই লোককে দর্শনের তাৎপর্য্য বুঝাইয়া দেও,' উলয়ের মধ্যহইতে এমত এক জনের ১৭ রব শুনিলাম। অতএব আমি যে স্থানে দাঁড়াইতেছিলাম,সে সেই স্থানে আইল,এবং আইলে আমি ভয়েতে উবুড় হইয়া পড়িলাম, কিন্তু সে আমাকে কহিল, হে মনুষ্যের সন্তান, শেষসময়ে এই দর্শন ১৮ সফল হইবে ইহা জ্ঞাত হও। যে সময়ে সে আমাকে কহিল, তৎকালে আমি ভূমিতে পড়িয়া মূর্চ্ছাপন্ন হইলাম; কিন্তু সে আমাকে স্পর্শ করিয়া দণ্ডায়মান ১৯ করিয়া কহিল, দেখ, ক্রোধের শেষে যাহা ঘটিবে, তাহা আমি তোমাকে জ্ঞাত করি, কেননা নিরূপিত ২০ শেষকালের এই কথা। তুমি দুই শৃঙ্গবিশিষ্ট যে মেষকে দেখিলা, সে মাদীয় ও পারসীয় রাজগণ-২১ স্বরূপ। এবং অতি লোমশ যে ছাগ, সে যূনানিয়া দেশের রাজস্বরূপ, এবং তাহার দুই চক্ষুর মধ্য-২২ স্থানে যে বৃহৎ শৃঙ্গ, সে প্রথম রাজা। এবং সে শৃঙ্গ ভগ্ন হইলে তাহার স্থানে যে আর চারি শৃঙ্গ উৎপন্ন হইল, ইহাতে সেই জাতিতে চারি রাজা উৎ-

[২৮] দা৮; ২৭॥

[৮ অধ্যা; ১] দা৭; ১॥—[২] ইষ্টে১; ২॥—[৩,৪] প ২০॥—[৫-৭] প ২১॥—[৮] প ২২॥—[৯-১২] প ২৩-২৫। দা৭; ৮,২১-২৫। ১১; ২১-৪৫॥—[১১,১২] ১১; ৩১। গী ২৮; ৩-৮॥—[১৩,১৪] দা১২; ১১,১২॥—[১৬] প ২। ৯; ২১। লূ১; ২৬॥—[১৭] দা১০; ৮॥—[১৮] ১০; ৯,১০॥—[২০] প ৩,৪। ৫; ৩১। ৬; ২৮॥—[২১] প ৫-৭। ১১; ২,৩॥—[২২] প ৮। ১১; ৪॥

* (বা) পৃথিবীতে কেহ তাহাকে স্পর্শ করিল না। † (ইব্রু) দৃষ্টিরূপ শৃঙ্গ। ‡ (বা) ক্ষুদ্রাবস্থাতে।

পন্ন হইবে, কিন্তু পরাক্রমে তাহার সদৃশ হইবে ২৩ না। তাহাদের রাজ্যের শেষে পাপিদের পাপ সম্পূর্ণ হইলে ভয়ঙ্করবদন ও নিগূঢ় বাক্যজ্ঞ এক ২৪ রাজা উৎপন্ন হইবে। তাহার অতিশয় প্রতাপ হইবে, কিন্তু সে তৎপরাক্রম ব্যতিরেকেও আশ্চর্য্য রূপে বিনাশ করিবে; সে কৃতার্থ হইয়া কর্ম্ম সফল করিবে, এবং শক্তিমান ও পুণ্যবানদিগকে ২৫ বিনাশ করিবে। সে বুদ্ধিদ্বারা আপন ছল সার্থক করিয়া আপন মনে অহঙ্কারী হইয়া সন্ধিকালে অনেককে বিনষ্ট করিবে, ও রাজাদের রাজার প্রতিকূলে দণ্ডায়মান হইবে, কিন্তু সে বিনা ২৬ হস্তে ভগ্ন হইবে। এবং দিবারাত্রির উক্ত স্বপ্ন সত্য, অতএব তুমি এই স্বপ্নদর্শন মুদ্রাঙ্কিত কর, ২৭ কেননা সে অনেক দিনের কথা। আমি দানিয়েল্ কতক দিন পর্য্যন্ত ক্লান্ত ও পীড়িত ছিলাম, তাহার পর উঠিয়া রাজার কর্ম্ম করিলাম, কিন্তু সকলের বোধের অগম্য সেই দর্শনে চমৎকৃত হইলাম।

৯ অধ্যায়।

১ দানিয়েলের উপবাস ও নম্রতা ও প্রার্থনার কথা ২০ ও তাহার প্রতি প্রকাশিত ভবিষ্যদ্বাক্য।

১ যে বৎসরে মাদীয় বংশের অহস্বেরের পুত্র দারা ২ কস্দীয় রাজ্যে অভিষিক্ত হইল, তাহার সেই প্রথমাধিকারের বৎসরে যিরূশালমের উচ্ছিন্নতা সত্তরি বৎসরে শেষ পাইবে, এতদ্বিষয়ক যে কথা পরমেশ্বর যিরিমিয় ভবিষ্যদ্বক্তাকে কহিয়াছিলেন, তদনুসারে সেই ২ বৎসরের সংখ্যা আমি দানিয়েল্ শাস্ত্রদ্বারা জ্ঞাত হইলাম।

৩ পরে আমি অনাহার ও চট পরিধান ও ভস্ম লেপন করিয়া ও বিনয়পূর্ব্বক প্রার্থনা করিয়া প্রভু ৪ পরমেশ্বরের প্রতি দৃষ্টি করিলাম। এবং আপন প্রভু পরমেশ্বরের কাছে প্রার্থনা করিয়া পাপ স্বীকার করিয়া কহিলাম, হে প্রভো, তুমি মহান ও ভয়জনক ঈশ্বর, এবং আপন প্রেমকারিদের ও আজ্ঞাপালকদের প্রতি নিয়ম প্রতিপালক ও ৫ দয়ালু। আমরা পাপ ও অধর্ম্ম করিয়াছি, এবং তোমার বিধি ও আজ্ঞা পালন না করিয়া বিপথ- ৬ গামী হইয়া দুষ্কর্ম্ম করিয়াছি। এবং তোমার দাস ভবিষ্যদ্বক্তৃগণ আমাদের রাজগণকে ও অধ্যক্ষগণকে ও প্রধান ও প্রজা * তাবৎ লোককে তোমার নামে যে কথা কহিল, আমরা তাহাতেও মনোযোগ করি নাই। ৭ হে প্রভো, ধর্ম্ম তোমার অধিকার; কিন্তু অদ্য আমরা যে লজ্জা ভোগ করিতেছি, তাহাই আমাদের অধিকার; অর্থাৎ তোমার প্রতিকূল যিহূদার ও যিরূশালম্ নিবাসিদের ও তাবৎ ইস্রায়েলের আজ্ঞালঙ্ঘন হেতুক নিকটে বা দূরে যে ২ দেশে তাহাদিগকে দূর করিয়াছ, সেই ২ দেশে লজ্জাই তাহাদের অধিকার। ৮ হে প্রভো, আমরা তোমার বিরুদ্ধে পাপ করিয়াছি, এই নিমিত্তে আমাদের ও আমাদের রাজগণের ও অধ্যক্ষগণের ও প্রধান লোক- ৯ দের লজ্জা হইতেছে। আমরা যদ্যপি আপন প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে পাপ করিয়াছি, এবং তিনি আপন দাস ভবিষ্যদ্বক্তৃগণদ্বারা আমাদের সম্মুখে ব্যবস্থা রাখিলে তাহা পালন পূর্ব্বক তাঁ- ১০ হার কথা মান্য করি নাই, তথাপি দয়া ও ক্ষমা ১১ আমাদের প্রভু পরমেশ্বরের হয়। সমস্ত ইস্রায়েল্ তোমার ব্যবস্থা লঙ্ঘন করিয়া বিপথগমনদ্বারা তোমার বাক্য অমান্য করিয়াছে, এই নিমিত্তে ঈশ্বরের সেবক মূসার ব্যবস্থাতে যে শাপ ও শপথ বাক্য লিখিত আছে, আমাদের পাপ প্রযুক্ত তাহা ১২ আমাদের প্রতি বর্ত্তিল। এবং তিনি আমাদের প্রতি প্রবল আপদ আনিয়া আমাদের বিরুদ্ধে, ও যে বিচারকর্ত্তৃগণ আমাদের বিচার করিল, তাহাদের বিরুদ্ধে যে কথা কহিয়াছিলেন, তাহা সিদ্ধ করিয়াছেন; কেননা যিরূশালমের প্রতি যেরূপ করা গিয়াছে, আকাশের নীচে কোন স্থানের ১৩ প্রতি তদ্রূপ করা যায় নাই। মূসার ব্যবস্থাতে যেরূপ লিখিত আছে, তদনুসারে এই সকল আমাদিগেতে ঘটিয়াছে, তথাপি আমরা আপন ২ পাপহইতে ফিরিয়া তোমার সত্য বাক্য মানিতে আপনাদের ১৪ প্রভু পরমেশ্বরের কাছে প্রার্থনা করি নাই। অতএব পরমেশ্বর আপদ অনুসন্ধান করিয়া আমাদের প্রতি ঘটাইয়াছেন, কেননা আমাদের প্রভু পরমেশ্বর আপন সকল কৃত কার্য্যেই ন্যায়কারী; ১৫ আমরা তাঁহার কথা পালন করি নাই। হে আমাদের প্রভো পরমেশ্বর, সবল হস্তে মিসরহইতে আপন লোকদিগকে আনিয়া অদ্য পর্য্যন্ত সুখ্যাতি পাইতেছ যে তুমি, তোমার বিরুদ্ধে আমরা পাপ ১৬ করিয়াছি ও অধর্ম্ম করিয়াছি। হে প্রভো, আমি তোমার কাছে এই বিনয় করি, তুমি আপন তাবৎ ন্যায়ানুসারে আপন পবিত্র পর্ব্বত যিরূশালম নগর

[২৩-২৫] প ১-১২ ॥—[২৩] দ্বি ২৮; ৪৯-৫২ ॥—[২৪,২৫] দা ১১; ৩৬,৩৭ । ২ থি ২; ৩-১২ ॥—[২৫] দা ২; ৩৪ ॥ [২৬] প ১৩,১৪ । ১২; ৪ ॥—[২৭] ৭; ২৮ ॥

[১ স্বী; ১] দা ৫; ৩১ ॥—[২] যির ২৫; ১২ । ২৯; ১০ ॥—[৩] যির ২৯; ১১-১৪ । লে ২৬; ৪০-৪৫ । দ্বি ৪; ২৯-৩১ । ১ রা ৮; ৪৬-৫০ ॥—[৪-১৯] ২ বং ৩৬; ১৪-২১ । ইস্রা ৯; ৬,৭ । নি ১; ৫-১১ । ৯; ৬-৩৫ ॥—[১১-১৩] লে ২৬; ২৫-৩৯ দ্বি ৪; ২৫-২৮ । ২৮; ৩৩-৬৮ । ২৯; ২২-২৮ ॥

* (বা) পূর্ব্বপুরুষদিগকে ও দেশীয়।

হইতে আপন ক্রোধ ও কোপ দূর কর; আমাদের পাপে ও আমাদের পূর্ব্বপুরুষদের অধর্ম্মে যিরূশালম্ ও তোমার লোকেরা চতুর্দ্দিগস্থিত লোকদের কাছে নিন্দাস্পদ হইতেছে। ১৭ অতএব হে আমাদের ঈশ্বর, তুমি আপন দাসের প্রার্থনা ও নিবেদন শুন, এবং আপন উচ্ছিন্ন পবিত্র স্থানের প্রতি নিজ গুণে প্রসন্নবদন হও। ১৮ হে আমার ঈশ্বর, তুমি আপন কর্ণ পাতিয়া শুন, এবং তোমার নামে বিখ্যাত যে নগর ও আমাদের যে উচ্ছিন্ন স্থান, তাহার প্রতি চক্ষু উন্মীলন করিয়া দেখ; আমরা আপনাদের ধর্ম্মের গুণে নয়, কিন্তু তোমার প্রচুর দয়ার গুণে তোমার সাক্ষাতে আপনাদের নিবেদন উপস্থিত করি। ১৯ হে প্রভো, শুন; হে প্রভো, ক্ষমা কর; হে প্রভো, মনোযোগ করিয়া কর্ম্ম কর; হে আমার ঈশ্বর, তুমি আপন নামের গুণে আর বিলম্ব করিও না, কেননা তোমার নগর ও তোমার লোকেরা তোমারই নামে বিখ্যাত আছে।

২০ যে সময়ে আমি নিবেদন ও প্রার্থনা করিয়া আপনার ও আপন ইস্রায়েল্ লোকদের পাপ স্বীকার করিতেছিলাম, এবং আপন ঈশ্বরের পবিত্র পর্ব্বতের জন্যে আপন প্রভু পরমেশ্বরের সাক্ষাতে নি- ২১ বেদন করিতেছিলাম, আমার প্রার্থনার সমাপ্তি হয় নাই, এমত সন্ধ্যাকালীয় বলিদানের সময়ে আমার পূর্ব্বদর্শনেতে দৃষ্ট যে জিব্রায়েল্ এক জন, সে বেগে উড্ডীয়মান হইয়া আমাকে স্পর্শ করিল। ২২ এবং আমার সহিত কথোপকথন করিয়া এই সম্বাদ দিল; হে দানিয়েল্, আমি এক্ষণে তো- ২৩ মাকে জ্ঞানদায়ক গুণ দিতে আইলাম। তুমি অতি প্রিয়পাত্র, এই নিমিত্তে তোমার প্রার্থনা আরম্ভ করণ সময়ে আজ্ঞা নির্গত হইলে আমি তাহা প্রকাশ করিতে আইলাম; অতএব আমার কথাতে মনোযোগ কর ও এই দর্শনের তত্ত্ব বিবেচনা কর। আ- ২৪ জ্ঞালঙ্ঘনের সমাপ্তি করিতে, ও পাপের শেষ করিতে, ও অধর্ম্মের প্রায়শ্চিত্ত করিতে, ও নিত্যস্থায়ি ধর্ম্ম আনয়ন করিতে, এবং দর্শন ও ভবিষ্যদ্বাক্য মুদ্রাঙ্কিত করিতে, ও মহাপবিত্র ব্যক্তিকে অভিষেক করিতে তোমার লোকদের ও তোমার পবিত্র নগরের বিষয়ে সত্তরি সপ্তাহ নিরূপিত হইয়াছে। ২৫ অতএব ইহা বিবেচনা করিয়া বুঝ, যিরূশালমের পুনর্নির্ম্মিতি হওনের আজ্ঞা প্রকাশাবধি অভিষিক্ত ত্রাতা অধ্যক্ষ পর্য্যন্ত সাত সপ্তাহ আর বাষষ্টি সপ্তাহ হইবে; এবং দুর্গতিবিশিষ্ট কালে রাজপথ ও প্রাচীর পুনর্ব্বার গ্রথিত হইবে। ২৬ এবং বাষষ্টি সপ্তাহের পরে অভিষিক্ত ত্রাতা দীনহীন হইয়া উচ্ছিন্ন হইবেন, এবং আগামি রাজ্যের লোকেরা নগর ও পবিত্র স্থানের বিনাশ করিবে, ও যেমন প্লাবনদ্বারা তদ্রূপ তাহার শেষ হইবে, ও শেষ পর্য্যন্ত যুদ্ধ ও বিনাশ নিরূপিত হইবে। ২৭ এবং এক সপ্তাহে অনেকের সহিত নিয়ম স্থির হইবে; সেই সপ্তাহের মধ্যে বলি ও নৈবেদ্য নিবৃত্ত হইবে; পরে পুণ্যস্থানে সর্ব্বনাশকারি ঘৃণার্হ বস্তু* থাকিবে, ও নিরূপিত বাক্যের সিদ্ধি পর্য্যন্ত উচ্ছিন্ন স্থানের উপরে (ক্রোধরূপ) বৃষ্টি পড়িবে।

১০ অধ্যায়।

১ দানিয়েলের উপবাস ও তাহার প্রতি দর্শন প্রকাশ ১০ ও দর্শনদ্বারা তাহার ভীত হওন ১৫ ও দূতদ্বারা সবল হওন।

১ পারসের খসৃ রাজের তৃতীয় বৎসর অধিকারের সময়ে বেল্টিশৎসর উপাধিবিশিষ্ট দানিয়েল্ এক দর্শন পাইল; তাহা সত্য, কিন্তু তাহার নিরূপিত কাল দীর্ঘ†; সে দর্শনের কথা বিবেচনা করিয়া বুঝিল। ২ সে সময়ে আমি দানিয়েল্ তিন সপ্তাহ শোক ৩ করিলাম। সুস্বাদু খাদ্য ভোজন করিলাম না, এবং মাংস ও দ্রাক্ষারস আমার মুখে প্রবেশ করিল না, এবং তিন সপ্তাহ গত না হইলে গাত্রে তৈল ৪ মর্দ্দন করিলাম না। অপর প্রথম মাসের চতুর্ব্বিংশতি দিনে আমি হিদ্দেকল্ নামক মহানদী তীরে ৫ উপস্থিত হইয়া আপন চক্ষু তুলিয়া দৃষ্টি করিলে মসীনা বস্ত্রে বস্ত্রান্বিত ও ঊফসের উত্তম স্বর্ণেতে ৬ বদ্ধকটি এক ব্যক্তিকে দেখিলাম, তাহার শরীর গোদন্তমণির ন্যায়, ও তাহার মুখ বিদ্যুতের ন্যায়, ও তাহার চক্ষু প্রদীপশিখার ন্যায়, এবং তাহার হস্ত পাদ পরিষ্কৃত পিত্তলের ন্যায়, ও তাহার ৭ বাক্য জনতার শব্দের ন্যায়। আমি দানিয়েল একা সেই দর্শন পাইলাম; আমার সঙ্গি লোকেরা কেহ সেই দর্শন পাইল না; তাহারা অতিশয় কাঁপিতে লাগিল, এবং আপনাদিগকে লুক্কায়িত করিতে ৮ পলায়ন করিল। অতএব আমি একা থাকিয়া সেই আশ্চর্য্য দর্শন করিলে আমার সমস্ত বল গেল, ও আমার শক্তি ক্ষয় পাইল, ও আমাতে কিছু বল ৯ থাকিল না। তথাপি আমি তাহার বাক্যের রব

[১৯] যিহি ৩৬; ২১,৩২।।—[২১] দা ৮; ১৬। ১ রা ১৮; ৩৬।।—[২৩] দা ১০; ১১,১২।।—[২৪] ১ যো ৩; ৫,৮। ইব্রি ৯; ১২। ১০; ১২-১৪। প্রে ২; ৩২-৩৬।।—[২৫] নি ২; ১-৮। ৪; ৭-২৩।—[২৬] য ২৬; ৩১। ২৭; ৪৬,৫০। যো ১৬; ৩২। ১১; ৩০। লূ ১৯; ৪১-৪৪। ২১; ৬।।—[২৭] প্রে ২; ৪১। ৪; ৪। ৮; ১। ১০; ৩৬-৪০। দা ১১; ৩১। ১২; ১১। ম ২৪; ১৫। মা ১৩; ১৪। যিশ ১০; ২২,২৩। রো ৯; ২৭,২৮।।

[১০ অধ্য; ১] দা ১; ২১।।—[৪] আ ২; ১৪।।—[৫,৬] দা ১২; ৬,৭। যিহি ১; ৭,১৩,১৪,২৪। প্র ১; ১৩-১৬।।—[৭] প্রে ৯; ৭।।—[৮] দা ৭; ২৮। ৮; ২৭।।

* (বা) পুণ্যস্থান ঘৃণার্হ হইলে বিনাশকারী তাহার উপরে থাকিবে। † (বা) দুষ্কর।

শুনিলাম, কিন্তু সে বাক্যের রব শুনিয়া উবুড় হইয়া মূর্চ্ছাপন্ন হইলাম।

১০ তখন এক হস্ত আমাকে ধরিয়া জানু ও হস্তের
১১ তালুর উপরে আমাকে রাখিল। এবং সে আমাকে কহিল, হে অতি প্রিয়পাত্র দানিয়েল্, তোমার প্রতি উক্ত আমার কথা শুন, এবং উঠিয়া দাঁড়াও, আমি এখন তোমার প্রতি প্রেরিত হইলাম; এই কথা সে আমাকে কহিলে আমি কাঁপিতেং দাঁড়াই-
১২ লাম। তখন সে আমাকে কহিল, হে দানিয়েল্, ভয় করিও না, তুমি যে প্রথম দিন অবধি বুঝিতে ও আপন ঈশ্বরের সাক্ষাতে শোক করিতে মনস্থ করিলা, তদবধি তোমার বাক্য শ্রুত হইলে আমি
১৩ তোমার বাক্য প্রযুক্ত আসিতেছিলাম। কিন্তু পারস রাজ্যের অধ্যক্ষ এক বিংশতি দিন পর্য্যন্ত আমার প্রতি প্রতিকূলতাচরণ করিল; পরে * প্রধান অধ্যক্ষদের মধ্যে মীখায়েল্ নামক এক জন আমার উপকার করিতে আইল, তাহাতে আমি সে
১৪ স্থানে পারসের রাজগণের সহিত থাকিলাম†। দেখ, এখন অবশেষকালে তোমার লোকদের প্রতি যাহাং ঘটিবে, তাহা তোমাকে বুঝাইয়া দিতে আইলাম; কেননা দর্শন চিরকালের নিমিত্তে হয়।

১৫ আমার প্রতি তাহার এই কথা কহনের সময়ে আমি ভূমিতে উবুড় হইয়া বাক্যশূন্য হইলাম।
১৬ তাহাতে দেখ, মনুষ্যসন্তানের ন্যায় এক ব্যক্তি আমার ওষ্ঠাধর স্পর্শ করিলে আমি আপন মুখ খুলিয়া কথা কহিলাম, এবং আপন সম্মুখে দণ্ডায়মান ব্যক্তিকে এই কথা কহিলাম, হে আমার প্রভো, এই দর্শনে আমাতে দুঃখ উপস্থিত হইল, আমার
১৭ কিছুমাত্র বল নাই। অতএব প্রভুর দাস কি প্রকারে প্রভুর সহিত কথা কহিতে পারে? আমার কিছু-
১৮ মাত্র বল নাই, ও আমার প্রাণ উড়িয়া গেল। তখন মনুষ্যের ন্যায় এক ব্যক্তি পুনর্ব্বার আমাকে স্পর্শ
১৯ করিয়া সবল করিয়া কহিল; হে প্রিয়পাত্র, ভয় করিও না, সুস্থির হও; বলবান হও, বলবান হও; সে এই কথা কহিলে আমি সবল হইয়া উত্তর করিলাম, হে প্রভো, তুমি আমাকে সবল করিলা, এখন
২০ প্রভু আজ্ঞা করুণ। তখন সে আমাকে কহিল, আমি কি নিমিত্তে তোমার কাছে আইলাম, তাহা কি তুমি বুঝিয়াছ? এখন আমি পারসের অধ্যক্ষের সহিত যুদ্ধ করিতে পুনর্গমন করি; দেখ, আমি বহির্গত
২১ হইলে যুনানিয়া দেশের অধ্যক্ষ আসিবে। কিন্তু সত্য বাক্যময় গ্রন্থে যাহা লিখিত আছে, তাহা আমি তোমাকে জ্ঞাত করি; এই কথাতে তোমাদের অধ্যক্ষ মীখায়েল্ ব্যতিরেকে আমার পক্ষে আর কেহ নাই।

১১ অধ্যায়।

১ যূনানী রাজদ্বারা পারস রাজ্যের পরাস্ত হওন ৫ এবং দক্ষিণ ও উত্তরীয় রাজাদের নিয়ম ও যুদ্ধ করণ ৩০ ও শত্রু লোকদের আক্রমণ ও উপদ্রব।

১ মাদীয় দারার অধিকারের প্রথম বৎসরে আমিই তাহাকে সবল ও শক্তিমান করিতে দাঁড়াইলাম।
২ এখন আমি তোমাকে সত্য কথা জ্ঞাত করি; দেখ, পারস্ দেশে আর তিন রাজা উৎপন্ন হইবে, তাহাদের চতুর্থ জন সর্ব্বাপেক্ষা অধিক ঐশ্বর্য্যবান হইয়া আপন ধনবলদ্বারা যূনানিয়া দেশের
৩ বিরুদ্ধে সকলের প্রবৃত্তি লওয়াইবে। পরে প্রবল শাসনদ্বারা কর্ত্তৃত্বকারী ও স্বেচ্ছানুসারে কর্ম্মকারী
৪ এক বলবান্ রাজা উৎপন্ন হইবে। সে যখন উৎপন্ন হইবে, তৎকালে তাহার রাজ্য ভগ্ন হইয়া আকাশের চারি বায়ুর দিগে বিভক্ত হইবে, কিন্তু তাহার সন্তানদের নিমিত্তে নয়, এবং তাহার শাসিত রাজ্যের সদৃশ ‡ নয়, কেননা সেই রাজ্য উৎপাটিত হইয়া তাহাদের না হইয়া অন্যদের হইবে।

৫ দক্ষিণ দেশের রাজা বলবান হইবে, কিন্তু তাহার এক অধ্যক্ষ তাহাহইতেও বলবান্ হইয়া কর্ত্তৃত্বপদ পাইবে, তাহাতে তাহার অতি বৃহৎ রাজ্য হইবে।
৬ এবং কতক বৎসরের পরে তাহারা আপনাদিগকে একযোগ করিবে, কেননা দক্ষিণ দেশের রাজকন্যা উত্তরদেশীয় রাজার সহিত নিয়ম স্থির করিতে যাইবে; কিন্তু সেই উপায় || তাহার বলের রক্ষা করিবে না, এবং সে রাজা ও তাহার উপায় || স্থায়ী হইবে না; সে কন্যা ও তাহার আনয়নকারিগণ ও তাহার জনক ও তাহার তৎকালের স্বপক্ষ লোক আপদে
৭ সমর্পিত হইবে। তথাপি তাহার মূলের এক পল্লব-হইতে এক জন আপন জন্মস্থানে উৎপন্ন হইবে, এবং সৈন্যের সহিত উত্তরদেশীয় রাজার দুর্গে প্রবেশ করিয়া বিরুদ্ধাচরণ করিবে, ও তাহাকে পরাভব
৮ করিবে। এবং তাহাদের বিগ্রহ ও প্রতিমাগণকে বন্দী করিয়া রূপা ও স্বর্ণের বহুমূল্য পাত্রের সহিত মিসরে লইয়া যাইবে, এবং সে কতক বৎসর উত্তর-
৯ দেশের রাজাহইতে স্থাপিত থাকিবে। তথাপি সে দক্ষিণ দেশের রাজার রাজ্যে প্রবেশ করিবে, কিন্তু তাহাকে আপন দেশে ফিরিয়া যাইতে হইবে।
১০ তাহার পুত্রগণ যুদ্ধে প্রবৃত্ত হইয়া বহুসংখ্যক সৈন্য সংগ্রহ করিবে, বিশেষতঃ তাহাদের এক জন অবশ্য আসিবে, ও বন্যার ন্যায় উথলিয়া আপ্লাবিত

[৯,১০] দা ৮; ১৮। প্রে ৯; ১৭॥—[১১] প ১৯। দা ৯; ২৩॥—[১২] প ২॥—[১৩] প ২, ২০,২১। ১২; ১। যিহূ ৯। প্রে ১২; ৭॥—[১৪] প ১॥—[১৫,১৬] প ৮-১০। দা ৮; ১৮॥—[১৯] প ১১॥—[২০] প ১৩॥—[২১] প ১৩। ১২; ১॥ [১১ অধ্যা; ১] দা ৫; ৩১। ৯; ১॥—[২] ইষ্ট ১০; ১॥—[৩,৪] দা ৭; ৬। ৮; ৫,৬,২১,২২॥

 * (ইব্রী) দেখ। † (বা) রাজগণকে পরাস্ত করিলাম। ‡ (বা) তাহার নিযুক্ত শাসনকর্ত্তাদের নিমিত্তেও নয়। || (ইব্রী) বাহু।

১১ করিয়া দুর্গ পর্য্যন্ত যুদ্ধ করিবে। তাহাতে দক্ষিণ দেশের রাজা ক্রোধেতে আগমন করিয়া উত্তরদেশের রাজার সহিত সংগ্রাম করিবে, এবং তাহার বিরুদ্ধে সমূহলোক একত্র হইয়া সকলেই তাহার হস্তগত
১২ হইবে। পরে সেই লোকসমূহ নীত হইলে সে মনেতে গর্ব্বিত হইবে, কিন্তু সহস্র২ লোককে অধঃপতন
১৩ করিলেও কৃতার্থ হইবে না। কেননা উত্তর দেশীয় রাজা পুনর্ব্বার গিয়া পূর্ব্ব সৈন্যগণ অপেক্ষাও প্রচুর সৈন্য বাহির করিয়া কতক বৎসরের পর সেই মহাসৈন্য ও প্রচুর ধনের সহিত অবশ্য তদ্দেশে প্রবেশ
১৪ করিবে। তৎকালে দক্ষিণ দেশের রাজার বিরুদ্ধে অনেক লোক উঠিবে,এবং তোমার লোকদের দস্যুসন্তানেরা এই দর্শন সফল করিতে আপনাদিগকে
১৫ উন্নত করিবে, কিন্তু তাহারা পতিত হইবে। এই রূপে উত্তরদেশের রাজা প্রবেশ করিয়া নগর অবরোধ করিবে, ও প্রাচীরবেষ্টিত নগর সকল হস্তগত করিবে; তাহাতে দক্ষিণ দেশের উপায়* ও মনোনীত লোকেরা সে শত্রুকে নিবারণ করিবে না, ও তাহাকে নিবারণ করিতেও তাহাদের ক্ষমতা থাকিবে
১৬ না। তাহার দেশে প্রবিষ্ট রাজা স্বেচ্ছানুসারে কর্ম্ম করিবে,তাহার সাক্ষাতে কেহ দাঁড়াইতে পারিবে না; সে উত্তম দেশেও দাঁড়াইবে, ও সে তাবৎ দেশ
১৭ তাহার হস্তের বশীভূত হইবে। সে তাহার সমস্ত দেশের অধিকারে প্রবেশ করিতে চেষ্টা করিয়া তাহার সহিত নিয়ম স্থির † করিবে, এবং নিয়ম করিয়া ভ্রষ্টাচরণ করিতে তাহাকে এক যুবতি স্ত্রী দিবে; কিন্তু সে স্ত্রী তাহার প্রতি স্থির হইবে না,
১৮ ও তাহার পক্ষে থাকিবে না। পরে সে উপদ্বীপগণের প্রতি যাইয়া অনেককে হস্তগত করিবে, কিন্তু এক অধ্যক্ষ অপমান নিবৃত্ত করিয়া তাহার উপরে
১৯ তাহা বর্ত্তাইবে। তখন সে আপন দেশের দুর্গের প্রতি ফিরিবে বটে, কিন্তু বিঘ্ন পাইয়া পতিত
২০ হইবে, আর পাওয়া যাইবে না। পরে রাজ্যের ‡ করগ্রাহক এক জন উৎপন্ন হইবে, সেও অল্প দিনের মধ্যে বিনষ্ট হইবে, কিন্তু ক্রোধেতে নয়, ও
২১ যুদ্ধেতে নয়। পরে রাজ্যের সম্মান পাইতে অনধিকারী এক অধম লোক তাহার পদ পাইবে,কিন্তু সে নির্ব্বিরোধে প্রবেশ করিয়া স্তবদ্বারা রাজ্য পাইবে।
২২ তাহাদ্বারা আপ্লাবন নিবারক উপায় * ও নিয়ম-
২৩ যুক্ত রাজা পরাস্ত হইয়া বিনষ্ট হইবে। এবং তাহার সহিত নিয়ম স্থির করিলে পর সে প্রতারণা করিবে, ও আসিয়া অল্প লোকদ্বারা বলবান
২৪ হইবে। সে নির্ব্বিরোধে প্রদেশের অত্যুত্তম স্থানে প্রবেশ করিবে, এবং তাহার পিতা ও পিতামহ যাহা করে নাই, তাহা করিবে; সে তাহাদের মধ্যে লুটদ্রব্য ও হৃত বস্তু ও ধন বিতরণ করিবে, ও কিছু কাল দৃঢ় দুর্গের বিরুদ্ধে উপায় চিন্তা করিবে।
২৫ এবং অনেক সৈন্য সঙ্গে লইয়া দক্ষিণ দেশের রাজার বিরুদ্ধে আপন বল ও প্রতাপ প্রকাশ করিবে,তাহাতে দক্ষিণ দেশের রাজা বিস্তর পরাক্রান্ত সৈন্য সঙ্গে লইয়া যুদ্ধ করিবে, কিন্তু স্থির থাকিবে না, কেননা তাহারা তাহার বিরুদ্ধে কুমন্ত্রণার উপায়
২৬ চিন্তা করিবে। যাহারা তাহার অন্ন ভোজন করে, তাহারাই তাহাকে বিনষ্ট করাইবে, ও তাহার সৈন্য
২৭ পরাস্ত হইলে অনেকে হত হইয়া পড়িবে। এবং এই দুই রাজার মন হিংসা করিতে প্রস্তুত হইবে, এবং তাহারা এক আসনে মিথ্যাকথা কহিবে, কিন্তু তাহা সফল হইবে না, কেননা নিরূপিত কালে যুগ-
২৮ শেষ হইবে। তখন সে অনেক ধন পাইয়া আপন দেশে ফিরিয়া যাইবে, ও তাহার অন্তঃকরণ পবিত্র নিয়মের প্রতিকূল হইবে,এবং আপন দেশে ফিরিলে পর কর্ম্ম সফল করিবে।
২৯ এবং নিরূপিত কালে সে পুনর্ব্বার দক্ষিণ দেশের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিবে, কিন্তু পূর্ব্বকালের ন্যায় শেষকাল হইবে না।

৩০ কিত্তীমের জাহাজ তাহার বিরুদ্ধে আসিবে, এই জন্যে সে শোকান্বিত হইবে, এবং পুনর্ব্বার পবিত্র নিয়মের বিরুদ্ধে ক্রোধ করিয়া ফিরিয়া তাহা সফল করিবে, এবং পুনর্ব্বার পবিত্র নিয়ম ত্যাগি লোক-
৩১ দের সহিত পরিচয় করিবে। তাহাদের মধ্যহইতে সৈন্যগণ উঠিয়া দৃঢ় প্রাচীর বেষ্টিত পবিত্র স্থান অশুচি করিবে, ও দিবসিক যজ্ঞ নিবৃত্ত করিয়া সর্ব্বনাশকারি ঘৃণার্হ বস্তু স্থাপন করিবে।
৩২ যাহারা দুষ্টতা করিয়া নিয়মের বিরুদ্ধে কর্ম্ম করে, তাহারা তাহার স্তুতিবাদদ্বারা ভ্রষ্ট হইবে; কিন্তু যে লোকেরা আপন ঈশ্বরকে জানে, তাহারা
৩৩ বলবান হইয়া মহৎ কর্ম্ম করিবে। এবং লোকদের মধ্যে জ্ঞানিরা অনেক লোকদিগকে উপদেশ করিবে, কিন্তু তাহারা অনেক দিন পর্য্যন্ত খড়্গে ও অগ্নিশিখাতে ও বন্দিভাবে ও লুটেতে পড়িবে।
৩৪ তাহারা পতনের সময়ে অল্প উপকারে উপকৃত হইবে, কিন্তু অনেকে স্তবদ্বারা তাহাদের পক্ষ
৩৫ হইবে। জ্ঞানিদের পরীক্ষা লইতে ও তাহাদিগকে পরিষ্কার করিতে ও শেষকাল পর্য্যন্ত তাহাদিগকে শুক্ল করিতে জ্ঞানিদের মধ্যেও কেহ২ পড়িবে, কেননা শেষাবস্থার পূর্ব্বে আর কিছু বিলম্ব হই-
৩৬ বে। এবং রাজা আপন ইচ্ছানুসারে আচরণ করিবে, ও আপনাকে উচ্চ করিয়া প্রত্যেক দেবের উপরে প্রধান করিবে, এবং দেবদেবের বিপরীতে

[২১-৪৫] দা ৮; ৯-১২॥—[৩১] ৮; ১২। ৯; ২৭। ১২; ১১॥—[৩৩] ইব্রি ১১; ৩৫-৩৭॥—[৩৬,৩৭] দা ৭; ৮,২১-২৫। ৮; ১২,২৪,২৫। ৯; ২৭। ২ থি ২; ৩-১২। প্র ১৩; ৫,৬॥

* (ইব্রি) বাহু। † (বা) এবং সরল লোকেরা তাহার সঙ্গী হইবে। ‡ (ইব্রি) রাজ্যের শোভার।

আশ্চর্য্য কথা কহিবে, এবং সম্পূর্ণ ক্রোধ প্রকাশ পর্য্যন্ত বৃদ্ধি পাইবে, কেননা যাহা নিরূপিত আছে, ৩৭ তাহাই করা যাইবে। সে আপন পূর্ব্বপুরুষদের দেবতাকে ও স্ত্রীলোকদের ইচ্ছাকে এবং কোন দেবতাকেও মানিবে না; সর্ব্বাপেক্ষা আপনাকে ৩৮ উন্নত জ্ঞান করিবে। কিন্তু আপন অধিকারে দুর্গের দেবতার সম্মান করিবে, এবং স্বর্ণ ও রূপ্য ও মনিতে ও সুখদায়ি বস্তুতে আপন পূর্ব্বপুরুষের অজ্ঞাত সেই ৩৯ দেবের সম্ভ্রম করিবে। এবং সকল দৃঢ় দুর্গে ইহা করিবে, ও অজ্ঞাত দেবতার সেবকদের উন্নতি করিয়া অনেক লোকদের উপরে তাহাদিগকে কর্ত্তৃত্বপদ দিবে, ও লোভের জন্যে দেশ বিভাগ করিবে।

৪০ এবং শেষকালে দক্ষিণ দেশের রাজা তাহার প্রতি শৃঙ্গাঘাত করিবে, এবং রথের ও অশ্বারূঢ়দের ও অনেক জাহাজের সহিত উত্তরদেশীয় রাজা ঘূর্ণবায়ুর ন্যায় তাহার বিরুদ্ধে আসিয়া দেশের মধ্যে প্রবেশ করিবে ও বন্যার ন্যায় প্লাবন করিবে। ৪১ সে উৎকৃষ্ট দেশে প্রবেশ করিবে, তাহাতে অনেক দেশ পরাভূত হইবে, কিন্তু ইদোম্ ও মোয়াব্ ও অম্মোন বংশের প্রধানেরা তাহার হস্তহইতে রক্ষা ৪২ পাইবে। সে অনেক দেশের উপরে হস্তার্পণ করি- ৪৩ বে, তাহাতে মিসর্দেশ রক্ষা পাইবে না। মিস্রীয় স্বর্ণ রূপ্যাদি বহুমূল্য দ্রব্য তাহার হস্তগত হইবে, ও লুবীয়েরা ও কূশীয়েরা তাহার পশ্চাদ্গামী ৪৪ হইবে। কিন্তু পূর্ব্ব ও উত্তরদেশহইতে আগত সমাচারদ্বারা সে ব্যাকুল হইবে, এবং বধ করণার্থে ও অনেকের বিনাশ করণার্থে মহাক্রোধে বহির্গত ৪৫ হইবে। এবং সমুদ্রের মধ্যে তেজস্বি পবিত্র পর্ব্বতে সে তাম্বুরূপ রাজধানী স্থাপন করিবে; কিন্তু তাহার বিনাশ হইবে, তাহার উপকারী কেহ হইবে না।

১২ অধ্যায়।

১ মীখায়েলদ্বারা বিপদহইতে ইস্রায়েলের উদ্ধার ৫ ও দানিয়েলকে শেষকালের ভবিষ্যদ্বাক্য জ্ঞাত করণ।

১ তৎকালে তোমার লোকদের সন্তানদের পক্ষে মীখায়েল্ মহাধ্যক্ষ দণ্ডায়মান হইবে; এবং দেশস্থ জাতির উৎপত্তি অবধি যে প্রকার দুর্গতির কাল কখনো হয় নাই, এমত দুর্গতির সময় হইবে; তৎকালে তোমার লোকেরা, অর্থাৎ যে প্রত্যেক জনের নাম পুস্তকে লিখিত থাকিবে, তাহারা উদ্ধার পা- ২ ইবে। এবং পৃথিবীর ধূলার মধ্যে যে অনেক লোক শয়ন করে, তাহাদের মধ্যে কেহ২ অনন্ত পরমায়ুঃ ভোগ করিতে, ও কেহ ২ অপমান ও অনন্ত ৩ অবজ্ঞা ভোগ করিতে জাগৃত হইবে। জ্ঞানবানেরা আকাশের দীপ্তির ন্যায় দীপ্তি পাইবে, এবং যাহারা অনেককে ধর্ম্মপথে আনয়ন করে, তাহারা ৪ সর্ব্বদা তারাগণের তুল্য দীপ্তি পাইবে। কিন্তু হে দানিয়েল্, তুমি শেষকাল পর্য্যন্ত এই পুস্তক বন্ধন করিয়া তাহার কথা মুদ্রাঙ্কিত কর, অনেকে ইতস্ততো ভ্রমণ করিলে জ্ঞানের বৃদ্ধি হইবে।

৫ তখন আমি দানিয়েল্ দৃষ্টি করিলে নদীতীরের এ দিগে এক জন, ও দিগে অন্য জন, দুই জনকে ৬ দাঁড়াইতে দেখিলাম। এবং মসিনাবস্ত্রে বস্ত্রান্বিত ও নদীর জলের উপরিস্থিত যে ব্যক্তি, তাহাকে অন্য এক ব্যক্তি কহিল, এই আশ্চর্য্যের শেষ পর্য্যন্ত কত ৭ কাল হইবে? পরে ঐ মসিনাবস্ত্রে বস্ত্রান্বিত ও নদীর উপরিস্থিত ব্যক্তি আপন দক্ষিণ ও বাম হস্ত স্বর্গের দিগে উঠাইল, এবং নিত্যজীবির নাম লইয়া শপথ করিয়া কহিল, ইহা এক কাল ও দুই কাল ও অর্দ্ধকাল পর্য্যন্ত হইবে, এবং পবিত্র লোকসমূহের ছিন্নভিন্নতা সমাপ্ত হইলে এই সকল সিদ্ধ হইবে, ৮ আমি তাহার এই কথা শুনিলাম। আমি শুনিলাম বটে, কিন্তু বুঝিতে পারিলাম না; এ কারণ কহিলাম, হে আমার প্রভো, এই ঘটনার শেষ কি ৯ হইবে? তিনি আমাকে কহিলেন, হে দানিয়েল্, তুমি চলিয়া যাও, কেননা শেষকাল পর্য্যন্ত বাক্য ১০ বদ্ধ ও মুদ্রাঙ্কিত থাকিবে। অনেকে পরীক্ষিত হইলে পরিষ্কৃত ও শুক্ল হইবে, কিন্তু দুষ্টেরা পাপাচরণ করিবে, এবং দুষ্টদের মধ্যে কেহ বুঝিবে না; ১১ কেবল জ্ঞানবানেরা বুঝিবে। এবং যে সময়ে দিবসিক যজ্ঞ নিবৃত্ত হইবে, ও সর্ব্বনাশকারি ঘৃণার্হ বস্তু স্থাপিত হইবে, তদবধি এক সহস্র দুই শত নব্বই ১২ দিন হইবে। যে জন অপেক্ষা করিয়া এক সহস্র ১৩ তিন শত পঁয়ত্রিশ দিনে উপস্থিত হয়, সে ধন্য। কিন্তু শেষকাল না হইলে তুমি চলিয়া যাও, কেননা তুমি বিশ্রাম করিয়া কালের শেষে আপন পদে দণ্ডায়মান হইবা।

[১২ অধ্যা; ১] দা ১০; ১৩,২১। ম ২৪; ২১। যিশ ৪; ৩,৪॥—[২] যো ৫; ২৮,২৯। ম ২৫; ৪৬॥—[৩] ম ১৩; ৪৩॥ [৪] প ১। দা ৮; ২৬। পু ২২; ১০॥—[৫,৬] দা ১০; ৪,৫॥—[৭] দ্বি ৩২; ৪০। পু ১০; ৫-৭। দা ৭; ২৫। পু ১২; ১৪॥ [৯] প ৪,১৩॥—[১০] পু ২২; ১১॥—[১১,১২] দা ৮; ১১,১৩। ৯; ২৭। ১১; ৩১॥—[১৩] প ১। পু ১৪; ১৩॥

হোশেয়ের ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায়।

১ ইস্রায়েলের পারমার্থিক ব্যবহার ৩ ও হোশেয়ের বিবাহ ও যিষ্রিয়েল পুত্রের উৎপত্তি করণ ৬ ও লোরুহামার উৎপত্তি ৮ ও লোয়ম্মীর উৎপত্তি ১০ ও যিহূদা ও ইস্রায়েলের উদ্ধারের ভবিষ্যদ্বাক্য।

১ যিহূদা দেশীয় উষিয় ও যোথম্ ও আহস্ ও হিষ্কিয় রাজাদের অধিকার সময়ে,এবং ইস্রায়েলের যোয়াশের পুত্র যারবিয়াম্ রাজের অধিকার কালে পরমেশ্বরের কথা বেরির পুত্র হোশেয়ের নিকটে ২ উপস্থিত হইল। হোশেয়দ্বারা পরমেশ্বরের বাক্যের আরম্ভে পরমেশ্বর হোশেয়কে কহিলেন, তুমি যাইয়া ব্যভিচারে আসক্ত এক স্ত্রীকে বিবাহ করিয়া ব্যভিচারজাত সন্তান পালন কর, কেননা এই দেশীয় লোক পরমেশ্বরকে (ত্যাগ করিয়া) মহাব্যভিচার কর্ম্মে আসক্ত হয়।

৩ অপর সে গিয়া দিব্‌লায়িমের কন্যা গোমর্‌কে বিবাহ করিল; তাহাতে ঐ স্ত্রী গর্ব্ভবতী হইয়া এক ৪ পুত্র প্রসব করিল। তখন পরমেশ্বর তাহাকে কহিলেন, তুমি ঐ বালকের নাম যিষ্রিয়েল্ রাখ, কেননা অল্প দিন পরে আমি যেহূর বংশকে যিষ্রিয়েলের রক্তপাতের ফল ভোগ করাইব,এবং ইস্রা- ৫ য়েল্ রাজ্য উচ্ছিন্ন করিব। এবং সেই দিনে আমি যিষ্রিয়েল্ প্রান্তরে ইস্রায়েলের ধনু ভঙ্গ করিব।

৬ পরে ঐ স্ত্রী পুনর্ব্বার গর্ব্ভধারণ করিয়া এক কন্যা প্রসব করিল; তাহাতে তিনি হোশেয়কে কহিলেন, তুমি তাহার নাম লোরুহামা (দয়াপাত্র নাই) রাখ, কেননা আমি ইস্রায়েল বংশের প্রতি আর দয়া করিব না, তাহাদিগকে সর্ব্বতোভাবে দূর করিব *। ৭ কিন্তু যিহূদা বংশের প্রতি দয়া করিব, এবং ধনু কি খড়্গ কি যুদ্ধ কি অশ্ব কি অশ্বারূঢ়দ্বারা তাহাদিগকে উদ্ধার না করিয়া তাহাদের প্রভু পরমেশ্বরদ্বারা উদ্ধার করিব।

৮ অপর লোরুহামাকে স্তনপান ত্যাগ করাইলে সে গর্ব্ভধারিণী হইয়া আর এক পুত্র প্রসব করিল। ৯ তখন তিনি হোশেয়কে কহিলেন, তুমি তাহার নাম লোয়ম্মী (আমার লোক নয়) রাখ, কেননা তোমরা আমার লোক নহ, এবং আমিও তোমাদের (ঈশ্বর) হইব না।

১০ এই রূপ হইলেও ইস্রায়েল বংশ সমুদ্রের বালুকার ন্যায় অসংখ্য ও অগণ্য হইবে, এবং 'তোমরা আমার লোক নহ,' এই কথা যে স্থানে তাহাদিগকে কহা গিয়াছিল, সেই স্থানে তাহারা অমর ঈশ্বরের সন্তান বিখ্যাত হইবে। ১১ তৎকালে যিহূদা বংশ ও ইস্রায়েল বংশ একত্রীকৃত হইবে, ও তাহারা আপনাদের এক অধ্যক্ষ নিযুক্ত করিয়া সেই দেশহইতে প্রত্যাগমন করিবে, ও যিষ্রিয়েলের (ঈশ্বরের বীজ বপনের) দিন বড় হইবে।

২ অধ্যায়।

১ লোকদের পারমার্থিক ব্যভিচার কর্ম্ম ৬ ও তৎপ্রযুক্ত পরমেশ্বরদ্বারা তাহাদের শাস্তি ১৪ ও তাহাদের মঙ্গলার্থে পরমেশ্বরের প্রতিজ্ঞা।

১ তোমরা আপনাদের ভ্রাতাদিগকে অম্মী (আমার লোক) ও আপনাদের ভগিনীদিগকে রুহামা (দয়ার পাত্র) কহ। ২ তোমাদের মাতা আমার ভার্য্যা নয়, এবং আমিও তাহার স্বামী নহি, এই কথা তোমরা আপনাদের মাতার সহিত বিবাদ করিয়া বল; সে আপন দৃষ্টিহইতে † আপন ব্যভিচারকর্ম্ম ত্যাগ করুক, ও আপন বক্ষস্থলহইতে উপপতিকে দূর করুক। ৩ তাহা না করিলে আমি তাহাকে বিবস্ত্রা করিব, ও তাহার জন্মদিনের ন্যায় তাহাকে রাখিব, এবং তাহাকে অরণ্য ও মরুভূমির ন্যায় করিব, ও তৃষ্ণাতে তাহাকে হত করিব। ৪ এবং তাহার ব্যভিচারজাত বালকগণের প্রতি দয়া করিব না। ৫ কেননা তাহাদের মাতা ব্যভিচার করে, ও তাহাদের জননী লজ্জাকর কর্ম্ম করে; এবং সে কহে, আমার যে প্রেমকারিগণ আমাকে অন্ন ও জল ও মেষলোম ও মসিনা ও তৈল ও পানীয় দ্রব্য দেয়, আমি তাহাদের পশ্চাৎ২ গমন করিব।

৬ দেখ, আমি কণ্টকদ্বারা তাহার ‡ কুপথ রোধ করিব, ও তাহার চতুর্দ্দিগে এক প্রাচীর গাঁথিব,

[১ অধ্য; ১] ২ রা ১৫-২১। ২ বং ২৬-৩০। যিশ ১; ১। আম ১; ১। মী ১; ১॥—[২] দ্বি ৩১; ১৬॥—[৪] ২ রা ১০; ১১। ১৫; ১০-১২॥—[৫] ২ রা ১৫; ২৯॥—[৬] ২ রা ১৭; ৬-২৩॥—[৭] ২ রা ১৯; ৩৫॥—[১০] আ ২২; ১৭। ৩২; ১২। রো ৯; ২৫,২৬। ১ পি ২; ১০। হো ২; ২৩॥—[১১] যির ৩; ১৮। যিহি ৩৪; ২৩। ৩৭; ১৫-২৫॥

[২ অধ্য; ২-১৩] যির ৩; ১-১০। যিহি ১৬। ২৩॥—[৩] যিহি ১৬; ৪-৬॥—[৫] যির ৪৪; ১৭॥

* (বা) আর ক্ষমা করিব না। † (ইব্রী) মুখহইতে। ‡ (ইব্রী) তোমার।

৭ তাহাতে সে আপন পথ পাইবে না। সে আপন প্রেমকারিদের পশ্চাৎ২ যাইবে, কিন্তু তাহাদের উদ্দেশ পাইবে না; সে তাহাদের অন্বেষণ করিবে, কিন্তু তাহাদের অনুসন্ধান পাইবে না। তখন সে কহিবে, 'আমি ফিরিয়া আপন প্রথম স্বামির নিকটে যাইব; আমার এখনকার অবস্থাহইতে ৮ পূর্ব্বাবস্থা ভাল ছিল।' আর আমি যে তাহাকে শস্য ও দ্রাক্ষারস ও তৈল দি, এবং তাহার রূপা ও বালের উদ্দেশে উৎসৃষ্ট স্বর্ণের বৃদ্ধি করি, তাহা সে ৯ বিবেচনা করে না। অতএব আমি বিপরীত করিয়া শস্য ও দ্রাক্ষারসের সময়ে আপন শস্য ও দ্রাক্ষারস লইয়া যাইব, এবং যদ্দ্বারা আপন উলঙ্গতা আচ্ছাদন করে, সেই মেষলোম ও মসিনা ফিরাইয়া ১০ লইব। এখন আমি তাহার প্রেমকারিদের সাক্ষাতে তাহার ভ্রষ্টতা প্রকাশ করিব; আমার হস্তহইতে ১১ কেহ তাহাকে উদ্ধার করিতে পারিবে না। আমি তাহার আনন্দ ও পর্ব্ব ও অমাবস্যা ও বিশ্রামদিন ১২ ও উৎসব, এই সকলি রহিত করিব। এবং যে দ্রাক্ষালতা ও ডুম্বুরবৃক্ষ বিষয়ে সে স্ত্রী এই কথা কহে, 'আমার প্রিয়েরা আমাকে এই সকল বেতন দিল,' আমি সেই সকলকে বিনষ্ট করিয়া অরণ্যবৎ করিব; তাহাতে বনপশুগণ তাহা ভোজন করিবে। ১৩ পরমেশ্বর কহেন, সে যে২ দিনে বালদেবের উদ্দেশে ধূপ জ্বালাইল ও কুণ্ডলাদি অলঙ্কারে আপনাকে অলঙ্কৃত করিয়া প্রিয়দের পশ্চাৎ২ গমন করিয়া আমাকে বিস্মৃত হইল, সেই সকল দিনের কর্ম্মের প্রতিফল তাহাকে ভোগ করাইব।

১৪ পরে আমি তাহাকে আকর্ষণ করিয়া অরণ্যে ১৫ আনিয়া সান্ত্বনার কথা কহিব। এবং সেস্থানহইতে তাহাকে লইয়া দ্রাক্ষাক্ষেত্র ও প্রত্যাশারূপ দ্বারের নিমিত্তে আখোর (ক্লেশের) তলভূমি দিব; এবং সে যৌবনাবস্থায় মিসরহইতে আগমনকালে যেরূপ ১৬ করিল, সেখানে তদ্রূপ গান করিবে। এবং পরমেশ্বর কহেন, সেই দিনে আমার নাম বাল (কর্ত্তা) ১৭ ইহা না বলিয়া, ঈশ্ (স্বামী) এই নাম কহিবে। কেন না আমি তাহার মুখহইতে বালদেবের নাম দূর করিব, সে তাহাদের নাম আর কখনো উচ্চারণ ১৮ করিবে না। এবং সেই দিনে আমি লোকদের নিমিত্তে বনপশুদের ও আকাশীয় পক্ষিদের ও ভূমিতে উরোগামিদের সহিত নিয়ম করিব, এবং দেশের মধ্যহইতে ধনুক ও খড়্গ ও রণসজ্জা দূর * করিব, ও তাহাদিগকে নিরাপদে বাস করাইব। আমি ১৯ নিত্য সম্বন্ধের নিমিত্তে তাহাকে † বাগ্দান করিব, এবং ধর্ম্মবিচারে ও অতি স্নেহে ও দয়াতে তাহাকে বাগ্দান করিব। আমি বিশ্বস্ততাতেই তাহাকে ২০ বাগ্দান করিব, তাহাতে সে পরমেশ্বরকে জানিবে। ২১ পরমেশ্বর কহেন, আমি নিবেদন শুনিব, অর্থাৎ আকাশের নিবেদন শুনিব, ও আকাশ পৃথিবীর ২২ নিবেদন শুনিবে; এবং পৃথিবী শস্য ও দ্রাক্ষারস ও তৈলের নিবেদন শুনিবে, ও এই সকল যিষ্রিয়েলের নিবেদন শুনিবে। ২৩ আমি দেশেতে তাহাকে রোপণ করিব, ও লোরুহামাকে ‡ দয়া করিব, এবং লোয়ম্মীকে ‖ কহিব, তুমি আমার লোক; এবং তাহারা কহিবে, তুমি আমাদের ঈশ্বর।

৩ অধ্যায়।

১ দৃষ্টান্তদ্বারা ইস্রায়েলের দুর্দ্দশা প্রকাশ ও ভাবিসুখ।

১ পরমেশ্বর আমাকে কহিলেন, যাহারা অন্য দেবকে মানে ও দ্রাক্ষারসের পাত্রে § প্রেম করে, এমত ইস্রায়েল বংশের প্রতি যেমন পরমেশ্বর প্রেম করেন, তদ্রূপ তুমি পুনশ্চ যাইয়া জারাসক্তা ও ২ ব্যভিচারিণী এক স্ত্রীকে প্রেম কর। তাহাতে আমি পোনেরো রূপার মুদ্রা ও পোনেরো ঐফা যবেতে ৩ তাহাকে আপনার নিমিত্তে ক্রয় ¶ করিলাম। এবং 'তুমি বেশ্যাক্রিয়া না করিয়া ও অন্য পুরুষে রতা না হইয়া চিরদিন আমার নিকটে বসিয়া থাক, এবং আমিও তদ্রূপ তোমার প্রতি ব্যবহার করিব,' ৪ এই কথা তাহাকে কহিলাম। কেননা ইস্রায়েল বংশ রাজহীন ও অধ্যক্ষহীন ও যজ্ঞহীন ও প্রতিমাহীন ও এফোদ্‌হীন ও ঠাকুরহীন হইয়া অনেক দিন পর্য্যন্ত ৫ বসিয়া থাকিবে। পরে ইস্রায়েল বংশ মনঃপরিবর্ত্তন ও আপনাদের প্রভু পরমেশ্বরের ও আপনাদের রাজা দায়ূদের অন্বেষণ করিবে, ও শেষকালে পরমেশ্বর ও তাঁহার অনুগ্রহেতে বিস্ময়াপন্ন হইবে।

৪ অধ্যায়।

১ লোকদের ও যাজকদের পাপ প্রযুক্ত ঈশ্বরদ্বারা শাস্তি ১২ ও দেবপূজা বিষয়ে লোকদের প্রতি অনুযোগ ১৫ ও ইস্রায়েলের দৃষ্টান্ত দেখাইয়া যিহূদার প্রতি অনুযোগ করণ।

---

[৭] লূ ১৫; ১৭,১৮॥—[১০] যিহি ১৬; ৩৭-৩৯। ২৩: ২৭-২৯॥—[১১] আম ৮; ৫,১০॥—[১৪] যির ৩১; ২। যিহি ২০; ৩৫-৩৭॥—[১৫] যি ৭; ২৬। যিশ ৬৫; ১০। যা ১৫; ১-২১॥—[১৭] যা ২৩; ১৩॥—[১৮] লে ২৬; ৬। যিহি ৩৪; ২৫। গী ৪৬; ৯। যিশ ২; ৪। যিহি ৩৯; ৯,১০,২৬॥—[১৯,২০] যির ৩; ১২,১৪। ৪; ১॥—[২১,২২] যিশ ৬৫; ২১-২৪। যিহি ৩৪; ২৬,২৭। নিখ ৮; ১২॥—[প ২২] হো ১; ৪, ১১॥—[২৩] ১; ৬,৯,১০। যির ৩১; ২৭। যিহি ৩৬; ১১,১২। রো ৯; ২৫। ১ পি ২; ১০॥

[৩ অধ্য; ২] যা ২১; ৬,৩২। দ্বি ১৫; ১৭॥—[৩] দ্বি ২১; ১৩॥—[৪] বি ১৭; ৫। ১৮; ১৮॥—[৫] দ্বি ৩০; ৮। যির ৩০; ৯। ৩১; ৬,১৪। যিহি ৩৪; ২৪। ৩৭; ২৪,২৫॥

*(ইব্রী) ভগ্ন। †(ইব্রী) তোমাকে। ‡(অর্থাৎ) দয়াপাত্র নয়। ‖(অর্থাৎ) আমার লোক নয়। §(বা) দ্রাক্ষাপূপে। ¶(বা) দাসী।

১ হে ইস্রায়েল বংশ, তোমরা পরমেশ্বরের কথা শুন, কেননা দেশে সত্যতা ও দয়া ও ঈশ্বরীয় জ্ঞান না থাকাতে পরমেশ্বর দেশীয় লোকদের সহিত বিবাদ ২ করেন। শপথ ও মিথ্যাবাক্য ও নরহত্যা ও চুরী ও পরদার অতি প্রচলিত হয়, ও রক্তপাত নিত্য* ৩ হয়। এই নিমিত্তে দেশ শোকাকুল হইবে, ও যে কেহ তাহাতে বাস করে, সে বনপশু ও আকাশীয় পক্ষিগণের সহিত ক্লান্ত হইবে, ও সমুদ্রের মৎস্যগণ ৪ অপহৃত হইবে। ইহাতে কেহ বিবাদ না করুক, ও কেহ অনুযোগ না করুক; যাজকের সহিত বিবাদ- ৫ কারিদের ন্যায় † লোকদের বিবাদ হয়। অতএব তাহারা ‡ দিনে পতিত হইবে, ও ভবিষ্যদ্বক্তৃগণ রাত্রিতে তাহাদের সহিত পতিত হইবে, এবং আমি ৬ তাহাদের প্রধান নগরকে ‖ বিনাশ করিব। আমার লোকেরা অজ্ঞান প্রযুক্ত বিনষ্ট হইতেছে; এবং (হে যাজক,) তুমিও জ্ঞানকে অগ্রাহ্য করিতেছ, অতএব আমিও তোমাকে অগ্রাহ্য করিব, তুমি আর আমার যাজক হইবা না; তুমি আপন ঈশ্বরের শাস্ত্র বিস্মৃত হইতেছ, একারণ আমিও তোমার ৭ সন্তানগণকে বিস্মৃত হইব। তাহারা যত বহুবংশ হয়, আমার বিরুদ্ধে ততো পাপ করে; অতএব আমি তাহাদের গৌরবকে অপমানস্বরূপ করিব। ৮ তাহারা আমার লোকদের প্রায়শ্চিত্তবলি ভোজন ৯ করে, এবং পাপেতে মনকে আসক্ত করে। অতএব লোকদের ও যাজকদের উভয়ের সমান গতি হইবে, এবং তাহাদের দুষ্টাচারের নিমিত্তে আমি তাহাদিগকে দণ্ড করিব, ও তাহাদের কর্ম্মের প্রতিফল ১০ দিব। তাহারা ভোজন করিলেও তৃপ্ত হইবে না, ও নানা বেশ্যাতে গমন করিলেও বহুবংশ হইবে না, কেননা তাহারা পরমেশ্বরেতে মনোযোগ করণ ১১ ত্যাগ করে, এবং বেশ্যাগমন ও দ্রাক্ষারস ও নূতন দ্রাক্ষারসদ্বারা হতবুদ্ধি হয়।

১২ আমার লোকেরা আপনাদের কাষ্ঠময় প্রতিমার নিকটে পরামর্শ জিজ্ঞাসা করে, ও তাহাদের দণ্ডরূপ দেবতা তাহাদিগকে উপদেশ দেয়; তাহারা ব্যভিচারের প্রভাবে ভ্রান্ত হইয়া পারদারিক লোকদের ১৩ ন্যায় আপনাদের ঈশ্বরহইতে ভ্রমণ করে। তাহারা পর্ব্বতশৃঙ্গের উপরে বলিদান করে, এবং উপপর্ব্বতের উপরে উত্তম ছায়া প্রযুক্ত অলোন্ ও লিব্নী ও এলা বৃক্ষের তলে ধূপ জ্বালায়; এই জন্যে তাহাদের § কন্যাগণ বেশ্যাকর্ম্ম করে, ও তাহাদের § বধূগণও ব্যভিচার করে। ১৪ তাহাদের কন্যারা বেশ্যাকর্ম্ম ও বধূগণ ব্যভিচার করিলে আমি তাহাদিগকে শাস্তি দিব না, কেননা তাহারাও বেশ্যাদের সহিত পৃথক হইয়া ভ্রষ্টাদের সহিত বলিদান করে; এই যে লোকেরা অবোধ, তাহারা পতিত হইবে।

১৫ হে ইস্রায়েল, তুমি যদ্যপি ব্যভিচার দোষ কর, তথাপি যিহূদা এমন দোষ না করুক; এবং তোমরা গিল্গলে গিয়া বা বৈথাবনে উপস্থিত হইয়া অমর পরমেশ্বরের নামে দিব্য করিও না। ১৬ কেননা ইস্রায়েল্ লোক স্খলিত চরণ বলদের ন্যায় স্খলিত হয়; অতএব মেষশাবককে যেমন প্রশস্ত প্রান্তরে চরায়, তদ্রূপ পরমেশ্বর তাহাকে চরাইবেন। ১৭ আর ইফ্রয়িম দেবগণেতে আসক্ত আছে, তাহাকে থাকিতে দেও। ১৮ তাহাদের পান করণের ¶ পরে তাহারা বেশ্যাগমন করে, ও তাহাদের অধ্যক্ষ লজ্জাকর দান ভাল বাসে। ১৯ তাহাদের সীমাতে এক বায়ু তাহাদের নাশজনক ** হইবে, তাহাতে তাহারা আপনাদের বলিদান বিষয়ে লজ্জিত হইবে।

৫ অধ্যায়।

১ যাজকদের ও লোকদের ও অধ্যক্ষদের ভাবিদণ্ড প্রকাশ।

১ হে যাজকগণ, কথা শুন; ও হে ইস্রায়েল বংশ, মনোযোগ কর; ও হে রাজবংশ, অবধান কর, তোমাদের দণ্ড হইবে ††; কেননা তোমরা মিস্পাতে এক ফাঁদ ও তাবোরে এক জালস্বরূপ হইয়াছ। ২ বিপথগামিরা অনেক নরহত্যা করে ‡‡, এ কারণ আমি তাহাদের সকলকে দণ্ড দিব। ৩ আমি ইফ্রয়িমকে জানি, এবং ইস্রায়েলও আমার অগোচর নয়; ইফ্রয়িম ভ্রষ্টাচরণ করিতেছে, ও ইস্রায়েল্ অশুচি ৪ হইতেছে। তাহাদের কুকর্ম্ম তাহাদিগকে ঈশ্বরের প্রতি ফিরিতে দেয় না, কেননা তাহাদের মধ্যে ব্যভিচারের প্রভাব আছে, এবং তাহারা পরমেশ্বরকে অস্বীকার করে। ৫ ইস্রায়েলের অহঙ্কার তাহার মুখে সাক্ষ্য দিতেছে, অতএব ইস্রায়েল্ ও ইফ্রয়িম্ আপনাদের পাপেতেই আপনারা নিপাত হইবে, এবং ৬ যিহূদাও তাহাদের সহিত পতিত হইবে। তখন তাহারা আপনাদের গোমেষপালের সহিত পরমেশ্বরের অন্বেষণ করিতে ভ্রমণ করিবে বটে, কিন্তু তাঁহার উদ্দেশ পাইবে না; তিনি তাহাদের নিকটহইতে অন্তর্হিত হইবেন। ৭ তাহারা পরমেশ্বরের কাছে বিশ্বাস-

[৪ অধ্য; ১-৩] ২ রা ১৭; ৭-১৭ ॥—[৪] দ্বি ১৭; ১২ ॥—[৬] মল ২; ৭-৯ ॥—[৮] গা ১৮; ৯ ॥—[৯] যিশ ২৪; ২ ॥ [১০] লে ২৬: ২৬। মী ৬; ১৪ ॥—[১১] যিশ ২৮; ৭ ॥—[১২,১৩] ২ রা ১৭; ৭-১২ ॥—[১৪] দ্বি ২৩; ১৭,১৮ ॥ [১৫] ১ রা ১২; ২৮,২৯। আম ৪; ৪। ৫; ৫ ॥—[১৮] মী ৩; ১১ ॥

[৫ অধ্য; ১] হো ৬; ৯ ॥—[৩,৪] ৪; ১২,১৩ ॥—[৫] ৭; ১০ ॥—[৬] যিশ ১; ১১-১৫ ॥

* (ইব্রী) রক্তে রক্ত যুক্ত। † (ইব্রী) তোমার লোকদের। ‡ (ইব্রী) তুমি। ‖ (ইব্রী) মাতাকে। § (ইব্রী) তোমাদের। ¶ (বা) পানীয় কটু হয়। ** (ইব্রী) বায়ু আপন পক্ষেতে লইয়া যাইবে। †† (বা) তোমাদের সহিত এই বিবাদ আছে। ‡‡ (বা) তাহারা বলি বধ করিতে ২ অত্যন্ত বিপথগামী হয়।

ঘাতকতা করে, ও পরজাতিতে সন্তান উৎপন্ন করে; এখন পৌর্ণমাসীদ্বারা তাহারা ও তাহাদের তাবৎ ৮ অংশ বিনষ্ট হইবে। তোমরা গিবিয়াতে শৃঙ্গ বাজাও, ও রামতে তূরীধ্বনি কর, এবং বৈথাবনে ভয়ানক উচ্চৈঃশব্দ করিয়া কহ, হে বিনয়ামীন্, তো- ৯ মার পশ্চাৎ শত্রু আছে। অনুযোগদিনে ইফ্রয়িম নরশূন্য হইবে: যাহা২ অবশ্য ঘটিবে, তাহা আমি ইস্রায়েল্ বংশদের মধ্যে প্রকাশ করিতেছি। ১০ যিহূদার অধ্যক্ষগণ সীমাপহারিদের ন্যায়, অতএব ১১ আমি তাহাদের উপরে ক্রোধরূপ জল ঢালিব। ইফ্রয়িম্ আপন ইচ্ছাতে দেবাজ্ঞাবহ হয়, এই কারণ সে ১২ বিচারে উপদ্রুত ও বিনষ্ট * হইবে। আমি ইফ্রয়িমের প্রতি কীটস্বরূপ হইব, ও যিহূদা বংশের প্রতি ১৩ জীর্ণতাস্বরূপ হইব। ইফ্রয়িম আপন রোগ ও যিহূদা আপন ক্ষত জ্ঞাত হইলে ইফ্রয়িম অশূরীয়ের কাছে গমন করিল, ও (যিহূদা) যারেব্ † রাজার নিকটে লোক পাঠাইল, কিন্তু সে তাহাদিগকে ‡ সুস্থ করিতে পারিল না, ও তাহাদের ক্ষত শুকাইতে পারিল ১৪ না। আমি ইফ্রয়িমের প্রতি সিংহবৎ ব্যবহার করিব; ও যিহূদা বংশের প্রতি যুবসিংহের ন্যায় ব্যবহার করিব; আমি তাহাদিগকে বিদীর্ণ করিয়া প্রস্থান করিব, ও তাহাদিগকে অপহরণ করিব; তাহাতে কেহ তাহাদিগকে উদ্ধার করিতে পারিবে ১৫ না। তাহারা যে পর্য্যন্ত আপন২ অপরাধের ফল ভোগ ‖ করিয়া আমার মুখের অন্বেষণ না করে, তাবৎ আমি আপন স্থানে ফিরিয়া যাইব; তাহারা দুঃখের সময়ে শীঘ্র আমার অন্বেষণ করিবে।

৬ অধ্যায়।

১ পরায়নন করিতে বিনয় ৪ ও লোকদের পাপের নির্ণয়।

১ 'আইস, আমরা পরমেশ্বরের প্রতি ফিরি; তিনি বিদীর্ণ করিলে আমাদিগকে সুস্থ করিবেন, ও প্রহার ২ করিলে আমাদিকে বন্ধন করিবেন। তিনি দুই দিনের পরে আমাদিগকে পুনর্জীবন দিয়া তৃতীয় দিনে উঠাইবেন; আমরা তাঁহার সাক্ষাতে সজীব হইয়া থাকিব। ৩ তাহাতে তাঁহাকে জানিব ও জানিতে উদ্যোগ করিব; তিনি অরুণোদয়ের ন্যায় অবশ্য নির্গত হইবেন; এবং আমাদের নিকটে বৃষ্টির ন্যায় অর্থাৎ পৃথিবী সেচনকারি আদি ও অন্তের বৃষ্টির ন্যায় আসিবেন।'

৪ হে ইফ্রয়িম্, আমি তোমার প্রতি কি করিব? ও হে যিহূদা, আমি তোমার প্রতিই বা কি করিব? তোমাদের ধর্ম্ম প্রাতঃকালীয় মেঘের ন্যায় ও প্রত্যূষকালের ক্ষণধ্বংসি শিশিরের ন্যায়। অতএব আমি ৫ ভবিষ্যদ্বক্তৃগণের বাক্যদ্বারা তোমাদিগকে § প্রহার করিব; আমি আপন মুখের কথাতে তোমাদিগকে বিনষ্ট করিব, এবং তোমাদের দণ্ড বিদ্যুতের ন্যায় নির্গত হইবে। আমি বলিদান অপেক্ষা দয়া চাহি, ৬ এবং হোম অপেক্ষা ঈশ্বর বিষয়ক জ্ঞান ইচ্ছা করি। কিন্তু এই লোকেরা আদমের ন্যায় নিয়ম লঙ্ঘন ৭ করে, ও সেই স্থানে আমার প্রতি বিশ্বাসঘাতকতা করে। গিলিয়দ্ কুকর্ম্মকারিদের নগর ও রক্তেতে ৮ কলঙ্কিত হয়। দস্যুদল যেমন কোন লোকের অপে- ৯ ক্ষাতে থাকে, তদ্রূপ যাজকদল শিখিমের পথে থাকিয়া বধ করে, ও তাহারা ভ্রষ্টাচরণ করে। ইস্রায়েল ১০ বংশেতে রোমাঞ্চজনক পাপ দেখিতেছি, ও ইফ্রয়িমেতে বেশ্যাগমন হয়, ও ইস্রায়েল অশুচি হয়। হে যিহূদা, আমার লোকদের বন্দিত্ব নিবারণের ১১ সময়ে তোমার দণ্ডের ¶ সময়ও উপস্থিত হইবে।

৭ অধ্যায়।

১ পাপের জন্যে লোকদের প্রতি অনুযোগ ১১ ও কাপট্য প্রযুক্ত ঈশ্বরের ক্রোধের কথা।

১ আমি যত বার ইস্রায়েলকে সুস্থ করিতে ইচ্ছা করি, তত বার ইফ্রয়িমের পাপ ও শোমিরোণের দুষ্টতা প্রকাশিত হয়; তাহারা প্রতারণা করে, ও চোর হইয়া সিঁধ কাটে, এবং দস্যু হইয়া পথে লুট করে। এবং ২ আমি যে তাহাদের তাবৎ দুষ্টতা মনে করি, ইহা তাহারা অন্তঃকরণে বিবেচনা করে না; তাহারা কুকর্ম্মে বেষ্টিত আছে; সে সকলি আমি দেখিতেছি। তাহারা ৩ দুষ্টতাদ্বারা রাজাকে ও মিথ্যাবাক্যদ্বারা অধ্যক্ষগণকে আনন্দিত করে। তাহারা পারদারিক ও ভর্জ্জ- ৪ কের তুন্দুরহইতে উত্তপ্ত হয়; কেননা যে পর্য্যন্ত ময়দাতে তাড়ি মিশ্রিত হইয়া প্রস্তুত না হয়, তাবৎ সেই ভর্জ্জক তুন্দুর বিষয়ে সাবধান হয় না। আমাদের রা- ৫ জার উৎসবে অধ্যক্ষগণ পীড়িত হওন পর্য্যন্ত দ্রাক্ষারসে উত্তপ্ত হইলে সে নিন্দকদের সহিত আলিঙ্গন করে **। তাহারা লুক্কায়িত হওন সময়ে তুন্দুরের ৬ ন্যায় আপন২ অন্তঃকরণ উত্তপ্ত করিয়া উপস্থিত হয়; তাহাদের ভর্জ্জক †† তাবৎ রাত্রিতে নিদ্রা গেলেও প্রাতঃকালে প্রজ্বলিত অগ্নিশিখার ন্যায় হয়। সকলে তুন্দুরের ন্যায় উত্তপ্ত হইয়া আপনাদের ৭ বিচারকর্ত্তাদিগকে গ্রাস করে; তাহাদের তাবৎ রাজা

[৮,৯] যিশ ১০; ২৯,৩০॥—[১০] দ্বি ২৭; ১৭॥—[১১] দ্বি ২৮; ৩৩। ১ রা ১২; ২৬-২৮॥—[১৩] হো ৭; ১১। ১০; ৬। ১২; ১। ২ রা ১৫; ১৯॥—[১৪] হো ১৩; ৭,৮॥—[১৫] লে ২৬; ৪০। গী ৭৮; ৩৪-৩৬॥

[৬ অধ্যা; ১] দ্বি ৩২; ৩৯॥—[২] ১ শি ২; ৬॥—[৩] গী ৭২; ৬॥—[৪] হো ১১; ৮॥—[৬] ১ শি ১৫; ২২। মী ৬; ৬-৮। য ৯; ১৩। ১২; ৭॥—[৭] আ ২; ৬,১৭॥—[৯] হো ৫; ১,২॥—[১০] ৪; ১২,১৩,১৭॥—[১১] যিহি ২০; ৩৮॥

[৭ অধ্যা; ৭] ২ রা ১৫; ১০,১৪,২৫,৩০॥

* (ইব্রী) ভগ্ন। † (অর্থাৎ) প্রতিফলদাতা। ‡ (ইব্রী) তোমাদিগকে। ‖ (বা) স্বীকার। § (ইব্রী) তাহাদিগকে। ¶ (ইব্রী) শস্যচ্ছেদনের। ** (ইব্রী) হস্ত ধরে। †† (বা) ইফ্রয়িম।

পতিত হইতেছে; তাহাদের মধ্যে আমার কাছে ৮ নিবেদনকারী কেহ নাই। ইফ্রয়িম অন্য জাতিদের সহিত মিলিত হইয়াছে; ইফ্রয়িম অর্দ্ধপক্ক পিষ্টকের ৯ ন্যায় হয়। বিদেশিগণ তাহার বল গ্রাস করে, তাহা সে জানে না; তাহার মস্তকের এপার্শ্বে ওপার্শ্বে ১০ পক্ককেশ আছে, তাহাও সে জানে না। এই সকল হইলেও ইস্রায়েলের অহংকার তাহার মুখে সাক্ষ্য দিতেছে; তাহারা আপনাদের প্রভু পরমেশ্বরের প্রতি ফিরে না, ও তাঁহার অন্বেষণ করে না।

১১ ইফ্রয়িম অবোধ ঘুঘুর ন্যায় বুদ্ধিহীন হইয়া ১২ মিসরকে আহ্বান করে ও অশূরে গমন করে। কিন্তু তাহারা যত বার যাইবে, ততবার আমি তাহাদের উপরে জাল বিস্তার করিয়া আকাশের পক্ষিদের ন্যায় তাহাদিগকে নামাইব; যেমন মণ্ডলীতে শ্রুত হইয়াছে, তেমনি* আমি তাহাদিগকে শাস্তি দিব। ১৩ এবং তাহাদের সন্তাপ হইবে, যেহেতুক তাহারা আমার নিকটহইতে পলায়ন করে; এবং তাহাদের বিনাশ ঘটিবে, কেননা তাহারা আমার আজ্ঞা লঙ্ঘন করে, এবং আমি তাহাদিগকে মুক্ত করিলেও তা- ১৪ হারা আমার প্রতিকূলে মিথ্যাকথা কহে। এবং তাহারা অন্তঃকরণের সহিত আমার কাছে প্রার্থনা না করিয়া শয্যাতে চীৎকার করে, এবং শস্য ও দ্রাক্ষারসের জন্যে একত্রীকৃত হয় ও আমার বিরুদ্ধে ১৫ পাপ করে। আমি যদি তাহাদিগকে শাস্তি † দি কিম্বা বাহুবল দি, তথাপি তাহারা আমার বিরুদ্ধে ১৬ কুকল্পনা করে। তাহারা ফিরিয়া আইসে বটে, কিন্তু সর্ব্বোপরিস্থের প্রতি নয়; তাহারা বঞ্চক ধনুকের সদৃশ হয়; তাহাদের অধ্যক্ষগণ আপন২ জিহ্বার দোষ ‡ প্রযুক্ত খড়্গে পতিত হইবে, ও মিসরদেশে তাহাদের এই অপমান ঘটিবে।

৮ অধ্যায়।

১ অধর্ম্ম ও প্রতিমাপূজার নিমিত্তে ইস্রায়েল লোকদের ভাবিদণ্ড প্রকাশ।

১ তুমি আপন মুখে তূরী বাজাও, শত্রু পরমেশ্বরের আবাসের বিরুদ্ধে উৎক্রোশ পক্ষির ন্যায় আসিতেছে, কেননা লোকেরা আমার নিয়ম ভঙ্গ করিল, ২ ও আমার ব্যবস্থার বিপরীতে চলিল। ইস্রায়েল্ লোকেরা আমাকে আহ্বান করিয়া কহে, হে ঈশ্বর, ৩ আমরা তোমাকে জানি। কিন্তু তাহারা সদাচরণ ত্যাগ ‖ করিয়াছে, ইহাতে শত্রুগণ তাহাদের প্রতি ৪ আততায়িতা করিবে। তাহারা আমার পরামর্শ বিনা রাজগণকে স্থাপন করিয়াছে, ও আমার অনভিমতে অধ্যক্ষগণকে নিযুক্ত করিয়াছে, এবং সুবর্ণ ও রূপার প্রতিমা নির্ম্মাণ করিয়াছে, অতএব তাহারা উচ্ছিন্ন ৫ হইবে। হে শোমিরোণ্, তোমার বৎসপ্রতিমা ঘৃণ্য হয় §। আমার ক্রোধ তাহাদের বিরুদ্ধে প্রজ্বলিত হইবে; তাহারা কত কাল পরিষ্কৃত হইবে না? ৬ কেননা সে বৎস ইস্রায়েলদ্বারা উৎপন্ন ও কর্ম্মকারকদ্বারা নির্ম্মিত হইল, অতএব সে ঈশ্বর নয়; কিন্তু শোমিরোণের বৎস খণ্ড বিখণ্ড ¶ হইবে। ৭ তাহারা বায়ুরূপ বীজ বপন করিয়া ঘূর্ণ বায়ুরূপ শস্য কাটিবে; তাহাদের ক্ষেত্রে শস্য হইবে না, এবং কাণ্ডে শিষ হইবে না; যদ্যপি তাহাহইতে কিছু উৎপন্ন হয়, তথাপি বিদেশিগণ তাহা গ্রাস ৮ করিবে। ইস্রায়েল্ লোকেরা গ্রস্ত হইবে; তাহারা শীঘ্র অন্যদেশীয়দের মধ্যে ঘৃণ্য পাত্রের ৯ ন্যায় হইবে। বন্য গর্দ্দভ একাকী থাকে; কিন্তু তাহারা অশূরে যায়, এবং ইফ্রয়িম প্রেমকারি ১০ লোকদিগকে বেতন দেয়। এবং অন্যদেশীয়দিগকেও বেতন দেয়, এই জন্যে আমি তাহাদিগকে একত্র করিব, এবং রাজা ও অধ্যক্ষগণের দণ্ড প্রযুক্ত তাহারা অল্প কালে দুঃখিত হইবে। ১১ ইফ্রয়িম পাপের উদ্দেশে অনেক যজ্ঞবেদী করিয়াছে, কিন্তু সেই যজ্ঞবেদী তাহার দণ্ডের নিমিত্ত হইবে। ১২ আমি আপন শাস্ত্রের অনেক কথা তাহার প্রতি লিখিলাম, কিন্তু সে সকল অসম্ভব বিষয় গণিত হয়। ১৩ তাহারা আমার উদ্দেশে বলি উৎসর্গ করিয়া আপনারা তাহার মাংস ভোজন করে, একারণ পরমেশ্বর তাহাদিগকে গ্রাহ্য না করিয়া শীঘ্র তাহাদের অপরাধ স্মরণ করিয়া তাহাদের পাপের প্রতিফল দিবেন, তাহারা পুনর্ব্বার মিসরে গমন করিবে। ১৪ ইস্রায়েল লোকেরা আপন সৃষ্টিকর্ত্তাকে বিস্মৃত হইয়া দেবমন্দির ** গাঁথে, এবং যিহূদা প্রাচীরবেষ্টিত নগর বৃদ্ধি করে; কিন্তু আমি তাহার নগরে অগ্নি প্রেরণ করিব, তাহাতে তাহার তাবৎ রাজধানী দগ্ধ হইবে।

৯ অধ্যায়।

১ পাপ ও দেবপূজা ভোগ করণে তাহাদের দুর্দ্দশা প্রকাশ।

১ হে ইস্রায়েল, তুমি অন্য লোকদের ন্যায় উৎসবেতে আনন্দ করিও না, কেননা তুমি আপন ঈশ্বরহইতে

[৮] গী ১০৬; ৩৫,৩৬। লে ২০; ২৬॥—[১০] হো ৫; ৫॥—[১১] ৫; ১৩। ১২; ১॥—[১২] লে ২৬; ১৪-৩৯। দ্বি ২৮; ১৫-৬৮॥—[১৬] গী ৭৮; ৫৭। হো ৯; ৩,৬॥

[৮ অধ্য; ১] দ্বি ২৮; ৪৯॥—[২] গী ৭৮; ৩৪-৩৬॥—[৪] ২ রা ১৫। ২ বং ১৩; ৫,৬। হো ১৩; ২॥—[৫] ১ রা ১২; ২৮-৩০॥—[৭] হো ১০; ১৩॥—[৮] ২ রা ১৭; ৬॥—[৯] যিহি ১৬; ৩৩,৩৪॥—[১১] হো ১০; ১॥—[১২] দ্বি ৪; ৬॥—[১৩] দ্বি ১২; ৫-৭,১৩। ২৮; ৬৮। হো ৯; ৩,৬। ১১; ৫॥—[১৪] আম ২; ৫॥

* (বা) তাহারা সভাস্থ লোকদের কথা মানিলেও আমি। † (বা) উপদেশ। ‡ (ইব্রী) ক্রোধ। ‖ (বা) ঘৃণা। § (বা) ত্যাগ কর, বা তোমাকে ত্যাগ করে বা করায়। ¶ (বা) জ্বালিত বা ভস্মীকৃত। ** (বা) প্রাসাদ।

পরাঙ্মুখ হইয়া বেশ্যাক্রিয়া করিতেছ, ও প্রত্যেক
২ শস্যমর্দ্দনস্থানে বেতন ভাল বাস। ইফ্রয়িম লোকেরা
শস্য ও দ্রাক্ষারসদ্বারা হৃষ্টপুষ্ট হইবে না; তাহারা
৩ নূতন দ্রাক্ষারসে বঞ্চিত হইবে। এবং পরমেশ্বরের
দেশে বাস করিবে না; তাহারা পুনর্ব্বার মিসর-
দেশে যাইবে,বরং অশূরে গিয়া অশুচি দ্রব্য ভোজন
৪ করিবে। তাহারা পরমেশ্বরের উদ্দেশে দ্রাক্ষারস
নিবেদন করিবে না,তাহাদের বলিদান সকল তাঁহার
গ্রাহ্য হইবে না; শোককারিদের খাদ্যের ন্যায়
তাহাদের খাদ্য গণিত হইবে; যাহারা তাহা ভোজন
করিবে, তাহারাই অশুচি হইবে; কেননা তাহাদের
ভক্ষ্য তাহাদেরই নিমিত্তে হইবে, পরমেশ্বরের
৫ আবাসে উপস্থিত হইবে না। উৎসবদিনে অর্থাৎ
৬ পরমেশ্বরের পর্ব্বদিনে তোমরা কি করিবা? তাহারা
বিনাশহইতে পলায়ন করিবে, মিসর্ তাহাদিগকে
একত্র করিবে, ও মোফ্ তাহাদিগকে কবর দিবে,
এবং তাহাদের রূপাদ্বারা ক্রীত গৃহে বিছুটিবৃক্ষের
অধিকার হইবে, ও তাহাদের তাম্বুতে কণ্টকবৃক্ষ
৭ জন্মিবে। প্রতিফলদানের দিন নিকটবর্ত্তী ও দণ্ডের
দিন উপস্থিত হয়, ভবিষ্যদ্বক্তৃগণ অজ্ঞান ও উপ-
দেশক উন্মত্ত হয়, ইহা ইস্রায়েল জ্ঞাত হইবে;
বাহুল্য পাপ ও ঘৃণার্হ কর্ম্মের জন্যে এই ফল হই-
৮ বে। ইফ্রয়িম ঈশ্বর ভিন্ন ভবিষ্যদ্বক্তৃগণে * প্রত্যা-
শা করে, কিন্তু ভবিষ্যদ্বক্তৃগণ তাহার সকল পথে
ব্যাধের ফাঁদস্বরূপ হয়; তাহারা ঈশ্বরের মন্দিরে
৯ ঘৃণাস্পদ আছে। তাহারা গিবিয়ার সময়ের মত
অত্যন্ত ভ্রষ্ট হয়,তিনি তাহাদের অপরাধ স্মরণ করি-
১০ বেন ও পাপের প্রতিফল দিবেন। অরণ্যে দ্রাক্ষার
তুল্য ইস্রায়েলকে পাইলাম, ও ডুম্বুর বৃক্ষের প্রথম
কালের প্রথম পক্ক ফলের ন্যায় পূর্ব্বপুরুষদিগকে
দেখিলাম; কিন্তু তাহারা লজ্জাকর বাল্পিয়োরের
কাছে গিয়া পৃথক্ হইল; যেমন তাহাদের
১১ ইষ্ট দেবতা, তাহারাও তদ্রূপ ঘৃণার্হ হইল। ইফ্রয়ি-
মের ঐশ্বর্য্য পক্ষির ন্যায় উড়িয়া যাইবে; তাহার
গর্ব্ভধারণ হইবে না,ও গর্ব্ভ হইবে না,এবং প্রসব হই-
১২ বে না। যদ্যপি তাহারা বালকগণকে প্রতিপালন
করে, তথাপি তাহাদিগকে নিঃসন্তান করিব, এক
জনও থাকিবে না; আমি তাহাদিগকে ত্যাগ করিলে
১৩ তাহাদের সন্তাপ হইবে। আমার দৃষ্টিতে ইফ্রয়িম
সোর্ পর্য্যন্ত রম্যস্থানে সমারোপিত বটে,কিন্তু বধ-
কারিদের নিমিত্তে তাহার বালকগণ নীত হইবে।
১৪ হে পরমেশ্বর, তাহাদিগকে দেও; তুমি কি দিবা?
১৫ তাহাদিগকে গর্ব্ভস্রাব ও শুষ্ক স্তন দেও। তাহারা
গিল্গলে বিস্তর পাপ করে, এই জন্যে সেখানে
তাহাদিগকে ঘৃণা করি; আমি তাহাদের দুষ্টাচরণের
নিমিত্তে তাহাদিগকে আপন মন্দিরহইতে দূর করিব;
আমি তাহাদিগকে আর স্নেহ করিব না,কেননা তাহা-
১৬ দের তাবৎ অধ্যক্ষ বিপথগামী। ইফ্রয়িমের লোক
হত হইবে, ও তাহাদের মূল শুষ্ক হইবে, তাহারা
আর ফলিবে না; যদি ফলে, তবে তাহাদের গর্ব্ভের
১৭ প্রিয় ফল আমি বিনষ্ট করিব। আমার ঈশ্বর তাহা-
দিগকে অগ্রাহ্য করিবেন, কেননা তাহারা তাঁহার
কথাতে মনোযোগ করে না, এই নিমিত্তে তাহারা
অন্যদেশীয়দের মধ্যে ভ্রমণ করিবে।

১০ অধ্যায়।

১ ইস্রায়েলীয়দের পাপ ও প্রতিমাপূজার নিমিত্তে তাহাদের অনুযোগ ও ভর্ৎসনা।

১ ইস্রায়েল বিস্তীর্ণ† দ্রাক্ষালতাস্বরূপ, তাহার ফল
অধিক‡ হয়; কিন্তু আপন ফলের আধিক্যানুসারে
অধিক বেদি নির্ম্মাণ করে, এবং আপন দেশের
২ উত্তমত্বানুসারে উত্তম প্রতিমা নির্ম্মাণ করে। তাহা-
দের অন্তঃকরণে দ্বিধা আছে; এখন তাহারা দোষী
হয়, তিনি তাহাদের বেদি ভঙ্গ করিবেন, ও তাহা-
৩ দের প্রতিমা বিনষ্ট করিবেন। এখন তাহারা কহি-
তেছে,আমরা পরমেশ্বরহইতে ভীত না হইয়া রাজ-
বিহীন হইয়াছি, অতএব রাজাতে আমাদের কি
৪ কার্য্য? তাহারা মিথ্যাশপথ করিয়া কথা কহে ও নি-
য়ম করে; ক্ষেত্রের নাগদানাবৃক্ষের সদৃশ তাহাদের
৫ অন্যায়বিচার হয়। শোমিরোণ নিবাসিগণ বৈথা-
বনের বৎসপ্রতিমার নিমিত্তে ভীত হইবে,ও তাহার
পূজকেরা তাহার নিমিত্তে শোক করিবে, এবং তা-
হার যাজকগণ তাহার গত ঐশ্বর্য্যের নিমিত্তে কম্পা-
৬ ন্বিত হইবে। এবং সেও যারেব্ রাজের উপঢৌকন
দ্রব্য হইয়া অশূরে নীত হইবে, ও ইফ্রয়িম লজ্জা
পাইবে, এবং ইস্রায়েল আপন পরামর্শে লজ্জিত
৭ হইবে। শোমিরোণ উচ্ছিন্ন হইবে ও তাহার রাজা
৮ জলীয় ফেণার|| ন্যায় হইবে। এবং ইস্রায়েলের পা-
পজনক আবনের উচ্চস্থান বিনষ্ট হইবে,ও তাহাদের
যজ্ঞবেদির উপরে কণ্টক ও শেয়ালকাঁটা জন্মিবে;
এবং তাহারা পর্ব্বতগণকে কহিবে, আমাদিগকে
আচ্ছন্ন কর; ও উপপর্ব্বতগণকে কহিবে, আমা-
৯ দের উপরে পড়। হে ইস্রায়েল, তুমি গিবিয়ার সময়
অপেক্ষা অধিক পাপ করিতেছ; গিবিয়াতে ইস্রা-
য়েল ব্যূহ করিয়া দাঁড়াইল; সেখানে পাপিসন্তানদের

[৯ অধ্য; ২] দ্বি ২৮; ৩৩॥—[৩] হো ৮; ১৩। ১১; ৫। দ্বি ২৮; ৬৮। যিহি ৪; ১৩॥—[৬] প ৩। হো ১০; ৮॥—[৯] হো ১০; ৯। বি ১৯; ২২-২৮॥—[১০] গ ২৫॥—[১৫] হো ৪; ১৫। আম ৪; ৪। ৫; ৫॥—[১৭] দ্বি ২৮; ৬৫॥
[১০ অধ্য; ১] হো ৮; ১১॥—[৩] প ৭॥—[৪] দ্বি ২৯; ১৭। আম ৬; ১২॥—[৫] প ৮। হো ৮; ৫,৬॥—[৬] ৫; ১৩॥ [৭] প ১৫। ২ রা ১৭; ৪॥—[৮] প ৭। লূ ২৩; ৩০। প্র ৬; ১৬॥—[৯] হো ৯; ৯। বি ২০॥

* (বা) ইফ্রয়িমের প্রহরী আমার ঈশ্বরেরসহিত। † (বা) ফল স্রবণকারী। ‡ (বা) কেবল আপনার জন্যে। ||(বা) তৃণের।

বিরুদ্ধে যুদ্ধেতে তাহাদের হানি উপস্থিত হইল না। ১০ কিন্তু আমি তাহাদিগকে শাস্তি দিতে উদ্যত হই, তাহাদের দুই পাপের বিষয়ে দণ্ডিত হওন সময়ে ১১ লোকেরা তাহাদের বিপক্ষে সংগৃহীত হইবে। যে গাবী শস্য মর্দ্দন করিতে ভাল বাসে, ইফ্রয়িম এমত সুশিক্ষিতা গাবীর ন্যায় হয়; কিন্তু আমি তাহার সুন্দর গলদেশের উপরে যোঁয়ালি রাখিয়া ইফ্রয়িমকে বহন করাইব; যিহূদা চাস করিবে, ও যাকুব ১২ ঢেলা ভাঙ্গিবে। তোমরা আপনাদের নিমিত্তে ধর্ম্মরূপ বীজ বপন করিয়া কৃপারূপ শস্য কাট, ও তোমাদের পতিত ভূমি তোল; কেননা যে পর্য্যন্ত পরমেশ্বর উপস্থিত হইয়া তোমাদের উপরে ধর্ম্মবৃষ্টি না করেন,তাবৎ তাঁহার অন্বেষণ করণের কাল আছে। ১৩ তোমরা দুষ্টতারূপ চাস করিয়া দণ্ডরূপ শস্য কাটিতেছ, এবং মিথ্যাফল ভোজন করিতেছ; তুমি আপন পথে ও আপন বলবান লোকসমূহেতে বিশ্বাস ১৪ করিতেছ, এই নিমিত্তে তোমার লোকদের মধ্যে কোলাহল উঠিবে; যুদ্ধের দিনে যেমন শল্মন্ বৈথর্ব্বেল্ নষ্ট করিল, তদ্রূপ তোমার দৃঢ় দুর্গ সকল বিনষ্ট হইবে; মাতা ও বালকগণ আঘাত পাইয়া ১৫ খণ্ড২ হইবে। তোমাদের অতিশয় পাপ প্রযুক্ত বৈথেল্ তোমাদিগকেও তদ্রূপ করিবে, ইস্রায়েলের রাজা সর্ব্বতোভাবে শীঘ্র বিনষ্ট হইবে।

১১ অধ্যায়।

১ ঈশ্বরের অনুগ্রহের নিমিত্তে ইস্রায়েল্ লোকদের অকৃতজ্ঞতা ও তাহাদের দণ্ড ৮ ও তাহাদের প্রতি ঈশ্বরের দয়া প্রকাশ।

১ আমি ইস্রায়েলের বাল্যকালে তাহাকে প্রেম করিলাম, ও মিসরদেশহইতে আপন পুত্রকে ডাকিলাম। ২ আমি * ইস্রায়েল লোকদিগকে ডাকিলে তাহারা আমাহইতে দূরে গিয়া বালের উদ্দেশে যজ্ঞ করে, ৩ এবং প্রতিমার উদ্দেশে ধূপ জ্বালায়। আমি ইফ্রয়িম লোকদের হস্ত ধরিয়া তাহাদিগকে হাঁটিতে শিখাইলাম, কিন্তু আমি যে তাহাদিগকে আরোগ্য ৪ করিলাম, তাহা তাহারা বিবেচনা করে না। আমি কোমল রজ্জুতে অর্থাৎ প্রেমরজ্জুদ্বারা তাহাদিগকে আকর্ষণ করিলাম, এবং তাহাদের স্কন্ধহইতে † যোঁয়ালি উত্তোলনকারির ন্যায় তাহাদের প্রতি হইলাম, এবং তাহাদিগকে ভক্ষ্য দিলাম।

৫ তাহারা আমার প্রতি মন ফিরাইতে অসম্মত হওয়াতে মিসরদেশে ফিরিয়া যাইবে তাহা নয়, কিন্তু অশূরীয় রাজা তাহাদের অধিপতি হইবে। ৬ এবং খড়্গ তাহাদের নগরের উপরে আঘাত করিবে, ও তাহাদের অর্গল বিনষ্ট করিবে, ও তাহাদের পরামর্শ প্রযুক্ত তাহাদিগকে সংহার করিবে। ৭ আমার লোকেরা বিপথগমন প্রযুক্ত নৈরাশ হইবে; সর্ব্বোপরিস্থের প্রতি প্রার্থনা করিলেও তিনি তাহাদের উন্নতি করিবেন না ‡।

৮ হে ইফ্রয়িম, আমি কিরূপে তোমাকে ত্যাগ করিব? ও হে ইস্রায়েল, আমি কি প্রকারে তোমাকে পরহস্তগত করিব? ও কেমন করিয়া তোমাকে অদ্মার মত করিব? ও কিরূপে তোমাকে সিবোয়িমের মত রাখিব? আমার অন্তরে অন্তঃকরণ ব্যাকুল হইতেছে, ও আমার মনে অতিশয় দয়া ৯ জন্মিতেছে। আমি আপন প্রচণ্ড ক্রোধ সফল করিব না,ও ইফ্রয়িমের সর্ব্বনাশ করিতে যাইব না, কেননা আমি ঈশ্বর,মনুষ্য নহি,ও তোমার মধ্যস্থ ধর্ম্মস্বরূপ; আমি নগরের বিরুদ্ধে ‖ উপস্থিত হইব না। ১০ তাহারা পরমেশ্বরের অনুগমন করিবে,তাহাতে তিনি সিংহের ন্যায় গর্জ্জন করিবেন; ও গর্জ্জন করিলে তাহাদের ১১ সন্তানগণ পশ্চিমদেশহইতে শীঘ্র আসিবে। তাহারা মিসরহইতে পক্ষির ন্যায়, ও অশূরহইতে ঘুঘুর ন্যায় শীঘ্র আসিবে; পরমেশ্বর কহেন, আমি তাহাদিগকে তাহাদের বাটীতে বাস করাইব। ১২ ইফ্রয়িম মিথ্যাকথাতে ও ইস্রায়েল্ বংশ প্রবঞ্চনাতে আমাকে বেষ্টন করে; কিন্তু যিহূদা এখনো ঈশ্বরের কাছে জয়ী ও পুণ্যবানদের কাছে বিশ্বস্ত আছে।

১২ অধ্যায়।

১ ইফ্রয়িম ও যিহূদা ও যাকুবের প্রতি অনুযোগ ৭ ও ইফ্রয়িমের পাপের নির্ণয় ও দণ্ড।

১ ইফ্রয়িম বায়ুমাত্র আহার করে, ও পূর্ব্বীয় বায়ুর পশ্চাদ্গমন করে,এবং নিত্য ২ মিথ্যাকথার ও উপদ্রবের বৃদ্ধি করে, ও অশূরীয়দের সহিত নিয়ম স্থির করে, ও মিসরদেশে তৈল লইয়া যায়। ২ যিহূদার সহিত পরমেশ্বরের বিবাদ হইবে; তিনি যাকুবকে তাহার আচারানুসারে দণ্ড দিবেন, ও তাহার ৩ কর্ম্মানুযায়ি প্রতিফল দিবেন। সে জরায়ুর মধ্যে আপন ভ্রাতার পাদমূল ধরিল, ও আপন প্রভাবে ৪ রাজার ন্যায় ঈশ্বরের সহিত যুদ্ধ করিল। এবং সে দূতের সহিত যুদ্ধ করিয়া ক্রন্দন ও নিবেদন করিয়া

[১১] দ্বি ২৫; ৪ ॥—[১৪] হো ১৩; ১৬। আ ৩২; ১১ ॥—[১৫] প ৫-৮॥

[১১ অধ্য; ১] যা ৪; ২২,২৩। ম ২; ১৫ ॥—[২] ২ রা ১৭; ৯-১২,১৬ ॥—[৩] দ্বি ১; ৩১। যা ১৫; ২৬ ॥—[৫] হো ৮; ১৩। ৯; ৩ ॥—[৭] দ্বি ২৮; ৬৬ ॥—[৮] হো ৬; ৪। যির ৩১; ২০। দ্বি ২৯; ২৩ ॥—[১০,১১] যিশ ৩১; ৪। যোয় ৩; ১৬ ॥—[১১] হো ৯; ৩।

[১২ অধ্য; ১] হো ৫; ১৩। ৭; ১১। ২ রা ১৭; ৩,৪ ॥—[৩,৪] আ ২৫; ২৬। ৩২; ২৮। ২৮; ১০-২২। ৩৫; ৬-১৫ ॥

* (ইব্রী) কেহ২। † (ইব্রী) হনুহইতে। ‡ (বা) বিপথে গমন করিতে নিবিষ্ট আছে; সর্ব্বোপরিস্থের নিকটে আহূত হইলেও কেহ কোন রূপে তাঁহার প্রশংসা করে না। ‖ (বা) আমি ক্রোধেতে।

৫ জয়ী হইল। এবং যে সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বরের নাম যিহোবাঃ (নিত্যস্থায়ী,) তাঁহাকে বৈথেলে পাই- ৬ লে তিনি তাহার* সহিত আলাপ করিলেন। অতএব তুমি আপন ঈশ্বরের প্রতি ফির, এবং দয়া ও ন্যায় কর, ও নিত্য ২ আপন ঈশ্বরের অপেক্ষাতে থাক। ৭ যে বণিকের† হস্তে চাতুরীরূপ নিক্তি আছে, ইফ্রায়িম তাহার সদৃশ; সে উপদ্রব করিতে ভাল বাসে। ৮ ইফ্রায়িম কহে, আমি ধনবান হইলাম ও আপনার নিমিত্তে ধন সঞ্চয় করিলাম; আমার তাবৎ শ্রমের ফলেতে তাহারা কোন দোষ বা অপরাধ পাইবে না। ৯ মিসরদেশহইতে আনয়নকারী তোমার প্রভু পরমেশ্বর আমিই মহোৎসব দিনের ন্যায় তোমাকে পুন- ১০ র্ব্বার তাম্বুতে বাস করাইব। আমি ভবিষ্যদ্বক্তৃগণদ্বারা তোমাকে কহিলাম, ও তোমার প্রতি দর্শনের বৃদ্ধি করিলাম, ও ভবিষ্যদ্বক্তাকে দৃষ্টান্ত কহাইলাম। ১১ তথাপি গিলিয়দে পাপ আছে, তাহারা অসারমাত্র; ও গিল্‌গলে বলদ বলিদান করে; তাহাদের ১২ যজ্ঞবেদী ক্ষেত্রস্থিত স্তূপের ন্যায় হয়। যাকূব অরামদেশে পলায়ন করিল, ও ইস্রায়েল ভার্য্যার নিমিত্তে ভৃত্য কর্ম্ম করিল, ও ভার্য্যার কারণ পশু পালন ১৩ করিল। পরমেশ্বর ভবিষ্যদ্বক্তাদ্বারা মিসরদেশহইতে ইস্রায়েলকে আনিলেন; তাহারা ভবিষ্যদ্বক্তাদ্বারা ১৪ পালিত হইল। তথাপি ইফ্রায়িম তাঁহার অতিশয় ক্রোধ জন্মাইল; অতএব তাহার প্রভু তাহাকে রক্তপাতে দোষী করিয়া অপমানরূপ প্রতিফল দিবেন।

১৩ অধ্যায়।

১ প্রতিমা পূজা প্রযুক্ত ঈশ্বরদ্বারা ইফ্রায়িমের ভাবিদণ্ড ৯ ও ঈশ্বরের প্রতিজ্ঞা ১৫ ও দণ্ডের কথা প্রকাশ করণ।

১ যে সময়ে ইফ্রায়িম সভয়ে‡ কথা কহিত, তৎকালে ইস্রায়েলে তাহার উন্নতি ছিল, কিন্তু সে বালের ২ বিষয়ে দোষ করিয়া মরিল। এখন তাহারা পুনঃ২ পাপ করে, এবং আপন২ নিপুণতাতে রূপাদ্বারা আপনাদের নিমিত্তে ছাঁচে ঢালা প্রতিমা নির্ম্মাণ করে; এই সকল কর্ম্মকারকদের কর্ম্ম; তথাপি তাহারা তাহাদের বিষয়ে কহে, যজমান সকল ৩ বৎসপ্রতিমাকে চুম্বন করুক। এই নিমিত্তে তাহারা প্রাতঃকালের মেঘ ও ক্ষণধ্বংসি শিশির, ও ঘূর্ণবায়ুদ্বারা শস্যমর্দ্দনস্থানহইতে উড্ডীয়মান ভূষি, ও ৪ বাতায়নহইতে নির্গত ধূমের ন্যায় হইবে। মিসরদেশহইতে আনয়নকারী তোমার প্রভু পরমেশ্বর আমি; তুমি আমাব্যতিরেকে আর কাহাকেও ঈশ্বর জ্ঞান করিও না, কেননা আমাভিন্ন ত্রাণকর্ত্তা ৫ আর কেহ নাই। আমি অরণ্যে ও মরু ভূমিতে ৬ তোমাকে গ্রাহ্য করিলাম। তোমার লোকেরা আপন২ চরণস্থানে তৃপ্ত হইল, ও তৃপ্ত হইলে অহঙ্কারী হইল, এই নিমিত্তে তাহারা আমাকে বিস্মৃত ৭ হইল। আমি তাহাদের পক্ষে সিংহের ন্যায় হইব; ও পথের পার্শ্বেস্থিত চিতাব্যাঘ্রের ন্যায় তাহাদের ৮ অপেক্ষাতে থাকিব। আমি হৃতবৎস ভল্লূকের ন্যায় তাহাদের সহিত সাক্ষাৎ করিয়া তাহাদের হৃৎপদ্ম বিদীর্ণ করিব, ও সেই স্থানে সিংহের ন্যায় তাহাদিগকে গ্রাস করিব, ও বনপশুগণ তাহাদিগকে খণ্ড ২ করিবে।

৯ হে ইস্রায়েল, তুমি আপনার বিনাশ করিয়াছ; ১০ কিন্তু আমাতে তোমার উপকার আছে‖। তোমার তাবৎ নগরে তোমাকে রক্ষা করিতে তোমার রাজা কোথায়? ও তোমার বিচারকর্তৃগণ বা কোথায়? কেননা তুমি কহিয়া থাক, আমাকে রাজা ও অধ্য- ১১ ক্ষগণ দেও। আমি ক্রোধ করিয়া তোমাকে রাজা দি, এবং কোপ করিয়া পুনশ্চ তাহাকে অপহরণ করি। ১২ ইফ্রায়িমের পাপ গুচ্ছরূপে বদ্ধ আছে, ও তাহার ১৩ অধর্ম্ম সঞ্চিত আছে। প্রসবকারিণীর তুল্য বেদনা তাহাকে আকর্ষণ করিবে; সে অবিবেচক শিশু হয়, ১৪ উপযুক্ত সময়ে জন্মস্থানে উপস্থিত হয় না§। আমি পরলোকহইতে তাহাদিগকে উদ্ধার করিব, ও মৃত্যুহইতে তাহাদিগকে মুক্ত করিব; হে মৃত্যো, তোমার মহামারী কোথায়? হে পরলোক, তোমার সংহার কোথায়? আমি চক্ষুর্লজ্জা করিব না!

১৫ যদ্যপি ইফ্রায়িম্ আপন ভ্রাতৃগণের মধ্যে ফলবান, তথাপি এক পূর্ব্বীয় বায়ু আসিবে, ও প্রান্তরহইতে প্রচণ্ড†† বায়ু বহিবে; তাহাতে তাহার উনুই শুষ্ক হইবে, ও তাহার আকরস্থান শুকাইবে; তিনি তাহার ভাণ্ডারহইতে তাবৎ উত্তম পাত্র লুট করি- ১৬ বেন। শোমিরোণ্ ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘন করাতে দণ্ড ভোগ করিবে, ও তাহার লোকেরা খড়্গে পতিত হইবে, ও তাহার বালকগণ আছাড়েতে ছিন্নভিন্ন হইবে, ও তাহার গর্ব্ভবতী স্ত্রীদের উদর বিদীর্ণ হইবে।

১৪ অধ্যায়।

১ মন ফিরাইতে বিনতির কথা ৪ ও ঈশ্বরের আশীর্ব্বাদের প্রতিজ্ঞার কথা।

---

[৫] যা ৩; ১৫।।—[৮] দ্বি ৮; ১৭।২৯; ১৯।।—[৯] লে ২৩; ৪২,৪৩।।—[১০] ২ রা ১৭; ১৩,১৪।।—[১১] হো ৪; ১৫।৬; ৮।৯; ১৫।।—[১২] আ ২৮; ৫।৩১; ৪১। দ্বি ২৬; ৫।।—[১৩] গী ৭৭; ২০।।—[১৪] লে ২০; ৯,১১,১২। যিহি ১৬; ৪-৬।। [১৩ অধ্যা; ১] ১ রা ১২; ৩০। ১৬; ৩১।।—[২] ১ রা ১২; ২৮-৩০।।—[৩] ২ পি ২; ১৭। যিহূ ১২।।—[৪] যা ২০; ২,৩।। [৫] দ্বি ২; ৭।।—[৬] দ্বি ৮; ১০-১৪।।—[১০,১১] ২ রা ১৫; ১০,১৪,২৫,৩০। ১৭; ৪।।—[১৪] যিশা ২৫; ৮। ১ ক ১৫; ৫৪,৫৫।।—[১৫] আ ৪১; ৫২। ৪৯; ২২।।—[১৬] যো ১; ৬।।

* (ইব্রী) আমাদের। † (ইব্রী) কিনানের। ‡ (বা) স্নেহরূপে। ‖ (বা) তুমি আমার অর্থাৎ তোমার উপকারকের বিরুদ্ধে আছ, ইহা তোমার বিনাশের কারণ। § (বা) সন্তান নিঃসরণস্থানে বিলম্ব করে। †† (ইব্রী) পরমেশ্বরের।

১ হে ইস্রায়েল, তুমি আপন প্রভু পরমেশ্বরের প্রতি ফির; কেননা তুমি আপন অধর্ম্মে পতিত আছ। ২ কথা নিশ্চয় * করিয়া পরমেশ্বরের প্রতি ফিরিয়া তাঁহাকে কহ, আমাদের তাবৎ পাপ ক্ষমা কর, ও অনুগ্রহ করিয়া আমাদিগকে গ্রহণ কর; তাহাতে আমরা আপনাদের ওষ্ঠাধরে তোমার প্রশংসা† ৩ করিব। অশ্বারোহগণদ্বারা উদ্ধার চেষ্টা করিব না, ও অশ্বের উপরে নির্ভর দিব না, এবং 'তোমরা আমাদের ঈশ্বর,' আমরা আপনাদের হস্তকৃত বস্তুর প্রতি এই কথা আর কখনো কহিব না, কেননা তোমার নিকটে পিতৃহীন আশ্রয় পায়।

৪ আমি তাহাদের বিপথগামিস্বরূপ রোগের প্রতিকার করিব, ও স্বচ্ছন্দে তাহাদিগেতে প্রেম করিব, কেননা তাহাদের প্রতি আমার ক্রোধ নিবৃত্ত হই- ৫ তেছে। আমি ইস্রায়েলের প্রতি শিশিরের ন্যায় হইব, ও সে শোশন্ পুষ্পের ন্যায় বিকসিত ও লিবানোনের ন্যায় দৃঢ়মূল হইবে। ৬ এবং আপন পল্লব বৃদ্ধি করিয়া শোভাতে জিতবৃক্ষের ন্যায় হইবে, ও লিবানোনের গন্ধের ন্যায় তাহার গন্ধ ৭ হইবে। যে লোকেরা তাহার ছায়াতে বসিত, তাহারা ফিরিয়া আসিবে; তাহাদের বীজ পুনর্ব্বার অঙ্কুরিত হইয়া দ্রাক্ষালতার ন্যায় বিস্তারিত হইবে, ও লিবানোনের দ্রাক্ষারসের ন্যায় তাহার সুখ্যাতি ‡ ৮ হইবে। আমাতে ও প্রতিমাতে আর কি সম্পর্ক? তাহা ইফ্রয়িম কহিবে; আমি তাহার কথা শুনিয়া তাহাকে নিরীক্ষণ করিব; আমি তাহার জন্যে সতেজ দেবদারু বৃক্ষের ন্যায় হইব; আমাহইতে তাহার ‖ ৯ ফল হইবে। যে কেহ জ্ঞানবান হয়, সে এ সকল বিবেচনা করিবে; এবং যে কেহ বুদ্ধিমান হয়, সে তাহা বুঝিবে; কেননা পরমেশ্বরের পথ সকল সরল; ধার্ম্মিকগণ তাহা দিয়া গমন করিবে, কিন্তু পাপিগণ তাহার মধ্যে পতিত হইবে।

[১৪ অধ্য; ১] হো ১২; ৬। ১৩; ৯॥—[২] ইব ১৩; ১৫॥—[৩] প ৮। দ্বি ১১; ১৬॥—[৪-৭] যিশ ২৬; ১৯॥ [৮] প ৩। যির ৩১; ১৮। যিশ ২৬; ১২,১৩॥—[৯] দ্বি ৩২; ২৯। গী ১০৭; ৪৩। যির ৯; ১২। হি ১০; ২৯॥

* (ইব্রী) গ্রহণ। † (ইব্রী) ওষ্ঠবৎস উৎসর্গ। ‡ (ইব্রী) স্মরণ। ‖ (ইব্রী) তোমার।

যোয়েলের ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায়।

১ ইস্রায়েলের ভাবিদণ্ডের প্রকাশ ৮ ও বিলাপ করিতে আহ্বানের কথা ১৩ ও বিলাপার্থে উপবাস ও দিন নিরূপণ করিতে বিনয়।

১ পিথূয়েলের পুত্র যোয়েলের প্রতি পরমেশ্বরের এই ২ কথা উপস্থিত হইল, হে প্রাচীনগণ, তোমরা এই কথা শুন; হে দেশনিবাসি সকল, তোমরা মনোযোগ কর; তোমাদের ও তোমাদের পূর্ব্বপুরুষদের সময়ে ৩ কি এইরূপ ঘটনা হইয়াছে? তোমরা ইহা আপন ২ সন্তানগণকে কহ, এবং তাহারা আপন ২ সন্তানগণকে কহুক, এবং তাহারা ভাবিপুরুষদিগকে ৪ কহুক। গাসম্ * কীট যাহা অবশিষ্ট রাখিবে, তাহা পঙ্গপাল খাইবে; এবং পঙ্গপালেরা যাহা অবশিষ্ট রাখিবে, তাহা যেলক্ † কীট খাইবে; ও যেলক্ কীট যাহা অবশিষ্ট রাখিবে, তাহা হাসীল্ ‡ কীট ৫ খাইবে। হে মত্ত সকল, সচেতন হইয়া ক্রন্দন কর; হে মদ্যপায়িগণ, নূতন দ্রাক্ষারসের নিমিত্তে আর্ত্তস্বর কর; কেননা তাহা তোমাদের মুখহইতে অপহৃত হইবে। ৬ বলবান ও অসংখ্য ও সিংহবৎ দন্তবিশিষ্ট ও সিংহিনীর ন্যায় কষের দন্ত বিশিষ্ট ৭ এক জাতি আমার দেশে আসিয়া আমার দ্রাক্ষালতা বিনষ্ট করিবে, ও আমার ডুম্বুরবৃক্ষের ছাল খুলিয়া ফেলিবে, ও সর্ব্বতোভাবে তাহার ত্বক্ খুলিয়া ভূমিতে নিক্ষেপ করিবে, ও তাহার শাখা সকল ত্বক্‌হীন করিবে।

৮ অতএব যুবস্বামির কারণ (বিলাপকারিণী) চট- ৯ পরিহিতা কন্যার ন্যায় তুমি বিলাপ কর। দেখ, পরমেশ্বরের মন্দিরহইতে নৈবেদ্য ও পানীয় উপকরণ সকল অপহৃত হইবে, ও পরমেশ্বরের ১০ সেবাকারি যাজকগণ শোক করিবে। ক্ষেত্র উচ্ছিন্ন হইবে, ও ভূমি শূন্য হইবে, ও শস্য বিনষ্ট হইবে, ও নূতন দ্রাক্ষারস শুষ্ক হইবে, ও তৈলের অভাব ১১ হইবে। হে কৃষকগণ, লজ্জিত হও; হে দ্রাক্ষাক্ষেত্র পালকগণ, গোধূম ও যবের বিষয়ে আর্ত্তস্বর ১২ কর, কেননা ক্ষেত্রের শস্য উচ্ছিন্ন হইবে; এবং দ্রাক্ষালতা শুষ্ক হইবে, ও ডুম্বুর বৃক্ষ ম্লান হইবে,

[১ অধ্য; ৪] দ্বি ২৮; ৩৮,৩৯॥—[৬] প্র ৯; ৮॥

* (বা) দংশক। † (বা) লেহক। ‡ (বা) সংহারক।

এবং দাড়িম্ব ও তাল ও তপূহ প্রভৃতি ক্ষেত্রের তাবৎ বৃক্ষ শুষ্ক হইবে, এবং মনুষ্যসন্তানদের সমস্ত আনন্দ লুপ্ত হইবে।

১৩ হে যাজকগণ, আপন২ কটি বন্ধন করিয়া বিলাপ কর; হে বেদির সেবকগণ, আর্ত্তস্বর কর; হে আমার ঈশ্বরের সেবকগণ, যাইয়া সমস্ত রাত্রি চটেতে শয়ন কর; কেননা তোমাদের ঈশ্বরের মন্দিরে নৈবেদ্য ও পানীয় দ্রব্যের অভাব হইবে। ১৪ তোমরা উপবাস নিরূপণ কর, ও কার্য্যত্যাগের দিন প্রচার কর, এবং আপনাদের প্রভু পরমেশ্বরের মন্দিরে প্রাচীনগণকে ও দেশীয় তাবৎ লোককে একত্র করিয়া পরমেশ্বরের কাছে বিনতি কর। ১৫ হায় ২ সে কেমন দিন! পরমেশ্বরের সেই দিন নিকটবর্ত্তী; সর্ব্বশক্তিমানের নিকটহইতে বিনাশ উপস্থিত হইবে। ১৬ দেখ, আমাদের গোচরহইতে খাদ্য সকল, ও আমাদের ঈশ্বরের মন্দিরহইতে আনন্দ ও আমোদ কি অন্তর্হিত হইবে না? ১৭ বীজ সকল ঢেলার নীচে বিনষ্ট হইবে, ও গোলা শূন্য হইবে, ও শস্যাগার ভগ্ন হইবে, ও শস্য শুষ্ক হইবে। ১৮ চরণের অভাবে পশুগণ কেমন কোঁকাইবে! ও বৃষপাল কেমন ব্যাকুল হইবে! ও মেষপাল কেমন উচ্ছিন্ন হইবে! ১৯ হে পরমেশ্বর, আমি তোমার কাছে নিবেদন করি; অগ্নিদ্বারা প্রান্তরের তাবৎ চরণস্থান বিনষ্ট হইবে, ও তাহার শিখাতে ক্ষেত্রের তাবৎ বৃক্ষ দগ্ধ হইবে। ২০ বনের পশুগণও তোমার কাছে ব্যাকুল হইবে; কেননা তাবৎ জলস্রোত শুষ্ক হইবে, ও প্রান্তরের চরণস্থান অগ্নিতে দগ্ধ হইবে।

২ অধ্যায়।

১ ভয়ানক দণ্ডের নির্ণয় ১২ ও অনুতাপ করিতে বিনয় ১৫ ও উপবাসের নির্ণয় ১৮ ও আশীর্ব্বাদের প্রতিজ্ঞা ২১ ও ভাবিমঙ্গলের কথা।

১ তোমরা সিয়োনে তূরীধ্বনি কর ও আমার পবিত্র পর্ব্বতে ভয়ানক শব্দ কর, ও দেশস্থ তাবৎ লোক কম্পিত হউক; কেননা পরমেশ্বরের দিন আসিতেছে ও নিকটবর্ত্তী আছে। ২ তৎকালে তিমির ও অন্ধকারময় দিন ও মেঘাবৃত ঘোর অন্ধকারময় দিন হইবে; এবং পর্ব্বতের উপরে উদিত অরুণের ন্যায় এক বড় বলবান জাতি ব্যাপ্ত হইবে; তাহার তুল্য পূর্ব্বকালে কেহ ছিল না, এবং অনেক পুরুষ পর্য্যন্তও তদ্রূপ হইবে না। ৩ তাহাদের অগ্রে অগ্নি গ্রাস করিবে, ও তাহাদের পশ্চাৎ অগ্নিশিখা দগ্ধ করিবে; ও তাহাদের অগ্রস্থিত দেশ এদন্ উদ্যানের তুল্য, ও তাহাদের পশ্চাৎস্থিত দেশ নরশূন্য ও অরণ্যতুল্য হইবে; তাহাদের হইতে কেহই এড়াইবে না। ৪ তাহারা অশ্বগণের সদৃশ প্রকাশ পাইবে, এবং অশ্বারূঢ় লোকের ন্যায় ধাবমান হইবে। ৫ রথসমূহের শব্দের ন্যায় পর্ব্বতশৃঙ্গের উপরি তাহাদের লম্ফের শব্দ হইবে। এবং নাড়া দগ্ধকারি অগ্নিশিখার শব্দের ন্যায় তাহাদের শব্দ হইবে, ও তাহারা যুদ্ধার্থে সুসজ্জিত বলবান লোকদের ন্যায় হইবে। ৬ তাহাদের সম্মুখে তাবৎ লোক ব্যথিত হইবে, ও সকলেরই মুখ বিবর্ণ হইবে। ৭ তাহারা বীরদের ন্যায় ধাবমান হইবে, ও যোদ্ধাগণের ন্যায় প্রাচীরে আরোহণ করিবে, ও প্রত্যেক জন আপন ২ পথে চলিবে; কেহ বক্রগামী হইবে না। ৮ তাহারা এক জন অন্যের উপরে পড়িবে না; সকলেই আপন ২ পথে চলিবে, এবং খড়্গে পতিত হইয়া ক্ষতবিক্ষত হইবে * না। ৯ তাহারা নগরে আসিয়া ইতস্ততো ধাবমান হইবে, কেহ ২ প্রাচীরে ধাবমান হইবে, ও কেহ ২ গৃহের পৃষ্ঠে আরোহণ করিবে, ও কেহ ২ চৌরের ন্যায় গবাক্ষদিয়া প্রবেশ করিবে। ১০ তাহাদের সম্মুখে পৃথিবী টলটলায়মান ও আকাশ কম্পিত হইবে, এবং চন্দ্র ও সূর্য্য অন্ধকারময় হইবে, ও তারাগণ আপন ২ তেজ অপহরণ করিবে। ১১ পরমেশ্বর আপনার এই সকল সৈন্যের গোচরে আপন রব প্রকাশ করিবেন, কেননা তাঁহার শিবির অতি মহৎ, এবং যিনি আপন বাক্য সিদ্ধ করেন, তিনি বলবান; এবং পরমেশ্বরের দিন বড় ও অতি ভয়ানক হইবে; তাহা সহ্য করিতে কে পারিবে?

১২ পরমেশ্বর কহেন, তোমরা এখনও উপবাস ও ক্রন্দন ও শোক করিতে২ সর্ব্বান্তঃকরণের সহিত আমার প্রতি ফিরিয়া আইস। ১৩ এবং আপনাদের বস্ত্র না চিরিয়া স্ব ২ অন্তঃকরণ চিরিয়া আপনাদের প্রভু পরমেশ্বরের প্রতি ফির; তিনি অনুগ্রাহক ও দয়ালু ও ক্রোধেতে ধীর ও অনুগ্রহেতে মহান্ ও দণ্ড দিতে অনিচ্ছুক। ১৪ কি জানি তিনি ফিরিয়া আসিয়া অনুতাপ করিবেন, ও পশ্চাতে আশীর্ব্বাদ অর্থাৎ তোমাদের প্রভু পরমেশ্বরের জন্যে নৈবেদ্য ও পানীয় দ্রব্য রাখিবেন।

১৫ তোমরা সিয়োনে তূরীধ্বনি কর ও উপবাস নিরূপণ কর, ও কার্য্যত্যাগের দিন প্রচার কর, ১৬ ও লোকদিগকে একত্র কর, এবং মণ্ডলীকে পবিত্র কর, ও প্রাচীন লোককে আহ্বান কর, এবং বালকদিগকে ও স্তন্যপায়ি শিশুদিগকে সংগ্রহ কর; এবং বর আপন২ গৃহহইতে, ও কন্যা আপন২ অন্তঃপুরহইতে নির্গত হউক। ১৭ এবং পরমেশ্বরের সেবক

[১৫] যোয় ২ ; ১,২,১১ ॥—[১৯,২০] যির ৯; ১০ ॥

[২ অধ্য ; ১,২] প ১১ । যোয় ১; ১৫ ॥—[২] যা ১০ ; ১৪ ॥—[৪] প্র ৯; ৭ ॥—[৫] প্র ৯; ৯ ॥—[১০] প ৩০,৩১ ।—[১১] প ১,২,৩১ । যোয় ১;১৫ ॥—[১৩] যা ৩৪ ; ৬,৭ । গী ৮৬ ; ৫,১৫ । ১০৩ ; ৮ । যূ ৪ ; ২ ॥—[১৪] যূ ৩; ৯ । যোয় ১ ; ৯,১৩ ॥

* (বা) পংক্তি ভগ্ন করিবে না।

যাজকগণ বারাণ্ডার ও হোমবেদির মধ্যস্থানে রোদন করিতে২ এই কথা কহুক, হে পরমেশ্বর, তুমি আপন লোকদিগকে ক্ষমা কর, ও আপন অধিকারের লোককে অপমান ভোগ করিতে দিও না, ও তাহাদের উপরে অন্যদেশীয় লোককে রাজত্ব করিতে দিও না; এবং ‘তাহাদের ঈশ্বর কোথায়?’ এই কথা অন্য লোকদের মধ্যে কেন চলিত হইবে?

১৮ তাহাতে পরমেশ্বর আপন দেশের জন্যে উদ্‌যোগী ১৯ হইয়া আপন লোকদিগকে দয়া করিবেন। পরমেশ্বর অবশ্য উত্তর দিয়া আপন লোকদিগকে কহিবেন, দেখ, আমি তোমাদের নিকটে শস্য ও দ্রাক্ষারস ও তৈল প্রেরণ করিব, তাহাতে তোমরা তৃপ্ত হইবা; আমি অন্যদেশীয়দের মধ্যে তোমা- ২০ দিগকে আর অপমানগ্রস্ত করিব না। তোমাদের নিকটহইতে উত্তরদেশীয় শত্রুকে দূর করিব, এবং পূর্ব্বসমুদ্রের দিগে তাহার অগ্রভাগ, ও পশ্চিম সমুদ্রের দিগে তাহার পশ্চাৎভাগ রাখিয়া শুষ্ক অরণ্যময় দেশে তাহাকে তাড়িয়া দিব; যদ্যপি সে বড় কার্য্য করিয়া থাকে, তথাপি তাহার দুর্গন্ধ উঠিবে, ও কুগন্ধ নির্গত হইবে।

২১ হে দেশ, তুমি ভয় না করিয়া আহ্লাদ ও আমোদ ২২ কর, কেননা পরমেশ্বর অতিবড় কর্ম্ম করিবেন। হে ক্ষেত্রের পশুগণ, তোমরাও ভয় করিও না; প্রান্তরের চরণস্থানে তৃণ বৃদ্ধি পাইবে, ও বৃক্ষ সকল ফলবান হইবে, ও ডুম্বুরবৃক্ষ ও দ্রাক্ষালতা আপন২ ২৩ ফল উৎপন্ন করিবে। হে সিয়োনের সন্তানগণ, আহ্লাদিত হও ও আপনাদের প্রভু পরমেশ্বরেতে আনন্দ কর, কেননা তিনি পরিমিত বৃষ্টি * দিবেন, এবং পূর্ব্বসময়ের মতে তোমাদের নিমিত্তে বৃষ্টি অর্থাৎ অগ্রকালের ও শেষকালের বৃষ্টি করিবেন। ২৪ এবং তোমাদের মর্দ্দনস্থান শস্যেতে পরিপূর্ণ হইবে, এবং দ্রাক্ষারস ও তৈলেতে বৃহৎ পাত্র উথ- ২৫ লিবে। তোমাদের প্রতি প্রেরিত আমার মহাসৈন্য, অর্থাৎ পঙ্গপাল ও যেলক্ কীট ও হাসীল্ কীট ও গাসম্ কীট ইহারা যে২ বৎসরের উৎপন্ন শস্য খাইল, তাহা আমি তোমাদিগকে ফিরিয়া দিব। ২৬ তোমরা প্রচুররূপে উৎপন্ন শস্য ভোজন করিয়া তৃপ্ত হইবা, এবং তোমাদের প্রতি আশ্চর্য্য কর্ম্মকারি প্রভু পরমেশ্বরের নামে ধন্যবাদ করিবা; আমার লোকেরা কখনো লজ্জিত হইবে ২৭ না। এবং ইস্রায়েলের মধ্যে আছি যে আমি, আমিই তোমাদের প্রভু পরমেশ্বর, আর কেহ ঈশ্বর নাই, ইহা তোমরা জ্ঞাত হইবা, এবং আমার লোকেরা কখনো লজ্জিত হইবে না। তা- ২৮ হার পরে আমি সমুদয় প্রাণির উপরে আপন আত্মার বর্ষণ করিব, তাহাতে তোমাদের পুত্র কন্যাগণ ভবিষ্যদ্বাক্য বলিতে পারিবে, ও তোমাদের প্রাচীনেরা স্বপ্নদর্শন করিবে, ও যুবকেরা প্রত্যাদেশ পাইবে। তৎকালে আমি দাস দাসীদিগেতেও ২৯ আপন আত্মার বর্ষণ করিব। এবং আকাশে ও ৩০ পৃথিবীতে রক্ত ও অগ্নি ও নিবিড় ধূম প্রভৃতি আশ্চর্য্য কর্ম্ম দেখাইব। আর পরমেশ্বরের ঐ মহৎ ৩১ ও ভয়ঙ্কর দিনের আগমনের পূর্ব্বে সূর্য্য কৃষ্ণবর্ণ ও চন্দ্র রক্তবর্ণ হইয়া যাইবে। কিন্তু যে কেহ পরমেশ্- ৩২ বরের নামে প্রার্থনা করিবে, সেই পরিত্রাণ পাইবে; পরমেশ্বরের বাক্যানুসারে সিয়োন পর্ব্বতে ও যিরূশালমে এবং পরমেশ্বর যে২ অবশিষ্ট লোককে আহ্বান করিবেন, তাহাদের মধ্যেও পরিত্রাণ হইবে।

৩ অধ্যায়।

১ ঈশ্বরীয় লোকদের শত্রুগণের দণ্ডের ভবিষ্যদ্বাক্য ৯ ও সেই দণ্ডদ্বারা ঈশ্বরের গুণ প্রকাশ পাওন ১৮ ও আপন লোকদের প্রতি ঈশ্বরের আশীর্ব্বাদের ভবিষ্যদ্বাক্য।

১ আমি সেই দিনে সেই সময়ে যিহূদার ও যিরূশাল- ২ মের বন্দিদিগকে ফিরাইয়া আনিব, এবং অন্যদেশীয় সকল লোককে সংগ্রহ করিয়া যিহোশাফট্ (পরমেশ্বরের বিচারস্থান) উপত্যকাতে আনিব, এবং তাহারা আমার যে লোককে অর্থাৎ আমার যে অধিকার ইস্রায়েল্ লোককে অন্যদেশীয়দের মধ্যে ছিন্ন ভিন্ন করিয়া তাহাদের দেশ বিভাগ করিল, তন্নিমিত্তে ৩ তাহাদের সহিত বাদানুবাদ করিব। কেননা তাহারা আমার লোকদের জন্যে গুলিবাঁট করিল, এবং বালক দিয়া বেশ্যা ক্রয় করিল ও কন্যা দিয়া দ্রাক্ষারস ক্রয় করিয়া পান করিল। ৪ হে সোর্, হে সীদোন, হে পিলেষ্টীয় সীমা নিবাসি লোক সকল, আমার সহিত তোমাদের কি কার্য্য? তোমরা কি আমাকে প্রতিফল † দিবা? কিন্তু তাহা দিলেও আমি অবিলম্বে ও অতিশীঘ্র তোমাদিগকে সেই প্রতিফল ফিরিয়া ৫ দিব। কেননা তোমরা আমার রূপা ও সুবর্ণ লইয়াছ, এবং আমার উত্তম শোভাকর দ্রব্য আপনাদের ৬ মন্দিরে লইয়া গিয়াছ। এবং যিহূদার ও যিরূশালমের বংশগণকে তাহাদের সীমাহইতে দূর করণার্থে তাহাদিগকে যূনানীয়দের কাছে বিক্রয় করিয়াছ।

[১৭] ২ বং ৩; ৪। ৪; ১। দ্বি ৯; ২৬-২৯। গী ৭৯; ৮-১০। ১১৫; ২॥—[১৮] দ্বি ৩২; ৩৬॥—[১৯] হো ২; ২১,২২॥—[২০] যিহি ৩৯; ১১-১৬॥—[২১] যোয় ১; ১০॥—[২২] ১; ১৯, ২০॥—[২৩] যিহি ৩৪; ২৬॥—[২৪] যোয় ১; ১০॥ [২৫] ১; ৪॥—[২৬,২৭] ৩; ১৭,১৮। যিহি ৩৬; ১৫,৩৬-৩৮॥—[২৮-৩২] প্রে ২; ১৬-২১,৩৩॥—[২৮,২৯] যিশ ১২; ১০॥—[৩০,৩১] যোয় ৩; ১৫। ম ২৪; ২৯। লূ ২১; ১১॥—[৩২] রো ৯; ২৭। ১০; ১৩। ১১; ৫,৭,২৬॥
[৩ অধ্য; ২] যিশ ৬৬; ১৫,১৬। যিহি ৩৫; ১০-১৫। ৩৮; ২২॥—[৩] প ৬। ওব ১১॥

* (বা) বীর্য্যার্থে পথদর্শককে বা বীর্য্যরূপ বৃষ্টি। † (বা) অপমান।

৭ কিন্তু তোমরা যে স্থানে তাহাদিগকে বিক্রয় করিয়াছ, দেখ, তথাহইতে আমি তাহাদিগকে উদ্ধার করিয়া ৮ তোমাদের প্রতিফল দিব। এবং যিহূদা বংশের হস্তে তোমাদের পুত্র কন্যাগণকেও বিক্রয় করিব, এবং তাহারা তাহাদিগকে শিবায়ীয় প্রভৃতি দূরস্থ লোকদের কাছে বিক্রয় করিবে, ইহা পরমেশ্বর কহেন।

৯ তোমরা অন্যদেশীয়দের মধ্যে এই কথা প্রচার কর, 'যুদ্ধসজ্জা কর, ও পরাক্রমি লোকদিগকে জাগ্রৎ কর, ও তাবৎ যোদ্ধাগণ নিকটে আসিয়া ১০ উপস্থিত হউক। তোমরা লাঙ্গলের ফালেতে খড়্গ প্রস্তুত কর, ও কাস্ত্যাতে বড়শা নির্ম্মাণ কর, এবং "আমি বলবান্‌," দুর্ব্বল লোক এই কথা কহুক। ১১ হে অন্যদেশীয় লোক সকল, তোমরা সকলে ত্বরায় * আইস, ও চতুর্দ্দিগহইতে এক স্থানে সংগৃহীত হও; হে পরমেশ্বর, তুমিও সে স্থানে আপন বলবান ১২ লোকদিগকে নামাও।' এবং অন্যদেশীয় লোক সকল প্রস্তুত হইয়া যিহোশাফট্‌ (পরমেশ্বরের বিচারস্থান) উপত্যকাতে আইসুক, কেননা আমি চতুর্দ্দিকস্থ লোকদের বিচার করিতে সেই স্থানে বসিব। ১৩ তোমরা কাস্ত্যা চালাও, শস্য পক্ক হইয়াছে; প্রবেশ করিয়া দলন কর, কেননা দ্রাক্ষাযন্ত্র পূর্ণ আছে, ও কুণ্ড সকল উথলিতেছে; তাহাদের মহাপাতক ১৪ আছে। দণ্ড উপত্যকাতে অনেক২ লোক থাকিবে, এবং দণ্ড উপত্যকাতে পরমেশ্বরের বিচারদিন ১৫ উপস্থিত হইবে। তৎকালে চন্দ্র ও সূর্য্য অন্ধকারময় হইবে, ও নক্ষত্রগণ আপন ২ তেজ হরণ করিবে। ১৬ এবং পরমেশ্বর সিয়োনে থাকিয়া গর্জ্জন করিয়া যিরূশালমের মধ্যহইতে আপন হুঙ্কার শুনাইবেন, তাহাতে আকাশ ও পৃথিবী কম্পিতা হইবে; কিন্তু পরমেশ্বর আপন লোকদের প্রতি আশ্রয়স্বরূপ ও ইস্রায়েল বংশের প্রতি দুর্গস্বরূপ হইবেন। ১৭ তাহাতে আমি যে আপন পবিত্র পর্ব্বত নিবাসি তোমাদের প্রভু পরমেশ্বর, তাহা তোমরা এই রূপে জ্ঞাত হইবা; তখন যিরূশালম পবিত্র হইবে; তাহার মধ্যদিয়া আর কোন বিদেশি লোক যাইবে না।

১৮ সেই সময়ে পর্ব্বতগণহইতে দ্রাক্ষারসের স্রোত বহিবে, ও উপপর্ব্বতগণহইতে দুগ্ধের † স্রোত বহিবে, এবং যিহূদার তাবৎ নদী জলেতে পরিপূর্ণ হইবে, এবং পরমেশ্বরের মন্দিরের মধ্যহইতে এক উনুইর জল নির্গত হইবে, ও তাহাদ্বারা শিটীমের উপত্যকা সেচিত হইবে। ১৯ এবং যিহূদা বংশের উপদ্রবেতে মিসর্‌দেশ উচ্ছিন্ন হইবে, ও ইদোম্‌ দেশ নরশূন্য ও অরণ্য হইবে, কেননা তাহারা আপন ২ দেশে ২০ নির্দ্দোষির রক্তপাত করিয়াছে। কিন্তু যিহূদা চিরকাল ও যিরূশালম্‌ পুরুষানুক্রমে থাকিবে। ২১ এবং সিয়োন নিবাসি পরমেশ্বর যে আমি, আমি তাহাদের যে রক্তের পরিষ্কার না করিয়াছি, তাহার পরিষ্কার করিব।

[৯-১১] যিহি ৩৮; ৪-৭,১৬,১৭। সিখ ১৪; ২,৩।।—[১৩,১৪] প্র ১৪; ১৫-২০।।—[১৫] যোয় ২; ৩০,৩১।।—[১৬] যিহি ৩৯; ১৮-২৩। সিখ ১৪; ৩। হগ ২; ৬।—[১৭] যোয় ২; ২৭। যিহি ৩৯; ২১,২২। সিখ ১৪; ২১। প্র ২১; ২৭।। [১৮] আম ৯; ১৩। যিহি ৪৭; ১-১২। সিখ ১৪; ৮। প্র ২২; ১।—[১৯] যিশ ৩৪। যিহি ৩৫। ওব।—[২০] আম ৯; ১৫।—[২১] যিশ ৪; ৪। প্র ২১; ৩।।

* (বা) একত্র হইয়া। † (বা) দধির।

আমোসের ভবিষ্যদ্বাক্য।

---

১ অধ্যায়।

১ অরামীয় ও পিলেষ্টীয় ও সোরীয় ও ইদোমীয় ও অম্মোনীয় লোকদের বিরুদ্ধে দণ্ডের ভবিষ্যদ্বাক্য।

১ যিহূদার উষিয় রাজের অধিকার সময়ে ও ইস্রায়েলের যোয়াশ্‌ রাজের পুত্র যারবিয়ামের অধিকার সময়ে ভূকম্পের দুই বৎসর পূর্ব্বে তিকোয়ের গোপালকদের মধ্যবর্ত্তি আমোস্‌ ইস্রায়েলের বিষয়ে দর্শন পাইয়া এই সকল কথা কহিল। ২ পরমেশ্বর সিয়োনে থাকিয়া গর্জ্জন করিবেন, ও যিরূশালমের মধ্যহইতে আপন হুঙ্কার শুনাইবেন; তাহাতে মেষপালকদের চরণস্থান শোকান্বিত হইবে ও কর্ম্মিলের উপরিস্থ ভাগ শুষ্ক হইবে।

৩ পরমেশ্বর এই কথা কহেন, আমি দম্মেষক লোকদের তিন বরং চারি পাপ প্রযুক্ত তাহাদের দণ্ড নিবারণ * করিব না, কেননা তাহারা লৌহময় শস্যমর্দ্দনযন্ত্রে গিলিয়দের লোককে মর্দ্দন করিয়াছে।

[১ অধ্য; ১] হো ১; ১; ২ বং ২০; ২০। আম ৭; ১৪।।—[২] যোয় ৩; ১৬।।—[৩-৫] যিশ ৭; ৮। ১৭; ১-৭। যির ৪৯; ২৩-২৭।।—[৩] ২ রা ১০; ৩২,৩৩। ১৩; ৭।।

* (বা) পরিবর্ত্তন বা শান্তি।

৪ কিন্তু আমি হসায়েলের গৃহে অগ্নি প্রদান করিয়া ৫ বিন্‌হদদের রাজধানী দগ্ধ করিব। আমি দম্মেষকের অর্গল ভাঙ্গিব ও আবনের উপত্যকা নিবাসিদিগকে ও বৈথেদনের রাজদণ্ডধারিকে উচ্ছিন্ন করিব; পরমেশ্বর কহেন, অরামের লোকেরা বন্দি হইয়া কীর নগরে যাইবে।

৬ পরমেশ্বর কহেন, আমি অসার লোকদের তিন বরং চারি পাপ প্রযুক্ত তাহাদের দণ্ড নিবারণ করিব না, কেননা তাহারা ইদোমের কাছে সমর্পণ ৭ করিতে তাবৎ বন্দিকে লইয়া গেল। কিন্তু আমি অসার প্রাচীরে অগ্নি দিয়া তাহার রাজধানী দগ্ধ ৮ করিব। এবং আমি অস্‌দোদ্ নিবাসিদিগকে ও অস্কিলোনের রাজদণ্ডধারিকে উচ্ছিন্ন করিব; প্রভু পরমেশ্বর কহেন, আমি ইক্রোণ্ নগরের বিপক্ষে আপন হস্ত বিস্তার করিব, এবং পিলেষ্টীয়দের অবশিষ্ট লোকেরাও বিনষ্ট হইবে।

৯ পরমেশ্বর কহেন, আমি সোরের লোকদের তিন বরং চারি পাপ প্রযুক্ত তাহাদের দণ্ড নিবারণ করিব না, কেননা তাহারা ভ্রাতৃনিয়ম স্মরণ না করিয়া তাবৎ বন্দিকে ইদোমের হস্তে সমর্পণ করিল। ১০ অতএব আমি সোরের প্রাচীরে অগ্নি দিয়া তাহার রাজধানী দগ্ধ করিব।

১১ পরমেশ্বর কহেন, আমি ইদোমের তিন বরং চারি পাপ প্রযুক্ত তাহাদের দণ্ড নিবারণ করিব না; কেননা সে খড়্গদ্বারা আপন ভ্রাতাকে তাড়না করিল, কিছু চক্ষুর্লজ্জা করিল না; সে নিত্য২ ক্রোধদ্বারা তাহাকে বিদীর্ণ করিল ও সর্ব্বদা আপন ক্রোধ পালন ১২ করিল। কিন্তু আমি তৈমন নগরে অগ্নি দিয়া বস্রার রাজধানী দগ্ধ করিব।

১৩ পরমেশ্বর কহেন, আমি অম্মোন বংশীয়দের তিন বরং চারি পাপ প্রযুক্ত তাহাদের দণ্ড নিবারণ করিব না; কেননা তাহারা আপন২ সীমা বৃদ্ধি করণার্থে গিলিয়দের গর্ব্ভবতীদের উদর বিদীর্ণ ১৪ করিল। অতএব আমি রব্বার প্রাচীরে অগ্নি দিয়া যুদ্ধের দিনে মহানাদ ও ঘূর্ণবায়ুর দিনে প্রচণ্ড ১৫ ঝড়দ্বারা তাহার রাজধানী দগ্ধ করিব। পরমেশ্বর কহেন, তাহার রাজা ও তাহার অধ্যক্ষগণ একত্র বন্দী হইয়া অন্যদেশে যাইবে।

২ অধ্যায়।

১ মোয়াব ও যিহূদা ও ইস্রায়েল লোকদের বিরুদ্ধে দণ্ডের ভবিষ্যদ্বাক্য ও তাহাদের অকৃতজ্ঞতা প্রযুক্ত তাহাদের প্রতি পরমেশ্বরের অনুযোগ।

১ পরমেশ্বর কহেন, আমি মোয়াব্ লোকদের তিন বরং চারি পাপ প্রযুক্ত তাহাদের দণ্ড নিবারণ করিব না; কেননা তাহারা ইদোমের রাজার অস্থি ২ দগ্ধ করিয়া চূর্ণ করিল। অতএব আমি মোয়াবে অগ্নি দিয়া কিরিয়োতের রাজধানী দগ্ধ করিব; তাহাতে কোলাহল ও জনরব ও তূরীধ্বনিতে মোয়াবের লোকেরা প্রাণত্যাগ করিবে। ৩ পরমেশ্বর কহেন, আমি তাহার কর্ত্তাকে উচ্ছিন্ন করিব, এবং তাহার সহিত তাহার তাবৎ অধ্যক্ষকেও সংহার করিব।

৪ পরমেশ্বর কহেন, আমি যিহূদা বংশের তিন বরং চারি পাপ প্রযুক্ত তাহার দণ্ড নিবারণ করিব না; কেননা তাহারা পরমেশ্বরের ব্যবস্থা তুচ্ছ করিল, ও তাঁহার আজ্ঞা পালন করিল না, এবং তাহাদের পূর্ব্বপুরুষেরা যে মিথ্যাদেবগণের অনুগামী হইল, ৫ তদ্দ্বারা তাহারাও ভ্রান্ত হইল। অতএব আমি যিহূদাতে অগ্নি দিয়া যিরূশালমের রাজধানী দগ্ধ করিব।

৬ পরমেশ্বর কহেন, আমি ইস্রায়েল বংশের তিন বরং চারি পাপ প্রযুক্ত তাহার দণ্ড নিবারণ করিব না; কেননা তাহারা রূপার নিমিত্তে ধার্ম্মিককে, ও পাদুকার নিমিত্তে দরিদ্রকে বিক্রয় করে। ৭ তাহারা দরিদ্রের মস্তক ধূলিতে আচ্ছন্ন করিতে উদ্‌যোগী হয়, ও দুঃখি লোকদের প্রতি অন্যায় করে, এবং আমার পবিত্র নাম অপবিত্র করণার্থে ৮ পিতা ও পুত্র এক স্ত্রীতে গমন করে। এবং সর্ব্বপ্রকার বেদির কাছে বন্ধক বস্ত্রের উপরে শয়ন করে, ও আপন২ দেবমন্দিরে অন্যায়ে * প্রাপ্ত দ্রাক্ষারস পান করে।

৯ এরস্ বৃক্ষবৎ দীর্ঘ ও অলোন্ বৃক্ষবৎ দৃঢ় ইমোরীয় লোককে আমি তাহাদের সম্মুখে বিনষ্ট করিলাম, এবং উপরহইতে তাহার ফল ও অধোহইতে ১০ তাহার মূল বিনষ্ট করিলাম। এবং আমি ইমোরীয়দের দেশাধিকার পাইবার জন্যে তোমাদিগকে মিসরদেশহইতে আনিয়া চল্লিশ বৎসর পর্য্যন্ত অর১১ ণ্যের মধ্যে লইয়া গেলাম। এবং তোমাদের বংশের মধ্যহইতে ভবিষ্যদ্বক্তৃগণকে, ও যুবগণের মধ্যহইতে নাসরীয় লোককে উৎপন্ন করিলাম। পরমেশ্বর কহেন, হে ইস্রায়েল বংশ, আমি কি এই

[৪] প ৭, ১০,১২,১৪। আম ২; ২,৫॥—[৫] ২ রা ১৬; ৯॥—[৬-৮] যিশ ১৪; ২৯-৩২। যির ৪৭। যিহি ২৫; ১৫-১৭॥ [৬]প ৯। ২ বং ২৮; ১৮॥—[৯,১০]যিশ ২৩। যিহি ২৬।২৭।২৮॥—[৯]প ৬॥—[১১,১২]যিশ ৩৪। ৬৩; ১। যির ৪৯; ৭-২২। যিহি ২৫; ১২-১৪। ৩৫। ওব॥—[১১]দ্বি ২; ৫। ২৩; ৭॥—[১৩-১৫]যির ৪৯; ১-৬। যিহি ২১; ২৮। ২৫; ৩-১১। সিফ ২; ৮-১১। [২ অধ্যা; ১-৩] যিশ ১৫। ১৬। যির ৪৮। যিহি ২৫; ৮-১১। সিফ ২; ৮-১১॥—[১] ২ বং ১৮; ১৩॥—[২]গ ২৪; ১৭॥ [৪,৫] ২ বং ৩৬; ১৪-১৯॥—[৫] হো ৮; ১৪॥—[৬] আম ৮; ৬॥—[৮] যা ২২; ২৬,২৭॥—[৯]দ্বি ২; ৩১। ৩; ১১॥ [১০] গী ৩০৫; ২৬-৪৪॥—[১১] গ ৬॥

* (বা) দণ্ড্য লোকের ধনেতে।

১২ সকল করি নাই? কিন্তু তোমরা নাসরীয় লোককে দ্রাক্ষারস পান করিতে দিয়াছ, এবং ভবিষ্যদ্বক্তাদিগকে ভবিষ্যদ্বাক্য কহিতে নিষেধ করিয়াছ।
১৩ অতএব যেমন গোমের আটির ভারে শকট ভারগ্রস্ত হয়, তদ্রূপ আমি তোমাদিগকে দণ্ডের ভারে
১৪ ভারগ্রস্ত করিব। তৎকালে বেগবানের পলায়নশক্তি থাকিবে না, ও বলবান বলেতে স্থির হইবে না,ও বীর লোক আপনাকে উদ্ধার করিতে পারিবে
১৫ না। এবং ধনুর্দ্ধর দণ্ডায়মান হইতে পারিবে না, ও দ্রুতগামি লোক আপনাকে মুক্ত করিতে পারিবে না, এবং অশ্বারূঢ় লোকও আপন প্রাণকে
১৬ নিস্তার করিতে পারিবে না। পরমেশ্বর কহেন, বীরগণের মধ্যে যে জন সাহসিচিত্ত, সেই দিনে সেও উলঙ্গ হইয়া পলায়ন করিবে।

৩ অধ্যায়।

১ ইস্রায়েলের দণ্ডের আবশ্যকতা জ্ঞাপন ৯ ও সেই দণ্ডের বর্ণনা ও তাহার কারণ কথা।

১ হে ইস্রায়েল বংশ, পরমেশ্বর তোমাদের বিরুদ্ধে অর্থাৎ মিসরদেশহইতে আপনার আনীত সকল বংশের বিরুদ্ধে এই যে কথা কহেন, তাহা শুন।
২ আমি পৃথিবীস্থ তাবৎ জাতির মধ্যে কেবল তোমাদিগকে মনোনীত করিলাম,এই জন্যে আমি তোমা-
৩ দের পাপপ্রযুক্ত তোমাদিগকে শাস্তি দিব। একপরামর্শী না হইলে কি দুই জন একত্র গমন করিতে
৪ পারে? এবং অরণ্যস্থ সিংহ পশু না পাইয়া কি গর্জ্জন করে? ও বাসস্থিত যুবসিংহ কোন পশু না
৫ ধরিয়া কি হুঙ্কার করে? যে ভূমিতে কল পাতা নাই, সেখানে কি পক্ষী ফাঁদে পড়িবে? ও ভূমি-
৬ স্থিত কলে কিছু না পড়িলে কি কল ছুটিবে? এবং নগরের মধ্যে যুদ্ধের তূরী বাজিলে লোকেরা কি ভীত হইবে না? এবং পরমেশ্বর না ঘটাইলে কি
৭ নগরের মধ্যে অমঙ্গল ঘটিতে পারে? প্রভু পরমেশ্বর আপন সেবক ভবিষ্যদ্বক্তৃগণের নিকটে গুপ্ত পরামর্শ জ্ঞাত না করিয়া কখনো কিছু করেন না।
৮ সিংহ গর্জ্জিলে কে ভয় করিবে না? এবং প্রভু পরমেশ্বর কথা কহিলে কে ভবিষ্যদ্বাক্য কহিবে না?
৯ তোমরা অস্দোদের রাজধানীতে ও মিসরদেশীয় রাজধানীতে প্রচার করিয়া কহ, তোমরা সকলে শোমিরোণের পর্ব্বতের উপরে একত্র হইয়া তাহার মধ্যে অত্যন্ত কলহ ও উপদ্রুত লোকদিগকে দেখ।
১০ পরমেশ্বর কহেন, তাহারা সৎকর্ম্ম করিতে না জানিয়া রাজধানীতে চৌর্য্য ও লুট দ্রব্য সঞ্চয় করে।
১১ অতএব প্রভু পরমেশ্বর কহেন, শত্রু দেশকে বেষ্টন করিয়া তোমার বল হ্রাস করিবে ও তোমার রাজধানীতে লুট করিবে। পরমেশ্বর কহেন, যেমন মেষ-
১২ পালক সিংহের মুখহইতে দুই পদ কিম্বা কর্ণের এক খণ্ডও উদ্ধার করে, তদ্রূপ শোমিরোণস্থ ইস্রায়েলের বংশ শয্যার কোণে কিম্বা খট্টার সুন্দর বস্ত্রে নীত হইবে। সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর এই
১৩ কথা কহেন, তোমরা ইহা শুনিয়া যাকূব্ বংশকে সাক্ষ্য দেও। আমি যে দিনে ইস্রায়েলের পাপের
১৪ প্রতিফল দিব, সেই দিনে বৈথেলের বেদিরও প্রতিফল দিব, ও সেই বেদির চূড়া ভগ্ন হইয়া ভূমিতে পড়িবে। পরমেশ্বর কহেন, আমি তাহাদের শীত-
১৫ কালের গৃহ ও গ্রীষ্মকালের গৃহ ভগ্ন করিব, ও তাহাদের হস্তিদন্তের গৃহ ভগ্ন হইবে, ও বৃহৎ২ গৃহ ভূমিসাৎ হইবে।

৪ অধ্যায়।

১ ঔদ্ধত্যের জন্যে ইস্রায়েলের প্রতি অনুযোগ ৪ ও দেবপূজার জন্যে অনুযোগ ৬ ও মনের কাঠিন্যপ্রযুক্ত অনুযোগ।

১ হে শোমিরোণ পর্ব্বতস্থিত বাশনের গাবীগণ, পরমেশ্বরের কথা শুন; তোমরা দরিদ্রগণের প্রতি উপদ্রব করিয়া দীনহীনকে নিষ্পীড়ন করিয়া আপনাদের প্রভুগণকে* এই কথা বল, তোমরা† পানীয় দ্রব্য
২ লইয়া আইস, আমরা পান করি। প্রভু পরমেশ্বর আপন পবিত্রতাতে শপথ করিয়া কহেন, যে সময়ে আমি আকর্ষণীদ্বারা তোমাদিগকে ও বড়শীদ্বারা তোমাদের পরপুরুষগণকে লইব, দেখ, এমত সময়
৩ উপস্থিত হইবে। পরমেশ্বর কহেন,তৎকালে তোমরা প্রত্যেক জন রাজধানী ত্যাগ‡ করিয়া সম্মুখস্থ ভগ্ন স্থান দিয়া পলায়ন করিবা।

৪ তোমরা বৈথেলে যাইয়া পাপ কর, ও গিল্গলে পাপের বৃদ্ধি কর, এবং প্রতি প্রভাতে আপনাদের বলিদান কর, ও তিন বৎসরান্তে আপনাদের দশ-
৫ মাংশ উৎসর্গ কর। ও প্রশংসার্থে তাড়ীযুক্ত বলি দগ্ধ কর, এবং স্বেচ্ছাতে দত্ত উপহারের বিষয় জানাইয়া প্রচার কর, কেননা প্রভু পরমেশ্বর কহেন, হে ইস্রায়েল্ বংশ, তোমরা এই প্রকার করিতেই ভাল বাস।

৬ পরমেশ্বর কহেন, আমি তোমাদের সকল নগরে দুর্ভিক্ষ‖ ও তোমাদের সকল স্থানে ভক্ষ্যাভাব দি-
৭ লাম,তথাপি তোমরা আমার প্রতি ফিরিলা না। পরমেশ্বর কহেন, শস্য পক্ক হওনের তিন মাস পূর্ব্বে আমি তোমাদের হইতে বৃষ্টি নিবারণ করিলাম, এবং এক নগরে বৃষ্টি ও অন্য নগরে অনাবৃষ্টি করিলাম, তাহাতে এক ক্ষেত্র বৃষ্টিতে সিক্ত ও অন্য

[৩ অধ্য; ২] দ্বি ৭; ৬। গী ১৪৭; ১৯,২০॥—[৭] আ ১৮; ১৭॥—[১১] ২ রা ১৭; ৩-৬। ১৮; ৯-১২॥—[১৫] ২ রা ২২; ৩৯॥
[৪ অধ্য; ১] গী ২২; ১২॥—[৪] আম ৫; ৫। দ্বি ১২; ১০-১৪। ১৪; ২২-২৯॥—[৫] লে ২; ১১॥—[৬] লে ২৬; ২৬॥—[৭] দ্বি ২৮; ২৩,২৪॥

* (বা) রাজাকে। † (বা) তুমি। ‡ (বা) উচ্চস্থানে বা হর্ম্মোনে নিক্ষিপ্ত হওনার্থে। ‖ (ইব্রী) দন্তের শুচিতা।

৮ ক্ষেত্রের তৃণ বৃষ্টির অভাবে শুষ্ক হইল; এবং দুই তিন নগরস্থ লোক জল পানার্থে অন্য এক নগরে গেল, কিন্তু কেহ তৃপ্ত হইল না; তথাপি তোমরা ৯ আমার প্রতি ফিরিলা না। পরমেশ্বর কহেন, আমি চিটা ও তেজোহীন শস্যদ্বারা তোমাদের শাসন করিলাম, এবং তোমাদের উদ্যান ও দ্রাক্ষাক্ষেত্র ও উদুম্বরবৃক্ষ ও জিতবৃক্ষ সমূহ গাসম্ কীটদ্বারা ভক্ষণ করাইলাম; তথাপি তোমরা আমার প্রতি ফিরিলা ১০ না। পরমেশ্বর কহেন, আমি তোমাদের মধ্যে মিসর্-দেশের মহামারীর ন্যায় মহামারী পাঠাইলাম, এবং তোমাদের যুবগণকে খড়্গদ্বারা বধ করাইলাম, ও তোমাদের অশ্বগণকে অপহরণ করাইলাম, ও তোমাদের নাসিকাতে তোমাদের শিবিরের দুর্গন্ধ প্রবেশ করাইলাম; তথাপি তোমরা আমার প্রতি ১১ ফিরিলা না। পরমেশ্বর কহেন, ঈশ্বর যেমন সিদোম ও অমোরাকে উচ্ছিন্ন করিলেন, তদ্রূপ আমিও তোমাদের কতক স্থানকে উচ্ছিন্ন করিলাম; তোমরা অগ্নির মধ্যহইতে আকৃষ্ট দগ্ধ কাষ্ঠের ন্যায় হইলা; ১২ তথাপি তোমরা আমার প্রতি ফিরিলা না। হে ইস্রায়েল, আমি তোমাদের প্রতি এই রূপ ব্যবহার করি, ও তোমাদের প্রতি এমত ব্যবহার করিব; এই নিমিত্তে হে ইস্রায়েল, এখন আপন ঈশ্বরের ১৩ সহিত সাক্ষাৎ করিতে প্রস্তুত হও। কেননা দেখ, তিনি পর্ব্বতের নির্ম্মাণকর্ত্তা ও বায়ুর সৃষ্টিকর্ত্তা ও মানুষের চিন্তার বিষয় প্রকাশকর্ত্তা, এবং তিনি অরুণকালকে অন্ধকারময় করেন ও পৃথিবীর উচ্চস্থানে গমন করেন, ও তাঁহার নাম সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর।

৫ অধ্যায়।

১ ইস্রায়েলের জন্যে ভবিষ্যদ্বক্তার বিলাপ ৪ ও মন ফিরাইতে বিনয় বাক্য ২১ ও কাল্পনিক সেবা ঈশ্বরের অগ্রাহ্য হওনের কথা।

১ হে ইস্রায়েল বংশ, আমি তোমাদের বিরুদ্ধে যে ২ বাক্য অর্থাৎ বিলাপ প্রকাশ করি, তাহা শুন। ইস্রায়েলের কন্যা পতিতা হইয়া আর উঠিবে না; সে আপন দেশে নিপাত হইবে, তাহাকে উঠাইতে কেহ ৩ থাকিবে না। কেননা প্রভু পরমেশ্বর এই কথা কহেন, ইস্রায়েল বংশের মধ্যে যে নগরের লোকেরা সহস্র হইয়া বহির্গত হয়, তাহার এক শত অবশিষ্ট থাকিবে; ও যাহার লোকেরা এক শত হইয়া বহির্গত হয়, তাহার দশ জন অবশিষ্ট থাকিবে।

৪ পরমেশ্বর ইস্রায়েল বংশকে এই কথা কহেন, তোমরা আমার অন্বেষণ কর, তাহাতে সজীব ৫ হইবা; কিন্তু বৈথেলের অন্বেষণ করিও না, ও গিল্‌গলে প্রবেশ করিও না, ও বের্শেবাতে যাইও না; কেননা গিল্‌গলের লোকেরা অবশ্য বন্দী হইয়া যাইবে, ও বৈথেলের লোকেরা অসার হইবে। ৬ পরমেশ্বরের অন্বেষণ কর, তাহাতে সজীব হইবা; নতুবা তিনি যূষফের বংশে অগ্নিবৎ প্রবেশ করিয়া তাহা দগ্ধ করিবেন, তাহা নির্ব্বাণ করিতে বৈথেলে ৭ কেহ থাকিবে না। তোমরা ন্যায়কে পিত্তবৎ করি-৮ তেছ, ও ধর্ম্মকে ভূমিতে নিক্ষেপ করিতেছ। যিনি কীর্ত্তিকার ও মৃগশীর্ষের সৃষ্টি করেন, ও মৃত্যুরূপ রাত্রি প্রভাত করেন, ও দিনকে রাত্রির ন্যায় অন্ধকারময় করেন, ও সমুদ্রের জলকে আহ্বান করিয়া পৃথিবীতে নিক্ষেপ করেন, ও পরমেশ্বর ৯ নাম ধরেন, তিনি বলবানের প্রতি বিনাশ ঘটান, ১০ তাহাতে দুর্গেতে বিনাশ উপস্থিত হয় *। তোমরা বিচারস্থানে অনুযোগকারিদিগকে ঘৃণা করিতেছ, ১১ ও যথার্থবাদিদিগকে দ্বেষ করিতেছ। এবং তোমরা দরিদ্রকে পদতলে দলিতেছ, ও তাহাহইতে গোম-রূপ কর গ্রহণ করিতেছ; অতএব তোমরা খোদিত প্রস্তরের গৃহ নির্ম্মাণ করিলেও তাহাতে বাস করিতে পাইবা না, ও রম্য দ্রাক্ষাক্ষেত্র রোপণ করিলেও তাহার উৎপন্ন রস পান করিতে পাইবা না। ১২ কেননা তোমাদের বহুবিধ পাপ ও মহা অপরাধ সকল আমি জানি; তোমরা ধার্ম্মিকগণকে ক্লেশ দেও, ও উৎকোচ গ্রহণ কর; এবং বিচারস্থানে ১৩ দরিদ্রদের প্রতি অন্যায় কর। এই নিমিত্তে এমন কালে পরিণামদর্শী লোক নীরব হইয়া থাকে, ১৪ কেননা সেই দুঃসময়। তোমরা মন্দ কর্ম্ম অন্বেষণ না করিয়া জীবন ভোগার্থে সৎকর্ম্মের অন্বেষণ কর, তাহাতে তোমাদের বাক্যানুসারে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর নিতান্ত তোমাদের সহবর্ত্তী হইবেন। ১৫ তোমরা মন্দ কর্ম্ম ঘৃণা করিয়া ভাল কর্ম্মে শ্রদ্ধা কর ও বিচারস্থানে সুবিচার স্থির কর; তাহাতে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর যূষফের অবশিষ্টের প্রতি দয়া করিবেন, ১৬ এমত হইতে পারে। সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, সকল পথে বিলাপ ও সকল রাজমার্গে হাহাকার হইবে, তাহারা কৃষককে শোক করিতে ও বিলাপজ্ঞদিগকে বিলাপ করিতে আহ্বান করিবে। ১৭ এবং সকল দ্রাক্ষাক্ষেত্রে রোদন হইবে, কেননা পরমেশ্বর কহেন, আমি তোমাদের মধ্যদিয়া গমন করিব। ১৮ হায় ২ পরমেশ্বরের দিন আকাঙ্ক্ষিগণ, সেই দিনে তোমাদের কি হইবে? পরমেশ্বরের দিন অন্ধকারময় ও দীপ্তিরহিত হইবে। ১৯ যেমন কোন মনুষ্য সিংহহইতে পলাইয়া ভল্লূকের সম্মুখে পড়ে, কিম্বা

[৯] দ্বি ২৮; ২২॥—[১০] দ্বি ২৮; ২৭,৬০॥—[১১] আ ১৯; ২৪,২৫॥
[৫ অধ্যা; ৫] আম ৪; ৪॥—[৭] ৬; ১২। হো ১০; ৪॥—[৮] যুব ৯; ৯। ৩৮; ৩১॥—[১১] দ্বি ২৮; ৩০, ৩৯॥
[১৭] যা ১২; ১২॥—[১৮] যিশ ৫; ১৯॥

* (বা) তিনি লুটিত লোককে বলবানের বিরুদ্ধে সবল করেন, তাহাতে লুটিত লোক দুর্গ আক্রমণ করিতে পারে।

গৃহে প্রবেশ করিয়া ভিত্তিতে হস্তার্পণ করিলে
২০ সর্প তাহাকে দংশন করে, তদ্রূপ হইবে। পরমেশ্বরের দিন কি অন্ধকারময় ও আলোরহিত নয়? এবং ঘোর অন্ধকার ও তেজোহীন নয়?
২১ আমি তোমাদের পর্ব্ব ঘৃণা করি ও তাহা তুচ্ছ করি, আমি তোমাদের কার্য্যত্যাগ দিনের গন্ধ ঘ্রাণ করিব
২২ না। তোমরা হোম ও নৈবেদ্য আমাকে নিবেদন করিলেও আমি তাহা গ্রাহ্য করিব না, এবং তোমাদের পুষ্ট পশুরূপ মঙ্গলার্থক বলিও লইব না।
২৩ আমার নিকটহইতে আপনাদের গানের শব্দ দূর কর, আমি তোমাদের বীণার সুস্বর আর শুনিব না।
২৪ এবং ন্যায় জলবৎ ও ধর্ম্ম চিরস্থায়ি স্রোতের
২৫ ন্যায় বহন করুক। হে ইস্রায়েল বংশ, তোমরা চল্লিশ বৎসর পর্য্যন্ত মহাপ্রান্তরে থাকিয়া যে সকল বলিদান ও নৈবেদ্যাদি উৎসর্গ করিলা, তাহা কি
২৬ কেবল আমার উদ্দেশে করিলা? তাহা নহে, কিন্তু তোমরা আপনাদের মোলক নামে দেবতার তাম্বু ও আপনাদের কিয়ূন্‌ নামে দেবতার নক্ষত্র, এই যে প্রতিমূর্ত্তি (সেবার্থে) নির্ম্মাণ করিলা, তাহা উঠাইয়া
২৭ লইলা *। অতএব সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর কহেন, আমি দম্মেষকের ওপারে তোমাদিগকে বন্দী করিয়া লইয়া যাইব।

৬ অধ্যায়।

১ ইস্রায়েল লোকদের সুখভোগ করন ৮ ও তাহাদের ভাবিদণ্ডের কথা।

১ যাহারা সিয়োন পর্ব্বতে নির্ব্বিঘ্নে থাকে ও শোমিরোণ পর্ব্বতে আশ্রয় করে, এবং শ্রেষ্ঠ দেশীয় লোকদের মধ্যে প্রধানরূপে গণিত হয়, ও ইস্রায়েল বংশ যা-
২ হাদের শরণাগত, তাহাদের সন্তাপ হইবে। তোমরা কল্নীতে যাইয়া দেখ, ও তথাহইতে বড় হমাতে যাও, কিম্বা পিলেষ্টীয়দের গাতে নাম; তাহাদের রাজ্য কি এই সকল রাজ্যহইতেও উত্তম? ও তাহাদের ভূমি
৩ কি তোমাদের ভূমিহইতে শ্রেষ্ঠ? তোমরা আপন২ নিকটহইতে বিপদের দিন দূর করিয়া থাক, ও
৪ অন্যায়ের কর্ম্ম † নিকটবর্ত্তি করিয়া থাক। এবং হস্তিদন্তের শয্যাতে শয়ন কর, ও খট্টার উপরে আপন শরীর লম্বমান কর, এবং পালের মধ্যহইতে মেষশাবকদিগকে ও গোষ্ঠের মধ্যহইতে গোবৎসদি-
৫ গকে আনিয়া ভোজন কর। ও বীণাযন্ত্রে গান কর ও
৬ দায়ূদের ন্যায় আপনাদের নিমিত্তে বাদ্য নির্ম্মাণ কর। ও পবিত্র পাত্রে দ্রাক্ষারস পান কর, এবং শ্রেষ্ঠ সৌগন্ধি দ্রব্য গাত্রে লেপন কর, কিন্তু যূষফের দুঃখের
৭ বিষয়ে খেদ কর না, এই জন্যে তোমরা অন্যদেশে গমনকারি বন্দিদের সহিত বন্দী হইয়া অন্যদেশে যাইবা, ও গাত্রলম্বকারিদের জয়ধ্বনি ‡ লুপ্ত হইবে।
৮ প্রভু পরমেশ্বর আপন নাম লইয়া শপথ করেন, ও সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর এই কথা কহেন, আমি যাকূবের শ্রেষ্ঠতা অবজ্ঞাকারী ও তাহার রাজধানী ঘৃণাকারী; আমি নগর ও তন্মধ্যস্থিত
৯ তাবৎ লোককে পরহস্তগত করিব। তাহাতে এক
১০ গৃহে দশ জন থাকিলে সকলেই মরিবে। এবং কোন মানুষের পিতৃব্য ও শবদাহকারী গৃহহইতে অস্থি বাহির করণার্থে তাহাকে লইয়া কুঠরীস্থ ব্যক্তিকে জিজ্ঞাসা করিবে, আর কেহ কি তোমার এখানে আছে? তাহাতে সে উত্তর করিবে, কেহ না, তখন সে কহিবে, নীরব হও; পরমেশ্বরের নামের
১১ উচ্চারণ কর্ত্তব্য নহে ‖। পরমেশ্বর আজ্ঞা করিয়া বৃহৎ গৃহ ভগ্ন করিবেন, ও ক্ষুদ্র গৃহ ফাটাইবেন।
১২ অশ্বগণ কি পর্ব্বতে দৌড়িতে পারে? ও সেখানে কি বলদদ্বারা চাস হইতে পারে? তোমরা ন্যায়কে নাগদানাতুল্য কর ও ধর্ম্মের ফলকে পিত্তবৎ কর।
১৩ এবং অসারতাতে আনন্দ করিয়া এই কথা কহ, আমরা কি আপনাদের বলেতে রাজত্ব § হরণ করি
১৪ নাই? হে ইস্রায়েল বংশ, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি তোমাদের বিরুদ্ধে এক দেশীয় লোককে উঠাইব, তাহাতে তাহারা হমাতে প্রবেশস্থানহইতে মহাপ্রান্তরের নদী পর্য্যন্ত তোমাদিগকে ক্লেশ দিবে।

৭ অধ্যায়।

১ ফড়িঙ্গের দর্শন কথা ৪ ও অগ্নির কথা ৭ ও ওলোনের কথা ১০ ও অমৎসিয়দ্বারা আমোসের অপবাদ ১৪ ও আমোসের উত্তর ১৬ ও অমৎসিয়ের দণ্ড।

১ আমার প্রতি প্রভু পরমেশ্বরের এই দর্শন হইল; রাজার তৃণ কাটনের পরে যে তৃণ হয়, সেই পশ্চাৎ তৃণের বর্দ্ধনারম্ভকালে পরমেশ্বর পঙ্গপালদিগকে সৃষ্টি করিলেন।
২ এবং পঙ্গপাল দেশের তাবৎ তৃণ ভোজন করিলে আমি কহিলাম, হে প্রভো পরমেশ্বর, আমি বিনয় করি, ক্ষমা কর; যাকূব অতি ক্ষুদ্র, তা-
৩ হাকে কে উদ্ধার করিবে ¶? তাহাতে পরমেশ্বর তদ্বিষয়ে ক্ষান্ত হইয়া কহিলেন, ইহা হইবে না।
৪ পরে আমার প্রতি প্রভু পরমেশ্বরের এই দর্শন হইল, প্রভু পরমেশ্বর প্রতিফল দিবার জন্যে অগ্নিকে আহ্বান করিলে সে মহাসাগরকে গ্রাস করিতে
৫ লাগিল ও ক্ষেত্র গ্রাস করিতে লাগিল। তাহাতে আমি কহিলাম, হে প্রভো পরমেশ্বর, আমি বিনয়
৬ করি, ক্ষমা কর; যাকূব অতিক্ষুদ্র; তাহাকে কে উদ্ধার

[২০] প ১৮।—[২১-২৩] যিশ ১; ১১-১৬। ৬৬; ৩।—[২৫-২৭] প্রে ৭; ৪২,৪৩।

[৬ অধ্য; ২] যিশ ১০; ৯। ৩৬; ১৯।—[১২] আম ৫; ৭। দ্বি ২৯; ১৭। হো ১০; ৪।—[১৩] দ্বি ৩৩; ১৭।

* (বা) তোমরা সেবার্থে নির্ম্মিত আপনাদের রাজার তাম্বু ও প্রতিমাগণের আধার ও দেবতার নক্ষত্র উঠাইয়া লইলা।
† (ইব্রু) বসতি। ‡ (বা) ভোজ। ‖ (ইব্রু) স্মরণ করাইতে হয় না। § (ইব্রু) শৃঙ্গ। ¶ (বা) সে কিসেতে উঠিতে পারিবে?

৬ করিবে *? তাহাতে পরমেশ্বর তদ্বিষয়ে ক্ষান্ত হইয়া কহিলেন, ইহাও হইবে না।

৭ অপর আমাকে দেখাইলেন, প্রভু ওলোন হস্তে লইয়া ওলোনদ্বারা কৃত এক ভিত্তির উপরে ৮ দাঁড়াইলেন। এবং পরমেশ্বর আমাকে কহিলেন, হে আমোস্, তুমি কি দেখিতেছ? তাহাতে আমি কহিলাম, এক ওলোন দেখিতেছি; তখন প্রভু কহিলেন, দেখ; আমি আপন ইস্রায়েল লোকদের মধ্যে ওলোনসূত্র রাখিব, তাহাদিগকে আর কখনো ৯ ক্ষমা করিয়া যাইব না। এবং ইস্‌হাকের উচ্চস্থান অরণ্য হইবে, ও ইস্রায়েল্ বংশের পবিত্র স্থান সকল উচ্ছিন্ন হইবে, এবং আমি হস্তে খড়্গ লইয়া যারবিয়ামের বংশের বিরুদ্ধে উঠিব।

১০ তখন বৈথেলের যাজক অমৎসিয় ইস্রায়েলের যারবিয়াম্ রাজের কাছে কথা প্রেরণ করিয়া কহিল, আমোস্ ইস্রায়েল বংশের মধ্যে তোমার বিরুদ্ধে রাজদ্রোহ করিতেছে, রাজ্যের লোকেরা তাহার ১১ সকল কথা সহিতে পারে না। কেননা আমোস্ কহিতেছে, যারবিয়াম খড়্গে হত হইবে, ও ইস্রায়েল আপন দেশহইতে বন্দী হইয়া অন্যদেশে নীত হই- ১২ বে। এবং অমৎসিয় আমোস্‌কে কহিল, হে দর্শক, তুমি যাইয়া যিহূদাদেশে পলায়ন কর ও সেই স্থানে ১৩ ভক্ষণ কর ও সেই স্থানে ভবিষ্যদ্বাক্য কহ। কিন্তু বৈথেলে আর ভবিষ্যদ্বাক্য কহিও না, কেননা সে রাজার ধর্ম্মধাম ও রাজপুরী।

১৪ তখন আমোস্ অমৎসিয়কে উত্তর করিল, আমি ভবিষ্যদ্বক্তা ছিলাম না, এবং ভবিষ্যদ্বক্তার পুত্রও ছিলাম না, কিন্তু ডুম্বুরফল আহরণকারী গোপালক ১৫ ছিলাম। তাহাতে আমি পালের পশ্চাৎ যাইতেছিলাম, এমত সময়ে পরমেশ্বর আমাকে গ্রহণ করিলেন, ও পরমেশ্বর আমাকে এই কথা কহিলেন, যাও, আমার ইস্রায়েল বংশের কাছে ভবিষ্যদ্বাক্য প্রচার কর।

১৬ এখন তুমি পরমেশ্বরের এই কথা শুন, 'ইস্রায়েলের বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য কহিও না, ও ইস্‌হাক বংশের বিপরীতে বাক্য প্রয়োগ করিও না,' ১৭ তুমি ইহা কহিতেছ। এই নিমিত্তে পরমেশ্বর এই কথা কহেন, তোমার ভার্য্যা নগরের মধ্যে বেশ্যা হইবে, ও তোমার পুত্র কন্যাগণ খড়্গে পতিত হইবে, ও তোমার ভূমি রজ্জুদ্বারা বিভক্ত হইবে, এবং তুমি এক অশুচি দেশে মরিবা, এবং ইস্রায়েল বন্দী হইয়া আপন দেশহইতে অবশ্য অন্য দেশে নীত হইবে।

৮ অধ্যায়।

১ গ্রীষ্মকালের ফলের দৃষ্টান্ত ও তাৎপর্য্য ৪ ও উপদ্রব প্রযুক্ত ইস্রায়েলের প্রতি অনুযোগ ১১ ও ঈশ্বরের বাক্যাভাবরূপ দুর্ভিক্ষের ভবিষ্যদ্বাক্য।

১ পরে প্রভু পরমেশ্বর আমাকে গ্রীষ্মান্তের এক ২ পাত্র ফল দেখাইয়া কহিলেন, হে আমোস, তুমি কি দেখিতেছ? তাহাতে আমি কহিলাম, গ্রীষ্মান্তের এক পাত্র ফল; তখন পরমেশ্বর আমাকে কহিলেন, আমার ইস্রায়েল লোকের অন্তিমকাল উপস্থিত, আমি তাহাদিগকে আর কখনো ক্ষমা করিয়া ৩ যাইব না। প্রভু পরমেশ্বর কহেন, সে দিনে রাজধানীতে গানের কঠোর শব্দ হইবে, ও প্রচুর শব থাকিবে, ও লোকেরা নীরব হইয়া তাহাদিগকে সকল স্থানে নিক্ষেপ করিবে।

৪ হে দীনহীন লোক গ্রাসকারিগণ, হে দরিদ্র প্রজা ৫ লোপকারিগণ, তোমরা বলিয়া থাক, 'অমাবস্যা কখন্ গত হইবে? ও আমরা কখন্ শস্য বিক্রয় করিব? এবং বিশ্রামদিন কখন্ গত হইবে? ও আমরা কখন্ গোম বাহির করিব?' এবং ঐফা ক্ষুদ্র করিয়া শেকল ভারী করিয়া মিথ্যা তৌল করি- ৬ তেছ; এবং দরিদ্রকে রূপাতে, ও নির্ধনকে পাদুকাতে ক্রয় করিতেছ, ও ত্যাজ্য শস্য বিক্রয় করি- ৭ তেছ; অতএব তোমরা এই কথা শুন। পরমেশ্বর যাকুবের উন্নতি বিষয়ে এই শপথ করিয়া কহেন, আমি তাহাদের কোন কর্ম্ম কখন বিস্মৃত হইব না। ৮ এই সকলের নিমিত্তে কি দেশ কম্পিত হইবে না? ও তাহার নিবাসি সকল কি শোকান্বিত হইবে না? দেশ সমুদয় বন্যার ন্যায় উথলিবে, ও মিস্রীয় নদীর ৯ ন্যায় ঊর্দ্ধগামী † হইয়া অধোগত হইবে। প্রভু পরমেশ্বর এই কথা কহেন, সে দিনে আমি মধ্যাহ্নকালেই সূর্য্যকে অস্তগত করিব, এবং প্রচণ্ড দীপ্তির ১০ সময়ে দেশকে অন্ধকারময় করিব; ও তোমাদের উৎসবকে শোকের বিষয় করিব, ও তোমাদের গানকে বিলাপস্বরূপ করিব, ও তোমাদের কটিদেশে চট পরিধান করাইব, ও প্রত্যেকের মস্তকে টাক পড়াইব, ও অদ্বিতীয় পুত্রশোকের ন্যায় সে দিনের শোক করাইব, ও সেই দিনের শেষ অতি ক্লেশদায়ক হইবে।

১১ প্রভু পরমেশ্বর কহেন, আমি এই দেশে যে দিনে দুর্ভিক্ষ প্রেরণ করিব, এমত দিন আসিতেছে; তাহাতে অন্নাভাব কিম্বা জলাভাবরূপ দুর্ভিক্ষ হইবে তাহা নয়, কিন্তু পরমেশ্বরের বাক্য শ্রবণাভাব হইবে। ১২ লোকেরা এক সমুদ্র অবধি অন্য সমুদ্র পর্য্যন্ত, এবং

[৭ অধ্যা; ৮] ২ রা ২১; ১৩। যিশ ৩৪; ১১। আম ৮; ২। যা ১২; ১৩,২৭।।—[৯] ২ রা ১৫; ১০।।—[১০] ২ রা ১৪; ২৩।। [১৩] ১ রা ১২; ২৮-৩৩।।—[১৪] আম ১; ১।।—[১৭] দ্বি ২৮; ৩০।।
[৮ অধ্যা; ২] আম ৭; ৮।।—[৬] আম ২; ৬।।—[৮] ৯; ৫।।—[১০] যির ৬; ২৬।।

* (বা) সে কিসেতে উঠিতে পারে? † (ইব্রী) প্রচালিত বা নিক্ষিপ্ত।

উত্তরাবধি পূর্ব্ব পর্য্যন্ত ভ্রমণ করিয়া পরমেশ্বরের বাক্যের অন্বেষণ করিতে ইতস্ততো ধাবমান হইবে, ১৩ কিন্তু তাহা পাইবে না। সে দিনে সুন্দরী যুবতি ও ১৪ যুবকেরা তৃষ্ণাতে মূর্চ্ছিত হইবে। এবং যাহারা শোমিরোণের পাপ লইয়া শপথ করিয়া কহে, 'হে দান্ তোমার দেবতা অমর, ও হে বের্শেবা, তোমার দেবতা অমর', তাহারা পতিত হইবে, আর কখনো উঠিবে না।

৯ অধ্যায়।

১ ইস্রায়েলের ভাবিদণ্ডের কথা ১১ ও তাহাদের ভাবি মঙ্গলের কথা।

১ আমি হোমবেদির উপরে দণ্ডায়মান প্রভুকে দেখিলে তিনি আমাকে কহিলেন, তুমি মাথলাতে আঘাত করিয়া দ্বারের মূল লড়াও, এবং তাহা সকলের মস্তকে নিক্ষেপ কর; তাহাতে আমি তাহাদের অবশিষ্টকে খড়্গেতে বধ করিব; তাহাদের মধ্যে কেহ পলাইলেও পলাইতে পারিবে না, ও এড়াইলেও ২ এড়াইতে পারিবে না। তাহারা খুদিয়া পাতাল পর্য্যন্ত গেলেও তথাহইতে আমি আপন হস্তদ্বারা তাহাদিগকে তুলিব, ও আকাশ পর্য্যন্ত আরোহণ ৩ করিলেও তথাহইতে তাহাদিগকে নামাইব; এবং কর্ম্মিলের শৃঙ্গে গিয়া লুক্কায়িত হইলেও অন্বেষণ করিয়া সেই স্থানে তাহাদিগকে ধরিব; এবং আমার গোচরহইতে সমুদ্রের তলে গিয়া লুক্কায়িত হইলেও সেখানে আমি সর্পকে আজ্ঞা দিব, তাহাতে সর্প ৪ তাহাদিগকে দংশন করিবে। এবং তাহারা শত্রুদের সম্মুখে বন্দী হইয়া অন্যদেশে গেলে সেখানেও আমি খড়্গকে আজ্ঞা করিব, তাহাতে খড়্গ তাহাদিগকে বধ করিবে, ও আমি মঙ্গল না করিয়া তাহাদের ৫ অমঙ্গল করিতে চেষ্টা করিব। সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর পৃথিবী স্পর্শ করিবামাত্র তাহা গলিয়া যায়, ও তাহার মধ্যস্থিত সকলে শোক করে, এবং পৃথিবী সমুদয় বন্যার ন্যায় উথলে ও মিস্রীয় ৬ নদীর ন্যায় অধোগামী হয়। যিনি আকাশে আপন সিংহাসন * স্থাপন করেন, ও পৃথিবীর উপরে আপন চন্দ্রাতপ বিস্তার করেন, ও সমুদ্রের জলকে ডাকিয়া পৃথিবীর উপরে প্লাবন করেন, তাঁহার নাম পরমেশ্বর। পরমেশ্বর কহেন, হে ইস্রায়েল বংশ, ৭ তোমরা কি আমার নিকটে কুশীয় বংশের তুল্য নহ? আর আমি মিসরদেশহইতে ইস্রায়েলকে, ও কপ্তোরহইতে পিলেষ্টীয়দিগকে, এবং কীরহইতে অরামীয়দিগকে কি আনি নাই? পরমেশ্বর কহেন, ৮ দেখ, এই পাপিষ্ঠ রাজ্যের প্রতি প্রভু পরমেশ্বরের দৃষ্টিপাত আছে; (তিনি কহেন,) আমি তাহা পৃথিবীতে বিনষ্ট করিব; কিন্তু যাকূব বংশকে সর্ব্বতোভাবে বিনষ্ট করিব না। কেননা যেমন চালনীতে শস্য ঝাড়ে, তদ্রূপ আমি আজ্ঞা করিয়া সর্ব্বদেশীয় লোকদের মধ্যে ইস্রায়েল বংশকে ঝাড়িব, ৯ তথাপি এক কণাও মৃত্তিকাতে পড়িবে না। কিন্তু ১০ আমার লোকের মধ্যবর্ত্তি যে পাপিগণ কহে, কোন অমঙ্গল আমাদিগেতে ঘটিবে না, ও হঠাৎ উপস্থিত হইবে না, তাহারা সকলে খড়্গে হত হইবে।

১১ এই কর্ম্ম সাধনকর্ত্তা যে পরমেশ্বর, তিনি এই কথা কহেন, ইদোমীয় প্রভৃতি অন্যদেশীয় অবশিষ্ট যত লোক আমার নামে বিখ্যাত আছে, তাহাদিগেতে আমার লোক যেন অধিকার করে, এই ১২ জন্যে আমি সেই সময়ে দায়ূদের পতিত তাম্বু পুনর্ব্বার উঠাইব ও ভগ্ন স্থান গাঁথাইব, এবং উচ্ছিন্ন স্থান প্রস্তুত করিয়া পূর্ব্বকালে যেমন ছিল তদ্রূপ করিব। পরমেশ্বর কহেন, দেখ, যে সময়ে হালবাহক ১৩ শস্যচ্ছেদকের ও দ্রাক্ষাপেষক বীজবাপকের সহিত মিলিবে, ও পর্ব্বত মিষ্ট দ্রাক্ষারসে প্লাবিত হইবে, ও সকল উপপর্ব্বত গলিয়া যাইবে, এমত সময় আসিতেছে। আমি আপন ইস্রায়েল লোককে ১৪ বন্দিত্বহইতে মুক্ত করিব; তাহারা ত্যক্ত নগর গাঁথিয়া তাহার মধ্যে বসতি করিবে, এবং দ্রাক্ষাক্ষেত্র প্রস্তুত করিয়া তাহার দ্রাক্ষারস পান করিবে, এবং উদ্যান করিয়া তাহার ফল ভোগ করিবে। এবং তোমার প্রভু পরমেশ্বর কহেন, আমি তাহা- ১৫ দিগকে তাহাদের দেশে সমারোপণ করিব; এবং তাহাদিগকে যে দেশ দিয়াছি, তাহার মধ্যহইতে তাহারা আর উৎপাটিত হইবে না।

[২ অবী; ২,৩] গী ১৩৯; ৭-১২ ॥—[৪] লে ২৬; ৩৩। যিহি ৫; ১২ ॥—[৫] আম ৮; ৮॥—[৭] যির ৪৭; ৪ ॥ [৮] যির ৩০; ১১ ॥—[১১,১২] প্রে ১৫; ১৬,১৭ ॥—[১৩] লে ২৬; ৫। যোয় ৩; ১৮॥—[১৪] যির ৩০; ৩। যিশ ৬১ ৪। ৬৫; ২১-২৩॥—[১৫] যির ৩২; ৪১॥

* (ইব্রু) সোপান।

ওবদিয়ের ভবিষ্যদ্বাক্য।

১ অহঙ্কার ও যাকূবের প্রতি উপদ্রবের কারণ ইদোমের বিনাশ কথা ১৭ ও যাকূবের জয়।

১ ওবদিয়ের দর্শন। প্রভু পরমেশ্বর ইদোমের বিষয়ে এই কথা কহেন, ‘তোমরা তাহার বিপক্ষে যুদ্ধ করণার্থে উঠিয়া আইস’, আমরা পরমেশ্বরের নিকটহইতে এই সম্বাদ শুনিতেছি, এবং এই কথা কহিতে ২ অন্যদেশীয়দের কাছে দূত প্রেরিত হইতেছে। দেখ, আমি তোমাকে অন্যদেশীয়দের মধ্যে ক্ষুদ্র ও ৩ অত্যন্ত অবজ্ঞাত করিব। হে শৈলের গুহানিবাসিনি, হে উচ্চস্থান নিবাসিনি, তোমার অন্তঃকরণের অহঙ্কার তোমাকে বঞ্চনা করিতেছে; তুমি মনে২ ৪ কহিতেছ, আমাকে ভূমিতে কে নামাইবে? পরমেশ্বর কহেন, তুমি যদ্যপি উৎক্রোশপক্ষির ন্যায় উচ্চ স্থানে বাস কর, ও তারাগণের মধ্যে আপন বাসা কর, তথাপি আমি তোমাকে তথাহইতে নামাইব। ৫ তুমি কেমন উচ্ছিন্ন হইবা! যদি চোরগণ কিম্বা রাত্রিকালে বিনাশকগণ তোমার নিকটে আসিত, তবে তাহারা কি কেবল আপনাদের নিমিত্তে যথেষ্ট হরণ করিত না? এবং যদি দ্রাক্ষাসঞ্চয়কারিগণ আসিত, ৬ তবে তাহারা কি কিছু ত্যাগ করিত না? কিন্তু এষৌর লোক কেমন পরীক্ষিত হইবে! ও তাহার গুপ্ত বিষয় ৭ সকল কেমন উদ্দিষ্ট হইবে! যাহারা তোমার সহিত নিয়ম করিয়াছে, তাহারা তোমাকে সীমা পর্য্যন্ত লইয়া যাইবে; এবং তোমার বন্ধু * লোকেরা তোমাকে প্রবঞ্চনা করিয়া জয় করিবে; এবং যাহারা তোমার খাদ্য ভোজন করে, তাহারা তোমার নীচে ফাঁদ পাতিবে, ও তাহাদের † কিছু বিবেচনা হইবে ৮ না। পরমেশ্বর কহেন, সে দিনে আমি কি ইদোমের জ্ঞানবানদিগকে বিনষ্ট করিব না? ও এষৌর পর্ব্বতের মধ্যহইতে বুদ্ধিমানদিগকেও সংহার করিব ৯ না? হে তৈমন, এষৌর পর্ব্বতের প্রত্যেক জন যেন সংহারদ্বারা উচ্ছিন্ন হয়, এই জন্যে তোমার পরাক্রমি লোকেরাও ভীত হইবে।

১০ তুমি আপন ভ্রাতা যাকূবের বিরুদ্ধে দৌরাত্ম্য করাতে লজ্জাতে আচ্ছন্ন হইবা ও চিরকাল উচ্ছিন্ন থাকিবা। ১১ যে দিনে বিদেশীয় লোকেরা তাহার সৈন্য লইয়া গেল ও অন্যজাতীয়েরা তাহার নগরে ‡ প্রবেশ করিল ও যিরূশালমের উপরে গুলিবাঁট করিল, সেই দিনে তুমি তাহাদের একের সদৃশ হইয়া তাহার বিপক্ষ হইলা। ১২ কিন্তু তোমার ভ্রাতার বিপদসময়ে ও তাহার বিদেশী হওন সময়ে তাহার প্রতি কুদৃষ্টি করা তোমার উচিত ছিল না; এবং যিহূদা বংশের বিনাশের দিনে তাহার বিষয়ে আনন্দ করা ও তাহার বিপদকালে অহঙ্কারের কথা কহা তোমার কর্ত্তব্য ছিল না। ১৩ ও আমার লোকের দুর্দ্দশাসময়ে তাহাদের দ্বারে প্রবেশ করা উচিত ছিল না, এবং তাহাদের বিপদ্কালে তাহাদের দুঃখের প্রতি কুদৃষ্টি করা, ও তাহাদের বিপত্তিকালে তাহাদের সম্পত্তি হরণ করা তোমার কর্ত্তব্য ছিল না। ১৪ এবং তাহাদের পলায়িত লোকদিগকে বধ করিতে চতুষ্পথে দাঁড়ান তোমার উচিত ছিল না; এবং দুঃখের দিনে তাহাদের অবশিষ্ট লোকদিগকে শত্রুহস্তে সমর্পণ করা তোমার কর্ত্তব্য ছিল না। ১৫ কেননা পরমেশ্বরের দিন তাবৎ অন্যদেশিদের বিরুদ্ধে নিকটবর্ত্তী আছে; তুমি যেরূপ করিয়াছ, তোমার প্রতিও তদ্রূপ করা যাইবে, ও তোমার কর্ম্মের ফল তোমাতেই ‖ ফলিবে। ১৬ তাহারা § আমার পবিত্র পর্ব্বতে যেরূপ পান করিয়াছে, তদ্রূপ অন্য দেশীয় লোকেরাও নিত্য২ পান করিবে, ও পান করিতে২ গ্রাস করিবে, পরে অজাতের ন্যায় হইবে।

১৭ কিন্তু সিয়োন্ পর্ব্বতে কতক লোক পরিত্রাণ পাইলে তাহা পবিত্র হইবে, ও যাকূব বংশ আপনাদের অধিকার গ্রহণ করিবে। ১৮ এবং অগ্নিস্বরূপ যাকূবের বংশ ও অগ্নিশিখাস্বরূপ যূষফের বংশ নাড়াস্বরূপ এষৌর বংশকে দগ্ধ করিয়া বিনষ্ট করিবে;

[ওবদিয়] যিশ ৩৪। ৬৩; ১। যির ৪৯; ৭-২২। যিশ ২৫; ১২-১৪। ৩৫। আম ১; ১১,১২ ॥—[১-৪] যির ৪৯; ১৪-১৬ ॥ [৫] যির ৪৯; ৯॥—[১০-১৪] যিহি ২৫; ১২-১৪। ৩৫; ৫। আম ১; ১১॥—[১৫,১৬] যিহি ৩৫; ১৫॥—[১৭] যোয় ২; ৩২॥—[১৮] যিহি ২৫; ১৪॥

* (ইব্রু) তোমার সন্ধির লোক। † (ইব্রু) তাহার। ‡ (ইব্রু) দ্বারে। ‖ (ইব্রু) তোমার মস্তকে। § (ইব্রু) তোমরা।

তাহাতে এষৌর বংশে কেহ অবশিষ্ট থাকিবে ১৯ না, ইহা পরমেশ্বর কহেন। দাক্ষিণাত্য লোকেরা এষৌর পর্ব্বতকে, ও প্রান্তরস্থিত লোকেরা পিলেষ্টীয়দিগকে অধিকার করিবে, ও অন্যেরা ইফ্রয়িমের ভূমিতে ও শোমিরোণের ভূমিতে অধিকার পাইবে, ও বিন্যামীন্ গিলিয়দ্ অধিকার করি- ২০ বে। এবং ইস্রায়েল বংশীয় যে সৈন্য অন্য দেশে বন্দী আছে, তাহারা সারিফৎ পর্য্যন্ত কিনানীয়দের ভূমিতে অধিকার করিবে; এবং সিফারদ্বাসি যিরূশালমের বন্দিলোকেরা দক্ষিণ নগর সকল অধিকার করিবে। এবং নিস্তারকর্ত্তৃগণ ২১ সিয়োন পর্ব্বতে আরোহণ করিয়া এষৌর পর্ব্বতের দণ্ড নিরূপণ করিবে, এবং রাজ্য পরমেশ্বরের হইবে।

[২১] দা ২; ৪৪। ৭; ২৭। প্র ১১; ১৫॥

যূনসের ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায়।

১ নিনিবীতে যূনসকে প্রেরণ ও তাহার তর্শীশে পলায়ন ৪ ও ঝড় উপস্থিত হওন ১১ ও সমুদ্রে তাহার নিক্ষিপ্ত হওন ১৭ ও মৎস্যদ্বারা গুপ্ত হওন।

১ অমিত্তয়ের পুত্র যূনসের প্রতি পরমেশ্বরের এই ২ কথা উপস্থিত হইল। তুমি উঠিয়া বৃহন্নগর নিনিবীতে গিয়া তাহার বিরুদ্ধে কথা প্রচার কর, কেননা তন্নিবাসিদের দুষ্টতা আমার সাক্ষাতে উপস্থিত ৩ হইয়াছে। কিন্তু যূনস্ পরমেশ্বরের সাক্ষাৎহইতে পলায়ন করিয়া তর্শীশে যাইতে মনস্থ করিল; এবং যাফো নগরে গিয়া উত্তীর্ণ হইলে তর্শীশে গমনকারি এক জাহাজ পাইয়া তাহার ক্রেয়া করিয়া পরমেশ্বরের সাক্ষাৎহইতে নাবিকদের সঙ্গে তর্শীশে যাইতে জাহাজ আরোহণ করিল।

৪ কিন্তু পরমেশ্বর সমুদ্রে অত্যন্ত বায়ু পাঠাইলে সমুদ্রে এমত মহাঝড় উপস্থিত হইল,যে জাহাজ ভগ্ন ৫ হইবে এমত বোধ হইল। অতএব নাবিকগণ ভীত হইয়া প্রত্যেক জন আপন ২ ইষ্ট দেবতার কাছে প্রার্থনা করিল, এবং ভার লাঘবের নিমিত্তে তাবৎ বস্তু জাহাজহইতে সমুদ্রে নিক্ষেপ করিল; কিন্তু যূনস জাহাজের নীচস্থানে গিয়া শয়ন করিয়া তৎকালে ৬ নিদ্রিত ছিল। তখন জাহাজাধ্যক্ষ তাহার নিকটে আসিয়া তাহাকে কহিল, হে নিদ্রালু লোক, কি কর? উঠিয়া আপন ঈশ্বরের কাছে প্রার্থনা কর; কি জানি সেই ঈশ্বর আমাদিগকে স্মরণ করিলে আমরা বিনষ্ট হইব না।

৭ পরে এক জন অন্য জনকে কহিল, কাহার অপরাধে আমাদের প্রতি এই বিপদ ঘটিতেছে, তাহা জানিবার জন্যে আইস, আমরা গুলিবাঁট করি; পরে গুলিবাঁট করিলে যূনসের নামে গুলি উঠিল। ৮ অতএব তাহারা তাহাকে কহিল, আমরা বিনয় করি, কাহার দোষে আমাদের প্রতি এই আপদ ঘটিতেছে, তাহা আমাদিগকে কহ; এবং তুমি কি ব্যবসায়ী? ও কোথাহইতে আইলা? ও তুমি কোন্ ৯ দেশীয় লোক? ও কোন্ জাতীয়? তাহাতে সে তাহাদিগকে কহিল, আমি ইব্রীয় লোক; যিনি সমুদ্র ও শুষ্ক ভূমির সৃষ্টিকর্ত্তা, সেই স্বর্গীয় ঈশ্বর যিহোবাকে আমি ভয় করি। ১০ তখন তাহারা অত্যন্ত ভীত হইল, এবং সে পরমেশ্বরের সাক্ষাৎহইতে পলাইতেছে, এ কথা তাহার মুখহইতে জানিয়া তাহাকে কহিল, তুমি কেন এমত কর্ম্ম করিলা?

১১ তখন তাহারা তাহাকে জিজ্ঞাসিল,সমুদ্রকে * নিথর করণার্থে উপায় কি? আমরা তোমাকে কি করিব? কেননা সমুদ্রের তরঙ্গ উত্তরোত্তর প্রবল হইতেছে। ১২ তখন সে তাহাদিগকে কহিল,আমাকে ধরিয়া সমুদ্রে নিক্ষেপ কর, তাহাতে † ঝড় নিবৃত্ত হইবে; কেননা আমার দোষে তোমাদের উপরে এই মহাঝড় উপ- ১৩ স্থিত হইয়াছে, তাহা আমি জানি। তথাপি সেই লোকেরা জাহাজ তটে লইয়া যাইবার জন্যে যত্নেতে দণ্ড ক্ষেপণ করিল বটে, কিন্তু সমুদ্রের তরঙ্গ তাহাদের বিরুদ্ধে উত্তরোত্তর প্রবল হইলে তাহারা ১৪ পারিল না। অতএব তাহারা পরমেশ্বরের উদ্দেশে

[১ অধ্যা; ১] ২ রা ১৪; ২৫॥—[৩] ২ বং ২; ১৬। যিহি ২৭; ১২,২৫॥—[৭-১০] যি ৭; ১৬-২১॥—[১২] যো ১১; ৫০॥

* (ইব্রী) আমাদের জন্যে। † (ইব্রী) তোমাদের জন্যে।

প্রার্থনা করিয়া কহিল, হে যিহোবাঃ, আমরা বিনয় করিয়া প্রার্থনা করি, এই মানুষের প্রাণের নিমিত্তে আমাদিগকে বিনষ্ট করিও না, এবং নির্দ্দোষের বধাপরাধ আমাদের প্রতি দিও না, কেননা হে ১৫ যিহোবাঃ, তুমি আপন ইচ্ছামতে করিতেছ। পরে তাহারা যূনসকে ধরিয়া সমুদ্রে নিক্ষেপ করিল, ১৬ তাহাতে সমুদ্র তরঙ্গরহিত হইয়া নিথর হইল। তখন সেই লোকেরা পরমেশ্বরের প্রতি অতিশয় ভয় করিয়া পরমেশ্বরের উদ্দেশে বলিদান করিল এবং নানা মানস করিল।

১৭ পরে পরমেশ্বরের প্রস্তুত এক বৃহৎ মৎস্য যূনসকে গ্রাস করিলে সে তিন দিবারাত্রি সেই মৎস্যের উদরে থাকিল।

২ অধ্যায়।

১ যূনসের প্রার্থনা ১০ ও তাহার উদ্ধার।

১ তখন যূনস মৎস্যের উদরে থাকিয়া আপন প্রভু ২ পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিল। পরে সে কহিল, হে পরমেশ্বর, আমি বিপদকালে তোমার কাছে প্রার্থনা করিলে তুমি আমার কথা শুনিলা; ও আমি পরলোকের মধ্যে থাকিয়া বিনতি করিলে ৩ তুমি আমার নিবেদন গ্রাহ্য করিলা। কেননা তুমি আমাকে সমুদ্রের মধ্যে গভীর জলে নিক্ষেপ করিলা, তাহাতে স্রোত আমাকে আচ্ছন্ন করিল, এবং ৪ তোমার তরঙ্গ ও প্রবল ঢেউ সকল আমার উপর দিয়া গেল। তখন 'আমি তোমার দৃষ্টিবহিষ্কৃত,' এই কথা বলিলাম, তথাপি আরবার আমি তোমার ৫ পবিত্র মন্দিরের প্রতি দৃষ্টি করিলাম *। আর সমুদ্র প্রায় আমার প্রাণনাশ পর্য্যন্ত আমাকে বেষ্টন করিল, ও গভীর জল আমার চতুর্দ্দিগে থাকিল, ও সমুদ্রের শৈবাল আমার মস্তকে বেষ্টিত হইল। ৬ আমি পর্ব্বতের মূল পর্য্যন্ত নামিলাম, এবং পৃথিবী আপন অর্গলদ্বারা সর্ব্বদা আমাকে রুদ্ধ করিল; তথাপি হে আমার প্রভো পরমেশ্বর, তুমি বিনাশ ৭ হইতে আমার প্রাণকে উদ্ধার করিলা। হে পরমেশ্বর, আমার প্রাণ মূর্চ্ছিত হওন সময়ে আমি তোমার স্মরণ করিলাম, ও আমার সেই প্রার্থনা তোমার ৮ পবিত্র মন্দিরে তোমার নিকটে উপস্থিত হইল। যাহারা মিথ্যা ও অসার বস্তু মানে, তাহারা আপন২ ৯ মঙ্গল পরিত্যাগ করে। কিন্তু আমি ধন্যবাদপূর্ব্বক তোমার কাছে নিবেদন করিব; এবং যে মানত করিয়াছি, তাহা পরিশোধ করিব; পরমেশ্বরদ্বারা পরিত্রাণ হয়।

১০ পরমেশ্বর সেই মৎস্যকে আজ্ঞা করিলে সে শুষ্ক ভূমির উপরে যূনসকে উদ্‌গীরণ করিল।

৩ অধ্যায়।

১ পুনশ্চ নিনিবীতে যূনসের প্রেরণ ও তাহার প্রচার ৫ ও পাপের জন্যে সকলের অনুতাপ ১০ ও তাহাদের রক্ষা হওন।

১ পরে দ্বিতীয় বার পরমেশ্বরের এই কথা যূনসের ২ নিকটে উপস্থিত হইল, তুমি উঠিয়া বৃহন্নগর নিনিবীতে গমন করিয়া যে কথা তোমাকে কহি, তাহা তাহার মধ্যে প্রচার কর। ৩ তাহাতে যূনস্ উঠিয়া পরমেশ্বরের আজ্ঞানুসারে নিনিবীতে গমন করিল; ঐ নিনিবী নগর অতি † বৃহৎ, তিন দিনের পথ ৪ দীর্ঘ ছিল। পরে যূনস এক দিনের পথ নগরে প্রবেশ করিয়া উচ্চৈঃস্বরে প্রচার করিতে লাগিল, "চল্লিশ দিন গত হইলে এই নিনিবী নগর উচ্ছিন্ন হইবে।"

৫ তখন নিনিবীয় লোকেরা ঈশ্বরেতে প্রত্যয় করিয়া উপবাসের কথা প্রচার করিল, এবং মহৎ ও ক্ষুদ্র ৬ তাবৎ লোক চট পরিধান করিল। এবং নিনিবীর রাজার নিকটে এই সমাচার আইলে সে আপন সিংহাসনহইতে উঠিয়া রাজবস্ত্র ত্যাগ করিয়া চট ৭ পরিধান ও ভস্ম লেপন ‡ করিল। এবং রাজা আপনার ও অধ্যক্ষগণের নামে নিনিবীর সর্ব্বত্র এই আজ্ঞা ঘোষণা ও প্রচার করাইল, 'মনুষ্য ও গোমেষাদি পশু কেহ কিছু আস্বাদন ও ভোজন ও পান ৮ না করুক; এবং মনুষ্য ও পশু চট পরিধান করিয়া যথাশক্তি ঈশ্বরের কাছে প্রার্থনা করুক, ও প্রত্যেক জন আপন২ কুপথ ও হস্তস্থিত দৌরাত্ম্যহইতে ৯ বিমুখ হউক। ইহাতে কি জানি, ঈশ্বর অনুকূল হইয়া ক্ষান্ত হইয়া আপন প্রজ্বলিত ক্রোধহইতে নিবৃত্ত হইবেন, তাহাতে আমরা বিনষ্ট হইব না।'

১০ অতএব লোকেরা আপন২ তাবৎ কুক্রিয়া ত্যাগ করিল, ঈশ্বর তাহাদের এমত ব্যবহার দেখিয়া তাহাদের প্রতি যাহা করিতে মনস্থ করিয়াছিলেন, তদ্বিষয়ে ক্ষান্ত হইয়া তাহা করিলেন না।

৪ অধ্যায়।

১ ঈশ্বরের দয়াপ্রযুক্ত যূনসের ক্রুদ্ধ হওন ৪ ও কুষ্মাণ্ডলতার দৃষ্টান্তদ্বারা তাহার প্রতি ঈশ্বরের অনুযোগ।

১ এই কর্ম্ম যূনসের অতি অতুষ্টিজনক হওয়াতে সে ২ ক্রুদ্ধ হইল। এবং পরমেশ্বরের কাছে প্রার্থনা করিয়া কহিল, হে পরমেশ্বর, নিবেদন করি, আমি আপন দেশে থাকিতে কি এই কথা কহি নাই?

---

[১৭] য ১২; ৪০। ১৬; ৪॥

[২ অধ্য; ২] গী ১২০; ১॥—[৩] গী ৪২; ৭॥—[৪] গী ৩১; ২২॥—[৭] গী ১৮; ৬॥—[৮] গী ১৬; ৪॥—[৯] গী ১১৬; ১৭-১৯॥

[৩ অধ্য; ৫] য ১২; ৪১॥

[৪ অধ্য; ২] যা ৩৪; ৬,৭। যোয়় ২; ১৩॥

* (বা) করিব। † (ইব্রু) ঈশ্বরের। ‡ (ইব্রু) ভস্মে বসিল।

আমি পূর্ব্বে তন্নিমিত্তেই তর্শীশে পলাইলাম; কেন-না তুমি অনুগ্রাহক ও দয়ালু ও ক্রোধে ধীর ও অনুগ্রহেতে মহান্ ও দণ্ড দিতে অনিচ্ছুক ঈশ্বর, তাহা ৩ আমি জানিলাম। অতএব হে পরমেশ্বর, আমি বিনয় করি, এখন আমাহইতে প্রাণ লও, কেননা আমার জীবন ধারণ অপেক্ষা মরণ ভাল।

৪ তখন পরমেশ্বর কহিলেন, তুমি ক্রোধ করিয়া কি ৫ ভাল করিতেছ? যূনস পূর্ব্বে নগরের বাহিরে গিয়া পূর্ব্বদিগে বসিতেছিল, অর্থাৎ সেখানে আপনার নিমিত্তে এক কুটীর নির্ম্মাণ করিয়া নগরের কি দশা হইবে, তাহা দেখিতে তাহার ছায়াতে বসিতে-৬ ছিল। তখন প্রভু পরমেশ্বর যূনসকে দুঃখহইতে * উদ্ধার করণার্থে তাহার মস্তকের উপরে যেন ছায়া হয়, এই জন্যে এক কুষ্মাণ্ডলতা প্রস্তুত করিয়া তাহার উপরে বৃদ্ধি করিলেন; অতএব যূনস্ সেই ৭ লতাতে বড় আহ্লাদিত হইল। কিন্তু পরদিনে অরুণোদয় সময়ে ঈশ্বর এক কীট প্রস্তুত করিয়া ঐ লতা ভক্ষণ করাইলে তাহা সকলি শুষ্ক হইল। ৮ তখন পরমেশ্বর সূর্য্যোদয় সময়ে পূর্ব্বীয় প্রচণ্ড † বায়ু প্রস্তুত করিলেন, তাহাতে যূনসের মস্তকে এমত রৌদ্র লাগিল, যে সে পরিক্লান্ত হইয়া আপন মৃত্যু বাঞ্ছা করিয়া কহিল, আমার জীবন অপেক্ষা বরং মরণ ভাল। ৯ পরে ঈশ্বর যূনসকে কহিলেন, তুমি লতার নিমিত্তে ক্রোধ করিয়া কি ভাল করিতেছ? তাহাতে সে কহিল, মরণ পর্য্যন্ত আমার ক্রোধ ভাল। ১০ তখন পরমেশ্বর কহিলেন, যে লতা এক রাত্রিতে উৎপন্ন ও এক রাত্রিতে উচ্ছিন্ন হইল, ও যাহার নিমিত্তে তুমি কিছু শ্রম করিলা না, ও যাহার বৃদ্ধি করাইলা না, তাহার প্রতি তুমি যদি দয়া কর, ১১ তবে আপনাদের দক্ষিণ ও বাম হস্তের ভেদ করিতে অশক্ত এক লক্ষ বিংশতি সহস্রের অধিক শিশু ও অনেক পশুবিশিষ্ট মহানগর নিনি-বীর উপরে আমি কি দয়া করিব না?

[৩] প ৮। দ্বি ১৮; ২০-২২॥—[৮] প ৩॥
* (বা) দুষ্টতাহইতে। † (বা) মন্দ ২।

মীখার ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায়।

১ দেবপূজা প্রযুক্ত যিহূদার বিরুদ্ধে ঈশ্বরের ক্রোধ কথা ১০ ও শোক করিতে বিনয়।

১ যিহূদা দেশীয় যোথম্ ও আহস্ ও হিষ্কিয় রাজাদের অধিকার সময়ে শোমিরোণ ও যিরূশালমের বিষয়ে মোরেষ্টীয় মীখা দর্শন পাইলে তাহার ২ নিকটে পরমেশ্বরের এই কথা উপস্থিত হইল। হে লোক সকল, তোমরা শুন; ও হে পৃথিবি ও তন্মধ্যস্থিত লোক সকল, শ্রবণ কর; প্রভু পরমেশ্বর আপন পবিত্র মন্দিরে তোমাদের বিরুদ্ধে সাক্ষী হউন। ৩ পরমেশ্বর আপন স্থানহইতে আসিবেন; তিনি নামিয়া পৃথিবীর উচ্চস্থানের উপরে গমন করিবেন। ৪ তাহাতে যেমন অগ্নির উত্তাপে মোম গলিয়া যায়, ও যেমন জল উচ্চস্থানহইতে নীচ স্থানে বহে, তদ্রূপ তাঁহার পদতলে পর্ব্বতগণ গলিয়া যাইবে ও উপত্যকা ৫ সকল বিদীর্ণ হইবে। যাকূবের পাপ ও ইস্রায়েল বংশের অধর্ম্ম এই সকলের মূল; যাকূবের অপরাধ কি? তাহা কি শোমিরোণ নয়; এবং যিহূদার উচ্চস্থান কি? তাহা কি যিরূশালম নয়? ৬ অতএব আমি শোমিরোণকে প্রান্তরস্থ প্রস্তরঢিবি ও দ্রাক্ষাক্ষেত্রের ন্যায় করিব, ও তাহার প্রস্তর প্রান্তরে ফেলিয়া তাহার ভিত্তিমূল দেখাইব। ৭ ও তাহার তাবৎ খোদিত প্রতিমাকে খণ্ড২ করিব, ও তাহার সকল বেতনদ্রব্য অগ্নিতে দগ্ধ করিব, ও তাহার দেবগণকে উচ্ছিন্ন করিব; কেননা সে বেশ্যার বেতনদ্বারা তাহা সঞ্চয় করিয়াছিল, এবং তাহা বেশ্যার বেতনে ব্যয় হইবে। ৮ অতএব আমি বিলাপ ও আর্ত্তস্বর করিব, ও বিবস্ত্র ও উলঙ্গ হইয়া শৃগালের ন্যায় বিলাপ করিব, ও উষ্ট্রপক্ষিণীর ন্যায় আর্ত্তস্বর করিব। ৯ কেননা তাহার ক্ষত অচিকিৎস্য; তাহা যিহূদা পর্য্যন্ত আসিবে, তাহা আমার লোকের বিচারস্থান * পর্য্যন্ত অর্থাৎ যিরূশালম পর্য্যন্ত আসিবে।

[১ অধ্য; ১] যিশ ১; ১। আম ১; ১। যির ২৬; ১৮॥—[২] ১ রা ২২; ২৮॥—[৪] গী ৯৭; ৫॥—[৬] মী ৩; ১২। যিশ ২৮; ১-৪॥—[৭] দ্বি ২৩; ১৮॥

* (ইব্রী) দ্বার।

১০ তোমরা গাতে এ কথা জ্ঞাত করিও না ও কিছু ক্রন্দন করিও না, বৈৎলিয়ফ্রাতে* ধূল্যবগুণ্ঠিত হও। ১১ হে শাফীর্ নিবাসিনি, তুমি নগ্না ও লজ্জিতা হইয়া চলিয়া যাও; হে সানন্ নিবাসিনি, তুমি বাবিরে যাইও না, বৈথেৎসল্ বিলাপস্থান প্রযুক্ত তোমার ১২ আশ্রয় হইবে না। মারোৎ নিবাসিনী মঙ্গলাভাবে অতিশয় পীড়িতা হইবে, ও পরমেশ্বরহইতে যিরূশা- ১৩ লমের দ্বার পর্য্যন্ত অমঙ্গল উপস্থিত হইবে। হে লাখীশ নিবাসিনি, তুমি আপন শকটে বেগবান পশু যোগ কর, কেননা তুমি সিয়োন নিবাসিদের পাপের আদিপ্রবর্ত্তক; তোমার মধ্যে ইস্রায়েলের পাপের ১৪ ন্যায় পাপ উপস্থিত হইল। অতএব তুমি মোরেষৎ-গাৎকে উপঢৌকন দিবা; তাহাতে ইস্রায়েলের রাজগণের প্রতি অক্‌যীবের গৃহ সকল মিথ্যাস্বরূপ হই- ১৫ বে। হে মারেশা নিবাসিনি, আমি পুনর্ব্বার তোমার বিরুদ্ধে এক অধিকারিকে আনিব, তাহাতে ইস্রায়েলের গৌরব অদুল্লমের নিকটে যাইবে। ১৬ তুমি আপন কোমল শিশুদের নিমিত্তে আপন কেশ মুণ্ডন কর ও কেশ ছেদন কর, এবং উৎক্রোশপক্ষির ন্যায় আপন টাক বৃদ্ধি কর; কেননা তাহারা তোমার নিকটহইতে বন্দী হইয়া যাইবে।

২ অধ্যায়।

১ উপদ্রবের কারণ লোকদের প্রতি অনুযোগ ৪ ও অন্যায় করণ প্রযুক্ত ভাবিদণ্ডের কথা ১২ ও ঈশ্বরের প্রতিজ্ঞা।

১ যাহারা শয্যাতে অধর্ম্ম কল্পনা করে ও কুকর্ম্ম করে, এবং প্রভাত হইবামাত্র সুযোগ পাইলেই তাহা ২ করে, তাহাদের সন্তাপ হইবে। তাহারা ক্ষেত্রের প্রতি লোভ করিয়া তাহা বলেতে অপহরণ করে, এবং গৃহের প্রতিও লোভ করিয়া তাহা হরণ করিয়া লয়; এই রূপে তাহারা মানুষের ও তাহার বাটীর, ও বড় মানুষের ও তাহার অধিকারের প্রতি উপদ্রব ৩ করে। অতএব পরমেশ্বর কহেন, দেখ, আমি এই বংশের বিরুদ্ধে এক অমঙ্গল কল্পনা করিব, তাহাহইতে তাহারা আপন২ গলদেশ মুক্ত করিতে পারিবে না, এবং অহঙ্কার করিয়া চলিতে পারিবে না, কেননা সে অতি বিপদসময় হইবে।

৪ তৎকালে লোকেরা তোমাদের বিষয়ে এক দৃষ্টান্ত-কথা কহিবে, ও মহাবিলাপ করিয়া কহিবে, "আমরা একেবারে উচ্ছিন্ন হইলাম, তিনি আমার লোকদের অধিকার হস্তান্তর করেন। তিনি কেমন করিয়া আমাদের সর্ব্বস্ব হরণ করেন, ও হস্তগত করিয়া আমাদের ৫ ক্ষেত্র বিভাগ † করেন।" অতএব পরমেশ্বরের মণ্ডলীর মধ্যে গুলিবাঁট অনুক্রমে রজ্জুক্ষেপণ করিতে তাহাদের কেহ থাকিবে না। ৬ তাহারা ভবিষ্যদ্বক্তৃগণকে কহে, তোমরা ভবিষ্যদ্বাক্য কহিও না; ভবিষ্যদ্বক্তৃগণ ভবিষ্যদ্বাক্য না কহিলে তাহাদের লজ্জা দূরীকৃত হইবে না। ৭ হে যাকূব নামে বিখ্যাত লোক, পরমেশ্বরের আত্মা কি নিগ্রাহক? ও এই কি তাঁহার কর্ম্ম? যে জন সরল পথে চলে, আমার কথা কি তাহার মঙ্গলদায়ক হয় না? ৮ ইহার পূর্ব্বে আমার লোক শত্রুবৎ হইয়া আমার বিরুদ্ধে উঠিল, কিন্তু তোমরা যুদ্ধহইতে প্রত্যাগামি লোকদের ন্যায় নিশ্চিন্ত গমনকারিদের গাত্রহইতে গাত্রীয় বস্ত্র অপহরণ কর; ৯ এবং আমার লোকদের নারীগণকে তাহাদের রম্য স্থানহইতে দূর কর, ও তাহাদের সন্তানহইতে সর্ব্বতোভাবে আমার দত্ত মহিমা হরণ কর। ১০ তোমরা উঠিয়া প্রস্থান কর, এ তোমাদের বিশ্রামের স্থান নয়, কেননা সে অপবিত্র হইয়া তোমাদিগকে বিনষ্ট করিবে, ও তাহার অনিবার্য্য বিনাশ হইবে। ১১ যদি কেহ মিথ্যা ও প্রবঞ্চনাকে সারজ্ঞান করিয়া দ্রাক্ষারস ও সুরার বিষয়ে ভবিষ্যদ্বাক্য কহে, তবে সে এই লোকদের গ্রাহ্য ভবিষ্যদ্বক্তা হয়।

১২ হে যাকূব, আমি অবশ্য তোমার তাবৎ লোককে একত্র করিব, ও ইস্রায়েলের অবশিষ্ট লোককে সংগ্রহ করিব; আমি তাহাদিগকে একত্র করিয়া বস্রা দেশের মেষগণের কিম্বা খোঁয়াড়স্থিত পালের ন্যায় করিব, তাহারা সমূহলোক প্রযুক্ত অতিশয় শব্দ করিবে। ১৩ এবং ভঞ্জক তাহাদের সাক্ষাতে আরোহণ করিবে, ও তাহারাও ভাঙ্গিয়া দ্বারদিয়া চলিয়া বহির্গত হইবে, এবং তাহাদের রাজা তাহাদের অগ্রে যাইবেন, ও পরমেশ্বর তাহাদের অগ্রসর হইবেন।

৩ অধ্যায়।

১ অধ্যক্ষগণের ক্রূরতা ৫ ও ভবিষ্যদ্বক্তৃগণের মিথ্যাবাক্য ৮ ও ভয়ের নির্ভয় হওন।

১ আমি কহি, হে যাকূব বংশের প্রধান লোক ও ইস্রায়েল বংশের অধ্যক্ষগণ, তোমরা আমার নিবেদন শুন, ন্যায়বিচার জ্ঞাত করা কি তোমাদের উচিত নয়? ২ কিন্তু তোমরা সৎকর্ম্মে ঘৃণা করিয়া অসৎ কর্ম্ম ভাল বাসিতেছ, এবং লোকদের গাত্রহইতে চর্ম্ম ও অস্থিহইতে মাংস ছেদন করিতেছ। ৩ ও আমার লোকদের মাংস ভোজনার্থে তাহাদের চর্ম্ম খুলিয়া অস্থি ভঙ্গ করিয়া পাত্রে যেমন মাংসখণ্ড২ করা যায়, ও কটাহে যেমন ছিন্ন করা যায় তদ্রূপ করিতেছ। ৪ সেই সময়ে তোমরা পরমেশ্বরের কাছে

[১০] ২ শি ১; ২০॥

[২ অধ্য; ২] যিশ ৫; ৮॥—[৭] যাক ৪; ৫,৬॥—[১০] লে ১৮; ২৪-২৮॥—[১২] যির ৩১; ১০। যিহি ৩৬; ৩৭,৩৮॥

[১৩] হো ৩; ৫। যিশ ৫২; ১২॥

[৩ অধ্য; ১-৪] যিহি ৩৪; ২,৩॥

* (ইব্রু) ধূলিপুরে। † (বা) কেহ আমার সহায় হইয়া আমার বিভক্ত ক্ষেত্র ফিরিয়া দেয় না।

প্রার্থনা করিবা বটে, কিন্তু তিনি তোমাদের কথা গ্রাহ্য করিবেন না; তোমাদের কুব্যবহার প্রযুক্ত তিনি সেই সময়ে তোমাদের হইতে আপন মুখ লুক্কায়িত করিবেন।

৫ যে ভবিষ্যদ্বক্তৃগণ আমার লোকদের ভ্রান্তি জন্মাইয়া দন্তের মধ্যে ভক্ষ্য থাকিলে 'তোমাদের মঙ্গল হউক,' এই কথা কহে, ও কেহ যদি তাহাদের মুখে আহার দ্রব্য না দেয়, তবে তাহার সহিত যুদ্ধ করিতে প্রস্তুত হয়, তাহাদের বিষয়ে পরমেশ্বর এই ৬ কথা কহেন। তোমাদের প্রতি দিব্য দর্শনরহিত রাত্রি উপস্থিত হইবে, এবং শুভ লক্ষণরহিত অন্ধকার উপস্থিত হইবে; ও ভবিষ্যদ্বক্তাদের প্রতি সূর্য্য অস্তগত হইবে, ও তাহাদের প্রতি দিন ৭ অন্ধকারময় হইবে। তৎকালে দর্শকেরা লজ্জিত ও শুভাশুভ প্রকাশকেরা ব্যাকুল হইয়া সকলে আপন২ চিবুক আচ্ছাদন করিবে, কেননা ঈশ্বর উত্তর দিবেন না।

৮ আমি যাকূবের পাপ ও ইস্রায়েলের অপরাধ প্রকাশ করিবার জন্যে পরাক্রম ও পরমেশ্বরের ৯ আত্মা ও ন্যায় ও সাহসে পরিপূর্ণ আছি। হে যাকূব বংশের প্রধান লোক ও ইস্রায়েল বংশের অধ্যক্ষগণ, ন্যায় ঘৃণাকারী ও অন্যায়কারী যে তোমরা, তোমরা আমার এই নিবেদন শুন। ১০ রক্তদ্বারা সিয়োন্ ও অন্যায়দ্বারা যিরূশালম্ গ্রথিত ১১ হয়; ও তাহার প্রধান লোকেরা উৎকোচলোভে বিচার করে, ও তাহার যাজকগণ বেতনলোভে শিক্ষা দেয়, ও ভবিষ্যদ্বক্তৃগণ অর্থলোভে ভবিষ্যদ্বাক্য প্রচার করে; তথাপি তাহারা পরমেশ্বরের উপরে অবলম্বন করিয়া কহে, আমাদের মধ্যে কি পরমেশ্বর নাই? আমাদের কোন অম১২ ঙ্গল ঘটিবে না। অতএব তোমাদের নিমিত্তে সিয়োন্ ক্ষেত্রের ন্যায় চাসিত হইবে, ও যিরূশালম্ প্রস্তরের ঢিবিমাত্র হইবে, এবং যে পর্ব্বতে মন্দির আছে, সে বনের উচ্চস্থানের ন্যায় হইবে।

৪ অধ্যায়।

১ খ্রীষ্টের রাজ্য বিষয়ে ভবিষ্যদ্বাক্য ৬ ও আপন লোকদের প্রতি ঈশ্বরের দয়া ১১ ও শত্রুগণের প্রতি দণ্ড।

১ শেষকালে এই রূপ ঘটনা হইবে; পরমেশ্বরের গৃহের পর্ব্বত পর্ব্বতগণের শিখরের উপরে স্থাপিত হইবে ও উপপর্ব্বতহইতেও উচ্চীকৃত হইবে; তাহাতে তাবৎ লোক স্রোতের ন্যায় তাহার প্রতি ধাবমান ২ হইবে। এবং যাইতে২ অনেক দেশীয় লোকেরা কহিবে, 'আইস, আমরা পরমেশ্বরের পর্ব্বতে অর্থাৎ যাকূবের ঈশ্বরের মন্দিরে গমন করি; তিনি আমাদিগকে আপন পথের বিষয়ে শিক্ষা দিবেন, তাহাতে আমরা তাঁহার মার্গে গমন করিব;' কেননা সিয়োন্হইতে শাস্ত্র ও যিরূশালম্হইতে পরমেশ্বরের ৩ বাক্য নির্গত হইবে। এবং তিনি অনেক২ লোকদের বিচার করিবেন, এবং অতি দূরেস্থিত অন্যদেশীয় বলবান লোকদিগকে অনুযোগ করিবেন; তাহাতে তাহারা আপন২ খড়্গ ভাঙ্গিয়া লাঙ্গলের ফাল নির্ম্মাণ করিবে, ও বড়শা ভাঙ্গিয়া কাস্ত্যা গড়িবে; এবং এক দেশীয় লোক অন্য দেশীয়দের বিপরীতে খড়্গ চালন করিবে না, তাহারা ৪ আর যুদ্ধ শিখিবে না। সকলে আপন২ দ্রাক্ষালতা ও ডুম্বুরবৃক্ষের তলে বসিবে; কেহ তাহাদিগকে ভয় দেখাইবে না, কেননা এ কথা পরমেশ্বরের ৫ মুখহইতে নির্গত হইয়াছে। তাবৎ লোক আপন২ দেবগণের নামানুসারে আচরণ করিলেও আমরা আপনাদের প্রভু পরমেশ্বরের নামানুসারে এখন ও সদাকাল আচরণ করিব।

৬ পরমেশ্বর কহেন, আমি সেই দিনে খঞ্জাকে সংগ্রহ করিব, ও বহিষ্কৃতাকে এবং যাহাকে দুঃখ ৭ দিয়াছি, তাহাকে একত্র করিব। এবং খঞ্জাকে অবশিষ্টা রাখিব, ও বহিষ্কৃতাকে বলবৎ জাতিস্বরূপা করিব; পরমেশ্বর অদ্যাবধি চিরকাল পর্য্যন্ত সি৮ য়োন পর্ব্বতে তাহাদের উপরে কর্তৃত্ব করিবেন। হে পালগড়স্বরূপ সিয়োনের কন্যার দৃঢ় দুর্গ, তোমার বৃদ্ধি হইবে, ও প্রথম কর্তৃত্ব তোমার নিকটে উপস্থিত হইবে, ও রাজ্য যিরূশালমের কন্যার নিকটে ৯ উপস্থিত হইবে। তুমি এখন কেন উচ্চৈঃস্বর করিতেছ? তোমার মধ্যে কি রাজা নাই? ও তোমার মন্ত্রী কি বিনষ্ট হইল? এই জন্যে স্ত্রীর প্রসববেদনার ১০ ন্যায় বেদনা কি তোমাকে ধরিয়াছে? হে সিয়োনের কন্যে, তুমি ব্যথিতা হও, ও প্রসূতার ন্যায় প্রসব করিতে যত্ন কর; কেননা তুমি এখন নগরের বাহিরে গিয়া প্রান্তরে বাস করিবা, ও তুমি বাবিল পর্য্যন্ত যাইবা; সেখানে উদ্ধৃত হইবা, ও সেখানে পরমেশ্বর তোমাকে শত্রুর হস্তহইতে উদ্ধার করিবেন।

১১ 'সিয়োন অশুচি হউক, ও আমরা তাহার প্রতি দৃষ্টি করি,' এই কথা কহিয়া অনেক দেশীয় লোক এখন ১২ তোমার বিরুদ্ধে একত্র হয়। কিন্তু তাহারা পরমেশ্বরের মনঃসঙ্কল্প জানে না ও তাঁহার মন্ত্রণা বুঝে না কেননা যেমন শস্যমর্দনস্থানে আটী সংগৃহীত হয়, ১৩ তদ্রূপ তিনি তাহাদিগকে একত্র করেন। হে সিয়োনের কন্যে, উঠিয়া শস্য মর্দ্দন কর, আমি তোমাকে লৌহময় শৃঙ্গ ও পিত্তলময় খুর দিব, তাহাতে তুমি অনেক লোকদিগকে আঘাত করিবা, ও আমি পরমেশ্বরের

[৫-৭] যিহি ১৩; ১-১৬ ॥—[১১] যিহি ২২; ২৩-২৮। যির ৭; ৪,৯,১০ ॥—[১২] যির ২৬; ১৮ ॥
[৪ অধ্যা; ১-৩] যিশ ২; ২-৪ ॥—[৪] ১ রা ৪; ২৫ ॥—[৬,৭] যিহি ৩৪; ১৩-১৬। যিশ ৫৪; ১ ॥—[৮] আ ৩৫; ২১ ॥
[১০] ২ বং ৩৬; ২০-২৩ ॥—[১২] যির ৫১; ৩৩ ॥—[১৩] যিশ ৪১; ১৫,১৬ ॥

উদ্দেশে তাহাদের লাভ, ও তাবৎ পৃথিবীর প্রভুর নিকটে তাহাদের ধন উৎসর্গ করিব।

৫ অধ্যায়।

১ খ্রীষ্টের জন্মের ভবিষ্যদ্বাক্য ৫ ও তাঁহার জয়ের ভবিষ্যদ্বাক্য ১০ ও যাকূব বংশের শৌচ করণ।

১ হে লুটকারিণি কন্যে,* তুমিও লুটিতা হইবা; শত্রুগণ আমাদিগকে রোধ করিতে আসিবে, ও ইস্রায়েলের বিচারকর্ত্তার হনুতে দণ্ডাঘাত করিবে। ২ কিন্তু হে বৈৎলেহম-ইফ্রাথা, যদ্যপি তুমি যিহূদা দেশের সকল রাজধানীর মধ্যে ক্ষুদ্র হও, তথাপি আমার ইস্রায়েল লোকদের প্রতিপালন করিবেন, এমত জগদাদি † অনাদি মন্ত্রিরূপিত রাজা তোমার মধ্যহইতে উৎপন্ন হইবেন। ৩ অতএব জনয়িত্রী স্ত্রী যে পর্য্যন্ত প্রসব না করে, তাবৎ তিনি তাহাদিগকে ত্যাগ করিবেন, পরে তাঁহার অবশিষ্ট ভ্রাতৃগণ ইস্রায়েল সন্তানদের নিকটে প্রত্যাগমন করিবে। ৪ তিনি দণ্ডায়মান হইয়া পরমেশ্বরের শক্তিতে, অর্থাৎ আপন প্রভু পরমেশ্বরের নামের মহত্ত্বে আপন পাল চরাইবেন, ও তাহারা সুখে বাস করিলে তাঁহার সুখ্যাতিতে পৃথিবীর প্রান্তভাগ পরিপূর্ণ হইবে।

৫ তিনি আমাদের সন্ধিস্থিরকর্ত্তা হইবেন; তাহাতে অশূরীয় লোক আমাদের দেশে আসিয়া আমাদের অট্টালিকা পদতলে করিলে সপ্ত শাসনকর্ত্তা ও অষ্ট লোকাধ্যক্ষ তাহাদের বিপক্ষে উত্থাপিত হইবে। ৬ এবং তাহারা অশূরীয় দেশের অর্থাৎ নিম্রোদের দেশের প্রবেশস্থান খড়্গদ্বারা উচ্ছিন্ন করিবে; অশূরীয় লোক আমাদের দেশে আসিয়া আমাদের সীমা পদতলে করিলে তিনি এই রূপে তাহাদের হইতে আমাদিগকে উদ্ধার করিবেন। ৭ এবং পরমেশ্বরের নিকটহইতে আগত ও মনুষ্যের জন্যে অবিলম্বকারি ও মনুষ্যসন্তানদের অনপেক্ষাকারি শিশিরের ন্যায় ও তৃণে পতিত বৃষ্টির ন্যায় যাকূবের অবশিষ্ট লোকেরা অনেক লোকদের মধ্যে থাকিবে। ৮ যেমন সিংহ বনপশুদের মধ্যে ও যুব সিংহ মেষপালের মধ্যে গমনকালে দলাইয়া ফেলে ও চিরিয়া ফেলে, রক্ষা হইতে পারে না, যাকূবের অবশিষ্ট লোকেরা অন্যান্যদেশীয় লোকদের মধ্যে তদ্রূপ হইবে। ৯ (হে যাকূব বংশ,) তোমার শত্রুগণের উপরে তোমার হস্ত অর্পিত হইবে, ও তোমার তাবৎ শত্রু উচ্ছিন্ন হইবে।

১০ পরমেশ্বর কহেন, সে দিনে আমি তোমার মধ্যহইতে তোমার অশ্বগণকে দূর করিব, ও তোমার রথ বিনষ্ট করিব। ১১ ও তোমার দেশের দৃঢ় নগরকে বিনষ্ট করিব, ও তোমার দৃঢ় দুর্গ ভগ্ন করিব। ১২ এবং তোমার হস্তের মধ্যহইতে মায়াবিত্ত দূর করিব, মায়াবি লোকেরা তোমার মধ্যে আর থাকিবে না। ১৩ আমি তোমার মধ্যহইতে তোমার খোদিত প্রতিমাকে ও তোমার স্তম্ভপ্রতিমাকে দূর করিব, তাহাতে তুমি আপন হস্তকৃত বস্তুর ভজনা আর করিবা না। ১৪ আমি তোমার মধ্যহইতে তোমার চৈত্যবৃক্ষ উৎপাটন করিব, ও তোমার দৃঢ় নগরকে উচ্ছিন্ন করিব। ১৫ এবং আমি ক্রোধে ও প্রচণ্ডতাতে অনাজ্ঞাবহ বিদেশীয়দের সমুচিত দণ্ড করিব।

৬ অধ্যায়।

১ অকৃতজ্ঞতা ও অজ্ঞানতা ও অন্যায় ও দেবপূজা প্রযুক্ত লোকদের সহিত ঈশ্বরের বাদানুবাদ।

১ সম্প্রতি তোমরা পরমেশ্বরের এই কথা শুন; তুমি উঠিয়া পর্ব্বতের সম্মুখে বাদানুবাদ কর, উপপর্ব্বতগণ তোমার কথা শুনুক। ২ হে পর্ব্বতগণ, হে পৃথিবীর অটল ভিত্তিমূল, তোমরা পরমেশ্বরের বাদানুবাদ শুন; কেননা পরমেশ্বরেতে ও তাঁহার লোকেতে বাদানুবাদ আছে, তিনি ইস্রায়েলের সহিত বিবাদ করিতেছেন। ৩ ‘হে আমার লোক সকল, আমি তোমাদের কি করিলাম? আমি কিসে তোমাদিগকে শ্রম করাইলাম? তোমরা আমার প্রতিকূলে তাহার সাক্ষ্য দেও। ৪ আমি তোমাদিগকে মিসরদেশহইতে আনিয়াছি, ও দাসত্বাগারহইতে মুক্ত করিয়াছি, এবং তোমাদের অগ্রে আমি মূসাকে ও হারোণকে ও মরিয়মকে পাঠাইয়াছি। ৫ হে আমার লোক সকল, শিটীমহইতে গিল্গলে গমনের পথে মোয়াবের রাজা বালাক্ যে পরামর্শ করিল, ও বিয়োরের পুত্র বিলিয়ম্ তাহাকে যে উত্তর করিল, তাহা তোমরা এখন স্মরণ কর; তাহা করিলে পরমেশ্বরের ধর্ম্ম জানিতে পারিবা।’

৬ “আমি কি লইয়া পরমেশ্বরের সহিত সাক্ষাৎ করিব ও স্বর্গোপরিস্থ ঈশ্বরকে প্রণাম করিব? আমি হোম করিতে এক বর্ষীয় বৎসদিগকে কি লইয়া সাক্ষাৎ করিব? ৭ পরমেশ্বর সহস্র মেষে ও দশ সহস্র তৈলনদীতে কি তুষ্ট হইবেন? আমি কি আপন পাপের নিমিত্তে আপনার প্রথমজাত পুত্রকে দিব, অর্থাৎ আত্মার পাপপ্রযুক্ত কি শরীরের ফল দিব?”

৮ হে মনুষ্য, কি ভাল, তাহা তিনি তোমাকে জানাইয়াছেন, এবং ন্যায় করণ ও দয়া ভাল বাসন ও

[৫ অধ্যা; ২] মৎ ২; ৪-৬॥—[৩] যিশ ৭; ১৪। লূ ১; ৩১॥—[৪] গী ৭২; ৮। লূ ১; ৩২॥—[৫] ইফ ২; ১৪॥—[৬] আ ১০; ৮-১০॥—[৭] গী ১১০; ৩॥

[৬ অধ্যা; ২] যিশ ১; ২॥—[৩] যির ২; ৫,৩১॥—[৪] আম ২; ১০,১১॥—[৫] গ ২২। ২৩। ২৪। দ্বি ২৩; ৪,৫॥ [৮] দ্বি ১০; ১২,১৩। ১ শি ১৫; ২২। গী ৫০; ৯-১৫। হো ৬; ৬॥—[১০,১১] মিখ ৯; ১০॥

* (বা) হে সঙ্কীর্ণতার কন্যে, তুমি সঙ্কীর্ণা হইবা; বা, হে দলবতি, দল সঞ্চয় কর। † (ইব্রু) জগদুৎপত্তির পূর্ব্ব।

আপন ঈশ্বরের সহিত নম্রতাচরণ, এই সকল ব্যতিরেকে পরমেশ্বর তোমাহইতে আর কি চাহেন?

৯ নগরের প্রতি পরমেশ্বর কথা প্রচার করেন; যে জন জ্ঞানী, সে তাঁহার* নামে ভয় করিবে; তোমরা দণ্ডে ও তন্নিরূপকের কথাতে মনোযোগ ১০ কর। ‘পাপিদের গৃহে কি এখনো পাপদ্বারা সঞ্চিত ধন আছে? এবং ঘৃণার্হ যে ন্যূন পরিমাণ, তাহাও ১১ কি এখনো আছে? আমি মিথ্যা নিক্তি ও মিথ্যা ১২ বাটখারাধারিদিগকে কি নির্দোষ মানিব? ধনবান লোকেরা দৌরাত্ম্যে পরিপূর্ণ আছে, ও তন্নিবাসি লোকেরা মিথ্যাকথা কহে, ও মুখস্থ জিহ্বাদ্বারা ১৩ প্রতারণা করে। অতএব আমি পাপ প্রযুক্ত তোমাদিগকে শূন্য করিতে উদ্যত হইয়া প্রহারেতে রোগ- ১৪ গ্রস্ত করিব। তোমরা ভোজন করিলেও তৃপ্ত হইবা না, ও তোমাদের বিপদ হইবে; তোমরা ধরিলেও কিছু উদ্ধার করিতে পারিবা না; যাহা উদ্ধার করিবা, তাহা আমি খড়্গদ্বারা বিনষ্ট করিব। ১৫ তোমরা বীজ বুনিলেও শস্য কাটিতে পাইবা না, এবং জিতফল মর্দ্দন করিলেও আপনাদিগেতে তৈল মর্দ্দন করিতে পাইবা না, এবং মিষ্ট দ্রাক্ষা প্রস্তুত ১৬ করিলেও দ্রাক্ষারস পান করিতে পাইবা না। তোমরা অম্রির ব্যবস্থা ও আহাব্ বংশের ক্রিয়া সকল পালন করিতেছ, ও তাহাদের পরামর্শানুসারে আচরণ করিতেছ; অতএব আমি এই নগর উচ্ছিন্ন করিব, ও তাহার নিবাসিদিগকে নিন্দাস্পদ করিব, ও তোমরা আমার লোকদের অপমানে অপমানিত হইবা।’

৭ অধ্যায়।

১ লোকদের দুষ্টতা বিষয়ে মণ্ডলীর বিলাপ ৫ ও মানুষে নয় কিন্তু ঈশ্বরে মণ্ডলীর আশ্রয় ৭ ও শত্রু পরাজয় ১১ ও মণ্ডলীর প্রতি শান্তির কথা।

১ গ্রীষ্মকালে ফলচয়নের পরে চয়নকারি ও দ্রাক্ষাচয়নের পরে চয়নকারিদের ন্যায় হইয়াছি যে আমি, আমার সন্তাপ হইতেছে; কেননা ভক্ষণের যোগ্য কোন গুচ্ছফল নাই, এবং আমার প্রাণ যাহা বাঞ্ছা করে, এমত প্রথমকালীয় ফল নাই। ২ দেশের মধ্যহইতে উত্তম মানুষ হত হইল, ও মনুষ্যের মধ্যে সাধু কেহই নাই, সকলেই রক্তপাত করিতে লুক্কায়িত থাকে; তাহারা এক জন ৩ অন্য জনকে জালে বদ্ধ করিতে চেষ্টা করে। তাহারা উভয়হস্তে সম্পূর্ণ রূপে পাপ করে, ও অধ্যক্ষ ধন প্রার্থনা করে, এবং বিচারকর্ত্তা উৎকোচলোভে বিচার করে, ও বড় মানুষ আপন মনের লোভ প্রকাশ করে; তাহারা বক্ররূপে এই সকল কর্ম্ম ৪ করে। যে জন তাহাদের মধ্যে অত্যুত্তম, সে শ্যাকুলের ন্যায়; ও যে জন সাধু, সে কণ্টকময় বেড়াস্বরূপ; তোমার প্রহরিগণের দিন অর্থাৎ দণ্ডের দিন আসিতেছে, তখন সকলের ব্যাকুলতা হইবে।

৫ তোমরা আপন২ বন্ধুগণে প্রত্যয় করিও না, ও আপন২ মিত্রেতেও বিশ্বাস করিও না, এবং তোমার বক্ষঃস্থলে শয়নকারিণী স্ত্রীর কাছেও আপন ৬ মুখের কবাট খুলিও না। কেননা পুত্র আপন পিতার অপমান করে, ও কন্যা আপন মাতার, ও পুত্রবধূ আপন শ্বশ্রূর প্রতি বিপক্ষতা করে, এই রূপে আপন২ পরিজনই মনুষ্যের শত্রু হয়।

৭ “আমি পরমেশ্বরের প্রতি দৃষ্টি রাখিয়া আপন ত্রাণকর্ত্তা ঈশ্বরের অপেক্ষা করিব, ও আমার ঈশ্বর ৮ আমার কথা শুনিবেন। হে আমার বৈরিণি, তুমি আমার প্রতিকূলে আনন্দ করিও না; কেননা যদ্যপি আমি পতিত হই, তথাপি উঠিব, ও অন্ধকারে বসতি করিলেও আমার প্রতি পরমেশ্বর আলোকস্বরূপ ৯ হইবেন। আমি পরমেশ্বরের বিরুদ্ধে পাপ করণপ্রযুক্ত তাঁহার ক্রোধ সহ্য করিব, তাহাতে তিনি আমার পক্ষবাদী হইয়া আমার বিবাদের নিষ্পত্তি করিবেন, ও আমাকে আলোতে বাহির করিয়া আনিবেন, ও ১০ আমি তাঁহার যথার্থতা দর্শন করিব। তখন আমার যে বৈরিণী আমাকে কহিল, তোমার প্রভু পরমেশ্বর কোথায়? সে তাহা দেখিয়া লজ্জাতে আচ্ছন্না হইবে, আমি স্বচক্ষে তাহার দণ্ড দর্শন করিব; ও সে পথস্থিত কর্দ্দমের ন্যায় পদতলে দলিত হইবে।”

১১ ‘তোমার প্রাচীর গাঁথনের দিন উপস্থিত হইলে ১২ উপদ্রবাজ্ঞা দূরীকৃত হইবে। সেই দিনে লোকেরা অশূরহইতে ও মিসরের † নগরহইতে তোমার নিকটে আসিবে, এবং মিসর ও ফরাৎ নদীহইতে, ও তাবৎ সমুদ্রহইতে ও তাবৎ পর্ব্বতহইতে আসিবে। ১৩ কিন্তু যাহারা দেশে বাস করে, তাহাদের কর্ম্মের ফলে দেশ অরণ্যময় হইবে।’

১৪ “তুমি আপন লোকদিগকে অর্থাৎ একাকী বাসকারি আপনার অধিকাররূপ পালকে আপন পাঁচনিদ্বারা কর্ম্মিলের মধ্যস্থিত অরণ্যে চারণ কর; তাহারা পূর্ব্বে যেমন চরিত, তদ্রূপ এখনো বাশনে ও গিলিয়দে চরুক।”

১৫ ‘মিসরহইতে তোমার বাহিরে আগমন দিনের ন্যায় আমি তোমাকে আশ্চর্য্য কর্ম্ম দেখাইব।’

[১০,১১] দ্বি ২৫: ১৩-১৬॥—[১৪,১৫] লে ২৬; ২৬। দ্বি ২৮; ৩৮-৪০। হো ৪; ১০। আম ৫; ১১। সিফ ১; ১৩॥ [১৬] ১ রা ১৬; ২৫-৩৩। ২ বং ৭; ১৯-২২॥

[৭ অধ্য; ১-৪] যিশ ৫৯; ৩-১৫॥—[৫] যির ৯; ৪,৫॥—[৬] ম ১০; ২১,৩৫,৩৬॥—[৮-১০] ১ শি ১; ৬॥—[৯] যিশ ৫৪; ৭,৮॥—[১০] যিশ ৫৪; ১৫॥—[১২] যিশ ১১; ১৬॥—[১৪] যির ৫০; ১৯॥—[১৫] যিশ ১১; ১১॥

* (ইব্রী) তোমার। † (বা) প্রাচীরবেষ্টিত।

১৬ অন্যদেশীয় লোকেরা তাহা দেখিয়া আপন ২ পরাক্রম বিষয়ে লজ্জিত হইয়া নীরব থাকিবে, ১৭ ও বধিরের ন্যায় হইবে *। এবং সর্পবৎ ধূলা চাটিবে, ও ভূমিস্থ কিঞ্চুলিকার ন্যায় আপন ২ গোপনীয় স্থানে কম্পবান হইবে; তাহারা আমাদের প্রভু পরমেশ্বরেতে ভীত হইবে, ও তাঁহাকে ভয় করিবে।
১৮ যে ঈশ্বর আপন অধিকারের অবশিষ্ট লোকদের পাপ ক্ষমাকারী ও অপরাধ মার্জ্জনাকারী হন, তাঁহার তুল্য আর কে আছে? তিনি দয়া ভাল বাসেন, এই জন্যে তাঁহার ক্রোধ চিরস্থায়ী নয়। ১৯ তিনি পুনর্ব্বার আমাদিগকে দয়া করিবেন, ও আমাদের অপরাধ দূর করিবেন, ও আমাদের তাবৎ পাপ সমুদ্রের গভীর স্থানে নিক্ষেপ করিবেন। ২০ তিনি † আমাদের পূর্ব্বপুরুষদের কাছে শপথপূর্ব্বক যে প্রতিজ্ঞা করিয়াছিলেন, তদনুসারে যাকুব্ বংশের প্রতি সত্যতা ও ইব্রাহীম্ বংশের প্রতি অনুগ্রহ প্রকাশ করিবেন।

[১৬,১৭] যিশ ৬০; ১৪॥—[১৮] যিশ ৩৪; ৬,৭॥—[১৯] হো ১৪। যির ৩১; ৩৪॥—[২০] লূ ১; ৬৯-৭৩॥
* (ইব্রী) মুখে হস্তার্পণ করিবে ও কর্ণ নিঃশ্রবণ হইবে। † (ইব্রী) তুমি।

নহূমের ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায়।

১ পরমেশ্বরের মহিমা বর্ণনা। ৯ ও আপন লোকদের প্রতি দয়া ও শত্রুদের প্রতি দণ্ড।

১ নিনিবীর বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য বিষয়ক ইল্‌কোশীয় নহূমের দর্শনপুস্তক।
২ পরমেশ্বর পাপে ক্রোধকারী ও প্রতিফলদাতা ঈশ্বর, এবং পরমেশ্বর অতিক্রোধী ও দণ্ডদাতা, এবং পরমেশ্বর আপন শত্রুগণকে প্রতিফল দেন ও শত্রু- ৩ দের জন্যে ক্রোধ সঞ্চয় করেন। পরমেশ্বর ক্রোধেতে ধীর ও পরাক্রমে মহান, তিনি দোষিকে নির্দ্দোষ করেন না; পরমেশ্বরের পথ ঘূর্ণবায়ু ও ঝড়স্বরূপ, ৪ ও মেঘ তাঁহার পদধূলাস্বরূপ। তিনি সমুদ্রকে ধমকাইয়া শুষ্ক করেন, ও তাবৎ নদীকে নির্জ্জল করেন, তাহাতে বাশন্ ও কর্ম্মিল ম্লান হয়, ও লি- ৫ বানোনের পুষ্প ম্লান হয়। এবং পর্ব্বতগণ তাঁহাহইতে কম্পিত হয়, ও উপপর্ব্বতগণ গলিয়া যায়, ও তাঁহাহইতে দেশ ও জগৎ ও তন্নিবাসি সকলেই ৬ দগ্ধ * হয়। তাঁহার ক্রোধের সম্মুখে কে দাঁড়াইতে পারে? ও তাঁহার প্রচণ্ড কোপের সম্মুখে কে থাকিতে পারে? তাঁহার ক্রোধ অগ্নিবৃষ্টির ন্যায় প্রকাশিত ৭ হয়, ও তাঁহাদ্বারা শৈলগণ ভগ্ন হয়। পরমেশ্বর মঙ্গলদাতা ও বিপদসময়ে দৃঢ় আশ্রয়স্বরূপ; তিনি আপন ৮ শরণাগতদিগকে জ্ঞাত আছেন। কিন্তু তিনি প্লাবনকারি বন্যাদ্বারা আপন বিপক্ষগণকে বিনষ্ট করেন, ও তাঁহার শত্রুগণ অন্ধকারে ধৃত হয়।
৯ (হে শত্রুগণ,) তোমরা পরমেশ্বরের বিরুদ্ধে কি কল্পনা করিতেছ? তিনি তোমাদিগকে এমত নিঃশেষ করিবেন, যে তোমাদের বিপদ দ্বিতীয় বার ১০ উপস্থিত হইবে না। কেননা তোমরা যে সময়ে পাকপাত্রে আসক্ত † ও মদিরাতে মত্ত হইবা, তৎকালে ১১ শুষ্ক নাড়ার ন্যায় নিঃশেষে বিনষ্ট হইবা। (হে নিনিবি,) তোমার মধ্যহইতে পরমেশ্বরের প্রতিকূলচিন্তা- ১২ কারী এক দুষ্ট মন্ত্রী উৎপন্ন হইবে। কিন্তু পরমেশ্বর এই কথা কহেন, তাহারা ভাগ্যবান ও বহু হইলেও উচ্ছিন্ন হইবে, কেহ থাকিবে না; আমি তোমাকে এক ১৩ বার দুঃখ দিলে দ্বিতীয় বার দিতে হইবে না। কেননা এই ক্ষণে তোমার স্কন্ধস্থিত তাহার যোঁয়ালি ভাঙ্গিব ১৪ ও তোমার বন্ধন ছেদন করিব। পরমেশ্বর তোমার বিষয়ে এই আজ্ঞা দিলেন, তোমার নাম লোপ পাইবে, এবং তোমার দেবমন্দিরহইতে আমি খোদিত ও ছাঁচে ঢালা প্রতিমাকে দূর করিব, ও তোমার কবর প্রস্তুত করিব, কেননা তুমি অধম।
১৫ যে জন সুসমাচার আনয়ন করে ও সন্ধি জ্ঞাপন করে, পর্ব্বতের উপরে তাহার চরণ দেখ; হে যিহূদা, তুমি আপন উৎসব পালন কর, ও আপন মানিত বস্তু উৎসর্গ কর, কেননা দুষ্ট লোক তোমার নিকট দিয়া আর যাইবে না; সে সর্ব্বতোভাবে উচ্ছিন্ন হইবে।

[১ অব্য; ২] দ্বি ৩২; ৩৫,৩৬,৪১,৪২॥—[৩] যা ৩৪; ৬,৭। গী ৭৭; ১৯॥—[৪] যিশ ৫০; ২॥—[৫] গী ৯৭; ৫। ২ পি ৩; ১০॥—[৭] গী ৪৬; ১॥—[৯-১৪] যিশ ৩৭; ৩৬। যিহি ৩১॥—[১৫] যিশ ৫২; ৭॥
* (ইব্রী) অপহৃত। † (বা) কণ্টকের ন্যায় সংলগ্ন।

২ অধ্যায়।

১ নিনিবী জয়কারি সৈন্যের বর্ণনা।

১ ভগ্নকারী তোমার বিরুদ্ধে আসিবে, অতএব দুর্গ রক্ষা কর, ও পথ রক্ষা কর, ও কটিদেশ দৃঢ় করিয়া ২ অতিশয় পরাক্রান্ত হও। কেননা শূন্যকারিরা যাহাদিগকে শূন্য করিয়াছে, ও যাহাদের দ্রাক্ষাশাখা বিনষ্ট করিয়াছে, সেই ইস্রায়েল্ বংশকে গৌরব ও সেই যাকূব বংশকে সুখ্যাতি পরমেশ্বর পুনর্ব্বার ৩ দিবেন। ও তাঁহার নিরূপিত বীরদের ঢাল রক্তবর্ণ করা যাইবে, ও পরাক্রমি লোকেরা রক্তবর্ণ বস্ত্র পরিধান করিবে, ও তাঁহার আয়োজন দিনে রথ সকল অস্ত্রেতে * উজ্জ্বল হইবে, ও বড়শা কম্পিত হইবে। ৪ রথ সকল রাজপথে গমনাগমন করিবে ও চতুষ্কোণ স্থানে পরস্পর আঘাত লাগিবে, ও সেই সকল রথ দীপের ন্যায় দৃষ্ট হইবে ও বিদ্যুতের ৫ ন্যায় ধাবমান হইবে। তাহাতে অধিপতি বীরদিগকে আহ্বান করিলে পর তাহারা গমনে স্খলিত হইবে, ও প্রাচীরের নিকটে শীঘ্র যাইবে, ও যুদ্ধযন্ত্র স্থাপিত ৬ হইবে। এবং নদীদ্বার মুক্ত হইবে, ও রাজধানী বিনষ্ট ৭ হইবে। এবং নিনিবীর লোক বন্দি হইয়া অন্য দেশে নীত হইবে, ও তাহার দাসীগণ বক্ষঃস্থলে করাঘাত করিয়া কপোতের ন্যায় শব্দ করিবে, ইহা নিরূ৮ পিত আছে। কিন্তু নিনিবী সজল পুষ্করিণীর ন্যায় পূর্ব্বাবধি পূর্ণ আছে, তথাপি লোকেরা পলায়ন করিবে, এবং থাক ২ ইহা কহিলেও কেহ পশ্চাৎ ৯ দেখিবে না। শত্রুগণ তাহার রূপ্য গ্রহণ করিবে ও স্বর্ণ হরণ করিবে; কেননা তাহার অশেষ তেজোময় ১০ ধন ও নানা প্রকার উত্তম পাত্র আছে। সে শূন্য ও দীনহীন ও অরণ্য হইবে, ও লোকদের মন গলিয়া যাইবে, ও জানু কম্পবান হইবে, ও সকলের কটিদেশে বেদনা হইবে, ও মুখ কালিমাযুক্ত হইবে। ১১ সিংহগণের নিবাস কোথায়? ও যুবসিংহের চরণস্থান কোথায়? অর্থাৎ যে স্থানে সিংহ ও সিংহিনী ও সিংহশাবক ভ্রমণ করিল, কেহ তাহাদিগকে ১২ ভয় দেখাইতে পারিল না, সে স্থান কোথায়? সিংহ আপন শাবকদের জন্যে অনেক পশুকে খণ্ড বিখণ্ড করিল, ও আপন সিংহিনীর নিমিত্তে অনেককে গলাটিপিয়া মারিল, ও আপন গহ্বর হত পশুতে, ও আপন বাসস্থান বিদীর্ণ পশুতে পরিপূর্ণ করিল। ১৩ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, (হে নিনিবি,) দেখ, আমি তোমার বিপক্ষ হইয়া তোমার রথ অগ্নিতে দগ্ধ করিব, ও খড়্গদ্বারা তোমার যুবসিংহদিগকে ছেদন করিব, ও আমি পৃথিবীহইতে তোমার লুটকর্ম্ম লোপ করিব, ও তোমার দূতগণের রব † আর শুনা যাইবে না।

৩ অধ্যায়।

১ নিনিবীর বিনাশের ভবিষ্যদ্বাক্য।

১ যে নগর মিথ্যাকথাতে ও অপহৃত দ্রব্যে পরিপূর্ণ ও যাহাহইতে চৌর্য্যাচার নিবৃত্ত হয় না, সেই রক্তপাতি নগরের সন্তাপ হইবে। ২ এবং সে স্থানে প্রতোদের ও চক্রের ও লম্ফমান অশ্বগণের ও দ্রুতগামি রথের শব্দ হইবে। ৩ এবং অশ্বারূঢ় সৈন্য সতেজ খড়্গ ও সতেজ বড়শা চালাইলে সে স্থানে অনেক হত লোক থাকিবে, ও শবেতে এক ঢিবি হইবে, ও অসংখ্য শব হইবে, ও শবের উপরে লোক স্খলিত হইবে। ৪ আপন বেশ্যাক্রিয়াতে রাজ্য ও আপন মায়াতে জাতি বিক্রয় করে যে সুন্দরী ও মায়াবী বেশ্যা, তাহার অনেক কুকর্ম্ম প্রযুক্ত ৫ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, দেখ, আমি তোমার বিপক্ষ হইব; আমি সাক্ষাতে তোমাকে বিবস্ত্রা করিয়া অন্যদেশীয়দিগকে তোমার উলঙ্গতা দেখাইব, ও অন্যান্য রাজ্যে তোমার লজ্জার ৬ স্থান প্রকাশ করিব; এবং আমি তোমার উপরে ঘৃণার্হ মল নিক্ষেপ করিয়া তোমাকে অধমা ৭ করিব, ও কৌতুকস্বরূপা করিব; এবং লোকেরা তোমাকে দেখিয়া পলায়ন করিয়া কহিবে, ‘নিনিবী নগর অরণ্যময় হইল, তাহার বিষয়ে কে বিলাপ করিবে? ও আমি তোমার নিমিত্তে সান্ত্বনাকর্ত্তা কোথায় অন্বেষণ করিব?’ ৮ যে নগর নদীগণের মধ্যস্থিত ও চতুর্দ্দিগে জলেতে বেষ্টিত, ও যাহার গড় হ্রদ, ও যাহার প্রাচীর সমুদ্র, এমত ৯ নো-আমোন্ নগরহইতে কি তুমি শ্রেষ্ঠ? বলবান কূশীয় ও অসংখ্য মিস্রীয় লোক এবং পূটীয় ১০ ও লূবীয় লোক তাহার সহকারী ছিল; তথাপি সে স্থানচ্যুত হইল, ও বন্দী হইয়া দেশান্তরে গেল, ও তাহার শিশুগণ পথের মস্তকে আছাড়ে ছিন্নভিন্ন হইল; এবং লোকেরা তাহার আদরণীয় লোকের নিমিত্তে গুলিবাঁট করিল, ও তাহার ভাগ্যবানেরা শৃঙ্খলেতে বদ্ধ হইল। ১১ তুমিও মত্ত হইয়া গুপ্ত হইবা, ও শত্রুভয় প্রযুক্ত আশ্রয় চেষ্টা ১২ করিবা। তোমার দৃঢ় দুর্গ সকল প্রথমপক্ব ফলবান্ ডুম্বুরবৃক্ষের ন্যায় হইবে; সে বৃক্ষ কম্পিত হইলে তাহার ফল ভক্ষকের মুখে পতিত হইবে। ১৩ দেখ, তোমার মধ্যস্থিত লোকেরা শত্রুগণের সম্মুখে স্ত্রীগণের ন্যায় হইবে, ও তোমার দেশের দ্বার মুক্ত হইবে, ও অগ্নি তোমার হুড়কা ভক্ষণ করি১৪ বে। তুমি অবরোধ সময়ের জন্যে জল তোল, ও তোমার দুর্গ সকল দৃঢ় কর, ও কর্দ্দমে নামিয়া গারা ১৫ ছান, ও পাজা সকল প্রস্তুত কর। সেখানে অগ্নি তোমাকে গ্রাস করিবে, ও খড়্গ তোমাকে ছেদন

[৩ অধ্যা; ৪,৫] যিশ ৪৭; ২,৩,৯,১২। প্র ১৮; ২,৩ ॥—[৮] যির ৪৬; ২৫। যিহি ৩০; ১৪.১৬ ॥—[১২] প্র ৬; ১৩॥

* (বা) প্রদীপেতে। † (বা) কর্ম্মের সুখ্যাতি।

করিবে, ও পঙ্গপাল ফড়িঙ্গের ন্যায় তোমাকে ভক্ষণ করিবে; যদ্যপি তুমি পঙ্গপালের ন্যায় আপনাকে বহুসংখ্য কর, ও শলভের ন্যায় আপন ১৬ বংশ বৃদ্ধি কর, ও আকাশের তারাহইতেও আপন বণিক্‌দের বাহুল্য কর, তথাপি অন্য পঙ্গপালেরা ১৭ সকল লুট করিয়া পলায়ন করিবে। তোমার মুকুটধারিগণ ফড়িঙ্গের তুল্য, ও তোমার সেনাপতিরা মহাপঙ্গপালের তুল্য; তাহারা শীতল দিনে বেড়াতে আশ্রয় করে, কিন্তু সূর্য্যোদয় হইলে উড়িয়া যায়; তাহারা কোথায় যায়, তাহা জানা যায় না। ১৮ হে অশূরীয় রাজন্, তোমার রক্ষকেরা মহানিদ্রিত হইবে, ও তোমার প্রধানেরা (মৃত্যুগৃহে) বাস করিবে, ও তোমার লোকেরা পর্ব্বতের উপরে ছিন্নভিন্ন হইবে, তাহাদিগকে কেহ সংগ্রহ করিবে না। ১৯ তোমার আঘাত অপ্রতিকার্য্য, ও তোমার ক্ষত বড় ক্লেশদায়ক; যাহারা তোমার কথা শুনিবে, তাহারা তোমার প্রতি হাততালী দিবে, কেননা তুমি নিত্য২ কাহার দৌরাত্ম্য না করিয়াছ?

হবক্কূকের ভবিষ্যদ্বাক্য।

---

১ অধ্যায়।

১ লোকদের পাপ নির্ণয় ৫ ও তাহাদের দণ্ড ১২ ও দুষ্ট লোকদ্বারা এই দণ্ড।

১ হবক্কূক্ ভবিষ্যদ্বক্তার প্রতি প্রকাশিত ভবিষ্যদ্বাক্য। ২ হে পরমেশ্বর, আমি নিবেদন করিব ও তুমি শুনিবা না, এমত কতকাল হইবে? ও তোমার কাছে দৌরাত্ম্যের বিষয়ে নিবেদন করিব ও তুমি তাহাহইতে ৩ উদ্ধার করিবা না, এমত কতকাল হইবে? তুমি কেন আমাকে অন্যায় দেখাইতেছ? ও কেন আমার প্রতি উপদ্রব প্রকাশ করিতেছ? আমার সম্মুখে লুট ও দৌরাত্ম্য আছে, এবং বিবাদ ও কলহ উপ- ৪ স্থিত হয়। তাহাতে ব্যবস্থা অমান্য হয়, ও উপযুক্ত রূপে বিচারাজ্ঞা হয় না; পাপিলোকেরা ধার্ম্মিকদিগকে বেষ্টন করে, এই জন্যে ন্যায়বিচার হয় না।

৫ “অন্যদেশীয়দের মধ্যে চক্ষু মেলিয়া দেখ, এবং অসম্ভব জ্ঞান করিয়া লজ্জিত হও; যেহেতুক আমি তোমাদের বর্ত্তমান সময়ে এমন কর্ম্ম করিব, যে তাহার বিবরণ কেহ তোমাদিগকে জ্ঞাত করিলেও ৬ প্রত্যয় করিবা না। দেখ, যে কস্‌দীয় লোকেরা নিষ্ঠুর ও চঞ্চল জাতি হইয়া আপনাদের অনধিকার অধিকার করণার্থে পৃথিবীর মধ্যদিয়া গমন করে, ৭ তাহাদিগকে আমি লওয়াইব। সেই ভয়ানক ও ভয়জনক লোকেরা আপন ২ ইচ্ছানুসারে বিচার ও ৮ দণ্ড প্রচার করিবে। তাহাদের অশ্বগণ চিতাব্যাঘ্রহইতেও দ্রুতগামী, ও তাহাদের অশ্বারূঢ় লোকেরা সায়ংকালীয় কেন্দুয়াহইতেও সাহসী; তাহারা সর্ব্বত্র ব্যাপিবে, ও দূরহইতে আসিয়া ভক্ষণার্থে উড্ডীয়মান দ্রুতগামি উৎক্রোশপক্ষির ন্যায় হইবে। ৯ তাহারা সকলে দৌরাত্ম্য করিতে আসিবে, ও তাহাদের মুখ পূর্ব্বীয় বায়ুর ন্যায় হইবে; তাহারা বন্দিগণকে বালুকার ন্যায় একত্র করিবে, ১০ এবং রাজগণকে নিন্দাস্পদ ও অধ্যক্ষগণকে হাস্যাস্পদ করিবে, ও দৃঢ় দুর্গকে তুচ্ছ জ্ঞান করিবে, এবং জাঙ্গাল প্রস্তুত করিয়া তাহা হস্তগত করিবে। ১১ তখন আপন পরাক্রম আপন দেবস্বরূপ, ইহা ভাবিয়া বায়ুর ন্যায় বিকৃত হইয়া অপরাধ করিয়া দোষী হইবে।”

১২ হে আমার প্রভো পরমেশ্বর, তুমি কি পূর্ব্বকালাবধি আমার ধর্ম্মস্বরূপ ঈশ্বর নহ? আমরা বিনষ্ট হইব না; হে পরমেশ্বর, তুমি তাহাদিগকে দণ্ডের নিমিত্তে নিরূপণ করিতেছ; ও হে শক্তিমন্* ঈশ্বর, তুমি তাহাদিগকে শাস্তির নিমিত্তে স্থির করি- ১৩ তেছ। কুকর্ম্মের প্রতি দৃষ্টি করিতে অপারক নির্ম্মল চক্ষু বিশিষ্ট যে তুমি, তুমি কি অন্যায়কারিদের প্রতি অবলোকন করিতে পার? তবে প্রতারকদের প্রতি কেন দৃষ্টিপাত কর? যখন পাপিগণ আপনাদের হইতে ধার্ম্মিক লোকদিগকে গ্রাস করে, ১৪ তখন কেন সুস্থির হইয়া থাক? সমুদ্রের মৎস্য ও অস্বামিক সর্পের ন্যায় মনুষ্যদিগকে কেন কর? ১৫ তাহারা সকলকে বড়শীতে বিন্ধ করে, ও জালে বন্ধ করে, ও বেড়িজালে একত্র করে, এরূপ করিয়া ১৬ তাহারা আনন্দিত ও আহ্লাদিত হয়। তাহারা আপনাদের জালের উদ্দেশে যজ্ঞকর্ম্ম করে, ও

[১ অধ্য; ২-৪] যির ১২; ১-৪ ॥—[৫] যিশ ২৯; ১৪। প্রে ১৩; ৪০,৪১॥—[৬-১১]দ্বি ২৮; ৪৯-৫২। যিশ ৫; ২৬-২৮। যির ৪; ১৩। ৫; ১৫-১৭। ৬; ২২,২৩। ২ রা ২৪। ২৫॥—[১২] গী ৯০; ১,২। যিশ ১০; ৫,৬॥—[১৩] যির ১২; ১॥ [১৬] যিশ ১০; ১৩,১৪। ৩৭; ২৪,২৫॥

* (ব্র।) পর্ব্বতরূপ।

বেড়িজালের উদ্দেশে ধূপ জ্বালায়, কেননা তাহাদ্বারা তাহারা যথেষ্ট লাভ ও অনেক খাদ্য পায়। ১১ এমন হইলে তাহারা কি আপনাদের জালের মধ্যহইতে সর্ব্বদা মৎস্য লইবে? ও অন্যদেশীয়দের বধহইতে কি কখনো ক্ষান্ত হইবে না?

২ অধ্যায়।

১ ভাবি ঘটনা দর্শনার্থে প্রত্যয়দ্বারা অপেক্ষা করণের আবশ্যকতা ৫ ও লাভ চেষ্টা করণ প্রযুক্ত কল্দীয়দের দণ্ড ৯ ও লোভের জন্যে তাহাদের দণ্ড ১২ ও নিষ্ঠুরতার জন্যে তাহাদের দণ্ড ১৫ ও তাহাদের মত্ততার জন্যে দণ্ড ১৮ ও দেবপূজার জন্যে দণ্ড।

১ আমি আপন প্রহরস্থানে দাঁড়াইব, ও আপন দুর্গের উপরে বসিব; তিনি আমাকে কি কহিবেন, ও আমার নিবেদনের কি উত্তর দিবেন, তাহা আমি সচেতন ২ হইয়া বুঝিব। তাহাতে পরমেশ্বর আমাকে কহিলেন, এই দর্শনের কথা এমত সুস্পষ্ট করিয়া পত্রে লেখ, যে লোক দৌড়িবার সময়েও পাঠ করিতে ৩ পারে। কেননা নিরূপিত ভাবিকালের নিমিত্তে এই ভবিষ্যদ্বাক্য আছে, কিন্তু শেষে সুস্পষ্ট হইবে, মিথ্যা হইবে না; তাহার * বিলম্ব হইলেও তাহার * অপেক্ষা কর, কেননা তাহা † অবশ্য ঘটিবে, বিস্তর ৪ বিলম্ব হইবে না। দেখ, অহঙ্কারি লোকের অন্তঃকরণ সরল নয়, কিন্তু পুণ্যবান ব্যক্তি আপন বিশ্বাসদ্বারা বাঁচিবে।

৫ বীরলোক দ্রাক্ষারসে ভ্রান্তবৎ অহঙ্কারী হইয়া গৃহে বিশ্রাম করে না, ও পরলোকের ন্যায় বিস্তর স্পৃহা করে, ও মৃত্যুর ন্যায় কখনো তৃপ্ত হয় না, কিন্তু তাবজ্জাতীয় লোককে আপনার নিকটে একত্র করে, ও তাবৎ দেশীয় লোককে সংগ্রহ ৬ করে। অতএব এই সকল লোক তাহার প্রতিকূলে দৃষ্টান্ত কথা কহিয়া কি বিদ্রূপ কথা কহিবে না? "যে জন পরধনে ধনবান হয়, তাহার সন্তাপ হইবে; সে গাঢ় মৃত্তিকাতে কত কাল ভারগ্রস্ত হই- ৭ বে! যাহারা তোমাকে করদায়ক করিবে, তাহারা কি শীঘ্র উঠিবে না? ও যাহারা তোমাকে ক্লেশ দিবে, তাহারা কি শীঘ্র জাগ্রৎ হইবে না? এবং তুমি ৮ কি তাহাদের লুটিত বস্তু হইবা না? তুমি অনেক দেশীয় লোকদের প্রতি লুট করিয়াছ; অতএব মনুষ্যদের রক্তপাত এবং দেশ ও নগর ও তন্নিবাসিদের প্রতি দৌরাত্ম্য প্রযুক্ত অবশিষ্ট লোকেরা তোমার প্রতিও লুট করিবে।

৯ "যে জন উচ্চে বাসা করিতে ও বিপদহইতে উদ্ধার পাইতে পরিবারের জন্যে পাপধনে লোভ করে, তাহার সন্তাপ হইবে। ১০ তুমি অনেক লোককে উচ্ছিন্ন করাতে আপন পরিজনের লজ্জাজনক পরামর্শ করিয়াছ, ও আপন প্রাণের বিরুদ্ধে পাপ করিয়াছ। ১১ কেননা ভিত্তির মধ্যস্থিত প্রস্তর আর্ত্তস্বর করে, ও কাষ্ঠের মধ্যস্থিত কড়িকাষ্ঠ চীৎকার করে।

১২ "যে জন রক্তপাতদ্বারা পুরী নির্ম্মাণ করে, ও অধর্ম্মদ্বারা নগর স্থাপন করে, তাহার সন্তাপ হইবে। ১৩ লোকদের পরিশ্রম যে অগ্নির নিমিত্তে হয়, ও লোকসমূহের শ্রান্তি বৃথা হয়, ইহা কি পরমেশ্বরহইতে হয় না? ১৪ কারণ সমুদ্র যেমন জলেতে পরিপূর্ণ, তদ্রূপ পৃথিবী পরমেশ্বরের মহিমাবিষয়ক জ্ঞানেতে পরিপূর্ণ হইবে।

১৫ "যে জন আপন প্রতিবাসির উলঙ্গতা দেখিবার জন্যে তাহাকে পান করায়, ও আপন পানপাত্র তাহার মুখে ধরিয়া তাহাকে মত্ত করে, তাহার সন্তাপ হইবে। ১৬ তুমি প্রতাপান্বিত হইলে লজ্জান্বিত হইবা, তৎকালে তুমিও পান করিয়া উলঙ্গ হইবা; পরমেশ্বরের দক্ষিণ হস্তের পানপাত্র তোমার প্রতি আসিবে, ও তোমার গৌরবের বস্তুর উপরে ঘৃণাদায়ক বমন হইবে। ১৭ এবং লিবানোনের প্রতি তোমার দৌরাত্ম্য ও পশুগণের বধ ও মনুষ্যদের রক্তপাত ও দেশ ও নগর ও তন্নিবাসিদের প্রতি দৌরাত্ম্য প্রযুক্ত তুমি লজ্জাতে আচ্ছন্ন হইবা ও ভীত হইবা।"

১৮ খোদিত প্রতিমাতে কি লাভ? তাহার নির্ম্মাণকর্ত্তা কেন তাহার খোদন করে? ছাঁচে ঢালা প্রতিমাতে ও মিথ্যাকথার শিক্ষকেতে কি লাভ? তাহার নির্ম্মাণকর্ত্তা আপন কৃত কর্ম্মে বিশ্বাস করিয়া কেন বোবা প্রতিমা নির্ম্মাণ করে? ১৯ 'তুমি জাগ্রৎ হও,' এই কথা যাহারা কাষ্ঠকে কহে, ও 'তুমি উঠ' এই কথা যাহারা বাক্হীন প্রস্তরকে কহে, তাহাদের সন্তাপ হইবে। সে কি উপদেশ দিতে পারে? ২০ দেখ, সে কেবল সুবর্ণ ও রূপাতে মণ্ডিত; তাহার নিশ্বাস প্রশ্বাস বহে না; কিন্তু পরমেশ্বর আপন পবিত্র মন্দিরে আছেন; তাবৎ জগতের লোকেরা তাঁহার অপেক্ষাতে নীরব হইয়া থাকুক।

৩ অধ্যায়।

১ আপন লোকদের প্রতি ঈশ্বরের পূর্ব্বীয় অনুগ্রহের কর্ম্ম ১৭ ও তাঁহার প্রতি ভবিষ্যদ্বক্তার বিশ্বাস।

১ শিগায়োন্ স্বরে হবক্কূক্ ভবিষ্যদ্বক্তার নিবেদন গীত।

[২ অধ্য; ২] যিশ [illegible] ১।।—[৩] দা ১০; ১৪। ইব্রু ১০; ৩৭।।—[৪] রো ১; ১৭। গাল ৩; ১১। ইব্রু ১০; ৩৮।।—[৫] হি ২৭; ২০। ৩০; ১৬।।—[৮] প ১৭।।—[১৩] যির ৫১; ৫৮।।—[১৪] যিশ ১১; ৯।।—[১৫,১৬] যির ৫১; ৪৯। প্র ১৮; ৬।।—[১৭] প ৮।।—[১৮,১৯] গী ১১৫; ৪-৮। যিশ ৪৪; ৯-২০। যির ১০; ১-১৬।।—[২০] গী ১১; ৪। মিখ ২; ১৩।।

* (বা) তাঁহার। † (বা) তিনি আসিবেন। ইব্রু ১০; ৩৭।

২ হে পরমেশ্বর, আমি তোমার কথা শুনিয়া ভীত হইলাম; হে পরমেশ্বর, তুমি বৎসরের মধ্যে আপন কর্ম্ম * সফল করিও, ও বৎসরের মধ্যে তাহা প্রকাশ করিও; ক্রোধ করিলেও দয়া বিস্মৃত হইও না।

৩ ঈশ্বর তৈমন্‌হইতে আগমন করিলেন †, ও ধর্ম্মস্বরূপ (পরমেশ্বর) পারণ্‌ পর্ব্বতহইতে আগমন করিলেন †। সেলা। তাঁহার তেজেতে আকাশ ব্যাপ্ত হইল †, ও তাঁহার স্তবেতে পৃথিবী পরিপূর্ণা হইল। ৪ ও তাঁহার তেজে আলো হইল, ও তাঁহার হস্তহইতে অংশুজাল নির্গত হইল, এবং তাঁহার হস্ত পরাক্রমের ৫ আশ্রয় হইল। এবং তাঁহার অগ্রে২ মহামারী চলিল, ও তাঁহার চরণহইতে বিদ্যুৎ নির্গত হইল। ৬ তখন তিনি দাঁড়াইয়া পৃথিবী মাপিলেন, ও নিরীক্ষণ করিয়া অন্যদেশীয় লোকদিগকে কম্পবান করিলেন; তখন চিরস্থায়ি পর্ব্বত সকল ছিন্নভিন্ন হইল, ও চিরস্থায়ি উপপর্ব্বতগণ নত হইল, ও তিনি চিরস্থায়ি ৭ পথে গমন করিলেন। এবং আমার দৃষ্টিগোচরে কূশনের তাম্বু দুঃখেতে পতিত হইল, ও মিদিয়নের ৮ আচ্ছাদনবস্ত্র কম্পান্বিত হইল। হে পরমেশ্বর, তুমি অশ্বগণ ও ত্রাণরূপ রথে আরোহণ করিলা; তুমি কি নদীগণের প্রতিও বিরক্ত ছিলা? তোমার ক্রোধ কি নদীগণের উপরেও ছিল? এবং সমুদ্রের প্রতিও ৯ কি তোমার ক্রোধ ছিল? ইস্রায়েল বংশের প্রতি নিয়মসম্বন্ধি শপথানুসারে তোমার অনাবৃত ধনুক আকর্ষিত ছিল। সেলা। তুমি নদীদ্বারা দেশকে ১০ বিদীর্ণ করিলা; এবং পর্ব্বতগণ তোমাকে দেখিয়া কম্পান্বিত হইল, ও সমুদ্রে ঝড় বহিল, এবং গভীর ১১ জল উচ্চ তরঙ্গ করিয়া গর্জ্জন করিল। এবং চন্দ্র ও সূর্য্য স্ব২ স্থানে স্থগিত হইল; ও তোমার দীপ্তিবৎ বাণ ও তেজেতে উজ্জ্বল বড়শা নির্গত হইল। ১২ তুমি ক্রোধেতে পৃথিবীর মধ্যদিয়া গমন করিলা, ও কোপেতে অন্যদেশীয়দিগকে পদতলে দলিলা। ১৩ কিন্তু আপন লোকদের অর্থাৎ আপন অভিষিক্তের পরিত্রাণার্থে গমন করিলা; এবং গভীর ‡ মূল পর্য্যন্ত বাটীর ভিত্তি প্রকাশ করিয়া দুষ্ট বংশের প্রধানকে বিনষ্ট করিলা। সেলা। ১৪ তাহার যে সকল প্রধান লোকেরা আমাকে ছিন্নভিন্ন করণার্থে ঘূর্ণবায়ুর ন্যায় নির্গত হইল, এবং দরিদ্রগণকে গোপনে গ্রাস করিতে আনন্দ করিল, তাহাদের মস্তকে তুমি যষ্ট্যাঘাত করিলা। ১৫ তুমি আপন অশ্বে আরোহণ করিয়া সমুদ্রদিয়া অর্থাৎ জলরাশির পঙ্কমধ্যদিয়া গমন করিলা। ১৬ আমি শুনিলে আমার উদর কম্পিত হইল, ও রবেতে আমার ওষ্ঠ কাঁপিতে লাগিল, ও আমার অস্থি ক্লিন্ন হইল, ও আমি ভয় পাইলাম, যেহেতুক বিপদসময়ে তোমার লোকদের উপরে আক্রমণকারি সৈন্যের সহিত সাক্ষাৎ করিতে আমি আনীত হইব।

১৭ ডুম্বুর বৃক্ষ যদ্যপি পুষ্পিত না হয়, ও দ্রাক্ষালতা যদ্যপি ফলবান্‌ না হয়, এবং জিতবৃক্ষেরও ফল না হয়, ও ক্ষেত্রে কিছু শস্য না জন্মে, ও খোঁয়াড়হইতে তাবৎ মেষপাল উচ্ছিন্ন হয়, ও গোষ্ঠেতে গো না থাকে, তথাপি আমি পরমেশ্বরেতে আনন্দ করিব, ১৮ ও আপন ত্রাণকর্ত্তা ঈশ্বরে উল্লাস করিব। ১৯ প্রভু পরমেশ্বরই আমার বলস্বরূপ, তিনি আমার চরণ হরিণের চরণের ন্যায় করিবেন, ও উচ্চস্থানে আমাকে গমন করাইবেন।

নিগিনোৎ যন্ত্রের প্রধান বাদ্যকরের নিমিত্তে এই গীত।

[৩ অধ্যা; ২] গী ৮৫; ৬।।—[৩-৬] দ্বি ৩৩; ২। বি ৫; ৪,৫। গী ৬৮; ৭,৮।।—[৫] ন ১; ৩।।—[৬] ন ১; ৫।।—[৭] বি ৬; ১০। ৭; ২১, ২২।।—[৮] গী ১১৪; ৩-৬।।—[১০] গী ১১৪; ৩,৪।।—[১১] যি ১০; ১১-১৩।।—[১৫] গী ৭৭; ১৯।। [১৭] যির ৪; ২৩-২৭। মিহে ১; ২,৩।।—[১৮] যিশ ৬১; ১০।।—[১৯] গী ১৮; ৩৩। দ্বি ৩২; ১৩। ৩৩; ২৯।।

*(বা) আপন লোককে সজীব কর। † (বা) করিব, হইবে. ইত্যাদি। ‡ (ইব) গ্রীবদ্বয়।

সিফনিয়ের ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায়।

১ নানা পাপের নিমিত্তে যিহূদা দেশের বিরুদ্ধে ঈশ্বরের দণ্ডাজ্ঞার ভবিষ্যদ্বাক্য।

১ যিহূদা দেশীয় রাজা আমোনের পুত্র যোশিয়ের অধিকার সময়ে হিষ্কিয়ের বৃদ্ধ প্রপৌত্র অমরিয়ের প্রপৌত্র গিদলিয়ের পৌত্র কূশির পুত্র সিফনিয়ের নিকটে পরমেশ্বরের এই কথা উপস্থিত হইল।

২ পরমেশ্বর কহেন, আমি দেশের মধ্যহইতে তাবৎ বস্তু দূর করিব। ৩ পরমেশ্বর কহেন, আমি তাহার মনুষ্য ও পশুগণকে দূর করিব, এবং আকাশীয়

[১ অধ্যা; ১] ২ রা ২২; ১। যির ১; ১,২।।—[২,৩] যির ৪; ১৯-৩১।।

পক্ষিগণকে ও সমুদ্রস্থ মৎস্যগণকে ও বিঘ্নকারি* বস্তুর সহিত দুষ্টদিগকে দূর করিব; দেশের মধ্য-৪ হইতে তাবৎ লোককে সংহার করিব। আমি যিহূদা ও যিরূশালম নিবাসিদের বিরুদ্ধে আপন হস্ত বিস্তার করিব, এবং সেস্থানহইতে বালের অবশিষ্ট লোককে, এবং কোমর্‌ নামক পুরোহিতদের ও যাজকদের ৫ নামকে, এবং যাহারা গৃহের ছাতের উপরে আকাশীয় নক্ষত্রগণকে পূজা করে, এবং যাহারা পরমেশ্বর ও মোলক্‌ দেবতা উভয়ের নাম লইয়া শপথ ৬ করে, ও যাহারা পরমেশ্বরহইতে পরাঙ্মুখ হয়, ও পরমেশ্বরের অন্বেষণ করে না, ও তাঁহার বিষয় জিজ্ঞাসাও করে না, তাহাদিগকে আমি উচ্ছিন্ন করিব।

৭ তোমরা প্রভু পরমেশ্বরের সাক্ষাতে নীরব হও, কেননা পরমেশ্বরের দিন উপস্থিত; তিনি এক যজ্ঞের আয়োজন করিয়া আপন আহূতদিগকে নিমন্ত্রণ† ৮ করিবেন। পরমেশ্বরের সেই যজ্ঞের দিনে আমি অধ্যক্ষগণকে ও রাজকুমারদিগকে ও বিদেশি বস্ত্রে ৯ বস্ত্রান্বিত তাবৎ লোককে দণ্ড দিব। এবং যাহারা চৌকাটে লম্ফ দেয় এবং দৌরাত্ম্য ও কপটতারূপ ধনদ্বারা আপন প্রভুর গৃহ পরিপূর্ণ করে, সেই দিনে ১০ আমি তাহাদের দণ্ড দিব। পরমেশ্বর কহেন, সে দিনে মৎস্যদ্বারহইতে চীৎকার শব্দ, ও বিদ্যালয়হইতে আর্ত্তস্বর, ও পর্ব্বতহইতে ভাঙ্গনের শব্দ শুনা যাইবে। ১১ হে হট্ট নিবাসিগণ, তোমরা আর্ত্তস্বর কর, কেননা বণিক্‌ লোকেরা উচ্ছিন্ন হইবে, ও তাবৎ রূপ্য-১২ বাহক বিনাশ পাইবে। সে সময়ে আমি প্রদীপ জ্বালাইয়া যিরূশালমের অনুসন্ধান করিব; আর যে লোকেরা আপন ২ পাপে নির্ব্বিঘ্ন হইয়া থাকে, ও আপন মনে ২ কহে, পরমেশ্বর মঙ্গল কি অমঙ্গল কিছুই করেন না, তাহাদিগকে আমি শাস্তি দিব। ১৩ তাহাদের সকল সম্পদ লুটিত হইবে, ও তাহাদের গৃহ অরণ্যময় হইবে; তাহারা বাটী নির্ম্মাণ করিলেও তাহাতে বাস করিতে পাইবে না, ও দ্রাক্ষাক্ষেত্র করিলেও দ্রাক্ষারস পান করিতে পাইবে ১৪ না। পরমেশ্বরের মহাদিন নিকটবর্ত্তী, অতি নিকটে আছে, ও অতি শীঘ্র আসিতেছে; পরমেশ্বরের দিনের সম্বাদ অতি ক্লেশদায়ক; সে দিনে বীর-১৫ লোকও আর্ত্তস্বর করিবে। সেই দিন ক্রোধের দিন, তাহাই দুঃখ ও ক্লেশের দিন, এবং ক্ষয় ও অরণ্য হওনের দিন, এবং অন্ধকার ও ঘোর দিন, এবং ১৬ মেঘাচ্ছন্ন ও তিমিরময় দিন হইবে। তাহাই প্রাচীর বেষ্টিত নগরের ও উচ্চ দুর্গের বিপক্ষে তূরীধ্বনি ও ভয়ানক নাদের দিন হইবে। মনুষ্যগণ পরমে-১৭ শ্বরের বিরুদ্ধে পাপ করিয়াছে, এই জন্যে আমি তাহাদিগকে দুঃখ দিয়া অন্ধ লোকের ন্যায় ভ্রমণ করাইব, এবং তাহাদের রক্ত ধূলার ন্যায় ও তাহাদের মাংস মলের ন্যায় ঢালা যাইবে। পরমেশ্ব-১৮ রের ক্রোধের দিনে তাহাদের রূপা কিম্বা তাহাদের সুবর্ণ তাহাদিগকে উদ্ধার করিতে পারিবে না, কিন্তু দেশ সমুদয় তাঁহার প্রজ্বলিত ক্রোধরূপ অগ্নিতে দগ্ধ হইবে, কেননা তিনি দেশনিবাসিদিগকে অতি ত্বরায় অবশেষ করিয়া উচ্ছিন্ন করিবেন।

২ অধ্যায়।

১ পাপের জন্যে খেদ করিতে নিবেদন ৪ ও পিলেষ্টীয়দের দণ্ড ৮ ও মোয়াবের দণ্ড ১২ ও কূশীয় ও অশূরীয় লোকদের দণ্ড।

১ হে অপ্রিয় জাতি, নিয়ম সিদ্ধ হওনের পূর্ব্বে, ও ২ উড্ডীয়মান ভূষিবৎ দিন আগত হওনের পূর্ব্বে, ও তোমাদের নিকটে পরমেশ্বরের প্রচণ্ড কোপ প্রকাশিত হওনের পূর্ব্বে, ও পরমেশ্বরের ক্রোধের দিন উপস্থিত হওনের পূর্ব্বে তোমরা আপনাদিগকে সংগ্রহ করিয়া একত্র হও। ৩ হে ব্যবস্থামত কর্ম্মকারি পৃথিবীস্থ‡ নম্র লোক সকল, তোমরা পরমেশ্বরের অন্বেষণ কর, এবং ধর্ম্মানুসন্ধান ও নম্রতানুসন্ধান কর, তাহাতে কি জানি তোমরা পরমেশ্বরের ক্রোধের দিনে গোপনস্থানে রক্ষা পাইবা।

৪ অসা ত্যক্ত হইবে, ও অস্কিলোন্‌ অরণ্য হইবে, ও মধ্যাহ্নকালে অস্‌দোদ দূরীকৃত হইবে, ও ইক্রোণ্‌ ৫ উন্মূল হইবে। হে সমুদ্রতীর নিবাসি কিরেথীয় জাতিরা, তোমাদের সন্তাপ হইবে, কেননা তোমাদের প্রতিকূলে পরমেশ্বরের বাক্য আছে; হে পিলেষ্টীয়দের দেশ কিনান্‌, আমি তোমাকে এমত উচ্ছিন্ন করিব, যে তোমাতে আর কেহ বসতি করিবে না। ৬ সেই সমুদ্রতীরস্থ দেশে চরণস্থান ও মেষপালকদের ৭ কুটীর ও মেষের খোঁয়াড় হইবে। এবং সেই প্রদেশে যিহূদা বংশের অবশিষ্ট লোকদের অধিকার হইবে; তাহারা তাহার উপরে চরিবে, ও সন্ধ্যাকালে অস্কিলোনের গৃহে শয়ন করিবে; কেননা তাহাদের প্রভু পরমেশ্বর তাহাদের প্রতি অবলোকন করিবেন, ও বন্দিত্বহইতে তাহাদিগকে মুক্ত করিবেন।

৮ মোয়াবের বংশ যে অপমানকথাদ্বারা এবং অম্মোন্‌ বংশ যে নিন্দাকথাদ্বারা আমার লোকদিগকে অবজ্ঞা করিয়া তাহাদের সীমাতে আপনাদিগকে উন্নত করিয়াছে, তাহা আমি শুনিলাম।

[৪-৬] যির ৪৪; ২০-২৩।।—[৫] যির ১২; ১৩।।—[৯] ১ শি ৫; ৫।।—[১৩] দ্বি ২৮; ৩০,৩৯। আম ৫; ১১।। [১৪,১৫] যোয় ২; ১,২,১১।।—[১৭] দ্বি ২৮; ২৯।।—[১৮] যিহি ৭; ১৯।।
[২ অধ্যা; ৪-৭] যিশ ১৪; ২৯-৩২। যির ৪৭। যিহি ২৫; ১৫-১৭। আম ১; ৬-৮।।—[৮-১০] যিশ ১৫। ১৬। যির ৪৮। ৪৯; ১-৬। যিহি ২৫; ৩-১১। আম ১; ১৩-১৫। ২; ১-৩।।

* (বা) পুত্তিমাগনের বা পতনোদ্যত গৃহের। † (ইব্রী) পবিত্র। ‡ (বা) দেশস্থ।

৯ ইস্রায়েলের প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি যদি অমর হই, তবে মোয়াব্ অবশ্য সিদোমের তুল্য হইবে, ও অম্মোন্ বংশ অমোরার তুল্য হইবে; অর্থাৎ বিছুটির আশ্রয় ও লবণের আকর ও নিত্য অরণ্যময় স্থান হইবে, ও আমার অবশিষ্ট লোকেরা তাহাদের সর্ব্বস্ব লুট করিবে, ও আমার দেশীয় রক্ষিত লোকেরা তাহাদের ১০ অধিকার পাইবে। কেননা তাহারা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের লোকদের বিরুদ্ধে নিন্দা ও আপনাদিগকে উন্নত করিয়াছে, এই মত অহঙ্কার প্রযুক্ত ১১ তাহাদের এই সকল দুরবস্থা হইবে। পরমেশ্বর তাহাদের প্রতি ভয়ঙ্কর হইবেন, কারণ তিনি তাবৎ পৃথিবীস্থ দেবগণকে বিনাশ * করিবেন, এবং তাবৎ উপদ্বীপস্থ অন্যজাতীয় লোক প্রত্যেক জন আপন ২ স্থানে তাঁহার আরাধনা করিবে।

১২ হে কূশীয় লোক, তোমরাও তাঁহার † খড়্গে হত ১৩ হইবা। তিনি উত্তরদেশের বিরুদ্ধে আপন হস্ত বিস্তার করিয়া অশূরকে বিনাশ করিবেন, এবং নিনিবীকে ১৪ অরণ্যের ন্যায় শূন্য ও জলহীন করিবেন। তাহাতে তাহার মধ্যে পশুপাল শয়ন করিবে, এবং নানাজাতীয় জন্তু ও পাণিভেলা পক্ষী ও শজারু তাহার গৃহের মাথলার উপরে বাসা করিবে, ও বায়ু বাতায়নের মধ্যে শব্দ করিয়া আসিবে,ও চৌকাটের উপরে মল থাকিবে; কেননা তিনি এরস্ কাষ্ঠের কর্ম্ম বিনষ্ট ১৫ করিবেন। আর 'আমি আছি,আমাবিনা কেহ নাই,' এমত কথা কহিয়া যে নগরী নিশ্চিন্তে বাস করিয়া আনন্দ করে, সে এই রূপে অরণ্য ও পশুদের শয়নস্থান হইবে; এবং যে কেহ তাহার নিকট দিয়া যাইবে,সে শিরশ্চালন ‡ করিয়া তাহাকে নিন্দা করিবে।

৩ অধ্যায়।

১ যিরূশালমের প্রতি অনুযোগ ৮ ও ইস্রায়েলের মুক্তির অপেক্ষার কথা ১৪ ও ঈশ্বরকৃত পরিত্রাণে আনন্দ করণের কথা।

১ যে নগরী মলিনা ‖ ও অপবিত্রা ও উপদ্রবকারিণী ২ হইয়া আহ্বান শুনে না, ও উপদেশ গ্রহণ করে না, ও পরমেশ্বরেতে বিশ্বাস করে না, ও আপন ঈশ্বরের নিকটেও আইসে না, তাহার সন্তাপ হইবে। ৩ তাহার মধ্যস্থিত অধ্যক্ষগণ গর্জ্জনকারি সিংহের ন্যায়, ও তাহার বিচারকর্তৃগণ সায়ংকালীয় কেন্দুয়ার ন্যায়; তাহারা প্রভাতের অগ্রে সমস্ত অস্থি ৪ ভক্ষণ করে। তাহার ভবিষ্যদ্বক্তৃগণ আত্মাভিমানী ও প্রবঞ্চক,ও তাহার যাজকগণ পবিত্র স্থানকে অপবিত্র করে; তাহারা বলেতে ব্যবস্থার অর্থান্তর করে। ৫ কিন্তু ন্যায়কারী পরমেশ্বর তাহার মধ্যে আছেন; তিনি অন্যায় করেন না, ও প্রতি প্রভাতে আপন বিচার প্রকাশ করিতে ত্রুটি করেন না; তথাপি ৬ অন্যায়কারিদের কিছু লজ্জা হয় না। আমি অন্য জাতিদিগকে এমত উচ্ছিন্ন করিলাম, ও তাহাদের দুর্গ এমত নরশূন্য করিলাম, এবং তাহাদের পথও এমত শূন্য করিলাম, যে তাহা দিয়া আর কেহ গমনাগমন করিল না; এবং তাহাদের নগর সকলকে এমত উচ্ছিন্ন করিলাম, যে তাহার মধ্যে মনুষ্য ও বাসকারিমাত্র থাকিল না। তাহাতে আমি ৭ কহিলাম, এই নগরী নিতান্ত আমাকে ভয় করিবে ও আমার উপদেশ গ্রহণ করিবে, তাহাতে তাহার নিবাসস্থান আমার পূর্ব্বোক্ত দণ্ডাজ্ঞানুসারে উচ্ছিন্ন হইবে না; কিন্তু তন্নিবাসিরা যত্নপূর্ব্বক আপন সকল কর্ম্মে দুষ্টতা করিল।

৮ পরমেশ্বর কহেন, শেষ § দিনে আমার উত্থান পর্য্যন্ত তোমরা আমার অপেক্ষা কর, কেননা অন্য দেশীয়দিগকে সংগ্রহ করিতে,ও রাজ্য সকল একত্র করিতে, এবং আপন ক্রোধ ও প্রচণ্ড কোপ তাহাদের প্রতি প্রকাশ করিতে আমি স্থির করিলাম; আমার কোপাগ্নিতে তাবৎ পৃথিবী দগ্ধ হইবে। ৯ তখন পরমেশ্বরের নামে প্রার্থনা করিতে ও এক মনে তাঁহার সেবা করিতে আমি লোকদিগকে এক শুদ্ধ ভাষা শিক্ষা দিব। ১০ আমার কাছে প্রার্থনাকারী যে আমার ছিন্নভিন্ন লোক সকল, তাহারা কূশের নদীর ওপারহইতে আমার নৈবেদ্যস্বরূপ আনীত হইবে। ১১ (হে যিরূশালম,) তুমি আচরণেতে আমার যে আজ্ঞা লঙ্ঘন করিয়াছ, তৎপ্রযুক্ত সে দিনে লজ্জিত হইবা না; কিন্তু যাহারা তোমার উচ্চপদ প্রযুক্ত দুঃসাহসী ¶ হয়, আমি সেই দিনে তাহাদিগকে তোমার মধ্যহইতে দূর করিব; তুমি আমার পবিত্র পর্ব্বত বিষয়ে আর অহঙ্কার করিবা না। ১২ আমি তোমার মধ্যে দরিদ্র ও দীনহীন লোকদিগকে রক্ষা করিব; তাহারা পরমেশ্বরের নামে বিশ্বাস রাখিবে। ১৩ এবং ইস্রায়েলের অবশিষ্ট লোকেরা পাপ করিবে না, ও মিথ্যাকথা কহিবে না, ও প্রতারক জিহ্বা তাহাদের মুখে থাকিবে না; তাহারা ভোজন করিয়া শয়ন করিবে, ও কেহ তাহাদিগকে ভয় দেখাইবে না।

---

[১২] যিশ ২০; ৪। যির ৪৬; ৯। যিহি ৩০; ৯॥—[১৩-১৫] ন ২। ৩॥—[১৪] যিশ ১৪; ২৩। ৩৪; ১১,১৪,১৫॥ [১৫] যিশ ৪৭; ৮। প্র ১৮; ৭॥

[৩ অধ্যা; ১-৫] ২ বং ৩৬; ১২-১৬॥—[৬] যি ২৪; ৬-১৩। আম ২; ৯॥—[৭] যিশ ৬৩; ৮॥—[৮] যোয় ৩; ১,২॥ [১০] যিশ ৬০; ৪। ৬৬; ২০॥—[১১] যিহি ২০; ৩৮॥—[১২] সিখ ১১; ১১॥—[১৩] যিহি ৩৪; ২৮॥

* (ইব) ক্ষীণ। † (ইব্রু) আমার। ‡ (ইব্রু) হস্ত চালন। ‖ (বা) আজ্ঞা লঙ্ঘনকারিণী। § (বা) লুট। ¶ তোমার অহংকারে দর্প করে।

১৪ হে সিয়োনের কন্যে, উল্লাস * কর ; হে ইস্রায়েল, উচ্চৈঃস্বর কর; হে য়িরূশালমের কন্যে, আনন্দ ১৫ কর ও তাবৎ মনের সহিত আহ্লাদ কর। কেননা পরমেশ্বর তোমার দণ্ড দূর করিবেন, তিনি তোমার শত্রুকে বহির্গত করিবেন, ও ইস্রায়েলের রাজা পরমেশ্বর তোমার মধ্যে থাকিবেন, তাহাতে তুমি ১৬ আর অমঙ্গলের দর্শন পাইবা না। ‘তুমি ভয় করিও না,’ এই কথা যিরূশালম্‌কে, ও ‘তোমার হস্ত শিথিল না হউক,’ এই কথা সিয়োন্‌কে সেই ১৭ দিনে কহা যাইবে। তোমার মধ্যস্থিত প্রভু পরমেশ্বর বলবান; তিনি পরিত্রাণ করিবেন, ও তোমার বিষয়ে আনন্দ করিবেন, ও তোমাতে প্রেমাসক্ত হইবেন, ও গানদ্বারা তোমার বিষয়ে উল্লাস করিবেন। ১৮ যাহারা মহোৎসবে না যাওয়াতে শোকান্বিত হয়, ও তোমার সহভাগী হইয়া অপমান রূপ ভারে ভারগ্রস্ত হয়, তাহাদিগকে আমি একত্র করিব। ১৯ এবং যাহারা তোমাকে দুঃখ দেয়, দেখ, সেই সময়ে আমি তাহাদিগকে দণ্ড দিব, ও খঞ্জাকে উদ্ধার করিব, ও দূরীকৃতদিগকে একত্র করিব; এবং তাহারা যে২ দেশে অপমানগ্রস্ত হইয়াছে, সেই সকল দেশে আমি তাহাদের যশ ও সুখ্যাতি করিব। ২০ সেই দিনে আমি তোমাদিগকে একত্র করিয়া আনিব, কেননা পরমেশ্বর কহেন, আমি যে সময়ে তোমাদিগকে প্রকাশরূপে † বন্দিত্বহইতে মুক্ত করিব, তৎকালে পৃথিবীস্থ তাবৎ লোকের মধ্যে তোমাদিগকে সুখ্যাতি ও যশের পাত্র করিব।

[১৫] গ ২৩ ; ২১ ।।—[১৯] যী ৪ ; ৬, ৭ ।।
* (বা) গান। † (ইব্র) তোমাদের সাক্ষাতে।

হগয়ের ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায়।

১ ঈশ্বরের মন্দির নির্ম্মাণ করিতে অলস লোকদের প্রতি অনুযোগ ৭ ও মন্দিরের নির্ম্মাণ করিতে প্রবৃত্তি দেওন ১২ ও ঈশ্বরের সহায়তার প্রতিজ্ঞাবাক্য।

১ দারা রাজের অধিকারের দ্বিতীয় বৎসরে ষষ্ঠ মাসের প্রথম দিনে হগয় ভবিষ্যদ্বক্তাদ্বারা পরমেশ্বরের এই কথা যিহূদার অধ্যক্ষ শল্‌তীয়েলের পুত্র সিরুব্বাবিল্‌ ও যিহোষাদকের পুত্র যেশূয় মহাযাজকের প্রতি উপস্থিত হইল।

২ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, এই লোকেরা কহে, সময় অর্থাৎ পরমেশ্বরের মন্দির গৃন্থনের উপযুক্ত ৩ সময় উপস্থিত হয় নাই। কিন্তু হগয় ভবিষ্যদ্বক্তার প্রতি পরমেশ্বরের এই কথা উপস্থিত হইল ; ৪ হে লোক সকল, এই মন্দিরের অরণ্যাবস্থার সময়ে কি তোমাদের আপন২ সুসজ্জিত গৃহে বাস করা ৫ উচিত? সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, ৬ তোমরা আপন২ আচরণ * বিবেচনা কর। তোমরা অনেক বপন করিলেও অল্প সঞ্চয় কর, এবং ভোজন করিলেও তৃপ্ত হও না, ও পান করিলেও আপ্যায়িত হও না, ও বস্ত্র পরিধান করিলেও কেহ উষ্ণ হও না, এবং যে জন বেতন পায়, সে ছিদ্রবিশিষ্ট এক থলিয়াতে তাহা রাখে।

৭ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তোমরা ৮ আপন২ আচরণ বিবেচনা কর। পরমেশ্বর কহেন, তোমরা পর্ব্বতে যাইয়া কাষ্ঠ আনিয়া এই মন্দির নির্ম্মাণ কর, তাহাতে আমার তুষ্টি জন্মিবে ও আমার ৯ মহিমা বৃদ্ধি পাইবে। তোমরা যাহার প্রচুরতার অপেক্ষা করিলা, তাহা অল্প হইল; ও যাহা গৃহে সঞ্চয় করিলা, তাহার উপরে আমি ফুঁ ১০ দিলাম। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমার এই গৃহ অরণ্যময় হওনের সময়ে তোমরা প্রত্যেক জন আপন২ গৃহে যাইতেছ, এই জন্যে তোমাদের উপরিস্থ আকাশের শিশির নিবারিত ১১ হয়, ও ভূমির উৎপন্ন দ্রব্য নিবারিত হয়। কেননা আমি দেশ ও পর্ব্বত ও শস্য ও দ্রাক্ষারস ও তৈল প্রভৃতি ভূমিতে উৎপন্ন বস্তু এবং মনুষ্য ও পশু ও হস্তকৃত তাবৎ কার্য্যের উপরে আসিতে অনাবৃষ্টিকে আহ্বান করিলাম।

১২ তখন শল্‌তীয়েলের পুত্র সিরুব্বাবিল ও যিহোযাদকের পুত্র যেশূয় মহাযাজক ও অবশিষ্ট লোক

[১ অধ্য ; ১] ইষ্র ৫ ; ১,২। সিখ ১ ; ১ ।।—[৫] প ৭ ।।—[৬] প ৮। হগ ২ ; ১৫-১৭। দ্বি ২৮ ; ৩৮-৪০ ।।—[৭] প ৫।।
[৯-১১] প ৬। হগ ২ ; ১৫-১৭।।—[১০] দ্বি ২৮ ; ২৩ ।।—[১২-১৫] ইষ্র ৫ ; ২,৮ ।।
* (বা) পথ।

সকল আপনাদের প্রভু পরমেশ্বরের বাক্যের অর্থাৎ আপনাদের প্রভু পরমেশ্বরের প্রেরিত হগয় ভবিষ্যদ্বক্তার বাক্যের অনুবর্ত্তী হইল, এবং লোকেরা ১৩ পরমেশ্বরের সাক্ষাতে ভয় করিল। তখন পরমেশ্বরের দূত হগয় ভবিষ্যদ্বক্তা পরমেশ্বরের আজ্ঞাদ্বারা লোকদিগকে কহিল, পরমেশ্বর কহেন, আমি ১৪ তোমাদের সঙ্গে আছি। পরে পরমেশ্বর যিহূদার অধ্যক্ষ শল্‌তীয়েলের পুত্র সিরুব্বাবিলের আত্মাতে ও যিহোষাদকের পুত্র যেশূয় মহাযাজকের আত্মাতে এবং অবশিষ্ট সকল লোকের আত্মাতে ১৫ প্রবৃত্তি দিলে তাহারা দারা রাজের অধিকারের দ্বিতীয় বৎসরের ষষ্ঠ মাসের চব্বিশ দিনে আসিয়া আপন প্রভু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের মন্দিরে কার্য্য করিতে লাগিল।

২ অধ্যায়।

১ প্রথম মন্দির অপেক্ষা দ্বিতীয় মন্দিরের আধিক্যের নিমিত্তে তাহা নির্ম্মাণ করিতে লোকদিগকে প্রবৃত্তি দেওন ১০ ও পাপদ্বারা কর্ম্মে প্রবৃত্ত না হওন ২০ ও সিরুব্বাবিলের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা।

১ সপ্তম মাসের একবিংশতি দিনে হগয় ভবিষ্যদ্বক্তার ২ নিকটে * পরমেশ্বরের এই কথা উপস্থিত হইল, তুমি এখন যিহূদার অধ্যক্ষ শল্‌তীয়েলের পুত্র সিরুব্বাবিল্‌কে ও যিহোষাদকের পুত্র যেশূয় মহাযাজ৩ককে ও অবশিষ্ট লোকদিগকে এই কথা কহ। এই মন্দিরের পূর্ব্ব ঐশ্বর্য্য দেখিয়াছে, তোমাদের মধ্যে এমত অবশিষ্ট কে আছে? এখন তোমরা মন্দিরের † যে অবস্থা দেখিতেছ, তাহা তোমাদের দৃষ্টিতে কি ৪ দুরবস্থা বোধ হয় না? কিন্তু পরমেশ্বর কহেন, হে সিরুব্বাবিল, তুমি এখন সবল হও; এবং পরমেশ্বর কহেন, হে যিহোষাদকের পুত্র যেশূয় মহাযাজক, তুমি সবল হও; হে দেশীয় লোক সকল, তোমরা সবল হইয়া কার্য্য কর; কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি তোমাদের সঙ্গে আছি। ৫ তোমরা যখন মিসরহইতে আসিয়াছিলা, তৎকালাবধি তোমাদের সহিত আমার কৃত নিয়মানুসারে আমার আত্মা তোমাদের মধ্যবর্ত্তী আছেন; তোমরা ৬ ভয় করিও না। কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি অল্প ক্ষণের মধ্যে আকাশ ও পৃথিবী ও সমুদ্র ও শুষ্ক ভূমি আর এক বার কম্পা৭ন্বিত করিব। ও সকল দেশীয় লোকদিগকে কম্পবান করিব, এবং সর্ব্বদেশীয়দের অভিলষিত পাত্র আসিবেন; এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি ৮ এ মন্দির মহিমাতে পরিপূর্ণ করিব। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তাবৎ রূপা আমার, ও তাবৎ স্বর্ণ আমার; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, এই পর৯মন্দিরের তেজ পূর্ব্বমন্দিরের তেজ অপেক্ষা অধিক হইবে; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি এই স্থানে মঙ্গল প্রদান করিব।

১০ দারার অধিকারের দ্বিতীয় বৎসরের নবম মাসের চব্বিশ দিনে হগয় ভবিষ্যদ্বক্তার নিকটে ১১ পরমেশ্বরের এই কথা উপস্থিত হইল। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তুমি যাজকদিগকে ১২ ব্যবস্থাবিষয়ক এই কথা জিজ্ঞাসা কর। কেহ আপন বস্ত্রের অঞ্চলে পবিত্র মাংস বদ্ধ করিলে পর সেই অঞ্চলে যদি রুটী কিম্বা যূষ কিম্বা দ্রাক্ষারস কিম্বা তৈল কিম্বা অন্য কোন খাদ্য দ্রব্য স্পর্শ হয়, তবে সে দ্রব্য কি পবিত্র হইবে? তাহাতে যাজকগণ ১৩ উত্তর করিল, হইবে না। তখন হগয় কহিল, শবের স্পর্শে অশুচি কোন লোক যদি ইহার মধ্যে কোন দ্রব্য স্পর্শ করে, তবে তাহা কি অশুচি হইবে? ১৪ যাজকগণ উত্তর করিল, হইবে। তখন হগয় কহিল, পরমেশ্বর কহেন, এই লোক ও এই জাতি আমার সম্মুখে তদ্রূপ, এবং তাহাদের হস্তের প্রত্যেক কর্ম্মও তদ্রূপ; অতএব তাহারা যে কিছু এখানে ১৫ উৎসর্গ করে, তাহাও অপবিত্র হয়। আমি বিনয় করিয়া কহি, তোমরা পূর্ব্বাবধি অদ্য পর্য্যন্ত অর্থাৎ পরমেশ্বরের মন্দিরে প্রস্তরের উপরে প্রস্তর স্থাপনের পূর্ব্বাবধি আপনাদের অবস্থা বিবেচনা ১৬ কর। তোমাদের মধ্যে কেহ শস্যের বিংশতি পরিমাণ ঢিবির নিকটে আইলে কেবল দশ প্রাপ্ত হইল, এবং কুণ্ডহইতে পঞ্চাশ পূরা পরিমাণ দ্রাক্ষারস লইতে আইলে কেবল বিংশতি ১৭ প্রাপ্ত হইল। পরমেশ্বর কহেন, আমি চিটা ও তেজোহীন শস্য ও শিলাবৃষ্টিদ্বারা তোমাদের হস্তের তাবৎ কার্য্য বিনষ্ট করিলাম, তথাপি তোমরা আ১৮মার প্রতি ফিরিলা না। কিন্তু অদ্যাবধি বিবেচনা কর, নবম মাসের চব্বিশ দিনাবধি, অর্থাৎ পরমেশ্বরের মন্দিরের ভিত্তিমূল স্থাপনের দিনাবধি ১৯ বিবেচনা কর। এখন পর্য্যন্ত কি বীজ গোলাতে আছে? এখন দ্রাক্ষালতা ও ডুম্বুর ও দাড়িম্ব ও জিত ফল ফলে নাই; আমি অদ্যাবধি আশীর্ব্বাদ করিব।

২০ অপর মাসের চব্বিশ দিনে পরমেশ্বরের এই কথা হগয়ের নিকটে পুনর্ব্বার উপস্থিত হইল। ২১ যিহূদার অধ্যক্ষ সিরুব্বাবিল্‌কে এই কথা কহ, ২২ আমি আকাশ ও পৃথিবীকে কাঁপাইব; এবং রাজসিংহাসন উল্টাইব, ও অন্যদেশীয়দের রাজ্যের

[২ অধ্য; ৩] ইষ্রা ৩; ১২॥—[৪] সিখ ৮; ৯॥—[৫] যা ২৯; ৪৫, ৪৬। যিশ ৬৩; ১১॥—[৬] প ২১। ইব্র ১২; ২৬-২৮॥ [৭] মল ৩; ১॥—[১৩] গ ১৯ ১১॥—[১৬,১৭] হগ ১; ৬,৯-১১॥—[১৭] দ্বি ২৮; ২২॥—[১৯] সিখ ৮; ১২॥ [২১] প ৬, ৭॥—[২২] দা ২; ৪৪॥

* (ইব্রী) হস্তের দ্বারা। † (ইব্রী) তাহার।

ঐশ্বর্য্য অপহরণ করিব, এবং রথ ও রথারূঢ়দিগকে উল্টাইব, এবং অশ্ব ও অশ্বারূঢ় লোকেরা আপন ২ ভ্রাতার খড়্গে পতিত হইবে। ২৩ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, হে শল্তীয়েলের পুত্র আমার দাস সিরুব্বাবিল, আমি সেই দিনে তোমাকে গ্রহণ করিয়া এক মুদ্রাস্বরূপ করিব, ইহা পরমেশ্বর কহেন; কেননা আমি তোমাকে মনোনীত করিলাম, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর ইহাও কহেন।

সিখরিয়ের ভবিষ্যদ্বাক্য।

---

১ অধ্যায়।

১ পাপের জন্যে খেদ করিতে ভবিষ্যদ্বক্তার বিনয়বাক্য ৭ ও অশ্বগণের দৃষ্টান্ত ১২ ও যিরূশালমস্থ লোকদের প্রতি ঈশ্বরের সান্ত্বনাদায়ি প্রতিজ্ঞা ১৮ এবং চারি শৃঙ্গ ও শিল্পকর্ম্মকারিদের দৃষ্টান্ত কথা।

১ দারার অধিকারের দুই বৎসর অষ্টম মাসে পরমেশ্বরের এই কথা ইদ্দোর পৌত্র বেরিখিয়ের পুত্র সিখরিয় ভবিষ্যদ্বক্তার নিকটে উপস্থিত হইল। ২ পরমেশ্বর তোমাদের পূর্ব্বপুরুষদের প্রতি বড় বিরক্ত হইয়াছিলেন। ৩ অতএব তুমি এই লোকদিগকে কহ, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমরা আমার প্রতি ফির, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের এই আজ্ঞা; তাহা করিলে আমিও তোমাদের প্রতি ফিরিব, ইহা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন। ৪ পূর্ব্বকালীয় ভবিষ্যদ্বক্তৃগণ তোমাদের পূর্ব্বপুরুষদিগকে আহ্বান করিয়া কহিল, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমরা আপন ২ কুপথ ও কুক্রিয়াহইতে বিমুখ হও; কিন্তু পরমেশ্বর কহেন, তাহারা তাহা শুনিল না ও আমার প্রতিও মনোযোগ করিল না; অতএব তাহাদের ন্যায় তোমরা আচরণ করিও না। ৫ তোমাদের পূর্ব্বপুরুষেরা এখন কোথায়? ও ভবিষ্যদ্বক্তৃগণ কি চিরজীবী? ৬ কিন্তু আমি আপন সেবক ভবিষ্যদ্বক্তৃগণদ্বারা যে২ বাক্য ও যে২ ব্যবস্থা প্রচার করিয়াছি, তাহা কি তোমাদের পূর্ব্বপুরুষদের মধ্যে ফলে নাই? ও তাহারা কি মন ফিরাইয়া ইহা কহিল না, 'সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আমাদের আচার ও ব্যবহারানুসারে যেরূপ ফল দিতে মনস্থ করিয়াছিলেন, আমাদের প্রতি তদ্রূপ করিলেন?'

৭ অপর দারার অধিকারের দ্বিতীয় বৎসরে শিবাট নামক একাদশ মাসের চতুর্ব্বিংশতি দিনে পরমেশ্বরের কথা ইদ্দোর পৌত্র বেরিখিয়ের পুত্র সিখরিয়ের নিকটে উপস্থিত হইল। ৮ আমি রাত্রিতে নিরীক্ষণ করিয়া নিম্নভূমিতে রোপিত মেন্দিবৃক্ষের মধ্যে দণ্ডায়মান রক্তবর্ণ অশ্বে আরূঢ় এক জনকে দেখিলাম, তাঁহার পশ্চাৎ রক্তবর্ণ ও বিচিত্র ও শ্বেতবর্ণ অন্য অশ্ব ছিল। ৯ তখন আমি কহিলাম, হে আমার প্রভো, ইহারা কে? তাহাতে আমার সঙ্গে আলাপকারি দূত আমাকে কহিল, ইহারা কে, তাহা আমি তোমাকে জ্ঞাত করিব। ১০ পরে মেন্দিবৃক্ষের মধ্যে দণ্ডায়মান ব্যক্তি কহিলেন, পরমেশ্বর পৃথিবীতে ইতস্ততো ভ্রমণ করিতে ইহাদিগকে পাঠাইয়াছেন। ১১ তখন তাহারা মেন্দিবৃক্ষের মধ্যস্থিত পরমেশ্বরের দূতকে কহিল, আমরা পৃথিবীতে ইতস্ততো ভ্রমণ করিয়া দেখিলাম, তাবৎ পৃথিবী সুস্থির ও বিশ্রান্ত আছে।

১২ তখন পরমেশ্বরের দূত কহিলেন, হে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, তুমি যিহূদার যে যিরূশালম প্রভৃতি নগরের প্রতি সত্তরি বৎসর পর্য্যন্ত ক্রোধ প্রকাশ করিতেছ, সেই নগরের প্রতি দয়া করিতে কত কাল বিলম্ব করিবা? ১৩ তখন আমার সহিত আলাপকারি দূতকে পরমেশ্বর উত্তম সান্ত্বনাদায়ি বাক্য কহিলেন। ১৪ পরে আমার সহিত আলাপকারি দূত আমাকে কহিল, তুমি উচ্চৈঃস্বরে এই কথা প্রচার কর, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি যিরূশালম ও সিয়োনের নিমিত্তে মহাউদ্যোগে উদ্যোগী হইব। ১৫ ও সুখাভিলাষি অন্যদেশীয়দের প্রতি বড় ক্রুদ্ধ হইব; কেননা আমি (আপন লোকের প্রতি) অল্প বিরক্ত হইলে তাহারা সেই দুঃখের বৃদ্ধি করিল। ১৬ অতএব পরমেশ্বর এই কথা কহেন, আমি সদয় হইয়া যিরূশালমে ফিরিয়া যাইব; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তাহার মধ্যে

[১ অধ্যা; ১] ইষ্র ৫; ১,২। হগ ১; ১॥—[৩] যাক ৪; ৮॥—[৪] ২ বং ৩৬; ১৬। দা ৯; ৬॥—[৬] বিল ২; ১৭। দা ৯; ১১-১৩॥—[৮] প ১১। সিখ ৬; ২-৭। প্র ৬; ১-৮॥—[১২] প্র ৬; ১০। ২ বং ৩৬; ২০,২১॥—[১৩] যির ২৯; ১০॥—[১৪] সিখ ৮; ২॥—[১৫] যিশ ৪৭; ৬॥—[১৬,১৭] সিখ ২; ১,১০,১২। ৮; ৩॥

আমার মন্দির পুনর্নির্ম্মিত হইবে, ও যিরূশালমে
১৭ সূত্রপাতের কর্ম্ম হইবে। আরো উচ্চৈঃস্বরে কহ, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমার নগর সকল পুনর্ব্বার মঙ্গলেতে ব্যাপ্ত হইবে, ও পরমেশ্বর সিয়োন্‌কে পুনর্ব্বার সান্ত্বনা করিবেন, ও যিরূশালম্‌কে পুনর্ব্বার মনোনীত করিবেন।

১৮ পরে আমি চক্ষু তুলিয়া নিরীক্ষণ করিয়া চারি
১৯ শৃঙ্গ দেখিলাম। তখন আমার সহিত আলাপকারি দূতকে জিজ্ঞাসা করিলাম, ইহারা কে? তাহাতে সে আমাকে কহিল, যাহারা যিহূদা ও ইস্রায়েল্ ও যিরূশালমকে ছিন্নভিন্ন করিয়াছিল, তাহারা এই শৃঙ্গস্ব-
২০ রূপ। পরে পরমেশ্বর আমাকে চারি জন শিল্পকার-
২১ কে দেখাইলেন। তাহাতে আমি জিজ্ঞাসা করিলাম, ইহারা কি করিতে আসিতেছে? সে কহিল, ঐ শৃঙ্গ যিহূদাকে এমত ছিন্নভিন্ন করিল, যে কোন কেহ মস্তক তুলিতে পারিল না; অতএব যে দেশীয়েরা যিহূদা দেশ ছিন্নভিন্ন করণার্থে আপন বলরূপ শৃঙ্গ উঠাইল, তাহাদিগকে ভয় দেখাইতে ও তাহাদের শৃঙ্গ বিনষ্ট করিতে ইহারা আসিতেছে।

২ অধ্যায়।

১ যিরূশালম মাপ করণের কথা ৬ ও সিয়োনকে উদ্ধার করণের কথা ১০ ও তাহার ভাবি গৌরবের কথা।

১ অপর আমি ঊর্দ্ধদৃষ্টি করিলে পরিমাণরজ্জু হস্তে
২ এক জনকে উপস্থিত দেখিলাম। তখন আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম, তুমি কোথায় যাইতেছ? তাহাতে তিনি আমাকে কহিলেন, যিরূশালম মাপিতে
৩ ও তাহার দীর্ঘ প্রস্থতা জানিতে যাইতেছি। অপর আমার সহিত আলাপকারি দূত বাহিরে আইলে আর এক দূত তাহার সহিত সাক্ষাৎ করিতে আইল;
৪ এবং তাহাকে কহিল, তুমি দ্রুত যাইয়া ঐ যুবপুরুষকে এই কথা কহ, লোক ও পশুর বাহুল্যপ্রযুক্ত প্রাচীরহীন নগরের ন্যায় যিরূশালমের বসতি হইবে।
৫ এবং পরমেশ্বর কহেন, আমি তাহার চতুর্দ্দিগের অগ্নিরূপ প্রাচীর ও তাহার মধ্যে তেজঃস্বরূপ হইব।

৬ পরমেশ্বর কহেন, হে আমার লোক, আমি তোমাদিগকে আকাশের চতুর্দ্দিগে ছিন্নভিন্ন করিয়াছি; কিন্তু পরমেশ্বর কহেন, উত্তরদেশহইতে এখন
৭ পলায়ন কর। হে বাবিল নগরনিবাসি সিয়োন্,
৮ তুমি আপনাকে উদ্ধার কর। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, যে দেশীয় লোকেরা তোমাদিগকে লুট করিয়াছে, তোমাদের ভাবিগৌরবার্থে তিনি তাহাদের বিরুদ্ধে আমাকে পাঠাইলেন; কেননা যে জন তোমাদিগকে স্পর্শ করে, সে তাঁহার চক্ষুর
৯ তারা স্পর্শ করে। দেখ, আমি তাহাদের উপরে হস্তার্পণ করিব, ও তাহারা আপন ২ দাসের লুটিত বস্তু হইবে, তাহাতে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আমাকে পাঠাইলেন, ইহা তোমরা জ্ঞাত হইবা।

১০ হে সিয়োনের কন্যে, গান করিয়া আনন্দ কর, কেননা পরমেশ্বর কহেন, দেখ, আমি আসিয়া তোমার মধ্যে বাস করিব।
১১ সে দিনে অনেক দেশীয় লোকেরা পরমেশ্বরের পক্ষীয় হইয়া আমার লোক হইবে, ও আমি তোমার মধ্যে বাস করিব, এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আমাকে তোমার নিকটে পাঠাইলেন, ইহা জ্ঞাত হইবা।
১২ পরমেশ্বর পবিত্র দেশে আপন যিহূদারূপ অধিকার ভোগ করিবেন, ও যিরূশালমকে আর বার মনোনীত
১৩ করিবেন। হে লোক সকল, তোমরা পরমেশ্বরের সাক্ষাতে নীরব হও; তিনি আপন পবিত্র আবাসের মধ্যহইতে উদ্‌যোগী হইয়া আসিবেন।

৩ অধ্যায়।

১ যেশূয়ের দৃষ্টান্তদ্বারা সিয়োনের মঙ্গল কথা ৮ ও শাখাস্বরূপ খ্রীষ্টের বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

১ পরে সে পরমেশ্বরের দূতের অগ্রে দণ্ডায়মান যেশূয় মহাযাজককে, ও তাহার দক্ষিণে তাহার বিঘ্ন করিতে দণ্ডায়মান বিঘ্নকারিকে * আমাকে দেখাইল।
২ তখন পরমেশ্বর ঐ বিঘ্নকারিকে কহিলেন, হে বিঘ্নকারি, পরমেশ্বর তোমাকে অনুযোগ করুন, অর্থাৎ যিরূশালমকে মনোনীতকারি পরমেশ্বর তোমাকে অনুযোগ করুন; এই মনুষ্য কি অগ্নিহইতে আকৃষ্ট দগ্ধ কাষ্ঠস্বরূপ নয়?
৩ তৎকালে যেশূয় মলিন বস্ত্রে বস্ত্রান্বিত হইয়া দূতের সম্মুখে দাঁড়াইয়াছিল।
৪ তাহাতে সেই দূত আপন সম্মুখে দণ্ডায়মানদিগকে কহিলেন, ইহাহইতে মলিন বস্ত্র লও; পরে তিনি তাহাকে কহিলেন, দেখ, আমি এখন তোমার পাপ মোচন করিয়া তোমাকে উত্তম বস্ত্র পরিধান করাই,
৫ এবং 'ইহার মস্তকে সুন্দর উষ্ণীষ দেও' এই আজ্ঞা দি; তাহাতে তাহারা তাহার মস্তকে সুন্দর উষ্ণীষ দিয়া বস্ত্র পরিধান করাইলে পরমেশ্বরের দূত নিকটে দাঁড়াইলেন।
৬ পরে পরমেশ্বরের দূত যেশূয়কে
৭ দৃঢ়রূপে কহিলেন, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তুমি যদি আমার পথে চল, ও আমার সেবা কর, এবং আমার মন্দিরে বিচার কর, ও আমার প্রাঙ্গণের রক্ষা কর, তবে আমি আপন নিকটবর্ত্তি লোকদের মধ্যে তোমাকে গমন করিতে স্থান † দিব।

[২ অধ্যা; ১] যিহি ৪০; ৩॥—[২] প্র ১১; ১। ২১; ১৫,১৬॥—[৫] যিশ ২৬; ১। ৬০; ১৯। প্র ২১; ২৩॥—[৬,৭] যিশ ৪৮; ২০। ৫২; ১১। যির ৫০; ৮। ৫১; ৬,৪৫। প্র ১৮; ৪॥—[৮] দ্বি ৩২; ১০॥—[১০,১১] সিখ ১; ১৬। যিহি ৩৭; ২৭,২৮। যিশ ৬০; ৩॥—[১২] সিখ ১; ১৭॥—[১৩] হ ২; ২০॥

[৩ অধ্যা; ১] প্র ১২; ১০॥—[২] আম ৪; ১১॥—[৩] যা ২৮; ৪॥—[৪] যিশ ৬৪; ৬। ৬১; ১০॥—[৫] যা ২৯; ৬॥—[৭] যল ২; ৫-৭॥

* (ইব্রী) শয়তানকে। † (বা) তোমাকে পথদর্শক দিব।

৮ হে যেশূয় মহাযাজক, এখন শুন, এবং তোমার সম্মুখে উপবিষ্ট যে সঙ্গিগণ, তাহারাও শুনুক, কেননা তাহারা চিহ্নস্বরূপ*; দেখ, আমি আপন শাখা-
৯ স্বরূপ সেবককে আনয়ন করিব। দেখ, আমি যেশূয়ের সম্মুখে যে প্রস্তর স্থাপন করিলাম, সেই এক প্রস্তরের উপরে সাত চক্ষু আছে; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, দেখ, আমি সেই প্রস্তর মুদ্রাঙ্কিত করিব, ও এক দিনে সে দেশের তাবৎ পাপ মার্জ্জনা
১০ করিব। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, সে দিনে তোমরা দ্রাক্ষালতা ও ডুম্বুর বৃক্ষের তলে আপন২ প্রতিবাসিকে আসিতে আহ্বান করিবা।

৪ অধ্যায়।

১ স্বর্ণময় দীপবৃক্ষের দৃষ্টান্তদ্বারা সিরুব্বাবিলের কর্ম্মসিদ্ধির কথা ১১ ও দুই জিতবৃক্ষের দৃষ্টান্ত।

১ অপর আমার সহিত আলাপকারি ঐ দূত আসিয়া নিদ্রাহইতে জাগ্রৎ করণের ন্যায় আমাকে
২ জাগ্রৎ করিয়া কহিল, তুমি কি দেখিতেছ? তাহাতে আমি কহিলাম, আমি নিরীক্ষণ করিয়া স্বর্ণময় এক দীপবৃক্ষ দেখিতেছি; ঐ দীপবৃক্ষের উপরে এক তৈলাধার আছে, ও সেই তৈলাধারে সাত নল আছে, সেই সাত নলের অগ্রভাগে
৩ সাত প্রদীপ আছে, এবং ঐ আধারের দক্ষিণে
৪ ও বামে দুই দিগে দুই জিতবৃক্ষ আছে। তখন আমি আপনার সহিত আলাপকারি দূতকে জি-
৫ জ্ঞাসা করিলাম, হে প্রভো, এই সকল কি? তাহাতে আমার সঙ্গে আলাপকারী দূত উত্তর করিল, এই সকল কি, তাহা কি তুমি জান না? আমি কহি-
৬ লাম, হে প্রভো, জানি না। তখন সে আমাকে এই কথা কহিল, সিরুব্বাবিলের প্রতি পরমেশ্বর এই কথা কহেন, বল † ও পরাক্রমদ্বারা নয়, কিন্তু আমার আত্মাদ্বারা কর্ম্ম সিদ্ধ হইবে, ইহা সৈন্যা-
৭ ধ্যক্ষ পরমেশ্বর কহেন। হে বৃহৎ পর্ব্বত, তুমি কে? তুমি সিরুব্বাবিলের সম্মুখে সমভূমি হইবা, এবং সে প্রধান প্রস্তর স্থাপন করিলে তাহার প্রতি 'অনু-
৮ গ্রহ২' এই মহাধ্বনি হইবে। পরে পরমেশ্বরের এই
৯ বাক্য আমার প্রতি উপস্থিত হইল, যে সিরুব্বাবিলের হস্ত এই মন্দিরের ভিত্তিমূল স্থাপন করিয়াছে, তাহার হস্ত তাহা সমাপ্ত করিবে; তাহাতে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আমাকে পাঠাইয়াছেন, ইহা জ্ঞাত
১০ হইবা। ক্ষুদ্র কর্ম্মের দিনকে কে অবজ্ঞা করে? তাবৎ পৃথিবীতে ভ্রমণকারি এই সাত প্রদীপস্বরূপ পরমেশ্বরের সাত চক্ষু সিরুব্বাবিলের হস্তে ওলন ‡ দেখিয়া আনন্দ করে।

১১ অপর আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম, ঐ দীপবৃক্ষের দক্ষিণে ও বামে দুই দিগে স্থিত ঐ দুই জিতবৃক্ষের তাৎপর্য্য কি? এবং পুনর্ব্বার জিজ্ঞাসি-
১২ লাম, জিতবৃক্ষের যে দুই শাখা দুই স্বর্ণময় নলদিয়া আপনাহইতে স্বর্ণবর্ণ তৈল নির্গত করে, তাহার
১৩ তাৎপর্য্য কি? সে কহিল, এই সকল কি, তাহা কি তুমি জান না? আমি কহিলাম, হে আমার
১৪ প্রভো, জানি না। তখন সে আমাকে কহিল, যে অভিষিক্ত দুই জন তাবৎ পৃথিবীর প্রভুর সম্মুখে দণ্ডায়মান হয়, তাহারা এই।

৫ অধ্যায়।

১ উড্ডীয়মান পত্রের দৃষ্টান্তদ্বারা চোর ও মিথ্যাশপথকারিদের অভিশাপ ৫ ও ঐফা পাত্রে উপবিষ্ট নারীদ্বারা ইস্রায়েলের দণ্ড কথা।

১ পরে আমি মুখ ফিরাইয়া ঊর্দ্ধদৃষ্টি করিলে উড্ডীয়-
২ মান এক জড়ান পত্র দেখিলাম। তখন সে আমাকে কহিল, তুমি কি দেখিতেছ? আমি কহিলাম, বিংশতি হস্ত দীর্ঘ ও দশ হস্ত প্রস্থ এক জড়ান পত্র
৩ উড়িতে দেখিতেছি। সে আমাকে কহিল, ইহা তাবৎ দেশ ব্যাপি অভিশাপস্বরূপ; ইহার এক দিগের বচনানুসারে তাবৎ চোর উচ্ছিন্ন হইবে, ও অন্য দিগের বচনানুসারে তাবৎ শপথকারী উচ্ছিন্ন
৪ হইবে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি ইহাকে বহির্গত করিলে এ চোরের বাটীতে ও আমার নামে মিথ্যাশপথকারির গৃহেতে প্রবেশ করিবে, এবং তাহাদের গৃহের মধ্যে থাকিয়া কাষ্ঠ ও প্রস্তরশুদ্ধ তাহা বিনাশ করিবে।

৫ পরে আমার সহিত আলাপকারি দূত বাহিরে আসিয়া আমাকে কহিল, তুমি ঊর্দ্ধদৃষ্টি করিয়া দেখ; ঐ
৬ কি বহির্গমন করিতেছে? তখন আমি জিজ্ঞাসিলাম, ইহা কি? তাহাতে সে কহিল, ও ঐফাপাত্রের বহিষ্কৃতি হওন; আরো কহিল, ইহা দেশীয় তাবৎ লোকস্বরূপ।
৭ অপর এক কিক্কর পরিমিত সীসার ঢাকনী ‖ তুলিলে ঐফাপাত্রের মধ্যে উপবিষ্টা এক স্ত্রী দৃষ্টা
৮ হইল। পরে সে দূত কহিল, এই স্ত্রী পাপস্বরূপা; পরে সে ঐফাপাত্রে ঐ স্ত্রীকে রাখিয়া তাহার উপরে
৯ সীসার ঢাকনী ‖ দিল। তখন আমি ঊর্দ্ধদৃষ্টি করিয়া দেখিলাম, হাড়গিলার ন্যায় পক্ষবিশিষ্ট দুই স্ত্রী পক্ষের বায়ুতে পৃথিবী ও আকাশের মধ্যপথে ঐ

[৮] সিখ ৬; ১২,১৩। যিশ ৪; ২। ১১; ১। ৫৩; ২। যির ২৩; ৫। ৩৩; ১৫।।—[৯] সিখ ৪; ১০। যির ৫০; ২০।। [১০] মী ৪; ৪ ।।

[৪ অধ্য; ২] যা ২৫; ৩১,৩৭। প্র ১; ১২। ৪; ৫ ।।—[৩] প ১১,১২। প্র ১১; ৪।।—[৭] য ২১; ২১। গী ১১৮; ২২-২৯। ইস্র ১; ১০,১১।।—[৯] ইস্র ৩; ১০। ৬; ১৫।।—[১০] ইস্র ৩; ১২। হগ ২; ৩। সিখ ৩; ৯ ।।—[১১] প ৩ ।।—[১৪] প্র ১১; ৪।।

[৫ অধ্য; ১] যিহি ২; ৯,১০ ।।—[২] ১ রা ৬; ৩।।—[৪] লে ১৪; ৪৫ ।।—[১১] আ ১০; ১০ ।।

* (ইব্রু) আশ্চর্য্য লোক। † (বা) সৈন্য। ‡ (ইব্রু) রাঙ্গের প্রস্তর। ‖ (ইব্রু) ভার।

১০ ঐফা লইয়া গেল। তখন আমার সহিত আলাপকারি দূতকে জিজ্ঞাসা করিলাম, ইহারা ঐফা কোথায় লইয়া যাইতেছে? ১১ সে আমাকে কহিল, তাহারা শিনিয়র দেশে তাহার জন্যে এক গৃহ নির্ম্মাণ করিবে; তাহা নির্ম্মিত হইলে তাহার মধ্যে * তাহা স্থাপন করিবে।

৬ অধ্যায়।

১ চারি রথের দর্শন ৯ ও মুকুটের দৃষ্টান্তদ্বারা শাখাস্বরূপ খ্রীষ্টের মন্দির ও রাজত্বের কথা।

১ পরে আমি পুনর্ব্বার ঊর্দ্ধদৃষ্টি করিয়া দেখিলাম, দুই পিত্তলময় পর্ব্বতের মধ্যহইতে চারি রথ নির্গত হইল। ২ প্রথম রথে রক্তবর্ণ অশ্বগণ, ও দ্বিতীয় রথে কৃষ্ণবর্ণ অশ্বগণ, ৩ এবং তৃতীয় রথে শ্বেতবর্ণ অশ্বগণ, ও চতুর্থ রথে বিচিত্রবর্ণ বলবান অশ্বগণ ছিল। ৪ তখন আমার সহিত আলাপকারি দূতকে আমি জিজ্ঞাসা করিলাম, হে প্রভো, এ সকল কি? ৫ সে কহিল, ইহারা তাবৎ পৃথিবীপতির সাক্ষাৎহইতে নির্গমনকারি স্বর্গের চারি আত্মা। ৬ পরে তাহাদের মধ্যে কৃষ্ণবর্ণ অশ্বগণ উত্তরদেশে গমন করিল, ও শ্বেতবর্ণ অশ্বগণ তাহাদের পশ্চাৎ গমন করিল, এবং বিচিত্র অশ্বগণ দক্ষিণ দেশে গমন করিল। ৭ এবং অবশিষ্ট বলবান অশ্বগণ বহির্গমন সময়ে পৃথিবীর সর্ব্বত্র ভ্রমণ করিতে প্রার্থনা করিল; পরে তিনি কহিলেন, তোমরা প্রস্থান করিয়া পৃথিবীতে গমনাগমন কর; তাহাতে তাহারা পৃথিবীর সর্ব্বত্র গমনাগমন করিল। ৮ তখন তিনি আমাকে ডাকিয়া কহিলেন, দেখ, উত্তরদেশগামি এই অশ্বগণ উত্তরদেশে আমার ক্রোধ † শান্ত করিবে।

৯ পরে পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল, ১০ তুমি এই দিনে গমন করিয়া সিফনিয়ের পুত্র যোশিয়ের বাটীতে যাইয়া অন্যদেশস্থিত বন্দিদের মধ্যহইতে অর্থাৎ বাবিলহইতে আগত হিল্‌দয় ও টোবিয় ও যিদায়হইতে ১১ রূপা ও স্বর্ণ লইয়া মুকুট নির্ম্মাণ করিয়া যিহোষাদকের পুত্র যেশূয় মহাযাজকের মস্তকে দেও। ১২ এবং তাহাকে এই কথা কহ, সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, শাখা নামে বিখ্যাত পুরুষ আপন স্থানে শাখার ন্যায় বৃদ্ধি পাইবেন, ও তিনি পরমেশ্বরের মন্দির নির্ম্মাণ করিবেন। ১৩ তিনিই পরমেশ্বরের মন্দির গাঁথিবেন, ও তিনি মহিমাপ্রাপ্ত হইয়া আপন সিংহাসনে বসিয়া রাজত্ব করিবেন, ও আপন সিংহাসনে বসিয়া যাজকত্ব কর্ম্ম করিবেন, তাহাতে এই দুই পদের মধ্যে মিলনের অভিপ্রায় সিদ্ধ হইবে। ১৪ এবং পরমেশ্বরের মন্দিরে হিল্‌দয়ের ‡ ও টোবিয়ের ও যিদায়ের এবং সিফনিয়ের পুত্র যোশিয়ের ‖ স্মরণার্থে এই মুকুট থাকিবে। ১৫ এবং দূরস্থ লোকেরা আসিয়া পরমেশ্বরের মন্দির গাঁথিবে; তাহাতে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আমাকে পাঠাইয়াছেন, ইহা জ্ঞাত হইবা; তোমরা যত্নপূর্ব্বক আপনাদের প্রভু পরমেশ্বরের বাক্যে মনোযোগ করিলে ইহা সিদ্ধ হইবে।

৭ অধ্যায়।

১ উপবাসের বিষয় জিজ্ঞাসা ও তাহার উত্তর ৮ ও বন্দী হওনের কারণ পাপ।

১ অপর দারা রাজার অধিকারের চতুর্থ বৎসরে কিশ্‌লেব্‌ নামক নবম মাসের চতুর্থ দিনে পরমেশ্বরের কথা সিখরিয়ের নিকটে উপস্থিত হইল। ২ তৎকালে পরমেশ্বরের সম্মুখে প্রার্থনা করণার্থে, এবং 'আমরা § এত বৎসর যেরূপ করিয়াছি, তদ্রূপ পঞ্চম মাসে আপনাদিগকে পৃথক করিয়া কি বিলাপ করিব?' ৩ এই কথা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের মন্দিরস্থ যাজকদিগকে ও ভবিষ্যদ্বক্তৃগণকে জিজ্ঞাসা করিবার জন্যে শরেৎসর ও রেগম্মেলক্‌ ও অন্য লোকেরা তাহাদের নিকট ঈশ্বরের মন্দিরে ¶ প্রেরিত হইল। ৪ পরে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল, ৫ তুমি দেশীয় তাবৎ লোককে ও যাজকগণকে এই কথা কহ, তোমরা সত্তরি বৎসর পর্য্যন্ত পঞ্চম ও সপ্তম মাসে যে উপবাস ও বিলাপ করিলা, তাহা কি আমারই উদ্দেশে করিলা? ৬ এবং যে ভোজন ও পান করিবা, তাহা কি আপনাদের জন্যে করিবা না? ৭ এবং যিরূশালম ও তাহার চতুর্দ্দিকস্থ নগর যখন বসতিতে পরিপূর্ণ ও মঙ্গলযুক্ত ছিল, এবং দক্ষিণ দেশে ও প্রান্তরে লোকদের বসতি ছিল, তৎকালে পরমেশ্বর পূর্ব্বভবিষ্যদ্বক্তৃগণদ্বারা যে ২ কথা কহিয়াছিলেন, তাহা কি তোমাদের প্রতি বর্ত্তে না?

৮ অপর পরমেশ্বরের এই কথা সিখরিয়ের নিকটে উপস্থিত হইল, ৯ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহিলেন, তোমরা ন্যায়বিচার কর, এবং আপন ২ ভ্রাতাকে ক্ষমা ও দয়া কর; ১০ এবং বিধবা ও পিতৃহীন ও বিদেশী ও দরিদ্রদের প্রতি অন্যায় করিও না, এবং তোমাদের মধ্যে কেহ মনে ২ আপন ২ ভ্রাতার প্রতিকূল চিন্তা না করুক। ১১ কিন্তু তাহারা শুনিতে অসম্মত হইয়া অনাজ্ঞাবহ হইল, ও শুনিতে অনিচ্ছুক হইয়া আপন ২ কর্ণ রোধ করিল। ১২ এবং

[৬ অধ্যা; ২,৩] সিখ ১; ৮। প্র ৬; ১-৮॥—[১১] প্র ১৯; ১২॥—[১২] সিখ ৩; ৮। যিশ ৪; ২। ১১; ১। ৫৩; ২। যির ২৩; ৫। ৩৩; ১৫। ২ শি ১; ১৩॥—[১৩] গী ১১০; ২,৪। ইব্রি ১; ১-৩॥—[১৫] যিশ ৬০; ৬-১৪। ইফি ২; ১৩,১৯॥ [৭ অধ্যা; ৩] দ্বি ১৭; ৯-১১। সিখ ৮; ১৯। যির ৫২; ১২॥—[৫] সিখ ৮; ১৯। ২ রা ২৫; ২৫॥—[৯,১০] যিশ ৫৮; ৬,৭,৯,১০॥—[১১-১৪] ২ বং ৩৬; ১৪-২০॥

* (ইব্রি) আপন তলে। †(ইব্রি) আত্মাকে। ‡(ইব্রি) হেলমের। ‖ (ইব্রি) হেনের। § (ইব্রি) আমি। ¶(বা) ঈশ্বরের মণ্ডলীদ্বারা।

সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আপন আত্মার ও পূর্ব্ব-ভবিষ্যদ্বক্তৃগণের দ্বারা যে ব্যবস্থা ও বাক্য প্রেরণ করিয়াছিলেন, তাহারা তাহা না শুনিয়া আপন ২ অন্তঃকরণ হীরকের ন্যায় কঠিন করিল, এই হেতুক সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর অত্যন্ত ক্রোধ করিলেন। ১৩ এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহিলেন, আমি উচ্চৈঃস্বরে ডাকিলেও তাহারা যেমন শুনিল না, তদ্রূপ তাহারা ডাকিলেও আমি তাহাদের কথা শুনিব না। ১৪ এবং আমি ঘূর্ণবায়ুদ্বারা তাহাদের অজ্ঞাত অন্যদেশীয় তাবৎ লোকদের মধ্যে তাহাদিগকে ছিন্নভিন্ন করিলাম, তাহাতে তাহাদের দেশ এমত অরণ্যময় হইল, যে তাহাদিয়া কেহ গমনাগমন করিল না; এই রূপে তাহাদের দোষে রম্য দেশ অরণ্যময় হইল।

৮ অধ্যায়।

১ যিরূশালমের পুনর্গ্রহনের কথা ৯ ও ঈশ্বরের মন্দির গাঁথনদ্বারা লোকদের মঙ্গল কথা ১৬ ও ব্যবহারের কথা ১৮ ও মঙ্গলের প্রতিজ্ঞা।

১ অপর সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের বাক্য আমার নিকটে উপস্থিত হইল। ২ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি সিয়োনের নিমিত্তে বড় ব্যগ্র আছি, ও অত্যন্ত ক্রোধে ব্যগ্র আছি। ৩ পরমেশ্বর এই কথা কহেন, আমি সিয়োনের প্রতি ফিরিয়া যাইব ও যিরূশালমের মধ্যে বাস করিব; তাহাতে যিরূশালম সত্য নগর নামে বিখ্যাত হইবে, এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের পর্ব্বত পবিত্র পর্ব্বত নামে বিখ্যাত হইবে। ৪ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, পুনর্ব্বার বৃদ্ধ ও বৃদ্ধা, ও সর্ব্বপ্রকার যষ্ট্যবলম্বি বৃদ্ধ লোক যিরূশালমের রাজপথে বসিবে, ৫ ও ঐ নগরের রাজপথ ক্রীড়াকারি বালক ও বালিকাতে পরিপূর্ণ হইবে। ৬ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, এই কালের অবশিষ্ট লোকদের দৃষ্টিতে ইহা অসম্ভব হইলেও সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তাহা কি আমারও দৃষ্টিতে অসম্ভব হইবে? ৭ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, দেখ, আমি পূর্ব্ব ও পশ্চিম * দেশহইতে ৮ আপন লোকদিগকে উদ্ধার করিব, ও তাহাদিগকে আনিব; তাহাতে তাহারা যিরূশালমের মধ্যে বাস করিয়া সত্যতাতে ও ধর্ম্মেতে আমার লোক হইবে, এবং আমিও তদ্রূপে তাহাদের ঈশ্বর হইব।

৯ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, যে দিনে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের মন্দির পুনর্নির্ম্মাণের নিমিত্তে তাহার ভিত্তিমূল স্থাপিত হইল, সেই দিনে ভবিষ্যদ্বক্তৃগণের প্রমুখাৎ এই কথা শ্রবণ করিয়াছিলা যে তোমরা, তোমাদের হস্ত সবল হউক। ১০ সেই সময়ের পূর্ব্বে মনুষ্যের কিম্বা পশুর বেতন ছিল না; এবং যে কেহ ভিতরে ও বাহিরে গমন করিত, ক্লেশ প্রযুক্ত তাহার কিছুই মঙ্গল ছিল না; কেননা আমি প্রত্যেক জনকে আপন ২ প্রতিবাসির বিপক্ষ করিলাম। ১১ কিন্তু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, এখন আমি এই অবশিষ্ট লোকদের প্রতি পূর্ব্বমত ব্যবহার করিব না। ১২ কেননা বীজ সফল † হইবে, ও দ্রাক্ষালতা ফলবতী হইবে, ও ভূমি শস্য উৎপন্ন করিবে, ও আকাশ শিশির দান করিবে; আমি এই অবশিষ্ট লোকদিগকে এই সকলের অধিকারী করিব। ১৩ হে যিহূদা বংশ, হে ইস্রায়েল বংশ, তোমরা অন্যদেশীয়দের মধ্যে যেরূপ অভিশাপস্বরূপ হইয়াছ, তদ্রূপ আমাদ্বারা নিস্তারিত হইয়া আশীর্ব্বাদস্বরূপ হইবা; তোমাদের ভয় নাই, তোমাদের হস্ত সবল হউক। ১৪ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমাদের পূর্ব্বপুরুষেরা আমাকে ক্রুদ্ধ করিলে আমি যেমন তোমাদিগকে শাস্তি দিতে মনস্থ করিয়া তাহাহইতে ক্ষান্ত হইলাম না, ১৫ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি এই সময়ে যিরূশালমের ও যিহূদা বংশের মঙ্গল করিতে পুনশ্চ তদ্রূপ মনস্থ করিলাম, অতএব তোমরা ভয় করিও না।

১৬ তোমরা এই রূপ ব্যবহার কর, আপন ২ প্রতিবাসিকে সত্য কথা কহ, ও বিচারস্থানে সত্য ও মঙ্গলদায়ক বিচার কর। ১৭ তোমাদের কেহ আপন প্রতিবাসির প্রতিকূলে মনে ২ কুচিন্তা না করুক, এবং তোমরা মিথ্যা দিব্য ভাল বাসিও না, কেননা পরমেশ্বর কহেন, আমি এই সকল ঘৃণা করি।

১৮ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের এই কথা আমার নিকটে উপস্থিত হইল, ১৯ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, চতুর্থ ও পঞ্চম ও সপ্তম ও দশম মাসের উপবাসের দিন যিহূদা বংশের আনন্দ ও হর্ষ ও আহ্লাদজনক পর্ব্বদিন হইবে; অতএব তোমরা সত্যতা ও মঙ্গল ভাল বাস। ২০ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, অদ্যাবধি অনেক লোক ও অনেক নগরবাসিরা আসিবে। ২১ এবং 'আইস, আমরা পরমেশ্বরের সম্মুখে প্রার্থনা করণার্থে ও সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের অন্বেষণ করিতে শীঘ্র যাই, আমিও যাই,' এক নগরনিবাসিরা অন্য নগরে গিয়া এই কথা কহিবে। ২২ এবং অনেক লোক ও বলবান জাতিসমূহ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের অন্বেষণ করিতে ও পরমেশ্বরের

[৮ অধ্যা; ২] সিখ ১; ১৪ ॥—[৩] ১; ১৬,১৭। ২; ১০। যির ৩১; ২৩॥—[৪] যিশ ৬৫; ২০॥—[৭] যিহি ৩৭; ২১। আম ৯; ১৪,১৫॥—[৮] সিখ ১৩; ৯। হো ২; ২৩॥—[৯] ইষ্রু ৫; ১,২॥—[১০] হগ ১; ৬,৯-১১। ২; ১৬॥—[১২] হগ ২; ১৯॥—[১৬,১৭] সিখ ৭; ৯,১০॥—[১৯] ২ রা ২৫; ১,৩,৮,২৫॥—[২০-২২] যিশ ২; ২-৫॥

* (ইব্রু) সূর্য্যোদয় ও সূর্য্যাস্ত। † (বা) কিন্তু তাহারা মঙ্গলপ্রাপ্ত বংশ হইবে।

কাছে প্রার্থনা করিতে যিরূশালমে আসিবে। ২৩ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, তৎকালে নানা ভাষাবাদি দেশীয়দের মধ্যহইতে দশ ২ জন, যিহূদীয় এক ২ জনের বস্ত্র ধরিয়া এই কথা কহিবে, আমরা তোমাদের সহিত যাইব, কেননা ঈশ্বর তোমাদের সহিত আছেন, ইহা আমরা শুনিলাম।

৯ অধ্যায়।

১ মণ্ডলীর রক্ষা করণ ৯ ও খ্রীষ্ট আগমনের অপেক্ষা করিতে ও আনন্দ করিতে বিনয় কথা ১২ ও জয় ও রক্ষার প্রতিজ্ঞা।

১ হদ্রক্ দেশের প্রতি পরমেশ্বরের এই ভবিষ্যদ্বাক্য উক্ত আছে; দম্মেষক্ তাহার আশ্রয় হইবে, ও হমাৎ ও সোর্ ও সীদোন জ্ঞানবান হইলেও তাহার ২ অংশী হইবে; তৎকালে পরমেশ্বরের দৃষ্টি মনুষ্যের প্রতি, বিশেষতঃ ইস্রায়েল বংশের * প্রতি হইবে। ৩ সোর্ আপনার জন্যে দৃঢ় দুর্গ নির্ম্মাণ করিল, এবং ধূলার ন্যায় রূপা ও পথের কর্দ্দমের ন্যায় ৪ উত্তম স্বর্ণ সঞ্চয় করিল। কিন্তু দেখ, প্রভু তাহাকে পরহস্তগত করিবেন, ও তাহার সমুদ্রস্থ বল অপহরণ করিবেন, ও সে অগ্নিতে দগ্ধ হইবে। ৫ এবং অস্কিলোন্ তাহা দেখিয়া ভয় করিবে, এবং অসা তাহা দেখিয়া অতি শোকান্বিত হইবে, এবং ইক্রোণ্ আপন অপেক্ষিতের বিষয়ে লজ্জিত হইবে, ও অসার মধ্যে রাজা বিনষ্ট হইবে, ও অস্কিলোনে ৬ বসতি থাকিবে না। ও অস্দোদে জারজ সন্তান সকল বাস করিবে, এবং আমি পিলেষ্টীয়দের দর্প চূর্ণ ৭ করিব। আমি তাহাদের মুখহইতে তাহাদের পেয় রক্ত, ও তাহাদের দন্তের মধ্যহইতে তাহাদের ঘৃণার্হ ভক্ষ্য অপহরণ করিব; কিন্তু যে অবশিষ্ট থাকিবে, সে আমাদের ঈশ্বরের সপক্ষ হইবে, ও যিহূদার মধ্যে অধ্যক্ষতুল্য হইবে, ও ইক্রোণীয় যিবূষীয়ের ৮ তুল্য হইবে। আমি সৈন্যের সহিত আপন মন্দিরের চতুর্দ্দিগে শিবির স্থাপন করিব, তাহাতে সেখানে (কোন শত্রু) গমনাগমন করিবে না, ও কোন উপদ্রবি লোক তাহার মধ্যদিয়া আর যাইবে না; কারণ আমি আপনি তাহার প্রতি দৃষ্টিপাত করিব।

৯ হে সিয়োনের কন্যে, অতিশয় আনন্দ কর; ও হে যিরূশালেমের কন্যে, উচ্চৈঃস্বর কর; দেখ, তোমার রাজা ধর্ম্মস্বরূপ ও পরিত্রাণকর্ত্তা ও নম্রশীল ও গর্দ্দভারূঢ় বরং গর্দ্দভীর শাবকারূঢ় হইয়া তোমার নিকটে আসিবেন। ১০ আমি ইফ্রয়িম্হইতে রথ ও যিরূশালমহইতে অশ্বগণকে দূর করিব, ও যুদ্ধে ধনুর্ভঙ্গ হইবে; এবং তিনি অন্যদেশীয়দিগকে সন্ধির কথা কহিবেন; এবং তাঁহার রাজ্য এক সমুদ্র অবধি অন্য সমুদ্র পর্য্যন্ত, ও নদী অবধি পৃথিবীর আদ্যন্ত সীমা পর্য্যন্ত হইবে। ১১ এবং আমি তোমার নিয়মের রক্তপ্রযুক্ত নির্জ্জল কূপের মধ্যহইতে তোমার বন্দিগণকেও মুক্ত করিব।

১২ হে প্রত্যাশাবিশিষ্ট বন্দিগণ, তোমরা দৃঢ় দুর্গের প্রতি ফির; অদ্যাবধি আমি তোমাদিগকে দ্বিগুণ ফল দিতে স্বীকার করি। ১৩ আমি আপনার জন্যে ধনুঃস্বরূপ যিহূদাকে আকর্ষণ করিয়া বাণরূপ ইফ্রয়িমকে তাহাতে সন্ধান করিব; এবং হে সিয়োন, আমি যূনানের সন্তানদের বিরুদ্ধে তোমার সন্তানদিগকে উঠাইব, ও তোমাকে বীরের খড়্গস্বরূপ করিব। ১৪ পরমেশ্বর তাহাদের প্রতি দৃষ্ট হইবেন, তাহাতে তাঁহার শর বিদ্যুতের ন্যায় নির্গত হইবে; প্রভু পরমেশ্বর তূরী বাজাইবেন; তিনি দক্ষিণের ঘূর্ণ বায়ুর ন্যায় দ্রুতগমন করিবেন। ১৫ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর তাহাদিগকে রক্ষা করিবেন, তাহাতে তাহারা শত্রুকে গ্রাস করিবে ও ফিঙ্গার প্রস্তরদ্বারা দমন করিবে, ও তাহারা পান করিয়া ধর্ম্মপানপাত্রের ও যজ্ঞবেদির চূড়ার ন্যায় দ্রাক্ষারসে পরিপূর্ণ হইয়া শব্দ করিবে। ১৬ সে দিনে তাহাদের প্রভু পরমেশ্বর আপন লোকদিগকে পালের ন্যায় রক্ষা করিবেন, এবং তাহারা মুকুটের রত্নের তুল্য ও দেশে উত্থাপিত জয়চিহ্নস্বরূপ হইবে। ১৭ তাহাতে অতিশয় মঙ্গল ও সৌন্দর্য্য হইবে, ও শস্য যুবদিগকে, ও নূতন দ্রাক্ষারস যুবতিদিগকে আনন্দিত † করিবে।

১০ অধ্যায়।

১ প্রতিমার অন্বেষণ না করিয়া পরমেশ্বরের অন্বেষণ করা উচিত ও পাপ প্রযুক্ত পালের শাস্তি ও পুনর্ব্বার তাহার সুস্থ করণ।

১ তোমরা শেষবৃষ্টির সময়ে পরমেশ্বরের কাছে বৃষ্টির প্রার্থনা কর; তাহাতে বিদ্যুৎসৃষ্টিকর্ত্তা পরমেশ্বর বৃষ্টি প্রদানপূর্ব্বক প্রত্যেক জনের ক্ষেত্রে তৃণ উৎপন্ন করাইবেন। ২ ঠাকুরগণ নিষ্ফল কথা কহিয়া থাকে, ও মায়াবি লোক মিথ্যাদর্শন পাইয়া মিথ্যাস্বপ্ন প্রচার করিয়া নিরর্থক সান্ত্বনা দিয়া থাকে; তাহাতে লোকেরা দূরীকৃত পশুপালের ন্যায় হয়, ও পালকহীন হইয়া ব্যাকুল হয়। ৩ এই জন্যে পালকদের প্রতি আমার

---

[২৩] ১ ক ১৪; ২৫॥

[৯ অধ্য; ৩,৪] যিহি ২৭। আম ১; ৯॥—[৫-৭] আম ১; ৬-৮॥—[৮] গী ১২৫; ২,৩॥—[৯] য ২১; ৪,৫। যো ১২; ১৪-১৬॥—[১০] মী ৫; ৪,১০,১১। গী ৭২; ৭,৮॥—[১১] ইব্রি ৯; ১১-২২॥—[১২] যিশ ৪০; ২। ৬১; ৭॥

[১০ অধ্য; ১] যির ১৪; ২২॥—[২] যিহি ৩৪; ৫॥—[৩] যিহি ৩৪; ১৭॥

* (বা) মনুষ্যদের বিশেষতঃ ইস্রায়েল বংশের দৃষ্টি পরমেশ্বরের প্রতি হইবে। † (বা) শস্যের ন্যায় যুবদিগকে ও দ্রাক্ষারসের ন্যায় যুবতিদিগকে উৎপন্ন করিবে।

ক্রোধ জন্মিবে, আমি ছাগদিগকে দণ্ড করিব; কিন্তু সৈন্যাধক্ষ পরমেশ্বর আপন পালরূপ যিহূদা বংশের সহিত সাক্ষাৎ করিবেন, এবং তাহাকে সুন্দর ৪ যুদ্ধাশ্বের ন্যায় করিবেন। তাহার মধ্যহইতে প্রধান* ও বলবান † লোক ও যুদ্ধধনুঃ ও তাবৎ শাসন- ৫ কর্ত্তা উৎপন্ন হইবে। বলবানেরা যেমন যুদ্ধে পথের কর্দ্দমের ন্যায় শত্রুকে মর্দ্দন করে, তাহারা তদ্রূপ করিবে; পরমেশ্বর তাহাদের সহায় প্রযুক্ত তাহারা ৬ জয়ী হইবে, কিন্তু অশ্বারূঢ়েরা ব্যাকুল হইবে। আমি যিহূদার বংশকে সবল করিব, ও যূষফের বংশকে উদ্ধার করিব, ও তাহাদিগকে ফিরাইয়া আনিব, কেননা আমি তাহাদের প্রতি দয়া করিব, ও তাহারা আমার অত্যক্তের ন্যায় হইবে; আমি তাহাদের প্রভু পরমেশ্বর তাহাদের কথা শুনিব। ৭ এবং ইফ্রয়িম্ বলবান হইবে, এবং দ্রাক্ষারসদ্বারা যেমন আনন্দ হয়, তাহাদের অন্তঃকরণে তদ্রূপ আনন্দ হইবে; ও তাহাদের সন্তানগণ তাহা দেখিয়া আহ্লাদিত হইবে, ও তাহাদের অন্তঃকরণ পরমে- ৮ শ্বরেতে উল্লাস করিবে। আমি ডাকিয়া তাহাদিগকে একত্র করিব, ও তাহাদিগকে নিতান্ত মুক্ত করিব, তাহাতে তাহারা পূর্ব্বকালের ন্যায় বৃদ্ধি পাইবে। ৯ আমি তাহাদিগকে লোকের মধ্যে সমারোপণ করিলে তাহারা দূরদেশে থাকিয়া আমাকে স্মরণ করিবে, ও সন্তানগণের সহিত রক্ষিত হইয়া ফিরিয়া আ- ১০ সিবে। আমি তাহাদিগকে পুনর্ব্বার মিসরদেশহইতে আনিব, ও অশূর্হইতে সংগ্রহ করিয়া গিলিয়দ্ ও লিবানোন্ প্রদেশে আনিব, তথাপি তাহাদের ১১ স্থানের অকুলান হইবে। তিনি দুঃখরূপ সমুদ্রের মধ্যদিয়া তাহাদিগকে গমন করাইবেন, ও সমুদ্রের তরঙ্গকে প্রহার করিবেন, এবং নদীর গভীর জল শুষ্ক হইবে, ও অশূরের অহঙ্কার নত হইবে, ও ১২ মিসরের রাজদণ্ড দূরীকৃত হইবে। পরমেশ্বর কহেন, আমি ‡ বলেতে তাহাদিগকে বলবান করিব, ও তাহারা আমার নামে গমনাগমন করিবে।

১১ অধ্যায়।

১ যিরূশালমের বিনাশের ভবিষ্যদ্বাক্য ৪ ও মনোনীত লোকের রক্ষা ও অন্যদের বিনাশের কথা ১০ ও পাঁচনী ভঙ্গদ্বারা যিহূদী লোকদের ভঙ্গ দেখাওন, ১৫ ও নির্ব্বোধ পালকের কর্ম্ম ও ফল।

১ হে লিবানোন্, আপন দ্বার মুক্ত কর, তাহাতে অগ্নি ২ তোমার এরস্ বৃক্ষ দগ্ধ করিবে। হে দেবদারু বৃক্ষ, তুমি আর্ত্তস্বর কর, কেননা এরস্ বৃক্ষ পতিত হইবে, উত্তম২ বৃক্ষ বিনষ্ট হইবে; হে বাশনের অলোন্ বৃক্ষ সকল, তোমরা আর্ত্তস্বর কর, কেননা প্রাচীর- ৩ বেষ্টিত বন উচ্ছিন্ন হইবে। এবং মেষপালকদেরও আর্ত্তস্বর শুনা যাইবে, কারণ তাহাদের সকল ঐশ্বর্য্য বিনষ্ট হইবে, এবং যুবসিংহের গর্জ্জন শুনা যাইবে, কেননা যর্দ্দনেরও দর্প চূর্ণ হইবে।

৪ আমার প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তুমি ৫ বধ্য পালকে চরাও; কেননা এই পালের ক্রয়কারী তাহাকে বধ করিয়া আপনাদিগকে নির্দ্দোষ মানিবে, ও এই পালের বিক্রয়কারী কহিবে, ‘আমি ধনী, পরমেশ্বরের ধন্যবাদ হউক;’ এবং পালক ৬ পালের প্রতি নির্দ্দয়তা করিবে। পরমেশ্বর কহেন, আমি দেশ নিবাসিদের প্রতি আর দয়া করিব না, কিন্তু তাহাদের প্রত্যেক জনকে আপন২ প্রতিবাসির ও রাজার হস্তে সমর্পণ করিব; তাহাতে তাহারা দেশ উচ্ছিন্ন করিলেও তাহাদের হস্তহইতে তাহা- ৭ দিগকে উদ্ধার করিব না। আমি পালের দীনহীনের ‖ নিমিত্তে বধ্য পালকে চরাইলাম, এবং আপনার কাছে দুই পাঁচনী লইলাম, তাহার একের নাম অনুগ্রহ ও অন্যের নাম বন্ধন রাখিয়া পালকে ৮ চরাইলাম। আমি এক মাসের মধ্যে তিন পালককে দূর করিলাম, তাহাতে আমার মন যেমন তাহাদিগকে ঘৃণা করিল, তদ্রূপ তাহাদের মনও আমাকে ৯ ঘৃণা করিল। তখন আমি কহিলাম, আমি তোমাদিগকে চরাইব না, তাহাতে যে মরে সে মরুক, ও যে উচ্ছিন্ন হয় সে উচ্ছিন্ন হউক, ও অবশিষ্টেরা এক জন অন্যের মাংস ভোজন করুক।

১০ পরে আমি আপন অনুগ্রহ নামক দণ্ড লইয়া তাবৎ লোকের সহিত আমার নিয়ম ভঙ্গ দেখাইবার জন্যে ১১ তাহা ভঙ্গ করিলাম। সে দিনে তাহা ভঙ্গ হইলে এই সকল পরমেশ্বরের কথা, ইহা পালের দীনহীনেরা ১২ আমাতে মনোযোগ করিয়া জ্ঞাত হইল। তখন আমি কহিলাম, যদি তোমাদের ইচ্ছা হয়, তবে আমার মূল্য দেও, নতুবা ক্ষান্ত হও; অতএব তাহারা আমার মূল্যের জন্যে ত্রিশ মুদ্রা আমাকে তৌল ১৩ করিয়া দিল। তখন পরমেশ্বর আমাকে কহিলেন, “তাহা কুম্ভকারের কাছে ফেলিয়া দেও, তাহারা আমার যে মূল্য নিরূপণ করিয়াছে, তাহা বিলক্ষণ বটে;” অতএব আমি সেই ত্রিশ মুদ্রা লইয়া পরমেশ্বরের মন্দিরে কুম্ভকারের কাছে তাহা ফেলিয়া ১৪ দিলাম। পরে যিহূদা ও ইস্রায়েলের বন্ধুত্ব ভঙ্গ দেখাইবার জন্যে বন্ধন নামে দ্বিতীয় দণ্ডকে ভগ্ন করিলাম।

১৫ পরে পরমেশ্বর আমাকে কহিলেন, তুমি এক

[৫-১২] যিশ ১১; ১০-১৬॥—[৯] হো ১; ১১। ২; ২৩॥—[১০] হো ১১; ১১॥
[১১ অধ্য; ১,২] ১ রা ৬; ১৫॥—[৩] যির ৫০; ৭॥—[৭] প ১১। যিহি ৩৭; ১৬॥—[১১] প ৭॥—[১২,১৩] ম ২৬; ১৫। ২৭; ৩-১০। গির ১৯, ২,৬॥

* (ইব্র) কোণ। † (ইব্র) পেরেক। ‡ (ইব্র) পরমেশ্বরের। ‖ (বা) পালের ক্ষীনতা প্রযুক্ত।

১৬ নির্ব্বোধ অন্য পালকের শস্ত্র ধারণ কর। কেননা দেখ, আমি দেশের মধ্যে এমত এক পালককে উঠাইব, যে উচ্ছিন্নদিগকে দেখিতেও যাইবে না, ও শাবকদের অন্বেষণ করিবে না, ও ভগ্নকে সুস্থ করিবে না, ও সুস্থিরকে চরাইবে না, কিন্তু হৃষ্টপুষ্ট পশুদের খুর ভাঙ্গিলে পর তাহাদের মাংস ভোজন করিবে।
১৭ পাল ত্যাগকারি অকর্ম্মণ্য পালকের সন্তাপ হইবে, ও তাহার হস্ত ও দক্ষিণ চক্ষুর উপরে খড়্গ পতিত হইবে, ও তাহার হস্ত নিতান্ত শুষ্ক হইবে, ও তাহার দক্ষিণ চক্ষু সর্ব্বতোভাবে অন্ধীকৃত হইবে।

১২ অধ্যায়।

১ যিরূশালমের কম্পজনক পাত্রস্বরূপ হওন ৩ ও ভারি প্রস্তরস্বরূপ হওন ৬ ও যিহূদার জয় কথা ৯ ও যিরূশালমের অনুতাপ কথা।

১ ইস্রায়েলের বিষয়ে পরমেশ্বরের ভবিষ্যদ্বাক্য। আকাশ বিস্তারকর্ত্তা ও পৃথিবীর ভিত্তিমূল স্থাপনকর্ত্তা এবং মনুষ্যের অন্তরস্থ আত্মার সৃষ্টিকর্ত্তা পরমেশ্বর ২ কহেন, দেখ, যে সময়ে যিরূশালমের চতুর্দ্দিক্স্থিত তাবৎ লোক যিহূদা ও যিরূশালমের বিরুদ্ধে সৈন্য রচনা করিবে, তৎকালে আমি তাহাদের নিকটে যিরূশালমকে কম্পজনক পাত্র করিব।
৩ সেই দিনে আমি যিরূশালমকে সকল লোকের প্রতি ভারদায়ক প্রস্তরস্বরূপ করিব, তাহাতে যদ্যপি পৃথিবীর তাবৎ লোক তাহার প্রতিকূলে একত্র হয়, তথাপি যে কেহ সেই প্রস্তর বহন করিবে, সে ৪ তাহাদ্বারা চূর্ণ হইবে। পরমেশ্বর কহেন, সে দিনে আমি অশ্বগণকে ব্যাকুলতাতে ও অশ্বারূঢ়গণকে উন্মত্ততাতে প্রহার করিব, এবং যিহূদা বংশের প্রতি অবলোকন করিয়া লোকদের অশ্বগণকে ৫ অন্ধতাদ্বারা প্রহার করিব। এবং সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বরের উপকারদ্বারা যিরূশালম নিবাসি লোকেরা আমাদের বলস্বরূপ, এই কথা যিহূদার শাসনকর্ত্তৃগণ আপন মনে২ কহিবে।
৬ সে দিনে আমি যিহূদার শাসনকর্ত্তৃগণকে কাষ্ঠ মধ্যস্থিত অগ্নির চুলাস্বরূপ ও আটির মধ্যস্থ প্রজ্বলিত ডামসের স্বরূপ করিব; তাহারা দক্ষিণ ও বামস্থিত ও চতুর্দ্দিগে তাবৎ লোককে গ্রাস করিবে, কিন্তু যিরূশালম আপন স্থানে * বসতি বিশিষ্ট হইবে।
৭ দায়ূদ বংশের ও যিরূশালম নিবাসিদের গৌরব যিহূদার প্রতিকূলে যেন আপনাকে উন্নত না করে, এই জন্যে পরমেশ্বর প্রথমে যিহূদার তাম্বু উদ্ধার করিবেন। ৮ সে দিনে পরমেশ্বর যিরূশালম নিবাসিগণকে রক্ষা করিবেন, এবং সে দিনে তন্মধ্যস্থিত দুর্ব্বল ব্যক্তি দায়ূদের ন্যায়, এবং দায়ূদের বংশ দিব্য দূতের † ন্যায় অর্থাৎ পরমেশ্বরের দূতের ন্যায় তাহাদের অগ্রসর হইবে। সে দিনে যে সকল লোক যিরূশালমের বিরুদ্ধে আসিবে, আমি তাহাদিগকে বিনষ্ট করিতে চেষ্টা করিব।
৯ আমি দায়ূদ বংশের ও যিরূশালম নিবাসিদের উপরে প্রার্থনা ‡ ও বিনয়জনক আত্মা বর্ষণ করিব; ১০ তাহারা যাঁহাকে বিদ্ধ করিল, তাঁহার প্রতি অর্থাৎ আমার প্রতি দৃষ্টিপাত করিয়া অদ্বিতীয় পুত্রশোকের ন্যায় || শোক করিবে, ও প্রথমজাত পুত্রের জন্যে যেমন কেহ শোকাকুল হয় তদ্রূপ শোকাকুল হইবে। ১১ এবং মগিদ্দো উপত্যকাতে হদদ্-রিমোনের শোকের ন্যায় সে দিনে যিরূশালমে অতিশয় শোক হইবে। ১২ দেশীয় প্রত্যেক বংশ পৃথক২ হইয়া শোক করিবে, অর্থাৎ দায়ূদের বংশ পৃথক, ও তাহাদের স্ত্রীগণ পৃথক; এবং নাথনের বংশ পৃথক, ও তাহাদের স্ত্রীগণ পৃথক; ১৩ এবং লেবির বংশ পৃথক, ও তাহাদের স্ত্রীগণ পৃথক; এবং শিমিয়ির বংশ পৃথক, ও তাহাদের স্ত্রীগণ পৃথক; ১৪ ইত্যাদি অবশিষ্ট বংশ ও তাহাদের স্ত্রীগণ পৃথক২ হইয়া শোক করিবে।

১৩ অধ্যায়।

১ পাপের জন্যে উনুই খুলন এবং দেবপূজা ও মিথ্যাভবিষ্যদ্বক্তার প্রতি মার্জ্জনা ৭ ও খ্রীষ্টের মৃত্যু ও যিহূদীয়দের ভাবিকথা।

১ সেই দিনে দায়ূদ বংশের ও যিরূশালম নিবাসিদের পাপ ও অপবিত্রতার মার্জ্জনার নিমিত্তে এক উনুই নির্গত হইবে। ২ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, সেই দিনে আমি দেশহইতে দেবগণের নাম লুপ্ত করিব, তাহারা আর স্মরণে আসিবে না; এবং আমি মিথ্যা ভবিষ্যদ্বক্তৃগণকে ও অপবিত্র আত্মাকে দেশহইতে দূর করিব। ৩ এবং কেহ ভবিষ্যদ্বাক্য কহিতে চাহিলে তাহার জন্মদাতা পিতা ও মাতা তাহাকে কহিবে, তুমি বাঁচিবা না, কেননা তুমি পরমেশ্বরের নামে মিথ্যাভবিষ্যদ্বাক্য কহিতেছ; এবং তাহার মিথ্যাভবিষ্যদ্বাক্য কহন প্রযুক্ত তাহার জন্মদাতা পিতা ও মাতা তাহাকে বিদ্ধ করিবে। ৪ এবং সে দিনে ভবিষ্যদ্বক্তৃগণ আপন২ ভবিষ্যদ্বাক্য কহন কালে প্রাপ্ত দর্শনের বিষয়ে লজ্জিত হইবে, এবং প্রতারণা করণার্থে লোমজ বস্ত্র আর

---

[১৬] ব্রি ২৮ ; ৬৫,৬৬॥—[১৭] সিখ ১৪ ; ১২ ॥
[১২ অধ্য ; ২] যিশ ৫১ ; ২২,২৩ ॥—[৩-৯] সিখ ১৪। যিহি ৩৮। ৩৯। যোয় ৩ ; ১-১৭ ॥—[১০-১৪] যির ৩১ ; ৯। ৫০ ; ৪। যিহি ৩৯ ; ২৯। যোয় ২ ; ২৮, ২৯॥—[১০] যো ১৯ ; ৩৪-৩৭। প্র ১ ; ৭॥—[১১] ২ বং ৩৫ ; ২৪,২৫ ॥—[১২] ম ২৪ ; ৩০। প্র ১ ; ৭। ২ শি ৫ ; ১৪। লূ ৩ ; ৩১॥—[১৩] গ ৩ ; ১৮,২১॥
[১৩ অধ্য ; ১] ইব্রি ৯ ; ১৪। প্র ১ ; ৫,৬॥—[২] হো ২ ; ১৭। মী ৫ ; ১২,১৩॥—[৩] দ্বি ১৮ ; ২০ ॥—[৪] ২ রা ১ ; ৮॥
* (ইব্রি) স্বস্থান যিরূশালমে। † (বা) ঈশ্বরের। ‡ (বা) অনুগ্রহ। || (ইব্রি) তাঁহার নিমিত্তে।

৫ পরিধান করিবে না। কিন্তু প্রত্যেক জন কহিবে, আমি ভবিষ্যদ্বক্তা নহি, কৃষিলোক; বালককালা-৬ বধি স্বামির ক্রীত দাস আছি। তবে তোমার হস্তে এই ক্ষত কি? এই কথা কেহ তাহাকে জিজ্ঞাসা করিলে সে উত্তর করিবে, আমি বন্ধুর বাটীতে যে ক্ষত বিশিষ্ট হইলাম, এ সেই ক্ষত।

৭ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, হে খড়্গ, তুমি আমার মেষপালকের অর্থাৎ আমার সদৃশ ব্যক্তির বিরুদ্ধে জাগৃৎ হও; মেষপালককে প্রহার কর, তাহাতে মেষেরা ছিন্নভিন্ন হইয়া যাইবে; আমি ক্ষুদ্রগণের প্রতি আপন হস্ত পুনর্ব্বার বিস্তারিত ৮ করিব। পরমেশ্বর কহেন, সে দেশের দুই অংশ লোক উচ্ছিন্ন হইয়া মরিবে; কিন্তু তৃতীয় অংশ ৯ লোক তাহার মধ্যে অবশিষ্ট থাকিবে। আমি সেই তৃতীয়াংশ লোককে অগ্নির মধ্যদিয়া আনিয়া রূপার ন্যায় পরিষ্কৃত করিব, ও সুবর্ণের ন্যায় পরীক্ষা করিব, তাহারা আমার নামে প্রার্থনা করিবে; তাহাতে আমি তাহাদের প্রার্থনা শুনিয়া তাহাদিগকে কহিব, তোমরাই আমার লোক; এবং তাহারা কহিবে, পরমেশ্বরই আমাদের প্রভু।

১৪ অধ্যায়।

১ যিরূশালমের বিনাশ ও তাহার বিনাশকারিদের দণ্ড ১৬ ও যিহূদীয় ও অন্যদেশীয়দের যুক্তির কথা ২০ ও সেই যুক্তিদ্বারা সকলের পবিত্রতা হওন।

১ দেখ, পরমেশ্বরের দিন আসিতেছে; তাহাতে তোমার মধ্যে তোমার সম্পদ লুটিত হইয়া বিভক্ত ২ হইবে। কেননা আমি তাবৎ দেশীয় লোকদিগকে যিরূশামের নিকটে যুদ্ধার্থে সংগ্রহ করিব; তাহাতে নগর পরহস্তগত হইবে, ও গৃহের দ্রব্য লুটিত হইবে, ও স্ত্রীগণ বলাৎকৃত হইবে, এবং নগরের অর্দ্ধেক লোক বন্দী হইয়া অন্য দেশে যাইবে; কিন্তু অবশিষ্ট লোকেরা নগরহইতে উচ্ছিন্ন হইবে না। ৩ তখন পরমেশ্বর নির্গত হইয়া যুদ্ধদিনের ন্যায় যুদ্ধ করিয়া সেই অন্যদেশীয় লোকদের সহিত যুদ্ধ করি-৪ বেন। সে দিনে তিনি যিরূশালমের পূর্ব্বদিগের সম্মুখস্থ জৈতুন নামক পর্ব্বতের উপরে দাঁড়াইবেন; তাহাতে জৈতুন পর্ব্বতের মধ্যদেশ পূর্ব্বপশ্চিমে বিদীর্ণ হইবে; এবং তাহার মধ্যে মহাউপত্যকা হওয়াতে পর্ব্বতের অর্দ্ধেক উত্তরদিগে ও অর্দ্ধেক ৫ দক্ষিণদিগে স্থানান্তর হইবে। তখন তোমরা আমার পর্ব্বতের সেই উপত্যকার মধ্যে পলায়ন করিবা, কেননা পর্ব্বতের সেই উপত্যকা আৎসল্ পর্য্যন্ত হইবে; যিহূদার রাজা উষিয়ের অধিকার সময়ে ভূকম্প হইলে তোমরা যেমন পলায়ন করিলা তেমন পলায়ন করিবা; আমার প্রভু পরমেশ্বর আপন তাবৎ পুণ্যবান লোককে সঙ্গে লইয়া আসিবেন। ৬ সে দিনে নক্ষত্রাদির কিরণ নিস্তেজ হইলে আলো ৭ হইবে না। সে দিন এক ও পরমেশ্বরের বিদিত; সেই দিন দিবসের কি রাত্রির ন্যায় হইবে না, কিন্তু ৮ সন্ধ্যাকালে দীপ্তি হইবে। সে দিনে যিরূশালমের মধ্যহইতে অমৃত জল নির্গত হইবে, তাহার অর্দ্ধেক পূর্ব্বসমুদ্রের দিগে ও অর্দ্ধেক পশ্চিমসমুদ্রের দিগে যাইবে; তাহা গ্রীষ্ম ও শীতকালে থাকিবে। ৯ পরমেশ্বর তাবৎ পৃথিবীর উপরে রাজা হইবেন; সে দিনে পরমেশ্বর অদ্বিতীয় হইবেন, এবং তাঁহার ১০ নামও অদ্বিতীয় হইবে। তিনি গেবা অবধি যিরূশালমের দক্ষিণস্থ রিমোন্ পর্য্যন্ত তাবৎ দেশ রূপান্তর করিয়া সমভূমির সদৃশ করিবেন, এবং বিনয়ামীনের দ্বার অবধি পূর্ব্বদ্বারের স্থান অর্থাৎ কোণের দ্বার পর্য্যন্ত, এবং হননেলের দুর্গ অবধি রাজার দ্রাক্ষাযন্ত্র পর্য্যন্ত নগর উন্নত হইয়া বসতিতে পরি-১১ পূর্ণ হইবে। এবং লোকেরা তাহার মধ্যে বাস করিবে; সে আর কখনো শাপগ্রস্ত হইবে না, কিন্তু যিরূশালম বসতিতে পরিপূর্ণ হইয়া নিরাপদে থাকি-১২ বে। এবং যে সকল লোক যিরূশালমের বিরুদ্ধে যুদ্ধ করিবে, পরমেশ্বর তাহাদের প্রতি এইরূপ বিপদ ঘটাইবেন, তাহাদের দণ্ডায়মান সময়ে প্রত্যেকের মাংস ক্ষয় পাইবে, ও চক্ষু কোটরে ক্ষীণ হই-১৩ বে, ও মুখে জিহ্বা ক্ষয় পাইবে। সে দিনে পরমেশ্বর তাহাদের মধ্যে মহাকোলাহল জন্মাইবেন; তাহারা প্রত্যেক জন আপন ২ প্রতিবাসির হস্ত ধরিবে, ও ১৪ বন্ধুলোকের বিরুদ্ধে হস্ত উঠাইবে। এবং যিহূদাও যিরূশালমে যুদ্ধ করিবে, ও চতুর্দ্দিকস্থিত অন্যদেশীয় স্বর্ণ ও রূপা ও বস্ত্রাদি ধন বাহুল্যরূপে একত্র ১৫ করা যাইবে। এবং অশ্ব ও অশ্বতর ও উষ্ট্র ও গর্দ্দভ প্রভৃতি শিবিরেতে যত পশু থাকিবে, তাহাদের ঐরূপ বিপদের ন্যায় বিপদ ঘটিবে।

১৬ যিরূশালমের প্রতিকূলে আগত সকল দেশীয়দের মধ্যে যাহারা অবশিষ্ট থাকিবে, তাহারা বৎসর ২ সৈন্যাধ্যক্ষ রাজা পরমেশ্বরের ভজনা করিতে ও আবাসের পর্ব্ব পালন করিতে আসি-১৭ বে। এবং পৃথিবীর তাবৎ বংশের মধ্যে যাহারা সৈন্যাধ্যক্ষ রাজা পরমেশ্বরের ভজনা করিতে যিরূশালমে আসিতে সম্মত হইবে না, তাহাদের ১৮ উপরে কিছু বৃষ্টি হইবে না। এবং মিসরদেশীয় বংশ যদি না আইসে ও উপস্থিত না হয়, তবে

[৫] আম ৭; ১৪ ॥—[৭] য ২৬; ৩১। ১১; ২৫ ॥—[৮,৯] যিহি ৫; ১-৪,১২ ॥—[৯] মিখ ৮; ৮। হো ২; ২৩ ॥
[১৪ অধ্যা] মিখ ১২; ৩-৯। যিহি ৩৮। ৩৯। যোয় ৩; ১-১৭ ॥—[৫] আম ১; ১। যোয় ৩; ১১ ॥—[৬] যোয় ৩; ১৫॥
[৮] যোয় ৩; ১৮। যিহি ৪৭; ১-১২। প ২২; ১ ॥—[১০,১১] যির ৩১; ৩৮-৪০ ॥—[১২] যিহি ৩৯; ৩-৭ ॥—[১৩] যিহি ৩৮; ২১ ॥—[১৫] প ১২ ॥—[১৬] যিশ ৬৬; ২৩। লে ২৩; ৩৩-৪৩ ॥—[১৭] যিশ ৬০; ১২ ॥

তাহাদের উপরে বৃষ্টি হইবে না; কেননা আবাসের পর্ব্ব পালন করিতে অনাগমনকারিদিগকে পরমেশ্বর যে দুর্গতি দেন, তাহাদিগকেও তদ্রূপ দুর্গতি ১৯ দিবেন। আবাসের পর্ব্ব পালন করিতে অনাগমনকারি মিস্রীয় প্রভৃতি অন্যদেশীয় লোকদের এই রূপ দণ্ড হইবে।

২০ সে দিনে অশ্বগণের ঘণ্টার উপরে 'পরমেশ্বরের উদ্দেশে পবিত্র' এই বাক্য লিখিত হইবে, এবং বেদির সম্মুখস্থিত পাত্রের ন্যায় পরমেশ্বরের মন্দিরের তাবৎ হণ্ডী পবিত্র হইবে। এবং যিরূশালম ও যিহূদা ২১ দেশের তাবৎ হণ্ডী সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের উদ্দেশে পবিত্র হইবে; এবং যাজকেরা আসিয়া তাহা লইয়া তাহাতে পাক করিবে; সেই দিনে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের মন্দিরে কিনানীয় লোক আর থাকিবে না।

[২০] যা ২৮; ৩৬। যিশ ২৩; ১৮॥—[২১] পু ২১; ২৭॥

মলাখির ভবিষ্যদ্বাক্য।

১ অধ্যায়।

১ ইস্রায়েল্ লোকদের অকৃতজ্ঞতার বিষয়ে ভবিষ্যদ্বক্তার নিবেদন ৬ ও তাহাদের অধর্ম্ম বিষয়ক কথা।

১ মলাখির * দ্বারা ইস্রায়েলের প্রতি পরমেশ্বরের ২ ভবিষ্যদ্বাক্য। পরমেশ্বর কহেন, আমি তোমাদিগকে প্রেম করিলাম; কিন্তু তোমরা কহ, 'তুমি কিসে আমাদিগকে প্রেম করিলা?' এবং পরমেশ্বর কহেন, এষৌ কি যাকূবের ভ্রাতা নয়? তথাপি আমি যাকূ- ৩ বকে প্রিয় পাত্র † জ্ঞান করিলাম; কিন্তু এষৌকে অপ্রিয় পাত্র ‡ জ্ঞান করিয়া তাহার পর্ব্বতকে অরণ্যময় করিলাম, এবং তাহার অধিকারকে ৪ বন্য সর্পগণের বাসস্থান করিলাম। আর "আমরা এখন দরিদ্র হইয়াছি বটে, কিন্তু উচ্ছিন্ন স্থান পুনর্নির্ম্মাণ করিব," ইদোম যদি এমত কহে, তবে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তাহারা পুনর্নির্ম্মাণ করিবে বটে, কিন্তু আমি তাহা ভঙ্গ করিব; এবং তাহারা 'দুষ্ট দেশ' ও 'ঈশ্বরের নিত্য ক্রোধপাত্র' ৫ এই দুই নামে বিখ্যাত হইবে। এবং তোমরা চক্ষুর্দ্বারা তাহা দেখিবা, ও 'ইস্রায়েলের সীমার এ পারে ওপারে পরমেশ্বর মহিমাপ্রাপ্ত হন,' ইহাও কহিবা।

৬ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, হে আমার নামাবজ্ঞাকারি যাজকগণ, পুত্র পিতাকে ও দাস প্রভুকে সম্ভ্রম করিয়া থাকে; কিন্তু আমি যদি পিতা, তবে আমার সম্ভ্রম কোথায়? ও আমি যদি প্রভু, তবে আমার প্রতি তোমাদের ভয় কোথায়? তথাপি তোমরা কহিয়া থাক, 'আমরা কিসে তোমার নাম অবজ্ঞা ৭ করি?' (দেখ,) তোমরা আমার যজ্ঞবেদির উপরে অপবিত্র খাদ্য নিবেদন করিয়া থাক; তথাপি তোমরা বল, 'আমরা কিসে তোমাকে অপবিত্র করি?' পরমেশ্বরের বেদি ‖ তুচ্ছনীয়, এই কথাদ্বারা তাহা করিয়া থাক। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, যজ্ঞের ৮ নিমিত্তে অন্ধ পশুকে উৎসর্গ করা কি তোমাদের দোষ হয় না? এবং খঞ্জ ও রোগি পশুকে উৎসর্গ করা কি তোমাদের দোষ হয় না? তোমরা ইহা আপনাদের অধ্যক্ষের কাছে উৎসর্গ কর; সে কি তাহাতে তুষ্ট হইবে ও তোমাদিগকে গ্রাহ্য করিবে? 'এখন বিনয় ৯ করি, আমাদের প্রতি অনুগ্রহ করিতে পরমেশ্বরের কাছে প্রার্থনা কর;' সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমরা যদি এই প্রকার করিয়া থাক, তবে আমি § কি তোমাদিগকে গ্রাহ্য করিব? (বিনা- ১০ লাভে) দ্বার রুদ্ধ ¶ করে, তোমাদের মধ্যে এমত কে আছে? এবং আমার যজ্ঞবেদির উপরে বিনালাভে তোমরা অগ্নি স্থাপন কর না; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমাদিগেতে আমার কিছু তুষ্টি হয় না; অতএব আমি তোমাদের হস্তের নৈবেদ্য গ্রাহ্য করিব না। তথাপি সূর্য্যের উদয়াচল অবধি অস্তা- ১১ চল পর্য্যন্ত অন্যদেশীয়দের মধ্যে আমার নাম গৌরবান্বিত হইবে, ও প্রত্যেক স্থানে আমার নামের উদ্দেশে ধূপ ও পবিত্র নৈবেদ্য উৎসৃষ্ট হইবে; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, অন্যদেশীয়দের মধ্যে আমার নাম গৌরবান্বিত হইবে। কিন্তু 'পরমেশ্- ১২ বরের বেদি অপবিত্র, ও তাহার নিবেদিত খাদ্য তুচ্ছনীয়,' এই কথা কহিয়া তোমরা আমার নাম অবজ্ঞা করিতেছ। এবং 'এই কর্ম্ম কেমন ক্লেশদায়ক!' ১৩ ইহা কহিতেছ; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমরা তাহা তুচ্ছজ্ঞান ** করিতেছ, এবং লুটিত ও খঞ্জ ও পীড়িত পশুকে আমার নৈবেদ্যার্থে আনিয়া

[১ অধ্য; ২,৩] রো ৯; ১০-১৩॥—[৪] যিশ ৩৪। যিহি ৩৫। ওব॥—[৭,৮] দ্বি ১৫; ২১॥—[১০] যিশ ১; ১১। রো ১১; ২৫॥—[১১] গী ১১৩; ৩॥

* (অর্থাৎ) আমার দূতের। † (ইব্রি) প্রেম। ‡ (ইব্রি) ঘৃণা। ‖ (ইব্রি) মেজ। § (ইব্রি) তিনি। ¶ (বা) হায় যদি তোমাদের কেহ দ্বার রুদ্ধ করে এবং তোমরা নিরর্থক বলিদান না কর, (বা) তোমাদের বিরুদ্ধে দ্বার রুদ্ধ হইবে এবং। ** (ইব্রি) নাসিকা বিকৃত।

থাক; অতএব পরমেশ্বর কহেন, আমি কি তোমা- ১৪ দের হস্তহইতে তাহা গ্রহণ করিব? কিন্তু আপনার পালের মধ্যে উত্তম পুংপশু থাকিলেও যে প্রতারক মানত করিয়া পীড়িতা স্ত্রীপশু উৎসর্গ করে, সে শাপগ্রস্ত; কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি মহারাজ, অন্যদেশীয়দের মধ্যে আমার নাম ভয়জনক হইবে।

২ অধ্যায়।

১ যাজকদের অবিশ্বস্ততা ১০ ও দেবপূজা প্রযুক্ত লোকদের প্রতি অনুযোগ ১৪ ও পরদার ও দৌরাত্ম্য প্রযুক্ত তাহাদের প্রতি অনুযোগ।

১ হে যাজকগণ, তোমাদের প্রতি এখন এই আজ্ঞা ২ হইতেছে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমরা যদি অনাজ্ঞাবহ হইয়া আমার নামের গৌরব করিতে মনোযোগ না কর, তবে আমি তোমাদিগকে শাপগ্রস্ত করিব, ও তোমাদের প্রতি দত্ত আশীর্ব্বাদকে অভিশাপস্বরূপ করিব; এবং তোমাদের অমনো- ৩ যোগ প্রযুক্ত আমি এখনি অভিশাপ দিলাম *। দেখ, আমি তোমাদের ক্ষতির জন্যে বীজ ক্ষয় করিব, এবং তোমাদের মুখে বিষ্ঠা অর্থাৎ তোমাদের মহোৎসবের বিষ্ঠা দিব, এবং লোকেরা তাহার ৪ সহিত তোমাদিগকে লইয়া যাইবে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমার নিয়ম যেন লেবির সহিত থাকে, এই জন্যে আমি তোমাদের নিকটে ৫ এই আজ্ঞা পাঠাইলাম, ইহা জ্ঞাত হও। তাহার সহিত আমার জীবন ও মঙ্গলদায়ক নিয়ম ছিল; সে আমাকে ভয় করিয়া আমার নামে ভীত হইলে আমি তাহাকে সম্মানার্থে জীবন ও মঙ্গল দিতাম। ৬ তাহার মুখে শাস্ত্রোপদেশ থাকিত, ও তাহার ওষ্ঠাধরে কোন অধর্ম্ম বাক্য থাকিত না; সে আমার সহিত মঙ্গল ও সরলাচরণ করিত, ও অধর্ম্মহইতে ৭ অনেককে ফিরাইত। কারণ যাজকের ওষ্ঠাধরে জ্ঞানের কথা থাকা উচিত হয়, ও তাহার প্রমুখাৎ শাস্ত্রজ্ঞান চেষ্টা করা কর্ত্তব্য হয়, কেননা সে সৈন্যা- ৮ ধ্যক্ষ পরমেশ্বরের প্রেরিত লোক। কিন্তু সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমরা পথহইতে বহির্গত হইয়া শাস্ত্র বিষয়ে অনেককে ভ্রান্ত করাতে লেবির নিয়ম ৯ ভঙ্গ করিতেছ। তোমরা আমার আজ্ঞা † পালন না করিয়া ধর্ম্মশাস্ত্রবিচারে পক্ষপাত করিয়া থাক, এই জন্যে আমি সকল লোকের সাক্ষাতে তোমাদিগকে তুচ্ছ ও নীচ পাত্র করিব।

১০ আমাদের সকলেরই কি এক পিতা নহেন? ও এক ঈশ্বর কি আমাদের সৃষ্টি করেন নাই? আমরা আপনাদের পৈতৃক নিয়ম ভঙ্গ করণার্থে কেন প্রত্যেক জন আপন২ ভ্রাতার বিরুদ্ধে প্রতারণা করি? যিহূদা প্রবঞ্চনা করে, এবং ইস্রায়েলে ও ১১ যিরূশালমে ঘৃণ্য ক্রিয়া হয়; কেননা যিহূদা পরমেশ্বরের প্রিয় ধর্ম্মকে অপবিত্র করে, ও অন্য দেবের কন্যাকে বিবাহ করে। কিন্তু গুরু ‡ বা যাকূ- ১২ বের তাম্বুর মধ্যবর্ত্তী শিষ্য ‖ বা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের উদ্দেশে নৈবেদ্য আনয়নকারি যাজক যে কেহ এই কর্ম্ম করে, তাহাকে পরমেশ্বর উচ্ছিন্ন করিবেন। তোমরা পরমেশ্বরের যজ্ঞবেদিকে অশ্রুতে ১৩ ও বিলাপে ও উচ্চৈঃস্বরে এমত আচ্ছন্ন করিয়াছ, যে তিনি আর নৈবেদ্য মানিবেন না, ও তুষ্ট হইয়া তোমাদের হস্তের দ্রব্য আর গ্রাহ্য করিবেন না।

তোমরা জিজ্ঞাসা কর, ইহার কারণ কি? কারণ এই, ১৪ তুমি আপনার যে সখী ও নিয়মকৃতা পত্নীর প্রতি বিশ্বাসঘাতকতা করিয়াছ, তোমার সেই যৌবনাবস্থার ভার্য্যার ও তোমার মধ্যে পরমেশ্বর সাক্ষী আছেন। আর 'এক জন কি ইহা করিল না? তথাপি ১৫ তাহার মধ্যবর্ত্তী আত্মা থাকিলেন;' ‡ সেই এক জন কেন তাহা করিল? ধর্ম্মবংশ পাইবার জন্যে; অতএব আপন প্রাণের বিষয়ে সাবধান হও, এবং কেহ আপন যৌবনাবস্থার ভার্য্যার প্রতি বিশ্বাসঘাতিত্ব না করুক। ইস্রায়েলের প্রভু পরমেশ্বর কহেন, আমি ১৬ স্ত্রীত্যাগ করণ ঘৃণা করি; এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি বস্ত্রেতে দৌরাত্ম্য আচ্ছাদন করণ ঘৃণা করি; অতএব বিশ্বাসঘাতিত্ব না করণার্থে তোমরা আপন২ প্রাণের বিষয়ে সাবধান হও।

তোমরা বাক্যদ্বারা পরমেশ্বরকে ব্যস্ত করিলেও ১৭ এই কথা কহ, আমরা কিসে তাঁহাকে ব্যস্ত করি? 'যে কেহ পাপকর্ম্ম করে, সে পরমেশ্বরের দৃষ্টিতে উত্তম, তিনি তাহার বিষয়ে সন্তুষ্ট হন; বিচারকর্ত্তা ঈশ্বর কোথায়?' তোমাদের এই কথাতে তিনি ব্যস্ত হন।

৩ অধ্যায়।

১ খ্রীষ্টের আগমনের কথা ৭ ও লোকদের দুষ্টতার কথা ১৩ ও লোকদের অবিশ্বাস ১৬ ও ঈশ্বর ভয়কারিদের মঙ্গল কথা।

দেখ, আমি আপন দূতকে প্রেরণ করিলে সে আমার ১ অগ্রে যাইয়া পথ প্রস্তুত করিবে; এবং তোমরা যে প্রভুকে অন্বেষণ কর, তিনি হঠাৎ আপন মন্দিরে আসিবেন; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, দেখ, যাঁহাতে তোমাদের সন্তোষ আছে, সেই নিয়মের দূত

[২ অধ্য; ৫-৭] দ্বি ১৭; ৮-১৩। ৩৩; ৮-১১ ॥—[৮] নি ১৩; ২৯॥—[১০] ইফ ৪; ২৫ ॥—[১১-১৬] নি ১৩; ২৩-২৭ ॥
[১২] নি ১৩; ২৮॥—[১৫] আ ১৬; ২॥—[১৬] ম ১৯; ৭,৮॥—[১৭] মল ৩; ১৪,১৫ ॥
[৩ অধ্য; ১] যিশ ৪০; ৩-৫। ম ১১; ১০। মা ১; ২। লূ ১; ৭৬। যিশ ৬৩; ৯ ॥

* (বা) দিব। † (ইব্রি) পথ। ‡ (বা) প্রহরী। ‖ (বা) আহ্বানকারী। § (বা) যদ্যপি তাঁহার তাবৎ প্রভাব আছে, তথাপি তিনি কি কেবল একককে সৃষ্ট করিলেন না? তিনি কেন কেবল একককে সৃষ্ট করিলেন?

২ আসিবেন। কিন্তু তাঁহার আগমনের দিন কে সহ্য করিতে পারিবে? ও তিনি দর্শন দিলে কে দাঁড়াইতে পারিবে? কেননা তিনি ধাতু পরিষ্কারকারি অগ্নি ও রজকের পরিষ্কারক মৃত্তিকাস্বরূপ হইবেন।
৩ তিনি রূপার পরীক্ষক ও শোধকের ন্যায় বসিয়া লেবি সন্তানদিগকে পরিষ্কৃত করিবেন, এবং তাহাদিগকে স্বর্ণ ও রূপার ন্যায় পরিষ্কার করিবেন; তাহাতে তাহারা পরমেশ্বরের লোক হইয়া তাঁহার
৪ উদ্দেশে ধর্ম্মনৈবেদ্য আনিবে। তখন যেমন পূর্ব্বে অর্থাৎ পূর্ব্বকালীয় বৎসরে ছিল, তদ্রূপ যিহূদার ও যিরূশালমের নৈবেদ্য পরমেশ্বরের প্রতি তুষ্টিকারক
৫ হইবে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি বিচার করিতে তোমাদের নিকটে আসিব, এবং মায়াবী ও পারদারিক ও মিথ্যাদিব্যকারি ও দাসের বেতনাপহারক, এবং যাহারা বিধবা ও পিতৃহীনের প্রতি উপদ্রব করে এবং বিদেশির প্রতি অন্যায় করে ও আমাকে ভয় করে না, তাহাদের বিরুদ্ধে আমি
৬ শীঘ্র সাক্ষী হইব। কেননা আমি পরমেশ্বর (নিত্যস্থায়ী;) আমার বিকৃতি হয় না, এই কারণ যাকূবের সন্তান যে তোমরা, তোমাদের বিনাশ হয় না।

৭ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমরা আপন২ পূর্ব্বপুরুষদের সময়াবধি আমার ব্যবস্থা অমান্য করিয়া পালন কর নাই; তোমরা আমার কাছে ফিরিয়া আইস, তাহাতে আমিও তোমাদের কাছে ফিরিব;
৮ কিন্তু তোমরা কহ আমরা কি রূপে ফিরিব? কোন মনুষ্য কি ঈশ্বরের দ্রব্য চুরি করিবে? কিন্তু তোমরা আমার দ্রব্য চুরি করিতেছ; তথাপি কহ, 'আমরা কিরূপে তোমার দ্রব্য চুরি করি?' তোমরা দশমাংশ
৯ ও নৈবেদ্য চুরি কর। একারণ তোমরা অভিশাপগ্রস্ত আছ; তোমরা অন্যদেশীয়দের ন্যায় হইয়া আমার
১০ দ্রব্য চুরি কর। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমরা ভাণ্ডারে দশমাংশ সকল আন, তাহাতে আমার মন্দিরে খাদ্য সামগ্রী থাকিলে আমি আকাশস্থ মেঘদ্বার মুক্ত করিয়া অপরিমিত আশীর্ব্বাদরূপ বৃষ্টি বর্ষণ করিব কি না, তদ্বিষয়ে আমার পরীক্ষা লও।
১১ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি তোমাদের নিমিত্তে গ্রাসকারিকে দমন করিব, তাহাতে সে তোমাদের ভূমির উৎপন্ন ফল আর বিনষ্ট করিবে না, এবং ক্ষেত্রে তোমাদের দ্রাক্ষালতার ফল ঝরিবে না।
১২ এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, তোমরা এক মনোহর দেশের ন্যায় হইবা, তাহাতে তাবদ্দেশীয় লোকেরা তোমাদিগকে ধন্যবাদ করিবে।
১৩ পরমেশ্বর কহেন, তোমরা আমার বিরুদ্ধে দুঃসাহস করিয়াছ; তথাপি কহ, আমরা তোমার বিরুদ্ধে কি
১৪ কহি? তোমরা এই কথা কহিতেছ, ঈশ্বরের সেবা করা বৃথা, এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের আজ্ঞা পালন করাতে ও তাঁহার সম্মুখে শোকাচার করাতে আমাদের লাভ কি?
১৫ এখন আমরা অহঙ্কারিকে ধন্য বোধ করি, কেননা যাহারা পাপকর্ম্ম করে, তাহারাই উন্নত হয়, ও ঈশ্বরের পরীক্ষাকারি লোকেরা উদ্ধৃত হয়।

১৬ সে সময়ে যাহারা পরমেশ্বরকে ভয় করিল, তাহারা পুনঃ২ পরস্পর আলাপ করিলে পরমেশ্বর মনোযোগ করিয়া তাহা শুনিলেন, এবং যাহারা পরমেশ্বরকে ভয় করিল ও তাঁহার নাম ধ্যান করিল, তাহাদের স্মরণার্থে তাঁহার সম্মুখে এক পুস্তক লেখা গেল।
১৭ এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি যে দিনে আপন রত্ন * সকল সংগ্রহ করিব, সেই দিনে তাহারা আমার হইবে, এবং কোন মনুষ্য যেমন আপন সেবক পুত্রকে দয়া করে, তদ্রূপ আমি তাহাদিগকে
১৮ দয়া করিব। তখন তোমরা পরামনন করিয়া ধার্ম্মিক ও পাপিদের, এবং ঈশ্বরের সেবাকারি ও ঈশ্বরের অসেবাকারিদের ভেদ জ্ঞাত হইবা।

৪ অধ্যায়।

১ দুষ্ট লোকদের দুর্দ্দশা ও ঈশ্বরের ভয়কারিদের মঙ্গল ৪ ও ব্যবস্থা মনে করিতে নিবেদন ৫ এবং এলিয় অর্থাৎ যোহনের আগমনের কথা।

১ দেখ, যে দিন তুন্দুরের ন্যায় জ্বলিবে, এমত মহাদিন আসিতেছে, তাহাতে অহঙ্কারি ও পাপকর্ম্মকারিগণ নাড়ার ন্যায় হইবে; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আগামি দিনে তাহারা এমত দগ্ধ হইবে, যে তাহাদের শাখা অবধি মূল পর্য্যন্ত কিছু থাকিবে না।
২ কিন্তু আমার নামে ভয়কারি যে তোমরা, তোমাদের প্রতি আরোগ্যকারি কিরণবিশিষ্ট ধর্ম্মরূপ সূর্য্য উদয় পাইবে; তোমরা মুক্ত হইয়া হৃষ্ট পুষ্ট
৩ বৎসের ন্যায় হইবা। এবং দুষ্টদিগকে দলিত করিবা; কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, আমি যে দিনে ইহা করিব, সেই দিনে তাহারা তোমাদের পদতলের ভস্মের ন্যায় হইবে।

৪ আমি হোরেবে ইস্রায়েলের নিমিত্তে আপন দাস মূসাকে আজ্ঞা ও বিধি প্রভৃতি যে ব্যবস্থা দিলাম, তাহা স্মরণ করিও।

৫ পরমেশ্বরের ভয়ঙ্কর মহাদিনের পূর্ব্বে আমি তোমাদের নিকটে এলিয় ভবিষ্যদ্বক্তাকে প্রেরণ
৬ করিব। আমি আসিয়া যেন দেশকে শাপগ্রস্ত না করি, এই জন্যে সে সন্তানদের প্রতি পিতৃগণের মন ও পিতৃগণের প্রতি সন্তানদের মন ফিরাইবে।

[২,৩] যিশ ১৩; ৯।—[৬] রো ১১; ২৯।—[৭] যিখ ১; ৩।—[৮] নি ১৩; ১০।—[১০] নি ১৩: ১২।—[১০,১১] হগ ২; ১৯। যিখ ৮; ১২।—[১২] যিখ ৮; ১৩।—[১৪,১৫] মল ২; ১৭। যূব ২১; ১৪,১৫।—[১৬] পু ২০; ১২।
[৪ অধ্য; ১] ২ পি ৩; ৭,১০।—[৪] দ্বি ৪; ৯।—[৫] ম ১১; ১০-১৩।—[৫,৬] লূ ১; ১৭।

* (বা) অধিকার।

ধর্ম্মপুস্তকের আদিভাগ সমাপ্ত।